শব্দবোধ
অভিধান
শব্দাভিধান ও
সাইক্লোপিডিয়া
আশুতোষ দেব
দেব সাহিত্য কুটীর

SABDABODH ABHIDHAN
CODE NO. 42S21

প্রকাশ করেছেন—
শ্রীঅরুণচন্দ্র মজুমদার
দেব সাহিত্য কুটীর প্রাইভেট লিমিটেড
২১, ঝামাপুকুর লেন
কলিকাতা-৯

পুনর্মুদ্রণ
জুন
২০০১
৯

ছেপেছেন—
বি· সি· মজুমদার
বি· পি· এম'স প্রিন্টিং প্রেস
রঘুনাথপুর, দেশবন্ধুনগর
২৪ পরগণা (উত্তর)

ভূমিকা

বঙ্গভাষা-শিক্ষার্থীদের সর্বদা ব্যবহারের উপযোগী করিয়া এই অভিধানখানি সংকলিত হইল। জীবন্ত ভাষামাত্রই নিত্য পরিবর্তনশীল। বাঙ্গালা ভাষাতে গত বিশ বৎসরের মধ্যে বিস্তর পরিবর্তন হইয়াছে। পূর্বের বহু শব্দ অধুনা অচল হইয়াছে, আবার ততোধিক শব্দ নানা বৈদেশিক ভাষা হইতে আহৃত এবং প্রকৃতি-প্রত্যয়াদির সাহায্যে গঠিত হইয়াছে ও হইতেছে। সেইজন্য এইরূপ একখানি নূতন ধরনের অভিধানের প্রয়োজনীয়তা বিশেষভাবে উপলব্ধি করিয়াই এই অভিধান সংকলনের প্রয়াস স্বীকার করিয়াছি। কয়েকজন বিশিষ্ট পণ্ডিত এই কার্যে আমাকে উৎসাহদান এবং সাহায্য করিয়াছেন। বঙ্গভাষায় অধুনা-প্রচলিত প্রাদেশিক শব্দ, আরবী, ফারসী ও অন্যান্য বৈদেশিক শব্দ, প্রাচীন কবিদের ব্যবহৃত শব্দ ও ব্রজবুলি, পারিভাষিক শব্দ এবং বিশেষার্থ-বাচক শব্দসমষ্টির (Idiomatic phrase) সংযোজন, অলংকার, ন্যায় প্রভৃতির উদাহরণ, শিষ্ট প্রয়োগ ও প্রাচীন কবিপ্রয়োগাদির উদ্ধরণ এবং তৎসম শব্দের ব্যুৎপত্তি-নির্ণয়ে পাণিনীয় ব্যাকরণের অনুসরণ এই অভিধানের বৈশিষ্ট্য। ইহাতে তদ্ভব, দেশী এবং বিদেশীয় শব্দেরও যথাসম্ভব ব্যুৎপত্তি ও সমাস দেওয়া হইয়াছে। অধিকন্তু ইহাতে শব্দাংশের পরে চরিতাবলী, বিবিধ জ্ঞাতব্য এবং বাঙ্গালা ধাতু, প্রুফ-সংশোধনপ্রণালী প্রভৃতি সংযোজিত হওয়াতে ইহা সর্বতোভাবে সকলশ্রেণীর বিদ্যার্থীর প্রয়োজনীয় হইবে বলিয়া আশা করা যায়। নিম্নে এই অভিধানে সন্নিবেশিত বিষয়াবলীর এবং প্রণালীসমূহের ক্রমিক বিশ্লেষণ প্রদত্ত হইল।—

বর্ণানুক্রম—এই অভিধানের সর্বত্র স্বরবর্ণের পরেই ং, ঃ, ঁ এবং তৎপরে ব্যঞ্জনবর্ণগুলি যথাক্রমে সন্নিবেশিত হইয়াছে। বাঙ্গালায় দুইটি ব-কারের পৃথক্ উচ্চারণ প্রচলিত নাই বলিয়া বর্গীয় ব-কারের সহিত অন্তঃস্থ ব-কে একত্র করা হইয়াছে।

শব্দসন্নিবেশন-প্রণালী—অনেক শব্দ অন্য শব্দের সহিত অর্থ, ব্যুৎপত্তি, পদ এবং লিঙ্গ প্রভৃতিতে একরূপ হওয়ায়, এইরূপ শব্দকে অন্যটির সহিত স্থাপন করা হইয়াছে এবং যথাস্থানে ঐ শব্দটি বসাইয়া, অন্য শব্দটির উল্লেখপূর্বক 'দ্রঃ' এইরূপ নির্দেশ করা হইয়াছে। যেমন—

(৭৭৭ পৃঃ) **লাঠিয়াল, লেঠেল**—যষ্টিধারী যোদ্ধা; লাঠি চালাইতে সুপটু ব্যক্তি। লাঠি+আল, এল চালকার্থে (বাংপ্র)। বি।

(৭৮০ পৃঃ) **লেঠেল**—'লাঠিয়াল' দ্রঃ।

কোন কোন স্থলে এইরূপ শব্দকে একত্র নিবেশিত না করিয়াও একটির সহিত অন্যটির উল্লেখ-মাত্র করিয়া (তাহা দ্রঃ) এইরূপ নির্দেশ করা হইয়াছে। যেমন—

(৩৫৭ পৃঃ) **চিরতা**—ভূনিম্ব, শাকজাতীয় তিক্ত উদ্ভিদ্ বিঃ। ⟨চিরাতিক্ত বা কিরাততিক্ত। বি।

(৩৫৯ পৃঃ) **চিরেতা**—চিরতা (তাহা দ্রঃ)।

শব্দের সহিত বিশেষার্থবাচক শব্দসমষ্টির সংযোজন করা হইয়াছে। যেমন—

'হাত' শব্দের সহিত 'হাত আসা', 'হাতে হাতে', 'হাত দেখা', 'হাতে কলমে' ইত্যাদি।

মূল শব্দগুলির সহিত বিশ্ববিদ্যালয়ের নবপ্রবর্তিত বানান প্রদত্ত হইয়াছে। ইন্, বিন্, মৎ ও বৎ প্রভৃতি ভাগান্ত শব্দগুলির পুংলিঙ্গ প্রথমার একবচনের রূপটি দিয়া বন্ধনীমধ্যে মৌলিক শব্দটি দেওয়া হইয়াছে। শব্দার্থে সেমিকোলন দ্বারা বিভিন্ন অর্থের, কমা দ্বারা একই অর্থবাচক বিভিন্ন শব্দের এবং ১, ২ প্রভৃতি সংখ্যা দ্বারা ব্যাকরণগত পার্থক্যের নির্দেশ করা হইয়াছে। ১, ২ প্রভৃতি ব্যাখ্যাধীন অর্থগুলির মধ্যে ব্যাকরণগত কোন সাধারণ বিষয় থাকিলে পরবর্তী পৃষ্ঠার শেষে তাহা দেওয়া হইয়াছে। যেমন—

(৩৭০ পৃঃ) **ছাদ—১**। চাল, ছাত। ছদ্+ঘঞ্ করণ।

২। আচ্ছাদিত করণ। ছদ্+ঘঞ্ ভাব। বি; পুং।

এখানে প্রথম অর্থেও শব্দটি বিশেষ্য এবং পুংলিঙ্গ—ইহাই বুঝাইতেছে।

দুইটি একত্র নিবেশিত শব্দের প্রত্যয় বা লিঙ্গাদির পার্থক্য কমা দ্বারা নির্দেশিত হইয়াছে। শব্দগুলির সহিত এইরূপ পৃথক্ পৃথক্ প্রত্যয়, পদ বা লিঙ্গ যথাক্রমে গ্রহণ করিতে হইবে। অনেক স্থলে অর্থ পরিস্ফুট করিবার জন্য বন্ধনীমধ্যে ড্যাস (—) চিহ্নের সহিত সহপ্রযুক্ত শব্দটি দেওয়া হইয়াছে। ড্যাস চিহ্নের স্থানে মূল শব্দটিকে গ্রহণ করিতে হইবে। যেমন—

(২৬৯ পৃঃ) কেন্দ্র শব্দে 'শাসন—', 'নির্বাচন—' দ্বারা 'শাসন-কেন্দ্র' ও 'নির্বাচন-কেন্দ্র' বুঝাইতেছে।

ব্যুৎপত্তি—পাণিনি ব্যাকরণের অনুসরণ করিয়া এই অভিধানের তৎসম শব্দগুলি সাধিত হইয়াছে; তবে, যে সকল প্রত্যয় রূপান্তর প্রাপ্ত হয় তাহাদের আদিষ্ট রূপগুলিই দেওয়া হইয়াছে। নিম্নের তালিকায় বিশেষভাবে তাহা প্রদর্শিত হইল—

তদ্ধিত

এই অভিধানে	পাণিনিমতে	এই অভিধানে	পাণিনিমতে
আপ্ (স্ত্রী-প্রত্যয়)	টাপ্, ডাপ্	ঈপ্ (স্ত্রী-প্রত্যয়)	ঙীপ্, ঙীষ্
আয়ন	ফক্	এয়	ঢক্, ঢঞ্
ঈন (খঞ্)	খঞ্	ঈন	খ
ঈয়	ছ, ছন্	ইয়	ঘ
ইক	ঠক্, ঠঞ্	ইক (ঠন্)	ঠন্
ইমন্	ইমনিচ্	তর	তরপ্
ঈয়স্	ঈয়সুন্	ক	কপ্
বিন্	বিনি	ইন্	ইনি

কৃৎ

এই অভিধানে	পাণিনিমতে	এই অভিধানে	পাণিনিমতে
অন, অনট্	ল্যু, ল্যুট্	ণক	ণ্বুল্
তি	ক্তিন্	ণিন্	ণিনি

এই অভিধানে	পাণিনিমতে	এই অভিধানে	পাণিনিমতে
অক (ণ্বুন্)	ণ্বুন্	অক	বুন্
অক (বুঞ্)	বুঞ্	অনট্	ল্যুট্

বাঙ্গালা ভাষায় অনেকস্থলে সংস্কৃত ব্যাকরণানুযায়ী ব্যাসবাক্য দেওয়া যায় না বলিয়া সেরূপ স্থলে বাঙ্গালা বাক্য অনুযায়ী সমাসের নামকরণ করা হইয়াছে। বৈদেশিক শব্দগুলির যথাসম্ভব মূল নির্দেশ করা হইয়াছে। যেমন—আরবী, ফারসী ইত্যাদি। 'অপভ্রষ্ট-শব্দগুলিরও যথাসম্ভব মূলনির্ণয় করা হইয়াছে।

চরিতাবলী—এই অংশে পৃথিবীর প্রাচীন এবং আধুনিক শ্রেষ্ঠ ব্যক্তিগণের এবং দেশীয় ও বৈদেশিক পুরাণে বর্ণিত ব্যক্তিগণের চরিতকথা সংকলিত হইয়াছে।

বিবিধ জ্ঞাতব্য—ইহাতে ঐতিহাসিক ঘটনাবলী, ভৌগোলিক বৃত্তান্তসমূহ, বৈজ্ঞানিক তথ্য ও বিজ্ঞানাবিষ্কৃত পদার্থসমূহ এবং পৃথিবীর বিচিত্র বস্তু, ঘটনা ও পৌরাণিক কাহিনীসমূহ সংযোজিত হইয়াছে।

পরিশিষ্ট—এই অংশে বাঙ্গালা ধাতু, ব্রজবুলির সংক্ষিপ্ত ব্যাকরণ, শব্দের সংক্ষিপ্ত রূপ এবং প্রুফ-সংশোধন-প্রণালী প্রদত্ত হইয়াছে।

বহুকালের পরিশ্রমে সংকলিত এই অভিধানখানি দ্বারা বঙ্গভাষার আলোচনাকারিগণ এবং বঙ্গভাষা-শিক্ষার্থিগণের অভীপ্সিত প্রয়োজন-নির্বাহ হইলেই শ্রম সফল জ্ঞান করিব। এই বিরাট কার্যে ত্রুটি-বিচ্যুতি অপরিহার্য। সহৃদয় পাঠকবর্গ এইরূপ কোন ত্রুটি-বিচ্যুতি নির্দেশ করিলে পরবর্তী সংস্করণের জন্য তাহা সাদরে গৃহীত হইবে। এই অভিধান সংকলনে যে সকল পণ্ডিত ও সাহিত্য-সেবী আমাকে উৎসাহিত করিয়াছেন এবং নানাভাবে আমার সহায়তা করিয়াছেন, তাঁহারা সর্বতোভাবে আমার কৃতজ্ঞতা ও ধন্যবাদের পাত্র। ইতি—

কলিকাতা,
১৫ই ভাদ্র, ১৩৫৭ বঙ্গাব্দ

বিনীত
আশুতোষ দেব

বিজ্ঞাপন

পূর্বে শব্দবোধ অভিধানের চারিটি সংস্করণ প্রকাশিত হইয়াছিল। অভিধানখানি আশাতীত জনপ্রিয়তা অর্জন করিয়াছে, খুব কম সময়ের মধ্যে চতুর্থ সংস্করণের অভিধান নিঃশেষ হইয়া গিয়াছে। ইহা দেখিয়া আমরা উৎসাহিত হইয়া পঞ্চম সংস্করণ বাহির করিতে প্রয়াসী হই।

কিন্তু এই দুর্দিনে এরূপ একখানি বৃহৎ-কলেবর পুস্তকের পুনর্মুদ্রণ যে কিরূপ দুরূহ ব্যাপার, তাহা অভিজ্ঞ ব্যক্তিমাত্রেই বুঝিতে পারেন। তথাপি জনসাধারণের চাহিদা মিটাইবার জন্য আমাদিগকে বাধ্য হইয়া ইহার পঞ্চম সংস্করণ প্রকাশ করিতে হইল।

পূর্বের ন্যায় এবারেও পুস্তকখানি বিশেষজ্ঞগণকর্তৃক আদ্যোপান্ত পরিমার্জিত ও পরিশোধিত করা হইয়াছে। ফলে অধুনা-প্রচলিত বহু নূতন নূতন শব্দ, বিশেষতঃ কলিকাতা বিশ্ববিদ্যালয় ইতিহাস, ভূগোল, বিজ্ঞানের বিভিন্ন শাখা, যথা—ভূবিদ্যা, জ্যোতির্বিদ্যা, জড়বিদ্যা, রসায়ন ইত্যাদি, গণিতের বিভিন্ন শাখা, যথা—পাটীগণিত, বীজগণিত, জ্যামিতি ইত্যাদির সম্বন্ধে যে সকল নূতন নূতন পারিভাষিক শব্দ প্রবর্তিত এবং প্রচলিত করিয়াছেন, সেগুলি বিশেষ যত্নের সহিত ইহাতে সন্নিবেশিত করা হইয়াছে।

পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক অফিস ইত্যাদির জন্য প্রবর্তিত নবগঠিত শব্দসমূহও এই গ্রন্থে আহৃত হইয়াছে। অধিকন্তু প্রাচীন বঙ্গসাহিত্যের অশেষ গৌরবের বস্তু যে বৈষ্ণব সাহিত্য, তাহাতে ব্যবহৃত অসংখ্য শব্দ এই সংস্করণের গৌরব বৃদ্ধি করিয়াছে।

জীবন-চরিত, বিবিধ জ্ঞাতব্য প্রভৃতি বিষয়েও বহু আধুনিক বিষয় যোজনা করা হইয়াছে। বিশেষতঃ ক্ষুদিরাম, বাঘা যতীন প্রভৃতি যে সকল বিপ্লবী বীর স্বাধীনতার বেদীমূলে আপন আপন জীবন উৎসর্গ করিয়া গিয়াছেন, তাঁহাদের জীবনী পরম শ্রদ্ধার সহিত যুক্ত করা হইয়াছে।

এই সংস্করণের বৈশিষ্ট্য হইতেছে যে পূর্ব পূর্ব সংস্করণে অভিধানখানির যে আকার ছিল তাহার পরিবর্তন সাধন করিয়া ইহা ডিমাই সাইজের করা হইয়াছে ও ঝরঝরে লাইনো টাইপে ছাপা হইয়াছে। তাহার ফলে অভিধানখানিতে বহু নূতন শব্দের সন্নিবেশ করা সম্ভব হইয়াছে এবং ছাপা সুন্দর ও সুখপাঠ্য হইয়াছে।

এইরূপে নানা দিক্ দিয়া পুস্তকখানির উৎকর্ষ সাধন ও প্রয়োজনীয়তা-বর্ধনের যথাসম্ভব চেষ্টা করা হইয়াছে। আশা করি, এই সকল গুণে ইহা পূর্বাপেক্ষাও অধিক সমাদর লাভ করিবে।

সূচীপত্র

---

*এই অভিধানে ব্যবহৃত সংক্ষিপ্ত শব্দগুলি ১০৭৯—১০৮০ পৃষ্ঠায় শব্দের সংক্ষিপ্তরূপে দ্রষ্টব্য।

[অ]

অ—১। বাংলা বর্ণমালার আদ্যবর্ণ, ইহার উচ্চারণ-স্থান কণ্ঠ। বাংলায় ইহার উচ্চারণ প্রধানতঃ তিন প্রকার—(১) বিবৃত ('অনন্ত'), (২) সংবৃত বা পূর্ণব্যক্ত ও-কারের মত ('অনুরোধ') এবং গ্রস্ত ('পাঁচ জন লোক'—এখানে 'চ', 'ন' ও 'ক'-এর উচ্চারণ গ্রস্ত)। সংস্কৃতমতে উচ্চারণ তিন প্রকার—হ্রস্ব, দীর্ঘ ও প্লুত। এই তিন প্রকারের প্রত্যেকে উদাত্ত, অনুদাত্ত ও স্বরিতভেদে তিন প্রকার অর্থাৎ মোট নয় প্রকার। এই নয় প্রকারের প্রত্যেকে অনুনাসিক ও অননুনাসিকভেদে দুই প্রকার অর্থাৎ অ-কারের প্রকারসংখ্যা মোট আঠার। ২। জগৎ-পালক বিষ্ণু। অব্ (রক্ষণে, পালনে)+ড কর্তৃ। ৩। ব্রহ্ম ("অ-কার কেবল ব্রহ্ম একাক্ষরকোষে"—ভারত)। বি; পুং। ৪। খেদ, অনুকম্পা; [প্রাদে] সম্বোধন। অ। ৫। সমাসে নঞ্-স্থানে যে অ হয়, নঞেরই ন্যায় তাহার ছয়টি অর্থ হয়; যথা,—(১) তৎসাদৃশ্যঃ যেমন, অ-ব্রাহ্মণ, ব্রাহ্মণ-সদৃশ অথচ ব্রাহ্মণের আচারবিহীন অন্য কোন জাতি ("অব্রাহ্মণ নহ তুমি তাত!"—রবীন্দ্র); (২) অভাবঃ যেমন, অসামর্থ্য, সামর্থ্যের অভাব; (৩) তদন্যত্বঃ যেমন, অবাঙ্গালী, বাঙ্গালী ভিন্ন অন্য জাতি; (৪) তদল্পতাঃ যেমন, অ-পুষ্টি, অল্পপুষ্টি; (৫) অপ্রাশস্ত্যঃ যেমন, অকাল, অপ্রশস্ত কাল ও (৬) বিরোধঃ যেমন, অসুর, সুরবিরোধী দানব রাক্ষস প্রঃ। [সমাসে ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে নঞ্-স্থানে অ, এবং স্বর-বর্ণ পরে থাকিলে নঞ্-স্থানে অন্ হয়; সুতরাং, এই অন্‌ও পূর্বোক্ত অসমার্থক; যেমন, ন+অভিপ্রেত, অনভিপ্রেত।] ৬। প্রাচীন বাংলায় 'এ', 'ও', 'য়' এবং 'হ'র স্থানে 'অ'র ব্যবহার দেখা যায় ('এখন'-স্থানে 'অখন', 'রাখিও'-স্থলে 'রাখিঅ', 'নায়ক'-স্থলে 'নাঅক', 'হইতে'-স্থলে 'অইতে')। ৭। প্রাচীন বাংলায় কথার মাত্রাস্বরূপ ('তুঅ', 'কেঅ')। ৮। বাংলায় আধিক্য অর্থে শব্দের পূর্বে যুক্ত ('অঘোর', 'অপর্যাপ্ত')। ৯। অল্পজ্ঞানের সাংকেতিক চিহ্ন, অকিঞ্চন (অ১, অ২ ইঃ)।

অ-আ—স্বরবর্ণসমষ্টি; সাধারণ লেখাপড়া। বাংপ্র। বি।

অই—ঐ (তাহা দ্রঃ)।

অইছন—ঐরূপ। প্রা কপ্র। বিণ।

অইছে—ঐরূপে। প্রা কপ্র। ক্রি-বিণ।

অঋণী (-ণিন্)—যাহার কোনরূপ ঋণ নাই এমন, ঋণশূন্য; যে ঋণ পরিশোধ করিয়াছে এরূপ, ঋণমুক্ত। ন ঋণী, নঞ্‌তৎ (সংস্কৃতমতে অনৃণী এবং বহুব্রীহি সমাস দ্বারা অনৃণ পদ হয়, তবে মহাভারতে একস্থানে 'অঋণী' শব্দের প্রয়োগ আছে, যথা,—"অঋণী চাপ্রবাসী" ইঃ)। বিণ। স্ত্রী—অঋণিনী।

অংশ—১। ভাগ, খণ্ড, part; স্থান; অঙ্গ বা অবয়ব; (সম্পত্তির) ভাগ, share; বৃত্ত-পরিধির তিনশত ষাট ভাগের এক ভাগ, degree; রাশিচক্রের ত্রিংশৎ বা দ্বাদশ ভাগের এক ভাগ; (গণিত) ভগ্নাংশ; বিষয় বা সম্বন্ধ ('কোন অংশে নিকৃষ্ট নহে'); ভগবানের অবতার ("সেই ত অংশের কহি অবতার নাম"—চৈ চ); দেবতা হইতে লব্ধ সহজাত প্রভাব ('ইন্দ্রের অংশে জন্ম')। অন্‌শ্ (ভাগ করা)+ঘঞ্ কর্ম। ২। বিভাজন, বণ্টন; নির্দেশ। অন্‌শ্+ঘঞ্ ভাব। ৩। কাঁধ। অম্+শ কর্তৃ। বি; পুং।

অংশক—১। জ্ঞাতি, দায়াদ; বণ্টনকারী। অন্‌শ্+ণক কর্তৃ। বি; পুং বা বিণ। ২। দিন; (গণিত) লগারিদ্‌মের দশমিকাংশ, mantissa of a logarithm. অন্‌শ্+ঘঞ্ কর্ম+কন্ স্বার্থে। বি; ক্লী।

অংশগত—১। ভাগসম্বন্ধীয়, খণ্ডসম্বন্ধীয়, কোন

খণ্ডের অন্তর্ভুক্ত। অংশকে গত (প্রাপ্ত), ২য়াতৎ। ২। বিভাগ দ্বারা প্রাপ্ত, দায়াধিকারভুক্ত, যাহা এক এক জনের ভাগে পড়ে এরূপ। অংশ দ্বারা গত, ৩য়াতৎ। বিণ।

অংশগ্রাহী (-গ্রাহিন্)—দায়াদ, জ্ঞাতি; অংশীদার, শরিক। অংশ গ্রহণ করে যে, উপতৎ; অংশ—গ্রহ্+ণিন্ কর্তৃ। বি বা বিণ। স্ত্রী, **-গ্রাহিণী**।

অংশত (-তস্) (√অংশত)—আংশিকভাবে, কিয়দংশে, partially. অংশ+তস্। অ।

অংশন—১। বাটোয়ারা, বণ্টন, ভাগ করা। অন্শ্+অনট্ ভাব। ২। খণ্ড, ভাগ। অন্শ্+অনট্ কর্ম। বি; ক্লী।

অংশনীয়—খণ্ডকরণের যোগ্য, বিভাজ্য, যাহা ভাগ করিতে পারা যায় বা করা উচিত এরূপ। অন্শ্+অনীয় কর্ম। বিণ।

অংশপ্রার্থী (-প্রার্থিন্)—বিভাগ-প্রার্থনাকারী; যে কিয়দংশ চাহে এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-প্রার্থিনী**।

অংশবান্ (-বৎ)—ভাগযুক্ত, ভাগপ্রাপ্ত। অংশ+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বতী**।

অংশভাক্ (-ভাজ), **অংশভাগী** (-ভাগিন্)—অংশীদার উত্তরাধিকারী। অংশ ভজনা করে যে, উপতৎ; অংশ—ভজ্+ণ্বি কর্তৃ, অংশ—ভজ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভাগিনী**।

অংশহর, -হারী (-হারিন্)—ভাগহরণকারী, ভাগ-গ্রহণকারী; জ্ঞাতি; যে অংশ কাড়িয়া লয় এরূপ। অংশ হরণ করে যে, উপতৎ; অংশ—হৃ+অচ্, ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-হরা, -হারিণী**।

অংশা-অংশি—অংশাংশি (তাহা দ্রঃ)।

অংশাংশ—১। পৃথক্ পৃথক্ ভাগ। অংশ ও অংশ, দ্বন্দ্ব। ২। ভাগের ভাগ; কলা। অংশের অংশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অংশাংশি—১। উচিতমত ভাগকরণ, যথাযোগ্য ভাগানুরূপ বণ্টন। 'অংশা-অংশি'র দ্রুত উচ্চারিত রূপ; দ্বিরুক্ত শব্দ (যেমন, ভাগাভাগি, কষাকষি, কোলাকুলি)। বি। ২। যোগ্য-ভাগানুসারে। বাংপ্র। ক্রি-বিণ।

অংশাঙ্কিত—মাপের ভাগ বা চিহ্নবিশিষ্ট, graduated. বিণ।

অংশাদ—জ্ঞাতি; ভাগ-গ্রহণকারী। উপতৎ; অংশ—আ—দা+ক কর্তৃ; অথবা, অংশ—অদ্+অণ্ কর্তৃ। বিণ।

অংশানো—উত্তরাধিকারসূত্রে প্রাপ্য হওয়া; নিজের অধিকার স্থাপিত হওয়া। বাংপ্র। ক্রি [,বি, বিণ]।

অংশান্তর—১। অন্য অংশ, অপর ভাগ। অন্য অংশ, নিত্য। ২। অংশসমূহের পার্থক্য। অংশের অন্তর, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অংশিত—বিভক্ত, যাহা ভাগ করা হইয়াছে এরূপ। অন্শ্+ক্ত কর্ম। বিণ।

অংশিতা, অংশিত্ব—ভাগ থাকা, বিভাগাধিকার। অংশিন্+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

অংশী (-শিন্)—ভাগের অধিকারী, ভাগী, অংশীদার; অংশযুক্ত; অংশের আধার ("কৃষ্ণ যদি অংশ হইত অংশী নারায়ণ"—চৈ চ); অবশিষ্ট। অংশ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**অংশিনী**।

অংশীদার—ভাগী, ভাগ পাইবার অধিকারী; সম্পত্তি বা কারবারের অংশের মালিক, partner, share-holder; জ্ঞাতি। অংশ+(বাং) দার প্রত্যয়, আছে অর্থে, অন্ত্য অ-কারের স্থানে ঈ-কার। বিণ বা বি। বি, **-দারি**। বিণ, **-দারী**।

অংশু—রশ্মি; কান্তি; প্রভা; গাছের ছাল প্রভৃর সূক্ষ্ম তন্তু, আঁশ; সূত্রাদির সূক্ষ্ম অংশ; বস্ত্র। অন্শ্+কু কর্তৃ। বি; পুং।

অংশুক—বস্ত্র; সূক্ষ্ম বস্ত্র ("মেঘেরা চীনাংশুক পতাকা উড়ায়"—রবীন্দ্র)। অংশু—কাশ্+ড কর্তৃ। বি; ক্লী।

অংশুজাল—কিরণসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অংশুধর—১। সূর্য। বি; পুং। ২। জ্যোতির্ময়। ৬ষ্ঠীতৎ। বিণ।

অংশুপট্ট—সূক্ষ্ম ক্ষৌমবস্ত্র, মিহি রেশমী কাপড়, পাতলা তসর গরদ প্রঃ। অংশু-নির্মিত পট্ট, মধ্যপ। বি; ক্লী।

অংশুপতি—সূর্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অংশুমান্ (-মৎ)—১। জ্যোতির্ময়, উজ্জ্বল। বিণ। স্ত্রী, **-মতী**। ২। সূর্য। অংশু+মতুপ্ আছে অর্থে। বি; পুং।

অংশুমালা—কিরণসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অংশুমালী (-মালিন্)—১। কিরণবিশিষ্ট, তেজোময়। বিণ। স্ত্রী, **-মালিনী**। ২। সূর্য। অংশু-মালা+ইন্ আছে অর্থে। বি; পুং।

অংশুল—কিরণময়, প্রভাবিশিষ্ট। অংশু+লচ্ আছে অর্থে। বিণ।

অংশ্যমান—বিভজ্যমান, যাহার অংশ করা হইতেছে এরূপ। অন্শ্+শানচ্ কর্ম। বিণ।

অংস—স্কন্ধ, কাঁধ। অন্স্+ঘঞ্ কর্ম। বি; পুং বা ক্লী।

অংসকূট—ষণ্ডস্কন্ধস্থিত উন্নত মাংসপিণ্ড, ষাঁড়ের ঝুঁটি। অংস-স্থিত কূট (পর্বতশিখর অর্থাৎ উন্নত মাংসপিণ্ড), মধ্যপ। বি; পুং বা ক্লী।

অংসফলক—স্কন্ধাস্থি, হস্তচালনাকালে স্কন্ধপৃষ্ঠে যে দুইখানি ত্রিকোণ অস্থি সঞ্চালিত হয় তাহা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অংসফলকাস্থি—অংসফলক, স্কন্ধাস্থি, scapula. ফলকাকৃতি অস্থি, মধ্যপ; অংসের ফলকাস্থি, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অংসভার—কাঁধের বোঝা; দায়, দায়িত্ব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অংসল—স্থূলস্কন্ধ; পুষ্টদেহ; বলবান্। অংস+লচ্ আছে অর্থে। বিণ।

অঁটা—হস্ত, হাত ("অঁটা ধরি উঠালেক বাদিয়ার পোকে।"—শিবায়ন)। প্রা কপ্র। বি।

অকঞ্চুক—(ফলাদি-সম্বন্ধে) খোসাশূন্য; (সরীসৃপাদি-সম্বন্ধে) খোলসবিহীন, achlamydeous. ন (নাই) কঞ্চুক যাহার, বহু। বিণ।

অকটাকনা—১। বাঁধাবাঁধি নিয়ম না থাকা, কঠোর নিয়মপালনের অভাব। নঞ্‌-তৎ। বি। ২। অকঠিন; অকঠোর; অপ্রতিবন্ধক। ✓অকঠিন। বিণ।

অকটাবকট—ভয়ে বিকৃত অঙ্গভঙ্গী বা ছটফট। প্রা কপ্র। বি।

অকঠিন—কঠিনতাবর্জিত, কোমল। নঞ্‌-তৎ। বিণ।

অকঠোর—সহজ; সরল; সদয়; রুক্ষতাবর্জিত; প্রশ্রয়শীল; অকর্কশ; মৃদু। নঞ্‌-তৎ। বিণ।

অকণ্টক—কণ্টকশূন্য; নিরুপদ্রব; বাধাবিঘ্নহীন; শত্রুশূন্য। ন (নাই) কণ্টক যাহাতে, বহু। বিণ।

অকথন—১। কুকথা, দুর্বাক্য। নঞ্‌-তৎ। বি; ক্লী। ২। অকথ্য, অবক্তব্য। অনুচিত কথন (কথা) যাহার, বহু। বিণ।

অকথনীয়—অবাচ্য, যাহা মুখে আনা উচিত নয় এমন; অপ্রকাশ্য; অনির্বচনীয়। নঞ্‌-তৎ। বিণ।

অকথা—কুবাক্য; অশ্লীলবাক্য। নঞ্‌-তৎ। বি; স্ত্রী। **অকথা কুকথা**—গালাগালি।

অকথিত—অনুক্ত। নঞ্‌-তৎ। বিণ।

অকথ্য—অবক্তব্য, যাহা বলা উচিত নয় এরূপ; অশ্লীল; এত বেশী যাহা বুঝাইয়া বলা যায় না এমন। নঞ্‌-তৎ। বিণ।

অকথ্য-কথন—দুর্বাক্য বা অশ্লীল বিষয় বর্ণন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অকপট—ছলনাবর্জিত, সরল; অমায়িক। নঞ্‌-তৎ। বিণ। ক্রি-বিণ—**অকপটে**।

অকপটচিত্ত—সরলমনা, অমায়িকস্বভাব। অকপট চিত্ত যাহার, বহু। বিণ।

অকপটতা—সরলতা। অকপট+তা ভাবে। বি; স্ত্রী।

অকবি—১। অরসিক ব্যক্তি; অপকৃষ্ট কবি। বি; পুং বা স্ত্রী। ২। রসবোধহীন; কবিপ্রতিভাশূন্য। নঞ্‌-তৎ। বিণ।

অকম্প—১। স্পন্দনহীন, নিশ্চল, স্থির। ন (নাই) কম্প যাহার, বহু। বিণ। ২। নিস্পন্দতা, স্থিরতা। নঞ্‌-তৎ। বি; পুং।

অকম্পন—১। নিস্পন্দতা। নঞ্‌-তৎ। বি; ক্লী। ২। কম্পনশূন্য, স্থির। ন (নাই) কম্পন যাহার, বহু। বিণ। ৩। রাবণের জনৈক সেনাপতি। নঞ্‌—কম্প্‌+অন কর্তৃ। বি; পুং।

অকম্পিত—কম্পহীন, স্থির। নঞ্‌-তৎ। বিণ।

অকম্প্র—অকম্পনশীল, স্থির; দৃঢ়। নঞ্‌-তৎ। বিণ।

অকরণ—১। নিষ্ক্রিয় পরমাত্মা। ন (নাই) করণ (ক্রিয়াদিমূল ইন্দ্রিয়) যাহার, বহু। বি; পুং। ২। ক্রিয়াভাব, না করা; নিন্দনীয় কার্য। নঞ্‌-তৎ। বি; ক্লী। ৩। ইন্দ্রিয়রহিত; নিষ্ক্রিয়। ন (নাই) করণ (ইন্দ্রিয়, কার্য) যাহার, বহু। বিণ।

অকরণী—বর্গ ঘন ইত্যাদির মূল বাহির করিবার সময় যাহার কোন ভাগশেষ থাকে না এরূপ রাশি, rational quantity (অর্থাৎ যাহার বর্গমূলে ভগ্নাংশবিহীন কোন পূর্ণ সংখ্যা এরূপ রাশি; যেমন, চারি, পঁচিশ ইত্যাদি; ইহার সাংকেতিক চিহ্ন √ এইরূপ। যথা,— √১৬=৪)। নঞ্‌-তৎ। বি; স্ত্রী।

অকরণীয়—যাহা করা উচিত নয় এরূপ, অকর্তব্য; বিবাহাদি সম্বন্ধের অযোগ্য ('— ঘর')। নঞ্‌-তৎ। বিণ।

অকরুণ—১। যাহা করুণার উদ্রেক করে না এমন, অ-শোকজনক। নঞ্‌-তৎ। ২। দয়াহীন, নিষ্ঠুর; সহানুভূতিহীন। ন (নাই) করুণা যাহার, বহু। বিণ।

অকরোটি, -টী—যাহাদের করোটি অর্থাৎ মাথার খুলি নাই এরূপ জন্তু, acrania. বহু। বি; পুং বা স্ত্রী বা বিণ।

অকর্ণ—১। সর্প। বি; পুং। ২। কর্ণহীন ('— ভগবান্'); বধির; হালশূন্য (নৌকাদি)। বহু। বিণ।

অকর্তব্য—করিবার পক্ষে অপ্রশস্ত; অনুচিত। নঞ্‌-তৎ। বিণ।

অকর্তা (-কর্তৃ)—কর্তৃত্বহীন ব্যক্তি; নিষ্ক্রিয় ব্যক্তি; অনির্মাতা; অপ্রধান ব্যক্তি। নঞ্‌-তৎ। বি; পুং।

অকর্তৃত্ব—কর্তৃত্বাভাব; নিষ্ক্রিয়তা। নঞ্‌-তৎ। বি; ক্লী।

অকর্ম (-র্মন্)—১। কুকার্য; নিষ্ফল কর্ম; অবাঞ্ছিত কার্য; অপটুর হাতে নষ্ট কাজ। নঞ্‌-তৎ (অ-প্রশস্তার্থে)। ২। কর্মাভাব; কর্মত্যাগ; কর্ম-সন্ন্যাস। নঞ্‌-তৎ (অভাবার্থে)। বি; ক্লী।

অকর্মক—কার্যহীন; (ব্যাক.) কর্মপদবিহীন, intransitive ('— ধাতু'). ন (নাই) কর্ম যাহার, বহু (ক-আগম)। বিণ। স্ত্রী—**অকর্মিকা** ('— ক্রিয়া')।

অকর্মঠ—কাজে অপটু; দীর্ঘসূত্রী; অলস। নঞ্‌-তৎ। বিণ।

অকর্মণ্য—কর্মে অক্ষম, অকেজো; কার্যের অনুপযুক্ত; ব্যবহারের অযোগ্য; শক্তিহীন; ব্যর্থ। নঞ্‌-তৎ। বিণ। বি, -তা।

অকর্মা (-র্মন্)—১। অকেজো; কার্যের অনুপযুক্ত; নিষ্কর্মা; অলস, কর্মবিমুখ। ন (নাই) কর্ম যাহার, বহু। ২। বিপরীত বা অপ্রশস্ত কার্যকারী। ন (অপ্রশস্ত) কর্ম যাহার, বহু। বিণ। **অকর্মার ধাড়ী**—খুব কুড়ে লোক; যাহার অপটুতার জন্য কাজ পণ্ড হয়।

অকলঙ্ক—১। কলঙ্কহীন ('—গোরাচাঁদ'); নির্মল; পবিত্র; অনিন্দিত; নিখুঁত; বেদাগ। ন (নাই) কলঙ্ক যাহাতে, বহু। বিণ। ২। কলঙ্কের অভাব। নঞ্‌-তৎ। বি; পুং।

অকলঙ্কিত—অকলঙ্ক (১) (তাহা দ্রঃ)। নঞ্‌-তৎ। বিণ।

অকলঙ্কী (-ঙ্কিন্)—অকলঙ্ক (তাহা দ্রঃ)। নঞ্‌-তৎ। বিণ। স্ত্রী, **-ঙ্কিনী**।

অকলুষ—১। নিষ্পাপ; নির্দোষ; পবিত্র। ন (নাই) কলুষ যাহার বা যাহাতে, বহু। বিণ। ২। অপাপ। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অকলুষিত—অকলুষ (১) (তাহা দ্রঃ)। নঞ্‌তৎ। বিণ।

অকল্পিত—অকাল্পনিক; প্রকৃত, মনগড়া নয় এরূপ; অচিন্তিত। নঞ্‌তৎ। বিণ।

অকল্যাণ—১। অশুভ, অমঙ্গল। নঞ্‌তৎ। বি; স্ত্রী। ২। শুভহীন: ন (নাই) কল্যাণ যাহার, বহু। বিণ।

অকল্যাণকর—অমঙ্গলজনক, অশুভকর। উপতৎ; অকল্যাণ—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।

অকষ্টকল্পনা—সহজ কল্পনা বা রচনা। নঞ্‌তৎ। বি; স্ত্রী। বিণ, -কল্পিত।

অকষ্টবন্ধ—১। অপ্রতিকার্য দুঃখ বা বিপদ্‌; উভয়সংকট। বি। ২। অত্যন্ত বিপন্ন। বহু। বাংপ্র। বিণ।

অকস্মাৎ—অতর্কিতভাবে, হঠাৎ; অজানিতভাবে। অ।

অকাজ—কুকার্য; বৃথা কাজ; অন্যায় কাজ; অনুপযুক্ত কাজ। নঞ্‌তৎ। বাংপ্র। বি।

অকাট—মূর্খ। বাংপ্র। বিণ।

অকাটমূর্খ—অত্যন্ত নির্বোধ। অকাট মূর্খ, সুপ্‌সুপা। বাংপ্র। বিণ।

অকাট্য—অখণ্ডনীয় ('—যুক্তি'), সুনিশ্চিত; কাটিবার অযোগ্য। ন কাট্য (প্রাকৃত কট্ট ধাতুজাত,—খণ্ডনীয় বা কর্তিতব্য), নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

অকাণ্ড—১। কাণ্ডহীন, গুঁড়িশূন্য; শরশূন্য। ন (নাই) কাণ্ড যাহার, বহু। বিণ। ২। অসময়, অকাল। নঞ্‌তৎ। বি; পুং। ৩। অনর্থ, বিপত্তি ('—ঘটাইয়াছ')। নঞ্‌তৎ (বাংপ্র)। বি।

অকাণ্ডে—অকারণে; সহসা। বাংপ্র। ক্রি-বিণ।

অকাতর—দুঃখাদিতে অনভিভূত, অব্যাকুল; নির্ভীক; সহিষ্ণু; অকুণ্ঠ। নঞ্‌তৎ। বিণ। ক্রি-বিণ—**অকাতরে**।

অকান্দনে—আর্তনাদ করিয়া। প্রা কপ্র। ক্রি-বিণ।

অকাম—১। কামনাবর্জিত, নিরভিলাষ; ইন্দ্রিয়সুখপ্রবৃত্তিশূন্য। ন (নাই) কাম যাহার, বহু। বিণ। ২। অনাবশ্যক কাজ; কুকাজ। ন (নিন্দিত) কাম ('কর্মন্‌'-শব্দজ), নঞ্‌তৎ (বাংপ্র)। বি। ৩। কামনার অভাব, অনিচ্ছা। নঞ্‌তৎ। বি; পুং।

অকামী (-মিন্‌)—অকাম (১) (তাহা দ্রঃ)। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-মিনী**।

অকামুক—কামভাববর্জিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-কী**। [স্ত্রী, **-ম্যা**।

অকাম্য—অস্পৃহণীয়; অসুন্দর। নঞ্‌তৎ। বিণ।

অকায়—১। অশরীরী, দেহহীন; রূপহীন। বিণ। ২। ব্রহ্ম। বি; স্ত্রী। ৩। কন্দর্প; রাহু। ন (নাই) কায় যাহার, বহু। বি; পুং।

অকার—বাংলা বর্ণমালার আদ্য স্বর। অ+কার স্বার্থে। বি; পুং।

অকারণ—১। কারণশূন্য, অনর্থক। ন (নাই) কারণ যাহার, বহু। বিণ। ২। নিষ্প্রয়োজনে, হেতু বিনা, অনর্থকভাবে। ন (নাই) কারণ যাহাতে এরূপে, বহু। ক্রি-বিণ।

অকারাদি—অকার হইতে আরম্ভ করিয়া, অকারপ্রভৃতিক ('—বর্ণসমূহ'); আদিতে অকারবিশিষ্ট ('—শব্দ')। অকার আদিতে যাহাদের বা আদি যাহার, বহু। বিণ।

অকারান্ত—যাহার শেষে অকার আছে এরূপ ('—শব্দ')। অকার অন্তে আছে যাহার, বহু। বিণ।

অকার্পণ্য—অকৃপণতা, বদান্যতা; অতিশয় দানশীলতা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অকার্য—১। কুকাজ; কার্যাভাব। নঞ্‌তৎ। বি; স্ত্রী। ২। অকরণীয়, করিবার অযোগ্য। ন কার্য (করণীয়), নঞ্‌তৎ। বিণ।

অকার্যকর—১। অকেজো; নিষ্ফল; ineffective. নঞ্‌তৎ। ২। দুষ্কর্মা। উপতৎ; অকার্য—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, **-করী**।

অকাল—১। অপ্রশস্ত কাল, অযোগ্য সময়। নঞ্‌তৎ (অপ্রশস্তার্থে)। ২। বৃহস্পতি ও শুক্র গ্রহের বৃদ্ধত্বাস্তবাল্য-হেতু শুভকর্মানুষ্ঠানপক্ষে অশুদ্ধ কাল; মলমাসজনিত অশুদ্ধ কাল। ৩। অপূর্ণ সময়; (বাংপ্র) দুর্ভিক্ষ। নঞ্‌তৎ। বি; পুং।

অকালকুষ্মাণ্ড—অসময়জাত কুমড়া; অকর্মণ্য লোক (তিরস্কারার্থে); দুর্বৃত্ত, দেশ বা নিজ বংশের ক্ষতিকারী ব্যক্তি (গান্ধারী কর্তৃক অকালে প্রসূত কুষ্মাণ্ডের ন্যায় মাংসপিণ্ড হইতে স্বজনধ্বংসকারী দুর্যোধনাদি পুত্রগণের জন্ম হয়)। অকালজাত কুষ্মাণ্ড, মধ্যপ। বি; স্ত্রী।

অকালকুসুম—অসময়ের ফুল; অসম্ভব ব্যাপার। অকালজাত কুসুম, মধ্যপ। বি; স্ত্রী।

অকালজ—অকালজাত (তাহা দ্রঃ)। উপতৎ; অকাল—জন্‌+ড কর্তৃ। বিণ।

অকালজলদোদয়—অসময়ে মেঘের সঞ্চার; কুয়াশা। অকালজাত জলদ, মধ্যপ; তাহার উদয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অকালজাত—অসময়ে উৎপন্ন; কালপ্রাপ্তির পূর্বেই উদ্ভূত। ৭মীতৎ। বিণ।

অকালজ্ঞ—যে-ব্যক্তি কাজের কালাকাল বুঝে না এমন; যাহার ঠিক সময় জানা নাই এমন। নঞ্‌তৎ। বিণ।

অকালপক্ব—অসময়ে পরিণতিপ্রাপ্ত, সময় পূর্ণ হইবার পূর্বেই যাহা পাকিয়া উঠিয়াছে এরূপ; ফাজিল; বাল্যে বৃদ্ধবৎ ব্যবহারকারী, এঁচোড়ে-পাকা ('— ছেলে')। ৭মীতৎ। বিণ।

অকালবর্ষণ, -বৃষ্টি—অসময়ে জলবর্ষণ, বর্ষা ভিন্ন অন্য ঋতুতে বৃষ্টি। ৭মীতৎ। বি; স্ত্রী, স্ত্রী।

অকাল-বার্ধক্য—অসময়ে উপস্থিত বৃদ্ধাবস্থা, রোগ-

শোকাদি হেতু যৌবনেই আগত বৃদ্ধত্ব। অকালাগত বার্ধক্য. মধ্যপ। বি; স্ত্রী।

অকালবৃদ্ধ—রোগ শোক ইঃর ফলে অকালে বৃদ্ধ হইয়াছে এমন। ৭মীতৎ। বিণ।

অকালবৃষ্টি—'অকালবর্ষণ' দ্রঃ।

অকালবোধন—অসময়ে জাগানো; শরৎকালে দুর্গা-দেবীর পূজার জন্য তাঁহার নিদ্রাভঙ্গকরণ (রামচন্দ্র রাবণবধের জন্য দুর্গাপূজা করিতে বাধ্য হন)। ৭মীতৎ। বি; স্ত্রী।

অকালমরণ, -মৃত্যু—আয়ুষ্কাল পূর্ণ না হইতে মরণ, অল্পবয়সে মৃত্যু। ৭মীতৎ। বি; স্ত্রী।

অকালী—শিখ সম্প্রদায় বিঃ। গুরু। বি।

অকিঞ্চন—নির্ধন, দরিদ্র; সামান্য, ইতর। ন (নাই) কিঞ্চন (কিছুই) যাহার, বহু (পাণিনিমতে ময়ূরব্যংসকাদি তৎপুরুষ)। বিণ। বি, -তা, -ত্ব।

অকিঞ্চিৎ—অতি তুচ্ছ। নঞ্তৎ। অ।

অকিঞ্চিৎকর—অতি তুচ্ছ, অতি সামান্য। নঞ্তৎ। বিণ। স্ত্রী, -রী।

অকীকপাথর—ভারতে জাত অল্পমূল্য প্রস্তর বিঃ, agate. বি।

অকীর্তি—অখ্যাতি, অপযশ, দুর্নাম ('—কর')। নঞ্তৎ বি; স্ত্রী।

অকীর্তিকর—অযশস্কর, অখ্যাতিজনক। উপতৎ; অকীর্তি—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।

অকু—ঘটনা; ব্যাপার; দাঙ্গাহাঙ্গামা প্রঃ কাণ্ড; কুস্থান। ⟨আ 'বকু'। বি।

অকুণ্ঠ—অসংকুচিত; অব্যাহত; মুক্ত; অনমিত; তেজস্বী; অপ্রতিহত; উদার; অকাতর; জড়িমা-বর্জিত। ন (নাই) কুণ্ঠা যাহার, বহু; বিণ।

অকুণ্ঠিত—অকুণ্ঠ (তাহা দ্রঃ)। নঞ্তৎ। বিণ।

অকুণ্ঠিতচিত্ত, -হৃদয়—১। অকাতরহৃদয়; প্রশস্তমনা, উদারহৃদয়। অকুণ্ঠিত চিত্ত, হৃদয় যাহার, বহু। বিণ। ২। অসংকুচিত হৃদয়, অকাতর মন; উদার হৃদয়, প্রশস্ত মন। কর্মধা। বি; স্ত্রী।

অকুণ্ঠিতমনাঃ (-মনস্)—অকুণ্ঠিতচিত্ত (১) (তাহা দ্রঃ)। বহু। বিণ।

অকুণ্ঠিতহৃদয়—'অকুণ্ঠিতচিত্ত' দ্রঃ।

অকুতোভয়—সম্পূর্ণ নির্ভীক, অসমসাহসিক। ন (নাই) কুতঃ ভয় যাহার, বহু (পাণিনিমতে ময়ূরব্যংসকাদি তৎপুরুষ)। বিণ। বি, -তা। ক্রি-বিণ—অকুতোভয়ে।

[নঞ্তৎ। বিণ।

অকুপিত—অক্রুদ্ধ; অনুত্তেজিত; অবিকৃত।

অকুব—বুদ্ধি, আক্কেল; কাণ্ডজ্ঞান; প্রতিভা। ⟨আ 'বকুফ'। বি। [বি; পুং।

অকুমার—বিবাহিত পুরুষ; তরুণ; যুবা। নঞ্তৎ।

অকুমারী—১। দশ বৎসর বয়স্কা বালিকা; বিবাহিতা নারী; যুবতী নারী। নঞ্তৎ। বি; স্ত্রী। ২। অবিবাহিতা, কুমারী ("তুমি অকুমারী সতী" —বিজয়)। প্রা কপ্র। বিণ; স্ত্রী।

অকুমারীব্রত—দশ বৎসর বয়স্কা বালিকার কর্তব্য ব্রত বিঃ। মধ্যপ। বি; স্ত্রী।

অকুল—১। বংশহীন; কুলগৌরবহীন, নীচবংশজাত। বিণ। ২। যে কুল বা বংশের সহিত বিবাহসম্বন্ধ প্রশস্ত নহে, নীচু ঘর। নঞ্তৎ। বি; পুং।

অকুলন, অকুলান—অভাব, অনটন; অল্পতা। ন কুলন, কুলান, নঞ্তৎ। বাংপ্র। বি।

অকুলীন—যে কুলীন নয় এরূপ; সামাজিক কুল-বন্ধনের বহির্ভূত অর্থাৎ মৌলিক; কুলমর্যাদাহীন, নীচবংশজাত; তন্ত্রোক্ত কুলাচারবর্জিত। নঞ্তৎ। বিণ।

অকুশল—১। অনিপুণ, আনাড়ী। নঞ্তৎ। ২। অশুভভাগী; অশুভজনক। ন (নাই) কুশল যাহার বা যাহা হইতে, বহু। বিণ। ৩। অমংগল; বিবাদ। নঞ্তৎ। বি; স্ত্রী।

অকুস্থল, -স্থান—ঘটনাস্থল, যেস্থানে দাঙ্গাহাঙ্গামা ঘটে সেইস্থান। অকুর (আ 'বকু') স্থল, স্থান, ৬ষ্ঠীতৎ। বি।

অকূপার—সমুদ্র; সূর্য; পর্বত। নঞ্—কু—পৃ+অন্ কর্তৃ। বি; পুং।

অকূল—১। অপার, তীরহীন; অসীম। বিণ। ২। সাগর; বিপদ্; ভরসাহীনতা, সহায়শূন্যতা। ন (নাই) কূল যাহার, বহু। বি; পুং। ৩। বিপদ্। প্র কপ্র। বি। **অকূলে কূল পাওয়া**—বিপদ্ হইতে উদ্ধার পাওয়া। **অকূলে ডোবা**—ভীষণ বিপদ্‌গ্রস্ত হওয়া। **অকূলে ভাসা**—ভীষণ বিপদ্‌গ্রস্ত হওয়া। **অকূলে ভাসানো**—ভীষণ বিপদে ফেলা। **অকূলের ভেলা**—একান্ত অসহায় অবস্থার অবলম্বন।

অকূলপাথার—অসীম জলরাশি; মহাসমুদ্র; (সমুদ্রের ন্যায়) মহা বিপদ্। অকূল পাথার ('পাথস্'-শব্দজ—অর্থ জল), কর্মধা: বি।

অকৃত—অনিষ্পাদিত, অসমাপ্ত, অননুষ্ঠিত। নঞ্তৎ। বিণ।

অকৃতকর্মা (-কর্মন্)—অসিদ্ধ-প্রয়াস; অদক্ষ; অকর্মণ্য। অকৃত কর্ম যাহার, বহু; বা, কৃত কর্ম যৎকর্তৃক, বহু; ন কৃতকর্মা, নঞ্তৎ। বিণ।

অকৃতকার্য—অপারগ, ব্যর্থপ্রয়াস, বিফলমনোরথ। নঞ্তৎ। বিণ। বি, -তা।

অকৃতঘ্ন—যে উপকারীর ক্ষতি করে না এমন; উপ-কারীর উপকার স্বীকারকারী। নঞ্তৎ। বিণ।

অকৃতজ্ঞ—যে কৃত উপকার স্মরণ রাখে না এরূপ, নিমকহারাম; কৃতঘ্ন। নঞ্তৎ। বিণ। বি, -তা।

অকৃতদার—অবিবাহিত, কুমার। ন কৃত দার (পত্নী) যৎকর্তৃক, বহু। বিণ।

অকৃতধী—অস্থিরবুদ্ধি; যাহার বুদ্ধি কম এরূপ; শাস্ত্রের উপদেশ বুঝিতে অক্ষম, শাস্ত্রের উপদেশ মন দিয়া যে শোনে না এমন। নঞ্তৎ। বিণ।

অকৃতার্থ—অপূর্ণমনোরথ; ব্যর্থজীবন; অকৃতকার্য। ন কৃত অর্থ (প্রয়োজন) যৎকর্তৃক, বহু। বিণ।

অকৃতিত্ব—কার্যে অপটুতা; অক্ষমতা; অযোগ্যতা; অকৃতার্থতা; অগৌরব। অকৃতিন্+ত্ব ভাবে। বি; স্ত্রী।

অকৃতী (-তিন্)—কার্যে যোগ্যতাশূন্য, আনাড়ী;

গুণহীন; অধন্য; অক্ষম; অকৃতকার্য। নঞ্‌তৎ। বিণ।

অকৃত্য—১। অকার্য, নিন্দিত কার্য। বি; ক্লী। ২। অকরণীয়। ন কৃত্য (করণীয়), নঞ্‌তৎ। বিণ।

অকৃত্রিম—বিশুদ্ধ, ভেজালশূন্য, খাঁটী; স্বাভাবিক; অকপট ('—প্রেম')। নঞ্‌তৎ। বিণ।

অকৃপণ—মুক্তহস্ত; অর্থব্যয়ে অকুণ্ঠ; দীনতাবিহীন। নঞ্‌তৎ। বিণ।

অকৃশ—অশীর্ণ; অসূক্ষ্ম; স্থূল। নঞ্‌তৎ। বিণ।

অকৃষ্ট—অ-চষা, পতিত ('—ভূমি'); অস্থানান্তরিত; একই স্থানে স্থিত; অনাকৃষ্ট; অননুশীলিত। নঞ্‌তৎ। বিণ।

অকেজো—অকর্মণ্য, কর্মের অযোগ্য; অপদার্থ; অব্যবহার্য। ন কেজো (কার্যের যোগ্য, কাজ+উয়া =কাজুয়া > কেজুয়া > কেজো), নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

অকেশরপরাগকোষ—কেশরশূন্য পরাগকোষ, sessile anther. ন (নাই) কেশর যাহাতে, বহু; পরাগের কোষ, ৬ষ্ঠীতৎ; অকেশর পরাগকোষ, কর্মধা। বি; পুং বা ক্লী।

অকৈতব—১। অকপট। বহু। বিণ। ২। অকপটতা। নঞ্‌তৎ। বি; ক্লী।

অকৌশল—কৌশলাভাব; অপটুতা; (বাং) অ-বনিবনাও। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অক্কা—মৃত্যু, মরণ। < ফা 'আকা'। বি। **অক্কা পাওয়া**—মারা যাওয়া।

অক্টোবর—ইংরেজী বৎসরের দশম মাস। < ইং 'October'. বি।

অক্ত—মিশ্রিত, মাখা, লেপিত ('রক্তাক্ত', 'কর্দমাক্ত'); যুক্ত। অন্‌জ্ (মাখা)+ক্ত কর্ম। বিণ।

ঐক্য—একতা, মিল। < ঐক্য। বি।

অক্রম—১। পরম্পরাবিহীন, ক্রমশূন্য; বিশৃঙ্খল; নিশ্চল; নিশ্চেষ্ট। ন (নাই) ক্রম যাহার, বহু। বিণ। ২। ব্যতিক্রম, বিশৃঙ্খলা; এলোমেলোভাব। নঞ্‌তৎ। বি; পুং।

অক্রমিক—ক্রমিকভাবে পর পর সাজানো নহে এমন; বেসরকারী; যাহা অফিসের নিয়মকানুনের মধ্যে নহে এমন; ব্যক্তিগত। নঞ্‌তৎ। বিণ।

অক্রিয়—সৎক্রিয়াহীন, কুক্রিয়াসক্ত; নিষ্ক্রিয়। ন (নাই বা অপ্রশস্ত) ক্রিয়া যাহার, বহু। বিণ।

অক্রিয়া—কর্মাভাব, নিষ্ক্রিয়তা; অন্যায় কর্ম, ধর্ম-বিরুদ্ধ কার্য। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অক্রিয়াচরণ—১। কুব্যবহার; অবৈধ ব্যবহার; কুকার্যের অনুষ্ঠান। ৬ষ্ঠীতৎ। ২। কার্যানুষ্ঠানের অভাব। নঞ্‌তৎ। বি; ক্লী।

অক্রিয়ান্বিত—১। কুকার্যের অনুষ্ঠানকারী, নিন্দিত-কর্মা। অক্রিয়া দ্বারা অন্বিত, ৩য়াতৎ। ২। অননুষ্ঠানকারী; যে ক্রিয়ান্বিত নহে এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অক্রিয়ারত—অক্রিয়ান্বিত (তাহা দ্রঃ)। ৭মীতৎ বা নঞ্‌তৎ। বিণ।

অক্রিয়াসক্ত—১। কুকর্মকারী, দুরাচার। অক্রিয়াতে আসক্ত, ৭মীতৎ। ২। যে কার্যে লিপ্ত নহে এরূপ; কার্যে যাহার অনুরাগ নাই এরূপ; যে ক্রিয়াসক্ত নহে এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অক্রীত—যাহা ক্রয় করা হয় নাই এরূপ; বিনামূল্যে প্রাপ্ত। নঞ্‌তৎ। বিণ।

অক্রূর—অকুটিল, সরল; কোমল; অনিষ্ঠুর; দয়ালু। নঞ্‌তৎ। বিণ।

অক্রেয়—কিনিবার পক্ষে অনুপযুক্ত; দুর্মূল্য, মহার্ঘ। নঞ্‌তৎ। বিণ।

অক্রোধ—১। কোপহীনতা। নঞ্‌তৎ। বি; পুং। ২। কোপশূন্য, নিষ্ক্রোধ ("অক্রোধ যে লোক তারে সর্বলোকে পূজে"—কাশী)। ন (নাই) ক্রোধ যাহার, বহু। বিণ।

অক্রোধন—রোষহীন; যিনি সহসা ক্রুদ্ধ হন না এমন; জিতক্রোধ। নঞ্‌তৎ। বিণ।

অক্রোধী (-ধিন্)—কোপশূন্য; যিনি সহজে ক্রুদ্ধ হন না এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -ধিনী।

অক্লান্ত—১। অনবসন্ন, শ্রমে অক্লিষ্ট। নঞ্‌তৎ। ২। শ্রান্তিশূন্য, অবসাদরহিত ('—পরিশ্রম')। ন (নাই) ক্লান্ত (ক্লান্তি, অবসাদ) যাহাতে, বহু। বিণ।

অক্লান্তকর্মা (-কর্মন্)—অতিশয় পরিশ্রমী। অক্লান্ত কর্ম যাহার, বহু। বিণ।

অক্লান্তভাবে—একটুও ক্লান্তি বোধ না করিয়া; অকাতরে। বহু। ক্রি-বিণ।

অক্লান্তি—ক্লান্তিহীনতা; অবসাদশূন্যতা। নঞ্‌তৎ। বি; স্ত্রী। [বিণ।

অক্লিন্ন—শুষ্ক, অনার্দ্র; মলিনতাশূন্য। নঞ্‌তৎ।

অক্লিষ্ট—অশ্রান্ত, অকাতর; অম্লান; অদম্য; স্থির, দৃঢ়। নঞ্‌তৎ। বিণ।

অক্লিষ্টকর্মা (-কর্মন্)—যে অক্লেশে কোন কার্য করিতে পারে এরূপ; সর্বদা কর্মে উৎসাহসম্পন্ন; অত্যন্ত পরিশ্রমশীল। অক্লিষ্ট (ক্লান্তিশূন্য) কর্ম যাহার, বহু। বিণ।

অক্লেদ্য—অপচ্য, যাহা আর্দ্র বা গলিত হয় না এরূপ; যাহা মলিন হইবার নহে এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অক্লেশ—১। ক্লেশাভাব, দুঃখহীনতা। নঞ্‌তৎ। বি; পুং। ২। ক্লেশহীন, দুঃখশূন্য। ন (নাই) ক্লেশ যাহার, বহু। বিণ।

অক্লেশে—অনায়াসে, বিনা কষ্টে, সহজে। ন (নাই) ক্লেশ যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

অক্ষ—১। পাশক, পাশা। অশ্+স করণ। ২। বিষুব-রেখা হইতে কোনও স্থানের কৌণিক ব্যবধান, latitude; রবিমার্গ হইতে গ্রহনক্ষত্রের দূরত্ব পরিমাণ; গ্রহগণের পরিভ্রমণ-পথ; রাশিচক্রের অবয়ব; কেন্দ্ররেখা, মেরু, axis; এক ভরি ওজন; বহেড়া গাছ; রথ, শকট; চক্র; চক্রদণ্ড, axle; গরুড়; ভুজঙ্গ; রাবণের পুত্র; আত্মা; জাতার্ধ; জাতান্ধ; কুৎসিত; বিবাদ-বিজ্ঞানতত্ত্ব; ব্যবহার; জ্ঞান; ক্রয়বিক্রয়-চিন্তা। বি; পুং। ৩। রুদ্রাক্ষবীজ ('—

মালা'); ইন্দ্রিয় ('প্রত্যক্ষ'); চক্ষু; তুত্থাঞ্জন; তুঁতে; রসাঞ্জন। অক্ষ্+অচ্ কর্তৃ। বি; ক্লী।

অক্ষক—১। অক্ষক্রীড়াকারী। অক্ষ+ণক কর্তৃ। বি; পুং। ২। কণ্ঠাস্থি, collar-bone, clavicle. বি; ক্লী।

অক্ষকর্ণ—সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত বাহু, অতিভুজ, hypotenuse. বি; পুং।

অক্ষকাস্থি—কণ্ঠনিম্নস্থ অস্থিদ্বয়, collar-bone. কর্মধা। বি। [পারদর্শী। ৭মীতৎ। বিণ।

অক্ষকুশল, -কোবিদ—পাশাখেলায় দক্ষ, অক্ষক্রীড়ায়

অক্ষক্রীড়া—পাশাখেলা। ৩য়াতৎ। বি; স্ত্রী।

অক্ষচক্র—সহজে অধিক ভারী দ্রব্য উপরে তুলিবার যন্ত্র বিঃ, wheel and axle. সমাহার দ্বন্দ্ব। বি; ক্লী।

অক্ষজ—১। বজ্র। বি; পুং। ২। ইন্দ্রিয়জাত। উপতৎ; অক্ষ—জন্+ড কর্তৃ। বিণ।

অক্ষজন—অম্লজান, oxygen. বি।

অক্ষটী—শিকারী। <আখেটিক। প্রা কপ্র। বি।

অক্ষণ—কুক্ষণ, অশুভসময়। নঞ্তৎ। বি; পুং।

অক্ষত—অনাহত; অখণ্ডিত; অবিসংবাদিত; নির্দোষ; বে-দাগ; আঁচড়শূন্য; অবিরোধী। নঞ্তৎ। বিণ।

অক্ষতদেহ—১। অবিকৃত অঙ্গ; অনাহত শরীর; সম্পূর্ণ সুস্থ শরীর; যাহার কিছুমাত্র ক্ষয় হয় নাই এরূপ শরীর। কর্মধা। বি; পুং বা ক্লী। ২। অবিকৃতাঙ্গ; ক্ষতশূন্য-দেহযুক্ত। অক্ষত দেহ যাহার, বহু। বিণ।

অক্ষতদেহে, -শরীরে—অনাহতদেহে; বিশেষ খারাপ অবস্থায়ও লাঞ্ছনা ভোগ না করিয়া। বহু। ক্রি-বিণ।

অক্ষতযোনি—১। যে বালিকার পুরুষসংসর্গ ঘটে নাই; যাহার রজোদর্শন হয় নাই এরূপ কুমারী। বি; স্ত্রী। ২। পুরুষসংসর্গহীনা; কুমারী। অক্ষত যোনি যাহার, বহু। বিণ; স্ত্রী। [বিণ।

অক্ষত্র—ক্ষত্রিয়হীন। ন (নাই) ক্ষত্র যেখানে, বহু।

অক্ষদণ্ড—পৃথিবীর মেরুদণ্ড, যে কাল্পনিক সরলরেখা পৃথিবীর কেন্দ্র ভেদপূর্বক উত্তর ও দক্ষিণ মেরু পর্যন্ত বিস্তৃত এবং যাহার উপরে পৃথিবী প্রতিদিন পশ্চিম হইতে পূর্বাভিমুখে আবর্তিত হইয়া থাকে সেই সরলরেখা, axis; চাকার ধুরো, axle. অক্ষই দণ্ড, কর্মধা। বি; পুং।

অক্ষধর—১। বিষ্ণু; চক্র। বি; পুং। ২। চক্রধারী; পাশাধারণকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -ধারী।

অক্ষধুরা, -ধূঃ (-ধুর্)—চক্রের অগ্রভাগ, pole of carriage, axle tree. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অক্ষধূর্ত—পাশক-ক্রীড়াদক্ষ; জুয়াড়ী। ৭মীতৎ। বিণ।

অক্ষপটল—ছানি, cataract. অক্ষের (চক্ষুর) পটল (আবরণ), ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অক্ষপাটি—পাশা, খেলিবার হাড়ের পাশা। অক্ষের পাটি ('পার্টি'-শব্দজ), ৬ষ্ঠীতৎ। বি।

অক্ষপাদ—১। তার্কিক, ন্যায়গ্রন্থপ্রণেতা; চক্রের অংশ। অক্ষ (জ্ঞান) দ্বারা পাদ (গমন) যাঁহার, বহু; অথবা, অক্ষের (চক্রের) পাদ (অংশ), ৬ষ্ঠীতৎ। ২। (চরণ দ্বারা দৃষ্টিকারী) গৌতমমুনি। অক্ষ (চক্ষু) পাদে যাঁহার, বহু [ব্যাসদেব গৌতমমুনির ন্যায়গ্রন্থের দোষ ধরিলে মুনি রুষ্ট হন ও বলেন যে, তিনি ব্যাসের মুখ দেখিবেন না। পরে ব্যাস দেবের অনুনয়ে গৌতম মুনি আপন পায়ে চক্ষু সৃষ্টি করিয়া ব্যাসের মুখ দেখেন]। বি; পুং।

অক্ষবতী—১। দ্যূতক্রীড়া। বি; স্ত্রী। ২। পাশার অধিকারিণী। অক্ষ+মতুপ্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

অক্ষবিকলন—চন্দ্রাকর্ষণহেতু ভূ-মেরুদণ্ড কর্তৃক সৌর অয়নবৃত্তের উপর গঠিত কোণের সাময়িক ও নিয়মিত পরিবর্তন, nutation. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অক্ষবিৎ (-বিদ্) — দ্যূতনিপুণ, পাশাখেলায় পণ্ডিত; উকিল, ব্যবহারশাস্ত্রজ্ঞ; বিচারক। উপতৎ; অক্ষ—বিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ।

অক্ষবৃত্ত—ভূ-গোলকের নিরক্ষরেখা হইতে উহার উত্তর ও দক্ষিণ উভয় পার্শ্বেই সমান্তরালভাবে যে সকল বৃত্ত কল্পিত হয় সেই বৃত্ত সকল, parallels of latitude. অক্ষনির্ণায়ক বৃত্ত, মধ্যপ। বি; ক্লী।

অক্ষম—১। সামর্থ্যহীন, দুর্বল; অযোগ্য; অপটু। নঞ্তৎ। ২। ক্ষমাহীন। ন (নাই) ক্ষমা যাহার, বহু। বিণ।

অক্ষমতা, -ত্ব—সামর্থ্যাভাব; দুর্বলতা; ক্ষমাহীনতা। নঞ্তৎ; বা, অক্ষম+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

অক্ষমদ—পাশা খেলার নেশা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অক্ষমা—১। 'অক্ষম' দ্রঃ। অক্ষম+আপ্। বিণ; স্ত্রী। ২। অসহিষ্ণুতা; ঈর্ষ্যা; ক্রোধ; ক্ষমাশূন্যতা। নঞ্তৎ। বি; স্ত্রী।

অক্ষমালা—১। রুদ্রাক্ষমালা, জপমালা। ৬ষ্ঠীতৎ। ২। বশিষ্ঠপত্নী অরুন্ধতী। অক্ষ (রবিমণ্ডল হইতে সপ্তর্ষিনামক নক্ষত্রসমূহের দূরত্ব, অর্থাৎ সপ্তর্ষিগণ) মালা যাঁহার, বহু, +আপ্—আকাশে উত্তরদিকে সপ্তর্ষিমণ্ডল মালার ন্যায় বশিষ্ঠপত্নী কল্পিতা অরুন্ধতীকে বেষ্টন করিয়া আছে। বি; স্ত্রী।

অক্ষমালী (-লিন্)—মহাদেব; রুদ্রাক্ষমালাসমন্বিত। অক্ষমালা+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী, -লিনী।

অক্ষয়—১। যাহার ক্ষয় বা নাশ নাই এরূপ, ক্ষয়হীন; অব্যয়; শাশ্বত, অবিনশ্বর; চিরবর্তমান; অফুরন্ত; গৃহহীন; নিরবচ্ছিন্ন। বিণ। ২। পরমাত্মা। ন (নাই) ক্ষয় যাহার, বহু। বি; পুং।

অক্ষয়কীর্তি—১। চিরস্থায়ী যশঃ, অবিনশ্বর কীর্তি। অক্ষয়া কীর্তি, কর্মধা। বি; স্ত্রী। ২। চিরস্মরণীয়। অক্ষয়া কীর্তি যাহার, বহু। বিণ।

অক্ষয়তূণ—যে বাণাধারের বাণ কখনও ফুরায় না [অর্জুন খাণ্ডব বন দগ্ধ করিয়া অগ্নির নিকট হইতে গাণ্ডীব ধনু ও অক্ষয়তূণ প্রাপ্ত হইয়াছিলেন]। কর্মধা। বি; পুং।

অক্ষয়তৃতীয়া—চান্দ্রবৈশাখের শুক্লা তৃতীয়া তিথি। অক্ষয়া তৃতীয়া, কর্মধা। বি; স্ত্রী।

অক্ষয়বট—ভুবনেশ্বর প্রয়াগ পুরী প্রঃ তীর্থস্থানে অবস্থিত প্রাচীন বটবৃক্ষ [এই সকল বটবৃক্ষের মূলে জল দিলে ও উহাদের পূজা করিলে অক্ষয় পুণ্যলাভ হয়]। অক্ষয় (অর্থাৎ পূজাকারীকে চিরস্থায়িপুণ্যদানকারী) বট, কর্মধা। বি; পুং।

অক্ষয়লোক—স্বর্গ। কর্মধা। বি; পুং।

অক্ষয়স্বর্গ, -স্বর্গলোক — চিরস্থায়ী দেবলোক। কর্মধা। বি; পুং।

অক্ষয়া—১। সোমবারে অমাবস্যা রবিবারে সপ্তমী মঙ্গলবারে চতুর্থী ও বৃহস্পতিবারে অষ্টমী তিথির মিলনে সংঘটিত যোগ বিঃ; ন (নাই) ক্ষয় (লব্ধ পুণ্যের বা পাপের ধ্বংস) যাহাতে, বহুব্রী+আপ্। বি; স্ত্রী। ২। 'অক্ষয়' দ্রঃ। অক্ষয়+আপ্। বিণ; স্ত্রী।

অক্ষর—১। বর্ণ, letter ('— জ্ঞান'); স্বরসংযুক্ত বর্ণ, syllable ('গুরু —'); সীসানির্মিত হরফ, type; কীর্তন-গানের আখর। অশ্+সর কর্তৃ। বি; ক্লী। ২। পরব্রহ্ম, পরমাত্মা; শিব; বিষ্ণু; আকাশ; ধর্ম; তপস্যা; মোক্ষ; জল। বি; ক্লী। ৩। নাশশূন্য; নিত্য; স্থির; ক্ষরণশূন্য; ক্রিয়াশূন্য। নঞ্—ক্ষর্+অচ্ কর্তৃ। বিণ। **অক্ষরে অক্ষরে**—হুবহু, ঠিক ঠিক।

অক্ষরজীবক—লেখক, মুদ্রাকর; কেরানী। অক্ষর—জীব্+ণক কর্তৃ। বি; পুং বা বিণ।

অক্ষরজীবিক—মুদ্রাকর; লেখক; কেরানী। অক্ষর হইয়াছে জীবিকা যাহার, বহু। বি; পুং বা বিণ।

অক্ষরজীবিকা—লেখিকা, মসীজীবিনী। অক্ষরজীবক বা অক্ষরজীবিক+আপ্। বি বা বিণ; স্ত্রী। ২। লেখনবৃত্তি, কেরানীগিরি। অক্ষরনিষ্পাদ্যা জীবিকা, মধ্যপ। বি; স্ত্রী।

অক্ষরজীবী (-জীবিন্)—মুদ্রাকর; লেখক, মসীজীবী। উপতৎ; অক্ষর—জীব্+ণিন্ কর্তৃ। বি; পুং বা বিণ। স্ত্রী, **-জীবিনী**।

অক্ষরতূলিকা—লেখনী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অক্ষরন্যাস, -বিন্যাস—১। লিখন; বর্ণযোজনা, শ্রেণীবদ্ধভাবে অক্ষর লিখন বা সংস্থাপন। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। লিপি, চিঠি। অক্ষরের ন্যাস, বিন্যাস আছে যাহাতে, বহু। বি; পুং।

অক্ষরপরিচয়—বর্ণজ্ঞান, অকারাদি বর্ণসমুদয় জানা বা চেনা; (লাক্ষণিক অর্থে) কোন বিষয়ে শিক্ষারম্ভ, হাতে খড়ি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অক্ষরবিন্যাস—'অক্ষরন্যাস' দ্রঃ।

অক্ষরবৃত্ত—অক্ষরসংখ্যা দ্বারা নির্ধারিত ছন্দঃ বিঃ, তানপ্রধান ছন্দ। অক্ষরগণিত বৃত্ত, মধ্যপ। বি; ক্লী।

অক্ষরমালা—বর্ণসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অক্ষরসংস্থান—১। লিপি; লিখন। অক্ষরের সংস্থান আছে যাহাতে, বহু। ২। অক্ষরের বিন্যাস; অক্ষর লিখন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অক্ষরা—১। সাংখ্যকথিতা প্রকৃতি। (সৃষ্ট্যাদি ক্রিয়া-নিবন্ধন) ন (নাই) ক্ষর (ক্রিয়াহীনতা) যাহার, বহু+আপ্। বি; স্ত্রী। ২। ক্ষরণহীনা; নাশশূন্যা। অক্ষর+আপ্। বিণ; স্ত্রী।

অক্ষরান্তর—এক ভাষার অক্ষরকে অন্য ভাষার অক্ষরে প্রকাশ; অপর অক্ষর। অন্য অক্ষর, নিত্য। বি; ক্লী।

অক্ষরান্তরীকরণ—এক ভাষার শব্দকে অন্য ভাষার অক্ষরে লিখন, প্রতিবর্ণীকরণ, transliteration. অন্য অক্ষর, নিত্য; অক্ষরান্তর+চ্বি—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।

অক্ষরেখা—বিষুবরেখা হইতে উহার উত্তর ও দক্ষিণে কল্পিত সমান্তরাল রেখা, lines of latitude. অক্ষনির্ণায়িকা রেখা, মধ্যপ। বি; স্ত্রী।

অক্ষশক্তি—দ্বিতীয় মহাযুদ্ধকালে হিটলার-শাসনাধীন জার্মানি ও মুসোলিনী-শাসনাধীন ইটালি, axis power. বি; স্ত্রী।

অক্ষসূত্র—১। জপমালা; উপবীত। ৬ষ্ঠীতৎ। ২। জপমালার অক্ষগ্রথিত সূত্র। অক্ষগ্রথিত সূত্র, মধ্যপ। বি; ক্লী।

অক্ষাংশ—বিষুবরেখা হইতে উত্তর বা দক্ষিণ দিকে কোন স্থানের কৌণিক দূরত্ব, latitude. অক্ষের অংশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [স্ত্রী।

অক্ষান্তি—ক্ষমাভাব; অসহিষ্ণুতা। নঞ্তৎ। বি;

অক্ষার—ক্ষাররহিত, ক্ষারবর্জিত। ন (নাই) ক্ষার যাহাতে, বহু। বিণ।

অক্ষি—চক্ষু, নয়ন। অক্ষ্+ই কর্তৃ। বি; ক্লী।

অক্ষিকাচ—পরকলা কাচ, অচ্ছক, লেন্স, lens. বি; পুং।

অক্ষিকূটক—নেত্রমণি, চক্ষুর তারা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

অক্ষিকোটর, -কোষ—চক্ষুর খোল বা গর্ত।

অক্ষিগত—প্রত্যক্ষ, দৃষ্ট। অক্ষিকে গত (প্রাপ্ত), ২য়াতৎ। বিণ।

অক্ষিগোল, -গোলক—চক্ষুর গোলাকার অংশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অক্ষিতারকা, -তারা—কনীনিকা, চোখের তারা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অক্ষিপক্ষ্ম (-পক্ষ্মন্)—নেত্রলোম, চোখের পাতার লোম, eyelash. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অক্ষিপট—চক্ষুর মধ্যস্থিত সূক্ষ্ম চর্ম, retina. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অক্ষিপটল—ছানি, cataract. ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।

অক্ষিপুট—চোখের পাতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অক্ষিবিকূণিত—কটাক্ষদৃষ্টি। বহু বা ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অক্ষিবিভ্রম—চোখের ভুল, দৃষ্টিবিভ্রম, illusion. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অক্ষিভিষক্ (-ভিষজ্)—নেত্র-চিকিৎসক, চোখের ডাক্তার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অক্ষিভেষজ—চক্ষুর ঔষধ; অঞ্জন; কাজল; সুরমা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অক্ষুন্ন—অদ্বিখণ্ডিত; অবিকৃত; পূর্ণ; অননুশীলিত; অব্যাহত, অটুট; বজায়; অনালোড়িত; অস্পষ্ট; সুস্থ; অখণ্ডিত; অপরাজিত। নঞ্‌তৎ। বিণ।

অক্ষুধা—ক্ষুধার অভাব; আহারে অরুচি, অগ্নিমান্দ্য। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অক্ষুব্ধ—দুঃখজাতচাঞ্চল্যহীন, ক্ষোভহীন; অব্যাকুল, ধীর; অনালোড়িত, তরঙ্গহীন ('—সমুদ্র')। নঞ্‌তৎ। বিণ।

অক্ষুভিত—অনাকুল; অক্ষুব্ধ; অনালোড়িত। নঞ্‌তৎ। বিণ।

অক্ষেম—১। অকল্যাণ, অমঙ্গল। নঞ্‌তৎ। বি; ক্লী। ২। মঙ্গলরহিত, অকল্যাণভাগী। ন (নাই) ক্ষেম যাহার, বহু। বিণ।

অক্ষোট, অক্ষোড়—১। আখরোট গাছ। বি; পুং। ২। আখরোট ফল। অক্ষ্‌+ওট, ওড় কর্তৃ। বি; ক্লী।

অক্ষোভ—১। দুঃখবিহীন; অনুশোচনাশূন্য; ক্ষোভরহিত; সপ্রতিভ, যে অপ্রস্তুত হয় না এরূপ। ন (নাই) ক্ষোভ যাহার, বহু। বিণ। ২। দুঃখহীনতা, ক্ষোভাভাব; প্রশান্তি। নঞ্‌তৎ। বি; পুং। [নঞ্‌তৎ। বিণ।

অক্ষোভণীয়—অনালোড়নীয়, অবিচলনীয়; অধৃষ্য।

অক্ষোভিত—অনালোড়িত, অবিচলিত; অনুদ্বেজিত। নঞ্‌তৎ। বিণ।

অক্ষোভী (-ভিন্‌)—অক্ষুব্ধ (তাহা দ্রঃ)। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-ভিণী**।

অক্ষোভ্য—অপরাভবনীয়; অনালোড়নীয়, অবিচলনীয়। নঞ্‌তৎ। বিণ।

অক্ষৌহিণী—১,০৯,৩৫০ পদাতি ৬৫,৬১০ অশ্ব ২১,৮৭০ হস্তী এবং ২১,৮৭০ রথ—সমুদায়ে ২,১৮,৭০০ সংখ্যক সৈন্য; ১ হস্তী, ১ রথ, ৩ অশ্ব ও ৫ পদাতি=১ পত্তি। ৩ পত্তি=১ সেনামুখ। ৩ সেনামুখ=১ গুল্ম। ৩ গুল্ম=১ গণ। ৩ গণ=১ বাহিনী। ৩ বাহিনী=১ পৃতনা। ৩ পৃতনা=১ চমূ। ৩ চমূ=১ অনীকিনী। ১০ অনীকিনী=১ অক্ষৌহিণী; (তাহা হইতে) অসংখ্য সেনা। ঊহ (সমূহ)+ইন্‌ আছে অর্থে+ঈপ্‌; অক্ষের (রথাদির) ঊহিনী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [<ইং 'oxygen'. বি।

অক্সিজেন—অম্লজানবায়ু, মৌলিক গ্যাস বিঃ।

অখণ্ড—সমগ্র, পূর্ণ; অংশশূন্য; পূর্ববৎ স্থায়ী; অক্ষুন্ন ('—প্রতাপ'); অবিভক্ত; নির্দোষ, অক্ষত। ন (নাই) খণ্ড যাহার, বহু। বিণ।

অখণ্ডদ্বাদশী—চান্দ্র-অগ্রহায়ণ মাসের শুক্লা দ্বাদশী। অখণ্ডা (অখণ্ডফলপ্রদা) দ্বাদশী, কর্মধা। বি; স্ত্রী।

অখণ্ডন—১। পরমাত্মা; ব্রহ্ম; সময়। ন (নাই) খণ্ডন যাহার, বহু; বি; পুং। ২। খণ্ডিত না করা। নঞ্‌তৎ। বি; ক্লী।

অখণ্ডনীয়, অখণ্ড্য—অপরিবর্তনীয়; অনুল্লঙ্ঘনীয়; অবিভাজ্য; অকাট্য। নঞ্‌তৎ। বিণ।

অখণ্ডমণ্ডলাকার—সম্পূর্ণ গোলাকার। অখণ্ড এমন মণ্ডল, কর্মধা; তদ্রূপ আকার যাহার, বহু। বিণ।

অখণ্ডিত—অবিভক্ত; একটি; লিপ্ত; যাহা খণ্ডন করা হয় নাই এরূপ; অবিসংবাদিত। নঞ্‌তৎ। বিণ।

অখণ্ড্য—'অখণ্ডনীয়' দ্রঃ।

অখদ্যে—অপদার্থ, অসার, তুচ্ছ; অকেজো, বাজে। <অখাদ্য। বিণ।

অখদ্যে-অবদ্যে—অখাদ্য-অবাদ্য (তাহা দ্রঃ)।

অখন—এখন। <ইহক্ষণ। ক্রি-বিণ।

অখন-তখন—মুমূর্ষু। বাংপ্র। বিণ।

অখল—সরল, ছলনাশূন্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-লা**

অখাত—১। স্বাভাবিক জলাশয়; উপসাগর। বি; পুং বা ক্লী। ২। অখনিত। নঞ্‌তৎ। বিণ।

অখাদ্য—১। আহারের অনুপযুক্ত। বিণ। ২। কুখাদ্য, নিষিদ্ধ খাদ্য। নঞ্‌তৎ। বি; ক্লী।

অখাদ্য-অবাদ্য—যাহা কোন কাজেই লাগে না; যাহা এরূপ খারাপ যে মুখে দেওয়া যায় না বা মুখে আনাও যায় না। কর্মধা। (চলিত কথায় 'অখদ্যে-অবদ্যে'।) বিণ বা বি।

অখিল—১। সমগ্র, সমুদায়; চষা ('—ভূমি')। বিণ। ২। জগৎ, ভুবন। বহু। বি; ক্লী।

অখিলখণ্ড—ভূখণ্ড। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অখিলপ্রিয়—জগতের প্রিয়, সকলের আদরের পাত্র। ৬ষ্ঠীতৎ। বিণ।

অখিলাত্মা (-ত্মন্‌)—বিশ্ববিধাতা, পরব্রহ্ম। অখিল আত্মা যাঁহার, বহু। বি; পুং।

অখুশি—অসন্তোষ। নঞ্‌তৎ। বাংপ্র। বি।

অখুশী—অসন্তুষ্ট। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

অখ্যাত—অপ্রসিদ্ধ; অপ্রতিষ্ঠিত; নিন্দিত। নঞ্‌তৎ। বিণ।

অখ্যাতনামা (-নামন্‌)—অপরিচিত-নামবিশিষ্ট, যাহার নাম সকলে জানে না এরূপ, অচেনা। অখ্যাত নাম যাহার, বহু। বিণ। স্ত্রী, **-নাম্নী**।

অখ্যাতি—দুর্নাম, নিন্দা, অপবাদ। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অখ্যাতিকর, -কারক, -জনক—অযশস্কর, নিন্দাজনক। উপতৎ; অখ্যাতি—কৃ+ট কর্তৃ, অখ্যাতির জনক, কারক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-করী, -কারিকা, -জনিকা**।

অগ—১। গতিশূন্য, নিশ্চল, স্থির। বিণ। ২। পর্বত; তরু; সূর্য। ন—গম্‌+ড কর্তৃ। ৩। সর্প। অগ্‌+অচ্‌ কর্তৃ। বি; পুং। [দ্রঃ)।

অগড়-বগড়, অগড়ম-বগড়ম—আগড়ম-বাগড়ম (তাহা

অগণন—অসংখ্য, বহু। ন (নাই) গণনা (সংখ্যা) যাহার, বহু। বিণ।

অগণনীয়, অগণ্য—অসংখ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-য়া, -ণ্যা**।

অগণিত—১। অসংখ্য; যাহা গণনা করা হয় নাই এমন। নঞ্‌তৎ। ২। অনেক। বহু। বিণ।

অগণ্য—'অগণনীয়' দ্রঃ।

অগতি—১। গতিহীন; উপায়হীন; নিরুপায়; নিরাশ্রয়; অনাথ। ন (নাই) গতি যাহার, বহু। বিণ। **অগতির গতি**—নিরাশ্রয়ের আশ্রয়স্বরূপ। ২। উপায়ের অভাব। নঞ্‌তৎ। বি; স্ত্রী। ৩। মৃত-ব্যক্তির সংকার না হওয়া। বাংপ্র। বি।

অগতিক—অসহায়; নিরাশ্রয়; স্থির, অচল। ন (নাই) গতি যাহার, বহু (সমাসান্ত-ক-আগম)। বিণ।

অগত্যা—অন্য উপায় না থাকাতে, সুতরাং, বাধ্য হইয়া। অগতি+হেতু-অর্থে (সং) ৩য়া বিভক্তির আ। অ।

অগদ—১। ঔষধ; বিষঘ্ন ঔষধ, antidote; সুস্থতা। ন (নাই অর্থাৎ হয় না) গদ (রোগ) যাহা হইতে, বহু। বি; পুং। ২। নীরোগ, সুস্থ। ন (নাই) গদ যাহার, বহু। বিণ।

অগদতন্ত্র—বিষবিজ্ঞান, toxicology. অগদবিষয়ক তন্ত্র, মধ্যপ। বি; ক্লী।

অগনতি, অগুনতি—অসংখ্য, বহু, অনেক। <অগণিত। বিণ।

অগন্তব্য—দুর্গম, দুষ্প্রবেশ্য। নঞ্‌তৎ। বিণ।

অগভীর—অল্প গভীর, shallow; সামান্য খাত-বিশিষ্ট; অপ্রগাঢ়, ভাসা-ভাসা ('—জ্ঞান')। নঞ্‌তৎ। বিণ।

অগম—১। পর্বত; বৃক্ষ। বি; পুং। ২। নিশ্চল, গতিহীন। ন—গম্‌+অচ্‌ কর্তৃ। ৩। দুষ্প্রবেশ; অগম্য; অত্যন্ত গভীর, অথই ('—জল')। নঞ্‌—গম্‌+অপ্‌ কর্ম। বিণ।

অগমনীয়, অগম্য—গমনের পক্ষে অপ্রশস্ত; যেখানে যাওয়া যায় না এমন; অবোধ্য। নঞ্‌তৎ। বিণ।

অগম্যা—যে নারীর সহিত সংগম করা একান্ত অন্যায় [অর্থাৎ স্ববিবাহিতা ভিন্না স্ত্রী, নীচজাতীয়া স্ত্রী, অস্পৃশ্যা রমণী, এবং (শূদ্রাদিপক্ষে) ব্রাহ্মণী, (ব্রাহ্মণাদিপক্ষে) বর্ণেতরা নারী, মাতা, বিমাতা, কন্যা, শ্বশ্রূ, গর্ভবতী, ভ্রাতৃজায়া, ভাগিনেয়ী, ভ্রাতুষ্পুত্রী, ভাগিনেয়স্ত্রী, শিষ্যা, শিষ্যভার্যা, ভ্রাতুষ্পুত্রপত্নী, গুরুপত্নী, রাজপত্নী, পুত্রবধূ, ভগিনী ইঃ রমণী]। নঞ্‌তৎ। বি (বা বিণ); স্ত্রী।

অগম্যাগমন—অগম্যা স্ত্রীর সহিত সংসর্গ; ব্যভিচার। অগম্যাতে গমন, ৭মীতৎ। বি; ক্লী। বিণ, **-গামী** (-গামিন্‌)।

অগরু—অগুরু চন্দন, কৃষ্ণচন্দন। ন—গৄ+উ কর্তৃ। বি; পুং বা ক্লী।

অগস্ট, আগস্ট—ইংরেজী বৎসরের অষ্টম মাস। <ইং 'August'. বি।

অগস্ত্য—মুনি বিঃ; নক্ষত্র বিঃ, Canopus. অগ—স্ত্যৈ+ক কর্তৃ। বি; পুং।

অগস্ত্যযাত্রা—ভাদ্রমাসের প্রথম দিনে যাত্রা; (এই দিনে অগস্ত্যমুনি বিন্ধ্যগিরি অতিক্রম করিয়া দক্ষিণদিকে গমন করিয়াছিলেন এবং আর ফিরেন নাই—এজন্য) প্রত্যেক মাসের প্রথম দিনে যাত্রা; চিরকালের মত যাওয়া; অপ্রশস্ত বা নিষিদ্ধ যাত্রা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অগস্ত্যোদয়—ভাদ্রমাসের সপ্তদশ বা অষ্টাদশ দিবসে আকাশে অগস্ত্য নক্ষত্রের প্রকাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বিণ।

অগা—নির্বোধ; অকর্মণ্য; হাঁদা। <অজ্ঞ। বি বা

অগাকান্ত, -চন্ডী, -রাম, -রাম—অগা (তাহা দ্রঃ)। বাংপ্র। বি বা বিণ।

অগাধ—অতলস্পর্শ; প্রগাঢ়; অধিক; অপরিমেয়; সুবিস্তীর্ণ। ন (নাই) গাধ (প্রকৃষ্টস্থিতি) যাহার, বহু। বিণ।

অগাধীয়—তল পাওয়া যায় না এমন গভীর, abyssal. বিণ।

অগুণ—১। অমঙ্গল; গুণাভাব; দোষ; অনুপকার; (ব্যাক) ই ঈ স্থানে এ, উ ঊ স্থানে ও এবং ঋ স্থানে অর্‌ ইঃ না হওয়া। নঞ্‌তৎ। বি; পুং। ২। নির্গুণ; গুণাতীত; ছিলাশূন্য। ন (নাই) গুণ যাহার, বহু। বিণ।

অগুনতি—'অগনতি' দ্রঃ।

অগুরু—১। কৃষ্ণাগুরুনামক চন্দনকাষ্ঠ, অগুরু-চন্দন। ন (নাই) গুরু (ভারী) যাহা হইতে, বহু। বি; পুং। ২। হালকা, লঘু; গৌরব-শূন্য। নঞ্‌তৎ। বিণ।

অগূঢ়—অগুপ্ত, প্রকাশিত। নঞ্‌তৎ। বিণ।

অগেআন, -গ্যান—১। নির্বোধ, মূর্খ। বিণ। ২। জ্ঞানহীনতা। <অজ্ঞান। প্রা কপ্র। বি।

অগেয়ানী—জ্ঞানশূন্যা, মূর্খ, বোকা। প্রা কপ্র। বিণ; স্ত্রী।

অগোচর—যাহা ইন্দ্রিয়গ্রাহ্য নয় এমন; জ্ঞানাতীত; অতীন্দ্রিয়; অজ্ঞাত; অপ্রত্যক্ষ। নঞ্‌তৎ। বিণ।

অগোচরে—অজ্ঞাতসারে। ন (নহে) গোচর (ইন্দ্রিয়-বিষয়ীভূত), নঞ্‌তৎ, এরূপে। ক্রি-বিণ।

অগোর—<অগুরু। বি।

অগৌণ—মুখ্য, প্রধান। নঞ্‌তৎ। বিণ।

অগৌণে—শীঘ্র, অবিলম্বে। বাংপ্র। ক্রি-বিণ।

অগৌরব—অসম্মান; গৌরবহীনতা। নঞ্‌তৎ। বি; ক্লী।

অগ্নি—অনল, আগুন, পাবক, বহ্নি, হুতাশন; জঠরাগ্নি; অগ্নিকোণ। অন্‌গ্‌+নি কর্তৃ। বি; পুং।

অগ্নিকণ, -কণা—অগ্নিস্ফুলিঙ্গ, আগুনের ফিনকি। ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী।

অগ্নিকর্তা (-কর্তৃ)—যে আগুন জ্বালে; মৃতের মুখে অগ্নিদাতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা বিণ। স্ত্রী, **-কর্ত্রী**।

অগ্নিকর্ম (-কর্মন্‌)—অগ্নিহোত্র প্রঃ কর্ম; অগ্নিতে ঘৃতাহুতি দান; অগ্নিযোগে শবসংকার; শবমুখে অগ্নিদান। ৩য়াতৎ। বি; ক্লী।

অগ্নিকল্প—অনলতুল্য; অতি তেজস্বী; অতি উগ্র; অতি ক্রুদ্ধ; অতি উষ্ণ। অগ্নি+কল্পপ্‌ ঈষদূনে অর্থে। বিণ।

অগ্নিকাণ্ড—গৃহদাহ; অগ্নির বিস্তার; আগ্নেয়াস্ত্র-নিক্ষেপ; তুমুল কলহ বা মারামারি; বিষম অনর্থ। অগ্নিকৃত কাণ্ড বা অগ্নিসম্পাদ্য কাণ্ড, মধ্যপ। বি; পুং বা ক্লী। [ক্লী।
অগ্নিকার্য—অগ্নিকর্ম (তাহা দ্রঃ)। ৩য়াতৎ। বি;
অগ্নিকাষ্ঠ—১। অরণি, অগ্ন্যুৎপাদক কাষ্ঠ। মধ্যপ। ২। জ্বালানী কাঠ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অগ্নিকুণ্ড—অগ্নিরক্ষার স্থান; আগুন জ্বালিবার গর্ত। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অগ্নিকুমার—কার্তিকেয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অগ্নিকোণ—পূর্ব-দক্ষিণ কোণ। অগ্ন্যধিষ্ঠিত কোণ, মধ্যপ। বি; পুং। [স্ত্রী।
অগ্নিক্রিয়া—অগ্নিকর্ম (তাহা দ্রঃ)। ৩য়াতৎ। বি;
অগ্নিক্রীড়া—আগুনের খেলা; বাজি পোড়ানো। অগ্নিসাধ্যা ক্রীড়া, মধ্যপ। বি; স্ত্রী।
অগ্নিগর্ভ—যাহার মধ্যে আগুন আছে এরূপ। অগ্নি গর্ভে যাহার, বহু। বিণ।
অগ্নিগৃহ—অগ্নিশালা; সাগ্নিকদিগের অগ্নিপূজার গৃহ; যজ্ঞশালা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অগ্নিজিহ্বা—বহ্নির সপ্ত শিখা [যথা—কালী, করালী, মনোজবা, সুলোহিতা, সুধূম্রা, উগ্রা ও প্রদীপ্তা; মতান্তরে করালী, ধূমিনী, শ্বেতা, লোহিতা, নীললোহিতা, পদ্মরাগা, সুবর্ণা]। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অগ্নিজ্বালা—অগ্নিশিখা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অগ্নিতপ্ত—১। যাহা আগুনে গরম করা হইয়াছে এমন। ৩য়াতৎ। ২। আগুনের মত গরম। অগ্নি-সদৃশ তপ্ত, মধ্যপ। বিণ।
অগ্নিতাপ—অগ্নির উষ্ণতা, আগুনের হলকা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অগ্নিতুল্য—বহ্নিসদৃশ; অতি উত্তপ্ত; অতিশয় ক্রোধী, অতি তেজস্বী। ৬ষ্ঠীতৎ। বিণ।
অগ্নিত্রয়—গার্হপত্য, আহবনীয় ও দক্ষিণ—এই ত্রিবিধ অগ্নি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অগ্নিদগ্ধ—১। যে বা যাহা আগুনে পুড়িয়াছে এরূপ; আগুনে-পোড়া; শাস্ত্রবিধানানুসারে অগ্নি দ্বারা সংস্কৃত; সন্তপ্ত। ৩য়াতৎ। বিণ।
অগ্নিদাতা (-দাতৃ)—শবের মুখে যে আগুন দেয়; যে ঘরবাড়িতে আগুন লাগায়। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -দাত্রী।
অগ্নিদান—আগুন লাগানো; দাহকরণ; মৃতের মুখাগ্নিকরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অগ্নিদাহ—১। আগুনে পুড়িয়া যাওয়া। ৩য়াতৎ। ২। অগ্নিতাপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অগ্নিদাহ্য—যাহা আগুনে পুড়িয়া যায় এমন, combustible. ৩য়াতৎ। বিণ।
অগ্নিদীপক—পরিপাকশক্তির বর্ধক; অগ্নিজ্বালক। ৬ষ্ঠীতৎ। বিণ।
অগ্নিদীপন—১। অগ্নি-প্রজ্বলন; ক্ষুধাবর্ধন। বি; ক্লী। ২। পরিপাকশক্তির বর্ধক; অগ্নিজ্বালক। ৬ষ্ঠীতৎ। বিণ।
অগ্নিদীপ্ত—অগ্নিসংযোগে উজ্জ্বল বা আলোকিত। ৩য়াতৎ। বিণ।
অগ্নিদেব—অনলদেব, দেবরূপী অগ্নি। কর্মধা। বি; পুং।
অগ্নিপক্ব—যাহা আগুনে পাক করা (রাঁধা) হইয়াছে এরূপ; দগ্ধ ('— ইষ্টক')। ৩য়াতৎ। বিণ।
অগ্নিপরীক্ষা—অগ্নিসহযোগে বিশুদ্ধতা বা অ-বিশুদ্ধতার নিরূপণ; কাহাকেও জ্বলন্ত আগুনে প্রবেশ করাইয়া তাহার চরিত্রের নির্দোষিতা বিচার ('সীতার —'); কঠিন পরীক্ষা। ৩য়াতৎ। বি; স্ত্রী।
অগ্নিপুরাণ—পুরাণ বিঃ (ইহাতে বক্তা অগ্নি, শ্রোতা বশিষ্ঠ)। অগ্নিকথিত পুরাণ, মধ্যপ। বি; ক্লী।
অগ্নিপ্রবেশ—অনলে প্রবেশ; আগুনে প্রবেশ করিয়া সহমরণ। ৭মীতৎ। বি; পুং।
অগ্নিপ্রভ—অনলের ন্যায় উজ্জ্বল, তেজোবিশিষ্ট; অগ্নিবর্ণ। অগ্নির প্রভার ন্যায় প্রভা যাহার, বহু। বিণ।
অগ্নিপ্রয়োগ—আগুন লাগানো, আগুন দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অগ্নিপ্রস্তর—চকমকি পাথর, flint. অগ্নিজনক প্রস্তর, মধ্যপ। বি; পুং।
অগ্নিবৎ—আগুনের মত; আগুনের মত উজ্জ্বল; অত্যন্ত ক্রুদ্ধ। অগ্নি+বৎ তুল্যার্থে। বিণ।
অগ্নিবর্ণ—১। লোহিতবর্ণ। অগ্নির বর্ণের ন্যায় বর্ণ যাহার, বহু। বিণ। ২। আগুনের রং। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অগ্নিবর্ধক—অনলের উদ্দীপক; পরিপাকশক্তিবর্ধক। ৬ষ্ঠীতৎ। বিণ।
অগ্নিবর্ধন—১। অগ্ন্যুদ্দীপক; পরিপাচক। বহু বা ৬ষ্ঠীতৎ। ২। অগ্নির উদ্দীপন; পরিপাক-শক্তির বর্ধন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অগ্নিবাণ—পুরাণোক্ত অগ্নিবর্ষক শর বিঃ। অগ্নিবর্ষী বাণ, মধ্যপ। বি; পুং।
অগ্নিবৃদ্ধি—পরিপাকশক্তির আধিক্য; অগ্নির বিস্তার। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অগ্নিবৃষ্টি—অনলবর্ষণ; আগ্নেয়াস্ত্রের গোলাগুলি বর্ষণ; আকাশ হইতে দহ্যমান পদার্থের পতন; দারুণ তাপ বিকিরণ; প্রচণ্ড গ্রীষ্ম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অগ্নিমন্ত্র—তেজোযুক্ত মন্ত্র বা নীতি; অতি কঠিন সংকল্প। অগ্নিময় বা অগ্নিসদৃশ মন্ত্র, মধ্যপ। বি; পুং।
অগ্নিমান্দ্য—অজীর্ণ রোগ; ক্ষুধার অল্পতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অগ্নিমুখ—১। দেবতা; ব্রাহ্মণ। বহু। ২। আগ্নেয় গিরির শিখরদেশ, crater. অগ্ন্যুদ্গারী মুখ, মধ্যপ। বি; ক্লী।
অগ্নিমূর্তি—১। অগ্নির আকৃতি; অগ্নির ন্যায় উজ্জ্বল প্রভা; অতি ক্রুদ্ধ আকৃতি বা ভাব।

ষষ্ঠীতৎ। বি; স্ত্রী। ২। অগ্নির ন্যায় আকৃতি-সম্পন্ন; অতিক্রোধাপন্ন। অগ্নির মূর্তির ন্যায় মূর্তি যাহার, বহু। বিণ।

অগ্নিমূল্য—১। ভয়ানক চড়া দাম। অগ্নিতুল্য মূল্য, মধ্যপ। বি; ক্লী। ২। অতি মহার্ঘ, অতি দুর্মূল্য। অগ্নিবৎ (অর্থাৎ ক্লেশকর) মূল্য যাহার, বহু। বিণ।

অগ্নিযন্ত্র—আগ্নেয়াস্ত্র; কামান, বন্দুক; চকমকি; স্টোভ। অগ্নিনিক্ষেপক বা অগ্ন্যুৎপাদক যন্ত্র, মধ্যপ। বি; ক্লী।

অগ্নিযুগ—(ভারতে) বিপ্লবের সময়; স্বদেশী আন্দোলনের সময় বিপ্লবীদের কার্যকলাপের যুগ। অগ্নিসদৃশ যুগ, মধ্যপ। বি; ক্লী।

অগ্নিশর্ম—<অগ্নিশর্মা। বিণ।

অগ্নিশর্মা (-শর্মন্)—মহাক্রোধী। অগ্নিবৎ (উগ্র-স্বভাব) শর্মা (অর্থাৎ ব্যক্তি), মধ্যপ। বিণ।

অগ্নিশিখা—আগুনের জ্বালা বা শীষ। ষষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অগ্নিশুদ্ধ—অগ্নির দ্বারা পবিত্রীকৃত; অগ্নি-সংযোগে নির্মলীকৃত; কঠোর প্রায়শ্চিত্ত দ্বারা শোধিত। ৩য়াতৎ। বিণ। বি, **-শুদ্ধি**।

অগ্নিষ্টোম—সোমযজ্ঞ বিঃ। অগ্নির স্তোম আছে যাহাতে, বহু। বি; পুং।

অগ্নিসংযোগ—আগুন লাগানো। ষষ্ঠীতৎ। বি; পুং।

অগ্নিসংস্কার—অগ্নিসহযোগে বিশুদ্ধি-সম্পাদন; শাস্ত্রনির্দেশানুযায়ী দাহাদি কার্য। ৩য়াতৎ। বি; পুং। | বি; পুং।

অগ্নিসখা (-সখি)—বায়ু। অগ্নি সখা যাঁহার, বহু।

অগ্নিসংকার—শবদাহকরণ। ৩য়াতৎ। বি; পুং।

অগ্নিসহ—যাহা আগুনে পোড়ে না এমন, অদাহ্য, fire-proof. অগ্নির সহ (সহ্যকারী,—সহ্+অচ্ কর্তৃ), ষষ্ঠীতৎ। বিণ। **অগ্নিসহ ইষ্টক**—fire-brick. **অগ্নিসহ মৃত্তিকা**—fire-clay.

অগ্নিসাৎ—বহ্নিসাৎ, সম্পূর্ণ দগ্ধ। অগ্নি+সাতিচ্। অ।

অগ্নিসেবন—আগুন পোহানো। ষষ্ঠীতৎ। বি; ক্লী।

অগ্নিস্ফুলিঙ্গ—বহ্নিকণা, আগুনের ফিনকি। ষষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।

অগ্নিহোত্র—১। সাগ্নিক ব্রাহ্মণের প্রাত্যহিক হোম-কার্য। অগ্নির জন্য হোত্র (হোম) যাহাতে, বহু। ২। ঘৃত। অগ্নি—হু+ত্র করণ। বি; ক্লী।

অগ্নিহোত্রী (-হোত্রিন্)—সাগ্নিক ব্রাহ্মণ। অগ্নি-হোত্র+ইন্ আছে অর্থে। বি; পুং।

অগ্ন্যস্ত্র—প্রাচীন যুগের শতঘ্নী ও আধুনিক যুগের বন্দুক কামান ইঃ, firearm. অগ্নিচালিত বা অগ্নিবর্ষক অস্ত্র, মধ্যপ। বি; ক্লী।

অগ্ন্যাধান—হোমাগ্নিস্থাপন; অগ্নিরক্ষা; অগ্নি-রক্ষার স্থান বা পাত্র। অগ্নির আধান, ষষ্ঠীতৎ। বি; ক্লী।

অগ্ন্যাশয়—পরিপাকযন্ত্র বিঃ, pancreas. অগ্নির আশয়, ষষ্ঠীতৎ। বি; পুং।

অগ্ন্যুৎপাত—উল্কা ও বজ্রের পতন; অগ্নিকাণ্ড; আগ্নেয়গিরি হইতে লাভা-নির্গম। অগ্নির উৎপাত (উৎপতন), ষষ্ঠীতৎ। বি; পুং।

অগ্ন্যুৎসব—বাজি পোড়ানো; চাঁচর। অগ্নিসাধ্য উৎসব, মধ্যপ। বি; পুং।

অগ্ন্যুদ্গম, অগ্ন্যুদ্গার—আগ্নেয়পর্বতের উত্তপ্ত গ্যাস গলিত ধাতু ভস্মকর্দমাদির উৎক্ষেপ। অগ্নির উদ্গম, উদ্গার, ষষ্ঠীতৎ। বি; পুং।

অগ্র—১। উপরিভাগ; আগা, ডগা, apex; প্রান্ত; পূর্বকাল ('অগ্রজ'); পূর্বভাগ; সম্মুখ; শিখর; শৃঙ্গ; পল পরিমাণ। বি; ক্লী। ২। পুরোবর্তী সম্মুখস্থ, anterior; পূর্বে; প্রথম; আদ্য; উত্তম; অধিক। অন্গ্+রক্ কর্তৃ বা কর্ম। বিণ।

অগ্রগ—পুরোগামী, অগ্রগামী। উপতৎ; অগ্র—গম্+ড কর্তৃ। বিণ।

অগ্রগণ্য—সর্বপ্রথমে উল্লেখযোগ্য; প্রধান। ৭মীতৎ। বিণ।

অগ্রগতি, -গমন—সকলের আগে যাওয়া, সকলকে অতিক্রম করা; সর্বাপেক্ষা উৎকৃষ্ট হওয়া; নিয়মিত ক্রমগতি বা বৃদ্ধি, progressive motion; advancement. ৭মীতৎ। বি; স্ত্রী, ক্লী।

অগ্রগামী (-গামিন্)—প্রথমে গমনকারী, পুরোগামী; সর্বোৎকৃষ্ট; পুরঃস্থিত। উপতৎ; অগ্র—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-মিণী (-নী)**।

অগ্রজ—১। প্রথমজাত। বিণ। ২। জ্যেষ্ঠ সহোদর; ব্রাহ্মণ। উপতৎ; অগ্র—জন্+ড কর্তৃ। বি; পুং।

অগ্রজন্মা (-জন্মন্)—১। প্রথমজাত; জ্যেষ্ঠ। বিণ। ২। ব্রহ্ম; ব্রাহ্মণ; জ্যেষ্ঠ ভ্রাতা। অগ্রে জন্ম যাহার, বহু। বি; পুং।

অগ্রজা—১। বড় বোন, জ্যেষ্ঠা সহোদরা। বি; স্ত্রী। ২। প্রথমোৎপন্না। অগ্রজ+আপ্। বিণ; স্ত্রী।

অগ্রজিহ্বা—জিহ্বার অগ্রভাগ; আলজিভ। জিহ্বার অগ্র, একদেশী; অথবা, অগ্রা জিহ্বা, কর্মধা। বি; স্ত্রী।

অগ্রজ্ঞান—পূর্বেই বুঝিতে পারা বা জানা, anticipation. ৭মীতৎ। বি; ক্লী।

অগ্রণী—১। সেনাপতি; অগ্নি; প্রধান নেতা। বি; পুং। ২। চালক; প্রধান; অধ্যক্ষ; অগ্রগামী; নিপুণ। উপতৎ; অগ্র—নী+ক্বিপ্ কর্তৃ। বিণ।

অগ্রদত্ত—১। আগে দেওয়া হইয়াছে এমন। ২। খরচের জন্য আগে হইতে দেওয়া টাকা, impress money. ৭মীতৎ। বি পুং।

অগ্রদানী (-দানিন্)—প্রেতোদ্দিষ্ট অগ্রদানের গ্রহণকারী পতিত ব্রাহ্মণ। অগ্রে দান, ৭মীতৎ; অগ্রদান+ইন্ আছে অর্থে। বি; পুং।

অগ্রদূত—প্রথম সংবাদবাহক, harbinger; প্রথম চিহ্নসূচক; পথপ্রদর্শক। অগ্রগামী দূত, মধ্যপ। বি, পুং; বা বিণ। স্ত্রী, **-তী**।

অগ্রদ্বীপ—১। গঙ্গাগর্ভোৎপন্ন প্রথম দ্বীপ (অন্য নাম আগ্রা); বর্ধমানের একটি গ্রাম। অগ্রজাত দ্বীপ, মধ্যপ। বি; পুং বা ক্লী।

অগ্রনেতা (-তৃ)—অগ্রচালক; সৈন্যাধ্যক্ষ। অগ্রে নেতা, সুপ্। বি; পুং। স্ত্রী, **-নেত্রী।**

অগ্রপশ্চাৎ—পূর্বাপর, আগুপিছু; ভালমন্দ; আবহমান কাল; ভূতভবিষ্যৎ। দ্বন্দ্ব। অ। **অগ্রপশ্চাৎ বিবেচনা**—পূর্বে এবং পরে ভাল কি মন্দ হইবে তাহার বিচার; বিশেষ বিবেচনা।

অগ্রবন—আগ্রার প্রাচীন নাম। কর্মধা। বি; ক্লী।

অগ্রবর্তী (-বর্তিন্)—পুরোগামী; সম্মুখস্থিত; প্রথমে স্থিত; অগ্রগণ্য, শ্রেষ্ঠ। উপতৎ; অগ্র—বৃৎ +ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বর্তিনী।**

অগ্রভাগ—প্রথমাংশ; চূড়া, শিখর; শ্রেষ্ঠ অংশ; শেষাংশ। কর্মধা। বি; পুং।

অগ্রমহিষী—পাটরানী, প্রধানা মহিষী। অগ্রা মহিষী, কর্মধা। বি; স্ত্রী।

অগ্রমাংস—বুকের কলিজার অগ্রভাগস্থ মাংস; (লাক্ষণিক অর্থে) যকৃতের মাংস-বৃদ্ধি রোগ; হৃদয়। কর্মধা। বি; ক্লী।

অগ্রসন্ধ্যা—ঊষা [সন্ধ্যা তিনটি—ঊষা প্রথম সন্ধ্যা, মধ্যাহ্ন দ্বিতীয় সন্ধ্যা, প্রদোষ তৃতীয় সন্ধ্যা]। অগ্রা সন্ধ্যা, কর্মধা। বি; স্ত্রী।

অগ্রসর—পুরোগামী, অগ্রবর্তী; সর্বাগ্রে উদ্যুক্ত বা কার্যরত। উপতৎ; অগ্র—সৃ+ট কর্তৃ। বিণ। **অগ্রসর হওয়া**—আগাইয়া যাওয়া।

অগ্রসরণ, -সৃতি—আগাইয়া যাওয়া; পুরোভাগে গমন। অগ্র—সৃ+অনট্, ক্তি ভাব। বি; ক্লী, স্ত্রী।

অগ্রসার—১। অগ্রগমন। অগ্র—সৃ+ঘঞ্ ভাব। বি; পুং। ২। অগ্রগামী। বহু। বিণ।

অগ্রসূচনা—প্রথম নির্দেশ; পূর্বাভাস। ৭মীতৎ। বি; স্ত্রী।

অগ্রস্থ—সম্মুখস্থ, প্রথমস্থিত; শীর্ষদেশে স্থিত, apical. অগ্রে স্থিতি করে যাহা, উপতৎ; অগ্র—স্থা+ক কর্তৃ। বিণ।

অগ্রস্থিত—অগ্রস্থ। ৭মীতৎ। বিণ।

অগ্রহণীয়—গ্রহণের অযোগ্য; উপেক্ষণীয়, সামান্য। নঞ্‌তৎ। বিণ।

অগ্রহায়ণ—বাংলা বৎসরের অষ্টম এবং শকাব্দের নবম মাস। হায়নের (বৎসরের) অগ্র, একদেশী। বি; পুং।

অগ্রাধিকার—অগ্রে সুবিধালাভের অধিকার, priority. কর্মধা। বি; পুং।

অগ্রাহ্য—১। গ্রহণের অযোগ্য; অস্বীকার্য; হেয়। নঞ্‌তৎ। ২। বাতিল, না-মঞ্জুর; উপেক্ষা। বাংপ্র। বিণ।

অগ্রিম—অগ্রজাত, জ্যেষ্ঠ; প্রধান; প্রথম; অগ্রে দেয় ('—মূল্য'); আগাম, দাদন, advance. অগ্র+ডিমচ্ ভবার্থে। বি; পুং বা ক্লী বা বিণ।

অগ্রিয়, অগ্রীয়—অগ্রোৎপন্ন, প্রথম; উত্তম; প্রধান। অগ্র+ইয়, ঈয় ভবার্থে। বিণ। **অগ্রীয় প্রদান**—দাদন, payment on account.

অগ্র্য—প্রথম; পূর্ববর্তী; প্রধান; উত্তম; অগ্রিম। অগ্র +যৎ ভবার্থে। বিণ।

অঘ—পাপ; অখ্যাতি; কলংক। অঘ্+অচ্ ভাব। বি; ক্লী।

অঘটন—১। না ঘটা; অসম্ভব বিষয়। বি; ক্লী। ২। অঘট; দুর্ঘট; ঘটিবার পক্ষে অসম্ভব। নঞ্—ঘট্+অচ্ কর্তৃ। বিণ।

অঘটনঘটন, -ঘটনা—অসম্ভব কাণ্ড ঘটা; অসম্ভব ব্যাপার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।

অঘটনঘটনপটীয়সী—অসম্ভব কাণ্ড ঘটাইতে সুনিপুণা ('—মায়া')। ৭মীতৎ। বিণ; স্ত্রী।

অঘটনীয়—অসম্ভাব্য, দুর্ঘট। নঞ্‌তৎ। বিণ।

অঘটিত—অসংজাত, যাহা ঘটে নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অঘর—(বিবাহবিষয়ে) অনুপযুক্ত ঘর। নঞ্‌তৎ। বাংপ্র। বি।

অঘা—অগা (তাহা দ্রঃ)।

অঘাট—(পুষ্করিণী প্রভৃতে) ঘাটের পার্শ্বস্থিত স্থান; আঘাটা; কুস্থান। ন (অপ্রশস্ত) ঘাট, নঞ্‌তৎ। বাংপ্র। বি। **অঘাটে জল খাওয়া**—অযোগ্য স্থানে সাহায্য চাওয়া বা সেই স্থান হইতে সাহায্য লওয়া; মন্দ কাজ করা।

অঘাসুর—বকাসুর ও পুতনার কনিষ্ঠ সহোদর এবং কংসের অনুচর। অঘ-নামক অসুর, মধ্যপ। বি; পুং।

অঘোর—১। অ-ভয়ংকর; সৌম্যমূর্তি। নঞ্‌তৎ। ২। অতি ভয়ংকর; অতি প্রগাঢ়; প্রচণ্ড; দুর্ধর্ষ। বিণ। ৩। মহাদেব। ন (নাই) ঘোর যাহা হইতে, বহু। বি; পুং। ৪। বেহুঁশ, অচেতন; প্রগাঢ় ('—নিদ্রা')। বাংপ্র। বিণ।

অঘোরপন্থী (-পন্থিন্)—শিবোপাসক সম্প্রদায় বিঃ, অঘোরী। অঘোরপন্থা+ইন্ আছে অর্থে। বি; পুং।

অঘোষ—১। নিঃশব্দ; (ব্যাক) যাহার উচ্চারণ চাপা, surd ; গোপপল্লীশূন্য ('—গ্রাম')। বিণ। ২। (ব্যাক) বর্ণোচ্চারণার্থ প্রযত্ন বিঃ। ন (নাই) ঘোষ যাহাতে, বহু। বি; পুং।

অঘোষবর্ণ—বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ এবং শ ষ স —এই কয়টি। কর্মধা। বি; পুং।

অঘ্রাত—অনাঘ্রাত, যাহার গন্ধ গ্রহণ করা হয় নাই এরূপ ('—পুষ্প')। নঞ্‌তৎ। বিণ।

অঘ্রান—অগ্রহায়ণ মাস। <অগ্রহায়ণ। বি।

অঙ্ক—১। রেখা; দাগ; চিহ্ন; কলঙ্ক; দোষ; আঁক, sum ; গণিতের রাশি, number ; সংখ্যা। অন্‌ক্+ঘঞ্ করণ। ২। চিত্র; কৃত্রিম যুদ্ধ; নাটকের প্রধান প্রধান পরিচ্ছেদ, act ; রূপক বা দৃশ্যকাব্য বিঃ। অন্‌ক্+ঘঞ্ কর্ম। ৩। সমীপ; ক্রোড়; স্থান। অন্‌ক্+ঘঞ্ অধি। ৪। সংখ্যা-সংস্থাপন; চিহ্নিতকরণ; চিত্রাংকন। অন্‌ক্+ঘঞ্ ভাব। বি; পুং।

অংকগত—ক্রোড়স্থিত; সমীপস্থ; আয়ত্ত; হস্তগত। ২য়াতৎ। বিণ।

অংকগর্ভ—উদরে শাবক বহনের থলিবিশিষ্ট, উপ-

জঠরী, marsupial (যেমন, ক্যাঙ্গারু)। অংক (ক্রোড়) গর্ভে যাহার, বহু। বিণ।

অংকদেশ—কোল; গাছের পাতার উপর পিঠ, ventral surface. কর্মধা। বি; পুং।

অঙ্কন—চিত্রকরণ, আঁকা; চিহ্নকরণ; সংখ্যালিখন; রেখাপাতন। অন্ক্+অনট্ ভাব। বি; ক্লী।

অংকনীয়—চিত্রণীয়, আঁকিবার যোগ্য, লেখনীয়। অন্ক্+অনীয় কর্ম। বিণ।

অঙ্ক-পরিবর্তন—ক্রোড় পরিবর্তন, কোল বদলানো; নাটকের ভিন্ন অঙ্ক প্রদর্শন; সংখ্যার পরিবর্তন, রাশি-পরিবর্তন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অঙ্কপাত—অঙ্কলিখন, আঁক রাখা; অঙ্ক কষা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অঙ্কপাতন—অঙ্ক দ্বারা নির্ধারিতকরণ, notation.

অঙ্কপাশ—অঙ্কসংস্থাপন, অঙ্কপাত; অঙ্কের পরিবৃত্তি; অঙ্কের বিবিধ বিন্যাস (সিদ্ধান্ত শিরোমণিনামক গ্রন্থের পাটীগণিতবিষয়ক 'লীলাবতী' অধ্যায়ে উক্ত পরিভাষা দৃষ্ট হয়), permutation of digits. বহু। বি; ক্লী।

অঙ্কপূরণ—১। অঙ্কের গুণন। ৬ষ্ঠীতৎ। ২। সংখ্যা বা চিহ্নস্থাপন দ্বারা শূন্য স্থানের পূরণ। ৩য়াতৎ। বি; ক্লী।

অঙ্কবাচক—১ ২ ইঃ সংখ্যার বোধক, cardinal. ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -**বাচিকা**।

অঙ্কবিৎ (-বিদ্)—অঙ্কশাস্ত্রে পণ্ডিত। উপতৎ; অঙ্ক—বিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ।

অঙ্কবিদ্যা—গণিতশাস্ত্র, সংখ্যাবিজ্ঞান। অঙ্ক বিষয়িণী বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।

অঙ্কবিদ্যাবিৎ (-বিদ্)—অঙ্কশাস্ত্রজ্ঞ, গণিতশাস্ত্রে অভিজ্ঞ। উপতৎ; অঙ্কবিদ্যা—বিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ।

অঙ্কলক্ষ্মী—ভার্যা, পত্নী। ৬ষ্ঠীতৎ অথবা অঙ্কশায়িনী লক্ষ্মী, মধ্যপ। বি; স্ত্রী।

অঙ্কলগ্ন—ক্রোড়স্থ; সন্নিহিত। ৭মীতৎ। বিণ।

অঙ্কশায়ী (-শায়িন্)—অঙ্কস্থিত, ক্রোড়স্থ; হস্তগত, আয়ত্ত। উপতৎ; অঙ্ক—শী+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**য়িনী**।

অঙ্কশাস্ত্র—গণিতবিজ্ঞান, বীজগণিত পাটীগণিত জ্যামিতি প্রঃ। অঙ্কবিষয়ক শাস্ত্র, মধ্যপ। বি; ক্লী।

অংকস্থ—ক্রোড়স্থিত; সমীপস্থ; আয়ত্ত; হস্তগত। উপতৎ; অঙ্ক—স্থা+ক কর্তৃ। বিণ।

অঙ্কস্থিত—অংকস্থ (তাহা দ্রঃ)। ৭মীতৎ। বিণ।

অঙ্কহরণ—ভাগহার, রাশিসমূহের ভাগক্রিয়া। ৬ষ্ঠীতৎ বা ৩য়াতৎ। বি; ক্লী।

অঙ্কাগত—অঙ্কগত (তাহা দ্রঃ)। অঙ্ককে আগত, ২য়াতৎ। বিণ।

অঙ্কিত—চিত্রিত; ক্ষোদিত; লিখিত; চিহ্নিত; লক্ষিত; গণিত; বর্ণিত; গ্রথিত; ছাপ-পড়া। অন্ক্+ক্ত কর্ম। বিণ।

অঙ্কী (অঙ্কিন্)—১। পাশক, অক্ষ; মৃদঙ্গ বিঃ। বি; পুং। ২। কলঙ্কী। অঙ্ক+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**অঙ্কিনী**।

অঙ্কুর, অঙ্কূর—বীজ হইতে সর্বপ্রথম উৎপন্ন উদ্ভিদ্; কল, কুঁড়ি; অগ্রভাগ; অভিনবোৎপন্ন বস্তু (যেমন, প্রেমাঙ্কুর অর্থাৎ নবোদ্গত প্রেম); প্রকাশ, উন্মেষ; সূচনা; আদি, প্রারম্ভ; জল; আব; রক্ত; লোম। অন্ক্+উর, উর করণ, ভাব। বি; পুং।

অঙ্কুরিত—উদ্গতাঙ্কুর, যাহার আঁকুর বা কল বাহির হইয়াছে এরূপ; রোমাঞ্চিত; প্রকাশিত; আবির্ভূত। অঙ্কুর+ইত জন্মিয়াছে অর্থে। বিণ।

অঙ্কুরোদয়, -দ্গম—অঙ্কুরোদ্ভব, অঙ্কুরের নির্গম, কলা গজানো। ৬ষ্ঠীতৎ। বি; পুং

অঙ্কুশ, অঙ্কূশ—হস্তিতাড়নযন্ত্র; ডাঙ্গশ; বক্রাগ্র লৌহদণ্ড; হুক। অন্ক্+উশচ্, উষচ্ কর্তৃ। বি; পুং বা ক্লী।

অঙ্কূর—'অংকুর' দ্রঃ।

অঙ্কূশ—'অংকুশ' দ্রঃ।

অঙ্কোপরি—কোলের উপর। ৬ষ্ঠীতৎ। অ।

অংক্য—১। মৃদঙ্গ, খোল; পাখোয়াজ। অঙ্ক শব্দ+যৎ নিহিতার্থে। বি; পুং। ২। অঙ্কনীয়। অন্ক্+যৎ কর্ম। বিণ।

অংগ—১। হস্তপদাদি দেহাংশ, অবয়ব, limb ; দেহ; দেহযন্ত্র, organ ; কোন কর্মের অপরিহার্য অংশ; কোন বস্তুর একাংশ বা একদেশ; উপায়; উপকরণ; মন; ষট্সংখ্যা; সদৃশ আকৃতি বা অবয়ব; মূর্তি; অংশ; বেদের মন্ত্র বিঃ; (জ্যোতিষে) জন্মাদিলগ্ন; (ব্যাক) প্রত্যয়পূর্ববর্তী প্রকৃতি বিঃ; বৌদ্ধদিগের ধর্মশাস্ত্র বিঃ। বি; ক্লী। ২। অধীন; অপ্রধান, গৌণ। অম্+গন্ করণ, কর্তৃ। বিণ। ৩। বলির ক্ষেত্রজ তনয়; ভাগলপুর জেলা ও তৎসন্নিহিত অঞ্চলের প্রাচীন নাম। বি; পুং।

অংগগ্রহ—শরীরবেদনা; আক্ষেপ, খেঁচুনি, ধনুষ্টংকার। উপতৎ; অংগ—গ্রহ্+অচ্ কর্তৃ। বি; পুং।

অংগগ্লানি—দেহের ক্লান্তি, শরীরের জড়তা; শরীরের ময়লা ঘর্ম ইঃ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অংগচালন, -চালনা—অংগসঞ্চালন; ব্যায়াম; শারীরিক পরিশ্রম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।

অংগচ্ছেদ, -চ্ছেদন—হস্তপদাদি অবয়বের কর্তন; কোন অংশ বাদ দেওয়া; অংগহানিকরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং; ক্লী।

অংগজ—১। তনয়, পুত্র; কেশ; বাসনা; কাম; রোগ। বি; পুং। ২। শোণিত। বি; ক্লী। ৩। শরীর হইতে জাত। উপতৎ; অংগ—জন্+ড কর্তৃ। বিণ।

অংগজন্—১। পুত্র বা কন্যা। বি; পুং বা স্ত্রী। ২। দেহজাত; উদ্ভিদ্ধর্মী, vegetative. বহু। বিণ।

অংগণ—চত্বর, চাতাল, প্রাঙ্গণ; রাজবাটী; কাছারী। অন্গ্+অনট্ অধি, নিপা। বি; ক্লী।

অংগত্র, -ত্রাণ—বর্ম; সাঁজোয়া। উপতৎ; অংগ—ত্রৈ+ক কর্তৃ; অথবা, অংগের ত্রাণ হয় যদ্দ্বারা, বহু। বি; ক্লী।

অংগদ—১। বাহুভূষণ, বাজু। অংগ—দৈ, দে বা দো+ক কর্তৃ। বি; ক্লী। ২। বালি-রাজের পুত্র। বি; পুং।

অংগন—১। 'অংগণ' (তাহা দ্রঃ)। ২। যাহার মধ্য দিয়া বৈদ্যুতিক শক্তি চালিত হয়, dielectric. বি।

অংগনা—সুন্দরী রমণী; ভার্যা; নারী; কন্যারাশি। অংগ+ন প্রশস্তার্থে+আপ্; অথবা, অন্‌গ্+অন কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

অংগনিগ্রহ—দৈহিক ক্লেশসাধন; তপস্যাদি দ্বারা দেহকে ক্লেশদান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অংগন্যাস—পূজা-প্রারম্ভে বিশেষ বিশেষ মন্ত্রোচ্চারণ-পূর্বক হৃদয় মস্তক শিখা নেত্র বাহু ও করতলে অঙ্গুল্যাদি দ্বারা স্পর্শ। ৭মীতৎ। বি; পুং।

অংগপালিকা—ধাত্রী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অংগপ্রত্যংগ—হস্তপদাদি সকল অবয়ব। দ্বন্দ্ব। বি; ক্লী।

অংগপ্রসাধন—দেহের সাজসজ্জা বা তাহার উপকরণ, অংগরাগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অংগপ্রায়শ্চিত্ত—অশৌচের শেষে শ্রাদ্ধের কাজ করিবার আগে করণীয় দেহশুদ্ধিকর অনুষ্ঠান বিঃ। অংগশোধক প্রায়শ্চিত্ত, মধ্যপ। বি; ক্লী।

অংগবিকার, -বিকৃতি—১। অবয়ববৈকল্য, অন্ধতা-খঞ্জতাদিরূপ শরীরের বিকৃতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। ২। অপস্মার, মৃগী রোগ। অংগের বিকার, বিকৃতি যাহাতে, বহু। বি; পুং, স্ত্রী।

অংগবিক্ষেপ—হাত-পা খেঁচা, spasm; হস্তপদাদির বেগে সঞ্চালন; কৌতুক দেখাইবার জন্য হস্তপদাদি অংগের সঞ্চালন; অঙ্গভঙ্গী; নৃত্যাদিসময়ে অংগ-সঞ্চালন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অংগবিন্যাস—দেহভংগী, posture. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অংগবিহীন—অংগশূন্য, বিকৃতাংগ, বিকলাংগ; ত্রুটি-যুক্ত; অসম্পূর্ণ। ৩য়াতৎ। বিণ।

অংগবৈগুণ্য—অংগীভূত অনুষ্ঠানাদির ত্রুটি, অংগ-হানি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অংগভংগ, -ভংগি, -ভংগী—অংগের বিশেষ বিশেষ সঞ্চালন দ্বারা বিশেষ বিশেষ মনোভাব-প্রকাশ; অংগের সঞ্চালন; দেহবিকৃতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী, স্ত্রী।

অংগমর্দন—গাত্রসংবাহন, গা-টেপা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। বিণ, **-মর্দ, -মর্দক, -মর্দী।**

অংগমার্জন, -মার্জনা—শরীর-পরিষ্করণ; দেহ-প্রক্ষালন, অংগের মল দূরীকরণ, গা ঘষা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।

অংগমোটন—গা মটকানো, আড়ামোড়া খাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অংগরক্ষণী, -রক্ষিণী—১। অংগত্রাণ, সাঁজোয়া; জামা কোট আঙরাখা ইঃ। বি; স্ত্রী। ২। শরীর রক্ষা-কারিণী। উপতৎ; অংগ—রক্ষ্+অনট্ করণ+ঈপ্, অংগ—রক্ষ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী।

অংগরক্ষা—১। অংগরক্ষণী। অংগ—রক্ষ্+অচ্ কর্তৃ+আপ্। ২। দেহের পরিত্রাণ; শরীর বাঁচানো। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি।

অংগরাখা—আঙরাখা, অংগরক্ষণী। <অংগরক্ষা।

অংগরাগ—১। দেহসজ্জা, চন্দনকুংকুমাদি বর্ণকর দ্রব্য দ্বারা গাত্রলেপন। ৬ষ্ঠীতৎ। ২। শরীরের সৌন্দর্য-বিধায়ক দ্রব্য, কুংকুমাদি রঞ্জনসামগ্রী, প্রসাধন দ্রব্য, toilet; অংগভূষণ। অংগের রাগ (রন্‌জ্+ঘঞ্ করণ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অংগলেপ—বিলেপন দ্রব্য, কুংকুমচন্দনাদি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অংগ-সংবাহন—অংগ-প্রত্যংগ দলাই-মলাই করা, massage. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অংগসংস্কার—১। দেহশোধন, শরীরমার্জন; চন্দন-কুংকুমাদি দ্বারা শরীরলেপন, দেহসজ্জা। অংগের সংস্কার (সম্—কৃ+ঘঞ্ ভাব), ৬ষ্ঠীতৎ। ২। কুংকুমাদি বিলেপনদ্রব্য। অংগের সংস্কার (সম্—কৃ+ঘঞ্ করণ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অংগসংস্থান—জীবদেহ-বিজ্ঞান, morphology. অংগের (জীবদেহের) সংস্থান (অর্থাৎ গঠনতত্ত্ব) যাহাতে, বহু। বি; ক্লী।

অংগসঞ্চালন—শরীরচালন; ব্যায়াম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অংগসেবা—শরীরের প্রসাধন; গাত্র-সংবাহন, গা-টেপা; প্রতিমাসংস্কার। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অংগসৌষ্ঠব—অংগের নির্দোষ গঠন; অংগের সৌন্দর্য; অবয়বের গঠনে সম্পূর্ণতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অংগস্পর্শ—দেহস্পর্শন, গা ছোঁওয়া (শপথাদি কালে); উল্লেখযোগ্য ক্ষতি। বি; পুং।

অংগহানি—অংগহীনতা; অংগবৈকল্য; কোন প্রধান বিষয়ের অংশ বিঃর বা উপাদানের অভাব; কোন কাজ বা অনুষ্ঠানের আংশিক ত্রুটি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অংগহীন—অবয়বহীন; হস্তপদাদি অংগের যথোপ-যুক্ত পরিমাণশূন্য, বিকলাংগ; অসম্পূর্ণ, কোন অংশে ত্রুটিযুক্ত; দ্রব্যকালাদি উপকরণশূন্য। ৩য়াতৎ। বিণ।

অংগাংগি—১। (যুদ্ধাদিতে) পরস্পরের অংগে প্রহার; ঠেসাঠেসি; ঘনিষ্ঠতা। অংগে অংগে প্রবৃত্ত কার্য এই অর্থে, ব্যতীহার বহু (অংগ+অংগ+সমাসান্ত ই)। বি; ক্লী। ২। আপনার পক্ষের লোকের প্রতি পক্ষপাত। বাংপ্র। বি।

অংগাংগিভাব—১। পরস্পর অবিচ্ছেদ্য ঘনিষ্ঠতা, গলাগলি ভাব। কর্মধা। ২। গৌণমুখ্যভাব। অংগ এবং অংগী (অংগিন্), দ্বন্দ্ব; তাহাদের ভাব, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অংগাবরণ—দেহাচ্ছাদন-বস্ত্র; দেহ ঢাকিয়া রাখা, দেহের আচ্ছাদন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অংগার—১। কয়লা, আঙরা; কলঙ্ক, গ্লানিস্বরূপ। বি; পুং বা ক্লী। ২। মঙ্গলগ্রহ। বি; পুং। ৩। লোহিতবর্ণ, রক্তবর্ণ। বি; ক্লী। ৪। লাল রঙের, রক্তবর্ণবিশিষ্ট। অন্‌গ্‌+আরন্‌ কর্তৃ। বিণ।

অংগারক—১। অংগার, কয়লা। বি; পুং বা ক্লী। ২। মঙ্গলগ্রহ; অগ্নিস্ফুলিংগ; বিশুদ্ধ অঙ্গার, কার্বন, carbon. অংগার (রক্তবর্ণ)+কন্‌ স্বার্থে (কয়লা), তুল্যার্থে (মঙ্গলগ্রহ), অল্পার্থে (অগ্নিস্ফুলিংগ)। বি; পুং। **অংগারক রসায়ন**—জৈব রসায়ন, organic chemistry.

অংগারকমণি—প্রবাল, রক্তপলা। অংগারকপ্রিয় (মঙ্গলগ্রহের প্রিয়) মণি, মধ্যপ। বি; পুং।

অংগারকৃষ্ণ—অংগারের ন্যায় কৃষ্ণবর্ণ, কয়লার মত কাল। অংগারসদৃশ কৃষ্ণ, উপমান কর্মধা। বিণ।

অংগারতুল্য—কয়লার মত, অংগারবৎ। অংগারসহ তুল্য, ৩য়াতৎ বা অংগারের তুল্য, ৬ষ্ঠীতৎ। বিণ।

অংগারধানিকা, -ধানী—আগুন রাখিবার পাত্র, আগুনের মালসা; কয়লা রাখিবার পাত্র। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অংগারপরিপাচিত—কয়লার আগুনের উপরে সিদ্ধ বা ঝলসানো। ৩য়াতৎ। বিণ।

অংগারপর্ণী—বামুনহাটীর গাছ। অংগারতুল্য পর্ণ যাহার, বহু+ঈপ্‌। বি; স্ত্রী।

অংগারাম্ল—অংগার ও বায়ুস্থ অম্লজান—এতদুভয়ের রাসায়নিক সমবায়ে উৎপন্ন বাষ্প, carbonic acid gas; carbon dioxide. অংগারযুক্ত অম্ল (অম্লজান) আছে ইহাতে, বহু। বি; পুং।

অংগারিণী—আগুনের পাত্র, আগুনের মালসা। অংগার+ইন্‌ আছে অর্থে+ঈপ্‌। বি; স্ত্রী।

অংগারিত—অংগারত্বপ্রাপ্ত, charred; দগ্ধপ্রায়। অংগার+ণিচ্‌ (=অংগারি নামধাতু)+ক্ত কর্ম। বিণ। [বিণ।

অংগারীয়—অংগারঘটিত। অংগার+ঈয় সম্বন্ধার্থে।

অঙ্গিরাঃ (-রস্‌)—সপ্তর্ষির একজন; উরুর পুত্র। অন্‌গ্‌+অস্‌ (ইরুট্‌-আগম) কর্তৃ, নামার্থে। বি; পুং।

অংগী (অঙ্গিন্‌)—শরীরী; প্রধান, মুখ্য। অংগ+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী—**অঙ্গিনী**।

অংগীকরণ—স্বীকার; প্রতিশ্রুতি, প্রতিজ্ঞা। অংগী (অঙ্গ+চ্বি)—কৃ+অনট্‌ ভাব। বি; ক্লী।

অংগীকরণীয়—স্বীকারযোগ্য, অঙ্গীকার করার উপযুক্ত। অংগী (অঙ্গ+চ্বি)—কৃ+ অনীয় কর্ম। বিণ।

অংগীকার—স্বীকার; প্রতিশ্রুতি, প্রতিজ্ঞা; নিজ বলিয়া গ্রহণ; অঙ্গে ধারণ; যাহা পূর্বে অঙ্গ ছিল না তাহা স্বীয় অঙ্গকরণ; নিজস্বরূপে গ্রহণ। অংগী (অঙ্গ+চ্বি)—কৃ+ঘঞ্‌ ভাব। বি; পুং।

অংগীকৃত—স্বীকৃত; প্রতিশ্রুত; গৃহীত। অংগী (অঙ্গ+চ্বি)—কৃ+ক্ত কর্ম। বিণ।

অংগীকৃতি—প্রতিশ্রুতি; স্বীকৃতি। অংগী (অঙ্গ+চ্বি)—কৃ+ক্তি ভাব। বি; স্ত্রী।

অংগীভূত—প্রধানের সহিত মিলিত; অন্তর্ভুক্ত; অংশত্বপ্রাপ্ত। অংগী (অংগ+চ্বি)—ভূ+ক্ত কর্তৃ। বিণ। [কর্ম। বি; স্ত্রী।

অংগুরি, অংগুরী—আংটি। অন্‌গ্‌+উরি, উরী

অংগুরীমাল—যাহার দেহ বলয়াকার খণ্ডে বিভক্ত এরূপ, annelida. অংগুরীর মালা আছে যাহার, বহু। বিণ।

অংগুরীয়, অংগুরীয়ক—আংটি; শনিগ্রহের চতুর্দিকস্থ তিনটি মণ্ডল বা বেড়, rings of the planet Saturn; সমকেন্দ্র ক্ষুদ্র ও বৃহৎ বৃত্তদ্বয়ের পরিধি-মধ্যবর্তী স্থান। অংগুলি+ঈয়, +কন্‌ স্বার্থে। বি; পুং বা ক্লী, ক্লী।

অংগুল—১। আঙুল, অংগুলি; অংগুষ্ঠ। অন্‌গ্‌+উল কর্তৃ। বি; পুং। ২। অষ্টযবোদর পরিমাণ, অর্থাৎ আটটি যব একত্র রাখিলে তাহাদের মধ্যস্থানগুলির স্থূলত্বসমষ্টি। বি; ক্লী।

অংগুলাঙ্কনিবোধক—যে আঙুলের ছাপ দেখিয়া বুঝিতে পারে, finger-print-expert. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অংগুলি, অংগুলী—হাত বা পায়ের আংগুল; করিশুণ্ডাগ্র। অন্‌গ্‌+উলি, উলী কর্তৃ বা করণ। বি; স্ত্রী। [পুং।

অংগুলিগ্রন্থি—আংগুলের গাঁট। ৬ষ্ঠীতৎ। বি;

অংগুলিচালন—আংগুল চালানো; অংগুলিসংকেতে মনোভাব প্রকাশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অংগুলিঠার—অংগুলি-সংকেতে ইশারা। ৩য়াতৎ। বাংপ্র। বি।

অংগুলিত্র, -ত্রাণ—ধনুর্ধারীর জ্যাকর্ষণ জন্য চর্মগঠিত অংগুল্যাচ্ছাদন; অংগুলিতে ধারণীয় ঠুসি বা ঠুলি, thimble; দস্তানা। উপতৎ; অংগুলি—ত্রৈ+ক কর্তৃ; অংগুলির ত্রাণ যদ্দ্বারা, বহু। বি; ক্লী।

অংগুলিনলক—আংগুলের ছোট ছোট হাড়, phalanges. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অংগুলিনির্দেশ—আংগুল বাড়াইয়া দেখানো; অংগুলি দ্বারা সংকেত। ৩য়াতৎ। বি; পুং।

অংগুলিপঞ্চক, অংগুলীপঞ্চক—অংগুষ্ঠ তর্জনী মধ্যমা অনামিকা ও কনিষ্ঠা এই পাঁচটি আংগুল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অংগুলিপর্ব (-পর্বন্‌)—অংগুলির গ্রন্থিসমূহের মধ্যস্থিত অংশ, আঙ্গুলের পাব। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অংগুলিমুদ্রা—১। যাহাতে নাম লেখা আছে এরূপ আংটি। ৬ষ্ঠীতৎ। ২। দেবপূজাকালে করণীয় অংগুলি-সংস্থান বিঃ। অংগুলিকৃতা মুদ্রা, মধ্যপ। বি; স্ত্রী।

অংগুলিমূল—আংগুলের গোড়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [ক্লী।

অংগুলিমোটন—আঙ্গুল মটকানো। ৬ষ্ঠীতৎ। বি;

অংগুলিসংকেত, -সন্দেশ—আঙ্গুল দিয়া ইশারা। ৩য়াতৎ; অথবা, অংগুলিকৃত সংকেত, সন্দেশ, মধ্যপ। বি; পুং।

অঙ্গুলিসন্ধি—আঙ্গুলের গাঁট। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অঙ্গুলিস্ফোটন—আঙ্গুল মটকানো; তুড়ি দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অঙ্গুলিহেলন—আঙ্গুলের ঠার, অঙ্গুলিনির্দেশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অঙ্গুলীয়ক—আংটি। অঙ্গুলি+ঈয় সম্বন্ধার্থে+কন্ স্বার্থে। বি; ক্লী।
অঙ্গুষ্ঠ—বৃদ্ধাঙ্গুলি, বুড়ো আঙ্গুল। অঙ্গু (হস্ত)—স্থা+ক কর্তৃ (ষত্ব)। বি; পুং।
অঙ্গুষ্ঠপ্রদর্শন—বৃদ্ধাঙ্গুলি দেখানো; ফাঁকি দিয়া সরিয়া পড়া; ভয় বা গ্রাহ্য না করা; প্রতারণা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অঙ্গুষ্ঠানা, অঙ্গুস্তানা—দস্তানা; ছুঁচ ঠেলিবার উদ্দেশ্যে ব্যবহৃত আঙ্গুলের ঠুঁসি বা ঠুলি, thimble. <অঙ্গুষ্ঠত্রাণ বা ফা। বি।
অঙ্ঘ্রি—পদ, চরণ; বৃক্ষমূল; চতুর্থভাগ; পঙ্‌ক্তি। অন্ঘ্+ক্রিন্ করণ। বি; পুং।
অচকিত—অবিস্মিত; অচমকিত; অশঙ্কিত; অনাকুল; নিশ্চল। নঞ্‌তৎ। বিণ।
অচক্ষুঃ (-চক্ষুস্)—১। নয়নহীন; প্রাকৃত নয়নশূন্য ('—ব্রহ্ম')। বিণ। ২। পরব্রহ্ম। ন (নাই) চক্ষুঃ যাঁহার, বহু। ৩। অপ্রশস্ত চক্ষু; নঞ্‌তৎ। বি; ক্লী।
অচঞ্চল—নিশ্চল, স্থির। নঞ্‌তৎ। বিণ।
অচট—অকৃষ্ট, আচষা ('অচট ভূমের ভাঙ্গে খিল'—রামপ্রসাদ)। প্রা কপ্র। বিণ।
অচতুর—সরল; ছলশূন্য; অপটু। নঞ্‌তৎ। বিণ।
অচন্দ্রিক—জ্যোৎস্নাহীন। ন (নাই) চন্দ্রিকা যাহাতে, বহু। বিণ।
অচপল—অচঞ্চল; ধীরবুদ্ধি; শান্তপ্রকৃতি। নঞ্‌তৎ। বিণ।
[নঞ্‌তৎ। বিণ।
অচর—গতিহীন, নিশ্চল, স্থাবর, স্থিতিশীল।
অচরিত—অপূর্ব, অদ্ভুত। নঞ্‌তৎ। প্রা কপ্র। বিণ।
অচরিষ্ণু—স্থাবব, অচল। নঞ্‌তৎ। বিণ।
অচল—১। স্থির, গতিবিহীন; পঙ্গু; একনিষ্ঠ; দৃঢ়, অবিচলিত; অপ্রচলিত; অগ্রাহ্য; ব্যবহারের অযোগ্য ('—ঘড়ি'); মেকি, জাল ('—টাকা'); অব্যবহৃত; কার্যের অনুপযুক্ত; দোষযুক্ত; নির্বাহের উপায়বিহীন ('—সংসার'); নিষ্ক্রিয়; স্পন্দহীন। বিণ। ২। পর্বত; প্রস্তর; কীলক; স্থাণু। বি; পুং। ৩। ব্রহ্ম। নঞ্‌তৎ বা বহু। বি; ক্লী।
অচলকন্যা—পার্বতী; নদী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অচলতড়িৎ—স্থিরবিদ্যুৎ, statical electricity; (বিদ্যুতের ন্যায় স্থিরপ্রভাশালিনী) অতি রূপবতী নারী। অচলা তড়িৎ (বিদ্যুৎ), কর্মধা। বি; স্ত্রী।
অচলন—গতিহীনতা; অপ্রচলন; অব্যবহার। নঞ্‌তৎ। বি; ক্লী।
অচলা—১। পৃথিবী (পৃথিবী দৃশ্যতঃ গতিশূন্য)। বি; স্ত্রী। ২। গতিহীনা, স্থিরা। অচল+আপ্। বিণ; স্ত্রী।

অচলায়তন—১। যাহাকে সহজে নড়ানো যায় না এমন প্রতিষ্ঠান বা সমাজব্যবস্থা। অচল যে আয়তন, কর্মধা। বি; ক্লী। ২। স্থির; অপরিবর্তনীয়। অচল আয়তন (আবাস) যাহার, বহু। বিণ।
অচলিত—নিশ্চল; অপ্রচলিত; পুরাতন। নঞ্‌তৎ। বিণ।
অচলিষ্ণু—অগমনশীল; অলস; স্থিতিশীল। নঞ্‌তৎ। বিণ।
অচলনীয়—প্রচলনের অনুপযুক্ত; চলিবার অযোগ্য। নঞ্‌তৎ। বিণ।
অচালন—না চালানো; অপ্রয়োগ; অব্যবহার। নঞ্‌তৎ। বি; ক্লী।
অচালনীয়, অচালয়িতব্য, অচাল্য—চালনার অযোগ্য, অপ্রযোজ্য; অব্যবহার্য; যাহা প্রয়োগ করা বা নাড়ানো যায় না এরূপ। নঞ্‌তৎ। বিণ।
অচিকিৎসক—অযোগ্য চিকিৎসক, কু-বৈদ্য, আনাড়ী বৈদ্য, হাতুড়ে। নঞ্‌তৎ। বি; পুং, বা বিণ।
অচিকিৎসনীয়, অচিকিৎস্য—যে রোগের চিকিৎসা নাই এমন, অপ্রতিকরণীয়। নঞ্‌তৎ। বিণ।
অচিকিৎসা—চিকিৎসার অভাব। নঞ্‌তৎ। বি; স্ত্রী।
অচিকিৎসিত—যাহার চিকিৎসা করা হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।
অচিকিৎস্য—'অচিকিৎসনীয়' দ্রঃ।
অচিকীর্ষু—করিতে অনিচ্ছুক। নঞ্‌তৎ। বিণ।
অচিত্ত—মতিহীন; অজ্ঞান; অচেতন। বহু। বিণ।
অচিত্তচিত্ত—অজ্ঞানান্তঃকরণ, যাহার মনে জ্ঞান নাই এরূপ ("যে জন অচিত্তচিত্ত সেই সদা দুখী"—ভারত)। ন (নাই) চিত্ত যাহাতে, বহু; অচিত্ত (অজ্ঞান) চিত্ত যাহার, বহু। বিণ।
অচিন—অপরিচিত, অজানা; নিশ্চিহ্ন; অনির্দিষ্ট। বাংপ্র। বিণ।
অচিনা, অচেনা—অজ্ঞাত, অজানা। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।
অচিন্ত—চিন্তাশূন্য; অবিবেকী; অবিমৃষ্যকারী; নির্বোধ; অচেতন। ন (নাই) চিন্তা যাহার, বহু। বিণ।
অচিন্তনীয়, অচিন্তয়িতব্য—কল্পনাতীত, অভাবনীয়, অতর্কণীয়। নঞ্‌তৎ। বিণ।
অচিন্তিত—অভাবিত, অতর্কিত। নঞ্‌তৎ। বিণ।
অচিন্তিতপূর্ব—অপ্রত্যাশিত, যাহা পূর্বে চিন্তা করা হয় নাই এরূপ। পূর্বে চিন্তিত, সুপ্; ন চিন্তিতপূর্ব, নঞ্‌তৎ। বিণ।
অচিন্ত্য—১। অভাবনীয়; চিন্তাতীত। বিণ। ২। পরব্রহ্ম। নঞ্‌তৎ। বি; পুং।
অচিন্ত্যপূর্ব—যাহার বিষয় পূর্বে ভাবা যায় না এরূপ। পূর্বে অচিন্ত্য, সুপ্। বিণ।
অচির—১। শীঘ্রতা; অল্পকাল। নঞ্‌তৎ। বি; ক্লী। ২। অদীর্ঘ, অল্প; সত্বর; অল্পকালব্যাপী; ক্ষণস্থায়ী। ন (নাই) চির (দীর্ঘকাল) যাহাতে বা যাহার, বহু। বিণ।
অচিরকারী (-কারিন্)—ক্ষিপ্রকারী, লঘুহস্ত, যে

সত্বর কার্য সম্পাদন করে এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-কারিণী**। বি. **-কারিতা**।

অচিরকাল—অল্প সময়। কর্মধা। বি; পুং। ক্রি-বিণ, **-কালে**।

অচিরক্রিয়—অদীর্ঘসূত্রী; শীঘ্র কর্ম-সম্পাদক। নঞ্‌তৎ। বিণ।

অচিরগামী (-গামিন্)—শীঘ্রগামী, দ্রুতগামী। উপতৎ; অচির—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিণী** (**-নী**)।

অচিরতা, -ত্ব—অল্পকালস্থায়িত্ব; নশ্বরতা; বেশী দিন না থাকা। অচির+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

অচিরদ্যুতি, -প্রভা—১। ক্ষণপ্রভা, বিদ্যুৎ। অচিরা দ্যুতি, প্রভা যাহার, বহুব্রী, ২য় পক্ষে+আপ্। ২। অল্পকালস্থায়ী জ্যোতিঃ। কর্মধা। বি; স্ত্রী।

অচিরস্থায়ী (-স্থায়িন্)—ক্ষণভঙ্গুর, ক্ষণিক, নশ্বর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-স্থায়িনী**। বি, **-স্থায়িতা, -স্থায়িত্ব**।

অচিরাৎ—সত্বর, শীঘ্র। অচির—অত্+ক্বিপ্ কর্তৃ বা ভাব। অ; ক্রি-বিণ।

অচিরাতে—অচিরাৎ, সত্বর, আশু ('অচিরাতে হবে তোর ছাগলবদন'—কবিকঙ্কণ)। প্রা কপ্র। ক্রি-বিণ।

অচিহ্নিত—চিহ্নবর্জিত; অচেনা। নঞ্‌তৎ। বিণ।

অচূর্ণ—যাহা গুঁড়া নহে এমন; আস্ত। নঞ্‌তৎ। বিণ।

অচূর্ণিত—অপিষ্ট; অপীড়িত; অনভিভূত; অ-বিধ্বস্ত; সম্যক্ রক্ষিত। নঞ্‌তৎ। বিণ।

অচেতন—সংজ্ঞাহীন, চেতনাহীন; নির্জীব, জড়। নঞ্‌তৎ বা বহু। বিণ।

অচেতাঃ (-তস্)—বিচারশক্তিহীন; অজ্ঞান; নির্দয়। ন (নাই) চেতঃ যাহার, বহু। বিণ।

অচেনা—'অচিনা' দ্রঃ।

অচেষ্ট—নিশ্চেষ্ট; অলস; উদাসীন; অবশ; অজ্ঞান। ন (নাই) চেষ্টা যাহার, বহু। বিণ।

অচেষ্টিত—যাহার জন্য চেষ্টা করা হয় নাই এমন; অপরীক্ষিত; চেষ্টাহীন; অপ্রস্তুত। নঞ্‌তৎ। বিণ।

অচৈতন্য—১। চেতনাশূন্য; মূর্ছিত। ন (নাই) চৈতন্য যাহার, বহু। বিণ। ২। চেতনাহীনতা, মূর্ছিতভাব। নঞ্‌তৎ। বি; ক্লী।

অচ্ছ—যাহার মধ্য দিয়া দৃষ্টি চলে এরূপ, transparent; অতি নির্মল; প্রতিবিম্বজনক। ন—ছো+ক কর্তৃ। বিণ।

অচ্ছায়—ছায়ারহিত; আতপযুক্ত; কান্তিহীন, বিশ্রী। ন (নাই) ছায়া যাহার বা যাহাতে, বহু। বিণ।

অচ্ছিদ্র—রন্ধ্রহীন, ছিদ্রশূন্য; নির্দোষ; অঙ্গহীনতা-শূন্য; সম্পূর্ণ। ন (নাই) ছিদ্র যাহাতে, বহু। বিণ।

অচ্ছিন্ন—অখণ্ডিত, সম্পূর্ণ, গোটা। নঞ্‌তৎ। বিণ।

অচ্ছুৎ, অচ্ছুত—অস্পৃশ্য, যাহাকে ছোঁওয়া যায় না এমন। <অশুদ্ধ। বিণ। **অচ্ছুত সম্প্রদায়**—অস্পৃশ্য সম্প্রদায়, হরিজন সম্প্রদায়।

অচ্ছেদিত—'অচ্ছিন্ন' (তাহা দ্রঃ)।

অচ্ছেদ্য—অচ্ছেদনীয়, ছেদনের অযোগ্য। নঞ্‌তৎ। বিণ।

অচ্ছোদ—১। স্বচ্ছজলবিশিষ্ট। বিণ। ২। হিমালয়-প্রদেশস্থ অচ্ছোদ-নামক সরোবর; কিম্পুরুষবর্ষের কিম্পুরুষপর্বতস্থ স্বচ্ছজল মনোহর সরোবর। অচ্ছ উদক যাহার, বহু (ক-লোপ)। বি; ক্লী।

অচ্ছোদপটল—অক্ষিগোলকের সম্মুখস্থ কঠিন স্বচ্ছ ত্বক্, cornea. কর্মধা। বি; ক্লী।

অচ্যুত—১। নারায়ণ, বিষ্ণু। বি; পুং। ২। স্থির, অটল; অনশ্বর; অক্ষয়; অব্যয়। নঞ্—চ্যুৎ+ক কর্তৃ। বিণ।

অছা—থাকা। প্রা কপ্র। ক্রি। [**অছ**—আছ; **আছে**। **অছইতে**—থাকিতে। **অছল, অছলো, অছলোঁ**—ছিল। **অছলিহ, অছলোঁ**—ছিলাম। **অছয়**—আছে।]

অছি—১। সম্পত্তির তত্ত্বাবধানকারী; কোন গচ্ছিত সম্পত্তি যিনি দেখাশুনা করেন, ন্যাসরক্ষক, executor, trustee; নাবালকের অভিভাবক, guardian. <আ 'বসী'। বি। ২। আছি। প্রা কপ্র। ক্রি।

অছিয়তনামা—ইচ্ছাপত্র, উইল। আ 'বসিয়ৎ'+ফা 'নামা'। বি।

অছিলা—ছল, ছুতা, মিথ্যা অজুহাত। <আ 'বসিলা'। বি।

অছুৎ, অছুত—অপবিত্র; অস্পৃশ্য। বাংপ্র। বিণ।

অজ—১। ব্রহ্ম; ঈশ্বর; ব্রহ্মা; বিষ্ণু; মহেশ্বর; জীবাত্মা। উপতৎ; নঞ্—জন্+ড কর্তৃ। ২। সূর্য-বংশীয় নৃপতি; ছাগল। অজ্+অচ্ কর্তৃ। স্ত্রী—**অজা**। ৩। মেষরাশি। অ—জন্+ড কর্তৃ। বি; পুং। ৪। স্বয়ং উৎপন্ন; জন্মরহিত। নঞ্—জন্+ড কর্তৃ। বিণ। ৫। খাঁটী ('—পাড়াগাঁ'), প্রকৃত; একেবারে ('—মূর্খ'); নিরেট; আসল ('—জমা')। বাংপ্র। বিণ।

অজগর—একপ্রকার বৃহৎ সর্প (ইহারা একটা ছাগল আস্ত গিলিতে পারে), boa constrictor; বোড়া সাপ। গৄ+অচ্=গর; অজের গর (গ্রাসকারী), ৬ষ্ঠীতৎ; অথবা, অজ (নিত্য) গর (বিষ) যাহার, বহু। বি; পুং।

অজগরবৃত্তি, -ব্রত—১। একস্থানে যাহা পাওয়া যায় তাহাতেই জীবিকাসংস্থান; অত্যধিক আলস্য-পরায়ণতা; শ্রমকাতরতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, ক্লী। ২। যে একস্থানে থাকিয়া অতিকষ্টে জীবিকানির্বাহ করে এরূপ; অত্যন্ত অলস। অজগরের বৃত্তির ন্যায় বৃত্তি, ব্রত যাহার, বহু। বিণ।

অজচ্ছল—অতিপ্রচুর; অপর্যাপ্ত; যথেষ্ট; সর্বদা, অনবরত। <অজস্র। বিণ।

অজন্ত—(সং ব্যাকরণে) স্বরান্ত (নর মুনি ধেনু ইঃ শব্দ)। অচ্ (=স্বর) অন্তে যাহার, বহু। বিণ।

অজন্ম (-জন্মন্)—জন্মের অভাব, অনুৎপত্তি;

অপুনর্জন্ম, মুক্তি; হীনজন্ম। নঞ্‌তৎ। বি; ক্লী।

অজন্মা (-জন্মন্)—১। অপুনর্জন্ম, মোক্ষ। ন (নাই) জন্ম যাহাতে, বহু। বি; পুং। ২। জন্মরহিত, উৎপত্তিশূন্য; নিত্য, সনাতন। ন (নাই) জন্ম যাহার, বহু। ৩। হীনজন্মা, জারজ। ন (অপ্রশস্ত) জন্ম যাহার, বহু। বিণ।

অজন্মা—শস্যের অনুৎপত্তি; অতিবৃষ্টি অনাবৃষ্টি প্রঃ হেতু শস্যনাশ; দুর্ভিক্ষ। নঞ্‌তৎ। বাংপ্র। বি।

অজপা—১। নিয়ত প্রশ্বাসগ্রহণ ও নিঃশ্বাসত্যাগ সহ অজ্ঞাতসারে স্বতঃই "হংস" এই মন্ত্র জপ; প্রাণবায়ু; তান্ত্রিকদিগের আরাধ্যা দেবী। নঞ্—জপ্+অপ্ কর্ম+আপ্। বি; স্ত্রী। ২। জপশূন্যা, জপবর্জিতা। ন (নাই) জপ যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

অজবীথি, -বীথী—১। সূর্যের দক্ষিণ অবস্থানের এক অংশ। অর্জনির্মিতা বীথি, বীথী, মধ্যপ। ২। ছায়াপথ, Milky Way. অজা (জন্মরহিতা, নিত্যকালব্যাপিনী) বীথি, বীথী, কর্মধা। বি; স্ত্রী।

অজবুক—আহাম্মক, বোকা। ∠তু 'উজ্‌বেঘ্'। বিণ।

অজয়—১। পরাজয়। নঞ্‌তৎ। ২। অগ্নি; নদ বিঃ। উপতৎ; অজ—যা+ক কর্তৃ। বি; পুং। ৩। অজেয়, দুর্জয়। ন (নাই) জয় (শত্রুকর্তৃক) যাহার, বহু। বিণ।

অজয্য—অজেয়, দুর্জয়। নঞ্‌তৎ। বিণ।

অজর—১। দেবতা। বি; পুং। ২। জরারহিত, বার্ধক্যশূন্য; অতিশয় শক্ত; অবিনশ্বর; অজীর্ণ। ন (নাই) জরা (বার্ধক্য বা জীর্ণাবস্থা) যাহার, বহু। বিণ।

অজরা—১। জরারহিতা। ন (নাই) জরা যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী। ২। অবার্ধক্য; যৌবন; শৈশব। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অজরামর—জরামৃত্যুরহিত, যাহার বার্ধক্য এবং মরণ নাই এরূপ। যে অজর সেই অমর, কর্মধা। বিণ।

অজরামরবৎ—জরামৃত্যুরহিত ব্যক্তির ন্যায়। অজরামর +বতিচ্ তুল্যার্থে। অ।

অজল-অস্থল—জলও নহে স্থলও নহে; আশ্রয়শূন্যতা; নিঃসহায় অবস্থা; অবলম্বনহীনতা। দ্বন্দ্ব। বি; ক্লী।

অজস্র—১। নিরন্তর, সতত। নঞ্—জস্+র অধি। ক্রি-বিণ। ২। সততস্থায়ী, নিত্য; প্রচুর, অপরিমিত, দেদার। নঞ—জস্+র কর্তৃ। বিণ।

অজহল্লিঙ্গ—যাহা বিশেষণরূপে প্রযুক্ত হইলেও স্বলিঙ্গ ত্যাগ করে না এরূপ শব্দ [যেমন, শ্রদ্ধাস্পদ রমণী। 'রমণী' শব্দ স্ত্রীলিঙ্গ হইলেও উহার বিশেষণ শ্রদ্ধাস্পদ (আস্পদ) ক্লীবলিঙ্গ রহিল। এইহেতু আস্পদ অজহল্লিঙ্গ]। অজহৎ (অপরিত্যাগী) লিঙ্গ যাহার, বহু। বি; পুং বা ক্লী, বা বিণ।

অজা—১। ছাগী; ওষধি বিঃ। অজ+আপ্। ২। (সাংখ্যমতে) সত্ত্ব রজঃ তমঃ—এই ত্রিগুণাত্মিকা প্রকৃতি ও মায়া। বি; স্ত্রী। ৩। জন্মরহিতা, সনাতনী। নঞ্—জন্+ড কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী।

অজাগর—১। জাগরণের অভাব; নিদ্রা। নঞ্‌তৎ। বি; পুং। ২। সর্বদা সুপ্ত, সদা নিদ্রিত। ন (নাই) জাগর (জাগরণ) যাহার, বহু। বিণ। ৩। প্রকাণ্ড সাপ বিঃ। ∠অজগর (অশুদ্ধ)। বি।

অজাচার—অগম্যা-গমন, incest. অজের (ন্যায) আচার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অজাত—১। অনুৎপন্ন, যাহা জন্মে নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ। ২। অঘর, অবংশ; নীচজাতি। ন জাত (∠জাতি), নঞ্‌তৎ। বি। ৩। বেজন্মা; দুষ্ট। প্রাদে। বিণ।

অজাতব্যবহার—অপ্রাপ্তবয়স্ক, নাবালক। নঞ্‌তৎ। বিণ।

অজাতশত্রু, অজাতারি—১। শিব; শমীকপুত্র; যুধিষ্ঠির; মগধ-দেশীয় জনৈক নৃপতি। বি; পুং। ২। যাহার শত্রু জন্মে নাই এরূপ, পরম সাধু। অজাত শত্রু, অরি যাহার, বহু। বিণ।

অজাতশ্মশ্রু—যাহার দাড়ি বাহির হয় নাই এরূপ; অল্পবয়স্ক। অজাত শ্মশ্রু যাহার, বহু। বিণ।

অজাতি—১। হীন জাতি, বিকলাঙ্গ; নপুংসক। নঞ্‌তৎ। বি; স্ত্রী। ২। যাহার কোন জাতি নাই এমন; জন্মহীন; সনাতন। ন (নাই) জাতি যাহার, বহু। বিণ।

অজানত—অজ্ঞানতঃ, অজ্ঞাতসারে। বাংপ্র। ক্রি-বিণ।

অজানতে, অজান্তে—অজ্ঞানসত্ত্বে, না জানায়। বাংপ্র। ক্রি-বিণ।

অজানা—১। অবিদিত, অজ্ঞাত। বিণ। ২। না জানা; অজ্ঞাত বিষয় স্থান বা বস্তু ('অজানার সন্ধানে')। নঞ্‌তৎ। বাংপ্র। বি।

অজানিত—অজ্ঞাত, অজানা, অপরিচিত। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

অজিজ্ঞাসনীয়, -সিতব্য, -স্য—অপ্রষ্টব্য, যাহা জিজ্ঞাসা করিতে পারা যায় না বা জিজ্ঞাসা করা উচিত নয় এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অজিজ্ঞাসিত—অপৃষ্ট, যাহা বা যাহাকে জিজ্ঞাসা করা হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অজিজ্ঞাসু—প্রশ্ন করিতে অনিচ্ছুক, যে জানিতে চায় না এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অজিত—১। বিষ্ণু; শিব; বিষ্ণুর অবতার বিঃ; বুদ্ধদেব; জৈনতীর্থংকর। বি; পুং। ২। অবশ, অনায়ত্ত; অপরাজিত। নঞ্‌তৎ। বিণ।

অজিতাত্মা (-আত্মন্)—অজিতেন্দ্রিয়। ন জিতাত্মা, নঞ্‌তৎ। বিণ।

অজিতেন্দ্রিয়—বিপুপরবশ, ইন্দ্রিয়পরতন্ত্র, কামক্রোধলোভাদির বশীভূত। ন জিতেন্দ্রিয়, নঞ্‌তৎ। বিণ।

অজিন—মৃগচর্ম, পশুচর্ম; চর্মনির্মিত আসন। অজ্+ইনচ্ কর্তৃ অথবা কর্ম। বি; ক্লী।
অজিফা—ভরণপোষণ, খোরপোশ, ভৃতি, maintenance; নিত্য ধর্মশাস্ত্রপাঠ। ⟨ফা 'বাজিফা'। বি।
অজীর্ণ—১। মন্দাগ্নি, বদহজম, indigestion; হজমশক্তির অভাবজনিত রোগ, dyspepsia.' নঞ্—জৄ+ক্ত ভাব। বি; ক্লী। ২। যাহা জীর্ণ হয় নাই এরূপ, অপরিপাচিত; অজরাগ্রস্ত, যে বৃদ্ধ বা দুর্বল নয় এরূপ। নঞ্তৎ। বিণ।
অজীর্ণী (-র্ণিন্)—অজীর্ণরোগগ্রস্ত। অজীর্ণ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-র্ণিনী**।
অজু—নমাজের পূর্বে মুসলমানগণ কর্তৃক হাতমুখ ধোওয়া। ⟨আ 'বুজু'। বি।
অজুরদার—শ্রমজীবী, মজুর। ফা। বি।
অজুরা, আজুরা—বেতন, পারিশ্রমিক, মজুরি। ফা। বি।
অজুহরনামা—মকদ্দমার কারণ-লিখিত পত্রাদি, যে কাগজপত্রে মকদ্দমার কারণ লিখিত আছে। ফা। বি।
অজুহাত—কারণ, হেতু, ওজর। ⟨ফা 'বুজুহাত'। বি।
অজেয়—যাহাকে জয় করা যায় না এরূপ, অপরাভবনীয়; দুর্জয়, দুর্দম। নঞ্তৎ। বিণ।
অজৈব—অজীবোৎপন্ন; অজীব-সম্বন্ধীয়, inorganic. নঞ্তৎ। বিণ। স্ত্রী, **-বী**। **অজৈব অভিব্যক্তি**—জীবভিন্ন বস্তুর ক্রমবিবর্ত, inorganic evolution. **অজৈব রসায়ন**—জীবভিন্ন বস্তুবিষয়ক রসায়নবিদ্যা, inorganic chemistry. **অজৈব সার**—খনিজ সার, mineral manure.
অজ্ঞ—মূর্খ; (কোন বিষয়ে) জ্ঞানহীন; সামান্য জ্ঞানসম্পন্ন; চেতনাহীন; আত্মজ্ঞানহীন। নঞ্—জ্ঞা+ক কর্তৃ। বিণ।
অজ্ঞতা, -ত্ব—মূর্খতা; অল্পজ্ঞতা। অজ্ঞ+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
অজ্ঞতামূলক—মূর্খতাহেতুক, অজ্ঞানতাপ্রসূত; না জানার জন্য ঘটিত। অজ্ঞতা মূলে যাহার, বহু+ক সমাসান্ত। বিণ।
অজ্ঞাত—অবিদিত, অজানিত; অপ্রকাশিত, গুপ্ত। নঞ্তৎ। বিণ।
অজ্ঞাতকুলশীল—যাহার বংশপরিচয় এবং স্বভাবচরিত্র জানা নাই এরূপ; সম্পূর্ণরূপে অপরিচিত। অজ্ঞাত হইয়াছে কুলশীল যাহার, বহু। বিণ।
অজ্ঞাতনামা (-নামন্)—অবিদিতনামা, যাহার নাম কেহ জানে না এরূপ। অজ্ঞাত নাম যাহার, বহু। বিণ। স্ত্রী, **-নাম্নী**।
অজ্ঞাতচরিত্র—১। যাহার চরিত্র জানা যায় নাই এমন; যাহার আচরণ অজ্ঞাত এরূপ। বহু। বিণ। ২। অজানা স্বভাব; অজানা ব্যবহার। কর্মধা। বি; ক্লী।
অজ্ঞাতপরিচয়—যাহার পরিচয় জানা নাই এমন। বহু। বিণ।
অজ্ঞাতপূর্ব—পূর্বে অবিদিত, যাহা আগে জানা যায় নাই এরূপ। নঞ্তৎ। বিণ।
অজ্ঞাতবাস—গুপ্তভাবে অবস্থান, ছদ্মবেশে থাকা। কর্মধা। বি; পুং।
অজ্ঞাতযৌবনা—যাহার (যে স্ত্রীর) যৌবন অনুভব করিতে পারা যায় না এরূপ, অপ্রকাশিতযৌবনা; মুগ্ধনায়িকার প্রকারভেদ ("হয়েছে যৌবন যার নহে অনুভব। অজ্ঞাতযৌবনা তারে বলে কবি সব॥"—রসমঞ্জরী)। অজ্ঞাত যৌবন যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী। পুং, **-যৌবন**।
অজ্ঞাতসারে—অজানিতভাবে, অগোচরে। অজ্ঞাত হইয়াছে সার (গমন) যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।
অজ্ঞাতা (-তৃ)—যে জানে না এরূপ; জানা যার স্বভাব নয় এমন। নঞ্তৎ। বিণ; স্ত্রী।
অজ্ঞাতে—অগোচরে, গুপ্তভাবে, অন্যে না জানিতে পারে এরূপ ভাবে; অজান্তে। বাংপ্র। ক্রি-বিণ।
অজ্ঞান—১। জ্ঞানশূন্য, অজ্ঞ, অবোধ; চৈতন্যশূন্য। ন (নাই) জ্ঞান যাহার, বহু। বিণ। ২। জ্ঞানাভাব; মোহ; মায়া; অবিদ্যা। নঞ্তৎ। বি; ক্লী।
অজ্ঞানকৃত—১। না জানিয়া কৃত ('—অপরাধ'); ভুলবশতঃ কৃত; মোহবশতঃ আচরিত। অজ্ঞানে কৃত, সুপ্। বিণ।
অজ্ঞানতঃ (-তস্)—অজ্ঞতাবশতঃ, জানা না থাকার জন্য; অবগত না হইয়া। অজ্ঞান+তস্ (৩য়া বা ৫মী-স্থানে)। অ।
অজ্ঞানতা, -ত্ব—মূর্খতা, মূঢ়তা। অজ্ঞান+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
অজ্ঞানতিমির—মোহান্ধকার, অজ্ঞানরূপ অন্ধকার। রূপক। বি; ক্লী।
অজ্ঞানবাদ, অজ্ঞাবাদ—অজ্ঞেয়বাদ, মানুষ জগতের চরম তত্ত্ব জানে না বা জানিতে পারে না—এই মতবাদ, agnosticism. **অজ্ঞানাত্মক, অজ্ঞাত্মক বাদ**, মধ্যপ। বি; পুং।
অজ্ঞানান্ধকার—'অজ্ঞানতিমির' (তাহা দ্রঃ) রূপক। বি; ক্লী।
অজ্ঞানী (-নিন্)—জ্ঞানহীন, মূর্খ। নঞ্তৎ। বিণ।
অজ্ঞানে—না জানিয়া, অজ্ঞতাহেতু। ন (নাই) জ্ঞান যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।
অজ্ঞাপনীয়, অজ্ঞাপ্য—অপ্রকাশ্য; জানাইবার অযোগ্য। নঞ্তৎ। বিণ। [বিণ।
অজ্ঞাপিত—অনিবেদিত; অপ্রকাশিত। নঞ্তৎ।
অজ্ঞেয়—জ্ঞানাতীত, যাহা জানিতে পারা যায় না এরূপ; অবোধগম্য, যাহা বুঝিতে পারা যায় না এরূপ। নঞ্তৎ। বিণ।
অঝর, অঝোর—অবিশ্রান্ত, অজস্র। ⟨অজস্র। বিণ।
অঝরু—১। অশ্রুপ্রবাহ; নির্ঝর। বি। ২। ঝরঝর করিয়া; অবিরামভাবে। প্রা কপ্র। ক্রি-বিণ।
অঝরে—অবিরলধারায়, অবিশ্রান্তভাবে ("অঝরে ঝরিল অশ্রু"—মাইকেল)। প্রা কপ্র। ক্রি-বিণ।

অঝোরে—অবিশ্রান্তভাবে, নিরবচ্ছিন্নভাবে ('— কান্না')। <অজস্র। ক্রি-বিণ।

অঞ্চল—১। স্ত্রীলোকের কাপড়ের প্রান্ত, আঁচল, প্রান্তভাগ। অন্‌চ্‌+অলচ্‌ কর্তৃ। ২। দেশাংশ, তল্লাট, প্রদেশ। অন্‌চ্‌+অলচ্‌ অধি। বি; পুং।

অঞ্চলনিধি—আঁচলে বাঁধিয়া রাখিবার মত মূল্যবান্‌ জিনিস; অতিপ্রিয়জন, অতি আদরের ধন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অঞ্চলপ্রভাব—স্বামীর উপরে স্ত্রীর কর্তৃত্ব; প্রণয়িনীর প্রভাব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অঞ্চিত—১। অর্চিত, পূজিত; গ্রথিত; ভূষিত। অন্‌চ্‌+ক্ত কর্ম। ২। আকুঞ্চিত, বক্রীকৃত। অন্‌চ্‌+ক্ত বা অন্‌চ্‌+ণিচ্‌+ক্ত কর্ম। ৩। উত্থিত। অন্‌চ্‌+ক্ত কর্তৃ। বিণ। বি—**অঞ্চন**।

অঞ্জন—১। আঁজন, কাজল; সুর্মা; প্রদীপশীষের কালি; মালিন্য, কালিমা; রসাঞ্জন; দেবার্চনায় ব্যবহৃত সৌবীর জাম্বল তুথ ময়ূরগ্রীকর দার্বিকা কালমেঘ এই ষড়্‌বিধ দ্রব্য। অন্‌জ্‌+অনট্‌ করণ। ২। পশ্চিম-দিগ্‌গজ। অঞ্জন+অচ্‌ আছে অর্থে। ৩। অগ্নি; আঁঞ্জনা বা আঁজনাই; টিকটিকি। অন্‌জ্‌+অন কর্তৃ। বি; পুং।

অঞ্জনশলাকা—কজ্জলকাষ্ঠিকা, চোখে কাজল লাগাইবার কাঠি। অঞ্জনলেপনী শলাকা, মধ্যপ। বি; স্ত্রী।

অঞ্জনা—১। অলংকার-শাস্ত্রের শব্দশক্তিভেদ, ব্যঞ্জনাবৃত্তি। অন্‌জ্‌+ণিচ্‌+অন কর্তৃ+আপ্‌। ২। হনুমানের মাতা। অঞ্জন+অচ্‌ আছে অর্থে+আপ্‌। বি; স্ত্রী।

অঞ্জনাতনয়, -নন্দন, -পুত্র—অঞ্জনার পুত্র হনুমান্‌। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অঞ্জনাদ্রি—নীলগিরি। অঞ্জনসদৃশ অদ্রি, মধ্যপ। বি; পুং।

অঞ্জনিকা—আঁঞ্জনা, আঁজনাই। অঞ্জন+কন্‌ আছে অর্থে+আপ্‌ (অক-স্থানে ইক)। বি; স্ত্রী।

অঞ্জলি—যুক্তপাণি, আঁজলা; পরিমাণ বিঃ; যুক্তপাণি-দ্বারা অর্পিত পুষ্পজলাদি ('দেবতাকে — দেওয়া'); আরাধনা; পূজা; পরিচর্যা। অন্‌জ্‌+অলি করণ। বি; পুং।

অঞ্জলিপুট—করপুট, ঠোঙ্গার আকারে জোড়-করা করতল দুইটি। রূপক। বি; পুং বা ক্লী।

অঞ্জলিপুটে—আঁজলা করিয়া, কৃতাঞ্জলিপুটে। অঞ্জলির পুট যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

অঞ্জলিবন্ধ—কৃতাঞ্জলি। বন্ধ (কৃত) হইয়াছে অঞ্জলি যৎকর্তৃক, বহু। বিণ।

অঞ্জলিবন্ধ, -বন্ধন—অঞ্জলিকরণ, আঁজলা বাঁধা। ৬ষ্ঠীতৎ। বি; পুং; ক্লী।

অঞ্জাম—আয়োজন, উদ্যোগ; সঞ্চয়; সংগ্রহ। ফা। বি।

অঞ্জুমান, আঞ্জুমান—সমিতি, সভা, সংঘ। ফা। বি।

অটন—গমন, ভ্রমণ। অট্‌+অনট্‌ ভাব। বি; ক্লী। বিণ—**অটিত**।

অটবি, অটবী—কানন, বন। অট্‌+অবি অধি, বিকল্পে ঈপ্‌। বি; স্ত্রী।

অটল—দৃঢ়; অচঞ্চল, স্থির। নঞ্‌—টল্‌+অচ্‌ কর্তৃ। বিণ।

অটুট—অভগ্ন, সম্পূর্ণ; অবিকৃত; ত্রুটিহীন, নির্দোষ। <অত্রুটি। বিণ।

অটো—গন্ধদ্রব্য বিঃ, আতর। <ইং 'otto'. বি।

অটোগ্রাফ—নিজের হাতের লেখা। <ইং 'autograph'. বি।

অট্ট—১। প্রাসাদ, অট্টালিকা; প্রাসাদোপরিস্থিত গৃহ, চিলাঘর, attic; প্রাকারপৃষ্ঠ; গুমটি ঘর; হট্ট, হাট। অট্ট+ঘঞ্‌ অধি, করণ। বি; পুং। ২। সর্বাধিক; উচ্চ। অট্ট+অচ্‌ কর্তৃ। বিণ।

অট্ট-অট্ট—১। বিকটহাস্যশব্দে শব্দিত ('—হাস')। বিণ। ২। অতি উচ্চ। <অট্টুট্ট। অ।

অট্টনাদ, -নিনাদ—উচ্চশব্দ। কর্মধা। বি; পুং।

অট্টহসিত, -হাস, -হাস্য—উচ্চহাস্য, হোহো করিয়া হাসি। কর্মধা। বি; পুং, ক্লী।

অট্টহাসি—উচ্চহাস্য। <অট্টহাস্য। বি।

অট্টালিকা, অট্টালী—ইষ্টকরচিত বা প্রস্তর-গঠিত ভবন, প্রাসাদ, পাকা বাড়ি। অট্টালক+আপ্‌ (অক-স্থানে ইক), অট্টাল+ঈপ্‌। বি; স্ত্রী।

অড়ং-বড়ং—বাজে কথা, অসংযত বাক্য; ছাইভস্ম। প্রাদে। বি।

অড়র, অড়হর—কলাই বিঃ, ডাইল বিঃ, অড়র ডাল। <আঢ়কী। বি।

অডিট—হিসাবাদির খাতাপত্র পরীক্ষা, নিরীক্ষা। <ইং 'audit'. বি।

অঢেল—প্রচুর, যথেষ্ট। বাংপ্র। বিণ।

অণি, অণী—অক্ষাগ্রকীলক, চক্রের ধুরার প্রান্তস্থ খিল; সূচ্যাদির অগ্রভাগ; পশুবধস্থান; সীমা। অণ্‌+ইন্‌ কর্তৃ (স্ত্রীলিঙ্গ পক্ষে বিকল্পে)+ঈপ্‌। বি; পুং, স্ত্রী।

অণিমা (-মন্‌)—অণুত্ব, অতি সূক্ষ্ম অবস্থা, সূক্ষ্ম পরিমাণ; ঐশ্বর্য বিঃ, দেবগণ ও সিদ্ধপুরুষগণের নিজ শরীর স্বেচ্ছানুসারে সূক্ষ্ম করিবার ক্ষমতা। অণু+ইমন্‌ (ইমনিচ্‌) ভাবে। বি; পুং।

অণী—'অণি' দ্রঃ।

অণীয়ান্‌ (-য়স্‌)—সূক্ষ্মতর, আরও ক্ষুদ্র। অণু+ঈয়সু অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, **-য়সী**।

অণু—১। অত্যল্প, অতি ক্ষুদ্র; সূক্ষ্ম। বিণ। স্ত্রী—**অণু, অণ্বী**। ২। মাত্রার চতুর্থাংশ; রেখা। বি; স্ত্রী। ৩। অতি সূক্ষ্ম বস্তু, molecule. অণ্‌+উ কর্তৃ। ৪। চীনাধান্য; সর্ষপাদি ক্ষুদ্র শস্য। অণ্‌+উ করণ। বি; পুং।

অণুচ্ছেদ—পরিচ্ছেদের ক্ষুদ্র অংশ, paragraph; ভিন্ন ভিন্ন বিষয়। অণু ছেদ (ভাগ.), কর্মধা। বি; পুং।

অণুজীব—অতি সূক্ষ্ম প্রাণী, জীবাণু, microbe. [কর্মধা। বি; পুং।

অণুতা, -ত্ব—অণিমা, সূক্ষ্মতমত্ব, অতি ক্ষুদ্রতা। অণু+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

অণুবটিকা—অতিক্ষুদ্র বটি, খুব ছোট বড়ি, globule. অণুপরিমিতা বটিকা, মধ্যপ। বি; স্ত্রী।
অণুবাদ—মতবাদ বিঃ; অণুর আদি নাই অন্তও নাই, অণুসমূহের মিলন দ্বারাই সকল পদার্থের সৃষ্টি —এই মতবাদ, atomic theory. অণুবিষয়ক বাদ, মধ্যপ। বি; পুং।
অণুবীক্ষণ—অতিক্ষুদ্র বস্তুর দর্শনসাধক যন্ত্র, microscope. অণুর বীক্ষণ হয় যদ্দ্বারা, বহু। বি; ক্লী।
অণুব্রীহি—সরু ধান। কর্মধা। বি; পুং।
অণুভা—বিদ্যুৎ। অণু (সূক্ষ্ম) ভা (দীপ্তি) যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।
অণুমাত্র—অল্পপরিমাণ; বিন্দুমাত্র। অণু+মাত্রচ্ পরিমাণার্থে; বা, অণু মাত্রা যাহার, বহু। বিণ। স্ত্রী, -ত্রী, -ত্রা।
অণুমাত্রা—সংগীতচ্ছন্দে একমাত্রার অষ্টম ভাগ। বাংপ্র। বি।
অণুমাত্রিক—অল্পপরিমাণ; অতিক্ষুদ্র; অতি সূক্ষ্ম। অণুই মাত্রা, কর্মধা; অণুমাত্রা+ইক (ঠন্)। বিণ।
অণুরাশি—(বীজ) ক্ষুদ্ররাশি। কর্মধা। বি; পুং।
অণুরেণু—অতি সূক্ষ্ম কণা; ধূলিকণা। কর্মধা। বি; পুং বা স্ত্রী।
অণোরণীয়ান্—অণু হইতেও ছোট, ছোট হইতেও ছোট। অণোঃ (সং ৫মী বিভক্তি)+অণীয়ান্। বিণ।
অণ্ড—ডিম্ব; মুষ্ক; শুক্র; গোলাকার বস্তু। অম্+ ঔণাদিক ড করণ। বি; ক্লী।
অণ্ডক—অণ্ডকোষ; ছোট ডিম। অণ্ড+কন্ স্বার্থে। বি; পুং।
অণ্ডকোশ, -কোষ—মুষ্ক, বৃষণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অণ্ডজ—১। ডিম্বোৎপন্ন, ডিম্বজাত ('— প্রাণী'), oviparous. বিণ। ২। যে প্রাণীর ডিম হইতে জন্ম হয়—পক্ষী, সর্প, মৎস্য, কুম্ভীর ইঃ। উপতৎ: অণ্ড—জন্+ড কর্তৃ। বি; পুং।
অণ্ডবর্ধন, -বৃদ্ধি—কুরণ্ড, hydrocele. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।
অণ্ডলালা—ডিম্বের মধ্যস্থিত শুভ্রবর্ণ অংশ, albumen; জীবদেহের বা উদ্ভিদের লালাসদৃশ শ্বেত অংশ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অণ্ডাকর্ষণ—দামড়া করণ, অণ্ডকোষ হইতে অণ্ড বহিষ্করণ; ব্যর্থকরণ। অণ্ডের আকর্ষণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অণ্ডাকার, -কৃতি—ডিম্বের ন্যায় আকারবিশিষ্ট, ডিম্বাকার, oval. অণ্ডের আকারের, আকৃতির ন্যায় আকার, আকৃতি যাহার, বহু। বিণ।
অণ্ডাশয়—স্ত্রীজননযন্ত্র, ডিম্বাশয়, ovary. অণ্ডের আশয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অত—১। ঐ-পরিমাণ, প্রচুর-পরিমাণ; বহুল। বিণ। ২। আধিক্য; প্রাচুর্য; ঐ-পরিমাণ দ্রব্য। <ইয়ৎ। বি।
অতএ, অতয়ে—অতএব, অতঃপর। প্রা কপ্র। অ।
অতএব—এই কারণে, সুতরাং, কাজেকাজেই। অতঃ+ এব। অ (নিশ্চয়ার্থক)।
অতঃপর—পশ্চাৎ, ইহার পর। অতঃ (ইহা হইতে) পর, সুপ্। ক্রি-বিণ।
অতট—১। নদী প্রঃর আড়রী বা আড়ুলি; পর্বতাদির উচ্চস্থান, ভৃগুপ্রদেশ; পর্বতাদির খাড়া পার্শ্বদেশ, precipice; ভূমির অধোভাগ। বি; পুং। ২। খাড়া; তটশূন্য; অসীম। ন (নাই) তট যেখানে, বহু। বিণ।
অতথ্য—১। মিথ্যা, অলীক। ন (নাই) তথ্য (যাথার্থ্য) যাহাতে, বহু। বিণ। ২। মিথ্যা বিষয়। নঞ্‌তৎ। বি; ক্লী।
অতদ্‌গুণ—১। অর্থালংকার বিঃ। বি; পুং। ২। সেই গুণে হীন। ন (নাই) তদ্‌গুণ যাহাতে, বহু। বিণ।
অতদ্‌গুণসংবিজ্ঞান—(ব্যাক) একপ্রকার বহুব্রীহি সমাস। তদ্‌গুণের সংবিজ্ঞান (বোধন) আছে যাহাতে, বহু; ন তদ্‌গুণসংবিজ্ঞান, নঞ্‌তৎ। বি; পুং।
অতনিমা (-মন্)—অক্ষীণতা; স্থূলতা; বিশালতা। নঞ্‌তৎ। বি; পুং।
অতনু—১। কামদেব, অনঙ্গ। বি; পুং। ২। দেহ-শূন্য, অশরীরী। ন (নাই) তনু যাহার, বহু। ৩। অকৃশ, স্থূল; বিপুল; বিশাল। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **অতনু, অতন্বী**।
অতন্দ্র—তন্দ্রাশূন্য; জাগরিত; অবহিত; অনলস; কার্যে উৎসাহবিশিষ্ট; সতর্ক; মনোযোগী। ন (নাই) তন্দ্রা যাহার, বহু। বিণ।
অতন্দ্রিত—অনলস; কার্যে উৎসাহবিশিষ্ট; সতর্ক; অবিরাম। নঞ্‌তৎ। বিণ।
অতন্দ্রী (-ন্দ্রিন্)—নিদ্রাহীন; অনলস; সতর্ক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-ন্দ্রিণী**।
অতমিত—অস্তমিত। প্রা কপ্র। বিণ।
অতয়ে—'অতএ' দ্রঃ।
অতরণীয়—অনুত্তার্য। নঞ্‌তৎ। বিণ।
অতর্ক—অসাবধানতা; কুতর্ক; বাজে কথা কাটাকাটি। নঞ্‌তৎ। বি; পুং।
অতর্কণীয়, অতর্ক্য—অচিন্তনীয়; যাহা তর্ক দ্বারা স্থির করিতে পারা যায় না এরূপ; বাদানুবাদের অযোগ্য; যাহা ঘটিবে বলিয়া পূর্বে অনুমান করিতে পারা যায় না এরূপ। নঞ্‌তৎ। বিণ।
অতর্কিত—অচিন্তিত, অপ্রত্যাশিত, যাহা ঘটিবে বলিয়া চিন্তা করা যায় নাই এরূপ ('— আক্রমণ'); সহসা সংঘটিত; অলক্ষিত। নঞ্‌তৎ। বিণ। ক্রি-বিণ—**অতর্কিতে** (সহসা, অসতর্ক অবস্থায়)।
অতর্ক্য—'অতর্কণীয়' দ্রঃ।
অতর্পণীয়—অতোষণীয়, যাহাকে তৃপ্ত করা যাইতে পারে না এরূপ। নঞ্‌তৎ। বিণ।
অতর্পিত—অতোষিত, যাহাকে তুষ্ট করা হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।
অতল—১। সপ্তপাতালের প্রথম পাতাল; ভূমির অধোভাগ। ইহার (অর্থাৎ পৃথিবীর—ইদম্ শব্দ)

তল, ৬ষ্ঠীতৎ (ইদম্-স্থানে অ, নিপা)। বি; ক্লী। ২। তলরহিত, গভীর। ন (নাই) তল যাহার, বহু। বিণ।

অতলস্পর্শ—অগাধ, অতিগভীর। ন (নাই) তল-স্পর্শ যাহার, বহু। বিণ।

অতলান্তিক—মহাসাগর বিঃ, Atlantic Ocean. বাংপ্র। বি।

অতশত—অতরকম; ঐসব নানা ব্যাপার ('—জানি না')। বাংপ্র। বি বা বিণ।

অতসী—একপ্রকার ফুলের গাছ; মসিনা; শণ। অত্ +অসচ্ অধিবা+ঈপ্। বি; স্ত্রী।

অতি—১। অতীত; অধিক; অসংগত; অসীম; উৎকর্ষ; অতিক্রম; পূজন; অসম্ভাবন; প্রশংসা। অত্+ই কর্তৃ। অ; উপ। ২। উৎকৃষ্ট, বিশিষ্ট। প্রা কপ্র। বিণ।

অতি-আধুনিক—বর্তমান যুগের মধ্যেও যাহা সর্বা-পেক্ষা নূতন এমন, ultra-modern. প্রাদি। বিণ।

অতিকথা—অতিরঞ্জিত কথা; বাজে কথা। প্রাদি। বি; স্ত্রী।

অতিকথিত—অতিরঞ্জিত; যাহা বাড়াইয়া বলা হইয়াছে এরূপ, exaggerated. প্রাদি। বিণ। বি, **-কথন, -কথা**।

অতিকায়—১। রাবণের এক পুত্র। বি; পুং। ২। প্রকাণ্ডদেহবিশিষ্ট, বিশাল। অতিরিক্ত অর্থাৎ বিপুল হইয়াছে কায় যাহার, বহু। বিণ।

অতিকৃচ্ছ্র—১। প্রায়শ্চিত্ত বিঃ। অতিরিক্ত কৃচ্ছ্র, (**কষ্ট**) যাহাতে, বহু। ২। অতিকষ্ট। অতিশয়িত কৃচ্ছ্র, প্রাদি। বি; ক্লী।

অতিকেশ—দীর্ঘ ও প্রচুর কেশবিশিষ্ট। অতিশয়িত কেশ যাহার, বহু। বিণ। স্ত্রী, **-শী, -শা**।

অতিক্রম, -ক্রমণ—সীমালঙ্ঘন, উল্লঙ্ঘন; অধিক হওয়া; উপেক্ষা; বিপরীতাচরণ, অন্যথাচরণ; কর্ম-সমাপ্তির পরেও ক্রিয়াপ্রবৃত্তি। অতি—ক্রম্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

অতিক্রমণীয়, -ক্রম্য—পার হইবার যোগ্য, যাহা ছাড়াইয়া যাওয়া যাইতে পারে এরূপ; যাহা অতিক্রম করা উচিত এরূপ, লঙ্ঘনীয়। অতি—**ক্রম্**+অনীয়, যৎ **কর্ম**। বিণ।

অতিক্রমী (-ক্রমিন্)—অতিক্রামক, লঙ্ঘনকারী। অতিক্রম+ইন্ করে অর্থে। বিণ। **স্ত্রী, -ক্রমিণী**।

অতিক্রান্ত—লঙ্ঘিত; অতীত; যে অতিক্রম করিয়াছে এরূপ; অভিভূত আক্রান্ত; অনাদৃত। অতি—ক্রম্ +**ক্ত** কর্তৃ, কর্ম। বিণ।

অতিক্ষেত্র—(জ্যামি) যন্ত্ররৈখিক ক্ষেত্র বিঃ, অতি-**ক্ষেপণী**, hyperbola. বহু। বি; ক্লী।

অতিক্ষেত্রিক—রাষ্ট্রসীমা অতিক্রমকারী, extra-territorial. বিণ।

অতিখণ্ডিত—অতিমাত্রায় কাটা; যাহার কিনারা অতি-মাত্রায় খাঁজকাটা এমন, pinnatisect. অতিরিক্ত খণ্ডিত. প্রাদি। বিণ।

অতিগ—অতিক্রামক, অতিক্রম করিয়া **গমনকারী**; পারগত, উত্তীর্ণ; **উৎকৃষ্ট**। অতি—**গম্**+ড **কর্তৃ**। বিণ।

অতিগর্ব—অতিশয় **অহংকার**, অত্যন্ত **দর্প**। অতি-শয়িত গর্ব, প্রাদি। বি; পুং।

অতিঘরন্তী—বিবাহের **পূর্বেই** অত্যধিক **গৃহকর্ম**-নিপুণা। বাংপ্র। বি বা বিণ; স্ত্রী।

অতিচর—**অতিক্রমপূর্বক গমনকারী**। অতি—চর্+ অচ্ কর্তৃ। বিণ। **স্ত্রী, -রী**। [বি; **স্ত্রী**।

অতিজগতী—ত্রয়োদশাক্ষরবিশিষ্ট **একপ্রকার ছন্দ**।

অতিজন—১। অসাধারণ। জনকে অতিক্রান্ত, প্রাদি। ২। জনবহুল ('—**সম্প্রদায়**')। অতিরিক্ত জন যাহাতে, বহু। বিণ।

অতিজীবন—অধিকতর **সময়** বাঁচা, উদ্বর্তন, survival প্রাদি। বি; ক্লী।

অতিতপ্ত—খুব গরম **হইয়াছে এমন**, superheated. প্রাদি। বিণ।

অতিতর—অত্যধিক। প্রা কপ্র। বিণ।

অতিতিথি—দুই দিনে এক তিথি পড়িলে শেষ দিনের তিথি। প্রাদি। বি; স্ত্রী। [বি।

অতিথ—আগন্তুক ব্যক্তি, গৃহাগত জন। <অতিথি।

অতিথখানা—অতিথিশালা। বাংপ্র। বি।

অতিথি—অভ্যাগত, আগন্তুক ব্যক্তি, যিনি অকস্মাৎ গৃহস্থগৃহে আশ্রয়ার্থে আসিয়া উপস্থিত হন কিন্তু স্থায়ী ভাবে থাকেন না এরূপ ব্যক্তি। অত্+ইথিন্ বা ইথি কর্তৃ; অথবা ন (নাই) তিথি যাহার, বহু। বি; পুং।

অতিথিকর্ম (-র্মন্), **-ক্রিয়া**—অতিথিসৎকার, অতিথি-সেবারূপ ধর্মকার্য। **মধ্যপ**। বি; **ক্লী, স্ত্রী**।

অতিথিনিয়ন্ত্রণ—অতিথিসংখ্যা সীমিতকরণ, guest control. বি; ক্লী।

অতিথিপরায়ণ—অতিথিসেবক, অতিথিবৎসল। অতিথি হইয়াছে পর (শ্রেষ্ঠ) অয়ন (আশ্রয়) যাহার, বহু। বিণ।

অতিথিপরিচর্যা—অতিথিসেবা। ৬ষ্ঠীতৎ। বি; **স্ত্রী**।

অতিথিবৎসল—আতিথেয়, অতিথিদিগের প্রতি অনু-রাগসম্পন্ন। অতিথিতে বৎসল, ৭মীতৎ। বিণ।

অতিথিশালা—পান্থনিবাস। ৬ষ্ঠীতৎ, ৪র্থীতৎ (বাং)। বি; স্ত্রী।

অতিথিসৎকার—অভ্যাগতজনের অভ্যর্থনা, অতিথি-পরিচর্যা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অতিথিসেবন, -সেবা—অভ্যাগতসৎকার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।

অতিদর্প—অত্যধিক গর্ব। প্রাদি। বি; পুং।

অতিদর্পী (-র্পিন্)—অতিশয় অহংকারী। প্রাদি। বিণ। স্ত্রী, **-র্পিণী**।

অতিদাতা (-দাতৃ)—অতিশয় বদান্য, অপরিমিতরূপে দানশীল। প্রাদি। বিণ। স্ত্রী, **-দাত্রী**।

অতিদান—সম্ভবাতিরিক্ত দান, অপরিমিত দান। অতিরিক্ত দান, প্রাদি। বি; ক্লী।

অতিদাহ—অতিশয় তাপ; অত্যধিক গা-জ্বালা; খুব পোড়া। প্রাদি। বি; পুং।

অতিদিষ্ট—ভিন্ন বস্তুর ধর্মপ্রাপ্ত; এক বিষয় হইতে অন্য বিষয়ে আরোপিত; স্থানান্তর হইতে প্রাপ্ত; অন্যের সহিত উপমিত; অবাস্তব বা আরোপিত ধর্মবিশিষ্ট; অতিদেশপ্রাপ্ত; রদ-করা, বাতিল-করা, overruled. অতি—দিশ্‌+ক্ত কর্ম। বিণ। স্ত্রী, -ষ্টা।

অতিদুর্গত—অতিশয় দরিদ্র, নিতান্ত দীন; অত্যন্ত দুরবস্থাপন্ন, অত্যন্ত বিপদ্‌গ্রস্ত। প্রাদি। বিণ।

অতিদূর—১। অত্যন্ত দূর; সম্পূর্ণ ভিন্ন; নিঃসম্পর্ক; ঘনিষ্ঠতারহিত; যথাযোগ্য ব্যবহার-শূন্য। বিণ। ২। অত্যন্ত ব্যবধান; সম্পূর্ণ ভিন্নতা; নিঃসম্পর্কতা; অঘনিষ্ঠতা। প্রাদি। বি; ক্লী।

অতিদেশ—একস্থানের নিয়ম বিধি প্রঃ অন্যত্র আরোপ; (ব্যাক) সূত্রের ছয় প্রকার লক্ষণের মধ্যে একটি। অতি—দিশ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।

অতিদৈব, -দৈবিক—দেবতাদিগেরও অসাধ্য; সম্পূর্ণ ক্ষমতাতীত। দৈবকে, দৈবিককে অতিক্রান্ত, প্রাদি। বিণ। স্ত্রী, -বী, -বিকী। [ক্রি-বিণ।

অতিদ্রুত—খুব তাড়াতাড়ি; খুব জোরে। প্রাদি।

অতিনিমিষ, -নৈমিষ—পলকহীন। অতিক্রান্ত নিমিষকে, নৈমিষকে, প্রাদি। বিণ।

অতিনীল—১। গাঢ় নীলরঙের। বিণ। ২। গাঢ় নীল বর্ণ। প্রাদি। বি; পুং।

অতিনৈতিকতা—নীতির প্রতি অতিরিক্ত নিষ্ঠা, puritanism. প্রাদি। বি; স্ত্রী।

অতিপত্তি—অনিষ্পত্তি, অমীমাংসা; তামাদি, মেয়াদ-শেষ, lapse; অতিক্রম। অতি—পদ্‌+ক্তি ভাব। বি; স্ত্রী। [পুং।

অতিপর—পরম শত্রু; একেবারে পর। প্রাদি। বি;

অতিপরোক্ষ—দৃষ্টিবহির্ভূত; অতিশয় দূরে অবস্থিত, far out of sight. প্রাদি। বিণ।

অতিপাত—অতিক্রম; উল্লঙ্ঘন; যাপন; কর্তব্যে অনাদর; অকর্তব্যে যত্ন; ক্ষতি। অতি—পত্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।

অতিপাতক—পুরুষের পক্ষে মাতা দুহিতা পুত্রবধূতে সংগমরূপ ত্রিবিধ গুরুতর পাপ এবং স্ত্রীলোকের পক্ষে পুত্র পিতা ও শ্বশুর সহ সংগমরূপ তিন প্রকার গুরুতর পাপ। অতিশয়িত পাতক, প্রাদি। বি; ক্লী।

অতিপূর্তি—তরল পদার্থে যতটুকু অন্য পদার্থ দ্রব হইতে পারে তাহার বেশী হওয়া, supersaturation. প্রাদি। বি; স্ত্রী।

অতিপ্রজতা, -প্রজন—জনাধিক্য; জনবহুলতা, over-population. প্রাদি। বি; স্ত্রী, পুং।

অতিপ্রসক্তি, -প্রসঙ্গ—অন্যত্র আসক্তি; অত্যন্ত আসক্তি; অলক্ষ্যে লক্ষণ-গমন, অনির্দিষ্ট বস্তুতে লক্ষণের ব্যাপ্তি; অত্যধিক উক্তি; বারংবার উক্তি; অত্যধিক আলোচনা; আধিক্য, বাড়াবাড়ি। অতিশয়িতা প্রসক্তি, অতিশয়িত প্রসঙ্গ, প্রাদি। বি; স্ত্রী, পুং।

অতিপ্রাকৃত—অসাধারণ, অস্বাভাবিক; অপ্রাকৃতিক, অনৈসর্গিক, supernatural. প্রাকৃতকে অতিক্রান্ত, প্রাদি। বিণ।

অতিবড়—অত্যন্ত বৃহৎ; খুব বেশী ("অতিবড় বৃদ্ধ পতি"—ভারত); সর্বজ্যেষ্ঠ; সর্বোত্তম; কঠিনতম; অত্যুচ্চ। অত্যধিক বড় (<সং 'বড্র'), প্রাদি। বিণ।

অতিবর্তন—উল্লঙ্ঘন, অতিক্রম; অতিবাহন। অতি—বৃত্‌+অনট্‌ ভাব। বি; ক্লী। বিণ, -বর্তনীয়, -বর্তিত, -বর্তী।

অতিবলা—১। বিদ্যা বিঃ। [বিশ্বামিত্র মুনি কৃশাশ্ব মুনির নিকট ইহা লাভ করেন। তাড়কাদিকে বিনাশের জন্য তিনি রাম-লক্ষ্মণকে এই বিদ্যা শিখান]। অতিরিক্ত হইয়াছে বল যাহার বা যাহা হইতে, বহু+আপ্‌। বি; স্ত্রী। ২। অত্যন্ত বলশালিনী, অধিক সামর্থ্যবতী; অধিক সৈন্যযুক্তা। অতিবল+আপ্‌। বিণ; স্ত্রী।

অতিবাড়—অধিক বাড়াবাড়ি, অত্যন্ত স্পর্ধা; অতিশয় উন্নতি; অত্যন্ত অহংকার। অতিরিক্ত বাড়, প্রাদি। বাংপ্র। বি।

অতিবাদ—অতিরঞ্জিত কথা; অত্যুক্তি; অপ্রিয় বাক্য; অযথা নিন্দাবাক্য। অতি—বদ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং। বিণ, -বাদী।

অতিবাহন—যাপন, কাটানো; অতিক্রম; পর্যটন। অতি—বহ্‌+ণিচ্‌ (=বাহি)+অনট্‌ ভাব। বি; ক্লী।

অতিবাহিত—যাপিত, যাহা কাটানো হইয়াছে এরূপ; অতিক্রান্ত; অতীত। অতি—বহ্‌+ণিচ্‌ (=বাহি)+ক্ত কর্ম। বিণ।

অতিবিষ—১। বিষনাশক। বিষকে অতিক্রান্ত, প্রাদি। ২। তীক্ষ্ণবিষযুক্ত। বহু। বিণ।

অতিবিষা—১। ওষধি বিঃ, আতইচ গাছ, aconite. বি; স্ত্রী। ২। বিষনাশিনী। অতিবিষ (১)+আপ্‌। বিণ; স্ত্রী।

অতিবৃত্ত—অতিক্রান্ত; উদ্বৃত্ত। অতি—বৃত্‌+ক্ত কর্তৃ বা কর্ম। বিণ।

অতিবৃত্তি—১। অতিক্রম; উদ্বর্তন। অতি—বৃৎ+ক্তি ভাব। ২। অধিক বৃত্তি, প্রচুর জীবিকা। অতিরিক্তা বৃত্তি, প্রাদি। বি; স্ত্রী।

অতিবৃদ্ধ—খুব বুড়া; যে খুব বাড়িয়াছে এরূপ; অত্যধিক উন্নত। প্রাদি। বিণ।

অতিবৃদ্ধি—অত্যন্ত আধিক্য, খুব বাড়াবাড়ি; অত্যধিক উন্নতি। অতিরিক্তা বৃদ্ধি, প্রাদি। বি; স্ত্রী।

অতিবৃষ্টি—প্রয়োজনাধিক বর্ষণ; শস্যহানিকর অতিরিক্ত বারিপাত। অতিরিক্তা বৃষ্টি, প্রাদি। বি; স্ত্রী।

অতিবেগনী, -বেগুনী—সূর্যরশ্মিতে যে সাতটি রং আছে তন্মধ্যে বেগুনী ও নীলের মধ্যবর্তী, ultra-violet. অতিক্রান্ত বেগনীকে, বেগুনীকে, প্রাদি। বাংপ্র। বিণ।

অতিবেল—১। অত্যন্ত; অসীম; সীমাতিক্রান্ত; বেলাভূমি অতিক্রমকারী। বেলাকে অতিক্রান্ত,

প্রাদি। বিণ। ২। বেলাতিক্রম, সময়াতিরেক। বেলার অত্যয় বা অতিক্রম, অব্যয়ী। বি; ক্লী।
অতিব্যয়—অমিতব্যয়, খুব বেশী খরচ। প্রাদি। বি; পুং। বিণ, **-ব্যয়ী** (-য়িন্)।
অতিভক্তি—অতিশয় অনুরাগ, বেশী ভালবাসা; মাত্রার অতিরিক্ত ভক্তি; কপটভক্তি। অতিশয়িতা ভক্তি, প্রাদি। বি; স্ত্রী।
অতিভুজ—সমকোণী ত্রিভুজে সমকোণের বিপরীত বাহু, hypotenuse. প্রাদি। বি।
অতিভোক্তা (-ভোক্তৃ)—পেটুক; পরিমাণাতিরিক্ত ভোজনকারী। প্রাদি। বিণ। স্ত্রী, **-ক্ত্রী**।
অতিভোজন—অপরিমিত আহারগ্রহণ। অতিরিক্ত ভোজন, প্রাদি। বি; ক্লী।
অতিভোজী (-ভোজিন্)—অতিভোক্তা (তাহা দ্রঃ)। অতি—ভুজ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-জিনী**।
অতিমন্দা—বাজার-দরের আকস্মিক পতন, slump. প্রাদি। বি।
অতিমাত্রা—১। অত্যধিক পরিমাণ। প্রাদি। বি; স্ত্রী। ২। অধিক-পরিমাণযুক্তা। অতিমাত্র+আপ্। বিণ; স্ত্রী।
অতিমান—১। অনুচিত অভিমান; অস্বাভাবিকরকম আত্মগৌরব। অতিরিক্ত মান, প্রাদি। বি; পুং। ২। প্রমাণাতিরিক্ত; পরিমাণাধিক। মানকে অতিক্রান্ত, প্রাদি। বিণ।
অতিমানব—অতিমানুষ (তাহা দ্রঃ)।
অতিমানবিক—'অতিমানুষিক' দ্রঃ।
অতিমানস—মনের অতীত; ধারণার বহির্ভূত। মানসকে অতিক্রান্ত, প্রাদি। বিণ।
অতিমানুষ—১। অমানুষিক, অলৌকিক, লোকাতীত, superhuman. বিণ। ২। মহামানব, superman. অতিক্রান্ত মানুষকে, প্রাদি। বি; পুং। স্ত্রী, **-ষী**।
অতিমানুষিক, -মানবিক—অমানুষিক, অলৌকিক। অতিক্রান্ত মানুষিককে, মানবিককে, প্রাদি। বিণ। স্ত্রী, **-কী**।
অতিমায়—মায়াতীত, মায়া হইতে মুক্ত; সংসার-নির্মুক্ত, বিষয়বাসনাবিহীন। মায়াকে অতিক্রান্ত, প্রাদি। বিণ।
অতিমিত—১। অপরিমিত; খুব বেশী। প্রাদি। ২। শূন্য। নঞ্‌তৎ। বিণ।
অতিমৃত্যু—১। মরণাতীত, অমৃত। বিণ। ২। মোক্ষ, মুক্তি। মৃত্যুকে অতিক্রান্ত, প্রাদি। বি; পুং।
অতিযোগ—আধিক্য; অত্যধিক যোগ; অতিশয় নিঃসরণ। প্রাদি। বি; পুং।
অতিরঞ্জন—সত্য হইতে অধিক বর্ণনা, বর্ণনা মনোহারী করিবার জন্য মিথ্যা অত্যুক্তি। প্রাদি। বি; ক্লী। ·[('—কথা')। প্রাদি। বিণ।
অতিরঞ্জিত—সত্য হইতে অতিরিক্ত ভাবে বর্ণিত
অতিরথ—যোদ্ধা বিঃ, অসংখ্য যোদ্ধার সহিত একাকী যুদ্ধ করিতে সমর্থ এরূপ বীর। অতি (অর্থাৎ জয়াতীত) রথ যাহার, বহু। বি; পুং।
অতিরিক্ত—বাড়তি, প্রয়োজনের বেশী, surplus ; অত্যধিক; ভিন্ন· শ্রেষ্ঠ; শূন্য; উন্নত। অতি—রিচ্+ক্ত কর্তৃ। বিণ।
অতিরূপ—১। অতি সুন্দর। বহু। ২। অমূর্ত। অতিক্রান্ত রূপকে, প্রাদি। বিণ। ৩। অপরূপ সৌন্দর্য। অতিশয়িত রূপ, প্রাদি। বি; ক্লী।
অতিরেক—আধিক্য; প্রয়োজনাধিক বাহুল্য; প্রাধান্য; প্রাচুর্য, ভেদ। অতি—রিচ্+ঘঞ্ ভাব। বি; পুং।
অতিরেকী (-রেকিন্)—অতিরিক্ত; প্রধান; অতিক্রামক। অতিরেক+ইন্ আছে অর্থে। বিণ।
অতিশয়—১। অত্যন্ত, অতিরিক্ত। অতি—শী+অচ্ কর্তৃ। বিণ। ২। আধিক্য; মহত্ত্ব; উৎকর্ষ। অতি—শী+অচ্ ভাব। বি, পুং। [বিণ।
অতিশয়িত—অত্যন্ত, অধিক। অতি—শী+ক্ত কর্তৃ।
অতিশয়ী (-শয়িন্)—অত্যধিক; বর্ধিত; অতিরিক্ত। অতিশয়+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-য়িনী**।
অতিশয়োক্তি—অধিক বলা, স্বরূপ হইতে অতিরিক্ত বর্ণন; কাব্যের অলংকার বিঃ [উপমানের সহিত উপমেয়ের সম্পূর্ণ সৌসাদৃশ্য বুঝাইবার নিমিত্ত উপমানকেই উপমেয়রূপে বর্ণনা করাকে অতিশয়োক্তি অলংকার বলে। ইংরেজীতে ইহার নাম hyperbole উদাহরণ—"হায় শূর্পণখা।
কি কুক্ষণে দেখেছিলি তুই রে অভাগী,
কাল পঞ্চবটী বনে, কালকূটে ভরা
এ 'ভুজগে।"—মাইকেল]।
অতিশয়িতা উক্তি, কর্মধা, অথবা, অতিশয়িতা উক্তি যাহাতে, বহু। বি; স্ত্রী।
অতিশায়ন—অত্যন্ততা, আধিক্য। অতি—শী+অনট্ ভাব। বি; ক্লী।
অতিশায়ী (-শায়িন্)—অতিক্রমকারী, surpassing ; সর্বোৎকৃষ্ট, সর্বোচ্চ। অতি—শী+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িনী**।
অতিষ্ঠ—এক স্থানে অবস্থান করিতে অসমর্থ, অধীর, উত্ত্যক্ত; উদ্বিগ্ন। ন তিষ্ঠে (√স্থা) যে, উপতৎ। বাংপ্র। বিণ।
অতিষ্ঠা—প্রাধান্য; ঘটনাস্থান বা পদাদির পূর্বতা, precedence. অতি—স্থা+ক্বিপ্ কর্তৃ। বি; পুং।
অতিসর্পণ—গর্ভস্থ ভ্রূণের সঞ্চালন; বুকে হাঁটিয়া চলা, গড়াইয়া বা পিছলাইয়া চলা। অতি—সৃপ্+অনট্ ভাব। বি; ক্লী।
অতিসাগরিক—সাগরের পরপারে অবস্থিত, transmarine ; সমুদ্র অতিক্রমকারী। অতিসাগর+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**।
অতিসার, অতীসার—অত্যন্ত তরল মলনিঃসরণ, উদরাময়। অতি—সৃ+ঘঞ্ ভাব (ই-কার বিকল্পে দীর্ঘ)। বি; পুং।
অতিহ্ন—অতিশয়, অত্যন্ত। প্রা রূপ্র। অ।
অতীত—১। গত, যাহা হইয়া গিয়াছে এরূপ; পূর্বকালীন, past : অতিক্রান্ত; মৃত। বিণ। ২। গত সময়; (ব্যাক) ক্রিয়ার কাল বিঃ। অতি—ই+ক্ত কর্তৃ। বি; ক্লী।

অতীতবেত্তা (-বেতৃ)—ভূতকালজ্ঞ, যে অতীতকালের ঘটনা জানে এমন; প্রাচীন, বৃদ্ধ; অভিজ্ঞ; ইতিহাস-বেত্তা। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-বেত্রী**।

অতীতবেদী (-বেদিন্)—'অতীতবেত্তা' (তাহা দ্রঃ)। উপতৎ; অতীত—বিদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বেদিনী**।

অতীন্দ্রিয়—১। ইন্দ্রিয়াতীত, চক্ষু কর্ণ প্রঃ দ্বারা যাহা জানিতে পারা যায় না এরূপ; পরোক্ষ, অ-প্রত্যক্ষ; গূঢ়, রহস্যময়, mystic ('—জ্ঞান')। বিণ। স্ত্রী, **-য়া**। ২। বিষ্ণু; আত্মা। ইন্দ্রিয়কে অতিক্রান্ত, প্রাদি। বি; পুং।

অতীব—অতিশয়, অধিক। অতি+ইব অবধারণার্থে। অ।

অতীসার—'অতিসার' দ্রঃ।

অতুংগী (-ঙ্গিন্)—(জ্যোতিষে) অনুচ্চস্থানস্থিত, নীচস্থানস্থ ('— গ্রহ')। নঞ্‌তৎ। বিণ।

অতুল—তুলনারহিত, সাদৃশ্যহীন; অপরিমেয়; অতি-সুন্দর। ন (নাই) তুলা (তুলনা) যাহার, বহু। বিণ।

অতুলন—তুলনাহীন; অতিসুন্দর। ন (নাই) তুলনা যাহার, বহু। বিণ।

অতুলনীয়—অতুল, অনুপম। নঞ্‌তৎ। বিণ।

অতুলিত—যাহার তুলনা করা হয় নাই এরূপ; উপমা-হীন; অপরিমিত। নঞ্‌তৎ। বিণ।

অতুল্য—১। অসমান, অসদৃশ। নঞ্‌তৎ। ২। অ-দ্বিতীয়। বহু। বিণ।

অতৃপ্ত—যাহার তৃপ্তি জন্মে নাই এরূপ ('— বাসনা'); অপূর্ণসাধ; অতুষ্ট। নঞ্‌তৎ। বিণ।

অতৃপ্তি—আকাঙ্ক্ষার অচরিতার্থতা; সাধের অ-পূর্ণতা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অত্যজনীয়—অপরিহার্য, অবর্জনীয়। নঞ্‌তৎ। বিণ।

অত্যতি—যারপরনাই, অত্যন্ত, চরম। অতি হইতেও অতি, ৫মীতৎ। অ; বিণ।

অত্যধিক—অত্যন্ত বেশী, অতিশয় অধিক। অতি অধিক, প্রাদি। বিণ।

অত্যন্ত—১। অধিক, খুব বেশী; অসংগত, অনু-চিত। অন্তকে অতিক্রান্ত, প্রাদি। বিণ। ২। সীমাতিক্রম। অন্তের অত্যয়, অব্যয়ী। বি; ক্লী।

অত্যন্তগামী (-গামিন্)—অতিশয় দ্রুতগামী; আত্যন্তিক। উপতৎ; অত্যন্ত—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী**।

অত্যন্তসংযোগ—ব্যাপ্তি। অত্যন্তভাবে সংযোগ, সুপ্সুপা। বি; পুং।

অত্যন্তাভাব—সম্পূর্ণ অভাব, একেবারে না থাকা; (ন্যায়মতে) নিত্য সংসর্গাভাব। অত্যন্ত অভাব, কর্মধা। বি; পুং। [বিণ।

অত্যান্তিক—অতিগমনকারী। অত্যন্ত+ইক (ঠন্)।

অত্যন্তীন—অতিশয় দ্রুতগামী, অতিবেগবান্। অত্যন্ত+ঈন (খ)। বিণ।

অত্যয়—বিনাশ, ধ্বংস, লোপ; মৃত্যু; ক্ষতি, অপচয়; তিরোভাব; অতিক্রম; দোষ; দণ্ড; দুঃখ; অবিলম্বে প্রতিবিধেয় আকস্মিক সংকট, emergency. অতি—ই+অচ্ ভাব। বি; পুং।

অত্যয়িত—বিনষ্ট; মৃত; তিরোহিত; অতিক্রান্ত। অত্যয়+ইত জাতার্থে। বিণ।

অত্যল্প—অত্যন্ত কম, যৎকিঞ্চিৎ। অতিশয়িত অল্প, প্রাদি। বিণ।

অত্যশন—অতিশয় ভোজন, অতিরিক্ত আহার। অতি-রিক্ত অশন, প্রাদি। বি; ক্লী।

অত্যহিত—১। অতিশয় অমঙ্গল; অতিশয় ক্ষতি। বি; ক্লী। ২। অতিশয় অশুভজনক; অত্যন্ত ক্ষতিকর। অতিশয় অহিত, প্রাদি। বিণ।

অত্যাগসহন—যে বিরহ সহ্য করিতে পারে না এমন। নঞ্‌তৎ। বিণ।

অত্যাচার—কুব্যবহার; উৎপীড়ন; উপদ্রব; অপরি-মিত আহার বিহার পরিশ্রম ইঃ। অতি—আ—চর্+ঘঞ্ ভাব। বি; পুং।

অত্যাচারিত—উৎপীড়িত। অত্যাচার+ইত। বিণ।

অত্যাচারী (-চারিন্)—উৎপীড়ক, অত্যাচারকারী। অতি—আ—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-রিণী**।

অত্যাজ্য—অপরিহার্য, অপরিত্যাজ্য। নঞ্‌তৎ। বিণ।

অত্যাদর—অত্যধিক আদর বা যত্ন। প্রাদি। বি; পুং।

অত্যাবশ্যক—অত্যন্ত দরকারী। অত্যন্ত আবশ্যক, প্রাদি। বিণ। স্ত্রী, **-কী**।

অত্যায়ত—অতিপ্রশস্ত, অতিবিস্তৃত। প্রাদি। বিণ।

অত্যারূঢ়—অতিশয় বৃদ্ধিপ্রাপ্ত; অত্যুন্নত। অতি—আ—রুহ্+ক্ত কর্তৃ। বিণ। বি—**অত্যারূঢ়ি, অত্যা-রোহণ, অত্যারোহ**।

অত্যাশা—অপূরণীয় আশা, দুরাকাঙ্ক্ষা। অতিরিক্ত আশা, প্রাদি। বি; স্ত্রী।

অত্যাশ্চর্য—অত্যন্ত বিস্ময়কর, অতিশয় অদ্ভুত। অতিরিক্ত আশ্চর্য, প্রাদি। বিণ।

অত্যাসক্ত—অত্যন্ত আসক্ত, নিতান্ত অনুরক্ত। অতি-রিক্ত আসক্ত, প্রাদি। বিণ। বি, **-সক্তি**।

অত্যাসংগ—অতিশয় অনুরাগ বা আসক্তি, অত্যন্ত ঘনিষ্ঠতা। প্রাদি। বি; পুং।

অত্যাসন্ন—অতি নিকটবর্তী। প্রাদি। বিণ।

অত্যাহার—অতিভোজন; অতিরিক্ত খাদ্যদ্রব্য। প্রাদি। বি; পুং। বিণ, **-হারী** (-রিন্)।

অত্যাহিত—অত্যন্ত অশুভ, অমঙ্গল; মহাভয়; ভীষণ বিপদ্। অতি—আ—ধা+ক্ত অধি। বি; ক্লী।

অত্যুক্তি—অধিক বলা, অতিরঞ্জিত বাক্যকথন, exaggeration; অতি উৎকট বর্ণনা; অসম্ভব উক্তি। অতিশয়িতা উক্তি, বা, উক্তিকে অতিক্রান্তা, প্রাদি। বি; স্ত্রী।

অত্যুগ্র—অতি ভীষণ; অত্যন্ত প্রখর; অতিশয় রুক্ষ। অতিরিক্ত উগ্র, প্রাদি। বিণ।

অত্যুচ্চ—অতিশয় উন্নত; অতিশয় অহংকারী। অতি-শয় উচ্চ, প্রাদি। বিণ।

অত্যুচ্ছ্বাস—অত্যন্ত বৃদ্ধি; অতি প্রকোপ; প্রবৃদ্ধ

ভাবের আবেগ। অতিরিক্ত উচ্ছ্বাস, প্রাদি। বি; পুং।
অত্যুজ্জ্বল—অতিশয় জ্যোতির্ময়, অত্যন্ত তৈজসঃ-সম্পন্ন, অতীব দীপ্তিমান্। অতিশয় উজ্জ্বল, প্রাদি। বিণ।
অত্যুৎকট—অতি ভয়ানক, অত্যন্ত উগ্র। অতিশয় উৎকট, প্রাদি। বিণ।
অত্যুৎকৃষ্ট—অতি উত্তম, খুব ভাল। অতিশয় উৎকৃষ্ট, প্রাদি। বিণ। [উত্তম, প্রাদি। বিণ।
অত্যুত্তম—অতিশয় উৎকৃষ্ট, অত্যন্ত ভাল। অতিশয়
অত্যুৎপাদন—শ্রমশিল্প কৃষি ইত্যাদি দ্বারা প্রয়োজনের অধিক নির্মাণ করা বা জন্মানো, over-production. প্রাদি। বি; ক্লী।
অত্যুদাত্ত—খুব বেশী ঝোঁক দিয়া উচ্চারিত বা প্রকাশিত (শব্দাদি)। প্রাদি। বিণ। বি, -**ত্তি**।
অত্যুষ্ণ—অতিশয় গরম। প্রাদি। বিণ।
অত্যূর্মি—বুদ্বুদানো; টগবগানি, bubbling over. প্রাদি। বি; স্ত্রী।
অত্র—১। এই স্থানে, এইখানে। ইদম্ বা এতদ্+৭মী-স্থানে ত্রল্। অ। ২। এই ('—অবস্থায়')। বাংপ্র। বিণ।
অত্রত্য—এতদ্দেশীয়; এইস্থানে উৎপন্ন; এই স্থানের। অত্র+ত্য ভবার্থে। বিণ।
অত্রস্ত—অশঙ্কিত, আতঙ্কশূন্য। নঞ্‌তৎ। বিণ।
অত্রস্থ—এইস্থানে বিদ্যমান, এখানকার। অত্র—স্থা+ক কর্তৃ। বিণ।
অথই—অতল, অগাধ, অতিগভীর ('—জল')। ন (নাই) থই (<স্থলী) যেখানে, বহু। বিণ।
অথচ—আরও, অধিকন্তু, কিন্তু, তৎসত্ত্বেও। অথ (সমুচ্চয়ে)+চ (ও,—সমর্থনে)। অ।
অথবা—কিংবা, পক্ষান্তরে। অথ—বা+ক্বিপ্ কর্তৃ। অ।
অথর্ব (-র্বন্)—১। অথর্ববেদ, চতুর্থ বেদ। অথ (মঙ্গল)—ঋ+বনিপ্ কর্তৃ। বি; ক্লী। ২। রোগ বা বার্ধক্যাদি কারণে চলনাদিসামর্থ্যহীন। অথ (সংশয়)—ঋ+বনিপ্ কর্তৃ। ৩। অকর্মণ্য; জরাগ্রস্ত। বাংপ্র। বিণ।
অথর্বা (-র্বন্)—বেদের ব্রাহ্মণভাগ; বশিষ্ঠ; ঋষি বিঃ। অথ—ঋ+বনিপ্ কর্তৃ। বি; পুং।
অথল—অতল, সুগভীর, অগাধ ('—জল')। প্রাকপ্র। বিণ।
অথির, অথীর—অধীর, উদ্বিগ্ন; চঞ্চল ('—বিজুরী')। <অস্থির। বিণ।
অদক্ষ—অনিপুণ, অকুশল। নঞ্‌তৎ। বিণ।
অদড়—অকঠিন, কোমল; বিচলিত, চঞ্চল; স্থবির, বৃদ্ধ; চলচ্ছক্তিশূন্য; অপটু; অনিপুণ। নঞ্‌তৎ। <অদৃঢ়। বিণ।
অদণ্ডনীয়, অদণ্ড্য—শাস্তির অযোগ্য, দণ্ডভোগের অনুপযুক্ত। নঞ্‌তৎ। বিণ।
অদত্ত—যাহা দেওয়া হয় নাই এরূপ, অনর্পিত; ভয় ক্রোধ শোক রোগ প্রঃ হেতু অবৈধভাবে দত্ত। নঞ্‌তৎ। বিণ।
অদত্তা—১। যাহাকে পাত্রস্থা করা হয় নাই এরূপ কন্যা, কুমারী। বি; স্ত্রী। ২। অপ্রদত্তা, অনর্পিতা। নঞ্‌তৎ। বিণ; স্ত্রী।
অদন—ভক্ষণ; খাদ্য। অদ্+অনট্ ভাব বা কর্ম। বি; ক্লী।
অদন্ত—১। দন্তহীন, ফোকলা। ন (নাই) দন্ত যাহার, বহু। বিণ। ২। (ব্যাক) অকারান্ত শব্দ, নর দেব প্রঃ শব্দ। অৎ (অকার) অন্তে যাহার, বহু। বি; পুং বা বিণ।
অদন্তী (-দন্তিন্)—দন্তহীন ('—প্রাণী')। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -**ন্তিনী**।
অদমনীয়, অদম্য—দুর্দান্ত; অজেয়; অনিবারণীয়; অপ্রশমনীয়; যাহা কিছুতেই কমে না এমন ('—উৎসাহ'); অতিভীষণ; অত্যন্ত প্রবল। নঞ্‌তৎ। বিণ।
অদমিত—অনিয়ন্ত্রিত; অনিবারিত; অপ্রশমিত। নঞ্‌তৎ। বিণ। [বিণ।
অদরকারী—অনাবশ্যক, বাজে। নঞ্‌তৎ। বাংপ্র।
অদর্শন—১। দর্শনাভাব। নঞ্‌তৎ। বি; ক্লী। ২। অদৃশ্য, অপ্রত্যক্ষ। ন (নাই) দর্শন যাহার, বহু। বিণ।
অদল—দলশূন্য, পত্রশূন্য। ন (নাই) দল (পত্র) যাহার, বহু। বিণ।
অদলবদল—পরস্পরের আদান-প্রদান; বিনিময়, interchange. আ। বি।
অদহনীয়, অদাহ্য—যাহা আগুনে পোড়ে না এমন, incombustible; যাহা পোড়ানো উচিত নয় এমন। নঞ্‌তৎ। বিণ।
অদান—১। কাহাকেও কিছু না দেওয়া; অযোগ্য দান। নঞ্‌তৎ। বি; ক্লী। ২। দানশূন্য; শুল্কবিহীন। বহু। বিণ।
অদিতি—১। পৃথিবী। ন—দো+ক্তি কর্ম। ২। দেবমাতা ও কশ্যপপত্নী। ন—দা+ডিতি কর্তৃ। বি; স্ত্রী। [পুং।
অদিতিনন্দন, -পুত্র—ইন্দ্রাদি দেবতা। ৬ষ্ঠীতৎ। বি;
অদিন—অপ্রশস্ত দিবস; অশুভ দিন; (যাত্রাদিকার্যে) অনুপযুক্ত দিন; অসময়; অবনতির সময়। নঞ্‌তৎ। বি; ক্লী।
অদীন—অকাতর; অভাবহীন। নঞ্‌তৎ। বিণ।
অদীনসত্ত্ব—উচ্চাশয়, মহাপ্রাণ; তেজস্বী; দাতা; ধর্মাত্মা। বহু। বিণ।
অদীর্ঘসূত্র, -সূত্রী (-সূত্রিন্)—ক্ষিপ্রকারী; লঘুহস্ত। নঞ্‌তৎ। বিণ।
অদূর—১। সন্নিহিত, নিকটস্থ; অল্পদূরবর্তী। বিণ। ২। নিকট, সমীপ। নঞ্‌তৎ। বি; ক্লী।
অদূরগামী (-গামিন্)—নিকটবর্তী, সন্নিহিত; যাহা শীঘ্রই ঘটিবে এমন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -**গামিনী**।
অদূরদর্শী (-দর্শিন্)—অপরিণামদর্শী; ভাবিফল বিষয়ে উদাসীন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -**দর্শিনী**। বি, -**দর্শিতা**।

অদূরবদ্ধদৃষ্টি—বেশী দূরে দেখিতে না পাওয়া, short-sightedness. অদূরে বদ্ধা, ৭মীতৎ; অদূরবদ্ধা যে দৃষ্টি, কর্মধা। বি; স্ত্রী।

অদূরবর্তী (-বর্তিন্)—সন্নিহিত, নিকটস্থ। উপতৎ; অদূর—বৃৎ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বর্তিনী**। বি, **-বর্তিতা**।

অদূরভবিষ্যৎ—অতি নিকটবর্তী আগামী সময়। নঞ্তৎ। বি; পুং। [বিণ।

অদূরস্থ—নিকটস্থ। উপতৎ; অদূরে—স্থা+ক কর্তৃ।

অদৃশ্য—দর্শনাতীত, দৃষ্টির অগোচর, অন্তর্হিত, invisible ('— বিচারক')। নঞ্তৎ। বিণ।

অদৃষ্ট—১। ভাগ্য, নিয়তি, fate. বি; ক্লী। ২। দৃষ্টিবহির্ভূত। নঞ্তৎ। বিণ। **অদৃষ্টের পরিহাস** —ভাগ্যের বিড়ম্বনা, irony of fate.

অদৃষ্টক্রমে—ভাগ্যবশতঃ। ৬ষ্ঠীতৎ। বি: ক্রি-বিণ অর্থে ৭মী।

অদৃষ্টচর, -পূর্ব—যাহা পূর্বে কখনও দেখা যায় নাই এরূপ, অলক্ষিতপূর্ব। অদৃষ্ট+চরট্ ভূতপূর্বার্থে; পূর্বে অদৃষ্ট, সুপ্সুপা। বিণ।

অদৃষ্টপরায়ণ—অদৃষ্টবাদী; ভাগ্যের উপর নির্ভরকারী। অদৃষ্ট হইয়াছে পরায়ণ (শ্রেষ্ঠ গতি) যাহার, বহু। বিণ।

অদৃষ্টপরীক্ষা—ভাগ্যপরীক্ষা, ভাগ্যের শুভাশুভ যাচাই করিয়া দেখা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অদৃষ্টপুরুষ—ভাগ্যবিধাতা। অদৃষ্টনিয়ামক পুরুষ, মধ্যপ। বি; পুং।

অদৃষ্টপূর্ব—'অদৃষ্টচর' দ্রঃ।

অদৃষ্টবাদ—ভাগ্যপরায়ণতা, ভাগ্যে যাহা আছে তাহাই হইবে—এরূপ মতবাদ, fatalism. অদৃষ্টাত্মক বাদ, মধ্যপ। বি; পুং।

অদৃষ্টবাদী (-বাদিন্)—ভাগ্যপরায়ণ, ভাগ্যে যাহা আছে তাহাই হইবে এইরূপ উক্তিকারী। উপতৎ; অদৃষ্ট—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিনী**।

অদৃষ্টবিৎ (-বিদ্)—ভাগ্যের শুভাশুভ যিনি বলিতে পারেন এমন, fatalist. উপতৎ; অদৃষ্ট—বিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ।

অদৃষ্টবিদ্যা—ভাগ্যপরীক্ষাবিষয়িণী বিদ্যা, সামুদ্রিক বিদ্যা। অদৃষ্টবিষয়িণী বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।

অদৃষ্টলিপি—কপালের লেখা [নবজাত শিশুর জন্মকালে বিধাতাপুরুষ অলক্ষিতে তাহার অদৃষ্টে যেরূপ লিখিয়া দেন, তদনুসারে তাহার জীবন নিয়ন্ত্রিত হয়,—এইরূপ বিশ্বাস হইতে উৎপন্ন শব্দ]। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বিণ।

অদৃষ্টাধীন, -আয়ত্ত—দৈবাধীন, নিয়তির বশীভূত।

অদেখা—১। অদৃষ্ট, অলক্ষিত, যাহা দেখা হয় নাই এরূপ; দৃষ্টির অগোচর। বিণ। ২। না দেখা, অদর্শন। ন দেখা, নঞ্তৎ। বাংপ্র। বি।

অদেবমাতৃক—যেখানে দৈবসংঘটিত বৃষ্টিজলের উপর কৃষিকার্য নির্ভর করে না এরূপ ('— দেশ')। নঞ্তৎ। বিণ।

অদেয়—দেওয়ার অযোগ্য, যাহা দিতে পারা যায় না বা দেওয়া উচিত নয় এরূপ। নঞ্তৎ। বিণ।

অদ্বয়—১। ব্রহ্ম। বি; ক্লী। ২। দ্বিতীয়শূন্য, যাহার সদৃশ আর নাই এরূপ। বহু। বিণ।

অদ্বয়বাদ—বিশ্বের যাবতীয় বস্তু এবং জীবসমূহ পরমাত্মস্বরূপ ঈশ্বর হইতে অভিন্ন এইরূপ মতপ্রকাশ বা উক্তি, অদ্বৈতবাদ। অদ্বয়াত্মক বাদ, মধ্যপ। বি; পুং।

অদ্বয়বাদী (-বাদিন্)—অদ্বৈতবাদী, একব্রহ্মবাদী। উপতৎ; অদ্বয়—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিনী**।

অদ্বিতীয়—১। ব্রহ্ম। বি; ক্লী। ২। দ্বিতীয়রহিত, যাহার সদৃশ অপর নাই এরূপ, অসমকক্ষ; অসাধারণ। বহু। বিণ।

অদ্বৈত—১। ব্রহ্ম। বি; ক্লী। ২। দ্বৈতরহিত, ভেদবিহীন। ন (নাই) দ্বৈত (দ্বিতীয়) যাহার, বহু। বিণ।

অদ্বৈতবাদ—অদ্বয়বাদ (তাহা দ্রঃ)।

অদ্বৈতবাদী (-বাদিন্)—অদ্বয়বাদী (তাহা দ্রঃ)। উপতৎ; অদ্বৈত—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিনী**।

অদ্বৈতানন্দ — ১। বেদান্তসার-প্রণেতা সদানন্দের গুরু। অদ্বৈতে আনন্দ যাঁহার, বহু। ২। ব্রহ্মজ্ঞানজনিত আনন্দ, ব্রহ্মানন্দ। মধ্যপ। বি; পুং।

অদ্ভুত—১। কাব্যের রস বিঃ (ইহার স্থায়ী ভাব বিস্ময়)। বি; পুং। ২। বিস্ময়। অৎ (আশ্চর্যরূপে)—ভূ অথবা ভা+ডুতচ্ কর্তৃ। বি; ক্লী। ৩। বিস্ময়জনক; আকস্মিক; সৃষ্টিছাড়া, অপরূপ, queer. অদ্ভুত (২)+অচ্ বিশিষ্টার্থে। বিণ।

অদ্ভুতকর্মা (-কর্মন্)—অপরূপকার্যকারী, যে বিস্ময়কর কার্য করে এরূপ। বহু। বিণ।

অদ্ভুতরস—নবরসের অন্তর্গত রস বিঃ [ইহা চিত্তকে বিস্ময়াপ্লুত করে। যথা—

"থির বিজুরী সঞে, চঞ্চল জলধর
রস বরিখয়ে অনিবার।"—গোবিন্দদাস]।

অদ্ভুতনামক রস, মধ্যপ। বি; পুং। [অ।

অদ্য—আজি; সম্প্রতি; এখন। ইদম্+দ্য সপ্তম্যর্থে।

অদ্যকার—আজিকার। অদ্য+কার ৬ষ্ঠী বিভক্তির অর্থে। বাংপ্র। বিণ।

অদ্যতন—অদ্যকার, আজিকার। অদ্য+তন ভবার্থে। বিণ। স্ত্রী, **-তনী**। **অদ্যতন ভূতকাল**—(ব্যাক) যাহা সদ্য ঘটিয়াছে তাহার সময়, present perfect tense.

অদ্যভক্ষ্যধনুর্গুণ—অদ্য খাদ্যের অভাব; হীন অবস্থা, দারিদ্র্য (চলিত ভাষায় ব্যবহৃত হইয়া থাকে); অতিসঞ্চয়শীলতা [হিতোপদেশের 'শৃগাল ও ব্যাধ' নামক গল্প হইতে]। ⟨অদ্যভক্ষ্যো ধনুর্গুণঃ। বি।

অদ্যাপি—আজিও; এখনও। অদ্য+অপি। অ।

অদ্যাবধি—আজি হইতে; আজ পর্যন্ত। অদ্য অবধি, সুপ্সুপা। অ।

অদ্রব—যাহা গলিয়া যায় না এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অদ্রবণীয়, অদ্রাব্য—যাহা গলানো যায় না এমন, insoluble. নঞ্‌তৎ। বিণ। [পুং।

অদ্রি—পর্বত; বৃক্ষ; সূর্য। অদ্+ক্রিন্ কর্তৃ। বি;

অদ্রিতনয়া, -নন্দিনী—পার্বতী; নদী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অদ্রিরাজ—পর্বতরাজ হিমালয়। ৬ষ্ঠীতৎ+টচ্ (অ) সমাসান্ত। বি; পুং।

অদ্রিশ—শিব। উপতৎ; অদ্রি—শী+ড কর্তৃ। বি; পুং।

অদ্রিশিখর, -শৃঙ্গ—পর্বতের চূড়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অদ্রীশ—শিব; হিমালয়। অদ্রির ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অদ্রোহ—অবিদ্বেষ; অবিপক্ষতা; অনিষ্টাচরণহীনতা, অহিংসা; সদ্ব্যবহার। নঞ্‌তৎ। বি; পুং।

অদ্রোহী (-হিন্)—অহিংস; শান্তিপ্রিয়; নিরীহ; সদ্ব্যবহারকারী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-হিণী**।

অধঃ (অধস্)—নিম্নভাগে, অধোভাগে, নিম্নদেশে; নিম্নভাগ। অধর (নিম্নস্থান)+অস্ সম্বন্ধার্থে (র-কারের লোপ)। অ।

অধঃকরণ—নিম্নীকরণ; নিক্ষেপ; তিরস্কারকরণ; পরাজিত করা। অধস্—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।

অধঃকায়—নাভিদেশ হইতে পদতল পর্যন্ত অংশ। অধঃ কায়ের, একদেশী। বি; পুং।

অধঃকৃত—নিম্নীকৃত; নিক্ষিপ্ত; পরাভূত। অধস্—কৃ+ক্ত কর্ম। বিণ।

অধঃক্রম—ক্রমশঃ নিম্নগামী ক্রম বা পরম্পরা, descending order। অধোগামী ক্রম, মধ্যপ। বি; পুং।

অধঃক্ষিপ্ত—অধোদেশে স্থাপিত, নিম্নভাগে নিক্ষিপ্ত: যাহা তলানিরূপে পড়িয়াছে এমন; অধোমুখীকৃত, উপুড়-করা। সুপ্। বিণ।

অধঃক্ষেপ—যাহা তলানিরূপে পড়িয়াছে, precipitate. সুপ্। বি; পুং।

অধঃক্ষেপণ—তলানি পড়া; নীচে জমা হওয়া। সুপ্। বি; ক্লী।

অধঃখাত—খনিতভিত্তি, যাহার ভিত খোঁড়া হইয়াছে এমন, undermined. সুপ্। বিণ।

অধঃপতন—অধোগতি, নৈতিক অবনতি, হীনতা-প্রাপ্তি, উৎসন্নে যাওয়া; নিম্নে পতন। অধঃ পতন, সুপ্। বি; ক্লী।

অধঃপতিত—উৎসন্ন; অবনতিপ্রাপ্ত; নিম্নে পতিত। অধঃ পতিত, সুপ্। বিণ।

অধঃপাত—অধঃপতন। অধঃ পাত, সুপ্। বি; পুং।

অধঃপাতে যাওয়া—নৈতিক অবনতি ঘটা; ধ্বংস পাওয়া।

অধঃপেতে—নরকগত; উৎসন্ন, সর্বনাশগ্রস্ত; মহাপাপী (তিরস্কার অর্থে)। অধঃপাত+এ (বাং প্রত্যয়)। বিণ।

অধঃস্থ—নিম্নস্থ, নিম্নে অবস্থিত, নীচের দিকে অবস্থিত। উপতৎ; অধস্—স্থা+ক কর্তৃ। বিণ।

অধম—হীন, তুচ্ছ, জঘন্য। অধস্+ম ভবার্থে (স-কারলোপ)। বিণ; পুং।

অধমর্ণ—ঋণী, দেনদার। অধম ঋণ যাহার, বহু। বিণ।

অধমাংগ—পদ। কর্মধা। বি; ক্লী।

অধমাধম—অত্যন্ত হীন, অতি নিকৃষ্ট, অতি নীচ। অধম হইতে অধম, ৫মীতৎ। বিণ।

অধম্ম—অধর্ম; বিড়ম্বনা। < অধর্ম। বি।

অধর—১। নীচের ঠোঁট; ঠোঁট। বি; পুং। ২। নীচ; নিম্ন; ধরিবার অযোগ্য বা অতীত। ন—ধৃ+অচ্ কর্ম। বিণ।

অধরপল্লব—কচি পাতার মত নরম ঠোঁট দুইটি। অধর পল্লবপ্রায়, উপমিত। বি; পুং।

অধরপুট—পাতার ঠোঙ্গার মত ঠোঁট দুইটি। রূপক। বি; ক্লী।

অধরপ্রান্ত—ঠোঁটের প্রান্তভাগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অধরমদিরা, -মধু—১। অধরসুধা; মুখামৃত; থুতু। ৬ষ্ঠীতৎ; ২। মুখমদ্য; মুখগৃহীত সুধা। অধর-স্পৃষ্ট মদিরা, মধু, মধ্যপ। বি; স্ত্রী, ক্লী।

অধররস—অধরসুধা, অধরমধু, লালা: ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অধরসুধা, -সীধু—১। মুখমদ্য, মুখগৃহীত সুরা। অধরস্পৃষ্ট সুধা, সীধু, মধ্যপ। ২। লালারস; থুতু। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, পুং।

অধরা—১। যাহাকে ধরা যায় না বা যায় নাই এমন। নঞ্‌তৎ। বাংপ্র। ২। নিম্নস্থা; নিম্নশ্রেণীভুক্তা, হীনা। অধর (২)+আপ্। বিণ।

অধরামৃত—অধররস, অধরসুধা, থুতু। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অধরোষ্ঠ, অধরৌষ্ঠ—উভয় ওষ্ঠ, উপর ও নীচের ঠোঁট। অধর এবং ওষ্ঠের সমাহার, সমা দ্বন্দ্ব। বি; ক্লী। [বি; পুং।

অধর্ম—পাপ, ধর্মবিরুদ্ধ কর্ম; অন্যায়। নঞ্‌তৎ।

অধর্মচারী (-চারিন্), **অধর্মাচারী** (-চারিন্)—অধার্মিক, পাপাচারী, অসৎ কর্মের অনুষ্ঠানকারী ("পরম অধর্মাচারী রঘুকুলপতি"—মাইকেল)। উপতৎ; অধর্ম—চর্, আ—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-রিণী**।

অধর্মনিষ্ঠ—পাপী, পাপাত্মা। নঞ্‌তৎ। বিণ।

অধর্মাচরণ, অধর্মাচার—পাপাচার, অসৎ কার্যানুষ্ঠান। অধর্মের আচরণ, আচার, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং।

অধর্মী (-র্মিন্)—পাপাচারী, ধর্মভ্রষ্ট, অধার্মিক; ধর্মজ্ঞানশূন্য। অধর্ম+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-র্মিণী**। [বিণ।

অধর্ম্য—গর্হিত, ধর্মবিরুদ্ধ, পাপজনক। নঞ্‌তৎ।

অধস্তন—(বংশপরম্পরা, পদমর্যাদা প্রঃতে) নিম্নস্থিত; নিম্নবর্তী ('—কর্মচারী'), lower, subordinate. অধস্ (নিম্নস্থান)+তন ভবার্থে। বিণ। স্ত্রী, **-নী**।

অধস্ত্বক্ (-ত্বচ্)—শরীরচর্মের নিম্নস্থিত সূক্ষ্ম-চর্ম, hypodermis. অধঃ (নিম্নবর্তিনী) ত্বক্, সুপ্। বি; স্ত্রী।

অধাতু—ধাতু ভিন্ন পদার্থ, non-metal. নঞ্‌তৎ। বি; পুং।

অধার্মিক—পাপাচারী, অধর্মরত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-কী** (সং), **-কা** (বাং)।

অধি—উপরি; ঐশ্বর্য; আধিক্য; প্রাধান্য; অতিক্রম; আধিপত্য; অধিকার। ন—ধা+কি ভাব। অ, উপ।

অধিক—১। বেশী, অতিরিক্ত; বলবান্; উত্তম। অধি+ক বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, **-কা**। **২**। অর্থালংকার বিঃ [ইহাতে আধার ও আধেয় এই উভয়ের মধ্যে একের আধিক্য কথিত হইয়া থাকে। যথা—'নারায়ণ সমস্ত জগৎকে আপন উদরে নিক্ষেপ করিয়া যে সমুদ্রে অজ্ঞাত হইয়াই শয়ন করিয়াছিলেন, সেই সমুদ্রের মহিমা অধিক কি বর্ণনা করিব ?'—এস্থলে আধার সমুদ্রের, আধেয় নারায়ণ অপেক্ষা আধিক্য বর্ণনা হেতু অধিকালংকার হইল]। অধি—কৈ+ক কর্তৃ। বি; ক্লী।

অধিকতম—অনেকের মধ্যে বেশী; সর্বাপেক্ষা বেশী। অধিক+তম উৎকর্ষার্থে। বিণ।

অধিকতর—দুইয়ের মধ্যে অধিক; আরও বেশী। অধিক+তর উৎকর্ষার্থে। বিণ।

অধিকন্তু—উপরন্তু, আরও; বেশির ভাগে। অধিকম্+তু। অ।

অধিকম্প—স্পন্দন, beat. প্রাদি। বি; পুং।

অধিকর—সাধারণ করের উপরে কর, অতিরিক্ত কর, super-tax. প্রাদি। বি; পুং।

অধিকরণ—১। আধার; বিচারালয়, court of justice; দ্রব্য; মীমাংসা-দর্শনের গ্রন্থ বিঃ; মীমাংসাশাস্ত্রপ্রসিদ্ধ পঞ্চাঙ্গবোধক বাক্যসমুদায়; (ব্যাক) কারক বিঃ, locative. অধি—কৃ+অনট্ অধি। **২**। অধিকার; আধিপত্য। অধি—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।

অধিকরণিক—ধর্মাধিকারী, বিচারকর্তা। অধিকরণ+ইক (ঠন্) অধিকৃতার্থে। বি; পুং।

অধিকর্তা (-কর্তৃ)—কোনও বিষয়ে পূর্ণ স্বামিত্ব বা আধিপত্যযুক্ত ব্যক্তি, director. প্রাদি। বি; পুং।

অধিকর্ম (-কর্মন্)—তত্ত্বাবধানকার্য, অধ্যক্ষতা। প্রাদি। বি; ক্লী।

অধিকর্মা (-কর্মন্)—অধ্যক্ষ, superintendent. বহু। বি; পুং।

অধিকর্মিক—হাটের তত্ত্বাবধায়ক, হাটের দারোগা, কারখানা ইঃর কোন কর্ম যে বুঝিয়া লয় এবং বুঝাইয়া দেয়, foreman. অধিকর্মন্+ইক্ (ঠন্)। বি; পুং। স্ত্রী, **-কা**।

অধিকাংশ—১। বেশির ভাগ, অনেক অংশ। অধিক অংশ, কর্মধা। বি; পুং। **২**। বহুপরিমাণ, অনেকটা। অধিক অংশ যাহার, বহু। বিণ।

অধিকার—আয়ত্ততা, দখল, possession; স্বত্ব, right; ক্ষমতা; যোগ্যতা; সম্পর্ক; এক্তিয়ার; নিজ কর্তব্যের অন্তর্গত বিষয়; বিদ্যা; অভিজ্ঞতা; শাসনমধ্যগত স্থান; শাসন, রাজত্ব; জ্ঞানগম্যতা; দায়িত্ব; কর্তৃত্ব; প্রভুত্ব; নিয়োগ; পদ, office; আরম্ভ; কার্যের অবতারণা, অনুষ্ঠান; স্বীকার; রাজাদের 'ছত্রচামরাদি ধারণ; ব্যাকরণপ্রসিদ্ধ অনুবৃত্তি, পূর্বসূত্রের বা তদন্তর্গত পদবিশেষের পরবর্তী সূত্রসমূহে ব্যাপ্তি; বিভাগ, অধ্যায়; সরকারী বিভাগ, directorate ('শিক্ষা-অধিকার')। অধি—কৃ+ঘঞ্ কর্ম, ভাব। বি; পুং।

অধিকারগত—দখলীকৃত, অধিকারভুক্ত। ২য়াতৎ। বিণ।

অধিকারচ্যুত, -ভ্রষ্ট—অধিকার হইতে অপসৃত বা বঞ্চিত; অনায়ত্ত; অধিকারবিহীন; বেদখলী। ৫মী-তৎ। বিণ।

অধিকারস্থ—অধিকারে স্থিত। উপতৎ; অধিকার—স্থা+ক কর্তৃ। বিণ।

অধিকারী (-কারিন্)—**১**। দখলকার, মালিক; স্বামী; অভিজ্ঞ; যোগ্য। বিণ। স্ত্রী, **-রিণী**। **২**। কর্তা; অধ্যক্ষ; বেদান্তশাস্ত্রবেত্তা পুরুষ; প্রতিমাদির বেশকারী ব্রাহ্মণ; থিয়েটার বা যাত্রাদলের মালিক; পূজারী; উপাধি বিঃ। অধিকার+ইন্ আছে অর্থে। বি; পুং।

অধিকারূঢ়বৈশিষ্ট্যরূপক—কাব্যের অলংকার বিঃ (ইহাতে উপমান ও উপমেয়ের অভেদত্ব কল্পনা করিয়াও উপমেয়ের গুণাদির আধিক্য বা বৈশিষ্ট্য বর্ণিত হয়। যথা—"খঞ্জন গঞ্জন আঁখি অকলঙ্ক শশিমুখী, শিরোরুহ অসিত চামর।"—মুকুন্দ)। অধিকভাবে আরূঢ়, সুপ্‌; অধিকারূঢ় বৈশিষ্ট্য যাহাতে, বহু; সেই রূপ, রূপক। বি; ক্লী।

অধিকৃত—আপন বশে আনীত, আয়ত্ত; বিজিত; শিক্ষা বা অভিজ্ঞতার দ্বারা লব্ধ; নিযুক্ত; পরিচালিত। অধি—কৃ+ক্ত কর্ম। বিণ।

অধিকৃতি—অধিকার। অধি—কৃ+ক্তি ভাব। বি; স্ত্রী।

অধিকেশ—পরচুলা, wig. প্রাদি। বি; পুং।

অধিকোষ—ব্যাঙ্ক, bank. প্রাদি। বি; পুং।

অধিকোষ-করণিক—ব্যাঙ্কের কেরানী। ৬ষ্ঠীতৎ। বি।

অধিক্রম—আক্রমণ। অধি—ক্রম্+ঘঞ্ ভাব। বি; পুং।

অধিক্ষেপ—ভর্ৎসনা; অবহেলা; নিন্দা; প্রেরণ; স্থাপন; নিক্ষেপ। অধি—ক্ষিপ্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ, **-ক্ষিপ্ত**।

অধিগত—গৃহীত; স্বীকৃত; প্রাপ্ত; জ্ঞাত; শিক্ষা দ্বারা লব্ধ; বিদিত; অধীত। অধি—গম্+ক্ত কর্ম। বিণ।

অধিগম—গ্রহণ, স্বীকার; প্রাপ্তি; জ্ঞান; অধ্যয়ন; প্রবেশ। অধি—গম্+অপ্ ভাব। বি; পুং।

অধিগম্য—প্রাপ্য; জ্ঞেয়; শিক্ষা দ্বারা লভ্য; বোধগম্য। অধি—গম্+যৎ কর্ম। বিণ।

অধিজানু—হাঁটু গাড়িয়া, on the knees. অব্যয়ী। ক্রি-বিণ বা বিণ।

অধিত্বক্ (-ত্বচ্)—ত্বকের উপরিস্থিত চর্ম, অধিক চর্ম, dermis. অধিকা ত্বক্, প্রাদি। বি; স্ত্রী।

অধিত্যকা—পর্বতের সানুদেশ, পর্বতের উপরিস্থিত সমতল ভূমি, tableland. অধি+ত্যকন্ ভবার্থে+আপ্। বি; স্ত্রী।

অধিদন্ত—দন্তোপরি উৎপন্ন দন্ত, গজ-দাঁত। অধিক দন্ত, প্রাদি। বি; পুং।
অধিদেব—সূর্যমণ্ডল; অধিষ্ঠাত্রী দেবতা; অন্তর্যামী পুরুষ। অধিক দেব, প্রাদি। বি; পুং। স্ত্রী, **-দেবী**।
অধিদেবতা—অধিষ্ঠাত্রী দেবতা। অধিক দেবতা, প্রাদি। বি; স্ত্রী।
অধিদেয়—ভাতা, allowance. প্রাদি। বি।
অধিনায়ক—অধিপতি; চালক; অধ্যক্ষ; সর্বপ্রধান কর্তা; commander. অধি—নী+ণক কর্তৃ। বি; পুং বা বিণ। স্ত্রী, **-য়িকা**।
অধিনিয়ম—বিধানসভা বা বিধানপরিষদ কর্তৃক বিধিবদ্ধ আইন, act. প্রাদি। বি; পুং।
অধিনিয়মন—বিধিবদ্ধকরণ, enactment. বি; ক্লী।
অধিনেতা (-নেতৃ)—অধিনায়ক। অধি—নী+তৃন্ কর্তৃ। বি; পুং বা বিণ। স্ত্রী, **-নেত্রী**।
অধিপ, -পতি—কর্তা; স্বামী; অধিকারী; প্রভু; রাজা। অধি—পা+ক, ডতি কর্তৃ। বি; পুং।
অধিপ্রাণবাদ—সৃষ্টি হয় জড়শক্তির অতীত কোন প্রাণশক্তির প্রভাবে—এই মতবাদ, vitalistic theory. প্রাণকে অধিগত, প্রাদি; অধিপ্রাণ যে বাদ, কর্মধা। বি; পুং।
অধিপুরুষ—পরমেশ্বর; স্বায়ম্ভুব মনু; স্কুল ইঃর প্রধান কর্মকর্তা, rector. অধিক (সর্বশ্রেষ্ঠ) পুরুষ, প্রাদি। বি; পুং।
অধিবক্তা (-ক্তৃ)—হাইকোর্টের উকিল, ব্যবহারাজীব, advocate. অধিক বক্তা, প্রাদি। বি; পুং।
অধিবচন—নাম, অভিধা, সংজ্ঞা। অধি—বচ্+অনট্ করণ। বি; ক্লী।
অধিবর্ষ—যে বৎসরে দিন-সংখ্যা একটি বৃদ্ধি পায় অর্থাৎ ৩৬৬ দিনে বৎসর হয়, leap-year. প্রাদি। বি; ক্লী।
অধিবাস—১। বাসস্থান, নিবাস। অধি—বস্+ঘঞ্ অধি। ২। বাস করা। অধি—বস্+ঘঞ্ ভাব। ৩। সুগন্ধের সংসর্গে সুগন্ধীকরণ; বিবাহ পূজা প্রঃ শুভকার্যের পূর্বে গন্ধমাল্য-ধূপাদিসহযোগে সংস্কার বিঃ; বরপক্ষীয় কর্তৃক প্রেরিত বস্ত্র ও গন্ধদ্রব্যাদি। অধি—বস্+ণিচ্ (=বাসি)+ঘঞ্ ভাব বা কর্ম। ৪। পরিমল। অধি—বাসি+ঘঞ্ করণ। ৫। স্থাপন। অধি—বাসি+ঘঞ্ ভাব। বি; পুং।
অধিবাসন—অধিবাস; বিবাহাদির পূর্বে গন্ধমাল্যাদি দ্বারা সংস্কারসাধন; যজ্ঞারম্ভের পূর্বে দেবতা-স্থাপন; সুরভীকরণ; স্থাপন। অধি—বস্+ণিচ্ অনট্ ভাব। বি; ক্লী।
অধিবাসিত—গন্ধমাল্যাদি দ্বারা কৃতসংস্কার; সুবাসিত; স্থাপিত। অধি—বস্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
অধিবাসী (-বাসিন্)—নিবাসী, বাসিন্দা, inhabitant. অধি—বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-সিনী**। [বিদ্যা যাহার. বহু। বিণ।
অধিবিদ্য—অতি পণ্ডিত, অতিশয় বিদ্বান্। অধিকা
অধিবিদ্যা—১। অতিপাণ্ডিত্য, অতিশয় বিদুষী। অধিবিদ্য+আপ্। বিণ; স্ত্রী। ২। পরা-বিদ্যা; বাহ্য-জগতের অতীত অতীন্দ্রিয় বিষয়ের জ্ঞানজনক শাস্ত্র, metaphysics. প্রাদি। বি; স্ত্রী।
অধিবিন্না—যে পত্নী জীবিতা থাকিতে পুনরায় তাহার স্বামী অন্যা স্ত্রীকে বিবাহ করে সেই পত্নী; একাধিক বিবাহকারী স্বামীর প্রথম বিবাহিতা স্ত্রী। অধি—বিদ্+ক্ত কর্ম+আপ্। বি; স্ত্রী।
অধিবৃত্ত—ক্ষেপণীক্ষেত্র, parabola. বি; ক্লী।
অধিবৃত্তি—কোনও কোম্পানির লভ্যাংশ, bonus. প্রাদি। বি; স্ত্রী।
অধিবেত্তা (-বেত্তৃ)—প্রথমা স্ত্রী বর্তমান থাকিতে যে পুনর্বার বিবাহ করে এরূপ ব্যক্তি। অধি—বিদ্+তৃচ্ কর্তৃ। বি; পুং।
অধিবেদন—স্ত্রী থাকিতে পুনরায় বিবাহ করা। অধি—বিদ্+অনট্ ভাব। বি; ক্লী।
অধিবেশন—সমাবেশ, অধিষ্ঠান; সভাদির অনুষ্ঠান; সভা, বৈঠক। অধি—বিশ্+অনট্ ভাব। বি; ক্লী।
অধিভূ—কর্তা; স্বামী; রাজা। অধি—ভূ+ক্বিপ্ কর্তৃ। বি; পুং।
অধিভূত—যাহা ভূত অর্থাৎ প্রাণিমাত্রকে অধিকার করিয়া থাকে তাহা। ভূতকে অধিগত, প্রাদি। বি; ক্লী। বিণ—**আধিভৌতিক**।
অধিমন্ত্রী (-ন্ত্রিন্)—কেন্দ্রীয় প্রধানমন্ত্রী, Prime Minister. প্রাদি। বি; পুং।
অধিমাংস—একপ্রকার চক্ষুরোগ; ফোঁড়া; মাংস-বৃদ্ধি। প্রাদি। বি; ক্লী।
অধিমাস—রবিসংক্রান্তিদ্বয়ের মধ্যবর্তী চান্দ্র মাস, মলমাস, intercalary month. প্রাদি। বি; পুং।
অধিমূল্য—নির্দিষ্ট মূল্যের অধিক মূল্য, অধিহার, above par. প্রাদি। বি; ক্লী।
অধিযন্ত্রিক—মেসিনের কাজ যে বুঝিয়া লইয়া কারিকরদিগকে নির্দেশ দেয়, machine foreman. প্রাদি; বি; পুং।
অধিরথ—১। কর্ণের পালক পিতা। অধিশ্রিত রথকে, প্রাদি। ২। মহারথী, অত্যন্ত বীরপুরুষ; সারথি। অধিকৃত রথ যৎকর্তৃক, বহু। বি; পুং।
অধিরাজ—১। রাজচক্রবর্তী, সম্রাট্, সার্বভৌম। অধিক রাজা, প্রাদি+টচ্। বি; পুং। ২। রাজার পদবী বিঃ ('মহারাজাধিরাজ')। বাংপ্র। বি।
অধিরাজ্য—সাম্রাজ্য; অন্য বহির্রাজ্যের সহিত যে রাজ্য বন্ধুত্বসূত্রে আবদ্ধ, dominion. অধিরাজ+যৎ অধিকারার্থে। বি; ক্লী।
অধিরাণী, -রানী—সম্রাজ্ঞী; বড় জমিদারপত্নী; ধনীর আদরিণী পত্নী। প্রাদি। বাংপ্র। বি; স্ত্রী।
অধিরাষ্ট্রীয়—সার্বজাতিক, আন্তর্জাতিক international. অধিরাষ্ট্র+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
অধিরূঢ়—১। অধিষ্ঠিত, আরূঢ়। অধি—রুহ্+ক্ত কর্তৃ। ২। আক্রান্ত, আবিষ্ট। অধি—রুহ্+ক্ত কর্ম। বিণ।
অধিরোপণ—স্থাপন; আরোহণ করানো, চড়ানো;

ধনুতে বাণযোজনা। অধি—রুহ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
অধিরোপিত—স্থাপিত; আরোপিত, কৃতারোহণ; উত্থাপিত। অধি—রুহ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
অধিরোহণ—উপরে উঠা, আরোহণ। অধি—রুহ্+অনট্ ভাব। বি; ক্লী।
অধিরোহণী—সোপান, মই। অধি—রুহ্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।
অধিরোহিণী—১। আরোহণকারিণী, আরোহিণী। অধি—রুহ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী। ২। সিঁড়ি, মই। অধি—রুহ্+ণিচ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
অধিরোহী (-রোহিন্)—আরোহী, আরোহণকারী। অধি—রুহ্+ণিন্ কর্তৃ। বিণ; পুং। স্ত্রী, **-হিণী**।
অধিশয়ন—উপরি শয়ন; আরোহণ। অধি—শী+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-শয়িত**।
অধিশিক্ষক—অধিপুরুষ, rector (তাহা দ্রঃ) প্রাদি। বি; পুং। [পুং।
অধিশ্রয়—স্থান, আশ্রয়। অধি—শ্রি+অচ্ অধি। বি;
অধিশ্রয়ণ—১। রাঁধিবার জন্য উনুনের উপরে রাখা; রন্ধন। অধি—শ্রি+অনট্ ভাব। ২। আলোক-রশ্মিসকল পরকলার মধ্য দিয়া গমনপূর্বক যে স্থানে কেন্দ্রীভূত হয় সেই স্থান, focus. অধি—শ্রি+অনট্ অধি। বি; ক্লী।
অধিশ্রয়ণী, -শ্রয়িণী—চুল্লী, উনান। অধি—শ্রি+অনট্ অধি+ঈপ্; অধিশ্রয়+ইন্ আছে অর্থে +ঈপ্। বি; স্ত্রী।
অধিশ্রিত—অবলম্বিত, আশ্রিত; প্রাপ্ত; স্থাপিত। অধি—শ্রি+ক্ত কর্ম। বিণ।
অধিষ্ঠাতা (-ষ্ঠাতৃ)—অধিষ্ঠানকারী, অবস্থিত; অধিদেবতা; অধ্যক্ষ। অধি—স্থা+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ত্রী**।
অধিষ্ঠাত্রী—স্থিতিকারিণী; আশ্রয়দাত্রী। অধিষ্ঠাতৃ+ঈপ্। বিণ; স্ত্রী। পুং, **-ষ্ঠাতা**।
অধিষ্ঠান—১। অবস্থান; স্বভাবগত হইয়া থাকা, inherence; সন্নিধান; উপস্থিতি; থাকা; উপবেশন; আবির্ভাব ("ঘটে অধিষ্ঠান হও"—বিজয়)। অধি—স্থা+অনট্ ভাব। ২। আশ্রয়, অবস্থিতি-স্থান; আধার; নগর। অধি—স্থা+অনট্ অধি। ৩। প্রভাব; চক্র। অধি—স্থা+অনট্ করণ। বি; ক্লী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।
অধিষ্ঠায়কবর্গ—শাসকবর্গ, governing body.
অধিষ্ঠিত—অবস্থিত; আবির্ভূত; অধ্যুষিত; আশ্রিত; বেষ্টিত; রক্ষিত; অধিকৃত; স্থাপিত; আবিষ্ট; অবস্থিতির ফলে প্রভাবান্বিত ('দেবাধিষ্ঠিত')। অধি—স্থা+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।
অধিস্পৃহা—অত্যধিক আকাঙ্ক্ষা, উচ্চ অভিলাষ, aspiration. প্রাদি। বি; স্ত্রী।
অধিহারে—অতিরিক্ত মূল্যে, above par. অ, ক্রি-বিণ। [—ঈক্ষ্+ণক কর্তৃ। বি; পুং।
অধীক্ষক—উপরিতন তত্ত্বাবধায়ক, supervisor. অধি

অধীত—পঠিত। অধি—ই+ক্ত কর্ম। বিণ।
অধীতি—পাঠ। অধি—ই+ক্তি ভাব। বি; স্ত্রী।
অধীতী (-তিন্)—ছাত্র; অধ্যয়নকারী; কৃতাধ্যয়ন; যাহার পাঠ শেষ হইয়াছে এরূপ ব্যক্তি, পাঠক; বিদ্বান্। অধীত (পাঠ)+ইন্ আছে অর্থে। বি; পুং বা বিণ। স্ত্রী, **-তিনী**।
অধীন—বশবর্তী, আয়ত্ত, অনুগত; বাধ্য; আজ্ঞাকারী; আশ্রিত, নিম্নপদস্থ, অধস্তন, subordinate; নির্ভরশীল, dependent; অন্তর্ভুক্ত, included. ইন অর্থাৎ প্রভুকে বা প্রভু দ্বারা অধিগত এই বাক্যে, প্রাদি। বিণ।
অধীনতা—আনুগত্য; পরবশে অবস্থান, পরবশতা। অধীন+তা ভাবে। বি; স্ত্রী।
অধীননদী—উপনদী, করদনদী, tributary. অধীনা নদী, কর্মধা। বি; স্ত্রী।
অধীয়ান—অধ্যয়নকারী, যে পড়িতেছে এমন; পাঠক; বিদ্বান্। অধি—ই+শানচ্ কর্তৃ। বিণ।
অধীর—অস্থির, চঞ্চল; উতলা; অসহিষ্ণু; ভীত; কাতর। নঞ্‌তৎ। বিণ।
অধীরতা—উদ্বেগ; চাঞ্চল্য; অসহিষ্ণুতা। অধীর+তা ভাবে। বি; স্ত্রী।
অধীরা—১। অস্থিরা; চপলা; ধৈর্যহীনা। বিণ; স্ত্রী। ২। চপলা, বিদ্যুৎ; (অলংকারশাস্ত্রে) নায়িকা বিঃ [অধীরা নায়িকা দুইপ্রকার, মধ্যা অধীরা ও প্রগল্‌ভা বা প্রৌঢ়া অধীরা। মধ্যা অধীরা ও প্রগল্‌ভা অধীরা আবার প্রত্যেকে জ্যেষ্ঠা কনিষ্ঠা ভেদে দ্বিবিধ]। নঞ্‌তৎ। বি; স্ত্রী।
অধীশ, অধীশ্বর—অধিরাজ, মহারাজ, রাজচক্রবর্তী; অধিপতি; কর্তা; পতি; প্রভু। অধিক ঈশ, ঈশ্বর, প্রাদি। বি বা বিণ; পুং। স্ত্রী, **-শা, -রী**।
অধুনা—ইদানীং, সম্প্রতি, এক্ষণে। ইদম্+ধুনা (নিপা)। অ।
অধুনাতন—আধুনিক, ইদানীন্তন, আজকালকার। অধুনা+তন ভবার্থে। বিণ। স্ত্রী, **-নী**।
অধৃতি—অধীরতা, ধৈর্যহীনতা; ধারণ না করা; অগ্রহণ। নঞ্‌তৎ। বি; স্ত্রী।
অধৃষ্য—দুর্জয়, অপরাভবনীয়; যাহার নিকটে যাওয়া যায় না বা যাইতে ভয় হয় এরূপ, দুর্ধর্ষ। নঞ্‌তৎ। বিণ।
অধৈর্য—১। অধীর, অস্থির; উদ্বিগ্ন; ব্যাকুল; উতলা; যাহার বিলম্ব সহ্য হয় না এরূপ; ব্যস্ত-বাগীশ। বহু। বিণ। ২। ধৈর্যাভাব; অশান্তি; ব্যাকুলতা। নঞ্‌তৎ। বি; ক্লী।
অধোগত—নিম্নে পতিত, নীচে অবস্থিত; দুর্দশাপন্ন; উচ্চ অবস্থা হইতে নিম্ন অবস্থায় নীত; নরকপ্রাপ্ত। অধঃ (নিম্নস্থলকে) গত (প্রাপ্ত), সুপ্। বিণ।
অধোগতি, -গমন—অধঃপতন; দুর্দশা; নিম্নদিকে গমন; অপকৃষ্টদশাপ্রাপ্তি, অবনতি; নরকে গমন; নীচ যোনিতে জন্ম। অধঃ গতি, গমন, সুপ্। বি; স্ত্রী, ক্লী।

অধোগামী (-গামিন্)—নিম্নগামী; অবতরণকারী; অপকৃষ্টদশাপ্রাপ্ত; পাপগ্রস্ত; নরকগামী; পাপী। উপতৎ; অধস্—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী**।

অধোজিহ্বা, -জিহ্বিকা—আলজিভ্। অধঃস্থিতা জিহ্বা, মধ্যপ; দ্বিতীয়পক্ষে তদ্‌ত্তরে কন্ অল্পার্থে+আপ্। বি; স্ত্রী।

অধোদৃষ্টি—১। যোগাভ্যাসকালে নাসিকার অগ্রভাগে ন্যস্তদৃষ্টি; নিম্নদিকে দৃষ্টিবিশিষ্ট; নীচমনা। অধঃ দৃষ্টি যাহার, বহু। বিণ। ২। নিম্নদিকে দৃষ্টি; তুচ্ছ বিষয়ে মনঃসংযোগ। অধঃ দৃষ্টি, সুপ্। বি; স্ত্রী। [পুং।

অধোদেশ—নিম্নদেশ। অধঃস্থিত দেশ, মধ্যপ। বি;

অধোবদন—নিম্নমুখ, হেঁটমুখ; অপ্রতিভ। অধঃ বদন যাহার, বহু। বিণ।

অধোবায়ু—অপানবায়ু; বাতকর্ম। অধোগামী বায়ু, মধ্যপ। বি; পুং।

অধোবিন্দু—মস্তকের ঠিক উর্ধ্বভাগে আকাশে পরিকল্পিত বিন্দুর ঠিক সোজাসুজি অধোভাগে পদদ্বয়ের মধ্যবর্তী স্থান, nadir. অধঃস্থিত বিন্দু, মধ্যপ। বি; পুং।

অধোভাগ—নিম্নদিক্, তলদেশ। অধঃস্থিত ভাগ, মধ্যপ। বি; পুং।

অধোভুবন—পাতাল। অধঃস্থিত ভুবন, মধ্যপ। বি; ক্লী।

অধোমুখ—নতমুখ, হেঁটমুখ, যে নিম্নদিকে মুখ করিয়া আছে এমন; অপ্রতিভ। অধঃকৃত মুখ যাহার, বহু। বিণ। স্ত্রী, **-খা, -খী**।

অধোলোক—পাতাল; নাগলোক; রসাতল। অধঃস্থিত লোক, মধ্যপ। বি; পুং।

অধ্যক্ষ—১। প্রধান কর্মসম্পাদক, কর্তা; কলেজের প্রিন্সিপাল ; বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ; ব্যবস্থা-পরিষদের সভাপতি, Speaker of the Assembly ; প্রভু; তত্ত্বাবধায়ক; পরিচালক; ভার-প্রাপ্ত কর্মচারী। অধি—অক্ষ্+অচ্ কর্তৃ। বি; পুং। ২। ইন্দ্রিয়গ্রাহ্য, জ্ঞানগোচর। অক্ষকে (ইন্দ্রিয়কে) অধিগত, প্রাদি। বিণ।

অধ্যক্ষতা—কর্তৃত্ব, প্রভুত্ব; পরিদর্শন, তত্ত্বাবধায়কতা। অধ্যক্ষ+তা ভাবে। বি; স্ত্রী।

অধ্যবসায়—কার্যে দৃঢ় যত্ন, অবিশ্রান্ত চেষ্টা, কর্ম-সম্পাদনে অবিচলিত উৎসাহ, perseverance ; নিশ্চয়। অধি—অব—সো+ঘঞ্ ভাব। বি; পুং।

অধ্যবসায়শীল—অধ্যবসায়ী। বহু। বিণ।

অধ্যবসায়ী (-য়িন্)—অধ্যবসায়শীল, আরব্ধ-কার্য-সাধনে দৃঢ়বদ্ধ, কার্যনির্বাহে একান্ত উদ্যমশীল : অধ্যবসায়+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-য়িনী**।

অধ্যয়ন—পাঠ, মনোযোগপূর্বক পড়া; বেদাদি শাস্ত্রের আলোচনা। অধি—ই+অনট্ ভাব। বি: ক্লী।

অধ্যয়ননিরত, -রত—পাঠে নিযুক্ত। ৭মীতৎ। বিণ।

অধ্যয়নশীল—পাঠরত, পঠনশীল। বহু। বিণ।

অধ্যশন—ভুক্ত অন্ন জীর্ণ হইতে না হইতে ভোজন; অতিভোজন। অধিক অশন, প্রাদি। বি; ক্লী।

অধ্যস্ত—অধিরোপিত, আরোপিত, substituted. অধি—অস্+ক্ত কর্ম। বিণ।

অধ্যাত্ম—১। পরমাত্মবিষয়ক; আত্মসম্বন্ধীয়; চিত্ত-বিষয়ক; শরীরসম্বন্ধীয়। বিণ। ২। পরব্রহ্ম। আত্মাকে অধিকার করিয়া এই বাক্যে, অব্যয়ী= অধ্যাত্ম, তদ্‌ত্তরে+অচ্ বিশিষ্টার্থে। বি; ক্লী।

অধ্যাত্মতত্ত্ব—ঈশ্বরতত্ত্ব, ব্রহ্মজিজ্ঞাসা; দেহতত্ত্ব। ৬ষ্ঠীতৎ; অথবা, অধ্যাত্মবিষয়ক তত্ত্ব, মধ্যপ। বি; ক্লী।

অধ্যাত্মতত্ত্ববিৎ (-বিদ্)—পরমাত্মবিষয়ক গূঢ়রহস্য-বেত্তা। উপতৎ; অধ্যাত্মতত্ত্ব—বিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ। [সম্বন্ধার্থে। বিণ।

অধ্যাত্মিক—অধ্যাত্মতত্ত্ববিষয়ক। অধ্যাত্ম+ইক (ঠন্)

অধ্যাত্মীয়—কাহারও নিজের সম্বন্ধীয়, আত্মসম্বন্ধীয়, subjective. অধ্যাত্মন্+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

অধ্যাদেশ—বিশেষ আইন বা হুকুম, ordinance. প্রাদি। বি; পুং।

অধ্যাপক—উপদেশক, শিক্ষাগুরু, আচার্য; কলেজের শিক্ষক, professor. অধি—ই+ণিচ্+ণক কর্তৃ। বি; পুং। স্ত্রী, **-পিকা**।

অধ্যাপন, অধ্যাপনা—শিক্ষাদান, পড়ানো। অধি—ই+ণিচ্+অনট্, অন ভাব, ২য় পক্ষে+আপ্ স্ত্রী। বি; ক্লী, স্ত্রী।

অধ্যাপনীয়—শিক্ষণীয়, পাঠনীয়, পড়াইবার যোগ্য। অধি—ই+ণিচ্+অনীয় কর্ম। বিণ।

অধ্যাপয়িতা (-য়িতৃ)—অধ্যাপক, শিক্ষক। অধি—ই +ণিচ্+তৃচ্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, **-য়িত্রী**।

অধ্যাপিকা—মহিলা-অধ্যাপক; অধ্যাপকপত্নী। অধ্যাপক+আপ্। বি; স্ত্রী।

অধ্যাপিত—পাঠিত; যাহা বা যাহাকে পড়ানো হই-য়াছে এরূপ। অধি—ই+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

অধ্যায়—গ্রন্থের বিভাগ, গ্রন্থপরিচ্ছেদ, chapter [বেদে স্তোত্রাদির পাঠে নির্দিষ্ট সংখ্যা লইয়া কৃত বিভাগকে অধ্যায় বলে]. অধি—ই+ঘঞ্ কর্ম। বি; পুং।

অধ্যারূঢ়—কৃতারোহণ, আরোহণকারী; অধিক, অত্যন্ত। অধি—আ—রুহ্+ক্ত কর্তৃ। বিণ।

অধ্যারোপ, -রোপণ—স্থাপন; অধ্যাস; এক বস্তুকে অন্য বস্তু বলিয়া কল্পনা করা, এক বস্তুতে অন্য বস্তুর জ্ঞান [যেমন রজ্জুতে সর্পজ্ঞান, অথবা নির্বিকার ব্রহ্মে সবিকারত্বের আরোপ]। অধি—আ—রুহ্+ণিচ্ (=রোপি)+অচ্, অনট্ ভাব। বি; পুং; ক্লী।

অধ্যাস—১। অধ্যারোপ; মায়া, প্রপঞ্চ; ফাঁকি, illusion. অধি—অস্+ঘঞ্ ভাব। ২। উপ-বেশন; অধিষ্ঠান; আধিপত্য। অধি—আস্+ঘঞ্ ভাব। বি; পুং।

অধ্যাসন—উপবেশন; অধিষ্ঠান; বিদ্যমানতা; বাস। অধি—আস্+অনট্ ভাব। বি; ক্লী।

অধ্যাসিত—১। যে-স্থানে বাস করা যায় এমন। অধি—আস্+ক্ত অধি। ২। অধিষ্ঠিত। অধি—আস্+ক্ত কর্তৃ। ৩। নিবেশিত। অধি—আস্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

অধ্যাসীন—যে বসিয়া আছে এরূপ, উপবিষ্ট। অধি—আস্+শানচ্ কর্তৃ। বিণ।

অধ্যাহরণ, -হার—উহ্য বাক্য পূরণ করা অর্থাৎ অর্থ-বোধের প্রয়োজন হেতু কোন পদ ব্যবহৃত না থাকিলেও ধরিয়া লওয়া; উদ্ধার; সমাহার; তর্ক। অধি—আ—হৃ+অনট্, ঘঞ্ ভাব। বি; ক্লী, পুং।

অধ্যাহার্য—উহ্য; অনুসন্ধেয়। অধি—আ—হৃ+ণ্যৎ কর্ম। বিণ।

অধ্যাহৃত—উহ্য বলিয়া যাহা ধরিয়া লওয়া হইয়াছে এরূপ। অধি—আ—হৃ+ক্ত কর্ম। বিণ।

অধ্যুষিত—১। যেখানে বাস করা হয় এরূপ। অধি—বস্+ক্ত কর্ম। ২। উপবিষ্ট; অধিষ্ঠিত; ব্যাপ্ত; পরিপূর্ণ; উপনিবিষ্ট, বসবাসকৃত, inhabited. অধি—বস্+ক্ত কর্তৃ। বিণ।

অধ্যেতা (অধ্যেতৃ)—অধ্যয়নকারী, পাঠক। অধি—ই+তৃচ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ত্রী।

অধ্রুব—অনিশ্চিত; অনবধারিত; অস্থির, চঞ্চল; পরিবর্তনশীল। নঞ্‌তৎ। বিণ।

অন্ (**নঞ্**)—সাদৃশ্য অভাব অন্যত্ব অল্পতা অপ্রাশস্ত্য বিরোধ ইঃ-সূচক অ। (স্বরাদি পদ পরে থাকিলে নঞ্-স্থানে অন্ হইয়া যায়।)

অনক্ষ—১। নয়নহীন, অন্ধ। ন (নাই) অক্ষি যাহার, বহু+সমাসান্ত যচ্। ২। চক্রশূন্য ('—রথ'); ইন্দ্রিয়রহিত। ন (নাই) অক্ষ যাহার, বহু। বিণ। স্ত্রী, -ক্ষী, -ক্ষা (২য় পক্ষে)।

অনক্ষর—১। কুৎসা, নিন্দা; লুপ্ত অক্ষর। ন (অপ্রশস্ত, নাই) অক্ষর যাহাতে, বহু। বি; ক্লী। ২। বর্ণজ্ঞানহীন, মূর্খ, illiterate; যাহার (যে প্রাচীন পুঁথির) অক্ষরগুলি বুঝা যায় না; লুপ্তাক্ষর, undeciphered. ন (নাই) অক্ষর (বর্ণ-জ্ঞান) যাহার, বহু। বিণ।

অনঘ—নিষ্পাপ, পবিত্র; দুঃখহীন; নির্মল; সুন্দর। ন (নাই) অঘ যাহার, বহু। বিণ।

অনঙ্কুরিত—যাহা অঙ্কুরিত হয় নাই এমন। নঞ্‌তৎ। বিণ।

অনঙ্গ—১। কামদেব। বি; পুং। ২। আকাশ; চিত্ত। বি; ক্লী। ৩। অঙ্গহীন, নিরবয়ব। ন (নাই) অঙ্গ যাহার, বহু। বিণ। স্ত্রী, -ঙ্গা, -ঙ্গী।

অনঙ্গমোহন—১। মদনমোহন, শ্রীকৃষ্ণ। বি; পুং। ২। অতি সুন্দর। ৬ষ্ঠীতৎ। বিণ।

অনঙ্গলেখ—প্রণয়লিপি, প্রেমপত্র। অনঙ্গপ্রণোদিত লেখ (লিখন), মধ্যপ। বি; পুং।

অনঙ্গারি—মহাদেব। অনঙ্গের অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অনচ্ছ—যাহার ভিতর দিয়া আলোকরশ্মি চলে না এমন; অস্বচ্ছ, opaque. নঞ্‌তৎ। বিণ।

অনঞ্জন—১। কজ্জলশূন্য; নিষ্পাপ; নির্দোষ। বিণ। ২। পরব্রহ্ম; আকাশ। বহু। বি; ক্লী।

অনটন—(সংসারব্যয়াদি) না চলা, টানাটানি, অর্থের অভাব; ব্যুৎপত্তির অভাব। ন অটন, নঞ্‌তৎ। বি; ক্লী।

অনড়—যাহা নড়ে না এমন, অচল; অপরিবর্তনীয়; অটল। না নড়ে যাহা, উপতৎ। বাংপ্র। বিণ।

অনড্বান্ (-ডুহ্)—বৃষ, ষাঁড়। অনস্—বহ্+ক্বিপ্ কর্তৃ (নিপা)। বি; পুং। স্ত্রী—অনড়ুহী, অনড্বাহী (গাভী)।

অনত—১। অপ্রণত; অবিনীত, উদ্ধত; অবশীভূত; অবক্রীভূত। নঞ্‌তৎ। বিণ। ২। স্থানান্তরে, অন্যস্থানে। <অন্যত্র। প্রা। কপ্র। অ।

অনতাহ—অন্যদিকে; অন্যত্র। প্রা কপ্র। অ।

অনতি—১। অনধিক; মাঝারি। ন অতি, নঞ্‌তৎ। অ; বিণ। ২। অবিনয়। ন নতি, নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনতিকাল—কম সময়। নঞ্‌তৎ। বি; পুং।

অনতিক্রম, -ক্রমণ—অলঙ্ঘন, অনতিবর্তন। নঞ্‌তৎ। বি; পুং, ক্লী।

অনতিক্রমণীয়, -ক্রম্য—অতিক্রম করিবার পক্ষে অসাধ্য; অলঙ্ঘনীয়; অনুল্লঙ্ঘনীয়; অনতিবর্তনীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -ণীয়া, -ক্রম্যা।

অনতিক্রান্ত—অনতীত; অনতিবাহিত; অলঙ্ঘিত; অনতিবর্তিত। নঞ্‌তৎ। বিণ।

অনতিতপ্ত—যাহা অধিক উত্তপ্ত নয় এরূপ, ঈষদুষ্ণ। নঞ্‌তৎ। বিণ।

অনতিদীর্ঘ—যাহা অধিক দীর্ঘ নয় এরূপ, অল্প লম্বা। ন অতিদীর্ঘ, নঞ্‌তৎ। বিণ।

অনতিদূর—১। যাহা অধিক দূর নয় এরূপ, অদূর-বর্তী, নিকটস্থ। বিণ। ২। নিকট, সমীপ। নঞ্‌তৎ। বি; ক্লী।

অনতিদূরবর্তী (-বর্তিন্)—নিকটস্থ, অল্পদূরস্থ। উপতৎ; অনতিদূর—বৃৎ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বর্তিনী।

অনতিপূর্ব—অনেক আগে নয় এরূপ, বহুপূর্বে নয় এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অনতিবর্তন—অনতিক্রম, অনুল্লঙ্ঘন; পালন, রক্ষা। নঞ্‌তৎ। বি; ক্লী। বিণ, -বর্তক, -বর্তনীয়, -বর্তিত।

অনতিবিলম্ব—অধিক বিলম্বের অভাব। নঞ্‌তৎ। বি; পুং। [ক্রি-বিণ।

অনতিবিলম্বে—অগোণে, দেরি না করিয়া। বহুব্রী।

অনতিবিস্তৃত—অল্পপ্রসর, অল্পব্যাপী; সংক্ষিপ্ত। নঞ্‌তৎ। বিণ।

অনতিরিক্ত—অতিরিক্ত নহে এরূপ, কাছাকাছি; খুব বেশী নহে এরূপ; অভিন্ন। নঞ্‌তৎ। বিণ।

অনতীতবাল্য—যে এখনও ছেলেমানুষ এমন। অনতীত বাল্য যাহার, বহু। বিণ।

অনধিক—অধিক নয় এরূপ, অল্প, ঈষৎ। নঞ্‌তৎ। বিণ।

অনধিকার—১। অধিকারের অভাব, স্বত্বহীনতা; বশের অভাব; অনায়ত্ততা; ক্ষমতাশূন্যতা। নঞ্‌তৎ। বি; পুং। ২। অধিকারহীন; ক্ষমতাচ্যুত। ন (নাই) অধিকার যাহাতে, বহু। বিণ।

অনধিকারচর্চা—ক্ষমতাবাহির্ভূত অথবা অভিজ্ঞতার বহির্ভূত বিষয়ের অনুশীলন, যাহাতে আয়ত্ততা ক্ষমতা বা জ্ঞান নাই এরূপ বিষয়ে হস্তক্ষেপ। কর্মধা। বি; স্ত্রী। বিণ, **-চর্চী** (চর্চিন্)।

অনধিকারপ্রবেশ—অধিকার ব্যতিরেকে প্রবেশ; নিষিদ্ধ বা অননুমত স্থানে প্রবেশ, trespass. অনধিকার (২) এমন প্রবেশ, কর্মধা। বি; পুং।

অনধিকারী (-কারিন্)—অধিকারশূন্য; সম্পর্ক-রহিত; অযোগ্য; শক্তিরহিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-কারিণী**।

অনধিকৃত -অনায়ত্ত, যে-বিষয় অধিকার করা যায় নাই এমন; যাহা অধিকৃত নয় এরূপ; ক্ষমতাবহির্ভূত; যাহাতে প্রবেশলাভ ঘটে নাই এরূপ; অসম্পর্কিত; অপ্রাপ্ত; অনধিকারী। নঞ্‌তৎ। বিণ।

অনধিগত—অপ্রাপ্ত; অবিদিত, অজানা; অনায়ত্ত; অপঠিত। নঞ্‌তৎ। বিণ।

অনধিগম—অপ্রাপ্তি; না বোঝা; অপঠন; অনায়ত্ততা। নঞ্‌তৎ। বি; পুং।

অনধিগম্য—অপ্রাপ্য; অজ্ঞেয়, যাহা পড়িয়া বা শুনিয়া আয়ত্ত করা বা বুঝা অসম্ভব এমন; অবশীকরণীয়; অপ্রবেশ্য। নঞ্‌তৎ। বিণ।

অনধিষ্ঠিত—অনারোপিত, অস্থাপিত; অপ্রতিষ্ঠিত; অনুপস্থিত; অনাসীন; অনবস্থিত। নঞ্‌তৎ। বিণ।

অনধীত—অপঠিত। নঞ্‌তৎ। বিণ।

অনধীন—অনায়ত্ত; অবশীভূত; স্বাধীন, independent. নঞ্‌তৎ। বিণ।

অনধ্যায়—১। অধ্যয়নাভাব; পঠনাভাব। ন অধ্যায়, নঞ্‌তৎ। ২। যে সময়ে বেদাদি পাঠ নিষিদ্ধ সেই সময়; বিদ্যালয়ের ছুটির সময়। ন (নাই) অধ্যায় যাহাতে, বহু। বি; পুং।

অননুকরণীয়—অনুকরণের অযোগ্য; অনুকরণের অসাধ্য। নঞ্‌তৎ। বিণ।

অননুকূল—প্রতিকূল; বিরুদ্ধ। নঞ্‌তৎ। বিণ।

অননুভবনীয়—অনুভবের অযোগ্য, ধারণার অতীত; অচিন্তনীয়। নঞ্‌তৎ। বিণ।

অননুভূত—অনুপলব্ধ, যাহা অনুভব করা যায় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অননুভূতপূর্ব—পূর্বে অনুপলব্ধ, যাহা পূর্বে কখনও অনুভব করা হয় নাই এরূপ। ন অনুভূত-পূর্ব, নঞ্‌তৎ। বিণ।

অননুমত—অননুমোদিত, মতের বিরুদ্ধ। নঞ্‌তৎ। বিণ।

অননুমিত—কার্যকারণাদি দেখিয়া যাহার অনুমান করা যায় নাই এরূপ, পূর্বে অনবধারিত। নঞ্‌তৎ। বিণ।

অননুমেয়—অনুমানের অযোগ্য, যাহা পূর্ব হইতে ধারণা করা যায় না এমন। নঞ্‌তৎ। বিণ।

অননুমোদন—অসম্মতি; অনুমোদন না করা, না-মঞ্জুর করা; অগ্রাহ্য করা; মতের বিরোধিতা করা। নঞ্‌তৎ। বি; ক্লী।

অননুমোদিত—যাহাতে সম্মতি দেওয়া হয় নাই এরূপ, অননুমত, না-মঞ্জুর; মতের বিরুদ্ধ। নঞ্‌তৎ। বিণ।

অননুশীলন—চর্চা না করা, অনুশীলনাভাব। নঞ্‌তৎ। বি; ক্লী। বিণ, **-শীলিত**।

অননুষ্ঠান—অকরণ, কার্যতঃ না করা, অবিধান। নঞ্‌তৎ। বি; ক্লী। বিণ, **-ষ্ঠিত**।

অনন্ত—১। যাহার শেষ নাই এমন, অসীম, infinite; অক্ষয়; অবিনশ্বর; অসংখ্য। বিণ। ২। ভগবান্, বিষ্ণু; ব্রহ্ম; শেষনাগ; বলদেব; মেঘ; আকাশ। ন (নাই) অন্ত যাহার, বহু। বি; ক্লী। ৩। রমণী-গণের বাহুভূষণ বিঃ, তাগা। বাংপ্র। বি।

অনন্তকাল—চিরদিন, আবহমান কাল। কর্মধা। বি; পুং।

অনন্তকালব্যাপী (-ব্যাপিন্), **-স্থায়ী** (-স্থায়িন্)—চিরস্থায়ী, চিরদিন স্থিতিশীল; অবিনশ্বর। উপতৎ; অনন্তকাল—বি—আপ্+ণিন্ কর্তৃ; স্থা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ব্যাপিনী, -স্থায়িনী**।

অনন্তচতুর্দশী—ভাদ্র মাসের শুক্লপক্ষীয়া চতুর্দশী [এই তিথিতে হিন্দু-রমণীরা অনন্তব্রতের উদ্‌-যাপন করিয়া থাকেন]। মধ্যপ। বি; স্ত্রী।

অনন্তদেব—নারায়ণ, জগদীশ্বর; শেষনাগ। কর্মধা। বি; পুং। [কর্মধা। বি; স্ত্রী।

অনন্তনিদ্রা—অন্তহীন নিদ্রা, মৃত্যু। অনন্তা নিদ্রা,

অনন্তপ্রকার—বহুরকম। বহু। বিণ।

অনন্তবীর্য—১। অসীম পরাক্রম। কর্মধা। বি; ক্লী। ২। অসীমপরাক্রমসম্পন্ন, অমিততেজাঃ। অনন্ত বীর্য যাঁহার, বহু। বিণ।

অনন্তব্রত—ভাদ্রমাসের শুক্লা চতুর্দশীতে অনুষ্ঠেয় ব্রত বিঃ। মধ্যপ। বি; ক্লী। [বি; পুং।

অনন্তমূল—ওষধি বিঃ। অনন্ত মূল যাহার, বহু।

অনন্তযাত্রা—যে-যাত্রার কখনও শেষ হয় না, মহাযাত্রা; মৃত্যু। অনন্তা যাত্রা, কর্মধা। বি; স্ত্রী।

অনন্তর—১। অব্যবহিত, ঠিক পরবর্তী; নিকটবর্তী। ন (নাই) অন্তর যাহাতে, বহু। বিণ। ২। অতঃ-পর, ইহার পরে। ন (নাই) অন্তর যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

অনন্তরাশি—(অঙ্কশাস্ত্রে) সীমা-নিরূপণের অতীত রাশি, infinity. কর্মধা। বি; পুং।

অনন্তরূপী (-রূপিন্)—বহু রূপ ধারী। অনন্তরূপ +ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-রূপিণী**।

অনন্তশয়ন, -শয্যা—১। নারায়ণের ক্ষীরোদ সাগর-স্থিত অনন্ত-নাগরূপ শয্যা। রূপক। ২। অন্ত-হীন শয্যা, যাহা চিরদিনের জন্য পাতা থাকে এরূপ শয্যা; যে ঘুম কখনও ভাঙে না; মৃত্যু। কর্মধা। বি; ক্লী, স্ত্রী।

অনন্তা—পৃথিবী; দুর্গা; দূর্বা; হরীতকী; আম-লকী। ন (নাই) অন্ত যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।

অনন্বয়—১। অর্থালংকার বিঃ [যেখানে এক বস্তুতেই উপমান ও উপমেয় উভয়ের ধর্ম পর্যবসিত হয়, তথায় এই অলংকার হয়; যেমন—"জগদানন্দ কন্দ পদ্মক তুলনা পদ্ম নিরুপম গৌরকিশোর"]। বি; পুং। ২। অন্বয়শূন্য, সম্বন্ধবিরহিত; বংশহীন। ন (নাই) অন্বয় যাহাতে বা যাহার, বহু। বিণ। ৩। পরস্পর সম্বন্ধাভাব; অসংগতি। নঞ্‌তৎ। বি; পুং।

অনন্বয়ী (-য়িন্‌)—অন্বয়শূন্য। নঞ্‌তৎ। বিণ। **অনন্বয়ী অব্যয়**—যে-সব অব্যয় শব্দের সহিত বাক্যের অন্তর্গত অপর কোন শব্দের ব্যাকরণগত কোন সম্বন্ধ থাকে না, interjection (যেমন—হায়, ওহে প্রঃ).

অনন্বিত — পূর্বাপরসম্বন্ধশূন্য; সম্বন্ধশূন্য; বিযুক্ত; অসংলগ্ন; অসংগত; বর্জিত। ন অন্বিত, নঞ্‌তৎ। বিণ।

অনন্য—১। অভিন্ন; অদ্বিতীয়; অন্যের সহিত সম্পর্কশূন্য; যাহার অন্য কেহ বা কিছু নাই এমন; একমাত্র, unique. ন অন্য, নঞ্‌তৎ (১ম অর্থে); ন (নাই) অন্য যাহার বা যাহাতে, বহু। বিণ। ২। বিষ্ণু। ন (নাই) অন্য অর্থাৎ সদৃশ ব্যক্তি যাঁহার, বহু। বি; পুং।

অনন্যকর্মা (-কর্মন্‌)—অন্যকর্মশূন্য, কোন বিশেষ কর্মের নিমিত্ত যে অন্য সকল কর্ম পরিত্যাগ করিয়াছে এরূপ। অন্য কর্ম, কর্মধা; ন (নাই) অন্যকর্ম যাহার, বহু। বিণ।

অনন্যগতি—১। উপায়ান্তরবিহীন, গত্যন্তরশূন্য, নিরুপায়; নিতান্ত নিরাশ্রয়। অন্যা গতি, কর্মধা; ন (নাই) অন্যগতি যাহার, বহু। বিণ। ২। অন্য উপায়ের অভাব। অন্যা গতি, কর্মধা; ন অন্যগতি, নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনন্যগতিক—উপায়ান্তররহিত, গত্যন্তরশূন্য। ন (নাই) অন্যা গতি যাহার, বহু (ক-আগম)। বিণ।

অনন্যগামী (-গামিন্‌)—যে অন্য স্থানাদিতে গমন করে না এরূপ; একনিবিষ্ট, একানুরক্ত; যে পরস্ত্রী গমন করে না এমন। ন অন্যগামী, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -গামিনী।

অনন্যচিত্ত—এক বিষয়ে নিবিষ্টমনা; একাগ্রহৃদয়। অন্যে চিত্ত যাহার, বহু; ন অন্যচিত্ত, নঞ্‌তৎ। বিণ।

অনন্যতন্ত্র—অপরাধীন; স্বাধীন; মৌলিক, original. অন্যের তন্ত্র (প্রাধান্য) যাহাতে, বহু; ন অন্যতন্ত্র, নঞ্‌তৎ। বিণ।

অনন্যদৃষ্টি—যাহার অন্য কোন দিকে বা বিষয়ে দৃষ্টি নাই এরূপ, একলক্ষ্য। নঞ্‌তৎ। বিণ।

অনন্যধর্মা (-ধর্মন্‌)—যাহার অন্য কোন ধর্ম নাই এরূপ, একমাত্রধর্মবিশিষ্ট; একই গুণযুক্ত। ন অন্য-ধর্মা, নঞ্‌তৎ। বিণ।

অনন্যবৃত্তি—একমাত্রবৃত্তি; একনিষ্ঠ; একমাত্রকার্য-যুক্ত; যাহার অন্য কর্ম বা প্রচেষ্টা নাই এমন; একাগ্রচিত্ত। অন্যা বৃত্তি (কার্য), কর্মধা; ন (নাই) অন্যবৃত্তি যাহার, বহু। বিণ।

অনন্যব্রত—একমাত্রব্রতপরায়ণ; একমাত্রকার্যনিষ্ঠ; যে নির্দিষ্ট কার্যকেই একমাত্র ব্রত স্থির করিয়াছে এরূপ। বহু। বিণ।

অনন্যব্রতা—১। একমাত্রব্রতপরায়ণা; একনিষ্ঠা। বিণ; স্ত্রী। ২। পতিব্রতা রমণী। অনন্যব্রত+আপ্‌। বি; স্ত্রী।

অনন্যমনাঃ (-মনস্‌)—অনন্যচিত্ত, একাগ্রচিত্ত। ন (নাই) অন্যে (অন্যবিষয়ে) মনঃ যাহার, বহু। বিণ।

অনন্যমনা—অনন্যচিত্ত। <অনন্যমনাঃ। বিণ।

অনন্যশরণ—আশ্রয়ান্তররহিত, যাহার অন্য আশ্রয় নাই এরূপ; গৃহান্তরহীন। ন (নাই) অন্যশরণ যাহার, বহু। বিণ।

অনন্যসহায়—সহায়ান্তররহিত, যাহার অন্য কেহ সহায় নাই এরূপ। ন (নাই) অন্যসহায় যাহার, বহু। বিণ।

অনন্যসাধারণ—অসামান্য, অসাধারণ ('—প্রতিভা'); যাহাতে অন্যের অংশ বা অধিকার নাই এরূপ। অন্য সহ সাধারণ, ৩য়াতৎ; ন অন্যসাধারণ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -রণী।

অনন্যসাপেক্ষ—স্বাধীন; যাহা বা যে অন্যের উপর নির্ভরশীল নহে এরূপ, absolute. নঞ্‌তৎ। বিণ।

অনন্যসুলভ—১। অসাধারণ। অন্যে সুলভ, ৭মীতৎ; ন অন্যসুলভ, নঞ্‌তৎ। ২। অন্যদুর্লভ, যাহা অন্যে সহজে পাইতে পারে না এরূপ। অন্য কর্তৃক সুলভ, ৩য়াতৎ; ন অন্যসুলভ, নঞ্‌তৎ। বিণ।

অনন্যোপায়—উপায়ান্তররহিত, যাহার অন্য উপায় নাই এমন। ন (নাই) অন্যোপায় যাহার, বহু। বিণ।

অনপত্য—নিঃসন্তান; যাহার সন্তান জন্মে নাই এমন; যাহার সন্তান জীবিত নাই এমন। ন (নাই) অপত্য যাহার, বহু। বিণ। বি, -ত্যতা। স্ত্রী, -ত্যা।

অনপরাধ—১। অপরাধের অভাব; নির্দোষিতা। নঞ্‌-তৎ। বি; পুং। ২। নির্দোষ। বহু। বিণ।

অনপরাধী (-ধিন্‌)—নির্দোষ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -রাধিনী।

অনপেক্ষ—নিরপেক্ষ, নির্ভরহীন। ন (নাই) অপেক্ষা যাহার, বহু। বিণ।

অনপেক্ষিত—অপ্রত্যাশিত, অচিন্তিতপূর্ব, অ-সম্ভাবিত; যাহার উপর নির্ভর করা হয় নাই এমন। নঞ্‌তৎ। বিণ।

অনপেক্ষী (-পেক্ষিন্‌)—অপেক্ষাশূন্য, স্বাবলম্বী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -পেক্ষিণী। বি, -পেক্ষিতা।

অনপেত—যাহা অপগত নয় এরূপ, অভ্রষ্ট; বিদ্যমান; বিশিষ্ট। ন অপেত (অপগত), নঞ্‌তৎ। বিণ।

অনবকাশ—১। অবকাশের অভাব; অব্যবধান; অনবসর। নঞ্‌তৎ। বি; পুং। ২। অবকাশশূন্য, অবসরহীন; অব্যবহিত; ঘনসন্নিবিষ্ট। ন (নাই) অবকাশ যাহার বা যাহাতে, বহু। বিণ।

অনবগত—অজ্ঞাত, অবিদিত। নঞ্‌তৎ। বিণ।

অনবগুণ্ঠিতা—অবগুণ্ঠনশূন্যা, ঘোমটা-না-দেওয়া; অনাবৃতা। নঞ্-তৎ। বিণ; স্ত্রী।

অনবচ্ছিন্ন—নিরবচ্ছিন্ন, ধারাবাহিক। নঞ্-তৎ। বিণ।

অনবচ্ছেদ—ধারাবাহিকতা, continuity. নঞ্-তৎ। বি।

অনবদ্য—অনিন্দনীয়; নির্দোষ; হৃদয়গ্রাহী; সুন্দর। ন অবদ্য (নিন্দ্য), নঞ্-তৎ। বিণ।

অনবদ্যাঙ্গ—সুশ্রী, সর্বাঙ্গসুন্দর। বহু। বিণ। স্ত্রী, -ঙ্গী, -ঙ্গা।

অনবধান—১। অমনোযোগ; অযত্ন; উপেক্ষা। নঞ্-তৎ। বি; ক্লী। ২। অমনোযোগী; অযত্নশীল। ন (নাই) অবধান যাহার, বহু। বিণ।

অনবধানতা—অমনোযোগিতা; অসাবধানতা। অনবধান+তা ভাবে। বি; স্ত্রী।

অনবরত—১। অবিরত, ক্রমাগত। ন অবরত (বিরামযুক্ত), নঞ্-তৎ; অথবা, ন (নাই) অবরত (বিরাম) যাহাতে বা যাহার, বহু। বিণ। ২। নিরন্তর; অবাধে। ন (নাই) অবরত যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

অনবরুদ্ধ—অবরোধহীন, মুক্ত। নঞ্-তৎ। বিণ।

অনবরোধ—১। অবরোধশূন্যতা; আটক না করা; বিঘ্নাভাব। ন অবরোধ, নঞ্-তৎ। বি; পুং। ২। অবরোধশূন্য; অবাধ; নির্বিঘ্ন। ন (নাই) অবরোধ যাহার, বহু। বিণ।

অনবলম্ব, -লম্বন—১। অবলম্বনহীনতা; নিরাশ্রয়তা। নঞ্-তৎ। বি; পুং, ক্লী। ২। আশ্রয়শূন্য; অবলম্বনহীন। ন (নাই) অবলম্ব, অবলম্বন যাহার, বহু। বিণ।

অনবসর—১। অবসর না থাকা, অনবকাশ। নঞ্-তৎ। বি; পুং। ২। অবকাশহীন। বহু। বিণ।

অনবস্থ—অস্থায়ী; অস্থিতিশীল, unstable. ন (নাই) অবস্থা যাহার, বহু। বিণ।

অনবস্থা—অব্যবস্থিততা; চঞ্চলতা; অনিয়ম; অবিশ্রান্তি; তর্কদোষ বিঃ; যে তর্কে উপপাদ্য ও উপপাদকের বিরাম থাকে না (অর্থাৎ যাহাতে একটি অপরের উপর নির্ভর করে, আবার সেইটি আর একটির উপর নির্ভর করে—এই ভাবে সমাপ্তি ঘটে না)। নঞ্-তৎ। বি; স্ত্রী।

অনবস্থিত—অব্যবস্থিত, স্থিরতাহীন। নঞ্-তৎ। বিণ।

অনবস্থিতচিত্ত—অব্যবস্থিতমনা, অস্থিরচিত্ত। অনবস্থিত চিত্ত যাহার, বহু। বিণ।

অনবহিত—অমনোযোগী; অযত্নশীল; উপেক্ষাকারী। নঞ্-তৎ। বিণ।

অনভিজাত—অকুলীন, হীনকুলোদ্ভব, নীচবংশীয়। নঞ্-তৎ। বিণ।

অনভিজ্ঞ—অভিজ্ঞতাহীন; মূর্খ; অপারদর্শী। নঞ্-তৎ। বিণ। বি, -তা।

অনভিপ্রায়—ইচ্ছার অভাব; অসম্মতি। নঞ্-তৎ। বি; [পুং।

অনভিপ্রেত—অনভিমত; অবাঞ্ছিত ('—কর্ম'); অনুদ্দিষ্ট। নঞ্-তৎ। বিণ।

অনভিব্যক্তি—অপ্রকাশ; অপরিস্ফুটতা, অস্পষ্টতা। নঞ্-তৎ। বি; স্ত্রী। বিণ, -ব্যক্ত।

অনভিমত—মতবিরুদ্ধ; যাহাতে সম্মতি নাই এমন; সমর্থনহীন। নঞ্-তৎ। বিণ।

অনভিলষিত—অবাঞ্ছিত, অনভিপ্রেত। নঞ্-তৎ। বিণ। বি, -লাষ।

অনভ্যস্ত—অভ্যাসহীন ('—লোক'); পুনরাবৃত্তিশূন্য; অনাচরিত ('—কার্য'); অপঠিত ('—বিষয়')। নঞ্-তৎ। বিণ।

অনভ্যাস—অভ্যাসের অভাব; অনধ্যয়ন; অব্যবহার। নঞ্-তৎ। বি; পুং।

অনমনীয়, অনম্য—যাহাকে নত করা যায় না এরূপ; অতি কঠিন; কঠোর-প্রকৃতি; দুর্দমনীয়। নঞ্-তৎ। বিণ। [ভূত। নঞ্-তৎ। বিণ।

অনমিত—যাহাকে নত করা হয় নাই এরূপ, অপরা-

অনম্বর—১। বস্ত্রহীন, দিগম্বর। ন (নাই) অম্বর (বস্ত্র) যাহার, বহু। বিণ। ২। আকাশ ("অনম্বরপথে সুকেশিনী"—মাইকেল)। ন (নাই) অম্বর (শব্দোৎপাদক) যাহা হইতে, বহু। বি; ক্লী।

অনর্গল—১। অবাধ; স্বচ্ছন্দচারী; অর্গলহীন, খিলশূন্য। ন (নাই) অর্গল (খিল অর্থাৎ বাধা) যাহাতে, বহু। বিণ। ২। অবাধে, অবিরতভাবে। ন (নাই) অর্গল যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

অনর্ঘ—অমূল্য। ন (নাই) অর্ঘ (মূল্য) যাহার, বহু। বিণ।

অনর্থ—১। বিপত্তি, অনিষ্ট ('—ঘটানো'); অমঙ্গল; ভুল অর্থ; প্রয়োজনহীন বিষয়। ন অর্থ, নঞ্-তৎ। বি; পুং। ২। অর্থহীন। ন (নাই) অর্থ যাহার, বহু। বিণ।

অনর্থক—১। প্রয়োজনহীন, নিরর্থক, নিষ্ফল। ন (নাই) অর্থ যাহার, বহু (ক-আগম)। ২। বৃথা, অকারণে। ন (নাই) অর্থ যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

অনর্থকর—১। বিপত্তিজনক, অশুভজনক; ক্ষতিকারক। উপতৎ; অনর্থ—কৃ+ট কর্তৃ। ২। যাহাতে অর্থোপায় হয় না এরূপ, লাভহীন। ন অর্থকর, নঞ্-তৎ। বিণ। স্ত্রী, -করী।

অনর্থপাত—বিপত্তিঘটন, অনিষ্টসংঘটন, অশুভঘটন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অনর্হ—অযোগ্য। নঞ্—অর্হ+অচ্ কর্তৃ। বিণ।

অনল—অগ্নি। ন (নাই) অল (পর্যাপ্তি, তৃপ্তি) যাহার, বহু। বি; পুং।

অনলচূর্ণ—বারুদ। অনলগর্ভ চূর্ণ, মধ্যপ। বি; ক্লী। [মধ্যপ। বি; স্ত্রী।

অনলশিলা—উল্কাপিণ্ড, meteor. অনলময়ী শিলা,

অনলস—আলস্যহীন; শ্রমশীল; কর্মে উৎসাহী। নঞ্-তৎ। বিণ।

অনল্প—অধিক। নঞ্-তৎ। বিণ।

অনশন—উপবাস। নঞ্-তৎ। বি; ক্লী।

অনশনক্লিষ্ট, -পীড়িত—উপবাসকাতর। অনশন হেতু ক্লিষ্ট, অনশন দ্বারা পীড়িত, ৩য়াতৎ। বিণ।

অনশন-ধর্মঘট—কাহারও কার্যের নৈতিক প্রতিবাদ-স্বরূপ উপবাস-অবলম্বন, hunger-strike. অনশন-দ্বারা ধর্মঘট, ৩য়াতৎ। বাংপ্র। বি।

অনশনব্রত—উপবাসরূপ নিয়ম, অনশনে থাকার সংকল্প। অনশনরূপ ব্রত, রূপক। বি; ক্লী।

অনশ্বর—অক্ষয়, চিরস্থায়ী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -রী। বি, -তা -ত্ব (indestructibility).

অনসূয়—হিংসাশূন্য। ন (নাই) অসূয়া যাহার, বহু। বিণ।

অনসূয়া—১। অত্রিপত্নী; (কালিদাসের কাব্যে) শকুন্তলার সখী। বি; স্ত্রী। ২। অসূয়াহীনা; দ্বেষশূন্যা। ন (নাই) অসূয়া যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী। ৩। অসূয়াভাব, পরশ্রীকাতরতাহীনতা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনা—অমঙ্গল বিরূপ অভাব প্রভৃতি-বাচক বাং উপসর্গ (যথা—'অনামুখো', 'অনাসৃষ্টি' ইঃ)। অ।

অনাক্রমণ—আক্রমণ না করা ('—চুক্তি'); চড়াও না হওয়া। নঞ্‌তৎ। বি; ক্লী। বিণ, -ক্রান্ত।

অনাক্রম্য—যাহাকে আক্রমণ করা অসম্ভব এমন; রোগের আক্রমণ হইতে মুক্ত, immune. নঞ্‌তৎ। বিণ। বি, -তা (immunity).

অনাগত—অনুপস্থিত; ভবিষ্যৎ। নঞ্‌তৎ। বিণ।

অনাগতবিধাতা (-বিধাতৃ)—পরিণামদর্শী; ভাবী বিপদের প্রতিকারকর্তা। অনাগতের (ভাবী বিপদাদির) বিধাতা, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -বিধাত্রী।

অনাঘ্রাত—যাহা আঘ্রাণ করা হয় নাই এরূপ, আ-শোঁকা ('—পুষ্প'); অনুপভুক্ত। নঞ্‌তৎ। বিণ।

অনাচরণ—অভদ্র ব্যবহার; অশাস্ত্রীয় ব্যবহার; না করা। নঞ্‌তৎ। বি; ক্লী।

অনাচরণীয়—অব্যবহার্য; যাহার জলাদি গ্রহণ করা যায় না এরূপ; যাহার সহিত বৈবাহিক সম্বন্ধ স্থাপন করা যায় না এমন ('—কুল')। নঞ্‌তৎ। বিণ।

অনাচার—সমাজবিরুদ্ধ শাস্ত্রবিরুদ্ধ বা কুৎসিত আচরণ। নঞ্‌তৎ। বি; পুং।

অনাচারী (-চারিন্)—কদাচারী, জঘন্য 'আচার-বিশিষ্ট, সদাচারভ্রষ্ট। অনাচার+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -চারিণী।

অনাছিষ্টি—সৃষ্টিছাড়া; অদ্ভুত। <অনাসৃষ্টি। বিণ।

অনাটন—টানাটানি, অকুলান, অভাব। <অনটন। বি।

অনাড়ম্বর—আড়ম্বরশূন্য, জাঁকজমকশূন্য; সরল। ন (নাই) আড়ম্বর যাহার বা যাহাতে, বহু। বিণ।

অনাত্মজ্ঞ—যে নিজেকেই নিজে জানে না এমন; আত্মা সম্বন্ধে অজ্ঞ। নঞ্‌তৎ। বিণ।

অনাত্মীয়—আত্মীয়তা-শূন্য, পর; শত্রু, বিপক্ষ। নঞ্‌তৎ। বি; পুং বা বিণ।

অনাথ—রক্ষকহীন; নিরাশ্রয়; সহায়হীন। বহু। বিণ।

অনাথনাথ—অশরণের শরণ; জগদীশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অনাথ-নিবাস—নিরাশ্রয় ব্যক্তিদিগের থাকিবার জায়গা; মাতাপিতৃহীন বালক-বালিকাদের আশ্রয়-স্থান, orphanage. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অনাথা—অসহায়া, নিরাশ্রয়া; বিধবা। অনাথ+আপ্। বিণ; স্ত্রী।

অনাথাশ্রম—অনাথ-নিবাস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অনাথিনী—অসহায়া, নিরাশ্রয়া; দুঃখিনী; বিধবা। অনাথ+ইনী (বাং স্ত্রীপ্রত্যয়)। বিণ; স্ত্রী।

অনাদর—অযত্ন; অবজ্ঞা; অমনোযোগ; অসম্মান। নঞ্‌তৎ। বি; পুং।

অনাদরণীয়—আদর করিবার অযোগ্য, অবহেলনীয়। নঞ্‌তৎ। বিণ।

অনাদায়—১। আদায়ের অভাব; অপ্রাপ্তি; অপরি-শোধ; অসম্পাদন। বি। ২। বাকী, যাহা আদায় হয় নাই এমন। আ-মু। বিণ।

অনাদায়ী—আদায়-না-করা, বাকী। আ-মু। বিণ।

অনাদি—১। আদিহীন ('—কাল'); উৎপত্তিশূন্য ('—পুরুষ')। বিণ। ২। পরমেশ্বর। ন (নাই) আদি যাহার, বহু। বি; পুং।

অনাদিপরম্পরা—অনাদি কাল পর্যন্ত; অনাদি সংখ্যা পর্যন্ত, *ad infinitum*. অ।

অনাদিমধ্যান্ত—আদি-মধ্য-অন্তহীন, উৎপত্তি-স্থিতি-লয়হীন। বহু। বিণ।

অনাদৃত—অনাদরপ্রাপ্ত; উপেক্ষিত; অবমানিত। নঞ্‌তৎ। বিণ।

অনাদ্যন্ত—আদি-অন্তহীন, যাহার আরম্ভও নাই শেষও নাই ('—কাল')। ন (নাই) আদ্যন্ত যাহার, বহু। বিণ।

অনাবশ্যক—অপ্রয়োজনীয়। নঞ্‌তৎ। বিণ।

অনাবাসিক—যে বাস করে না এমন, non-resident; যাহাতে বাস করা হয় না এমন, non-residential. নঞ্‌তৎ। বিণ।

অনাবিল—নির্মল, আবিলতাশূন্য। নঞ্‌তৎ। বিণ।

অনাবিষ্কৃত—অপ্রকাশিত; অনুদ্ভাবিত। নঞ্‌তৎ। বিণ।

অনাবিষ্ট—অমনোযোগী। নঞ্‌তৎ। বিণ।

অনাবৃত—অনাচ্ছাদিত, খোলা। নঞ্‌তৎ। বিণ।

অনাবৃত্তি—অপুনরাগমন; পুনরায় না ঘটা; অনুচ্চারণ; মুখে বার বার না বলা; অনভ্যাস; পুনর্জন্ম না হওয়া। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনাবৃষ্টি—বর্ষণাভাব; পর্যাপ্ত বৃষ্টি না হওয়া। আ (ঈষৎ) বৃষ্টি, প্রাদি; ন আবৃষ্টি, নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনাব্য—নৌকা দ্বারা পার হওয়ার অযোগ্য; যাহাতে নৌকা জাহাজ প্রঃ চলে না এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অনাময়—১। নীরোগতা, সুস্থ অবস্থা। নঞ্‌তৎ। বি; পুং। ২। নীরোগ, সুস্থ। ন (নাই) আময় যাহার, বহু। বিণ।

অনামা (-নামন্)—নামহীন, অখ্যাত। ন (নাই) নাম যাহার, বহু। বিণ। স্ত্রী, -মা, -ম্নী।

অনামা, অনামিকা—কড়ে আঙ্গুলের আগের আঙ্গুল,

ring finger. ন (নাই) (অন্য) নাম যাহার, বহু+ডাপ্‌, অনামা+কন্‌ স্বার্থে+আপ্‌। বি; স্ত্রী।

অনামুখো—যাহার মুখ দেখিলে দিন ভাল যায় না এরূপ [তিরস্কার অর্থে ব্যবহৃত]। অনা (অশুভ) মুখ যাহার, বহু। বাংপ্র। বিণ।

অনায়ত্ত—অনধীন; অবাধ্য; অনধিগত; ক্ষমতা-বহির্ভূত। নঞ্‌তৎ। বিণ।

অনায়াস—১। অক্লেশ, অল্প পরিশ্রম; নঞ্‌তৎ। বি; পুং। ২। শ্রমবিহীন; সহজসাধ্য। ন (নাই) আয়াস যাহাতে, বহু। বিণ।

অনায়াসলব্ধ—সহজে প্রাপ্ত, বিনা কষ্টে অর্জিত। অনায়াসে লব্ধ, সুপ্‌। বিণ।

অনায়াসলভ্য—সহজপ্রাপ্য, সুলভ। অনায়াসে লভ্য, সুপ্‌। বিণ।

অনায়াসসাধ্য—সহজে সম্পাদনীয়, বিনা কষ্টে সম্পাদনযোগ্য। অনায়াসে সাধ্য, সুপ্‌। বিণ।

অনায়াসসিদ্ধ—সহজে সম্পাদিত। অনায়াসে সিদ্ধ, সুপ্‌। বিণ।

অনায়াসে—বিনা চেষ্টায়; অক্লেশে; সহজে। ন (নাই) আয়াস যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

অনারম্ভ—আরম্ভাভাব, সূচনাশূন্যতা, আরম্ভ না করা বা না হওয়া। ন আরম্ভ, নঞ্‌তৎ। বি; পুং।

অনারারি, অনরারি—অবৈতনিক ('—ম্যাজিস্ট্রেট')। <ইং 'honorary'. বিণ।

অনারেবল্‌—মাননীয়। <ইং 'honourable'. বিণ।

অনার্তবা—যাহার ঋতু হয় নাই এমন, অজাতরজস্কা। ন (নাই) আর্তব (স্ত্রীরজঃপ্রকাশ) যাহার, বহু+আপ্‌। বিণ; স্ত্রী।

অনার্দ্র—যাহা ভিজা নহে এমন; জলবিহীন, anhydrous. নঞ্‌তৎ। বিণ।

অনার্য—১। যে আর্য নহে এরূপ, non-Aryan; অভদ্র ('—আচরণ'); অসাধু; অভদ্রবংশীয়। বিণ। ২। আর্যেতর জাতি; ভারতের আদিম অধিবাসী; নীচ জাতি। নঞ্‌তৎ। বি; পুং।

অনার্যজাতি—আর্যগণের ভারতে আগমনের পূর্বে যে জাতি ভারতে বাস করিত। কর্মধা। বি; স্ত্রী। বিণ, -জাতীয়।

অনার্যতা—অভদ্রতা, অসাধুতা। অনার্য+তা ভাবে। বি: স্ত্রী।

অনার্যোচিত—অনার্যের উপযোগী; হেয়, জঘন্য। ৭মীতৎ। বিণ।

অনালোচনীয়, -লোচ্য—আলোচনার অযোগ্য, অননু-শীলনীয়। নঞ্‌তৎ। বিণ।

অনালোচিত—অননুশীলিত: অপরিশীলিত; অপরীক্ষিত। নঞ্‌তৎ। বিণ।

অনালোড়িত—অবিক্ষোভিত; অমথিত; অক্ষুব্ধ। নঞ্‌তৎ। বিণ।

অনাশ্রয়—১। নিরাশ্রয়; অসহায়। ন (নাই) আশ্রয় যাহার, বহু। বিণ। ২। আশ্রয়াভাব। নঞ্‌তৎ। বি; পুং।

অনাসক্ত—অনুরাগহীন, যাহার আসক্তি নাই এরূপ, নির্লিপ্ত ('— মন')। ন আসক্ত, নঞ্‌তৎ। বিণ। বি, -সক্তি।

অনাসৃষ্টি—সৃষ্টিছাড়া; বিসদৃশ, আজগুবি। বাংপ্র। বিণ।

অনাস্থা—আস্থাশূন্যতা, অবিশ্বাস, no-confi-dence. নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনাস্থাপ্রস্তাব—সরকার বা পরিচালক সমিতির কার্য-ক্ষমতায় আস্থাহীনতা-জ্ঞাপক প্রস্তাব, no-confi-dence motion. অনাস্থাজ্ঞাপক প্রস্তাব, মধ্যপ। বি; পুং।

অনাস্বাদিত—যাহার স্বাদ গ্রহণ করা হয় নাই এরূপ; অভক্ষিত। নঞ্‌তৎ। বিণ।

অনাহত—যাহা আঘাতপ্রাপ্ত হয় নাই এরূপ ('—মৃদঙ্গ'); অক্ষত; অক্ষোভিত; আঘাত বিনা উত্থিত ('— ধ্বনি')। নঞ্‌তৎ। বিণ। **অনাহত চক্র** —(তন্ত্র) হৃদয়ে অবস্থিত সুষুম্নাস্থিত দ্বাদশদল পদ্ম। **অনাহত ধ্বনি**—হৃৎপিণ্ডের শব্দ।

অনাহার—অনশন, উপবাস। নঞ্‌তৎ। বি; পুং। ক্রি-বিণ—**অনাহারে** (না খাইয়া)।

অনাহারী (-হারিন্‌)—উপবাসী। অনাহার+ইন্‌ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, **-হারিণী**।

অনাহূত—অনিমন্ত্রিত, যাহাকে ডাকা হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অনিকেত—গৃহহীন। বহু। বিণ।

অনিচ্ছা—অপ্রবৃত্তি; আপত্তি, অসম্মতি; ঔদাসীন্য। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনিচ্ছাকৃত—ইচ্ছার বিরুদ্ধে সম্পাদিত; যাহা ইচ্ছা করিয়া করা হয় নাই এমন, unintentional. নঞ্‌তৎ। বিণ।

অনিচ্ছাসত্ত্বে—ইচ্ছা না থাকাতে। অনিচ্ছার সত্ত্ব (বিদ্যমানতা), ৬ষ্ঠীতৎ, তাহাতে, ভাবে ৭মী। বি; ক্লী।

অনিচ্ছু, অনিচ্ছুক—ইচ্ছাহীন, অনভিলাষী। নঞ্‌তৎ। বিণ।

অনিট্‌—(সং ব্যাকরণে) যে সকল ধাতুর পরে ইট্‌ আগম হয় না এরূপ ('— ধাতু')। ন (নাই) ইট্‌ যাহাদের, বহু। বিণ।

অনিত্য—অস্থায়ী; নশ্বর। নঞ্‌তৎ। বিণ।

অনিদ্র—নিদ্রাহীন। ন (নাই) নিদ্রা যাহার, বহু। বিণ।

অনিদ্রা—নিদ্রাহীনতা, নিদ্রার অভাব, insomnia. নঞ্‌তৎ। বি: স্ত্রী।

অনিন্দনীয়, অনিন্দ্য—নিখুঁত, অনবদ্য, উত্তম। নঞ্‌তৎ। বিণ।

অনিন্দিত—অগর্হিত; অদুষ্ট; উত্তম। নঞ্‌তৎ। [বিণ।

অনিন্দ্যসুন্দর—যাহার সৌন্দর্যে খুঁত নাই এমন। সুপ্‌। বিণ। স্ত্রী, **-সুন্দরী**।

অনিপুণ—অপটু। নঞ্‌তৎ। বিণ।

অনিবন্ধ—বন্ধনহীন; অসংযত; উদ্দাম; অগ্রথিত; যাহাতে কোন কথা বা তাল নাই শুধু সুরে আছে এমন ('— সংগীত')। নঞ্‌তৎ। বিণ।

অনিবার—১। অপ্রতিরোধনীয়; অনিবার্য; অবিরত। ন (নাই) নিবার (নিবারণ) যাহার, বহু। বিণ। ২। নিরন্তর; বারবার; ক্রমান্বয়ে; অজস্রধারায়। ন (নাই) নিবার যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

অনিবারণীয়—অনিরোধনীয়, যাহা বা যাহাকে নিবারণ করা যায় না এমন, অপ্রতিষেধনীয়। নঞ্‌তৎ। বিণ।

অনিবারিত—অবাধ, অপ্রতিহত; অনির্বিঘ্ন। নঞ্‌তৎ। বিণ।

অনিবার্য—নিবারণের অযোগ্য, অনিরোধনীয়; অতিশয় জরুরী। নঞ্‌তৎ। বিণ।

অনিবেদিত—অনুৎসর্গীকৃত; অবিজ্ঞাপিত। নঞ্‌তৎ। বিণ।

অনিমন্ত্রিত—অনাহূত, যাহাকে নিমন্ত্রণ করা হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অনিমিষ—১। নির্নিমেষ, অপলক ('— নয়নে')। বিণ। ২। একদৃষ্টিতে; মুগ্ধভাবে। ✓অনিমিষ। ক্রি-বিণ।

অনিমিখে—নির্নিমেষ নয়নে। কপ্র। ক্রি-বিণ।

অনিমিষ, -মেষ—পলকহীন; স্থির। ন (নাই) নিমিষ, নিমেষ যাহার বা যাহাতে, বহু। বিণ।

অনিমিষে, -মেষে—স্থিরদৃষ্টিতে, স্থিরভাবে। বহু। ক্রি-বিণ।

অনিয়ত—অনিয়ন্ত্রিত; উচ্ছৃঙ্খল; অনির্দিষ্ট। নঞ্‌তৎ। বিণ।

অনিয়তাকার—নিরবয়ব, যাহার আকার পরিবর্তনশীল; সর্বাকার, amorphous. বহু। বিণ।

অনিয়ন্ত্রিত—অদমিত, উচ্ছৃঙ্খল; অনিবারিত; অগোছাল। নঞ্‌তৎ। বিণ।

অনিয়ম—নিয়মলঙ্ঘন, অসংযম; অনিয়ন্ত্রণ; অব্যবস্থা। নঞ্‌তৎ। বি; পুং।

অনিয়মিত—নিয়মশূন্য, অনির্দিষ্ট, irregular; অসংযত; অ-নিয়ন্ত্রিত; অব্যবস্থিত। নঞ্‌তৎ। বিণ। [বিণ।

অনিরুদ্ধ—অনিবারিত; অবাধ্য; অদম্য। নঞ্‌তৎ।

অনিরূপণীয়—যাহা নির্ণয় করা যায় না এমন; অনির্দেশ্য। নঞ্‌তৎ। বিণ।

অনিরূপিত—অনির্ধারিত; অনিয়মিত; অনির্দিষ্ট। নঞ্‌তৎ। বিণ।

অনির্ণীত—অনিরূপিত; অস্থিরীকৃত; অ-নিশ্চিত। নঞ্‌তৎ। বিণ। বি, -র্ণয়।

অনির্দিষ্ট—অনির্ধারিত, অনিরূপিত; অনিয়মিত। নঞ্‌তৎ। বিণ।

অনির্দেশ—১। অনির্ধারণ, অনিরূপণ। নঞ্‌তৎ। বি; পুং। ২। নির্দেশহীন। ন (নাই) নির্দেশ যাহার, বহু। বিণ।

অনির্দেশনীয়, অনির্দেশ্য—অনির্ধারণীয়, অনির্ণেয়। নঞ্‌তৎ। বিণ।

অনির্ধারণীয়—অনিরূপণীয়, অনির্ণেয়। নঞ্‌তৎ। বিণ।

অনির্ধারিত—অনির্ণীত; অনিয়মিত; অনিশ্চিত। নঞ্‌তৎ। বিণ।

অনির্ধার্য—অনির্ধারণীয়। নঞ্‌তৎ। বিণ।

অনির্বচনীয়—বর্ণনার অসাধ্য; যাহা ভাষায় প্রকাশ করিতে পারা যায় না এরূপ ('— আনন্দ')। নঞ্‌তৎ। বিণ।

অনির্বাণ—১। নির্বাণশূন্য; মুক্তিহীন; অক্ষয়; অনির্বৃত্ত; অশান্ত; প্রজ্বলিত; যাহা নিবে না এমন। ন (নাই) নির্বাণ যাহার, বহু। বিণ। ২। মুক্তির অভাব; নাশাভাব; প্রজ্বলন। নঞ্‌তৎ। বি; ক্লী।

অনির্বাপিত—যাহা নিবানো হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অনিল—বায়ু। অন্+ইলচ্ করণ। বি; পুং।

অনিশ্চয়—১। অনির্ণয়; স্থিরতাভাব; সন্দেহ। নঞ্‌তৎ। বি; পুং। ২। স্থিরত্বহীন, সন্দেহযুক্ত। ন (নাই) নিশ্চয় যাহাতে, বহু। বিণ। বি, -তা।

অনিশ্চিত—অধ্রুব; সন্দেহপূর্ণ; অনির্ণীত, অনির্ধারিত। নঞ্‌তৎ। বিণ।

অনিষ্ট—১। অমঙ্গল, ক্ষতি; অপকার। বি; ক্লী। ২। অনভিলষিত। নঞ্‌তৎ। বিণ।

অনিষ্টকর, -কারক, -জনক—অপকারক, ক্ষতিকারক। উপতৎ; অনিষ্ট—কৃ+ট কর্তৃ; অনিষ্টের কারক, জনক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -করী, -কারিকা, -জনিকা।

অনিষ্টকারী (-কারিন্)—অহিতকারী। উপতৎ; অনিষ্ট—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -কারিণী।

অনিষ্টপাত—অশুভসংঘটন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অনিষ্টসাধন, অনিষ্টাচরণ—ক্ষতি করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অনিষ্টাশঙ্কা—ক্ষতির ভয়, অপকারের ভয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অনীক—১। সিপাহী, যোদ্ধা। অন্+ঈকন্ করণ। ২। সংগ্রাম; সমূহ। নঞ্—নী+কিপ্ অপাবা+কন্ স্বার্থে। বি।

অনীকিনী—অক্ষৌহিণীর দশমাংশ সৈন্যদল; সেনাবাহিনী। অনীক+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

অনীত—১। অবাহিত, যাহা স্থানান্তরে লইয়া যাওয়া হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ। ২। কুরীতি; অনুচিত কার্য। ✓অনীতি। বি।

অনীতি—কুনীতি; নীতির অভাব; নীতিবিরুদ্ধ কার্যের অনুষ্ঠান। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনীপ্সিত—অবাঞ্ছিত, অনভিলষিত ('— কার্য')। নঞ্‌তৎ। বিণ।

অনীশ—১। বিষ্ণু। ন (নাই) ঈশ যাহা হইতে, বহু। বি; পুং। ২। ঈশ্বরহীন; প্রভুশূন্য। ন (নাই) ঈশ যাহার, বহু। বিণ।

অনীশ্বর—নাস্তিক; নিরীশ্বর; প্রভুহীন। ন (নাই) ঈশ্বর যাহার, বহু। বিণ।

অনীহ—চেষ্টাশূন্য; স্পৃহাশূন্য। ন (নাই) ঈহা যাহার, বহু। বিণ। বি—অনীহা (apathy).

অনু—পশ্চাৎ সাদৃশ্য ব্যাপ্তি অনুক্রম সামীপ্য ইঃ সূচক উপসর্গ। অ।

অনুকথন—পশ্চাদুক্তি, পরে বলা; অনুবাদ। অনু—কথ+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-কথিত**।

অনুকম্পা—কৃপা; স্নেহ; সহানুভূতি। অনু (সহ)—কম্প্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

অনুকরণ—নকল; জাল; অনুসরণ। অনু (সদৃশ)—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।

অনুকরণক্ষম, -দক্ষ, -পটু—নকল করিতে দক্ষ। ৭মীতৎ। বিণ।

অনুকরণপ্রবৃত্তি—নকল করিবার ইচ্ছা, অনুকরণ করিবার ইচ্ছা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অনুকরণপ্রিয়—অনুকরণানুরাগী, যে নকল করিতে ভালবাসে এরূপ। বহু। বিণ।

অনুকরণবৃত্তি—নকল করার স্বভাব। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [পরায়ণ। বহু। বিণ।

অনুকরণশীল—অনুকরণপ্রবৃত্তি-সম্পন্ন; অনুকরণ-

অনুকরণীয়—অনুকরণযোগ্য, যাহা দেখিয়া সেইরূপ করা উচিত বা আবশ্যক এরূপ। অনু—কৃ+অনীয় কর্ম। বিণ।

অনুকর্ষ, অনুকর্ষণ—(ব্যাকরণাদিতে) পূর্বসূত্রোক্ত পদাদির পরসূত্রাদিতে অনুবৃত্তি; আকর্ষণ। অনু—কৃষ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

অনুকল্প—গৌণ কল্প, মুখ্য নিয়মের ব্যতিক্রম; পরিবর্ত, alternative; প্রতিনিধি। অনু (সদৃশ)—কৢপ্+ণিচ্+অচ্ কর্ম। বি; পুং।

অনুকার—অনুকরণ ('—শব্দ'); সদৃশ কার্যকরণ। অনু—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

অনুকার-অব্যয়—(ব্যাক) কোন ধ্বনির অনুকরণে গঠিত অব্যয় শব্দ [যেমন—ঝনঝন, টনটন ইঃ]। মধ্যপ। বি।

অনুকারশব্দ—অনুকরণধ্বনি, অন্যশব্দের তুল্যশব্দ। অনুকারজাত শব্দ, মধ্যপ। বি; পুং।

অনুকারী (-কারিন্)—অনুকরণকারী, সদৃশ; অনুসরণকারী; যে জাল করে এমন। অনু—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিণী**।

অনুকার্য—অনুকরণযোগ্য। অনু—কৃ+ণ্যৎ কর্ম। বিণ।

অনুকূল—১। সপক্ষ, সহায় ('—বায়ু'); সুবিধাজনক ('—অবস্থা'); সমর্থক; অনুরক্ত; সদয়। বিণ। ২। নিজ স্ত্রীতে অনুরক্ত নায়ক বিঃ; অলংকার বিঃ। কূলকে অনুগত, প্রাদি। বি; পুং।

অনুকৃত—যাহার নকল করা হইয়াছে এমন, অনুসৃত। অনু (সদৃশ)—কৃ+ক্ত কর্ম। বিণ।

অনুকৃতি—নকল, অনুকরণ, mimicry. অনু—কৃ+ক্তি ভাব। বি; স্ত্রী।

অনুক্ত—অকথিত, যাহা বলা হয় নাই এমন; অনুল্লিখিত, উহ্য। নঞ্তৎ। বিণ।

অনুক্তকর্তা (-কর্তৃ)—(ব্যাক) কর্মবাচ্যে বা ভাববাচ্যে তৃতীয়ান্ত কর্তৃপদ। কর্মধা। বি; পুং।

অনুক্রম—পর্যায়, যথাক্রম; ফল, consequence; কর্মসূচী, programme. অনু—ক্রম্+ঘঞ্ ভাব। বি; পুং।

অনুক্রমণ—অনুগমন, অনুসরণ; ক্রমানুসারে করণ। অনু—ক্রম্+অনট্ ভাব। বি; ক্লী।

অনুক্রমণিকা, অনুক্রমণী—গ্রন্থের ভূমিকা; নির্ঘণ্ট। অনু—ক্রম্+অনট্ করণ+কন্ স্বার্থে+আপ্, অনু—ক্রম্+অনট্ অধি+ঈপ্। বি; স্ত্রী।

অনুক্ষণ—সর্বদা; নিরন্তর। ক্ষণে ক্ষণে, অব্যয়ী। ক্রি-বিণ।

অনুখন—নিরন্তর। <অনুক্ষণ। ক্রি-বিণ।

অনুগ—অনুযায়ী ('নিয়মানুগ'); অনুসরণকারী; অনুগামী; অনুচর; সেবক। উপতৎ; অনু—গম্+ড কর্তৃ। বিণ।

অনুগত—মতানুবর্তী; বাধ্য; অনুজীবী; আশ্রিত ('—জন')। অনু—গম্+ক্ত কর্তৃ। বিণ।

অনুগমন—অনুসরণ; সহগমন; মতানুসরণ; সহমরণ। অনু—গম্+অনট্ ভাব। বি; ক্লী।

অনুগামী (-গামিন্)—পশ্চাদ্গামী; সহচর; অনুসারী। উপতৎ; অনু—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী**।

অনুগুণ—সমগুণযুক্ত; অনুকূল, সহায়। অনু (কৃত) গুণকে, প্রাদি।। বিণ। [কর্ম। বিণ।

অনুগৃহীত—কৃপাপ্রাপ্ত; উপকৃত। অনু—গ্রহ্+ক্ত

অনুগ্র—উগ্রতাহীন; নিস্তেজ; অতীক্ষ্ণ; অক্রোধী; অনিষ্ঠুর; ভদ্র; অনুদ্ধত; শান্ত ('—প্রকৃতি'); মৃদু ('—গন্ধ')। নঞ্তৎ। বিণ।

অনুগ্রহ—আনুকূল্য; করুণা; উপকার; প্রসাদ; সহায়তা। অনু—গ্রহ্+অপ্ ভাব। বি; পুং।

অনুগ্রহপাত্র, -ভাজন—কৃপার পাত্র, দয়ার্হ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী বা বিণ।

অনুগ্রহপ্রার্থী (-প্রার্থিন্)—কৃপাপ্রার্থনাকারী, যে দয়া চায় এরূপ। উপতৎ; অনুগ্রহ—প্র—অর্থ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-প্রার্থিনী**।

অনুগ্রাহক—অনুগ্রহকারী। অনু—গ্রহ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-গ্রাহিকা**।

অনুগ্রাহী (-গ্রাহিন্)—অনুগ্রহকারী। অনু—গ্রহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গ্রাহিণী**।

অনুগ্রাহ্য—অনুগ্রহের যোগ্য; গ্রহণযোগ্য। অনু—গ্রহ্+ণ্যৎ কর্ম। বিণ।

অনুচর—১। পশ্চাদ্গামী; আজ্ঞাবহ; সহচর। বিণ। ২। সেবক; ভৃত্য; অনুগামী ব্যক্তি। অনু—চর্+অচ কর্তৃ। বি; পুং। স্ত্রী, **-চরী**।

অনুচারী (-চারিন্)—১। অনুচর; সহচর; আজ্ঞাবহ। অনু—চর+ণিন্ কর্তৃ। বিণ। ২। পরিচারক; অনুগামী ব্যক্তি। বি; পুং। স্ত্রী, **-চারিণী**।

অনুচিকীর্ষা—অনুকরণ করিবার ইচ্ছা। অনু—কৃ+সন (=চিকীর্ষ্ ধাতু)+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

অনুচিকীর্ষিত—যে বিষয়ের অনুকরণ করিবার ইচ্ছা করা হইয়াছে এরূপ। অনু—কৃ+সন্ (=চিকীর্ষ্ ধাতু)+ক্ত কর্ম। বিণ।

অনুচিকীর্ষু—অনুকরণ করিতে অভিলাষী। অনু—কৃ+সন্+উ কর্তৃ। বিণ। [নঞ্তৎ। বিণ।

অনুচিত—অবৈধ, অন্যায্য; অনুপযুক্ত; অনভ্যস্ত।

অনুচিন্তন—অনুধ্যান, সর্বদা চিন্তন; পশ্চাৎ চিন্তা; গভীর চিন্তা। অনু—চিন্ত্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -চিন্তিত, -চিন্তনীয়।

অনুচিন্তা—অনুচিন্তন। অনু—চিন্ত্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

অনুচ্চ—অনুন্নত; মৃদু, কোমল; অস্পষ্ট। ন উচ্চ, নঞ্‌তৎ। বিণ। [নঞ্‌তৎ। বিণ।

অনুচ্চারণীয়—অকথনীয়, উচ্চারণের অযোগ্য। নঞ্‌তৎ। বিণ।

অনুচ্চারিত—অকথিত, যে কথা মুখ হইতে বাহির করা হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অনুচ্চার্য—১। অকথ্য, যাহা উচ্চারণ করা সাধ্য বা উচিত নয় এরূপ। বিণ। ২। অর্ধমাত্রাযুক্ত বর্ণ (অর্ধমাত্রায় উচ্চারণ করা যায় না)। নঞ্‌তৎ। বি; পুং।

অনুচ্ছেদ—সূত্র পরিচ্ছেদ; প্যারাগ্রাফ; ধারা, article. প্রাদি। বি; পুং।

অনুজ—১। পরে জাত, কনিষ্ঠ। বিণ। ২। কনিষ্ঠ ভ্রাতা, ছোট ভাই। অনু—জন্+ড কর্তৃ। বি; পুং।

অনুজন্মা (-জন্মন্)—১। পরে জাত, কনিষ্ঠ। বিণ। ২। কনিষ্ঠ ভ্রাতা। অনু জন্ম যাহার, বহু। বি; পুং।

অনুজা—১। কনিষ্ঠা ভগিনী, ছোট বোন। বি; স্ত্রী। ২। পরে জাতা, পরে উৎপন্না। অনুজ+আপ্। বিণ; স্ত্রী।

অনুজাত—পরে জাত, পরে উৎপন্ন। অনু—জন্+ক্ত কর্তৃ। বিণ।

অনুজীবী (-জীবিন্)—পোষ্য; ভৃত্য; অনুবর্তী; সহচর; আশ্রিত; অনুচর। অনু—জীব্+ণিন্ কর্তৃ। বি বা বিণ; পুং। স্ত্রী, -জীবিনী।

অনুজীব্য—সেব্য; আশ্রয়দানের যোগ্য। অনু—জীব্+ণিচ্+যৎ কর্ম। বিণ।

অনুজ্জ্বল—উজ্জ্বলতাশূন্য; অস্পষ্ট; অপ্রখর। নঞ্‌তৎ। বিণ।

অনুজ্ঞা—অনুমোতি; আজ্ঞা; সম্মতি; নিয়োগ; ক্রিয়ার নিয়োজক প্রকার, imperative mood. অনু—জ্ঞা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

অনুজ্ঞাত—অনুমতিপ্রাপ্ত, অনুমত; আদিষ্ট। অনু—জ্ঞা+ক্ত কর্ম। বিণ।

অনুজ্ঞাপত্র—কোন কর্ম করিবার সরকারী সনদ, licence. মধ্যপ। বি; ক্লী।

অনুতপ্ত—অনুতাপগ্রস্ত। অনু—তপ্+ক্ত কর্তৃ। বিণ।

অনুতাপ—কৃতকর্মের জন্য পরিতাপ, অনুশোচনা। অনু—তপ্+ঘঞ্ ভাব। বি; পুং।

অনুতাপী (-তাপিন্)—অনুতাপকারী, অনুশোচক। অনুতাপ।ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -তাপিনী।

অনুত্তম—১। অনুৎকৃষ্ট, অপকৃষ্ট। নঞ্‌তৎ। ২। সর্বোত্তম, সর্বাপেক্ষা উৎকৃষ্ট; শ্রেষ্ঠ। ন (নাই) উত্তম যাহা হইতে, বহু। বিণ।

অনুত্তর—১। সর্বশ্রেষ্ঠ। ন (নাই) উত্তর (পর, শ্রেষ্ঠ) যাহা হইতে, বহু। ২। উত্তরহীন; মৌনী; যাহার জবাব দেওয়া যাইতে পারে না এরূপ ('—প্রশ্ন')। ন (নাই) উত্তর (জবাব) যাহার, বহু। ৩। নিকৃষ্ট; রক্তসম্বন্ধের নিকটতা হেতু অকরণীয় ('—সম্বন্ধ')। নঞ্‌তৎ। বিণ।

অনুৎপন্ন—অনুদ্ভূত, অজাত, যাহা জন্মে নাই এমন। নঞ্‌তৎ। বিণ।

অনুৎসাহ—১। উৎসাহহীনতা, উদ্যমহীনতা। নঞ্‌তৎ। বি; পুং। ২। নিরুৎসাহ, উদ্যমহীন। ন (নাই) উৎসাহ যাহার, বহু। বিণ।

অনুদয়—১। অপ্রকাশ; অনুৎপত্তি; অসমৃদ্ধি। ন উদয়, নঞ্‌তৎ। বি; পুং। ২। অপ্রকাশিত; অনুৎপন্ন; সমৃদ্ধিরহিত। ন (নাই) উদয় যাহার, বহু। বিণ।

অনুদাত্ত—১। (উদাত্ত, অনুদাত্ত ও স্বরিত বেদগানের এই ত্রিস্বরমধ্যে) নিম্ন স্বর; বেদের মন্ত্র বিঃ। বি; পুং। ২। উদাত্তভিন্ন; নিম্ন। ন উদাত্ত, নঞ্‌তৎ। বিণ।

অনুদান—বিদ্যালয় প্রঃ জনসাধারণের প্রতিষ্ঠানে সরকারের দান, grant. অনু দান, প্রাদি। বি; ক্লী।

অনুদার—অমহান্, সংকীর্ণচেতা; কৃপণ। নঞ্‌তৎ। বিণ। বি, -তা।

অনুদিত—১। অনুত্থিত, অনুদ্গত; অপ্রকাশিত। উৎ—ই+ক্ত কর্তৃ=উদিত; ন উদিত, নঞ্‌তৎ। ২। অকথিত, অনুক্ত। বদ্+ক্ত কর্ম; ন উদিত, নঞ্‌তৎ। বিণ।

অনুদিন—প্রতিদিন; অবিরাম। দিনে দিনে, বীপ্সার্থে অব্যয়ী। ক্রি-বিণ।

অনুদেশ—উপদেশ, নির্দেশ, direction ; আদেশ; অনুমতি। অনু—দিশ্+ঘঞ্ ভাব। বি; পুং।

অনুদ্গত—অনুত্থিত; অপ্রকাশিত; অনুড্ডীন, যাহা উড়িতেছে না এমন। নঞ্‌তৎ। বিণ।

অনুদ্ঘাতী (-তিন্)—সমতল। ন উদ্ঘাতী, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -তিনী।

অনুদ্দিষ্ট—যাহার খোঁজ-খবর নাই এরূপ, নিরুদ্দেশ; অলক্ষিত; যাহা লক্ষ্যের বিষয় নয় এমন; অনভিপ্রেত; অনুল্লিখিত। ন উদ্দিষ্ট (উদ্দেশযুক্ত), নঞ্‌তৎ। বিণ।

অনুদ্দেশ—১। কোন খোঁজ না পাওয়া; অ-লক্ষ্যকরণ; অনভিপ্রায়। নঞ্‌তৎ। বি; পুং। ২। নিরুদ্দেশ। ন (নাই) উদ্দেশ যাহার, বহু। বিণ।

অনুদ্ধত—নম্র, বিনীত। নঞ্‌তৎ। বিণ।

অনুদ্বায়ী (-য়িন্)—যাহা বাষ্প হইয়া উড়িয়া যায় না এমন, non-volatile. নঞ্‌তৎ। বিণ।

অনুদ্বিগ্ন—অনুৎকণ্ঠিত ('—চিত্ত'); অব্যাকুল। নঞ্‌তৎ। বিণ।

অনুদ্ভিন্ন—অনুদ্গত; অপ্রকাশিত; অপরিস্ফুট ('—যৌবন')। নঞ্‌তৎ। বিণ।

অনুদ্ভূত—প্রচ্ছন্ন; অজাত; অপ্রকাশিত। নঞ্‌তৎ। বিণ।

অনুদ্যত—অপ্রস্তুত। নঞ্‌তৎ। বিণ।

অনুধাই—১। অনুধ্যান করি; অনুধাবন করি। ক্রি

(উত্তম পুরুষ)। ২। চিন্তা করিয়া। প্রা কপ্র। অস-ক্রি।

অনুধাবন—অনুসরণ; মনোনিবেশ; অনুসন্ধান। অনু—ধাব্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -ধাবিত।

অনুধ্যান—মঙ্গলচিন্তা; সর্বক্ষণ চিন্তা; স্মরণ। অনু—ধ্যৈ+অনট্ ভাব। বি; ক্লী।

অনুধ্যায়ী (-ধ্যায়িন্)—ইষ্টচিন্তাকারী; অনুধ্যানকারী; স্মরণকারী। অনু—ধ্যৈ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ধ্যায়িনী।

অনুধ্যেয়—অনুধ্যানের যোগ্য; স্মরণযোগ্য। অনু—ধ্যৈ+যৎ কর্ম। বিণ।

অনুনয়—কাতরপ্রার্থনা: মিনতি; বিনীত অনুরোধ। অনু—নী+অচ্ ভাব। বি; পুং।

অনুনয়বিনয়—কাতরপ্রার্থনা; একান্ত অনুরোধ। দ্বন্দ্ব। বি; পুং।

অনুনাদ—প্রতিধ্বনি, প্রতিশব্দ। অনুরূপ নাদ, প্রাদি। বি; পুং।

অনুনাদিত—শব্দিত; একই সময়ে শব্দিত; সমশব্দবিশিষ্ট; প্রতিধ্বনিত; অনুরণিত। অনুনাদ+ইতচ্ জন্মিয়াছে অর্থে। বিণ।

অনুনাসিক—১। নাসিকাসহযোগে উচ্চারণীয় বর্ণ (যথা—ঙ, ঞ, ণ, ন, ম, ং, ँ)। বি; পুং। ২। নাসিকা দ্বারা উচ্চারিত, নাকী-সুরযুক্ত ('—স্বর')। নাসিকাকে অনুগত, প্রাদি। বিণ।

অনুনীত—অনুরুদ্ধ; প্রার্থিত। অনু—নী+ক্ত কর্ম। বিণ।

অনুনেয়—অনুনয়যোগ্য। অনু—নী+যৎ কর্ম। বিণ।

অনুন্নত—অনুচ্চ; অসমৃদ্ধ; অনভ্যুদিত; অনুদার; হীনসমাজভুক্ত। নঞ্‌তৎ। বিণ। অনুন্নত শ্রেণী, সম্প্রদায়—সভ্যতায় অনগ্রসর জনসমূহ, depressed class.

অনুপ—তুলনাবিহীন। ⟨অনুপম। বিণ।

অনুপকার—অনিষ্ট, অপকার। নঞ্‌তৎ। বি; পুং।

অনুপকারক—অনুপকারী (তাহা দ্রঃ)। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -কারিকা।

অনুপকারিতা—অপকারিতা; অগুণকারিতা। অনুপকারিন্+তা ভাবে। বি; স্ত্রী।

অনুপকারী (-কারিন্)—অপকারী; যাহার কাছ হইতে উপকার পাইবার আশা নাই এমন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -কারিণী। বি, -কারিতা।

অনুপকৃত—যাহার উপকার করা হয় নাই এরূপ, যে উপকার পায় নাই এমন। নঞ্‌তৎ। বিণ।

অনুপদ—১। পদে পদে; পশ্চাৎ; বারবার পদের অনু, অব্যয়ী। ক্রি-বিণ। ২। পশ্চাদ্গামী। পদকে অনুগত, প্রাদি। বিণ।

অনুপদিষ্ট—যাহাকে উপদেশ দেওয়া হয় নাই এমন; যাহার সম্বন্ধে কিছু বলা হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অনুপদী (-পদিন্)—অন্বেষক; অনুগামী। অনুপদ +ইন আছে অর্থে। বিণ। স্ত্রী, -পদিনী।

অনুপদীনা—বুটজুতা; মোজা প্রঃ পদাচ্ছাদন। অনু-পদ (সমগ্র চরণ)+ঈন্ (খ) ব্যাপ্ত্যর্থে+আপ্। বি; স্ত্রী।

অনুপপত্তি—সিদ্ধান্তের অভাব; অপ্রমাণ; অযুক্তি; অনুৎপত্তি; অসংগতি; অকৃতকার্যতা; অসিদ্ধি; অভাব। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনুপম—তুলনাহীন, নিরুপম; অতুলনীয়। ন (নাই) উপমা যাহার, বহু। বিণ। স্ত্রী, -মা।

অনুপমেয়—নিরুপম, অতুলনীয়; অত্যুৎকৃষ্ট। নঞ্‌তৎ। বিণ। [অক্ষম। নঞ্‌তৎ। বিণ।

অনুপযুক্ত—অপ্রশস্ত; মন্দ; অযোগ্য; অকর্তব্য;

অনুপযোগিতা—অযোগ্যতা; প্রয়োজনের সহিত অসংগতি। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনুপযোগী (-যোগিন্)—অযোগ্য; বৃথা। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -যোগিনী।

অনুপল—এক বিপলের ষাট ভাগের এক ভাগ, $\frac{1}{150}$ সেকেন্ড; অতি অল্প সময়। পলকে অনুগত, প্রাদি। বি; পুং।

অনুপলব্ধি—অননুভূতি; অপ্রাপ্তি; প্রত্যক্ষতাভাব; বুঝিতে না পারা; দর্শনশাস্ত্রের প্রমাণ বিঃ। নঞ্‌তৎ। বি; স্ত্রী। বিণ, -লব্ধ।

অনুপস্থিত—অনাগত, গরহাজির; অবর্তমান। নঞ্‌তৎ। বিণ।

অনুপস্থিতি—উপস্থিতির অভাব, না আসা, কামাই। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনুপাত—পশ্চাৎ পশ্চাৎ পতন; পশ্চাদ্গমন; (গণিতে) পূর্বাঙ্কপাতানুসারে পরাঙ্কপাত; এক রাশির সহিত অন্য এক রাশির সম্বন্ধ, ratio; একের হ্রাসবৃদ্ধির অনুসারে অন্যের হ্রাসবৃদ্ধি, proportion; ত্রৈরাশিক। অনু—পত্+ঘঞ্ ভাব, করণ। বি; পুং।

অনুপাতক—ব্রহ্মহত্যা ব্রাহ্মণের স্বর্ণহরণ সুরাপান গুরুপত্নীহরণ ও ইহাদের সংসর্গজ এই পঞ্চ মহাপাতকের অনুরূপ পঞ্চত্রিংশদ্বিধ পাতক। অনুরূপ পাতক, প্রাদি। বি; ক্লী।

অনুপান—ঔষধের সহযোগে বা ঔষধ সেবনের শেষে পানীয় রসাদি। অনু—পা+অনট্ কর্ম। বি; ক্লী।

অনুপাম—অতুলনীয়, উপমারহিত। ⟨অনুপম। বিণ।

অনুপায়—১। নিরুপায়; নিরবলম্ব। ন (নাই) উপায় যাহার, বহু। বিণ। ২। উপায়ের অভাব; অবলম্বনশূন্যতা; কোনরূপ সংগতি না থাকা। নঞ্‌তৎ। বি; পুং।

অনুপালন—প্রতিপালন, পোষণ; সংরক্ষণ। অনু—পা+ণিচ্ (=পালি)+অনট্ ভাব। বি; ক্লী।

অনুপূরক—অতিরিক্ত, supplementary; অবশিষ্ট; পরিপূরক, complementary. অনু—পূ+ণিচ্+ণক কর্তৃ। বিণ।

অনুপূর্ব—১। আনুক্রমিক, পর পর নিয়মমত। বিণ। ২। অনুক্রম। পূর্বকে অনুগত, প্রাদি। বি; পুং।

অনুপ্ত—অবোনা। ন উপ্ত, নঞ্‌তৎ। বিণ।

অনুপ্রবিষ্ট—অন্তঃপ্রবিষ্ট, মধ্যগত; ভিতরে পরি-

ব্যাপ্ত; সর্বস্থানগত। অনু—প্র—বিশ্+ক্ত কর্তৃ। বিণ।

অনুপ্রবেশ—অন্তঃপ্রবেশ; মর্মগ্রহণ; ক্ষতি করিবার জন্য অন্য দলে বা অপরের এলাকায় অবৈধভাবে ও গোপনে প্রবেশ, infiltration. অনু—প্র—বিশ্+ঘঞ্ ভাব। বি; পুং।

অনুপ্রস্থ—চওড়াদিকের, আড়াআড়ি। অনুগত প্রস্থকে, প্রাদি। বিণ।

অনপ্রাণন, -প্রাণনা—জীবনীশক্তিদান, সঞ্জীবন; প্রেরণা, inspiration; তেজোবর্ধন; প্রোৎসাহন; উদ্দীপনা। অনু—প্র—অন্+ণিচ্+অনট্, অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

অনুপ্রাণিত—সঞ্জীবিত; সংবর্ধিত; প্রোৎসাহিত; উদ্দীপিত। অনু—প্র—অন্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

অনুপ্রাস—কাব্যে এক ব্যঞ্জনবর্ণের পুনঃপুনঃ বিন্যাসরূপ অলংকার বিঃ, alliteration [স্বরবর্ণের প্রভেদ থাকিলেও ব্যঞ্জনবর্ণের যে সমতা. তাহার নাম অনুপ্রাস। যথা—"গুরু গুরু মেঘ গুমরি গুমরি গরজে গগনে গগনে"—রবীন্দ্র। এখানে 'গ' ধ্বনির অনুপ্রাস]। অনু—প্র—অস্+ঘঞ্ ভাব। বি; পুং।

অনুপ্রেরণা—অনুপ্রাণনা, inspiration. অনু—প্র—+ঈর্+ণিচ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী। বিণ, -প্রেরিত।

অনুবদ্ধ—পশ্চাদ্গ্রথিত; সম্বন্ধবিশিষ্ট; পরপর বদ্ধ; শ্রেণীবদ্ধ; অবিচ্ছিন্ন। অনু—বন্ধ্+ক্ত কর্ম। বিণ।

অনুবন্ধ—উপক্রম, অবতারণা; নির্বন্ধ, অনুরোধ; উপলক্ষ; সংকল্প; সম্বন্ধ, অবিচ্ছেদ; পারম্পর্য, correlation; (ব্যাক) ইৎসংজ্ঞক বর্ণ (অর্থাৎ কোন কার্যের নিমিত্ত কল্পিত বর্ণ যাহা কার্যকালে থাকে না)। অনু—বন্ধ্+ঘঞ্ ভাবাদি। বি; পুং।

অনুবন্ধী (-বন্ধিন্)—সহগামী; অনুবন্ধযুক্ত; অবিচ্ছিন্ন; সুসম্বদ্ধ, relevant; (জ্যামি) প্রতিযোগী, conjugate: ফলস্বরূপ আগত, অনুবর্তী, consequential. অনু—বন্ধ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বন্ধিনী।

অনুবর্তন—অনুকরণ; অনুসরণ; সেবা; স্থানান্তরে অপসরণ; পশ্চাদ্গমন; পূর্বসূত্রস্থ পদের পরসূত্রে বর্তমানতা। অনু—বৃত্+অনট্ ভাব। বি; ক্লী।

অনুবর্তী (-বর্তিন্)—অনুসরণকারী; অনুকারী; অন্যের মতানুসারী; অনুযায়ী; সহগামী; বশীভূত; সেবক; ফলস্বরূপ প্রাপ্ত বা আগত, consequent. অনু—বৃত্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বর্তিনী। বি, -বর্তিতা।

অনুবল—১। ক্ষমতা ('ধ্যানের তপের অনুবলে'—ভারত); অনুগ্রহ ('ধর্ম অনুবলে তাহা হইল পূরণ'—কাশী); সহায় ('কেবা মোর হবে অনুবল'—মুকুন্দ)। অনু—বল্+অচ্ করণ। বি; ক্লী। ২। বলানুযায়ী, সামর্থ্যানুরূপ। অনুগত বল যাহার বা যাহাতে, বহু। বিণ।

অনুবশ—বশবর্তী। বশকে অনুগত, প্রাদি। বিণ।

অনুবাত—১। বায়ুর অনুকূল, বায়ুর অভিমুখী, leeward. বাতকে অনুগত, প্রাদি। বিণ। ২। অনুকূল বাতাস; শিষ্য হইতে গুরুর দিকে প্রবাহিত বাতাস। অনুগত বাত, প্রাদি। বি; পুং।

অনুবাদ—বারংবার কথন; পশ্চাৎ কথন; ভাষান্তরিতকরণ, তরজমা; অনুকরণ; অখ্যাতি, নিন্দা; প্রতিকূলতা; বিড়ম্বনা। অনু—বদ্+ঘঞ্ ভাব। বি; পুং।

অনুবাদক—ভাষান্তরকারী, তরজমাকারক; পুনঃপুনঃ কথক; নিন্দক। অনু—বদ্+ণক কর্তৃ। বি; পুং বা বিণ। স্ত্রী, -বাদিকা।

অনুবাদিত—ভাষান্তরিত। বাংপ্র। বিণ।

অনুবাদী (-বাদিন্)—অনুবাদক; সদৃশ; সদৃশভাষী; পুনঃপুনঃ ভাষক; নিন্দক; (সংগীত) বাদী স্বরের অনুগামী ('—স্বর')। অনু—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বাদিনী।

অনুবাদ্য—১। অনুবাদযোগ্য; অনুকরণীয়; (ব্যাক) বাক্যের উদ্দেশ্যের সহগামী (অনুগামী বিশেষণ—attributive adjective). বিণ। ২। বাক্যের উদ্দেশ্য, subject. অনু—বদ্+ণ্যৎ কর্ম। বি; ক্লী।

অনুবাসন—সুরভিতকরণ; জামাকাপড়ে গন্ধতৈল দেওয়া; ধূপন। অনু—বাসি+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -বাসিত।

অনুবিদ্ধ—সম্বদ্ধ; যুক্ত; ভূষিত; ব্যাপ্ত; গ্রথিত। অনু—ব্যধ্+ক্ত কর্ম। বিণ।

অনুবিধি—দলিলাদিতে লিখিত শর্ত বা নিয়ম, উপবিধি, proviso. প্রাদি। বি; পুং।

অনুবিভাগ—বিভাগের বিভাগ, section. প্রাদি। বি; পুং।

অনুবৃত্তি—অনুগমন; অনুকরণ; (ব্যাক) পূর্বসূত্রবিহিত বিধির পরসূত্রে ব্যাপ্তি; পূর্ব প্রসঙ্গের জের; সেবা। অনু—বৃত্+ক্তি ভাব। বি; স্ত্রী।

অনুবেদন—সমবেদনা; জ্ঞানদান; জ্ঞাপন; পশ্চাৎ জ্ঞান। অনু—বেদি বা বিদ্+অনট্ ভাব। বি; ক্লী।

অনুব্রজ, -ব্রজন—অনুগমন; কাহারও সম্ভ্রমপ্রদর্শনার্থে সঙ্গে সঙ্গে অগ্রসর হওয়া। অনু—ব্রজ্+ক (ঘঞর্থে), অনট্ ভাব। বি; পুং, ক্লী।

অনুভব—বোধ, উপলব্ধি। অনু—ভূ+অপ্ ভাব। বি; পুং।

অনুভাব—প্রভাব; মহিমা; স্বভাব; তেজ; নিশ্চয়বুদ্ধি; সুখানুভূতি; মনোভাবব্যঞ্জক ভ্রূভঙ্গাদি; (অলং) স্থায়িভাবের সূচনাকারী বা ফলস্বরূপ ব্যাপারাদি। ভূ+ঘঞ্ ভাব=ভাব; অনুজাত ভাব, প্রাদি। বি; পুং।

অনুভাবন—প্রকাশন, ব্যঞ্জন। অনু—ভূ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

অনুভাবিত—যাহা অনুভব করানো হইয়াছে এমন। অনু—ভূ+ণিচ+ক্ত কর্ম। বিণ।

অনুভূ—১। অনুভূতিময়। অনু—ভূ+ক্বিপ্ কর্তৃ।

বিণ। ২। গ্রহের ভ্রমণপথের যে বিন্দুটি পৃথিবীর সর্বাপেক্ষা নিকটবর্তী, perigee. অনু—ভূ+ক্বিপ্ আধ। বি; পুং।

অনুভূত—উপলব্ধ, যাহা অনুভব করা হইয়াছে এমন; অবগত। অনু—ভূ+ক্ত কর্ম। বিণ।

অনুভূতি—অনুভব; (ন্যায়শাস্ত্রমতে) বুদ্ধির এক বিভাগ। অনু—ভূ+ক্তি ভাব। বি; স্ত্রী।

অনুভূমিক—পৃথিবী-তলের সমান্তরাল, horizontal; জলসম, level. বিণ।

অনুমত—অনুমোদিত; সম্মত, স্বীকৃত; আদিষ্ট। অনু—মন্+ক্ত কর্মবা। বিণ।

অনুমতি—অনুমোদন; আদেশ, অনুজ্ঞা, সম্মতি, permission. অনু—মন্+ক্তি ভাব। বি; স্ত্রী।

অনুমতিপত্র—আদেশলিপি, হুকুমনামা। অনুমতি-সূচক পত্র, মধ্যপ। বি; ক্লী।

অনুমনন—অনুধ্যান; অনুচিন্তন; সম্মতিদান। অনু—মন্+অনট্ ভাব। বি; ক্লী।

অনুমন্তা (-মন্তৃ)—অনুমতিদাতা; আদেশকর্তা। অনু—মন্+তৃচ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -মন্ত্রী।

অনুমরণ—সহমরণ। অনু—মৃ+অনট্ ভাব। বি; ক্লী।

অনুমান—আন্দাজ, ধারণা; ব্যাপ্য হেতু দ্বারা ব্যাপক বস্তুর নিশ্চয়; কার্য দেখিয়া কারণ জ্ঞান; কারণ দেখিয়া কার্য জ্ঞান; নির্ধারণ; অর্থালংকার বিঃ; (জ্যামি) কোন উপপাদ্যের প্রতিজ্ঞা হইতে যে ফলের উপলব্ধি হয় সেই ফল, অনুসিদ্ধান্ত, corollary. অনু—মা+অনট্ ভাব, করণ, কর্ম। বি; ক্লী।

অনুমানতত্ত্ব—আরোহিক ন্যায়শাস্ত্র; যে তর্কশাস্ত্রে বিশেষ হইতে সামান্যের অনুমান হয়, inductive logic. অনুমানবিষয়ক তত্ত্ব, মধ্যপ। বি; ক্লী।

অনুমানসিদ্ধ—আনুমানিক, আন্দাজী। ৩য়াতৎ। বিণ।

অনুমাপক—১। অনুমানজনক, অনুমানের হেতুভূত; নির্ণায়ক। বিণ। স্ত্রী, -মাপিকা। ২। অনুমানের কারণ। অনু—মা+ণিচ্+ণক কর্তৃ। বি; পুং।

অনুমিত—অনুমান দ্বারা স্থিরীকৃত; অনুমানলব্ধ; বিবেচিত; বিতর্কিত। অনু—মা+ক্ত কর্ম। বিণ।

অনুমিতি—অনুমান; আন্দাজ; অনুসিদ্ধান্ত, inference. অনু—মা+ক্তি ভাব। বি; স্ত্রী।

অনুমৃতা—সহমৃতা; স্বামীর পশ্চাৎ স্বেচ্ছায় মৃতা। অনু—মৃ+ক্ত কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী।

অনুমেয়—অনুমানজ্ঞেয়, অনুমানবোধ্য, যাহা অনুমান করা যায় এমন। অনু—মা+যৎ কর্ম। বিণ।

অনুমোদন—সমর্থন; সম্মতিদান; অনুকূল মত প্রকাশ, sanction, confirmation. অনু—মুদ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

অনুমোদিত—অনুমত; সমর্থিত; মঞ্জুরীকৃত, sanctioned; সরকারীভাবে স্বীকৃত বা ক্ষমতা-প্রাপ্ত, authorized. অনু—মুদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। [—যা+ক্ত কর্তৃ কর্ম। বিণ।

অনুযাত—পশ্চাৎ চলিত; অনুসৃত; অনুকৃত। অনু

অনুযাত্র—সহগামী, অনুচর। অনু (সহ বা পশ্চাতে) যাত্রা যাহার, বহু। বিণ।

অনুযাত্রা—সহগমন। অনু—যা+ত্রন্ ভাব+আপ্। বি; স্ত্রী।

অনুযাত্রিক—পশ্চাদ্গামী; সহযাত্রী। অনুযাত্রা+ইক করে অর্থে। বি বা বিণ; পুং। স্ত্রী, -যাত্রিকী।

অনুযায়ী (-যায়িন্)—১। সহগামী; অনুগামী; সদৃশ; অনুসারী। অনু—যা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -যায়িনী। ২। অনুসারে, অবিকলভাবে। বাংপ্র। ক্রি-বিণ।

অনুযোক্তা (-যোক্তৃ)—অনুযোগকারী; পশ্চাৎ যোজনা-কারী; প্রশ্নকারী। অনু—যুজ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -যোক্ত্রী।

অনুযোগ—অভিযোগ; দোষারোপ; ভর্ৎসনা; নিন্দা। অনু—যুজ্+ঘঞ্ ভাব। বি; পুং।

অনুযোগী (-যোগিন্)—অনুযোগকারী। অনু—যুজ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -যোগিনী।

অনুযোজ্য—অনুযোগযোগ্য। অনু—যুজ্+ণ্যৎ কর্ম। বিণ।

অনুরক্ত—১। আসক্ত; রত; প্রীতিযুক্ত; ভক্ত। অনু—রন্‌জ্+ক্ত কর্তৃ। ২। রঞ্জিত। অনু—রন্‌জ্+ক্ত কর্ম। বিণ।

অনুরক্তি—অনুরাগ, আসক্তি; প্রীতি। অনু—রন্‌জ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

অনুরঞ্জক—প্রীতিসাধক; রঞ্জনকারক। অনু—রন্‌জ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -রঞ্জিকা।

অনুরঞ্জন—চিত্তবিনোদন; অনুরাগ জন্মানো; রং করা। অনু—রন্‌জ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

অনুরঞ্জিত—রং-মাখানো; যাহাকে প্রসন্ন করা হইয়াছে এরূপ। অনু—রন্‌জ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

অনুরণন—প্রতিধ্বনি; অনুগত স্বর; কোন বস্তুতে আঘাত করিলে অনেকক্ষণ ধরিয়া যে শব্দ হয়, ঝংকার। অনু—রণ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -রণিত।

অনুরত—অনুরক্ত। অনু—রম্+ক্ত কর্তৃ। বিণ।

অনুরতি—আসক্তি; প্রীতি; ভক্তি। অনু—রম্+ক্তি ভাব। বি; স্ত্রী।

অনুরাগ—ভালবাসা, প্রীতি, স্নেহ, প্রণয়; আদর; আসক্তি; যত্ন; শ্রদ্ধা; আস্থা; প্রবৃত্তি। অনু—রন্‌জ্+ঘঞ্ ভাব। বি; পুং।

অনুরাগী (-রাগিন্)—অনুরাগবিশিষ্ট, আসক্ত; যত্নবান্; প্রীতিযুক্ত। অনুরাগ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -রাগিণী।

অনুরাধা—সপ্তবিংশতি নক্ষত্রের সপ্তদশ নক্ষত্র। অনু-গতা রাধাকে (বিশাখাকে), প্রাদি। বি; স্ত্রী।

অনুরুদ্ধ—উপরুদ্ধ, যাহাকে অনুরোধ করা হইয়াছে এরূপ; যে বিষয়ে অনুরোধ করা হইয়াছে এরূপ, যাচিত। অনু—রুধ্+ক্ত কর্ম। বিণ।

অনুরূপ—সদৃশ; যোগ্য; অনুযায়ী; অনুসারী, corresponding. রূপের সাদৃশ্য বা যোগ্যত্ব, অব্যয়ী, তদ্‌রূপে+অচ্ আছে অর্থে। বিণ।

অনুরোধ—সবিনয় প্রার্থনা, উপরোধ; সুপারিশ; খাতির। অনু—রুধ্+ঘঞ্ ভাব। বি; পুং। **অনুরোধে**—হেতুবশতঃ, খাতিরে ('ছন্দের অনুরোধে'); প্রার্থনাবশতঃ।

অনুর্বর—উর্বর নয় এমন, ঊষর। ন উর্বর, নঞ্‌তৎ। বিণ।

অনুলম্ব—লম্বালম্বি; খাড়াইয়ের দিকে। অব্যয়ী। বিণ বা ক্রি-বিণ।

অনুলাপ—বারবার বলা; পুনরুক্তি। অনু—লপ্+ঘঞ্ ভাব। বি; পুং।

অনুলিখন, -লিপি, -লেখ—কোন লেখার অবিকল নকল; লিপ্যান্তর, transliteration; শ্রুতবাক্য যথাযথ লিখন, dictation. প্রাদি। বি; ক্লী, স্ত্রী, পুং।

অনুলিপ্ত—লিপ্ত; অনুরঞ্জিত, রং-করা। অনু—লিপ্+ক্ত কর্ম। বিণ।

অনুলেপ—১। লেপন। অনু—লিপ্+ঘঞ্ ভাব। ২। অনুলেপনীয় চন্দন প্রঃ। অনু—লিপ্+ঘঞ্ করণ। বি; পুং।

অনুলেপন—১। গাত্রাদিতে গন্ধদ্রব্যাদির লেপন, প্রলেপ। অনু—লিপ্+অনট্ ভাব। ২। লেপনসাধন চন্দন প্রঃ দ্রব্য। অনু—লিপ্+অনট্ করণ। বি; ক্লী।

অনুলেহ—স্নেহ, ভালবাসা; সদ্ভাব। প্রা কপ্র। বি।

অনুলোম—১। যথাক্রম, উচ্চ হইতে ক্রমশঃ নিম্নতর—এইরূপ ক্রম; শরীরের নিম্নাভিমুখ। লোমের অনুসারে, অব্যয়ী+অচ্ (সমাসান্ত)। বি; ক্লী। ২। নিম্নক্রমিক; সহায়, অনুকূল। অনুগত লোমকে, প্রাদি। বিণ। ৩। প্রতি রোমে। লোমে লোমে, অব্যয়ী। ৪। বিপরীত দিকে বা প্রণালীতে নয় এরূপভাবে, যথাক্রমে। লোমের অনুক্রমে, অব্যয়ী। ক্রি-বিণ।

অনুলোমবিবাহ—উচ্চবর্ণ পুরুষের সহিত নিম্নবর্ণা কন্যার বিবাহ। কর্মধা। বি; পুং।

অনুল্লঙ্ঘন—অনতিক্রম, লঙ্ঘন না করা। নঞ্‌তৎ। বি; ক্লী।

অনুল্লঙ্ঘনীয়—অনতিক্রমণীয়। নঞ্‌তৎ। বিণ।

অনুশয়—অনুতাপ; পূর্বশত্রুতা; দ্বেষ; অশ্রদ্ধা। অনু—শী+অচ্ ভাব। বি; পুং। বিণ, **-শয়িত, -শয়ী** (-য়িন্)।

অনুশাসক—অনুশাসনকারী, উপদেষ্টা; নিয়ন্তা। অনু—শাস্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-শাসিকা**।

অনুশাসন—আদেশ; বিধান, edict ('অশোকের —'); উপদেশ; বুৎপাদন; নিয়োগ; শিক্ষাদান। অনু—শাস্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-শিষ্ট**।

অনুশিষ্য—শিষ্যের শিষ্য। শিষ্যকে অনুগত, প্রাদি। বি; পুং।

অনুশীলন—পুনঃপুনঃ চর্চা; অভ্যাস। অনু—শীল্+অনট্ ভাব। বি; ক্লী।

অনুশীলনী—পুনঃপুনঃ চর্চা; (জ্যামি) এক বা তদধিক প্রতিজ্ঞা-সাহায্যে প্রতিপাদয়িতব্য প্রতিজ্ঞা; অধীত বিষয়ের চর্চার জন্য প্রদত্ত প্রশ্নোত্তরাদি। অনু—শীল্+অনট্ ভাব, করণ+ঈপ্। বি; স্ত্রী।

অনুশীলনীয়—চর্চাযোগ্য, অনুশীলন করিবার উপযুক্ত। অনু—শীল্+অনীয় কর্ম। বিণ।

অনুশীলিত—যাহার চর্চা করা হইয়াছে এরূপ, চর্চাদ্বারা লব্ধ। অনু—শীল্+ক্ত কর্ম। বিণ।

অনুশোচন, -শোচনা—পশ্চাৎ দুঃখপ্রকাশ, অনুতাপ। অনু—শুচ্+অনট্, শুচ্+অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

অনুষঙ্গ—দয়া; প্রণয়; স্নেহ; প্রসঙ্গ; আসক্তি, adherence; সম্বন্ধ, সঙ্গ, association. অনু—সন্‌জ্+ঘঞ্ ভাব। বি; পুং।

অনুষঙ্গী (-ঙ্গিন্)—সম্বন্ধযুক্ত। অনুষঙ্গ+ইন্ আছে অর্থে। বিণ।

অনুষ্টুপ্ (-ভ্)—অষ্টাক্ষরা বৃত্তি, অষ্টাক্ষরযুক্ত চারিচরণে গঠিত ছন্দ বিঃ; সরস্বতী। অনু—স্তুভ্+ক্বিপ্ করণ। বি; স্ত্রী।

অনুষ্ঠাতব্য—অনুষ্ঠেয়, করণীয়। অনু—স্থা+তব্য কর্ম। বিণ।

অনুষ্ঠাতা (-ষ্ঠাতৃ)—অনুষ্ঠানকারী। অনু—স্থা+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ষ্ঠাত্রী**।

অনুষ্ঠান—করণ; আরম্ভ; উদ্যোগ; নির্বাহ; যাগযজ্ঞপূজাবিবাহাদি বা সভাধিবেশন ইঃ জনহিতকর কার্য। অনু—স্থা+অনট্ ভাব। বি; ক্লী।

অনুষ্ঠানপত্র—অনুষ্ঠাতব্য বিষয়সমূহের বিশদবর্ণনাপূর্ণ পত্র, prospectus. ৬ষ্ঠীতৎ। বি।

অনুষ্ঠিত—আরব্ধ; সম্পাদিত, কৃত। অনু—স্থা+ক্ত কর্ম। বিণ।

অনুষ্ঠেয়—করণীয়, সম্পাদ্য। অনু—স্থা+যৎ কর্ম। বিণ।

অনুসংহিত—অন্বিষ্ট, যাহার খোঁজ করা হইয়াছে এরূপ। অনু—সম্—ধা+ক্ত কর্ম। বিণ।

অনুসন্ধান—তল্লাশ, খোঁজখবর। অনু—সম্—ধা+অনট্ ভাব। বি; ক্লী।

অনুসন্ধানী (-নিন্) — অনুসন্ধানযুক্ত ('— দৃষ্টি'); অন্বেষণদক্ষ। অনুসন্ধান+ইন্ আছে অর্থে। বিণ।

অনুসন্ধায়ী (-য়িন্)—অন্বেষণকারী। অনু—সম্—ধা+ণিন্ কর্তৃ। বিণ।

অনুসন্ধিত—যাহার অনুসন্ধান করা হইয়াছে এমন ('মধুপ অনুসন্ধিত'—গোবিন্দ)। প্রা কপ্র। বিণ।

অনুসন্ধিৎসা—অনুসন্ধান করিবার ইচ্ছা, অনুসন্ধানেচ্ছা। অনু—সম্—ধা+সন্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

অনুসন্ধিৎসু—অনুসন্ধানেচ্ছু, খোঁজ করিতে ব্যগ্র। অনু—সম্—ধা+সন্+উ কর্তৃ। বিণ।

অনুসন্ধেয়—অন্বেষণীয়, যাহার খোঁজ করিতে হইবে এরূপ। অনু—সম্—ধা+যৎ কর্ম। বিণ।

অনুসরণ—অনুগমন; কোন আদর্শ বা প্রণালী ধরিয়া চলা; সদৃশ কার্যকরণ; আচার। অনু—সৃ+অনট্ ভাব। বি; ক্লী।

অনুসরণীয়—অনুসরণযোগ্য; অনুগন্তব্য; প্রতিপালনীয়। অনু—সৃ+অনীয় কর্ম। বিণ।

অনুসর্গ—বিশেষার্থ প্রকাশের নিমিত্ত শব্দ বা ধাতুর শেষে যোজ্য বিভক্তি প্রত্যয় ইঃ, suffix; কর্মপ্রবচনীয়। অনু—সৃজ্+ঘঞ্ করণ। বি; পুং।

অনুসার—অনুসরণ, পশ্চাদ্গমন; সদৃশীকরণ; আচার। অনু—সৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

অনুসারী (-রিন্)—অনুগামী; অনুরূপ। অনু—সৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-সারিণী**।

অনুসারে—১। অবলম্বন করিয়া; ধরিয়া; অনুকরণে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী। ২। বিস্তার করে, বাড়ায় ("জল দেহ বলি মুনি হস্ত অনুসারে।"—কৃত্তি)। প্রা কপ্র। ক্রি।

অনুসিদ্ধান্ত—উপপাদ্য হইতে অতি সহজে যে সিদ্ধান্তে আসা যায়, corollary. প্রাদি। বি; পুং।

অনুস্বর, -স্বার—একবিন্দুমাত্রবর্ণ, 'ং'। অনু—স্বৃ+অপ্, ঘঞ্ ভাব। বি; পুং।

অনুস্মরণ, -স্মৃতি—অনুচিন্তন; সর্বদা চিন্তন; পরবর্তিকালে স্মরণ, recollection. অনু—স্মৃ+অনট্, ক্তি ভাব। বি; ক্লী, স্ত্রী।

অনুস্যূত—গ্রথিত; ভালভাবে সেলাই-করা; সুসংলগ্ন; নিয়তসম্বন্ধ। অনু—সিব্+ক্ত কর্ম। বিণ।

অনূঢ়—অবিবাহিত। ন ঊঢ়, নঞ্তৎ। বিণ।

অনূঢ়া—কুমারী, অপরিণীতা। ন ঊঢ়া, নঞ্তৎ। বিণ; স্ত্রী।

অনূঢ়ান্ন—আইবড়-ভাত। অনূঢ়ের বা অনূঢ়ার অন্ন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অনূদিত—ভাষান্তরিত, translated; পশ্চাৎ উক্ত। অনু—বদ্+ক্ত কর্ম। বিণ।

অনূপ—১। জলময় (দেশাদি); জলসমীপস্থ; জলা। বিণ। ২। জলা জায়গা; মহিষ। অনুগত অপ্ যথায়, বহু; অনুগত অপ্‌কে, প্রাদি+অচ্ (সমাসান্ত)। বি; পুং।

অনূর্ধ্ব—১। নীচু; অনধিক। ন ঊর্ধ্ব, নঞ্তৎ। ২। উচ্চতম; শ্রেষ্ঠ। ন (নাই) ঊর্ধ্ব যাহার, বহু। বিণ।

অনৃজু—বাঁকা; অসরল। ন ঋজু, নঞ্তৎ। বিণ।

অনৃণী (-ণিন্)—ঋণশূন্য। ন ঋণী, নঞ্তৎ। বিণ।

অনৃত—মিথ্যা। ন ঋত, নঞ্তৎ। বি; ক্লী বা বিণ।

অনৃতবাদী (-দিন্), **-ভাষী** (-ষিন্)—মিথ্যাবাদী। অনৃত—বদ্,—ভাষ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিনী, -ভাষিণী**।

অনেক—একভিন্ন; বহু, একাধিক; নানা; প্রচুর; যথেষ্ট। নঞ্তৎ। সর্ব, বিণ। স্ত্রী, -কা। ['অনেক' পদটি মতান্তরে সর্বনাম হয় না; তখন ইহা বিশেষণপদ, এবং ন (নাই) এক (একত্ব) যাহাতে, এই বাক্যে বহুব্রীহি-সমাস নিষ্পন্ন হইবে।] **অনেক ক'রে বলা**—খুব অনুনয়বিনয় করা।

অনেকধা—বহুধা, অনেক রকমে বা দিকে। অনেক+ধাচ্ প্রকারার্থে। অ।

অনেকপ্রকার, -বিধ, -রূপ—বহুবিধ, নানাপ্রকার। অনেক প্রকার, বিধা, রূপ যাহাদের, বহু। বিণ।

অনেকাংশ—যথেষ্ট পরিমাণ, বহু সংখ্যা। কর্মধা। বি; পুং।

অনেকানেক—ছোট ছোট ভাগে ভাগ-করা অনেক কিছু; খুব বেশী; বহুসংখ্যক। বাগ্রে। বিণ।

অনৈক্য—১। একতার অভাব; সামঞ্জস্য না থাকা, অমিল; মতানৈক্য; বহুত্ব। ন ঐক্য, নঞ্তৎ। বি; ক্লী। ২। একতাশূন্য, পরস্পরবিরুদ্ধ। ন (নাই) ঐক্য যাহাতে, বহু। বিণ।

অনৈচ্ছিক—যাহা মনের ইচ্ছাশক্তির প্রভাবে চালিত হয় না এমন, অস্বেচ্ছাকৃত, involuntary. নঞ্তৎ। বিণ।

অনৈতিক—নীতিশাস্ত্রবিরুদ্ধ; নীতিবিগর্হিত; নীতিজ্ঞানশূন্য। নঞ্তৎ। বিণ। স্ত্রী, **-কী**।

অনৈতিহাসিক—যাহা ইতিহাসপ্রসিদ্ধ নহে এরূপ; ইতিহাসবিরুদ্ধ; ঐতিহাসিকজ্ঞানশূন্য। নঞ্তৎ। বিণ। স্ত্রী, **-কী**।

অনৈপুণ্য—অনিপুণতা। নঞ্তৎ। বি; ক্লী।

অনৈসর্গিক—অপ্রাকৃতিক, অস্বাভাবিক; কৃত্রিম; অসাধারণ; অলৌকিক। নঞ্তৎ। বিণ। স্ত্রী, **-কী**।

অনৌচিত্য—অকর্তব্যতা; অযৌক্তিকতা, উচিত না হওয়া। নঞ্তৎ। বি; ক্লী।

অন্ত—১। শেষ, অবসান ('নিশান্ত')। অম্+তন্ কর্তৃ। বি; পুং বা ক্লী। ২। ধ্বংস; নাশ; সীমা, প্রান্ত ('বনান্ত')। অম্+তন্ ভাব। বি; পুং। ৩। স্বরূপ; প্রকৃতি। অম্+তন্ কর্তৃ। বি; ক্লী। ৪। (ব্যাক) বাঙ্গালার শতৃ-শানচের অর্থযুক্ত প্রত্যয় ('ফুটন্ত', 'জ্বলন্ত' ইঃ)। বি।

অন্তঃ (অন্তর্)—চিত্ত; মধ্য। অন্ত—স্থা+কিপ্ কর্তৃ। অ।

অন্তঃকরণ—চিত্ত, মন; অন্তরিন্দ্রিয়। অন্তঃস্থিত করণ, মধ্যপ। বি; ক্লী।

অন্তঃকোণ—(জ্যামি) কোন সরলরৈখিক ক্ষেত্রের মধ্যবর্তী কোণ, interior angle. মধ্যপ। বি; পুং।

অন্তঃক্ষেপ—সূচীবৎ সূক্ষ্ম নলের সাহায্যে দেহমধ্যে ঔষধাদি প্রবিষ্ট করানো, injection. সুপ্। বি; পুং।

অন্তঃপট—১। অন্তর্বাস; কৌপীন। অন্তঃস্থিত পট, মধ্যপ। বি; পুং। ২। পর্দা। প্রা কপ্র। বি।

অন্তঃপাতী (-পাতিন্)—অন্তর্গত, মধ্যস্থিত। অন্তর্—পত্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-পাতিনী**।

অন্তঃপুর—স্ত্রীমহল, অন্দরমহল। অন্তঃস্থিত পুর, মধ্যপ বা অন্তঃ পুরের, একদেশী। বি; ক্লী।

অন্তঃপুরিকা—প্রতিহারিণী; অন্তঃপুরচারিণী রমণী। অন্তঃপুর+ইক (ঠন্) আছে অর্থে+আপ্। বি; স্ত্রী।

অন্তঃপ্রবেশন—ভিতরে প্রবেশ করানো; কোন রচনার মধ্যে অন্য রচনা সংযোজন, প্রক্ষেপণ, interpolation. সুপ্। বি; ক্লী।

অন্তঃশত্রু—দেশমধ্যস্থিত অরি; অন্তরস্থ শত্রু, কাম প্রঃ রিপু সকল; ঘরের শত্রু। অন্তঃস্থিত শত্রু, মধ্যপ। বি; পুং।

অন্তঃশীলা—অন্তঃসলিলা (তাহা দ্রঃ)। বাংপ্র। বিণ; স্ত্রী। [বি; ক্লী।

অন্তঃশুল্ক—মাদকদ্রব্য ইঃর উপর ধার্য কর, excise.

অন্তঃসংজ্ঞা—চৈতন্য, জ্ঞান। অন্তঃস্থিতা সংজ্ঞা, মধ্যপ। বি; স্ত্রী।

অন্তঃসত্ত্বা—গর্ভবতী। অন্তঃ সত্ত্ব (প্রাণী) যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

অন্তঃসলিল—১। মৃত্তিকার নিম্নস্থিত জল। অন্তঃস্থিত সলিল, মধ্যপ। বি; ক্লী। ২। যাহার নীচে জল আছে এরূপ। অন্তঃ সলিল যাহার, বহু। বিণ। স্ত্রী, -লা ('— ফল্গুনদী')।

অন্তঃসার — ১। মধ্যস্থিত সারাংশ; অভ্যন্তরের দৃঢ়তা। অন্তঃস্থিত সার, মধ্যপ। বি; পুং। ২। যাহার ভিতরে সার বস্তু আছে এমন। অন্তঃ (মধ্যে) সার যাহার, বহু। বিণ।

অন্তঃসারশূন্য, -হীন—যাহার ভিতরে সার নাই এরূপ; ফাঁপা; অপদার্থ; অকর্মণ্য। ৩য়াতৎ। বিণ।

অন্তঃস্থ—১। মধ্যস্থিত। বিণ। ২। (স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ অথবা স্পর্শবর্ণ ও উষ্মবর্ণ এই উভয়ের মধ্যস্থিত বলিয়া) য র ল ব এই চারিটি বর্ণ। অন্তর্—স্থা+ক কর্তৃ। বি; পুং।

অন্তক—১। যম। বি; পুং। ২। নাশক। অন্ত+ণিচ্ (=অন্তি নামধাতু)+ণক কর্তৃ। বিণ।

অন্তকাল—চরমসময়, মৃত্যুকাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অন্ততঃ (-তস্)—ন্যূনকল্পে, কমপক্ষে। অন্ত+তস্ ৭মী-স্থানে। অ।

অন্তত—<অন্ততঃ। অ।

অন্তর—১। মন। <অন্তর্। বি। ২। অবকাশ; ফাঁক; অভ্যন্তর, মধ্য; ছিদ্র; অবসর; অবধি; বাহিরের জায়গা। অন্ত—রা+ক অধি। ৩। তিরোধান; প্রভেদ, পার্থক্য, difference; ব্যবধান, তফাত। অন্ত—রা+ক ভাব। ৪। আত্মা; আত্মীয়; (অন্য শব্দ-সহযোগে) ভিন্ন, অপর (যেমন, লোকান্তর, দেশান্তর ইঃ)। অন্ত—রা+ক কর্তৃ। বি; ক্লী।

অন্তরঙ্গ—১। আত্মীয়, স্বজন, বন্ধু। অন্তঃ (মধ্যে) অঙ্গ যাহার, বহু। ২। ভিতরের অঙ্গ। অন্তর্বর্তী অঙ্গ, মধ্যপ। বি; পুং। ৩। ঘনিষ্ঠ; অন্তর্বর্তী; অভ্যন্তরগত। অন্তরে (মধ্যে) গমন করে যে, উপতৎ; অন্তর—গম্+খচ্ কর্তৃ। বিণ।

অন্তরঙ্গতা—আত্মীয়তা; মাখামাখি; ঘনিষ্ঠতা। অন্তরঙ্গ (১)(৩)+তা ভাবে। বি; স্ত্রী।

অন্তরজ্ঞ—অন্তর্যামী; বিশেষজ্ঞ; দূরদর্শী। উপতৎ; অন্তর—জ্ঞা+ক কর্তৃ। বিণ।

অন্তরটিপনি, -টিপুনি, -টিপ্পনি—ভিতরে ভিতরে চিমটি কাটা; অলক্ষিতভাবে পীড়াপ্রদান; গূঢ়-শ্লেষবাক্য। বাংপ্র। বি।

অন্তরণ—বিদ্যুৎ তাপ ইঃর অপরিচালক পদার্থ দ্বারা পৃথক্করণ, insulation; রাজাদেশে নির্দিষ্ট স্থানে আটককরণ, internment. বি; ক্লী।

অন্তরতম—ঘনিষ্ঠতম; প্রিয়তম ("ওহে অন্তরতম"—রবীন্দ্র)। কপ্র। বি; পুং বা বিণ।

অন্তরতর—ঘনিষ্ঠতর; প্রিয়তর ('অন্তর মম বিকশিত কর অন্তরতর হে!'—রবীন্দ্র)। কপ্র। বি; পুং বা বিণ।

অন্তরযামী—<অন্তর্যামী। বিণ। স্ত্রী, -যামিনী।

অন্তরা—গানের চারি অংশের দ্বিতীয় অংশ। বাংপ্র। বি।

অন্তরাত্মা (-ত্মন্)—জীবাত্মা; সর্বান্তর্যামী ঈশ্বর; চিত্ত। অন্তর্গত আত্মা, মধ্যপ। বি; পুং।

অন্তরাপত্যা—গর্ভবতী। অন্তঃ অপত্য যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

অন্তরায়—বিঘ্ন, প্রতিবন্ধক, বাধা। অন্তর্—ই বা অয়্+অচ্ কর্তৃ। বি; পুং।

অন্তরাল—আড়াল, ব্যবধান; অভ্যন্তর। অন্তরা—লা+ক কর্তৃ। বি; পুং বা ক্লী।

অন্তরিক্ষ—আকাশ। অন্তর্ (মধ্যে) ঋক্ষ (নক্ষত্র) আছে যাহার, বহু। বি; ক্লী।

অন্তরিত—অন্তর্হিত; অপসারিত; আবৃত; বিদ্যুতাদির অপরিচালক পদার্থ দ্বারা পৃথক্কৃত, insulated; দূরগত; অবশিষ্ট; অন্তর্গত ('—বেগ'); রাজাদেশে নির্দিষ্ট স্থানে আটক, interned. অন্তর্—ই+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

অন্তরিন্দ্রিয়—অন্তঃকরণ, মন। অন্তর্গত ইন্দ্রিয়, মধ্যপ। বি; ক্লী।

অন্তরীক্ষ—আকাশ, গগন। অন্তর্—ঈক্ষ্+অক্ কর্ম। বি; ক্লী।

অন্তরীক্ষবাসী (-বাসিন্)—শূন্যবিহারী, আকাশস্থ। উপতৎ; অন্তরীক্ষ—বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী. -বাসিনী।

অন্তরীণ—রাজাদেশে স্থানবিশেষে অবরুদ্ধ বন্দী। <ইং 'interned'. বিণ বা বি।

অন্তরীপ—যে ভূভাগ ক্রমশঃ সূক্ষ্ম হইয়া জলমধ্যে প্রবেশ করিয়াছে তাহার সেই জল-প্রবিষ্ট অগ্রভাগ, cape. অন্তর্গত অপ্ যাহার, বহু (সমাসান্ত অ-প্রত্যয়, অপ্-স্থানে ঈপ্)। বি; পুং।

অন্তরীয়, -রীয়ক—পরিধানবস্ত্র, অধোবস্ত্র; ধুতি ইঃর ইঃ পরিধেয় বসন। অন্তর্+ঈয় (ছ), পক্ষে+কন্ স্বার্থে। বি; ক্লী।

অন্তর্গত—অন্তর্ভূত; মধ্যবর্তী; মনোগত। সুপ্। বিণ।

অন্তর্গূঢ়—মধ্যে লুক্কায়িত, প্রচ্ছন্নভাবে অবস্থিত, মনে গুপ্ত। সুপ্। বিণ।

অন্তর্গৃহ, -গেহ—অন্তঃপুর; ঘরের ভিতরকার ঘর; চোরা-কুঠরি। অন্তঃ গৃহের, গেহের, অব্যয়ী; অথবা, অন্তর্বর্তী গৃহ, গেহ, মধ্যপ। বি; ক্লী।

অন্তর্ঘাত—ভিতরে থাকিয়া নাশকতামূলক কার্য, sabotage. অন্তর্—হন্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ, -ঘাতক (saboteur), -ঘাতী (-তিন্)।

অন্তর্জগৎ—ভিতরের বিশ্ব; মনোজগৎ। মধ্যপ। বি; ক্লী।

অন্তর্জল—১। জলাভ্যন্তর; জলস্থলের মধ্য। অন্তঃ জলের, অব্যয়ী। ২। স্নানকালে করণীয় অঘমর্ষণ-জপ। অন্তর্জল+অচ্। বি; ক্লী।

অন্তর্জলি—মৃত্যুকালে মরণোন্মুখ ব্যক্তির নিম্নাঙ্গ গঙ্গাদিতে জলমগ্ন করা। বাংপ্র। বি।

অন্তর্জাতীয়—সার্বজাতিক, আন্তর্জাতিক। অন্তর্জাতি+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

অন্তর্দর্শন—মনোগত ভাবসমূহের অবধারণ; আত্মপরীক্ষা, introspection. বি; ক্লী।

অন্তর্দশা—কোন গ্রহের প্রধানভাবে ভোগকালের মধ্যে অন্যগ্রহের ভোগকাল বা আধিপত্য করিবার সময়। মধ্যপ। বি; স্ত্রী।

অন্তর্দাহ—আভ্যন্তরিক তাপ; মনে মনে খুব কষ্ট পাওয়া। অন্তঃ দাহ, সুপ্। বি; পুং।

অন্তর্দৃষ্টি—আত্মদর্শন; নিজেকে বুঝিবার ক্ষমতা। অন্তর্—দৃশ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

অন্তর্দেশ—দুই পর্বতের মধ্যস্থ স্থান, উপত্যকা, valley; মধ্যস্থান। অন্তঃস্থিত দেশ, মধ্যপ। বি; পুং।

অন্তর্দেশীয়—দেশের ভিতরে যাহা হয় এরূপ, inland. অন্তর্দেশ (দেশের ভিতর)+ঈয়। বিণ।

অন্তর্দ্বার—গৃহের মধ্যস্থিত গুপ্ত দ্বার; খিড়কির দরজা। অন্তঃস্থিত দ্বার, মধ্যপ। বি; ক্লী।

অন্তর্ধান—তিরোধান; ব্যবধান। অন্তর্—ধা+অনট্ ভাব। বি; ক্লী।

অন্তর্ধ্যান—মনে মনে চিন্তন। অন্তর্—ধ্যৈ+অনট্ ভাব। বি; ক্লী।

অন্তর্নিবিষ্ট—অন্তরে স্থিত; ভিতরে স্থাপিত; বদ্ধমূল, সহজাত। অন্তঃ নিবিষ্ট, সুপ্। বিণ।

অন্তর্নিহিত—অন্তর্নিবিষ্ট; মধ্যস্থিত; গূঢ়; মনোগত। অন্তঃ নিহিত, সুপ্। বিণ।

অন্তর্বর্তী (-বর্তিন্)—মধ্যবর্তী, অন্তর্গত। উপতৎ; অন্তর্—বৃত্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**বর্তিনী**। **অন্তর্বর্তী কাল**—মাঝের সময়; interim period.

অন্তর্বত্নী—গর্ভবতী। অন্তর্+মতুপ্+ঈপ্ (নিপা)। বিণ. স্ত্রী।

অন্তর্বাণিজ্য—দেশের মধ্যে বাণিজ্য, inland trade. অন্তর্বর্তী বাণিজ্য, মধ্যপ। বি; ক্লী।

অন্তর্বাষ্প—১। চোখের জল চাপিয়া রাখিয়াছে এমন। বহু। বিণ। ২। যে অশ্রু চাপিয়া রাখা হইয়াছে। মধ্যপ। বি; পুং।

অন্তর্বাস—অন্তঃপরিধেয় বস্ত্র; কৌপীন; শেমিজ জাঙ্গিয়া প্রঃ। অন্তর্ধৃত বাস, মধ্যপ। বি; পুং।

অন্তর্বাহ—তরল পদার্থপূর্ণ পাত্রের অন্তর্দেশে গমনশীল অপর তরল পদার্থের প্রবাহ। অন্তরভিমুখ বাহ (প্রবাহ), মধ্যপ। বি; পুং।

অন্তর্বিগ্রহ—গৃহবিবাদ, ঘরোয়া ঝগড়া। অন্তঃ বিগ্রহ, সুপ্। বি; পুং।

অন্তর্বিপ্লব—আত্মকলহ; আত্মীয়স্বজনের সহিত শত্রুতা; দেশের অধিবাসীদের নিজেদের মধ্যে যুদ্ধ, civil war. অন্তঃ বিপ্লব, সুপ্। বি; পুং।

অন্তর্বিবাহ—আপন কুলে বিবাহ, স্বগোত্রে বিবাহ, endogamy. অন্তঃ বিবাহ, সুপ্। বি; পুং।

অন্তর্বীজ—শাঁস, kernel. অন্তঃস্থ বীজ, মধ্যপ। বি; ক্লী।

অন্তর্বৃত্ত—একটি বৃত্তের বা ক্ষেত্রের মধ্যে অঙ্কিত অপর একটি বৃত্ত, incircle. মধ্যপ। বি; ক্লী।

অন্তর্বেগ—হৃদয়ের আবেগ, emotion. সুপ্। বি; পুং।

অন্তর্বেদনা—মনঃকষ্ট, মানসিক অশান্তি। অন্তঃ বেদনা, সুপ্। বি; স্ত্রী।

অন্তর্বেদি, -র্বেদী—দুই নদীর মধ্যবর্তী অঞ্চল, দোআব। অন্তর্বর্তিনী বেদি, বেদী, মধ্যপ। বি; স্ত্রী।

অন্তর্বেদী (-বেদিন্)—অন্তর্বেত্তা, যে মনের কথা জানে এমন। উপতৎ; অন্তর্—বিদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**বেদিনী**।

অন্তর্বেশ্ম (-শ্মন্)—অন্তঃপুর। অন্তর্বর্তী বেশ্ম, মধ্যপ। বি; ক্লী।

অন্তর্ভুক্ত—অন্তর্গত; মধ্যে সন্নিবেশিত। সুপ্। বিণ।

অন্তর্ভূত—মধ্যবর্তী; মনোগত। অন্তর্—ভূ+ক্ত কর্তৃ। বিণ। **অন্তর্ভূত কোণ**—দুইটি বাহুর সংযোগে উৎপন্ন কোণ, included angle.

অন্তর্ভূমি—নীচের মাটি, subsoil. অন্তঃস্থিতা ভূমি, মধ্যপ। বি; স্ত্রী।

অন্তর্ভেদ—গৃহকলহ। অন্তঃ ভেদ, সুপ্। বি; পুং।

অন্তর্ভৌম—ক্ষিতিতলস্থ, subterranean. অন্তঃ ভৌম, সুপ্। বিণ।

অন্তর্মুখ, -র্মুখী—যাহার লক্ষ্য ভিতরের দিকে এমন ('—সমালোচনা'); ভিতরের দিকে গতিশীল; ভিতরমুখী; আত্মবিষয়ে চিন্তাশীল, introspective; আধ্যাত্মিক; অন্তর্বাহী; পরমাত্মার ধ্যানে মগ্ন। অন্তঃ মুখ যাহার, বহু, পক্ষে+ঈপ্। বিণ।

অন্তর্যামী (-র্যামিন্)—১। অন্তরাত্মা; পরমেশ্বর। বি; পুং। ২। ভাববেত্তা; যিনি মনের কথা জানেন। উপতৎ; অন্তর্—যম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**র্যামিনী**, -**ণী**।

অন্তর্লিখিত—ভিতরে অঙ্কিত, inscribed. সুপ্। বিণ।

অন্তর্হিত—তিরোহিত, চোখের অগোচর। অন্তর্—ধা+ক্ত কর্তৃ। বিণ।

অন্তশয্যা—মৃত্যুকালীন মৃত্তিকাশয়ন; মৃত্যু; শ্মশান। অন্তকালীনা শয্যা, মধ্যপ। বি; স্ত্রী।

অন্তস্তর—ত্বকের দুইটি স্তরের মধ্যে নিম্নস্তর, dermis. অন্তর্গত স্তর, মধ্যপ। বি; ক্লী।

অন্তস্তল—হৃদয়, মন; মনের ভিতর; মধ্যস্থিত স্থান। অন্তঃস্থ তল, মধ্যপ। বি; ক্লী।

অন্তস্থ—শেষে অবস্থিত; মধ্যে অবস্থিত; অন্তঃস্থ। উপতৎ; অন্ত বা অন্তর্—স্থা+ক কর্তৃ। বিণ।

অন্তিক—১। নিকটস্থ, সন্নিহিত। বিণ। ২। সন্নিধান, নৈকট্য। অন্ত+ইক (ঠন্) আছে অর্থে, স্বার্থে। বি; পুং।

অন্তিকতম—অতি নিকট। অন্তিক+তম। বিণ। স্ত্রী, **-তমা**।

অন্তিম—১। শেষ, চরম; মৃত্যুকালীন; অতিনিকটস্থ। বিণ। ২। চরমকালীন কর্তব্য, অন্তিম সংস্কার; অতি নৈকট্য। অন্ত+ডিমচ্ ভবার্থে। বি; ক্লী।

অন্তিমকাল, -সময়—চরম সময়, মৃত্যুকাল। কর্মধা। বি; পুং।

অন্তিমদশা—মুমূর্ষু অবস্থা। কর্মধা। বি; স্ত্রী।

অন্তিমশয্যা—মৃত্যুশয্যা। কর্মধা। বি; স্ত্রী।

অন্তেবাসী (-বাসিন্)—১। ছাত্র, শিষ্য; গ্রামান্তের অধিবাসী চণ্ডাল; নীচজাতি। বি; পুং। ২। সমীপবর্তী, প্রান্তস্থিত। অলুক্ উপতৎ; অন্তে—বস্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, **-বাসিনী**।

অন্ত্য—১। শেষ, চরম; অবশিষ্ট; নীচ, হীনজাতীয়। বিণ। ২। ম্লেচ্ছ; চণ্ডাল। বি; পুং। ৩। পরার্ধের দশভাগ সংখ্যা। অন্ত+যৎ ভবার্থে। বি; ক্লী।

অন্ত্যজ—১। চতুর্থ বর্ণ, শূদ্র। বি; পুং। ২। নীচকুলজাত; নীচাশয়; নিম্ন ('— বর্ণ')। উপতৎ; অন্ত্য—জন্+ড কর্তৃ। বিণ।

অন্ত্যবর্ণ—শেষ অক্ষর; শূদ্র। কর্মধা। বি; পুং।

অন্ত্যেষ্টি—শেষ যজ্ঞ, মৃতের দাহাদি কার্য। অন্ত্য ইষ্টি, কর্মধা। বি; স্ত্রী।

অন্ত্যেষ্টিক্রিয়া—মৃতের দাহাদি কার্য। কর্মধা। বি; স্ত্রী।

অন্ত্র—আঁতড়ি, নাড়ীভুঁড়ি; পাকস্থলীর নিম্ন হইতে মলদ্বার পর্যন্ত যন্ত্র, intestine. অন্ত্+ষ্ট্রন্ করণ। বি; ক্লী।

অন্ত্রজ্বর—সান্নিপাতিক জ্বর, enteric fever. অন্ত্র-ঘটিত জ্বর, মধ্যপ। বি; পুং।

অন্ত্রপ্রদাহ—উদরাময়; আমাশয়, enteritis. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অন্ত্রবৃদ্ধি—রোগ বিঃ, hernia. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অন্দর—ভিতর; অন্তঃপুর। ফা। বি।

অন্দরমহল—অন্তঃপুর, ভিতরবাটী, বাটীর ভিতরের যে অংশে স্ত্রীলোকেরা থাকেন। ফা। বি।

অন্ধ—১। দৃষ্টিহীন; হিতাহিত-জ্ঞানশূন্য; রিপুর বশীভূত; মুগ্ধ; স্নেহ ভালবাসা হেতু দোষ-ত্রুটির বিষয়ে উদাসীন। অন্ধ্+অচ্ কর্তৃ। ২। অন্ধকারময় (স্থানাদি)। অন্ধ্+ঘঞ্ অধি। বিণ। ৩। অন্ধকার; অজ্ঞান। অন্ধ্+ঘঞ্ করণ। বি; ক্লী।

অন্ধ হওয়া—দৃষ্টিশক্তি হারানো; কাহারও দোষগুণ না দেখা; প্রেমানুরাগাদিতে হিতাহিতজ্ঞানশূন্য হওয়া। **অন্ধের নড়ি** বা **যষ্টি**—অসহায়ের একমাত্র সহায় বা অবলম্বন।

অন্ধকার—১। আঁধার। অন্ধ—কৃ+অণ্ কর্তৃ। বি। ২। আঁধারময়। অন্ধকার+অচ্ বিশিষ্টার্থে। বিণ।

অন্ধকার দেখা—আকস্মিক বিপৎপাতে দিশাহারা হওয়া। **অন্ধকার দেখানো**—বিপন্ন করিয়া দিশাহারা করানো। **অন্ধকারে ঢিল মারা**—আন্দাজে কিছু করিয়া বসা; কোন বিষয় প্রমাণ করার জন্য অনির্দিষ্টভাবে বহু প্রমাণ উপস্থাপিত করা। **অন্ধকারে থাকা**—কোন বিষয়ে সম্পূর্ণ অজ্ঞ থাকা। **অন্ধকারে হাতড়ানো**—জ্ঞানের অভাবে আন্দাজে কোন বিষয়ের আলোচনা ও অনুসন্ধান করা।

অন্ধকারময়—তিমিরময়, আঁধারে ভরা। অন্ধকার+ময়ট্। বিণ। স্ত্রী, **-য়ী** ('—রজনী, রাত্রি')।

অন্ধকারাচ্ছন্ন, -বৃত—তমসাবৃত, আঁধারে ঢাকা। অন্ধকার দ্বারা আচ্ছন্ন, আবৃত, ৩য়াতৎ। বিণ।

অন্ধকূপ—এঁধো কুয়া, অন্ধকারময় কূপ; নরক বিঃ; এঁধো ঘর, অল্পপরিসর অন্ধকার ঘর, blackhole. কর্মধা। বি; পুং।

অন্ধকূপহত্যা—সিরাজউদ্দৌলার আদেশে একটি ক্ষুদ্র গৃহে আবদ্ধ ১৪৬ জন ইংরেজের মধ্যে ১২০ জনের মৃত্যুসংঘটন। অন্ধ কূপ, কর্মধা; অন্ধকূপে হত্যা, ৭মীতৎ। বি; স্ত্রী।

অন্ধ-গোলাঙ্গুলন্যায়—এক শঠের বাক্যানুসারে এক অন্ধ তাহার শ্বশুরের গরুর লাঙ্গুল ধরিয়া শ্বশুর-বাড়ি গমন করে এবং শ্বশুরবাড়ির লোক তাহাকে চোর মনে করিয়া প্রহার করিয়া তাড়াইয়া দেয়—অন্ধের এই দুর্গতিভোগের দৃষ্টান্ত-প্রদর্শন। অন্ধ এবং গোলাঙ্গুল, দ্বন্দ্ব; তৎসমর্থিত ন্যায় (যুক্তি), মধ্যপ। বি; পুং।

অন্ধতম—অতিশয় অন্ধকার। অন্ধ+তম। বিণ।

অন্ধতমস—গাঢ় অন্ধকার; ঘোর অজ্ঞতা। কর্মধা (সমাসান্ত অ-প্রত্যয়)। বি; ক্লী।

অন্ধতমসাচ্ছন্ন, -তমসাবৃত—গাঢ় আঁধারে ঢাকা; ঘোর অজ্ঞতাপূর্ণ। ৩য়াতৎ। বিণ।

অন্ধতামসী—নিবিড় অন্ধকারাবৃত রাত্রি। অন্ধকারিণী তামসী, মধ্যপ। বি; স্ত্রী।

অন্ধতামিস্র—১। গাঢ় আঁধার; দেহধ্বংসে আমার আর কিছুই থাকিবে না—এইরূপ বুদ্ধি। কর্মধা। বি; ক্লী। ২। নিবিড় অন্ধকারময় নরক বিঃ। অন্ধ তামিস্র যেখানে, বহু। বি; পুং।

অন্ধনী—দৃষ্টিশক্তিহীনা নারী। ['আন্ধারমাণিক বাছা অন্ধনীর নড়ি।'—ঘন]। প্রা কপ্র। বি; স্ত্রী।

অন্ধপঙ্গুন্যায়—দুই জনের স্বতন্ত্ররূপে অসাধ্য কার্য উভয়ের চেষ্টাসমবায়ে সিদ্ধ হইতে পারে ইহার দৃষ্টান্তস্বরূপে এক অন্ধ ও এক পঙ্গু কি করিয়া পরস্পরের সাহায্যে তাহাদের প্রভুর কার্য সম্পন্ন করিয়াছিল তাহার দৃষ্টান্ত। অন্ধ এবং পঙ্গু, দ্বন্দ্ব; তৎসমর্থিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

অন্ধ-পরম্পরান্যায়—শ্রেণীবদ্ধ ভাবে চলিত অন্ধদিগের একজন স্খলিতপদ হইয়া কূপাদিতে পতিত হইলে দলস্থ সকলেরই সেইরূপ অবস্থা ঘটে—এই যুক্তি-মূলক দৃষ্টান্ত। অন্ধদিগের পরম্পরা (শ্রেণী), ৬ষ্ঠীতৎ; তৎসমর্থিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

অন্ধপ্রায়—অন্ধের তুল্য; বিবেকশূন্য; জ্ঞানশূন্য। প্রায় অন্ধ, সুপ্। বিণ।

অন্ধবিশ্বাস—গভীর বিশ্বাস; বিবেচনাহীন দৃঢ়-বিশ্বাস। কর্মধা। বি; পুং।
অন্ধবেগ—বেপরোয়া হিতাহিতজ্ঞানশূন্য বেগ। কর্মধা। বি; পুং।
অন্ধহস্তিন্যায়—কোন পদার্থের সমগ্রত্বের উপলব্ধি না করিয়া তাহার আংশিক স্বরূপকেই সমগ্র জ্ঞান করা [কয়েকটি অন্ধ এক হস্তীর বিভিন্ন অংশ স্পর্শ করিয়া হস্তীর আকার বর্ণনাকালে প্রত্যেকে সেই সেই অংশের বর্ণনা প্রদান করে, এই উপাখ্যান হইতে এই ন্যায়ের নামকরণ হইয়াছে]। অন্ধ এবং হস্তী, দ্বন্দ্ব; তৎসমর্থিত ন্যায়, মধ্যপ। বি; পুং।
অন্ধা—১। অন্ধ; আচ্ছন্ন। হিন্দী। বিণ। ২। আঁধার ('অন্ধা মিলায়ল বারিধর-আঁচরে'—মাধব)। ＜অন্ধ। বি।
অন্ধি-সন্ধি—গুপ্ত পথ; অলিগলি; ছিদ্র; অবকাশ; সুযোগ; রহস্য। সন্ধি+(পূর্বগামী সহচর শব্দ) অন্ধি। বি।
অন্ধীকরণ—অন্ধ করিয়া দেওয়া। অন্ধ+চ্বি অভূত-তদ্ভাবে (=অন্ধী)—কৃ+অনট্ ভাব। বি। বিণ, **-কৃত**।
অন্ধীভূত—যে দৃষ্টিশক্তিহীন হইয়াছে এমন। অন্ধ+চ্বি (=অন্ধী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ।
অন্ধ্র—প্রাচীন জাতি বিঃ; পশ্চিম কলিঙ্গ; ভারতীয় যুক্তরাষ্ট্রের অন্তর্গত একটি রাজ্য। অন্ধ্+র কর্তৃ।
বি, পুং। **অন্ধ্রে রন্ধ্রে**—অতি নিভৃত কোণে।
অন্ন—ভাত; আহার্য; ধান্য; শস্য। অদ্+ক্ত কর্ম। বি; ক্লী। **অন্ন ওঠা**—জীবিকানির্বাহের উপায়-বিহীন হওয়া।
অন্নকষ্ট—অন্নাভাবজনিত দুঃখ; দুর্ভিক্ষ। অন্নবিষয়ক কষ্ট, মধ্যপ। বি; ক্লী।
অন্নকূট—১। অন্নের রাশি, ভাতের কাঁড়ি। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী। ২। উৎসব বিঃ। অন্নের কূট যাহাতে, বহু। বি; পুং।
অন্নকোট—উৎসব বিঃ। ＜অন্নকূট। বি।
অন্নকোষ্ঠ, -কোষ্ঠক—ধানের গোলা। মধ্যপ, ২য় পক্ষে+কন্ অল্পার্থে। বি; পুং।
অন্নক্ষেত্র—অন্নসত্র, সদাব্রত। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অন্নগত—আহার্যের উপর নির্ভরকারী; অন্নসম্বন্ধীয়। ২য়াতৎ। বিণ।
অন্নগতপ্রাণ—১। আহার্যের উপর নির্ভরকারী জীবন; যে প্রাণ ভাত খাওয়াতে বাঁচিয়া থাকে। কর্মধা। বি; পুং। ২। যে বা যাহারা আহার্য গ্রহণ দ্বারা বাঁচিয়া থাকে এরূপ; ভাত খাইয়া বাঁচিয়া থাকে এমন। অন্নগত প্রাণ যাহার, বহু। বিণ।
অন্নচিন্তা—জীবিকার্জনের নিমিত্ত ভাবনা। অন্ন-নিমিত্তিকা চিন্তা, মধ্যপ। বি; স্ত্রী।
অন্নছত্র—অন্নদানশালা; অতিথিভোজনাগার। ＜অন্ন-সত্র। বি।
অন্নজল—খাদ্য ও পানীয়; কোন স্থানে বাস ও আহার করিবার ব্যবস্থা বা অদৃষ্ট। দ্বন্দ্ব। বি; ক্লী।
অন্নদা—১। অন্নপূর্ণা। বি; স্ত্রী। ২। অন্নদান-কারিণী; অন্নদানে প্রতিপালিকা। অন্ন—দা+ক কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী।
অন্নদাতা (-দাতৃ)—প্রতিপালক; অন্নদানকারী। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; পুং। স্ত্রী, **-দাত্রী**।
অন্নদান—খাদ্য-বিতরণ। ৬ষ্ঠীতৎ। বি, ক্লী।
অন্নদাস—যে উদরান্নের জন্য অন্যের দাসত্ব করে এরূপ ব্যক্তি; দাসবৎ অন্যের অন্নগ্রহণকারী ব্যক্তি। অন্নার্থী দাস, মধ্যপ। বি; পুং।
অন্নধ্বংস—অপাত্র কর্তৃক আহাররূপে অন্নের অপব্যয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অন্ননলী, -নালী—ভুক্তপদার্থ যে নালী দিয়া পরি-পাকযন্ত্রে উপস্থিত হয়, গ্রাসনালী, oesophagus. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অন্নপান—ভোজ্য ও পানীয়। দ্বন্দ্ব। বি; ক্লী।
অন্নপূর্ণা—১। আদ্যা শক্তি ভগবতীর মূর্তি বিঃ। বি; স্ত্রী। ২। অন্ন দ্বারা পরিপূর্ণা। ৩য়াতৎ। বিণ; স্ত্রী।
অন্নপ্রাশন—হিন্দুর দশবিধ সংস্কারের মধ্যে শিশুর প্রথম-অন্নভক্ষণরূপ সংস্কার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অন্নবর্জন—আহার্য-পরিত্যাগ; খাদ্যগ্রহণ না করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অন্নবস্ত্র—ভাতকাপড়। দ্বন্দ্ব। বি; ক্লী।
অন্নবহ, -বাহী—অন্ন বহন করে যে এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-বহা, -বাহিনী**।
অন্নব্যঞ্জন—ভাত-তরকারি; প্রধান খাদ্য এবং তাহার উপচার বা আনুষঙ্গিক খাদ্য। সমা দ্বন্দ্ব। বি; ক্লী।
অন্নময়—অন্নে পূর্ণ; অন্নদ্বারা গঠিত ('—কোষ')। অন্ন+ময়ট্ বিকারার্থে। বিণ।
অন্নময়কোষ—(দর্শনমতে) স্থূল শরীর; অন্ন দ্বারা রক্ষিত কোষ। কর্মধা। বি; পুং।
অন্নরস—ভুক্তদ্রব্য পাকাশয়ের মধ্যে জীর্ণ হইলে উহা হইতে যে দুগ্ধবৎ তরল পদার্থ নির্গত হয় সেই পদার্থ, chyle. অন্নজাত রস, মধ্যপ। বি; পুং।
অন্নশালা—অন্নসত্র; অতিথিভোজনাগার। ৬ষ্ঠীতৎ। বি, স্ত্রী।
অন্নসংস্থান—খাদ্যসঞ্চয়; খাদ্যসংগ্রহের উপযুক্ত সংগতি, খাওয়ার ব্যবস্থা বা যোগাড়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অন্নসত্র—অন্নদানশালা, সদাব্রত, অন্নছত্র। ৬ষ্ঠীতৎ। [বি, ক্লী।
অন্নসমস্যা—জীবিকা-নির্বাহের প্রশ্ন; কিরূপে জীবিকার্জন করা যায় এই চিন্তা। অন্নগতা সমস্যা, মধ্যপ। বি; স্ত্রী।
অন্নহীন—নিরন্ন; সংস্থানশূন্য; জন্মদরিদ্র। ৩য়াতৎ। বিণ। [৬ষ্ঠীতৎ। বি; পুং।
অন্নাভাব—আহার্যের অভাব, আহার্য না থাকা।
অন্নার্থী (-র্থিন্)—খাদ্যপ্রার্থী। উপতৎ; অন্ন—অর্থ +ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-র্থিনী**।
অন্বয়—ধারা; পরস্পরসম্বন্ধ বাক্য বা পদের শ্রেণী-বিন্যাস; পদের পরস্পর সম্বন্ধ, sequence; মিল,

agreement; পদ্যের গদ্যাবস্থায় পরিবর্তন; তৎসত্ত্বে তৎসত্তারূপ দর্শনশাস্ত্রের সম্বন্ধ বিঃ; সংস্রব, সম্বন্ধ; অনুবৃত্তি; বিদ্যমানতা। অনু—ই+অচ্ ভাব। বি; পুং।

অন্বয়বোধ—পদ ও পদার্থের পরস্পর সম্বন্ধনির্ণয়; (ন্যায়মতে) শব্দজন্য শব্দনামক বোধ; (বৈশেষিক-মতে) শব্দজন্য অনুমানাত্মক বোধ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অন্বয়-ব্যতিরেক—অনুমান বিঃ; কোন বস্তু থাকিলে কোন বস্তুর থাকা ও কোন বস্তু না থাকিলে কোন বস্তুর না থাকা [যেমন, কোন ত্রিভুজের ভূমিসংলগ্ন কোণদ্বয় পরস্পর সমান হইলে বাহুদ্বয় পরস্পর সমান হইবে, ইহার নাম অন্বয়। আর কোণদ্বয় পরস্পর সমান না হইলে বাহুদ্বয়ও সমান হইবে না, ইহার নাম ব্যতিরেক]। দ্বন্দ্ব। বি; পুং।

অন্বয়যোজনা—বাক্যের অন্তর্বর্তী কর্তা কর্ম ক্রিয়া প্রঃ-র পরস্পর সম্বন্ধনির্ণয়, parsing. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অন্বয়ী (-য়িন্)—সংস্রবযুক্ত, অনুযায়ী; বংশ-সম্বন্ধী; সম্বন্ধবিশিষ্ট। অন্বয়+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-য়িনী**। **অন্বয়ী প্রমাণ**—কোন কল্পনা ধরিয়া লইয়া যুক্তিপরম্পরা দ্বারা সিদ্ধান্তে উপনীত হওয়া, direct proof.

অন্বর্থ—যথার্থ; প্রকৃতার্থযুক্ত (যেমন, কাহারও নাম সুশীল; সে যদি সৎস্বভাব হয়, তবে তাহার নামটিকে অন্বর্থ বলা যায়); সংগত; কৃতার্থ; সার্থক। অনুগত অর্থ যাহাতে, বহু। বিণ।

অন্বর্থনামা (-নামন্)—সার্থকনামা, যাহার নামের সহিত স্বভাবের মিল আছে এমন। অন্বর্থ হইয়াছে নাম যাহার, বহু। বিণ। স্ত্রী, **-নাম্নী**।

অন্বিত—যুক্ত, বিশিষ্ট; মিলিত; সংলগ্ন; পরস্পর অন্বয়যুক্ত। অনু—ই+ক্ত কর্তৃ। বিণ।

অন্বিষ্ট—যাহার অন্বেষণ করা হইয়াছে এরূপ; কথিত; আকাঙ্ক্ষিত। অনু—ইষ্+ক্ত কর্ম। বিণ।

অন্বীক্ষা—বেদবাক্য শ্রবণানন্তর তাহার অর্থ-পর্যালোচন; অনুমান। অনু—ঈক্ষ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

অন্বেষক—অন্বেষণকারী; অনুসন্ধায়ী। অনু—ইষ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-ষিকা**।

অন্বেষণ—খোঁজ, তল্লাশ; গবেষণা; আকাঙ্ক্ষা। অনু—ইষ্+অনট্ ভাব। বি; ক্লী।

অন্বেষণীয়—অনুসন্ধেয়; আকাঙ্ক্ষণীয়। অনু—ইষ্+অনীয় কর্ম। বিণ।

অন্বেষিত—যাহার অন্বেষণ বা খোঁজ করা হইয়াছে এরূপ; গবেষিত; আকাঙ্ক্ষিত। অনু—ইষ্+ক্ত কর্ম। বিণ। [বিণ।

অন্বেষ্টব্য—অন্বেষণীয়। অনু—ইষ্+তব্য কর্ম।

অন্বেষ্টা (অন্বেষ্টৃ)—অনুসন্ধানকারী; আকাঙ্ক্ষা-কারী। অনু—ইষ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ষ্ট্রী**।

অন্য—ভিন্ন, অপর; সদৃশ। অন্ (থাকা)+য কর্তৃ। সর্ব, বিণ। স্ত্রী—**অন্যা**। **অন্যে পরে কা কথা**—(সংস্কৃত বাক্য) অপরের কথা আর বলিয়া লাভ কি! অর্থাৎ তাহার সম্বন্ধে ইহা খাটিবেই।

অন্যকৃত—অপরের দ্বারা নিষ্পন্ন। ৩য়াতৎ। বিণ।

অন্যগত—অপরের প্রতি অনুগত; অপরের উপর নির্ভরশীল। ২য়াতৎ। বিণ।

অন্যগতপ্রাণ—অপরের অভাবে যাহার প্রাণরক্ষা হয় না এরূপ; অপরের একান্ত অনুরাগী। অন্যগত প্রাণ যাহার, বহু। বিণ।

অন্যগামী (-গামিন্)—অন্যত্র প্রস্থানকারী; অপর স্ত্রী-সংসর্গকারী। অন্য—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী**।

অন্যতঃ (-তস্)—অন্যত্র; অন্য হইতে; অপর ভাবে। অন্য শব্দ+তস্ (৫মী বা ৭মী-স্থানে)। অ।

অন্যতম—অনেকের মধ্যে একটি। অন্য+তম। বিণ।

অন্যতর—ভিন্ন; দুইয়ের মধ্যে অপরটি। অন্য+তর। বিণ।

অন্যত্র—ভিন্ন স্থানে; অপর বিষয়ে; তদ্ব্যতিরেকে। অন্য+ত্রল্ (৭মী-স্থানে)। অ।

অন্যথা—১। অন্যপ্রকার; বিপরীত; নতুবা। অন্য+থাচ্ প্রকারার্থে। অ। ২। ব্যতিক্রম ('— করা')। বাংপ্র। বি।

অন্যথাচরণ, -চার—অন্যপ্রকার আচরণ; বিরুদ্ধাচরণ। অন্যথা যে আচরণ, আচার, সুপ্। বি; ক্লী, পুং।

অন্যথাসিদ্ধি—(ন্যায়মতে) হেতুর দোষ, হেত্বাভাস বিঃ; অন্যপ্রকারে সিদ্ধি। অন্যথা সিদ্ধি, সুপ্। বি; স্ত্রী।

অন্যদীয়—অন্যসংক্রান্ত; অপরবিষয়ক। অন্য+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

অন্যপুষ্ট—১। পরভৃত, কোকিল। বি; পুং। ২। অপর কর্তৃক প্রতিপালিত। ৩য়াতৎ। বিণ।

অন্যপূর্বা—১। দ্বিতীয়বার বিবাহিতা; যে পূর্বে অপরের বাগ্‌দত্তা ছিল সেই কন্যা। বি বা বিণ; স্ত্রী। ২। যাহার অগ্রে অপর কিছু আছে এরূপ। অন্য পূর্বে যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

অন্যবিধ—অন্যপ্রকার। অন্যা বিধা যাহার, বহু। বিণ।

অন্যভৃৎ—কাক। উপতৎ; অন্য—ভৃ+ক্বিপ্ কর্তৃ। বি; পুং বা স্ত্রী। [৩য়াতৎ। বিণ।

অন্যভৃত—১। কোকিল। বি; পুং। ২। পরপুষ্ট।

অন্যমত—১। ভিন্নমত; বিরুদ্ধমত। কর্মধা। বি; ক্লী। ২। বিরুদ্ধমতসম্পন্ন; ভিন্নমতবিশিষ্ট। অন্য মত যাহার, বহু। বিণ।

অন্যমনস্ক—অন্যমনা; অমনোযোগী; অন্যাসক্তচিত্ত। অন্যে মন যাহার, বহু (ক-আগম)। বিণ।

অন্যমনাঃ (-মনস্)—আনমনা, অন্যমনস্ক। অন্যে মন যাহার, বহু। বিণ।

অন্যমনা—আনমনা। <অন্যমনাঃ। বিণ।

অন্যসাপেক্ষ—অন্যের উপর নির্ভরকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। [বিণ।

অন্যাধীন—পরাধীন; অপরের আয়ত্ত। ৬ষ্ঠীতৎ।

অন্যান্য—অপরাপর, আর আর। বহুবচনার্থে দ্বিত্ব। সর্ব বিণ।

অন্যায়—১। অনৌচিত্য; অবিচার। নঞ্‌তৎ। বি; পুং। **২**। অন্যায্য, গর্হিত। ন (নাই) ন্যায় যাহাতে, বহু। বিণ।

অন্যায়তঃ (-তস্)—অন্যায়পূর্বক, অন্যায়ভাবে। অন্যায়+ক্তি-বিণে ৩য়া-স্থানে তস্। অ।

অন্যায়াচরণ—অসংগত ব্যবহার; অনুচিত কার্য-করণ। অন্যায় এমন আচরণ, কর্ম। বি; ক্লী। বিণ, **-চারী** (-রিন্)। [বিণ।

অন্যায্য—ন্যায়বিরুদ্ধ; অনুচিত; গর্হিত। নঞ্‌তৎ।

অন্যাসক্ত—অন্যের প্রতি অনুরক্ত; অমনোযোগী। অন্যে আসক্ত, ৭মীতৎ। বিণ।

অন্যূন—যাহা কম নয় এরূপ, প্রায়; সমগ্র, সম্পূর্ণ; অন্ততঃ। নঞ্‌তৎ। বিণ।

অন্যোন্য-১। পরস্পর ('—বিরোধী'), mutual. অন্য শব্দের কর্মব্যতিহারে দ্বিত্ব, পূর্বপদে সুট্ (স্) আগম (=অন্যঃ+অন্য)। সর্ব, বিণ। **২**। অর্থালংকার বিঃ [একজাতীয় দুইটি ক্রিয়া বা দুইটি গুণ যদি পরস্পরের কারণস্বরূপ হয়, তাহা হইলে অন্যোন্য অলংকার হয়; যথা—"সেই সুন্দরী তোমাদ্বারা শোভা পাইতেছে এবং তুমিও তাহাদ্বারা শোভা পাইতেছ।"]। বি; ক্লী।

অন্যোন্যবিরোধী (-ধিন্)—পরস্পরের প্রতিকূল বা অনিষ্টকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-ধিনী**।

অপ্—বারি, জল। আপ্+ক্বিপ্ কর্ম (নিপা)। বি; স্ত্রী।

অপ—অপকৃষ্ট, অধম; বিহীন; বিপরীত; কুৎসিত; অনাদর; অপকর্ষ; তিরোভাব; বর্জন; বিচ্ছেদ; বৈপরীত্য; বিকৃতি; হর্ষ; নির্দেশ, চৌর্য; অধঃপ্রদেশ। ন—পা+ক কর্তৃ। অ, উপসর্গ।

অপকর্ম (-কর্মন্)—কুকর্ম; দুষ্ক্রিয়া; ক্ষতিকর কাজ। অপকৃষ্ট কর্ম, প্রাদি। বি; ক্লী।

অপকর্মা (-কর্মন্)—কুকার্যকারী। অপকৃষ্ট কর্ম যাহার, বহু। বিণ।

অপকর্ষ—অপকৃষ্টতা, হীনতা; অপ্রধানতা; নীচতা; নিম্নাকর্ষণ; হ্রস্বীকরণ; কোন কারণবশতঃ করণীয় সময়ের পূর্বে শ্রাদ্ধাদি কার্যের অনুষ্ঠান। অপ—কৃষ্+ঘঞ্ ভাব। বি; পুং।

অপকর্ষণ—অপসারণ; মোচন; অপহরণ। অপ—কৃষ্ +অনট্ ভাব। বি; ক্লী। [বি; পুং।

অপকলঙ্ক—মিথ্যা বদনাম। অপকৃষ্ট কলঙ্ক, প্রাদি।

অপকার—অমঙ্গল, অনিষ্ট, হানি, ক্ষতি; দ্বেষ। অপ—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

অপকারক—অপকারী, অহিতকারী। অপ—কৃ+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিকা**।

অপকারী (-কারিন্)—অনিষ্টকারী। অপ—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিণী**। বি, **-কারিতা**।

অপকীর্তি—দুর্নাম, অখ্যাতি, কুৎসা। অপকৃষ্টা কীর্তি, প্রাদি। বি; স্ত্রী।

অপকৃত—১। যাহার অপকার করা হইয়াছে এমন, ক্ষতিগ্রস্ত। অপ—কৃ+ক্ত কর্ম। বিণ। **২**। অপকার। অপ—কৃ+ক্ত ভাব। বি; ক্লী।

অপকৃতি—অপকার, অনিষ্ট। অপ—কৃ+ক্তি ভাব। বি; স্ত্রী।

অপকৃষ্ট—নিকৃষ্ট, অধম; অবনতিপ্রাপ্ত; বিশেষ বিধানে বিহিতকালের পূর্বে কৃত; অপনীত; নিম্নাকৃষ্ট। অপ—কৃষ্+ক্ত কর্ম। বিণ।

অপকেন্দ্র—কেন্দ্রাতিগ, কেন্দ্র হইতে অপসরণশীল, centrifugal. অপগামী কেন্দ্র হইতে, প্রাদি। বিণ।

অপক্ক—কাঁচা; অপরিণত; যাহা পাক করা নয় এরূপ; অনিপুণ। নঞ্‌তৎ। বিণ।

অপক্রম, -ক্রমণ—পলায়ন, প্রস্থান। অপ—ক্রম্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

অপক্রিয়া—কুকর্ম; অপকার। অপকৃষ্টা ক্রিয়া, প্রাদি। বি, স্ত্রী।

অপক্ষপাত—১। পক্ষপাতহীনতা, নিরপেক্ষতা, সমদর্শিতা; ন্যায়োচিত কার্য। নঞ্‌তৎ। বি; পুং। **২**। পক্ষপাতশূন্য, নিরপেক্ষ, সমদর্শী। ন (নাই) পক্ষপাত যাহার বা যাহাতে, বহু। বিণ।

অপক্ষপাতী (-পাতিন্)—নিরপেক্ষ, সমদর্শী; যথার্থবাদী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-পাতিনী**। বি, **-পাতিতা, -পাতিত্ব**।

অপগত—দূরীভূত; পলায়িত; মৃত; নষ্ট; অন্তর্হিত। অপ—গম্+ক্ত কর্তৃ। বিণ।

অপগম, -গমন—তিরোভাব; প্রস্থান; পলায়ন; নাশ, ধ্বংস। অপ—গম্+অপ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

অপগা—১। নিম্নগামিনী; সমুদ্রগামিনী ('—নদী')। বিণ। **২**। নদী। অপ—গম্+ড কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

অপগুণ—দোষ। অপকৃষ্ট গুণ, প্রাদি। বি; পুং।

অপগ্রহ—প্রতিকূল গ্রহ, বিরুদ্ধ গ্রহ। অপকৃষ্ট গ্রহ, প্রাদি। বি; পুং।

অপঘাত—১। অপমৃত্যু, রোগ ভিন্ন অন্য কোন আকস্মিক কারণে মৃত্যু। অপ—হন্+ঘঞ্ ভাব। বি; পুং। **২**। আকস্মিক শারীরিক দুর্ঘটনা। বাংপ্র। বি।

অপঘাতক—অপঘাতকারী, আঘাত ইঃ দ্বারা জীবননাশকারী। অপ—হন্+ণিচ্ (স্বার্থে)+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-তিকা**।

অপঘাতী (-ঘাতিন্)—অপঘাতকারী, আঘাতাদি-প্রয়োগে জীবননাশক। অপ—হন্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ঘাতিনী**।

অপচয়—ক্ষতি; ক্ষয়; হ্রাস; বৃথা ব্যয়। অপ—চি+অচ্ ভাব। বি; পুং।

অপচার—স্বধর্মব্যতিক্রম; বংশানুগত ধর্মের ব্যতিক্রম; অবিহিত আচরণ, corruption; বদহজম, অপরিপাক। অপ—চর্+ঘঞ্ ভাব। বি; পুং।

অপচিকীর্ষা—অপকার করিবার ইচ্ছা। অপ—কৃ+সন্ +অ ভাব+আপ্। বি; স্ত্রী।

অপচিকীর্ষু—যে অপকার করিতে চায় এমন। অপ—কৃ+সন্+উ কর্তৃ। বিণ।

অপচিত—১। ব্যয়িত; মন্দীভূত; ক্ষয়প্রাপ্ত। অপ—

চি+ক্ত কর্ম, কর্তৃ। ২। পূজিত। অপ—চায়্+ক্ত কর্ম। বিণ।
অপচিতি—১। পূজা। অপ—চায়্+ক্তি ভাব। ২। নাশ; ক্ষয়; অপব্যয়; দেহকোষাদির ক্ষয়, katabolism. অপ—চি+ক্তি ভাব। বি; স্ত্রী।
অপচীয়মান—নাশশীল; যাহা ব্যয়িত হইতেছে এমন; যাহা ক্রমশঃ ক্ষয়প্রাপ্ত হইয়া ছোট হইতেছে এমন। অপ—চি+শানচ্ কর্ম-কর্তৃ। বিণ।
অপচেতা (-চেতৃ)—অপচয়কারী; নাশকারী; অপব্যয়কারী। অপ—চি+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চেত্রী।**
অপচেতাঃ (-চেতস্)—নীচাত্মা, দুরাত্মা; অনুদার। অপকৃষ্ট চেতঃ যাহার, বহু। বিণ।
অপচেষ্টা—হীন উদ্দেশ্যমূলক চেষ্টা। প্রাদি। বি; স্ত্রী।
অপচ্ছায়া—১। আবছায়া। অপকৃষ্টা ছায়া, প্রাদি। বি; স্ত্রী। ২। ছায়াহীনা, ছায়ারহিতা। অপগতা ছায়া যাহা হইতে, বহু+আপ্। বিণ; স্ত্রী। পুং, **-চ্ছায়।**
অপজয়—পরাজয়। অপ—জি+অচ্ ভাব। বি; পুং।
অপজাত—আভিজাত্যশূন্য; হীনাবস্থাপ্রাপ্ত; যে বংশমর্যাদা বা নিজ জাতির বৈশিষ্ট্য হারাইয়াছে এরূপ, degenerated. অপ—জন্+ক্ত কর্তৃ। বিণ।
অপজাতি—হীনজাতি; নীচ জাতি। প্রাদি। বি; স্ত্রী।
অপঞ্জরী (-রিন্)—পঞ্জরহীন ('— প্রাণী'); মেরুদণ্ডহীন, invertebrate. নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-রিণী।**
অপটু—অনিপুণ; অক্ষম; অসুস্থ; অশক্ত। নঞ্‌তৎ। বিণ। বি, **-তা, -ত্ব।**
অপঠিত—অনধীত, যাহা পড়া হয় নাই এমন। নঞ্‌তৎ। বিণ।
অপড়—যাহা পড়ে না এমন; ধ্বংসহীন। বাংপ্র। বিণ।
অপণ্ডিত—মূর্খ; শাস্ত্রাদিজ্ঞানবর্জিত। নঞ্‌তৎ। বিণ।
অপণ্য—অবিক্রেয়। নঞ্‌তৎ। বিণ।
অপত্নীক—মৃতদার; অকৃতদার। ন (নাই) পত্নী যাহার, বহু (ক-আগম)। বিণ।
অপত্য—সন্তান, পুত্র বা কন্যা। ন—পত্+যৎ করণ। বি; ক্লী।
অপত্যনির্বিশেষে—নিজ সন্তানের সহিত পার্থক্য না করিয়া, আপন পুত্র-কন্যার ন্যায়। অপত্য হইতে নির্বিশেষ, ৫মীতৎ, সেরূপ ভাবে। ক্রি-বিণ।
অপত্যস্নেহ—সন্তানবাৎসল্য, সন্তানের প্রতি স্বাভাবিক স্নেহ। ৭মীতৎ। বি; পুং।
অপত্যহীন—নিঃসন্তান, সন্তানহীন। ৩য়াতৎ। বিণ।
অপথ—১। কুপথ; ভুল পথ; অন্যায় আচরণ। নঞ্‌তৎ। ২। পথের অভাব; উপায়াভাব। অব্যয়ী। বি; ক্লী।
অপথ্য—রোগীর পক্ষে অহিতকর; ভোজনের অযোগ্য। নঞ্‌তৎ। বিণ।
অপদ—পদবিহীন। ন (নাই) পদ যাহার, বহু। [বিণ।
অপদস্থ—পরাজিত; পদচ্যুত; অবমানিত, লাঞ্ছিত। নঞ্‌তৎ। বিণ।
অপদার্থ—১। অযোগ্য; অসার; অকর্মণ্য; পদার্থহীন; মনুষ্যত্বহীন। ন (নাই) পদার্থ যাহাতে, বহু। বিণ। ২। নগণ্য বস্তু, তুচ্ছ জিনিস। নঞ্‌তৎ। বি; পুং।
অপদী (-দিন্)—**১।** চরণহীন। বিণ। স্ত্রী, **-দিনী** ২। সরীসৃপ, পদহীন প্রাণী, apoda. নঞ্‌তৎ। বি; পুং।
অপদেবতা—ভূত প্রেত পিশাচ প্রঃ; উপদেবতা। অপকৃষ্টা দেবতা, প্রাদি। বি; স্ত্রী।
অপদেশ—১। ছল; চিহ্ন; নাম; নিমিত্ত। অপ—দিশ্+ঘঞ্ করণ। ২। স্থান; লক্ষ্য। অপ—দিশ্+ঘঞ্ কর্ম। ৩। নির্দেশ; যুক্তিযুক্ত উপদেশ। অপ—দিশ্+ঘঞ্ ভাব। বি; পুং।
অপনয়, -নয়ন—দূরীকরণ, বর্জন; খণ্ডন; নিবারণ; অপনোদন; অপহরণ; অপকার; প্রমার্জন, মোছা; স্মরণ; বিনাশন; ঋণমোচন। অপ—নী+অচ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।
অপনয়ন—কোন সংখ্যাকে বাদ দেওয়া বা উঠাইয়া দেওয়া, elimination. অপ—নী+অনট্ ভাব। বি; ক্লী।
অপনীত—নিরাকৃত, দূরীকৃত; ত্যক্ত; অপহৃত; খণ্ডিত; নিবারিত; বিনাশিত; প্রমার্জিত; ঋণমোচিত। অপ—নী+ক্ত কর্ম। বিণ।
অপনেয়—দূরীকরণীয়; খণ্ডনীয়; নিরাকরণীয়। অপ—নী+যৎ কর্ম। বিণ।
অপনোদ, -নোদন—নিরাকরণ; দূরীকরণ, অপচয়। অপ—নুদ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।
অপনোদিত—দূরীকৃত; নিরাকৃত; অপচিত। অপ—নুদ্+ক্ত কর্ম। বিণ।
অপন্থা (-পথিন্)—কুপথ; অসংগত উপায়। ন পন্থা, নঞ্‌তৎ। বি; পুং।
অপপণন—আনাড়ীর মত কেনাবেচা করা; চোরা বাজারে কেনাবেচা, black-marketing. অপকৃষ্ট পণন, প্রাদি। বি; ক্লী।
অপপাঠ—অপ্রকৃত পাঠ; বিকৃতলিপি; লিপিকর-প্রমাদ; অশুদ্ধ পাঠ। অপকৃষ্ট পাঠ, প্রাদি। বি; পুং।
অপপ্রয়োগ—অশুদ্ধ প্রয়োগ; অর্থবিরুদ্ধ প্রয়োগ ('শব্দের —'); ব্যাকরণবিরুদ্ধ ব্যবহার; অন্যায় বা অনুপযুক্ত ভাবে কার্যে প্রয়োগ। অপকৃষ্ট প্রয়োগ, প্রাদি। বি; পুং।
অপবর্গ—জীবাত্মা ও পরমাত্মার মিলন, মুক্তি, মোক্ষ; পরিত্যাগ; ফলসাধন; (সং ব্যাক) ক্রিয়াসমাপ্তি ও ফলপ্রাপ্তি; নিষ্পত্তি, সমাপ্তি; দান। অপ—বৃজ্+ঘঞ্ ভাব। বি; পুং।
অপবর্জন—দান; ত্যাগ; ছেদন; মুক্তি। অপ—বৃজ্+অনট্ ভাব। বি; ক্লী। [বিণ।
অপবর্জিত—দত্ত; পরিত্যক্ত। অপ—বৃজ্+ক্ত কর্ম।
অপবর্তক—শুদ্ধ ভাজক, measure. যথা—৪,

১৬-এর অপবর্তক।] অপ—বৃত্‌+ণক কর্তৃ। বি বা বিণ; পুং। স্ত্রী, **-র্বার্তকা।**

অপবর্তন—১। সংক্ষিপ্তকরণ; বক্রীকরণ; তুল্যরূপ অঙ্ক দ্বারা ভাজ্য-ভাজকের বিভাজন; অপরাধজন্য অধিকার হরণ; বাজেয়াপ্তকরণ, forfeiture. অপ—বৃত্‌+অনট্‌ ভাব। **২।** পরিবর্তন; বিচালন। অপ—বৃত্‌+ণিচ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।

অপবর্তিত—পরিবর্তিত; বিভক্ত; অল্পীকৃত; বক্রীকৃত; বাজেয়াপ্ত। অপ—বৃত্‌+ণিচ্‌ বা বৃত্‌+ক্ত কর্ম। বিণ।

অপবর্ত্য—কোন রাশির শুদ্ধ ভাজ্য, multiple [যথা—১৬, ৪-এর অপবর্ত্য। কারণ ১৬-কে ৪ দিয়া ভাগ করিলে ভাগশেষ থাকে না]। অপ—বৃত্‌+ণ্যৎ কর্ম। বিণ।

অপবাদ—নিন্দা, কুৎসা, বদনাম; দোষারোপ; নিয়ম; আজ্ঞা, (ব্যাক) সূত্রাদির ব্যতিক্রমজনক বিশেষ-বিধি; (বেদান্তে) ভ্রান্ত জ্ঞান হইতে নিশ্চিত জ্ঞান; গোপন। অপ—বদ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।

অপবাদক—নিন্দক, দুর্নামকারী। অপ—বদ্‌+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিকা।**

অপবাদী (-বাদিন্‌)—**১।** কুৎসাকারী, নিন্দক। অপ—বদ্‌+ণিন্‌ কর্তৃ। **২।** দুর্নামগ্রস্ত। অপবাদ +ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বাদিনী।**

অপবারণ—তিরোধান; ব্যবধান; ত্যাগ; আচ্ছাদন। অপ—বৃ+ণিচ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।

অপবারিত—ব্যবহিত; অন্তর্হিত; ত্যক্ত; আচ্ছাদিত। অপ—বৃ+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ।

অপবাহন—মানুষ চুরি, kidnapping. অপ—বহ্‌+ণিচ্‌ (স্বার্থে)+অনট্‌ ভাব। বি; ক্লী।

অপবাহিত—অপসারিত। অপ—বহ্‌+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ।

অপবিত্র—অশুচি, অশুদ্ধ। নঞ্‌তৎ। বিণ।

অপবিদ্ধ—প্রত্যাখ্যাত; পবিত্যক্ত; ক্ষিপ্ত; প্রেরিত; চূর্ণিত, মাতাপিতা কর্তৃক পরিত্যক্ত হওয়ার পর অন্য কর্তৃক পুত্ররূপে গৃহীত। অপ—ব্যধ্‌+ক্ত কর্ম। বিণ।

অপবৃত্ত—বিপরীত; পরাঙ্মুখীভূত; অনাচ্ছাদিত। অপ—বৃত্‌+ক্ত কর্তৃ বা কর্ম। বিণ।

অপব্যবহার—দুর্ব্যবহার; অযথা প্রয়োগ; অসৎকার্যে প্রয়োগ। অপকৃষ্ট ব্যবহার, প্রাদি। বি; পুং।

অপব্যয়—কুকর্মে অর্থব্যয়; বৃথা ব্যয়। অপকৃষ্ট ব্যয়, প্রাদি। বি; পুং।

অপব্যয়িত—বৃথা নষ্ট; অসৎকার্যে ব্যয়িত। অপকৃষ্টভাবে ব্যয়িত, প্রাদি। বিণ।

অপব্যয়িতা—অযথা ব্যয়শীলতা। অপব্যয়িন্‌+তা ভাবে। বি; স্ত্রী।

অপব্যয়ী (-ব্যয়িন্‌)—বৃথাব্যয়ী, অসম্ব্যয়ী। অপব্যয়+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-ব্যয়িনী।**

অপভাষ—নিন্দার কথা; নিন্দা; অসাধু উক্তি। অপ—ভাষ্‌+ঘঞ্‌ কর্ম। বি; পুং।

অপভাষা—অশিষ্ট বচন; নিন্দা; অসংস্কৃত ভাষা; গ্রাম্য ভাষা; নিম্নজাতীয় লোকদিগের ভাষা। অপকৃষ্টা ভাষা, প্রাদি। বি; স্ত্রী।

অপভূ—সূর্য হইতে কোন গ্রহের ভ্রমণকক্ষের সর্বাপেক্ষা দূরবর্তী বিন্দু, apogee. অপ—ভূ+ক্বিপ্‌ অধি। বি; পুং।

অপভ্রংশ—কুৎসিত বাক্য; রূপান্তরিত ভাষা; ব্যাকরণদুষ্ট শব্দ; প্রকৃত আকার হইতে কিঞ্চিৎ পরিবর্তিত আকারে প্রযুক্ত শব্দ; ধ্বংস; বিচ্যুতি; অধঃপতন। অপ—ভ্রন্‌শ্‌+ঘঞ্‌ করণ বা ভাব। বি; পুং।

অপভ্রষ্ট—বিচ্যুত; অধঃপতিত; বিকৃত; ব্যাকরণদুষ্ট; মূলশব্দ হইতে বিকৃতভাবে উৎপন্ন। অপ—ভ্রন্‌শ্‌ +ক্ত কর্তৃ। বিণ।

অপমান—অনাদর, লাঞ্ছনা; অবজ্ঞা। অপ—মন্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।

অপমানকর, -জনক—অসম্মানজনক। উপতৎ; অপমান—কৃ+ট কর্তৃ; অপমানের জনক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-করী, -জনিকা।**

অপমানসূচক—অসম্মানপ্রকাশক, যাহা অনাদর প্রকাশ করে এরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-সূচিকা।**

অপমানিত—অবমানিত, লাঞ্ছিত, অনাদৃত। অপমান +ইত জাতার্থে। বিণ।

অপমিশ্রণ—খাদ্যাদিতে ভেজাল দেওয়া। অপকৃষ্ট মিশ্রণ, প্রাদি। বি; ক্লী।

অপমৃত্যু—অপঘাতমরণ, দুর্ঘটনার ফলে মৃত্যু। অপকৃষ্ট মৃত্যু, প্রাদি। বি; পুং।

অপযশঃ (-যশস্‌)—কলঙ্ক, অখ্যাতি। অপকৃষ্ট যশঃ, প্রাদি। বি; ক্লী।

অপযশ—< অপযশঃ। বি।

অপযশস্কর—অখ্যাতিকর; দুর্নামজনক। উপতৎ; অপযশস্‌—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, **-স্করী।**

অপয়া—শুভচিহ্নহীন, অভাগা। ন (নাই) পয় (সৌভাগ্য) যাহার, বহু। বাংপ্র। বিণ।

অপর—১। অন্য, পর, ভিন্ন; বিপরীত, প্রতিকূল; শত্রু; পশ্চাদ্বর্তী; অতিরিক্ত, additional; শেষ, পশ্চিম; অধম। ন—পৃ+অচ্‌ কর্তৃ। **২।** শত্রুভিন্ন; স্বপক্ষ; আত্মীয়। নঞ্‌তৎ। বিণ।

অপরঞ্চ—আরও, অপিচ। অপরম্‌+চ। অ।

অপরত্র—অন্যত্র অপর পক্ষে, অন্য বিষয়ে; পরকালে। অপর+ত্রল্‌ ৭মী-স্থানে। অ।

অপরন্তু—আরও। অপরম্‌+তু। অ।

অপরপক্ষ—অন্যদিক্‌; শত্রুপক্ষ; (শাস্ত্রবিচারস্থলে) উত্থাপিত প্রশ্নের উত্তর; কৃষ্ণপক্ষ (ইহাই পিতৃপক্ষ)। কর্মধা। বি; পুং।

অপররাত্র—শেষরাত্রি, রাত্রির শেষ প্রহর। রাত্রির অপর (শেষভাগ), একদেশী (সমাসান্ত অচ্‌)। বি; পুং।

অপরা—১। পশ্চিমদিক্‌। ন (নাই) পরা যাহা হইতে, বহু+আপ্‌। বি; স্ত্রী। **২।** অন্যা। অপর+আপ্‌। সর্ব, বিণ; স্ত্রী। **অপরা তড়িৎ—**ঋণাত্মক বিদ্যুৎ, negative electricity. **অপরা**

বিদ্যা—যে বিদ্যা শ্রেষ্ঠ নয় (ষড়ঙ্গ সহিত কর্মকাণ্ডের নাম অপরা বিদ্যা)। [পুং।
অপরাগ—বিরাগ। অপ—রন্‌জ্‌+ঘঞ্‌ ভাব। বি;
অপরাজিত—অপরাভূত। নঞ্‌তৎ। বিণ।
অপরাজিতা—১। দুর্গা; প্রসিদ্ধ পুষ্পলতা বা ফুল, clitoria ; দুর্বা; শেফালী; নাবী বিঃ, শঙ্খিনী। বি; স্ত্রী। ২। অপরাভূতা। নঞ্‌তৎ। বিণ; স্ত্রী।
অপরাজেয়—অজেয়; যাহাকে পরাস্ত করা যায় না এমন। নঞ্‌তৎ। বিণ।
অপরাধ—দোষ, ত্রুটি; পাপ; বেআইনী কাজ; নিয়মলঙ্ঘন। অপ—রাধ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।
অপরাধজনক—যাহাতে অপরাধ হয় এমন, দোষজনক। ৬ষ্ঠীতৎ। বিণ।
অপরাধী (-রাধিন্‌)—দোষী। অপরাধ+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-রাধিনী।**
অপরাধীন—১। অ-পরতন্ত্র, স্বাধীন। ন পরাধীন, নঞ্‌তৎ। ২। অপরের বশীভূত, অন্যাধীন। অপরের অধীন, ৬ষ্ঠীতৎ। বিণ।
অপরান্ত—পশ্চিমদিগন্ত। অপরাব অন্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অপরাপর—অন্যান্য, আর আর। অপর ও অপব, বহুবচনার্থে দ্বিত্ব। সর্ব, বিণ।
অপরার্ধ—অবশিষ্ট অর্ধাংশ, অপর আধখানা। অপর যে অর্ধ, কর্মধা। বি; পুং।
অপরাহ্ণ—দিনেব শেষভাগ, বৈকাল। অহের (দিনেব —অহন্‌ শব্দ) অপর (শেষভাগ), একদেশী (অহন্‌-স্থানে অহ্ণ)। বি; পুং।
অপরিকল্পিত—অচিন্তিত, পবিকল্পিত নয় এমন। নঞ্‌তৎ। বিণ।
অপরিগ্রহ—১। গ্রহণাভাব, অস্বীকাব। নঞ্‌তৎ। বি; পুং। ২। পরিজনহীন, নিঃসংগ; বিপত্নীক, অকৃতদার, মৃতদাব। ন (নাই) পবিগ্রহ যাহাব, বহু। বিণ।
অপরিচয়—১। পবিচয়হীনতা, জানাশোনা না থাকা। নঞ্‌তৎ। বি; পুং। ২। পবিচয়হীন। বহু। বিণ।
অপরিচালক—১। অনির্বাহক; অতত্ত্বাবধায়ক; যাহাব ভিতর দিয়া উত্তাপ বা বিদ্যুৎপ্রবাহ চলিতে পাবে না এরূপ। নঞ্‌তৎ। স্ত্রী, **-চালিকা।** ২। পবিচালকশূন্য; অভিভাবকহীন। ন (নাই) পবিচালক যাহার, বহু। বিণ। স্ত্রী, **-চালকা।**
অপরিচিত—অজানা, অচেনা। নঞ্‌তৎ। বিণ।
অপরিচ্ছন্ন—মলিন, অপরিষ্কৃত; পবিচ্ছদহীন; বিবস্ত্র। নঞ্‌তৎ। বিণ।
অপরিচ্ছিন্ন—অসীম, অনন্ত; একটানা; অনির্দিষ্ট। নঞ্‌তৎ। বিণ।
অপরিজ্ঞাত—অজ্ঞাত, অজানা; যাহা উত্তমরূপে জ্ঞাত নয় এমন। নঞ্‌তৎ। বিণ। [ক্লী।
অপরিজ্ঞান—অপরিচয়, না জানা। নঞ্‌তৎ। বি;
অপরিজ্ঞেয়—দুর্জ্ঞেয়, দুর্বোধ। নঞ্‌তৎ। বিণ।
অপরিণত—তরুণ; অপরিপক্ক; অপুষ্ট; কাঁচা। নঞ্‌তৎ। বিণ।

অপরিণতবয়স্ক, -বয়াঃ (-বয়স্‌)—অল্পবয়স্ক, তরুণবয়স্ক, নবীন। অপরিণত বয়ঃ যাহার, বহু (বিকল্পে ক-আগম, ক-শূন্যপক্ষে অপরিণতবয়াঃ)। বিণ।
অপরিণতবুদ্ধি—১। চপল মতি, চঞ্চল বুদ্ধি। কর্মধা। বি; স্ত্রী। ২। যাহার বুদ্ধি পরিপক্ক হয় নাই এমন। বহু। বিণ।
অপরিণামদর্শিতা—অবিবেচকতা, অদূরদর্শিতা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।
অপরিণামদর্শী (-দর্শিন্‌)—অবিবেচক, হঠকারী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-দর্শিনী।**
অপরিণীত—অবিবাহিত। নঞ্‌তৎ। বিণ।
অপরিতুষ্ট—অসন্তুষ্ট; বিরক্ত। নঞ্‌তৎ। বিণ।
অপরিতৃপ্ত—অপ্রীত, অতৃপ্ত। নঞ্‌তৎ। বিণ।
অপরিত্যাজ্য—অপরিহার্য, যাহা বা যাহাকে ছাড়া যায় না এমন। নঞ্‌তৎ। বিণ।
অপরিপক্ক—অপুষ্ট; অপটু; কাঁচা। নঞ্‌তৎ। বিণ।
অপরিপন্থী (-পন্থিন্‌)—অপ্রতিকূল; অপ্রতিবন্ধক; অবিরোধী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-পন্থিনী।**
অপরিপাক—বদহজম; অপরিণতি; অনৈপুণ্য। নঞ্‌তৎ। বি; পুং। [তৎ। বিণ।
অপরিপূর্ণ—অসম্পূর্ণ; অসমাপ্ত; অবিস্তৃত। নঞ্‌-
অপরিবর্তন—পরিবর্তনের অভাব, না বদলানো, একই অবস্থায় অবস্থান। নঞ্‌তৎ। বি; ক্লী।
অপরিবর্তনীয়—পরিবর্তনেব অযোগ্য বা অসাধ্য, যাহা বদলানো যাইতে পাবে না বা বদলানো উচিত নহে এরূপ। নঞ্‌তৎ। বিণ।
অপরিবর্তিত—যাহার বদল হয় নাই এমন, যথাযথ। নঞ্‌তৎ। বিণ।
অপরিবাহী (-বাহিন্‌)—অপরিচালক, non-conducting. নঞ্‌তৎ। বিণ; পুং। স্ত্রী, **-বাহিনী।**
অপরিমিত—১। পরিমাণাতিরিক্ত, প্রচুব, দেদাব; ন্যায্যের অধিক। ন (নাই) পবিমিত (পরিমাণ) যাহাব, বহু। ২। অপ্রচুর সামান্য। নঞ্‌তৎ। বিণ।
অপরিমেয়—যাহাব পরিমাণ করা যায় না এরূপ, প্রচুব। নঞ্‌তৎ। বিণ। [তৎ। বিণ।
অপরিম্লান—অম্লান; প্রফুল্ল; অবসাদহীন। নঞ্‌-
অপরিশীলিত—অননুশীলিত, অনালোচিত। নঞ্‌তৎ। বিণ। বি, **-শীলন।**
অপরিশুদ্ধ—অবিশুদ্ধ; দোষপূর্ণ; ভ্রমাদিপূর্ণ। নঞ্‌তৎ। বিণ।
অপরিশোধনীয়, -শোধ্য—যাহা পরিশোধ করা যাইতে পারে না এরূপ ('— ঋণ')। নঞ্‌তৎ। বিণ।
অপরিশোধিত—যাহা শোধ কবা হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।
অপরিষ্কার—১। পবিচ্ছন্নতার অভাব, মলিনতা। বি; পুং। ২। অপরিষ্কৃত, অপরিচ্ছন্ন। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।
অপরিষ্কৃত—মলিন; অমার্জিত; অভূষিত; নোংবা। নঞ্‌তৎ। বিণ।

অপরিসর—দূরস্থিত, অপ্রশস্ত, কম চওড়া। ন (নাই) পরিসর যাহাতে বা যাহার, বহু। বিণ।

অপরিসীম—অসীম, অশেষ। ন (নাই) পরিসীমা যাহার, বহু। বিণ।

অপরিস্ফুট—অস্পষ্ট; অব্যক্ত। নঞ্ তৎ। বিণ।

অপরিহরণীয়—অপরিহার্য; অনিবার্য; অখণ্ডনীয়। নঞ্ তৎ। বিণ। [নঞ্ তৎ। বিণ।

অপরিহার্য—অনিবার্য; অত্যাজ্য; অবশ্যপ্রয়োজনীয়।

অপরীক্ষিত—অনিরীক্ষিত; অনালোচিত; অবিচারিত; অনিরূপিত। নঞ্ তৎ। বিণ।

অপরূপ—অদ্ভুত, আশ্চর্য; চমৎকার; উৎকৃষ্ট; বিস্ময়কর; কুরূপ, বেয়াড়া। <অপূর্ব। বিণ।

অপরোক্ষ—সাক্ষাৎ, প্রত্যক্ষ, direct. নঞ্ তৎ। বিণ।

অপর্ণ—পত্রশূন্য। ন (নাই) পর্ণ (পত্র) যাহার, বহু। বিণ।

অপর্ণা—১। দুর্গা। (তপস্যাকালে) ন (ভুক্ত হয় নাই) পর্ণ যৎকর্তৃক, বহু+আপ্। বি: স্ত্রী। ২। পত্ররহিতা ('—লতিকা')। ন (নাই) পর্ণ যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

অপর্ব (-পর্বন্)—১। চতুর্দশী অষ্টমী পূর্ণিমা অমাবস্যা সংক্রান্তি ভিন্ন অন্য সময়; উৎসবাভাব। নঞ্ তৎ। বি; ক্লী। ২। পর্বরহিত, পাবহীন। ন (নাই) পর্ব যাহাতে, বহু। বিণ; ক্লী। পুং ও স্ত্রী, **-পর্বা** (পর্বন্)।

অপর্যাপ্ত—১। সুপ্রচুর, বিস্তর, অপরিমিত; অসীম। ন—পরি—আপ্+ক্ত কর্ম (যাহার সীমা পাওয়া যায় নাই)। ২। অসমর্থ; অসম্পূর্ণ; অপ্রচুর। নঞ্ তৎ। বিণ।

অপর্যাপ্তি—অসম্পূর্ণতা; অসামর্থ্য; অপ্রাচুর্য। নঞ্ তৎ। বি; স্ত্রী।

অপলক—পলকহীন, নির্নিমেষ। ন (নাই) পলক (ক্ষণ) যাহার বা যাহাতে, বহু। বিণ।

অপলকা—ভঙ্গপ্রবণ, ভঙ্গুর। বাংপ্র। বিণ।

অপলাপ—অস্বীকার; গোপন ('সত্যের —'); মিথ্যাভাষণ; ভাঁড়ানো। অপ—লপ্+ঘঞ্ ভাব। বি: পুং।

অপলাপী (-লাপিন্)—মিথ্যাবাদী; সত্যগোপনকারী। অপ—লপ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-লাপিনী**।

অপলাষিকা—তৃষ্ণা, পিপাসা। অপ—লষ্+ণক কর্তৃ+আপ্। বি: স্ত্রী।

অপলিখন—চাঁচিয়া তুলিয়া ফেলা, scraping off. অপ—লিখ্+অনট্ ভাব। বি: ক্লী।

অপশঙ্ক—শঙ্কাহীন, নির্ভয়। অপগতা শঙ্কা যাহার, বহু। বিণ।

অপশব্দ—অপকৃষ্ট ভাষার শব্দ; ব্যাকরণদুষ্ট শব্দ; অপভ্রংশ; অশ্লীল শব্দ। অপকৃষ্ট শব্দ, প্রাদি। বি: পুং।

অপশ্রুতি—ক্রমিক ধ্বনি পরিবর্তন-সংক্রান্ত ভাষাতত্ত্বের নিয়ম বিঃ, ablaut. বি: স্ত্রী।

অপসর, -সরণ—স্থানান্তরে গমন, সরিয়া যাওয়া; পলায়ন। অপ—সৃ+অপ্, অনট্ ভাব। বি: পুং, ক্লী। [ভাব। বি; ক্লী।

অপসর্পণ—অপসরণ, পলায়ন। অপ—সৃপ্+অনট্

অপসার—১। নির্গমপথ। অপ—সৃ+ঘঞ্ করণ। ২। পলায়ন। অপ—সৃ+ঘঞ্ ভাব। ৩। দূরীকরণ। অপ—সৃ+ণিচ্+ঘঞ্ ভাব। বি; পুং।

অপসারণ—সরানো; দূরীকরণ। অপ—সৃ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

অপসারিত—দূরীকৃত; তাড়িত; খোলা; বিস্তারিত। অপ—সৃ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

অপসারী (-রিন্)—দূরে গমনশীল, divergent. অপ—সৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-সারিণী**।

অপসিদ্ধান্ত—কু-সিদ্ধান্ত; ভ্রান্ত ধারণা। প্রাদি। বি।

অপসূর—সূর্য হইতে কোন গ্রহকক্ষের সর্বদূরবর্তী বিন্দু, aphelion. বি।

অপসৃত—চলিত; পলায়িত। অপ—সৃ+ক্ত কর্তৃ। বিণ। বি, **-সৃতি**।

অপস্কর—অক্ষ যুগ প্রঃ রথাঙ্গ; গুহ্যদেশ, anus; মল, পুরীষ, faeces. অপ—কৃ+অপ্ কর্ম (স-আগম)। বি; পুং।

অপস্মার—মূর্ছারোগ, মৃগীরোগ, epilepsy. অপগত হয় স্মার (স্মরণ) যাহা দ্বারা, বহু। বি, পুং।

অপহত—বিনষ্ট, নিহত। অপ—হন্+ক্ত কর্ম। বিণ।

অপহতা—১। বিনষ্টা; নিহতা। অপহত+আপ্। বিণ; স্ত্রী। ২। যাহার মৃত্যুর পর পিণ্ডদান করিবার কেহ নাই এমন; অনাথ, অসহায়, হতভাগ্য। গ্রাম্য। বিণ।

অপহরণ—চুরি; কাড়িয়া লওয়া; দত্তদ্রব্যের পুনর্গ্রহণ। অপ—হৃ+অনট্ ভাব। বি: ক্লী।

অপহর্তা (-হর্তৃ)—অপলাপকারী; চোর। অপ—হৃ+তৃন্ কর্তৃ। বি বা বিণ: পুং। স্ত্রী, **-হর্ত্রী**।

অপহসিত—উপহসিত, উপহাসপ্রাপ্ত। অপ—হস্+ক্ত কর্ম। বিণ।

অপহার—চুরি, ক্ষতি; দূরীকরণ; সংগোপন; অযথা অর্থব্যয়। অপ—হৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

অপহারক—চোর, ক্ষতিকারক, যে স্থানান্তরে লইয়া যায় এরূপ ব্যক্তি। অপ—হৃ+ণক কর্তৃ। বি পুং। স্ত্রী **-হারিকা**।

অপহারিত—যাহা হারাইয়া গিয়াছে এরূপ, নাশিত, চোরিত; লুণ্ঠিত। অপ—হৃ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

অপহারী (-হারিন্)—হরণকারী। অপ—হৃ ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-হারিণী**।

অপহাস—বৃথা হাস্য, বিকৃত হাস্য, উপহাস। অপকৃষ্ট হাস, প্রাদি। বি, পুং।

অপহৃত—চোরিত। অপ—হৃ+ক্ত কর্ম। বিণ।

অপহ্নব—১। অপলাপ, অস্বীকার ('উপমেয়ের —'); চৌর্য। অপ—হ্নু+অপ্ ভাব। ২। প্রেম স্নেহ, ভালবাসা। অপ—হ্নু+অপ্ অপা। বি: পুং।

অপহ্নুত—অস্বীকৃত; গোপিত; চোরিত। অপ—হ্নু+ক্ত কর্ম। বিণ।

অপহ্নুতি—অপলাপ, অস্বীকার; অর্থালংকার বিঃ

[ইহাতে উপমেয়কে অস্বীকার করিয়া উপমানেরই সত্যতা ব্যবস্থাপিত হয়;—

"নীল নভঃ নহে অই স্বচ্ছ জলরাশি;
ও নহে নক্ষত্রপুঞ্জ, ফেন রহে ভাসি;
ও নহে শশাঙ্ক, কুণ্ডলিত নাগরাজ;
ও নহে কলঙ্ক, হরি করিছে বিরাজ।"

এখানে আকাশ, নক্ষত্রপুঞ্জ, চন্দ্র এবং চন্দ্রের কলঙ্ক এই কয়টি উপমেয়কে অপহ্নব অর্থাৎ অস্বীকার করিয়া যথাক্রমে সমুদ্র, ফেন, সর্পরাজ এবং হরি এই উপমানগুলির প্রতিষ্ঠা করা হইতেছে]। অপ—হ্নু+ক্তি ভাব। বি; স্ত্রী।

অপাক—১। অজীর্ণ রোগ, উদরাময়; অপক্বাবস্থা। নঞ্‌তৎ। বি; পুং। **২**। অজীর্ণ; **অপক্ব**, কাঁচা। ন (হয় নাই) পাক যাহার, বহু। বিণ।

অপাকরণ—প্রকৃতির অন্যথাভাব; বিকৃতকরণ; প্রশমন, নিবারণ; অপসারণ; পরিশোধ; শোষণ। অপ—আ—কৃ+অনট্ ভাব। বি; ক্লী। [কর্ম। বিণ।

অপাকীর্ণ—পরিত্যক্ত; দূরীকৃত। অপ—আ—কৄ+ক্ত

অপাকৃত—নিবাকৃত; প্রশমিত; অপসারিত; বিশোধিত। অপ—আ—কৃ+ক্ত কর্ম। বিণ।

অপাঙ্‌ক্তেয়—একপঙ্‌ক্তিতে বসিবার অযোগ্য; জাতিচ্যুত, একঘরে; অতিপাপী। নঞ্‌তৎ। বিণ।

অপাঙ্গ—চক্ষুর কোণ; কটাক্ষ; তিলক, কপালের ফোঁটা। অপ—অন্‌গ্+ঘঞ্ অধি। বি; পুং।

অপাঙ্গদর্শন, -দৃষ্টি—কটাক্ষপাত, আড়চোখে চাওয়া। ৩যাতৎ। বি; ক্লী, স্ত্রী।

অপাচ্য—পরিপাকের অযোগ্য, যাহা হজম হয় না এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অপাঠ্য—পাঠের অযোগ্য। নঞ্‌তৎ। বিণ।

অপাত্র—কুপাত্র, অসৎপাত্র, খারাপ বর, (দানাদির) অযোগ্য পাত্র ('অপাত্রে কন্যাদান')। নঞ্‌তৎ। বি; ক্লী।

অপাদান—(ব্যাক) কারক বিঃ; যাহা হইতে কিছু হয়। অপ—আ—দা+অনট্ অপা। বি; ক্লী।

অপান—১। অধোগামী বায়ু, বাতকর্ম। অপ—অন্+অচ্ কর্তৃ। বি; পুং। **২**। মলদ্বার, গুহ্যদ্বার। অপান+অচ্। বি; ক্লী। [বিণ।

অপাপ—পাপহীন। ন (নাই) পাপ যাহার, বহু।

অপাপবিদ্ধ—পাপস্পর্শশূন্য ('—শিশু'); পবিত্র, নির্মল, নিষ্কলঙ্ক। নঞ্‌তৎ। বিণ।

অপাপী (-পিন্)—নিষ্পাপ; নিরপরাধ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-পিনী**।

অপাবরণ—প্রকাশ, উদ্‌ঘাটন; আচ্ছাদন; স্বেচ্ছাপ্রবৃত্তি। অপ—আ—বৃ+অনট্ ভাব। বি; ক্লী।

অপাবর্তন—প্রত্যাবর্তন; ভূলুণ্ঠন। অপ—আ—বৃৎ+অনট্ ভাব। বি; ক্লী।

অপাবৃত—প্রকাশিত; অপ্রতিবন্ধ; স্বেচ্ছাপ্রবৃত্ত; স্বাধীন। অপ—আ—বৃ+ক্ত কর্ম, কর্তৃ। বিণ।

অপামার্গ—আপাং গাছ। অপ—আ—মৃজ্+ঘঞ্ করণ। বি, পুং।

অপায়—ক্ষতি, অমঙ্গল; বিশ্লেষ; বিয়োগ; স্থানভ্রংশ; বিনাশ; প্রতিবন্ধক; পলায়ন; ন্যূনতা। অপ—ই+অচ্ বা অয়্+ঘঞ্ ভাব। বি; পুং।

অপায়ী (-য়িন্)—নাশশীল; অপগমনশীল। অপায়+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-য়িনী**।

অপার—পারহীন, অকূল; অসীম; অগাধ; দূরপার; অধিক। ন (নাই) পার যাহার, বহু। বিণ।

অপারক—অক্ষম। নঞ্‌তৎ। বিণ।

অপারগ—অনিপুণ; অসমর্থ। নঞ্‌তৎ। বিণ।

অপারেটর, -রেটার—যন্ত্রচালক; টেলিফোনের নম্বর সংযোগকারী কর্মচারী। <ইং 'operator'. বি।

অপার্থিব—অলৌকিক; স্বর্গীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-বী, -বা**।

অপার্যমাণে—নাপারত পক্ষে, নেহাত না পারিলে। বাংপ্র। ক্রি-বিণ। [তৎ। বি; ক্লী।

অপালন—পালন না করা; অতিক্রম; কু-শাসন। নঞ্-

অপি—সম্ভাবনা; নিশ্চয়, অবধারণ; সংশয়, সন্দেহ; সমুচ্চয়; নিন্দা; অনুসন্ধান; প্রশ্ন; শঙ্কা; কামচারানুজ্ঞা; অপর; অল্পত্বযুক্তপদার্থ; পুনঃ; পাদপূরণ। ন—পি+ক্বিপ্ কর্তৃ। অ; উপসর্গ।

অপিচ—আরও, অপরন্ত, কিন্তু। অ।

অপিচ্ছল, -চ্ছিল—পিচ্ছিলতাশূন্য, পরিষ্কার। নঞ্‌তৎ। বিণ।

অপিছল—<অপিচ্ছল। বিণ।

অপিনিহিতি—শব্দমধ্যে পরবর্তী ই-কার বা উ-কারের পূর্বে উচ্চারণ (যেমন—'রাখিয়া'-স্থানে 'রাইখ্যা')। অপি—নি—ধা+ক্তি ভাব। বি; স্ত্রী।

অপুচ্ছ—লাঙ্গুলহীন; অগ্রভাগশূন্য। ন (নাই) পুচ্ছ যাহার, বহু। বিণ।

অপুচ্ছী (-চ্ছিন্)—লেজহীন; পুচ্ছহীন প্রাণী, anura. নঞ্‌তৎ। বি বা বিণ; পুং। স্ত্রী, **-চ্ছিনী**।

অপুণ্য—১। পুণ্যাভাব, পাপ। বি; ক্লী। **২**। পুণ্যহীন; অপবিত্র। নঞ্‌তৎ। বিণ।

অপুত্র—১। পুত্রহীন, নিঃসন্তান। ন (নাই) পুত্র যাহার, বহু। বিণ। **২**। কুপুত্র। নঞ্‌তৎ। বি; পুং।

অপুত্রক—পুত্রশূন্য। ন (নাই) পুত্র যাহার, বহু (বিকল্পে ক-আগম)। বিণ। স্ত্রী, **-ত্রিকা**।

অপুনরাবৃত্তি—১। অপুনরাগমন। নঞ্‌তৎ। **২**। পুনর্জন্মাভাব; নির্বাণ; মুক্তি। ন (নাই) পুনরাবৃত্তি যাহাতে, বহু। বি; স্ত্রী।

অপুষ্ট—অপরিণত; অপরিপক্ক ('—কদলী'); কৃশ; দুর্বল। নঞ্‌তৎ। বিণ।

অপুষ্প, -পুষ্পক—পুষ্পরহিত, কুসুমশূন্য। ন (নাই) পুষ্প যাহার, বহু,+কন্ স্বার্থে। বিণ। স্ত্রী, **-ষ্পা, -ষ্পিকা**।

অপুষ্যি—কুপোষ্য। বাংপ্র। বি।

অপূপ—পিঠা, রুটি। ন—পূয়্+প কর্তৃ। বি; পুং।

অপূরণ—১। পূর্ণ না করণ। নঞ্‌তৎ। বি; ক্লী। **২**। অসম্পূর্ণ। বাংপ্র। বিণ। [বিণ।

অপূর্ণ—অসম্পূর্ণ; অপুষ্ট; ভগ্নাংশ। নঞ্‌তৎ।

অপূর্ব—অভূতপূর্ব, আশ্চর্য; উৎকৃষ্ট, চমৎকার। ন (অর্থাৎ ছিল না) পূর্বে যাহা, সুপ্। বিণ।
অপৃষ্ট—অজিজ্ঞাসিত, অকথিত। নঞ্‌তৎ। বিণ।
অপেক্ষক—প্রতীক্ষাকারী; অভিলাষী। অপ—ঈক্ষ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -ক্ষিকা।
অপেক্ষণ—প্রতীক্ষা, অপেক্ষা; পরিদর্শন। অপ—ঈক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী।
অপেক্ষণীয়—প্রতীক্ষণীয়; অভিলষণীয়; প্রতিপাল্য। অপ—ঈক্ষ্+অনীয় কর্ম। বিণ।
অপেক্ষবাদ—অপেক্ষাবাদ (তাহা দ্রঃ)।
অপেক্ষমাণ—প্রতীক্ষাকারী। অপ—ঈক্ষ্+শানচ্ কর্তৃ। বিণ।
অপেক্ষা—১। প্রতীক্ষা, প্রত্যাশায় থাকা; সবুর, বিলম্ব; তুলনা; অনুরোধ; প্রযত্ন; প্রয়োজন; অভিলাষ; খাতির; পর্যালোচনা; বিচার-বিবেচনা; কার্যকারণের পরস্পর সম্বন্ধ; উৎকর্ষবোধক বা অপকর্ষবোধক সম্বন্ধ; সম্বন্ধ। অপ—ঈক্ষ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী। ২। হইতে, চেয়ে, থেকে। বাংপ্র। অ।।
অপেক্ষাকৃত—১। তুলনাকৃত, পূর্বের অপেক্ষা কিঞ্চিৎ; সাধারণতঃ যাহা হয় তাহার তুলনায়। বিশেষণীয় বিণ। ২। পর্যবেক্ষণ দ্বারা সম্পাদিত। ৩য়াতৎ। বিণ।
অপেক্ষাবাদ—জগতের সকল ব্যাপার স্থানকালাদির সাপেক্ষ এই মতবাদ, theory of relativity. অপেক্ষাবিষয়ক বাদ, মধ্যপ। বি; পুং।
অপেক্ষিত—প্রতীক্ষিত, অনুরুদ্ধ; আকাঙ্ক্ষিত; পর্যালোচিত; পর্যবেক্ষিত; দৃষ্ট; পরস্পরসম্বন্ধ; জিজ্ঞাসিত; আদৃত। অপ—ঈক্ষ্+ক্ত কর্ম। বিণ।
অপেক্ষিতব্য, অপেক্ষ্য—'অপেক্ষণীয়' (সকল অর্থে)। অপ—ঈক্ষ্+তব্য, যৎ কর্ম। বিণ।
অপেক্ষী (-ক্ষিন্)—নির্ভরশীল, অপেক্ষাকারী। অপ—ঈক্ষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ক্ষিণী।
অপেক্ষ্যসূচী—যে তালিকা শেষ হয় নাই পরবর্তী কালের জন্য রাখিয়া দেওয়া হইয়াছে, pending list. নঞ্‌তৎ। বি; স্ত্রী।
অপেত—প্রস্থিত; নির্গত; বর্জিত; প্রনষ্ট; আবরণহীন। অপ—ই+ক্ত কর্তৃ বা কর্ম। বিণ।
অপেয়—পানের অযোগ্য। নঞ্‌তৎ। বিণ।
অপেরণ—দর্শকের দৃষ্টিতে গ্রহাদির স্থানভ্রংশ, aberration. অপ—ঈর্+অনট্ ভাব। বি; ক্লী।
অপোগণ্ড—শিশু; নাবালক; বিকলাঙ্গ; ভীরু; বলিযুক্ত। অপ—গম্+ড সংজ্ঞার্থে কর্তৃ (অপ শব্দের প-এর অ-কার-স্থানে ও-কার)। বিণ।
অপোড়, অপোড়া—যাহা পোড়ে নাই এমন, কাঁচা; আধপোড়া। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।
অপোষ্য—পোষণের অনুপযুক্ত। নঞ্‌তৎ। বিণ।
অপোহ—তর্ক; নিরাস, অপনোদন। অপ—উহ্+ঘঞ্ করণ বা ভাব। বি; পুং।
অপোহিত—অপনোদিত; তর্কিত। অপ—উহ্+ক্ত কর্ম। বিণ।
অপৌরুষ—১। কাপুরুষতা; অগৌরব। নঞ্‌তৎ। বি; ক্লী। ২। অমনুষ্যকৃত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -ষী।
অপৌরুষেয়—যাহা মনুষ্যকৃত নহে এমন ('বেদ —')। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -য়ী।
অপ্‌চ—নাশ, বৃথা ব্যয়। <অপচয়। বি।
অপ্রকট—১। অপ্রকাশ; অব্যক্ত। নঞ্‌তৎ। বিণ। ২। অন্তর্ধান, অন্তর্হিত। প্রা কপ্র। বি বা বিণ।
অপ্রকাশ—১। অনুদয়; প্রকাশাভাব; অগোচরে অবস্থিতি; গোপন। নঞ্‌তৎ। বি; পুং। ২। অব্যক্ত, গুপ্ত। বহু। বিণ।
অপ্রকাশিত—অব্যক্ত, গুপ্ত। নঞ্‌তৎ। বিণ।
অপ্রকাশ্য—প্রকাশের অযোগ্য, গোপনীয়; গুপ্ত। নঞ্‌তৎ। বিণ।
অপ্রকৃত—অযথার্থ, কল্পিত, মিথ্যা। নঞ্‌তৎ। বিণ। **অপ্রকৃত ভগ্নাংশ**—(গণিতে) যে ভগ্নাংশে লব হরের সমান অথবা হর অপেক্ষা বড় তাহা, improper fraction. যেমন—৳।
অপ্রকৃতিস্থ—বিকৃত; বিকল; দেহে বা মনে অসুস্থ। নঞ্‌তৎ। বিণ।
অপ্রখর—অতীক্ষ্ণ, মৃদু। নঞ্‌তৎ। বিণ।
অপ্রগল্‌ভ—অনুদ্ধত; বিনীত; সরল। নঞ্‌তৎ। বিণ। [ক্লী।
অপ্রচলন—অব্যবহার; চলন না থাকা। নঞ্‌তৎ। বি;
অপ্রচলিত—অব্যবহৃত ('—শব্দ'); যাহা জনসমাজে চলে না এরূপ ('—প্রথা')। নঞ্‌তৎ। বিণ।
অপ্রচার—প্রচার না থাকা, অপ্রকাশ। নঞ্‌তৎ। বি; পুং। বিণ, -চারিত।
অপ্রচুর—অল্পপরিমাণ, সামান্য, কম। নঞ্‌তৎ। বিণ।
অপ্রণয়—অসদ্ভাব; বিরোধ ("অপ্রণয়ের দৌত্য")। নঞ্‌তৎ। বি; পুং।
অপ্রণয়ী (-য়িন্)—অপ্রেমিক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -য়িনী।
অপ্রণিহিত—অনবহিত; মনোযোগশূন্য। নঞ্‌তৎ। বিণ। বি—অপ্রণিধান।
অপ্রতর্ক্য—বিচার বা অনুমানের অতীত, যাহা তর্ক দ্বারা স্থির করা যায় না এমন। নঞ্‌তৎ। বিণ।
অপ্রতিকরণীয়—অপ্রতিকার্য (তাহা দ্রঃ)।
অপ্রতিকার—অপ্রতিবিধান; অদূরীকরণ; অপ্রতিশোধ; অনিবারণ। নঞ্‌তৎ। বি; পুং।
অপ্রতিকার্য—অপ্রতিবিধেয়; অচিকিৎসনীয়; অনিবার্য; অপ্রতিশোধ্য। নঞ্‌তৎ। বিণ।
অপ্রতিকূল—অবিরোধী, অপ্রতিপক্ষ; অনুকূল। নঞ্‌তৎ। বিণ।
অপ্রতিগ্রহ, -গ্রহণ—দান গ্রহণ না করা। নঞ্‌তৎ। বি; পুং, ক্লী।
অপ্রতিদ্বন্দ্ব—প্রতিযোগিতাহীন; শত্রুতাহীন। বহু। বিণ।
অপ্রতিদ্বন্দ্বী (-দ্বন্দ্বিন্)—১। প্রতিপক্ষহীন, শত্রুশূন্য; অদ্বিতীয়; একমাত্র। ন (নাই) প্রতিদ্বন্দ্বী

যাহার, বহু। ২। অবিপক্ষ, অশত্রু, স্বপক্ষ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -**ক্ষিণী**। বি, -**ক্ষিতা**।

অপ্রতিপক্ষ—১। বিপক্ষহীন: ন (নাই) প্রতিপক্ষ যাহার, বহু। বিণ। ২। অবিপক্ষ। নঞ্‌তৎ। বি; পুং বা বিণ।

অপ্রতিপত্তি—১। অসম্পাদন; প্রকৃত বিষয়ে জ্ঞানাভাব; অযশঃ; অপ্রমাণ। নঞ্‌তৎ। বি; স্ত্রী। ২। প্রতিপত্তিহীন; প্রমাণশূন্য; অযশস্বী। বহু। বিণ।

অপ্রতিপন্ন—অপ্রমাণিত; অসম্পাদিত; অখ্যাত; অজ্ঞাত; অনিশ্চিত। নঞ্‌তৎ। বিণ।

অপ্রতিবন্ধ—অব্যাহত, অপ্রতিহত; শর্তবিহীন, unconditional. নঞ্‌তৎ। বিণ।

অপ্রতিবন্ধ—১। বাধাশূন্যতা। নঞ্‌তৎ। বি: পুং। ২। অবাধ; অপ্রতিহত। ন (নাই) প্রতিবন্ধ যাহাব, বহু। বিণ।

অপ্রতিবিধান—অপ্রতিকার। নঞ্‌তৎ। বি; ক্লী। বিণ, -**বিহিত**। [নঞ্‌তৎ। বিণ।

অপ্রতিবিধেয়—প্রতিকারের অযোগ্য, অপ্রতিকার্য।

অপ্রতিভ—হতবুদ্ধি, অপ্রস্তুত; প্রতিভাশূন্য; উত্তরদানে অসমর্থ; দীপ্তিহীন; অপ্রত্যুৎপন্নমতি; অপ্রগল্‌ভ। ন (নাই) প্রতিভা যাহার, বহু। বিণ।

অপ্রতিভাত—অপ্রকাশিত; অপ্রতীত; অ-জ্ঞানগোচর। নঞ্‌তৎ। বিণ।

অপ্রতিম—তুলনাহীন, অনুপম। ন (নাই) প্রতিমা (সাদৃশ্য) যাহার, বহু। বিণ।

অপ্রতিষেধ—১। অনিষেধ, অনিবারণ। নঞ্‌তৎ। বি; পুং। ২। অনিষিদ্ধ, অনিবারিত। বহু। বিণ।

অপ্রতিষেধনীয়—অনিষেধনীয়; অনিবার্য। নঞ্‌তৎ। বিণ:

অপ্রতিষ্ঠ—প্রতিষ্ঠাহীন, যশোহীন, যাহা প্রতিষ্ঠিত হয় নাই এমন; স্থিতিরহিত; যাহা স্থিতিশীল বা টেকসই নহে এমন; অনির্ণীত। ন (নাই) প্রতিষ্ঠা যাহাব, বহু। বিণ।

অপ্রতিষ্ঠা—প্রতিষ্ঠার অভাব; অখ্যাতি; অসম্মান; না থাকা; অস্থিতিশীলতা। নঞ্‌তৎ। বি: স্ত্রী।

অপ্রতিষ্ঠিত—অস্থাপিত; যশোহীন; অনির্দিষ্ট; অস্পষ্ট; অজ্ঞাত; অনিশ্চিত; অপবিত্র। নঞ্‌তৎ। বিণ।

অপ্রতিসম—যাহার উভয়দিক্ সমান নহে এমন, asymmetric. নঞ্‌তৎ। বিণ। বি, -**সাম্য**।

অপ্রতিহত—অবাধ, অব্যাহত। নঞ্‌তৎ। বিণ।

অপ্রতিহতপ্রভাবে—অবাধ ক্ষমতায়; দোর্দণ্ডপ্রতাপে। অপ্রতিহত প্রভাব যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

অপ্রতুল—১। টানাটানি, অভাব; অপ্রাচুর্য। নঞ্‌তৎ। বি: ক্লী। ২। অল্প-পরিমাণ, সামান্য। বহু। বিণ।

অপ্রত্যক্ষ—১। জ্ঞানাতীত, অতীন্দ্রিয়। নঞ্‌তৎ। বিণ। ২। প্রত্যক্ষ-জ্ঞানাভাব। ন (নাই) প্রত্যক্ষ যাহাতে, বহু। বি; ক্লী।

অপ্রত্যক্ষবাদ—১। পরোক্ষবাদ, প্রত্যক্ষাতীত কিছু আছে ইহার স্বীকৃতি। অপ্রত্যক্ষ বিষয়ক বাদ, মধ্যপ। ২। অগোচরে কথা বলা। কর্মধা। বি; পুং। বিণ, -**বাদী** (-দিন্)।

অপ্রত্যয়—অবিশ্বাস। নঞ্‌তৎ। বি; পুং।

অপ্রত্যয়ী (-য়িন্)—অবিশ্বাসী, সন্দিহান। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -**য়িনী**।

অপ্রত্যাশিত—অচিন্তিত, অভাবিত; আশার অতীত; আকস্মিক। নঞ্‌তৎ। বিণ।

অপ্রত্যাশী (-শিন্)—যে প্রত্যাশা করে না। নঞ্‌তৎ। বি; পুং বা বিণ। স্ত্রী, -**শিনী**।

অপ্রথিত—অবিখ্যাত; অজ্ঞাত; অপ্রকাশিত। নঞ্‌তৎ। বিণ।

অপ্রদীপ—১। আলোকশূন্য; অন্ধকারময়। ন (নাই) প্রদীপ যাহাতে, বহু। বিণ। ২। আলোকশূন্য অবস্থা, অন্ধকার, black-out. নঞ্‌তৎ। বি।

অপ্রধান—অনুৎকৃষ্ট, অশ্রেষ্ঠ ('— বাক্য')। নঞ্‌তৎ। বিণ।

অপ্রফুল্ল—অপ্রকাশিত; অবিকসিত; অপ্রসন্ন; গ্লানিযুক্ত। নঞ্‌তৎ। বিণ।

অপ্রবাস—ভিন্নদেশে বাস না করা, নিজভূমিতে অবস্থান, আপন গৃহে থাকা। নঞ্‌তৎ। বি; পুং।

অপ্রবাসী (-বাসিন্)—ভিন্নদেশবাসী নয় এমন; নিজগৃহে অবস্থানকারী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -**বাসিনী**।

অপ্রবৃত্ত—নিশ্চেষ্ট; কার্য-পরাঙ্মুখ। নঞ্‌তৎ। বিণ।

অপ্রবৃত্তি—অরুচি, অনিচ্ছা; অনুৎসাহ; অনারম্ভ; অপপ্রয়োগ; (বৈদ্যক) শরীর মলাদির স্বাভাবিক গতিরোধ। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অপ্রবেশ্য—প্রবেশের অযোগ্য; যাহার মধ্যে প্রবেশ করা যায় না এমন। নঞ্‌তৎ। বিণ। **অপ্রবেশ্য শিলা**—যে পাথরের মধ্যে জল প্রবেশ করিতে পারে না, impervious rock.

অপ্রভ—প্রভাহীন, অনুজ্জ্বল; হীন, নীচ। ন (নাই) প্রভা যাহার, বহু। বিণ।

অপ্রমত্ত—প্রমাদশূন্য; ধীর; সাবধান, অবহিত; যে মাতাল নয় এমন। নঞ্‌তৎ। বিণ।

অপ্রমা—প্রমাজ্ঞানের অভাব, অনিশ্চয়জ্ঞান, ভ্রমজ্ঞান। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অপ্রমাদ—১। প্রমাদের অভাব; অবধান। নঞ্‌তৎ। বি; পুং। ২। প্রমাদশূন্য; অপ্রমত্ত; অবহিত। ন (নাই) প্রমাদ যাহার, বহু। বিণ।

অপ্রমাদী (-দিন্)—প্রমাদশূন্য; সতর্ক; ভ্রান্তিশূন্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -**দিনী**।

অপ্রমিত—অপর্যাপ্ত; অগণিত। নঞ্‌তৎ। বিণ।

অপ্রমেয়—অপর্যাপ্ত; অগণনীয়; অজ্ঞেয়; অক্ষেপ্য; প্রমাণের অযোগ্য, যাহা প্রমাণ করা যায় না এমন। নঞ্‌তৎ। বিণ।

অপ্রযত্ন—১। নিশ্চেষ্ট, কার্যে উদাসীন। বহু। বিণ। ২। নিশ্চেষ্টতা, উদ্যমের অভাব। নঞ্‌তৎ। বি; পুং।

অপ্রযুক্ত—অনিয়োজিত; অব্যবহৃত; অযোগ্য। নঞ্-তৎ। বিণ।

অপ্রযুক্ততা—অব্যবহৃতত্ব; অনুপযুক্ততা; অসংগতি; (অলংকারশাস্ত্রে) অব্যবহৃত কোন শব্দের প্রয়োগ-রূপ দোষ বিঃ [যেমন—
"ঈশাক্ষের উর্ববুধে মারা গেল মার,
নাকেতে নির্জরগণ করে হাহাকার।"
এখানে **ঈশাক্ষ** (শিবের চক্ষু), উর্ববুধ (অগ্নি), মার (কামদেব), নাক (স্বর্গ), নির্জর (দেবতা) প্রভৃতি **অব্যবহৃত শব্দের** প্রয়োগ দ্বারা অপ্রযুক্ততা দোষ ঘটিয়াছে]। অপ্রযুক্ত+তা ভাবে। বি; স্ত্রী।

অপ্রয়োগ—অব্যবহার। নঞ্-তৎ। বি; পুং।

অপ্রয়োজন—প্রয়োজনাভাব, অনাবশ্যকতা। নঞ্-তৎ। বি; ক্লী।

অপ্রয়োজনীয়—অনাবশ্যক, অনর্থক। নঞ্-তৎ। বিণ। বি, **-তা**।

অপ্রশংসনীয়—সুখ্যাতির অযোগ্য। নঞ্-তৎ। বিণ।

অপ্রশংসা—প্রশংসার অভাব; অখ্যাতি, বদনাম। নঞ্-তৎ। বি; স্ত্রী।

অপ্রশস্ত—সংকীর্ণ; কম চওড়া; মন্দ; নিন্দিত; অশুভ; প্রতিকূল; অনুদার; অস্বচ্ছন্দ। নঞ্-তৎ। বিণ।

অপ্রসক্তি—বিমুক্তি; কোনরূপ দায়িত্ব হইতে মুক্তি; সূত্র সংজ্ঞা প্রঃ অব্যাপ্তি; অনাক্রম্যতা, immunity. নঞ্-তৎ। বি; স্ত্রী। [বিণ।

অপ্রসন্ন—বিরক্ত; ক্ষুব্ধ; দুঃখিত; ম্লান। নঞ্-তৎ।

অপ্রসন্নতা—বিরক্তি; ক্ষোভ; দুঃখ; ম্লানতা। অপ্রসন্ন+তা ভাবে। বি; স্ত্রী।

অপ্রসিদ্ধ—অবিখ্যাত; নগণ্য; যাহা কেহ কখনও দেখে নাই বা শুনে নাই এরূপ; ভিত্তিহীন; অপ্রামাণিক; কাল্পনিক, কপোলকল্পিত; অনিষ্পন্ন। নঞ্-তৎ। বিণ। [নঞ্-তৎ। বি; স্ত্রী।

অপ্রসিদ্ধি—অবিখ্যাতি; খ্যাতির অভাব; অপ্রতিপত্তি।

অপ্রস্তুত—১। অকৃত; অনারব্ধ; অসম্বদ্ধ; অ-নিষ্পন্ন; অপ্রাকরণিক; অপ্রশস্ত; অপ্রসিদ্ধ। বিণ। ২। (অলং) উপমান। নঞ্-তৎ। বি; ক্লী। ৩। লজ্জিত, অপ্রতিভ। বাংপ্র। বিণ।

অপ্রস্তুত-প্রশংসা—অপ্রস্তুত বিষয় হইতে প্রস্তুত বিষয়ের জ্ঞানরূপ অর্থালংকার বিঃ, অপ্রস্তুত বিষয়ের বর্ণনা দ্বারা প্রস্তুত বিষয়ের কথন [যেমন—
"ধূলি 'পরে যদি কেহ পদাঘাত করে।
প্রতিশোধ দিতে উঠে মাথার উপরে॥
অপমান সহি যেই রহে নির্বিকার।
তার চেয়ে ধূলি ভাল, বৃথা জন্ম তার॥"
এখানে বক্তা অপ্রস্তুত বিষয় ধূলির প্রশংসা অর্থাৎ বর্ণন দ্বারা প্রস্তুত বিষয় অপমানসহনকারীর অপকর্ষ বর্ণনা করিতেছেন]। ষষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অপ্রস্তুতি—উদ্যোগ-আয়োজনের অভাব। নঞ্-তৎ। বি; স্ত্রী। [**-কী**।

অপ্রাকরণিক—অপ্রাসঙ্গিক। নঞ্-তৎ। বিণ। স্ত্রী,

অপ্রাকৃত—অস্বাভাবিক; কৃত্রিম; প্রকৃতির নিয়ম-বিরুদ্ধ; সংস্কৃত; অপ্রজ্ঞা-সংক্রান্ত, অজ্ঞাগতিক; প্রাকৃত জগতের বা বিষয়ের বাহির্ভূত। নঞ্-তৎ। বিণ। স্ত্রী, **-তা**। [নঞ্-তৎ। বিণ।

অপ্রাচীন—অপুরাতন; অবৃদ্ধ; অপূর্বদেশীয়।

অপ্রাচুর্য—অল্পতা; অপর্যাপ্ততা। নঞ্-তৎ। বি; ক্লী।

অপ্রাপ্ত—অলব্ধ, যাহা পাওয়া যায় নাই এমন; যে পায় নাই এরূপ। নঞ্-তৎ। বিণ।

অপ্রাপ্তবয়স্ক—আঠারো (ক্ষেত্রবিশেষে একুশ) বৎসরের অনধিক বয়স্ক, নাবালক, minor. ন প্রাপ্ত বয়ঃ যৎকর্তৃক, বহু (ক-আগম)। বিণ।

অপ্রাপ্তব্যবহার—অপ্রাপ্তবয়স্ক, যে আইনতঃ সাবালক নহে এমন। বহু। বিণ।

অপ্রাপ্তযৌবন—যে এখনও যৌবন লাভ করে নাই এরূপ; অল্পবয়স্ক। বহু। বিণ।

অপ্রাপ্তি—না পাওয়া; অভাব; অসম্ভব; অনুপপত্তি। নঞ্-তৎ। বি; স্ত্রী। [নঞ্-তৎ। বিণ।

অপ্রাপ্য—যাহা পাওয়া যায় না এরূপ; দুর্লভ।

অপ্রামাণিক, অপ্রামাণ্য—যাহা প্রমাণসিদ্ধ নয় এরূপ; হেয়; বিশ্বাসের অযোগ্য; অযৌক্তিক। নঞ্-তৎ। বিণ।

অপ্রাসঙ্গিক—অসম্বন্ধ; আলোচ্যবিষয়বহির্ভূত, অবান্তর, irrelevant. নঞ্-তৎ। বিণ। স্ত্রী, **-কী**। [নঞ্-তৎ। বিণ।

অপ্রিয়—অপ্রীতিকর; বিরাগভাজন; কর্কশ; অশুভ।

অপ্রিয়কারী (-কারিন্)—অপ্রীতিকর কার্যকারী, অনিষ্টকারী। উপতৎ; অপ্রিয়—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিণী**।

অপ্রিয়বাদী (-বাদিন্), **-ভাষী** (-ভাষিন্)—রূঢ়-ভাষী, কর্কশভাষী। উপতৎ; অপ্রিয়—বদ্, ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিনী, -ভাষিণী**।

অপ্রিয়ভাষ, -ভাষা—অপ্রীতিকর কথা; পরুষবাক্য; কটু কথা। কর্মধা। বি; পুং, স্ত্রী।

অপ্রিয়ভাষী (-ভাষিন্)—অপ্রিয়বাদী। ন প্রিয়ভাষী, নঞ্-তৎ বা উপতৎ; অপ্রিয়—ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভাষিণী**। বি, **-ভাষিতা**।

অপ্রীতি—অপ্রণয়; বিরোধ; বিরাগ; অসন্তোষ। নঞ্-তৎ। বি; স্ত্রী।

অপ্রীতিকর—বিরক্তিকর; দুঃখজনক। উপতৎ; অপ্রীতি—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, **-রী**।

অপ্রীতিজনক—বিরক্তিকর। ষষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-জনিকা**।

অপ্সরা—স্বর্বেশ্যা, স্বর্গের পরী। অপ্—সৃ+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

অপ্সরাঃ (অপ্সরস্)—স্বর্বেশ্যা। অপ্—সৃ+অস্ কর্তৃ। বি; স্ত্রী।

অপ্সরী—স্বর্বেশ্যা; অতিশয় রূপবতী রমণী। <অপ্সরা। বি; স্ত্রী।

অপ্সরোনিন্দিত—অপ্সরা অপেক্ষাও উৎকৃষ্ট ('—কণ্ঠ'); অনিন্দ্যসুন্দরী। অপ্সরাঃ নিন্দিত যৎ-কর্তৃক, বহু। বিণ।

অফলদর্শী (-দর্শিন্)—ফললাভের আকাঙ্ক্ষাশূন্য; নিষ্ফল। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-দর্শিনী**।

অফলদায়ক—নিষ্ফল; যাহাতে ফল হয় না এমন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-দায়িকা**।

অফলন্ত—ফলশূন্য। ন ফলন্ত, নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

অফলপ্রসূ—অফলদায়ক। নঞ্‌তৎ। বিণ।

অফলা—১। ফলহীনা। বহু+আপ্। বিণ; স্ত্রী। ২। ফলবিহীন, যাহাতে ফল হয় না এরূপ, রাঁড়া ('— গাছ')। 'ন (নাই) ফল যাহাতে, বহু; অথবা, ন (না) ফলে যাহা, উপতৎ। বাংপ্র। বিণ।

আফস, আফিস—দপ্তরখানা; কাছারি; কেরানীদের কাজ করিবার স্থান; কার্যালয়। <ইং 'office'. বি।

অফিসার—পদস্থ কর্মচারী। <ইং 'officer'. বি।

অফুটন্ত—অবিকসিত ('— ফুল'); যাহা তাপে ফুটিতেছে না এমন ('— জল')। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

অফুরন্ত—যাহা ফুরায় না এরূপ। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

অফুরান—অফুরন্ত; অনতিক্রম্য। ন (নাই) ফুরান যাহার, বহু। বাংপ্র। বিণ।

অফুল্ল—অপ্রস্ফুটিত; নিমীলিত। নঞ্‌তৎ। বিণ।

অফেন—ফেনশূন্য। বহু। বিণ।

অব—১। বিস্তার; ন্যূনতা; বিশ্রাম; বিজ্ঞাপন; আদেশ; শোধন; জ্ঞান; অসম্মান; অনাদর; পুষ্টি; নিম্নতা; নিশ্চয়; ব্যাপ্তি; আলম্বন; নিয়োগ; বিয়োগ; পরিভব; পালন; শুদ্ধি; বিজ্ঞান। অব্+অচ্ কর্তৃ। অ, উপসর্গ। ২। অধুনা, এখন। অ। ৩। রক্ষা করা ("অপরাধ ক্ষম মাগো অব গো অব্যয়া"—ভাবত)। প্রা কপ্র। ক্রি।

অবংশ—নীচবংশ। নঞ্‌তৎ। বি; পুং।

অবকলন—বিয়োগ, subtraction. অব—কল্+অনট্ ভাব। বি; ক্লী।

অবকাশ—অবসরকাল; ছুটি; দুই ঘটনার মধ্যবর্তী সময়; মধ্যস্থান; দ্রব্যসঞ্চয়-স্থান; প্রশস্তপ্রদেশ; অবস্থিতির যোগ্য স্থান। অব—কাশ্+ঘঞ্ অধি। বি; পুং।

অবকীর্ণ—চূর্ণিত; ধ্বস্ত; চারিদিকে ছড়ানো; ন্যস্ত। অব—কৄ+ক্ত কর্ম। বিণ।

অবকুঞ্চন—বক্রীকরণ, কোঁকড়ানো। অব—কুন্চ্+অনট্ ভাব। বি; ক্লী।

অবক্তব্য—অকথ্য, অবাচ্য; অপ্রকাশ্য। নঞ্‌তৎ। বিণ।

অবক্ষয়—অপচয়; ধ্বংস, নাশ; ক্রমে ক্রমে নষ্ট হওয়া। অব—ক্ষি+অচ্ ভাব। বি; পুং।

অবক্ষিপ্ত—নিক্ষিপ্ত; উপহসিত; তিরস্কৃত। অব—ক্ষিপ্+ক্ত কর্ম। বিণ।

অবক্ষীণ—অত্যন্ত ক্ষয়প্রাপ্ত; নষ্ট। অব—ক্ষি+ক্ত কর্তৃ। বিণ।

অবক্ষেত্র—বৃত্তাভাস; অণ্ডগুরীয়ক; ডিমের আকারের মত আকারবিশিষ্ট ক্ষেত্র, ellipse. প্রাদি। বি; ক্লী।

অবক্ষেপ—১। অধঃক্ষেপণ; অযথাক্ষেপণ; বিক্ষেপ; শ্লেষোক্তি; তিরস্কার। অব—ক্ষিপ্+ঘঞ্ ভাব। ২। তলানি সঞ্চয়, deposition. অব—ক্ষিপ্+ঘঞ্ কর্ম। বি; পুং।

অবক্ষেপণ—(ন্যায়) উৎক্ষেপণাদি পঞ্চকর্ম-মধ্যে পরিগণিত অধোনিক্ষেপণরূপ কর্ম; নিন্দা, অপবাদ; ক্ষয়িত শিলারাশির নদীস্রোতে বাহিত হইয়া সমুদ্র-তলে স্তূপীভবন, deposition. অব—ক্ষিপ্+অনট্ ভাব। বি; ক্লী।

অবগণ্ড—গণ্ডস্থ ব্রণ, বয়সফোড়া। অব—গম্+ড কর্তৃ (নিপা)। বি; পুং।

অবগত—১। জ্ঞাত, বিদিত। অব—গম্+ক্ত কর্ম। ২। অপসৃত; যে জানিয়াছে এরূপ; নিম্নগত। অব—গম্+ক্ত কর্তৃ। বিণ।

অবগতি—বোধ; জ্ঞান; অপসরণ। অব—গম্+ক্তি ভাব। বি; স্ত্রী।

অবগাঢ়—নত; নিমগ্ন; অতিরিক্ত; নিবিড়; অন্তঃ-প্রবিষ্ট; স্নাত। অব—গাহ্+ক্ত কর্তৃ। বিণ।

অবগাঢ়ি—নিমগ্ন ("আছনু অবগাঢ়ি সংসার-ধেয়ানে" —মাধব); অভিভূত। প্রা কপ্র। বিণ।

অবগাহ, -গাহন—১। জলে নামিয়া স্নান; জলমধ্যে প্রবেশ; মজ্জন; প্রবেশ। অব—গাহ্+ঘঞ্, অনট্ ভাব। ২। স্নানঘাট। অব—গাহ্+ঘঞ্, অনট্ অধি। বি; পুং, ক্লী। বিণ, **-গাহিত**।

অবগাহক—অবগাহনকারী, স্নানকারী। অব—গাহ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-গাহিকা**।

অবগাহ্য—স্নানযোগ্য; ভিতরে প্রবেশের উপযুক্ত। অব—গাহ্+ণ্যৎ কর্ম। বিণ।

অবগীত—১। নিন্দিত; বেসুরে গীত। অব—গৈ+ক্ত কর্ম। বিণ। ২। অপবাদ; গীতাদি দ্বারা নিন্দাখ্যাপন; খারাপ গান গাওয়া। অব—গৈ+ক্ত ভাব। বি; ক্লী।

অবগুণ—দোষ; ক্ষতি। অব (হীন) গুণ, প্রাদি। বি; পুং।

অবগুণ্ঠন—১। স্ত্রীলোকের মুখের আচ্ছাদনবস্ত্র, ঘোমটা। অব—গুন্ঠ্+অনট্ করণ। ২। ঘোমটা দেওয়া; সম্মার্জন। অব—গুন্ঠ্+অনট্ ভাব। বি; ক্লী।

অবগুণ্ঠনবতী—অবগুণ্ঠন-বস্ত্রে আবৃতমুখী, অব-গুণ্ঠিতা, ঘোমটা-দেওয়া। অবগুণ্ঠন+মতুপ্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

অবগুণ্ঠিকা—ঘোমটা; যবনিকা, পর্দা। অব—গুন্ঠ্+ণক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

অবগুণ্ঠিত—ঘোমটা-দেওয়া; আবৃত। অব—গুন্ঠ্+ক্ত কর্ম। বিণ।

অবগ্রহ, -গ্রাহ—১। অনাবৃষ্টি; গ্রহণ; হরণ; (ব্যাক) পাঠকালীন কিঞ্চিৎকাল বিশ্রাম; কোন লুপ্ত বর্ণ বা মাত্রার চিহ্ন; অনাদর; প্রতিবন্ধক। অব—গ্রহ্+অপ্, ঘঞ্ ভাব। ২। ভ্রমজ্ঞান; পাপ; নিন্দাসূচক বাক্যপ্রয়োগ; স্বভাব; তিরস্কার। অব—গ্রহ্+অপ্, ঘঞ্ করণ। বি; পুং।

অবগ্রহণ—প্রতিরোধ; অবজ্ঞা। অব—গ্রহ্+অনট্ ভাব। বি; ক্লী। [কর্ম। বিণ।

অবগ্রাহ্য—অবজ্ঞেয়; দূরীকরণীয়। অব—গ্রহ্+ণ্যৎ

অবচনীয়—অবক্তব্য, অকথ্য; রমণীয়; অনিন্দনীয়; আক্রোশসূচক। নঞ্‌তৎ। বিণ।

অবচয়—পুষ্পফলাদি চয়ন; অপচয়; কোন বস্তুর মূল্য কমিয়া যাওয়া বা কম করিয়া ধরা, depreciation. অব—চি+অচ্ ভাব। বি; পুং।

অবচায়ী (-চায়িন্)—চয়নকারী। অব—চি+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চায়িনী**।

অবচিত—চয়ন-করা; সঞ্চিত; অপব্যয়িত; যাহার মূল্য কমিয়া গিয়াছে বা কম করিয়া ধরা হইয়াছে এমন। অব—চি+ক্ত কর্ম। বিণ।

অবচেতন—চেতনার অন্তরালে স্থিত, অন্তঃসংজ্ঞাবিশিষ্ট, subconscious. অব—চিৎ+অন কর্তৃ। বিণ। **অবচেতন মন**—subconscious mind.

অবচ্ছায়া—আবছায়া, অস্পষ্ট আকৃতি। অবকৃষ্টা ছায়া, প্রাদি। বি; স্ত্রী।

অবচ্ছিন্ন—বিশিষ্ট; সীমাবদ্ধ, limited; মিলিত; মিশ্রিত; সংকুচিত; ছিন্ন; বিভক্ত, বিশ্লিষ্ট; (ন্যায়মতে) অবচ্ছেদকতানিরূপক, অবচ্ছেদের আশ্রয়ভূত, নির্বিষয়, abstract. অব—ছিদ্+ক্ত কর্ম। বিণ।

অবচ্ছেদ—পরিচ্ছেদ; সীমা; খণ্ড; বিরাম; একদেশ; অবধারণ; বিচ্ছেদ; কর্তন; (ন্যায়মতে) বিশেষণত্ব। অব—ছিদ্+ঘঞ্ করণ, কর্ম, ভাব। বি; পুং।

অবচ্ছেদক—১। প্রভেদক; নিয়ামক; বিভাজক। বিণ। স্ত্রী, **-দিকা**। ২। সীমা; (ন্যায়মতে) ব্যাবর্তক বিশেষণ। অব—ছিদ্+ণক কর্তৃ। বি; পুং।

অবচ্ছেদন—ছেদন; ভাগ করা; বিশ্লেষণ। অব—ছিদ্ +অনট্ ভাব। বি; ক্লী।

অবছায়া—আবছায়া, ছায়ামূর্তি ("তুমি মাত্র অনন্ত কালের অবছায়া"—রঙ্গলাল) ‹ অপচ্ছায়া। বি।

অবজয়—পরাজয়; জয়লাভ। অব—জি+অচ্ ভাব। বি; পুং। বিণ, **-জিত**।

অবজ্ঞা—অবহেলা, উপেক্ষা, অনাদর, তাচ্ছিল্য। অব—জ্ঞা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী। [বিণ।

অবজ্ঞাত—অনাদৃত, অবহেলিত। অব—জ্ঞা+ক্ত কর্ম।

অবজ্ঞাতা (-জ্ঞাতৃ)—অবজ্ঞাকারী, অনাদরকারক। অব —জ্ঞা+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-জ্ঞাত্রী**।

অবজ্ঞান—অবজ্ঞা; অনাদর। অব—জ্ঞা+অনট্ ভাব। বি; ক্লী। [যৎ কর্ম। বিণ।

অবজ্ঞেয়—হেয়; অশ্রদ্ধেয়, অনাদরণীয়। অব—জ্ঞা+

অবতংস—ভূষণ; কর্ণভূষণ; শিরোভূষণ, কিরীট ('কুরুবংশ-অবতংস'); হার। অব—তন্স্+ঘঞ্ করণ। বি; পুং। বিণ, **-তংসিত**।

অবতর, **-তরণ**—অবরোহণ; প্রবেশ; উৎপত্তি; অবতার; উত্তরণ; উল্লেখ। অব—তৃ+অপ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

অবতরণিকা—ভূমিকা, আভাস; সিঁড়ি, সোপান। অব —তৃ+অনট্ করণ+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

অবতরু—অবতীর্ণ। প্রা কপ্র। বিণ।

অবতল—নতোদর, যাহার উপরিভাগ বাটির মত গর্তযুক্ত, concave. অবনত তল যাহার, বহু। বিণ।

অবতান—বিস্তার; আচ্ছাদন; চন্দ্রাতপ, চাঁদোয়া। অব —তন্+ঘঞ্ ভাব। বি; পুং।

অবতার—১। মর্ত্যলোকে আবির্ভূত দেবতা [বিষ্ণুর দশ অবতার; যথা,—মৎস্য, কূর্ম, বরাহ, নৃসিংহ, বামন, পরশুরাম, রামচন্দ্র, বলরাম, বুদ্ধ ও কল্কী]; মূর্তরূপ, আকৃতিবিশিষ্ট অবস্থা ('করুণার —')। অবতার (প্রাদুর্ভাব)+অচ্ বিশিষ্টার্থে। ২। দেবতার পার্থিব মূর্তি গ্রহণ ও পৃথিবীতে আগমন; উৎপত্তি; প্রাদুর্ভাব; হরণ; নামা। অব— তৃ+ঘঞ্ ভাব। ৩। ঘাট। অব—তৃ+ঘঞ্ করণ। বি; পুং। ৪। বিশ্রী চেহারা; অদ্ভুত মূর্তি। গ্রাম্য। বি।

অবতারণ—নীচে নামানো; প্রস্তাবন; অর্চনা, হরণ; প্রেতাদির আবির্ভাব ঘটানো। অব—তৃ+ণিচ্+ অনট্ ভাব। বি; ক্লী।

অবতারণা—অবতারণ (সকল অর্থে); ভূমিকা। অব —তারি+অন ভাব+আপ্। বি; স্ত্রী।

অবতারণিকা—উপক্রমণিকা, ভূমিকা; সিঁড়ি। অব- তারণ+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

অবতারণী—উপক্রমণিকা; সিঁড়ি। অব—তারি+অনট্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

অবতারবাদ—ভগবান্ যুগে যুগে ধর্মসংস্থাপনের নিমিত্ত জীবদেহে অবতীর্ণ হন—এই মত, doctrine of incarnation. অবতারবিষয়ক বাদ, মধ্যপ। বি; পুং।

অবতারিত—অবরোপিত; যাহা বা যাহাকে নীচে নামানো হইয়াছে এরূপ; যাহার অবতারণা করা হইয়াছে এরূপ। অব—তৃ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

অবতারী (-রিন্)—অবতারক, আবির্ভাবক; যাহা হইতে কোন অবতারের উদ্ভব হয় এমন ("সর্ব অবতারী কৃষ্ণ স্বয়ং ভগবান্"—চৈ চ)। অব—তৃ বা তৄ+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-তারিণী**।

অবতীর্ণ—পৃথিবীতে আবির্ভূত; অবতাররূপে আবির্ভূত; অবরূঢ়; প্রবিষ্ট; অতিক্রান্ত; অবগাঢ়। অব—তৄ+ক্ত কর্তৃ। বিণ।

অবথব—অবসাদযুক্ত; স্ফূর্তিহীন; জড়সড়; দুর্বল। প্রাদে। বিণ।

অবদংশ—মদের চাট। অব—দন্শ্+ঘঞ্ কর্ম। বি; পুং। [কর্তৃ। বিণ।

অবদত্ত—প্রদত্ত; সম্পন্ন; বিলীন। অব—দা+ক্ত কর্ম,

অবদমন—উৎপাত থামানো, শায়েস্তা করা, repression. অব—দমি+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-দমিত**।

অবদাত—১। শ্বেত বর্ণ; পীত বর্ণ। অব—দৈ+ক্ত কর্তৃ। বি; পুং। ২। শ্বেত; হরিদ্রাবর্ণ; নির্মল; বিশুদ্ধ; সুন্দর, মনোজ্ঞ। অবদাত (১)+অচ্ বিশিষ্টার্থে। বিণ।

অবদান—১। মহৎ কার্য; কীর্তি; সম্পাদিত কর্ম; মনোনীত ব্যবসায়। অব—দা+অনট্ কর্ম।

২। ছেদন; পরাক্রমপ্রকাশ; পরাক্রম। অব—দো+অনট্ ভাব। বি; ক্লী।
অবদারক—১। বিদারণকারী। বিণ। স্ত্রী, **-দারিকা**। ২। খন্তা, শাবল। অব—দৃ+ণিচ্+ণক কর্তৃ। বি; পুং।
অবদারণ—১। খনন। অব—দৃ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। খন্তা, শাবল প্রঃ। অব—দৃ+ণিচ্+অনট্ করণ। বি; ক্লী। বিণ, **-দারিত**।
অবদীর্ণ—দ্রবীভূত; বিদীর্ণ; বিদলিত। অব—দৃ+ক্ত কর্তৃ। বিণ।
অবন্ধ—১। অসংযত ('—বাক্য'); আবাঁধা; নিরর্থক। নঞ্তৎ। বিণ। ২। বাজে কথা। ন—বন্ধ্+ক্ত কর্ম। বি, ক্লী।
অবদ্য—১। অকথ্য; নিন্দনীয়; হীন; পাপী। বিণ। ২। অনিষ্ট; পাপ; দোষ; নিন্দা। নঞ্—বদ্+যৎ কর্ম নিন্দার্থে। বি; ক্লী।
অবধান—১। মনোযোগ, প্রণিধান; সাবধানতা। অব—ধা+অনট্ ভাব। বি; ক্লী। ২। নমস্কার ("কত্তা-মশাই অবধান"—নীলদর্পণ); শুনিতে আজ্ঞা হউক ("অবধান মহীপতি"—রঙ্গলাল)। বাংপ্র। অ।
অবধানপর—সাবধান, বিশেষ মনোযোগী। অবধান পর (প্রধান) যাহার, বহু। বিণ।
অবধাবন—পশ্চাদ্ধাবন, অনুসরণ। অব—ধাব্+অনট্ ভাব। বি; ক্লী।
অবধায়ক—যে দেখাশোনা করে, caretaker. অব—ধা+ণক কর্তৃ। বি; পুং।
অবধারক—নিরূপণকারী। অব—ধারি+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-ধারিকা**।
অবধারণ—নিরূপণ, স্থিরীকরণ, নির্ধারণ; পরিমাণ-নির্ণয়। অব—ধারি+অনট্ ভাব। বি; ক্লী। [প্রা কপ্র—**অবধারল, অবধারলুঁ, অবধারি**—নিশ্চয় বা নিরূপণ করিল, করিলাম, করিয়া।]
অবধারণীয়, -ধার্য—নির্ণেয়, স্থিরীকরণীয়। অব—ধৃ+ণিচ্+অনীয়, যৎ কর্ম। বিণ।
অবধারিত—নির্ধারিত, নির্ণীত; নিশ্চিত। অব—ধৃ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
অবধি—১। সীমা, অন্ত। ২। অবধারণ; নিয়ম। অব—ধা+কি কর্তৃ, ভাব। বি; পুং। ৩। হইতে, যাবৎ, পর্যন্ত। অব—ধা+কি ভাব। অ।
অবধিবাধিত—নির্দিষ্ট সময় পার হইয়া যাওয়াতে যাহা তামাদি হইয়া গিয়াছে এমন, barred by limitation. ৩য়াতৎ। বিণ।
অবধীরণ, -ধীরণা—অবজ্ঞা, অবমাননা। অবধীর+অনট্ অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
অবধীরণীয়—অবজ্ঞেয়। অবধীর+অনীয় কর্ম। বিণ।
অবধীরিত—অবজ্ঞাত, অনাদৃত। অবধীর+ক্ত কর্ম। বিণ।
অবধূত—১। কম্পিত, আন্দোলিত; নিবৃত্ত। অব—ধূ+ক্ত কর্তৃ। ২। বিক্ষিপ্ত; চালিত; অনাদৃত, অবমানিত; ত্যক্ত; অভিভূত; আহত, পদাদি দ্বারা স্পৃষ্ট; সংসার-মায়া-মুক্ত; বর্ণাশ্রমধর্মত্যাগী, উদাসীন। অব—ধূ+ক্ত কর্ম। বিণ। ৩। তত্ত্বদর্শী ব্রাহ্মণ বিঃ; শৈবসম্প্রদায় বা বৈষ্ণবসম্প্রদায়ভুক্ত সন্ন্যাসী ('দয়ানন্দ—')। অব—ধূ+ক্ত কর্তৃ। বি; পুং। স্ত্রী, **-তী** (সং), **-তানী** (বাংপ্র)।
অবধূনন—কম্পন, আন্দোলন; অপসারণ; চালন। অব—ধূ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
অবধেয়—অবধানযোগ্য, প্রণিধানযোগ্য; শ্রদ্ধেয়; স্থাপনীয়। অব—ধা+যৎ কর্ম। বিণ।
অবধৌত—১। ধৌত। অব—ধাব্+ক্ত কর্ম। বিণ। ২। সন্ন্যাসী; (বৈষ্ণব সাহিত্যে) শ্রীনিত্যানন্দ। প্রা কপ্র। বি।
অবধৌতিক—অবধূতসম্বন্ধীয়; অস্বাভাবিক। অব-ধূত+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**।
অবধ্য—যাহাকে বধ করা উচিত নয় বা যায় না এমন ('দূত—')। নঞ্তৎ। বিণ।
অবনত—আনত, যে বা যাহা নুইয়া পড়িয়াছে এমন; পতিত; প্রণত; দুর্দশাগ্রস্ত ('—ভারত')। অব—নম্+ক্ত কর্তৃ। বিণ।
অবনতমস্তক—১। নতশিরাঃ, হেঁটমুণ্ড। বহু। বিণ। ২। নত শির। কর্মধা। বি; ক্লী।
অবনতি—অনুন্নতি; অধোগতি, অধোগমন; সূর্যাদির অস্তগমন; নমন; প্রণতি; বিনয়; হেলিয়া থাকার অবস্থা বা পরিমাণ, inclination. অব—নম্+ক্তি ভাব। বি; স্ত্রী।
অবনমন—নোয়ানো; দমন; হীন অবস্থায় আনয়ন। অব—নম্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
অবনমিত—বক্রীকৃত; নোয়ানো; নিম্নে আনীত; দমিত। অব—নম্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
অবনয়, -নয়ন—অবনতি। অব—নী+অচ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।
অ-বনাবনি—অবনিবনা (তাহা দ্রঃ)। নঞ্তৎ (বাংপ্র)। বি।
অবনি, অবনী—পৃথিবী। অব্+অনি কর্তৃ, পক্ষে+ঈ। বি; স্ত্রী। [বি; ক্লী।
অবনিতল, অবনীতল—ধরাতল, ভূপৃষ্ঠ। ৬ষ্ঠীতৎ।
অবনিপতি, অবনীপতি—রাজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অবনিবনা, অবনিবনাও—মনোমালিন্য, অসদ্ভাব, অ-সম্প্রীতি। নঞ্তৎ (বাংপ্র)। বি।
অবনিমণ্ডল, অবনীমণ্ডল—ভূমণ্ডল। অবনি, অবনী মণ্ডলপ্রায়, উপমিত কর্মধা। বি; ক্লী।
অবনী—'অবনি' দ্রঃ।
অবন্তি—১। মালব দেশ; উজ্জয়িনী নগরী; নদী বিঃ। বি; স্ত্রী। ২। মালবদেশবাসী। অব্+অন্তি কর্তৃ, সংজ্ঞার্থে। বি; পুং। ৩। অবনিবনা, পরস্পর অমিল। নঞ্তৎ। বাংপ্র। বি।
অবন্তিকা, অবন্তী—মালবদেশ বা মালব-রাজধানী উজ্জয়িনীর প্রাচীন নাম। অবন্তি+কন্ স্বার্থে+আপ্, অবন্তি+ঈপ্। বি; স্ত্রী।
অবপতন—১। অধঃপতন। অব—পত্+অনট্ ভাব। ২। বিল, গর্ত। অব—পত্+অনট্ অধি। বি; ক্লী।

অবপাতিত—অধঃপতিত; অবনত; অস্ফুট। অব—পত্+ক্ত কর্তৃ। বিণ।
অববাহিকা—কোন নদীর উভয় দিকের ধতদূরের জল আসিয়া সেই নদীতে পড়ে ততদূরের ভূমি, পর্যঙ্ক, basin. ⟨অব্বাহিকা। বি।
অববুদ্ধ—জ্ঞাত; জাগরিত, সজাগ; অনুভূত। অব—বুধ্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।
অববোধ—১। জ্ঞান, বিবেক; তত্ত্বজ্ঞান; অনুভব; জাগরণ; শিক্ষা, উপদেশ। অব—বুধ্+ঘঞ্ ভাব। ২। জ্ঞাপন; জাগানো। অব—বুধ্+ণিচ্+ঘঞ্ ভাব। বি; পুং।
অববোধন—জ্ঞাপন; জাগানো। অব—বুধ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -বোধিত, -বোধক।
অবভাস—প্রকাশ, স্ফুরণ; ছল; সাক্ষাৎকার; অধ্যাস; আরোপ। অব—ভাস্+ঘঞ্ ভাব। বি; পুং।
অবম—সর্বাপেক্ষা কম, minimum; নিকৃষ্ট; ত্র্যহস্পর্শ (একদিনে তিন তিথি সমাবেশরূপ)। অব+অম অপা। বিণ। [বিণ।
অবমত—অনাদৃত, অবজ্ঞাত। অব—মন্+ক্ত কর্ম।
অবমতি—অবজ্ঞা। অব—মন্+ক্তি ভাব। বি; স্ত্রী।
অবমন্তব্য—হেয়, অবজ্ঞেয়; ভর্ৎসনীয়। অব—মন্+তব্য কর্ম। বিণ। [কর্তৃ। বিণ। স্ত্রী, -স্ত্রী।
অবমন্তা (-মন্তৃ)—অবজ্ঞাকারী। অব—মন্+তৃন্
অবমর্দন—১। দলন; ধ্বংস; পীড়ন। অব—মৃদ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। ধ্বংসকারী; পীড়ক। অব—মৃদ্+অন কর্তৃ। বিণ।
অবমর্দিত—বিদলিত; বিনাশিত; নিপীড়িত। অব—মর্দি+ক্ত কর্ম। বিণ। [বি; ক্লী।
অবমর্ষণ—অক্ষমা, অসহন। অব—মৃষ্+অনট্ ভাব।
অবমান—অপমান; অবজ্ঞা। অব—মন্+ণিচ্+ঘঞ্ ভাব। বি; পুং।
অবমানন—অপমান করা; অনাদর করা; অবজ্ঞা করা। অব—মন্+ণিচ্+অন ভাব। বি; ক্লী।
অবমাননা—অপমান; অবজ্ঞা। অব—মন্+ণিচ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।
অবমাননীয়, -মান্য—উপেক্ষণীয়; অনাদরণীয়। অব—মন্+ণিচ্+অনীয়, যৎ কর্ম। বিণ।
অবমানয়িতা (-য়িতৃ)—অবমাননাকারী। অব—মন্+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িত্রী।
অবমানিত—অনাদৃত; অপমানিত। অব—মন্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
অবমান্য—'অবমাননীয়' দ্রঃ।
অবমোচন—উন্মোচন; মুক্ত করা; পরিত্যাগ। অব—মুচ্+অনট্ ভাব। বি; ক্লী।
অবয়ব—অঙ্গ; অংশ; মূর্তি; আকৃতি; আদল; উপকরণ; (ন্যায়মতে) প্রতিজ্ঞাদিপঞ্চক। অব—যু+অপ্ কর্ম। বি; পুং।
অবয়বী (-বিন্)—সাকার; অবয়বযুক্ত, অঙ্গী; অংশবান্; উপকরণবিশিষ্ট; (ন্যায়মতে) প্রতিজ্ঞাদি পঞ্চপ্রকার অবয়ববিশিষ্ট। অবয়ব+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -বিনী।

অবর—নিকৃষ্ট; অশ্রেষ্ঠ; পশ্চাদ্বর্তী; নিম্নপদস্থ, অধীন, subordinate, under; শেষ; অপর; চরম; কনিষ্ঠ। নঞ্তৎ। বিণ। **অবর কর্মসচিব**—নিম্নতন কর্মকর্তা, under-secretary.
অবরজ—১। অনুজ, কনিষ্ঠ; নিকৃষ্ট; হীনবংশজ। বিণ। ২। কনিষ্ঠ ভ্রাতা; হীনকুলে জাত ব্যক্তি। অবর—জন্+ড কর্তৃ। বি; পুং।
অবরত—নিবৃত্ত; বিশ্রান্ত। অব—রম্+ক্ত কর্তৃ। বিণ। বি, -তি।
অবরবর্ণ—চতুর্থ বর্ণ, শূদ্র। অবর বর্ণ, কর্মধা। বি; পুং।
অবরা—১। দুর্গা। বি; স্ত্রী। ২। সর্বশ্রেষ্ঠা। ন (নাই) বর যাহা হইতে, বহু+আপ্। বিণ।
অবরুদ্ধ—প্রতিরুদ্ধ; পরিবৃত, ঘেরা; প্রতিহত; আচ্ছাদিত; বন্দী। অব—রুধ্+ক্ত কর্ম। বিণ।
অবরূঢ়—অবতীর্ণ, যে নামিয়াছে এমন। অব—রুহ্+ক্ত কর্তৃ। বিণ।
অবরেণ্য—১। নিকৃষ্ট, শ্রেষ্ঠ নয় এমন; সম্মানের অনুপযুক্ত, অপূজনীয়। বিণ। ২। বরণের অযোগ্য অর্থাৎ অপূজনীয় ব্যক্তি বা বিষয় ("মজিনু বিফল তপে অবরেণ্যে বরি"—মাইকেল)। নঞ্তৎ। বি।
অবরে-সবরে—কদাচিৎ, দৈবাৎ, কালেভদ্রে; অসময়ে দরকার হইলে। হি-মু। ক্রি-বিণ।
অবরোধ—১। পরিবেষ্টন, blockade; বাধা, প্রতিবন্ধক; আটক, detention; কারা; আবরণ। অব—রুধ্+ঘঞ্ ভাব। ২। অন্তঃপুর ('মোগল —')। অব—রুধ্+ঘঞ্ অধি। ৩। অন্তঃপুর-স্ত্রী; রাজপত্নী। অব—রুধ্+ঘঞ্ কর্ম। বি; পুং। [প্রা কপ্র —**অবরোধল**—অবরুদ্ধ করিল। **অবরোধে**—আক্রমণ করে।]
অবরোধক—১। অবরোধকারী; অন্তঃপুররক্ষক; বিপক্ষাদিনিবারক। বিণ। স্ত্রী, -রোধিকা। ২। বেড়া। অব—রুধ্+ণক কর্তৃ। বি; ক্লী।
অবরোধন—অবরোধ (১ ও ২-চিহ্নিত অর্থে)। অব—রুধ্+অনট্ ভাব, অধি। বি; ক্লী।
অবরোধপ্রথা—স্ত্রীলোকদের বাটীর অভ্যন্তরে রাখিবার প্রথা, যে রীতিতে স্ত্রীলোকেরা বাহিরে যাইতে পারে না ও বাহিরের কাহারও সহিত মেলামেশা করিতে পারে না তাহা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অবরোধী (-রোধিন্)—অবরোধকারী; বাধাদায়ক। অব—রুধ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ধিনী।
অবরোপণ—নামানো; অপসারণ; উৎপাটন; উৎপাটনপূর্বক ভিন্নস্থানে রোপণ, transplantation. অব—রুহ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -রোপিত।
অবরোহ—১। অবতরণ; পরিত্যাগ; লতোদ্গম; (দর্শনে) যুক্তির প্রণালী বিঃ (কারণ হইতে কার্যে, নিদান হইতে ফলে উপস্থিত হওয়ার পন্থা); এক সিদ্ধান্ত হইতে অপর সিদ্ধান্তে গমন, deduction.

অব—রুহ্+ঘঞ্ ভাব। ২। নামনা, ঝুরি। অব—রুহ্+অচ্ কর্তৃ। ৩। স্বর্গ। অব—রুহ্+ঘঞ্ অপা। বি; পুং।

অবরোহক—অবরোহণকারী। অব—রুহ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-হিকা**।

অবরোহণ—অবতরণ; পরিত্যাগ; (সংগীতে) চড়া সুর হইতে খাদের সুরে যাওয়া। অব—রুহ্+অনট্ ভাব। বি; ক্লী।

অবরোহণী—সিঁড়ি, সোপান। অব—রুহ্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।

অবরোহপত্র—জাহাজ হইতে নামিবার অনুমতিপত্র, landing permit. অবরোহজ্ঞাপক পত্র, মধ্যপ। বি; ক্লী।

অবরোহী (-হিন্)—১। অবতরণকারী; অবরোহণকারী; কারণ হইতে কার্য অনুমানকারী, deductive. অব—রুহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-রোহিণী**। ২। সুরের নিম্নগমন-ক্রম (যথা, নি ধা পা মা ইঃ); বটবৃক্ষ। অবরোহ+ইন্ আছে অর্থে। বি; পুং।

অবর্জনীয়—অপরিহার্য। নঞ্‌তৎ। বিণ।

অবর্ণনীয়—অনির্বচনীয়; অপ্রকাশ্য; বর্ণনার অযোগ্য। নঞ্‌তৎ। বিণ।

অবর্তমান—১। অনুপস্থিত, অবিদ্যমান; গত; মৃত। বিণ। ২। ভূত বা ভবিষ্যৎ কাল। নঞ্‌তৎ। বি; পুং।

অবর্তমানে—মৃত্যুর পরে; অনুপস্থিতিতে, অবিদ্যমানে। বাংপ্র। ক্রি-বিণ।

অবল—১। বলহীন; দুর্বল। বহু। বিণ। ২। বলহীনতা। নঞ্‌তৎ। বি; ক্লী।

অবলম্ব—১। উদ্গম, প্রকাশ ("পুলক মুকুল অবলম্ব"—গোবিন্দ)। বি। ২। অবলম্বন করিল। প্রা কপ্র। ক্রি। **অবলম্বই**—অবলম্বন করে বা করিয়া।

অবলম্ব, -লম্বন—১। অধিষ্ঠান, নির্ভর; আশ্রয়; জীবিকা, বৃত্তি। অব—লন্‌ব্+ঘঞ্, অনট্ অধি। ২। গ্রহণ। অব—লন্‌ব্+ঘঞ্, অনট্ ভাব। ৩। ঠেকনো; জড়াইয়া উপরে ওঠার বাঁশ ইঃ; লাঠি প্রঃ যাহা ধরিয়া পথ চলা হয়। অব—লন্‌ব্+ঘঞ্, অনট্ করণ। বি; পুং, ক্লী।

অবলম্বিত—১। শরণাগত; অবনত; অধোলম্বমান। অব—লন্‌ব্+ক্ত কর্তৃ। ২। ধৃত; আশ্রিত; গৃহীত; রক্ষিত; পালিত। অব—লন্‌ব্+ক্ত কর্ম। বিণ।

অবলম্বী (-লম্বিন্)—অবলম্বনকারী; নির্ভরশীল; যে ঝুলিতেছে এমন; উচ্চ স্থান হইতে নিম্নগামী, অধোলম্বী। অব—লন্‌ব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-লম্বিনী**।

অবলা—১। নারী ('অবলার মুখে বল')। বি, স্ত্রী। ২। বলশূন্যা ("অবলা কুলের বালা"—মাইকেল)। অবল(১)+আপ্। বিণ; স্ত্রী। ৩। যে কথা বলে না বা বলিতে পারে না এমন, বোবা। ⟨বাং 'অবোলা'। বিণ।

অবলিপ্ত—১। প্রলিপ্ত, কৃতলেপন, যাহা বা যাহাতে লেপা হইয়াছে এমন। অব—লিপ্+ক্ত কর্ম। ২। গর্বিত; ধনগর্বিত। অব—লিপ্+ক্ত কর্তৃ। বিণ।

অবলীঢ়—ভক্ষিত; যাহা চাটা হইয়াছে এরূপ; কৃতাবলেহ; আস্বাদিত; বিনাশিত; দগ্ধ; ব্যাপ্ত। অব—লিহ্+ক্ত কর্ম। বিণ।

অবলীলা—অনায়াস; অনাদর; অসংকোচ। অবরা লীলা, প্রাদি। বি; স্ত্রী।

অবলীলাক্রমে—অনায়াসে, সহজে। অবলীলার ক্রম, ৬ষ্ঠীতৎ, তাহাতে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।

অবলুণ্ঠন—মাটিতে লুটানো বা গড়াগড়ি দেওয়া। অব—লুণ্‌ঠ্+অনট্ ভাব। বি; ক্লী।

অবলুণ্ঠিত—যে অবলুণ্ঠন করে বা করিয়াছে এরূপ, ভূলুণ্ঠিত। অব—লুণ্‌ঠ্+ক্ত কর্তৃ। বিণ।

অবলুপ্ত—অদৃশ্য, অন্তর্হিত ("ঘন মেঘে অবলুপ্ত"—রবীন্দ্র); লোপপ্রাপ্ত। অব—লুপ্+ক্ত কর্তৃ। বিণ।

অবলেপ—গর্ব, দর্প; বিদ্বেষ; নিন্দা; অসম্মান; অধিক্ষেপ; আক্ষেপ; ক্ষেপণ; লেপন; প্রলেপ। অব—লিপ্+ঘঞ্ ভাব। বি; পুং।

অবলেপন—প্রলেপ; মাখানো, লেপন। অব—লিপ্+অনট্ ভাব। বি; ক্লী।

অবলেহ—১। জিহ্বা দ্বারা লেহন, চাটা। অব—লিহ্+ঘঞ্ ভাব। ২। চাটিয়া খাইবার ঔষধ; লেহ্য খাদ্য। অব—লিহ্+ঘঞ্ কর্ম। বি; পুং।

অবলেহন—জিহ্বা দ্বারা আস্বাদন, চাটা। অব—লিহ্+অনট্ ভাব। বি; ক্লী।

অবলেহ্য—অবলেহনীয়, যাহা চাটিয়া খাইতে হয় এরূপ। অব—লিহ্+ণ্যৎ কর্ম। বিণ।

অবলোকন—দৃষ্টি, দর্শন। অব—লোক্ বা লোকি+অনট্ ভাব। বি; ক্লী।

অবলোকনীয়—দর্শনযোগ্য, দর্শনীয়। অব—লোক্ বা লোকি+অনীয় কর্ম। বিণ।

অবলোকয়িতা (-তৃ)—দর্শনকারী। অব—লোকি+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িত্রী**।

অবলোকিত—দৃষ্ট, নিরীক্ষিত। অব—লোক্ বা লোকি+ক্ত কর্ম। বিণ।

অবলোপ—তিরোভাব; দংশন; ছেদন; বিনাশ। অব—লুপ্+ঘঞ্ ভাব। বি; পুং।

অবলোহিত—সূর্যরশ্মির লালের অব্যবহিত পূর্ববর্তী বা নিম্নের, infra-red. প্রাদি। বিণ।

অবশ—অনায়ত্ত, অবশীভূত, অপরের দ্বারা চালিত; অবাধ্য; শিথিল; নিস্তেজ; জড়ীভূত; নিস্পন্দ। ন (নাই) বশ যাহাতে, বহু। বিণ।

অবশাঙ্গ—১। শিথিলদেহ। বহু। বিণ। স্ত্রী, **-ঙ্গী**, -ঙ্গা। ২। অবসন্ন দেহ। কর্মধা। বি; ক্লী।

অবশিষ্ট—১। পরিশিষ্ট, বাকী; উদ্‌বৃত্ত। বিণ। ২। বিয়োগফল; ভাগশেষ। অব—শিষ্+ক্ত কর্তৃ। বি; ক্লী। [স্ত্রী, **-শিষ্টা**।

অবশী (-শিন্)—অজিতেন্দ্রিয়। নঞ্‌তৎ। বিণ।

অবশীকৃত—অনিয়ন্ত্রিত, অদমিত। নঞ্‌তৎ। বিণ।
অবশীভাব—বশীভূত না হওয়ার ভাব, অবাধ্যতা, অনায়ত্ততা। নঞ্‌তৎ। বি; পুং।
অবশীভূত—অনায়ত্ত; অবাধ্য; উচ্ছৃংখল। নঞ্‌তৎ। বিণ।
অবশেষ—১। উদ্‌বৃত্ত, বাকী অংশ; অন্ত; গ্রন্থের বা প্রস্তাবের সমাপ্তিকাল; নিঃশেষ। অব—শিষ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং। ২। অবশিষ্ট। অব—শিষ্‌+অচ্‌ কর্তৃ। বিণ।
অবশ্য—১। অদম্য, যাহা বশ করা যায় না এমন। নঞ্‌তৎ। বিণ। ২। নিশ্চয়, নিঃসন্দেহ। <অবশ্যম্‌। অ; ক্রি-বিণ।
অবশ্যক—অবশ্যকরণীয়, compulsory. বিণ।
অবশ্যকরণীয়, -কর্তব্য—যাহা নিশ্চিতই করিতে হইবে এরূপ, যাহা না করিয়া উপায় নাই এরূপ ('—কার্য')। (ময়ূরব্যংসকাদি) নিপাতন সমাস। বিণ।
অবশ্যম্ভাবিতা, -ত্ব—হইবার নিশ্চয়তা, অনিবার্যতা। অবশ্যম্ভাবিন্‌+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
অবশ্যম্ভাবী (-ম্ভাবিন্‌), **অবশ্যম্ভাব্য**—যাহা নিশ্চয় ঘটিবে এরূপ, যাহা কখনই অন্যথা হইবার নহে এরূপ। অবশ্যম্‌—ভূ+ণিন্‌, ণ্যৎ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বিনী**।
অবশ্যম্ভাব্যতা—অবশ্যম্ভাবিতা, অনিবার্যতা। অবশ্যম্ভাব্য+তা ভাবার্থে। বি।
অবসন্ন—অবসাদগ্রস্ত, ক্লান্ত; স্ফূর্তিহীন; শিথিল; দুর্বল; সমাপ্ত; ক্ষয়প্রাপ্ত; বিষণ্ণ, বিমর্ষ; অবনত; বিনষ্ট। অব—সদ্‌+ক্ত কর্তৃ। বিণ। বি, **-তা**।
অবসর—১। অবকাশ, ফুরসত; চাকরির শেষ ('—গ্রহণ'); ছুটি; সুযোগ; ফাঁক; ক্ষণ। অব—সৃ+অপ্‌ অধি। ২। গোপনে পরামর্শ; বৃষ্টি; প্রারম্ভ; বার, পর্যায়; প্রবেশ; প্রস্তাব। অব—সৃ+অপ্‌ ভাব। বি; পুং।
অবসাদ—অবসন্নতা; শ্রান্তি; জড়তা; বিনাশ; স্খলন; বিষাদ; নিরুৎসাহতা; দৈন্য; সমাপ্তি। অব—সদ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।
অবসাদক—অবসাদজনক, sedative; উৎসাহনাশক। অব—সদ্‌+ণিচ্‌+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-সাদিকা**।
অবসাদন—নিঃশেষকরণ, সমাপন; বিনাশন; দুর্বলীকরণ; উৎসাহনাশন। অব—সদ্‌+ণিচ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী। বিণ, **-সাদিত**।
অবসান—১। বিরাম; অন্ত, শেষ; মরণ; সীমা; নিশ্চয়। অব—সো+অনট্‌ ভাব। ক্লী। ২। সমাপ্ত ("কৌতূহল অবসান"—রবীন্দ্র); অবসন্ন; স্পন্দনহীন। কপ্র। বিণ। [বিদ্যা)। প্রা কপ্র। বি।
অবসানা—অন্ত, শেষ ("ন তুয়া আদি অবসানা"—
অবসারণ—অপসারণ, দূরীকরণ। অব—সৃ+ণিচ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।
অবসিত—১। সমাপিত, নিঃশেষিত; সঞ্চিত; জাত; নিশ্চিত; বদ্ধ। অব—সো+ক্ত কর্ম। ২। বিদিত; গত; পরিণত। অব—সো+ক্ত কর্তৃ। বিণ।
অবসৃত—অবসরপ্রাপ্ত; দূরগত। অব—সৃ+ক্ত কর্তৃ। বিণ।
অবস্তু—১। যাহাতে সার নাই এরূপ, অসার, অপদার্থ। ন (নাই) বস্তু যাহাতে, বহু। বিণ। ২। অপকৃষ্ট পদার্থ; তুচ্ছ জিনিস; (বেদান্তমতে) ব্রহ্মাতিরিক্ত অসার জগৎ; অবিদ্যমানতা; বস্তুর অভাব, nonentity. নঞ্‌তৎ (কুৎসিতার্থে)। বি; ক্লী।
অবস্থা—১। দশা, হাল, ভাবগতিক; কালকৃত বৈলক্ষণ্য; সংগতি; প্রতিষ্ঠা; ভাব; স্থিতি; পরিমাণ; ক্লেশ; সময়; (বৈদ্যকশাস্ত্রমতে) দেহাদির বাল্য কৌমার যৌবন ও বার্ধক্য—এই চারিপ্রকার কালকৃত দশা (১৫ বৎসর বয়স পর্যন্ত বাল্য, ৩০ পর্যন্ত কৌমার, ৫০ পর্যন্ত যৌবন, পঞ্চাশদূর্ধ্বে বার্ধক্য); (স্মৃতিমতে) কৌমার পৌগণ্ড কৈশোর বাল্য যৌবন বার্ধক্য ও বর্ষীয়স্ত্ব—জীবনের এই সপ্তপ্রকার দশা [৫ বৎসর পর্যন্ত কৌমার, ১০ পর্যন্ত পৌগণ্ড, ১৫ পর্যন্ত কৈশোর, ১৬ পর্যন্ত বাল্য, ৭০ পর্যন্ত (মতান্তরে ৩০ পর্যন্ত) যৌবন, তৎপরে বার্ধক্য এবং ৯০ বৎসরের পর বর্ষীয়ান্‌ অবস্থা]। অব—স্থা+অঙ্‌ ভাব+আপ্‌। বি; স্ত্রী। ২। অশেষ দুর্গতি। প্রা কপ্র। বি। **অবস্থা ফিরানো**—মন্দ অবস্থা হইতে ভাল অবস্থা লাভ করা।
অবস্থান—১। স্থিতি; দশা, অবস্থা। অব—স্থা+অনট্‌ ভাব। ২। অবস্থিতিস্থান; আবাস। অব—স্থা+অনট্‌ অধি। বি; ক্লী।
অবস্থান-ধর্মঘট—কর্মীরা কর্মস্থলে বসিয়া থাকিয়া যে ধর্মঘট করে তাহা। মধ্যপ। বি।
অবস্থান্তর—অন্য অবস্থা। অন্যা অবস্থা, নিত্য। বি; ক্লী। বিণ—**অবস্থান্তরিত**।
অবস্থাপক, -স্থাপয়িতা (-য়িতৃ)—স্থাপনকারী, প্রতিষ্ঠাপক। অব—স্থা+ণিচ্‌ (=স্থাপি)+ণক, তৃন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, **-পিকা, -য়িত্রী**।
অবস্থাপন—রক্ষণ; সন্নিবেশ, স্থাপিতকরণ; নির্ধারণ। অব—স্থা+ণিচ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী। বিণ, **-স্থাপিত**।
অবস্থাপন্ন—সংগতিপন্ন, ধনী। অবস্থাকে আপন্ন (প্রাপ্ত), ২য়াতৎ। বিণ।
অবস্থাবিশেষ, -ভেদ—ভিন্ন ভিন্ন অবস্থা, বিশেষ বিশেষ অবস্থা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অবস্থায়ী (-য়িন্‌)—স্থিতিকারী, অবস্থানকারী; স্থিতিশীল। অব—স্থা+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, **-স্থায়িনী**।
অবস্থাসম্পন্ন—ধনবান্‌, বিত্তশালী। ৩য়াতৎ। বিণ।
অবস্থাহীন—দুর্গত, দরিদ্র। ৩য়াতৎ। বিণ।
অবস্থিত—যে স্থিতি করিয়াছে বা করিতেছে এরূপ; অচঞ্চল; নিবদ্ধ; অধ্যবসিত; অবিচলিত; আশ্রিত; নিবিষ্ট ('—চিত্ত')। অব—স্থা+ক্ত কর্তৃ। বিণ।
অবস্থিতি—অবস্থান; বাস; অনুসরণ; অভ্যাস। অব—স্থা+ক্তি ভাব। বি; স্ত্রী।

অবহার—১। সাময়িক যুদ্ধবিরতি, armistice; স্থানান্তরে নেওয়া; যুদ্ধস্থান হইতে সৈন্যদিগকে শিবিরে আনয়ন; আহ্বান; ধর্মান্তরগ্রহণ; প্রত্যর্পণ। অব—হৃ+ঘঞ্ ভাব। ২। পাশা; সমীপ; দেয় বস্তু; বাটা, তালিকাভুক্ত মূল্য হইতে বাদ-দেওয়া অংশ, discount. অব—হৃ+ঘঞ্ করণ, কর্ম। বি; পুং। [বি; পুং।

অবহাস—পরিহাস, উপহাস। অব—হস্+ঘঞ্ ভাব।

অবহিত—১। বিদিত, জ্ঞাত। অব—ধা+ক্ত কর্ম। ২। সাবধান, মনোযোগী। অব—ধা+ক্ত কর্তৃ। বিণ।

অবহিং—এখনই। প্রা কপ্র। অ।

অবহু—এখনও। প্রা কপ্র। অ।

অবহেল, -হেলন—অবজ্ঞা, অনাদর; অনায়াস, অবলীলা। অব—হেড্+ক ঘঞর্থে, অনট্ ভাব (ড্-স্থানে ল্)। বি; ক্লী।

অবহেলনীয়—উপেক্ষণীয়। অব—হেড্+অনীয় কর্ম। বিণ।

অবহেলা—অবজ্ঞা, অনাদর। অব—হেড্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

অবহেলিত—১। উপেক্ষিত। অব—হেড্+ক্ত কর্ম (ড্-স্থানে ল্)। বিণ। ২। অনাদর, অবজ্ঞা। অব—হেড্+ক্ত ভাব। বি; ক্লী।

অবহেলে—অনায়াসে, সহজে। কপ্র। ক্রি-বিণ।

অবাক্ (-বাচ্)—১। মূক, বোবা; বিস্ময়াদিহেতু নির্বাক্; আশ্চর্যান্বিত; আশ্চর্যজনক। ন (নাই) বাক্ যাহার বা যাহাতে, বহু। ২। অধোবদন। অব—অন্চ্+ক্বিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**অবাচী**।

অবাক—বোবা; বিস্ময়ে হতবাক্; বিস্ময়কর; অদ্ভুত। বাংপ্র। বিণ। **অবাক কাণ্ড**—বিস্ময়কর ঘটনা।

অবাক-কারখানা—আশ্চর্য ব্যাপার। কর্মধা। বাংপ্র। বি।

অবাক-জলপান—তেল-নুন-ঝাল-মিশানো চাল-ছোলা-চিনাবাদাম। কর্মধা। বাংপ্র। বি।

অবাঙ্ (-বাচ্), **অবাক্**—নিম্ন। অব—অন্চ্+ক্বিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**অবাচী**।

অবাঙ্মুখ—অধোবদন, নতমুখ। অবাক্ (অধোগত) মুখ যাহার, বহু। বিণ। স্ত্রী, **-মুখা, -মুখী**।

অবাঙালী, অবাংগালী—১। বাংগালী ছাড়া অন্য জাতি বা অন্য জাতির ব্যক্তি, non-Bengali. বি। ২। বাংগালীসুলভ নহে এমন, বাংগালী ভিন্ন অন্য। নঞ্তৎ (বাংপ্র)। বিণ।

অবাঙ্মনসগোচর—অনির্বচনীয় ও অভাবনীয়, বাক্য ও মনের বহির্ভূত। নঞ্তৎ। বিণ।

অবাচিকা—কুমেরুপ্রদেশ, Antarctica. অবাচী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

অবাচী—১। দক্ষিণদিক্; দাক্ষিণাত্য; অধোদিক্। বি; স্ত্রী। ২। নিম্নমুখী; নিম্নবর্তিনী। অবাচ্+ঈপ্। বিণ; স্ত্রী। **অবাচী ঊষা**—কুমেরু জ্যোতি, aurora australis.

অবাচ্য—১। নিন্দিতবাক্য, নিন্দা। বি; ক্লী। ২। অকথ্য; অনিন্দ্য; নিন্দাযোগ্য। নঞ্তৎ। ৩। দক্ষিণদেশীয়, দক্ষিণদেশজাত; পরবর্তী কালে জাত। অবাচ্ বা অবাচী+যৎ ভবার্থে। বিণ।

অবাত—নির্বাত, বায়ুরহিত। ন (নাই) বাত যেখানে, বহু। বিণ।

অবাধ—নির্বিঘ্ন ('—ভ্রমণ'); বাধাশূন্য; প্রতিবন্ধকশূন্য; পীড়াশূন্য। ন (নাই) বাধা যাহার, বহু। বিণ। ক্রি-বিণ—**অবাধে**।

অবাধনীতি—ব্যক্তিবিশেষের কার্যে সরকারের হস্তক্ষেপ না করার নীতি, laissez faire. কর্মধা। বি; স্ত্রী।

অবাধবাণিজ্য—বাধাহীন বাণিজ্য, শুল্কহীন আমদানি-রপ্তানি, free trade. কর্মধা। বি; ক্লী।

অবাধিত—বাধাশূন্য; অপীড়িত; অনিয়ন্ত্রিত। নঞ্তৎ। বিণ।

অবাধ্য—যাহাকে বাধা দেওয়া উচিত নয় বা দিতে পারা যায় না এমন; অবশীভূত ('—ছেলে')। নঞ্তৎ। বিণ।

অবাধ্যতা—অবশীভূততা, অবশীভাব; ঔদ্ধত্য, বাধ্য না থাকা। অবাধ্য+তা ভাবে। বি; স্ত্রী।

অবান্তর—গৌণ; বাজে, অপ্রাসঙ্গিক, irrelevant; আনুষঙ্গিক; অন্তঃপাতী। অন্তরকে অবগত, প্রাদি। বিণ।

অবান্ধব—১। যেখানে বন্ধু নাই এরূপ; বন্ধুহীন। ন (নাই) বান্ধব যেখানে বা যাহার, বহু। বিণ। ২। যে বান্ধব নয়। নঞ্তৎ। বি; পুং।

অবারণীয়—অনিবার্য। নঞ্তৎ। বিণ।

অবারিত—অনিবারিত, বাধাশূন্য; অনবরুদ্ধ; উন্মুক্ত ('—মাঠ')। নঞ্তৎ। বিণ।

অবার্য—যাহা বারণ করা যায় না এমন, দুর্বার। নঞ্তৎ। বিণ।

অবাস্তব, -স্তবিক—অলীক, অপ্রকৃত; অযৌক্তিক; ভ্রমাত্মক। নঞ্তৎ। বিণ।

অবিকল—১। পূর্ণাঙ্গ, অবিকৃত; অখণ্ড; সম্পূর্ণ; অবিসংবাদী। নঞ্তৎ। বিণ। ২। হুবহু, যথাযথ, ঠিক ঠিক ভাবে। ন বিকল, নঞ্তৎ, এরূপে। ক্রি-বিণ।

অবিকল্প—নিঃসন্দেহ; পক্ষান্তরহীন। বহু। বিণ।

অবিকার—ভাবান্তরবিহীন; অপরিবর্তিত; স্থির। বহু। বিণ।

অবিকারী (-কারিন্)—নির্বিকার; অবস্থান্তরশূন্য; সকল সময়ে একরূপ; অব্যভিচারী; অপরিবর্তনীয়। নঞ্তৎ। বিণ। স্ত্রী, **-কারিণী**।

অবিকৃত—যাহা বিকৃত হয় নাই এরূপ; অচঞ্চল; অপরিবর্তিত; ঠিক যেরূপ ছিল সেইরূপ; যাহা পচিয়া যায় নাই এমন। নঞ্তৎ। বিণ।

অবিক্রী—যাহা বিক্রীত হয় নাই এরূপ। <অবিক্রীত। বিণ।

অবিক্রীত—যাহা বিক্রীত হয় নাই এরূপ। নঞ্তৎ। বিণ।

অবিক্রেয়—বিক্রয়ের অযোগ্য। নঞ্তৎ। বিণ।

অবিক্ষিপ্ত—অচঞ্চল; অব্যাকুল; সাবধান; যাহা

বিছানো নয় এরূপ; অনিক্ষিপ্ত; ধৃত। নঞ্‌তৎ। বিণ।
অবিচল—অব্যাকুল; স্থির। ন—বি—চল্‌+অচ্‌ কর্তৃ। বিণ।
অবিচলিত—অচঞ্চল, স্থির, দৃঢ় ('— অধ্যবসায়')। নঞ্‌তৎ। বিণ।
অবিচার—অন্যায় বিচার; বিচারহীনতা; অবিবেচনা; অত্যাচার। নঞ্‌তৎ। বি; পুং।
অবিচারিত—অবিবেচিত; যাহার বিচার করা হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।
অবিচ্ছিন্ন—অবাধ, অবিরাম, ধারাবাহিক; যাহাতে ফাঁক নাই এমন। নঞ্‌তৎ। বিণ।
অবিচ্ছেদ—১। সম্পূর্ণতা; অবিরামভাব; বিচ্ছেদ বা বিরতি না হওয়া, একনাগাড়; সংগতি; সংশ্লেষ; সম্বন্ধ। নঞ্‌তৎ। বি; পুং। ২। অবিরাম; অখণ্ড; ধারাবাহী। বহু। বিণ।
অবিচ্ছেদে—একাদিক্রমে, ধারাবাহিকরূপে। ন (নাই) বিচ্ছেদ যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।
অবিচ্ছেদ্য—অচ্ছেদ্য; অপরিত্যাজ্য ('— সম্পর্ক'); অখণ্ডনীয়। নঞ্‌তৎ। বিণ।
অবিচ্যুত—অভ্রষ্ট; সংলগ্ন। নঞ্‌তৎ। বিণ।
অবিজ্ঞ—অবিচক্ষণ; অর্বাচীন; মূর্খ। নঞ্‌তৎ। বিণ।
অবিজ্ঞাত—যাহা জানা যায় নাই এমন। নঞ্‌তৎ। বিণ।
অবিজ্ঞেয়—যাহা জানিতে পারা যায় না এমন। [নঞ্‌তৎ। বিণ।
অবিতথ, -তথ্য—১। যথার্থ; সার্থক। বিণ। ২। যাথার্থ্য। নঞ্‌তৎ। বি; ক্লী।
অবিদিত—অজ্ঞাত; অপরিচিত। নঞ্‌তৎ। বিণ।
অবিদ্বান্‌ (-দ্বস্‌)—অপণ্ডিত; মূর্খ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-বিদুষী**।
অবিদ্য—১। বিদ্যাহীন, মূর্খ। ন (নাই) বিদ্যা যাহার, বহু। ২। বিদ্যার অবিষয়ীভূত, জ্ঞানের অবিষয়। ন (নাই) বিদ্যা যাহাতে, বহু। বিণ।
অবিদ্যমান—অবর্তমান, অনুপস্থিত; সত্তাশূন্য। নঞ্‌তৎ। বিণ। বি, **-তা**।
অবিদ্যমানে—অবর্তমানে (তাহা দ্রঃ)।
অবিদ্যা—১। অজ্ঞান; মায়া; 'আমি এই দেহধারী জীব'—এইরূপ ভ্রান্ত জ্ঞান; (সাংখ্যের) প্রকৃতি; ভ্রান্তবুদ্ধি। নঞ্‌তৎ। ২। রক্ষিতা নারী; উপপত্নী। বাংপ্র। বি; স্ত্রী।
অবিধান—অবিধি, অব্যবস্থা; অন্যায় বিধান। নঞ্‌তৎ। বি; ক্লী।
অবিধি—অশাস্ত্র, অনিয়ম। নঞ্‌তৎ। বি; পুং।
অবিধেয়—অনুচিত, অযোগ্য। নঞ্‌তৎ। বিণ।
অবিনয়—বিনয়ের অভাব, শিষ্টাচারহীনতা; ধৃষ্টতা; অত্যাচার; দোষ। নঞ্‌তৎ। বি; পুং।
অবিনয়ী (-য়িন্‌)—বিনয়শূন্য, উদ্ধত। নঞ্‌তৎ। বিণ। [-য়ী।
অবিনশ্বর—অক্ষয়, নাশহীন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,
অবিনাশিতা—সংরক্ষণ, conservation ; অবিনশ্বরত্ব। অবিনাশিন্‌+তা ভাবে। বি; স্ত্রী।
অবিনাশী (-নাশিন্‌)—অক্ষয়, অবিনশ্বর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-নাশিনী**।
অবিনীত—অশিষ্ট, উদ্ধত; অশিক্ষিত; অসৎ। নঞ্‌তৎ। বিণ।
অবিন্যস্ত—বিশৃঙ্খলভাবে, স্থাপিত, যাহা পরিপাটিরূপে রাখা হয় নাই এমন; অসজ্জিত, অগোছাল। নঞ্‌তৎ। বিণ।
অবিন্যাস—বিশৃঙ্খলভাবে স্থাপন; অগোছাল অবস্থা। নঞ্‌তৎ। বি; পুং।
অবিবক্ষা—বলিবার অনিচ্ছা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।
অবিবক্ষিত—বক্তার অনভিপ্রেত। নঞ্‌তৎ। বিণ।
অবিবাদী (-দিন্‌)—বিরোধহীন, শান্তিপ্রিয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-বাদিনী**।
অবিবাহিত—যাহার বিবাহ হয় নাই এরূপ, অপরিণীত। নঞ্‌তৎ। বিণ।
অবিবেক—১। সদসদ্বিবেচনাভাব, অজ্ঞান; ভ্রম; ব্যাকুলতা হেতু মোহ; দুঃসাহস; অভেদজ্ঞান। নঞ্‌তৎ। বি; পুং। ২। বিবেচনাশূন্য, অজ্ঞ। বহু। বিণ।
অবিবেকতা, -কিতা—মূঢ়তা; অবিমৃষ্যকারিতা। অবিবেক (২)+তা ভাবে অবিবেকিন্‌+তা ভাবে। বি; স্ত্রী।
অবিবেকী (-কিন্‌)—মূঢ়, অবিবেচক; (সাংখ্যমতে) প্রধান। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-বেকিনী**।
অবিবেচক—বিবেচনাহীন, ন্যায়-অন্যায়-হিতাহিত-বিবেচনাশূন্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-বেচিকা**।
অবিবেচনা—অন্যায় বিবেচনা; হিতাহিত-বিচারশূন্যতা। নঞ্‌তৎ। বি; স্ত্রী। [বিণ।
অবিবেচনীয়, -বেচ্য—বিবেচনার অযোগ্য। নঞ্‌তৎ।
অবিবেচিত—অবিচারিত; যাহা বিবেচনা করা হয় নাই এরূপ; অনালোচিত। নঞ্‌তৎ। বিণ।
অবিভক্ত—যাহা বিভক্ত নয় এমন, অখণ্ডিত ('— ভারত'); অকর্তিত; যাহারা ধন বিভাগ করিয়া লয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ। [বিণ।
অবিভাজ্য—অবণ্টনীয়; বিভাগের অযোগ্য। নঞ্‌তৎ।
অবিভাত—১। অপ্রকাশিত; অদীপ্ত, অনুজ্জ্বল। নঞ্‌তৎ। ২। অপরিণীত। ✓অবিবাহিত। বিণ।
অবিভাবনীয়, -ভাব্য—অচিন্তনীয়। নঞ্‌তৎ। বিণ।
অবিভাবিত—অচিন্তিত; অননুভাবিত; অলক্ষিত। নঞ্‌তৎ। বিণ। [নঞ্‌তৎ। বিণ।
অবিমিশ্র—অমিশ্রিত ('—সুখ'); পবিত্র; খাঁটী।
অবিমুক্ত—১। অপরিত্যক্ত; মোচনরহিত; বদ্ধ। বিণ। ২। কাশীধাম। নঞ্‌তৎ। বি; ক্লী।
অবিমুক্তেশ্বর—কাশীর বিশ্বেশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অবিমৃশ্য (ষ্য)—অবিবেচক; সন্দেহশূন্য। ন (নাই) বিমৃশ্য(ষ্য) যাহার বা যাহাতে, বহু। বিণ।
অবিমৃশ্য(ষ্য)কারিতা, -রিত্ব—অপরিণামদর্শিতা, অবিবেকিতা, হঠকারিতা। অবিমৃশ্য(ষ্য)কারিন্‌+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
অবিমৃশ্য(ষ্য)কারী (-কারিন্‌)—অপরিণামদর্শী,

হঠকারী। অবিমৃশ্য(ষ্য)—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -কারিণী।

অবিযুক্ত—অবিচ্ছিন্ন; অব্যবহিত; সংযুক্ত, মিলিত। নঞ্‌তৎ। বিণ।

অবিরত—১। অনিবৃত্ত; অবিশ্রান্ত। নঞ্‌তৎ। বিণ। ২। অনবরত, সর্বদা। ন বিরত, নঞ্‌তৎ, এরূপে। ক্রি-বিণ।

অবিরতি—অনিবৃত্তি; বিষয়াদিতে চিত্তের স্থিরতা; বিরামাভাব। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অবিরল—নিবিড়; ঘেঁষ-ঘেঁষ; নিরন্তর ('—ধারে')। নঞ্‌তৎ। বিণ।

অবিরাম—১। অবিশ্রান্তভাবে, সতত। ক্রি-বিণ। ২। বিরামবিহীন; অবিশ্রান্ত; যে থামে না এমন। বহু। বিণ।

অবিরুদ্ধ—যাহা বিরুদ্ধ নয় এরূপ; অনুযায়ী; অনুকূল; অনুরক্ত; নির্দোষ; সংগত; অপ্রতিষিদ্ধ; অনুমোদিত; ন্যায্য। নঞ্‌তৎ। বিণ।

অবিরোধ—১। বিরোধাভাব; সম্মতি; সমন্বয়। নঞ্‌তৎ। বি; পুং। ২। বিরোধহীন। বহু। বিণ।

অবিরোধী (-ধিন্)—অপ্রতিকূল, অবিরুদ্ধ; অনুযায়ী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -রোধিনী।

অবিলম্ব—১। বিলম্বাভাব, শীঘ্রতা। নঞ্‌তৎ। বি; পুং। ২। সত্বর, বিলম্বহীন। বহু। বিণ।

অবিলম্বন—শীঘ্রতা; দেরি না করা; না ঝুলানো। নঞ্‌তৎ। বি; ক্লী।

অবিলম্বিত—ত্বরিত, শীঘ্র; শীঘ্র ঘটিত; ত্বরায় সম্পাদিত; যাহা ঝুলানো হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অবিলম্বে—ত্বরায়, দেরি না করিয়া, শীঘ্র। ন (নাই) বিলম্ব যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

অবিশঙ্ক—ভয়হীন; নিঃসংশয়। ন (নাই) বিশঙ্কা যাহার, বহু। বিণ। [নঞ্‌তৎ। বিণ।

অবিশঙ্কিত—ভয়শূন্য; সন্দেহহীন ('—হৃদয়')।

অবিশুদ্ধ—অনির্মল, সদোষ; অপবিত্র; যাহা খাঁটী নয় এরূপ, মিশ্রিত; অস্ফুট, অব্যক্ত; দুষ্ট, খল। নঞ্‌তৎ। বিণ।

অবিশেষ—১। অভেদ, বিশেষাভাব। নঞ্‌তৎ। ২। (সাংখ্যমতে) সূক্ষ্ম-ভূতপদার্থ। বহু। বি; পুং। ৩। অভিন্ন, প্রভেদশূন্য; তুল্য। বহু। বিণ।

অবিশেষজ্ঞ—বিশেষজ্ঞানশূন্য; মর্মানভিজ্ঞ; অবহুদর্শী; ভেদজ্ঞানবর্জিত। নঞ্‌তৎ। বিণ।

অবিশ্বসনীয়—বিশ্বাসের অনুপযুক্ত, অবিশ্বাস্য। নঞ্‌তৎ। বিণ। [নঞ্‌তৎ। বিণ।

অবিশ্বস্ত—যে বিশ্বস্ত নয় এরূপ; বিশ্বাসঘাতক।

অবিশ্বাস—বিশ্বাস না থাকা; বিশ্বাস না করা। নঞ্‌তৎ। বি; পুং।

অবিশ্বাসী (-সিন্)—যে বিশ্বাস করে না এরূপ; বিশ্বাসহীন; যাহাকে বিশ্বাস করা চলে না এমন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -শ্বাসিনী।

অবিশ্বাস্য—অবিশ্বসনীয়, বিশ্বাসস্থাপনের অযোগ্য ('—কথা')। নঞ্‌তৎ। বিণ।

অবিশ্য—নিশ্চয়। ∠অবশ্য। ক্রি-বিণ।

অবিশ্রান্ত—১। বিশ্রাম-ব্যতিরেকে; অনবরত। ন বিশ্রান্ত, নঞ্‌তৎ, এরূপে। ক্রি-বিণ। ২। বিশ্রামরহিত, অবিরত। নঞ্‌তৎ। বিণ।

অবিশ্রাম—১। অনবরত, বিরামবিহীনভাবে। ক্রি-বিণ। ২। বিশ্রামহীন, অবিরাম। বহু। বিণ।

অবিষয়ী (-য়িন্)—অবিষয়াসক্ত; অসংসারী; সম্পত্তিহীন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -য়িণী।

অবিষহ্য—অসহ্য, দুর্বিষহ। নঞ্‌তৎ। বিণ।

অবিসংবাদ—বিরোধহীনতা; মিলন। নঞ্‌তৎ। বি; পুং।

অবিসংবাদিত—অবিরুদ্ধ, সর্বপ্রকার বিরোধরহিত; সর্ববাদিসম্মত ('—সত্য')। নঞ্‌তৎ। বিণ।

অবিসংবাদিতভাবে, -রূপে—নির্বিরোধে, সর্বসম্মতিক্রমে। অবিসংবাদিত ভাব, রূপ, কর্মধা, এরূপে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।

অবিসংবাদী (-দিন্)—অবিরোধী; সর্বসম্মত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -বাদিনী।

অবিহিত—অবৈধ; নিষিদ্ধ; অন্যায্য; অশাস্ত্রীয়, অনুচিত; অকৃত। নঞ্‌তৎ। বিণ।

অবীক্ষণ—১। দৃষ্টিহীনতা; অদর্শন। নঞ্‌তৎ। বি; ক্লী। ২। দৃষ্টিহীন। বহু। বিণ।

অবীক্ষিত—১। অদৃষ্ট, যাহা দেখা হয় নাই এমন। বিণ। ২। অদর্শন। নঞ্‌তৎ। বি; ক্লী।

অবীরা—অনাথা, অসহায়া; স্বামিপুত্রাদি অভিভাবকহীনা ('—নারী')। ন (নাই) বীর যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

অবুঝ—বোকা; বিবেচনাহীন; যাহাকে বুঝাইলেও বুঝে না এরূপ। ন (নাই) বুঝ (∠বুধ্) যাহার, বহু। বিণ।

অবুধবু—আড়ষ্ট, নিষ্ক্রিয়। বাংপ্র। বিণ।

অবুদ্ধি—১। বুদ্ধির অভাব; অপরিণতবুদ্ধি; কুবুদ্ধি। নঞ্‌তৎ। বি; স্ত্রী। ২। বোকা। বহু। বিণ।

অবৃত্তিক—বেতনহীন, honorary. ন (নাই) বৃত্তি যাহাতে বা যাহার, বহু+ক সমাসান্ত। বিণ।

অবৃষ্টি—১। বৃষ্টিহীন। বহু। বিণ। ২। অনাবৃষ্টি। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অবেক্ষক—দ্রষ্টা, পর্যবেক্ষক; পরীক্ষক। অব—ঈক্ষ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -ক্ষিকা।

অবেক্ষণ—পরিদর্শন, পর্যবেক্ষণ; মনোযোগ; প্রতিজাগরণ; বিচার; অনুসন্ধান; পালন; অনুরোধ; প্রতীক্ষা। অব—ঈক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী।

অবেক্ষণীয়—দর্শনীয়; আলোচনীয়। অব—ঈক্ষ্+অনীয় কর্ম। বিণ।

অবেক্ষমাণ—দর্শনকারী; অনুসন্ধানপর। অব—ঈক্ষ্+শানচ্ কর্তৃ। বিণ।

অবেক্ষা—অবেক্ষণ (তাহা দ্রঃ)। অব—ঈক্ষ্+অ ভাব +আপ্। বি; স্ত্রী।

অবেক্ষ্যমাণ—যাহা দেখা হইতেছে এমন। অব—ঈক্ষ্+শানচ্ কর্ম। বিণ।

অবেক্ষা—অবেক্ষণ (তাহা দ্রঃ)। অব—ঈক্ষ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী। [কর্ম। বিণ।
অবেক্ষিত—দৃষ্ট; পর্যালোচিত। অব—ঈক্ষ্+ক্ত
অবেণীসংবন্ধ—আলুলায়িত, খোঁপা বাঁধা হয় নাই এমন ('— কেশ')। নঞ্‌তৎ। বিণ।
অবেদন—১। অনুভূতির লোপ, anaesthesia; অপরিণয়। নঞ্‌তৎ। বি; ক্লী। ২। জ্ঞানশূন্য; অনুভূতিহীন; অপরিণীত; বেদনাশূন্য। বহু। বিণ।
অবেদনিক—১। যাহা দ্বারা অনুভূতি লোপ পায় এমন, অসাড়তাজনক, anaesthetic. বিণ। ২। অনুভূতি লোপকারী ঔষধ। অবেদন+ইক। বি।
অবেদনীয়, -বেদ্য—অজ্ঞেয়; বিবাহের অযোগ্য। নঞ্‌তৎ। বিণ।
অবেলা—দিনের শেষ; অসময়। নঞ্‌তৎ। বি; স্ত্রী।
অবৈতনিক—যে বেতনভোগী নহে এরূপ, honorary; যাহাতে বেতন দিতে হয় না এরূপ ('— বিদ্যালয়')। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -কী।
অবৈদ্য—কুচিকিৎসক, হাতুড়ে ডাক্তার। নঞ্‌তৎ। বি; পুং।
অবৈধ—বিধিবহির্ভূত, বে-আইনী, unlawful; অবিহিত; অশাস্ত্রীয়; অনুচিত, অন্যায়, undue; নিষিদ্ধ ('— প্রণয়'); যুক্তিহীন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -ধী। বি, -তা, -ত্ব।
অবোধ—১। বোধহীন, অজ্ঞান। বহু। বিণ। ২। জ্ঞানাভাব। নঞ্‌তৎ। বি; পুং।
অবোধ্য—যাহা বুঝিতে পারা যায় না এরূপ; অস্পষ্ট। নঞ্‌তৎ। বিণ।
অবোল, অবোলা—১। মূক, বোবা; প্রতিবাদে অক্ষম ("অবোলা জীব"—শরৎ); নিরীহ। ন (নাই) বোল (ভাষা) যাহার, বহু (বাংপ্র)। বিণ। ২। স্ত্রীলোক। প্রা কপ্র। বি।
অব্জ—১। চন্দ্র; ধন্বন্তরি। বি; পুং। ২। শঙ্খ। বি; পুং বা ক্লী। ৩। পদ্ম; দশ অর্বুদ, শতকোটি। উপতৎ; অপ্—জন্+ড কর্তৃ। বি; ক্লী।
অব্দ—১। বৎসর ('বঙ্গাব্দ', 'শকাব্দ')। অব্+দ সংজ্ঞার্থে। ২। জলদ। অপ্—দা+ক কর্তৃ। বি; পুং।
অব্ধি—সমুদ্র। অপ্—ধা+কি অধি। বি; পুং।
অব্যক্ত—১। অস্ফুট; অদৃশ্য; অনির্দিষ্ট; সুপ্ত; অন্তর্নিহিত, latent; নিরাকার; অস্পষ্ট; অতিসূক্ষ্ম; অজ্ঞাত; অপ্রকাশিত; (গণিতে) অজ্ঞাত ('— রাশি')। বিণ। ২। বিষ্ণু; শিব; কন্দর্প; মূর্খলোক। বি; পুং। ৩। (সাংখ্যমতে) প্রকৃতি; (বেদান্তমতে) ব্রহ্ম; পরমাত্মা; প্রকৃতি; কারণ; আত্মা। নঞ্‌তৎ। বি; ক্লী।
অব্যক্তবেদনা—যাহার বেদনা ভাষায় প্রকাশিত হয় নাই এমন ("হায় অব্যক্তবেদনা দেবী ঊর্মিলা!"—রবীন্দ্র)। অব্যক্ত বেদনা যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।
অব্যক্তরাশি—(গণিতে) অজ্ঞাতরাশি, unknown quantity. কর্মধা। বি; পুং।
অব্যবধান—১। ব্যবধানহীন; অনবহিত; প্রমত্ত। বহু। বিণ। ২। ব্যবধানের অভাব, অদূরত্ব; আসক্তি; অভেদ। নঞ্‌তৎ। বি; ক্লী।
অব্যবসায়—ব্যবসায়ের অভাব; অভিজ্ঞতাহীনতা; অভ্যাস না থাকা; চর্চার অভাব; উদ্যোগাভাব। নঞ্‌তৎ। বি; পুং।
অব্যবসায়ী (-সায়িন্)—যে ব্যবসায়ী নয় এরূপ, যাহার ব্যবসায়বুদ্ধি নাই এমন; যে ব্যবসায় পরিত্যাগ করিয়াছে এরূপ; চর্চাহীন; উদ্যোগরহিত; অভ্যাসরহিত; অনধিকারী; সংস্রববিহীন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -সায়িনী। [বহু। বিণ।
অব্যবস্থ—অনিশ্চিত; বিধিরহিত; শৃঙ্খলাশূন্য।
অব্যবস্থা—বন্দোবস্ত না থাকা, বে-বন্দোবস্ত, নিয়মের অভাব; অশুদ্ধি; শাস্ত্রবিরুদ্ধতা; অস্থৈর্য। নঞ্‌তৎ। বি; স্ত্রী।
অব্যবস্থিত—মীমাংসাহীন; চঞ্চল ('— চিত্ত'); স্থিরতাশূন্য; অকর্তব্য; বিশৃঙ্খল। নঞ্‌তৎ। বিণ।
অব্যবহার—অপপ্রয়োগ; অসদাচার; অত্যাচার; ব্যবহার না করা; আইনের অভাব। নঞ্‌তৎ। বি; পুং।
অব্যবহার্য—ব্যবহারের অনুপযোগী; অকর্মণ্য; সমাজচ্যুত; অনাচরণীয়; অনুপভোগ্য; আদালতে অগ্রাহ্য। নঞ্‌তৎ। বিণ।
অব্যবহিত—কোনরূপ ব্যবধানশূন্য; সংলগ্ন; নিকটস্থ। নঞ্‌তৎ। বিণ। **অব্যবহিত পূর্বে**—ঠিক পূর্বক্ষণে।
অব্যবহৃত—যাহা ব্যবহার করা হয় নাই এরূপ; অপ্রচলিত; ধর্মাধিকরণে ব্যবহাররহিত; অনুক্ত, অনুপভুক্ত; অনাচারিত। নঞ্‌তৎ। বিণ।
অব্যভার, অব্যাভার—অসদাচরণ, অনুচিত আচরণ। ⟨অব্যবহার। বি।
অব্যভিচার—স্থিরত্ব; একনিষ্ঠত্ব; অব্যতিক্রম; অবিচলিত অবস্থা। নঞ্‌তৎ। বি; পুং।
অব্যভিচারী (-রিন্)—অবিকল; ব্যভিচারদোষশূন্য; অবিসংবাদী; সাধনায় অবিচলিত; নিত্য; সত্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -চারিণী।
অব্যয়—১। তিন লিঙ্গ সকল বিভক্তি ও সকল বচনে একরূপ শব্দ। বি; পুং বা ক্লী। ২। বিষ্ণু; শিব। বি; পুং। ৩। অনাদি অনন্ত বিকারশূন্য পরব্রহ্ম। বি; ক্লী। ৪। ব্যয়শূন্য; কৃপণ; অক্ষয়; অপরিচ্ছন্ন; আদ্যন্তরহিত; নির্বিকার। বহু। বিণ।
অব্যয়া—১। দুর্গা। বি; স্ত্রী। ২। ব্যয়শূন্যা। অব্যয়+আপ্। বিণ; স্ত্রী।
অব্যয়ীভাব—যে-সমাসে অনব্যয় শব্দ অব্যয় হয় সেই সমাস; ব্যয়হীনতা; চিরবিদ্যমানতা, মরণধর্মরাহিত্য। অব্যয়+চ্বি অভূততদ্ভাবার্থে (=অব্যয়ী)—ভূ+ঘঞ্ ভাব। বি; পুং।
অব্যর্থ—সফল, সার্থক ('— সন্ধান'); অমোঘ; নিশ্চিতফলপ্রদ ('— ঔষধ')। নঞ্‌তৎ। বিণ।
অব্যাজ—১। সরলতা; ছলাভাব; অবিলম্ব। নঞ্‌তৎ। বি; পুং। ২। অকপট; অবাধ; বিলম্বশূন্য। বহু। বিণ। ক্রি-বিণ—অব্যাজে।

অব্যাপার—১। অনুচিত কার্য; অধিকারশূন্য কার্য; পরাধিকার; কার্যরাহিত্য; অনভ্যাস। নঞ্‌তৎ। বি; পুং। ২। নিষ্কর্মা; নির্বিষয়। বহু। বিণ।

অব্যাহত—অপ্রতিহত, অবাধ; অব্যর্থ। নঞ্‌তৎ। বিণ।

অব্যাহতি—অব্যাঘাত; নির্বিঘ্নতা; পরিত্রাণ, নিষ্কৃতি। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অব্যূঢ়—অবিবাহিত; বিক্ষিপ্ত। নঞ্‌তৎ। বিণ।

অব্যূঢ়ান্ন—আইবুড়ো ভাত। অব্যূঢ়ভোজ্য অন্ন, মধ্যপ। বি; ক্লী।

অব্রহ্মণ্য—১। শাস্ত্রগর্হিত কর্ম; ব্রাহ্মণের অনুচিত কাজ। নঞ্‌তৎ। বি; ক্লী। ২। শাস্ত্রবিরুদ্ধ; ব্রাহ্মণের অযোগ্য। বহু। বিণ।

অব্রাহ্মণ—ব্রাহ্মণেতর জাতি, শূদ্রাদি ("অব্রাহ্মণ নহ তুমি তাত!"—রবীন্দ্র); আচারশূন্য ব্রাহ্মণ; ব্রাহ্মণ-সদৃশ (যেমন ক্ষত্রিয়বৈশ্যাদি) জাতি। নঞ্‌তৎ। বি; পুং।

অভক্তি—ঘৃণা, অশ্রদ্ধা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অভক্ষণীয়, -ভক্ষ্য—অখাদ্য; যাহা খাওয়া যায় না বা উচিত নয় এমন। নঞ্‌তৎ। বিণ।

অভক্ষ্য—১। 'অভক্ষণীয়' দ্রঃ। ২। কুৎসিত বা নিষিদ্ধ খাদ্য। নঞ্‌তৎ। বি; পুং।

অভগ্ন—অটুট, সম্পূর্ণ, গোটা; পূর্ণ ('— রাশি'); যাহা ভাঙ্গে নাই এমন। নঞ্‌তৎ। বিণ।

অভঙ্গ—না ভাঙ্গা, গোটা থাকা। নঞ্‌তৎ। বি; পুং।

অভদ্র—১। ভদ্রতাশূন্য, অসভ্য; নিন্দিত, অশিষ্ট; দুষ্ট; ক্লেশদায়ক; ইতর; অশিক্ষিত; নিম্নজাতীয়। বিণ। ২। দুঃখ; অশুভ। নঞ্‌তৎ। বি; ক্লী।

অভদ্রতা—অভদ্র আচরণ, অসভ্যতা। অভদ্র+তা ভাবে। বি; স্ত্রী।

অভদ্রা—দুর্যোগ; বিঘ্ন; অমঙ্গল। বাংপ্র। বি।

অভব্য—১। অশুভ; মন্দভাগ্য। বি; ক্লী। ২। দুর্ভাগ্যবিশিষ্ট; অসভ্য। ('সভ্য'-শব্দের সহগ শব্দ 'ভব্য') নয় ভব্য, এই অর্থে নঞ্‌তৎ। বিণ। বি, -তা।

অভয়—১। পরমাত্মা। বি; পুং। ২। ব্রহ্মজ্ঞান; অভয়মুদ্রা। ন (নাই) ভয় যাহা হইতে, বহু। ৩। নির্ভয়তা; আশ্বাস, সাহস। নঞ্‌তৎ। বি; ক্লী। ৪। নির্ভীক, ভয়শূন্য; যাহাতে ভয় নাই এমন ("অভয় পদে মন সঁপেছি"—রা প্র)। ন (নাই) ভয় যাহার বা যাহাতে, বহু। বিণ।

অভয়দাতা (-দাতৃ)—অভয়দানকারী, ভয়দূরীকরণার্থ আশ্বাসদানকারী। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ। স্ত্রী, **-দাত্রী**।

অভয়দান, -প্রদান—অভয় দেওয়া, আশ্বাস বা সাহস দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অভয়বচন, -বাক্য, -বাণী—'কোন ভয় নাই' এইরূপ কথা। অভয়সূচক বচন, বাক্য, -সূচিকা বাণী, মধ্যপ। বি; ক্লী, ক্লী, স্ত্রী।

অভয়া—ভগবতীর সিংহবাহিনী মূর্তি, অষ্টভুজা। ন (নাই) ভয় যাহা হইতে, বহু+আপ্। বি; স্ত্রী।

অভরসা—ভরসাহীনতা। বাংপ্র। বি।

অভাগা—হতভাগ্য, লক্ষ্মীছাড়া; অতি দীন। ন (নাই) ভাগ (<ভাগ্য) যাহার, বহু। বিণ। স্ত্রী, **-গী, -গিনী**।

অভাগি—দুর্ভাগ্য, দুরদৃষ্ট ("সখি কি পুছসি হামারি অভাগি"—গোবিন্দ)। প্রা কপ্র। বি।

অভাগিনী—১। হতভাগ্যা; দীনা। অভাগা+ইনী। ২। ভাগে অনধিকারিণী। নঞ্‌তৎ। বিণ; স্ত্রী।

অভাগিয়া—অভাগা। বাংপ্র। বিণ।

অভাগী—হতভাগিনী; দীনা; পতিতা; পাপিষ্ঠা। অভাগা+ঈ। বিণ; স্ত্রী।

অভাগ্য—১। দুর্ভাগ্য। নঞ্‌তৎ। বি; ক্লী। ২। ভাগ্যহীন। বহু। বিণ।

অভাগ্যি—পোড়াকপাল, দুরদৃষ্ট। <অভাগ্য। বি।

অভাজন—১। অযোগ্য ব্যক্তি; নির্গুণ ব্যক্তি, ক্ষমতা-হীন লোক। নঞ্‌তৎ। বি; ক্লী। ২। হতভাগ্য, মন্দভাগ্য। কপ্র। বিণ।

অভাব—না থাকা, অবিদ্যমানতা; ধ্বংস, মৃত্যু; অনটন, অর্থকষ্ট। নঞ্‌তৎ। বি; পুং।

অভাবগ্রস্ত—অর্থকষ্টে পতিত; দীন। ৩য়াতৎ। বিণ।

অভাবনীয়, অভাব্য—অচিন্তনীয়, অসম্ভাবনীয়। নঞ্‌তৎ। বিণ।

অভাবপক্ষে—কমপক্ষে, অন্ততঃ; অবিদ্যমানে, না থাকিলে। ক্রি-বিণ।

অভাবপূরণ—যাহা নাই তাহা দেওয়া; শূন্য বা পরি-ত্যক্ত স্থান পূরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অভাবমুক্ত—যাহার অভাব দূর হইয়াছে এরূপ। ৫মীতৎ। বিণ।

অভাবমোচন—অভাব ঘুচানো। ৫মীতৎ। বি; ক্লী।

অভাবিত—অচিন্তিত; অপ্রত্যাশিত। নঞ্‌তৎ। বিণ।

অভাবী (বিন্)—অভাবগ্রস্ত। অভাব+ইন্। বিণ।

অভাষণ—অকথন, চুপ থাকা, কথা না বলা। নঞ্‌তৎ। বি; ক্লী।

অভি—আভিমুখ্য, সম্মুখ ('—সার'); সমীপ, নিকট ('—মুখ'); চতুর্দিকে ('—বীক্ষণ'); সর্বতোভাবে ('—ব্যাপ্ত'); উৎকৃষ্ট ('—জাত'); নির্ভয় ('—মন্যু'); বিরুদ্ধ ('—শাপ'); নিকৃষ্ট ('—ভব'); বীপ্সা (অভীষ্ট); চিহ্ন ('—জ্ঞান'); অভিলাষ; সাদৃশ্য; পূজা; বিভিন্নতা; একীকরণ; বিশেষকরণ; ধর্ষণ। নঞ্—ভা+কি কর্তৃ। অ; উপসর্গ।

অভিক—কামুক, লম্পট। অভি—কম্+ড কর্তৃ। বিণ।

অভিকর্ষ—পৃথিবীর মধ্যবিন্দুর দিকে জড় পদার্থের আকর্ষণ, gravity. অভি—কৃষ্+ঘঞ্ ভাব। বি; পুং।

অভিকেন্দ্র—কেন্দ্রের অভিমুখে গমনকারী বা আকর্ষণকারী, কেন্দ্রাভিগ, centripetal. অভিগত কেন্দ্রকে, প্রাদি। বিণ।

অভিক্রম—যুদ্ধযাত্রা; আক্রমণ; আরোহণ; আরম্ভ; স্থানচ্যুতি, displacement. অভি—ক্রম্+ঘঞ্ ভাব। বি; পুং।

অভিক্রমণ, -ক্রান্তি—অভিক্রম (সকল অর্থে)। অভি—ক্রম্+অনট্, ক্তি ভাব। বি; ক্লী, স্ত্রী।

অভিক্ষেপ—অভিভব; আক্রমণ; বহির্গত অংশ, projection. অভি—ক্ষিপ্+ঘঞ্ ভাব, কর্ম। বি; পুং।

অভিখ্যা—১। নাম; প্রতিশব্দ। অভি—খ্যা+অঙ্ করণ+আপ্। **২।** খ্যাতি, উপাধি; শোভা; কীর্তি; আখ্যান; মাহাত্ম্য; প্রসিদ্ধি। অভি—খ্যা+অঙ্ ভাব, কর্ম+আপ্। বি; স্ত্রী।

অভিগত—নিকটবর্তী; সংগমরত, উপগত। অভি—গম্+ক্ত কর্তৃ। বিণ।

অভিগম—আশ্রয়; প্রত্যুদ্গমন; প্রাপ্তি; সেবা; সংগম। অভি—গম্+অপ্ অধি, ভাব। বি; পুং।

অভিগমন—১। আশ্রয়। অভি—গম্+অনট্ অধি। **২।** প্রত্যুদ্গমন; প্রাপ্তি; সেবা; সংগম। অভি—গম্+অনট্ ভাব। বি; ক্লী।

অভিগামী (-গামিন্)—প্রত্যুদ্গমনকারী; সংগমকারী; আশ্রয়কারী। উপগত; অভি—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী।**

অভিগ্রস্ত—আক্রান্ত; কবলীকৃত, যাহা গ্রাস করা হইয়াছে এমন; লুণ্ঠিত। অভি—গ্রস্+ক্ত কর্ম। বিণ।

অভিগ্রহ—আক্রমণ; লুণ্ঠন; স্পর্ধা; গৌরব; অভিযোগ; সাহস; বলপরীক্ষার্থ আহ্বান। অভি—গ্রহ্+অপ্ ভাব। বি; পুং।

অভিগ্রহণ—চৌর্য; লুণ্ঠন; যুদ্ধ করিয়া অধিকারকরণ। অভি—গ্রহ্+অনট্ ভাব। বি; ক্লী।

অভিঘাত—আঘাত; হত্যা; ঘর্ষণ; ক্ষয়; তাড়না; যাতনা; পীড়ন; প্রতিকার; শব্দাদির উপর ঝোঁকপ্রদান বা ঝোঁকপ্রদানের চিহ্ন। অভি—হন্+ঘঞ্ ভাব। বি; পুং।

অভিঘাতী (-ঘাতিন্)—**১।** শত্রু। বি; পুং। **২।** আঘাতকারী; নাশক; পীড়াকারক; প্রতিকারক। অভি—হন্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ঘাতিনী।**

অভিচর—ভৃত্য; হাসপাতালের পুরুষ নার্স। অভি—চর্+অচ্ কর্তৃ। বি; পুং।

অভিচার—অন্যের অনিষ্ট অভিসন্ধিতে তন্ত্রশাস্ত্রোক্ত প্রণালীতে অথর্ববেদোক্ত মন্ত্র ও যন্ত্রাদি দ্বারা মারণ মোহন স্তম্ভন বিদ্বেষণ উচ্চাটন বশীকরণ—এই ছয় প্রকার প্রক্রিয়া; পরহিংসা; উপপাতক বিঃ; শ্যেনযজ্ঞাদি দ্বারা প্রাণনাশকরণ। অভি—চর্+ঘঞ্ ভাব। বি; পুং।

অভিচারক, -চারী (-চারিন্)—অভিচারকারী। অভি—চর্+ণক, ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চারিকা, -চারিণী।**

অভিচারিক—জাদুকর; তন্ত্রোক্ত ছয়প্রকার হিংসাদি-ক্রিয়ায় নিপুণ। অভিচার+ইক (ঠন্) কুশলার্থে। বিণ। স্ত্রী, **-কা।**

অভিচারী—'অভিচারক' দ্রঃ।

অভিজন—১। বংশ; প্রসিদ্ধ বংশ; জন্মভূমি। অভি—জন্+ঘঞ্ অধি। **২।** খ্যাতি। অভি—জন্+ঘঞ্ করণ। **৩।** পূর্ববন্ধু; পিত্রাদি; কুলশ্রেষ্ঠ। অভি—জন্+অচ্ কর্তৃ। বি; পুং।

অভিজাত—সম্বংশজাত, কুলীন, aristocrat ('—পরিবার'); জ্ঞানী; যোগ্য; মনোহর, সুশ্রী; মধুর; উচিত; ভাগ্যবান্; স্বচ্ছ; বিশুদ্ধ; চতুর্দিকে জাত। অভি—জন্+ক্ত কর্তৃ। বিণ।

অভিজাত-তন্ত্র—উচ্চবংশজাত ব্যক্তিকর্তৃক রাজ্যশাসন, aristocracy. অভিজাতচালিত তন্ত্র, মধ্যপ। বি; ক্লী।

অভিজিৎ—১। (জ্যোতিষে) নক্ষত্র বিঃ, Vega; প্রায়শ্চিত্ত বিঃ। অভি—জি+ক্বিপ্ করণ। **২।** কুতপ বা কুতপ লগ্ন; দিবসকে পঞ্চদশ ভাগে বিভক্ত করিলে তাহার অষ্টম ভাগ বা মুহূর্ত। অভি—জি+ক্বিপ্ অধি। বি; ক্লী। **৩।** শত্রুজয়কারী। অভি—জি+ক্বিপ্ কর্তৃ। বিণ।

অভিজ্ঞ—বহুদর্শী ('— চিকিৎসক'); অনেক দেখিয়া শুনিয়া অথবা স্বহস্তে অনুষ্ঠান করিয়া যাহার জ্ঞান জন্মিয়াছে এরূপ, যে ঠেকিয়া শিখিয়াছে এরূপ; জ্ঞানবান্; নিপুণ; বিদ্বান্। অভি—জ্ঞা+ক কর্তৃ। বিণ।

অভিজ্ঞতা—অনেক দেখিয়া শুনিয়া যে জ্ঞান জন্মে সেই জ্ঞান, বহুদর্শিতা; নিপুণতা; পাণ্ডিত্য। অভিজ্ঞ+তা ভাবে। বি; স্ত্রী।

অভিজ্ঞা—১। প্রথমলব্ধজ্ঞান, আদ্যজ্ঞান; স্মৃতি। অভি—জ্ঞা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী। **২।** বহুদর্শিনী; নিপুণা; বিদুষী। অভিজ্ঞ+আপ্। বিণ; স্ত্রী।

অভিজ্ঞাত—সম্পূর্ণরূপে বিদিত; চিহ্ন দ্বারা জ্ঞাত; অনুসন্ধান দ্বারা জ্ঞাত। অভি—জ্ঞা+ক্ত কর্তৃ। বিণ।

অভিজ্ঞান—১। স্মরণের উদ্বোধক বস্তু, স্মারক চিহ্ন, পরিচায়ক বস্তু, token, symbol; জ্ঞানসাধন; রাগরাগিণীর পকড় বা পরিচায়ক স্বরসমষ্টি। অভি—জ্ঞা+অনট্ করণ। **২।** সম্যক্ জ্ঞান। অভি—জ্ঞা+অনট্ ভাব। বি; ক্লী।

অভিজ্ঞান-পত্র, -লিপি—পরিচায়কলিপি, certificate, identy card. অভিজ্ঞানসূচক পত্র, লিপি, মধ্যপ। বি; ক্লী, স্ত্রী।

অভিতপ্ত—দগ্ধ; দুঃখিত; শোকাদি দ্বারা পীড়িত; উদ্বিগ্ন। অভি—তপ্+ক্ত কর্তৃ। বিণ। বি, **-তাপ।**

অভিদ্যোতন, -দ্যোতনা—প্রকটন, অভিব্যক্তি। অভি—দ্যুৎ+অনট্, অন ভাব+আপ্ (২য় পক্ষে)। বি; ক্লী, স্ত্রী। বিণ, **-দ্যোতিত, -দ্যোতক।**

অভিধা—১। নাম, সংজ্ঞা। অভি—ধা+অঙ্ করণ+আপ্। **২।** যে শক্তি দ্বারা শব্দের কোষ-ব্যাকরণাদি প্রসিদ্ধ অর্থের বোধ হয় সেই শক্তি, শব্দের মুখ্যার্থের বোধক শক্তি (এই অভিধাশক্তি ব্যাকরণ, অভিধান, উপমান, আপ্তবাক্য, ব্যবহার ও সিদ্ধপদসান্নিধ্য দ্বারা প্রকাশিত হয়)। অভি—ধা+ক্বিপ্ কর্তৃ। **৩।** কথন। অভি—ধা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

অভিধান—১। শব্দকোষ, শব্দার্থ প্রকাশক গ্রন্থ,

dictionary. অভি—ধা+অনট্ অধি। ২। কথন। অভি—ধা+অনট্ ভাব। ৩। নাম; পরিচয়। অভি—ধা+অনট্ করণ। বি; ক্লী।

অভিধাবন—অনুসরণ; মৃগয়ার্থ পশ্চাদ্ধাবন; সম্মুখে গমন। অভি—ধাব্+অনট্ ভাব। বি; ক্লী।

অভিধেয়—১। নামধারী, বাচ্য, প্রতিপাদ্য; শব্দার্থ-বোধক; বর্ণনীয়। অভি—ধা+যৎ কর্ম। বিণ। ২। আখ্যা। অভি—ধা+যৎ করণ। ৩। শব্দের উচ্চারণ-মাত্র যে অর্থের প্রতীতি হয় তাহা; প্রতিপাদ্য বিষয়। অভি—ধা+যৎ কর্ম। বি; ক্লী।

অভিনন্দন—প্রশংসা দ্বারা সম্মানন; সানন্দে গুণ-কীর্তন; অভ্যর্থনা; সেবা; অনুমোদন; নিজে আনন্দিত হইয়া অন্যকে আনন্দিত করা; কোন বিষয়ে হর্ষপ্রদর্শন; অন্যের মঙ্গলদর্শনে আহ্লাদ-প্রকাশ; স্তব; স্বীকার। অভি—নন্দ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

অভিনন্দনপত্র—সম্মান জানাইবার জন্য প্রশংসাসূচক উপহার-লিপি, মানপত্র। অভিনন্দনসূচক পত্র, মধ্যপ। বি; ক্লী।

অভিনন্দিত—যাহাকে অভিনন্দনপত্র দেওয়া হইয়াছে এমন; সসন্তোষে প্রশংসিত; প্রশংসা দ্বারা সম্মানিত; গুণকীর্তনাদি দ্বারা যাহাকে প্রীত করা হইয়াছে এরূপ। অভি—নন্দ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

অভিনব—১। নূতন। অভি—নু+অপ্ কর্ম। বিণ। ২। স্তব। অভি—নু+অপ্ ভাব। বি; পুং।

অভিনয়—নাট্যোক্ত ব্যক্তিগণের বেশ ভাবভঙ্গী কথোপ-কথনাদির অনুকরণ, acting ; দৃশ্যকাব্য; কৃত্রিমবেশ ও শরীরচেষ্টাদি দ্বারা অন্যের অবস্থানুকরণ; শরীরসজ্জা; সং সাজা; প্রসাধন; সামাজিকতা; ভান। অভি—নী+অচ্ ভাব, অধি। বি; পুং।

অভিনিবিষ্ট—অত্যন্ত মনোযোগী; অন্তঃপ্রবিষ্ট; মধ্যগত; আগ্রহযুক্ত; শাস্ত্রাদিতে তন্ময়চিত্ত; নিপুণ। অভি—নি—বিশ্+ক্ত কর্তৃ। বিণ।

অভিনিবেশ—মনোনিবেশ; প্রণিধান; একাগ্রতা; সবি-শেষ যত্ন; শাস্ত্রাদিতে প্রবেশ; আগ্রহ; আবেশ; অনুরাগ; সংস্কার; দৃঢ়সংকল্প; (যোগশাস্ত্রমতে) মরণজন্য ভয়জনক অবিদ্যা বিঃ। অভি—নি—বিশ্+ঘঞ্ ভাব। বি; পুং।

অভিনিবেশশালী (-শালিন্)—অভিনিবিষ্ট, মনো-যোগী। উপতৎ; অভিনিবেশ—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শালিনী**।

অভিনিষ্ক্রমণ—বহির্গমন, প্রস্থান; দ্রুতবেগে নির্গম। অভি—নির্—ক্রম্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-নিষ্ক্রান্ত**।

অভিনীত—যাহার অভিনয় করা হইয়াছে এরূপ; অনুকৃত; সুসজ্জিত; ভূষিত; ন্যায্য। অভি—নী+ক্ত কর্ম। বিণ।

অভিনেতা (-নেতৃ)—নট, অভিনয়কর্তা, actor; সজ্জাকারী, সংওয়ালা। অভি—নী+তৃন্ কর্তৃ। বি; পুং। [নেতৃ+ঈপ্। বি; স্ত্রী।

অভিনেত্রী—অভিনয়কারিণী, actress; নটী। অভি-

অভিনেয়—অভিনয়-বিষয়ীভূত; যাহার অভিনয় করা উচিত বা করিতে হইবে এরূপ। অভি—নী+যৎ কর্ম। বিণ।

অভিন্ন—অপৃথক্, একীভূত; সমান; যুক্ত; অবিদারিত; অবিদলিত; অভগ্ন; দৃঢ়; একরূপ; অপরিবর্তিত। নঞ্তৎ। বিণ।

অভিন্নপরিবার—একান্নবর্তী পরিবার, joint family. কর্ম। বি; পুং।

অভিন্নহৃদয়—একাত্মা, সমপ্রাণ। বহু। বিণ।

অভিপন্ন—১। বিপন্ন; অপরাধী; নিকটে বা সম্মুখে আগত; স্বীকৃত; পলায়িত; মৃত; রক্ষিত, শরণা-গত; সরল। অভি—পদ্+ক্ত কর্তৃ। ২। অভিভূত, আক্রান্ত। অভি—পদ্+ক্ত কর্ম। বিণ।

অভিপ্রয়াণ—অভিমুখে প্রস্থান; দেশান্তর গমন, migration. অভি—প্র—যা+অনট্ ভাব। বি; ক্লী।

অভিপ্রায়—উদ্দেশ্য, মতলব, অভিসন্ধি, মনোভাব; প্রতিপাদ্য বিষয়, মর্ম, তাৎপর্য। অভি—প্র—ই+ঘঞ্ ভাব। বি; পুং।

অভিপ্রেত—১। বাঞ্ছিত, যে বিষয়ের অভিপ্রায় করা গিয়াছে এরূপ; উদ্দিষ্ট। অভি—প্র—ই+ক্ত কর্ম। বিণ। ২। অভিপ্রায়ের বিষয়। অভি—প্র—ই+ক্ত কর্ম। বি; ক্লী।

অভিবন্দন—প্রণাম; সম্যক্ আরাধনা, সম্মুখে বসিয়া পূজা করা। অভি—বন্দ্+অনট্ ভাব। বি: ক্লী।

অভিবর্ষণ—সর্বত্র বৃষ্টিপাত; প্রচুর বারিবর্ষণ। অভি—বৃষ্+অনট্ ভাব। বি; ক্লী।

অভিবাদক—অভিবাদনকারী; অপ্রিয়বক্তা। অভি—বাদি, বদ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিকা**।

অভিবাদন—নামোচ্চারণপূর্বক নমস্কার; পাদস্পর্শ-পূর্বক প্রণাম, বন্দনা; অভ্যর্থনা, অভিনন্দন। অভি—বাদি+অনট্ ভাব। বি; ক্লী।

অভিবাদ্য—যাহাকে অভিবাদন করা যায় এরূপ, অভি-বাদনযোগ্য। অভি—বাদি+যৎ কর্ম। বিণ।

অভিবাসন—একদেশ হইতে অন্যদেশে বসবাস, imigration. অভি—বস্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

অভিবাসী (-সিন্)—যে একদেশ হইতে অন্যদেশে বাস করিতে আসিয়াছে, imigrant. অভি—বস্+ণিন্ কর্তৃ। বি; পুং বা বিণ। স্ত্রী, **-বাসিনী**।

অভিব্যক্ত—প্রকাশিত; স্পষ্ট; সুপরিস্ফুট। অভি—বি—অন্জ্+ক্ত কর্ম-কর্তৃ। বিণ।

অভিব্যক্তি—প্রকাশ; সুপরিস্ফুটতা; ক্রমবিবর্তন, evolution. অভি—বি—অন্জ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

অভিব্যক্তিবাদ—ক্রমবিবর্তনবাদ, theory of evolution. অভিব্যক্তি বিষয়ক বাদ, মধ্যপ। বি; পুং।

অভিব্যঞ্জন—প্রকাশ; সুপ্রকাশ। অভি—বি—অন্জ্+অনট্ ভাব। বি; ক্লী।

অভিব্যাপ্ত—পরিব্যাপ্ত; সর্বতোভাবে বিস্তৃত, সর্বত্র বিদ্যমান। অভি—বি—আপ্+ক্ত কর্তৃ। বিণ।

অভিব্যাপ্তি—সর্বত্র বিদ্যমানতা, সর্বত্র বিস্তৃতি। অভি—বি—আপ্+ক্তি ভাব। বি; স্ত্রী।
অভিভব—পরাভব; তিরস্কার; অবমাননা; আকুলীভাব; ভাবাবেশ; বিহ্বলতা; আক্রমণ; অন্য কর্তৃক অভিযোগ; গর্বনাশ। অভি—ভূ+অপ্ ভাব। বি; পুং।
অভিভবনীয়—পরাজেয়, দমনযোগ্য। অভি—ভূ+অনীয় কর্ম। বিণ।
অভিভাব, -ভাবন—ভাবাবেশ; ভাবাবিষ্টকরণ, hypnotic suggestion. অভি—ভূ+ণিচ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।
অভিভাবক—নাবালক ইঃর তত্ত্বাবধায়ক; আশ্রয়দাতা; অভিভবকারী। অভি—ভূ+ণক কর্তৃ। বি; পং বা বিণ। স্ত্রী, **-ভাবিকা**।
অভিভাষণ—অনেকের সম্মুখে কথন; বক্তৃতা, address; আনুকূল্যে কথন; সম্বোধন। অভি—ভাষ্+অনট্ ভাব। বি; ক্লী।
অভিভূত—পরাভূত; আক্রান্ত; আবৃত; বিহ্বল; ভাবাবিষ্ট; আকুল; আয়ত্ত; অবশ; তিরস্কৃত; অজ্ঞান; হতমান। অভি—ভূ+ক্ত কর্ম। বিণ।
অভিভূতি—পরাভব; অবমাননা; বিহ্বলতা। অভি—ভূ+ক্তি ভাব। বি; স্ত্রী।
অভিমত—১। সম্মত; অনুমোদিত; মনোনীত ('— কর্ম'); অভিলষিত ('—ফল'); হৃদয়ংগম। অভি—মন্+ক্ত কর্ম। বিণ। **২**। বাসনা; উদ্দেশ্য, অভিপ্রায়; মত, opinion. অভি—মন্+ক্ত ভাব। বি; ক্লী।
অভিমন্যু—অর্জুন-সুভদ্রার পুত্র; রাধার স্বামী আয়ান ঘোষ। প্রাদি। বি; পুং।
অভিমান—অহংকার; প্রিয়জনের কোন ত্রুটিতে অল্প কারণেই দুঃখ ক্ষোভ অনাদর বা অপমানের বোধ; প্রতীতি; প্রেমপ্রার্থনা; প্রণয়; হিংসা; জ্ঞান। অভি—মন্ (বা মন্+ণিচ্)+ঘঞ্ ভাব। বি; পুং।
অভিমানী (-মানিন্)—সামান্য কারণে যাহার আত্মসম্মানে আঘাত লাগে এমন, touchy; অল্প ত্রুটিতেই যাহার দুঃখ বা অপমান বোধ হয় এরূপ; গর্বিত, অহংকারী। অভিমান+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-মানিনী**।
অভিমুখ—১। সম্মুখবর্তী; উদ্দেশে ধাবমান; উদ্যত; অনুকূল; সদয়; ঊর্ধ্বমুখ। অভিগত মুখকে, প্রাদি। বিণ। স্ত্রী, **-খী**। **২**। সম্মুখ; সমীপ; উদ্দেশ; দিক্। মুখের সমীপ, অব্যয়ী। বি; ক্লী।
অভিমুখী (-খিন্)—অভিমুখ (১ম অর্থে)। বিণ। স্ত্রী, **-খিনী**।
অভিমুখীন—সম্মুখস্থিত। অভিমুখ+ঈন (খ) ভবার্থে। বিণ।
অভিমুখে—দিকে, প্রতি, towards. মুখের অভি, অব্যয়ী। ক্রি-বিণ।
অভিযাচিত—প্রার্থিত। অভি—যাচ্+ক্ত কর্ম। বিণ।
অভিযান—অভিগমন; আক্রমণ; যুদ্ধযাত্রা; আবিষ্কারাদির উদ্দেশ্যে সদলবলে যাত্রা, expedition ('হিমালয় —'). অভি—যা+অনট্ ভাব। বি; ক্লী।
অভিযুক্ত—যাহার বিরুদ্ধে নালিশ করা হইয়াছে এমন, আসামী; শত্রুকর্তৃক অবরুদ্ধ; আক্রান্ত; আসক্ত; ভর্ৎসিত; কথিত; আবিষ্ট; ধ্যানাসক্ত; পরাক্রান্ত। অভি—যুজ্+ক্ত কর্ম, কর্তৃ। বিণ।
অভিযোক্তা (-যোক্তৃ)—অভিযোগকর্তা, বাদী, ফরিয়াদী; দোষারোপকারী; আক্রমণকারী; শত্রু। অভি—যুজ্+তৃন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-যোক্ত্রী**।
অভিযোগ—নালিশ; অপকারেচ্ছায় আক্রমণ; বধ; যুদ্ধার্থ আহ্বান; অভিনিবেশ; শপথ; ভর্ৎসনা; দোষারোপ; উদ্যোগ; নিবারণ; সম্বন্ধ; নায়িকার বশীকরণার্থ ইঙ্গিতাদি। অভি—যুজ্+ঘঞ্ ভাব। বি; পুং।
অভিযোগী (-যোগিন্)—বাদী। অভিযোগ+ইন্ আছে অর্থে। বি; পুং বা বিণ।
অভিযোগ্য—মকদ্দমা করিবার হেতুবিশিষ্ট; যাহার বিরুদ্ধে মামলা করা উচিত এমন, actionable. অভিযোগ+যৎ যোগ্যার্থে। বিণ।
অভিযোজন—কোন উদ্দেশ্য সাধনের বা অবস্থার উপযোগী করা, adaptation. অভি—যুজ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-যোজিত**।
অভিযোজ্য—যাহাকে কোন অবস্থার সহিত খাপ খাওয়াইয়া লওয়া যায় এমন, adaptable. অভি—যুজ্+ণিচ্+যৎ কর্ম। বিণ। বি, -তা।
অভিরত—অনুরক্ত; তুষ্ট; নিযুক্ত; মনোযোগী। অভি—রম্+ক্ত কর্তৃ। বিণ।
অভিরতি—আসক্তি; সুখ; আনন্দ; উদ্যোগ। অভি—রম্+ক্তি ভাব। বি; স্ত্রী।
অভিরাম—মনোহর; প্রিয়; তৃপ্তিদায়ক। অভি—রম্+ঘঞ্ অধি। বিণ।
অভিরুচি—ইচ্ছা, অভিলাষ; অনুরাগ; দীপ্তি; প্রিয় বস্তু বা বিষয়। অভি—রুচ্+কি ভাব, অধি। বি; স্ত্রী।
অভিরূপ—১। মনোহব; প্রিয়; অনুরূপ। অভিমত রূপ যাহার, বহু। **২**। বিদ্বান্; পণ্ডিত। অভি—রূপ্+ণিচ্+অচ্ কর্তৃ। বিণ।
অভিলষণীয়—বাঞ্ছনীয়। অভি—লষ্+অনীয় কর্ম। বিণ।
অভিলষিত—১। বাঞ্ছিত। অভি—লষ্+ক্ত কর্ম। বিণ। **২**। বাঞ্ছা। অভি—লষ্+ক্ত ভাব। বি; ক্লী।
অভিলাক্ষণিক—সদৃশ লক্ষণাত্মক, symptomatic. অভিলক্ষণ+ইক। বিণ।
অভিলাষ, -লাস—ইচ্ছা; অনুরাগ; স্পৃহা; লোভ। অভি—লষ্, লস্+ঘঞ্ ভাব। বি; পুং।
অভিলাষী (-লাষিন্)—ইচ্ছুক; লোভী। অভি—লষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ষিণী**।
অভিলাষুক—ইচ্ছুক; লোভী। অভি—লষ্+উকঞ্ কর্তৃ। বিণ।
অভিলাস—'অভিলাষ' দ্রঃ।

অভিলিখিত—লিখিত; ক্ষোদিত, inscribed. অভি—লিখ্+ক্ত কর্ম। বিণ।

অভিলেখন—পুস্তকের পৃষ্ঠায় সন্নিবেশন; খোদাই করা; inscription. অভি—লিখ্+অনট্ ভাব। বি; ক্লী।

অভিশংসক—অপরাধীর বিপক্ষে কার্যকারী সরকারী উকিল, Public Prosecutor. অভি—শন্স্+ণক কর্তৃ। বি; পুং।

অভিশংসন—আক্রোশ; মিথ্যা অপবাদ; কর্কশ-বাক্য-কথন; সরকারী কার্যে অন্যায় ও দুর্নীতির আশ্রয় গ্রহণের অভিযোগ, আইনতঃ অপরাধী বলিয়া অভিযোগ, impeachment. অভি—শন্স্+অনট্ ভাব। বি; ক্লী।

অভিশঙ্কা—ভ্রম; সর্বথা ভয়; সংশয়। অভি—শন্ক্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

অভিশঙ্কী (-শঙ্কিন্)—অভিশঙ্কাবিশিষ্ট, সংশয়-যুক্ত। অভিশঙ্কা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-শঙ্কিনী**।

অভিশপ্ত—অভিশাপপ্রাপ্ত, শাপগ্রস্ত; দুর্দশাগ্রস্ত ('— জীবন', '— পরিবার')। অভি—শপ্+ক্ত কর্ম। বিণ।

অভিশাপ, -শপন—অভিসম্পাত, শাপ; মিথ্যা দোষারোপ। অভি—শপ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

অভিশ্রুতি—উচ্চারণের পরিবর্তন বিঃ (যেমন—বানিয়া > বাইন্যা > বেনে), umlaut, vowel mutation অভি—শ্রু+ক্তি ভাব। বি; স্ত্রী।

অভিষিক্ত—স্নাত; বিধিপূর্বক পবিত্র জলাদি দ্বারা স্নাপিত· কৃতাভিষেক; যথাবিধি শক্তিমন্ত্রে দীক্ষিত; কোন পদে যথাবিধি প্রতিষ্ঠিত ('যৌবরাজ্যে —')। অভি—সিচ্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

অভিষেক—স্নান; যথাবিধি মন্ত্র উচ্চারণপূর্বক পবিত্র জলাদি দ্বারা স্নাপন; রাজার প্রথম সিংহাসনারোহণ-কালীন অনুষ্ঠান বিঃ, installation ; রাজ্যাধি-কারার্থ অভিসেচন; কর্মে নিয়োগ; বামাচারী শাক্ত-দিগের দীক্ষায় অধিকারলাভার্থ স্নান বিঃ; স্নাপন। অভি—সিচ্+ঘঞ্ ভাব। বি; পুং।

অভিষেচন—অভিষেক; যথাবিধি তীর্থজলাদি দ্বারা স্নান বা স্নাপন; কর্মে নিয়োগ। অভি—সিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

অভিষ্যন্দ, -স্যন্দ—অতিস্ফীততা; আধিক্য; অতিশয় উন্নতি; লোকাধিক্য; জলাদির ক্ষরণ; জলাদির প্রবাহ; চক্ষুরোগ বিঃ, পিঁচুটি পড়া। অভি—স্যন্দ্+ঘঞ্ ভাব, করণ (বিকল্পে ষত্ব)। বি; পুং।

অভিষ্যন্দী (-ন্দিন্), **-স্যন্দী** (-ন্দিন্)—ক্ষরণ-শীল; যাহার চক্ষু দিয়া জল বা শ্লেষ্মা নির্গত হইতেছে এরূপ; প্রবাহশীল; প্রস্রাবহুল; অতিরিক্ত। অভি—স্যন্দ+ণিন্ কর্তৃ (বিকল্পে ষত্ব)। বিণ। স্ত্রী, **-ন্দিনী**।

অভিসন্তাপ—১। মনস্তাপ, অতিশয় দুঃখ। অভি—সম্—তপ্+ঘঞ্ করণ। **২**। উত্তাপ; অভিশাপ। অভি—সম্—তপ্+ণিচ্+ঘঞ্ ভাব। বি; পুং।

অভিসন্ধান—উদ্দেশ; প্রবঞ্চনা; সমুদ্যোগ; অভি-সন্ধি। অভি—সম্—ধা+অনট্ ভাব। বি; ক্লী।

অভিসন্ধি—গুপ্ত অভিপ্রায়; মতলব; অভিপ্রায়; সম্ভাবনা; বঞ্চনা; সমুদ্যোগ; সন্ধি। অভি—সম্—ধা+কি ভাব। বি; পুং।

অভিসম্পাত—১। শাপ। অভি—সম্—পত্+ঘঞ্ করণ। **২**। সম্পূর্ণরূপে পতন। অভি—সম্—পত্+ঘঞ্ ভাব। **৩**। যুদ্ধ। অভি—সম্—পত্+ঘঞ্ অধি। বি; পুং।

অভিসরণ—অনুগমন; অভিসার। অভি—সৃ+অনট্ [ভাব। বি; ক্লী।

অভিসার—১। সম্ভোগাভিলাষে নায়ক বা নায়িকার সংকেতস্থানে গমন; যুদ্ধ। অভি—সৃ+ঘঞ্ ভাব। **২**। বল; সাধন। অভি—সৃ+ঘঞ্ করণ। **৩**। সহায়। অভিসার+অচ্ আছে অর্থে। বি; পুং। [প্রা কপ্র—**অভিসারই**—অভিসারে যায়। **অভিসারিব**—অভিসারে যাইবি বা পাঠাইবি। **অভিসারল**—অভিসারে গেল।]

অভিসারক—প্রণয়িনীর উদ্দেশে সংকেতস্থানগামী: অভিমুখে গমনকারী। অভি—সৃ+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-সারিকা**।

অভিসারিকা—প্রণয়ীর উদ্দেশে গৃহ হইতে সংকেত-স্থানে গমনকারিণী নারী। অভিসারক+আপ্ (অক-স্থানে ইক)। বি বা বিণ; স্ত্রী।

অভিসারিণী—অভিসারিকা; অভিমুখে গমনকারিণী। অভিসারিন্+ঈপ্। বিণ; স্ত্রী।

অভিসারী (-সারিন্)—কান্তার উদ্দেশে সংকেত-স্থানে গমনকারী; অভিমুখে গমনকারী; একবিন্দু-গামী, convergent. অভি—সৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-সারিণী**।

অভিস্যন্দ—'অভিষ্যন্দ' দ্রঃ।

অভিহত—আহত; তাড়িত; পরাজিত; বিনষ্ট; গুণিত। অভি—হন্+ক্ত কর্ম। বিণ।

অভিহিত—নামযুক্ত ('রাম নামে —'); কথিত; নির্দিষ্ট; উল্লিখিত। অভি—ধা+ক্ত কর্ম। বিণ। **অভিহিত মূল্য**—উপরে যে মূল্য লিখিত আছে তাহা, face value.

অভী—নির্ভয়। ন (নাই) ভী যাহার, বহু। বিণ।

অভীক—১। ইচ্ছুক; কামুক। অভি+কন্ কামুকার্থে নিপা। **২**। ক্রুর; নির্ভয়। ন (নাই) ভী যাহার, বহু (ক-আগম)। বিণ।

অভীপ্সা—পাইবার ইচ্ছা, কামনা। অভি—আপ্+সন ইচ্ছার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

অভীপ্সিত—অভিলষিত; অভীষ্ট, আকাঙ্ক্ষিত। অভি—আপ্+সন্ ইচ্ছার্থে+ক্ত কর্ম। বিণ।

অভীপ্সু—পাইতে ইচ্ছুক। অভি—আপ্+সন্ ইচ্ছার্থে+উ কর্তৃ। বিণ। বি, **-প্সা**।

অভীষ্ট—বাঞ্ছিত ('— বর'); প্রিয়। অভি—ইষ্+ক্ত কর্ম। বিণ।

অভীষ্টদেব, -দেবতা—উপাস্যদেবতা; দীক্ষাদাতা গুরু। কর্মধা। বি; পুং, স্ত্রী।

অভীষ্টপূরণ—আকাঙ্ক্ষিত বিষয়দান; বাঞ্ছিত ফল-লাভ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অভীষ্টপ্রদ—আকাঙ্ক্ষিত ফলদানকারী। উপতৎ; অভীষ্ট—প্র—দা+ক কর্তৃ। বিণ।
অভীষ্টলাভ—আকাঙ্ক্ষিত বিষয়প্রাপ্তি, বাঞ্ছিত ফল-প্রাপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অভীষ্টসিদ্ধি—বাঞ্ছাপূরণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অভুক্ত—উপবাসী; যাহা ভোগ বা ভোজন করা হয় নাই এরূপ; অতৃপ্ত। নঞ্‌তৎ। বিণ।
অভূত—যাহা হয় নাই এমন; অজাত; অবিদ্যমান; অনতীত। নঞ্‌তৎ। বিণ।
অভূতপূর্ব—যাহা পূর্বে হয় নাই এরূপ; যাহা পূর্বে ছিল না এরূপ; অভিনব। নঞ্‌তৎ। বিণ।
অভেদ—১। অভিন্ন, নির্বিশেষ। ন (নাই) ভেদ যাহার, যাহাতে, বা যাহা হইতে, বহু। বিণ। ২। অপার্থক্য; ঐক্য। নঞ্‌তৎ। বি; পুং।
অভেদজ্ঞান—১। একরূপ ভাবা, পৃথক্ মনে না করা। ৬ষ্ঠীতৎ বা নঞ্‌তৎ। বি; ক্লী। ২। ভেদজ্ঞানরহিত, সমদর্শী। ন (নাই) ভেদজ্ঞান যাহার, বহু। বিণ।
অভেদাত্মা (-ত্মন্)—একাত্মা, অভিন্নস্বরূপ; তুল্য-মনোভাবসম্পন্ন। অভেদ আত্মা যাহার, বহু। বিণ।
অভেদ্য—১। যাহা ভেদ করিতে পারা যায় না এরূপ। বিণ। ২। হীরক। নঞ্‌তৎ। বি; ক্লী।
অভেদ্যতা—ভেদ করিতে না পারার অবস্থা; অ-প্রবেশ্যতা, impenetrability. অভেদ্য+তা ভাবে। বি; স্ত্রী।
অভোক্তা (-ক্তৃ)—অভুক্ত, উপবাসী; যে ভোগ করে না এমন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -ক্ত্রী।
অভোগ্য—যাহা ভোগ করা যায় না বা উচিত নয় এমন, ভোগের অনুপযুক্ত। নঞ্‌তৎ। বিণ।
অভোজ্য—খাওয়ার অযোগ্য, অখাদ্য। নঞ্‌তৎ। বিণ।
অভ্যগ্র—১। সমীপবর্তী; অগ্রবর্তী; নূতন। অভিগত অগ্র যৎকর্তৃক, বহু। বিণ। ২। সমীপ। অগ্রের অভি, অব্যয়ী। বি; ক্লী।
অভ্যংগ—১। তৈল বা তৈলসদৃশ পদার্থ দ্বারা অঙ্গ-মর্দন, আভাং। অভি—অন্‌জ্+ঘঞ্ ভাব। ২। তৈলাদি; তিলকল্ক। অভি—অন্‌জ্+ঘঞ্ করণ। বি; পুং। [অনট্ ভাব, করণ। বি; ক্লী।
অভ্যঞ্জন—অভ্যংগ (সকল অর্থে)। অভি—অন্‌জ্+
অভ্যন্তর—১। মধ্য, ভিতর। বি; ক্লী। ২। অন্তর্গত। অভিগত অন্তরকে, প্রাদি। বিণ।
অভ্যন্তরীণ—অন্তর্বর্তী, ভিতরের ('— অবস্থা')। অভ্যন্তর+ঈন (খ) ভবাদ্যর্থে। বিণ।
অভ্যর্থন, -র্থনা—সংবর্ধনা; সমাগত নিমন্ত্রিত ব্যক্তিকে সম্মান-সহকারে গ্রহণ; প্রার্থনা; সম্ভাষণ। অভি—অর্থি+অনট্, অন ভাব+২য় পক্ষে আপ্। বি; ক্লী, স্ত্রী।
অভ্যর্থনা-সভা, -সমিতি—স্বাগতকারিণী সভা, অভ্যাগতদিগকে সাদরে গ্রহণ ও তাঁহাদের সৎকার করিবার নিমিত্ত সভা, reception committee. অভ্যর্থনাকারিণী সভা, সমিতি, মণ্ডপ। বি; স্ত্রী।
অভ্যর্থনীয়—সংবর্ধনীয়; প্রার্থনীয়; সম্ভাষণীয়। অভি—অর্থি+অনীয় কর্ম। বিণ।
অভ্যর্থিত—সংবর্ধিত, যাহাকে অভ্যর্থনা করা হইয়াছে এমন; প্রার্থিত; সম্ভাষিত। অভি—অর্থি+ক্ত কর্ম। বিণ।
অভ্যর্হিত—সম্মানিত, পূজিত; শ্রেষ্ঠ। অভি—অর্হ্+ক্ত কর্তৃ। বিণ। বি, -র্হণ, -র্হণা।
অভ্যস্ত—১। যাহা অভ্যাস করা হইয়াছে এরূপ, পুনঃ-পুনঃ কৃত, মুখস্থ ('— পাঠ'); (ব্যাক) দ্বিরুক্ত। অভি—অস্+ক্ত কর্ম। ২। কৃতাভ্যাস, কোন অবস্থা বা ক্রিয়া যে অভ্যাস দ্বারা আয়ত্ত করিয়াছে এরূপ, habituated. অভি—অস্+ক্ত ভাব+অ আছে অর্থে। বিণ।
অভ্যাগত—১। অতিথি; নিমন্ত্রিত গৃহাগত ব্যক্তি। বি; পুং। ২। সম্মুখাগত। অভি—আ—গম্+ক্ত কর্তৃ। বিণ।
অভ্যাগম, -গমন—১। নিকটে বা সম্মুখে আগমন; নাশ, মারণ; স্বীকার; ফলপ্রাপ্তি; অভ্যুত্থান। অভি—আ—গম্+অপ্, অনট্ ভাব। ২। যুদ্ধ। অভি—আ—গম্+অপ্, অনট্ অধি। বি; পুং, ক্লী।
অভ্যাস—১। বারবার করার জন্য স্বভাবে পরিণতি; পুনঃপুনঃ আবৃত্তি, মুখস্থ করিবার নিমিত্ত বারংবার উচ্চারণ ('পাঠাভ্যাস'); শিক্ষা; অভিজ্ঞতা; সুপরিচয়; ধ্যানাদিকরণ; শরক্ষেপণ; (গণিতে) গুণন; (ব্যাক) দ্বিত্ব, দ্বিরুক্তি। অভি—অস্+ঘঞ্ ভাব। ২। নিকট; (ব্যাক) দ্বিরুক্ত ধাতুর পূর্বভাগ। অভি—অস্+ঘঞ্ কর্ম। বি; পুং।
অভ্যাসী (-সিন্)—অভ্যাসকারী। অভি—অস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -সিনী।
অভ্যুত্থান—উদয় ('অধর্মের —'); উদ্যম; উন্নতি; সুখ্যাতি; প্রত্যুদ্গমন; প্রতিকূলে অস্ত্রধারণ; বিদ্রোহ ('গণ—')। অভি—উৎ—স্থা+অনট্ ভাব। বি; ক্লী।
অভ্যুত্থায়ী (-থায়িন্)—অভ্যুত্থানকারী। অভি—উৎ—স্থা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িনী।
অভ্যুত্থিত—উত্থিত; উদিত; প্রবৃত্ত; প্রজ্বলিত; অভ্যুদ্গত; প্রতিকূলে ধৃতাস্ত্র; বিদ্রোহী; সংবর্ধনার্থ আসন হইতে উত্থিত। অভি—উৎ—স্থা+ক্ত কর্তৃ। বিণ।
অভ্যুদয়—উত্থান; উন্নতি; মঙ্গল; চূড়াকরণাদি সংস্কারকার্য; উৎসব; ইষ্টলাভ; বৃদ্ধিশ্রাদ্ধ। অভি—উৎ—ই+অচ্ ভাব। বি; পুং।
অভ্যুদাহরণ—প্রতিকূলে দৃষ্টান্ত কথন, বিরুদ্ধ উদাহরণ। অভি—উৎ—আ—হৃ+অনট্ ভাব। বি; ক্লী।
অভ্যুদিত—উদিত; সর্বতোভাবে প্রকাশিত; উন্নত; মঙ্গলার্থ প্রবৃত্ত; যে ব্রহ্মচারী সূর্যোদয়ের পরেও নিদ্রিত থাকে এমন। অভি—উৎ—ই+ক্ত কর্তৃ। বিণ।
অভ্র—১। আকাশ। নঞ্—ভৃ+ক কর্তৃ। ২। মেঘ। অপ্—ভৃ+ক কর্তৃ। ৩। একধরনের নমনীয় স্তরযুক্ত খনিজ পদার্থ, mica. অভ্র+অচ্ কর্তৃ। বি; ক্লী।

অভ্রংলিহ—১। বায়ু। বি; পুং। ২। গগনস্পর্শী, অতি উচ্চ ('— প্রাসাদ')। উপতৎ; অভ্র—লিহ্+খ কর্তৃ। বিণ।

অভ্রক—অভ্র, mica. অভ্র+কন্ স্বার্থে। বি; ক্লী।

অভ্রভেদী (-ভেদিন্)—আকাশভেদকারী; খুব উঁচু ('— প্রাসাদ')। উপতৎ; অভ্র—ভিদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভেদিনী**।

অভ্রাতৃক—ভ্রাতৃহীন, যাহার ভাই নাই এমন। ন (নাই) ভ্রাতা যাহার, বহু+ক সমাসান্ত। বিণ।

অভ্রান্ত—নির্ভুল ('— সত্য'); যে ভুল করে নাই এমন। নঞ্‌তৎ। বিণ।

অমংগল—১। কল্যাণহীন। ন (নাই) মংগল যাহার, বহু। বিণ। ২। মংগলাভাব। নঞ্‌তৎ। বি; ক্লী।

অমংগলজনক—অকল্যাণকর; অনিষ্টকর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-জনিকা**।

অমংগলসূচক—অনিষ্টজ্ঞাপক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-সূচিকা**।

অমংগল্য—অমংগলজনক। নঞ্‌তৎ। বিণ।

অমত—১। অভাবিত; অসম্মত। বিণ। ২। অসম্মতি। নঞ্‌তৎ। বি; ক্লী।

অমতি—১। দুর্মতি। ন (অপ্রশস্ত) মতি যাহার, বহু। বিণ। ২। বুদ্ধিহীনতা; কুবুদ্ধি; অসম্মতি; অস্বীকৃতি; অনভিসন্ধি। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অমতে—অসম্মতিতে; ইচ্ছার বিরুদ্ধে; মত না লইয়া। ন (নাই) মত যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

অমৎসর—দ্বেষহীন, অসূয়াশূন্য। ন মৎসর, নঞ্‌তৎ। বিণ।

অমন—ঐপ্রকার; ঐরূপ। বাংপ্র। বিণ।

অমনই—ঠিক ঐরকম। বাংপ্র। বিণ।

অমনস্ক, অমনাঃ (-নস্)—অমনোযোগী; উদাসচিত্ত; নীচমনা; সংকীর্ণহৃদয়। ন (নাই, অর্থাৎ অপ্রকৃতিস্থ বা অপ্রশস্ত) মনঃ যাহার, বহু; বিকল্পে সমাসান্ত ক। বিণ।

অমনি—ঐপ্রকারই, ঠিক ঐ রকম; তৎক্ষণাৎ; শূন্য, অনাবৃত; উপকরণ ব্যতীত; অবলম্বনহীন; শুধু উহাতে; অনন্যসহায়ে; আহার না করিয়া; বিনা কারণে, শুধুশুধু; বিনা চেষ্টায়; বিনামূল্যে; নিঃসম্বলভাবে; কোন কিছু না ভাবিয়া; নির্বিচারে। বাংপ্র। বিণ, বা ক্রি-বিণ। **অমনি অমনি**—শুধুশুধু, অকারণ। **অমনি একরকম**—বড় ভালও নহে, বড় মন্দও নহে; মাঝামাঝি অবস্থায়; so so. **অমনি মুখে যাওয়া**—জলগ্রহণ না করিয়া শুধুমুখে চলিয়া যাওয়া।

অমনুষ্য—১। মনুষ্যভিন্ন প্রাণী; রাক্ষসাদি; কাপুরুষ; মনুষ্যোচিত-কর্তব্যহীন মনুষ্য। নঞ্‌তৎ। বি; পুং। ২। মানবহীন। ন (নাই) মনুষ্য যথায়, বহু। বিণ।

অমনুষ্যত্ব—মনুষ্যত্বহীনতা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অমনোনীত—অননুমোদিত; অসম্মত; অমনোজ্ঞ। নঞ্‌তৎ। বিণ। বি—**অমনোনয়ন**।

অমনোযোগ—মনোযোগের অভাব; মনোযোগ না থাকা। নঞ্‌তৎ। বি; পুং।

অমনোযোগী (-গিন্)—মনোযোগশূন্য, যাহার মনোযোগ নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-যোগিনী**।

অমন্ত্রক—মন্ত্রশূন্য; অদীক্ষিত। বহু। বিণ। স্ত্রী, **-ন্ত্রিকা**।

অমন্দ—১। ত্বরিত, দ্রুত। নঞ্‌তৎ। ২। মাঝারি রকমের। বাংপ্র। বিণ।

অমর—১। দেবতা। বি; পুং। ২। মৃত্যুহীন; চিরখ্যাতনামা ('—কবি'); চিরস্মরণীয় ('—কীর্তি'); অফুরন্ত; অব্যর্থ। নঞ্‌তৎ বা ন (নাই) মর (মৃত্যু) যাহার, বহু। বিণ।

অমরতরু—অমরদারু, পারিজাত মন্দার কল্পবৃক্ষ সন্তানবৃক্ষ ও হরিচন্দন—এই পঞ্চ দেবদারু। অমরপ্রিয় তরু, মধ্যপ। বি; পুং।

অমরতা, -অমরত্ব—দেবত্ব, দেবধর্ম; মৃত্যুঞ্জয়, অবিনশ্বরত্ব; কীর্তিস্থাপনাদি দ্বারা চিরস্থায়িত্ব। অমর +তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

অমরদারু—দেবদারু বৃক্ষ। অমরপ্রিয় দারু, মধ্যপ। বি; পুং।

অমরধাম (-মন্)—স্বর্গ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অমরনগর—স্বর্গ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অমরনাথ, -পতি—দেবরাজ, সুরপতি। অমরদিগের নাথ, পতি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অমরলোক—দেবাবাস, স্বর্গ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অমরা—১। ইন্দ্রপুরী; জরায়ু; নাড়িনাল; অপত্য প্রসবের পর নির্গত ফুল, placenta; খুঁটি। ন (নাই) মর (মৃত্যু) যাহা হইতে, বহু+আপ্। বি; স্ত্রী। ২। মরণরহিতা, অক্ষয়া। অমর+আপ্। বিণ; স্ত্রী। ৩। দেবলোক, ইন্দ্রপুরী। <অমরাবতী। বি।

অমরাত্মা (-ত্মন্)—১। চিরকীর্তিমান্; পরমধার্মিক। অমর আত্মা যাহার, বহু। বিণ। ২। চিরস্থায়ী আত্মা। অমর এমন আত্মা, কর্মধা। বি; পুং।

অমরাপতি—ইন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অমরাপুরী—অমরাবতী, দেবনগরী। অমরাই পুরী, কর্মধা। বি; স্ত্রী।

অমরাবতী—ইন্দ্রনগরী। অমর+মতুপ্ আছে অর্থে+ ঈপ্ (অ-কার দীর্ঘ হইয়াছে)। বি; স্ত্রী।

অমরালয়—স্বর্গ। অমরদিগের আলয়, ৬ষ্ঠীতৎ। বি। পুং।

অমরী—দেবনারী, দেবকন্যা ("অমরী আমরা দেব বরিনু তোমারে।"—মাইকেল)। অমর+ঈ। বি; স্ত্রী।

অমরেন্দ্র—ইন্দ্র; মহাদেব; বিষ্ণু। অমরমধ্যে ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি; পুং।

অমরেশ, -রেশ্বর—ইন্দ্র; দেবগণের অধিপতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অমর্ত—সুধা। <অমৃত। বি।

অমর্ত্য—১। দেবতা। বি; পুং। **২**। স্বর্গীয়; অতীব সুন্দর। নঞ্‌তৎ। বিণ।

অমর্যাদ—মর্যাদাহীন; অশিষ্ট; ধৃষ্ট; সীমালঙ্ঘনকারী। ন (নাই) মর্যাদা যাহার, বহু। বিণ।

অমর্যাদা—অনাদর, অসম্মান, অবমাননা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অমর্ষ—১। ক্রোধ; অসহিষ্ণুতা; অক্ষমা; (অলংকারশাস্ত্রে) সঞ্চারী বা ব্যভিচারী ভাব বিঃ। নঞ্—মৃষ্+ঘঞ্ ভাব। বি; পুং। **২**। ক্রোধী। ন (নাই) মর্ষ যাহার, বহু। বিণ।

অমর্ষণ—১। ক্রোধ; অক্ষমা; অসহিষ্ণুতা। নঞ্‌তৎ। বি; ক্লী। **২**। ক্রুদ্ধ; অসহিষ্ণু; যে ক্ষমা করিতে পারে না এরূপ; ক্রোধসংবরণে অক্ষম। ন (নাই) মর্ষণ যাহার, বহু। বিণ।

অমর্ষিত—অমর্ষযুক্ত; ক্রুদ্ধ; ক্ষমাশূন্য। অমর্ষ+ইত জাতার্থে। বিণ।

অমল—স্বচ্ছ; নির্মল; শুভ্র। ন (নাই) মল যাহাতে, বহু। বিণ।

অমলক—আমলকী; অধিত্যকাস্থিত বাসস্থান। অম—লা+ড কর্তৃ+কন্ স্বার্থে। বি; ক্লী।

অমলধবল—অতিশুভ্র, অতিশয় সাদা। অমল যাহা ধবলও তাহা, কর্মধা। বিণ।

অমলিন—শুদ্ধ; উজ্জ্বল; নির্দোষ; নিষ্কলঙ্ক। নঞ্‌তৎ। বিণ।

অমা—অমাবস্যা; চন্দ্রের অদৃশ্য ষোড়শ কলা; চন্দ্রমণ্ডলস্থ সূর্যকিরণ। নঞ্—মা+কিপ্ কর্ম। বি; স্ত্রী। [(ক-আগম)। বিণ।

অমাতৃক—মাতৃহীন। ন (নাই) মাতা যাহার, বহু

অমাত্য—মন্ত্রী; সহচর। অমা (সহ)+ত্যপ্ থাকে অর্থে। বি; পুং।

অমান, অমানন, অমাননা—অনাদর, অবজ্ঞা; তিরস্কার। নঞ্‌তৎ। বি; পুং, ক্লী, স্ত্রী।

অমানব—১। মনুষ্যভিন্ন জীব; কুৎসিত মানব। বি; পুং। **২**। অলৌকিক। নঞ্‌তৎ। **৩**। মনুষ্যহীন। ন (নাই) মানব যেখানে, বহু। বিণ।

অমানিশা—অমাবস্যার রাত্রি; দুঃখজনক অবস্থা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। অশুঃ প্রঃ—অমানিশি।

অমানী (-নিন্)—বিনয়ী, অহংকারশূন্য; আত্মশ্লাঘাশূন্য; অশ্রদ্ধেয়; নগণ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-নিনী**। বি, **-নিত্ব**।

অমানুষ—১। অলৌকিক, মনুষ্যত্ববর্জিত। বিণ। স্ত্রী, **-ষী**। **২**। মনুষ্যভিন্ন অন্য জীব; অসজ্জন। নঞ্‌তৎ। বি; পুং।

অমানুষিক—অলৌকিক; অসাধারণ; মনুষ্যের অযোগ্য বা অতীত; নিষ্ঠুর, পৈশাচিক ('—অত্যাচার')। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-কী**।

অমান্য—অপূজ্য; অনাদরণীয়; অশ্রদ্ধেয়; অবমাননীয়। নঞ্‌তৎ। বিণ। **অমান্য করা—**না মানা, উপেক্ষা করা; লঙ্ঘন করা।

অমাবসী, -বাসী—অমাবস্যা। অমা (সহ)—বস্+যৎ, ণ্যৎ অধি+ঈপ্। বি; স্ত্রী।

অমাবস্যা, -বাস্যা—কৃষ্ণপক্ষের শেষ তিথি, কৃষ্ণপঞ্চদশী। অমা (সহ)—বস্+যৎ, ণ্যৎ অধি+আপ্। বি; স্ত্রী। **অমাবস্যার চাঁদ—**অদর্শনীয় দ্রব্য, অতি দুর্লভ পদার্থ; অসম্ভব বস্তু।

অমায়া—সরলতা; মায়াহীনতা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অমায়িক—সরল; সরল-ব্যবহারকারী; সরলান্তঃকরণ; নিরহংকার; স্নেহশীল; ভদ্র। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-কী**। বি **-তা**।

অমারজনী—অমাবস্যার রাত্রি; দুঃখজনক অবস্থা। ৬ষ্ঠীতৎ। বি, স্ত্রী।

অমার্জিত—অপরিষ্কৃত; অশোধিত; অসংস্কৃত; অশিষ্ট; অসভ্য; গ্রাম্য; অনলংকৃত। নঞ্‌তৎ। বিণ।

অমিত—১। অপরিমিত; অসীম ('— বিক্রম')। নঞ্‌তৎ। **২**। রুগ্ণ; গত। অম্+ক্ত কর্তৃ। বিণ।

অমিততেজাঃ (-তেজস্)—অপরিমিতবলশালী, অতিতেজঃসম্পন্ন। অমিত তেজঃ যাহার, বহু। বিণ।

অমিতবল—১। অত্যন্ত সামর্থ্যশালী। বহু। বিণ। **২**। অপরিমিত সামর্থ্য, অত্যধিক শক্তি। অমিত এমন বল, কর্মধা। বি; ক্লী।

অমিতব্যয়—বেশী বাজে খরচ; আয়ের অনুপাতে অধিক খরচ। কর্মধা। বি; পুং।

অমিতব্যয়িতা—অতিরিক্ত ব্যয়শীলতা; অনুচিত ব্যয় করা। অমিতব্যয়িন্+তা ভাবে। বি; স্ত্রী।

অমিতব্যয়ী (-ব্যয়িন্)—অযথা অতিরিক্ত ব্যয়কারী, অপরিমিত ব্যয়শীল। অমিতব্যয়+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, **-ব্যয়িনী**।

অমিতভাষী (-ভাষিন্)—যে বড় বেশী কথা বলে এমন, যে অকারণে বকবক করে এমন, বাচাল। উপতৎ; অমিত—ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভাষিণী**।

অমিতাক্ষর—অমিত্রাক্ষর (তাহা দ্রঃ)।

অমিতাচার—১। পান-ভোজন-ভোগ-বিলাসাদিতে অসংযম; অযথা আচরণ। অমিত এমন আচার, কর্মধা। বি; পুং। **২**। অসংযত-ব্যবহারকারী। অমিত আচার যাহার, বহু। বিণ।

অমিতাচারী (-চারিন্)—আহার-বিহারে অসংযমী। উপতৎ; অমিত—আ—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চারিণী**।

অমিতাভ—সাবর্ণি মন্বন্তরের দ্বিতীয় শ্রেণীর ও বৈবত মন্বন্তরের প্রথম শ্রেণীর দেবতা; বুদ্ধদেব। অমিত আভা যাহার, বহু। বি; পুং।

অমিত্র—১। শত্রু। অম্+ইত্র কর্তৃ। বি, পুং। **২**। বন্ধুহীন। বহু। বিণ।

অমিত্রাক্ষর—যাহাতে চরণ দুইটির শেষ বর্ণের মিল থাকে না এবং ছেদ ও যতির বিযুক্তি ঘটে এরূপ ('— ছন্দঃ', blank verse)। অমিত্র (পরস্পরবৈসদৃশ) অক্ষর যাহাতে, বহু। বিণ।

অমিয়, **অমিয়া—১**। সুধা। বি। **২**। সুমিষ্ট; অমৃততুল্য। ৫অমৃত। বিণ।

অমিল—১। অসাদৃশ্য, পার্থক্য; বিরোধ; গরমিল। নঞ্তৎ (বাংপ্র)। বি। ২। দুর্লভ; অমূল্য (যাহা মিলে না অর্থাৎ পাওয়া যায় না এই অর্থে)। ন (নাই) মিল যাহার, বহু (বাংপ্র)। বিণ।

অমিশ্র—বিশুদ্ধ, খাঁটী; পৃথক্; (অঙ্ক) মিশ্র-ভিন্ন। নঞ্তৎ। বিণ।

অমিশ্ররাশি—অখণ্ড বা পূর্ণ সংখ্যা, whole number. অমিশ্র যে রাশি, কর্মধা। বি; পুং।

অমীমাংসিত—অনিষ্পাদিত; অবিচারিত, বিচারাধীন। নঞ্তৎ। বিণ।

অমুক—অনির্দিষ্টনামা বা উদ্দিষ্টনামা (কোন ব্যক্তি বা বস্তু), ঐ; সে; তিনি। অদস্+কন্ স্বার্থে, নিপা। সর্ব। স্ত্রী, -কী।

অমুক্ত—অপরিত্যক্ত; অমোক্ষপ্রাপ্ত ('—জীব')। নঞ্তৎ। বিণ।

অমুত্র—পরলোকে, পরত্র। অদস্+ত্রল্ ৭মী-স্থানে। অ।

অমূর্ত—১। মূর্তিশূন্য, অবয়বশূন্য ('—ভাব')। বিণ। ২। (ন্যায়) আকাশ কাল দিক্ আত্মা প্রঃ; (বেদান্ত) বায়ু, অন্তরীক্ষ; শিবের নামভেদ। নঞ্তৎ। বি; পুং।

অমূল—<অমূল্য। বিণ।

অমূল, অমূলক—আদিকারণশূন্য; ভিত্তিহীন, কল্পিত। ন (নাই) মূল যাহার, বহু, বিকল্পে ক-আগম। বিণ। স্ত্রী, -লা, -লিকা।

অমূল্য—মূল্য দিয়াও অপ্রাপ্য; যাহার মূল্য নিরূপণ করা যায় না এরূপ ('—ধন'); অধিকমূল্যতা হেতু ক্রয় করার অযোগ্য। ন (নাই) মূল্য যাহার, বহু। বিণ।

অমৃত—১। সুধা; পরব্রহ্ম; (প্রাণের হেতুভূত পদার্থ বলিয়া) জল; দুগ্ধ; ঘৃত; অন্ন; নবনীত; খাদ্য-বস্তু; পারদ; যজ্ঞশেষ দ্রব্য; স্বর্ণ; মোক্ষ; অযাচিত-লব্ধ বস্তু; ঔষধ; ভক্ষণীয় দ্রব্য; হৃদ্য বস্তু; স্বাদু দ্রব্য; পরমানন্দ; যোগ বিঃ; তীর্থ বিঃ; স্থায়ী কল্যাণ; অভীষ্ট বস্তু। ন (নাই) মৃত (মরণ) যাহা হইতে, বহু। বি; ক্লী। ২। স্বর্গ; ধন্বন্তরি; দেবতা ('অমৃতের সন্তান')। বি; পুং। ৩। মরণ-হীন; সুন্দর; অমৃততুল্য আনন্দজনক, প্রিয়। ন (নাই) মৃত (মৃত্যু) যাহার বা যাহা হইতে, বহু। বিণ।

অমৃতকল্প—সুধাসদৃশ। অমৃত+কল্প ঈষদূনার্থে। বিণ।

অমৃতকুণ্ড—অমৃতকূপ; সুধাকলস। ৬ষ্ঠীতৎ। বি; [পুং।

অমৃততরঙ্গিণী—জ্যোৎস্না; সুধাব নদী। অমৃত-তরংগ+ইন্ আছে অর্থে+ঈপ্ বা ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অমৃততুল্য—সুধাসদৃশ; সুমিষ্ট; অতিমধুর। অমৃত-সহ তুল্য, ৩য়াতৎ (বাং ৬ষ্ঠীতৎ)। বিণ।

অমৃতনিষ্যন্দী (-ন্দিন্)—সুধাস্রাবী, সুধাবর্ষী; অনবরত তৃপ্তিদায়ক। অমৃতনিষ্যন্দ (সুধাধারা) +ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -ন্দিনী।

অমৃতপ্রাশ—১। আয়ুর্বেদোক্ত ঔষধ বিঃ। অমৃত-সদৃশ প্রাশ, মধ্যপ। ২। অমৃতভোজন, অমৃতসেবন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অমৃতফল—আম; নাশপাতি; পেঁপে। অমৃততুল্য ফল, মধ্যপ। বি; ক্লী।

অমৃতবর্ষী (-বর্ষিন্)—সুধাবর্ষণকারী; সুমধুর। উপতৎ; অমৃত—বৃষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বর্ষিণী।

অমৃতবল্লী—গুড়ূচী, গুলঞ্চ। অমৃততুল্যা বল্লী, মধ্যপ। বি; স্ত্রী।

অমৃতভাষী (-ভাষিন্)—মধুরবাদী, যাহার কথা সুমধুর এমন। উপতৎ; অমৃত—ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ভাষিণী।

অমৃতমধুর—সুধাবৎ অতীব সুখকর। অমৃতবৎ মধুর, উপমান কর্মধা। বিণ।

অমৃতময়—সুধাপূর্ণ; অতিমিষ্ট। অমৃত+ময়ট্ পূর্ণার্থে। বিণ। স্ত্রী, -য়ী।

অমৃতযোগ—জ্যোতিষশাস্ত্র-প্রসিদ্ধ নক্ষত্র ও বার-বিশেষের যোগযুক্ত তিথি। অমৃততুল্য (শুভকর) যোগ, মধ্যপ। বি; পুং।

অমৃতরস—১। সুধা; সুধাতুল্য আস্বাদ। কর্মধা, বা অমৃততুল্য রস, মধ্যপ। বি; পুং। ২। সুধা-তুল্য স্বাদসম্পন্ন, অত্যন্ত মিষ্ট। অমৃততুল্য রস যাহার, বহু। বিণ। ৩। পরমাত্মা। বি; পুং।

অমৃতলোক—স্বর্গ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অমৃতসমান—সুধাতুল্য ("মহাভারতের কথা অমৃত-সমান"—কাশী)। ৬ষ্ঠীতৎ। বিণ।

অমৃতস্রাবী (-স্রাবিন্)—সুধাবর্ষণকারী, অমৃত-ক্ষরণকারী। অমৃত—স্রু+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -স্রাবিণী।

অমৃতায়মান—সুমধুর; অমৃত বলিয়া প্রতীয়মান বা উপলব্ধ। অমৃত+ক্যঙ্ (=অমৃতায় নামধাতু)+শানচ্ কর্তৃ। বিণ।

অমৃতি, -তী—বহু পাপড়িবিশিষ্ট একপ্রকার জিলাপী। অমৃত+ই, ঈ যুক্তার্থে (বাংপ্র)। বি; স্ত্রী।

অমৃতোপম—সুধাসদৃশ। অমৃত সহ উপমা যাহার, বহু। বিণ।

অমেধ্য—১। অপবিত্র; যজ্ঞের অযোগ্য। বিণ। ২। বিষ্ঠাদি অপবিত্র বস্তু; আস্তাকুঁড়ে পরিত্যক্ত খাদ্য। নঞ্তৎ। বি; ক্লী।

অমেয়—অপরিমেয়; শূন্য। নঞ্তৎ। বিণ।

অমেরুদণ্ডী (-দণ্ডিন্)—মেরুদণ্ডবিহীন, কশেরুকা-শূন্য, invertebrate ('—প্রাণী'). নঞ্তৎ। বিণ। স্ত্রী, -দণ্ডিনী।

অমোঘ—১। অব্যর্থ; নিশ্চিত, যাহা নিষ্ফল হয় না এমন; সার্থক। নঞ্তৎ। বিণ। ২। পরমেশ্বর; বিষ্ণু। বহু। বি; পুং।

অমোচনীয়, অমোচ্য—অপরিশোধনীয়; অপরিত্যাজ্য; দুরপনেয়। নঞ্তৎ। বিণ।

অম্নি—'অমনি' (তাহা দ্রঃ)।

অম্বর—আকাশ; বস্ত্র; কুঙ্কুম; কার্পাস; অভ্রক; ধূপাদির ন্যায় দাহ্য গন্ধদ্রব্য বিঃ, অম্বুরী, ambergris. অম্ব—রা+ক কর্তৃ। বি; ক্লী।
অম্বরী—অম্বর নামক গন্ধদ্রব্যের দ্বারা সুবাসিত (‘—তামাক’)। বাংপ্র। বিণ।
অম্বল—১। অম্লরসবিশিষ্ট; টক। বিণ। ২। অম্লরসবিশিষ্ট ব্যঞ্জন; অম্লরোগ। <অম্ল। বি।
অম্বলে—অম্লরসবিশিষ্ট; অজীর্ণতারোগগ্রস্ত। অম্বল+এ (<ইয়া) যুক্তার্থে (বাংপ্র)। বিণ।
অম্বষ্ঠ—মাহুত; ব্রাহ্মণ পুরুষ ও বৈশ্যা কন্যার মিলনে উৎপন্ন বৈদ্যজাতি। উপতৎ; অম্ব—স্থা+ক কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং।
অম্বা—মাতা; দুর্গা; কাশীরাজের জ্যেষ্ঠা কন্যা। অন্ব্+ঘঞ্ কর্ম+আপ্। বি; স্ত্রী।
অম্বালিকা—মাতা; দুর্গা; কাশীরাজের তৃতীয়া কন্যা, পাণ্ডুর মাতা। অম্বালা+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
অম্বিকা—মাতা; দুর্গা; কাশীরাজের দ্বিতীয়া কন্যা; দেবমাতা; অম্বষ্ঠা। অম্বা+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
অম্বিকানাথ, -পতি—শিব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অম্বু—জল। অন্ব্+উণ্ কর্তৃ, সংজ্ঞার্থে। বি; ক্লী।
অম্বুচর, -চারী (-চারিন্)—জলচর। উপতৎ; অম্বু—চর্+ট, ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চরী, -চারিণী।**
অম্বুজ—১। পদ্ম; বজ্র। বি; ক্লী। ২। চন্দ্র। বি; পুং। ৩। শঙ্খ। বি; পুং বা ক্লী। ৪। জলজাত। উপতৎ; অম্বু—জন্+ড কর্তৃ। বিণ।
অম্বুজা—লক্ষ্মী; পদ্মিনী। অম্বুজ+আপ্। বি; স্ত্রী।
অম্বুজাসন—ব্রহ্মা। অম্বুজ (পদ্ম) আসন যাঁহার, বহু। বি; পুং।
অম্বুজাসনা—লক্ষ্মী, পদ্মাসনা। অম্বুজ আসন যাঁহার, বহু+আপ্। বি; স্ত্রী।
অম্বুদ—১। মেঘ। বি; পুং। ২। জলদানকারী। উপতৎ; অম্বু—দা+ক কর্তৃ। বিণ।
অম্বুধর—মেঘ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অম্বুধি—সাগর; জলাধার; ৪ বা ৭ সংখ্যা। উপতৎ; অম্বু—ধা+কি অধি। বি; পুং।
অম্বুনাথ—সমুদ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অম্বুনিধি—সমুদ্র; ৪ বা ৭ সংখ্যা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অম্বুপতি—বরুণ; সমুদ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অম্বুবাচি, -বাচী—মিথুনরাশিস্থ সূর্যের আর্দ্রানক্ষত্র-প্রথমপাদ-ভোগকাল। অম্বু—বচ্+ণি কর্তৃ, ২য় পক্ষে+ঈপ্। বি; স্ত্রী।
অম্বুবাহ—১। মেঘ। বি; পুং। ২। বারিবহনকারী। উপতৎ; অম্বু—বহ্+অণ্ কর্তৃ। বিণ।
অম্বুবাহী (-বাহিন্)—জলবহনকারী; মেঘ। উপতৎ; অম্বু—বহ্+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-বাহিনী।**

অম্বুবিম্ব—জলবুদ্বুদ, জলবিম্ব ("কে না জানে অম্বুবিম্ব অম্বুমুখে সদ্যঃপাতী?"—মাইকেল)। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।
অম্বুরাশি—১। জলরাশি। ৬ষ্ঠীতৎ। ২। সমুদ্র। বহু। বি; পুং।
অম্বুরী—সুগন্ধ তামাক। <অম্বর। বি।
অম্ভঃ (অম্ভস্)—জল; লগ্নাদি হইতে চতুর্থ রাশি। অন্ভ্ (শব্দ করা)+অসুন্ কর্তৃ। বি; ক্লী।
অম্ভোজ—১। পদ্ম; নলখাগড়া; বেত। বি; ক্লী ২। চন্দ্র। বি; পুং। ৩। শঙ্খ। বি; পুং বা ক্লী। ৪। জলজাত। উপতৎ; অম্ভস্—জন্+ড কর্তৃ। বিণ।
অম্রাত, অম্রাতক—১। আমড়া গাছ। বি; পুং। ২। আমড়া ফল। অম্র—অত্+অণ্ কর্তৃ, সংজ্ঞার্থে; ২য় পক্ষে অম্রাত+কন্ স্বার্থে। বি; ক্লী।
অম্ল—১। রস বিঃ, টক; টক ব্যঞ্জন; চুকাপালং; অম্লরোগ। বি; পুং। ২। অম্লরসযুক্ত। বিণ। ৩। ঘোল। অম্+ল বা ক্ল করণ, সংজ্ঞার্থে। বি; ক্লী।
অম্লজান—বর্ণহীন অদৃশ্য বাষ্প বিঃ, oxygen. অম্লে জান (জন্ম) যাহার, বহু। বি।
অম্লতা—অম্লযুক্ত অবস্থা, অম্লধর্মী অবস্থা, acidity. অম্ল+তা ভাবে। বি; স্ত্রী।
অম্লপিত্ত—অম্বলের পীড়া, অম্ল ও পিত্তের আধিক্যজনিত বদহজমের অসুখ। অম্লদূষিত পিত্ত যাহাতে, বহু। বি; ক্লী।
অম্লমধুর—টক ও মিষ্ট, সামান্য টক ও অধিক মিষ্ট। অম্ল অথচ মধুর, কর্মধা। বিণ।
অম্লরস—১। অম্ল আস্বাদ, টক রস। কর্মধা। বি; পুং। ২। অম্লস্বাদবিশিষ্ট, টক। অম্ল রস যাহার বা যাহাতে, বহু। বিণ। [বিণ।
অম্লাক্ত—টক; অম্লযুক্ত। অম্ল দ্বারা অক্ত, ৩য়াতৎ।
অম্লান—অমলিন, বিমল; প্রফুল্ল; অবিষণ্ণ; অকুণ্ঠিত, দ্বিধাহীন। নঞ্তৎ। বিণ।
অম্লানবদনে, -মুখে—বিনা সংকোচে, প্রফুল্ল মুখে। ন (হয় নাই) ম্লান বদন, মুখ যাহাতে, বহু, এবৃপে। ক্রি-বিণ।
অম্লীকরণ—বিজ্ঞানসম্মত পন্থায় অম্লে পরিণতকরণ, acidification. অম্লী (অম্ল+চ্বি)—কৃ+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-কৃত।**
অম্লোদ্গার—অম্বল ঢেকুর, চোঁয়া ঢেকুর। অম্ল এমন উদ্গার, কর্মধা। বি; পুং।
অয়ঃ (অয়স্)—লৌহ; ইস্পাত; লৌহগঠিত বস্তু; (বৈদিকসংহিতায় সায়নাচার্যমতে) স্বর্ণ। ই+অসুন্ কর্ম। বি; ক্লী।
অযত্ন—১। যত্নের অভাব, অনাদর; অনায়াস। নঞ্তৎ। বি; পুং। ২। যত্নহীন। ন (নাই) যত্ন যাহার, বহু। বিণ।
অযত্নকৃত—বিনা চেষ্টায় সম্পন্ন, অযত্নসম্পন্ন, অনায়াসসম্পন্ন। নঞ্তৎ। বিণ।
অযত্নজাত—অযত্ন-সম্ভূত (তাহা দ্রঃ)।
অযত্নলব্ধ—অনায়াস-লব্ধ; যাহা বিনা চেষ্টায় পাওয়া গিয়াছে এমন। অযত্নদ্বারা লব্ধ, ৩য়াতৎ। বিণ।

অযত্নলভ্য—সহজে প্রাপ্য, অনায়াসলভ্য। ৩য়াতৎ। বিণ।

অযত্ন-সম্ভূত—বিনা যত্নে উৎপন্ন, বিনা চেষ্টায় জাত, স্বাভাবিক। নঞ্‌তৎ। বিণ।

অযথা—১। মিথ্যা, অমূলক ('— দুর্নাম'); অন্যায্য। অ; বিণ। ২। অনুপযুক্তরূপে, অন্যায়রূপে; মিছামিছি ('— তিরস্কার করা')। নঞ্‌তৎ। অ; ক্রি-বিণ। [নঞ্‌তৎ। বিণ।

অযথার্থ—অপ্রকৃত, অলীক, কৃত্রিম; অসংগত; মিথ্যা।

অয়ন—১। স্থান; যুদ্ধভূমি; বাসস্থান। ই বা অয়্+অনট্ অধি। ২। উপায়; পথ, শাস্ত্র। ই বা অয়্+অনট্ করণ। ৩। গতি; উদ্ভব; বিষুবরেখা হইতে সূর্যের উত্তরে অথবা দক্ষিণে গমন [অয়ন দুইটি—মাঘাদি ছয়মাস উত্তরায়ণ, এবং শ্রাবণাদি ছয়মাস দক্ষিণায়ন]। ই বা অয়্+অনট্ ভাব। ৪। আশ্রয়, বিশ্রামস্থান। ই বা অয়্+অনট্ কর্ম। বি; ক্লী।

অয়ন-মণ্ডল—রাশিচক্র ও রাশিচক্রস্থ সূর্যের দৃশ্যমান গমনপথ, zodiac. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অয়নাংশ—(প্রাচীন পণ্ডিতদিগের মতে) সূর্যের অয়নের (গতির) এক এক ভাগ [বিষুবরেখা হইতে উভয় দিকে সুমেরু ও কুমেরু পর্যন্ত ভূভাগ ১৮০ ভাগে বিভক্ত করা হয়, এইগুলি সূর্যের গতির এক একটি অংশ প্রকাশ করে বলিয়া অয়নাংশ নামে অভিহিত হয়]। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অয়নান্ত—সূর্যের দক্ষিণায়নের বা উত্তরায়ণের সমাপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অয়নান্তবৃত্ত—সূর্যের উত্তর-দক্ষিণ গতির সীমানিরূপক গোলাকার রেখা, Tropics [বিষুবরেখার উভয় পার্শ্বে ২৩°২৭′ অক্ষাংশ অন্তরে অপর যে দুই বৃত্তাকার রেখা কল্পিত হয়, সেই রেখাদ্বয় সূর্যের উত্তর ও দক্ষিণ দিকে গমনের সীমানিরূপক বলিয়া তাহাদের নাম অয়নান্তবৃত্ত হইয়াছে। ইহাদের মধ্যে উত্তরদিকের রেখাটিকে কর্কটক্রান্তি (Tropic of Cancer) এবং দক্ষিণদিকের রেখাটিকে মকরক্রান্তি (Tropic of Capricorn) বলে]। অয়নের অন্ত (শেষ), ৬ষ্ঠীতৎ; তৎপ্রকাশক বৃত্ত মধ্যপ। বি; ক্লী।

অযশঃ (-শস্), **-যশ**—অখ্যাতি, দুর্নাম। নঞ্‌তৎ। বি ক্লী।

অযশস্কর—অখ্যাতিজনক, অকীর্তিকর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-রী**।

অযশস্বী (-স্বিন্)—অপ্রসিদ্ধ, কীর্তিহীন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-স্বিনী**।

অয়স্কঙ্কন—লোহার বালা; হাতকড়া, hand cuff. মধ্যপ। বি; ক্লী।

অয়স্কান্ত—১। লৌহাকর্ষক মণি, চুম্বকপাথর, magnet, loadstone ৬ষ্ঠীতৎ। ২। কান্তিলৌহ। অয়ো-মধ্যে কান্ত, ৭মীতৎ। বি; পুং।

অযাচনীয়, -যাচ্য—অপ্রার্থনীয়, প্রার্থনার অযোগ্য। নঞ্‌তৎ। বিণ।

অযাচিত—১। অপ্রার্থিত, যাহা চাওয়া হয় নাই এমন ('— উপদেশ'); প্রার্থনা না করিয়া প্রাপ্ত; অনভ্যর্থিত। বিণ। ২। অপ্রার্থিত ভক্ষ্য দ্রব্য। নঞ্‌তৎ। বি; ক্লী।

অযাচিতভাবে—স্বতঃপ্রবৃত্ত হইয়া, না চাহিতেই। বহু। ক্রি-বিণ।

অযাজনীয়, অযাজ্য—যাজনপক্ষে শ্রুতি-স্মৃতিনিষিদ্ধ; জাতিচ্যুত, যাহার পৌরোহিত্য করা উচিত নহে এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অযাজ্যযাজন—নিষিদ্ধ যজ্ঞানুষ্ঠান; পতিতদিগের পৌরোহিত্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অযাজ্যযাজী (-যাজিন্)—যে অযাজ্যযাজন করে এরূপ, পতিতগণের পৌরোহিত্যকারী। উপতৎ; অযাজ্য—যজ্+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-জিনী**।

অযাত্রা—অপ্রশস্ত যাত্রা, অনিষ্ট বা অশুভ যাত্রা; অশুভক্ষণে গৃহ হইতে বহির্গমন; যাত্রা না করা; যাত্রাকালে দৃষ্ট অশুভচিহ্ন। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অয়ি, অয়ে—শ্রদ্ধা প্রীতি বা স্নেহসূচক সম্বোধন, কোমল সম্বোধন। অ।

অযুক্ত—অসংগত; স্বতন্ত্র; পৃথক্, যাহা জোড়া নয় বা হয় নাই এমন; যুক্তিবিরুদ্ধ; বিষয়াসক্তচিত্ততা হেতু কর্তব্যপালনে অনবহিত; অনিয়োজিত; যোগনিরত নয় এমন। নঞ্‌তৎ। বিণ।

অযুক্তি—কুপরামর্শ; বিয়োগ; অন্যায্যতা; অনুপযোগিতা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অযুগ্ম—বিষম, বিযোড় ('— সংখ্যা'); যাহা জোড়া নয় এমন; পৃথক্, স্বতন্ত্র। নঞ্‌তৎ। বিণ।

অযুত—১। দশসহস্র সংখ্যা। বি; ক্লী, বা বিণ। ২। অসংযুক্ত, সংযোগশূন্য। নঞ্‌তৎ। বিণ।

অয়েল—তৈল, তেল। ✓ইং 'oil'. বি।

অয়েলক্লথ—তেলা কাপড় বিঃ। ✓ইং 'oil-cloth'. বি।

অয়েল-পেইণ্টিং—তেলরঙে আঁকা ছবি। ✓ইং 'oil-painting'. বি।

অয়েল-পেপার—তেলা কাগজ বিঃ। ✓ইং 'oil-paper'. বি।

অযোগ—১। যোগাভাব; বিচ্ছেদ; অননুরাগ; যোগ্যতাভাব; অসম্ভাব্যতা; কঠিনোদ্যম; কষ্ট; কুযোগ। নঞ্‌তৎ। বি; পুং। ২। অসংলগ্ন, বিযুক্ত। বহু। বিণ।

অযোগবাহ—অনুস্বার-বিসর্গাদি বর্ণ। অযোগ (সূত্রে অনুল্লিখিত) অথচ বাহ (কর্মনিষ্পাদক), কর্মধা। বি; পুং। **অযোগবাহ বর্ণ**—ং ঃ।

অযোগ্য—অনুপযুক্ত, অনুপযোগী; অক্ষম, অকর্মণ্য; অনুচিত। নঞ্‌তৎ। বিণ।

অযোগ্যতা, -ত্ব—গুণহীনতা; অনুপযুক্ততা, অনুপযোগিতা। অযোগ্য+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

অযোদ্ধা (-দ্ধৃ)—অপটু যোদ্ধা। নঞ্‌তৎ। বি বা বিণ; পুং।

অযোধ্যা—১। অপরাজেয়া, দুর্ধর্ষা। বিণ; স্ত্রী।

২। প্রাচীন সূর্যবংশীয় রাজাদের রাজধানী; উত্তর-প্রদেশের একটি শহর। অযোধ্য+আপ্। বি; স্ত্রী।
অযোধ্যানাথ, -পতি—শ্রীরামচন্দ্র; অযোধ্যার রাজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অযোনি—১। অনাদিকরণ, অযোনিজ; আদিম, নিত্য; উৎপত্তিহীন। বিণ। ২। ব্রহ্মা; মহাদেব। বহু। বি; পুং।
অযোনিজ—১। যাহা যোনি হইতে উৎপন্ন হয় নাই এরূপ, অগর্ভজাত। বিণ। ২। ব্রহ্মা; শিব; পরমেশ্বর। নঞ্‌তৎ। বি; পুং।
অযোনিজা—১। সীতা; দ্রৌপদী; মনসা দেবী। নঞ্‌তৎ। বি; স্ত্রী। ২। অযোনিসম্ভূতা। অযোনিজ +আপ্। বিণ; স্ত্রী।
অযোনিসম্ভবা—১। সীতা; দ্রৌপদী; মনসা দেবী। নঞ্‌তৎ। বি; স্ত্রী। ২। অগর্ভজাতা। ন (হয় নাই) যোনি হইতে সম্ভব (জন্ম) যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী। পুং—**অযোনিসম্ভব**।
অযোনিসম্ভূত—অগর্ভজাত; অযোনিজ। নঞ্‌তৎ। বিণ।
অয়োময়—লৌহঘটিত; লৌহনির্মিত। অয়স্+ময়ট্ বিকারার্থে। বিণ। স্ত্রী, **-য়ী**।
অয়োমল—লৌহমল; লোহার মরিচা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অয়োমুখ—১। লৌহাগ্র বাণ। বি; পুং। ২। লৌহময় মুখ-বিশিষ্ট। বহু। বিণ।
অযৌক্তিক—যুক্তিবিরুদ্ধ; অসংগত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-কী**।
অযৌগিক—যাহা প্রকৃতিপ্রত্যয়যোগে সিদ্ধ নহে এমন, অব্যুৎপন্ন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-কী**।
অর—১। চাকার পাখি, spoke: ব্যাসার্ধ, radius. ঋ+অপ্ করণ। বি; ক্লী। ২। শীঘ্রগামী; ক্ষিপ্রতা-গুণবিশিষ্ট। ঋ+অচ্ কর্তৃ। বিণ। ৩। শীঘ্র। ক্রি-বিণ।
অরক্ষণীয়—যাহাকে রক্ষা করা যায় না বা উচিত নয় এরূপ। নঞ্‌তৎ। বিণ।
অরক্ষণীয়া—যে কন্যার বিবাহ না দিয়া আর রাখা উচিত নয় এরূপ। নঞ্‌তৎ। বি বা বিণ; স্ত্রী।
অরক্ষিত—যাহা রক্ষিত নয় এরূপ, যাহার রক্ষণাবেক্ষণ করা হয় নাই এরূপ; অসঞ্চিত; অপালিত ('—নিয়ম')। নঞ্‌তৎ। বিণ।
অরক্ষিতা (-তৃ)—অরক্ষক, অপালক। নঞ্‌তৎ। বি; পুং. বা বিণ। স্ত্রী, **-ত্রী**।
অরক্ষ্য—রক্ষণের অযোগ্য। নঞ্‌তৎ। বিণ।
অরগুণ—অমঙ্গল-হরণের গুণ। <হরগুণ। বি। **অরগুণ নাই বরগুণ আছে**—অমংগল দূর করিবার ক্ষমতা না থাকিলেও তাহা সৃষ্টি করিবার ক্ষমতা আছে।
অরঘট্ট—কুয়া হইতে জল তুলিবার যন্ত্র। অর (শীঘ্র) —ঘট্ট+অচ্ কর্ম। বি; পুং।
অরজাঃ (-জস্) (>-রজা)—১। অনার্তবা বালিকা। বি; স্ত্রী। ২। রজোগুণকার্যহীন—অর্থাৎ কামক্রোধাদিরহিত; রজোহীন; নির্মল। ন (নাই) রজঃ যাহার বা যেখানে, বহু। বিণ; পুং বা স্ত্রী। ক্লী—**অরজঃ**।
অরণি—১। অগ্নিমন্থনকাষ্ঠ। বি; পুং বা স্ত্রী। ২। চকমকি পাথর, flint; সূর্য; অগ্নি। ঋ+অনি কর্তৃ। বি; পুং। ৩। পথ। ঋ+অনি করণ। বি; স্ত্রী।
অরণী—অগ্ন্যুৎপাদক কাষ্ঠ। ঋ+অনি কর্তৃ+ঈপ্। বি, স্ত্রী।
অরণ্য—১। বন। ঋ+অন্য অধি। বি; ক্লী। **অরণ্যে রোদন**—হৃদয়হীনের নিকট দুঃখজ্ঞাপন, নিষ্ফল ক্রন্দন। ২। শংকরাচার্যপন্থী পরিব্রাজক ব্রহ্মচারীদের দশটি উপাধির একতম। ঋ+অন্য কর্তৃ। বি; পুং। ৩। অরণ্যষষ্ঠী। কপ্র। বি।
অরণ্যচর, -চারী (-চারিন্)—বনবিহারী, বনে ভ্রমণ-কারী। উপতৎ; অরণ্য—চর্+ট, ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চরী, -চারিণী**।
অরণ্যবাসী (-বাসিন্)—বনবাসী। উপতৎ; অরণ্য—বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাসিনী**।
অরণ্যষষ্ঠী—জ্যৈষ্ঠ মাসের শুক্লা ষষ্ঠী, বাটাষষ্ঠী; জামাইষষ্ঠী। অরণ্যপূজ্যা ষষ্ঠী, মধ্যপ। বি; স্ত্রী।
অরণ্যানী—মহাবন, বৃহৎ বন। অরণ্য+আনীপ্ মহদর্থে। বি; স্ত্রী।
অরত—অনাসক্ত, apathetic; অসন্তুষ্ট। নঞ্‌তৎ। বিণ।
অরতি—১। বিরক্তি, প্রীতিহীনতা; উৎসাহহীনতা, জড়তা; দুঃখ, ক্লেশ; ঔৎসুক্য; উদ্বেগ। নঞ্‌তৎ। বি; স্ত্রী। ২। ক্রোধ। ঋ+অতি ভাব। বি; পুং। ৩। আসক্তিহীন; নিরুৎসাহ; প্রীতিরহিত। বহু। বিণ।
অরত্নি—কনুই; মুষ্টিবদ্ধ হস্তের কনিষ্ঠা বিস্তৃত করিলে কনুই হইতে কনিষ্ঠা অংগুলি পর্যন্ত যে পরিমাপ হয় তাহা। ন বত্নি (বদ্ধমুষ্টি কর) যাহাতে, বহু। বি; পুং।
অরন্ধন—১। পাকাভাব, রন্ধন না করা। নঞ্‌তৎ। ২। ভাদ্রসংক্রান্তির দিনে পূর্বদিবসে রন্ধন-করা খাদ্য-গ্রহণরূপ পর্ব বিঃ, 'আরন্ধ'। ন (নাই) রন্ধন যাহাতে, বহু। বি; ক্লী।
অরব—১। শব্দহীনতা। নঞ্‌তৎ। বি; পুং। ২। নিঃশব্দ, মূক। বহু। বিণ। ক্রি-বিণ—**অরবে** ("বসিছে 'অরবে' শাখে পাখী"—মাইকেল)।
অরবিন্দ—পদ্ম; নীলপদ্ম; রক্তোৎপল; লালপদ্ম। **অর**—বিদ্+শ কর্তৃ। বি; ক্লী।
অররু—১। শত্রু ("কে আছে সীতার আর এ 'অররু'-পুরে?"—মাইকেল); অস্ত্র বিঃ। বি; পুং। ২। হিংস্র; গমনশীল। ঋ+অরু কর্তৃ। বিণ।
অরসজ্ঞ—অরসিক, রসবোধশূন্য। নঞ্‌তৎ। বিণ।
অরসিক—অরসজ্ঞ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-সিকা**। **অরসিকেষু রসস্য নিবেদনম্**—অরসজ্ঞ ব্যক্তির নিকট রসের কথা বলা, রসবোধহীন লোককে সাহিত্যরস অনুভব করাইবার চেষ্টা।
অরহর—অড়হর ডাল। বাংপ্র। বি।

অরাজক—১। রাজশূন্য, যেখানে রাজা নাই এরূপ; যেখানে প্রকৃত রাজশাসন না থাকায় যে যাহা ইচ্ছা তাহাই করে এরূপ ('— দেশ')। ন (নাই) রাজা যেখানে, বহু (ক-আগম)। বিণ। স্ত্রী, -জিকা। ২। অরাজকতা, রাজশক্তির অভাবে বিশৃঙ্খলা। বাংপ্র। বি।

অরাজকতা—রাজ্যমধ্যে রাজশাসনের অভাবজনিত বিশৃঙ্খলা। অরাজক+তা ভাবে। বি; স্ত্রী।

অরাতি—শত্রু। ন—রা+ক্তিচ্ কর্তৃ। বি; পুং।

অরাতিদমন—অরিন্দম, শত্রুদমনকারী। অরাতির দমন (দমনকারী), ৬ষ্ঠীতৎ। বিণ।

অরাবণ—রাবণশূন্য; যেখানে লঙ্কেশ্বর রাবণ নাই এমন। ন (নাই) রাবণ যেখানে, বহু। বিণ।

অরাম—শ্রীরামচন্দ্রশূন্য ("অরাবণ বা অরাম হবে ভব আজি"—মাইকেল)। বহু। বিণ।

অরি—শত্রু; চক্র; কামাদি ছয় রিপু। ঋ+ইন্ কর্তৃ। বি; পুং।

অরিত্র—হাল; দাঁড়; গমনসাধন বাহনাদি; রথাদির চক্র। ঋ+ইত্র করণ। বি; ক্লী।

অরিন্দম—শত্রুদমনকারী। উপতৎ; অরি—দম্+খ কর্তৃ। বিণ।

অরিষ্ট—১। আঁতুড়ঘর; অন্তঃপুর; শুভ বা অশুভ অদৃষ্ট; ঘোল; মদ্য; মৃত্যুচিহ্ন; আয়ুর্বেদীয় ঔষধ বিঃ। নঞ্‌তৎ। বি; ক্লী। ২। নিপুণ; অক্ষত; অমর; মৃত্যুহীন; মনোযোগী। ন (নাই) রিষ্ট যাহার, বহু। বিণ।

অরুচি—১। অপ্রীতি; অপ্রবৃত্তি; বিরাগ; অশ্রদ্ধা; রুচির অভাব; আহারে অপ্রবৃত্তি ('অন্নেতে —'); সকল দ্রব্যেই বিতৃষ্ণা। নঞ্‌তৎ। বি; স্ত্রী। ২। আহারে অপ্রবৃত্তিরূপ রোগ বিঃ। ন (নাই) রুচি যাহাতে, বহু। বি; পুং। ৩। ইচ্ছাধীন; দীপ্তিহীন; বিতৃষ্ণাহেতু পরিত্যক্ত ('যমের —')। ন (নাই) রুচি যাহার, বহু। বিণ।

অরুচিকর—অপ্রবৃত্তিজনক; অসন্তোষজনক। উপতৎ; অরুচি—কৃ+ট কর্তৃ। বিণ।

অরুচির—অসুন্দর; বিরক্তিকর। নঞ্‌তৎ। বিণ।

অরুণ—১। নবোদিত সূর্য; সূর্যসারথি; কৃষ্ণ-লোহিতবর্ণ; কপিলবর্ণ; সূর্যোদয়ের পূর্বে পূর্বাকাশে প্রকাশমান রক্তিমা; সন্ধ্যারাগ। বি; পুং। ২। কপিলবর্ণ; রক্তবর্ণযুক্ত। বিণ। ৩। কুঙ্কুম; সিন্দূর। ঋ+উনন্ কর্তৃ। বি; ক্লী।

অরুণলোচন—১। রক্তনেত্র। বিণ। ২। রক্তবর্ণ নেত্র। কর্মধা। বি; ক্লী।

অরুণসারথি—সূর্য। বহু। বি; পুং।

অরুণা—১। গরুড় ও সূর্যসারথির ভগিনী। অরুণ +অচ্ আছে অর্থে+আপ্। বি; স্ত্রী। ২। লোহিতবর্ণা। অরুণ+আপ্। বিণ; স্ত্রী।

অরুণাভ—লোহিত, রক্তিম। অরুণ (২) আভা যাহার, বহু। বিণ।

অরুণিত—অরুণীকৃত, রক্তবর্ণপ্রাপ্ত। অরুণ+ইতচ্ জাতার্থে। বিণ।

অরুণিম—রক্তাভ। প্রা কপ্র। বিণ।

অরুণিমা (-মন্)—রক্তিমা; গোলাপী আভা। অরুণ +ইমন্ ভাবে। বি; পুং।

অরুণোদয়—সূর্যোদয়ের প্রাক্কাল, সূর্যোদয়ের পূর্ব-বর্তী দুই মুহূর্ত অর্থাৎ ৪ দণ্ড কাল; অভ্যুদয়। অরুণের উদয় যখন, বহু। বি; পুং।

অরুন্তুদ—মর্মপীড়াদায়ক; ক্লেশদায়ক; শ্রুতিকটু। অরুস্—তুদ্+খশ্ কর্তৃ। বিণ।

অরুন্ধতী—বশিষ্ঠ ঋষির পত্নী; দক্ষ প্রজাপতির কন্যা। নঞ্—রুধ্+শতৃ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

অরূপ—রূপহীন, আকৃতিশূন্য ('— রতন'); কুৎসিত, বিসদৃশ। বহু। বিণ।

অরূপরাশি—করণী, যাহার বর্গমূল ঘনমূল প্রঃ ঠিক বাহির হয় না এরূপ রাশি, surds (যেমন— $\sqrt{6}$ $\sqrt{7}$). কর্মধা। বি; পুং।

অরে—ক্রোধজ্ঞাপক বা অবজ্ঞাসূচক সম্বোধন; অনিষ্ট বা নিন্দা-প্রকাশক শব্দ। অ।

অরেরে—নীচ-সম্বোধন; সক্রোধ আহ্বান ("অরেরে অরে দক্ষ, দেরে সতীরে।"—ভারত)। দ্বিরুক্ত 'অরে' শব্দের দ্রুত উচ্চারিত রূপ। অ।

অরোগী (-গিন্)—স্বাস্থ্যবান্, নীরোগ। নঞ্‌তৎ। বিণ।

অরোচক—অরুচিজনক, অপ্রীতিকর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -চিকা।

অর্ক—১। সূর্য; রবিবার; স্ফটিকমণি; কিরণ; আকন্দগাছ; তাম্র। অর্ক+অচ্ কর্তৃ। ২। ইন্দ্র; পণ্ডিত; কবি; বিষ্ণু; জ্যেষ্ঠভ্রাতা; সর্বদর্শী। অর্চ্+ঘঞ্ কর্ম। বি; পুং।

অর্কপত্র—১। আকন্দগাছ। অর্কবৎ (তীক্ষ্ণ) পত্র যাহার, বহু। বি; পুং। ২। আকন্দের পাতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অর্কপাদপ, -বৃক্ষ—নিমগাছ। মধ্যপ। বি; পুং।

অর্কব্রত—১। মাঘ মাসের শুক্লা সপ্তমী প্রঃ তিথিতে করণীয় সূর্যারাধনারূপ ব্রত। অর্কোদ্দিষ্ট ব্রত, মধ্যপ। ২। প্রজাদিগের মঙ্গলের জন্য কর-আদায়-রূপ রাজাদিগের কর্তব্য কর্ম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অর্কিড—একপ্রকার সুদৃশ্য পুষ্প। <ইং 'orchid' বি।

অর্গল, অর্গলা—খিল, হুড়কা; গোঁজ; প্রতিবন্ধক। অর্জ্+কলচ্ করণ; ২য় পক্ষে অর্গল+আপ্। বি; ক্লী, স্ত্রী।

অর্গলিকা, অর্গলী—ক্ষুদ্র অর্গল, ছোট হুড়কা। অর্গলী+কন্ স্বার্থে+আপ্; অর্গল+ঈপ্ ক্ষুদ্রার্থে। বি; স্ত্রী।

অর্গলিত—অর্গলযুক্ত, খিল-দেওয়া। অর্গল+ইত যুক্তার্থে। বিণ।

অর্গান—বাদ্যযন্ত্র বিঃ। <ইং 'organ'. বি।

অর্ঘ—১। মূল্য; পূজার উপকরণ। অর্ঘ্+ঘঞ্ করণ। ২। পূজা; পূজাবিধি। অর্হ্+ঘঞ্ করণ। বি; পুং।

অর্ঘ্য—১। পূজার সামগ্রী; পূজ্য ব্যক্তিকে সংবর্ধনায়

জন্য মাল্যাদি উপহার। অর্ঘ+যৎ যোগ্যার্থে। বি; ক্লী (যজুর্বেদমতে পুং)। ২। অর্ঘদানযোগ্য, পূজ্য। অর্ঘ+যৎ অর্হার্থে। বিণ। স্ত্রী—**অর্ঘ্যা।**

অর্চক—পূজক, পূজাকারী। অর্চ্+ণক কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-র্চিকা।**

অর্চন—পূজা। অর্চ্+অনট্ ভাব। বি; ক্লী।

অর্চনা—পূজা। অর্চ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।

অর্চনীয়—পূজনীয়। অর্চ্+অনীয় কর্ম। বিণ।

অর্চা—পূজা। অর্চ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

অর্চি, অর্চিঃ (অর্চিস্)—জ্বালা, অগ্নিশিখা; তেজ; কিরণ। অর্চ্+ইন্, ইস্ ভাব, কর্তৃ। বি; স্ত্রী; ক্লী।

অর্চিত—পূজিত; মান্য; দীপ্ত। অর্চ্+ক্ত কর্ম। বিণ।

অর্চিষ্মান্ (-ষ্মৎ)—১। সূর্য; অগ্নি। বি; পুং। ২। তেজস্বী; প্রজ্বলিত। অর্চিস্+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-ষ্মতী।**

অর্চ্য—পূজ্য, আরাধ্য। অর্চ্+ণ্যৎ কর্ম। বিণ। স্ত্রী—**অর্চ্যা।**

অর্জক—অর্জনকারী, রোজগারী। অর্জ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**অর্জিকা।**

অর্জন—উপার্জন, আয়; চেষ্টা দ্বারা লাভ। অর্জ্+অনট্ ভাব। বি; ক্লী।

অর্জয়িতা (-য়িতৃ)—অর্জক, উপার্জনকারী। অর্জ্+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িত্রী।**

অর্জিত—উপার্জিত, লব্ধ। অর্জ্+ক্ত কর্ম। বিণ।

অর্জুন—১। তৃতীয় পাণ্ডব; অর্জুন গাছ। বি; পুং। ২। শ্বেতবর্ণবিশিষ্ট। বিণ। ৩। চোখের অর্জুনরোগ। অর্জ্+উনন্ কর্তৃ। বি; ক্লী।

অর্ডার—ফরমাশ; হুকুম। <ইং 'order'. বি।

অর্ডারী—ফরমাশী, ফরমাশ অনুসারে তৈয়ারী ('—জামা')। ইং-মু। বিণ।

অর্ণব—১। জলধি, সমুদ্র। বি; পুং। ২। জলযুক্ত। অর্ণস্ (জল)+ব আছে অর্থে (স-লোপ)। বিণ।

অর্ণবতরণি, -তরণী, -তরি, -তরী—জাহাজ। অর্ণবগামিনী তরণি, তরণী, তরি, তরী, মধ্যপ। বি; স্ত্রী। [স্ত্রী।

অর্ণবনেমি—পৃথিবী; সিন্ধুপ্রান্ত। ৬ষ্ঠীতৎ। বি;

অর্ণবপোত—সমুদ্রযান, জাহাজ। অর্ণবগামী পোত, মধ্যপ। বি; পুং।

অর্ণবযান—সমুদ্রপোত, জাহাজ। অর্ণবগামী যান, মধ্যপ। বি; ক্লী।

অর্থ—১। ধন, ঐশ্বর্য; ঐহিকধনজনিত সৌভাগ্য; পদার্থ; মধুপর্কাদি। অর্থ+অচ্ কর্ম। ২। প্রার্থনা; প্রয়োজন, হেতু; প্রকার; প্রণালী; নিবৃত্তি। অর্থ+অচ্ ভাব। ৩। শব্দের অভিধেয়, শব্দের প্রতিপাদ্য, 'মানে'। ঋ+থন্ কর্ম সংজ্ঞার্থে। ৪। স্বরাজ্যের রক্ষা এবং পররাজ্যের অনুসন্ধানাদিরূপ রাজনীতি; তাৎপর্য; উদ্দেশ্য, অভিপ্রায়। ঋ+থন্ কর্ম। ৫। বিষয়; ইন্দ্রিয়বিষয়; সমর্থন; প্রকাশ; ফল; সৌভাগ্য; কার্য। অর্থ্+ঘঞ্ কর্মাদিবাচ্যে। ৬। (ব্যবহারশাস্ত্রে) অভিযোগাদি, বিবাদবিষয়, নালিশ। অর্থ+অচ্ বিশিষ্টার্থে। বি; পুং।

অর্থকর—প্রয়োজনোপযোগী; উদ্দেশ্যসাধক; কার্যকারক; ধনপ্রদ। উপতৎ; অর্থ—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, **-রী।**

অর্থকরী—ধনপ্রদা, যাহাতে টাকা রোজগার হয় এমন, উপার্জনসাধিকা ('—বিদ্যা')। অর্থকর+ঈপ্। বিণ; স্ত্রী।

অর্থকষ্ট—ধনকষ্ট; দারিদ্র্য। অর্থবিষয়ক কষ্ট, মধ্যপ। বি; ক্লী।

অর্থকাম—ধনাভিলাষী। অর্থে কাম (কামনা) যাহার, বহু। বিণ।

অর্থকামী (-মিন্)—ধনাভিলাষী; টাকাকড়ি পাইতে ইচ্ছুক। উপতৎ; অর্থ—কম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কামিনী।**

অর্থকৃচ্ছ্র, -ক্লেশ—ধনকষ্ট। অর্থবিষয়ক কৃচ্ছ্র, ক্লেশ, মধ্যপ। বি; ক্লী, পুং।

অর্থগৃধ্নু—ধনলোভী। ২য়াতৎ। বিণ।

অর্থগৌরব—অর্থের গুরুত্ব; ভাবের গভীরতা; ধনগরিমা। অর্থগত গৌরব, মধ্যপ। বি; ক্লী।

অর্থগ্রহ—অর্থবোধ, মানে বুঝা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অর্থগ্রাহী (-গ্রাহিন্)—ধনাকাঙ্ক্ষী, অর্থগ্রহণকারী; ভাববোদ্ধা। উপতৎ; অর্থ—গ্রহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গ্রাহিণী।**

অর্থচিন্তন, -চিন্তা—উপার্জন-চিন্তা; টাকার চিন্তা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।

অর্থচেষ্টা—ধনার্জনের প্রয়াস; ব্যাখ্যার জন্য চেষ্টা। ৪র্থীতৎ। বি; স্ত্রী।

অর্থজ্ঞ—প্রয়োজনবোদ্ধা; জ্ঞানী। উপতৎ; অর্থ—জ্ঞা+ক কর্তৃ। বিণ।

অর্থজ্ঞাপক—ভাবদ্যোতক। ৬ষ্ঠীতৎ। বিণ।

অর্থতঃ (-তস্)—বস্তুতঃ; ফলতঃ; অর্থাৎ। অর্থ+তস্ (৩য়া-স্থানে)। অ।

অর্থতত্ত্ব—প্রকৃত বিষয়; যাথার্থ্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অর্থদ—অর্থকর; বদান্য; কৃপাপরায়ণ। উপতৎ; অর্থ—দা+ক কর্তৃ। বিণ।

অর্থদণ্ড—শাস্তিস্বরূপ অর্থপ্রদানে বাধ্যকরণ; জরিমানা। ৩য়াতৎ। বি; পুং।

অর্থদাতা (-দাতৃ)—ধনদানকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-দাত্রী।** [স্ত্রী, **-দায়িকা।**

অর্থদায়ক—অর্থদ (সকল অর্থে)। ৬ষ্ঠীতৎ। বিণ।

অর্থদোষ—শব্দপ্রতিপাদ্যের হীনতা; (অলংকারশাস্ত্রে) কাব্যাপকর্ষসাধক অপুষ্টতা দুষ্ক্রমতা প্রঃ দোষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অর্থনাশ—ধনক্ষয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অর্থনীতি—ধনবিজ্ঞান; অর্থতত্ত্ব, economics. অর্থবিষয়িণী নীতি, মধ্যপ। বি; স্ত্রী। বিণ, **-নৈতিক।**

অর্থনীতিজ্ঞ, -নীতিবিদ্—অর্থশাস্ত্রে সুপণ্ডিত।

উপতৎ; অর্থনীতি—জ্ঞা।ক, বিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ।
অর্থপর—ধনলোভী, কৃপণ। বহু। বিণ। বি, **-তা**।
অর্থপরায়ণ—অতিশয় অর্থপ্রিয়, ধনাসক্ত। অর্থ পর (প্রধান) অয়ন (অবলম্বনীয় বস্তু) যাহার, বহু। বিণ।
অর্থপিপাসা—ধনাকাঙ্ক্ষা। ৬ষ্ঠীতৎ। বি: স্ত্রী।
অর্থপিপাসু—ধনলিপ্সু। ২য়াতৎ। বিণ।
অর্থপিশাচ—যে ন্যায়ান্যায় ধর্মাধর্ম বিচারে বিমুখ হইয়া যে-কোন উপায়ে অর্থ উপার্জন করে এরূপ অত্যন্ত ধনলোভী। অর্থবিষয়ে পিশাচ, ৭মীতৎ। বিণ। স্ত্রী, **-চী**।
অর্থপুস্তক—মানে-বই। অর্থ-প্রতিপাদক পুস্তক, মধ্যপ। বি; ক্লী। [ক কর্তৃ। বিণ।
অর্থপ্রদ—ধনদ; লাভজনক। উপতৎ; অর্থ—প্র—দা+
অর্থপ্রয়োগ—ব্যবসায়ে টাকা খাটানো; ধান্যাদি ফসল বাড়ি দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অর্থপ্রাপ্তি—ধনলাভ; প্রয়োজনসিদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অর্থবল—ধনবল। অর্থজাত বল, মধ্যপ। বি; ক্লী।
অর্থবান্ (-বৎ)—ধনী, অর্থযুক্ত; সার্থক; উদ্দেশ্য-বিশিষ্ট। অর্থ+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বতী**।
অর্থবিজ্ঞান—শব্দার্থজ্ঞান; অর্থশাস্ত্র। অর্থ বিষয়ক বিজ্ঞান, মধ্যপ। বি; ক্লী।
অর্থবিৎ (-বিদ্)—শব্দার্থজ্ঞ; তত্ত্বজ্ঞ; কার্যাভিজ্ঞ। উপতৎ; অর্থ—বিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ।
অর্থবিদ্যা—ধনের উৎপত্তি রক্ষা প্রসার ইঃ-বিষয়ক বিদ্যা, economics. অর্থ বিষয়িণী বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।
অর্থবিনিয়োগ—ব্যবসায়ে বা সুদে টাকাকড়ি খাটানো। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অর্থবৃদ্ধি—অর্থের আধিক্য। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অর্থবেত্তা (-বেতৃ)—ভাবগ্রাহী; অর্থনীতিজ্ঞ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-বেত্রী**।
অর্থবোধ—তাৎপর্যগ্রহণ; মানে বুঝা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অর্থব্যবহার—ধনপ্রয়োগ; প্রয়োজনীয় বিষয়ে টাকা-কড়ি খরচ করা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অর্থব্যয়—ধনব্যয়, টাকাকড়ি খরচ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অর্থভাগ্য—ধনলাভের সৌভাগ্য। অর্থবিষয়ক ভাগ্য, মধ্যপ। বি; ক্লী। [ক্লী।
অর্থভাণ্ডার—ধনভাণ্ডার, তহবিল। ৬ষ্ঠীতৎ। বি;
অর্থভেদ—অর্থের মীমাংসা; বিভিন্ন অর্থ; অর্থের পার্থক্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অর্থমন্ত্রক—সরকারী ধনের ব্যবস্থাকারী মন্ত্রিদপ্তর, Ministry of Finance. মধ্যপ। বি; ক্লী।
অর্থমন্ত্রী (-ন্ত্রিন্), **-সচিব**—রাজস্ব সংগ্রহ ও তাহার বিলিব্যবস্থার ভারপ্রাপ্ত মন্ত্রী। অর্থ-বিষয়ক মন্ত্রী, সচিব, মধ্যপ। বি; পুং।
অর্থলাভ—টাকাকড়ি পাওয়া; তাৎপর্যবোধ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অর্থলালসা, -লিপ্সা—ধনাকাঙ্ক্ষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অর্থলিপ্সু—ধনলাভেচ্ছু। ২য়াতৎ। বিণ।
অর্থলুব্ধ—ধনলোভী। ৭মীতৎ। বিণ।
অর্থলোভ—ধনস্পৃহা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অর্থলোভী (-লোভিন্), **-লোলুপ**—অর্থগৃধ্নু, ধনপিপাসু। অর্থলোভ+ইন্ আছে অর্থে; ২য় পক্ষে ৭মীতৎ। বিণ। স্ত্রী, **-লোভিনী, -লোলুপা**।
অর্থশালী (-শালিন্)—ধনী। উপতৎ; অর্থ—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শালিনী**।
অর্থশাস্ত্র—অর্থোৎপাদক শাস্ত্র; ধনবিজ্ঞান; নীতি-শাস্ত্র: কৃষিশাস্ত্র; শিল্পশাস্ত্র। অর্থবিষয়ক শাস্ত্র, মধ্যপ। বি; ক্লী।
অর্থশূন্য—যাহার কোন মানে হয় না এমন, তাৎপর্য-হীন; নির্ধন, গরিব। ৩য়াতৎ। বিণ।
অর্থসংকট—টাকাকড়ির অভাবজনিত দুরবস্থা; অর্থ-গ্রহণে অক্ষমতাহেতু বিপদ্। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অর্থসংগত—যাহার মানে হয় এমন। ২য়াতৎ। বিণ।
অর্থসংগতি—আর্থিক সচ্ছলতা; অর্থের সামঞ্জস্য; ঠিক মানে হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অর্থসংগ্রহ—ধনসঞ্চয়, টাকাকড়ি যোগাড় করা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অর্থসংস্থান—টাকার যোগাড়; টাকা জমানো, সংগতি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অর্থসচিব—'অর্থমন্ত্রী' দ্রঃ।
অর্থসঞ্চয়—টাকাকড়ি জমানো। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অর্থসমস্যা—অর্থসংকট। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অর্থসামর্থ্য—আর্থিক ক্ষমতা; ধনবল। অর্থবিষয়ক সামর্থ্য, মধ্যপ। বি; ক্লী।
অর্থসাহায্য—টাকাকড়ি দিয়া উপকার করা। ৩য়াতৎ। বি; ক্লী।
অর্থসিদ্ধি—প্রয়োজনসিদ্ধি; সফলতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অর্থহর—উত্তরাধিকারী; জ্ঞাতি; ধনাপহারক। উপতৎ; অর্থ—হৃ+অচ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-রা**।
অর্থহানি—ধনক্ষয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অর্থহীন—নিরর্থক, ব্যর্থ; দুর্বোধ্য; দরিদ্র। ৩য়াতৎ। বিণ।
অর্থাগম—ধনপ্রাপ্তি, আয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অর্থাৎ—অর্থবশতঃ, তাৎপর্য-বশতঃ, ফলতঃ, বস্তুতঃ; ইহার অর্থ। অর্থ+৫মী-স্থানে আৎ। অ।
অর্থাধিকারী (-কারিন্)—ধনের মালিক; ধনী; ধনাধ্যক্ষ, cashier. ৬ষ্ঠীতৎ। বি বা বিণ। স্ত্রী, **-কারিণী**।
অর্থান্তর—অপর অর্থ, দ্বিতীয় অর্থ; উদ্দেশ্যভেদ; উপযুক্ত অর্থ উপেক্ষা করিয়া অসম্বদ্ধ অর্থের সিদ্ধান্ত। অন্য অর্থ, নিত্য। বি; ক্লী।
অর্থান্তর-ন্যাস—কাব্যের অলংকার বিঃ [ইহাতে সামান্য দ্বারা বিশেষের, বিশেষ দ্বারা সামান্যের,

কার্য দ্বারা কারণের, এবং কারণ দ্বারা কার্যের সমর্থন করা হইয়া থাকে। যথা—

"চিরসুখী জন ভ্রমে কি কখন
ব্যথিত-বেদন বুঝিতে পারে?
কি যাতনা বিষে, বুঝিবে সে কিসে
কভু আশীবিষে দংশেনি যারে?"
—কৃষ্ণচন্দ্র।

এখানে বেদনা অনুভবরূপ 'সামান্য' বিষয়টি সমর্থিত হইয়াছে সর্প (আশীবিষ)-দংশনরূপ 'বিশেষ' বিষয়ের দ্বারা]। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অর্থান্তরাক্ষেপ—অর্থালংকার বিঃ [ইহাতে অন্য অর্থ দ্বারা প্রকৃত অর্থের যেন প্রতিষেধ হইয়া থাকে। যথা—"হে রাজন্, আপনার বিক্রম ত্রিভুবন আক্রমণ করিয়াও শান্ত হইতেছে না;—ইহা অতিশয় বিচিত্র! অথবা, উদ্দীপ্ত অগ্নির তৃপ্তি কোথায় দৃষ্ট হয়?" —এখানে অগ্নির তৃপ্তির অভাবরূপ অর্থান্তর দ্বারা প্রকৃত বিষয় 'বিজয়ের' যেন প্রতিষেধ হইতেছে]। অর্থান্তর দ্বারা আক্ষেপ, ৩য়াতৎ। বি; পুং।

অর্থান্বিত—অর্থবিশিষ্ট; চরিতার্থ; উদ্দেশ্যযুক্ত; ধনশালী। অর্থ দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ।

অর্থাপত্তি—(মীমাংসামতে) সুতরাং প্রাপ্তি, অনুমান বিঃ; (ন্যায়মতে) ব্যতিরেকেও ব্যাপ্তি জন্য অনুমান, দণ্ডাপূপন্যায়; কাব্যালংকার বিঃ [এক অর্থ দ্বারা অপরার্থের উপলব্ধি হইলে তাহাকে অর্থাপত্তি বলে। যথা—

"তুমিও জননী যদি খড়্গ উঠাইলে,
মেলিলে রসনা, তবে সব অন্ধকার!"
—রবীন্দ্র।

জগজ্জননী অসীম স্নেহময়ী,—তাঁহার পথ তো হিংসার নয়; এই অস্বাভাবিক হিংসা যদি তাঁহার পক্ষে সম্ভব হয়, ক্ষুদ্রমতি মানুষের পক্ষে তাহা তো সহজেই সম্ভব হইতে পারে। এই স্থানে প্রথমার্থ দ্বারা দ্বিতীয়ার্থের উপলব্ধি হইতেছে]। অর্থের (অনুক্ত বিষয়ের) আপত্তি (সিদ্ধি), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অর্থার্থী (-র্থিন্)—অর্থান্বেষী, ধনপ্রার্থী। উপতৎ; অর্থ—অর্থ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-র্থিনী**।

অর্থী (-র্থিন্)—১। প্রার্থী; অভিলাষী; ভৃত্য; সহায়; বাদী। অর্থ+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। ২। ধনস্বামী, ধনবান্। অর্থ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-র্থিনী**।

অর্থোদ্ভেদ—রহস্যোদ্ভেদ; জটিল বিষয়ের অর্থ-নিরূপণ, interpretation. অর্থের উদ্ভেদ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অর্থোপার্জন—বিত্তলাভ, টাকাকড়ি আয়; ধনসংগ্রহ। অর্থের উপার্জন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অর্থ্য—১। ন্যায্য। অর্থ+যৎ সাধু অর্থে। ২। অর্থ-যুক্ত। অর্থ্+যৎ অনপেত অর্থে। ৩। প্রার্থনীয়। অর্থ্+যৎ কর্ম। বিণ।

অর্ধ—১। সমান অর্ধাংশ। ঋধ্+ঘঞ্ করণ। বি; ক্লী। ২। দুই ভাগে বিভক্ত; আধা-আধি; অসম্পূর্ণ। ঋধ্+ঘঞ্ কর্ম। বিণ।

অর্ধকথিত—অসম্পূর্ণভাবে কথিত; অর্ধেক উক্ত। অর্ধ যথা তথা কথিত, সুপ্। বিণ।

অর্ধকুক্কুটী-ন্যায়—মুরগীর, সম্মুখের অংশ কাটিয়া ফেলিলে শুধু পিছনের অংশ হইতে ডিম পাওয়া যায় না এই দৃষ্টান্ত দ্বারা প্রদর্শিত যুক্তি। অর্ধ-কুক্কুট্যাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

অর্ধকৃত—দ্বিখণ্ডিত। সুপ্। বিণ।

অর্ধগংগা—কাবেরী নদী। অর্ধ গংগা যাহাতে, বহু+আপ্। বি; স্ত্রী।

অর্ধগ্রস্ত—গ্রহণকালে অর্ধপরিমাণে আবৃত ('—সূর্য', '— চন্দ্র'); আংশিকভাবে আচ্ছন্ন। অর্ধভাবে গ্রস্ত, সুপ্। বিণ।

অর্ধগ্রাস—আধগাল; গ্রহণ-সময়ে চন্দ্রসূর্যের অর্ধাংশের অদর্শন। গ্রাসের অর্ধ, একদেশিসমাস। বি; পুং।

অর্ধঘটিকা—আধঘণ্টা। ঘটিকার অর্ধ, একদেশিসমাস। বি; স্ত্রী।

অর্ধচন্দ্র—চন্দ্রের অর্ধ, চন্দ্রখণ্ড; চন্দ্রকলাসদৃশ বৃত্তাংশ, crescent; অর্ধচন্দ্রাকৃতি সৈন্যব্যূহ; গলা-ধাক্কা ('— দেওয়া'); ময়ূরপুচ্ছের চন্দ্রক; অর্ধচন্দ্রাকৃতি অগ্রভাগবিশিষ্ট বাণ। চন্দ্রের অর্ধ, একদেশিসমাস। বি; পুং।

অর্ধচন্দ্রাকার, -কৃতি—অর্ধগোলাকার। অর্ধচন্দ্রের আকারের ন্যায় আকার, আকৃতি যাহার, বহু। বিণ।

অর্ধজরতীয়-ন্যায়—বাদী ও প্রতিবাদীর উক্তি সকলের কিছু অংশ গ্রহণ এবং কিছু অংশ অগ্রহণ করিবার বিষয়ে যুক্তিমূলক দৃষ্টান্ত বিঃ (ফলতঃ সম্পূর্ণ উক্তিটি অর্থহীন হয়)। কর্মধা। বি; পুং।

অর্ধজীবিত—প্রায় মরণাপন্ন, আধ-মরা। সুপ্। বিণ।

অর্ধনারীশ্বর—হরগৌরীরূপে শিবের মূর্তিভেদ অর্ধনারীসহিত ঈশ্বর, মধ্যপ। বি; পুং।

অর্ধনিদ্রা—আধঘুম, তন্দ্রা। কর্মধা। বি; স্ত্রী।

অর্ধনিমীলিত—অর্ধমুদ্রিত, আধখানা বোজানো ('—নেত্র'); আধ-ফোটা। অর্ধ নিমীলিত, সুপ্। বিণ।

অর্ধপথ—পথের অর্ধ, আধাপথ। পথের (পথিন্ শব্দ) অর্ধ, একদেশী (সমাসান্ত অচ্)। বি; পুং।

অর্ধপরিস্ফুট—অংশতঃ ব্যক্ত; আধফোটা; অর্ধোচ্চারিত, আধ-আধ। সুপ্। বিণ। [পুং।

অর্ধপ্রহর—দেড় ঘণ্টা, প্রহরের অর্ধেক। সুপ্। বি;

অর্ধবয়স্ক—আধাবয়সী, প্রৌঢ়। অর্ধ হইয়াছে বয়ঃ যাহার, বহু+ক সমাসান্ত। বিণ।

অর্ধবৃত্ত—ব্যাস দ্বারা কর্তিত বৃত্তের অর্ধাংশ, semi-circle. একদেশী। বি; ক্লী।

অর্ধব্যক্ত—অস্পষ্ট, আধ-আধ; অর্ধপ্রস্ফুটিত। অর্ধ-ব্যক্ত, সুপ্। বিণ। [পুং।

অর্ধভাগ—অর্ধাংশ, কিছু কিছু অংশ। কর্মধা। বি;

অর্ধভূমণ্ডল—(কাল্পনিক) নিরক্ষরেখা বরাবর দুই-ভাগে বিভক্ত ভূমণ্ডলের অর্ধাংশ, hemisphere. ভূমণ্ডলের অর্ধ, একদেশী। বি; ক্লী।

অর্ধমাত্র—১। কেবল অর্ধাংশ, শুধু আধখানি। কেবল অর্ধ, নিত্য। ২। অর্ধমাত্রাবিশিষ্ট ব্যঞ্জনবর্ণ। অর্ধ মাত্রা যাহার, বহু। বি; ক্লী।

অর্ধমাত্রা—অর্ধপরিমাণ ('— ঔষধ'); (সংগীতে এবং ছন্দে) মাত্রার অর্ধভাগ। মাত্রার অর্ধ, একদেশী। বি; স্ত্রী।

অর্ধমূর্ছিত—অর্ধ-অচৈতন্য; মূর্ছাহেতু যাহার অর্ধেক জ্ঞান লুপ্ত হইয়াছে এরূপ। অর্ধ মূর্ছিত, সুপ্। বিণ।

অর্ধমৃত—মৃতপ্রায়, আধমরা। অর্ধ মৃত, সুপ্। বিণ।

অর্ধরথ—অসম্পূর্ণ রথী, নিকৃষ্ট যোদ্ধা। অর্ধ (অসম্পূর্ণ) রথ (রথী), কর্মধা। বি; পুং।

অর্ধরাত্র—মাঝরাত, নিশীথ, মহানিশা; রাত্রির অষ্টম মুহূর্ত। রাত্রির অর্ধ, একদেশী (সমাসান্ত অচ্)। বি; পুং।

অর্ধশত—আধ-শ, পঞ্চাশ। শতের অর্ধ, একদেশী। বি; ক্লী বা বিণ।

অর্ধসিক্ত—আধ-ভিজা। অর্ধ সিক্ত, সুপ্। বিণ।

অর্ধস্ফুট—অস্পষ্টভাবে উচ্চারিত, আধ-আধ; অর্ধ-বিকসিত। সুপ্। বিণ।

অর্ধা-অর্ধি—আধা-আধি। সুপ্ (বাংপ্র)। ক্রি-বিণ।

অর্ধাংশ—অর্ধভাগ, আধখানা। অর্ধ অংশ, কর্মধা। বি; পুং।

অর্ধাংশী (-শিন্)—অর্ধেক ভাগ পাইবার অধিকারী। অর্ধাংশ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-শিনী**।

অর্ধাঙ্গ—১। শরীরের অর্ধ। অঙ্গের অর্ধ, একদেশী। বি; ক্লী। ২। শরীরের অর্ধ অবশ হইয়া যাওয়া; রোগ বিঃ, paralysis; স্বামী। বাংপ্র। বি।

অর্ধাঙ্গিনী—পত্নী। বাংপ্র। বি।

অর্ধাচ্ছাদিত—আধ-ঢাকা, অর্ধাবগুণ্ঠিত। সুপ্। বিণ।

অর্ধাবৃত—অর্ধাচ্ছাদিত, আধ-ঢাকা, অর্ধাবগুণ্ঠিত। অর্ধ আবৃত, সুপ্। বিণ।

অর্ধার্ধ—অর্ধেকের অর্ধেক, সিকি। অর্ধের অর্ধ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অর্ধাশন—আধ পেটা খাওয়া; অর্ধাংশ ব্যাপ্ত। অর্ধ অশন, কর্মধা। বি; ক্লী।

অর্ধেক—একার্ধ, আধ। <অর্ধক (অথবা বাংলা সন্ধি—অর্ধ+এক)। বি।

অর্ধেন্দু—অর্ধচন্দ্র; নখচিহ্ন; গলহস্ত; অর্ধচন্দ্রাকৃতি বাণ। ইন্দুর অর্ধ, একদেশী। বি; পুং।

অর্ধেন্দুমৌলি—মহাদেব, চন্দ্রশেখর। অর্ধেন্দু মৌলিতে যাঁহার, বহু। বি; পুং।

অর্ধেন্দুশেখর—মহাদেব। বহু। বি; পুং।

অর্ধোক্ত—অর্ধকথিত, অসম্যক্ উচ্চারিত। অর্ধ উক্ত, সুপ্। বিণ।

অর্ধোক্তি—অর্ধকথন, অসম্পূর্ণ কথন। অর্ধা উক্তি, কর্মধা। বি; স্ত্রী।

অর্ধোচ্চারিত—অর্ধকথিত ('— বাক্য')। অর্ধ উচ্চারিত, সুপ্। বিণ।

অর্ধোদয়—১। অর্ধপ্রকাশ, অর্ধেক উদয়। অর্ধ এমন উদয়, কর্মধা। ২। বার-তিথি-নক্ষত্র-সংযুক্ত যোগ বিঃ [পৌষ কিংবা মাঘ মাসে রবিবার ব্যতীপাত-যোগ এবং শ্রবণানক্ষত্র দ্বারা যুক্ত হইলে অর্ধোদয়-যোগ হয়]। অর্ধের (সম্যক্ পুণ্যের) উদয় যাহাতে, বহু। বি; পুং।

অর্ধোদিত—অর্ধোত্থিত; অর্ধপ্রকাশিত ('— সূর্য'); অর্ধকথিত। অর্ধ উদিত, সুপ্। বিণ।

অর্পণ—দান; স্থাপন; স্বত্বত্যাগ; পরিত্যাগ; নিক্ষেপ। ঋ+ণিচ্ (=অর্পি ধাতু)+অনট্ ভাব। বি; ক্লী।

অর্পণীয়—অর্পণ করিবার যোগ্য; দেয়; ত্যাজ্য। অর্পি+অনীয় কর্ম। বিণ।

অর্পয়িতা (-য়িতৃ)—অর্পণকারী, দাতা। অর্পি+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িত্রী**।

অর্পিত—প্রদত্ত; রক্ষিত; গচ্ছিত। অর্পি+ক্ত কর্ম। বিণ।

অর্বাচীন—বিপরীত; অধোভাগস্থিত; পশ্চাদ্‌বর্তী; নূতন; অপ্রবীণ; অপ্রাচীন, আধুনিক ('— পুরাণ'); যাহার বয়স হইয়াছে অথচ পরিণত বুদ্ধি ও সদসদ্বিবেচনাশক্তি জন্মে নাই এরূপ; অধম। অর্বাচ্+ঈন (খ) ভবার্থে। বিণ।

অর্বুদ—১। দশকোটি সংখ্যা। বি; ক্লী। ২। আবু পাহাড়। বি; পুং। ৩। স্ত্রীগর্ভস্থিত শুক্র-শোণিতাত্মক পদার্থ [গর্ভসঞ্চারের দ্বিতীয়মাসে ইহাকে অর্বুদ বলে]; রোগ বিঃ, আব, tumour. অর্ব্+উৎ—ই+ড কর্তৃ। বি; ক্লী।

অর্যমা (-মন্)—সূর্য। অর্য—মা+কনিন্ কর্তৃ। বি; পুং।

অর্শ, অর্শঃ (অর্শস্)—মলনালীর রোগ বিঃ, গুহ্য-দেশে মাংসাঙ্কুরবৎ গুটিকার উৎপত্তি, piles. ঋ+অসুন্ কর্তৃ (নিপা), পক্ষে স-লোপ। বি; ক্লী।

অর্শী (-র্শিন্)—অর্শরোগগ্রস্ত, অর্শরোগযুক্ত। অর্শ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**অর্শিনী**।

অর্সা, অর্সানো—প্রাপ্য হওয়া; পাওয়া; এক হইতে অন্যে যাওয়া; লাগা; স্পর্শ করা। ফা 'উর্স'-ধাতুজ। ক্রি [, বি, বিণ]।

অর্হ—১। যোগ্য, উপযুক্ত (সমাসের পরে, যেমন—পূজার্হ, ধন্যবাদার্হ); ন্যায্য। অর্হ্+অচ্ কর্তৃ। ২। পূজ্য, মান্য। বিণ। স্ত্রী—**অর্হা**। ৩। ইন্দ্র; পরমেশ্বর; মূল্য (সাধারণতঃ মহৎ শব্দের সহিতই ব্যবহৃত হয়)। অর্হ্+ঘঞ্ কর্ম। বি; পুং।

অর্হণ, অর্হণা—পূজা; সম্মান; পূজার সামগ্রী; যোগ্যতা। অর্হ্+অনট্ ভাব, করণ পক্ষে অন ভাব +আপ্। বি; ক্লী, স্ত্রী।

অর্হণীয়—পূজনীয়, সম্মাননীয়। অর্হ্+অনীয় কর্ম। বিণ। [বি; পুং।

অর্হৎ—বৌদ্ধ বা জৈন সন্ন্যাসী। অর্হ্+শতৃ কর্তৃ।

অলংকরণ—অলঙ্করণ (তাহা দ্রঃ)।

অলংকর্তা (-র্তৃ)—অলঙ্কর্তা (তাহা দ্রঃ)।

অলংকার—অলঙ্কার (তাহা দ্রঃ)।

অলংকারশাস্ত্র—অলঙ্কারশাস্ত্র (তাহা দ্রঃ)।

অলংকৃত—অলঙ্কৃত (তাহা দ্রঃ)।
অলংকৃতি—অলঙ্কৃতি (তাহা দ্রঃ)।
অলংক্রিয়া—অলঙ্ক্রিয়া (তাহা দ্রঃ)।
অলক—চূর্ণকুন্তল, কোঁকড়ানো চুল; অঙ্গলিপ্ত কুঙ্কুম; মেঘ বিঃ, cirrus. বি; পুং বা ক্লী।
অলকদাম (-দামন্)—চূর্ণকুন্তলরাশি, খোঁপা বাঁধার পর যে কেশগুলি আলগা থাকে। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অলকনন্দা—১। আট-দশ বৎসরের বালিকা। অলক—নন্দ্+অচ্ কর্তৃ+আপ্। ২। স্বর্গ-গঙ্গা। অলকা—নন্দি+অচ্ কর্তৃ+আপ্ (পূর্বপদ হ্রস্ব)। বি; স্ত্রী।
অলকবন্ধন—খোলা চুল বাঁধা; চুল বাঁধিবার দড়ি বা ফিতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
অলকমেঘ—আকাশে অলকের ন্যায় অথবা বিক্ষিপ্ত কার্পাসের ন্যায় দৃষ্ট মেঘ সকল, cirrus. অলক-সদৃশ মেঘ, মধ্যপ। বি; পুং।
অলকসংহতি—অলকরাশি, চূর্ণকুন্তলসমষ্টি। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।
অলকস্তর—মেঘ বিঃ, যে-সকল মেঘ প্রথমতঃ অলকা-কারে উৎপন্ন হইয়া স্তরমেঘ অর্থাৎ ছাড়া ছাড়া মেঘের সহিত মিশ্রিত হয় তাহারা, cirro-stratus. অলকসদৃশ স্তর আছে যাহাদের, বহু। বি; পুং।
অলকস্তূপ—যে-সকল মেঘ প্রথমতঃ অলকাকারে সৃষ্ট হইয়া স্তূপমেঘের সহিত মিশ্রিত হয়, cirro-cumulus. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অলকা—পুরাণ-বর্ণিত অলকানন্দার তীরে অবস্থিত কুবেরের পুরী; আট হইতে দশ বৎসর পর্যন্ত বয়স্কা বালিকা। অলক+আপ্। বি; স্ত্রী।
অলকা-তিলকা—মুখে চন্দন বা কুঙ্কুমাদি দ্বারা কৃত রচনা বিঃ, ফোঁটা ফোঁটা পত্রপুষ্পাদির আকারে মুখে কুঙ্কুম ও চন্দন বিলেপন। প্রা কপ্র। বি।
অলকানন্দা—অলকনন্দা (তাহা দ্রঃ)। অলকা—নন্দি+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
অলকাবলী—চূর্ণকুন্তলগুচ্ছ, পার্শ্বের বা সম্মুখের কেশগুচ্ছ। অলকের আবলী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
অলক্ত, অলক্তক—আলতা; লাক্ষা। ন (নাই) রক্ত যাহা হইতে, বহু (র-স্থানে ল); অলক্ত+কন্ স্বার্থে। বি; পুং।
অলক্তকরাগ—আলতার লাল রং। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অলক্তক-লাঞ্ছিত, অলক্তকাঙ্কিত—আলতা-পরা। ৩য়া-তৎ। বিণ।
অলক্তরঞ্জিত—আলতা-পরা। ৩য়াতৎ। বিণ।
অলক্ষণ—১। শুভচিহ্নবর্জিত, কুলক্ষণাক্রান্ত; লক্ষণ-হীন। বহু। বিণ। ২। কুলক্ষণ, অশুভচিহ্ন; দুর্ভাগ্য। নঞ্তৎ। বি; ক্লী।
অলক্ষণে, অলক্ষুণে—অশুভচিহ্নযুক্ত; দুর্ভাগা; অপয়া। অলক্ষণ+এ (<ইয়া) বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।
অলক্ষিত—অনিরীক্ষিত; অজ্ঞাত; অতর্কিত; লক্ষণাদি দ্বারা অসূচিত; অনুদ্দিষ্ট। নঞ্-তৎ। বিণ।
অলক্ষ্মী—দুষ্টলক্ষ্মী, দুর্ভাগ্যের অধিষ্ঠাত্রী দেবতা; দুর্ভাগ্য; দুর্দশা। নঞ্তৎ। বি; স্ত্রী। **অলক্ষ্মীতে পাওয়া**—ভাগ্য খারাপ হওয়া। **অলক্ষ্মীর দশা**—দারিদ্র্য; শ্রীহীন অবস্থা। **অ-লক্ষ্মীর দৃষ্টি**—দুর্ভাগ্য; দারিদ্র্য।
অলক্ষ্য—১। অসমকক্ষ; দৃষ্টির অগোচর; অ-চিহ্নিত; অনিরূপণীয়। নঞ্তৎ। বিণ। ২। অদৃশ্য অবস্থা, আড়াল। বাংপ্র। বি। ক্রি-বিণ—**অলক্ষ্যে**।
অলখ—দৃষ্টির অগোচর ('অলখ জনের দরশ লাগি' —জাগে শর্বরী); শূন্য; স্বর্গ। <অলক্ষ্য। বিণ।
অলখনিরঞ্জন—অলক্ষ্য ও অকলঙ্ক (ঈশ্বরের মহিমা-বোধক বাক্য বিঃ)। কর্মধা (বাংপ্র)। বি বা বিণ।
অলখিতে—অজ্ঞাতসারে, গোপনে। <অলক্ষিতে। প্রা কপ্র। ক্রি-বিণ।
অলগ্ন—১। অসংশ্লিষ্ট, অসংযুক্ত। বিণ। ২। অশুভ লগ্ন। নঞ্তৎ। বি; ক্লী।
অলঙ্করণ—১। ভূষিতকরণ; নকশা কাটা; প্রসাধন; অতিরঞ্জন। অলম্—কৃ+অনট্ ভাব। ২। ভূষণ, আভরণ। অলম্—কৃ+অনট্ করণ। বি; ক্লী।
অলঙ্কর্তা (-তৃ)—প্রসাধক, সজ্জাকারী। অলম্—কৃ+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ত্রী।
অলঙ্কার—১। গহনা। অলম্—কৃ+ঘঞ্ করণ। ২। ভূষিতকরণ। অলম্—কৃ+ঘঞ্ ভাব। ৩। সাহিত্যবিষয়ক দোষগুণ-প্রতিপাদক শাস্ত্র; শব্দ ও অর্থের শোভাবর্ধক রচনা [শব্দালঙ্কার পাঁচটি, যথা—অনুপ্রাস, যমক, (শব্দ-) শ্লেষ, কাকু ও বক্রোক্তি। অর্থালঙ্কার অনেকগুলি। যথা—উপমা, রূপক, অর্থান্তরন্যাস, অপহ্নুতি ইঃ]। অলম্—কৃ+ঘঞ্ করণ। বি; পুং।
অলংকারশাস্ত্র—কাব্যবিষয়ক শাস্ত্র; অলংকারের প্রতি-পাদক শাস্ত্র। অলংকার-প্রতিপাদক শাস্ত্র, মধ্যপ। বি; ক্লী। [অলম্—কৃ+ক্ত কর্ম। বিণ।
অলঙ্কৃত—ভূষিত, শোভিত; (কাব্যে) অলঙ্কারযুক্ত।
অলঙ্কৃতি—১। অলংকৃতকরণ, সজ্জিতকরণ। অলম্—কৃ+ক্তি ভাব। ২। ভূষণ, অলঙ্কার। অলম্—কৃ+ক্তি করণ। বি; স্ত্রী।
অলঙ্ক্রিয়া—১। ভূষিতকরণ, সাজানো। অলম্—কৃ+শ ভাব+আপ্। ২। ভূষণ। অলম্—কৃ+শ করণ+আপ্। বি; স্ত্রী।
অলঙ্ঘন—লঙ্ঘন না করা; পালন, মানিয়া চলা; উপ-বাস না করা। নঞ্তৎ। বি; ক্লী।
অলঙ্ঘনীয়, অলঙ্ঘ্য—অনতিক্রমণীয়; অবশ্য প্রতি-পাল্য, অনতিবর্তনীয়। নঞ্তৎ। বিণ।
অলজ্জ—নির্লজ্জ, ধৃষ্ট। ন (নাই) লজ্জা যাহার, বহু। বিণ। [বিণ।
অলজ্জিত—যে লজ্জা পায় নাই এমন। নঞ্তৎ।
অলত, অলতক—আলতা। <অলক্ত ও অলক্তক। বি।
অলপ—সামান্য, কম ("অলপ বয়সে পিরীতি করিয়া রহিতে না দিলি ঘরে"—চণ্ডী)। <অল্প। বিণ।

অলপেয়ে, অল্পেয়ে—অদীর্ঘজীবী; অল্পকালস্থায়ী; হতভাগা। <অল্পায়ুঃ। বিণ।

অলবড্যে, অলবড্ডে—আনাড়ী; অগোছাল; হাবা-গোবা; অসাবধান। প্রাদে। বিণ।

অলব্ধ—অপ্রাপ্ত। নঞ্‌তৎ। বিণ।

অলভ্য—অপ্রাপ্য। নঞ্‌তৎ। বিণ।

অলর্ক—ক্ষিপ্ত কুক্কুর; শ্বেত আকন্দ; (মহাভারতে) অষ্টপাদ তীক্ষ্ণদন্ত সূচ্যাকৃতি-লোমবিশিষ্ট শূকরাকার অসুর বিঃ। অলম্—অর্ক্‌+ঘঞ্‌ কর্ম। বি; পুং।

অলস, আলস—আলস্যযুক্ত, শ্রমবিমুখ; কোন কার্য-নির্বাহবিষয়ে যত্নহীন ও উৎসাহশূন্য, নিরুদ্যম; জড়তুল্য; মন্থর। নঞ্‌—লস্‌+অচ্‌ কর্তৃ; অলস+অণ্‌ স্বার্থে। বিণ।

অলসতা, -ত্ব—আলস্য, কুঁড়েমি, শ্রমবিমুখতা। অলস+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

অলসিত—তন্দ্রামগ্ন, অলস। কপ্র। বিণ।

অলা, অলো—নারীগণের পরস্পরের ঘনিষ্ঠতাসূচক সম্বোধন। <হলা। অ।

অলাত, আলাত—অর্ধদগ্ধ কাষ্ঠ, অঙ্গার, জ্বলন্ত বা নিবন্ত কয়লা। নঞ্‌—লা+ক্ত কর্ম সংজ্ঞার্থে; অলাত+অণ্‌ স্বার্থে। বি; ক্লী।

অলাতচক্রভ্রমণ-ন্যায়—অন্ধকারে খুব দ্রুত একটি জ্বলন্ত অঙ্গার ঘুরাইতে থাকিলে একটি বৃত্তাকার অগ্নিরেখা দেখা যায়, অথচ প্রকৃতপক্ষে ঐ অঙ্গার যখন বৃত্তপরিধির একস্থানে থাকে তখন অন্যস্থানে থাকে না—এই দৃষ্টান্ত দ্বারা প্রদর্শিত যুক্তি। অলাতের চক্র, ৬ষ্ঠীতৎ; অলাতচক্র ভ্রমণাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

অলাবু, অলাবূ—তুম্বী, লাউ; তিতলাউ। নঞ্‌—লম্ব্‌+উ, ঊ কর্তৃ, সংজ্ঞার্থে নিপা। বি; স্ত্রী।

অলাভ—১। অপ্রাপ্তি; লোকসান, ক্ষতি; নাশ। নঞ্‌তৎ। বি; পুং। ২। লাভশূন্য; নিরর্থক ('— বাণিজ্য')। বহু। বিণ।

অলি—১। ভ্রমর; কোকিল; কাক; বৃশ্চিক; বৃশ্চিক-রাশি; মদ্য। অল্‌+ইন্‌ কর্তৃ। বি; পুং। ২। অভিভাবক, রক্ষক। <আ 'বলি'। বি।

অলি-অছি—নাবালকের মাতা, অভিভাবিকা; নাবালকের অভিভাবক; অপ্রাপ্তবয়স্কের সম্পত্তিরক্ষক; অভিভাবক; জ্যেষ্ঠ ভ্রাতা। <আ 'বলি-বসি'। বি।

অলিকুল—ভ্রমরসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অলিগলি—গলি-ঘুঁজি, সরু পথ; গুপ্ত পথ। বাংপ্র। বি।

অলিজিহ্বা, -জিহ্বিকা—জিহ্বামূলের উপরিস্থ ক্ষুদ্র জিহ্বা, আলজিভ। অলিসদৃশী জিহ্বা, মধ্যপ; অলিজিহ্বা+কন স্বার্থে+আপ্‌। বি; স্ত্রী।

অলিঞ্জর—মাটির জালা, জলের কলসী। অলি—জৃ+অচ কর্তৃ (নিপা ম-আগম)। বি; পুং।

অলিনী—স্ত্রী-অলি। কপ্র। বি; স্ত্রী।

অলিন্দ—হৃৎপিণ্ডের উপরের প্রকোষ্ঠ, auricle. বি; পুং।

অলিন্দ, আলিন্দ—দ্বারের বহিঃস্থিত রক, চাতাল; বারান্দা। অল্‌+কিন্দচ্‌ করণ সংজ্ঞার্থে; অলিন্দ+অণ স্বার্থে। বি; পুং।

অলী (অলিন্‌)—ভ্রমর; বৃশ্চিক। অল+ইন্‌ আছে অর্থে। বি; পুং। স্ত্রী—**অলিনী।**

অলীক—১। মিথ্যা; ললাট; স্বর্গ; আকাশ। অল্‌+ঈকন করণ, অপা। বি; ক্লী। ২। মিথ্যা; অমূলক ('—কল্পনা'); অপ্রামাণিক; অসুখকর; অপ্রিয়; ক্ষুদ্র, স্বল্প। অল্‌+ঈকন্‌ কর্ম। বিণ। স্ত্রী, **-কা।**

অলুক্‌ (অলুচ্‌)—১। লোপরহিত, যাহার লোপ হয় না এরূপ। ন (নাই) লুক্‌ (লোপ) যাহার, বহু। বিণ। ২। লোপ না হওয়া। নঞ্‌তৎ। বি; পুং।

অলুক্‌সমাস—(ব্যাক) যাহাতে পূর্বপদের বিভক্তির লোপ হয় না এরূপ সমাস [যথা—পায়ে-চলা, যুধিষ্ঠির ইঃ]। কর্মধা। বি; পুং।

অলোক—১। পাতাল। নঞ্‌তৎ। বি; পুং। ২। নির্জন। ন (নাই) লোক যথায়, বহু। বিণ।

অলোকদৃষ্টি—অদৃশ্য বস্তুর তথাকথিত দর্শন, clairvoyance. বি; স্ত্রী।

অলোকসাধারণ—অলোকসামান্য, যাহা মানুষে বিরল এমন। লোকে সাধারণ, ৭মীতৎ; ন লোকসাধারণ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-ণী।**

অলোকসামান্য—যাহা সচরাচর পাওয়া বা দেখা যায় না এরূপ, অলোকসাধারণ। লোকে সামান্য, ৭মী-তৎ; ন লোকসামান্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-ন্যা।**

অলোকসুন্দর—অসামান্য সুন্দর, যাহার মত সুন্দর মানুষের মধ্যে সচরাচর দেখা যায় না এমন। ৭মী-তৎ ও নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-রী।**

অলোকিত—অদৃষ্ট, অন্যের দৃষ্টির অতীত। নঞ্‌-তৎ। বিণ।

অলোল—অচঞ্চল, স্থির; দৃঢ়। নঞ্‌তৎ। বিণ।

অলৌকিক—অপার্থিব, লোকাতীত; অদ্ভুত; অস্বা-ভাবিক; অত্যন্ত বিস্ময়কর; অসামাজিক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-কী।**

অল্প—ক্ষুদ্র; ঈষৎ; তুচ্ছ; কিঞ্চিৎ; কম। অল্‌+প কর্তৃ। বিণ। **অল্প জলের মাছ**—অল্প জ্ঞান বা ধনের অধিকারী অথচ বাগাড়ম্বরকারী ব্যক্তি। **অল্পে অল্পে**—ক্রমে ক্রমে; সামান্যভাবে, সংক্ষেপে; অল্পের উপর দিয়া; কম কম করিয়া।

অল্পকাল—ক্ষণকাল; কম বয়স। কর্মধা। বি; পুং।

অল্পক্ষণ—ক্ষণকাল, কম সময়। কর্মধা। বি; পুং।

অল্পচেতা—অনুদার, ক্ষুদ্রপ্রাণ। <অল্পচেতাঃ। বিণ।

অল্পজীবী (-জীবিন্‌)—অদীর্ঘজীবী, অল্পায়ুঃ; অল্পকালস্থায়ী। উপতৎ; অল্প—জীব্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, **-জীবিনী।**

অল্পজ্ঞ—যাহার জ্ঞান কম এমন। উপতৎ; অল্প—জ্ঞা+ক কর্তৃ। বিণ। [বিণ

অল্পতম—সবচেয়ে কম। অল্প+তম অতিশয়ার্থে

অল্পতা, -ত্ব—সামান্যতা; ক্ষুদ্রতা; অজ্ঞানত্ব; হীনতা। অল্প+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
অল্পদর্শিতা, -ত্ব—অবিচক্ষণতা; অনভিজ্ঞতা; অদূরদর্শিতা। অল্পদর্শিন্+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
অল্পদর্শী (-দর্শিন্)—অদূরদর্শী, অবিজ্ঞ। উপতৎ; অল্প—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-দর্শিনী**।
অল্পধী—১। অল্পবুদ্ধি; ক্ষীণবুদ্ধি; অপরিণতমতি। অল্পা ধী যাহার, বহু। বিণ। ২। সামান্য বুদ্ধি। অল্পা ধী, কর্মধা। বি; স্ত্রী।
অল্পপ্রাণ—ক্ষীণজীবী, দুর্বল ('— জীব'); ক্ষুদ্রপ্রাণ, অনুদার; যাহাদিগের উচ্চারণে অল্প প্রাণবায়ুর কার্য হয় এরূপ ('— বর্ণ') [বর্গের প্রথম, তৃতীয় পঞ্চম বর্ণ এবং য র ল ব অল্পপ্রাণ বর্ণ]। বহু। বিণ। [স্ত্রী।
অল্পবয়সী—কম-বয়সী; অল্পবয়স্কা। বাংপ্র। বিণ;
অল্পবয়স্ক—যাহার বয়স অল্প এরূপ; শিশু। অল্প বয়ঃ যাহার, বহু (ক-আগম)। বিণ।
অল্পবিদ্য—সামান্য-জ্ঞানসম্পন্ন, অল্পজ্ঞানবিশিষ্ট। অল্পা বিদ্যা যাহার, বহু। বিণ।
অল্পবিদ্যা—সামান্য জ্ঞান, কম লেখাপড়া জানা। অল্পা বিদ্যা, কর্মধা। বি; স্ত্রী।
অল্পবুদ্ধি—১। যাহার বুদ্ধি অল্প এরূপ, জড়বুদ্ধি। অল্পা বুদ্ধি যাহার, বহু। বিণ। ২। কম বুদ্ধি। কর্মধা। বি; স্ত্রী।
অল্পভাষিতা, -ত্ব—পরিমিতভাষিতা, কম কথা বলার স্বভাব। অল্পভাষিন্+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
অল্পভাষী (-ষিন্)—যে কম কথা বলে এরূপ, মিতভাষী। উপতৎ; অল্প—ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভাষিণী**।
অল্পমতি—অল্পবুদ্ধি, দুর্বুদ্ধি। অল্পা মতি যাহার, বহু। বিণ। [বহু। বিণ।
অল্পমাত্র—অত্যল্প অতি কম। অল্পা মাত্রা যাহার,
অল্পমাত্রা—কম পরিমাণ। কর্মধা। বি; স্ত্রী।
অল্পস্বল্প—যৎসামান্য, অতি কম। বিণ।
অল্পাই—অল্পজীবী, অদীর্ঘজীবী। <অল্পায়ুঃ। বিণ।
অল্পাধিক—ন্যূন বা অতিরিক্ত, কমবেশী। অল্প বা অধিক যাহাতে, বহু। বিণ।
অল্পায়ত—কম চওড়া, সংকীর্ণ। অল্প আয়ত, সুপ্। বিণ।
অল্পায়ু—যাহার আয়ু অল্প এরূপ, যে অধিক দিন বাঁচে না এরূপ; ক্ষণজীবী ('— লোক')। <অল্পায়ুঃ। বিণ।
অল্পাশয়—হীনমতি, ক্ষুদ্রবুদ্ধি; যাহার উচ্চাশা নাই এমন। অল্প আশয় যাহার, বহু। বিণ।
অল্পাহার—১। পরিমিত ভোজন, কম খাওয়া। কর্মধা। বি; পুং। ২। পরিমিতভোজী। অল্প আহার যাহার, বহু। বিণ।
অল্পাহারী (-রিন্)—যে অল্প খায় এরূপ, মিতভোজী। উপতৎ; অল্প—আ—হৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-হারিণী**।

অল্পিষ্ঠ—অত্যল্প; ক্ষুদ্রতম। অল্প+ইষ্ঠ অত্যর্থে। বিণ।
অল্পীয়ান্ (-য়স্)—অতি অল্প। অল্প+ঈয়সু অত্যর্থে। বিণ। স্ত্রী, **-য়সী**।
অল্পেয়ে—অচিরজীবী; হতভাগ্য; যাহার সুলক্ষণ নাই এরূপ। <অল্পায়ুঃ। বিণ।
অশক্ত—অসমর্থ, অপারক; দুর্বল। নঞ্‌তৎ। বিণ।
অশক্তি—অসামর্থ্য, অপটুতা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।
অশক্য—অসাধ্য, সামর্থ্যের অতীত। নঞ্‌তৎ। বিণ।
অশঙ্ক—নির্ভয় ('— হৃদয়'); নিঃসংশয়; নিশ্চিন্ত। ন (নাই) শঙ্কা যাহার, বহু। বিণ।
অশঙ্কিত—অভীত; নিরুদ্বেগ; নিশ্চিন্ত। নঞ্‌তৎ। বিণ।
অশত্থ—অশ্বত্থ। <অশ্বত্থ। বি।
অশন—১। ভোজন; ব্যাপন। অশ্+অনট্ ভাব। ২। ভক্ষ্যবস্তু। অশ্+অনট্ কর্ম। বি; ক্লী।
অশন-বসন—অন্নবস্ত্র; খাওয়া-পরা। দ্বন্দ্ব। বি; ক্লী।
অশনি—বজ্র; বিদ্যুৎ। অশ্+অনি কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং বা স্ত্রী।
অশনি-পতন, -পাত, -সম্পাত—বজ্রপাত, বাজ পড়া; মহান্ অনর্থপাত। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং, পুং।
অশরণ—নিরাশ্রয়; অনাথ, অসহায়। বহু। বিণ।
অশরীরী (-রিন্)—নিরাকার, দেহহীন; অপার্থিব, অলৌকিক ('— বাণী')। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-রীরিণী**।
অশান্ত—চঞ্চল; উদ্বিগ্ন; উচ্ছৃঙ্খল-প্রকৃতি; দুর্দান্ত; যাহা প্রবোধ মানে না এমন। নঞ্‌তৎ। বিণ।
অশান্তি—শান্তির অভাব; ঝগড়াঝাঁটি; গোলমাল, উপদ্রব, উদ্বেগ, অস্থিরতা; বিরক্তি। নঞ্‌তৎ। বি; স্ত্রী।
অশাসন—শাসনের অভাব; অরাজকতা; অপকৃষ্ট শাসন। নঞ্‌তৎ। বি; ক্লী।
অশাসনীয়—যাহাকে শাসন করা যায় না এমন, দুর্দমনীয়। নঞ্‌তৎ। বিণ।
অশাসিত—যাহাকে শাসন করা হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।
অশাস্ত্র—১। সাধুলোকের অগ্রাহ্য শাস্ত্র; বেদাদিবিরুদ্ধ শাস্ত্র; শাস্ত্রাভাব; অবিধি। নঞ্‌তৎ। বি; ক্লী। ২। শাস্ত্রহীন; শাস্ত্রবিরুদ্ধ। ন (নাই) শাস্ত্র যাহার বা যাহাতে, বহু। বিণ।
অশাস্ত্রীয়—শাস্ত্রবিগর্হিত, শাস্ত্রবিরুদ্ধ ('— কার্য')। নঞ্‌তৎ। বিণ।
অশিক্ষা—শিক্ষাভাব; কুশিক্ষা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।
অশিক্ষিত—যে শিক্ষিত নয় এরূপ; যাহা শিক্ষা করা হয় নাই এমন; অনভিজ্ঞ; মূর্খ; অসভ্য। নঞ্‌তৎ। বিণ। [নঞ্‌তৎ। বিণ।
অশিত—১। ভক্ষিত। অশ্+ক্ত কর্ম। ২। অশানিত।
অশিব—১। অশুভকর; শিবহীন। ন (নাই) শিব যাহার বা যাহাতে, বহু। বিণ। ২। অমঙ্গল। নঞ্‌তৎ। বি; ক্লী।

অশিষ্ট—অসাধু, দুর্বৃত্ত; অভদ্র; নাস্তিক; দুরন্ত; অকৃতশাসন; ব্যভিচারবান্; অশান্ত; অশ্লীল। নঞ্‌তৎ। বিণ।

অশিষ্টাচার, -চরণ—অভদ্র ব্যবহার, দুর্ব্যবহার। কর্মধা। বি; পুং, ক্লী।

অশীতি—আশি, ৮০-সংখ্যক। অষ্টগুণিতা দশতি (দশক), মধ্যপ (নিপা)। বি.বা বিণ; স্ত্রী।

অশীতিতম—অশীতিসংখ্যার পূরক, উনআশির পরেরটি। অশীতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

অশীতিপর—আশি বৎসরের অধিক-বয়স্ক ('—বৃদ্ধ'); অতিবৃদ্ধ। ৫মীতৎ। বিণ।

অশীল—দুঃশীল, অসভ্য, অভদ্র; দুর্বৃত্ত, দুশ্চরিত্র। ন (নাই) শীল যাহার, বহু। বিণ।

অশুচ—১। আত্মীয়ের জন্মমৃত্যুহেতু অশুদ্ধি। ∠অশৌচ। বি। ২। অপবিত্র। ∠অশুচি। বিণ।

অশুচি—১। অপবিত্র; কপট। নঞ্‌তৎ। ২। ঋতুমতী ('—স্ত্রী')। বাংপ্র। বিণ।

অশুদ্ধ—১। অপবিত্র; অনির্মল; অসংস্কৃত; দোষযুক্ত; ভ্রমযুক্ত ('—প্রয়োগ'); বর্ণাদিব অশুদ্ধিযুক্ত। নঞ্‌তৎ। বিণ। ২। রজস্বলা। বাংপ্র। বিণ।

অশুদ্ধি—অপবিত্রতা; অশৌচ; অশোধিত অবস্থা; ভ্রম। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অশুদ্ধিপত্র—পুস্তকসংলগ্ন ভ্রমনির্দেশক পৃষ্ঠা। অশুদ্ধিপ্রদর্শক পত্র, মধ্যপ। বি; ক্লী।

অশুদ্ধিশোধন, -সংশোধন—ভ্রমনিরসন, ভুল শোধরানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অশুভ—১। অকল্যাণ; পাপ। নঞ্‌তৎ। বি; ক্লী। ২। অকল্যাণজনক; অসাধু; বিশ্রী। ন (নাই) শুভ যাহাতে বা যাহার, বহু। বিণ।

অশেষ—১। শেষহীন; অসীম ('—গুণ', '—প্রকার'); সম্পূর্ণ; বহুবিধ। বহু। বিণ। ২। শেষাভাব। নঞ্‌তৎ। বি; পুং।

অশেষজ্ঞ—বহুজ্ঞ, সকল বিষয়ে অভিজ্ঞ; পারদর্শী। উপতৎ; অশেষ—জ্ঞা+ক কর্তৃ। বিণ।

অশেষপ্রকার, -বিধ—বহুপ্রকার, নানাবিধ। অশেষ প্রকার, বিধা যাহার, বহু। বিণ।

অশোক—১। অশোক গাছ; বকুলগাছ; মৌর্যবংশীয় বিখ্যাত নরপতি। বি; পুং। ২। শোকদুঃখ-শূন্য। ন (নাই) শোক যাহার, বহু। বিণ।

অশোককানন—অশোক গাছে ভরা বাগান; লঙ্কার বিখ্যাত বাগান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অশোকপূর্ণিমা—ফাল্গুনের পূর্ণিমার কর্তব্য ব্রত বিঃ; ফাল্গুনপূর্ণিমা। অশোকদায়িনী পূর্ণিমা, মধ্যপ। বি; স্ত্রী।

অশোকবন -বনিকা—রাবণের লঙ্কাপুরীস্থিত কানন বিঃ· শ্রীরামচন্দ্রের অযোধ্যাস্থিত বিলাসকানন। ৬ষ্ঠীতৎ, অশোকবন+কন্ স্বার্থে+আপ্। বি; ক্লী, স্ত্রী।

অশোকমঞ্জরী—অশোকের মুকুল; অশোকের পল্লবাঙ্কুর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অশোকষষ্ঠী—চৈত্রমাসের শুক্লা ষষ্ঠী। অশোকদায়িনী ষষ্ঠী, মধ্যপ। বি; স্ত্রী।

অশোকা—১। জৈনদিগের গৃহদেবতা। ন (নাই) শোক যাহা হইতে, বহু+আপ্। বি; স্ত্রী। ২। শোকরহিতা। অশোক (২)+আপ্। বিণ; স্ত্রী।

অশোকাষ্টমী—চৈত্রমাসীয় শুক্লাষ্টমী। অশোকদায়িনী অষ্টমী, মধ্যপ। বি; স্ত্রী।

অশোচনীয়, -শোচ্য—শোকের অযোগ্য, যাহার নিমিত্ত শোক করিতে হয় না এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অশোচিত—অশোকপ্রাপ্ত; যাহার জন্য শোক করা হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অশোধনীয়, -শোধ্য—পবিত্র করিবার অযোগ্য; অসংস্কার্য; অপরিশোধ্য। নঞ্‌তৎ। বিণ।

অশোধিত—অসংস্কৃত; অমার্জিত; অপরিশোধিত। নঞ্‌তৎ। বিণ।

অশোভন—অসুন্দর, কুৎসিত; অনুচিত; বেমানান; অসাজন্ত। নঞ্‌তৎ। বিণ।

অশৌচ—অশুদ্ধি, যাহাতে শাস্ত্রীয় কার্য করিতে পাবা যায় না এরূপ অবস্থা [যথা—জননাশৌচ, মরণাশৌচ, কালাশৌচ, ক্ষতশৌচ ইঃ]। নঞ্‌তৎ। বি; ক্লী।

অশৌচান্ত—অশৌচের সমাপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অশ্ব—ঘোটক, ঘোড়া। অশ্+ব কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং।

অশ্বকোবিদ—ঘোটক সম্বন্ধে বিশেষজ্ঞ। অশ্বে [কোবিদ, ৭মীতৎ। বিণ।

অশ্বগতি—১। ঘোটকের গমন। ৬ষ্ঠীতৎ। ২। ছন্দ বিঃ। বি; স্ত্রী। ৩। অশ্বের ন্যায় গতিবিশিষ্ট; অতি দ্রুতগামী। অশ্বের গতির ন্যায় গতি যাহার, বহু। বিণ।

অশ্বগন্ধা—এক ধরনের গাছ। অশ্বের গন্ধের ন্যায় গন্ধ যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।

অশ্বডিম্ব—মিথ্যা বস্তু, আকাশকুসুম। বাংপ্র। বি।

অশ্বতর—গাধা ও ঘোড়ার মিশ্রণে জাত পশু, খচ্চর; নাগ বিঃ; গন্ধর্ব বিঃ; পুংবৎস। অশ্ব+ষ্টরচ্ (তর) অল্প বা অপ্রশস্ত অর্থে। বি; পুং। স্ত্রী, -রী।

অশ্বত্থ—বিখ্যাত বৃক্ষ বিঃ, অশথ গাছ। ন+শ্বঃ (কল্য), নঞ্‌তৎ; অশ্বঃ (অর্থাৎ কল্য নহে, অর্থাৎ বহুদিন—অনেক কাল)—স্থা+ক কর্তৃ (নিপা)। বি; পুং।

অশ্বত্থামা (-মন্)—দ্রোণাচার্যের পুত্র। অশ্ব—স্থা+মনিন্ কর্তৃ। বি; পুং।

অশ্বপাল, -পালক—অশ্বরক্ষক, সহিস। উপতৎ; অশ্ব—পা+ণিচ্ (=পালি ধাতু)+অণ্ কর্তৃ; ২য় পক্ষে অশ্বের পালক, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অশ্বমেধ—প্রাচীন কালের ঘোটকবলি দ্বারা যজ্ঞ বিঃ। অশ্ব মেধ (বলি) যাহাতে, বহু। বি; পুং।

অশ্বমেধিক—অশ্বমেধ যজ্ঞের উপযোগী অশ্ব, মেধ্যাশ্ব; মহাভারতীয় 'অশ্বমেধিকপর্ব' নামক চতুর্দশ পর্ব। অশ্বমেধ+ইক (ঠন্) হিতার্থে, অধিকৃতার্থে। বি; পুং।

অশ্বমেধীয়—১। অশ্বমেধযজ্ঞীয় অশ্ব। অশ্বমেধ+ঈয় হিতার্থে। বি; পুং। ২। অশ্বমেধযজ্ঞসম্বন্ধীয়। অশ্বমেধ+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

অশ্বরক্ষক—ঘোড়ার সহিস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অশ্বরজ্জু, -রশ্মি—ঘোড়ার রাশ, লাগাম। অশ্বনিয়ামক রজ্জু, রশ্মি, মধ্যপ। বি; স্ত্রী, পুং।

অশ্বশালা—আস্তাবল, মন্দুরা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অশ্বসাদী (-সাদিন্)—অশ্বারোহী। অশ্ব—সদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -দিনী।

অশ্বা—ঘোটকী। অশ্ব+আপ্। বি; স্ত্রী।

অশ্বারূঢ়—ঘোটকপৃষ্ঠে সমাসীন, যে ঘোড়ায় চড়িয়াছে এমন। অশ্বকে আরূঢ়, ২য়াতৎ (বাং ৭মীতৎ)। বিণ।

অশ্বারোহণ—ঘোটকে আরোহণ, ঘোড়ায় চড়া। ৭মীতৎ। বি; ক্লী।

অশ্বারোহী (-হিন্)—অশ্বে আরোহণকারী; ঘোড়ায় চড়িতে নিপুণ। অশ্ব—আ—রুহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -রোহিণী।

অশ্বিনী—দক্ষ প্রজাপতির কন্যা, চন্দ্রের পত্নী; সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে প্রথম নক্ষত্র; বিশ্বকর্মার কন্যা সংজ্ঞার অপর নাম। অশ্ব (ঘোটকাকার)+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

অশ্বিনীকুমার, -সুত—স্বর্গবৈদ্যদ্বয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অশ্বী (-শ্বিন্)—স্বর্গবৈদ্যদ্বয়। অশ্ব+ইন্ আছে [অর্থে। বি; পুং।

অশ্ম—অশ্মা (তাহা দ্রঃ)।

অশ্মজতু, -জতুক—শিলাজতু। অশ্মজাত জতু, জতুক, মধ্যপ। বি; পুং, ক্লী।

অশ্মর—প্রস্তরময়, প্রস্তর-সম্বন্ধীয়। অশ্মন্+র বিকার বা স্বরূপ অর্থে। বিণ।

অশ্মরী—মূত্রকৃচ্ছ্ররোগ বিঃ, পাথরী রোগ, stone. অশ্মর+ঈপ্। বি; স্ত্রী।

অশ্মীভবন—বৃক্ষ অস্থি প্রঃর প্রস্তরে পরিণতি, fossilization. অশ্মন্+চ্বি—ভূ+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -ভূত।

অশ্রদ্ধ—শ্রদ্ধারহিত, বীতশ্রদ্ধ; বিশ্বাসহীন, আস্থাশূন্য। ন (নাই) শ্রদ্ধা যাহার, বহু। বিণ।

অশ্রদ্ধা—ঘৃণা; অভক্তি; অযত্ন; অনাদর; অবিশ্বাস। নঞ্তৎ। বি; স্ত্রী।

অশ্রদ্ধিত—অনাদৃত, অবজ্ঞাত। নঞ্তৎ। বিণ।

অশ্রদ্ধেয়—অশ্রদ্ধাযোগ্য, অনাদরণীয়; বিশ্বাসের অনুপযুক্ত। নঞ্তৎ। বিণ।

অশ্রান্ত—১। অনবরত, সতত। ক্রি-বিণ। ২। শ্রান্তিহীন। নঞ্তৎ। বিণ।

অশ্রাব্য—শ্রবণের অযোগ্য; শ্রুতিকটু; অশ্লীল ('—কথা')। নঞ্তৎ। বিণ।

অশ্রু—চোখের জল। অশ্+রু কর্তৃ। বি; ক্লী।

অশ্রু-আঁখি—অশ্রুপূর্ণলোচনা ("অশ্রুআঁখি বিধুমুখী ভ্রমে ফুলবনে"—মাইকেল)। কপ্র। বিণ।

অশ্রু-কণা—অশ্রুবিন্দু, চোখের জলের ফোঁটা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অশ্রুগদ্গদ—বাষ্পরুদ্ধ, বাষ্পজড়িত ('—কণ্ঠ', '—স্বর')। ৩য়াতৎ। বিণ।

অশ্রুজল—চোখের জল। কর্মধা। বি; ক্লী।

অশ্রুত—১। যাহা শোনা যায় নাই এরূপ; অশ্রুতিগোচর। নঞ্তৎ। ২। শ্রুতিবিরুদ্ধ, বেদবিরুদ্ধ। ন শ্রুত (শ্রুতিসংগত), নঞ্তৎ। ৩। শাস্ত্রজ্ঞানশূন্য, মূর্খ। ন (নাই) শ্রুত (শাস্ত্রজ্ঞান) যাহার, বহু। বিণ।

অশ্রুতপূর্ব—যাহা পূর্বে শোনা যায় নাই এরূপ। নঞ্তৎ। বিণ।

অশ্রুধারা—অশ্রুপ্রবাহ, অশ্রুর অবিশ্রান্ত পতন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অশ্রুপাত—ক্রন্দন, চোখের জল পড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অশ্রুপূর্ণ—নেত্রজলে পরিপূর্ণ। ৩য়াতৎ। বিণ।

অশ্রুপ্লুত—অশ্রুসিক্ত, চোখের জলে ভিজা। ৩য়াতৎ। বিণ।

অশ্রুবর্ষণ—ক্রন্দন, কাঁদা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অশ্রুবারি—চোখের জল। কর্মধা। বি; ক্লী।

অশ্রুবিন্দু—চোখের জলের ফোঁটা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অশ্রুবিমোচন, -বিসর্জন—চোখের জল ফেলা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অশ্রুভরা—চোখের জলে ভরা ('—আঁখি')। ৩য়াতৎ (বাংপ্র)। বিণ।

অশ্রুভারাক্রান্ত—অশ্রুরাশিতে রুদ্ধ। অশ্রুর ভার, ৬ষ্ঠীতৎ; তদ্দ্বারা আক্রান্ত, ৩য়াতৎ। বিণ।

অশ্রুময়—অশ্রুপূর্ণ; চোখের জলে ভরা। অশ্রু+ময়ট্ পূর্ণার্থে। বিণ। স্ত্রী, -য়ী।

অশ্রুমান্ (-মৎ)—অশ্রুপরিপূর্ণ। অশ্রু+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -মতী।

অশ্রুমোচন—অশ্রুবিসর্জন, চোখের জল ফেলা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অশ্রুরুদ্ধ—বাষ্পরুদ্ধ, কান্নার দ্বারা ব্যাহত; অশ্রুদ্বারা অস্পষ্টীকৃত। ৩য়াতৎ। বিণ।

অশ্রুরোধ, -সংবরণ—ক্রন্দন বন্ধকরণ, কান্না থামানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অশ্রুসিক্ত—চোখের জলে ভিজা। ৩য়াতৎ। বিণ।

অশ্রেয়ঃ (-য়স্)—১। অমঙ্গল; অধর্ম; অনর্থ। নঞ্তৎ। বি; ক্লী। ২। অনুৎকৃষ্ট; অনিষ্টকর; অধম। ন (নাই) শ্রেয়ঃ যাহাতে বা যাহা হইতে, বহু। বিণ।

অশ্রেয়স্কর—অপ্রশস্ত; অনুচিত; অনুত্তম; অকল্যাণজনক। নঞ্তৎ। বিণ। স্ত্রী, -রী।

অশ্রোতব্য—অশ্রাব্য; অশ্লীল। নঞ্তৎ। বিণ।

অশ্লাঘনীয়, অশ্লাঘ্য—অপ্রশংসনীয়, প্রশংসার অযোগ্য। নঞ্তৎ। বিণ।

অশ্লীল—নীচ; অভদ্র; কুৎসিত; কামবিষয়ক ('—আলোচনা'); কুরুচিসম্পন্ন, গ্রাম্য; লজ্জাজনক। ন শ্রীল (র-স্থানে ল), নঞ্তৎ। বিণ।

অশ্লীলতা, -ত্ব—জঘন্যতা; অভদ্রতা; লজ্জাজনক

ঘৃণাজনক ও অমঙ্গলজনক পদপ্রয়োগরূপ কাব্য-দোষ। অশ্লীল+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

অশ্লীলভাষী (-ষিন্)—অশ্লীল কথা ব্যবহার-কারী, অশ্লীলবাদী। উপতৎ; অশ্লীল—ভাষ্+ ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভাষিণী**।

অশ্লেষা—অশ্বিনী প্রঃ সাতাইশটি নক্ষত্রের মধ্যে নবম।। ন (নাই) শ্লেষ যাহাতে, বহু+আপ্। বি; স্ত্রী।

অষুদ, অষুধ—ভেষজ। <ঔষধ। বি। **অষুধ করা**—মন্ত্রপূত জিনিস খাওয়াইয়া বশ করা।

অষুধবিষুধ—বশীকরণ ঔষধ ও মন্ত্রতন্ত্রাদি; ঔষধ ও গাছগাছড়া প্রঃ। বাংপ্র। বি।

অষ্ট (অষ্টন্)—আটসংখ্যা বা তৎসংখ্যক। অশ্+ কনিন্ কর্তৃ (প্রত্যয়ের পূর্বে তুট্ বা ত্-আগম)। বি বা বিণ।

অষ্টক—১। অষ্টাধ্যায়যুক্ত বা অষ্টশ্লোকাত্মক গ্রন্থ; (সংগীতে) এক ষড়্জ হইতে তৎপরবর্তী ষড়্জ পর্যন্ত আটটি স্বরের সমষ্টি, octavo; সনেট বা চতুর্দশপদী কবিতার প্রথম আটটি চরণ, octave. বি; ক্লী। ২। ঋগ্বেদসংক্রান্ত বিঃ, প্রত্যেক অষ্টাধ্যায়াত্মক ঋগ্বেদাংশ। বি; পুং। ৩। অষ্ট-সংখ্যা-পরিমিত; আটটি। অষ্টন্+কন্ পরি-মাণার্থে। বিণ। ৪। গান বিঃ (এই গান সারিবদ্ধ তিন জন পশ্চাদ্বর্তী সংগীতনায়কের নির্দেশমত গাহিয়া থাকে)। বাংপ্র। বি।

অষ্টকা—সপ্তম্যাদি তিথিত্রয়; পৌষ মাঘ ও ফাল্গুন —এই তিন মাসের কৃষ্ণাষ্টমী; পৌষ মাঘ ও ফাল্গুন মাসের কৃষ্ণাষ্টমীতে কর্তব্য শ্রাদ্ধ বিঃ। অশ্+ তকন্ অধি+আপ্। বি; স্ত্রী।

অষ্টকুলাচল—আটটি কুলপর্বত [মহেন্দ্র, মলয়, সহ্য, শুক্তিমান্, ঋক্ষ, বিন্ধ্য, পারিযাত্র এবং হিমালয়—এই আটটি। মৎস্যপুরাণে হিমালয় ভিন্ন অপর সাতটিকেই কুলপর্বত বলা হইয়াছে]। অষ্ট কুলা-চল, কর্মধা। বি; পুং।

অষ্টক্ষীর—ছাগী মেষী মানুষী হস্তিনী ঘোটকী উষ্ট্রী গবী ও মহিষী—এই আটটির দুগ্ধ। অষ্ট ক্ষীরের সমাহার, সমা-দ্বিগু। বি; ক্লী।

অষ্টগুণ—১। দয়া ক্ষান্তি অনসূয়া শৌচ অনায়াস মঙ্গল অকার্পণ্য ও অস্পৃহা—এই অষ্টগুণান্বিত। অষ্ট গুণ যাঁহার, বহু। ২। আটগুণ; আটবার গুণিত। অষ্ট গুণ যাহাতে, বহু। বিণ।

অষ্টচত্বারিংশ, -চত্বারিংশত্তম—আটচল্লিশের পূরক, সাতচল্লিশের পরবর্তীটি। অষ্টচত্বারিংশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-শী, -মী**।

অষ্টচত্বারিংশৎ—আটচল্লিশ। অষ্টাধিকা চত্বারিংশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী। [বহু। বি; ক্লী।

অষ্টতলক—আটটি পৃষ্ঠযুক্ত ঘনক্ষেত্র, octahedron.

অষ্টদল—আটটি পাপড়িযুক্ত পদ্ম। বহু। বি; ক্লী।

অষ্টদিক্ (-দিশ্)—পূর্ব ঈশান উত্তর বায়ু পশ্চিম নৈর্ঋত দক্ষিণ ও অগ্নি—এই আটটি দিক্। কর্মধা। বি; স্ত্রী।

অষ্টদিক্পাল—আট দিকের আটজন দেবতা [যথা—ইন্দ্র পূর্বদিক্, বহ্নি অগ্নিকোণ, যম দক্ষিণদিক্, নির্ঋতি নৈর্ঋতকোণ, বরুণ পশ্চিমদিক্, মরুৎ বায়ুকোণ, কুবের উত্তরদিক্ ও ঈশ ঈশানকোণের রক্ষক]। কর্মধা। বি; পুং।

অষ্টদিগ্গজ—ঐরাবত পুণ্ডরীক বামন কুমুদ অঞ্জন পুষ্পদন্ত সার্বভৌম সুপ্রতীক—এই আট দিগ্গজ বা দিগ্হস্তী। কর্মধা। বি; পুং।

অষ্টধা—অষ্টপ্রকার; আট বার; আট রকমে। অষ্ট+ ধাচ্ প্রকারার্থে। অ।

অষ্টধাতু—সোনা রূপা তামা কাঁসা পিতল রাঙ্গ সীসা লোহা—এই অষ্টপ্রকার ধাতু [মতান্তরে সোনা, রূপা, তামা, রঙ্গ, দস্তা, সীসা, লোহা ও পারা]। সমা-দ্বিগু। বি; ক্লী।

অষ্টনবতি—আটানব্বই। অষ্টাধিকা নবতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

অষ্টনবতিতম—আটানব্বই সংখ্যার পূরক, সাতানব্বই-এর পরেরটি। অষ্টনবতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-মী**।

অষ্টনাগ—অনন্ত বাসুকি পদ্ম মহাপদ্ম তক্ষক কুলীর কর্কট ও শঙ্খ—এই আটটি নাগ বা সর্প। কর্মধা। বি; পুং।

অষ্টনায়িকা—মঙ্গলা বিজয়া ভদ্রা জয়ন্তী অপরাজিতা নন্দিনী নারসিংহী ও কৌমারী—এই আটজন নায়িকা; অভিসারিকা বাসকসজ্জা উৎকণ্ঠিতা বিপ্র-লব্ধা খণ্ডিতা কলহান্তরিতা স্বাধীনভর্তৃকা ও প্রোষিতভর্তৃকা। কর্মধা। বি; স্ত্রী।

অষ্টনিধি—কুবেরের আটটি রত্ন (পদ্ম মহাপদ্ম প্রঃ)। কর্মধা। বি; পুং।

অষ্টপঞ্চাশ, -পঞ্চাশত্তম—আটান্নসংখ্যার পূরক, সাতান্নসংখ্যার পরেরটি। অষ্টপঞ্চাশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-শী, -মী**।

অষ্টপঞ্চাশৎ—আটান্ন। অষ্টাধিকা পঞ্চাশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

অষ্টপাৎ (-পাদ্)—(পুরাণ) শরভ, মৃগ বিঃ; মাকড়সা। অষ্ট পাদ যাহার, বহু (পাদ শব্দের অকার-লোপ)। বি; পুং।

অষ্টপাদ—অষ্টপাৎ (সকল অর্থে)। বহু। বি; পুং।

অষ্টপাশ—ঘৃণা লজ্জা মান অপমান মোহ দম্ভ দ্বেষ ও পৈশুন্য—এই অষ্টবিধ মায়াবন্ধন ('— ছেদন')। কর্মধা। বি; পুং।

অষ্টপ্রহর—১। সমস্ত ক্ষণ, সারা দিনরাত। দ্বিগু। বি; ক্লী। ২। সর্বক্ষণ ব্যাপিয়া, সারা দিনরাত ধরিয়া। ক্রি-বিণ। ৩। অহোরাত্রব্যাপী হরিনাম-সংকীর্তন। বাংপ্র। বি।

অষ্টবজ্র—অষ্ট দেবাস্ত্র (বিষ্ণুর সুদর্শন, শিবের ত্রিশূল, ব্রহ্মার অক্ষ, ইন্দ্রের বজ্র, বরুণের পাশ, যমের দণ্ড, কার্তিকেয়ের শক্তি, দুর্গার অসি) কর্মধা। বি; পুং বা ক্লী।

অষ্টবজ্রমিলন—অষ্ট দেবাস্ত্রের মিলন (ইহাদের মিলনে উর্বশীর অশ্বজন্ম হইতে মুক্তি হয়); কার্যে

সফল হওয়ার উপযোগী দুর্ঘট কারণসমূহের একত্র সমাবেশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অষ্টবর্গ—জীবক ঋষভক মেদ মহামেদ ঋদ্ধি বৃদ্ধি কাকোলী ও ক্ষীরকাকোলী—এই আটটি ঔষধদ্রব্য; জাতকের জন্মকালীন শুভাশুভ-ফলসূচক আটটি গ্রহ; রেখাবিশেষের শুভাশুভ চক্র বিঃ। সমাদ্বিগু। বি; ক্লী।

অষ্টবসু—আপ বা সাবিত্র ধ্রুব সোম অনল অনিল ধর প্রত্যূষ প্রভাব বা প্রভাস—এই আটজন স্বর্গবাসী দেবতা বিঃ। কর্মধা। বি; পুং।

অষ্টবিধ—অষ্টপ্রকার,- আট রকমের। অষ্টা বিধা যাহার, বহু। বিণ।

অষ্টভুজ—১। অষ্টবাহু; (পরিমাণে) আট হাত। অষ্টসংখ্যক ভুজ, মধ্যপ। বি; পুং। ২। আটহাতযুক্ত; (জ্যামি) অষ্টরেখা দ্বারা সীমাবদ্ধ। বিণ। ৩। সরলরৈখিক ক্ষেত্র বিঃ, আটটি সরল রেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্র, octagon. বহু। বি; ক্লী।

অষ্টভুজা—১। অষ্টবাহুবিশিষ্টা। বিণ; স্ত্রী। ২। অষ্টবাহুযুক্তা দুর্গামূর্তি। অষ্টভুজ+আপ্। বি; স্ত্রী।

অষ্টম—১। আট এই সংখ্যার স্থানীয়, আটের পূরক। অষ্টন্+মট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -**মী**। ২। বাকী খাজনার নিমিত্ত পত্তনী তালুকের নিলাম। বাংপ্র। বি।

অষ্টমঙ্গলা—বিবাহের পর হইতে আট দিন পর্যন্ত সময়। বাংপ্র। বি।

অষ্টমতঃ (-তস্), **অষ্টমত**—আটের দফায়, আটের স্থলে। অষ্টম+তস্ (৭মী-স্থানে)। অ।

অষ্টমবর্ষীয়, **-বার্ষিক**—অষ্টম-বৎসরসম্বন্ধীয়; অষ্টম বৎসরে কর্তব্য; আট বৎসর বয়সের ('—বালক')। অষ্টমবর্ষ+ঈয়, ইক সম্বন্ধার্থে বা ভবার্থে ঘা বয়স্কার্থে। বিণ। স্ত্রী, -**য়া**, -**কী**।

অষ্টমাংশ—আটভাগের এক ভাগ। কর্মধা। বি; পুং।

অষ্টমী—১। যে তিথিতে চন্দ্রের অষ্টকলা পূর্ণ হয় সেই তিথি। বি; স্ত্রী। ২। প্রথম সাতটির পরবর্তিনী। অষ্টম+ঈপ্। বিণ।

অষ্টমূত্র—ছাগ মেষ গো মহিষ ঘোটক হস্তী গর্দভ ও উষ্ট্র—ইহাদের স্ত্রীজাতির মূত্র। সমা-দ্বিগু। বি; ক্লী।

অষ্টমূর্তি—১। শিব। বহু। বি; পুং। ২। শিবের অষ্টমূর্তি [যথা—সর্ব নামে ক্ষিতিমূর্তি, ভব নামে জলমূর্তি, রুদ্র নামে অগ্নিমূর্তি, উগ্র নামে বায়ুমূর্তি, ভীম নামে আকাশমূর্তি, পশুপতি নামে যজমানমূর্তি, মহাদেব নামে সোমমূর্তি বা চন্দ্রমূর্তি এবং ঈশান নামে সূর্যমূর্তি।—তন্ত্রসার]। কর্মধা। বি; স্ত্রী।

অষ্টযোগিনী—দুর্গার অষ্টসখী (চণ্ডিকা, শৈলপুত্রী, কুষ্মাণ্ডী, চণ্ডঘণ্টা, স্কন্দমাতা, মহাগৌরী, কালরাত্রি ও কাত্যায়নী)। কর্মধা। বি; স্ত্রী।

অষ্টরম্ভা—অলীক বস্তু, ফাঁকি। বাংপ্র। বি।

অষ্টরস—শৃঙ্গার বীর করুণ অদ্ভুত হাস্য ভয়ানক বীভৎস ও রৌদ্র—এই আটটি রস। কর্মধা। বি; পুং।

অষ্টলোকপাল—অষ্টদিক্‌পাল, ইন্দ্রাদি অষ্ট দিক্‌পালগণ। কর্মধা। বি; পুং।

অষ্টষষ্টি—আটষট্টি, ৬৮। অষ্টাধিকা ষষ্টি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

অষ্টষষ্টিতম—আটষট্টির পূরক, সাতষট্টির পরবর্তীটি। অষ্টষষ্টি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -**মী**।

অষ্টসখী—শ্রীরাধার আটজন প্রধানা সহচরী; আটজন ভাগবত লীলাসঙ্গী (গদাধর পণ্ডিত—শ্রীরাধা, স্বরূপ গোস্বামী—ললিতা, রায় রামানন্দ—বিশাখা, শিবানন্দ—সুচিত্রা, রামানন্দ—চম্পকলতা, গোবিন্দ-ঘোষ—রঙ্গদেবী, বাসুঘোষ—সুদেবী, শ্রীমাধব ঘোষ—তুঙ্গবিদ্যা)। কর্মধা। বি বা বিণ; স্ত্রী।

অষ্টসপ্ততি—আটাত্তর, ৭৮। অষ্টাধিকা সপ্ততি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

অষ্টসপ্ততিতম—আটাত্তরের পূরক, ৭৮-সংখ্যক, আটাত্তরেরটি। অষ্টসপ্ততি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -**মী**।

অষ্টসিদ্ধি—অণিমা লঘিমা ব্যাপ্তি (কিংবা প্রাপ্তি) প্রাকাম্য মহিমা ঈশিত্ব বশিত্ব ও কামাবসায়িতা—যোগশাস্ত্রোক্ত এই আটপ্রকার সিদ্ধি। কর্মধা। বি; স্ত্রী।

অষ্টাঙ্গ—১। যম নিয়ম আসন প্রাণায়াম প্রত্যাহার ধ্যান ধারণা সমাধি—এই আটপ্রকার যোগ। অষ্ট অঙ্গ যাহার, বহু। ২। জানু পদ হস্ত উরঃ বুদ্ধি শিরঃ বাক্য চক্ষুঃ—এই অষ্টাঙ্গের সহিত প্রণাম। বি; পুং। ৩। দুই হস্ত হৃদয় কপাল দুই চক্ষুঃ কণ্ঠ ও মেরুদণ্ড; দুই হস্ত হৃদয় কপাল দুই জানু ও দুই চরণ; দুই হস্ত হৃদয় কপাল দুই চক্ষুঃ মনঃ এবং বাক্য—শরীরের এই অষ্ট অবয়ব; শল্য শালাক্য কায়চিকিৎসা ভূতবিদ্যা কৌমারভৃত্য অগদতন্ত্র রসায়ন বাজীকরণ—আয়ুর্বেদের এই আটটি বিভাগ। কর্মধা। ৪। সার্বিফলক; রাজনীতির অঙ্গীভূত আটটি উপায়। অষ্ট অঙ্গ আছে যাহাতে, বহু। বি; ক্লী। ৫। আটটি অবয়বযুক্ত; জল দুগ্ধ কুশাগ্র দধি ঘৃত তণ্ডুল যব ও শ্বেতসরিষাযুক্ত ('—অর্ঘ্য')। বহু। বিণ। স্ত্রী, -**ঙ্গা**, -**ঙ্গী**।

অষ্টাত্রিংশ, **-ত্রিংশত্তম**—আটত্রিশ এই সংখ্যার পূরক, আটত্রিশেরটি। অষ্টাত্রিংশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -**শী**, -**মী**।

অষ্টাত্রিংশৎ—আটত্রিশ, ৩৮। অষ্টাধিকা ত্রিংশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

অষ্টাদশ—আঠার সংখ্যার পূরক, সতেরর পরেরটি। অষ্টাদশন্+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -**শী**।

অষ্টাদশ (-দশন্)—আঠার সংখ্যা, ১৮। অষ্টাধিকা দশ, মধ্যপ। বি বা বিণ। **অষ্টাদশ পুরাণ**—আঠারটি পুরাণ (ব্রাহ্ম, পাদ্ম, বৈষ্ণব, শৈব, ভাগবত, নারদীয়, মার্কণ্ডেয়, আগ্নেয়, ভবিষ্য,

ব্রহ্মবৈবর্ত, লৈঙ্গ, বারাহ, স্কান্দ, বামন, কৌর্ম, মাৎস্য, গারুড় ও ব্রহ্মাণ্ড—এই আঠারটি)।
অষ্টাদশ বিদ্যা—আঠার প্রকার বিদ্যা (ঋক্ যজুঃ সাম অথর্ব এই চারি বেদ, শিক্ষা কল্প ব্যাকরণ নিরুক্ত জ্যোতিষ ছন্দঃ বেদের এই ছয়টি অংগ, মীমাংসা, ন্যায়, পুরাণ, ধর্মশাস্ত্র, আয়ুর্বেদ, ধনুর্বেদ, গন্ধর্ববেদ এবং অর্থনীতি এই আঠারপ্রকার বিদ্যা)।
অষ্টাদশভুজা—দুর্গামূর্তি বিঃ। অষ্টাদশ ভুজ যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।
অষ্টাদশী—আঠার বৎসর বয়স্কা ('—বালিকা')। বিণ; স্ত্রী।
অষ্টাপদ—১। চৌপাড়ের ঢাল; সারিফলক, পাশার ছক; চিত্রবিচিত্র ফলক বা বস্ত্র। অষ্ট পদ (স্থান) যাহার, বহু। ২। স্বর্ণ ("কাঠের সেঁউতি মোর হইল অষ্টাপদ"—ভারত)। অষ্ট (আটপ্রকার ধাতুর) মধ্যে পদ (স্থান, প্রতিষ্ঠা) যাহার, বহু। বি; ক্লী। ৩। ধুস্তুর। বি; পুং বা ক্লী। ৪। কৈলাস-পর্বত; শরভ মৃগ; অক্টোপাস, octopus; কীট; কীলক; মাকড়সা; মর্কট। অষ্ট পদ (স্থান বা চরণ) যাহার, বহু। বি; পুং।
অষ্টাবক্র—কাহোড় মুনির পুত্র। অষ্ট বক্র যাহার, বহু (নিপা)। বি; পুং।
অষ্টাবিংশ, -বিংশতিতম—আটাইশ এই সংখ্যার পূরক। অষ্টাবিংশতি+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী, -মী।
অষ্টাবিংশতি—আটাইশ, ২৮। অষ্টাধিকা বিংশতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।
অষ্টাশ, অষ্টাশী—৮৮ সংখ্যা। <অষ্টাশীতি। বি বা বিণ, স্ত্রী।
অষ্টাশীতি—অষ্টাশী, ৮৮। অষ্টাধিকা অশীতি, মধ্যপ। বি বা বিণ, স্ত্রী।
অষ্টাশীতিতম—৮৮ সংখ্যার পূরক। অষ্টাশীতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।
অষ্টাহ—আট দিন। অষ্ট অহের (অহন্ শব্দ) সমাহার, সমা-দ্বিগু। বি; ক্লী।
অষ্টোত্তর—অষ্টাধিক। অষ্ট উত্তরে যাহার, বহু। বিণ।
অষ্টোত্তরশত—একশত আট, ১০৮ ('—নাম')। কর্মধা। বি বা বিণ; ক্লী।
অষ্টোত্তরী—একশত আট বৎসরে সমস্ত দশার ভোগকাল পূর্ণ হয়—এইরূপ হিসাবে গণনীয়া ('—দশা')। বিণ; স্ত্রী।
অষ্ঠি—ফলের বীচি, আঁটি। নঞ্—স্থা+ক্তিচ্ কর্তৃ (নিপা)। বি; স্ত্রী।
অসংকীর্ণ—'অসঙ্কীর্ণ' দ্রঃ।
অসংকুচিত—'অসঙ্কুচিত' দ্রঃ।
অসংকুল—'অসঙ্কুল' দ্রঃ।
অসংকুলন—'অসঙ্কুলন' দ্রঃ।
অসংকোচ—'অসঙ্কোচ' দ্রঃ।
অসংক্রান্তমাস—মলমাস। কর্মধা। বি; পুং।
অসংখ্য—অগণ্য, গণনাতীত, সংখ্যাতীত, infinite. ন (নাই) সংখ্যা যাহাদের, বহু। বিণ।
অসংখ্যাত—অগণিত, বহু। নঞ্তৎ। বিণ।
অসংখ্যেয়—অসংখ্য, অগণনীয়। নঞ্তৎ। বিণ।
অসংগত—'অসঙ্গত' দ্রঃ।
অসংগতি—'অসঙ্গতি' দ্রঃ।
অসংগম—'অসঙ্গম' দ্রঃ।
অসংজ্ঞ—চেতনাশূন্য; জ্ঞানবর্জিত। ন (নাই) সংজ্ঞা যাহার, বহু। বিণ।
অসংবদ্ধ—যাহা ভাল করিয়া বাঁধা হয় নাই এরূপ; অসংলগ্ন। নঞ্তৎ। বিণ।
অসংবরণীয়, -বার্য—অনিবার্য, অবারণীয়। নঞ্তৎ। বিণ।
অসংবৃত—অনাবৃত; সম্প্রসারিত; যাহার কাপড়-চোপড় ঢিলা হইয়া পড়িয়াছে এমন; নগ্ন। নঞ্তৎ। বিণ।
অসংযত—অরুদ্ধ; অনিয়মিত; উচ্ছৃঙ্খল ('—আচরণ'); অকৃতসংযম। নঞ্তৎ। বিণ।
অসংযম—অজিতেন্দ্রিয়তা; যথেচ্ছাচার; নিয়ন্ত্রণের অভাব। নঞ্তৎ। বি; পুং।
অসংযমী (-মিন্)—অজিতেন্দ্রিয়, উচ্ছৃঙ্খল ('—ব্যক্তি')। নঞ্তৎ। বিণ। স্ত্রী, -যমিনী।
অসংযুক্ত—যোগহীন, অমিলিত, একক; পৃথক্। নঞ্তৎ। বিণ।
অসংযোগ—বিচ্ছেদ, বিয়োগ। নঞ্তৎ। বি; পুং।
অসংলগ্ন—যাহা সংলগ্ন নয় এরূপ, অযুক্ত; অসংগত; প্রসঙ্গবহির্ভূত; পূর্বাপরবিরুদ্ধ ('—কথা'); পরস্পরবিচ্ছিন্ন। নঞ্তৎ। বিণ।
অসংশয়—১। নিঃসন্দেহ, নিশ্চিত। বহু। বিণ। ২। সন্দেহাভাব। নঞ্তৎ। বি; পুং।
অসংশয়িত—অসন্দিগ্ধ, সন্দেহহীন। নঞ্তৎ। বিণ।
অসংশোধন—শুদ্ধি না করা; না শোধরানো। নঞ্তৎ। বি; ক্লী।
অসংশোধিত—যাহার সংশোধন করা হয় নাই এরূপ; যাহার দোষ দূর করা হয় নাই এরূপ। নঞ্তৎ। বিণ।
অসংশ্লিষ্ট—অসম্বদ্ধ, পরস্পর-বিচ্ছিন্ন। নঞ্তৎ। বিণ।
অসংসক্ত—সংসর্গরহিত; বিচ্ছিন্ন। নঞ্তৎ। বিণ।
অসংসৃষ্ট—অমিলিত; সম্পর্কবিহীন। নঞ্তৎ। বিণ।
অসংস্কৃত—১। যাহার সংস্কার করা হয় নাই এরূপ; গর্ভাধানাদি-সংস্কারশূন্য; অনুপনীত; অশোধিত, অমার্জিত; অবিন্যস্ত; আছোলা; অপরিষ্কৃত; সংস্কৃত ভিন্ন অন্য ('—ভাষা')। বিণ। ২। সংস্কৃতের অপভ্রংশ; অপকৃষ্ট সংস্কৃত ভাষা। নঞ্তৎ। বি; ক্লী।
অসংস্থান—অপ্রতুল; যোগাড় না থাকা; প্রণালী-রাহিত্য। নঞ্তৎ। বি; ক্লী।
অসংহত—১। অসংলগ্ন; ইতস্ততঃ বিক্ষিপ্ত; অমিলিত; একতাশূন্য। বিণ। ২। ব্যূহ বিঃ; সেনাদিগের পৃথক্ বৃত্তি। নঞ্তৎ। বি; পুং।

অসকৃৎ—বহুবার, একাধিক বার, পুনঃপুনঃ। অ।
অসক্ত—অসংলগ্ন; অনাসক্ত; বিষয়বিরাগী; ফলাকাঙ্ক্ষাশূন্য। নঞ্‌তৎ। বিণ।
অসগোত্র—ভিন্নগোত্র, ভিন্নবংশীয়। নঞ্‌তৎ। বিণ।
অসংকীর্ণ, অসংকীর্ণ—বিস্তৃত; উদার; প্রসারিত; অদ্বিধাগ্রস্ত; অমিশ্রিত; অসংকুচিত। নঞ্‌তৎ। বিণ।
অসংকুচিত, অসংকুচিত—অকুণ্ঠিত; অকুণ্ঠিত; অনম্র। নঞ্‌তৎ। বিণ।
অসংকুল, অসংকুল—পরস্পর অবিরুদ্ধ; অমিশ্র; প্রশস্ত; বিস্তীর্ণ। নঞ্‌তৎ। বিণ।
অসংকুলন, অসংকুলন—না কুলানো। নঞ্‌তৎ (বাংপ্র)। বি।
অসংকোচ অসংকোচ—১। সন্দেহ না করা; দ্বিধাহীনতা। নঞ্‌তৎ। বি; পুং। ২। সংকোচশূন্য; দ্বিধাহীন। বহু। বিণ। ক্রি-বিণ—**অসংকোচে, অসংকোচে**।
অসংগ—১। একাকী; নির্লিপ্ত; অনাসক্ত। বিণ। ২। স্ত্রী-পুত্র-বিষয়াদির ত্যাগরূপ বৈরাগ্য; নির্বিষয় পরমাত্মা। বহু। বি; পুং।
অসংগত, অসংগত—যুক্তিবিরুদ্ধ; অসংলগ্ন; সংযোগবর্জিত; পরস্পর সম্পর্কশূন্য; পূর্বাপরবিরুদ্ধ; অসম্ভব; অসভ্য; অশিক্ষিত; অনুচিত; অসদৃশ। নঞ্‌তৎ। বিণ।
অসংগতি, অসংগতি—অসংলগ্নতা; সংসর্গাভাব; (অর্থাদির) অভাব; অনৌচিত্য; অর্থালংকার বিঃ, কার্যকারণের ভিন্নদেশবর্তিতা [যথা—"একের কপালে রহে, আরের কপাল দহে, আগুনের কপালে আগুন"—ভারত]। নঞ্‌তৎ। বি; স্ত্রী।
অসচ্চরিত্র—কুস্বভাব, দুর্বৃত্ত। নঞ্‌তৎ। বিণ।
অসচ্ছল—অভাবযুক্ত, অনটনের ('—সংসার')। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।
অসজ্জন—দুষ্ট লোক; অশিষ্ট জন। নঞ্‌তৎ। বি; [পুং।
অসৎ—দোষী; মন্দ ('—ছেলে'); অবিদ্যমান; নিঃস্বরূপ; দৃশ্যমান অথচ অবাস্তব, virtual. নঞ্‌তৎ। বিণ। স্ত্রী—**অসতী**।
অসততা—অসাধুতা। বাংপ্র। বি; স্ত্রী।
অসতর্ক—অসাবধান; অমনোযোগী। নঞ্‌তৎ। বিণ। বি, -তা।
অসতী—১। কুলটা, ভ্রষ্টা। বি; স্ত্রী। ২। দুশ্চরিত্রা; অবিদ্যমানা। নঞ্‌তৎ। বিণ; স্ত্রী।
অসৎকর্মা (-কর্মন্)—দুষ্কর্মান্বিত; নিন্দিতকর্মা। অসৎ কর্ম যাহার, বহু। বিণ।
অসত্তা—অভাব; না থাকা; অসাধুতা। অসৎ+তা ভাবে। বি; স্ত্রী।
অসত্ত্ব—১। অপ্রাণী, অচেতন পদার্থ। নঞ্‌তৎ। বি; ক্লী। ২। নির্জীব; কাপুরুষ; অসাধু; জীবশূন্য। বহু। বিণ।
অসৎপ্রতিগ্রহ—১। অনুপযুক্ত ব্যক্তির নিকট হইতে দান গ্রহণ। ৫মীতৎ। ২। দানরূপে গ্রহণের অযোগ্য দ্রব্যগ্রহণ। কর্মধা। বি; পুং।
অসত্য—১। মিথ্যাবাক্য। বি; ক্লী। ২। মিথ্যা, অবাস্তব। নঞ্‌তৎ। বিণ।
অসত্যবাদী (-বাদিন্), **-ভাষী** (-ভাষিন্)—মিথ্যাবাদী। উপতৎ; অসত্য—বদ্, ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিনী, -ভাষিণী**।
অসত্যসন্ধ—যাহার সত্য ধর্মে অভিলাষ নাই এমন; কৃতঘ্ন; প্রতিজ্ঞাভঙ্গকারী; কপটাচার; দুরভিসন্ধ। নঞ্‌তৎ। বিণ।
অসৎসংসর্গ, -সঙ্গ—অসাধু ব্যক্তির সঙ্গ। কর্মধা অথবা ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অসদাচরণ, -চার—অভদ্র ব্যবহার, অসচ্চরিত্রতা। কর্মধা বা নঞ্‌তৎ। বি; ক্লী, পুং।
অসদাচারী (-রিন্)—দুঃশীল; দুর্বৃত্ত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-চারিণী**।
অসদৃশ—অযোগ্য, অনুচিত; বিরুদ্ধ; সাদৃশ্যহীন; অনুপম, ভিন্নপ্রকার; বিসদৃশ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-শী**।
অসদ্ব্যবহার—দুর্ব্যবহার, অসাধু আচরণ। কর্মধা বা নঞ্‌তৎ। বি, পুং।
অসদ্ভাব—অবিদ্যমানতা; মন্দ চরিত্র; দুরভিসন্ধি; অপ্রণয়, মনোমালিন্য। নঞ্‌তৎ। বি; পুং।
অসন—ক্ষেপণ। অস্ অনট্ ভাব। বি; ক্লী।
অসন্তুষ্ট—অপ্রীত; অতৃপ্ত, বিরক্ত। নঞ্‌তৎ। বিণ।
অসন্তুষ্টি—অসন্তোষ, ক্রোধ। নঞ্‌তৎ। বি, স্ত্রী।
অসন্তোষ—বিরক্তি; ক্রোধ। নঞ্‌তৎ। বি; পুং।
অসন্দিগ্ধ—সন্দেহহীন; নিশ্চিত। নঞ্‌তৎ। বিণ।
অসন্দিহান—সন্দেহশূন্য। নঞ্‌তৎ। বিণ।
অসপত্ন—শত্রুরহিত; নিষ্কণ্টক। বহু। বিণ।
অসপিণ্ড—সপিণ্ডভিন্ন, যে সাতপুরুষের অন্তর্গত নয় এরূপ। নঞ্‌তৎ। বিণ।
অসবর্ণ—ভিন্নশ্রেণীর অন্তর্গত, ভিন্নজাতীয়; অন্য বর্ণের। নঞ্‌তৎ। বিণ।
অসবর্ণবিবাহ—ব্রাহ্মণ শূদ্র ইঃ ভিন্ন বর্ণের মধ্যে বিবাহ, একজাতীয় বরের সহিত ভিন্নজাতীয়া কন্যার বিবাহ, intercaste marriage. কর্মধা। বি, পুং।
অসভ্য—অভদ্র ('—লোক'); অশিষ্ট ('—আচরণ'); অশ্লীল ('—কথা'); বন্য, যে সভ্যতার আলোক পায় নাই এমন ('—জাতি')। নঞ্‌তৎ। বিণ।
অসভ্যতা—অশিষ্টতা, অভদ্রতা; অশ্লীলতা। অসভ্য +তা ভাবে। বি; স্ত্রী।
অসম—অনুপম; বিষম; অযুগ্ম, বিজোড়। নঞ্‌তৎ। বিণ।
অসমক্ষ—অপ্রত্যক্ষ, পরোক্ষ, অগোচর, অদেখা। নঞ্‌তৎ। বিণ।
অসমঞ্জস—অসংগত, অনুপযুক্ত; অসদৃশ; বেখাপ্পা; যুক্তিবিরুদ্ধ। নঞ্‌তৎ। বিণ।
অসমতল—বন্ধুর, উঁচুনীচু। নঞ্‌তৎ। বিণ।
অসমতা—অসাদৃশ্য, অযুগ্মত্ব। নঞ্‌তৎ। বি; স্ত্রী।
অসমদর্শী (-দর্শিন্)—যে সকলকে সমান দেখে না এরূপ, পক্ষপাতী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-দর্শিনী**।

অসমবায়িকারণ—(ন্যায়) সমবায়িকারণের আসন্নতর কারণ [কারণ ত্রিবিধ:—সমবায়ি, অসমবায়ি ও নিমিত্ত]। অসমবায়ি কারণ, কর্মধা। বি; ক্লী।
অসমবায়ী (-বায়িন্)—সম্পর্কশূন্য; আগন্তুক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-বায়িনী**।
অসময়—অকাল; দুঃসময়, অভাবের সময়। নঞ্‌তৎ। বি; পুং।
অসমর্থ—দুর্বল; অপটু; (ব্যাক) অসংগত-অর্থবিশিষ্ট; পরস্পর অন্বয়বিহীন। নঞ্‌তৎ। বিণ। বি, **-তা**।
অসমর্থন—অননুমোদন, পোষকতা না করা। নঞ্‌তৎ। বি; ক্লী। বিণ, **-র্থিত**।
অসমশীর্ষ—যাহাদের উপরিভাগ সমান নহে এরূপ; যাহাদের মস্তক একরেখাস্থ নহে এরূপ ('—বর্ণসমূহ')। নঞ্‌তৎ। বিণ।
অসমসত্ত্ব—বিরুদ্ধ-প্রকৃতি-বিশিষ্ট; ভিন্নজাতীয়, heterogeneous. অসম সত্ত্ব যাহাতে, বহু। বিণ।
অসমসাময়িক—যাহা এককালে উৎপন্ন বা বর্তমান নহে এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-কী**।
অসমসাহস—দুঃসাহস; অতুলনীয় সাহস, গোঁয়ারতুমি। কর্মধা। বি; পুং।
অসমসাহসিক—যাহার সাহসের তুলনা নাই এরূপ ('—কার্য'); যে বিপজ্জনক কার্য করিতেও কোনরূপ ভয় পায় না বা সংকোচ করে না এরূপ ('—ব্যক্তি')। অসম সাহসিক, সুপ্। বিণ।
অসমসাহসী (-সিন্)—দুঃসাহসসম্পন্ন, অতিশয় সাহসযুক্ত। অসমসাহস+ইন্ আছে অর্থে। বিণ; পুং। স্ত্রী, **-সিনী**।
অসমস্ত—(ব্যাক) সমাসবিহীন; অসম্পূর্ণ। নঞ্‌তৎ। বিণ। [বিণ।
অসমান—অসদৃশ; বিজাতীয়; অসমোচ্চ। নঞ্‌তৎ।
অসমাপিকা—অসম্পূর্ণকারিণী। নঞ্‌তৎ। বিণ।
অসমাপিকা ক্রিয়া—যে ক্রিয়ার দ্বারা বাক্যের সমাপ্তি হয় না।
অসমাপিত—অসম্পূর্ণ, অনিষ্পাদিত; নঞ্‌তৎ। বিণ।
অসমাপ্ত—অসম্পূর্ণ; অবসানহীন। নঞ্‌তৎ। বিণ।
অসমাপ্তি—অসম্পূর্ণতা; অবসানহীনতা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।
অসমীক্ষণ—সম্যক্ পর্যবেক্ষণের অভাব; অননুসন্ধান। নঞ্—সম্—ঈক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-ক্ষিত**।
অসমীক্ষ্যকারিতা—অবিমৃষ্যকারিতা, হঠকারিতা। অসমীক্ষ্যকারিন্+তা ভাবে। বি; স্ত্রী।
অসমীক্ষ্যকারী (-কারিন্)—অবিমৃষ্যকারী; অপরিণামদর্শী; মূর্খ। নঞ্—সমীক্ষ্য—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিণী**।
অসমীচীন—অনুত্তম; অসংগত; অযুক্তিযুক্ত। নঞ্‌তৎ। বিণ।
অসমীয়া—আসামবাসী বা তাহাদের ভাষা বা তৎসংক্রান্ত; আসামী ('—ভাষা')। বাংপ্র। বি বা বিণ।
অসম্পর্ক—১। সম্পর্কাভাব, সম্বন্ধহীনতা। নঞ্‌তৎ। বি; পুং। ২। সম্বন্ধহীন, নিঃসম্পর্ক। বহু। বিণ।
অসম্পর্কিত—সম্বন্ধহীন, যাহার সহিত কোন সম্পর্ক নাই এমন। নঞ্‌তৎ। বিণ।
অসম্পর্কীয়—সম্বন্ধহীন, যাহার সহিত কোন সম্বন্ধ নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।
অসম্পূর্ণ—অসমগ্র; অপূর্ণ; অসমাপ্ত। নঞ্‌তৎ। বিণ।
অসম্পৃক্ত—সম্পর্করহিত, অসংশ্লিষ্ট। নঞ্‌তৎ। বিণ।
অসম্বন্ধ—পরস্পরসম্পর্করহিত; অসংলগ্ন; পূর্বাপরসম্বন্ধবিরহিত; যাহা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত হয় নাই এমন, unaffiliated. নঞ্‌তৎ। বিণ।
অসম্বন্ধপ্রলাপ—পূর্বাপরসম্বন্ধশূন্য বাক্যকথন; আবোলতাবোল বকা। কর্মধা। বি; পুং।
অসম্ভব—১। সম্ভবরাহিত্য; অঘটনীয়তা; অলৌকিকত্ব। নঞ্‌তৎ। বি; পুং। ২। অঘটনীয়; যাহা হইতে পারে না এমন; বিস্ময়জনক; অলৌকিক, তাজ্জব। বহু। বিণ।
অসম্ভাবনীয়, -সম্ভাব্য—অঘটনীয়, যাহা ঘটিবার সম্ভাবনা নাই এরূপ, improbable. নঞ্—সম্—ভূ+ণিচ্ (স্বার্থে)+অনীয়, ণ্যৎ কর্তৃ। বিণ।
অসম্ভাবিত—যাহার সম্ভাবনা করা হয় নাই এমন, অপ্রত্যাশিত, unexpected. নঞ্‌তৎ। বিণ।
অসম্ভ্রম—অমর্যাদা, অসম্মান। নঞ্‌তৎ। বি; পুং।
অসম্মত—অস্বীকৃত; বিরোধী; অননুকূল; অপ্রীতিকর। নঞ্‌তৎ। বিণ।
অসম্মতি—অমত; অস্বীকৃতি। নঞ্‌তৎ। বি; স্ত্রী।
অসম্মান—অপমান; অনাদর। নঞ্‌তৎ। বি; পুং।
অসম্মানিত—অবজ্ঞাত, অনাদৃত; অপমানিত। নঞ্‌তৎ। বিণ।
অসহ—১। ক্ষমাশূন্য, অসহিষ্ণু; সহ্য করিতে অক্ষম। নঞ্‌তৎ। ২। দুঃসহ; যাহা সহিতে পারা যায় না এমন। বাংপ্র। বিণ।
অসহন—১। অধীর, অসহিষ্ণু। বিণ। ২। সহনাভাব, অসহিষ্ণুতা। নঞ্‌তৎ। বি; ক্লী।
অসহনীয়—অসহ্য। নঞ্‌তৎ। বিণ।
অসহমান—সহ্য করিতে অসমর্থ; ক্ষমা করিতে অপারক। নঞ্‌তৎ। বিণ।
অসহযোগ—সহযোগের অভাব, সহযোগিতা না করা, non-co-operation. নঞ্‌তৎ। বি; পুং।
অসহযোগ আন্দোলন—গান্ধীজী-প্রবর্তিত ভারতের যে স্বাধীনতা আন্দোলনে গভর্নমেণ্টের সহিত সহযোগিতা বর্জন করা হইয়াছিল, non-co-operation movement.
অসহযোগী (-গিন্)—সহযোগিতাহীন, যে সহযোগ করে না এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-যোগিনী**। বি, **-গিতা**।
অসহায়—নিঃসহায়, সহায়হীন; নিঃসঙ্গ, একক। বহু। বিণ।

অসহিষ্ণু—অসহনশীল, অধীর। নঞ্‌তৎ। বিণ। বি, -তা।

অসহ্য—অসহনীয়, দুঃসহ, unbearable. নঞ্‌তৎ।

অসাক্ষাৎ—পরোক্ষ, অপ্রত্যক্ষ; দর্শনাভাব। নঞ্‌তৎ। অ। ক্রি-বিণ—**অসাক্ষাতে**।

অসাক্ষাৎকার—দর্শনাভাব; পরোক্ষজ্ঞান। নঞ্‌তৎ। বি; পুং।

অসাজন্ত—বেমানান, অশোভন। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

অসাড়—নিঃশব্দ; নিস্পন্দ; বোধহীন, অনুভূতিহীন; অজ্ঞান। ন (নাই) সাড়া যাহার, বহু। বাংপ্র। বিণ। [বিণ।

অসাড়ে—অজ্ঞাতসারে; অসাড় অবস্থায়। বাংপ্র। ক্রি-

অসাদৃশ্য—অমিল; অনৈক্য; সাদৃশ্যের অভাব। নঞ্‌তৎ। বি; ক্লী।

অসাধ—অনিচ্ছা, শখ না থাকা। নঞ্‌তৎ। <অশ্রদ্ধা। বি।

অসাধারণ—অসামান্য, বিশেষ, অতুল্য ('— প্রতিভা')। নঞ্‌তৎ। বিণ। বি, -তা, -ত্ব।

অসাধিত—অসম্পাদিত, অকৃত। নঞ্‌তৎ। বিণ।

অসাধু—অসৎ; অভদ্র; দুর্বৃত্ত; নিন্দিত; অপ্রিয়; অসংযত; অপভ্রষ্ট; গ্রাম্য; অশ্লীল; ব্যাকরণদুষ্ট। নঞ্‌তৎ। বিণ। বি, -তা।

অসাধ্বী—কুলটা, অসতী। নঞ্‌তৎ। বিণ।

অসাধ্য—সাধনাতীত, যাহা পারা যাইবে না এমন ('—কর্ম'); অনধিগম্য; চিকিৎসাতীত ('— রোগ'); প্রমাণাদি দ্বারা সমর্থনের অযোগ্য। নঞ্‌তৎ। বিণ। **শিবের অসাধ্য**—অপ্রতিকার্য; অসম্ভব।

অসাধ্যসাধন—দুষ্করকর্মসম্পাদন, যাহা অন্যে করিতে পারে না এরূপ কার্য করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অসাবধান—অসতর্ক; অনবহিত; অমনোযোগী। নঞ্‌তৎ। বিণ। বি, -তা।

অসামঞ্জস্য—অমিল, অসংগতি; অযোগ্যতা। নঞ্‌তৎ। বি; ক্লী।

অসাময়িক—কালানুপযুক্ত; আকালিক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -কী।

অসামর্থ্য—শক্তিহীনতা, অক্ষমতা। ন সামর্থ্য, নঞ্‌তৎ। বি; ক্লী।

অসামাজিক—সমাজবিধিবহির্ভূত; অভদ্র; অমিশুকে; সমাজরীতিজ্ঞানশূন্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -কী।

অসামান্য—অসাধারণ, বিশেষ; অতিপ্রচুর; অলোকিক; অনুপম। নঞ্‌তৎ। বিণ। বি, -তা।

অসামাল—অসাবধান, প্রতীকারে অসমর্থ; আত্মরক্ষায় অপারক; অধীর; যে আপন অংগপ্রত্যংগ অথবা পরিচ্ছদাদি ধারণ করিতে পারে না এরূপ; মলমূত্রের বেগধারণে অসমর্থ। ন (নাই) সামাল যাহার, বহু। বাংপ্র। বিণ।

অসাম্প্রদায়িক—যাহা কোন বিশেষ সম্প্রদায়ভুক্ত নহে এরূপ, সর্বজনীন; যাহা কোন দলের নহে এরূপ; যাহাতে সাম্প্রদায়িকতা-দোষ নাই এমন, সম্প্রদায়-নিরপেক্ষ, non-communal. নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -কী। বি, -তা।

অসাম্য—১। সমতার অভাব; অমিল; ঐক্যের অভাব; সাদৃশ্যহীনতা। নঞ্‌তৎ। বি; ক্লী। ২। অ-সদৃশ। বহু। বিণ।

অসার—সাররহিত; যাহার ভিতর শক্ত নহে এমন ('— কাঠ'); অপদার্থ; দুর্বল; অকর্মণ্য; তুচ্ছ; বাজে; জঘন্য; মিথ্যা। বিণ। বি, -তা, -ত্ব।

অসি—১। তরবারি। অস্+ই কর্ম সংজ্ঞার্থে। বি; পুং। ২। কাশীর একটি নদী। অস্+ই কর্তৃ। বি; স্ত্রী।

অসিচর্ম—ঢাল-তলোয়ার। সমা-দ্বন্দ্ব। বি; ক্লী।

অসিচর্যা—অসিচালনা শিক্ষা; অসির ব্যবহার। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অসিচালন, -চালনা—তলোয়ার চালানো, তলোয়ার খেলা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।

অসিত—১। কৃষ্ণবর্ণ; শনিগ্রহ; কৃষ্ণপক্ষ। বি; পুং। ২। শ্যামল; কালো। নঞ্‌তৎ। বিণ।

অসিতাংগ—কৃষ্ণকায়। অসিত অংগ যাহার, বহু। বিণ। স্ত্রী, -ংগী, -ংগা।

অসিতাপাংগী—যাহার চক্ষুঃপ্রান্ত কৃষ্ণবর্ণ এরূপ ('— রমণী')। অসিত অপাংগ যাহার, বহু+ঈপ্। বিণ; স্ত্রী।

অসিদ্ধ—অরন্ধিত; আংশিক সিদ্ধ; অপক্ব; অ-সম্পূর্ণ; বিফল; যে সাধনার ফল পায় নাই এরূপ; যুক্তিতর্কের দ্বারা সমর্থিত নয় এমন। নঞ্‌তৎ। বিণ। [তৎ। বি; স্ত্রী।

অসিদ্ধি—প্রমাণাভাব; অনিষ্পত্তি; অসফলতা। নঞ্‌-

অসিধারা—খড়্গের ধার। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অসিধারাব্রত—পরস্পর সংযোগ নিবারণের জন্য মধ্যস্থলে তীক্ষ্ণধার অসিস্থাপনপূর্বক স্ত্রীপুরুষের একশয্যায় শয়ন। অসিধারাসাধনীয় ব্রত, মধ্যপ। বি; ক্লী।

অসিপত্র—১। আকগাছ। অসির ন্যায় পত্র যাহার, বহু। বি; পুং। ২। খড়্গের খাপ; তরোয়ালের খাপ। ৬ষ্ঠীতৎ। ৩। ইক্ষুপত্রের আকারের ন্যায় উভয়দিকে ধারবিশিষ্ট খড়্গ। বহু। বি; ক্লী।

অসিযুদ্ধ—তলোয়ারের সাহায্যে যুদ্ধ। ৩য়াতৎ। বি; ক্লী।

অসীম—১। সীমাহীন, অনন্ত, infinite; প্রচুর, প্রভূত। বিণ। ২। অনন্ত ব্রহ্ম ("সীমার মাঝে অসীম তুমি বাজাও আপন সুর"—রবীন্দ্র)। ন (নাই) সীমা যাহার, বহু। বি; ক্লী।

অসু—প্রাণ [শরীরান্তর্গত প্রাণ অপান সমান উদান ব্যান—এই পঞ্চ বায়ু]। অস্+উ করণ সংজ্ঞার্থে। বি; পুং।

অসুখ—১। দুঃখ, ক্লেশ; পীড়া। নঞ্‌তৎ। বি; ক্লী। ২। দুঃখিত; পীড়িত; দুঃখজনক। ন (নাই) সুখ যাহার বা যাহাতে, বহু। বিণ।

অসুখকর—ক্লেশপ্রদ; কষ্টসাধ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -করী।

অসুখদ, -দায়ক—ক্লেশপ্রদ, বিরক্তিজনক। উপতৎ; অসুখ—দা+ক কর্তৃ; (২য় পক্ষে) ৬ষ্ঠীতৎ। বিণ।

অসুখাবহ—দুঃখকর। অসুখের আবহ (আ—বহ্+অচ্ কর্তৃ), ৬ষ্ঠীতৎ। বিণ।

অসুখী (-খিন্)—যে সুখী নয় এরূপ, অসুখগ্রস্ত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-খিনী**।

অসুন্দর—কুরূপ; অশোভন; অপ্রিয়; অনুচিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-রী**।

অসুবিধা—সুবিধাহীনতা; অন্তরায়; অস্বাচ্ছন্দ্য; বাধাবিঘ্ন। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অসুর—দেববিরোধী ব্যক্তি; দৈত্য; ময়দানবের পুত্র। নঞ্‌তৎ। বি; পুং। স্ত্রী, **-রী**।

অসুরনাশিনী—১। দানবদলনী। বিণ; স্ত্রী। ২। দুর্গা। উপতৎ; অসুর—নশ্+ণিচ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

অসুসার—অসচ্ছল অবস্থা, দৈন্য। নঞ্‌তৎ। বাংপ্র। বি।

অসুস্থ—পীড়িত, রুগ্ণ; যাহার শরীর বা মন ভাল নাই এমন। নঞ্‌তৎ। বিণ।

অসূক্ষ্ম—ইন্দ্রিয়গ্রাহ্য; স্থূল। নঞ্‌তৎ। বিণ।

অসূক্ষ্মদর্শী (-দর্শিন্)—তীক্ষ্ণবুদ্ধিহীন; স্থূলবুদ্ধি; যে অতিশয় বুদ্ধিমান্ নয় এরূপ; যাহার প্রত্যুৎপন্নমতিত্ব নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, **-দর্শিনী**। বি, **-দর্শিতা**।

অসূয়ক—অসূয়াকারী, পরগুণে দোষাবিষ্কারক; বিশ্বনিন্দুক, মানবদ্বেষী, cynic. অসু+যক্ (কণ্ড্বাদি)+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িকা**।

অসূয়া—ঈর্ষ্যা, দ্বেষ; নিন্দা; ক্রোধ; স্পর্ধা; পরগুণে দোষদর্শন। অসু+যক্ (কণ্ড্বাদি)+ অ ভাব+আপ্। বি; স্ত্রী।

অসূয়াপর, -পরতন্ত্র, -পরবশ, -পরায়ণ—পরগুণে ঈর্ষ্যাপরবশ, ঈর্ষ্যাযুক্ত। বহু, ৬ষ্ঠীতৎ, ৬ষ্ঠীতৎ, বহু। বিণ।

অসূর্যম্পশ্যা—অন্তঃপুরে সতত অবস্থানবশতঃ অ-সূর্যদর্শিনী রাজপত্নী প্রঃ; অন্তঃপুরচারিণী ('—নারী'); যেখানে সূর্যের কিরণ পড়ে না এরূপ। নঞ্—সূর্য—দৃশ্+খশ্ কর্তৃ+আপ্। বি বা বিণ; স্ত্রী।

অসৃক্ (-সৃজ্)—রক্ত। নঞ্—সৃজ্+ক্বিপ্ কর্ম, সংজ্ঞার্থে। বি; ক্লী।

অসেবনীয়, অসেব্য—অনারাধনীয়; সেবার অনুপযুক্ত; অনাদরণীয়; অনুপভোগ্য; অগ্রাহ্য। নঞ্‌তৎ। বিণ।

অসেবিত—অনারাধিত; অনাদৃত; অনুপভুক্ত; অ-গৃহীত; অভুক্ত; অপীত। নঞ্‌তৎ। বিণ। বি—**অসেবন**।

অসৈরন—অসহ্য বিষয়; অন্যায় কার্য; মন্দ চরিত্র। বাংপ্র। বি।

অসোয়াস্তি—অস্বস্তি। বাংপ্র। বি।

অসৌজন্য—ঔদ্ধত্য; অশিষ্টাচার; অভদ্রতা। নঞ্‌তৎ। বি; ক্লী।

অসোরস—মনোমালিন্য। বাংপ্র। বি।

অসৌষ্ঠব—সৌষ্ঠবের অভাব; ভদ্রতা বা শিষ্টতার অভাব; বেমানান অবস্থা। নঞ্‌তৎ। বি; ক্লী।

অসৌহার্দ, -র্দ্য, -হৃদ, -হৃদ্য—অসদ্ভাব, অমিত্রতা, শত্রুতা। নঞ্‌তৎ। বি; ক্লী।

অস্ট্রেলিআন, অস্ট্রেলীয়—১। অস্ট্রেলিয়ার। বিণ। ২। অস্ট্রেলিয়ার লোক বা ভাষা। ⟨ইং 'Australian'. বি।

অস্ত—১। পশ্চিমাচল; (রাশিচক্রে) লগ্ন হইতে সপ্তম স্থান। অস্+ক্ত অধি। বি; পুং। ২। চন্দ্র-সূর্যাদির পশ্চিমদিকে অদৃশ্য হওয়া; মৃত্যু; অবসান। অস্+ক্ত ভাব। বি; ক্লী। ৩। নিক্ষিপ্ত, পাতিত, চালিত; প্রেরিত; ত্যক্ত; অবসিত। অস্+ক্ত কর্ম। বিণ।

অস্তগত—দৃষ্টিবহির্ভূত; অস্তমিত; ক্ষয়িত, বিলুপ্তিপ্রাপ্ত। ২য়াতৎ। বিণ।

অস্তগমন—অস্তপর্বতে গতি; ডুবিয়া যাওয়া; অদৃশ্য হওয়া। ৭মীতৎ। বি; ক্লী।

অস্তগমনোন্মুখ—অস্তমিতপ্রায়, যাহা একটু পরেই অদৃশ্য হইবে এরূপ। অস্তগমনে উন্মুখ, ৭মীতৎ। বিণ।

অস্তগামী (-গামিন্)—অস্তগমনশীল; অস্তমিতপ্রায়। উপতৎ; অস্ত—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী**।

অস্তগিরি—অস্তাচল, পশ্চিমাচল। অস্তবিধায়ক গিরি বা অস্তনামা গিরি, মধ্যপ। বি; পুং।

অস্তপ্রায়—প্রায় অস্তমিত। সুপ্। বিণ।

অস্তব্যস্ত—অস্থির। অস্ত অথচ ব্যস্ত, কর্মধা। বিণ।

অস্তমন—অস্তগমন। ⟨অস্তময়ন। বি।

অস্তময়ন—অস্তাচলে গমন; অদৃশ্য হওয়া; অবসান; বিধ্বংস। অস্তম্—ই বা অয়্+অনট্ ভাব। বি; ক্লী।

অস্তমান—অস্তগমনোন্মুখ। বাংপ্র। বিণ।

অস্তমিত—অস্তগত; নষ্ট; অদৃশ্য; বিলুপ্ত, ক্ষয়প্রাপ্ত। অস্তম্—ই+ক্ত কর্তৃ। বিণ।

অস্তর—১। জামার ভিতরের কাপড়, মূল্যবান্ কোটের ভিতরে যে অপেক্ষাকৃত অল্পমূল্যের কাপড় থাকে তাহা; রঙের প্রথম লেপ; চুন সুরকি ইঁর প্রলেপ, পলস্তারা। ফা। ২। হাতিয়ার; চিকিৎসকের ব্যবহার্য অস্ত্র, যন্ত্রাস্ত্র। ⟨অস্ত্র। বি।

অস্তরীভূত—যাহা স্তরে পরিণত হয় নাই এরূপ, unstratified. নঞ্‌তৎ। বিণ।

অস্তশিখরী (-শিখরিন্)—অস্তগিরি। অস্তনামা শিখরী, মধ্যপ। বি; পুং।

অস্তাচল—অস্তগিরি, পশ্চিমাচল। অস্তনামক অচল, মধ্যপ। বি; পুং।

অস্তাচলগত—অস্তমিত; তিরোহিত। ২য়াতৎ। বিণ।

অস্তাচলগামী (-গামিন্)—অস্তগমনোদ্যত, যাহা অস্তমিত হইতেছে এরূপ। উপতৎ; অস্তাচল—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী**।

অস্তাচলচূড়া—অস্তপর্বতের শিখর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অস্তাচলচূড়াবলম্বী (-ম্বিন্)—অস্তগিরিশিখরারূঢ়, অস্তপর্বতের শিরোদেশে উপনীত; অস্তগমনোদ্যত। উপতৎ; অস্তাচলচূড়া—অব—লন্ব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-লম্বিনী**।

অস্তায়মান—অস্তগমনোদ্যত। অস্ত+ক্যঙ্ (=অস্তায় নামধাতু)+শানচ্ কর্তৃ। বিণ।

অস্তি—১। বিদ্যমানতা, স্থিতি। অ। ২। বিদ্যমান আছে; আছে, হইতেছে। অস্+তিপ্। সং ক্রি।

অস্তিত্ব—স্থায়িত্ব, বিদ্যমানতা, সত্তা, existence. অস্তি+ত্ব ভাবে। বি; ক্লী।

অস্তিনাস্তি—থাকা বা না থাকা, সত্তা ও অসত্তা। অস্তি এবং নাস্তি, দ্বন্দ্ব। অ।

অস্তু—হউক ('তথাস্তু')। সং ক্রি।

অস্তেব্যস্তে—তাড়াতাড়ি; ব্যাকুলতাপূর্বক। বাংপ্র। ক্রি-বিণ।

অস্তেয়—চুরি না করা, অচৌর্য। নঞ্তৎ। বি; ক্লী।

অস্তোদয়—১। সূর্যের অস্ত হইতে উদয় পর্যন্ত কাল। অস্তাবধিক উদয়, মধ্যপ। ২। সূর্যের অস্ত হইতে উদয় পর্যন্ত নিয়ম করিয়া সমাপনীয় কর্ম। অস্তোদয়+অচ্ বিশিষ্টার্থে। বি; পুং।

অস্তোন্মুখ—অস্তগমনে উদ্যত। ৭মীতৎ। বিণ।

অস্ত্যর্থ—'আছে' এই অর্থ, বিদ্যমানতার্থ। অস্তির অর্থ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অস্ত্যর্থক—'আছে' এই অর্থবিশিষ্ট; 'আছে' এই অর্থের দ্যোতক। অস্তি অর্থ যাহার, বহু (ক-আগম)। বিণ।

অস্ত্র—১। হাতিয়ার, ক্ষেপণযোগ্য শর ইঃ। অস্+ষ্ট্রন্ বা ত্র কর্ম সংজ্ঞার্থে। ২। ধনু, খড়্গ প্রঃ; শস্ত্রমাত্র; ধারালো যন্ত্র। অস্+ষ্ট্রন্ করণ। বি; ক্লী। **অস্ত্র করা**—চিকিৎসার জন্য ধারালো যন্ত্র ইঃ দ্বারা দেহের উপরে কাটা-চেরা করা।

অস্ত্রকার, -কারক—অস্ত্রনির্মাতা। উপতৎ; অস্ত্র—কৃ+অণ্ কর্তৃ; অস্ত্রের কারক, ৬ষ্ঠীতৎ। বিণ।

অস্ত্রক্ষত—অস্ত্রপ্রহারে উৎপন্ন ঘা। অস্ত্রজনিত ক্ষত, মধ্যপ। বি; ক্লী। [পুং, ক্লী।

অস্ত্রক্ষেপ, -ক্ষেপণ—শরাদি নিক্ষেপ। ৬ষ্ঠীতৎ। বি;

অস্ত্রগুরু—অস্ত্রবিদ্যাশিক্ষক। অস্ত্রশিক্ষক গুরু, মধ্যপ। বি; পুং।

অস্ত্রচালনা—অস্ত্রসঞ্চালন; হাতিয়ার চালানো। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অস্ত্রচিকিৎসক—যিনি ছুরি প্রঃ দ্বারা ব্রণাদি রোগের চিকিৎসা করেন, surgeon. অস্ত্রব্যবহারী চিকিৎসক, মধ্যপ। বি; পুং।

অস্ত্রচিকিৎসা—অস্ত্রপ্রয়োগাদি দ্বারা ক্ষতাদিরোগের প্রতীকারকরণ অস্ত্রপ্রয়োগ করিয়া চিকিৎসা, surgery. ৩য়াতৎ। বি; স্ত্রী।

অস্ত্রজীব, অস্ত্রাজীব—অস্ত্রব্যবসায়ী; বেতনভোগী যোদ্ধা। উপতৎ; অস্ত্র—জীব+অচ্ কর্তৃ; অস্ত্র আজীব যাহার, বহু। বি; পুং, বা বিণ।

অস্ত্রত্যাগ—অস্ত্রাদিনিক্ষেপ; অস্ত্রপরিহার। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ক্লী।

অস্ত্রধারণ—অস্ত্রগ্রহণ; যুদ্ধে নামা। ৬ষ্ঠীতৎ। বি;

অস্ত্রধারী (-ধারিন্)—অস্ত্রধারণকারী। উপতৎ; অস্ত্র—ধৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ধারিণী**।

অস্ত্রনিবারণ—শত্রুপ্রেরিত অস্ত্র প্রতিহত করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অস্ত্রবর্জন—মারণাস্ত্রের পরিত্যাগ, disarmament. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অস্ত্রবর্ষণ, -বৃষ্টি—জলধারার মত অবিরল অস্ত্রক্ষেপ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।

অস্ত্রবিৎ (-বিদ্)—অস্ত্রপ্রয়োগকুশল। উপতৎ; অস্ত্র—বিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ।

অস্ত্রবিদ্যা—যুদ্ধবিষয়ক শাস্ত্র। অস্ত্রবিষয়িণী বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।

অস্ত্রবৃষ্টি—'অস্ত্রবর্ষণ' দ্রঃ।

অস্ত্রবেদ—যুদ্ধবিদ্যা; ধনুর্বেদ। অস্ত্রবিষয়ক বেদ, মধ্যপ। বি; পুং। [ক্লী।

অস্ত্রযুদ্ধ—অস্ত্রশস্ত্র লইয়া লড়াই। ৩য়াতৎ। বি;

অস্ত্রযোদ্ধা (-যোদ্ধৃ)—অস্ত্র দ্বারা যুদ্ধকারী। অস্ত্রব্যবহারী যোদ্ধা, মধ্যপ। বি বা বিণ; পুং। স্ত্রী, **-যোদ্ধ্রী**।

অস্ত্রলেখা—অস্ত্রাঘাতের দাগ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অস্ত্রশস্ত্র—ক্ষেপণীয় ও হস্তধার্য আয়ুধসমূহ, হাতিয়ারপাতি। সমা-দ্বন্দ্ব। বি; ক্লী।

অস্ত্রশালা—অস্ত্রাগার, armoury. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অস্ত্রাগার—অস্ত্র রাখিবার স্থান, আয়ুধাগার, armoury. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অস্ত্রাঘাত—অস্ত্রপ্রহার। অস্ত্র দ্বারা আঘাত, ৩য়াতৎ। বি; পুং।

অস্ত্রাহত—অস্ত্রাঘাতপ্রাপ্ত, যে অস্ত্রের আঘাত পাইয়াছে এরূপ। ৩য়াতৎ। বিণ।

অস্ত্রী (অস্ত্রিন্)—অস্ত্রধারী। অস্ত্র+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**অস্ত্রিণী**।

অস্ত্রীক—বিপত্নীক; অবিবাহিত। ন (নাই) স্ত্রী যাহার, বহু+ক সমাসান্ত। বিণ।

অস্ত্রোপচার—চিকিৎসার জন্য অস্ত্রপ্রয়োগ, operation. ৩য়াতৎ। বি; পুং।

অস্থান—কুস্থান; অযোগ্য স্থান; স্থানের অভাব; স্থানের সংকীর্ণতা; অপাত্র; অপবিত্রদেশ; পুরীষাঙ্গ; যোনি। নঞ্তৎ (কুৎসিতার্থে বা অপ্রশস্তার্থে)। বি; ক্লী।

অস্থানক, অস্থানিক—বহিরাগত; বৃক্ষকাণ্ডে জাত, adventitious ('—মূল')। নঞ্তৎ। বিণ।

অস্থাবর—১। স্থাবরভিন্ন; জঙ্গম। বিণ। স্ত্রী, **-রা**। ২। যাহাকে স্থানান্তরিত করা যায় এমন দ্রব্য, অলংকার তৈজসপত্র টাকাকড়ি প্রঃ, movables. নঞ্তৎ। বি; ক্লী। **অস্থাবর সম্পত্তি**—অস্থিতিশীল বিষয়, ঘটিবাটি টাকাকড়ি প্রঃ, movable property.

অস্থায়িতা, -য়িত্ব—নশ্বরতা; ক্ষণভঙ্গুরতা। অ-স্থায়িন্+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

অস্থায়ী (-য়িন্)—অল্পকালস্থায়ী, নশ্বর; ধ্বংস-শীল। নঞ্তৎ। বিণ। স্ত্রী, **-য়িনী**।

অস্থি—হাড়; বীজ; আঁটি। অস্+ক্থিন্ কর্ম। বি; ক্লী।

অস্থিগ্রন্থি—হাড়ের গাঁট। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অস্থিচর্বণ—হাড় চিবানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অস্থিচর্ম (-চর্মন্)—অস্থি এবং ত্বক্, হাড় ও চামড়া। সমা-দ্বন্দ্ব। বি; ক্লী।

অস্থিচর্মসার, -বিশিষ্ট—কঙ্কালসার; যাহার কেবল হাড় এবং চামড়ামাত্র আছে এরূপ, অত্যন্ত কৃশ। বহু, ৩য়াতৎ। বিণ।

অস্থিচর্মাবশিষ্ট, -বশেষ—যাহার শরীরের অস্থি ও চর্মমাত্র অবশিষ্ট আছে এরূপ; অতি কৃশ। অস্থি-চর্ম অবশিষ্ট, অবশেষ যাহার, বহু। বিণ।

অস্থিত—১। অনুপস্থিত; যাহা নাই এরূপ; অস্থির, অনিশ্চিত। ন স্থিত, নঞ্তৎ। বিণ। ২। অস্থিতি; ধনাদির অবিদ্যমানতা; দৈন্য। ন স্থিত (স্থিতি), নঞ্তৎ। বি; ক্লী।

অস্থিতন্ত্র—অস্থিসম্বন্ধীয় বিজ্ঞান, জীবদেহে অস্থি-সন্নিবেশ-প্রণালী, skeletal system, osteology. ৬ষ্ঠীতৎ। বি।

অস্থিতপঞ্চক, -পঞ্চম—১। পাটীগণিতের অঙ্ক বিঃ, Indeterminative Equation; অত্যন্ত মুশ-কিলের বিষয়; কিংকর্তব্যবিমূঢ়তা। অস্থিত পঞ্চক, পঞ্চম যাহাতে, বহু। বি; পুং। ২। অত্যন্ত অধীর। বাংপ্র। বিণ।

অস্থিতি—না থাকা; অস্থিরতা; অসংগতি। নঞ্তৎ। বি; স্ত্রী।

অস্থিতিস্থাপক—যাহার আকারের পরিবর্তন করিলে আর পূর্বাবস্থা প্রাপ্ত হয় না এরূপ, non-elastic. নঞ্তৎ। বিণ। স্ত্রী, **-পিকা**।

অস্থিনিক্ষেপ—মৃতব্যক্তির সদ্গতির জন্য গঙ্গাজলে তাহার ললাটের অস্থি-বিসর্জন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অস্থিপঞ্জর—শরীরাস্থিসমূহ, কঙ্কাল, skeleton. অস্থি পঞ্জর (পিঞ্জর)-সদৃশ, উপমিত। বি; পুং।

অস্থিবিজ্ঞান, -বিদ্যা—অস্থিতত্ত্ব, শরীরের কোন্ স্থানে কিরূপ অস্থি আছে—কিরূপে তাহারা সংযুক্ত ইঃ বিষয়ক তত্ত্ব, osteology. মধ্যপ। বি; ক্লী, স্ত্রী।

অস্থিবিসর্জন—অস্থিসমর্পণ, মৃতদেহের দগ্ধাবশিষ্ট অস্থি গঙ্গায় নিক্ষেপ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অস্থিভঙ্গ—দেহের অস্থি ভাঙিয়া যাওয়া। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

অস্থিমজ্জা (-মজ্জন্)—অস্থি ও তাহার মধ্যগত সারপদার্থ; হাড় ও মজ্জা। দ্বন্দ্ব। বি; পুং।

অস্থিমজ্জায় বসিয়া যাওয়া—কোন কিছু অতিমাত্রায় অভ্যস্ত হওয়া।

অস্থিময়—অস্থিপূর্ণ; হাড় দিয়া তৈয়ারী। অস্থি+ময়ট্ ব্যাপ্ত্যার্থে বা অবয়বার্থে। বিণ। স্ত্রী, **-য়ী**।

অস্থিমালা—অস্থির রাশি; হাড়ের মালা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অস্থিমালী (-মালিন্)—১। শিব। বি; পুং। ২। অস্থিমালাধারী। অস্থিমালা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-মালিনী**।

অস্থির—চঞ্চল; চপলপ্রকৃতি; ব্যাকুল; অনিশ্চিত; চঞ্চলবুদ্ধি হেতু বিশ্বাসের অযোগ্য; অস্থায়ী; নশ্বর। নঞ্তৎ। বিণ। বি, **-তা, -ত্ব**।

অস্থির-পঞ্চক, -পঞ্চম—অস্থিতপঞ্চক (তাহা দ্রঃ)।

অস্থিরপ্রকৃতি—চঞ্চলস্বভাব, অধীর। বহু। বিণ।

অস্থিরবুদ্ধি, -মতি—১। চঞ্চলবুদ্ধি, অব্যবস্থিত-চিত্ত। বহু। বিণ। ২। চপল মন। কর্মধা। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

অস্থিসংযোগ—অস্থিসন্নিবেশ, হাড় জোড়া দেওয়া।

অস্থিসঞ্চয়—চতুর্থ দিবসে কর্তব্য দগ্ধদেহের অস্থি-সংগ্রহরূপ কার্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অস্থিসন্ধি—অস্থিদ্বয়ের মিলনস্থান; দুইটি ভগ্নাস্থির সংযোজন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অস্থিসার—১। মজ্জা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। হাড়সার, রক্ত-মাংসশূন্য ('—দেহ')। বহু। বিণ। [নঞ্তৎ। বিণ।

অস্নাত—অকৃতস্নান, যে স্নান করে নাই, এরূপ।

অস্নাতক—স্নাতকভিন্ন অন্য ব্যক্তি, ব্রহ্মচর্য সমাধান-পূর্বক গৃহস্থাশ্রমে প্রবিষ্ট হয় নাই এরূপ ব্যক্তি; যে বিশ্ববিদ্যালয় হইতে গ্রাজুয়েট হয় নাই অর্থাৎ বি. এ. উপাধি লাভ করে নাই, under-graduate. নঞ্তৎ। বি; পুং।

অস্পন্দ—১। কম্পনহীনতা; সংজ্ঞাশূন্যতা। নঞ্তৎ। বি; পুং। ২। স্পন্দনশূন্য; সংজ্ঞাহীন, অসাড়। বহু। বিণ।

অস্পন্দিত—অকম্পিত, অসাড়। নঞ্তৎ। বিণ।

অস্পর্শ, অস্পর্শন—১। স্পর্শাভাব, অসংস্রব; অশুচিসংস্পর্শ ত্যাগ করা। নঞ্তৎ। বি; পুং, ক্লী। ২। স্পর্শরহিত, অপবিত্র। বহু। বিণ।

অস্পর্শনীয়, অস্পর্শ্য—অশুচি, অস্পৃশ্য। নঞ্তৎ। বিণ।

অস্পষ্ট—ঝাপসা, যাহা স্পষ্ট নয় এরূপ; অপরিস্ফুট; অর্ধোচ্চারিত; যাহা সহজে বুঝিতে পারা যায় না এমন। নঞ্তৎ। বিণ। বি, **-তা**।

অস্পৃশ্য—অশুচি; জাতি বা সামাজিক নিকৃষ্ট অবস্থার জন্য স্পর্শের অযোগ্য ('—জাতি'); যাহা ছোঁওয়া যায় না এমন; ঘৃণ্য। নঞ্তৎ। বিণ।

অস্পৃশ্যতা—অপবিত্রতা; ছুঁৎমার্গ; সামাজিক হীনা-বস্থাদি কারণে স্পর্শের অযোগ্যতা, untouchabi-lity. অস্পৃশ্য+তা ভাবে। বি; স্ত্রী।

অস্পৃশ্যতাবর্জন—কাহাকেও অস্পৃশ্য করিয়া না রাখা, ছুঁৎমার্গ-পরিহার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

অস্পৃশ্যা—১। স্পর্শের অযোগ্যা। বিণ; স্ত্রী। ২। রজস্বলা নারী। নঞ্তৎ। বি; স্ত্রী।

অস্পৃষ্ট—যাহা ছোঁওয়া হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।
অস্পৃহ—স্পৃহারহিত, উদাসীন। বহু। বিণ।
অস্পৃহণীয়—অনভিলষণীয়, অবাঞ্ছনীয়; নিকৃষ্ট। নঞ্‌তৎ। বিণ। [বি; স্ত্রী।
অস্পৃহা—বৈরাগ্য, অনিচ্ছা, অরুচি। নঞ্‌তৎ।
অস্ফুট—অব্যক্ত, অস্পষ্ট ('— কথা'); অদৃষ্ট; অ-প্রকাশিত; অবিকসিত। নঞ্‌তৎ। বিণ।
অস্ফুটকণ্ঠ—১। অস্পষ্ট কণ্ঠস্বর, অব্যক্ত বা ক্ষীণ গলার আওয়াজ। কর্মধা। বি; পুং। ২। অব্যক্ত বা ক্ষীণকণ্ঠস্বর-বিশিষ্ট। বহু। বিণ। স্ত্রী, -ণ্ঠা, -ণ্ঠী।
অস্ফুটবাক্ (-বাচ্)—১। অস্পষ্টভাষী; যাহার জিহ্বার জড়তা ভাঙ্গে নাই এমন; তোতলা। অস্ফুটা বাক্ যাহার, বহু। বিণ। ২। অস্পষ্ট বাক্য, জড়ানো কথা। অস্ফুটা বাক্, কর্মধা। বি; স্ত্রী।
অস্বচ্ছ—অনচ্ছ, ঘোলা, যাহার ভিতর দিয়া দৃষ্টি চলে না এমন, opaque. নঞ্‌তৎ। বিণ।
অস্বচ্ছন্দ—১। পরাধীন, অনায়ত্ত। ন (নাই) স্ব (আপনার) ছন্দ (অভিলাষ, আয়ত্ততা) যাহার বা যাহাতে, বহু। বিণ। ২। স্বচ্ছন্দতাভাব, অসুখ। নঞ্‌তৎ। বি; পুং।
অস্বরস—অকৌশল; মনোমালিন্য; (দর্শনে) অ-পছন্দ, অরুচি। নঞ্‌তৎ। বি; পুং।
অস্বস্তি—অস্বাচ্ছন্দ্য; শরীর বা মনের অশান্তি; অমঙ্গল। নঞ্‌তৎ। অ।
অস্বাভাবিক—অনৈসর্গিক; স্বভাববিরুদ্ধ; অসামান্য; অসাধারণ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -কী।
অস্বামিক—স্বামিহীন কর্তৃহীন; সাধারণের অধিকারভুক্ত, বে-ওয়ারিস ('— ধন')। ন (নাই) স্বামী (স্বামিন্) যাহার, বহু (ক-আগম)। বিণ।
অস্বাস্থ্য—১। অসুস্থতা, পীড়া; উপদ্রব। নঞ্‌-তৎ। বি; ক্লী। ২। স্বাস্থ্যহীন, অসুস্থ। বহু। বিণ।
অস্বীকার—না মানা ('দোষ অস্বীকার করা'); অসম্মতিপ্রকাশ; প্রত্যাখ্যান ('নিমন্ত্রণ —'); অপলাপ। নঞ্‌তৎ। বি; পুং।
অস্বীকার্য—স্বীকারের অযোগ্য, মানিয়া লওয়ার অনুপযুক্ত। নঞ্‌তৎ। বিণ।
অস্বীকৃত—যাহা মানিয়া লওয়া হয় নাই এরূপ, অননুমোদিত; অপলাপিত; যে অস্বীকার করে এরূপ। নঞ্‌তৎ। বিণ।
অস্বীকৃতি—অসম্মতি, অস্বীকার। নঞ্‌তৎ। বি; স্ত্রী। [বিণ।
অস্মদীয়—আমাদিগের। অস্মদ্+ঈয় সম্বন্ধার্থে।
অস্মার—স্মৃতিবিলোপ, amnesia. নঞ্‌তৎ। বি; পুং।
অস্মিতা—ব্যক্তিত্ব, personality; অহমিকা, গর্ব, egoism. অস্মি+তা ভাবে। বি; স্ত্রী।
অহং—'অহম্' দ্রঃ।

অহংকার, অহংকৃতি—আপনাকে বড় জ্ঞান করা; গর্ব; (দর্শনে) স্বীয় ব্যক্তিত্বজ্ঞান। অহম্—কৃ+ঘঞ্, ক্তি ভাব। বি; পুং, স্ত্রী। **অহংকারে অন্ধ**—অত্যধিক গর্বে হিতাহিতজ্ঞানশূন্য। **অহংকারে মাটিতে পা না পড়া**—ভীষণ গর্বের ভাব দেখানো।
অহংকারী (-রিন্)—অহংকারকারী, গর্বিত। উপ-তৎ; অহম্—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -রিণী।
অহংকৃত—গর্বিত। অহম্—কৃ+ক্ত কর্তৃ। বিণ।
অহংকৃতি—'অহংকার' দ্রঃ।
অহঃ (অহন্)—দিবস, দিন। নঞ্—হা+কনিন্ কর্তৃ। বি; ক্লী।
অহঙ্কার—অহংকার (তাহা দ্রঃ)।
অহঙ্কারী—অহংকারী (তাহা দ্রঃ)।
অহঙ্কৃত—অহংকৃত (তাহা দ্রঃ)।
অহঙ্কৃতি—অহংকৃতি (তাহা দ্রঃ)। [সর্ব।
অহম্, অহং—আমি; আমিত্ব, ego; অহংকার। সং।
অহমিকা—অহংকার, অহংসর্বস্ব ভাব, egoism, egotism. অহম্+ইকন্ আছে অর্থে+আপ্। বি; স্ত্রী।
অহম্পূর্বিকা—আমিই সর্বশ্রেষ্ঠ বা আমি সকলের অগ্রে এইরূপ ধারণা বা উক্তি। অহম্ পূর্ব যাহাতে, বহু+ক সমাসান্ত+আপ্। বি; স্ত্রী।
অহরহ—প্রতিদিন; সর্বদা। ⟨অহরহঃ। ক্রি-বিণ।
অহর্নিশ—অহোরাত্র, দিনরাত। অহঃ এবং নিশা, সমা-দ্বন্দ্ব। ক্রি-বিণ।
অহর্নিশি—দিনরাত। কপ্র। ক্রি-বিণ।
অহহ—আঃ; হায় হায়। অহম্—হা+ক কর্তৃ। অ।
অহি—সর্প। আ—হন্+ডিন্ কর্তৃ সংজ্ঞার্থে (নিপা)। বি; পুং।
অহিংস—হিংসাশূন্য; নিরুপদ্রব; বলপ্রয়োগবিহীন ('— সংগ্রাম'); জীবহত্যাবর্জিত। ন (নাই) হিংসা যাহাতে বা যাহার, বহু। বিণ। **অহিংস অসহযোগ**—হিংসা বর্জন করিয়া কাহারও সহিত অসহযোগ, non-violent non-co-operation.
অহিংসক—অহিংস্র ("অহিংসক জীব যত"—মাই-কেল); অদ্বেষ্টা। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -সিকা।
অহিংসনীয়—অহিংস্য, হিংসার যোগ্য নয় এমন। নঞ্‌তৎ। বিণ।
অহিংসা—১। হিংসার অভাব; কায়মনোবাক্যে পর-পীড়াবর্জন; কাহারও অনিষ্ট না করা। নঞ্‌তৎ। বি; স্ত্রী। ২। হিংসাশূন্যা। অহিংস+আপ্। বিণ; স্ত্রী।
অহিংসিত—অবিদ্বিষ্ট; যাহার হিংসা করা হয় নাই এরূপ; অনাহত। নঞ্‌তৎ। বিণ।
অহিংস্য—হিংসার অযোগ্য, যাহার অনিষ্ট কেহ করে না এরূপ। নঞ্‌তৎ। বিণ।
অহিংস্র—যে কাহারও অনিষ্ট করে না এরূপ, অহিংসক; অশ্বাপদ ('— জন্তু')। নঞ্‌তৎ। বিণ।
অহিত—১। অশুভকর; প্রতিকূল, শত্রুভাবাপন্ন; অস্বাস্থ্যকর। ন (নাই) হিত যাহা হইতে, বহু। বিণ। ২। অশুভ, অনিষ্ট। নঞ্‌তৎ। বি; ক্লী।

অহিতকর—অনিষ্টকর; অমঙ্গলজনক। উপতৎ; অহিত—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।
অহিতকারী (-কারিন্)—অপকারী; অনিষ্টকারী। উপতৎ; অহিত—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -কারিণী।
অহিতাচরণ, -চার—অহিত ব্যবহার, ক্ষতিজনক আচরণ। অহিত আচরণ, আচার, কর্মধা। বি; ক্লী, পুং।
অহিতুণ্ডিক—সর্পধারক, সাপুড়ে। অহিতুণ্ড (সর্প-মুখ)+ইক (ঠন্) ক্রীড়ার্থে। বি; পুং।
অহিনকুল—সর্প এবং বেজী; (সর্প এবং বেজীর ন্যায়) স্বভাববৈরী ব্যক্তিদ্বয়। সমা-দ্বন্দ্ব। বি; ক্লী। **অহিনকুল সম্বন্ধ**—চিরশত্রুতা।
অহিফেন—আফিম; সর্পফেন, সাপের গরল। আ 'আফয়ূন' হইতে অনুকৃত সংস্কৃত। বি; পুং।
অহিভূষণ—শিব। বহু। বি; পুং।
অহিরাজ—সর্পশ্রেষ্ঠ। অহিদিগের রাজা (রাজন্), ৬ষ্ঠীতৎ+টচ্ সমাসান্ত। বি; পুং।
অহীন্দ্র—অনন্তনাগ; সর্পরাজ; বাসুকি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
অহে—ওহে। নঞ্—হা+ডে করণ। অ।
অহেতু—১। কারণশূন্য। বহু। বিণ। ২। কারণ-শূন্যতা। নঞ্তৎ। বি; পুং। [আগম)। বিণ।
অহেতুক—অকারণ; অনর্থক; আকস্মিক। বহু (ক-
অহৈতুক—অকারণ; স্বভাবজ; ফলাকাঙ্ক্ষারহিত; কপটতাশূন্য; নিঃস্বার্থ। নঞ্তৎ। বিণ। স্ত্রী, -কী।
অহো—সম্বোধন নিন্দা দয়া অনুতাপ শোক বিষাদ প্রশংসা শ্রান্তি আশ্চর্য দ্বৈধ বিতর্ক অতএব অসূয়া পাদপূরণ ইঃ-বাচক শব্দ। নঞ্—হা+ডো কর্তৃ। অ।
অহোরাত্র—দিনরাত। অহঃ এবং রাত্রির সমাহার, সমা-দ্বন্দ্ব (সমাসান্ত অচ্)। বি; পুং।
অহ্ন—(একদেশবাচক শব্দের পরে সমাসে) দিন; দিনমানের তিনভাগের এক ভাগ ('পূর্বাহ্ণ'; 'মধ্যাহ্ন')। অহন্+টচ্ সমাসান্ত। বি; পুং।

[অ্যা]

অ্যা—[কলিকাতা বিশ্ববিদ্যালয়-প্রবর্তিত নূতন বাঙ্গালা বানানের নিয়ম অনুসারে] দ্বিতীয় স্বর-বর্ণ। ইহার উচ্চারণ বক্র 'আ' বা বিকৃত 'এ'র মত। ইহার সংক্ষিপ্ত রূপ 'যা'। সাধারণতঃ ইংরেজী শব্দ বাঙ্গালায় লিখিতে ইহার সাহায্য লওয়া হয়; যথা—ব্যাট (bat), অ্যাসিড (acid) ইঃ।
অ্যাঁ—সম্বোধনের উত্তরে সাড়া; বিস্ময়জ্ঞাপক শব্দ। বাংপ্র। অ। [বি।
অ্যাক্সিস—অক্ষশক্তি (তাহা দ্রঃ)। ＜ইং 'axis'.
অ্যাটমবোমা—পারমাণবিক বোমা। ইং 'atom bomb'. বি।
অ্যাটর্নি—একশ্রেণীর ব্যবহারাজীব। ＜ইং 'attorney'. বি।
অ্যাটল—(ভূগোলে) বলয় অথবা অশ্বখুরের আকৃতি-বিশিষ্ট এবং মধ্যভাগে উপহ্রদ-বিশিষ্ট প্রবাল দ্বীপ, atoll. ইং। বি।
অ্যাডভান্স—অগ্রিমক, দাদন, বায়না। ＜ইং 'advance'. বি।
অ্যাডভারটিজমেন্ট—বিজ্ঞাপন। ＜ইং 'advertisement'. বি। [ইং। বি।
অ্যাডভোকেট—উচ্চ-আদালতের উকিল, advocate.
অ্যাতো—এত ("অ্যাতো কম যে তা ধর্তব্যের মধ্যেই নয়"—দ্বি ঠা); এরূপ। বাংপ্র। বিণ।
অ্যামোনিয়া—বাষ্পীয় পদার্থ বিঃ। ＜ইং 'ammonia'. বি।
অ্যাম্প্লিফায়ার—শব্দবর্ধক যন্ত্র বিঃ; বিবর্ধক। ＜ইং 'amplifier'. বি।
অ্যালিউমিনিয়ম—একপ্রকার ধাতু (সাধারণতঃ 'অ্যালুমিনিয়ম' বা 'এলুমিনিয়ম' বানান লেখা হইয়া থাকে)। ＜ইং 'aluminium'. বি।
অ্যাসিড—দ্রাবক, রাসায়নিক অম্লরস দ্রব্য (সাধারণতঃ 'এসিড' বানান লেখা হইয়া থাকে)। ＜ইং 'acid'. বি।
অ্যাসেটিলীন—গ্যাস বিঃ (ক্যালসিয়াম কারবাইড ও জলযোগে উৎপন্ন। জ্বলিলে উজ্জ্বল আলোক হয়)। ＜ইং 'acetylene'. বি।

[আ]

আ—১। আ-কার, দ্বিতীয় স্বরবর্ণ [ইহার উচ্চারণ-স্থান কণ্ঠ। ইহা অ-কারের দীর্ঘ অবস্থা ('অ' দ্রঃ)। বাঙ্গালায় ইহার উচ্চারণ তিনপ্রকার—'আঠা'র আ, 'আম'-এর আ ও সংগীতের আ—া—া ধ্বনি]। ২। শিব; ব্রহ্মা। আপ্ (ব্যাপ্ত হওয়া)+ডা কর্তৃ। বি; পুং। ৩। বাক্য অনুকম্পা সমুচ্চয় জ্ঞান নিশ্চয় সুখবোধ সন্দেহবিস্ময় বিস্ময় সন্তাপ সহানুভূতি ঘৃণা-লজ্জা-ক্রোধাদি মিশ্রিত বিদ্রূপ ধিক্কার প্রশংসা ইঃ-বাচক শব্দ। অ। ৪। ঈষৎ অল্পতা; সীমা; মর্যাদা; ব্যাপ্তি; নিষেধ; ক্রিয়াযোগে বিভিন্ন অর্থ [যথা—(১) বিস্তৃতি (যথা—'রুহ্' উঠা, 'আরোহ' উপরে উঠা); (২) বৈপরীত্য (যথা—'গমন' যাওয়া, 'আগমন' আসা); (৩) সম্যক্ (যথা—'আপীড়ন' অর্থাৎ সম্যক্ পীড়ন)]। উপসর্গ। ৫। বাঙ্গালা বিভক্তি বিঃ (প্রাচীন বাঙ্গালায় কর্‌ক+আ=কর্‌কা; অসমা-ক্রি—চিন্তিআ; মৈথিলী বাঙ্গালায় কথার মাত্রা—নয়না, কহলা ইঃ)। ৬। বাঙ্গালা প্রত্যয় বিঃ [স্বার্থে—গোয়ালা; সাদৃশ্যার্থে—(জামার) হাতা; সম্বন্ধার্থে—ঘরোয়া; জাতার্থে—পানা; বৃহদর্থে—হাঁড়া; অবজ্ঞায় বা অতিপরিচয়ে—পটলা; বিশিষ্টার্থে—লোনা; বিশেষণে—আধা]। অ। ৭। প্রাচীন বাঙ্গালায় 'য়া' স্থানে ব্যবহৃত।

আই—১। মাতা; মাতামহী। < আর্যিকা। বি। ২। ধিক্, ছিঃ; আহা মরি; ও-কি ("'আই-আই' পড়্যাছে রূপে কাজরের শোভা"—চণ্ডী)। প্রা কপ্র। অ। ৩। পরমায়ু। < আয়ুঃ। বি। ৪। বাঙ্গালা প্রত্যয় (স্নেহ অর্থে—মাধাই; তদ্ভাব অর্থে—খাড়াই; ক্রিয়াবাচক অর্থে—যাচাই; বস্তু অর্থে—মিঠাই; সম্বন্ধবাচক অর্থে—ঘরাই প্রঃ)।

আইও, আইয়ো, এয়ো—এয়োতী বা এয়োনারী, সধবা রমণী ("আইও আইবে মঙ্গল গাইতে"—বিজয়)। < আয়ুষ্মতী বা অবিধবা। বি।

আইচ—কায়স্থদের উপাধি বিঃ; আচফুল; আচফুলের গাছ। < আদিত্য। বি।

আইচাই—আনচান, অস্থির; এলোমেলো। বাংপ্র। বিণ।

আইড়ি—অড়হর। বাংপ্র। বি।

আইডিন—যৌগিক পদার্থ বিঃ; আইওডিন। < ইং 'iodine'. বি।

আইডিয়া—অন্তরে উদিত ধারণা কল্পনা বা ভাব। < ইং 'idea'. বি।

আইঢাই—১। অস্থির, ব্যাকুল। বিণ। ২। অস্থির-ভাব, ছটফট। বাংপ্র। বি।

আইন—নিয়মকানুন, শাস্ত্রবিধি বা রাজবিধি। ফা। বি। **আইন পাস করা**—ওকালতি পরীক্ষায় উত্তীর্ণ হওয়া; সরকারী আইন প্রবর্তিত করা।

আইনকানুন—বিধিব্যবস্থা, ব্যবহারশাস্ত্র। ফা-আ। বি।

আইনজীবী (-জীবিন্)—ব্যবহারাজীব, উকিল ব্যারিস্টার প্রঃ আইনব্যবসায়ী। উপতৎ; আইন (ফা)—জীব্+ণিন্ কর্তৃ। বি বা বিণ। স্ত্রী, **-জীবিনী**।

আইনজ্ঞ—ব্যবহারতত্ত্ববিৎ, আইনে বিশেষ জ্ঞান-সম্পন্ন। উপতৎ; আইন (ফা)—জ্ঞা+ক কর্তৃ। বিণ।

আইনতঃ (-তস্)—আইন-অনুযায়ী। আইন (ফা) +তস্। অ।

আইন-পেশা—ওকালতি, আইন-ব্যবসায়। আইন-বিষয়ক পেশা, মধ্যপ। ফা-মু। বি।

আইনবাজ—আইনবিশারদ, ব্যবহারতত্ত্ববিৎ। আইন+বাজ জ্ঞাতার্থে। ফা-মু। বিণ।

আইনব্যবসায়ী (-য়িন্)—ব্যবহারাজীব, আইনজীবী। ৬ষ্ঠীতৎ। ফা-মু। বি বা বিণ; পুং। স্ত্রী, **-সায়িনী**।

আইনমত—আইন-অনুযায়ী। ৬ষ্ঠীতৎ। ফা-মু। বিণ বা ক্রি-বিণ।

আইন-মাফিক—বিধি-সংগত; আইন অনুসারে। ফা। বিণ বা ক্রি-বিণ।

আইন-সংগত, -সম্মত—বিধিসংগত। আইন (ফা) দ্বারা সংগত, ৩য়াতৎ। বিণ।

আইন-সচিব—আইন-বিষয়ে মন্ত্রণাদাতা, law member. আইনের (ফা) সচিব, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি।

আইনা, আয়না—কাচ; আরশি। < ফা 'আইনাহ্'।

আইনানুগ—আইনসংগত, বৈধ, lawful. আইনের (ফা) অনুগ, ৬ষ্ঠীতৎ। বিণ।

আইবড়, -বুড়ো—অবিবাহিত। < আয়ুর্বৃদ্ধ অথবা < অব্যূঢ়। বিণ। **আইবুড়ো পথ বদলানো**—বিবাহ করা; বিবাহ করিবার জন্য যে পথে যাওয়া হয় সে পথ ছাড়া অন্য পথ দিয়া ফিরিয়া আসা; কোন প্রচলিত ধারার পরিবর্তন করা।

আইবড়-ভাত—অব্যূঢ়ান্ন (তাহা দ্রঃ)। বাংপ্র। বি।

আইমঙ্গল—আইহাঁড়ি (তাহা দ্রঃ)। বাংপ্র। বি।

আইমা—১। মাতামহী। < আর্যমাতা। বি। ২। লজ্জাবিস্ময়াদিসূচক শব্দ ("আইমা এ লাজ কি রাখিতে ঠাঁই আছে"—ভারত)। অ।

আইল—আলি, ক্ষেত্রের সীমা। < আলবাল। বি।

আইল—উপস্থিত হইল। <আসিল। ক্রি।
আইলাম—আসিলাম। কপ্র। প্রাদে। ক্রি; উত্তম-পুরুষ। [বৈষ্ণবসাহিত্যে 'আইলাঙ'; ব্রজবুলিতে 'আইলু'; পশ্চিম বঙ্গে 'আইনু', সংক্ষেপে 'এনু'; প্রাচীন বাঙ্গালায় 'আইনড়ি'। মধ্যম পুরুষের রূপ—'আইলেন, আইলে, আইলি']।
আইশাশ—শাশুড়ীর মাতা। <আর্যশ্বশ্রূ। বি; স্ত্রী।
আইস—আগমন কর, এস। বাংপ্র। ক্রি।
আইসে—আসে, আছে; হয়। <আবিশতি। ক্রি।
আইহাঁড়ি—আইমঙ্গল হাঁড়ি, আইমুংলি হাঁড়ি, বিবাহকার্যে ব্যবহৃত একপ্রকার মাঙ্গলিক ছোট ছোট হাঁড়ি। বাংপ্র। বি।
আউওল, আওল—প্রথম; প্রথমশ্রেণীর, সর্বোৎকৃষ্ট; যাহাতে সর্ববিধ শস্যই উৎপন্ন হয় এরূপ ('—জমি')। আ-মু। বিণ।
আউচালি—উতলা, অশান্ত। গ্রাম্য। বিণ।
আউজানো, আওজানো—অধিক পরিমাণে সঞ্চয় করা, বেশী করিয়া যোগাইয়া দেওয়া; ভেজাইয়া দেওয়া ('কপাট —')। প্রাদে। ক্রি [, বি, বিণ]।
আউট—উত্তীর্ণ; বাহির; সর্ববিদ্যায় নিপুণ; ফাজিল। <ইং 'out'. বিণ।
আউটানো, আওটানো—আলোড়িত করা; কাঠি দিয়া নাড়িয়া জ্বাল দেওয়া ('দুধ —')। গ্রাম্য। <আবর্তন। ক্রি [, বি, বিণ]।
আউড়ে—আবরণহীন; আঢাকা ('—শষ্যা')। বাংপ্র। বিণ।
আউটাউ—আইটাই; হাবুডুবু। বাংপ্র। বিণ।
আউদড়, আউদর, আদড়—শিথিল, আলগা; উন্মুক্ত। প্রা কপ্র। <অদৃঢ় বা অর্ধাবৃত। বিণ।
আউন্স—৪৮০ গ্রেন, প্রায় অর্ধছটাক। <ইং 'ounce'. বি।
আউপাতালি—আতালিপাতালি; ছিঁচকাঁদুনে; যে সহজেই অধীর হয় এরূপ। বাংপ্র। ক্রি-বিণ, অথবা বিণ।
আউমাউ, হাউমাউ—দুঃখক্লেশাদিজনক অব্যক্তধ্বনি; উচ্চ ক্রন্দনধ্বনি। বাংপ্র। বি।
আউর—অপর, আর। হি-মু। বিণ।
আউরত, আওরত—স্ত্রীলোক; পত্নী। আ। বি।
আউরানো—টাটানো, আঘাতহেতু ব্যথা হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
আউল—১। বৈষ্ণব সম্প্রদায় বিঃ, কর্তাভজা। বি। ২। অস্থির; অত্যন্ত চঞ্চল; উচ্ছৃঙ্খল। <আকুল। বিণ।
আউল-ঝাউল, আউলা-ঝাউলা—এলোমেলো, বিশৃঙ্খল। প্রাদে। বিণ।
আউলানো—অস্থির করা বা হওয়া; উচ্ছৃঙ্খল করিয়া তোলা; আলুথালু হওয়া বা করা ("আউলাইয়া মাথার কেশ"—লক্ষ্মীর পাঁচালী); বিকল বা বিহ্বল হওয়া বা করা; শৃঙ্খলাশূন্য করিয়া তোলা। প্রা কপ্র। ক্রি [, বি]।
আউলিয়া—আউল সম্প্রদায়ভুক্ত; উচ্ছৃঙ্খল; ব্যাকুল; হতবুদ্ধি; পাগল। বাংপ্র। বিণ।
আউলী—১। অধীর; বিশৃঙ্খল। বিণ। ২। বিশৃঙ্খলা। প্রাদে। বি।
আউশ—একজাতীয় ধান্য (বর্ষাকালের অন্তে এই ধান পাকে)। <আশু। বি।
আএমা—আয়মা, পুরস্কারস্বরূপপ্রাপ্ত নিষ্কর বা স্বল্পকর জমি। আ। বি।
আএমাদার—আয়মাজমির অধিকারী। (আ) আএমা+(ফা) দার অধিকারী অর্থে। বি।
আও—আগমন কর, এস; আসে। প্রা কপ্র। হি। ক্রি। (**আওই**—আসে; **আওত**—এস, আসিতেছে; **আওনু, আওলু**—আসিলাম; **আওব**—আসিবে; **আওয়ে**—আসে; **আওল**—আসিল; **আওলি**—আসিলি।)
আওজানো—'আউজানো' দ্রঃ।
আওটানো—'আউটানো' দ্রঃ।
আওড়—ঘূর্ণাবর্ত, জলের পাক। <আবর্ত। বি।
আওড়ানো—আবৃত্তি করা; অর্থ না বুঝিয়া তাড়াতাড়ি পড়িয়া যাওয়া; কোন বিষয় মুখস্থ বলিয়া যাওয়া। <আবর্তন। ক্রি [, বি, বিণ]।
আওত—এস ("আওত গোপত বেশ উতারিয়া"—মাধব); আসিতেছে ("আওত পরবঞ্চক শঠ নাগর শতঘরিয়া")। প্রা কপ্র। ক্রি।
আওতা—১। আতপরহিত ('—স্থান')। বিণ। ২। ছায়া; বৃহৎ বৃক্ষাদির অন্তরাল; আশ্রয়; প্রভাব। <আতপত্র। বি।
আওয়াজ—শব্দ, স্বর। ফা। বি।
আওয়াজি—দেওয়ালের উপর দিকের ছোট জানালা। বাংপ্র। বি।
আওয়াল—অবস্থা। <আ 'আহ্বাল'। বি।
আওরত—'আউরত' দ্রঃ।
আওরানো—আউরানো (তাহা দ্রঃ)।
আওলাত—১। স্থাবর-অস্থাবর সম্পত্তি; বাগান; ফলকর বৃক্ষাদি; বেড়বাগিচা; জোতজমা। বি। ২। অধীন; অন্তর্ভুক্ত। <আ 'আওলাদ'। বিণ।
আওসত—বড় জমিদারির অধীন খাজনা করা জমিজমা। আ। বি। **আওসত তালুক**—বড় তালুকের অধীন ছোট তালুক।
আওসা—গরুর খুরের সন্ধিস্থানের ঘা; গরুর মুখের একপ্রকার রোগ; মহামারী। প্রাদে। বি।
আওসানি—গরুর মুখে আওসা হইলে মুখ ফুলিয়া লালা নির্গত হওয়া। প্রাদে। বি।
আওসানো—(ধান্যাদি) ভিজাইয়া দেওয়া; শুকাইয়া যাওয়া বা দেওয়া। প্রাদে। ক্রি [, বি]।
আংটা, আঙটা—লৌহাদিনির্মিত গোলাকার বস্তু; কপাটাদির কড়া; আগুন রাখার পাত্র। আংটি, আঙটি+আ বৃহদর্থে (বাংপ্র)। বি।
আংটি আঙটি—ছোট কড়া; অঙ্গুরীয়ক। <অঙ্গুরী। বি। [বি।
আংরা, আঙরা—কয়লা; জ্বলন্ত কয়লা। <অঙ্গার।

আংরাখা, আঙরাখা—একধরনের ঢিলা জামা। <অংগ-রক্ষক। বি।

আংশিক—একদেশসম্বন্ধীয়; অংশসম্বন্ধীয়; কিয়ৎ-পরিমাণ। অংশ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

আঃ (আস্)—কোপ বিরক্তি ক্ষোভ আত্মগ্লানি আরাম পীড়া তর্জন স্পর্ধা স্মৃতি ইঃ-বাচক শব্দ। আস্+ক্বিপ্ ভাব। অ। **আঃ মলো**—বিরক্তি রোষ ভর্ৎসনা ইঃ-সূচক শব্দ।

আঁ—প্রশ্নসূচক সম্মতিসূচক ভয়প্রদর্শক অথবা বেশ হইয়াছে—এই অর্থসূচক শব্দ। বাংপ্র। অ।

আঁ-আঁ—ক্রন্দনধ্বনি। বাংপ্র। অ। [বাংপ্র। অ।

আঁই-আঁই—ক্রন্দনধ্বনি, বিরক্তি-উৎপাদক কান্না।

আঁশ—সূক্ষ্ম তন্তু; সূতার তুল্য ছিবড়া; শল্ক। <অংশু। বি। [বিণ।

আঁষ—মাছ-মাংস-ডিম্ব সম্বন্ধীয়। <আমিষ।

আঁক—চিহ্ন; অঙ্ক; সংখ্যা-সংস্থান। <অঙ্ক। বি। **আঁক কষা**—গণিতের ফল বাহির করা। **আঁক কাটা**—দাগ করা। **আঁক ধরা**—কালো দাগ পড়া।

আঁকর্ষী—দূরবর্তী স্থান হইতে কোন কিছু টানিয়া আনিবার জন্য আঁকড়া-লাগানো লগা বা লগি, আঁকশি। <আকর্ষী। বি।

আঁকড়া—১। অঙ্কুশ: কোন কিছু আটকাইবার জন্য বাঁকা লোহা। <ইং 'hook'. ২। আংটা, যে গোলাকার বস্তু কোন বস্তুকে ধরিয়া রাখে; বাঙ্গালা 'ক' 'ফ' ইত্যাদি অক্ষরের শীর্ষস্থ বক্রচিহ্ন। <আকর্ষ। বি।

আঁকড়া-আঁকড়ি—টানাটানি, জড়াজড়ি। বাংপ্র। বি।

আঁকড়ানো—আলিঙ্গন করা, জড়াইয়া ধরা। <অঙ্কোলন। ক্রি [, বি, বিণ]।

আঁকড়ি—যাহা দ্বারা লতাদি কোন কঠিন পদার্থ আঁকড়াইয়া ধরিয়া উঠে তাহা; বাঙ্গালা 'ক' 'ফ' প্রঃ অক্ষরের শীর্ষস্থ বক্র চিহ্ন; দণ্ডাদির অঙ্কুশা-কৃতি অগ্রভাগ; আঁকশি। <আকর্ষী। বি।

আঁকবাড়ি—মাপকাঠি; যাহারা লেখাপড়া জানে না তাহারা যে কাঠিতে দাগ দিয়া হিসাব রাখে, দোকান-দারের জিনিসবিক্রয়ের দাগ-দেওয়া কাঠি। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

আঁকশলা, -শলি, -সলি—ঢেঁকির মধ্যভেদী যে কাষ্ঠ-খণ্ড উভয়পার্শ্বস্থ পায়ার উপরে অবস্থিত থাকে তাহা, ঢেঁকির তসীল। <অঙ্কশলাকা। বি।

আঁকশি, -শী, -ষি, -ষী, -সি, -সী—কোন বস্তু আপনার নিকট টানিয়া আনিবার জন্য লগা, আঁক-ড়শি। <আকর্ষী। বি।

আঁকা—১। চিত্রিত করা; চিহ্ন করা। ক্রি [, বি]। ২। অঙ্কিত; যাহাতে দাগ হইয়াছে এরূপ; চুঁয়া, ধরে-যাওয়া। <'অনক্'-ধাতু। বিণ।

আঁকাজোকা—১। চিত্রবিচিত্রকরণ; ছবি আঁকা। বি। ২। চিত্রিত, চিহ্নিত। বাংপ্র। বিণ।

আঁকাড়—স্তূপ; রাশি; যে পরিমাণ দুই বাহু-বেষ্টনের মধ্যে আসে। বাংপ্র। বি।

আঁকানো—১। কলঙ্ক ধরানো; প্রায় পোড়াইয়া ফেলা; চুঁয়ানো; অপরের দ্বারা চিত্রিত করানো; পোড়াইয়া দাগ করানো। ক্রি [, বি]। ২। ধরে-যাওয়া, অপরের দ্বারা অঙ্কিত। বাংপ্র। বিণ।

আঁকাবাঁকা—ফিরানো-ঘুরানো; বহুস্থানে বক্র। বাংপ্র। বিণ।

আঁকুড়ি—১। আঁকড়া বা আঁকড়ি। বি। ২। আঁক-ড়াইয়া ধরিয়া। বাংপ্র। অস-ক্রি।

আঁকুপাকু, -বাঁকু—১। চঞ্চল, ব্যস্ত। বিণ। ২। ব্যস্ততা, অস্থিরতা। বাংপ্র। বি।

আঁকুর—কল; প্রথম বিকাশ। <অঙ্কুর। বি।

আঁকুশি, -শী, -ষি, -ষী, -সি, -সী—আঁকশি, আঁকড়শি। <আকর্ষী। বি।

আঁকোড়—একপ্রকার ওষধি, পীতসার, বাঘ-আঁচড়া। <অঙ্কোট। বি।

আঁখি, আঁখ—চক্ষু। <অক্ষি। বি।

আঁখিজল—চোখের জল। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

আঁখিঠার—চোখের ইশারা। ৬ষ্ঠীতৎ। (বাংপ্র)। বি।

আঁচ—১। উত্তাপ। <অর্চিঃ। ২। অনুমান; আন্দাজ। <'অনচ্'-ধাতু। বি।

আঁচড়—নখাদি দ্বারা কোন দ্রব্যে দাগ দেওয়া; দাগ; ইশারা; স্বল্পপরীক্ষা ('এক আঁচড়ে বোঝা'); তাড়াতাড়ি বা হিজিবিজি লেখা; কেশসংস্কার। আ (ঈষৎ)-কর্ষণ হইতে। বি। **আঁচড় কাটা, আঁচড় দেওয়া**—রেখাপাত করা: খারাপ অক্ষরে লেখা; তাড়াতাড়ি লেখা; আঁচড়ানো। **এক আঁচড়েই পরিচয় পাওয়া বা বোঝা বা চেনা**—(কষ্ঠিপাথরে সোনা কষিবার উপমা হইতে) অল্প চেষ্টাতেই সারবত্তা জানিতে পারা।

আঁচড়-কামড়, আঁচড়া-কামড়া—নখ বা দাঁত দিয়া বার-বার আঘাত; বিশেষ চেষ্টা, বিশেষ ঝুলাঝুলি। বাংপ্র। বি। [বাংপ্র। বি।

আঁচড়-পাঁচড়—মুক্ত হইবার জন্য আকুলিবিকুলি।

আঁচড়া—ভূমি-কর্ষণের নিমিত্ত বহু লৌহশলাযুক্ত যন্ত্র, বিদে; আঁচড় কাটিবার যন্ত্র; ছুতারের রেখা টানি-বার যন্ত্র বিঃ। বাংপ্র। বি।

আঁচড়া-আঁচড়ি—পরস্পর পরস্পরের গায়ে আঁচড়ানো। ব্যতিহার বহু। বাংপ্র। বি।

আঁচড়ানো—আঁচড় দেওয়া; চিহ্ন দেওয়া; নখ দিয়া চিরিয়া দেওয়া; চিরুনি দ্বারা চুল পরিষ্কার করা; আঁচড়া দিয়া মাটি খোঁড়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

আঁচর, আঁচোর—বস্ত্রের প্রান্তভাগ, আঁচল। <অঞ্চল। কপ্র। বি।

আঁচল—স্ত্রীলোকদিগের বস্ত্রের প্রান্তভাগ। <অঞ্চল। বি। **আঁচল ধরিয়া বেড়ানো**—স্ত্রীলোকের অধীনে চলা; স্ত্রীলোকের সঙ্গে সঙ্গে ঘোরা।

আঁচল-ধরা—স্ত্রীলোকের একান্ত বশীভূত। বাংপ্র। বিণ।

আঁচলা—দেব-প্রতিমাদির সাজ; কাপড়ের ছিলা বা ছিলার অতিরিক্ত অংশ। আঁচল+আ সাদৃশ্যার্থে (বাংপ্র)। বি।

আঁচা—ধরে যাওয়া; চুঁইয়া যাওয়া; আন্দাজ করা; কল্পনা করা। <'অন্চ্' ধাতু। ক্রি [, বি]।

আঁচা-আঁচি—পরস্পর দোষানুসন্ধান; পরস্পরকৃত অনুমান বা আলোচনা। ব্যতিহার বহু (বাংপ্র)। বি।

আঁচানো—১। খাওয়ার পর হাত-মুখ ধোওয়া; (রূপক প্রয়োগে) প্রারব্ধ কার্যের সমাপন। <আচমন। ২। চুঁয়াইয়া দেওয়া। বাংপ্র। ক্রি [, বি]।

আঁচিল—উপমাংসরোগ বিঃ, শরীরোপরি জাত ব্যথা-হীন ক্ষুদ্র ব্রণাকার মাংসপিণ্ড। <চর্মকীল। বি।

আঁজন—কজ্জল, কাজল। <অঞ্জন। বি।

আঁজনাই—চক্ষুর পাতার প্রদাহরূপ রোগ বিঃ, আঁজিনা; বেজী, গিরগিটি জাতীয় প্রাণী। <অঞ্জনা বা অঞ্জনিকা। বি।

আঁজল—আঁজলা, করপুট। <অঞ্জলি। বি।

আঁজলা—যুক্তকরদ্বয়, করপুট। আঁজল+আ স্বার্থে (বাংপ্র)। বি।

আঁজি—ডোরা, রেখা; কাপড়ের ধারের সূত্ররেখা; খণ্ড; জমি প্রঃর খণ্ড; পাতলা প্রলেপ। বাংপ্র। বি। **আঁজি দেওয়া, আঁজি ধরানো**—সিমেণ্ট প্রঃ দ্বারা ইট-পাথরাদির জোড়ের মুখ বন্ধ করা, খড়া মারা।

আঁট—১। যাহা ঢিলে বা আলগা নয় এরূপ; কষা; ছোট। বিণ। ২। দৃঢ়তা; হাতটান; যত্ন; মনোযোগ; উদ্যম; আড়ম্বর, ঘটা, সমারোহ; চটি। বাংপ্র। বি।

আঁটকুড়া, -কুড়ো—সন্তানহীন, নির্বংশ। বাংপ্র। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-কুড়ী**।

আঁটন—কষিয়া বাঁধন, দৃঢ় করণ। বাংপ্র। বি।

আঁটনি, আঁটুনি—আড়ম্বর, ঘটা; যুক্তির বন্ধন; দৃঢ়তা; কষিয়া বাঁধা ('বজ্র —')। বাংপ্র। বি।

আঁটসাট—ঢিলা নহে এমন; দৃঢ়। বাংপ্র। বিণ।

আঁটা—১। দৃঢ়রূপে লগ্ন, যাহা সহজে পৃথক্ করা যায় না এরূপ। বিণ। ২। টানিয়া বাঁধা, শক্ত করিয়া বাঁধা; লাগাইয়া দেওয়া; জুড়িয়া দেওয়া; সংকুলান হওয়া; পাল্লা দেওয়া; সমকক্ষতা করা। বাংপ্র। ক্রি [, বি]।

আঁটা-আঁটি—বাঁধাবাঁধি, দৃঢ় অনুশাসন ("যদি দেখে আঁটা-আঁটি"—ভারত); পরস্পর প্রতিযোগিতা; টানাটানি; পরস্পর ভালবাসা। ব্যতিহার বহু (বাংপ্র)। বি।

আঁটানো—দৃঢ় সংলগ্ন করা; সংকুলান করা; সমকক্ষ করিয়া তোলা; কোন জিনিস পাত্রে ধরাইয়া দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

আঁটাল, আঁটালো—শক্ত, দৃঢ়; আঠাযুক্ত; দৃঢ়চিত্ত, সাহসী; অত্যন্ত হিসাবী; কৃপণ। বাংপ্র। বিণ।

আঁটি—১। বীজ। <অষ্টি। ২। তৃণাদির গোছা, তড়পা। বাংপ্র। বি। ৩। শক্ত হইয়া, সমকক্ষ হইয়া; জুড়িয়া; মুখবন্ধ করিয়া; পারিয়া উঠিয়া; দৃঢ় করিয়া; ভর্ৎসনা করিয়া; মিলিত হইয়া। 'আঁটিয়া' ক্রিয়ার সংক্ষেপ। অস-ক্রি।

আঁটিসাঁটি, -সাঁট—কষাকষি; হাতটান; আপনার স্বার্থ বুঝিয়া লইতে কড়াকড়ি। বাংপ্র। বি।

আঁটুনি—'আঁটনি' দ্রঃ।

আঁটুনে—দৃঢ়চিত্ত, সাহসী; শক্ত, কঠিন; মিতব্যয়ী; কৃপণ। বাংপ্র। বিণ।

আঁটুবাটু—১। কোন কর্ম করিতে অক্ষম হইলেও তাহার জন্য উদ্যম প্রচেষ্টা বা অত্যধিক যত্ন। বি। ২। শক্ত, কঠিন। বাংপ্র। বিণ।

আঁটুলি, এঁটুলি—গোরু কুকুর প্রঃ প্রাণীর গাত্রসংলগ্ন একপ্রকার চর্মকীট। বাংপ্র। বি।

আঁত—নাড়ীভুঁড়ি; পেট; গর্ভ; মর্মস্থান; স্বয়ং; অন্তর; আত্মা। <অন্ত্র বা আত্মন্। বি। **আঁত খালি হওয়া**—পেট খালি হওয়া। **আঁতে আঁতে**—মর্মে মর্মে। **আঁতে ঘা দেওয়া**—মর্মভেদী কথা বলা; সমূহ ক্ষতি করা। **আঁতের টান**—সন্তানের প্রতি স্বাভাবিক মমতা।

আঁতকানো—ভয়ে চমকানো, ভয় করা। বাংপ্র। ক্রি [, বি]।

আঁতড়ি—নাড়ীভুঁড়ি, অন্ত্রসমূহ; (সদৃশার্থে) মোটা সুতা; পাকানো কাপড়ের পাড়। <অন্ত্র। বি।

আঁতপুত—পিতাপুত্র। বাংপ্র। বি।

আঁতাত—পরস্পর সম্প্রীতি-বিশিষ্ট একাধিক রাষ্ট্র; একাধিক রাষ্ট্রের পারস্পরিক সম্প্রীতি। <ইং 'entente'. বি।

আঁতি, আঁতী—ফলের মধ্যস্থ বীজসমেত অংশ, বুকো। বাংপ্র। বি।

আঁতিপাঁতি—বিছানার মাথার দিক্ ও পায়ের দিক্; সর্বত্র। বাংপ্র। অ; ক্রি-বিণ।

আঁতুড়—সূতিকাগৃহ। <আতুর। বি। **আঁতুড়ে খোকা**—নিতান্ত শিশু (বিদ্রূপচ্ছলে)। **আঁতুড়ে ছেলে**—সদ্যঃপ্রসূত সন্তান।

আঁদাড়-পাঁদাড়—অপরিস্কৃত স্থান সকল। বাংপ্র। বি।

আঁদি—১। মূল; গোড়া; কেন্দ্র; সর্দার। <আদি। ২। অন্ধকার; ঘূর্ণি-ঝড়; পাকজল; লুকোচুরি খেলায় যাহার চোখ বাঁধিয়া দেওয়া হয়। <অন্ধিকা। বি।

আঁদিসাঁদি—কোনা-কানাচ; ফাঁক; কোণ; শৃঙ্খলা। <অন্ধিসন্ধি। বি।

আঁধলা—দৃষ্টিহীন। <হিন্দী 'অন্ধলা'। বিণ।

আঁধা—দৃষ্টিশক্তিহীন। <অন্ধ। বিণ।

আঁধায়ল—অন্ধকার করিল; অন্ধ করিল। প্রা কপ্র। ক্রি। (**আঁধায়লু**—অন্ধ করিলাম।)

আঁধার—১। অন্ধকার, তিমির। বি। ২। অন্ধকার-ময়; শূন্য; বিষণ্ণ; গম্ভীর। <অন্ধকার। বিণ। **আঁধার ঘরের মানিক**—দুঃখময় জীবনে একমাত্র প্রিয়বস্তু; একান্ত প্রিয়জন। **আঁধারে ঢিল ছোড়া**—আন্দাজে কিছু করা বা বলা। **আঁধারে সাপ ধরা**—বিশেষভাবে না জানিয়া লইয়া বিপজ্জনক কাজে হাত দেওয়া। **আঁধারের বাতি**—হৃদয়ের আনন্দজনক বস্তু; যাহাকে দেখিলে অন্তরে খুব আনন্দের সঞ্চার হয়।

আঁধারি—১। অস্পষ্ট অন্ধকার; খড়ের চালে মটকার

নীচের খড়; তক্তা জুড়িবার জন্য শিবসূক্ষ্মাগ্র পেরেক। বি। ২। অন্ধকারময়, কৃষ্ণ ('—পক্ষ')। বিণ। ৩। অন্ধকার করিয়া। কপ্র। অস-ক্রি।

আঁধারে—যে লণ্ঠনের তিন পাশ এরূপভাবে ঢাকা যে তাহা দিয়া আলোকের জ্যোতিঃ বাহির হয় না এবং যাহার চতুর্থ পার্শ্বটিও ইচ্ছামত আবৃত করিয়া লণ্ঠনের আলোকনিঃসরণ সম্পূর্ণরূপে বন্ধ করা যায়। বাংপ্র। বি।

আঁধি—প্রবল ঝড়, যে ঝড় উঠিয়া চারিদিক্ ধূলিময় করিয়া দেয়; যে চোরাই মাল গচ্ছিত রাখে; লুকোচুরি খেলায় যাহার চক্ষু বাঁধিয়া দেওয়া হয়। হি। বি।

আঁধিয়ার, আঁধিয়ারা—অন্ধকারময় ("আজু আঁধিয়ারা শাঙন রাতিয়া"—মাধব)। প্রা কপ্র। বিণ।

আঁধিসাঁধি—আঁদিসাঁদি (সকল অর্থে)। বি।

আঁধুল—অতিশয় ময়লা; খুব কালো; অন্ধকারময়। গ্রাম্য। বিণ।

আঁধুলন্যাতা—রান্নাঘরের খুব ময়লা কাপড়ের টুকরা। বাংপ্র। বি।

আঁবুই, আঁবুইমা—ভ্রাতা কিংবা ভগিনীর শাশুড়ী। বাংপ্র। বি; স্ত্রী। পুং—তালুই।

আঁশ—আম্রাদি ফলের চোঁচ; কাপড়ের উপরের অংশু বা সূত্রবৎ পদার্থ; মৎস্যাদির শল্ক, scales. ⟨অংশু। বি।

আঁশাল, আঁশালো—আঁশযুক্ত। ⟨অংশুল। বিণ।

আঁষ—১। মাছ-মাংস-ডিম। বি। ২। আমিষ-সংক্রান্ত। ⟨আমিষ। বিণ।

আঁষজল—মাছ-ধোওয়া জল; যে জলে মাছ জিয়াইয়া রাখা হয়। আঁষ যে জল, কর্মধা। বাংপ্র। বি।

আঁষটে—আমিষযুক্ত; আমিষগন্ধযুক্ত। বাংপ্র। বিণ।

আঁষপান্না—শ্রাদ্ধ হইয়া গেলে যে জ্ঞাতিভোজন হয় তাহাতে মাছ খাইয়া নিয়মভঙ্গ করা-রূপ সংস্কার (মৎস্যামুখী)। ৩য়াতৎ (বাংপ্র)। বি।

আঁষফল—আমিষগন্ধী একপ্রকার ছোট ফল (গোলাকার; অনেকটা লিচুর মত)। আঁষগন্ধী ফল, মধ্যপ (বাংপ্র)। বি।

আঁষবঁটি—মাছ কুটিবার বঁটি। আঁষ যে বঁটি, কর্মধা (বাংপ্র)। বি।

আঁষহাঁড়ি—যে হাঁড়িতে করিয়া মাছ রাঁধা হয় তাহা; যে ভাতের হাঁড়ির সহিত আঁষ তরকারি প্রঃর ছোঁওয়াছুঁয়ি করা হয় তাহা। বাংপ্র। বি।

আঁষহেঁসেল—যে রান্নাঘরে মাছ রাঁধা হয়। বাংপ্র। বি।

আঁষ্টে—আমিষযুক্ত; আমিষগন্ধবিশিষ্ট। আঁষ (আমিষ)+টে (⟨টিয়া) যুক্তার্থে (বাংপ্র)। বিণ।

আঁস্তাকুড়—বাড়ির যে-স্থানে আবর্জনা ফেলা হয়, যে-স্থানে হাতমুখ ধোওয়া প্রঃ করা হয়, ওঁচলাকুড়। ⟨উচ্ছিষ্টকুল, আবর্জনাকুণ্ড বা আচমনকুণ্ড। বি। **আঁস্তাকুড়ের পাতা**—ময়লাস্থানের পাতা; নীচ লোক।

আক—আখ। ⟨ইক্ষু। বি।

আককাটা—চাষা, ইতর; নীরেট মূর্খ; গোঁয়ার। বাংপ্র। বিণ।

আককুটে, -খুটে—অমিতব্যয়ী, লক্ষ্মীছাড়া। বাংপ্র। বিণ।

আকচ, আকজ—শত্রুতা, কলহ, আক্রোশ। ⟨আ 'আখজ'। বি।

আকচা-আকচি—পরস্পরের শত্রুতা। আ-মু। বি।

আকচার, -ছার—হামেশা, প্রায়ই, সদাসর্বদা। ⟨আ 'অকসর'। ক্রি-বিণ।

আকড়ে—মূল্যহীন, বিনা দামের; এককড়া দামের; সামান্য দামের। আ (না, এক)+কড়ি+ইয়া, এ মূল্যার্থে (বাংপ্র)। বিণ।

আক'ড়ে-দোক'ড়ে—দুই হাতে; বিনা প্ররোচনায়। বাংপ্র। ক্রি-বিণ।

আকণ্ঠ—গলদেশ পর্যন্ত। কণ্ঠ পর্যন্ত, অব্যয়ী। ক্রি-বিণ।

আকণ্ঠভোজন—গলা পর্যন্ত খাওয়া, অত্যধিক আহার। আকণ্ঠ ভোজন, সুপ্সুপা। বি; ক্লী।

আকণ্ঠমগ্ন—যাহার কণ্ঠদেশ পর্যন্ত ডুবিয়াছে এরূপ। আকণ্ঠ মগ্ন, সুপ্। বিণ।

আকথা—নিন্দা; মন্দবাক্য; গালাগালি। নঞ্তৎ। বাংপ্র। **আকথা-কুকথা**—খারাপ কথা; বাজে কথা।

আক-থু—ঘৃণাসূচক শব্দ; থুতু ফেলার শব্দ। বাংপ্র। অ।

আকনি—মাংসের ক্বাথ; মসলার ক্বাথ। ⟨ফা 'য়খ্নী'। বি।

আকন্দ—অর্কবৃক্ষ। ⟨অর্কমন্দার। বি।

আকপিল—ঈষৎ কপিলবর্ণ, আপিঙ্গল। আ (ঈষৎ) কপিল, প্রাদি। বিণ।

আকপিশ—ঈষৎ কপিশবর্ণ। আ (ঈষৎ) কপিশ, প্রাদি। বিণ।

আকবর—সর্বশক্তিমান্, শক্তিশালী; মহত্তর। আ। বিণ। **আল্লাহো আকবর**—ঈশ্বর সর্বশক্তিমান্।

আকবরী—সম্রাট্ আকবরের আমলের, আকবর বাদশাহের প্রবর্তিত। আকবর (আ)+ঈ সম্বন্ধার্থে। বিণ।

আকম্প, -কম্পন—অল্প কাঁপা, ঈষৎ বিচলিত হওয়া। আ—কন্প্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

আকম্পিত—ঈষৎ কম্পিত, অল্প কম্পবিশিষ্ট। আ (ঈষৎ) কম্পিত, প্রাদি। বিণ।

আকম্প্র—ঈষৎ কম্পনশীল; কম্পবিশিষ্ট; ভয়-হর্ষাদিকৃত-কম্পবিশিষ্ট। আ—কন্প্+র কর্তৃ। বিণ।

আকর—১। ধাতু প্রঃ দ্রব্যের উৎপত্তি স্থান, খনি; উৎপত্তিস্থান; আদি; আধার; সমূহ। আ—কৃ+ঘ অধি। বি; পুং। ২। আখর। বাংপ্র। ৩। দ্রব্য-সামগ্রী; যৌতুক। ফা। বি।

আকরজ—খনিজ, আকরিক। উপতৎ; আকর—জন্+ড কর্তৃ। বিণ।

আকরজাত—খনিজ। ৫মীতৎ বা ৭মীতৎ। বিণ।

আকরিক—১। খনিজাত; খনিতে নিযুক্ত। বিণ। স্ত্রী, -কী। ২। খনিখনক, খনক। আকর+ইক জাতার্থে, নিযুক্তার্থে, খনকার্থে। বি; পুং।
আকরীয়—খনিসংক্রান্ত; খনিজ। আকর+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
আকর্ণ—কর্ণ পর্যন্ত ('—গুণ টানা')। অব্যয়ী। ক্রি-বিণ।
আকর্ণন—শোনা, শ্রবণ। আ—কর্ণি+অনট্ ভাব। বি; ক্লী।
আকর্ণপূরিত—কর্ণপ্রান্ত পর্যন্ত আকৃষ্ট, কানের কাছ পর্যন্ত টানা (ধনুর্গুণাদি)। আকর্ণ পূরিত, সুপ। বিণ।
আকর্ণবিশ্রান্ত, -বিস্তৃত—কর্ণপ্রান্ত পর্যন্ত ব্যাপ্ত, সুদীর্ঘ, আয়ত। আকর্ণ বিশ্রান্ত, বিস্তৃত, সুপ্। বিণ।
আকর্ণ-সন্ধান—কর্ণ পর্যন্ত আকর্ষণ করিয়া লক্ষ্য করা, ধনুকে শরসংযোগ করিয়া গুণ কানের কাছ পর্যন্ত টানিয়া লক্ষ্য করা। আকর্ণ পূরিত সন্ধান, মধ্যপ। বি; ক্লী।
আকর্ণিত—শ্রুত, কর্ণগোচর। আ—কর্ণি+ক্ত কর্ম। বিণ।
আকর্ষ—১। আকর্ষণ; টানিয়া আনা; পাশকক্রীড়া। আ—কৃষ্+ঘঞ্ ভাব। ২। পাশা; পাশফলক; ইন্দ্রিয়। আ—কৃষ্+ঘঞ্ কর্ম। ৩। আকর্ষণী, আঁকুশি; লাউ প্রঃর লতার অগ্রভাগের সূত্রবৎ অংগ, লতাতন্তু, প্রতান, tendril. আ—কৃষ্+ঘঞ্ করণ। ৪। চুম্বকপাথর। আ—কৃষ্+অচ্ কর্তৃ। ৫। কষ্টিপাথর। আ—কৃষ্+ঘঞ্ অধি। বি; পুং।
আকর্ষক—১। চুম্বকপাথর। বি; পুং। ২। আকর্ষণ-কারী। আ—কৃষ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -র্ষিকা।
আকর্ষণ—১। টানিয়া আনা, টানিয়া লইয়া যাওয়া; জড়পদার্থের যে গুণ দ্বারা পরমাণু-সমুদায় পরস্পরকে পরস্পরের অভিমুখে আনয়নার্থ বল প্রকাশ করে সেই গুণ বা শক্তি; টান ('সন্তানের প্রতি মাতার —')। আ—কৃষ্+অনট্ ভাব, করণ। ২। বাণ। আ—কৃষ্+অনট্ কর্ম। বি; ক্লী।
আকর্ষণী—১। আঁকশি। আ—কৃষ্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী। ২। আকর্ষণকারিণী। আ—কৃষ্+অনট্ কর্তৃ+ঈপ্। বিণ।
আকর্ষণীয়—আকর্ষণের যোগ্য; প্রীতিকর। আ—কৃষ্+অনীয় কর্ম। বিণ।
আকর্ষিক—১। চুম্বক পাথর। বি; পুং। ২। আকর্ষণ-কারী। আকর্ষে নিযুক্ত এই অর্থে আকর্ষ+ইক। বিণ। স্ত্রী, -কী।
আকর্ষিণী—১। আকর্ষণকারিণী। বিণ। ২। আঁকুশি। আকর্ষিন্+ঈপ্। বি; স্ত্রী।
আকর্ষিত—অন্যদ্বারা যাহাকে আকর্ষণ করানো হইয়াছে এরূপ, টানানো। আ—কৃষ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
আকর্ষী (-র্ষিন্)—১। আকর্ষণকারী। বিণ। স্ত্রী, -র্ষিণী। ২। আঁকুশি। আ—কৃষ্+ণিন্ কর্তৃ। বি; পুং।
আকলন—গণন; সংগ্রহ; আকর্ষণ; বন্ধন; ধারণ; অনুসন্ধান। আ—কল+অনট্ ভাব। বি; ক্লী।
আকলিত—গণিত; আকৃষ্ট; বন্ধ; সংকলিত; গাঁথা; যাহা জমা আছে এমন, credited. আ—কল+ক্ত কর্ম। বিণ।
আকস্মিক—অকস্মাৎ উৎপন্ন; অপ্রত্যাশিত ('—দুর্ঘটনা')। অকস্মাৎ+ইক জাতার্থে। বিণ। স্ত্রী, -কী।
আকস্মিকতা—দৈবযোগ; অনিশ্চয়তা, chance. আকস্মিক+তা ভাবার্থে। বি; স্ত্রী।
আকা, আখা—উনান। < অগ্নিকা। বি।
আকাঁড়া—সতুষ ('—তণ্ডুল'), অপরিষ্কৃত ('—চাউল'); যাহার বলের ব্যয় বা অপচয় ঘটে নাই এরূপ; মহাবল; নিরেট; অন্তর্ভেদী; অপরিমিত; অমার্জিত; রূঢ়। নয় কাঁড়া, নঞ্তৎ। বিণ।
আকাঙ্ক্ষণীয়—প্রার্থনীয়। আ—কাঙ্ক্ষ্+অনীয় কর্ম। বিণ।
আকাঙ্ক্ষা—ইচ্ছা; রমণীয় বস্তুতে স্পৃহা; অপেক্ষা; জিজ্ঞাসা; অনুসন্ধান; (ন্যায়মতে) বাক্যার্থজ্ঞানের হেতু বিঃ; (শব্দশাস্ত্রে) বাক্যের তাৎপর্যগ্রহণের নিমিত্ত এক [illegible]ধিক শব্দ উচ্চারণের পরই শ্রোতার পুন[illegible] শব্দ শ্রবণের ইচ্ছা। আ—কাঙ্ক্ষ্+অ ভাব [illegible]প। বি; স্ত্রী।
আকাঙ্ক্ষিত—বাঞ্ছিত, অভীষ্ট; জিজ্ঞাসিত; অপেক্ষিত; আবশ্যক। আ—কাঙ্ক্ষ্+ক্ত কর্ম। বিণ।
আকাঙ্ক্ষী (-ঙ্ক্ষিন্)—ইচ্ছুক, অভিলাষী; জিজ্ঞাসু। আ—কাঙ্ক্ষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ঙ্ক্ষিণী।
আকাট—১। অতি দৃঢ়; স্তম্ভিত; নিশ্চল; অসাড়; নিরেট; নিষ্ঠুর; গোঁয়ার। বিণ। ২। উনান; নিরেট বোকা। বাংপ্র। বি। **আকাট মূর্খ**—অতিশয় মূর্খ।
আকাটা—অকর্তিত। নয় কাটা, নঞ্তৎ (বাংপ্র)। বিণ।
আকাঠা—অকেজো কাঠ, বাজে কাঠ। বাংপ্র। বি।
আকার—১। আকৃতি, মূর্তি; শরীর। আ—কৃ+ঘঞ্ কর্ম। ২। স্বরবর্ণের দ্বিতীয়বর্ণ, 'আ' এই অক্ষর। আ+কার স্বার্থে। ৩। ইঙ্গিত; শোক-হর্ষাদিসূচক মুখভঙ্গী প্রঃ; চিহ্ন। আ—কৃ+ঘঞ্ করণ। বি; পুং। **আকার ইঙ্গিত**—চেহারা ও চোখমুখাদির ভঙ্গী, ভাবভঙ্গী।
আকারপ্রকার—শরীর এবং স্বভাব, আকৃতি-প্রকৃতি; ভাবভঙ্গী। দ্বন্দ্ব। বি; পুং।
আকারাদি—আকার হইতে আরম্ভ করিয়া পরবর্তী অন্যান্য ('—বর্ণ'); যাহার গোড়ায় 'আ' আছে এরূপ ('—শব্দ')। আকার আদি যাহাদের বা যাহার, বহু। বিণ।
আকারান্ত—শেষে আকারবিশিষ্ট, যাহার শেষে 'আ'

আছে এরূপ ('— শব্দ')। আকার অন্তে যাহার, বহু। বিণ।

আকাল—দুর্ভিক্ষ; দুঃসময়। ✓অকাল। বি।

আকালিক—অল্পকালস্থায়ী; আরম্ভকাল হইতে তৎ-সমজাতীয়-কাল স্থায়ী; অকালে উৎপন্ন। অকাল+ইক ভবার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

আকালী—শিখ-সম্প্রদায় বিঃ। গুরু। বি।

আকাশ—গগন; ব্যোম, পঞ্চমহাভূতের অন্যতম। আ—কাশ্‌+ঘঞ্‌ অধি। বি; পুং বা ক্লী। **আকাশ ঘোর করা**—আকাশ মেঘে ঢাকিয়া যাওয়া। **আকাশ ধরা**—বৃষ্টি বন্ধ হওয়া। **(মাথায়) আকাশ ভাঙিয়া পড়া**—সহসা ভীষণ বিপদ্‌ ঘটা। **আকাশ হইতে পড়া**—আকস্মিক বিপদে আঁতকাইয়া উঠা; অজ্ঞতার ভান করিয়া চমকাইয়া উঠা; হঠাৎ অত্যন্ত বিস্মিত হওয়া। **আকাশ (বা আকাশের চাঁদ) হাতে পাওয়া**—অপ্রত্যাশিত বস্তু লাভ করা। **আকাশে তোলা**—অতিরিক্ত আশা দেওয়া; অতিরিক্ত প্রশংসা করা।

আকাশকুসুম—অবাস্তব কল্পনা; অসম্ভব বা অপূরণীয় আশা। আকাশজাত কুসুম, মধ্যপ। বি; ক্লী।

আকাশগঙ্গা—স্বর্গগঙ্গা, মন্দাকিনী; ছায়াপথ। আকাশবাহিনী গঙ্গা, মধ্যপ। বি; স্ত্রী।

আকাশচর—১। আকাশগামী, খেচর। বিণ। স্ত্রী, **-রী**। **২**। পক্ষী। উপতৎ; আকাশ—চর্‌+ট কর্তৃ। বি; পুং।

আকাশ-চাওয়া—আকাশের দিকে চাহিয়া যাহার অপেক্ষা করা হইয়াছে এরূপ ("আমার অনেক দিনের আকাশ-চাওয়া আসবে ছুটে দখিন হাওয়া।"—রবীন্দ্র)। বাংপ্র। **বিণ**।

আকাশচুম্বী (চুম্বিন্‌)—গগনস্পর্শী; অতি উচ্চ ('— অট্টালিকা')। উপতৎ; আকাশ—চুম্ব্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চুম্বিনী**।

আকাশজ, -জাত—গগনোৎপন্ন। উপতৎ; আকাশ—জন্‌+ড কর্তৃ; ২য় পক্ষে ৫মীতৎ বা ৭মীতৎ। বিণ।

আকাশদীপ, -প্রদীপ—লক্ষ্মীনারায়ণের উদ্দেশে কার্তিক **মাসে উন্মুক্ত স্থানে বংশদণ্ডাদির** উপর স্থাপিত প্রদীপ; ফানুস। আকাশস্থিত দীপ, প্রদীপ, মধ্যপ। বি; পুং।

আকাশদুহিতা (-দুহিতৃ)—শব্দ, প্রতিধ্বনি ("আকাশদুহিতা ওগো শুন প্রতিধ্বনি।"—মাইকেল)। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আকাশপট—১। আকাশের প্রতিচ্ছবি। ৬ষ্ঠীতৎ। **২**। নভোমণ্ডল। রূপক কর্মধা। বি; পুং।

আকাশপথ—শূন্যপথ, অন্তরীক্ষ। আকাশই পন্থা (পথিন্‌), কর্মধা (সমাসান্ত অ-প্রত্যয়)। বি; পুং।

আকাশ-পাতাল—১। নভস্তল ও ভূতল, অন্তরীক্ষ এবং পৃথিবীর অধোভাগ। সমা দ্বন্দ্ব। বি; ক্লী। **২**। নানারকম; এলোপাতাড়ি; খুব বেশী ('— প্রভেদ')। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ। **আকাশ-পাতাল তোলপাড় করা**—তন্নতন্ন করিয়া খোঁজা; সমস্ত ওলট-পালট করা। **আকাশ-পাতাল ভাবা**—ব্যাকুলভাবে সম্ভব অসম্ভব নানারকম বিষয়ের চিন্তা করা।

আকাশপ্রদীপ—'আকাশদীপ' দ্রঃ।

আকাশবচন, -বাণী—শূন্য হইতে অদৃশ্যভাবে কথন, দৈববাণী ("কহিলেন অন্নপূর্ণা আকাশবচনে"—ভারত)। আকাশোচ্চারিত বচন, বাণী, মধ্যপ। বি; ক্লী, স্ত্রী।

আকাশবাণী—১। বেতারবার্তা, রেডিওর গান ইঃ। আকাশ-প্রচারিত বাণী, মধ্যপ। বি; স্ত্রী। **২**। 'আকাশবচন' দ্রঃ।

আকাশভাঙা, -ভাঙা—অত্যধিক ('— বৃষ্টি'); ভীষণ ('— বিপদ্‌'); একেবারে স্তম্ভিত। আকাশ ভাঙিয়াছে যাহাতে, উপতৎ (বাংপ্র)। বিণ।

আকাশমণ্ডল—নভোমণ্ডল, গোলাকারে দৃশ্যমান আকাশ। আকাশ মণ্ডলপ্রায়, উপমিত কর্মধা। বি; ক্লী।

আকিঞ্চন—১। দারিদ্র্য। অকিঞ্চন (দরিদ্র)+অণ্‌ ভাবে। বি; ক্লী। **২**। আগ্রহ, চেষ্টা; আকাঙ্ক্ষা। বাংপ্র। বি। [কর্ম। বিণ।

আকীর্ণ—বিস্তীর্ণ; বিক্ষিপ্ত। আ—কৄ+ক্ত কর্তৃ,

আকুঞ্চন—কোঁকড়ানো, কোঁচকানো; গুটানো; ঈষৎ বক্রীকরণ। আ—কুন্‌চ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।

আকুঞ্চনীয়—সংকোচনীয়, যাহার আয়তন কমাইতে পারা যায় এরূপ। আ—কুন্‌চ্‌+অনীয় কর্ম। বিণ।

আকুঞ্চিত—ঈষৎ বক্রীকৃত; নমিত; সংকুচিত, যাহা গুটানো হইয়াছে এমন। আ—কুন্‌চ্‌+ক্ত কর্ম। বিণ।

আকূতি—১। আবেগ; আগ্রহ; বাসনা। আ—কু+ক্তি ভাব। বি; স্ত্রী। **২**। আকার, ইঙ্গিত, ভাবভঙ্গী। ✓আকৃতি। বি।

আকূতিব্যাকূতি—ভাবভঙ্গীদ্বারা মনের ভাব প্রকাশ; ঠার বা ইঙ্গিতে বলা। বাংপ্র। বি।

আকুমার—কিশোর কাল হইতে, কৌমার হইতে ('— ব্রহ্মচর্য')। অব্যয়ী। ক্রি-বিণ।

আকুল—উদ্বিগ্ন; পীড়িত; বিহ্বল; ব্যাপৃত; সন্দিহান; ভয়চকিত; আবিষ্ট; সসম্ভ্রম; সংকীর্ণ; অস্পষ্ট; বিকৃত; বিপর্যস্ত; ব্যাপ্ত। আ—কুল্‌+ক কর্তৃ, কর্ম। বিণ। বি, **-তা**।

আকুলিত—বিপর্যস্ত; চঞ্চলীকৃত; ব্যাকুলিত; বিক্ষিপ্ত; বিদ্রুত; পীড়িত; অস্থিরীকৃত; উদ্‌-ভ্রান্ত; আন্দোলিত; কম্পিত। আ—কুল্‌+ক্ত কর্ম, কর্তৃ। বিণ।

আকুলি-বিকুলি—১। অত্যন্ত কাতরতা, অতিশয় অস্থিরতা; কাতর নিবেদন ('— করা')। বি। **২**। তাড়াতাড়ি; বিহ্বলচিত্তে; উৎকণ্ঠিত হৃদয়ে; করুণভাবে। ক্রি-বিণ। **৩**। অত্যন্ত ব্যাকুল; চঞ্চল। বাংপ্র। বিণ।

আকুলীকৃত—চঞ্চলীকৃত; ব্যাকুলীকৃত। আকুল+চ্বি অভূততদ্ভাবার্থে (=আকুলী)—কৃ+ক্ত কর্ম। বিণ।

আকুলীভূত—কাতরীভূত, উদ্‌ভ্রান্ত। আকুল+চ্বি অভূততদ্ভাবার্থে (=আকুলী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

আকূত, -তি—অভিপ্রায়; তাৎপর্য; সংকল্প; ইচ্ছা। আ—কূ+ক্ত, ক্তি ভাব। বি; ক্লী, স্ত্রী।

আকৃতি—চেহারা, গঠন; রূপ; শরীর; জাতি, প্রকার; দ্বাবিংশতি অক্ষরযুক্ত ছন্দঃ বিঃ। আ—কৃ +ক্তি করণ। বি; স্ত্রী।

আকৃতিগত—আকারগত, রূপসম্বন্ধীয়, চেহারা বা গড়নবিষয়ক; বাহ্য। ২য়াতৎ। বিণ।

আকৃতিপ্রকৃতি—আকারপ্রকার, হাবভাব। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

আকৃষ্ট—যাহাকে টানিয়া আনা হইয়াছে এরূপ; গৃহীত; বশীকৃত; প্রলুব্ধ; মোহিত। আ—কৃষ্+ ক্ত কর্ম। বিণ। [বি; স্ত্রী।

আকৃষ্টি—আকর্ষণ; প্রলোভন। আ—কৃষ্+ক্তি ভাব।

আকৃষ্যমাণ—যাহাকে আকর্ষণ করা হইতেছে এরূপ। আ—কৃষ্+শানচ্ কর্ম। বিণ।

আক্কারা—আক্রা, মহার্ঘ। ✓অক্রেয়। বিণ।

আক্কুটে, আখুটে—আককুটে (তাহা দ্রঃ)।

আক্কেল—বুদ্ধি, বিবেচনা; জ্ঞান, শিক্ষালাভ। ✓আ 'অক্‌ল্'। বি।

আক্কেল-গুড়ুম—১। অভিভূত, বিহ্বল, হতবুদ্ধি। বিণ। ২। হতবুদ্ধিতা, বিহ্বলতা। আ-মু। বি।

আক্কেল-দাঁত—বয়োদন্ত, জ্ঞানদন্ত, wisdom-tooth. আক্কেলসূচক দাঁত, মধ্যপ (আ-মু)। বি। **আক্কেল-দাঁত ওঠা**—বুদ্ধির পরিপক্কতা লাভ করা।

আক্কেলমন্দ—প্রাজ্ঞ, জ্ঞানবান্। আ-মু। বিণ।

আক্কেল-সেলামি—বোকামির শাস্তি। আক্কেলজনিত সেলামি, মধ্যপ (আ-মু)। বি। **আক্কেল-সেলামি দেওয়া**—বোকামির শাস্তি পাওয়া।

আক্রম—অতিক্রম; পরাভব; ব্যাপ্তি; বিক্ষেপ; লাভ; আক্রমণ; প্রভাব; পরাক্রম ("বিপুল আক্রমে নাশ তারে।"—মাইকেল)। আ—ক্রম্+ঘঞ্ ভাব। বি; পুং।

আক্রমণ—হিংসা অপহরণ বা অনিষ্ট প্রঃ করিবার সংকল্পে বলপ্রয়োগ; চড়াও হওয়া; অতিক্রম; আরোহণ; ব্যাপ্ত করণ; বিক্ষেপ; আবির্ভাব। আ—ক্রম্ +অনট্ ভাব। বি; ক্লী।

আক্রমণীয়—আক্রমণযোগ্য। আ—ক্রম্+অনীয় কর্ম। বিণ।

আক্রা—মহার্ঘ। ✓অক্রেয়। বিণ।

আক্রান্ত—যাহার উপর কেহ চড়াও হইয়াছে এরূপ; অতিক্রান্ত; অভিভূত; সংকুল; আবৃত; পীড়িত; বিহ্বল। আ—ক্রম্+ক্ত কর্ম। বিণ।

আক্রামক—আক্রমণকারী; বিক্ষেপক; অতিক্রামক। আ—ক্রম্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -মিকা।

আক্রীড়—১। রাজকীয় উদ্যান, উপবন; ক্রীড়াস্থান, gymnasium. আ—ক্রীড়্+ঘঞ্ অধি। ২। লীলা, ক্রীড়া। আ—ক্রীড়্+ঘঞ্ ভাব। বি; পুং।

আক্রীড়ন—বিহার; ক্রীড়া। আ—ক্রীড়্+অনট্ ভাব। বি; ক্লী।

আক্রুষ্ট—তিরস্কৃত; নিন্দিত; অভিশপ্ত; অভিযুক্ত; আহূত। আ—ক্রুশ্+ক্ত কর্ম। বিণ।

আক্রোশ, আক্রোশন—তিরস্কার; অভিসম্পাত; ক্রোধ; অভিযোগ; নিন্দা; উচ্চৈঃস্বরে আহ্বান। আ—ক্রুশ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

আক্রোশক—আক্রোশকারী, বিদ্বেষক; অভিযোক্তা; নিন্দক; তিরস্কারক। আ—ক্রুশ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -শিকা।

আক্লান্ত—১। ঈষৎ শ্রান্ত। আ (ঈষৎ) ক্লান্ত, প্রাদি। ২। অতিশয় ক্লান্ত। আ—ক্লম্+ক্ত কর্তৃ। বিণ।

আক্ষরিক—অক্ষরসম্বন্ধীয়; অক্ষরানুযায়ী, প্রতি-বর্ণের, হুবহু, শব্দশঃ, literal. অক্ষর+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী। **আক্ষরিক অনুবাদ**—সম্পূর্ণরূপে মূলানুযায়ী অনুবাদ; সম্যক্ ভাষান্তর, literal translation.

আক্ষিপ্ত—যাহাতে আক্ষেপ জন্মিয়াছে এরূপ; দুঃখ-কষ্টে বিহ্বল; নিক্ষিপ্ত; অধঃক্ষিপ্ত; অবধূত; বাহিত; আকৃষ্ট; ভর্ৎসিত, নিন্দিত। আ—ক্ষিপ্ +ক্ত কর্ম। বিণ।

আক্ষেপ—খেদ; হস্তপদাদির বিক্ষেপ, খেঁচুনি, convulsion; নিক্ষেপ; দ্রুতপ্রেরণ; বিন্যাস; আকর্ষণ; অপহরণ; তিরস্কার; অখ্যাতি; উপ-স্থিতি; শেষ; কাব্যের অলংকার বিঃ [বিবক্ষিত বিষয়ের বিশেষ প্রতিপাদনের নিমিত্ত আপাততঃ প্রতীয়মান বিধি অথবা নিষেধ সহকারে উক্তি; যথা—"হে প্রিয়তম! তোমার বিদেশগমনে আমি অধিককাল দুঃখ পাইব না; সুতরাং যদি যাও তবে আর আশঙ্কার প্রয়োজন নাই।" . তোমার বিরহে আমি অধিককাল বাঁচিব না, সুতরাং তোমার যাওয়া উচিত নয়—ইহাই এই কথা দ্বারা সূচিত হইতেছে। এখানে গমন-ক্রিয়ায় আপাততঃ বিধি প্রতীত হইলেও প্রকৃতপক্ষে নিষেধই বুঝাইতেছে]। আ—ক্ষিপ্+ ঘঞ্ ভাব। বি; পুং।

আক্ষেপক—১। নিন্দাকারী; বিক্ষেপক; খেদকারী; তিরস্কারক। বিণ। স্ত্রী, -পিকা। ২। বাত-রোগ বিঃ। আ—ক্ষিপ্+ণক কর্তৃ। বি; পুং।

আক্ষোট, আক্ষোড়—আখরোট গাছ অথবা ফল। অক্ষোট, অক্ষোড় শব্দ+অণ্ স্বার্থে। বি; পুং।

আখ—১। খননাস্ত্র; খনিত্র। আ—খন্+ড করণ। বি; পুং। ২। আক। ✓ইক্ষু। বি।

আখজ—ঈর্ষ্যা, দ্বেষ; শত্রুতা; হিংসা; মনোমালিন্য। ✓আ 'অখেজ'। বি।

আখট, আখটি, আখটী, আখট্টি, আখুট, আখুটি, আখুটী—শিশুদিগের আবদার, বায়না। ✓অখট্টি। বি।

আখড়া—মঠ, সন্ন্যাসীদিগের আবাসস্থান; নৃত্য গীত বাদ্য মল্লক্রীড়া প্রঃ অভ্যাসের স্থান, নাচ গান কুস্তি

ইঃ শিখিবার আড্ডা। <অক্ষবাট। বি। **আখড়া দেওয়া**—গানবাজনার মহল্লা দেওয়া।

আখড়াই—সংগীতের প্রাথমিক অনুষ্ঠান, গৌরচন্দ্রিকা; অভিনয়াদির সূচনা; অভিনয়াদি অভ্যাস, মহল্লা, rehearsal. বাংপ্র। বি।

আখড়াধারী (-রিন্)—মঠাধ্যক্ষ; আখড়ার প্রধান কর্তা, ওস্তাদ। আখড়া—ধৃ+ণিন্ কর্তৃ। বাংপ্র। বি; পুং, বা বিণ।

আখণ্ডল—ইন্দ্র। আ—খন্ড্+ডল কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং। [তৎ। বি; স্ত্রী।

আখণ্ডলধনুঃ (-ধনুস্), -ধনু—ইন্দ্রধনু। ৬ষ্ঠী-

আখনি—আকনি (তাহা দ্রঃ)।

আখনিক—খনক, খননকারী। আ—খন্+ই কর্তৃ+কন্ স্বার্থে। বি; পুং।

আখর—অক্ষর, বর্ণ; সংকেত; কীর্তনের পদে গায়ক কর্তৃক সংযোজিত অতিরিক্ত পদ। <অক্ষর। বি। **আখর কাটা**—অক্ষরপাত করা; দাগ কাটা; লেখা। **আখর দেওয়া**—কীর্তন গান করিবার সময় সংগীতের মাধুর্য বৃদ্ধির জন্য সময়োচিত অতিরিক্ত পদ সংযোজন করা।

আখরিয়া—লেখক; বিদ্বান্; কীর্তনের পদে আখরদানে নিপুণ। আখর+ইয়া নিপুণার্থে (বাংপ্র)। বি বা বিণ।

আখরোট—একপ্রকার মেওয়া ফল, walnut. <আক্ষোট। বি।

আখা—উনান। <অন্তিকা। বি।

আখাম্বা—খুঁটির মত লম্বা; খুব মোটা ও লম্বা। বাংপ্র। বিণ।

আখিরী—বৎসরের হিসাব-নিকাশের শেষ সময়; জমিদারদের পুণ্যাহের পূর্বদিন পর্যন্ত সময়। আ। বি।

আখু—মূষিক, শূকর; তস্কর; কৃপণ বিঃ। আ—খন্+ডু কর্তৃ। বি; পুং।

আখুটি—১। 'আখট' দ্রঃ। ২। আখজ; বিরোধ; আক্রোশ। প্রা কপ্র। বি।

আখুটে, আকখুটে—আবদেরে; উড়নচড়ে; অপব্যয়ী। বাংপ্র। বিণ।

আখেজ—আখজ (তাহা) দ্রঃ।

আখের—পরিণাম; ভবিষ্যৎ; শেষ। <আ 'আখির'। বি। [আ-ম্। বিণ।

আখেরী—অন্তিম, শেষ। আখের+ঈ ভবার্থে।

আখ্যা—১। নাম, সংজ্ঞা। আ—খ্যা+অঙ্ করণ+আপ্। ২। উক্তি, কথন। আ—খ্যা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

আখ্যাত—১। বর্ণিত; কথিত; নির্দিষ্ট; ব্যাখ্যাত; আহূত; প্রসিদ্ধ; প্রকাশিত; সূচিত। বিণ। ২। (ব্যাক) তিঙন্তপদ; তি প্রঃ বিভক্তি; ক্রিয়াভাবপ্রধান শব্দ। আ—খ্যা+ক্ত কর্ম। বি; ক্লী।

আখ্যাতব্য—বক্তব্য, আখ্যেয়, বলিবার যোগ্য। আ—খ্যা+তব্য কর্ম। বিণ।

আখ্যান—১। কথন, উল্লেখ, বর্ণন; প্রসিদ্ধ বৃত্তান্তকথন। আ—খ্যা+অনট্ ভাব। ২। ইতিহাস; কাহিনী; উপন্যাস; কল্পিত বৃত্তান্ত; আখ্যায়িকা; আর্য মহাকাব্যের (অর্থাৎ রামায়ণ মহাভারতাদির) সর্গ। আ—খ্যা+অনট্ কর্ম। বি; ক্লী। ৩। নাম; পরিচয়। প্রা কপ্র। বি।

আখ্যান-বস্তু—গল্পাংশ, কাহিনীর বিষয়, story-element. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আখ্যাপত্র—গ্রন্থের গোড়ার দিকে যে পত্রে নাম ইঃ থাকে, title-page. আখ্যাযুক্ত পত্র, মধ্যপ। বি; ক্লী।

আখ্যায়ক—বর্ণনাকারী, কথক; প্রচারক; প্রকাশক; বার্তাহর। আ—খ্যা+ণক কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -য়িকা।

আখ্যায়িকা—১। কাহিনী; ঐতিহাসিক বা উপন্যাসবিষয়ক প্রবন্ধ বিঃ। বি; স্ত্রী। ২। বর্ণনাকারিণী; প্রকাশিকা। আ—খ্যা+ণক কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী।

আখ্যায়ী (-য়িন্)—বর্ণনাকারী, বক্তা; আবেদনকারী (দূতাদি)। আ—খ্যা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িনী।

আখ্যেয়—কথনীয়; বক্তব্য। আ—খ্যা+যৎ কর্ম। বিণ।

আগ—১। প্রধান; অগ্রবর্তী; ডগায় অবস্থিত। বিণ। ২। অগ্রভাগ; শ্রেষ্ঠ অংশ; অগ্রবর্তিতা; ধান্যাদি দ্বারা গ্রাম্য নারীদের শুভাশুভ গণনা; অগ্রিম আভাস। <অগ্র। ৩। অগ্নি। হি-ম্। বি। **আগ কাটা**—কর্মারম্ভেই ব্যাঘাত সৃষ্টি করা। **আগ তোলা**—দেবপূজার উদ্দেশে কোন কিছু তুলিয়া রাখা। **আগ বাড়ানো**—অগ্রসর হওয়া।

আগড়—কপাটের মত বাঁশের বেড়া; ঝাঁপ; বেড়া। <অর্গল। বি।

আগড়-বাগড়—আনাজের খোসা খোলা ইঃ; বাজে খাদ্য; আগাছা; বাজে কাজ; আবোলতাবোল কথা; আদাড়বাদাড়। বাংপ্র। বি।

আগড়ম-বাগড়ম—১। নগণ্য, বাজে। বিণ। ২। আবোলতাবোল; বড় বড় কথা, চাল। বাংপ্র। বি।

আগড়া—শস্যহীন ধান্য। বাংপ্র। বি।

আগডোম-বাগডোম—শিশুক্রীড়ার নিরর্থক শব্দ; অসংলগ্ন কথা; ঘোড়ার সাজ। বাংপ্র। বি।

আগত—১। উপস্থিত। আ—গম্+ক্ত কর্তৃ। ২। প্রাপ্ত। আ—গম্+ক্ত কর্ম। বিণ। ৩। আগমন। আ—গম্+ক্ত ভাব। বি; ক্লী।

আগতপ্রায়—প্রায় উপস্থিত, আসন্ন। প্রায় আগত, সুপ্। বিণ। \ [তৎ। বাংপ্র। বি।

আগদড়ি—ঘোড়ার সামনের পায়ে বাঁধা দড়ি। ৬ষ্ঠী-

আগনাংলা—অগ্রজ; অগ্রগামী ভেড়া। বাংপ্র। বি।

আগন্তু, আগন্তুক—১। অচিন্তিতপূর্ব, আকস্মিক; অনিত্যস্থায়ী; আহার্য; আগমনশীল; আগত। বিণ। ২। অতিথি, নবাগত ব্যক্তি। আ—গম্+তুন্ কর্তৃ। আগন্তু+কন্ স্বার্থে। বি; পুং।

আগপাছ—অগ্রপশ্চাৎ। বাংপ্র। বি।

আগম—১। বেদাদি শাস্ত্র; সাংখ্যাদি দর্শনশাস্ত্র;

পুরোণাদি শাস্ত্র; তন্ত্রশাস্ত্র; শাস্ত্রজ্ঞান; সাক্ষ্যপত্র, affidavit. আ—গম্+অপ্ করণ। বি; পুং বা ক্লী। ২। আগমন; আমদানি, import; উপার্জন, আয়; উপদেশপরম্পরা; আশ্রয়। আ—গম্+অপ্ ভাব। ৩। (ব্যাক) প্রকৃতি-প্রত্যয়কে অবিকৃত রাখিয়া তন্মধ্যে প্রবেশকারী (ম প্রঃ) বর্ণ; প্রবাহ। আ—গম্+অচ্ কর্তৃ। বি; পুং।

আগমন—উপস্থিত হওয়া, আসা। আ—গম্+অনট্ ভাব। বি; ক্লী।

আগম-নিয়ামক—যে রাজকর্মচারী বিদেশ হইতে পণ্য আমদানি নিয়ন্ত্রণ করেন, controller of import. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আগমনী—১। অভ্যর্থনাসূচক গান; শরৎকালে দেবীর আগমন উপলক্ষে গান। বি। ২। আগমন-সম্বন্ধীয়; শরৎকালে দুর্গাদেবীর আগমন উপলক্ষে রচিত ('—গান')। বাংপ্র। বিণ।

আগমবাগীশ—তন্ত্রশাস্ত্রজ্ঞ পণ্ডিতদের উপাধি বিঃ; তন্ত্রশাস্ত্রজ্ঞ পণ্ডিত। ৭মীতৎ। বি; পুং।

আগর—১। সম্বোধন-শব্দ, হে। বাংপ্র। অ। ২। আগুয়ান; সর্বোত্তম; শ্রেষ্ঠ; দক্ষ, পটু। <অগ্র। বিণ। স্ত্রী—**আগরী**। ৩। গৃহ; খনি, আধার। <আগার বা আকর। ৪। ডালা। <আগল. ৫। তুরপুন, ভ্রমর। <ইং 'auger'. বি। [দায় বিঃ। হি-মু। বি।

আগরওয়ালা—আগ্রা দিল্লী প্রঃ স্থানের বৈশ্য সম্প্র-

আগল—১। অগ্রবর্তী; অগ্রদূত। <অগ্র। বিণ। ২। অবরোধ; আগড়; বাঁশের কপাট, ঝাঁপ; বেড়া। <অর্গল। বি। [বিণ।

আগলা—মুক্ত, খোলা। < আলগা (<অলগ্ন)।

আগলানো—রক্ষার জন্য পাহারা দেওয়া; সামলানো; আটকানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

আগলি—১। অগ্রভাগ, সম্মুখের অংশ। <অগ্র। ২। আগার। প্রা কপ্র। বি। ৩। আগলাইয়া, রক্ষা করিয়া। কপ্র। অস-ক্রি। ৪। অগ্রবর্তী; পথপ্রদর্শক। <অগ্রণী। বিণ। **আগলি কাটা**—সকলকে পিছনে ফেলিয়া অগ্রসর হওয়া; ভিড় ঠেলিয়া সম্মুখে অগ্রসর হওয়া।

আগা—১। ডগা; সম্মুখভাগ; বৃক্ষপত্রের প্রান্ত, apex; উপরিভাগ; ভাবী অবস্থা, পরিণাম। <অগ্র। ২। ব্যাঘাত: চোট, ঘা। <আঘাত। ৩। মুসেলমান ওমরাহ বিঃ। আ। বি।

আগাকার, আগেকার—ডগার, অগ্রভাগের, পূর্বের। আগা+কার সম্বন্ধার্থে। বিণ।

আগাগোড়া—১। আদি হইতে অন্ত পর্যন্ত, আনু-পূর্বিক সমস্ত। আগা-অবধিক গোড়া, মধ্যপ। ক্রি-বিণ। ২। আগা ও গোড়া। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

আগাছা—অপ্রয়োজনীয় গাছ, কণ্টকাদির গাছ। আ (সদৃশ) গাছের, অব্যয়ী+আ তুচ্ছার্থে (বাংপ্র)। বি।

আগানো—অগ্রসর হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

আগা-পাছতলা, -পাস্তলা—আপাদমস্তক, মাথা হইতে পা পর্যন্ত; আগাগোড়া। <অগ্রপদতল। ক্রি-বিণ।

আগাম—১। অগ্রে, প্রথমে। ক্রি-বিণ। ২। দ্রব্য-ক্রয়াদি করিবার জন্য অগ্রে প্রদত্ত ('—অর্থ')। <অগ্রিম। বিণ।

আগামিক—আগামী, in-coming. বাংপ্র। বিণ। বিপরীত শব্দ—**নির্গামিক**।

আগামী (-মিন্)—ভবিষ্যৎ, ভাবী ('—বৎসর'); অব্যবহিত; পরবর্তী। আ—গম্+ণিন্ কর্তৃ। বিণ।

আগার—গৃহ। অগার+অণ্ স্বার্থে। বি; ক্লী।

আগালি, আগালে—১। আগা; ঝাড়িবার পর অব-শিষ্ট অংশ। বি। ২। অগ্রবর্তী; সম্মুখভাগস্থ। বাংপ্র। বিণ।

আগি—১। আগুন। প্রা কপ্র। বি। ২। অগ্নি-শর্মা; অতিক্রুদ্ধ। <অগ্নি। বিণ।

আগিলা—সামনের দিকের; আগুয়ান; প্রথমোৎপন্ন। প্রা কপ্র। বিণ।

আগু—১। অগ্রে; প্রথমে ("আগু গিয়া রাবণের গলে দিব ফাঁস"—কৃত্তি)। প্রা কপ্র। ক্রি-বিণ। ২। অগ্র-বর্তী কোন কিছু। বি। ৩। অগ্রগামী। <অগ্র। বিণ। [বি।

আগুদল—অগ্রবর্তী জনসমূহ। কর্মধা (বাংপ্র)।

আগুন—১। অগ্নি। বি। ২। অগ্নিবৎ উত্তপ্ত; ক্রুদ্ধ। <অগ্নি। বিণ। **আগুন ওঠা**—আগুন বাহির হওয়া; ঝগড়া হওয়া; তুমুল কাণ্ড বাধিয়া যাওয়া। **আগুন দেওয়া, আগুন লাগানো**—অগ্নি-সংযোগ করা। **আগুন পোহানো**—শীত নিবারণের জন্য আগুনের তাপ লওয়া। **আগুন লাগা**—অগ্নিসংযুক্ত হওয়া; গোলযোগ হওয়া; ধ্বংসে হইতে আরম্ভ করা। **আগুন হওয়া**—খুব রাগিয়া যাওয়া; জিনিসপত্রের দাম অত্যন্ত বাড়িয়া যাওয়া। **বাজার আগুন**—দ্রব্যমূল্যে অত্যধিক। **মুখে আগুন**—মৃত্যুকামনাসূচক গালিবাক্য।

আগুন-কপালে—যাহার অদৃষ্টে আগুন অর্থাৎ অগ্নি-জনিত কষ্টের ন্যায় মহাকষ্ট এরূপ, দুরদৃষ্ট। আগুনদগ্ধ কপাল, মধ্যপ+এ (<ইয়া) মত্বার্থে (বাংপ্র)। বিণ।

আগুনখাগী—অতিশয় ক্রোধান্বিতা; অতি ব্যস্ত-সমস্তা ও উদ্বিগ্না। বাংপ্র। বিণ।

আগুপাছু, আগুপিছু—১। সম্মুখে ও পশ্চাতে। ক্রি-বিণ। ২। ভূত-ভবিষ্যৎ; বর্তমান ও ভাবী অবস্থা; কারণ ও কার্যের বিষয়। <অগ্রপশ্চাৎ। বি।

আগুবাড়ি—অগ্রসর হইয়া। কপ্র। ক্রি।

আগুয়ান—অগ্রসর। <অগ্রবান্। বিণ।

আগুরি, আগুরী—উগ্রক্ষত্রিয় জাতি। <উগ্র। বি।

আগুলানো—পথ রোধ করিয়া দাঁড়ানো, আটকানো। প্রা কপ্র। ক্রি [, বি, বিণ]।

আগুলফ—গোড়ালি পর্যন্ত। গুল্ফ পর্যন্ত, অব্যয়ী। ক্রি-বিণ।

আগুল্‌ফলম্বিত—গুল্‌ফ পর্যন্ত লম্বমান, গোড়ালি পর্যন্ত ঝুলানো। আগুল্‌ফ লম্বিত, সুপ্‌। বিণ।
আগুসর—অগ্রগামী। <অগ্রসর। বিণ।
আগুসারি, আগুসরে—অগ্রসর হইয়া, অগ্রে অগ্রে গমন করিয়া। কপ্র। অস-ক্রি।
আগুসার—আগুয়ান। <অগ্রসর। বিণ।
আগে—প্রথমে, পূর্বে, সম্মুখে; তত্‌পর। <অগ্রে। ক্রি-বিণ। **আগে পাছে**—সম্মুখে ও পশ্চাতে, পূর্বে ও পরে। **আগে ভাগে**—প্রথমেই, অগ্রেই।
আগেকার—পূর্বের, পূর্ববর্তী; প্রথম। আগে+কার সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।
আগ্নেয়—১। অগ্নিপুরাণ। অগ্নি+এয় দেবতা ইহার এই অর্থে। বি; ক্লী। ২। অগ্নিগর্ভ; অগ্নিসংসৃষ্ট; অগ্ন্যুৎপাদক; অগ্নিচালিত; প্রচণ্ড তাপে গলিত হইয়া উৎপন্ন, igneous ('—প্রস্তর'); অগ্নিসম্বন্ধীয়। অগ্নি+এয় উৎপন্নার্থে, সম্বন্ধীয়ার্থে, বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, -য়ী।
আগ্নেয়-গিরি, -পর্বত—যে-পর্বত হইতে মধ্যে মধ্যে ধূম্র অগ্নিশিখা ধাতুনিঃস্রব কর্দমাদি নির্গত হয় তাহা, volcano. কর্মধা। বি; পুং।
আগ্নেয়-প্রস্তর, -শিলা—অগ্নি দ্বারা দ্রব হইবার পরে শীতল হইয়া বর্তমান রূপধারী প্রস্তর, volcanic rock; চকমকি পাথর। কর্মধা। বি; পুং, স্ত্রী।
আগ্নেয়াস্ত্র—অগ্নিবর্ষী যন্ত্র, কামান বন্দুক প্রঃ; পৌরাণিক বজ্র শতঘ্নী প্রঃ। কর্মধা। বি; ক্লী।
আগ্নেয়ী—অগ্ন্যুৎপাদিকা ইঃ ['আগ্নেয়' (২) অর্থে দ্রঃ]। আগ্নেয়+ঈপ্‌। বিণ।
আগ্রন্থন—গাঁথা; বন্ধন। আ—গ্রন্থ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী। বিণ, -থিত।
আগ্রহ—অতিযত্ন; সবিশেষ ব্যগ্রতা; আক্রমণ; অনুগ্রহ; সাহায্য; ক্ষমতা; গ্রহণ; মনঃসংযোগ; আসক্তি। আ—গ্রহ্‌+অপ্‌ ভাব। বি; পুং।
আগ্রহাতিশয়, -শয্য—অতিশয় আগ্রহ; অত্যন্ত জেদ। আগ্রহের অতিশয়, আতিশয্য, ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।
আগ্রহান্বিত—আগ্রহসম্পন্ন; যত্নবান্‌। আগ্রহদ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ।
আগ্রহায়ণ, -ণিক—অগ্রহায়ণ মাস। অগ্রহায়ণ+অণ্‌ স্বার্থে; অগ্রহায়ণী+ইক তদ্‌যুক্তার্থে। বি; পুং।
আগ্রহায়ণী—অগ্রহায়ণমাসের পূর্ণিমা; মৃগশিরা নক্ষত্র। অগ্রহায়ণ+অণ্‌ যুক্তার্থে+ঈপ্‌। বি; স্ত্রী।
আগ্রাসন—পররাজ্যকে গ্রাস বা আক্রমণ করিবার ইচ্ছা। বি; ক্লী। বিণ—**আগ্রাসী**।
আঘাটা—অঘাট, ঘাট ভিন্ন অন্য স্থান; অপকৃষ্ট ঘাট। <অঘট্ট। বি।
আঘাত—প্রহার; কর্তন; তাড়ন; ব্যথা, দুঃখ ('মনে —পাওয়া')। আ—হন্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।
আঘাতক—আঘাতকারী। আ—হন্‌+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -তিকা।
আঘাতন—আহনন তাড়ন। আ—হন্‌+ণিচ্‌ স্বার্থে +অনট্‌ ভাব। বি; ক্লী।
আঘাতসহ—প্রহার সহ্য করিতে সমর্থ; যাহাতে আঘাত করিলে ভগ্ন না হইয়া পার্শ্বের দিকে বিস্তৃত হয় এরূপ, malleable ('—ধাতু')। আঘাত—সহ্‌+অচ্‌ কর্তৃ। বিণ।
আঘাতিয়া, আঘাতে—আঘাতকারী, প্রহারক; দারুণ। আঘাত+ইয়া, এ করে অর্থে (বাংপ্র)। বিণ।
আঘাসা—ঘাসের মত দেখিতে আগাছা; বাজে ঘাস। আ (সদৃশ) ঘাসের, অব্যয়ী+আ তুচ্ছার্থে (বাংপ্র)। বি।
আঘূর্ণন—১। চক্রের ন্যায় আবর্তন, পরিভ্রমণ। আ—ঘূর্ণ+অনট্‌ ভাব। ২। পরিভ্রামণ, ঘোরানো। আ—ঘূর্ণ্‌+ণিচ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।
আঘূর্ণিত—ঈষদ্‌ঘূর্ণিত; ভ্রমিত। আ—ঘূর্ণ্‌ (বা ঘূর্ণ্য+ণিচ্‌)+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।
আঘোষিত—প্রচারিত, যাহা ঘোষণা করিয়া দেওয়া হইয়াছে এরূপ। আ—ঘুষ্‌+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ।
আঘ্রাণ—১। নাসিকা দ্বারা গন্ধগ্রহণ, শোঁকা। আ—ঘ্রা+অনট্‌ ভাব। ২। গন্ধ; সৌরভ। আ—ঘ্রা+অনট্‌ কর্ম। বি; ক্লী।
আঘ্রাত—১। যাহার গন্ধ গ্রহণ করা হইয়াছে এরূপ; আক্রান্ত। আ—ঘ্রা+ক্ত কর্ম। ২। সন্তুষ্ট। আ—ঘ্রা+ক্ত কর্তৃ। বিণ।
আঘ্রায়ক—গন্ধগ্রহণকারী। আ—ঘ্রা+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িকা।
আঙ—১। দেহ; কয়লা। <অঙ্গ বা অঙ্গার। বি। ২। আধপোড়া; কাঁচা। <আম। বিণ।
আঙট, আঙ্গট—১। সমগ্র, অখণ্ডিত। বাংপ্র। বিণ। ২। স্ত্রীলোকদিগের পদাঙ্গুলির অঙ্গুরীয়। <অঙ্গুষ্ঠী। বি। **আঙট পাত**—কলাগাছের অখণ্ড পাতা বা আগ পাতা।
আঙটা—'আংটা' দ্রঃ।
আঙন—আঙিনা। <অঙ্গন। বি।
আঙরা, আঙার, আঙ্গরা—১। অর্ধদগ্ধ কাষ্ঠ, কয়লা। বি। ২। রক্তবর্ণ, লাল। <অঙ্গার। বিণ।
আঙরাখা, আঙ্গরাখা—দেহাবরণ, ছোট জামা; কবচ। <অঙ্গরক্ষণী। বি।
আঙা—আধপোড়া; রক্তবর্ণ। প্রা কপ্র। বিণ।
আঙার—'আঙরা' দ্রঃ।
আঙিনা, আঙ্গিনা—উঠান। <অঙ্গন। বি।
আঙিয়া—আঁটসাঁট জামা; কাঁচুলি। <অঙ্গিকা। বি।
আঙুর, আঙ্গুর—দ্রাক্ষা। <ফা 'অঙ্গুর'। বি।
আঙুল, আঙ্গুল—অঙ্গুলি। <অঙ্গুল। বি। **আঙুল ফুলে কলাগাছ**—দরিদ্রাবস্থা হইতে হঠাৎ ধনী হওয়া। **আঙুল মটকানো**—আঙুল টানিয়া বা মোচড় দিয়া মটমট শব্দ করা।
আঙুলহাড়া, আঙ্গুলহাড়া—আঙুল পাকিয়া ওঠা, whitlow. উপতৎ; আঙুল—হাড়্‌ (ব্যাপ্ত করা) +আ কর্তৃ (বাংপ্র)। বি।
আঙোট—অঙট (তাহা দ্রঃ)। [বি; পুং।
আঙ্কুশিক—আঁকুশি। অঙ্কুশ+ইক আছে অর্থে।

আংগট—'আঙট' দ্রঃ।
আংগটা—'আংটা' দ্রঃ।
আংগটি—আংটি। বাংপ্র। বি।
আংগরা—'আঙরা' দ্রঃ।
আংগরাখা—'আঙরাখা' দ্রঃ।
আংগলানো, আঙলানো—আংগুল দিয়া ঘাঁটা। বাংপ্র। ক্রি।
আংগার—১। কয়লাসমূহ। অংগার+অণ্ সমূহার্থে। বি; ক্লী। ২। অঙ্গারসম্বন্ধীয়। অঙ্গার+অণ্ সম্বন্ধার্থে। বিণ।
আংগিক—১। অংগভংগী দ্বারা সূচিত, নটনটীদিগের অংগনিষ্পন্ন ভাবব্যঞ্জক (ভ্রূবিক্ষেপাদি)। অংগ+ইক কৃতার্থে। ২। অংগজাত, অংগসম্বন্ধীয়। অংগ+ইক উৎপন্ন বা সম্বন্ধীয় অর্থে। বিণ। স্ত্রী, -কী। ৩। মৃদংগ বাদ্য। অংগ+ইক যন্ত্রার্থে। বি; ক্লী। ৪। মৃদংগবাদক, পাখোয়াজী। অংগ+ইক চালন করে অর্থে। বি; পুং। ৫। ভাবব্যঞ্জক অংগভংগী; গঠন, রূপসজ্জা ('সাহিত্যের—')। বাংপ্র। বি।
আংগিনা—উঠান। <অংগন। বি।
আংগিয়া—উঠান; কাঁচুলি। প্রা কপ্র। বি।
আংগিরস—দেবগুরু বৃহস্পতি। অংগিরস্+ষ্ণ অপত্যার্থে। বি; পুং।
আংগুঠী—আঙুল-ঠুলি, সূচ যাহাতে বিঁধিয়া না যায় এজন্য যে অংগুলিত্রাণ পরা হয় তাহা, thimble. <অংগুলিত্র। বি।
আংগুর—'আঙুর' দ্রঃ।
আংগুল—'আঙুল' দ্রঃ।
আংগুলহাড়া—'আঙুলহাড়া' দ্রঃ।
আংগোট—আঙট (তাহা দ্রঃ)।
আচকা—১। হঠাৎ, আচমকা। ক্রি-বিণ। ২। অগণিত। বাংপ্র। বিণ।
আচকান—চাপকানের ন্যায় একপ্রকার জামা। <ফা 'অচ্কন্'। বি।
আচকিত—ভীত; বিহ্বল; বিভ্রান্ত; অতর্কিত। আ—চক্+ক্ত কর্তৃ। বিণ।
আচঞ্চল—ঈষৎ চঞ্চল, অল্প বিচলিত। আ চঞ্চল, প্রাদি। বিণ।
আচমকা—সহসাকৃত, অতর্কিতভাবে। বাংপ্র। ক্রি-[বিণ।
আচমন—সন্ধ্যাবন্দনাদির পূর্বে হস্ত দ্বারা মুখে তিনবার জল দিয়া ওষ্ঠ নাসিকা চক্ষু কর্ণ প্রঃ অষ্ট অংগে হস্ত স্পর্শ করা; আঁচানো। আ—চম্+অনট্ ভাব। বি; ক্লী।
আচমনীয়—মুখপ্রক্ষালনের জল; যে বস্তু ভক্ষণ করিয়া রীতিমত আচমন করা আবশ্যক তাহা; ভক্ষ্যদ্রব্য। আ—চম্+অনীয় করণ, কর্ম। বি; ক্লী।
আচম্বিত—চঞ্চল; অতর্কিত। <অসম্ভাবিত। বিণ।
আচম্বিতে—অতর্কিতভাবে; সহসা। কপ্র। ক্রি-বিণ।
আচরণ—চালচলন, আচার-ব্যবহার, ব্যবহার; অনুষ্ঠান। আ—চর্+অনট্ ভাব। বি; ক্লী।
আচরণীয়—ব্যবহার্য; অনুষ্ঠেয়; পাংক্তেয়। আ—চর্+অনীয় কর্ম। বিণ।
আচরিত—১। আচরণ। আ—চর্+ক্ত ভাব। বি; ক্লী। ২। কৃত; অনুষ্ঠিত। আ—চর্+ক্ত কর্ম। বিণ।
আচষা—অকৃষ্ট, পতিত। নঞ্তৎ (বাংপ্র)। বিণ।
আচাভুয়া, -ভুয়ো—অদ্ভুত; নির্বোধ; হতবুদ্ধি। <অত্যদ্ভুত। বিণ।
আচার—১। স্নান আচমনাদি; ব্যবহার; চালচলন; শিষ্টাচার; রীতি; চরিত্র। আ—চর্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। তৈলসর্ষপাদি জারিত অম্লদ্রব্য। <পোর্তু 'achar' বি।
আচারচ্যুত—সদাচারভ্রষ্ট। ৫মীতৎ। বিণ।
আচারনিষ্ঠ—সদাচারপরায়ণ, শাস্ত্রবিহিত আচারে শ্রদ্ধাবান্। আচারে (সদাচারে) নিষ্ঠা যাহার, বহু। বিণ।
আচারবান্ (-বৎ)—নিয়মবান্; সদাচারী। আচার+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -বতী।
আচার-বিচার—ধর্ম বা শাস্ত্রসম্মত বিধিনিষেধ। দ্বন্দ্ব। বি; পুং।
আচার-বিরুদ্ধ, -বিরোধী—সামাজিক প্রথার বিরোধী, প্রচলিত নিয়মের বিপরীত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -বিরুদ্ধা, -বিরোধিনী।
আচারবিহীন, -হীন—সদাচারশূন্য, সদাচারবর্জিত। ৩য়াতৎ। বিণ।
আচারব্যবহার—রীতিনীতি, চালচলন; আচারপদ্ধতি। দ্বন্দ্ব। বি; পুং।
আচারভ্রষ্ট—যাহার আচার ভাল নয় এরূপ; সদাচারবর্জিত। ৫মীতৎ। বিণ।
আচারী (-রিন্)—১। সদাচারী। আচার+ইন্ আছে অর্থে। ২। আচরণকারী; অনুষ্ঠানকর্তা। আ—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -রিণী।
আচার্য—শিক্ষাগুরু; বেদাধ্যাপক; বৈদিকমন্ত্রব্যাখ্যাকর্তা; দ্রোণাচার্য; দৈবজ্ঞ-ব্রাহ্মণ। আ—চর্+ণ্যৎ কর্তৃ। বি; পুং। স্ত্রী, -র্যাণী, -র্যা।
আচার্যা—শিক্ষিকা; শিক্ষাদায়িনী; বেদমন্ত্রাদিশিক্ষাদাত্রী। আচার্য+আপ্। বি; স্ত্রী।
আচার্যানী—আচার্যপত্নী। আচার্য+আনীপ্ (ণত্বনিষেধ)। বি; স্ত্রী।
আচালা—অপরিষ্কৃত, আছাঁকা। নঞ্তৎ। বিণ।
আচোট—অকৃষ্ট; যাহা চষা হয় নাই এরূপ ('—জমি')। বাংপ্র। বিণ।
আচ্ছন্ন—আচ্ছাদিত, ঢাকা; অভিভূত; সংজ্ঞাহীন। আ—ছদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
আচ্ছা—১। স্বীকৃতি অংগীকার প্রঃ সূচক শব্দ। <অস্তু। অ। ২। উৎকৃষ্ট; বিলক্ষণ; অপ্রশ্নের; বিরক্তিকর। হি। বিণ। **আচ্ছা বেশ**—তাহা হইলে; যেমন তাহাই হইল ভালই।
আচ্ছাদক—আবরক; যে ঢাকিয়া দেয় এমন। আ—ছদ্+ণিচ্+ণক কর্তৃ। বি বা বিণ। স্ত্রী, -দিকা।
আচ্ছাদন—১। আবরণ; পরিধান। আ—ছদ্+ণিচ্

+অনট্ ভাব। ২। ঢাকনি; বস্ত্র। আ—ছদ্+ণিচ্+অনট্ করণ। বি; ক্লী।

আচ্ছাদনীয়, আচ্ছাদ্য—আচ্ছাদনযোগ্য; আবরণীয়। আ—ছদ্+ণিচ্+অনীয়, যৎ কর্ম। বিণ।

আচ্ছাদিত—আবৃত। আ—ছদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

আচ্ছিন্ন—যাহা ছিঁড়িয়া লওয়া হইয়াছে এরূপ; অস্ত্রাদি দ্বারা কর্তিত। আ—ছিদ্+ক্ত কর্ম। বিণ।

আছড়া—পশলা; জলের ছিটা; জলের ছাঁট; ছড়া; শস্যাদির আঁটি। বাংপ্র। বি।

আছড়া-আছাড়ি—বারবার আছাড়, আছাড়-পাছাড়। বাংপ্র। বি।

আছড়ানো—আছাড় মারা, বলপূর্বক ভূমিতে নিক্ষেপ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

আছনু—ছিলাম ("আছনু অবগাঢ় সংসার-ধেয়ানে" —মাধব)। প্রা কপ্র। ক্রি।

আছয়, আছয়ে, আছএ, আছিয়ে, আছিএ—আছে। প্রা কপ্র। ক্রি।

আছা—থাকা; বাঁচিয়া থাকা; বাস করা; হাজির থাকা; সহায় হওয়া; অবৈধ প্রণয়ে লিপ্ত হওয়া। আছ্ (<অস্ ধাতু)+আ। বাংপ্র। ক্রি।

আছাঁকা—যাহা ছাঁকিয়া লওয়া হয় নাই এরূপ, অপরিষ্কৃত। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

আছাঁটা—অকর্তিত; অপরিষ্কৃত; যাহা কাঁড়া ও ছাঁটা হয় নাই এরূপ ('—চাল')। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

আছাড—জোর করিয়া মাটিতে ফেলিয়া দেওয়া; সহসা মাটিতে পড়িয়া যাওয়া। বাংপ্র। বি।

আছাড়-কাছাড়, -পাছাড়—বারবার মাটিতে পড়া; অত্যন্ত ছটফট করা। বাংপ্র। বি।

আছানা—যাহা ছাঁকিয়া লওয়া হয় নাই এরূপ; অপরিষ্কৃত; যাহা ছানা বা চটকানো হয় নাই এরূপ ('—ময়দা')। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

আছাপা—অমুদ্রিত, যাহা ছাপা হয় নাই এরূপ; প্রকাশিত; অগুপ্ত। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

আছিল—ছিল। কপ্র। ক্রি।

আছোলা—অপরিষ্কৃত; অমার্জিত; অমসৃণ; গাঁট-যুক্ত ('—বাঁশ')। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

আজ—আজি; অধুনা। <অদ্য। অ। **আজ নয় কাল**—দেরি, দীর্ঘসূত্রতা। **আজ বাদে কাল**—নিকট ভবিষ্যতে, শীঘ্র। [বাংপ্র। বিণ।

আজকার, -কের—অদ্যকার। আজ+কার সম্বন্ধার্থে।

আজকাল—অদ্য অথবা কল্য, দুই-এক দিনের মধ্যেই; ইদানীং, এখন। দ্বন্দ্ব। বাংপ্র। অ।

আজকালকার, -কালের—এখনকার, বর্তমান সময়ের। আজকাল+কার সম্বন্ধার্থে। বাংপ্র। বিণ।

আজকে—আজ। বাংপ্র। ক্রি-বিণ।

আজগাৰি, -বী -গুবি, -গুবী—হঠাৎ আগত, আচম্বিতে সংঘটিত; আচমকা প্রসূত; অতি বিস্ময়-কর। ফা-আ-মু। বিণ।

আজড়ানো—আজাড় করা, (পাত্রাদি) রিক্ত বা খালি করা; কাপড় ছাড়া। বাংপ্র। ক্রি।

আজন—কাজল; আজনাই, চক্ষুরোগ বিঃ। <অঞ্জন। বি।

আজনই, আজনাই—গিরগিটি; চক্ষুরোগ বিঃ, আঞ্জনী। <অঞ্জনিকা। বি।

আজন্ম—জন্মাবধি; যাবজ্জীবন। জন্ম অবধি এই অর্থে, অব্যয়ী। ক্রি-বিণ।

আজন্মকাল—জন্মকাল হইতে আরম্ভ করিয়া; যাবজ্জীবন। অব্যয়ী। ক্রি-বিণ।

আজব—অদ্ভুত, আশ্চর্য ('—কাণ্ড', '—ব্যাপার')। আ। বিণ।

আজব-ঘর—আশ্চর্যগৃহ, জাদুঘর, museum. কর্মধা। বি।

আজা—মাতামহ। <আর্যক। বি।

আজাড়—১। মোচন; অবসর, গুরুত্ব। বি। ২। নিঃশেষ, উজাড়, খালি। বাংপ্র। বিণ।

আজাদ—১। স্বাধীন ব্যক্তি। বি। ২। স্বাধীন; মুক্ত। ফা। বিণ।

আজাদি—স্বাধীনতা। ফা। বি।

আজান—মুসলমানদের নমাজের নিমিত্ত উচ্চৈঃস্বরে আহ্বান। <আ 'অজান'। বি।

আজানত—অজানায়। নঞ্‌তৎ। বাংপ্র। ক্রি-বিণ।

আজানা—অজ্ঞাত; অপরিচিত। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

আজানু—হাঁটু পর্যন্ত। জানু পর্যন্ত এই অর্থে, অব্যয়ী। ক্রি-বিণ।

আজানুলম্বিত—জানুদেশপর্যন্ত লম্বমান। আজানু লম্বিত, সুপ্‌সুপা। বিণ।

আজানুলম্বিতবাহু—যাহার বাহু অর্থাৎ হাত জানুদেশ পর্যন্ত লম্বমান এরূপ, দীর্ঘবাহু। আজানুলম্বিত বাহু যাহার, বহু। বিণ।

আজা-মৌজা—যথেচ্ছ; খামখেয়ালী। হি-মু। বিণ।

আজি—আজ। <অদ্য। ক্রি-বিণ।

আজিকার—বর্তমান দিনের, আজকার। আজি+কার সম্বন্ধার্থে। বাংপ্র। বিণ।

আজিকালি—আজকাল। দ্বন্দ্ব। বাংপ্র। অ।

আজিকে—আজ। <অদ্য। ক্রি-বিণ।

আজী, আজীমা—আইমা; মাতামহী। <আর্যিকা-মাতা। বি।

আজীব—প্রাণধারণ করিবার উপায়। আ—জীব্+ঘঞ্ করণ। বি; পুং।

আজীবন—১। যাবজ্জীবন। জীবন পর্যন্ত, অব্যয়ী। ক্রি-বিণ। ২। জীবিকা। আ—জীব্+অনট্ করণ। বি; ক্লী।

আজীব্য—১। সহায়; উপজীব্য। আ—জীব্+ণ্যৎ অধি, করণ। বিণ। ২। জীবিকা; জীবিকার উপায়; যে বস্তু অবলম্বন করিয়া জীবিকা নির্বাহ হয়। আ—জীব্+ণ্যৎ করণ। বি; ক্লী।

আজীমা—'আজী' দ্রঃ।

আজু—১। অবৈতনিক ভৃত্য। <আজূঃ। বি। ২। অদ্য ("নওল আশ আজু জাগল মো পরাণে।" —মাধব)। প্রা কপ্র। অ।

আজ্‌ক—১। আজিকার ("কি কহব রে সখি আজ্‌ক বিচার"—বিদ্যা)। বিণ। ২। আজিকে। প্রা কপ্র। ক্রি-বিণ। [বিণ।

আজেবাজে—তুচ্ছ, বিভিন্ন ('—কথা')। বাংপ্র।

আজ্জানো—রোপণ করা; বপন করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

আজ্ঞপ্ত—আদিষ্ট; অনুমতিপ্রাপ্ত। আ—জ্ঞা+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ। [স্ত্রী।

আজ্ঞপ্তি—আজ্ঞা। আ—জ্ঞা+ণিচ্‌+ক্তি ভাব। বি;

আজ্ঞা—আদেশ। আ—জ্ঞা+অঙ্‌ ভাব+আপ্‌। বি; স্ত্রী। যে আজ্ঞা—তাহাই হইবে।

আজ্ঞাকর্তা (-কর্তৃ)—আদেশপ্রদানকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -কর্ত্রী।

আজ্ঞাকারী (-কারিন্‌)—আদেশদাতা; আদেশ-পালক। উপতৎ; আজ্ঞা—কৃ+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -কারিণী। বি, -কারিতা।

আজ্ঞাক্রমে, -নুক্রমে—আদেশ অনুসারে, হুকুম অনুযায়ী। আজ্ঞার ক্রম, অনুক্রম, ৬ষ্ঠীতৎ, এরূপে। বি; ক্রি-বিণার্থে ৭মী।

আজ্ঞাচক্র—ষট্‌চক্রের অন্তর্গত চক্র বিঃ। আজ্ঞা নামক চক্র, মধ্যপ। বি; ক্লী।

আজ্ঞাধীন—আদেশের অধীন, আদেশানুবর্তী। ৬ষ্ঠীতৎ। বিণ।

আজ্ঞানুবর্তন—হুকুম মানা, আদেশমত চলা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আজ্ঞানুবর্তী (-বর্তিন্‌)—আদেশমত কার্যকারী; বাধ্য। আজ্ঞার অনুবর্তী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -বর্তিনী। বি, -বর্তিতা।

আজ্ঞানুযায়ী (-যায়িন্‌)—১। আদেশপালক; আদেশমত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -যায়িনী। ২। হুকুমমত। বাংপ্র। ক্রি-বিণ।

আজ্ঞানুরূপ—আদেশানুযায়ী। ৬ষ্ঠীতৎ। বিণ।

আজ্ঞানুসারী (-সারিন্‌)—আজ্ঞানুযায়ী; আদেশ-পালক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -সারিণী।

আজ্ঞানুসারে—আদেশক্রমে, হুকুমমতে। আজ্ঞার অনুসার, ৬ষ্ঠীতৎ, তাহাতে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।

আজ্ঞাপক—আদেশকারী, হুকুমদাতা। আ—জ্ঞা+ণিচ্‌+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -পিকা।

আজ্ঞাপত্র, -লিপি—আদেশপত্র, হুকুমনামা; সরকার-নির্য়ন্ত্রিত বস্তু ক্রয়ের অনুমতিপত্র, permit. আজ্ঞা-সূচক পত্র, মধ্যপ। বি; ক্লী।

আজ্ঞাপন—আদেশদান। আ—ণিজন্ত জ্ঞা (=জ্ঞাপি) +অনট্‌ ভাব। বি; ক্লী।

আজ্ঞাপিত—আদিষ্ট। আ—জ্ঞা+ণিচ্‌ (=জ্ঞাপি)+ক্ত কর্ম। বিণ।

আজ্ঞাবন্দী—আজ্ঞাধীন। ৩য়াতৎ। বাংপ্র। বিণ।

আজ্ঞাবহ—অন্যের আদেশ পালনকারী। ৬ষ্ঠীতৎ। বিণ।

আজ্ঞাভংগ—আদেশের অমান্যতা, হুকুম না মানা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আজ্ঞে—প্রভু গুরুজন বা মাননীয় ব্যক্তির আহ্বানের উত্তরসূচক শব্দ; সম্মতিসূচক শব্দ। বাংপ্র। অ।

আজ্য—যজ্ঞীয় ঘৃতাদি, হবি; শ্রীবাস, টারপিন। আ—অন্‌জ্‌+ক্যপ্‌ করণ (ন-লোপ)। বি; ক্লী।

আঝাড়া—অপরিষ্কৃত, যাহা ঝাড়া হয় নাই এরূপ ('—চাউল'); অনপসরণীয়; সাংঘাতিক ('—সাপ', '—বিষ'); যাহার বিষ নামানো যায় না এরূপ। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

আঝালা—ঝালশূন্য; যাহা ঝালানো হয় নাই এমন। বাংপ্র। বিণ।

আঝোড়া—যাহার ডালপালা কাটা হয় নাই এরূপ, যাহার ঝাড় কাটা হয় নাই এরূপ; যাহার হাড় হইতে মাংস টানিয়া জড় করা হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

আঞ্চলিক—স্থানীয়; কোন এলাকা সংক্রান্ত ('—প্রভাব')। অঞ্চল+ইক সম্বন্ধার্থে। বিণ।

আঞ্জনি—একরকম গিরগিটি; চোখের পাতায় উৎপন্ন অঞ্জনীর ন্যায় ব্রণ। ⟨অঞ্জনিকা। বি।

আঞ্জনেয়—হনুমান, সংগীতশাস্ত্রকার মুনি বিঃ। অঞ্জনা+এয় অপত্যার্থে। বি; পুং।

আঞ্জা—যে পরিমাণ সময় অন্তর অন্তর স্ত্রীলোক-দিগের সন্তান জন্মে তাহা, ঝাড়। বাংপ্র। বি।

আঞ্জাম—নির্বাহ; সমাপ্তি; বন্দোবস্ত। ফা। বি।

আঞ্জিনেয়—আজনাই, গিরগিটিজাতীয় প্রাণী। আঞ্জিনী+এয় ভবার্থে। বি; পুং।

আঞ্জীর—ডুমুরজাতীয় মিষ্ট ফল বিঃ, fig. ফা। বি।

আঞ্জুনি—আঞ্জনি (তাহা দ্রঃ)।

আঞ্জুমান—মুসলমানসভা, মজলিস। ফা। বি।

আট—১। ৮ সংখ্যা। বি। ২। আট সংখ্যক। ⟨অষ্ট। বিণ।

আটক।—১। বন্ধ; আবরণ; বাধা। বি। ২। কয়েদ, অবরুদ্ধ। বাংপ্র। বিণ।

আটকড়াই, -কৌড়ে—শিশুর জন্মের আট দিনের দিন আট রকম কড়াইভাজা খাওয়ার উৎসব বিঃ। বাংপ্র। বি। [বিণ।

আটকপালে—দুরদৃষ্ট; অতি-ভাগ্যবান্‌। বাংপ্র।

আটকা—বন্ধ, বাঁধা ('—পড়া'); বাধাপ্রাপ্ত; থাকিতে বাধ্য। বাংপ্র। বিণ।

আটকাট, -কাঠ—আটদিক্‌, সকলদিক্‌; সর্ববিষয়। বাংপ্র। বি।

আটকানো—১। বন্ধকরণ, আসিতে না দেওয়া; বাধিয়া যাওয়া; বাধা পড়া। ক্রি [, বি]। ২। রুদ্ধ। বাংপ্র। বিণ।

আটকে—১। পুরীধামে যাহাতে একজন নিয়মিত প্রসাদ পাইতে পারে সেজন্য অর্থদান; একজনের মত ভাতের হাঁড়ি। বি। ২। আটকাইয়া। বাংপ্র। অস-ক্রি। **আটকে বাঁধা**—পুরীতে যাহাতে একজন নিয়মিত ভোগ পাইতে পারে তজ্জন্য অর্থ দিয়া ব্যবস্থা করা।

আটকৌড়ে—'আটকড়াই' দ্রঃ। [বিণ।

আটখানা—গদ্‌গদ, অধীর ('আহ্লাদে—')। বাংপ্র।

আটঘাট, -কাঠ, -কাট—বাদ্যযন্ত্রের স্বরপ্রকাশক সমস্ত দ্বার; চতুর্দিকের রন্ধ্র; সকল প্রতিকূল অবস্থা। বাংপ্র। বি। **আটঘাট বাঁধা**—সকল প্রকার বাধা দূর করা; বিপদের সকল সম্ভাবনা দূর করা; সর্বরকমে প্রস্তুত হওয়া।

আটচল্লিশ—৪৮-সংখ্যা; ৪৮-সংখ্যক। <অষ্ট-চত্বারিংশৎ। বি বা বিণ।

আটচাল—আটটি চালবিশিষ্ট উন্মুক্ত গৃহ; প্রকাণ্ড সংসার। বহু। বাংপ্র। বি।

আটচালা—আটটি চালবিশিষ্ট উন্মুক্ত স্থান, যাহার উপরিভাগ আচ্ছাদিত—কোনদিকে দেওয়াল নাই এরূপ স্থান; দেবমন্দিরের সম্মুখস্থ নৃত্যগীতাদির স্থান, নাটমন্দির। বহু। বি।

আটত্রিশ—৩৮-সংখ্যা; ৩৮-সংখ্যক; <অষ্টাত্রিংশৎ। বি বা বিণ।

আটন—আইল, আলি; সীমা। বাংপ্র। বি।

আটপর, -পহর—দিনরাত, সর্বদা। <অষ্টপ্রহর। বি বা ক্রি-বিণ।

আটপিঠে, -পিঠে—সর্বকর্মনিপুণ; উদ্যোগী; পরিশ্রমী; দুর্বৃত্ত; গোঁয়ার। বাংপ্র। বিণ।

আটপৌরে—সর্বদা পরিধানযোগ্য ('—বস্ত্রাদি'); সাধারণ; চলিত ('—ভাষা')। <অষ্টপ্রহর। বিণ।

আটপ্রহর—অষ্টযাম, সমস্ত দিন ও রাত্রি; অহোরাত্র-ব্যাপী হরিনাম সংকীর্তন। কর্মধা। বাংপ্র। বি।

আটবিক—১। বন্য। বিণ। স্ত্রী, **-কী**। ২। বন্য-জাতি (ব্যাধাদি); বনরক্ষক। অটবী+ইক ভবার্থে, রক্ষকার্থে। বি; পুং।

আটষট্টি—৬৮-সংখ্যা; ৬৮-সংখ্যক। <অষ্টষষ্টি। বি বা বিণ।

আটা—১। গোধূমচূর্ণ; অপেক্ষাকৃত স্থূল ময়দা। হি। ২। বৃক্ষাদির নির্যাস, আঠা; কাই, লেই; চটচটে জিনিস; আগ্রহ; যত্ন; মনোযোগ। আট্ ধাতুজ। ৩। আটফোঁটাচিহ্নিত তাস। আট+আ আছে অর্থে (বাংপ্র)। বি।

আটাত্তর—৭৮-সংখ্যা; ৭৮-সংখ্যক। <অষ্টসপ্ততি। বি বা বিণ।

আটানব্বই—৯৮-সংখ্যা; ৯৮-সংখ্যক। <অষ্ট-নবতি। বি বা বিণ।

আটান্ন—৫৮-সংখ্যা; ৫৮-সংখ্যক। <অষ্টপঞ্চাশৎ। বি বা বিণ।

আটাপেষা—১। আটা চূর্ণ করিবার যন্ত্র। উপতৎ; আটা—পেষ্+আ করণ। বাংপ্র। ২। বেদম প্রহার। বি। ৩। ভীষণভাবে প্রহৃত। আটার ন্যায় পেষা, উপমান কর্মধা। বাংপ্র। বিণ।

আটাল, -লো—আঠাযুক্ত; শক্ত, কষা। আটা+ল, লো যুক্তার্থে। বাংপ্র। বিণ।

আটাশ—২৮-সংখ্যা; ২৮-সংখ্যক। <অষ্টাবিংশতি। বি বা বিণ।

আটাশি, আটাশী—৮৮-সংখ্যা; ৮৮-সংখ্যক, অষ্টাশী। <অষ্টাশীতি। বি বা বিণ।

আটাশে—১। যে-সন্তান আটমাসে জন্মগ্রহণ করে এরূপ; দুর্বল; নিস্তেজ; অল্পে ভীত। বিণ। ২। মাসের ২৮ তারিখ। বাংপ্র। বি।

আটি—আঁটি, গোছা; বিড়ে। <অষ্টি। বি।

আটোপ—গর্ব; সম্ভ্রম; পেটের গুড়্গুড়্ শব্দ। আ—তুপ্+ঘঞ্ ভাব (নিপা)। বি; পুং।

আটোপটংকার—আস্ফালন। বাংপ্র। বি।

আঠা—নির্যাস, বৃক্ষের রস; কাই, লেই; চটচটে জিনিস, অভিনিবেশ, আগ্রহ। বাংপ্র। বি।

আঠাকাটি—পাখি ধরার জন্য মাথায় আঠা-মাখানো লম্বা শলা; ধরার জন্য ফাঁদ। বাংপ্র। বি।

আঠার, আঠারো—১৮-সংখ্যা; ১৮-সংখ্যক। <অষ্টা-দশন্। বি বা বিণ। **আঠার মাসে বছর**—অতিশয় দীর্ঘসূত্রতা।

আঠারই—মাসের ১৮ তারিখ। বাংপ্র। বি।

আঠাল, আঠালো—আঠাযুক্ত, চটচটে; দৃঢ়বদ্ধ। আঠা+ল যুক্তার্থে। বাংপ্র। বিণ।

আঠাশ—আটাশ (তাহা দ্রঃ)।

আঠি—বীজ, বীচি। <অস্থি। বি।

আড়—১। প্রস্থ; পরিসর; অন্তরাল; গর্ত (হাতি 'আড়ে' পড়েছে); অস্পষ্টতা; অসরলতা; পার্শ্ব; আশ্রয়; বাঁশের আলনা; আড়মাছ। বি। ২। বক্র; অল্প; অর্ধ; আংশিক। বাংপ্র। বিণ। ৩। দশ-মাত্রিক তাল বিঃ। বি; পুং। **আড় ভাঙা**—জড়তা দূর করা। **আড় হওয়া**—কাত হওয়া; শোওয়া। **আড়ে গেলা**—তাড়াতাড়ি খাওয়া।

আড়ওড়—গোপনস্থান; অন্তরাল; ঘাঁতঘোঁত; ঘুঁজিঘাঁজি। বাংপ্র। বি।

আড়ং—আড়ংগ (তাহা দ্রঃ)।

আড়ংঘাট, -ঘাটা—নৌকায় উঠিবার ঘাট। বাংপ্র। বি।

আড়ংধোপ, আড়ংধোলাই—আড়ংগধোপ (তাহা দ্রঃ)।

আড়ংবোড়ং—বাঁকাচোরা; বাজে। বাংপ্র। বিণ।

আড়কাটি, -কাঠি—কাণ্ডারী; জাহাজের জলমাপ-কারী; যে-ব্যক্তি বন্দরের কাছে জাহাজ চালাইবার ভার গ্রহণ করে, pilot; প্রলোভন দ্বারা লোক-সংগ্রাহক; শ্রমিক বা সৈন্যাদি সংগ্রহকারী, recruiter. বাংপ্র। বি।

আড়কাঠ, -কাঠা—গৃহের উপরিস্থ প্রস্থকাষ্ঠ; কড়ি-কাঠ। ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি।

আড়কোলা—এক হাত দুই হাঁটুর নীচে দিয়া এবং অপর হাত পিঠ বা কাঁধের নীচে রাখিয়া কাহাকেও তোলা। বাংপ্র। বি।

আড়ক্ষেপা—আধক্ষেপা, পাগলের মত। সুপ্ (বাংপ্র)। বিণ।

আড়খেমটা—দ্বাদশমাত্রিক তাল বিঃ। কর্মধা (বাংপ্র)। বি।

আড়গড়া—অশিক্ষিত অশ্বদিগকে শিক্ষা দিবার ও পালন করিবার বৃহৎ অশ্বশালা; কাঠগড়া; বেড়ার গায়ে লাগানো মোটা সিঁড়ি। বাংপ্র। বি।

আড়ঘোমটা—আধঘোমটা। কর্মধা (বাংপ্র)। বি।

আড়ংগ—গঞ্জ; আড্ডা; হাট; কারখানা; মেলা; মেলার

বিক্রয়ার্থ পুতুলের রাশি; কোন চিত্তাকর্ষক দৃশ্য দেখিবার নিমিত্ত লোকসমাগম, জনতা ('বিজয়ার —')। বাংপ্র। বি।

আড়ংগধোপ, -ধোলাই—বাজারে বিক্রয়ের জন্য কোরা কাপড় কাচিয়া ফরসা করা। বাংপ্র। বি।

আড়চাল—গৃহের আড়দিকের চাল; কুটিল ব্যবহার। কর্মধা (বাংপ্র)। বি।

আড়চোখ—১। বাঁকাচোখ ('আড়চোখে চাওয়া')। কর্মধা। বি। ২। টেরা; অপহারক। বহু (বাংপ্র)। বিণ। [স্থল। হি। বি।

আড়ত—গঞ্জ, ব্যবসায়স্থান; গুদাম; পাইকারী বিক্রয়-

আড়তদার—আড়তের মালিক; যে জিনিসপত্র আড়তে রাখিয়া বিক্রয় করে। আড়ত+দার স্বামী অর্থে। হি-ম্। বি বা বিণ।

আড়তদারি—আড়তদারের কার্য বা ব্যবসায়। আড়ত-দার+ই কর্মার্থে। হি-ম্। বি। [বিণ।

আড়পাগল, -পাগলা—আধক্ষেপা। সুপ্ (বাংপ্র)।

আড়পার—নদীর অপর তট, ওপার। বাংপ্র। বি।

আড়বাঁশি—এড়োভাবে ধরিয়া বাজানো হয় এমন বাঁশের বা কাঠের বাঁশি। বাংপ্র। বি।

আড়বুঝে—যে উল্টা বোঝে এমন; একগুঁয়ে। বাংপ্র। বিণ।

আড়মোড়া—অঙ্গভঙ্গ, নিদ্রাদির পর আলস্য দূর করিবার জন্য হাত-পা মোড়া। <অর্ধমোটন। বি। **আড়মোড়া ভাঙা**—সংকোচন ও বিস্তার দ্বারা শরীরের জড়তা দূর করা; আলস্য দূর করা।

আড়ম্বর—জাঁকজমক, ঘটা, সমারোহ; তূর্যাদি বাদ্য-ধ্বনি; হস্তিধ্বনি; মেঘের ডাক; আরম্ভ; দর্প; হর্ষ; আয়োজন; ক্রোধ; বাহু প্রঃ অঙ্গের মর্দন। আ—ডম্ব্+অরন্ ভাব। বি; পুং।

আড়ম্বরী (-রিন্)—আড়ম্বরবিশিষ্ট; গর্বিত; ধুমধামযুক্ত। আড়ম্বর+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -রিণী।

আড়ষ্ট—জড়তুল্য বিবশ; স্তব্ধ; বিহ্বল; সংকুচিত। <অঙ্গাক্রান্ত। বিণ।

আড়া—১। মেটে ঘরের বংশনির্মিত কড়ি বা চাল-রক্ষক দণ্ড; আকার; ধরন; আয়তন; ডাঙ্গা; পাড়; বাঁশ বা বেতের তৈয়ারী পাত্র; ঘরের আড়দিকে ঝুলানো বাঁশের আলনা; মাছ ধরিবার গর্ত ও সাজ-সজ্জা; মাছ ধরিবার যন্ত্র বিঃ; সংগীতের তাল বিঃ; প্রস্থদিকের বিস্তার; ধান্যাদির পরিমাণ বিঃ, ২ মন। <আঢ়ক। বি। ২। আধ; বাঁকা। <অর্ধ। বিণ। **আড়া ভাঙ্গা**—নিদ্রাদির পর আলস্য দূর করিবার জন্য হাত-পা মোড়া।

আড়া-আড়ি—১। রেষারেষি, শত্রুতা; একসময়ে দুই বিপরীত দিকে যাওয়া; এদিক্-ওদিক্; আগু-পিছু। বি। ২। কোনাকুনি; আড়ভাবে; চওড়ার দিকে। ক্রি-বিণ। ৩। বাঁকাভাবে স্থিত; চওড়ার দিকে স্থিত। বাংপ্র। বিণ।

আড়াই—সার্ধ দুই, দুই এবং আধ। <সার্ধদ্বয়। বিণ।

আড়াইয়া—আড়াইয়ের সহিত গুণনের আর্যা। বাংপ্র। বি।

আড়াখেমটা—বার (কাহারও মতে সাড়ে তের) মাত্রার তাল। কর্মধা (বাংপ্র)। বি।

আড়াচৌতাল—সাত মাত্রার তাল। কর্মধা (বাংপ্র)। বি। [বি।

আড়াঠেকা—ষোল মাত্রার তাল। কর্মধা (বাংপ্র)।

আড়ানা—রাগিণী বিঃ। হি। বি।

আড়ানি—শোভাযাত্রার জন্য বড় ছাতা বা পাখা; রাজচ্ছত্র। বাংপ্র। বি।

আড়ামোড়া—আড়মোড়া (তাহা দ্রঃ)।

আড়াল—ব্যবধান, অবকাশ; আচ্ছাদন; পর্দা। <অন্তরাল। বি।

আড়ি—আড়ি বা আইড় মাছ; মাছ মাপা ঝুড়ি; পণ; দ্বেষ; অপ্রণয়; জিদ; আড়াল; শিশুদের আবদার; সংগীতছন্দের প্রতিমাত্রাকে সমান তিন ভাগে ভাগ করিয়া বাণী বা স্বর সন্নিবেশ; পরিমাণ বিঃ। <অরাল, আঢ়ক। বি। **আড়ি দেওয়া**—কাহারও সহিত কথাবার্তা বন্ধের ইচ্ছা জানানো; প্রতি-যোগিতা করা। **আড়ি ধরা**—গোঁ ধরা। **আড়ি পাতা**—গোপনে থাকিয়া কথা শোনা।

আড়িপাতুনে—যে গোপনে অপরের কথা শুনে এরূপ। বাংপ্র। বিণ।

আড়ুরি, আড়ুলি—ধার, তটস্থ উচ্চস্থান, নদ্যাদির গর্ভস্থিত ক্রমনিম্ন স্থান। বাংপ্র। বি।

আড়ে-দীঘে—লম্বায়-চওড়ায়; সকলদিকে। বাংপ্র। ক্রি-বিণ।

আড়ে-পাতালে—অত্যন্ত তাড়াতাড়ি; কোন বস্তুর রসাস্বাদ না করিয়া। বাংপ্র। ক্রি-বিণ।

আড়েহাতে—উঠিয়া পড়িয়া, কোনরূপ বাধা না মানিয়া; সর্বান্তঃকরণে। বাংপ্র। ক্রি-বিণ।

আড্ডা—একধর্মভুক্ত (সাধারণতঃ মন্দ অর্থে) লোকের মিলনস্থান বা উপবেশনস্থল; আখড়া; উত্তরণ-স্থান; ঠিকানা; বাসা; আমোদ-প্রমোদ ও গল্পগুজবের স্থান; গাড়ি প্রঃ থাকিবার স্থান। বাংপ্র। বি। **আড্ডা গাড়া**—বাসা করা। **আড্ডা দেওয়া, আড্ডা মারা**—আড্ডায় গিয়া অকারণ সময় কাটানো।

আড্ডাধারী—আড্ডার মোড়ল; যে আড্ডায় গিয়া প্রায় সব সময় অকাজে কাটায়; উচ্ছৃঙ্খল। উপতৎ। বাংপ্র। বি বা বিণ।

আঢ়ক—ধান্যাদির পরিমাণপাত্র বিঃ; আড়ি; চারি-প্রস্থ; দুইমন পরিমাণ; অষ্টশরাব পরিমাণ; আড়া। আ—ঢৌক্+অচ্ কর্তৃ (নিপা)। বি; পুং বা স্ত্রী।

আঢাকা—অনাবৃত, খোলা। নঞ্তৎ (বাংপ্র)। বিণ।

আঢ়ি—আড়া, আড়ি। <আঢ়ক। বি।

আঢ্য—১। ধনশালী; বিশিষ্ট, পূর্ণ; সম্পন্ন ('ধনাঢ্য')। আ—ধ্যৈ+ক কর্তৃ (ধ-স্থানে ঢ)। বিণ। ২। উপাধি বিঃ। বি।

আণব—অণু-বিষয়ক, molecular. অণু+অণ্ সম্বন্ধীয়ার্থে। বিণ। স্ত্রী, -**বী**।
আণবিক—অণুকৃত; অণুমধ্যে সংঘটিত; অণু-সম্বন্ধীয়, molecular. অণু+ইক সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী, -**কী**। **আণবিক বিপ্রকর্ষণ**—অণু সকলের পরস্পরকে দূরীকরণের এবং পরস্পর হইতে বিক্ষিপ্ত হওয়ার চেষ্টা, molecular repulsion.
আণ্ডা—ডিম্ব, ডিম। <অণ্ড। বি।
আণ্ডাবাচ্চা—ছেলেপুলে, ছানাপোনা। বাংপ্র। বি।
আণ্ডিল—আণ্ডীল (তাহা দ্রঃ)।
আণ্ডীর—বহুডিম্বযুক্ত। আণ্ড (অণ্ড+অণ্ স্বার্থে)+ঈর আছে অর্থে। বিণ।
আণ্ডীল, আণ্ডেল—অতিশয় ধনী, প্রচুর ঐশ্বর্য-শালী। <আণ্ডীর। বিণ।
আত—আতপ, রৌদ্র ("প্রেমক অংকুর জাত, আত ভেল"—বিদ্যা)। প্রা কপ্র। বি।
আতঙ্ক—ভয়; কোন বস্তু হইতে ভীতিজনক রোগ বিঃ, phobia; পীড়া; যাতনা। আ—তন্‌ক্+ঘঞ্ ভাব। বি; পুং।
আতঙ্কিত—ভীত; পীড়িত; সন্তপ্ত। আতংক+ইত যুক্তার্থে। বিণ।
আতত—১। আরোপিত; প্রসারিত; বিস্তৃত। আ—তন্+ক্ত কর্ম। বিণ। ২। মুরজবাদ্য। আ—তন্ +ক্ত কর্তৃ। বি; ক্লী।
আততায়ী (-য়িন্)—যে-ব্যক্তি গৃহে অগ্নিদান বিষ-প্রদান প্রাণবধ অর্থহরণ ভূমিহরণ দারগ্রহণ প্রঃ উৎকট অনিষ্ট করে বা করিতে উদ্যত হয় এরূপ; বধোদ্যত; আক্রমণকারী শত্রু; ডাকাত। উপতৎ; আতত—ই+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -**য়িনী**। বি, -**য়িতা**। [<অত্যন্ত। বি।
আতন্তর—দুরবস্থা; অপ্রস্তুত অবস্থা। বি।
আতপ—১। রৌদ্র। আ—তপ্+অচ্ কর্তৃ। বি; পুং। ২। আতপ চাউল। বাংপ্র। বি।
আতপ-তণ্ডুল—আলো-চাউল। আতপকৃত তণ্ডুল, মধ্যপ। বি; পুং।
আতপত্র, -ত্রক, -বারণ—ছত্র, ছাতা। উপতৎ; আতপ—ত্রৈ বা ত্রৈ+ক কর্তৃ; আতপত্র+কন্ স্বার্থে; আতপ—বৃ+ণিচ্+অন কর্তৃ। বি; ক্লী।
আতপ-স্নান—নগ্ন শরীরে সূর্যের উত্তাপ লাগানো; রৌদ্রসেবন, sunbath. আতপকৃত স্নান, মধ্যপ। বি; ক্লী।
আতর—১। সুগন্ধিদ্রব্য বিঃ; সুগন্ধি পুষ্পের সারাংশ; চন্দনাদির সুগন্ধি নির্যাস, attar. <আ 'ইতর্'। বি। ২। খেয়ার কড়ি। আ—তৃ+অপ্ করণ। বি; পুং।
আতশ—উত্তাপ, ঝাঁজ; অগ্নি। <আতপ। বি।
আতশবাজি—তুবড়ি হাউই ইঃ। বাংপ্র। বি।
আতশী—আগ্নের। বাংপ্র। বিণ। **আতশী কাচ**—যে কাচের সাহায্যে সূর্যের কিরণ কেন্দ্রীভূত করিয়া আগুন জ্বালানো যায়।
আতস—১। বায়বীয। অতস্+অণ্ সম্বন্ধার্থে। ২। মসীনা-সূত্র হইতে প্রস্তুত; ক্ষৌম। অতসী+অণ্ বিকারার্থে। বিণ। স্ত্রী, -**সী**।
আতা—স্বনামখ্যাত ফল বিঃ। <পো-মৃ। বি।
আতান্তর—আথান্তর (তাহা দ্রঃ)।
আতাম্র—ঈষৎ রক্তবর্ণ, রক্তাভ; তামাটে; অত্যন্ত লোহিত, পাটলবর্ণ। আ (ঈষৎ বা সম্যক্) তাম্র (রক্তবর্ণ), প্রাদি। বিণ।
আতারি-কাতারি—ছটফট করা; যাতনাপ্রকাশ; অতি-ব্যাকুলতা-প্রকাশ। বাংপ্র। বি।
আতালি-পাতালি—১। ছটফট। বি। ২। সর্বত্র; সর্বাংগে; চারিদিকে। বাংপ্র। ক্রি-বিণ।
আতিক্ত—অল্পতিক্ত। আ (ঈষৎ) তিক্ত, প্রাদি। বিণ।
আতিথেয়—অতিথিসেবাপরায়ণ; অতিথিসেবার উপযুক্ত। অতিথি+এয় সাধু অর্থে। বিণ। স্ত্রী, -**য়ী**। বি, -**থেয়তা**।
আতিথ্য—অতিথিসংকার; অতিথিসেবার উপযোগী খাদ্য ও আশ্রয়। অতিথি+ষ্যঞ্ প্রয়োজনার্থে। বি; ক্লী। [বাংপ্র। ক্রি-বিণ।
আতিপাতি—পুঙ্খানুপুঙ্খরূপে, তন্ন-তন্ন করিয়া।
আতিশয্য—আধিক্য; প্রাবল্য। অতিশয়+ষ্যঞ্ স্বার্থে। বি; ক্লী।
আতুথাতু, -পুতু—অতিশয় স্নেহ, অতিরিক্ত যত্ন। বাংপ্র। বি।
আতুর—কাতর, অধীর; রোগী। আ—অত্+উরচ্ কর্তৃ। বিণ।
আতুরনিবাস, আতুরাবাস, আতুরালয়, আতুরাশ্রম—হাসপাতাল, দাতব্য চিকিৎসালয়, hospital. ৬ষ্ঠী তৎ। বি; পুং।
আতেলা—তৈলবিহীন; রুক্ষ; শুষ্ক। নাই তেল যাহাতে, বহু (বাংপ্র)। বিণ।
আতোদ্য—বীণাদি চতুর্বিধ বাদ্য (বীণাদিবাদ্যকে তত, মুরজাদিবাদ্যকে আনদ্ধ, বংশ্যাদিবাদ্যকে শুষির ও কাংস্যতালাদিবাদ্যকে ঘন বলে। আতোদ্য অর্থে এই চারি প্রকার বাদ্যকেই বুঝায়)। আ—তুদ্+ণ্যৎ কর্ম। বি; ক্লী।
আত্ত—১। গৃহীত; প্রাপ্ত। আ—দা+ক্ত কর্ম। ২। অধীন, বশীভূত; সাধ্য। <আয়ত্ত। বিণ।
আত্তশস্ত্র—যে অস্ত্র লইয়াছে এমন; শস্ত্রপাণি। আত্ত শস্ত্র যৎকর্তৃক, বহু। বিণ।
আত্তি—১। স্বজন, আপন লোক। <আত্মীয়। ২। মন, অন্তর। <আত্মন্। ৩। বশ, অধীনতা। <আযত্ততা বা আয়ত্তি। ৪। আত্মীয়তা, মমতা ('যত্ন —')। বাংপ্র। বি।
আত্তীকরণ—আত্মকরণ, দেহের অংগীভূতকরণ, assimilation. আত্তী (আত্ত+চ্বি)—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।
আত্ম—স্বয়ং; আপনার। <আত্মন্। বি বা বিণ।
আত্মকরণ—নিজের করিয়া লওয়া, assimilation. আত্মন্—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।

আত্মকর্ম (-কর্মন্)—আপন কর্তব্য কার্য; আপনার কৃত কার্য। আত্মকর্তব্য কর্ম বা আত্মকৃত কর্ম, মধ্যপ। বি; ক্লী।

আত্মকলহ—স্বজন-বিরোধ, গৃহ-বিবাদ। আত্মজাত কলহ, মধ্যপ। বি; পুং।

আত্মকৃত—নিজের করা, স্বকৃত। ৩য়াতৎ। বিণ।

আত্মগত—১। আত্মনিষ্ঠ; আপনার আয়ত্ত। ২য়াতৎ। বিণ। ২। (নাট্যে) স্বগত, মনে মনে। আত্মাকে গত, ২য়াতৎ, এরূপে। ক্রি-বিণ।

আত্মগরিমা (-গরিমন্)—আপন গৌরব। আত্মার গরিমা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মগর্ব—নিজের অহংকার। ৬ষ্ঠীতৎ। বি; পুং। বিণ, -**গর্বী**।

আত্মগুণ—বুদ্ধি হর্ষ কষ্ট অভিলাষ ঘৃণা চেষ্টা সংখ্যা পরিমাণ বিচ্ছেদ মিলন বিরহ ধারণা গুণরাহিত্য ও স্মৃতি—এই চতুর্দশ গুণ; আপনার বিদ্যা-বিনয়-সৌজন্যাদি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মগোপন—নিজেকে গোপন করা; নিজের মনোভাব লুকানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আত্মগৌরব—আপনার গৌরব, আত্মশ্লাঘা। আত্মার গৌরব, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আত্মগ্লানি—অনুতাপ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মঘাত—১। আত্মহত্যা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। অজ্ঞান। আত্মার (আত্মতত্ত্বজ্ঞানের) ঘাত (নাশ) হয় যদ্দ্বারা, বহু। বি; ক্লী।

আত্মঘাতক—স্বহন্তা, আপন-প্রাণনাশকারী। ৬ষ্ঠী-তৎ। বিণ। স্ত্রী, -তিকা।

আত্মঘাতী (-ঘাতিন্)—১। আত্মহত্যাকারী। উপ-তৎ; আত্মন্—হন্+ণিন্ কর্তৃ। ২। ব্রহ্মজ্ঞান-বর্জিত। আত্মঘাত (অজ্ঞান)+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**ঘাতিনী**।

আত্মচিন্তা—আপনার বিষয়ে চিন্তা; আত্মার স্বরূপ বিষয়ে মনন বা আলোচনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মজ—১। পুত্র। বি; পুং। ২। নিজ হইতে জাত। উপতৎ; আত্মন্—জন্+ড কর্তৃ। বিণ।

আত্মজন—আপনার লোক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মজীবনী—নিজের জীবন-বৃত্তান্ত, autobiography. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মজ্ঞ—পরমাত্মজ্ঞানী; যে আপনাকে জানে এরূপ; যে আপনার দোষ গুণ ক্ষমতা বা অবস্থা বুঝিতে পারে এরূপ; আত্মবেদী; পণ্ডিত। উপতৎ; আত্মন্—জ্ঞা+ক কর্তৃ। বিণ।

আত্মজ্ঞান—পরমাত্মা বিষয়ে জ্ঞান, যথার্থরূপে আত্মার জ্ঞান; আপনার স্বরূপ জানা। আত্মবিষয়ক জ্ঞান, মধ্যপ। বি; ক্লী।

আত্মতত্ত্ব—আপনার যথার্থ অবস্থা; আত্মার স্বরূপ; পরমাত্মার প্রকৃত স্বরূপ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আত্মতত্ত্বজ্ঞ—ব্রহ্মস্বরূপজ্ঞ; আপনার অবস্থা যাহার ভালভাবে জানা আছে এমন। আত্মতত্ত্ব—জ্ঞা+ক কর্তৃ। বিণ।

আত্মতুল্য—আত্মবৎ, আপনার মত। ৬ষ্ঠীতৎ। বিণ।

আত্মতুষ্টি, -**তৃপ্তি**—আত্মানন্দ, আপনার সুখশান্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মতৃপ্ত—স্বয়ং সন্তুষ্ট; সর্বাবস্থায় সন্তুষ্ট। আত্ম (আত্মন্) দ্বারা তৃপ্ত, ৩য়াতৎ। বিণ।

আত্মত্যাগ—অন্যের উপকারার্থ আপনার সমস্ত পরি-হার; স্বার্থত্যাগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মত্যাগী (-ত্যাগিন্)—সুখভোগেচ্ছা-পরিহারী, স্বার্থবিসর্জনকারী। উপতৎ; আত্মন্—ত্যজ্+ ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**ত্যাগিনী**।

আত্মত্রাণ—আত্মরক্ষা, আপনার পরিত্রাণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আত্মদমন—আত্মসংযম, আপন ইন্দ্রিয়বৃত্তি বা রিপু প্রভৃর সংকোচসাধন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আত্মদর্শন—সর্বপ্রাণীকে আপনার ন্যায় দেখা; আপনার স্বরূপ জানা, আপনার দোষগুণের প্রতি লক্ষ্য রাখা; আত্মতত্ত্ববিষয়ক জ্ঞান বা অনুসন্ধান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আত্মদর্শী (-দর্শিন্)—যে আপনার দোষগুণের প্রতি লক্ষ্য রাখে এরূপ; আত্মার তত্ত্ববিষয়ে অনুসন্ধান-শীল। উপতৎ; আত্মন্—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**দর্শিনী**। বি, -**দর্শিতা**।

আত্মদান—আত্মোৎসর্গ, অন্যের উপকারার্থে আপনার সর্বস্ব অর্পণ; জীবন উৎসর্গ; (রমণীদিগের) সম্ভোগার্থ নিজদেহ সঁপিয়া দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আত্মদৃষ্টি—আত্মদর্শন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মদোষ—আপন দোষ, নিজের দোষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মদ্রোহ—আপনার অনিষ্ট করা, আপনাকে যন্ত্রণা দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মদ্রোহী (-দ্রোহিন্)—আত্মপীড়নকারী; আত্ম-ঘাতী; আপনার অনিষ্টসাধক; সদাবিষণ্ণ। উপতৎ; আত্মন্—দ্রুহ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**দ্রোহিণী**। বি, -**দ্রোহিতা**।

আত্মনিগ্রহ—আত্মদমন, ইন্দ্রিয়-সংযম; তপস্যাদি দ্বারা আপনাকে ক্লেশপ্রদান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মনিবিষ্ট—আপনাতে নিমগ্ন, আত্মচিন্তায় বিভোর; পরমাত্মধ্যানপরায়ণ। ৭মীতৎ। বিণ।

আত্মনিবেদন—আত্মসমর্পণ, নিজেকে সঁপিয়া দেওয়া; আপনার বিনীত অনুরোধ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আত্মনিমগ্ন—আপনার ধ্যানে নিবিষ্ট, আত্মচিন্তায় তৎপর; আপনার কাজে ব্যস্ত। ৭মীতৎ। বিণ।

আত্মনিয়ন্ত্রণ—স্বশাসন; নিজেকে নিজে পরিচালন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আত্মনিয়োগ—আত্মদান, আত্মোৎসর্গ; নিজেকে নিযুক্ত করণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আত্মনির্ভর—স্বাবলম্বন। ৭মীতৎ। বি; পুং।

আত্মনির্ভরশীল—স্বাবলম্বী। আত্মনির্ভর শীল যাহার, বহু। বিণ।

আত্মনিষ্ঠ—১। আত্মজ্ঞানান্বেষী; ব্রহ্মনিষ্ঠ। আত্মায় ('আত্মন্'-শব্দ) নিষ্ঠা (শ্রদ্ধা) যাহার, বহু।

২। যাহার আপনাতে আস্থা আছে এরূপ; আত্মগত, subjective. আত্মায় নিষ্ঠা (বিশ্বাস, পরিসমাপ্তি) যাহার, বহু। বিণ।

আত্মনিষ্ঠা—১। আত্মপরায়ণতা; আত্মগতা। আত্মনিষ্ঠ +আপ্। বিণ; স্ত্রী। **২**। আপনার উপর শ্রদ্ধা, ঈশ্বরে বিশ্বাস। ৭মীতৎ। বি; স্ত্রী।

আত্মনেপদ—(সং ব্যাক) যে তিঙ্ আত্মফলভাগিত্ব প্রকাশ করে সেই তিঙ্ (অর্থাৎ তে, আতে, অন্তে ইংরূপ বিভক্তি), পরস্মৈপদের ইতরপদ। আত্মনে পদ, অলুক্ ৪র্থীতৎ। বি; ক্লী। বিণ, **-পদী** ('—ধাতু')।

আত্মপর—১। আপনি বা আপনার জন এবং অপর ব্যক্তি। আত্মা (আত্মন্) এবং পর (অপর), দ্বন্দ্ব। সর্ব। **২**। স্বার্থপর। আত্মা পর (প্রধান) যাহার, বহু। বিণ।

আত্মপরজ্ঞান—আপন-পর-বোধ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আত্মপরায়ণ—অত্যন্ত স্বার্থপর; ব্রহ্মনিষ্ঠ। আত্মা পর, (শ্রেষ্ঠ) অয়ন (গতি) যাহার, বহু। বিণ। বি, **-পরায়ণতা**।

আত্মপরিচয়—নিজের নামধাম; আপনাকে জানাইবার নিমিত্ত নিজ বংশাদির বিবরণ। ৬ষ্ঠীতৎ। বি, পুং।

আত্মপরিজন—১। স্বয়ং এবং স্বজনগণ। আত্মা (আত্মন্) ও পরিজন, দ্বন্দ্ব। **২**। আপনার লোক সকল। আত্মার পরিজন, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মপরীক্ষা—আপনার সদসদ্-বিচারবুদ্ধি ও সামর্থ্যাদি বেশ ভাল করিয়া জানা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মপীড়ন, -পীড়া—আত্মনিগ্রহ, কঠোর তপস্যাদি দ্বারা আপনাকে ক্লেশ-প্রদান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।

আত্মপোষণ—আপনার পেট ভরানো; আত্মম্ভরিতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আত্মপ্রকাশ—স্বরূপ-প্রদর্শন; আপনাকে জাহির করা; নিজমূর্তি-ধারণ; নিজের যথার্থ পরিচয় প্রদান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মপ্রতারণা—আপনাকে ঠকানো; দানভোগহীন জীবনযাপন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মপ্রত্যয়—আপনার শক্তি-সামর্থ্যে আস্থা; নিজের উপর বিশ্বাস। ৭মীতৎ। বি; পুং।

আত্মপ্রবঞ্চন, -প্রবঞ্চনা—আপনাকে ঠকানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী। [তৎ। বি; স্ত্রী।

আত্মপ্রশংসা—আত্মশ্লাঘা, আপনার সুখ্যাতি। ৬ষ্ঠী-

আত্মপ্রসাদ—আপনার অন্তরে জাত প্রসন্নতা; সৎকর্মানুষ্ঠানে নিজ মনে জাত আনন্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মপ্রাধান্য—আপনার শ্রেষ্ঠত্ব; নিজ-কর্তৃত্ব। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আত্মবঞ্চন -বঞ্চনা—আত্মপ্রবঞ্চনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।

আত্মবৎ—আত্মসদৃশ; আপনার মত ('—মন্যতে জগৎ')। আত্মন্+বতিচ্ তুল্যার্থে। অ।

আত্মবন্ধু—১। নিজবন্ধু; (দায়ভাগে) পিসীর ছেলে মামার ছেলে ও মাসীর ছেলে—এই তিন আত্মীয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং। **২**। আত্মীয়-স্বজন। ✓আত্মীয়-বন্ধু। বি।

আত্মবর্গ—স্বজনগণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মবলি—আত্মোৎসর্গ, নিজেকে পরের হিতসাধনে বিলাইয়া দেওয়া, স্বার্থত্যাগ; কোন মহদুদ্দেশ্যে জীবন দান, martyrdom. ৬ষ্ঠীতৎ ('বলি' দ্রঃ)। বি; পুং।

আত্মবশ—১। স্বাধীন, স্ববশ। ৬ষ্ঠীতৎ। **২**। মনোজয়, আপন ইন্দ্রিয়াদির নিগ্রহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী। বিণ—**আত্মবশী** (-শিন্)।

আত্মবিকাশ—আত্মোন্নতি, আপন বিদ্যাবুদ্ধি প্রভৃর উৎকর্ষ, স্বরূপ-প্রকাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মবিক্রয়—আপনাকে বেচিয়া ফেলা; অর্থের জন্য আপন বিবেক বিসর্জন দিয়া কার্য করা। ৬ষ্ঠীতৎ। বি, পুং।

আত্মবিগ্রহ—অন্তর্বিরোধ; গৃহবিচ্ছেদ। আত্মসংঘটিত বিগ্রহ, মধ্যপ। বি; পুং।

আত্মবিচ্ছেদ—আপনা-আপনির মধ্যে ছাড়াছাড়ি; গৃহবিবাদ, ঘরোয়া ঝগড়া। আত্মসংঘটিত বিচ্ছেদ, মধ্যপ। বি, পুং।

আত্মবিৎ (-বিদ্), **-বেদী** (-বেদিন্)—পরমাত্মতত্ত্বজ্ঞ; সুধী, স্বরূপবিষয়ে অভিজ্ঞ; স্বপক্ষজ্ঞাতা। উপতৎ, আত্মন্—বিদ্+ক্বিপ্, ণিন কর্তৃ। বিণ। স্ত্রী, **-বেদিনী**।

আত্মবিদ্যা—ব্রহ্মবিদ্যা, যোগ-শাস্ত্রাদি; অধ্যাত্মবিদ্যা। আত্মবিষয়িণী বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।

আত্মবিরোধ—আত্মীয়-স্বজনের সহিত ঝগড়া। ৬ষ্ঠীতৎ। বি, পুং।

আত্মবিলোপ, -বিলুপ্তি—আত্মগোপন; নিজেকে বিলুপ্ত করা; নিজের প্রাধান্যের চিহ্ন লোপ; আপনার নাম গোপন। ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী।

আত্মবিশ্বাস—নিজ শক্তি-সামর্থ্যের উপর আস্থা, self-confidence ৭মীতৎ। বি; পুং।

আত্মবিসর্জন—স্বজীবনদান; পরোপকারার্থে আপনার সর্বস্ববিসর্জন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আত্মবিস্মরণ—আপনার স্বরূপ ভুলিয়া যাওয়া; আপনার দোষ গুণ ক্ষমতা বা অবস্থা বুঝিতে না পারা, আত্মবিস্মৃতি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আত্মবিস্মৃত—যে আপনার দোষ গুণ ক্ষমতা বা অবস্থা বুঝিতে পারে না এরূপ; তন্ময়; আপন স্বরূপবিষয়ে বিস্মৃত, আপনভোলা ('—জাতি')। ২য়াতৎ। বিণ।

আত্মবিস্মৃতি—আত্মবিস্মরণ; আপনার অবস্থা-ক্ষমতাদির বিষয় ভুলিয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মবুদ্ধি—নিজবুদ্ধি; স্বজ্ঞান; আত্মজ্ঞান। আত্মার [illegible] বুদ্ধি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মবেদী (-বেদিন্)—'আত্মবিৎ' দ্রঃ।
আত্মবোধ—ব্রহ্মজ্ঞান; আপনাকে জানা। আত্মবিষয়ক বোধ, মধ্যপ। বি; পুং।
আত্মভূ—১। কামদেব; ব্রহ্মা; বিষ্ণু; শিব। বি; পুং। ২। স্বয়ং উৎপন্ন। আত্মন্—ভূ+ক্বিপ্ কর্তৃ। বিণ। [বি; স্ত্রী।
আত্মমর্যাদা—আত্মসম্মান, আপনার সম্ভ্রম। ৬ষ্ঠীতৎ।
আত্মমর্যাদাজ্ঞান—আত্মসম্মানবোধ, আপনার সম্ভ্রম-সম্বন্ধে ধারণা। আত্মমর্যাদার জ্ঞান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
আত্মম্ভরি—১। স্বোদরমাত্রপূরক; স্বার্থপর। উপ-তৎ; আত্মন্—ভৃ+ইন্ কর্তৃ (নিপা)। ২। দাম্ভিক। বাংপ্র। বিণ। বি, -তা।
আত্মরক্ষা—বিপদ্ হইতে আপনাকে নির্বিঘ্নে রাখা, আপনার ত্রাণ, নিজেকে বাঁচানো। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
আত্মরূপ—১। আত্মপ্রকৃতি, আপনার সাদৃশ্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। নিজমূর্তিতে প্রকাশমান, আপনাতে আপনি প্রকটিত। আত্মাই রূপ যাহার, বহু। বিণ।
আত্মলাভ—নিজের লাভ; পরমাত্মজ্ঞান; বিবেক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
আত্মলীন—স্বচিন্তায় তৎপর; পরমাত্মায় লয়প্রাপ্ত। ৭মীতৎ। বিণ। [বি; স্ত্রী।
আত্মশক্তি—স্বসামর্থ্য, আপনার ক্ষমতা। ৬ষ্ঠীতৎ।
আত্মশাসন—ইন্দ্রিয়দমন; আপন শিক্ষা; স্বায়ত্তশাসন, self-government. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
আত্মশুদ্ধি—আত্মপবিত্রতা; আপন নির্দোষতা; চিত্তশুদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
আত্মশোধন—আপনার দোষক্ষালন; প্রায়শ্চিত্ত দ্বারা আত্মকৃত পাপের নিরাকরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
আত্মশ্লাঘা—আত্মপ্রশংসা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
আত্মশ্লাঘী (-শ্লাঘিন্)—আপনার প্রশংসাকারী; অহংকারী। উপতৎ; আত্মন্—শ্লাঘ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -শ্লাঘিনী।
আত্মসংক্রান্ত—স্বসম্বন্ধীয়; আপনার। ৭মীতৎ বা ২য়াতৎ। বিণ।
আত্মসংবরণ—আপনার দুঃখাদির নিরোধ; আপনাকে সামলাইয়া লওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
আত্মসংযম—জিতেন্দ্রিয়তা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
আত্মসংযমী (-মিন্)—জিতেন্দ্রিয়। আত্মসংযম+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -মিনী।
আত্মসমর্থন—স্বমতপোষণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
আত্মসমর্পণ—আত্মনিবেদন; ফলাকাঙ্ক্ষারহিত হইয়া আপনার কর্মফলাদি ঈশ্বরে প্রদান; কাহারও অনুগ্রহের উপর নিজেকে সঁপিয়া দেওয়া; ধরা দেওয়া ('শত্রুর নিকট—')। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
আত্মসমাহিত—আপনার চিন্তায় বা পরমাত্মার ধ্যানে নিমগ্ন; বাহ্যজ্ঞানশূন্য। ৭মীতৎ। বিণ।
আত্মসম্ভ্রম—আপনার গৌরব; নিজের সম্মান। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।
আত্মসম্মান—আত্মমর্যাদা, স্বগৌরব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
আত্মসম্মানজ্ঞান, **-বোধ**—আত্মমর্যাদাজ্ঞান (তাহা দ্রঃ)।
আত্মসাৎ—আপনার আয়ত্ত, আপনার হস্তগত; নিজের সহিত একীভূত; অন্যায়ভাবে গৃহীত। আত্মন্ (আপনি)+সাৎ। অ। **আত্মসাৎ করা**—অন্যায় ভাবে গ্রহণ করা।
আত্মসার—১। স্বার্থপর। আত্মাই সার যাহার, বহু। বিণ। ২। আপনাকে রক্ষা করা, আপনাকে সামলানো। বাংপ্র। বি।
আত্মসিদ্ধি—মোক্ষ, মুক্তি, salvation. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি; ক্লী।
আত্মসুখ—আপনার স্বাচ্ছন্দ্য, নিজ সুখ। ৬ষ্ঠীতৎ।
আত্মস্তুতি—নিজের গুণকীর্তন, আত্মশ্লাঘা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
আত্মস্থ—প্রকৃতিস্থ, আপন স্বরূপে অবস্থিত; ধ্যানমগ্ন; মুক্ত। উপতৎ; আত্মন্—স্থা+ক কর্তৃ। বিণ।
আত্মহত্যা, **-হনন**—স্বহস্তে আপনার প্রাণবধ করা, আত্মঘাত, suicide. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, ক্লী।
আত্মহন্তা (-হন্তৃ)—স্বজীবন-নাশকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -হন্ত্রী।
আত্মহা (-হন্)—আত্মঘাতী ("কাঁদিছে আত্মহা পাপী হাহাকার রবে"—মাইকেল)। উপতৎ; আত্মন্—হন্+ক্বিপ্ কর্তৃ। বিণ।
আত্মহারা—আত্মসংযমশূন্য, বিহ্বল ('আনন্দে—'); আত্মবিস্মৃত। আত্মাকে হারাইয়াছে যে, উপতৎ (বাংপ্র)। বিণ।
আত্মহিত—আপনার মঙ্গল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
আত্মা (আত্মন্)—নিজে; স্বরূপ; ব্রহ্ম; জীব; কায়, যত্ন; ধৈর্য; বুদ্ধি; চিত্ত; রবি; অনল; পুত্র; স্বভাব; বৃত্তি; বায়ু; অধিষ্ঠাত্রী দেবতা; (ন্যায়-মতে) সংসারী আত্মা [আত্মা দ্বিবিধ—জীবাত্মা ও পরমাত্মা]। অত্+মনিণ্ কর্তৃ। বি; পুং।
আত্মাদর—আত্মবিষয়ে যত্ন ও আদর, আপনার মান-অপমানের প্রতি লক্ষ্য রাখা। আত্মাতে আদর, বা আত্মার আদর, ৭মী বা ৬ষ্ঠীতৎ। বি; পুং।
আত্মানন্দ—১। আপনার আনন্দেই বিভোর। আত্মায় আনন্দ যাহার, বহু। বিণ। ২। নিজের আনন্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
আত্মানুশাসন—আত্মার সম্বন্ধে উপদেশ, আত্মতত্ত্বোপ-দেশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
আত্মানুসন্ধান—ঈশ্বরের বিষয়ে জ্ঞানলাভচেষ্টা; স্বরূপান্বেষণ; আপনার সামর্থ্যাদি বুঝিবার চেষ্টা। আত্মবিষয়ক অনুসন্ধান, মধ্যপ। বি; ক্লী। বিণ, -ন্ধায়ী (-য়িন্)।
আত্মান্বেষণ—আত্মানুসন্ধান (সকল অর্থে)। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
আত্মান্বেষী (-ষিন্)—আত্মদর্শী; স্বরূপান্বেষণ-কারী; নিজ সামর্থ্যাদি বুঝিবার জন্য চেষ্টাকারী;

তত্ত্বজ্ঞানলাভের চেষ্টাকারী। উপতৎ; আত্মন্—অন্—ইষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ষিণী।

আত্মাপরাধ—নিজের দোষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মাপহারক—আত্মগোপনকারী; বঞ্চক, শঠ। ৬ষ্ঠী-তৎ। বিণ। স্ত্রী, -হারিকা।

আত্মাপহারী (-হারিন্)—আত্মাপহারক। উপতৎ; আত্মন্—অপ—হৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -হারিণী।

আত্মাপুরুষ—জীবাত্মা, প্রাণ। ∠আত্মপুরুষ। বি। **আত্মাপুরুষ খাঁচাছাড়া হওয়া**—মৃত্যু হওয়া। **আত্মাপুরুষ শুকাইয়া যাওয়া**—ভীষণ ভীত হওয়া; ভয়ে প্রাণ উড়িয়া যাওয়া।

আত্মাবমাননা—আপনার অমর্যাদা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মাবলম্বন—স্বাবলম্বন। ৬ষ্ঠীতৎ (কাহারও কাহারও মতে ২য়াতৎ)। বি; ক্লী।

আত্মাভিমান—আত্মমর্যাদাবোধ; অযথা আত্মসম্মান-জ্ঞান; মিথ্যা গর্ব। আত্মবিষয়ক অভিমান, মধ্যপ। বি; পুং।

আত্মাভিমানী (-মানিন্)—আত্মমর্যাদাজ্ঞানসম্পন্ন; আপনার অযথা শ্রেষ্ঠত্ববিষয়ে অহংকারযুক্ত। আত্মাভিমান্+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -মানিনী।

আত্মারাম—১। ব্রহ্মজ্ঞানাদির সঞ্চার হেতু আপনার আত্মাতেই পরমানন্দ অনুভবকারী, সদাসন্তুষ্টচিত্ত। আত্মাতে আরাম যাহার, বহু। বিণ। ২। অন্ত-রাত্মা; জীব; প্রাণ; বুলিবলা পাখি। বাংপ্র। ৩। হৃদয়স্থিত পরব্রহ্ম, পরমাত্মা। প্রা কপ্র। বি। **আত্মারাম খাঁচাছাড়া হওয়া**—মৃত্যু হওয়া। **আত্মারাম শুকাইয়া যাওয়া**—ভীষণ ভীত হওয়া; ভয়ে প্রাণ উড়িয়া যাওয়া।

আত্মার্থ—১। স্বপ্রয়োজন, স্বার্থ। আত্মার অর্থ (প্রয়োজন), ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। আপনার জন্য। আত্মার নিমিত্ত ইহা, নিত্য। ক্রি-বিণ।

আত্মাশ্রয়ী (-শ্রয়িন্)—স্বাবলম্বী। উপতৎ; আত্মন্—আ—শ্রি+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -শ্রয়িণী।

আত্মাহুতি—আত্মদেহবিসর্জন, প্রাণবিসর্জন। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।

আত্মীয়—১। আত্মসম্পর্কীয়, আপন। বিণ। ২। বান্ধব; স্বজন। আত্মন্+ঈয় সম্বন্ধার্থে। বি; পুং।

আত্মীয়তা—কুটুম্বিতা; বন্ধুত্ব; অন্তরঙ্গতা; আত্মীয়ের কর্ম বা ব্যবহার। আত্মীয়+তা ভাবে। বি; স্ত্রী। [বি; পুং।

আত্মীয়বন্ধু—আপনার লোক; বন্ধুবান্ধব। দ্বন্দ্ব।

আত্মীয়স্বজন—আপনার লোক, নিজ জন। দ্বন্দ্ব। বি; পুং।

আত্মোৎকর্ষ—আপনার শ্রেষ্ঠত্ব, আপন উন্নতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মোৎসর্গ—আত্মবিসর্জন; সৎকার্যের জন্য আত্ম-নিয়োগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মোন্নতি—আত্মোৎকর্ষ, আপন শ্রীবৃদ্ধি। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।

আত্মোপকার, -কৃতি—নিজের হিতসাধন, আপনার মঙ্গল করা। ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী।

আত্মোপকারক, -কারী (-কারিন্)—আপনার মঙ্গল-জনক; স্বার্থপর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -কারিকা, -কারিণী।

আত্মোপম—নিজের সদৃশ; পরমাত্মীয়। আত্মা (আত্মন্=আপনি) উপমা যাহার, বহু। বিণ।

আত্যন্তিক—অত্যন্ত অধিক; সম্পূর্ণ; অসীম; যার-পর-নাই; ধারাবাহিক, অনন্ত; মরণপর্যন্ত। অত্যন্ত+ইক ভবার্থে, ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, -কী।

আত্যয়িক—১। জরুরী, urgent. বিণ। ২। কোন জরুরী কার্যের জন্য নিযুক্ত ঊর্ধ্বতন কর্মচারী, emergency officer. অত্যয়+ইক সম্বন্ধার্থে। বি, পুং।

আথান্তর—দুর্দশা; বিপত্তি। ∠অবস্থান্তর। বি।

আথাল—গোশালা; গোষ্ঠ; গরু রাখিবার জন্য প্রধান গৃহের সংলগ্ন চালা; আলিপনা। বাংপ্র। বি।

আথাল-পাথাল—১। এপাশ-ওপাশ, সকল দিক্। বি। ২। চতুর্দিকে; এলোধাবাড়ি। বাংপ্র। ক্রি-বিণ।

আথালি-পাথালি—আতালি-পাতালি (তাহা দ্রঃ)।

আথিবিথি—ব্যস্তসমস্তভাবে। বাংপ্র। ক্রি-বিণ।

আদ—১। আধ; খণ্ড। ∠অর্ধ। ২। মূল। ∠আদি। বি। ৩। প্রথম, গোড়ার। ∠আদ্য। বিণ।

আদ-কপালি, -কপালে—অর্ধকপালব্যাপিনী শিরঃ-পীড়া। ∠অর্ধকপালী। বি।

আদড়া, আদরা—চিত্রাদির প্রাথমিক নকশা, sketch; পত্র বা দলিল প্রভৃর প্রথম লিখন, খসড়া; সাদৃশ্য; ছাঁচ; চিহ্ন; সূত্রপাত। ∠আদর্শ। বি।

আদত—১। প্রকৃত; খাঁটী ('—কথা'); সমগ্র। ∠আদিতঃ। বিণ। ২। মোট, সাকল্য। ∠আ 'আদদ'। বিণ।

আদতে, আদবে—স্বাভাবিকরূপে; মোটেই; গোড়াতেই। ∠আদৌ। ক্রি-বিণ।

আদব—রীতি, ব্যবহার; শিষ্টাচার। আ। বি।

আদব-কায়দা—রীতি-নীতি; আচার-ব্যবহার; শিষ্টা-চার। আ। বি।

আদব-কায়দাদুরস্ত, -দোরস্ত—বাহ্যিক ভদ্রতাসম্পন্ন; শিষ্টাচারসম্মত। বহু। আ-ম। বিণ।

আদম—মনুষ্য; (বাইবেল) সৃষ্টির প্রথম পুরুষ, Adam. আ। বি। **বাবা আদমের আমল**—মান্ধাতার আমল, বহু প্রাচীন যুগ।

আদমশুমার, -রি—দেশবাসী জনসমূহের সংখ্যাকরণ, লোকগণনা, census. আ-ফা। বি। [বি।

আদমী—মানুষ; পতি। (আ) আদম+ঈ জাতার্থে।

আদর—স্নেহ, প্রীতি, প্রণয়; সম্মান; ভক্তি; আস্থা; আসক্তি; আরম্ভ। আ—দৃ+অপ্ ভাব। বি; পুং। **আদর অভ্যর্থনা**—খাতির-যত্ন। **আদর আপ্যায়ন**—খাতির-যত্ন ও তুষ্টিবিধান।

আদরণীয়—আদরের যোগ্য, যাহার আদর করা উচিত এরূপ; পূজনীয়; অবলম্বনীয়। আ—দৃ+অনীয় কর্ম। বিণ। [পুং।

আদরযত্ন—যথেষ্ট সমাদর ও খাতির। দ্বন্দ্ব। বি;

আদরা—'আদড়া' দ্রঃ।

আদরিণী—সোহাগিনী; অন্যের আদরভাগিনী; আদরে। আদরিন্+ঈপ্। বিণ; স্ত্রী।

আদরী (-রিন্)—আদরপ্রাপ্ত; যে সর্বদা আদর পাইয়া নষ্ট হইয়া যায় এরূপ, আদুরে। আদর+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**রিণী**।

আদর্শ—১। অনুকরণযোগ্য ব্যক্তি বা বস্তু, ideal; উৎকর্ষের পরাকাষ্ঠা; দৃষ্টান্ত; যে গ্রন্থ দেখিয়া অন্য পুস্তক লেখা যায় তাহা; নমুনা, model; দর্পণ; টীকা। বি; পুং। ২। অনুকরণযোগ্য ('—ছেলে'); শ্রেষ্ঠ, মহৎ। আ—দৃশ্+ঘঞ্ অধি। বিণ।

আদর্শচরিত, -চরিত্র—১। যাহার স্বভাব অতি উৎকৃষ্ট এমন। বহু। বিণ। ২। অতিশয় উৎকৃষ্ট চরিত্র। কর্মধা। বি; ক্লী।

আদর্শস্থানীয়—আদর্শীভূত, আদর্শের উপযুক্ত। ৬ষ্ঠীতৎ। বিণ।

আদর্শস্বভাব—১। যাহার স্বভাব অতিশয় উৎকৃষ্ট এমন, আদর্শচরিত্র। আদর্শ স্বভাব যাহার, বহু। বিণ। ২। অতিশয় উৎকৃষ্ট স্বভাব। আদর্শ স্বভাব, কর্মধা। বি; পুং।

আদল—আভাস; সাদৃশ্য; ভাব। <আদর্শ। বি।

আদলা—আধলা (তাহা দ্রঃ)।

আদালি—হাঁড়ির নিম্নদিক্ বা নিম্নদিকের মত আকারযুক্ত পাত্র বিঃ; (তাহা হইতে) নিতম্ব, পাছা। <অর্ধস্থালী। বি।

আদা—১। ঝাল মূল বিঃ। <আর্দ্রক। বি। ২। আধা। <অর্ধ। বিণ। **আদা জল খেয়ে লাগা**—দৃঢ়পণ করিয়া কাজে লাগা, বিশেষরূপ অধ্যবসায়ের সহিত কার্যে প্রবৃত্ত হওয়া। **আদায় কাঁচকলায়**—বিরুদ্ধ-স্বভাবযুক্ত; পরস্পরের প্রতি অত্যধিক বিদ্বেষ বা শত্রুতাযুক্ত। **আদার ব্যাপারী**—নগণ্য লোক, সামান্য কাজের লোক।

আদাগা—অচিহ্নিত, যাহাতে দাগ দেওয়া হয় নাই এরূপ; দাগা হয় নাই এরূপ (কামান প্রঃ)। বাংপ্র। বিণ।

আদাংগা, আদেঙ্গা—অর্ধ; অসম্পূর্ণ। <অর্ধাঙ্গ। বিণ।

আদাড়—আঁস্তাকুড়; জলা জায়গা। <আর্দ্র। বি। **আদাড়ের হাঁড়ি**—নগণ্য ব্যক্তি; অবহেলার যোগ্য ব্যক্তি বা বস্তু।

আদাড়-পাঁদাড়, -বাদাড়—গৃহের চতুষ্পার্শ্বস্থ ময়লা স্থান; বাজে জিনিস। বাংপ্র। বি।

আদাড়ে—বনে জঙ্গলে বা জঞ্জালে জাত ('—কচু'); বুনো; আদাড়-সম্বন্ধীয়; অদম্য, দুর্দম্য; অশিষ্ট; অপরিষ্কৃত; অর্ধসম্পন্ন। আদাড়+এ জাতার্থে। বাংপ্র। বিণ।

আদান—গ্রহণ, লওয়া; স্বীকার; অংগীকরণ। আ—দা+অনট্ ভাব। বি; ক্লী।

আদানপ্রদান—দেওয়া-নেওয়া; লেনদেন; বিবাহসম্বন্ধে কন্যাদান ও গ্রহণ। দ্বন্দ্ব। বি; ক্লী।

আদাব—অভিবাদন, সেলাম। আ। বি।

আদায়—গ্রহণ; সংগ্রহ; পরিশোধ; (কণ্ঠে বা যন্ত্রে) নিখুঁতভাবে প্রকাশ; সম্পাদন। আ-মু। বি। **আদায় হওয়া**—সংগৃহীত হওয়া; মরা; নিহত হওয়া।

আদালত—বিচারস্থান, ধর্মাধিকরণ, Court of justice. আ। বি। **আদালত ঘর করা**—মামলা লইয়া সব সময় ব্যস্ত থাকা।

আদালতী—আদালতসম্বন্ধীয়। আ-মু। বিণ।

আদি—১। প্রথম; প্রারম্ভ; উৎপত্তি-স্থান; নিদান, হেতু; প্রমুখ ('মনুষ্যাদি'); সামীপ্য; অবয়ব। বি; পুং। ২। আদ্য, প্রথম; প্রাচীন ('—নিবাস')। আ—দা+কি কর্ম। বিণ।

আদিকবি—প্রথম কবি; বাল্মীকি। কর্মধা। বি; পুং।

আদিকর্তা (-কর্তৃ)—প্রথম নির্মাতা; স্রষ্টা; ব্রহ্মা। কর্মধা। বিণ বা বি; পুং। স্ত্রী, -**কর্ত্রী**।

আদিকাণ্ড—রামায়ণের বালকাণ্ড। কর্মধা। বি; পুং বা ক্লী।

আদিকাব্য—প্রথম কাব্য, রামায়ণ। কর্মধা। বি; ক্লী।

আদিকারণ—পূর্বনিমিত্ত, মূলহেতু; প্রথম কারণ; (বৈশেষিকাদিমতে) সমবায়িকারণ; (অন্যমতে) উপাদান কারণ; (বৈদ্যক) কারণের কারণ। কর্মধা। বি; ক্লী।

আদিকাল—প্রথমকাল; সৃষ্টির প্রারম্ভকাল; সত্যযুগ। কর্মধা। বি; পুং।

আদিখ্যেতা—বাড়াবাড়ি। <অশুদ্ধ-'আধিক্যতা'। বি।

আদিজ, -জাত—প্রথমোৎপন্ন; জ্যেষ্ঠ। উপতৎ; আদি—জন্+ড কর্তৃ; ২য় পক্ষে ৭মীতৎ। বিণ।

আদিতেয়—দেবতা। অদিতি+এয় অপত্যার্থে। বি; পুং।

আদিত্য—দেবতা; সূর্য; আকন্দগাছ; দ্বাদশ সংখ্যা; সূর্যমণ্ডলস্থিত হিরণ্ময় বিষ্ণু; পুনর্বসুনক্ষত্র; কশ্যপের ঔরসে অদিতির গর্ভে জাত ধাতা মিত্র অর্যমা রুদ্র বরুণ সূর্য ভগ বিবস্বান্ পূষা সবিতা ত্বষ্টা ও বিষ্ণু—এই দ্বাদশ আদিত্য। অদিতি+ণ্য অপত্যার্থে, দেবতার্থে। বি; পুং। [ঋগ্বেদে আদিত্যসংখ্যা ছয়; যথা—মিত্র, অর্যমা, ভগ, বরুণ, দক্ষ ও অংশ। তৈত্তিরীয়ে মিত্র, বরুণ, ধাতা, অর্যমা, অংশু, ভগ, ইন্দ্র ও বিবস্বান্—এই অষ্ট আদিত্যের নাম পাওয়া যায়]।

আদিদেব—নারায়ণ ('—নিরঞ্জন'); সূর্য; মহাদেব; ব্রহ্মা। কর্মধা। বি; পুং।

আদিদেবী—প্রকৃতি; জগজ্জননী; দুর্গা। কর্মধা। বি; স্ত্রী।

আদিনাথ—পরব্রহ্ম; জগৎপতি; মহাদেব। কর্মধা। বি; পুং।

আদিপর্ব (-পর্বন্)—মহাভারতের প্রথম পর্ব। কর্মধা। বি; ক্লী।
আদিপুরাণ—ব্রহ্মপুরাণ। কর্মধা। বি; ক্লী।
আদিপুরুষ—বংশের প্রথম পুরুষ; বিষ্ণু। কর্মধা। বি; পুং। [পুং।
আদিবরাহ—ভগবানের বরাহ-অবতার। কর্মধা। বি;
আদিভূত—১। প্রথম জাত, প্রথমে উৎপন্ন; আদ্য, প্রথম। আদি—ভূ+ক্ত কর্তৃ। বিণ। ২। পঞ্চভূতের প্রথম ভূত, পৃথিবী। বি; ক্লী। ৩। আদিপুরুষ; প্রথম জীব; ব্রহ্মা। কর্মধা। বি; পুং।
আদিম—প্রথম, আদ্য; অতি প্রাচীন ('— জাতি')। আদি+ম ভবার্থে। বিণ। **আদিম অধিবাসী**—আদিমনিবাসী।
আদিমতা—প্রাচীনত্ব; বর্বরতা। আদিম+তা ভাবে। বি।
আদিমনিবাসী (-সিন্)—কোন দেশের প্রাচীনতম অধিবাসী, প্রথম বাসিন্দা, aborigines. কর্মধা। বি; পুং। [পুং।
আদিমানব—প্রথমসৃষ্ট মানুষ, আদম। কর্মধা। বি;
আদিরস—শৃঙ্গাররস। কর্মধা। বি; পুং।
আদিরসাত্মক, -রসাশ্রিত—শৃঙ্গাররসপ্রধান, শৃঙ্গারভাবোদ্দীপক ('— কবিতা')। আদিরস আত্মা (আত্মন্) যাহার, বহু (ক-আগম); ২য় পক্ষে আদিরসকে আশ্রিত, ২য়াতৎ। বিণ। স্ত্রী, -ত্মিকা, -তা।
আদিষ্ট—আজ্ঞাপ্রাপ্ত; নিযুক্ত; উপদিষ্ট; অভিহিত; (ব্যাক) রূপান্তরপ্রাপ্ত। আ—দিশ্+ক্ত কর্ম। বিণ।
আদুড়—অনাবৃত; নগ্ন ('— গায়ে'); আলুলায়িত। ✓উদার। বিণ।
আদুড়চুলী—মুক্তকেশী। বহু। বাংপ্র। বিণ; স্ত্রী।
আদুরে—অতিস্নেহভাজন; বেশী আদরে নষ্ট। আদর+এ (✓ইয়া) ভাজনার্থে। বাংপ্র। বিণ। **আদুরে গোপাল**—অত্যধিক আদরের সহিত লালিতপালিত বালক।
আদুল—আদুড় (তাহা দ্রঃ)।
আদুলি—আধুলি (তাহা দ্রঃ)।
আদৃত—সম্মানিত, যে আদর পাইয়াছে এরূপ; পূজিত; অনুমোদিত; সাবধান। আ—দৃ+ক্ত কর্ম। বিণ।
আদেখলে—যে কখনও দেখে নাই এরূপ; যে কখনও কোন ভাল জিনিস দেখে নাই বা ভোগ করে নাই এরূপ; অতিলোভী; যে জিনিস পূর্বে কেহ দেখে নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ। বি, -পনা।
আদেয়—গ্রহণযোগ্য; আদায়ের উপযুক্ত। আ—দা+যৎ কর্ম। বিণ।
আদেশ—আজ্ঞা; উপদেশ; কথন; দৈববাণী, অন্যের অজ্ঞাত যে বিশেষ দৈবভাব মনোমধ্যে উদিত হয় ('দেবতার —'); নির্দেশ; (ব্যাক) শব্দ বা বর্ণের আকারান্তর-প্রাপ্তি। আ—দিশ্+ঘঞ্ ভাব। বি; পুং।
আদেশক—আদেশকারী; উপদেষ্টা; শাসক। আ—দিশ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -শিকা।
আদেশকর্তা (-কর্তৃ)—হুকুমকারী। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি। স্ত্রী, -কর্ত্রী।
আদেশক্রমে—আজ্ঞানুযায়ী। আদেশের ক্রম, ৬ষ্ঠীতৎ, তাহাতে। বি; ক্রি-বিণ-অর্থে ৭মী।
আদেশদাতা (-দাতৃ)—হুকুমকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -দাত্রী।
আদেশপত্র—অনুমতিলিপি, হুকুমনামা। আদেশসূচক পত্র, মধ্যপ। বি; ক্লী।
আদেশপালক—আজ্ঞাবহ, অনুমতিক্রমে কার্যকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -পালিকা।
আদেশপালন—হুকুমমত কাজ করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বিণ।
আদেশমত—হুকুমমত, আজ্ঞানুযায়ী। ৬ষ্ঠীতৎ।
আদেশলঙ্ঘন—আদেশ পালন না করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [ক্লী।
আদেশানুবর্তন—হুকুমমত চলা। ৬ষ্ঠীতৎ। বি;
আদেশানুবর্তী (-বর্তিন্)—আদেশমত কার্যকারী; বাধ্য। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -বর্তিনী। বি, -বর্তিতা।
আদেশানুযায়ী (-যায়িন্)—১। আদেশমত কার্যকারী। বিণ। স্ত্রী, -যায়িনী। ২। আদেশমত। ৬ষ্ঠীতৎ। ক্রি-বিণ।
আদেশানুরূপ—আজ্ঞানুযায়ী। আদেশের অনুরূপ, ৬ষ্ঠীতৎ। বিণ বা ক্রি-বিণ।
আদেশানুসারে—আজ্ঞাক্রমে। আদেশের অনুসার, ৬ষ্ঠীতৎ, এরূপে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।
আদেশী (-শিন্)—১। আদেশকর্তা; উপদেশক। বিণ। স্ত্রী, -শিনী। ২। দৈবজ্ঞ, গণক। আ—দিশ+ণিন্ কর্তৃ। বি; পুং।
আদেষ্টা (-দেষ্টৃ)—উপদেশক; আদেশকর্তা; শাসক; যজমান। আ—দিশ্+তৃন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, -ষ্ট্রী। [বিণ।
আদোবে—আদতে, মোটেই। ✓আদৌ। অ, ক্রি-
আদৌ—প্রথমে; আরম্ভে; মোটেই। আদি+৭মী ১ব। বাংপ্র। অ, ক্রি-বিণ।
আদ্দি—সুতার সূক্ষ্মবস্ত্র বিঃ। ✓আর্দ্দিক। বি।
আদ্ধা—তিতাসের অর্ধপরিমিত তাল বিঃ। বাংপ্র। বি।
আদ্য—প্রথম, আদিম; প্রধান। আদি+যৎ ভবার্থে। বিণ।
আদ্যকৃত্য—আদ্যশ্রাদ্ধ। কর্মধা। বি; ক্লী।
আদ্যন্ত—১। প্রথম ও শেষ। আদি এবং অন্ত, দ্বন্দ্ব। বি; পুং। ২। প্রথম হইতে শেষ পর্যন্ত। আদি হইতে এই অর্থে আ আদি=আদি, অব্যয়ী; আদি অন্ত, সুপ। বি বা ক্রি-বিণ। ৩। প্রথমাবধি শেষ পর্যন্ত সমস্ত। আদি অন্ত=আদ্যন্ত, সুপ; আদ্যন্ত+অচ্ বিশিষ্টার্থে। বি; ক্লী।
আদ্যপ্রান্ত—আদ্যন্ত, পূর্বাপর। **আদ্যবচ্ছিন্ন** প্রান্ত, মধ্যপ। ক্রি-বিণ।

আদ্যরস—শৃঙ্গাররস; বিবাহে কুলীনদের একপ্রকার সংস্কার; পরিণয়। কর্মধা। বি; পুং।

আদ্যলীলা—বাল্যক্রীড়া; ভগবদবতারের বাল্যাবস্থার কার্যাবলী। কর্মধা। বি; স্ত্রী।

আদ্যশ্রাদ্ধ—অশৌচান্তের পরদিনে কর্তব্য শ্রাদ্ধ। কর্মধা। বি; ক্লী।

আদ্যা—১। দুর্গা। বি; স্ত্রী। ২। প্রথমা। আদি+যৎ ভবার্থে+আপ্। বিণ; স্ত্রী। **আদ্যা শক্তি**—কালী, ভগবতী, মহামায়া।

আদ্যিকাল—সেকাল, প্রাচীন কাল। <আদ্যকাল। বি। **আদ্যিকালের বুড়ো**—অতি প্রাচীন ব্যক্তি।

আদ্যোপান্ত—১। পূর্বাপর, প্রথমাবধি শেষ পর্যন্ত সমস্ত। আদ্যাবধি উপান্ত, মধ্যপ। বি; ক্লী। ২। প্রথম হইতে শেষ পর্যন্ত। ক্রি-বিণ।

আদ্রিয়মাণ—যাহাকে আদর করা হইতেছে এমন। আ—দৃ+শানচ্ কর্ম। বিণ।

আধ—অর্ধেক; অস্পষ্ট; অসম্পূর্ণ, আংশিক। <অর্ধ। বি বা বিণ।

আধ-আধ—অস্ফুট; অর্ধোচ্চারিত ('—বুলি', '— কথা')। বাংপ্র। বিণ।

আধ-আনা, -আনি—দুই পয়সা। কর্মধা। বাংপ্র। বি।

আধকপালে—আদ-কপালি (তাহা দ্রঃ)।

আধকাঁচা—আধপাকা, যাহা অর্ধেক কাঁচা। আধ কাঁচা, সুপ্ (বাংপ্র)। বিণ।

আধকানা—যে সামান্য দেখিতে পায় এমন, আংশিকভাবে দৃষ্টিহীন। আধ এইরূপ কানা, সুপ্। বাংপ্র। বিণ।

আধক্ষেপা, -খেপা—অর্ধোন্মত্ত। আধ এইরূপ ক্ষেপা, খেপা, সুপ্। বাংপ্র। বিণ।

আধখানা—আধ টুকরা; কিছুপরিমাণ, অর্ধাবশিষ্ট-শরীর। <অর্ধখণ্ড। বি বা বিণ।

আধখেঁচড়া—'আধাখেঁচড়া' দ্রঃ।

আধপাকা—অর্ধপক্ব। আধ (অর্ধ) এইরূপ পাকা (পক্ব), সুপ্। বাংপ্র। বিণ। [বিণ।

আধপাগল, -পাগলা—অর্ধোন্মত্ত। সুপ্। বাংপ্র।

আধপেটা—অর্ধোদরপূরক, যাহাতে উদর সম্পূর্ণরূপে পূর্ণ হয় না এরূপ বা এরূপে ('— খাওয়া')। আধপেট-আ পরিমাণার্থে। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।

আধপোড়া—অর্ধদগ্ধ, আংশিকভাবে দগ্ধ। সুপ্। বাংপ্র। বিণ।

আধবয়সী, আধাবয়সী—বৃদ্ধপ্রায়, প্রৌঢ়। <অর্ধ-বয়স্ক। বিণ। [বিণ।

আধবুড়া, -বুড়ো—প্রৌঢ়, প্রায় বৃদ্ধ। সুপ্। বাংপ্র।

আধমন—অর্ধমণ। একদেশী। বাংপ্র। বি।

আধমনী—২০ সের ওজনের ('— পাথর')। আধমন +ঈ পরিমাণার্থে। বিণ।

আধমরা—১। মৃতপ্রায়; শুষ্কপ্রায়। বিণ। ২। নির্জীব লোক, অলস ও অকর্মণ্য ব্যক্তি ("আধমরাদের ঘা মেরে তুই বাঁচা"—রবীন্দ্র)। সুপ্ (বাংপ্র)। বি।

আধমনে—আধমনী; যে আধ মন খাদ্য খাইতে পারে এমন ('—কৈলাস')। বাংপ্র। বিণ।

আধলা—ইষ্টকার্ধ; আধ-পয়সা; অর্ধেক। আধ+লা। বাংপ্র। বি বা বিণ।

আধলি, আধুলি—অর্ধমুদ্রা, আধ-টাকা। আধ+অলি, উলি। বাংপ্র। বি।

আধা—অর্ধেক। <অর্ধ। বি বা বিণ।

আধা-আধি—অর্ধ, অর্ধভাগ, অর্ধেক। <অর্ধার্ধ। বিণ বা ক্রি-বিণ।

আধাখেঁচড়া, আধখেঁচড়া—অসম্পূর্ণ; যেমন-তেমন করিয়া সম্পন্ন। বাংপ্র। বিণ।

আধাংগা, আধেংগা—অর্ধেক; অসম্পূর্ণ; অর্ধশায়িত; আড়ভাবে শয়ান। <অর্ধাঙ্গ। বিণ।

আধান—নির্বাহকরণ, সাধন; গ্রহণ; রক্ষা; ধারণ; প্রাপ্তি; শাস্ত্রবিধিমত অগ্নিরক্ষা; তড়িৎ-সঞ্চারণ, বিদ্যুৎপূর্ণকরণ, charge; বন্ধন, হোম; বন্ধক দেওয়া; উৎপাদন। আ—ধা+অনট্ ভাব। বি; ক্লী। [বি; ক্লী।

আধানিক—গর্ভাধানসংস্কার। আধান+ইক হিতার্থে।

আধাবয়সী—'আধবয়সী' দ্রঃ।

আধার—১। অধিকরণ কারক; বাঁধ; স্থান, পাত্র; ধারণকারী; ষট্চক্রের মধ্যে আদ্যচক্রের অবস্থিতি-স্থান। আ—ধৃ+ঘঞ্ অধি। ২। গ্রহণ; আশ্রয়; জলধারণ; স্থাপন। আ—ধৃ+ঘঞ্ ভাব। বি; পুং। ৩। পক্ষিশাবকের খাদ্য। <আহার। বি।

আধাসরকারী—সম্পূর্ণরূপে সরকারী নহে এমন, সরকারী অথচ ব্যক্তিগতভাবে কৃত নহে এমন, demi-official. সুপ্ (বাংপ্র)। বিণ।

আধাসার, -সারি—অর্ধাবশিষ্ট, যাহার অর্ধেকমাত্র বাকী আছে এরূপ। <অর্ধসার। বিণ।

আধি—১। মনঃপীড়া; বিপত্তি; অত্যাশা। আ—ধা +কি করণ। ২। গচ্ছিত রাখা; বন্ধক দেওয়া; অধিষ্ঠান। আ—ধা+কি ভাব। বি; পুং।

আধিকরণিক—বিচারক, হাকিম প্রঃ। অধিকরণ+ইক নিযুক্তার্থে। বি; পুং।

আধিকারিক—১। অধিকারসংক্রান্ত, অধিকারবিষয়ক, স্বর্গবিষয়ক। অধিকার+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী। ২। কোন অফিসের কোন বিভাগের ভারপ্রাপ্ত কর্মচারী, officer-in-charge. বি; পুং।

আধিক্য—আতিশয্য; প্রবলতা; উৎকর্ষ। অধিক+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। ['আধিক্যতা' বি।

আধিক্যেতা, -খ্যেতা—বাহুল্য; বেশী দরদ। <অধিক্য

আধিক্লিষ্ট—মনঃক্লেশে পীড়িত। ৩য়াতৎ। বিণ।

আধিক্ষীণ—চিন্তাজীর্ণ; মানসিক পীড়ায় রুগ্ণ ('— শরীর')। ৩য়াতৎ। বিণ।

আধিদৈবিক—দৈবজাত, অতিবাত অতিবৃষ্টি বজ্রপাত প্রঃ দৈব-উৎপাতজনিত ('—দুঃখ')। অধিদেব+ইক নির্বৃত্তার্থে। বিণ। স্ত্রী, -কী।

আধিপত্য—প্রভুত্ব, কর্তৃত্ব; ঐশ্বর্য; শ্রেষ্ঠত্ব; প্রজা-পালন প্রঃ রাজকার্য। অধিপতি+যক্ ভাবে। বি; ক্লী।

আধিব্যাধি—শারীরিক এবং মানসিক পীড়া। দ্বন্দ্ব। বি; পুং।

আধিভৌতিক—পঞ্চভূত বা প্রাণী হইতে সংঘটিত; (সাংখ্যমতে) জীবজাত ('—দুঃখ')। অধিভূত+ইক জাতার্থে। বিণ। স্ত্রী, -কী।

আধিরাজ্য—অধিরাজের অবস্থা; রাজপদ, রাজ্যাধিকারিত্ব; আধিপত্য, প্রভুত্ব। অধিরাজ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

আধুত, আধূত—অল্পকম্পিত; বিক্ষিপ্ত; চঞ্চলীকৃত। আ (ঈষৎ)—ধু, ধূ+ক্ত কর্তৃ। বিণ।

আধুনিক—আজকালকার, অল্পদিনের, নব্য। অধুনা+ইক ভবার্থে। বিণ। স্ত্রী, -কী।

আধুনিকতা—নব্য ধরনের চালচলন; হাল ফ্যাশনের রীতিনীতি। আধুনিক+তা ভাবে। বি; স্ত্রী।

আধুলি—আট-আনি, অর্ধ-টাকা মূল্যের মুদ্রা। আধ+উলি। বাংপ্র। বি।

আধূত—'আধুত' দ্রঃ।

আধৃত—গৃহীত। আ—ধৃ+ক্ত কর্ম। বিণ।

আধেক—একার্ধ। <অর্ধেক। বি বা বিণ।

আধেংগা—'আধাংগা' দ্রঃ।

আধেয়—১। স্থাপনযোগ্য; আধারস্থিত ('—দ্রব্য'); আশ্রিত; উৎপাদ্য; বন্ধক রাখিবার যোগ্য। বিণ। ২। আধারে স্থাপনযোগ্য দ্রব্য; আধারস্থ দ্রব্য। আ—ধা+যৎ কর্ম। বি; ক্লী।

আধেলা—আধ-পয়সা। <আধলা। বি।

আধোয়া—অধোত; কোরা; আনকোরা, নূতন। নঞ্-তৎ। বাংপ্র। বিণ।

আধ্মাত—১। শব্দিত; বায়ুপূরিত, স্ফীত; যাহাতে ফুঁ দেওয়া হইয়াছে এমন; মানদর্পাদি দ্বারা উদ্ধত; দগ্ধ; প্রসারিত; বাতরোগজনিত স্ফীতিবিশিষ্ট। আ—ধ্মা+ক্ত কর্তৃ। বিণ। ২। স্ফীতি; শব্দ; দাহ; পেট-ফাঁপা। আ—ধ্মা+ক্ত ভাব। বি; ক্লী।

আধ্মান—স্ফীতি; বাদ্যশব্দ; উচ্চারণ; আপ্যায়ন; বায়ুরোগ বিঃ, পেট-ফাঁপা। আ—ধ্মা+অনট্ ভাব। বি; ক্লী।

আধ্যাত্মিক—আত্মসংক্রান্ত; আত্মিক, spiritual; ব্রহ্মবিষয়ক, ঈশ্বরসংক্রান্ত; মানসিক; অন্তর্মুখ, subjective. অধ্যাত্ম+ইক ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

আধ্যান—চিন্তন; দুশ্চিন্তা। আ—ধ্যৈ+অনট্ ভাব। বি; ক্লী।

আন—১। উচ্ছ্বাস; বহির্মুখ-শ্বাস। অন্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। অপর ("আমার বঁধুয়া 'আন' বাড়ি যায়"—চণ্ডী)। <অন্য। সর্ব, বিণ। ৩। আনয়ন কর। বাংপ্র। ক্রি।

আনক—১। ঢাক; মৃদঙ্গ; পাখোয়াজ; গর্জনকারী মেঘ। বি; পুং। ২। উৎসাহজনক; শব্দায়মান, শব্দকারী। অন+ণিচ্ (=আনি—উৎসাহযুক্ত করা)+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—আনিকা। ৩। আনা; ১/১৬ অংশ। আ—অন্+ণিচ্+ণক কর্তৃ। বি; ক্লী।

আনকদুন্দুভি—বড় ঢাক; শ্রীকৃষ্ণের পিতা বসুদেব। আনক দুন্দুভি সদৃশ, উপমিত কর্মধা। বি; পুং।

আনকা, -কো—অজ্ঞাত, সম্পূর্ণ নূতন, অপরিচিত ('—লোক'); অস্পষ্ট ('—আলো')। <অনীক্ষিত। বিণ।

আনকোরা—অব্যবহৃত, নূতন; আধোয়া ('—ধুতি'); অসভ্য, দুর্বিনীত; অবশীভূত, বন্য। বাংপ্র। বিণ।

আনখ—নখ পর্যন্ত। অব্যয়ী। ক্রি-বিণ।

আনচান—উন্মুক্ত; অস্থির। কপ্র। বিণ।

আনত—অবনত; পতিত; বিনীত। আ—নম্+ক্ত কর্তৃ। বিণ।

আনতি—ঈষৎ নমন; নম্রতা; প্রণাম। আ—নম্+ক্তি ভাব। বি; স্ত্রী।

আনদ্ধ—১। মুরজমৃদঙ্গাদি চর্মযন্ত্র। আ—নহ্+ক্ত কর্ম। ২। বেশভূষাদি। আ—নহ্+ক্ত করণ। বি; ক্লী। ৩। আবদ্ধ; সংযত; চর্মনির্মিত; চর্মাবৃত ('—বাদ্য'); ব্যাপ্ত। আ—নহ্+ক্ত কর্ম, কর্তৃ। বিণ।

আনন—মুখ, বদন। আ—অন্+অনট্ করণ। বি; ক্লী।

আনন্তর্য—অনন্তরত্ব, পরে হওয়া বা থাকা; ব্যবধানহীনতা। অনন্তর+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

আনন্ত্য—অসীমতা; অবিনাশিতা। অনন্ত+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

আনন্দ—১। হর্ষ, সন্তোষ। আ—নন্দ্+ঘঞ্ ভাব। ২। মদ্য। আ—নন্দ্+ঘঞ্ করণ। ৩। আত্মা; পরমাত্মা; ব্রহ্ম। আ—নন্দ্+ণিচ্+অচ্ কর্তৃ। বি; পুং। ৪। আহ্লাদযুক্ত, সুখী। আনন্দ+অচ্ বিশিষ্টার্থে। বিণ।

আনন্দকর, -জনক—হর্ষোৎপাদক, প্রীতিপ্রদ। উপ-তৎ; আনন্দ—কৃ+ট কর্তৃ হেত্বর্থে; ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -করী, -জনিকা।

আনন্দকানন—আনন্দোদ্যান; পবিত্র কাশীক্ষেত্র। আনন্দজনক কানন, মধ্যপ। বি; ক্লী।

আনন্দঘন—আনন্দস্বরূপ; আনন্দে পরিপূর্ণ। ৩য়া-তৎ। বিণ।

আনন্দদায়ক—প্রীতিপ্রদ, আমোদজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -দায়িকা।

আনন্দধাম (-ধামন্)—সুখময় গৃহ, প্রীতিজনক স্থান; স্বর্গ। আনন্দপূর্ণ ধাম, মধ্যপ। বি; ক্লী।

আনন্দন—১। সন্তোষদান, সংবর্ধনা; কুশলপ্রশ্ন। আ—নন্দ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। হর্ষজনক; প্রমোদজনক; সুখসঞ্চারক। আ—নন্দ্+ণিচ্+অন কর্তৃ। বিণ।

আনন্দনাড়ু, -লাড়ু—মিষ্টান্ন বিঃ। আনন্দদায়ক নাড়ু, লাড়ু, মধ্যপ। বাংপ্র। বি।

আনন্দপট—নবপরিণীতার বস্ত্র। আনন্দকর পট, মধ্যপ। বি; পুং বা ক্লী।

আনন্দবর্ধন—১। আনন্দ বাড়াইয়া দেওয়া। বি; ক্লী। ২। প্রীতিবর্ধক। ৬ষ্ঠীতৎ। বিণ।

আনন্দবিহ্বল—আহ্লাদে আটখানা। ৩য়াতৎ। বিণ।
আনন্দভরে—পরমানন্দে, হর্ষে পূর্ণ হইয়া। আনন্দের ভর, ৬ষ্ঠীতৎ, তাহাতে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।
আনন্দময়—১। আহ্লাদপূর্ণ, সর্বদা উল্লসিত। বিণ। স্ত্রী, -ময়ী। ২। প্রাণী, জীব; সুষুপ্তি-সাক্ষী প্রাজ্ঞ। বি; পুং। ৩। পরব্রহ্ম। আনন্দ+ময়ট্ পূর্ণ বা স্বরূপ অর্থে। বি; ক্লী। **আনন্দময় কোষ**—পঞ্চকোষমধ্যে পঞ্চমকোষ, অবিদ্যাস্বরূপ কারণদেহ; সত্ত্বপ্রধান জ্ঞান; সুষুপ্তি।
আনন্দময়ী—১। দুর্গা। বি; স্ত্রী। ২। নিয়ত আনন্দযুক্তা। আনন্দময়+ঈপ্। বিণ; স্ত্রী।
আনন্দলহরী—হর্ষের তরঙ্গ; বাদ্যযন্ত্র বিঃ, গাবু-গুপাগুবু নামক বাদ্যযন্ত্র। ৬ষ্ঠীতৎ (লাক্ষণিক অর্থে)। বি; স্ত্রী।
আনন্দলাড়ু—'আনন্দনাড়ু' দ্রঃ।
আনন্দলোক—আনন্দময় ভুবন; সুখকর স্থান; স্বর্গ। আনন্দপূর্ণ লোক. মধ্যপ। বি; পুং।
আনন্দসলিল—হর্ষবারি; প্রেমধারা; ভক্তি; ভক্তি-ভাবের চরম অবস্থায় ব্রহ্মানন্দজনিত স্বেদ। আনন্দ-রূপ সলিল, রূপক কর্মধা। বি; পুং।
আনন্দসাগর—সুগভীর আনন্দ। আনন্দ সাগরপ্রায়, উপমিত কর্মধা; বা আনন্দরূপ সাগর, রূপক কর্মধা। বি; পুং। [ক্লী।
আনন্দাশ্রু—আনন্দজনিত নেত্রজল। মধ্যপ। বি;
আনন্দিত—আহ্লাদিত, সন্তুষ্ট। আনন্দ+ইত জাতার্থে। বিণ।
আনন্দী (-ন্দিন্)—১। আনন্দিত। আনন্দ+ইন্ আছে অর্থে। ২। আনন্দদায়ক। আ—নন্দ্+ণিচ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ন্দিনী।
আনমন—বক্রীকরণ, বাঁকাইয়া দেওয়া; নত করা। আ—নম্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
আনমন, আনমনা—অন্যবিষয়ে মনোযোগী, অন্য-মনস্ক। <অন্যমনাঃ। বিণ।
আনমনীয়—যাহা নোয়ানো বা বাঁকানো যায় এরূপ। আ—নম্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।
আনমিত—বাঁকানো, নোয়ানো। আ—নম্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। [+যৎ কর্ম। বিণ।
আনম্য—আনমনীয়, আনমনযোগ্য। আ—নম্+ণিচ্
আনম্র—অল্পনম্র; ঈষৎ নমনশীল। প্রাদি। বিণ।
আনয়ন—লইয়া আসা, আনা। আ—নী+অনট্ ভাব। বি; ক্লী।
আনয়নীয়, আনেতব্য, আনেয়—যাহা আনা উচিত এরূপ; যাহা আনিতে পারা যায় এরূপ। আ—নী+অনীয়, তব্য, যৎ কর্ম। বিণ।
আনর্তন—নৃত্য। আ—নৃত্+অনট্ ভাব। বি; ক্লী।
আনর্তিত—আন্দোলিত, আকম্পিত; যাহাকে নাচানো হইয়াছে এরূপ। আ—নৃত্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
আনর্থক্য—অনর্থকতা, ব্যর্থতা। অনর্থক+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
আনল—আনয়ন করিল। প্রা কপ্র। ক্রি।
আনসার—সাহায্যকারী, হিজরতের সময় হজরত মোহাম্মদকে সাহায্যকারী ব্যক্তি। আ। বি।
আনহি—অন্য; অনন্য। প্রা কপ্র। বিণ বা অ।
আনা—১। আনয়ন করা। 'আ-নী'-ধাতুজ। বাংপ্র। ক্রি। ২। আনীত। আন্+আ কর্ম। বিণ। ৩। (পুরাতন মুদ্রারীতিতে) এক টাকার ষোড়শ ভাগের এক ভাগ; কোন দ্রব্য বা বিষয়ের ষোড়শ ভাগের এক ভাগ; পরিমাণ বিঃ, ছয় রতি পরিমাণ; অতি সামান্য পরিমাণ। <আনক। ৪। আসা ('আনাগোনা')। হি। বি। ৫। ব্যবহার কর্ম অনুকরণ প্রঃ-সূচক ফারসী প্রত্যয় ('নবাবী-আনা', 'মুনশী-আনা', 'গরীবানা' প্রঃ)।
আনাগোনা—ক্রমাগত যাতায়াত। দ্বন্দ্ব। বি।
আনাচ-কানাচ—গলি-ঘুঁজি, আশপাশ, আদাড়পাঁদাড়। দ্বন্দ্ব। বাংপ্র। বি।
আনাজ—কাঁচা তরকারি, বেগুন মুলো উচ্ছে ইঃ ব্যঞ্জনোপযোগী ফলমূল। <অন্নাদ্য। বি।
আনাড়—১। গুপ্তস্থান, অজ্ঞাত স্থল। বি। ২। স্থির; গোপন। বাংপ্র। বিণ।
আনাড়ী—মূর্খ; হাতুড়ে ('—বৈদ্য')। <অজ্ঞানী। বিণ।
আনাড়ীপনা—বোকামি, অনভিজ্ঞতা। আনাড়ী+পনা ভাবার্থে (বাংপ্র)। বি।
আনানো—আনয়ন করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
আনায়—জাল; ফাঁদ ("আনায়-মাঝারে আনি"—মাইকেল)। আ—নী+ঘঞ্ করণ। বি; পুং।
আনায়ী (-য়িন্)—জালিক, ধীবর। আনায়+ইন্ আছে অর্থে। বি; পুং।
আনার—ডালিম, বেদানা। ফা। বি।
আনারস—স্বনামখ্যাত ফল বিঃ, বহুনেত্র। <পো 'ananas'। বি। বিণ, -সী।
আনি—এক আনা মূল্যের মুদ্রা; ষোড়শ ভাগের এক ভাগ। আনা+ই মুদ্রা অর্থে (বাংপ্র)। বি।
আনীত—যাহা আনয়ন করা হইয়াছে এরূপ, উপ-স্থাপিত। আ—নী+ক্ত কর্ম। বিণ।
আনীল—ঈষৎ নীলবর্ণ। আ (ঈষৎ) নীল, প্রাদি। বিণ।
আনুকূল্য—অনুকূল কার্য, সাহায্য; উপকার; অনুগ্রহ; পোষকতা। অনুকূল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
আনুগত্য—বাধ্য হইয়া থাকা, বশ্যতা; আত্মীয়তা-জ্ঞাপন; তোষামোদ; অনুগমন; সদ্ভাব; সঙ্গ-প্রিয়তা; সাহচর্য। অনুগত+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [বিণ। স্ত্রী, -কী।
আনুপদিক—পশ্চাদ্গামী। অনুপদ+ইক গতার্থে।
আনুপাতিক—অপর কোন পরিবর্তনশীল রাশির সহিত স্থিরসম্বন্ধযুক্ত, proportional. অনুপাত+ইক সম্বন্ধার্থে। বিণ।
আনুপূর্ব, -পূর্ব্য—যথাক্রম; অনুক্রম; পরিপাটী; পরম্পরা। অনুপূর্ব+অণ্, ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

আনুপূর্বিক—১। যথাক্রমে অবস্থিত; যাহার পরে যেটি—এইরূপ নিয়মে স্থিত সংঘটিত বা অনুষ্ঠিত; আগাগোড়া (‘—বিবরণ’)। অনুপূর্ব+ইক স্থিতার্থে বা নির্বৃত্তার্থে। বিণ। স্ত্রী, -কী। ২। যথাক্রমে। ক্রি-বিণ।

আনুপূর্বী—পরিপাটী; যথাক্রম। অনুপূর্ব+ষ্যঞ্ ভাবে+ঈপ্। বি; স্ত্রী।

আনুভাব্য—অনুভবনীয়, অবশ্য অনুভবযোগ্য। আ—অনু—ভূ+ণ্যৎ কর্ম। বিণ।

আনুমানিক—আন্দাজী, অনুমান দ্বারা স্থিরীকৃত; সম্ভাব্য; অনুমানসংক্রান্ত, প্রায় কাছাকাছি, approximate. অনুমান+ইক আগতার্থে। বিণ। স্ত্রী, -কী।

আনুযাত্রিক—অনুচর, অনুগামী। অনুযাত্রিক+অণ্ স্বার্থে। বি; পুং।

আনুরক্তি—আসক্তি, ভালবাসা। আ—অনু—রন্জ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

আনুরূপ্য—সাদৃশ্য; যথৌচিত্য। অনুরূপ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

আনুলোম্য—বর্ণানুক্রমিকতা; যথাক্রম; বড় হইতে ছোট এই ক্রম। অনুলোম+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

আনুশাসনিক—১। রাজনীতিক-অনুশাসনসংক্রান্ত। বিণ। স্ত্রী, -কী। ২। মহাভারতীয় পর্ব বিঃ। অনুশাসন+ইক সম্বন্ধার্থে। বি; ক্লী।

আনুষঙ্গিক—যাহা প্রকৃত নহে কিন্তু প্রকৃতের সহিত সংশ্লিষ্ট এরূপ; যাহা অন্য বিষয়ের সঙ্গে ঘটে বা সম্পন্ন হয় এরূপ; আবশ্যক; অপ্রধান। অনুষঙ্গ+ইক সম্বন্ধার্থে, ভবার্থে। বিণ। স্ত্রী, -কী। **আনুষঙ্গিক বস্তু**—যে বস্তু অন্য কোন প্রধান বস্তুর সঙ্গে আসে তাহা।

আনুষ্ঠানিক, আনুষ্ঠিক—অনুষ্ঠানসম্বন্ধীয়; আচার-সংক্রান্ত; প্রাথমিক। অনুষ্ঠান, অনুষ্ঠা+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

আনুসঙ্গ—অপ্রধান; আনুষঙ্গিক। প্রা কপ্র। বিণ।

আনূপ—১। জলবহুল স্থান-সম্বন্ধীয়; বহুজল-বিশিষ্ট। বিণ। ২। যে-সব জন্তু জলাভূমিতে থাকে বা জল ভালবাসে (মহিষ, গণ্ডার, শূকরাদি)। অনূপ+অন ভবার্থে। বি; পুং।

আনৃণ্য—ঋণমুক্তি; ঋণশূন্যতা। অনৃণ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

আনেতব্য—‘আনয়নীয়’ দ্রঃ।

আনেতা (-তৃ)—আনয়নকারী। আ—নী+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ত্রী।

আনেয়—‘আনয়নীয়’ দ্রঃ।

আন্তঃকলেজীয়—বিভিন্ন কলেজের মধ্যে সংঘটিত; বিভিন্ন কলেজ সম্পর্কিত, inter-collegiate. অন্তঃকলেজ+ঈয় সম্বন্ধার্থে। বাংপ্র। বিণ।

আন্তঃপুরিক—অন্তঃপুরের অধ্যক্ষ। অন্তঃপুর+ইক নিযুক্তার্থে। বি; পুং।

আন্তঃপ্রাদেশিক—বিভিন্ন প্রদেশের মধ্যে সংঘটিত; বিভিন্ন প্রদেশ-সম্পর্কীয়, inter-provincial. অন্তঃপ্রদেশ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

আন্তর—মধ্যস্থ, আভ্যন্তরিক; মনোগত। অন্তর্+অণ্ সম্বন্ধার্থে, ভবার্থে। বিণ। স্ত্রী, -রী।

আন্তরযন্ত্র—জীবদেহের অভ্যন্তরভাগের যন্ত্র, viscera. কর্মধা। বি; ক্লী।

আন্তরিক—মধ্যবর্তী, আভ্যন্তরিক; মানসিক; মনোযোগপূর্বক কৃত, অকপট, sincere; মনে দৃঢ়রূপে বদ্ধমূল। অন্তর+ইক ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

আন্তরিকতা—অকপটতা, sincerity; মনোগত ভাব; অভ্যন্তরীণতা। আন্তরিক+তা ভাবে। বি; স্ত্রী।

আন্তরীক্ষ—আকাশজাত; নভঃ-সম্বন্ধীয়। অন্তরীক্ষ্+অণ্ ভবার্থে বা সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -ক্ষী।

আন্তর্জনীন—অন্তর্জাত; আভ্যন্তরীণ। অন্তর্জন+ঈন সম্বন্ধার্থে। বিণ।

আন্তর্জাতিক—বিভিন্ন জাতি-সম্পর্কীয়, বিভিন্ন জাতির মধ্যে পারস্পরিক, international. অন্তর্জাতি+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

আন্ত্র, আন্ত্রিক—অন্ত্রসম্বন্ধীয়; অন্ত্রের পীড়াঘটিত, enteric. অন্ত্র+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী। **আন্ত্রিক জ্বর**—অন্ত্রপ্রদাহঘটিত জ্বর, enteric fever.

আন্দাজ—১। অনুমান, আভাস, অনুভব। বি। ২। আনুমানিক। ফা ‘অন্দাজ’। বিণ।

আন্দাজী—আনুমানিক। আন্দাজ+ঈ নিষ্পন্নার্থে। ফা-মু। বিণ।

আন্দোলন—১। অনুশীলন; কোন কথা লইয়া তর্ক বা বাদানুবাদ; কম্পন; বিক্ষোভ; বক্তৃতা ইঃ দ্বারা প্রচার ও উত্তেজনা সৃষ্টি, agitation; দোলানো; এদিক্ ওদিক্ গমন। আন্দোলি+অনট্ ভাব। ২। দোলনা। আন্দোলি+অনট্ করণ। বি; ক্লী।

আন্দোলনীয়—অনুশীলনীয়; কম্পনীয়; যাহাকে অগ্রে ও পশ্চাতে দোলানো কর্তব্য এরূপ। আন্দোলি+অনীয় কর্ম। বিণ।

আন্দোলিত—১। অনুশীলিত; কম্পিত; চালিত। আন্দোলি+ক্ত কর্ম। ২। দোদুল্যমান; কম্পমান। আন্দোলি+ক্ত কর্তৃ। বিণ।

আন্ধার—আঁধার। অন্ধকার। বি।

আন্ধি—আঁধি। বাংপ্র। বি।

আন্ধিয়ার, -রা—অন্ধকার। প্রা কপ্র। বি।

আন্বীক্ষিকী—ন্যায়দর্শন। অন্বীক্ষা+ইক জাতার্থে+ঈপ্। বি; স্ত্রী।

আপ—১। জলরাশি। অপ্+অণ্ সমূহার্থে। বি; ক্লী। ২। আপনি, স্বয়ং (‘আপ রুচি খানা’)। হি-মু। সর্ব।

আপকেওয়াস্তে—[হিঃ অর্থ—আপনারই জন্য। ইহা হইতে] খোশামুদে, চাটুকার। বিণ।

আপক্ক—আধ-পাকা, ডাঁশা; ভাজা। আ পক্ক, প্রাদি। বিণ।

আপখোরাকী—খাইখরচসহ; খোরাকি বাদে। বাংপ্র। বিণ।
আপগা—নদী। উপতৎ; আপ—গম্+ড কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
আপজাত্য—কুলোচিত গুণের অভাব, পূর্ব উৎকর্ষের অভাব, degeneracy. অপজাত+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
আপড়া—মূর্খ, অশিক্ষিত। বাংপ্র। বিণ।
আপণ—১। দোকান; হাট। আ—পণ্+ঘ অধি। ২। বাণিজ্য। আ—পণ্+ঘ ভাব। বি; পুং।
আপণিক—১। দোকান-সম্বন্ধীয়। আপণ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী। ২। দোকানদার। আপণ+ইক তাহা দ্বারা জীবনধারণ করে অর্থে। ৩। বাণিজ্য হেতু দেয় কর শুল্ক প্রঃ। আপণ+ইক সম্বন্ধার্থে। বি; পুং।
আপৎ (আপদ্)—বিপদ্; দুর্যোগ; দুর্ঘটনা; বিরক্তিকর ব্যক্তি বা বিষয়। আ—পদ্+ক্বিপ্ ভাব। বি; স্ত্রী।
আপতন—আগমন; অভিধাবন; পতন; আক্রমণ; নিম্নে অবতরণ; সংঘটন; রেখার উপর বিন্দুর বা সমতলক্ষেত্রের উপর রেখার পতন; আলোকরশ্মি বা তাপ-রেখার কোন বস্তুর পৃষ্ঠোপরি পতন, incidence; আকস্মিক ঘটনা, accident. আ—পত্+অনট্ ভাব। বি; ক্লী।
আপতিক—১। সহসা উপস্থিত; সহসা সংঘটিত, accidental. বিণ। স্ত্রী, -কী। ২। শ্যেনপক্ষী, বাজপাখি। আ—পত্+ই কর্তৃ+কন্ স্বার্থে। বি; পুং।
আপতিত—সহসা পতিত; আগত; সংঘটিত; অবতীর্ণ। আ—পত্+ক্ত কর্তৃ। বিণ।
আপৎকাল—বিপদের সময়, সংকটসময়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
আপত্তি—১। অসম্মতি; বাধা-দান; তর্ক; বিরুদ্ধযুক্তি-প্রদর্শন; বিপদ্; প্রাপ্তি। আ—পদ্+ক্তি ভাব। ২। তিরস্কার। আ—পদ্+ক্তি করণ। বি; স্ত্রী।
আপত্তিকর, -জনক, -যোগ্য—আপত্তির উপযুক্ত, যাহাতে আপত্তি করা উচিত বা করা যাইতে পারে এরূপ। উপতৎ; আপত্তি—কৃ+ট কর্তৃ হেত্বর্থে; ২য় ও ৩য় পক্ষে ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -করী, -জনিকা, -যোগ্যা।
আপদ্—'আপৎ' দ্রঃ।
আপদ—পা পর্যন্ত ('—লম্বিত')। অব্যয়ী। অ।
আপদুদ্ধার—বিপদ্ হইতে পরিত্রাণ। আপৎ হইতে উদ্ধার, ৫মীতৎ। বি; পুং।
আপদ্গ্রস্ত—বিপন্ন। ৩য়াতৎ। বিণ।
আপদ্ধর্ম—বিপৎকালীন কর্তব্য; বিপদের নীতি; আপদ্গৃহীত বা আপৎপালনীয় ধর্ম, মধ্যপ। বি; পুং। [বি; স্ত্রী।
আপদ্বিপদ্—বিপত্তিরাশি, সমূহ বিপৎ। দ্বন্দ্ব।
আপন—নিজ, আত্মীয়। <আত্মন। বিণ।
আপনক, -কি—স্বকীয়। প্রা কপ্র। সর্ব।
আপনপর—আত্মীয়-অনাত্মীয়; শত্রুমিত্র। বাংপ্র। সর্ব।
আপনভোলা—আত্মহারা; নিজের প্রতি যাহার খেয়াল নাই এমন; খেয়ালশূন্য। আপন ভোলে যে, উপতৎ (বাংপ্র)। বিণ।
আপনসর্বস্ব—স্বার্থপর। বাংপ্র। বিণ।
আপনহারা—তন্ময়, একান্ত অভিনিবিষ্ট। বাংপ্র। বিণ।
আপনা—নিজ ("আপনা রাখিলে ব্যর্থ জীবন-সাধনা"—চিত্ত); নিজের। বাংপ্র। সর্ব।
আপনা-আপনি—১। স্বগত, নিজে নিজে; স্বভাবতঃ; পরস্পর। ক্রি-বিণ। ২। আত্মীয়স্বজন। বাংপ্র। সর্ব।
আপনার—১। ভবদীয়; নিজের। সর্ব; সম্ব-৬ষ্ঠী। ২। আত্মীয়। সর্ব; বিশেষণার্থে ৬ষ্ঠী।
আপনার পায়ে কুড়ুল মারা—নিজেই নিজের অনিষ্ট করা। [ধন। বাংপ্র। সর্ব।
আপনি—স্বয়ং; মধ্যমপুরুষের সম্ভ্রমসূচক সম্বো-
আপন্ন—বিপন্ন; প্রাপ্ত। আ—পদ্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।
আপন্নসত্ত্বা—গর্ভবতী। আপন্ন সত্ত্ব যৎ কর্তৃক, বহু+আপ্। বিণ; স্ত্রী।
আপরাহ্নিক—বৈকাল-সংক্রান্ত; অপরাহ্নে সংঘটিত; অপরাহ্নে কর্তব্য। অপরাহ্ন+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।
আপরুচি—নিজের রুচিমত; নিজের ইচ্ছানুযায়ী। হি-মু। বিণ বা ক্রি-বিণ।
আপস—১। আপনা-আপনি মিটানো, অন্যের সাহায্য ব্যতিরেকে মীমাংসিত। বিণ। ২। আপনাআপনি নিষ্পত্তি; রফা, মিটমাট। হি-মু। বি।
আপসানি—'আফসানি' দ্রঃ।
আপসানো—'আফসানো' দ্রঃ।
আপসোস—'আফসোস' দ্রঃ।
আপাং, আপাঙ্গ—চিড়চিড়ে গাছ। <অপামার্গ। বি। [বিণ।
আপাকা—আধপাকা, ডাঁশা; কাঁচা। নঞ্তৎ। বাংপ্র।
আপাঙ্গ—'আপাং' দ্রঃ।
আপাটল—ঈষৎপাটলবর্ণ, অল্প পাটকিলে। আ (ঈষৎ) পাটল, প্রাদি। বিণ।
আপাণ্ডর, আপাণ্ডুর—ঈষৎ পাণ্ডুবর্ণ। আ (ঈষৎ) পাণ্ডর, পাণ্ডুর, প্রাদি। বিণ।
আপাত—১। পতন, সংঘটন; আগমন। আ—পত্+ঘঞ্ ভাব। ২। সেই সময়; কোন কিছু ঘটিবার সময়; প্রথম সময়। আ—পত্+ঘঞ্ অধি। বি; পুং। ৩। প্রথম; প্রকৃত না হইলেও প্রতীয়মান, apparent. বাংপ্র। বিণ।
আপাতক—১। উপস্থিত; তাৎকালিক। বিণ। ২। উপস্থিতমত; এখন, এ সময়। <আপাততঃ। অ।
আপাতকঠিন, -কঠোর—প্রথমে দুরূহ কিন্তু তৎপরে নহে এরূপ। ৭মীতৎ। বিণ।

আপাতগতি—প্রথম দৃষ্টিতে যাহা গতি বলিয়া মনে হয় তাহা, apparent motion. আপাতদৃষ্টা গতি, মধ্যপ। বি; স্ত্রী।

আপাততঃ (-তস্)—প্রথমে, প্রথম-প্রথম; এক্ষণে, সম্প্রতি; বিনা কারণে। আপাত (প্রথম সময়)+৭মী-স্থানে তস্। অ।

আপাতদৃশ্যমান—উপস্থিত যাহা দেখা যাইতেছে এমন। আপাতে দৃশ্যমান, ৭মীতৎ। বিণ।

আপাতদৃষ্টি—প্রথম দর্শন; হঠাৎ দর্শন অর্থাৎ অভিনিবেশশূন্য দর্শন। আপাতে দৃষ্টি, ৭মীতৎ। বি; স্ত্রী।

আপাতমধুর—যাহা প্রথম দৃষ্টিতে বা প্রথম সময়ে সুখকর বোধ হয় কিন্তু পরিণামে নয় এরূপ। ৭মীতৎ। বিণ।

আপাতমনোরম, -মনোহর—আপাতরমণীয়, গোড়ায় ভাল। ৭মীতৎ। বিণ।

আপাতরমণীয়, -রম্য—প্রথমে সুন্দর, গোড়ায় ভাল। ৭মীতৎ। বিণ।

আপাতসুন্দর—গোড়ায় ভাল, যাহা আপাততঃ সুন্দর মনে হয় কিন্তু পরিণামে নয় এরূপ। ৭মীতৎ। বিণ।

আপাদ—পদ হইতে বা পদ পর্যন্ত। অব্যয়ী। ক্রি-বিণ।

আপাদমস্তক—পদ হইতে মস্তক পর্যন্ত; সর্বাঙ্গ। আপাদ মস্তক, সুপ্। ক্রি-বিণ বা বি; ক্লী।

আপান—মদ্যপানভূমি, মদের দোকান। আ—পা+অনট্ অধি। বি; ক্লী।

আপামর—পামর পর্যন্ত সকলেই, নীচ পর্যন্ত সকলেই; নীচ পর্যন্ত। পামর পর্যন্ত, অব্যয়ী। ক্রি-বিণ।

আপামর-সাধারণ—সকল লোক; সকল। সুপ্। বি বা বিণ।

আপিঙ্গ, আপিঙ্গল—ঈষৎ পিঙ্গলবর্ণ, আকপিলবর্ণ। আ (ঈষৎ) পিঙ্গ, পিঙ্গল, প্রাদি। বিণ।

আপিল, আপীল—আবেদন; নিম্ন আদালতের আদেশ বাতিল করিবার জন্য উচ্চতর আদালতে প্রার্থনা। ‹ইং 'appeal'. বি।

আপিস, আফিস—কার্যালয়, কর্মস্থান, দপ্তরখানা। ‹ইং 'office'. বি।

আপিসওয়ালা—আপিসের কর্মচারী। আপিস+ওয়ালা নিযুক্তার্থে (ইং-মু)। বি।

আপীড়ন—ঈষৎ পীড়ন, ক্লেশদান; দৃঢ়বন্ধন; প্রগাঢ় আলিঙ্গন। আ—পীড়্+অনট্ ভাব। বি; ক্লী।

আপীড়িত—নিষ্পেষিত; অতিশয় পীড়িত; দৃঢ়বদ্ধ; প্রগাঢ়ভাবে আলিঙ্গিত; ভূষিত। আ—পীড়্+ক্ত কর্ম। বিণ।

আপীত—যাহা নিঃশেষে পান করা হইয়াছে এরূপ; অল্পপীতবর্ণ পিঙ্গলবর্ণ। আ (সম্যক্, ঈষৎ) পীত, প্রাদি। বিণ। **আপীত হরিৎ**—যে-বর্ণে ঈষৎ হরিদ্রা ও সবুজের মিশ্রণ আছে, yellowish green.

আপীন—১। গরুর বাঁট। আ—প্যায়্+ক্ত কর্তৃ। বি; ক্লী। ২। অল্প মোটা, ঈষৎ স্থূল; সম্পূর্ণ মোটা। আ পীন, প্রাদি। বিণ।

আপীল—'আপিল' দ্রঃ।

আপেক্ষিক—তুলনাকৃত, অপেক্ষাকৃত; সাপেক্ষ; নির্ভরশীল। অপেক্ষা+ইক নিষ্পন্নার্থে। বিণ। স্ত্রী, **-কী**। **আপেক্ষিক গুরুত্ব**—তুল্য-আয়তনবিশিষ্ট পৃথক্ পৃথক্ দ্রব্যের গুরুত্বের বা ওজনের সম্বন্ধ; সম আয়তনবিশিষ্ট জলের সহিত কোন দ্রব্যের তুলনাকৃত ওজন, specific gravity. **আপেক্ষিক তত্ত্ব**—প্রতিটি গতি আপেক্ষিক এবং স্থান কাল জড় পদার্থের চতুর্থ মাত্রা—এই তত্ত্বের উপর প্রতিষ্ঠিত বিজ্ঞানী আইনস্টাইনের মতবাদ, theory of relativity

আপেক্ষিকতা—অন্যের সহিত তুলিত হওয়ার বা অন্যের উপর নির্ভর করার অবস্থা, সাপেক্ষতা, relativity আপেক্ষিক+তা ভাবে। বি; স্ত্রী।

আপেল—আপেল-নামক ফল। ‹ইং 'apple'. বি।

আপোড়া—কাঁচা, যাহা পোড়া নয় এরূপ। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।

আপ্ত—১। বিশ্বাসভাজন ('—জন'); যুক্ত; মঙ্গলযুক্ত; সত্য; প্রকৃত-জ্ঞানবাদী; নিকট আত্মীয়; সম্পূর্ণ; দূষিত; ভ্রমপ্রমাদবিহীন তত্ত্বার্থজ্ঞানী; অভ্রান্ত; প্রামাণিকরূপে গ্রাহ্য, হিতোপদেশক; ব্যাপ্ত। আপ্+ক্ত কর্তৃ। ২। লব্ধ। আপ্+ক্ত কর্ম। বিণ। ৩। ভ্রমপ্রমাদ-বিপ্রলিপ্সা-প্রকৃতিবর্জিত মুনি প্রঃ; বন্ধু। আপ্+ক্ত কর্তৃ। বি; পুং; ৪। (গণিতে) ভাগফল প্রঃ। আপ্+ক্ত কর্ম। বি, ক্লী। ৫। আপন; আত্মীয়; মিত্র। ‹আত্মন্। বিণ।

আপ্তকাম—সফলকাম, পূর্ণমনোরথ। বহু। বিণ।

আপ্তগরজী—অত্যন্ত স্বার্থপর। বাংপ্র। বিণ।

আপ্তদূতী—নায়ক বা নায়িকার নিকট পরস্পরের প্রণয়-নিবেদনে নিযুক্তা স্ত্রীলোক। কর্মধা। বি; স্ত্রী।

আপ্তবন্ধু—১। বিশ্বস্ত সুহৃৎ। কর্মধা। বি; পুং। ২। আপনার লোকজন। আপ্ত (‹আত্মন্) যে বন্ধু, কর্মধা। বি।

আপ্তবাক্য, -বচন—শাস্ত্রবচন; বেদবাক্য; প্রত্যাদেশ। আপ্ত (প্রামাণিকরূপে গ্রাহ্য) বাক্য, বচন, কর্মধা; অথবা, আপ্তদিগের (ভ্রমপ্রমাদাদিশূন্য মুনিগণের) বাক্য, বচন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আপ্তসার—১। আত্মরক্ষা (সাধারণতঃ রোজাদের ভূতের হাত হইতে)। ‹আত্মসংস্কার। বি। ২। স্বার্থপর। বাংপ্র। বিণ।

আপ্তসুখী—আত্মসুখী, যে কেবল আপনার সুখস্বাচ্ছন্দ্যের প্রতি লক্ষ্য রাখে এমন। বাংপ্র। বিণ।

আপ্তি—লাভ; মিলন; সম্বন্ধ; যোগ্যতা; ব্যাপ্তি। আপ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

আপ্যায়ন—১। সন্তোষসাধন; বর্ধন; পোষণ; অভ্যুদয়সাধন। আ—প্যায়্+ণিচ্+অনট্ ভাব। ২। তুষ্টি; স্ফীতি, অভ্যুদয়; পুষ্টি। আ—প্যায়্

+অনট্ ভাব। বি; ক্লী। ৩। বলবর্ধক; পুষ্টিকর; উন্নতিকারক; পরিপূরক; আনন্দবর্ধক। আ—প্যায়্+ণিচ্+অন কর্তৃ। বিণ।
আপ্যায়িত—১। সমাদর দ্বারা পরিতোষিত। আ—প্যায়্+ণিচ্+ক্ত কর্ম। ২। সন্তুষ্ট; বৃদ্ধিপ্রাপ্ত; স্ফীত। আ—প্যায়্+ক্ত কর্তৃ। বিণ।
আপ্রাণ—প্রাণপণপূর্বক ('—চেষ্টা'); প্রাণপাত। বিণ বা ক্রি-বিণ।
আপ্লব, আপ্লাব—স্নান; জলে ভাসিয়া যাওয়া; জলসেচন; উল্লম্ফন; গমন; সম্পূর্ণ আচ্ছাদন। আ—প্লু+অপ্, ঘঞ্ ভাব। বি; পুং।
আপ্লাবন—প্লাবন, জলে ভাসাইয়া দেওয়া। আ—প্লু+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ্—**আপ্লাবিত**।
আপ্লুত—১। স্নাত; জলে ভাসমান; উৎপতিত। আ—প্লু+ক্ত কর্তৃ। বিণ। ২। স্নান; আপ্লাব; উচ্চে লম্ফপ্রদান। আ—প্লু+ক্ত ভাব। বি; ক্লী।
আফগান—১। আফগানিস্তানের অধিবাসী। বি। ২। আফগানিস্তান-সম্বন্ধীয়। ফা। বিণ।
আফগানী—আফগানিস্তানের। আ-মু। বিণ।
আফলন্ত, আফলা—অফলবান্, বাঁজা ('—গাছ'); যাহা ফলে না এমন। বাংপ্র। বিণ।
আফলোদয়—ফলপ্রাপ্তি পর্যন্ত। ফলোদয় পর্যন্ত, অব্যয়ী। ক্রি-বিণ। [বি।
আফসানি, আপসানি—আপসোস; আস্ফালন। বাংপ্র।
আফসানো, আপসানো—আপসোস করা; আস্ফালন করা। বাংপ্র। ক্রি [, বি]।
আফসোস, আপসোস—ক্ষোভ, দুঃখ। ফা। বি।
আফিম, আফিঙ—অহিফেন, পোস্তফলের মাদকনির্যাস। <সং 'অফেন' বা আ-'অফিয়ুন'। বি।
আফিমখোর—যে বেশী আফিম খায়। আফিম+খোর ত্রাসন্তার্থে (বাংপ্র)। বি বা বিণ।
আফুটন্ত—অপ্রস্ফুটিত; অপ্রকাশিত; যাহা ফুটিতেছে না এমন ('—দুধ')। নঞ্‌তৎ (বাংপ্র)। বিণ।
আফোটা—অপ্রস্ফুটিত। নঞ্‌তৎ (বাংপ্র)। বিণ।
আব—দেহের কোন স্থানে উৎপন্ন বর্ধিত মাংসপিণ্ড, tumour. <অর্বুদ। বি।
আবকার, আবগার—মদ্যপ্রস্তুতকারী; মদ্যাদি বিক্রয়কারী; নেশার দ্রব্য প্রস্তুতকারী। ফা। বি।
আবকারি, -গারি—মাদকদ্রব্যের কর; মদ্য ভাঙ্ আফিম প্রঃর উপর ধার্য শুল্ক, excise duty; মাদকদ্রব্যসম্বন্ধীয় বিভাগ। আবকার, আবগার+ই সম্বন্ধার্থে। বি। বিণ, **-কারী, -গারী**।
আবছা, -ছায়া—ভূতপ্রেতাদির ভীতিজনক ছায়ামূর্তি যে কোনও অস্পষ্ট মূর্তি। <অপচ্ছায়া। বি।
আবজানো—ভেজাইয়া দেওয়া, বন্ধ করা ('দুয়ার —')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
আবড়তাবড়—আবোলতাবোল কথা, অসংলগ্ন বাক্য। বাংপ্র। বি।
আবড়াখাবড়া—এবড়োখেবড়ো, অসমান, উঁচুনীচু। বাংপ্র। বিণ।
আবডাল—ব্যবধান, আড়াল। <অন্তরাল। বি।
আবণ্টন—অংশ ভাগ করিয়া দেওয়া, allotment. আ—বণ্ট্+অনট্ ভাব। বি; ক্লী।
আবদার—বায়না, অত্যন্ত জেদ। হি-মু। বি।
আবদারে, আবদেরে—যে আবদার করে এমন; খেয়ালী; আখুটে; অত্যন্ত জেদী। বাংপ্র। বিণ।
আবদ্ধ—আটকানো; আরূঢ়; বন্ধকী; কল্পিত; বিরচিত; সংযুক্ত; পরিহিত; প্রাপ্ত; ব্যাপৃত। আ—বন্ধ্+ক্ত কর্ম। বিণ।
আবরক—আচ্ছাদক। আ—বৃ+অপ্ করণ+কন্ স্বার্থে। বিণ। স্ত্রী, **-রিকা**।
আবরণ—১। আচ্ছাদন; ঢাকা; ঢাকনি; চর্মফলক; ঢাল; প্রাচীর; অবরোধ; ভক্তগণ; পারিষদগণ; চৈতন্যের আববণরূপ অজ্ঞান বিঃ। আ—বৃ+অনট্ করণ। ২। আবৃতকরণ। আ—বৃ+অনট্ ভাব। বি; ক্লী। [ঈপ্। বি; স্ত্রী।
আবরণী—খোল; ঢাকনি। আ—বৃ+অনট্ করণ+
আবরিত—ঢাকা। <আবৃত। বিণ।
আবরু—যথোচিত লজ্জারক্ষা; সতীত্ব; পর্দা; মান; আভিজাত্য; পদ্ধতি। ফা। বি।
আবর্জন—সম্যগ্‌রূপে ত্যাগ; দান; নিক্ষেপ; প্রক্ষেপ; আনমন, নোয়ানো। আ—বর্জি+অনট্ ভাব। বি; ক্লী।
আবর্জনা—১। আবর্জন (সকল অর্থে)। আ—বর্জি+অন ভাব+আপ্। ২। নিক্ষেপণীয় দ্রব্য; জঞ্জাল, ওঁচলা। আ—বর্জি+অন কর্ম+আপ্। বি; স্ত্রী।
আবর্জিত—ত্যক্ত; আনমিত, নোয়ানো; আহৃত; সংযমিত; নিয়মিত। আ—বর্জি+ক্ত কর্ম। বিণ।
আবর্ত—১। মেঘ বিঃ; জলভ্রম; ঘূর্ণিজল; whorl; রাজাবর্তনামক মণি; দেহের মধ্যস্থ আবর্তাকার নাড়ীসন্নিবেশ বিঃ; অশ্বের দশবিধ রোমসংস্থান বিঃ; বোঁটার গায়ে বৃত্তাকারে সংলগ্ন পত্রসমষ্টি। আ—বৃত্+অচ্ কর্তৃ। ২। বিবেচনা; চিন্তা; পরিবর্তন; ঘূর্ণন; আওটানো; ধাতু গলানো। আ—বৃত্+ণিচ্+ঘঞ্ ভাব। বি; পুং।
আবর্তক—১। ঘূর্ণিজল; মেঘ বিঃ; মেরুদণ্ডে যে-সকল অস্থি আছে তাহাদের এক একটি খণ্ড। আবর্ত+কন্ স্বার্থে। বি; পুং। ২। আচ্ছাদক; আবৃত্তিকারক আ—বৃত্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-র্তিকা**।
আবর্তন—ঘূর্ণন, দুগ্ধাদির আলোড়ন, আওটানো; দ্রবীকরণ; গুণন; বারংবার অনুষ্ঠান; পরিভ্রমণ; আবরণ, আচ্ছাদন; ফিরিয়া আসা। আ—বৃত্ (বা বৃত+ণিচ)+অনট্ ভাব। বি; ক্লী।
আবর্তনদণ্ড—ঘোটনকাঠি, মন্থনদণ্ড। মধ্যপ। বি; পুং।
আবর্তনী—১। ধাতুদ্রব্য-দ্রাবণার্থ মৃৎপাত্র, মূচী। আ—বৃত+ণিচ্+অনট্ অধি+ঈপ্। ২। আবর্তনযষ্টি, ঘুটিবার কাঠি। আ—বৃত্+ণিচ্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।

আবর্তবাত্যা—ঘূর্ণিবায়ু, cyclone. আবর্তাকারা বাত্যা, মধ্যপ। বি; স্ত্রী।

আবর্তমান—পুনঃপুনঃ আবর্তনশীল, যাহা ঘুরিতেছে এমন। আ—বৃত্+শানচ্ কর্তৃ। বিণ।

আবর্তিত—আলোড়িত; প্রত্যাবর্তিত; আবৃত্ত; অভ্যস্ত; গুণিত। আ—বর্তি+ক্ত কর্ম। বিণ।

আবলি, আবলী—শ্রেণী, পঙ্ক্তি; সমূহ। আ—বল্+ই ভাব, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

আবলুস—অত্যন্ত কৃষ্ণবর্ণ কঠিন কাষ্ঠ বিঃ, ebony. ‹ফা 'আবনুস'। বি।

আবল্য—অবলতা, দুর্বলতা; জড়তা; তন্দ্রাঘোর। অবল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

আবশ্যক—১। প্রয়োজনীয়; উচিত। অবশ্যম্+অক (বুঞ্) ভবার্থে। বিণ। ২। অবশ্যম্ভাব; প্রয়োজনীয়তা; নিরবকাশত্ব। অবশ্যম্+অক (বুঞ্) ভাবে। বি; ক্লী।

আবশ্যকতা—প্রয়োজন; প্রয়োজনীয়তা। আবশ্যক+তা ভাবে। বি; স্ত্রী।

আবশ্যকীয়—প্রয়োজনীয়। আবশ্যক (২)+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

আবশ্যিক—বাধ্যতামূলক, অবশ্যকরণীয়, compulsory. অবশ্য+ইক। নবগঠিত শব্দ। বিণ।

আবহ—১। (সমাসে কর্মবাচক শব্দের পর) ধারণকারী; জনক; আনয়নকারী; বহনকারী। বিণ। ২। দাতা; জনক; সপ্তবায়ুর অন্তর্গত বায়ু বিঃ, ভূবায়ু; জলবায়ু, weather. আ—বহ্+অচ্ কর্তৃ। বি; পুং।

আবহচিত্র—যে নকশায় আবহাওয়ার অবস্থা বিশ্লেষণ করা হয় তাহা, weather chart. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [অনট্ ভাব। বি; ক্লী।

আবহন—উৎপাদন; বহন; আনয়ন। আ—বহ্+

আবহবার্তা—আবহাওয়ার খবর, weather report. মধ্যপ। বি; স্ত্রী।

আবহবিজ্ঞান, -বিদ্যা—বায়ুমণ্ডলসংক্রান্ত বিদ্যা, meteorology. মধ্যপ। বি; ক্লী, স্ত্রী।

আবহমণ্ডল—বায়ুমণ্ডল, পৃথিবীর বায়বীয় আবরণ, atmosphere. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আবহমান—ক্রমাগত ('—কাল'); চিরপ্রচলিত, যাহা চলিয়া আসিতেছে এমন। আ—বহ্+শানচ্ কর্তৃ। বিণ।

আবহসংগীত—অভিনয়ের সময়ে দর্শকের চোখের আড়ালে কৃত সংগীত, background music. বি; ক্লী।

আবহ-সংবাদ—জলঝড়বায়ুর গতি ইঃ বিষয়ক বিবরণ, meteorological report. আবহ-সংক্রান্ত সংবাদ, মধ্যপ। বি; পুং।

আবহাওয়া—জলবায়ু, climate. আব্ (ফা=জল) ও হাওয়া (আ=বায়ু), দ্বন্দ্ব। বি।

আবা—১। গলা হইতে হাঁটু পর্যন্ত ঢিলা জামা। আ। বি। ২। মুখে বাবার করতল দিয়া উচ্চারিত আবা-আবা শব্দ। বাংপ্র। অ।

আবাঁধা—অবদ্ধ, খোলা; আলুলায়িত ('—চুল'); যাহা মলাট দিয়া বাঁধানো হয় নাই এমন ('—খাতা')। নঞ্‌তৎ (বাংপ্র)। বিণ।

আবাগী—হতভাগিনী, পোড়াকপালী। ‹অভাগী। বিণ; স্ত্রী।

আবাগে, আবাগা—হতভাগা; দুর্দান্ত, দুষ্ট। ‹অভাগা। বিণ; পুং।

আবাছা—অপরিষ্কৃত; অপৃথক্‌কৃত; অনির্বাচিত। নঞ্‌তৎ (বাংপ্র)। বিণ।

আবাটা—অপেষিত। নঞ্‌তৎ (বাংপ্র)। বিণ।

আবা-থাবা—১। তাড়াতাড়ি, যে কোন রকমে। ক্রি-বিণ। ২। সংক্ষিপ্ত; সংকীর্ণ; অবিস্তীর্ণ। ‹অবিস্তারতা। বিণ।

আবাদ—১। চষা ('—জমি')। বিণ। ২। চাষ; চাষ-করা জমি। ফা। বি।

আবাদী—১। বাসস্থান; যে বিস্তৃত ভূখণ্ডের জঙ্গল পরিষ্কার করিয়া চাষের ব্যবস্থা করা হইয়াছে; গ্রামের সমীপবর্তী স্থান। বি। ২। চষা; আবাদের উপযোগী। আবাদ+ঈ যোগ্যার্থে, কৃতার্থে। বিণ।

আবাপন—নাটাই বা চরকায় সুতা জড়ানো, reeling. আ—বপ্+ণিচ্+অনট্ করণ। বি; ক্লী।

আবার—পুনর্বার; আবও, অধিকন্তু; এবং; সাবধানকরণ ও সন্দেহ প্রশ্ন ইঃ-সূচক শব্দ। ‹অপর। অ।

আবাল—১। বালক হইতে আরম্ভ করিয়া; বালক পর্যন্ত। অব্যয়ী। ক্রি-বিণ। ২। আলবাল। আ—বল্+ঘঞ্ করণ। বি; ক্লী।

আবালবৃদ্ধ—বালক হইতে বৃদ্ধ পর্যন্ত সকলেই। আবাল বৃদ্ধ, সুপ্। বি; পুং।

আবালবৃদ্ধবনিতা—বালক ও বৃদ্ধ হইতে স্ত্রীলোক পর্যন্ত সকলেই। আবালবৃদ্ধ বনিতা, সুপ্। বি; স্ত্রী।

আবাল্য—বাল্যকাল হইতে আরম্ভ করিয়া, বাল্যাবধি। বাল্য হইতে আরম্ভ করিয়া, অব্যয়ী। ক্রি-বিণ।

আবাস—১। বাসস্থান; গৃহ। আ—বস্+ঘঞ্ অধি। ২। থাকা। আ—বস্+ঘঞ্ ভাব। বি; পুং।

আবাসিক—১। রক্ষণাবেক্ষণের ভারপ্রাপ্ত ব্যক্তি, care-taker. বি; পুং। ২। ছাত্রাবাসে বাসকারী ('—ছাত্র'); অধিবাসী, resident. আবাস+ইক আছে অর্থে। বিণ।

আবাহন—আহ্বান; নিমন্ত্রণ; মন্ত্রোচ্চারণপূর্বক হস্তের প্রক্রিয়া বিঃ দ্বারা যজ্ঞস্থলে দেবতাদের আমন্ত্রণ। আ—বাহি+অনট্ ভাব। বি; ক্লী।

আবাহনী—দেবতার আহ্বানার্থ মুদ্রা বিঃ অভ্যর্থনা-সংগীত, আবাহন-গীতি। আ—বাহি+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।

আবাহিত—আহূত; নিমন্ত্রিত। আ—বাহি+ক্ত কর্ম। বিণ।

আবির—লোহিতচূর্ণ বিঃ, ফাগ। ‹আবীর। বি।

আবিরখেলা—হোলি উৎসবে পরস্পরের দেহে আবির নিক্ষেপ। বাংপ্র। বি।

আবির্ভবন—আবির্ভাব, প্রকাশিত হওয়া; জন্ম। আবিস্—ভূ+অনট্ ভাব। বি; ক্লী।
আবির্ভাব—উদয়; প্রকাশ; অবতরণ; অধিষ্ঠান ('দেবতার—'); উদ্ভব; প্রাদুর্ভাব। আবিস্—ভূ+ঘঞ্ ভাব। বি; পুং।
আবির্ভূত—প্রকাশিত, অধিষ্ঠিত; অবতীর্ণ; উৎপন্ন। আবিস্—ভূ+ক্ত কর্তৃ। বিণ।
আবিল—কলুষিত; ঘোলা; আকুল; সন্দিগ্ধ। আ—বিল্+ক কর্তৃ। বিণ।
আবিষ্করণ—আবিষ্কার। আবিস্—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।
আবিষ্করণীয়, -ষ্কার্য—যাহার আবিষ্কার করিতে হইবে এরূপ, যাহার আবিষ্কার করা উচিত বা আবশ্যক এরূপ। আবিস্—কৃ+অনীয়, যৎ কর্ম। বিণ।
আবিষ্কর্তা (-ষ্কর্তৃ)—আবিষ্কারকারী, নূতন প্রকাশক। আবিস্—কৃ+তৃন্ কর্তৃ। বিণ বা বি। স্ত্রী, **-ষ্কর্ত্রী**।
আবিষ্কার, -ষ্ক্রিয়া—নবপ্রকাশ, অপ্রকাশিত বা অপরিজ্ঞাত বিষয়ের প্রথম জ্ঞান বা জ্ঞাপন। আবিস্—কৃ+ঘঞ্ ভাব; আবিস্—কৃ+শ ভাব+আপ্। বি; পুং, স্ত্রী।
আবিষ্কারক—আবিষ্কর্তা। আবিস্—কৃ+ণক কর্তৃ। বিণ বা বি। স্ত্রী, **-রিকা**।
আবিষ্কৃত—প্রকটিত; নবপ্রকাশিত; উদ্ভাবিত। আবিস্—কৃ+ক্ত কর্ম। বিণ।
আবিষ্ক্রিয়া—'আবিষ্কার' দ্রঃ।
আবিষ্ট—১। ভূতাদিকর্তৃক অধিকৃত; ব্যাপ্ত; প্রবেশিত। আ—বিশ্+ক্ত কর্ম। ২। যাহার আবেশ হইয়াছে এরূপ; অভিনিবিষ্ট। আ—বিশ্+ক্ত কর্তৃ। বিণ। [কর্ম। বি; পুং।
আবীর—রঞ্জনদ্রব্য বিঃ, ফাগ। আ—বি—ঈর্+ঘঞ্
আবীরচূর্ণ—ফাগ, ফল্গু। কর্মধা। বি; পুং।
আবৃত—বেষ্টিত; বলয়িত; বিস্তারিত; রুদ্ধ; ঢাকা; তিরোহিত; অজ্ঞানাচ্ছন্ন; ব্যাপ্ত; পূরিত। আ—বৃ+ক্ত কর্ম। বিণ।
আবৃতি—১। আবরণ; অন্তর্ধান; বেষ্টন। আ—বৃ+ক্তি ভাব। ২। প্রাচীর, বেড়া। আ—বৃ+ক্তি করণ। ৩। বেষ্টিত স্থান। আ—বৃ+ক্তি কর্ম। বি; স্ত্রী।
আবৃত্ত—১। পঠিত; পুনঃপুনঃ অভ্যস্ত; গুণিত; পৌনঃপুনিক, recurring. আ—বৃত্+ক্ত কর্ম ণিজন্ত অর্থে। ২। যে ফিরিয়া আসিয়াছে এরূপ; প্রতিনিবৃত্ত। আ—বৃত্+ক্ত কর্তৃ। বিণ। **আবৃত্ত দশমিক**—যে দশমিক ভগ্নাংশে এক বা ততোধিক অঙ্ক পুনঃপুনঃ উপস্থিত হয় তাহা, recurring decimal.
আবৃত্তি—অধীত বিষয়ের শুদ্ধ উচ্চারণ বা পঠন; অভ্যাস; গুণন; আগমন; পুনরাগমন; ছন্দ ভাব ইঃর ব্যঞ্জনা করিয়া পাঠ ('কবিতা—করা')। আ—বৃত্+ক্তি ভাব। বি; স্ত্রী।
আবেগ—চিত্তের ব্যাকুলতা, উদ্বেগ; ভাবের উচ্ছ্বাস; ভাবাবেশ; বেগ; শীঘ্রতা। আ—বিজ্+ঘঞ্ ভাব। বি; পুং।
আবেদক—নিবেদক; প্রার্থয়িতা; যে নালিশ করে। আ—বিদ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-দিকা**।
আবেদন—নিবেদন; অভিযোগ; প্রার্থনা; দরখাস্ত, application: মনে ভাব জন্মানো। আ—বিদ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
আবেদনপত্র—লিখিত প্রার্থনা; বিচারালয়ে উপস্থাপিত অভিযোগপত্র, আর্জি। ষষ্ঠীতৎ। বি; ক্লী।
আবেদনীয়—বিজ্ঞাপ্য; নিবেদনীয়; প্রার্থনীয়। আ—বিদ্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।
আবেদিত—নিবেদিত; প্রার্থিত; বিজ্ঞাপিত; অভিযুক্ত। আ—বিদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
আবেদ্য—আবেদনীয়। আ—বিদ্+ণিচ্+যৎ কর্ম। বিণ।
আবেধ্য—বেধনযোগ্য, ছিদ্রকরণীয়। আ—ব্যধ্+ণ্যৎ কর্ম। বিণ।
আবেশ—বিহ্বলতা; আবেগ; আসক্তি; অহংকার বিঃ, সংরম্ভ; আটোপ; অধিষ্ঠান; অনুপ্রবেশ; অপস্মার রোগ; ভূতাদির আবেশরূপ রোগ; ভূতসঞ্চার; আয়ত্তীকরণ; চিত্ত-অধিকার; অভিনিবেশ; অনুরাগ; সঞ্চার; বিপরীত তাড়িত পদার্থদ্বয়ের সন্নিধাপন দ্বারা তড়িৎ সঞ্চার, induction. আ—বিশ্+ঘঞ্ ভাব। বি; পুং।
আবেশন—১। শিল্পাগার; সূর্যাদির পরিধি। আ—বিশ্+অনট্ অধি। ২। প্রবেশ; ভূতাবেশ। আ—বিশ্+অনট্ ভাব। বি; ক্লী।
আবেষ্টক—প্রাচীর, বেড়া। আ—বেষ্ট্+ণক কর্তৃ। বি; পুং।
আবেষ্টন—ঘিরিয়া ধরা; আলিঙ্গন; চতুর্দিকের অবস্থা; ঘের; বেড়া। আ—বেষ্ট্+অনট্ ভাবে, করণ। বি; ক্লী। বিণ—**আবেষ্টিত**।
আবেষ্টনী—পারিপার্শ্বিক অবস্থা, environment; পরিধি; বৃত্ত; ঘেরা বেড়া। আবেষ্টন+ঈপ্ স্ত্রী। বি; স্ত্রী।
আবোল-তাবোল—অসংবদ্ধ প্রলাপ, পরস্পর সম্বন্ধশূন্য কথা, যা-তা কথা। বাংপ্র। বি।
আব্বা—পিতা। আ। বি; পুং। সম্মান-প্রদর্শনে—**আব্বাজান**।
আব্রহ্মস্তম্ব—ব্রহ্ম হইতে আরম্ভ করিয়া তৃণগুচ্ছ পর্যন্ত; মহত্তম বস্তু হইতে আরম্ভ করিয়া নিকৃষ্টতম বস্তু পর্যন্ত। ব্রহ্ম অবধি, অব্যয়ীভাব; আব্রহ্ম স্তম্ব, সুপ্। বি; পুং।
আব্রু—আবরু (তাহা দ্রঃ)।
আভরণ—১। গহনা। আ—ভৃ+অনট্ কর্ম। ২। সম্যক্ পোষণ। আ—ভৃ+অনট্ ভাব। বি; ক্লী।
আভরিত—ভূষিত আভরণযুক্ত। বাংপ্র। বিণ।
আভা—প্রভা, কান্তি; শোভা; সাদৃশ্য; উপমা। আ—ভা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

আভাং—ভাল করিয়া তেল মাখা। ＜অভ্যংগ। বি।
আভাঙা, আভাংগা—অটুট, সমগ্র, গোটা। নঞ্‌তৎ। বাংপ্র। বিণ।
আভাষ—উপক্রমণিকা, ভূমিকা; অনুষ্ঠান; প্রবেশিকা; সম্ভাষণ। আ—ভাষ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।
আভাষণ—সম্ভাষণ, আলাপ; কথাবার্তা; উক্তি। আ—ভাষ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।
আভাষিত—সম্ভাষিত; কথিত; প্রসাদিত। আ—ভাষ্‌+ক্ত কর্ম। বিণ।
আভাস—ইঙ্গিত; জ্যোতিঃ; প্রভা; প্রতিবিম্ব; উদ্দেশ্য; উপমা; তুল্যতা; (ন্যায়শাস্ত্রে) প্রতিবিম্বাদির ন্যায় অবাস্তবস্বরূপ অবিদ্যাকার্য, মিথ্যাবুদ্ধি; ফাঁকি, কুতর্ক; অবতারণা। আ—ভাস্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।
আভাসমান—প্রতীয়মান; দীপ্যমান; যাহা ব্যক্ত হইতেছে এরূপ। আ—ভাস্‌+শানচ্‌ কর্তৃ। বিণ।
আভিজন—কৌলীন্য, পদবী, মর্যাদাপরিচয়। অভিজন+অণ্‌ ভাবে। বি; ক্লী।
আভিজাতিক—অভিজাত-সম্বন্ধীয়; বংশঘটিত, কৌলিক। অভিজাত+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী। **আভিজাতিক চিহ্ন**—কৌলীন্য পরিচায়ক নিদর্শন, কুলজী, heraldry.
আভিজাত্য—কৌলীন্য, বংশমর্যাদা; পাণ্ডিত্য; লজ্জা। অভিজাত+ষ্যঞ্‌ ভাবে। বি; ক্লী।
আভিধানিক—শব্দার্থগ্রন্থে লিখিত বা ব্যবহৃত, অভিধান-সংক্রান্ত। অভিধান+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।
আভিমুখ্য—অভিমুখীনত্ব, সম্মুখবর্তিতা; সাহায্য; প্রসাদ; দয়া। অভিমুখ+ষ্যঞ্‌ ভাবে। বি; ক্লী।
আভীর—গোয়ালা; মগধের রাজবংশ বিঃ; (পৌরাণিক) দেশ বিঃ; আভীর-দেশবাসী। আ—অভি—ঈর্‌+অচ্‌ কর্তৃ। বি; পুং।
আভীর-পল্লি, -পল্লী—ঘোষপল্লী, গোয়ালাপাড়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
আভীরী—আহীরিণী, গোয়ালিনী; রাগিণী বিঃ। আভীর+ঈপ্‌। বি; স্ত্রী।
আভূতল, -ভূমি—মাটি পর্যন্ত, মাটি স্পর্শ করিয়া ('—প্রণত')। অব্যয়ী। ক্রি-বিণ।
আভোগ—সম্পূর্ণতা; ঈষৎ ভোগ, উপভোগ; প্রয়াস; সংগীতালাপের চতুর্থ চরণ; গানসমাপ্তি; কবিনামযুক্ত ভণিতা [উদাহরণ,—"বিন্ধিবেক লক্ষ্য এই লয় মোর মনে। ইথে কি সংশয় আর কাশীদাস ভণে।"]; বিস্তার; বরুণচ্ছত্র, সর্পফণা। আ—ভুজ্‌+ঘঞ্‌ ভাব, কর্ম, করণ। বি; পুং।
আভ্যন্তর, আভ্যন্তরিক—অভ্যন্তরসম্বন্ধীয়, অভ্যন্তরজাত; মানসিক; বাহ্যেতর। অভ্যন্তর+অণ্‌, ইক সম্বন্ধার্থে, ভবার্থে। বিণ। স্ত্রী, -রী, -কী।
আভ্যন্তরীণ—মধ্যস্থ, অন্তর্বর্তী। অভ্যন্তর+ঈন ভবার্থে (ব্যাক 'অভ্যন্তরীণ')। বিণ।
আভ্যুদিত—বিবাহাদি শুভকার্যের পূর্বে অভ্যুদয়-নিমিত্ত শ্রাদ্ধ। ＜আভ্যুদয়িক। বি।

আভ্যুদয়িক—১। কল্যাণজনক; শুভকার্যসম্বন্ধীয়; উন্নতিকর; কল্যাণলাভার্থ অবশ্যকরণীয়। বিণ। স্ত্রী, -কী। ২। বিবাহাদি শুভ ক্রিয়ার পূর্বে পিতৃপিতামহ প্রভৃর তৃপ্তির উদ্দেশে কর্তব্য শ্রাদ্ধ-কার্য। অভ্যুদয়+ইক জননার্থে। বি; ক্লী।
আম—১। রসালফল। ＜আম্র। বি। ২। অগ্নিতে অপক্ব, অসিদ্ধ; অপরিণত; কাঁচা। আ—অম্‌+ঘঞ্‌ কর্ম। বিণ। ৩। অজীর্ণরোগ; আমাতিসার রোগ; রোগমাত্র। ＜আমাশয়। বি; পুং। ৪। সাধারণ, জনসাধারণের। আ। বিণ।
আম-আচার—সর্ষপাদিসংযোগে প্রস্তুত আমের চাটনী, কাসুন্দী। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
আম-আদা—আম্রগন্ধি একপ্রকার হরিদ্রাজাতীয় মূল। আমসদৃশ আদা, মধ্যপ (বাংপ্র)। বি।
আমগন্ধি—দুর্গন্ধ; অপক্ব মাংসাদির গন্ধযুক্ত। আমের গন্ধের ন্যায় গন্ধ যাহার, বহু (ই-আগম)। বাংপ্র। বিণ। [বি।
আমচুর—কাঁচা আমের শুষ্ক ফালি। ＜আম্রচূর্ণ।
আমড়া—অম্লফল বিঃ। ＜আম্রাতক। বি।
আমড়াগাছি—অত্যধিক তোষামোদ ('—করা')। বাংপ্র। বি।
আমড়াগেছে—১। তোষামোদে আত্মবিস্মৃত, অযথা প্রশংসায় গর্বিত। বিণ। ২। চাটুবাক্য বলা, তোষামোদ। বাংপ্র। বি।
আমতা-আমতা—স্পষ্ট করিয়া না বলা, ইতস্ততঃ করা। বাংপ্র। বি।
আমতেল—মসলামাখানো তেলে ভেজা আমের আচার। বাংপ্র। বি।
আমদরবার—প্রকাশ্য সভা; বিচারার্থ সাধারণ দরবার বা রাজসভা। আম (সাধারণ) দরবার, কর্মধা। ফা। বি; ক্লী।
আমদা—সুলভ; অধিক, প্রচুর। ফা। বিণ।
আমদানি—আসা; আয়; অন্যদেশ হইতে বাণিজ্য-দ্রব্যাদি আনয়ন, import. ফা। বি। বিণ—**আমদানী**।
আমদানি-রপ্তানি—মাল লইয়া আসা এবং চালান দেওয়া। ফা। বি।
আমধুর—ঈষৎ মিষ্ট। প্রাদি। বিণ।
আমন—হৈমন্তিক ধান্য। ＜হৈমন। বি।
আমন্ত্রণ, -ণা—সম্বোধন; আহ্বান, নিমন্ত্রণ; অভিনন্দন; কামাচারানুজ্ঞা; পরস্পর মন্ত্রণাকরণ, পরামর্শ; বিদায়-প্রদান; নিয়োজন। আ—মন্ত্রি+অনট্‌ ভাব; পক্ষে অন ভাব+আপ্‌। বি; ক্লী, স্ত্রী।
আমন্ত্রয়িতা (-য়িতৃ)—আমন্ত্রণকর্তা; আহ্বানকারক; পরামর্শদাতা; নিয়োজক; বিদায়-প্রদানকারী। আ—মন্ত্রি+তৃন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িত্রী।
আমন্ত্রিত—সম্বোধিত; আহূত; অভিনন্দিত; নিয়োজিত; বিদায়প্রাপ্ত, যাহাকে বিদায় দেওয়া হইয়াছে এমন। আ—মন্ত্রি+ক্ত কর্ম। বিণ।

আমবাত—চুলকানির মত রোগ বিঃ, nettlerash. আমজনিত বাত, মধ্যপ। বি; পুং।
আমবিকার—আমরসোৎপন্ন রোগ বিঃ; আমাশয়। আমজনিত বিকার, মধ্যপ। বি; পুং।
আমমোক্তার—সর্বপ্রকার বৈষয়িক কার্য সম্পাদনের জন্য আইন-অনুসারে নিযুক্ত প্রতিনিধি, attorney. <আম (আ) মুখ্তার (ফা)। বি।
আমমোক্তারনামা—যে-দলিল দ্বারা আমমোক্তারকে ক্ষমতা অর্পণ করা হয় তাহা, power of attorney. আমমোক্তার (আ-ফা)+নামা (ফা)। বি।
আময়—রোগ। আম—যা+ক ঘঞর্থে করণ। বি; পুং।
আমদা—অপর্যাপ্ত, প্রভূত, প্রচুর। <ফা 'আমাদাহ'। বিণ।
আময়িক—রোগসম্বন্ধীয়; রোগচিকিৎসার্থে ঔষধপ্রয়োগবিষয়ক। আময়+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।
আ-মর—বিরক্তি ক্রোধ ইঃ ব্যঞ্জক উক্তি। বাংপ্র। অ।
আমরক্ত—উদরাময় বিঃ, রক্তমিশ্র আমস্রাবের পীড়া; রক্তামাশয়, blood dysentery. আমযুক্ত রক্ত যাহাতে, বহু। বি; ক্লী।
আমরণ—মৃত্যু পর্যন্ত। মরণ পর্যন্ত, অব্যয়ী। ক্রি-বিণ।
আমরস—ভুক্তপদার্থ হইতে উৎপন্ন অপক্ব রস, কাঁচা রস। কর্মধা। বি; পুং।
আমরা—'আমি' শব্দের বহুবচন। বাংপ্র। সর্ব।
আ-মরি—আহামরি, প্রশংসা বিদ্রূপ বিস্ময় সমবেদনা-সূচক শব্দ। বাংপ্র। অ।
আমরুল—অম্ল-শাক বিঃ। <অম্ললোনী। বি।
আমর্শ, আমর্শন—স্পর্শ, ছোঁওয়া; ধর্ষণ; পরামর্শ; চিন্তা। আ—মৃশ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী। [বি; পুং।
আমর্ষ—ক্রোধ; ক্ষমাহীনতা। অমর্ষ+অণ্ স্বার্থে।
আমল—অধিকারকাল, শাসনসময় ('ইংরেজের —'); রাজার অধিকার, দখল। আ। বি। **আমল দেওয়া**—অধিকারী বলিয়া স্বীকার করা; গ্রাহ্য করা; প্রশ্রয় দেওয়া; কাহারও কথায় কান দেওয়া। **আমলে আনা**—কার্যে পরিণত করা; কাজ হাতে লওয়া বা আরম্ভ করা; গ্রাহ্য করা। **মান্ধাতার আমল**—অতি প্রাচীন কাল।
আমলক, আমলকী—১। আমলকীনামক প্রসিদ্ধ বৃক্ষ। বি; পুং, স্ত্রী। ২। আমলকী বৃক্ষের ফল, আমলা। আ—মল্+অক কর্ম; পক্ষে+ঈপ্। বি; ক্লী, স্ত্রী।
আমলনামা—জমি কিংবা অন্য বিষয়ে অধিকার বা দখল দিবার জন্য লিখিত আজ্ঞাপত্রাদি। আমল (আ)+নামা (ফা)। বি।
আমলা—১। আমলকী ফল। <আমলক। ২। বেতনভোগী কর্মচারী; রাজকর্মচারী; কেরানী। <আ 'আমিল'। বি।
আমলাতন্ত্র—রাজকর্মচারীদিগের ইচ্ছানুরূপ শাসন, bureaucracy. আমলা-পরিচালিত তন্ত্র, মধ্যপ। বি; ক্লী।
আমলানো—ক্রমশঃ বেদনাযুক্ত হওয়া; টক-গন্ধ ও অম্লফেনযুক্ত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
আমলেট—মৎস্য বিঃ; ডিমের বড়া বিঃ। বাংপ্র। বি।
আমশূল—উদরে সঞ্চিত আমজন্য শূলবেদনা। আমজনিত শূল, মধ্যপ। বি; পুং।
আমসত্ত্ব—সূর্যতাপে শুষ্ক আম্ররস। <আম্রসত্ত্ব বা আম্রাবর্ত। বি।
আমসি—রৌদ্রে শুষ্ক কাঁচা আমের খণ্ডসমূহ, আমচুর। <আম্রপেশী। বি।
আমহরিদ্রা—আম-আদা। আম (<আম্র)-সদৃশী হরিদ্রা, মধ্যপ। বি।
আমা—১। কাঁচা বা অসম্পূর্ণ পোড়ের ইট। বাংপ্র। বি। ২। অদগ্ধ, কাঁচা ('— ইট')। আম+আপ্। বিণ। ৩। আমি; আমাকে। <অহম্। সর্ব।
আমাতিসার, আমাতীসার—অতিসার বিঃ, আমাশয় রোগ, dysentery. আমযুক্ত অতিসার, অতীসার, মধ্যপ। বি; পুং।
আমানত—১। জমা; গচ্ছিত। বিণ। ২। গচ্ছিত টাকা বা অন্য জিনিস। আ। বি। **আমানত করা**—জমা দেওয়া।
আমানতী—গচ্ছিত। আ-মু। বিণ।
আমানি—কাঁজি, পান্তা ভাতের জল। বাংপ্র। বি।
আমান্ন—তণ্ডুল; আরাধা আতপ চাউল। কর্মধা। বি; ক্লী।
আমার—নিজের; নিজের অধিকৃত; আত্মীয়। 'আমি'-শব্দের ৬ষ্ঠীর ১বচন। সর্ব।
আমাশয়—১। উদরমধ্যস্থ আমরসের স্থান, পাকস্থলী, stomach. ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। আম নির্গত হওয়া; রোগ বিঃ, dysentery. বাংপ্র। বি।
আমি—বক্তা স্বয়ং; অহংকার; পরমাত্মা; ব্যক্তিসত্তা ('ছোট —', 'বড় —')। <অস্মদ্ বা অস্মি। সর্ব, উত্তমপুরুষ।
আমিক্ষা, আমীক্ষা—ছানা। আ—মিষ্+সক্ কর্ম, সংজ্ঞার্থে+আপ্। বি; স্ত্রী।
আমিত্ব—আমি করি বা আমি প্রধান—এইরূপ ভাব; অহংকার। আমি+ত্ব ভাবে। বি।
আমিত্ববোধ—আমিত্বের জ্ঞান; নিজের মধ্যে কি আছে তাহা বিশেষরূপে জানা; অহংকার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
আমিন, আমীন—১। জমিজরিপকার্যে নিযুক্ত কর্মচারী; সত্যবাদী; সাধু। বি। ২। স্বস্তিবচন (উপাসনার শেষে ইহা উচ্চারিত হয়)। আ-মু বা <হিং 'amen'. অ।
আমিনি—আমিনের পদ বা কাজ। আমিন+ই কর্মার্থে (আ-মু)। বি।
আমির, আমীর—সম্ভ্রান্ত ধনী মুসলমান; রাজসভাসদ্; সম্ভ্রান্ত ব্যক্তি; ধনী; রাজা, শাসনকর্তা। আ। বি।
আমির-উমরাহ্—'আমীরওমরাহ' দ্রঃ।

আমিরি—১। আমিরের কার্য, শাসনকার্য, উচ্চ চাল-চলন, নবাবি। আমির+ই ভাবে (আ-মু)। বি। **আমিরি করা**—বড়মানুষি করা; বড় বড় চাল দেখানো; ঐশ্বর্যভোগ করা।

আমিরী—আমীরের যোগ্য; যাহা ধনী লোকের পক্ষে সাজে এমন। আমির+ঈ যোগ্যার্থে (আ-মু)। বিণ।

আমিষ—মাংস; মৎস্যমাংস; ভোগ্যবস্তু; লোভনীয় বস্তু; ঘুষ; রূপাদিবিষয়; সুন্দর বস্তু। আ—মিষ্‌+ক কর্তৃ। বি; পুং বা ক্লী।

আমিষপ্রিয়—মৎস্যমাংসপ্রিয়, মৎস্যমাংসভক্ষণেচ্ছু। বহু। বিণ।

আমিষভোজী (-জিন্)—মৎস্য-মাংসাশী; মাংস-লোলুপ। উপতৎ; আমিষ—ভুজ্‌+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভোজিনী**।

আমিষাশী (-শিন্)—মৎস্যমাংসভক্ষক। উপতৎ; আমিষ্‌—অশ্‌+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শিনী**।

আমীক্ষা—'আমিক্ষা' দ্রঃ।

আমীন—'আমিন' দ্রঃ।

আমীর—'আমির' দ্রঃ।

আমীরওমরাহ, আমিরওমরাহ—বড় লোক; সম্ভ্রান্ত ধনী লোকেরা; আমীর ও তাঁহার তুল্য বা তাঁহার অব্যবহিত নিম্নপদস্থ লোক। দ্বন্দ্ব (আ)। বি।

আমুদিত—হৃষ্ট, আনন্দিত। আমুদা+ইত জাতার্থে। বিণ।

আমুদে—সদানন্দ, আমোদপ্রিয়, কৌতুকপ্রিয়। আমোদ+এ (<ইয়া) শীলার্থে। বাংপ্র। বিণ।

আমূল—প্রথমাবধি, গোড়া হইতে ('—পরিবর্তন')। মূল অবধি, অব্যয়ী। ক্রি-বিণ।

আমেজ—সামান্য প্রকাশ, বেশ; আবেশ; আভাস; অনুভব। ফা। বি।

আমোদ—১। হর্ষ; উৎসব। আ—মুদ্‌+ঘঞ্ ভাব। ২। কৌতুক; অতি দূরগামী গন্ধ; অতি সুগন্ধ। আ—মুদ্‌+ঘঞ্ করণ। বি; পুং।

আমোদ-আহ্লাদ, -প্রমোদ—বহুজনের মিলিত উৎসব। দ্বন্দ্ব। বি; পুং।

আমোদপ্রিয়—কৌতুকপ্রিয়, যে আমোদ ভালবাসে এরূপ। বহু। বিণ।

আমোদিত—আনন্দিত; মনোহর; সুগন্ধে পূর্ণ। আমোদ+ইত জাতার্থে। বিণ। **বি—আমোদন**।

আমোদী (-দিন্)—১। হৃষ্ট; সানন্দ; গন্ধযুক্ত। আমোদ+ইন্ আছে অর্থে। ২। আমোদপ্রিয়; সুগন্ধজনক। আ—মুদ্‌+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-দিনী**।

আম্বা—আস্ফালন, স্পর্ধা; উৎসাহ, উদ্যম; দুরাশা; পরাক্রম; আড়ম্বর। বাংপ্র। বি।

আম্মা—মাতা, মা ("আম্মা গো লাল তেরি লাল কিয়া খুনিয়া"—নজরুল)। <অম্বা। বি। সসম্ভ্রমে—**আম্মাজান**।

আম্র—১। আম গাছ। বি; পুং। ২। আম ফল। আম্র+অণ্ স্বার্থে। বি; ক্লী।

আম্রকানন, -বণ—আম্রোদ্যান, আমগাছের বাগান। ৬ষ্ঠীতৎ। বি, ক্লী।

আম্রকুঞ্জ—আম্রবৃক্ষতলস্থিত ছায়াময় স্থান। আম্র-মধ্যস্থ কুঞ্জ, মধ্যপ। বি; পুং বা ক্লী।

আম্রবন—আমবাগান। <আম্রবণ। বি।

আম্রমুকুল—চূতমঞ্জরী, আমের বোল। ৬ষ্ঠীতৎ। বি, ক্লী।

আম্রাত, আম্রাতক—১। আমড়াগাছ। উপতৎ; আম্র—অত্‌+অণ্, ণক কর্তৃ। বি; পুং। ২। আমড়া-ফল। আম্রাত, আম্রাতক+অণ্ জাতার্থে। বি; ক্লী। [বহু। বিণ।

আম্ল—অম্লরসযুক্ত। আ (সম্যক্) অম্ল যাহাতে,

আয়—উপস্বত্ব, অর্থলাভ; প্রাপ্তি, লাভ; রোজগার। আ—ই বা অয়্‌+ঘঞ্ ভাব বা অচ্ কর্তৃ। বি; পুং।

আয়কর—১। অর্থকারক; লাভজনক। উপতৎ; আয়—কৃ+ট কর্তৃ হেত্বর্থে। বিণ। স্ত্রী, **-রী**। ২। উপার্জিত অর্থের উপর ধার্য রাজকর, income-tax. আয়নিমিত্তক কর, মধ্যপ। বি; পুং।

আয়ত—১। দীর্ঘ; বৃহৎ; দূর; বৃদ্ধিপ্রাপ্ত। আ—যম্‌+ক্ত কর্তৃ। ২। প্রসারিত ('—নেত্র'); আকৃষ্ট, সংযত। আ—যম্‌+ক্ত কর্ম। ৩। সম্যক্ যত্নশীল। আ—যত্‌+অচ্ কর্তৃ। বিণ। ৪। সম-কোণ-বিশিষ্ট সামান্তরিক চতুর্ভুজ ক্ষেত্র যাহার বিপরীত বাহুদ্বয় সমান কিন্তু পার্শ্ববর্তী বাহু-দ্বয় সমান নয়, rectangle. আ—যম্‌+ক্ত কর্ম। বি· ক্লী। [ক্লী।

আয়তক্ষেত্র—আয়ত(৪) (তাহা দ্রঃ)। কর্মধা। বি;

আয়তন—ঘনমান, volume; ক্ষেত্রমান, area, প্রস্থ, বিস্তার; দেবালয়; স্থান; গৃহ ('অচলায়তন'); যজ্ঞবেদী; পুণ্যতীর্থ। আ—যত্‌+অনট্ অধি। বি; ক্লী।

আয়তলোচন—১। দীর্ঘনেত্র, আকর্ণবিস্তৃতচক্ষুঃ। বহু। বিণ। ২। দীর্ঘ চক্ষুঃ। কর্মধা। বি; ক্লী। স্ত্রী, **-না**।

আয়তি—১। ভাবী কাল; ভাবী শুভসম্ভাবনা; ভবিষ্যতের প্রত্যাশা। আ—যা+ডতি কর্তৃ। বি; স্ত্রী। ২। সধবা স্ত্রী; সধবা অবস্থা ('আয়তির চিহ্ন'); সধবার চিহ্ন। <অবিধবা+তি। বি।

আয়তী—এয়ো, সধবা। <আয়ুষ্মতী। বি।

আয়ত্ত—বশগত, অধীন, বশতাপন্ন। আ—যত্‌+ক্ত কর্ত। বিণ। বি, **-ত্ততা, -ত্তি**।

আয়ত্তাধীন—আয়ত্ত, বশবর্তী, অধিকারভুক্ত। অশুদ্ধ। বিণ। [ভাব। বি; স্ত্রী।

আয়ত্তি—বশবর্তিতা, অধীনতা। আ—যত+ক্তি

আয়না—দর্পণ। <ফা 'আঈনহ্'। বি। **আয়নায় মুখ দেখা**—অপরের প্রতি অনুষ্ঠিত ব্যবহারের অনুরূপ ব্যবহার প্রাপ্ত হওয়া।

আয়ব্যয়—অর্থাদির আগম এবং অপগম; জমাখরচ; রোজগার ও খরচ। দ্বন্দ্ব। বি; পুং।

আয়ব্যয়ক—সরকারী আয়ব্যয়ের বার্ষিক হিসাব, budget. আয়ব্যয়+কন্। বি; ক্লী।
আয়মা, আয়েমা—পুরস্কারস্বরূপ নিষ্কর বা স্বল্পকর জমি ('—মহল')। <আ 'আএমা'। বি।
আয়মাল—গ্রাম ও পরগনা। আ। বি।
আয়স—১। লৌহনির্মিত; লৌহসম্বন্ধীয়। অয়স্ +অণ্ বিকারার্থে অথবা সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -সী। ২। লৌহ। অয়স্+অণ্ স্বার্থে। বি; ক্লী।
আয়সী—লৌহময় কবচ, বর্ম, অঙ্গরক্ষিণী, লৌহ জালিকা। অয়স্+অণ্ বিকারার্থে+ঈপ্। বি; স্ত্রী।
আয়স্থান—ধনাগমস্থান; রাজার শুল্কশালা; লগ্ন হইতে একাদশস্থান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
আয়া—মেমের পরিচারিকা; শিশুপালনকারিণী দাসী। <পো 'aya'. বি।
আয়াগিরি—আয়ার কাজ। <পো 'আয়া'+ফা 'গির'+বাং 'ই'। বি।
আয়াত—১। আগত। আ—যা+ক্ত কর্তৃ। বিণ। ২। আগমন ('যাতায়াত')। আ—যা+ক্ত ভাব। বি; ক্লী। ৩। কোরানের ক্ষুদ্রতম বাক্য। আ। বি।
আয়ান—রাধিকার স্বামী। <অভিমন্যু। বি।
আয়াপান—বিশল্যকরণী, একপ্রকার ছোট গাছ। বাংপ্র। বি।
আয়াম—১। দৈর্ঘ্য; বিস্তৃতি; সংযম। আ—যম+ঘঞ্ ভাব। বি; পুং। ২। সময়; ঋতু; দিন; উপযুক্ত সময়। <আ 'আইয়াম'। বি।
আয়াস—১। ক্লেশ; শ্রান্তি; পরিশ্রম; দৈহিক শ্রমজনিত দুর্বলতা; প্রয়াস; অতিযত্ন; ব্যায়াম। আ—যস্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। আরাম; বিশ্রাম। <আ 'আইশ'। বি।
আয়াসসাধ্য—অত্যন্ত শ্রমসাধ্য, দুষ্কর। আয়াস দ্বারা সাধ্য ৩য়াতৎ। বিণ।
আয়াসী (-সিন)—পরিশ্রমকারী; উদ্যোগী; পরিশ্রান্ত। আয়াস+ইন্ আছে অর্থে বা, আ—যস্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী. -সিনী।
আয়াসে—আরামকারী; আরামপ্রিয়। আ-মূ আয়াস্ +এ (<ইয়া)। বিণ।
আয়ী—মাতামহী। <আর্যিকা। বি; স্ত্রী।
আয়ীবুড়ী—মাতামহী; বাচাল কমবয়স্কা বালিকা। বাংপ্র। বি; স্ত্রী।
আয়ু—জীবিতকাল; জীবন। ই বা অয়্+উণ্ কর্তৃ। বি; পুং।
আয়ুঃ (আয়ুস্)—পরমায়ু; স্থিতিকাল; ঘৃত; জ্যোতিষ-প্রসিদ্ধ অষ্টম-ভবন। ই+উস্ কর্তৃ। বি; ক্লী।
আয়ুঃক্ষয়—পরমায়ুনাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
আয়ুঃক্ষেত্র—আয়ুর পরিমাণকাল ('আশী বছরের আয়ুঃক্ষেত্রে'—রবীন্দ্র)। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
আয়ুঃপ্রদ—আয়ুর্বৃদ্ধিকর, আয়ুষ্কর। উপতৎ; আয়ুস্—প্র—দা+ক কর্তৃ। বিণ।
আয়ুঃশেষ—জীবনকালের পরিসমাপ্তি; জীবনাবসান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
আয়ুক্ত—১। কর্মাধ্যক্ষ; নিপুণ; ব্যাপৃত। আ—যুজ্+ক্ত কর্তৃ। ২। ব্যাপারিত; নিয়োজিত। আ—যুজ্+ক্ত কর্ম। বিণ।
আয়ুধ—অস্ত্রশস্ত্র, প্রহরণ। আ—যুধ্+ক ঘঞর্থে করণ। বি; পুং বা ক্লী।
আয়ুর্বৃদ্ধি—পরমায়ুর আধিক্য; পরমায়ু বাড়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
আয়ুর্বৃদ্ধিকর—পরমায়ুর বর্ধক; আয়ুষ্য। উপতৎ; আয়ুর্বৃদ্ধি—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।
আয়ুর্বৃদ্ধ্যন্ন—বিবাহের পূর্বে আয়ুর্বৃদ্ধিকল্পে যথাবিধানে মাঙ্গলিক অন্নগ্রহণ; আইবুড়ো ভাত। মধ্যপ। বি; ক্লী।
আয়ুর্বেদ—চিকিৎসাশাস্ত্র; বৈদ্যকশাস্ত্র। আয়ুর্বিষয়ক বেদ, মধ্যপ। বি; পুং।
আয়ুর্বেদজ্ঞ—চিকিৎসাশাস্ত্রে পারদর্শী; আয়ুর্বেদবিৎ। উপতৎ; আয়ুর্বেদ—জ্ঞা+ক কর্তৃ। বিণ।
আয়ুর্বেদবিৎ (-বিদ্)—চিকিৎসাশাস্ত্রে অভিজ্ঞ; বৈদ্যকশাস্ত্রনিপুণ। উপতৎ; আয়ুর্বেদ—বিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ।
আয়ুর্বেদিক—১। আয়ুর্বেদীয়। আয়ুর্বেদ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী. -কী। ২। বৈদ্য। আয়ুর্বেদ+ইক জানে অর্থে। বি; পুং।
আয়ুর্বেদী (-বেদিন্)—চিকিৎসক; কবিরাজ; আয়ুর্বেদজ্ঞ। আয়ুর্বেদ+ইন্ জানে অর্থে। বিণ। স্ত্রী. -দিনী।
আয়ুর্বেদীয়—আয়ুর্বেদসংক্রান্ত, চিকিৎসাশাস্ত্রসম্বন্ধীয়। আয়ুর্বেদ+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
আয়ুষ্কর—আয়ুর্বৃদ্ধিকর। উপতৎ; আয়ুস্—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী. -রী।
আয়ুষ্কাম—আয়ুর্বৃদ্ধির অভিলাষী, দীর্ঘজীবনাকাঙ্ক্ষী। আয়ুস্—কামি+অণ কর্তৃ। বিণ। স্ত্রী. -মা। [পুং।
আয়ুষ্কাল—জীবনকাল। আয়ুই কাল কর্মধা। বি;
আয়ুষ্মান্ (-মৎ)—১। দীর্ঘজীবী; চিরজীবী। বিণ। স্ত্রী. -ষ্মতী। ২। বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগের অন্তর্গত তৃতীয় যোগ। আয়ুস্+মতুপ্ আছে অর্থে। বি; পুং।
আয়ুষ্য—১। আয়ুষ্কর; আয়ুর্বর্ধক। আয়ুস্+যৎ হিতার্থে। বিণ। ২। অন্ন; পথ্য। আয়ুস্+যৎ প্রয়োজনার্থে। বি; ক্লী।
আয়েমা—আয়মা (তাহা দ্রঃ)।
আয়েশ—আরাম, সুখ, স্বাচ্ছন্দ্য; বিলাস। <আ 'আইশ'। বি।
আয়েশী—সুখী, আরামপ্রিয়; বিলাসী। আ-মূ। বিণ। [বি।
আয়োডিন—প্রতিষেধক ঔষধ বিঃ। <ইং 'iodine'.
আয়োজক—আয়োজনকারী; সংগ্রহকারক; উদ্যোগী;

ঈষৎ বা সম্যক্ যোজনাকারী। আ—যুজ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -জিকা।

আয়োজন—চেষ্টা, যোগাড়, উদ্যোগ; আহরণ। আ—যুজ্+অনট্ ভাব। বি: ক্লী।

আয়োজিত—যাহার আয়োজন করা হইয়াছে এরূপ; সংগৃহীত; সংকলিত। আ—যুজ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

আর—অন্য ('—কেহ'); এবং ('সে—তুমি'); পক্ষান্তরে ('—যদি সে আসেই'); অতঃপর ('—পারিব না'); এখন ('—সেদিন নাই'); যুগপৎ; পুনরায় ('—আসিও না'); স্বতন্ত্র; সুতরাং; তদবধি; অথবা ('যাও — না যাও'); ইহা ভিন্ন ('—কিছু'); পূর্ববৎ; অবশ্য; বিগত ('—বছরে')। <অপর। সর্ব; অ। **আর আর**—অপরাপর, অনেকে। **আর একটু হইলে**—সামান্যর জন্য, সীমা অতিক্রম করিলেই। **আর বার**—আর একবার, আবার। **আর যায় কোথা**—অমনি, সংগে সংগে।

আরও—অধিকন্তু; ইহা ছাড়া; অধিকতর। বাংপ্র। বিণ-বিণ, ক্রি-বিণ।

আরক—নির্যাস, ক্বাথ, তরলসার; চুয়ানো মদ, spirit. <আ 'অরক'। বি।

আরক্ত—১। অল্প রক্তবর্ণ; ঈষৎ লোহিত; প্রগাঢ় রক্তবর্ণ। আ—রন্‌জ্+ক্ত কর্ম। ২। সম্যক্ বা ঈষৎ অনুরক্ত। আ—রন্‌জ্+ক্ত কর্তৃ। বিণ।

আরক্তনয়ন, -নেত্র, -লোচন—যাহার চক্ষু রক্তবর্ণ এমন, যাহার চোখ রাগে লাল হইয়াছে এমন। বহু। বিণ। [<আরক্তিমা। বিণ।

আরক্তিম—অল্প লোহিত; সম্যক্ লোহিত।

আরক্ষক—১। রক্ষাকর্তা, রক্ষক। বিণ। স্ত্রী, -ক্ষিকা। ২। পাহারাওয়ালা; পুলিস, police. আ—রক্ষ্+ণক কর্তৃ। বি: পুং।

আরক্ষা—নগরশাসন, শান্তিরক্ষা। আ—রক্ষ্+অ ভাব+আপ্। বি: স্ত্রী।

আরক্ষিক, আরক্ষী (-ক্ষিন্)—কনস্টেবল, পুলিসের লোক। বি: পুং।

আরজ—আবেদন, নিবেদন, দরখাস্ত। <আ 'অর্জ'। বি।

আরজি—দরখাস্ত, বিচারপতির কাছে উপস্থাপিত আবেদনপত্র, petition; প্রার্থনা। <আ 'অর্জ'। বি। [কর্তৃ। বি: পুং।

আরণি—জলাবর্ত, ঘূর্ণিত জল। আ—ঋ+অণি

আরণ্য—বন্য ('—সভ্যতা'), বনসংক্রান্ত; বনজাত। অরণ্য+ণ ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ।

আরণ্যক—১। বনজাত ('—বৃক্ষ')। বিণ। ২। বনপথ; হস্তী; অধ্যায়; বিহারস্থান। বি: পুং। ৩। বেদাংশ বিঃ, ব্রাহ্মণগ্রন্থের উপসংহার ভাগ। অরণ্য+অক (বুঞ্) ভবাদ্যর্থে। বি: ক্লী।

আরতি—১। উপরম; বিরতি। আ—রম্+ক্তি ভাব। বি: স্ত্রী। ২। নীরাজন, প্রতিমার সম্মুখে প্রদীপাদি চালনা করা। <আরাত্রিক। ৩। সম্মান, পূজা; আদেশ; অনুরাগ; আকুলতা; আগ্রহ; আকাঙ্ক্ষা; নিবেদন; আহ্বান। গ্রা কপ্র। বি।

আরদালী—আদেশবাহক, চাপরাসী, পত্রবাহক, ভৃত্য। <ইং 'orderly'. বি।

আরন্ধ, আরন্ধ—অরন্ধন। বাংপ্র। বি।

আরব—১। ধ্বনি। আ—রু+অপ্ ভাব। বি: পুং। ২। দেশ বিঃ বা ঐ দেশের অধিবাসী। আ। বি। বিণ—**আরব্য**।

আরবী—আরব নামক দেশের ভাষা; আরবদেশীয়। আরব (আ)+ঈ সম্বন্ধাদ্যর্থে। বি বা বিণ।

আরব্ধ—যাহা আরম্ভ করা হইয়াছে এমন, কৃতারম্ভ। আ—রভ্+ক্ত কর্ম। বিণ।

আরভমাণ—আরম্ভকারী, যে আরম্ভ করিতেছে এমন। আ—রভ্+শানচ্ কর্তৃ। বিণ।

আরমানী—আর্মেনিয়া দেশের লোক; আর্মেনিয়া জাতীয়, Armenian. বি বা বিণ।

আরম্ভ—শুরু; উপক্রম; প্রথম চেষ্টা; অনুষ্ঠান; কর্ম; উদ্যম, প্রস্তাবনা; উৎপত্তি। আ—রভ্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ—**আরম্ভক**।

আরশ—রাজতক্ত, সিংহাসন; ভগবানের আসন। <আ 'আর্শ্'। বি।

আরশলা, -সলা, -শুলা, -সুলা, -শোলা, -সোলা—তেলাপোকা। <অস্রপদা। বি।

আরশি—মুকুর, আয়না। <আদর্শিকা। বি।

আরাত্রিক—নীরাজন-নিমিত্তক দীপ; নীরাজনপাত্র; আরতি। অরাত্রি (রাত্রি ভিন্ন সময়েও)+ইক নিষ্পন্ন হয় এই অর্থে। বি: ক্লী।

আরাধক—আরাধনাকারী; সেবক; উপাসক। আ—রাধ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -ধিকা।

আরাধন, -ধনা—তুষ্টিসাধন; শুশ্রূষা; উপাসনা; অভ্যাস; সাধ; প্রার্থনা; বন্দন। আ—রাধ্+ণিচ্+অনট্ ভাব; আ—রাধ্+ণিচ্+অন ভাব+আপ্। বি: ক্লী, স্ত্রী।

আরাধনীয়, আরাধ্য—আরাধনার যোগ্য, উপাস্য। আ—রাধ্+ণিচ্+অনীয়, যৎ কর্ম। বিণ।

আরাধিত—উপাসিত; সেবিত; অভ্যস্ত; প্রাপ্ত; সাধিত; আয়ত্ত। আ—রাধ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

আরাধ্য—'আরাধনীয়' দ্রঃ।

আরাধ্যমান—উপাস্যমান; সাধ্যমান। আ—রাধ্+ণিচ্+শানচ্ কর্ম। বিণ।

আরাব—ধ্বনি। আ—রু+ঘঞ্ ভাব। বি: পুং।

আরাবী (-বিন্)—নাদকারী, উচ্চরবকারী। আরাব+ইন্ আছে অর্থে। বিণ।

আরাম—১। বিরাম, সুখ; স্বাস্থ্য; নীরোগতা; স্বাচ্ছন্দ্য। ফা। বি। ২। উদ্যান, উপবন। আ—রম্+ঘঞ্ অধি। বি; পুং।

আরামকেদারা, -চৌকি—আসন্দী, অর্ধশয়ানভাবে থাকিবার চেয়ার বা কেদারা, easy-chair. আরামদায়ক কেদারা (পো 'cathedra'), চৌকি (সং চতুষ্কী), মধ্যপ। বি। [প্রকৃতপক্ষে arm-chair হইতে জাত।]

আরামপ্রিয়—সুখপ্রিয়, যে সুখভোগ করিতে ভালবাসে এরূপ। বহু। বিণ।

আরামী (-মিন্)—আরামপ্রিয়, আয়াসে। আরাম (ক্ত)+ইন্ আছে অর্থে। বিণ।

আরারুট—রোগীর পথ্য একধরনের পালো। ⟨ইং 'arrowroot'. বি।

আরুণ্য—অরুণভাব, রক্তিমা। অরুণ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

আরূঢ়—যে আরোহণ করিয়াছে এরূপ, অধিরূঢ়। আ—রুহ্+ক্ত কর্তৃ। বিণ।

আরূঢ়যৌবনা—নবযুবতী; যে নারীর পতিপ্রসঙ্গ ভাল লাগে এরূপ। আরূঢ় যৌবন যৎকর্তৃক, বহু +আপ্। বিণ; স্ত্রী।

আরে—১। বিস্ময় ভয় ঘৃণা ক্রোধ শোক বিরক্তি সম্ভাষণ বিদ্রূপাদিপ্রকাশক শব্দ। অ। ২। অপর লোকে, অন্য জনে। ⟨অপরে। সর্ব।

আরোগ্য—পীড়ামুক্তি; রোগহীনতা, স্বাস্থ্য। অরোগ +ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

আরোগ্যশালা—চিকিৎসালয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আরোগ্যসত্র—চিকিৎসালয়; হাসপাতাল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আরোগ্যসাধক—রোগনাশক, সুস্থতাজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -**সাধিকা**।

আরোগ্য-স্নান—রোগপ্রতীকারের পর করণীয় স্নান। আরোগ্যান্তর স্নান, মধ্যপ। বি; ক্লী।

আরোগ্যাশ্রম—হাসপাতাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আরোপ—মিথ্যাজ্ঞান; কোন বস্তুতে অন্য কোন বস্তুর ধর্মের বিশেষণাদির নির্দেশ, মিথ্যাবিষ্করণ; কল্পনা; উদ্ভাবন; কল্পনাসাহায্যে সংঘটন, অভেদজ্ঞান; স্থাপন; অর্পণ। আ—রুহ্+ণিচ্+অচ্ ভাব (হ-স্থানে প)। বি; পুং।

আরোপক—আরোপকারী, আরোপণকর্তা। আ—রুহ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -**পিকা**।

আরোপণ—সংস্থাপন; আরোপকরণ; আরোহণ করানো; ধনুক প্রঃতে ছিলা ইঃর সংযোজন, সমুত্থাপন; শস্যাদির রোপণ। আ—রুহ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

আরোপিত—স্থাপিত, ন্যস্ত; গচ্ছিত; উত্থাপিত; কল্পিত; একের বিশেষণাদি অন্যে কল্পিত বা স্থাপিত; প্রকাশিত। আ—রুহ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

আরোপ্য—আরোপযোগ্য; স্থাপনীয়; উদ্ভাবনীয়; কল্পনীয়। আ—রুহ্+ণিচ্+যৎ কর্ম। বিণ।

আরোপ্যমাণ—স্থাপ্যমান, যাহা আরোপিত হইতেছে এরূপ। আ—রুহ্+ণিচ্+শানচ্ কর্ম। বিণ।

আরোহ—আরোহণ ('দুরারোহ'); দৈর্ঘ্য; রাশি; নিতম্ব; উচ্চতা; কার্য হইতে কারণ বা বিশেষ হইতে সামান্যে গমন, induction; চড়িবার জন্য সজ্জিত ঘোড়া, remount. আ—রুহ্+ঘঞ্ ভাব, কর্ম। বি; পুং। **আরোহ প্রণালী**—যে-প্রণালীতে ফল দেখাইয়া কারণ নির্ণয় করা হয় অর্থাৎ উদাহরণ হইতে সাধারণ সূত্র (formula) ঠিক করা হয় তাহা, inductive method.

আরোহক—আরোহী। আ—রুহ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -**হিকা**।

আরোহণ—উপরে উঠা, চড়া। আ—রুহ্+অনট্ ভাব। বি; ক্লী।

আরোহণী—সোপান; মই; সিঁড়ি। আ—রুহ্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।

আরোহণীয়—আরোহণযোগ্য। আ—রুহ্+অনীয় কর্ম। বিণ।

আরোহিত—যাহাকে আরোহণ করানো হইয়াছে এরূপ। আ—রোহি+ক্ত কর্ম। বিণ।

আরোহী (-হিন্)—১। আরোহণকারী; কার্য দেখিয়া কারণ বিচারের প্রণালীসম্মত, inductive; সংগীতে উপরের দিকে গমনকারী ('—সুর')। বিণ। স্ত্রী, -**হিণী**। ২। সংগীতে উপরের দিকে গমনকারী সুরের ক্রম। আ—রুহ্+ণিন্ কর্তৃ। বি; পুং।

আরোহ্যমাণ—যাহাকে চড়ানো হইতেছে এমন। আ—রুহ্+ণিচ্+শানচ্ কর্ম। বিণ।

আর্ক—সৌর, সূর্যসম্বন্ধীয়। অর্ক+অণ্ সম্বন্ধার্থে। বিণ।

আর্কফলা—কোন বর্ণের শীর্ষস্থিত র-বর্ণ, রেফ (ʼ); (বিদ্রূপার্থে) শিখা, টিকি। বাংপ্র। বি।

আর্জব—ঋজুতা, সরলতা। ঋজু+অণ্ ভাবে। বি; ক্লী।

আর্জুনি—অর্জুনের পুত্র, অভিমন্যু। অর্জুন+ইঞ্ অপত্যার্থে। বি; পুং।

আর্ট—কলাবিদ্যা; শিল্প; সুকুমার শিল্পকলা; রসাত্মক রচনা; সাহিত্যচিত্রাদির কমনীয়তা; ছলাকলা। ⟨ইং 'art'. বি।

আর্টস্কুল—শিল্প-বিদ্যালয়, চিত্রভাস্কর্যাদি কলা-শিক্ষার আলয়। ⟨ইং 'art-school'. বি।

আর্টিস্ট—চিত্রশিল্পী; রূপদক্ষ; সংগীতজ্ঞ; সুরশিল্পী; গায়ক। ⟨ইং 'artist' বা 'artiste'. বি।

আর্ত—পীড়িত; দুঃখিত; কাতর; শোকাভিভূত; বিহ্বল; আকুল; বিরক্ত; উৎপীড়িত; বিপন্ন। আ—ঋ+ক্ত কর্তৃ। বিণ।

আর্তনাদ—আর্তের চিৎকার, কাতরশব্দ। ৬ষ্ঠীতৎ বা কর্মধা। বি; পুং।

আর্তব—১। স্ত্রীবজঃ; পুষ্প। ঋতু+অণ্ আগতার্থে। বি; ক্লী। ২। স্ত্রীরজঃসম্বন্ধীয়; গ্রীষ্মাদি ঋতুসম্বন্ধীয়, ঋতুসংক্রান্ত। ঋতু (কালবিভাগ)+অণ্ ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -**বী**।

আর্তস্বর—কাতরধ্বনি। ৬ষ্ঠীতৎ বা কর্মধা। বি; পুং। [ভাব। বি; স্ত্রী।

আর্তি—পীড়া; কাতরতা; মনোব্যথা। আ—ঋ+ক্তি

আর্থ—অর্থসম্বন্ধীয়। অর্থ+অণ ইদমর্থে। বিণ।

আর্থনীতিক—অর্থনীতিসম্বন্ধীয়। অর্থনীতি+ইক সম্বন্ধার্থে। বিণ।

আর্থিক—অর্থজ্ঞানপটু; মহাজন; অর্থগ্রাহী; অর্থ-

সম্বন্ধীয়। অর্থ+ইক ব্যুৎপন্নাদ্যর্থে। বিণ। স্ত্রী, -কী। **আর্থিক বৎসর**—কোন ব্যবসায়ের সরকারী অর্থের আয়ব্যয় হিসাব-নিকাশাদি নির্বাহের বৎসর, financial year.

আর্দ্র—সজল, ভিজা, সেঁতসেঁতে; স্তিমিত; নূতন; মৃদু; শিথিল; কোমল। অর্দ্‌+রক্‌ কর্তৃ। বিণ।

আর্দ্রক—আদা। আর্দ্র+কন্‌ সংজ্ঞার্থে। বি; ক্লী।

আর্দ্রতা—সিক্ততা, ভিজে ভাব। আর্দ্র+তা ভাবে। বি; স্ত্রী।

আর্দ্রা—১। অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত ষষ্ঠ নক্ষত্র। বি; স্ত্রী। ২। সিক্তা। আর্দ্র+আপ্‌। বিণ; স্ত্রী।

আর্বী—১। আরবদেশ-সম্বন্ধীয়। বিণ। ২। আরবদেশীয় ভাষা। আ। বি।

আর্য—১। প্রাচীন জাতি বিঃ; আর্যাবর্তবাসী প্রাচীন জাতি বিঃ, Aryan; (ঋগ্বেদমতে) প্রাচীন হিন্দুমাত্র; শ্বশুর ('—পুত্র'); (নাট্যোক্তিতে) মান্য ব্যক্তির আহ্বানসূচক পদ। বি; পুং। ২। সৎকুলোদ্ভব; মান্য; পূজ্য; শ্রেষ্ঠ; গুরু; উদারচরিত, শান্তচিত্ত; ন্যায়পথাবলম্বী; সতত কর্তব্যকর্মানুষ্ঠানকারী; ধার্মিক। ঋ+ণ্যৎ কর্তৃ। বিণ।

আর্যক—১। পিতামহ; মাতামহ; পূজ্যব্যক্তিমাত্র। আর্য+কন্‌ প্রশস্তার্থে। বি; পুং। ২। শ্রেষ্ঠ, মানী। আর্য+কন্‌ স্বার্থে। বিণ। স্ত্রী, -কা, -র্যিকা।

আর্যজাতি—প্রাচীন জাতি বিঃ; ব্রাহ্মণক্ষত্রিয়াদি ভারতের প্রাচীন জাতি। আর্যনামক জাতি, মধ্যপ। বি; স্ত্রী। [বি; স্ত্রী।

আর্যতা—সদাচার; ধর্মশীলতা। আর্য+তা ভাবে।

আর্যধর্ম—হিন্দুধর্ম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আর্যপুত্র—(স্ত্রীদিগের) স্বামী; গুরুপুত্র; মান্যব্যক্তির পুত্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আর্যভাষা—প্রাচীন আর্য জাতির ভাষা; আর্যবংশীয়দিগের ভাষা; সংস্কৃত ভাষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আর্যসভ্যতা—আর্যজাতির উন্নত জীবনযাত্রা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আর্যসমাজ—দয়ানন্দ সরস্বতী প্রবর্তিত বৈদিক ধর্মমূলক সমাজ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আর্যসমাজী—আর্যসমাজভুক্ত, আর্যসমাজের নিয়মানুসারে চলিত। আর্যসমাজ+ঈ অন্তর্ভুক্তার্থে। বিণ।

আর্যা—১। পার্বতী; শ্রেষ্ঠা এবং মান্যা নারী, শাশুড়ী প্রঃ; সংস্কৃতের মাত্রাবৃত্ত ছন্দ বিঃ। বি; স্ত্রী। ২। পূজনীয়া। আর্য+আপ্‌। বিণ; স্ত্রী। ৩। ছড়া; শুভংকর-দাস কর্তৃক পদ্যছন্দে রচিত গণিতসম্বন্ধীয় নিয়মাবলী ('শুভংকরীর —')। বাংপ্র। বি।

আর্যাবর্ত—হিমালয় ও বিন্ধ্যপর্বতের মধ্যবর্তী দেশ। আর্যদিগের আবর্ত (বাসস্থান), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আর্ষ—১। ঋষিরচিত (পুরাণ কাব্যাদি); ঋষিসম্বন্ধীয়; ঋষিপ্রযুক্ত কিন্তু ব্যাকরণবিরুদ্ধ ('— প্রয়োগ')। বিণ। স্ত্রী—আর্ষী। ২। বিবাহ বিঃ। ঋষি+অণ্‌ সম্বন্ধার্থে। বি; পুং।

আর্হত—১। জৈনদিগের সম্প্রদায় বিঃ। অর্হৎ+অণ্‌ সম্বন্ধার্থে। বি; পুং। ২। জৈনসম্বন্ধীয়। আর্হত+অণ্‌ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -তী।

আল—১। জমির আলি; বেড়া। <আলি। ২। হুক; পেরেকাদির সরু মুখ; বোলতা প্রঃর হুল। <অল বা ইং 'awl'. ৩। যাহা অন্য কাষ্ঠখণ্ডের খাঁজে জুড়িয়া দেওয়া যায় এইরূপ সরু কাষ্ঠমুখ, tenon; সর্পাদির দাড়া; গাড়ির ধুবার অগ্রভাগ। বাংপ্র। বি।

আলংকারিক—আলঙ্কারিক (তাহা দ্রঃ)।

আলকাতরা—পিচ পাথুরিয়া কয়লা প্রঃর কৃষ্ণবর্ণ নির্যাস। <পো 'alcatrao' বা আ 'আর্ক্‌ৎরাহ্‌'। বি।

আলকুশী—একপ্রকার উদ্ভিদ্‌ ও তাহার ফল। বাংপ্র। বি।

আলখাল্লা—পা পর্যন্ত ঝুলানো ঢিলে জামা বিঃ। <আ 'আল্‌খালিক'। বি।

আলগা—অবদ্ধ; এলো; খোলা; অসম্বদ্ধ; গাম্ভীর্যহীন, অসংযত; অসাবধান, পৃথক্‌, আলাদা; সহজেই কাবু হইয়া পড়ে এমন। <অলগ্ন। বিণ। **আলগা দেওয়া**—শৈথিল্য করা; প্রশ্রয় দেওয়া; চাপ না দেওয়া।

আলগোছ—অস্পর্শ, না ছোঁওয়া; আলম্বনশূন্যতা। হি-মূ। বি। ক্রি-বিণ, -গোছে।

আলংকারিক—অলংকার-শাস্ত্রজ্ঞ; অলংকার-শাস্ত্রের রচয়িতা; অলংকারসম্বন্ধীয়। অলংকার+ইক জ্ঞাতার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

আলজিব—ক্ষুদ্র জিহ্বা; জিহ্বার মূলস্থিত ক্ষুদ্র মাংসখণ্ড, uvula. <অলিজিহ্বা। বি।

আলটপকা, -টপ্পা—সহসা; অনায়াসে; আলগোছে; বিনা পরিশ্রমে। বাংপ্র। ক্রি-বিণ।

আলটাকরা—আলজিব যেখানে থাকে তালুর সেই অংশ। বাংপ্র। বি।

আলতা—অলক্তক, লাক্ষারসরঞ্জিত তুলা। <অলক্ত। বি।

আলতারাফ—আলমারি প্রঃ বন্ধ করিবার একপ্রকার খিল। <আ 'আল্‌তর্ফ'। বি।

আলতো—১। ফাঁপা, ঢিলা ('—খোঁপা'); অলগ্ন। বিণ। ২। অতি সন্তর্পণে; প্রায় না ছুঁইয়া। বাংপ্র। ক্রি-বিণ।

আলনা—বস্ত্র-পরিচ্ছদাদি রাখিবার জন্য কাষ্ঠাদিনির্মিত আসবাব। <আলম্বন। বি।

আলপনা—মঙ্গলালেপন। <আলিম্পন। বি।

আলপাকা—একপ্রকার মসৃণ পশমী কাপড়; মেষজাতীয় প্রাণি বিঃ। <ইং 'alpaca'. বি।

আলপিন—কাগজ ফুঁড়িয়া গাঁথিবার ছোট পিন। <পো 'alfinette'. বি।

আলফা—গ্রীক বর্ণমালার প্রথম অক্ষর। গ্রীক। বি।
আলবত—অবশ্যই। ⟨আ 'অলবত্ত'। অ।
আলবলা—আলবোলা (তাহা দ্রঃ)।
আলবার্ট-কাটা—ডানদিকে ও সিঁথির সামনের দিকের চুল ফাঁপাইয়া সিঁথি কাটা হইয়াছে এমন (মহারানী ভিক্টোরিয়ার স্বামী প্রিন্স আলবার্টের অনুকরণে কৃত)। বাংপ্র। বিণ।
আলবাল—বৃক্ষমূলে জল দিবার নিমিত্ত মাটির ঘের, চারমাদা। আ—লূ+আল কর্ম সংজ্ঞার্থে। বি; ক্লী। [ফা। বি।
আলবোলা—ফরসি, তামাকু সেবন করিবার গড়গড়ি।
আলমগীর—মুঘল সম্রাট আওরংগজেবের উপাধি (পৃথিবীর শ্রেষ্ঠ ব্যক্তি)। আ। বি।
আলমারি—দেওয়ালের গাত্রস্থ অথবা স্বতন্ত্র কাষ্ঠাদি-নির্মিত পুস্তকাধার। ⟨পো 'almario' বা ইং 'almirah'. বি।
আলম্ব—অবলম্বন; আধার। আ—লম্ব্+ঘঞ্ কর্ম। বি; পুং।
আলম্বন—১। অবলম্বন। আ—লম্ব্+অনট্ ভাব। ২। শৃঙ্গারাদি রসের বিভাব বিঃ, যাহাকে অবলম্বন করিয়া রসের অবতারণা হয়, নায়কাদি। আ—লম্ব্+অনট্ কর্ম। বি; ক্লী।
আলম্বিত—ধৃত; অবলম্বিত; ঝুলানো। আ—লম্ব্+ক্ত কর্ম। বিণ।
আলম্বী (-ম্বিন্)—অবলম্বী, আশ্রয়কারী। আ—লম্ব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ম্বিনী**।
আলয়—১। গৃহ; আধার। আ—লী+অচ্ অধি। বি; পুং। ২। লয় পর্যন্ত। অব্যয়ী। ক্রি-বিণ।
আলস—১। অলস। বিণ। ২। আলস্য। কপ্র। বি।
আলসে—১। অলস, কর্মপ্রবৃত্তিশূন্য। আলস্য+এ (⟨ইয়া) আছে অর্থে। বিণ। ২। আলিসা; কার্নিশ। বাংপ্র। বি।
আলসেমি, -মো—কুড়েমি। বাংপ্র। বি।
আলস্য—অলসতা; উপেক্ষা। অলস+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
আলস্যত্যাগ—আড়মোড়া ভাঙ্গা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বিণ।
আলস্য-পরতন্ত্র, -পরবশ—অত্যন্ত অলস। ৬ষ্ঠীতৎ।
আলস্যপরায়ণ—অত্যন্ত অলস। আলস্য পর (শ্রেষ্ঠ) অয়ন (গতি) যাহার, বহু। বিণ।
আলা—১। আলো। বি। ২। আলোকিত; উজ্জ্বল; উদ্ভাসিত। ⟨আলোক। ৩। অকেজো; বিরক্ত; অলস; ক্লান্ত; সম্পর্কশূন্য; পর্যুষিত ('— ভাত'); বিনা পরিশ্রমে লব্ধ ('—টাকা')। বাংপ্র। ৪। প্রথম; সমুন্নত; প্রধান। আ। ৫। শিথিল, এলো ('—চুল')। ⟨অলগ্ন। ৬। সূর্যতাপে প্রস্তুত। ⟨আতপ। বিণ। ৭। বিশিষ্ট যুক্ত অধিকারী নিবাসী ইঃ বাচক প্রত্যয় বিঃ ('ফিরি-আলা', 'দিল্লী-আলা')। হি-মু।
সদর আলা—সদর দেওয়ানী আদালতের প্রধান কর্মচারী।
আলাই—আপদ; অমঙ্গল। বাংপ্র। বি।
আলাইবালাই—অশুভ; আপদ; দুর্নিমিত্ত; শপথ বিঃ; জঞ্জাল। বাংপ্র। বি।
আলাত—জ্বলন্ত অঙ্গার। অলাত+অণ্ স্বার্থে। বি; ক্লী। [বিণ।
আলাদা—পৃথক্, স্বতন্ত্র, অন্য। ⟨আ 'অলাহিদহ'।
আলান—১। গজবন্ধন-স্তম্ভ। আ—লী+অনট্ অধি। ২। গজবন্ধনরজ্জু; রজ্জু। আ—লী+অনট্ করণ। ৩। বন্ধন। আ—লী+অনট্ ভাব। বি; ক্লী।
আলানো—১। খোলা; আলগা করা; আলুলায়িত করা; বিরক্তি উৎপাদন বা অসামর্থ্য প্রকাশ দ্বারা ত্যাগ করানো। ক্রি। ২। বাসি ('—ভাত'); দূষিত টক। বাংপ্র। বিণ।
আলাপ—কথোপকথন; পরিচয়; উচ্চারণ; গানের সুর ভাঁজা। আ—লপ্+ঘঞ্ ভাব। বি; পুং।
আলাপচারি—গানের পূর্বে সুর ভাঁজা; ভালোভাবে কথোপকথন, রসালাপ। বাংপ্র। বি।
আলাপচারী—যে ভালো কথোপকথন করিতে পারে এমন। বাংপ্র। বিণ।
আলাপন—পরস্পর কথোপকথন; স্বস্তিবাচন। আ—লপ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
আলাপনীয়—আলাপের যোগ্য, আলাপ্য। আ—লপ্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।
আলাপ-পরিচয়—পরস্পরের সম্ভাষণ ও জানাশুনা। দ্বন্দ্ব। বি; পুং।
আলাপ-সালাপ—গল্পগুজব; কথাবার্তা। বাংপ্র। বি।
আলাপিত—যাহার সঙ্গে আলাপ করা হইয়াছে এমন; যে বিষয়ে আলাপ করা হইয়াছে এমন; পরিচিত, জ্ঞাত। আ—লপ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
আলাপী—পরিচিত। বাংপ্র। বিণ।
আলাপী (-পিন্)—যে অন্যের সঙ্গে ভাল করিয়া আলাপ করে এরূপ। আ—লপ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-পিনী**।
আলাপ্য—আলাপ-যোগ্য; কথনীয়। আ—লপ্+ণ্যৎ কর্ম। বিণ।
আলাভুলা, আলাভোলা—আপনভোলা; অত্যন্ত সরল। বাংপ্র। বিণ।
আলাল—ধনী, বড়লোক; অকর্মণ্য। হি-মু। বি বা বিণ। **আলালের ঘরের দুলাল**—ধনীর একমাত্র আদরের সন্তান; অতিশয় আদুরে ছেলে।
আলাহিদা—পৃথক্। আ-মু। বিণ।
আলাহিয়া—বেলাবল ঠাটের রাগিণী বিঃ। বি; স্ত্রী।
আলি—১। ভূমির বাঁধ, ক্ষেত্রের আলি। আ—অল্+ইন্ কর্তৃ সংজ্ঞার্থে। ২। শ্রেণী; রেখা। অল্+ইঞ্ করণ। ৩। বয়স্যা। আ—লী+কি অধি। বি; স্ত্রী। ৪। ভ্রমর; বৃশ্চিক। আ—অল্+কি কর্তৃ। বি; পুং।
আলিকালি—বর্ণমালা। বাংপ্র। বি।
আলিখিত—বর্ণিত; যাহা লেখা হইয়াছে এরূপ; অঙ্কিত। আ—লিখ্+ক্ত কর্ম। বিণ।

আলিঙ্গন—প্রীতিপূর্বক পরস্পর আশ্লেষ, অঙ্গ-মিলন, কোলাকুলি। আ—লিন্‌গ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।

আলিঙ্গিত—যাহাকে আলিঙ্গন করা হইয়াছে এরূপ, আশ্লিষ্ট। আ—লিন্‌গ্‌+ক্ত কর্ম। বিণ।

আলিঞ্জর—মৃন্ময় জলপাত্র, জালা প্রঃ। অলিঞ্জর+অণ্‌ স্বার্থে। বি; পুং।

আলিন্দ—অলিন্দ, বারান্দা। অলিন্দ+অণ্‌ স্বার্থে। বি; পুং।

আলিপন, -পনা—মঙ্গলার্থ পিটুলি দিয়া দেবস্থান লেপন বা চিত্রকরণ। ‹আলিম্পন। বি।

আলিপ্ত—চর্চিত; আলপনা-দেওয়া। আ—লিপ্‌+ক্ত কর্ম। বিণ।

আলিম—বিদ্বান্‌। আ। বি বা বিণ।

আলিম্পন, -ম্পনা—আলিপনা। আ—লিপ্‌+অনট্‌ ভাব; ২য় পক্ষে অন+আপ্‌। বি; ক্লী, স্ত্রী।

আলিসা—১। অলস। ‹অলস। বিণ। ২। আলস্য। প্রা কপ্র। ৩। ছাদের কার্নিস; সেতুর পার্শ্বস্থ বেষ্টন; রেলিং। আলি+সা সদৃশার্থে। বাংপ্র। বি।

আলী—সখী, বয়স্যা; পঙ্‌ক্তি; শ্রেণী; সেতু। আলি+ঈপ্‌। বি; স্ত্রী।

আলীঢ়—১। ভক্ষিত; চাটা; অস্ত্রক্ষত। আ—লিহ্‌+ক্ত কর্ম। বিণ। ২। সম্যক্‌ লেহন; শরাদি-ক্ষেপণ-সময়ে দক্ষিণ জানু পশ্চাদ্ভাগে ও বাম জানু সম্মুখভাগে স্থাপনপূর্বক উপবেশন। আ—লিহ্‌+ক্ত ভাব। বি; ক্লী। [বিণ।

আলীন—ব্যাপ্ত; লয়প্রাপ্ত। আ—লী+ক্ত কর্তৃ।

আলু—১। স্বনামখ্যাত মূল বিঃ। ফা। বি। ২। শীলার্থক বা বিশিষ্টার্থক প্রত্যয় (কৃপালু, দয়ালু প্রঃ)। [বিণ।

আলুথালু—অসংযত; উন্মুক্ত; বিপর্যস্ত। বাংপ্র।

আলুদোষ—লাম্পট্য। গ্রাম্য। বি।

আলুনী, আলুনো—একেবারে লবণশূন্য; পরিমিত-লবণবর্জিত। ‹অলবণ। বিণ।

আলুফা—অনায়াসে লব্ধ; বিনা ব্যয়ে প্রাপ্ত; উপরি-পাওয়া। ‹আ 'আল্‌ফ্‌ফাহ্‌'। বিণ।

আলুবোখারা—একপ্রকার অম্ল মেওয়া ফল, prune. ফা। বি।

আলুলায়িত—খোলা, অসংবৃত। আলুল+ক্যঙ্‌ (=আলুলায় নামধাতু)+ক্ত কর্ম। বিণ।

আলুলায়িতকুন্তলা, -কেশা, -কেশী—অবদ্ধকবরীকা, অসংযতবেণী, এলোকেশী। আলুলায়িত কুন্তল, কেশ যাহার, বহু+আপ্‌, ৩য় পক্ষে ঈপ্‌। বিণ; স্ত্রী।

আলেকম, আলেকুম—মুসলমানদিগের অভিবাদন-সূচক শব্দ ['আপনি শান্তিলাভ করুন'—এই অর্থে]। আ। অ। **আলেকুম সালাম**—আপনাদের উপরেও (আল্লার) করুণা বর্ষিত হোক।

আলেখা—যাহা লিখিত হয় নাই এরূপ; অচিত্রিত। নঞ্‌তৎ (বাংপ্র)। বিণ।

আলেখ্য—১। চিত্রপট, ছবি। আ—লিখ্‌+ণ্যৎ কর্ম। ২। লিখন, চিত্রকরণ। আ—লিখ্‌+ণ্যৎ ভাব। বি; ক্লী। ৩। লেখনীয়। আ—লিখ্‌+ণ্যৎ কর্ম। বিণ।

আলেপ, আলেপন—লেপন, আলিপনা। আ—লিপ্‌+ঘঞ্‌, অনট্‌ ভাব। বি; পুং, ক্লী।

আলেম—পণ্ডিত, বিদ্বান্‌। আ। বিণ।

আলেয়া—১। রাগিণী বিঃ। বি; স্ত্রী। ২। অপদেবতা, অপচ্ছায়া; একপ্রকার বাষ্পোদ্ভূত আলোক, Will-o'-the-wisp. ‹আলোক। বি। **আলেয়ার আলো**—মিথ্যা মায়া।

আলো—১। ওলো, ও সই। ‹প্রা 'হলা'। অ। ২। আলোকিত; সূর্যতাপে প্রস্তুত, আতপ ('—চাল')। ‹আতপ। বিণ। ৩। দীপ্তি, প্রকাশ। ‹আলোক। বি। **আলোয় আলোয়**—আলো থাকিতে থাকিতে, দিন থাকিতে থাকিতে; সময় বা সুযোগ থাকিতে থাকিতে।

আলো-আঁধারি—আলোক ও অন্ধকারের সংমিশ্রণ; অস্পষ্ট আলোক। বাংপ্র। বি।

আলোক—দীপ্তি, আলো; দর্শন; দৃষ্টি; প্রকাশ। আ—লোক্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।

আলোকগৃহ, -স্তম্ভ—অর্ণবপোতের পথপ্রদর্শক আলোকাধার, lighthouse. আলোক-রক্ষক গৃহ, স্তম্ভ, মধ্যপ। বি; ক্লী, পুং।

আলোকচিত্র—আলোকের সাহায্যে গৃহীত প্রতিকৃতি, ফটোগ্রাফ, photograph. আলোকলব্ধ চিত্র, মধ্যপ। বি; ক্লী।

আলোকচ্ছটা—আলোকরশ্মি; আলোকস্ফুরণ। আলোকের ছটা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আলোকন—১। দর্শন, দেখা। আ—লোক্‌+অনট্‌ ভাব। ২। প্রদর্শন। আ—লোক্‌+ণিচ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।

আলোক-নিয়ন্ত্রণ—আলোকরশ্মি সংযতকরণ; গৃহের বাহিরে যাহাতে দীপালোক যাইতে না পারে তাহার ব্যবস্থাকরণ, black-out [নৈশ বিমানাক্রমণ রোধ-কল্পে]। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আলোকনীয়—দর্শনযোগ্য। আ—লোক্‌+অনীয় কর্ম। বিণ।

আলোক-বৎসর, -বর্ষ—আলোক এক বৎসরে যত পথ যায় তাহার দৈর্ঘ্য, light-year [আলোক প্রতি সেকেণ্ডে ১৮৬২৮২ মাইল যায়]. ৬ষ্ঠীতৎ (লক্ষণায়)। বি; পুং।

আলোক-বিচ্ছুরণ—রশ্মি-বিকিরণ; আলো ছড়ানো, dispersion of light. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

আলোক-বিজ্ঞান—আলোক ও দর্শন এই উভয়সংক্রান্ত বিদ্যা, optics. আলোকবিষয়ক বিজ্ঞান, মধ্যপ। বি; ক্লী।

আলোকমণ্ডল—সূর্যের উপরিস্থিত যে আবরণ হইতে আলোক বিচ্ছুরিত হয় তাহা, photosphere. ৬ষ্ঠীতৎ। বি।

আলোকময়—অতিশয় আলোকযুক্ত; আলোকিত।

আলোক+ময়ট্ ব্যাপ্তার্থে, স্বরূপার্থে। বিণ। স্ত্রী, -য়ী। [৬ষ্ঠীতৎ। বি।

আলোক-রশ্মি, -শিখা—আলোর দীপ্তি-রেখা।

আলোকশক্তি—আলোকরূপ ওজনশূন্য অনুভূতি-সাপেক্ষ বিষয়, light-energy. কর্মধা। বি; স্ত্রী।

আলোকশিখা—'আলোক-রশ্মি' দ্রঃ।

আলোকসজ্জা—উৎসবের সময় আলো জ্বালিয়া মণ্ডপাদি সাজানো। মধ্যপ। বি; স্ত্রী।

আলোকস্তম্ভ—'আলোকগৃহ' দ্রঃ।

আলোকিত—১। নিরীক্ষিত, অবলোকিত। আ—লোক্+ক্ত কর্ম। ২। আলোকময়, উজ্জ্বল। আলোক+ইত জাতার্থে। বিণ।

আলোচন, -চনা—অনুশীলন; দর্শন; নিরূপণ; কোন বিষয়ে কথাবার্তা; আন্দোলন। আ—লোচ্+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

আলোচনা-সাপেক্ষ—যাহা আলোচনা না করিয়া স্থির করা যায় না এমন। ৬ষ্ঠীতৎ। বিণ।

আলোচনী—আলোচনার বিষয়বস্তু। আ—লোচ্+অনট্ কর্ম+ঈপ্। বি; স্ত্রী।

আলোচনীয়—আলোচনার যোগ্য, অনুশীলনীয়। আ—লোচ্+অনীয় কর্ম। বিণ।

আলো-চাল—আতপ-তণ্ডুল। আলো-শুকানো চাল, মধ্যপ (বাংপ্র)। বি।

আলোচিত—অনুশীলিত; ইতিকর্তব্যতা দ্বারা অবধারিত, যে সম্বন্ধে কথাবার্তা পরামর্শ ইঃ হইয়াছে এমন। আ—লোচ্+ক্ত কর্ম। বিণ।

আলোচ্য—আলোচনার যোগ্য, আলোচনার বিষয়ীভূত। আ—লোচ্+ণ্যৎ কর্ম। বিণ।

আলোড়ন—মন্থন, আবর্তন; বিক্ষোভ; আলোচনা। আ—লুড্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

আলোড়িত—মথিত, মর্দিত; সম্মিলিত; আলোচিত। আ—লুড্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

আলোনা—লবণবর্জিত; অল্প লবণবিশিষ্ট। বাংপ্র। বিণ।

আলোয়ান—পশুর লোমে তৈয়ারী একপ্রকার গায়ের কাপড়, পাড়বিহীন শাল। <আ 'আলবান্'। বি।

আলোল—ঈষৎ চঞ্চল; বিলোল। আ (ঈষৎ) লোল (চঞ্চল), প্রাদি। বিণ।

আলোহিত—আরক্ত। আ (ঈষৎ) লোহিত, প্রাদি। বিণ।

আল্লা—খোদা, জগদীশ্বর। <আ 'আল্লাহ্'। বি।

আশ—১। ভোজন। অশ্+ঘঞ্ ভাব। ২। (সংগীত) ঘর্ষণ। আ—অশ্+ণিচ্+ঘঞ্ ভাব। বি; পুং। ৩। অভিলাষ। <আশা। বি।

আশংসন, আশংসা—আশা; ইচ্ছা; কথন; সম্ভাবনা। আ—শন্স্+অনট্ ভাব, পক্ষে অ ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

আশংসা—১। 'আশংসন' দ্রঃ। ২। প্রশংসা করা; অভ্যর্থনা করা। বাংপ্র। ক্রি।

আশংসিত—অভিলষিত; প্রার্থিত; উক্ত; সম্ভাবিত। আ—শন্স্+ক্ত কর্ম। বিণ।

আশংসিতৃ (-সিতৃ)—আকাঙ্ক্ষাকারী, ইচ্ছুক; কথয়িতা। আ—শন্স্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ত্রী।

আশংসী (-সিন্)—আশংসিতা (তাহা দ্রঃ)। আ—শন্স্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -সিনী।

আশক—১। অনুরক্ত। বিণ। ২। অনুরাগ। <আ 'আশিক্'। বি।

আশকারা—প্রশ্রয়, অতিশয় আবদার করিতে দেওয়া; গুপ্ত বিষয়ের প্রকাশ। ফা। বি।

আশঙ্কনীয়—আশঙ্কাযোগ্য, ত্রাসযোগ্য। আ—শন্ক্+অনীয় কর্ম। বিণ।

আশঙ্কা—ভয়; ভাবী অনিষ্টের সম্ভাবনাহেতু দুশ্চিন্তা; সন্দেহ; সংকোচ; বিতর্ক। আ—শন্ক্+অ ভাব+আপ্। বি; স্ত্রী। [বিণ।

আশঙ্কিত—ভীত; সন্দিগ্ধ। আশঙ্কা+ইত জাতার্থে।

আশঙ্কী (-ঙ্কিন্)—সংশয়কারী; ভীরু। আ—শন্ক্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ঙ্কিনী।

আশত্থ—অশ্বত্থ বৃক্ষ। <অশ্বত্থ। বি।

আশনা—প্রণয়ী; বন্ধু। ফা। বি।

আশনাই—প্রেম; অবৈধ প্রেম; বন্ধুতা। <ফা 'আশনা'। বি।

আশপাশ—চতুর্দিকের স্থান। পাশ (পার্শ্ব)+পূর্বগামী সহচর শব্দ 'আশ'। বি।

আশয়—১। অভিপ্রায়; মনের প্রবৃত্তি; বাসনা। আ—শী+অচ্ ভাব। ২। স্থান; আধার; চিত্ত; অদৃষ্ট; অভ্যন্তর; ধর্মাধর্ম; বিভব; শরীরযন্ত্র। আ—শী+অচ্ অধি। ৩। কর্মজনিত বাসনারূপ সংস্কার। আ—শী+অচ্ কর্তৃ। বি; পুং। [বি।

আশরফি—পারস্যদেশীয় স্বর্ণমুদ্রা; মোহর। ফা।

আশা—১। দীর্ঘাকাঙ্ক্ষা; অতিতৃষ্ণা; ইচ্ছা; অভিলষণীয় বিষয় ঘটিতে পারিবে এই বিশ্বাসে সেই বিষয়ে ভরসা; ভবিষ্যবিষয়ে দৃঢ় বিশ্বাস; দিক্। আ—অশ্+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী। ২। লাঠি, দণ্ড। আ। বি।

আশাতিরিক্ত, আশাতীত—প্রত্যাশা অপেক্ষাও অধিক। আশা হইতে অতিরিক্ত, ৫মীতৎ; আশাকে অতীত, ২য়াতৎ। বিণ।

আশানুরূপ—আশামত, যেমন আশা করা যায় সেইরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ।

আশান্বিত—আশাযুক্ত, আশাবান্। আশা দ্বারা অন্বিত (যুক্ত), ৩য়াতৎ। বিণ।

আশাপথ—আগ্রহের সহিত অপেক্ষমাণ ব্যক্তির পক্ষে আকাঙ্ক্ষিত ব্যক্তির আগমনপথ। রূপক কর্মধা; অথবা, আশাপ্রদায়ক পথ, মধ্যপ। বি; পুং।

আশাবরী—রাগিণী বিঃ, আশোয়ারী। বি; স্ত্রী।

আশাবাই—আশাপরায়ণতা, পুনঃপুনঃ নৈরাশ্য-সত্ত্বেও আশাপোষণ। <'আশাবাতিক'। বি।

আশাবাদী (-দিন্)—সর্ব বিষয়ে ভাল আশা পোষণ ও প্রদান যাহার স্বভাব এমন, optimist. আশা—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বাদিনী। বি, -বাদিতা (optimism).

আশাবান্ (-বৎ)—আশান্বিত। আশা+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বতী।**

আশাভঙ্গ—নৈরাশ্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আশাভরসা—আকাঙ্ক্ষা এবং সাহস, আশা এবং নির্ভরতা; উদ্যম সাহস ইঃ। দ্বন্দ্ব। বি।

আশা-মরীচিকা—মৃগতৃষ্ণিকার মত অলীক মোহ-কারিণী আশা। রূপক কর্মধা। বি; স্ত্রী।

আশালতা—পুষ্পিত লতার ন্যায় মনোরম আশা ("তোর আশালতা প'ড়বে ছিঁড়ে"—রবীন্দ্র)। রূপক কর্মধা। বি; স্ত্রী।

আশাসোঁটা—রাজদণ্ড। আশা (আ) ও সোঁটা (হি), দ্বন্দ্ব। বি।

আশাহত—হতাশ। আশা হতা যাহার, বহু বা আশা দ্বারা হত, ৩য়াতৎ। বিণ।

আশি, আশী—৮০-সংখ্যা; ৮০-সংখ্যক। < অশীতি। বি বা বিণ।

আশিস্—আশীর্বাদ ('আশীঃ' দ্রঃ)। বি, স্ত্রী।

আশী—১। সর্পদন্ত; সর্পবিষ। আ—শৄ+ক্বিপ্ করণ (নিপাতনে)। বি; স্ত্রী। ২। ৮০-সংখ্যা; ৮০-সংখ্যক। < অশীতি। বি বা বিণ। **আশী সিক্কা ওজন**—পাকি এক সের, **আশী সিক্কা ওজনের চড়**—ভীষণ চপেটাঘাত; খুব জোরে আঘাত।

আশীঃ (-শিস্)—১। আশীর্বাদ। আ—শাস্+ক্বিপ্ ভাব। ২। সর্পের বিষদাঁত। আ—শাস্+ক্বিপ্ করণ। বি; স্ত্রী।

আশীবিষ—সর্প। আশীতে (বিষদন্তে) বিষ যাহার, বহু। বি; পুং।

আশীর্বচন, -র্বাদ—বাক্য দ্বারা মঙ্গলপ্রার্থনা। আশীঃসূচক বচন, বাদ, মধ্যপ। বি, ক্লী, পুং।

আশীর্বাণী—আশীর্বাদ। আশীঃ-সূচিকা বাণী, মধ্যপ। বি; স্ত্রী।

আশীর্বাদ—'আশীর্বচন' দ্রঃ।

আশীর্বাদক—আশীর্বাদকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-দিকা।**

আশীর্বাদী—১। আশীর্বাদকালে দেয় ('—পুষ্প')। বিণ। ২। আশীর্বাদকালে দত্ত দ্রব্য। বাংপ্র। বি।

আশীষ—আশীর্বাদ। < আশিস্। বি।

আশু—১। আশু বা আউশ ধান্য। বি; পুং বা ক্লী। ২। দ্রুত। বিণ। ৩। সত্বর। অশ্+উণ্ কর্তৃ। ক্রি-বিণ।

আশুগ—১। বায়ু। বি; পুং। ২। ক্ষিপ্রগামী। উপতৎ; আশু—গম্+ড কর্তৃ। বিণ।

[illegible] বায়ু। বি; পুং। ২। দ্রুতগামী, ক্ষিপ্রগামী। বহু। বিণ। ৩। শীঘ্র গমন। কর্মধা। বি; স্ত্রী। ৪। সত্বরগমনে। আশু গতি যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

আশুগামী (-গামিন্)—শীঘ্রগামী। উপতৎ; আশু—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী।**

আশুতোষ—১। শিব। বি; পুং। ২। যে শীঘ্র তুষ্ট হয় এরূপ। বহু। বিণ।

আশুধান্য—আউশ ধান। আশুনামক ধান্য, মধ্যপ। বি; ক্লী।

আশুব্রীহি—আউশ ধান্য। আশুলভ্য ব্রীহি, মধ্যপ। বি; পুং।

আশুমৃতপরীক্ষক—অপঘাত মৃত্যুর কারণ অনুসন্ধান এবং শব পরীক্ষাকারী কর্মচারী, coroner. সুপ্ ও ৬ষ্ঠীতৎ। বি, পুং।

আশুশুক্ষণি—আগুন ("দক্ষিণে—"—কবিকঙ্কণ); বায়ু। আশু—শুষ্+সন্+অনি কর্তৃ। বি, পুং।

আশৈশব—বাল্যকাল হইতে আরম্ভ করিয়া, আবাল্য। শৈশব হইতে আরম্ভ করিয়া, অব্যয়ী। অ, ক্রি-বিণ।

আশোয়াস—সান্ত্বনা, আশাভরসা। < আশ্বাস। বি।

আশ্চর্য—১। অদ্ভুত, অপূর্ব। বিণ। ২। বিস্ময়। আ—চর্+যৎ কর্ম (স-আগম)। বি; ক্লী। ৩। বিস্মিত। অশুদ্ধ। বিণ।

আশ্চর্যজনক—বিচিত্র, বিস্ময়কর। ৬ষ্ঠীতৎ। বিণ। [illegible] **-নিকা।**

আশ্চর্যান্বিত—বিস্মিত, চমৎকৃত। ৩য়াতৎ। বিণ।

আশ্বমেধিক—অশ্বমেধসম্বন্ধীয়; মহাভারতের পর্ব বিঃ। অশ্বমেধ+ইক সম্বন্ধার্থে, অধিকৃতার্থে। বি বা বিণ, ক্লী। স্ত্রী, **-কী।**

আশ্বস্ত—আশ্বাসপ্রাপ্ত, সান্ত্বনাপ্রাপ্ত। আ—শ্বস্+ক্ত কর্তৃ। বিণ।

আশ্বাস—আশাদান, অনুনয়; সান্ত্বনা; উৎসাহদান; স্নেহ-প্রদর্শন, বিশ্রাম; নিশ্বাস। আ—শ্বস্+ঘঞ্ ভাব। বি; পুং।

আশ্বাসক—আশ্বাসদায়ক, সান্ত্বনাদাতা। আ—শ্বস্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-সিকা।**

আশ্বাসন—সান্ত্বনা; প্রবোধদান। আ—শ্বস্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

আশ্বাসনীয়—যাহাকে আশ্বাস দেওয়া উচিত বা আবশ্যক এরূপ। আ—শ্বস্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।

আশ্বাসিত—আশ্বাস-প্রদত্ত; প্রবোধিত। আ—শ্বস্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

আশ্বিন—সৌর বৎসরের ষষ্ঠ মাস। অশ্বিনী+অণ্ যুক্তার্থে। বি; পুং।

আশ্বিনী—১। আশ্বিন মাসে সংঘটিত। বিণ। ২। অশ্বিনী-নক্ষত্রযুক্তা পূর্ণিমা। অশ্বিনী+অণ্ যুক্তার্থে+ঈপ্। বি; স্ত্রী।

আশ্বিনে—আশ্বিন মাসের ('—ঝড়')। বাংপ্র। বিণ।

আশ্রব—আজ্ঞানুবর্তী; অনুগত, obedient. আ—শ্রু+অচ্ কর্তৃ। বিণ।

আশ্রম—হিন্দুজীবনের চতুর্বিধ অবস্থা, ব্রহ্মচর্য আশ্রম গৃহস্থাশ্রম বানপ্রস্থ আশ্রম সন্ন্যাস বা ভৈক্ষ্য আশ্রম; তপোবন; মঠ; চতুষ্পাঠী; আশ্রয়স্থল; গৃহ; বন। আ—শ্রম্+ঘঞ্ অধি। বি; পুং।

আশ্রমতরু—তপোবনের বৃক্ষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আশ্রমধর্ম—ব্রহ্মচর্যাদি আশ্রমসমূহের কর্তব্যকর্ম-সমূহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আশ্রমিক, আশ্রমী (-মিন্)—যে আশ্রমে থাকে এরূপ; যে চতুরাশ্রমের মধ্যে কোন একটি অবলম্বন করিয়া আছে এরূপ। আশ্রম+ইক (ঠন্) নিবাসার্থে; আশ্রম+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-কা, -মিণী**।

আশ্রয়—১। অবলম্বন; শরণ। আ—শ্রি+অচ্ ভাব। ২। গৃহ; আধার; বিষয়; কারণ; রক্ষক; সহায়। আ—শ্রি+অচ্ কর্ম। বি; পুং।

আশ্রয়ণ—১। আশ্রয়গ্রহণ। আ—শ্রি+অনট্ ভাব। ২। আশ্রয়, অবলম্বন। আ—শ্রি+অনট্ কর্ম। বি; ক্লী।

আশ্রয়ণীয়—শরণ্য, আশ্রয়যোগ্য, যাহাকে আশ্রয় করা যায় এরূপ। আ—শ্রি+অনীয় কর্ম। বিণ।

আশ্রয়দাতা (-দাতৃ)—আশ্রয়দানকর্তা, আবাসদাতা। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-দাত্রী**।

আশ্রয়প্রার্থী (-প্রার্থিন্), **আশ্রয়ার্থী** (-য়ার্থিন্)—আশ্রয়যাচক, যে আশ্রয় চায় এরূপ। আশ্রয়ের প্রার্থী, ৬ষ্ঠীতৎ, উপতৎ; আশ্রয়—অর্থি+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-র্থিনী**। [বিণ।

আশ্রয়শূন্য, -হীন—নিরাশ্রয়, নিরবলম্ব। ৩য়াতৎ।

আশ্রয়ী (-য়িন্)—আশ্রয়কারী, আশ্রয়প্রাপ্ত। আশ্রয় +ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-য়িনী**।

আশ্রিত—আশ্রয়প্রাপ্ত, শরণাগত; সেবক; অনুগত; অনুপ্রবিষ্ট; স্থিত, আধেয়। আ—শ্রি+ক্ত কর্তৃ। বিণ।

আশ্রিতবৎসল—শরণাগতের প্রতি স্নেহবান্। ৭মী-তৎ। বিণ। বি, **-বাৎসল্য**।

আশ্রুত—স্বীকৃত, অঙ্গীকৃত; শ্রুত। আ—শ্রু+ক্ত কর্ম। বিণ।

আশ্লিষ্ট—আলিঙ্গিত; ব্যাপ্ত; সংযুক্ত; শ্লেষোক্তি-বিশিষ্ট। আ—শ্লিষ্+ক্ত কর্ম। বিণ।

আশ্লেষ—আলিঙ্গন; মিলন; একদেশসম্বন্ধ; শ্লেষ। আ—শ্লিষ্+ঘঞ্ ভাব। বি; পুং।

আষাঢ়—১। সৌরবৎসরের তৃতীয়মাস। আষাঢ়ী+অণ্ তদযুক্তার্থে। ২। ব্রতীদিগের পলাশ কাষ্ঠের দণ্ড। আষাঢ়+অণ্ প্রয়োজনার্থে। বি; পুং।

আষাঢ়া—পূর্বাষাঢ়া নক্ষত্র; উত্তরাষাঢ়া নক্ষত্র। আ—সহ্+অচ্ কর্তৃ+আপ্ (নিপা)। বি; স্ত্রী।

আষাঢ়ান্তবেলা—দীর্ঘতম আষাঢ় দিনের শেষ বেলা। অন্ত যে বেলা, কর্মধা; আষাঢ়ের অন্তবেলা, ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।

আষাঢ়ে—আষাঢ়-মাসে উৎপন্ন; (আষাঢ় মাসের দিন অত্যন্ত দীর্ঘ বলিয়া) সুদীর্ঘ, অফুরন্ত; একান্ত অসম্ভব, অবিশ্বাস্য ('—গল্প')। আষাঢ়+এ (<ইয়া)। বিণ।

আষ্টেপৃষ্ঠে, -পিষ্ঠে—আট দিকে; সকল দিকে; সর্বাঙ্গে। বাংপ্র। অ।

আসকে—পিঠা বিঃ। বাংপ্র। বি।

আসক্ত—অনুরক্ত; প্রীত; বিষয়ান্তর-পরিহারে সর্বদা নিবিষ্ট; লগ্ন; সংসক্ত; আবিষ্ট, যত্নবান্। আ—সন্জ্+ক্ত কর্তৃ। বিণ।

আসক্তি, আসঙ্গ—অনুরাগ; অভিনিবেশ; সাতিশয় মনোযোগ; সংসর্গ; সহবাস; ভোগাভিলাষ; সম্যক্-সম্বন্ধ। আ—সন্জ্+ক্তি, ঘঞ্ ভাব। বি; স্ত্রী, পুং।

আসঙ্গ—'আসক্তি' দ্রঃ।

আসঙ্গলিপ্সা—সকলের সঙ্গে মিলিয়া মিশিয়া থাকি-বার ইচ্ছা; সহবাস কামনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। বিণ, **-প্সু**।

আসছে—১। আসিতেছে। ক্রি। ২। আগামী ('—বছর')। বাংপ্র। বিণ।

আসজ্জন—১। সংসক্তি; লাগিয়া থাকা; বস্ত্রাদিপরি-ধান। আ—সন্জ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। লগ্ন করা; উৎপাদন। আ—সন্জ্+ণিচ্+ অনট্ ভাব। বি; ক্লী।

আসত্তি—নৈকট্য; মিলন; লাভ; বুদ্ধির অবিচ্ছেদ; বাক্যমধ্যে পরস্পর আকাঙ্ক্ষাযুক্ত পদসমূহের সান্নিধ্য (যেমন — 'রাম অদ্য বিদ্যালয়ে যাইবে না' —এই বাক্যটির কোন এক বা একাধিক পদ বিলম্বে উচ্চারণ করিলে অথবা অযথা স্থানে সন্নিবেশিত করিলে আসত্তি থাকিবে না, অর্থবোধে অসুবিধা ঘটিবে); পদসন্নিধানকারণ। আ—সদ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

আসন—১। বসিবার স্থান, পিঁড়ি চৌকি ইঃ; কম্বলাদি; পীঠ; বাসস্থান; দেবতাপূজাঙ্গ উপচার বিঃ। আস্+অনট্ অধি। ২। উপবেশন; শত্রু-পক্ষের দুর্গাদি অবরোধপূর্বক অবস্থান; পদ্মাসনাদি উপবেশন বিঃ। আস্+অনট্ ভাব, করণ। বি; ক্লী। [বি; ক্লী, পুং।

আসনগ্রহণ, -পরিগ্রহ—বসা; উপবেশন। ৬ষ্ঠীতৎ।

আসনপিঁড়ি—পায়ের উপর পা মুড়িয়া বসা; ভাল করিয়া বসা। <'আসন-পীঠ'। বি।

আসন্ন—উপস্থিত; মুমূর্ষু; নিকটবর্তী; কাছাকাছি, approximate. আ—সদ্+ক্ত কর্তৃ। বিণ।

আসন্নকাল—মৃত্যুসময়; বিপৎকাল। কর্মধা। বি; পুং।

আসন্নপ্রসবা—যাহার প্রসবকাল নিকটবর্তী হইয়াছে এরূপ। আসন্ন প্রসব যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

আসন্নমৃত্যু—১। নিকটবর্তী মৃত্যু। কর্মধা। বি; পুং। ২। মুমূর্ষু। বহু। বিণ।

আসব—১। চুয়ানো মদ; তাড়ি; মধু। আ—সু+অপ্ কর্ম। ২। মদ্যপাত্র; মদ্যাদি চোয়াইবার বকযন্ত্র। আ—সু+অপ্ অধি। বি; পুং।

আসবাব—সরঞ্জাম; জিনিসপত্র; টেবিল চেয়ার খাট আলমারি ইঃ গৃহসজ্জা। আ। বি।

আসবাবপত্র—আসবাবাদি। আসবাব+পত্র ইঃ অর্থে। বি।

আসমান—আকাশ। ফা। বি।

আসমান-জমিন—আকাশ ও পৃথিবী, আকাশ ও মাটি। ফা। বি। **আসমান-জমিন ফারাক**—আকাশ-পাতাল প্রভেদ।

আসমানী—ফিকা নীল, নীলাভ; আকাশসম্বন্ধীয়। ফা-মূ। বিণ।

আসমুদ্র—সমুদ্র পর্যন্ত; সমুদ্র হইতে। সমুদ্র পর্যন্ত বা হইতে, অব্যয়ী। ক্রি-বিণ।

আসমুদ্রকরগ্রাহী (-গ্রাহিন্)—সসাগরা পৃথিবীর অধীশ্বর; রাজচক্রবর্তী। সূপ্। বিণ। স্ত্রী, **-গ্রাহিণী**।

আসমুদ্রহিমাচল, -হিমালয়—সাগর হইতে আরম্ভ করিয়া হিমালয় পর্যন্ত বা ততদূর বিস্তৃত। আ-সমুদ্র হিমাচল, হিমালয়, সুপ্। বিণ বা ক্রি-বিণ।

আসর—১। সভা; মজলিস; রঙ্গস্থল। ফা। বি। ২। সূর্যাস্তের পূর্বকাল; সন্ধ্যার পূর্বের নামাজ। আ। বি। **আসর গরম করা, আসর গুলজার করা, আসর জমকাল করা, আসর জমানো, আসর মাতানো, আসর সরগরম করা**—রসাল ও অপরূপ কথাবার্তা দ্বারা সভাব লোকদিগকে মুগ্ধ করা। **আসর জাঁকানো**—সভার মধ্যে নিজেকে বড় বলিয়া বুঝানো। **আসরে নামা**—অভিনয়স্থানে উপস্থিত হওয়া; প্রকৃত কার্যে প্রবৃত্ত হওয়া; প্রকাশ্যে উপস্থিত হওয়া।

আসল—১। মূল; প্রকৃত; অকৃত্রিম; সার। বিণ। ২। বাণিজ্যাদির মূলধন; মহাজন কর্তৃক ঋণস্বরূপ প্রদত্ত অর্থ। আ। বি।

আসলি, -লী—বিশুদ্ধ; খাঁটী। আ-মূ। বিণ।

আসলে—আদৌ; প্রকৃতপক্ষে। আ-মূ। ক্রি-বিণ।

আসশেওড়া—একপ্রকার গাছ। ⟨আস্যাশাখোট। বি।

আসা—১। আগমন করা; উপস্থিত হওয়া; কর্মে উদ্যত হওয়া; অভ্যাস থাকা; উপযোগী হওয়া; যোগানো; উদয় হওয়া; আয় হওয়া; আমদানী হওয়া; পরিণত হওয়া; পতিত হওয়া; উদ্গত হওয়া; পটুতা থাকা; অধিকার করা; আরম্ভ হওয়া; ঘটা; প্রবেশ করা। বাংপ্র। ক্রি। ২। আগত; সমাগত; গত। বিণ। ৩। আগমন। বাংপ্র। ৪। রাজদণ্ড। আ। বি। **আসিয়া যাওয়া**—লাভ বা ক্ষতি হওয়া। **উড়ে আসা**—আকাশ দিয়া আসা; অতি দ্রুত আসা; বিনা কারণে ঘটা। **কাজে আসা**—কাজে লাগা। **কানে আসা**—শ্রুতিগোচর হওয়া। **নিবে আসা**—নিবিয়া যাওয়ার মত হওয়া। **পেটে আসা**—গর্ভস্থ হওয়া; সামান্য মনে আসা। **ভেসে আসা**—বিনা কারণে ঘটা; নিঃসম্পর্কভাবে আসা। **মনে আসা**—মনে পড়া, স্মরণ হওয়া। **মাথায় আসা**—বোধগম্য হওয়া; বুদ্ধির দ্বারা আবিষ্কৃত হওয়া। **মুখে আসা**—উচ্চারিত হওয়া। **শেষ আসা**—প্রায় শেষ হওয়া; মরণোন্মুখ হওয়া; উঠিয়া যাওয়ার মত হওয়া। **হাতে আসা**—হস্তগত হওয়া; বশীভূত হওয়া।

আসাদিত—প্রাপ্ত; সন্নিকটে স্থাপিত; সম্পাদিত, কৃত। আ—সদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

আসান—অবসান; লাঘব; রেহাই। ফা। বি।

আসাপ, আসাপা—নির্বিষ সর্প; ভীষণ বিষধর সর্প। নয় (বিষহীন; অতি বিষধর) সাপ, নঞ্তৎ। বাংপ্র। বি।

আসামী—১। প্রজা; অধমর্ণ; অভিযুক্ত ব্যক্তি; বিবাদী। ⟨আ 'অস্মা'। বি বা বিণ। ২। আসাম-রাজ্যবাসী; আসামরাজ্যসম্বন্ধীয়। বিণ। ৩। অস-মীয়া ভাষা, আসামের ভাষা। আসাম+ঈ নিবাসাদি অর্থে। বি।

আসা-যাওয়া—যাতায়াত; আনাগোনা; জন্মগ্রহণ ও মৃত্যু। দ্বন্দ্ব। বাংপ্র। বি।

আসার—১। মুষলধারে বৃষ্টি; সবেগবৃষ্টি; বৃষ্টি-পাত; শত্রুকে বেষ্টন; প্রবেশ; বিস্তার; প্রসরণ। আ—সৃ+ঘঞ্ ভাব। ২। জলকণা; মিত্রপক্ষীয় সৈন্য। আ—সৃ+ঘঞ্ করণ। বি; পুং।

আসারবর্ষী (-বর্ষিন্)—মুষলধারে বৃষ্টিপাতকারী ('—মেঘ')। উপতৎ; আসার—বৃষ্+ণিন্ কর্তৃ। বিণ।

আসি—আগমন করি; (বিদায় লইবার সময়ে) এক্ষণে গমন করি। বাংপ্র। ক্রি।

আসিদ্ধ—অর্ধসিদ্ধ; অনিষ্পন্ন। বাংপ্র। বিণ।

আসীন—উপবিষ্ট; অবস্থিত; অনুদ্যোগী। আস্+শানচ্ কর্তৃ। বিণ।

আসুর—১। অসুরসম্বন্ধীয়; অশুচি; নিন্দিত; অহিতকর; ভয়ংকর। বিণ। স্ত্রী, **-রী**। ২। রাজ্য প্রঃ অষ্টবিধ বিবাহমধ্যে বিবাহ বিঃ (কন্যাকে ও কন্যার পিতা ভ্রাতা প্রঃকে যথাশক্তি ধনদানপূর্বক স্বেচ্ছানুসারে কন্যা গ্রহণ করাকে আসুরবিবাহ বলে)। অসুর+অণ্ সম্বন্ধার্থে। বি; পুং।

আসুরিক—অসুরসম্বন্ধীয়। অসুর+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

আসুরী—১। দানবীয়া; অতিভীষণা; নিন্দিতা। বিণ; স্ত্রী। ২। শুক্লযজুর্বেদীয় কতকগুলি ছন্দঃ; রাইসরিষা; ত্রিবিধ চিকিৎসান্তর্গত ছেদনভেদনাদি-রূপ চিকিৎসা বিঃ, surgery. আসুর+ঈপ্। বি; স্ত্রী।

আসোয়ার—আসবার (তাহা দ্রঃ)।

আসোয়ারী—১। অশ্বারোহী সেনাসম্বন্ধীয়। বিণ। ২। অশ্বারোহী সেনার কাজ। আসবার+ঈ সম্বন্ধার্থে, কর্মার্থে। বি।

আস্ক—যুক্ত ব্যঞ্জনবর্ণ 'স্ক'। বাংপ্র। বি।

আস্কন্দন—তিরস্কার; আস্ফালন; যুদ্ধ; শোষণ; বিনাশ; ধাবন; আক্রমণ; অশ্বের গতি বিঃ। আ—স্কন্দ্+অনট্ ভাব। বি; ক্লী।

আস্কন্দিত—অশ্বের গতি বিঃ, প্লুতগতি। আ—স্কন্দি+ক্ত ভাব। বি; ক্লী।

আস্কে—আসকে (তাহা দ্রঃ)।

আস্ত—সমগ্র; একেবারে সম্পূর্ণ; প্রকৃত ('—চোর'); ভয়ংকর। ⟨অস্তি। বিণ বা ক্রি-বিণ। **আস্ত কেউটে**—যে কেউটে সাপের বিষদাঁত ভাঙে নাই তাহা; অত্যন্ত অনিষ্টকারী ব্যক্তি। **আস্ত না রাখা**—রীতিমত প্রহার দেওয়া; কঠোর শাস্তি দেওয়া।

আস্তব্যস্ত—অতিশয় ব্যস্ত। বাংপ্র। বিণ।

আস্তর—১। শয্যা; কুশাসন; বিছানার চাদর; উপরিচ্ছদ; কম্বলাদি; করিকম্বল। আ—স্তৃ+অপ্ অধি, করণ, কর্ম। বি; পুং। ২। মূল্যবান্ জামার ভিতরের কাপড়; রঙের প্রথম পোঁচ; দেওয়ালে প্রলেপ দেওয়ার পলেস্তার। ফা। বি।

আস্তরণ—আস্তর (১)। আ—স্তৃ+অনট্ কর্ম, অধি, করণ। বি; ক্লী।

আস্তানা—স্থান; আড্ডা; আশ্রম; আস্তাবল। <ফা 'আস্তানহ্'। বি। **আস্তানা গাড়া**—আড্ডা স্থাপন করা। **আস্তানা গুটানো**—আড্ডা তুলিয়া দেওয়া।

আস্তাবল—অশ্বশালা, অশ্বাদি থাকিবার স্থান। <ইং 'stable'. বি।

আস্তিক, আস্তীক—১। ঈশ্বরবাদী, ঈশ্বর ও পরলোকের অস্তিত্বে বিশ্বাসী; শাস্ত্রবিহিত কর্মে শ্রদ্ধাবান্। অস্তি+ইক, পরলোকে মতি আছে ইহার এই অর্থে (বিকল্পে ই-কার দীর্ঘ)। বিণ। স্ত্রী, -কী। ২। মুনি বিঃ। অস্তি+ইক 'অস্তি' বলিয়া গত এই অর্থে। বি; পুং।

আস্তিকতা, আস্তিক্য—বৈদিকধর্মে শ্রদ্ধা; আস্তিকের ব্যবহার; ঈশ্বর ও পরলোকে বিশ্বাস। আস্তিক+তা, য্যঞ্ ভাবে। বি; স্ত্রী, ক্লী।

আস্তিন—জামার হাতা। ফা। বি।

আস্তীক—'আস্তিক' দ্রঃ।

আস্তীর্ণ—বিছানো; বিস্তৃত; ছড়ানো; পীড়িত; আবৃত। আ—স্তৃ+ক্ত কর্ম। বিণ।

আস্তৃত—বিস্তৃত; আচ্ছাদিত। আ—স্তৃ+ক্ত কর্ম। বিণ।

আস্তে—ধীরে, মৃদুগতিতে; মৃদুস্বরে। <ফা 'অহিস্তহ্'। ক্রি-বিণ।

আস্তেব্যস্তে—ব্যাকুলভাবে; সসম্ভ্রমে; অতিসত্বর। < আস্তব্যস্ত। ক্রি-বিণ।

আস্থা—শ্রদ্ধা; বিশ্বাস; সভা; যত্ন; আদর· অবলম্বন; অপেক্ষা; মনোযোগ; স্থিতি; প্রতিষ্ঠা। আ—স্থা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

আস্থান—১। সভা; সমাজ; বিশ্রামস্থান। আ—স্থা+অনট্ অধি। ২। যত্ন; অবলম্বন; আরোহণ; অবস্থিতি; আস্থা; শ্রদ্ধা। আ—স্থা+অনট্ ভাব। বি; ক্লী।

আস্থাপত্র—লিখিত দলিলপত্র প্রঃ; যাহা দেখিয়া কোনও ব্যক্তির উপর আস্থা বা বিশ্বাস স্থাপন করা যায়, credentials. মধ্যপ। বি; ক্লী।

আস্থায়ী (-য়িন্)—সংগীতে প্রথম-চরণ। আ—স্থা+ণিন্ কর্তৃ। বি; পুং।

আস্থিত—১। আশ্রিত; প্রাপ্ত; আরূঢ়; অধিষ্ঠিত। আ—স্থা+ক্ত কর্তৃ। ২। আক্রান্ত; ব্যাপ্ত। আ—স্থা+ক্ত কর্ম। বিণ।

আস্পদ—১। স্থান; আধার; ভাজন, পাত্র; অধিষ্ঠান; লগ্ন হইতে দশম স্থান। আ—পদ্+ঘ অধি (স-আগম)। ২। প্রতিষ্ঠা; কার্য; পদ; প্রভুত্ব। আ—পদ্+ঘ ভাব। বি; ক্লী।

আস্পর্ধা—স্পর্ধা; তেজ; দুঃসাহস; আস্ফালন; মাৎসর্যপ্রকাশ; পরাভিভবেচ্ছা; প্রতিদ্বন্দ্বিতা, প্রতিযোগিতা। আ—স্পর্ধ্+অ ভাব+আপ্; অথবা, বাংলা উচ্চারণে স্পর্ধা শব্দের পূর্বে আ-কার আগম। বি; স্ত্রী।

আস্ফালন—প্রাগল্ভ্য, আপনার গুণক্ষমতাদির উল্লেখপূর্বক গর্বপ্রদর্শন; আত্মগৌরবকীর্তন; তাড়ন; চালনা; কম্পন; সংঘর্ষ; কোপপ্রকাশ। আ—স্ফল্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

আস্ফালিত—বেগে বা গর্বভরে সঞ্চালিত; তাড়িত। আ—স্ফল্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

আস্ফোট, আস্ফোটন—আঘাত; বীর প্রঃর বাহুতে হস্তদ্বারা আঘাতজনিত শব্দ; মল্লদিগের তালঠোকা; সংঘর্ষোৎপন্ন শব্দমাত্র; বিকাশ; মুদ্রণ; ধান আছড়ানো; আন্দোলন। আ—স্ফুট্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

আস্বচ্ছ—ঈষৎ স্বচ্ছ। প্রাদি। বিণ।

আস্বাদ—১। মধুরাদি রস। আ—স্বদ্+ঘঞ্ কর্ম। ২। আস্বাদন; পান; ভোজন। আ—স্বদ্+ঘঞ্ ভাব। বি; পুং।

আস্বাদক—আস্বাদগ্রহণকারী। আ—স্বদ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -দিকা।

আস্বাদন—স্বাদগ্রহণ; রসাস্বাদন; পান; ভোজন। আ—স্বদ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

আস্বাদনীয়—আস্বাদগ্রহণের যোগ্য, আস্বাদ্য। আ—স্বদ্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।

আস্বাদিত—গৃহীতস্বাদ; পীত বা ভুক্ত। আ—স্বদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

আস্বাদ্য—আস্বাদনযোগ্য। আ—স্বদ্+ণিচ্+যৎ কর্ম। বিণ।

আস্য—বদন; মুখমধ্য। অস্+ণ্যৎ অধি। বি; ক্লী।

আহত—আঘাতপ্রাপ্ত; তাড়িত; মর্দিত; গুণিত; জ্ঞাত; বাদিত, ধ্বনিত। আ—হন্+ক্ত কর্ম। বিণ।

আহতি—তাড়ন; আঘাত; গুণন; বাদন। আ—হন্+ক্তি ভাব। বি; স্ত্রী।

আহব—১। যুদ্ধ। আ—হ্বে+অপ্ অধি। ২। যজ্ঞ। আ—হু+অপ্ অধি। বি; পুং।

আহবনীয়—১। যজ্ঞাগ্নি বিঃ। আ—হু+অনীয় অধি। বি; পুং। ২। হোম করিবার যোগ্য ('—ঘৃত')। আ—হু+অনীয় কর্ম। বিণ।

আহরণ—সংগ্রহ, সংকলন; আয়োজন; অনুষ্ঠান; একস্থান হইতে অন্যস্থানে আনয়ন; উপার্জন; নির্বাহকরণ; (বৈদ্যকশাস্ত্রে) নিষ্কর্ষণ। আ—হৃ+অনট্ ভাব। বি; ক্লী।

আহরণী—সংগ্রহগ্রন্থ, সংকলনগ্রন্থ, anthology; সমষ্টি; দ্রব্যাদির চয়নমালা। আ—হৃ+অনট্ অধি +ঈপ্। বি; স্ত্রী। [বিণ।

আহরণীয়—আহরণযোগ্য। আ—হৃ+অনীয় কর্ম।

আহরিং—১। সামান্য হরিদ্বর্ণ, ফেকাশে সবুজ রং। বি। ২। ঈষৎ হরিদ্বর্ণ। আ (ঈষৎ) হরিৎ প্রাদি। বিণ।

আহরিত—সংগৃহীত; আনীত। বাংপ্র। বিণ।
আহর্তব্য—আহরণীয়, সংগ্রাহ্য। আ—হৃ+তব্য কর্ম। বিণ।
আহর্তা (-হর্তৃ)—আহরণকারী; সংকলয়িতা; অনুষ্ঠাতা। আ—হৃ+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-র্ত্রী**।
আহা—খেদ আক্ষেপ সহানুভূতি প্রঃ বোধক শব্দ। ∠অহহ। অ।
আহামরি—১। বিস্ময় প্রশংসা বা বিদ্রূপসূচক শব্দ। অ। ২। অতি চমৎকার। বাংপ্র। বিণ।
আহাম্মক, -ম্মুক—বোকা, বেকুফ। ∠আ 'আহ্মক'। বিণ।
আহার—১। ভোজন; আহরণ। আ—হৃ+ঘঞ্ ভাব। ২। ভক্ষ্যবস্তু। আ—হৃ+ঘঞ্ কর্ম। বি; পুং।
আহারবিহার—ভোজন ও ভ্রমণ; ভোজনাদিকার্য। দ্বন্দ্ব। বি; পুং।
আহারার্থী (-র্থিন্)—ভোজনাভিলাষী; ভোজনাভিলাষে উপস্থিত। উপতৎ; আহার—অর্থি+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-র্থিনী**।
আহারী (-রিন্)—যে খায় এমন; আহার করিতে বিলক্ষণ পটু। আহার+ইন্ আছে অর্থে। বিণ।
আহারীয়—আহার্য; ভোজ্য। আহার+ঈয় ভোগ্যার্থে। বি; ক্লী, বা বিণ।
আহার্য—১। ভোজ্য; আহরণীয়। বিণ। ২। খাদ্য, ভোজ্য ('—দ্রব্য')। আ—হৃ+ণ্যৎ কর্ম। বি; ক্লী।
আহিঙ্কে, আহিংগে — আকাঙ্ক্ষা; আশা। ∠আকাঙ্ক্ষা। বি।
আহিত—ন্যস্ত; অর্পিত; স্থাপিত; যাহা বন্ধক দেওয়া হইয়াছে এরূপ; নিক্ষিপ্ত; কৃত; কৃতাধান-সংস্কার; জনিত; নিষিক্ত; সংহিত, সম্পাদিত; আরোপিত; অনুভূত; যাহাতে বিদ্যুৎ সঞ্চারিত করা হইয়াছে এমন, charged. আ—ধা+ক্ত কর্ম। বিণ।
আহিতাগ্নি—সাগ্নিক, অগ্নিহোত্রী। আহিত (স্থাপিত) অগ্নি যৎকর্তৃক, বহু। বি, পুং, বা বিণ।
আহিতুণ্ডিক—সর্পবিদ্যার নিপুণ; সাপুড়ে। অহিতুণ্ড (সর্পমুখ)+ইক ক্রীড়কার্থে। বিণ, বা বি, পুং।
আহির, আহীর—গোয়ালা। ∠আভীর। বি। স্ত্রী, **-রী, -রিনী, -রিণী**।
আহুত—যাহা বা যাহাতে আহুতি দেওয়া হইয়াছে এরূপ। আ—হু+ক্ত কর্ম। বিণ।
আহুতি—১। যজ্ঞে ঘৃত প্রদান, হোম; মহৎ কার্যে আত্মদান। আ—হু+ক্তি ভাব। ২। আহবনীয় দ্রব্য। আ—হু+ক্তি কর্ম। বি; স্ত্রী।
আহূত—আমন্ত্রিত, যাহাকে ডাকা হইয়াছে এমন। আ—হ্বে+ক্ত কর্ম। বিণ।
আহূতি—আহ্বান। আ—হ্বে+ক্তি ভাব। বি; স্ত্রী।
আহৃত—সংগৃহীত; সংকলিত; সঞ্চিত; আনীত। আ—হৃ+ক্ত কর্ম। বিণ।
আহেরিয়া—১। মৃগয়া; রাজস্থানের বিখ্যাত মৃগয়াক্রীড়া। আহের (∠আখেট=মৃগয়া)+ইয়া স্বার্থে। বি। ২। শিকারী। আহের+ইয়া করে অর্থে। বিণ বা বি। [∠আ 'আহ্ল্'। বিণ।
আহেল, আহেলী—খাঁটী, আসল; নূতন; খাস।
আহ্নিক—১। দিনসাধ্য; দৈনিক; দিন-সম্বন্ধীয়। বিণ। স্ত্রী, **-কী**। ২। ভোজন; নিত্যক্রিয়া; সন্ধ্যাবন্দনা; প্রকরণসমূহ; গ্রন্থের অংশ বিঃ। অহন্+ইক নির্বৃত্তার্থে। বি; ক্লী। **আহ্নিক গতি** —পৃথিবীর দৈনিক গতি, diurnal rotation [পৃথিবী প্রতিদিন স্বীয় অক্ষোপরি ঘূর্ণিত হইতেছে। ইহাই 'আহ্নিক গতি']।
আহ্বান—ডাকা; নিমন্ত্রণ; সম্বোধন। আ—হ্বে+অনট্ ভাব। বি; ক্লী।
আহ্বায়ক—১। আহ্বানকারী। বিণ। ২। দূত, যে সভাদি আহ্বান করে, convener. আ—হ্বে+ণক কর্তৃ। বি; পুং। স্ত্রী, **-য়িকা**।
আহ্লাদ—আমোদ, হর্ষ। আ—হ্লাদ্+ঘঞ্ ভাব। বি, পুং। **আহ্লাদে আটখানা**—অতিশয় আনন্দিত, নির্বোধের মত অসংগতরূপে উল্লসিত। **আহ্লাদে ডগমগ**—আনন্দে বিহ্বল।
আহ্লাদন—আহ্লাদজনন, প্রীতিদান। আ—হ্লাদ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
আহ্লাদিত—আনন্দিত। আ—হ্লাদ্+ক্ত কর্তৃ; বা আহ্লাদ+ইত জাতার্থে। বিণ।
আহ্লাদী (-দিন্)—আমোদস্বভাব বিশিষ্ট। আ—হ্লাদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-দিনী**।
আহ্লাদী—সর্বদা হৃষ্টা বালিকা বা রমণী; আদুরে মেয়ে; ন্যাকা। বাংপ্র। বি, বা বিণ; স্ত্রী।
আহ্লাদে—সদানন্দ; আদুরে; ন্যাকা। আহ্লাদ+এ (= ইয়া) যুক্তার্থে। বাংপ্র। বিণ। **আহ্লাদে গোপাল**—অতিশয় আদুরে ছেলে (যশোদা কৃষ্ণকে অতিশয় আদর দিতেন। 'গোপাল' শব্দের অর্থ 'কৃষ্ণ'। আদুরে বা আহ্লাদে গোপাল হইতে এই অর্থ আসিয়াছে)। **আহ্লাদে পুতুল**—খুব আদুরে ছেলে।
আহ্লেদে—আহ্লাদে। বাংপ্র। বিণ।

[ই]

ই—১। ই-কার, তৃতীয় স্বরবর্ণ (ইহার উচ্চারণ-স্থান তালু। ইহার হ্রস্ব, দীর্ঘ ও প্লুত—এই তিন অবস্থা)। ২। খেদ; কোপ; নিরাকরণ; অপাকরণ; নিন্দা; বিস্ময়; সম্বোধন; আহ্বান; অনুকম্পা; (বাংপ্র) সমর্থন; কেবল, মাত্র। অ। ৩। ই ধাতুর অর্থ—গমন, প্রাপ্তি, অধ্যয়ন। ৪। এই; ইহা। সর্ব। ৫। বাঙ্গালা প্রত্যয় (ভাবে—হাসি; ব্যবসায় অর্থে—গোলদারি; যন্ত্রার্থে—দাগি; ধর্ম-অর্থে—খাড়াই; তদুৎপন্নার্থে—পাটনাই; ক্ষুদ্রার্থে—হাঁড়ি; দিন নির্ধারণার্থে—দশই ইঃ)। ৬। প্রাচীন কবিতায় কথার মাত্রা স্বরূপ ("যেমতি করিয়া 'শপথি' করিল"—চণ্ডী)। ৭। প্রাচীন কবিতায় সপ্তমী বিভক্তি ("গুরুজন 'সমুখই' ভাব তরঙ্গ"—বিদ্যা)। ৮। প্রাচীন কবিতায় ক্রিয়ার স্ত্রী-প্রত্যয় ("গেলি কামিনী গজহু গামিনী"—বিদ্যা)। ৯। সংযুক্ত উষ্মবর্ণাদি শব্দের প্রথমে আগম ('ইস্কুল', 'ইস্টেশন')। ১০। শব্দের মধ্যে আগম ('ডাইল')। ১১। 'তৎমুহূর্তেই' এই ভাববোধক শব্দ ('বলিতে না বলিতেই')। ১২। ইচ্ছাধীন এই ভাবদ্যোতক ('বাড়িটা কিনলেই হয়'); পদবিশেষের উপর উচ্চারণের গুরুত্ববোধক ('আমিই এই কাজ করিয়াছিলাম')। বাংপ্র। অ।

ইউনানী, য়ুনানী—গ্রীক; হাকিমী চিকিৎসাসম্বন্ধীয়; হাকিমী। আরবী য়ুনান+ঈ সম্বন্ধার্থে। বিণ।

ইউনিয়ন—কর্মিসংঘ। <ইং 'union'. বি।

ইওরেশিয়ান, ইওরেশীয়—ইওরোপ ও এশিয়া মহাদেশের বাসিন্দার সংমিশ্রণে জাত সংকরজাতি; ফিরিঙ্গী। <ইং 'Eurasian'. বি বা বিণ।

ইওরোপীয়, য়ুরোপীয়—ইওরোপ-মহাদেশ-সম্বন্ধীয়, ইওরোপে উৎপন্ন; ইওরোপের বাসিন্দা, European. ইওরোপ (Europe)+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

ইংরাজ, ইংরেজ—ইংলণ্ডের বাসিন্দা, ইংলণ্ডের লোক। <পো 'Ingles' বা ফ্রেঞ্চ 'Anglaise'। বি।

ইংরাজী, ইংরেজী—১। ইংরাজজাতীয়। বিণ। ২। ইংরাজজাতির ভাষা। ইংরাজ, ইংরেজ+ঈ সম্বন্ধার্থে। বি।

ইংলিশ—১। ইংলণ্ডীয়; বিলাতী। ('ইংরাজ' দ্রঃ)। বিণ। ২। হরফবিশেষের নাম, English type. বি।

ইঃ—কোপ দুঃখ ভাবনা বা সন্তাপবোধক শব্দ। অ।

ইঁচড়—অপক্ক কাঁটাল, কচি কাঁটাল। বাংপ্র। বি।

ইঁচড়ে পাকা—অকাল-পক্ক, বাল্যে বৃদ্ধবৎ আচরণকারী; বকাটে।

ইঁট—ইট (তাহা দ্রঃ)।

ইঁটখোলা—ইটখোলা (তাহা দ্রঃ)।

ইঁটপাটকেল—ইটপাটকেল (তাহা দ্রঃ)।

ইঁদারা—গভীর বড় বাঁধানো কুয়া। <ইন্দ্রাগার। বি।

ইঁদুর—মূষিক। <উন্দুর। বি।

ইঁদুরকানি, -কানী—ইন্দুরকানি (তাহা দ্রঃ)।

ইঁদুরজালি—কচি অবস্থাতেই যে ফলের ভিতরটা নষ্ট হইয়া যায়। বাংপ্র। বি।

ইঁদুরে—নিকৃষ্ট; ইঁদুরের দ্বারা খোঁড়া হইয়াছে এমন ('—মাটি'); ইঁদুরের মত। ইঁদুর+এ (<ইয়া)। বিণ।

ইকড়িমিকড়ি—ছোট ছোট ছেলেমেয়েদের একরকম খেলা। বাংপ্র। বি।

ইকরার—স্বীকার, কবুল। <আ 'একরার'। বি।

ইকরারনামা—স্বীকৃতি-পত্র। ইকরার (আ)+নামা (ফা)। বি।

ইকার—'ই' এই অক্ষর। ই+কার স্বার্থে। বি; পুং।

ইকারাদি—আদিতে 'ই' এই বর্ণবিশিষ্ট ('— শব্দ'); ইকার হইতে আরম্ভ করিয়া অন্য। ইকার আদি বা আদিতে যাহার, বহু। বিণ।

ইকারান্ত—শেষে ই-বর্ণ-বিশিষ্ট। ইকার অন্তে যাহার, বহু। বিণ।

ইক্ষু—আকগাছ। ইষ্+কসু কর্ম সংজ্ঞার্থে। বি; পুং।

ইক্ষুদণ্ড—আকগাছ। ইক্ষুই দণ্ড, কর্মধা। বি; পুং।

ইক্ষুরস—আকের রস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ইক্ষুসমুদ্র—পৌরাণিক সপ্তসমুদ্রের অন্যতম। ইক্ষু নামা সমুদ্র, মধ্যপ। বি; পুং।

ইংগবংগ—ইংরেজী-বাংগালা মিশানো; ইংরেজী ভাবাপন্ন বাংগালী; সাহেবী চালচলন ও সাজপোশাকের অনুকরণকারী বাংগালী। <ইং 'Anglo-Bengali'. বিণ বা বি।

ইংগ-ভারতীয়—১। ইংরেজ ও ভারতীয় মিশ্রিত। বিণ। ২। ফিরিংগী জাতি; ইংরেজ ও ভারতীয়ের সংমিশ্রণে উৎপন্ন জাতি। <ইং 'Anglo-Indian'. বি।

ইংগিত—মনের ভাব-প্রকাশক আংগুল ও চোখের ঠার ইঃ; ইশারা; সংকেত; ব্যঞ্জনা; চলন; চাল; অন্বেষণ; চেষ্টা; তাৎপর্য। ইন্গ্+ত ভাব। বি, ক্লী।

ইংগুদ—তাপসতরু; এরণ্ড গাছ; জ্যোতিষ্মতী। ইংগু—দো+ক কর্তৃ। বি; পুং।
ইংগুদী—তাপসতরু। ইংগুদ+ঈপ্। বি; স্ত্রী।
ইচ্ছ—ইচ্ছা কর ("তবে যদি ইচ্ছ রণ তার গন্ধ হ'য়ে"—মাইকেল)। কপ্র। ক্রি।
ইচ্ছা—অভিলাষ, স্পৃহা; উৎসাহ। ইষ্+শ ভাব+আপ্। বি; স্ত্রী।
ইচ্ছাকৃত—নিজ ইচ্ছায় সম্পাদিত। ৩য়াতৎ। বিণ।
ইচ্ছাধীন—বাসনার বশ, ইচ্ছা করিলেই যাহা সম্পাদিত হইতে পারে এমন। ৬ষ্ঠীতৎ। বিণ।
ইচ্ছানুগামী (-গামিন্)—ইচ্ছানুযায়ী; স্বেচ্ছাচারী; যথেচ্ছ; ইচ্ছাধীন। ইচ্ছার অনুগামী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -গামিনী।
ইচ্ছানুযায়ী (-যায়িন্)—১। ইচ্ছাধীন; স্বেচ্ছাচারী, আপন ইচ্ছামত কার্যকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -যায়িনী। ২। ইচ্ছামত। ইচ্ছার অনুযায়ী, ৬ষ্ঠীতৎ, এরূপে। ক্রি-বিণ।
ইচ্ছানুরূপ—ইচ্ছামত; যথেচ্ছ। ৬ষ্ঠীতৎ। বিণ।
ইচ্ছাপত্র—বিষয়ীর ইচ্ছানুসারে বিষয়ার্পণ-পত্র, 'উইল'। ইচ্ছাকৃত পত্র, মধ্যপ। বি; ক্লী।
ইচ্ছাপূর্বক—ইচ্ছা করিয়া, অভিপ্রায় করিয়া। ইচ্ছা পূর্বে যাহাতে, বহু, এরূপে (সমাসে ক-আগম)। ক্রি-বিণ।
ইচ্ছাবরী—স্বয়ংবরা। কপ্র। বিণ; স্ত্রী।
ইচ্ছাবসন্ত—আসল বসন্তরোগ, small-pox. বাংপ্র। বি।
ইচ্ছামত—ইচ্ছানুরূপ। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।
ইচ্ছাময়—১। অভিলাষযুক্ত। বিণ। ২। যাহার ইচ্ছায় সব হয়, ভগবান্। ইচ্ছা+ময়ট্ পূর্ণার্থে। বি; পুং। স্ত্রী, -য়ী।
ইচ্ছামরণ, -মৃত্যু—১। আপন ইচ্ছানুসারে দেহবিসর্জন; আত্মহত্যা। ইচ্ছানুগত বা ইচ্ছাকৃত মরণ, মৃত্যু, মধ্যপ। বি; ক্লী, পুং। ২। যিনি স্বেচ্ছায় দেহত্যাগ করিতে পারেন এরূপ। বিণ। ৩। ভীষ্ম। ইচ্ছাধীন মরণ, মৃত্যু যাহার, বহু। বি; পুং।
ইচ্ছায়ত্ত—বাসনার বশীভূত; ইচ্ছামত করা যাইতে পারে এমন। ৬ষ্ঠীতৎ। বিণ।
ইচ্ছিত—অভিলষিত; বাঞ্ছিত। ইচ্ছা+ইত জাতার্থে। বিণ। [কর্মধা। বি; স্ত্রী।
ইচ্ছাশক্তি—ইচ্ছার ক্ষমতা, অভীষ্টসাধনী শক্তি।
ইচ্ছু, ইচ্ছুক—ইচ্ছাশীল। ইষ্+উ, উক কর্তৃ। বিণ।
ইজমালী—এজমালী (তাহা দ্রঃ)।
ইজার, ইজের—ঢিলা পায়জামা, প্যাণ্টালুন। আ। বি।
ইজারদার—ইজারা সম্পত্তির দখলকারী, ইজারাগ্রহীতা, ঠিকাদার। ইজারা (আ)+দার (ফা)। বি।
ইজারা—১। একাধিক বৎসরের জন্য মিয়াদী করিয়া কোন ভূসম্পত্তি হস্তবদ্ধ খাজনার নিয়মে জমিদারের নিকট হইতে গ্রহণ। বি। ২। ইজারা বন্দোবস্তে গৃহীত বা প্রদত্ত। আ। বিণ।
ইজারাদার—ইজারদার (তাহা দ্রঃ)।
ইজারামহল—ইজারা জমিজমা। আ। বি।
ইজ্জত—মানসম্ভ্রম; উদারতা; আবরু; সতীত্ব। আ। বি।
ইজ্যা—যজ্ঞ। যজ্+ক্যপ্ ভাব+আপ্। বি; স্ত্রী।
ইঞ্চ, ইঞ্চি—একফুটের দ্বাদশ ভাগের এক ভাগ। ‹ইং 'inch'. বি।
ইঞ্জিন, এঞ্জিন—বাষ্পাদি-পরিচালিত গতিসম্পাদক যন্ত্র; যাহার বলে কোন কল চলে এরূপ যন্ত্র। ‹ইং 'engine. বি।
ইঞ্জিনিয়ার—ইঞ্জিন-পরিচালক; যন্ত্রবিজ্ঞানবিৎ; পূর্তকার্যে দক্ষ ব্যক্তি। ‹ইং 'engineer'. বি।
ইঞ্জিনিয়ারি—যন্ত্রবিজ্ঞান, ইঞ্জিনিয়ারের কার্য। ইঞ্জিনিয়ার+ই ভাবার্থে, কর্মার্থে। বি।
ইঞ্জিনিয়ারিং—১। যন্ত্রবিজ্ঞান। বি। ২। যন্ত্রবিজ্ঞান-সংক্রান্ত। ‹ইং 'engineering'. বিণ।
ইট—অট্টালিকাদি নির্মাণের উপাদান চতুষ্কোণাকার দগ্ধমৃত্তিকাখণ্ড। ‹ইষ্টক। বি। **ইট কাটানো**—ইট তৈরি করা। **ইটের পাঁজা**—ইটের স্তূপ।
ইটখোলা—ইষ্টকক্ষেত্র, পাঁজাখোলা। ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি।
ইটপাটকেল—আস্ত ও খণ্ড ইট। বাংপ্র। বি।
ইটানো, ইটনো—ইট ছুড়িয়া মারা। বাংপ্র। ক্রি [, বি]।
ইড়া—পৃথিবী; গাভী; শরীরের বামভাগস্থা রক্তবাহিকা নাড়ী বিঃ; সরস্বতী, স্বর্গ; দেবী বিঃ। ইল+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
ইৎ—ইৎসংজ্ঞক বর্ণ, কোন বিশেষ প্রয়োজনসাধনের নিমিত্ত যে বর্ণ উচ্চারিত হয় কিন্তু কার্যকালে থাকে না এরূপ বর্ণ [যেমন—'ট' প্রত্যয়; ইহার 'ট্' বর্ণটি ইৎ, কেবল অ থাকে। আর ট বর্ণের প্রয়োজনীয়তা স্ত্রীলিঙ্গে ঈ-প্রত্যয়ের জন্য]। ই+ক্বিপ্ কর্তৃ। বি, পুং।
ইতঃপর—ইহার পর। সুপ্। ক্রি-বিণ।
ইতঃপূর্বে—ইহার পূর্বে। সুপ্। ক্রি-বিণ।
ইতর—১। নীচ, অধম ('—প্রকৃতি'); নিম্নশ্রেণীস্থ ('—লোক'); পশুশ্রেণীস্থ ('—জন্তু'); ভিন্ন, অপর ('প্রমীলার বামেতর নয়ন নাচিল'—মাইকেল)। বিণ। ২। অন্য, ভিন্ন। ই—ত্র+অচ্ কর্তৃ। সর্ব।
ইতরজন—নীচব্যক্তি, অন্য ব্যক্তি। কর্মধা। বি; পুং।
ইতরজাতি—১। নিকৃষ্টজাতি; মনুষ্য ভিন্ন অন্য জাতি। ইতরা জাতি, কর্মধা। বি; স্ত্রী। ২। নিকৃষ্টজাতীয়; তির্যগ্‌জাতীয়। ইতরা জাতি যাহার, বহু। বিণ।
ইতরজাতীয়—নিকৃষ্টজাতীয়; মনুষ্য ভিন্ন অন্য জীবশ্রেণীর অন্তর্গত। ইতরজাতি+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
ইতরতা—নিকৃষ্টতা; নীচতা; ছোটলোকের কাজ। ইতর+তা ভাবে। বি; স্ত্রী।

ইতরবিশেষ—১। নিকৃষ্ট-উৎকৃষ্ট-ভেদ, ভিন্নতা; কমিবেশি। দ্বন্দ্ব। ২। তুলনা দ্বারা এক হইতে অন্যের পার্থক্য। ৫মীতৎ। বি; পুং।

ইতরভাষা—নীচ লোকের ভাষা, অপভাষা; অকথ্য বাক্য। ৬ষ্ঠীতৎ বা কর্মধা। বি; স্ত্রী।

ইতরম, ইতরামো, ইতরামি—নীচতা, ছোটলোকের ন্যায় ব্যবহার। বাংপ্র। বি।

ইতরেতর—পরস্পর, অন্যোন্য। ইতর+ইতর (কর্ম-ব্যতীহারে দ্বিরুক্তি, সমাসবদ্ভাব)। সর্ব। **ইতরেতর দ্বন্দ্ব**—কতকগুলি বিশেষ্য পদের সমাস; সমাহারার্থ ভিন্ন দ্বন্দ্ব সমাস বিঃ।

ইতরেতর-যোগ—দ্বন্দ্বসমাস বিঃ, যে দ্বন্দ্বসমাসে পদার্থের পরস্পর যোগ বুঝায় তাহা। ইতরেতরের যোগ হয় যদ্দ্বারা বা যাহাতে, বহু। বি; পুং।

ইতস্ততঃ (-তস্)—১। এখানে সেখানে, এদিকে সেদিকে; চারিদিকে। ইতস্ (এখানে)+ততস্ (সেখানে)। অ। ২। দ্বিধা, করিব কি না করিব এই ভাব, সংকোচবোধ। বাংপ্র। বি।

ইতি—এই, ইহা; অতএব; এই প্রকার; প্রকরণ; সমাপ্তি; সমাপ্তিসূচক শব্দ; উপক্রম; প্রকাশ; অনুকর্ষ; প্রকর্ষ; সান্নিধ্য; প্রত্যক্ষ; অবধারণ; পরামর্শ; মান। ই+ক্তি ভাব। অ। **ইতি করা**—শেষ করা, ক্ষান্ত হওয়া।

ইতি-উতি—এদিকে ওদিকে, চারিদিকে; চারিধারে ("বৃন্দাবনে প্রবেশিয়া 'ইতিউতি' চায়"—জ্ঞান)। প্রা কপ্র। ক্রি-বিণ।

ইতিকথা—অর্থশূন্য বাক্য; উপকথা। ইতি (ইহাই) কথা, সুপ্। বি; স্ত্রী। [ক্লী. বা বিণ।

ইতিকর্তব্য—অনুষ্ঠাতব্য কর্ম; কর্তব্য। সুপ্। বি;

ইতিকর্তব্যতা—ইহাই কর্তব্য—এই প্রকার জ্ঞান; কোন কার্য-সম্পাদনের ঔচিত্য। ইতিকর্তব্য+তা ভাবে। বি; স্ত্রী।

ইতিকর্তব্যবিমূঢ়—কিংকর্তব্যবিমূঢ়। ইতিকর্তব্য-বিষয়ে বিমূঢ়, ৭মীতৎ। বিণ। বি, -তা।

ইতিকাহিনী—ইতিহাস। ইতি (এই) কাহিনী (✓হি 'কহনিয়া'), সুপ্। বি।

ইতিপূর্বে—ইহার আগে। সুপ (বাংপ্র)। ক্রি-বিণ।

ইতিবৃত্ত—ইতিহাস। সুপ্। বি, ক্লী।

ইতিবৃত্তকথা—প্রাচীন ঘটনার বিবরণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ইতিবৃত্তকার—ইতিহাসলেখক, পুরাবৃত্তরচয়িতা। উপতৎ; ইতিবৃত্ত—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং, বা বিণ।

ইতিমধ্যে—ইহার মধ্যে, এই সময়মধ্যে। ইতি (ইহার) মধ্য, সুপ্, তাহাতে। বি, অধি ৭মী (ক্রি-বিণরূপে প্রযুক্ত)।

ইতিহাস—প্রাচীন কথা, ইতিবৃত্ত; পুরাবৃত্ত; পূর্ব-বৃত্ত-বর্ণন-গ্রন্থ। ইতিহ—অস+ঘঞ্ অধি। বি; পুং।

ইতিহাসকার—পুরাবৃত্তরচয়িতা; ঐতিহাসিক। উপতৎ; ইতিহাস—কৃ+অণ্ কর্তৃ। বি, পুং বা বিণ।

ইতিহাসবেত্তা (-বেতৃ)—ইতিহাসজ্ঞ, ইতিহাস যে জানে এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -বেত্রী।

ইতু—কার্তিকমাসের সংক্রান্তি-দিবস হইতে আরম্ভ করিয়া অগ্রহায়ণের সংক্রান্তি পর্যন্ত পূজ্য দেবতা। ✓মিত্র। বি; পুং।

ইতোমধ্যে—ইহার মধ্যে। ইতঃ মধ্য, সুপ্, তাহাতে। বি, অধি ৭মী (ক্রি-বিণ অর্থে অশুদ্ধ)।

ইত্তিলা, ইত্তেলা—এত্তেলা (তাহা দ্রঃ)।

ইত্তিহাদ—সংঘ, সভা, সমন্বয়; সন্ধি। আ। বি।

ইত্থম্ভূত—ঈদৃশ; এই প্রকারে জাত। ইত্থম্ (এই-রূপে) ভূত (জাত), সুপ্। বিণ।

ইত্যবকাশে, ইত্যবসরে—এই অবসরে, এই সময়ে; এই সুযোগে। ইতি অবকাশ, অবসর, সুপ্, তাহাতে। বি, অধি ৭মী। [আকার যাহার, বহু। বিণ।

ইত্যাকার—ঈদৃশ, এইরূপ। ইতি (এইরূপ)

ইত্যাদি—এবং এইরূপ, ইহা এবং আরও আরও, ইহা ও এইরূপ অন্য সমস্ত। ইতি (ইহা) আদি বা আদিতে যাহাদের, বহু। বিণ (অব্যয়রূপে প্রযুক্ত)। [কপ্র। অ।

ইথে—ইহাতে, এ বিষয়ে; এইহেতু; এতদ্দ্বারা; ইহা।

ইদানী—অধুনা। ✓ইদানীং। অ।

ইদানীং (-নীম্)—অধুনা, সম্প্রতি, এক্ষণে। ইদম্+দানীম্ কালার্থে। অ।

ইদানীন্তন—অধুনাতন, আধুনিক, নব্য, এখনকার। ইদানীম্+তন ভবার্থে। বিণ। স্ত্রী, -নী।

ইদ্‌গাহ—ইদের ঘর, ইদের দিনে একসঙ্গে উপাসনা করিবার ঘর। আ। বি।

ইনকম—উপার্জন, আয়। ✓ইং 'income'. বি।

ইনকম-ট্যাক্স—উপার্জনের উপর ধার্য রাজস্ব, আয়-কর। ✓ইং 'income-tax'. বি।

ইনকার—অস্বীকার। আ। বি।

ইনক্লাব—বিপ্লব, বিদ্রোহ। আ। বি। **ইনক্লাব জিন্দাবাদ**—বিপ্লব দীর্ঘজীবী হোক।

ইনসলভেন্ট—দেউলিয়া। ✓ইং 'insolvent'. বিণ।

ইনসাফ—ন্যায়বিচার, সুবিচার। আ। বি।

ইনাম—দান, বকশিশ; উপকারের পুরস্কারস্বরূপ প্রাপ্ত নিষ্কর ভূমি বা অর্থ প্রঃ। আ। বি।

ইনামেল—এনামেল (তাহা দ্রঃ)।

ইনি—এই ব্যক্তি, এই জন। ✓ইদম্। সর্ব।

ইনিয়ে-বিনিয়ে—নানাবকমে সাজাইয়া বাড়াইয়া; একান্ত অনুনয় বিনয়ের সহিত। বাংপ্র। ক্রি-বিণ।

ইন্তাকাল—মকদ্দমা নিষ্পত্তির পূর্বে কালক্ষেপ; ইহলোকের, পরলোকগমন। ✓আ 'ইন্তকাল'। বি।

ইন্তাজার—এন্তাজার (তাহা দ্রঃ)।

ইন্তাজারি—এন্তাজারি (তাহা দ্রঃ)।

ইন্তজাম—নিয়ম; ব্যবস্থা। ✓আ 'ইন্তজাম'। বি।

ইন্দারা—কূপ, ইঁদারা। ✓ইন্দ্রাগার। বি।

ইন্দিবর, ইন্দীবর—নীলপদ্ম। ইন্দির, ইন্দীর (লক্ষ্মীর) বর (অভীষ্ট), ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ইন্দিরা—লক্ষ্মী, শোভা। উপতৎ; ইন্দি (ঐশ্বর্য) —রা+ক কর্তৃ। আপ্। বি; স্ত্রী।

ইন্দীবর—'ইন্দিবর' দ্রঃ।
ইন্দু—চন্দ্র; কর্পূর; মৃগশিরা নক্ষত্র। উন্দ+উ কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং।
ইন্দুকলা—চন্দ্রকলা, চন্দ্রের ষোল ভাগের এক ভাগ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ইন্দুকান্ত—চন্দ্রকান্তমণি। বহু। বি; পুং।
ইন্দুনিভ—চন্দ্রতুল্য, চন্দ্রের ন্যায় শুভ্র ও উজ্জ্বল। ইন্দুর সদৃশ, নিত্য। বিণ।
ইন্দুনিভানন—চন্দ্রবদন। ইন্দুনিভ আনন যাহার, বহু। বিণ। স্ত্রী, -ননী (বাংপ্র), -ননা।
ইন্দুভূষণ—মহাদেব। বহু। বি; পুং।
ইন্দুমতী—পূর্ণিমা; অজ রাজার পত্নী। ইন্দু+মতুপ্ আছে অর্থে+ঈপ। বি; স্ত্রী।
ইন্দুমুখী—চন্দ্রাননা। ইন্দুসদৃশ মুখ যাহার, বহু +ঈপ্। বিণ; স্ত্রী।
ইন্দুমৌলি—মহাদেব। ইন্দু মৌলিতে যাঁহার, বহু। বি; পুং। [পুং।
ইন্দুর—মূষিক। উন্দ্+উর কর্তৃ সংজ্ঞার্থে। বি;
ইন্দুরকানি, -কানী—মূষিককর্ণীলতা, মুষাকানী; একপ্রকার জলজ পানা। <উন্দুরকর্ণী। বি।
ইন্দুশেখর—মহাদেব। ইন্দু শেখর যাঁহার, বহু। বি; পুং।
ইন্দ্র—দেবরাজ; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগের ষড়্বিংশ যোগ বিঃ; অন্তরাত্মা; আদিত্য বিঃ; ইন্দ্রিয়; ঐশ্বর্য; পরমেশ্বর; (শব্দের শেষে বসিলে) প্রভু অধিপতি; ঐশ্বর্যশালী ব্যক্তি; শ্রেষ্ঠ ব্যক্তি। ইন্দ্+র কর্তৃ। বি; পুং।
ইন্দ্রকল্প—ইন্দ্রতুল্য। ইন্দ্র+কল্পপ্ ঈষদূন অর্থে। বিণ।
ইন্দ্রকীল—মন্দরপর্বত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ইন্দ্রগোপ—রক্তবর্ণ ক্ষুদ্র কীট বিঃ, মখমলী পোকা। ইন্দ্র গোপ (রক্ষক) যাহার, বহু। বি; পুং।
ইন্দ্রচাপ—রামধনু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ইন্দ্রজাল—কুহক, ভোজবাজি; মায়া, প্রতারণা। ইন্দ্র-দ্বারা (কৌশলাদি ঐশ্বর্য দ্বারা) জাল (দ্রষ্টার নেত্রাবরণ), ৩য়াতৎ। বি; ক্লী।
ইন্দ্রজালিক—বাজিকর, কুহকী; ইন্দ্রজালসম্ভূত। ইন্দ্রজাল+ইক (ঠন্) জাতার্থে, জাতার্থে। বিণ।
ইন্দ্রজিৎ—মেঘনাদ। উপতৎ; ইন্দ্র—জি+ক্বিপ্ কর্তৃ। বি; পুং।
ইন্দ্রত্ব—স্বর্গের আধিপত্য, ইন্দ্রের পদ: ইন্দ্র+ত্ব ভাবে। বি; ক্লী।
ইন্দ্রধনুঃ (-ধনুস্)—রামধনু। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ইন্দ্রধনু—<ইন্দ্রধনুঃ।
ইন্দ্রধ্বজ—ভাদ্রমাসে শুক্লাদ্বাদশী তিথিতে রাজারা প্রজাবৃদ্ধির মানসে ইন্দ্রদেবতার প্রীত্যর্থে যে ধ্বজের পূজা করাইয়া উত্তোলন করাইতেন তাহা। ইন্দ্রপ্রীত্যর্থক ধ্বজ, মধ্যপ। বি; পুং বা ক্লী।
ইন্দ্রনীল—নীলকান্তমণি, পান্না। ইন্দ্রসদৃশ নীল, মধ্যপ। বি; পুং।
ইন্দ্রনীলক—মরকতমণি, পান্না। ইন্দ্রনীল+কন্ স্বার্থে। বি; পুং। [পুং।
ইন্দ্রনীলমণি—মরকতমণি, পান্না। কর্মধা। বি;
ইন্দ্রপাত—ইন্দ্রের নাশ; প্রসিদ্ধ লোকের মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ইন্দ্রপুর, -পুরী—অমরাবতী, দেবরাজ ইন্দ্রের ভবন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।
ইন্দ্রবজ্রা—একাদশাক্ষর-পাদক ছন্দ বিঃ (ইহার ৩য়, ৬ষ্ঠ, ৭ম এবং ৯ম বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু)। বি; স্ত্রী।
ইন্দ্রলুপ্ত—টাকরোগ। ইন্দ্রদিগের অর্থাৎ ইন্দ্রনীল-বর্ণ কেশ সকলের লুপ্ত অর্থাৎ লোপ হয় যদ্দ্বারা, বহু। বি; ক্লী।
ইন্দ্রলোক—অমরাবতী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ইন্দ্রসভা—অমরাবতীর দেবসভা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ইন্দ্রাগার—বৃহৎ কূপ, ইঁদারা। ৬ষ্ঠীতৎ। বি।
ইন্দ্রাণী—১। ইন্দ্রপত্নী; শচী। ইন্দ্র+আনীপ্ পত্নী অর্থে। ২। অষ্টমাতৃকার একজন; যোগিনী বিঃ; দুর্গা। ইন্দ্র—অন্+ণিচ্+অচ্ কর্তৃ+ঈপ্ সংজ্ঞার্থে। বি; স্ত্রী।
ইন্দ্রায়ুধ—রামধনু। ইন্দ্রের আয়ুধ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ইন্দ্রারি—অসুর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ইন্দ্রালয়—স্বর্গ; রাজভবন। ৬ষ্ঠীতৎ; বি; পুং।
ইন্দ্রাসন—দেবরাজের আসন; রাজাসন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ইন্দ্রিয়—যাহাদ্বারা পদার্থের জ্ঞানলাভ এবং কর্ম-সাধন করা যায় তাহা [ইন্দ্রিয় ত্রিবিধ—জ্ঞানেন্দ্রিয়, অন্তরিন্দ্রিয় এবং কর্মেন্দ্রিয়। জ্ঞানেন্দ্রিয় পাঁচটি—চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্। অন্তরিন্দ্রিয় চারিটি—মনঃ, বুদ্ধি, অহংকার ও চিত্ত। কর্মেন্দ্রিয় পাঁচটি—বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ। মন ইন্দ্রিয়গণের নিয়ামক]; শুক্র; বীর্য; বিজ্ঞান। ইন্দ্র (ঈশ্বর)+ইয় সৃষ্টার্থে। বি; ক্লী।
ইন্দ্রিয়ক্ষোভ—ইন্দ্রিয়-চাঞ্চল্য; অজিতেন্দ্রিয়তা; চিত্ত-বিভ্রম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ইন্দ্রিয়গম্য—ইন্দ্রিয়গোচর; চক্ষু কর্ণ ইঃর দ্বারা উপলব্ধিযোগ্য। ৩য়াতৎ। বিণ।
ইন্দ্রিয়গোচর—ইন্দ্রিয়গ্রাহ্য, জ্ঞানগম্য। ৬ষ্ঠীতৎ। বিণ।
ইন্দ্রিয়গ্রাম—ইন্দ্রিয়সমূহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ইন্দ্রিয়গ্রাহ্য—ইন্দ্রিয়দ্বারা বোধ্য; ইন্দ্রিয়জ্ঞানগম্য। ৩য়াতৎ। বিণ।
ইন্দ্রিয়চরিতার্থতা—ভোগের দ্বারা সমস্ত ইন্দ্রিয়ের সম্পূর্ণ তৃপ্তিসাধন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী
ইন্দ্রিয়চাঞ্চল্য—অজিতেন্দ্রিয়তা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ইন্দ্রিয়জয়—ইন্দ্রিয়ের দমন, ইন্দ্রিয়সংযম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ইন্দ্রিয়জয়ী (-য়িন্)—ইন্দ্রিয়ের দমনকারী, ইন্দ্রিয়-সংযমী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -জয়িনী।

ইন্দ্রিয়তৃপ্তি, -পরিতৃপ্তি—রমণ; ইন্দ্রিয়দ্বারা সুখ-লাভ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ইন্দ্রিয়দমন—ইন্দ্রিয়ের আয়ত্তীকরণ, ইন্দ্রিয় বশে রাখা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ইন্দ্রিয়দোষ—ইন্দ্রিয়ের উচ্ছৃঙ্খলতা; লাম্পট্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ইন্দ্রিয়নিগ্রহ—জিতেন্দ্রিয়তা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। বিণ, **-নিগ্রহী** (-হিন্)।
ইন্দ্রিয়নিরোধ—ইন্দ্রিয়দমন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ইন্দ্রিয়পর—ইন্দ্রিয়াসক্ত, ভোগপ্রবণ। বহু। বিণ।
ইন্দ্রিয়পরতন্ত্র, -পরবশ—অত্যন্ত ইন্দ্রিয়সেবী; অসংযত; ভোগপরায়ণ। ৬ষ্ঠীতৎ। বিণ।
ইন্দ্রিয়পরায়ণ—ইন্দ্রিয়সেবায় তৎপর, যে কেবল ভোগ-সুখকেই সংসারের সার পদার্থ মনে করে এরূপ। ইন্দ্রিয় পর (প্রধান) অয়ন যাহার, বহু। বিণ।
ইন্দ্রিয়বশ—ইন্দ্রিয়াধীন। ইন্দ্রিয়ের বশ, ৬ষ্ঠীতৎ। বিণ।
ইন্দ্রিয়বিষয়—ইন্দ্রিয়গোচর, ইন্দ্রিয়গ্রাহ্য। ৬ষ্ঠীতৎ। বিণ।
ইন্দ্রিয়লালসা—প্রবল ভোগেচ্ছা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ইন্দ্রিয়সংযম—ইন্দ্রিয়নিগ্রহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ইন্দ্রিয়সেবা—বিষয়সম্ভোগ, ভোগসুখে আসক্তি; কাম প্রঃর সেবা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। বিণ, **-সেবী** (-বিন্)।
ইন্ধন—১। জ্বালানিকাষ্ঠ; পাথুরে কয়লা প্রঃ। ইন্ধ্+অনট্ করণ। ২। উদ্দীপন। ইন্ধ্+অনট্ ভাব। বি; ক্লী। **ইন্ধন যোগানো**—কাঠ ইঃ দিয়া আগুন জ্বালাইয়া রাখা; শত্রুতাবৃদ্ধির জন্য চেষ্টা করা; মনোমালিন্য জিয়াইয়া রাখা।
ইন্‌স্পেক্টর—পরিদর্শক। <ইং 'inspector'. বি।
ইভ—হস্তী; (সমাসে উত্তরপদে) শ্রেষ্ঠতাবাচক শব্দ; নাগকেশর বৃক্ষ। ই+ভক্ কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং। **স্ত্রী—ইভী।**
ইমন—রাগিণী বিঃ। অসংস্কৃত শব্দ। বি।
ইমনকল্যাণ—মিশ্ররাগিণী বিঃ। বি।
ইমনকেদারা—মিশ্ররাগিণী বিঃ। বি।
ইমনভূপালী—মিশ্ররাগিণী বিঃ। বি।
ইমান, ঈমান—ধর্ম; ধর্মবিশ্বাস; আস্তিকতা; বিবেক। আ। বি।
ইমানদার—ধর্মবিশ্বাসী; আস্তিক; বিশ্বস্ত। ইমান (আ)+দার (ফা)। বিণ।
ইমানদারি—ধার্মিকতা; আস্তিকতা; বিবেক; বিশ্বস্ততা। আ-মু। বি।
ইমাম—ভগবৎপ্রেরিত দূত; মসজিদে নমাজ করিবার জন্য আহ্বানকারী; মুসলমান ধর্মগুরু। আ। বি।
ইমামবাড়া—মহরমের তাজিয়া রাখিবার স্থান, শিয়া-সম্প্রদায়ের ধর্মগ্রন্থ। আ। বি।
ইমারত—অট্টালিকা, প্রাসাদ। আ। বি।
ইয়ৎ—এই পরিমাণ। ইদম্+বতুপ্ পরিমাণার্থে। বিণ; ক্লী। পুং—**ইয়ান।**
ইয়ত্তা—এত পরিমাণ; সীমা, সংখ্যা। ইয়ৎ+তা ভাবে। বি; স্ত্রী।
ইয়া—এত বড়; এরকম। <ইয়ান্ (ইয়ৎ)। বিণ।
ইয়াদ—স্মরণ, মনন। ফা। বি।
ইয়ার—১। আমোদপ্রিয়, বৃথা আমোদে তৎপর; ফাজিল। বিণ। ২। বন্ধু, বয়স্য। ফা। বি।
ইয়ারকি—রহস্যপ্রিয়তা, ফাজলামি, বৃথা আমোদ-তৎপরতা; বন্ধুদের সহিত তুচ্ছ আলাপ; বন্ধুতা। ফা-মু। বি।
ইয়ারবক্সী—ইয়ার-বন্ধু, বন্ধুবান্ধব। ফা। বি।
ইয়ারিং—কর্ণভূষণ, দুলযুক্ত কানবালা। <ইং 'ear-ring'. বি।
ইয়ুনানী—গ্রীসদেশীয়, আইওনিয়ার অধিবাসী। <ইং 'Ionian'. বিণ।
ইয়ে—১। মনে পড়িতেছে না এমন কিছু বোধক শব্দ। বাংপ্র। অ। ২। বাংলা কৃৎপ্রত্যয় বিঃ (যেমন 'বলিয়ে', 'খাইয়ে')।
ইরম্মদ—বজ্রাগ্নি; বাড়বাগ্নি; হস্তী। উপতৎ; ইরা—মদ্+খশ্ কর্তৃ। বি; পুং।
ইরা—বাণী; সরস্বতী; পৃথিবী; মদ্য; জল; অন্ন। ই+রক্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
ইরাকী—ইরাকদেশীয়। আ-মু। বিণ।
ইরানী—১। পারস্যদেশীয়; পারস্যদেশ সম্পর্কিত। বিণ। ২। পারসীক লোক। ফা ইরান (=পারস্য)+ঈ সম্বন্ধার্থে, নিবাসার্থে। বি।
ইরাবতী—১। সিন্ধুর উপনদী বিঃ; ব্রহ্মদেশের নদী বিঃ। বি। ২। জলময়ী। ইরা+মতুপ্ সংজ্ঞার্থে প্রাশস্ত্যার্থে+ঈপ্। বিণ; স্ত্রী।
ইলশা—মৎস্য বিঃ, ইলিশ মাছ। <ইল্লীশ। বি। **ইলশা গুঁড়ি, ইলশা গুঁড়ুনি**—গুঁড়িগুঁড়ি বৃষ্টি (এইরূপ বৃষ্টিতে ইলিশ মাছ ধরার সুবিধা হয়)।
ইলা—পৃথিবী; গাভী; ধেনু; বাণী; মদ্য; জল। ইল্+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
ইলাকা—এলাকা (তাহা দ্রঃ)।
ইলাবৃত—জম্বুদ্বীপের নববর্ষের চতুর্থ বর্ষ, পুরাণোক্ত দেশ বিঃ [অনেকের মতে মঙ্গোলিয়া]। বি; পুং।
ইলাহী—১। আল্লা, খোদা। বি। ২। সুপ্রচুর; আড়ম্বরপূর্ণ; রাজোচিত; অতিরিক্ত; দীর্ঘ; বিরাট। আ। বিণ। **ইলাহী কাণ্ড, ইলাহী কাণ্ড-কারখানা**—অলৌকিক ব্যাপার; বিরাট আয়োজন; মহাধুমধাম। **ইলাহী খরচ**—অত্যধিক ব্যয়, বে-হিসাবী খরচ। **ইলাহী গজ**—আকবর-প্রবর্তিত ৪১ ইঞ্চি পরিমিত গজ। **ইলাহী রাত**—মহরমের জাগরণনিশা। **ইলাহী সন**—আকবর তাঁহার রাজত্বের চতুর্বিংশ বৎসরে যে সালের প্রবর্তন করেন তাহা।
ইলিবিলি—১। এলোমেলো, আঁকাবাঁকা। বিণ। ২। কিলবিল, কীটাদির ইতস্ততঃ সঞ্চারবোধক শব্দ। বাংপ্র। অ।
ইলিশ—মাছ বিঃ। <ইল্লীশ। বি।

ইলীশ—মৎস্য বিঃ। ইলী (ছুরি)—শুভ্‌+ড কর্তৃ। বি; পুং।

ইলেক—টাকা গণ্ডা প্রঃর জ্ঞাপক অঙ্কের পার্শ্বস্থ বক্রচিহ্ন বিঃ (৻ ; ৲ এই সকল চিহ্ন গণ্ডা কড়া প্রঃর অঙ্কের বামে এবং টাকার অঙ্কের দক্ষিণ ভাগে বসে; যেমন—৻১ গণ্ডা, ৻৷ কড়া; ১৲ টাকা)। বাংপ্র। বি।

ইলেক্‌ট্রিক—বৈদ্যুতিক, তাড়িত। <ইং 'electric'. বিণ। **ইলেক্‌ট্রিক লাইট**—বৈদ্যুতিক আলো, electric light.

ইলেকশন—নির্বাচন, ভোট দিয়া প্রতিনিধি স্থির করা। ইং 'election'. বি।

ইল্লত—মলিনতা; নোংরামি; মলিন বস্তু; খারাপ জিনিস। আ। বি। বিণ—**ইল্লুতে**।

ইল্লতখানা—পায়খানা; আস্তাকুড়। ইল্লত (আ)+খানা (ফা)। বি।

ইল্লিশ, ইল্লীশ—ইলীশ মাছ। ইল্‌—লিশ্‌, লীশ্‌+ক কর্তৃ। বি; পুং।

ইশ—বিস্ময় দুঃখ ক্লেশ ইঃসূচক শব্দ। বাংপ্র। অ।

ইশকাপন—তাসের চিহ্ন বিঃ। <ডাচ্‌ 'schopen'. বি।

ইশতিহার—ইস্তাহার, বিজ্ঞাপনপত্র। আ। বি।

ইশপিশ—নিশপিশ, অস্থিরতাপ্রকাশ; আকুলতা দেখানো। বাংপ্র। অ।

ইশাদী—সাক্ষী। ফা। বি।

ইশারা—সংকেত, ইঙ্গিত। <আ 'ইশারহ'। বি।

ইষু—বাণ; পাঁচসংখ্যার সংকেত। ইষ্‌+উ কর্তৃ। বি; পুং।

ইষেরমূল, ইশেরমূল—ইসরমূল (তাহা দ্রঃ)।

ইষ্ট—১। অভিপ্রেত; প্রিয়; পূজিত; প্রশংসিত; প্রার্থিত। ইষ্‌+ক্ত কর্ম। ২। পূজিত। যজ্‌+ক্ত কর্ম। বিণ। ৩। অভিলাষ; প্রার্থনা। ইষ্‌+ক্ত ভাব। ৪। কল্যাণ; যজ্ঞাদি কর্ম। যজ্‌+ক্ত কর্ম। বি; ক্লী।

ইষ্টক, ইষ্টকা—গৃহাদিনির্মাণার্থ দগ্ধমৃৎখণ্ড, ইট। ইষ্‌+তকক্‌ কর্ম, পক্ষে আপ্‌। বি; পুং; স্ত্রী।

ইষ্টকখণ্ড—একখানি ইট; ইটের টুকরা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ইষ্টকবচ—অভীষ্ট বা আপন আরাধ্য দেবতার মন্ত্র-সংবলিত কবচ। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।

ইষ্টকর্ম (-কর্মন্‌)—অভিলষিত কার্য; যাগ; (অংকশাস্ত্রে) ইষ্টফল বা নির্ণেয় রাশি বাহির করিবার নিমিত্ত প্রক্রিয়া বিঃ। কর্মধা। বি; ক্লী।

ইষ্টকা—'ইষ্টক' দ্রঃ।

ইষ্টকামনা—আশীর্বাদ; অভিলষিত বিষয় প্রাপ্তির জন্য বাসনা; হিতাকাঙ্ক্ষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ইষ্টকালয়—পাকাবাড়ি, কোঠাবাড়ি। ইষ্টক-নির্মিত আলয়, মধ্যপ। বি; পুং।

ইষ্টতম—সর্বাপেক্ষা অভিলষিত; প্রিয়তম। ইষ্ট+তম অতিশয়ার্থে। বিণ।

ইষ্টদেব—গুরুদেব; উপাস্য দেবতা। কর্মধা। বি; পুং। স্ত্রী, -বী।

ইষ্টদেবতা—উপাস্যদেবতা; দীক্ষাগুরু। কর্মধা। বি; স্ত্রী।

ইষ্টবিয়োগ, -বিয়োজন—স্বজনবিরহ; আত্মীয়-বিচ্ছেদ; প্রিয়জনের মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী। [বি; ক্লী।

ইষ্টসাধন—অভিপ্রেত বিষয়ের সম্পাদন। ৬ষ্ঠীতৎ।

ইষ্টসিদ্ধি—অভিলষিত বিষয়ে সাফল্য, মনোবাঞ্ছা পূরণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ইষ্টানিষ্ট—হিতাহিত; লাভ ও ক্ষতি; উপকার এবং অপকার। ইষ্ট ও অনিষ্টের সমাহার, সমা দ্বন্দ্ব। বি; ক্লী।

ইষ্টাপত্তি—অনুকূল বা স্বীকার্য আপত্তি; বাঞ্ছিত বস্তু বা বিষয় লাভ। ইষ্টের আপত্তি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ইষ্টাপূর্ত—যজ্ঞ ও লোকহিতকর জলাশয় খনন ইঃ। ইষ্ট (উৎসর্গীকৃত) আপূর্ত (খননাদি), কর্মধা। বি; ক্লী।

ইষ্টি—১। অভিলাষ। ইষ্‌+ক্তি ভাব। ২। যাগ। যজ্‌+ক্তি ভাব। বি; স্ত্রী।

ইষ্টিকবচ—ইষ্টদেবতার নামোদ্দিষ্ট বড় মাদুলি। <ইষ্টকবচ। বি।

ইস—ক্রোধসূচক বা আশ্চর্যবোধক বা অবিশ্বাসসূচক শব্দ। বাংপ্র। অ।

ইসদন্ত—বিষদাঁত; কষের দাঁত। বাংপ্র। বি।

ইসবগুল—ওষধিবীজ বিঃ। ফা 'ইস্পগোল'। বি।

ইসরমূল, ইসেরমূল—সর্পবিষনাশক এবং সর্পকে নিস্তেজকারী বলিয়া কথিত একপ্রকার মূল। বাংপ্র। বি। [বিণ, -মী।

ইসলাম—মুসলমানদের ধর্ম বা জাতি। আ। বি।

ইসাদী—ঘটনাদর্শী, সাক্ষী। ফা। বি।

ইস্কাপন, ইস্কাবন—ইশকাপন (তাহা দ্রঃ)।

ইস্কুল—বিদ্যালয়। <ইং 'school'. বি।

ইস্ক্রুপ—স্ক্রু, পাক-দেওয়া পেরেক, পেঁচ। <ইং 'screw'. বি। **ইস্ক্রুপের পাক, ইস্ক্রুপের প্যাঁচ**—কুটিল মনোভাব; কুটিল লোকের চক্রান্ত।

ইস্টিমার—বাষ্পচালিত জলযান। <ইং 'steamer'. বি।

ইস্তক—১। হইতে; অবধি; পর্যন্ত। অ। ২। (তাসের বিন্তি খেলায়) রঙের সাহেব ও বিবির এক হাতে মিলন। ইস্‌ (এই)+তক (পর্যন্ত)। হি-মু। বি। **ইস্তক লাগাত**—গোড়া হইতে শেষ পর্যন্ত।

ইস্তফা—জবাব; পরিত্যাগ করা; চাকরি ছাড়িয়া দেওয়া; ক্ষমা; সমাপ্তি। <আ 'ইস্তেফা'। বি।

ইস্তাহার—বিজ্ঞাপন, ঘোষণা। <আ 'ইশতিহার্‌'। বি।

ইস্তিরি, ইস্ত্রি—কাপড় জামা প্রঃর কোঁচ দূর করিয়া মসৃণ করিবার যন্ত্র। <পো 'estirar'. বি।

ইস্তেমাল—আদব-কায়দা; চাল, রীতি। <আ 'ইস্তমাল'। বি।

ইস্পাত—তীক্ষ্ন লোহ, লোহযন্ত্রাদিতে ধার দিবার জন্য কঠিন লোহ। <সং 'অয়স্পত্র' বা পোর্তু 'espada'. বি। বিণ, -তী।

ইহ—১। এই স্থানে; এই জগতে, নরলোকে; এই কালে; বর্তমান, উপস্থিত। ইদম্+৭মী-স্থানে হ। অ। বিণ—ঐহিক। ২। এই ("ইহ নব যৌবন বিরহে গমাওব"—বিদ্যা)। প্রা কপ্র। বিণ।

ইহকাল—জন্মাবধি মৃত্যুপর্যন্ত সময়। সুপ্। বি, পুং।

ইহজগৎ—এই পৃথিবী, মর্ত্যলোক। ইহ জগৎ, সুপ্। বি; ক্লী।

ইহজন্ম (-জন্মন্)—বর্তমান জীবন, এই জন্ম। ইহ জন্ম, সুপ্। বি; ক্লী।

ইহজীবন—বর্তমান জীবন, এই জন্ম, ইহ জীবন, সুপ্। বি; ক্লী।

ইহলোক—এই জগৎ, নরলোক। ইহ (এখানে) যে লোক, সুপ্। বি; পুং।

ইহসংসার—ইহলোক, এই জগৎ। ইহ (এখানে) যে সংসার, সুপ্। বি; পুং।

ইহা—এই; এই বস্তু। <ইদম্। সর্ব।

ইহুদী—প্রাচীন জুডিয়া দেশের লোক; 'জু'-নামক জাতি, Jew. <আ 'য়াহুদ'। বি।

[ঈ]

ঈ—১। ঈ-কার, চতুর্থ স্বরবর্ণ [ইহার উচ্চারণস্থান তালু। ইহা দীর্ঘ এবং দ্বিমাত্রক]। ২। ক্রোধ; বিপদ্; দুঃখ; অনুকম্পা; প্রত্যক্ষ; সন্নিধি; সম্বোধন। ঈ+ক্বিপ্ কর্তৃ। অ। ৩। বাঙ্গালা বিশেষণবাচক প্রত্যয় ('জমিদারী', 'নবাবী' ইঃ)।

ঈঃ—যন্ত্রণা বা ক্রোধাদিব্যঞ্জক শব্দ; তুচ্ছতাসূচক বা সন্দেহপ্রকাশক শব্দ। বাংপ্র। অ।

ঈকার—ঈবর্ণ, ঈ। ঈ+কার স্বার্থে। বি; পুং।

ঈকারাদি—আদিতে ঈ-বর্ণবিশিষ্ট; ঈকার হইতে আরম্ভ করিয়া অন্য। ঈকার আদি বা আদিতে যাহার, বহু। বিণ। [যাহার, বহু। বিণ।

ঈকারান্ত—অন্তে ঈ-কারবিশিষ্ট। ঈকার অন্তে

ঈক্ষণ—১। দর্শন; নিরূপণ; পর্যবেক্ষণ। ঈক্ষ্+অনট্ ভাব। ২। চক্ষুঃ। ঈক্ষ্+অনট্ করণ। বি; ক্লী।

ঈক্ষণীয়—দর্শনীয়; নিরূপণীয়; পর্যবেক্ষণীয়। ঈক্ষ্+অনীয় কর্ম। বিণ।

ঈক্ষমাণ—যে দেখিতেছে এরূপ, নিরীক্ষমাণ। ঈক্ষ্+শানচ্ কর্তৃ। বিণ।

ঈক্ষা—দর্শন। ঈক্ষ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

ঈক্ষিত—দৃষ্ট। ঈক্ষ্+ক্ত কর্ম। বিণ।

ঈগল—একপ্রকার প্রকাণ্ড বাজপাখি। <ইং 'eagle'. বি।

ঈতি—অতিবৃষ্টি-অনাবৃষ্টি মূষিক পতঙ্গ পক্ষী এবং নিকটস্থ শত্রু রাজা—শস্যের এই ছয় প্রকার উপদ্রব। ঈ+ক্তি করণ। বি; স্ত্রী।

ঈথর—অতি সূক্ষ্ম ও সর্বব্যাপী পদার্থ বিঃ। ইং 'ether'. বি।

ঈদ—মুসলমান পর্ব বিঃ। আ। বি।

ঈদগা, -গাহ্—ঈদের দিন ইসলাম ধর্মাবলম্বীদের সাধারণ ভজনার স্থান। <আ 'ঈদ্‌গাহ্'। বি।

ঈদলফেতর—মুসলমানদের পর্ব বিঃ। <আ 'ঈদ্-উল্-ফিৎর্'। বি।

ঈদুজ্জোহা—মুসলমান-পর্ব বিঃ, বকরীদ। আ। বি।

ঈদৃশ—এইরূপ, এতাদৃশ। ইদম্—দৃশ্+কঞ্ কর্ম। বিণ। স্ত্রী, -শী।

ঈপ্সা—লাভেচ্ছা, বাসনা। আপ্+সন্ ইচ্ছার্থে (=ঈপ্স্ ধাতু)+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

ঈপ্সিত—১। আকাঙ্ক্ষিত; বাঞ্ছিত' আপ্+সন্ ইচ্ছার্থে (=ঈপ্স্ ধাতু)+ক্ত কর্ম। বিণ। ২। বাসনা। ঈপ্স্+ক্ত ভাব। বি; ক্লী।

ঈপ্সু—পাইতে ইচ্ছুক, অভিলাষী। আপ্+সন্ ইচ্ছার্থে (=ঈপ্স্ ধাতু)+উ কর্তৃ। বিণ।

ঈমান—'ইমান' দ্রঃ।

ঈর্ষা, ঈর্ষ্যা—পরশ্রীকাতরতা; অক্ষমা; হিংসা, দ্বেষ; স্ত্রী ও পুরুষের পরস্পর ব্যভিচারশঙ্কা; পতির অন্যাপ্রিয়াসঙ্গদর্শনে পত্নীর মানভেদ; (বৌদ্ধ-শাস্ত্রে) চালচলন; স্বভাব। ঈর্ষ, ঈর্ষ্য+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

ঈর্ষান্বিত, ঈর্ষ্যান্বিত—ঈর্ষাযুক্ত, ঈর্ষী। ঈর্ষা, ঈর্ষ্যা দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ।

ঈর্ষাপরায়ণ, ঈর্ষ্যাপরায়ণ—অতিশয় পরশ্রীকাতর। ঈর্ষা, ঈর্ষ্যা পর (শ্রেষ্ঠ) অয়ন (গতি) যাহার, বহু। বিণ। স্ত্রী, -ণা। বি, -ণতা।

ঈর্ষাবশতঃ, ঈর্ষ্যাবশতঃ (-তস্)—পরশ্রীকাতরতা হেতু। ঈর্ষা (র্ষ্যা) বশ+তস্। অ।

ঈর্ষামূলক, ঈর্ষ্যামূলক—ঈর্ষা হইতে উৎপন্ন; হিংসাজনিত। ঈর্ষা, ঈর্ষ্যা মূল যাহার, বহু (ক-আগম)। বিণ।

ঈর্ষী (ঈর্ষিন্), **ঈর্ষ্যী** (ঈর্ষ্যিন্)—পরশ্রীকাতর; ঈর্ষাযুক্ত। ঈর্ষা, ঈর্ষ্যা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—ঈর্ষিণী, ঈর্ষ্যিণী।

ঈশ—১। ঈশ্বর; শিব; ঈশানকোণাধিপতি। বি; পুং। ২। প্রভু, স্বামী; নিয়ন্তা; শ্রেষ্ঠ; সমর্থ। ঈশ্+ক কর্তৃ। বিণ।

ঈশা—১। যীশু খ্রীষ্ট। <ইং 'Jesus'. বি। ২। ঈশ্বরী; লাঙ্গলদণ্ড। ঈশ্+আপ্। বি; স্ত্রী।

ঈশান—মহাদেব; একাদশ রুদ্রের অষ্টম রুদ্র; শিবের অষ্টমূর্তির অন্তর্গত সূর্যমূর্তি। ঈশ্+শানচ্ কর্তৃ। বি; পুং। স্ত্রী—**ঈশানী** (দুর্গা)।

ঈশানকোণ—পূর্ব ও উত্তরদিকের মধ্যবর্তী কোণ। ঈশানাধিষ্ঠিত কোণ, মধ্যপ। বি; পুং।

ঈশানী—দুর্গা। ঈশান+ঈপ্। বি; স্ত্রী।

ঈশিতা, ঈশিত্ব—ঈশ্বরত্ব; আধিপত্য; সামর্থ্য; অণিমাদি অষ্ট ঐশ্বর্যের মধ্যে স্বামিত্বরূপ ঐশ্বর্য [যথা—"অণিমা লঘিমা ব্যাপ্তিঃ প্রাকাম্যং মহিমা-তথা। ঈশিত্বঞ্চ বশিত্বঞ্চ তথা কামাবসায়িতা।"]। ঈশ্+ণিন্ কর্তৃ; ঈশিন্+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

ঈশ্বর—১। পরমেশ্বর; সৃষ্টি-স্থিতি-লয়কারী ভগবান্; একাদশ রুদ্রের অন্যতম; ব্রহ্ম; কন্দর্প; ভগবানের সৃষ্টিশক্তি; শিব; শ্রীহরি। বি; পুং। ২। অধিপতি, স্বামী; ধনী; শ্রেষ্ঠ; সমর্থ। ঈশ্+বরচ্ কর্তৃ; বা অশ্+বরট্ কর্তৃ শীলার্থে। বিণ। স্ত্রী, **-রী, -রা**।

ঈশ্বরত্ব—ভগবদ্ভাব, দেবত্ব; ঐশ্বর্য; আধিপত্য; সামর্থ্য; রাজত্ব। ঈশ্বর+ত্ব ভাবে। বি; ক্লী।

ঈশ্বরদত্ত—১। ভগবানের দেওয়া; অলৌকিক। ৩য়াতৎ। ২। জগদীশ্বরে সমর্পিত। ৪র্থীতৎ। বিণ।

ঈশ্বরনিষ্ঠ—ঈশ্বরপরায়ণ, আস্তিক। ঈশ্বরে নিষ্ঠা যাহার, বহু। বিণ।

ঈশ্বরনিষ্ঠা—১। ঈশ্বরপরায়ণতা। ৭মীতৎ। বি; স্ত্রী। ২। ঈশ্বরপরায়ণা। ঈশ্বরনিষ্ঠ+আপ্। বিণ; স্ত্রী।

ঈশ্বরপরায়ণ—একান্ত ঈশ্বরবিশ্বাসী। ঈশ্বর পর (শ্রেষ্ঠ) অয়ন (গতি) যাহার, বহু। বিণ। বি, **-তা**।

ঈশ্বরপ্রসাদাৎ—ভগবানের কৃপায়। ঈশ্বরপ্রসাদ+৫মীর ১ব (সং)। অ।

ঈশ্বরপ্রাপ্তি—মোক্ষলাভ; মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ঈশ্বরবাদ—আস্তিক্য, অস্তিবাদিত্ব। ঈশ্বরস্বীকারী বাদ, মধ্যপ। বি; পুং।

ঈশ্বরবাদী (-বাদিন্)—আস্তিক, অস্তিবাদী। উপ-তৎ, ঈশ্বর—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিনী**।

ঈশ্বরবৃত্তি—দেবকার্যের জন্য প্রদত্ত অর্থাদি; ব্যবসায়ীদিগের হিসাবে ধর্মকার্যাদির জন্য নিরূপিত অর্থ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ঈশ্বরাধীন, ঈশ্বরায়ত্ত—ঈশ্বরের ইচ্ছার উপরে নির্ভর-কারী; ঈশ্বরের ক্ষমতার বশবর্তী। ৬ষ্ঠীতৎ। বিণ।

ঈশ্বরারাধনা—ভগবানের উপাসনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ঈশ্বরী—১। অধিকারিণী; সমর্থা। বিণ; স্ত্রী। ২। দুর্গা লক্ষ্মী সরস্বতী প্রঃ শক্তি; প্রভুপত্নী। ঈশ্বর+ঈপ্। বি; স্ত্রী।

ঈশ্বরেচ্ছা—ভগবানের অভিপ্রায়; প্রভুর ইচ্ছা। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।

ঈশ্বরোপাসনা—জগদীশ্বরের আরাধনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ঈষৎ—অল্প, কিছু। ঈষ্+অতি কর্তৃ। অ; বিণ।

ঈষদুচ্চ—অল্প উঁচু। ঈষৎ উচ্চ, সুপ্। বিণ।

ঈষদুষ্ণ—অল্প গরম। সুপ্। বিণ।

ঈষদূন—সামান্য কম। ঈষৎ ঊন, সুপ্। বিণ।

ঈষদ্বিকশিত, -বিকসিত—আধফোটা। সুপ্। বিণ।

ঈষৎস্ফুট—অল্প-প্রস্ফুটিত, আধফোটা; সামান্যরূপে পৃথক্। সুপ্। বিণ।

ঈষিকা, ঈষীকা—তুলি; কাশতৃণ; খড়কে; শলাকা। ঈষ্+ইকক্, ঈকক্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

ঈহা—চেষ্টা; উদ্যম; ইচ্ছা, আকাঙ্ক্ষা। ঈহ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী। বিণ—**ঈহিত**।

[উ]

উ—১। উ-কার, পঞ্চম স্বরবর্ণ [ইহার উচ্চারণ-স্থান ওষ্ঠ]; শিব; ব্রহ্মা; বিষ্ণু; বিশ্বকর্মা। অত্+ডু কর্তৃ। বি; পুং। ২। সম্বোধন প্রশ্ন বিতর্ক রোষোক্তি অনুকম্পা দয়া অঙ্গীকার বিস্ময় নিয়োগ পাদপূরণ ইঃবাচক শব্দ। উ+ক্বিপ্ ভাব। অ। ৩। বাঙ্গালা প্রত্যয় বিঃ (আদর অর্থে—নিমু; বিশিষ্টার্থে—ঢালু)।

উই—বল্মীক কীট। <উপদিকা। বি।

উইচারা—উইঢিবি। বাংপ্র। বি।

উইচিংড়া, -চিংড়ি—পতঙ্গ বিঃ। <উচ্চিঙ্গট। বি।

উইঢিপি, -ঢিবি—বল্মীক, ant-hill. ৬ষ্ঠীতৎ। বি।

উই-ধরা, উই-লাগা, উয়ে-ধরা—উইপোকায় খাওয়া। ৩য়াতৎ; ৩য় পক্ষে অলুক্। বাংপ্র। বিণ।

উইল—শেষ ইচ্ছাপত্র, যে দানপত্র দাতার মরণের পর কার্যকর হয়। <ইং 'will'. বি।

উঃ—বিস্ময় অধীরতা ক্রোধ বা যন্ত্রণাবোধক শব্দ। বাংপ্র। অ।

উঁ—ডাকের উত্তরে সাড়া। বাংপ্র। অ।

উঁকি—গোপনদৃষ্টি; আড়ালে থাকিয়া দেখা। <উদক্ষ বা উদীক্ষণ। বি। **উঁকি দেওয়া, উঁকি মারা**—আড়ালে থাকিয়া দেখা।

উঁকিঝুঁকি—গোপনে ইতস্ততঃ দৃষ্টিনিক্ষেপ, আড়াল হইতে এদিক্ ওদিক্ দেখা। উঁকি+ঝুঁকি (সহগ)। বাংপ্র। বি।

উঁচ, উঁচা—১। উন্নত। বিণ। ২। উপরিভাগ। <উচ্চ। বি।

উঁচকপালী—উচ্চললাটবিশিষ্টা, যাহার কপাল উঁচু এরূপ ('—মেয়ে')। বহু। বিণ; স্ত্রী। পুং, -কপালে।

উঁচট, উঁচোট—হোঁচট, রাস্তায় চলিবার সময় পায়ে ঠোকর লাগা। <উচ্চাটন। বি।

উঁচানো, উঁচনো—উত্তোলন করা; উদ্যত করা; অতিক্রম করা; ঠেক্কা দেওয়া; অগ্রাহ্য করা; অবস্থাতিরিক্ত ভাবে চলা। <উত্তোলন। ক্রি [, বি, বিণ]।

উঁচলানো—ঝাড়া; পরিষ্কার করা; তৃণাদি ঝাড়িয়া শস্য একত্র করা। <উঞ্ছন। ক্রি [, বি, বিণ]।

উঁচু—১। উন্নত; প্রশস্ত, অসংকীর্ণ; উদার। বিণ। ২। উপরিভাগ। <উচ্চ। বি।

উঁচুনীচু—১। অসমতল; উচ্চপদস্থ বা নিম্নপদস্থ; প্রধান এবং অপ্রধান। বিণ। ২। উপরিভাগ এবং অধোভাগ। <উচ্চনীচ। বি।

উঁহু—অসম্মতিসূচক শব্দ। বাংপ্র। অ।

উক, উকা—স্ফুলিঙ্গ, উড্ডীয়মান অগ্নিকণা; ঘর্ষণে লৌহাদিক্ষয়কর ইস্পাতনির্মিত অস্ত্র বিঃ। <উল্কা। বি।

উকার—১। উবর্ণ, উ। উ+কার স্বার্থে। ২। শিব। উ+কার স্বরূপার্থে। বি; পুং।

উকারাদি—আদিতে উ-বর্ণবিশিষ্ট, যাহার গোড়ায় উ আছে এরূপ; উ-কার এবং উহা হইতে আরম্ভ করিয়া অন্য ('—বর্ণ')। উকার আদি বা আদিতে যাহার; বহু। বিণ।

উকারান্ত—যাহার শেষে উ-বর্ণ আছে এরূপ। উকার অন্তে যাহার, বহু। বিণ।

উকি—১। হেঁচকি, উদ্গার। <হিক্কা। ২। উঁকি। <উদীক্ষণ। বি।

উকিল, উকীল—ব্যবহারাজীব, আইন-ব্যবসায়ী; ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি। <আ 'বকীল্'। বি। বিণ, -লী।

উকুন—কেশকীট। <উৎকুণ। বি।

উক্ত—কথিত; নির্দিষ্ট; উচ্চারিত। বচ্+ক্ত কর্ম। বিণ। [কর্মধা। বি; ক্লী।

উক্তকর্ম (-কর্মন্)—কর্মবাচ্যের প্রথমান্ত কর্মপদ।

উক্তি—কথা; বাক্য; কথন; উল্লেখ; নির্দেশ; উচ্চারণ। বচ্+ক্তি কর্ম, ভাব। বি; স্ত্রী।

উক্তি-পরম্পরা—ধারাবাহিক কথা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

উক্ষণ—সেচন; প্রোক্ষণ। উক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী।

উখড়নো, উখড়ানো—উন্মূলিত করা; উন্মূলিত হওয়া; ঠিকরানো; উলটাইয়া পালটাইয়া দেখা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

উখল, উখলি—মুষল দ্বারা ধান প্রঃ কুটিবার কাঠের তৈয়ারী পাত্র বিঃ। <উদূখল। বি।

উখা—১। পাকপাত্র, হাঁড়ি; উনন। উখ্+ক অথি+আপ্ (নিপা)। বি: স্ত্রী। ২। লৌহাস্ত্র-ঘর্ষণযন্ত্র, রেতি, file. বাংপ্র। বি।

উগরনো, উগরানো—বমি করা; ফিরাইয়া দেওয়া; ঢালিয়া দেওয়া। ক্রি [, বি, বিণ]।

উগ্র—১। শিব; শিবের অষ্টমূর্তির মধ্যে বায়ুমূর্তি; বিষ্ণু; একাদশ রুদ্রের অন্যতম; শূদ্রার গর্ভে ক্ষত্রিয়ের ঔরসজাত জাতি বিঃ; পূর্বফল্গুনী পূর্বাষাঢ়া পূর্বভাদ্রপদ মঘা ও ভরণ্যাত্মক নক্ষত্রগণ বিঃ। উচ্+রক্ কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং। ২। কোপন; তীব্র; প্রখর; উৎকট; প্রচণ্ড; দণ্ডাদিধারী; ক্রূর; কর্কশ। উচ্+রক্ কর্তৃ। বিণ।

উগ্রকণ্ঠ—যাহার গলার স্বর কর্কশ এমন; যে রাগিয়া গিয়া কথা বলিতেছে এমন। বহু। বিণ।

উগ্রকর্মা (-কর্মন্)—যে অনায়াসে ভয়ানক কর্ম করিতে পারে এরূপ; হিংসাজনক কার্যকারী। উগ্র কর্ম যাহার, বহু। বিণ।

উগ্রক্ষত্রিয়—আগুরিজাতি। কর্মধা। বি; পুং।

উগ্রচণ্ডা—দেবীমূর্তি বিঃ; অতিশয় ক্রুদ্ধা স্ত্রী। কর্মধা। বি; স্ত্রী।

উগ্রচণ্ডী—দেবীমূর্তি বিঃ; অতিক্রুদ্ধা নারী। <উগ্রচণ্ডা। বি।

উগ্রতা, উগ্রত্ব—উগ্র স্বভাব; তীব্রতা; কঠোরতা; ক্রূরতা। উগ্র+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

উগ্রপ্রকৃতি—১। রুক্ষস্বভাব, যে সহজেই চটিয়া উঠে এমন। বহু। বিণ। ২। কড়া মেজাজ। কর্মধা। বি: স্ত্রী।

উগ্রবীর্য—তীব্রতেজঃসম্পন্ন; অতিশয় ঝাঁজযুক্ত। বহু। বিণ।

উগ্রমূর্তি—১। যে সর্বদা উগ্রভাবে থাকে এরূপ; ভীষণমূর্তি। উগ্রা মূর্তি যাহার, বহু। বিণ। ২। ক্রুদ্ধ আকৃতি। উগ্রা মূর্তি, কর্মধা। বি; স্ত্রী।

উগ্রস্বভাব—১। যে সহসা ক্রুদ্ধ হয় এরূপ, ভয়ংকরপ্রকৃতিক। বহু। বিণ। ২। ক্রুদ্ধ স্বভাব; কড়া মেজাজ। কর্মধা। বি; পুং।

উচক্কা, উচক্কা—১। অপরিণতবুদ্ধি; অবিমৃষ্যকারী; নব্য; উঠতি; অবাধ্য। বাংপ্র। বিণ। ২। তস্কর। বি। ৩। সহসা। হি-ম্। ক্রি-বিণ।

উচনো, উচানো—মারিবার জন্য তোলা, উত্তোলন করা। বাংপ্র। ক্রি। [, বি, বিণ]।

উচল—উচ্চ; উন্নত। প্রা কপ্র। বিণ।

উচা—উন্নত। <উচ্চ। বিণ।

উচাটন—১। অস্থির; অমনোযোগী। বিণ। ২। অধীরতা: উৎকণ্ঠা। <উচ্চাটন। বি।

উচিঙ্গা—উইচিংড়া। <উচ্চিঙ্গট। বি।

উচিত—ন্যায্য; যোগ্য; কর্তব্য; পরিচিত; অভ্যস্ত;

উপযুক্ত ; যুক্তিসিদ্ধ ; ন্যস্ত ; পরিমিত। বচ্+ কিতচ্ কর্ম ; অথবা, উচ্+ক্ত কর্ম। বিণ।

উচিতবক্তা (-বক্তৃ)—ন্যায়বাদী, স্পষ্টবাদী। ৬ষ্ঠী-তৎ। বিণ। স্ত্রী, **-বক্ত্রী**।

উচু—উন্নত। ∠উচ্চ। বিণ।

উচোট—হুঁচোট। ∠উচ্চাটন। বি।

উচ্চ—উন্নত, উঁচু ; মহৎ ; উদার ; প্রশস্ত ; চড়া ; মর্যাদাশালী। উৎ—চি+ড কর্ম। বিণ।

উচ্চ-ইংরাজী, -ইংরেজী—যেখানে উচ্চতর ইংরেজী ভাষা ও সাহিত্য শিক্ষা দেওয়া হয় ('—বিদ্যালয়')। বাংপ্র। বিণ।

উচ্চকথা—উচ্চশব্দ ; জোরকথা ; কর্কশ-বাক্য, কড়া-কথা। কর্মধা। বি; স্ত্রী।

উচ্চকিত—উৎকণ্ঠিত ; উদ্বিগ্ন ; চঞ্চল ; চমকিত। উৎ (অতি) চকিত, প্রাদি। বিণ।

উচ্চকুল—সম্ভ্রান্তবংশ, মর্যাদাশালী বংশ। কর্মধা। বি ; ক্লী।

উচ্চণ্ড—দুর্দান্ত ; প্রচণ্ড ; অতিশয় কুপিত। উৎ (অধিক) চণ্ড, প্রাদি। বিণ।

উচ্চতম—সর্বাপেক্ষা উচ্চ। উচ্চ+তম বহুর মধ্যে একের উৎকর্ষ-অর্থে। বিণ।

উচ্চতর—দুইএর মধ্যে অধিক উচ্চ উচ্চ+তরপ্ দুই এর মধ্যে একের উৎকর্ষ-অর্থে। বিণ।

উচ্চতা—উন্নতি; খাড়াই; প্রাধান্য। উচ্চ+তা ভাবে। বি; স্ত্রী।

উচ্চনীচ—প্রধান ও অপ্রধান ; ছোট বড় ; ভদ্র এবং ইতর ; উন্নতাবনত, অসমতল। দ্বন্দ্ব। বিণ।

উচ্চপদ—শ্রেষ্ঠস্থান; উৎকৃষ্ট বস্তু; বড় চাকরি। কর্মধা। বি ; ক্লী।

উচ্চপদস্থ—সম্ভ্রান্ত; বড় চাকরিয়া। উপতৎ; উচ্চপদ—স্থা+ক কর্তৃ। বিণ।

উচ্চ-প্রাথমিক—প্রাথমিক-শিক্ষণীয় বিষয়গুলির মধ্যে উচ্চতরগুলি যেখানে শিক্ষা দেওয়া হয় এমন ('—বিদ্যালয়'), upper primary. সুপ্। বিণ।

উচ্চবাচ্য—উচ্চশব্দপূর্বক কথা; প্রতিবাদ। বাংপ্র। বি। **উচ্চবাচ্য না করা**—কোন বিষয়ে প্রশ্ন প্রতিবাদ বা হাঁ না কিছুই না বলা।

উচ্চবিদ্যালয়—যে বিদ্যালয়ে উচ্চতর শিক্ষা দেওয়া হয় তাহা। ∠ইং 'high school'. কর্মধা। বি; পুং।

উচ্চভাষী (-ভাষিন্)—কর্কশভাষী; স্পষ্টবক্তা; উচ্চনাদকারী। উপতৎ; উচ্চ—ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভাষিণী**।

উচ্চমনাঃ (-মনস্)—উদারহৃদয়, উন্নতচিত্ত। উচ্চ মনঃ যাহার, বহু। বিণ।

উচ্চয়—চয়ন; উন্নতি; রাশি; নীবী। উৎ—চি+অচ্ ভাব, কর্ম। বি; পুং। **উচ্চয় অপচয়**—উন্নতি-অবনতি, উত্থান-পতন।

উচ্চরোল—উচ্চশব্দ, চিৎকারধ্বনি। কর্মধা। বাংপ্র। বি।

উচ্চশিক্ষা—উন্নত ধরনের লেখাপড়া। কর্মধা। বি; স্ত্রী। বিণ, **-শিক্ষিত**।

উচ্চশিরঃ (-শিরস্)—উন্নত মস্তক; অহংকৃতভাব। কর্মধা। বি; ক্লী।

উচ্চশির—গর্বোন্নতমস্তক; অহংকৃত ["উচ্চশির যদি তুমি কুলমানধনে"—মাইকেল]। বহু। (∠উচ্চশিরঃ)। বিণ।

উচ্চহৃদয়—১। উন্নত চিত্ত, উদার চিত্ত। কর্মধা। বি; ক্লী। ২। উদারচিত্ত, মহাশয়। বহু। বিণ।

উচ্চাকাঙ্ক্ষ—উচ্চাভিলাষী, বড় হইবার একান্ত বাসনাযুক্ত। উচ্চা আকাঙ্ক্ষা যাহার, বহু। বিণ।

উচ্চাকাঙ্ক্ষা—প্রাধান্যলাভের অভিলাষ, বড় হইবার সাধ। উচ্চা আকাঙ্ক্ষা, কর্মধা। বি; স্ত্রী।

উচ্চাকাঙ্ক্ষী (-কাঙ্ক্ষিন্)—উচ্চাভিলাষী, বড় হইবার বাসনাযুক্ত। উচ্চাকাঙ্ক্ষা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-কাঙ্ক্ষিণী**।

উচ্চাটন—উন্মূলন; চঞ্চলকরণ; উৎপীড়ন; অথর্ববেদোক্ত অভিচার-কর্ম বিঃ; মনের ব্যাকুলতা জন্মাইবার উদ্দেশ্যে তন্ত্রশাস্ত্রোক্ত ষট্‌কর্মান্তর্গত অনুষ্ঠান বিঃ; উৎকণ্ঠা; বিষাদ; ব্যাকুলতা। উৎ—চট্+ণিচ্+অনট্ ভাব, করণ। বি; ক্লী। বিণ, **-টিত**।

উচ্চাবচ—নানাপ্রকার; অসমান ('—ভূমিভাগ'); ভালমন্দ। উদক্ (উদ্গত) এবং অবাক্ (অবনত) এই অর্থে উচ্চাবচ, ময়ূরব্যংসকাদি বা নিপাতন সমাস। বিণ।

উচ্চাভিলাষ—উচ্চাকাঙ্ক্ষা; বড় হইবার ইচ্ছা; উৎকট বাসনা; অত্যধিক আশা। কর্মধা। বি; পুং।

উচ্চাভিলাষী (-লাষিন্)—উচ্চাকাঙ্ক্ষী, বড় হইবার বাসনাযুক্ত। উচ্চাভিলাষ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-লাষিণী**।

উচ্চারক—উচ্চারণকারী। উৎ—চর্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-রিকা**।

উচ্চারণ—কথন, কীর্তন; বাক্য দ্বারা ব্যক্ত করা; মুখ দ্বারা শব্দ নির্গত করা। উৎ—চর্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। [বি; ক্লী।

উচ্চারণতত্ত্ব—ধ্বনি-বিজ্ঞান, phonetics. ৬ষ্ঠীতৎ।

উচ্চারণ-বিভ্রাট—বিকৃত উচ্চারণ; ভুল উচ্চারণ; বিকৃত উচ্চারণের হেতু গণ্ডগোল। বাংপ্র। বি।

উচ্চারণস্থান—কণ্ঠ প্রঃ যে স্থান হইতে বর্ণের উচ্চারণ সম্পন্ন হয় তাহা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

উচ্চারণীয়—উচ্চারণযোগ্য, যাহা উচ্চারণ করা উচিত বা উচ্চারণ করিতে পারা যায় এরূপ; কথনীয়। উৎ—চর্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।

উচ্চারিত—যাহা উচ্চারণ করা হইয়াছে এরূপ, কৃতোচ্চারণ। উৎ—চর্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

উচ্চার্য—উচ্চারণযোগ্য, কীর্তনীয়। উৎ—চর্+ণিচ্ +যৎ কর্ম। বিণ।

উচ্চার্যমাণ—যাহা উচ্চারণ করা হইতেছে এরূপ। উৎ—চর্+ণিচ্+শানচ্ কর্ম। বিণ।

উচ্চাশয়—উদারস্বভাব, উদারচিত্ত; উন্নতমনা। উচ্চ আশয় (মনোভাব) যাহার, বহু। বিণ।

উচ্চাশা—উচ্চ অভিলাষ, বড় হইবার সাধ। কর্মধা। বি; স্ত্রী।

উচ্চিংড়া, উচ্চিংড়ে—পতঙ্গ বিঃ, উইচিংড়ে। [< উচ্চিংগট। বি।

উচ্চিংগট—তৃণগড় মৎস্য; উইচিংড়ে; কোপনস্বভাব ব্যক্তি। উৎ (ঊর্ধ্বগামী) চিঙ্গট, প্রাদি। বি; পুং।

উচ্চে—উচ্চৈঃস্বরে, চেঁচাইয়া। কপ্র। ক্রি-বিণ।

উচ্চৈঃ (উচ্চৈস্)—উচ্চ, উন্নত; প্রচুর, অধিক। উৎ (অধিক)—চি (একত্র করা)+ডৈস্ কর্ম। অ।

উচ্চৈঃশ্রবাঃ (-শ্রবস্)—১। ইন্দ্রের ঘোড়া। বি; পুং। ২। অধিক খ্যাতিসম্পন্ন; বধির; উচ্চকর্ণযুক্ত। উচ্চৈঃ (উচ্চ) শ্রবস্ (যশঃ বা কর্ণ) যাহার, বহু। বিণ

উচ্চৈঃস্বরে—উচ্চস্বরে চিৎকার করিয়া। উচ্চৈঃ স্বর যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

উচ্ছন্ন—নষ্ট, ধ্বংসপ্রাপ্ত; চরিত্রহীন। < উৎসন্ন। বিণ।

উচ্ছল—সর্বতঃ ব্যাপ্ত; যাহা ছাপাইয়া উঠিয়াছে এরূপ। উৎ—শল্+অচ্ কর্তৃ। বিণ।

উচ্ছলন—সর্বতোভাবে ব্যাপ্ত হওয়া; উপচাইয়া উঠা; উদ্গমন। উৎ—শল্+অনট্ ভাব। বি; ক্লী।

উচ্ছলযৌবনা—পূর্ণ যুবতী। উচ্ছল যৌবন যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

উচ্ছলিত—উদ্গত; উত্থিত; উৎক্ষিপ্ত; স্ফীত, উচ্ছসিত। উৎ—শল্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

উচ্ছিত্তি—উচ্ছেদ, সমূলে উৎপাটন; ধ্বংস, বিনাশ। উৎ—ছিদ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

উচ্ছিদ্যমান—যাহার উচ্ছেদ করা হইতেছে এরূপ। উৎ—ছিদ্+শানচ্ কর্ম। বিণ।

উচ্ছিন্ন—কৃতোচ্ছেদ, বিনাশিত, উৎপাটিত। উৎ—ছিদ্+ক্ত কর্ম। বিণ।

উচ্ছিষ্ট—ভুক্তাবশিষ্ট; ভোজনের পর জল দ্বারা ক্ষালন করা নয় এরূপ ('— পাত্র'); যাহাতে অন্নব্যঞ্জনাদির সংস্পর্শ হইয়াছে এরূপ, অন্নভূক্তাবশিষ্ট; পরিত্যক্ত। উৎ—শিষ্+ক্ত কর্ম। বিণ।

উচ্ছিষ্টভোজন—১। দেবনৈবেদ্যবলি-ভোজনকারী। বহু। বিণ। ২। অন্যের ভুক্তাবশেষভক্ষণ, এঁটো খাওয়া॥ ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। বিণ, **-ভোজী** (-ভিন্)।

উচ্ছৃঙ্খল—শৃঙ্খলারহিত, অবাধ, স্বেচ্ছাচারী, উদ্দাম; অনর্গল। উৎক্রান্ত শৃঙ্খলকে, প্রাদি। বিণ। বি, **-তা**।

উচ্ছে—করোলাজাতীয় একপ্রকার তিক্ত ফল। বাংপ্র। বি।

উচ্ছেত্তা (উচ্ছেত্তৃ)—উচ্ছেদকারক, বিনাশকারী। উৎ—ছিদ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ত্রী**।

উচ্ছেদ—উৎপাটন; উঠাইয়া দেওয়া; বিনাশ। উৎ—ছিদ্+ঘঞ্ ভাব। বি; পুং। **উচ্ছেদের মকদ্দমা**—অধিকৃত স্থান হইতে তুলিয়া দেওয়ার জন্য মামলা, ejection suit.

উচ্ছেদক—উচ্ছেদকারী, নাশক। উৎ—ছিদ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-দিকা**।

উচ্ছেদন—বিনাশ; উৎপাটন। উৎ—ছিদ্+অনট্ ভাব। বি; ক্লী।

উচ্ছেদনীয়—উচ্ছেদ্য, উচ্ছেদযোগ্য, বিনাশ্য। উৎ—ছিদ্+অনীয় কর্ম। বিণ।

উচ্ছোষণ—শুষিয়া লওয়া; সন্তাপন। উৎ—শুষ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-ষিত**।

উচ্ছ্বসন—উচ্ছ্বাস; প্রকাশ; প্রাণন, জোরে শ্বাস গ্রহণ বা ত্যাগ। উৎ—শ্বস্+অনট্ ভাব। বি; ক্লী।

উচ্ছ্বসিত—১। বিকশিত; বর্ধিত, স্ফীত, উদ্বেলিত; বিশ্লেষিত; কম্পিত; জীবিত; ছিন্ন; হৃষ্ট; আহ্লাদিত; শিথিলীভূত। উৎ—শ্বস্+ক্ত কর্তৃ। বিণ।

উচ্ছ্বাস—বিকাশ; আবেগ; অন্তর্মুখ শ্বাস; নিশ্বাস; দীর্ঘনিশ্বাস; ঊর্ধ্বে উঠা; স্ফীতি; প্রাণন; আশ্বাস; বিশ্লেষ, আকাঙ্ক্ষা; ফাঁক; উজ্জীবন; হর্ষ, আহ্লাদ; অধ্যায়, আখ্যায়িকা-পরিচ্ছেদ। উৎ—শ্বস্+ঘঞ্ ভাব। বি; পুং।

উচ্ছ্বাসিত—বিশ্লেষিত; উন্মেষিত; উচ্ছ্বাসসংযুক্ত। উৎ—শ্বস্+ণিচ্+ক্ত, কর্ম; অথবা, উচ্ছ্বাস+ইত জাতার্থে। বিণ।

উচ্ছ্রয়, উচ্ছ্রায়—উৎসেধ, উচ্চতা; উন্নতি; উৎকর্ষ। উৎ—শ্রি+অচ্, ঘঞ্ ভাব। বি; পুং।

উচ্ছ্রিত—উচ্চ, উন্নত; সমৃদ্ধ; সঞ্জাত; উদিত; উন্নমিত; প্রবৃদ্ধ; ত্যক্ত। উৎ—শ্রি+ক্ত কর্তৃ, কর্ম। বিণ। বি—**উচ্ছ্রিতি**।

উছট—হুচট; ঠোক্কর। < উচ্চাটন। বি।

উছল—যাহা উথলিয়া উঠিতেছে এরূপ, উদ্বেল। < উচ্ছল। বিণ।

উছলনো, উছলানো—স্ফীত হইয়া ওঠা; ছাপাইয়া ওঠা; উথলিয়া ওঠা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

উছলিত—উথলিত, উদ্বেলিত। < উচ্ছলিত। বিণ।

উজড়, উজাড়—সমূলে বিধ্বস্ত; জনশূন্য; শূন্য; নিঃশেষ। বাংপ্র। বিণ।

উজন, উজান—১। স্রোতের বৈপরীত্য; বিপরীত। বি বা বিণ। ২। বিপরীত দিকে। ক্রি-বিণ। **উজানের মাছ**—বর্ষাকালে যে সব মাছ পুকুর হইতে বাহির হইয়া যায়।

উজনো, উজানো—স্রোতের বিপরীত দিকে যাওয়া; কাটিয়া যাওয়া; শেষ করা। < উদ্যান। ক্রি [, বি, বিণ]।

উজবক—মূর্খ, আহাম্মক। < তু 'উজবেগ' (= তাতার জাতি)। বি।

উজর, উজোর—প্রদীপ্ত, দীপ্যমান, আলোকিত। < উজ্জ্বল। বিণ।

উজরল, উজরোল—প্রদীপ্ত, আলোকিত, দীপ্তিমান। < উজ্জ্বল। বিণ।

উজল—দীপ্ত, দীপ্যমান। < উজ্জ্বল। বিণ।

উজাড়—'উজড়' দ্রঃ।

উজান—'উজন' দ্রঃ।

উজানো—'উজনো' দ্রঃ।

উজানভাটি—স্রোতের বিপরীত দিক্ এবং যে দিকে স্রোত যায় সেই দিক্; জীবনের সৌভাগ্য ও দুর্ভাগ্য। দ্বন্দ্ব। বাংপ্র। বি।

উজানিবেলা—পূর্বাহ্ণ, মধ্যাহ্নের পূর্ববর্তী সময়। কর্মধা। বাংপ্র। বি।

উজালা—উজ্জ্বল, প্রদীপ্ত। প্রা কপ্র। বিণ।

উজির, উজীর—মন্ত্রী। < আ 'বজীর'। বি।

উজিরালি, উজীরালী, উজিরী, উজীরী—উজিরের কার্য; মন্ত্রিত্ব। আ-মূ। বি।

উজু—মুসলমানদিগের নমাজের পূর্বে হাত পা ইঃ ধোওয়া। < আ 'বজু'। বি।

উজোড়—উজাড়। বাংপ্র। বিণ।

উজোর—'উজর' দ্রঃ।

উজ্জীবন—১। সংজ্ঞালাভ; লুপ্তপ্রায় হইবার পরে পুনর্বার প্রবল হইয়া উঠা। উৎ—জীব্+অনট্ ভাব। ২। চৈতন্যদান; বাঁচাইয়া তোলা; শক্তিমান্ করা। উৎ—জীব্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

উজ্জীবিত—১। পুনঃ চৈতন্যপ্রাপ্ত; অনুপ্রাণিত, লুপ্তপ্রায় হইবার পরে যাহা পুনর্বার প্রবল হইয়া উঠিয়াছে এরূপ। উৎ—জীব্+ক্ত কর্তৃ। ২। যাহাকে জীবন বা সংজ্ঞা দান করা হইয়াছে এমন; যাহাকে শক্তিমান্ করা হইয়াছে এমন। উৎ—জীব্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

উজ্জ্বল—১। দীপ্তিমান্, চাকচিক্যবিশিষ্ট; নির্মল; শোভমান। বিণ। ২। শৃঙ্গার রস। উৎ—জ্বল্+অচ্ কর্তৃ। বি; পুং।

উজ্জ্বলতা—দীপ্তিমত্তা, ঔজ্জ্বল্য, চাকচিক্য। উজ্জ্বল+তা ভাবে। বি; স্ত্রী।

উজ্জ্বলন—১। প্রজ্বলিত হওয়া; দীপ্ত হওয়া। উৎ—জ্বল্+অনট্ ভাব। ২। প্রজ্বলিত করা। উৎ—জ্বল্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

উজ্জ্বল-শ্যামবর্ণ—১। যে ঈষৎ কৃষ্ণবর্ণে লাবণ্য দৃষ্ট হয় তাহা। কর্মধা। বি; পুং। ২। যাহার গাত্রবর্ণ ঈষৎ কৃষ্ণ অথচ লাবণ্যময় এমন। উজ্জ্বল অথচ শ্যাম, সুপ্, উজ্জ্বল-শ্যাম বর্ণ যাহার, বহু। বিণ।

উজ্জ্বলিত—১। দীপ্ত, প্রজ্বলিত। উৎ—জ্বল্+ক্ত কর্তৃ। ২। যাহা উজ্জ্বল করা হইয়াছে এমন। উৎ—জ্বল্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

উঞ্ছ—জীবিকানির্বাহের জন্য পক্ষী প্রভৃতির ন্যায় শস্যক্ষেত্র হইতে শস্যকণা-সংগ্রহ; শুধু সামান্য ধান বা ভিক্ষা দ্বারা জীবিকানির্বাহ। উঞ্ছ্+ঘঞ্ ভাব। বি· পুং।

উঞ্ছজীবী (-জীবিন্)—তুচ্ছ বা হীন কার্যদ্বারা জীবিকা নির্বাহকারী। উপতৎ; উঞ্ছ—জীব্+ণিন্ কর্তৃ। বি; পুং বা বিণ। স্ত্রী, -**জীবিনী**।

উঞ্ছন—খুঁটিয়া লওয়া, কুড়াইয়া লওয়া উঞ্ছ্+অনট্ ভাব। বি; ক্লী।

উঞ্ছবৃত্তি—১। অপরের পরিত্যক্ত ধান্যকণাদি সংগ্রহ করিয়া তদ্দ্বারা জীবনধারণ; অতিকষ্টে জীবিকানির্বাহ। কর্মধা। বি; স্ত্রী। ২। উঞ্ছ দ্বারা জীবিকানির্বাহক; অতিকষ্টে জীবিকানির্বাহকারী। বহু। বিণ।

উঞ্ছশীল—যে ব্যক্তি তুচ্ছ কর্ম দ্বারা জীবিকানির্বাহ করে এমন। উঞ্ছই শীল যাহার, বহু। বিণ।

উট—১। চতুষ্পদ জন্তু বিঃ, ক্রমেলক। < উষ্ট্র। বি। ২। তৃণ; পর্ণ; কুটা; খড়। উ+ট কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং।

উটকনো, উটকানো—অন্বেষণ করা, তল্লাশ করা; ঘাঁটিয়া দেখা। বাংপ্র। ক্রি [, বি]।

উটকপালী—উ'চ-কপালী। উটের কপাল (সদৃশার্থে), ৬ষ্ঠীতৎ+এ(< ইয়া) বিশিষ্টার্থে =উটকপালে, তদ্ভবে+ঈ। বাংপ্র। বিণ; স্ত্রী।

উটকা, উটকো—আগন্তুক; অপরিচিত, বিশ্বাসের অযোগ্য ('— সংবাদ'); বাজে; চঞ্চলচিত্ত; স্বামিগৃহ হইতে সতত পলায়নপরা ('— মেয়ে')। বাংপ্র। বিণ।

উটকানো-পাটকানো—তন্নতন্ন করিয়া খোঁজা, জিনিসপত্র ওলটপালট করিয়া খোঁজা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

উটজ—পর্ণরচিত গৃহ; কুটীর। উপতৎ; উট—জন্+ড কর্তৃ। বি, পুং বা ক্লী।

উটজশিল্প—কুটীরশিল্প, cottage industry. মধ্যপ। বি, ক্লী।

উটনী—স্ত্রী উট। বাংপ্র। বি।

উটনো—ধারে জিনিসপত্র খরিদ (সাধারণতঃ মুদী-খানা হইতে)। বাংপ্র। বি।

উটপাখি, -পাখী—আফ্রিকার বৃহৎ পাখি বিঃ, ostrich. বাংপ্র। বি।

উট-পেনসিল—কাগজে লিখিবার জন্য কাষ্ঠনির্মিত সীসার পেনসিল। < ইং 'wood pencil'. বি।

উটমুখো—যে নিম্নে না তাকাইয়া চলে। উটের মুখ (সদৃশার্থে), ৬ষ্ঠীতৎ+ও (< উয়া) বিশিষ্টার্থে। বাংপ্র। বিণ। স্ত্রী, -**খী**।

উঠকিস্তি—দাবাখেলার কোন বল স্থানান্তরিত হইলে যে কিস্তি পড়ে তাহা। বাংপ্র। বি।

উঠতি—১। দ্রব্যাদি বিক্রয়; উন্নতি; বৃদ্ধি। উঠ+তি ভাব। বাংপ্র। বি। ২। উঠন্ত, বৃদ্ধিশীল, বর্ধমান। উঠ+তি কর্তৃ। বাংপ্র। বিণ। **উঠতি বয়স**—যৌবনের প্রারম্ভ। **উঠতি মুখ, উঠতির সময়**—প্রথম পণ্য আমদানির সময়, উন্নতির সূত্রপাত।

উঠতি-পড়তি—উত্থান-পতন; হ্রাসবৃদ্ধি; লাভ-ক্ষতি। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

উঠন—প্রাঙ্গণ, আঙ্গিনা। < উত্থান। বি।

উঠন্ত—উত্থানশীল, যাহা উঠিতেছে এরূপ; বৃদ্ধিশীল; যাহা প্রখর হইতেছে এমন ('— রোদ'); উন্নতিশীল। উঠ+অন্ত কর্তৃ। বাংপ্র। বিণ।

উঠবন্দী—জমিজমার একরূপ অস্থায়ী বন্দোবস্ত। বাংপ্র। বি। **উঠবন্দী প্রজা**—যাহাদের জমিতে স্থায়ী স্বত্ব নাই এবং যাহারা ভিন্ন ভিন্ন জমি চাষ করিয়া থাকে।

উঠবোস—উঠা-বসা, পুনঃপুনঃ উত্থান এবং উপ-

বেশন; পরের আদেশ নির্বিচারে পালন। বাংপ্র। বি।

উঠা—১। উত্থান, দাঁড়ানো; উন্নতি; উৎসাহ; বৃদ্ধি; উদ্যম। বি। ২। উত্থিত হওয়া; উচ্চস্থানে আরোহণ করা; বাসগৃহ বা নিজস্থান ত্যাগ করা; বমি হওয়া; নিদ্রাভঙ্গে শয্যাত্যাগ করা; উদ্যত হওয়া; উদিত হওয়া; প্রকাশ পাওয়া; উন্নতিলাভ করা; উত্তেজিত হওয়া; বিদ্রোহী হওয়া; স্খলিত হওয়া; ক্ষয় পাওয়া; স্ফীত হওয়া; অবস্থান্তর প্রাপ্ত হওয়া; লোপ পাওয়া; বন্ধ হওয়া; ভাঙ্গিয়া যাওয়া; বৃদ্ধি পাওয়া; উপরের শ্রেণীতে যাওয়া; ফুরাইয়া যাওয়া; উল্লিখিত হওয়া; উত্থাপিত হওয়া। বাংপ্র ✓উৎ-স্থা ধাতু। ক্রি। **অন্ন উঠা**—আয়ু ফুরানো; চাকরি যাওয়া। **অন্ন-জল উঠা**—বিধির বিধানে কোন স্থানে অবস্থানের কাল শেষ হওয়া। **উঠে প'ড়ে লাগা**—উৎসাহের সহিত কার্য-সাধনের জন্য সচেষ্ট হওয়া। **কথা উঠা**—উল্লেখ হওয়া; আপত্তি হওয়া; বিরুদ্ধ সমালোচনা হওয়া। **গলা উঠা**—গানের সুর চড়া হওয়া; গলার স্বর জোর হওয়া। **চোখ উঠা**—চোখের একপ্রকার রোগ হওয়া। **জাতে উঠা**—সমাজে চলিত হওয়া; শুদ্ধির দ্বারা পুনরায় পূর্বধর্ম গ্রহণ করা। **দর উঠা**—পণ্য দ্রব্যের দাম বেশী হওয়া। **নাম উঠা**—সুনাম নষ্ট হওয়া; বংশলোপের ফলে নাম লোপ পাওয়া; নামের উল্লেখ হওয়া। **পাট উঠা**—সমূলে উৎপাটিত হওয়া; স্থান বা আবাস উঠিয়া যাওয়া। **ফাঁপিয়া উঠা**—সমৃদ্ধ হওয়া। **বাজার উঠা**—দ্রব্যাদির মূল্য বৃদ্ধি পাওয়া; বাজার শেষ হওয়া। **ভোগ উঠা**—মৃত্যু হওয়া; সুখের কাল ফুরানো। **মন উঠা**—সন্তোষ হওয়া। **রব উঠা**—গুজব রটা। **উঠি তো পড়ি**—ঊর্ধ্বশ্বাসে; অতি দ্রুত।

উঠা-উঠি—১। পুনঃপুনঃ উত্থান, বারবার উঠা বসা; বিদ্যালয়ে ছাত্রদিগের নিম্নশ্রেণী বা নিম্নস্থান হইতে উচ্চশ্রেণীতে বা উচ্চস্থানে গমন; ফুটবল খেলায় নিম্নবিভাগ হইতে উচ্চবিভাগের স্থান গ্রহণ। বাংপ্র। বি। ২। ঠিক পর পর। ক্রি-বিণ।

উঠান—প্রাঙ্গণ। ✓উত্থান। বি।

উঠানামা—আরোহণ-অবরোহণ; উত্থানপতন; উন্নতি-অবনতি; ওলাউঠা। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

উঠানি—উত্থান; আরোহণী; ঢালু জায়গা; আক্রমণ; আক্রোশ; বিক্রমপ্রকাশ; উদ্যোগ; যুদ্ধোদ্যম; শিশুর জন্মের সপ্তম দিনে প্রসূতির আঁতুড় ঘর হইতে বাসগৃহে উঠার অনুষ্ঠান বিঃ। ✓উত্থান। বি।

উঠানো—উত্তোলন করা; প্রস্তাব করা; জাগানো; উৎসাহিত করা; উন্নত করা; উপড়ানো; গৃহচ্যুত বা স্থানভ্রষ্ট করা। ✓উৎ-স্থাপি ধাতু। ক্রি [, বি, বিণ]।

উঠা-পড়া—উঠতি-পড়তি। বাংপ্র। বি।

উড়কি, -কী—উড়িধান; তরল পদার্থ তুলিবার জন্য নারিকেল মালার হাতা; খই; মণ্ড। বাংপ্র। বি।

উড়কুড়—শেষ, পরিসীমা ('কাজের আর নাই'); ঠিক-ঠিকানা; চিহ্ন। বাংপ্র। বি।

উড়তি—লোকপরম্পরায় শ্রুত ('—খবর'); যাহা ওড়ে এমন; উড্ডীয়মান; অনিশ্চিত; অস্থির। বাংপ্র। বিণ। [✓উড্ডয়ন। বি।

উড়ন—আকাশে গমন; অস্থিরতা; বাহিরের আবরণ।

উড়নখাই—শঠতা, প্রতারণা। বাংপ্র। বি।

উড়ন-চড়ে, -চন্ডে, -পেকে—টাকা-পয়সা উড়াইতে পটু, অপব্যয়কারী। বাংপ্র। বিণ।

উড়নচণ্ডী—উড়ন-চড়ে। বাংপ্র। বিণ; স্ত্রী।

উড়নি, -নী—উত্তরীয়বস্ত্র, একপাটা চাদর। ✓অব-বেষ্টনী। বি।

উড়ন্ত—উড্ডীয়মান; অপব্যয়কারী। উড়+অন্ত কর্তৃ (বাংপ্র)। বিণ।

উড়া—আকাশে গমন করা; দ্রুত যাওয়া; ত্যাগ করা; চলিতে থাকা; প্রচারিত হওয়া; খরচ হওয়া; নষ্ট হইয়া যাওয়া; অদৃশ্য হওয়া; বাবুগিরি করা। ক্রি [, বি, বিণ]।

উড়া-উড়া—ভাসাভাসা; অস্থায়ী; পলায়নপর; অনিশ্চিত; উড্ডয়নোন্মুখ। বাংপ্র। বিণ।

উড়াতাড়, -তাড়া—ভয় দেখানোর জন্য তাড়না; অস্থির করিয়া তোলা; চঞ্চলতাপ্রকাশ। বাংপ্র। বি।

উড়ানি—উড়নি (তাহা দ্রঃ)।

উড়ানো—উড়াইয়া দেওয়া; অযথা অপব্যয় করা; অর্থ নষ্ট করা। ক্রি [, বি, বিণ]। **উড়াইয়া দেওয়া**—অদৃশ্য করা; বন্ধনমুক্ত করা; অগ্রাহ্য করা; উড্ডীন করা। **উড়াইয়া পুড়াইয়া দেওয়া**—অযথা অপব্যয় করা।

উড়াপাক—বীর পুরুষদিগের পরস্পরের প্রতি স্পর্ধা প্রকাশের জন্য চক্রাকারে ঘূর্ণন ("ঢালী খেলে উড়াপাকে"—ভাবত); উল্লম্ফন। প্রা কপ্র। বি।

উড়ি—তৃণধান্য, নীবার। বাংপ্র। বি।

উড়িয়া—উড়িষ্যার লোক; উৎকলদেশীয় ভাষা। ✓ওড্র। বি।

উড়ুউড়ু—উড়িতে উন্মুখ; চঞ্চল; উদ্বিগ্ন; স্থিরতা-লাভে অক্ষম। বাংপ্র। বিণ।

উড়ুক্কু—উড়িতে সমর্থ। বাংপ্র। বিণ। **উড়ুক্কু মাছ**—পাখায় ভর করিয়া শূন্যে ভাসিতে সমর্থ সামুদ্রিক মৎস্য বিঃ, flying-fish.

উড়ুনি—উড়নি (তাহা দ্রঃ)।

উড়ুপ, উড়ূপ—১। তারক; ভেলা, ডোঙ্গা। বি; পুং বা ক্লী। ২। চন্দ্র। উপতৎ; উড়ু, উড়ূ—পা+ক কর্তৃ। বি; পুং।

উড়ুম্বর—যজ্ঞডুমুর গাছ। উ—বৃ+খ কর্তৃ=উম্বর; উৎকৃষ্ট উম্বর, প্রাদি। বি; পুং।

উড়ূপ—'উড়ুপ' দ্রঃ। [উড়েনী।

উড়ে—উড়িষ্যাবাসী। বাংপ্র। বি বা বিণ। স্ত্রী

উড়ো—উড়ন্ত; সহসা আগত ও অপরিচিত; অমূলক; বেনামী। বাংপ্র। বিণ। **উড়ো উড়ো শোনা**—গুজব শোনা। **উড়ো খবর**—গুজব। **উড়ো চিঠি**—লেখকের পরিচয়শূন্য চিঠি।

উড়োকল—উড়োজাহাজ। বাংপ্র। বি।
উড়োজাহাজ—ব্যোমযান। বাংপ্র। বি।
উড্ডয়ন—শূন্যে গমন, উড়া। উৎ—ডী+অনট্ ভাব। বি; ক্লী।
উড্ডীন—১। ঊর্ধ্বগত, শূন্যগামী। উৎ—ডী+ক্ত কর্তৃ। বিণ। ২। শূন্যে গমন, উড়া। উৎ—ডী+ক্ত ভাব। বি; ক্লী।
উড্ডীয়মান—আকাশগামী, উড়ন্ত। উৎ—ডী+শানচ্ কর্তৃ। বিণ।
উৎ (উদ্)—উপর ('উৎক্ষিপ্ত'); উত্তম; 'বাহিরে ('উৎপিঞ্জর'); অতিশয় ('উত্তপ্ত'); ব্যতিক্রম; নিন্দনীয় ('উৎকোচ'); বিরুদ্ধ ('উন্মার্গ'); অভাব ('উচ্ছৃঙ্খল'); অকস্মাৎ ('উৎপাত'); অতিক্রান্ত ইঃ বুঝাইতে ব্যবহৃত উপসর্গ বিঃ। অ।
উতর—জবাব। <উত্তর। বি। **উতর কাটা**—উত্তর দেওয়া; প্রতিবাদ করা; মুখের মত জবাব দেওয়া।
উতরখানা—নামিবার জায়গা; সরাই। বাংপ্র। বি।
উতরডাংগা—সরাই; মাছ ধরিবার জায়গা। বাংপ্র। বি।
উতরাই—পার্বত্য পথে উচ্চস্থান হইতে নিম্নে গমন। বাংপ্র। বি।
উতরানো, উতরনো—নামা; উত্তীর্ণ হওয়া; সফলকাম হওয়া; কার্যোপযোগী হওয়া; আশানুরূপ হওয়া; কাটানো; লক্ষ্যে পৌঁছানো। ক্রি [, বি, বিণ]।
উতরোল—১। উচ্চশব্দ, গণ্ডগোল। বি। ২। বিহ্বল, অভিভূত; উৎকণ্ঠিত; অশান্ত। বাংপ্র। বিণ।
উতলা—ব্যস্ত; অস্থির, চঞ্চল; হর্ষাকুল; কাতর; উদ্বিগ্ন। বাংপ্র। বিণ।
উতোর—জবাব; খণ্ডন; (কবিগানে) বিপক্ষের প্রশ্নের জবাব। <উত্তর। বি।
উৎক—উন্মনা; অন্যমনস্ক; উৎসুক; উদ্বিগ্ন। উৎ+ক উদ্গত মন ইহার এই অর্থে। বিণ।
উৎকট—তীব্র; অতিপ্রগাঢ়; অসহ্য; অত্যধিক; উদগ্র; দুঃসাধ্য; বিষম; কঠোর; বিকট। উৎ—কট্+অচ্ কর্তৃ। বিণ।
উৎকণ্ঠ—উদ্গ্রীব; উদ্বিগ্ন। উৎ (উন্নত) কণ্ঠ যাহার, বহু। বিণ। স্ত্রী, **-ণ্ঠা, -ণ্ঠী**।
উৎকণ্ঠা—১। উদ্বেগ; বেদনা; আশঙ্কা; ব্যাকুলতা; অসহিষ্ণুতা; কামাদিজাত অস্থিরতা; ব্যাকুলতাসহ দয়িতস্মরণ। উৎ—কণ্ঠ+অ ভাব+আপ্। বি; স্ত্রী। ২। উৎসুকা; উদ্বিগ্না। উৎকণ্ঠ+আপ্। বিণ; স্ত্রী।
উৎকণ্ঠিত—উদ্বিগ্ন; উন্মনাঃ; উৎসুক। উৎকণ্ঠা+ইত জাতার্থে। বিণ।
উৎকণ্ঠিতা—১। সংকেতস্থানস্থিতা যে নায়িকা নায়কের অনাগমন জন্য ব্যাকুলা হয় সে; নির্দিষ্ট-কালে বাসস্থানে স্বামীর অনাগমন জন্য নানা কারণ চিন্তা করিয়া যে নারী অতিশয় শোকযুক্তা হয় সে। বি; স্ত্রী। ২। উদ্বিগ্না; অতিশয় উৎসুকা। উৎ-কণ্ঠিত+আপ্। বিণ; স্ত্রী।
উৎকর্ণ—কান-খাড়া; শ্রবণোৎসুক। উন্নমিত কর্ণ যাহার, বহু। বিণ।
উৎকর্ষ—উৎকৃষ্টতা; উন্নতি; প্রাধান্য; আধিক্য; বৃদ্ধি। উৎ—কৃষ্+ঘঞ্ ভাব। বি; পুং।
উৎকর্ষণ—অপসারণ; আকর্ষণ। উৎ—কৃষ্+অনট্ ভাব। বি; ক্লী।
উৎকল—ওড়িশা। উৎ—কল্+ক ঘঞর্থে অধি। বি; পুং।
উৎকলিকা—১। তরঙ্গ; ফুলের কুঁড়ি। উৎ—কল্+অচ্ কর্তৃ+কন্ সংজ্ঞার্থে+আপ্। ২। উৎকণ্ঠা; হেলা; গদ্যরচনা বিঃ। উৎ—কল্+অক ভাব+আপ্। বি; স্ত্রী।
উৎকলিত—উদ্ধৃত; উদ্বিগ্ন; তরঙ্গিত। উৎ—কল্+ক্ত কর্ম, কর্তৃ। বিণ।
উৎকিরণ—ক্ষোদন, engraving. উৎ—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।
উৎকীর্ণ—ক্ষোদিত; উল্লিখিত; বিদ্ধ; চিত্রিত, লিখিত; ছিদ্রিত; বিক্ষিপ্ত। উৎ—কৃ+ক্ত কর্ম। বিণ।
উৎকীর্তন—বর্ণন; প্রচার, ঘোষণা। উৎ—কৃৎ+অনট্ ভাব। বি; ক্লী।
উৎকীর্তিত—বর্ণিত; ঘোষিত। উৎ—কৃৎ+ক্ত কর্ম। বিণ। [কর্ম। বি; পুং।
উৎকুণ—কেশকীট, উকুন; মৎকুণ। উৎ—কুণ্+ক
উৎকূলিত—তীরে উত্তোলিত। উৎক্রান্ত কূলকে, প্রাদি=উৎকূল; উৎকূল+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
উৎকৃষ্ট—শ্রেষ্ঠ; প্রধান; প্রশস্ত; সম্যক্ আকৃষ্ট; ঊর্ধ্বে কৃষ্ট। উৎ—কৃষ্+ক্ত কর্ম। বিণ।
উৎকেন্দ্রতা—পরাবৃত্ত বা অধিবৃত্তের নাভি হইতে তাহার পরিসীমার দূরত্ব, eccentricity. বি; স্ত্রী।
উৎকোচ—ঘুষ। উৎ—কুচ্+ঘঞ্ ভাব। বি; পুং।
উৎকোচক—যে ঘুষ দেয় এমন, অপপ্রদাতা। উৎ—কুচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-কোচিকা**।
উৎকোচগ্রাহী (-গ্রাহিন্)—উৎকোচ গ্রহণকারী, ঘুষখোর। উপতৎ; উৎকোচ—গ্রহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গ্রাহিণী**।
উৎক্রম, -ক্রান্তি—ব্যতিক্রম; বিপর্যয়; লঙ্ঘন; উচ্চলন; নির্গমন। উৎ—ক্রম্+ঘঞ্, ক্তি ভাব। বি; পুং, স্ত্রী।
উৎক্রমণ—ঊর্ধ্বগমন; অপসরণ; দেহ হইতে জীবাত্মার প্রয়াণ; ক্রমবিপর্যয়; ক্রমোন্নতি; (ব্যাক) বাক্যে শব্দ-বিন্যাস-বিপর্যয়। উৎ—ক্রম্+অনট্ ভাব। বি; ক্লী।
উৎক্রান্ত—উদ্গত; অতিক্রান্ত; উল্লঙ্ঘিত; বিপর্যস্ত। উৎ—ক্রম্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।
উৎক্রান্তি—'উৎক্রম' দ্রঃ।
উৎক্রোশ—১। কুরব পাখি। উৎ—ক্রুশ্+অচ্ কর্তৃ। ২। চীৎকার। উৎ—ক্রুশ্+ঘঞ্ ভাব। বি; পুং।
উৎক্ষিপ্ত—ঊর্ধ্বে ক্ষিপ্ত; উৎপাটিত। উৎ—ক্ষিপ্+ক্ত কর্ম। বিণ।
উৎক্ষেপ, -ক্ষেপণ—ঊর্ধ্বে ক্ষেপণ। উৎ—ক্ষিপ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

উৎক্ষেপক—ঊর্ধ্বে ক্ষেপণকারী। উৎ—ক্ষিপ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -পিকা।
উৎখাত—১। উৎপাটিত; সমূলে বিনাশিত। বিণ। ২। গর্ত, বন্ধুরভূমি। উৎ—খন্+ক্ত কর্ম। ৩। উৎখনন। উ -খন্+ক্ত ভাব। বি; ক্লী।
উৎখাতকেলি—বৃষাদির শৃঙ্গদ্বারা মৃত্তিকা খনন, বপ্রক্রীড়া। ৩য়াতৎ। বি; পুং।
উত্তপ্ত—১। উত্তাপবিশিষ্ট; দগ্ধ; ক্রোধান্বিত; স্নাত। বিণ। ২। শুষ্ক মাংস। উৎ—তপ্+ক্ত কর্ম। বি; ক্লী।
উত্তম—উৎকৃষ্ট, উপাদেয়; শ্রেষ্ঠ; প্রধান; সর্বশ্রেষ্ঠ। উৎ—তম্+অচ্ কর্ম। বিণ।
উত্তমপুরুষ—১। সর্বশ্রেষ্ঠ পুরুষ; জগদীশ্বর; সাধুলোক। কর্মধা। ২। (ব্যাক) 'অস্মদ্' শব্দজাত পদসমূহ (আমি আমরা প্রঃ), first person. বি; পুং।
উত্তমমধ্যম—বিশিষ্টরূপ প্রহারাদি দ্বারা লাঞ্ছনা প্রদান; বিলক্ষণ প্রহার ('— দেওয়া')। বাংপ্র। বি।
উত্তমর্ণ—মহাজন, ঋণদাতা। উত্তম (প্রধান) ঋণ যাহার, বহু। বি; পুং।
উত্তমাঙ্গ—প্রধান অঙ্গ; মস্তক; মুখ। কর্মধা। বি; ক্লী।
উত্তমাশা—১। উৎকৃষ্ট আশা। উত্তমা আশা, কর্মধা। বি; স্ত্রী। ২। আফ্রিকার দক্ষিণ-প্রান্তস্থিত অন্তরীপ। Cape of Good Hope -এই ইংরেজী কথার অনুবাদে রচিত শব্দ। বি।
উত্তমোত্তম—অতিশয় উৎকৃষ্ট। উত্তম হইতে উত্তম ৫মীতৎ অথবা 'উত্তম'-শব্দের দ্বিত্ব। বিণ.
উত্তর—১। জবাব; সিদ্ধান্ত; প্রতিকার; জিজ্ঞাসিত বিষয়ে আপন মত বা বক্তব্য নির্দেশ; আপত্তি-খণ্ডন; কেহ আহ্বান করিলে তৎ-শ্রবণসূচক বাক্য; অর্থালংকার বিঃ। উৎ—তৃ+অপ্ ভাব, করণ। বি; ক্লী। ২। অব্যবহিত পরবর্তী দেশ বা কাল। বি; পুং। ৩। শ্রেষ্ঠ; পুরাতন, প্রধান, senior; যোগ্য; উত্তম; দুর্লভ; অসাধারণ; ভবিষ্যৎ। উৎ—তৃ+অচ্ কর্তৃ। ৪। উত্তরদেশসম্বন্ধীয়; উপরিস্থ। উত্তর+অচ্ বিশিষ্টার্থে। বিণ। ৫। অনন্তর। ক্রি-বিণ। ৬। উত্তরদিক্। ∠উত্তরা। বি।
উত্তরকাণ্ড—বাল্মীকি রামায়ণের সপ্তম ও শেষ কাণ্ড। কর্মধা। বি; পুং।
উত্তরকাল—ভবিষ্যৎ, ভাবী সময়। কর্মধা। বি; পুং।
উত্তরকালীন—যাহা পরবর্তী কালে ঘটিবে এরূপ; ভবিষ্যৎকাল-সংক্রান্ত। উত্তরকাল+ঈন সম্বন্ধার্থে। বিণ।
উত্তরকুরু—পুরাণে বর্ণিত দেশ বিঃ (অনেকে বলেন 'সাইবীরিয়া')। কর্মধা। বি; পুং।
উত্তর-কেন্দ্র—সুমেরু, North Pole. কর্মধা। বি। ক্লী। [বি; পুং, স্ত্রী।
উত্তরকোশল, -কোশলা—প্রাচীন অযোধ্যা। কর্মধা।
উত্তরঙ্গ—তরঙ্গিত; উচ্চতরঙ্গবিশিষ্ট। উৎ (উত্থিত) তরঙ্গ যাহার, বহু। বিণ।
উত্তরচ্ছদ—বিছানার চাদর; উত্তরীয়। উত্তর (উপরিস্থিত) ছদ (আচ্ছাদনবস্ত্র), কর্মধা। বি; পুং।
উত্তরণ—নদ্যাদি পার হওয়া; কোন স্থানে উপস্থিত হওয়া; পথিকদিগের কোন স্থানে কোন দিবসের নিমিত্ত অবস্থিতি। উৎ—তৃ+অনট্ ভাব। বি; ক্লী।
উত্তরণ-স্থান—গন্তব্য স্থান; সরাই; আড্ডা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [অনীয় কর্ম। বিণ।
উত্তরণীয়—অতিক্রমণীয়; গম্য; প্রাপ্য। উৎ—তৃ+
উত্তরদাতা (-দাতৃ)—জবাবদানকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -দাত্রী।
উত্তরদান—জবাব দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
উত্তরদায়ক—যে জবাব দেয় এরূপ; যে সঙ্গে সঙ্গে কথার উত্তর দেয় এরূপ; অবাধ্য। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -দায়িকা।
উত্তরদিক্ (-দিশ্)—দিক্ বিঃ, উদীচী। উত্তরা দিক্, কর্মধা। বি; স্ত্রী।
উত্তরপক্ষ—পূর্ব পক্ষের নিরাসক পক্ষ; সিদ্ধান্ত-পক্ষ; সিদ্ধান্তানুকূল তর্কোপন্যাস; বিচার-সিদ্ধান্ত; সমাধান; শুক্লপক্ষে মাসারম্ভ হইলে কৃষ্ণপক্ষ। কর্মধা। বি; পুং।
উত্তরপত্র—প্রশ্নোত্তরের পত্র, যাহাতে প্রশ্নের উত্তর লিখিয়া দেওয়া হয় এরূপ কাগজ বা খাতা, answer-paper. ৬ষ্ঠীতৎ। বি. ক্লী।
উত্তরপদ—সমাস হইলে যে পদটি শেষে থাকে তাহা। কর্মধা। বি; ক্লী।
উত্তরপশ্চিমকোণ—বায়ুকোণ। কর্মধা। বি; পুং।
উত্তরপুরুষ—পরবর্তী বংশধর; পরজাত ব্যক্তি। কর্মধা। বি; পুং।
উত্তর-পূর্বকোণ—ঈশানকোণ, উত্তর এবং পূর্ব এই উভয়দিকের মধ্যবর্তী কোণ। কর্মধা। বি; পুং।
উত্তরপ্রত্যুত্তর—১। প্রতিবচন এবং প্রতিবচনের প্রতিবচন, জবাবের জবাব। ৬ষ্ঠীতৎ। ২। বাদানু-বাদ। দ্বন্দ্ব। বি; ক্লী।
উত্তরপ্রদেশ—ভারতের একটি রাজ্য। কর্মধা। বি; পুং।
উত্তরফল্গুনী, -ফাল্গুনী—অশ্বিনী প্রঃ সাতাশ নক্ষত্রের দ্বাদশ নক্ষত্র। কর্মধা। বি; স্ত্রী।
উত্তরবর্তী (-বর্তিন্)—উত্তরদেশস্থিত; সুমেরু-স্থিত; উত্তরদিকে অবস্থিত; পরবর্তী। উপতৎ; উত্তর—বৃৎ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বর্তিনী।
উত্তরবাদী (-বাদিন্)—প্রতিবাদী; আসামী। উপতৎ; উত্তর—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী. -বাদিনী।
উত্তরভাদ্রপদ্ (-পদ্), **-পদা**—অশ্বিনী প্রঃ সাতাশ নক্ষত্রের ষড়্বিংশ নক্ষত্র, Andromeda. কর্মধা। বি; স্ত্রী। [বি; স্ত্রী।
উত্তরমালা—অনুশীলনীর উত্তরসমূহ। ৬ষ্ঠীতৎ।
উত্তরমীমাংসা—বেদান্তদর্শন। কর্মধা। বি; স্ত্রী।
উত্তরমেরু—পৃথিবীর উত্তরপ্রান্ত, সুমেরু, North Pole. কর্মধা। বি; পুং।
উত্তরমেরুবৃত্ত—উদীচ্যবৃত্ত, সুমেরুর দক্ষিণ-সীমা-

নির্দেশক ২৩½° ডিগ্রী অন্তরে কল্পিত বৃত্তরেখা (ইহা প্রায় ১৫০০ মাইল বিস্তৃত) Arctic Circle. উত্তর মেরুবৃত্ত, কর্মধা। বি; ক্লী।

উত্তরযোগ্য—জবাব দিবার মত, উত্তরের উপযুক্ত। ৬ষ্ঠীতৎ। বিণ। **উত্তরযোগ্য প্রশ্ন**—সাক্ষীকে জেরা করিবার সময় প্রশ্নকর্তা কিরূপ উত্তর পাইতে ইচ্ছা করেন তাহা যদ্দারা বুঝা যায় এরূপ প্রশ্ন, leading question.

উত্তরসাক্ষী (-ক্ষিন্)—বিবাদীর পক্ষে সাক্ষ্যদান-কারী। উত্তরপক্ষীয় সাক্ষী, মধ্যপ কর্মধা। বি বা বিণ; পুং।

উত্তরসাধক—তান্ত্রিক সাধনার সাধককে সাহায্য-কারী; কেহ আপাততঃ কোনও কার্য আরম্ভ করিলে পরে যাহার সহায়তায় সেই কার্য সম্পন্ন হয় সে। কর্মধা। বি; পুং বা বিণ। স্ত্রী, -**সাধিকা**।

উত্তরা—১। বিরাটরাজের কন্যা ও অভিমন্যুর পত্নী; উত্তরদিক্। বি; স্ত্রী। ২। পার হওয়া; উপস্থিত হওয়া; অবতীর্ণ হওয়া; জবাব দেওয়া। কপ্র। ক্রি।

উত্তরাকাণ্ড—রামায়ণের সপ্তম কাণ্ড। উত্তরাবর্তী কাণ্ড, মধ্যপ। বি; পুং বা ক্লী।

উত্তরাখণ্ড—হিমালয়ের পাদদেশস্থ গাড়োয়াল প্রঃ প্রদেশ। উত্তরাস্থিত খণ্ড, মধ্যপ। বি; পুং।

উত্তরাধিকার—মৃতের সম্পত্তিতে পুত্রাদির অধিকার, ওয়ারিসী স্বত্ব। কর্মধা। বি; পুং।

উত্তরাধিকারী (-কারিন্)—মৃতের সম্পত্তির অধি-কারী; ওয়ারিস। উত্তরাধিকার+ইন্ আছে অর্থে। বি বা বিণ; পুং। স্ত্রী, -**কারিণী**।

উত্তরাপথ—আর্যাবর্ত। উত্তরাবর্তী পন্থা (পথিন্), মধ্যপ (অ সমাসান্ত)। বি; পুং।

উত্তরায়ণ—সূর্যের উত্তরদিকে গমনকাল, মাঘাদি ছয় মাস। উত্তরে অয়ন (গতি) যাহাতে, বহু। বি; ক্লী।

উত্তরায়ণান্তবৃত্ত—বিষুবরেখার ২৩½° ডিগ্রী উত্তরে যে অক্ষরেখা কল্পিত হয় সেই রেখা, কর্কটক্রান্তি, Tropic of Cancer. উত্তরায়ণের অন্ত (শেষ) হয় যেখানে, বহুব্রী; সেই বৃত্ত, কর্মধা। বি; ক্লী।

উত্তরার্ধ—১। পরার্ধ, শেষার্ধ। বি; ক্লী। ২। পুস্তকাদির শেষ খণ্ড। কর্মধা। বি; পুং।

উত্তরাশা—১। উত্তর দিক্। উত্তরা আশা (দিক্) কর্মধা। ২। জবাব পাইবার আশা। উত্তরের আশা (প্রত্যাশা), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

উত্তরাষাঢ়া—অশ্বিনী প্রঃ সাতাশ নক্ষত্রের একবিংশ নক্ষত্র। উত্তরা (পশ্চাদ্গামী) আষাঢ়া (নক্ষত্র বিঃ), কর্মধা। বি; স্ত্রী।

উত্তরাস্য—যাহার মুখ উত্তর দিকে ফিরানো এমন, উত্তরমুখী। উত্তরে আস্য যাহার, বহু। বিণ।

উত্তরী—দোছোট, উপবীতের আকারে লম্বমান বস্ত্র; গাজনের সন্ন্যাসীর গলার সুতার মালা। <উত্তরীয়। বি।

উত্তরীয়—উড়ানি; দোছোট। উত্তর (উপর)+ঈয় যোগ্যার্থে। বি; ক্লী।

উত্তরোত্তর—পর পর, ক্রমে ক্রমে। উত্তর (পশ্চাৎ) হইতে উত্তর, ৫মীতৎ। ক্রি-বিণ।

উত্তল—ন্যুব্জপৃষ্ঠ, যাহার পৃষ্ঠ উন্নত এমন, convex. উদ্গত তল যাহার, বহু। বিণ।

উত্তান—ঊর্ধ্বমুখে স্থিত; চিৎভাবে স্থিত; বিস্তার-রহিত; অগভীর, ঊর্ধ্বতল; বিস্ফারিত, উল্লসিত। উৎ—তন্+ণ কর্তৃ। বিণ।

উত্তানপাদ—১। ঊর্ধ্বমুখ চরণবিশিষ্ট ('— ভ্রূণ')। বহু। বিণ। ২। ঊর্ধ্বমুখ চরণ। কর্মধা। বি; পুং।

উত্তাপ—তেজঃ, তাপ; উষ্ণতা। উৎ—তপ্+ঘঞ্ ভাব, করণ। বি; পুং।

উত্তাপন—সন্তাপন, উষ্ণীকরণ। উৎ—তপ্+ণিচ্+ অনট্ ভাব। বি; ক্লী।

উত্তাপিত—সন্তাপিত; উত্তাপযুক্ত। উৎ—তপ্+ণিচ্ +ক্ত কর্ম, অথবা উত্তাপ+ইত যুক্তার্থে। বিণ

উত্তাল—উৎকট; মহৎ, শ্রেষ্ঠ; উন্নত; ত্বরিত; তাল-প্রমাণ, উচ্চ ('— তরঙ্গ'); ভয়ানক; প্রতিষ্ঠিত; বিকটশব্দকারী। উৎক্রান্ত তালকে, প্রাদি। বিণ।

উত্তিষ্ঠ—ওঠ। সং ক্রি। **উত্তিষ্ঠ করা**—জ্বালাতন করা, তিষ্ঠিতে না দেওয়া।

উত্তিষ্ঠত—উত্থিত হও; প্রচেষ্টা কর; উদ্যোগী হও। সং ক্রি।

উত্তিষ্ঠমান—উত্থানশীল, যে উঠিতেছে এরূপ; বর্ধমান; উদ্যোগশীল। উৎ—স্থা+শানচ্ কর্তৃ। বিণ।

উত্তীর্ণ—গত, যে পার হইয়াছে এরূপ; নদ্যাদি হইতে উত্থিত; অতিক্রান্ত; বহির্গত; উপস্থিত; পরিত্রাণপ্রাপ্ত; সফল, পাস ('পরীক্ষা — হওয়া')। উৎ—তৄ+ক্ত কর্তৃ। বিণ।

উত্তুঙ্গ—উচ্চ, উন্নত ('— পর্বত')। উৎ (উৎকট-রূপে) তুঙ্গ (উচ্চ), প্রাদি। বিণ।

উত্তুরে—উত্তর দিকের, উত্তর দিক্ হইতে প্রবাহিত ('—হাওয়া')। বাংপ্র। বিণ।

উত্তেজক—উদ্দীপক; উষ্ণতাসাধক; শক্তিবর্ধক; উৎসাহদানকারী; প্রেরণাদাতা, প্রবর্তক; তীক্ষ্ণতা-সাধক; জীবনীশক্তিবর্ধক। উৎ—তিজ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -**জিকা**।

উত্তেজন—ব্যগ্রকরণ; শাণাদি দ্বারা তীক্ষ্ণকরণ; উসকানো; উদ্দীপন, প্রবর্তন; উৎসাহদান; সজীব-করণ; উদ্যুক্তকরণ; উৎপীড়ন; তিরস্কার; উপদ্রব-করণ। উৎ—তিজ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

উত্তেজনা—'উত্তেজন' (সকল অর্থে); উদ্দীপনা; চিত্তবিক্ষোভ; প্রবলপ্রেরণা। উৎ—তিজ্+ণিচ্+ অন ভাব+আপ্। বি; স্ত্রী।

উত্তেজিত—উদ্দীপিত; শাণিত; উত্ত্যক্ত; উৎপীড়িত; প্রেরিত; প্রবর্তিত; প্রোৎসাহিত। উৎ—তিজ্+ ণিচ্+ক্ত কর্ম। বিণ।

উত্তোলক—উত্থাপনকারী, যে তোলে এমন; উৎক্ষেপক; অপসারক; উত্তোলনকারী। উৎ—তুল্+ণিচ্ (স্বার্থে)+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -**লিকা**।

উত্তোলন—উত্থাপন, তোলা; অপসারণ। উৎ—তুল্+ ণিচ্ (স্বার্থে)+অনট্ ভাব। বি; ক্লী।

উত্তোলিত—যাহা তোলা হইয়াছে এমন; উৎক্ষিপ্ত, উত্থাপিত। উৎ—তুল্+ণিচ্ (স্বার্থে)+ক্ত কর্ম। বিণ।

উত্ত্যক্ত—উৎক্ষিপ্ত; পরিত্যক্ত; বিরক্ত, জ্বালাতন। উৎ—ত্যজ্+ক্ত কর্ম। বিণ।

উত্থ—(শব্দের পরে যুক্ত হইলে) জাত, উৎপন্ন ('সাগরোত্থ'); উত্থিত। উপতৎ; উৎ—স্থা+ক কর্তৃ। বিণ।

উত্থান—১। উদ্গম; উদয়; উত্থিতি; উন্নতি; উৎপত্তি; মরণানন্তর পুনর্জীবনলাভ; গাত্রোত্তোলন। উৎ—স্থা+অনট্ ভাব। ২। বরণ; বরণ-ডালা। প্রাদে। বি।

উত্থানকড়ি, -কৌড়ি—বাসরঘরে বরবধূর উত্থানের পর বিছানা তোলার জন্য বরপক্ষের দেয় অর্থ। উত্থান-প্রাপ্য কড়ি, কৌড়ি, মধ্যপ। বাংপ্র। বি।

উত্থানপতন—উন্নতি ও অবনতি; হ্রাসবৃদ্ধি; উঠা-পড়া। দ্বন্দ্ব। বি; ক্লী।

উত্থানশক্তি—উন্নতিলাভের সামর্থ্য, উঠিবার ক্ষমতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

উত্থানশক্তিবিহীন, -রহিত, -শূন্য, -হীন—উঠিবার সামর্থ্যহীন। ৩য়াতৎ। বিণ।

উত্থানৈকাদশী—কার্তিকমাসের শুক্লপক্ষের একাদশী। উত্থানের (শ্রীহরির নিদ্রা হইতে জাগরণের) একাদশী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

উত্থাপক—উত্থাপনকারী, কোন বিষয়ের প্রস্তাবক; যে উত্তোলন করে। উৎ—স্থা+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -পিকা।

উত্থাপন—উঠানো, তুলিয়া ধরা; উল্লেখ; প্রেরণ; প্রবোধন; প্রস্তাবনা; উপস্থিত করা; উদ্বমন। উৎ—স্থা+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

উত্থাপনীয়, উত্থাপ্য—উত্থাপনযোগ্য; উত্তোলনীয়; প্রস্তাবনীয়। উৎ—স্থা+ণিচ+অনীয়, যৎ কর্ম। বিণ।

উত্থাপিত—উত্তোলিত; প্রবোধিত; প্রস্তাবিত। উৎ [—স্থা+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

উত্থিত—উদ্গত; উৎপন্ন; উদ্যত; বর্ধিত; যে বা যাহা উঠিয়াছে এরূপ; বিপক্ষে দণ্ডায়মান; বিদ্রোহে প্রস্তুত। উৎ—স্থা+ক্ত কর্তৃ। বিণ।

উত্থিতি—উত্থান (সকল অর্থে)। উৎ—স্থা+ক্তি ভাব। বিণ; স্ত্রী।

উৎপতন—উৎপত্তি; উদয়; উৎপ্লবন; উড়িয়া আসিয়া পড়া; উত্থান; ঊর্ধ্বগমন, উড়া; উৎক্ষেপ। উৎ—পত্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -পতিত।

উৎপতিষ্ণু—ঊর্ধ্বগামী। উৎ—পত্+ইষ্ণু কর্তৃ, শীলার্থে। বিণ।

উৎপত্তি—উদ্ভব, জন্ম; উদ্গম; আবির্ভাব; নির্মাণ। উৎ—পদ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

উৎপথ—কুপথ। উৎ (মন্দ) পন্থা, প্রাদি (অ সমাসান্ত)। বি; পুং।

উৎপথগামী (-গামিন্)—উন্মার্গগামী; উচ্ছৃঙ্খলাচারী। উপতৎ; উৎপথ—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -গামিনী।

উৎপদ্যমান—যাহা উৎপন্ন হইতেছে এমন· যে জন্মিতেছে এমন। উৎ—পদ্+শানচ্ কর্তৃ। বিণ।

উৎপন্ন—উদ্ভূত, জাত; কৃষিজাত ('— দ্রব্য'); উত্থিত। উৎ—পদ্+ক্ত কর্তৃ। বিণ।

উৎপন্নবুদ্ধি, -মতি—১। উপস্থিত বুদ্ধি, presence of mind. কর্মধা। বি; পুং। ২। উপস্থিতবুদ্ধিসম্পন্ন। উৎপন্না বুদ্ধি যাহার, বহু। বিণ।

উৎপল—পদ্ম; নীলপদ্ম; কুবলয় পুষ্প, কুমুদ। উৎ—পল্+অচ্ কর্তৃ। বি; ক্লী।

উৎপল-নয়ন, -নেত্র, -লোচন—১। পদ্মপলাশনেত্র, পদ্মপত্রের ন্যায় দীর্ঘ অর্থাৎ আকর্ণ নেত্রবিশিষ্ট। উৎপলের ন্যায় নয়ন, নেত্র, লোচন যাহার, বহু। বিণ। ২। পদ্মের পাতার ন্যায় চক্ষু। মধ্যপ। বি; ক্লী।

উৎপলাক্ষ—পদ্মপলাশনেত্র, কমললোচন। উৎপলের ন্যায় অক্ষি যাহার, বহু (যচ্ সমাসান্ত)। বিণ। স্ত্রী, -ক্ষী।

উৎপাটক—উৎপাটনকারী। উৎ—পট্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -টিকা।

উৎপাটন—উন্মূলন, উত্তোলন, উপড়ানো। উৎ (ঊর্ধ্ব)—পট্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

উৎপাটনীয়—উন্মূলনযোগ্য। উৎ—পট্+ণিচ্+ অনীয় কর্ম। বিণ।

উৎপাটিত—উন্মূলিত, যাহা উপড়ানো হইয়াছে এমন। উৎ—পট্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

উৎপাত—উপদ্রব; দৌরাত্ম্য; ভূকম্পাদি দৈব অমঙ্গল-ঘটনা; উল্লম্ফ; উৎক্ষেপ; উৎপত্তি। উৎ—পত্+ ঘঞ্ ভাব। বি; পুং।

উৎপাদ—১। যাহার পা উপর দিকে আছে এমন, ঊর্ধ্বপাদ। উৎ (ঊর্ধ্ব) পাদ (চরণ) যাহার, বহু। বিণ। ২। উৎপাদিত বস্তু, yield. বাংপ্র। বি।

উৎপাদক—উৎপত্তিকারক, জনক; (গণিতে) গুণক, factor. উৎ—পদ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -দিকা।

উৎপাদন—উৎপত্তিকরণ, জন্মানো; নির্মাণ। উৎ—পদ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

উৎপাদনীয়, উৎপাদ্য—উৎপাদনযোগ্য, জননীয়। উৎ—পদ্+ণিচ্+অনীয়, যৎ কর্ম। বিণ।

উৎপাদয়িতা (-য়িতৃ)—উৎপাদনকারী; নির্মাতা; জনক। উৎ—পদ্+ণিচ্+তৃন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -য়িত্রী।

উৎপাদিত—জনিত, জন্মানো, তৈয়ারী, নির্মিত। উৎ—পদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

উৎপাদ্য—'উৎপাদনীয়' দ্রঃ।

উৎপাদ্যমান—যাহা উৎপাদিত হইতেছে এমন, জন্য-মান। উৎ—পদ্+ণিচ্+শানচ্ কর্ম। বিণ।

উৎপিঞ্জর—পিঞ্জর হইতে মুক্ত; কারামুক্ত। পিঞ্জরকে উৎক্রান্ত, ২য়াতৎ। বিণ।

উৎপিপাসু—অত্যন্ত তৃষ্ণার্ত; অতিশয় উদ্‌গ্রীব। উৎ যে পিপাসু, প্রাদি। বিণ।

উৎপীড়ক—উৎপীড়নকারী, অত্যাচারী। উৎ—পীড়্‌ +ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-ড়িকা।**

উৎপীড়ন—বাধা; প্রবর্তন; অত্যাচার, নিপীড়ন; উত্তেজন; আধিক্য। উৎ—পীড়্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।

উৎপীড়িত—উপদ্রুত, অত্যাচারিত; প্রবর্তিত; উত্তেজিত। উৎ—পীড়্‌+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ।

উৎপেতে—উৎপাতকারী, জ্বালাতনকারী; দুষ্ট। উৎপাত+এ (<ইয়া) করে অর্থে। বাংপ্র। বিণ।

উৎপ্রাস, উৎপ্রাসন—ঈষৎ হাস্য; উপহাস; উৎক্ষেপ। উৎ—প্র—অস্‌+ঘঞ্‌, অনট্‌ ভাব। বি; পুং, ক্লী।

উৎপ্রেক্ষণ—উৎপ্রেক্ষা (প্রথমের পরবর্তী সকল অর্থে)। উৎ—প্র—ঈক্ষ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী। বিণ, **-ক্ষিত।**

উৎপ্রেক্ষা—অর্থালংকার বিঃ [প্রকৃত বস্তুতে অন্য-প্রকার সম্ভাবনা; উৎপ্রেক্ষা অলংকার দুইপ্রকার, বাচ্যোৎপ্রেক্ষা এবং গম্যোৎপ্রেক্ষা বা প্রতীয়মানোৎ-প্রেক্ষা। 'মনে করি', 'বোধ হয়', 'যেন', 'বুঝি' ইঃ পদ বা পদসমষ্টি উৎপ্রেক্ষা-দ্যোতক। এই পদ-গুলির মধ্যে যে কোন একটির প্রয়োগ থাকিলে তথায় বাচ্যোৎপ্রেক্ষা হয়; যথা—"ক্রমে দিবাবসান হইল; মুনিজনেরা রক্তচন্দনসহিত যে অর্ঘ্যদান করিয়াছিলেন, সেই রক্তচন্দনে অনুলিপ্ত হইয়াই যেন রবি রক্তবর্ণ ধারণ করিলেন।"—কাদম্বরী (তারাকুমার)। যে স্থলে 'মনে করি', 'যেন', 'বুঝি' প্রঃ পদের প্রয়োগ না থাকে, শুধু অর্থের দ্বারাই উৎপ্রেক্ষা বুঝিয়া লইতে হয়, তথায় গম্যোৎপ্রেক্ষা হয়; যথা—"টুপ্‌ টুপ্‌ পড়িছে শিশির-বিন্দুচয়, প্রকৃতির-আনন্দাশ্রু অনুভূত হয়।"]; বিতর্ক; অনুমান; উপেক্ষা; উদ্ভাবন; দর্শন। উৎ—প্র—ঈক্ষ্‌+অ ভাব+আপ্‌। বি; স্ত্রী।

উৎপ্লব, -প্লবন—লাফানো; উন্মজ্জন, জলের উপরে ভাসা; সন্তরণ; উদ্রেক। উৎ—প্লু+অপ্‌, অনট্‌ ভাব। বি; পুং, ক্লী।

উৎফুল্ল—প্রফুল্ল; আনন্দে উচ্ছ্বসিত; স্ফীত; বর্ধিত; প্রস্ফুটিত। উৎ—ফুল্ল্‌+ক্ত কর্তৃ। বিণ।

উৎরাই—উতরাই (তাহা দ্রঃ)।

উৎস—প্রস্রবণ, ফোয়ারা; নির্গমকেন্দ্র। উন্দ্‌+স কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং।

উৎসঙ্গ—ক্রোড়; পর্বতের সানু; বহির্ভাগ; মধ্য-ভাগ; ছাদ; ঊর্ধ্বভাগ; ঊর্ধ্বতল। উৎ—সন্‌জ্‌+ ঘঞ্‌ অধি। বি; পুং।

উৎসজ্জন—উৎক্ষেপণ; ঊর্ধ্বে উত্তোলন। উৎ—সন্‌জ্‌ +অনট্‌ ভাব। বি; ক্লী।

উৎসন্ন—বিনষ্ট; ধ্বংসপ্রাপ্ত; অধঃপতিত ('উৎসন্নে যাওয়া')। উৎ—সদ্‌+ক্ত কর্তৃ। বিণ।

উৎসব—১। কোন ঘটনা বা নিমিত্ত উপলক্ষে আনন্দ-প্রদর্শনার্থ কর্ম, বিবাহাদি আনন্দজনক ব্যাপার। উৎ—সু+অচ্‌ কর্তৃ। **২।** আনন্দ; ইচ্ছা; উৎসেক। উৎ—সু+অপ্‌ ভাব। বি; পুং।

উৎসবময়—আনন্দপরিপূর্ণ; উৎসবে ভরা। উৎসব+ ময়ট্‌ পূর্ণার্থে। বিণ। স্ত্রী, **-য়ী।**

উৎসবমুখর—আনন্দকোলাহলে পূর্ণ। ৩য়াতৎ। বিণ।

উৎসমুখ—উৎপত্তিস্থান; ঝরনার মুখ। ৬ষ্ঠীতৎ। [বি; ক্লী।

উৎসর্গ—পরিত্যাগ; দান; প্রতিষ্ঠা; দেবতার উদ্দেশে দান; সামান্যবিধি; মূত্রপুরীষত্যাগ; সাগ্নিকের কর্তব্য ক্রিয়া বিঃ; যাগ বিঃ। উৎ—সৃজ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।

উৎসর্গপত্র—প্রীতিভাজনের উদ্দেশে পুস্তকাদির সমর্পণসূচক পত্র, dedication. উৎসর্গসূচক পত্র, মধ্যপ। বি; ক্লী।

উৎসর্গিত—উৎসৃষ্ট, অর্পিত। বাংপ্র। বিণ।

উৎসর্গীকৃত—নিবেদিত; সমর্পিত; যাহা উৎসর্গ করা হইয়াছে এমন। উৎসর্গ (কর্মবাচ্যে ঘঞ্‌=উৎ-সৃষ্ট বস্তু)+চ্বি—কৃ+ক্ত কর্ম। বিণ।

উৎসর্জক—উৎসর্গকারী। উৎ—সৃজ্‌+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-র্জিকা।**

উৎসর্জন—ত্যাগ; দান; নির্বাপণ; সাগ্নিককর্তব্য ক্রিয়া বিঃ। উৎ—সৃজ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।

উৎসর্প, -সর্পণ—ঊর্ধ্বগমন; স্ফীতি; উল্লঙ্ঘন। উৎ—সৃপ্‌+ঘঞ্‌, অনট্‌ ভাব। বি; পুং, ক্লী।

উৎসর্পী (-সর্পিন্‌)—ঊর্ধ্বগামী; উল্লঙ্ঘনকারী; প্রবর্ধমান। উৎসর্প+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-র্পিণী।**

উৎসাদ—ধ্বংস; নাশ; উচ্ছেদ। উৎ—সদ্‌ অথবা সদ্‌+ণিচ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।

উৎসাদক—উৎসাদনকর্তা, সর্বনাশকারী, সমূলে ধ্বংসকারী; উৎসাবণকর্তা। উৎ—সদ্‌+ণিচ্‌+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-দিকা।**

উৎসাদন—সমূলে বিনাশন; উন্মূলন; মলশোধন; ঔষধলেপনাদি দ্বারা ব্রণ সংশোধন। উৎ—সদ্‌+ ণিচ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।

উৎসাদনীয়, **উৎসাদ্য**—উচ্ছেদনীয়, বিনাশযোগ্য। উৎ—সদ্‌+ণিচ্‌+অনীয়, যৎ কর্ম। বিণ।

উৎসাদিত—উৎপাটিত; সমূলে বিনাশিত; চন্দনাদি দ্বারা বিলেপিত পরিষ্কৃত। উৎ—সদ্‌+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ।

উৎসাদ্য—'উৎসাদনীয়' দ্রঃ।

উৎসার—স্ফীতি, ফাঁপিয়া উঠা, inflation উৎ— সৃ+ঘঞ্‌ ভাব। বি; পুং।

উৎসারক—উৎসাবণকারী, যে দূর করিয়া দেয় এরূপ। উৎ—সৃ+ণিচ্‌+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-রিকা।**

উৎসারণ—সরাইয়া দেওয়া, দূরীকরণ; উৎক্ষেপ। উৎ—সৃ+ণিচ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।

উৎসারণীয়—উৎসারণযোগ্য, নিরসনীয়; দূরীকরণ-যোগ্য। উৎ—সৃ+ণিচ্‌+অনীয় কর্ম। বিণ।

উৎসারিত—দূরীকৃত; চালিত, স্থানান্তরিত; উৎক্ষিপ্ত। উৎ—সৃ+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ।

উৎসাহ—উদ্যম, উদ্যোগ; অধ্যবসায়; বীররসের স্থায়িভাব; হর্ষ। উৎ—সহ্+ঘঞ্ ভাব। বি; পুং।

উৎসাহক—উৎসাহদাতা। উৎ—সহ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-সাহিকা**।

উৎসাহজনক—উৎসাহক, আগ্রহোৎপাদক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-নিকা**।

উৎসাহদাতা (-দাতৃ)—প্রোৎসাহক, উৎসাহ-প্রদান-কর্তা; প্রেরয়িতা। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-দাত্রী**।

উৎসাহদান, -প্রদান—প্রোৎসাহন, আগ্রহান্বিতকরণ; প্রবর্তিতকরণ; অনুপ্রেরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

উৎসাহন—১। উৎসাহদান। উৎ—সহ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। উৎসাহজনক। উৎ—সহ্+ণিচ্+অন কর্তৃ। বিণ।

উৎসাহনীয়—উৎসাহদানযোগ্য। উৎ—সহ্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।

উৎসাহবর্ধক—উদ্যম বা আগ্রহ বৃদ্ধিকারক। ৬ষ্ঠী-তৎ। বিণ। স্ত্রী, **-বর্ধিকা**।

উৎসাহবর্ধন—১। বীররস। উৎসাহ—বৃধ্+ণিচ্+অন কর্তৃ। বি; পুং। ২। উদ্যমবৃদ্ধি; উৎসাহ বাড়ানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ৩। উৎসাহ-বৃদ্ধিকর। বহু, অথবা ৬ষ্ঠীতৎ (কর্তৃ অন্)। বিণ।

উৎসাহভঙ্গ—উৎসাহনাশ, আগ্রহলোপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উৎসাহশীল—উৎসাহী, উদ্যমসম্পন্ন। বহু। বিণ।

উৎসাহিত—উত্তেজিত; উৎসাহপ্রাপ্ত। উৎ—সহ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

উৎসাহী (-সাহিন্)—যাহার উৎসাহ আছে এরূপ, উৎসাহশীল; আগ্রহান্বিত। উৎসাহ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-হিনী**।

উৎসিক্ত—উপরিবিসিক্ত; আর্দ্রীকৃত, ভিজানো; বর্ধিত; গর্বিত; উদ্রিক্ত। উৎ—সিচ্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

উৎসুক—সবিশেষ উদ্যোগী; অত্যন্ত ব্যগ্র; ইচ্ছুক; উৎকণ্ঠিত; প্রিয়, অনুরক্ত। উৎ—সু+ক্বিপ্ কর্তৃ +কন্ স্বার্থে। বিণ। বি—**উৎসুকতা, ঔৎসুক্য**।

উৎসৃষ্ট—দত্ত; উপহৃত; ত্যক্ত; সদুদ্দেশে অর্পিত; কৃতোৎসর্গ; নিবেদিত; প্রযুক্ত। উৎ—সৃজ্+ক্ত কর্ম। বিণ।

উৎসেক—গর্ব; উপরিসেক; উদ্রেক। উৎ—সিচ্+ঘঞ্ ভাব। বি; পুং।

উৎসেচন—উপরিসেক; গাঁজিযা ওঠা; উথলন; উত্তেজন। উৎ—সিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

উৎসেচন-ক্রিয়া—যে প্রক্রিয়ায় গাঁজলা ওঠে, fermentation. উৎসেচনকারিণী ক্রিয়া, মধ্যপ। বি; ক্লী।

উথল—১। উচ্ছলন, উচ্ছ্বাস, স্ফীতি; বৃদ্ধি; উপচিত হওয়া। বি। ২। উত্তুঙ্গ; উচ্ছলিত। কপ্র। বিণ।

উথলন—উচ্ছ্বাস, উপচিয, ওঠা। কপ্র। বি।

উথলানো, উথলনো—ফাঁপিযা ওঠা, উথলিযা ওঠা; উদ্বেল হওয়া; উচ্ছ্বসিত করা বা হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

উথলিত—উচ্ছলিত; উদ্বেলিত; পরিপ্লাবিত; উচ্ছ্বসিত; স্ফীত। কপ্র। বিণ।

উথাল—১। উথলন, উচ্ছ্বাস; উত্তালতরঙ্গ। বি। ২। উত্তুঙ্গ; উচ্ছলিত। প্রা কপ্র। বিণ।

উদ্ (উৎ)—ঊর্ধ্ব উচ্চতা ঔদ্ধত্য বৈপরীত্য ত্যাগ উৎকর্ষ প্রকাশ ভাব লাভ বিভাগ ঊর্ধ্বকর্ম প্রাবল্য অস্বাস্থ্য শক্তি সামর্থ্য প্রাধান্য বন্ধন মোক্ষ মোচন প্রাকট্য নৈকট্য ইঃ-বাচক উপসর্গ। উ+ক্বিপ্ কর্তৃ (নিষ্পা)। অ।

উদ—জল। উন্দ+অচ্ কর্তৃ। বি; ক্লী।

উদক্ (উদচ্)—উত্তরবর্তী; ঊর্ধ্বস্থিত। উৎ—অন্চ্+ক্বিন্ কর্তৃ। বিণ; ক্লী। পুং—**উদঙ্**। স্ত্রী—**উদীচী**।

উদক—জল। উন্দ্+ণক কর্তৃ (নিপাতনে)। বি; ক্লী।

উদকশান্তি—জলপড়া দ্বারা রোগ সারানো; শান্তি-জল দ্বারা রোগারোগ্য; হাইড্রোপ্যাথি মতে চিকিৎসা। ৩য়াতৎ। বি; স্ত্রী।

উদগ্র—দীর্ঘ; উন্নত; উদ্ধত; উৎকট; বিশাল; তীব্র; ঊর্ধ্বাভিমুখ। উৎ অগ্র যাহার, বহু। বিণ।

উদজ—জলজ। উপতৎ; উদ—জন্+ড কর্তৃ। বিণ।

উদজান—জলজান বাষ্প, hydrogen. বি।

উদধি—জলধি, সমুদ্র। উদক—ধা+কি অধি (উদক শব্দের ক-লোপ)। বি; পুং।

উদবিড়াল—ভোঁদড় জাতীয় জন্তু বিঃ, উদ্র; ধেড়ে। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উদম, উদাম—১। উদ্যম; অধ্যবসায়। <উদ্যম। ২। বিশৃঙ্খলা; উপদ্রব। <উদ্দাম। বি। ৩। অসংযত; বন্ধনমুক্ত; অসংবৃত; নগ্ন, উলঙ্গ। <উদ্দাম। বিণ।

উদয়—১। উদয়াচল। উৎ—ই+অচ্ অপা। ২। উৎপত্তি; উত্থান; আবির্ভাব; উপস্থিতি; যোগান; লাভ; ফলসিদ্ধি; পরাভবসামর্থ্য; বৃদ্ধি; প্রাদুর্ভাব; উৎকর্ষ। উৎ—ই+অচ্ ভাব। ৩। লগ্ন। উৎ—ই+অচ্ অধি। বি; পুং।

উদয়কাল—প্রকাশসময়; আবির্ভাবকাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উদয়গিরি—উদয়পর্বত (তাহা দ্রঃ)।

উদয়ন—উত্থান, উদয়। উৎ—ই+অনট্ ভাব। বি; ক্লী।

উদয়পর্বত, -শিখরী (-রিন্), **-শৈল**—যে পর্বতে সূর্যের উদয় হয় (বলিয়া মনে হয়), পূর্বদিকের পর্বত। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ। বি; পুং।

উদয়াচল, উদয়াদ্রি—উদয়গিরি; 'উদয়পর্বত' (তাহা দ্রঃ)।

উদযান—জলযান; নৌকা; জাহাজ। উদকের (জলের) যান, ৬ষ্ঠীতৎ (ক-লোপ)। বি; ক্লী।

উদয়াস্ত—১। প্রাতঃকাল হইতে সন্ধ্যা পর্যন্ত সময়। উদয়াবধিক অস্ত, মধ্যপ। বি; পুং। ২। (সূর্য চন্দ্র ও নক্ষত্রাদির) প্রকাশ এবং অদর্শন, উঠা এবং

ডুবিয়া যাওয়া। সমা স্বন্দ্ব। বি; ক্লী। ৩। উদয় হইতে অস্ত পর্যন্ত, সারাদিন। ৫মীতৎ। ক্রি-বিণ।
উদয়োন্মুখ—যাহার উদয় হইবার উপক্রম হইয়াছে এরূপ; উদিতপ্রায়। ৭মীতৎ। বিণ। স্ত্রী, -খী, -খা। [অচ্ কর্তৃ। বি; ক্লী।
উদর—জঠর, পেট; মধ্যভাগ, অভ্যন্তর। উৎ—ঋ+
উদরপরতা—ঔদরিকতা, পেটুকভাব। উদরপর+তা ভাবে। বি; স্ত্রী।
উদরপরায়ণ—উদরসর্বস্ব, পেটুক। উদর পর (শ্রেষ্ঠ) অয়ন (অবলম্বন) যাহার, বহু। বিণ।
উদরসর্বস্ব—ঔদরিক, পেটুক। বহু। বিণ।
উদরসাৎ—উদরে গৃহীত; ভক্ষিত। উদর+সাতি। অ, বিণ। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
উদরাধ্মান—উদরের স্ফীতি, পেট ফাঁপা, flatulence.
উদরান্ন—আহার্যবস্তু, পেটের ভাত। উদরপূরক অন্ন, মধ্যপ। বি; ক্লী। [পুং।
উদরাময়—পেটের পীড়া, diarrhoea. ৬ষ্ঠীতৎ। বি;
উদরী—উদরস্ফীতি-রোগ বিঃ, dropsy. উৎ—দৃ+ অচ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
উদলা—নগ্ন; অনাবৃত; উন্মুক্ত; মোটা, পুরু। বাংপ্র। বিণ।
উদাত্ত—১। বেদের উচ্চস্বর বিঃ, স্বরিত অপেক্ষা উচ্চতর স্বর; দান; বাদ্য বিঃ। উৎ—আ—দা+ক্ত কর্ম। বি; পুং। ২। দাতা; উচ্চ; মহান্; বিখ্যাত; দয়ালু। উৎ—আ—দা+ক্ত অপা, কর্ম। বিণ। ৩। অর্থালংকার বিঃ [অলৌকিক সম্পত্তি-বর্ণন, দান অথবা মহৎ ব্যক্তিদের চরিত যদি প্রস্তুত বিষয়ের অঙ্গ হয়, তাহা হইলে এই অলংকার হইয়া থাকে]। বি; ক্লী।
উদান—কণ্ঠস্থ বায়ু, উর্ধ্বগমনশীল কণ্ঠস্থানীয় উৎক্রমণবায়ু; নাভি। উৎ—অন্+ঘঞ্ করণ। বি; পুং।
উদাম—'উদ্দম' দ্রঃ।
উদামাদা—উন্মত্ত; বোকা। ✓উন্মাদ। বিণ।
উদার—১। দাতা; দয়ালু; মহাত্মা; উৎকৃষ্ট; গম্ভীর; অসংকীর্ণ; সরল; মহৎ; দক্ষিণ। বিণ। ২। কাব্যগুণ বিঃ। উৎ—আ—রা+ক কর্তৃ। বি; পুং।
উদারচরিত, -চরিত্র, -চিত্ত—১। রাগদ্বেষাদিশূন্য; উন্নতহৃদয়। বহু। বিণ। ২। মহৎ স্বভাব; উদার আচরণ, অকপট ব্যবহার। কর্মধা। বি; ক্লী।
উদারচেতাঃ (-চেতস্)—উন্নতহৃদয়, মহামনাঃ। উদার চেতঃ যাঁহার, বহু। বিণ।
উদারচেতা—✓উদারচেতাঃ।
উদারতা—মহত্ত্ব; দয়ালুতা, বদান্যতা; অসংকীর্ণতা। উদার+তা ভাবে। বি; স্ত্রী।
উদারনীতি—যে নীতিতে সংকীর্ণতা নাই, অসংকীর্ণ মত, liberalism. কর্মধা। বি; স্ত্রী।
উদারনীতিক—উদারমতাবলম্বী, পরমতসহিষ্ণু; (রাজনীতি প্রঃ বিষয়ে) স্বাতন্ত্র্যবাদী; উদারমত-প্রকাশকারী, liberal. উদারনীতি যাহার, বহু (ক-আগম)। বিণ।
উদারনৈতিক—উদারনীতিক (সকল অর্থে)। উদার-নীতি+ইক আছে অর্থে। বিণ।
উদারপন্থী—উদারনীতিক, উদারমতের অনুবর্তন-কারী। বাংপ্র। বিণ।
উদারপ্রকৃতি—১। মহানুভব, প্রশস্তচিত্ত। উদার প্রকৃতি যাহার, বহু। বিণ। ২। মহানুভবতা; সরল স্বভাব। উদার প্রকৃতি, কর্মধা। বি; স্ত্রী।
উদারপ্রাণ—১। সদাশয়, মহাপ্রাণ, মহানুভব। বহু। বিণ।' ২। উন্নত চিত্ত। কর্মধা। বি; পুং।
উদারমতি—মহামনাঃ, মহাশয়। বহু। বিণ।
উদারমনাঃ (-মনস্)—উদারচিত্ত। বহু। বিণ।
উদারস্বভাব—সরলপ্রকৃতি; উন্নতস্বভাব; দয়ালু-স্বভাব। বহু। বিণ।
উদারা—(উদর হইতে উচ্চারিত) নিম্ন সপ্তকের সুর; মন্দ্রস্বর। বাংপ্র। বি।
উদাস—১। সর্ববিষয়ে বিরাগ, বিষয়বিতৃষ্ণা; উপেক্ষা; নিরুৎসাহতা। উৎ—আস্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। উদাসীন, বিরাগী; নিরপেক্ষ; ব্যাকুল; অনুরাগ-শূন্য; মুগ্ধ; নির্লিপ্ত; বিষণ্ণ; উদ্দেশ্যহীন; এলোমেলো; অনাবৃত। উৎ—আস্+অচ্ কর্তৃ। বিণ। [বি; স্ত্রী।
উদাসিতা—উদাসীনতা, ঔদাস্য। উদাসিন্+তা ভাবে।
উদাসিনী—সংসার-বিরাগিণী, সন্ন্যাসিনী; আত্ম-বিস্মৃতা; অসহায়া, অনাথা। উদাসিন্+ঈপ্। বিণ; স্ত্রী।
উদাসী (উদাসিন্)—১। অন্যমনস্ক, উদাসীন; শূন্যগর্ভ; নিরপেক্ষ; অনাসক্ত; অনুরাগহীন; অজানার উদ্দেশ্যে সমর্পিতচিত্ত; বিরাগী। বিণ। ২। সন্ন্যাসী। উৎ—আস্+ণিন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, -সিনী।
উদাসীন—সংসারনির্মুক্ত, বৈরাগী; নিরপেক্ষ, পক্ষপাতশূন্য; আসক্তিশূন্য। উৎ—আস্+শানচ্ কর্তৃ। বিণ।
উদাহরণ—দৃষ্টান্ত; বর্ণন; উল্লেখ; প্রকৃত বিষয়ের সমর্থক কথাপ্রসঙ্গ; সূত্রের অর্থ স্পষ্টরূপে বুঝাইবার নিমিত্ত প্রয়োগ দেখানো; সন্দর্ভ। উৎ—আ—হৃ+অনট্ ভাব, কর্ম। বি; ক্লী।
উদাহরণস্থল—উদাহরণের ক্ষেত্র; দৃষ্টান্তের বিষয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। বিণ, -স্থলীয়।
উদাহৃত—উল্লিখিত; দৃষ্টান্তরূপে উক্ত; উচ্চারিত; বিবৃত। উৎ—আ—হৃ+ক্ত কর্ম। বিণ।
উদিত—১। উত্থিত; উন্নত; বৃদ্ধিপ্রাপ্ত; জাত; উদয়-প্রাপ্ত; আবির্ভূত। উৎ—ই+ক্ত কর্তৃ। ২। উক্ত; নির্দিষ্ট। বদ্+ক্ত কর্ম। বিণ।
উদীচী—১। উত্তরদিক্। বি; স্ত্রী। ২। পরবর্তিনী; ভাবিনী। উদচ্ (উত্তর)+ঈপ্। বিণ; স্ত্রী।
উদীচীন—উত্তরদিক্‌সম্বন্ধীয়; উত্তরদিক্‌সম্ভূত, উত্তরদিক্-নিবাসী; উদীচ্য। উদীচী+ঈন ভবাদ্যর্থে। বিণ।

উদীচ্য—উত্তরদেশীয়; পরবর্তী; শেষস্থ, অন্তিম। উদীচী+যৎ ভবার্থে। বিণ। **উদীচ্য ঊষা**—উত্তরমেরুতে যে বিদ্যুতালোক দৃষ্ট হয়, Aurora Borealis.

উদীচ্যবৃত্ত—উত্তরমেরুবৃত্ত (তাহা দ্রঃ)।

উদীচ্যেতরবৃত্ত—দক্ষিণমেরুর ২৩½° ডিগ্রী উত্তরে যে মণ্ডলাকার অক্ষরেখা আছে সেই অক্ষরেখা, Antarctic circle. উদীচ্য হইতে ইতর (ভিন্ন), ৫মীতৎ; সেইরূপ বৃত্ত, রূপক কর্মধা। বি; ক্লী।

উদীয়মান—প্রকাশমান, যাহা উদিত হইতেছে এরূপ; প্রতিষ্ঠালাভ করিতেছে এমন ('— কবি')। উৎ—ঈ+শানচ্ কর্তৃ। বিণ।

উদীরণ—উচ্চারণ; কথন; বিজৃম্ভণ, হাই তোলা; উদ্দীপন; প্রেরণ; উল্লেখ, নির্দেশ, বর্ণনা, প্রকাশন; উৎক্ষেপণ। উৎ—ঈর্+অনট্ ভাব। বি; ক্লী।

উদীরিত—উচ্চারিত; কথিত; উদ্দীপিত; প্রেরিত; উৎক্ষিপ্ত। উৎ—ঈর্+ক্ত কর্ম। বিণ।

উদম—উন্মুক্ত; নগ্ন। ∠উদ্দাম। বিণ।

উদমধুমা, -ধুম, -ধুমা—বিবস্ত্র; অধিক বয়স পর্যন্ত উলঙ্গ; একগুঁয়ে, জেদী; গণ্ডগোলপ্রিয়। গ্রাম্য। বিণ।

উদুম্বর—উড়ুম্বর (তাহা দ্রঃ; ড-স্থানে দ বৈকল্পিক)।

উদূখল—ধান হইতে চাল বাহির করিবার কাঠের তৈয়ারী চওড়া-মুখ পাত্র বিঃ, কাঠের বড় খল, উখলি। উৎ—খ—লা+ক কর্তৃ (নিপা)। বি; পুং বা ক্লী।

উদেশ—অনুসন্ধান; কারণ; ঠিকানা; অভিপ্রায়; লক্ষ্য। ∠উদ্দেশ। বি।

উদেস—অনাবৃত, খোলা ("নীবীবন্ধ করল উদেস" —বিদ্যা)। প্রা কপ্র। বিণ।

উদো—১। নির্বোধ, আহাম্মক; অধঃপতিত; কলঙ্কিত। বিণ। ২। কোন অনির্দিষ্ট ব্যক্তি ('উদোর পিণ্ডি বুদোর ঘাড়ে')। বাংপ্র। বি।

উদ্গত—উত্থিত; জাত; উদিত। উৎ—গম্+ক্ত কর্তৃ। বিণ।

উদ্গতি—ঊর্ধ্বদিকে গমন; উদ্রেক; সঞ্চার; আবির্ভাব। উৎ—গম্+ক্তি ভাব। বি; স্ত্রী।

উদ্গম, উদ্গমন—উত্থান; জন্ম; উদয়; হর্ষণ; নির্গম; প্রয়াণ। উৎ—গম্+অপ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

উদ্গলিত—বহিবাগত, নিঃসৃত। উৎ—গল্+ক্ত কর্তৃ। বিণ।

উদগাতা (-তৃ)—১। সামবেদপাঠক। বি; পুং। ২। উচ্চৈঃস্বরে গান-গায়ক; ঘোষক। উৎ—গৈ+তন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ত্রী।

উদ্গার—উচ্চারণ; বমন; নিঃসারণ; ঢেঁকুর। উৎ—গ+ঘঞ্ ভাব। বি; পুং।

উদ্গিরণ—বমন; ঊর্ধ্বে নিক্ষেপ; উদ্গার। উৎ—গৄ+অনট্ ভাব। বি; ক্লী।

উদ্গীত—উচ্চৈঃস্বরে গীত; নিনাদিত। উৎ—গৈ+ক্ত কর্ম। বিণ।

উদ্গীতি—আর্যাচ্ছন্দঃ বিঃ; উচ্চৈঃস্বরে গান। উৎ—গৈ+ক্তি করণ, ভাব। বি; স্ত্রী।

উদ্গীথ—সামবেদের অংশ বিঃ; প্রণব; সামগান; সামবেদের দ্বিতীয় অধ্যায়। উৎ—গৈ+থক কর্ম সংজ্ঞার্থে। বি; পুং।

উদ্গীর্ণ—বমিত; উচ্চারিত; উত্থিত; অনুরঞ্জিত; প্রতিবিম্বিত; উৎসৃষ্ট; উৎক্ষিপ্ত। উৎ—গৄ+ক্ত কর্ম। বিণ।

উদ্গ্রীব—উৎকণ্ঠিত, ব্যাকুল; উৎসুক। উৎ (উন্নতা) গ্রীবা যাহার, বহু। বিণ।

উদ্ঘাটক—১। উন্মোচনকারী; উত্তোলনকারী; উল্লেখক; প্রকাশক। বিণ। স্ত্রী, -টিকা। ২। কূপের জল তুলিবার যন্ত্র; চাবি। উৎ—ঘট্+ণিচ্+ণক কর্তৃ। বি; পুং বা ক্লী।

উদ্ঘাটন—১। কূপের জলোত্তোলনার্থ সরঞ্জ; পাত্র। উৎ—ঘট্+ণিচ্+অনট্ করণ। ২। খুলিয়া ফেলা, উন্মোচন; উল্লেখ; আবিষ্কার; প্রকাশ। উৎ—ঘট্ +ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—উদ্ঘাটিত।

উদ্ঘাত—১। প্রতিঘাত, ঠোক্কর লাগা; বাধা; আরম্ভ; পাদস্খলন; কুম্ভক। উৎ—হন্+ঘঞ্ ভাব। ২। অধ্যায়; উল্লেখ; মুদ্গর প্রঃ; অরঘট্ট; নিদর্শন। উৎ—হন্+ঘঞ্ করণ। বি; পুং।

উদ্ঘোষ—উচ্চশব্দ; কীর্তন। উৎ—ঘুষ্+ঘঞ্ ভাব। বি; পুং।

উদ্দণ্ড—১। উত্তোলিত লাঠি। প্রাদি। ২। উৎকট-দণ্ডধারী; যষ্টিপ্রহারে উদ্যত; প্রতাপান্বিত; প্রগাঢ়; প্রচণ্ড; খড়্গহস্ত। উৎ (উন্নত) দণ্ড যাহার, বহু। বিণ।

উদ্দণ্ডনৃত্য—শরীর লাঠির মত সোজা রাখিয়া হাত তুলিয়া লাফাইয়া লাফাইয়া নাচা। উদ্দণ্ডবৎ নৃত্য, মধ্যপ। বি; ক্লী।

উদ্দাম—অতিশয় প্রবল; দুর্দমনীয়; উৎকট; উচ্ছৃঙ্খল; বন্ধনরহিত; স্বেচ্ছাবিহারী। উৎ—দম্+ঘঞ্ কর্ম। বিণ। বি, -তা।

উদ্দিষ্ট—লক্ষ্যীকৃত; পূর্বোক্ত; সংকল্পিত; অভিপ্রেত; উপদিষ্ট; প্রাপ্তসন্ধান; কীর্তিত; অভিলষিত। উৎ—দিশ্+ক্ত কর্ম। বিণ।

উদ্দীপক—উদ্দীপনাকারী; উত্তেজক; প্রবর্ধক; প্রকাশক। উৎ—দীপ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -পিকা।

উদ্দীপন—১। উদ্দীপ্তকরণ; উত্তেজন; প্রজ্বলন; বর্ধিতকরণ; প্রকাশন; উসকনো; (কাম, ক্রোধ প্রভৃতিকে) প্রবল করা। উৎ—দীপ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। উদ্দীপক, উত্তেজক। উৎ—দীপ্+ণিচ+অন কর্তৃ। বিণ।

উদ্দীপনা—উত্তেজনা; অনুপ্রেরণা; উৎসাহ; প্রজ্বলন। উৎ—দীপ্+ণিচ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।

উদ্দীপনীয়—উদ্দীপনযোগ্য। উৎ—দীপ্+ণিচ্+[অনীয় কর্ম। বিণ।

উদ্দীপিত—উত্তেজিত; প্রজ্বলিত; প্রকাশিত; বর্ধিত। উৎ—দীপ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

উদ্দীপ্ত—প্রজ্বলিত; আলোকিত; আলোক উজ্জ্বল; সমুদ্যত; প্রবৃদ্ধ, অতিশয় বৃদ্ধিপ্রাপ্ত। উৎ—দীপ্+ক্ত কর্তৃ। বিণ।

উদ্দেশ—১। লক্ষ্যকরণ; অন্বেষণ; সন্ধান; ঠিকানা; লক্ষ্য; সংবাদ; নাম দ্বারা কথন; উল্লেখ। উৎ—দিশ্+ঘঞ্ ভাব। ২। অভিসন্ধি, অভিপ্রায়; স্থান, প্রদেশ। উৎ—দিশ্+ঘঞ্ কর্ম। বি: পুং। **উদ্দেশে**—মনে করিয়া ('—নমস্কার করা'); নির্দেশানুযায়ী; সন্ধানার্থে। ক্রি-বিণ।

উদ্দেশক—উদ্দেশকারী; অনুসন্ধানকারী। উৎ—দিশ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-শিকা**।

উদ্দেশ্য—উদ্দেশের বিষয়; অভিপ্রায়; সংকল্প; তাৎপর্য; প্রয়োজন; বাক্যের ক্রিয়া দ্বারা উদ্দিষ্ট পদ। উৎ—দিশ্+ণ্যৎ কর্ম। বি; ক্লী।

উদ্ধত—ধৃষ্ট, অবিনীত; দুর্দান্ত; গোঁয়ার; দুরন্ত; অহংকৃত; উৎক্ষিপ্ত; সংক্ষুব্ধ; আহত। উৎ—হন্+ক্ত কর্ম। বিণ।

উদ্ধতচারিতা—অবিনীত আচরণ, ঔদ্ধত্য। উদ্ধত-চারিন্+তা ভাবে। বি; স্ত্রী।

উদ্ধতচারী (-চারিন্)—অশিষ্ট-আচরণকারী। উদ্ধত—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-রিণী**।

উদ্ধতপ্রকৃতি—১। উদ্ধতস্বভাব, অহংকৃত; গোঁয়ার। উদ্ধতা প্রকৃতি যাহার, বহু। বিণ। ২। অবিনীত স্বভাব। কর্মধা। বি; স্ত্রী।

উদ্ধতভাষী (-ভাষিন্)—দাম্ভিকবক্তা; যে অবিনীত-ভাবে কথা বলে এমন। উপতৎ; উদ্ধত—ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভাষিণী**।

উদ্ধতস্বভাব—১। উদ্ধতপ্রকৃতি; অবিনীত। বহু। বিণ। ২। অবিনীত প্রকৃতি; উদ্ধত প্রকৃতি। কর্মধা। বি; পুং।

উদ্ধরণ—উত্তোলন; পরিত্রাণ; ঋণশোধ; উন্মূলন; বমন; অপরের লেখা বা উক্তির অবিকল উল্লেখ। উৎ—হৃ বা ধৃ+অনট্ ভাব। বি; ক্লী।

উদ্ধরণীয়—উৎপাটনীয়; উত্তোলনীয়; দূরীকরণীয়; উদ্ধরণযোগ্য। উৎ—হৃ বা ধৃ+অনীয় কর্ম। বিণ।

উদ্ধর্তা (-তৃ)—উদ্ধারকর্তা; উত্তোলনকারী; পৃষ্ঠ-পোষক; ঋণশোধকারী। উ—হৃ বা ধৃ+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-র্ত্রী**।

উদ্ধার—পরিত্রাণ, মুক্তি; উন্নতি; উত্তোলন; পতিত বা সমাজচ্যুত ব্যক্তিকে সমাজে গ্রহণ; নষ্ট বা অপহৃত বস্তুর পুনরায় অধিকার; নষ্ট বস্তুকে ব্যবহারোপ-যোগী করা; প্রতিষ্ঠা; ঋণশোধন; অন্যের বাক্য অবিকৃতভাবে প্রয়োগ। উৎ—হৃ বা ধৃ+ঘঞ্ ভাব। বি; পুং। [কর্তৃ। বিণ। স্ত্রী, **-রিকা**।

উদ্ধারক—পরিত্রাতা; উত্তোলক। উৎ—হৃ বা ধৃ+ণক

উদ্ধারকর্তা (-কর্তৃ)—উদ্ধারক। ষষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী, **-কর্ত্রী**।

উদ্ধারচিহ্ন—অন্যের বাক্য অবিকল প্রযুক্ত হইয়াছে—ইহা বুঝাইবার নিমিত্ত ব্যবহৃত বাক্যের উভয়-পার্শ্বস্থ (" ") চিহ্ন, ঊর্ধ্ব কমা, quotation marks. উদ্ধারসূচক চিহ্ন, মধ্যপ। বি; ক্লী।

উদ্ধারণ—পরিত্রাণ করানো; ঊর্ধ্বে উত্তোলন। উৎ—ধৃ+ণিচ্ বা হৃ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

উদ্ধারার্থ, -র্থে—পরিত্রাণের নিমিত্ত, মুক্তির জন্য। উদ্ধারের নিমিত্ত ইহা, এই অর্থে নিত্য। ক্রি-বিণ।

উদ্ধ্মক, উদ্ধক—পাকস্থলীর উত্তেজনাবশতঃ কুপিত ঊর্ধ্বগামী বায়ু। ৴ঊর্ধক। বি।

উদ্ধৃত—পুনর্বার অধিকৃত; উত্থাপিত; উত্তোলিত; সমাজে গৃহীত; সংগৃহীত; উল্লিখিত; অন্যের রচনা হইতে উল্লিখিত বা গৃহীত; পরিত্রাত। উৎ—ধৃ বা হৃ+ক্ত কর্ম। বিণ।

উদ্ধৃতি—১। উদ্ধার; উৎক্ষেপণ; উত্তোলন; মুক্তি। উৎ—ধৃ বা হৃ+ক্তি ভাব। ২। উদ্ধৃত রচনাংশ, উদ্ধৃত শ্লোকাদি। উৎ—ধৃ বা হৃ+ক্তি কর্ম। বি; স্ত্রী।

উদ্বন্ধন—১। মরিবার জন্য গলায় দড়ি দেওয়া; গলায় দড়ি দিয়া আত্মহত্যা করা। উৎ—বন্ধ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। বন্ধনভ্রষ্ট; বন্ধনমুক্ত। উৎক্রান্ত বন্ধনকে, প্রাদি। বিণ।

উদ্বন্ধনরজ্জু—গলায় দিবার দড়ি, ফাঁসির দড়ি, halter. উদ্বন্ধন-সাধক রজ্জু, মধ্যপ। বি; স্ত্রী।

উদ্বমন—উদ্গিরণ, বমি করা। উৎ—বম্+অনট্ ভাব। বি; ক্লী।

উদ্বর্ত—১। উদ্বৃত্ত বস্তু, প্রয়োজন মিটিবার পর যাহা বাঁচে; আধিক্য। উৎ—বৃত্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। উদ্বৃত্ত; অতিরিক্ত; ব্যয়াবশিষ্ট। উৎ—বৃত্+অচ্ কর্তৃ। বিণ।

উদ্বর্তন—গন্ধাদি দ্বারা বিলেপন; বিলেপন-দ্রব্য; উলটানো পালটানো; উৎপতন; গাত্রমার্জন, ঘর্ষণ; জীবন-সংগ্রামে টিকিয়া থাকা, survival ('যোগ্য-তমের —')। উৎ—বৃত্+ণিচ্ বা বৃত্+অনট্ ভাব। বি; ক্লী।

উদ্বায়ী (-য়িন্)—যাহা উড়িয়া যায় এরূপ, volatile. উৎ—বা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িনী**।

উদ্বাসন—বিসর্জন; নির্বাসন; বাসভূমি পরিত্যাগ, evacuation. উৎ—বস্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। [+ক্ত কর্ম। বিণ।

উদ্বাসিত—নির্বাসিত, deported. উৎ—বস্+ণিচ্

উদ্বাস্তু—১। যে স্থানের উপর গৃহ নির্মিত হয় নাই; বাস্তুসংলগ্ন ভূমি; পরিত্যক্ত ভিটা। বি; পুং। ২। ভিটাছাড়া, বাস্তুহারা, evacuee. উদ্গত অর্থাৎ দূরীভূত বাস্তু হইতে, প্রাদি। বি বা বিণ।

উদ্বাস্তু-পুনর্বাসন—বাস্তুহারাদের পুনরায় বসবাসের ব্যবস্থা করা, refugee rehabilitation. ষষ্ঠীতৎ। বি; ক্লী। **উদ্বাস্তু-পুনর্বাসন দপ্তর**—বাস্তুহারা-দের বসবাসের ব্যবস্থা করার জন্য নির্দিষ্ট সরকারী বিভাগ, Refugee Rehabilitation Department.

উদ্বাহ—বিবাহ। উৎ—বহ্+ঘঞ্ ভাব। বি; পুং।
উদ্বাহন—বিবাহদান; উদ্ধারসাধন। উৎ—বহ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
উদ্বাহিত—বিবাহিত; উন্নীত, উন্মূলিত। উৎ—বহ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
উদ্বাহু—ঊর্ধ্ববাহু, যে উপরে হাত তুলিয়াছে এমন। উন্নমিত বাহু যৎকর্তৃক, বহু। বিণ।
উদ্বিগ্ন—উদ্বেগযুক্ত, উৎকণ্ঠিত; ভীত; ক্ষুব্ধ। উৎ—বিজ্+ক্ত কর্তৃ। বিণ।
উদ্বিড়াল—ভোঁদড়, উদ্র, otter. <উদ্‌বিড়াল। বি। স্ত্রী, **-লী**।
উদ্বুদ্ধ—১। প্রস্ফুটিত; প্রবুদ্ধ; জাগরিত; প্রকাশিত। উৎ—বুধ্+ক্ত কর্তৃ। ২। অনুস্মৃত, যাহা পরে মনে পড়িয়াছে এরূপ। উৎ—বুধ্+ক্ত কর্ম। বিণ।
উদ্বৃত্ত—উৎক্ষিপ্ত; উদ্ঘূর্ণিত; উত্থিত, অতিরিক্ত; প্রয়োজনসিদ্ধির পর অবশিষ্ট ('— তহবিল')। উৎ—বৃত্+ক্ত কর্তৃ। বিণ।
উদ্বেগ—১। দুর্ভাবনা; আকুলতা; চাঞ্চল্য; ভয়; ত্বরা; উদ্‌গমন; ক্ষোভ; বিরহজন্য দুঃখ; ভাবাবেগ। উৎ—বিজ্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। বেগবান্; বেগহীন। উৎ (অর্থাৎ উৎকৃষ্ট বা উদ্‌গত) বেগ যাহার, বহু। বিণ।
উদ্বেজক, উদ্বেজয়িতা (তৃ)—উদ্বেগ সৃষ্টিকারী; বিরক্তিজনক। উৎ—বিজ্+ণিচ্+অক, তৃচ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-জিকা, -য়িত্রী**।
উদ্বেজন—১। উদ্বেগ; ভয়; কম্পন; কষ্ট। উৎ—বিজ্+অনট্ ভাব। ২। উদ্বেগ জন্মানো; ভয়প্রদর্শন; উত্ত্যক্তকরণ। উৎ—বিজ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
উদ্বেজিত—ক্লেশিত; উত্ত্যক্ত; উদ্দীপিত; ভয়প্রাপিত। উৎ—বিজ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
উদ্বেল—উচ্ছলিত, উথলিত; সীমাতিক্রান্ত। উৎক্রান্ত বেলাকে, প্রাদি। বিণ।
উদ্বেলিত—১। উদ্বেলীকৃত; চরমসীমায় উপস্থাপিত; ব্যাকুলীকৃত। উদ্বেল+ণিচ্ (=উদ্বেলি নামধাতু)+ক্ত কর্ম। ২। উদ্বেল (সকল অর্থে)। উৎ—বেল্+ক্ত কর্তৃ। বিণ।
উদ্বোধ—জ্ঞানের উদয; স্মরণ। উৎ—বুধ্+ঘঞ্ ভাব। বি; পুং।
উদ্বোধক—প্রকাশক; উদ্দীপক; চেতনাদানকারী; যে জাগায় এমন। উৎ (অধিক)—বুধ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-ধিকা**।
উদ্বোধন—জ্ঞাপন, বোধ জন্মাইয়া দেওয়া; চেতনা উৎপাদন; জাগানো। উৎ (অধিক)—বুধ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
উদ্ভট—১। উৎকট; প্রসিদ্ধ; উদার; শ্রেষ্ঠ; গ্রন্থবহির্ভূত; যে শ্লোক বা রচনার প্রণেতা অজ্ঞাত এমন ('— কবিতা'); অভিনব। উৎ—ভট্+অচ্ কর্তৃ। ২। আজগবী, অদ্ভুত। বাংপ্র। বিণ।
উদ্ভট্ট, -ট্টী—গ্রন্থবহির্ভূত, পুস্তকে অপ্রাপ্য, যাহা বাহির হইতে পাওয়া যায় এরূপ; অদ্ভুত, আজগবী; অশ্রুতপূর্ব। <উদ্ভট। বিণ।
উদ্ভব—১। জন্ম, উৎপত্তি। উৎ—ভূ+অপ্ ভাব। ২। জন্মস্থান; যাহা হইতে কোন কিছু জাত হয়। উৎ—ভূ+অপ্ অপা। বি; পুং।
উদ্ভাবক—উদ্ভাবনকর্তা; আবিষ্কারক; প্রথমোৎপাদক; পরিকল্পনাকারী। উৎ—ভূ+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-বিকা**।
উদ্ভাবন—কল্পনায় নির্ধারণ; ভাবিয়া-চিন্তিয়া কোনও বস্তু প্রথম নির্মাণ; উৎপাদন; উন্নয়ন; অজ্ঞাতবিষয় প্রকাশকরণ; চিন্তন। উৎ (উপরি)—ভূ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
উদ্ভাবনীয়, উদ্ভাব্য—উদ্ভাবনযোগ্য, যে বিষয়ের উদ্ভাবন করিতে হইবে বা করা উচিত বা আবশ্যক এরূপ। উৎ (উপরি)—ভূ+ণিচ্+অনীয়, যৎ কর্ম। বিণ।
উদ্ভাবয়িতা (-য়িতৃ)—উদ্ভাবক (তাহা দ্রঃ)। উৎ—ভূ+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িত্রী**।
উদ্ভাবিত—নূতন কল্পিত ও নির্মিত; যে বিষয়ের উদ্ভাবন করা হইয়াছে এরূপ; চিন্তিত। উৎ—ভূ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
উদ্ভাস—দীপ্তি; প্রকাশ; শোভা। উৎ—ভাস্+ঘঞ্ ভাব। বি, পুং।
উদ্ভাসক—প্রকাশক; যে আলোকিত করে এমন। উদ্—ভাস্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-সিকা**।
উদ্ভাসন—উদ্দীপন, উজ্জ্বল করা, আলোকময় করা; শোভাবর্ধন; প্রকাশন। উৎ—ভাস্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
উদ্ভাসিত—দীপ্ত; প্রকাশিত; শোভিত। উৎ—ভাস্ বা ভাস্+ণিচ্+ক্ত কর্তৃ। বিণ।
উদ্ভাসী (-সিন্)—দীপ্তিময়, সমুজ্জ্বল। উৎ—ভাস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-সিনী**।
উদ্ভিজ্জ—১। যাহা ভূমি ভেদ করিয়া জন্মে তাহা তরুলতাগুল্মাদি। বি; ক্লী। ২। উদ্ভিদ্ হইতে উৎপন্ন, বৃক্ষলতাদিজাত। উপতৎ; উদ্ভিদ্—জন্+ড কর্তৃ। বিণ।
উদ্ভিজ্জবিদ্যা—উদ্ভিদ্‌বিদ্যা (তাহা দ্রঃ)। মধ্যপ। বি; স্ত্রী।
উদ্ভিজ্জভোজী (-জিন্), **উদ্ভিদ্‌ভোজী** (-জিন্)—তৃণভোজী। উপতৎ; উদ্ভিজ্জ, উদ্ভিদ্—ভুজ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভোজিনী**।
উদ্ভিজ্জাণু—চক্ষুর অগোচর ক্ষুদ্র উদ্ভিজ্জ। উদ্ভিজ্জের অণু, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
উদ্ভিজ্জাশী (-শিন্)—ফলমূলাদিভোজী; নিরামিষভোজী। উপতৎ; উদ্ভিজ্জ—অশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শিনী**।
উদ্ভিৎ (উদ্ভিদ্), **উদ্ভিদ**—যাহারা ভূমি ভেদ করিয়া ঊর্ধ্বদিকে উঠে তাহারা, তৃণলতাগুল্মাদি এবং ঐ সমুদায়ের অঙ্কুর, গাছপালা [উদ্ভিদ্ পঞ্চবিধ; যথা,—বৃক্ষ, তৃণ, গুল্ম, বল্লী ও লতা]। উৎ (ঊর্ধ্ব)—ভিদ্+ক্বিপ্; ক কর্তৃ। বি; পুং।

উদ্ভিদোদ্যান—উদ্ভিজ্জবিদ্যার অনুশীলনের নিমিত্ত কৃত উদ্যান, যে উদ্যানে নানাজাতীয় বৃক্ষলতাদি রোপিত হইয়াছে তাহা, botanical garden. উদ্ভিদ্‌বিষয়ক উদ্যান, মধ্যপ। বি; ক্লী।

উদ্ভিদ্‌বিদ্যা—তরুগুল্মাদির অবয়বসংস্থান প্রত্যেক অবয়বের কার্য উৎপত্তিস্থান জাতিবিভাগ ইঃ নির্ণায়ক শাস্ত্র, উদ্ভিদ্বিজ্ঞান, তরুলতাপুষ্পাদি-বিষয়িণী বিদ্যা, botany. উদ্ভিদ্‌সংক্রান্তা বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।

উদ্ভিদ্‌বেত্তা (-বেতৃ)—উদ্ভিদ্‌তত্ত্বজ্ঞ, botanist. উপতৎ; উদ্ভিদ্—বিদ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বেত্রী।**

উদ্ভিদ্‌ভোজী (-ভোজিন্)—'উদ্ভিজ্জভোজী' দ্রঃ।

উদ্ভিন্ন—স্পষ্টভাবে প্রকাশিত; সুব্যক্ত; প্রস্ফুটিত; অঙ্কুরিত; বিমর্দিত; বহুধা বিভক্ত। উৎ (উপরি) —ভিদ্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

উদ্ভিন্নযৌবনা—যাহার যৌবন-লক্ষণসমূহ প্রকাশিত হইয়াছে এমন ('— স্ত্রী')। উদ্ভিন্ন (প্রকাশিত) যৌবন যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

উদ্ভূত—উৎপন্ন; সংঘটিত; প্রকাশিত; উন্নত; উদিত; প্রত্যক্ষযোগ্য। উৎ—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

উদ্ভেদ—ভেদপূর্বক উৎপত্তি; প্রকাশ, বিকাশ; উদয়, স্ফূর্তি; রোমাঞ্চ; আবিষ্কার; পৃথিবীর উপরে স্তর বিঃর উদ্ভব, outcrop. উৎ (ঊর্ধ্ব)—ভিদ্+ঘঞ্ ভাব। বি; পুং।

উদ্ভ্রম—উদ্বেগ; বুদ্ধিলোপ; আকুলতা; ঊর্ধ্বভ্রমণ। উৎ (অধিক)—ভ্রম্+ঘঞ্ ভাব। বি; পুং।

উদ্ভ্রান্ত—উদ্বিগ্ন; হতবুদ্ধি; আঘূর্ণিত; ব্যস্ত; উচ্ছৃঙ্খল। উৎ (অতিশয়)—ভ্রম্+ক্ত কর্তৃ। বিণ। বি—**উদ্ভ্রান্তি।**

উদ্যত—সচেষ্ট; উত্তোলিত ('— অসি'); উদ্‌যুক্ত, কোন বিষয়ে প্রবৃত্ত হইতে তৎপর; প্রবৃত্ত; উত্থিত। উৎ (বিপরীত)—যম্+ক্ত কর্তৃ। বিণ।

উদ্যতদণ্ড—১। উত্তোলিত দণ্ড। কর্মধা। বি; ক্লী। ২। শাসনোদ্যত, দণ্ডবিধানে তৎপর। বহু। বিণ।

উদ্যতবাহু—১। যে বাহু উত্তোলন করিয়াছে এরূপ। উদ্যত বাহু যৎকর্তৃক, বহু। বিণ। ২। উন্নত হস্ত। কর্মধা। বি; পুং।

উদ্যম—উদ্যোগ; উৎসাহ; উপক্রম; প্রয়াস; উত্থান; উত্তোলন। উৎ—যম্+ঘঞ্ ভাব। বি; পুং।

উদ্যমশীল—উৎসাহশীল, অধ্যবসায়সম্পন্ন। বহু। বিণ।

উদ্যমী (-মিন্)—যত্নবান্, উদ্যোগী। উদ্যম+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-মিনী।**

উদ্যান—বাগান, উপবন। উৎ—যা+অনট্ অধি। বি; ক্লী।

উদ্যান-গৃহ, -বাটিকা, -বাটী—বাগান-বাড়ি। মধ্যপ। বি; ক্লী, স্ত্রী, স্ত্রী।

উদ্যান-পাল—উদ্যানরক্ষক, বাগানের মালী। উপতৎ; উদ্যান—পালি+অণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-পালী।**

উদ্যান-পালক, -রক্ষক—যাহার উপর বাগান দেখা-শোনার ভার থাকে, বাগানের মালী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-পালিকা, -রক্ষিকা।**

উদ্যান-সম্মিলন, -সম্মেলন—উদ্যানে প্রীতিভোজ; আমোদের জন্য বাগানে বন্ধুবান্ধবের সমাবেশ, garden party. ৭মীতৎ। বি; ক্লী।

উদ্‌যাপন—সম্পাদন, সমাপন, নির্বাহ। উৎ—যা+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

উদ্‌যাপিত—যাহা উদ্‌যাপন করা হইয়াছে এরূপ; পরিসমাপিত। উৎ—যা+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

উদ্‌যুক্ত—উদ্যোগবিশিষ্ট; উৎসাহান্বিত; যত্নবান্; চেষ্টিত। উৎ—যুজ্+ক্ত কর্তৃ। বিণ।

উদ্যোক্তা (-ক্তৃ)—উদ্যোগী (তাহা দ্রঃ)। উৎ—যুজ্ +তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ক্ত্রী।**

উদ্যোগ—চেষ্টা; আয়োজন; উদ্যম; যত্ন; উৎসাহ। উৎ—যুজ্+ঘঞ্ ভাব। বি; পুং।

উদ্যোগী (-গিন্)—উদ্যোগকারী, সচেষ্ট; উৎসাহী। উদ্যোগ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-গিনী।**

উদ্‌যোজক—প্রবর্তক, উদ্যোগী। উৎ—যুজ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-জিকা।**

উদ্র—উদবিড়াল। উদ্+রক্ কর্তৃ। বি; পুং।

উদ্রিক্ত—সঞ্চারিত, উত্থিত, উদ্দীপিত, উত্তেজিত; অতিশয়িত; স্ফুট। উৎ—রিচ্+ক্ত কর্ম। বিণ।

উদ্রেক—সঞ্চার; উত্তেজন, উত্থান; বৃদ্ধি; উপক্রম। উৎ—রিচ্+ঘঞ্ ভাব। বি; পুং।

উধাও—অদৃশ্য, অন্তর্হিত; ঊর্ধ্বপ্রস্থিত; পলায়িত ('— হওয়া')। <ঊর্ধ্বাবুক বা উদ্ভাবন। বিণ।

উন—১। অল্প। <ঊন। বিণ। ২। পশম। <ঊর্ণা। বি।

উনকুটি, উনকুটিচৌষট্টি—সম্পূর্ণ, প্রায় কিছুই বাদ পড়ে না এরূপ (আয়োজন বা সংগ্রহ); তন্নতন্ন। বাংপ্র। বিণ।

উনন, উনান, উনুন—চুলা। <উদধ্মান। বি।

উননমুখী—উনান-মুখী' (তাহা দ্রঃ)।

উননমুখো—পোড়ারমুখো। উনন মুখে যাহার, বহু। গ্রাম্য গালি। বিণ; পুং।

উনপাঁজুরে—হতভাগ্য; দুর্বল। উনপাঁজর+এ (<ইয়া)। বিণ।

উনান, উনুন—'উনন' দ্রঃ।

উনান-মুখী, উনুন-মুখো—(স্ত্রীলোকদিগের গালিতে) যাহার গণ্ডস্থলদ্বয় এবং ললাটদেশ উচ্চ এরূপ নারী, পোড়ারমুখী। বাংপ্র। বিণ, স্ত্রী।

উনি—(সম্মানসূচক) ঐ ব্যক্তি, সেই ব্যক্তি; সম্মুখ-স্থিত লোক; (হিন্দু-রমণীদিগের কথায়) স্বামী; কর্তা। <অদস্। সর্ব।

উনিশ, উনিশে—'ঊনিশ', 'ঊনিশে' দ্রঃ।

উনিশ-বিশ—'ঊনিশ-বিশ' দ্রঃ। [বি; পুং।

উন্দুর—মূষিক, ইঁদুর। উন্দ+উর কর্তৃ সংজ্ঞার্থে।

উন্নত—উচ্চ, বৃদ্ধিপ্রাপ্ত; স্ফীত; গৌরবান্বিত; উদার; উৎকৃষ্ট। উৎ—নম্+ক্ত কর্তৃ। বিণ।

উন্নতচিত্ত, -চেতাঃ (-চেতস্), **-মনাঃ** (-মনস্)—উদারচিত্ত, মহামনাঃ। বহু। বিণ।

উন্নতি—১। অভ্যুদয়; সমৃদ্ধি; শ্রীবৃদ্ধি; গৌরব; অগ্রগতি; পদোন্নতি; বৃদ্ধি; উদয়; ঔদ্ধত্য; উচ্চতা; উচ্চ অবস্থা। উৎ—নম্+ক্তি ভাব। ২। ত্রিভুজের শীর্ষকোণ হইতে ভূমির উপর পাতিত লম্ব বা তাহার দৈর্ঘ্য, altitude. উৎ—নম্+ক্তি করণ। বি; স্ত্রী।

উন্নতিশীল—বৃদ্ধিশীল, যে বা যাহা নিত্য উন্নতি প্রাপ্ত হইতেছে এরূপ; উদীয়মান। বহু। বিণ।

উন্নতিসাধক—শ্রীবৃদ্ধিসম্পাদনকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-সাধিকা**।

উন্নতিসাধন—শ্রীবৃদ্ধিসম্পাদন, উৎকর্ষসম্পাদন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [কর্ম। বিণ।

উন্নদ্ধ—ঊর্ধ্বে বদ্ধ, উপরে বাঁধা। উৎ—নহ্+ক্ত

উন্নমন—উত্তোলন, ঊর্ধ্বে ধারণ। উৎ (উপরি)—নম্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

উন্নমিত—ঊর্ধ্বীকৃত, উত্তোলিত; উন্নীত। উৎ—নম্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

উন্নয়ন—উত্তোলন ('জীবনযাত্রার মান উন্নয়ন'); উন্নতিসাধন ('পল্লী—'); উন্নতি; উপরে তোলা, উঠানো। উৎ—নী+অনট্ ভাব। বি; ক্লী।

উন্নিদ্র—বিনিদ্র; সতর্ক। উত্থিত নিদ্রা হইতে, প্রাদি। বিণ। বি, **-দ্রা**।

উন্নীত—ঊর্ধ্বে নীত; যাহার উন্নতি বা উৎকর্ষ সাধিত হইয়াছে এমন; যাহা উপরে উঠানো হইয়াছে এরূপ। উৎ—নী+ক্ত কর্ম। বিণ।

উন্নেতা (উন্নেতৃ)—যে ঊর্ধ্বে লইয়া যায় এরূপ; উন্নতিসাধক; উত্থাপক। উৎ—নী+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ত্রী**।

উন্নেয়—উন্নয়নযোগ্য, ঊর্ধ্বে স্থাপনীয়; উত্থাপনীয়। উৎ—নী+যৎ কর্ম। বিণ।

উন্মগ্ন—জলাদি হইতে উত্থিত। উৎ—মস্জ্+ক্ত কর্তৃ। বিণ।

উন্মজ্জন—মগ্ন অবস্থা হইতে উত্থান, ভাসা। উৎ—মস্জ্+অনট্ ভাব। বি; ক্লী।

উন্মত্ত—ক্ষিপ্ত, পাগল; বাহ্যজ্ঞানশূন্য; আত্মবিস্মৃত; তন্ময়; হিতাহিতবিবেচনাহীন; মাতাল। উৎ—মদ্+ক্ত কর্তৃ। বিণ। [সুপ। বিণ।

উন্মত্তপ্রায়—ক্ষিপ্তপ্রায়, পাগলের মত। প্রায় উন্মত্ত,

উন্মত্তবৎ—পাগলের মত ('—আচরণ')। উন্মত্ত+বতিচ্ তুল্যার্থে। অ।

উন্মথন—নিধন; বিলোড়ন; মন্থন; মর্দন। উৎ—মন্থ্+অনট্ ভাব। বি; ক্লী।

উন্মথিত—বিলোড়িত; নিহত; মর্দিত; ব্যথিত; অভিভূত। উৎ—মন্থ্+ক্ত কর্ম। বিণ।

উন্মদ—ক্ষিপ্ত; জ্ঞানশূন্য। উৎ (উদ্গত) মদ যাহার, বহু। বিণ।

উন্মন, উন্মনা—√উন্মনাঃ। বিণ।

উন্মনাঃ (উন্মনস্)—উৎকণ্ঠিতচিত্ত, ব্যাকুল; উৎসুক; অন্যমনস্ক। উৎ (উৎকণ্ঠিত, চঞ্চল) মনঃ (মনস্) যাহার, বহু। বিণ।

উন্মন্থ, উন্মন্থন—মথন; হনন; আলোড়ন; মর্দন। উৎ—মন্থ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

উন্মাদ—১। পাগলামি; হিতাহিতবোধশূন্যতা; সাধ্য-অসাধ্য বিবেচনা না করা; গুরু-লঘু সম্বন্ধে অজ্ঞানতা; বাতুলতা; উত্তেজনায় বুদ্ধিভ্রংশ। উৎ—মদ্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। উন্মত্ত, পাগল; আত্মবিস্মৃত। উন্মাদ+অচ্ আছে অর্থে। বিণ।

উন্মাদক—উন্মত্ততাজনক, আকুল-করা। উৎ—মদ্+ণিচ্ ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-দিকা**।

উন্মাদগ্রস্ত—ক্ষিপ্ত; জ্ঞানশূন্য। ৩য়াতৎ। বিণ।

উন্মাদন—১। মদনের পুষ্পধনু। উৎ—মদ্+ণিচ্+অন কর্তৃ। বি; পুং; ২। উন্মত্ত করণ। উৎ—মদ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ৩। উন্মত্ততাকারক। উৎ—মদ্+ণিচ্+অনট্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-নী**।

উন্মাদনা—উন্মত্তকরণ; অতিশয় উত্তেজনা। উৎ—মদ্+ণিচ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।

উন্মাদপ্রায়—পাগলের মত। প্রায় উন্মাদ, সুপ্। বিণ।

উন্মাদাগার—পাগলা-গারদ, lunatic asylum. উন্মাদদিগের আগার, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

উন্মাদিত—উন্মত্তীকৃত। উৎ—মদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

উন্মাদিনী—১। ক্ষিপ্তা, পাগলী। উন্মাদ+ইন্ আছে অর্থে+ঈপ্। ২। উন্মাদিকা। উৎ—মদ্+ণিচ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বিণ।

উন্মাদী (-দিন্)—১। উন্মত্ত। উন্মাদ+ইন্ আছে অর্থে। ২। মত্ততাজনক। উৎ—মদ্+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-দিনী**।

উন্মান—পরিমাণ বিঃ; দ্রোণপরিমাণ; ভারনির্ণয়; তৌল; ওজন; উচ্চতা নির্ণয়। উৎ—মা+অনট্ ভাব। বি; ক্লী।

উন্মার্গ—অসৎপথ; গর্হিত আচরণ। উৎসৃষ্ট অর্থাৎ পরিত্যক্ত মার্গ, প্রাদি। বি; পুং।

উন্মার্গগামী (-গামিন্)—কুপথগামী; অসদাচারী। উপতৎ; উন্মার্গ—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী, -গা**।

উন্মিষিত—উন্মীলিত; সদ্যোবিকশিত; প্রস্ফুটিত, কিঞ্চিৎ প্রকাশিত। উৎ—মিষ্+ক্ত কর্তৃ। বিণ।

উন্মীলন—বিকাশ, উন্মেষ; উদ্ঘাটন; চোখ মেলিয়া চাওয়া। উৎ—মীল্+অনট্ ভাব। বি; ক্লী।

উন্মীলিত—বিকসিত; প্রকাশিত; উন্মেষিত; উদ্ঘাটিত। উৎ—মীল্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

উন্মুক্ত—খোলা; খালাস-পাওয়া; বন্ধনরহিত; অবারিত ('—প্রান্তর'); ব্যক্ত; অকপট। উৎ—মুচ্+ক্ত কর্ম। বিণ।

উন্মুখ—ঊর্ধ্বমুখ; উদ্যত; উৎসুক; উদ্যুক্ত; প্রবৃত্ত, তৎপর। উন্নমিত মুখ যৎকর্তৃক, বহু। বিণ। স্ত্রী, **-খী, -খা**। বি—**উন্মুখতা**।

উন্মূলন—উৎপাটন; সমূলে বিনাশকরণ, নির্মূল করা। উৎ—মূলি (নামধাতু)+অনট্ ভাব। বি; ক্লী।

উন্মূলয়িতা (-য়িতৃ)—উৎপাটক। উৎ—মূলি (নামধাতু)+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িত্রী**।

উন্মূলিত—সমূলে উৎপাটিত, উপড়ানো; সমূলে

বিনাশিত। উৎ—মূলি (নামধাতু)+ক্ত কর্ম। বিণ।
উন্মেষ—প্রকাশ, উদয়; উদ্রেক; ঈষৎ বিকাশ; উদ্ভব; উন্মীলন। উৎ—মিষ্+ঘঞ্ ভাব। বি; পুং।
উন্মেষিত—উন্মীলিত; প্রকাশিত। উন্মেষ+ইতচ্ বিশিষ্টার্থে। বিণ।
উন্মোচন—মোচন; বন্ধন হইতে মুক্ত করিয়া দেওয়া; কারাগার হইতে মুক্ত করিয়া দেওয়া; উদ্ধার; ছিনাইয়া লওয়া। উৎ—মুচ্+অনট্ ভাব। বি; ক্লী।
উন্মোচিত—যাহার উন্মোচন করা হইয়াছে এরূপ; উদ্ঘাটিত। উৎ (উপরি)—মুচ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
উপ—আধিক্য হীনতা আসন্নতা সামীপ্য সাদৃশ্য আরম্ভ সামর্থ্য তিরস্কার আনুকূল্য ইঃ-বাচক উপসর্গ। বপ্+ক কর্তৃ। অ।
উপকণ্ঠ—১। গ্রামান্ত, নগরান্ত; অশ্বগতি বিঃ, gallop. উপগত কণ্ঠ (সামীপ্য) যৎকর্তৃক, বহু। ২। সমীপ; নিকট। কণ্ঠের সমীপ, অব্যয়ী। বি; ক্লী। [ঈয় ভবাদ্যর্থে। বিণ।
উপকণ্ঠীয়—গ্রামের সীমান্তীয়; সমীপস্থ। উপকণ্ঠ+
উপকথা—উপাখ্যান, আখ্যায়িকা; পাঠকদিগের চিত্তরঞ্জনার্থে কল্পিত গল্প; উপন্যাস। উপ (অর্থাৎ উপমিতা) কথা, প্রাদি। বি; স্ত্রী।
উপকরণ—রাজাদিগের ছত্রচামরাদি চিহ্ন; নির্মাণ-সামগ্রী, উপাদান, ingredient; পরিচ্ছদ; পূজার নৈবেদ্যের বিবিধ অংশ, উপচার। উপ (সাহায্য)—কৃ+অনট্ করণ। বি; ক্লী।
উপকর্তা (-কর্তৃ)—উপকারী। উপ—কৃ+তৃন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, -ত্রী।
উপকার—হিত; যাহাতে ভাল হয় এমন কাজ; অনুগ্রহ; সাহায্য; ফল; প্রয়োজন; উপকৃতি। উপ—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।
উপকারক—উপকারী, উপকারকর্তা। উপ—কৃ+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -কারিকা।
উপকারিতা—উপকার করিবার ক্ষমতা; উপযোগিতা। উপকারিন্+তা ভাবে। বি; স্ত্রী।
উপকারী (-কারিন্)—উপকারক; হিতকারী; উপযোগী। উপ—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -কারিণী।
উপকার্য—যাহার উপকার করা উচিত বা আবশ্যক এরূপ। উপ—কৃ+ণ্যৎ কর্ম যোগ্যার্থে। বিণ।
উপকূল—বেলাভূমি, সমুদ্রতীরবর্তী ভূপ্রান্তভাগ। উপগত কূলকে, প্রাদি। বি; ক্লী।
উপকৃত—যাহার উপকার করা হইয়াছে এরূপ, উপকারপ্রাপ্ত; বাধিত; অনুগৃহীত। উপ—কৃ+ক্ত কর্ম। বিণ। বি—উপকৃতি।
উপকেশ—পরচুলা, কৃত্রিম কেশ। উপ (সদৃশ) কেশ, প্রাদি। বি; পুং।
উপক্রন্তা (-ক্রন্তৃ)—উপক্রমকারী; আরম্ভকারী; চেষ্টাবান্। উপ—ক্রম্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ক্রন্ত্রী।
উপক্রম—আরম্ভ; সম্যক্ বিবেচনাপূর্বক আরম্ভ; চেষ্টা; বশীকরণ; ধর্মাদি দ্বারা ভৃত্যপরীক্ষা; উদ্যম। উপ—ক্রম্+ঘঞ্ ভাব। বি; পুং।
উপক্রমণিকা—প্রথম সূত্রপাত, ভূমিকা, উপস্থিত বিষয়ের সংক্ষেপে অভিপ্রায়-প্রদর্শন, introduction. উপ—ক্রম্+অনট্ ভাব+কন্ স্বার্থে +আপ্ (অক-স্থানে ইক)। বি; স্ত্রী।
উপক্রমণীয়—যাহার উপক্রম করিতে হইবে বা করা উচিত বা আবশ্যক এরূপ। উপ—ক্রম্+অনীয় কর্ম। বিণ।
উপক্রমমাণ—যে আরম্ভ করিতেছে এরূপ, আরম্ভমাণ। উপ—ক্রম্+শানচ্ কর্তৃ। বিণ।
উপক্রান্ত—আরব্ধ, যাহার আরম্ভ করা হইয়াছে এমন। উপ—ক্রম্+ক্ত কর্ম। বিণ।
উপক্রিয়া—উপকার। উপ—কৃ+শ ভাব+আপ্। বি; স্ত্রী।
উপক্ষয়—অপচয়, হানি, ক্ষতি। উপ—ক্ষি+অচ্ ভাব। বি; পুং।
উপক্ষার—ক্ষারযুক্ত উদ্ভিদ্-পদার্থ বিঃ, alkaloid. উপমিত ক্ষারসহ, প্রাদি। বি; পুং।
উপগত—১। স্বীকৃত; লব্ধ; জ্ঞাত। উপ—গম্+ক্ত কর্ম। ২। অনুরক্ত; মৈথুনব্যাপৃত; আগত; সন্নিহিত; প্রাপ্তিসূচক ('— পত্র')। উপ—গম্+ক্ত কর্তৃ। বিণ।
উপগম—স্বীকার; উপস্থিতি; প্রাপ্তি; জ্ঞান; সংগম; বিশেষ হইতে সামান্য সিদ্ধান্তে গমন, induction. উপ—গম্+অপ্ ভাব। বি; পুং।
উপগমন—নিকটে গমন; লাভ; জ্ঞান; মৈথুন। উপ—গম্+অনট্ ভাব। বি; ক্লী।
উপগম্য—লভ্য; নিকটে গন্তব্য। উপ—গম্+যৎ কর্ম। বিণ।
উপগিরি—কৃত্রিম পাহাড়; ছোট পাহাড়। উপ (হীন) গিরি, প্রাদি। বি; পুং।
উপগুরু—গুরুস্থানীয় ব্যক্তি; গৃহশিক্ষক; গুরুর অনুপস্থিতিতে তাঁহার কার্যকারী ব্যক্তি, গুরু কর্তৃক দীক্ষিত হইবার পর যাঁহার নিকট উপদেশাদি গ্রহণ করা যায় তিনি। উপ (সদৃশ) যে গুরু, প্রাদি। বি; পুং।
উপগ্রহ—১। অনুষঙ্গী গ্রহ, প্রধান গ্রহের চতুর্দিকে পরিভ্রমণকারী জ্যোতিষ্ক। উপ (নিকৃষ্ট) গ্রহ, প্রাদি। ২। কারাবন্ধন; প্রার্থনা; আনুকূল্য, উপযোগ। উপ (নিকট)—গ্রহ্+অপ্ ভাব। বি; পুং।
উপচক্ষুঃ (-চক্ষুস্)—উপনেত্র, চশমা। উপমিত চক্ষুর সহিত, প্রাদি। বি; ক্লী।
উপচয়—১। বৃদ্ধি; মূল্যবৃদ্ধি, appreciation; উন্নতি; পুষ্টি; আধিক্য; সংগ্রহ; সমূহ। উপ—চি+অচ্ ভাব। ২। রাশিচক্রে জন্মলগ্নের তৃতীয় ষষ্ঠ দশম ও একাদশ স্থান। উপ—চি+অচ্ অধি। বি; পুং।
উপচরিত—শুশ্রূষিত, সেবিত, শুশ্রূষা বা সেবা করা হইয়াছে এমন। উপ—চর্+ক্ত কর্ম। বিণ।

উপচর্যা—পরিচর্যা, সেবা; চিকিৎসা। উপ—চর্+ক্যপ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

উপচানো, উপচনো—বাড়িয়া ওঠা; উচ্ছ্বসিত হওয়া; ফুলিয়া বা ফাঁপিয়া ওঠা; অতিরিক্ত হওয়া, ছাপাইয়া পড়া, overflow. 'উপ—চি'-ধাতুজ। ক্রি।

উপচার—শুশ্রূষা; সম্মান; পূজার উপকরণ ('ষোড়শোপচার'); চিকিৎসা; ব্যবসায়; একের ধর্মাদি অন্যে আরোপ; উৎকোচ; সজ্জা; ব্যবহার; লক্ষণা দ্বারা অর্থবোধ; প্রবঞ্চনা, ছল, চাতুরী; ধর্মানুষ্ঠানমাত্র। উপ—চর্+ঘঞ্ ভাব। বি; পুং।

উপচারশালা—শুশ্রূষা চিকিৎসা বা অস্ত্রোপচারের গৃহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

উপচারী (-চারিন্)—পরিচায়ক। উপ—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -চারিণী।

উপচিকীর্ষা—হিতৈষণা, উপকার করিবার ইচ্ছা। উপ (সাহায্য)—কৃ+সন্ ইচ্ছার্থে (=উপচিকীর্ষ্ ধাতু)+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

উপচিকীর্ষু—পরহিতেচ্ছু, উপকার করিতে ইচ্ছুক। উপ—কৃ+সন্ ইচ্ছার্থে (=উপচিকীর্ষ্ ধাতু)+উ কর্তৃ। বিণ।

উপচিত—সঞ্চিত, সংগৃহীত; সমৃদ্ধ; দগ্ধ; নির্মিত; সমাহিত; লেপাদি দ্বারা বর্ধিত; পরিপুষ্ট। উপ—চি+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

উপচিতি—উৎকর্ষ; বৃদ্ধি; সঞ্চয়; নির্মাণ; জীবকোষের অভ্যন্তরস্থ গঠনমূলক প্রক্রিয়া বিঃ, anabolism. উপ—চি+ক্তি ভাব। বি; স্ত্রী।

উপচীয়মান—ক্রমবর্ধমান; যাহা সঞ্চিত হইতেছে এরূপ। উপ—চি+শানচ্ কর্ম-কর্তৃ। বিণ।

উপচেয়—চয়নীয় (কুসুমাদি)। উপ—চি+যৎ কর্ম। বিণ।

উপচ্ছায়া—আবছায়া; খণ্ডচ্ছায়া, নিবিড় ছায়াময় স্থানের পার্শ্বস্থ অনিবিড় ছায়া, penumbra. উপমিতা ছায়ার সহিত, প্রাদি। বি; স্ত্রী।

উপজ—গায়ক বা বাদকদিগের ইচ্ছাধীন রাগানুযায়ী ক্ষুদ্র ক্ষুদ্র তান। বাংপ্র। বি।

উপজনন—১। উৎপত্তি, উদ্ভব। উপ—জন্+অনট্ ভাব। ২। উৎপাদন। উপ—জন্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

উপজয়—জন্মে; সংঘটিত হয়। <উপজাত হয়। কপ্র। ক্রি।

উপজাত—১। উৎপন্ন; দ্রব্যান্তর হইতে উৎপন্ন; সংঘটিত; আবির্ভূত। বিণ। ২। কোন রাসায়নিক পদার্থ প্রস্তুত করিবার সময় তৎসঙ্গে অন্য যে বস্তু জাত হয় তাহা, by-product. উপ—জন্+ক্ত কর্তৃ। বি; ক্লী।

উপজাতি—দুইজাতীয় ছন্দের একত্র সম্মিলনে সৃষ্ট ছন্দঃ বিঃ; এক জাতি হইতে উৎপন্ন অন্য জাতি; জাতি বা শ্রেণীর অন্তর্গত বিভাগ, subclass; অর্ধসভ্য পাহাড়িয়া বন্য জাতি। উপমিতা জাতি-সহ, প্রাদি। বি; স্ত্রী।

উপজিল—উপজাত হইল, জন্মিল। কপ্র। ক্রি।

উপজিহ্বা—আলজিভ। উপ (হীন, ছোট) জিহ্বা, প্রাদি। বি; স্ত্রী।

উপজীবিকা—জীবনোপায়, বৃত্তি। উপ—জীব্+ণিচ্+ণক করণ+আপ্ (অক-স্থানে ইক)। বি; স্ত্রী।

উপজীবী (-জীবিন্)—জীবিকাবলম্বী; আশ্রিত। উপ—জীব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -জীবিনী।

উপজীব্য—প্রয়োজনের বা জীবনধারণের জন্য বা সাহিত্য ইঃতে অবলম্বনীয়। উপ—জীব্+ণ্যৎ করণ। বিণ।

উপজ্ঞা—আদ্যজ্ঞান, সহজাত জ্ঞান, instinct. উপ—জ্ঞা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

উপড়ানো, উপড়নো—উচ্ছিন্ন করা, সমূলে তুলিয়া ফেলা। <উৎপাটন। ক্রি।

উপঢৌকন—উপহার, ডালি; উৎকোচ। উপ (সমীপ)—ঢৌক্+অনট্ করণ। বি; ক্লী।

উপতাপ—পীড়া; সন্তাপ; উত্তাপ; দুঃখ, ক্লেশ; অশুভ। উপ—তপ্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ, -তপ্ত।

উপতাপিত—সন্তাপিত। উপ—তপ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

উপত্যকা—পর্বতের নিকটস্থ ভূমি; পর্বতের নিম্ন-দেশস্থিত সমতলভূমি, দুই পর্বতের মধ্যস্থ বিস্তৃত সমতল ভূভাগ, valley. উপ (নিকটে)+ত্যকন্ ভবার্থে+আপ্। বি; স্ত্রী।

উপদংশ—উপস্থরোগ বিঃ, গরমিরোগ, syphilis. উপ—দন্শ্+অচ্ কর্তৃ। বি; পুং।

উপদর্শক—১। দ্বারপাল; সাক্ষাদ্দ্রষ্টা, eye-witness; অন্যের কার্য তত্ত্বাবধানকারী কর্মচারী, overseer. বি; পুং। ২। প্রদর্শক। উপ—দৃশ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -র্শিকা।

উপদর্শন—প্রদর্শন, দেখানো। উপ—দৃশ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -র্শিত।

উপদিশ্যমান—যাহাকে বা যে বিষয়ে উপদেশ দেওয়া যাইতেছে এরূপ। উপ—দিশ্+শানচ্ কর্ম। বিণ।

উপদিষ্ট—যাহাকে বা যে বিষয়ে উপদেশ দেওয়া হইয়াছে এরূপ; শিক্ষিত; আদিষ্ট; প্রদর্শিত; কথিত। উপ—দিশ্+ক্ত কর্ম। বিণ।

উপদুর্গ—দুর্গের নিকটবর্তী স্থান; ছোট দুর্গ। প্রাদি। বি; ক্লী।

উপদেব—যক্ষভূতপ্রেতাদি দেবযোনি; যাহার প্রাধান্য নাই এরূপ দেবতা। উপ (হীন) দেব, প্রাদি। বি; পুং। স্ত্রী, -বী।

উপদেবতা—যক্ষভূতপ্রেত প্রঃ দেবযোনি। উপ (হীন) দেবতা, প্রাদি। বি; স্ত্রী।

উপদেশ—১। পরামর্শদান; উদ্দেশ; অনুশাসন; মন্ত্রদান। উপ—দিশ্+ঘঞ্ ভাব। ২। কর্তব্য-সম্বন্ধে উক্তি; পরামর্শ; মন্ত্রণা; শিক্ষা। উপ—দিশ্+ঘঞ্ কর্ম। বি; পুং।

উপদেশক—হিতশিক্ষক; উপদেশদাতা; সৎপরামর্শ-দাতা; অধ্যাপক। উপ—দিশ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -শিকা।

উপদেশ-গর্ভ—শিক্ষাত্মক, উপদেশপূর্ণ। উপদেশ গর্ভে যাহার, বহু। বিণ।

উপদেশনীয়, -দেশ্য, -দেষ্টব্য—উপদেশ দিবার যোগ্য; শিক্ষণীয়; অনুশাসনীয়। উপ—দিশ্+অনীয়, যৎ, তব্য কর্ম। বিণ।

উপদেশমূলক—শিক্ষাপ্রদ। উপদেশ মূলে যাহার, বহু (ক-আগম)। বিণ। স্ত্রী, -লিকা।

উপদেষ্টা (-দেষ্টৃ)—১। শিক্ষাদাতা, গুরু। বি; পুং। ২। উপদেশদাতা। উপ—দিশ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -দেষ্ট্রী।

উপদ্বীপ—ক্ষুদ্রদ্বীপ; দ্বীপসদৃশ স্থান, যে ভূমির প্রায় চতুর্দিকে জল সেই ভূমি, peninsula. উপমিত দ্বীপের সহিত, প্রাদি। বি; ক্লী।

উপদ্রব—উৎপাত, অত্যাচার; অমঙ্গলসূচক ঘটনা; রোগের বিকার বিঃ। উপ—দ্রু+অপ্ ভাব। বি; পুং।

উপদ্রুত—উৎপীড়িত; যেখানে দাঙ্গাহাঙ্গামা ইঃ চলিতেছে এমন ('— অঞ্চল')। উপ—দ্রু+ক্ত কর্ম। বিণ।

উপধর্ম—অপ্রধান ধর্ম; হীনধর্ম; কাল্পনিক ধর্ম; অনীশ্বরে ঈশ্বর-জ্ঞান; সংস্কার। উপ (হীন) ধর্ম, প্রাদি। বি; পুং।

উপধা—(ব্যাক) অন্ত্যবর্ণের পূর্ববর্ণ; ছল; ধর্মাদি দ্বারা মন্ত্রী প্রঃর পরীক্ষা। উপ—ধা+অঙ্ কর্ম+আপ্। বি; স্ত্রী।

উপধাতু—স্বর্ণমাক্ষিক তারমাক্ষিক তুত্থ (তুঁতে) কাংস্য রীতি (পিত্তল) সিন্দুর ও শিলাজতু—এই সপ্তপ্রকার পদার্থ; স্বেদাদি; স্তনদুগ্ধাদি। উপমিত ধাতুর সহিত, প্রাদি। বি; পুং।

উপধান—১। শিরোধান, বালিশ। উপ—ধা+অনট্ অধি। ২। ধারণ। উপ—ধা+অনট্ ভাব। বি; ক্লী।

উপধানীয়—উপাধান, বালিশ। উপ—ধা+অনীয় অধি। বি; ক্লী।

উপধাবন—অনুচিন্তন; ভজন; অভিগমন; উপসরণ। উপ—ধাব্+অনট্ ভাব। বি; ক্লী।

উপধায়ক—উৎপাদক; উপযোগী। উপ—ধা+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -ধায়িকা।

উপধারা—আইনের কোন ধারার অন্তর্গত বিধান, subsection. প্রাদি। বি।

উপধি—১। চাতুরী; ভয়; কপটতা। উপ—ধা+কি ভাব। ২। রথচক্র। উপ—ধা+কি অধি। বি; পুং।

[নক্ষত্র। প্রাদি। বি; ক্লী।

উপনক্ষত্র—অশ্বিনী প্রঃ নক্ষত্রের অনুগামী ৭২৯

উপনগর—১। ছোট শহর। উপমিত নগরসহ, প্রাদি। ২। নগরোপকণ্ঠ, শহরতলি, suburb. উপগত নগরকে, প্রাদি। বি; ক্লী।

উপনত—নিকটাগত; শরণাগত; প্রাপ্ত। উপ—নম্+ক্ত কর্তৃ। বিণ।

উপনতি—নমন; উপস্থিতি। উপ—নম্+ক্তি ভাব। বি; স্ত্রী।

উপনদ—ক্ষুদ্র নদ; এক নদের সহিত মিলিত অপর নদ, করদ নদ, tributary. উপগত নদকে, প্রাদি। বি; পুং।

উপনদী—এক নদীর সহিত মিলিত অন্য নদী, করদ নদী, tributary; ছোট নদী। উপ (হীন) নদী, প্রাদি। বি; স্ত্রী।

উপনদ্ধ—খচিত, inlaid. উপ—নহ্+ক্ত কর্ম। বিণ।

উপনয়ন—১। পৈতা হওয়া, যজ্ঞোপবীত-সংস্কার। উপ (সমীপ)—নী+অনট্ করণ। ২। উপস্থিতি; অধ্যয়নার্থ বালককে আচার্যসমীপে আনয়ন; নিকটে আনা; লাভ। উপ—নী+অনট্ ভাব। ৩। চশমা। উপগত নয়নকে, প্রাদি। বি; ক্লী।

উপনাম (-নামন্)—১। কল্পিত নাম; কৃত্রিম নাম, প্রকৃত নামের পরিবর্তে অন্য নাম। উপকল্পিত নাম, প্রাদি। ২। উপাধি। উপগত নামকে, প্রাদি। বি; ক্লী।

উপনিবিষ্ট—কৃতোপনিবেশ; প্রতিষ্ঠিত; অধিষ্ঠিত। উপ—নি—বিশ্+ক্ত কর্তৃ। বিণ।

উপনিবেশ—ভিন্নদেশবাসী কর্তৃক অধ্যুষিত দেশ বা স্থান, বাণিজ্যাদির নিমিত্ত ভিন্নদেশ হইতে লোক আসিয়া যে স্থানে বাস করে সেই স্থান, colony. উপ—নি—বিশ্+ঘঞ্ অধি। বি; পুং।

উপনিবেশিত—যে সকল লোককে উপনিবেশে বাস করানো গিয়াছে এরূপ। উপ—নি—বিশ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

উপনিষৎ (-নিষদ্)—বেদশিরোভাগ, দার্শনিক তত্ত্বালোচনাপূর্ণ বৈদিক গ্রন্থ বিঃ; বেদান্ত, ব্রহ্মবিদ্যা, জ্ঞানকাণ্ড; বিদ্যা; ধর্ম; সত্য; বিজনস্থান; সমীপস্থান; তত্ত্ব। উপ—নি—সদ্+ক্বিপ্ অধি। বি; স্ত্রী।

উপনিহিত—যাহা গচ্ছিত রাখা হইয়াছে এরূপ, ন্যস্ত। উপ—নি—ধা+ক্ত কর্ম। বিণ।

উপনীত—১। যাহার উপনয়নসংস্কার হইয়াছে এরূপ; সমীপে আনীত; উপায়নীকৃত, উপহারস্বরূপ আনীত। উপ—নী+ক্ত কর্ম। ২। উপস্থিত। উপ—নী+ক্ত কর্ম-কর্তৃ। বিণ।

উপনীতি—উপনয়ন; আগমন। উপ—নী+ক্তি ভাব। বি; স্ত্রী।

উপনেতা (-নেতৃ)—আনয়নকারী; উপনয়নকর্তা; উপায়নদাতা, উপহারদাতা; প্রাপক; উপস্থাপক। উপ—নী+তৃন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -নেত্রী।

উপনেত্র—চশমা। নেত্রকে উপগত, অথবা উপমিত নেত্রের সহিত, প্রাদি। বি; ক্লী।

উপন্যস্ত—গচ্ছিত; আবদ্ধ; উদাহরণস্বরূপে কথিত; উল্লিখিত; দত্ত। উপ—নি—অস্+ক্ত কর্ম। বিণ।

উপন্যাস—১। বাক্যারম্ভ; উল্লেখ; দান। উপ—নি—অস্+ঘঞ্ ভাব। ২। প্রস্তাব; দৃষ্টান্ত; শ্রোতা বা পাঠকদিগের চিত্তবিনোদনার্থ কল্পিত বৃত্তান্ত, নভেল, উপকথা। উপ—নি—অস্+ঘঞ্ কর্ম। বি; পুং।

উপন্যাসকার—উপকথার রচনাকর্তা, কল্পিত গল্পের লেখক, ঔপন্যাসিক। উপতৎ; উপন্যাস—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং, বা বিণ।

উপন্যাসরচয়িতা (-য়িতৃ), **-লেখক**—উপন্যাসকার। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -য়িত্রী, -লেখিকা।

উপপতি—পতি ভিন্ন যে পুরুষের প্রতি স্ত্রী অনুরক্তা হয় সেই পুরুষ, জার, গুপ্তপতি। উপ (হীন) পতি, প্রাদি। বি; পুং।

উপপত্তি—উৎপত্তি; সংগতি; সংস্থান; মীমাংসা; যুক্তি; সিদ্ধান্ত; সিদ্ধি; (গণিতে) সপ্রমাণকরণ, proof. উপ—পদ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

উপপত্নী—বিবাহিতা স্ত্রী ভিন্ন যে নারীর প্রতি পুরুষ অনুরক্ত হয় সেই নারী, উপস্ত্রী, রক্ষিতা। উপ (হীন) পত্নী, প্রাদি। বি; স্ত্রী।

উপপদ—পদের নিকটস্থ পদ; পূর্বপদ; অপ্রধান পদ; উপাধি; কৃৎ-প্রত্যয়াদির নিমিত্তীভূত পূর্বপদ (যেমন—'কুম্ভকার' এই পদে, 'কুম্ভ' উপপদ)। উপোচ্চারিত পদ, প্রাদি। বি; ক্লী।

উপপদ-সমাস—উপপদতৎপুরুষ সমাস, কৃদন্তপত্তির নিমিত্তীভূত উপপদের সহিত কৃৎপ্রত্যয়ান্তপদের সমাস (যেমন—কুম্ভকার, দোষদর্শী ইঃ)। ৩য়াতৎ। বি; পুং।

উপপন্ন—উৎপন্ন; উচিত; সিদ্ধ; সম্পন্ন; মিলিত; আগত; যুক্তিযুক্ত, যুক্তিসিদ্ধ; প্রাপ্ত; সম্ভাবিত; সংগত; অবিরুদ্ধ। উপ—পদ্+ক্ত কর্ম, কর্তৃ। বিণ।

উপপাত—হঠাৎ আগমন; আকস্মিক দুর্ঘটনা ইঃ, accident; ফলোন্মুখতা। উপ—পত্+ঘঞ্ ভাব। বি; পুং।

উপপাতক—উনপঞ্চাশপ্রকার পাপ বিঃ, গোহত্যা স্ত্রীহত্যা পরদারগমন ইঃ ৪৯ রকম পাপ। উপমিত পাতক (পাপ)-সহ, প্রাদি। বি; ক্লী।

উপপাদক—নির্বাহক, সম্পাদক; মীমাংসক। উপ—পদ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -দিকা।

উপপাদন—যুক্তি দ্বারা সমর্থন; সম্পাদন; মীমাংসা করা। উপ—পদ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

উপপাদনীয়—সম্পাদনীয়; প্রতিপাদনীয়; মীমাংসনীয়। উপ—পদ্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।

উপপাদিত—যুক্তি দ্বারা সমর্থিত; কৃত; উৎপাদিত; নির্বাহিত, সম্পাদিত; মীমাংসিত। উপ—পদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

উপপাদ্য—১। মীমাংসনীয় প্রতিজ্ঞা, যে প্রতিজ্ঞা প্রমাণ করিতে হয়, theorem. বি; ক্লী। ২। নির্বাহণীয়; যুক্তি দ্বারা সমর্থনীয়; মীমাংসা-যোগ্য। উপ—পদ্+ণিচ্+যৎ কর্ম। বিণ।

উপপীড়ন—বেদনা, পীড়া; অতিপীড়ন। উপ—পীড়্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -পীড়িত।

উপপুর—শাখানগর, বৃহৎ নগরের নিকটবর্তী গ্রাম; নগরোপকণ্ঠ, suburb. পুরকে উপগত, প্রাদি। বি; ক্লী।

উপপুরাণ—অষ্টাদশ ক্ষুদ্র পুরাণ (আদি, নৃসিংহ, বায়ু, শিব, ধর্ম, দুর্বাসা, নারদ, নন্দিকেশ্বর, উশনঃ, কপিল, বরুণ, শাম্ব, কালিকা, মহেশ্বর, দেবী, পদ্ম, পরাশর, মরীচি, ভাস্কর)। উপ (হীন) পুরাণ, প্রাদি। বি; ক্লী।

উপপ্লব—বিপ্লব; নৈসর্গিক উৎপাত; প্রতিবন্ধ; বিপদ্; উপদ্রব; ভয়; চন্দ্রাদিগ্রহণ; বিদ্রোহ; গগন হইতে উল্কাপাত, অশুভ। উপ—প্লু+অপ্ ভাব। বি; পুং।

উপপ্লুত—উপদ্রুত; রাহুগ্রস্ত; পীড়িত; ভীত; বিপদ্‌গ্রস্ত; উপদ্রবযুক্ত; দুর্গত; প্লাবিত। উপ—প্লু+ক্ত কর্ম। বিণ।

উপবঙ্গ—বঙ্গদেশের সমীপস্থ দেশ। উপগত বঙ্গকে, প্রাদি। বি; পুং।

উপবন—কৃত্রিম বন, উদ্যান; পুষ্পপ্রধান বন। উপমিত বনসহ, প্রাদি। বি; ক্লী।

উপবাস—অনাহার, অনশন, না খাওয়া। উপ—বস্+ঘঞ্ ভাব। বি; পুং।

উপবাসী (-বাসিন্)—অনাহারী। উপ—বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বাসিনী।

উপবাহী (-বাহিন্)—নিকটে বহমান ('— নদ')। উপ—বহ্+ণিন্ কর্তৃ বিণ। স্ত্রী, -বাহিনী।

উপবিদ্যা—নিকৃষ্ট বিদ্যা; তুকতাক মন্ত্রতন্ত্র ঝাড়-ফুঁক ইঃ; বেদাঙ্গগ্রাহ্য বিদ্যা; শিল্পবিদ্যা। উপ (হীনা) বিদ্যা, প্রাদি: বি; স্ত্রী।

উপবিধি—মূল নিয়মের অধীন নিয়ম। উপ (হীন) বিধি, প্রাদি। বি; পুং।

উপবিষ—কৃত্রিম বিষ; অনুগ্র বিষ; আকন্দের আঠা মনসাসিজের আঠা বিষলাঙ্গলীয়া ধুতুরা এবং করবী এই পঞ্চদ্রব্য। উপমিত বিষসহ, প্রাদি। বি; পুং।

উপবিষ্ট—যে বসিয়াছে এমন, কৃতোপবেশন, আসীন। উপ—বিশ্+ক্ত কর্তৃ। বিণ।

উপবীত—পৈতা, যজ্ঞসূত্র। উপ—অজ্+ক্ত কর্ম (অজ্-স্থানে বী)। বি; ক্লী।

উপবীতী (-বীতিন্)—যজ্ঞোপবীতধারী। উপ-বীত+ইন্ আছে অর্থে। বিণ।

উপবেদ—আয়ুর্বেদ, ধনুর্বেদ, গন্ধর্ববেদ ও স্থাপত্য-বেদ। উপমিত বেদসহ, প্রাদি। বি; পুং।

উপবেশন—১। আসন-পরিগ্রহ, বসা। উপ—বিশ্+অনট্ ভাব। ২। বসানো; রাখা, স্থাপন। উপ—বিশ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

উপবেশিত—যাহাকে বসানো হইয়াছে এরূপ; স্থাপিত। উপ—বিশ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

উপভাষা—অবান্তর ভাষা, মূলভাষার অঙ্গীভূত ভাষা; নীচজাতির মধ্যে প্রচলিত ভাষা; হীন ভাষা; আঞ্চলিক ভাষা; প্রাদেশিক ভাষা। ভাষাকে উপগতা, প্রাদি; অথবা, উপেক্ষিতা (হীনা) ভাষা, প্রাদি। বি; স্ত্রী।

উপভুক্ত—ভক্ষিত; আস্বাদিত; ব্যবহৃত; যাহাকে উপভোগ করা হইয়াছে এমন। উপ—ভুজ্+ক্ত কর্ম। বিণ।

উপভুজ্যমান—যাহা উপভোগ করা হইতেছে এরূপ; যাহা ব্যবহার করা হইতেছে এরূপ। উপ—ভুজ্+শানচ্ কর্ম। বিণ।

উপভোক্তা (-ভোক্তৃ)—উপভোগকারী; ব্যবহর্তা। উপ—ভুজ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ভোক্ত্রী।

উপভোগ—সুখাদিভোগ; সম্ভোগ; ভক্ষণ; ব্যবহার। উপ—ভুজ্+ঘঞ্ ভাব। বি; পুং।

উপভোগী (-গিন্)—উপভোগকারী। উপভোগ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -গিনী।

উপভোগ্য—উপভোগ-যোগ্য; আরামপ্রদ; আনন্দদায়ক। উপ—ভুজ্+ণ্যৎ কর্ম। বিণ।

উপভোজ্য—ভোজনযোগ্য, যাহা খাওয়া যায় বা উচিত এমন। উপ—ভুজ্+ণ্যৎ কর্ম। বিণ।

উপম—(বহুব্রীহি সমাসে উত্তরপদে) সদৃশ, তুল্য (দেবোপম)। বিণ।

উপমন্ত্রী (-ন্ত্রিন্)—অপ্রধান মন্ত্রী, সহকারী মন্ত্রী, Deputy Minister. প্রাদি। বি; পুং।

উপমা—১। সাদৃশ্য, তুল্যতা; অর্থালংকার বিঃ [সাধারণধর্মবিশিষ্ট ভিন্নজাতীয় বস্তুদ্বয়ের সাদৃশ্যকথন; যথা—"তাহে শোভে রক্তরাজি, মানস-সরসে সরস কমলকুল বিকসিত যথা।"—মাইকেল]। উপ (তুল্য)—মা+অঙ্ ভাব+আপ্। ২। উপমান, যাহার সহিত সাদৃশ্য দেখানো যায় তাহা। উপ—মা+অঙ্ করণ+আপ্। বি; স্ত্রী। ৩। ধাই-মা; মাতৃতুল্যা নারী। বাংপ্র। বি।

উপমাংস—আঁচিল। উপ (অধিক) মাংস, প্রাদি। বি; ক্লী।

উপমাতা (-মাতৃ)—১। উপমানকর্তা, যে উপমা দেয় এরূপ; প্রতিমাকারক; চিত্রকর। উপ—মা+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -মাত্রী। ২। ধাত্রী; মাতৃতুল্যা নারী। উপমিতা মাতৃসহ, প্রাদি। বি; স্ত্রী।

উপমান—১। সাদৃশ্য, উপমা, তুলনা। উপ—মা+অনট্ ভাব। ২। যাহার সহিত উপমা দেওয়া যায় তাহা। উপ—মা+অনট্ করণ। বি; ক্লী।

উপমালংকার—কাব্যের অলংকার বিঃ, সাম্যালংকার ('উপমা'-শব্দ দ্রঃ)। উপমানাত্মক অলংকার, মধ্যপ। বি; পুং।

উপমিত—তুলিত, সদৃশীকৃত। উপ—মা+ক্ত কর্ম। বিণ।

উপমিত-সমাস—কর্মধারয় সমাস বিঃ [সাধর্ম্যবাচক পদের প্রয়োগ না থাকিলে পরবর্তী উপমানবাচক পদের সহিত উপমেয়ের যে কর্মধারয় সমাস হয়, তাহার নাম উপমিত সমাস। যথা—পুরুষব্যাঘ্র]। ৩য়াতৎ। বি; পুং।

উপমিতি—উপমা; সাদৃশ্যজ্ঞান। উপ—মা+ক্তি ভাব। বি; স্ত্রী।

উপমেয়—১। কোন কিছুর সহিত যাহার তুলনা করা হয় তাহা। বি; ক্লী। ২। উপমার বিষয়ীভূত, অন্যের সহিত যাহার উপমা দেওয়া যায় বা যাইতে পারে এরূপ। উপ—মা+যৎ কর্ম। বিণ।

উপমেয়োপমা—অলংকার বিঃ [যে স্থলে উপমান ও উপমেয়—উভয়েরই পর্যায়ক্রমে উপমান ও উপমেয়-ভাব বলা হয়, তাহাকে উপমেয়োপমা বলে। যথা—

"বিভবে মহেন্দ্র যথা এ পুর তেমতি।
এ পুরে বিভবে যথা মহেন্দ্র তেমতি॥"

—নিবাতকবচবধ]। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

উপযাচক—স্বয়ংবাচক, যে নিজে প্রার্থনা করে এরূপ; উপর-পড়া; স্বতঃপ্রবৃত্ত; অজিজ্ঞাসিতভাবে প্রার্থী। উপ—যাচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -চিকা।

উপযাচন—স্বয়ং উপস্থিত হইয়া প্রার্থনা, ভিক্ষা। উপ—যাচ্+অনট্ ভাব। বি; ক্লী।

উপযাচিকা—স্বয়ং ভিক্ষাকারিণী; স্বতঃপ্রবৃত্তা; যে (নারী) পরপুরুষের নিকটে গিয়া অনুরাগ প্রকাশ বা সম্ভোগ প্রার্থনা করে এরূপ। উপযাচক+আপ্। বিণ; স্ত্রী।

উপযাচিত—প্রার্থিত (বিষয় বা ব্যক্তি); সমর্পিত; অভীষ্টসিদ্ধির নিমিত্ত দেবোদ্দেশে উৎসৃষ্ট। উপ—যাচ্+ক্ত কর্ম। বিণ।

উপযুক্ত—যোগ্য, উপযোগী; সমর্থ; উচিত; কার্য-দক্ষ; ব্যবহৃত। উপ—যুজ্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

উপযুক্ততা—কার্যদক্ষতা; ঔচিত্য; অনুরূপতা; উপ-যোগিতা। উপযুক্ত+তা ভাবে। বি; স্ত্রী।

উপযুক্তি—উপযোগিতা, expediency. উপ—যুজ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

উপযোগ—১। আবশ্যকতা; উপযোগিতা; প্রয়োগ; উপকার; ভোজন; ভোগ; আনুকূল্য; ব্যয়; নৈকট্য; ইষ্টসাধক ব্যাপার। উপ—যুজ্+ঘঞ্ ভাব। ২। হেতু। উপ—যুজ্+ঘঞ্ করণ। বি; পুং।

উপযোগিতা—উপযুক্ততা; সংগতি; কার্যকারিতা, কোন কার্যে লাগা; আবশ্যকতা; আনুকূল্য। উপ-যোগিন্+তা ভাবে। বি; স্ত্রী।

উপযোগী (-যোগিন্)—ক্রিয়াসাধনের অনুকূল; প্রয়োজনসাধক; উপকারী; উপযুক্ত; সংগত; অনু-রূপ; কার্যকারক। উপযোগ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -যোগিনী।

উপযোজন—সামঞ্জস্য বিধান; অনুরূপ করণ, সমন্বয়সাধন, adjustment. উপ—যুজ্+অনট্ ভাব। বি; ক্লী।

উপর—১। ঊর্ধ্ব, উচ্চস্থান; উপরিভাগ; পৃষ্ঠ; বহির্ভাগ; কোঠাবাড়ির দ্বিতল ত্রিতল প্রঃ; ছাদ; চাল। বি। ২। প্রতি (যেমন—তাহার 'উপর' রাগ করিও না)। অ। ৩। অধিক, অতিরিক্ত, বেশী; অসংগত; উপরিস্থ; ঊর্ধ্ব; ঊর্ধ্বস্থিত। ∠উপরি। বিণ।

উপর-আলা—উপরিতন ('—কর্মচারী'); ভগবান্। উপর+আলা (∠ওয়ালা)। বি বা বিণ।

উপর-উপর—ভাসা-ভাসা ভাবে। বাংপ্র। ক্রি-বিণ।

উপর-ওয়ালা—উপর-আলা (তাহা দ্রঃ)।

উপর-চড়া—বহির্ভাগ হইতে আক্রমণকারী; বিবদমান দুইপক্ষের মধ্যে সহসা উপস্থিত হইয়া আক্রমণ-কারী; গায়ে পড়িয়া কলহকারী। বাংপ্র। বি।

উপর-চাপ—১। ঊর্ধ্বস্থিত বস্তুর ভারপ্রদান। ৫মীতৎ। ২। অতিরিক্ত পীড়ন; যাহা বলা বা করা উচিত তাহা অপেক্ষা বাড়াইয়া অধিক বলা বা করা। কর্মধা। বাংপ্র। বি।

উপর-চাল—অবস্থার অতিরিক্ত আড়ম্বর প্রদর্শন; দাবা খেলায় চালের উপর চাল। কর্মধা। বাংপ্র। বি।

উপর-চালাক—যতটুকু চালাক হওয়া সংগত তদপেক্ষা বেশী চালাক। উপর চালাক, সুপ্। বাংপ্র। বিণ।

উপর-চালাকি—অতি ধূর্ততা, অতিশয় চাতুর্য; প্রয়োজনাতিরিক্ত কর্মঠতা। বাংপ্র। বি।

উপরটপকা—ভাসা-ভাসা, উড়োউড়ো, উপর-উপর; অনাহূতভাবে। বাংপ্র। বিণ. বা ক্রি-বিণ।

উপরটান—মৃত্যুর পূর্বলক্ষণজ্ঞাপক ঊর্ধ্বশ্বাস। প্রাদি। বাংপ্র। বি। [কর্তৃ। বিণ।

উপরত—নিবৃত্ত; মৃত; বিগত। উপ—রম্+ক্ত

উপরতি—নিবৃত্তি; বিরাম; বৈরাগ্য; মৃত্যু। উপ—রম্+ক্তি ভাব। বি; স্ত্রী।

উপরত্ন—অল্পমূল্যের রত্ন (গোমেদ স্ফটিক প্রবাল ইঃ); রত্নসদৃশ চাকচিক্যময় বস্তু (কাচ, কর্পূর, প্রস্তর, মুক্তা, শুক্তি, শঙ্খ ইঃ)। উপ (নিকৃষ্ট) রত্ন, প্রাদি। বি: ক্লী।

উপর-নজর, -দৃষ্টি—ঊর্ধ্বদৃষ্টি; স্বীয় পত্নী ভিন্ন অন্য নারীর প্রতি সাভিলাষ দৃষ্টি: অভদ্র ভাবে অবলোকন। কর্মধা। বাংপ্র। বি।

উপরন্ত, উপরন্তু—অধিকন্তু, বেশির ভাগ। বাংপ্র। অ।

উপর-পড়া—অনুরোধ ব্যতিরেকেও উপস্থিত; প্রার্থিত না হইয়াও হস্তক্ষেপকারী। উপর পড়ে যে, উপতৎ। বাংপ্র। বিণ বা বি।

উপরম—নিবৃত্তি; বৈরাগ্য; মৃত্যু। উপ—রম্+ঘঞ্ ভাব। বি: পুং।

উপরা-উপরি—অব্যবহিত পরে পরে, পিঠাপিঠি। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।

উপরাগ—১। চন্দ্রসূর্যগ্রহণ: যন্ত্রণা: উপদ্রব; বিরাগ; অপবাদ: প্রবৃত্তি: সম্বন্ধ; নিন্দা; চিত্রণ। উপ—রন্জ্+ঘঞ্ ভাব। ২। রাহু; বিপদ্; ব্যসন। উপ—রন্জ্+ঘঞ্ করণ। বি: পুং।

উপরাজ—রাজপ্রতিনিধি, viceroy. উপমিত রাজার সহিত, প্রাদি (টচ্ সমাসান্ত)। বি: পুং।

উপরাণী, -রানি, -রানী—রাজার রক্ষিতা। উপ (হীনা) রাণী, রানি, রানী, প্রাদি। বাংপ্র। বি: স্ত্রী।

উপরি—১। ঊর্ধ্বে, উপরে: পরে। অ। ২। অপ্রত্যাশিত: বেতনের অতিরিক্ত: উৎকোচাদির দ্বারা প্রাপ্ত: প্রকৃত বিষয়ের অতিরিক্ত। বিণ। ৩। বকশিশ: ঘুষ: দস্তুরি। বাংপ্র। বি।

উপরি-উপরি—উপর্যুপরি: ক্রমাগত: ভাসা-ভাসা। বাংপ্র। ক্রি-বিণ বা বিণ।

উপরিক—ঊর্ধ্বতন, superior. বিণ।

উপরিগত—ঊর্ধ্বস্থ, উচ্চস্থানস্থিত। উপরি (উচ্চস্থানকে) গত, সুপ্। বিণ।

উপরিচর—ঊর্ধ্বে বিচরণকারী, আকাশগামী। উপতৎ; উপরি—চর্+অচ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।

উপরিতন—যাহা উপরে আছে এরূপ, ঊর্ধ্বতন; পদমর্যাদায় উচ্চতর। উপরি+তন ভবার্থে। বিণ। স্ত্রী, -নী।

উপরিভাগ—উপরদিক্; উপরের অংশ; উপর-পিঠ, surface. উপরিস্থিত ভাগ, মধ্যপ। বি; পুং।

উপরিলিখিত—উল্লিখিত, উপরিভাগে যাহা লেখা হইয়াছে এরূপ। সুপ্। বিণ।

উপরিস্থ—উচ্চস্থানস্থিত। উপতৎ; উপরি—স্থা+ক কর্তৃ। বিণ।

উপরিস্থিত—ঊর্ধ্বে অবস্থিত, উপরিস্থ। সুপ্। বিণ।

উপরুদ্ধ—বদ্ধ; প্রতিষিদ্ধ; আবৃত; উৎপীড়িত; যাহাকে কোন বিষয়ে উপরোধ করা গিয়াছে এরূপ, অনুরুদ্ধ। উপ (উপরি)—রুধ্+ক্ত কর্ম। বিণ।

উপরোক্ত—উপরিকথিত; পূর্বোক্ত। 'উপরিউক্ত' বা 'উপর্যুক্ত'-স্থানে প্রচলিত। বিণ।

উপরোধ—প্রতিবন্ধ; প্রতিষেধ; আবরণ; অনুরোধ; সুপারিশ: পীড়া। উপ—রুধ্+ঘঞ্ ভাব। বি; পুং। **উপরোধে ঢেঁকি গেলা**—অনুরোধ এড়াইতে না পারিয়া অত্যন্ত কষ্টকর কাজ করা।

উপরোধক—১। অনুরোধকারী। বিণ। স্ত্রী, -ধিকা। ২। বাসগৃহ; অন্তঃপুর। উপ—রুধ্+ণক কর্তৃ। বি; ক্লী।

উপর্যুক্ত—উপরিকথিত, পূর্ববর্ণিত। উপরি উক্ত, সুপ্। বিণ।

উপর্যুপরি—ক্রমাগত, পর-পর; একের ওপরে অন্য। অ।

উপল—পাথর, শিলা, নুড়ি: রত্ন; বহুমূল্য প্রস্তর। উপ—লী+ড করণ। বি: পুং।

উপলক্ষ, -লক্ষ্য—অবলম্বন; প্রয়োজন, ঘটনাক্রম: উদ্দেশ: ব্যপদেশ, ছুতা। উপ—লক্ষ্+ঘঞ্, ণ্যৎ কর্ম। বি: পুং।

উপলক্ষণ—অন্যের উদ্বোধক বা আধিক্যসূচক চিহ্ন: সূচনা: উপক্রম; লক্ষণা দ্বারা আধিক্যবোধক শব্দ; অনুমানে এক বিষয় দ্বারা তাৎপর্যবশতঃ তৎসংক্রান্ত বা তৎসদৃশ অন্য বিষয়েরও আনুষঙ্গিক বোধন। উপ—লক্ষ্+অনট্ করণ। বি: ক্লী।

উপলক্ষিত—উদ্দিষ্ট: সূচিত: চিহ্নিত: অনুমিত; যুক্ত। উপ—লক্ষ্+ক্ত কর্ম। বিণ।

উপলখণ্ড—প্রস্তরখণ্ড, নুড়ি। ৬ষ্ঠীতৎ। বি: পুং।

উপলব্ধ—অনুভূত: জ্ঞাত; প্রাপ্ত। উপ—লভ্+ক্ত কর্ম। বিণ।

উপলব্ধি—বোধ: জ্ঞান: লাভ: প্রত্যক্ষাদি জ্ঞান। উপ—লভ্+ক্তি ভাব। বি: স্ত্রী।

উপলভ্য—জ্ঞেয়, উপলব্ধিযোগ্য; প্রাপ্য: সাধ্য। উপ—লভ্+যৎ কর্ম। বিণ।

উপলিপ্ত—যাহাতে লেপ দেওয়া হইয়াছে এরূপ: উপরে মাখানো। উপ—লিপ্+ক্ত কর্ম। বিণ।

উপলেপ—অন্য বস্তু দ্বারা লেপন: মৃন্ময় গৃহাদিতে

গোময়াদি লেপন; উপরের লেপ; অতিরিক্ত অঙ্গের সৃষ্টি ও বৃদ্ধি, accretion. উপ—লিপ্+ঘঞ্ ভাব। বি; পুং।

উপলেপন—উপরে লেপন; গোময়াদি লেপন। উপ—লিপ্+অনট্ ভাব। বি; ক্লী।

উপশম—শমতা; নিবৃত্তি; ইন্দ্রিয়নিগ্রহ; রোগের উপদ্রবনিবৃত্তি; তৃষ্ণাক্ষয়। উপ—শম্+ঘঞ্ ভাব। বি; পুং।

উপশমক—উপশমকারী। উপ—শম্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -মিকা।

উপশমন—১। উপশম (তাহা দ্রঃ)। উপ—শম্+অনট্ ভাব। বি; ক্লী। ২। উপশমক। উপ—শম্+ণিচ্+অন কর্তৃ। বিণ।

উপশমনীয়—যাহার উপশম করিতে হইবে বা করা উচিত বা আবশ্যক এরূপ; প্রতিকার্য; সান্ত্বনীয়। উপ—শম্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।

উপশমিত—উপশমপ্রাপিত, যাহার উপশম বা প্রতিকার করা হইয়াছে এমন। উপ—শম্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। [বি; স্ত্রী।

উপশান্তি—নিবৃত্তি, উপশম। উপ—শম্+ক্তি ভাব।

উপশিরা—ক্ষুদ্র শিরা, শাখা-শিরা, veinlet. প্রাদি। বি; স্ত্রী।

উপশিষ্য—শিষ্যের শিষ্য; প্রশিষ্যের শিষ্য। প্রাদি। বি; পুং।

উপসংহার, -সংহরণ—নাশ; মরণ; পরিশেষ; সংগ্রহ; বস্তুসংক্ষেপ; আরব্ধ বা প্রস্তাবিত বিষয়ের শেষকরণ; নিবর্তন; আক্রমণ; সংকোচন। উপ—সম্—হৃ+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

উপসংহৃত—সমাপিত; নিবর্তিত; withdrawn. উপ—সম্—হৃ+ক্ত কর্ম। বিণ।

উপসংহৃতি—উপসংহার; শেষ; বিনাশ; সংকোচ। উপ—সম্—হৃ+ক্তি ভাব। বি; স্ত্রী।

উপসম্পদা—'বুদ্ধং শরণং গচ্ছামি সংঘং শরণং গচ্ছামি ধম্মং শরণং গচ্ছামি'—ইহা বলিয়া বৌদ্ধধর্ম গ্রহণ। বি; স্ত্রী।

উপসর্গ—১। ভূকম্পনাদি উৎপাত, উপদ্রব; প্রতিবন্ধক, বিঘ্ন; রোগ; রোগলক্ষণ, symptoms; মূলরোগের আনুষঙ্গিক অন্য রোগ। উপ—সৃজ্+ঘঞ্ ভাব। ২। ক্রিয়ার সঙ্গে যুক্ত প্র পরা অপ প্রঃ বিংশতি অব্যয় শব্দ। উপ—সৃজ্+ঘঞ্ করণ। বি; পুং।

উপসাগর—যে সাগরাংশের প্রায় চতুর্দিকে স্থল তাহা, bay, gulf; ক্ষুদ্র সাগর। উপমিত সাগরসহ, প্রাদি। বি; পুং।

উপসেক—জলসেক দ্বারা কোমল করা; জল ছিটাইয়া ভিজানো। উপ—সিচ্+ঘঞ্ ভাব। বি; পুং।

উপসেচন—জলসেক ভিজাইয়া দেওয়া। উপ—সিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

উপসেবক—যে উপভোগ করে এমন; পরস্ত্রীতে আসক্ত। উপ—সেব্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -সেবিকা।

উপসেবন, -সেবা—উপভোগ; আসক্তি, addiction; পরিচর্যা। উপ—সেব্+অনট্ ভাব, অ ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

উপসেবিত—আরাধিত; স্তুত; উপভুক্ত; বিশিষ্ট; খচিত, জড়িত। উপ—সেব্+ক্ত কর্ম। বিণ।

উপসেবী (-সেবিন্)—সেবাকারী। উপ—সেব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -সেবিনী।

উপস্কর, -স্কার—১। উহ্য করা; বাটনা; উপকরণ; উদূখল প্রঃ; কুণ্ডলাদি ভূষণ; যন্ত্রাদি, apparatus. উপ (সম্পূর্ণ)—কৃ+অপ্, ঘঞ্ করণ। ২। গুণান্তরাধান; অধ্যাহার; যত্নকরণ; পরিষ্কারকরণ। উপ—কৃ+অপ্, ঘঞ্ ভাব। বি; পুং।

উপস্ত্রী—উপপত্নী। উপমিতা স্ত্রীসহ, প্রাদি। বি; স্ত্রী।

উপস্থ—১। সন্নিহিত; উপরিস্থ। বিণ। ২। শিশ্ন বা যোনি; ক্রোড়। উপ—স্থা+ক কর্তৃ। বি; পুং বা ক্লী।

উপস্থনিগ্রহ—ইন্দ্রিয়-সংযম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উপস্থাপক, উপস্থাপয়িতা (-য়িতৃ)—উপস্থাপনকর্তা, আনয়নকারী; প্রস্তাবক। উপ—স্থা+ণিচ্+ণক, তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -পিকা, -য়িত্রী।

উপস্থাপন—উপস্থিত করা, আনয়ন; প্রস্তাব করা; অবতারণা। উপ—স্থা+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। [+ক্ত কর্ম। বিণ।

উপস্থাপিত—প্রস্তাবিত; আনীত। উপ—স্থা+ণিচ্

উপস্থিত—১। হাজির, আগত; উত্তীর্ণ; বিদ্যমান; সমীপবর্তী। উপ—স্থা+ক্ত কর্তৃ। বিণ।

উপস্থিতবক্তা (-বক্তৃ)—যে না ভাবিয়া চিন্তিয়া তৎক্ষণাৎ কোন বিষয়ে বক্তৃতা করিতে পারে এমন। উপস্থিত—বচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বক্ত্রী।

উপস্থিতবুদ্ধি—১। প্রত্যুৎপন্নমতিত্ব, প্রতিভা। উপস্থিতা বুদ্ধি, কর্মধা। বি; স্ত্রী। ২। প্রত্যুৎপন্নমতি। বহু। বিণ।

উপস্থিতি—বিদ্যমানতা; থাকা; নিকটে আগমন; পৌঁছানো। উপ—স্থা+ক্তি ভাব। বি; স্ত্রী।

উপস্বত্ব—ভূমি প্রঃ বিষয় হইতে উৎপন্ন দ্রব্য; জমির খাজনা বাড়িভাড়া প্রঃ সম্পত্তির আয়। উপমিত স্বত্বসহ, প্রাদি। বি; ক্লী।

উপহত—আহত; বিঘ্নিত; দূষিত; বিঘটিত; বিনাশিত; নিবারিত; তিরস্কৃত; অপবিত্রীকৃত; অভিভূত; ক্লিষ্ট। উপ—হন্+ক্ত কর্ম। বিণ।

উপহন্তা (-হন্তৃ)—নাশকারী; অহিতকারক। উপ—হন্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -হন্ত্রী।

উপহর্তা (-হর্তৃ)—উপহারদাতা; বলিদানকর্তা; পূজক; খাদ্যবিভাজক। উপ—হৃ+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -হর্ত্রী।

উপহসিত—যাহাকে উপহাস করা হইয়াছে এরূপ। উপ—হস্+ক্ত কর্ম। বিণ।

উপহার—১। ভেট দেওয়া; সমর্পণ, প্রদান। উপ—হৃ+ঘঞ্ ভাব। ২। উপঢৌকন, প্রীতির সহিত প্রদেয় দ্রব্য। উপ—হৃ+ঘঞ্ কর্ম। বি; পুং।

উপহাস—বিদ্রূপ; অবজ্ঞা; উপেক্ষা। উপ—হস্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।
উপহাসাস্পদ—উপহাসের পাত্র; অবজ্ঞার যোগ্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী বা বিণ।
উপহাস্য—উপহাসাস্পদ। উপ—হস্‌+ণ্যৎ কর্ম। বিণ। বি, -হাস্যতা।
উপহৃত—সমর্পিত, উৎসৃষ্ট। উপ—হৃ+ক্ত কর্ম। বিণ।
উপহ্রদ—সমুদ্রের খাড়ি হইতে জাত জলাশয়, lagoon. উপমিত হ্রদসহ, প্রাদি। বি; পুং।
উপাকরণ, -কর্ম (-কর্মন্‌)—সংস্কারপূর্বক বেদগ্রহণ; সংস্কারপূর্বক পশুহনন; আরম্ভ; শ্রাবণী পূর্ণিমাতে কর্তব্য বৈধকর্ম বিঃ। উপ—আ—কৃ+অনট্‌, মনিন্‌, ভাব, কর্ম। বি; ক্লী।
উপাকৃত—দেবতার প্রীতির উদ্দেশ্যে নিহত বা হন্তব্য (—পশু); উপদ্রুত; আরব্ধ। উপ—আ—কৃ+ক্ত কর্ম। বিণ।
উপাখ্যান—১। গল্প, উপন্যাস; ইতিবৃত্ত, আখ্যান; মূল আখ্যানের অন্তর্গত গল্প। উপ—আ—খ্যা+অনট্‌ কর্ম। ২। বিশেষভাবে উল্লেখ; বিশেষভাবে কথন। উপ—আ—খ্যা+অনট্‌ ভাব। বি; ক্লী।
উপাগত—১। অঙ্গীকৃত; অধিগত; প্রাপ্ত; অনুভূত। উপ—আ—গম্‌+ক্ত কর্ম। ২। উপস্থিত। উপ—আ—গম্‌+ক্ত কর্তৃ। বিণ।
উপাগম—স্বীকার; অনুভব; প্রাপ্তি; উপস্থিতি। উপ—আ—গম্‌+অপ্‌ ভাব। বি; পুং।
উপাঙ্গ—প্রত্যঙ্গ; দেহের লাঙ্গুলাদি অংশ, appendage; পরিশিষ্ট; ললাটে চন্দনাদি চিহ্ন। উপ (হীন) অঙ্গ, প্রাদি। বি; ক্লী।
উপাচার্য—সহকারী গুরু, আচার্যের সহকারী; বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার। উপমিত আচার্যসহ, প্রাদি। বি; পুং। স্ত্রী, -র্যানী (পত্নী), -র্যা (মহিলা উপাচার্য)।
উপাড়া—উৎপাটিত করা; ব্যাকুল করা। <উৎ—পাটি ধাতু। ক্রি।
উপাত্ত—১। গৃহীত, প্রাপ্ত। বিণ। ২। যাহা হইতে কোন কিছু গণনা করা বা বুঝা যায় এরূপ প্রদত্ত বিষয়াবলী, data. উপ—আ—দা+ক্ত কর্ম। বি; ক্লী।
উপাদান—১। সমবায়িকারণ, কোন পদার্থ যে যে বস্তুতে নির্মিত বা প্রস্তুত হয় সেই সেই বস্তু (যেমন—ঘটের মৃত্তিকা, অলংকারের স্বর্ণ)। উপ—আ—দা+অনট্‌ করণ। ২। স্বীকার; গ্রহণ; প্রত্যাহার; আক্ষেপ; প্রতীতিজনন; স্ব স্ব বিষয় হইতে ইন্দ্রিয়নিবৃত্তি; (বৌদ্ধশাস্ত্রে উল্লিখিত) পার্থিব বিষয়ে অত্যধিক আসক্তি। উপ—আ—দা+অনট্‌ ভাব। বি; ক্লী।
উপাদেয়—মনোরম; উপভোগ্য; স্বীকার্য; গ্রহণীয়; বিধেয়। উপ—আ—দা+যৎ কর্ম। বিণ।
উপাধান—১। শিরোধান, বালিশ; তাকিয়া। উপ—আ—ধা+অনট্‌ অধি। ২। জ্ঞান; বিধান; করণ। উপ—আ—ধা+অনট্‌ ভাব। বি; ক্লী।
উপাধি—পদবী; বংশপরিচায়ক নাম; আখ্যা, উপনাম; কারণ; (ন্যায়ে) সাধ্যব্যাপক সাধনাব্যাপক ধর্ম ("ধূমবান্‌ অগ্নি" বলিলে তাহার উপাধি আর্দ্রকাষ্ঠকে বুঝায়)। উপ—আ—ধা+কি করণ। বি; পুং। [স্বার্থে]। বিণ।
উপাধিক—উপাধিপ্রাপ্ত; আরোপিত। উপাধি+কন্‌
উপাধিধারী (-ধারিন্‌)—উপাধিপ্রাপ্ত। উপতৎ; উপাধি—ধৃ+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -ধারিণী।
উপাধিপত্র—যে প্রশংসাপত্রে বিদ্যার পরিচায়ক উপাধি লিখিয়া দেওয়া হয় তাহা, certificate, diploma. উপাধিজ্ঞাপক পত্র, মধ্যপ। বি; ক্লী।
উপাধ্যক্ষ—উপদেষ্টা; কলেজের সহকারী অধ্যক্ষ, Vice-Principal. প্রাদি। বি; পুং।
উপাধ্যায়—১। অধ্যাপক, উপদেশক; আচার্যের সহকারী বেতনগ্রাহী অধ্যাপক; বেদের একদেশ বা বেদাঙ্গ সকল যিনি বৃত্তির জন্য অধ্যয়ন করান তিনি। উপ—অধি—ই+ঘঞ্‌ অপা। বি; পুং, বা বিণ। স্ত্রী,—(১) -য়া, -য়ী (শিক্ষয়িত্রী), (২) -য়ী, -য়ানী (উপাধ্যায়-পত্নী)। ২। ব্রাহ্মণের উপাধি বিঃ। বাংপ্র। বি।
উপানৎ (-নহ্‌)—চামড়ার জুতা, বিনামা। উপ—আ—নহ্‌+কিপ্‌ করণ। বি; স্ত্রী।
উপান্ত—শেষের পূর্ব; নিকট; প্রান্ত; পরিসর। উপগত অন্তকে, প্রাদি। বি; পুং।
উপান্ত্য—অন্তের অব্যবহিত পূর্বস্থ (—বর্ণ); প্রান্তবর্তী। উপান্ত+যৎ ভবার্থে। বিণ। **উপান্ত্য বর্ণ**—অন্ত্যবর্ণের পূর্ববর্ণ।
উপাবর্তন—প্রত্যাগমন; ঘূর্ণন; পার্শ্বপরিবর্তন। উপ—আ—বৃত্‌+অনট্‌ ভাব। বি; ক্লী। বিণ, -বৃত্ত।
উপায়—১। সাম দান ভেদ দণ্ড (অর্থাৎ শত্রুর সহিত সন্ধি, শত্রুকে অর্থদানে বশীভূত করা, শত্রুর গৃহবিচ্ছেদ ঘটানো এবং শত্রুর সহিত যুদ্ধ)—রাজাদের স্বরাজ্যরক্ষার এই চারিপ্রকার পন্থা; গতি; কর্মসাধন; উপক্রম; প্রতিকারের পথ; কৌশল; পন্থা। উপ—ই বা অয়্‌+ঘঞ্‌ করণ। ২। উপাগমন; উপার্জন। উপ—ই বা অয়্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।
উপায়ক্ষম—উপার্জনসমর্থ, উপায়ী। ৭মীতৎ। বিণ।
উপায়জ্ঞ—যে উপায় করিতে জানে এমন; কোন অনিষ্টের প্রতীকার করিবার জ্ঞানসম্পন্ন। উপতৎ; উপায়—জ্ঞা+ক কর্তৃ। বিণ।
উপায়ান্তর—অন্য উপায়, অন্যগতি। অন্য উপায়, নিত্য। বি; ক্লী।
উপায়াভাব—উপায় না থাকা। ৬ষ্ঠীতৎ; বি; পুং।
উপায়ী (-য়িন্‌)—উপায়বিশিষ্ট; উপার্জনকারী। উপায়+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী, -য়িনী।
উপারম্ভ—প্রারম্ভ, সূত্রপাত। উপ—আ—রভ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।

উপার্জক—উপায়ী, রোজগারী। উপ—অর্জ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -র্জিকা।
উপার্জন—ধনসংগ্রহ; রোজগার; লাভ; সঞ্চয়। উপ—অর্জ্+অনট্ ভাব। বি; ক্লী।
উপার্জিত—যাহা উপার্জন করা হইয়াছে এরূপ; লব্ধ; সঞ্চিত; সংগৃহীত। উপ—অর্জ্+ক্ত কর্ম। বিণ। [কর্ম। বিণ।
উপালব্ধ—তিরস্কৃত; প্রাপ্ত। উপ—আ—লভ্+ক্ত
উপালম্ভ—তিরস্কার। উপ—আ—লভ্+ঘঞ্ ভাব। বি; পুং।
উপাশ্রয়—১। জৈন মঠ। বি; পুং। ২। আশ্রয়-যোগ্য; আশ্রয়স্থানীয়। উপ—আ—শ্রি+অচ্ কর্ম। বিণ। ৩। আশ্রয়কর্তা। উপ—আ—শ্রি+অচ্ কর্তৃ। ৪। আশ্রয়গ্রহণ; অবলম্বন। উপ—আ—শ্রি+অচ্ ভাব। বি; পুং।
উপাশ্রিত—১। অবলম্বিত; ধৃত। উপ—আ—শ্রি+ক্ত কর্ম। ২। আশ্রয়কারী; প্রাপ্ত; গত। উপ—আ—শ্রি+ক্ত কর্তৃ। বিণ।
উপাসক—উপাসনাকারী, সেবক; চাটুকার। উপ—আস্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -সিকা।
উপাসঙ্গ—১। বাণাধার, তূণ। উপ—আ—সন্জ্+ঘঞ্ অধি। ২। আসক্তি। উপ—আ—সন্জ্+ঘঞ্ ভাব। বি; পুং।
উপাসন—১। সেবা; আরাধনা; পূজা; উপকার-প্রত্যাশায় অন্যের অনুবৃত্তি। উপ—আস্+অনট্ ভাব। ২। সন্নিহিত আসন। উপ—আস্+অনট্ অধি। বি; ক্লী।
উপাসনা—আরাধনা; পূজা; ঈশ্বরচিন্তা; শুশ্রূষা; উপকার-প্রত্যাশায় অন্যের সেবা বা সন্তোষবিধানের চেষ্টা; সাধ্যসাধনা। উপ—আস্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।
উপাসনীয়—উপাস্য, পূজ্য। উপ—আস্+অনীয়। বিণ। [স্ত্রী।
উপাসিকা—পূজারিণী। উপাসক+আপ্। বিণ;
উপাসিত—পূজিত; শুশ্রূষিত; উপকারপ্রত্যাশায় কৃতানুবর্তন; অবলম্বিত। উপ—আস্+ক্ত কর্ম। বিণ।
উপাসিতা (-তৃ)—উপাসক; শুশ্রূষাকারী। উপ—আস+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -সিত্রী।
উপাসী—অনাহারী; অতৃপ্ত। <উপবাসী। বিণ।
উপাস্থি—শরীরের ভিতরকার অস্থিতুল্য পদার্থ, cartilage. উপমিত অস্থিসহ, প্রাদি। বি; ক্লী।
উপাস্য—পূজ্য, আরাধ্য ('—দেবতা'); সেব্য; উপকার-প্রত্যাশায় অনুবর্তনযোগ্য, যাহার তোষামোদ করা হয় এমন। উপ—আস্+ণ্যৎ কর্ম। বিণ।
উপাস্যমান—আরাধ্যমান; উপকার-প্রত্যাশায় যাহার সেবা বা সন্তোষবিধানের চেষ্টা করা হইতেছে এরূপ। উপ—আস্+শানচ্ কর্ম। বিণ।
উপাহরণ—সংগ্রহ; কল্পনা। উপ—আ—হৃ+অনট্ ভাব। বি; ক্লী। [পুং।
উপাহার—জলযোগ, সামান্য আহার। প্রাদি। বি;
উপাহৃত—সংগৃহীত; আনীত; অর্পিত; কল্পনায় স্থিরীকৃত; কল্পিত। উপ—আ—হৃ+ক্ত কর্ম। বিণ।
উপুড়—উবুড় (তাহা দ্রঃ)। [বিণ।
উপুড়, উবুড়—অধোমুখ, উলটানো। <অবমূর্ধা।
উপুড়হস্ত, উবুড়হস্ত—দানপরায়ণ। বহু। বাংপ্র। বিণ। **উপুড়হস্ত করা, উবুড়হস্ত করা**—গৃহীত অর্থাদি ফেরত দেওয়া বা দান করা।
উপুসী, উপোসী—অনাহারী। <উপবাসী। বিণ।
উপেক্ষণ—অবহেলা; ত্যাগ। উপ—ঈক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী।
উপেক্ষণীয়, উপেক্ষ্য—উপেক্ষাযোগ্য; ত্যাজ্য। উপ—ঈক্ষ্+অনীয়, ণ্যৎ কর্ম। বিণ।
উপেক্ষা—অনাদর, অবহেলা; গ্রাহ্য বা ধর্তব্য বলিয়া গণ্য না করা; ঔদাসীন্য; অবহেলাসহ দর্শন; বিসর্জন; অস্বীকার। উপ—ঈক্ষ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।
উপেক্ষিত—অবহেলিত, অনাদৃত; অস্বীকৃত; বর্জিত; ত্যক্ত। উপ—ঈক্ষ্+ক্ত কর্ম। বিণ।
উপেক্ষ্য—'উপেক্ষণীয়' দ্রঃ।
উপেত—মিলিত; গত; যুক্ত; সমৃদ্ধ; অধিগত, প্রাপ্ত; সংগত, নারীতে উপগত। উপ—ই+ক্ত কর্তৃ। বিণ।
উপেন্দ্র—বিষ্ণু, ইন্দ্রের কনিষ্ঠ, বামনদেব। উপগত ইন্দ্রকে, প্রাদি। বি; পুং।
উপেন্দ্রবজ্রা—(সং কাব্য) একাদশাক্ষরপাদ সংস্কৃত ছন্দ বিঃ। উপমিত ইন্দ্রবজ্রাসহ, প্রাদি। বি; স্ত্রী।
উপোদ্ঘাত—প্রস্তাবনা, ভূমিকা; দৃষ্টান্ত। উপ—উৎ—হন্+ঘঞ্ ভাব। বি; পুং।
উপোষ—অনশন। উপ—উষ্+ক ঘঞর্থে বা <উপবাস। বি। বিণ, -ষিত।
উপোষিত—উপবাসী। উপ—বস্+ক্ত কর্তৃ। বিণ। স্ত্রী, -তা।
উপোসী—'উপুসী' দ্রঃ।
উপ্ত—কৃতবপন, যাহা বোনা হইয়াছে এরূপ; নিক্ষিপ্ত। বপ্+ক্ত কর্ম। বিণ।
উপ্তি—বপন, বোনা। বপ্+ক্তি ভাব। বি; স্ত্রী।
উপ্য—বপনীয়। বপ্+ক্যপ্ কর্ম। বিণ।
উবচানো—উপচাইয়া পড়া; অতিক্রম করা; উৎক্ষিপ্ত হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
উবরানো, উবরনো—অধিক হওয়া, উদ্বৃত্ত হওয়া; এক পাত্র হইতে অন্য পাত্রে রাখা। <উদ্বর্তন। ক্রি [, বি, বিণ]।
উবা—উড়িয়া যাওয়া, অদৃশ্য হওয়া। বাংপ্র। ক্রি।
উবু—১। পদের উপর ভর দিয়া উপবেশন। বি। ২। পদের উপর ভর দিয়া উপবিষ্ট। বাংপ্র। বিণ।
উবুড়—'উপুড়' দ্রঃ।
উভ—১। উভয়, যুগল, দুইজন। উভ্+অচ্ কর্তৃ। সর্ব। ২। উচ্চ। <ঊর্ধ্ব। বিণ।
উভচর—যাহারা জল ও স্থল উভয়স্থানেই বিচরণ করে এরূপ, amphibious. উপপদ; উভ—চর্+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -চরী। [বিণ।
উভয়—দুই জন, দুই। উভ+অয়ট্ অবয়বার্থে। সর্ব,

উভয়তঃ (-তস্)—দুই দিকে, দুই পক্ষে; দুই দিক্ হইতে। উভয়+তস্ (৫মী বা ৭মী-স্থানে)। অ।
উভয়ত্র—দুই স্থানে, দুই দিকে। উভয়+ত্রল্ (৭মী-স্থানে)। অ।
উভয়পদী (-দিন্)—(সং-ব্যাক) আত্মনেপদ-পরস্মৈপদযুক্ত ('— ধাতু')। উভয়পদ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -দিনী।
উভয়বিধ—দুইপ্রকার। উভয় বিধা যাহার, বহু। বিণ। স্ত্রী, -বিধা।
উভয়সংকট—দুই দিকেই বিপত্তি, দুইটি বিষয়ের যে কোন একটি অবলম্বনেও বিপদ্, dilemma. ৭মীতৎ। বি; ক্লী।
উভয়সম্মত—দুই পক্ষেরই অনুমোদিত। ৩য়াতৎ। বিণ।
উভয়ানুমত—দুই পক্ষেরই অনুমোদিত। ৩য়াতৎ। বিণ।
উভরড়ে—অতি দ্রুতবেগে। প্রা কপ্র। ক্রি-বিণ।
উভরায়—চিৎকারপূর্বক। প্রা কপ্র। ক্রি-বিণ।
উভরোল—উচ্চশব্দ; অতিশয় কোলাহল; সম্পূর্ণরূপে অনাদর-প্রকাশ, কোনদিকে দৃক্‌পাত না করা। বাংপ্র। বি।
উভলিঙ্গ—স্ত্রী-পুং-স্বভাব-বিশিষ্ট, bi-sexual, hermaphrodite. বহু। বিণ।
উমর—বয়স। আ। বি।
উমরভোর, উমিরভোর—যাবজ্জীবন। আ-মু। ক্রি-[বিণ।
উমরা, উমরাহ্—ধনী; সম্ভ্রান্ত ব্যক্তি। আ। বি।
উমা—১। পার্বতী, দুর্গা। উ-এর (অর্থাৎ শিবের) মা (লক্ষ্মী), ৬ষ্ঠীতৎ ["উ-শব্দে বুঝহ শিব মা-শব্দে শ্রী তাঁর। বুঝিয়া মেনকা উমা নাম কৈল, সার।" ভারত]: অথবা, উ (হে)+মা (না—তপস্যা করিও না)। ২। মসিনা; হরিদ্রা; কীর্তি; ক্রান্তি: শান্তি। বে+মক্ কর্ম+আপ্: অথবা, মা +ক্বিপ্ কর্তৃ। বি; স্ত্রী।
উমাকান্ত—শিব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
উমান—পরিমাণ, গাম্ভীর্য।<উন্মান। বি।
উমানো—পরিমাণ করা; তাতানো। বাংপ্র। ক্রি। [, বি, বিণ]।
উমাপতি—মহাদেব, শিব। ৬ষ্ঠীতৎ। বি: পুং।
উমেদ—আশা, আকাঙ্ক্ষা; প্রার্থনা।<ফা 'উম্‌মেদ'। বি।
উমেদার—প্রত্যাশাকারী, আকাঙ্ক্ষী; উপকার-প্রত্যাশায় অন্যের উপাসনাকারী; কর্মপ্রার্থী। <ফা 'উমেদ্‌বার'। বি।
উমেদারি—আশা-পোষণ; প্রার্থনা; চাকরির জন্য অন্যের তোষামোদ; প্রার্থিত দ্রব্যলাভের জন্য চেষ্টা। ফা-মু। বি।
উমেশ—মহাদেব। উমার ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
উর, উরহ—আবির্ভূত হও। কপ্র। ক্রি।
উরঃ (উরস্)—১। বক্ষঃস্থল, হৃদয়। বি: ক্লী। ২। প্রধান: উত্তম। ঋ+অস্ কর্তৃ সংজ্ঞার্থে। বিণ।
উরঃস্থল—বক্ষঃস্থল, বুক। কর্মধা। বি; ক্লী।
উরগ, উরঙ্গ, উরঙ্গম—সাপ, ভুজঙ্গ; অশ্লেষানক্ষত্র। উরস্—গম্+ড, (ড) খচ্, খচ্ কর্তৃ (নিপা স-লোপ)। বি; পুং।
উরজ—১। বক্ষ হইতে উৎপন্ন। বিণ। ২। স্ত্রী-পয়োধর, কুচ। <উরোজ। কপ্র। বি।
উরত—উরুত। <উরু। বি।
উরশ্ছদ—বর্ম, সাঁজোয়া। উরস্ (বক্ষঃ)—ছদ্+ণিচ্ +ঘ করণ। বি; পুং।
উরস—বক্ষঃস্থল, বুক। <উরস্। বি।
উরসিজ—স্ত্রীপয়োধর, কুচ। অলুক্, উপতৎ; উরসি (বক্ষে)—জন্+ড কর্তৃ (সপ্তমী বিভক্তির অলুক্)। বি; পুং।
উরস্ত্রাণ—বর্ম, সাঁজোয়া। উরস্—ত্রৈ+অনট্ করণ। বি; ক্লী।
উরা—উদিত হওয়া, আবির্ভূত হওয়া। কপ্র। ক্রি।
উরু—বিশাল, মহৎ। ঊর্ণু+কু কর্তৃ (নিপা)। বিণ। স্ত্রী—উরু, উর্বী।
উরুত—জানুর ঊর্ধ্বভাগ। <উরু। বি।
উরোগামী (-মিন্)—বুকে ভর দিয়া চলে এমন (সরীসৃপাদি)। উপতৎ; উরস্—গম্+ণিন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, -গামিণী, -গামিনী।
উরোজ—১। স্তন। বি: পুং। ২। বক্ষঃস্থলে উৎপন্ন। উপতৎ; উরস্—জন্+ড কর্তৃ। বিণ।
ঊর্ণনাভ—সুতা, মাকড়সা। ঊর্ণা (সূত্র) নাভিতে যাহার, বহু (অচ্ সমাসান্ত)। বি; পুং।
ঊর্ণা—পশুলোম, পশম; ললাটস্থ লোমসমূহাত্মক চিহ্ন বিঃ। ঊর্ণ+ড করণ+আপ্ (আদ্যস্বর হ্রস্ব)। বি: স্ত্রী।
উর্দি—রাজকর্মচারীর নির্দিষ্ট পোশাক, uniform. <তু 'বর্দী'। বি।
উর্দু—ভাষা বিঃ, হিন্দী ফারসী ও আরবী ভাষার সংমিশ্রণে উৎপন্ন ভাষা। তু। বি।
উর্দুবাজার—সেনানিবেশের মধ্যস্থিত বাজার। <বর্দী (তু)+বাজার (ফা)। বি।
উর্বর—বৃক্ষলতাদি উৎপাদন করিবার উপযুক্ত সমধিক শক্তিবিশিষ্ট, সর্বশস্যোৎপাদক ('—ক্ষেত্র')। উরু—ঋ+অচ্ কর্তৃ। বিণ।
উর্বরা—শস্যোৎপাদন-শক্তি-বিশিষ্টা, সর্বশস্যসম্পন্না ('— ভূমি')। উর্বর+আপ্। বিণ; স্ত্রী।
উর্বশী—অপ্সরা বা স্বর্গ-বেশ্যা বিঃ। উরু (মহৎ) —অশ্ (বশীভূত করা)+ক কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
উর্বী—১। পৃথিবী। বি: স্ত্রী। ২। অতিবিপুলা; মহতী। উরু+ঈপ্। বিণ: স্ত্রী।
উল—পশুলোম, পশম। <ইং 'wool'. বি।
উলকি—'উল্কি' দ্রঃ।
উলঙ্গ—বিবস্ত্র: অনাবৃত: নিষ্কোষিত; সবল ও বীর্যবন্ত: ভাবুকতাবর্জিত। <উন্নগ্ন। বিণ। স্ত্রী —উলঙ্গা, উলঙ্গিনী।
উলঙ্গা—উন্মুক্ত করা; অনাবৃত করা; উলঙ্গ করা;

কোষমুক্ত করা ('জয়রাম নাদে রথী উলঙ্গিল অসি' —মাইকেল)। কপ্র। ক্রি।

উলট—বিপর্যস্ত; বিপরীত ভাবপ্রাপ্ত; উলটা; অধোমুখ। প্রা কপ্র। < উল্লোঠ। বিণ।

উলট-কম্বল—একপ্রকার ঔষধের গাছ। বাংপ্র। বি।

উলট-পালট—১। অত্যন্ত বিপর্যস্ত, উলটানো-পালটানো। বিণ। ২। বিশৃংখলা; পরিবর্তন; ব্যতিক্রম; ঘোরাফেরা; গোলমাল। বাংপ্র। বি।

উলটা—বিপরীত; বিরুদ্ধ; অনাকাঙ্ক্ষিত, অপ্রত্যাশিত; যাহা সোজা নহে এরূপ। < উৎপ্লুত। বিণ। **উলটা পিঠ**—ভিতর দিক্; পত্রাদির নীচের দিক্। **উলটা বিচার**—ন্যায়বিরুদ্ধ বিচার। **উলটা বুঝিলি রাম**—ভাল কথার বিপরীত অর্থ বোঝা। **উলটা রথ**—জগন্নাথদেবের পুনর্যাত্রা। **উলটা রীতি**—ভিন্ন প্রথা।

উলটানো, উলটনো—বিপর্যস্ত করা; উবুড় করা; ঘুরাইয়া দেওয়া; পৃষ্ঠপরিবর্তন করা। < উল্লুণ্ঠন। ক্রি [, বি, বিণ]।

উলটাপালটা—উলট-পালট (তাহা দ্রঃ)।

উলটি—পিছন ফিরিয়া ('উলটি বৈঠলি'—চন্দ্রশেখর)। প্রা কপ্র। অস-ক্রি।

উলসিত—প্রফুল্ল। < উল্লসিত। বিণ।

উলা—অবতরণ করা, নামা। কপ্র। ক্রি [', বি]।

উলানো—নামানো। কপ্র। ক্রি [, বি]।

উলু—১। স্ত্রীলোকগণের উচ্চারিত মাংগলিক শব্দ। < উলুলু। ২। একপ্রকার তৃণ। বাংপ্র। বি।

উলুখড়, -ছন—তৃণ বিঃ; ঘর ছাইবার জন্য একপ্রকার খড়। বাংপ্র। বি।

উলুখাগড়া—উলুখড় ও নল; যাহা সহজে ভাঙ্গা যায় এমন বস্তু; তুচ্ছ পদার্থ; গরিব লোক; নিরীহ প্রজা ('রাজায় রাজায় যুদ্ধ হয়, উলুখাগড়ার প্রাণ যায়')। বাংপ্র। বি। [বাংপ্র। বি।

উলুবোড়া—পচাবোড়া, একপ্রকার ভীষণ সাপ।

উলূক—১। পেচক। বি; পুং। স্ত্রী, -কী। ২। উলুখড়। বল্+উক কর্তৃ। বি; ক্লী।

উলেমা—মুসলমান পণ্ডিত বা পণ্ডিতমণ্ডলী। আ। বি।

উল্কা—আকাশে ভ্রাম্যমাণ জ্বলন্ত লৌহপ্রস্তর, meteor; স্ফুলিঙ্গ; অগ্নিশিখা, অগ্নিকণা; মশাল। উষ্+ক কর্তৃ+আপ্ (ষ-স্থানে ল)। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

উল্কাপাত—আকাশ হইতে উল্কার পৃথিবীতে পতন।

উল্কাপিণ্ড—আকাশচারী জ্যোতিঃপদার্থ বিঃ, গোলাকার উল্কাখণ্ড। উল্কা পিণ্ডপ্রায়, উপমিত কর্মধা। বি; পুং।

উল্কাপ্রস্তর—উল্কাখণ্ড, আকাশ হইতে পতিত জ্বলন্ত প্রস্তর। কর্মধা। বি; পুং।

উল্কামুখী—খেঁকশিয়ালী; সদাকোপনা নারী। বাংপ্র। বি; স্ত্রী।

উল্কি, উলকি—ছুঁচ ফুটাইয়া রচিত গাত্রসজ্জা, tattoo. বাংপ্র। বি।

উল্টা—উলটা (তাহা দ্রঃ)। ['উলটা' বানানই প্রশস্ত।] [বানানই প্রশস্ত।]

উল্টানো—উলটানো (তাহা দ্রঃ)। ['উলটানো'

উল্টাপাল্টা—উলট-পালট (তাহা দ্রঃ)।

উল্লঙ্ঘন—লঙ্ঘন, বিরুদ্ধাচরণ; অতিক্রম; লম্ফ দিয়া পার হওয়া, লাফানো। উৎ—লন্‌ঘ্+অনট্ ভাব। বি; ক্লী।

উল্লঙ্ঘনীয়, উল্লঙ্ঘ্য—উল্লম্ফনীয়; অতিক্রমণীয়; লঙ্ঘনীয়। উৎ—লন্‌ঘ্+অনীয়, ণ্যৎ কর্ম। বিণ।

উল্লঙ্ঘিত—অতিক্রান্ত, লঙ্ঘিত। উৎ—লন্‌ঘ্+ক্ত কর্ম। বিণ।

উল্লম্ফ, উল্লম্ফন—লম্ফ দিয়া পার হওয়া, লাফানো অতিক্রমণ। উৎ (ঊর্ধ্বে)—লন্‌ফ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

উল্লম্ব—খাড়া; ঊর্ধ্বাধোভাবে অবস্থিত, vertical. উৎ—লন্‌ব্+অচ্ কর্তৃ। বিণ।

উল্লসিত—আনন্দিত; রোমাঞ্চিত; শোভিত; উজ্জ্বল; স্ফুরিত, প্রকাশিত; উদ্গত। উৎ—লস্+ক্ত কর্তৃ। বিণ।

উল্লাস—১। হর্ষ; প্রকাশ; দীপ্তি। উৎ—লস্+ঘঞ্ ভাব। ২। পরিচ্ছেদ। উৎ—লস্+ঘঞ্ করণ। বি; পুং।

উল্লাসিত—১। হর্ষিত; নন্দিত, যাহার আনন্দ জন্মানো হইয়াছে এরূপ। উৎ—লস্+ণিচ্+ক্ত কর্ম। ২। আনন্দিত। উল্লাস+ইত জাতার্থে। বিণ।

উল্লাসী (-সিন্)—উল্লাসযুক্ত; দীপ্তিময়। উল্লাস+ইন আছে অর্থে। বিণ। স্ত্রী, -সিনী।

উল্লিখিত—উপরে লিখিত; পূর্বে লিখিত; যে বিষয়ের পূর্বে উল্লেখ করা হইয়াছে এরূপ; উক্ত; নির্দিষ্ট; কীর্তিত; চিত্রিত; উৎক্ষিপ্ত; উৎকীর্ণ; চাঁচা। উৎ—লিখ্+ক্ত কর্ম। বিণ।

উল্লুক—লেজহীন বানরজাতীয় পশু বিঃ, gibbon; নির্বোধ ব্যক্তি (গালি)। বাংপ্র। বি।

উল্লুণ্ঠ, উল্লুণ্ঠন—উলটানো-পালটানো, উলট-পালট করা; বিদ্রূপ; ভূমিতে লুণ্ঠিত হওয়া; লুঠ করা। উৎ—লুঠ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

উল্লেখ—পূর্বে কথন; প্রসঙ্গক্রমে কোন বিষয়সম্বন্ধে উক্তি; খনন; অর্থালংকার বিঃ [এক বস্তুর অনেকপ্রকারে উল্লেখ হইলে, তাহাকে 'উল্লেখ' অলংকার বলে।

> "গাম্ভীর্যে সমুদ্র তুমি, গৌরবে ভূধর,
> দানে তুমি কল্পতরু, ওহে নরেশ্বর।"

এখানে একই নরপতিকে সমুদ্র ইত্যাদিরূপে বিভিন্ন প্রকারে উল্লেখ করায় উল্লেখালংকার হইল]। উৎ—লিখ্+ঘঞ্ ভাব। বি; পুং।

উল্লেখন—খনন; বমন; নির্দেশ; কথন; চাঁচা; কোঁদা। উৎ—লিখ্+অনট্ ভাব। বি; ক্লী।

উল্লেখনীয়, উল্লেখ্য—উল্লেখযোগ্য, কথনীয়, নির্দেশ্য। উৎ—লিখ্+অনীয়, ণ্যৎ কর্ম। বিণ।

উল্লেখযোগ্য—উল্লেখনীয়, বক্তব্য, বর্ণনীয়। ৬ষ্ঠীতৎ। বিণ।

উল্লোল—১। কল্লোল, বড় ঢেউ; প্রবল আন্দোলন। বি; পুং। ২। দোদুল্যমান; চঞ্চল। উৎ—লোড্+অচ্ কর্তৃ। বিণ।

উশনাঃ (-নস্), (<শনা)—শুক্রাচার্য; শুক্রগ্রহ। বশ্+কনসি কর্তৃ। বি; পুং।

উশীর—বীরণমূল, বেণার মূল, খশখশ। বশ্+ঈরক্ কর্ম সংজ্ঞার্থে। বি; পুং বা ক্লী।

উশো—পলস্তারা ইঁহর উপর ঘষিয়া তাহা সমান করিবার এক ধরনের কাঠের যন্ত্র। বাংপ্র। বি। **উশো মারা**—উশো দিয়া সমান করা।

উষর্বুধ—অগ্নি; রাংচিতা। উষস্—বুধ্+ক কর্ম। বি; পুং।

উষসী—১। সন্ধ্যাকাল। উষ্—সো+ক কর্তৃ+ঈপ্। ২। প্রভাতকাল। বি। ৩। প্রভাতী; সুন্দরী। বাংপ্র। বিণ।

উষা—প্রভাত; ব্রাহ্মমুহূর্ত; অরুণোদয়ের পূর্বকাল; গাভী; রাত্রি। উষ্+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

উষীর—বীরণমূল, বেণার মূল। উষ্+ঈরক্ কর্ম। বি; পুং বা ক্লী। [বিণ।

উস্কখুস্ক—রুক্ষ; শুষ্ক; মলিন; অবিন্যস্ত। বাংপ্র।

উষ্ট্র—উট। উষ্+ষ্ট্রন্ কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং। স্ত্রী—**উষ্ট্রী**।

উষ্ট্রকণ্টকভোজন-ন্যায়—ন্যায় বিঃ [উষ্ট্র যেমন কাঁটা গাছের কাঁটায় ক্ষতবিক্ষত হইয়াও কিঞ্চিৎ সুখজনক সেই গাছের পাতা ভক্ষণ করে, লোকেও সেইরূপ সাংসারিক কিঞ্চিৎ সুখের জন্য সময় সময় নানা ক্লেশ সহ্য করিয়া থাকে]। উষ্ট্রের কণ্টকভোজন, ৬ষ্ঠীতৎ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

উষ্ট্রপক্ষী (-পক্ষিন্)—উটপক্ষী, ostrich. উষ্ট্রাকার পক্ষী, মধ্যপ। বি; পুং। স্ত্রী, **-পক্ষিণী**।

উষ্ট্রযান—উটের গাড়ি। উষ্ট্রবাহিত যান, মধ্যপ। বি; ক্লী।

উষ্ট্রী—মেয়ে-উট। উষ্ট্র+ঈপ্। বি; স্ত্রী।

উষ্ণ—১। গ্রীষ্মকাল; রৌদ্র; তাপ; ক্রোধ; উষ্মা; পলাণ্ডু। বি; পুং। ২। তপ্ত; তীব্র; ক্রুদ্ধ; দক্ষ। উষ্+নক্ কর্তৃ। বিণ।

উষ্ণকটিবন্ধ—কর্কটক্রান্তি ও মকরক্রান্তির অন্তর্বর্তী ভূভাগ, Torrid Zone. বি; পুং।

উষ্ণকাল—গ্রীষ্ম ঋতু। কর্মধা। বি; পুং।

উষ্ণতা, -ত্ব—উত্তপ্ততা; প্রখরতা; তীব্রতা; তাপের পরিমাণ, temperature. উষ্ণ+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

উষ্ণপ্রধান—গ্রীষ্মবহুল, যে স্থানে গরম বেশী এমন। উষ্ণ প্রধান যেখানে, বহু। বিণ।

উষ্ণপ্রস্রবণ—যে স্থানে ভূগর্ভ হইতে অনবরত উষ্ণ জল নির্গত হয় তাহা, গরম জলের ফোয়ারা, hot spring. কর্মধা। বি; ক্লী।

উষ্ণবীর্য—উত্তেজক; গরম। বহু। বিণ।

উষ্ণমণ্ডল—উষ্ণকটিবন্ধ (তাহা দ্রঃ)।

উষ্ণীষ—শিরোবেষ্টন, পাগড়ি, মুকুট, কিরীট; বিশেষচিহ্ন। উপতৎ; উষ্ণ—ঈষ্+ক কর্তৃ। বি; পুং বা ক্লী।

উষ্ণীষকমল—(তান্ত্রিক) মস্তকে অবস্থিত সন্ধিস্থান বিঃ; (বৌদ্ধ) মহাসুখচক্র। উষ্ণীষস্থিত কমল, মধ্যপ। বি; পুং।

উষ্ণোদক—গরম জল। উষ্ণ উদক, কর্মধা। বি; ক্লী।

উষ্ম, উষ্মা (উষ্মন্)—গ্রীষ্মকাল; উত্তাপ; তীব্রতা; কোপ; বিরক্তি; শ ষ স হ—এই চারি বর্ণ। উষ্+মক্ কর্তৃ, মন্ অধি। বি; পুং।

উষ্মক—গ্রীষ্মকাল। উষ্ম+কন্ সংজ্ঞার্থে। বি; পুং।

উষ্মবর্ণ—শ ষ স হ—এই চারিটি বায়ুপ্রধান বর্ণ। উষ্মপ্রধান বর্ণ, মধ্যপ। বি; পুং।

উষ্মা—'উষ্ম' দ্রঃ।

উসকানি—উত্তেজনা; প্ররোচনা; বর্ধিত করা। বাংপ্র। বি।

উসকানো, উসকনো—(প্রদীপের পলিতা) বাড়াইয়া দেওয়া; উত্তেজিত করা; প্ররোচিত করা; খোঁচানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

উস-খুস—অস্থিরতার লক্ষণ প্রকাশ। বাংপ্র। বি।

উসুল—সংগ্রহ; কর আদায়; জমা; লওয়া। <আ 'বসূল'। বি।

উস্তমখুস্তম, উস্তমখুস্তম জ্বালাতন করা, জ্বালানো পোড়ানো, ব্যতিব্যস্ত করা। ফা-মূ। বি।

উস্তাদ—ওস্তাদ (তাহা দ্রঃ)।

উস্তাদি—ওস্তাদি (তাহা দ্রঃ)।

উহ—উহা, ঐ; ঐ ব্যক্তি। প্রা কপ্র। সর্ব।

উহা—ঐ বস্তু প্রাণী বা বিষয়; তাহা। <অদস্। সর্ব। **উহাকে**—ঐ বস্তু প্রাণী বা বিষয়কে। **উহার**—ঐ বস্তু প্রাণী বা বিষয়ের। **উহারা**—'উহা'র দ্বিবচন বা বহুবচন।

উহু, উহুহু—কাতরতাসূচক শব্দ। বাংপ্র। অ।

উহ্য—উহ্য। বাংপ্র। বিণ।

উহ্যমান—আকৃষ্যমাণ; নীয়মান। বহ্+শানচ্ কর্ম। বিণ।

[ঊ]

ঊ—১। ষষ্ঠ স্বরবর্ণ (ইহার উচ্চারণস্থান ওষ্ঠ)। রি। ২। শোকদুঃখাদিসূচক সম্বোধন; রক্ষা; দয়া। অব্ +ক্বিপ্ ভাব। অ।

ঊঃ—যন্ত্রণাদিসূচক শব্দ। বাংপ্র। অ।

ঊকার—'ঊ' এই বর্ণ, ূ। ঊ+কার স্বার্থে। বি; পুং।

ঊকারাদি—আদিতে ঊ-বর্ণবিশিষ্ট। ঊকার আদিতে যাহার, বহু। বিণ।

ঊকারান্ত—অন্তে ঊ-বর্ণবিশিষ্ট, যাহার শেষে 'ঊ' আছে এরূপ। ঊকার অন্তে যাহার, বহু। বিণ।

ঊখলি—উদূখল, গড়; যে কাঠের পাত্রে রাখিয়া ধান ভানা হয়। <উদূখল। বি।

ঊঢ়—বিবাহিত; বাহিত; ধৃত; অঙ্গীকৃত। বহ্+ক্ত কর্ম। বিণ।

ঊন—হীন, কম, অসম্পূর্ণ; অল্প; হীনবল। ঊন্+অচ্ কর্তৃ। বিণ।

ঊন-আশি, ঊন-আশী, ঊনাশী, ঊনাশি—৭৯ এই সংখ্যা; ৭৯-সংখ্যক। <ঊনাশীতি। বি বা বিণ।

ঊনকোটি, -টী, ঊনকোটি—কিছু কম প্রায় এক কোটি; অসংখ্য; বহু। বাংপ্র। বিণ। **ঊনকোটি চৌষট্টি**—অসংখ্য; প্রায় সম্পূর্ণ, প্রায় কিছুই বাদ পড়ে না এমন।

ঊনচত্বারিংশ, -চত্বারিংশত্তম—ঊনচল্লিশের পূরক, আটত্রিশের পরবর্তীটি। ঊনচত্বারিংশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী, -মী।

ঊনচত্বারিংশৎ—ঊনচল্লিশ সংখ্যা (৩৯); ঊনচল্লিশ-সংখ্যক। ঊনা চত্বারিংশৎ, কর্মধা। বি বা বিণ; স্ত্রী।

ঊনজন—১। সংখ্যালঘু সম্প্রদায়; সংখ্যালঘুতা। বি; পুং। ২। সংখ্যালঘু, লঘিষ্ঠ। কর্মধা। বিণ।

ঊনচত্বারিংশত্তম—'ঊনচত্বারিংশ' দ্রঃ।

ঊনতা—অল্পতা, কমতি। ঊন+তা ভাবে। বি; স্ত্রী।

ঊনত্রিংশ, -ত্রিংশত্তম—ঊনত্রিশেরটি, আটাশের পরবর্তীটি। ঊনত্রিংশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী, -মী।

ঊনত্রিংশৎ—ঊনত্রিশ সংখ্যা (২৯); ঊনত্রিশ-সংখ্যক। ঊনা ত্রিংশৎ, কর্মধা। বি বা বিণ; স্ত্রী।

ঊনত্রিশ, ঊনত্রিশ—২৯-সংখ্যা; ২৯-সংখ্যক। <ঊনত্রিংশৎ। বি বা বিণ।

ঊন-নই, -নব্বই, ঊননব্বই—৮৯-সংখ্যা; ৮৯-সংখ্যক। <ঊননবতি। বি বা বিণ।

ঊননবতি—ঊননব্বই সংখ্যা (৮৯); ৮৯-সংখ্যক। ঊনা নবতি, কর্মধা। বি বা বিণ; স্ত্রী।

ঊননবতিতম—ঊননব্বইএরটি, অষ্টাশীর পরবর্তীটি। ঊননবতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

ঊননব্বই, ঊননব্বই—'ঊন-নই' দ্রঃ।

ঊনপঞ্চাশ—১। ঊনপঞ্চাশেরটি, আটচল্লিশের পরবর্তীটি। ঊনপঞ্চাশৎ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী। ২। ৪৯-সংখ্যা; ৪৯-সংখ্যক। <ঊনপঞ্চাশৎ। বি বা বিণ।

ঊনপঞ্চাশৎ—৪৯-সংখ্যা; ৪৯-সংখ্যক। ঊনা পঞ্চাশৎ, কর্মধা। বি বা বিণ; স্ত্রী।

ঊনপঞ্চাশত্তম—ঊনপঞ্চাশ, আটচল্লিশের পরবর্তীটি। ঊনপঞ্চাশৎ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

ঊনপাঁজুরে, ঊনপাঁজুরে—হতভাগ্য; লক্ষ্মীছাড়া; অলক্ষুণে; বিপথগামী; গণ্ডগোলে অভ্যস্ত। ঊন (অল্প)+পাঁজর (পঞ্জর)+এ (<ইয়া) বিশিষ্টার্থে (যে গরুর পঞ্জরাস্থি ক্ষীণ, অতএব বিকলাঙ্গ; ইহা হইতেই 'দুর্লক্ষণাক্রান্ত' অর্থ হইয়াছে)। বিণ। স্ত্রী, -রী।

ঊনবিংশ, -বিংশতিতম—ঊনিশেরটি, আঠারর পরবর্তীটি। ঊনবিংশতি+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী, -মী।

ঊনবিংশতি—১৯-সংখ্যা; ১৯-সংখ্যক। ঊনা বিংশতি, কর্মধা। বি বা বিণ; স্ত্রী।

ঊনষাট্টি, ঊনষাট্টি—৫৯-সংখ্যা; ৫৯-সংখ্যক। <ঊনষষ্টি। বি বা বিণ।

ঊনষষ্টি—৫৯-সংখ্যা; ৫৯-সংখ্যক। ঊনা ষষ্টি, কর্মধা। বি বা বিণ; স্ত্রী।

ঊনষষ্টিতম—৫৯-সংখ্যার পূরক, আটান্নর পরবর্তীটি। ঊনষষ্টি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

ঊনষাট—৫৯-সংখ্যা; ৫৯ সংখ্যক। <ঊনষষ্টি। বি বা বিণ।

ঊনসত্তর, ঊনসত্তর—৬৯-সংখ্যা; ৬৯-সংখ্যক। <ঊনসপ্ততি। বি বা বিণ।

ঊনসপ্ততি—৬৯-সংখ্যা; ৬৯-সংখ্যক। ঊনা সপ্ততি, কর্মধা। বি বা বিণ; স্ত্রী।

ঊনসপ্ততিতম—৬৯-সংখ্যার পূরক, আটষট্টির পরবর্তীটি। ঊনসপ্ততি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী। [ক্রি-বিণ।

ঊনহার—নির্ধারিত মূল্যের কমে. below par.

ঊনাশী, ঊন-আশী—'ঊন-আশি' দ্রঃ।

ঊনাশীতি—৭৯-সংখ্যা; ৭৯-সংখ্যক। ঊনা অশীতি, কর্মধা। বি বা বিণ; স্ত্রী।

ঊনাশীতিতম—৭৯-সংখ্যার পূরক, আটাত্তরের পরবর্তীটি। ঊনাশীতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

ঊনিশ, ঊনিশ—১৯-সংখ্যা; ১৯-সংখ্যক। <ঊনবিংশতি। বি বা বিণ।

ঊনিশ-বিশ—একটু কম বা বেশী, প্রায় সমান। ঊনিশ বা বিশ যাহাতে, বহু। বি বা বিণ।

ঊনিশে, ঊনিশে—মাসের ঊনবিংশ দিন। বাংপ্র। বি।

ঊর—অবতীর্ণ হও। কপ্র। ক্রি।

ঊরু—জানুর উপরিভাগ, উরৎ। ঊর্ণু+কু কর্ম (ণ-র লোপ)। বি; পুং।

ঊরুপা—ইওরোপ মহাদেশ ('পুণ্যখণ্ড ঊরুপায় লভিত জনম'—নবীন)। কপ্র। <ইং 'Europe'. বি। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঊরুভঙ্গ—ঊরুভঞ্জন, ঊরুর হাড় ভাঙ্গিয়া দেওয়া।

ঊরুস্তম্ভ—একশ্রেণীর রোগ যাহাতে ঊরু অবশ হইয়া যায়, ঊরুতে জাত স্ফোটক বা দুষ্ট ব্রণ। উপতৎ; ঊরু—স্তন্ভ্+অণ্ কর্তৃ। বি; পুং।

ঊর্জস্বল—মহাবল; তেজস্বী; দৃঢ়কায়। ঊর্জস্+বলচ্ আছে অর্থে। বিণ।

ঊর্জস্বী (-স্বিন্)—বলবান্; তেজস্বী; দৃঢ়কায়। ঊর্জস্+বিন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-স্বিনী**। বি, **-স্বিতা**।

ঊর্ণনাভ, -নাভি—লূতা, মাকড়সা। ঊর্ণা নাভিতে যাহার, বহু (বিকল্পে সমাসান্ত অচ্)। বি; পুং।

ঊর্ণা—পশম; ভ্রূমধ্যস্থ রোমাবর্ত, মৃণালতন্তুসদৃশ সূক্ষ্ম রোমরাজির মণ্ডলাকার চিহ্ন বিঃ। ঊর্ণু+ড করণ+আপ্। বি; স্ত্রী।

ঊর্দি—ঊর্দি (তাহা দ্রঃ)। তু। বি।

ঊর্দু—উর্দুভাষা। তু। বি।

ঊর্ধ্ব—১। উন্নত; উৎকৃষ্ট; অনন্তর; উপরিস্থিত; বিসৃষ্ট, উত্তোলিত। উৎ (উপরি)—হা+ড কর্তৃ (নিপা)। বিণ। ২। উচ্চতা, উপরদিক্; ঊর্ধ্বদেশ। উৎ—হা+ব ভাব, অধি। বি; ক্লী।

ঊর্ধ্বকায়—১। নাভির উপরিস্থিত শরীরভাগ; পূর্বকায়। কায়ের ঊর্ধ্ব, একদেশী। বি; পুং। ২। উন্নতদেহ। ঊর্ধ্ব কায় যাহার, বহু। বিণ।

ঊর্ধ্বগ—১। ঊর্ধ্বগামী; সৎপক্ষাবলম্বী; ধার্মিক। বিণ। ২। রোগ বিঃ (এই রোগে পাকস্থলী উত্তেজিত হয় এবং উদরস্থ বায়ু ঊর্ধ্বগামী হয়); পরমেশ্বর। উপতৎ; ঊর্ধ্ব—গম্+ড কর্তৃ। বি; পুং।

ঊর্ধ্বগতি—১। উপরে গমন, উন্নত স্থানে আরোহণ; স্বর্গারোহণ। ৭মীতৎ। বি; স্ত্রী। ২। উচ্চাভিমুখে গমনশীল; স্বর্গারূঢ়। ঊর্ধ্বে গতি যাহার, বহু। বিণ।

ঊর্ধ্বগামী (-মিন্)—ঊর্ধ্বে গমনকারী; স্বর্গগামী। উপতৎ; ঊর্ধ্ব—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-মিনী**।

ঊর্ধ্বচাপ—উপরদিকে ঠেলা মারিবার বেগ, upward pressure. ঊর্ধ্বে চাপ, ৭মীতৎ। বাংপ্র। বি।

ঊর্ধ্বটান—ঊর্ধ্বশ্বাস, মৃত্যুকালে অথবা শ্বাসরোগের জন্য হাঁপাইতে থাকা। কর্মধা। বাংপ্র। বি।

ঊর্ধ্বতন—উপরিস্থ; উচ্চপদস্থ (— কর্মচারী); পূর্বতন। ঊর্ধ্ব+তন (ট্যু, তুট্) ভবার্থে। বিণ। স্ত্রী, **-নী**।

ঊর্ধ্বদৃষ্টি, -নেত্র—১। যে উপর দিকে চাহিয়া আছে এরূপ। ঊর্ধ্বে দৃষ্টি, নেত্র যাহার, বহু। বিণ। ২। ভ্রূস্বয়মধ্যে নিবিষ্টা দৃষ্টি; উপরদিকে দৃষ্টিপাত; মৃত্যুকালে শিবনেত্র হওয়া; যোগ বিঃ। ঊর্ধ্বা দৃষ্টি, ঊর্ধ্ব নেত্র, কর্মধা। বি; স্ত্রী, ক্লী।

ঊর্ধ্বদেহ—মৃত্যুর পর প্রাপ্ত শরীর, লিঙ্গশরীর। ঊর্ধ্ব (মরণোত্তর) দেহ, কর্মধা। বি; পুং বা ক্লী।

ঊর্ধ্বপাতন—রাসায়নিক প্রক্রিয়া বিঃ, একপ্রকার চোলাই, sublimation. ৭মীতৎ। বি; ক্লী।

ঊর্ধ্ববাহু—১। শৈব বিঃ (ইহারা মস্তকের উপরে এক বা দুই হস্ত উদ্ধৃত করিয়া রাখে)। বি; পুং। ২। যে বাহু উত্তোলন করিয়া আছে এরূপ। বহু। বিণ। ৩। উত্তোলিত হস্ত। কর্মধা। বি; পুং।

ঊর্ধ্বমুখ—১। উন্মুখ, যে মুখ তুলিয়া রহিয়াছে এরূপ। ঊর্ধ্বে মুখ যাহার, বহু। বিণ। স্ত্রী, **-খী, -খা**। ২। মুখের ঊর্ধ্বভাগ। ঊর্ধ্ব মুখের, একদেশী। বি; ক্লী।

ঊর্ধ্বরেতাঃ (-রেতস্)—শুক্রসংযমকারী, স্ত্রীসম্ভোগে বিরত; যোগী। বহু। বিণ।

ঊর্ধ্বলোক—আকাশ; স্বর্গ। কর্মধা। বি; পুং।

ঊর্ধ্বশায়ী (-য়িন্)—১। ঊর্ধ্বে শয়নকারী; যে চিত হইয়া শয়ন করে এরূপ (— শিশু)। বিণ। স্ত্রী, **-শায়িনী**। ২। মহাদেব। উপতৎ; ঊর্ধ্ব—শী+ণিন্ কর্তৃ। বি; পুং।

ঊর্ধ্বশ্বাস—১। দীর্ঘশ্বাস; মৃত্যুকালীন শ্বাস। কর্মধা। বি; পুং। ২। যে হাঁপাইতেছে এরূপ; মুমূর্ষু। ঊর্ধ্ব শ্বাস যাহার, বহু। বিণ। ক্রি-বিণ—**ঊর্ধ্বশ্বাসে** (হাঁপাইতে হাঁপাইতে, দ্রুত গতিতে)।

ঊর্ধ্বস্থ—উপরিস্থিত। উপতৎ; ঊর্ধ্ব—স্থা+ক কর্তৃ। বিণ।

ঊর্ধ্বস্থিত—উপরে বর্তমান। ৭মীতৎ। বিণ।

ঊর্ধ্বাধোভাবে—উপরে নীচে, vertically. ঊর্ধ্বাধঃ ভাব যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

ঊর্বর—শস্যশালী; শস্যোৎপাদী (— ক্ষেত্র)। উর্—ঋ+অচ্ কর্তৃ (নিপা আদ্য উ-কার দীর্ঘ)। বিণ। বি, **-তা**।

ঊর্বস্থি—হাঁটু হইতে কুঁচকি পর্যন্ত বিস্তৃত হাড়, femur. ঊরুর অস্থি, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ঊর্মি—১। তরঙ্গ। ঋ+মি কর্তৃ সংজ্ঞার্থে। ২। স্রোত; আংটি; কাপড় কোঁচানো; ত্বরা; বেগ; উৎকণ্ঠা; ভ্রান্তি; সঙ্গ; প্রকাশ; পীড়া; দেহের ছয় প্রকার ধর্ম (শোক, মোহ, জরা, মৃত্যু, ক্ষুধা ও পিপাসা); অশ্বগতি বিঃ। ঋ+মি করণ। ৩। সমূহ। ঋ+মি কর্ম। বি; স্ত্রী।

ঊর্মিমালা—তরঙ্গশ্রেণী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ঊর্মিমালী (-মালিন্)—সমুদ্র। ঊর্মিমালা+ইন্ আছে অর্থে। বি; পুং। [কর্তৃ। বিণ।

ঊর্মিল—ঢেউখেলানো, undulating. ঊর্মি—লা+ক

ঊর্মিলা—লক্ষ্মণের পত্নী। উপতৎ; ঊর্মি—লা+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

উষর—লবণাক্ত, অনুর্বর ('— ভূমি')। উষ্+র আছে অর্থে। বিণ।
উষসী—১। উষা। বি; স্ত্রী। ২। প্রভাতী; সুন্দরী। বিণ; স্ত্রী। ৩। প্রভাত কাল। কপ্র। বি।
উষা—প্রভাতকাল। উষ+আপ্। বি; স্ত্রী।
উষাকাল—প্রভাত। কর্মধা। বি; পুং।
উষাপান—প্রভাতে জল পান করা। ৭মীতৎ। বি; ক্লী।
উষ্মা (উষ্মন্)—গ্রীষ্ম; গ্রীষ্মকাল; উত্তাপ; ক্রোধ; উত্তেজনা; (ব্যাক) শ ষ স হ—এই চারি বর্ণ। উষ্+মনিন্ কর্তৃ। বি; পুং।
উষ্মবর্ণ—শ ষ স হ—এই চারি বর্ণ। উষ্মাখ্য বর্ণ, মধ্যপ। বি; পুং।
উহ্য—অনুক্ত; যাহা উল্লিখিত না হইলেও আছে বলিয়া ধরিয়া লইতে হয় এমন; অনুমেয়। উহ্+ণ্যৎ কর্ম। বিণ।

[ঋ]

ঋ—সপ্তম স্বরবর্ণ। [ইহার উচ্চারণ-স্থান মূর্ধা। ইহার হ্রস্ব, দীর্ঘ এবং প্লুত উচ্চারণ আছে।]
ঋক্ (ঋচ্)—বেদ বিঃ, ঋগ্বেদ; পদ্যময় বেদমন্ত্র; বেদের এক একটি শ্লোক; গায়ত্রী। ঋচ্+কিপ্ করণ। বি; স্ত্রী।
ঋকার—ঋ এই স্বরবর্ণ। ঋ+কার স্বার্থে। বি; পুং।
ঋকারাদি—ঋ হইতে আরম্ভ করিয়া অন্যান্য (— বর্ণ); আদিতে ঋ-বর্ণবিশিষ্ট। ঋকার আদি বা আদিতে যাহার, বহু। বিণ।
ঋকারান্ত—অন্তে ঋ-বর্ণবিশিষ্ট। ঋকার অন্তে যাহার, বহু। বিণ।
ঋক্থ—ধন; স্থাবর অস্থাবর সম্পত্তি; দায়, উত্তরাধিকারসূত্রে প্রাপ্তব্য সম্পত্তি; স্বর্ণ। ঋচ্+থক্ কর্ম সংজ্ঞার্থে। বি; ক্লী।
ঋক্ষ—১। ভল্লুক। বি; পুং। ২। নক্ষত্র; মেষাদি রাশি। ঋষ্+সক্ কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং বা ক্লী।
ঋক্ষমণ্ডল—সপ্তর্ষি-মণ্ডল নক্ষত্র, Great Bear. ঋক্ষাকার মণ্ডল, মধ্যপ। বি; ক্লী।
ঋক্ষরাজ, ঋক্ষেশ—চন্দ্র; জাম্ববান্। ঋক্ষদের রাজা, ঈশ, ৬ষ্ঠীতৎ; ১ম পক্ষে+টচ্ সমাসান্ত। বি; পুং।
ঋক্‌সংহিতা—ঋগ্বেদসংহিতা। ঋক্‌সম্বন্ধিনী সংহিতা, মধ্যপ। বি; স্ত্রী।
ঋগ্বেদ—প্রথম বেদ। ঋক্‌সম্বন্ধীয় বেদ, মধ্যপ। বি; পুং।
ঋগ্বেদী (-দিন্)—ঋগ্বেদজ্ঞ; ঋগ্বেদানুসারে কার্যকারী; ঋগ্বেদীয় পুরোহিত। ঋগ্বেদ+ইন্ আছে অর্থে। বি বা বিণ; পুং। স্ত্রী, -দিনী।
ঋগ্বেদীয়—ঋগ্বেদবিহিত; ঋগ্বেদসম্বন্ধীয়। ঋগ্বেদ+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
ঋঙ্মন্ত্র—ঋগ্বেদের পদ্যচ্ছন্দে গ্রথিত মন্ত্র। কর্মধা। বি; ক্লী।
ঋজু—সরল ; সুসাধ্য ; সহজ ; অকপট। ঋজ্+কু কর্তৃ। বিণ।
ঋজুকায়—১। কশ্যপমুনি। বি; পুং। ২। সরলদেহ। বহু। বিণ। ৩। সরল দেহ। কর্মধা। বি; পুং।
ঋজুতা, ঋজুত্ব—সরলতা; অবক্রতা। ঋজু+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
ঋজুরেখ—এক সরল রেখায় অবস্থিত, সরল-রৈখিক, rectilinear. ঋজু রেখা যাহাতে, বহু। বিণ।
ঋজুরেখ গতি—(আলোকরশ্মির) সরল রেখায় গমন, rectilinear propagation.
ঋজুরেখা—দুই বিন্দুর ক্ষুদ্রতম দূরত্বসূচক রেখা; সরল রেখা, straight line. কর্মধা। বি; স্ত্রী।
ঋণ—১। ধার, কর্জ [ঋণ চতুর্বিধ; যথা—পিতৃ-ঋণ, ঋষি-ঋণ, দেব-ঋণ ও মানব-ঋণ। সন্তানোৎপাদন দ্বারা পিতৃ-ঋণ, পুরাণাদি পাঠ দ্বারা ঋষি-ঋণ, যজ্ঞাদি সম্পাদন দ্বারা দেব-ঋণ ও নৃশংসতাবর্জন দ্বারা মানব-ঋণ হইতে মুক্ত হওয়া যায়]; জল। ঋ+ক্ত কর্তৃ। ২। ব্যবকলনের বা বিয়োগের চিহ্ন, '—', minus. ঋ+ক্ত করণ। বি; ক্লী।
ঋণগ্রস্ত—যে দেনায় ডুবিয়াছে এরূপ, ঋণমগ্ন। ৩য়াতৎ। বিণ।
ঋণগ্রহণ—ধার লওয়া, কর্জ করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ঋণচিহ্ন—বিয়োগের চিহ্ন, '—' চিহ্ন, minus. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ঋণজাল—ঋণবন্ধন, দেনার দায়। রূপক কর্মধা। বি; ক্লী।
ঋণদাস—ঋণমোচনের জন্য যে নিজে দাসত্ব স্বীকার করে এরূপ ব্যক্তি, ধার শোধ না হওয়া পর্যন্ত যে চাকরি করে। ৩য়াতৎ। বি; পুং।
ঋণপত্র—খত, তমসুক, ধারের অঙ্গীকারপত্র, debenture. ঋণজ্ঞাপক পত্র, মধ্যপ। বি; ক্লী।
ঋণপরিশোধ—ধারশোধ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ঋণপ্রার্থী (-প্রার্থিন্)—ধার করিতে ইচ্ছুক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -প্রার্থিনী।
ঋণমুক্ত—দেনা হইতে মুক্ত। ৫মীতৎ। বিণ।
ঋণমুক্তি, -মোক্ষ, -মোচন—ধার শোধ দেওয়া। ৫মীতৎ। বি; স্ত্রী, পুং, ক্লী।
ঋণলেখ, ঋণলেখ্য—তমসুক, খত। ঋণজ্ঞাপক লেখ, লেখ্য (পত্র), মধ্যপ। বি; পুং, ক্লী।

ঋণশেষ—ঋণের অবশিষ্ট অংশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ঋণশোধ—ধারশোধ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ঋণাত্মক—ঋণসূচক; অভাববোধক, negative ঋণ আত্মা (আত্মন্=স্বরূপ) যাহার, বহু (ক-আগম)। বিণ। স্ত্রী, -ত্মিকা।
ঋণী (ঋণিন্)—অধমর্ণ, ঋণগ্রস্ত; উপকাররূপ ঋণে আবদ্ধ; উপকারপ্রাপ্ত, বাধিত। ঋণ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—ঋণিনী।
ঋণোদ্ধার—ধারশোধ, ঋণমুক্তি। ঋণ হইতে উদ্ধার, ৫মীতৎ। বি; পুং।
ঋত—১। পরব্রহ্ম; সত্য; জল; উঞ্ছ। ঋ+ক্ত কর্তৃ। বি; ক্লী। ২। পীড়িত; পূজিত। ঋ+ক্ত কর্ম। ৩। দীপ্ত; গত। ঋ+ক্ত কর্তৃ। বিণ।
ঋতম্ভর—সত্যপালক ('— পরমেশ্বর')। উপতৎ; ঋত—ভৃ+খ কর্তৃ। বিণ।
ঋতম্ভরা—১। সত্যজ্ঞানরূপ চিত্তবৃত্তি বিঃ। উপতৎ; ঋত—ভৃ+খ কর্তৃ+আপ্। বি; স্ত্রী। ২। সত্যপালিকা। ঋতম্ভর+আপ্। বিণ; স্ত্রী।
ঋতি—১। সৌভাগ্য; পথ; শুভ। ঋ+ক্তি কর্ম। ২। গতি, কুৎসা; স্পর্ধা; বর্ধন; অবজ্ঞা, ঘৃণা। ঋ+ক্তি ভাব। বি; স্ত্রী।
ঋতু—হেমন্ত শীত বসন্ত গ্রীষ্ম বর্ষা ও শরৎ—এই ছয় কাল; স্ত্রীলোকের মাসিক শোণিতস্রাব, রজঃ। ঋ (গমন করা)+তুক্ কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং।
ঋতুকাল—যে কয়দিন স্ত্রীলোকের রজঃপ্রবাহ থাকে সেই সময়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ঋতুকালীন—রজঃকাল-সংক্রান্ত, ঋতুসময়-সম্বন্ধীয়। ঋতুকাল+ঈন সম্বন্ধার্থে। বিণ।
ঋতুনাথ, -পতি—বসন্তকাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ঋতুবিপর্যয়—ঋতুসমূহের বৈপরীত্য; যে ঋতুর পর যে ঋতু আসা উচিত তাহার অন্যথাভাব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ঋতুমতী—যে স্ত্রীর ঋতু হইয়াছে এরূপ, রজস্বলা। ঋতু+মতুপ্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।
ঋতুরক্ষা—স্ত্রীর ঋতুস্নান-অন্তে তাহার সহিত সংগত হইয়া গর্ভাধান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ঋতুরাজ—বসন্তকাল। ঋতুদের রাজা (রাজন্ শব্দ), ৬ষ্ঠীতৎ, বা ঋতুগণমধ্যে রাজা, ৭মীতৎ (সমাসান্ত টচ্)। বি; পুং।
ঋতুস্নাতা—ঋতুকালের চতুর্থ দিনে কৃতস্নানা নারী, ঋতুস্নানকারিণী। ৭মীতৎ। বি; স্ত্রী।
ঋতুস্নান—ঋতুকালীন স্নান, রজোদর্শনের চতুর্থ দিন স্নান। ৭মীতৎ। বি; ক্লী।
ঋত্বিক্ (ঋত্বিজ্)—পুরোহিত; ঋতুযাজী। উপতৎ; ঋতু—যজ্+ক্বিপ্ কর্তৃ। বি; পুং।
ঋদ্ধ—১। সমৃদ্ধিশালী; সঞ্চিত; প্রচুর। বিণ। ২। বিষ্ণু। ঋধ্+ক্ত কর্তৃ। বি; পুং।
ঋদ্ধি—১। সমৃদ্ধি, উন্নতি; সম্পত্তি; সৌভাগ্য। ঋধ্+ক্তি ভাব। ২। মাতৃকা বিঃ; লক্ষ্মী; পার্বতী। ঋধ্+ক্তি কর্তৃ। ৩। সিদ্ধি, ভাঙ্; মঙ্গলবিষয়ক কার্য। ঋধ্+ক্তি করণ। বি; স্ত্রী।
ঋদ্ধিমান্ (-মৎ)—সমৃদ্ধ; ভাগ্যবান্; ধনবান্। ঋদ্ধি+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -মতী।
ঋ-ফলা—ব্যঞ্জনবর্ণে যুক্ত ঋ-কার (ৃ)। বাংপ্র। বি।
ঋভু—দেবতা বিঃ; সতীর দেহত্যাগের পর প্রমথগণ যখন দক্ষযজ্ঞ ভঙ্গ করে তখন ভৃগু মন্ত্রবলে অগ্নি-কুণ্ড হইতে যে সৈন্যের সৃষ্টি করিয়াছিলেন সেই সৈন্য (ইঁহারা বৈবস্বত মন্বন্তরের দেবতা); ব্রহ্মার মানসপুত্র; হীনজাতি বিঃ। ঋ (স্বর্গ)—ভূ+ডু কর্তৃ। বি; পুং।
ঋষভ—বৃষ (সমাসে উপমেয়বাচক শব্দের পরবর্তী হইলে শ্রেষ্ঠার্থবাচক; যথা—বীরর্ষভ); স্বর বিঃ, রেখাব, রে। ঋষ্+অভক্ কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং।
ঋষি—১। মন্ত্রদ্রষ্টা মুনি; যাঁহারা সাংসারিক বিষয় হইতে বিরত হইয়া ধর্মচিন্তায় মনোনিবেশ করেন এরূপ ব্যক্তি [ঋষি সাতপ্রকার: যথা—শ্রুতর্ষি, কাণ্ডর্ষি, পরমর্ষি, মহর্ষি, রাজর্ষি, ব্রহ্মর্ষি, দেবর্ষি। শ্রুতর্ষি : যথা—সুশ্রুতাদি। কাণ্ডর্ষি : যথা—জৈমিনি প্রঃ। পরমর্ষি : যথা—পৈল ইঃ। মহর্ষি : যথা—ব্যাসাদি। রাজর্ষি : যথা—বিশ্বামিত্র, জনক ইঃ। ব্রহ্মর্ষি : যথা—বশিষ্ঠাদি। দেবর্ষি : যথা—নারদ প্রঃ। উক্ত সাতপ্রকার ঋষি ছাড়া রামায়ণে ও মহাভারতে আরও কয়েকপ্রকার ঋষির উল্লেখ দেখা যায়]। ঋষ্+কি কর্তৃ সংজ্ঞার্থে। ২। শাস্ত্রপ্রণেতা; সূত্রচয়িতা; আচার্য; গোত্র-প্রবর্তক মুনি; দীধিতি; বেদাংশ বিঃ। ঋষ্+কি অধি বা করণ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ঋষি-ঋণ—ঋষিগণকে যে ঋণ দেওয়া উচিত; দানকর্ম।
ঋষিকল্প—ঋষিতুল্য; মুনির ন্যায় গুণান্বিত। ঋষি+কল্পপ্ ঈষদূনার্থে। বিণ।
ঋষিতুল্য, -সদৃশ—ঋষির মত, ঋষিস্বরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -ল্যা, -শী।
ঋষিপ্রোক্ত—ঋষিকথিত, ঋষি যেরূপ বলিয়াছেন তদ্রূপ। ৩য়াতৎ। বিণ।
ঋষিশ্রাদ্ধ—ঋষিদিগের অনুষ্ঠিত শ্রাদ্ধ; স্বর্গগত ঋষির শ্রাদ্ধ; আড়ম্বরসার ব্যাপার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ঋষী—মুনিপত্নী। ঋষি+ঈপ্। বি; স্ত্রী।
ঋষ্টি—গ্রহদোষ; অশুভ। ঋষ্+ক্তি ভাব। বি; স্ত্রী।
ঋষ্য—শ্বেতবিন্দু-চিহ্নিত হরিণ; কৃষ্ণসার মৃগ; শ্বেত-পাদ মৃগ। ঋষ্+ক্যপ্ কর্ম। বি; পুং।
ঋষ্যমূক—দক্ষিণদেশীয় পর্বত, পূর্বঘাট ও নীলগিরি নামে পর্বতশ্রেণীর মধ্যবর্তী পর্বত। ঋষ্য মূক যেখানে, বহু; অথবা, ঋষিরা অমূক অর্থাৎ বহু-শাস্ত্রালাপী যেখানে, বহু। বি; পুং।
ঋষ্যশৃঙ্গ—বিভাণ্ডক মুনির পুত্র। ঋষ্যের (মৃগের) শৃঙ্গের ন্যায় শৃঙ্গ যাঁহার, বহু। বি; পুং।

[ৠ]

ৠ—১। অষ্টম স্বরবর্ণ [ইহা বাংলায় প্রায় অপ্রচলিত। ইহার উচ্চারণস্থান মূর্ধা। ইহা প্লুতও হয়]। ২। শিব; দৈত্য; স্বর্গ ("ঋৃকার স্বর্গের নাম তুমি ঋৃ-রূপিণী।"—ভারত)। বি; পুং। ৩। দিতি; অদিতি; গতি; স্মৃতি; মাতা; অষ্টমী; বামনাসিকা। বি; স্ত্রী। ৪। ভয়; রক্ষা; নিন্দা; বাক্যারম্ভ। ঋৃ (গমন করা)+ক্বিপ্ কর্তৃ। অ।

[ৡ]

ৡ—১। নবম স্বরবর্ণ [ইহা বাংলায় সম্পূর্ণরূপে অপ্রচলিত। ইহার উচ্চারণস্থান দন্ত। ইহার হ্রস্ব, দীর্ঘ ও প্লুত উচ্চারণ আছে]। ২। কুণ্ডলিনী, পরমা দেবী ("ৡ-কার দেবের নাম তুমি সে ৡ-কার।"—ভারত); পৃথিবী; অদিতি; নবমী। বি; স্ত্রী। ৩। পর্বত; শ্রীধর; রুদ্র; বিশ্বেশ্বর; মহেন্দ্র। বি; পুং।

[এ]

এ—১। দশম স্বরবর্ণ [ইহার উচ্চারণস্থান কণ্ঠ ও তালু; সংস্কৃতে ইহার দীর্ঘ এবং প্লুত উচ্চারণ আছে, হ্রস্ব উচ্চারণ নাই। বাঙ্গালায় ইহার হ্রস্ব ('এক', 'একজন'), দীর্ঘ ('একুশ') ও প্লুত ('মেঘ') উচ্চারণ আছে]। ২। বিষ্ণু। বি; পুং। ৩। পৃথিবী। ই (গমন করা)+বিচ্ কর্তৃ। বি; স্ত্রী। ৪। স্মৃতি; সম্বোধন, আহ্বান; দয়া; অসূয়া। অ। ৫। এই, ইহা; বর্তমান; এরূপ; সম্মুখবর্তী; মাঝে। <ইদম্। সর্ব, বিণ। ৬। বাঙ্গালা প্রত্যয় বিঃ ['ইয়া' প্রত্যয়ের সংক্ষিপ্ত রূপ; যথা—প্রকারার্থে—মিটমিটে; তন্নির্মিত-অর্থে—মেটে; দেশবাসি-অর্থে—উড়ে; ব্যবসায়ি-অর্থে—জেলে; কর্তা এই অর্থে—খোশামুদে; আছে অর্থে—লালপেড়ে; সংখ্যার পূরণবাচক—বাইশে; ১৯ হইতে তদূর্ধ্ব ৩২ পর্যন্ত সংখ্যার বেলায় (তারিখ অর্থে) প্রযুক্ত হয়]। ৭। বাঙ্গালা শব্দ-বিভক্তি ('জলে', 'চোখে' প্রঃ) ও ধাতু-বিভক্তি ('করে', 'বলে' প্রঃ)।

এই—১। সম্মুখবর্তী; নিকটস্থ; শেষোক্ত; বর্তমান। বিণ। ২। এই ব্যক্তি; এই বস্তু। সর্ব। ৩। এখনই; কিছু আগে; সম্প্রতি; অতঃপর; সম্বোধন-সূচক শব্দ; ভয় বিস্ময় বিরক্তি আনন্দ সমর্থন প্রঃ-সূচক শব্দ। এ+ই নিশ্চয়ার্থে। অ। **এই অবধি**—এখন হইতে; এ-পর্যন্ত। **এই কতক্ষণ**—কিছু আগে। **এই কতদিন**—দু'চার দিন আগে, সম্প্রতি। **এই কেবল**—কিছু আগে। **এই বেলা**—অবিলম্বে; সুযোগ থাকিতে থাকিতে; এই অবসরে। **এই মাত্র**—শুধু ইহা; একটু আগে।

এইসা, এইসান—এইরূপ, এমন। <হি 'ঐসা'। বিণ।

এওজ, এয়োজ—পরিবর্ত, প্রতিনিধি; বিনিময়। <আ 'ইবজ'। বি।

এওচেউ—১। খুব বেশী। ক্রি-বিণ বা বিণ। ২। খুব বেশী খাওয়ার জন্য উদ্গার-শব্দ; হাঁসফাঁস। বাংপ্র। অ।

এও—১। ইনিও; ইহাও। এ+ও সমুচ্চয়ার্থে। সর্ব। ২। সধবা। <অবিধবা। বি বা বিণ; স্ত্রী।

এওত, এওতি—সধবাত্ব, স্বামী বর্তমান থাকা। এও+ত, তি ভাবে (বাংপ্র)। বি।

এ-ও-তা—যা-তা; বাজে কথা; প্রলাপ বাক্য। বাংপ্র। সর্ব।

এ-ও-সে—একথা-সেকথা, বহু ছোটখাট বিষয়। বাংপ্র। সর্ব।

এঃ—বিস্ময়-ঘৃণা-দুঃখাদিসূচক শব্দ। বাংপ্র। অ।

এঁ—উত্তরসূচক এবং বিস্ময় অবজ্ঞা ও স্পর্ধাদিসূচক শব্দ। বাংপ্র। অ।

এঁচড়—ইঁচড় (তাহা দ্রঃ)।

এঁটুলি—আঁটুলি। বাংপ্র। বি।

এঁটে—১। আঁটিয়া, জোরে বাঁধিয়া। অস-ক্রি। ২। কলা কচু প্রঃ গাছের কঠিন মূল, গেঁড়। বাংপ্র। বি।

এঁটেল—আঠাল, আঠার মত চটচটে; যাহাতে বালি নাই এবং যাহা ভিজিলে পিচ্ছিল ও শুকাইলে শক্ত হয় এমন ('— মাটি')। বাংপ্র। বিণ।

এঁটো—১। ভুক্তাবশিষ্ট, উচ্ছিষ্ট; রান্না-করা জিনিসের সহিত যাহার ছোঁয়া লাগিয়াছে এমন। বিণ। ২। উচ্ছিষ্ট অন্নাদি; ভুক্তাবশিষ্ট দ্রব্যাদি। <উচ্ছিষ্ট। বি। **এঁটো উঠানো**—উচ্ছিষ্ট স্থান পরিষ্কার করা।

এঁটোকাটা—ভোজনের পর পাত্রে অবশিষ্ট অন্ন এবং মাছের কাঁটা প্রঃ; উচ্ছিষ্ট স্থান; এঁটো সংযুক্ত পাত্র বা ভূমি। বাংপ্র। বি।

এঁড়ে—১। গোবৎস, মদ্দা বাছুর; বৃষ। বি। ২। ষাঁড়ের ডাকের মত বিকট ধ্বনিবিশিষ্ট; এক-রোখা; সাহসী; পুংজাতীয় ('— গরু')। বিণ। ৩। স্তন্যপায়ী শিশুর ঠিক পূর্বজাত শিশু; ঐ পূর্বজাত শিশুর কৃশতা প্রঃ রোগ। বাংপ্র। বি। **এঁড়ে তর্ক**—যুক্তিহীন অবিরাম তর্ক। **এঁড়ে লাগা**—মাতার নূতন সন্তান সম্ভাবনায় যথোপযুক্ত স্তন-দুগ্ধের অভাবে শিশুর স্বাস্থ্যহানি ঘটা।

এঁড়ে-গলা—ষাঁড়ের মত উচ্চ চিৎকার; ভীষণ কর্কশ শব্দ। বাংপ্র। বি।

এঁড়ে-লাগা—মাতার পুনরায় সন্তান হইবার কালে বা সম্ভাবনাকালে স্তনে যথোপযুক্ত দুগ্ধের অভাবে স্বাস্থ্যহীন (পূর্বজাত শিশু)। বাংপ্র। বিণ।

এঁদের—ইঁহাদের, এই ব্যক্তিগণের। বাংপ্র। সর্ব।

এঁদো, এঁধো—অন্ধকারময়; বনজঙ্গলে ভরা; অতি পুরাতন; পরিত্যক্ত; সংকীর্ণ, অন্ধকার ও নোংরা ('—গলি'); পানা ও কর্দমাদিতে পূর্ণ এবং অব্যবহার্য ('— পুকুর')। <অন্ধ। বিণ।

এঁষানি—আঁষ্টে গন্ধ, আমিষগন্ধ। <আমিষ। বি।

এঁষো—আঁইশবিশিষ্ট, আঁইশে ভরা, আমিষগন্ধি। <আমিষ। বিণ।

এক—১। একসংখ্যা। সর্ব; ক্লী। ২। একসংখ্যা-বিশিষ্ট; একাকী; অসহায়; মিলিত; মিশ্রিত; সমবেত; পূর্ণ; অবিরাম; অদ্বিতীয়; শ্রেষ্ঠ; তুল্য; অন্য, অন্যতম; প্রথম; অনির্দিষ্ট, কোন। ই+কন্ কর্তৃ। বিণ। **এক আঁচড়ে বোঝা**—সামান্য পরিচয়ে বিদ্যা বুদ্ধি স্বভাব প্রঃ জানিতে পারা। **এক ক্ষুরে মাথা মুড়ানো**—একরকম অপরাধে অপরাধী হওয়া। **এক হাত দেখা**—প্রতিদ্বন্দ্বীকে একবার পরীক্ষা করা; একবার প্রতিশোধ লইবার চেষ্টা করা। **এক হাত লওয়া**—সুযোগ পাইয়া প্রতিশোধ লওয়া; সুযোগ-মত দু'কথা শুনাইয়া দেওয়া। **এক হাতে করা**—সকল কাজ একলা করা।

এক-আধ—সামান্য কিছু; কয়েক। এক বা আধ যাহাতে, বহু। বাংপ্র। বিণ।

এক-আধটু—অতি সামান্য। বাংপ্র। বিণ।

এক-আনি—এক আনা বা চারি পয়সা মূল্যের মুদ্রা। বাংপ্র। বি।

একই—একপ্রকারই, তুল্যই, কেবল একটি। এক+ই অবধারণার্থে। বাংপ্র। বিণ।

একক—১। একাকী; অসহায়; কেবলমাত্র। এক+কন্ স্বার্থে। বিণ। ২। সংখ্যা বা পরিমাণ নির্ধারণের জন্য গৃহীত লঘিষ্ঠ পূর্ণ রাশি, unit; সংখ্যার দক্ষিণে প্রথম অঙ্ক। বি; ক্লী।

এককথা—অপরিবর্তনীয় কথা, যে কথা নড়িবার নয়। বাংপ্র। বি।

এককলসী—কলসপূর্ণ ('— জল'); প্রচুর পরিমাণ। বাংপ্র। বিণ।

এককাঁড়ি—রাশীকৃত, বহুপরিমিত। পরিমাণার্থে বহু। বাংপ্র। বিণ।

এককাট্টা—একই উদ্দেশ্যে মিলিত; সংঘবদ্ধ। বাংপ্র। বিণ।

এককালীন—১। সমকালোৎপন্ন, একসময়ে বা একবারে যাহা ঘটে বা করা যায় এরূপ। **এককাল+ঈন** ভবাদ্যর্থে। বিণ। বি, -তা। ২। এককালে, একযোগে ('— দেয়')। বাংপ্র। ক্রি-বিণ।

এককুড়ি—কুড়িটি; কুড়ি। বাংপ্র। বিণ বা বি।

এককেন্দ্রীয়—যাহার কেন্দ্র অন্যের সহিত এক, concentric. এককেন্দ্র+ঈয় বিশিষ্টার্থে। বিণ।

একক্রিয়—তুল্যকার্যকারী, সমব্যবসায়ী। একা ক্রিয়া যাহার, বহু। বিণ।

একখানা—একটা, এক খণ্ড। বাংপ্র। বি বা বিণ।

এক-গঙ্গা—(তরল পদার্থসম্বন্ধে) অনেক, অত্যধিক; বহুপরিমিত। পরিমাণার্থে বহু। বাংপ্র। বিণ।

এক-গলা—গলা পর্যন্ত ডুবিয়া যায় এরূপ ('—জল')। বাংপ্র। বিণ।

এক-গা—সমস্তদেহব্যাপী, গা-ময় ('—গহনা')। ব্যাপ্তি-অর্থে বহু। বাংপ্র। বিণ।

একগাছ—গাছভরা; একটা। বাংপ্র। বিণ।

একগাছা—একটা ('—চুড়ি')। বাংপ্র। বিণ।

একগাছি—একটা ('—হার')। বাংপ্র। বিণ।

এক-গাদা—রাশীকৃত, সুপ্রচুর, অনেক। পরিমাণার্থে বহু। বাংপ্র। বিণ।

একগাল—গালভরা ('—হাসি'); গ্রাস-পরিমিত ('—ভাত')। ব্যাপ্তি-অর্থে বহু। বাংপ্র। বিণ। **একগাল মাছি**—বিব্রত অবস্থা।

একগুঁয়ে—একরোখা, যে আপন জিদ ছাড়ে না এরূপ। এক গোঁ, কর্মধা+এ (<ইয়া) বিশিষ্টার্থে। বাংপ্র। বিণ। বি, -গুঁয়েমি।

একগুরু—সতীর্থ্য, এক গুরুর শিষ্য; সমপাঠী। বহু। বি; পুং। **একগুরুর শিষ্য**—গুরুভাই; একই রকম স্বভাবের লোক; সমান দুষ্ট প্রকৃতির লোক। [বাংপ্র। বিণ।

একগোছা—কতকগুলি; একতাড়া; একখোলো।

একগোটা—একটা। বাংপ্র। বিণ।

একগ্রামীণ—একগ্রামের অধিবাসী। একগ্রাম+ঈন ভবার্থে। বিণ।

একঘরে—জাতিভ্রষ্ট; সমাজচ্যুত, অপাঙ্‌ক্তেয়। এক-ঘর+এ (<ইয়া)। বাংপ্র। বিণ।

একঘেয়ে—একই প্রকারের, অপরিবর্তিত; পরি-বর্তনের অভাবে অরুচিকর; বৈচিত্র্যহীন। এক ঘা

(তালাঘাত), কর্মধা+এ (<ইয়া) বিশিষ্টার্থে। বাংপ্র। বিণ। বি, -ঘ্নি।

একঘ্নী—একজনকে মারা যায় এমন অস্ত্র; কর্ণের অস্ত্র বিঃ। এক—হন্+টক্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

একচক্রা—মহাভারতোক্ত নগরী বিঃ; রাঢ় দেশের গ্রাম বিঃ; নিত্যানন্দপ্রভুর জন্মস্থান। এক চক্র যাহাতে, বহু+আপ্। বি; স্ত্রী।

একচক্ষুঃ (-চক্ষুস্)—১। শুক্রাচার্য। বি; পুং। ২। একনেত্রবিশিষ্ট, কানা; পক্ষপাতী। বহু। বিণ।

একচত্বারিংশ, -শত্তম—চল্লিশের পরবর্তীটি; এক-চল্লিশেরটি। একচত্বারিংশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী, -মী।

একচত্বারিংশৎ—একচল্লিশ (৪১) সংখ্যা; ৪১-সংখ্যক। একাধিকা চত্বারিংশৎ. মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

একচর—একাকী অবস্থানকারী; যে একলা বিচরণ করে এরূপ; যে অন্য লোকের সংসর্গে থাকিতে ভালবাসে না এরূপ; বিজনবাসী; একচারী। এক—চর্+অচ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।

একচল্লিশ—৪১ সংখ্যা; ৪১-সংখ্যক। <এক-চত্বারিংশৎ। বি বা বিণ।

একচারী (-চারিন্)—একাকী বিচরণকারী; বিজন-বাসী। উপতৎ। এক—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -রিণী (সতী)।

একচালা—১। একটি চালযুক্ত ('—ঘর')। বিণ। ২। একটি চালযুক্ত ঘর। একচাল+আ যুক্তার্থে। বি। ৩। একবার চালিয়া-লওয়া ('—খই')। একবার চালা, সুপ্‌সুপা। বাংপ্র। বিণ।

একচিত্ত—১। অনন্যচিত্ত। একে (এক বিষয়ে) চিত্ত যাহার, বহু। ২। অভিন্নহৃদয়। এক (অভিন্ন) চিত্ত (মনোভাব) যাহাদের, বহু। বিণ।

একচুল—একটি চুল-পরিমিত, অতিসূক্ষ্ম; অতি সামান্য ('—ব্যতিক্রম')। এক চুল যাহাতে, পরিমাণার্থে বহু। বাংপ্র। বিণ।

একচেটিয়া, -চেটে—একাধীন, সম্পূর্ণরূপে একজনের করতলগত ('—কারবার'); একটিমাত্র ব্যবসায়-প্রতিষ্ঠানের আয়ত্ত, monopolistic. বাংপ্র। বিণ।

একচোখো—কানা; একদেশদর্শী; পক্ষপাতী। এক-চোখ+ও (<উয়া) বিশিষ্টার্থে। বাংপ্র। বিণ। বি, -খি।

একচোট—এক বার; এক ঘা; একদফায় প্রচুর। বাংপ্র। বি বা বিণ বা ক্রি-বিণ।

একচ্ছত্র—একরাজার শাসনাধীন, একসাম্রাজ্যভুক্ত; দ্বিতীয়প্রভুশক্তিশূন্য; রাজচক্রবর্তী। এক ছত্র (ছাতা—রাজচিহ্ন) যাহাতে বা যাঁহার, বহু (এক+ছত্র)। বিণ। একচ্ছত্র। বিণ।

একছত্র—এক রাজার শাসনাধীন; সার্বভৌম।

একছুট—এক দৌড়, মধ্যে না থামিয়া অতি দ্রুতবেগে যাওয়া; একবস্ত্র কেবল পরিধেয়। কর্মধা। বাংপ্র। বি।

একছুটে—এক দৌড়ে; একবস্ত্র হইয়া, কেবল ধুতি বা শাড়ি পরিয়া। বাংপ্র। ক্রি-বিণ।

একজাই—১। তালিকাবন্ধ; একত্রীকৃত, একসঙ্গে-করা। বিণ। ২। নিরন্তর; একাদিক্রমে, ক্রমাগত। ক্রি-বিণ। ৩। মোট হিসাব। বাংপ্র। বি। **একজাই চালান**—একসঙ্গে চালান, বৎসরান্তে একুন চালান।

একজাত—এক মাতাপিতা হইতে উৎপন্ন; পুরুষ-সংসর্গ ব্যতীত স্ত্রীলোকের গর্ভে উৎপন্ন ('যীশু-খ্রীষ্ট কুমারী মেরীর একজাত সন্তান')। ৫মীতৎ। বিণ।

একজাতি—১। সমশ্রেণীস্থ, একপ্রকারের; একবর্ণ। বহু। বিণ। ২। একটিমাত্র জাতি। কর্মধা। বি; স্ত্রী।

একজাতীয়—তুল্যরূপ; একবর্ণ, একজাতির অন্ত-র্ভুক্ত। একজাতি+ঈয় প্রকারার্থে, সম্বন্ধার্থে। বিণ। [ক্রি-বিণ।

একজায়—একাদিক্রমে, ক্রমাগত; একসঙ্গে। বাংপ্র।

একজোট—সংঘবদ্ধ, একমত। এক জোট যাহাদের, বহু। বাংপ্র। বিণ।

একজোটে—দল বাঁধিয়া; ঐকমত্য-সহকারে। এক জোট যাহাতে বহু, এরূপে। বাংপ্র। ক্রি-বিণ।

একজ্বর—অবিরাম জ্বর। কর্মধা। বি; পুং।

একজ্বরী (-রিন্)—অবিরামজ্বরভোগী। একজ্বর+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -রিণী।

একটা—একমাত্র, একই; কোন এক। এক+টা তুচ্ছার্থে। বাংপ্র। বিণ। **একটা কথার মত কথা**—মনোযোগ দেওয়ার মত বিশেষ একটা কথা। **একটা কিছু**—সুযোগমত যে কোন কাজ।

একটা-কিছু, -কোন—কিছু-না-কিছু; জানা না গেলেও বর্তমান। বাংপ্র। বিণ।

একটা-দুটো—অল্প; কয়েক। বাংপ্র। বিণ।

একটানা—একই দিকে প্রবাহিত ('—স্রোত'); অবিচ্ছিন্ন; অবিরত; একঘেয়ে; বরাবর একই নিয়মে প্রচলিত। একটান+আ বিশিষ্টার্থে। বাংপ্র। বিণ।

একটি, -টী—একটা (তাহা দ্রঃ)।

একটিন—প্রকৃত কর্মচারীদের অনুপস্থিতিতে তাহার কার্যসাধক অপর কর্মচারী; প্রতিনিধি। <ইং 'acting'. বি।

একটিন—স্থায়ী কর্মচারীর অবর্তমানে কিছুদিনের মত কাজ; অভিনয়; আবৃত্তি। <ইং 'acting'. বি।

একটু, -টুকু—কিঞ্চিন্মাত্র, কিছু। এক+টু, টুকু অল্পার্থে। বাংপ্র। বিণ।

একটুখানি—সামান্য; কিছুক্ষণ; অল্পবয়স্ক; দেখিতে খুব ছোট। বাংপ্র। বিণ।

একটেরে—একপেশে; কাজে লাগে না এমন জায়গায় ও সংকুচিতভাবে। বাংপ্র। ক্রি-বিণ।

একঠাঁই—১। একস্থানে মিলিত। বিণ। ২। এক জায়গা; এক জায়গায়। বাংপ্র। বি।

একডোল—এক-সমান, এক-ঢক; একাকার। এক ডোল যাহার, বহু। বাংপ্র। বিণ।

একতঃ (-তস্)—একদিকে, একপার্শ্বে; এক-পক্ষে; একদিক্ হইতে, এক পার্শ্ব হইতে; এক পক্ষ হইতে। এক+তস্ (৭মী বা ৫মী-স্থানে)। অ।

একতন্ত্রী (-তন্ত্রিন্)—১। একপ্রভুবিশিষ্ট; এক-তন্ত্রযুক্ত; একমতাবলম্বী; একটি তারযুক্ত। বিণ। স্ত্রী, -তন্ত্রিণী। ২। একতারা নামক বাদ্যযন্ত্র। একতন্ত্র+ইন্ আছে অর্থে। বি; পুং।

একতম—অনেকের মধ্যে এক। এক+তমপ্ নির্ধারণার্থে। বিণ।

একতর—দুইএর মধ্যে এক। এক+তরপ্। বিণ।

একতরফ—একপার্শ্ব; একদিক্; একপক্ষ। এক তরফ, কর্মধা। ফা-মু। বি।

একতরফা—একপক্ষসংক্রান্ত; একপক্ষ অবলম্বন করিয়া কৃত; একপক্ষের উপস্থিতিতে মীমাংসিত, exparte ('—শুনানি', '—ডিগ্রী')। একতরফ+আ সম্বন্ধার্থে। ফা-মু। বিণ।

একতলা—১। একতলবিশিষ্ট ('—বাড়ি')। এক-তল+আ বিশিষ্টার্থে। বিণ। ২। নীচুতলা। এক (প্রথম) তলা, কর্মধা। বাংপ্র। বি।

একতলীয়—একই সমতলে বিদ্যমান, co-planar. একতল+ঈয় বিদ্যমানার্থে। বিণ।

একতা—ঐক্য; মিলন; অভেদ; সাম্য; মুক্তি বিঃ। এক+তা ভাবে। বি; স্ত্রী।

একতান—১। একই স্বরবিশিষ্ট, সমস্বর; একাগ্র, একবিষয়াসক্ত। এক তান যাহার বা যাহাতে, বহু। বিণ। ২। একঘেয়ে স্বর; বহু যন্ত্রের এক সুরে এবং এক তালে লয়, concert. কর্মধা। বি; পুং।

একতাপন্ন—একতাপ্রাপ্ত; একীভূত; অভিন্ন। একতাকে আপন্ন (প্রাপ্ত), ২য়াতৎ। বিণ।

একতারা—একতারযুক্ত বাদ্যযন্ত্র বিঃ। এক তার, কর্মধা+আ যুক্তার্থে। বাংপ্র। বি।

একতাল—১। সমান তাল, একমিল; সমন্বিত লয়; অবিচ্ছিন্ন নৃত্যগীতাদি। কর্মধা। ২। একস্বরযুক্ত যন্ত্র, 'সংগীতরত্নাকর'-মতে একটিমাত্র তালাঘাতযুক্ত তাল বিঃ। বহু। বি; পুং। ৩। রাশীকৃত; পিন্ডা-কার ('—সোনা')। বহু (বাংপ্র)। বিণ।

একতালা—১। দ্বাদশমাত্রার তাল; (মতান্তরে) চতুর্দশমাত্রিক বা ষোড়শমাত্রিক তাল বিঃ। বি। ২। একতাল-বিশিষ্ট। বহুব্রী। ⟨একতাল। বিণ। ৩। সকলের নীচের তলা। কর্মধা। ⟨একতলা। বি।

একতালী—খোলের চতুর্দশ মাত্রিক (কখনও ষোড়শ মাত্রিক কখনও চতুর্মাত্রিক) তাল বিঃ। বহু (সংজ্ঞার্থে)। বি; স্ত্রী।

একতীর্থ—১। সহপাঠী। এক তীর্থ (গুরু, অধ্যাপক) যাহার, বহু। ২। এক গুরু। কর্মধা। বি; পুং।

একত্তর—সম্মিলিতভাবে; একবিষয়ে; একস্থানে। ⟨একত্র। অ।

একত্ব—ঐক্য; অভেদ; সাম্য। এক+ত্ব ভাবে। বি; ক্লী।

একত্র—একস্থানে; একবিষয়ে; একদিকে। এক+ত্রল্ সপ্তমী-স্থানে। অ।

একত্রিংশ, -শত্তম—একত্রিশেরটি, ত্রিশের পরবর্তীটি। একত্রিংশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী, -মী।

একত্রিংশৎ—৩১-সংখ্যা; ৩১-সংখ্যক। একাধিকা ত্রিংশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

একত্রিত—একস্থানে সমবেত; একত্রীকৃত। একত্র+ণিচ্ (=একত্রি নামধাতু)+ক্ত কর্ম-কর্তৃ, কর্ম। বিণ।

একত্রিশ—৩১-সংখ্যা; ৩১-সংখ্যক। ⟨একত্রিংশৎ। বি বা বিণ।

একথা-ওকথা, একথা-সেকথা—বাজে কথা; নানা কথা। দ্বন্দ্ব। বাংপ্র। বি।

একথোকে—একেবারে, একসঙ্গে; সমষ্টিগতভাবে। এক থোক যাহাতে এরূপে, বহু। বাংপ্র। ক্রি-বিণ।

একদংষ্ট্র, -দন্ত—গণেশ। এক দংষ্ট্রা, দন্ত যাঁহার, বহু। বি; পুং।

একদম—১। একনিঃশ্বাস। কর্মধা। বি। ২। একে-বারে; সম্পূর্ণরূপে; মোটেই। বাংপ্র। ক্রি-বিণ।

একদল—১। যাহাদের অর্থাৎ যে-সকল বীজের একটি করিয়া দল থাকে এমন, monocot. বহু। বিণ। ২। এক গোষ্ঠী বা পক্ষ। কর্মধা (বাংপ্র)। বি। ৩। অনেকগুলি; এক পক্ষ বা গোষ্ঠীর অন্তর্ভুক্ত; এক মতের অনুবর্তী হিসাবে সমবেত। বহু (বাংপ্র)। বিণ।

একদলীয়—একটি দল বা গোষ্ঠীর অন্তর্ভুক্ত বা তদ্বিষয়ক। একদল+ঈয়। বাংপ্র। বিণ।

একদা—এক সময়ে; যুগপৎ; কোন সময়ে। এক+দাচ্ (কালার্থে সপ্তমী-স্থানে)। অ।

এক-দাপটে—একনিঃশ্বাসে; একদৌড়ে। এক দাপট যাহাতে, বহু, এরূপে। বাংপ্র। ক্রি-বিণ।

একদিন—১। এক দিবস। কর্মধা। বি; ক্লী। ২। একদা; কোন সময়ে। বাংপ্র। ক্রি-বিণ।

একদিল—অভিন্ন-হৃদয়, অভেদাত্মা। বহু। বাংপ্র। বিণ।

একদৃষ্টি—১। অনন্যদৃষ্টি, একলক্ষ্য। একে দৃষ্টি যাহার, বহু। বিণ। ২। কাক। বি; পুং। ৩। কানা। এক দৃষ্টি (নেত্র) যাহার, বহু। বিণ। ৪। এক বিষয় দর্শন, একদিকে দৃষ্টিপাত। একে দৃষ্টি, ৭মীতৎ। বি; স্ত্রী।

একদৃষ্টে—অনন্যদৃষ্টিতে; স্থিরনেত্রে। ⟨একদৃষ্টৌ =একদৃষ্টি+এ করণার্থে। ক্রি-বিণ।

একদেশ—একাংশ, কোন অংশ। কর্মধা। বি; পুং।

একদেশদর্শিতা—সকল অংশ ভাল করিয়া না জানা; সংকীর্ণচিত্ততা; পক্ষপাতিত্ব। একদেশদর্শিন্+তা ভাবে। বি; স্ত্রী।

একদেশদর্শী (-দর্শিন্)—একাংশমাত্রে নিপুণ; সর্বাংশে অনভিজ্ঞ; অবহুদর্শী; অনুদার; কোনও

বিষয়ের এক অংশ মাত্র যে বিবেচনা করে এমন; পক্ষপাতী, একচোখো। উপতৎ; একদেশ—দৃশ্+ ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -র্দর্শিনী।

একদেশীয়—একদেশবাসী; একদেশজাত। একদেশ+ ঈয় ভবাদ্যর্থে। বিণ।

একদেহ—১। অভিন্ন-শরীর, একাত্মা। এক দেহ যাহাদের, বহু। বিণ। ২। অভিন্ন শরীর। কর্মধা। বি; পুং বা ক্লী। **একদেহ একপ্রাণ**—যাহাদের সকল দিক্ দিয়া মিল আছে এরূপ, সব দিক্ দিয়া একতাবদ্ধ, অভিন্নহৃদয়।

একদৌড়—একবারমাত্র দৌড়ানো, একছুট। কর্মধা। বাংপ্র। বি।

একধর্মা (-ধর্মন্)—তুল্যধর্মবিশিষ্ট, সমানধর্মা। এক (তুল্য) ধর্ম যাহার, বহু (সমাসান্ত অনিচ্)। বিণ।

একধর্মী (-ধর্মিন্)—একধর্মা; একধর্মভুক্ত। এক-ধর্ম+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -ধর্মিণী।

একধা—একপ্রকারে; একপ্রকার, একরকম। এক+ ধাচ্ প্রকারার্থে। অ; বিণ বা ক্রি-বিণ।

একনবতি—একানব্বই সংখ্যা; একানব্বই-সংখ্যক। একাধিকা নবতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

একনবতিতম—একানব্বইয়েরটি, নব্বইয়ের পরবর্তীটি। একনবতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

একনলা—এক নল-বিশিষ্ট ('—বন্দুক')। বহু। বাংপ্র। বিণ।

একনাগাড়, -নাগাড়ে—ক্রমাগত, অনবরত; অবিচ্ছেদে। এক নাগাড় যাহাতে, বহু, এরূপে। বাংপ্র। ক্রি-বিণ।

একনায়ক—১। অদ্বিতীয় প্রভু; একমাত্র শাসনকর্তা। এক নায়ক, কর্মধা। বি; পুং। ২। একমাত্র-প্রভুবিশিষ্ট; এক ব্যক্তির শাসনাধীন। এক নায়ক যাহার বা যথায়, বহু। বিণ।

একনায়কতন্ত্র—একনায়করাজ্যতন্ত্র (তাহা দ্রঃ)।

একনায়কত্ব—একমাত্র শাসনকর্তার কর্তৃত্ব। একনায়ক +ত্ব ভাবে। বি; পুং।

একনায়করাজ্যতন্ত্র—যে রাজ্যের শাসনকার্য একজনের মতানুসারে সম্পন্ন হয় সেই রাজ্যের শাসনপ্রণালী, autocracy. একনায়ক রাজ্য, কর্মধা; তাহার তন্ত্র, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

একনিষ্ঠ—একে পরিসমাপ্ত; একানুরাগী ('—সেবক'); একের প্রতি আস্থাসম্পন্ন; ভিন্ন বিষয় বা ব্যক্তিতে উদাসীন। একে নিষ্ঠা যাহার, বহু। বিণ। বি, -ত্ব, -তা।

একনিষ্ঠা—১। একের প্রতি অনুরাগিণী; পতিব্রতা; একবিষয়ে আস্থাসম্পন্না। একনিষ্ঠ+আপ। বিণ· স্ত্রী। ২। এক বিষয়ে বা ব্যক্তিতে অনুরাগ; একে আস্থা। ৭মীতৎ। বি; স্ত্রী।

একপক্ষ—১। কোন এক দল বা দিকের আশ্রয়কারী; সহায়। বহু। বিণ। ২। একদল; এক দিক্; শুক্ল বা কৃষ্ণ পক্ষ। কর্মধা। বি; পুং।

একপঞ্চাশ—১। একপঞ্চাশত্তম, একান্নরটি। এক-পঞ্চাশৎ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী। ২। একান্ন, ৫১-সংখ্যা; ৫১-সংখ্যক। প্রাদে। বি বা বিণ।

একপঞ্চাশৎ—একান্ন সংখ্যা; ৫১-সংখ্যক। একাধিকা পঞ্চাশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

একপঞ্চাশত্তম—পঞ্চাশের পরবর্তীটি। একপঞ্চাশৎ+ তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

একপদীকরণ—অনেকগুলি পদ মিলাইয়া একপদ করা, সমাসকরণ। একপদ+চ্বি অভূততদ্ভাবার্থে (=একপদী)—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।

একপদীভাব—অনেকগুলি পদের একপদ হওয়া, সমাস। একপদ+চ্বি অভূততদ্ভাবার্থে (=এক-পদী)—ভূ+ঘঞ্ ভাব। বি; পুং।

একপাটা, -পাট্টা—উড়ানি, একবস্ত্র। হি-মু। বি।

একপাদ—একচরণ; এক-চতুর্থাংশ; শ্লোকের চারি চরণের একচরণ। কর্মধা। বি; পুং।

একপাল—একদল; একসঙ্গে অনেকগুলি। কর্মধা বা বহু। বি বা বিণ।

একপাশ—১। একধার; একদিক্। কর্মধা। বি। ২। কাত, একপেশে। বহু। বিণ।

একপুরুষ—১। পরমেশ্বর। কর্মধা। বি; পুং। ২। একপুরুষান্বিত, একপুরুষে। এক পুরুষ যাহাতে, বহু। বিণ। ৩। বংশানুক্রম হিসাবে এক ব্যক্তির জীবনকাল। কর্মধা। বাংপ্র। বি।

একপুরুষে—এক পুরুষের জীবনকালীন। বাংপ্র। বিণ।

একপেট—পেট ভরিয়া ('—খাওয়া')। এক (সম্পূর্ণ, পূর্ণ) পেট যাহাতে, বহু, এরূপে। বাংপ্র। ক্রি-বিণ।

একপেশে—একধারে অবস্থিত; একপাশে ঘেঁষা; একদিকে ঝোঁকা; একদিকে ভারী; পক্ষপাতী; কোণঠাসা। একপাশ+এ (<ইয়া)। বাংপ্র। বিণ।

একপ্রাণ—১। সমপ্রাণ। বিণ। ২। সখা, বন্ধু। বহু। বি; পুং।

একফালা, -ফালি—একটুকরা; লম্বাভাবে কাটা এক-খণ্ড। বাংপ্র। বিণ।

একফের, একফেরতা—একবারমাত্র ঘোরানো (রজ্জু বা হারাদি); এক আবর্তনবিশিষ্ট। বহু। বাংপ্র। বিণ।

একবংশীয়—এককুলোৎপন্ন, সগোত্র। একবংশ+ঈয় ভবার্থে। বিণ।

একবগ্‌গা—একগুঁয়ে। <একবর্গা। বিণ।

একবচন—ব্যাকরণোক্ত একত্বসংখ্যাবাচক যে বিভক্তি-দ্বারা একটিমাত্র জিনিস বা ব্যক্তি বুঝায়, singular number. একসূচক বচন, মধ্যপ। বি; ক্লী।

একবস্ত্র—১। উত্তরীয়রহিত বস্ত্র, পরিধেয়মাত্র। কর্মধা। বি; ক্লী। ২। একবস্ত্রান্বিত, পরিধেয়মাত্র-সম্বল; একজাতীয়-বস্ত্রবিশিষ্ট। বহু। বিণ।

একবাক্যে—কোনরূপ মতদ্বৈধ না রাখিয়া, সমবেত কণ্ঠে; এককথায়। এক বাক্য যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

একবাদ—একব্রহ্মত্ব-কথন (বৈদান্তিকেরা ব্রহ্ম হইতে

সমস্ত পদার্থের অভিন্নত্ব-প্রতিপাদনকেই একবাদ-রূপে নির্দেশ করিয়া থাকেন)। ৬ষ্ঠীতৎ বা একের বাদ আছে যাহাতে, বহু। বি; পুং।

একবার—এক সময়; এক দফা। কর্মধা। বাংপ্র। বি।

একবারে—এক দফায়; নিতান্ত; সম্পূর্ণভাবে। বাংপ্র। ক্রি-বিণ।

একবাস—১। একমাত্র বস্ত্র; একমাত্র গৃহ। কর্মধা। বি; পুং। ২। একবস্ত্রপরিহিত; একমাত্রগৃহ-বিশিষ্ট। বহু। বিণ।

একবিংশ, -বিংশতিতম—একুশেরটি, কুড়ির পরবর্তীটি। একবিংশতি+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-শী, -মী**।

একবিংশতি—একুশ; ২১-সংখ্যা; ২১-সংখ্যক। একাধিকা বিংশতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

একবিধ—একপ্রকার; সমজাতীয়। বহু। বিণ।

একবীজপত্রী (-ত্রিন্)—একদল (তাহা দ্রঃ)।

একভিতে—একপাশে, একদিকে। বাংপ্র। ক্রি-বিণ।

একমত—১। যাহাদের মতের ঐক্য আছে এরূপ; একবাক্য। বহু। বিণ। ২। তুল্য অভিপ্রায়। কর্মধা। বি; ক্লী।

একমতাবলম্বী (-লম্বিন্)—একই অভিপ্রায়যুক্ত; একমত; এক মতবাদ বা সিদ্ধান্তের সমর্থক; এক-বাক্য; একপরামর্শী। উপতৎ; একমত—অব—লম্ব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-লম্বিনী**।

একমনাঃ (-মনস্)—একচিত্ত। একে মনঃ যাহার, বহু। বিণ।

একমনে—বিষয়ান্তরে মনোনিবেশ না করিয়া, একাগ্রচিত্তে। একে মন যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

একমাত্র—১। কেবল একটি, একটির অনধিক। একই এই বাক্যে, নিত্য। ২। এক মাত্রাবিশিষ্ট। বিণ। ৩। হ্রস্বস্বর, অ ই উ ঋ ঌ—এই কয়টি স্বর। এক মাত্রা যাহার বা যাহাতে, বহু। বি; পুং।

একমাত্রা—১। একটিমাত্র হ্রস্বস্বরের উচ্চারণকাল; ছন্দঃপরিমাপক কালবিভাগের একটি বিভাগ; প্রাচীন সংগীতশাস্ত্রমতে পাঁচটি হ্রস্বস্বরের উচ্চারণকাল (পরবর্তী কালে পাঁচ-স্থানে চার স্বীকৃত)। কর্মধা। বি; স্ত্রী। ২। একবার সেবনের মত, একপান, একদাগ। কর্মধা। বাংপ্র। বি বা বিণ।

একমুখো—যাহার মুখ কেবল এক দিকে এমন ('— পথ')। বাংপ্র। বিণ।

একমুঠো—মুষ্টিপরিমিত, যাহা মুঠার মধ্যে থাকে এরূপ ('— চাল')। পরিমাণার্থে বহু। বাংপ্র। বিণ।

একমুষ্টি—মুষ্টিপরিমিত, একমুঠো। পরিমাণার্থে বহু। বিণ।

একমেটে—একবার মাত্র মাটি-ধরানো ('— প্রতিমা'); প্রথম আরব্ধ; অসমাপ্ত; আংশিকভাবে সম্পূর্ণ; অর্ধগঠিত; একহারা। এক মাটি, কর্মধা+এ (<ইয়া) যুক্তার্থে। বাংপ্র। বিণ। **একমেটে করা**—আংশিকভাবে করা।

একযোগে—মিলিতভাবে। বাংপ্র। ক্রি-বিণ।

একর—জমির পরিমাণ বিঃ, ৪৮৪০ বর্গগজ পরিমিত ভূমি। <ইং 'acre'. বি।

একরকম—একরূপ; তুল্যপ্রকার; ভালও নয় মন্দও নয় এমন। বাংপ্র। বিণ।

একরঙা—একটি মাত্র রংবিশিষ্ট, একবর্ণে রঞ্জিত। বাংপ্র। বিণ।

একরত্তি—একরতি পরিমিত, একটি কুচফলের সমান ভারবিশিষ্ট; অতি সামান্য; খুব ছোট। পরিমাণার্থে বহু। বাংপ্র। বিণ।

একরার—কবুল, স্বীকার। <আ 'ইকরার'। বি।

একরারনামা—চুক্তিপত্র, স্বীকারপত্র। <ইকরার (আ) +নামা (ফা)। বি।

একরাশ—অনেক, প্রচুর ('— ফুল')। বাংপ্র। বিণ।

একরূপ—১। সমানরূপ; একপ্রকার, identical. বহু। ২। চলনসই; মোটামুটি রকম। বাংপ্র। বিণ।

একরেখীয়—এক সরল রেখায় অবস্থিত, collinear. একরেখা+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

একরোখা—ক্রোধী; একগুঁয়ে; যাহাতে মাত্র একদিকে নকশা আছে এরূপ ('—কাপড়'); কেবল এক-ভাবে বোনা ('— বস্ত্র')। একরোখ+আ বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।

একল—একাকী; যিনি যন্ত্র কিংবা অন্য কোন ব্যক্তির সাহায্য না লইয়া গান করিয়া লোকের মনোরঞ্জন করিতে পারেন এরূপ। এক+ল অসহায়ার্থে (বাংপ্র)। বিণ।

একলপ্ত—অভিন্ন, লাগাও ('— জমি')। ফা-মু। বিণ।

একলষেঁড়ে, -সেঁড়ে—অত্যন্ত হিংসুক; অতিশয় স্বার্থপর; অমিশুক। বাংপ্র। বিণ।

একলা-দুকলা, -দোকলা—একজন-দুইজন; অত্যল্প-লোক; নিঃসঙ্গ। বাংপ্র। বিণ।

একলা—একাকী। <একল। বিণ বা ক্রি-বিণ।

একলাটি—একলা। বাংপ্র। বিণ।

একলি—একাকিনী। প্রা কপ্র। বিণ; স্ত্রী।

একলেডা—একখানি মাত্র লেড (lead) বা সীসার পাত দিয়া কম্পোজ-করা বা মুদ্রিত। বাংপ্র। বি বা বিণ। [বা বিণ।

একশ—১০০-সংখ্যা বা তৎ-সংখ্যক। <একশত। বি

একশত—১। ১০০-সংখ্যা; কোন বস্তুর একশটি। কর্মধা। বি; ক্লী। ২। শতসংখ্যক। বহু। বিণ।

একশা—একে পরিণত, একাকার; একসঙ্গে মিলিত। বাংপ্র। বিণ।

একশিরা—একটি অণ্ডকোষের স্ফীতিরূপ রোগ। বাংপ্র। বি।

একশিলা—একটি অখণ্ড প্রস্তরে গঠিত ('— পাহাড়')। বহু (বাংপ্র)। বিণ।

একশেষ—১। দ্বন্দ্বসমাস বিঃ—যাহাতে একটি মাত্র শব্দ অবশিষ্ট থাকে। এক শেষ যাহাতে, বহু। বি; পুং। ২। পরাকাষ্ঠা, চরম; প্রাবল্য। বাংপ্র। বি।

একষট্টি—৬১-সংখ্যা; ৬১-সংখ্যক। <একষষ্টি। বি বা বিণ।

একষষ্টি—একষট্টি, ৬১-সংখ্যা ; ৬১-সংখ্যক। একাধিকা ষষ্টি, মধ্যপ। বি বা বিণ ; স্ত্রী।

একষষ্টিতম—একষট্টির পূরণ, একষট্টিতমটি। একষষ্টি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

একসপ্ততি—৭১-সংখ্যা; ৭১-সংখ্যক। একাধিকা সপ্ততি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

একসপ্ততিতম—একাত্তরের পূরণ, সত্তরের পরবর্তীটি। একসপ্ততি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

একহাত—সুযোগমত একচোট; এক বাজি; একহস্ত পরিমিত। বাংপ্র। বিণ। **একহাত লওয়া**—সুযোগমত আক্রোশ মিটানো। [হি-মূ। বিণ।

একহারা—ছিপছিপে, কৃশ ('— চেহারা'); একমাত্র।

একা—১। একলা, একাকী; কেবল। ⁄একক। ২। অদ্বিতীয়া, মুখ্যা; একমাত্র। এক+আপ্। বিণ; স্ত্রী।

একাকার—১। একসমান, উচ্চনীচ ভেদরহিত; আচারবিচারশূন্য। এক আকার যাহার, বহু। বিণ। ২। একবিধ আকার। কর্মধা। বি; পুং।

একাকী (-কিন্)—নিঃসঙ্গ, অসহায়। এক+আকিন্ অসহায়ার্থে। বিণ। স্ত্রী, -কিনী।

একাক্ষ—১। কাক। বি; পুং। ২। কানা। এক অক্ষি (চক্ষুঃ) যাহার, বহু (সমাসান্ত ষচ্)। বিণ। স্ত্রী, -ক্ষী।

একাগ্র—একনিষ্ঠ, এক বিষয়েই আসক্ত; অনাকুল। এক অগ্রে যাহার, বহু। বিণ।

একাগ্রচিত্ত—অনন্যমনাঃ, তন্ময়হৃদয়। বহু। বিণ।

একাগ্রতা—একমাত্র বিষয়ে মনঃসংযোগ, তন্ময়তা। একাগ্র+তা ভাবে। বি; স্ত্রী।

একাঘ্নী—কর্ণের মহাস্ত্র বিঃ। উপতৎ; এক—আ—হন্+টক্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

একাত্তর—একসপ্ততি, ৭১-সংখ্যা; ৭১-সংখ্যক। হি-মূ। বি বা বিণ।

একাত্মতা—ঐক্য ; সখ্য ; পরমাত্মার অদ্বিতীয়ত্ব। একাত্মন্+তা ভাবে। বি; স্ত্রী।

একাত্মবাদ—অদ্বৈতবাদ। একাত্ম-বিষয়ক বাদ (উক্তি), মধ্যপ। বি; পুং।

একাত্মবাদী (-বাদিন্)—ব্রহ্মমাত্র স্বীকারকারী, বেদান্তমতাবলম্বী। উপতৎ; একাত্মন্—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বাদিনী।

একাত্মা (-ত্মন্)—১। অভিন্নদেহ, একপ্রাণ; সুহৃদ্; একপ্রকার। এক আত্মা যাহার, বহু। বিণ। ২। অদ্বিতীয় পরমাত্মা। কর্মধা। বি; পুং।

একাদশ (-দশন্)—এগার, ১১-সংখ্যা; ১১-সংখ্যক। একাধিক দশ, মধ্যপ। বি বা বিণ।

একাদশ—একাদশের পূরণ, একাদশস্থানীয়। একাদশন্+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী। •

একাদশী—১। একাদশ-সংখ্যার পূরণী তিথি; হরিবাসর; রবীন্দ্রনাথ-সৃষ্ট এগার মাত্রার তাল বিঃ। বি; স্ত্রী। ২। একাদশ সংখ্যার পূরণী। একাদশ+ঈপ্। বিণ; স্ত্রী।

একাদিক্রম—১। একনাগাড়; অনুক্রম। একাদি (এক আদি যাহার, বহু) ক্রম, কর্মধা। বি; পুং। ২। আনুপূর্বিক, অনুক্রমিক। একাদি ক্রম যাহাতে, বহু। বিণ।

একাদিক্রমে—এক অর্থাৎ প্রথম হইতে আরম্ভ করিয়া পর পর; অনুক্রমিকভাবে। একাদি ক্রম আছে যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

একাধার—একমাত্র পাত্র; অদ্বিতীয় আশ্রয়; একই স্থান ('তিনি একাধারে সব')। এক আধার, কর্মধা। বি; পুং।

একাধিক—১। একোত্তর, একবেশী (যথা—একাধিক-শত=১০১)। ৩য়াতৎ। ২। একের বেশী, অনেক। ৫মীতৎ। বিণ। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

একাধিকার—একচেটে অধিকার, monopoly.

একাধিপ, একাধিপতি—একমাত্র অধীশ্বর, অদ্বিতীয় প্রভু; সর্বনিয়ন্তা। এক অধিপ, অধিপতি, কর্মধা। বি; পুং বা বিণ।

একাধিপত্য—সর্বময়কর্তৃত্ব, কেবল একের প্রভুত্ব। ৬ষ্ঠীতৎ বা কর্মধা। বি; ক্লী।

একানব্বই, -নব্বুই—৯১-সংখ্যা; ৯১-সংখ্যক। ⁄একনবতি। বি বা বিণ।

একানে—নিঃসঙ্গ, একাকী; একটি ডালবিশিষ্ট। বাংপ্র। বিণ।

একান্ত—১। অত্যন্ত; অবধারিত। এক হইয়াছে অন্ত (নিশ্চয়) যাহাতে, বহু। বিণ। ২। নির্জন স্থান। কর্মধা। ৩। একের অবধারণ। একের অন্ত (নিশ্চয়), ৬ষ্ঠীতৎ। বি; পুং। **একান্ত পক্ষে**—নিতান্তই যদি।

একান্তর—একটির পর একটি করিয়া বাদ দিয়া অবস্থিত; এক ব্যবধানে অবস্থিত, তৃতীয় স্থানবর্তী, alternate. এক অন্তর যাহাতে, বহু। বিণ। **একান্তর কোণ**—কোণ বিঃ [দুইটি (সমান্তরাল) সরল রেখাকে অপর একটি সরল রেখা ছেদ করিলে ভিতর দিকে যে চারিটি কোণ উৎপন্ন হয় তাহাদের যে-কোন কোণ বিপরীত পার্শ্বের অপর সমান্তরাল রেখার সংলগ্ন কোণের একান্তর কোণ]।

একান্তরিত—একব্যবহিত, তৃতীয়স্থানবর্তী। এক দ্বারা অন্তরিত (ব্যবহিত), ৩য়াতৎ। বিণ।

একান্তসচিব—কাহারও ব্যক্তিগত কার্যে সহায়ক এবং পরামর্শদাতা বা ভারপ্রাপ্ত কর্মচারী, private secretary. বি; পুং।

একান্তে—নির্জনস্থানে, বিরলে। বি, অধি-৭মী।

একান্ন—১। একত্র অন্নগ্রহণকারী; একপরিবারভুক্ত; সংসৃষ্ট; একভোজী। এক অন্ন যাহার বা যাহাদের, বহু। বিণ। ২। ব্রত বিঃ। এক অন্ন (ভোজন) যাহাতে, বহু। বি, ক্লী। ৩। একপঞ্চাশৎ সংখ্যা; ৫১-সংখ্যক। বাংপ্র। বি বা বিণ।

একান্নবর্তী (-বর্তিন)—একপরিবারভুক্ত, অভিভক্ত। উপতৎ· একান্ন—বৃৎ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বর্তিনী। বি, -বর্তিতা। **একান্নবর্তী পরিবার**—যৌথ পরিবার, joint family.

একান্নভোজী (-ভোজিন্)—সহভোজী; একাহারী;

একপরিবারভুক্ত। উপতৎ; একান্ন—ভুজ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ভোজিনী।

একান্নভুক্ত—একান্নভোজী। এক (অ-পৃথক্) অন্ন, কর্মধা; একান্ন দ্বারা ভুক্ত (অধিকৃত), ৩য়াতৎ। বিণ।

একান্বয়—একমাত্র বস্তু বা বিষয়ের সহিত বিভিন্ন বস্তুর সম্বন্ধ; একঘেয়েমি, monotony. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

একাবলী—এক-নর মালা, এক-নর হার; অর্থালংকার বিঃ [উত্তরোত্তর পদার্থের বিশেষ্যগুলি যদি পূর্ব পূর্ব পদার্থের বিশেষণরূপে স্থাপিত বা নিবিন্ধ হয়, তাহা হইলে এই অলংকার হয়; যথা—
"সরোবর বিকসিতপদ্মমনোহর,
প্রতিপদ্ম যথা শোভে ভৃঙ্গসমন্বিত,
ভৃঙ্গ যথা সংগীতের ঝংকারে মুখর,
সংগীত-শ্রবণে যথা মন্মথ উদিত।"
এই স্থানে পদ্ম, ভৃঙ্গ এবং সংগীত এই পর পর তিনটি বিশেষ্যপদ, পূর্ব পূর্ব পদ সরোবর, পদ্ম এবং ভৃঙ্গের বিশেষণরূপে উপন্যস্ত হইল]। একা আবলী (শ্রেণী) যাহার বা যাহাতে, বহু। বি; স্ত্রী। [পুং।

একার—'এ' এই অক্ষর; 'ে'। এ+কার স্বার্থে। বি;

একারাদি—যাহার প্রথমবর্ণে একার আছে এমন শব্দ। বহু। বিণ।

একারান্ত—অন্তে এ-বর্ণবিশিষ্ট, যাহার শেষে 'এ' আছে এরূপ। একাব অন্তে যাহার, বহু। বিণ।

একার্থ—১। যাহার অর্থ এক এরূপ, একাভিধেয়; একমাত্র প্রয়োজনসম্পন্ন। এক অর্থ যাহার বা যাহাদের, বহু। বিণ। ২। এক ব্যুৎপত্তি; তুল্য অভিপ্রায়; সম প্রয়োজন। কর্মধা। বি; পুং।

একার্থক—একার্থ (১) দ্রঃ। এক অর্থ যাহার, বহু (ক-আগম)। বিণ। স্ত্রী, -র্থিকা।

একার্থতা—একার্থবোধকতা, একপ্রতিপাদ্যতা; এক-প্রয়োজনবিশিষ্টতা; উদ্দেশ্য বা অভিপ্রায়ের অভিন্নতা। একার্থ+তা ভাবে। বি; স্ত্রী।

একার্থ-প্রতিপাদক, -বোধক—এক অর্থের প্রতিপাদনকারী (দুই বা বহু শব্দ)। একার্থের প্রতিপাদক, বোধক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -পাদিকা, -বোধিকা।

একাল-ওকাল—ইহকাল ও পরকাল; বর্তমান কাল ও প্রাচীন কাল; দ্বন্দ্ব। বাংপ্র। বি। [বি।

একাল-সেকাল—বর্তমান ও অতীত। দ্বন্দ্ব। বাংপ্র।

একাশি, একাশী—৮১-সংখ্যা; ৮১-সংখ্যক। ∠একাশীতি। বি বা বিণ।

একাশীতি—৮১-সংখ্যা; ৮১-সংখ্যক। একাধিকা অশীতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

একাশীতিতম—আশির পরবর্তীটি, একাশিরটি। একাশীতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

একাশ্রয়—১। যাহার একটিমাত্র আশ্রয় এরূপ; এক-কার্যাবলম্বী; একজনের আশ্রিত। এক আশ্রয় যাহার, বহু। বিণ। ২। একমাত্র অবলম্বন বা গতি। কর্মধা। বি; পুং।

একাশ্রিত—কেবল একের শরণাপন্ন; একমাত্র বিষয়ে আসক্ত। একের আশ্রিত, ২য়াতৎ। বিণ।

একাসন—১। একমাত্র উপবেশন-স্থান, অভিন্ন আসন। কর্মধা। বি; ক্লী। ২। এক আসনে উপবিষ্ট; যিনি আসন ত্যাগ করিয়া উঠেন না এরূপ। এক আসন যাঁহার, বহু। বিণ।

একাহার—১। দিনে একবারমাত্র ভোজন। কর্মধা। বি; পুং। ২। একাহারী। বহু। বিণ।

একাহারী (-হারিন্)—একদিনে একবারমাত্র ভোজনকারী। একাহার+ইন্ আছে অর্থে। বি বা বিণ। স্ত্রী, -হারিণী।

একাহিক—একদিনসাধ্য; একদিনে উৎপাদ্য। একাহ+ইক সাধ্যার্থে। বিণ। স্ত্রী, -কী।

একীকরণ—একত্র সংস্থাপন, সমষ্টিকরণ; বহু দ্রব্যকে মিলাইয়া একটি দ্রব্য প্রস্তুত করা। এক+চ্বি অভূততদ্ভাবার্থে। (= একী)—কৃ+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -কৃত।

একীভবন—একাকার হওয়া; একত্র মিলিত হওয়া, সমান হওয়া। এক+চ্বি অভূততদ্ভাবার্থে (=একী) —ভূ+অনট্ ভাব। বি; ক্লী।

একীভাব—একত্ব, মিলিত হইয়া এক হওয়া। এক+চ্বি অভূততদ্ভাবার্থে (=একী)—ভূ+ঘঞ্ ভাব। বি; পুং।

একীভূত—একে পরিণত; সমত্বপ্রাপ্ত; অনেকগুলির মিলনে উৎপন্ন একটি। এক+চ্বি অভূততদ্ভাবার্থে (=একী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

একুন—মোট, সর্বসুদ্ধ, সমুদয়। বাংপ্র। বিণ।

একুনে—সমষ্টিতে, মোটে। বাংপ্র। ক্রি-বিণ।

একূল-ওকূল—শ্বশুরকুল ও পিতৃকুল; ইহকাল ও পরকাল; উভয় অবলম্বন। দ্বন্দ্ব। বাংপ্র। বি।

একুশ—একবিংশতি-সংখ্যা; একবিংশতি-সংখ্যক। ∠একবিংশতি। বি বা বিণ।

একুশে—মাসের ২১ দিনের দিন। বাংপ্র। বি বা বিণ।

একূল-ওকূল—উভয়তীর; উভয় অবলম্বন। দ্বন্দ্ব। বাংপ্র। বি।

একে—১। ইহাকে। বাংপ্র। সর্ব। ২। একটিতে, এক বিষয়ে, এক পক্ষে। সর্ব, অধিকরণ। একে একে—একটির পর একটি করিয়া, পরে পরে।

একেবারে—সম্পূর্ণভাবে, একদম। বাংপ্র। ক্রি-বিণ।

একেলা—একলা (তাহা দ্রঃ)।

একেশ্বর—১। এক ভগবান্; একমাত্র অধিপতি, অদ্বিতীয় প্রভু। এক এমন ঈশ্বর, কর্মধা। বি; পুং। ২। একাকী, একমাত্র। প্রা কপ্র। বিণ। স্ত্রী, -রী।

একেশ্বরবাদ—ঈশ্বর এক ভিন্ন দ্বিতীয় নহেন—এইরূপ উক্তি বা মত, monotheism. একেশ্বর-সমর্থক বাদ, মধ্যপ। বি; পুং।

একেশ্বরবাদী (-বাদিন্)—অদ্বিতীয়-ব্রহ্মবাদী, monotheist. একেশ্বরবাদ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, বাদিনী।

একৈক—এক একটি; এক এক। এক+এক (বীপ্সার্থে দ্বিরুক্তি, সমাসবৎ)। বিণ। স্ত্রী, -কা।
একো—ইক্ষুজাত, আকের ('— গুড়')। বাংপ্র। বিণ।
একোদ্দিষ্ট—এক ব্যক্তির উদ্দেশে বর্ষে বর্ষে যে শ্রাদ্ধ করা হয় সেই শ্রাদ্ধ, সাংবৎসরিক শ্রাদ্ধ; প্রেতোদ্দেশক শ্রাদ্ধ। এক উদ্দিষ্ট (লক্ষিত) যাহাতে, বহু। বি; ক্লী।
একোন—এক কম। এক দ্বারা ঊন, ৩য়াতৎ। বিণ।
এক্কা—দুইচাকাওয়ালা এক-ঘোড়ার গাড়ি। হি। বি।
এক্কাওয়ালা—এক্কাগাড়ির চালক। হি-মু। বি।
এক্কা-দোক্কা—মেয়েদের খেলা বিঃ। বাংপ্র। বি।
এক্তার—এখতিয়ার (তাহা দ্রঃ)।
এক্ষণ—বর্তমান কাল, এখন। এই ক্ষণ, কর্মধা। বাংপ্র। বি।
এক্সচেঞ্জ—মহাজনদের বিল বিনিময়ের স্থান; আন্তঃপ্রাদেশিক বা আন্তর্জাতিক বিনিময়-প্রতিষ্ঠান। <ইং 'exchange'. বি।
এক্সপ্রেস—১। দ্রুত পৌঁছানোর বন্দোবস্তে পাঠানো; দ্রুতগামী। বিণ। ২। দ্রুতগামী বাস রেলগাড়ি ইঃ। <ইং 'express'. বি।
এখতিয়ার—ক্ষমতা, পরাক্রম; অধিকার; ইচ্ছা। <আ 'ইখতিয়ার'। বি।
এখন—এক্ষণে, সম্প্রতি; বর্তমান কালে; এই অবস্থায়। এ (<এই) খন (<ক্ষণ), কর্মধা। বাংপ্র। অ।
এখনকার—এই সময়ের, ইদানীন্তন। এখন+কার সম্বন্ধার্থে। বাংপ্র। বিণ।
এখন-তখন—মুমূর্ষু ('— অবস্থা')। বাংপ্র। বিণ।
এখনি, এখনই—এই মুহূর্তে, অবিলম্বে। বাংপ্র। অ।
এখান—এইস্থান; এই খণ্ড। এ (<এই) খান (<স্থান, খণ্ড), কর্মধা। বাংপ্র। বি।
এখানকার—এইস্থানের। এখান+কার সম্বন্ধার্থে। বাংপ্র। বিণ।
এখো—আকের, ইক্ষুজাত। বাংপ্র। বিণ।
এগজামিন—পরীক্ষা। <ইং 'examination'. বি।
এগজিবিশন—প্রদর্শনী। <ইং 'exhibition'. বি।
এগনো—অগ্রসর হওয়া। <অগ্রগমন। বি।
এগার, -রো—১১-সংখ্যা; ১১-সংখ্যক। <একাদশন্। বি বা বিণ।
এজন, এজনা—এই ব্যক্তি। কর্মধা। বাংপ্র। বি।
এজন্য—এই নিমিত্ত, এই কারণে। বাংপ্র। অ।
এজমালি—সাধারণের, একাধিক ব্যক্তির, শরিকী, joint. <আ 'ইজমাল'। বিণ।
এজলাস—বিচারালয়; বিচারাসন। <আ 'ইজ্‌লাস্'। বি।
এজাহার—সাক্ষ্য। <আ 'ইজাহার'। বি।
এজেন্ট—প্রতিনিধি; প্রধান কর্মচারী, ভারপ্রাপ্ত ব্যক্তি। <ইং 'agent'. বি।
এজেন্সি—এজেণ্টের কার্য; এজেণ্টের কার্যস্থান; গোমস্তাগিরি; প্রতিনিধিত্ব; এজেণ্টরূপে কার্য; এজেণ্টের কার্যকরণ। <ইং 'agency'. বি।
এঞ্জিন—যে যন্ত্র স্বয়ং চলিয়া অপর যন্ত্র চালায়; রেলের কলযুক্ত গাড়ি। <ইং 'engine'. বি।
এঞ্জিনিয়ার—যন্ত্রবিশারদ; স্থপতি, বাস্তুকার। <ইং 'engineer'. বি।
এটর্নি—বিশেষ ক্ষমতাপ্রাপ্ত আইনসংক্রান্ত কর্মচারী; মকদ্দমার তদ্বিরকারক ব্যবহারাজীব। <ইং 'attorney'. বি।
এটা, এটি—এই বস্তু ব্যক্তি বা বিষয়; ইহা। এ+টা, তুচ্ছার্থে, টি আদরার্থে। বাংপ্র। সর্ব।
এটা-ওটা-সেটা—নানা জিনিস; অনির্দিষ্ট ব্যাপার; অবান্তর বিষয়। দ্বন্দ্ব। বাংপ্র। বি।
এটা-সেটা—নানা; নানা জিনিস; বাজে জিনিস। বাংপ্র। বিণ বা বি।
এড়া—১। নিক্ষেপ করা, ছাড়া। বাংপ্র। ক্রি [, বি]। ২। অতিক্রান্ত; জাল হইতে পলায়িত ('— মাছ'); অলস; অপরিষ্কৃত; পরিবর্জিত; বাসী; বাতিল; অকেজো। বাংপ্র। বিণ।
এড়ান—ছাড়ান, নিষ্কৃতি। বাংপ্র। বি।
এড়ানো, এড়নো—পলায়ন করা; বর্জন করা; জড়াইয়া যাওয়া; অতিক্রম করা; কাত করা; ঢালা; রক্ষা পাওয়া; ফাঁকি দেওয়া বা পাশ কাটাইয়া যাওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
এডিটর—পুস্তকাদির সংস্কারক; সংবাদপত্র-সম্পাদক। <ইং 'editor'. বি।
এডিটরি—এডিটরের কাজ, সংবাদপত্র-সম্পাদনা। ইং-মু। বি।
এড়ো—একপেশে, কাত, আড়; চওড়ার দিকে স্থিত; কুটিল। আড়+ও (<উয়া) বিশিষ্টার্থে। বাংপ্র। বিণ।
এণ্ট্রান্স—'এনট্রান্স' দ্রঃ।
এণ্ডা—ডিম। <অণ্ড। বি। **এণ্ডায় গণ্ডায়**—গোঁজামিল দিয়া।
এণ্ডাবাচ্চা—ছোট ছেলেমেয়ে, ছোট ছোট ছেলেমেয়ের দল। দ্বন্দ্ব। বাংপ্র। বি।
এণ্ডী—আসামী তসর বিঃ। এণ্ড (<এরণ্ড)+ঈ উৎপন্নার্থে। বি। [<এতাবৎ। বিণ।
এত—এই পরিমাণ, ইয়ৎ-সংখ্যক; এমন বেশী।
এতটুকু—এই পরিমাণ; খুব কম; সামান্যমাত্র; অপ্রতিভ; উদ্যমহীন; নিরাশ; মলিন ('মুখ — হইয়া গেল')। বাংপ্র। বিণ।
এতৎ (এতদ্)—(সমাসে ব্যবহৃত) ইহা, এই, ইনি; সম্মুখস্থ। ই+তদ্ কর্তৃ। সর্ব, বিণ।
এতত্তুল্য, এতৎসম—ইহার মত, এতাদৃশ। ইহার তুল্য, সম, ৬ষ্ঠীতৎ। বিণ।
এতদতিরিক্ত—ইহার বেশী; ইহা ভিন্ন। ইহা হইতে অতিরিক্ত, ৫মীতৎ। বিণ।
এতদর্থে—এই নিমিত্ত, এই জন্য। বহু। ক্রি-বিণ।
এতদীয়—এই সম্বন্ধীয়। এতদ্+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
এতদুদ্দেশ্য—এই অভিপ্রায় এই মতলব। এতদ্ (এই) উদ্দেশ্য, কর্মধা। বি; ক্লী।

এতদ্দেশীয়—এদেশজাত; এদেশের। এতদ্দেশ+ঈয় ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ।
এতদ্ব্যতিরিক্ত, এতদ্ব্যতীত—ইহা ভিন্ন, ইহা ছাড়া। ৫মীতৎ, ২য়াতৎ। বিণ।
এতদ্ভিন্ন—ইহা ব্যতীত, এছাড়া। ইহা (এতদ্ শব্দ) হইতে ভিন্ন, ৫মীতৎ। বিণ।
এতহি—এইখানে; এইদিকে; এই। প্রা কপ্র। ক্রি-বিণ। [বিণ।
এতহুঁ—এত , এই সমস্ত ; এই পর্যন্ত। প্রা কপ্র।
এতাদৃশ—এরূপ, ঈদৃশ। এতদ্—দৃশ্+কঞ্ কর্ম। বিণ। স্ত্রী, -শী।
এতাবৎ—এতৎপরিমিত, এত, এই পরিমাণের। এতদ্ +বতুপ্ পরিমাণার্থে। বিণ; ক্লী।
এতাবৎকাল—এতৎপরিমিত সময়, একাল পর্যন্ত। কর্মধা। বি; পুং।
এতিম—মাতাপিতৃহীন। আ। বিণ।
এতিমখানা—অনাথ আশ্রম, orphanage. আ। বি।
এতেক—এ পর্যন্ত; এই সমস্ত; এই সকল কথা। কপ্র। বি বা বিণ।
এত্তেলা, এত্তেলা—সংবাদ। ∠আ 'ইত্তিলা'। বি।
এদিক্-ওদিক্—দুই দিক্; চারিদিক্, সকল দিক্; দুই পথ। দ্বন্দ্ব। বাংপ্র। বি। **এদিক্-ওদিক্ করা**—ইতস্ততঃ করা ; ইতস্ততঃ বেড়ানো।
এদিকে—ইতিমধ্যে; এই অবস্থায়; এই সঙ্গে; এই দিকে; এই পক্ষে। বাংপ্র। ক্রি-বিণ।
এদের—ইহাদের। বাংপ্র। সর্ব।
এদ্দিন—এতকাল। ∠এতদিন। বি।
এধার-ওধার—চারিধার, সর্বত্র; এদিক্-ওদিক্। বাংপ্র। বি।
এনভেলাপ—চিঠি আটকাইবার খাম; চিঠির আবরণী। ∠ইং 'envelope'. বি।
এনামেল—ধাতুর উপর কাচের ন্যায় মসৃণ জিনিসের কলাই; মিনা। ∠ইং 'enamel'. বি।
এন্‌ট্রান্স, এন্ট্রান্স—প্রবেশিকা বা বিশ্ববিদ্যালয়ের প্রথম পরীক্ষা (এখন স্কুল ফাইনাল বলা হয়)। ∠ইং 'entrance'. বি।
এন্তাকাল—১। হস্তান্তর, ক্রোক। ∠ফা 'ইন্তকাল'। ২। মৃত্যু। ∠আ 'ইন্‌তেকাল'। বি।
এন্তাজার, এন্তেজার—অধীন, আয়ত্ত। ∠আ 'ইন্তজার'। বিণ।
এন্তাজারি, এন্তেজারি—অধীনতা, বশ্যতা, আনুগত্য; পরমুখাপেক্ষিতা। ∠আ 'ইন্তজার'। বি।
এন্তার—প্রচুর অজস্র; বিরামবিহীন। ∠পো 'entaro'. বিণ।
এন্তেকাল—এন্তাকাল (তাহা দ্রঃ)।
এন্তেজার, এন্তেজারি—'এন্তাজার' ও 'এন্তাজারি' দ্রঃ।
এপার-ওপার—একূল-ওকূল ; এক পিঠ হইতে অন্য পিঠ পর্যন্ত; সামনে হইতে পিছনে। বাংপ্র। বি।
এপাশ-ওপাশ—উভয় দিক্, সকল দিক্। দ্বন্দ্ব। বাংপ্র। বি। **এপাশ-ওপাশ করা**—বিছানার একপাশ হইতে অপর পাশ পর্যন্ত গড়াগড়ি দেওয়া; যন্ত্রণায় ছটফট করা। [বি।
এপিঠ-ওপিঠ—দুই দিক্; উপর-নীচ। দ্বন্দ্ব। বাংপ্র।
এপ্রিল—ইংরেজী বৎসরের চতুর্থ মাস। ∠ইং 'April'. বি। [∠ইং 'affidavit'. বি।
এফিডেভিট—শপথপূর্বক বর্ণনা; হলফী এজাহার।
এফোঁড়-ওফোঁড়—একদিক্ হইতে অপর দিক্ পর্যন্ত ফোঁড়া; একদিক্ দিয়া প্রবেশ করিয়া অপর দিক্ দিয়া বাহির হওয়া। দ্বন্দ্ব। বাংপ্র। বি।
এবং (এবম্)—১। এইপ্রকার, এতাদৃশ। ই+বম্ কর্তৃ। ২। ও, আরও। বাংপ্র। অ। **এবমস্তু**—ইহাই হউক। সং বাক্য।
এবংবাদী (-বাদিন্)—যে এইরূপ বলে এমন। উপতৎ: এবম্—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বাদিনী।
এবংবিধ—ঈদৃশ, এইপ্রকার। এবম্ (ঈদৃশী) বিধা (প্রকার) যাহার, বহু। বিণ।
এবড়োখেবড়ো—অসমতল; উঁচুনীচু। বাংপ্র। বিণ।
এবম্প্রকার—এইরূপ। এবম্ (এই) প্রকার যাহার, বহু। বিণ।
এবম্ভূত—এইরূপ। এবম্—ভূ+ক্ত কর্তৃ। বিণ।
এবার—এই সময়; এই বৎসর; এই দফায়; এই জন্মে; এই অবস্থায়। বাংপ্র। বি বা ক্রি-বিণ।
এবারকার—এবারের। বাংপ্র। বিণ।
এবে—এই সময়ে। কপ্র। অ।
এম-এ—বিশ্ববিদ্যালয়ের কলা বিভাগের উপাধি বিঃ (M. A.—Master of Arts).
এম-এস-সি—বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের উপাধি বিঃ (M. Sc.—Master of Science).
এম-ডি—চিকিৎসাশাস্ত্রে বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ উপাধি (M. D.—Doctor of Medicine).
এমত—এইরূপ। এ (এই)+মত সদৃশার্থে (বাংপ্র)। বিণ।
এমতি—এইপ্রকার, এরূপ। প্রা কপ্র। বিণ।
এমন—এইপ্রকার। ∠এবম্। বিণ।
এমনটি—এমন দ্বিতীয়টি। বাংপ্র। বি।
এমনতর, এমনিতর—এপ্রকার, এরূপ। এমন, এমনি+ তর প্রকারার্থে (বাংপ্র)। বিণ।
এমনি, এমনই—১। এইপ্রকার; এই ভাবের। বিণ। ২। বিনা ব্যয়ে; অকারণে। এমন+ই অবধারণার্থে (বাংপ্র)। ক্রি-বিণ।
এম-বি-বি-এস—বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা-বিজ্ঞান বিষয়ের উপাধি বিঃ (M. B. B. S.—Bachelor of Medicine and Surgery).
এমুখো—এদিকে আসিবার জন্য উদ্‌গ্রীব, এদিকে আসিতে উদ্যত। বাংপ্র। বিণ।
এমুড়ো-ওমুড়ো—একধার হইতে অপর ধার পর্যন্ত; সমস্তটা। বাংপ্র। বি বা ক্রি-বিণ।
এযাত্রা—এইবার। এই যাত্রা, কর্মধা। বাংপ্র। বি।
এযাবৎ—এপর্যন্ত; এখন পর্যন্ত। এই যাবৎ, সুপ্ (বাংপ্র)। অ।

এয়ার—'ইয়ার' দ্রঃ।
এয়ারকি—'ইয়ারকি' দ্রঃ।
এয়ারিং—ইয়ারিং, কর্ণকুণ্ডল। <ইং 'earring'. বি।
এয়ো—সধবা স্ত্রী। <অবিধবা। বি; স্ত্রী।
এয়োত, এয়োতি—অবৈধব্য, সধবাত্ব। এয়ো+ত, তি ভাবে। বাংপ্র। বি।
এয়োতী—সধবা রমণী। বাংপ্র। বি বা বিণ; স্ত্রী।
এর—১। ইহার; এই ব্যক্তির, এই বস্তুর। বাংপ্র। সর্ব। সম্ব-ষষ্ঠী। ২। সম্বন্ধবিভক্তির চিহ্ন।
এরণ্ড, এরণ্ডক—ভেরেণ্ডা গাছ। আ—ঈর্‌+অণ্ডচ্‌ কর্তৃ সংজ্ঞার্থে; পক্ষে স্বার্থে কন্‌। বি; পুং।
এরণ্ডতৈল—এরণ্ডফল হইতে উৎপন্ন তৈল, রেড়ির তেল, castor oil. এরণ্ডজাত তৈল, মধ্যপ। বি; ক্লী।
এরারুট, এরোরুট—রোগীর পথ্য একপ্রকার পালো। <ইং 'arrowroot'. বি।
এরূপ—এপ্রকার। এ (এই) রূপ যাহার, বহু (বাংপ্র)। বিণ।
এরোপ্লেন—ব্যোমযান, উড়োজাহাজ। <ইং 'aeroplane'. বি।
এল—আসিল। বাংপ্র। ক্রি।
এলা—এলাচ গাছ ও ফল। ইল্‌+অচ্‌ কর্তৃ+আপ্‌। বি; স্ত্রী।
এলাকা—দখল, অধিকার, হুদ্দা; সংস্রব। <আ ['ইলাকা'। বি।
এলাকাড়া, -কাড়ি—শিথিলতা; ঢিলেমি; অসতর্কতা। বাংপ্র। বি।
এলাকাধীন—এলাকার অন্তর্ভুক্ত, দখলে। ষষ্ঠীতৎ। [আ-ম্‌। বিণ।
এলাচ, এলাচি—এলাচফল, বড় এলাচ বা ছোট এলাচ। <এলা। বি।
এলাচদানা—এলাচফলের বীজ; ভিতরে বড় এলাচের দানাযুক্ত চিনির গুলি। ষষ্ঠীতৎ। বাংপ্র। বি।
এলানো—১। প্রসারিত; উন্মুক্ত, খোলা; অবসন্ন। বাংপ্র। বিণ। ২। পাঁচিয়া থসথসে হওয়া; খুলিয়া ফেলা; আলুলায়িত করা; শিথিল করা বা হওয়া; অবসন্ন হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
এলাম—আসিলাম। বাংপ্র। ক্রি।
এলালতা—এলাচির গাছ। কর্মধা, অথবা ষষ্ঠীতৎ। বি; স্ত্রী।
এলাহী—রাজোচিত; রাজকীয়; সম্রাটের উপযুক্ত; সবিশেষ; বড় রকমের ('— কাণ্ড')। <আ 'ইলাহী'। বিণ।
এলুমিনিয়ম—শ্বেতবর্ণ হালকা ধাতু বিঃ। <ইং 'aluminium'. বি।
এলেকা—এলাকা (তাহা দ্রঃ)।
এলেম—১। গুণবত্তা; জ্ঞান; বুদ্ধি, বোধশক্তি; স্মরণশক্তি; চতুরতা। <আ 'ইল্‌ম্‌'। বি। ২। আসিলাম। বাংপ্র। ক্রি।
এলেমদার—বুদ্ধিমান, সুচতুর; কার্যদক্ষ। <আ 'ইল্‌ম্‌'+ফা 'দার'। বিণ।
এলেমবাজ—বুদ্ধিমান্‌, সুচতুর; বিদ্বান্‌; কার্যদক্ষ; নিপুণ। <ইল্‌ম্‌ (আ)+বাজ (ফা)। বিণ।
এলো—১। উন্মুক্ত; আবাঁধা; শিথিল ('— খোঁপা'); অসম্বন্ধ ('— কথা'); অবাধ; যাহা পাঁচিয়া থসথসে হইয়া গিয়াছে এমন; গোলমেলে; অসংযত ('— হাওয়া'); অসতর্ক। <আকুল। বিণ। ২। আসিল। বাংপ্র। ক্রি।
এলোকেশ—উন্মুক্ত কেশ, খোলা চুল। কর্মধা। বাংপ্র। বি।
এলোকেশী—১। উন্মুক্তকেশা দেবী শ্যামা। বি; স্ত্রী। ২। উন্মুক্তকেশা, অসংযতকেশা; যাহার চুল বিশৃঙ্খল অবস্থায় আছে এরূপ। বহু। বাংপ্র। বিণ; স্ত্রী।
এলোচুলী—উন্মুক্তকেশা, আলুলায়িতকুন্তলা। বহু (বাংপ্র)। বিণ; স্ত্রী।
এলোথেলো—আলুথালু, অসংযত। <অসংবৃত। বাংপ্র। বিণ।
এলোধাবাড়ি, এলোপাতাড়ি—যে কোন প্রকারে, কোন কিছু নির্দেশ বা স্থির না করিয়া, যেমন-তেমন করিয়া। বাংপ্র। ক্রি-বিণ।
এলোপ্যাথি—বিষমগুণ ঔষধ দ্বারা রোগের চিকিৎসা। <ইং 'allopathy'. বি।
এলোমেলো—বিশৃঙ্খল, বিপর্যস্ত; নানাদিক্‌ হইতে প্রবাহিত ('— বায়ু'); অসংলগ্ন; অসংযত। বাংপ্র। বিণ।
এষণা—ইচ্ছা; প্রবৃত্তি; অনুসন্ধান। ইষ্‌+অন ভাব+আপ্‌। বি; স্ত্রী।
এষা—১। অন্বেষণ; ইচ্ছা। এষ্‌+অ ভাব+আপ্‌। বি; স্ত্রী। ২। বাঞ্ছিতা; স্মরণীয়া। বাংপ্র। বিণ।
এসিড—রাসায়নিক অম্লদ্রব্য, দ্রাবক। <ইং 'acid'. বি।
এসেন্স—পুষ্পাদির সুগন্ধ নির্যাস। <ইং 'essence'. বি।
এসেসার—যিনি দায়রার মকদ্দমায় জজকে বিচারে সাহায্য করেন; যিনি কর নির্ধারণ করেন। <ইং 'assessor'. বি।
এসপার—এই দিক্‌; এই পার। বাংপ্র। বি।
এসপার-ওসপার—শুভাশুভ, ভালমন্দ; জীবন অথবা মৃত্যু; লাভ অথবা ক্ষতি; চূড়ান্ত। বাংপ্র। বি।
এস্টেট—জমিদারি, তালুক। <ইং 'estate'. বি।
এস্তাহার—ইস্তাহার, বিজ্ঞাপন, প্রকাশ্য ঘোষণা। <আ 'ইশ্‌তিহার'। বি।
এস্তেমাল—অভ্যাস; বারবার প্রয়োগ, ব্যবহার। বাদ্যযন্ত্র বিঃ। বাংপ্র। বি।
এস্রাজ, এসরাজ—সেতার ও সারেঙ্গীর মিশ্রণে উৎপন্ন বাদ্যযন্ত্র বিঃ। <আ 'ইস্‌রার'। বি।
এহি—এই, ইহা; ইহাতে ('এহি না মিটায়ব দরশন-তিয়াসা।'—মাধব)। প্রা কপ্র। সর্ব।
এহেন—এতাদৃশ, এমন, এরূপ। কপ্র। বিণ।

[ঐ]

ঐ—১। একাদশ স্বরবর্ণ [ইহার উচ্চারণস্থান কণ্ঠ ও তালু। ইহার দীর্ঘ ও প্লুত উচ্চারণ আছে। কিন্তু হ্রস্ব উচ্চারণ নাই। বাংগালায় ইহার উচ্চারণ 'অই' ও 'ওই']। ২। আহ্বান আমন্ত্রণ স্মরণ সম্বোধন প্রঃ সূচক শব্দ। অ। ৩। কিঞ্চিৎ দূরস্থ দৃশ্য পদার্থ। সর্ব। ৪। পূর্বোল্লিখিত; অদূরস্থ; ওই। <অদস্। বিণ।

ঐক—একার্থবোধক; এক-সম্বন্ধীয়। এক+অণ্ স্বার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—**ঐকী**।

ঐকতান—ভিন্নজাতীয় অনেকগুলি যন্ত্রের এক সুরে এবং লয়ে মিলন; সমস্বর বাদ্য, concert. একতান +অণ্ ভাবে। বি; ক্লী।

ঐকতানবাদন—ভিন্নজাতীয় কতকগুলি বাদ্যযন্ত্র এক-সুরে বাঁধিয়া বাজানো। ঐকতানযুক্ত বাদন, মধ্যপ। বি; ক্লী।

ঐকপত্য—একাধিপত্য; সার্বভৌমত্ব; অনিয়ন্ত্রিত ক্ষমতা। একপতি+যক ভাবে। বি ; ক্লী।

ঐকপদিক—একবিভক্ত্যন্ত-পদজাত। একপদ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -**কী**।

ঐকপদ্য—অনেক পদের একার্থবোধকত্ব। একপদ+ ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

ঐক্যবাক্য—একবাক্যতা, অভিন্ন মত, সমোক্তি। এক-বাক্য+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

ঐকমত্য—মতৈক্য, অবিরুদ্ধ মত; মতের মিল। এক-মত+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [বি; ক্লী।

ঐকল্য—এককত্ব, একাকিত্ব। একল+ষ্যঞ্ ভাবার্থে।

ঐকাগ্র—একাগ্রচিত্ত, অভিনিবিষ্ট, একই বিষয়ে আসক্ত। একাগ্র+অণ্ স্বার্থে। বিণ। স্ত্রী, -**গ্রী**।

ঐকাগ্র্য—একাগ্রতা, একই বিষয়ে আসক্তি। একাগ্র বা ঐকাগ্র+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

ঐকাত্ম্য—ঐক্য; অভেদ, অভিন্নত্ব, তাদাত্ম্য, identity; একপ্রাণতা। একাত্মন্+ষ্যঞ্ ভাবে। বি ; ক্লী।

ঐকান্তিক—অবশ্যম্ভাবী, নিশ্চিত; প্রগাঢ়; দৃঢ়; আত্যন্তিক; একনিষ্ঠ। একান্ত+ইক ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, -**কী**। [পুং।

ঐকার—'ঐ' এই বর্ণ: 'ৈ'। ঐ+কার স্বার্থে। বি;

ঐকারান্ত—ঐকার অন্তে যার এমন শব্দ। বহু। বিণ।

ঐকাহিক—যাহা এক দিন অন্তর হয় এরূপ; একদিন-সম্বন্ধীয়; একদিনে নিষ্পাদ্য; যাহা একদিন ব্যাপিয়া থাকে এরূপ। একাহ+ইক ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী, -**কী**।

ঐক্য—একতা, মিল; অভেদ; একীভাব, একরূপতা। এক+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

ঐক্যতান—ঐকতান (তাহা দ্রঃ)।

ঐক্ষব—ইক্ষু হইতে উৎপন্ন, একো। ইক্ষু+অণ্ ভবার্থে। বিণ। স্ত্রী, -**বী**।

ঐচ্ছিক—ইচ্ছাধীন, যাহা ইচ্ছা করিলেই করা যায় এরূপ, voluntary, optional; ইচ্ছানুযায়ী। ইচ্ছা +ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -**কী**।

ঐছন—ঐপ্রকার। প্রা কপ্র। বিণ।

ঐছে—ঐপ্রকারে; ঐকারণে। প্রা কপ্র। অ।

ঐতরেয়—উপনিষদ্ বিঃ, ব্রাহ্মণগ্রন্থ বিঃ। ইতর (মুনি বিঃ)+এয় প্রণীতার্থে। বি; পুং বা ক্লী।

ঐতিহাসিক—ইতিহাসসংক্রান্ত; ইতিহাসোক্ত; ইতি-হাসবেত্তা; ইতিহাসলেখক। ইতিহাস+ইক সম্বন্ধার্থে, জাতার্থে। বিণ। স্ত্রী, -**কী**।

ঐতিহাসী—ইতিহাস-সম্বন্ধীয়া। ইতিহাস+অণ্ সম্বন্ধার্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

ঐতিহ্য—কিংবদন্তী; পরম্পরাগত উপদেশবাক্য; অতীব গৌরব যাহা বরাবর চলিয়া আসিতেছে এরূপ কাহিনী, অতীত বা বংশানুক্রমে আগত গৌরবময় পরিচিতি, tradition; ইতিহাসের কথা। ইতিহ+ষ্যঞ্ স্বার্থে। বি; ক্লী।

ঐন্দ্রজালিক—১। কুহকী, জাদুকর, magician. ইন্দ্রজাল+ইক ব্যবহার করে এই অর্থে। বি; পুং। ২। ইন্দ্রজালসংক্রান্ত। ইন্দ্রজাল+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -**কী**।

ঐন্দ্রিয়িক—ইন্দ্রিয়পরায়ণ। ইন্দ্রিয়+ইক। বিণ।

ঐ-যা—বিস্ময়সূচক; আক্ষেপব্যঞ্জক। বাংপ্র। অ।

ঐরাবত—ইন্দ্রহস্তী, পূর্বদিকের হস্তী; রাগ বিঃ। ইরাবৎ+অণ্ উৎপন্নার্থে। বি: পুং।

ঐরূপ—ঐরকম, তদ্রূপ। বহু। বিণ।

ঐশ, ঐশিক—ঐশ্বরিক। ঈশ্+অণ্, ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—**ঐশী, ঐশিকী**।

ঐশশক্তি—জগদীশ্বরের ক্ষমতা। ঐশী শক্তি, কর্মধা। বি; স্ত্রী।

ঐশিক—'ঐশ' দ্রঃ।

ঐশী—ঈশ্বরসম্বন্ধিনী, ভাগবতী, দৈবী। ঈশ+অণ্ সম্বন্ধার্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

ঐশ্বর, ঐশ্বরিক—ঈশ্বরসম্বন্ধীয়, ভগবানের। ঈশ্বর +অণ্, ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -**রী**, -**কী**।

ঐশ্বর্য—প্রভুত্ব, সম্পত্তি; ঈশ্বরধর্ম, অষ্টপ্রকার

বিভূতি [অণিমা, লঘিমা, ব্যাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কামাবসায়িতা]। ঈশ্বর+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
ঐশ্বর্যগর্ব—সম্পদ্ অথবা প্রভুত্ব-জন্য অহংকার। মধ্যপ। বি; পুং।
ঐশ্বর্যগর্বিত—প্রভুত্ব অথবা সম্পদের জন্য দর্পিত। [৩য়াতৎ। বিণ।
ঐশ্বর্যবান্ (-বৎ)—সম্পন্ন, ধনবান্; প্রভুত্বসম্পন্ন। ঐশ্বর্য+মতুপ্ প্রাশস্ত্যার্থে। বিণ। স্ত্রী, -বতী।
ঐশ্বর্যমত্ত—অত্যধিক ঐশ্বর্য হেতু মোহপ্রাপ্ত, ঐশ্বর্যে জ্ঞানশূন্য। ৩য়াতৎ। বিণ।
ঐশ্বর্যশালী (-শালিন্)—বিভবশালী, ধনশালী। উপতৎ; ঐশ্বর্য—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -শালিনী।
ঐষীক—১। ইষীকাসম্বন্ধীয়। বিণ। স্ত্রী, -কী। ২। মহাভারতের অন্তর্গত পর্ব বিঃ। ইষীকা+অণ্ সম্বন্ধার্থে। বি; ক্লী।
ঐসে, ঐছে—ঐভাবে, ঐ প্রকারে। প্র কপ্র। ক্রি-বিণ।
ঐহলৌকিক—ইহলোকসম্বন্ধীয়, পার্থিব; এই জগতে জাত। ইহলোক+ইক সম্বন্ধার্থে ভবার্থে। বিণ। স্ত্রী, -কী।
ঐহিক—ইহলোকসম্বন্ধীয়; এই কালের; এই জন্ম-সম্বন্ধীয় ('— সুখ')। ইহ+ইক ভবার্থে সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।
ঐহিকদর্শী (-দর্শিন্)—সাংসারিক ভোগান্বেষী, সংসারাসক্ত। উপতৎ; ঐহিক—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -দর্শিনী।

[ও]

ও—১। দ্বাদশ স্বরবর্ণ [ইহার উচ্চারণ-স্থান ওষ্ঠ ও কণ্ঠ। ইহা হ্রস্ব হয় না, দীর্ঘ ও প্লুত হয়]। ২। এবং, মাত্র; সম্ভাবনা; নির্দেশ; এমন-কি; মোটেও; অতঃপর; তবুও; তাহা ছাড়া। বাংপ্র। অ। ৩। পূর্বোবর্তী; উনি; তাহা; ঐ প্রাণী, বিষয় বা বস্তু; উক্ত। <অদস্। সর্ব। ৪। বাঙ্গালা 'উয়া' প্রত্যয়ের সংক্ষিপ্ত রূপ (ব্যবসায় অর্থে—মেছো; আছে অর্থে—টেকো; সম্বন্ধার্থে—কেজো; যুক্ত অর্থে—জ'লো; অবজ্ঞার্থে—ভুলো; বসবাস অর্থে—বুনো; তন্নির্মিত অর্থে—ঘেসো)।
ওই—১। সম্মুখবর্তী; অভিন্ন, পূর্বোক্ত। বিণ। ২। খেদ ভয় ইঃ সূচক শব্দ। বাংপ্র। অ।
ওঃ—দুঃখ-বিস্ময়াদিসূচক শব্দ। বাংপ্র। অ।
ওঁ—১। উনি শব্দের সংক্ষিপ্ত রূপ ('ওঁকে বল')। <উনি। সর্ব। ২। প্রণব, ওংকার ('ওম্' দ্রঃ)। অ।
ওঁকার—'ওঁ' এই শব্দ। ওঁ+কার স্বার্থে। বি; পুং।
ওঁচলা—জঞ্জাল। <উঞ্ছন। বি।
ওঁচা, ওঁছা—উচ্ছিষ্ট; উপেক্ষিত; ত্যক্ত; জঘন্য, হেয়; খেলো, খুব খারাপ। <উঞ্ছ। বিণ।
ওঁচানো—উচ্চ হইয়া উঠা; অন্যকে অতিক্রম করা; (অস্ত্রাদি) তুলিয়া ধরা। <উঞ্ছন। ক্রি [, বি, বিণ]।
ওঁত—ওত (তাহা দ্রঃ)।
ওকড়া—ক্ষুদ্রজাতীয় গাছ বিঃ। বাংপ্র। বি।
ওকার—'ও' এই বর্ণ, 'ে া' এই চিহ্নদ্বয়। ও+কার স্বার্থে। বি; পুং।
ওকালতনামা—উকিলকে আইনগত ক্ষমতাপ্রদানের পত্র, power of attorney. <বকালৎ (আ)+ নামহ্ (ফা)। বি।
ওকালতি—উকিলের ব্যবসায় বা কর্ম, আইন ব্যবসায়। <আ 'বকালৎ'। বি।
ওকালতী—উকিলসম্বন্ধীয়। আ-মূ। বিণ।
ওকি—বিস্ময় প্রশ্নাদি সূচক শব্দ। বাংপ্র। অ।
ওকুস্থল, -স্থান—ঘটনাস্থল। আ-মূ। বি।
ওকে—উহাকে। বাংপ্র। সর্ব।
ওক্ত—সময়; বেলা; সুযোগ। <আ 'বকৎ'। বি।
ওখড়ানো—উখড়ানো (তাহা দ্রঃ)।
ওখান—ঐ স্থান, ঐ জায়গা। বাংপ্র। বি।
ওখানকার—ঐ স্থানের। ওখান (ঐ স্থান)+কার সম্বন্ধার্থে। বাংপ্র। বিণ।
ওগরানো—উদ্গিরণ করা, উগরানো। <উদ্গিরণ। ক্রি [, বি, বিণ]।
ওগো—সম্বোধনার্থক শব্দ। বাংপ্র। অ।
ওঘ—সমূহ; স্রোত; তরঙ্গ; পরম্পরা। উচ্+ঘঞ্ কর্ম। বি; পুং।
ওংকার—প্রণব, ওঁ, আদ্যবীজ। ওম্+কার স্বরূপার্থে। বি; পুং।
ওচানো—ওঁচানো (তাহা দ্রঃ)। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ওছি—অছি (তাহা দ্রঃ)।
ওজঃ (ওজস্)—১। তেজঃ; বল; স্বর্ণ; কাব্যের প্রৌঢ়তাদি গুণ, incitement; সমস্যাবহুল দীর্ঘ-পদযুক্ত বাক্য; গৌড়ীরীতি-কাব্যগুণ (ইহাতে

বহুসমাসযুক্ত বর্ণপদাড়ম্বর থাকে); প্রথম তৃতীয় পঞ্চম সপ্তম নবম একাদশ রাশি; রসাদি সপ্ত-ধাতুর সারভাগজ ধাতু বিঃ, শরীরস্থ ধাতু-রসপোষক বস্তু বিঃ। ওজ্+অস্ করণ। ২। দীপ্তি, প্রকাশ; শোভা; অবষ্টম্ভ। ওজ্+অস্ ভাব। বি; ক্লী।

ওজন—পরিমাণ; মাপ; গুরুত্ব; ক্ষমতা; আত্মসম্ভ্রম; তুলনা; পদমর্যাদা। ⟨আ 'বজন'। বি।

ওজন-করা—যাহা ওজন করা হইয়াছে এমন; ভাবিয়া চিন্তিয়া বলা ('— কথা')। ওজন—কর্+আ কর্ম। বাংপ্র। বিণ।

ওজন-ছাড়া—বেহিসাবী; আন্দাজী, থাউকো; বিচার-বিবেচনাহীন। বাংপ্র। বিণ।

ওজনদর—তুলাদণ্ডে পরিমাণ হিসাবে মূল্যনির্ধারণ। ওজন-নির্দিষ্ট দর, মধ্যপ। বি।

ওজর—হেতু; ছল, মিথ্যা অজুহাত; আপত্তি। ⟨আ 'উজর'। বি।

ওজরদার—আপত্তিকারী। আ-মু। বিণ।

ওজস্বল—বীর্যবান্; তেজস্বী। ওজস্+বল বিশিষ্টার্থে। বিণ।

ওজস্বিতা—বলশালিতা; তেজস্বিতা। ওজস্বিন্+তা ভাবে। বি; স্ত্রী।

ওজস্বী (-স্বিন্)—তেজস্বী; বলবান্; দীপ্ত; দীপ্তিমান্; ওজোগুণ-বিশিষ্ট; ওজোধাতুসম্পন্ন। ওজস্+বিন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-স্বিনী**।

ওজু—মুসলমানদিগের প্রার্থনার পূর্বে হাতমুখ ধোওয়া। ⟨আ 'বজু'। বি। [বি।

ওজুহাত—কারণ; ওজর, আপত্তি। ⟨আ 'বজুহাৎ'।

ওজোগুণ—কাব্যগুণ বিঃ ('ওজঃ' শব্দের '১' অর্থ দ্রঃ)। ওজঃই গুণ, কর্মধা। বি; পুং।

ওজোন—ঘনীভূত অম্লজান বাষ্প বিঃ। ⟨ইং 'ozone'. বি।

ওঝা—১। মন্ত্রাদি দ্বারা বিষচিকিৎসাকারী; বৈদ্য-নাথ-মন্দিরের পুরোহিতপ্রধান; কুহকী; বাজীকর; যাহারা ভূত নামায় এরূপ ব্যক্তি। বাংপ্র। ২। ব্রাহ্মণের উপাধি বিঃ (যেমন—কৃত্তিবাস ওঝা)। ⟨উপাধ্যায়। বি।

ওটকানো—উলটপালট করিয়া খোঁজা, ঘাঁটিয়া খোঁজা, অন্বেষণ করা। ⟨উদ্ঘাটন। ক্রি, [, বি, বিণ]।

ওটকিস্তি—দাবা খেলায় অপর পক্ষের বল উঠায় যে কিস্তি পড়ে তাহা। বাংপ্র। বি।

ওটা—উহা, ঐ বস্তু বা বিষয়টা। বাংপ্র। সর্ব।

ওঠ—উত্থিত হও। বাংপ্র। ক্রি।

ওঠবন্দী—উঠবন্দী (তাহা দ্রঃ)।

ওঠবোস—একবার ওঠা আবার বসা। বাংপ্র। বি।

ওঠা, ওঠানো—উঠা, উঠানো (তাহা দ্রঃ)।

ওড়—ওয়াড়। বাংপ্র। বি।

ওড়-জাড়—আঁক-বাঁক, কোনরূপ ত্রুটি; গলি-ঘুঁজি, অন্ধি-সন্ধি। বাংপ্র। বি।

ওড়ন-পাড়ন—পাতিবার ও ঢাকা দিবার বস্ত্র; তোলা ও পাতা; উঠানো ও নামানো; উপাদান; উপায়। দ্বন্দ্ব। বাংপ্র। বি।

ওড়না—স্ত্রীলোকদিগের উত্তরীয়। ⟨অববেষ্টন। বি।

ওড়ব, ঔড়ব—যে রাগ-রাগিণীতে পাঁচটি স্বর প্রকাশ পায় (যথা—দুর্গা, হিন্দোল ইঃ)। বি।

ওড়া—উড়া (তাহা দ্রঃ)।

ওড়ানো—উড়ানো (তাহা দ্রঃ)।

ওড়িয়া—উড়িয়া, উড়িষ্যা রাজ্যের লোক; উড়িষ্যার ভাষা। বাংপ্র। বি।

ওড্র—১। উৎকলদেশ, উড়িষ্যা; জবা ফুলের গাছ। বি; পুং। ২। জবাফুল। আ—উন্দ্+রক্ কর্তৃ সংজ্ঞার্থে। বি; ক্লী।

ওত—উদ্যোগ; ঘাঁটি; প্রতীক্ষা। বাংপ্র। বি। **ওত পাতা**—আক্রমণ করিবার জন্য লুকাইয়া প্রতীক্ষা করা; সুযোগের অপেক্ষায় থাকা।

ওত—১। অন্তর্ব্যাপ্ত; বোনা। বিণ। ২। বস্ত্রের দীর্ঘতন্তু, টানা। আ—বে+ক্ত কর্ম। বি; ক্লী।

ওতপ্রোত—সকল স্থান ব্যাপিয়া অবস্থিত, পরি-ব্যাপ্ত; পরস্পরমিশ্রিত। ওত অথচ প্রোত, কর্মধা। বিণ।

ওতরানো—উতরানো (তাহা দ্রঃ)।

ওথলানো—উথ্লানো (তাহা দ্রঃ)।

ওথা—১। ওখানে, কিঞ্চিৎ দূরবর্তী স্থানে; ওদিকে, পক্ষান্তরে। অ। ২। ওখান; ওদিক্। ⟨অমুত্র। সর্ব।

ওদন—অন্ন, ভাত। উন্দ্+অন কর্তৃ। বি; পুং।

ওদন-প্রাশন—অন্নপ্রাশন (তাহা দ্রঃ) ("করাইল সবাকার ওদন-প্রাশন"—কৃত্তি)। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ওদিক্—ওই দিক্; সেই অবস্থা; ওই দেশ; ওই পক্ষ। বাংপ্র। বি।

ওধার—ওদিক। বাংপ্র। বি।

ওনাকে—উঁহাকে। বাংপ্র। সর্ব।

ওনাদের—উঁহাদের। বাংপ্র। সর্ব।

ওনার—উঁহাদের। বাংপ্র। সর্ব।

ওপড়ানো—উপড়ানো (তাহা দ্রঃ)।

ওপর—উপর (তাহা দ্রঃ)।

ওপার—অন্য পার; অন্য দিক্; দেশান্তর; সমুদ্রের পরবর্তী দেশ; সংসারের পরপার। ও (অপর) পার, কর্মধা। বাংপ্র। বি।

ওবা—উবিয়া যাওয়া, বায়ুর আকারে অদৃশ্য হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।

ওঁ—প্রণব; স্বীকার; প্রশ্ন; রোষ; অনুমতি; আরম্ভ; অপাকরণ; মঙ্গল; ব্রহ্ম; ব্রহ্মার নাম বিঃ; অ উ ম্ অর্থাৎ ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর এই ত্রিবর্ণাত্মক বীজ; সামবেদের শব্দ অবয়বের প্রথম অবয়ব; কাশীস্থ শিবলিঙ্গ বিঃ। অব্ (রক্ষা করা)+মন্ কর্তৃ; অথবা, অ (বিষ্ণু)+উ (শিব)+ম্ (ব্রহ্মা) =(সন্ধি দ্বারা) ওম্। অ।

ওম—তাপ; উষ্ণতা। ⟨উষ্ণ। বি।

ওমরা, ওমরাহ্—উচ্চবংশজাত ব্যক্তি, সম্ভ্রান্ত ব্যক্তি; অভিজাত ব্যক্তি; রাজসভার সদস্য। ⟨আ 'আমির'। বি।

ওমা—ঘৃণা লজ্জা ভয় বিস্ময় ইঃ সূচক শব্দ। বাংপ্র। অ।

ওয়াক—বমনের শব্দ। অ।

ওয়াকফ—ইসলাম ধর্মমূলক দান, ইসলাম ধর্ম-সম্বন্ধীয় বৃত্তি। আ। বি।

ওয়াকফনামা—ইসলাম ধর্ম ও আল্লার নামে দানপত্র। আ-ফা-মূ। বি।

ওয়াকিফ—অভিজ্ঞ; জ্ঞাত। <আ 'বাকিফ'। বিণ।

ওয়াকিফহাল, -বহাল—অবস্থাভিজ্ঞ, অবস্থা-সম্বন্ধে জ্ঞানসম্পন্ন। আ-ফা-মূ। বিণ।

ওয়াড়—ওড়, লেপ বালিশ প্রঃর আবরণ। <অববেষ্ট। বি।

ওয়াদা—সময়ের সীমা, মিয়াদ; প্রতিশ্রুতি। <আ 'বদহ্'। বি।

ওয়াপস—ফেরত। <ফা 'বাপ্স্'। বি। **ওয়াপস করা**—ফেরত দেওয়া।

ওয়ারিস—উত্তরাধিকারী, সম্পত্তির পরবর্তী অধিকারী। <আ 'বারিস্'। বি।

ওয়ারিসান—উত্তরাধিকারিসমূহ। আ-মূ। বি।

ওয়ারেন্ট—গ্রেফতারী পরোয়ানা। <ইং 'warrant'. বি।

-ওয়ালা, -ওলা—ব্যবসায় স্বামিত্ব নিবাস ইঃ সূচক বাংলা তদ্ধিত প্রত্যয় (শালওয়ালা, বাড়িওয়ালা, দিল্লীওয়ালা ইঃ)। <হি 'বালা'। স্ত্রী— **-ওয়ালী, -উলী**। [বি।

ওয়াসিল—উশুল, বাকী আদায়। <আ 'বাসিল্'।

ওয়াসিলাত—প্রাপ্য সম্পত্তি অন্যের অধিকারে থাকার সময়ে তাহার জন্য ক্ষতিপূরণ। আ-মূ। বি।

ওয়াস্তা—কারণ, নিমিত্ত, হেতু; খাতির; অপেক্ষা; নির্ভর। <আ 'বাসিতহ্'। বি। **ওয়াস্তে**—কারণে; খাতিরে।

ওয়াহাবী, ওহাবী—অষ্টাদশ শতাব্দীর আরবদেশীয় ধর্মসংস্কারক আব্দুল ওয়াহেব-এর মতানুবর্তী। <আ 'বাহ্হাবী'। বিণ।

ওয়েটিংরুম—বিশ্রামাগার। <ইং 'waiting room'. বি।

ওয়েস্টকোট—ফতুয়াজাতীয় একশ্রেণীর জামা। <ইং 'waistcoat'. বি।

ওর—১। উহার, ঐ ব্যক্তির। <অদস্। সর্ব। ২। সীমা; অবধি ("এ সখি হমর দুখক নাহি ওর"—বিদ্যা); পরিমাণ, ইয়ত্তা; কিনারা। প্রাকপ্র। বি।

ওরফে—অন্য নামে, বনাম। <আ 'উর্ফ'। ক্রি-বিণ।

ওরে—১। (অবজ্ঞাসূচক) সম্বোধন শব্দ। <অরে। অ। ২। উহাকে, ঐ ব্যক্তিকে। <অদস্। সর্ব। [(নিপা)। বি; ক্লী।

ওল—স্বনামপ্রসিদ্ধ মূল, শূরণ। আ—উন্দ্+ক কর্তৃ

ওলকপি—শালগমের ন্যায় কন্দ বিঃ। <ইং 'kohlrabi'. বি।

ওলট—উলট (তাহা দ্রঃ)।

ওলটকম্বল—একপ্রকার ঔষধের গাছ। বাংপ্র। বি।

ওলট-পালট—উলটপালট (তাহা দ্রঃ)।

ওলটানো—উলটানো (তাহা দ্রঃ)।

ওলন—অবরোহণ, নামা; ওলনদড়ি। <অবলম্ব। বি।

ওলনদড়ি—রাজমিস্ত্রীদের ব্যবহার্য প্রান্তভাগে ভারযুক্ত দড়ি বা সুতা, plumbline. কর্মধা (বাংপ্র)। বি।

ওলন্দা—একপ্রকার বড় মটর কলাই। পো-মূ। বি।

ওলন্দাজ—১। ইওরোপের হল্যান্ড দেশের অধিবাসী। বি। ২। হল্যান্ডদেশজাত; হল্যান্ডসম্বন্ধীয়, Dutch. <পো 'Hollandez'. বিণ।

ওলা—১। এক প্রকার চিনির লাড়ু; ভেদ, দাস্ত; নামা, অবরোহণ; বিসূচিকারোগের দেবী, ওলা-দেবী। বি। ২। নামা। বাংপ্র। ক্রি। ৩। '-ওয়ালা' দ্রঃ।

ওলাই-চণ্ডী—বিসূচিকারোগের দেবী, ওলাওঠার দেবী। বাংপ্র। বি।

ওলাউঠা—বিসূচিকারোগ, ভেদ-বমন, cholera. ওলা (নামা, দাস্ত) এবং উঠা (বমন), দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

ওলাবিবি—ওলাইচণ্ডীর মুসলমানী নাম। ওলা (বাং)+বিবি (তু)। বি।

ওলো—নারীগণের পরস্পরের প্রণয়সূচক সম্বোধন। <প্রাকৃত 'হলা' অথবা 'ও' (আহ্বানসূচক শব্দ) +লো (এইরূপ ও+হে=ওহে, ও+গো=ওগো ইঃ)। অ।

ওষধি, ওষধী—জ্যোতির্লতা, যে সকল লতা হইতে রাত্রিকালে মৃদু জ্যোতি বাহির হয়; ফলপাকান্ত বৃক্ষাদি, ফল পক্ব হইলে যে সকল তরু লতা তৃণ প্রঃ শুষ্ক হইয়া যায় তাহারা, ধান্য কদলী প্রঃ। ওষ (উষ্ণ)—ধা+কি অধি। বি; স্ত্রী।

ওষধিনাথ, ওষধীনাথ, ওষধিপতি, ওষধীশ—চন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ওষুধ—রোগনাশক দ্রব্য, তুকতাক, বশীকরণ দ্রব্য। <ঔষধ। বি। **ওষুধ করা**—চিকিৎসা করানো; প্রতিবিধান করা; মাদুলি ঔষধ মন্ত্রাদি দ্বারা উদ্দেশ্য সাধনের জন্য কাহাকেও বশ করা।

ওষ্ঠ—উপরের ঠোঁট (কোন কোন সময়ে 'ওষ্ঠ' শব্দ দ্বারা ওষ্ঠ এবং অধর দুই-ই বুঝায়) উষ্+ঠন্ কর্ম সংজ্ঞার্থে। বি, পুং।

ওষ্ঠপল্লব—নবপত্রসদৃশ কোমল এবং আরক্ত ওষ্ঠ। ওষ্ঠ পল্লবপ্রায়, উপমিত কর্মধা। বি; পুং।

ওষ্ঠপুট—পুটাকার ওষ্ঠাধর, ঠোঙ্গার মত ঠোঁট দুইটি; উপরের ও নীচের ঠোঁট। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।

ওষ্ঠপুষ্প—বাঁধুলি ফুলের গাছ। ওষ্ঠসদৃশ পুষ্প যাহার, বহু। বি; পুং।

ওষ্ঠব্রণ—ওষ্ঠের স্ফোটক। ওষ্ঠজাত ব্রণ, মধ্যপ। বি; পুং বা ক্লী।

ওষ্ঠাকার—ঠোঁটের মত আকৃতিবিশিষ্ট, labiate. বহু। বিণ।

ওষ্ঠাগত—ওষ্ঠ পর্যন্ত উপস্থিত; বহির্গমনোন্মুখ। ২য়াতৎ বা ৭মীতৎ (বাংপ্র)। বিণ।

ওষ্ঠাগতপ্রাণ—যাহার প্রাণ যাইবার উপক্রম হইয়াছে এরূপ। বহু। বিণ।

ওষ্ঠাগতপ্রায়—প্রায় ওষ্ঠ পর্যন্ত উপস্থিত; বহির্গমনোদ্যত। প্রায় ওষ্ঠাগত, সুপ্। বিণ।

ওষ্ঠাধর—ওষ্ঠ এবং অধর, উপরের এবং নীচের ঠোঁট। সমা দ্বন্দ্ব। বি; ক্লী।

ওষ্ঠ্য—ওষ্ঠ দ্বারা উচ্চার্য। ওষ্ঠ+যৎ ভবার্থে। বিণ।

ওসকানো—উসকানো (তাহা দ্রঃ)।

ওসার—১। প্রস্থ, পরিসর। <প্রসার। ২। বালিশ ইঃর আবরণ। <ওয়াড়। বি।

ওস্তাগর—সুনিপুণে শিল্পকর; **উৎকৃষ্ট দরজী**; প্রধান কারিগর; আচার্য; শিক্ষক। <ফা 'উস্তাদ্‌কার'। বি।

ওস্তাদ—শিক্ষক; নিপুণ ব্যক্তি; সংগীতাদিতে অভিজ্ঞ ব্যক্তি; সংগীতাচার্য। <ফা 'উস্তাদ'। বি।

ওস্তাদি—নৈপুণ্য; শিক্ষকতা; বাহাদুরি। ফা-মূ। বি।

ওস্তাদী—নিপুণ; প্রকৃত গায়কের যোগ্য; উৎকৃষ্ট সংগীতের সুরতালসমন্বিত। ফা-মূ। বিণ।

ওহাবী—'ওয়াহাবী' দ্রঃ। [অ।

ওহে—সম্বোধনসূচক শব্দ, আহবান-ধ্বনি। <অহে।

ওহো—স্মরণবিস্ময়খেদসূচক শব্দ। <অহো। অ।

[ঔ]

ঔ—১। ত্রয়োদশ স্বরবর্ণ; ইহা একটি যুগ্মস্বর [ইহার উচ্চারণস্থান কণ্ঠ ও ওষ্ঠ; ইহা দীর্ঘ ও প্লুত হয়, হ্রস্ব হয় না]। ২। পৃথিবী। বি; স্ত্রী। ৩। আহবান, সম্বোধন; বিরোধ; নির্ণয়; নিষেধ। অ। ৪। অনন্ত শব্দ। বি; পুং।

ঔঁ—শূদ্রের প্রণব; শূদ্রের জপ্য মন্ত্র বিঃ। অ।

ঔকার—'ঔ' এই বর্ণ; ৌ। ঔ+কার স্বার্থে। বি; পুং। [ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

ঔচিত্য—উপযুক্ততা; কর্তব্যতা; ন্যায্যতা। উচিত+

ঔজ্জ্বল্য—উজ্জ্বলতা, দীপ্তি। উজ্জ্বল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [সম্বন্ধার্থে। বি; পুং।

ঔড়ব—পঞ্চস্বরযুক্ত রাগরাগিণী। ওড়ব+অণ্

ঔৎপাতিক—উৎপাতবিশিষ্ট; অশুভসূচক। উৎপাত+ইক যুক্তার্থে। বিণ। স্ত্রী, -কী।

ঔৎসর্গিক—উৎসর্গবিষয়ক। উৎসর্গ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

ঔৎসুক্য—উৎসুকতা, আগ্রহ; উৎকণ্ঠা; ব্যগ্রতা। উৎসুক+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

ঔদরিক—উদরপরায়ণ, পেটুক; উদরসম্বন্ধীয়। উদর+ইক আসক্তার্থে। বিণ। স্ত্রী, -কী।

ঔদার্য—উদারতা, মহানুভবতা; বিশালতা; বদান্যতা। উদার+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

ঔদাসীন্য—উদাসীনতা; বৈরাগ্য; উপেক্ষা; নিঃসম্পর্কতা; নির্লিপ্ততা; নিরপেক্ষতা। উদাসীন+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

ঔদাস্য—উদাসভাব; অনুরাগাদিশূন্যতা; অমনোযোগ; উপেক্ষা। উদাস+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

ঔদ্ধত্য—অহংকার; ধৃষ্টতা; প্রগল্ভতা; অবিনয়; অশিষ্টতা। উদ্ধত+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

ঔদ্বাহিক—১। বিবাহকালে লব্ধ যৌতুক। বি; ক্লী। ২। বিবাহবিষয়ক; বিবাহকালে কৃত বা কর্তব্য। উদ্বাহ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

ঔদ্ভিজ্জ—উদ্ভিদ্-সংক্রান্ত; উদ্ভিজ্জ-পদার্থ হইতে জাত। উদ্ভিজ্জ+অণ্ সম্বন্ধার্থে, উৎপন্নার্থে। বিণ।

ঔদ্ভিদ—ঔদ্ভিজ্জ (তাহা দ্রঃ)। উদ্ভিদ্+অণ্ সম্বন্ধার্থে, উৎপন্নার্থে। বিণ।

ঔপকূলিক—উপকূলসম্বন্ধীয়; উপকূলজাত। উপকূল+ইক সম্বন্ধার্থে, ভবার্থে। বিণ। স্ত্রী, -কী।

ঔপদেশিক—উপদেশ-সংক্রান্ত; উপদেশোপজীবী; উপদেশ দ্বারা প্রাপ্ত। উপদেশ+ইক সম্বন্ধার্থে, ভবার্থে। বিণ। স্ত্রী, -কী।

ঔপনিবেশিক—উপনিবেশসম্বন্ধীয়, colonial; উপনিবেশস্থাপনকারী; উপনিবেশবাসী, colonist. উপনিবেশ+ইক সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী, -কী।

ঔপনিবেশিক স্বায়ত্ত-শাসন—ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্গত উপনিবেশসমূহে যেরূপ শাসনপ্রণালী প্রচলিত আছে তাহা, dominion status.

ঔপনিষদ—উপনিষৎ-সংক্রান্ত; উপনিষৎ-শাস্ত্রনির্ণীত। উপনিষদ্+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -দী।

ঔপন্যাসিক—১। উপন্যাসলেখক, novelist. বি; পুং। ২। উপন্যাসসম্বন্ধীয়; উপন্যাসকার; গল্পলেখক, novelist. উপন্যাস+ইক সম্বন্ধার্থে, নিপুণার্থে। বিণ। স্ত্রী, -কী।

ঔপপত্তিক—নিয়ম সিদ্ধান্ত বা গ্রন্থ দ্বারা প্রতিপাদিত, যুক্তি দ্বারা প্রমাণিত; প্রতিপাদক। উপপত্তি+ইক প্রতিপাদিতাদি অর্থে। বিণ। স্ত্রী, -কী।

ঔপমিক—তুলনা দ্বারা বর্ণিত, তুলনাসংক্রান্ত। উপমা+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী।**

ঔপম্য—সাদৃশ্য, তুল্যতা। উপমা+ষ্যঞ্ স্বার্থে। বি; ক্লী।

ঔপসর্গিক—১। সন্নিপাত রোগ বিঃ। উপসর্গ (উপদ্রব)+ইক নিষ্পন্ন অর্থে। বি; পুং। ২। উপদ্রবসম্বন্ধীয়। উপসর্গ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী।**

ঔপাধিক—উপাধিসম্বন্ধীয়; অপ্রকৃত, অবাস্তব; নামতঃ। উপাধি+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী।**

ঔরগ—উরগসম্বন্ধীয়; সর্প-সংক্রান্ত। উরগ+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-গী।**

ঔরৎ—জেনানা, মহিলা। আ। বি।

ঔরস—১। নিজের দ্বারা ধর্মপত্নীর গর্ভে উৎপাদিত। বিণ। স্ত্রী, **-সী।** ২। ধর্মপত্নীতে উৎপাদিত পুত্র; বীর্য। উরস্+অণ্ ভবার্থে। বি; পুং।

ঔরস-জাত—স্বয়ম্-উৎপাদিত, আপনা কর্তৃক জনিত। উরস্+অণ্ স্বার্থে; ঔরস দ্বারা জাত, ৩য়াতৎ। বিণ।

ঔর্ণ—উর্ণানির্মিত; পশমী। উর্ণা+অণ্ বিকারার্থে। বিণ। স্ত্রী, **র্ণী।**

ঔর্দ্ধ্বদেহিক, ঔর্দ্ধ্বদৈহিক—১। মরণদিন হইতে সপিণ্ডীকরণের পূর্ব পর্যন্ত প্রেততৃপ্তিহেতুক পিণ্ডাদিদান; অন্ত্যেষ্টি, প্রেতকৃত্য। ঊর্দ্ধ্বদেহ (প্রেতদেহ)+ইক হিতার্থে বা দেয়ার্থে। বি; ক্লী। ২। প্রেতদেহ-সংক্রান্ত; অন্ত্যেষ্টিসম্বন্ধীয়। ঊর্দ্ধ্বদেহ+ইক সম্বন্ধার্থে (বিকল্পে উভয়পদবৃদ্ধি)। বিণ। স্ত্রী, **-কী।**

ঔর্ব—১। বাড়বানল; সমুদ্রীয় বহ্নি। উর্ব+অণ্ সম্বন্ধার্থে। ২। ভূমিজ; পার্থিব। উর্বী+অণ্ জাতার্থে। বিণ। স্ত্রী—**ঔর্বী।**

ঔলূক্য—১। উলূক-প্রণীত বৈশেষিকদর্শন। বি; ক্লী; ২। কণাদমুনি। উলূক+ষ্যঞ্ সাদৃশ্যার্থে। বি; পুং।

ঔষধ—রোগনাশক বস্তু, ভেষজ। ওষধি (ফল-পাকান্ত উদ্ভিদ্)+অণ্ উৎপন্নার্থে। বি; ক্লী।

ঔষধধারণ—মাদুলি পরা; মন্ত্রপূত আংটি পরা; শরীরে সুতা দিয়া গাছগাছড়া বাঁধা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ঔষধপথ্য—রোগীর উপযুক্ত ভেষজ ও খাদ্যাদি, medicine and diet. দ্বন্দ্ব। বি; ক্লী।

ঔষধসেবন—ওষুধ খাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ঔষধাজীব—ঔষধব্যবসায়ী। ঔষধ আজীব যাহার, বহু। বিণ।

ঔষধালয়—যেখানে ঔষধ থাকে সেই গৃহ, ডাক্তারখানা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঔষধি—ওষধি; ভেষজ উদ্ভিদ্। বাংপ্র। বি।

ঔষ্ঠ্য—১। ওষ্ঠ দ্বারা উচ্চার্য বর্ণ; উ ঊ এবং পবর্গ। বি; পুং। ২। ওষ্ঠ দ্বারা উচ্চার্য। ওষ্ঠ+ষ্যঞ্ উৎপন্নার্থে। বিণ।

ঔষ্ণ, ঔষ্ণ্য—উষ্ণতা, উত্তাপ। উষ্ণ+অণ্, ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

ঔষ্ম, ঔষ্ম্য—উষ্মা, উষ্ণতা। উষ্মন্+অণ্, ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

[ক]

ক—১। প্রথম ব্যঞ্জনবর্ণ [ইহার উচ্চারণস্থান কণ্ঠ, এইজন্য ইহাকে কণ্ঠ্যবর্ণ বলে। ইহাকে অল্পপ্রাণ ও অঘোষবর্ণও বলা হয়]। ২। ব্রহ্মা; বিষ্ণু; কামদেব; অগ্নি; রুদ্র; বায়ু; যম; সূর্য; আত্মা; দক্ষ; প্রজাপতি; রাজা; গ্রন্থি; ময়ূর; পক্ষী; দীপ্তি; কাল; শরীর; মন; ধন; প্রকাশ; শব্দ। বি; পুং। ৩। মস্তক; জল; রোগ; সুখ; কেশ। কৈ (শব্দ করা) বা কচ্ (দীপ্তি পাওয়া)+ড কর্তৃ। বি; ক্লী। ৪। কত, কয়টা (ক'জন, ক'বার)। বাংপ্র। বিণ। ৫। প্রত্যয়-বিঃ; প্রাচীন বাঙ্গালায় ৬ষ্ঠীবিভক্তি (নয়নক অঞ্জন—নয়নের অঞ্জন)।

ক-অক্ষর গোমাংসে—বিদ্যাশিক্ষায় প্রবল অনিচ্ছা [গো-মাংস যেমন হিন্দুর নিকট সর্বদা পরিত্যাজ্য, সেইরূপ বিদ্যাশিক্ষাকেও যে এড়াইয়া চলে তাহার ভাব সম্বন্ধে এই উক্তি প্রযোজ্য]।

-ক, -কো—প্রত্যয় বিঃ (নিষেধার্থক—যাসনেকো। স্বার্থে—বালক। প্রশ্নে নিশ্চয়তা বুঝাইতে—তুমি যাবে নাকো? ইঃ)।

কই—১। স্বনামপ্রসিদ্ধ মৎস্য। <কবয়ী। বি। ২। বিস্ময়সূচক শব্দ; প্রশ্নবোধক শব্দ; বৈপরীত্যবোধক শব্দ; আদরবোধক শব্দ। বাংপ্র। ৩। কহি; বলি। কপ্র। ক্রি।

কইয়ে—বক্তা; বচন-বাগীশ ('বলিয়ে-কইয়ে')। ক (<কহ্ ধাতু)+ইয়ে কর্তৃ। বাংপ্র। বিণ।

কইলা, কইলে—নবজাত বক্‌না বাছুর। <কপিলা। বি।

কইসর—বাদশা; ভূতপূর্ব জার্মান সম্রাট্‌দের উপাধি। <লাটিন 'Cæsar'. বি।

কইসে—কিরূপে, কেমনে ("কইসে গোঙায়ব হরি বিনু দিন রাতিয়া"—বিদ্যা)। প্রা কপ্র। অ।

কওয়া, কওয়ানো—'কহা' দ্রঃ।

কংগ্রেস—রাজনৈতিক সমিতি বিঃ; ভারতবর্ষের অধিবাসিগণ কর্তৃক প্রতিষ্ঠিত রাজনৈতিক মহাসভা; মার্কিন যুক্তরাষ্ট্রের ব্যবস্থাপরিষদ্। <ইং 'Congress'. বি।

কংগ্রেসওয়ালা—কংগ্রেসের লোক, যে কংগ্রেসের কাজ করে। বাংপ্র। বি।

কংগ্রেসী—কংগ্রেস-সংক্রান্ত; কংগ্রেসের; কংগ্রেস-অধিকৃত। কংগ্রেস+ঈ সম্বন্ধার্থে। বাংপ্র। বিণ।

কংস, কংশ—১। কাংস্য; কাঁসা; স্বর্ণরজতাদিনির্মিত পানপাত্র। কম্+স কর্ম (নিপা স-স্থানে শ)। বি; পুং। ২। কংসাসুর, মথুরার স্বনামপ্রসিদ্ধ রাজা। বি; পুং।

কংসকার—কাংস্যবণিক, কাঁসারি। উপতৎ; কংস—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং।

কংসবণিক্ (-বণিজ্)—কাঁসারি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কংসারি—কংসের শত্রু; শ্রীকৃষ্ণ। কংসের অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ককানি—কাতরধ্বনি; কাতরতাপ্রকাশ; রোদনশব্দ বিঃ। ককা+আনি ভাব। বাংপ্র। বি।

ককানো—কাতরানো; কাতরতা প্রকাশ করা; অতিশয় রোদন করা; শিশুদের কাঁদিতে কাঁদিতে দম আটকাইবার মত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।

ককার—'ক' এই বর্ণ। ক+কার স্বার্থে। বি; পুং।

ককুৎ (ককুদ্)—বৃষের স্কন্ধের ঝুঁটি, hump; ধ্বজ; ছত্রচামরাদি রাজচিহ্ন; পর্বতশৃঙ্গ। ক—কু+ক্বিপ্ কর্তৃ। বি; স্ত্রী।

ককুদ—ককুৎ; ষাঁড়ের ঝুঁটি; ছত্রচামরাদি রাজচিহ্ন; পর্বতশৃঙ্গ। বি; পুং বা ক্লী।

ককুন্দর—নিতম্বস্থ আবর্তবৎ গর্তদ্বয়। ককু—দৃ+ণিচ্+অচ্ কর্তৃ (নিপা)। বি; ক্লী।

কক্ষ—১। প্রকোষ্ঠ; কাঁখ; বগল; কাছা; আঁচল; গ্রহগণের ভ্রমণপথ, orbit; কাণ্ড ও পাতার মধ্যস্থ কোণ, axil; উত্তরস্থ দেশ বিঃ। কষ্+স করণ সংজ্ঞার্থে। ২। তৃণ; শুষ্কতৃণ; শুষ্কবন; লতা। কষ্+স কর্ম। ৩। পার্শ্বভাগ; রাজান্তঃপুর। কষ্+স অধিবা। ৪। পাপ; প্রতিযোগী; বিরোধী। কষ্+স কর্তৃ। বি; পুং।

কক্ষচ্যুত—কক্ষভ্রষ্ট; পরিভ্রমণ-পথ হইতে বিচ্যুত ('—গ্রহ')। ৫মীতৎ। বিণ।

কক্ষতল—কাঁখ, বগল; ঘরের মেঝে; গ্রহের ভ্রমণ-পথ দ্বারা সীমাবদ্ধ সমতল ক্ষেত্র, plane of orbit. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কক্ষনো—কখনই; কোন অবস্থাতেই; কোন কারণেই। বাংপ্র। অ। [ক্লী।

কক্ষপুট—বগল, কাঁখ। ৬ষ্ঠীতৎ বা কর্মধা। বি;

কক্ষভ্রষ্ট—কক্ষচ্যুত। ৫মীতৎ। বিণ।

কক্ষস্থ—প্রকোষ্ঠস্থিত, কুঠরির মধ্যে অবস্থিত; পার্শ্বস্থ; ক্রোড়স্থ। উপতৎ; কক্ষ—স্থা+ক কর্তৃ। বিণ।

কক্ষা, কক্ষ্যা—হস্তীর গলার বা কক্ষের বন্ধনরজ্জু; চন্দ্রহার; কুঠরি; রথভাগ; রথের অন্তঃস্থান বিঃ; গ্রহগণের ভ্রমণের উপবৃত্তাকার পথ; সাম্য; পরিধানবস্ত্রের পৃষ্ঠে নিহিত অঞ্চল; কাছদড়ি; চর্ম-রজ্জু; অন্তর্গৃহ; চিকিৎসালয় প্রঃ প্রতিষ্ঠানের বিভাগ, ward; রাজান্তঃপুর; প্রতিযোগিতা; উত্তরীয়বস্ত্র; কচ্ছ; গর্হভিত্তি; দেওয়াল; কাঁক-বেয়ালী; বিচারে পূর্বপক্ষ। কক্ষ+আপ্; কক্ষ+যৎ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

কক্ষাধিপাল—কক্ষার ঊর্ধ্বতন কর্মচারী বা তত্ত্বাবধায়ক, ward master. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কক্ষান্তর—অন্য প্রকোষ্ঠ। অন্য কক্ষ, নিত্য। বি; ক্লী।

কক্ষাপাল—কক্ষার রক্ষী, warder. উপতৎ; কক্ষা—পা+ণিচ্+অণ্ কর্তৃ। বি; পুং।

কক্ষাবৃত্ত—কক্ষা, গ্রহ উপগ্রহ প্রঃ গোলাকার ভ্রমণপথ। কর্মধা। বি; ক্লী।

কক্ষীকৃত—আয়ত্তীকৃত। কক্ষ+অভূততদ্ভাবার্থে চ্বি (=কক্ষী)—কৃ+ক্ত কর্ম। বিণ।

কক্ষ্যা—১। কক্ষোৎপন্না, কক্ষজাতা। কক্ষ+যৎ ভবার্থে+আপ্। বিণ; স্ত্রী। ২। 'কক্ষা' দ্রঃ।

ক-খ—লেখাপড়া আরম্ভ; বর্ণমালা; প্রথম পড়া; কোন বিষয়ে সামান্যমাত্র জ্ঞান। দ্বন্দ্ব। বাংপ্র। বি।

কখন্—কোন্ সময়ে, কোন্ কালে। কোন্ (<কিম্) খন (ক্ষণ), কর্মধা। অ।

কখন—কোন সময়ে, কোন কালে। অ। ('কখন্' দ্রঃ।)

কখনই—কদাপি ('— নহে')। বাংপ্র। অ।

কখন-কখন—কোন কোন সময়ে, মধ্যে মধ্যে। বাংপ্র। অ।

কখন-সখন—দৈবাৎ কোন সময়ে। বাংপ্র। অ।

কঙ্ক—কাকপক্ষী; যম; ক্ষত্রিয়; বিরাট গৃহে ছদ্মবেশী যুধিষ্ঠিরের নামান্তর। কন্‌ক্+অচ্ কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং।

কঙ্কণ—বলয়, কাঁকন; বিবাহকালীন হস্তসূত্র; শেখর; ভূষণমাত্র, যে কোন অলংকার। কম্+কণ্; অথবা, কণ্ (যঙ্‌লুগন্ত, ধাতু—শব্দ করা)+অচ্ কর্তৃ। বি; ক্লী।

কঙ্কত—১। চিরুনি, কাঁকুই। বি; ক্লী। ২। বৃক্ষ; মাছের ফুলকা, gills. কন্‌ক্+অতচ্ কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং।

কঙ্কতিকা, কঙ্কতী—কাঁকুই, চিরুনি, প্রসাধনী; নাগবালা। কংকত+কন্ স্বার্থে+আপ্ (অকস্থানে ইক), কঙ্কত+ঈপ্। বি; স্ত্রী।

কঙ্কর—১। কাঁকর; ছোট ছোট পাথরের টুকরা, gravel; ঘোল। বি; ক্লী। ২। কুৎসিত; কঠিন; কর্কশ। ক—কৃ+খ কর্তৃ। বিণ।

কঙ্করোল—১। কাঁকরোল গাছ। বি; পুং। ২। কাঁকরোল ফল। বি; ক্লী।

কঙ্কাল—অস্থিচর্মসার দেহ; অস্থিপঞ্জর, skeleton; অস্থি; কাঁকাল। কন্‌ক্+কালন্ কর্তৃ। বি; পুং। বি; স্ত্রী।

কঙ্কালমালিনী—রুদ্রাণী। কঙ্কালমালিন্+ঈপ্।

কঙ্কালমালী (-মালিন্)—অস্থিমালাধারী, রুদ্র, শিব। কঙ্কালমালা+ইন্ আছে অর্থে। বি; পুং। [('—দেহ')। বহু। বিণ।

কঙ্কালসার—অস্থিচর্মসার, হাড়সার, অতিকৃশ

কঙ্কালাবশিষ্ট, -বশেষ—কঙ্কালসার (তাহা দ্রঃ)। কঙ্কাল অবশিষ্ট, অবশেষ যাহার, বহু। বিণ।

কচ্—তীক্ষ্ণধার অস্ত্র বা দন্ত দ্বারা নরম জিনিস কাটিবার শব্দ। বাংপ্র। অ।

কচ—১। কেশ, চুল। কচ্+অচ্ কর্ম। বি; পুং। ২। জমি বাড়ি প্রঃর যে অংশ তেরচাভাবে বাহির হইয়া থাকে; কলমের মুখ। বাংপ্র। বি।

কচকচানি, কচকচি—কচকচ শব্দ; কোনপ্রকার শব্দের অনুকরণ শব্দ; কলহ; গণ্ডগোল; শ্রুতিকটু নীরস আলোচনা। বাংপ্র। বি।

কচকচে—কচকচ শব্দকারী; আধসিদ্ধ (অন্নব্যঞ্জনাদি); কাঁচা (ফল প্রঃ)। বাংপ্র। বিণ।

কচটানো—মাখা; চটকানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

কচড়া—মোটা লম্বা দড়ি, দড়া; হিসাব। বাংপ্র। বি।

কচর-কচর, কচর-মচর—পাখির ধ্বনি; অব্যক্ত শব্দ; বচসার সহিত ঝগড়া; অনর্থক গোলমাল। বাংপ্র। অ।

কচলা-কচলি—চটকা-চটকি; দর কষাকষি; কোন বিষয় লইয়া কিচিকিচি বা বকাবকি। ব্যতিহার বহু (বাংপ্র)। বি।

কচলানো—রগড়াইয়া ধোওয়া; রগড়ানো; চটকানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। **হাত কচলানো**—খুব অনুনয়-বিনয় করা।

কচা—গাছের কাটা সরু ডাল। বাংপ্র। বি।

কচাৎ—এক আঘাতে কচু কলা ইঃর গাছ কাটিয়া ফেলার শব্দ; জাঁতিতে সুপারি কাটার শব্দ। বাংপ্র। অনুকার অ।

কচাল—বিবাদ; কুৎসা; মাছ ধরিবার একপ্রকার বড় জাল; কাদা; মর্দন; চটকানো; রগড়ানো। বাংপ্র। বি।

কচালে—বিবাদপ্রিয়, ঝগড়াটে। কচাল+এ (<ইয়া) শীলার্থে। বিণ।

কচি—কোমল; নবীন; অপক্ক; কাঁচা; সদ্যোজাত; অতি শিশু। বাংপ্র। বিণ।

কচু—কচুগাছ; কচুর মূল। কচ্+উ কর্তৃ। বি; স্ত্রী।

কচুকাটা—কচুর ন্যায় স্বচ্ছন্দে কর্তিত; অতি সহজে বিনাশিত ('— করা')। কচুর ন্যায় কাটা, উপমান কর্মধা (বাংপ্র)। বিণ।

কচুঘেঁচু—কচু ও অন্যান্য বাজে সবজি; নানারকমের অখাদ্য জিনিস; বাজে জিনিস; অবান্তর ব্যাপার। বাংপ্র। বি। [বাংপ্র। বিণ।

কচুপোড়া—কিছুই নয়; অবজ্ঞাসূচক; অখাদ্য

কচুরি—মধ্যে ডালবাটার পুরে দিয়া ময়দার সাহায্যে প্রস্তুত লুচি জাতীয় ভাজা খাবার। হি-মু। বি।

কচুরিপানা—বিলাতীপানা, একপ্রকার জলজ উদ্ভিদ, water-hyacinth. কচুরি (কচুর মত) যে পানা, কর্মধা (বাংপ্র)। বি।

কচ্ছ—১। নৌকার পশ্চাদ্‌ভাগ; সমুদ্র নদী হ্রদ পুষ্করিণী প্রঃর তীর; জলময় দেশ বা স্থান; কাছা। কচ্+ছ কর্তৃ। বি; পুং। ২। জলপ্রান্তস্থিত। ক—ছ+ড কর্তৃ। বিণ।

কচ্ছটিকা, কচ্ছাটিকা—কচ্ছ, কাছা। বি; স্ত্রী।

কচ্ছপ—কূর্ম, কাছিম ; বিষ্ণুর অবতার বিঃ। উপ-তৎ; কচ্ছ—পা+ক কর্তৃ। বি; পুং।

কচ্ছপী—কূর্মী, স্ত্রীকচ্ছপ বা ক্ষুদ্র কচ্ছপ; সরস্বতীর বীণা [এই যন্ত্র কচুয়া সেতার নামে প্রসিদ্ধ]। কচ্ছপ+ঈপ্। বি; স্ত্রী।

কচ্ছা—পরিধেয় বস্ত্রের যে অংশ পশ্চাদ্ভাগে গুঁজিয়া দেওয়া হয় তাহা, কাছা। কচ্ছ+আপ্। বি; স্ত্রী।

কজ্জল—১। অঞ্জন, কাজল; মসী, কালি। কু (কুৎসিত) জল যাহা হইতে, বহু। বি; ক্লী। ২। (কাজলের ন্যায় বর্ণ বলিয়া) মেঘ। বি; পুং।

কঞ্চি—বাঁশের ডাল। <কঞ্চিকা। বি।

কঞ্চিকা—বাঁশের কঞ্চি; ক্ষুদ্র স্ফোটক। কন্‌চ্+ণক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

কঞ্চু—সাপের খোলস। কন্‌চ্+উ কর্তৃ। বি; পুং।

কঞ্চুক—নির্মোক, সাপের খোলস; কবচ; কাঁচুলি; জামা; বস্ত্র। কন্‌চ্+উক করণ। বি; পুং।

কঞ্চুকী (-কিন্)—১। অন্তঃপুরের রক্ষক বৃদ্ধ রাজকর্মচারী ; লম্পট ; সর্প। বি ; পুং। ২। বর্ম-পরিহিত। কঞ্চুক+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -কিনী।

কঞ্চুলিকা, কঞ্চুলী—স্ত্রীলোকদিগের স্তনাবরণী বিঃ, কাঁচুলি। কন্‌চ্+উল করণ+ঈপ্=কঞ্চুলী; ১ম পক্ষে কঞ্চুলী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

কঞ্জুস—অতিকৃপণ। হি। বিণ।

কঞ্জুসি—কার্পণ্য। কঞ্জুস+ই ভাবে। বি।

কঞ্জুসিপনা—কৃপণতাপ্রকাশ; কৃপণতা। বাংপ্র। বি।

কট্—কঠিন জিনিস কামড়াইবার বা কাটিবার শব্দ; পিপীলিকাদের দংশনের অনুকরণ-শব্দ। অ।

কট—১। হস্তীর গণ্ডস্থল; ওষধি। কট্+অচ্ কর্তৃ। ২। তৃণ; তৃণাসন, মাদুর; তৃণরজ্জু; কাছি; ধানের মরাই বেড়িবার জন্য বড় তক্তা। কট্+ঘ করণ। ৩। শব; শবরথ; কটি: কটিপার্শ্ব। কট্+ঘ কর্ম। ৪। শ্মশান। কট্+ঘ অধি। ৫। সময়; সময়বন্ধ; শর। কট্+ঘ ভাব। বি; পুং। ৬। ক্রিয়াকারক। কট্+অচ্ কর্তৃ। বিণ।

কটক—পর্বতমধ্যভাগ; সানু; বলয়; চক্র; নগরী; রাজধানী; সৈন্য; শিবির; সেনাসন্নিবেশস্থান; সামুদ্রিক লবণ। কট্+অক কর্তৃ। বি ; পুং বা ক্লী।

কটকট—তীব্র বেদনার অনুভবসূচক অনুকার শব্দ। বাংপ্র। অ।

কটকটে—১। কর্কশ ('—কথা'); দৃঢ়; প্রখর; কটুভাষী; স্পষ্টবাদী। বিণ। ২। একপ্রকার পতঙ্গভোজী পক্ষী; কর্কশশব্দকারী একপ্রকার ভেক; জগন্নাথদেবের একপ্রকার ভোগ। কটকট+এ (<ইয়া) করে অর্থে। বি।

কট-কবালা—কোবালা, ঋণগ্রহণের একপ্রকার খত [নির্দিষ্ট সময়ের মধ্যে ঋণ পরিশোধ করিতে না পারিলে আবদ্ধ সম্পত্তি মহাজনের হইবে এইরূপ শর্তে]। আ। বি।

কটকিনা, কটকেনা—মেয়াদী ইজারা; দৃঢ়তা, কাঠিন্য, কঠোরতা; জেদ। বাংপ্র। বি।

কটকী—১। কটকনামক স্থানে জাত ('—তামাক')। বিণ। ২। কটকের লোক। বাংপ্র। বি।

কটমট—১। ভীষণ; শক্ত। বিণ। ২। কঠোরতা-প্রকাশ; ক্রোধপ্রকাশ। অ। ৩। তীব্রভাবে; কঠোরভাবে; ক্রুদ্ধভাবে। বাংপ্র। ক্রি-বিণ।

কটমটানো—কটমট করিয়া চাওয়া। বাংপ্র। ক্রি [, বি]।

কটমটি—দুর্বোধ্য বিষয়। বাংপ্র। বি।

কটমটে—১। দুর্বোধ্য বিষয়। বি। ২। কঠোর; দুর্বোধ্য ('—ভাষা'); ভয়ানক। কটমট+এ (<ইয়া) করে অর্থে। বিণ।

কটরকটর, কটরমটর—শক্ত জিনিস চিবাইয়া খাওয়ার শব্দ। বাংপ্র। অ।

কটা—রুক্ষ গৌরবর্ণ, পিঙ্গলবর্ণ; কটাসে রং; (অবজ্ঞায়) ফরসা রং। বাংপ্র। বি বা বিণ।

ক'টা—কয়টা। বাংপ্র। বিণ।

কটাক্ষ—আড়দৃষ্টি, আড় চোখে চাওয়া; (লাক্ষণিক অর্থে) বক্র ইঙ্গিত; প্রকারান্তরে (অর্থাৎ সোজা-ভাবে নয়) প্রতিকূল সমালোচনা। কট (গণ্ড)—অক্ষ্ (ব্যাপ্ত করা)+অণ্ কর্তৃ। বি; পুং।

কটাক্ষজাল—১। বাঁকা চাহনির ফাঁস, বক্র দৃষ্টিপাত-রূপ ফাঁদ। রূপক কর্মধা। ২। অনেকের অপাঙ্গ-দৃষ্টি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কটাক্ষদৃষ্টি—বক্রদৃষ্টিপাত, আড়-চাহনি, আড়চোখে চাওয়া। কর্মধা। বি; স্ত্রী।

কটাক্ষপাত—বক্রদৃষ্টিপাত, আড়চোখে চাওয়া; ঈষৎ বিরুদ্ধ সমালোচনা; বিরুদ্ধ ইঙ্গিত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কটাক্ষপাশ—বক্রদৃষ্টির ফাঁদ, আকর্ষণকারী কুটিল-দৃষ্টি। রূপক কর্মধা। বি; পুং।

কটাচুলো—যাহার চুলের রং কটা এমন। কটাচুল+ও (<উয়া) যুক্তার্থে। বিণ।

কটা-চোখো—যাহার চোখ কটা এমন। কটাচোখ+ও (<উয়া) যুক্তার্থে। বিণ।

কটাৎ, কটাস্—অনুকরণশব্দ; কোন কঠিন বস্তু কাটিয়া ফেলার শব্দ; দংশনের শব্দ। বাংপ্র। অ।

কটাল—১। পূর্ণিমা অমাবস্যাদি তিথিতে নদী বা সমুদ্রের পূর্ণ জলোচ্ছ্বাস বা জোয়ার। বি। ২। স্ফীত; উচ্চ; বৃহৎ। <করাল। বিণ।

কটাস্—'কটাৎ' দ্রঃ।

কটাসে—ঈষৎ পিঙ্গলবর্ণ কটাভাবের। কটা+সে (<সিয়া) ঈষদর্থে। বিণ।

কটাহ—কড়া, ভাজনা খোলা ; কচ্ছপের খোলা ; নরক বিঃ; কূপ। উপতৎ; কট—আ—হন্+ড কর্তৃ। বি; পুং।

কটি, কটী—কোমর, কাঁকালি; শ্রোণী; মধ্যদেশ। কট্+ই কর্তৃ; কটি+ঈপ্ (বিকল্পে)। বি, স্ত্রী।

কটিতট, কটীতট—কটিদেশ, কোমর। কর্মধা। বি; পুং বা ক্লী।
কটিত্র—কটিবস্ত্র; কোমরবন্ধ; ঘুনসি; চন্দ্রহার। উপতৎ; কটি—ত্রৈ+ক কর্তৃ। বি; ক্লী।
কটিদেশ—কটিতট। কর্মধা। বি; পুং।
কটিবন্ধ—কটিসূত্র, কোমরবন্ধ, belt; পৃথিবীর মধ্যস্থান-বেষ্টনকারী কল্পিত রেখা, zone. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কটিবন্ধনী—মেখলা, কটিসূত্র। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কটিবাত—কটিশূল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কটিভূষণ—কাঞ্চী, চন্দ্রহার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কটিশূল—কোমরের ব্যথা, lumbago. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কটিসূত্র—কটিবন্ধ; কাঞ্চীদাম, চন্দ্রহার; গোট; ঘুনসি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কটু—ঝাল; বিস্বাদ; পরশ্রীকাতর; কর্কশ; তীক্ষ্ণ; উষ্ণ; কুৎসিত। কট্‌+উ কর্তৃ। বিণ।
কটুকাটব্য—গালিগালাজ, দুর্বাক্য। দ্বন্দ্ব। বাংপ্র। বি।
কটুতা, কটুত্ব—উগ্রতা; অপ্রিয়তা; কার্কশ্য; কড়া ঝাল বা তিক্তের স্বাদ। কটু+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী। [বি; ক্লী।
কটুত্রয়—ত্রিকটু, শুঁঠ পিপ্‌পুল ও মরিচ। ৬ষ্ঠীতৎ।
কটুবাক্য—কুবাক্য; কর্কশ বাক্য। কর্মধা। বি; ক্লী।
কটুভাষ, -ভাষণ—কুবাক্য; কর্কশ কথা। কর্মধা। বি; পুং, ক্লী।
কটুভাষী (-ভাষিন্‌)—কটুবাক্য-প্রয়োগকারী; কর্কশভাষী; দুর্মুখ। উপতৎ; কটু—ভাষ্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভাষিণী**।
কটূক্তি—কুবাক্য; বঢ়বচন। কটু উক্তি, কর্মধা। বি; স্ত্রী। [আপ্‌। বি; স্ত্রী।
কটোরা—মাটির বাটি, বড় খুরি। কট্‌+ওরন্‌ কর্তৃ+
কঠ—১। মুনি বিঃ; কঠশাখাধ্যায়ী ব্রাহ্মণ। কঠ্‌+অচ্‌ অধ্যেতা অর্থে। ২। ঋগ্বেদ; ঋক্‌ বিঃ; স্বর; উপনিষদ্‌ বিঃ। কঠ্‌+অচ্‌ কর্তৃ। বি; পুং।
কঠিন—দৃঢ়, শক্ত; অতরল; দুর্বোধ ('— শব্দ'); নিরেট; নীরস; বিষম; নিষ্ঠুর ('— হৃদয়'); যাহাকে সহজে তুষ্ট বা বশ করিতে পারা যায় না এরূপ; দুরূহ ('— পুস্তক'); দুরারোগ্য ('—রোগ'); তীক্ষ্ণ; দুঃসহ; স্তব্ধ। কঠ্‌+ইনচ্‌ কর্তৃ। বিণ।
কঠিনতম—অতিশয় কঠিন, দৃঢ়তম। কঠিন+তম অতিশয়ার্থে। বিণ।
কঠিনতর—দুইটির মধ্যে অধিকতর দৃঢ়, অপেক্ষাকৃত দৃঢ়। কঠিন+তর অতিশয়ার্থে। বিণ।
কঠিনতা, কঠিনত্ব—কাঠিন্য, দৃঢ়তা; দুর্বোধতা; নির্দয়তা; তীক্ষ্ণতা, ভয়ানকতা। কঠিন+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
কঠিনহৃদয়—১। পাষাণহৃদয়, নির্দয়মনাঃ। বহু। বিণ। ২। কঠোর চিত্ত, নির্মম মন। কর্মধা। বি; ক্লী।
কঠোপনিষৎ (**-ষদ্‌**)—ব্রহ্মপ্রতিপাদক শাস্ত্র বিঃ। কর্মধা। বি; স্ত্রী।
কঠোর—শক্ত, দৃঢ়; কঠিন; নির্মম; দুরূহ ('— পুস্তক'); নীরস; কষ্টকর। কঠ্‌+ওরন্‌ কর্তৃ। বিণ। বি, -তা।
কড়—বঁড়শি বাঁধিবার সুতা; বিবাহকালীন লোহার বা গালার বালা; অঙ্কুর; কলি। বাংপ্র। বি।
কড়কড়—কর্কশতা প্রকাশ; কঠিন বস্তু চর্বণের শব্দ; বাদ্যাদির ধ্বনি, মেঘ ডাকা বা বাজ পড়ার অনুকরণশব্দ। বাংপ্র। অ।
কড়কড়া, কড়কড়ে—১। অত্যন্ত শুষ্ক; শুকাইয়া কঠিন ('—ভাত'); যাহা চিবাইলে কড়কড় করে এমন; প্রবল, খর, তীব্র। বিণ। ২। কটকটে বেঙ। কড়কড়+আ, এ (<ইয়া) করে অর্থে। বি।
কড়কড়ানি, -মড়ানি—কড়কড় বা কড়মড় শব্দ। বাংপ্র। বি।
কড়কানো—শাসন করা, ধমক দেওয়া; মন্দ বাক্য বলা। বাংপ্র। ক্রি [, বি]।
কড়ঙ্গ—ভিক্ষাপাত্র। <করঙ্ক। বি।
কড়চা—কবিতায় রচিত ইতিহাস; স্থূলে কথা; সংক্ষিপ্ত বিবরণ; জমিদারী হিসাবের কাগজ; জমা-ওয়াশীল-বাকীর হিসাব। <কারিকা। বি।
কড়তা—জিনিস ক্রয়-বিক্রয়কালে পাত্রের ওজন, tare. বাংপ্র। বি। **কড়তা ভাঙ্গা**—দ্রব্যাধারের ওজন ঠিক করিয়া লওয়া।
কড়মড়—কঠিন বস্তু ঘর্ষণের শব্দ; দন্তে দন্তে ঘর্ষণের শব্দ। বাংপ্র। অ।
কড়মড়ানো—কড়মড় শব্দ করা; বিরক্তি-ক্রোধাদি প্রকাশ করা। বাংপ্র। ক্রি [, বি]।
কড়মড়ে—অতিশয় শুষ্ক, যাহা চিবাইলে কড়মড় শব্দ হয় এরূপ। কড়মড়+এ (<ইয়া) করে অর্থে। বাংপ্র। বিণ।
কড়া—১। কড়ি, কপর্দক; সামান্য পরিমাণ; অতি ক্ষুদ্রাংশ; ৪ কাক। <কপর্দক। ২। ধাতু-নির্মিত বলয়; লোহার বালা; আসামীর হাতের লোহার আংটা। <কটক। ৩। রাঁধিবার পাত্র বিঃ। <কটাহ। ৪। ঘর্ষণের ফলে চর্মের কঠিনতা। বি। ৫। কটু; শক্ত; উগ্র; সামান্য; নির্মম; উচ্চ; অলঙ্ঘনীয়; অধিক; তেজস্কর; অত্যন্ত ঝাঁজযুক্ত; দৃঢ়; কষ্টসহনশীল; মহার্ঘ; সতর্ক। <কঠোর। বিণ। [বি।
কড়াই—কড়া; লোহাদির আংটা; কলাই। <কটাহ।
কড়াকড়, কড়াক্কড়—কঠোর নিয়ম; দৃঢ় বন্ধন; কঠিন পরীক্ষা; অব্যক্ত শব্দ; মেঘগর্জন। বাংপ্র। বি।
কড়াকড়ি—দৃঢ়বন্ধন; কঠোর নিয়ম; কঠিন পরীক্ষা। বাংপ্র। বি।
কড়াকিয়া, কড়াকে, কড়ানিয়া—ধারাপাতে কড়ার আর্যা। বাংপ্র। বি। [বাংপ্র। বি।
কড়াক্রান্তি—সূক্ষ্মহিসাব, অতি সামান্য অর্থ। দ্বন্দ্ব।
কড়াৎ—কোন শক্ত জিনিস কাটিবার শব্দ; বজ্রধ্বনির অনুকরণশব্দ। বাংপ্র। অ।
কড়ার—শর্ত অঙ্গীকার, প্রতিশ্রুতি; চুক্তি। <আ 'করার'। বি।

কড়ারী—প্রতিশ্রুত; চুক্তিমতে নির্ধারিত। কড়ার+ঈ বিশিষ্টার্থে। আ-মূ। বিণ।

কড়ি—১। শামুকজাতীয় প্রাণীর দেহ; অর্থ, টাকা পয়সা প্রঃ। ⟨কপর্দক। ২। আড়কাঠ; ছাদের অবলম্বনস্বরূপ মোটা ও লম্বা কাঠ বা লোহা, joist. ⟨কাণ্ড। ৩। ছোট লোহার আংটা। ⟨কটক। ৪। (সংগীতে) নির্দিষ্ট স্বরের উচ্চতর স্বর, অথচ ইহা পরবর্তী নির্দিষ্ট স্বর অপেক্ষা নিম্নতর। বাংপ্র। বি।

কড়িকপালে—অর্থ-ভাগ্যবান্। বহু। বাংপ্র। বিণ; পুং। স্ত্রী, **-কপালী**।

কড়িকষা—কড়ির মূল্যসম্বন্ধীয় এক ধরনের অঙ্ক; শুভঙ্করের আর্যানুযায়ী কড়ির দাম ঠিক করা। বাংপ্র। বি।

কড়িচণ্ডাল—অর্থপিশাচ। ৭মীতৎ। বাংপ্র। বিণ।

কড়িপ্রত্যাশী (-শিন্)—অর্থলোভী। ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বিণ। স্ত্রী, **-শিনী**।

কড়িমধ্যম—সুর বিঃ, 'মা' ও 'পা'-এর মধ্যবর্তী সুর; যন্ত্র বিঃ। বাংপ্র। বি।

কড়িয়াল—ধনী; ঘোড়ার মুখের কড়া। কড়ি+আল (বাংপ্র)। বিণ।

কড়িয়ালি—মুখোশ, ঘোড়ার মুখের কড়া। বাংপ্র। বি।

কড়ে—১। অর্থশালী, ধনবান্। বাংপ্র। ২। চঞ্চল; কনিষ্ঠ, ক্ষুদ্রতম ('— আঙ্গুল'); কচি ('— ফল'): বালিকা, অল্পবয়স্কা। ⟨কনীয়স্। বিণ। ৩। কনিষ্ঠ আঙ্গুলের স্পর্শ বা স্পর্শের জন্য রোমাঞ্চ; ছোট লাঠি দ্বারা স্পর্শ। বাংপ্র। বি।

কড়ে-রাড়ী—অল্পবয়সেই বিধবা, বালবিধবা। কর্মধা। বাংপ্র। বি বা বিণ।

কড়েল—ধনী। ⟨কড়িয়াল। বিণ।

কণ—বস্তুর অত্যল্প অংশ; রেণু, গুঁড়া; অতি সূক্ষ্ম ধান্যাংশ। কণ্+অচ্ কর্তৃ। বি; পুং।

কণা—সূক্ষ্মাংশ; স্ফুলিঙ্গ। কণ+আপ্। বি; স্ত্রী।

কণাদ—বৈশেষিকদর্শন-প্রণেতা মুনি; চটক পক্ষী; স্বর্ণকার। উপতৎ; কণ—অদ্+অণ্ কর্তৃ। বি; পুং।

কণি—নখের কোণ; কোনা; বাক্স প্রঃর কোণে বসাইবার ধাতুনির্মিত পাত। ⟨কোণ। বি।

কণিকা—এককণামাত্র; তণ্ডুলকণা, ক্ষুদ; অতি সূক্ষ্মবস্তু; অগ্নিমন্থবৃক্ষ। কণা+কন্ স্বার্থে। বি; স্ত্রী।

কণ্টক—১। কাঁটা: ক্ষুদ্রশত্রু; মৎস্যাদির অস্থি; (ন্যায়ে) দোষোক্তি; রোমাঞ্চ। বি; পুং বা ক্লী। ২। দোষ; অন্তরায়; রেণু; বিঘ্ন; সূচাগ্র; ক্ষতিকর বা বিরক্তিজনক পদার্থ। বি; পুং। ৩। ক্লেশকর। কন্‌ট্+ণক কর্তৃ। বিণ।

কণ্টকফল—১। কাঁটাল গাছ; ধুতুরা গাছ; গোক্ষুর গাছ; গাবভেরেণ্ডা গাছ; বেগুনগাছ। কণ্টক ফলে যাহার, বহু। বি; পুং। ২। কাঁটাল। কণ্টকপূর্ণ ফল, মধ্যপ। বি; ক্লী।

কণ্টকময়—কাঁটায় ভরা; বিঘ্নবহুল ('— পথ')। কণ্টক+ময়ট্ ব্যাপ্তার্থে। বিণ। স্ত্রী, **-য়ী**।

কণ্টকশয়ন, -শয্যা—অত্যন্ত অসুখজনক শয্যা, যে বিছানায় শুইয়া কোনরূপ আরাম পাওয়া যায় না তাহা; (রূপকার্থে) অত্যন্ত উদ্বেগজনক অবস্থা। কণ্টকপূর্ণ শয়ন, শয্যা, মধ্যপ। বি; ক্লী, স্ত্রী।

কণ্টকাকীর্ণ—কণ্টকব্যাপ্ত, কাঁটাভরা; অসুখজনক; বিঘ্নবহুল ('— পথ')। কণ্টক দ্বারা আকীর্ণ, ৩য়াতৎ। বিণ।

কণ্টকারী—কণ্টিকারী; বৃহতী; শাল্মলীবৃক্ষ; বঁইচি গাছ; কণ্টিকারীর ফল। কণ্টক—ঋ+অণ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

কণ্টকিত—কণ্টকবিশিষ্ট; কণ্টকবিদ্ধ; রোমাঞ্চিত। কণ্টক+ইতচ্ জাতার্থে। বিণ।

কণ্টকিনী—কণ্টকবিশিষ্টা, কাঁটাযুক্তা। কণ্টক+ইন্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

কণ্টকিফল—১। কাঁটাল গাছ। কণ্টকী (কণ্টকিন্) ফল যাহার, বহু। বি; পুং। ২। কাঁটাল ফল। কর্মধা। বি; ক্লী।

কণ্টকোত্তোলন, কণ্টকোদ্ধার—কাঁটা তুলিয়া ফেলা: বিঘ্ন-দূরীকরণ; শত্রুনাশ; চোর দস্যু প্রঃ দমন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং।

কণ্টিকারী—ভেষজ গাছ বিঃ। ⟨কণ্টকারী। বি।

কণ্ট্রাক্ট—চুক্তি, কোন নির্দিষ্ট কার্য নির্দিষ্ট ব্যয়ে করিয়া দিবার জন্য প্রতিশ্রুতি বা অঙ্গীকার। ⟨ইং 'contract'. বি।

কণ্ট্রাক্টর—চুক্তিকারী, কোন নির্দিষ্ট কার্য নির্দিষ্ট ব্যয়ে করিয়া দিবার জন্য অঙ্গীকারবদ্ধ ব্যক্তি। ⟨ইং 'contractor'. বি।

কণ্ঠ—গলদেশ, গলা; হোমকুণ্ডের বাহিরে অঙ্গুলি-পরিমিত স্থান; কণ্ঠধ্বনি; নিকট। কণ্+ঠ কর্ম। বি; পুং।

কণ্ঠগত, কণ্ঠাগত—কণ্ঠপর্যন্ত আগত, কণ্ঠপর্যন্ত উপস্থিত। ২য়াতৎ। বিণ।

কণ্ঠগতপ্রাণ, কণ্ঠাগতপ্রাণ—যাহার প্রাণ বহির্গত হইবার উপক্রম হইয়াছে এরূপ, মৃতপ্রায়। বহু। বিণ।

কণ্ঠনলী, -নালী—গলার নলী, শ্বাসনালী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কণ্ঠবদ্ধ, -লীন—গললগ্ন, আলিঙ্গন করিয়া গলা জড়াইয়া আছে এরূপ। ৭মীতৎ। বিণ।

কণ্ঠবন্ধন—রজ্জু দ্বারা গলদেশ-বেষ্টন; কণ্ঠদেশে আলিঙ্গন। ৭মীতৎ। বি, ক্লী।

কণ্ঠবেষ্টন—গলা জড়াইয়া ধরা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কণ্ঠভূষণ, -ভূষা—গলদেশের অলংকার; মালা; হার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।

কণ্ঠমণি—কণ্ঠে ধারণীয় রত্ন; কণ্ঠের বাহিরের উঁচু হাড়, Adam's apple. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কণ্ঠমালা—কণ্ঠহার, গলদেশের হার। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কণ্ঠরব—কণ্ঠস্বর, গলার আওয়াজ। ৬ষ্ঠীতৎ। বি; [পুং।

কণ্ঠরোধ—বাক্য বন্ধ হওয়া; কণ্ঠস্বর রুদ্ধ হওয়া; শ্বাস রোধ হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কণ্ঠলগ্ন—গলদেশে সংলগ্ন; গলে পরিহিত; যাহা গলায় লাগিয়া আছে এরূপ। ৭মীতৎ। বিণ।
কণ্ঠলম্বিত—গলদেশে লম্বমান, গলায় ঝুলানো। ৭মীতৎ। বিণ।
কণ্ঠলম্বী (-লম্বিন্)—গলদেশে লম্বমান, কণ্ঠলম্বিত। উপতৎ; কণ্ঠ—লম্ব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -লম্বিনী।
কণ্ঠলীন—'কণ্ঠবদ্ধ' দ্রঃ।
কণ্ঠশ্বাস—কণ্ঠাগত নিঃশ্বাস; মৃতপ্রায় অবস্থা। মধ্যপ। বি; পুং।
কণ্ঠসূত্র—মাল্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কণ্ঠস্থ—মুখস্থ, যাহা বিলক্ষণ অভ্যাস করা হইয়াছে এরূপ; কণ্ঠে অবস্থানকারী। উপতৎ; কণ্ঠ—স্থা+ক কর্তৃ। বিণ।
কণ্ঠস্বর—কণ্ঠধ্বনি, গলার আওয়াজ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [পুং।
কণ্ঠহার—গলদেশের অলংকার, হার। ৬ষ্ঠীতৎ। বি;
কণ্ঠা—গলার নীচে দুই পাশের হাড়, collar bone; কণ্ঠস্বর। ﹤কণ্ঠ। বি। **কণ্ঠা বাহির হওয়া**—খুব রোগা হওয়ায় গলার হাড় বাহির হওয়া; খুব দুর্বল হওয়া।
কণ্ঠাগত—'কণ্ঠগত' দ্রঃ।
কণ্ঠাগতপ্রাণ—'কণ্ঠগতপ্রাণ' দ্রঃ।
কণ্ঠাগতপ্রায়—যাহা প্রায় কণ্ঠদেশে আসিয়াছে এরূপ, বহির্গমনোন্মুখ ('—প্রাণ')। প্রায় কণ্ঠাগত, সুপ্। বিণ। [বি; ক্লী।
কণ্ঠাভরণ—কণ্ঠের অলংকার, হার প্রঃ। ৬ষ্ঠীতৎ।
কণ্ঠাস্থি—কণ্ঠের নিকটবর্তী অস্থি, collar bone. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কণ্ঠি—বৈষ্ণবদিগের কণ্ঠে ধৃত তুলসীর মালা; ছোট হার। ﹤কণ্ঠী। বি।
কণ্ঠী—অশ্বের কণ্ঠবেষ্টন-রজ্জু; বৈষ্ণবাদির কণ্ঠে ধৃত তুলসীর মালা। কণ্ঠ+ঈপ্ অল্পার্থে। বি; স্ত্রী। **কণ্ঠী ছেঁড়া**—বৈষ্ণবধর্ম ত্যাগ করা; বৈষ্ণবসম্প্রদায় হইতে বিতাড়িত হওয়া।
কণ্ঠীধারী (-ধারিন্)—বৈষ্ণব বিঃ, গলে কাষ্ঠ বা তুলসীর মালা-পরিহিত বৈষ্ণব বা বৈরাগী। উপতৎ; কণ্ঠী—ধৃ+ণিন্ কর্তৃ। বি; পুং।
কণ্ঠী-বদল—বৈষ্ণবদিগের কণ্ঠমালার বিনিময়ে বিবাহ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
কণ্ঠ্য—কণ্ঠ হইতে উচ্চারিত; কণ্ঠসংক্রান্ত। কণ্ঠ+যৎ ভবার্থে। বিণ। **কণ্ঠ্য বর্ণ**—অ আ কবর্গ হ ও বিসর্গ—এই নয়টি বর্ণ।
কণ্ডন—শস্যাদি ছাঁটিয়া তুষ বাহির করা; কাঁড়ানো। কন্ড্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**কণ্ডিত, কণ্ড্য, কণ্ডনীয়, কণ্ডিতব্য।**
কণ্ডনী—উদূখল, মুষল। কন্ড্+অনট্ করণ+ঈপ্। বি; ক্লী। [স্ত্রী।
কণ্ডু—গাত্রঘর্ষণ; চুলকানি। কন্ড্+উ ভাব। বি;
কণ্ডূ—চুলকানি, খোস, পাঁচড়া। কণ্ডূ+ক্বিপ্ ভাব। বি; স্ত্রী।
কণ্ডূতি—কণ্ডূ, চুলকানি; সিড়সিড়ানি; কিছু করিবার জন্য-চঞ্চলতা। কণ্ডূ+ক্তি ভাব। বি; স্ত্রী।
কণ্ডূয়ন—চুলকানো, সুড়সুড় করা; পাঁচড়া; কোন কিছু করিবার জন্য অধীরতা। কণ্ডূ+যক্ স্বার্থে +অনট্ ভাব। বি; ক্লী।
কণ্ডূয়মান—কণ্ডূয়নকারী, যে চুলকাইতেছে এমন। কণ্ডূ+যক্ স্বার্থে+শানচ্ কর্তৃ। বিণ।
কৎ—কলমের মুখ, কচ ('—কাটা')। আ-মু। বি।
কত—কিয়ৎ, কি পরিমাণ; বহু; প্রচুর। ﹤কতি। বিণ। **কত করিয়া**—অনেক করিয়া; বহু সাধ্যসাধনা করিয়া। **কত কি**—অনেক রকমের অনেক জিনিস বা বিষয়, অনেক প্রকার। **কত না**—কতই, খুব। **কত শত**—অসংখ্য।
কতক—কিছু; কয়েকটি; খানিক; কিছু অংশ। বাংপ্র। বিণ বা বি।
কতকটা—১। কিছু-পরিমাণ। বিণ। ২। কিয়ৎপরিমাণে, কিছুমাত্রায়। কতক+টা পরিমাণার্থে। বাংপ্র। ক্রি-বিণ। [বি।
কতক্ষণ—কিছুকাল; অনেকক্ষণ। কর্মধা। বাংপ্র।
কতটা—কয়েক; কতখানি। কত+টা পরিমাণার্থে। বাংপ্র। বিণ।
কতবেল—কয়েতবেল, কপিত্থ। ﹤কপিত্থবিল্ব। বি।
কতমত—১। কতরকম; অনেক রকমের। বিণ। ২। কতরকমে, অনেক প্রকারে। কত+মত প্রকারার্থে (বাংপ্র)। ক্রি-বিণ।
কতল—হত্যা, খুন। ﹤আ 'কৎল্'। বি।
কতি—১। কত, কিয়ৎপরিমাণ, কতসংখ্যক। কিম্+ডতি পরিমাণার্থে। বিণ। ২। কিজন্য, কিসের জন্য। অ। ৩। কোথায়। সর্ব। ৪। কয়জন, কতিপয়। প্রা কপ্র। বিণ।
কতিপয়—কিয়ৎসংখ্যক, কতকগুলি। কতি+অয়চ্ স্বার্থে (প-আগম)। বিণ।
কতেক—কত; কত বেশী; অনেক, বিস্তর। বাংপ্র। বিণ।
কত্তা—মালিক; প্রধান ব্যক্তি; সাধারণ জিনিসবিক্রেতাকে সম্বোধন করিবার শব্দ। ﹤কর্তা। বি বা বিণ।
কথক—বক্তা; কথোপজীবী; ভাবভঙ্গীগীতাদির সহিত পুরাণপাঠ। কথ+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**কথিকা।**
কথকঠাকুর—পুরাণ-পাঠকারী ব্রাহ্মণ, যিনি অভিনয়ের ভঙ্গীতে পৌরাণিক উপাখ্যান শুনাইয়া থাকেন। কর্মধা। বাংপ্র। বি; পুং।
কথকতা—কথকের কার্য, বক্তৃতা; সর্বজনসমক্ষে অভিনয়ভঙ্গীতে পৌরাণিক উপাখ্যান কথন। কথক+তা কর্মার্থে। বি; স্ত্রী।
কথঞ্চন—কোন প্রকারে, কোন সুযোগে; অতিযত্নে, প্রভূত আয়াসে। কথম্+চন। অ।
কথঞ্চিৎ—১। কথঞ্চন (তাহা দ্রঃ)। কথম্+চিৎ

অনিশ্চয়ার্থে। অ। ২। কিছু, সামান্য। বাংপ্র। বিণ। [স্ত্রী।

কথন—কথা, উক্তি; বলা। কথ+অনট্ ভাব। বি;

কথনীয়, কথ্য—বক্তব্য, বলিবার যোগ্য। কথ+অনীয়, যৎ কর্ম। বিণ।

কথা—১। উক্তি; উচ্চারণ; পক্ষপ্রতিপক্ষ উপস্থাপনপূর্বক বিচার; বাদসূচক কথন; কথকতা; নামকীর্তন; উল্লেখ; আলাপ। কথ+অ ভাব+আপ্। ২। সত্যমিশ্রিত কল্পিত গল্পগ্রন্থ; উপাখ্যান, কাহিনী ('রামায়ণী —'); প্রসঙ্গ; অঙ্গীকার; অভিপ্রায়। কথ+অ কর্ম+আপ্। বি; স্ত্রী। **আদুরে আদুরে কথা**—আধ আধ কথা; অস্পষ্ট কথা। **আপন কথাই পাঁচ কাহন**—নিজের বক্তব্যকেই প্রাধান্য দেওয়া। **আসল কথা**—মূল বিষয়। **উচিত কথা**—যুক্তিসংগত মন্তব্য বা প্রতিবাদ। **এক কথা**—অপরিবর্তনীয় কথা। **কড়া কথা**—তিরস্কার, কর্কশ কথা। **কথা কাটা**—প্রতিবাদ করা, আপত্তি করা; প্রতিশ্রুতি ভঙ্গ করা। **কথা কাটাকাটি**—বচসা; তর্ক। **কথা চালা**—গল্প বলা; মুখে মুখে কথা বাড়ানো। **কথা চালাচালি**—পরস্পরের কথা বা সংবাদ পরস্পরকে প্রদান; কথার আদান-প্রদান, negotiation. **কথা দেওয়া**—প্রতিশ্রুতি দেওয়া। **কথা নড়া**—কথার নড়চড় হওয়া। **কথা পাড়া**—প্রস্তাব করা, কোন বিষয়ের উত্থাপন করা। **কথা ফাঁস করা**—গোপন কথা প্রকাশ করা, প্রকৃত মনোভাব প্রকাশ করা। **কথা ফেনাইয়া বলা**—কথা পল্লবিত করা, কথা বাড়াইয়া বলা। **কথা বাড়ানো**—তর্ক করিয়া চলা; অনর্থক বকা। **কথায় কথায়**—কথাপ্রসঙ্গে, কথা বলিতে বলিতে। **কথায় চিঁড়ে ভেজে না**—শুধু মুখের কথায় কাজ হয় না। **কথায় থাকা**—সংসর্গে থাকা; কিছু করা। **কথায় না টলা**—অনুরোধ-উপরোধে নিজ সংকল্প ত্যাগ না করা। **কথায় না থাকা**—অবাঞ্ছিত ব্যাপারের সঙ্গে জড়িত না থাকা; সংসর্গে না থাকা। **কথার আঁটুনি বা বাঁধুনি**—বাক্যপ্রয়োগের নৈপুণ্য। **কথার কথা**—কথার মারপেঁচ; শূন্যগর্ভ বচন, বাজে কথা। **কথার চালাকি, কথার ফের, কথার মারপেঁচ**—ঘুরানো কথা। **কথার হাত-পা বাহির করা**—কথা ফেনাইয়া বলা, কথা পল্লবিত করা। **কম কথা নয়**—উপেক্ষার বিষয় নয়। **কাঁচা কথা**—যে কথার উপর নির্ভর করা চলে না। **কাজের কথা**—নির্ভরযোগ্য কথা; দরকারী কথা। **কানে কানে কথা**—চুপি চুপি কথা, গোপন পরামর্শ। **খেলো কথা**—অসার কথা। **খোলাখুলি কথা**—সহজ স্পষ্ট কথা। **গড়া কথা**—কাল্পনিক কথা। **চোখা চোখা কথা**—স্পষ্ট অপ্রিয় বাক্য। **ছোট কথা**—সামান্য কথা; মূল্যহীন কথা। **দশ কথা**—নানাবিধ কড়া কথা; অনেক কথা। **দশ কথার এক কথা**—অতি সাধারণ কথা। **নাকে কথা**—নাকীসুরে কথা; দুর্বলের অনুযোগ। **পাঁচ কথা**—নানা কথা। **বড় কথা**—মূল্যবান্ কথা বা উপদেশ। **বাঁকা কথা**—অসরল উক্তি। **বেফাঁস কথা**—অন্যের বা নিজের ক্ষতিকর গোপন কথা। **লোকের কথা**—উড়ো কথা। **শক্ত কথা**—রূঢ় মন্তব্য। **শেষ কথা**—সর্বশেষ মন্তব্য। **শোনা কথা**—লোকের কথা, গুজব। **সাজানো কথা**—কাল্পনিক কথা। **সাত কথা**—নানা কথা। **সোজা কথা**—স্পষ্ট সরল কথা। **হক কথা**—ন্যায্য কথা। **হালকা কথা**—গুরুত্বহীন অসার কথা। **হাসির কথা**—তামাশার কথা; অবিশ্বাস্য কথা।

কথাকলি—পৌরাণিক যুদ্ধকাহিনী। <কলি-কথা। বি। **কথাকলি নৃত্য**—দক্ষিণ ভারতের নৃত্য বিঃ।

কথান্তর—১। অন্য কথা; কথার ব্যতিক্রম। অনা কথা, নিত্য। ২। কথার ফাঁক। কথার অন্তর, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ৩। বিবাদ, কথা কাটাকাটি। বাংপ্র। বি।

কথাপ্রবন্ধ—১। আলাপ, কথোপকথন; উপন্যাস; গল্প। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। কথার ছল। বাংপ্র। বি।

কথাপ্রমাণ—কথানুযায়ী। বাংপ্র। বিণ।

কথাপ্রসঙ্গ—কথার প্রস্তাব বা আরম্ভ; কথোপকথন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কথাপ্রসঙ্গে—কথায় কথায়, কথা হইতে হইতে; কথার প্রসঙ্গ যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

কথাবার্তা—আলাপ, কথোপকথন। দ্বন্দ্ব। বাংপ্র। বি।

কথামুখ—গ্রন্থসূচনা, গল্পের ভূমিকা বা উপক্রমণিকা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কথারম্ভ—কথার আরম্ভ; উপাখ্যানের সূচনা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কথাশিল্প—গল্পরচনারূপ কলাবিদ্যা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কথাশিল্পী (-ল্পিন্)—গল্পকার, ঔপন্যাসিক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কথাসাহিত্য—উপন্যাস; গল্প; রম্য রচনা। কর্মধা। বি; ক্লী।

কথাসাহিত্যিক—ঔপন্যাসিক; গল্পলেখক। কথাসাহিত্য+ইক করে অর্থে। বি; পুং। স্ত্রী, -কী।

কথি—কোথায়, কোন্ স্থানে ("নটবর বেশ পাইল কথি"—গোবিন্দ); কিসের। প্রা কপ্র। অ।

কথিত—উক্ত, বর্ণিত; ব্যাখ্যাত; উচ্চারিত। কথ+ক্ত কর্ম। বিণ।

কথিহু, কথিহুঁ—কোথাও ("কহসি শ্যামদাস হেরব না কথিহু"—মাধব)। প্রা কপ্র। অ।

কথোপকথন—উক্তি-প্রত্যুক্তি, পরস্পর আলাপ-আলোচনা বা কথাবার্তা; বাদানুবাদ; আন্দোলন। কথাতে উপকথন, ৭মীতৎ; বা, কথা এবং উপকথন, দ্বন্দ্ব। বি; ক্লী।

কথ্য—'কথনীয়' দ্রঃ।

কদক্ষর—১। কুৎসিত অক্ষর; বিশ্রী লেখা। কু (কুৎসিত) অক্ষর, নিত্য (কু-স্থানে কৎ)। বি; ক্লী। ২। যাহার অক্ষর বা হস্তলিপি কুৎসিত এরূপ। কু অক্ষর যাহার বহু। বিণ।

কদগ্নি—১। মন্দাগ্নি, অগ্নিমান্দ্য। কুৎসিত অগ্নি, নিত্য (কু-স্থানে কৎ)। বি; পুং। ২। অজীর্ণ-

রোগী, মন্দাগ্নিযুক্ত। কু (মন্দ) অগ্নি (জঠরাগ্নি) যাহার, বহু। বিণ।

কদন্ন—কুৎসিত অন্ন; জঘন্য আহারের দ্রব্য। কুৎসিত অন্ন, নিত্য (কু-স্থানে কৎ)। বি; ক্লী।

কদভ্যাস—মন্দ অভ্যাস। কু (কুৎসিত) অভ্যাস, নিত্য (কু-স্থানে কৎ)। বি; পুং।

কদম—১। কদমগাছ; কদমফুল। ⟨কদম্ব। ২। মহিমা; চলন, গতিভংগী; অশ্বের গমনভংগী; দূরে পদক্ষেপ; পদ। আ। বি। **জোর কদম**—দ্রুত পদক্ষেপ। [আ-মূ। বি।

কদম-বুসি—পদচুম্বন; পায়ে হাত দিয়া সেলাম করা।

কদমা—একরকম চিনির তৈয়ারী ফাঁপা লাড়ু। কদম (১)+আ সদৃশার্থে (বাংপ্র)। বি।

কদম্ব, কদম্বক—১। কদম গাছ। কদ্+অম্বচ্ কর্তৃ, (২য় পক্ষে)+স্বার্থে কন্। বি; পুং। ২। কদম্ব-পুষ্প; সমূহ। কদি+অম্বচ্ কর্তৃ; কদম্ব+কন্ স্বার্থে। বি; ক্লী।

কদম্বগোলকন্যায়—ন্যায় বিঃ [কদম ফুল গোল। ইহার উপরেব কেশরগুলি যখন ছোট থাকে তখন গোলই থাকে। পরে উহা বাড়িবার সময়ও গোল অবস্থাতেই বাড়িয়া থাকে। এই কেশরগুলি উৎ-পত্তির প্রথমাবস্থা হইতে পূর্ণতাপ্রাপ্ত হওয়া পর্যন্ত দৈর্ঘ্যে সমান থাকায় কদম্বগোলক সকল সময়ে গোলাকার থাকে। সেইরূপ কোন বস্তু বা বিষয় যদি প্রথম হইতে শেষ পর্যন্ত একই অবস্থায় থাকে, তাহা হইলে সেই সম্বন্ধে কদম্বগোলকন্যায় বলা হইয়া থাকে অথবা কোন বিষয়ে এককালীনতা প্রমাণ করিবার উদ্দেশ্যে কদম্বফুলেব কেশর-সমূহের একই সময়ে একইভাবে উৎপত্তির দৃষ্টান্ত উপস্থাপিত হয়]। কদম্বই গোলক, কর্মধা; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

কদম্বরেণু—কদম্বপরাগ, কদমফুলের বেণু। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা স্ত্রী।

কদর—যত্ন; খাতির, সম্মান; মূল্য। ⟨আ 'কদ্র'। বি।

কদর্থ—১। মন্দ অর্থ, অসৎ ব্যাখ্যা; বিকৃত তাৎপর্য; অসৎ প্রয়োজন। কু (কুৎসিত) অর্থ, নিত্য (কু-স্থানে কৎ)। বি; পুং। ২। ব্যর্থ, নিরর্থক; যাহাব অর্থ বা তাৎপর্য মন্দ এমন। কু (কুৎসিত) অর্থ (বিধেব, প্রয়োজন, তাৎপর্য) যাহার বা যাহাতে, বহু। বিণ।

কদর্থন—কুৎসিত অর্থকবণ; বিড়ম্বন; দূষণ; অপভাষণ; অবমাননা; পীড়ন। কদর্থ+ণিচ্ (=কদর্থি নামধাতু)+অনট্ ভাব। বি; ক্লী।

কদর্থিত—যাহার মন্দ অর্থ করা হইয়াছে এমন, বিড়ম্বিত; দূষিত; ঘৃণিত; বিফলীকৃত; নির্যাতিত, পীড়িত। কদর্থ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

কদর্থীকৃত—যাহার মন্দ অর্থ করা হইয়াছে এমন; বিফলীকৃত; মন্দীকৃত। কদর্থ+চ্বি অভূততদ্ভা-বার্থে (=কদর্থী)—কৃ+ক্ত কর্ম। বিণ। বি. **-করণ**।

কদর্য—কুৎসিত, খারাপ। কু—ঋ+যৎ কর্তৃ। বিণ।

কদর্যতা—জঘন্যতা, অপকৃষ্টতা, মন্দতা। কদর্য+তা ভাবে। বি; স্ত্রী।

কদল—১। কলাগাছ। বি; পুং। ২। কলা। ক (বায়ু)—দল্ (ভেদ করা)+ক ঘঞর্থে কর্ম। বি; ক্লী। [বি; স্ত্রী।

কদলিকা—কলাগাছ। কদলী+কন্ স্বার্থে+আপ্।

কদলী—কলাগাছ; কলা। ক—দল্+ঘ কর্ম+ঈপ্। বি; স্ত্রী।

কদলীকুসুম—মোচা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কদশ্ব—অপকৃষ্ট ঘোটক, খারাপ ঘোড়া। কুৎসিত অশ্ব, নিত্য। বি; পুং।

কদা—কখন, কোন্ সময়, কবে। কিম্+দাচ্ কালার্থে। অ।

কদাকার—১। কদর্যাকাব; বিশ্রী, অশোভন। কু (কুৎসিত) আকার যাহার, বহু (কু-স্থানে কৎ)। বিণ। ২। কুৎসিত আকৃতি; জঘন্য চেহারা। কুৎসিত আকার, নিত্য। বি; পুং।

কদাচ—কদাচিৎ, কখন। ⟨কদাচন। অ।

কদাচন—কোন সময়ে, কখন। কদা+চন অনির্দিষ্ট-অর্থে। অ।

কদাচরণ, কদাচার—অভদ্র আচরণ, অসদ্ব্যবহার, নোংরামি; কুৎসিত অনুষ্ঠান; শাস্ত্র ও সমাজের বিরোধী আহার বিহার ইঃ। কু (কুৎসিত) আচরণ, আচাব, নিত্য (কু-স্থানে কৎ)। বি; ক্লী, পুং।

কদাচারী (-চারিন্)—কদাচারপরায়ণ; যাহার আচার মন্দ এরূপ, অসদাচারী। কদাচাব+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী. **-চারিণী**।

কদাচিৎ—কোন কালে। কদা+চিৎ অনির্দিষ্ট-অর্থে। অ।

কদাপি—কখনও, কোন সময়েও। কদা+অপি। অ।

কদাহার—কুৎসিত ভোজন; কুখাদ্য। কু (কুৎসিত) আহার, নিত্য। বি; পুং।

কদাহারী (-হারিন্)—কুৎসিত-ভোজনকারী; কু-খাদ্য-গ্রহণকারী। কদাহার+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী. **-হারিণী**।

কদিন—কয়দিন; অল্প কয়েক দিন। বাংপ্র। ক্রি-বিণ।

কদু—লাউ; তৃণ বিঃ। হি-মূ। বি।

কদুক্তি—মন্দ কথা; কটু বাক্য; অশ্লীল উক্তি; গালা-গালি। কু (কুৎসিত) উক্তি, নিত্য (কু-স্থানে কৎ)। বি; স্ত্রী।

কদুত্তর—অসৎ উত্তর; খারাপ জবাব; চোপা, চোপরা। কু (কুৎসিত) উত্তর, নিত্য। বি; ক্লী।

কদুষ্ণ—ঈষদুষ্ণ, অল্পতপ্ত। কু (ঈষৎ) উষ্ণ, সুপ্ বা নিত্য। বিণ। [পুং।

কনক—সুবর্ণ। কন্+অক কর্তৃ। বি,

কনকচম্পক—কনকচাঁপা ফুল। কনকবর্ণ চম্পক, মধ্যপ। বি; ক্লী।

কনকচাঁপা—কনকচম্পক, একপ্রকার গাঢ় হলুদবর্ণের ফুল। মধ্যপ। বি।

কনকচূড়, -চূর—সুদৃশ্য ধান্য বিঃ [এই ধান্য হইতে উৎকৃষ্ট খৈ প্রস্তুত হয়]। বাংপ্র। বি।

কনকচ্ছত্র—রাজচ্ছত্র, নৃপতিচিহ্নস্বরূপ ছত্র। কনকদণ্ড ছত্র, মধ্যপ। বি; ক্লী।
কনকন—বেদনা অত্যন্ত শীতলতা শীত বা ব্যথার লক্ষণ-প্রকাশসূচক অনুকারশব্দ। বাংপ্র। অ।
কনকনানি—বেদনা; অত্যন্ত শীতলতা। বাংপ্র। বি।
কনকনানো—ব্যথা করা। বাংপ্র। ক্রি [, বি]।
কনকনে—অতিশয় শীতল, অস্বস্তিকর তীব্র ঠাণ্ডা; তীব্রস্বরবিশিষ্ট। কনকন+এ (<ইয়া) করে অর্থে। বাংপ্র। বিণ।
কনকপুরী—স্বর্ণময় পুরী। কনকময়ী পুরী, মধ্যপ। বি; স্ত্রী।
কনকপ্রভ—স্বর্ণের ন্যায় দীপ্তিসম্পন্ন। কনকের প্রভার ন্যায় প্রভা যাহার, বহু। বিণ।
কনকমুকুট—স্বর্ণ-কিরীট। কনকনির্মিত মুকুট, মধ্যপ। বি; ক্লী।
কনকমেখলা—সুবর্ণ-কটিভূষণ। কনকরচিতা মেখলা, মধ্যপ। বি; স্ত্রী।
কনকরম্ভা—চাঁপা কলা। কনকবর্ণা রম্ভা, মধ্যপ। বি; [স্ত্রী।
কনকলঙ্কা—স্বর্ণলঙ্কা, রাবণপুরী। কনকনির্মিতা লঙ্কা, মধ্যপ। বি; স্ত্রী।
কনকলতা—সোনা লতা, স্বর্ণলতা। কনকবর্ণা লতা, মধ্যপ। বি; স্ত্রী।
কনকসূত্র—সোনার তার; স্বর্ণহার। কনকনির্মিত সূত্র, মধ্যপ। বি; ক্লী।
কনকহার—স্বর্ণহার। কনকনির্মিত হার, মধ্যপ। বি; পুং।
কনকাচল—হেমাদ্রি, সুমেরুপর্বত; অস্তাচল; যথা-নিয়মে যজ্ঞ-অনুষ্ঠানপূর্বক স্তূপাকারে সজ্জিত স্বর্ণ এবং অন্যান্য ধাতু। কনকময় অচল, মধ্যপ। বি; পুং।
কনকাঞ্জলি—বিবাহযাত্রাকালে বর বা কন্যা কর্তৃক জননীকে অর্ঘ্যদান; প্রতিমা-বিসর্জনের পূর্বে অর্ঘ্যদান; মাঙ্গলিক দান বিঃ। কনকপূর্ণ অঞ্জলি, মধ্যপ। বি; পুং।
কনকানটে—একধরনের শাক। বাংপ্র। বি।
কনট্রাকটর—ঠিকাদার। <ইং 'contractor'. বি।
কনট্রাকটরি—ঠিকাদারের কাজ। ইং-মূ। বি।
কনভয়—যুদ্ধজাহাজের পাহারায় পরিচালিত বাণিজ্য-জাহাজসমূহ। <ইং 'convoy'. বি।
কনভোকেশন—বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসব। <ইং 'convocation'. বি।
কনসল—বৈদেশিক রাষ্ট্রদূত। <ইং 'consul'. বি।
কনসার্ট—ঐকতান। <ইং 'concert'. বি। **কনসার্ট পার্টি**—ঐকতানবাদকের দল।
কনস্টেবল—পুলিস প্রহরী। <ইং 'constable'. বি।
কনিষ্ঠ—সর্বানুজ, সকলের ছোট ('—পুত্র'); অত্যল্প; ক্ষুদ্র; বয়সে ছোট। যুবন্ বা অল্প+ইষ্ঠ অতিশয়-অর্থে, যুবন্ বা অল্প-স্থানে কন্ আদেশ। বিণ।
কনিষ্ঠা—১। কনিষ্ঠ অঙ্গুলি, কড়ে আঙ্গুল। বি; স্ত্রী। ২। সর্বাপেক্ষা অল্পা বা ক্ষুদ্রা; সবচেয়ে ছোট ('—কন্যা')। কনিষ্ঠ+আপ্। বিণ; স্ত্রী।
কনীনিকা—চোখের তারা, pupil; কনিষ্ঠাঙ্গুলি; কনিষ্ঠভগিনী। কন্+ঈন কর্তৃ+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
কনীয়ান্ (**কনীয়স্**)—বয়সে ছোট, অনুজ ('—ভ্রাতা'); অল্পতর; ক্ষুদ্রতর। যুবন্ বা অল্প+ঈয়সু অপেক্ষার্থে। বিণ। স্ত্রী, -য়সী।
কনুই—বাহুর অধোভাগ, বাহুর মধ্যগ্রন্থি। <কফোণি। বি।
কনে—সদ্যোবিবাহিতা বালিকা, বিবাহের পাত্রী; নববধূ। <কন্যা। বি।
কনে-চন্দন—বিবাহকালে কনের মুখে চন্দন দিয়া আঁকা। বাংপ্র। বি।
কনে-বউ—বালিকা বধূ, নববধূ; কনিষ্ঠা বধূ। কর্মধা। বাংপ্র। বি; স্ত্রী।
কনে-যাত্রী—কন্যাপক্ষের লোক। বাংপ্র। বি।
কন্ট্রোল—খাদ্যবস্ত্রাদি নির্দিষ্ট মূল্যে ও পরিমাণে জনসাধারণকে সরবরাহের ব্যবস্থা বা প্রতিষ্ঠান। <ইং 'control'. বি।
কন্থা—কাঁথা; মৃন্ময়ভিত্তি, মাটির দেওয়াল। কন্থ্+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
কন্দ—মূল, আলু প্রঃ; ওল; গাজর। কন্দ্+অচ্ কর্তৃ। বি; পুং বা ক্লী।
কন্দর—দরী, গুহা। কম্—দৃ+অপ্ কর্ম। বি; পুং।
কন্দর্প—কামদেব, মদন। কম্—দৃপ্+ণিচ্+অচ্ কর্তৃ। বি; পুং।
কন্দল—১। কলধ্বনি; কোলাহল। কম্—দল্+অচ্ কর্তৃ। ২। নূতন অঙ্কুর; মাথার খুলি; হাত-তালি; অপযশ। বি; ক্লী। ৩। কলহ; যুদ্ধ। কন্দ—লা+ক কর্তৃ। বি; পুং।
কন্দু—লৌহময় পাকপাত্র; কড়া; তাওয়া। স্কন্দ্+উ অধি (স-এর লোপ)। বি; পুং বা স্ত্রী।
কন্দুক, কন্দুক—খেলিবার গোলা, ভাঁটা; ত্রয়োদশা-ক্ষরযুক্ত অতিজগতীজাতীয় ছন্দঃ। কন্দ্+উ কর্তৃ +কন্ স্বার্থে; কন্দ্+উক কর্তৃ। বি; পুং।
কন্দুকক্রীড়া—ভাঁটা খেলা; বল খেলা। কন্দুকসাধ্যা ক্রীড়া, মধ্যপ। বি; স্ত্রী।
কন্ধ—গ্রীবা, কাঁধ; দেহ। <স্কন্ধ। বি।
কন্ধ-কাটা—কবন্ধ; ভূত বিঃ। বহু (বাংপ্র)। বি।
কন্ধর, কন্ধরা—গ্রীবা, গলা। কম্—ধৃ+অচ্ কর্তৃ; কম্-এর ধরা, ষষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী।
কন্না—সংসারের কাজ ('ঘর—'); খাটুনি; সেবা। বাংপ্র। বি।
কন্যকা—তনয়া; অবিবাহিতা স্ত্রী; দশবর্ষবয়স্কা কুমারী; নায়িকা বিঃ। কন্যা+কন্ স্বার্থে। বি; স্ত্রী।
কন্যা—১। তনয়া; দশমবর্ষবয়স্কা অবিবাহিতা কুমারী; বৃতকুমারী। কন্+য কর্তৃ+আপ্। ২। মেষাদি দ্বাদশ রাশির অন্তর্গত ষষ্ঠরাশি; চতুরক্ষরযুক্ত প্রতিষ্ঠা-জাতীয় ছন্দঃ। বি; স্ত্রী।

কন্যাকর্তা (-কর্তৃ)—কন্যার নিয়ামক বা অভিভাবক; বিবাহে কন্যার দানাদি কার্যে অধিকারী ব্যক্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী, **-কর্ত্রী**।

কন্যাকাল—অবিবাহিতা বালিকার দশম বৎসর পর্যন্ত বয়স; কুমারী অবস্থা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কন্যাকুমারী—কুমারিকা অন্তরীপ, Cape Comorin. বাংপ্র। বি।

কন্যাদান—বিধিপূর্বক বরহস্তে কন্যা সম্প্রদান, কন্যার বিবাহ দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কন্যাদায়—সুপাত্রে কন্যাসম্প্রদানরূপ কঠিন কার্য, কন্যার বিবাহ দেওয়া রূপ গুরু দায়িত্ব। কন্যা-নিমিত্তক দায়, মধ্যপ (বাংপ্র)। বি।

কন্যাদায়গ্রস্ত—কন্যার বিবাহদানরূপ কঠিন কার্যের জন্য ব্যাকুল, কন্যাদায়ে পীড়িত। ৩য়াতৎ (বাংপ্র)। বিণ।

কন্যাধন—১। স্ত্রী-ধন বিঃ (এই ধনে ভ্রাতা অধিকারী হয়)। ৬ষ্ঠীতৎ। ২। কন্যারত্ন, অতি আদরের কন্যা। রূপক কর্মধা। বি; ক্লী।

কন্যাপক্ষ—(বিবাহে) কন্যার অভিভাবক এবং তাহার আত্মীয় বন্ধুবান্ধবসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কন্যাপণ—বিবাহার্থ কন্যাগ্রহণের নিমিত্ত কন্যার অভিভাবককে দেয় অর্থ, কন্যাশুল্ক। কন্যানিমিত্তক পণ, মধ্যপ বা কন্যার জন্য পণ, ৪র্থীতৎ (বাংপ্র)। বি; পুং।

কন্যাপ্রণিধি—স্বেচ্ছাসেবিকা বা পথপ্রদর্শিকা; বয়স্কাউটের মত বালিকা সংঘ, girl guide. বাংপ্র। বি।

কন্যাযাত্র—বিবাহে কন্যাপক্ষীয় লোকসমূহ। কন্যা সহ যাত্রা যাহাদের, বহু। বি; পুং।

কন্যাযাত্রী (-যাত্রিন্)—কন্যাপক্ষীয় লোক সকল। কন্যাপক্ষীয় যাত্রী, মধ্যপ। বি; পুং।

কন্যারত্ন—অতিশয় রূপবতী ও গুণবতী কন্যা, কন্যারূপ রত্ন, রূপক কর্মধা। বি; ক্লী।

কন্যাশুল্ক—কন্যাপণ, কন্যা-লাভার্থ দেয় অর্থ। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।

কপ্—তাড়াতাড়ি মুখে পুরিবার শব্দ। বাংপ্র। অ।

কপকপ—ভক্ষ্য বস্তু বারবার দ্রুত গিলিবার অনু-করণশব্দ। বাংপ্র। অ।

কপচানো—শেখা বুলি আওড়ানো; পাখি কর্তৃক বাঁধা বুলি আওড়ানো; বকবক করা; ছাঁটা ('চুল —')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

কপট—১। শঠতা, ধূর্ততা; মায়া। কপট্+অচ্ কর্ত্ত। বি; পুং বা ক্লী। ২। শঠ; ধূর্ত; ছদ্ম; কৃত্রিমভাবপ্রকাশক। কপট (১)+অচ্ আছে অর্থে। বিণ।

কপটচারী (-চারিন্)—কপটব্যবহারকারী, প্রবঞ্চক। উপতৎ· কপট—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চারিণী**।

কপটতা—ছলনা, প্রতারণা; অসারল্য। কপট+তা ভাবে। বি; স্ত্রী।

কপটপ্রণয়—ছলনাময় অনুরাগ, অযথার্থ ভালবাসা; মৌখিক ভালবাসা। কর্মধা। বি; পুং।

কপটবেশ—১। ছদ্মবেশ। কর্মধা। বি; পুং। ২। ছদ্মবেশী। বহু। বিণ।

কপটবেশী (-বেশিন্)—ছদ্মবেশী, কপটাচারী। কপটবেশ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বেশিনী**।

কপটমতি—১। অসরলচিত্ত, যাহার মনে সরলতা নাই এরূপ ('— ব্যক্তি')। কপটা মতি যাহার, বহু। বিণ। ২। কপট চিত্ত, অসরল মন। কর্মধা। বি; স্ত্রী।

কপটাচরণ—কপট ব্যবহার, অসরল ব্যবহার। কপট আচরণ, কর্মধা। বি; ক্লী।

কপটাচার—১। কপট ব্যবহার, অসরল ব্যবহার। কর্মধা। বি; পুং। ২। কপট ব্যবহারকারী, কুটিল। কপট আচার যাহার, বহু। বিণ।

কপটাচারী (-চারিন্)—কপট-ব্যবহারকারী; কুটিল; প্রতারক। কপটাচার+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-চারিণী**।

কপটী (-টিন্)—প্রতারক। কপট+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -টিনী।

কপনি—ল্যাঙ্গট। <কৌপীন। বি।

কপর্দ, কপর্দক—কড়ি; শিবের জটা। ক—পূ+দ কর্ম; কপর্দ+কন্ স্বার্থে। বি; পুং।

কপর্দী (-র্দিন্)—শিব, মহাদেব। কপর্দ+ইন্ আছে অর্থে। বি; পুং।

কপাট, কবাট—দরজার পাল্লা; আবরণ। ক—পট্+ণিচ্+অণ্ কর্তৃ (প-স্থানে বিকল্পে ব)। বি; পুং।

কপাট-সন্ধি—কপাটের সংযোগস্থল, কপাটের জোড়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কপাটি—হাড়ু-ডু খেলা; দাঁতে দাঁতে লাগিয়া খিল ধরিয়া যাওয়া, lock-jaw. বাংপ্র। বি।

কপাটী, কবাটী—কপাট, কবাট। কপাট, কবাট+ঈপ্। বি; স্ত্রী।

কপাল—১। করোটি, মাথার খুলি; কলসের অর্ধাংশ; খাপরা; খোলা; যতীদিগের ভিক্ষাপাত্র। ক—পা+ণিচ্ (পালি = পালন করা)+অচ্ কর্তৃ। ২। ললাট; অদৃষ্ট। বাংপ্র। বি। **কপাল চাপড়ানো**—দুর্ভাগ্যের জন্য কপালে করাঘাত করা। **কপাল ঠোকা**—ভাগ্যপরীক্ষা করা; কপাল দ্বারা মৃত্তিকাদি স্পর্শ করা, কপাল দ্বারা মাটির দেওয়াল ইঃতে আঘাত করা। **কপাল ধরা**—ভাগ্যবান হওয়া। **কপাল পোড়া, কপাল ভাঙ্গা**—দুরদৃষ্ট হওয়া, দুর্ভাগ্যের সূত্রপাত হওয়া। **কপাল ফেরা**—সৌভাগ্যের সূত্রপাত হওয়া। **কপালের গেরো**—দুর্ঘটনা; দুর্দৈব। **কপালের লেখা**—ভাগ্যলিপি। **টনটনে কপাল**—দুরদৃষ্ট, মন্দ বরাত। **পাথর-চাপা কপাল**—যে অদৃষ্ট সহজে ফিরিতে চায় না।

কপাল-ক্রমে—অদৃষ্টবশতঃ, ভাগ্যবশতঃ। কপালের ক্রম ৬ষ্ঠীতৎ, তাহাতে। বাংপ্র। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।

কপালগুণ, -জোর—সৌভাগ্য। ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি।
কপালমালা—করোটিসমূহ, শিরোস্থিসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কপালমালিনী—কালী। কপালমালিন্+ঈপ্। বি; স্ত্রী।
কপালমালী (-মালিন্)—শিব। কপালমালা+ইন্ আছে অর্থে। বি; পুং।
কপালমোচন—কাশীস্থ তীর্থ বিঃ, পুষ্করতীর্থ। কপালের মোচন যাহাতে, বহু। বি; ক্লী।
কপালি—চৌকাঠের উপরিস্থিত কাঠ; ঝনকাঠ। বাংপ্র। বি।
কপালিকা—ক্ষুদ্রকপাল; খাপরা; খুলি; দাঁতের পাথরী। কপাল+কন্ অল্পার্থে+আপ্। বি; স্ত্রী।
কপালিনী—১। কালী। বি; স্ত্রী। ২। মদ্যপান পাত্ররূপে মাথার খুলি ধারণকারিণী; কপালপাত্রধারিণী; ভিক্ষুণী। কপালিন্+ঈপ্। বিণ; স্ত্রী।
কপালী (-লিন্)—নরকপালধারী; শিব; বাঙ্গালী হিন্দু জাতি বিঃ। কপাল+ইন্ আছে অর্থে। বি; পুং।
কপালে—ভাগ্যবান্; কপালবিশিষ্ট। কপাল+এ (<ইয়া)। বিণ।
কপি—১। বানর। বি; পুং: ২। কপিলবর্ণবিশিষ্ট। কপ্+ই কর্তৃ। বিণ। ৩। বাঁধাকপি ফুলকপি ইঃ। <পো 'couve'. ৪। প্রতিলিপি, নকল; পাণ্ডুলিপি, খসড়া; পুস্তকাদির খণ্ড। <ইং 'copy'. বি।
কপিকল—ভারোত্তোলক যন্ত্র বিঃ, ভারী বস্তু উপরে তুলিবার কল, pulley. বাংপ্র। বি।
কপিকেতন—অর্জুন। কপি কেতন যাঁহার, বহু। বি; পুং।
কপিঞ্জল—চাতক বা তিত্তির পাখি। ক—পিন্জ্+ কলচ্ কর্তৃ। বি; পুং।
কপিত্থ—১। কয়েতবেলের গাছ। বি; পুং। ২। কয়েতবেল। উপতৎ; কপি—স্থা+ক অধি (নিপা)। বি; ক্লী।
কপিধ্বজ—অর্জুন। বহু। বি; পুং।
কপিল—১। পিঙ্গলবর্ণ-যুক্ত; পীতের আভাযুক্ত কৃষ্ণবর্ণ। বিণ। ২। পিঙ্গল বর্ণ; বাসুদেব; দানব বিঃ; সাংখ্যদর্শন-প্রণেতা মুনি। কপ্+ইলচ্ কর্ম। বি; পুং।
কপিলা—১। কামধেনু; স্ত্রীবাছুর; কপিলবর্ণা ধেনু; পৌরাণিক নদী বিঃ। বি; স্ত্রী। ২। পিঙ্গলবর্ণা, কপিলবর্ণা। কপিল+আপ্। বিণ; স্ত্রী।
কপিলাক্ষ—পিঙ্গলনেত্র, কটাচোখো। কপিল অক্ষি যাহার, বহু-ষচ্ সমাসান্ত। বিণ। স্ত্রী, -ক্ষী।
কপিশ—১। শিলারস; নীলপীতমিশ্রিত বর্ণ। বি; পুং। ২। মেটে রঙের, পাঁশুটে বর্ণযুক্ত। কপি-শ আছে অর্থে। বিণ।
কপোত—পারাবত, পায়রা; পক্ষী; ঘুঘু। ক-ব (বায়ুর) পোত (নৌকা), ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী -তী।
কপোতপালিকা, -পালী—পায়রার খোপ; স্তম্ভের উপরিভাগে প্রসারিত কাষ্ঠ বিঃ। উপতৎ; কপোত—পা+ণিচ্+ণক কর্তৃ+আপ্ (অক-স্থানে ইক), কপোত—পা+ণিচ্+অণ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
কপোতবৃত্তি—১। কপোতের ন্যায় আচরণ; কপোতবৎ সঞ্চয়রহিত জীবিকা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। ২। কপোতবৃত্তিযুক্ত, সঞ্চয়হীনবৃত্তিসম্পন্ন। কপোতের বৃত্তির ন্যায় বৃত্তি যাহার, বহু। বিণ।
কপোতেশ্বর—মহাদেব। কপোতরূপী ঈশ্বর, মধ্যপ। বি; পুং। স্ত্রী, -রী (পার্বতী)।
কপোল—গণ্ডদেশ; গাল। ক (মুখ)—পোলি (বৃহৎ হওয়ানো)+অণ্ কর্তৃ। বি; পুং।
কপোলকল্পনা—অবাস্তব রচনা, গালগল্প। কপোলকৃত কল্পনা, মধ্যপ। বি; স্ত্রী।
কপোলকল্পিত—কল্পিত, অবাস্তব; মনগড়া। ৩য়াতৎ। বিণ। [পুং।
কপোলতল, -দেশ—গণ্ডদেশ, গাল। কর্মধা। বি;
কফ—১। শ্লেষ্মা, শরীরস্থ ধাতু বিঃ। কফন্+ড কর্ম। বি; পুং। ২। জামার হাতার অগ্রভাগ। < ইং 'cuff'. বি।
কফঘ্ন—কফনাশক। উপতৎ; কফ—হন্+টক্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ঘ্নী।
কফজ—কফ হইতে উৎপন্ন ('—জ্বর')। উপতৎ; কফ—জন্+ড কর্তৃ। বিণ।
কফণি, কফোণি—কনুই, বাহুর নিম্নস্থ গ্রন্থি। ক (সুখ)—ফণ্+ই কর্তৃ সংজ্ঞার্থে, (নিপা ফণ্-এর অ-স্থানে ও)। বি; পুং বা স্ত্রী।
কফণী, কফোণী—কনুই। কফণি, কফোণি।ঈপ্। বি; স্ত্রী।
কফান্তক—শ্লেষ্মানাশক। কফের অন্তক (নাশক), ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -ন্তিকা।
কফি, কাফি—চায়ের ন্যায় একপ্রকার উত্তেজক পানীয়। < ইং 'coffee'. বি।
কফিন—শবাধার; যে বাক্সে করিয়া মৃতদেহ সমাহিত করা হয় তাহা। < ইং 'coffin'. বি।
কফোণি—'কফণি' দ্রঃ।
কবচ—১। সাঁজোয়া; মন্ত্র বিঃ; তাবিজ মাদুলি প্রঃ। বি; পুং বা ক্লী। ২। নাগরা বাদ্যযন্ত্র। কু+অচ্ কর্তৃ। বি; পুং।
কবজ—খাজনার রসিদ; দাখিলা; অধিকারকাল, আমল; কোষ্ঠকাঠিন্য; বিক্রয়-পত্রের আনুষঙ্গিক দখলের রসিদ। <আ 'কব্‌জ্'। বি।
কবজা—কপাটাদির লৌহনির্মিত অথবা পিত্তলনির্মিত বন্ধনী, মণিবন্ধ; হাতের কবজি। আ। বি।
কবজা করা—আয়ত্তে আনা বা রাখা।
কবজি—মণিবন্ধ, wrist. আ-মূ। বি।
কবজিঘড়ি—হাতঘড়ি wrist-watch. ৬ষ্ঠীতৎ (আ-মূ)। বি; স্ত্রী।
কবন্ধ—১। স্কন্ধকাটা। বি; পুং বা ক্লী। ২। ধূমকেতু; উদর; রাহু। ক—বন্ধ্+ঘঞ্ কর্ম। ৩। রুদ্র। ক—বন্ধ্+অচ্ কর্তৃ। বি; পুং।

কবয়ী—কইমাছ। ক—বয়্+অচ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

কবর—১। গোর। <আ 'কব্‌র্'। বি। ২। কেশ-পাশ, খোঁপা। কু+অরল্ কর্তৃ। বি; ক্লী। **কবর দেওয়া**—মৃত ব্যক্তিকে কবরস্থ করা; সম্পূর্ণরূপে ত্যাগ করা।

কবরডাঙা, -স্থান—সমাধিক্ষেত্র, গোরস্থান। আ-মূ। বি।

কবরী—কেশবিন্যাস, চুলের খোঁপা। কবর (২)+ঈপ্ সংজ্ঞার্থে। বি; স্ত্রী।

কবরীভূষণ—কেশপাশের অলংকার, খোঁপার গহনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কবর্গ—ক খ গ ঘ ঙ এই পঞ্চবর্ণ। ক-আদিক বর্গ, মধ্যপ। বি; পুং।

কবর্গীয়, কবর্গ্য—কবর্গান্তর্গত ('—বর্ণ')। কবর্গ+ঈয়, যৎ ভবার্থে। বিণ।

কবল—গ্রাস; কুলকুচা; দ্রব্য বিঃ; বেলেমাছ। ক—বল্+অচ্ কর্তৃ। বি; পুং।

কবলানো—মানিয়া লওয়া ('দোষ—'); সম্মত হওয়া; প্রতিশ্রুতি দেওয়া; বলিয়া ফেলা। আ-মূ। ক্রি [. বি]।

কবলিত—গ্রস্ত; ভক্ষিত; ব্যাপ্ত; ছলে বলে অধিকৃত। কবলি (কবল+ণিচ্)+ক্ত কর্ম। বিণ।

কবলীকৃত—কবলিত (সকল অর্থে)। কবল+অভূত-তদ্ভাবার্থে চ্বি (=কবলী)—কৃ+ক্ত কর্ম। বিণ।

কবহি—কখনও। হি-মূ। প্রা কপ্র। অ।

কবহু, কবহুঁ—কখনও। প্রা কপ্র। অ।

কবাট—'কপাট' দ্রঃ।

কবাটি, কবাডি—হাডুডু খেলা। বাংপ্র। বি।

কবালা—বিক্রয়ের দলিল। আ। বি। **কট কবালা**—শর্তযুক্ত বিক্রয়পত্র। **খোশ কবালা**—স্বেচ্ছাকৃত বিক্রয়পত্র। **সাফ কবালা**—শর্তহীনভাবে বিক্রয়ের দলিল।

কবি—১। কবিতালেখক; কাব্যরচনাকারী; বাল্মীকি; ব্রহ্মা; শুক্রাচার্য। বি; পুং। ২। ত্রিকালজ্ঞ; সর্বজ্ঞ; সূক্ষ্মার্থদর্শী, পণ্ডিত। কব্+ইন্ কর্তৃ। বিণ। ৩। কবিগান; কবিগানকারী। বাংপ্র। বি।

কবিওয়ালা—কবিগান-লেখক; কবিগান-গায়ক; কবি-গান দলের মালিক। বাংপ্র। বি। কবি+ওয়ালা ব্যবসায় অর্থে। বাংপ্র। বি; পুং। স্ত্রী, **-লী**।

কবিকঙ্কণ—কবিভূষণ, কবিদের মধ্যে অলংকার-স্বরূপ; কবি মুকুন্দরাম চক্রবর্তীর উপাধি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কবিকর্ম—কবির রচনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কবিকল্পনা—কাব্যরচয়িতাদিগের মনের উদ্ভাবন; মনগড়া বিষয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কবিকল্পিত—কাব্যলেখকদিগের উদ্ভাবিত; অবাস্তব। ৩য়াতৎ। বিণ।

কবিগান—কবিদিগের রচিত গীতি; প্রচলিত তর্জাগান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কবিগুরু—কবিদিগের উপদেষ্টা; কবিদের মধ্যে শ্রেষ্ঠ; রামায়ণকার বাল্মীকি; রবীন্দ্রনাথ। ৬ষ্ঠী-তৎ। বি; পুং, বা বিণ।

কবিতা—কাব্য; ছন্দোবদ্ধ রচনা; শ্লোক। কবি+তা কৃতার্থে। বি; স্ত্রী।

কবিতাকুঞ্জ, -নিকুঞ্জ—কাব্যরূপ কুঞ্জবন, কুঞ্জবনের ন্যায় পরমপ্রীতিদায়ক কাব্যসমূহ। কবিতারূপ কুঞ্জ, নিকুঞ্জ, রূপক কর্মধা। বি; পুং বা ক্লী।

কবিত্ব—কবির গুণ বা ধর্ম; কবিজনোচিত ভাব; কবিতার মাধুর্য। কবি+ত্ব ভাবে। বি; ক্লী।

কবিত্বপূর্ণ, -ময়—কবিজনোচিত কল্পনায় পূর্ণ। কবিত্ব দ্বারা পূর্ণ, ৩য়াতৎ; কবিত্ব+ময়ট্ পূর্ণার্থে। বিণ।

কবিত্বশক্তি—কাব্যরচনার ক্ষমতা। কবিত্বই শক্তি, কর্মধা। বি; স্ত্রী।

কবিপ্রতিভা—কবিতারচনার উপযোগী অসাধারণ বুদ্ধি ও অনুভূতি; কবিজনোচিত অসাধারণ বুদ্ধি। ৬ষ্ঠীতৎ অথবা মধ্যপ। বি; স্ত্রী।

কবিপ্রসিদ্ধি, কবিসময়প্রসিদ্ধি—প্রাচীনকালের কবি-দেব কল্পনা; কবিদের ব্যবহারক্রমে চিরাগত বিষয় (যথা চাতকেব বৃষ্টির জল পান ইঃ)। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কবিবর, -শ্রেষ্ঠ—কবিদিগের মধ্যে প্রধান। কবিমধ্যে বর, শ্রেষ্ঠ, ৭মীতৎ। বিণ।

কবিরাজ—১। শ্রেষ্ঠ কবি। কবিমধ্যে রাজা, ৭মীতৎ। বি; পুং। ২। আয়ুর্বেদীয় চিকিৎসক। বাংপ্র। বি। ভাববা বি—**কবিরাজি**। বিণ—**কবিরাজী**।

কবিসময়প্রসিদ্ধি—'কবিপ্রসিদ্ধি' দ্রঃ।

কবীরপন্থী (-পন্থিন্)—বৈষ্ণব-সম্প্রদায় বিঃ। কবীরের পন্থা, ৬ষ্ঠীতৎ; কবীরপন্থা+ইন্ আছে অর্থে। বি; পুং।

কবুতর—পায়রা। <কপোত। বি।

কবুল—১। অঙ্গীকার, স্বীকৃতি। বি। ২। স্পষ্ট; স্বীকৃত। আ। বিণ। **কবুল জবাব**—অভিযোগের বা দাবির স্বীকৃতিসূচক উত্তর।

কবুলতি, কবুলিয়ত—প্রজা কতকগুলি নির্দিষ্ট শর্তে জমি লইয়া জমিদারের কাছে যে অঙ্গীকার-পত্র লিখিয়া দেয় তাহা। আ। বি।

কবে—১। কখন, কোন্‌দিন। অ। ২। কহিবে। বাংপ্র। ক্রি।

কবোষ্ণ—সামান্য গরম। ক (ঈষৎ) উষ্ণ, সুপ্ বা নিত্য (কু-স্থানে কব)। বিণ।

কব্য—মৃত পিতৃলোককে দেয় খাদ্যদ্রব্য। কু+যৎ কর্ম। বি; ক্লী।

কভু—কখন, কোন সময়ে। কপ্র। অ।

কম—১। কমনীয় গুণ। বি; পুং। ২। কমনীয়। কম+ক ঘঞর্থে কর্ম। ৩। তুল্য, সদৃশ ("কটুতায় কোটি কোটি কালকূট-কম"—ভারত); নূতন, অল্প। ফা। বিণ।

কম-জম, -সম—যথাসম্ভব কম। ফা-মূ। বিণ।

কমজোর—১। ক্ষীণ; দুর্বল। বহু। বিণ। ২। অল্প ক্ষমতা। কর্মধা। ফা-মূ। বি।

কমজোরি—দুর্বলতা। ফা-মূ। বি।
কমঠ—কচ্ছপ। কম্+অঠন্ কর্ম। বি; পুং।
কমণ্ডলু—সন্ন্যাসী বা ব্রহ্মচারীদিগের জলপাত্র বিঃ। ক—মণ্ড—লা+ডু কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং বা ক্লী।
কমতি—১। অল্পতা; হ্রস্বতা। কম+তি ভাবে। বি। ২। অল্প। কম+তি স্বার্থে (বাংপ্র)। বিণ।
কমনীয়—মনোহর; স্পৃহণীয়। কম্+অনীয় কর্ম। বিণ। [ভাবে। বি; স্ত্রী।
কমনীয়তা—স্পৃহণীয়তা; সৌন্দর্য। কমনীয়+তা
কমপোক্ত—কমজোরী; যাহা বিশেষ নিপুণ নয় এমন। বাংপ্র। বিণ। [বিণ।
কমবক্ত—হতভাগা; আহাম্মক। <ফা 'কম্বখ্‌ৎ'।
কমবেশ, -বেশী—অল্পাধিক। দ্বন্দ্ব। ফা-মূ। বিণ।
কমল—১। পদ্ম। কম্—অল্+অচ্ কর্তৃ। ২। আশ্রয়; জল ("কমলে শোভিত কিবা সরসী-'কমল'!" —কৃষ্ণচন্দ্র)। কম্+কল কর্ম, সংজ্ঞার্থে। বি; ক্লী।
কমলকলি, -কলিকা—পদ্মকোরক, পদ্মের কুঁড়ি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কমলকোমল—পদ্মের মত কোমল। কমলবৎ কোমল, উপমান কর্মধা। বিণ। [বি; ক্লী।
কমলদল, -পত্র—পদ্মপত্র, পদ্মের পাপড়ি। ৬ষ্ঠীতৎ।
কমলনয়ন, -নেত্র—১। পদ্মপলাশাক্ষ, পদ্মের পাপড়ির মত দীর্ঘ চক্ষুঃসম্পন্ন। কমলতুল্য নয়ন, নেত্র যাহার, বহু। বিণ। ২। পদ্মতুল্য দীর্ঘ চক্ষু। কমলসদৃশ নয়ন, নেত্র, মধ্যপ। বি; ক্লী।
কমলযোনি—পদ্মযোনি, ব্রহ্মা। কমল যোনি (উৎপত্তিস্থান) যাঁহার, বহু। বি; পুং।
কমল-লোচন—১। পদ্মপলাশাক্ষ, কমলনয়ন। কমলবৎ লোচন যাহার, বহু। বিণ। ২। পদ্মপত্রবৎ দীর্ঘ চক্ষু। মধ্যপ। বি; ক্লী।
কমলা—লক্ষ্মী; উত্তমাঙ্গনা; কমলালেবু; নবাক্ষর-যুক্ত বৃহতীজাতীয় ছন্দ। কমল+অচ্ আছে অর্থে +আপ্। বি; স্ত্রী।
কমলাকর—যাহাতে অনেক পদ্ম জন্মে এরূপ জলাশয়। কমলের আকর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কমলাকান্ত—নারায়ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কমলাক্ষ—পদ্মপত্রের ন্যায় দীর্ঘচক্ষুঃসম্পন্ন, কমলনয়ন। কমলের অর্থাৎ কমলদলের ন্যায় অক্ষি যাহার, বহু (ষচ্ সমাসান্ত)। বিণ। স্ত্রী, -ক্ষী।
কমলাপতি—নারায়ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কমলালয়—১। লক্ষ্মীর মন্দির। কমলার আলয়, ৬ষ্ঠীতৎ। ২। পুকুর। কমলের আলয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কমলালয়া—লক্ষ্মী। কমল আলয় যাঁহার, বহু+আপ্। বি; স্ত্রী।
কমলালেবু, -লেবু—নারঙ্গ, মিষ্ট লেবু বিঃ। কর্মধা (বাংপ্র)। বি।
কমলাসন—১। ব্রহ্মা। কমল আসন যাঁহার, বহু। বি; পুং। ২। পদ্মাসন। কমলই আসন, কর্মধা। বি; ক্লী।
কমলাসনা—কমলা, লক্ষ্মী। কমল আসন যাঁহার, বহু +আপ্। বি; স্ত্রী।
কমলিনী—পদ্মের ঝাড়, পদ্মযুক্ত লতা; পদ্মসমূহ। কমল+ইন্ সমূহার্থে+ঈপ্। বি; স্ত্রী।
কম-সে-কম—খুব কম করিয়া ধরিলেও; ন্যূনপক্ষে। ফা-মূ। ক্রি-বিণ।
কমা—১। প্রাথমিকী, প্রথম যতিচিহ্ন। <ইং 'comma'. বি। ২। হ্রাস পাওয়া। ফা-মূ। ক্রি।
কমানো—কমাইয়া দেওয়া; ছোট করা; খর্ব করা। ফা-মূ। ক্রি [, বি, বিণ]।
কমি—অল্পতা, ন্যূনতা, কম হওয়া। ফা-মূ। বি।
কমিউনিজম—গণসাম্যবাদ। <ইং 'communism'. বি। [বি।
কমিউনিস্ট—গণসাম্যবাদী। <ইং 'communist'
কমিটি—মন্ত্রণা-সভা; কার্যনির্বাহক সমিতি। <ইং 'committee'. বি।
কমিবেশি—ন্যূনাধিক্য; হ্রাসবৃদ্ধি। ফা-মূ। বি।
কমিশন—কোন দ্রব্য ক্রয়কালে যে অর্থ বাদ দেওয়া হয় তাহা; দালালি; ক্ষমতাপ্রাপ্ত বা ভারপ্রাপ্ত কর্মচারিমণ্ডলী; কোন বিশেষ তত্ত্বানুসন্ধান-কার্যে নিযুক্ত সভা ('পে-কমিশন')। <ইং 'commission'. বি।
কমিশনার—উচ্চপদস্থ রাজকর্মচারী বিঃ, সাধারণতঃ বিভাগীয় শাসক, তদন্ত সমিতির সভ্য; পৌর-প্রতিষ্ঠান প্রঃর সভ্য। <ইং 'commissioner'. বি।
কমিশনি—কমিশনের কাজ; দস্তুরি। ইং-মূ। বি।
কমোড—মলত্যাগের পাত্র বিঃ। <ইং 'commode'. বি।
কম্প—সঞ্চালন, কাঁপুনি। কন্‌প্+ঘঞ্ ভাব। বি; পুং। [প্রা কপ্র—কম্পই—কাঁপে। কম্পিতা—কম্পিত।]
কম্পজ্বর—যে জ্বরে শীত করে ও শরীর কাঁপিতে থাকে। কম্পযুক্ত জ্বর, মধ্যপ। বি; পুং।
কম্পন—কাঁপুনি, স্পন্দন, শিহরন। কন্‌প্+অনট্ ভাব। বি; ক্লী।
কম্পমান—কম্পান্বিত, স্পন্দিত। কন্‌প্+শানচ্ কর্তৃ। বিণ।
কম্পাউণ্ডার—ঔষধালয়ের ঔষধমিশ্রণকারক কর্মচারী, যে রোগীর সেবার জন্য ঔষধ সরবরাহ করে এরূপ ব্যক্তি। <ইং 'compounder'. বি। ভাববাচক বি, -ডারি।
কম্পানি—কোম্পানি (তাহা দ্রঃ)।
কম্পান্বিত—সকম্প, কম্পিত। কম্প দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ।
কম্পাস—দিগ্‌দর্শন যন্ত্র; বৃত্তাদি অঙ্কনের যন্ত্র। <ইং 'compass'. বি।
কম্পিত—১। কম্পযুক্ত; ভীত। কন্‌প্+ক্ত কর্তৃ। ২। চালিত। কন্‌প্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
কম্পোজ—কোন কিছু ছাপিবার জন্য অক্ষর-সংস্থাপন। <ইং 'compose'. বি।

কম্পোজিটার—যে ছাপাখানায় অক্ষর সাজায়। <ইং 'compositor'. বি। ভাববাচক বি, -টারি।

কম্প্র—কম্পিত; চলিত; ভীত; কম্পনশীল। কন্প্ +র কর্তৃ, শীলার্থে। বিণ।

কম্ফর্টার—পশমী বা সুতী গলবেষ্টনী। <ইং 'comforter'. বি।

কম্বল—১। মেষাদিলোমরচিত আসন; জল। বি; ক্লী। ২। উত্তরীয়-বস্ত্র; কৃমি; গলকম্বল। কম্ব্+কলচ্। বি; পুং।

কম্বু—১। শঙ্খ; হস্তী। বি; পুং বা ক্লী। ২। শামুক; বলয়; অঙ্গুরীয়। বি; ক্লী। ৩। গ্রীবা। কম্+বুক্ কর্ম। বি; স্ত্রী।

কম্বুকণ্ঠ—১। শঙ্খের ন্যায় রেখাযুক্ত গ্রীবা; শঙ্খের ন্যায় মধুর অথচ গম্ভীর কণ্ঠস্বর। কম্বুসদৃশ কণ্ঠ, মধ্যপ। বি; পুং। ২। শঙ্খবৎ গ্রীবাবিশিষ্ট; শঙ্খবৎ মধুরগম্ভীর-কণ্ঠস্বরবিশিষ্ট। কম্বুসদৃশ কণ্ঠ যাহার, বহু। বিণ। স্ত্রী, -ণ্ঠা, -ণ্ঠী।

কম্বুগ্রীব—যাহার গ্রীবা শঙ্খের ন্যায় রেখাত্রয়যুক্ত। বহু। বিণ।

কম্বুগ্রীবা—১। শঙ্খের ন্যায় রেখাত্রয়যুক্ত গ্রীবা। কর্মধা। বি; স্ত্রী। ২। শঙ্খবৎ রেখাযুক্ত গ্রীবা-বিশিষ্টা। বহু। বিণ।

কম্যুনিজম—কমিউনিজম (তাহা দ্রঃ)।

কম্যুনিস্ট—কমিউনিস্ট (তাহা দ্রঃ)।

কম্র—১। অভিলাষী; কামুক। কম্+র কর্তৃ শীলার্থে। ২। মনোহর। কম্+র কর্ম। বিণ।

কয়—১। কতকগুলি, কতিপয়। <কিয়ৎ। বিণ। ২। কহে, বলে। বাংপ্র। ক্রি।

কয়লা—অঙ্গার, দগ্ধকাষ্ঠ। <প্রা 'কোইলা'। বি।

কয়াল—ধান্যাদি পরিমাপকারী; আড়ত ইঃতে মালপত্র ওজন করিয়া দেওয়া যাহার কাজ। বাংপ্র। বি।

কয়ালি—কয়ালের পারিশ্রমিক। কয়াল+ই কর্মার্থে। বি।

কয়েক—কতিপয়। বাংপ্র। বিণ।

কয়েতবেল—কপিত্থ, দেখিতে বেলের মত অম্ল ফল। <কপিত্থবিল্ব। বি।

কয়েদ—১। জেল, কারাগার; কারাদণ্ড ('—হওয়া')। বি। ২। কারারুদ্ধ ('—করা')। <আ 'কইদ'। বিণ।

কয়েদী—বন্দী, কারারুদ্ধ ব্যক্তি। আ-মু। বি বা বিণ।

কর—১। করণ; করকা, শিলা; শুল্ক, ট্যাক্স; খাজনা। কৃ+অপ্ কর্ম। ২। হস্ত; হস্তীর শুণ্ড; প্রত্যয়; হস্তানক্ষত্র; হিন্দুর পদবী বিঃ। কৃ+অপ্ করণ। ৩। কিরণ। কৄ+অচ্ কর্তৃ। বি; পুং। ৪। (উপপদ পূর্বে থাকিলে) কারক, জনক ('গ্লানি—')। কৃ+ট বা অচ্ কর্তৃ। বিণ।

করক—বর্ষোপল, শিলা। কর+কন্ স্বার্থে। বি; পুং। [বি।

করকচ—সামুদ্রিক লবণ। <কর্কর বা কড়ক। বাংপ্র।

করকচা, -কচে—কাঁচা, শক্ত; অপুষ্ট। বাংপ্র। বিণ।

করকচি—কোমল এবং অপূর্ণ নারিকেল; নেয়াপাতি নারিকেলের শাঁস। বাংপ্র। বি।

করকঞ্জ—করপদ্ম ("চুড়ি কনক করকঞ্জে"—বিদ্যা)। কর কঞ্জ সদৃশ, উপমিত কর্মধা। বি; ক্লী।

করকণ্ডূতি, -কণ্ডূয়ন—হাত চুলকানো, হাত সুড়সুড় করা; কোন কাজ করিবার জন্য প্রবল ঝোঁক; কিছু লিখিবার ইচ্ছা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, ক্লী।

করকবলিত—হস্তগত; অধিকৃত; বশীকৃত। ৩য়াতৎ। বিণ।

করকমল—পদ্মের মত রক্তবর্ণ এবং কোমল হস্ত। কর কমলপ্রায়, উপমিত কর্মধা। বি; ক্লী।

করকম্পন—করমর্দন, শিষ্টাচার-প্রদর্শনের নিমিত্ত পরস্পরের হস্তধারণপূর্বক সঞ্চালন, hand-shake. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

করকর—চক্ষুর যন্ত্রণাসূচক শব্দ, জ্বালা; বালির মত বোধ। বাংপ্র। অ।

করকরানো—করকর করা। বাংপ্র। ক্রি [, বি]।

করকরে—পীড়াদায়ক, যন্ত্রণাদায়ক; অমসৃণ, কর্কশ, বালির মত খরখরে; দানাদার। করকর+এ (<ইয়া) করে অর্থে। বিণ। [স্ত্রী।

করকা—মেঘজাত শিলা, শিল। করক+আপ্। বি;

করকাপাত—শিলাবৃষ্টি, বৃষ্টির সময়ে আকাশ হইতে শিল পড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

করকোষ্ঠী—কররেখা দ্বারা নির্ণীত ভাগ্যলিপির ছক; করস্থিত রেখা দ্বারা ভাগ্যগণনা। করস্থিত বা কর-নির্দিষ্ট কোষ্ঠী, মধ্যপ। বি; স্ত্রী।

করকৌশল—(জাদুকর প্রঃর) হস্তকৌশল, হস্ত-প্রয়োগ-নৈপুণ্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

করগ্রহ, -গ্রহণ—১। বিবাহ। করের গ্রহ, গ্রহণ আছে যাহাতে, বহু। ২। হস্তধারণ; প্রজার নিকট হইতে করগ্রহণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।

করগ্রাহ—পতি; রাজস্ব-আদায়কারী। উপতৎ; কর—গ্রহ্+অণ্ কর্তৃ। বি; পুং।

করগ্রাহক—রাজস্বগ্রহণকারী, খাজনা-আদায়কারী, তহসিলদার। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -হিকা।

করগ্রাহী (-গ্রাহিন্)—রাজস্বগ্রহণকারী; তহসিলদার। উপতৎ; কর—গ্রহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -গ্রাহিণী।

করঙ্ক—কমণ্ডলু; শরীরাস্থি; নারিকেলের খোল; মস্তক; মাথার খুলি; ভিক্ষাপাত্র; খুন্তি; ডিবে, কৌটা ('তাম্বুল—'); ইক্ষু বিঃ। কর (নিক্ষেপ-যোগ্য) অঙ্ক (গর্ভ) যাহার, বহু। বি; পুং।

করঙ্গা—জলপাত্র বিঃ ("কমণ্ডলু তুম্বীফল, করঙ্গা পিবারে জল"—ভারত)। <করঙ্ক। বি।

করচা—স্মারকলিপি; পদ্যে লিখিত ইতিবৃত্ত বিঃ; প্রাপ্য খাজনার হিসাব। <কারিকা। বি।

করজোড়ে—কৃতাঞ্জলিপুটে, হাত জোড় করিয়া। কর জোড় (আবন্ধ) আছে যাহাতে, বহু এরূপে (বাংপ্র)। ক্রি-বিণ।

করঞ্জ, করঞ্জক—করমচা গাছ। ক—রন্‌জ্‌+ণিচ্‌+অচ্‌ কর্তৃ; করঞ্জ+কন্‌ স্বার্থে। বি; পুং।

করণ—১। কারক বিঃ; কার্যের প্রধানসাধন; কার্যের উপাদান; কারণ; রতিবন্ধ; ইন্দ্রিয় (পঞ্চ কর্মেন্দ্রিয় পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও মন—এই একাদশ)। কৃ+অনট্‌ করণ। ২। শরীর; কার্য। কৃ+অনট্‌ কর্ম। ৩। ক্ষেত্র, স্থান; কর্মস্থল, অফিস, office. কৃ+অনট্‌ অধি। ৪। অনুষ্ঠান; হস্ত-দ্বারা লেপন; নৃত্যগীতে করাদ্যভিনয়। কৃ+অনট্‌ ভাব। ৫। এক-একটি তিথির অর্ধ-পরিমাণ (ববকরণ ইঃ)। বি; ক্লী।

করণ-কারণ—১। স্বয়ং অনুষ্ঠান করা এবং অন্যের দ্বারা করানো। দ্বন্দ্ব। বি; ক্লী। ২। আদান-প্রদান; আচার-ব্যবহার; বিবাহাদি সম্বন্ধ। বাংপ্র। বি।

করণিক—কেরানী, clerk. করণ+ইক (ঠন্‌) আছে অর্থে। বি; পুং।

করণী—যে রাশির বর্গমূলাদি নির্ণীত না হয় তাহা, surd. করণ+ঈপ্‌। বি; স্ত্রী।

করণীয়—কর্তব্য, যাহা করা উচিত এরূপ; বিবাহাদি সম্বন্ধের উপযুক্ত ('—ঘর')। কৃ+অনীয় কর্ম। বিণ।

করণ্ড—খড়্গ; ঝাঁপি; সাজি; ঝুড়ি; কৌটা প্রঃ; মধুচক্র। কৃ+অণ্ডচ্‌ কর্তৃ। বি; পুং।

করণ্ডিকা—ক্ষুদ্র পাত্র; ফুলের সাজি। করণ্ড+কন্‌ অল্পার্থে+আপ্‌। বি; স্ত্রী।

করত—করিয়া, আচরণ করিয়া। বাংপ্র। অ। [করতঃ অশু।]

করতল—হস্ততল; হস্ত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

করতল-শিরা—যে সকল পত্রশিরা পত্রমধ্যে করতলের আকারে সজ্জিত থাকে, palmate venation. বি; স্ত্রী।

করতলামলক—হাতের তেলোর উপরের আমলকীফল, সহজলভ্য বস্তু। করের তল, ৬ষ্ঠীতৎ; তৎস্থিত আমলক, মধ্যপ। বি; ক্লী।

করতা—ওজনের সময় দাঁড়িপাল্লার দুই দিক্‌ সমান করিয়া লওয়া; পাষাণ ভাঙ্গা। বাংপ্র। বি। **করতা ভাঙ্গা, করতা বাদ দেওয়া**—জিনিস বোঝাই পাল্লা হইতে পাত্রের ওজন বাদ দেওয়া।

করতাল—১। দুই করের পরস্পর অভিঘাত, দুই হাতে তালি। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। কত্তাল, খত্তাল, বড় মন্দিরা, cymbal. করে তাল (প্রতিষ্ঠা, স্থান) যাহার, বহু। বি; ক্লী।

করতালি—হাততালি; বাদ্য বিঃ। করের তালি (তাল), ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি।

করদ—করপ্রদ, শুল্কদায়ক। উপতৎ; কর—দা+ক কর্তৃ। বিণ।

করদনদী—উপনদী, যে নদী পর্বতাদি হইতে নির্গত হইয়া অন্য নদীতে আসিয়া মিলিত হয় তাহা, tributary. করদা নদী, মধ্যপ। বি; স্ত্রী।

করদরাজ—সম্রাট্‌কে করদানকারী নরপতি, সামন্ত রাজা, tributary prince. কর্মধা। বি; পুং।

করদরাজ্য—সামন্ত রাজার অধিকৃত স্থান, যাহার শাসনকর্তা সম্রাট্‌কে কর দান করিয়া স্বয়ং রাজ্য-শাসন করেন এরূপ রাজ্য, tributary state. কর্মধা। বি; ক্লী।

করদাতা (-দাতৃ)—করদানকারী, যাহারা ট্যাক্স দেয় এরূপ, rate-payer. ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-দাত্রী**।

করদায়ী (-দায়িন্‌)—করদানকারী, যে খাজনা বা ট্যাক্স দেয় এরূপ। উপতৎ; কর—দা+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িনী**। [বিণ।

করধৃত—হস্তে গৃহীত; হাত দিয়া ধরা। ৩য়াতৎ।

করনা—কৃত্য কর্ম, কাজ ('ঘর—')। বাংপ্র। বি।

কর-নির্ধার, -নির্ধারণ—খাজনার হার নির্ণয়; ট্যাক্স ধার্য করা, assessment. ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।

করন্যাস—তন্ত্রোক্ত ন্যাস বিঃ; মন্ত্রসহকারে হস্তের বিভিন্ন অংশ স্পর্শ। ৭মীতৎ। বি; পুং।

করপত্র—করাত। করসদৃশ পত্র যাহার, বহু। বি; ক্লী।

করপদ্ম—হস্তকমল, পদ্মতুল্য সুন্দর এবং কোমল হস্ত। কর পদ্মপ্রায়, উপমিত কর্মধা। বি; ক্লী।

করপল্লব—১। নবপল্লবের ন্যায় শোভাযুক্ত কর, অতিশয় কোমল ও লোহিত আভাযুক্ত কর। কর পল্লবপ্রায়, উপমিত কর্মধা। ২। অঙ্গুলি; করশাখা। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।

করপাত্র—করপুট, অঞ্জলি। করকৃত পাত্র, মধ্যপ। বি, ক্লী।

করপীড়ন—বিবাহ; করমর্দন। করের পীড়ন আছে যাহাতে, বহু। বি; ক্লী।

করপুট—জোড়হাত, বিনয় সৌজন্য সম্মান প্রঃ দেখাইবার নিমিত্ত সংযুক্ত দুই কর। মধ্যপ। বি; পুং।

করপুটে—হাত জোড় করিয়া, কৃতাঞ্জলি হইয়া। করকৃত পুট যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

করবাল—তরবারি, অসি। কর—বল্‌+ণ কর্তৃ। বি; পুং।

করবী—স্বনামপ্রসিদ্ধ পুষ্প বা গাছ ('রক্ত—', 'শ্বেত —')। ∠করবীর। বি।

করবীর—১। স্বনামপ্রসিদ্ধ পুষ্পবৃক্ষ। কর—বীর্‌+অচ্‌ কর্তৃ। বি; পুং। ২। পুষ্প বিঃ। করবীর+অচ্‌ ভবার্থে। বি; ক্লী।

করভ—১। মণিবন্ধ হইতে কনিষ্ঠাঙ্গুলি পর্যন্ত করবহির্ভাগ। কর—ভা+ক কর্তৃ। ২। হস্তিশাবক উষ্ট্রশাবক; উষ্ট্র; অশ্বতর; নখী নামক গন্ধদ্রব্য। কৃ+অভচ্‌ কর্ম সংজ্ঞার্থে। বি; পুং।

করভী—স্ত্রী-হস্তিশাবক। করভ+ঈপ্‌। বি; স্ত্রী।

করম—ভাগ্য, অদৃষ্ট ("করম বিপাকে গতাগতি পুন পুন"—বিদ্যা); কার্য; কর্মফল ("করম সঙ্গে চলি যায়"—বিদ্যা)। ∠কর্ম। বি।

করমচা—একপ্রকার টক ফলের গাছ ও তাহার ফল। বাংপ্র। বি।

করমর্দন—করকম্পন, পরস্পরের হাত চাপিয়া শুভেচ্ছা জ্ঞাপন, hand-shake. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

করমালা—জপ করিবার জন্য যে শ্রেণীক্রমে করপর্ব ব্যবহৃত হয় তাহা; কিরণ-রাজি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি; স্ত্রী।

করযষ্টি—হস্তধৃত দণ্ড, হাতের লাঠি। ৬ষ্ঠীতৎ।

করযোগ্য—যাহার উপর খাজনা আদায় করিতে হয় এমন, taxable. ৬ষ্ঠীতৎ। বিণ। **করযোগ্য আয়**—যে পরিমাণ আয়ের আয়কর দিতে হয়, taxable income.

করলা, করেলা, করোলা—উচ্ছেজাতীয় বড় লম্বা ফল বিঃ। <কারবেল্লক। বি।

করশুদ্ধি—'ফট্' এই মন্ত্র দ্বারা হস্তশোধন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

করসূত্র—বিবাহাদি মাঙ্গলিক কার্যোপলক্ষে ধারণীয় হস্তের সূত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

করা—১। অনুষ্ঠান করা, সাধন করা; জন্মানো; লাগানো; খাটানো; উল্লেখ করা; ছোড়া; চালানো; প্রকাশ করা; সঞ্চালন করা; অর্জন করা; হওয়া; তৎসংক্রান্ত কার্য করা; নির্মাণ করা; ভোগা; আশ্রয় লওয়া; নিয়মিতভাবে যাওয়া আসা; জমানো; রচনা করা; আনা; ব্যবসায় করা; অনুবাদ করা ('ইংরেজী —'); রন্ধন করা ('তরকারি —'); স্থাপন করা ('স্কুল —'); বিছানো ('বিছানা —')। ক্রি [, বি, বিণ]। ২। প্রতি ('মন-করা', 'শত-করা')। অ। [ব্রজবুলিঃ—**করল**—করিল। **করব**—করিবে, করিব। **করবি**—করিবে। **করলুঁ**—করিলাম। **করয়ে, করত**—করে। **করতহি**—করে। **করসি**—করিতেছ। **করহ**—কর। **করা-ওল**—করাইল। **করায়ত**—করায়।] **আমতা-আমতা করা**—সংকুচিতভাবে কথা বলা। **গড় করা**—প্রণাম করা। **গা করা**—মনোযোগ দেওয়া। **ঘর করা**—সংসারযাত্রা নির্বাহ করা। **টিম-টিম করা**—অনুজ্জ্বলভাবে জ্বলা; অল্প জোরে কাজ করা। **টোটো করা**—ঘুরিয়া বেড়ানো। **তিলকে তাল করা**—ক্ষুদ্র বিষয়কে অকারণে বাড়াইয়া তোলা। **তীর্থ করা**—তীর্থে গমন করা। **নমো-নমো করা**—কোনমতে সংক্ষেপে সারা। **নাম করা**—খ্যাতি অর্জন করা কৃতজ্ঞতা-স্বরূপে নামোল্লেখ করা; নামোল্লেখ করা। **পাড়া মাথায় করা**—চিৎকার করিয়া গোলমাল বাধানো। **হয়কে নয় করা**—সত্যকে মিথ্যায় পরিণত করা। **হাত করা**—হস্তগত করা।

করাঘাত—চপেটাঘাত, চাপড় মারা। ৩য়াতৎ বা কর-কৃত আঘাত, মধ্যপ। বি; পুং। **কপালে বা শিরে করাঘাত**—অত্যন্ত দুঃখে বা অনুতাপে কপাল বা মাথা চাপড়ানো।

করাত—কাঠ চিরিবার যন্ত্র। <করপত্র। বি। **করাতের গুঁড়ো**—করাত দিয়া কাঠ কাটিবার সময় যে কাঠের গুঁড়ো বাহির হয়। **শাঁখের করাত**—যে অস্ত্র আসিতেও কাটে, যাইতেও কাটে: সকল দিকেই বিপদ্ ঘটায় এমন বিষয় বা বস্তু।

করাতকল—যে যন্ত্রে কাঠ চেরাই হয়; ইঁদুর ধরিবার কল বিঃ। বাংপ্র। বি।

করাতী—করাত-ব্যবহারকারী, যে করাত দিয়া কাঠ কাটে এরূপ ব্যক্তি। করাত+ঈ তদ্দ্বারা জীবিকা নির্বাহ করে অর্থে। বাংপ্র। বি।

করানো—অন্যের দ্বারা সম্পাদন করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বিণ।

করায়ত্ত—করতলগত, হস্তগত, অধীন। ৬ষ্ঠীতৎ।

করার—শর্ত, চুক্তি; অঙ্গীকার। আ। বি। বিণ, **-রী**।

করাল—বৃহৎ; মহৎ; দন্তুর; উচ্চ; ভয়ানক। কর—অল্+অচ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-লা**।

করালবদনা—১। কালীমূর্তি। বি; স্ত্রী। ২। ভীষণাননা। বহু। বিণ; স্ত্রী।

করালী—অগ্নির সাতটি জিহ্বার একটি; চণ্ডিকা। করাল+ঈপ্ সংজ্ঞার্থে। বি; স্ত্রী।

করিকর—হস্তিশুণ্ড, হাতির শুঁড়; (কামশাস্ত্রে) যুক্ত অনামিকা ও তর্জনীর উপরে স্থাপিত মধ্যমা অঙ্গুলি। করীর ('করিন্'-শব্দ) কর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

করিকুম্ভ—গজকুম্ভ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

করিঞা—করিয়া ("জীবন যাপসি করম করিঞা"—মাধব)। প্রা কপ্র। ক্রি। [স্ত্রী।

করিণী—হস্তিনী: পদ্মিনী। করিন্+ঈপ্। বি;

করিতকর্মা—বহুকার্যের অনুষ্ঠাতা; বহুদর্শী। <কৃতকর্মা। বিণ।

করিবর—হস্তিশ্রেষ্ঠ। করিমধ্যে ('করিন্'-শব্দ) বর, (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি; পুং।

করিম—১। দয়াময়। বিণ। ২। খোদা। আ। বি।

করিয়া—১। লইয়া ('হাতে —'); দ্বারা ('নৌকা —'); প্রকারে; ক্রমে ('এক এক —'); কারণে। অ। ২। করিবার পর। বাংপ্র। অস-ক্রি। **করিয়া কর্মিয়া** (করে কর্মে)—চেষ্টাচরিত্র করিয়া; হাতে কলমে করিয়া।

করিয়ে—করিতে সমর্থ, কার্যনিপুণ। কর্+ইয়ে (<ইয়া) কর্তৃ। বাংপ্র। বিণ।

করিষ্ণু—করণশীল, কার্য করাই যাহার স্বভাব এরূপ। কৃ+ইষ্ণু কর্তৃ, শীলার্থে। বিণ।

করিষ্যমাণ—১। যে সম্পাদন করিবে এমন। কৃ+স্যমান কর্তৃ। ২। যাহা সম্পাদিত হইবে এমন। কৃ+স্যমান কর্ম। বিণ।

করী (করিন্)—হস্তী। কর+ইন্ আছে অর্থে। বি; পুং। স্ত্রী, **-ণী**।

করীন্দ্র—হস্তিশ্রেষ্ঠ; ঐরাবত। করিমধ্যে ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি; পুং।

করীষ—শুষ্ক গোময়, ঘুঁটে। কৃ+ঈষন্ কর্ম। বি; পুং বা ক্লী। ['corrugated'. বি।

করুগেট—ঢেউখেলানো টিন, ঢেউ-টিন। <ইং

করুণ—১। নবরসান্তর্গত তৃতীয় রস। কৃ+উনন্ কর্তৃ। বি; পুং। ২। যাহাতে দয়া হয় এমন; যাহাতে শোকের উদয় হয় এমন; আর্ত, কাতর ('— কণ্ঠে'); দয়াযুক্ত। কৃ+উনন্ কর্ম। বিণ।

করুণা—দয়া; গণ্ডগানাম বিঃ; কাতর উক্তি, কাকুতি। কৃ+উনন্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
করুণাকর—কৃপানিধি, অতিশয় দয়াবান্। করুণার আকর, ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; পুং।
করুণানিকর—কৃপাসিন্ধু, দয়াময়, ঈশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
করুণানিদান—দয়াময়। ৬ষ্ঠীতৎ। বি, বা বিণ; ক্লী।
করুণা-নিধান, -নিধি—দয়ার সাগর, অনন্তদয়াময়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং।
করুণা-পারাবার—দয়ার সাগর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
করুণাময়—অতিশয় করুণাসম্পন্ন, দয়াময়। করুণা+ময়ট্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -য়ী।
করেণু, করেণুকা—হস্তিনী। কৃ+এণু কর্তৃ, পক্ষে কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
করেলা—'করলা' দ্রঃ। [পুং বা ক্লী।
করোট—মাথার খুলি। ক—রুট্+অচ্ কর্তৃ। বি;
করোটি, করোটী—মাথার খুলি। ক—রুট্+ইন্ কর্তৃ, ২য় পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
করোটিকা—মাথার খুলি, cranium. করোটী+কন্ স্বার্থে+আপ্। বি।
কর্ক—শিশি বা বোতলের ছিপি। <ইং 'cork'. বি।
কর্কট, কর্কটক—কাঁকড়া; কাঁকুড় গাছ; মেষাদি দ্বাদশ রাশির মধ্যে চতুর্থ রাশি; নাগ বিঃ; ব্যাধি বিঃ, cancer. কর্ক্+অটন্ কর্তৃ সংজ্ঞার্থে, ২য় পক্ষে কন্ স্বার্থে। বি; পুং।
কর্কটক্রান্তি—উত্তরায়ণান্ত, summer solstice. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কর্কটক্রান্তিবৃত্ত—নিরক্ষরেখা হইতে ২৩½ ডিগ্রী উত্তরে কল্পিত অক্ষরেখা, উত্তরায়ণবৃত্ত, Tropic of Cancer. কর্কটের (ঐ রাশির) ক্রান্তি যাহাতে, বহু; সেই বৃত্ত, কর্মধা। বি; স্ত্রী।
কর্কটি, কর্কটিকা—কাঁকুড়; কাঁকড়া-শিঙ্গী। কর্ক—অট্+ইন্ কর্তৃ; কর্কটি+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী। [বি; স্ত্রী।
কর্কটী—বড় কাঁকুড়। কর্ক—অট্+ইন্ কর্তৃ+ঈপ্।
কর্কশ—কঠিন; নির্দয়; অতিশয় শ্রুতিকটু; ক্রূর; সাহসী; অকোমল; অমসৃণ; কৃপণ; খসখসে। কর্ক+শ আছে অর্থে। বিণ।
কর্জ—ঋণ, দেনা। <আ 'কর্জ্'। বি।
কর্জপত্র—ধারদেনা; খত, স্বীকারপত্র। আ-মূ। বি।
কর্জা—ঋণস্বরূপ গৃহীত। আ-মূ। বিণ।
কর্ণ—১। কান। কর্ণি+অচ্ করণ। ২। ক্ষেপণী, দাঁড়; হাইল; যে সরলরেখা দ্বারা চতুর্ভুজের দুই বিপরীত কোণ সংযুক্ত হয় তাহা, diagonal; সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত বাহু, hypotenuse. কৃ+নন্ কর্ম। ৩। পাণ্ডবজননী কুন্তীর কুমারী-অবস্থার পুত্র। বি; পুং।
কর্ণকুণ্ডল—কানের গহনা, মাকড়ি, ইয়ারিং। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কর্ণকুহর, -কূপ—কর্ণের ছিদ্র, শ্রবণেন্দ্রিয়বিবর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কর্ণগত—শ্রুত, যাহা শোনা হইয়াছে এমন। ২য়াতৎ। বিণ। [বিণ।
কর্ণগোচর—শ্রুতিগোচর, শ্রবণযোগ্য। ৬ষ্ঠীতৎ।
কর্ণছিদ্র—কর্ণরন্ধ্র, কর্ণবিবর; অলংকারধারণার্থ কর্ণে কৃত ছিদ্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কর্ণধার—নাবিক, কাণ্ডারী। উপতৎ; কর্ণ—ধৃ+অণ্ কর্তৃ। বি; পুং।
কর্ণপটহ—কর্ণপট, কর্ণমধ্যস্থিত শব্দগ্রাহক সূক্ষ্ম পর্দা। কর্ণমধ্যস্থ পটহ, মধ্যপ। বি; পুং।
কর্ণপথ—কর্ণকুহর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কর্ণপাত—কান দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কর্ণবিবর—কর্ণকুহর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কর্ণবেধ—সংস্কার বিঃ, কান বিঁধানো। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কর্ণভূষণ—কর্ণাভরণ, কানের গহনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [পুং।
কর্ণমল—কানের ময়লা, কানের খোল। ৬ষ্ঠীতৎ। বি;
কর্ণমূল—কানের গোড়া; কানের গোড়ার গ্রন্থিস্ফীতি রোগ বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কর্ণরন্ধ্র—কর্ণকুহর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কর্ণরোগ—কানের পীড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কর্ণশূল—কর্ণের বেদনা, কর্ণের যাতনা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কর্ণাকর্ণি—কানাকানি, পরস্পর ফুসফুসানি। কর্ণে কর্ণে মন্ত্রণা হয় এই বাক্যে, ব্যতিহার বহু (সমাসান্ত ইচ্ প্রত্যয়)। বি; স্ত্রী।
কর্ণাটী—রাগিণী বিঃ; কর্ণাটরাজমহিষী; কর্ণাট-দেশীয়া স্ত্রী; কাব্যের রীতি বিঃ। কর্ণাট+অণ্ ভবাদ্যর্থে (প্রত্যয়ের লোপ)+ঈপ্। বি; স্ত্রী।
কর্ণান্তর—১। কর্ণকুহর। কর্ণের অন্তর, ৬ষ্ঠীতৎ। ২। অন্য কান; দ্বিতীয় ব্যক্তির শ্রবণ। অন্য কর্ণ, নিত্য। বি; ক্লী।
কর্ণাভরণ—কানের গহনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কর্ণিক—১। কর্ণধার, মাঝী। কর্ণ+ইকন্ ব্যবহার করে অর্থে। বি; পুং। ২। কর্ণযুক্ত; দীর্ঘকর্ণ; হালযুক্ত। বিণ। ৩। রাজমিস্ত্রীগণের ব্যবহার্য বালি সিমেন্ট ইঃ লাগাইবার যন্ত্র বিঃ। বাংপ্র। বি।
কর্ণিকা—১। কর্ণভূষণ, কানতড়কা। কর্ণ+ইকন্ ভূষণার্থে+আপ্। ২। পদ্মের মধ্যস্থ বীজকোষ; বোঁটা; লেখনী; কুট্টিনী; হস্তের মধ্যাঙ্গুলি। কর্ণ+ণক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
কর্ণিকার—১। ছোট সোঁদাল। উপতৎ; কর্ণিকা—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং। ২। স্বর্ণবর্ণ পুষ্প বিঃ। কর্ণিকার+অচ্ তৎপুষ্পার্থে। বি; ক্লী।
কর্ণিল—দীর্ঘকর্ণ; কর্ণযুক্ত। কর্ণ+ইল যুক্তার্থে। বিণ।
কর্ণী (কর্ণিন্)—১। কর্ণযুক্ত; কর্ণসম্বন্ধীয়; দীর্ঘকর্ণ। বিণ। স্ত্রী—কর্ণিনী। ২। কুটিলাবয়ব-যুক্ত বাণ বিঃ; কর্ণধার, মাঝী। কর্ণ+ইন্ আছে অর্থে। বি; পুং।
কর্ণেজপ—সূচক; খল; গোয়েন্দা, চর; যে কুমন্ত্রণা

দিয়া মনোভঙ্গ করিয়া দেয় এরূপ ব্যক্তি; কুপরামর্শ-দাতা। অলুক্ উপতৎ; কর্ণে—জপ্+অচ্ কর্তৃ। বি; পুং। [ভবার্থে। বিণ।
কর্ণ্য—কর্ণ হইতে জাত ('—মল')। কর্ণ+যৎ
কর্তন—ছেদন, কাটা। কৃৎ+অনট্ ভাব। বি; ক্লী।
কর্তনী—যাহা দ্বারা কর্তন করা যায় সেই অস্ত্র, কাঁচি, কাতুরি। কৃত্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।
কর্তব—গীতাদিতে সুরের নানাপ্রকার কৌশল-প্রদর্শন। হি-মু। বি।
কর্তব্য—১। করণীয়, করিবার যোগ্য, উচিত। বিণ। ২। করণীয় কাজ। কৃ+তব্য কর্ম। বি; ক্লী।
কর্তব্যকর্ম (-কর্মন্)—করণীয় কার্য। কর্মধা। বি; ক্লী।
কর্তব্যজ্ঞান—কর্তব্যবোধ, দায়িত্ববোধ। কর্তব্যবিষয়ক জ্ঞান, মধ্যপ। বি; ক্লী।
কর্তব্যতা, -ত্ব—বিধেয়তা, ঔচিত্য। কর্তব্য+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
কর্তব্যনিষ্ঠ—কর্তব্যপরায়ণ। কর্তব্যে নিষ্ঠা যাহার, বহু। বিণ।
কর্তব্যনিষ্ঠা—১। কর্তব্যের প্রতি আগ্রহ। ৭মীতৎ। বি; স্ত্রী। ২। কর্তব্যপরায়ণা। কর্তব্যনিষ্ঠ+আপ্। বিণ; স্ত্রী।
কর্তব্যপরায়ণ—কর্তব্যনিষ্ঠ। কর্তব্যই পর (শ্রেষ্ঠ) অয়ন (গতি) যাহার, বহু। বিণ।
কর্তব্যবিমুখ—করণীয় কার্য করিতে অনিচ্ছুক, কর্তব্যে যত্নশূন্য। ৭মীতৎ। বিণ। স্ত্রী, -খা, -খী।
কর্তব্যাকর্তব্য—করণীয় ও অকরণীয় কার্য, কার্যাকার্য। কর্তব্য ও অকর্তব্য, দ্বন্দ্ব। বি; ক্লী।
কর্তরিকা—কাঁচি; ছুরি; কাটারি। কর্তরী+কন্ অল্পার্থে+আপ্। বি; স্ত্রী।
কর্তরী—কাতারি, একশ্রেণীর কাঁচি; ছুরি; দা। কৃত্+অরন্ করণ+ঈপ্। বি; স্ত্রী।
কর্তা (-র্তৃ)—১। কারক বিঃ, nominative; ক্রিয়া-সম্পাদক বা প্রযোজক পদ। বি; পুং। ২। কার্যকারক; প্রণেতা; ক্রিয়ানুকূল; কৃতিমান্; বিধাতা; প্রভু; অধ্যক্ষ। বি; পুং, বা বিণ। স্ত্রী—কর্ত্রী। ৩। ব্রহ্মা, বিধাতা; মহাদেব; বিষ্ণু। কৃ+তৃচ্ কর্ত। বি; পুং। [(বাংপ্র)। বি।
কর্তাগিরি—কর্তৃত্ব, আধিপত্য। কর্তা+গিরি
কর্তাভজা—চৈতন্যদেবের ভক্ত সম্প্রদায়ের অনুরূপ বা তাহার শাখাস্বরূপ ধর্মসম্প্রদায় বিঃ; ব্যঙ্গার্থে প্রভুর বা উপরওয়ালার তোষামোদকারী। বাংপ্র। বি বা বিণ।
কর্তিত—ছেদিত, ছিন্ন। কৃত্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
কর্তৃক—কর্তৃত্বে, দ্বারা। সংস্কৃত বহুব্রীহি সমাসের অন্তস্থিত 'কর্তৃ'-শব্দ হইতে আগত। বাংপ্র। অ।
কর্তৃকারক—ক্রিয়াসম্পাদক; প্রযোজক। কর্মধা। বি; ক্লী।
কর্তৃত্ব—প্রভুত্ব, আধিপত্য; অধিকার; সাধকত্ব; কারকত্ব। কর্তৃ+ত্ব ভাবে। বি; ক্লী।
কর্তৃপক্ষ, -বর্গ—কর্তাদিগের দল, কর্তা এবং তৎ-সহকারী ব্যক্তিবর্গ; কোন বিষয়ের ভারপ্রাপ্ত বা মাতব্বর লোকেরা। কর্তাদের পক্ষ, বর্গ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কর্তৃবাচ্য—যে বাচ্যে কর্তা উক্ত বা কথিত হয় অর্থাৎ কর্তা প্রথমাবিভক্তিযুক্ত হয় সেই বাচ্য। কর্তা বাচ্য যাহাতে, বহু। বি; ক্লী।
কর্ত্রী—১। প্রধানা স্ত্রী, গৃহিণী, গৃহস্বামিনী; অধ্যক্ষা; রচয়িত্রী। কর্তৃ+ঈপ্। বি বা বিণ; স্ত্রী। পুং—কর্তা। ২। কাটারি। কৃত্+তৃচ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
কর্দম—পঙ্ক; পাপ; মনুকন্যা দেবহূতির স্বামী; কপিলের পিতা। কর্দ+অম কর্তৃ। বি; পুং।
কর্দমাক্ত—পঙ্কলিপ্ত, কাদামাখানো। কর্দম দ্বারা অক্ত, ৩য়াতৎ। বিণ। [জাতার্থে। বিণ।
কর্দমিত—কর্দমযুক্ত, পঙ্কিল। কর্দম+ইতচ্
কর্নেল—সৈন্যবিভাগের উচ্চপদস্থ কর্মচারী বিঃ। <ইং 'colonel'. বি।
কর্পট—১। জীর্ণ অথবা ছিন্ন বসন, পুরাতন বস্ত্র; নেকড়া; মলিন কাপড়; ন্যাতা। কর্ (ক্ষেপণ-যোগ্য) পট (বস্ত্র), কর্মধা। ২। তোয়ালে বা গামছা; কষায়বস্ত্র বস্ত্র। ৬ষ্ঠীতৎ (শকন্ধ্বাদি)। বি; পুং বা ক্লী।
কর্পটী (-টিন্)—ছিন্নবস্ত্রপরিহিত; ভিক্ষা-জীবী। কর্পট+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -টিনী।
কর্পর—কপাল, মাথার খুলি; কটাহ; অস্ত্র বিঃ; খাপরা; কূর্মের পৃষ্ঠাস্থি। কৃপ্+অরন্ কর্তৃ। বি; পুং।
কর্পূর—স্বনামপ্রসিদ্ধ শুভ্রবর্ণ গন্ধদ্রব্য বিঃ। কৃপ+ঊর কর্তৃ। বি; পুং বা ক্লী।
কর্পূরতৈল—কর্পূরস্নেহ, কর্পূরের তেল, camphor-oil. কর্পূরজাত তৈল, মধ্যপ। বি; ক্লী।
কর্পূররস—পারদ, রসকর্পূর। কর্মধা। বি; পুং।
কর্বুর, কর্বূর—১। স্বর্ণ; জল; হরিতাল; ধুতুরা। কর্ব্+উর, ঊর কর্ম। বি; ক্লী। ২। বিচিত্রবর্ণ ('—বস্তু')। বিণ। ৩। দৈত্য বিঃ; রাক্ষস ("কর্বুর-গৌরব-রবি চির-রাহুগ্রাসে"—মাইকেল); পাপ। কর্ব্+উর, ঊর কর্তৃ। বি; পুং।
কর্বুরপতি—রাক্ষসরাজ রাবণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কর্ম (কর্মন্)—কার্য [ইহা ত্রিবিধ; যথা—সাত্ত্বিক, রাজস ও তামস। ফলাভিলাষশূন্য যে কর্ম, তাহাই সাত্ত্বিক। কামনাপূর্ণ যে কর্ম, তন্মধ্যে হিংসাদি-সংযুক্তগুলি তামস; তাহা ছাড়া কামনাপূর্ণ কার্য রাজস]; অদৃষ্ট; পাপ; পুণ্য; কারক বিঃ; চাকরি, পেশা। কৃ+মন্ কর্ম। বি; ক্লী। বিণ—কর্মী।
কর্মকর্তা (-কর্তৃ)—১। যাহার মাতাপিতৃশ্রাদ্ধ অথবা পুত্রকন্যাদির বিবাহ প্রঃ কর্ম উপস্থিত এরূপ ব্যক্তি; কর্মিগণের নায়ক; অধ্যক্ষ; কার্যকারী; কৃতী। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -কর্ত্রী। ২। যে কর্ম স্বয়ং কর্তা হয় তাহা [যেমন—"অন্ন

যেতেছে লুটিয়া"—রবীন্দ্র; এই বাক্যে 'অন্ন' কর্ম হইলেও কর্তার কাজ করিতেছে]। কর্মধা। বি; পুং।
কর্মকর্তৃবাচ্য—যে স্থলে কর্ম কর্তার তুল্য ক্রিয়া সম্পাদন করে তাহা ('কর্মকর্তা' দ্রঃ)। কর্মকর্তা বাচ্য যাহাতে, বহু। বি; ক্লী।
কর্মকাণ্ড—১। কর্মসমূহ। কর্মন্+কাণ্ডচ্ সমূহার্থে। ২। বেদাংশ বিঃ। কর্মকাণ্ড+অচ্ আছে অর্থে। বি; পুং।
কর্মকার—১। কামার, লোহকার। বি; পুং। ২। কর্মকারক, ভৃত্য; বেগার। উপতৎ; কর্মন্—কৃ+অণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-রী**।
কর্মকারক—১। (ব্যাক) কর্তা ক্রিয়া দ্বারা যাহাকে সর্বাপেক্ষা অধিক ইচ্ছা করে তাহা। কর্মধা। বি; ক্লী। ২। কার্যের অনুষ্ঠাতা, কার্যনির্বাহক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-কারিকা**।
কর্মকারী (-কারিন্)—যে কার্য করে এমন। উপতৎ; কর্মন্—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিণী**। বি, **-কারিতা**। [যাহার, বহু। বিণ।
কর্মকুণ্ঠ—কর্মবিমুখ; অলস। কর্মে কুণ্ঠা (সংকোচ)
কর্মকুশল—কর্মনিপুণ। ৭মীতৎ। বিণ।
কর্মকেন্দ্র—কাজের জায়গা, বহুবিধ কর্মের স্থল, centre of activity. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী'
কর্মক্লান্ত—কাজ করিতে করিতে অবসন্ন। ৩য়াতৎ। বিণ।
কর্মক্ষম—কার্যদক্ষ। ৭মীতৎ। বিণ। বি, **-তা**।
কর্মক্ষেত্র—কর্মানুষ্ঠানের স্থান; সংসার, পৃথিবী। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কর্মখালি—শূন্য পদ, vacant post. বাংপ্র। বি।
কর্মগত—১। কার্যসংক্রান্ত। ২য়াতৎ। ২। কার্যক্রমে উপস্থিত, কার্যানুসারে সংঘটিত, কর্মানুসারে প্রাপ্ত। ৩য়াতৎ। বিণ।
কর্মচারী (-চারিন্)—বেতনভুক্ ভৃত্য। উপতৎ; কর্মন্—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চারিণী**।
কর্মঠ—কার্যদক্ষ। কর্মন্+ঠ কুশলার্থে। বিণ।
কর্মণ্য—যাহা কোন কর্মে লাগে এরূপ; কর্মঠ। কর্মন্+যৎ সাধু অর্থে। বিণ। বি, **-তা**।
কর্মত্যাগ—বিষয়কর্ম পরিত্যাগ; চাকরি বা কোন পদ ছাড়িয়া দেওয়া; বিষয় বাসনা হইতে নিবৃত্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কর্মত্যাগী (-ত্যাগিন্)—যিনি পদত্যাগ করিয়াছেন এরূপ; বিষয়কর্ম-বিরত; সংসার-বিবাগী; নিষ্কর্মা। উপতৎ; কর্মন্—ত্যজ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ত্যাগিনী**।
কর্মদক্ষ—কার্যপটু। ৭মীতৎ। বিণ।
কর্মদোষ—স্বকৃত কার্যজনিত অপরাধ; পাপ, অপরাধ; অদৃষ্টের দোষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কর্মধারয়—সমাস বিঃ, (সাধারণতঃ) সমানবিভক্তিযুক্ত বিশেষণ ও বিশেষ্য পদে ঘটিত সমাস। কর্মন্—ধৃ+ণিচ্+অচ্ কর্তৃ। বি; পুং।
কর্মনাশা—১। নদী বিঃ। বি; স্ত্রী। ২। যে কাজ পণ্ড করে এরূপ, কর্মপণ্ডকারী। উপতৎ; কর্ম—নাশ+আ কর্তৃ। বাংপ্র। বিণ।
কর্মনিষ্ঠ—কার্যপরায়ণ; কর্মী; কার্যাসক্ত; কার্যে আস্থাসম্পন্ন; অধিক পরিশ্রমী। কর্মে নিষ্ঠা যাহার, বহু। বিণ।
কর্মনিষ্ঠা—১। কার্যে আসক্তি, কর্মে একান্ত আস্থা। ৭মীতৎ। বি; স্ত্রী। ২। কার্যপরায়ণা। কর্মনিষ্ঠ+আপ্। বিণ; স্ত্রী।
কর্মনীতি—কার্যের নিয়ম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কর্মপথ, -পন্থা—কর্মের পদ্ধতি' ৬ষ্ঠীতৎ। বি; পুং [বি; স্ত্রী।
কর্মপদ্ধতি—কার্যক্রম; কার্যের নিয়ম। ৬ষ্ঠীতৎ।
কর্মপ্রবচনীয়—যে অব্যয় বিশেষ্য বা সর্বনামের পর বসিয়া উহাকে কারকে পরিণত করে বা বিভক্তিযুক্ত করে (যথা, পুকুর **হইতে** জল আনা। ছুরি **দিয়া** কাটা)। কর্মন্—প্র—বচ্+অনীয় করণ অতীতে। বি; পুং। [বি; ক্লী।
কর্মফল—সুখ বা দুঃখ; কর্মবিপাক। ৬ষ্ঠীতৎ।
কর্মফের—কাজের ফের, দুরদৃষ্ট। বাংপ্র। বি।
কর্মবন্ধ, -বন্ধন—কাজের বাঁধন; কার্যকরণে বাধ্যতা; কার্যকরণের জন্য পুনঃপুনঃ জন্মগ্রহণ। কর্মই বন্ধ, বন্ধন, কর্মধা; বা কর্মজনিত বন্ধ, বন্ধন, মধ্যপ। বি; পুং, ক্লী।
কর্মবশতঃ (-তস্)—কাজের জন্য, কার্যবশতঃ। ৬ষ্ঠীতৎ। অ।
কর্মবাচ্য—(ব্যাক) যাহাতে কর্ম উক্ত অর্থাৎ প্রথমা-বিভক্তিযুক্ত হয় বাক্যের তাদৃশ অবস্থা। কর্ম বাচ্য যাহাতে, বহু। বি; ক্লী।
কর্মবাড়ি—যে গৃহে শ্রাদ্ধ-বিবাহাদি কোন ক্রিয়া বা উৎসব অনুষ্ঠিত হয় তাহা। ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি।
কর্মবাদ—মোক্ষলাভের বা নির্বাণপ্রাপ্তির কর্মই শ্রেষ্ঠ পন্থা এইরূপ উক্তি; কর্মশক্তিই যাবতীয় দুঃখের কারণ এই মত। কর্মধা। বি; পুং।
কর্মবাদী (-বাদিন্)—নির্বাণপ্রাপ্তির কর্মই শ্রেষ্ঠ উপায় এইরূপ মতাবলম্বী। উপতৎ; কর্মন্—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিনী**।
কর্মবিপাক—কর্মজন্য ফলভোগ, অনুষ্ঠিত শুভাশুভ কর্মের পরিণামস্বরূপ সুখদুঃখভোগ; রোগাদিরূপে জন্মান্তরীয় অশুভকর্মের ফলভোগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [তৎ। বি; পুং।
কর্মবীজ—অতি সূক্ষ্মরূপে কর্মের অবস্থান। ৬ষ্ঠী-
কর্মবীর—অক্লান্তকর্মী, যে প্রভূত পরিশ্রম করিয়াও অবসাদগ্রস্ত হয় না এরূপ ব্যক্তি। ৭মীতৎ। বি; পুং।
কর্মব্যতিহার, -ব্যতীহার—পরস্পরের কার্যের বিনিময়; পরস্পরের একজাতীয় ক্রিয়া-করণ (লাঠালাঠি, হাতাহাতি)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কর্মভূমি—কার্যক্ষেত্র; সংসার; আর্যাবর্ত; কৃষ্টভূমি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কর্মভোগ—কর্মের ফলভোগ; বৃথা পরিশ্রম; অনর্থক কষ্ট পাওয়া। কর্মজন্য ভোগ, মধ্যপ। বি; পুং।

কর্মযোগ—১। বেদবিহিত কর্মে কৌশল; চিত্তশুদ্ধিজনিত বৈদিক কর্ম। ৭মীতৎ। ২। গীতায় বর্ণিত নিষ্কাম কার্যের দ্বারা আত্মার উন্নতি, ক্রিয়ানুষ্ঠানরূপ যোগসাধন। কর্মরূপ যোগ, রূপক কর্মধা। বি; পুং।

কর্মযোগী (-যোগিন্)—কর্মযোগে রত, বৈদিক কর্মাচরণে প্রবৃত্ত, মোক্ষপ্রাপ্তির জন্য ধ্যানধারণাদি তপস্যায় নিযুক্ত। কর্মযোগ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-যোগিনী**।

কর্মশালা—কর্মস্থান; কারখানা, workshop. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বহু। বিণ।

কর্মশীল—কর্মী; পরিশ্রমী। কর্ম শীল যাহার,

কর্মশ্রান্ত—কর্মক্লান্ত। ৩য়াতৎ। বিণ।

কর্মসচিব—যৌথ সংঘের বা সরকারী বিভাগের ভারপ্রাপ্ত প্রধান ব্যক্তি, সম্পাদক, secretary; কার্যপরিচালক মন্ত্রী; কার্যনির্বাহবিষয়ে সহায়তাকারী; সহকারী। ৭মীতৎ। বি; পুং।

কর্মসাক্ষী (-সাক্ষিন্)—সূর্যাদি নয়টি কর্মদ্রষ্টা [সূর্য, চন্দ্র, যম, কাল, ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম]; কর্মের সাক্ষাৎ দ্রষ্টা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [তৎ। বি; স্ত্রী।

কর্মসিদ্ধি—কার্যসিদ্ধি; ইষ্টানিষ্টফলপ্রাপ্তি। ৬ষ্ঠী-

কর্মসূত্র—ভবিষ্য-ফলভোগের নিমিত্তভূত পূর্বকৃত কর্ম। কর্মধা। বি; ক্লী।

কর্মস্থল, **-স্থান**—কার্যস্থান; চাকরির জায়গা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কর্মাকর্ম—কার্যাকার্য, শুভ এবং অশুভ কার্য, সৎ এবং অসৎ কার্য। কর্ম এবং অকর্ম, দ্বন্দ্ব। বি; ক্লী।

কর্মাংগ—বিহিত যাগাদি কর্মের অঙ্গ; কার্যের অপরিহার্য অংশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কর্মাধীন—কার্যবশ; অদৃষ্টের বশীভূত। ৬ষ্ঠীতৎ। বিণ।

কর্মাধ্যক্ষ—কার্যের অধ্যক্ষ, কৃতাকৃত বিষয়ের পর্যবেক্ষক। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ।

কর্মানুবন্ধ—অবিচ্ছিন্ন কর্মরাশি; কর্মবন্ধন; কার্যের অপেক্ষা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কর্মানুবন্ধী (-বন্ধিন্)—যাহাতে বহুকর্মের সমাবেশ আছে এরূপ ('—বিষয়'); কর্মসম্বন্ধযুক্ত; কর্মসাপেক্ষ। উপতৎ; কর্মন্—অনু—বন্ধ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বন্ধিনী**।

কর্মানুরূপ—কর্মসদৃশ; কর্মোপযোগী ('—ফল')। ৬ষ্ঠীতৎ। বিণ।

কর্মানুষ্ঠান—কর্মের অনুষ্ঠান; কার্যারম্ভ; কর্মসম্পাদন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কর্মান্তর—১। অন্য কার্য। অন্য কর্ম, নিত্য। ২। কাজের ফাঁক। কর্মের অন্তর, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কর্মান্বিত—সক্রিয়, ক্রিয়াশীল, active. ৩য়াতৎ। বিণ। [বি; পুং।

কর্মার—কামার। কর্মন্—ঋ+অণ্ কর্তৃ সংজ্ঞার্থে।

কর্মারম্ভ—কার্যারম্ভ; কর্মানুষ্ঠান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কর্মার্হ—কার্যের উপযুক্ত, কার্যক্ষম। উপতৎ; কর্ম—অর্হ্+অচ্ কর্তৃ। বিণ।

কর্মিষ্ঠ—কার্যনির্বাহে বিলক্ষণ তৎপর, সম্পূর্ণ যত্ন মনোযোগ ও পরিশ্রমসহকারে কার্যসম্পাদনকারী। কর্মিন্+ইষ্ঠ অত্যর্থে। বিণ। বি, **-তা**।

কর্মিসংঘ—কর্মশালা করণ ইঃর কর্মিগণের সংসদ্, union. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কর্মী (কর্মিন্)—কর্মক্ষম, কার্যদক্ষ; কর্মকারী। কর্মন্+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**কর্মিণী**।

কর্মেন্দ্রিয়—কার্য-নির্বাহের ইন্দ্রিয়, বাক্ পাণি পাদ পায়ু উপস্থ এই পঞ্চ বাহ্যেন্দ্রিয় ('ইন্দ্রিয়' দ্রঃ)। কর্মসাধক ইন্দ্রিয়, মধ্যপ কর্মধা। বি; ক্লী।

কর্ষ—১। কর্ষণ; ঘর্ষণ। কৃষ্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ—**কৃষ্ট**। ২। তোলক পরিমাণ; দুই তোলা; ষোল মাষা; তৎপরিমিত সুবর্ণ। কৃষ্+অচ্ কর্তৃ। বি; পুং বা ক্লী।

কর্ষক—১। কৃষক; যে সকল পক্ষী নখ দ্বারা ভূমিকর্ষণ করিয়া আহার অন্বেষণ করে তাহারা। বি; পুং। ২। আকর্ষণকারী। কৃষ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**কর্ষিকা**।

কর্ষণ—চাষ; আকর্ষণ; ঘর্ষণ। কৃষ্+অনট্ ভাব। বি; ক্লী।

কর্ষণীয়—কর্ষণযোগ্য; ঘর্ষণযোগ্য। কৃষ্+অনীয় কর্ম। বিণ। [পুং।

কর্ষাপণ—কাহন। কর্ষসদৃশ আপণ, মধ্যপ। বি;

কর্ষিত—কৃষ্ট, চষা; যাহাকে আকর্ষণ করা হইয়াছে এরূপ। কৃষ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

কল—১। মধুর অস্ফুট ধ্বনি; স্রোতের মধুর অব্যক্তধ্বনি; শালবৃক্ষ। কল+ঘঞ্ ভাব। বি; পুং। ২। ভোজ্যপদার্থের গ্রাস। < কবল। ৩। আহ্বান; চিকিৎসার্থ ডাক্তারকে আহ্বান। <ইং 'call'. ৪। যন্ত্র, machine; বন্দুকের ঘোড়া; তালা; আলতারাফ; অঙ্কুর; ফন্দি, কৌশল। বাংপ্র। বি। **কল টিপিয়া দেওয়া**—সাবধান করিয়া দেওয়া। **কল টেপা**—গোপনে প্ররোচনা বা পরামর্শ দেওয়া। **কল দেওয়া**—চিকিৎসার্থ আহ্বান করা। **কল পাতা**—যন্ত্র স্থাপন করা; ফাঁদ পাতা; কৌশল অবলম্বন করা। **কলে যাওয়া**—(ডাক্তারের) আহ্বান পাইয়া চিকিৎসা করিতে যাওয়া। **কলের গাড়ি**—বাষ্পীয় শকট, রেলগাড়ি। **কলের গান**—গ্রামোফোন। **কলের জাহাজ**—বাষ্পীয় পোত। **কলের পুতুল**, **কলের মানুষ**—যন্ত্রচালিত পুতুল; সম্পূর্ণরূপে অন্যের দ্বারা চালিত ব্যক্তি।

কলকণ্ঠ—১। কোকিল; কপোত; হংস। বি; পুং। ২। মধুরকণ্ঠধ্বনিযুক্ত, সুস্বর। বহু। বিণ। স্ত্রী, **-ণ্ঠা**, **-ণ্ঠী**।

কলকণ্ঠী—১। সুস্বরবতী। বিণ; স্ত্রী। ২। কোকিলা; কপোতী; হংসী। কলকণ্ঠ+ঈপ্। বি; স্ত্রী। পুং—**কলকণ্ঠ**।

কলকব্জা—যন্ত্রপাতি। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

কলকল—কোলাহল, গোলমাল; মধুরাস্ফুটধ্বনি; জল নির্গমনের শব্দ। 'কল'-শব্দের প্রকারার্থে দ্বিত্ব। অ।

কলকলানি—কলকল শব্দ; গোলমাল; জলনির্গমন-শব্দ; মধুরাস্ফুটধ্বনি। বাংপ্র। বি।

কলকলানো—কলকল করা; কাকলিধ্বনি করা; কোলাহল শব্দ করা, গোলমাল করা; বাজে কথা বকিয়া যাওয়া। বাংপ্র। ক্রি [, বি]।

কলকল্লোল—জলস্রোতের কলকল শব্দ ("কল-কল্লোলে লাজ দিল আজ"—রবীন্দ্র)। কলযুক্ত কল্লোল, মধ্যপ। বি; পুং।

কলকা—বস্ত্রাদির প্রান্তস্থিত নকশা বা নানারূপ চিত্র, কুঞ্জ ('—পাড়')। ∠তু 'কল্‌গা'। বি।

কলকাঠি—চাবিকাঠি; রহস্যভেদের উপায়। বাংপ্র। বি।

কলকে—তামাকের ছিলিম, কলিকা; একপ্রকার ফুল। বাংপ্র। বি। **কলকে পাওয়া**—সভায় বা সমাজে খাতির পাওয়া; বিশ্বাসভাজন হওয়া।

কলকৌশল—যন্ত্র ও তাহা চালাইবার কায়দা; ষড়যন্ত্র, চক্রান্ত। বাংপ্র। বি।

কলগা, কলগি—শিরোভূষণ, কিরীট ("মানিক কলগি তোরা চকমকে হীরা"—ভারত)। তু। বি।

কলঘর—যন্ত্রশালা, যে ঘরে যন্ত্রাদি স্থাপিত থাকে; জলের কল সমন্বিত স্নানাগার। বাংপ্র। বি।

কলঘোষ—কোকিল। বহু। বি; পুং।

কলঙ্ক—চিহ্ন; তাম্রাদি পাত্রের দাগ; অম্লসংযোগে তাম্রাদি পাত্রের বিকৃতি; অখ্যাতি, অপযশ; লৌহাদি ধাতুর মল, মরিচা। কল এমন অঙ্ক, কর্মধা। বি; পুং।

কলঙ্ককালিমা (-কালিমন্)—কলঙ্করূপ কাল দাগ; ঘোরতর অপযশ। রূপক কর্মধা। বি; পুং। [স্ত্রী।

কলঙ্কভঞ্জন—অপবাদদূরীকরণ। ৬ষ্ঠীতৎ। বি; **কলঙ্কলেপন**—দুর্নামযুক্ত করা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কলঙ্কিত—অপবাদগ্রস্ত; অপবিত্র; চিহ্নযুক্ত; লৌহ-মলবিশিষ্ট। কলঙ্ক+ইতচ্ জাতার্থে। বিণ।

কলঙ্কিনী—অপবাদগ্রস্তা; ব্যভিচারহেতু নিন্দিতা। কলঙ্কিন্+ঈপ্। বিণ; স্ত্রী।

কলঙ্কী (কলঙ্কিন্)—কলঙ্কিত; অপযশোভাগী। কলঙ্ক+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -ঙ্কিনী।

কলতলা—স্নানাদির জন্য যে জায়গায় জলের কল স্থাপিত থাকে; কলঘর। বাংপ্র। বি।

কলতানি—ক্লেদ; পুঁজ; মৎস্যমাংসাদির রস; শ্লেষ্মা। বাংপ্র। বি।

কলত্র—ভার্যা; নিতম্ব। কল—ত্রৈ+ক কর্তৃ। বি; ক্লী।

কলধৌত—রৌপ্য ('কলধৌত প্রবাহবৎ'—বঙ্কিম); স্বর্ণ। ৩য়াতৎ। বি; পুং।

কলধ্বনি—অব্যক্ত মধুরধ্বনি। কর্মধা। বি; পুং।

কলন—১। গণন; পরিধান; গ্রহণ; দর্শন; জ্ঞান; গ্রাস; লঙ্ঘন। কল+অনট্ ভাব। ২। চিহ্ন; দোষ; শব্দকরণ; ভ্রূণ। কল+অনট্ কর্ম। বি; ক্লী। [পুং।

কলনাদ—কলধ্বনি, মধুরাস্ফুটশব্দ। কর্মধা। বি;

কলনাদী (-নাদিন্)—মধুর অস্ফুটধ্বনি করে এমন। উপতৎ; কল—নদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -নাদিনী।

কলপ—চুলে মাখাইবার কাল দ্রব্য বিঃ; কাপড়ে মাখাইবার মাড়, size. ∠আ 'কলফ'। বি।

কলবল—১। শব্দকারী। কল—বল্+অচ্ কর্তৃ। বিণ। ২। কলবল শব্দ। অ। ৩। যন্ত্র ও দৈহিক শক্তি। বাংপ্র। দ্বন্দ্ব। বি।

কলবলানি—কলবল শব্দ। কলবল+আনি ভাব। বাংপ্র। বি।

কলবলানো—কলবল শব্দ করা। বাংপ্র। ক্রি [, বি]।

কলম—১। শালিধান; লেখনী; চোর; ধূর্ত। কল্+অম কর্তৃ (মতান্তরে ∠আ 'কলম')। বি; পুং। ২। কাটা ডাল হইতে উৎপাদিত গাছ; কাচকাটা যন্ত্র বিঃ; পলওয়ালা লম্বা কাচখণ্ড; লেখনী সদৃশ যন্ত্র, style. বাংপ্র। বি। **কলম চালানো**—লেখা; সংশোধন করা। **কলম পেষা**—অবিশ্রান্তভাবে লেখা। **কলমের খোঁচা**—লেখা। **কলমের জোর**—রচনাশক্তি; আবেদনের ক্ষমতা।

কলমদান, -দানী—কলম রাখিবার পাত্র। ফা। বি।

কলম-পেশা—লেখকবৃত্তি; কেরানীগিরি। কলম-নিষ্পাদ্য পেশা, মধ্যপ। বাংপ্র। বি।

কলম-বাজ—লিখিতে মজবুত; সুলেখক; মুহুরী। কলম+বাজ পটু অর্থে। বাংপ্র। বি বা বিণ।

কলম-বাজি—লিপিপটুতা; লেখালেখি। কলম-বাজ+ই ভাবে। বাংপ্র। বি।

কলমা—১। ধান্য বিঃ, কলমা ধান। ∠কলম। ২। মুসলমানদিগের অঙ্গশুদ্ধিকর কোরানোক্ত ভজন বিঃ। ∠আ 'কলিমহ্'। বি। **কলমা পড়া**—কলমায়ে শহাদৎ পাঠ করিয়া ইসলাম ধর্ম গ্রহণ করা।

কলমি—জলজ শাক বিঃ; ডাঁটা বিঃ, যাহা হইতে একপ্রকার কলম হয়। ∠কলম্বী। বি।

কলমী—১। শাক বিঃ। ∠কলম্বী। বি। ২। কলম হইতে উৎপন্ন ('—চারা'); কলমের মত লম্বা ('—শোরা')। বাংপ্র। বিণ।

কলম্ব—বাণ; কদম্ব বৃক্ষ; শাকের ডাঁটা; কলমি শাক। কড্+অম্বচ্ কর্ম। বি; পুং।

কলম্বিকা—কলমি শাক, কলমি। কলম্ব+ইক (ঠন)+আপ্। বি; স্ত্রী।

কলম্বী—কলমি শাক। কলম্ব+ঈপ্ সংজ্ঞার্থে। বি; স্ত্রী। [পুং।

কলরব—কলকলধ্বনি; গোলমাল। কর্মধা। বি;

কলশ—বৃহৎ জলপাত্র, ঘট। কল—শৃ+ড কর্তৃ। বি; পুং বা ক্লী।

কলশি, কলশী—ঘট, ঘড়া। কল—শো+ই কর্তৃ; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

কলস, কলসী—কুম্ভ, ঘট। ক—লস্+অচ্ কর্তৃ, পক্ষে ঈপ্। বি; পুং, স্ত্রী।
কলস্বন, -স্বর—১। কলনাদী। বহু। বিণ। ২। কল-ধ্বনি। কর্মধা। বি; পুং।
কলহ—বিবাদ; যুদ্ধ। কল—হন্+ড কর্তৃ। বি; পুং বা ক্লী।
কলহংস—১। রাজহংস; বালিহাঁস। কলনাদী হংস, মধ্যপ। ২। ব্রাহ্মণ; রাজশ্রেষ্ঠ; ব্রহ্ম; পরমাত্মা; রাগিণী বিঃ; ছন্দ বিঃ। বি; পুং।
কলহপ্রিয়—১। যে সর্বদা কলহ ভালবাসে এরূপ। বহু। বিণ। ২। নারদমুনি। বি; পুং।
কলহান্তরিতা—নায়কের সহিত কলহ করার পর অনুতাপিনী নায়িকা। কলহ দ্বারা অন্তরিতা (ব্যবহিতা), ৩য়াতৎ। বি; স্ত্রী।
কলা—১। চন্দ্রের ষোলভাগের এক ভাগ; শৈবতন্ত্রোক্ত চতুঃষষ্টি কলা; শিল্পাদি, art; অল্পসময়; লেশ, অংশ; বৃত্তপরিধির ভাগ বিঃ; মাংসপেশীকে যে বস্তু অস্থির সহিত আটকাইয়া রাখে, tissue; নির্দিষ্টকালে প্রকাশিত গ্রহাদির উজ্জ্বল অংশ, phase; কালের অংশ বিঃ (অষ্টাদশ নিমেষে এক কাষ্ঠা; ত্রিংশৎ কাষ্ঠায় এক কলা); (সংগীতে) মাত্রা বা সশব্দ ও নিঃশব্দ ক্রিয়া; তালের প্রতি আবর্তন বা ওয়ার্দা; কপট; বিভূতি; সামর্থ্য; স্ত্রীরজঃ সংখ্যা (রাশির ত্রিংশদ্ভাগ অংশ; অংশের ষষ্টিভাগ কলা); শৌর্যাদিগুণ; কলন; টাকার সুদ, বিভীষণের জ্যেষ্ঠা কন্যা; মরীচিপত্নী। কল+অচ্ কর্তৃ+আপ্। ২। অঙ্কুর; কদলী; (ব্যঙ্গার্থে) হস্তের বৃদ্ধাঙ্গুষ্ঠ; কিছুই নয়; ঘোড়ার ডিম; ছল; ন্যাকামি; মনভুলানো চাতুরি। বাংপ্র। বি। **কলা করা**—কিছু করিতে না পারা, কোন ক্ষতি করিতে না পারা। **কলা খাওয়া**—বিফলকাম হওয়া, হতাশ হওয়া। **কলা দেখানো**—অবজ্ঞাসূচক বৃদ্ধাঙ্গুলিপ্রদর্শন; প্রতারিত করা। **কলার বাসনা**—কলাগাছের শুকনো ছাল।
কলাই—১। ডাল; বিউলির ডাল; মটর; শুঁটি-বিশিষ্ট শস্য। ∠কলায়। ২। লৌহাদিনির্মিত পাত্রের উপরিস্থিত প্রলেপ, enamel; মিনা। ∠আ 'কলী'। বি।
কলাকুশল—নৃত্যগীতাদি চতুঃষষ্টি কলায় নিপুণ; নৃত্যগীতপরায়ণ; অভিনয়দক্ষ। ৭মীতৎ। বিণ।
কলাঝাড়—কদলীবৃক্ষের গুচ্ছ। ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি।
কলাতলা—ছাঁদনাতলা; কদলীবৃক্ষ-বেষ্টিত স্ত্রী-আচারের স্থান; কদলীবৃক্ষের নিম্নস্থিত বা সান্নিহিত স্থান। ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি।
কলানো—অঙ্কুরিত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
কলানিধি—চন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কলাপ—ময়ূরপুচ্ছ; ভূষণ; তূণসমূহ; রাশি; চন্দ্র; বিদগ্ধব্যক্তি; চন্দ্রহার; অর্ধচন্দ্রাকার অস্ত্র বিঃ; শর; সংস্কৃত ব্যাকরণ বিঃ। কলা—আপ্+অচ্ কর্তৃ। বি; পুং।
কলাপী (-পিন্)—১। ময়ূর; কোকিল; বটগাছ। বি; পুং। ২। তূণসমন্বিত; কলাপ-ব্যাকরণা-ধ্যায়ী। কলাপ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -পিনী।
কলাপোড়া—(গালি বিঃ) মৃত্যু (আদ্য ও চতুর্দশ-মাসিক শ্রাদ্ধে মৎস্যের পরিবর্তে দগ্ধ কদলী দিবার রীতি হইতে শ্রাদ্ধের ইঙ্গিত); কিছুই না। বাংপ্র। বি।
কলাবউ—নবপত্রিকা, সপ্তমী পূজারম্ভে পূজিত কলাগাছ ইঃ দিয়া রচিত মূর্তি; অতি লজ্জাশীলা বধূ; দীর্ঘাবগুণ্ঠনবতী বধূ। মধ্যপ। বাংপ্র। বি।
কলাবৎ—গানে অভিজ্ঞ ব্যক্তি। ∠কালোয়াত। বি।
কলাবতী—১। নৃত্যগীতাদিনিপুণা রমণী; কাম-কলায় নিপুণা রমণী। বি; স্ত্রী। ২। কলা-বিশিষ্টা। কলা+মতুপ্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী। ৩। সংগীতাঙ্গের উপযুক্ত। কলাবৎ+ঈ যোগ্যার্থে। বাংপ্র। বিণ।
কলাবধূ—কলাবউ (তাহা দ্রঃ)।
কলাবিৎ (-বিদ্)—শিল্পজ্ঞ। উপতৎ; কলাবিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ।
কলা-বিদ্যা—শিল্প-সংক্রান্ত জ্ঞান; নৃত্যগীতাদি-বিষয়ক জ্ঞান। মধ্যপ। বি; স্ত্রী।
কলা-ভবন—শিল্পাগার; নৃত্যগীতাদি চর্চার স্থান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কলায়—কলাই, কড়াই। কল—অয়্+অণ্ কর্তৃ। বি; পুং।
কলার—জামার গলদেশের অংশ বিঃ। ∠ইং 'collar'. বি।
কলালাপ—১। মধুর অব্যক্ত ধ্বনি; মধুরালাপ। কল আলাপ, কর্মধা। ২। ভ্রমর; কোকিল। কল আলাপ যাহার, বহু। বি; পুং।
কলি—১। পুরাণোক্ত চতুর্থযুগ; যুদ্ধ; বিবাদ; শূর; বৈষ্ণবদিগের তিলকের প্রকারভেদ। বি; পুং। ২। কলিকা; কারু; রচনা বিঃ; কলিযুগের অধি-ষ্ঠাত্রী দেবতা। কল্+ইন্ কর্তৃ। বি; স্ত্রী। ৩। কবিতার চরণ; গানের পদ; সিঁথি কাটার ধরন; জুলপি। বাংপ্র। ৪। চুন; চুনকাম। আ। বি। **কলি ধরানো, কলি ফেরানো**—চুনকাম করা। **কলির সন্ধ্যা**—দুঃসময়ের সূচনা।
কলিকা—১। কলি (তাহা দ্রঃ); কলি+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী। ২। তামাকু সেবন করিবার কলকে। বাংপ্র। বি।
কলিকাতা-পৌরনিগম—কলিকাতা নগরীর পৌরসভা, কলিকাতা কর্পোরেশন, Calcutta Corporation. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কলিকাল—চতুর্থযুগ, কলিযুগ; অধর্মের সময়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কলিঙ্গ—১। ওড়িশা ও তাহার দক্ষিণে দ্রাবিড় অঞ্চল সমেত প্রাচীন দেশ বিঃ। কলি—গম্+(ড) খচ্ কর্তৃ। বি; পুং। ২। কলিঙ্গদেশ-জাত। বিণ।

কলিচুন—ঝিনুক বা শামুক-পোড়ানো চুন। কলি-নামক চুন, মধ্যপ। বাংপ্র। বি।
কলিজা—বক্ষঃস্থলের গ্রন্থি বিঃ; বুক; সাহস; হৃদয়; হৃৎপিন্ড। হি। বি। **কলিজা ফাটিয়া যাওয়া**—মনে অসহ্য যাতনা হওয়া। **কলিজা ভাঙ্গিয়া যাওয়া**—দারুণ মনঃকষ্টে মনের উৎসাহ ও আশা এবং সুখ নষ্ট হওয়া।
কলিত—জ্ঞাত; ধৃত; প্রাপ্ত; জনিত; উপার্জিত; গণিত; অনুগত; আশ্রিত; পৃথক্কৃত; বিচারিত; বদ্ধ; উক্ত; গৃহীত; দৃষ্ট। কল্+ক্ত কর্ম। বিণ।
কলিযুগ—চতুর্থযুগ। কলিনামক যুগ, মধ্যপ। বি; ক্লী। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কলিযুগাদ্যা—মাঘী পূর্ণিমা। কলিযুগের আদ্যা,
কলু—তৈলকারজাতি। বাংপ্র। বি; পুং। স্ত্রী—**কলুনী**। **কলুর বলদ**—একেবারে বোকা. অকেজো লোক; নির্বিচারে পরিশ্রমকারী লোক; যে অন্ধের ন্যায় পরের নির্দেশমত কাজ করে।
কলুষ—১। পাপ; আবিলতা; মলিনতা। কল্+উষচ্ কর্তৃ। বি; ক্লী। ২। ঘোলা, মলিন; কষায়িত; অসমর্থ; দুঃখিত; গর্হিত; বদ্ধ; পাপী; ক্ষুব্ধ। কলুষ+অচ্ বিশিষ্টার্থে। বিণ। ৩। মহিষ। কল্+উষচ্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, **-ষী**।
কলুষহরা—১। পাপনাশিনী। বিণ; স্ত্রী। ২। গঙ্গা। উপতৎ; কলুষ—হৃ+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
কলুষিত—মলিনীকৃত; পাপযুক্ত; দূষিত; আবিল, ঘোলা। কলুষ+ইত জাতার্থে। বিণ।
কলেক্টার—আদায়কারী; জেলার রাজস্ব আদায়ের প্রধান কর্মচারী। ইং 'collector'. বি।
কলেজ—স্কুলের পড়া শেষ করিয়া যে বিদ্যা-ভবনে অধ্যয়ন করিতে হয় তাহা; উচ্চ শিক্ষালয়, মহাবিদ্যালয়। ইং 'college'. বি।
কলেবর—শরীর। কলে বর, অলুক্ ৭মীতৎ। বি; ক্লী।
কলেরা—ওলাউঠা। ইং 'cholera'. বি।
কলোনি—উপনিবেশ; এক স্থানে বহু পরিবার কর্তৃক স্থাপিত বসতি। ইং 'colony'. বি।
কল্ক—১। খইল; কানের খইল; মল; কাইট; শিটে; গাদ, তলানি, sediment; ঘৃত-তৈলাদির পাকে দেয় ওষধি দ্রব্য; রুক্ষতাসাধন চূর্ণদ্রব্য; গন্ধদ্রব্য; পাপ। কল্+ক কর্ম। বি; পুং বা ক্লী।
কল্কন—ক্বাথ; শিটে। কল্ক+ণিচ্+অনট্ কর্ম। বি, ক্লী। [বি; পুং।
কল্কি—বিষ্ণুর দশম অবতার। কল্+কি কর্তৃ।
কল্কিপুরাণ—কল্কি-অবতারের বিবরণসংবলিত পুরাণগ্রন্থ বিঃ। কল্কিবিষয়ক পুরাণ, মধ্যপ। বি; পুং।
কল্কী (কল্কিন্)—১। কল্কি। বি; পুং। ২। দাম্ভিক; মলিন; পাপী; দুরাশয়; কল্ক-বিশিষ্ট। কল্ক+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**কল্কিনী**।
কল্প—১। বেদাঙ্গ গ্রন্থ বিঃ; ব্রহ্মার এক অহোরাত্র (পুরাণমতে ৪৩২,০০,০০,০০০ বৎসরে ব্রহ্মার এক একদিন ও এই পরিমাণে ব্রহ্মার এক এক রাত্রি হয়); সংকল্প; বিকল্প; পক্ষ; ন্যায়; নিয়ম; বেদ-বিধি বিঃ; অভিপ্রায়। কৢপ্+ঘঞ্ কর্ম (ঋ-স্থানে অল্)। ২। কল্পবৃক্ষ। কৢপ্+অচ্ কর্তৃ। বি; পুং। ৩। (কোন শব্দের পরে প্রয়োগ করিলে) ঈষদূন; তৎসদৃশ, তাহার তুল্য (যথা—মৃতকল্প)। বিণ (প্রত্যয়)। স্ত্রী—**কল্পা**।
কল্পক—কল্পনাকারী; রচয়িতা; ছেদনকারী; আরো-পক। কৢপ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**কল্পিকা**।
কল্পক্ষয়—প্রলয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কল্পতরু, -দ্রুম, -পাদপ, -বৃক্ষ—অভীষ্ট-ফলপ্রদ স্বর্গীয় বৃক্ষ। কল্পদায়ক তরু, দ্রুম, পাদপ, বৃক্ষ, মধ্যপ। বি; পুং।
কল্পন, কল্পনা—রচনা; আরোপ; উদ্ভাবন; যাহা নাই তাহা আছে বলিয়া মনে করা; মনগড়া বিষয়; সংকল্প; মনন; সামর্থ্য; পর্যাপ্তি; ছেদন; নায়কের আরোহণার্থ হাতি সাজানো; ন্যায়োক্ত অনুমান বিঃ। কৢপ্+ণিচ্+অনট্ ভাব, পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
কল্পনাপ্রবণ—কল্পনায় উন্মুখ, অবাস্তব বিষয়ের চিন্তায় তৎপর। ৭মীতৎ। বিণ।
কল্পনাপ্রিয়—কল্পনানুরক্ত, যে অবাস্তব বিষয় চিন্তা করিতে ভালবাসে এরূপ। বহু। বিণ।
কল্পনাবিলাসী (-সিন্)—কল্পনা করিয়া যে আনন্দ পায় এমন, অবাস্তব বিষয়ের চিন্তায় সুখভোগ-কারী। কল্পনাবিলাস+ইন্ আছে অর্থে। বিণ।
কল্পনাশক্তি—উদ্ভাবনী শক্তি, যে শক্তি দ্বারা নূতন নূতন বিষয় সকল উদ্ভাবিত করিতে পারা যায় তাহা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কল্পনীয়—কল্পনা করিবার মত। কৢপ্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।
কল্পপাদপ—'কল্পতরু' দ্রঃ।
কল্পবৃক্ষ—'কল্পতরু' দ্রঃ।
কল্পলতা—মহাদানান্তর্গত স্বর্ণ-কল্পিত লতাকার দানীয়দ্রব্য বিঃ; অভীষ্টপূরণকারিণী স্বর্গীয় লতা ("ফোটে মুকুলিতা কল্পলতায় অমৃত যোজন-গন্ধা"—কবুণা)। কল্পপূরণী লতা, মধ্যপ। বি; স্ত্রী। [মধ্যপ। বি; পুং।
কল্পলোক—কল্পনার জগৎ, imaginary world.
কল্পান্ত—ব্রহ্মার দিবাবসান; যুগান্ত, প্রলয়কাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কল্পিত—মনগড়া; অনুমিত; উদ্ভাবিত; রচিত; সজ্জিত; কৃত্রিম; আরোপিত; নিশ্চিত। কৢপ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
কল্পী (কল্পিন্)—কল্পনাকারী; আরোপক। কৢপ্+ণিচ্+ণিন কর্তৃ। বিণ। স্ত্রী—**কল্পিনী**।
কল্প্য—১। রচনীয় বিষয়। বি; ক্লী। ২। রচনীয়; অনুষ্ঠেয়। কৢপ্+ণিচ্+যৎ কর্ম। বিণ।
কল্মষ—১। পাপ। কর্মন্—সো+ক কর্তৃ (নিপা)।

বি; পুং। ২। মলিন; পাপিষ্ঠ। কল্মষ+অচ্ বিশিষ্টার্থে। বিণ।

কল্য—১। বর্তমান দিনের অর্থাৎ অদ্যকার পূর্ব বা পরদিন। বাংপ্র। বি। ২। প্রত্যূষ; মধু; জ্যোতি-যোক্ত লগ্ন বিঃ। কল+যৎ কর্ম। বি; ক্লী। ৩। সজ্জিত; সমর্থ; সুস্থ; দক্ষ; অত্যুত্তম; কল্যাণকর; বোবা; কালা। কলা+যৎ সাধু প্রঃ অর্থে। বিণ।

কল্যাণ—১। মঙ্গল; হিত; সুখ; সমৃদ্ধি; স্বর্গ; রাগিণী বিঃ (মতান্তরে রাগ বিঃ)। কল্য—অণ্ +ঘঞ্ কর্ম। বি; ক্লী। ২। সুখী; সাধু; শুভদ; শুভযুক্ত। কল্যাণ+অচ্ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, -ণী।

কল্যাণকর, -জনক—মঙ্গলজনক। উপতৎ; কল্যাণ—কৃ+ট্ কর্তৃ, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -রী, -জনিকা। [বা বিণ।

কল্যাণবর—কল্যাণভাজন। ⟨কল্যাণীয়বর। বি

কল্যাণভাজন—মঙ্গলাস্পদ। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; ক্লী (অজহল্লিঙ্গ)।

কল্যাণময়—মঙ্গলজনক। কল্যাণ+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, -য়ী।

কল্যাণী (-ণিন্)—মঙ্গলজনক, শুভযুক্ত। কল্যাণ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -ণিনী।

কল্যাণী—শুভা; শুভযুক্তা। কল্যাণ+ঈপ্। বিণ; স্ত্রী।

কল্যাণীয়—কল্যাণযুক্ত; কল্যাণযোগ্য। কল্যাণ+ঈয় যোগ্যার্থে। বিণ। স্ত্রী, -য়া।

কল্যাণীয়বর—কল্যাণভাজন, শুভাস্পদ (বাংপ্র 'কল্যাণবর')। ৭মীতৎ। বি; পুং বা বিণ।

কল্যাণীয়াসু—স্নেহভাজন স্ত্রীলোকদিগকে লিখিত পত্রের আদিতে ব্যবহৃত পাঠ।

কল্যাণীয়েষু—ঐ পুরুষদিগের পক্ষে।

কল্লা—১। দুষ্ট; অবাধ্য। বিণ। ২। ভান, ছল। বি। ৩। ছলনাকারিণী নারী; দুষ্টা নারী; মুখরা বা কলহপ্রিয়া রমণী। বাংপ্র। বি; স্ত্রী। ৪। বধিরা, কালা। কল্ল+অচ্ কর্তৃ+আপ্। বিণ। ৫। গলা, টুঁটি; মুড়ো ('মাছের —')। ফা। বি।

কল্লোল—কলরব; জলস্রোতের শব্দ; মহাতরঙ্গ; উল্লাস। কল্ল্+ওল কর্তৃ। বি; পুং। বিণ—**কল্লোলিত**।

কল্লোলিনী—১। নদী। বি, স্ত্রী। ২। কল্লোলে ভরা। কল্লোল+ইন্ আছে অর্থে+ঈপ্। বিণ।

কশ, কস—১। মুখগহ্বরের দুই প্রান্ত, ঠোঁটের দুই পাশ। ⟨সৃক্ক। ২। রস, নিঃসৃত তরলপদার্থ। ⟨কষ। বি।

কশা, কসা—চাবুক, কোড়া। কশ্, কস্+অচ্ করণ+আপ্। বি; স্ত্রী।

কশাঘাত—চাবুক মারা; দোষাদিসংশোধনের জন্য তিরস্কার দ্বারা সতর্কীকরণ। ৩য়াতৎ। বি; পুং।

কশাড়—১। একপ্রকার তৃণ, মোটা এবং লম্বা উলুখড়। বি। ২। খুব ঘন, নিবিড়। বাংপ্র। বিণ।

কশিদা—কাপড়ের উপর ছুঁচসুতা দিয়া নকশার কাজ, embroidery. ⟨ফা 'কশীদহ্'। বি।

কশেরু, কসেরু—মেরুদণ্ড; কেশুর। ক—শৄ+উ কর্তৃ, কস্+উ কর্তৃ (এরন্-আগম)। বি; পুং বা ক্লী।

কশেরুক—১। মেরুদণ্ডবিশিষ্ট। কশেরু+কন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -কা। ২। কেশুর; মেরুদণ্ড। কশেরু+কন্ স্বার্থে। বি; পুং বা ক্লী।

কশেরুকা, কসেরুকা—মেরুদণ্ডের বিভিন্ন অংশ, vertebra. কশেরু, কসেরু+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

কষ—১। কষ্টিপাথর; ওষ্ঠপ্রান্ত। কষ্+ঘ অধি। বি, পুং। ২। কষায় দ্রব্য; কষায় রস; কষায় রসের দাগ; ফল বা গাছের রস; চামড়া পাকাইবার কষায় রস। ⟨কষায়। বি।

কষকষ—প্রতিশোধের উদগ্র ইচ্ছা; অস্বস্তি বোধ; ঘর্ষণ জনিত গাত্রদাহ। বাংপ্র। বি।

কষকষানো—প্রতিহিংসাগ্রহণের ইচ্ছায় দাঁতে দাঁত ঘষা, আক্রোশ প্রকাশ করা। বাংপ্র। ক্রি। [. বি]।

কষণ—১। ঘর্ষণ; কণ্ডূয়ন; কষ্টিপাথরে ঘষিয়া পরীক্ষা করা; চামড়ায় কষ দেওয়া, tanning. কষ্ +অনট্ ভাব। ২। কষ্টিপাথর। কষ্+অনট্ অধি। বি; ক্লী।

কষা—১। চাবুক, কোড়া; লাগাম। কষ্+ঘ করণ+আপ্। বি; স্ত্রী ২। কষায়রসযুক্ত, বিস্বাদ। ⟨কষায়। ৩। কৃপণ; শক্ত। বাংপ্র। বিণ। ৪। (স্বর্ণাদি) পরীক্ষা করিয়া দেখা; গণিতের অঙ্ক কষা; শক্ত করা, শাসন করা; কম আঁচে ভাজা বা সাঁতলানো; কষ দেওয়া; কষায় রসযুক্ত করা; হিসাব করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

কষাকষি—পরস্পর আকর্ষণ, টানাটানি; কলহ; দর কমাইবার চেষ্টা। পরস্পর কষা, ব্যতীহার বহু (বাংপ্র)। বি।

কষাটে—ঈষৎ কষায় রসযুক্ত, কষ্টা। কষা+টে (⟨টিয়া) ঈষদর্থে (বাংপ্র)। বিণ।

কষানি—ক্লেদ; পুঁজ; কষায় রঙের রস; মাংসাদি হইতে নির্গত রস। বাংপ্র। বি।

কষামাজা—কষাকষি; ঘষামাজা। বাংপ্র। বি।

কষায়—১। কষারস; ক্বাথ; নির্যাস। বি; পুং বা ক্লী। ২। রক্তপীতমিশ্রিত বর্ণ, অনুজ্জ্বল রক্তবর্ণ। বি; পুং। ৩। রঞ্জিত; সুশ্রাব্য; সুরভি; যাহার আস্বাদ কষা এরূপ; অপটু; রক্তপীতমিশ্রবর্ণবিশিষ্ট। কষ্+আয় কর্তৃ। বিণ।

কষায়িত—অনুজ্জ্বল রক্তবর্ণে রঞ্জিত; আবদ্ধ ('রোষ —'); ছোবানো; রক্তপীতমিশ্রিতবর্ণ; বিলেপিত। কষায়+ণিচ্ (=কষায়ি নামধাতু)+ক্ত কর্ম। বিণ।

কষি—দাঁড়ি, দীর্ঘ সরল রেখা, "—" এইরূপ চিহ্ন; কাপড়ের যে অংশ কোমরে জড়ানো থাকে তাহা। বাংপ্র। বি।

কষিত—কষ্টিপাথরে পরীক্ষিত। কষ্+ক্ত কর্ম। বিণ।

কষিতকাঞ্চন—কষ্টিপাথরে পরীক্ষিত খাঁটী সোনা। কর্মধা। বি; ক্লী।

কষ্ট—১। ক্লেশ, ব্যথা। কষ্+ক্ত ভাব। বি; ক্লী। ২। ক্লিষ্ট; দুঃখজনক; কষ্টসাধ্য; কুৎসিত; গহন। কষ্+ক্ত কর্তৃ। বিণ। **কষ্ট করা**—পরিশ্রম করা; দুঃখ-যন্ত্রণা ভোগ করা। **কষ্টে সৃষ্টে**—বিশেষ কষ্টের সহিত, খুব অসুবিধায়।

কষ্টকর—ব্যথাদায়ক, দুঃখজনক। উপতৎ; কষ্ট—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, **-রী**।

কষ্টকল্পনা—দুর্বোধ্য কল্পনা; আয়াসসাধ্য অনুমান। কর্মধা। বি; স্ত্রী।

কষ্টকল্পিত—কষ্টে কল্পিত; বহু আয়াসে অনুমিত। কষ্টে কল্পিত, সুপ্। বিণ।

কষ্টজনক—ক্লেশপ্রদ, দুঃখকর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-জনিকা**।

কষ্টজীবী (-বিন্)—অনেক কষ্ট করিয়া জীবন-ধারণকারী। উপতৎ; কষ্ট—জীব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-জীবিনী**।

কষ্টদায়ক—দুঃখপ্রদ, ক্লেশজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-দায়িকা**।

কষ্টসহ—ক্লেশসহিষ্ণু, ক্লেশ সহ্য করিতে সমর্থ। উপতৎ; কষ্ট—সহ্+অচ্ কর্তৃ। বিণ।

কষ্টসহিষ্ণু—দুঃখসহনক্ষম, ক্লেশসহনশীল। কষ্টকে সহিষ্ণু, ২য়াতৎ। বিণ।

কষ্টসাধ্য—যাহা অনেক কষ্টে সম্পন্ন হয় এরূপ; ক্লেশসম্পাদ্য। কষ্টে সাধ্য, সুপ্। বিণ।

কষ্টা—কষাটে, কষা। ⟨কষাটিয়া। বিণ।

কষ্টার্জিত—কষ্টলব্ধ; বহু আয়াসে প্রাপ্ত। কষ্ট দ্বারা অর্জিত, ৩য়াতৎ। বিণ।

কষ্টি—১। কষা, পরীক্ষা করা। কষ্+ক্তি ভাব। ২। কষ্টিপাথর। কষ্+ক্তি অধি। বি; স্ত্রী।

কষ্টিপাথর—স্বর্ণাদি পরীক্ষা করিবার পাথর। কষ্টি-নামক পাথর, মধ্যপ (বাংপ্র)। বি।

কষ্টেসৃষ্টে—বিশেষ কষ্টের সহিত, খুব অসুবিধার মধ্য দিয়া। বাংপ্র। ক্রি-বিণ।

কসবা—ক্ষুদ্র গ্রাম; ছোট পরগনা। আ। বি।

কসবী—বেশ্যা। ⟨আ 'কস্‌ব্'। বি।

কসম—দিব্য, শপথ। আ। বি। **কসম খাওয়া**—দিব্য করা, শপথ করা।

কসরত—অঙ্গচালনার কৌশল; কৌশল, কায়দা; অভ্যাস। আ। বি।

কসাই—পশুহন্তা; মাংসবিক্রেতা। ⟨আ 'কস্‌সাব'। বি। [আ-মূ। বি।

কসাইখানা—পশুহত্যার স্থান; কসাই-এর দোকান।

কসাইগিরি—কসাই-এর ব্যবসায়; নিষ্ঠুর আচরণ। কসাই+গিরি কর্মার্থে (বাংপ্র)। বি।

কসুর—দোষ, অন্যায়, ত্রুটি; কমতি, ন্যূনতা। ⟨আ 'কুসুর'। বি।

কসেরু—'কশেরু' দ্রঃ।

কসেরুকা—'কশেরুকা' দ্রঃ।

কস্তা—আরক্ত, রক্তাভ। ⟨কষায়িত। বিণ।

কস্তাকস্তি—পাল্লাপাল্লি; দুই মল্লের পরস্পর ঝাপটাঝাপটি। বাংপ্র। বি।

কস্তাপাড়—লাল চওড়া পাড়। বাংপ্র। বি।

কস্তাপেড়ে—লাল চওড়া পাড়যুক্ত। কস্তা যে পাড়, কর্মধা+এ (⟨ইয়া) বিশিষ্টার্থে। বিণ।

কস্তূরিকা, কস্তুরিকা, কস্তূরী, কস্তুরী—মৃগনাভি। কস্+উর, উর কর্তৃ+ঈপ্; ১ম ও ২য় পক্ষে কস্তুরী, কস্তুরী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

কস্তূরীমৃগ, কস্তুরীমৃগ—মৃগনাভিযুক্ত হরিণ বিঃ। কস্তুরীপ্রদ, কস্তুরীপ্রদ মৃগ, মধ্যপ। বি; পুং।

কস্মিন্‌কালে—কদাপি, কখনও। কস্মিন্+কালে (দুইটি পৃথক্ সংস্কৃত শব্দ)। বি; অধি-৭মী।

কস্য—কাহার; অমুকের; যাহার। সং 'কিম্' শব্দের ৬ষ্ঠীর ১ব। সর্ব।

কহতব্য—বক্তব্য; কহিবার যোগ্য। (বাং) কহ্ ধাতু+(সং) তব্য কর্ম। বিণ।

কহন—কথা, বাক্যপ্রয়োগ; বলা। ⟨কথন। বি।

কহা—বলা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [প্রাচীন কবিদিগের লিখিত 'কহ্' ধাতুর বিভিন্ন রূপঃ—**কহ**—বল; বলে। **কহই**—বলে; বলিতে। **কহইতে**—বলিতে বলিতে। **কহত**—বল; বলে। **কহতই**—বলিতেছে। **কহতহি**—বলিতেছে; বলিবামাত্র। **কহনে**—বলিতে। **কহন্তি**—বলে, বলেন। **কহব**—বলিব; বলিবে। **কহয়ে**—বলে। **কহল**—বলিল। **কহলহি**—বলিলাম; বলিল। **কহলি**—বলিলি; বলিল। **কহলু, কহলুঁ**—বলিলাম। **কহসি**—বলিতেছ, **কহহি**—বলিতে। **কহায়সি**—বলাও; বলিতে দাও। **কহোঁ**—বলিতাম।]

কহানো—বলানো; অন্যের মুখ দিয়া উচ্চারণ করানো। বাংপ্র। ক্রি [, বি]।

কহিয়ে—কথনপটু, বাগ্মী ('বলিয়ে—')। কহ্+ইয়ে কর্তৃ (বাংপ্র)। বিণ।

কহ্লার—শ্বেতোৎপল, সুঁদি, শাপলা। ক—হ্লাদ্+অচ্ কর্তৃ (নিপা)। বি; ক্লী।

কা—কাকের ডাক। বাংপ্র। অ।

কাই—লেই; কল্প; মণ্ড; একপ্রকার পীতবর্ণ মৃত্তিকা। ⟨কাথ। বি।

কাইট—কল্ক; ময়লা; খাদ, তলানি। ⟨কিট্ট। বি।

কাউর—চর্মরোগ বিঃ, বিখাউজ। আ-মূ। বি।

কাওয়াজ—সেনাদিগের রণকৌশল শিক্ষা। ⟨আ 'কাবাইদ'। বি।

কাওয়াল—যে কাওয়ালি গান করে; উচ্চ সংগীতে পারদর্শী। আ-মূ। বিণ। [বি।

কাওয়ালি—আটমাত্রার তাল বিঃ। ⟨আ 'কবালী'।

কাওরা—জাতি বিঃ। ⟨'কিরাত'। বি।

কাংস, কাংস্য—১। পানপাত্র, বাদ্যযন্ত্র বিঃ, কাঁসি। কংসীয় বা কংস+অণ্, ষ্যঞ্ বিকারার্থে। ২। কাঁসা। কংস+অণ্, ষ্যঞ্ স্বার্থে। বি; ক্লী।

কাংস্যকার—কাংস্যবণিক্, কাঁসারী। উপতৎ; কাংস্য—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, **-রী**।

কাঁই—কাই (তাহা দ্রঃ)।
কাঁইবীচি—তেঁতুলবীচি। কাঁই-উৎপাদক বীচি, মধ্যপ (বাংপ্র)। বি।
কাঁইমাই—অস্পষ্ট ভাষা, দুর্বোধ ভাষা; অনেকগুলি শিশুর মিশ্রিত ক্রন্দনধ্বনি। বাংপ্র। অ।
কাঁওলা—পাণ্ডুরোগ, নেবা, jaundice. <কামলা। বি।
কাঁক—১। কঙ্কপক্ষী। <কঙ্ক। ২। কক্ষদেশ, বগল। <কক্ষ। বি।
কাঁকই, কাঁকুই—চিরুনি। <কঙ্কতিকা। বি।
কাঁকড়া—কুলীর। <কর্কট। বি।
কাঁকড়া-বিছা—কিয়ংপরিমাণে কাঁকড়ার ন্যায় আকার-বিশিষ্ট বিছা। কাঁকড়া-সদৃশ বিছা, মধ্যপ (বাংপ্র)। বি।
কাঁকড়া-মাটি—কাঁকড়ার তোলা মাটি। বাংপ্র। বি।
কাঁকড়ি—কাঁকুড়জাতীয় কাঁচা অবস্থায় তিক্তাস্বাদ ফল। বাংপ্র। ঘি।
কাঁকন—বলয়, করভূষণ। <কঙ্কণ। বি।
কাঁকবিড়াল, -বিড়ালী—বগলের ফোড়া। <কক্ষ-বিড়ালিকা। বি।
কাঁকর—পাথরের দানা, কুরুই; তবলার চামড়ার দড়ি। <কঙ্কর। বি।
কাঁকরোল—সবজি ফল বিঃ। <কর্কোটক। বি।
কাঁকলাস—গিরগিটিজাতীয় প্রাণী বিঃ; অতিশয় কৃশ ব্যক্তি। <কৃকলাস। বি।
কাঁকাল—কটি, কোমর। <কঙ্কালিকা। বি।
কাঁকুড়—অপক্ক ফুটি। <কর্কোটিকা। বি।
কাঁকুরে—কাঁকর-মিশানো; কঙ্করময়। বাংপ্র। বিণ।
কাঁখ—বগল; বাহুমূল; কটি, কোমর। <কক্ষ। বি।
কাঁখতলি—কক্ষতল, বগল। বাংপ্র। বি।
কাঁচ—বালি ও একপ্রকার ক্ষারের সমবায়ে উৎপাদিত স্বচ্ছ বস্তু বিঃ; পরকলা; নিকৃষ্টমণি। <কাচ। বি।
কাঁচকড়া—তিমির দন্তস্থানের একপ্রকার কোমল অস্থিবৎ দ্রব্য, whale-bone; কাছিমের খোলা; রবারাদি হইতে প্রস্তুত পদার্থ বিঃ, vulcanite. হি-ম। বি।
কাঁচকলা—কদলী বিঃ। বাংপ্র। বি। **আদায় কাঁচকলায়**—'আদা' শব্দ দ্রঃ।
কাঁচড়া—জলজ শাক বিঃ দাম। বাংপ্র। বি।
কাঁচপোকা—এক প্রকার উজ্জ্বল সবুজ রঙের পোকা (ইহা দ্বারা টিপ পরা যায়)। বাংপ্র। বি।
কাঁচলি, কাঁচুলি—স্ত্রীলোকদিগের স্তনাচ্ছাদক বস্ত্র বিঃ। <কঞ্চুলিকা। বি।
কাঁচা—অপক্ক ('— ফল')· অপরিণত ('— বয়স'); আপোড়া ('— ইট'); মাটির তৈয়ারী ('— ঘর'); অশুষ্ক; প্রাথমিক; অস্থায়ী; পরিবর্তনশীল; বিবেচনা না করিয়া কৃত ('— কাজ'); অসাবধানে কৃত; ত্রুটিযুক্ত; বুদ্ধিহীন; তরল; গলিত· শিল্প-দ্রব্যের উপাদানীভূত ('— মাল'); অসম্পূর্ণ; অনভ্যস্ত; অরক্ষিত; অপটু; অনভিজ্ঞ; কোমল, নরম, soft. হি-মু। বিণ। **কাঁচা আলে পা না দেওয়া**—ইচ্ছা করিয়া কাহারও ক্ষতি না করা; সিদ্ধপ্রায় কার্য পুনরায় অসিদ্ধ করা ('কেঁচে গণ্ডূষ' করা)। **কাঁচা কথা**—যে কথা ঠিক থাকে না; অসার বাক্য। **কাঁচা ঘুম**—অসম্পূর্ণ ঘুম; ঘুমের অপরিণত অবস্থা। **কাঁচা চুল**—কাল চুল। **কাঁচা জল**—ঠাণ্ডা জল। **কাঁচা টাকা**—নগদ টাকা। **কাঁচা নাড়ী**—সদ্যঃপ্রসূতের দুর্বল অবস্থা। **কাঁচা পয়সা**—সহজে প্রত্যহ উপার্জিত প্রভূত পয়সা। **কাঁচা পাড়**—কাপড়ের যে পাড় সাবানে বা ধোপে উঠিয়া যায়; যে জলাশয়ের ধার বা পাড় বাঁধানো নয়। **কাঁচা পোয়াতী**—সদ্যঃপ্রসূতা। **কাঁচা ফলার**—চিড়া দই-এর মিশ্রণে প্রস্তুত খাদ্য। **কাঁচা বাজার**—তরি-তরকারি ইঃ; তরিতরকারি ইঃ বেচাকেনার জায়গা। **কাঁচা বাড়ি**—মেটে বাড়ি। **কাঁচা মাল**—যে সকল কৃষিজাত বা অন্য দ্রব্য কলের সাহায্যে অবস্থান্তর প্রাপ্ত হয় নাই, raw material. **কাঁচা রাস্তা**—মেটে রাস্তা, অবাঁধানো রাস্তা। **কাঁচা লেখা**—অনভ্যস্ত হাতের লেখা; লিখনরীতিবিহীন বা অসার রচনা। **কাঁচা সর্দি**—প্রথম অবস্থার তরলা-কার সর্দি। **কাঁচা হাত**—অনিপুণ হস্ত; শিক্ষা-নবিসের হাত। **পাকা ঘুঁটি কাঁচানো**—(ঘুঁটি খেলায়) যে ঘুঁটি পাকিয়া ঘরে উঠিবার মত হইয়াছে তাহাকে মারিয়া পুনরায় কাঁচা করা; কাহারও কোন কার্য সিদ্ধির মুখে নষ্ট করিয়া দেওয়া।
কাঁচাগোল্লা—একপ্রকার নরমপাকের সন্দেশ। কাঁচা যে গোল্লা, কর্মধা (বাংপ্র)। বি।
কাঁচাটে—কাঁচা ভাবের, যাহা সম্পূর্ণ পাকে নাই এরূপ। কাঁচা+টে (<টিয়া) সদৃশার্থে বা ঈষদর্থে (বাংপ্র)। বিণ।
কাঁচানো—১। মতলব ফাঁসিয়া যাওয়া; পরিণত অবস্থার কিছু পূর্বে নষ্ট করা। ক্রি [, বি]। ২। পূর্বাবস্থার আনীত; সাফল্য অর্জনের পূর্বে নষ্ট। বাংপ্র। বিণ।
কাঁচা-মিঠা, -মিঠে—না পাকিলেও যাহা খাইতে মিষ্ট এরূপ (আম প্রঃ)। কাঁচা অথচ মিঠা, কর্মধা (বাংপ্র)। বিণ।
কাঁচি—কর্তরিকা, ছেদনী। <তু 'কাইঞ্চী'। বি।
কাঁচী—অপক্ক; অসম্পূর্ণ; কম ওজনের ('— সের'); মোটা সুতার বোনা ('— কাপড়')। বাংপ্র। বিণ।
কাঁচুমাচু—১। সংকোচপ্রকাশ। বি। ২। সংকুচিত; অপ্রস্তুত। বাংপ্র। বিণ।
কাঁচুয়া—কাঁচলি। বাংপ্র। বি।
কাঁচলি—'কাঁচলি' দ্রঃ।
কাঁচ্চা—সিকি ছটাক। বাংপ্র। বি।
কাঁজি—আমানি; পান্তাভাতের জল। <কাঞ্জিক। বি।
কাঁটা—বৃক্ষের কণ্টক; মৎস্যের অস্থি বিঃ, মাছের হাড়; লৌহাদিনির্মিত কণ্টক, ছোট পেরেক;

খোঁপার কাঁটা; সাহেবদের ভোজনকালে ব্যবহৃত চিমটা বিঃ, fork; ঘড়ির কাঁটা; তুলাদণ্ড; পীড়াকর দ্রব্য। <কণ্টক। বি। **কাঁটা করা**—(দ্রব্যাদি) ওজন করা। **কাঁটা চামচে ধরা**—সাহেবী খানা বা অভ্যাস আরম্ভ করা। **কাঁটা দিয়া কাঁটা তোলা বা বাহির করা**—শত্রুকে দিয়া শত্রু নাশ করা। **কাঁটায় কাঁটায়**—ঠিক নির্দিষ্ট সময়ে; ঠিক মাত্রায়; ঠিক ওজনে। **গায়ে কাঁটা দেওয়া**—গায়ের লোম খাড়া হওয়া। **পথে কাঁটা দেওয়া**—বিঘ্ন সৃষ্টি করা। **পথের কাঁটা**—বিঘ্ন-স্বরূপ ব্যক্তি বা বস্তু।

কাঁটাকম্পাস—রেখা প্রঃ বিভক্ত করিবার কার্যে ব্যবহৃত কম্পাসের ন্যায় দুইটি কাঁটাযুক্ত যন্ত্র বিঃ, divider. বাংপ্র। বি।

কাঁটাঝাঁপ—চড়কের উৎসবে কাঁটার উপর ঝাঁপাইয়া পড়া। বাংপ্র। বি। [বি।

কাঁটাঝোপ—কাঁটাওয়ালা গাছে ভরা ঝোপ। বাংপ্র।

কাঁটাতার—সূক্ষ্মাগ্র কণ্টকবিশিষ্ট লৌহাদিনির্মিত তার। কাঁটাযুক্ত তার, মধ্যপ (বাংপ্র)। বি।

কাঁটা-নটে—কাঁটায় ভরা নটে শাক বিঃ। বাংপ্র। বি।

কাঁটাপেরেক—কাঁটার ন্যায় সরু ছোট পেরেক। কাঁটা-সদৃশ পেরেক, মধ্যপ (বাংপ্র)। বি।

কাঁটাবন—কাঁটাগাছ-ভরা বন। মধ্যপ (বাংপ্র)। বি।

কাঁটাল, কাঁঠাল—১। ফল বিঃ, পনস। বি। ২। কণ্টকময়, কাঁটাওয়ালা। কাঁটা+আল আছে অর্থে, ২য় পক্ষে বিকল্পে ট-স্থানে ঠ (বাংপ্র)। বিণ। **কাঁটালের আমসত্ত্ব**—অসম্ভব বিষয়; অপনাম; অপপ্রয়োগ।

কাঁটালী-চাঁপা, কাঁঠালী-চাঁপা—পাকা কাঁটালের মত গন্ধবিশিষ্ট ফুল বিঃ। বাংপ্র। বি।

কাঁঠি—জালস্থ লৌহবর্তুল; শুকপক্ষীর গলরেখা; সর্পের গলরেখা; কণ্ঠমালা; কণ্ঠমালার এক একটি নর বা দানা। <কণ্ঠী। বি।

কাঁড়—তীর বিঃ; রাশি, স্তূপ। <কাণ্ড। বি।

কাঁড়ন—নিস্তুষ করা, পরিষ্কার করা; ধমকানো, শাসানো। <কণ্ডন। বি।

কাঁড়বাঁশ—তীরধনুক। বাংপ্র। বি।

কাঁড়া—১। পরিষ্কৃত, নির্মলীকৃত। কাঁড়্+আ কর্মবা। বিণ। ২। তুষশূন্য করা, পরিষ্কার করা। ক্রি। ৩। একপ্রকার ঢাক। বাংপ্র। বি।

কাঁড়াদার—ঢক্কাবাদক। কাঁড়া+দার বাদকার্থে (বাংপ্র)। বি।

কাঁড়াদাস—(বিদ্রূপার্থে) অতি স্থূলদেহ অলস ও উদ্বেগশূন্য; মূর্খ ও গোঁয়ার ('—বাবাজী')। বাংপ্র। বিণ।

কাঁড়ানো—তুষশূন্য করা বা করানো। বাংপ্র। ক্রি [বি, বিণ]।

কাঁড়ি—বাঁশ; তালকাষ্ঠ। কাঁড়া+ই স্বার্থে (বাংপ্র)। বি।

কাঁত, কাঁথ—ভিত্তি; প্রাচীর, দেওয়াল <কন্থা। বি।

কাঁতড়া, কাঁথড়া—ভগ্ন প্রাচীর, জীর্ণ দেওয়াল। বাংপ্র। বি।

কাঁতি—১। কাঁথি, মাটির প্রাচীর বা দেওয়াল। প্রাদে। ২। শোভা। <কান্তি। প্রা কপ্র। বি।

কাঁথ—মাটির ভিত, দেওয়াল। বাংপ্র। বি।

কাঁথা—জীর্ণবস্ত্ররচিত আস্তরণ। <কন্থা। বি।

কাঁথি—কাঁতি; মাটির প্রাচীর বা দেওয়াল; নদ্যাদির উচ্চতট। বাংপ্র। বি।

কাঁদ-কাঁদ—ক্রন্দনোন্মুখ ('—মুখ'); বাষ্পভারাক্রান্ত। বাংপ্র। বিণ।

কাঁদন—রোদন, বিলপন। <ক্রন্দন। বি।

কাঁদা—ক্রন্দন করা, রোদন করা। <'ক্রন্দ'। ক্রি।

কাঁদা, কাঁধা—কূল, তীর ('পুকুরের —')। <স্কন্দ। বি।

কাঁদাকাঁদি—সকলে মিলিয়া ক্রন্দন। বাংপ্র। বি।

কাঁদাকাটা, কাঁদাকাটি—ক্রন্দনের সহিত অনুরোধ-উপরোধ। বাংপ্র। বি।

কাঁদানে—যাহা চোখ দিয়া জল বাহির করায়। বাংপ্র। বিণ। **কাঁদানে গ্যাস**—এক প্রকার গ্যাস (ইহার ঝাঁজে চোখে জল আসে), tear gas.

কাঁদানো—রোদন করানো; মনে গভীর বেদনা দেওয়া। বাংপ্র। ক্রি [, বি]।

কাঁদি—(কদলী প্রঃর) গুচ্ছ বা স্তবক। <স্কন্ধ। বি।

কাঁদুনি—বিলাপবাক্য, শোকগাথা। বাংপ্র। বি। **কাঁদুনি গাওয়া**—সকাতরে আবেদন-নিবেদন করা।

কাঁদুনিয়া, কাঁদুনে—রোদনশীল, যে নিয়ত বা সহজেই কাঁদে এরূপ। কাঁদন+ইয়া, এ শীলার্থে (বাংপ্র)। বিণ। স্ত্রী—**কাঁদুনী**।

কাঁদুনে গ্যাস—কাঁদানে গ্যাস (তাহা দ্রঃ)।

কাঁদো-কাঁদো—কাঁদ-কাঁদ (তাহা দ্রঃ)।

কাঁধ—কন্ধরা, ঘাড়। <স্কন্ধ। বি। **কাঁধ দেওয়া**—ভারবহনের জন্য প্রস্তুত হওয়া; শব বহন করা; স্বেচ্ছায় দায়িত্ব গ্রহণ করা। **কাঁধ বদলানো**—এক কাঁধ হইতে অপর কাঁধে ভার লওয়া; বিশ্রামের উদ্দেশ্যে অপরের কাঁধে ভার দেওয়া।

কাঁধাকাঁধি—পরস্পরের স্কন্ধ ধারণ করিয়া; পাশাপাশি হইয়া। বাংপ্র। ক্রি-বিণ।

কাঁপ—কাঁপন। <কম্প। বি।

কাঁপন, কাঁপুনি—থরথর করা, কম্পন, স্পন্দন। বি।

কাঁপা—কম্পিত হওয়া, নড়া। <কম্প্। বাংপ্র। ক্রি [, বি]।

কাঁপানো—১। কম্পিত করানো, নড়ানো; ব্যতিব্যস্ত করা; সন্ত্রস্ত করা। ক্রি [, বি]। ২। কাঁপিতেছে এমন। বাংপ্র। বিণ।

কাঁসর—কাংস্যনির্মিত বাদ্যযন্ত্র বিঃ, ঝাঁজ। হি-মু। বি।

কাঁসা—রাং-তামা-মিশ্রিত ধাতু। <কাংস্য। বি।

কাঁসারী—কাংস্যবণিক্। কাঁসা+রী বণিক্ বা শিল্পী অর্থে (বাংপ্র)। বি।

কাঁসি—উচ্চপ্রান্তবিশিষ্ট কাঁসার থালা; বাদ্যযন্ত্র বিঃ; ঢাক প্রঃর সহিত বাজাইবার নিমিত্ত ছোট কাঁসার বাদ্যযন্ত্র। বাংপ্র। বি।

কাঁসিদার—কাঁসিবাদক। কাঁসি+দার বাদকার্থে (বাংপ্র)। বি।

কাহা—কোন্ স্থানে। হি। অ।

কাহাতক—কোন্ পর্যন্ত; কি করিয়া; কতদিন অবধি; কোন্ স্থান পর্যন্ত; কতদূরে। হি-মূ। অ।

কাক—১। বায়স। কৈ+ক কর্তৃ। ২। এক কড়ার চারিভাগের একভাগ; দ্বীপ বিঃ; তিলক বিঃ; বৃক্ষ বিঃ। ক—অক্+অচ্ কর্তৃ। বি; পুং। ৩। খঞ্জ। কু—অক্+অচ্ কর্তৃ। বিণ। ৪। শিশিবোতলের ছিপি। ⟨ইং 'cork'। বি। **কাক কোকিলে ভেদ**—ভালমন্দ ভেদজ্ঞান। **কাকের ছা বকের ছা**—খুব খারাপ হাতের লেখা।

কাকচক্ষু—১। কাকের স্বচ্ছ কাল চোখ। ৬ষ্ঠীতৎ। বি। ২। কাকের চোখের ন্যায় স্বচ্ছ কাল ('—জল)। বাংপ্র। বিণ।

কাকজ্যোৎস্না—রাত্রিশেষের ম্লান জ্যোৎস্না; যে জ্যোৎস্নায় কাক দিনের আলো ভাবিয়া জাগিয়া উঠে তাহা। বাংপ্র। বি।

কাকতন্দ্রা, -নিদ্রা—অতি সতর্ক নিদ্রা। সদৃশার্থে ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কাকতালীয়—১। হঠাৎকৃত, অকস্মাৎ সম্পাদিত। বিণ। ২। ন্যায় বিঃ [একটি কাক আসিয়া তালগাছের উপরকার একটি তালের উপর বসিবামাত্র তালটি পড়িয়া গেল। এরূপক্ষেত্রে কাকের আগমন ও তালের পতন—এ উভয়ের যেরূপ কার্যকারণভাব কল্পনা করা যায়, সেইরূপ বাস্তবিক কার্যকারণভাব না থাকিলেও সমকালীন বলিয়া অথবা তাদৃশ অন্য কোন কারণবশতঃ কার্যকারণভাব কল্পনা করা কাকতলীয় ন্যায়ের বিষয় হয়]। কাক ও তাল, দ্বন্দ্ব; কাকতাল+ঈয় তুল্যার্থে। বি; পুং।

কাকাতামিনতি—অতি কাতরভাবে প্রার্থনা। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

কাকনিদ্রা—'কাকতন্দ্রা' দ্রঃ।

কাকপক্ষ—জুলপি; উভয় গণ্ডে লম্বমান সামান্য কেশগুচ্ছ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কাকপদ—পতিত অক্ষর উপরিভাগে লিখিবার সময়ে যে স্থান হইতে তাহা পাঠ করিতে হয় তৎসূচনার্থ অর্পিত কাক-পদাকার চিহ্ন ("A"); মাথার টিকি; কাকের পা; দক্ষিণ ভারতে প্রচলিত বোল অক্ষর-বিশিষ্ট তালাঙ্গ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কাকপুচ্ছ—১। কোকিল। কাকের পুচ্ছের ন্যায় পুচ্ছ যাহার, বহু। বি; পুং। ২। কাকের পশ্চাদ্-ভাগ বা লেজ। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।

কাকফল—নিমগাছ। কাকপ্রিয় ফল যাহার, বহু। বি; পুং।

কাকবন্ধ্যা—একমাত্র সন্তান প্রসবকারিণী। কাকসদৃশী বন্ধ্যা, মধ্যপ। বি, বা বিণ; স্ত্রী।

কাকভূষণ্ডী—পুরাণোক্ত ত্রিকালদর্শী কাক বিঃ। বি; পুং।

কাকলাস—বড়জেঠী। ⟨কৃকলাস। বি।

কাকলি, কাকলী—মধুর অস্ফুটধ্বনি, পক্ষী প্রঃর কলধ্বনি। কু কলি, নিত্য; পক্ষে কাকলি+ঈপ্। বি; স্ত্রী।

কাকলীরব—অস্ফুট মধুরধ্বনি। কর্মধা। বি; পুং।

কাকা—খুল্লতাত, পিতার ছোট ভাই। ⟨সং 'তাতক'; (ফারসীতে অর্থ বড় ভাই)। বি। স্ত্রী—কাকী।

কাকাক্ষিগোলক-ন্যায়—ন্যায় বিঃ [কাকের একমাত্র চক্ষু যেরূপ উভয় গোলকেই চক্ষুর কার্য সম্পাদন করে, সেইরূপ এক বিষয়ের সহিত উভয়ের সম্বন্ধ থাকিলে কাকাক্ষিগোলক-ন্যায় হয়]। কাকের অক্ষি-গোলক, ৬ষ্ঠীতৎ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

কাকাতুয়া—একপ্রকার বড় ঝুঁটিযুক্ত শুকজাতীয় পাখি। মালয়। বি।

কাকী—১। বায়সী। কাক+ঈপ্। ২। খুড়ী। কাকা +ঈ (বাংপ্র)। বি; স্ত্রী।

কাকীমা—মায়ের মত পজুনীয়া খুড়ী। বাংপ্র। বি; স্ত্রী।

কাকু—ভয় শোকাদি দ্বারা বিকৃত কণ্ঠধ্বনি; অলংকার বিঃ, একধরনের বক্রোক্তি দৈন্যোক্তি; বিকৃত স্বর। কক্ (চঞ্চল হওয়া)+উণ্ কর্তৃ। বি; স্ত্রী।

কাকুতি—কাতরোক্তি; কাতর অনুনয়। ⟨কাকুক্তি। বি।

কাকুতি-মিনতি—অতি কাতরভাবে প্রার্থনা, অনুনয়-বিনয়। বাংপ্র। বি।

কাকুবাদ—কাকুতি-মিনতি। ⟨কাকুক্তি। বি।

কাকুস্থ, কাকুস্থ্য—শ্রীরামচন্দ্র প্রঃ ককুস্থবংশীয় রাজা। ককুস্থ+অণ্, ষ্যঞ্ অপত্যার্থে। বি; পুং। [৩য়াতৎ। বি; স্ত্রী।

কাকুক্তি—কাতরবাক্য; বক্রোক্তি। কাকু দ্বারা উক্তি,

কাকূতি—কাতরোক্তি, খেদোক্তি। ⟨কাকুক্তি। বি।

কাকোদর—সর্প ("পশে যদি কাকোদর গরুড়ের নীড়ে"—মাইকেল)। কাক (বক্রগামী) উদর যাহার, বহু। বি; পুং।

কাগ—বায়স। ⟨কাক। বি।

কাগজ—লিখিবার পত্র; সংবাদপত্র। ফা। বি।

কাগজপত্র—কাগজ ও অন্যান্য লিখিবার কাগজ। বাংপ্র। বি।

কাগজী—১। লেবু বিঃ; কাগজ-বিক্রেতা, কাগজ-ব্যবসায়ী। বি। ২। কাগজতুল্য; কাগজে লিখিত; কাগজসম্বন্ধীয়। কাগজ+ঈ সদৃশার্থে, লিখিত অর্থে (ফা-মূ)। বিণ। **কাগজী মুদ্রা**—যে সরকারী মুদ্রা কাগজে প্রচলিত, paper money.

কাগাবগা—কাক ও বক সকল; যা'-তা'; হিজিবিজি লেখা; বিশৃঙ্খলভাবে কার্য-সম্পাদন। বাংপ্র। বি।

কাঙলা—ভিখারী। বাংপ্র। বিণ।

কাঙাল, কাঙালী—যাচক, ভিক্ষুক; দরিদ্র, অভাব-গ্রস্ত, অনশনক্লিষ্ট। বাংপ্র। বি; পুং, বা বিণ। **কাঙালী বিদায়**—ভিক্ষুকদের অর্থ ও খাদ্যাদি বিতরণ।

কাঙালখানা—অনাথালয়; গরিবখানা। বাংপ্র। বি।

কাঙালপনা, কাঙালীপনা—দীনভাব; হেংলামো। বাংপ্র। বি।

কাঙালিনী—ভিখারিনী; নিঃস্বা। বাংপ্র। বি বা বিণ। [অনীয় কর্ম। বিণ।
কাঙ্ক্ষণীয়—অভিলষণীয়, আকাঙ্ক্ষণীয়। কাঙ্ক্ষ্+
কাঙ্ক্ষা—অভিলাষ, স্পৃহা। কাঙ্ক্ষ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।
কাঙ্ক্ষিত—১। অভিলাষ। কাঙ্ক্ষ্+ক্ত ভাব। বি; ক্লী। ২। অভিলষিত। কাঙ্ক্ষ্+ক্ত কর্ম। বিণ।
কাংগাল, কাংগালী—কাঙাল (তাহা দ্রঃ)।
কাংগালখানা—কাঙালখানা (তাহা দ্রঃ)।
কাংগালপনা, কাংগালীপনা—কাঙালপনা (তাহা দ্রঃ)।
কাংগালিনী—কাঙালিনী (তাহা দ্রঃ)।
কাচ—১। বালি ক্ষার ইঃর সংযোগে উৎপন্ন বস্তু বিঃ, glass; কাচমণি; শিকে; নেত্ররোগ বিঃ। কচ্+ ণিচ্ করণ। বি; পুং। ২। ছল; লাঙেগাট; পরিচ্ছদ; হাস্যপরিহাস; ঢং; বাতিক; বাঁধন। প্রা কপ্র। বি।
কাচকড়া—কাঁচকড়া (তাহা দ্রঃ)।
কাচকূপী—বোতল, শিশি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কাচমণি—স্ফটিক, কাঁচ। কাচনামক মণি, মধ্যপ। বি; পুং।
কাচা—১। মাতাপিতার মৃত্যুতে উত্তরীয়রূপে ধৃত নূতন বস্ত্রখণ্ড বিঃ; ক্ষুদ্র বস্ত্রখণ্ড; থান; ছেঁড়া কাপড়। বি। ২। ধৌত, পরিষ্কৃত; বিশুদ্ধ। কাচ্+আ কর্ম (বাংপ্র)। বিণ। ৩। প্রক্ষালিত করা; পরিষ্কার করা; ছলনা করা। বাংপ্র। ক্রি।
কাচানো—১। ধোয়ানো। ক্রি [, বি]। ২। ধৌত। বাংপ্র। বিণ।
কাচ্চাবাচ্চা—ছোট ছোট ছেলেমেয়ে, শিশু সন্তান-সমূহ। বাংপ্র। বি।
কাছ—কূল; নিকটবর্তী স্থান। <কক্ষ। বি। **কাছে কাছে**—সঙ্গে সঙ্গে। **কাছে পিঠে**—সন্নিকটে।
কাছ-ছাড়া—দূরবর্তী, সমীপ হইতে গত। কাছ ছাড়িয়াছে যে, উপতৎ (বাংপ্র)। বিণ।
কাছটিয়া—মালকোঁচা মারিয়া ("ধনুক তুলিতে যায় কন্ত কাছটিয়া"—কৃত্তি)। প্রা কপ্র। অস-ক্রি।
কাছা—পুরুষের পরিহিত বস্ত্রের শেষভাগ; পিছনে গোঁজা বস্ত্রাংশ। <কচ্ছ। বি।
কাছা-আলগা—অসাবধান। বহু (বাংপ্র)। বিণ।
কাছাকাছি—পরস্পর-সংলগ্ন, লাগোয়া; নিকটবর্তী; প্রায় সমান ('দশের—'); আনুমানিক, প্রায়, approximate. বাংপ্র। বিণ।
কাছাড়—নদ্যাদির উচ্চ তীরভূমি। <কচ্ছ। বি।
কাছা-ঢিলা—শিথিল, অসাবধান। বহু (বাংপ্র)। বিণ। [বিণ।
কাছাধরা—নির্ভরশীল; চাটুকার। উপতৎ (বাংপ্র)।
কাছানো—কাছে যাওয়া, ঘনানো; প্রায় সমান হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
কাছারি—বিচারালয়, আদালত; কার্যালয়; আফিস; জমিদারের বা তাঁহার প্রতিনিধির কার্যালয়। <কৃত্যগৃহ। বি। **কাছারি করা**—নির্দিষ্ট কাজ-কর্ম করিবার জন্য নিয়মিতভাবে আদালতে উপস্থিত হওয়া। **কাছারি বসা**—বিচারের কাজকর্ম শুরু হওয়া। **কাছারি বসা**—বিচারের কাজকর্ম শুরু হওয়া; অনেক লোক একত্র হইয়া জটলা করা।
কাছি—অতি স্থূল রজ্জু, খুব মোটা দড়ি। <কক্ষা। বি।
কাছিম—কমঠ, কূর্ম। <কচ্ছপ। বি।
কাছে—১। নিকটে। <কক্ষ। বি। ২। সঙ্গে। অ। ৩। তুলনায়; বিবেচনায়। ক্রি-বিণ।
কাজ—ক্রিয়া; কর্ম; প্রয়োজন; জীবিকা; ঔচিত্য; কলাকৌশল; নির্মাণপদ্ধতি ('সূচের—')। <সং 'কার্য' (প্রাকৃত 'কজ্জ') বি। **কাজ করানো**—লোক খাটানো; কাজে লাগানো। **কাজ কি**—প্রয়োজন নাই, বৃথা। **কাজ চলা**—অবাধে কাজ চলিতে থাকা; প্রয়োজন মিটা। **কাজ দেওয়া**—উপকার হওয়া, প্রয়োজনসিদ্ধি হওয়া। **কাজ দেখানো**—কাজ করিয়া নিজের যোগ্যতা প্রকাশ করা। **কাজ বাগানো**—কাজ হাসিল করা। **কাজ বাড়ানো**—করা কাজ পণ্ড বা নষ্ট করিয়া রাখা। **কাজ হারানো**—কাজ হাতছাড়া হওয়া; কাজ নষ্ট করা; উদ্দেশ্য ব্যর্থ হইতে দেওয়া। **কাজ হাসিল করা**—উদ্দেশ্য সাধনে সফলকাম হওয়া। **কাজের কাজী, লোক**—কোন বিষয়ে অভিজ্ঞ; কার্যে সুনিপুণ। **কাজের বার**—অকেজো। **কাজের মত**—প্রয়োজনীয়; উপযুক্ত।
কাজকর্ম—সাংসারিক অনুষ্ঠান; বিষয়কর্ম; চাকরি ব্যবসায়াদি কাজ। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
কাজর—কাজল। কপ্র। বি। [বি।
কাজরী—বর্ষাকালে গেয় পল্লীগীতি বিঃ। বাংপ্র।
কাজল—অঞ্জন, চক্ষুর লেপন-দ্রব্য। <কজ্জল। বি।
কাজলকাল—কাজলের মত কাল, খুব কাল। উপমান কর্মধা। বিণ। [আধার বিঃ। বাংপ্র। বি।
কাজললতা—কাজল তৈয়ারি করিবার বা রাখিবার
কাজলা—১। তণ্ডুল বিঃ; একপ্রকার ইক্ষু; গোঁজ; গুরুভার উপরদিকে তুলিবার নিমিত্ত কাষ্ঠনির্মিত যন্ত্র বিঃ। বি। ২। কাজল লাগানো চক্ষুবিশিষ্ট; কৃষ্ণবর্ণ ('—মেয়ে')। বাংপ্র। বিণ।
কাজিয়া—বিবাদ। <আ 'কজিয়া'। বি।
কাজী—মুসলমান বিচারক বা ব্যবস্থাপক। আ। বি। **কাজীর বিচার**—গোঁজামিল দিয়া বিচার।
কাজেই, কাজেকাজেই—অতএব, সুতরাং; এইজন্য। বাংপ্র। অ।
কাঞ্চন—১। স্বর্ণ; কাঞ্চনপুষ্প; চম্পকপুষ্প; ধন; হরিতাল; ধান্য বিঃ; পদ্মকেশর। কান্চ্+অন কর্তৃ। ২। দীপ্তি। কান্চ্+অনট্ ভাব। বি; ক্লী। ৩। কাঞ্চনপুষ্পের বৃক্ষ; চম্পকবৃক্ষ; নাগকেশরবৃক্ষ। বি; পুং। ৪। স্বর্ণময়। কাঞ্চন+ অণ্ বিকারার্থে। বিণ। স্ত্রী, -নী।
কাঞ্চনদ্যুতি—১। সুবর্ণের দীপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। ২। সুবর্ণকান্তিসম্পন্ন। কাঞ্চনের দ্যুতির ন্যায় দ্যুতি যাহার, বহু। বিণ।

কাঞ্চনপ্রভ—কাঞ্চনপ্রভার ন্যায় প্রভাযুক্ত। কাঞ্চনের প্রভার ন্যায় প্রভা যাহার, বহু। বিণ।

কাঞ্চনমূল্য—দক্ষিণাহিসাবে দেয় স্বর্ণখণ্ডের পরিবর্তে যে মূল্যে দেওয়া হয়; অতি উচ্চ মূল্য। কাঞ্চনের বা কাঞ্চনোচিত মূল্য, ৬ষ্ঠীতৎ বা মধ্যপ। বি; পুং।

কাঞ্চনী—স্বর্ণনির্মিতা। কাঞ্চন+অণ্ বিকারার্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

কাঞ্চি, কাঞ্চী—১। একনর চন্দ্রহার। কান্চ্+ই করণ, পক্ষে ঈপ্। ২। গুঞ্জা, কুঁচ। কান্চ্+ই কর্তৃ, পক্ষে ঈপ্। ৩। পুরী বিঃ [ইহার আধুনিক নাম কঞ্জিবরম বা কাঞ্চীপুরম্]। বি; স্ত্রী।

কাঞ্চীপদ—নিতম্ব। কাঞ্চীর (চন্দ্রহারের) পদ (স্থান), ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কাঞ্জি—কাঁজি, আমানি, পান্তাভাতের জল। ⟨কাঞ্জিক। বি।

কাঞ্জিক—কাঁজি, আমানি। কু (কুৎসিত) অঞ্জিকা (ব্যক্তি) যাহাতে, বহু। বি; ক্লী।

কাঞ্জিকা—কাঁজি, আমানি। কু (কুৎসিতা বা ঈষৎ) অঞ্জিকা যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।

কাট—১। ছেদন; কর্তন; কাটিবার ফলে যে গড়ন হয়; মুখাদির গঠনভঙ্গী; ছাঁটিবার ধরন; গঠনপ্রকার; খাতস্থানের আয়তন বা গভীরতা। ⟨ইং 'cut'. ২। তেলের গাদ, কাইট। ⟨কিট্ট। বি।

কাটকবুল—কাটিয়া ফেলিলেও যে নিজের কথা বা কাজের জন্য অপরাধ স্বীকার করে না এমন। বাংপ্র। বিণ।

কাটকাট—১। কর্কশ; লাবণ্যশূন্য; মারমুখী। বিণ। ২। কর্কশ ব্যবহার। বাংপ্র। বি।

কাটকুট—টুকরা টুকরা করিয়া কাটা, কুচানো; একটু একটু কাটা; ছোটখাট ভুল কাটিয়া সংশোধন। বাংপ্র। বি।

কাটকুয়া—কাষ্ঠনির্মিত পাত্র বিঃ, কাটুয়া বা কেটো। ⟨কাষ্ঠকূপ। বি।

কাটখোট্টা—রুক্ষ; নীরস; কোমলতাশূন্য; লালিত্যহীন; রসবোধহীন; বদমেজাজী; গোঁয়ার। বাংপ্র। বিণ।

কাটখোলা—বালিহীন ভাজনাখোলা। বাংপ্র। বি।

কাটগড়া—কাঠগড়া। বাংপ্র। বি।

কাট-গোঁয়ার—অত্যন্ত রুক্ষস্বভাব; অমার্জিত প্রকৃতির; রসবোধহীন; বর্বর। বাংপ্র। বিণ।

কাটছাঁট—কোন বস্তু প্রস্তুত করিবার পর পরিত্যক্ত অংশ; পোশাকের গড়ন; গঠনভঙ্গী, আকারপ্রকার। দ্বন্দ্ব। বাংপ্র। বি।

কাটতি—বিক্রয়; চাহিদা; বাজারে চলন। কাট্+তি ভাব। বাংপ্র। বি। [বাংপ্র। বি।

কাটন—ছেদন; বিদারণ; খনন। কাট্+অন ভাব।

কাটনা—সুতা প্রঃ কাটিবার জিনিস। কাট্+না কর্ম (বাংপ্র)। বি।

কাটনি—সুতাকাটার মজুরি। বাংপ্র। বি।

কাটনী—সূত্রনির্মাণকারিণী। কাটন+ইয়া কর্তা অর্থে+ঈ (বাংপ্র)। বি; স্ত্রী। [শব্দ। বি।

কাটব্য—কটুতা; কার্কশ্য। 'কটু' শব্দের সহচর

কাটরা—কাষ্ঠপরিবৃত স্থান, কাঠের বেড়াদেওয়া জায়গা; বাজারের সারবন্দী ঘর; কাঠের জিনিস; কাঠের ঘর। বাংপ্র। বি।

কাটলেট—ভাজিয়া তৈয়ারী মাছ বা মাংসখণ্ড বিঃ। ⟨ইং 'cutlet'. বি।

কাটা—১। কর্তিত; দষ্ট; খাত; খনিত। কাট্+আ কর্ম (বাংপ্র)। বিণ। ২। কাটিয়া ফেলা; ছেদন করা; দংশন করা; খনন করা; যাপিত হওয়া; অংকন করা; বিন্যস্ত করা; বিক্রীত হওয়া; খণ্ডন করা; দূরীভূত হওয়া। ⟨কৃৎ-ধাতু। ক্রি [, বি]। **আঁক কাটা**—রেখা টানা, দাগ করা। **আঁচড় কাটা**—দাগ দেওয়া, অনুভূতি জাগাইয়া দেওয়া। **কথা কাটা**—বিপরীত যুক্তিদ্বারা খণ্ডন করা। **কাটা পড়া**—রেলে, ট্রামে বা তরবারিতে নিহত হওয়া। **কাটিয়া পড়া**—সরিয়া পড়া, দূরে চলিয়া যাওয়া। **খাল কাটা**—খাল তৈয়ার করা; শত্রুতার সুযোগ দেওয়া। **গলা কাটা**—বধ করা; অল্পমূল্যের দ্রব্য অত্যধিক মূল্যে বিক্রয় করা। **ঘর (বা ছক) কাটা**—চৌকা নকশা তৈয়ারি করা। **ঘাস কাটা**—ঘেসেড়ার কাজ করা; নিষ্ফল কাজ করা। **ঘোর কাটা**—আবেশ দূর হওয়া। **চরকা কাটা**—চরকা ঘুরাইয়া তুলা হইতে সুতা প্রস্তুত করা। **চেক কাটা**—ব্যাংক হইতে টাকা তুলিবার জন্য চেকে স্বাক্ষর করা। **ছড়া কাটা**—ছড়া আবৃত্তি করা। **ছানা কাটা**—দুধ টকিয়া ছানা বাহির হওয়া। **জল কাটা**—জল বাহির হওয়া। **জাবর কাটা**—রোমন্থন করা। **টিকিট কাটা**—টিকিট কেনা; কোথাও যাত্রা করা। **টেরি কাটা**—সিঁথি করা। **তাল কাটা**—সংগীতে তালভংগ করা। **দরে কাটা**—অধিক মূল্যে অন্ততঃ প্রকৃত মূল্যে বিক্রয় হওয়া। **দিন কাটা**—দিন অতিবাহিত হওয়া। **দুধ কাটা**—দুধ ছানা হইয়া যাওয়া। **নাক (বা কান) কাটা**—গুরুতর দোষ, ত্রুটি বা কলঙ্ক উল্লেখপূর্বক লজ্জিত করা। **পকেট (বা গাঁট) কাটা**—মালিকের অজ্ঞাতসারে তাহার পকেট (বা গাঁট) কাটিয়া অর্থাদি বাহির করিয়া লওয়া। **ফাঁড়া কাটা**—বিপদ্ দূর হওয়া। **বই কাটা**—বাজারে বই বিক্রি হওয়া। **বনেদ কাটা**—গৃহের ভিত্তিস্থাপনের জন্য মাটি কাটা। **ভেংচি কাটা**—জিভ বা দাঁতের সাহায্যে ব্যংগ-বিদ্রূপ করা। **মাথা কাটা যাওয়া**—লজ্জায় ও অপমানে মস্তক অবনত হওয়া। **মেঘ কাটা**—আকাশ হইতে মেঘ সরিয়া যাওয়া; দুঃসময় গিয়া ভাল সময় উপস্থিত হওয়া। **সাঁতার কাটা**—সাঁতরানো। **হাতে মাথা কাটা**—স্বয়ং গুরুতর দণ্ড দেওয়া।

কাটাই—১। কর্তনসম্বন্ধীয়, কাটাইবার; খাত। কাটা+আই সম্বন্ধার্থে। বিণ। ২। কাটাইবার দাম বা প্রণালী। কাটা+আই সম্বন্ধার্থে (বাংপ্র)। বি।

কাটাকাটা—স্পষ্ট; মর্মভেদী; নির্ভীক ('—জবাব')। বাংপ্র। বিণ।
কাটাকাটি—খুনাখুনি, অস্ত্র দ্বারা পরস্পরকে আঘাত। পরস্পরকে কাটা, ব্যতীহার বহু (বাংপ্র)। বি।
কাটাকুটা, -কুটি—বহুপ্রকার বস্তু বহুভাবে ছেদন; ব্রণাদিতে অস্ত্রপ্রয়োগ। বাংপ্র। বি।
কাটা-ঘা—অস্ত্রাদি দ্বারা উন্মুক্তমুখ ক্ষত; শরীরের কোন বিদীর্ণ অংশ। কর্মধা (বাংপ্র)। বি। **কাটা-ঘায়ে নুনের ছিটা**—যন্ত্রণার উপর যন্ত্রণা; অপমানের উপর অপমান।
কাটা-ছাঁটা—কাটিয়া ছাঁটিয়া প্রস্তুত; বাহুল্যবর্জিত; স্পষ্ট ও তীব্র। বাংপ্র। বিণ।
কাটাছেঁড়া—কর্তিত এবং ছিন্ন; খণ্ডিত; যাহা সম্পূর্ণ নহে এরূপ। কর্মধা (বাংপ্র)। বিণ।
কাটান—১। বশীকরণাদি মন্ত্রের বিফলতাজনক মন্ত্র; কীর্তনে মূলপদ এবং সুরের উপর অতিরিক্ত পদ ও সুরের অলংকারপ্রয়োগ। বি। ২। কর্তিত; খনিত; যাপিত; যুক্ত; বিক্রীত। বাংপ্র। বিণ।
কাটান-ছিঁড়েন—সকল সংস্রব ত্যাগ; দেনাপাওনা মিটানো; ঝগড়া গণ্ডগোলের নিষ্পত্তি। বাংপ্র। বি।
কাটানি—কর্তনের মূল্য, কাটানের বেতন ('—খরচা')। বাংপ্র। বি।
কাটানো—১। অন্যের দ্বারা খনন করানো; ছেদন করানো; অতিবাহিত করা। ক্রি [, বিণ]। ২। যাপন, ক্ষেপণ; জলের পথ করিয়া দেওয়া, কর্তন করানো। বাংপ্র। বি। **পাশ কাটানো**—এড়াইয়া চলা।
কাটা-পোশাক—ইওরোপীয় বেশ, কোট প্যাণ্ট প্রঃ পরিচ্ছদ। কর্মধা। বি।
কাটারি—দাত্র, দা, কাতান। <কর্তরী। বি।
কাটি—ক্ষুদ্র কাষ্ঠশলাকা, ছোট এবং সরু কাঠ বা বাঁশের ফালি; পাঁচনবাড়ি।
কাটি-গঙ্গা—মানুষের কাটা খাতে প্রবাহিতা গঙ্গা। বাংপ্র। বি। < কাষ্ঠিকা। বি।
কাটি-ঘা—সর্পাঘাত, সর্পদংশনের ক্ষত। বাংপ্র। বি।
কাটুরকুটুর—কাটিবার শব্দ বিঃ। বাংপ্র। অ।
কাটিম—'কাঠিম' দ্রঃ। [বিণ।
কাট্য—উল্লঙ্ঘ্য, খণ্ডনীয়। কাট্+য কর্ম। বাংপ্র।
কাঠ—১। দারু, ইন্ধন। <কাষ্ঠ। ২। তৈলাদির কাইট। <কিট্ট। বি। ৩। কাঠের মত নীরস ও স্বাদহীন; কাঠের মত অচল; বিস্ময়বিমূঢ় ("নারায়ণী 'কাঠ' হইয়া দাঁড়াইয়া রহিলেন"—শবৎ)। <কাষ্ঠ। বিণ। **কাঠে কাঠে**—সমানে সমানে। **কাঠে খড়ে হওয়া**—দুঃখে ঝঞ্ঝাটে বিশীর্ণ হওয়া।
কাঠকাঠ—কাঠের মত শক্ত; নীরস ও লাবণ্যহীন। বাংপ্র। বিণ।
কাঠকুড়ানী—যে স্ত্রীলোক কুড়ানো কাঠ বেচিয়া সংসার চালায়; অতি দুঃখিনী। বাংপ্র। বি।
কাঠ-খড়—মাল-মসলা; উপাদান। দ্বন্দ্ব (বাংপ্র)। বি। **কাঠ-খড় পোড়ানো**—অনেক উদ্যোগ আয়োজন করা।
কাঠখোলা—বালিশূন্য ভাজনা খোলা। বাংপ্র। বি।
কাঠগড়া—বেড়া; ঘেরা জায়গা; বিচারালয়ে আসামীদের বা সাক্ষীদের দাঁড়াইবার স্থান। ষষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
কাঠগোলা—কাষ্ঠের আড়ৎ। বাংপ্র। বি।
কাঠ-গোলাপ—একপ্রকার গন্ধহীন গোলাপ ফুল। বাংপ্র। বি।
কাঠঝুনা—(নারিকেল সম্বন্ধে) পাকিবার পর খুব বেশী শুকাইয়া গিয়াছে এমন। বাংপ্র। বিণ।
কাঠঠোকরা—পক্ষী বিঃ, wood-pecker [এই পক্ষী চঞ্চু দ্বারা গাছে ঠোকর মারে]। কাঠে ঠোকরায় যে, উপতৎ (বাংপ্র)। বি।
কাঠনেকার—শুষ্কবমন, উকি। কাঠ-সদৃশ নেকার, মধ্যপ (বাংপ্র)। বি।
কাঠপিঁপড়া, -পিঁপড়ে—কাষ্ঠবিহারী রক্তাভ পিপীলিকা বিঃ। মধ্যপ (বাংপ্র)। বি।
কাঠফাটা—অত্যন্ত কড়া ('—রোদ')। বাংপ্র। বিণ।
কাঠবমি—কাঠনেকার। বাংপ্র। বি।
কাঠবিড়াল, -বিড়ালি, -বেরালি—কাষ্ঠমার্জার [ইহার পৃষ্ঠে কৃষ্ণবর্ণ ডোরা আছে]। কাঠবিহারী বিড়াল, বিড়ালি, বেরালি, মধ্যপ (বাংপ্র)। বি।
কাঠমল্লিকা—বনমল্লিকা। বাংপ্র। বি।
কাঠমোল্লা—অশিক্ষিত গোঁড়া মুসলমান মৌলবী বা ধর্মযাজক। বাংপ্র। বি।
কাঠরা—কাটরা (তাহা দ্রঃ)।
কাঠা—৩২০ বর্গহস্তপরিমাণ ভূমি; ধান্যাদির পরিমাণপাত্র, রেক। <কাষ্ঠা। বি।
কাঠাকালি—কাঠায় নির্ণীত ক্ষেত্রফল; ঐ ক্ষেত্রফল বাহির করিবার আর্যা বা নিয়ম। কাঠায় নির্ণীত কালি, মধ্যপ (বাংপ্র)। বি। [বি।
কাঠাকিয়া, কাঠাকে—শতাবধি কাঠা গণনা। বাংপ্র।
কাঠাম, কাঠামো—বংশাদিরচিত আকৃতি, ঠাট; শরীরের গঠনভঙ্গী; আদর্শ। কাঠের কাম (<কর্ম), ষষ্ঠীতৎ। বি। **এ কাঠামে, এ কাঠামোয়**—এ শরীরে; এ জন্মে।
কাঠি—বংশাদিনির্মিত শলাকা, কাঠ প্রঃর শাখা এবং সরু টুকরা। <কাষ্ঠিকা। বি। **ঢাকে কাঠি দেওয়া**—ঢাক বাজানো; রাষ্ট্র করা, প্রচার করা।
কাঠিন্য—কঠিনতা; নির্দয়তা, কর্কশতা। কঠিন+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
কাঠিম, কাটিম—সুতা জড়াইয়া রাখিবার গোলাকার কাষ্ঠখণ্ড; খুব ছোট নাটাই। বাংপ্র। বি।
কাঠুরিয়া, কাঠুরে—কাষ্ঠচ্ছেদক, যে কাষ্ঠচ্ছেদনপূর্বক বিক্রয় করিয়া জীবিকা নির্বাহ করে। বাংপ্র। বি।
কাড়া—১। ঢাক-জাতীয় বাদ্যযন্ত্র বিঃ। <কটাহ। বি। ২। বলপূর্বক গ্রহণ করা; ছিনাইয়া লওয়া; আকর্ষণ করা; সরানো; বাহির করা; শব্দ করা; ব্যক্ত করা; ব্যবহারে আনা। ক্রি। ৩। লুণ্ঠিত; বলপূর্বক গৃহীত; আকৃষ্ট; ব্যক্ত। বাংপ্র। বিণ।

কাড়াকাড়ি—পরস্পর ছিনাইয়া লওয়ার চেষ্টা; টানা-টানি; ধস্তাধস্তি। পরস্পরের নিকট হইতে কাড়া, ব্যতীহার বহু (বাংপ্র)। বি।

কাড়া-নাকাড়া—মাঝামাঝি আকারের ঢাক বিঃ। বাংপ্র। বি।

কাড়ানো—১। আদায় করা; অপরকে দিয়া কাড়া। ক্রি [, বি]। ২। আদায়ীকৃত; যাহা কাড়িয়া লওয়া হইয়াছে এমন। বাংপ্র। বিণ।

কাণ্ড—গাছের গুঁড়ি; বৃন্ত; নাল; পাব, পর্ব; গুচ্ছ; ঝাড়; বাণ; অবসর; সমূহ; জল; গ্রন্থ-পরিচ্ছেদ ('আদি —'); প্রশংসা; প্রস্তাব; প্রকরণ; নির্জন স্থান; ব্যাপার; ভয়ংকর ঘটনা; অশ্ম, প্রস্তর। কন্+ড কর্তৃ। বি; পুং বা ক্লী।

কাণ্ডকারখানা—ভীষণ কাণ্ড, ভয়ানক ব্যাপার; বহু ঘটনা। বাংপ্র। বি।

কাণ্ডজ্ঞান—বিবেচনা; মোটামুটি জ্ঞান; সাধারণ বুদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কাণ্ডজ্ঞানরহিত, -শূন্য, -হীন—প্রকরণবোধরহিত; সাধারণবিবেচনাহীন; একেবারে নির্বোধ। ৩য়াতৎ। বিণ।

কাণ্ডাকাণ্ড—কার্যাকার্য; হিতাহিত, ভালমন্দ। কাণ্ড ও অকাণ্ড, দ্বন্দ্ব। বি; পুং।

কাণ্ডাকাণ্ডজ্ঞান—হিতাহিতবোধ, কার্যাকার্যজ্ঞান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কাণ্ডার—১। মাঝি; তাঁবু; পর্দা। <কর্ণধার। ২। নৌকার হাল। <কর্ণ। বি।

কাণ্ডারী—কর্ণধার, নাবিক। <কাণ্ডগারী। বি।

কাত—১। একপেশে, হেলানো; ভূপতিত; বিপর্যস্ত। বিণ। ২। একপাশ; একপক্ষ; হিসাব; হার। বাংপ্র। বি।

কাতর—ব্যাকুল, অভিভূত; অধীর; দুঃখিত; ভীরু; চঞ্চল; বিবশ। কু—তৃ+অচ্ কর্তৃ (কু-স্থানে কা)। বিণ।

কাতরকণ্ঠ—১। আর্ত কণ্ঠস্বর। কর্মধা। বি; পুং। ২। ব্যাকুলস্বরসম্পন্ন। বহু। বিণ।

কাতরতা—কাতরভাব; দুঃখাভিভূততা। কাতর+তা ভাবে। বি; স্ত্রী।

কাতরানি—কাতরতাপ্রকাশক শব্দ, গোঙানি, গোঁগোঁ শব্দ। বাংপ্র। বি।

কাতরানো—কাতরশব্দ প্রকাশ করা, গোঙানো। বাংপ্র। ক্রি [, বি]।

কাতরোক্তি—ব্যাকুলতাসূচক বাক্য, করুণ বচন। কাতরা উক্তি, কর্মধা। বি; স্ত্রী।

কাতর্য—কাতরতা; ভীরুতা। কাতর+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [বি; পুং।

কাতল—কাতলা মাছ। <কাতর (র-স্থানে ল)।

কাতলা—মাছ বিঃ। <কাতর। বি।

কাতা—নারিকেল-ছোবড়ার দড়ি; সূক্ষ্ম রজ্জু বা সূত্র; নাপিতের ক্ষুর ইঃ রাখিবার আধার। হি-মু। বি। [বি।

কাতান—খাঁড়া; বড় চওড়া কাটারি। <কর্তনী।

কাতার—শ্রেণী, পঙ্‌ক্তি, সারি। <আ 'কতার'। বি।

কাতারি, কাত্তুরি—ধাতুর পাত বা তার কাটিবার কাঁচি বিঃ। <কর্তরী। বি।

কাতুকুতু, কাতুর-কুতুর—বগলে হাত দিয়া সুড়সুড়ি। বাংপ্র। বি।

কাত্তুরি—'কাতারি' দ্রঃ।

কাত্যায়নী—দুর্গা; ভৈরবী; অর্ধবৃদ্ধা কাষায়বস্ত্রা বিধবা স্ত্রী। কাত্যায়ন+অণ্ পূজিতার্থে+ঈপ্। বি; স্ত্রী।

কাত্যায়নীব্রত—কাত্যায়নী দেবীর উদ্দেশে কর্তব্য ব্রত বিঃ। কাত্যায়নীতোষক ব্রত, মধ্যপ। বি; ক্লী।

কাদম্ব—১। কদম গাছ। কদম্ব+অণ্ স্বার্থে। ২। আখ; বালিহাঁস; কলহংস; বাণ। কদ্+ণিচ্+অম্বচ্ কর্তৃ। বি; পুং। ৩। কদম ফুল। কদম্ব+অণ্ ভবার্থে। বি; ক্লী। ৪। কদম্বসম্বন্ধীয়। কদম্ব+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -ম্বী।

কাদম্বর—১। দধির সর। বি; পুং। ২। ইক্ষুগুড়; সুরা। কাদম্ব—রা+ক কর্তৃ। ৩। গুড় হইতে উৎপন্ন মদ্য। কাদম্বর+অণ্ বিকারার্থে। বি; ক্লী। বিণ, -রীয়।

কাদম্বরী—১। বাণভট্ট-রচিত উপাখ্যানকাব্য; সরস্বতী; শারিকা; কোকিলা। কাদম্বর+ঈপ্। ২। গুড় হইতে উৎপন্ন সুরা বিঃ, মদিরা। কদম্বর (বলরাম)+অণ্ প্রিয়ার্থে+ঈপ্। বি; স্ত্রী।

কাদম্বা—কলহংসী ('কাদম্বা যেমতি মধুস্বরা'—মাইকেল); কদম্বপুষ্পী বৃক্ষ। কাদম্ব+আপ্। বি; স্ত্রী।

কাদম্বিনী—মেঘমালা, মেঘশ্রেণী। কাদম্ব+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

কাদা—পঙ্ক, পাঁক। <কর্দম। বি।

কাদাখোঁচা—পক্ষী বিঃ, snipe. কাদা খোঁচায় যে, উপতৎ (বাংপ্র)। বি।

কাদাটে—কর্দমমিশ্রিত; ঘোলাটে। কাদা+টে (<টিয়া) ঈষৎ যুক্তার্থে (বাংপ্র)। বিণ।

কান—১। শ্রবণেন্দ্রিয়; কানের গহনা বিঃ। <কর্ণ। ২। সংগীত-ব্যবসায়ী জাতি বিঃ ('মধু—'); গায়ক। <কিন্নর। বি। **কান কাটা**—হারাইয়া দেওয়া; হতমান করা। **কান খাড়া করা**—শুনিবার জন্য উন্মুখ হওয়া। **কান ঝালাপালা করা**—অস্বস্তিকর কথা বলিয়া বা শব্দ করিয়া জ্বালাতন করা। **(কথায়) কান দেওয়া**—শোনা; মনোযোগ দিয়া শোনা; পরামর্শ প্রঃ গ্রহণ করা। **কান ধরা**—অপমান করা। **কানে ধরিয়া বলা**—ভর্ৎসনা করিয়া বা বিশেষভাবে মনোযোগী করানো। **কান পাতা**—শোনা; শুনিবার চেষ্টা করা, শুনিতে উৎকর্ণ হওয়া। **কান ফাটানো**—বিকট শব্দ করিয়া কানের পীড়া উৎপাদন করা, উচ্চৈঃস্বরে চিৎকার করা। **কান ভাঙানো, কান ভারী করা**—কাহারও বিরুদ্ধে খারাপ পরামর্শ দেওয়া; গোপনে কাহারও বিরুদ্ধে সতর্ক করিয়া দেওয়া। **কানে আসা, কানে ওঠা**—শ্রবণগোচর হওয়া। **কানে কানে**—গোপনে, চুপি

চুপি। **কানে খাটো**—যে কম শুনিতে পায় এরূপ। **কানে তালা লাগা**—ভীষণ শব্দে কিছু সময়ের জন্য শ্রবণশক্তি লোপ পাওয়া। **কানে তুলা দেওয়া**—ইচ্ছা করিয়া শুনিতে না পাওয়া। **কানে তোলা**—শ্রবণ করানো; অনভিপ্রেত ব্যক্তিকে শোনানো। **কানে লাগা**—শুনিতে মধুর বা কঠোর বোধ হওয়া।

কানকাটা—যাহার কান কাটা এমন; বেহায়া, নির্লজ্জ। বাংপ্র। বিণ।

কানকামড়ানি—কানের রোগ বিঃ। বাংপ্র। বি।

কানকুয়া, কানকো—মাছের ফুলকার উপরের হাড়। ⟨কর্ণকূপ। বি।

কানকোটারি—কান্ডাই, কেন্নো। বাংপ্র। বি।

কানখড়কে—শ্রবণে সতর্ক; কুমন্ত্রণাদাতা। বাংপ্র। বি বা বিণ।

কানখুশকি, -খুস্কি—কর্ণশোধনী, যাহা দ্বারা কানের ময়লা বাহির করা হয়। বাংপ্র। বি।

কানচটা—কানের ঘা। বাংপ্র। বি।

কানড়—১। একধরনের সাপ। বাংপ্র। **২**। চুলের একপ্রকার খোঁপা। ⟨কর্ণাট। বি।

কানড়া—চুলের একপ্রকার খোঁপা। ⟨কর্ণাট। বি।

কানন—বন; উদ্যান; গৃহ। কন+ণিচ্ স্বার্থে+অন কর্তৃ সংজ্ঞার্থে। বি; ক্লী।

কাননকুন্তলা—অরণ্যকবরীকা, বনরাজিই যাহার কেশপাশস্বরূপ এরূপ ("কাননকুন্তলা মহী মুক্তামালা গলে"—মাইকেল)। কানন কুন্তল যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

কাননকুসুম—বনফুল; লোকলোচনের অগোচর পরমাসুন্দরী রমণী। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কানপাটা—জুলপি; কানের পার্শ্বস্থ স্থান; কানের নিম্নস্থ অংশ। ⟨কর্ণপট্ট। বি।

কানপাতলা—যে একের কথা অন্যের নিকট বলে এমন; যে বিবেচনা না করিয়া সহজেই অন্যের কথা বিশ্বাস করে এমন, credulous. বাংপ্র। বিণ।

কানপাতা—কানের গহনা বিঃ। ⟨কর্ণপত্র। বি।

কানফাটা, -ফাটানো—যাহাতে কানে তালা লাগে এমন; অতি তীব্র ('—চীৎকার')। বাংপ্র। বিণ।

কানবালা—কানের গহনা বিঃ। বাংপ্র। বি।

কানমলা—কর্ণমর্দন। ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি। **কানমলা খাওয়া**—অপমানিত হওয়া; উপযুক্ত শিক্ষা পাওয়া।

কানমাগুর—মাগুর মাছের ন্যায় একপ্রকার মাছ। বাংপ্র। বি।

কানা—১। একচক্ষুহীন; অন্ধ; ছিদ্রযুক্ত, ফুটা ('—বেগুন')। ⟨কান। বিণ। **২**। প্রান্ত; উপরিভাগ। বাংপ্র। বি। [বি।

কানাই—শ্রীকৃষ্ণ। ⟨সং 'কৃষ্ণ' (প্রাকৃত 'কাণ্হ')।

কানাই-বলাই—শ্রীকৃষ্ণ ও বলরাম ('কানাই'এর অনুকরণে বলরাম হইতে 'বলাই'-শব্দ উৎপন্ন); অভিন্নহৃদয় ব্যক্তিদ্বয়। দ্বন্দ্ব। বাংপ্র। বি।

কানাকড়ি—ছিদ্রযুক্ত কপর্দক; মূল্যহীন কড়ি; সামান্য অর্থ। বাংপ্র। বি।

কানাকানি—কানে কানে কথা, গোপনে আলোচনা বা রচনা। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।

কানাঘুষা—গোপনে রটনা, কানে কানে বলাবলি। বাংপ্র। বি।

কানাচ—ঘরের পিছনদিক্, ঘরের কাছাকাছি জায়গা; ছাঁচতলা। ⟨তু 'কনাত'। বি।

কানাড়া—রাগিণী বিঃ। ⟨কর্ণাট। বি।

কানাত—পটবাস, তাঁবু; পর্দা। ⟨তু 'কনাত'। বি।

কানামাছি—ছেলেমেয়েদের একপ্রকার খেলা। বাংপ্র। বি।

কানি—ছিন্নবস্ত্র; নেকড়া; পর্দা। বাংপ্র। বি।

কানী—১। একচক্ষুহীনা। বিণ। **২**। একচক্ষুহীনা স্ত্রী; মনসা দেবী (চাঁদসদাগরের গালিতে)। বাংপ্র। বি।

কানীন—অবিবাহিতা কন্যার গর্ভজাত ('—পুত্র')। কন্যা+অণ্ অপত্যার্থে। বিণ। স্ত্রী, **-নী**।

কানু—কানাই, শ্রীকৃষ্ণ। কানাই+উ আদরার্থে (বাংপ্র)। বি।

কানুটি—কানমলা। হি-মু। বি।

কানুন—১। আইন; ব্যবস্থা; শৃঙ্খলা। আ। **২**। বাদ্যযন্ত্র বিঃ। ⟨কাত্যায়নী বীণা। বি।

কানুনগো—যে কর্মচারী গ্রামের জমি ইঃর হিসাব রাখে, রাজস্ব-কর্মচারী। কানুন (আ)+গোয় (ফা)। বি।

কানেস্তারা, কানেস্ত্রা—টিনের তৈয়ারী বড় পাত্র বিঃ। ⟨পো 'canastra'. বি।

কান্ত—১। প্রিয়; কমনীয়; মনোরম; শোভন, aesthetic. বিণ। **২**। স্বামী। কম্+ক্ত কর্ম। বি; পুং।

কান্তবিদ্যা—সৌন্দর্যবিজ্ঞান, সৌন্দর্যচারুকলা, aesthetics. কান্তবিষয়িণী বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।

কান্তলোহ—১। ঢালাই বা পেটা লোহা; ইস্পাত। কান্ত লোহ, কর্মধা। **২**। অয়স্কান্ত মণি, চুম্বক। কান্ত (প্রিয়) লোহ যাহার, বহু। বি; পুং।

কান্তা—১। ভার্যা, সুন্দরী স্ত্রী। বি; স্ত্রী। **২**। মনোহরা; শোভনা; কমনীয়া। কান্ত (১)+ আপ্। বিণ; স্ত্রী।

কান্তাপ্রেম—পত্নী বা প্রণয়িনীর ভালবাসা; বৈষ্ণবশাস্ত্রে বর্ণিত প্রেম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কান্তার—দুর্গমপথ; কানন; উপদ্রব। উপতৎ; কান্ত—ঋ+অণ্ কর্তৃ। বি; পুং।

কান্তি—১। শোভা; লাবণ্য; ঔজ্জ্বল্য; সৌন্দর্য; কামনা; ইচ্ছা। কম্+ক্তি ভাব। **২**। কমনীয়া স্ত্রী; দুর্গা; চন্দ্রকলা; কামশক্তি বিঃ। কম্+ক্তি কর্ম। বি; স্ত্রী।

কান্তিদ—শোভাদায়ক। উপতৎ; কান্তি—দা+ক কর্তৃ। বিণ।

কান্তিবিদ্যা—সৌন্দর্যবোধজনক বিদ্যা, aesthetics. কান্তি-বিষয়িণী বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।

কান্তিমতী—১। চন্দ্রকলা; অপ্সরা বিঃ। বি; স্ত্রী।

২। লাবণ্যযুক্তা। কান্তি+মতুপ্ আছে অর্থে+ ঈপ্। বিণ; স্ত্রী।
কান্দ—১। কন্দজাত; কন্দসম্বন্ধীয়। কন্দ+অণ্ ভবার্থে সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—**কান্দী**। ২। কাঁদ। কপ্র। ক্রি।
কান্দন—রোদন, ক্রন্দন। কপ্র। বি।
কান্না—রোদন, ক্রন্দন। কাঁদ+না ভাব (বাংপ্র)। বি। **কান্না আসা, কান্না পাওয়া**—কাঁদিবার উপক্রম করা; কাঁদিতে ইচ্ছা হওয়া। **কান্না চাপা**—কান্না বোধ করিয়া রাখা। **কান্না জোড়া**—কাঁদিতে শুরু করা।
কান্নাকাটি—অত্যধিক ক্রন্দন; অনুনয়বিনয়; কান্নার সঙ্গে আবদার বা অনুযোগ। বাংপ্র। বি।
কান্যকুব্জ—কনৌজ। কন্যাকুব্জ+অণ্ স্বার্থে। বি; পুং।
কাপ—১। কৌতুককারী ("কেহ বলে ঐ এল শিব বুড়া কাপ"—ভারত); **ছদ্মবেশী**। বিণ। ২। ছদ্মবেশ, ভান; কৌতুকজনক বা বিস্ময়কর দ্রব্য, কোন পদার্থের কর্তিত বা ভগ্ন অংশ; ভগ্নকুলীন; বংশজ; বারেন্দ্র ব্রাহ্মণেব শ্রেণী বিঃ। <কপট। ৩। বাটি, পেয়ালা। <ইং 'cup'. বি। **কাপে কাপে**—ফাঁক না রাখিয়া; আঁটসাঁট ভাবে।
কাপটিক—শঠ। কপট+ইক ব্যবহারার্থে। বিণ। স্ত্রী, **-কী**। [ক্লী।
কাপট্য—কপটতা, শঠতা। কপট+য্যঞ্ ভাবে। বি;
কাপড়—বসন, বস্ত্র। <কর্পট। বি।
কাপড়-চোপড়—পোশাক-পরিচ্ছদ; বস্ত্রাদি। বাংপ্র। বি।
কাপড়ে, কাপুড়ে—কাপড়ব্যবসায়ী। কাপড়+এ (<ইয়া) ব্যবসায়ী অর্থে (বাংপ্র)। বিণ। **কাপড়ে বাবু, কাপুড়ে বাবু**—পরিচ্ছদে আড়ম্বর প্রদর্শনকারী অথচ অল্পধন ব্যক্তি। **কাপুড়ে মিনসে**—কাপড় ব্যবসায়ী ব্যক্তি।
কাপালিক—১। বামাচারী তান্ত্রিক। কপাল+ইক ব্যবহার করে অর্থে। ২। জাতি বিঃ, কপালি। বি; পুং। ৩। কপাল-সংক্রান্ত। কপাল+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**।
কাপালী (-লিন্)—১। শিব। বি; পুং। ২। ব্রতার্থ ব্রহ্মকপালধারী। কপাল+অণ্ স্বার্থে; কাপাল+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-লিনী**।
কাপাস—তুলা। <কার্পাস। বি।
কাপিল—১। কপিলপ্রণীত সাংখ্যশাস্ত্র। কপিল+অণ্ কৃতার্থে। ২। সাংখ্যমতাবলম্বী। কপিল+অণ্ জানে অর্থে। ৩। পিঙ্গলবর্ণ। কপিল+অণ্ স্বার্থে। বি; পুং। ৪। পিঙ্গলবর্ণবিশিষ্ট। কাপিল +অচ্ বিশিষ্টার্থে। বিণ।
কাপুড়ে—'কাপড়ে' দ্রঃ।
কাপুরুষ—যাহার মান-অপমান-বোধ নাই এরূপ ব্যক্তি, যে অনায়াসে তিরস্কাব বা অবমাননা সহ্য করিয়া থাকে এরূপ ব্যক্তি; ভীরুস্বভাব ব্যক্তি। কু (কুৎসিত) পুরুষ, নিত্য (কু-স্থানে কা)। বি; পুং।
কাপুরুষতা, কাপুরুষত্ব—সাহসহীনতা; ভীরুতা; অনায়াসে তিরস্কার বা অবমাননা সহ্য করিয়া থাকা। কাপুরুষ+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
কাপোত—১। পায়রার ঝাঁক। কপোত+অণ্ সমূহার্থে। ২। উঞ্ছবৃত্তি। কপোত+অণ্ যোগ্যার্থে। বি; ক্লী। ৩। কর্বুরবর্ণ; পারাবত-সংক্রান্ত। কপোত+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-তী**।
কাপ্তেন—জাহাজের অধ্যক্ষ; সৈন্যাধ্যক্ষ; খেলার দলেব সর্দার; যাহার টাকায় ইয়ার-বন্ধুগণ আমোদ-প্রমোদ করে। <ইং 'captain'. বি। ভাববা বি—**কাপ্তেনী**। **কাপ্তেন ধরা**—ইয়ারদলের অর্থসহায়ক ব্যক্তি সংগ্রহ করা।
কাফরী, কাফ্রী—আফ্রিকার কৃষ্ণকায় অধিবাসী ও তাহাদের ভাষা। <পো 'cafre'. বি।
কাফি—১। স্বনামপ্রসিদ্ধ বৃক্ষ বিঃ। <ইং 'coffee'. ২। রাগিণী বিঃ। আ। বি। [বি।
কাফিলা, কাফেলা—তীর্থযাত্রীর দল, caravan. আ।
কাফের—অমুসলমান। <আ 'কাফির'। বি।
কাবলীওয়ালা—আফগানিস্তানের অধিবাসী, কাবুলের লোক। অসং। বি।
কাবা—মুসলমানদের মক্কাস্থ তীর্থ বিঃ; মক্কা তীর্থের কৃষ্ণপ্রস্তর বিঃ; চোগার মত জামা বিঃ। <আ 'কাবহ্'। বি।
কাবাব—আগুনের উপর ঝলসানো শূলবিদ্ধ মাংস। আ। বি।
কাবাবচিনি—গোলমরিচের ন্যায় আকারসম্পন্ন এক-প্রকাব সুগন্ধি মসলা। কাবাব (আ)+চিনি (হি)। বি।
কাবার—শেষ, সমাপ্ত; সমাপ্ত; মৃত। <পো 'acabar'. বি বা বিণ। [বিণ।
কাবারী—শেষে দেয়; শেষের। পো-মু। বি বা
কাবিল—উপযুক্ত, লায়েক; দাখিল। আ। বিণ।
কাবু—বশীভূত; রুগ্ণ; জব্দ; দুর্বল। তু। বিণ।
কাবুলী—১। কাবুলদেশীয়। বিণ। ২। কাবুলের অধিবাসী; আফগানিস্তানের বাসিন্দা। অসং। বি।
কাবুলীওয়ালা—কাবলীওয়ালা (তাহা দ্রঃ)।
কাবেরী—দাক্ষিণাপথের নদী বিঃ। কবের+অণ্ সম্বন্ধার্থে+ঈপ্। বি; স্ত্রী।
কাব্য—পদ্যে বা গদ্যে কবিপ্রণীত গ্রন্থ বিঃ; রসযুক্ত বাক্য; কবিতা। কবি+য্যঞ্ কর্মার্থে। বি; ক্লী।
কাব্যকলা—কবিতা রচনার কৌশল। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কাব্যকার—কবি। উপতৎ; কাব্য—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং বা বিণ। স্ত্রী, **-রী**।
কাব্যকুঞ্জ—কুঞ্জবনেব ন্যায় অতি মনোরম কাব্যাবলী, কবিতানিকুঞ্জ। কাব্যরূপ কুঞ্জ, রূপক কর্মধা। বি; পুং বা ক্লী।
কাব্যগোষ্ঠী—পদ্যাদি আলোচনা; কাব্য আলোচনার মজলিস। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কাব্যগ্রন্থ—কবিতাপুস্তক। কাব্যবিষয়ক গ্রন্থ, মধ্যপ। বি; পুং।

কাব্যজগৎ—জগতের কবিসমাজ; কাব্যক্ষেত্র; ভাব-জগৎ। কাব্যরূপ জগৎ, রূপক কর্মধা। বি; ক্লী।
কাব্যবিশারদ—কাব্যশাস্ত্রে সুপণ্ডিত। ৭মীতৎ। বিণ।
কাব্যরস—কবিতার মাধুর্য, কাব্যবর্ণিত বিষয়ের দর্শন বা শ্রবণে মনোমধ্যে সঞ্জাত ভাব বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কাব্যরসিক—কাব্যরসজ্ঞ, কাব্যরস বুঝিতে সমর্থ। কাব্যরস+ইক নিপুণার্থে। বিণ। স্ত্রী, -**রসিকা**।
কাব্যলিংগ—অর্থালংকার বিঃ [যে স্থলে বাক্যার্থ অথবা পদার্থ অপরার্থের হেতুস্বরূপে প্রতিপাদিত হয় তথায় কাব্যলিংগ অলংকার হয়। যথা—
সহজে প্রতাপী এই দানব-নিকর।
পাইল ব্রহ্মার স্থানে পুনঃ ইণ্ট বর॥
থাকুক অন্যের কথা ইন্দ্রেও না ডরে।
তৃণজ্ঞানে গণ্য করে ক্ষুদ্রজীবী নরে॥
নিবাত-কবচ-বধ।
এই স্থানে প্রথম দুইটি পদের অর্থ তৃতীয় ও চতুর্থের হেতুরূপে কথিত হইয়াছে; অতএব, এখানে 'কাব্যলিংগ অলংকার' হইল]। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কাব্যানুশীলন—কাব্যচর্চা, সাহিত্যের আলোচনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কাব্যালোচনা—কবিতার অনুশীলন, কাব্যচর্চা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী [বিণ।
কাব্যিক—কাব্যসম্বন্ধীয়। কাব্য+ইক সম্বন্ধীয়ার্থে।
কাম—১। কন্দর্প। বি; পুং। ২। রেতঃ, শুক্র; আতিশয্য। কম্+ণিচ্+অচ্ কর্তৃ। বি; ক্লী। ৩। কামনা; অনুরাগ; সম্ভোগলালসা; আত্মেন্দ্রিয় প্রীতির ইচ্ছা। কম্+ঘঞ্ কর্ম, ভাব। বি; পুং। ৪। কার্য; কাজ। ✓'কর্ম' (প্রাকৃত কম্ম)। বি।
কামকলা—১। রতি। ৬ষ্ঠীতৎ। ২। রতিকৌশল। কামবিষয়িণী কলা (art), মধ্যপ। বি; স্ত্রী।
কামকূট—বারবনিতার হাবভাবাদি; স্ত্রীবিদ্যার মন্ত্র বিঃ। কামবিষয়ক কূট (গুপ্ত বস্তু), মধ্যপ। বি; পুং।
কামকূপ—যোনি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কামকেলি—রতিক্রীড়া। কামজনিত কেলি, মধ্যপ। বি; পুং।
কামগন্ধ—কামের লেশ, অতি সামান্যমাত্রও কাম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কামচর—সর্বত্রগামী; স্বেচ্ছাচারী। কাম—চর্+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -**রী**।
কামচার—১। স্বেচ্ছাচার। কাম—চর্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। স্বেচ্ছাচারী। কামচার+অচ্ বিশিষ্টার্থে। বিণ।
কামচারী (-চারিন্)—স্বেচ্ছাচারী; ইচ্ছানুসারে সর্বত্রগামী; লম্পটস্বভাব। উপতৎ; কাম—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**চারিণী**।
কামজ—কামজাত, সম্ভোগেচ্ছাজাত, sexual ; বাসনা-জাত। উপতৎ; কাম—জন্+ড কর্তৃ। বিণ।
কামজিৎ—১। মহাদেব। বি; পুং। ২। জিতেন্দ্রিয়। উপতৎ; কাম—জি+ক্বিপ্ কর্তৃ। বিণ।
কামজ্বর—মদনসন্তাপ, প্রবল ইন্দ্রিয়ভোগেচ্ছা। কাম-জনিত জ্বর, মধ্যপ। বি; পুং।
কামড়—দংশন; ব্যথা, কনকনানি। বাংপ্র। বি।
কামড়া-কামড়ি—পরস্পর-দংশন; কাড়াকাড়ি। পরস্পর কামড়, ব্যতীহার বহু (বাংপ্র)। বি।
কামড়ানি—দংশন; ব্যথা, কটকটানি। কামড়া+আনি ভাব (বাংপ্র)। বি।
কামড়ানো—দংশন করা; ব্যথা করা; সবলে চাপিয়া ধরা; দৃঢ়সংলগ্ন হইয়া থাকা। বাংপ্র। ক্রি। [, বি]।
কামড়ি—কামড়; বেদনা; ধাতুপাতের কিনার মুড়িয়া জোড়; ক্ষতের উপরকার শুষ্ক ক্লেদাদি। বাংপ্র। বি।
কামতন্ত্র—১। রতিশাস্ত্র। কামবিষয়ক তন্ত্র, মধ্যপ। বি; ক্লী। ২। অজিতেন্দ্রিয়। বহু। বিণ।
কামদ—যাহা কামনা পূর্ণ করে, অভীষ্টপ্রদ। কাম—দা+ক কর্তৃ। বিণ।
কামদার—১। কারুকার্যখচিত, সূচিকর্ণশিল্পকর্ম-যুক্ত। বিণ। ২। ভৃত্য। হি। বি।
কামদুঘা—কামধেনু। কাম—দুহ্+কপ্ কর্ম (হ-স্থানে ঘ)+আপ্। বি; স্ত্রী।
কামদেব—মদন, অনঙ্গ। কর্মধা। বি; পুং।
কামধেনু—অভীষ্টদায়িনী গাভী, দেবগবী। কাম-দায়িকা ধেনু, মধ্যপ। বি; স্ত্রী।
কামনা—ইচ্ছা, বাসনা। কামি+অন ভাব+আপ্। বি; স্ত্রী।
কামপত্নী—রতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কামপ্রদ—১। অভিলাষপূরক। বিণ। ২। পরমেশ্বর। উপতৎ; কাম—প্র—দা+ক কর্তৃ। বি; পুং।
কামবাই—অত্যধিক কামুকতা, কামোম্মত্ততা। ✓কাম-বাতিক। বি। [পুং।
কামবাণ—মদনশর, তীব্র কামেচ্ছা। ৬ষ্ঠীতৎ। বি;
কামমোহিত—কামান্ধ, অত্যন্ত কামপ্রবৃত্তিহেতু বিহ্বল। ৩য়াতৎ। বিণ।
কাময়িতা (-য়িতৃ)—কামুক; কামনাকারী। কম্+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**য়িত্রী**।
কামরংগ—কামরাংগা ফল' কাম—রন্জ্+ঘঞ্ করণ। বি; পুং।
কামরা—প্রকোষ্ঠ, কুঠরি। ✓পো 'camara'. বি।
কামরাংগা, -রাঙা—অম্লরসযুক্ত ফল বিঃ। ✓কাম-রংগ। বি।
কামরূপ—১। আসামের স্থান বিঃ। বি; পুং। ২। সুন্দর; ইচ্ছামূর্তি। কাম রূপ যাহার, বহু। বিণ।
কামরূপী (-রূপিন্)—১। বিদ্যাধর। বি; পুং। ২। যখন যেরূপ ইচ্ছা তদনুরূপ বেশভূষাকারী ('—রাক্ষস'); সুরূপ। কামানুগত রূপ, মধ্যপ কর্মধা; কামরূপ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**রূপিণী**।

কামলা—রোগ বিঃ, কাঁওল। কাম—লা+ড কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
কামশক্তি—রতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কামশর—কন্দর্পের বাণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কামশাস্ত্র—রতিশাস্ত্র। কামপ্রতিপাদক শাস্ত্র, মধ্যপ। বি; ক্লী। [ক্লী।
কামসূত্র—বাৎস্যায়ন প্রণীত রতিশাস্ত্র। মধ্যপ। বি;
কামাই—১। দৈনিক কার্য হইতে বিরতি, নিয়মিত কার্যে অনুপস্থিতি; বিশ্রাম, ছুটি। ✓ফা 'কমী'। ২। উপার্জন। বাংপ্র। বি।
কামাখ্যা—কামরূপ জেলার পীঠস্থানের দেবী। বহু। বি; স্ত্রী। [বি; স্ত্রী।
কামাক্ষী—কামাখ্যা দেবী; তন্ত্রোক্ত মন্ত্র বিঃ। বহু।
কামাগ্নি—কামানল অত্যধিক মৈথুনেচ্ছা। কামরূপ অগ্নি, রূপক কর্মধা। বি; পুং।
কামাচার—১। স্বেচ্ছাচার, উচ্ছৃঙ্খলতা। কামানুরূপ আচার, মধ্যপ। বি; পুং। ২। স্বেচ্ছাচারী, উচ্ছৃঙ্খল। কামানুরূপ আচার যাহার, বহু। বিণ।
কামাতুর—কামার্ত, কামপীড়িত। ৩য়াতৎ। বিণ।
কামাত্মা (-ত্মন্)—কামের নিতান্ত বশীভূত; ফলকামী। কামপ্রধান আত্মা (অন্তঃকরণ) যাহার, বহু। বিণ। বি, -ত্মতা।
কামান—১। প্রকাণ্ড আগ্নেয়াস্ত্র, তোপ। ✓ইং 'cannon'। ২। আড়ধনু ('জোড়া ভুরু যেন কামের কামান'—দ্বিজ ভীম)। ফা-মু। বি।
কামানল—কামরূপ অগ্নি, অতিপ্রবল কাম। কামরূপ অনল, রূপক কর্মধা। বি; পুং।
কামানি—পারিশ্রমিক; নাপিতের মজুরি; ধনুর ন্যায় বাঁকা ইস্পাত, স্প্রিং। বাংপ্র। বি।
কামানো—১। উপার্জন; ক্ষৌরকর্মকরণ। বি। ২। ক্ষৌরকর্ম করা হইয়াছে এমন; উপার্জিত। বিণ। ৩। ক্ষৌরকর্ম করা; উপার্জন করা। বাংপ্র। ক্রি।
কামান্ধ—কামমুগ্ধ, কামবশতঃ কর্তব্য-বিবেচনাশূন্য। কাম হেতু অন্ধ, ৩য়া বা ৫মীতৎ। বিণ।
কামাবশায়িতা, -সায়িতা—ঈশ্বরের ঐশ্বর্য বিঃ; ইন্দ্রিয়নিগ্রহশক্তি। কামাবশায়িন্, -সায়িন্+তা ভাবে। বি; স্ত্রী।
কামায়ুধ—কন্দর্পের বাণ [অরবিন্দ, অশোক, আম্র, নবমল্লিকা ও নীলোৎপল অথবা সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন ও স্তম্ভন—এই পাঁচটি কন্দর্পের বাণ]। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কামার—কর্মকার, লোহকার, যে লোহার জিনিস গড়ে। ✓কর্মার। বি; পুং। স্ত্রী, -নী।
কামারশালা—কামারের কর্মস্থল, কামারের কারখানা। বাংপ্র। বি। [আর্ত, ৩য়াতৎ। বিণ।
কামার্ত—কামপীড়িত, কামাতুর। কাম দ্বারা ঋত বা
কামাসক্ত—মৈথুনাভিলাষী; বিষয়ানুরাগী। কামে আসক্ত, ৭মীতৎ। বিণ। [বি।
কামিজ—একপ্রকার ঢিলে জামা। ✓আ 'কমীস'।
কামিত—প্রার্থিত। কামি+ক্ত কর্ম। বিণ।
কামিতা—কামপ্রবণতা, sexuality. কামিন্+তা ভাবে। বি; স্ত্রী।
কামিনী—১। অতিশয় কামযুক্তা নারী; ভীরু স্ত্রী; রমণী; মদিরা; সাদা সুগন্ধ ফুল বিঃ বা তাহার গাছ। বি; স্ত্রী। ২। কামবতী; বিষয়াভিলাষিণী। কামিন্+ঈপ্। বিণ; স্ত্রী।
কামিনীসুলভ—স্ত্রীলোকোচিত, যাহা স্ত্রীলোকেই দেখা যায় এরূপ। কামিনীতে সুলভ, ৭মীতৎ। বিণ। [আছে অর্থে। বিণ।
কামী (কামিন্)—কামুক; অভিলাষী। কাম+ইন্
কামুক—রমণাভিলাষী; অভিলাষী। কম্+ণিচ্+উক কর্তৃ। বিণ। স্ত্রী, -কা, -কী।
কামুকা—ভোগাভিলাষিণী; ইচ্ছাবতী। কামুক+আপ্। বিণ; স্ত্রী। [স্ত্রী।
কামুকী—মৈথুনেচ্ছাবতী। কামুক+ঈপ্। বিণ;
কামেশ্বর—পরমেশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কামেশ্বরী—ভৈরবী বিঃ; কামাখ্যাস্থিতা দেবী বিঃ। কাম সকলের (ভোগ্য বিষয়সমূহের) ঈশ্বরী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কামোদ—সংগীতের রাগ বিঃ। বি; পুং।
কামোপহত—কামার্ত। কাম দ্বারা উপহত, ৩য়াতৎ। বিণ।
কাম্য—১। অভিলষণীয়; যাহা ইচ্ছা হইলে করা যায় এরূপ; ফল-কামনায় কর্তব্য; ভোগ্য; কমনীয়। বিণ। ২। অভীষ্ট কর্ম। কম্+ণিচ্+যৎ কর্ম। বি; ক্লী।
কায়—শরীর; সমূহ; লক্ষ্য; স্বভাব; গৃহ; স্বাভাবিক অবস্থা; মূলধন। চি+ঘঞ্ কর্ম (নিপা)। বি; ক্লী।
কায়কল্প—দীর্ঘায়ু হইবার ও যৌবন ফিরিয়া পাইবার আয়ুর্বেদোক্ত চিকিৎসা-পদ্ধতি বিঃ। বি; পুং।
কায়ক্লেশ—শরীরের পরিশ্রম; দৈহিক কষ্টস্বীকার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কায়ক্লেশে—অতি কষ্টে কোন প্রকারে। ৬ষ্ঠীতৎ। বি; করণে বা ক্রি-বিণার্থে ৭মী।
কায়চিকিৎসা—জ্বর ইঃ দৈহিক রোগের চিকিৎসা। বি; স্ত্রী।
কায়দা—কৌশল, দক্ষতা; আয়ত্তি। ✓আ 'কাইদহ্'। বি। **কায়দা করা**—বশীভূত করা; কৌশল অবলম্বন করা। **কায়দায় পাওয়া**—সুবিধামত অবস্থায় পাওয়া, দোষত্রুটির সুযোগ লওয়া, বাগে পাওয়া।
কায়দা-কানুন—বিধিব্যবস্থা, রীতিনীতি। দ্বন্দ্ব (বাংপ্র)। বি। [বি।
কায়মন—দেহ এবং অন্তঃকরণ। দ্বন্দ্ব (বাংপ্র)।
কায়মনোবাক্যে—দেহ মন এবং কথা দ্বারা; সর্বতোভাবে; অকপটভাবে। দ্বন্দ্ব। বি; করণে অথবা ক্রিয়াবিশেষণার্থে ৭মী।
কায়স্থ—১। পরমাত্মা; কায়েত, হিন্দু জাতি বিঃ। বি; পুং। ২। দেহস্থ। উপতৎ; কায়—স্থা+ক কর্তৃ। বিণ।

কায়া—শরীর, দেহ। ⟨কায়। বি।

কায়িক—দৈহিক; শরীর দ্বারা সম্পন্ন। কায়+ইক সম্বন্ধার্থে, নির্বৃত্তার্থে। বিণ। স্ত্রী, -কী।

কায়েত—জাতি বিঃ। ⟨কায়স্থ। বি।

কায়েম—১। স্থায়িত্ব; দৃঢ়তা। বি। ২। স্থায়ী; দৃঢ়; মজবুত; পাকা। ⟨আ 'কায়িম'। বিণ।

কায়েমী—চিরস্থায়ী; সুদৃঢ়। কায়েম+ঈ (আ-মু)। বিণ। **কায়েমী জমা**—চিরস্থায়ী জমা, যাহা পুত্র-পৌত্রাদিক্রমে ভোগ করা যায় এরূপ জমা।

কার—১। কার্য। কৃ+ঘঞ্ কর্ম। ২। নিশ্চয়; যত্ন। কৃ+ঘঞ্ করণ। ৩। করণ; হত্যা। কৃ, কৄ+ঘঞ্ ভাব। ৪। (কর্মবাচক পদের পরে থাকিলে) তৎকর্মকর্তা, যে করে (যথা—মালা'কার', কাব্য'কার')। কৃ+অণ্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী—কারী। ৫। স্থূল কৃষ্ণসূত্র। ⟨ইং 'cord'। বি। ৬। কাহার, কোন্ *ব্যক্তির। ⟨বাং 'কাহার'। সর্ব। ৭। সম্বন্ধ-বিভক্তির চিহ্ন বিঃ (আজ'কার', কবে'কার')।* হি-মু। ৮। বর্ণ বা তাহার চিহ্নবাচক প্রত্যয় (অ-কার, ব-কার ইঃ)। বি; পুং।

কারক—১। কর্মসম্পাদক, যে করে। বিণ। স্ত্রী—**কারিকা**। ২। ক্রিয়াপদের সহিত অন্বয়বিশিষ্ট পদ [কর্তা, কর্ম, করণ, সম্প্রদান, অপাদান ও অধিকরণ—এই ছয় প্রকার কারক]। কৃ+ণক কর্তৃ। বি; ক্লী।

কারকিত—কর্মনৈপুণ্য; জমিকে শস্যোৎপাদনের উপ-যোগী করা। প্রাদে। বি।

কারকুন—জমা উসুল সংবলিত তহসিলাদির কাগজ প্রস্তুতকারী কর্মচারী, জমিদারির তত্ত্বাবধানকারী। ফা। বি।

কারখানা—পণ্যনির্মাণশালা, কর্মশালা, factory, workshop; বৃহৎ ব্যাপার, কাণ্ড। ফা। বি।

কারচুবি—কৌশল; চালাকি; বস্ত্রাদির উপর সূচিশিল্প। ⟨ফা 'কারচোব'। বি।

কারণ—১। নিমিত্ত, হেতু, cause; বীজ; যাহা হইতে কার্য উৎপন্ন হয় তাহা; সাধন; যাহার যত্নে কার্য-নির্বাহ হয় সে; যাহার সহযোগ ভিন্ন কার্য নির্বাহ হয় না সে; যাহা হইতে কোন কিছু ঘটে বা উৎপন্ন হয় তাহা; উদ্দেশ্য; প্রয়োজন। কৃ+ণিচ্+অনট্ করণ। ২। ইন্দ্রিয়; দেহ। করণ+অণ্ স্বার্থে। ৩। বধ। কৄ+ণিচ্ স্বার্থে+অনট্ ভাব। ৪। গীত বিঃ; বাদ্য বিঃ। কৃ+ণিচ্+অনট্ কর্ম। বি; ক্লী। ৫। তান্ত্রিকগণকর্তৃক ব্যবহৃত মদ্য। বাংপ্র। বি।

কারণজল, -বারি—যে জলরাশি হইতে জগৎ সৃষ্টি হইয়াছে তাহা। কারণভূত জল, বারি, মধ্যপ। বি; ক্লী।

কারণমালা—অর্থালংকার বিঃ [পর পর পদার্থের প্রতি পূর্ব পূর্ব পদার্থ যদি হেতুরূপে উপন্যস্ত হয়, তাহা হইলে তথায় এই অলংকার হইয়া থাকে। যথা—
"শুনিয়া দেখিনু দেখিয়া ভুলিনু
ভুলিয়া পিরিতি কইনু"—চণ্ডী]।
৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কারণশরীর—সূক্ষ্ম দেহ বিঃ, যে সূক্ষ্ম শরীর সুষুপ্ত অবস্থায় ইন্দ্রিয়াদি বিষয় হইতে মুক্তিলাভ করিয়া অহংকারাদি সংস্কারের আশ্রয়স্থল হয়। কর্মধা। বি; ক্লী।

কারণাভাব—হেতুশূন্যতা; হেতু না থাকা। কারণের অভাব, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কারণিক—পরীক্ষক, বিচারক; কারণসম্বন্ধীয়; হেতু-মূলক, causal. কারণ+ইক মীমাংসক অর্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

কারণীভূত—কারণস্বরূপ, যে বা যাহা কারণরূপে উপস্থিত হইয়াছে এরূপ। কারণ+অভূততদ্ভাবার্থে চ্বি (=কারণী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

কারণ্ডব—বালিহাঁস। কারণ্ড—বা+ক কর্তৃ। বি; পুং। স্ত্রী, -বী।

কারতুজ—কার্তুজ (তাহা দ্রঃ)।

কারদানি—*কৌশল, কর্মনৈপুণ্য; বীরত্ব, বাহাদুরি, পৌরুষ; কায়দা। ফা বি। [বি।*

কারপরদাজ—কর্মচারী; পক্ষীয় লোক; অনুচর। ফা।

কারবাইড—চুন-অংগার-ঘটিত একপ্রকার দ্রব্য (জল দিলে আসেটিলীন গ্যাস উৎপন্ন হয়)। ⟨ইং ('calcium) carbide'. বি।

কারবার—ব্যবসায়, business; পেশা; আদানপ্রদান, ব্যবহার। ⟨ফা 'কারোবার'। বি।

কারবারী—বিষয়কর্মকারী; ব্যবসায়ী। ফা-মু। বিণ।

কারবেল্ল, -বেল্লক—১। করলাগাছ। বি; পুং। ২। করলাফল। কার—বেল্ল্+অণ্ কর্তৃ, ২য় পক্ষে কন্ স্বার্থে। বি; ক্লী।

কারয়িতা (-তৃ)—যে অন্যকে দিয়া কোন কর্ম করায় সে। কৃ+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িত্রী।

কারসাজি—কপটতা; চালাকি, ফন্দিবাজি। ⟨ফা 'কারসাজ'। বি।

কারা—১। জেল, কয়েদখানা; বন্ধন; বীণার অধঃ-স্থিত কাষ্ঠময় কাণ্ড। কৄ+অঙ্ অধি+আপ্ (নিপা দীর্ঘ)। বি; স্ত্রী। ২। কাহারা, কে-কে। বাংপ্র। সর্ব।

কারাক্লেশ—কারাবাসের যন্ত্রণা। ৬ষ্ঠীতৎ। বি।

কারাগার, -গৃহ—গারদ, জেলখানা। কর্মধা। বি; ক্লী।

কারাদণ্ড—জেলভোগ রূপ শাস্তি। কারা দ্বারা দণ্ড, ৩য়াতৎ। বি; পুং।

কারাধ্যক্ষ, -পাল—জেলের তত্ত্বাবধায়ক ঊর্ধ্বতন কর্ম-চারী, jailor. কারার অধ্যক্ষ, ৬ষ্ঠীতৎ; কারা—পা+ণিচ্+অণ্ কর্তৃ। বি; পুং।

কারাবরণ—স্বেচ্ছায় জেলে যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি।

কারাবা—গোলাবপাশ। আ। বি।

কারাবাস—১। কারাগারে বদ্ধ হইয়া থাকা, বন্ধন-আগারে অবস্থান। ৭মীতৎ। ২। কারাগার। কর্মধা। বি; পুং।

কারামুক্ত—জেল হইতে খালাসপ্রাপ্ত। ৫মীতৎ। বিণ। বি, -মুক্তি।

কারি—কালিয়া· মাংসাদির ব্যঞ্জন বিঃ। তামিল। বি।

কারিকা—১। বিবরণশ্লোক; নটী; কর্ত্রী। কৃ+ণক

কর্তৃ+আপ্। ২। শিল্পকর্ম; সূদ; যাতনা; কার্য; মর্যাদা; নাপিতাদির কার্য। কৃ বা কৄ+ণক ভাব+আপ্। বি; স্ত্রী। ৩। কার্যকারিণী। কারক+আপ্। বিণ।

কারিগর—শিল্পী, শিল্পকারী। ফা। বি বা বিণ।

কারিগরি, -গরি—শিল্পনৈপুণ্য, কারুকার্য; কারিগরের পেশা। ফা-মু। বি।

কারিগরী—শিল্পসম্বন্ধীয়; শিল্পনৈপুণ্যসম্বন্ধীয়; শিল্পনৈপুণ্যবিশিষ্ট। কারিগর+ঈ সম্বন্ধার্থে (ফা-মু)। বিণ। **কারিগরী শিক্ষা**—শিল্পসম্বন্ধীয় শিক্ষা, technical education.

কারিত—যাহা করানো গিয়াছে এরূপ, সম্পাদিত। কৃ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

কারী (-কারিন্)—(অন্য শব্দের শেষে বসিলে) কর্তা, কারক, কার্যকারী। কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**কারিণী**।

কারী—কোরান-পাঠক ("কাজী ছাড়ে কলমা, কোরান ছাড়ে কারী"—ভারত)। আ। বি।

কারু—১। শিল্পী; বিশ্বকর্মা। বি; পুং। ২। কারক; নির্মাতা; কর্তা। কৃ+উণ্ কর্তৃ। বিণ।

কারুক—শিল্পী। কারু+কন্ স্বার্থে। বি।

কারুকর্ম (-কর্মন্), **-কার্য, -ক্রিয়া**—শিল্পকার্য; নকশা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, ক্লী, স্ত্রী।

কারুণিক—দয়ালু। করুণা+ইক শীলার্থে। বিণ। স্ত্রী, **-কী**। [বি; ক্লীব।

কারুণ্য—দয়া; দানশীলতা। করুণা+ষ্যঞ্ স্বার্থে।

কারুশিল্প—কারুকার্য, নকশাদার কার্য ইঃ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। বিণ, **-শিল্পী** (-শিল্পিন্)।

কারেন্সি—সরকার প্রচলিত মুদ্রা বা তাহা রদবদল ইঃ করিবার অফিস। <ইং 'currency'. বি। **কারেন্সি নোট**—মুদ্রার পরিবর্তে ব্যবহৃত সরকারী কাগজ, currency note.

কারো—কোন লোকেরও। <বাং 'কাহারও'। সর্ব।

কার্কশ্য—কঠোরতা; কড়া মেজাজ; নির্দয়তা। কর্কশ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

কার্ড—পত্রাদি লিখিবার জন্য স্থূলে কাগজের খণ্ড; পোস্টকার্ড। <ইং 'card'. বি।

কার্তিক—১। দেব বিঃ, ষড়ানন। কৃত্তিকা+অণ্ প্রতিপালিতার্থে। ২। বাংলা বৎসরের সপ্তম এবং শকাব্দের অষ্টম মাস। কার্তিকী+অণ্ তদ্যুক্তমাসার্থে। বি; পুং। ৩। কার্তিকমাসসম্বন্ধীয়। কার্তিক+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**। **নব কার্তিক**—(ব্যঙ্গার্থে) কুরূপ, কদাকার। **লোহার কার্তিক**—কালো কুৎসিত।

কার্তিকী—কৃত্তিকানক্ষত্রযুক্ত পূর্ণিমা, চান্দ্রকার্তিকমাসের পূর্ণিমা। কৃত্তিকা+অণ্ যুক্তার্থে+ঈপ্। বি: স্ত্রী।

কার্তিকে—কার্তিকমাসে জাত; কার্তিকমাসসম্বন্ধীয়। বাংপ্র। বিণ।

কার্তিকেয়—মহাদেবের পুত্র ষড়ানন। কৃত্তিকা+এয় প্রতিপালিতার্থে। বি; পুং।

কার্তিকোৎসব—কার্তিকমাসের শুক্লপক্ষের প্রতিপদে কর্তব্য দীপোৎসব বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কার্তুজ, কার্টিজ—বন্দুকের টোটা। <ফ্রে 'cartouche'. বি।

কার্নিস—ছাদ দেওয়াল স্তম্ভ প্রঃর মাথার যে অংশ একটু বাহির হইয়া থাকে তাহা। <ইং 'cornice'. বি।

কার্পণ্য—কৃপণতা; দারিদ্র্য; কাতরতা; উদারতার অভাব। কৃপণ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

কার্পাস—১। কাপাসগাছ। কৃ+পাস কর্তৃ (ঋ-স্থানে আর্)। বি; পুং। ২। কাপাস তুলা। কার্পাস+অণ্ ফলার্থে। বি; ক্লী। ৩। কার্পাসনির্মিত। কার্পাস+অণ্ বিকারার্থে। বিণ। স্ত্রী, **-সী**।

কার্পাসী—১। কার্পাসগাছ। কার্পাস (১)+ঈপ্। বি; স্ত্রী। ২। কার্পাসনির্মিতা। কার্পাস (৩)+ঈপ্। বিণ।

কার্পেট—গালিচা, সতরঞ্চ বিঃ। <ইং 'carpet'. বি।

কার্বন—অঙ্গার, কয়লা, এক পিঠে কালিমাখানো কাগজ। <ইং 'carbon'. বি। **কার্বন পেপার**—এক পিঠে কালিমাখানো কাগজ বিঃ।

কার্বা—গোলাপপাশ। <আ 'কারাবা'। বি।

কার্মিক—বিচিত্র, যাহার উপর কারুকার্য করা হইয়াছে এরূপ; নির্মিত; কর্মসম্বন্ধীয়। কর্মন্+ইক সম্পন্নার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

কার্মুক—১। ধনুক। কর্মন্+উকঞ্ সমর্থার্থে। বি; ক্লী। ২। কর্মসম্পাদক; কর্মদক্ষ। কর্মন্+উকঞ্ নিপুণার্থে। বিণ।

কার্য—১। কর্ম; প্রয়োজন; হেতু; ফল; উপকার; বিবাদ; পুণ্যাপুণ্য; বিনশ্বর এবং অবয়ববিশিষ্ট দেহাদি; (ব্যাক) আদেশ প্রত্যয় এবং আগম। কৃ+ণ্যৎ কর্মকরণাদিবাচ্যে। বি; ক্লী। ২। কর্তব্য। কৃ+ণ্যৎ কর্ম। বিণ।

কার্যকর—কর্মসম্পাদক; প্রয়োজনসাধক; কর্মণ্য; ফলজনক। উপতৎ; কার্য—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।

কার্যকলাপ—ক্রিয়াসমূহ, নানাবিধ কর্মের অনুষ্ঠান। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [দ্বন্দ্ব। বি; ক্লী।

কার্যকারণ—হেতু এবং ফল, উপায় এবং কার্য।

কার্যকারণভাব—সম্বন্ধ বিঃ, কার্যের (ফলের) সহিত কারণের (হেতুর) ও কারণের সহিত কার্যের সম্বন্ধ। দ্বন্দ্ব ও ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কার্যকারী (-রিন্)—কর্মকারী; কাজের উপযোগী; ফলদায়ী। উপতৎ; কার্য—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিণী**।

কার্যকাল—কার্যের উপযুক্ত সময়; প্রয়োজনের সময়। ৬ষ্ঠীতৎ। বি: পুং।

কার্যকুশল—কার্যদক্ষ। ৭মীতৎ। বিণ।

কার্যক্রম—কাজের তালিকা, programme. ৬ষ্ঠীতৎ। বি: পুং।

কার্যক্ষম—কর্মক্ষম। ৭মীতৎ। বিণ।

কার্যচ্যুত—কর্ম বা চাকরি হইতে বরখাস্ত। ৫মীতৎ। বিণ।

কার্যগ্যাগে—প্রথমে কর্তব্য [বাঙ্গালায় দলিলপত্রাদি লিখিবার সময় প্রথমে এই কথাটি লিখিবার রীতি আছে। সম্ভবতঃ সংস্কৃত কার্যগ্যাগ্রে (কার্যম্+চ +অগ্রে) এই পদত্রয় হইতে ইহার উৎপত্তি হইয়াছে]। অ।

কার্যতঃ (-তস্)—ফলে, প্রকৃতপক্ষে। কার্য+তস্ (৭মী-স্থানে)। অ।

কার্যতৎপর—কর্মব্যস্ত; কর্মদক্ষ। ৭মীতৎ। বিণ।

কার্যদক্ষ—কর্মনিপুণ। ৭মীতৎ। বিণ।

কার্যনির্বাহ—কর্মসাধন, কার্যনিষ্পত্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কার্যনির্বাহক—কার্যসমাধাকারী, কর্মসম্পাদক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -**হিকা**।

কার্যপটু—কর্মনিপুণ। ৭মীতৎ। বিণ।

কার্যপদ্ধতি, -প্রণালী—কর্মসম্পাদনের রীতি, কাজের নিয়ম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কার্যবশ—১। কর্মানুরোধ। বি; পুং। ২। কর্মের বশীভূত। ৬ষ্ঠীতৎ। বিণ।

কার্যবশতঃ (-তস্)—কার্যের অনুরোধে, কর্ম-বশতঃ। কার্যবশ+তস্ পঞ্চম্যর্থে। অ।

কার্যবাহ—সভাদিতে যে-সব বিষয়ের আলোচনা বা নির্বাহ হয়, proceedings. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কার্যভার—কার্যের দায়িত্ব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কার্যশেষ—কর্মসমাপন; কার্যের অবশিষ্ট অংশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; ক্লী।

কার্যসম্পাদন—কার্যনিষ্পত্তি, কর্মসমাধান। ৬ষ্ঠীতৎ।

কার্যসাধন—কার্য সিদ্ধ করা, কার্য সম্পন্ন করিয়া লওয়া বা দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কার্যসিদ্ধি—অভীষ্ট-সিদ্ধি, কর্তব্যকর্মনিষ্পত্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কার্যহন্তা (-হন্তৃ)—কর্মপণ্ডকারী; অনিষ্টকারী। ৬ষ্ঠীতৎ। বিণ; পুং। স্ত্রী, -**হন্ত্রী**।

কার্যাকার্য—কর্তব্যাকর্তব্য, ভালমন্দ কাজ। কার্য ও অকার্য, দ্বন্দ্ব। বি; ক্লী।

কার্যাধ্যক্ষ—প্রধান কর্মকর্তা, কার্যের তত্ত্বাবধায়ক। কার্যের অধ্যক্ষ, ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ।

কার্যানুরোধ—কার্যের বশবর্তিতা, কাজের খাতির। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কার্যান্তর—অন্য কার্য, কর্মান্তর। অন্য কার্য, নিত্য। বি; ক্লী। [বি; পুং।

কার্যারম্ভ—কর্মারম্ভ, কর্মের সূত্রপাত। ৬ষ্ঠীতৎ।

কার্যালয়—অফিস। কার্যের আলয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কার্যোদ্ধার—কার্য সাধন করা, কার্যসিদ্ধি করিয়া লওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কার্শ্য—কৃশতা; ক্ষীণতা। কৃশ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

কার্ষাপণ—স্বর্ণ; ষোলপণ কড়ির রৌপ্যমূল্য। কার্ষ —আ—পণ+ঘ অধি। বি; পুং বা ক্লী।

কার্ষ্ণ্য—কৃষ্ণতা, কালবর্ণ। কৃষ্ণ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

কাল—১। কৃষ্ণবর্ণ, কাল রং। কু—অল্+অচ্ কর্তৃ। বি; পুং। ২। কৃষ্ণবর্ণবিশিষ্ট, কাল রঙের; মৃত্যুসদৃশ বা মৃত্যুসূচক। কাল+অচ্ বিশিষ্টার্থে। বিণ। ৩। যম; অবসর; সময়; মৃত্যু; ক্রিয়ানুষ্ঠানের সময়। কল্+ণিচ্ স্বার্থে+অচ্ কর্তৃ। বি; পুং। ৪। বর্তমান দিবসের পূর্ব বা পরদিবস। ∠কল্য। বি। **কাল ঘনানো, কাল পূর্ণ হওয়া, কাল ফুরানো**—মৃত্যুকাল আসন্ন হওয়া। **কাল হওয়া**—মৃত্যু হওয়া; ধ্বংসের কারণ হওয়া। **কালে কালে**—সময়ক্রমে, দিন যাওয়ার সঙ্গে সঙ্গে। **কালে ধরা**—মৃত্যু হওয়া; ভীষণ রোগে আক্রান্ত হওয়া। **কালে ভদ্রে**—কদাচিৎ; বহুকাল অন্তর।

কালকবল, -গ্রাস—যমের মুখ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং। **কালকবলে (বা কালগ্রাসে) পতিত হওয়া**—মরা।

কালকবলিত—মৃত। ৩য়াতৎ। বিণ।

কালকাসুন্দা—একপ্রকার গাছ। কাল যে কাসুন্দা (∠কাসমর্দ), কর্মধা। বি।

কালাকিষ্টি—খুব কালো। বাংপ্র। বিণ।

কালকূট—গরল। উপতৎ; কাল—কূট্+অণ্ কর্তৃ। বি; পুং বা ক্লী।

কালকে—কাল, কল্য। বাংপ্র। বি বা ক্রি-বিণ।

কালকের—কল্যকার। বাংপ্র। বি, বিণ অর্থে ৬ষ্ঠী।

কালক্রমে—সময়স্রোতে, সময়ের গতিতে; সময় অতি-বাহিত হইলে। কালের ক্রম, ৬ষ্ঠীতৎ, সেরূপে। বি; ক্রিয়াবিশেষণার্থে ৭মী।

কালক্ষেপ, -ক্ষেপণ—কর্তব্যকর্মে কালবিলম্ব করা; কাল কাটানো। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী। [স্ত্রী।

কালগঙ্গা—কালিন্দী নদী, যমুনা। কর্মধা। বি;

কালগ্রাস—'কালকবল' দ্রঃ।

কালঘাম—মৃত্যুকালীন ঘর্ম; অত্যন্ত পরিশ্রমের ফলে সর্বাঙ্গে প্রবল স্বেদনিঃসরণ। কালসূচক ঘাম, মধ্যপ। বাংপ্র। বি। [বি।

কালঘুম—মৃত্যু; অতিদীর্ঘ নিদ্রা। মধ্যপ (বাংপ্র)।

কালচক্র—চক্রবৎ ভ্রমণশীল বা আবর্তনশীল কাল। কাল চক্রপ্রায়, উপমিত বা, কালরূপ চক্র, রূপক। বি; ক্লী।

কালচিটা, -চিটে—ময়লা, কালো দাগ। বাংপ্র। বি।

কালচে—১। ঈষৎ কৃষ্ণ, সামান্য মলিন। বিণ। ২। কালদাগ। বাংপ্র। বি।

কালজাম—একজাতীয় জাম। কর্মধা (বাংপ্র)। বি।

কালজ্ঞ—১। সময় বুঝিয়া কর্মকারী, যে বৃথা সময় নষ্ট করে না এরূপ; দৈবজ্ঞ। বিণ। ২। কুক্কুট। উপতৎ; কাল—জ্ঞা+ক কর্তৃ। বি; পুং।

কালজ্ঞান—১। জ্যোতিঃশাস্ত্র। কাল—জ্ঞা+অনট্। করণ। ২। কোন্ সময়ে কি করা উচিত তাহার বোধ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কালত্রয়—ত্রিকাল, বর্তমান অতীত ভবিষ্যৎ এই তিন কাল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কালদণ্ড—জ্যোতিষোক্ত বারাদি যোগ বিঃ; যমের দণ্ড। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; পুং।

কালধর্ম—মৃত্যু; সময় বিঃর রীতিনীতি। ৬ষ্ঠীতৎ।

কালনাগ—কালসাপ, কেউটে সাপ। কর্মধা। বি; পুং।

কালনাগিনী, -নাগী—তীব্রবিষধারী একপ্রকার সর্পী, স্ত্রীজাতীয় কেউটে। বাংপ্র। বি; স্ত্রী।

কালনিরূপণ—সময় নির্ধারণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কালনেমি—রাবণের মামা; হিরণ্যকশিপুর পুত্র। কালের নেমিস্বরূপ, উপমিত। বি; পুং। **কালনেমির লঙ্কাভাগ**—কার্যসাধন না করিয়াই তাহার ফলভোগের চেষ্টা বা অলীক কল্পনা।

কালপাশ—মৃত্যুবন্ধন; যমের পাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কালপুরুষ—১। যমের ভৃত্য। ৬ষ্ঠীতৎ। ২। ধনুর্ধর পুরুষাকৃত নক্ষত্রপুঞ্জ, Orion. কালনির্ণায়ক পুরুষ, মধ্যপ। বি; পুং।

কালপেঁচা—কৃষ্ণমুণ্ড পেচক বিঃ। কর্মধা (বাংপ্র)। বি। [তৎ। বি; পুং।

কালপ্রবাহ—সময়স্রোত, অবিরত বহমান কাল। ৬ষ্ঠী-

কালবাজার—সরকার-নির্দিষ্ট মূল্যের বেশী মূল্যে দ্রব্যাদি বিক্রয়ের বাজার, black market. বাংপ্র। বি।

কালবিলম্ব—অল্প দেরি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কালবুদ—খিলান-করা সাঁকো; খিলান গাঁথিবার নিমিত্ত বাঁশের বা কাঠের ভারা; জুতা তৈয়ারির ফর্মা। ⟨ইং 'culvert'. বি।

কালবেলা—জ্যোতিষশাস্ত্রানুসারে দিনের অশুভ সময় বিঃ। কালের (শনির) বেলা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কালবৈশাখী—চৈত্র-বৈশাখ মাসের বিকালবেলার প্রচণ্ড ঝড়সহ বৃষ্টি; সহসা সংঘটিত দারুণ বিপদ্। বাংপ্র। বি।

কালবোশেখি—⟨কালবৈশাখী। বি।

কালবোস—কাল রঙের পোনা মাছ বিঃ। বাংপ্র। বি।

কালভুজঙ্গ—কৃষ্ণসর্প, কেউটে সাপ; তীব্রবিষধর মারাত্মক সর্প। কর্মধা। বি; পুং। স্ত্রী, -ঙ্গী।

কালভুজঙ্গিনী—কালনাগিনী; মারাত্মক স্ত্রীজাতীয় সর্প। কালভুজঙ্গ+ইনী (বাংলা স্ত্রী প্রত্যয়)। বি; স্ত্রী।

কালভৈরব—শিবাংশজাত ভৈরব বিঃ। কাল (ভয়ানক) ভৈরব (ভয় যাহা হইতে), কর্মধা। বি; পুং।

কালমাহাত্ম্য—কালের মহিমা, সময়ের অসাধারণ শক্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কালমেঘ—১। কৃষ্ণবর্ণ মেঘ; ঘনায়মান বিপদ্। কর্মধা। বি; পুং। ২। উদ্ভিদ্ বিঃ। বাংপ্র। বি।

কালযাপন—কালক্ষেপণ; লোকযাত্রানির্বাহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কালরাত্রি—যে রাত্রিতে মৃত্যু বা বিপদ্ ঘটে সেই রাত্রি, ভয়ানক রাত্রি; বিবাহরজনীর পরবর্তী রজনী; কল্পান্তরাত্রি; রাত্রিকালের অশুভকর অংশ বিঃ; ভগবতীর শক্তি বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কালশশী (-শশিন্)—কৃষ্ণবর্ণ অথচ চন্দ্রের ন্যায় সুন্দর প্রিয় ব্যক্তি; শ্রীকৃষ্ণ (আদরার্থে এবং কোন কোন স্থলে ব্যঙ্গার্থে ব্যবহৃত হয়)। কর্মধা। বি; পুং।

কালশিটে—কালশিরা। বাংপ্র। বি।

কালশিরা—আঘাতাদির ফলে জাত রক্তজমা কাল দাগ। বাংপ্র। বি।

কালশুদ্ধি—শাস্ত্রোক্ত কর্মের উপযোগী সময়ের পবিত্রতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কালসমুদ্র, -সাগর—সময়সাগর, সাগরের ন্যায় নিরবচ্ছিন্ন বা অনন্ত কাল। কালরূপ সমুদ্র, সাগর, রূপক অথবা, কাল সমুদ্রপ্রায়, সাগরপ্রায়, উপমিত। বি; পুং।

কালসর্প—কৃষ্ণসর্প, কেউটে সাপ। নিত্য কর্মধা। বি; পুং।

কালসহ—বিলম্ব হইলেও যে বিষয়ের ব্যাঘাত ঘটে না এরূপ, সময়ের অপেক্ষাকারী; দীর্ঘস্থায়ী, durable. কাল—সহ্+অচ্ কর্তৃ। বিণ।

কালসাগর—'কালসমুদ্র' দ্রঃ।

কালসাপ—কেউটে সাপ। ⟨কালসর্প। বি।

কালস্বরূপ—যমসদৃশ, মৃত্যুতুল্য। কালের স্বরূপ, ৬ষ্ঠীতৎ। বিণ।

কালস্রোতঃ (-স্রোতস্)—সময়প্রবাহ; স্রোতের ন্যায় নিরন্তর গমনশীল সময়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কালা—১। বধির, শ্রবণশক্তিহীন। ⟨কল্ল। বিণ। ২। কৃষ্ণবর্ণা। কাল+আপ্। বিণ; স্ত্রী। ৩। শ্রীকৃষ্ণ। বি। ৪। কলঙ্কিত; কৃষ্ণবর্ণ; অতি-শীতল, ঠাণ্ডা। 'কাল'+(বাং) আ যুক্তার্থে। বিণ। ৫। মাছ ধরিবার টেঁটা। বাংপ্র। বি।

কালাংড়া—দিবা প্রথম প্রহরে গেয় সম্পূর্ণ জাতীয় রাগিণী বিঃ। বাংপ্র। বি।

কালাকানুন—প্রজার স্বার্থের বিরোধী অসংগত আইন, black act. বাংপ্র। বি।

কালাকাল—ভাল ও মন্দ সময়, উপযুক্ত ও অনুপযুক্ত সময়। দ্বন্দ্ব। বি; পুং।

কালাগুরু—কৃষ্ণবর্ণ সুগন্ধি কাষ্ঠ বিঃ, কৃষ্ণবর্ণ অগুরুচন্দন। কাল অগুরু, কর্মধা। বি; ক্লী।

কালাগ্নি—১। সর্বসংহারক অনল, প্রলয়াগ্নি। কাল-জনক অগ্নি, মধ্যপ। ২। পঞ্চমুখ রুদ্রাক্ষ। বি; পুং।

কালাচাঁদ—কালশশী, শ্রীকৃষ্ণ। বাংপ্র। বি।

কালাজ্বর—একপ্রকার সাংঘাতিক জ্বর। অস-মূ। বি। [ক্লী।

কালাতিক্রম, -ক্রমণ—সময়লঙ্ঘন। ৬ষ্ঠীতৎ। বি; পুং,

কালাতিপাত—সময়যাপন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কালাত্যয়—সময় নষ্ট হওয়া, সময় বহিয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [পুং।

কালানল—কালাগ্নি। কালজনক অনল, মধ্যপ। বি;

কালানুবর্তী (-বর্তিন্)—সময়ের অনুসারী, সময় বুঝিয়া কার্যকারী। উপতৎ; কাল—অনু—বৃৎ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বর্তিনী।

কালানো—খুব ঠাণ্ডা হইয়া যাওয়া। বাংপ্র। ক্রি [,বি]। **কালিয়ে যাওয়া**—শীতে অসাড় হওয়া।

কালান্তক—১। ভীষণ যম, ভয়ানক মৃত্যু। বি; পুং। ২। বিশ্বসংহারকারী, সর্বনাশক। কাল এমন অন্তক, কর্মধা। বিণ। স্ত্রী, **-ন্তিকা**।

কালান্তর—১। সময়ান্তর, অন্য সময়। অন্য কাল, নিত্য। ২। মধ্যবর্তী সময়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কালাপানি—সমুদ্র; সমুদ্রের নীল জলরাশি; দ্বীপান্তরদণ্ড। বহু (বাংপ্র)। বি।

কালাপাহাড়—মুসলমান সেনাপতি বিঃ; প্রচলিত সংস্কার-বিরোধী ব্যক্তি। বাংপ্র। বি।

কালাপাহাড়ী—কালাপাহাড়ের ন্যায় আচরণকারী; ধর্মদ্বেষী। কালাপাহাড়+ঈ সদৃশার্থে। বাংপ্র। বিণ। **কালাপাহাড়ী কাণ্ড**—কালাপাহাড়ের ন্যায় ধর্মেব হিংসা বা ধর্মের উপর অত্যাচার।

কালাপেড়ে—কাল পাড়বিশিষ্ট। বাংপ্র। বিণ।

কালামুখ—১। নির্লজ্জ, বেহায়া। বহু (বাংপ্র)। বিণ। স্ত্রী, **-খী**। ২। কলঙ্কিত ব্যক্তির মুখ। কর্মধা (বাংপ্র)। বি।

কালামুখো—কলঙ্কী; বেহায়া। বাংপ্র। বিণ।

কালাশুদ্ধি—ব্রতনিয়মাদি কর্মযোগ্য কালের শুদ্ধি না থাকা, কাল শুদ্ধ না থাকা। কালের অশুদ্ধি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কালাশৌচ—মহাগুরুনিপাতজন্য সংবৎসরব্যাপী অশৌচ বা দৈহিক অপবিত্রতা। কালব্যাপী অশৌচ, মধ্যপ। বি; ক্লী।

কালি—১। মসী, লিখিবার কালি। কাল+ই স্বার্থে (বাংপ্র)। ২। ক্ষেত্রফল, area; মাছ গাঁথিয়া তুলিবার কোঁচ। বাংপ্র। বি। ৩। কাল, গত বা আগামী দিন। <কল্য। অ। **কালি দেওয়া**—কলঙ্ক লেপন করা। **কালির আঁচড়**—লেখা।

কালিক—সাময়িক; কালকৃত; কালসংক্রান্ত; সময়োচিত। কাল+ইক ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী, **-কী**।

কালিকা—১। চণ্ডিকার রূপভেদ; কালী; মেঘমালা; কুজ্ঝটিকা; কৃষ্ণবর্ণ; কলঙ্ক। বি; স্ত্রী। ২। কৃষ্ণবর্ণা। কাল+ইক+আপ্। বিণ; স্ত্রী।

কালিকাপুরাণ—কালিকা দেবীর মাহাত্ম্যাদি প্রতিপাদক পুরাণ বিঃ। কালিকা বিষয়ক পুরাণ, মধ্যপ। বি; ক্লী।

কালিঝুলি—কালি ঝুল প্রঃ ময়লা, নানারকম ময়লা। দ্বন্দ্ব। বাংপ্র। বি।

কালিন্দী—যমুনা-নদী। কলিন্দ+অণ্ ভবার্থে+ঈপ্। বি; স্ত্রী।

কালিমময়—কৃষ্ণবর্ণবিশিষ্ট, কলঙ্কিত। কালিমন্+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, **-য়ী**।

কালিমা (-মন্)—কৃষ্ণতা, মলিনতা; কলঙ্ক। কাল+ইমন্ ভাবে। বি; পুং।

কালিয়—যমুনা নদীর বা কালিদহ নামক জলার নাগ বিঃ। কাল+ইয়। বি; পুং।

কালিয়দমন—১। শ্রীকৃষ্ণ। বি; পুং। ২। কালিয়-নাগের শাসন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কালিয়া—১। শ্রীকৃষ্ণ। কপ্র। ২। ঘৃতমসলাদিযোগে প্রস্তুত মৎস্য-মাংসের ব্যঞ্জন বিঃ। আ। বি।

কালী—১। কালিকা দেবী; কৃষ্ণবর্ণা স্ত্রী; নবমেঘ-শ্রেণী; কৃষ্ণপক্ষের রাত্রি; অগ্নিজিহ্বা বিঃ; অযশঃ; কৃষ্ণবর্ণ। বি; স্ত্রী। ২। কৃষ্ণবর্ণা। কাল+ঈপ্। বিণ; স্ত্রী। ৩। মসি, লিখিবার কালি। বাংপ্র। বি।

কালীতলা—দেবী কালীমাতার পূজাস্থান। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

কালীন—কালে যাহা ঘটে বা উৎপন্ন হয় এরূপ (এই শব্দ অন্য শব্দের পরে প্রযুক্ত হয়; যথা—তৎ-কালীন)। কাল+ঈন ভবার্থে। বিণ।

কালীময়—কালীমাখানো; কৃষ্ণবর্ণ, মলিন। কালী+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, **-য়ী**।

কালীয়—১। কৃষ্ণচন্দন। কাল+ঈয় সম্বন্ধার্থে। বি; ক্লী। ২। নাগ বিঃ। বি; পুং। ৩। সময়সংক্রান্ত, সাময়িক। কাল+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

কালীয়দমন—কালিয়দমন (তাহা দ্রঃ)।

কালুষ্য—কলুষতা, মালিন্য; পাপ। কলুষ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

কালেক্টর—জেলার রাজস্ব আদায়ের প্রধান কর্মচারী; খাজনা আদায়কারী কর্মচারী। <ইং 'collector'. বি।

কালেক্টরি—কালেক্টরের দপ্তর বা কাছারি। <ইং 'collectorate'. বি।

কালেক্টরী—কালেক্টর বা তাহার দপ্তরসংক্রান্ত। ইং-মূ। বিণ। [বিণ।

কালেভদ্রে—কদাচিৎ; অনেক দিন অন্তর। বাংপ্র। ক্রি-

কালো—কৃষ্ণবর্ণ। <কাল। বিণ।

কালোচিত—সময়েব উপযুক্ত; মৃতাশৌচ বা শ্রাদ্ধ কালেব উপযুক্ত। ৭মীতৎ। বিণ।

কালোবাজার—চোরা বাজার, black mraket. বাংপ্র। বি।

কালোয়াত—গীতবাদ্যাদি বিদ্যায় বিশেষ পারদর্শী ব্যক্তি; গীতবাদ্যেব ওস্তাদ। <কলাবৎ। বি।

কালোয়াতি—উচ্চ সংগীত চর্চার বিদ্যা, কালোয়াতের পেশা। কালোয়াত+ই কর্মার্থে (বাংপ্র)। বি।

কালোয়াতী—কালোয়াত সম্বন্ধীয়। কালোয়াত+ঈ সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।

কাল্পনিক—কল্পনাসৃষ্ট; অবাস্তব, অমূলক; যাহা ছলনা করিবার নিমিত্ত করা যায় এরূপ; যাহা যে উদ্দেশ্য বা অভিপ্রায়ে করা উচিত তদনুযায়ী নহে এরূপ; যাহা আন্তরিক নয় এরূপ। কল্পনা+ইক আগতার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

কাশ, কাস—১। কাসরোগ। উপতৎ; ক—অশ্, অস্+অণ্ কর্তৃ। ২। মুষিক; তৃণ বিঃ। কাশ্, কাস্+অচ্ কর্তৃ। ৩। প্রকাশ; গতি। কাশ্, কাস্ বা কস্+ঘঞ্ ভাব। বি; পুং। ৪। প্রকাশমান, শোভমান। বিণ। ৫। কাশফুল। কাশ্, কাস্+অচ্ কর্তৃ। বি; ক্লী।

কাশমর্দ, কাসমর্দ—কাসুন্দি; কালকাসুন্দা গাছ। উপতৎ; কাশ, কাস—মৃদ্+অণ্ কর্তৃ। বি; পুং।

কাশি—কাসরোগ। ✓কাশ। বি।
কাশিকা—১। কাশী। কাশী+কন্ স্বার্থে+আপ্। ২। পাণিনি-ব্যাকরণের সূত্র-ব্যাখ্যান গ্রন্থ বিঃ। কাশ+ণিচ্+ণক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
কাশী—বারাণসী। কাশ্+অচ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী। [কর্মধা। বি; ক্লী।
কাশীধাম (-ধামন্)—পবিত্র বারাণসী, কাশীক্ষেত্র।
কাশীনাথ—শিব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কাশীপ্রাপ্তি, -লাভ—মৃত্যু; কাশীতে মরণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, পুং।
কাশীবাস—বারাণসীতে বাস; সৎসঙ্গে বাস; স্বর্গ-বাস। ৭মীতৎ। বি; পুং।
কাশীশ—শিব; কাশীর রাজা। কাশীর ঈশ, ৬ষ্ঠী-তৎ। বি; পুং। [পুং।
কাশীশ্বর—মহাদেব; কাশীর রাজা। ৬ষ্ঠীতৎ। বি;
কাশ্মীরী—১। গাম্ভারী; অতিবিষা। কাশ্মীর+অণ্ ভবার্থে+ঈপ্ সংজ্ঞার্থে। বি; স্ত্রী। ২। কাশ্মীর-দেশজাত; কাশ্মীরসম্বন্ধীয়; কাশ্মীরের। কাশ্মীর +ঈ জাতার্থে (বাংপ্র)। বিণ।
কাশ্যপ—১। কণাদমুনি; গোত্র বিঃ। কশ্যপ+অঞ্ অপত্যার্থে। বি; পুং। ২। কশ্যপসম্বন্ধীয়; কশ্যপবংশজাত। কশ্যপ+অণ্ সম্বন্ধার্থে। বিণ।
কাশ্যপেয়—সূর্য; গরুড়। কশ্যপ+এয় অপত্যার্থে। বি; পুং।
কাষায়—১। অনুজ্জ্বল রক্তবর্ণরঞ্জিত। কষায়+অণ্ রঞ্জিতার্থে। বিণ। স্ত্রী, -য়ী। ২। কষায়। কষায় +অণ্ স্বার্থে। বি; পুং।
কাষ্ঠ—কাঠ, জ্বালানি কাঠ। কাশ্+ক্থন্ কর্তৃ, সংজ্ঞার্থে। বি; ক্লী।
কাষ্ঠকীট—ঘুণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কাষ্ঠপাদুকা—খড়ম। কাষ্ঠনির্মিতা পাদুকা, মধ্যপ। বি; স্ত্রী।
কাষ্ঠপুত্তলিকা—কাঠের পুতুল; (তদ্বৎ) নীরব এবং নিশ্চল ব্যক্তি। কাষ্ঠনির্মিতা পুত্তলিকা মধ্যপ। বি; স্ত্রী। [বি; ক্লী।
কাষ্ঠফলক—কাষ্ঠনির্মিত ফলক, বোর্ড প্রঃ। মধ্যপ।
কাষ্ঠভার—কাঠের বোঝা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কাষ্ঠমঞ্চ—কাঠের মাচান; চৌকি চেয়ার কেদারা খাট গ্যালারি প্রঃ। কাষ্ঠনির্মিত মঞ্চ, মধ্যপ। বি; পুং।
কাষ্ঠময়—কাষ্ঠনির্মিত; (লাক্ষণিক অর্থে) অতি নির্দয়। কাষ্ঠ+ময়ট্ বিকারার্থে। বিণ। স্ত্রী, -য়ী।
কাষ্ঠলৌকিকতা—শুষ্ক আত্মীয়তা, বাহ্য ভদ্রতা, কপট বন্ধুতা। কাষ্ঠনীরস লৌকিকতা, মধ্যপ। বি; স্ত্রী।
কাষ্ঠহাসি—শুষ্কহাস্য, অনিচ্ছার কৃত্রিম হাসি। কাষ্ঠনীরস হাসি, মধ্যপ (বাংপ্র)। বি।
কাষ্ঠা—দিক্; প্রদেশ; সূক্ষ্ম সময়; সীমা; স্থিতি; উৎকর্ষ; পর্যবসানভূমি; দারুহরিদ্রা। কাশ্+ক্থন্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
কাষ্ঠাসন—কাষ্ঠনির্মিত আসন, চৌকি কেদারা পিঁড়ি প্রঃ। কাষ্ঠনির্মিত আসন, মধ্যপ। বি; ক্লী।
কাস—'কাশ' দ্রঃ।
কাসঘ্ন—যাহা কাসি রোগ ভাল করে এমন। উপতৎ; কাস্—হন্+টক্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ঘ্নী।
কাসন্দি, কাসুন্দি—সরিষা-সহযোগে প্রস্তুত আচার বিঃ। ✓কাসমর্দ। বি।
কাসমর্দ—'কাশমর্দ' দ্রঃ।
কাসি—কাশিরোগ, কাশ। ✓কাস। বি।
কাসীস—হিরাকস। কাস্ (গমন করা)+ঈসন্ কর্তৃ। বি; পুং।
কাসুন্দি—'কাসন্দি' দ্রঃ।
কাস্তে—শস্যাদি কাটিবার বাঁকা দাঁতালো অস্ত্র বিঃ; শস্যকর্তনী। বাংপ্র। বি।
কাহন—ষোড়শ পণ। ✓কার্ষাপণ। বি।
কাহা—কে; কোন্; কি। বাংপ্র। সর্ব।
কাহাকে—কোন্ জনকে। বাংপ্র। সর্ব।
কাহাঁ—কোন্ স্থানে, কোথায়। হি-মূ। অ।
কাহাতক—কোন্ পর্যন্ত; কি পর্যন্ত; কেমন করিয়া। হি। অ।
কাহার—১। শিবিকাবাহক জাতি বিঃ, বেহারা। ✓স্কন্ধাবার। বি। ২। কোন্ ব্যক্তির, কোন্ লোকের। বাংপ্র। সর্ব।
কাহারবা—সংগীতের তাল বিঃ। হি। বি।
কাহিনী—বিবরণ, গল্প; উপাখ্যান; প্রস্তাব। ✓হি 'কহানী'। বি। [পীড়িত। আ। বিণ।
কাহিল—দুর্বল, ক্ষীণ, কৃশ; তর্কে পরাস্ত;
কি—১। জিজ্ঞাসাবোধক শব্দ; আশ্চর্যজ্ঞাপক বা বিস্ময়ার্থক শব্দ। অ। ২। কোন্ জিনিস, কোন্ বিষয়। সর্ব। ৩। কোন্, কত, কেমন। ✓কিম্। বিণ বা ক্রি-বিণ।
কিংকর, কিঙ্কর—দাস, ভৃত্য; কর্মকার। কিম্—কৃ +অচ্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -রা (ভৃত্যা), -রী (ভৃত্যপত্নী)।
কিংকর্তব্য—কি করা উচিত বা আবশ্যক তাহা, করণীয় বিষয়। কিং (কি) কর্তব্য, সুপ্। বি; ক্লী।
কিংকর্তব্যবিমূঢ়—কর্তব্য নির্ণয়ে অক্ষম, কি করা উচিত বা আবশ্যক তাহা বুঝিতে অক্ষম, হতভম্ব। কিংকর্তব্যে বিমূঢ়, ৭মীতৎ। বিণ।
কিংকিণী—কিঙ্কিণী (তাহা দ্রঃ)।
কিংখাপ, কিংখাব—শিল্পখচিত বস্ত্র বিঃ, সোনালী জরির কাজ-করা রেশমী কাপড়। ✓ফা 'কম্-খোয়াব'। বি।
কিংবদন্তি, কিংবদন্তী—জনশ্রুতি; লোকাপবাদ। কিম্—বদ্+অন্তি (ঝিচ্) ভাব, বিকল্পে ঈপ্। বি; স্ত্রী। (অশুদ্ধপ্রয়োগে কিম্বদন্তি, -ন্তী।)
কিংবা—বা, অথবা; বিকল্প। কিম্+বা। অ।
কিংশুক—১। পলাশবৃক্ষ। বি; পুং। ২। পলাশ-ফুল। কিং শুক, সুপ্। বি; ক্লী।

কিঙ্কর—'কিংকর' দ্রঃ।
কিঙ্কিণী—ছোট ঘণ্টা; ঘুঙুর; কটিভূষণ। কিম্—কিণ+ণিচ্+অচ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
কিচকিচ, কিচকিচানি—অস্পষ্ট তীব্র শব্দ; কলহ, ঝগড়া; ইন্দুর ছুঁচা প্রভৃর শব্দ। বাংপ্র। অ।
কিচমিচ, কিচিরমিচির—ইঁদুর বানর পাখি ইঃর ডাকের মত শব্দ। বাংপ্র। অ।
কিছু—১। ঈষৎ, অল্প। বিণ। ২। কোন বস্তু বা কার্য। ∠কিঞ্চিৎ। সর্ব। ৩। অবশ্য ('সে কিছু এখন চাইছে না')। ∠কিঞ্চিৎ। ক্রি-বিণ।
কিছু-কিছু—১। অল্পস্বল্প। বিণ। ২। কোন বস্তু বা বিষয়। সর্ব।
কিঞ্চিৎ—অল্প, কিছু; কোন বস্তু। কিম্+চিৎ অল্পার্থে, অসাকল্যার্থে। অ।
কিঞ্চিৎকর—কিঞ্চিৎকার্যকর, সামান্যপ্রয়োজনসাধক। উপতৎ; কিঞ্চিৎ—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।
কিঞ্চিদধিক—কিছু বেশী। কিঞ্চিৎ অধিক, সুপ্। বিণ। [সুপ্। বিণ।
কিঞ্চিদূন—কিঞ্চিৎ ন্যূন, কিছু কম। কিঞ্চিৎ ঊন,
কিঞ্চিন্মাত্র—কিছুমাত্র, অল্পমাত্র। কিঞ্চিৎ মাত্রা যাহার, বহু। বিণ।
কিঞ্চিলিক, কিঞ্চুলক—কেঁচুয়া, কেঁচো। কিঞ্চিৎ—চুলুম্প+ডু কর্তৃ+কন্। বি; পুং।
কিঞ্জল, কিঞ্জল্ক—কেশর; পরাগ; পদ্মকেশর। কিম্—জল্+অন্ কর্তৃ; কিম্—জল্+ক্বিপ্ কর্তৃ+কণ্। বি; পুং। ∠কিট্ট। বিণ।
কিটকিটে—মলিন, তৈলাদিযোগে অতিশয় ময়লা।
কিড়মিড়, কিড়িমিড়ি, কিড়িরমিড়ির—দন্তের ঘর্ষণ-শব্দ, অব্যক্ত ধ্বনি বিঃ। বাংপ্র। অ।
কিড়া—পোকা। ∠কীট। বি।
কিণ—ঘর্ষণচিহ্ন; কড়া; কালশিটে; শুষ্ক ব্রণ; আঁচিল; কাঠের ঘুণ। কণ্+অচ্ কর্তৃ (নিপা)। বি; পুং।
কিণ্ব—খমির, খামি, leaven. বি; পুং বা ক্লী।
কিতব—বঞ্চক, শঠ, জুয়াড়ি। উপতৎ; কিত—বা+ক কর্তৃ। বিণ।
কিতা—জমির খণ্ড; শ্রেণী, সারি; ধাবা। আ। বি।
কিতাদুরুস্ত—সুব্যবস্থিত; প্রণালীসম্মত। কিতা (আ)+দুরুস্ত্ (ফা)। বিণ।
কিতাব—গ্রন্থ। আ। বি।
কিনা—১। হেতু সংশয় ও বিতর্কবাচক শব্দ। অ। ২। কেনা, ক্রয় করা। ক্রি। ৩। ক্রীত; বাংপ্র। বিণ।
কিনানো—কেনানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
কিনার, কিনারা—কূল; পার্শ্ব; প্রান্ত; উপায়, ব্যবস্থা, প্রতিকার; উদ্ধার। ∠ফা 'কনারহ্'। বি।
কিনারা করা—নিষ্পত্তি করা; ব্যবস্থা করা; সন্ধান করা; প্রতিকার করা।
কিন্তু—১। পরন্তু অথচ পূর্ব বিষয়ে অসুবিধা আপত্তি অসম্মতি বৈপরীত্য প্রঃ বোধক শব্দ। কিম্+তু (ভেদক)। অ। ২। দ্বিধাগ্রস্ত, কুণ্ঠিত। বিণ। ৩। সংকোচ, দ্বিধাবোধ। বাংপ্র। বি।
কিন্তু কিন্তু করা—দ্বিধা করা, সংকুচিত হওয়া।
কিন্তু হয়ে থাকা—সংকুচিত হইয়া থাকা।
কিন্নর—কিম্পুরুষ, অশ্ব ও মানুষের আকৃতিবিশিষ্ট দেবযোনি বিঃ, দেবলোকের গায়ক। কিম্ (কুৎসিত) নর, কর্মধা বা সুপ্। বি; পুং। স্ত্রী, -রী।
কিপটে—কৃপণস্বভাব। ∠কৃপণ। বিণ।
কিফায়ত—লাভ; ব্যয়লাঘব, অল্প খরচ। আ। বি।
কিবা—১। অথবা। ∠কিংবা। ২। পক্ষান্তরে; কি সুন্দর, কেমন। কপ্র। ৩। কি; কি যে; না জানি কি। কি (∠কিম্)+বা (অনিশ্চয়ে)। ৪। বিশেষ কি, অধিক কি ('তাকে আর কিবা জানাব')। কি (∠কিম্)+বা বিশেষ অর্থে। অ।
কিমতে—কিপ্রকারে। বাংপ্র। ক্রি-বিণ।
কিমাকার—কি আকারের, কিরূপ; কুৎসিত আকৃতি-যুক্ত। কিম্ আকার যাহার, বহু। বিণ।
কিমিতি—রসায়নশাস্ত্র, chemistry. বি। বিণ—**কৈমিতিক**।
কিমিয়া—প্রাচীন রসায়নবিদ্যা, alchemy. আ। বি।
কিম্পুরুষ, কিম্পূরুষ—কিন্নর; জম্বুদ্বীপের নব-খণ্ডের একখণ্ড। কিং (কুৎসিত) পুরুষ, পুরুষ, কর্মধা বা সুপ্। বি; পুং।
কিম্ভূত—কি প্রকার। কিম্—ভূ+ক্ত কর্তৃ। বিণ।
কিম্ভূতকিমাকার—অদ্ভুত; অস্বাভাবিক; কুৎসিত। বাংপ্র। বিণ।
কিম্মত—সার; উৎকর্ষ; মূল্য। ∠আ 'কীমৎ'। বি।
কিয়ৎ—কি-পরিমাণ, কত; কিছু। কিম্+বতুপ্ পরিমাণার্থে (নিপা)। বিণ; ক্লী। পুং—**কিয়ান্**। স্ত্রী—**কিয়তী**।
কিয়দ্দিন, কিয়দ্দিবস—কতদিন, কিছুদিন, কিছু-কাল। কর্মধা। বি; ক্লী, পুং বা ক্লী।
কিয়দ্দূর—কিছুদূর। কর্মধা। বি; ক্লী।
কিয়া—প্রতিফল ("আমারে যেমন মারিলি তেমন পাইবি তাহার কিয়া।"—ভারত)। ∠ক্রিয়া। বি।
কিয়ামত—সমাধি হইতে উত্থান; শেষ বিচারের দিন; মহাপ্রলয়ের দিন। আ। বি।
কিয়ারি, কেয়ারি—বাগানের ছোট ছোট গাছের ডাল-পাতা কাটিয়া সাজানো; ঐরূপ সাজানো গাছের বেড়া। ∠কেদারিকা। বি।
কিয়ে—কিজন্য, কেন; কি; কেমন; বিতর্কবাচক শব্দ; অথবা ("নৌতুন তমাল কিয়ে"—শশি)। প্রা কপ্র। অ।
কিরকির—বালির মত বোধ হওয়া। বাংপ্র। অ।
কিরকিরে—বালির মত; খরখরে; দানাদার। বাংপ্র। বিণ।
কিরঘিজ—মধ্য-এশিয়াব তৃণময় অঞ্চলের অধিবাসী মঙ্গোলীয় জাতি বিঃ। তু। বি।
কিরণ—১। অংশু, চন্দ্র ও সূর্যের রশ্মি। কৄ+অন (ক্যু) কর্ম। ২। সূর্য। কৄ+অন (ক্যু) কর্তৃ। বি; পুং।
কিরণজাল—রশ্মিসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কিরণপাত—রশ্মিসম্পাত; রশ্মিবিকিরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কিরণময়—আলোকময়; আলোকাত্মক। কিরণ+ময়ট্ ব্যাপ্ত্যর্থে, স্বরূপার্থে। বিণ। স্ত্রী, -য়ী।
কিরণমালা—রশ্মিসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কিরণমালী (-মালিন্)—সূর্য। কিরণমালা+ইন্ আছে অর্থে। বি; পুং।
কিরণসম্পাত—আলোকপাত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কিরণ্ময়ী—জ্যোতির্ময়ী। 'হিরণ্ময়ীর' অনুকরণে গঠিত। বিণ; স্ত্রী।
কিরা—দিব্য, শপথ। হি-মু। বি।
কিরাত—চণ্ডাল জাতি বিঃ; ব্যাধ। কির—অত্+অচ্ কর্তৃ। বি; পুং।
কিরিচ—বক্রাগ্র প্রকাণ্ড ছুরি। <পো 'cris'. বি।
কিরিয়া—শপথ, দিব্য। হি-মু। বি।
কিরীট—মুকুট, শিরোবেষ্টন। কৄ+কীটন্ কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং বা ক্লী।
কিরীটী (-টিন্)—১। অর্জুন; নৃপতি। বি; পুং। ২। কিরীটধারী। কিরীট+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -টিনী।
কিরূপ—কেমন। বহু (বাংপ্র)। বিণ।
কিরে—১। শপথ, দিব্য। হি-মু। বি। ২। জিজ্ঞাসা-বোধক বা বিস্ময়জ্ঞাপক শব্দদ্বয়। কি+রে। বাংপ্র। অ।
কিল—মুষ্টি; মুষ্টিপ্রহার, ঘুষি। বাংপ্র। বি। **কিল চুরি করা**—অপমান হজম করা, অপমান গোপন করা।
কিলকিঞ্চিত—নায়িকার ভাব বিঃ, গর্ব অভিলাষ রোদন হাস্য ভয় ইঃ ভাবের এককালে আবির্ভাব। বি: ক্লী।
কিলকিল—বানরাদির শব্দ; হর্ষধ্বনি: অব্যক্ত শব্দ; কৃমিকীট বা মৎস্যাদির একত্র সমবেত হওয়ার ভাব-প্রকাশক শব্দ। বাংপ্র। অ। গতি। বাংপ্র। অ।
কিলবিল—সাপ প্রঃর দেহ-সঞ্চালনসূচক আঁকাবাঁকা
কিলাকিলি—ঘুষাঘুষি। ব্যতিহার বহু। বাংপ্র। বি।
কিলানো, কিলনো—কিল মারা, ঘুষি মারা। বাংপ্র। ক্রি [, বি]।
কিল্লা, কেল্লা—দুর্গ, গড়; দুর্গমস্থান। আ। বি।
কিল্লাদার—দুর্গরক্ষক। আ-মু। বি।
কিল্বিষ—পাপ: রোগ; দোষ; সংসার। কিল্+বিষ কর্তৃ। বি; ক্লী।
কিশমিশ—শুষ্ক বীজহীন ছোট আঙ্গুর। ফা। বি।
কিশল, কিশলয়, কিসল, কিসলয়—নবপল্লব, নূতন পাতা: নবপল্লবযুক্ত ক্ষুদ্র শাখা। কিম্—শল্, সল্+অচ্, কয়ন্ কর্তৃ (নিপা)। বি; পুং বা ক্লী।
কিশোর—১। শিশু, বালক; অপ্রাপ্তবয়স্ক, এগার হইতে পনর বৎসর পর্যন্ত বয়স্ক নবযুবা। বিণ। স্ত্রী, -রী। ২। নবযুবা; এগার হইতে পনর বৎসর বয়স্ক ব্যক্তি; শ্রীকৃষ্ণ। কিম্—শৄ+ওরন্ কর্তৃ। বি; পুং।
কিশোরী—১। বালিকা, অপ্রাপ্তযৌবনা, একাদশ হইতে পঞ্চদশবর্ষীয়া। বিণ; স্ত্রী। ২। রাধিকা। কিশোর+ঈপ্। বি; স্ত্রী।
কিষাণ—চাষী, কৃষক। <কৃষাণ। বি।
কিসম, কিসিম—রকম। <আ 'কিস্ম্'। বি।
কিসমত—অদৃষ্ট, ভাগ্য। আ। বি।
কিসল, কিসলয়—'কিশল' দ্রঃ।
কিসে—কি হইতে; কোন্ উপায়ে; কোন্ বিষয়ে; কাহার মধ্যে। বাংপ্র। বি বা অ।
কিস্তি—১। আংশিকভাবে খাজনা দিবার নির্দিষ্ট সময়; আংশিকভাবে ঋণ-পরিশোধের নিরূপিত সময়। <আ 'কিস্ত্'। ২। বাণিজ্যদ্রব্যপূর্ণ নৌকা। <ফা 'কশ্তী'। ৩। (দাবাখেলায়) কোন বল দ্বারা বিপক্ষের রাজাকে আক্রমণ। <ফা 'কিশ্ত্'। বি।
কিস্তিখেলাপ—কিস্তিমত টাকা পরিশোধ না দেওয়া। ৬ষ্ঠীতৎ (আ-মু)। বি।
কিস্তিবন্দী—বিভিন্ন কিস্তিতে বা নিরূপিত সময়ে দেয় অর্থ পরিশোধ করিবার অঙ্গীকার; এইরূপ অঙ্গীকারসূচক খত বা পত্র। আ-মু। বি।
কিস্তিমাত—(দাবাখেলায়) বিপক্ষ দ্বারা আক্রান্ত রাজার অন্য চাল না থাকা; প্রতিপক্ষের সর্বনাশ-পূর্বক নিজের সম্পূর্ণ ইর্ষাসিদ্ধি; সম্পূর্ণরূপে জয়লাভ। আ-মু। বি।
কী—কোন্ বিষয় বা জিনিস; কোন্। <কিম্। সর্ব; বিণ। ['কি' ও 'কী'র পার্থক্যঃ=কি—অব্যয়। যেমন—তুমি খাইবে কি (Will you eat)? কী=সর্বনাম। যেমন—তুমি কী খাইবে (What will you eat)? তুমি কী জিনিস খাইবে (What thing will you eat)? এখানে 'কী' সর্বনাম-বিশেষণ। তাহা ছাড়া বিস্ময় বিরক্তি ভয় ইঃতে জোর দিতে হইলে 'কী' লেখা হয়। যেমন—কী ভয়ানক, কী চমৎকার ইঃ। তবে সাধারণতঃ সকল স্থানেই 'কি' ব্যবহার করা হয়। কেহ কেহ শুধু জোর দিতে হইলে 'কী' লেখেন। রবীন্দ্রনাথ 'কি' ও 'কী'র পার্থক্য বজায় রাখিয়া চলিতেন—'গগনে গগনে আপনার মনে কী খেলা তব?' 'কী তোমারে দিব আনি?' 'সে কি আজ দিল ধরা?' প্রাচীন কবিদিগের ভাষায় 'কী'র যথেষ্ট প্রয়োগ দেখা যায়—'কী ফল অম্বরে হিমঋতুরাতি।' —গোবিন্দ। 'কী কহ কইসে উপজিল নেহ॥'—বিদ্যা।]
কীচক—বাতাস লাগিয়া যে বাঁশ হইতে শব্দ বাহির হয়; তলতাবাঁশ; নলখাগড়া; বিরাটরাজের শ্যালক। কী—চক্+অচ্ কর্তৃ। বি; পুং।
কীট—১। কৃমি, পোকা; মাগধজাতি। বি; পুং। ২। অতি নগণ্য, অতি অধম (বিনয়ে)। কীট্+অচ্ কর্তৃ। বিণ। **কীটস্য কীট**—একান্ত নগণ্য ব্যক্তি।
কীটঘ্ন—কীটনাশক। উপতৎ; কীট—হন্+টক্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ঘ্নী।

কীটজ—১। রেশম। বি; স্ত্রী। ২। কীট হইতে উদ্ভূত। উপতৎ; কীট—জন্+ড কর্তৃ। বিণ।
কীটদষ্ট—পোকায় খাওয়া। ৩য়াতৎ। বিণ।
কীটপতঙ্গ—পোকামাকড়। দ্বন্দ্ব। বি; পুং।
কীটপোষ—গুটিপোকার চাষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কীটাণু—চক্ষুর অগোচর অতি ক্ষুদ্র কীট। কীটমধ্যে অণু, ৭মীতৎ। বি; পুং।
কীটাণুকীট—ক্ষুদ্রতম কীট; অতি নগণ্য ব্যক্তি। কীটের অণুকীট, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কীড়া—কীট। হি-মু। বি।
কীদৃশ—কিপ্রকার, কেমন। কিম্—দৃশ্+কঞ্ কর্ম। বিণ। স্ত্রী, -শী। [ক্ত কর্ম। বিণ।
কীর্ণ—বিক্ষিপ্ত; ব্যাপ্ত; আকীর্ণ; নিহিত। কৄ+
কীর্তক—কীর্তনকারী; উল্লেখক। কৄত্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—কীর্তিকা।
কীর্তন—১। বর্ণন, কথন; গুণ-কথন; যশঃখ্যাপন। কৄত্+অনট্ ভাব। ২। কৃষ্ণলীলাবিষয়ক সংগীত বিঃ; যশঃ। কৄত্+অনট্ কর্ম। বি; ক্লী।
কীর্তনিয়া, কীর্তনে—কীর্তন-গায়ক। কীর্তন+ইয়া, এ গায়ক অর্থে (বাংপ্র)। বি বা বিণ।
কীর্তনীয়—বর্ণনীয়, কথনীয়; গণনীয়। কৄত্+অনীয় কর্ম। বিণ।
কীর্তি—১। যশঃ; মৃত ব্যক্তির খ্যাতি; প্রসাদ। কৄত্+ক্তি ভাব। ২। সুখ্যাতিজনক কার্য বা বস্তু। কৄত্+ক্তি করণ। বি; স্ত্রী।
কীর্তিকলাপ—খ্যাতিকর কার্যসমূহ; নানারূপ সুখ্যাতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কীর্তিত—উক্ত; বর্ণিত; খ্যাত; নির্দিষ্ট। কৄত+ক্ত কর্ম। বিণ।
কীর্তিনাশ—কীর্তির ধ্বংস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কীর্তিনাশা—কীর্তিনাশকারিণী পদ্মানদী। কীর্তি নাশ করিয়াছে যে, উপতৎ (বাংপ্র)। বি; স্ত্রী।
কীর্তিবাস—পরমযশস্বী। কীর্তির বাস (আধার), ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বিণ।
কীর্তিমান (-মৎ)—যশস্বী। কীর্তি+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -মতী।
কীর্তিস্তম্ভ—ঘটনা বিশেষ স্মরণার্থে অথবা কোন সাধু বা প্রধান ব্যক্তির নাম চিরস্মরণীয় করিবার নিমিত্ত নির্মিত স্তম্ভাদি, monument. কীর্তি-সূচক স্তম্ভ, মধ্যপ। বি; পুং।
কীল—১। হুড়কা, খিল; গোঁজ, খোঁটা; কনুই; মুষ্ট্যাঘাত; ব্রণের অবস্থান বিঃ; লেশ। কীল্+ঘঞ্ করণ। ২। মুষ্টি, ঘুষি। বাংপ্র। বি।
কীলক—খোঁটা; গোঁজ; খিল; গজাল, পেরেক; দোহনার্থ বন্ধনস্তম্ভ। কীল+কন্ স্বার্থে। বি; পুং।
কু—১। পৃথিবী; ভূমি; (কোন মতে) আগম নিগম প্রঃ বিষয়ক কথা। বি; স্ত্রী। ২। পাপ; দোষ; অমঙ্গল; নিন্দা; ঈষৎ; নিবারণ। অ। ৩। কুৎসিত, মন্দ; অনুচিত; কুটিল; দুর্লভ; অশুভ। কু+ডু কর্তৃ। বিণ।
কুইনাইন, কুইনীন—সিঙ্কোনাবৃক্ষ-ত্বক্ হইতে প্রস্তুত একপ্রকার জ্বরঘ্ন ঔষধ। <ইং 'quinine'. বি।
কু-উ—কুহূধ্বনি, কোকিলের শব্দ। বাংপ্র। অ।
কুঁই, কুঁইকুঁই—কুকুরের ছানার ডাক; চাপা আর্ত-নাদ। বাংপ্র। বি।
কুঁকড়া—মোরগ বা মুরগী। <কুক্কুট। বি।
কুঁকড়ানো, কুঁকড়নো—সংকোচন, জড়সড় হওয়া; কুণ্ঠিত হওয়া। <কুঞ্চ্-ধাতু। ক্রি [, বি, বিণ]।
কুঁকড়ি—সংকুচিত; লজ্জিত। বাংপ্র। বিণ।
কুঁকড়ি-সুকড়ি—অতি সংকুচিত; অতিশয় লজ্জিত। বাংপ্র। বিণ।
কুঁচ—কৃষ্ণবিন্দুযুক্ত রক্তবর্ণ বীজ বিঃ; গুঞ্জাপরিমাণ। <গুঞ্জা বা কুঞ্চিকা। বি।
কুঁচকনো, কুঁচকানো—কোঁচকানো (তাহা দ্রঃ)।
কুঁচকি—উরু-সন্ধিস্থান; বস্তি এবং উরুর সংযোগ-স্থল; উরুস্থানে জাত স্ফীতিরোগ; বাগি। বাংপ্র। বি।
কুঁচা—ছোট টুকরা। বাংপ্র। বি বা বিণ। **কুঁচা নৈবেদ্য**—ফল কুঁচাইয়া সাজানো পূজার নৈবেদ্য।
কুঁচাকাঁচা—খুব ছোট ছোট ছেলেমেয়ে। বাংপ্র। বি।
কুঁচানো, কুঁচনো—কুঞ্চিত করা; কোঁকড়ানো; ছোট ছোট করিয়া কাটা। <কুন্চ্ ধাতু। ক্রি [, বি, বিণ]।
কুঁচি—ক্ষুদ্রকাষ্ঠখণ্ড; মার্জনী, ঝাঁটা বিঃ; মুড়ি প্রঃ ভাজিবার জন্য সম্মিলিত কাষ্ঠিকাসমূহ; শূকের ইত্যাদির শক্ত লোম; বুরুশ। <কুঞ্চিকা। বি।
কুঁচিলা, কুচিলা—একপ্রকার বিষাক্ত গাছ। বাংপ্র। বি।
কুঁচে—সর্পের ন্যায় আকারবিশিষ্ট একপ্রকার মাছ। <কুচিকা। বি।
কুঁজ—১। পৃষ্ঠের বক্রতা। বি। ২। যাহার পৃষ্ঠ বক্র এরূপ। <কুব্জ। বিণ।
কুঁজড়া, কুঁজড়ো—কুটিল; খল; দুর্দান্ত; বিবাদ-প্রিয়। বাংপ্র। বিণ। বি, -পনা, -মি।
কুঁজা, কুঁজো—১। জলপাত্র বিঃ। ফা। বি। ২। কুব্জ-দেহ। <কুব্জ। বিণ।
কুঁজি, কুঁজিকাঠি—চাবি। বাংপ্র। বি।
কুঁজী—১। পিঠে কুঁজযুক্তা। <কুব্জা। বিণ; স্ত্রী। ২। চাবি। <কুঞ্চী। বি।
কুঁজো—'কুজা' দ্রঃ।
কুঁড়া, কুঁড়ো—তুষকণা; তুষের ক্ষুদ্রাংশ; পেষণপাত্র। <কণ্ডন। বি।
কুঁড়াজালি, কুঁড়োজালি—মাছ ধরার ছোট জাল বিঃ; বৈষ্ণবদের জপমালার থলি। বাংপ্র। বি।
কুঁড়ি—কলিকা, মুকুল। <কুট্মল। বি।
কুঁড়ে—১। পর্ণশালা। <কুটীর। বি। ২। অলস। <কুণ্ঠ। বিণ।
কুঁতানো—কোঁত দেওয়া; কোঁত পাড়া; কষ্টসাধ্য কাজে অপারগ হওয়া। <কুন্থন। ক্রি [, বি]।
কুঁদ—সূত্রধরের যন্ত্র বিঃ; পুষ্প বিঃ। <কুন্দ। বি। [<কুন্দন। বি।
কুঁদন—১। লম্ফন। <কূর্দন। ২। কোঁদা।

কুঁদা—১। লাফানো। <কুর্দন। ক্রি। ২। কুঁদযন্ত্রে কাঠ পালিশ করা বা তাহাকে সাজানো। <কুন্দন। ক্রি [, বি]। [**কুঁদ্‌লে**।
কুঁদ্‌লী—ঝগড়াটে। বাংপ্র। বিণ; স্ত্রী। পুং—
কুঁদো—গুঁড়ি; বন্দুক প্রভৃতির কাষ্ঠময় অংশ বা বাঁট; কলসাকারে জমানো একপ্রকার মিছরী। <স্কন্ধ। বি।
কুকথা—১। কুবাক্য। কুৎসিত কথা, নিত্য। ২। ভুবনের কথা; আগম-নিগমাদি বাক্য ("কুকথায় পঞ্চমুখ কণ্ঠভরা বিষ"—ভারত। এখানে উভয় অর্থ সংগত)। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কুকরী—ক্ষুদ্র অস্ত্র বিঃ ভোজালি। বি।
কুকর্ম (-কর্মন্)—পাপকার্য; মন্দ কাজ। কুৎসিত কর্ম, নিত্য। বি; ক্লী।
কুকর্মা (-কর্মন্)—সতত মন্দকর্মকারী। কু কর্ম যাহার, বহু। বিণ। ৩য়াতৎ। বিণ।
কুকর্মান্বিত—কুক্রিয়াসক্ত। কুকর্ম দ্বারা অন্বিত,
কুকর্মী (-কর্মিন্)—কুকার্যে লিপ্ত, অত্যন্ত কুকার্যকারী। কুকর্মন্+ইন্ যন্ত্বার্থে। বিণ।
কুকশিমা, -সিমা—কুকুর-শোঁকা গাছ। বাংপ্র। বি।
কুকার্য—অসৎ কার্য, মন্দ কাজ। কুৎসিত কার্য, নিত্য। বি; ক্লী।
কুকুড়া—মুরগী। <কুক্কুট। বি।
কুকুন্দর—নিতম্বের উপরিস্থ আবর্তাকার গর্তদ্বয়। কু কুন্দর যাহাতে, বহু। বি; পুং।
কুকুর—সারমেয়, কুত্তা। কুক্+উরচ্ কর্তৃ। বি; পুং।
কুকুরকুণ্ডলী—১। কুকুরের শয়নের মত কুণ্ডলিত; কুকড়িসুকড়ি। বিণ। ২। পিঠের শিরদাঁড়া ধনুকের মত বাঁকাইয়া পায়ে মুখে হইয়া শয়ন। বহু (বাংপ্র)। বি।
কুকুরনেজা, -লেজা, -ছাঁড়—কুকুরের লেজের ন্যায় ফুলবিশিষ্ট একপ্রকার ছোট গাছ। বাংপ্র। বি।
কুকুরমণ্ডল—নক্ষত্রপুঞ্জ বিঃ [ইহা ক্ষুদ্র (Canis Minor) ও বৃহৎ (Canis Major) এই দুই ভাগে বিভক্ত]। মধ্যপ। বি।
কুকুরমাছি—তীব্রদংশনবিশিষ্ট একপ্রকার বড় মাছি। কুকুরের ন্যায় মাছি, মধ্যপ (বাংপ্র)। বি।
কুকুরমুখো—কুকুরের মুখাকৃতিবিশিষ্ট; গালি বিঃ। বাংপ্র। বিণ বা বি।
কুকুরশোঁকা—কুকশিমা গাছ। ৩য়াতৎ। বাংপ্র। বি।
কুকুরে—অল্প, সচেতন ('—ঘুম'); ভীষণ ('—গোঁ')। কুকুর+এ (<ইয়া) সদৃশার্থে। বিণ।
কুক্কুট, কুক্কুটক—মোরগ; বন্যকুক্কুট; অগ্নিস্ফুলিঙ্গ। ক—কুট্+ক কর্তৃ (ক-আগম), পক্ষে কন্ স্বার্থে। বি; পুং।
কুক্কুর—কুকুর; কুত্তা। কুক্+উরচ্ কর্তৃ (ক-আগম)। বি; পুং। স্ত্রী, -রী।
কুক্রিয়—মন্দকর্মকারক। কু ক্রিয়া যাহার, বহু। বিণ।
কুক্রিয়া—মন্দ কার্য। কুৎসিত ক্রিয়া, নিত্য। বি; স্ত্রী।
কুক্রিয়াসক্ত, -ন্বিত—মন্দ কার্যে ব্যাপৃত বা রত। ৭মীতৎ, ৩য়াতৎ। বিণ।
কুক্ষণ—মন্দসময়। কুৎসিত ক্ষণ, নিত্য। বি; পুং।
কুক্ষি—গর্ভ, কোঁক; উদরের বাম এবং দক্ষিণপার্শ্ব; অভ্যন্তর-স্থান; গুহা। কুষ্+ক্সি কর্তৃ। বি; পুং।
কুক্ষিগত—উদরপ্রবিষ্ট। ২য়াতৎ। বিণ।
কুক্ষিম্ভরি—পেটুক, উদরপূর্ণকারী। উপতৎ; কুক্ষি—ভৃ+ই কর্তৃ। বিণ।
কুক্ষিশূল—সুশ্রুতোক্ত শূলরোগ বিঃ; পেটবেদনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কুখ্যাত—যাহার সম্বন্ধে দুর্নাম আছে এমন; মন্দ বলিয়া সকলের জানা। নিত্য। বিণ।
কুখ্যাতি—অখ্যাতি, নিন্দা। কুৎসিত খ্যাতি, নিত্য। বি; স্ত্রী। [পুং।
কুগ্রহ—সৌভাগ্যনাশক গ্রহ। কুৎসিত গ্রহ, নিত্য। বি;
কুঙ্কুম—জাফরান; কুসুমফুল। কুক্+উমক্ কর্ম (নিপা)। বি; ক্লী।
কুচ—১। স্তন। কুচ্+ক কর্তৃ। বি; পুং। ২। শৃঙ্খলার সহিত সৈন্যদিগের যুদ্ধার্থ যাত্রা। ফা। বি। ৩। এক কোপে কাটিয়া ফেলার শব্দ। বাংপ্র। অ।
কুচকাওয়াজ—সৈন্যদিগের অভ্যাসার্থ কৃত্রিম যুদ্ধ, parade. কুচ (ফা)+কাবাইদ (আ)। বি।
কুচকাচা—টুকরাটাকরা, ছোট; ছেলেমেয়েদের ছোট ছোট জিনিস; কাচ্চাবাচ্চা। বাংপ্র। বি।
কুচকুচ—উজ্জ্বল কাল রঙের ভাবপ্রকাশ। বাংপ্র। অ।
কুচকুচে—চকচকে ও গাঢ়। বাংপ্র। বিণ।
কুচক্করে—ষড়যন্ত্রকারী; কুটিল; দুষ্টপ্রকৃতি। কু-চক্কর (<কুচক্র)+এ (<ইয়া) লিপ্ত অর্থে। বিণ। কুৎসিত চক্র, নিত্য। বি; ক্লী।
কুচক্র—চক্রান্ত, অনেকে মিলিয়া ষড়যন্ত্র করা।
কুচক্রী (-ক্রিন্)—চক্রান্তকারী; সকলকে কুমন্ত্রণা-দানকারী। কুচক্র+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -ক্রিণী।
কুচনো—কুচানো (তাহা দ্রঃ)।
কুচন্দন—রক্তচন্দন; কুঙ্কুম; বকম গাছ। কু চন্দন, নিত্য। বি; ক্লী।
কুচরিত্র—১। মন্দ আচরণ, দুঃশীলতা। নিত্য। বি; ক্লী। ২। দুশ্চরিত্র; মন্দ আচরণকারী; অসাধু। বহু। বিণ।
কুচল—১। টুকরা; ক্ষুদ্র; ক্ষুদ্র শস্য। বি। ২। দুর্গম; পঙ্কিল। বাংপ্র। বিণ। [ক্লী।
কুচাগ্র—স্তনের বোঁটা। কুচের অগ্র, ৬ষ্ঠীতৎ। বি;
কুচানো—ছোট ছোট করিয়া কাটা, টুকরা টুকরা করিয়া ফেলা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
কুচি—১। ক্ষুদ্র খণ্ড, ছোট টুকরা। বি। ২। ক্ষুদ্র, সামান্য। বাংপ্র। বিণ।
কুচিকিৎসক—মন্দচিকিৎসক। নিত্য। বি; পুং।
কুচিকিৎসা—মন্দচিকিৎসা। নিত্য। বি; স্ত্রী।
কুচিন্তা—দুর্ভাবনা; অসৎ বিষয়ের চিন্তা। নিত্য। বি; স্ত্রী।

কুঁচলা—'কুঁচিলা' দ্রঃ। বি।

কুচুটে, কুচুন্ডে—কুটিল; কষ্টদায়ক; হিংসুটে; কুৎসিত; ঝগড়াটে। বাংপ্র। বিণ।

কুচুৎ—ছোট জিনিস কাটিবার শব্দ (শব্দ জোর হইলে 'কচাৎ')। বাংপ্র। অ।

কুচুরমুচুর—কচমচে জিনিস চিবাইবার শব্দ। বাংপ্র। অ।

কুচোকাচা—কুচকাচা (তাহা দ্রঃ)।

কুচ্ছা—নিন্দা, অপবাদ। <কুৎসা। বি।

কুচ্ছিত—কুরূপ; বিশ্রী; অশ্লীল। <কুৎসিত। বিণ। [পুং।

কুজ—মঙ্গলগ্রহ। উপতৎ; কু—জন্+ড কর্তৃ। বি;

কুজন—দুর্জন, দুষ্ট লোক। নিত্য। বি; পুং।

কুজ্ঝটি, -টিকা, -টী—কুহেলিকা, কুয়াশা। ক—উৎ—ঝট্+ইন্ কর্তৃ সংজ্ঞার্থে; ২য় পক্ষে কন্ স্বার্থে +আপ্; ৩য় পক্ষে কুজ্ঝটি+ঈপ্। বি; স্ত্রী।

কুঞ্চন—সংকোচকরণ; বক্রকরণ; অনাদর; নেত্ররোগ বিঃ। কুন্চ্+অনট্ ভাব। বি; ক্লী।

কুঞ্চি, কুঞ্চী—খুঁচি; তণ্ডুলাদি মাপিবার পাত্র; চাবি। কুন্চ্+ই কর্তৃ, ২য় পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

কুঞ্চিকা—কুঁচ; কঞ্চি; চাবি; নির্ঘণ্ট। কুন্চ্+ণক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

কুঞ্চিত—বক্রীকৃত, নম্রীকৃত; কোঁকড়ানো; সংকুচিত; অনাদৃত। কুন্চ্+ক্ত কর্ম। বিণ।

কুঞ্জ—১। লতাগৃহ, লতাদি দ্বারা আচ্ছাদিত গৃহাকার স্থান; হস্তিদন্ত। উপতৎ; কু—জন্+ড কর্তৃ (নিপা)। বি; পুং বা ক্লী। ২। বস্ত্রাদির কলকা। বাংপ্র। বি।

কুঞ্জকানন, -বন—লতাপত্রাচ্ছাদিত গৃহাকার স্থান। কর্মধা। বি; ক্লী।

কুঞ্জকুটীর—১। কুঞ্জবনস্থিত গৃহ। কুঞ্জস্থিত কুটীর, মধ্যপ। ২। কুঞ্জরূপ গৃহ, লতাগৃহ। রূপক। বি; ক্লী।

কুঞ্জদার—কলকাযুক্ত। বাংপ্র। বিণ।

কুঞ্জদ্বার—লতাগৃহের প্রবেশ-পথ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কুঞ্জবাটিকা, -বাটী—কুঞ্জকুটীর (তাহা দ্রঃ)। মধ্যপ বা রূপক। বি; স্ত্রী।

কুঞ্জর—হস্তী। কুঞ্জ+র আছে অর্থে। বি; পুং। স্ত্রী, **-রা, -রী**।

কূট—১। দুর্গ, গড়; পাথরভাঙ্গা হাতুড়ি; পর্বত; বৃক্ষ। কুট্+ক কর্তৃ। বি; পুং। ২। ঘট, কলসী। কুট্+ক ঘঞর্থে অধি। বি; পুং বা ক্লী। ৩। কুটিলতা। কুট্+ক ঘঞর্থে ভাব। বি; পুং। ৪। কুটিল; অসরল। কুট্+ক কর্তৃ। বিণ। ৫। তৃণ, খড়। বাংপ্র। ৬। কুষ্ঠরোগ। <কুষ্ঠ। বি। ৭। পিপীলিকাদি[illegible]টের দংশনজ্ঞাপক শব্দ। বাংপ্র। অ।

কুটকচালে—[illegible]লো, দুর্বোধ্য ('—বিষয়'); ঝগড়াপ্রিয়; বেয়াড়া। বাংপ্র। বিণ।

কুটকুট—পিপীলিকাদির দংশনের পুনঃপুনঃ শব্দ; চুলকানি। বাংপ্র। বি। **কুটকুট ক'রে লাগানো**—*কাহারও নিকট অতি গোপনে অপরের নিন্দা করা।*

কুটকুটনো, কুটকুটানো—সামান্য চুলকানো। বাংপ্র। ক্রি [, বি]।

কুটকুটানি, কুটকুটুনি—সামান্য চুলকানি; কোন বিষয় অসহ্য হওয়া; কোন কাজ করিবার অশোভন আগ্রহ। বাংপ্র। বি।

কুটকুটে—যাহাতে চুলকানি পায় এমন। বাংপ্র। বিণ।

কুটনা, কুটনো—১। রন্ধনের জন্য কোটা তরকারি। <কুট্টন। ২। নায়ক-নায়িকার গুপ্ত সংবাদবাহক, সুরতদূত; যে পরোক্ষে নিন্দা বা অভিযোগ করে। <কুট্টনী। বাংপ্র। বি।

কুটনী—যে নায়কনায়িকার মিলন সংঘটন করিয়া দেয়, সুরতদূতী; পরোক্ষে নিন্দাকারিণী বা অভিযোগকারিণী। <কুট্টনী। বি।

কুটনীগিরি, -পনা—ব্যভিচারের দৌত্য, কুটনীর কাজ। বাংপ্র। বি।

কুটপাট, -পাটি—হাস্য বা আহ্লাদে আটখানা; বিহ্বল। বাংপ্র। বিণ।

কুটা—১। তৃণখণ্ড; খড়। বি। ২। টুকরাটুকরা করিয়া কাটা; ধান ডাল প্রঃ তুষবিহীন করা; চূর্ণ করা; খণ্ডখণ্ড করা। <কুট্ট ধাতু। ক্রি [, বি, বিণ]।

কুটানো—ছোট ছোট করিয়া কাটানো; তুষবিহীন করানো; চূর্ণ কবানো; শিল প্রঃ কাটানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

কুটি—১। বৃক্ষ; দেহ; জল। কুট্+ইন্ কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং। ২। ক্ষুদ্র গৃহ, কুঁড়ে। কুট্+ইন্ অধি। বি; স্ত্রী। ৩। তৃণখণ্ড, কুটা। বাংপ্র। বি।

কুটিকুটি—১। বিহ্বল, গদগদ; টুকরাটুকরা। বিণ। ২। খণ্ডখণ্ড। বাংপ্র। বি।

কুটিনী—ব্যভিচারের দূতী। <কুট্টনী। বি; স্ত্রী। পুং—**কোটনা**।

কুটিপাটি—কুটপাট (তাহা দ্রঃ)। [পুং।

কুটির—পর্ণশালা, কুঁড়ে। কুটি+র অল্পার্থে। বি;

কুটিরশিল্প—দরিদ্র শিল্পীদের গৃহজাত হস্তনির্মিত দ্রব্য, cottage industry. মধ্যপ। বি; ক্লী।

কুটিল—বক্র; অসরল; ক্রূর; শঠ; ভঙ্গুর। কুটি+ল আছে অর্থে। বিণ।

কুটিলগামী (-মিন্)—বক্রভাবে গমনকারী। কুটিল—গম্+ণিন্ কর্তৃ। বিণ; পুং। স্ত্রী, **-গামিনী**।

কুটিলচিত্ত—যাহার মন সরল নহে এমন; অসরল। বহু। বিণ। [বি।

কুটিলতা—অসরলতা; কপটতা। কুটিল+তা ভাবে।

কুটী—১। বাটী; কুঁড়ে ঘর। কুট্+ইন্ অধি+ঈপ্। ২। কুট্টনী। কুট্+ক কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী। ৩। কুটা, তৃণখণ্ড। বাংপ্র। বি।

কুটীর—পর্ণশালা, কুঁড়ে ঘর; বাসস্থান। কুটী+ঈরন্ অল্পার্থে। বি; পুং।

[illegible]—[illegible]ীয়স্বজন। <কুটুম্ব। বি।

কুটুমসা[illegible]গত—আত্মীয়স্বজন, নির্মান্ত্রত ও অনাহূত ব্যক্তিগণ। [illegible] (বাংপ্র)। বি।

কুটুম্ব—জ্ঞাতি, যাহার সহিত বংশসম্বন্ধ আছে এরূপ ব্যক্তি; পরিবার; পোষ্যবর্গ; যাহার সহিত বিবাহাদির সম্বন্ধ ঘটিয়াছে এরূপ ব্যক্তি; দ্বিতীয়-গৃহ; বান্ধব। কুটুম্ব্+অচ্ কর্ম। বি; পুং বা ক্লী।

কুটুম্বিতা—পারিবারিক সম্বন্ধ; কুটুম্ব-সম্বন্ধ-নিবন্ধন ব্যবহার। কুটুম্বিন্ (কুটুম্ব+ইন্)+তা ভাবে। বি; স্ত্রী।

কুটুম্বিনী—১। কুটুম্ববিশিষ্টা। বিণ; স্ত্রী। ২। পতিপুত্র-দুহিত্রাদিবিশিষ্টা স্ত্রী, গৃহিণী। কুটুম্ব+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। ৩। মেয়ে কুটুম্ব, আত্মীয়া। বাংপ্র। বি; স্ত্রী।

কুটুরকাটুর, -কুটুর—ইঁদুর প্রঃর সূক্ষ্ম দন্তদ্বারা কাষ্ঠাদি ছেদনের শব্দ। বাংপ্র। অ।

কুটে—কুষ্ঠরোগগ্রস্ত। কুট+এ (<ইয়া)। বিণ।

কুটো—কুটি, তৃণখণ্ড; টুকরা। বাংপ্র। বি।

কুট্টক—১। ছেদক। বিণ। স্ত্রী—**কুট্টিকা**। ২। লীলাবতী প্রঃ গণিতশাস্ত্রে প্রসিদ্ধ অঙ্ক বিঃ। কুট্ট+ণক কর্তৃ। বি; পুং।

কুট্টন—কাটা; খোঁড়া; কুটিয়া ফেলা; দূষণ। কুট্ট্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**কুট্টিত**।

কুট্টনী—দূতী, যে স্ত্রী মধ্যবর্তিনী হইয়া স্ত্রী-পুরুষের ব্যভিচার সংঘটন করিয়া দেয় সে, কুটনী; হাতি ভুলাইয়া ধরিবার জন্য মেয়ে হাতি। কুট্ট+অনট্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

কুট্টমিত—নায়িকার বিলাস বিঃ; নায়কের কার্যে মনে মনে প্রীত হইলেও বাহিরে ক্রোধ ও বিরক্তির ভান। বি; ক্লী।

কুট্টিত—ছেদিত, খণ্ডীকৃত। কুট্ট+ক্ত কর্ম। বিণ।

কুট্টিম—রত্নের খনি; মসৃণভূমি; চাতাল; পাকা মেজে; দাড়িম্ব বৃক্ষ; কুটীর। কুট্ট+ইম কর্ম। বি; পুং বা ক্লী।

কুট্মল, কুড্মল—১। মুকুল, ফুলের কুঁড়ি। কুট্, কুড্+ক্মলচ্ কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং বা ক্লী।

কুঠ—রোগ বিঃ, leprosy. <কুষ্ঠ। বি।

কুঠরি—গৃহ; কামরা; ছোট ঘর; খোপ। বাংপ্র। বি।

কুঠার—১। কুড়ালি; বাইস; টাঙ্গি। উপতৎ; কুঠ—ঋ+অণ্ কর্তৃ। ২। বৃক্ষ। কুঠ+আরন্ কর্ম। বি; পুং।

কুঠারিকা, কুঠারী—কুড়ালি; বাইস; টাঙ্গি। কুঠার +কন্ স্বার্থে+আপ্ (অক-স্থানে ইক), কুঠার+ঈপ্। বি; স্ত্রী।

কুঠি—অট্টালিকা; বাণিজ্যালয়; কার্যালয়; কারখানা; বাংলো। <কোষ্ঠিকা। বি।

কুঠিয়াল—কুঠির অধিকারী বা অধ্যক্ষ; নীলকুঠির মালিক; নীলকুঠির উচ্চপদস্থ কর্মচারী; বণিক্, মহাজন। কুঠি+আল অধিকার অর্থে। বাংপ্র। বি।

কুঠে, কুঠিয়া—কুষ্ঠরোগগ্রস্ত। বাংপ্র। বিণ।

কুড়—১। কুষ্ঠবৃক্ষ; সুগন্ধ মূল বিঃ। <কুষ্ঠ। ২। বিঘা; রাশি; স্তূপ; জঞ্জাল ফেলিবার স্থান ('আস্তাকুড়')। বাংপ্র। বি।

কুড়কুড়—কুড়মুড় (তাহা দ্রঃ)।

কুড়চি—গাছ বিঃ। <কুটজ। বি।

কুড়নো—'কুড়ানো' দ্রঃ।

কুড়বা—কুড়া, বিঘা। <কুড়ব। বি।

কুড়মুড়—কড়াইমুড়ি প্রঃ চিবাইবার শব্দ। বাংপ্র। অ।

কুড়ানী, কুড়নী, কুড়ুনী—যে কুড়ায় এরূপ (স্ত্রী)। বাংপ্র। বিণ; স্ত্রী।

কুড়ানো, কুড়নো—১। বিক্ষিপ্ত বস্তু তুলিয়া লওয়া; সংগ্রহ করা; ঝাঁট দেওয়া। ক্রি [, বি]। ২। একত্রীকৃত, সংগৃহীত; পরিত্যক্ত। বাংপ্র। বিণ।

কুড়াল, কুড়ুল—পরশু, কুড়ালি। <কুঠার। বি।

কুড়ি—১। ২০-সংখ্যা; বিশ। বাংপ্র। বি বা বিণ। ২। কুঠ, মহাব্যাধি। <কুষ্ঠ। বি।

কুড়ে—অলস। বাংপ্র। বিণ।

কুড়েমি—আলস্য। কুড়ে+মি ভাবে (বাংপ্র)। বি।

কুড়ো—বিঘা। <কুড়। বি।

কুড্মল—'কুট্মল' দ্রঃ।

কুণ্ঠ—জড়, অলস; সংকুচিত; ব্যাহত; ভোঁতা, অকর্মণ্য; কাতর; মূর্খ। কুন্ঠ্+অচ্ কর্তৃ। বিণ।

কুণ্ঠা—১। সংকুচিতা, সলজ্জা, আড়ষ্টা। কুণ্ঠ+আপ্। বিণ; স্ত্রী। ২। অপ্রস্তুত ভাব, সংকোচ; বিমুখতা। কুন্ঠ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

কুণ্ঠিত—সংকুচিত, অপ্রস্তুত; কাতর; অক্ষম; বিমুখ; অনিচ্ছুক। কুন্ঠ্+ক্ত কর্তৃ। বিণ।

কুণ্ড—১। কূপ; জলপাত্র; দেবজলাশয়; চৌবাচ্চা; বৃত্তাকার পরিমাণপাত্র; ঘট; কলস; কমণ্ডলু। বি; পুং। ২। কোন বস্তু রাখিবার জন্য ভূমিতে যে গর্ত করা যায় তাহা, অগ্নিরক্ষার্থ ভূমিতে খাত গর্ত; পাকপাত্র; যজ্ঞের পাত্র বিঃ। কুন্ড্+ঘঞ্ অধি। বি; পুং বা ক্লী।

কুণ্ডল—কর্ণভূষণ; বলয়; পায়ের বেড়ি; বলয়াকৃতি বন্ধনী; গলার গলাসী; সমূহ। কুন্ড্+কলচ্ কর্ত। বি; ক্লী।

কুণ্ডলিনী—কুলকুণ্ডলিনী শক্তি, জন্মজন্মান্তরের ভাব অবলম্বনে জাত মহাতেজস্বিনী প্রেরণাশক্তি; জিলাপী; সর্পী। কুণ্ডলিন্+ঈপ্। বি; স্ত্রী।

কুণ্ডলী (-লিন্)—১। সর্প; ময়ূর; বরুণ; চিত্রমৃগ। বি; পুং। ২। কুণ্ডলধারী, কুণ্ডলবিশিষ্ট। কুণ্ডল+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-লিনী**।

কুণ্ডলী—কুণ্ডলের ন্যায় আকার, coil; সর্পের কুণ্ডলাকার বেষ্টনী বা বেড়। বাংপ্র। বি।

কুণ্ডলীকৃত—বলয়ীকৃত, কুণ্ডলাকারে জড়িত। কুণ্ডল+চ্বি অভূততদ্ভাবার্থে (=কুণ্ডলী)—কৃ+ক্ত কর্ম। বিণ।

কুণ্ডহাঁড়ি—প্রতিমার সম্মুখে স্থাপিত স্নানীয় জলের পাত্র। বাংপ্র। বি।

কুত—নৌকাদিতে যে-সব জিনিস লইয়া যাওয়া হয় তাহার উপর শুল্ক, toll; আনুমানিক পরিমাণ, আন্দাজী মাপ। হি। বি।
কুতঘর, -ঘাট, -ঘাটা—নদীর যে স্থানে নৌকাস্থিত দ্রব্যের পরিমাণ স্থির করিয়া শুল্ক আদায় করা হয় সেই স্থান। ৬ষ্ঠীতৎ (হি-মু)। বি।
কুতর্ক—যে তর্ক দ্বারা মীমাংসা হয় না; যুক্তিহীন তর্ক। নিত্য। বি; পুং।
কুতুক—কৌতূহল, ঔৎসুক্য; আনন্দ; কৌতুক। উপতৎ; কুত—কৈ+ক কর্তৃ (নিপা)। বি; ক্লী।
কুতুকী (-কিন্)—আনন্দিত; কৌতূহলযুক্ত। কুতুক+ইন্ আছে অর্থে। বিণ; পুং। স্ত্রী, **-কিনী**।
কুতূহল—১। ঔৎসুক্য; নায়ক-নায়িকার ভাব বিঃ। কুতূ—হল্+ক ঘঞর্থে ভাব। বি; ক্লী। ২। আশ্চর্যজনক; প্রশস্ত। কুতূ—হল্+অচ্ কর্তৃ। বিণ।
কুতূহলী (-হলিন্)—কুতূহলবিশিষ্ট; আনন্দিত; উৎসুক। কুতূহল+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-হলিনী**।
কুত্তা, কুত্তো—কুকুর। হি-মু। বি। স্ত্রী—**কুত্তী**।
কুত্র—কোথায়; কোন্ বিষয়ে। কিম্+ত্রল্ (সপ্তমী-স্থানে)। অ।
কুত্রাপি—কোন কোন স্থানে, কোথাও; কোন স্থানেই। কুত্র+অপি (ও)। অ।
কুৎসন—কুৎসা। কুৎস্+অনট্ ভাব। বি; ক্লী।
কুৎসা—আড়ালে নিন্দা; কলঙ্করটনা; দোষকীর্তন। কুৎস্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।
কুৎসাকারী (-কারিন্)—আড়ালে নিন্দাকারী; দোষ-কীর্তনকারী। উপতৎ; কুৎসা—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিণী**।
কুৎসিত—নিন্দিত, ঘৃণিত; দোষযুক্ত; বিশ্রী। কুৎস্+ক্ত কর্ম। বিণ।
কুদরত—মহিমা; বাহাদুরি; সামর্থ্য। আ। বি। বিণ—**কুদরতী**। [বি; পুং।
কুদাল—কোদালি। উপতৎ; কু—দল্+অণ্ কর্তৃ।
কুদিন—বাদলার দিন; তিথিনক্ষত্রাদির দোষযুক্ত দিন; দুর্ভাগ্যের দিন। কুৎসিত দিন, নিত্য। বি; ক্লী।
কুদৃষ্টি—কুনজর; নাস্তিকমত; মিথ্যা দৃষ্টি; মন্দ-দৃষ্টি। কুৎসিতা দৃষ্টি, নিত্য। বি; স্ত্রী।
কুদ্দাল—১। কোদাল। বি; ক্লী। ২। কাঞ্চন গাছ। কু—উৎ—দল্+অণ্ কর্তৃ (নিপা)। বি; পুং বা ক্লী।
কুনকী, কুনকে—যে পোষা হস্তিনীর সাহায্যে অন্য হস্তী ধরা হয়। <কুট্টনী। বি।
কুনজর—কুদৃষ্টি, বিরাগভাব; দুরভিসন্ধিপূর্ণ দৃষ্টি। নিত্য (বাংপ্র)। বি।
কুনাম (-নামন্)—দুর্নাম, নিন্দা; অসৎনাম। কুৎসিত নাম, নিত্য। বি; ক্লী।
কুনি—নখের ভিতরে প্রবিষ্ট বাঁকা নখ, নখের কোণে প্রদাহ। <কোণ। বি।
কুনিকা, কুনকে—রেকের এক-চতুর্থাংশ, ছোট রেক। <কুণ্ডী। বি।
কুনীতি—কুপ্রথা, কদাচার, অসদাচার। কুৎসিতা নীতি, নিত্য। বি; স্ত্রী।
কুনুই—কনুই। <কফোণি। বি।
কুনো—যে কোণে থাকিতে ভালবাসে এমন; নিঃসঙ্গতাপ্রিয়; সদা সংকুচিত; যে ঘর হইতে বাহির হইতে চায় না এমন; অন্যের সহিত আলাপে অনিচ্ছুক। বাংপ্র। বিণ।
কুনোবেঙ, -ব্যাঙ—যে ব্যাঙ ঘরের মধ্যে বাসা করিয়া থাকে বা থাকিতে ভালবাসে; ঘরকুনো লোক। কর্মধা (বাংপ্র)। বি।
কুন্ত—পক্ষবিশিষ্ট বাণ; প্রাস অস্ত্র; ভল্ল; গড়গড়ে ধান। কু—উন্দ্+অচ্ কর্তৃ। বি; পুং।
কুন্তল—কেশপাশ, চুল; পানপাত্র; যব; হস্ত; লাঙ্গল; ধ্রুবক তাল বিঃ। উপতৎ; কুন্ত—লা+ক কর্তৃ। বি; পুং। [(নিপা)। বি; স্ত্রী।
কুন্তি—পাণ্ডুপত্নী ও পাণ্ডবমাতা। কম+অন্তি
কুন্তী—পাণ্ডবমাতা। কুন্তি+ঈপ্। বি; স্ত্রী।
কুন্থন—যন্ত্রণাপ্রকাশ; কোঁথানো; কাতরানো। কুন্থ্+অনট্ ভাব। বি; ক্লী।
কুন্দ—১। কুঁদফুল। কু—উন্দ্+অচ্ কর্তৃ। বি; ক্লী। ২। কুঁদফুলের গাছ; করবীর বৃক্ষ; কুঁদের যন্ত্র, lathe. উপতৎ; কু—দৈ বা দো+ক কর্তৃ। বি; পুং।
কুন্দকার—যে কুঁদ যন্ত্রে কাজ করে বা তাহা ঘুরায়, turner. কুন্দ—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং।
কুন্দদতী—শুভ্রদন্তবিশিষ্টা যুবতী। কুন্দ সদৃশ দন্ত যাহার, বহু+ঈপ্। বি; স্ত্রী।
কুন্দদন্ত—১। কুন্দপুষ্পের ন্যায় শুভ্র দন্ত। কুন্দ-সদৃশ দন্ত, মধ্যপ। বি; পুং। ২। কুন্দপুষ্পের ন্যায় শুভ্র দন্তবিশিষ্ট। কুন্দসদৃশ দন্ত যাহার, বহু। বিণ। স্ত্রী, **-দন্তী, -দন্তা**।
কুপথ—জঘন্য পথ; অসৎ পথ; ভুল পথ; কুনীতি। কুৎসিত পন্থা, নিত্য (অচ্ সমাসান্ত)। বি; পুং।
কুপথগামী (-গামিন্)—যে কুপথে চলে এমন; অসচ্চরিত্র। উপতৎ; কুপথ—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী**।
কুপথ্য—অহিতকর পথ্য, রোগীর পক্ষে অনিষ্টকর খাদ্য। কুৎসিত পথ্য, নিত্য। বি; ক্লী।
কুপন—টিকিট ইঃর ছিন্ন প্রতিরূপ; মনিঅর্ডার ফরমে সংযুক্ত পত্রাংশ। <ইং 'coupon'. বি।
কুপরামর্শ—মন্দকার্য করিবার সলা বা যুক্তি; অসদু-পদেশ। নিত্য। বি; পুং।
কুপরিবাহী (-হিন্)—মন্দ পরিচালক, bad conductor. নিত্য। বিণ।
কুপা—১। তৈলঘৃতাদির পাত্র বিঃ; পেট-মোটা সরু-গলা জালা বা চামড়ার পাত্র; স্থূলকায় ব্যক্তি; নাদাপেটা লোক। <কুপক। বি। ২। বক্রহস্ত, নুলো। <কুপাণি। বিণ। ৩। ক্রুদ্ধ হওয়া। কপ্র। ক্রি।

কুপাণি—বক্রহস্ত, কুপো। কুৎসিত পাণি যাহার, বহু। বিণ।
কুপাত্র—মন্দ বা অযোগ্য বর; অযোগ্য পাত্র। নিত্য। বি; ক্লী। (বাংলায় পুং। স্ত্রী—**কুপাত্রী**।)
কুপানো—কাটিবার জন্য আঘাত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
কুপি—ছোট কুপা; কেরোসিনের ল্যাম্প বা ডিবে; বাঁশের চোঙ্গা। <কুপিকা। বি।
কুপিত—ক্রোধী, ক্রুদ্ধ; অসন্তুষ্ট; দূষিত; প্রবল। কুপ্+ক্ত কর্তৃ। বিণ।
কুপিতা (কুপিতৃ)—যিনি সন্তানের প্রতি নিজ কর্তব্য পালন করেন না এরূপ পিতা। নিত্য। বি; পুং। [পুং।
কুপুত্র—অবাধ্য পুত্র, দুশ্চরিত্র পুত্র। নিত্য। বি;
কুপুরুষ—কুৎসিত পুরুষ। নিত্য। বি; পুং।
কুপো—কুপা [১] (তাহা দ্রঃ)।
কুপোকাত—পর্যুদস্ত; ভূমিসাৎ, পরাভূত; বিপর্যস্ত, উলটানো। বাংপ্র। বিণ।
কুপোষ্য—গলগ্রহ; অতি নিকট জ্ঞাতি ও কুটুম্বের অনাথা বিধবা প্রঃ নির্ভরশীল ('—লোক')। কুৎসিত পোষ্য, নিত্য। বি বা বিণ; পুং।
কুপ্য—স্বর্ণ ও রৌপ্য ভিন্ন আর সকল প্রকার ধাতু, base-metal; দস্তা। গুপ্+ক্যপ্ কর্ম (নিপা)। বি; ক্লী।
কুপ্রবৃত্তি—খারাপ ইচ্ছা বা রুচি। নিত্য। বি; স্ত্রী।
কুফল—মন্দ ফল, অশুভ পরিণাম। কুৎসিত ফল, নিত্য। বি; ক্লী।
কুবচন—কুবাক্য, কটুকথা; মন্দ বাক্য; তিরস্কার। কুৎসিত বচন, নিত্য। বি; ক্লী।
কুবলয়—পদ্ম; নীলপদ্ম; শ্বেতপদ্ম। কু—বল্+অয় কর্তৃ, সংজ্ঞার্থে। বি; ক্লী।
কুবাক্য—অসৎ কথা, মন্দ কথা, কটু কথা। কুৎসিত বাক্য, নিত্য। বি; ক্লী।
কুবিধা—অসুবিধা। কর্মধা। বি; স্ত্রী।
কুবিন্দু—পাদানিম্নস্থ নভোবিন্দু, nadir. কুস্থিত বিন্দু, মধ্যপ। বি; পুং।
কুবুদ্ধি—১। দুর্বুদ্ধি; অসৎ অভিপ্রায়। কুৎসিতা বুদ্ধি, নিত্য। বি; স্ত্রী। ২। দুর্বুদ্ধি, দুর্মতি। বহু। বিণ।
কুবের—১। যক্ষরাজ, ধনাধিপ। বি; পুং। ২। অলস; কুৎসিত শরীরবিশিষ্ট। কুৎসিত বের (শরীর) যাহার, বহু। বিণ।
কুবোধ—কুবুদ্ধি, মন্দবুদ্ধি। বহু। বিণ।
কুব্জ—উচ্চপৃষ্ঠ, কুঁজো। কু—উব্জ্+অচ্ কর্তৃ (নিপা)। বিণ।
কুভোজন—খারাপ জিনিস খাওয়া; অখাদ্য আহার। নিত্য। বি; ক্লী।
কুভোজ্য—কুখাদ্য, অপবিত্র বা অনিষ্টকর আহার্য। নিত্য। বি; ক্লী।
কুমকুম—জাফরান; আবীরের গোলা। <কুঙ্কুম। বি।
কুমড়া, কুমড়ো—ফল বিঃ। <কুষ্মাণ্ড। বি।
কুমড়া-গড়াগড়ি—অনেক লোকের একসঙ্গে মাটিতে গড়াগড়ি। বাংপ্র। বি।
কুমতলব—খারাপ মতলব, দুরভিসন্ধি। বাংপ্র। বি।
কুমতি—১। দুষ্টবুদ্ধি, অসৎ বুদ্ধি। নিত্য। বি; স্ত্রী। ২। দুষ্টবুদ্ধিসম্পন্ন, দুর্বুদ্ধি। বহু। বিণ।
কুমন্ত্রণা—অসৎ পরামর্শ; কুপরামর্শদান। কুৎসিতা মন্ত্রণা, নিত্য। বি; স্ত্রী।
কুমন্ত্রী (-মন্ত্রিন্)—কুপরামর্শদানকারী; দুষ্ট অমাত্য। নিত্য। বি; পুং।
কুমাতা (-মাতৃ)—১। স্নেহহীনা জননী, বাৎসল্য-রহিতা মাতা; অযোগ্যা মাতা। নিত্য। ২। জননী-রূপা পৃথিবী। কু-ই মাতা, কর্মধা। বি; স্ত্রী।
কুমার—১। কার্তিকেয়; যুবরাজ; বালক (৫ বর্ষীয় বা ৫-১০ বা ৫-১৬ বর্ষীয়); পুত্র; রাজপুত্র; অবিবাহিত ব্যক্তি। কু (কুৎসিত) মার (কন্দর্প) যাহা হইতে, বহু। বি; পুং। ২। মাটির পাত্র ইঃ তৈয়ারকারী জাতি বিঃ। <কুম্ভকার। বি।
কুমারঘাতী (-ঘাতিন্)—শিশুহত্যাকারী। উপতৎ; কুমার—হন্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ঘাতিনী**।
কুমারচার—বালকদের চরিত্রগঠন এবং শারীরিক ও মানসিক শিক্ষা প্রতিষ্ঠানের সভ্য, boy scout. বি; পুং। [থাকা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কুমারব্রত—চিরকৌমার্য, সারাজীবন অবিবাহিত
কুমারভৃত্যা—ধাত্রী-বিদ্যা, midwifery. কুমার—ভৃ +ক্যপ্ ভাব+আপ্। বি; স্ত্রী।
কুমারশাল, -শালা—কুম্ভশালা, কুমোরের কারখানা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
কুমারিকা—কুমারী, দ্বাদশবর্ষীয়া কন্যা; নবমল্লিকা; বড় এলাচ; ভারতবর্ষের দক্ষিণস্থ অন্তরীপ বিঃ, Cape Comorin. কুমারী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
কুমারী—অবিবাহিতা কন্যা; দ্বাদশবর্ষীয়া অবি-বাহিতা কন্যা; বালিকা; কন্যা; অজাতরজস্কা বালিকা; রাজকন্যা; ছন্দ বিঃ; রাগিণী বিঃ। কুমার +ঈপ্। বি; স্ত্রী।
কুমির, কুমীর—জলজন্তু বিঃ; নক্র। <কুম্ভীর। বি।
কুমুদ—১। শ্বেতোৎপল, সুঁদি; শালুক ফুল; কৈরব; রক্তপদ্ম; রৌপ্য; কটফল; গাম্ভারীনামক ওষধী। বি; ক্লী। ২। কার্তিকমাস; কর্পূর; বাদ্যতাল বিঃ। কু—মুদ্+ক কর্তৃ। বি; পুং।
কুমুদনাথ, -বন্ধু, -বান্ধব—চন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কুমুদিনী—কুমুদসমূহ; নাল গাছের ঝাড়; নালফুলে ভরা পুকুর। কুমুদ+ইন্ সমূহার্থে, আছে অর্থে+ ঈপ্। বি; স্ত্রী।
কুমুদ্বতী—১। কুমুদের ঝাড়; কুমুদবহুলা নদী; কুমুদফুল বা কুমুদফুলের গাছ। বি; স্ত্রী। ২। কুমুদবহুলা। কুমুদ+ড্মতুপ্ প্রাশস্ত্যার্থে+ ঈপ্। বিণ; স্ত্রী। পুং—**কুমুদ্বান্**।
কুমেরু, কুমেরুকেন্দ্র—পৃথিবীর দক্ষিণপ্রান্ত, দক্ষিণ-মেরু, Antarctic Pole. নিত্য, কর্মধা। বি; পুং, ক্লী।

কুমেরুবৃত্ত—দক্ষিণমেরুর ২৩½° অক্ষাংশ উত্তরে যে অক্ষরেখা কল্পিত হয় তাহা, Antarctic Circle. কুমেরু-সন্নিহিত বৃত্ত, মধ্যপ। বি; ক্লী।
কুমোর—মৃৎশিল্পী জাতি বিঃ। <কুম্ভকার। বি।
কুম্ভ—ঘট, কলস; হস্তীর মস্তকের অংশ বিঃ; ... পরিমাণ বিঃ; মেষাদি দ্বাদশ রাশির একাদশ। কু—উন্‌ভ্‌+অচ্‌ কর্তৃ। বি; পুং।
কুম্ভক—নিঃশ্বাসরোধক চেষ্টা বিঃ, দক্ষিণ হস্তাঙ্গুলি দ্বারা নাসাপুটদ্বয় বন্ধ করিয়া প্রাণায়ামাঙ্গ বায়ুস্তম্ভন কার্য। উপতৎ: কুম্ভ—কৈ+ক কর্তৃ। বি; পুং।
কুম্ভকর্ণ—রাবণের অনুজ রাক্ষস বিঃ; নিদ্রাপ্রিয় ব্যক্তি। কুম্ভের ন্যায় কর্ণ যাহার, বহু। বি; পুং।
কুম্ভকার—জাতি বিঃ, কুমোর। উপতৎ; কুম্ভ—কৃ+অণ্‌ কর্তৃ। বি; পুং।
কুম্ভমেলা—প্রসিদ্ধ পুণ্যযোগ উপলক্ষে নাসিকাদি দ্বাদশতীর্থে বিশেষ করিয়া হরিদ্বার ও প্রয়াগে সাধু-সন্ন্যাসীদের সম্মেলন। বাংপ্র। বি।
কুম্ভশালা—কুমারের পোয়ান ঘর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কুম্ভিকা—ক্ষুদ্র কলসী; জলের পানা; নেত্ররোগ বিঃ। কুম্ভ+কন্‌ অল্পার্থে, অথবা ইক আছে অর্থে+আপ্‌। বি; স্ত্রী।
কুম্ভিল, কুম্ভিলক—চোর; যে ব্যক্তি পরের গ্রন্থের ভাব ও অভিপ্রায় অথবা পরকীয় রচনার কোন কোন অংশ লইয়া আপন রচিত গ্রন্থ বলিয়া প্রচার করে এরূপ ব্যক্তি, plagiarist; শ্যালক। কুম্ভ+ইলচ্‌ আছে অর্থে, কুম্ভিল+কন্‌ স্বার্থে। বি; পুং।
কুম্ভীপাক—নরক বিঃ। কুম্ভীর ন্যায় পাক যেখানে, বহু। বি; পুং।
কুম্ভীর—কুমীর, নক্র। উপতৎ; কুম্ভিন্‌—ঈর্‌+অণ্‌ কর্তৃ। বি; পুং।
কুম্ভীরমক্ষিকা—কুমিরপোকা। কুম্ভীরাখ্যা মক্ষিকা, মধ্যপ। বি; স্ত্রী।
কুম্ভীরাশ্রু—মায়া কান্না, কপট চোখের জল। ইং crocodile tears-এর অনুবাদ। বি।
কুয়া, কূয়া, কুয়ো—ইন্দারা। <কূপ। বি। **কুয়ার বেঙ**—কূপমণ্ডূক। [স্ত্রী।
কুযাত্রা—অশুভযাত্রা, অশুভক্ষণে যাত্রা। নিত্য। বি;
কুয়াশা, কুয়াসা—কুজ্ঝটিকা, কুহেলিকা। হি-মূ। বি।
কুযুক্তি—কুমন্ত্রণা। নিত্য। বি; স্ত্রী।
কুরঙ্গ, কুরঙ্গক, কুরঙ্গম—মৃগ, হরিণ। কু—রন্‌গ্‌+অচ্‌ কর্তৃ, কুরঙ্গ+কন্‌ স্বার্থে, কুরঙ্গ—মা+ক কর্তৃ। বি; পুং।
কুরঙ্গনয়না—মৃগনয়না, সুন্দরনেত্রবিশিষ্টা। কুরঙ্গের নয়নের ন্যায় নয়ন যাহার, বহু+আপ্‌। বিণ; স্ত্রী।
কুরঙ্গিণী—হরিণী ("কুরঙ্গিণী সঙ্গে নাচিতাম বনে।"—মাইকেল)। কপ্র। বি; স্ত্রী।
কুরঙ্গী—মৃগী। কুরঙ্গ+ঈপ্‌। বি; স্ত্রী।
কুরচিনামা—বংশতালিকা, কুলজীনামা। (আ) কুরচি+(ফা) নামা। বি।
কুরণ্ড—বৃদ্ধিশীল অণ্ডকোষ, কোরণ্ড, hydrocele. কুর্‌+অণ্ডক্‌ কর্তৃ। বি; পুং।
কুরনি, কুরুনি—নারিকেলাদি কুরিবার যন্ত্র। কুর্‌+অনি, উনি করণ। বাংপ্র। বি।
কুরব—১। কুৎসিত শব্দ; দুর্নাম। কুৎসিত রব, নিত্য। ২। কুরুবক বৃক্ষ; রক্তঝিণ্টী। বি; পুং। ৩। কুৎসিত শব্দবিশিষ্ট। কু রব যাহার, বহু। বিণ।
কুরবক—ঝিণ্টীপুষ্পবৃক্ষ; কুরচিফুলের গাছ। কুৎসিত রব যাহার, বহু+কন্‌ স্বার্থে। বি; পুং।
কুরর—ঈগলপক্ষী; চিল জাতীয় পক্ষী বিঃ; মেষ। কু+ক্রন্‌ কর্তৃ। বি; পুং।
কুররী—মেষী; উৎক্রোশকারিণী পক্ষিণী। কুরর+ঈপ্‌। বি; স্ত্রী।
কুরসি—চেয়ার। আ। বি।
কুরসিনামা—কুরচিনামা (তাহা দ্রঃ)।
কুরা—ভিতর হইতে ধীরে ধীরে কাটিয়া তোলা; ভিতরের সংবাদ বাহির করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
কুরানো—কুরুনিদ্বারা আঁচড়ানো, ধীরে ধীরে কাটা বা ক্ষয় করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [স্ত্রী।
কুরীতি—মন্দ প্রথা বা আচার ব্যবহার। নিত্য। বি;
কুরু—১। চন্দ্রবংশীয় নৃপ। কৃ+কু কর্তৃ। ২। জম্বু-দ্বীপের বর্ষ বিঃ। কৃ+কু অধি। বি; পুং।
কুরুকুল—কুরুবংশ; কুরুগণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কুরুক্ষেত্র—১। কুরুপাণ্ডবের যুদ্ধক্ষেত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। তুমুল কাণ্ড, ভীষণ ঝগড়া। বাংপ্র। বি।
কুরুক্ষেত্রকাণ্ড, -ব্যাপার—কুরুক্ষেত্রের যুদ্ধ; ভীষণ ব্যাপার। ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি; পুং।
কুরুক্ষেত্রযোগ—সূর্যোদয় হইতে পরদিন সূর্যোদয় পর্যন্ত যদি তিন তিথি তিন নক্ষত্র ও তিন যোগ স্পর্শ হয় তবে তাহা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। **কুরুক্ষেত্রী যোগ**—কুরুক্ষেত্রযোগ।
কুরুচি—১। অসৎপ্রবৃত্তি, মন্দ অভিলাষ; অশ্লীল বিষয়ে রুচি। নিত্য। বি; স্ত্রী। ২। অসৎপ্রবৃত্তি-সম্পন্ন, অসদভিলাষী। কুৎসিতা রুচি যাহার, বহু। বিণ।
কুরুচিপূর্ণ, -সম্পন্ন—মন্দ বা অশ্লীল প্রবৃত্তিযুক্ত; অমার্জিত রুচিপূর্ণ। ৩য়াতৎ। বিণ।
কুরুচিসম্ভূত—অমার্জিত বা অশ্লীল বিষয়ে প্রবৃত্তি হইতে জাত। ৫মীতৎ। বিণ।
কুরুণ্ড—কুরণ্ড (তাহা দ্রঃ)।
কুরুণ্ডে—কোরণ্ডবিশিষ্ট, যাহার অণ্ডকোষ বড় এমন। বাংপ্র। বিণ।
কুরুনি—'কুরনি' দ্রঃ।
কুরুপাণ্ডব—কৌরব ও পাণ্ডব, দুর্যোধন ও যুধিষ্ঠিরাদি। দ্বন্দ্ব। বি; পুং।
কুরুবংশ—চন্দ্রবংশের শাখা বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। বিণ, **-বংশীয়**।
কুরুবক—পীতঝিণ্টীবৃক্ষ; রক্তঝিণ্টীবৃক্ষ। কু—রু+অক (ক্বুন্‌) কর্তৃ। বি; পুং।

কুরুবর্ষ—জম্বুদ্বীপস্থ উত্তরকুরুসংজ্ঞক বর্ষ বিঃ। কুরুনামক বর্ষ, মধ্যপ। বি; ক্লী।

কুরুবিন্দ—রত্নাদি পালিশ করিবার প্রস্তর বিঃ, conundum. কুরু—বিদ্+শ কর্তৃ। বি; ক্লী।

কুরুবৃদ্ধ—কুরুবংশীয়দের মধ্যে সর্বাপেক্ষা বৃদ্ধ ব্যক্তি; ভীষ্ম। কুরুমধ্যে বৃদ্ধ, ৭মীতৎ। বি; পুং।

কুরুরাজ—দুর্যোধন। কুরুদের রাজা, ৬ষ্ঠীতৎ+টচ্ সমাসান্ত। বি; পুং। [বাংপ্র। বি।

কুরুশকাঠি—সোয়েটার ইঃ বুনিবার ক্রুশকাঠি।

কুরূপ—১। কদাকার, কুৎসিত রূপ। কুৎসিত রূপ, নিত্য। বি; ক্লী। ২। কদাকারবিশিষ্ট। বহু। বিণ। স্ত্রী, -পা।

কুর্তা—লম্বা জামা বা পিরান; পুলিস প্রঃ বিভাগের কর্মচারীদের একপ্রকার পোশাক। তু। বি।

কুর্তি—ছোট জামা বা পিরান। তু-মু। বি।

কুর্দন, কূর্দন—ক্রীড়া; আস্ফালন, কুঁদুনি। কুর্দ্, কূর্দ্+অনট্ ভাব। বি; ক্লী।

কুর্নিশ—সেলাম, অভিবাদন। ⟨ফা 'কোর্নিশ'। বি।

কুর্পর, কূর্পর—১। জানু; কফোণি, কনুই। বি; পুং। ২। অধীন, অপরের উপর নির্ভরশীল। কুর্, কুর্—পু+অচ্ কর্তৃ। বিণ।

কুর্মি, কুর্মী—পশ্চিমের হিন্দুজাতি বিঃ। বাংপ্র। বি।

কুর্সি—কুরসি (তাহা দ্রঃ)।

কুল—১। বংশ, গোষ্ঠী; জাতি; ভবন, গৃহ; সমাজ; দেহ; ক্ষেত্র বিঃ; তন্ত্রোক্ত বীজাদি; দেশ; স্বজাতীয়-বৃন্দ; যূথ, সমূহ; বল্লালসেন প্রবর্তিত বংশ-মর্যাদা। উপতৎ; কু—লা+ক কর্তৃ। বি; ক্লী। ২। বদরী। ⟨কোলি। বি। **কুল করা**—কুলীনের ঘরে বিবাহ করা বা কন্যা দেওয়া। **কুল রাখা কি শ্যাম রাখা**—উভয় সংকট (রাধিকার মত সতীত্ব ও শ্যাম উভয়ই বজায় রাখার বিপদ্)। **কুলে কালি দেওয়া**—খারাপ কাজ করিয়া বংশ কলঙ্কিত করা। **কুলের বাহির হওয়া**—গৃহ ও সমাজ ত্যাগ করিয়া অসৎ পথে যাওয়া।

কুলকণ্টক—বংশের কণ্টকস্বরূপ, যাহা হইতে বংশের গ্লানি জন্মে এরূপ ব্যক্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।

কুলকন্যা, -কামিনী—সদ্বংশজাতা স্ত্রী, কুলস্ত্রী, কুলধর্মে স্থিতা সতী স্ত্রী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কুলকর্ম (-কর্মন্)—কুলের নিয়মানুযায়ী কর্ম; কুলীনে কন্যাদান; কুলীনকন্যার পাণিগ্রহণ; নিয়মানুসারে পুত্রকন্যাদিগের বিবাহ দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কুলকলঙ্ক—১। বংশের গ্লানি। বি; পুং। ২। বংশের গ্লানিকারক। ৬ষ্ঠীতৎ। বিণ।

কুলকলঙ্কিনী—যে স্ত্রীর চরিত্রদোষে বংশের মান নষ্ট হয় এরূপ, কুলদূষিকা। কুলকলঙ্ক+ইন্ আছে অর্থে+ঈপ্। বিণ।

কুলকাঠ—কুলগাছের কাঠ। বাংপ্র। বি। **কুলকাঠের আগুন**—কুলগাছের কাঠের আগুন; তীব্র দাহ।

কুলকামিনী—'কুলকন্যা' দ্রঃ।

কুলকুচা—কুলি, মুখ পরিষ্কার করিবার জন্য মুখমধ্যে জল লইয়া ইতস্ততঃ সঞ্চালন। বাংপ্র। বি।

কুলকুণ্ডলিনী—তন্ত্রশাস্ত্রপ্রসিদ্ধ মূলাধারস্থ সর্পাতুল্য শিবশক্তি বিঃ। কুলের অর্থাৎ কুলাচারীদের উপাস্যা কুণ্ডলিনী, মধ্যপ। বি; স্ত্রী।

কুলকুল—স্রোতের জল প্রঃ বহিয়া যাইবার শব্দ; তরল পদার্থের প্রবাহের শব্দ; মৃদু কলকল শব্দ। বাংপ্র। অ।

কুলক্রম—বংশের রীতি, বংশের ধারা। কুলের ক্রম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুলক্রিয়া—কুলকর্ম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কুলক্ষণ—১। মন্দ চিহ্ন; অশুভ চিহ্ন। কুৎসিত লক্ষণ, নিত্য। বি; ক্লী। ২। যাহার লক্ষণ মন্দ এরূপ, মন্দলক্ষণবিশিষ্ট। বহু। বিণ।

কুলক্ষণা—দুর্ভাগা, মন্দভাগ্যা। কু (মন্দ) লক্ষণ যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

কুলক্ষয়—বংশনাশ; বংশ-মর্যাদালোপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুলখাকী—কুলকলঙ্কিনী, যে স্ত্রীর অসচ্চরিত্রতার জন্য পিতৃকুল ও শ্বশুরকুল নিন্দিত হয় এমন। বাংপ্র। বি বা বিণ; স্ত্রী।

কুলগত—বংশ সম্বন্ধীয়। ২য়াতৎ। বিণ।

কুলগর্ব—আভিজাত্য-গর্ব। কুলজন্য গর্ব, মধ্যপ। বি; পুং। [পুং।

কুলগুরু—বংশের গুরু; অভীষ্টদেব। ৬ষ্ঠীতৎ। বি;

কুলগৌরব—বংশের মর্যাদা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কুলঘ্ন—বংশনাশক, কুলক্ষয়কারী। উপতৎ; কুল—হন্+টক কর্তৃ। বিণ।

কুলচুর—কুলচূর্ণ; গুঁড়া কুলের আচার। বাংপ্র। বি।

কুলজা—কুলনারী; ভদ্রস্ত্রীলোক। কুল—জন্+ড কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

কুলজি, কুলজী—বংশতালিকা। ⟨কুলপঞ্জী। বি।

কুলজিনামা, কুলজীনামা—বংশের পুরুষপরম্পরার নাম, বংশতালিকা। বাংপ্র। বি।

কুলজ্ঞ—বংশাভিজ্ঞ, বংশের পরিচয়াদি যিনি জানেন এরূপ; ঘটক। কুল—জ্ঞা+ক কর্তৃ। বি; পুং, বা বিণ।

কুলটা—অসতী স্ত্রী, ভ্রষ্টা নারী; সতীভিক্ষুকী। কুল—অট্+অচ্ কর্তৃ+আপ্ (নিপা)। বি; স্ত্রী।

কুলতিলক—বংশের চূড়ামণি, যাঁহার গুণে ও ক্ষমতায় বংশের গৌরব বৃদ্ধি হয় এরূপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী, বা বিণ।

কুলত্যাগ—দুষ্কর্মের অনুষ্ঠান করিয়া গৃহ হইতে চিরতরে বহির্গমন, ব্যভিচারার্থ নারীর গৃহত্যাগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুলত্যাগী (-ত্যাগিন্)—বংশপরিহারকারী, গৃহনির্গত দুষ্কর্মা। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -ত্যাগিনী।

কুলদূষক, -দূষণ—কুলাঙ্গার। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -দূষিকা, -দূষণা।

কুলদেবতা—বংশানুক্রমে পূজিত দেবতা; ষোড়শ মাতৃকার মধ্যে মাতৃকা বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কুলধর্ম—কুলাচার, স্বজাতীয় ধর্ম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুলনায়িকা—পঞ্চ-ম-কার-যজনে পূজ্যা স্ত্রী [কুল-নায়িকা নয়-প্রকার; যথা—নটী, কাপালিকী, বেশ্যা, রজকী, নাপিতাঙ্গনা, ব্রাহ্মণী, শূদ্রকন্যা, গোপাল-কন্যা, মালাকারকন্যা]। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কুলনারী—কুলকন্যা, গৃহস্থঘরের স্ত্রীলোক; সতী নারী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কুলনাশ—বংশলোপ; বংশমর্যাদালোপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুলনাশক—বংশনাশকারী; বংশমর্যাদালোপকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-নাশিকা**।

কুলনাশন—কুলধ্বংসকর। কুলের নাশন (=নাশক), ৬ষ্ঠীতৎ। বিণ।

কুলনাশী (-শিন্)—বংশনাশক; বংশদূষক। উপ-তৎ; কুল—নশ্+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-নাশিনী**।

কুলনো—পর্যাপ্ত হওয়া; স্থান পাওয়া; উপায় করা; নির্বাহ হওয়া, প্রয়োজন পূর্ণ হওয়া; অভাব মেটা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

কুলপঞ্জী—বংশতালিকা, কুলজিনামা, geneology. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কুলপতি—বংশের প্রধান ব্যক্তি; আশ্রমের মধ্যে সর্ব-প্রধান মুনি; যিনি অন্নদানাদি দ্বারা পোষণ করিয়া দশ হাজার শিষ্যকে শিক্ষাদান করেন এরূপ ঋষি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুলপর্বত—মহেন্দ্র মলয় সহ্য শুক্তিমান্ ঋক্ষ বিন্ধ্য পারিযাত্র—এই সপ্ত কুলাচল [হিমালয় সমেত কুল-পর্বত আটটি]। কুল (পৃথিবীস্থ) পর্বত, কর্মধা। বি; পুং।

কুলপাংশুল—কুলদূষক, কুলমর্যাদানাশকারী। ৭মী-তৎ। বিণ।

কুলপাংশুলা—কুলদূষিকা; অসতী, কুলটা। কুল-পাংশুল+আপ্। বিণ; স্ত্রী।

কুল্পি, কুল্ফি—নলের আকারে জমানো বরফ; বরফ জমাইবার একপ্রকার নলাকৃতি ছাঁচ। <আ 'কুলফী'। বি।

কুল্পিবরফ, কুল্ফিবরফ—কুল্পিতে জমানো বরফ। আ-মু। বি।

কুল্পিমালাই, কুল্ফিমালাই—মালাই বরফ। আ-মু। বি।

কুলপুরোহিত—পুরুষানুক্রমে পৌরোহিত্যকারী, যিনি পূর্বপুরুষগণের সময় হইতে পুরোহিতের কার্য করিতেছেন তিনি। কুলক্রমাগত পুরোহিত, মধ্যপ। বি; পুং।

কুলপ্রথা—বংশের নিয়ম, বংশপরম্পরাক্রমে চলিত নিয়ম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কুলপ্রদীপ—কুলের প্রদীপস্বরূপ, বংশমর্যাদারক্ষক; বংশের গৌরববৃদ্ধিকারক। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা বিণ।

কুলবতী—যে স্ত্রী কুলের নিয়মানুসারে চলেন তিনি; সচ্চরিত্রা স্ত্রী। কুল+মতুপ্ আছে অর্থে+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।

কুলবধূ, -বালা—গৃহস্থঘরের স্ত্রীলোক, কুলস্ত্রী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কুলভঙ্গ—কৌলীন্য নাশ, নিম্নকুলে পুত্রকন্যাদির বিবাহ দান। ৬ষ্ঠীতৎ। বি; পুং। **কুলভঙ্গ করা**—নিম্নকুলে পুত্রকন্যাদির বিবাহ দিয়া কুলমর্যাদায় হীন হওয়া।

কুলভূষণ—বংশের অলংকারস্বরূপ, বংশের গৌরব। ৬ষ্ঠীতৎ (সদৃশার্থে)। বি; ক্লী, বা বিণ।

কুলভ্রষ্ট—বংশচ্যুত, বংশমর্যাদাশূন্য। ৫মীতৎ। বিণ।

কুলমর্যাদা—বংশের সম্মান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কুললক্ষণ—কুলের নয় প্রকার চিহ্ন [আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, আবৃত্তি, তপস্যা, দান এই নয়টি]। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কুললক্ষ্মী—সদ্বংশের শুভলক্ষণাদিযুক্তা নারী; কুল-স্ত্রী, ভদ্রমহিলা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কুলশীল—বংশ এবং চরিত্র; বংশমর্যাদা এবং সাধু-স্বভাব। দ্বন্দ্ব। বি; ক্লী।

কুলস্ত্রী—কুলনারী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কুলা, কুলো—ধান্যাদি শস্য ঝাড়িয়া লইবার পাত্র বিঃ, শূর্প; কুলকুচা। <কুল্য। বি।

কুলাকুল—১। সৎ এবং অসৎ বংশ। দ্বন্দ্ব। ২। কুলাকুলতিথি (দ্বিতীয়া, ষষ্ঠী ও দশমী); কুলাকুলনক্ষত্র (আর্দ্রা, মূলা, অভিজিৎ ও শত-ভিষা); কুলাকুলবার (বুধবার)। বি; ক্লী।

কুলাঙ্গার—যাহার চরিত্র-দোষে কুলের কলঙ্ক হয় এরূপ ব্যক্তি, কুলকলঙ্ক। কুলের অঙ্গার (অর্থাৎ তৎসদৃশ), ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী, বা বিণ।

কুলাচল—কুলপর্বত (তাহা দ্রঃ)। কুল এমন অচল, কর্মধা। বি; পুং।

কুলাচার—১। কুলধর্ম, কুলের প্রচলিত আচরণ। কুলের আচার, ৬ষ্ঠীতৎ। ২। তান্ত্রিক আচার বিঃ। বাংপ্র। বি; পুং।

কুলাচার্য—১। কুলগুরু, কুলপুরোহিত। কুলের আচার্য, ৬ষ্ঠীতৎ। ২। ঘটক। কুলজ্ঞ আচার্য, মধ্যপ। বি; পুং। [কর্মধা। বি; পুং।

কুলাদ্রি—কুলপর্বত (তাহা দ্রঃ)। কুল এমন অদ্রি,

কুলাধম—কুলাঙ্গার। কুলে অধম, ৭মীতৎ। বিণ।

কুলান—পর্যাপ্তি, সংকুলান; সংস্থান। বাংপ্র। বি।

কুলানো—কুলনো (তাহা দ্রঃ)।

কুলাভিমান—উচ্চবংশে জন্মহেতুক গর্ব, কুলগর্ব। মধ্যপ। বি; পুং।

কুলায়—নীড়, পক্ষীর বাসা; বাসস্থান; স্থানমাত্র। কুল—অয়+ঘঞ্ অধি। বি; পুং।

কুলায়িকা—চিড়িয়াখানা। কুলায়+ইক (ঠন্) আছে অর্থে+আপ্। বি; স্ত্রী।

কুলাল—কুম্ভকার। কু—লাল্+অচ কর্তৃ। বি; পুং।

কুলালচক্র—কুমারের চাকা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কুলি—১। মুটে, ভারবাহী; শ্রমিক; মজুর। তু-মু। ২। কুলকুচা। বাংপ্র। বি।

কুলিক—১। কুলশ্রেষ্ঠ; শিল্পিকুলশ্রেষ্ঠ। কুল+ইক (ঠন্) আছে অর্থে। বিণ। ২। কুলেখাড়া; অষ্ট-মহানাগের একটি; কুলিক বেলা। বি; পুং।

কুলিকামিন—কুলি ও কুলি নারী। বাংপ্র। বি।

কুলিনী—কুলীরমণী, শ্রমিকপত্নী। কুলি+নী (বাংপ্র)। বি; স্ত্রী।

কুলিশ—১। ইন্দ্রের বজ্র। উপতৎ; কুলি—শী+ড কর্তৃ। বি; পুং বা ক্লী। ২। মৎস্য বিঃ; অগ্রভাগ; অস্থিসংহার বৃক্ষ। কু—লিশ্+ক কর্তৃ। বি; পুং।

কুলিশপাত—বজ্রপতন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুলী—শ্রমজীবী, শ্রমিক, মুটে। তু-মু। বি।

কুলীন—১। সৎকুলোৎপন্ন; বল্লালসেনপ্রবর্তিত কুল-মর্যাদাসম্পন্ন; নবগুণযুক্ত; খ্যাতবংশে জাত; তন্ত্রোক্ত কুলাচারসম্পন্ন। কুল+ঈন ভবার্থে। ২। ভূমিলগ্ন। কু-তে (পৃথিবীতে) লীন, ৭মীতৎ। বিণ।

কুলীর, কুলীরক—কর্কট; কর্কটরাশি। কুল্+ঈরক্ কর্তৃ; কুলীর+কন্ স্বার্থে। বি; পুং।

কুলীশ—বজ্র, ইন্দ্রায়ুধ। কুলিন্—ঈশ্+ক কর্তৃ। বি; পুং বা ক্লী।

কুলুঙ্গি—ভিত্তিস্থ গর্ত, কোন দ্রব্য রাখিবার নিমিত্ত দেওয়ালে কৃত গহ্বর। বাংপ্র। বি। [বি।

কুলুজি, -জী—কুলজী, বংশতালিকা। <কুলপঞ্জী।

কুলুপ—কুঞ্জী, তালা। <আ 'কুফ্ল্'। বি।

কুলুপকাটি, -কাঠি—তালা খুলিবার কাঠি, চাবি। ৬ষ্ঠীতৎ। আ-মু। বি।

কুলুপা—কুলুপ দ্বারা আবদ্ধ করা, তালাবন্ধ করা ("কুলুপিল কুলুপ কপাটে"—ভারত)। প্রা কপ্র। ক্রি।

কুলো—'কুলা' দ্রঃ।

কুলোৎপন্ন, -সম্ভব—সদ্বংশজাত; কোন পরিবার হইতে উদ্ভূত। ৫মীতৎ ও বহু। বিণ।

কুল্লা, কুল্লি—কুলকুচা। বাংপ্র। বি।

কুল্লে—১। মাত্র, কেবল। বিণ। ২। মোটমাট, সর্বসুদ্ধ; মোটে, শুধু। আ-মু। ক্রি-বিণ।

কুশ—১। প্রসিদ্ধ তৃণ। বি; পুং বা ক্লী। ২। কুশ-দ্বীপ। কুশ্+ক কর্তৃ। বি; পুং।

কুশণ্ডিকা—বিবাহাদিকালের ধর্মকার্য বিঃ; যজ্ঞ-কার্যের অঙ্গীভূত অগ্নিসংস্কার-কার্য। কুশ্+অণ্ডচ্ কর্তৃ+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

কুশপুত্তলিকা, -পুত্তলী—কুশনির্মিত মানবদেহ। কুশনির্মিতা পুত্তলিকা, পুত্তলী, মধ্যপ। বি; স্ত্রী।

কুশপেয়ে—যাহার পা খুব সরু; বিকৃতপদ। বাংপ্র। বিণ।

কুশমুদ্রা—কুশ দ্বারা নির্মিত অঙ্গুরীয়ক। কুশ-নির্মিতা মুদ্রা, মধ্যপ। বি; স্ত্রী।

কুশল—১। কল্যাণ, মঙ্গল; নিরাপদ্ ভাব; মোক্ষ; পুণ্য, ধর্ম; সামর্থ্য। কুশ্+কলন্ কর্তৃ। বি; ক্লী। ২। কুশলী, কুশলযুক্ত। কুশল+অচ্ আছে অর্থে। ৩। দক্ষ, নিপুণ। উপতৎ; কুশ—লা+ক কর্তৃ। বিণ।

কুশলতা—পারদর্শিতা; চতুরতা। কুশল+তা ভাবে। বি; স্ত্রী।

কুশলপ্রশ্ন—মঙ্গল-জিজ্ঞাসা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুশল-সংবাদ, -সমাচার—মঙ্গলবার্তা, ভাল থাকার খবর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুশলী (-লিন্)—কুশলযুক্ত, কল্যাণবিশিষ্ট; দক্ষ। কুশল+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**লিনী**।

কুশহস্ত—হস্তে কুশধারণকারী; পরিহিত-কুশাঙ্গুরীয়। কুশ হস্তে যাহার, বহু। বিণ।

কুশাগ্র—কুশের অগ্রভাগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কুশাগ্রধী, -বুদ্ধি—১। সূক্ষ্মবুদ্ধি। কুশাগ্রের ন্যায় ধী, বুদ্ধি যাহার, বহু। বিণ। ২। সূক্ষ্ম বুদ্ধি। কুশাগ্রতুল্য ধী, বুদ্ধি, মধ্যপ। বি; স্ত্রী।

কুশাঙ্কুর—কুশের কণ্টকবৎ অগ্রভাগ। কুশের অঙ্কুর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুশাঙ্গুরীয়—কুশের আংটি। কুশনির্মিত অঙ্গুরীয়, মধ্যপ। বি; ক্লী।

কুশাসন—১। কুশনির্মিত আসন। মধ্যপ। ২। মন্দ-শাসন। নিত্য। বি; ক্লী।

কুশি, কুষি—১। ছোট কোষা, কোষা হইতে জল তুলিবার পাত্র। <কোষী। ২। অঙ্কুর; কচি আমের আঁটি। বাংপ্র। বি।

কুশীদ, কুষীদ, কুসীদ—১। সুদ; রক্তচন্দন। কুশ্, কুষ্, কুস্+ঈদ কর্ম, সংজ্ঞার্থে। বি; ক্লী। ২। সুদখোর। কুশীদ, কুষীদ, কুসীদ+অচ্ প্রয়োগ-কর্তা অর্থে। বিণ।

কুশীদজীবী (-জীবিন্)—সুদখোর; বৃদ্ধিজীবী। উপতৎ; কুশীদ—জীব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**জীবিনী**।

কুশীদব্যবহার—সুদকষা; সুদ লইয়া টাকা কর্জ দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুশীলব—১। গায়ক; অভিনেতা; নাটকের পাত্র-পাত্রী। কুশীল—বা+ক কর্তৃ। ২। রামের দুই পুত্র; কুশ ও লব (নিপা ঈ আগম)। বি; পুং।

কুশ্রী—কুরূপ; কদর্য। কু (কুৎসিত) শ্রী যাহার, বহু। বিণ।

কুষি—'কুশি' দ্রঃ।

কুষীদ—'কুশীদ' দ্রঃ।

কুষ্টি—জন্মপত্র। <কোষ্ঠী। বি।

কুষ্ঠ—কুষ্ঠরোগ, মহারোগ; একপ্রকার বিষ; বৃক্ষ বিঃ, কুড় গাছ। কুষ্+কথন্ কর্তৃ। বি; পুং।

কুষ্ঠঘ্ন—কুষ্ঠনাশক। উপতৎ; কুষ্ঠ—হন্+টক্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**ঘ্নী**।

কুষ্ঠাশ্রম—কুষ্ঠরোগীদের চিকিৎসাস্থান। বি; পুং।

কুষ্ঠী (কুষ্ঠিন্)—যাহার কুষ্ঠরোগ জন্মিয়াছে এরূপ, কুঠে। কুষ্ঠ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**কুষ্ঠিনী**।

কুষ্মাণ্ড, কুষ্মাণ্ড—কুমড়া; ছাঁচি কুমড়া; কাঁকুড়; শিবের অনুচর বিঃ; গণদেবতা বিঃ; জরায়ু। কু (ঈষৎ) উষ্মা অণ্ডে যাহার, বহু (শকন্ধবাদি)। বি; পুং।

কুসংসর্গ—অসৎসঙ্গ, দুষ্টের সংস্রব। কুৎসিত সংসর্গ, নিত্য। বি; পুং।
কুসংস্কার—সমুচিত বিবেচনা ব্যতীত সিদ্ধান্ত; বিপরীত সংস্কার; ভ্রান্ত ধারণা; ভ্রান্ত ধর্মবিশ্বাস। কুৎসিত সংস্কার, নিত্য। বি; পুং।
কুসংস্কারমূলক—ভ্রান্ত ধারণা হইতে উদ্ভূত। কুসংস্কার মূলে যাহার, বহু (ক-আগম)। বিণ। স্ত্রী, -মূলিকা।
কুসংস্কারাচ্ছন্ন, কুসংস্কারাবিষ্ট—কুসংস্কারে আচ্ছন্ন-বুদ্ধি, কুসংস্কার-বশীভূত, অমূলক ধারণা দ্বারা যাহার বিচার-বুদ্ধি নষ্ট হইয়াছে এরূপ। কুসংস্কার দ্বারা আচ্ছন্ন, আবিষ্ট, ৩য়াতৎ। বিণ।
কুসঙ্গ—অসৎ সংসর্গ, দুষ্টের সংসর্গ। কুৎসিত সঙ্গ, নিত্য। বি; পুং।
কুসীদ—'কুশীদ' দ্রঃ।
কুসীদজীবী (-বিন্)—কুশীদজীবী (তাহা দ্রঃ)।
কুসীদব্যবহার—কুশীদব্যবহার (তাহা দ্রঃ)।
কুসুম—১। পুষ্প; ফুল; স্ত্রীলোকের ঋতু; চক্ষুর রোগ বিঃ। কুস্+উম কর্তৃ। বি; ক্লী। ২। ডিমের ভিতরের হরিদ্রাংশ; এক ধরনের ফুল। ⟨কুসুম্ভ। বি। [স্ত্রী।
কুসুমকলি, -কলিকা—ফুলের কুঁড়ি। ৬ষ্ঠীতৎ। বি;
কুসুমকার্মুক—১। কন্দর্প। কুসুম কার্মুক (ধনু) যাহার, বহু। বি; পুং। ২। ফুলধনু। কুসুম-নির্মিত কার্মুক, মধ্যপ। বি; ক্লী।
কুসুম-কুন্তলা—পুষ্পকেশী ("মধুকালে বনস্থলী কুসুম-কুন্তলা"—মাইকেল)। কুসুম কুন্তলে যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।
কুসুম-কোমল—ফুলের মত নরম। কুসুমবৎ কোমল, উপমান কর্মধা। বিণ।
কুসুমচাপ—কুসুমকার্মুক (তাহা দ্রঃ)।
কুসুমদাম (-দামন্)—ফুলের মালা; পুষ্পরাশি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কুসুমধনুঃ (-ধনুস্)—১। মদনের ফুলধনু। কুসুমরচিত ধনুঃ, মধ্যপ। বি; ক্লী। ২। মদনদেব। কুসুম, কুসুমময় ধনু যাহার, বহু। বি; পুং।
কুসুমধন্বা (-ধন্বন্)—মদন। কুসুম ধনু যাহার, বহু (সমাসান্ত অনঙ্ প্রত্যয়)। বি; পুং।
কুসুমপেলব—পুষ্পকোমল। কুসুমবৎ পেলব, উপমান কর্মধা। বিণ।
কুসুমমালিকা—ফুলের মালা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কুসুম-শয়ন, -শয্যা—পুষ্পকোমলা শয্যা; ফুলের বিছানা। মধ্যপ। বি; ক্লী, স্ত্রী।
কুসুমস্তবক—পুষ্পগুচ্ছ; ফুলের তোড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কুসুমাকর—বসন্তকাল। কুসুমের আকর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কুসুমাঞ্জন—পিত্তলমলজাত পুষ্পাকার অঞ্জন বিঃ। কুসুমাকার অঞ্জন, মধ্যপ। বি; ক্লী।
কুসুমাঞ্জলি—অঞ্জলিপূর্ণ পুষ্পরাজি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কুসুমায়ুধ, কুসুমেষু—কাম, মদন। কুসুমময় আয়ুধ, ইষু যাহার, বহু। বি; পুং।
কুসুমাসব—পুষ্পমধু; পুষ্পমধুজাত মদ্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কুসুমাসার—পুষ্পবৃষ্টি। কুসুমের আসার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কুসুমাস্তরণ—কুসুম-শয়ন (তাহা দ্রঃ)।
কুসুমিত—পুষ্পিত; পুষ্পময় ('—উপবন')। কুসুম +ইতচ্ জাতার্থে। বিণ।
কুসুমিতা—পুষ্পিতা; রজস্বলা। কুসুমিত+আপ্। বিণ; স্ত্রী।
কুসুমেষু—'কুসুমায়ুধ' দ্রঃ।
কুসুম্ভ—১। কুসুম ফুল; কুসুম ফুলের রং; স্বর্ণ। বি; ক্লী। ২। কমণ্ডলু। কুস্+উম্ভক্ কর্তৃ। বি; পুং।
কুসুম্ভা—কুসুম ফুলের রং; সিদ্ধিমিশ্রিত খাদ্য বিঃ ("দুধ কুসুম্ভায় আজি হয়েছে বাসনা।"—ভারত)। প্রা কপ্র। বি।
কুসৃষ্টি—খারাপ মতলব; অদ্ভুত কাণ্ড; অনাসৃষ্টি। কু (কুৎসিত) সৃষ্টি, নিত্য। বি; স্ত্রী।
কুস্তি—মল্লযুদ্ধ; হাতপায়ের কসরত দেখানো। ⟨ফা 'কুশ্‌তী'। বি। [বি।
কুস্তিগির, -বাজ—মল্লযোদ্ধা, পালোয়ান। ফা-মু।
কুস্বভাব—১। যাহার স্বভাব মন্দ এরূপ, দুঃশীল। বহু। বিণ। ২। অসৎ প্রকৃতি। নিত্য। বি; পুং।
কুহক—ইন্দ্রজাল; প্রতারণা। কুহ্+অক (ক্বুন্) কর্তৃ। বি; ক্লী।
কুহকী (-কিন্)—ঐন্দ্রজালিক, বাজিকর; প্রতারক; মায়াবী। কুহক+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী, -কিনী।
কুহর—গহ্বর; ছিদ্র; কণ্ঠ; কণ্ঠধ্বনি; কর্ণ; সমীপ। কুহ—রা+ক কর্তৃ। বি; ক্লী।
কুহরব—কোকিলের ডাক। বাংপ্র। বি।
কুহরিত—কোকিলধ্বনি; ধ্বনি। কুহর+ণিচ্ (=কুহরি নামধাতু)+ক্ত ভাব। বি; ক্লী। ২। ধ্বনিত; কূজিত। কুহরি+ক্ত কর্ম। বিণ।
কুহু, কুহূ—কোকিলের কূজন; অমাবস্যা ("একে কুলকামিনী তাহা কুহু-যামিনী"—গোবিন্দ)। কুহ্+কু কর্তৃ (উ বিকল্পে)। বি; স্ত্রী।
কুহুতান, কুহূতান—কোকিলের কুহুরব। কর্মধা। বি; পুং।
কুহুরব, কুহূরব—১। কুহুধ্বনি। কর্মধা। ২। কোকিল। বহু। বি; পুং।
কুহেলি, কুহেলী, কুহেলিকা—কুজ্ঝটিকা, কুয়াশা। কু—হেড্+ইন্ কর্তৃ, পক্ষে ঈপ্; কু—হেড্+ণক কর্তৃ (ড-স্থানে ল)+আপ্। বি; স্ত্রী।
কূচিকা—তুলিকা। কুচ্+ণক কর্তৃ (উ-স্থানে ঊ)+আপ্। বি; স্ত্রী।
কূচী—তুলিকা। কুচ্+ঈ কর্তৃ। বি; স্ত্রী।
কূজন—অব্যক্ত ধ্বনি; পাখির শব্দ। কূজ্+অনট্ ভাব। বি; ক্লী।

কূজিত—১। পক্ষীর ধ্বনি; অব্যক্ত শব্দ। কূজ্+ক্ত ভাব। বি; ক্লী। ২। ধ্বনিত; কোকিলের শব্দে মুখরিত। কূজিত+অচ্ বিশিষ্টার্থে। বিণ।

কূট—১। পর্বতের শৃঙ্গ ('গৃধ্র—'); চূড়া ('প্রাসাদ—'); মৃগাদিবন্ধনযন্ত্র; ফাঁদ, জাল; ছলনা; বিরোধাভাস, paradox; দুর্বোধ বিষয় বা বাক্য ('ব্যাস—')। বি; পুং বা ক্লী। ২। কুটিল ('—যোদ্ধা'); কপট, জাল ('—সাক্ষী'); দুর্বোধ, জটিল ('—প্রশ্ন'); নিশ্চল; তুচ্ছ। বিণ। ৩। শস্যরাশি; স্তূপ ('অন্ন—'); দম্ভ; লাঙ্গলাঙ্গ বিঃ; কলস; লৌহমুদ্গর; নেহার; মূর্খ; ভগ্নশৃঙ্গখণ্ড; পুরদ্বার; গৃহ; অগস্ত্যমুনি। কূট্+অচ্ কর্তৃ। বি; পুং।

কূটকচাল—কূটতর্ক, ঘোর তর্কবিতর্ক; নানা বিঘ্ন; জটিলতা। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

কূটকচালে—কঠিন তর্কবিতর্কযুক্ত; বহুবাধাময়; বাগ্‌বিতণ্ডাকারী; কলহপ্রিয়; অত্যন্ত জটিল। কূটকচাল+এ (<ইয়া)। বিণ।

কূটকর্ম (-কর্মন্)—জাল, জালিয়াতি, forgery; প্রতারণা। কর্মধা। বি; ক্লী।

কূটঘাত—অন্তর্ঘাতী কার্যকলাপ, sabotage. কর্মধা। বি; পুং। বিণ, **-ঘাতী**।

কূটজ—কুরচি ফুলের গাছ। উপতৎ; কূট—জন্+ড কর্তৃ। বি; পুং।

কূটতর্ক—দুর্বোধ তর্ক, জটিল তর্ক; মিথ্যা বিতণ্ডা। কর্মধা। বি; পুং।

কূটনীতি—রাজনীতি; দুর্বোধ নীতি; ছলনাপূর্ণ নীতি। কর্মধা। বি; স্ত্রী।

কূটনীতিক—রাজনীতিজ্ঞ; রাজনীতি সম্বন্ধীয়। কূটনীতি+ইক। বিণ।

কূটপ্রশ্ন—দুর্বোধ্য প্রশ্ন, যাহার উত্তর দেওয়া কঠিন এরূপ প্রশ্ন; ঠকানে প্রশ্ন। কর্মধা। বি; পুং।

কূটবুদ্ধি—১। দুষ্টবুদ্ধিসম্পন্ন, দুর্বুদ্ধি, কপটবুদ্ধিসম্পন্ন। কূট বুদ্ধি যাহার, বহু। বিণ। ২। দুষ্ট বুদ্ধি; কপট বুদ্ধি; প্রতারণাপূর্ণ বুদ্ধি। কর্মধা। বি; স্ত্রী।

কূটস্থ—১। সর্বকালে সর্ব অবস্থায় একরূপ (যেমন —আকাশ, আত্মা, পরমেশ্বর); গূঢ়; উদাসীন, নির্বিকার; শৈলশিখরস্থ; পরিণাম রহিত। বিণ। ২। পরমেশ্বর, জীব। উপতৎ; কূট—স্থা+ক কর্তৃ। বি।

কূটাভাস—অসম্ভব বা বিরুদ্ধ মনে হইলেও সত্য বিষয়ের উপস্থাপন, paradox. কূটের আভাস, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কূটার্থ—যে অর্থ সহজে নির্ণীত হয় না, দুর্বোধ্য অর্থ। কর্মধা। বি; পুং।

কূটী—গৃহ, কুঠী। কূট+ঈপ্। বি; স্ত্রী।

কূড়—গুচ্ছীকৃত সূত্রাদির প্রান্ত বা সীমা; রাশি, সমূহ। বাংপ্র। বি।

কূণিকা—পরিমাণ বিঃ, কুনকে। কূণ্+ইন্ কর্তৃ+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

কূণিত—সংকুচিত; খর্বীভূত। কূণ্+ক্ত কর্তৃ। বিণ।

কূপ—কুয়া; ছিদ্র, গর্ত; রোমকূপ; মাস্তুল (—দণ্ড')। কু (ঈষৎ) অপ্ যাহাতে, বহু (নিপা)। বি; পুং।

কূপদণ্ড—মাস্তুল, গুণবৃক্ষ। কর্মধা। বি; পুং।

কূপদর্দুর, -মণ্ডূক—কুয়ার ব্যাঙ; অনভিজ্ঞ ব্যক্তি; কুনো। বি; পুং। স্ত্রী, **-রী, -কী**।

কূপার—সমুদ্র। কু—পৄ+অণ্ কর্তৃ (নিপা)। বি; পুং। [বাংপ্র। বি।

কূপি—চামড়ার তৈলপাত্র, কুপো; বোতল, শিশি।

কূপিকা, কূপী—নদীমধ্যস্থ পর্বত বা বৃক্ষ; চর্মময় তৈলপাত্র, কুপো; গর্ত। কূপ্+অচ্ বিশিষ্টার্থে+ঈপ্=কূপী, ১ম পক্ষে তদুত্তরে কন্ স্বার্থে+আপ্=কূপিকা। বি; স্ত্রী।

কূপোকাত—ভূমিসাৎ; সম্পূর্ণরূপে পরাভূত। বাংপ্র। বিণ। [বি; ক্লী।

কূপোদক—কুয়ার জল। কূপের উদক, ৬ষ্ঠীতৎ।

কূয়া—'কুয়া' দ্রঃ।

কূর্চ—ভ্রূদ্বয়ের মধ্যস্থল; ভ্রূমধ্যস্থ রোমচয়; কর্কশ লোম; শক্ত দাড়ি; অঙ্ঘ্রি; অঙ্গুষ্ঠাঙ্গুলির মধ্যভাগের উপরিভাগ; তন্ত্রোক্ত বীজ বিঃ; ছল; দম্ভ; তুলি; তৃণগুচ্ছ; কুশমুষ্টি; আসন বিঃ; ময়ূরপুচ্ছ; মস্তক। কুর্+চট্ কর্তৃ। বি; পুং বা ক্লী।

কূর্চিকা—কুঁচির তুলি; বুরুশ; পেনসিল; কুঁচি; সূচ; শলাকা; মালাই; তৃণগুচ্ছ। কূর্চ+ইক (ঠন্) আছে অর্থে+আপ্। বি; স্ত্রী।

কূর্দন—কোঁদা ('কুর্দন' দ্রঃ)। বি; ক্লী।

কূর্ম—কচ্ছপ, ভগবান্ বিষ্ণুর দশাবতারের দ্বিতীয় এবং ভাগবতমতে দ্বাবিংশতি অবতারের একাদশ অবতার। কু ঊর্মি যাহার দ্বারা, বহু (নিপা)। বি; পুং।

কূর্মপৃষ্ঠ—১। কচ্ছপের পৃষ্ঠ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। কচ্ছপের ন্যায় পৃষ্ঠবিশিষ্ট। বহু। বিণ।

কূর্মী—কচ্ছপী। কূর্ম+ঈপ্। বি; স্ত্রী।

কূল—তট, তীর; তড়াগ, পুকুর; স্তূপ, রাশি; শৈলপৃষ্ঠ; সমীপস্থান; আশ্রয়। কূল্+ক কর্তৃ। বি; ক্লী।

কূলংকষ, -কষা—যাহা তীর প্লাবিত করে বা ভাঙ্গে এমন। কূল—কষ্+খ কর্তৃ+আপ্। বিণ।

কূলকিনারা—সমাধান; প্রতিকার; নিষ্কৃতি। বাংপ্র। বি। [বি; ক্লী।

কূলপ্লাবন—তীরভূমি ডুবাইয়া দেওয়া। ৬ষ্ঠীতৎ।

কূলপ্লাবী (-প্লাবিন্)—তীরপ্লাবনকারী, যাহা তীরভূমি ডুবাইয়া দেয় এরূপ। উপতৎ; কূল—প্লু+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-প্লাবিনী**।

কৃকলাশ, কৃকলাস—সরীসৃপ বিঃ, কাঁকলাস; পক্ষী বিঃ। উপতৎ; কৃক (গলদেশ)—লশ্, লস্+অণ্ কর্তৃ। বি; পুং।

কৃচ্ছ্র—কষ্ট, শারীরিক ক্লেশ; আপদ্; দুঃখ; পাপ; ব্রত বিঃ; মূত্রকৃচ্ছ্ররোগ। কৃত্+রক্ কর্তৃ (নিপা)। বি; ক্লী।

কৃচ্ছ্রসাধন—শরীরকে ক্লেশ দিয়া সাধনা। ৩য়াতৎ। বি; ক্লী। [সুপ্। বিণ।
কৃচ্ছ্রসাধ্য—ক্লেশসম্পাদ্য, কষ্টসাধ্য। কৃচ্ছ্রে সাধ্য,
কৃচ্ছ্রাতিকৃচ্ছ্র—অতিক্লেশসম্পাদ্য ব্রত বিঃ। কৃচ্ছ্র হইতে অতিকৃচ্ছ্র, ৫মীতৎ। বি; ক্লী।
কৃৎ—(ব্যাক) ধাতুর পরে বিহিত প্রত্যয়। কৃ+ক্বিপ্ কর্ম। বি; পুং।
কৃত—সম্পাদিত; অভ্যস্ত, শিক্ষিত ('কৃতার্থ'); আচরিত ('—কর্ম'); উপযুক্ত। কৃ+ক্ত কর্ম। বিণ।
কৃতক—কৃত্রিম ('—কোপ'); কল্পিত; দত্তক ('—পুত্র')। বিণ। স্ত্রী—**কৃতিকা**।
কৃতকপুত্র—পোষ্যপুত্র। কর্মধা। বি; পুং।
কৃতকর্ম (-কর্মন্)—বিহিত কার্য, অনুষ্ঠিত কার্য, যে কাজ করা হইয়াছে তাহা। কর্মধা। বি; ক্লী।
কৃতকর্মা (-কর্মন্)—কৃতকার্য, সফলকাম; কার্যদক্ষ; যে কার্যের অনুষ্ঠান করিয়াছে এরূপ। কৃত হইয়াছে কর্ম যাহার, বা যৎকর্তৃক, বহু। বিণ।
কৃতকাম—পূর্ণমনোরথ, চরিতার্থ। কৃত কাম যাহার, বহু। বিণ।
কৃতকার্য—পূর্ণমনোরথ, সফলকাম, চরিতার্থ; কৃতকর্মা। বহু। বিণ। [ভাবে। বি; স্ত্রী।
কৃতকার্যতা—সাফল্য, চরিতার্থতা। কৃতকার্য+তা
কৃতকীর্তি—কৃতার্থ। বহু। বিণ।
কৃতকৃত্য, কৃতক্রিয়—কৃতকার্য; চরিতার্থ, সফলকাম; বিদ্বান্। বহু। বিণ।
কৃতঘ্ন—অকৃতজ্ঞ, নিমকহারাম; যে উপকারীর উপকার স্বীকার করে না এরূপ, যে উপকারীর অপকার করে এরূপ। উপতৎ; কৃত—হন্+ক কর্তৃ। বিণ।
কৃতঘ্নতা—অকৃতজ্ঞতা, উপকার স্বীকার বা স্মরণ না করা। কৃতঘ্ন+তা ভাবে। বি; স্ত্রী।
কৃতজ্ঞ—কেহ উপকার করিলে যে তাহা চিরকাল মনে রাখে এবং উপকারীর অনিষ্ট-নিবারণের বা প্রত্যুপকারের চেষ্টা করে এরূপ, উপকারকের সহিত সদ্ব্যবহারকারী। উপতৎ; কৃত—জ্ঞা+ক কর্তৃ। বিণ।
কৃতজ্ঞতা—উপকার স্মরণ বা স্বীকার করা, সাধ্যানুসারে উপকারীর হিতচিন্তা বা অনিষ্ট নিবারণের চেষ্টা করা, উপকারকের সহিত সদ্ব্যবহার করা। কৃতজ্ঞ+তা ভাবে। বি; স্ত্রী।
কৃতজ্ঞতাভাজন—কৃতজ্ঞতার পাত্র, যাঁহার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা যায় বা যাইতে পারে এরূপ। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; ক্লী (অজহল্লিঙ্গ)।
কৃতজ্বর—শিব ("জয় শিব মনোহর, সতী সদীশ্বর, গিরিশংকর কৃতজ্বর।"—ভারত)। কৃত জ্বর যৎকর্তৃক, বহু। বি; পুং।
কৃততীর্থ—যিনি তীর্থদর্শন করিয়াছেন এরূপ; যে পুষ্করিণী প্রভৃর ঘাট প্রস্তুত করিয়াছে এরূপ; যে উপায় নির্ধারণ করিয়াছে এরূপ; যে গুরু বরণ করিয়াছে এরূপ; যাহার ঘাট তৈয়ার হইয়াছে এমন। বহু। বিণ।
কৃতদার—বিবাহিত। কৃত দার যৎকর্তৃক, বহু। বিণ।
কৃতদাস—নির্দিষ্টকাল পর্যন্ত দাসত্ব করিতে অঙ্গীকারবদ্ধ ব্যক্তি। কর্মধা। বি; পুং।
কৃতধী—স্থিরচিত্ত; বিজ্ঞ; বুদ্ধিমান্; শাস্ত্রাভ্যাসে মার্জিতরুচি। কৃতা ধী যৎকর্তৃক, বহু। বিণ।
কৃতনিশ্চয়—স্থিরসংকল্প; যে কর্তব্য নিরূপণ করিয়াছে এরূপ; সিদ্ধিলাভ-বিষয়ে যাহার কিছুমাত্র সংশয় নাই এরূপ। কৃত নিশ্চয় যৎকর্তৃক, বহু। বিণ।
কৃতপূর্ব—পূর্বানুষ্ঠিত। পূর্বে কৃত, সুপ্। বিণ।
কৃতবিদ্য—বিদ্বান্; পণ্ডিত; শিক্ষিত। কৃতা (অধিগতা) বিদ্যা যৎকর্তৃক, বহু। বিণ।
কৃতযুগ—সত্যযুগ। কর্মধা। বি; ক্লী।
কৃতসংকল্প—স্থির নিশ্চয়; যে কোন কার্য করিতে মন স্থির করিয়াছে এমন। বহু। বিণ।
কৃতাঞ্জলি—১। বদ্ধাঞ্জলি, যে হাত জোড় করিয়াছে এমন। কৃত অঞ্জলি যৎকর্তৃক, বহু। বিণ। ২। বিহিতাঞ্জলি, জোড় হাত। কৃত অঞ্জলি, কর্মধা। বি; পুং।
কৃতাঞ্জলিপুট—১। কৃতাঞ্জলি, যুক্তকরপুট। কৃত অঞ্জলিপুট যৎকর্তৃক, বহু। বিণ। ২। যুক্ত করপুট, বদ্ধ অঞ্জলি। কর্মধা। বি; ক্লী। ক্রি-বিণ—**কৃতাঞ্জলিপুটে**।
কৃতাত্মা (-ত্মন্)—মার্জিতবুদ্ধি; শুদ্ধচিত্ত; জিতেন্দ্রিয়। কৃত আত্মা (আত্মন্) যাহার, বহু। বিণ।
কৃতান্ত—যম; দৈব; পাপ; শনি। কৃত অন্ত যৎকর্তৃক, বহু। বি; পুং।
কৃতান্তক—যম। কৃতের অন্তক, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কৃতাপরাধ—অপরাধী। কৃত অপরাধ যৎকর্তৃক, বহু। বিণ।
কৃতাভিষেক—অভিষিক্ত, যাহার অভিষেক-ক্রিয়া সম্পন্ন হইয়াছে এরূপ। কৃত অভিষেক যাহার, বহু। বিণ।
কৃতাভ্যাস—শিক্ষিত, trained; পরিপক্ক। বহু। বিণ। [বিণ।
কৃতার্থ—চরিতার্থ, সফলমনোরথ; কৃতকার্য। বহু।
কৃতার্থম্মন্য—যে আপনাকে কৃতার্থ বোধ করে এরূপ। কৃতার্থ—মন্+খশ্ কর্তৃ। বিণ। [বহু। বিণ।
কৃতাস্ত্র—অস্ত্র ব্যবহারে নিপুণ। কৃত অস্ত্র যৎকর্তৃক,
কৃতাহ্নিক—যে সন্ধ্যাবন্দনাদি নিত্যকর্ম সম্পাদন করিয়াছে এমন। কৃত আহ্নিক যৎকর্তৃক, বহু। বিণ।
কৃতি—১। করণ; নির্মাণ। কৃ+ক্তি ভাব। ২। বিংশত্যক্ষরপাদক ছন্দ বিঃ; কার্য; নির্মিত বস্তু। কৃ+ক্তি কর্ম। ৩। যত্ন, চেষ্টা। কৃ+ক্তি করণ। বি; স্ত্রী।
কৃতিত্ব—দক্ষতা; উপযুক্ততা; সামর্থ্য; কৃতকর্মতা; পাণ্ডিত্য; সাধুতা। কৃতিন্+ত্ব ভাবে। বি; ক্লী।
কৃতী (কৃতিন্)—পণ্ডিত; ভাগ্যবান্; সমর্থ; পুণ্যবান্; কুশল; কৃতার্থ; কর্মক্ষম; ক্ষমতাপন্ন। কৃত+ইন্ প্রশংসা অর্থে। বিণ। স্ত্রী—**কৃতিনী**।
কৃতোদ্বাহ—বিবাহিত। কৃত উদ্বাহ যৎকর্তৃক, বহু। বিণ।

কৃতোপকার—১। উপকারী। কৃত হইয়াছে উপকার যৎকর্তৃক, বহু। ২। উপকৃত। কৃত হইয়াছে উপকার যাহার, বহু। বিণ।

কৃত্তিকা—অশ্বিনী প্রঃ সপ্তবিংশতি নক্ষত্রের তৃতীয়া; কার্তিকেয়ের ছয়জন ধাত্রীর একজন, কার্তিক-পালিকা। কৃত্+তি কর্ম+কন্ সংজ্ঞার্থে+আপ্। বি; স্ত্রী।

কৃত্তিবাস—শিব; প্রসিদ্ধ বাংলা রামায়ণের রচয়িতা। কৃত্তি (মৃগাদিচর্ম)—বস্+অণ্ কর্তৃ। বি; পুং।

কৃত্তিবাসী—কৃত্তিবাসসম্বন্ধীয়; কৃত্তিবাসবিরচিত ('—রামায়ণ')। কৃত্তিবাস+ঈ রচিতার্থে (বাংপ্র)। বিণ।

কৃত্য—১। কার্য; প্রয়োজন। বি; ক্লী। ২। তব্য অনীয় যৎ ণ্যৎ ক্যপ্ কেলিম এই ছয়টি প্রত্যয়। বি; পুং। ৩। কর্তব্য, করণীয়। কৃ+ক্যপ্ কর্ম। বিণ।

কৃত্যক—কার্য, চাকরি, service. কৃত্য+কন্ স্বার্থে। বি; ক্লী।

কৃত্যা—তুকতাক মন্ত্র ইঃ, অভিচার; কার্য। কৃ+ক্যপ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

কৃত্যাকৃত্য—কর্তব্যাকর্তব্য, করণীয় ও অকরণীয় কাজ। দ্বন্দ্ব। বি; পুং।

কৃত্রিম—ক্রিয়া দ্বারা নিষ্পন্ন; কল্পিত; যাহা স্বভাব-জাত নয় মানুষের তৈয়ারী এমন; অযথার্থ ('—লেখা'); জাল ('—মুদ্রা'); ভেজাল; নকল ('—রেশম'); কপট ('—ভালবাসা')। কৃ+ত্রিমপ্ কর্ম। বিণ। **কৃত্রিম রাশি**—(গণিতে) যে রাশি অন্য দুই রাশির গুণন দ্বারা উৎপন্ন হয় তাহা।

কৃত্রিমতা—অস্বাভাবিকতা, কপটতা, কাল্পনিকতা। কৃত্রিম+তা ভাবে। বি; স্ত্রী।

কৃৎস্ন—সমস্ত; অশেষ; সম্পূর্ণ। কৃত্+ক্স্ন কর্তৃ। বিণ। বি—**কার্ৎস্ন্য**।

কৃদন্ত—(ব্যাক) কৃৎ-প্রত্যয়ান্ত ('—শব্দ')। কৃৎ অন্তে যাহার, বহু। বিণ।

কৃন্তক—কর্তনকারী, ছেদনকারী। কৃত্+ণক কর্তৃ। বিণ। **কৃন্তক দন্ত**—যে দাঁত দিয়া খাদ্যদ্রব্য কাটিয়া লওয়া হয়।

কৃন্তন—ছেদন; বীণাবাদনকালে তার টানিয়া বাজানো; মধ্যমাঙ্গুলি দ্বারা সেতারের তার টানা। কৃত+অনট্ ভাব। বি; ক্লী।

কৃন্তনী, **কৃন্তনিকা**—ছেদনাস্ত্র, ছুরি কাঁচি প্রঃ। কৃত্ +অনট করণ+ঈপ্, পক্ষে কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

কৃপণ—অর্থব্যয়ে কাতর, ব্যয়কুণ্ঠ; কাতর; ক্ষুদ্র, নীচ; মন্দ; অনুদার। কৃপ্+অন (ক্যুন্) কর্তৃ। বিণ। **কৃপণের কড়ি**—অত্যন্ত যত্নের সহিত রক্ষিত অর্থাদি; অতি প্রিয় বস্তু। [স্ত্রী।

কৃপা—দয়া, করুণা। কৃপ+অঙ্ ভাব+আপ্। বি;

কৃপাকটাক্ষ—সামান্য সদয়দৃষ্টি, অত্যল্পমাত্রায় করুণা-প্রকাশ। কৃপাপূর্ণ কটাক্ষ, মধ্যপ। বি; পুং।

কৃপাণ—অসি, খাঁড়া। উপতৎ; কৃপা—নুদ্+ড কর্তৃ। বি; পুং।

কৃপাণী, **কৃপাণিকা**—ছোরা, ছুরি; কর্তরী। কৃপাণ+ঈপ্, পক্ষে কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

কৃপাদৃষ্টি—করুণাপূর্ণ দৃষ্টি, দয়ার চোখে দেখা। কৃপাপূর্ণা দৃষ্টি, মধ্যপ। বি; স্ত্রী।

কৃপানিধি—করুণাসাগর, অসীম দয়াবান্। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ।

কৃপাবলোকন—কৃপাদৃষ্টি, করুণাকটাক্ষ। কৃপা দ্বারা অবলোকন, ৩য়াতৎ। বি; ক্লী।

কৃপাময়—করুণাময়। কৃপা+ময়ট্ পূর্ণার্থে। বিণ। স্ত্রী, -য়ী।

কৃপালু—দয়ালু। উপতৎ; কৃপা—লা+ডু কর্তৃ। বিণ।

কৃপাসিন্ধু—দয়ার সাগর, অসীম দয়াবান্। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কৃমি, **ক্রিমি**—কীট; উদরজাত কৃমিরোগ; কীটের শূক রূপ, larva. ক্রম্+ইন্ কর্তৃ (বিকল্পে সম্প্রসারণ)। বি; পুং। [পুং।

কৃমিকোশ, **-কোষ**—রেশমের গুটি। ৬ষ্ঠীতৎ। বি;

কৃমিঘ্ন—কৃমিনাশক ('—ঔষধ')। উপতৎ; কৃমি—হন্+টক্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ঘ্নী।

কৃমিজ—কৃমি হইতে উৎপন্ন; কীটজাত। উপতৎ; কৃমি—জন্+ড কর্তৃ। বিণ।

কৃমিনাশক—কৃমিঘ্ন; কীটনাশকারী; কৃমিরোগনাশ-কারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -নাশিকা।

কৃমিল—কৃমিযুক্ত। কৃমি—লা+ক কর্তৃ। বিণ।

কৃশ—ক্ষীণ, দুর্বল, অসম্পূর্ণ; দরিদ্র; ক্ষুদ্র; অল্প; লঘু, পাতলা; রোগা; বিরল। কৃশ্+ত্ত বা ক কর্তৃ (নিপা)। বিণ।

কৃশর, **কৃসর**, **কৃশরান্ন**, **কৃসরান্ন**—খিচুড়ি। কৃ+শর, সর কর্ম, ৩য় ও ৪র্থ পক্ষে কর্মধা। বি; ক্লী।

কৃশাঙ্গ—ক্ষীণকায়, রোগা। কৃশ অঙ্গ যাহার, বহু। বিণ। স্ত্রী, -ঙ্গা, -ঙ্গী।

কৃশানু—অগ্নি ("জানু-ভানু কৃশানু শীতের নিবারণ"—কবিকঙ্কণ)। কৃশ্+আনুক্ কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং।

কৃশোদর—১। ক্ষীণ উদর; ক্ষীণ কটি। কর্মধা। বি; ক্লী। ২। ক্ষীণোদরবিশিষ্ট; ক্ষীণকটি। বহু। বিণ। স্ত্রী, -রা, -রী।

কৃষক—চাষী। কৃষ্+অক (কুন্) কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী—**কৃষিকা**।

কৃষাণ—কৃষক; কৃষিশ্রমিক, চাষের মজুর। বাংপ্র। বি।

কৃষাণি—কৃষিশ্রমিকের কার্য; চাষের মজুরি। কৃষাণ+ই (বাংপ্র)। বি।

কৃষাণী—কৃষকের পত্নী, কৃষিশ্রমিকের পত্নী। কৃষাণ+ঈ (বাংপ্র)। বি; স্ত্রী।

কৃষি—কৃষিকর্ম, চাষবাস। কৃষ্+ইক্ ভাব। বি; পুং। [বি; ক্লী।

কৃষিকর্ম (-কর্মন্), **-কার্য**—চাষের কাজ। কর্মধা।

কৃষিজ—কৃষিকার্য হইতে উৎপন্ন। উপতৎ; কৃষি—জন্+ড কর্তৃ। বিণ।

কৃষিজাত—চাষের কাজ হইতে উদ্ভূত। ৫মীতৎ। বিণ।

কৃষিজীবী, (-জীবিন্)—কৃষক, চাষী। উপতৎ; কৃষি—জীব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-জীবিনী**।

কৃষ্ট—যাহাতে হাল দেওয়া হইয়াছে এরূপ, চষা ('—ক্ষেত্র'); আকৃষ্ট। কৃষ্+ক্ত কর্ম। বিণ।

কৃষ্টি—১। কর্ষণ; কৃষি। কৃষ্+ক্তি ভাব। বি; স্ত্রী। ২। গবেষণামূলক চর্চা; শিক্ষা দ্বারা লব্ধ উৎকর্ষ, সংস্কৃতি, culture. বাংপ্র। বি।

কৃষ্ণ—১। বিষ্ণুর অবতার বিঃ, জনার্দন, শ্যাম; ব্যাসদেব; অর্জুন। কৃষ্+নক্ কর্তৃ। বি; পুং। ২। কালাগুরু; অশুভকর্ম, পাপ। বি; ক্লী। ৩। নীলবর্ণযুক্ত; কৃষ্ণবর্ণ, কালো; অন্ধকারময়। কৃষ্ণ+অচ্ বিশিষ্টার্থে। বিণ। **কৃষ্ণের জীব**—অসহায় প্রাণী; দুর্বল জীব; দুর্দশাগ্রস্ত প্রাণী।

কৃষ্ণকথা—কৃষ্ণের লীলাকাহিনী; কৃষ্ণের ধর্মকথা; কৃষ্ণসম্বন্ধে বর্ণনা। ৬ষ্ঠীতৎ; বা কৃষ্ণবিষয়িকা কথা, মধ্যপ। বি; স্ত্রী।

কৃষ্ণকলি—১। স্বনামপ্রসিদ্ধ পুষ্পবৃক্ষ বিঃ। বি; পুং। ২। কৃষ্ণকলি ফুল। কৃষ্ণের চূড়ার ন্যায় কলি যাহার, বহু। বি; ক্লী।

কৃষ্ণকায়—১। কৃষ্ণবর্ণ দেহ। কর্মধা। বি; পুং। ২। কৃষ্ণবর্ণদেহসম্পন্ন। বিণ। ৩। মহিষ। বহু। বি; পুং।

কৃষ্ণকীর্তন—শ্রীকৃষ্ণের নামকীর্তন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কৃষ্ণচতুর্দশী—কৃষ্ণপক্ষের চতুর্দশী তিথি। কৃষ্ণা চতুর্দশী, কর্মধা। বি; স্ত্রী।

কৃষ্ণচন্দন—হরিচন্দন। কর্মধা। বি; ক্লী।

কৃষ্ণচূড়া—১। সুবৃহৎ পুষ্পবৃক্ষ বিঃ বা তাহার ফুল। কৃষ্ণের চূড়ার ন্যায় চূড়া যাহার, বহু+আপ্। ২। কৃষ্ণচূড়া ফুল। সদৃশার্থে ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [স্ত্রী।

কৃষ্ণজীরক, -জীরা—কালজীরা। কর্মধা। বি; পুং,

কৃষ্ণদ্বৈপায়ন—বেদব্যাস। কর্মধা। বি; পুং।

কৃষ্ণনাম (-নামন্)—'কৃষ্ণ' এই শব্দ; কৃষ্ণের নাম। কর্মধা বা ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কৃষ্ণপক্ষ—প্রতিপদ হইতে অমাবস্যা পর্যন্ত পনেরটি তিথি। কর্মধা। বি; পুং। বিণ, **-পক্ষীয়**।

কৃষ্ণপ্রাপ্তি—শ্রীকৃষ্ণের সাক্ষাৎকার লাভ; মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কৃষ্ণবর্ণ—১। নীলবর্ণ; কালরং। কর্মধা। বি; পুং। ২। কৃষ্ণবর্ণবিশিষ্ট। বহু। ৩। শ্রীকৃষ্ণের বর্ণনাকারী। উপতৎ; কৃষ্ণ—বর্ণি+অচ্ কর্তৃ। বিণ।

কৃষ্ণভক্ত—শ্রীকৃষ্ণে ভক্তিসম্পন্ন, কৃষ্ণোপাসক। ৬ষ্ঠীতৎ। বিণ।

কৃষ্ণভক্তি—শ্রীকৃষ্ণে শ্রদ্ধা। ৭মীতৎ। বি; স্ত্রী।

কৃষ্ণযাত্রা—শ্রীকৃষ্ণের লীলাবিষয়ক যাত্রাভিনয়। মধ্যপ। বি; স্ত্রী।

কৃষ্ণসর্প—কেউটে সাপ। নিত্য-কর্মধা। বি; পুং।

কৃষ্ণসার, -শার—একজাতীয় হরিণ। কৃষ্ণ অথচ সার, শার (চিত্রবিচিত্র), কর্মধা। বি; পুং।

কৃষ্ণসারথি—১। অর্জুন। কৃষ্ণ সারথি যাঁহার, বহু। ২। কৃষ্ণের রথচালক, দারুক। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; ক্লী।

কৃষ্ণসীস—কৃষ্ণবর্ণ ধাতু বিঃ, graphite. কর্মধা।

কৃষ্ণা—১। দ্রৌপদী; দাক্ষিণাত্যে প্রবাহিতা নদী বিঃ। বি; স্ত্রী। ২। কৃষ্ণবর্ণা। কৃষ্ণ+আপ্। বিণ; স্ত্রী। [কর্মধা। বি; ক্লী।

কৃষ্ণাগুরু—কাল অগুরু, কৃষ্ণচন্দন। কৃষ্ণ অগুরু,

কৃষ্ণাজিন—কৃষ্ণসার মৃগের চর্ম। কৃষ্ণ অজিন, কর্মধা। বি; ক্লী।

কৃষ্ণাভ—ঈষৎ কৃষ্ণবর্ণযুক্ত, আকৃষ্ণ। কৃষ্ণের আভার ন্যায় আভা যাহার, বহু। বিণ।

কৃষ্ণাশ্রিত—শ্রীকৃষ্ণের রক্ষিত; কৃষ্ণপরায়ণ; কৃষ্ণভক্ত। কৃষ্ণকে আশ্রিত, ২য়াতৎ। বিণ।

কৃষ্ণাষ্টমী—কৃষ্ণপক্ষীয় অষ্টমী; শ্রীকৃষ্ণের জন্মতিথি। কৃষ্ণা অষ্টমী, কর্মধা। বি; স্ত্রী। [বিণ।

কৃষ্য—কর্ষণযোগ্য, কৃষির উপযুক্ত। কৃষ্+ক্যপ্ কর্ম।

কে—১। কোন্ ব্যক্তি, কোন্ মনুষ্য। < কিম্। সর্ব। ২। প্রতি, দিকে, উদ্দেশে; প্রত্যেক। কর্ম ও সম্প্রদান কারকের একবচনের বিভক্তি। বাংপ্র। অ। **কে জানে**—কেহ জানে না; আমি জানি না।

কেউ—কেহ, কোন লোক। বাংপ্র। সর্ব।

কেউকেটা, কেওকেটা—১। তুচ্ছ, যে-সে, যেমন-তেমন; (ব্যঙ্গে) উচ্চপদস্থ। বিণ। ২। নগণ্য লোক; (ব্যঙ্গে) উচ্চপদস্থ লোক। বাংপ্র। বি।

কেউটিয়া, কেউটে—তীব্রবিষধর সর্প বিঃ, কৃষ্ণসর্প। বাংপ্র। বি।

কেওট—কৈবর্ত, ধীবর; কৃষিকারক জাতি; ঘৃণাসূচক শব্দ। < কৈবর্ত। বি।

কেওড়া—কেয়াফুল হইতে জাত সুগন্ধি দ্রব্য। < কৈবিকা। বি।

কে'ইয়া—'কে'য়ে' দ্রঃ।

কে'উ-কে'উ—কুকুরের কাতর শব্দ। বাংপ্র। অ।

কে'চা, ক্যাচা—মাছ মারিবার বর্শা বিঃ। বাংপ্র। বি।

কে'চে—কাঁচিয়া, নূতন করিয়া; পুনরায় আরম্ভ করিয়া। বাংপ্র। অস-ক্রি। **কে'চে গণ্ডূষ**—সমাপ্ত-প্রায় কাজের পুনরায় গোড়া হইতে আরম্ভ।

কে'চো—মহীলতা, কৃমি বিঃ; (গৌণার্থে) ভয়ে জড়সড় ব্যক্তি, ভীতু লোক। < কিঞ্চুলুক। বি।

কে'ড়ে—দুগ্ধাদির পাত্র; তৈলাদি রাখিবার জন্য বাঁশের চোঙ্গা। < কণ্ড। বি।

কে'ড়েলি—চতুরতা, চালাকি; জ্যাঠামি; বাহাদুরি। বাংপ্র। বি।

কে'দো—১। খুব মোটা; প্রকাণ্ড। বিণ। ২। এক-প্রকার বাঘ। বাংপ্র। বি।

কে'য়ে—১। ঝগড়াটে; জেদী; কুটিলবুদ্ধি; স্বার্থপর; কৃপণ। বিণ। ২। মাড়োয়ারী ব্যবসায়ী। বাংপ্র। বি।

কেক—ময়দা ডিম প্রঃর মিশ্রণে প্রস্তুত পিষ্টক বিঃ। < ইং 'cake'. বি।

কেকয়ী, কৈকয়ী, কৈকেয়ী—ভরতের মাতা। কেকয় +অণ্ অপত্যার্থে+ঈপ্। বি; স্ত্রী।

কেকা—ময়ূরের ডাক। কে—কৈ+ক কর্ম+আপ্। বি; স্ত্রী।

কেকাধ্বনি, -রব—ময়ূরের রব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কেকী (কেকিন্)—ময়ূর। কেকা+ইন্ আছে অর্থে। বি; পুং। স্ত্রী—**কেকিনী**।

কেঙ্গারু—অস্ট্রেলিয়ার তৃণভোজী জীব বিঃ। <ইং 'kangaroo'. বি।।

কেচ্ছা—১। দুর্নাম, নিন্দা। <কুৎসা। ২। উপন্যাস, গল্প, কাহিনী, রূপকথা। <আ 'কিস্সা'। বি।

কেজো—কার্যোপযোগী; কার্যকুশল; প্রয়োজনীয়। কাজ+ও (<উয়া) যোগ্যার্থে (বাংপ্র)। বিণ।

কেটলি—জল গরম করিবার নলবিশিষ্ট পাত্র বিঃ। <ইং 'kettle'. বি।

কেঠো—১। কাঠনির্মিত জলসেচনী; কাষ্ঠময় পাত্র। বি। ২। কাঠের তৈয়ারী। কাঠ+ও নির্মিতার্থে। বিণ। [বাংপ্র। বি।

কেঁড়ে—একজাতীয় কীট, ধানচালের কালো পোকা।

কেতক—১। কেয়াফুলের গাছ। বি; পুং। ২। কেয়াফুল। কিৎ+ণক কর্তৃ। বি; ক্লী।

কেতকী—কেয়াফুলের গাছ; কেয়াফুল। কেতক+ঈপ্। বি; স্ত্রী।

কেতন—১। পতাকা; চিহ্ন। কিৎ+অনট্ করণ। ২। কার্য। কিত্+অনট্ কর্ম। ৩। স্থান; গৃহ। কিত্+অনট্ অধি। বি; ক্লী।

কেতলি—কেটলি (তাহা দ্রঃ)।

কেতা—কিতা, খণ্ড; ধারা; গোছা; শৃঙ্খলা। < আ 'কিত্হ্'। বি।

কেতাদুরস্ত—শৃঙ্খলাযুক্ত, পরিপাটী। কেতা (আ) +দুরস্ত (ফা)। বিণ।

কেতাব—পুস্তক। <আ 'কিতাব'। বি।

কেতাবকীট—পুস্তকনষ্টকারী কীট বিঃ; যে সর্বদা পুস্তক লইয়া থাকে, bookworm. আ-মু। বি।

কেতাবী—পুস্তকসম্বন্ধীয়; পুস্তকের উপযোগী; পুঁথিগত; পুস্তকব্যবসায়ী। আ-মু। বিণ।

কেতু—(হিন্দু পুরাণমতে) নবম গ্রহ; পতাকা; চিহ্ন; উৎপাত-চিহ্ন; ধূমকেতু; শত্রু; রোগ। কিত্+উ কর্তৃ, সংজ্ঞার্থে। বি; পুং।

কেদার—১। ক্ষেত্র। কে—দৃ+ঘঞ্ কর্ম। ২। পর্বত বিঃ; কেদারপর্বতস্থ শিব; আলবাল; ক্ষেতের আলি। কে দার যাহার, অলুক্ বহু। বি; পুং।

কেদারখণ্ড—ভূমিখণ্ড, ক্ষেত্রের একদেশ; ক্ষুদ্র আলি। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।

কেদারনাথ—শিব বিঃ; তীর্থ বিঃ (হিমালয়ে অবস্থিত)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কেদারবাহিনী, -বাহিণী—সমতল ভূমির উপর দিয়া প্রবাহিতা, ক্ষেত্রমধ্য দিয়া প্রবাহিতা ('—নদী')। উপতৎ; কেদার—বহ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী।

কেদারা—১। রাগিণী বিঃ। বি; স্ত্রী। ২। কাষ্ঠাসন বিঃ, চেয়ার। <পো 'cadeira'. বি।

কেন—১। কিহেতু; কিজন্য। বাংপ্র। অ। ২। কারণ-জিজ্ঞাসা, 'কেন' বলিয়া প্রশ্ন ("ক'টা কেনর জবাব দিবে"—রজনী)। সংস্কৃত 'কিম্' শব্দের ৩য়ার একবচন। বি।

কেননা—কারণ, যেহেতু। বাংপ্র। অ।

কেনা—১। ক্রীত। বিণ। ২। ক্রয় করা। ক্রি। ৩। ক্রয়। বাংপ্র। বি।

কেন্দ্র—লগ্ন; লগ্ন হইতে চতুর্থ, সপ্তম ও দশম স্থান; মেরু, পৃথিবীর উত্তর ও দক্ষিণ প্রান্ত; গোল বস্তুর ঠিক মধ্যস্থান, centre; সূর্য হইতে গ্রহাদির দূরত্ব; যে স্থানে ব্যাপকতর স্থান বিশেষের কোন কার্যের ব্যবস্থা করা হয় তাহা ('শাসন—', 'নির্বাচন—'); যে স্থানে কোন বিশেষ ব্যাপারের জন্য বা বস্তুর জন্য নানা দিগ্দেশ হইতে লোক আসে তাহা ('শিক্ষা—', 'বাণিজ্য—')। ক-মধ্যে ইন্দ্র, ৭মীতৎ [গ্রীক্ kentron হইতে গঠিত সংস্কৃত]। বি; ক্লী।

কেন্দ্রগত—কেন্দ্রস্থ; কেন্দ্রে অবস্থিত। ২য়াতৎ। বিণ।

কেন্দ্রবিমুখ—কেন্দ্র হইতে দূরে গমনশীল, centrifugal. ৫মীতৎ। বিণ।

কেন্দ্রবিমুখবল—যে বলে বস্তু সকল কেন্দ্রাভিমুখ হইতে অন্তরিত হয় তাহা, centrifugal force. কেন্দ্র হইতে বিমুখ, ৫মীতৎ; সেরূপ বল, কর্মধা। বি; ক্লী।

কেন্দ্রস্থল—মধ্যবিন্দু; কেন্দ্র। কর্মধা। বি; ক্লী।

কেন্দ্রস্রোতঃ (-স্রোতস্)—মেরুর নিকট হইতে আগত স্রোত, Polar current. কেন্দ্রাগত স্রোতঃ, মধ্যপ। বি; ক্লী।

কেন্দ্রাতিগ—কেন্দ্র হইতে বহির্মুখী, centrifugal. কেন্দ্র হইতে অতিগ, ৫মীতৎ। বিণ।

কেন্দ্রাপসারী (-সারিন্)—কেন্দ্র হইতে দূরে গমনশীল, centrifugal. উপতৎ; কেন্দ্র—অপ—সৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-সারিণী**।

কেন্দ্রাভিকর্ষী (-কর্ষিন্)—কেন্দ্রের অভিমুখে আকর্ষণশীল, centripetal. কেন্দ্র—অভি—কৃষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কর্ষিণী**।

কেন্দ্রাভিগ, কেন্দ্রাভিগামী (-গামিন্), **কেন্দ্রাভিমুখ**—কেন্দ্রের অভিমুখে গমনশীল, centripetal. উপতৎ; কেন্দ্র—অভি—গম্+ড, ণিন্ কর্তৃ; কেন্দ্র অভিমুখে যাহার, বহু। বিণ। স্ত্রী, **-গা, -গামিনী, -মুখা, -মুখী**।

কেন্দ্রাভিমুখবল—যে বলে বস্তু সকল কেন্দ্রাভিমুখে আকৃষ্ট হয় তাহা, centripetal force. কেন্দ্রাভিমুখ বল, কর্মধা। বি; ক্লী।

কেন্দ্রী (কেন্দ্রিন্)—কেন্দ্রবিশিষ্ট; নেতা, মাতব্বর; কেন্দ্রস্থলে অবস্থিত গ্রহ। কেন্দ্র+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী—**কেন্দ্রিণী**।

কেন্দ্রীভূত—কেন্দ্রে পরিণত; একস্থানে সমবেত; চতুর্দিক্ হইতে মধ্যস্থলে আগত। কেন্দ্র+চ্বি অভূততদ্ভাবার্থে (=কেন্দ্রী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

কেন্দ্রীয়—কেন্দ্রসম্বন্ধীয়; কেন্দ্রে নির্বাহিত; কেন্দ্রে অবস্থিত, central. কেন্দ্র+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
কেন্নো, কেন্নুই—কানকোটারি; বহুপদ কীট বিঃ। বাংপ্র। বি।
কেবট—ধীবরজাতি। <কৈবর্ত। বি।
কেবল—১। একমাত্র, অসহায়, অদ্বিতীয়; নিরবচ্ছিন্ন; সম্পূর্ণ; শুদ্ধ; শুদ্ধ; অবধারিত। বিণ। ২। নিশ্চয়, নির্ণয়; তত্ত্বজ্ঞান। কেব্+কলচ্ কর্তৃ। বি; ক্লী। [বিণ।
কেবলরাম—(ব্যঙ্গে) নির্বোধ ও অকর্মণ্য। বাংপ্র।
কেবলা—স্থূলবুদ্ধি; মূর্খ; অকর্মণ্য। বাংপ্র। বিণ।
কেবা—কে, কোন্ ব্যক্তি। কে+বা (বাক্যালংকারে)। সর্ব।
কেবিন—কক্ষ বা কামরা বিঃ। <ইং 'cabin'. বি।
কেমত, কেমন—কিরূপ; ব্যাকুল; সন্দেহজনক। কি+মত, মন সদৃশার্থে। বাংপ্র। বিণ। **কেমন করা**—ভাল না লাগা। **কেমন কেমন**—ঠিক মনের মত নয়; সন্দেহজনক। **কেমন কেমন করা**—অস্বাচ্ছন্দ্যযুক্ত হওয়া। **কেমন যেন**—ভাল নয়; সন্দেহজনক।
কেমনতর—অপরূপ; অদ্ভুত; কি রকম। বাংপ্র। বিণ।
কেমনে—কিরূপে। বাংপ্র। ক্রি-বিণ।
কেমিকেল, কেমিক্যাল—রাসায়নিক; নকল; কৃত্রিম ('—সোনা')। <ইং 'chemical.' বিণ।
কেয়া—১। কেতকী বৃক্ষ বা পুষ্প। <কেতক। বি। ২। কী চমৎকার। হি-মু। অ।
কেয়াকাঁদি—কেয়াফুলের ছড়া। ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি। [বি।
কেয়াফুল—কেতকী-পুষ্প। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)।
কেয়াবাত, -বাৎ—বাহবা; শাবাশ। হি। অ।
কেয়ামত—শেষ বিচার; মৃতের পুনরুত্থান। <আ 'কিয়ামৎ'। বি।
কেয়ার—যত্ন; তত্ত্বাবধান; সতর্কতা; সম্মান; ভয়; গ্রাহ্যকরণ; ভ্রূক্ষেপ; ঠিকানা। <ইং 'care'. বি।
কেয়ারি—আল দিয়া রোপিত ক্ষেত্র; 'কিয়ারি' (তাহা দ্রঃ)। <কেদারিকা। বি।
কেয়ারি-করা—সুবিন্যস্ত; গোছানো। বহু (বাংপ্র)। বিণ। [যা+উরক্ কর্তৃ। বি; পুং
কেয়ূর—বাহুভূষণ, বাজু। অলুক্ উপতৎ; কে—
কেয়ূরবন্ধ—অঙ্গদ পরিধানের স্থান। কেয়ূর—বন্ধ্+ঘঞ্ অধি। বি; পুং।
কেরদানি—ক্ষমতা; বাহাদুরি; সাহস। <ফা 'কারদানি'। বি।
কেরল—১। মালবার; ভারতের দক্ষিণ-পশ্চিম প্রান্তে অবস্থিত রাজ্য বা ঐ রাজ্যের লোক। বি; পুং। ২। কেরলদেশীয়। বিণ।
কেরলী—কেরলদেশীয়া নারী। বি; স্ত্রী।
কেরানী—মুনশী, মুহুরি, লেখক-কর্মচারী, clerk. <করণিক। বি।
কেরানীখানা—লেখক-কর্মচারীদের গৃহ; অফিস-ঘর, office. ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
কেরানীগিরি—কেরানীর কার্য, লেখকের কাজ, মুহুরিগিরি। কেরানী+গিরি কর্মার্থে (বাংপ্র)। বি।
কেরামত, কেরামতি—দৈবশক্তি, অমানুষিক সামর্থ্য; অসাধারণ শক্তি; অতীব মহত্ত্ব; বাহাদুরি, সাহস; ইন্দ্রজাল। <আ 'করামৎ'। বি।
কেরায়া—ভাড়া, যানাদি বাহকের পারিশ্রমিক। <আ 'কিরায়া'। বি।
কেরাসিন, কেরোসিন—আলো জ্বালাইবার জন্য ব্যবহৃত খনিজ তৈল বিঃ; মেটে তৈল। <ইং 'kerosene'. বি।
কেলাস—১। স্ফটিক; দানা, crystal. কে (জলে) লাস যাহার, অলুক্ বহু। ২। (স্ফটিকবর্ণত্ব-হেতু) কৈলাস। কেলাস+অচ্ আছে অর্থে। বি; পুং। ৩। শ্রেণী। <ইং 'class'. বি।
কেলাসন—দানা বাঁধা, crystallization. কেলাসি+অনট্ ভাব। বি; ক্লী।
কেলাসিত—দানাদার; নিয়তাকার দানায় পরিণত ('—রাসায়নিক পদার্থ'), crystalline. কেলাস+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
কেলি—ক্রীড়া; কৌতুক; পরিহাস; প্রমোদ; বিহার; রমণ। কেল্+ইন্ ভাব। বি; পুং বা স্ত্রী।
কেলিকদম্ব—স্বনামখ্যাত কদম্ববৃক্ষ বিঃ, ধারাকদম্ব। কেলিসাধক কদম্ব, মধ্যপ। বি; পুং।
কেলিকমল—লীলাপদ্ম, বিলাসের জন্য করে গৃহীত পদ্ম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কেলিকুঞ্জ—প্রণয়িযুগলের বিহারের নিমিত্ত বৃক্ষ-লতাদি দ্বারা আচ্ছাদিত স্থান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কেলিগৃহ—ক্রীড়াগার; থিয়েটার; রতিমন্দির। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
কেলে—কালো। 'কাল' (কালিয়া)-শব্দের বিকৃত উচ্চারণ। বিণ। **কেলে মানিক, কেলে সোনা**—(আদরার্থে) কৃষ্ণ; কালো হইলেও সুন্দর; (ব্যঙ্গার্থে) কালো ব্যক্তি। **কেলে হাঁড়ি**—যে হাঁড়িতে রান্না করার ফলে কালি লাগিয়া রহিয়াছে।
কেলেগোপালী—তোষামোদ; কপট আত্মীয়তাপ্রদর্শন; মাতব্বরি [কোন জমিদারের কালী ও গোপাল নামে দুইজন কর্মচারী ছিল। তাহাদের তোষামোদ না করিলে জমিদারের দেখা পাওয়া যাইত না। ইহা হইতে তোষামোদ অর্থে 'কেলেগোপালী' শব্দের প্রচলন হইয়াছে]। বাংপ্র। বি।
কেলেঙ্কার—কলঙ্কজনক, নিন্দাজনক, কুৎসিত। <কলঙ্ককর। বিণ।
কেলেঙ্কারি—কলঙ্কজনক ব্যাপার, নিন্দাজনক ঘটনা, কুৎসার বিষয়। কেলেঙ্কার+ই ভাবে। বাংপ্র। বি।
কেল্লা—সৈনাবাস, গড়। <আ 'কল্‌আ'। বি। **কেল্লা ফতে করা, কেল্লা মাত করা**—দুর্গ জয় করা; কার্যে সফলকাম হওয়া। **কেল্লা মারা**—দুর্গ জয় করা; কার্য সফল করা।

কেশ—চুল। অলুক্‌ উপতৎ; কে (মস্তকে)—শী +ড কর্তৃ। বি; পুং।

কেশকলাপ—কেশসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কেশকীট—উকুন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কেশগুচ্ছ—চুলের গোছা; বন্ধ কেশরাশি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কেশতৈল—কেশবর্ধক সুগন্ধ তৈল, ভৃঙ্গরাজাদি তৈল; মাথায় মাখিবার তেল। কেশবর্ধক বা কেশ-ব্যবহার্য তৈল, মধ্যপ। বি; ক্লী।

কেশদাম (-দামন্)—১। কবরীতে ধারণযোগ্য মাল্য। কেশধার্য দাম, মধ্যপ। ২। কেশবন্ধন-সূত্রাদি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কেশপাশ—উৎকৃষ্ট কেশরাশি; কেশগুচ্ছ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কেশপ্রসাধন—চুল বাঁধা; কেশকে নানাভাবে সজ্জিত ও সুগন্ধিকরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কেশব—কৃষ্ণ; বিষ্ণু। ক (ব্রহ্মা)+ঈশ (শিব)= কেশ; কেশ—বা (পাওয়া)+ক কর্তৃ; অথবা, কেশ (কেশিন্)—বা+ক কর্তৃ; অথবা, কে (জলে) শব (অর্থাৎ তদ্বৎ ভাসমান), অলুক্‌ ৭মীতৎ। বি; পুং।

কেশবিন্যাস—কবরীবন্ধন, কেশরচনা, খোঁপা বাঁধা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কেশবেশ—কবরীবন্ধন, কেশবিন্যাস; চুলের খোঁপা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কেশ-মুণ্ডন—মাথা নেড়া করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কেশর, কেসর—১। পুষ্পের পাপড়ির মধ্যস্থলে কেশের মত যে সূক্ষ্ম পদার্থ থাকে তাহা; পুষ্প-রেণু। বি; পুং বা ক্লী। ২। সিংহ অশ্বাদির ঘাড়ের চুল; বকুল গাছ; নাগকেশর বৃক্ষ; নীল-কেশর বৃক্ষ; মুরানামক গন্ধদ্রব্য; জাফরান; এক-জাতীয় উদ্ভিজ্জ মূল; পুন্নাগ বৃক্ষ। কে—শৃ+অপ্ কর্ম; কে—সৃ+অচ্ কর্তৃ। বি; পুং।

কেশরচনা—কবরীবন্ধন, চুল বাঁধা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কেশরঞ্জন—ভৃঙ্গরাজ বৃক্ষ, ভীমরাজ গাছ। কেশ—রন্জ্+ণিচ্+অন কর্তৃ। বি; পুং।

কেশরাজ—ভৃঙ্গরাজ। কেশ—রাজ্+ঘঞ্ করণ। বি; পুং। [স্ত্রী।

কেশরাশি—কেশসমূহ, চুলের গোছা। ৬ষ্ঠীতৎ। বি;

কেশরী (-রিন্), **কেসরী** (-রিন্)—সিংহ; অশ্ব; নাগকেশরবৃক্ষ; (শব্দের পরে থাকিলে) শ্রেষ্ঠার্থ-বাচক। কেশর, কেসর+ইন্ আছে অর্থে। বি; পুং।

কেশসংস্কার—চুল আঁচড়ানো। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কেশস্পর্শ—চুল ছোঁওয়া; সামান্যমাত্রও ক্ষতিসাধন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কেশাকর্ষণ—চুল ধরিয়া টানা। কেশের আকর্ষণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কেশাকেশি—পরস্পর কেশগ্রহণপূর্বক যুদ্ধ, চুলা-চুলি। কেশে কেশে গ্রহণ করিয়া যে যুদ্ধ এই অর্থে, বহু (ক্রিয়াব্যতীহার অর্থে ইচ্ প্রত্যয়) ক্রি-বিণ।

কেশাগ্রস্পর্শ—চুলের ডগা ছোঁওয়া; সামান্য ক্ষতি-সাধন। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি।

কেশিয়ার—খাজাঞ্চী, কোষাধ্যক্ষ। ⟨ইং 'cashier'.

কেশী (-শিন্)—১। কেশযুক্ত; প্রশস্ত কেশ-বিশিষ্ট। বিণ্। ২। কংসরাজের মল্ল দৈত্য বিঃ; সিংহ। কেশ+ইন্ আছে অর্থে। বি; পুং। স্ত্রী—কেশিনী।

কেশুর, কেসুর—তৃণ বিঃ; কেশুর তৃণের মূল। ⟨কশেরু। বি।

কেশে—কাশতৃণ। ⟨কাশ। বি।

কেষ্ট—শ্রীকৃষ্ণ। ⟨কৃষ্ণ। বি।

কেষ্টবিষ্টু—গণ্যমান্য ব্যক্তি, হোমরাচোমরা লোক। ⟨ কৃষ্ণবিষ্ণু। বি।

কেষ্টলীলা—কৃষ্ণপ্রসঙ্গ; কৃষ্ণলীলা কীর্তন। ⟨কৃষ্ণ-লীলা। বি। ['case.' বি।

কেস—ঘটনা; মকদ্দমা; আবরণ; ঢাকনি। ⟨ইং

কেসর—'কেশর' দ্রঃ।

কেসরী (-রিন্)—'কেশরী' দ্রঃ।

কেহ—কোন ব্যক্তি। ⟨কঃ অপি। সর্ব: **কেহ কেহ**—কোন কোন লোক। **কেহ না কেহ**—একজন না একজন।

কৈ—১। কোন্ স্থানে। ⟨কিম্। অ। ২। কৈ মাছ। ⟨কবয়ী। বি।

কৈকয়ী—'কেকয়ী' দ্রঃ।

কৈকেয়—কেকয় দেশের রাজা। কেকয়+অণ্ অধি-পতি অর্থে (নিপা)। বি; পুং।

কৈকেয়ী—'কেকয়ী' দ্রঃ।

কৈছন, কৈসন—কিরূপ। প্রা কপ্র। বিণ।

কৈছে, কৈসে—কিরূপে। প্রা কপ্র। ক্রি-বিণ।

কৈটভ—বিষ্ণুর কর্ণমল হইতে জাত দানব বিঃ। কীটভ+অণ্ স্বার্থে। বি; পুং।

কৈতব—ছল; দ্যূতক্রীড়া। কিতব্+অণ্ তৎকর্মার্থে। বি; ক্লী।

কৈন্দ্রিক—কেন্দ্রসম্বন্ধীয়, কেন্দ্রগত। কেন্দ্র+ইক সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী, -কী।

কৈফিয়ত—দোষাদির কারণ-প্রদর্শন; কোন ব্যাপারের সমগ্রভাবে বর্ণনা; উত্তর; হিসাবে জমা হইতে খরচ বাদ দিয়া যাহা বাকী থাকে তাহা। আ। বি। **কৈফিয়ত কাটা**—জমা-খরচের বাকী দেখানো; কোন বিষয়ে দোষারোপ করিলে তাহা কাটাইবার জন্য উত্তর দেওয়া। **কৈফিয়ত তলব করা**—কারণ দেখাইতে বলা; জবাব চাওয়া।

কৈফিয়তী—জবাবী, কারণপ্রদর্শক; হিসাবনিকাশী। কৈফিয়ৎ+ঈ করে অর্থে। আ-মূ। বিণ।

কৈবর্ত—ধীবর, জেলে। কেবর্ত+অণ্ স্বার্থে। বি; পুং।

কৈবল্য—সংসার-মুক্তি, অত্যাধিক দুঃখনিবৃত্তিরূপ মোক্ষ, শুদ্ধ পরমাত্মভাব। কেবল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

কৈবল্যদাতা (-দাতৃ)—মোক্ষদ, মুক্তিপ্রদানকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -দাত্রী।
কৈবল্যদায়ী (-দায়িন্)—মুক্তি-প্রদানকারী, মোক্ষদ। উপতৎ; কৈবল্য—দা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -দায়িনী। [বি; ক্লী।
কৈমুতিক—ন্যায় বিঃ। কিমুত+ইক সম্বন্ধার্থে।
কৈমুতিক-ন্যায়—ন্যায় বিঃ [একের কার্য দেখিয়া অপরের কার্যসম্ভাবনাকে কৈমুতিক-ন্যায় বলে। যথা—যে ভার দুর্বলে বহন করিতে পারে, তাহা যে বলবান্ ব্যক্তি বহন করিতে পারিবে, সে বিষয়ে আর বলিবার কি আছে? অর্থাৎ নিশ্চয়ই পারিবে]। কর্মধা। বি; পুং।
কৈলাস—শিব ও কুবেরের বাসস্থান পর্বত বিঃ; হিমালয়ের একটি শৃঙ্গ। কৈল (কেলিসমূহ)—আস+ঘঞ্ অধি। বি; পুং। [পুং।
কৈলাসনাথ, -পতি—শিব; কুবের। ৬ষ্ঠীতৎ। বি;
কৈলাসেশ্বর—শিব; কুবের। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কৈশিক—১। কেশসম্বন্ধীয়; কেশবৎ ছিদ্রযুক্ত, capillary. কেশ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী। ২। কেশসমূহ। কেশ+ইক সমূহার্থে। বি; ক্লী।
কৈশিকাকর্ষণ—জড়পদার্থের যে শক্তি দ্বারা সূক্ষ্ম-ছিদ্রবিশিষ্ট নলে জলাদি আকৃষ্ট হইয়া উঠে তাহা, capillary attraction. কৈশিক আকর্ষণ, কর্মধা। বি; ক্লী।
কৈশোর—বাল্যাবস্থা, দশম বর্ষ হইতে পঞ্চদশ বর্ষ পর্যন্ত কাল। কিশোর+অণ্ ভাবে। বি; ক্লী।
কো—১। কে, কোন্ ব্যক্তি। প্রা কপ্র। সর্ব। ২। ব্রজবুলিতে দ্বিতীয়া বা ষষ্ঠী বিভক্তির চিহ্ন।
কোং—দল, সম্প্রদায়; ব্যবসায়িবৃন্দ, সওদাগর-সম্প্রদায়। <ইং 'company'. বি।
কোঁ, কোঁকোঁ, কোঁক্—অনুকার শব্দ ('পেট কোঁ কোঁ করা'; 'আখির চোটে কোঁক্ করে ওঠা')। বাংপ্র. অ।
কোঁক, কোঁখ—উদর, জঠর। <কুক্ষি। বি।
কোঁকড়া—কোঁকড়ানো; বক্র; কুটিল; জড়সড়। <কুঞ্চিত। বিণ।
কোঁকড়ানো—১। কুঞ্চিত, বক্র; কুণ্ঠিত। কোঁকড়া+আন কর্ম, কর্তৃ। বিণ। ২। কুঞ্চিত হইয়া আসা; কুঞ্চিত করা। বাংপ্র। ক্রি [, বি]।
কোঁকানো—যন্ত্রণাদিতে কোঁকোঁ শব্দ করা; অনুচ্চ-স্বরে গোঙানো; অসুখে ভোগা; অসুস্থতা জ্ঞাপন করা। বাংপ্র। ক্রি [, বি]।
কোঁচ—১। সংকোচন, গুটানোভাব। <কুঞ্চন। ২। মাছ মারিবার অস্ত্র বিঃ; কুচবিহার প্রঃ অঞ্চলের জাতি বিঃ। বাংপ্র। বি।
কোঁচকানো—১। কোঁকড়ানো। ক্রি [, বি]। ২। সংকুচিত; গুটানো। বাংপ্র। বিণ।
কোঁচড়—ক্রোড়দেশস্থ বস্ত্রাংশ। <ক্রোড়াঞ্চল। বি।
কোঁচা—পরিহিত বস্ত্রের সামনের কোঁচানো লম্বিত অংশ। <কুনচ্। বি।
কোঁচানো—কুঞ্চিত করা; কোঁচকাইয়া ভাঁজ করা; কোঁচা রচনা করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
কোঁড়, কোঁড়া—বাঁশের অঙ্কুর; উদ্ভিদের নূতন অঙ্কুর; কুঁড়ি। <কুট্মল। বি।
কোঁত, কোঁথ—মলাদি ত্যাগের বেগ বা চেষ্টা। <কুন্থন। বি।
কোঁতকা, কোঁৎকা—লগুড়, মোটা লাঠি। <তু 'কুৎকা'। বি।
কোঁতানো, কোঁথানো—কোঁত দেওয়া, কোঁত পাড়া; কাতর শব্দ করা। <'কুন্থ্'-ধাতু। বাংপ্র। ক্রি [, বি]।
কোঁথ—'কোঁত' দ্রঃ। [কুঁদুলে।
কোঁদল—ঝগড়া, বিবাদ। <কন্দল। বি। বিণ—
কোঁদা—১। কুঁদযন্ত্রে প্রস্তুত। বিণ। ২। কুঁদ-যন্ত্রে প্রস্তুত করা; কাটিয়া গঠন করা; লম্ফঝম্ফ করা, আস্ফালন করা। < 'কুন্দ' বা 'কূর্দ' ধাতু। ক্রি [, বি]।
কোঁস্তা—ঝাঁটা। বাংপ্র। বি।
কোক—১। চক্রবাক; ভেক; বিষ্ণু; নেকড়ে বাঘ; টিকটিকি। কুক্+অচ্ কর্তৃ। বি; পুং। ২। অল্প পোড়ানো পাথুরিয়া কয়লা, কোক কয়লা। <ইং 'coke'. বি।
কোকনদ—রক্তপদ্ম; লাল শালুক। কোক—নদ (শিচের অর্থযুক্ত)+অচ্ কর্তৃ। বি; পুং।
কোকিল—বসন্তসখা, পিক। কুক্+ইলচ্ কর্তৃ, সংজ্ঞার্থে। বি; পুং।
কোকিলকণ্ঠ—১। কোকিলের কণ্ঠ; কোকিলের কণ্ঠস্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। কোকিলের ন্যায় সুমিষ্ট কণ্ঠস্বরবিশিষ্ট। বহু। বিণ। স্ত্রী, -কণ্ঠা, -কণ্ঠী। ['cocaine'. বি।
কোকেন—মাদক দ্রব্য বিঃ, ঔষধ বিঃ। <ইং
কোঙর, কোঙার—তনয়, সন্তান। <কুমার। বি; পুং। স্ত্রী, -রী।
কোচ—১। কুচবিহারের আদিম অধিবাসী, তিওর; দেশ বিঃ। কুচ্+অচ্ কর্তৃ। ২। সংকোচ। কুচ্+ঘঞ্ ভাব। বি; পুং। ৩। অশ্ববান, ঘোড়ার গাড়ি। <ইং 'coach'. ৪। পর্যঙ্ক, পালঙ্ক। <ইং 'couch'. বি।
কোচবাক্স—ঘোড়ার গাড়ির গাড়োয়ানের বসিবার আসন। <ইং 'coach-box'. বি।
কোচমান, কোচোয়ান—ঘোড়ার গাড়ির গাড়োয়ান। <ইং 'coachman'. বি।
কোজাগর—আশ্বিনী পূর্ণিমা। কঃ জাগর্তি ইহাতে, বহু (পৃষোদরাদি)। বি; পুং। স্ত্রী, -রী।
কোট—১। দুর্গ; নিরাপদ্ স্থান; কুটীর। কুট্+ঘঞ্ কর্ম। ২। কুটিলতা। কুট্+ঘঞ্ ভাব। বি; পুং। ৩। দৃঢ়প্রতিজ্ঞা, জিদ; আপনার স্থান বা গণ্ডী। <কোট্ট। ৪। জামা। <ইং 'coat'. ৫। আদালত। <ইং 'court'. বি।
কোটনা—১। রমণদূত, স্ত্রীপুরুষের অবৈধমিলন-সাধক; যে একের বিরুদ্ধে মিথ্যা কথা বলিয়া

অপরের মন ভাঙ্গায়। <কুট্টনী। বি; পুং। ২। কাটা তরকারি। বাংপ্র। বি।

কোটনাগিরি, -পনা, -মি, -মো—সুরতদৌত্য, পরস্ত্রী-পুরুষের অবৈধ মিলনসাধন; একের বিরুদ্ধে অন্যকে উত্তেজিত করিবার জন্য মিথ্যা কথা বলা। কোটনা+গিরি, পনা, মি, মো ভাবার্থে, কর্মার্থে। বাংপ্র। বি।

কোটর—বৃক্ষস্থ গহ্বর, খোড়ল বা খোঁদল; ছোট ঘর, খোপ; চোখের খোল ('অক্ষি—'), socket. উপতৎ; কোট—র+ক কর্তৃ। বি; পুং বা ক্লী।

কোটরগত—কোটরস্থ, কোটরমধ্যে প্রবিষ্ট, নীচু; বসা ('—চক্ষু')। ২য়াতৎ। বিণ।

কোটরপ্রবিষ্ট—কোটরপ্রাপ্ত, যাহা গর্তে প্রবেশ করিয়াছে এরূপ। ৭মীতৎ। বিণ।

কোটা—১। অট্টালিকা, পাকা বাড়ি; কক্ষ; গৃহ; স্থান। <কোষ্ঠ। বি। ২। কুটা, ছোট ছোট করিয়া কাটা বা কুচানো; গুঁড়ানো; ঠোকা ('কপাল—'); ছেঁচা; ছেনি দিয়া কাটিয়া খুব ছোট ছোট গর্ত করা বা অসমান করা ('শিল—')। <'কুট্' ধাতু। ক্রি [, বি, বিণ]।

কোটানো—অন্যের দ্বারা কুটিকুটি বা চূর্ণ করানো; ছেঁচানো; ছেনি ঠোকানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

কোটাল—১। নগরপাল, প্রহরী, কোতোয়াল; নমঃশূদ্র। <কোষ্ঠপাল। ২। অমাবস্যা পূর্ণিমায় নদী প্রভৃতির জলোচ্ছ্বাস বা জোয়ার। <কটাল। বি।

কোটালী—থানা, ফাঁড়ি। কোটাল+ঈ স্থানার্থে। বাংপ্র। বি।

কোটি, কোটী—১। শতলক্ষ সংখ্যা, ক্রোর; খড়্গাদির প্রান্ত; ধার; ধনুকের অগ্রভাগ; বস্তুমাত্রের অগ্রভাগ; উৎকর্ষ; বিবাদনির্ণয়ার্থ পূর্বপক্ষ বা প্রশ্ন; সমকোণী ত্রিভুজক্ষেত্রের ভূমি ও কর্ণরেখা ভিন্ন রেখা, ভূমি হইতে উত্থিত লম্বরেখা, ordinate; কোন কোণের সহিত যে কোণ যোগ করিলে সমকোণ হয়, complement; শ্রেণী; কোঠা। কুট+ইঞ্ ভাব, কর্তৃ; পক্ষে ঈপ্। বি; স্ত্রী। ২। কোটিসংখ্যাপরিমিত। বিণ; স্ত্রী।

কোটিকল্প, কোটীকল্প—শতলক্ষকল্প, ব্রহ্মার কোটি দিন; চিরদিন। কোটিসংখ্যক, কোটীসংখ্যক কল্প, মধ্যপ। বি; পুং।

কোটিপতি, কোটীপতি—কোটিমুদ্রার অধিপতি; অতিশয় ধনবান্ লোক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কোটী—'কোটি' দ্রঃ।

কোটীকল্প—'কোটিকল্প' দ্রঃ।

কোটীপতি—'কোটিপতি' দ্রঃ।

কোটীশ্বর—ক্রোরপতি, কোটীপতি। কোটির বা কোটীর ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -রী।

কোটেশন—উদ্ধারচিহ্ন, শব্দ বা বাক্য অন্য-কথিত—ইহা দেখাইবার জন্য ব্যবহৃত চিহ্ন (" "); মূল্য-তালিকায় নির্দিষ্ট মূল্য। <ইং 'quotation'. বি।

কোঠা—পাকাবাড়ি; কামরা; পর্যায়, শ্রেণী ('পঞ্চাশের —')। <কোষ্ঠ। বি।

কোঠি—পাকাবাড়ি; কামরা; মোকাম, বাসস্থান। <কোষ্ঠিকা। বি।

কোড়া—১। কশা, চাবুক; কুলী; ধাঙ্গড়। হি-মু। ২। মূল; অঙ্কুর। <কুট্মল। বি।

কোণ—১। গৃহাদির একপার্শ্ব; কোটি; যেখানে সরলরেখাদ্বয় পরস্পর মিলিত হয় তাহা, angle; দুই দিকের মধ্যস্থ দিক্ ('বায়ু—'); সংকীর্ণ প্রান্ত; গৃহাভ্যন্তর। কুণ্+ঘঞ্ অধি। ২। অস্ত্রের ধার; বীণাদি বাজাইবার কাঠি; লগুড়। কুণ্+ঘঞ্ করণ। ৩। মঙ্গলগ্রহ; শনি। কুণ্+অচ্ কর্তৃ। বি; পুং। **কোণের বউ**—অন্তঃপুরবাসিনী; নববধূ। [স্বল্প। বাংপ্র। বি।

কোণকানাচ—আনাচকানাচ, গলিঘুঁজি, আঁদাড়-পাঁদাড়।

কোণ-গাদা, -ঠাসা—যাহাকে এককোণে চাপিয়া ধরা বা ফেলিয়া রাখা হইয়াছে এরূপ; অবজ্ঞাত; পরাজিত; একঘরে; সকলের চাপে শক্তিহীন। ৭মীতৎ। বাংপ্র। বিণ।

কোণ-ঘেঁষা—কুনো, লাজুক, যে সর্বদা নিরিবিলি থাকিতে চায় এমন। বাংপ্র। বিণ।

কোণা—১। কোণ; প্রান্ত, ধার; ধান্যাদির কণা; পানের সংখ্যা, ৩০ সংখ্যা; চতুর্থাংশ, সিকিভাগ; কোণাচ; কুণিকা। বি। ২। কোণবিশিষ্ট; যে গৃহকোণে থাকিতে ভালবাসে এরূপ। বাংপ্র। বিণ।

কোণাকুণি, -কোণি—১। কোণে কোণে, কোণে কোণে মিলাইয়া, এক কোণ হইতে সোজা অপর কোণাভিমুখে। ক্রি-বিণ। ২। এক কোণ হইতে তাহার সম্মুখবর্তী কোণ পর্যন্ত বিস্তৃত, টেরচা। বাংপ্র। বিণ।

কোণাচ, কোণাচি—মেটে ঘরের চালের কাঠামোর কোণস্থিত কাঠ বা বাঁশ। বাংপ্র। বি।

কোতোয়াল—শান্তিরক্ষক কর্মচারী, পুলিস; চৌকিদার; নগর-রক্ষক, কোটাল। <কোষ্ঠপাল। বি।

কোতোয়ালি—কোতোয়ালের কাজ; থানা। কোতোয়াল+ই (বাংপ্র)। বি।

কোথা—১। কোন্ স্থান। সর্ব। ২। কোন্ স্থানে; অঘটনের জন্য খেদ বা বিস্ময়সূচক শব্দ। <কুত্র। অ। [বাংপ্র। অ, বিণ।

কোথাকার—কোন্ স্থানের। কোথা+কার সম্বন্ধার্থে।

কোথায়—কোন্ স্থানে। <কুত্র। অ।

কোদণ্ড—১। ধনুক; ভ্রূ। বি; ক্লী। ২। ধনুরাশি। কুৎ+অণ্ডচ্ কর্তৃ (নিপা)। বি; পুং।

কোদণ্ডটংকার, কোদণ্ডটঙ্কার—ধনুর্গুণাকর্ষণের টংটং শব্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কোদলানো—কোদাল দিয়া মাটি কাটা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

কোদাল, কোদালি—মৃত্তিকাখননের একপ্রকার অস্ত্র। <কুদ্দাল। বি। **কোদাল পাড়া, কোদাল মারা**—কোদাল দিয়া মাটি কাটা।

কোদালে—১। কোদাল দিয়া কোপানোর মত ('—মেঘ')। বিণ। ২। কোদাল দ্বারা ভূমিখননকারী। বাংপ্র। বি।
কোন্—নির্ধারণ-প্রশ্নবাচক শব্দ; কিসে; কে; কেননা; কেন। <কো-নু। বিণ বা ক্রি-বিণ।
কোন—কেহ; অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু। <কিম্। বিণ। [বিণ।
কোনও, কোনো—অনির্দিষ্ট ব্যক্তি বস্তু ইঃ। <কিম্।
কোনাচ—কোণাচ (তাহা দ্রঃ)।
কোন্দল—বিবাদ। <কন্দল। বি।
কোন্সুলি, কৌন্সুলি—ব্যবহারাজীব; হাই-কোর্টের উকিল। <ইং 'counsel'. বি।
কোপ—১। ক্রোধ; অসন্তোষ, বিরক্তি। কুপ্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। ধারাল অস্ত্রাদির (দা ইঃর) আঘাত, চোট। বাংপ্র। বি।
কোপকটাক্ষ—ক্রুদ্ধ দৃষ্টিপাত, রাগভরে একদৃষ্টে চাওয়া। কোপসূচক কটাক্ষ, মধ্যপ। বি; পুং।
কোপ-জ্বলিত, -দীপ্ত—ক্রোধে অনলতুল্য, অতিমাত্রায় ক্রুদ্ধ। ৩য়াতৎ। বিণ। [বিণ।
কোপন—ক্রোধশীল, ক্রুদ্ধস্বভাব। কুপ্+অন কর্তৃ।
কোপন-প্রকৃতি, -স্বভাব—ক্রোধশীল। বহু। বিণ।
কোপনা—ক্রুদ্ধস্বভাবা। কোপন+আপ্। বিণ; স্ত্রী।
কোপপরবশ, কোপবশ—ক্রোধে অভিভূত, কোপন-প্রকৃতি। ৬ষ্ঠীতৎ। বিণ।
কোপানল—ক্রোধাগ্নি, অগ্নির ন্যায় সর্বনাশক ক্রোধ। কোপরূপ অনল, রূপক কর্মধা: অথবা কোপ অনলের ন্যায়, উপমিত কর্মধা। বি; পুং।
কোপানো—কোদাল প্রঃর দ্বারা বারবার কোপ দেওয়া; কোপ মারিয়া কাটা; খড়্গাদির দ্বারা পুনঃ-পুনঃ আঘাত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
কোপাবিষ্ট—ক্রোধে অভিভূত, অতিশয় ক্রুদ্ধ। কোপ দ্বারা আবিষ্ট, ৩য়াতৎ। বিণ।
কোপি—ফুলকপি বাঁধাকপি ওলকপি প্রঃ। বাংপ্র। বি।
কোপিত—রোষযুক্ত, যাহার রাগ হইয়াছে এমন; যাহাকে চটানো হইয়াছে এমন। কোপ+ইতচ্ যুক্তার্থে। বিণ।
কোপী (কোপিন্)—ক্রুদ্ধ। বিণ। স্ত্রী—**কোপিনী**।
কোপ্তা—পেষা মাংসে বা মাছের বড়া বা পিষ্টক বিঃ। <ফা 'কোফ্‌তাহ্'। বি।
কোবালা—ভূম্যাদির হস্তান্তরসূচক পত্র, বিক্রয়পত্র। আ। বি। [কর্তৃ। বি; পুং বা বিণ।
কোবিদ—জ্ঞানী, পণ্ডিত; নিপুণ। কো—বিদ্+ক
কোমর—কটিদেশ, মাজা। <ফা 'কমর'। বি।
কোমর বাঁধা—কার্যসাধনের জন্য উদ্যোগী হওয়া।
কোমর ভাঙ্গা—মাজা ভাঙ্গিয়া যাওয়া; নিরুদ্যম হওয়া।
কোমরপাটা—শিশুদের কটিভূষণ বিঃ, মেখলা বিঃ। ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি।
কোমরবন্দ—কটিবন্ধ, কোমর বাঁধিবার পেটি বা রজ্জু, belt. <ফা 'কমরবন্দ'। বি।
কোমল—অকঠিন, মৃদু; উগ্র নহে এমন, শান্ত ('—স্বভাব'); মনোহর; মধুর, ললিত ('—কণ্ঠ')। কু+কলক্ কর্তৃ নিপা। বিণ।
কোমলচিত্ত—যাহার মন নরম ও দয়াপ্রবণ। বহু। বিণ।
কোমলতা—মৃদুতা; মনোহরতা; মাধুর্য, লালিত্য। কোমল+তা ভাবে। বি; স্ত্রী।
কোমলপ্রাণ, -হৃদয়—১। করুণার্দ্রহৃদয়। বহু। বিণ। ২। দয়ার্দ্র অন্তঃকরণ। কর্মধা। বি; পুং, ক্লী।
কোমলমতি—১। দয়ালু; সরলান্তঃকরণবিশিষ্ট। বহু। বিণ। ২। দয়ালু মন। কর্মধা। বি; স্ত্রী।
কোমলহৃদয়—'কোমলপ্রাণ' দ্রঃ।
কোমলাঙ্গ—১। অকঠিনদেহ, যাহার শরীর অতিশয় কোমল এরূপ। বহু। বিণ। স্ত্রী, -ঙ্গা, -ঙ্গী। ২। অকঠিন দেহ। কর্মধা। বি; ক্লী।
কোমলায়ন—ক্রমশঃ তাপহ্রাসদ্বারা কর্দমবৎ কোমলাবস্থায় আনয়ন; তাপ এবং শৈত্য দ্বারা কাচ বা ধাতু মিশ্রণ করা, annealing. কোমল+ক্যঙ্ (কোমলায় নামধাতু)+অনট্ ভাব। বি; ক্লী।
কোমলাস্থি—নরম হাড়, নরম মাংসবৎ হাড়, cartilage. কর্মধা। বি; ক্লী।
কোম্পানি, কম্পানি—বণিক্‌সম্প্রদায়, যৌথ কারবার করিবার জন্য সমবেত সংঘ; গভর্নমেণ্ট, রাজসরকার (প্রথমে ঈস্ট ইণ্ডিয়া কোম্পানি এদেশে রাজ্য-প্রতিষ্ঠা করেন; সেইজন্য পূর্বতন ইংরেজ গভর্ন-মেণ্টকে কোম্পানি বলা হইত); (যুদ্ধে) পদাতিক সৈন্যদল বিঃ। <ইং 'company'. বি।
কোম্পানির কাগজ—গভর্নমেণ্ট কর্তৃক গৃহীত ঋণের স্বীকারপত্র, Government paper.
কোম্পানির মুলুক—ঈস্ট ইণ্ডিয়া কোম্পানির অধিকারভুক্ত স্থান; ইংরেজরাজত্ব।
কোয়া—কাঁঠাল প্রঃ ফলের কোষ; রেশমের কোষ। <কোষ। বি।
কোয়েল, কোয়েলা—কোকিল। <কোকিলা। বি।
কোরক—মুকুল; পুষ্পের মুকুলের ন্যায় প্রথমাবস্থা; মৃণাল। কুর্+অক (বুন্) কর্ম। বি; পুং বা ক্লী।
কোরকোদ্গম—কলি ধরা, কুঁড়ি হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কোরণ্ড—অণ্ডকোষস্ফীতিরোগ, hydrocele. <কু-রণ্ড। বি।
কোরফা, কোর্ফা—এক প্রজার অধীন ('—প্রজা')। ফা। বিণ। **কোরফা জোত**—জোতদারের নিকট হইতে যে জমি বন্দোবস্ত করিয়া লওয়া হয় তাহা।
কোরবানি—ধর্মোদ্দেশে মুসলমানদিগের পশুবলি-দান। <আ 'কুরবানি'। বি।
কোরমা, কোর্মা—মাংসের কালিয়া বিঃ। তু। বি।
কোরা—১। অব্যবহৃত, নূতন, আধোওয়া ('—কাপড়'): কুরিয়া প্রস্তুত। বিণ। ২। কুরুনি দিয়া চাঁচা। ক্রি। ৩। কুরুনি দিয়া কোরানো শস্য ('নারিকেল—')। বাংপ্র। বি।

কোরান—আরবী ভাষায় লিখিত মুসলমানদিগের ধর্মগ্রন্থ। <আ 'কুর্ আন'। বি।

কোরাস—গানের ধুয়া; একসঙ্গে বহু লোকের গান। <ইং 'chorus'. বি।

কোর্ট—আদালত, ধর্মাধিকরণ। <ইং 'court'. বি।

কোর্টমার্শাল—সৈন্যবিভাগের আদালত। <ইং 'court-martial.' বি।

কোর্টশিপ—বিবাহের উদ্দেশ্যে প্রণয়-নিবেদন। <ইং 'courtship'. বি।

কোর্তা—একপ্রকার লম্বা জামা। <তু 'কুর্তা'। বি।

কোর্ফা—'কোরফা' দ্রঃ।

কোর্মা—'কোরমা' দ্রঃ।

কোল—১। ক্রোড়; অঙ্ক; আলিঙ্গন; মাছের পেটি; সম্মুখ; নিকটবর্তী স্থান; তীর; কিনারা। <ক্রোড়। **২**। ভারতের আদিম জাতি বিঃ। বি। **কোল দেওয়া**—আলিঙ্গন করা। **কোল পাওয়া**—আদর পাওয়া। **কোলের ছেলে**—নিতান্ত দুগ্ধপোষ্য শিশু। **নিজের কোলে ঝোল টানা**—স্বার্থপর আচরণ করা।

কোল-আঁকড়া—যে ছেলে বা মেয়ে কোল ছাড়িতে চায় না এরূপ; যে সন্তান আদর চায় এরূপ। কোল আঁকড়ায় যে, উপতৎ (বাংপ্র)। বিণ।

কোল-আঁচল—শাড়ির নীচের দিকের আঁচল। বাংপ্র। বি।

কোল-আঁধার—নিজের ছায়ার জন্য সম্মুখভাগে অন্ধকার। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

কোল-কাঙাল—যে কোলে থাকিতেই ভালবাসে এমন ('—ছেলে')। কোলের জন্য কাঙাল, ৪র্থীতৎ (বাংপ্র)। বিণ।

কোল-কুঁজা, -কুঁজো—যাহার দেহ কোলের দিকে বা সম্মুখভাগে ঈষৎ অবনত এরূপ। ৭মীতৎ। বাংপ্র। বিণ।

কোলজমা—কোরফাজমা। ফা। বি।

কোলজুড়ানো—যে অতি আদরের ধন বলিয়া জননীর কোল স্নিগ্ধ করে এমন। কোল জুড়ায় যে, উপতৎ। বাংপ্র। বিণ।

কোলন—যতিচিহ্ন বিঃ। <ইং 'colon'. বি।

কোলপোঁছা—মাতার সর্বশেষ গর্ভজাত ('—সন্তান')। বাংপ্র। বিণ।

কোলম্বক—তন্ত্রী ভিন্ন বীণার সমুদয় অবয়ব। কুল্ +অম্বচ্ কর্ম+কন্ সংজ্ঞার্থে। বি; পুং।

কোলা—১। বড় জালা; একপ্রকার বৃহৎ ভেক। বি। **২**। মোটা। বাংপ্র। বিণ।

কোলাকুলি—পরস্পর আলিঙ্গন। পরস্পরকে কোলে গ্রহণ, ব্যতীহার বহু। বি।

কোলাব্যাঙ—বড় ভেক। বাংপ্র। বি।

কোলাহল—গোলমাল, বহু লোকের উচ্চ রব; কলকল ধ্বনি; রাগ বিঃ; পর্বত বিঃ। কোল—আ—হল্+ অচ্ কর্তৃ। বি; পুং।

কোশ, কোষ—১। কুঁড়ি। কুশ্, কুষ্+অচ্ কর্তৃ। **২**। আবরণ; ত্বগাদির আবরণ; খড়্গাদির খাপ; কোষা; পানপাত্র; ধনাগার; মধ্যভাগ; পোকার গুটি; রেশমের গুটি; মঞ্জুষা, পেটিকা; যোনি; অণ্ডকোষ; ডিম্বের আবরণ; উদ্ভিদ্ বা জীবের মৌলিক সূক্ষ্ম অংশ, cell. কুশ্, কুষ্+ঘঞ্ অপা। **৩**। কোয়া ('কাঁঠালের —'); মাংসপেশী; শব্দাদিসংগ্রহ, অভিধানগ্রন্থ ('শব্দ—'); শপথ; ধনরাশি; ধনভাণ্ডার, treasury. কুশ্, কুষ্+ঘঞ্ কর্ম। বি; পুং। **৪**। ৮০০০ হস্ত পরিমিত ব্যবধান বা দূরত্ব। <ক্রোশ। বি।

কোশকার, কোষকার—গুটীপোকা; অভিধানকর্তা; ইক্ষু। উপতৎ; কোশ, কোষ—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং।

কোশা—পূজাদি কার্যে ব্যবহার্য তাম্রাদিনির্মিত জলপাত্র; করপাত্র, অঞ্জলি; কাঁটালের কোয়া। <কোষক। বি।

কোশা-কুশি—কোশা এবং তাহা হইতে জল তুলিবার জন্য তাম্রাদি-নির্মিত ক্ষুদ্র পাত্র। দ্বন্দ্ব। বাংপ্র। বি।

কোশী, কোষী—ক্ষুদ্র কোষা; জুতা; শস্যের শুঁয়া; শিম্বিকা। কুশ্, কুষ্+ঘঞ্ অপা, করণ+ঈপ্। বি; স্ত্রী।

কোষ—'কোশ' দ্রঃ।

কোষকাব্য—বিভিন্ন-কবিতাযুক্ত কাব্যগ্রন্থ; পরস্পরনিরপেক্ষ শ্লোকসমূহ। কোষবৎ কাব্য, মধ্যপ। বি; ক্লী।

কোষকার—'কোশকার' দ্রঃ।

কোষপাল—সরকারী ধনাগারের ঊর্ধ্বতন কর্মচারী; খাজাঞ্চি, treasurer. উপতৎ; কোষ—পালি+অণ্ কর্তৃ। বি; পুং।

কোষমুক্ত—যাহা খাপ হইতে বাহির করা হইয়াছে এমন, নিষ্কোষিত। ৫মীতৎ। বিণ।

কোষবৃদ্ধি—অণ্ডকোষের স্ফীতি; ধনের বৃদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কোষা—তাম্রময় পূজাপাত্র; ডোঙ্গা; কাঁটাল প্রঃ ফলের কোয়া। <কোষক। বি।

কোষাগার—ধনভাণ্ডার; ধনাগার, treasury. কোষই আগার, কর্মধা। বি; ক্লী।

কোষাধ্যক্ষ—খাজাঞ্চি, ধনরক্ষক, treasurer. cashier; কুবের। কোষের অধ্যক্ষ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কোষী—'কোশী' দ্রঃ।

কোষ্টা—একপ্রকার পাট। বাংপ্র। বি।

কোষ্ঠ—১। শস্যাগার, গোলা; গৃহমধ্য; উদরমধ্য; উদরমধ্যস্থিত মলভাণ্ড। বি; পুং। **২**। আত্মীয়, আপন। কুষ্+থন্ অপা। বিণ। **কোষ্ঠ পরিষ্কার হওয়া**—উত্তমরূপে মল নির্গত হওয়ায় উদরমধ্যস্থ মলভাণ্ড পরিষ্কার হওয়া।

কোষ্ঠকাঠিন্য—মলাশয়ের দৃঢ়তা, সহজে মলনির্গম না হওয়া, constipation. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

কোষ্ঠবদ্ধ—কোষ্ঠকাঠিন্যরোগগ্রস্ত। বহু। বাংপ্র। বিণ। বি, **-বদ্ধতা**।

কোষ্ঠবন্ধ—কোষ্ঠকাঠিন্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কোষ্ঠশুদ্ধি—উত্তমরূপে মলনির্গম; মলশুদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কোষ্ঠিকা, কোষ্ঠী—জন্মপত্রিকা, যাহাতে জীবনের শুভাশুভ নিরূপিত থাকে সেই পত্র; horoscope; পাশকাদি ক্রীড়াপত্র; ছক, table. কোষ্ঠ+কন্ স্বার্থে+আপ্; কোষ্ঠ+ঈপ্। বি; স্ত্রী।

কোহল—মদ্য বিঃ; সুরাসার, alcohol; বাদ্য বিঃ। কু—হল্+অচ্ কর্তৃ (নিপা)। বি; পুং।

কোহিনূর—বিখ্যাত হীরক বিঃ। ফা কোহ (পর্বত) +ই+আ নূর (আলোক)। বি।

কৌঁসুলি—উচ্চ আদালতের ব্যবহারাজীব; ব্যারিস্টার। <ইং 'counsel'. বি।

কৌচ—গদি দেওয়া বড় আরাম কেদারা; পালঙ্ক। <ইং 'couch'. বি। [<কুটী। বি।

কৌটা, কৌটো—ঢাকনিওয়ালা ছোট পাত্র; পুট।

কৌটিল্য—১। কুটিলতা: ক্রূরতা। কুটিল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। ২। অর্থশাস্ত্রপ্রণেতা পণ্ডিত বিঃ, চাণক্য পণ্ডিত। কৌটিল্য+অচ্ আছে অর্থে। বি; পুং।

কৌড়ি—কপর্দক; কড়ি। বাংপ্র। বি।

কৌণিক—কোণসম্বন্ধীয় (—বিন্দু): কোণে অবস্থিত, angular. কোণ+ইক। বিণ।

কৌতুক—কুতূহল, কোন বিষয় দেখিবার বা জানিবার নিমিত্ত ঔৎসুক্য; হস্তসূত্র; উৎসব; পরিহাস; আমোদ; নৃত্যগীতাদি তামাশা; ভোগকাল। কুতুক +অণ্ স্বার্থে। বি; ক্লী।

কৌতুকপ্রিয়—যে হাস্যপরিহাস ভালবাসে এরূপ, আমোদপ্রিয়। বহু। বিণ। [৬ষ্ঠীতৎ। বিণ।

কৌতুকাবহ—কৌতুকজনক। কৌতুকের আবহ,

কৌতুকাবিষ্ট—অত্যন্ত কৌতুকান্বিত; কৌতূহলযুক্ত। ৩য়াতৎ। বিণ।

কৌতুকী (-কিন্)—উৎসুক, কুতূহলী; রহস্যপ্রিয়, আমুদে; কৌতুককারী। কৌতুক+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -কিনী।

কৌতূহল—কুতূহল, ঔৎসুক্য; অভিলাষ। কুতূহল +অণ্ স্বার্থে। বি; ক্লী।

কৌতূহলজনক—কৌতুককর; ঔৎসুক্যজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -জনিকা।

কৌতূহলপরবশ—অত্যন্ত ঔৎসুক্যসম্পন্ন, জানিতে অতিশয় আগ্রহযুক্ত। ৬ষ্ঠীতৎ। বিণ।

কৌতূহলাক্রান্ত, -বিষ্ট—অত্যন্ত ঔৎসুক্যসম্পন্ন, অতিশয় কৌতূহলযুক্ত। কৌতূহল দ্বারা আক্রান্ত, আবিষ্ট, ৩য়াতৎ। বিণ।

কৌতূহলী (-লিন্)—কৌতূহলসম্পন্ন। কৌতূহল +ইন্ আছে অর্থে। বিণ।

কৌতূহলোদ্দীপক—ঔৎসুক্যবর্ধক; অত্যন্ত ঔৎসুক্যজনক। কৌতূহলের উদ্দীপক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -দ্দীপিকা।

কৌন্তেয়—কর্ণ যুধিষ্ঠির ভীম বা অর্জুন। কুন্তী+এয় অপত্যার্থে। বি; পুং।

কৌন্সিলী, কৌঁসিলী—কৌসুলী (তাহা দ্রঃ)।

কৌপীন—১। ল্যাঙোট, কপনি; পুরুষলিঙ্গ; গুহ্যদেশ; পাপ। কূপ+ঈন (খঞ্) তৎপ্রবেশযোগ্যার্থে। বি; ক্লী। ২। পাপযুক্ত। কৌপীন+অচ্ আছে অর্থে। বিণ।

কৌমার—১। কুমারাবস্থা, জন্মাবধি পঞ্চম বর্ষ পর্যন্ত বয়স (তন্ত্রমতে ষোড়শবর্ষ পর্যন্ত)। কুমার্+অণ্ ভাবে। বি, ক্লী। ২। কুমারসম্বন্ধীয় ('—ব্রত')। কুমার+অণ্ সম্বন্ধার্থে বিণ। স্ত্রী, -রী।

কৌমার্য—কুমারাবস্থা; কুমারকাল বা কুমারীকাল। কুমার, কুমারী+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

কৌমুদী—জ্যোৎস্না; কার্তিকী পূর্ণিমা; কার্তিকী পূর্ণিমাতে উৎসব। কুমুদ+অণ্ বিকাশার্থে+ঈপ্। বি; স্ত্রী।

কৌমুদীপতি—চন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কৌমুদীবসনা—জ্যোৎস্নাধবলিতা ('—নিশা')। কৌমুদী বসন যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

কৌরব—কুরুবংশীয় যুধিষ্ঠির দুর্যোধনাদি; (সাধারণতঃ) ধৃতরাষ্ট্রের পুত্রগণ। কুরু+অণ্ অপত্যার্থে। বি; পুং।

কৌরবেয়—কুরুবংশীয়। কুরু+এয় অপত্যার্থে। বিণ। স্ত্রী, -য়ী। [বিণ।

কৌরব্য—কুরুকুলে জাত। কুরু+ণ্য অপত্যার্থে।

কৌল—১। সৎকুলজাত; কৌলিক, কুলক্রমাগত। কুল+অণ্ ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—কৌলী। ২। শক্তির উপাসক, তন্ত্রোক্ত দিব্য বীর ও পশু—এই ভাবত্রয়ের মধ্যে দিব্যভাবাক্রান্ত ব্যক্তি। বি; পুং। ৩। তন্ত্রোক্ত আচার। কুল+অণ্ সম্বন্ধার্থে। বি: ক্লী।

কৌলিক—কুলক্রমাগত, বংশপরম্পরায় আগত; কুলধর্মানুষ্ঠায়ী; কুলধর্মপ্রবর্তক; বামাচার-মতানুসারে শক্তির উপাসক। কুল+ইক আগতাদ্যর্থে। বিণ। স্ত্রী, -কী।

কৌলীন্য—কুলীনত্ব, বংশ-মর্যাদা; বল্লালসেন-প্রবর্তিত কুলমর্যাদা। কুলীন+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

কৌশল—১। নৈপুণ্য, দক্ষতা; যুক্তি, উপায়; ছলচাতুরী; ফন্দী, technique. কুশল+অণ্ ভাবে, কর্মার্থে। ২। মঙ্গল। কুশল+অণ্ স্বার্থে। বি; ক্লী।

কৌশলী (-লিন্)—কৌশলযুক্ত, চতুর; ধূর্ত; কল্যাণসম্পন্ন। কৌশল+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -লিনী।

কৌশল্যা, কৌসল্যা—রামচন্দ্রের মাতা। কোশল, কোসল+ষ্যঞ্ ভবার্থে+আপ্। বি; স্ত্রী।

কৌশাম্বী—বৎসরাজনগরী, মগধের অন্তর্বর্তী নগরী বিঃ। কুশাম্ব (বৎসরাজ)+অণ্ নির্বৃত্তার্থে+ঈপ্। বি; স্ত্রী।

কৌশিক—১। বিশ্বামিত্র। কুশিক+অঞ্ অপত্যার্থে। ২। ইন্দ্র; ছয় রাগের একটি; সাপুড়ে; কোষকার; অভিধানকর্তা; নকুল; শৃঙ্গাররস;

পেচক; মজ্জা; কোষাধ্যক্ষ। বি; পুং। ৩। রেশমী। বিণ। স্ত্রী, -কী। ৪। কৌষিকবস্ত্র। কোশ+ইক ভবাদ্যর্থে। বি; ক্লী।

কৌশিকী—১। দুর্গা; জগদ্ধাত্রীমূর্তি; (নাট্যে) রচনাপদ্ধতি বিঃ; রাগিণী বিঃ। বি; স্ত্রী। ২। রেশমজাত; রেশমী। কৌশিক+ঈপ্। বিণ; স্ত্রী।

কৌশেয়, কৌষেয়—রেশমী ('—বস্ত্র')। কোশ, কোষ+এয় ভবার্থে। বিণ। স্ত্রী, -য়ী।

কৌষিক—১। ইন্দ্র; সাপুড়ে; পেচক; নকুল; কোষকার, অভিধানকর্তা; কোষাধ্যক্ষ; শৃংগাররস; কাম; মজ্জা। বি; পুং। ২। রেশমী, কোষসূত্রজাত। কোষ+ইক ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী, -কী।

কৌষিকী—কালিকার কায়কোষোদ্ভবা দেবী। কোষ+ইক ভবার্থে+ঈপ্। বি; স্ত্রী।

কৌষেয়—'কৌশেয়' দ্রঃ।

কৌসল্যা—'কৌশল্যা' দ্রঃ।

কৌস্তুভ—শ্রীকৃষ্ণের হৃদয়ভূষণ মণি; মুদ্রা বিঃ। কুস্তুভ+অণ্ ভবার্থে। বি; পুং।

ক্বচিৎ—১। কোনস্থানে; কোন অংশে; কখন। ক+চিৎ অসাকল্যার্থে। ২। প্রায় না, খুব কম। বাংপ্র। অব্য।

ক্বণ, ক্বণন—১। বীণাধ্বনি; শব্দ। ক্বণ্+অপ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী। ২। ছোট হাঁড়ি। ক্বণ্+অচ্, অন কর্তৃ। বি; পুং।

ক্বণিত—১। ধ্বনি। ক্বণ্+ক্ত ভাব। বি; ক্লী। ২। ধ্বনিত। ক্বণ্+ক্ত কর্তৃ। বিণ।

ক্বথন—জলে সিদ্ধ করিয়া নির্যাস বাহির করা, decoction. ক্বথ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**ক্বথিত**।

ক্বাথ—১। নির্যাস, দশমূলপাচনাদি। ক্বথ্+ঘঞ্ কর্ম। ২। দুঃখ, ব্যসন। ক্বথ্+ঘঞ্ করণ। বি; পুং।

ক্যাঁক—পৃষ্ঠে চাপজনিত কণ্ঠনির্গত শব্দ বিঃ, অনুকার-শব্দ; খ্যাঁক; আঁতকাইয়া ওঠা; আপত্তিকরভাবে প্রতিবাদ করা। বাংপ্র। অ। **ক্যাঁক ক্যাঁক করা**—রাগিয়া যাওয়া; রাগিয়া দুর্বাক্য বলা।

ক্যাঁচ—তীরাদি বিদ্ধ হওয়ার অনুকার-শব্দ; গরুর গাড়ির চাকার শব্দ। বাংপ্র। অ।

ক্যাঁচকেঁচে—যে সর্বদাই অনর্থক বিরক্তিকরভাবে চেঁচামেচি করে এমন ('—ছুঁচো')। বাংপ্র। বিণ।

ক্যাঁচক্যাঁচানি—গরুর গাড়ির চাকার শব্দের ন্যায় শব্দ। বাংপ্র। বি।

ক্যাঁচর-ক্যাঁচর—আধসিদ্ধ তরকারিতে কামড় দিবার শব্দ; গরুর গাড়ির চাকার শব্দ; বিরক্তিকর বকুনি। বাংপ্র। অ।

ক্যাঁচা—'কেঁচা' দ্রঃ।

ক্যাটকেটে—কর্কশ ও স্পষ্ট ('—কথা')। ক্যাটকাটি+এ (<ইয়া) করে অর্থে। বাংপ্র। বিণ'

ক্যাটক্যাট—বারবার বিঁধিবার শব্দ; কটু ও বিরক্তিকর কথা। বাংপ্র। অ। **ক্যাটক্যাট করিয়া শুনাইয়া দেওয়া**—কড়া কড়া কথায় মুখের উপর জবাব দেওয়া বা তিরস্কার করা।

ক্যাঁত—লাথি মারার শব্দ। বাংপ্র। অ।

ক্যাঙারু—অস্ট্রেলিয়ার জন্তু বিঃ। <ইং 'kangaroo'. বি।

ক্যাটালগ—বিবরণ-পত্রিকা, তালিকাপুস্তক। <ইং 'catalogue'. বি।

ক্যাদড়ানি—কাদাধোয়া জল; শরীরের তরল ময়লা; বিদ্রূপ। <কাদাপানি। বি।

ক্যানসার, ক্যান্সার—কর্কটরোগ। <ইং 'cancer'. বি।

ক্যানাস্তারা, ক্যানেস্তারা—টিনের পাত্র। <ইং 'canister'. বি।

ক্যানেল, ক্যান্যাল—জলস্রোত; কাটাখাল। <ইং 'canal'. বি।

ক্যানেস্তারা—'ক্যানাস্তারা' দ্রঃ।

ক্যাবলা, ক্যাবলাকান্ত—মূর্খ ও স্থূলবুদ্ধি ব্যক্তি, হাবাগোবা। বাংপ্র। বি বা বিণ।

ক্যাবিনেট—মন্ত্রিমণ্ডলী; গুঢ়সমিতি; দেরাজযুক্ত কাঠের বা লোহার সিন্দুক। <ইং 'cabinet'. বি।

ক্যামেরা—আলোকচিত্র গ্রহণের যন্ত্র। <ইং 'camera'. বি।

ক্যাম্বিস—মোটা কাপড়; চট। <ইং 'canvas'. বি।

ক্যারাচে—বাঁকা ধরনের, তেরছা। বাংপ্র। বিণ।

ক্যাস্টর-অয়েল—রেচক ঔষধরূপে ব্যবহার্য বা মাথায় মাখিবার রেড়ির তেল। <ইং 'castor-oil'. বি।

ক্রকচ—১। করাত। বি; পুং বা ক্লী। ২। যোগ বিঃ; গাঁটযুক্ত গাছ। বি; পুং। ৩। কিনারায় করাতের মত দাঁতওয়ালা, serrate. ক্র—কচ্+অচ্ কর্তৃ। বিণ।

ক্রতু—যজ্ঞ; যূপসহিত বা যূপরহিত যজ্ঞ; (সর্বযজ্ঞস্বরূপ বলিয়া) বিষ্ণুপূজা; ইন্দ্রিয়। কৃ+কতু কর্ম, সংজ্ঞার্থে। বি; পুং।

ক্রন্দ, ক্রন্দন—রোদন, কান্না; আহ্বান। ক্রন্দ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

ক্রন্দনধ্বনি—কান্নার শব্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ক্রন্দসী—১। অন্তরীক্ষ ("যে অন্তরীক্ষকে বৈদিক ভারত নাম দিয়েছে 'ক্রন্দসী'"—রবীন্দ্র); রোরুদ্যমানা নারী। ক্রন্দ্+অস্ (অসুন্) কর্তৃ= ক্রন্দস্+ঈপ্। বি; স্ত্রী। ২। রোরুদ্যমানা। কপ্র। বিণ; স্ত্রী। [ক্লী।

ক্রব্য—কাঁচা মাংস। ক্রব্+ণ্যৎ কর্ম (নিপা)। বি;

ক্রব্যাদ—১। মাংসাশী জন্তু; চিতাগ্নি। বি; পুং। ২। মাংসখাদক। উপতৎ; ক্রব্য—অদ্+অণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -দী।

ক্রম—অনুক্রম, পর্যায়, order; অবিচ্ছেদ; প্রণালী, পদ্ধতি; যার পর যা এই নিয়ম; আক্রমণ; সংকল্প; বিক্রম, বল; ব্যবহার; অতিক্রম; চলন; বৈদিক বিধান; শক্তি; পাদক্ষেপ; অনুষ্ঠান; হোমিওপ্যাথিক ঔষধের পর পর তরলীকরণের বার (times), dilution. ক্রম্+ঘঞ্ ভাব। বি; পুং।

ক্রমে ক্রমে—পর পর, ক্রমশঃ।

ক্রমণ—১। পাদ। ক্রম্+অনট্ করণ। বি; পুং।

২। চলন; অতিক্রম করা; পাদক্ষেপ। ক্রম্+অনট্ ভাব। বি; ক্লী।

ক্রমনিম্ন—ক্রমশঃ নীচু, ঢালু, গড়ানে। সুপ্। বিণ।

ক্রমবর্ধমান—ক্রমশঃ বর্ধনশীল, যাহা একটু একটু করিয়া বাড়িতেছে এমন। সুপ্। বিণ।

ক্রমবিকাশ—১। ক্রমশঃ প্রকাশ, একটু একটু করিয়া দৃষ্টিপথে আসা; অভিব্যক্তি, evolution. সুপ্। বি; পুং। ২। ক্রমশঃ বিকসনশীল, যাহা অল্পে অল্পে প্রকাশ পায় এরূপ। ক্রমদ্বারা বিকাশ যাহার, বহু। বিণ।

ক্রমবিকাশ-নিয়ম, -পদ্ধতি—অল্পে অল্পে প্রকাশিত হইবার রীতি [ডারুইন প্রঃ পণ্ডিতগণ বলেন, পৃথিবীতে প্রথমে জল, পরে স্থল, তৎপরে অতি ক্ষুদ্র উদ্ভিদ্ হইতে সুবৃহৎ বৃক্ষলতাদি, তাহার পরে কীটপতঙ্গ এবং ক্রমশঃ অন্যান্য জন্তু এবং সর্বশেষে মানবের সৃষ্টি হইয়াছে]। ক্রমবিকাশের নিয়ম, পদ্ধতি, ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী।

ক্রমভঙ্গ—নিয়মলঙ্ঘন; পর্যায়ের ব্যতিক্রম; প্রচলিত পদ্ধতির বৈপরীত্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ক্রমশঃ (-শস্)—ক্রমে ক্রমে, যার পর যা এই নিয়মে; শনৈঃশনৈঃ। ক্রম+চশস্ প্রকারার্থে। অ; ক্রি-বিণ।

ক্রমসংকোচ—ক্রমশঃ কমিয়া আসা বা কমানো; পৌষ্টিকনালীর ক্রমে ক্রমে সংকুচিত হইয়া মলদ্বারের দিকে মল চালনা, peristalsis. ৩য়াতৎ। বি; পুং।

ক্রমসূক্ষ্ম—ক্রমশঃ সরু। সুপ্। বিণ।

ক্রমাগত—১। ক্রমানুসারে উপস্থিত; পিতৃপিতামহাদিক্রমে আগত; অবাধ, অবিশ্রান্ত ('—পরিশ্রম'); ধারাবাহিক। সুপ্। বিণ। ২। নিরবচ্ছিন্নভাবে, অনবরত ('—খাটা')। ক্রি-বিণ।

ক্রমানুযায়ী (-যায়িন্), **ক্রমানুসারী** (-সারিন্)—পর্যায়ের অনুগামী, পরম্পরাগত, ধারাবাহিক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-যায়িনী(ণী), -সারিণী**।

ক্রমান্বয়—ধারাবাহিকতা; ক্রমে সংঘটন। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বিণ-অর্থে ৭মী।

ক্রমান্বয়ে—ক্রমানুসারে, পরপর। ৬ষ্ঠীতৎ। বি, ক্রি-

ক্রমায়াত—পরম্পরাক্রমে উপস্থিত; ক্রমাগত, successive. ক্রম দ্বারা আয়াত, ৩য়াতৎ। বিণ।

ক্রমিক—১। ধারাবাহিক, ক্রমাগত; ক্রমশঃ ঘটিত; পর পর অবস্থিত। বিণ। ২। অনবরত, অবিশ্রামে। ক্রম+ইক (ঠন্) আগতার্থে। ক্রি-বিণ। **ক্রমিক সংখ্যা**—পর্যায়ক্রমে আগত সংখ্যা।

ক্রমেল, ক্রমেলক—উষ্ট্র, উট। ক্রম—ইল+ক কর্তৃ, পক্ষে কন্ স্বার্থে। বি; পুং।

ক্রমোচ্চ, ক্রমোন্নত—ক্রমশঃ উচ্চ। ক্রম দ্বারা উচ্চ, উন্নত, ৩য়াতৎ। বিণ। বি—**ক্রমোচ্চতা, ক্রমোন্নতি**।

ক্রয়—মূল্য দিয়া বস্তু গ্রহণ, কেনা। ক্রী+অচ্ ভাব। বি; পুং।

ক্রয়বিক্রয়—কেনা-বেচা; ব্যবসা-বাণিজ্য। দ্বন্দ্ব। বি; পুং।

ক্রয়ী (ক্রয়িন্)—ক্রয়কারী, ক্রেতা, খরিদ্দার। ক্রী+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**ক্রয়িণী**।

ক্রয্য—কিনিবার যোগ্য; বিক্রয়ার্থ স্থাপিত। ক্রী+যৎ কর্ম। বিণ।

ক্রান্তি—১। আক্রমণ; গতি; পাদবিক্ষেপ; সংক্রমণ। ক্রম্+ক্তি ভাব। ২। রাশিচক্রের মধ্যরেখা; বিষুবরেখা হইতে উত্তরে কর্কটক্রান্তি পর্যন্ত অথবা দক্ষিণে মকরক্রান্তি পর্যন্ত সূর্যের দূরত্ব। ক্রম্+ক্তি অধি। ৩। অয়ন হইতে অয়ন পর্যন্ত আকাশমণ্ডলের মধ্যবর্তী ঈষদ্বক্র কল্পিত রেখা, সূর্যের গমনপথ। ক্রম্+ক্তি করণ। বি; স্ত্রী। ৪। কড়ার তিন ভাগের এক ভাগ। বাংপ্র। বি।

ক্রান্তিপাত—বিষুববৃত্ত ও ক্রান্তিবৃত্তের পরস্পর ছেদনবিন্দু, equinoctial points. ক্রান্তির পাত যেখানে, বহু। বি; পুং।

ক্রান্তিবলয়—ক্রান্তিবৃত্ত; বিষুবরেখার ন্যায় অয়নমণ্ডলের ২৩½° ডিগ্রী দক্ষিণে ও উত্তরে যে বলয়াকৃতি কল্পিত পরিধি বিদ্যমান আছে তাহা। ক্রান্তিসূচক বলয়, মধ্যপ। বি; পুং।

ক্রান্তিবৃত্ত—সূর্যের অয়নপথ [আকাশস্থ যে কল্পিত রেখা বিষুবরেখার মধ্য দিয়া বক্রভাবে কর্কট ও মকর ক্রান্তির ঠিক উপর পর্যন্ত গিয়াছে তাহার নাম ক্রান্তিবৃত্ত, ecliptic.] ক্রান্তি (সূর্যের গতি)-সূচক বৃত্ত, মধ্যপ। বি; ক্লী।

ক্রান্তিমণ্ডল—ক্রান্তিবৃত্ত। মধ্যপ। বি; ক্লী।

ক্রিকেট—বিলাতী ক্রীড়া বিঃ, ব্যাটবল খেলা। <ইং 'cricket'. বি।

ক্রিমি—'কৃমি' দ্রঃ।

ক্রিয়মাণ—সম্পাদ্যমান, যাহা করা হইতেছে এমন। কৃ+শানচ্ কর্ম। বিণ।

ক্রিয়া—কর্ম, কার্য; সামাদি উপায়প্রয়োগ; প্রয়োগ; অনুষ্ঠান; শিক্ষা; গর্ভাধানাদি সংস্কার; শাস্ত্রীয় অনুষ্ঠান ('অন্ত্যেষ্টি—'); পূজা; শ্রাদ্ধ; চেষ্টা; অভ্যাস; অধ্যয়ন দান যজন প্রঃ চিকিৎসা; ব্যবহারাংশ বিঃ; নিষ্কৃতি; ধাত্বর্থবোধক পদ, হওয়া করা প্রঃ। কৃ+শ ভাব+আপ্। বি; স্ত্রী।

ক্রিয়াকর্ম (-কর্মন্)—পূজাপার্বণ, শাস্ত্রীয় বা সামাজিক অনুষ্ঠান। দ্বন্দ্ব। বি; ক্লী।

ক্রিয়াকলাপ—কার্যসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ক্রিয়াকাণ্ড—১। কার্যকলাপ; বিবাহাদি উৎসবজনক ব্যাপার; শাস্ত্রীয় অনুষ্ঠান। ৬ষ্ঠীতৎ। ২। ধর্মকার্যবিধায়ক শাস্ত্রাংশ। ক্রিয়াবিধায়ক কাণ্ড, মধ্যপ। বি; পুং।

ক্রিয়াকুশল—কার্যপটু। ৭মীতৎ। বিণ।

ক্রিয়ান্বিত—কার্যযুক্ত; সৎকর্মকারী; ধার্মিক; (ব্যাক) ক্রিয়াপদযুক্ত। ৩য়াতৎ। বিণ।

ক্রিয়াপদ—ক্রিয়া বা ধাতুবাচক পদ। কর্মধা। বি; ক্লী।

ক্রিয়াফল—কর্মফল, ক্রিয়াজন্য পাপ-পুণ্যাদি ফল; (দর্শন) উৎপত্তি আপ্তি বিকৃতি এবং সংস্কৃতি—এই চারিপ্রকার কর্মফল। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ক্রিয়া-বাচক—ক্রিয়ার অর্থ-প্রকাশক; যাহাতে কোন কাজ করা বুঝায় এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -বাচিকা।

ক্রিয়াবান্ (-বৎ)—কর্মপরায়ণ, কর্মে উদ্যোগী; যিনি যাগ-যজ্ঞ সন্ধ্যাপূজা ইঃর অনুষ্ঠান করেন এমন; সৎকর্মনিরত। ক্রিয়া+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -বতী।

ক্রিয়া-বিশেষণ—ক্রিয়ার বিশেষণ, যে পদ দ্বারা ক্রিয়ার ভাব পদ্ধতি ইঃ প্রকাশিত হয় তাহা, adverb. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ক্রিয়াযোগ—১। ভগবৎ-প্রাপ্তির নিমিত্ত ক্রিয়মাণ দেবপূজাদি। কর্মধা। ২। ক্রিয়ার সহিত অন্বয়; শত্রুদমনার্থ সাম দান প্রঃর প্রয়োগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ক্রিয়ারত—কার্যাসক্ত; সৎকর্মপ্রবৃত্ত। ৭মীতৎ। বিণ।

ক্রিয়াশীল—কর্মনিরত; সংস্কারপরায়ণ। বহু। বিণ।

ক্রিয়াসক্ত—কর্মনিরত; সৎকর্মশীল। ক্রিয়াতে আসক্ত, ৭মীতৎ। বিণ। বি, -সক্তি।

ক্রিয়াসিদ্ধ—কার্য দ্বারা সফলতাপ্রাপ্ত; হাতে-কলমে কাজ করিতে পটু; যে কার্য করিতে করিতে নিপুণতা লাভ করিয়াছে এরূপ; প্রয়োগনিপুণ। ৩য়াতৎ অথবা ৭মীতৎ। বিণ।

ক্রিয়াসিদ্ধি—১। কর্মের সাফল্য। ৬ষ্ঠীতৎ। ২। কর্মানুষ্ঠান দ্বারা সফলতা। ক্রিয়াজন্যা সিদ্ধি, মধ্যপ। বি; স্ত্রী।

ক্রীড়ক—যে খেলা করে; যে খেলা দেখায়; পরিহাস-কারী। ক্রীড়্+ণক কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী—ক্রীড়িকা।

ক্রীড়ন—১। ক্রীড়া; পরিহাস; আমোদপ্রমোদ। ক্রীড়্ +অনট্ ভাব। ২। খেলনা। ক্রীড়্+অনট্ করণ। বি; ক্লী।

ক্রীড়নক—খেলনা। ক্রীড়ন (২)+কন্ স্বার্থে। বি; ক্লী।

ক্রীড়া—খেলা; পরিহাস। ক্রীড়্+অ ভাব+আপ্। [বি; স্ত্রী।

ক্রীড়াকন্দুক—খেলিবার ভাঁটা বা গোলা। ক্রীড়া-নিমিত্তক কন্দুক, মধ্যপ। বি; পুং।

ক্রীড়াকৌতুক—খেলা ও পরিহাসাদি; আমোদপ্রমোদ। দ্বন্দ্ব। বি; ক্লী।

ক্রীড়াকৌশল—খেলার নৈপুণ্য, খেলার কসরত। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ক্রীড়াচ্ছলে—খেলার উপলক্ষে, আমোদ করিয়া। ৬ষ্ঠীতৎ। ক্রি-বিণ।

ক্রীড়াজয়ী (-জয়িন্)—ক্রীড়াবিজেতা, খেলায় জয়-লাভকারী। ৭মীতৎ। বিণ। স্ত্রী -য়িনী।

ক্রীড়াভূমি—খেলিবার স্থান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ক্রীড়াশীল—ক্রীড়াপরায়ণ, নিয়ত খেলা করাই যাহার স্বভাব এরূপ। বহু। বিণ।

ক্রীড়াসক্ত—ক্রীড়ায় রত; যে কেবল খেলায় মাতিয়া থাকে এরূপ। ৭মীতৎ। বিণ ।

ক্রীত—মূল্য দ্বারা গৃহীত, কেনা। ক্রী+ক্ত কর্ম। বিণ।

ক্রীতদাস—কেনা গোলাম, slave. কর্মধা। বি; পুং।

ক্রীশ্চান—যীশু খ্রীষ্টের ধর্ম অবলম্বনকারী, খ্রীষ্টান। <ইং 'Christian'. বি বা বিণ।

ক্রুইজার, ক্রুজার—পাহারাদার যুদ্ধজাহাজ। <ইং 'cruiser'. বি।

ক্রুদ্ধ—কুপিত। ক্রুধ্+ক্ত কর্তৃ। বিণ।

ক্রুশ—যোগচিহ্নের (+) আকারে আবদ্ধ কাষ্ঠখণ্ড-দ্বয়; যে কাষ্ঠযন্ত্রে বিদ্ধ করিয়া যীশু খ্রীষ্টকে হত্যা করা হইয়াছিল। <ইং 'cross'. বি।

ক্রুশবিদ্ধ—ক্রুশকাঠে লোহকীলকদ্বারা বিদ্ধ, crucified. ৭মীতৎ। বাংপ্র। বিণ। **ক্রুশবিদ্ধ মহা-পুরুষ**—যীশু খ্রীষ্ট।

ক্রুশাকার—ক্রুশ-কাষ্ঠের ন্যায় আকারযুক্ত, cruci-form. বহু। বাংপ্র। বিণ।

ক্রূর—নিষ্ঠুর; ঘোর; কঠিন; উৎকট, ('—গন্ধী'); কর্কশ ('—স্বর'); পরদ্রোহী; নৃশংস; অশুভকর ('—গ্রহ'); উষ্ণ। কৃৎ+রক্ কর্তৃ। বিণ।

ক্রূরকর্মা (-কর্মন্)—নৃশংস; নিষ্ঠুর; ঘাতক। বহু। বিণ।

ক্রূরমতি—১। দুষ্টবুদ্ধি; নিষ্ঠুরহৃদয়। ক্রূরা মতি যাহার, বহু। বিণ। ২। দুষ্ট বুদ্ধি; নিষ্ঠুর হৃদয়। ক্রূরা মতি, কর্মধা। বি; স্ত্রী।

ক্রেডিট—বাজারে ব্যবসায়ীর সম্ভ্রম বা সুনাম; কৃতিত্ব; বাকী পাওনা; ধার। <ইং 'credit'. বি।

ক্রেতব্য, ক্রেয়—কিনিবার যোগ্য; যাহা কিনিতে হইবে এরূপ। ক্রী+তব্য, যৎ কর্ম। বিণ।

ক্রেতা (ক্রেতৃ)—খরিদ্দার। ক্রী+তৃন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী—ক্রেত্রী।

ক্রেয়—'ক্রেতব্য' দ্রঃ।

ক্রোক—আদালতের পরোয়ানা-বলে দেনদারের সম্পত্তি প্রঃ আটক। <তুঃ 'কুর্ক'। বি।

ক্রোটন—বিলাতী পাতাবাহারের গাছ। <ইং 'croton'. বি।

ক্রোড়—১। বাহুর মধ্যভাগ, কোল; বক্ষ। ক্রুড়্+ ঘঞ্ অধি। বি; পুং বা ক্লী। ২। একশত লক্ষ। <কোটি। বি। [বিণ।

ক্রোড়চ্যুত—কোল হইতে পতিত; হাতছাড়া। ৫মীতৎ।

ক্রোড়পতি—ক্রোরপতি (তাহা দ্রঃ)।

ক্রোড়পত্র—পুস্তক দলিল প্রঃর অতিরিক্ত পত্র বা অংশ, supplement; উইলের অতিরিক্ত অংশ, codicil; যে-পত্র আলাদা ছাপিয়া গ্রন্থাদির ভিতরে দেওয়া হয়। ক্রোড়বদ্ধ পত্র, মধ্যপ। বি; ক্লী।

ক্রোধ—দ্বেষ; কোপ। ক্রুধ্+ঘঞ্ ভাব। বি; পুং।

ক্রোধন—ক্রোধী। ক্রুধ্+অন কর্তৃ। বিণ।

ক্রোধপরায়ণ—অত্যন্ত ক্রোধী, ক্রোধশীল। ক্রোধ পর (শ্রেষ্ঠ) অয়ন (গতি) যাহার, বহু। বিণ।

ক্রোধবহ্নি, ক্রোধাগ্নি, ক্রোধানল—রোষরূপ অগ্নি অর্থাৎ অগ্নির ন্যায় সর্বনাশক ক্রোধ। রূপক বা উপমিত কর্মধা। বি; পুং। [ক্লী।

ক্রোধাগার—রোষাগার, গোঁসা-ঘর। ৬ষ্ঠীতৎ। বি;

ক্রোধাগ্নি—'ক্রোধবহ্নি' দ্রঃ।

ক্রোধানল—'ক্রোধবহ্নি' দ্রঃ।

ক্রোধান্ধ—ক্রোধে জ্ঞানশূন্য, অতিশয় ক্রুদ্ধ। ক্রোধ দ্বারা অন্ধ, ৩য়াতৎ। বিণ। [বিণ।

ক্রোধান্বিত—ক্রুদ্ধ। ক্রোধ দ্বারা অন্বিত, ৩য়াতৎ।

ক্রোধী (ক্রোধিন্)—ক্রুদ্ধস্বভাব। ক্রোধ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -ধিনী।

ক্রোধোদ্দীপক—রোষবর্ধক; কোপজনক। ক্রোধের উদ্দীপক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -পিকা।

ক্রোধোদ্দীপন—১। কোপবর্ধন, রোষের উত্তেজনা, রাগ বাড়ানো। বি; ক্লী। ২। ক্রোধোদ্দীপক। ৬ষ্ঠীতৎ। বিণ।

ক্রোধোদ্রেক—ক্রোধসঞ্চার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ক্রোধোন্মত্ত—ক্রোধে জ্ঞানশূন্য, ক্রোধান্ধ। ক্রোধ দ্বারা উন্মত্ত, ৩য়াতৎ। বিণ।

ক্রোধোপশম—ক্রোধশান্তি, রাগ থামানো; রাগ কমিয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ক্রোর—একশত লক্ষ। ⟨কোটি। বি বা বিণ।

ক্রোরপতি—কোটীশ্বর, কোটিমুদ্রার অধিপতি; অতিশয় ধনবান্। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ।

ক্রোশ—১। ৮০০০-হাত পরিমাণ দূরত্ব। ক্রুশ্+ঘঞ্ অপা। ২। রোদন; আহ্বান, আক্রোশ। ক্রুশ্+ঘঞ্ ভাব। বি; পুং।

ক্রৌঞ্চ—বক; কোঁচবক; পুরাণোক্ত সপ্ত দ্বীপের মধ্যে এক দ্বীপ। ক্রুঞ্চ+অণ্ স্বার্থে। বি; পুং।

ক্রৌঞ্চবধূ—বকের স্ত্রী; স্ত্রীজাতীয় বধূ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [ক্লী।

ক্রৌঞ্চমিথুন—ক্রৌঞ্চ এবং ক্রৌঞ্চী। ৬ষ্ঠীতৎ। বি;

ক্রৌর্য—ক্রূরতা। ক্রূর+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

ক্লক—বড় ঘড়ি, দেওয়াল ঘড়ি। ⟨ইং 'clock'. বি।

ক্লম—শ্রম, অবসাদ, ক্লান্তি। ক্লম্+ঘঞ্ ভাব। বি; পুং। [কর্তৃ। বিণ।

ক্লান্ত—অবসন্ন, অতিশয় শ্রান্ত; ম্লান। ক্লম্+ক্ত

ক্লান্তি—শ্রান্তি, অবসাদ। ক্লম্+ক্তি ভাব। বি; স্ত্রী।

ক্লান্তিকর, -জনক—অবসাদজনক, কষ্টকর। উপতৎ; ক্লান্তি—কৃ+ট কর্তৃ; ৬ষ্ঠীতৎ। বিণ।

ক্লান্তিনাশ—শ্রমদূরীকরণ, শ্রান্তিহরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ক্লাব—সমিতি, গোষ্ঠী, সংঘ। ⟨ইং 'club'. বি।

ক্লাস—বিদ্যালয়ের শ্রেণী; ট্রাম রেল প্রঃ গাড়ির শ্রেণী। ⟨ইং 'class'. বি।

ক্লাসিক—১। উঁচুদরের সাহিত্য; সর্বদেশ ও যুগের উপযোগী সাহিত্য। বি। ২। প্রাচীন ও বহু প্রশংসিত; উঁচুদরের ('—সংগীত')। ⟨ইং 'classic'. বিণ।

ক্লিন্ন—আর্দ্র; ক্লেদযুক্ত। ক্লিদ্+ক্ত কর্তৃ। বিণ।

ক্লিশিত, ক্লিষ্ট—ক্লেশপ্রাপ্ত, কষ্টপ্রাপ্ত; ক্লান্ত। ক্লিশ্+ক্ত কর্তৃ (বিকল্পে ইট্)। বিণ।

ক্লিশ্যমান—১। যে কষ্ট পাইতেছে এমন। ক্লিশ্+শানচ্ কর্তৃ। ২। যাহাকে ক্লেশ দেওয়া হইতেছে এমন। ক্লিশ্+শানচ কর্ম। বিণ। স্ত্রী, -না।

ক্লীব—১। নপুংসক, হিজড়ে। বি; পুং। ২। অক্ষম; বিক্রমহীন; পৌরুষহীন; কাপুরুষ; ব্যর্থ; নিষ্ফল; কাতর ('—বাক্য'); স্ত্রী-পুরুষ-ভিন্ন-বাচক। ক্লীব্+অচ্ কর্তৃ। বিণ।

ক্লীবতা, ক্লীবত্ব—নপুংসকত্ব; পৌরুষহীনতা; অক্ষমতা; ব্যর্থতা। ক্লীব+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

ক্লীবলিঙ্গ—নপুংসকলিঙ্গ, স্ত্রী-পুরুষ-ভিন্ন-বাচক। মধ্যপ বা বহু। বি; পুং, বা বিণ।

ক্লেদ—১। ক্লিন্নতা; আর্দ্রভাব; ময়লা। ক্লিদ্+ঘঞ্ ভাব। ২। মলযুক্ত জল; পুঁজাদি। ক্লিদ্+অচ্ কর্তৃ। বি; পুং।

ক্লেদাক্ত—ক্লেদিত, ক্লিন্ন। ৩য়াতৎ। বিণ।

ক্লেদার্দ্র—ক্লিন্ন; পিচ্ছিল; ক্লেদপূর্ণ। ক্লেদ দ্বারা আর্দ্র, ৩য়াতৎ। বিণ।

ক্লেদিত—ক্লিন্ন, ক্লেদযুক্ত। ক্লিদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

ক্লেশ—কষ্ট, দুঃখ, যন্ত্রণা; শ্রম; অবিদ্যা অস্মিতা রাগ দ্বেষ অভিনিবেশ—এই পঞ্চবিধ যন্ত্রণা। ক্লিশ্+ঘঞ্ ভাব। বি; পুং।

ক্লেশকর, -জনক, -দায়ক—কষ্টকর, পীড়াদায়ক। উপতৎ; ক্লেশ—কৃ+ট কর্তৃ, ৬ষ্ঠীতৎ, ৬ষ্ঠীতৎ। বিণ।

ক্লেশিত—ক্লেশপ্রাপ্ত, যাহাকে ক্লেশ দেওয়া হইয়াছে এরূপ। ক্লিশ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

ক্লৈব্য—পুরুষত্বহীনতা, ক্লীবত্ব; কাপুরুষতা; নিষ্ফলত্ব; কাতরতা। ক্লীব+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

ক্লোম (ক্লোমন্)—ফুসফুস: দেহমধ্যস্থ পিপাসা-স্থান। ক্রুঞ্চ্+মনিন্ সংজ্ঞার্থে। বি; ক্লী।

ক্লোমনালিকা—শ্বাসনালী, trachea. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [bronchus. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ক্লোমশাখা—শ্বাসনালীর প্রধান শাখাদ্বয়ের অন্যতর,

ক্লোরোফিল—উদ্ভিদ্ পত্রের হরিদ্বর্ণ-কারক পদার্থ। ⟨ইং 'chlorophyl'. বি।

ক্ষওয়া—১। ক্ষয় পাওয়া, হ্রাস পাওয়া। ক্রি [, বি]। ২। ক্ষয়িত। বাংপ্র। বিণ।

ক্ষণ—কালের অংশ বিঃ, চার মিনিট; মুহূর্ত ('শুভ—'); অল্পকাল ('—স্থায়ী'); সময় ('বহু—')। ক্ষণ+অণ্ কর্তৃ। বি; পুং।

ক্ষণকাল—অতি অল্প সময়। কর্মধা। বি; পুং।

ক্ষণজন্মা (-জন্মন্)—যাহার শুভক্ষণে জন্ম হইয়াছে এরূপ; অসাধারণ-ক্ষমতাপন্ন; অতিশয় সৌভাগ্য-শালী, সর্বসুলক্ষণাক্রান্ত। ক্ষণে জন্ম যাহার, বহু। বিণ। [বি; স্ত্রী।

ক্ষণদা—রাত্রি। উপতৎ; ক্ষণ—দা+ক কর্তৃ+আপ্।

ক্ষণধ্বংসী (-ধ্বংসিন্), **-বিধ্বংসী** (-বিধ্বংসিন্)—অল্প সময়েই নাশশীল, উৎপত্তির পরক্ষণেই যাহার ধ্বংস হয় এমন, ক্ষণভঙ্গুর। উপতৎ; ক্ষণ—ধ্বন্স্+ণিন্ কর্তৃ; ক্ষণ—বি—ধ্বন্স্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -সিনী।

ক্ষণপ্রভা—বিদ্যুৎ। ক্ষণব্যাপিনী প্রভা যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।

ক্ষণবিধ্বংসী (-সিন্)—'ক্ষণধ্বংসী' দ্রঃ।

ক্ষণবিলম্ব—অল্পকালমাত্র দেরি। ক্ষণ ব্যাপিয়া বিলম্ব, ২য়াতৎ। বি; পুং।

ক্ষণভঙ্গুর—যাহা অল্পকাল পরে নষ্ট হয় এরূপ, ক্ষণমাত্রস্থায়ী। ক্ষণমধ্যে ভঙ্গুর, ৭মীতৎ। বিণ।

ক্ষণমাত্র—অতি সামান্য কাল। কেবল ক্ষণ, নিত্য। বি।

ক্ষণস্থায়ী (-স্থায়িন্)—অচিরস্থায়ী, অল্পকালমাত্র স্থিতিশীল। উপতৎ; ক্ষণ—স্থা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-স্থায়িনী**।

ক্ষণিক—১। ক্ষণমাত্র স্থায়ী, অচিরস্থায়ী। ক্ষণ+ইক (ঠন্) স্থায়ী অর্থে। বিণ। ২। অতি অল্প সময় ("হে ক্ষণিকের অতিথি"—রবীন্দ্র)। বাংপ্র। বি।

ক্ষণেক—মুহূর্তমাত্র, ক্ষণকাল। এক ক্ষণ, কর্মধা ('এক' শব্দের পরনিপাত ও বাংলা নিয়মে সন্ধি)। বি।

ক্ষত—১। ব্রণ, ঘা; কাটা জায়গা; ছিন্ন স্থান। ক্ষণ্+ক্ত কর্ম। বি; ক্লী। ২। ভগ্ন; বিদারিত; আহত; দষ্ট; বিদ্ধ; নিষ্পিষ্ট। ক্ষণ্+ক্ত কর্ম। বিণ।

ক্ষতচিহ্ন—কাটা ইঃর দাগ, ঘা-এর দাগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ক্ষতবিক্ষত—দেহের বহুস্থানে ক্ষতযুক্ত; আঘাতে আঘাতে ছিন্নবিচ্ছিন্ন ('—দেহ')। ক্ষত দ্বারা বিক্ষত, ৩য়াতৎ। বিণ।

ক্ষতস্থান—কাটা বা ছেঁড়া জায়গা, যেস্থানে ক্ষত হইয়াছে। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ক্ষতি—১। নাশ; লোকসান; ক্ষয়। ক্ষণ্+ক্তি ভাব। ২। অস্ত্রাদি-চিহ্ন; ক্ষত। ক্ষণ্+ক্তি কর্ম। বি; স্ত্রী।

ক্ষতিকর—অপকারক, অনিষ্টকর। উপতৎ; ক্ষতি—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, **-রী**। [**-রিকা**।

ক্ষতিকারক—অনিষ্টকর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,

ক্ষতিগ্রস্ত—অপচয়ভাগী, যাহার লোকসান হইয়াছে এরূপ। ৩য়াতৎ। বিণ। [**-জনিকা**।

ক্ষতিজনক—অনিষ্টকর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,

ক্ষতিপূরণ—লোকসান পোষাইয়া দেওয়া; ক্ষতির পরিবর্তে মূল্যদান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ক্ষতিবৃদ্ধি—১। অপচয়ের আধিক্য, বেশী নষ্ট হওয়া। ৬ষ্ঠীতৎ। ২। লাভ ও লোকসান; লাভ বা লোকসান। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

ক্ষত্তা (ক্ষত্তৃ)—সারথি, সূত; ক্ষত্রিয়া ও বৈশ্যার গর্ভে শূদ্রের ঔরসজাত সন্তান; দাসীপুত্র; বিদুর। ক্ষদ্+তৃন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী—**ক্ষত্ত্রী**।

ক্ষত্র—দ্বিতীয় বর্ণ, ক্ষত্রিয় জাতি। উপতৎ; ক্ষৎ—ত্রৈ+ক কর্তৃ (ত-কারের লোপ)। বি; পুং।

ক্ষত্রকর্ম (-কর্মন্)—ক্ষত্রিয়ের কর্ম; ক্ষত্রোচিত কার্য [শৌর্য, তেজঃ, ধৃতি, দক্ষতা, যুদ্ধে অপলায়ন, দান, ঈশ্বরভাব]। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ক্ষত্রধর্ম—ক্ষত্রিয়ের ধর্ম, সাহস পুরুষকার প্রঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ক্ষত্রবন্ধু—নীচ ক্ষত্রিয়, নিন্দিত ক্ষত্রিয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [স্ত্রী।

ক্ষত্রবিদ্যা—ধনুর্বেদ; যুদ্ধবিদ্যা। ৬ষ্ঠীতৎ। বি;

ক্ষত্রিয়—দ্বিতীয় বর্ণ, ব্রহ্মার বাহুজাত বর্ণ, যুদ্ধ-ব্যবসায়ী জাতি বিঃ; রাজন্য। ক্ষত্র+ইয় স্বার্থে। বি; পুং।

ক্ষত্রিয়া, ক্ষত্রিয়াণী—ক্ষত্রিয়জাতীয়া স্ত্রী। ক্ষত্রিয়+আপ্, আনীপ্। বি; স্ত্রী।

ক্ষত্রিয়ী—ক্ষত্রিয়ের ভার্যা। ক্ষত্রিয়+ঈপ্। বি; স্ত্রী।

ক্ষত্রী—ক্ষত্রিয় জাতি। <ক্ষত্রিয়। বি।

ক্ষন্তব্য—ক্ষমার যোগ্য; সহনীয়। ক্ষম্+তব্য কর্ম। বিণ।

ক্ষপণক—বৌদ্ধ-সন্ন্যাসী; নাস্তিক-মত প্রচারক; নির্লজ্জ। ক্ষপ্+অন কর্তৃ+কন্ স্বার্থে। বি; পুং।

ক্ষপণী—ক্ষেপণী, দাঁড়। ক্ষপ্+অনট্ কর্ম+ঈপ্। বি; স্ত্রী। [স্ত্রী।

ক্ষপা—রাত্রি। ক্ষৈ+ণিচ্+অচ্ কর্তৃ+আপ্। বি;

ক্ষম—১। যোগ্যতা। ক্ষম্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। নিপুণ; সমর্থ; ক্ষমতাশালী; হিতকর; যোগ্য; সহিষ্ণু। ক্ষম্+অ কর্তৃ। বিণ।

ক্ষমতা—যোগ্যতা; প্রভাব; শক্তি; শব্দ নিষ্ঠ-অর্থ-প্রকাশসামর্থ্য। ক্ষম+তা ভাবে। বি; স্ত্রী।

ক্ষমতাপন্ন—শক্তিমান্। ক্ষমতাকে আপন্ন, ২য়াতৎ। বিণ। [অর্থে। বিণ। স্ত্রী, **-বতী**।

ক্ষমতাবান্ (-বৎ)—শক্তিশালী। ক্ষমতা+মতুপ্ আছে

ক্ষমতাশালী (-শালিন্)—শক্তিমান্। উপতৎ; ক্ষমতা—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শালিনী**।

ক্ষমা—১। মার্জনা; শান্তি; নিবৃত্তি; সহিষ্ণুতা। ক্ষম্+অ ভাব+আপ্। ২। পৃথিবী, দুর্গা। ক্ষম্+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী। ৩। সমর্থা; যোগ্যা; হিতা; সহনশীলা। ক্ষম+আপ্। বিণ; স্ত্রী। **ক্ষমা দেওয়া**—নিবৃত্ত হওয়া।

ক্ষমাগুণ, -ধর্ম—মার্জনাগুণ, অন্যকৃত-দোষ-সহনরূপ সদ্‌বৃত্তি। কর্মধা। বি; পুং।

ক্ষমাপরায়ণ—ক্ষমাশীল; সহিষ্ণু। ক্ষমা পর (শ্রেষ্ঠ) অয়ন যাহার, বহু। বিণ।

ক্ষমাপ্রার্থনা, -ভিক্ষা—মার্জনাভিক্ষা, মাফ চাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ক্ষমাপ্রার্থী (-প্রার্থিন্)—মার্জনা-ভিক্ষাকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-প্রার্থিনী**।

ক্ষমাবান্ (-বৎ)—ক্ষমাশীল, সহিষ্ণু। ক্ষমা+মতুপ্ শীলার্থে। বিণ। স্ত্রী, **-বতী**।

ক্ষমাভিক্ষা—'ক্ষমাপ্রার্থনা' দ্রঃ।

ক্ষমার্হ—মার্জনীয়, ক্ষমার যোগ্য। উপতৎ; ক্ষমা—অর্হ+অচ্ কর্তৃ। বিণ।

ক্ষমাশীল—সহিষ্ণু; যিনি সহজেই অন্যের অপরাধ মার্জনা করেন এরূপ। বহু। বিণ।

ক্ষমী (ক্ষমিন্)—ক্ষমাশীল। ক্ষমা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**ক্ষমিণী**। [কর্ম। বিণ।

ক্ষম্য—ক্ষমার যোগ্য; মার্জনীয়; উপেক্ষ্য। ক্ষম্+যৎ

ক্ষয়—১। অপচয়; হ্রাস; ধ্বংস, নাশ, ক্রমে লোপ পাওয়া; অন্ত; ভূপৃষ্ঠস্থ শিলার ক্রমধ্বংস, erosion. ক্ষি+অচ্ ভাব। ২। ক্ষয়কাস। ক্ষি+অচ্ করণ। ৩। গৃহ; প্রলয়; দুইটি রবি-সংক্রান্তি-যুক্ত এবং শুক্লপ্রতিপদ্ হইতে আরম্ভ করিয়া অমাবস্যায় যাহার অন্ত হয় এরূপ মাস। ক্ষি+অচ্ অধি। বি; পুং।

ক্ষয়কর, -কারক—ক্ষতিকারক; নাশক। উপতৎ; ক্ষয় —কৃ+ট, ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -রী, -রিকা।

ক্ষয়কাশ, -কাস—যক্ষ্মা রোগ। ক্ষয়কারক কাশ, কাস, মধ্যপ। বি; পুং। [পুং।

ক্ষয়রোগ—যক্ষ্মা রোগ। ক্ষয়কারক রোগ, মধ্যপ। বি;

ক্ষয়রোগী (-গিন্)—ক্ষয়কাস-রোগগ্রস্ত ব্যক্তি। ক্ষয়রোগ+ইন্ আছে অর্থে। বি বা বিণ। স্ত্রী, -রোগিনী। [এরূপ। বহু। বিণ।

ক্ষয়শীল—ক্ষয়িষ্ণু, ক্রমে ক্ষয় পাওয়া যাহার স্বভাব

ক্ষয়িত—১। নাশিত; অপচায়িত, যাহার ক্ষয় করা হইয়াছে এরূপ; হিংসিত। ক্ষি+ণিচ্+ক্ত কর্ম। বি। ২। নশ্বর; স্রবণশীল। ক্ষর্+অচ্ কর্তৃ। বিণ।

ক্ষয়িষ্ণু—ক্ষয়শীল, যাহা ক্রমাগত ক্ষয় পাইতেছে এরূপ। ক্ষয়+ইষ্ণু (বাংলা প্রত্যয়) শীলার্থে। বিণ।

ক্ষয়ী (ক্ষয়িন্)—ক্ষয়শীল, নশ্বর; ক্ষয়রোগগ্রস্ত। ক্ষয়+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—ক্ষয়িণী।

ক্ষর—১। ক্ষরণ; নাশ। ক্ষর্+ক ঘঞর্থে ভাব। বি। ২। নশ্বর; স্রবণশীল। ক্ষর্+অচ্ কর্তৃ। বিণ।

ক্ষরণ—চুয়াইয়া পড়া, স্রবণ; তরল দ্রব্যের পতন; নাশ; নিঃসরণ; শরীরস্থ রক্তাদি ধাতুর নিঃসরণ, secretion. ক্ষর্+অনট্ ভাব। বি; ক্লী।

ক্ষরিত—স্রুত, যাহা ক্ষরিয়া পড়িয়াছে এমন; নিঃসৃত; চোয়ানো। ক্ষর্+ক্ত কর্তৃ। বিণ।

ক্ষরী (ক্ষরিন্)—ক্ষরণবিশিষ্ট। ক্ষর্+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—ক্ষরিণী।

ক্ষাত্র—১। ক্ষত্রিয়ত্ব; ক্ষত্রিয়ধর্ম। ক্ষত্র+অণ্ ভাবে। বি; ক্লী। ২। ক্ষত্রিয় সম্বন্ধীয়। ক্ষত্র+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—ক্ষাত্রী।

ক্ষান্ত—১। ক্ষমাশীল; বিরত। বিণ। ২। ব্যাধ। ক্ষম্+ক্ত কর্তৃ। বি; পুং। ৩। ক্ষমা; ক্ষান্তি। ক্ষম্+ক্ত ভাব। বি; ক্লী। **ক্ষান্ত দেওয়া**—নিবৃত্ত হওয়া, চুপ করিয়া যাওয়া।

ক্ষান্তি—ক্ষমা, সহিষ্ণুতা; নিবৃত্তি; থামা; প্রতীক্ষা। ক্ষম্+ক্তি ভাব। বি; স্ত্রী। [বিণ।

ক্ষাম—কৃশ; দুর্বল; রুক্ষ; শুষ্ক। ক্ষৈ+ক্ত কর্তৃ।

ক্ষার—১। লবণরস; খাঁড় গুড়; কাচ; ছাই; ধূর্ত-ব্যক্তি। বি; পুং। ২। সোহাগা; যবক্ষার; বিট্-লবণ; লোনামাটি; সাজিমাটি সোডা চুন ইঃ, alkali. ক্ষর্+ণ কর্তৃ। বি; ক্লী।

ক্ষারক—খোপা; অম্লজানের সহিত কোন ধাতুর সংযোগে উৎপন্ন পদার্থ, base. ক্ষর্+ণিচ্+ণক কর্তৃ; ক্ষার+কন্ সদৃশার্থে। বি; ক্লী।

ক্ষারমৃত্তিকা—লোনামাটি; সাজিমাটি। ক্ষারযুক্ত মৃত্তিকা, মধ্যপ। বি; স্ত্রী।

ক্ষারমেহ—পিত্তজ মেহরোগ। মধ্যপ। বি; পুং।

ক্ষারলবণ—ক্ষারঘটিত বা ক্ষারজাতীয় লবণ, basic salt. ক্ষারময় বা ক্ষারজাতীয় লবণ, মধ্যপ। বি; ক্লী। [বিণ।

ক্ষারিত—স্রাবিত, গলানো। ক্ষর্+ণিচ্+ক্ত কর্ম।

ক্ষারীয়—ক্ষারজাতীয়, ক্ষারধর্মী, alkaline. ক্ষার+ঈয় জাতার্থে। বিণ। **ক্ষারীয় সন্ধান**—ক্ষারযোগে গাঁজন, alkaline fermentation.

ক্ষারোদক—লবণ জল, লোনা জল। ক্ষার সংযুক্ত উদক মধ্যপ। বি; ক্লী।

ক্ষালন, ক্ষালনা—ধৌতকরণ; শোধন; মার্জন; অপ-সারণ; কাটানো, কোন বিষয় হইতে নিষ্কৃতি পাওয়া। ক্ষল্+ণিচ্+অনট্ ভাব, পক্ষে অন ভাব +আপ্। বি; ক্লী, স্ত্রী।

ক্ষালিত—ধৌত; শোধিত; নিরাকৃত। ক্ষল্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

ক্ষিতি—১। পৃথিবী; বাসস্থান; প্রলয়কাল। ক্ষি+ক্তি অধি। ২। ক্ষয়; ক্ষতি। ক্ষি+ক্তি ভাব। বি; স্ত্রী।

ক্ষিতিজ—১। কেঁচো; বৃক্ষ; মঙ্গলগ্রহ; দিক্‌চক্রবাল, horizon. বি; পুং ও ক্লী। ২। ভূমি হইতে উৎপন্ন। ক্ষিতি—জন্+ড কর্তৃ। বিণ। **ক্ষিতিজ রেখা**—দিগন্ত রেখা, horizontal line.

ক্ষিতিতল—ভূতল; ভূগর্ভ; পাতাল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি; পুং।

ক্ষিতীশ, ক্ষিতীশ্বর—ক্ষিতিপতি, রাজা। ৬ষ্ঠীতৎ।

ক্ষিপ্ত—১। নিক্ষিপ্ত; প্রেরিত; ত্যক্ত; অবজ্ঞাত; বিকীর্ণ। ক্ষিপ্+ক্ত কর্ম। ২। অত্যন্ত বিষয়া-সক্ত; উন্মত্ত, পাগল। ক্ষিপ্+ক্ত কর্তৃ। বিণ।

ক্ষিপ্যমাণ—যাহা ক্ষেপণ করা হইতেছে এমন। ক্ষিপ্ +শানচ্ কর্ম। বিণ। [ক্রি-বিণ।

ক্ষিপ্র—দ্রুত; সত্বর। ক্ষিপ্+রক্ কর্তৃ। বিণ, বা

ক্ষিপ্রকারিতা—শীঘ্র কার্য করা, শীঘ্রকরণ, তাড়াতাড়ি কাজ করার ক্ষমতা বা স্বভাব। ক্ষিপ্রকারিন্+তা ভাবে। বি; স্ত্রী।

ক্ষিপ্রকারী (-কারিন্)—শীঘ্রকারী; চাল্যাক। উপ-তৎ; ক্ষিপ্র—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -কারিণী।

ক্ষিপ্রগতি—১। তাড়াতাড়ি যাওয়া। ক্ষিপ্রা গতি, কর্মধা। বি; স্ত্রী। ২। দ্রুতগতিসম্পন্ন। ক্ষিপ্রা গতি যাহার, বহু। বিণ।

ক্ষিপ্রগামী (-গামিন্)—দ্রুতগামী; বেগবান্। উপ-তৎ; ক্ষিপ্র—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -গামিনী, -গামিণী।

ক্ষিপ্রহস্ত—চট্‌পটে; লঘুহস্ত। বহু। বিণ।

ক্ষিপ্রহস্ততা—কার্যতৎপরতা, দ্রুতকার্যকারিতা। ক্ষিপ্রহস্ত+তা ভাবে। বি; স্ত্রী।

ক্ষীণ—সূক্ষ্ম; দুর্বল; জীর্ণ; শুষ্ক; কৃশ; শীর্ণ; সরু; অতি অল্প ('—আশা')। ক্ষি+ক্ত কর্তৃ। বিণ।

ক্ষীণকায়—১। কৃশ দেহ, দুর্বল শরীর। কর্মধা। বি; পুং। ২। দুর্বল-শরীরবিশিষ্ট। বহু। বিণ।

ক্ষীণচন্দ্র—কৃষ্ণপক্ষের শেষ ভাগের চন্দ্র। কর্মধা। বি; পুং। [সংকীর্ণচিত্ত। বহু। বিণ।

ক্ষীণচিত্ত—দুর্বলহৃদয়; যাহার মনোবল নাই এমন;

ক্ষীণজীবী (-জীবিন্)—ক্ষুদ্রপ্রাণ, যাহার প্রাণ অল্পেই বিনষ্ট হইতে পারে এরূপ। উপতৎ; ক্ষীণ—জীব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -জীবিনী।

ক্ষীণতা—কৃশতা; দৌর্বল্য; সূক্ষ্মতা। ক্ষীণ+তা ভাবে। বি; স্ত্রী।

ক্ষীণদৃষ্টি—১। অল্প দৃষ্টি, ভাল করিয়া দেখিতে না পাওয়া। কর্মধা। বি; স্ত্রী। ২। যে ভাল দেখিতে পায় না এরূপ। বহু। বিণ।

ক্ষীণদেহ—ক্ষীণকায় (তাহা দ্রঃ)।

ক্ষীণপ্রাণ—ক্ষীণজীবী; সংকীর্ণহৃদয়। বহু। বিণ।

ক্ষীণবল, -শক্তি—দুর্বল। বহু। বিণ।

ক্ষীণবুদ্ধি, -মতি—অল্পবুদ্ধি; নির্বোধ। ক্ষীণা বুদ্ধি, মতি যাহার, বহু। বিণ।

ক্ষীণমধ্য—যাহার কটিদেশ সরু এরূপ। বহু। বিণ।

ক্ষীণশক্তি—'ক্ষীণবল' দ্রঃ।

ক্ষীণাংগ -১। শীর্ণদেহ, কৃশ। বহু। বিণ। স্ত্রী, -ঙ্গা, -ঙ্গী। ২। শীর্ণ দেহ। কর্মধা। বি; ক্লী।

ক্ষীয়মাণ—যাহার ক্ষয় হইতেছে এরূপ, অপচীয়মান; যাহা নষ্ট করা হইতেছে এরূপ। ক্ষি+শানচ্ কর্তৃ, কর্ম। বিণ।

ক্ষীর—জল; দুগ্ধ; জ্বাল দেওয়া ঘন দুধ; নির্যাস। উপতৎ; ক্ষী—ঈর্+অণ্ কর্তৃ। বি; ক্লী।

ক্ষীরপুলি—ক্ষীরের পুর-দেওয়া একপ্রকার পুলি-পিঠা; একপ্রকার সন্দেশ। ক্ষীর-মিশ্রিত পুলি, মধ্যপ (বাংপ্র)। বি।

ক্ষীরমোহন—ক্ষীরের পুর-দেওয়া একপ্রকার চেপটা রসগোল্লা। বাংপ্র। বি। [মধ্যপ। বি; স্ত্রী।

ক্ষীরশর্করা—দুগ্ধজাত চিনি, sugar of milk.

ক্ষীরসমুদ্র—পৌরাণিক দুগ্ধময় সাগর বিঃ। ক্ষীর-পূর্ণ সমুদ্র, মধ্যপ। বি; পুং।

ক্ষীরসর—১। দুধের সর। ৬ষ্ঠীতৎ। ২। দুধ ও সর। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

ক্ষীরা, ক্ষীরাই—শশা। ‹ক্ষীরিকা। বি।

ক্ষীরাব্ধি—ক্ষীরসমুদ্র। ক্ষীরপূর্ণ অব্ধি, মধ্যপ। বি; পুং।

ক্ষীরাব্ধিতনয়া—লক্ষ্মী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ক্ষীরিকা—শশা। ক্ষীর+ইক (ঠন্) আছে অর্থে+আপ্। বি; স্ত্রী।

ক্ষীরোদ, ক্ষীরোদক—ক্ষীরসমুদ্র। ক্ষীর উদক যাহার, বহু (বিকল্পে ক-লোপ)। বি; পুং।

ক্ষুমা—পটসূত্র বা পটসূত্রজাত বস্ত্র, মসিনার তন্তু-জাত সূত্র বা তন্নির্মিত বস্ত্র। ‹ক্ষুমা। বি।

ক্ষুমা-তাঁতি, -তাঁতী—যে তাঁতি পাট মসিনা প্রভৃর মোটা কাপড় বুনে সে। ক্ষুমানির্মাতা তাঁতি, তাঁতী, মধ্যপ (বাংপ্র)। বি।

ক্ষুণ্ণ—চূর্ণীকৃত; মাড়ানো; আহত; খাত; ক্ষুব্ধ; ব্যথিত; অন্যের অপ্রত্যাশিত ব্যাপারে দুঃখিত; অবগাঢ়; আলোড়িত; অপূর্ণ; ত্রুটিযুক্ত; গুণিত (অঙ্ক)। ক্ষুদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

ক্ষুণ্ণমনাঃ (-মনস্)—মনে মনে দুঃখিত। বহু। বিণ।

ক্ষুৎ—হাঁচি। ক্ষু+ক্বিপ্ ভাব। বি; স্ত্রী।

ক্ষুৎ (ক্ষুধ্)—ভোজনেচ্ছা, ক্ষুধা। ক্ষুধ্+ক্বিপ্ ভাব। বি; স্ত্রী।

ক্ষুত—হাঁচি। ক্ষু+ক্ত ভাব। বি; ক্লী।

ক্ষুৎক্ষাম—ক্ষুধায় ক্ষীণ। ৩য়াতৎ। বিণ।

ক্ষুৎপিপাসা—ক্ষুধা ও তৃষ্ণা। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

ক্ষুদ—১। তণ্ডুলকণা। বি। ২। ছোট। ‹ক্ষুদ্র। বিণ।

ক্ষুদ-কুঁড়া—অনাড়ম্বর খাদ্য। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

ক্ষুদে—ছোট। ‹ক্ষুদ্র। বিণ।

ক্ষুদ্র—ছোট; নীচ, অধম; অল্প; যাহার ধন ক্ষমতা বা আধিপত্য নাই এরূপ; অপ্রশস্ত; অবিস্তৃত; অদীর্ঘ; অনুচ্চ; ক্রূর; কৃপণ। ক্ষুদ্+রক্ কর্তৃ। বিণ।

ক্ষুদ্রকায়—১। বেঁটে শরীর, কৃশ শরীর। কর্মধা। বি; পুং। ২। ক্ষীণ-শরীর; বেঁটে। বহু। বিণ।

ক্ষুদ্রচেতাঃ (-চেতস্)—নীচমনা, সংকীর্ণচিত্ত। ক্ষুদ্র চেতঃ (চিত্ত) যাহার, বহু। বিণ।

ক্ষুদ্রদৃষ্টি—সংকীর্ণ বুদ্ধি; নীচতা। কর্মধা। বি; স্ত্রী।

ক্ষুদ্রপ্রাণ—যাহার প্রাণ অল্প এরূপ; যে অল্পেই মারা পড়ে এরূপ; যাহার ক্ষমতা অল্প এরূপ; সংকীর্ণ-চিত্ত। বহু। বিণ।

ক্ষুদ্রান্ত্র—অন্ত্রদ্বয়ের মধ্যে যেটি স্থূল এবং হ্রস্ব সেইটি, small intestine. কর্মধা। বি; ক্লী।

ক্ষুদ্রায়তন—স্বল্পপরিসরবিশিষ্ট; ক্ষুদ্রগৃহযুক্ত। ক্ষুদ্র আয়তন যাহার, বহু। বিণ।

ক্ষুদ্রাশয়—নীচাশয়, সামান্য বিষয়ে যাহার লোভ জন্মে এরূপ; অনুদার। ক্ষুদ্র আশয় যাহার, বহু। বিণ।

ক্ষুধা—ভোজনেচ্ছা; লালসা; ইচ্ছা। ক্ষুধ্+ক্বিপ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

ক্ষুধাতুর—ক্ষুধায় কাতর। ৩য়াতৎ। বিণ।

ক্ষুধাতৃষ্ণা—ক্ষুধা এবং পিপাসা। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

ক্ষুধানিবৃত্তি—ক্ষুধার উপশম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ক্ষুধান্বিত—ক্ষুধিত। ৩য়াতৎ। বিণ।

ক্ষুধামান্দ্য—ক্ষুধার অল্পতা; ক্ষুধা না হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ক্ষুধার্ত—ক্ষুধায় কাতর, বুভুক্ষু। ক্ষুধা দ্বারা ঋত বা আর্ত, ৩য়াতৎ। বিণ।

ক্ষুধাশান্তি—ক্ষুধার উপশম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ক্ষুধাসঞ্চার—ক্ষুধার উদ্রেক, ক্ষুধা হওয়া। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী।

ক্ষুধিত—ভোজনেচ্ছু। ক্ষুধ্+ক্ত কর্তৃ অথবা, ক্ষুধা+ইতচ্ জাতার্থে। বিণ।

ক্ষুন্নিবারণ—ক্ষুধাশান্তি; ক্ষুন্নিবৃত্তি। ক্ষুধের নিবারণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ক্ষুন্নিবৃত্তি—ক্ষুধাশান্তি। ক্ষুধের (ক্ষুধ্ শব্দ) নিবৃত্তি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ক্ষুপ—ছোট ছোট শাখাযুক্ত বৃক্ষ; ঝোপঝাড়, bush, shrub. ক্ষু (হাঁচা)+পক্ কর্তৃ। বি; পুং।

ক্ষুব্ধ—১। ক্ষোভপ্রাপ্ত, ক্ষুণ্ণ; আলোড়িত; বিচ-লিত; কাতর; দুঃখিত; ভীত। বিণ। ২। মন্থন-দণ্ড। ক্ষুভ্+ক্ত কর্তৃ। বি; পুং।

ক্ষুভিত—গ্রস্ত; ক্ষোভপ্রাপ্ত, দুঃখিত; বিচলিত;

ক্রুদ্ধ; গ্রস্ত; ব্যাকুল; আলোড়িত, মথিত; সংরব্ধ। ক্ষুভ্+ক্ত কর্ম, কর্তৃ। বিণ।

ক্ষুমা—মসিনা; অতসীবৃক্ষ; নীলগাছ; রেশম; শণ; পাট। ক্ষু+মক্ অপা+আপ্। বি; স্ত্রী।

ক্ষুর—কামাইবার অস্ত্র বিঃ; পায়ের খুর; খাটের খুরা; বাণ। ক্ষুর্+ক কর্তৃ। বি; পুং।

ক্ষুরধার—১। ক্ষুরের ধার। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। ক্ষুরের মত ধারাল; অত্যুগ্র। ক্ষুরের মত ধার যাহার, বহু। বিণ। [বি।

ক্ষুরপা, ক্ষুরপো—ঘাস তুলিবার যন্ত্র। ⟨ক্ষুরপ্র।

ক্ষুরপ্র—অর্ধচন্দ্রাকৃতি বাণ বিঃ; ঘাস কাটিবার অস্ত্র; খুরপো। ক্ষুর—পৃ+ক কর্তৃ। বি; পুং।

ক্ষুরী (ক্ষুরিন্)—নাপিত; ক্ষুরবিশিষ্ট জন্তু। ক্ষুর্+ইন্ আছে অর্থে। বি; পুং।

ক্ষেউরি—ক্ষৌরকর্ম। ⟨ক্ষৌর। বি।

ক্ষেউরী—যাহার ক্ষৌরকর্ম সম্পন্ন হইয়াছে এমন। ⟨ক্ষৌরী। বিণ।

ক্ষেত—ভূমি, জমি। ⟨ক্ষেত্র। বি।

ক্ষেত-খামার, -খোলা—জায়গাজমি; কৃষিকার্যের স্থান। বাংপ্র। দ্বন্দ্ব। বি।

ক্ষেত-পাপড়া—ওষধি বিঃ। ⟨ক্ষেত্রপর্পট। বি।

ক্ষেতি—১। চাষ-আবাদ। ⟨ক্ষেত্র। ২। লোকসান, অপকার। ⟨ক্ষতি। বি।

ক্ষেত্র—ভূমি, ক্ষেত; স্থান; সভা; বৈঠক; মাঠ; যুদ্ধ-ক্ষেত্র; মেষাদিরাশি; ইন্দ্রিয়; মনঃ; শরীর; পত্নী; তীর্থস্থান; সিদ্ধভূমি; বিষ্ণুক্ষেত্রসমূহ; তল, surface; অবস্থা, case; গ্রহের নির্দিষ্ট কক্ষ; রেখাবেষ্টিত স্থান, ত্রিভুজ চতুর্ভুজ প্রঃ। ক্ষি+ষ্ট্রন্ অধি। বি; ক্লী।

ক্ষেত্রকর্ম (-কর্মন্)—কৃষিকার্য; বিশেষ বিশেষ স্থানের ভিন্ন ভিন্ন কার্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ক্ষেত্রজ—১। নিজের স্ত্রীতে অন্য পুরুষ দ্বারা উৎপাদিত পুত্র। বি; পুং। ২। ক্ষেত্রজাত; নিজের স্ত্রীর গর্ভে অন্য পুরুষ দ্বারা উৎপাদিত। উপতৎ; ক্ষেত্র—জন্+ড কর্তৃ। বিণ।

ক্ষেত্রজ্ঞ—১। পরমাত্মা; অন্তর্যামী পুরুষ, জীবাত্মা। বি; পুং। ২। নিপুণ; কামুক; কৃষক; অবস্থানু-যায়ী কার্য করিতে সমর্থ। উপতৎ; ক্ষেত্র—জ্ঞা+ক কর্তৃ। বিণ।

ক্ষেত্রতত্ত্ব—ক্ষেত্রসমুদয়ের প্রকৃতি ও পরিমাণ-নিরূপক শাস্ত্র; জ্যামিতি, geometry. ক্ষেত্রের তত্ত্ব আছে যাহাতে, বহু। বি; ক্লী।

ক্ষেত্রপতি—ক্ষেত্রপাল; কৃষক; রুদ্র; জমির মালিক। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; পুং।

ক্ষেত্রপাল—দেবতা বিঃ; ক্ষেত্রের রক্ষক। ৬ষ্ঠীতৎ।

ক্ষেত্রফল—ভূমির পরিমাণ-ফল, area; ক্ষেত্রে উৎপন্ন শস্যাদি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি; স্ত্রী।

ক্ষেত্রমিতি—জ্যামিতি। ক্ষেত্রের মিতি যাহাতে, বহু।

ক্ষেত্রস্বামী (-মিন্)—ভূস্বামী, জমির মালিক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ক্ষেত্রাধিকারী (-রিন্)—ভূস্বামী, জমির মালিক। ক্ষেত্রের অধিকারী, ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -কারিণী।

ক্ষেত্রাধিপ—মেষাদি দ্বাদশ রাশির অধিপতি গ্রহগণ; ক্ষেত্রপতি। ক্ষেত্রের অধিপ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ক্ষেত্রী (ক্ষেত্রিন্)—১। ক্ষেত্রস্বামী। বিণ। স্ত্রী—ক্ষেত্রিণী। ২। স্বামী, পতি। ক্ষেত্র+ইন্ আছে অর্থে। বি; পুং।

ক্ষেত্রী—হিন্দুস্থানী জাতি বিঃ। ⟨ক্ষত্রিয়। বি।

ক্ষেপ—১। বিন্যাস; নিক্ষেপ; পাত; ত্যাগ; গর্ব; নিন্দা; বিলম্ব; যাপন; প্রেরণ; চালন; লঙ্ঘন; লেপন; অবহেলা; বঞ্চনা। ক্ষিপ্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। বার, দফা। বাংপ্র। বি।

ক্ষেপণ—নিক্ষেপ; ফেলা; অপসারণ; পরিত্যাগ; প্রেরণ; নিন্দা; যাপন। ক্ষিপ্+অনট্ ভাব। বি; ক্লী।

ক্ষেপণি, ক্ষেপণিকা—নৌকাদণ্ড; দাঁড়; ক্ষেপলা জাল; ফাঁদ বিঃ; ক্ষেপণযোগ্য অস্ত্র বিঃ। ক্ষিপ্+অনি কর্ম, পক্ষে কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

ক্ষেপণিক—দাঁড়ী। ক্ষেপণি+ইক (ঠন্) ব্যবহার করে অর্থে। বি; পুং।

ক্ষেপণী—১। বন্দুকের গুলি বাটুল ঢিল ইঃ বস্তু ঈষৎ উর্ধ্বদিকে নিক্ষিপ্ত হইলে যে বক্রপথে গমন করে তাহার সদৃশ রেখা, parabola. ক্ষিপ্+অনট্ করণ+ঈপ্। ২। ক্ষেপলা জাল; নৌকার দাঁড়; ক্ষেপণীয় অস্ত্র বিঃ; ধনুনি। ক্ষিপ্+অনট্ কর্ম+ঈপ্। বি; স্ত্রী।

ক্ষেপণীয়—১। ক্ষেপণযোগ্য। বিণ। ২। খড়্গ; ভিন্দিপাল; বাণ। ক্ষিপ্+অনীয় কর্ম। বি; ক্লী।

ক্ষেপলা—মাছ ধরিবার জন্য যাহা ছড়াইয়া ফেলিতে হয় এরূপ ('—জাল')। বাংপ্র। বিণ।

ক্ষেপা—১। ক্ষিপ্ত; জ্ঞানশূন্য। বিণ। ২। ক্ষিপ্ত হওয়া; ক্রুদ্ধ হওয়া; উত্তেজিত হওয়া; কাটানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ক্ষেপানো—পাগল করা; অত্যন্ত বিরক্ত করা; রাগানো; উত্তেজিত করা ('জনতা —')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ক্ষেপামি, ক্ষেপামো—উন্মাদের ন্যায় আচরণ; পাগলের মত ব্যবহার। বাংপ্র। বি।

ক্ষেপ্তা (ক্ষেপ্তৃ)—নিক্ষেপক। ক্ষিপ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—ক্ষেপ্ত্রী।

ক্ষেম—১। কল্যাণ। ক্ষি+মন্ কত্ সংজ্ঞার্থে। বি। ২। মোক্ষ, মুক্তি। ক্ষি+ম কর্তৃ। বি; ক্লী। ৩। মঙ্গলদায়ক; শুভকর। ক্ষেম+অচ্ বিশিষ্টার্থে। বিণ।

ক্ষেমংকর, ক্ষেমঙ্কর—মঙ্গলকারক। উপতৎ; ক্ষেম—কৃ+খচ কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।

ক্ষেমংকরী, ক্ষেমঙ্করী—মঙ্গলদায়িকা দেবী বিঃ; ভগবতীর শঙ্খচিল্লমূর্তি। ক্ষেমঙ্কর+ঈপ্। বি; স্ত্রী। [আপ্। বি; স্ত্রী।

ক্ষেমা—কাত্যায়নী। ক্ষেম+অচ্ বিশিষ্টার্থে+

ক্ষেমাস্পদ—কল্যাণভাজন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, বা বিণ। [বিণ। স্ত্রী, -স্ত্রী।

ক্ষৈরেয়—ক্ষীর সম্বন্ধীয়; দুগ্ধজাত। ক্ষীর+এয়।

ক্ষোদন—অক্ষর বা অন্য কিছু উৎকীর্ণকরণ, খোদাই, engraving; চূর্ণকরণ। ক্ষুদ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী। [ক্ত কর্ম। বিণ।

ক্ষোদিত—উৎকীর্ণ; পিষ্ট, চূর্ণিত। ক্ষুদ্‌+ণিচ্‌+

ক্ষোভ—মনস্তাপ; উদ্বেগ; বাধা; ধর্ষণ; চাঞ্চল্য; চলন; বিলোড়ন; আঘাত; স্খলন। ক্ষুভ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।

ক্ষোভিত—যাহাকে ক্ষুব্ধ করা হইয়াছে এমন; ত্রাসিত; আন্দোলিত; ধর্ষিত; চালিত। ক্ষুভ্‌+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ। [ঈপ্‌। বি; স্ত্রী।

ক্ষৌণি, ক্ষৌণী—পৃথিবী। ক্ষু+নি অধি, পক্ষে

ক্ষৌণীবিদ্যা—ভূতত্ত্ববিদ্যা, geometry. ক্ষৌণী-সম্বন্ধীয়া বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।

ক্ষৌদ্র—১। মধু; জল। ক্ষুদ্র+অণ্‌। বি; ক্লী। ২। ক্ষুদ্র বা ক্ষুদ্রা সম্বন্ধীয়; মধুমক্ষিকাজাত। ক্ষুদ্র বা ক্ষুদ্রা+অণ্‌। বিণ। স্ত্রী, -স্ত্রী।

ক্ষৌম—১। প্রাসাদের উপরিভাগস্থ গৃহ; অট্টালিকা। ক্ষু+মন্‌ কর্তৃ=ক্ষুম; ক্ষুম+অণ্‌ স্বার্থে। ২। পট্টবস্ত্র; রেশমী কাপড়; শণজ-সূত্রনির্মিত বস্ত্র। ক্ষুমা+অণ্‌ ভবার্থে। বি; পুং বা ক্লী। ৩। ক্ষুমাসূত্রনির্মিত, রেশমী। ক্ষুমা+অণ্‌ নির্মিত অর্থে। বিণ। স্ত্রী—ক্ষৌমী।

ক্ষৌর—ক্ষুরকর্ম; কামানো। ক্ষুর+অণ্‌ নিষ্পন্নার্থে। বি; ক্লী। [বি; ক্লী।

ক্ষৌরকর্ম (-কর্মন্‌)—ক্ষুরকর্ম; কামানো। কর্মধা।

ক্ষৌরি—ক্ষুরকর্ম; কামানো। ক্ষৌর+ই, নিষ্পন্নার্থে (বাংপ্র)। বি। [পুং।

ক্ষৌরিক—নাপিত। ক্ষুর+ইক আছে অর্থে। বি;

ক্ষেবড়া—খেউড়; অশ্লীল গান। ক্ষিবড়্‌+অ ভাব+আপ্‌। বি; স্ত্রী। [(নিপা)। বি; স্ত্রী।

ক্ষ্মা—সর্বংসহা, পৃথিবী। ক্ষম্‌+অচ্‌ কর্তৃ+আপ্‌

[খ]

খ—১। বাংলা বর্ণমালার দ্বিতীয় ব্যঞ্জনবর্ণ [ইহার উচ্চারণস্থান কণ্ঠ]। খন্‌+ড কর্তৃ। ২। আকাশ; শূন্য; স্বর্গ। খক্‌খ্‌ (হাস্য করা)+ড অধি। বি; ক্লী।

খই—ভৃষ্টধান্য, লাজ। <খদিকা। বি। **খই ফুটিয়া থাকা**—এক স্থানে অগণিত ছোট ছোট সাদা বস্তুর সমাবেশ হওয়া। **মুখে খই ফোটা**—দ্রুত ও সহজে বেশী কথা বলা।

খই-চালনা, -নি, -চালা—খই হইতে ধান চালিয়া পৃথক্‌ করিবার পাত্র বিঃ। বাংপ্র। বি।

খইচুর—খইয়ের গুঁড়া; চিনির মুড়কির মোয়া। <খদিকাচূর্ণ। বি। [বাংপ্র। বি।

খইঢেকুর—খইয়ের গন্ধযুক্ত চোঁয়া ঢেকুর; উদ্গার।

খইনি—চুনমাখানো তামাক। হি। বি।

খইল, খৈল—খোল, তৈলনিষ্কাশনের পর পরিত্যক্ত তিলসর্ষপাদির কল্ক; কানের ভিতরকার ময়লা। <খলি। বি।

খওয়া—কমিয়া যাওয়া, ক্ষয় পাওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [অ।

খক, খকখক—কাসির শব্দ; উচ্চ কাসির শব্দ। বাংপ্র।

খকখকানি—বারবার কাসা। বাংপ্র। বি।

খকখকে—খকখক আওয়াজযুক্ত। বাংপ্র। বিণ।

খগ—১। বাণ; সূর্য; দেবতা; পক্ষী; গ্রহ; বায়ু। বি; পুং। ২। আকাশগামী। উপতৎ; খ—গম্‌+ড কর্তৃ। বিণ।

খগপতি, খগরাজ, খগেন্দ্র, খগেশ্বর—পক্ষিরাজ, গরুড়। খগের পতি, ৬ষ্ঠীতৎ; খগের রাজা, ৬ষ্ঠীতৎ+টচ্‌ সমাসান্ত; খগের ইন্দ্র, ৬ষ্ঠীতৎ; খগের ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

খগোল—আকাশমণ্ডল; উন্মুক্তস্থানে দাঁড়াইলে চারিদিকে যে কাল্পনিক বৃত্ত দেখা যায় তাহা, celestial sphere. কর্মধা। বি; পুং।

খগোলবিদ্যা—যে বিদ্যা দ্বারা গ্রহনক্ষত্রাদির প্রকৃতি অবস্থান ও গতি প্রঃ নিরূপিত হয় তাহা, astronomy. খগোলসম্বন্ধীয়া বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।

খচ্‌—একবারমাত্র আঘাতের দ্বারা শব্দ। বাংপ্র। অ।

খচখচ—কাঁটা বিঁধিয়া বেদনার লক্ষণ প্রকাশ বা সেই ধরনের শব্দ। বাংপ্র। অ বা বি।

খচখচানি—ক্রমাগত ভর্ৎসনা। বাংপ্র। বি।

খচমচ—গোলমাল; বিশৃঙ্খলা; ঝঞ্ঝাট; করতালাদি বাজাইবার উচ্চ শব্দ। বাংপ্র। অ।

খচর—১। গগনবিহারী। বিণ। স্ত্রী, -রী। ২। পক্ষী; মেঘ; বায়ু; রাক্ষস; সূর্য; গ্রহ; রূপক তাল বিঃ। উপতৎ; খ—চর্‌+ট কর্তৃ। বি; পুং।

খচাখচ—দ্রুত লিখিয়া যাওয়ার অনুকরণশব্দ। বাংপ্র। অ।

খচাং—জোরে কাটিবার বা বিঁধিবার শব্দ। বাংপ্র। বি।

খচিত—রচিত; জড়িত; ব্যাপ্ত; মিশ্রিত; একত্রিত;

যোজিত; অন্তর্নিহিত; বদ্ধ; ছুরিত। খচ্+ক্ত কর্ম। বিণ।

খচ্চর—অশ্বতর, গর্দভীর গর্ভে ঘোটকজাত অশ্ব; দো-আঁশলা; জারজপুত্র; দুর্বৃত্ত। <খেসর। বি বা বিণ। **তিলে খচ্চর**—বিচিত্রবর্ণ বা তিলের ন্যায় দাগবিশিষ্ট অশ্বতর; অত্যন্ত ধূর্ত লোক; দাগী বদমাশ। [<ফা 'খস্তহ্'। বি।

খঞ্চা—বৃহৎ কাষ্ঠপাত্র বিঃ, বারকোশ; বড় থালা।

খঞ্জ—খোঁড়া। খন্‌জ্+অচ্ কর্তৃ। বিণ।

খঞ্জন—১। প্রসিদ্ধ পক্ষী বিঃ, wagtail. খন্‌জ্+অন কর্তৃ। বি; পুং। ২। খোঁড়াইয়া চলা। খন্‌জ্+অনট্ ভাব। বি; ক্লী।

খঞ্জন-গঞ্জন—খঞ্জনের চেয়েও সুন্দর ('—আঁখি')। ৬ষ্ঠীতৎ। বিণ।

খঞ্জনি—মুখে চামড়া দেওয়া ক্ষুদ্র গোলাকার বাদ্য-যন্ত্র বিঃ। বাংপ্র। বি।

খঞ্জনিকা—খঞ্জনের মত একপ্রকার পক্ষী। খঞ্জন+কন্ সদৃশার্থে+আপ্। বি; স্ত্রী।

খঞ্জর—গোলা; ছোরা বিঃ। ফা। বি।

খট্—অনুকরণ-শব্দ বিঃ; শক্ত জিনিস ঠোকাঠুকির শব্দ; রাগ বিঃ। বাংপ্র। বি।

খটকা—সংশয়; সম্ভাবনা; আশঙ্কা। বাংপ্র। বি।

খটখট—অনুকরণ-শব্দ বিঃ; শুষ্ক বস্তুর আঘাতের শব্দ। বাংপ্র। অ।

খটখটে—সম্পূর্ণ শুষ্ক; অতি কঠিন। খটখট+এ (<ইয়া) করে অর্থে। বিণ। [বিণ।

খটমট, খটমটে—কঠিন; দুরূহ; দুর্বোধ্য। বাংপ্র।

খটাখট—বারবার উচ্চ খটখট শব্দ। বাংপ্র। অ।

খটাং, খটাস—শক্ত জিনিস ঠোকাঠুকি প্রঃর বড় রকমের শব্দ। বাংপ্র। অ।

খটাশ—খট্টাশ (তাহা দ্রঃ)।

খটিকা—খড়ি; মুষ্টি। খটী বা খট+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

খটী—১। বন্দর, আড়ত; আড্ডা; রাশি, সমূহ। বাংপ্র। ২। আবদার, বাহানা। <অর্থাট্টি। বি। ৩। খড়ি। খট্+অচ্ করণ+ঈপ্। বি; স্ত্রী।

খটেল—আবদেরে, বাহানাবাজ। খটী (আবদার)+এল (<আল) আছে অর্থে। বিণ।

খট্টা—পর্যঙ্ক, খাট। খট্ট্+ঘঞ্ কর্ম+আপ্। বি; স্ত্রী।

খট্টাশ, খট্টাস—খটাশ, pole cat; গন্ধগোকুল, civet cat. উপতৎ; খট্ট—অশ্, অস্+অণ্ কর্তৃ। বি; পুং।

খট্টি, খট্টী—শববহনার্থ খাট, মড়ার খাট। খট্ট+ই কর্ম, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

খট্বকা, খট্বিকা—ক্ষুদ্র খট্বা, খাটিয়া। খট্বা+কন্ অল্পার্থে+আপ্ (বিকল্পে অ-কার-স্থানে ই-কার)। বি; স্ত্রী। [স্ত্রী।

খট্বা—পর্যঙ্ক, খাট। খট্+ব কর্ম+আপ্। বি;

খট্বাঙ্গ—খাটের পায়া; খাটের পায়ার মত মুদ্গর; নর-কপালাগ্র; লগুড়; নরপঞ্জর; মানুষের কঙ্কাল; শিবের অস্ত্র বিঃ। খট্বার অঙ্গ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [ধারী। ৬ষ্ঠীতৎ। বিণ।

খট্বাঙ্গধর—১। শিব। বি; পুং। ২। খট্বাঙ্গ-

খট্বারূঢ়—খাটের উপর অবস্থিত। ৭মীতৎ। বিণ।

খট্বিকা—'খট্বকা' দ্রঃ। [বি; ক্লী।

খড়—শুষ্ক তৃণ; বিচালি। খড্+ক ঘঞর্থে কর্ম।

খড়কুটা, -কুটি—তৃণাদি; পোড়াইবার পাতালতা। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

খড়কে—খড়কে কাঠি, কাষ্ঠ বা তৃণাদির সূক্ষ্ম শলাকা বা কাঠি। বাংপ্র। বি।

খড়খড়—শুষ্ক পত্রাদির উপর সঞ্চরণের শব্দ। বাংপ্র। অ। বিণ—**খড়খড়ে**। [<খড়ক্কী। বি।

খড়খড়ি—জানালা প্রঃর সঞ্চালনযোগ্য আবরণ।

খড়ম—কাষ্ঠপাদুকা। হি-মু। বি। **খড়ম পা**—যে পায়ের পাতার মধ্যভাগ খড়মের মধ্যভাগের মত শূন্যে থাকে অর্থাৎ চলিতে গেলে মাটি স্পর্শ করে না ও শব্দ হয় (ইহা অশুভসূচক)।

খড়মপেয়ে—যাহার পা খড়মের ন্যায়—মধ্যভাগ মাটিতে ঠেকে না এমন। বাংপ্র। বিণ।

খড়মড়—খড়খড় (তাহা দ্রঃ)।

খড়মড়ে—খড়খড় শব্দকারী। বাংপ্র। বিণ।

খড়া—ইটের গাঁথনির ফাঁক; মাপের পাত্রের গায়ের দাগ। বাংপ্র। বি। **খড়া মারা**—সিমেন্ট ইঃ দিয়া ইটের গাঁথনির জোড় মিলানো।

খড়ি—সাদা দ্রব্য বিঃ, খটিকা; খুসকি; সাদা রং; গণনা; অঙ্ক কষিয়া দেখা। <খটিকা। বি। **খড়ি পাতা**—খড়ি দিয়া অঙ্কপাত করিয়া জ্যোতিষিক গণনা করা।

খড়িকা—১। উলুখড়ের মূলভাগ, খড়কে। বাংপ্র। বি। ২। খড়িমাটি। খড়ি+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

খড়িমাটি—সাদারঙের মাটি। খড়িনামক মাটি, মধ্যপ (বাংপ্র)। বি।

খড়ো—তৃণনির্মিত বা তৃণাচ্ছাদিত, খড়ে ছাওয়া। খড়+ও (<উয়া) নির্মিতার্থে (বাংপ্র)। বিণ।

খড্গ—১। গণ্ডারের শৃঙ্গ; খাঁড়া; তরবারি। বি; পুং। ২। লৌহ। খড্+গন্ করণ। বি; ক্লী।

খড্গহস্ত—খড্গধারী; যৎপরোনাস্তি কুপিত; অত্যন্ত বিদ্বেষী; মারিতে উদ্যত। বহু। বিণ।

খড্গী (খড্গিন্)—১। গণ্ডার। বি; পুং। ২। খড্গ-ধারী। খড্গ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**খড্গিনী**।

খণ্ড—১। ভেদ। খন্‌ড্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। টুকরা, অংশ; পরিচ্ছেদ; গ্রন্থের ভাগ, volume; প্রদেশ। বি; পুং বা ক্লী। ৩। ইক্ষুগুড়; বিটলবণ। খন্‌ড্+ঘঞ্ কর্ম। বি; ক্লী। ৪। আংশিক ('—প্রলয়'); ক্ষুদ্র ('—কাজ'); বিনষ্ট ('—কপাল'); কর্তিত, খণ্ডিত। খণ্ড+অচ্ বিশিষ্টার্থে। বিণ।

খণ্ডকাব্য—একবিষয়াত্মক ক্ষুদ্র কাব্য ('বীরাঙ্গনা' প্রঃ খণ্ডকাব্য)। কর্মধা। বি; ক্লী।

খণ্ড-খণ্ড, -বিখণ্ড—বহুধা ছিন্ন, টুকরা-টুকরা। বহুবচনার্থে দ্বিরুক্তি। কর্মধা। বিণ।
খণ্ডগ্রাস—চন্দ্র বা সূর্যের আংশিক অদর্শন, partial eclipse. কর্মধা। বি; পুং।
খণ্ডন, খণ্ডনা—ভঙ্গ; ছেদন; ভেদন; অপনয়ন, নিরাকরণ; পতির অঙ্গে পরনারীসঙ্গ-চিহ্নদর্শন-হেতুক নায়িকার অপমানবোধ। খন্ড্+অনট্ ভাব, পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
খণ্ডনীয়, খণ্ড্য—যাহা খণ্ডন করিতে পারা যায় এমন, খণ্ডনযোগ্য। খণ্ড্+অনীয়, যৎ কর্ম। বিণ।
খণ্ডপ্রলয়—ক্ষুদ্র প্রলয়, দৈনন্দিন প্রলয়। মধ্যপ। বি; পুং।
খণ্ডবাক্য—যৌগিক বা জটিল বাক্যের অন্তর্গত ক্ষুদ্র বাক্য, clause. কর্মধা। বি; ক্লী।
খণ্ডযুদ্ধ—ছোটখাট লড়াই। কর্মধা। বি; ক্লী।
খণ্ডশঃ (-শস্)—টুকরা-টুকরা করিয়া। খণ্ড+শস্ বীপ্সার্থে। অ; ক্রি-বিণ।
খণ্ডানো—পরিত্রাণ করা; কাটাইয়া দেওয়া; অন্যথা করা; লঙ্ঘন করা; খণ্ডন করা; গাভীর ঋতুমতী হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
খণ্ডিত—কর্তিত; দ্বিধাকৃত; ছিন্ন; ভিন্ন; অপনীত; অসম্পূর্ণ; অঙ্গহীন; বিভক্ত; ভগ্ন; ত্রাসিত; নিরাকৃত ('—যুক্তি')। খন্ড্+ক্ত কর্ম। বিণ।
খণ্ডিতক্ষুর—১। যাহাদের খুর জোড়া নয় এমন (প্রাণী—যেমন গোমহিষাদি)। বহু। বিণ। ২। কাটা খুর। কর্মধা। বি; পুং।
খণ্ডিতা—নায়কের দেহে অন্য-স্ত্রী-সঙ্গ-চিহ্ন দর্শনে কুপিতা ও ঈর্ষাযুক্তা নায়িকা ("অন্যের সম্ভোগ চিহ্ন করিয়া ধারণ, আসে প্রাতে প্রিয় যার খণ্ডিতা সে জন"—রসমঞ্জরী)। বি; স্ত্রী।
খণ্ড্য—'খণ্ডনীয়' দ্রঃ।
খত—ঋণপত্র, তমসুক; অঙ্গীকারপত্র; চিঠি; কলমের মোচ; দাগ; চিহ্ন। আ। বি। **নাকে খত**—ভূমিতে নাক ঠেকাইয়া দোষ স্বীকার ও তজ্জন্য মার্জনা চাওয়া। [বি।
খতম—শেষ, অবসান; মৃত্যু; নিধন। ⟨আ 'খৎম্'।
খতানো—গণনা করা, হিসাবের নিশ্চয় করা; খতিয়ান হিসাবে তোলা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
খতিয়ান, খতেন—যে কাগজে প্রজাদের জমিজমা বিশেষ করিয়া নিরূপিত হয় ও যাহাতে খাজনা নিরূপণ ও আয়ের হিসাব লিখিত হয় তাহা; বিষয়ানুক্রমে বা দফে দফে হিসাব, ledger. আ-ম্। বি।
খতো—জীর্ণ; ভগ্ন (কাষ্ঠাদি)। ⟨ক্ষত। বিণ।
খত্তাল—বড় মন্দিরা। ⟨করতাল। বি।
খদ—পার্বত্য অঞ্চলের গভীর নিম্নস্থান। ⟨খাত। বি।
খদির—১। খয়ের গাছ। খদ্+কিরণ্ (ইর)। বি; পুং। ২। খয়ের। খদির+অণ্ (লুক্) ভবার্থে। বি; ক্লী। [গুজরাটী। বি।
খদ্দর—খাদি, হাতচরকায় কাটা সুতার কাপড়।
খদ্দের—ক্রেতা। ⟨খরিদ্দার। বি।
খদ্যোত—জোনাকি পোকা; সূর্য। খ—দ্যুত্+অচ্ কর্তৃ। বি; পুং। [স্ত্রী।
খদ্যোতমালা—জোনাকি সকল। ৬ষ্ঠীতৎ। বি;
খদ্যোতিকা—জোনাকি পোকা। খদ্যোত+কন্ স্বার্থে +আপ্। বি; স্ত্রী। [পুং।
খধূপ—হাউই বাজি। খ—ধূপ্+অণ্ কর্তৃ। বি;
খন—কিছু সময়। ⟨ক্ষণ। বি।
খনক—১। মূষিক; সিঁদেল চোর; যাহারা আকর হইতে ধাতু মণি প্রঃ নির্গত করে। বি; পুং। ২। খননকারী। খন্+অক (ণ্বুন্) কর্তৃ। বিণ। স্ত্রী, -কী।
খনখনে—ধাতুপাত্র পতনের শব্দের ন্যায়, খনখন আওয়াজবিশিষ্ট; শুষ্ক। বাংপ্র। বিণ।
খনন—খোঁড়া; আকর হইতে ধাতু মণি প্রঃ বাহির করা। খন্+অনট্ ভাব। বি; ক্লী।
খননীয়—খননযোগ্য। খন্+অনীয় কর্ম। বিণ।
খনয়িত্রী—খন্তী। খন্+ণিচ্+তৃন্ করণ+ঈপ্। বি; স্ত্রী।
খনা—১। যে নাসিকাযোগে কথা বলে এরূপ যে নাকে নাকে কথা বলে এরূপ। বাংপ্র। বিণ। ২। জ্যোতিষশাস্ত্রে পারদর্শিনী বিদুষী রমণী বিঃ। বি।
খনা-খনা—আংশিক নাসিকা হইতে উচ্চারিত; ঈষৎ অনুনাসিক। বাংপ্র। বিণ।
খনি, খনী—খাদ, মাটির নীচে যেখানে কয়লা বা ধাতব দ্রব্যাদি স্বাভাবিক অবস্থায় পাওয়া যায়; আকর; গর্ত। খন্+ইন্ কর্ম, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
খনিজ—১। আকরিক পদার্থ, mineral. বি। ২। খনি হইতে উৎপন্ন। উপতৎ; খনি—জন্+ড কর্তৃ। বিণ। [বাংপ্র। বিণ।
খনিত—খাত; যাহা খনন করা হইয়াছে এরূপ।
খনিত্র—খননাস্ত্র, খন্তা। খন্+ইত্র করণ। বি; ক্লী।
খন্তা, খোন্তা—খননাস্ত্র বিঃ, শাবল। ⟨খনিত্র। বি।
খন্তি, খুন্তি—কড়াতে ভাজা প্রঃ উলটাইবার যন্ত্র বিঃ। খন্তা+ই ক্ষুদ্রার্থে। বাংপ্র। বি।
খন্দ—১। শস্যাদি, ফলমূলাদি। ⟨কন্দ। ২। খানা, খাল, গর্ত। ৩। শস্যাদি বপনের বা কাটার সময়। ⟨আ 'খন্দক'। বি।
খন্দকার—শস্যসঞ্চয়ী; কৃষক; মুসলমানদের উপাধি বিঃ। খন্দ+কার উৎপাদকার্থে। বাংপ্র। বি।
খপ্—কোন কিছু হঠাৎ করিয়া যাওয়ার অনুকরণ-শব্দ। বাংপ্র। অ। **খপ্ করিয়া**—সহসা; শীঘ্র।
খপখপ—শীঘ্র শীঘ্র। ⟨ক্ষিপ্র। ক্রি-বিণ।
খপর—সংবাদ। ⟨আ 'খবর্'। বি।
খপুষ্প—আকাশকুসুম। মধ্যপ। বি; ক্লী।
খপোত—ব্যোমযান, এরোপ্লেন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
খপ্পর—খাপরা; খোলার চাল; অধীনতা; ফাঁদ; কৌশল; কবল। ⟨খর্পর। বি।
খবর—সংবাদ; তত্ত্বাবধান; সন্ধান; যত্ন। আ। বি।

খবর করা—ডাকিয়া পাঠানো। **খবরের কাগজ**—সংবাদপত্র।

খবরাগীর—তত্ত্বাবধান। আ-মু। বি।

খবরদার—সাবধান; হুঁশিয়ার। আ-মু। বিণ।

খবরদারি—সাবধানতা; তত্ত্বাবধান। খবরদার+ই ভাবে। আ-মু। বি।

খবরাখবর—পরস্পর সংবাদ আদানপ্রদান; খবরের বিনিময়। আ-মু। বি।

খ-বিষুববৃত্ত, -বিষুবরেখা—বিষুববৃত্ত, যে বৃত্তে খগোলকে ছেদ করে, celestial equator. খস্থিত বিষুববৃত্ত, বিষুবরেখা, মধ্যপ। বি; ক্লী, স্ত্রী।

খমধ্য—আকাশের যে বিন্দু দর্শকের ঠিক উপরে থাকে তাহা, zenith. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

খয়রা—১। বার মাত্রার তাল বিঃ; মৎস্য বিঃ। বাংপ্র। বি। ২। খয়েরের ন্যায় বর্ণবিশিষ্ট। বাংপ্র। বিণ।

খয়রাত—দান, বিতরণ। আ। বি।

খয়রাতী—বিনামূল্যে প্রাপ্ত; বিনামূল্যে দানযোগ্য; দানসম্বন্ধীয় ('—জমি')। আ-মু। বিণ।

খয়ের—১। একপ্রকার গাছের কষায় রস, পান সাজিবার মসলা। <খদির। ২। ভালো, শুভ। আ। বি।

খয়েরখাঁ—তোষামুদে, মোসাহেব। <ফা-মু। বি বা বিণ।

খর—১। গদর্ভ; অশ্বতর; কাক; পশ্চিমম্বার গৃহ; বর্ম। বি; পুং। ২। উষ্ণ; অতি উৎকট; কঠিন; শীঘ্র; উগ্র, তীক্ষ্ম; কঠোর ('—বাক্য'); ধারাল ('—খড়্গসম'); তীব্র ('—স্রোত'); অতি উৎকৃষ্ট। খ—রা+ক কর্তৃ। ৩। অতিরিক্ত লবণাক্ত। বাংপ্র। বিণ। **খর জল**—যে জলে সাবান গুলিলে ফেনা হয় না, hard water.

খরখর—দ্রুত, ক্ষিপ্র; বেশী ভাজা; অতিরিক্ত লবণাক্ত; বেশী শুকনা। বাংপ্র। বিণ।

খরখরে—অশান্ত; চালাক; অতি শুকনা; অতি কর্কশ; তীব্র; প্রগল্‌ভ। বাংপ্র। বিণ।

খরগোশ—স্বনামপ্রসিদ্ধ জন্তু বিঃ, শশক, শশ। ফা। বি।

খরচ, খরচা—অর্থব্যয়; ধার; ব্যয়ের দিক্, debit. <ফা 'খর্চ্'। বি। **খরচের অঙ্ক**—ব্যয়ের খাত, debit.

খরচপত্র, -পাতি—নানারকম খরচ। আ-মু। বি।

খরচান্ত—১। অত্যধিক ব্যয়, অধিক ব্যয় দ্বারা অর্থ নিঃশেষ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি। ২। খরচ করিয়া রিক্তহস্ত। খরচের অন্ত হইয়াছে যাহার, বহু (বাংপ্র)। বিণ।

খরচী, খরচে, খরুচে—অত্যন্ত ব্যয়কারী, মুক্তহস্ত; অমিতব্যয়ী। খরচ্+ঈ, এ শীলার্থে (বাংপ্র)। বিণ।

খরজ—সংগীতে সা সুর। <ষড়্‌জ। বি।

খরজবদল—গানে সা অর্থাৎ স্কেল বদলানো। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

খরধার—১। তীব্রধার, ধারাল। খর ধারা (ধার) যাহার, বহু। বিণ। ২। তীক্ষ্ম ধার। কর্মধা। বি; পুং।

খরমুজ, -বুজ, -জা—ফুটিজাতীয় সুস্বাদু ফল বিঃ। <ফা 'খরবুজহ্'। বি।

খরশাণ—১। খুব ধারালো ('—অস্ত্র')। বহু। বিণ। ২। তীক্ষ্ম শাণযন্ত্র। কর্মধা। বি; পুং।

খরশান, -শাণ—১। শানিত, তীক্ষ্মধার। বহু। বিণ। ২। তীক্ষ্ম শাণযন্ত্র। কর্মধা। বি; পুং, বা বিণ।

খরশুলা, খরসুলা—খলশে মাছ। বাংপ্র। বি।

খরস্রোতঃ (-স্রোতস্)—অতি দ্রুত প্রবাহ। কর্মধা। বি; ক্লী। [বহু। বিণ।

খরস্রোতাঃ (-স্রোতস্)—তীব্র-স্রোতোবিশিষ্ট।

খরা—১। তীব্রা; ত্বরিতা। খর+আপ্। বিণ; স্ত্রী। ২। খরগোশ; গরম, গ্রীষ্ম; রৌদ্র; অনাবৃষ্টি ("পাঁচ রবি মাসে পায়, ঝরায় কিংবা খরায় যায়"—খনার বচন)। বি। ৩। বেশী ভাজা। বাংপ্র। বিণ।

খরাদ—কুঁদ যন্ত্রে কাটিয়া গড়া। আ। বি।

খরানি—শুষ্কতা; গ্রীষ্মাধিক্য; একটানা রোদের সময়। বাংপ্র। বি।

খরানো—অত্যধিক শুষ্ক করা বা হওয়া; পুড়িয়া যাওয়া বা পোড়ানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

খরিদ—ক্রয়, কেনা। <ফা 'খরীদ'। বি।

খরিদদার—ক্রেতা, ক্রয়কারী। <ফা 'খরীদার'। বি।

খরিদা—ক্রীত, কেনা। ফা-মু। বিণ।

খরিদানি—খরিদমূল্য, কেনা দাম। ফা-মু। বি।

খরিফ—হৈমন্তিক ফসল। আ। বি।

খর্জুর, খর্জ্জুর—১। খেজুরফল। বি; ক্লী। ২। খেজুরগাছ। খর্জু, খর্জ্—রা+ক কর্তৃ। বি; পুং। [ঈপ্। বি; স্ত্রী।

খর্জুরী, খর্জ্জুরী—খেজুরগাছ। **খর্জুর, খর্জ্জুর+**

খর্পর—১। চোর; ধূর্ত; ভিক্ষাভাণ্ড; মৃন্ময় ভগ্ন পাত্রের অংশ, খাপরা; জলপাত্র; কপাল, মড়ার মাথার খুলি। বি; পুং। ২। কাজল; তুত্থাঞ্জন। কৃপ্+অরন্ কর্তৃ (ক-স্থানে খ)। বি; ক্লী।

খর্ব—১। একসহস্রকোটি। বি; ক্লী। ২। কুবেরের নিধি বিঃ। বি; পুং। ৩। ছোট; নীচ; বেঁটে; জব্দ ('—করা')। খর্ব+অচ্ কর্তৃ। বিণ। বি, -তা, -ত্ব।

খর্বকায়—বামন, বেঁটে। বহু। বিণ।

খর্বাকার, খর্বাকৃতি—১। বামন, বেঁটে। খর্ব আকার, আকৃতি যাহার, বহু। বিণ। ২। বেঁটে চেহারা। কর্মধা। বি; পুং, স্ত্রী।

খল—১। তৈলের কল্ক বা সিটা; মৃত্তিকা; মল; জঞ্জাল। খল্+ক ঘঞর্থে কর্ম। বি; ক্লী। ২। দুর্জন; নীচ; হিংসক; কুটিল, যাহার মন সরল নয় এরূপ। খল্+অচ্ কর্তৃ। বিণ। ৩। ঔষধ মাড়িবার পাত্র বিঃ। <খল্ল। বি।

খলখল—উচ্চহাস্য বা জলপতনাদির অনুকরণ-শব্দ। বাংপ্র। অ।

খলখলে—ঢিলে, আলগা। বাংপ্র। বিণ।

খলতা—হিংসাপ্রবৃত্তি, অন্যের হিংসা করা; কুটিলতা; নীচতা; দুর্জনতা। খল+তা ভাবে। বি; স্ত্রী।

খলতি—১। মাথার টাক। স্খল্+অতি ভাব। বি; পুং। ২। টাকযুক্ত, টেকো। স্খল্+অতি কর্তৃ। বিণ।

খলশে—ছোট মাছ বিঃ। <খলিশ। বি।

খলি—খইল। খল্+ইন্ কর্ম। বি; পুং।

খলিত—টাকবিশিষ্ট, টেকো। স্খল্+ত কর্তৃ (নিপা)। বিণ।

খলিন, খলীন—ঘোড়ার লাগাম, বল্গা; লাগামের কড়িয়ালির লোহা। খে (মুখরন্ধ্রে) লীন, ৭মীতৎ (নিপা বিকল্পে ঈ-কার হ্রস্ব)। বি; পুং বা ক্লী।

খলিফা—ওয়ারিশ, উত্তরাধিকারী; হজরত মোহাম্মদের পর মুস্‌লিম জগতের নেতা, মুসলমানদিগের ধর্মগুরু; ধর্ম এবং ভূমির অধিপতি; সুদক্ষ শিল্পী; দরজী; ওস্তাদ। <আ 'খলিফহ্'। বি।

খলিশ—খলিশা মাছ। খ—লিশ্+ক কর্তৃ। বি; পুং।

খলিশা—খলশে মাছ। <খলিশ। বি।

খলেকপোত-ন্যায়, খলেকপোতিকা-ন্যায়—ন্যায় বিঃ [কপোত খলে অর্থাৎ খামারে যেমন এককালে পতিত হয়, সেইরূপ সমুদায় পদার্থ এক বিষয়ের সহিত অন্বিত হইলে তাহাকে খলেকপোত-ন্যায় কহে]। খলে কপোত, কপোতিকা, অলুক্ ৭মীতৎ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

খল্ল—ঔষধ মাড়িবার পাত্র, খল; গর্ত; চর্ম; মশক। উপতৎ; খল্—লা+ক কর্তৃ। বি; পুং।

খসখস—১। বেনার মূল; একপ্রকার তৃণের তৈয়ারী পর্দা। <ফা 'খস'। ২। কাপড় খড় ইঃ ঘষার শব্দ। বাংপ্র। বি।

খসখসানি—খসখস শব্দ হওয়া। বাংপ্র। বি।

খসখসে—অমসৃণ, বন্ধুর। বাংপ্র। বিণ।

খসড়া—পাণ্ডুলিপি, প্রথমলিপি, যে লেখাতে অনেক কাটকুট থাকে, rough copy; মুসাবিদা, draft. আ। বি।

খসম—পতি, স্বামী। <আ 'খস্‌ম্'। বি।

খসা—স্খলিত হওয়া; শিথিল হওয়া; (অর্থ) খরচ হওয়া; বহির্গত হওয়া; মৃত্যু হওয়া; পলায়ন করা। <স্খল্ ধাতু। ক্রি [, বি, বিণ]।

খসানো—স্খলিত করা; বাহির করিয়া দেওয়া; খরচ করানো ('বেশ কিছু—'); তাড়াইয়া দেওয়া; আলগা করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

খাই—১। গর্ত; গভীরতা ('কুয়ার—')। <খাত। ২। সুতার খেই, গুটানো সুতার মুখ। <ক্ষেপ। ৩। খাওয়া ('—খরচ')। বি। ৪। ভোজন করি। <খা ধাতু। ক্রি। ৫। খাঁই (তাহা দ্রঃ)।

খাই-খরচ—খাইবার ব্যয়, খোরাকি। বাংপ্র। বি।

খাই-খাই—খাওয়ার জন্য অতিরিক্ত আগ্রহ প্রকাশ। বাংপ্র। বি।

খাইয়ে—ভোজনে পটু, যে খুব খাইতে পারে এমন। খা+ইয়ে নিপুণার্থে (বাংপ্র)। বিণ।

খাই-খালাসী—জমির ফসল হইতে ঋণ শোধের শর্ত-বিশিষ্ট। ৩য়াতৎ (বাংপ্র)। বিণ।

খাওন—খাওয়া। প্রাদে। বি।

খাওয়া—১। ভক্ষণ করা; পান করা ('জল, চা—'); সেবন করা; ভোগ করা ('বিষয়—'); সর্বনাশ করা; খরচ করিয়া ফেলা; প্রাণে মারা; শোষণ করা ('মাটিতে জল খায়'); উচ্চারণ করা ('দিব্যি—'); সহ্য করা ('বকুনি—'); পাওয়া ('ভয়—')। বাংপ্র। ক্রি। ২। আহার। খা+ওয়া ভাব (বাং)। বি। ৩। ভুক্ত, ভক্ষিত; এঁটো ('—পাত্র')। খা+ওয়া কর্ম (বাং)। বিণ। **খাইয়া ফেলা**—তাগাদা করিয়া ব্যতিব্যস্ত করা। **ঘা খাওয়া**—আঘাত পাওয়া; অপমানিত হওয়া; ক্ষতিগ্রস্ত হওয়া। **চাকরি খাওয়া**—কর্মচ্যুত করা বা হওয়া। **টাকা খাওয়া**—উৎকোচ গ্রহণ করা। **নিমক, নুন খাওয়া**—চাকরি ইঃ দ্বারা অর্থ গ্রহণ করা, সাহায্য বা উপকার গ্রহণ করা। **পাক খাওয়া**—রোগা হইয়া যাওয়া। **মাথা খাওয়া**—ভবিষ্যৎ নষ্ট করা; চরিত্রহীন করা। **মার খাওয়া**—ক্ষতিগ্রস্ত হওয়া; পরাভূত হওয়া; প্রহৃত হওয়া। **মিশ খাওয়া**—সামঞ্জস্যপূর্ণ হওয়া। **হাওয়া খাওয়া**—বায়ু সেবন করা; বায়ুপরিবর্তন করা; কিছুই না পাওয়া। [অন্যান্য প্রয়োগঃ—'আদর—', 'খাবি—', 'গোত্তা—', 'ঘুরপাক—', 'চিড়—', 'ডিগবাজি—', 'ধমক—', 'তৈল—', 'তুলো—', 'মার—', 'সুতো—', 'হিম—' ইঃ।]

খাওয়ানো—ভোজন করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

খাংরা, খেংরা—ঝাঁটা। বাংপ্র। বি। [, বি]।

খাংরানো, খেংরানো—ঝাঁটা মারা। বাংপ্র। ক্রি

খাঁ—জ্ঞানী, শিক্ষিত লোক; উপাধি বিঃ। <তু 'খান'। বি।

খাঁই—১। অতিলোভ; অর্থলিপ্সা। <আকাঙ্ক্ষা। ২। গভীরতা। <খাত। বি।

খাঁকতি—অনটন; লোভ, খাঁই। বাংপ্র। বি।

খাঁকার—১। কাসির শব্দ; গলা হইতে কফ তুলিয়া ফেলার শব্দ। বাংপ্র। ২। অপযশ; নির্লজ্জতা। প্রা কপ্র। বি।

খাঁকারি—খাঁকার (১) (তাহা দ্রঃ)।

খাঁ-খাঁ—শূন্যতাপ্রকাশ; ব্যাকুলতাবোধ; ভীতিপ্রকাশ। বাংপ্র। অ।

খাঁচা—পিঞ্জর, পিঁজরা। <কঞ্চিকা। বি।

খাঁজ—মধ্যে কাটা দাগ; গহ্বর; রেখা; ভাঁজ। <খাত। বি।

খাঁটি—চুয়ানো দেশী মদ। <ইং 'country'. বি।

খাঁটি, খাঁটী—অমিশ্রিত; অকৃত্রিম; সার, মূল্যবান্; সৎ ('—লোক')। বাংপ্র। বিণ।

খাঁড়—শক্ত গুড়। <খণ্ড। বি।

খাঁড়া—অসি, ছাগাদি কাটিবার অস্ত্র। <খড়্গ। বি।

খাঁড়াতী—খড়্গী, খড়্গের আঘাতে পশুবধকারী। <খণ্ডাতি। বি।

খাঁড়ি—১। আস্ত, গোটা (কলায় প্রঃ); খাঁটি, আদত। হি-মু। বিণ। ২। খাড়ি (তাহা দ্রঃ)।

খাঁদা—নতনাসিক, যাহার নাসিকা বসা এরূপ। বাংপ্র। বিণ। স্ত্রী—খাঁদী।

খাক—ছাই; ভস্ম। ফা (=ধূলি)। বি।
খাকসার—দীন; সেবক; পাকিস্তানের মুসলমান রাজনৈতিক দল বিঃ। আ। বি বা বিণ।
খাকী—১। ধূসরবর্ণ; ছাই রঙের কাপড়। বি। ২। ছাই রঙের, কপিশ বর্ণ। ফা। বিণ। ৩। ভক্ষণকারিণী; (নিন্দা অর্থে উপপদ-সমাসে প্রযুক্ত—ভাতারখাকী, ভালোখাকী)। বাংপ্র। বিণ।
খাগ—শর, নল, শরের কলম। বাংপ্র। বি।
খাগড়া—শর, নল, খাগ। বাংপ্র। বি।
খাগড়াই—মুর্শিদাবাদের খাগড়ায় উৎপন্ন ('—কাঁসা', '—বাসন')। খাগড়া+ই উৎপন্নার্থে। বাংপ্র। বিণ।
খাগী—'খাকী' (২য় অর্থে) দ্রঃ।
খাজনা, খাজানা—কর, রাজস্ব। < আ 'খাজানাহ্'। বি।
খাজা—১। বহু থাকযুক্ত ময়দার মিষ্টান্ন বিঃ। < খাদ্যক। বি। ২। মূর্খ; গোঁয়ার। < খোজা। ৩। কচকচে, চিবানোর যোগ্য; নিরেট। বাংপ্র। বিণ।
খাজাঞ্চী, খাতাঞ্চী—ধনাধ্যক্ষ, cashier; সদর কাছারীতে যে কর্মচারী তহবিল রক্ষা করে, মফস্বলের আদায় ও খাজনার চালান প্রঃ বুঝিয়া লয় এবং জমা খরচ প্রঃর হিসাব রাখে। < 'খজানহ্' (আ)+চী (তু)। বি।
খাজানা—'খাজনা' দ্রঃ।
খাজানাখানা—খাজানা জমা রাখিবার স্থান; কোষাগার। ৬ষ্ঠীতৎ (আ-মু)। বি।
খাজা-খাঁ—যে অত্যন্ত নবাবী চাল দেখায়, খুব চালবাজ। < ফা 'খানজাহান খাঁ'। বি।
খাট—১। খাটিয়া; মড়ার খাট। < খট্টা। বি। ২। খর্ব, ক্ষুদ্র। বিণ। ৩। পরিশ্রম কর। বাংপ্র। ক্রি।
খাটনি, খাটুনি—মেহনত, পরিশ্রম। খাট্+অনি, উনি ভাব (বাংপ্র)। বি।
খাটা—১। পরিশ্রম করা; কাজে লাগা; উপযুক্ত হওয়া; মাপসই হওয়া; শোভন হওয়া; ব্যবসায়ে নিযুক্ত থাকা; যত্ন করা; চেষ্টা করা। বাংপ্র। ক্রি [, বি]। ২। অম্ল, টক। হি। ৩। যাহাতে খাটে এমন, যাহার জন্য মেথরের খাটিতে হয় এমন ('—পায়খানা')। বাংপ্র। বিণ।
খাটানো—কাজ করানো; পরিশ্রম করানো; ব্যবসায়াদিতে নিযুক্ত করা; জুড়িয়া খাড়া করা; টাঙানো ('মশারি, পাল—'); কাজে নিয়োগ করা; শুনানো, মান্য করানো ('হুকুম—')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
খাটাল—১। মধ্যস্থল; খিলান; অবকাশ; গহ্বর। বাংপ্র। ২। গো-মহিষাদি রাখিবার স্থান। হি। বি।
খাটিয়া—ছোট খাট; মড়ার খাট। < খট্টিকা। বি।
খাটিয়ে—পরিশ্রমী। খাট্+ইয়ে কর্তৃ (বাংপ্র)। বিণ।
খাটুনি—'খাটনি' দ্রঃ।
খাটুলি—ছোট খাট; ডুলি; মড়ার খাট। খাট+উলি ক্ষুদ্রার্থে (বাংপ্র)। বি।
খাটো—বেঁটে; ছোট; নিম্ন ('—গলা'); হীন।
খাটো করা—অপমানিত করা, মর্যাদাহীন করা।
খাট্টা—টক, অম্ল। হি। বিণ।
খাড়ব—ছয় সুরবিশিষ্ট, যে-সকল রাগ ছয় সুরে সম্যক্ প্রকারে প্রকাশ পায় এমন। < ষাড়ব (< ষট্)। বিণ।
খাড়া—১। দণ্ডায়মান; সোজা উত্থিত; লম্বভাবে অবস্থিত, perpendicular; উঁচু; পুরা; দর্শনমাত্রে অথবা তৎক্ষণাৎ পরিশোধযোগ্য ('—হুণ্ডী')। হি-মু। বিণ। ২। ডাঁটা; ডাঁটার মত ফল ('সজনের—')। বাংপ্র। বি।
খাড়াই—উচ্চতা। খাড়া+ই পরিমাণ-অর্থে (বাংপ্র)। বি।
খাড়াখাড়া—সোজা; স্পষ্ট; শীঘ্র। বাংপ্র। বিণ।
খাড়ি—উপকূলভাগে প্রবিষ্ট সাগরের সংকীর্ণ অংশ; সাগর সংগমের সমীপবর্তী নদীর খাল বা শাখা। < খাল। বি।
খাড়ু—স্ত্রীলোকদিগের মণিবন্ধে বা পায়ে পরিধানযোগ্য ভূষণ। বাংপ্র। বি।
খাড়্গিক—খড়্গধারী। খড়্গ+ইক ধারণকারী অর্থে। বিণ। স্ত্রী, -কী।
খাণ্ডব—খাণ্ডবপ্রস্থ, যমুনাতীরবর্তী প্রদেশ বিঃ। খণ্ড+অণ্ স্বার্থে+ব আছে অর্থে। বি; পুং।
খাণ্ডবদাহন—খাণ্ডববন দগ্ধ করানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি; ক্লী।
খাণ্ডবারণ্য—খাণ্ডব-বন। খাণ্ডবনামক অরণ্য, মধ্যপ।
খাণ্ডা—খড়্গ, খাঁড়া। বাংপ্র। বি।
খাণ্ডার—১। ঝগড়া। বি। ২। উগ্রপ্রকৃতি; কলহপ্রিয়। বাংপ্র। বিণ।
খাণ্ডারবাণী—ধ্রুপদ গানের প্রকার বিঃ। বাংপ্র। বি।
খাণ্ডারী, খাণ্ডারনী—ঝগড়াটে; উগ্রচণ্ডী। বাংপ্র। বিণ।
খাত—১। পুষ্করিণী; গর্ত; খনিত স্থান; পরিখা; প্রণালী। বি; ক্লী। ২। খনিত। খন্+ক্ত কর্ম। বিণ।
খাতক—১। পরিখা, খানা। খাত+কন্ সংজ্ঞার্থে। বি; ক্লী। ২। অধমর্ণ, ঋণী। < খাদক। বি। ৩। খনক; পরসৈন্যবিদারক। খাত—কৃ+ড কর্তৃ। বি; পুং। [(বাংপ্র)। বিণ।
খাতকী—তেজারতী, মহাজনী। খাতক+ঈ সম্বন্ধার্থে
খাতা—বহি, হিসাবপুস্তক; দৈনন্দিন হিসাবপুস্তক; একখানা হালে চাষ করিবার যোগ্য ভূমিখণ্ড, কিস্তা। ফা। বি। **খাতা লেখা**—কারবারের হিসাবপত্রের খাতা ঠিক করা।
খাতাঞ্চী—'খাজাঞ্চী' দ্রঃ।
খাতাপত্র—পাঁজিপুঁথি; হিসাবের বই প্রঃ। ফা-মু। বি।
খাতির—সমাদর; মর্যাদা; অনুরোধ; নিমিত্ত; গরজ; অভিলাষ। আ। বি।

খাতিরজমা—১। নিশ্চিন্তভাব; নিশ্চয়তা; নির্ভীকতা। বি। ২। নিশ্চিন্ত, যাহার উপর নির্ভর করা যায় এমন। আ-ম্। বিণ।
খাতিরদারি—শ্রদ্ধা করা; সমাদর করা। আ-ম্। বি।
খাতিরনাদারত, -নাদারদ—১। অমর্যাদা; অবহেলা। বি। ২। উপেক্ষিত; উদাসীন; কাহারও খাতির রাখে না এমন। আ-ম্। বিণ।
খাতুন, খানাম, খানম্—মুসলমান মহিলার নামান্ত। আ। বি।
খাদ—১। গর্ত; খনি; নিম্নস্বর। ⟨খাত। ২। পান, এক ধাতুর সহিত মিশ্রিত অন্য ধাতু। হি। বি।
খাদক—১। ভক্ষক; ভোক্তা; ব্যবহারক, consumer. বিণ। স্ত্রী—**খাদিকা**। ২। ঋণী। খাদ্+ণক কর্তৃ। বি; পুং।
খাদন—১। ভোজন; খাওয়ানো; কাটতি; ব্যবহার, consumption. খাদ্+ অনট্ ভাব। ২। দন্ত। খাদ্+অনট্ করণ। বি; ক্লী।
খাদি—টুকরা, ক্ষুদ্র ক্ষুদ্র অংশ; বস্ত্রখণ্ড, নেকড়া; মোটা কাপড়; খদ্দর। বাংপ্র। বি।
খাদিত—ভক্ষিত খাদ্+ক্ত কর্ম। বিণ।
খাদিম, খাদেম—সেবক; দাস; ঈশ্বরসেবক। আ। বি বা বিণ।
-খাদী (-দিন্)—(কর্মবাচক উপপদের পরবর্তী) ভক্ষক। খাদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**খাদিনী**।
খাদ্য—১। খাইবার যোগ্য, সুস্বাদ; যাহা খাওয়া নিন্দনীয় বা অহিতকর নহে এমন; যাহা খাওয়া যাইতে পারে বা যাহা খাওয়া আবশ্যক এমন। বিণ। ২। ভক্ষ্যদ্রব্য, ভোজ্যদ্রব্য [খাদ্য ছয় প্রকার—ভক্ষ্য, ভোজ্য, চর্ব্য, চুষ্য, লেহ্য ও পেয়]। খাদ্+ণ্যৎ কর্ম। বি; ক্লী।
খাদ্যখাদক—ভক্ষ্য প্রাণী বা বস্তু এবং তাহার ভক্ষক। দ্বন্দ্ব। বি; পুং।
খাদ্যপ্রাণ—খাদ্যবস্তুতে বর্তমান জীবনীশক্তিবিধায়ক পদার্থ, vitamin. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
খাদ্যভাণ্ডার—যে স্থানে আহারীয় দ্রব্য সঞ্চিত থাকে। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
খাদ্যমন্ত্রক—সরকারী মন্ত্রিবর্গের যে বিভাগ দেশে খাদ্য সংক্রান্ত উৎপাদন ইঃর ভারপ্রাপ্ত, Food ministry. খাদ্য-বিষয়ক মন্ত্রক, মধ্যপ। বি; ক্লী।
খাদ্যশস্য—যে ফসল খাওয়া হয় তাহা। কর্মধা। বি; ক্লী।
খাদ্যাখাদ্য—খাইবার যোগ্য এবং অযোগ্য প্রাণী ও বস্তু। খাদ্য ও অখাদ্য, দ্বন্দ্ব। বি; ক্লী।
খাদ্যাভাব—আহার্যাভাব। খাদ্যের অভাব, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
খান—১। টুকরা; সংখ্যাপরিমাণ। ⟨খণ্ড। ২। উপাধি বিঃ খাঁ। তু। ৩। স্থান। ফা বি।
খানকতক—কয়েকটি। বাংপ্র। বিণ।
খানকী—বেশ্যা। ⟨ফা 'খান্গী'। বি।
খানকীপনা—বেশ্যার হাবভাব। খানকী+পনা ভাবে। ফা-ম্। বি।
খানদান—উচ্চবংশ; বংশ। ফা। বি।
খানদানী—উচ্চবংশীয়; অভিজাত; উচ্চ ঐতিহ্যযুক্ত। খানদান+ঈ জাতার্থে। ফা-ম্। বিণ।
খানসামা—পদস্থ ব্যক্তির ভৃত্য, সম্ভ্রান্ত ঘরের চাকর। ⟨ফা 'খান-ই-সামান'। বি।
খানা—১। গর্ত; হ্রদ; খাত। ⟨পো 'cana'. ২। গৃহ; স্থান। ⟨ফা 'খানহ্'। বি। ৩। (সংখ্যাবাচক শব্দের বা বিশেষ্যের পরে বসিলে) টি, টা। ⟨খণ্ড। ৪। বিলাতী বা মুসলমানী রাঁধা খাদ্য। হি। বি।
খানাখন্দ—নানাপ্রকার গর্ত। দ্বন্দ্ব। বাংপ্র। বি।
খানাতল্লাশ—গৃহে কি কি আছে খুঁজিয়া দেখা; খোঁজ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
খানাতল্লাশী—খানাতল্লাশসংক্রান্ত, খানাতল্লাশবিষয়ক। খানাতল্লাশ+ই সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।
খানাপিনা—পান-ভোজন, খাওয়া-দাওয়া। দ্বন্দ্ব (ফা)। বি।
খানাবাড়ি—বসতবাটী। ফা। বি।
খানি—১। খনি, আকর। খন্+ইন্ অধি। বি; স্ত্রী। ২। খণ্ড, সংখ্যামাত্র। বাংপ্র। বি।
খানিক—১। কিয়দংশ, কিছু। ⟨খানা। বিণ। ২। কিছুক্ষণ। ⟨ক্ষণেক। বি।
খানুম—খাঁ-পত্নী; সম্ভ্রান্ত মুসলমান মহিলার উপাধি। তু। বি।
খানেক—প্রায় এক ('বছর —')। বাংপ্র। বিণ।
খানেখারাব, -খারাপ—নষ্ট। ⟨ফা-আ 'খান্ অ-খরাব'। বিণ।
খাপ—কোষ, পিধান; অস্ত্রাধার; সামঞ্জস্য, মিল; সু-সংলগ্ন ভাব; ঠাস বুনন। বাংপ্র। বি। **খাপ খাওয়া**—মানানসই বা অনুরূপ হওয়া।
খাপচি—চিমটি; কতকটা। বাংপ্র। বি।
খাপছাড়া—সামঞ্জস্যহীন, বিসদৃশ, বেমানান; অ-প্রাসঙ্গিক। খাপ ছাড়িয়াছে যাহা, উপতৎ (বাংপ্র)। বিণ।
খাপরা—খোসা; ঘরছাওয়া খোলা; দগ্ধ মৃত্তিকাখণ্ড; কলসী ইঃর টুকরা। ⟨খর্পর। বি।
খাপরেল—ঘর ছাইবার খোলা; খোলার ঘর। বাংপ্র। বি।
খাপা—১। ক্রুদ্ধ। ⟨ফা 'খাফা'। বিণ। ২। খাপ খাওয়া; ঠাস হওয়া; কুচকাইয়া যাওয়া। বাংপ্র। ক্রি।
খাপানো—খাপ খাওয়ানো; ঠাস করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [মু। বিণ।
খাপী—মোটা; ঠাসবোনা; পুরু ('—কাপড়')। হি-
খাপ্পা—ক্রুদ্ধ। ⟨ফা 'খাপা'। বিণ।
খাবরা—খাপরা (তাহা দ্রঃ)।
খাবল—গ্রাস, মুষ্টি; দংশন, ছোবল। ⟨কবল। বি।
খাবলা—মুষ্টি, মুঠা। ⟨ কবল। বি।
খাবলানো—ছোবল মারা; হাত দিয়া কতকটা তুলিয়া লইতে যাওয়া। ⟨খাবল। ক্রি [, বি, বিণ]।

খাবার—১। ভোজনযোগ্য, ভোজ্য। বিণ। ২। আহার্য বস্তু; জলখাবার। বাংপ্র। বি।
খাবারওয়ালা—মিষ্টান্নবিক্রেতা। বাংপ্র। বি।
খাবি—মৃত্যুকালে মুখ দিয়া নিঃশ্বাস ত্যাগ; অবশ অবস্থায় শ্বাস লওয়ার চেষ্টা; মৎস্যাদিগের জলপানকালীন মুখব্যাদান। <খা-ধাতু। বি। **খাবি খাওয়া**—মুমূর্ষু অবস্থায় নিঃশ্বাস ফেলা।
খাম—১। খুঁটি। <স্তম্ভ। ২। পত্রের আচ্ছাদন; লেফাফা। ফা। ৩। মেটে আলু। বি। ৪। কুৎসিত, মন্দ। বাংপ্র। বিণ।
খাম-আলু—চুপড়ি আলু। বাংপ্র। বি।
খামকা, খামখা—অনর্থক; সহসা। <ফা 'খোআ-মখোয়া'। ক্রি-বিণ।
খামখেয়াল—ইচ্ছামত কার্য করা, হঠাৎ খেয়াল; নিরর্থক কল্পনা; চঞ্চলচিত্ততা। ফা-আ। বি।
খামখেয়ালী—১। চঞ্চলচিত্ত, ইচ্ছামত কার্যকারী। বিণ। ২। খামখেয়াল। ফা-আ-মু। বি।
খামচ, খামচা—খাবল। বাংপ্র। বি।
খামচানো—চিমটি কাটা; নখ দ্বারা আঁচড়ানো, খাবলা মারা; ব্যথা করা; কনকন করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
খামচি—চিমটি; নখের আঁচড়, খাবল। বাংপ্র। বি।
খামটি, খামাটি—দন্তে দন্তে সংযোগ; দন্ত দ্বারা অধরদংশন; মালসাট; মালকোঁচা। বাংপ্র। বি।
খামাকা, খামাখা—খামকা (তাহা দ্রঃ)।
খামার—শস্যমর্দনস্থান, শস্যপ্রাঙ্গণ। বাংপ্র। বি।
খামারজমি—ভূস্বামীর নিজ আবাদী জমি। ৬ষ্ঠী-তৎ। বাংপ্র। বি।
খামি—গহনার ভিতরের ভাগ; ময়দা গাঁজাইবার উপকরণ। বাংপ্র। বি।
খামিরা—১। গুড় দিয়া পচানো তামাক; মসলাযুক্ত তামাক বিঃ। <আ 'খমীর'। ২। পচাইবার বীজ, খামি, leaven. বাংপ্র। বি।
খাম্বা—থাম, খুঁটি। <স্তম্ভ। বি।
খাম্বাজ—রাগ বিঃ। বি।
খারাপ—মন্দ, কুৎসিত; জঘন্য; দূষিত; পচা; দুষ্ট; নষ্ট; রুক্ষ; বিষণ্ণ ('মন—হওয়া'); শ্রীহীন ('—চেহারা'); অসুস্থ ('—দেহ', '—মন'); বিকৃত ('মাথা—হওয়া'); অশুভ ('—দিন'); কলুষিত। <আ 'খরাব'। বিণ। **খারাপ কথা**—অশ্লীল বাক্য; অমঙ্গলের বা ভয়ের সম্ভাবনা। **খারাপ করা**—অনিষ্ট করা; কুপথে লইয়া যাওয়া। **ঘর খারাপ করা**—নীচ বংশের লোকের সহিত পুত্র-কন্যার বিবাহ দিয়া বংশমর্যাদা নষ্ট করা। **মন খারাপ করা**—মনে দুঃখ হওয়া; ক্ষুণ্ণ হওয়া; দমিয়া যাওয়া। **মাথা খারাপ করা**—বিরক্ত বা উদ্বিগ্ন হওয়া; চটিয়া যাওয়া। **মাথা খারাপ হওয়া**—বিকৃতমস্তিষ্ক হওয়া। **মুখ খারাপ করা**—অশ্লীল ভাষা প্রয়োগ করা; গালি দেওয়া।
খারাবি—দুষ্ট ব্যবহার; অনিষ্ট। আ-মু। বি।
খারি, খারী—ধান্যপরিমাণ বিঃ, চারি দ্রোণ পরিমাণ। খ—আ—রা+ক কর্তৃ+ঈপ্ (বিকল্পে ই-কার হ্রস্ব)। বি; স্ত্রী।
খারিজ—১। বিসর্জন, ত্যাগ; বাদ; এক প্রজার নাম হইতে অন্য প্রজার নামে জমিজমার পরিবর্তন। বি। ২। বাতিল, বর্জিত। আ। বিণ।
খারিজদাখিল—এক প্রজার জমিজমা অপরের নামে পরিবর্তন। আ। বি।
খারিজা—যাহা খারিজ করা হইয়াছে এরূপ ('—জমি', '—তালুক')। আ-মু। বিণ।
খারিজী—খারিজসম্বন্ধীয়; খারিজ করিবার জন্য দেয়। আ-মু। বিণ।
খারী—'খারি' দ্রঃ।
খাল—১। সরু লম্বা জলাশয়; নালা; গর্ত; নিম্নস্থান; পরিখা। <খল্ল। ২। চামড়া; খিল, অঙ্গের আড়ষ্টভাব। বাংপ্র। বি। **খাল খেঁচা**—চামড়া ছাড়ানো; উত্তমরূপে প্রহার করা।
খালসা—গুরুগোবিন্দের মতাবলম্বী শিখ সম্প্রদায়; পঞ্জাবের জাতি বিঃ, গুরুমুখী। বি।
খালাস—১। মুক্তি; সন্তানপ্রসব; স্বস্তি; শান্তি। বি। ২। মুক্ত; দায়মুক্ত; প্রসূতা। আ। বিণ।
খালাসপত্র—ছাড়পত্র। খালাস-জ্ঞাপক পত্র, মধ্যপ। আ-মু। বি।
খালাসী—১। জাহাজ কিংবা সেনাবিভাগে নিযুক্ত মুসলমান কর্মচারী; জাহাজের কুলি। বি। ২। যে খালাস করে এমন; যাহা দ্বারা খালাস হয় এমন; খালাস-সংক্রান্ত ('খাই—জমি')। আ-মু। বিণ।
খালি—রিক্ত; শুধু; সর্বদা। আ। বিণ।
খালিত্য—টাক রোগ। খলিত+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [<কারক। বি।
খালুই—মৎস্যাদি ধুইবার বা রাখিবার ছিদ্রময় পাত্র।
খাস—বিশেষ; অসাধারণ ('—দরবার'); নিজস্ব, নিজের ('—দখল'); নিজ আবাদী। আ। বিণ। **খাস করা**—অধিকৃত সম্পত্তি নিজ দখলে আনা।
খাসকামরা—বিচারালয়ে বিচারক প্রভৃতির নিজস্ব বিশ্রামাগার। আ-মু। বি।
খাসখামার—ভূম্যধিকারীর নিজ আবাদী জমি। কর্মধা। আ-মু। বি।
খাসগেলাস—অভ্র ইঃর বাতিদান (শোভাযাত্রায় ব্যবহৃত হয়)। আ-মু। বি।
খাসতালুক—খাসমহল (তাহা দ্রঃ)।
খাসবরদার—আসাসোঁটাধারী। আ-ফা। বিণ।
খাসমহল, -মহাল—রাজার বা জমিদারের কর্তৃত্বাধীনে যে সকল জমি থাকে তাহা; যাহা প্রজাবিলি করা হয় নাই এরূপ জমি। কর্মধা। আ-মু। বি।
খাসা—উত্তম, উপাদেয়। আ-মু। বিণ।
খাসি, খাসী—১। মুষ্কহীন; কর্তিতমুষ্ক। বিণ। ২। কর্তিতমুষ্ক জীব; ছিন্নমুষ্ক ছাগ। <আ 'খস্‌সী'। বি। ['খস্ত'। বিণ।
খাস্ত—বিকৃত, নষ্ট; দূষিত; পচা; অশ্লীল। <ফা
খাস্তা—বিকৃত, নষ্ট ('আসল—'); উৎকৃষ্ট; মচমচে ('—খাবার')। <ফা 'খস্ত'। বিণ।

খিঁচ—কঙ্কর; ত্রুটি; গোশালার মল; মনোমালিন্য; ক্ষুদ্র অংশ ('—রয়ে যায়')। বাংপ্র। বি।
খিঁচা—আকর্ষণ করা, টানা; আক্ষেপযুক্ত হওয়া ('হাত পা —')। বাংপ্র। ক্রি [, বি]।
খিঁচানো—ভেংচানো; অঙ্গভঙ্গী করা, আক্ষেপযুক্ত হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
খিঁচুনি, খিঁচনি—ভেংচানি; আক্ষেপ, হাত-পা ছোঁড়া। বাংপ্র। বি।
খিচ—খিঁচ, কঙ্কর, কাঁকর। বাংপ্র। বি।
খিচখিচ—অনবরত তিরস্কার ভর্ৎসনা বিরক্তিপ্রকাশ অস্বস্তিবোধ ইঃসূচক শব্দ। বাংপ্র। অ।
খিচড়ানো—বিগড়াইয়া যাওয়া; খিচুড়ি পাকানো; নষ্ট করিয়া ফেলা বা নষ্ট হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
খিচিখিচি, খিচিমিচি—অনবরত বকা ভর্ৎসনা বিরক্তি ইঃ-প্রকাশক শব্দ। বাংপ্র। অ।
খিচুড়ি—চাল ডাল ইঃ একসঙ্গে রান্না করা অন্ন বিঃ, খেচরান্ন; বিভিন্ন বা বিসদৃশ বস্তুর সংমিশ্রণ। <কৃশর। বি। **খিচুড়ি পাকানো**—বিশৃঙ্খল করিয়া তোলা। [ইঃ-সূচক শব্দ। বাংপ্র। অ।
খিটখিট—বিরক্তিপ্রকাশ তিরস্কারকরণ বকা ধমকানো
খিটখিটে—সর্বদা বিরক্তিপ্রকাশকারী; ক্রোধশীল; বদমেজাজী। খিটখিট+এ (<ইয়া) শীলার্থে (বাংপ্র)। বিণ।
খিটমিট—নানা ছলে সর্বদা কলহ বা ভর্ৎসনা ('—করা')। বাংপ্র। অ। বিণ, **-মিটে**।
খিটিমিটি—বিরোধ ও বচসা। বাংপ্র। বি।
খিড়কি—পিছনের দরজা; জানালা; খড়খড়ি। <খড়ক্কী। বি। **খিড়কির পুকুর**—বাড়ির পিছন দিকে অবস্থিত মেয়েদের ব্যবহার্য পুকুর।
খিদমত—সেবা, পরিচর্যা। আ। বি।
খিদমতগার—সেবক, পরিচারক, ভৃত্য, খানসামা। আ।· বি বা বিণ। বি, -গারি।
খিদে—বুভুক্ষা। <ক্ষুধা। বি। **খিদে পাওয়া, খিদে লাগা**—ক্ষুধার উদ্রেক হওয়া। **খিদের মাথায়**—প্রচণ্ড ক্ষুধার সময়।
খিদ্যমান—যে খেদ করিতেছে এমন ("সীতার লাগিয়া রাম সদা খিদ্যমান"—কৃত্তি)। খিদ্+শানচ্ কর্তৃ। বিণ।
খিন্ন—শ্রান্ত; ক্ষুব্ধ; দুঃখিত; অলস। খিদ্+ক্ত কর্তৃ। বিণ। [, বি, বিণ]।
খিমচানো—চিমটি কাটা, খামচানো। বাংপ্র। ক্রি
খিমচি—নখের আঁচড়; চিমটি। বাংপ্র। বি।
খিল—১। দুর্গম; পতিত, অকৃষ্ট ('—ভূমি'); পরিশিষ্ট। খিল্+ক কর্তৃ। বিণ। ২। অর্গল, হুড়কা। <কীল। ৩। হাত-পায়ের আড়ষ্টভাব। বাংপ্র। বি।
খিলখিল—হাসির শব্দ। বাংপ্র। অ।
খিলাত, খেলাত—রাজদত্ত-সম্মানসূচক পোশাক; পারিতোষিক। <আ 'খিলৎ'। বি।
খিলান—১। ইষ্টকাদির অর্ধগোলাকৃতি গাঁথনি বিঃ। বি। ২। কবজা-আঁটা; নিম্নে ফাঁকবিশিষ্ট অর্ধ-চন্দ্রাকারে গঠিত। বিণ। ৩। কবজা আঁটা; খিলান তৈয়ারি করা। বাংপ্র। ক্রি।
খিলি—সাজা পান। বাংপ্র। বি।
খিলোদ্ধার—পতিত বা নষ্ট জলা জমির পঙ্কোদ্ধার এবং তাহা বসবাস ও চাষের উপযোগী করা, waste land reclamation. **খিলের উদ্ধার**, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি।
খিস্তি—অশ্লীল বাক্যে গালি, অশ্লীল কথা। বাংপ্র।
খুঁচানো—খোঁচা মারার মত ব্যথা দেওয়া; বিদ্ধ করা; বিরক্ত করা; উত্তেজিত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
খুঁচি—কুণিকা; খড়ের চালের যে স্থান দিয়া জল পড়ে সেখানে নূতন দেওয়া খড়। <কুণি। বি।
খুঁচি দেওয়া—খড়ের চালে মাঝে মাঝে নূতন খড় দিয়া মেরামত করা।
খুঁজা—অনুসন্ধান করা। বাংপ্র। ক্রি [, বি]।
খুঁট—বস্ত্রের প্রান্তভাগ; সূত্রের প্রান্ত; পায়ের উপর ভর; দোষ। বাংপ্র। বি।
খুঁট-আখরে, -আখুরে—যে অল্প লেখাপড়া জানে এরূপ; যে প্রত্যেক অক্ষর খুঁটিয়া অর্থাৎ অধিক তর্ক-বিতর্ক করিয়া পাঠ করে এরূপ; যে ব্যক্তি অতি সামান্য বিষয় লইয়া বিষম বাদানুবাদ করে এরূপ। বাংপ্র। বিণ।
খুঁটা—কুড়াইয়া লওয়া; নখ দিয়া তুলিয়া লওয়া; শলাকা দিয়া খোঁচা দেওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
খুঁটিয়া, খুঁটিয়ে—সূক্ষ্মভাবে, ভালভাবে।
খুঁটা, খোঁটা—কীলক; কাঠের থাম। বাংপ্র। বি।
খোঁটার জোর—প্রবল পৃষ্ঠপোষকের আনুকূল্য।
খুঁটি—স্তম্ভ, কাঠের বা বাঁশের ঠেকনো; অবলম্বন। বাংপ্র। বি।
খুঁটিনাটি—সামান্য বিষয় বা ব্যাপারসমূহ; ক্ষুদ্রবৃহৎ সকল বিষয়। বাংপ্র। বি। [বি।
খুটুর-মুটুর—সামান্য ঝগড়া; সামান্য বচসা। বাংপ্র।
খুঁড়া—খনন করা; হিংসা করা, পরশ্রীতে কাতর হওয়া; মাটিতে ঠোকা ('মাথা —'); প্রশংসা দ্বারা স্বাস্থ্যবান্ বা সৌভাগ্যবান্ ব্যক্তির অকল্যাণ করা। বাংপ্র। ক্রি [, বি]।
খুঁড়ানো, খোঁড়ানো—খোঁড়ার ন্যায় চলা, নেঙচাইয়া চলা; মৃত্তিকাদি খনন করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
খুঁত—১। ক্ষতচিহ্ন; দোষ; কলঙ্ক। বি। ২। দোষ-যুক্ত; ত্রুটিবিশিষ্ট। <ক্ষুণ্ণ। বিণ। **খুঁত ধরা** ত্রুটি ধরা; দোষ দেখানো।
খুঁত-খুঁত—বিরক্তিপ্রকাশ; অস্পষ্ট শব্দে অসন্তোষ-প্রকাশ; সন্দিগ্ধচিত্ততাপ্রকাশ; কোন কাজে ত্রুটি রহিয়া গেল এরূপ ভাব প্রকাশ। বাংপ্র। অ।
খুঁতখুঁতানি—খুঁতখুঁতে ভাব, খুঁতখুঁত করা। বাংপ্র। বি। [বিণ।
খুঁত-খুঁতে—বিরক্তি-প্রকাশক; সন্দিগ্ধমনা। বাংপ্র।
খুক, খুকখুক—কাশির শব্দ। বাংপ্র। অ।

খুকী—ক্ষুদ্র বালিকা; দুগ্ধপোষ্য কন্যা। বাংপ্র। বি; স্ত্রী।
খুকু—খুকী বা খোকা (আদরে)। বাংপ্র। বি।
খুঙ্গী, খুঙি—ছোট পেঁড়া, ঝাঁপি। <করঙ্গ। বি।
খুঙ্গী-পুঁথি—ক্ষুদ্র পেটিকা ও পুস্তক; ছোট পেঁড়ার মধ্যস্থিত পুস্তক। বাংপ্র। বি।
খুচখুচ—ধারাল ছুরি প্রঃ দিয়া কাটার শব্দ। বাংপ্র। অ।
খুচরা, খুচরো—১। অল্প, সামান্য; ভাঙ্গানো; অল্প অল্প করিয়া বিক্রয়ের হারে নির্মিত ('—দাম')। বিণ। ২। কম কম করিয়া বিক্রয়; ভাঙ্গানো টাকা পয়সা ইঃ। <ক্ষুদ্র। বি। **খুচরা কাজ**—অল্প আয়াসে বা সময়ে যে কাজ করা যায় তাহা; ছোটখাটো কাজ। **খুচরা খরচ**—অল্প খরচ; ছোটখাটো বিষয়ে খরচ। **খুচরা গহনা**—ছোটখাটো। গহনা। **খুচরা বিক্রয়**—একসঙ্গে অল্প পরিমাণে বিক্রয়, retail sale. ['খণ্ডহ'। বি।
খুঞ্চি—কাঠের বা ধাতুদ্রব্যের বারকোশ, ট্রে। <ফা
খুঞ্চিপোশ—খুঞ্চি ঢাকিবার কাপড়। ফা-মু। বি।
খুট—'খট' দ্রঃ।
খুটখাট, -খুট, খুটুরখুটুর—নড়াচড়ার ছোটখাটো শব্দ; ইঁদুরাদির চলাফেরার শব্দ। বাংপ্র। অ।
খুড়তুত, -তুতা, -তুতো—খুল্লতাতসম্বন্ধীয়; খুল্লতাত হইতে জাত। বাংপ্র। বিণ।
খুড়শ্বশুর—স্বামীর বা পত্নীর কাকা। বাংপ্র। বি; পুং। স্ত্রী, -শাশুড়ী।
খুড়া, খুড়ো—খুল্লতাত, কাকা। <খুল্ল। বি; পুং। [বি; স্ত্রী।
খুড়ী—খুল্লতাতপত্নী, কাকী। খুড়া+ঈ (বাংপ্র)।
খুড়ো—'খুড়া' দ্রঃ।
খুদ—তণ্ডুলকণা, চাউলের ক্ষুদ্রাংশ। <ক্ষুদ্র। বি।
খুদকুঁড়া—চাউলের খুদ ও কুঁড়া; অতি তুচ্ছ দ্রব্য। বাংপ্র। বি।
খুদা—১। অক্ষরাদি উৎকীর্ণ করা, কাটিয়া অক্ষরাদির ন্যায় আকৃতিবিশিষ্ট করা। ক্রি [, বি]। ২। উৎকীর্ণ। হি-মু। বিণ।
খুদে—ছোট; সামান্য। <ক্ষুদ্র। বিণ। **খুদে রাক্ষস**—অতি পেটুক।
খুন—১। রক্ত। <আ 'খুন'। ২। হত্যা। বাংপ্র। বি। **খুন চড়া**—রাগে দিগ্বিদিক্‌জ্ঞানশূন্য হওয়া; খুন করিবার প্রবৃত্তি জাগা। **খুন হওয়া**—নিহত হওয়া; অত্যন্ত ব্যাকুল হওয়া।
খুন-খারাপি, -খারাবি—খুনাখুনি; হত্যা ও সেই জাতীয় কাণ্ড; গাঢ় রক্তবর্ণ রং বিঃ। আ-মু। বি।
খুনসুটি, খুনসুড়ি—শিশুসুলভ কলহ ও পারস্পরিক অত্যাচার; প্রেমের মান-অভিমান। বাংপ্র। বি।
খুনাখুনি, খুনোখুনি—মারামারি, কাটাকাটি; রক্তারক্তি কাণ্ড; ঘোরতর বিবাদ; দাঙ্গা; নিদারুণ পরিশ্রম। বাংপ্র। বি।
খুনী, খুনে—হত্যাকারী; দাঙ্গাবাজ। বাংপ্র। বি বা বিণ।
খুন্তি—রান্নার কাজে ব্যবহৃত লোহার দ্রব্য বিঃ। <খনিত্র। বি।
খুপরি, খুব্রি—কুটির; খোপ। বাংপ্র। বি।
খুপসুরত—খুবসুরত (তাহা দ্রঃ)।
খুপি—খোপ, ছোট গর্ত। বাংপ্র। বি।
খুপী—খোপসদৃশ; খোপযুক্ত; খোপের মত নকশাযুক্ত। বাংপ্র। বিণ।
খুব—অতিশয়; বেশ; নিশ্চয়ই, অবশ্যই। ফা। বিণ বা ক্রি-বিণ। [সুরৎ'। বিণ।
খুবসুরত—অত্যন্ত সুশ্রী, সুন্দর। <ফা-আ 'খুব-
খুবানি—খোবানি, একপ্রকার মেওয়া ফল। ফা। বি।
খুমখুমানি—বিদ্বেষভাব; আন্তরিক ক্রোধ; বিরক্তিপ্রকাশ। বাংপ্র। বি।
খুয়া—হারানো; নষ্ট-করা। বাংপ্র। বিণ।
খুয়ানো—হারানো; নষ্ট করা; ক্ষতি করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
খুর—ক্ষৌরকর্মের অস্ত্র; অশ্বাদির পায়ের খুর; খাটের খুরা। খুর্+ক করণ। বি; পুং।
খুরখুর—ক্রমাগত ছোট সরু সরু পায়ের শব্দ, দ্রুত লঘুপদধ্বনি। বাংপ্র। অ।
খুরপা, -পি, -পো—অর্ধচন্দ্রাকার বাণ বিঃ; দূর্বাদি তুলিবার যন্ত্র বিঃ, মাটি খুঁড়িবার ছোট খন্তা। <খুরপ্র। বি।
খুরপ্র—অর্ধচন্দ্রাকৃতি বাণ বিঃ; খুরপা। খুর—প্রথ্ +ড কর্তৃ। বি; পুং। [ফা বি।
খুরসি—কুর্সি, ছোট চৌকি, চেয়ার। <'কুরসী'।
খুরা, খুরো—খাট প্রঃর পায়া। <খুর। বি।
খুরি—কটোরা, মাটির ছোট পাত্র। বাংপ্র। বি।
খুরো—'খুরা' দ্রঃ। [খেজুর। ফা। বি।
খুর্মা—শুকনো পাকা খেজুর; পিণ্ডখেজুর; কলসী-
খুলা—উন্মুক্ত করা বা হওয়া; অনাবৃত করা বা হওয়া; বন্ধনমুক্ত করা, ছাড়িয়া দেওয়া; খোঁড়া; যাহা বন্ধ আছে তাহার কার্যারম্ভ হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। **খুলিয়া বলা**—মনের ভাব খোলাখুলিভাবে বলা।
খুলি—মৃত্তিকাপাত্র বিঃ; কটাহ; মাথার উপরের অংশ, কপাল; খোলবাদক। বাংপ্র। বি।
খুল্ল—নীচ, অধম; ক্ষুদ্র; অল্প; লঘু; কনিষ্ঠ। খুদ্ —লা+ক কর্তৃ। বিণ।
খুল্লতাত—কাকা, খুড়া। কর্মধা। বি; পুং।
খুশ—১। প্রবৃত্তি, ইচ্ছা; আনন্দ। বি। ২। আনন্দদায়ক; উৎকৃষ্ট। ফা। বিণ।
খুশখবর—আনন্দবার্তা। কর্মধা। ফা-আ। বি।
খুশি—আনন্দ; ইচ্ছা, মর্জি। ফা। বি।
খুশী—প্রীত, আনন্দিত। ফা। বিণ।
খুশ্ক, খুস্ক—রুক্ষ, শুষ্ক। <ফা 'খুশ্‌ক'। বিণ। [ফা 'খুশ্‌ক্'। বি।
খুশ্কি, খুস্কি—মাথার শুকনা চামড়া, মরামাস।
খৃস্ট, খৃস্টধর্ম, খৃস্টান, খৃস্টীয় ইঃ—খ্রীস্ট, খ্রীস্টান, খ্রীস্টীয় ইঃ (তাহা দ্রঃ)।
খৃস্ট ইঃ—খ্রীস্ট ইঃ (তাহা দ্রঃ)।

খেই—সূত্রের অগ্রভাগ; সূতার একগাছা; কোন বিষয়ের সূত্র, সন্ধানসূত্র। <ক্ষেপ। বি। **খেই হারানো**—গুলিসূতার আগা খুঁজিয়া না পাওয়া; মূল প্রসঙ্গ ভুলিয়া যাওয়া।

খেউড়—কবিতা বিঃ, খেঁউড়; অশ্লীল গান। <ক্ষেড়া। বি।

খেউরি—ক্ষৌরকর্ম। <ক্ষৌর। বি।

খেংরা—ঝাঁটা, ঝাড়ু। বাংপ্র। বি।

খেংরানো—খেংরা পেটা করা, ঝাঁটা মারা। বাংপ্র। ক্রি [, বি]।

খেঁউড়—খেউড় (তাহা দ্রঃ)।

খেঁকখেঁক, খেঁকখেঁকানি, খেঁকমেক—কর্কশভাবে রাগ দেখানো। বাংপ্র। বি।

খেঁকশিয়াল, -শেয়াল—একপ্রকার ক্ষুদ্র শৃগাল, শৃগালিকা; খেঁক-খেঁক শব্দকারী শৃগাল। বাংপ্র। বি। স্ত্রী, -লী।

খেঁকানো—মুখ ভেংচাইয়া রাগ প্রকাশ করা। বাংপ্র। ক্রি [, বি]। বি, -নি।

খেঁকারি—কাসিয়া শব্দ করা, কাসিয়া গলা পরিষ্কার করা। বাংপ্র। বি।

খেঁকী—খেঁক-খেঁক শব্দকারী; কোপনস্বভাব; সহজে বিরক্তিপ্রকাশকারী। বাংপ্র। বিণ। **খেঁকী কুকুর, খেঁকী কুত্তা**—একপ্রকার কুকুর, সহজেই রাগিয়া খেঁক করিয়া উঠে এরূপ কুকুর; ক্রুদ্ধ ও অসহিষ্ণু ব্যক্তি। [, বি]।

খেঁচা—টানা; আক্ষেপযুক্ত হওয়া। বাংপ্র। ক্রি।

খেঁচাখেঁচি—খেচাখেচি (তাহা দ্রঃ)।

খেঁচুনি—আক্ষেপ; শরীরের কোন পেশীর অনৈচ্ছিক সংকোচন, convulsion. বাংপ্র। বি।

খেঁট—ভোজন। বাংপ্র। বি।

খেঁড়ু—খেউড়গানকারী; খেউড়গান; স্বপক্ষের খেলোয়াড়। প্রাদে। বি।

খেঁসারি—একপ্রকার কলায়, তেওড়া। বাংপ্র। বি।

খেকো, খেগো—(অন্য শব্দের পরে বসিলে) ভক্ষক ('চোখ —', 'গতর —'); ভক্ষিত ('পোকায় —')। খা+কো, গো (উকা, উগা) কর্তৃ (বাংপ্র)। বিণ। স্ত্রী—খাকি, খাগী।

খেওরা—খেংরা (তাহা দ্রঃ)।

খেওরানো—খেংরানো (তাহা দ্রঃ)।

খেচকা—হেঁচকা টান; অভাব; কড়া তাগিদ। বাংপ্র। বি।

খেচকানো—টানা; টানিয়া লওয়া; কড়া তাগিদ দেওয়া। বাংপ্র। ক্রি [, বি]। বি—খেচকানি।

খেচর—১। আকাশগামী। বিণ। স্ত্রী, -রী। ২। পক্ষী; বিদ্যাধর; সূর্যাদি গ্রহ। অলুক্ উপ-তৎ; খে—চর্+ট কর্তৃ। বি; পুং।

খেচরান্ন—দ্বিদলান্ন, খিচুড়ি। <কৃশরান্ন। বি।

খেচাখিচি, -খেচি, -মেচি—টানাটানি; বকাবকি; কথা-কাটাকাটি; তিরস্কার; মুশকিল; দায়; গোল-মাল; বিব্রত ভাব। বাংপ্র। বি।

খেজুর—ফল বা গাছ বিঃ। <খর্জুর। বি।

খেজুরছড়ি—খেজুর ফলের থোকা; খেজুরের থোকার মত একপ্রকার ফুল; খেজুরের ডালের মত একপ্রকার দাঁতকাটা কাঠ। বাংপ্র। বি।

খেজুরমাথি, -মোথি—খেজুরগাছের মাথার শাঁস। বাংপ্র। বি।

খেজুরে—খেজুরের রস হইতে তৈয়ারী ('—গুড়')। বাংপ্র। বিণ।

খেট—১। ভোজন। খেট্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। মৃগয়া। খেট্+ঘঞ্ করণ। বি; পুং বা ক্লী। ৩। নীচ, অধম। খিট্+অচ্ কর্তৃ। বিণ।

খেটে—১। ছোট মুগুর; ছোট মোটা লাঠি। বি। ২। খাটিয়া। বাংপ্র। অস-ক্রি।

খেটেল—মজুর, শ্রমিক; সামান্য ভৃত্য। বাংপ্র। বি।

খেড়ি, খেড়ু—খেলোয়াড়; খেলায় সহকারী। বাংপ্র। বি।

খেত—জমি, ক্ষেত। <ক্ষেত্র। বি।

খেতাব—সম্মানসূচক উপাধি; নাম; সংজ্ঞা। <আ 'খিতাব'। বি।

খেতি—চাষ-আবাদ। বাংপ্র। বি।

খেতি-মজুর—যে চাষী অপরের জমিতে কাজ করিয়া জীবিকা নির্বাহ করে। বাংপ্র। বি।

খেদ—আক্ষেপ, দুঃখ; শোক; অনুতাপ; শ্রম; অবসন্নতা; শ্রান্তি। খিদ্+ঘঞ্ ভাব। বি; পুং।

খেদমত—'খিদমত' দ্রঃ।

খেদা—বুনো হাতি ধরিবার জন্য ঘেরা জায়গা; খেদায় হাতি ধরা। <খাত। বি।

খেদানো—দূরে করা, তাড়ানো; পশ্চাদ্ধাবন করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

খেদিত—১। খেদযুক্ত, খিন্ন; অনুতপ্ত। খেদ+ইতচ্ জাতার্থে। ২। তাড়িত; যাহার পশ্চাদ্ধাবন করা হইয়াছে এরূপ। খিদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

খেদোক্তি—আক্ষেপ, বিলাপ। খেদসূচিকা উক্তি, মধ্যপ। বি; স্ত্রী।

খেপ—বার, দফা; স্থানান্তরে গিয়া ব্যবসায় করা। [বাংপ্র। বি।

খেপলা—১। নিক্ষেপযোগ্য ('—জাল')। বিণ। ২। মাছ ধরিবার নিক্ষেপযোগ্য জাল বিঃ। বাংপ্র। বি।

খেপা—১। ক্ষিপ্ত; অবোধ। বিণ। স্ত্রী—খেপী। ২। খেপিয়া যাওয়া; রাগিয়া উঠা। বাংপ্র। ক্রি [, বি]।

খেপানো—পাগল করা; বিরক্ত করা, চটানো; উত্তে-জিত করা ('লোক —')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

খেপামি—পাগলামি। খেপা+মি ভাবে (বাংপ্র)। বি।

খেমটা—ছয়মাত্রার তাল বিঃ [কেহ কেহ বলেন চারি-মাত্রার তাল]; নৃত্য বিঃ। বাংপ্র। বি।

খেমটাওয়ালা—খেমটা গানের দলের পুরুষ গায়ক বা দোহার। বাংপ্র। বি।

খেমটাওয়ালী, খেমটী—নর্তকী, যে সমস্ত স্ত্রীলোক খেমটা গান সহযোগে নৃত্য করে তাহারা। খেমটা+ওয়ালী, ঈ প্রযোজ্যী অর্থে। বাংপ্র। বি।

খেয়া—নদী পার হওয়া; নদী পারাপারের ছোট

নৌকা। <ক্ষেপ। বি। **খেয়া দেওয়া**—নৌকা-যোগে পার হওয়া বা করা।
খেয়াঘাট—নৌকাযোগে নদী পার হইবার স্থান। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
খেয়া-তরী, খেয়া-নৌকা—নদীতে পারাপার করিবার নৌকা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
খেয়াপার—নৌকাযোগে নদ্যাদির পরপারে গমন। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
খেয়া-মাঝি—যে মাঝি নৌকায় করিয়া লোকদিগকে নদী পারাপার করায়। বাংপ্র। বি।
খেয়ারি, খেয়ারী—খেয়ানৌকায় পারাপারের কর্তা। খেয়া+রি, রী অধিকৃতার্থে (বাংপ্র)। বি।
খেয়াল—একজাতীয় সংগীত; কল্পনা; মর্জি; জেদ; জ্ঞান; শখ; প্রবৃত্তি; স্বভাব; প্রলাপ। <আ 'খিয়াল'। বি।
খেয়ালী—খেয়ালগানকারী; কল্পনাপ্রিয়; স্বেচ্ছা-চারী। খেয়াল+ঈ নিযুক্তার্থে। আ-মু। বিণ।
খেয়োখেয়ি—পরস্পর কলহ বা মারামারি। বাংপ্র। বি।
খেরুয়া, খেরো—তোষক বালিশ প্রঃ প্রস্তুত করিবার মোটা সুতার ঘোর লাল রঙের কাপড়। বাংপ্র। বি।
খেল—১। ক্রীড়া, খেলা; বাজি; রঙ্গ। খেল্+অপ্ ভাব। বি। ২। মন্দ, অপকৃষ্ট। বাংপ্র। বিণ।
খেলত—খেলা করে বা করিতেছে। প্রা কপ্র। ক্রি।
খেলন—ক্রীড়া; পরিহাস। খেল্+অনট্ ভাব। বি; ক্লী।
খেলনা, খেলানা—ক্রীড়নক, খেলিবার দ্রব্য। খেল্+না, আনা করণ (বাংপ্র)। বি।
খেলা—১। ক্রীড়া। খেল্+অ ভাব+আপ্। বি; স্ত্রী। ২। খেলা করা। বাংপ্র। ক্রি।
খেলাঘর—শিশুদের ক্রীড়াস্থান; কৃত্রিম সংসার; খেলাগৃহ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
খেলাত—সম্মানসূচক পরিচ্ছদ; পারিতোষিক। <আ 'খিলৎ'। বি। [খেলা। বাংপ্র। বি।
খেলাধূলা—শিশুর খেলা; ক্রীড়াকৌতুক; নানারূপ
খেলানা—'খেলনা' দ্রঃ।
খেলানো—ক্রীড়া প্রদর্শন করা; কৌতুক দেখানো; তামাশা দেখানো; নাচানো; ইচ্ছামত চালানো ('সাপ —')। বাংপ্র। ক্রি [, বি]।
খেলাপ—অন্যথাভাব; ব্যতিক্রম; প্রতিশ্রুতিভঙ্গ ('কথার —')। <আ 'খিলাপ'। বি। বিণ, -পী।
খেলুড়িয়া, খেলুড়ে—ক্রীড়াকারী; খেলার সাথী। বাংপ্র। বি। [বিণ।
খেলো—মন্দ; নিকৃষ্ট; হীন, অপদস্থ। <ক্ষুল্লক।
খেলোয়াড়—ক্রীড়াপটু; ক্রীড়ানিপুণ; ক্রীড়াকারী; ফন্দিবাজ; চালাক; চতুর। খেলা+ওয়াড় নিপুণার্থে (বাংপ্র)। বি বা বিণ।
খেলোয়াড়ী—খেলোয়াড়ের উপযুক্ত। বাংপ্র। বিণ।
খেস—কার্পাস-রেশম নির্মিত চাদর বিঃ। বাংপ্র। বি।
খেসারত—ক্ষতি, হানি; ক্ষতিপূরণ। <আ 'খিসা-রত'। বি।
খেসারতি—ক্ষতিপূরণের জন্য প্রদত্ত অর্থাদি। আ-মু। বি।
খেসারি—একপ্রকার ডাল। বাংপ্র। বি।
খৈ—লাজ, ভৃষ্টধান্য। <খদিকা। বি।
খো—খোয়া; জমানো শক্ত ক্ষীর; রসশূন্য আখের ছিবড়া। বাংপ্র। বি।
খোঁচ, খোঁচা—সূক্ষ্ম অগ্রভাগ; তীক্ষ্ণাগ্র বস্তু; কাঁটা; নিন্দা; কলঙ্ক; বিঘ্ন; ত্রুটি। বাংপ্র। বি।
খোঁচাখুঁচি—পরস্পর বা বারবার ঘা দেওয়া। বাংপ্র। বি।
খোঁচানো—খোঁচা দিয়া আঘাত করা; কটুকথা বা নিন্দাজনক বাক্য বলিয়া মনে আঘাত দেওয়া; খোঁচা দিয়া উত্তেজিত করা; উত্যক্ত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
খোঁজ—অন্বেষণ, তল্লাশ; সংবাদ। বাংপ্র। বি।
খোঁজখবর—সংবাদ; উদ্দেশ। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
খোঁজন—অন্বেষণ। বাংপ্র। বি।
খোঁজা—অন্বেষণ করা, সংবাদ লওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
খোঁট—কাপড়ের যে অংশ কোমরে আটকাইয়া রাখা হয় তাহা; বস্ত্রের কোণ; কসি। বাংপ্র। বি।
খোঁটা—১। কীলক; গোঁজ; খুঁটি; থাম; অবলম্বন, ঠেকনা; নিন্দা; তিরস্কার; কৃত অন্যায়ের বিষয় স্মরণ করাইয়া তিরস্কারকরণ বা লজ্জাদান। বি। ২। অঙ্গুলি দ্বারা তুলিয়া লওয়া; নখাঘাত করা; নখ দিয়া ধীরে ধীরে তুলিয়া লওয়া; প্রশংসা দ্বারা ভাগ্যবান্ বা সুস্থ ব্যক্তির ক্ষতি করা। বাংপ্র। ক্রি [, বি]।
খোঁড়—খাত; খনন। বাংপ্র। বি।
খোঁড়ল—কোটর, গর্ত; গহ্বর। বাংপ্র। বি।
খোঁড়া—১। পঙ্গু। <খঞ্জ। বিণ। ২। খনন করা; খোলা; অন্যের ভাল দেখিতে না পারা; প্রশংসা দ্বারা ভাগ্যবান্ বা সুস্থ ব্যক্তির ক্ষতি করা। বাংপ্র। ক্রি [, বি]।
খোঁড়ানো—খনন করানো; খোঁড়ার মত লেঙচাইয়া চলা। বাংপ্র। ক্রি [, বি]।
খোঁদল—গর্ত; কোটর; তৈলাদি বোতলে ঢালিবার জন্য তাহার মুখে যে আধার দেওয়া হয় তাহা, ফানেল। বাংপ্র। বি। [<ক্ষুপ। বি।
খোঁপা—কবরী, স্ত্রীলোকদের বদ্ধ কেশপাশ।
খোঁয়াড়—গরু ছাগল প্রঃ আটকাইয়া রাখিবার স্থান; শূকর ভেড়া রাখিবার জায়গা। বাংপ্র। বি।
খোকন—(আদরার্থে) খোকা। বাংপ্র। বি।
খোকা—শিশু, দুগ্ধপোষ্য বালক। বাংপ্র। বি। স্ত্রী—খুকী।
খোকাপনা, খোকামি, খোকামো—খোকার মত ভাব; আদুরে ভাব; ন্যাকামি; দায়িত্বহীন আচরণ। বাংপ্র। বি।
খোক্কস—রূপকথায় রাক্ষসের মত এক কাল্পনিক জীব। বাংপ্র। বি।
খোজা—নপুংসক; ছিন্নমুষ্ক; খাসী; পুরুষত্বহীন

অন্তঃপুরে-রক্ষী। <ফা 'খোয়াজহ্'। বি বা বিণ।

খোজা-প্রহরী—ভারতের মুসলমান রাজাদের অন্তঃপুরের নপুংসক পাহারাদার। ফা-মূ। বি।

খোট—আর্থাট্টি, শিশুর আবদার। বাংপ্র। বি।

খোট্টা—(অবজ্ঞায়) হিন্দীভাষী লোক, ভারতের উত্তর-পশ্চিম প্রদেশের লোক। বাংপ্র। বি বা বিণ।

খোদ—স্বয়ং। <ফা 'খুদ'। সর্ব।

খোদকার—যে খোদাইয়ের কাজ করে। ফা-মূ। বি।

খোদকারি—খোদাইয়ের কাজ, ভাস্কর্য; (গৌণার্থে) সর্দারি, ওস্তাদি। ফা-মূ। বি। **খোদার উপর খোদকারি**—ঈশ্বরের কাজের উপর মানুষের সর্দারি; বিশেষজ্ঞের কাজের উপর আনাড়ির অন্যায় হস্তক্ষেপ।

খোদা—১। কাটিয়া গঠন করা; খনন করা; ক্ষোদন বা উৎকিরণ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। ২। ঈশ্বর। <ফা 'খুদা'। বি। **খোদার খাসি**—ঈশ্বরের নামে উৎসৃষ্ট স্বচ্ছন্দবিহারী হৃষ্টপুষ্ট খাসি; (বিদ্রূপার্থে) দায়িত্বহীন নাদুসনুদুস লোক।

খোদাই—ক্ষোদন। বাংপ্র। বি।

খোদাতালা—জগদীশ্বর, আল্লাহ্। ফা-মূ। বি।

খোদানো—খোদাই করানো, অংকিত করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [<ফা 'খুদাবন্দ'। বি।

খোদাবন্দ্—প্রভু, হুজুর; নিগ্রহানুগ্রহের কর্তা।

খোনা—যে নাকী সুরে কথা কয় এরূপ, অনুনাসিক, নাকী ('—সুর', '—কথা')। বাংপ্র। বিণ।

খোন্তা—শাবল। <খনিত্র। বি।

খোপ, খোপর—পায়রার ঘর; ক্ষুদ্র কক্ষ, ছোট কামরা; ঘরের পাশ। <ক্ষুপ্। বি।

খোপা—খোঁপা (তাহা দ্রঃ)।

খোবানি—একপ্রকার সুস্বাদ ফল, apricot. <ফা 'খুবানি'। বি।

খোয়া—১। ইষ্টকাদির খণ্ড; শক্ত ক্ষীর। বি। ২। নষ্ট, হারানো। বাংপ্র। বিণ।

খোয়ানো—নষ্ট করা; হারানো; ক্ষয় করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বি।

খোয়ার—কলঙ্ক, নিন্দা; দুরবস্থা; অপমান। ফা।

খোয়ারি—মদ্যপানজনিত অবসাদ। <আ 'খুমার'। বি। **খোয়ারি ভাংগা**—মদ খাওয়ার অবসাদ ঘুচাইতে আবার অল্প মদ খাওয়া।

খোয়ারী—দুর্দশাগ্রস্তা; কলঙ্কিনী। <ফা 'খোয়ার'। বিণ। **শতেক খোয়ারী**—মহাকলঙ্কিনী; অত্যন্ত অপমানিতা ও দুর্দশাগ্রস্তা।

খোর—(কোন শব্দের পরবর্তী হইলে) অত্যন্ত আসক্ত ('সুদখোর', 'গাঁজাখোর')। ফা। বিণ।

খোরপোশ—গ্রাসাচ্ছাদন, অন্নবস্ত্র; ভরণপোষণের খরচ। <খোরাক-পোশাক। বি।

খোরশোলা, -শোল—ছোট মাছ বিঃ। বাংপ্র। বি।

খোরা—বড় পাত্র ('দইয়ের—', 'পাথরের—')। বাংপ্র। বি।

খোরাক—আহার, আহার্য; খাদ্যের মাত্রা বা পরিমাণ। <ফা 'খুরাক'। বি। [ফা-মূ। বি।

খোরাকি—আহারের ব্যয়, খাইখরচ; আহার্য বস্তু।

খোরাকী—খাওয়ার জন্য দত্ত বা দেয়; খাইখরচের যোগ্য। ফা-মূ। বিণ।

খোরাসানী—১। খোরাসানদেশীয়। বিণ। ২। খোরাসানের লোক। ফা-মূ। বি।

খোল—১। মৃদংগ; আবরণ, ওয়াড় ('বালিশের —', 'লেপের —'); বুনন, বস্ত্রের জমি; গর্ত ('চোখের —')। খুল+অ কর্তৃ। বি; পুং। ২। খইল। বাংপ্র। বি।

খোলক—শামুক; নারিকেল ইঃর কঠিন আবরণ; প্রাণীদের শক্ত বহিরাবরণ, shell. খোল+কন্ স্বার্থে। বি; ক্লী।

খোলকী (-কিন্)—যাহাদের দেহ কঠিন আবরণে আবৃত থাকে এমন, crustacean. খোলক+ইন্ আছে অর্থে। বিণ।

খোলতা—শোভমান, দীপ্ত; বিকশিত। বাংপ্র। বিণ। [বি।

খোলতাই—দীপ্তি, শোভা, বাহার; পরিষ্কার। বাংপ্র।

খোলস—বাহিরের আচ্ছাদন, সাপ ইঃ প্রাণীর বাহিরের পাতলা চামড়ার আবরণ। <স্খলিতকোশ। বি।

খোলসা—স্পষ্ট, বিশদ; পরিষ্কৃত; মেঘশূন্য; নির্ধন; মুক্ত; অকপট। <আ 'খুলাসহ্'। বিণ।

খোলা—১। কোন বস্তুর কঠিন বহিরাবরণ; ছাল; মুড়ি প্রঃ ভাজিবার জন্য মাটির পাত্র; ক্ষেত্র; স্থান ('ইট —')। <খোলক। বি। ২। উন্মুক্ত, অনাবৃত; আবরণশূন্য, ফাঁকা; স্পষ্ট; সরল ('— মন')। বিণ। ৩। উন্মুক্ত করা বা হওয়া; স্পষ্ট হওয়া; আরম্ভ করা ('দোকান —'); ছুটির পর আরম্ভ হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।

খোলাকাটা—যে কলাগাছের খোলা কাটে ও শ্রাদ্ধে পৌরোহিত্য করে এমন ('— বামুন')। বাংপ্র। বিণ।

খোলাখুলি—স্পষ্টভাবে; সরলভাবে; সকল কথা ব্যক্ত করিয়া। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।

খোলামকুচি—মাটির পাত্রের ভাংগা টুকরা। বাংপ্র। বি।

খোশ—১। প্রীতিকর; প্রীত। <ফা 'খুশ্'। বিণ। ২। পাঁচড়া, চুলকনা। <কচ্ছু। বি।

খোশখবর—সুসংবাদ। ফা-মূ। বি।

খোশখেয়াল—অভিরুচি, মর্জি। ফা। বি।

খোশখোরাক—শৌখিন আহার। ফা-মূ। বি। বিণ, -কী।

খোশগল্প—মজার গল্প। ফা-মূ। বি।

খোশনবিশ—যাহার হাতের লেখা সুন্দর এমন। ফা-মূ। বি বা বিণ।

খোশনাম—সুখ্যাতি, সুনাম। ফা-মূ। বি।

খোশপোশাক—শৌখিন পোশাক। ফা-মূ। বি। বিণ, -কী। ['খুশবু'। বি।

খোশবায়—সৌরভ, সুগন্ধ, সুবাস। <ফা

খোশামুদে—তোষামোদকারী, স্তাবক। ফা-মূ। বিণ।
খোশমেজাজ—প্রফুল্ল মন। ফা-মূ। বি।
খোশামোদ—তোষামোদ, খুশি করার জন্য প্রশংসা। <ফা 'খুশ্‌-আমদ'। বি।
খোশামোদি, -মুদি—চাটুবৃত্তি। ফা-মূ। বি।
খোস—পাঁচড়া, চুলকনা। <কচ্ছু। বি।
খোসা—ত্বক্‌, ছাল। <কোষ। বি।
খ্যাঁক—শৃগালাদির ডাক; রাগ বা বিরক্তির ভাব প্রকাশ। বাংপ্র। অ।
খ্যাঁট—ভোজন। <খেট। বি।
খ্যাত—কথিত; প্রসিদ্ধ; বিদিত; বিখ্যাত; বিশ্রুত। খ্যা+ক্ত কর্ম। বিণ।
খ্যাতনামা (-নামন্‌)—বিশ্রুতনামা, যাহার নাম অনেকে জানে এরূপ। খ্যাত নাম যাহার, বহু। বিণ। স্ত্রী, -নাম্নী, -নামা।
খ্যাতি—প্রসিদ্ধি; যশঃ; জ্ঞান; কথন। খ্যা+ক্তি ভাব। বি; স্ত্রী।
খ্যাতিকর, -জনক—যশস্কর, প্রতিষ্ঠাবর্ধক। উপতৎ; খ্যাতি—কৃ+ট কর্তৃ; ২য়পক্ষে ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -রী, -জনিকা। [স্ত্রী।
খ্যাতিপ্রতিপত্তি—প্রশংসা এবং মর্যাদা। দ্বন্দ্ব। বি;
খ্যাত্যাপন্ন—বিখ্যাত। খ্যাতিকে আপন্ন, ২য়াতৎ। বিণ। [কর্তৃ। বিণ। স্ত্রী—খ্যাপিকা।
খ্যাপক—কীর্তনকারী; প্রচারক। খ্যা+ণিচ্‌+ণক
খ্যাপন—কীর্তন, ঘোষণা; কথন। খ্যা+ণিচ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী। ['Khristos'. বি।
খ্রীস্ট—যীশু খ্রীস্ট। <ইং 'Christ'; গ্রীক
খ্রীস্টধর্ম—যীশু খ্রীস্ট প্রবর্তিত ধর্ম। খ্রীস্ট (<ইং Christ)-প্রচলিত ধর্ম, মধ্যপ। বি।
খ্রীস্টপূর্বাব্দ—খ্রীস্টের জন্ম হইতে গণিত পূর্ববর্তী সাল। ইং-মূ। বি। [বিণ, -নী। বি, -নি।
খ্রীস্টান—খ্রীস্টধর্মাবলম্বী। <ইং 'Christian'. বি।
খ্রীস্টাব্দ—খ্রীস্টের জন্ম হইতে গণিত পরবর্তী অব্দ। ইং-মূ। বি। [মূ। বিণ।
খ্রীস্টীয়—যীশু খ্রীস্ট বা খ্রীস্টধর্ম-সম্বন্ধীয়। ইং-
খ্রীস্ট, খ্রীস্টধর্ম ইঃ—খ্রীস্ট ইঃ (তাহা দ্রঃ)।

[গ]

গ—১। ব্যঞ্জনবর্ণমালার তৃতীয় অক্ষর [ইহার উচ্চারণস্থান জিহ্বামূল বা কণ্ঠ]। ২। (উপপদ সমাসে পরপদে) যে গান করে ('সামগ'); গমনকারী ('বিহগ')। গৈ+ক, গম্‌+ড কর্তৃ। বিণ।
গইবী—গৈবী (তাহা দ্রঃ)।
গঁদ—বাবলা ইঃ গাছের আঠা; আঠা। হি-মূ। বি।
গ-কার—'গ' এই বর্ণমাত্র। গ+কার স্বার্থে। বি; পুং। [বি; ক্লী।
গগন—আকাশ, অন্তরীক্ষ, নভঃ। গম্‌+অন কর্তৃ।
গগনচর—আকাশগামী; (দেব, সূর্য, গ্রহাদি, বিহগাদি)। উপতৎ; গগন—চর্‌+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।
গগনচারী (-চারিন্‌)—আকাশ-বিহারী, আকাশগামী। উপতৎ; গগন—চর্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -চারিণী।
গগনচুম্বী (-চুম্বিন্‌)—আকাশস্পর্শী, অভ্রভেদী; অত্যুন্নত। উপতৎ; গগন—চুম্ব্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -চুম্বিনী।
গগনতল—আকাশতল, নভোমণ্ডল; পৃথিবী, ভূলোক। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।
গগনপট—আকাশপট, আকাশরূপ বস্ত্র; নভোমণ্ডল। গগনরূপ পট, রূপক কর্মধা। বি; ক্লী।
গগনপথ—আকাশমার্গ; নভোমণ্ডল। কর্মধা। বি; পুং।
গগনপ্রান্ত—আকাশের শেষসীমা; দিক্‌চক্রবাল, দিগন্ত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গগনবিহারী (-বিহারিন্‌)—আকাশচারী, ব্যোমবিহারী। উপতৎ; গগন—বি—হৃ+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -বিহারিণী।
গগনমণ্ডল—আকাশতল। কর্মধা। বি; ক্লী।
গগনস্পর্শী (-স্পর্শিন্‌)—আকাশস্পর্শী, অত্যুন্নত। উপতৎ; গগন—স্পৃশ্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -র্শিনী।
গগনাঙ্গন—আকাশতট, আকাশমণ্ডল। কর্মধা। বি; ক্লী। [বি; ক্লী।
গগনাম্বু—বৃষ্টির জল। গগনের অম্বু, ৬ষ্ঠীতৎ।
গগানো—কাতরানো; গোঙানো; উচ্চস্বরে বলা; কীর্তিকলাপ প্রকাশ করা। বাংপ্র। ক্রি [, বি]।
গঙ্গা—১। জাহ্নবী, সুরধুনী; গঙ্গাদেবী। গম্‌+গন্‌ কর্তৃ+আপ্‌। বি; স্ত্রী। ২। গাং, নদীমাত্র। বাংপ্র। বি।
গঙ্গাজ—১। ভীষ্ম; কার্তিকেয়। বি; পুং। ২। গঙ্গা হইতে উৎপন্ন। উপতৎ; গঙ্গা—জন্‌+ড কর্তৃ। বিণ।
গঙ্গাজল—গঙ্গার সলিল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
গঙ্গাজলি—আসন্নমৃত্যু বৃদ্ধ ব্যক্তিকে গঙ্গাগর্ভে লইয়া গিয়া তাহার অর্ধাঙ্গ গঙ্গাজলে স্থাপন, অন্তর্জলি; গঙ্গাজল-স্পর্শ-পূর্বক শপথ; মিথ্যা শপথ; একপ্রকার সাদা গম। বাংপ্র। বি।

গঙ্গাজলী, -জলে—যাহার রং গঙ্গাজলের মত, ঈষৎ গেরুয়া। বাংপ্র। বিণ।

গঙ্গাতট—গঙ্গার সৈকতভূমি, গঙ্গার তীর। গঙ্গার তট, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গঙ্গাতীর—নারায়ণক্ষেত্র; গঙ্গার তটভূমি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গঙ্গাদ্বার—ভূমণ্ডলে গঙ্গার অবতরণদ্বার [ইহা হরিদ্বার নামেই বিখ্যাত]। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গঙ্গাধর—শিব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গঙ্গাপুত্র—ভীষ্ম; কার্তিকেয়; মুর্দাফরাশ, শবদাহক জাতি বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গঙ্গাপ্রাপ্ত—সজ্ঞানে গঙ্গাগর্ভে ত্যক্তদেহ; মৃত্যুমুখে পতিত; মৃত এবং যাহার দেহ গঙ্গাতীরে সৎকার করা হইয়াছে এমন। ২য়াতৎ। বিণ।

গঙ্গাপ্রাপ্তি—গঙ্গা পাওয়া, গঙ্গায় মরা; মৃত্যুমুখে পতিত হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গঙ্গাফড়িং—গাংফড়িং, dragon-fly. বাংপ্র। বি।

গঙ্গাবতার, -বতরণ—১। ব্রহ্মলোক হইতে পৃথিবীতে গঙ্গার অবতরণ। ৬ষ্ঠীতৎ। ২। গঙ্গাদ্বাররূপ তীর্থ বিঃ। গঙ্গার অবতার, অবতরণ যেখানে, বহু। বি; পুং, ক্লী।

গঙ্গাবাসী (-বাসিন্)—গঙ্গাতটে বাসকারী; গঙ্গাতীরে অবস্থিত। উপতৎ; গঙ্গা—বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাসিনী**।

গঙ্গামাটি—গঙ্গামৃত্তিকা; গঙ্গামৃত্তিকার তিলক। বাংপ্র। বি। [স্ত্রী।

গঙ্গামৃত্তিকা—গঙ্গাগর্ভের মাটি। ৬ষ্ঠীতৎ। বি;

গঙ্গাযমুনা—১। গঙ্গা ও যমুনা-নাম্নী নদীদ্বয়। দ্বন্দ্ব। বি; স্ত্রী। ২। দুই রঙের; সাদা ও কালো রঙের ('—পাড়'); সোনা ও রূপা মিশানো। বাংপ্র। বিণ।

গঙ্গাযাত্রা—গঙ্গার উদ্দেশে যাত্রা, মুমূর্ষু ব্যক্তির প্রাণত্যাগার্থ গঙ্গাতীরে গমন; গঙ্গাদেবীর উৎসব। ৪র্থীতৎ। বি; স্ত্রী।

গঙ্গাযাত্রী (-যাত্রিন্)—গঙ্গাস্নানে গমনকারী; আসন্নমৃত্যু। ৭মীতৎ। বিণ। স্ত্রী, **-যাত্রিণী**।

গঙ্গারাম—বোকা। বাংপ্র। বিণ।

গঙ্গালাভ—গঙ্গাপ্রাপ্তি, গঙ্গায় দেহবিসর্জন; মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গঙ্গাসাগর—সাগরসংগমে অবস্থিত তীর্থ বিঃ; ভাগীরথী ও বঙ্গোপসাগরের সম্মিলনস্থান। গঙ্গা-সংগত সাগর, মধ্যপ। বি; পুং।

গঙ্গাস্রোতোন্যায়—ন্যায় বিঃ [গঙ্গার স্রোতঃ একাদিক্রমেই চলিতেছে। এই দৃষ্টান্তের অনুরূপ যুক্তির অবতারণা এই ন্যায়ের বিষয়]। গঙ্গার স্রোতঃ, ৬ষ্ঠীতৎ; তৎসহ তুলিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

গঙ্গোত্তরী, গঙ্গোত্রী—গঙ্গানদীর উৎপত্তিস্থল। বাংপ্র। বি। [ক্লী।

গঙ্গোদক—গঙ্গাজল। গঙ্গার উদক, ৬ষ্ঠীতৎ। বি;

গঙ্গোপাধ্যায়—গাঙ্গুলী, বাঙ্গালী ব্রাহ্মণের উপাধি বিঃ। বাংপ্র। বি; পুং।

গচ্চা—অনর্থক অধিক অর্থাদি দান; ক্ষতিপূরণ-স্বরূপ অর্থদান, গুনাগার; অকারণে বা বুদ্ধিহীনতার জন্য লোকসান। বাংপ্র। বি।

গচ্ছিত—নিক্ষিপ্ত, ন্যস্ত, গছান, পুনরায় গ্রহণ করিবার শর্তে কাহারও নিকট প্রদত্ত (কোন জিনিস)। বাংপ্র। বিণ।

গছানো—গর্তাদির মধ্যে মিলাইয়া দেওয়া; গুঁজিয়া দেওয়া; কোন জিনিস কোনপ্রকারে গতাইয়া দেওয়া; ঘাড়ে চাপানো, গ্রহণ করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

গজ—১। হস্তী; অষ্টসংখ্যা; পরিমাণ বিঃ; বাস্তু বিঃ, ঔষধপাকার্থ গর্ত বিঃ, গজপুট; বানর বিঃ; ক্ষুদ্র কীট বিঃ ('গজভুক্ত কপিত্থ'); দাবাখেলার একটি বল, bishop. গজ্+অচ্ কর্তৃ। বি; পুং। ২। দুইহস্ত পরিমাণ, ৩৬ ইঞ্চি। ফা। বি।

গজকচ্ছপীয়—হস্তী ও কূর্মের সম্বন্ধযুক্ত; ভীষণ, গজকচ্ছপের ব্যাপারসদৃশ ('—কাণ্ড'); বহুকাল-স্থায়ী [বিভাবসু ও সুপ্রতীক নামে দুই ব্রাহ্মণ-পুত্র পৈতৃক সম্পত্তির বিভাগ লইয়া বিবাদে প্রবৃত্ত হয় ও উভয়ে উভয়কে অভিশপ্ত করে। এই শাপফলে বিভাবসু কচ্ছপের ও সুপ্রতীক গজের দেহ প্রাপ্ত হয়। তখনও তাহাদের যুদ্ধ থামে না। তাহাদের এই যুদ্ধ বহুকাল চলিয়াছিল। অবশেষে গরুড় ঐ যুদ্ধস্থলে উপস্থিত হইয়া ঐ উভয় ভক্ষ্যকে আহার করে]। গজ ও কচ্ছপ, দ্বন্দ্ব; গজকচ্ছপ+ঈয় সম্বন্ধার্থে, সদৃশার্থে। বিণ।

গজকাঠি—বস্ত্রাদি মাপিবার নিমিত্ত দুই হাত পরিমাণের কাঠি। মধ্যপ (বাংপ্র)। বি।

গজকুম্ভ—হস্তীর মস্তকস্থিত কুম্ভ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গজগজ—কিছু বলিবার বা করিবার জন্য অস্থিরতা; বিরক্তিসূচক বারবার অস্পষ্ট উক্তি; স্থানাভাবে ঠেলাঠেলি। বাংপ্র। বি।

গজগামী (-গামিন্)—যে হস্তীতে আরোহণ করিয়া গমন করে; যে হস্তীর ন্যায় ধীরে ধীরে গমন করে; গজবৎ সুন্দর গতিবিশিষ্ট। উপতৎ; গজ—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী**।

গজগিরি—১। উচ্চ অবরোধ বা বেষ্টনী; কূপাদির চারিপার্শ্বের পাকা গাঁথনি; শানবাঁধানো চাতাল; পত্থের কাজ। বি। ২। শান-বাঁধানো; পাকা। বাংপ্র। বিণ।

গজচক্ষুঃ (-চক্ষুস্)—হাতির চোখ; হাতির মত শরীরের তুলনায় অতি ছোট চোখ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গজদন্ত—১। গণেশ। গজের দন্তের ন্যায় দন্ত যাহার, বহু। ২। হাতির দাঁত; দাঁতের উপরে যে দাঁত ওঠে; উঁচু দাঁত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গজদাঁত—হস্তিদন্ত; দন্তের উপরিস্থ দন্ত; পার্শ্ব-দন্ত। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

গজপতি—গজরাজ; ঐরাবত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গজবীথি—গজশ্রেণী; ঐরাবত অবস্থানের দ্বিতীয়

বীথি অর্থাৎ স্থান (এখানে রোহিণী, মৃগশিরা ও আর্দ্রা—এই তিন নক্ষত্র অবস্থিত)। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গজভুক্তকপিত্থবৎ—গজপোকায় খাওয়া কয়েতবেলের মত অর্থাৎ সেইরূপ অন্তঃসারশূন্য [গজনামে এক-প্রকার পোকা কয়েতবেলের বোঁটার মধ্য বা তাহার কাছ দিয়া উহার মধ্যে প্রবেশ করে এবং উহার ভিতরকার শাঁস খাইয়া ফেলে। বেলটি উপর হইতে ঠিকই দেখা যায়; কিন্তু তাহার ভিতরে কিছুই থাকে না। সাধারণতঃ লোকে ভুল করিয়া গজের অর্থ হাতি বুঝিয়া অন্যরূপ ব্যাখ্যা করিয়া থাকে]। গজকর্তৃক ভুক্ত, ৩য়াতৎ; গজভুক্ত কপিত্থ, কর্মধা; তদুত্তরে বতিচ্ তুল্যার্থে। অ।

গজমুক্তা—হস্তিকুম্ভজাত মুক্তা, হাতির মাথায় যে মুক্তা হয় তাহা (ইহা প্রবাদ)। গজজাতা মুক্তা, মধ্যপ। বি; স্ত্রী।

গজমোতি, -মোতিম—গজমুক্তা। বাংপ্র। বি।

গজর-গজর—গজগজ করিয়া বকা; অন্যের অশ্রাব্য-ভাবে কথা কওয়া, অস্ফুটশব্দে বিরক্তিপ্রকাশ। বাংপ্র। অ।

গজরাজ—শ্রেষ্ঠহস্তী, গজেন্দ্র; ঐরাবত। গজদিগের রাজা, ৬ষ্ঠীতৎ (টচ্ সমাসান্ত)। বি; পুং।

গজরানি—চাপা গর্জন। বাংপ্র। বি।

গজরানো—গর্জন করা। বাংপ্র। ক্রি [, বি]।

গজল—ফারসীসুরের গান বিঃ; একজাতীয় প্রেম-সংগীত। আ। বি।

গজস্কন্ধ—হাতির কাঁধের ন্যায় স্থূল স্কন্ধবিশিষ্ট; স্থূলবপু। বহু। বিণ।

গজহংগামিনী—গজগামিনী। প্রা কপ্র। বিণ; স্ত্রী।

গজা—১। ঘিএ ভাজিয়া চিনির রসে পাককরা ময়দার মিষ্টান্ন বিঃ। বি। ২। গজপরিমিত, দুই হস্তপরিমিত; বাঁকা, টেরচা; টেরা। বাংপ্র। বিণ।

গজাজিন—হস্তিচর্ম; মহাদেবের পরিধেয় গজাসুরের চর্ম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গজানন, গজাস্য—গণেশ। গজের আননের ন্যায় আনন, আস্যের ন্যায় আস্য যাহার, বহু। বি; পুং।

গজানীক—১। চতুরঙ্গিণী সেনার মধ্যে হস্তীতে আরোহণকারী সৈন্য। গজারূঢ় অনীক (সৈন্য), মধ্যপ। ২। হাতির লড়াই। গজের অনীক (যুদ্ধ), ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গজানো—অঙ্কুরিত হওয়া; উৎপন্ন হওয়া, জন্মা; বৃদ্ধি পাওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

গজার—শালমাছ, শোলমাছের মত মাছ। বাংপ্র। বি।

গজারি—সিংহ; বৃক্ষ বিঃ; গজাসুরহন্তা শিব। গজের অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গজারূঢ়, গজারোহী (-হিন্)—হস্তিপৃষ্ঠে উপ-বিষ্ট। গজে আরূঢ়, ৭মীতৎ; উপতৎ; গজ—আ—রুহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ঢ়া, -হিণী।

গজাল—লোহকীলক, বড় পেরেক; গোঁজ; গজার মাছ। ফা-মূ। বি। [বিণ।

গজী—গজপরিমিত, হস্তদ্বয়পরিমিত। বাংপ্র।

গজুয়া—একপ্রকার ছোট আকারের মিষ্টান্ন। বাংপ্র। বি। [তৎ। বি; পুং।

গজেন্দ্র—করিরাজ; ঐরাবত। গজমধ্যে ইন্দ্র, ৭মী-

গজেন্দ্রগমনে—করিরাজের ন্যায় ধীরমন্দ গতিতে। গজেন্দ্রের গমনের ন্যায় গমন যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

গজেন্দ্রগামী (-গামিন্)—করিরাজের ন্যায় মৃদু-মন্দগমনশীল। উপতৎ; গজেন্দ্র—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -গামিণী, -গামিনী।

গঞ্জ—গোয়ালঘর; রত্নাগার; ভাণ্ডারগৃহ; ধনাগার; হাট; শস্যাদি বিক্রয়ের স্থান; রত্নাদির খনি। গন্জ্+ঘঞ্ অধি। বি; পুং। [কাহারও মতে ফা শব্দ।]

গঞ্জন—১। তুচ্ছকারক; অতিক্রমকারী, যে পরাজিত করে এমন ('খঞ্জন গঞ্জন আঁখি')। গন্জ্+অন কর্তৃ। বিণ। ২। লাঞ্ছন, তিরস্করণ। গন্জ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—গঞ্জিত, গঞ্জনীয়।

গঞ্জনা—যাতনা; দুঃখ; লাঞ্ছনা; গ্লানি; ভর্ৎসনা। গন্জ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।

গঞ্জিকা—১। মদিরাগৃহ। গঞ্জা+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী। ২। গাঁজা। 'গাঁজা' শব্দের মার্জিত রূপ। বি।

গঞ্জিকাসেবী (-সেবিন্)—গাঁজাখোর। উপতৎ; গঞ্জিকা—সেব্+ণিন্ কর্তৃ (বাংপ্র)। বি; পুং, বা বিণ। [বাংপ্র। বিণ।

গট—ধীর, স্থির; নিরুদ্বেগ; খাড়া ও নিশ্চল।

গটগট—জুতা পরিয়া চলিবার শব্দ বিঃ। বাংপ্র। অ।

গঠন—নির্মাণ, রচনা। ⁄ঘটন বা গ্রথন। বি। বিণ—গঠিত।

গঠনপ্রণালী, -ভঙ্গী—নির্মাণপদ্ধতি। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি; স্ত্রী।

গঠিত—নির্মিত, রচিত। ⁄ঘটিত। বিণ।

গড়—১। বাধা, আটক; পরিখা; গড়ুই মাছ। গড়্+অচ্ কর্তৃ। বি; পুং। ২। ঢেঁকির মুষল পড়ি-বার গর্ত; দুর্গ, সৈন্যাবাস, কেল্লা; প্রণাম; মাঝা-মাঝি হিসাব, স্থূল গণনা, average; বহু হইতে নির্ণীত একের আনুপাতিক মূল্য বা মান। বাংপ্র। বি। **গড় করা**—ভূমিষ্ঠ হইয়া প্রণাম করা। **গড়ের বাদ্য**—পরিখা-ঘেরা কেল্লাস্থ সৈন্যদলের বাজনা। **গড়ের মাঠ**—শহরের কেল্লা ও বাড়িসমূহের মধ্য-বর্তী মাঠ বা সমতল জমি, esplanade; কলিকাতাস্থিত কেল্লার সংলগ্ন ময়দান; (ব্যঙ্গার্থে) একেবারে শূন্য ('পকেট গড়ের মাঠ')।

গড়ুই—একপ্রকার মাছ, ন্যাটা। বাংপ্র। বি।

গড়খাই, -খাত, -খানা—পরিখা, দুর্গাদির চতুষ্পার্শ্ব-স্থিত জলপূর্ণ খাত। মধ্যপ (বাংপ্র)। বি।

গড়গড়—গাড়ি চলা ইঃর শব্দ; মেঘগর্জনাদির অনু-করণশব্দ; ক্ষিপ্রতাবোধক শব্দ। বাংপ্র। অ। **গড়গড় করিয়া**—অবলীলাক্রমে, অবাধে।

গড়গড়া—তামাক খাইবার আলবোলা বিঃ। গড়গড়+আ করে অর্থে। বাংপ্র। বি।

গড়গাড়ি—বাঙালী উপাধি বিঃ। বাংপ্র। বি।
গড়ন—নির্মাণ। ∠গঠন। বি।
গড়নকাঠ—যে কাঠে টেবিল, চেয়ার, খাট ইঃ তৈরী হয়। বাংপ্র। বি।
গড়নদার—নির্মাতা; যে ধাতু পিটিয়া জিনিস গড়ে। গড়ন+দার কর্তা অর্থে (বাংপ্র)। বি।
গড়নপিটন—আকারপ্রকার; আকার ও নির্মাণপদ্ধতি। বাংপ্র। বি।
গড়পড়তা—গড়, মোটামুটি হিসাব, স্থূলে গণনায় প্রত্যেকের পিছু। বাংপ্র। অ বা ক্রি-বিণ। [বি।
গড়বড়—গণ্ডগোল, বিশৃঙ্খল, উলটাপালটা। বাংপ্র।
গড়া—১। তোশক বালিশ প্রঃর খোল তৈয়ার করিবার জন্য রঙিন মোটা কাপড়; খাদি; গোঁজ, খুঁটা; খুঁটির বেড়া; নির্মাণ; গঠন ('ভাঙা—')। বি। ২। নির্মাণ করা; শিক্ষিত করা ('মানুষ—')। ক্রি। ৩। কল্পিত; কৃত্রিম, সাজানো; গঠিত। গড়্+আ কর্ম (বাংপ্র)। বিণ।
গড়াগড়ি—মাটিতে বা বিছানায় লুটোপুটি খাওয়া; ছড়াছড়ি; অনাদৃত অবস্থায় স্থিতি। বাংপ্র। বি।
গড়ান—ক্রমনিম্নতা, ঢালুভাব। বাংপ্র। বি।
গড়ানে—ক্রমনিম্ন, ঢালু। গড়া+নে প্রবণার্থে। বাংপ্র। বিণ।
গড়ানো—মাটিতে লুটানো; বিছানায় শুইয়া এপাশ ওপাশ করা; (চক্রাদি) ঘুরাইতে ঘুরাইতে চালানো; ঢালা; নির্মাণ করানো; ঢালু জায়গায় হড়কাইয়া নামা; বহিয়া যাওয়া; নিন্দা বা হাস্যকর অবস্থায় আসা; শুইয়া বিশ্রাম করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
গড়া-পেটা—১। পূর্ব হইতে শিখাইয়া ঠিক করিয়া রাখা; গড়নপিটন। বি। ২। পূর্ব হইতে যাহাকে শিখাইয়া রাখা হইয়াছে এমন; প্রস্তুত। বাংপ্র। বিণ। [বি।
গড়িমসি—অযথা সময়ক্ষেপণ, দীর্ঘসূত্রতা। বাংপ্র।
গড়িয়া—ডোবা। বাংপ্র। বি।
গড়ু—১। কুব্জ; গলগণ্ড প্রঃ; গ্রন্থি। বি; পুং। ২। কুব্জ। গড়্+উ কর্তৃ। বিণ।
গড়ে—অলস, গেঁতো। বাংপ্র। বিণ।
গড্ডর, গড্ডল—মেষ, গাড়ল; মেষ। গড্+ডর, ডল কর্তৃ। বি; পুং।
গড্ডরিকা, গড্ডলিকা—এক মেষের অনুবর্তী মেষ-শ্রেণী; অবিচ্ছিন্নগতি; প্রস্রবণ। গড্ডর, গড্ডল+কন্ অনুধাবন করে অর্থে+আপ্। বি; স্ত্রী।
গড্ডলিকাপ্রবাহ—পালের ভেড়ার মত পরস্পরের অনুবর্তন; কোন বিবেচনা না করিয়া সকলের দেখাদেখি প্রচলিত মতের অনুবর্তী হইয়া চলা। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।
গড্ডলিকাপ্রবাহ-ন্যায়—ন্যায় বিঃ [দলের একটি ভেড়া যেরূপ কার্য করে, অন্য ভেড়াগুলিও সেইরূপ করে। এইরূপে একজন অগ্রণী হইয়া কোন কাজ করিলে অন্য সকলেরও প্রকৃত তথ্য না জানিয়া তাহার অনুবর্তন করাকে গড্ডলিকা-প্রবাহ-ন্যায় বলে]। গড্ডলিকার প্রবাহ, ৬ষ্ঠীতৎ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।
গড্ডুক, গন্ডুক—গাড়ু, ঝারি। গড্+ডুক, ডুক সংজ্ঞার্থে। বি; পুং।
গণ—সমূহ, দল; সাধারণ বৈশিষ্ট্যযুক্ত কতকগুলি জাতির সমষ্টি, genus; জনসাধারণ ('—শক্তি'); হস্তী ২৭ রথ ২৭ অশ্ব ৮১ পদাতি ১৩৫—এতৎ-সংখ্যক সৈন্য; স্বপক্ষ; ধাতুসমূহ, ভ্বাদি প্রঃ গণ; শিবের অনুচরগণ, শিবের ভূতগণ; ছন্দঃশাস্ত্রে তিনটি অক্ষরের সমষ্টি [আদি, মধ্য ও শেষে লঘু অক্ষর থাকিলে যথাক্রমে য, র, ত গণ; গুরু থাকিলে ভ, জ, স গণ; তিনটি গুরুতে ম গণ, তিনটি লঘুতে ন গণ]; অশ্বিনী প্রঃ নক্ষত্রে জন্মানুসারে দেব নর রাক্ষস জাতি। গণ+ঘঞ্ কর্মাদিবাচ্যে। বি; পুং।
গণ-আন্দোলন—যে আন্দোলনে সাধারণ লোক যোগ দেয় বা দিয়াছে, mass movement. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
গণক—১। জ্যোতির্বিদ্, দৈবজ্ঞ। বি; পুং। ২। গণনাকারী। গণ+ণক কর্তৃ। বি; পুং, বা বিণ।
গণকার—গণক। উপতৎ; গণ—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং।
গণতন্ত্র—প্রজাগণের মতানুসারে রাজ্য-শাসন, democracy. গণ-নিয়ন্ত্রিত তন্ত্র, মধ্যপ। [পদটি 'শাসন'-পদের বিশেষণ হইলেও শাসনার্থে বিশেষ্য-রূপে প্রযুক্ত হয়।] বি; ক্লী। বিণ, **-তন্ত্রী** (-ন্ত্রিন্), **-তন্ত্রীয়, -তান্ত্রিক**।
গণতি—'গনতি'র পুরাতন বানান।
গণৎকার—'গনৎকার'-এর পুরাতন বানান।
গণদেব—গণেশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গণ-দেবতা—১। আদিত্য ১২ বিশ্ব ১০ বসু ৮ তুষিত ৩৬ আভাস্বর ৬৪ বাত ৪৯ মহারাজিক ২২০ সাধ্য ১২ রুদ্র ১১—এই সকল দেবগণ। গণ-ভূতা দেবতা, মধ্যপ। ২। জনসাধারণ। রূপক কর্মধা। ৩। গণেশ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
গণন, গণনা—সংখ্যাকরণ, সমষ্টিকরণ; গ্রাহ্যকরণ; বার ও তিথি এবং গ্রহনক্ষত্রাদির স্থিতি ও সঞ্চার অনুসারে শুভাশুভ নিরূপণ; উল্লেখ। গণ+অনট্ ভাব, পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
গণনাথ, -নায়ক, -পতি, গণাধিপ—শিব; গণেশ; বহু-জনের কর্তা; অনেক বস্তুর অধিকারী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গণনীয়—সংখ্যেয়, গণনার যোগ্য; গ্রাহ্য; উল্লেখনীয়; সম্মাননীয়। গণ+অনীয় কর্ম। বিণ।
গণপতি—'গণনাথ' দ্রঃ।
গণ-পরিষদ্, -ষৎ—জনসাধারণের নির্বাচিত সভ্যগণ কর্তৃক গঠিত সভা, constituent assembly. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
গণ-ভোট—সর্বসাধারণ কর্তৃক মত প্রদান। ৬ষ্ঠীতৎ (মিশ্র)। বি। [বি; ক্লী।
গণরাজ্য, -রাষ্ট্র—সাধারণতন্ত্র, republic. ৬ষ্ঠীতৎ।

গণশক্তি—সাধারণের ক্ষমতা, জনমণ্ডলীর সামর্থ্য। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
গণা—গনা (তাহা দ্রঃ)।
গণাধিপ—'গণনাথ' দ্রঃ।
গণানো—গনানো (তাহা দ্রঃ)।
গণিকা—বেশ্যা, বারাঙ্গনা। গণ+ইক আছে অর্থে+আপ্। বি; স্ত্রী।
গণিত—১। সংখ্যাত, যাহা গণা হইয়াছে এরূপ। গণ+ক্ত কর্ম। বিণ। ২। পরিমাণ বা অংক শাস্ত্র বিঃ [ইহা দ্বিবিধ—ব্যক্ত বা পাটীগণিত, অব্যক্ত বা বীজগণিত]। গণ+ক্ত করণ। ৩। গণন; গণনাদ্বারা ক্ষেত্রকালাদিনিরূপণ। গণ+ক্ত ভাব। বি; ক্লী।
গণিতজ্ঞ—গণিতশাস্ত্রবেত্তা। উপতৎ; গণিত—জ্ঞা+ক কর্তৃ। বিণ। [স্ত্রী।
গণিতবিজ্ঞান, -বিদ্যা—অংকশাস্ত্র। মধ্যপ। বি; ক্লী,
গণীভূত—যাহা গণের অন্তর্ভুক্ত হইয়াছে এমন; জাতিগত; সম্প্রদায়গত। গণ+চ্বি অভূততদ্ভাবার্থে (= গণী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ।
গণেশ—শিবপার্বতীর জ্যেষ্ঠ পুত্র গজানন, লম্বোদর, গণপতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গণ্ড—১। কপোল, গাল; আব; ফোড়া; চিহ্ন; গ্রন্থি; ঢিপি ('—শৈল'); গজকুম্ভ, হস্তিকপোল; সপ্তবিংশতি যোগের মধ্যে দশম যোগ; বিবাহাদিতে পরিত্যাজ্য অশ্বিন্যাদি নক্ষত্রের অংশ বিঃ। গন্ড্+অচ্ কর্তৃ। বি; পুং। ২। প্রধান, বৃহৎ ('—গ্রাম')। গম্+ড কর্তৃ। বিণ।
গণ্ডক—গণ্ডার; সংখ্যা বিঃ, গণ্ডা; উত্তর বিহারের নদ বিঃ। গণ্ড+কন্ স্বার্থে। বি; পুং।
গণ্ডকী—উত্তর বিহারের নদী বিঃ। গণ্ডক+ঈপ্। বি; স্ত্রী।
গণ্ডকী-শিলা—গণ্ডকী নদীতে উৎপন্ন শালগ্রাম শিলা। গণ্ডকীজাতা শিলা, মধ্যপ। বি; স্ত্রী।
গণ্ডকূপ—হাস্যকালে গালের টোল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গণ্ডগোল—বিবাদ; অতিশয় কোলাহল; বিশৃঙ্খলা। বাংপ্র। বি। [বি; পুং।
গণ্ডগ্রাম—বৃহৎ গ্রাম। গণ্ড (প্রধান) গ্রাম, কর্মধা।
গণ্ডদেশ—গণ্ডস্থল, কপোল। কর্মধা। বি; পুং।
গণ্ডমালা—গলদেশে মণ্ডলাকার ফোড়াসমূহ; শিশুর মাল্য বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
গণ্ডমূর্খ—ঘোর নির্বোধ, নিরেট বোকা। গণ্ড (প্রধান) মূর্খ, কর্মধা। বিণ। [বি; পুং।
গণ্ডযোগ—রাশিচক্রের ২৭ যোগের মধ্যে দশম যোগ।
গণ্ডশৈল—ভূকম্পাদিদ্বারা পর্বত হইতে পতিত বৃহৎ প্রস্তর; বৃহৎ পর্বত। কর্মধা। বি; পুং।
গণ্ডস্থল, -স্থলী—গণ্ডদেশ, সমস্ত গাল। গণ্ড স্থলপ্রায়, স্থলীপ্রায়, উপমিত কর্মধা। বি; ক্লী, স্ত্রী।
গণ্ডা—১। সংখ্যা বিঃ, চারি সংখ্যা; চারি কড়ার সমষ্টি; পাওনা টাকা। ✓গণ্ডক। ২। গণ্ডার। প্রাকৃপ্র। বি। **গণ্ডায় এণ্ডা দেওয়া**—কাহারও কথা গোঁজামিল দিয়া সমর্থন করা। **নিজের গণ্ডা**—স্বার্থ; নিজের প্রাপ্য।
গণ্ডাকিয়া, গণ্ডাকে—ধারাপাতে ১ হইতে ১০০ গণ্ডার সারণী। বাংপ্র। বি।
গণ্ডার—স্বনামপ্রসিদ্ধ বন্যজন্তু বিঃ, গণ্ডক। গণ্ড—ঋ+অণ্ কর্তৃ। বি; পুং। **গণ্ডারের চামড়া—স্থূল** মনোবৃত্তি বা অনুভূতি (শত অপমানেও মনে আঘাত লাগে না এমন)।
গণ্ডি, গণ্ডী—১। বৃক্ষকাণ্ড, গাছের গুঁড়ি। গন্ড্+ই অধি সংজ্ঞার্থে, পক্ষে ঈপ্। বি; পুং, স্ত্রী। ২। সীমারেখা, সীমা; বেষ্টনরেখা, বেষ্টনী। ✓গণ্ড। বি।
গণ্ডু, গণ্ডু—বালিশ; গাঁট। গন্ড্+উ, উ কর্ম, সংজ্ঞার্থে। বি; স্ত্রী।
গণ্ডূষ—হস্ততল, এককোষ; মুখপূর্ণ জল, এক-কোষ জল; ব্রাহ্মণাদি তিন বর্ণের ভোজনের অগ্রে ও শেষে মন্ত্রোচ্চারণপূর্বক হাতের কোষ হইতে জল-পান। গন্ড্+উষন্ করণ, সংজ্ঞার্থে। বি; পুং। **কেঁচে গণ্ডূষ করা**—প্রায় সমাপ্ত কাজ আবার নূতন করিয়া আরম্ভ করা।
গণ্ডেপিণ্ডে, গাণ্ডেপিণ্ডে—আকণ্ঠ, খুব বেশী করিয়া ('— খাওয়া')। বাংপ্র। ক্রি-বিণ।
গণ্ডেরি—আখের টুকরা। হি। বি।
গণ্ডোপল—করকা, শিল। গণ্ডের ন্যায় উপল, মধ্যপ। বি; পুং। [বিণ।
গণ্য—গণনীয়; বিবেচনীয়; মাননীয়। গণ+যৎ কর্ম।
গণ্যমান্য—সম্ভ্রান্ত এবং মাননীয়। যিনি গণ্য তিনিই মান্য, কর্মধা। বিণ।
গৎ—সংগীতের নির্দিষ্ট সুর; বাদ্যের বিভিন্ন বোল; ধারা, গতি; ভাষার শব্দার্থক বাক্যাংশ; idiom. ✓গতি। বি।
গত—১। অতীত, বিগত ('—কাল'); প্রস্থিত; মৃত; পতিত ('অধোগত'); বিনষ্ট ('—চেতন'); অব্যবহিত পূর্ববর্তী ('—বৎসর'); সমাপ্ত, নিহিত অনুব্যাপ্ত ('রন্ধ্র—'); প্রাপ্ত ('হস্ত—')। গম্+ক্ত কর্তৃ। বিণ। ২। গমন। গম্+ক্ত ভাব। বি; ক্লী। [বাংপ্র। বি।
গতকল্য—অতীত দিন, অদ্যকার পূর্বদিন। কর্মধা।
গতক্লম—বিগতশ্রম, অবসাদমুক্ত। বহু। বিণ।
গতচেতন—অচেতন, সংজ্ঞাহীন। গতা চেতনা যাহার, বহু। বিণ।
গতজীবন, -জীব—১। মৃত। বহুব্রী। বিণ। ২। জীবনের যে অংশ অতীত হইয়াছে। কর্মধা। বি; ক্লী, পুং।
গতনিদ্র—বিনিদ্র, নিদ্রাহীন; জাগরিত। বহু। বিণ।
গতপ্রাণ—মৃত। বহু। বিণ।
গতব্যথ—যাহার ব্যথা দূর হইয়াছে এমন, বেদনামুক্ত। গতা ব্যথা যাহার, বহু। বিণ। স্ত্রী, -থা।
গতযৌবন—১। অতীত যৌবন। কর্মধা। বি; ক্লী। ২। প্রবীণ; বার্ধক্যে উপস্থিত। বহু। বিণ। স্ত্রী, -না।

গতর—শরীর; মোটা শরীর; স্বাস্থ্য; শরীরের বল। ∠গাত্র। বি। **গতর খাটানো, নাড়া**—পরিশ্রম করা। **গতর পোষা**—কুড়েমি করা, পরিশ্রম না করা। **গতর লাগা**—মোটাসোটা হওয়া। **গতরের মাথা খাওয়া**—কর্মশক্তি নষ্ট হওয়া; স্বাস্থ্যহীন হওয়া।

গতরখেকো—কুঁড়ে, শক্তি থাকিতেও যে খাটিতে চায় না এমন। বাংপ্র। বিণ; পুং। স্ত্রী, **-খাকী**।

গতশোক—শোকশূন্য। বহু। বিণ।

গতশোচনা-গতানুশোচনা, অতীত বিষয়ের জন্য দুঃখ প্রকাশ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গতসঙ্গ—নিঃসঙ্গ; আসক্তিহীন। বহু। বিণ।

গতস্পৃহ—বীতস্পৃহ, কামনাহীন। গতা স্পৃহা যাহার, বহু। বিণ।

গতাগত—গমনাগমন। দ্বন্দ্ব। বি; ক্লী।

গতাগতি—যাওয়া-আসা। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

গতানো—ইচ্ছার বিরুদ্ধে কাহাকেও কোন জিনিস গ্রহণ করানো, ক্রেতাকে বাজে জিনিস গছাইয়া দেওয়া। বাংপ্র। ক্রি। [, বি, বিণ]।

গতানুগতিক—লোকদৃষ্টান্তের অনুবর্তী, যে স্বয়ং বিবেচনা না করিয়া লোকের দৃষ্টান্ত অনুসারে চলে এরূপ; একঘেয়ে; নূতনত্ববর্জিত। গতানুগতি+কন্ স্বার্থে+অচ্ আছে অর্থে। বিণ।

গতানুগতিক-ন্যায়—ন্যায় বিঃ [প্রতিদিন স্নান করিয়া উঠিবার পর গঙ্গাতীরে রক্ষিত কোশাগুলি গ্রহণের সময় গোলযোগ ঘটায় ব্রাহ্মণদলের মধ্যে একজন একদিন নিজ কোশা চিহ্নিত করিবার জন্য কোশাতে একটি মৃৎপিণ্ড রাখিয়া গঙ্গায় অবতরণ করিলেন। অনন্তর পূর্বোক্ত বৃদ্ধ ব্রাহ্মণ আসিয়া দেখেন, সকল কোশাতেই মৃৎপিণ্ড রহিয়াছে। ইহাতে তিনি হাস্য করিয়া বলিলেন, জনসাধারণ গতানুগতিক অর্থাৎ পরস্পরের কার্যপন্থার অনুবর্তী, তাহারা প্রকৃত তত্ত্ব বুঝিতে চেষ্টা করে না। এইরূপে সকলে এই সংসারে চালিত হইয়া থাকে]। গতের অনুগতিক, ৬ষ্ঠীতৎ; তাহাই ন্যায়, কর্মধা। বি; পুং।

গতানুশোচন, -শোচনা—যাহা গত হইয়াছে তাহার নিমিত্ত অনুতাপ, অতীত বিষয়ের জন্য শোক-প্রকাশ। গতের অনুশোচন, অনুশোচনা, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।

গতায়াত, -য়াতি—গমনাগমন। গত এবং আয়াত, আয়াতি, দ্বন্দ্ব। বি; ক্লী, স্ত্রী।

গতায়ুঃ (গতায়ুস্)—আসন্নমৃত্যু; মৃত। বহু। বিণ।

গতায়ু—∠গতায়ুঃ। বিণ।

গতার্তবা—যে স্ত্রীর ঋতু বন্ধ হইয়াছে এমন; বন্ধ্যা; বৃদ্ধা। গত হইয়াছে আর্তব যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

গতাসু—মৃত। গত অসু যাহার, বহু। বিণ।

গতি—১। গমন, যাত্রা; গমনবেগ ('—হীন'); জীবনযাত্রা; ভাব, অবস্থা; জ্ঞান; সঞ্চার; প্রাপ্তি; নির্বাহ; সৎকার। গম্+ক্তি ভাব। বি; স্ত্রী। ২। পথ; গম্যস্থান; পরিণাম; বশতা; একশত বাইশপ্রকার গতিকর্ম; আশ্রয়। গম্+ক্তি অধি, কর্ম। ৩। উপায় ('—করা'); অবলম্বন, আশ্রয় ('অগতির —'); স্বরূপ; যে প্রকার গুণ থাকাতে পদার্থ একস্থান হইতে স্থানান্তরে যাইতে পারে তাহা; প্রমাণ; ভাগ্য; নাড়ী-ব্রণ। গম্+ক্তি করণ। বি; স্ত্রী। **গতি করা**—সৎকার করা; ব্যবস্থা করা; উদ্ধার করা।

গতিক—দশা, অবস্থা; লক্ষণ ('ভাব —'); উপলক্ষ; প্রয়োজন; উপায়; ব্যবস্থা; কৌশল ('বেগতিক')। গতি+কন্ স্বার্থে। বি; পুং বা ক্লী।

গতিক্রিয়া—দীর্ঘসূত্রতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গতিপথ—গমনের পথ, পরিভ্রমণের রাস্তা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গতিবিজ্ঞান—বিজ্ঞানশাস্ত্রের অংশ বিঃ, যাহাতে গতি-বিষয়ক সমস্ত তত্ত্ব আছে এরূপ শাস্ত্র, dynamics. গতিবিষয়ক বিজ্ঞান, মধ্যপ। বি; ক্লী।

গতিবিদ্যা—গতিবিজ্ঞান, dynamics. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গতিবিধি—১। গমনবিষয়ক নিয়ম। মধ্যপ। বি; পুং। ২। যাতায়াত; ঘন ঘন যাওয়া-আসা; সম্বন্ধ বা সংস্রব রাখা; চালচলন; কার্যকলাপ। বাংপ্র। বি।

গতিভঙ্গ—থামিয়া দাঁড়ানো, থামিয়া যাওয়া। ৬ষ্ঠী-তৎ। বি; পুং। [বি; পুং।

গতিরোধ—যাওয়াতে বাধা; প্রতিবন্ধক। ৬ষ্ঠীতৎ।

গতিশক্তি—গমনাগমনের ক্ষমতা, চলিতে পারা; গমন-সাধিকা শক্তি, kinetic energy. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গতীয়—গতিযুক্ত; গতিসম্পর্কিত, dynamic. গতি+ঈয় সম্বন্ধার্থে। বিণ। [বাংপ্র। বিণ।

গতো—যে অনর্থক সময় নষ্ট করে এরূপ; অলস।

গত্যন্তর—উপায়ান্তর। অন্যা গতি, নিত্য। বি; ক্লী।

গদ—১। রোগ। গদ্+অচ্ কর্তৃ। বি; পুং। ২। কথন। গদ্+ক ঘঞর্থে ভাব। ৩। বিষ। গদ্+ক ঘঞর্থে করণ। বি; পুং। ৪। গৎ। বাংপ্র। ৫। ময়লা; গোলমাল; গুরুভোজনের ভাব। বাংপ্র। বি।

গদগদ—গদ্গদ (তাহা দ্রঃ)। বাংপ্র। বি বা বিণ।

গদড়া—ময়লা; আবর্জনা; ময়লা জলের ধোয়াট। বাংপ্র। বি।

গদা—লৌহাদিনির্মিত মুদ্গর; মুদ্গর; মোটা লাঠি। গদ্+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

গদাই—শ্রীকৃষ্ণ, বিষ্ণু, গদাধর। বাংপ্র। বি।

গদাই-লশকরী—দীর্ঘসূত্রতা; বিলম্বে কার্য করার অভ্যাস, একেবারে ঢিমে, অলসগতি [কথিত আছে গদাই নামে এক লশকর প্রতিকার্যেই মন্থরতা অব-লম্বন করিত। তাহারই নাম হইতে এই শব্দটির উৎপত্তি হইয়াছে]। বাংপ্র। বি।

গদাঘাত—গদাদ্বারা প্রহার। ৩য়াতৎ। বি; পুং।

গদাধর—শ্রীকৃষ্ণ, বিষ্ণু। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [পুং।

গদাপাণি—বিষ্ণু। গদা পাণিতে যাঁহার, বহু। বি;

গদাযুদ্ধ—গদাদ্বারা লড়াই। ৩য়াতৎ। বি; ক্লী।

গদি—মোটা তোশক; সিংহাসন, তক্ত ('মহন্তের

—'); নরম আসন ('চেয়ারের—'); দোকানে দোকানদারের বা মহাজনের বসিবার স্থান; বাণিজ্য-গৃহ, আড়ত। <হি 'গদ্দী'। বি।

গদিত—উক্ত, কথিত। গদ্+ক্ত কর্ম। বিণ।

গদিয়ান—১। গদির অধিকারী, মহাজন; বড় দোকানদার। গদি+আন মালিক অর্থে। বি। ২। গদিতে উপবিষ্ট। হি-মু। বিণ।

গদী (গদিন্)—১। বিষ্ণু। বি; পুং। ২। গদাধারী। গদা+ইন্ আছে অর্থে। ৩। রোগী। গদ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**গদিনী**।

গদ্গদ—১। হর্ষ শোক প্রঃর আতিশয্যবশতঃ কণ্ঠরোধ ঘটিয়া যে অস্পষ্টবাক্য উচ্চারিত হয় তাহা, জড়াইয়া-যাওয়া কথা। গদ্+ক্বিপ্ কর্ম=গৎ; গৎ—গদ্+ক কর্ম। বি; পুং। ২। গদ্গদস্বরবিশিষ্ট, অস্পষ্ট-বাক্। গদ্গদ+অচ্ বিশিষ্টার্থে। বিণ।

গদ্গদকণ্ঠ—অস্পষ্টকণ্ঠস্বরবিশিষ্ট; জড়িতবাক্। বহু। বিণ।

গদ্য—১। যে রচনা কবিতার মত ছন্দোবন্ধে রচিত নয়, prose. বি; ক্লী। ২। কথনীয়। গদ্+যৎ কর্ম। বিণ।

গনগন—আগুন জ্বলার প্রখর ভাব প্রকাশ; অতি ক্রুদ্ধ অবস্থা প্রকাশ। বাংপ্র। অ।

গনগনে—খুব জ্বলন্ত; অতি ক্রুদ্ধ। গনগন+এ (<ইয়া) করে অর্থে (বাংপ্র)। বিণ।

গনংকার—দৈবজ্ঞ, গণক। বাংপ্র। বি।

গনতি—গণনা। বাংপ্র। বি।

গনা—১। গণনা করা; অনুমান করা; গণ্য করা। ক্রি। ২। গণিত। বাংপ্র। বিণ।

গনাগাঁথা—গোনাগাঁথা, যাহা গণনা করিয়া ব্যবস্থিত হইয়াছে এমন। বাংপ্র। বিণ।

গনাগোষ্ঠী—গণ ও গোষ্ঠী, গোষ্ঠীবর্গ। বাংপ্র। বি।

গনানো—গণনা করানো; গোনানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

গন্তব্য—গমনীয়, যেখানে যাইতে হইবে এমন; জ্ঞেয়, অধিগম্য; প্রাপ্য। গম্+তব্য কর্ম। বিণ।

গন্তা (গন্তৃ)—যে যায় বা যাইতেছে বা যাইবে; গমনশীল; প্রাপ্তিশীল। গম্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**গন্ত্রী**।

গন্ধ—১। ঘ্রাণ; বাস, সুগন্ধ; সুগন্ধি দ্রব্য; আমোদ; সম্পর্ক; লেশ; পরিমাণ। গন্ধ্+অচ্ কর্তৃ। বি; পুং। ২। গন্ধবিশিষ্ট। গন্ধ্+অচ্ বিশিষ্টার্থে। বিণ। **গন্ধে গন্ধে**—সূত্র ধরিয়া। **গন্ধে টের পাওয়া**—অনুমানে জানা।

গন্ধক—উপধাতু বিঃ, উৎকট-গন্ধবিশিষ্ট স্বনামপ্রসিদ্ধ পীতবর্ণ খনিজ পদার্থ, sulphur. গন্ধ +কন্ স্বার্থে। বি; পুং।

গন্ধকচূর্ণ—১। বারুদ। গন্ধকপ্রধান চূর্ণ, মধ্যপ। ২। গন্ধকের গুঁড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গন্ধকদ্রাবক, গন্ধকাম্ল—গন্ধকজাত অ্যাসিড বিঃ, sulphuric acid. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গন্ধকাষ্ঠ—অগুরুকাঠ; চন্দনকাঠ। গন্ধযুক্ত কাষ্ঠ, মধ্যপ। বি; ক্লী।

গন্ধগোকুল, -গোকুলা—গাত্রে দুর্গন্ধবিশিষ্ট নকুলের ন্যায় একপ্রকার জীব, খট্টাশ বিঃ, civet cat. <গন্ধনকুল। বি। [ক্লী।

গন্ধজল—সুবাসিত জল। গন্ধযুক্ত জল, মধ্যপ। বি;

গন্ধতণ্ডুল—চাউল বিঃ, বাসমতি 'ধানের' চাউল। গন্ধযুক্ত তণ্ডুল, মধ্যপ। বি; পুং।

গন্ধতুলসী—১। বাবুই তুলসী। মধ্যপ। বি; স্ত্রী। ২। সৌরভযুক্ত ধান্য বা চাল বিঃ। বাংপ্র। বি।

গন্ধতৃণ—একপ্রকার উগ্রগন্ধি ঘাস, বেণাঘাস। গন্ধযুক্ত তৃণ, মধ্যপ। বি; ক্লী।

গন্ধতৈল—সুগন্ধতৈল। গন্ধযুক্ত তৈল, মধ্যপ। বি; ক্লী।

গন্ধদ্রব্য—সুগন্ধ বস্তু; নাগকেশর। গন্ধপ্রধান দ্রব্য, মধ্যপ। বি; ক্লী।

গন্ধনকুল—ছুঁচা। মধ্যপ। বি; পুং।

গন্ধপুষ্প—১। চন্দনমিশ্রিত ফুল। গন্ধ (চন্দন)-মিশ্রিত পুষ্প, মধ্যপ। ২। সুগন্ধি ফুল। গন্ধ-প্রধান পুষ্প, মধ্যপ। ৩। গন্ধ এবং পুষ্প। দ্বন্দ্ব। বি; ক্লী।

গন্ধবণিক (-বণিজ্)—বাঙালী হিন্দু জাতি বিঃ, গন্ধবেনে; গন্ধদ্রব্য ব্যবসায়ী। গন্ধোপজীবী বণিক্, মধ্যপ। বি; পুং।

গন্ধবহ—১। বায়ু। বি; পুং। ২। গন্ধযুক্ত। ৬ষ্ঠীতৎ। বিণ।

গন্ধবাহ—১। বায়ু; কস্তুরীমৃগ। বি; পুং। ২। গন্ধযুক্ত। উপতৎ; গন্ধ—বহ্+অণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাহী**।

গন্ধভদ্রা—গন্ধভাদালিয়া লতা, গাঁধাল। গন্ধ (লেশ) দ্বারা ভদ্র (মঙ্গল) যাহা হইতে, বহু+আপ্। বি; স্ত্রী। [বাংপ্র। বি।

গন্ধভাদাল, -ভাদালিয়া, -ভাদুলী—গাঁধাল লতা।

গন্ধমাদন—স্বনামপ্রসিদ্ধ পৌরাণিক পর্বত; গন্ধক; ভ্রমর; বানর বিঃ। গন্ধ—মদ্+ণিচ্+অন কর্তৃ। বি; পুং বা ক্লী।

গন্ধমালতী—একপ্রকার সুগন্ধি ধান্য; সুগন্ধি মালতী ফুল বা লতা। মধ্যপ। বি; স্ত্রী।

গন্ধমূষিক—ছুঁচা। মধ্যপ। বি; পুং। [পুং।

গন্ধমৃগ—কস্তুরী মৃগ। গন্ধধারী মৃগ, মধ্যপ। বি;

গন্ধরাজ—১। সাদা সুগন্ধ পুষ্প বিঃ, gardenia. বি; ক্লী। ২। চন্দন; কৃষ্ণ গুগ্গুল; গন্ধরাজ পুষ্পবৃক্ষ। গন্ধ—রাজ্+অচ্ কর্তৃ। ৩। প্রধান গন্ধদ্রব্য। গন্ধের রাজা (শ্রেষ্ঠ), ৬ষ্ঠীতৎ (টচ্ সমাসান্ত)। বি; পুং।

গন্ধর্ব—১। স্বর্গের গায়ক, দেবযোনি বিঃ। ২। গায়ক; কোকিল; মৃগ বিঃ। গন্ধে অর্ব (বোধ) যাহাদের, বহু। ৩। দ্বন্দ্বের ঘোটক। গন্ধ—অর্ব্+অণ্ কর্তৃ। বি; পুং। **গন্ধর্ব ছুটানো**—ভীষণভাবে প্রহার করা।

গন্ধর্ববিদ্যা—সংগীতবিদ্যা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গন্ধর্ববিবাহ—অভিভাবক গুরুজনদিগের অগোচরে বা অসম্মতিতে কেবল স্ত্রী ও পুরুষের পরস্পর সম্মতিপূর্বক বিবাহ। গন্ধর্বোচিত বিবাহ, মধ্যপ। বি; পুং।

গন্ধর্ববেদ—সংগীতশাস্ত্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গন্ধর্বলোক—গন্ধর্বদিগের বাসভুবন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গন্ধাজীব—গন্ধবণিক্, যাহারা গন্ধদ্রব্যের ব্যবসা করে। গন্ধ হইয়াছে আজীব যাহার, বহু। বি; পুং।

গন্ধাধিবাস, -বাসন—দুর্গোৎসব বা বিবাহাদি ব্যাপারে চন্দন ও পুষ্পমাল্যাদি গন্ধদ্রব্য দ্বারা পূর্বদিনে অনুষ্ঠিত শুভ কর্ম বিঃ। গন্ধ দ্বারা অধিবাস, অধিবাসন, ৩য়াতৎ। বি; পুং, ক্লী।

গন্ধী (-ন্ধিন্)—১। গন্ধযুক্ত। বিণ। ২। গন্ধবণিক্; গাঁধি পোকা। গন্ধ+ইন্ আছে অর্থে। বি; পুং। [ক্লী।

গন্ধেন্দ্রিয়—নাসিকা। গন্ধগ্রাহক ইন্দ্রিয়, মধ্যপ। বি;

গন্ধেশ্বরী—গন্ধদ্রব্যের অধিষ্ঠাত্রী দেবী, গন্ধবণিক্-দিগের আরাধ্যা দেবী। গন্ধের ঈশ্বরী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গন্নাকাটা—নাককাটা, খোনা; কন্ধকাটা, কবন্ধ; যাহার উপরের ঠোঁট কাটা, harelipped. বহু। বাংপ্র। বি বা বিণ।

গপগপ, গবগব—বড় বড় গ্রাসের শব্দ। বাংপ্র। অ।

গপাগপ—তাড়াতাড়ি খাওয়ার শব্দ। বাংপ্র। অ।

গবচন্দ্র, গবুচন্দ্র—হবুচন্দ্রনামীয় মূর্খ রাজার মূর্খ মন্ত্রী; বোকা লোক। বাংপ্র। বি।

গবয়—গরুজাতীয় বন্যজন্তু বিঃ, গয়াল। গু+অয়চ্ কর্তৃ। বি; পুং।

গবর্নমেন্ট—গভর্নমেন্ট (তাহা দ্রঃ)।

গবর্নর—গভর্নর (তাহা দ্রঃ)।

গবর্নর-জেনারেল—গভর্নর-জেনারেল (তাহা দ্রঃ)।

গবা, গবাকান্ত, -রাম—বোকা, হাঁদা। বাংপ্র। বিণ।

গবাক্ষ—জানালা। গো-র অক্ষি (তৎসদৃশ), ৬ষ্ঠী-তৎ (অচ্ সমাসান্ত) অথবা গো-র (কিরণের) অক্ষ (পথ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গবারাম—'গবা' দ্রঃ।

গবাশ্ব—গরু এবং ঘোড়া। গো এবং অশ্ব, এই উভয়ের সমাহার, সমা দ্বন্দ্ব। বি; ক্লী।

গবী—(সমাসে উত্তরপদে) গাভী; বাণী। গো+টচ্ +ঈপ্। বি; স্ত্রী।

গবুচন্দ্র—'গবচন্দ্র' দ্রঃ।

গবেষণ—কোন বিষয়ের তত্ত্ব-নিরূপণ-নিমিত্ত অন্বেষণ, research; অনুসন্ধান। গবেষ্+অনট্ ভাব। বি; ক্লী।

গবেষণা—গবেষণ, research; অনুসন্ধান। গবেষ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।

গবেষিত—যে বিষয়ে গবেষণা করা হইয়াছে এরূপ, অন্বেষিত। গবেষ্+ক্ত কর্ম। বিণ।

গব্য—১। গো সম্বন্ধীয়; গো হইতে উৎপন্ন ('—ঘৃত')। বিণ। ২। ধনুকের ছিলা; বন্ধন-দ্রব্য; গাভীজাত বস্তু ('পঞ্চ—')। গো+যৎ ভবাদ্যর্থে। বি; ক্লী।

গব্যঘৃত—গাওয়া ঘি। কর্মধা। বি; ক্লী।

গভর্নমেন্ট—রাজ্যশাসন; রাজ্যশাসনপ্রণালী; রাষ্ট্রের শাসকসম্প্রদায়; রাজসরকার। <ইং 'government'. বি।

গভর্নর—শাসনকর্তা, শাসক; লাট, রাজ্যপাল। <ইং 'governor'. বি।

গভর্নর-জেনারেল—সর্বোচ্চ শাসনকর্তা, বড়লাট। <ইং 'governor-general'. বি।

গভস্তি—১। সূর্যচন্দ্রের তেজঃ, সূর্যকিরণ; সূর্য। বি; পুং। ২। অগ্নিপত্নী, স্বাহা। গ—ভস্+ক্তিচ্ কর্তৃ। বি; স্ত্রী।

গভীর—অতি নিম্ন, অতলস্পর্শ; প্রগাঢ়; দুষ্প্রবেশ; যে বা যাহা হর্ষবিষাদাদিকারণে বিচলিত হয় না এরূপ; যাহা বহুদূর পর্যন্ত ব্যাপিয়া আছে এরূপ; নিবিড়, গহন ('—অরণ্য'); অতি উচ্চ ও অধিকক্ষণস্থায়ী ('—ধ্বনি'); দুর্গম ('—তত্ত্ব'); দুর্বার; দুর্জ্ঞেয়; গম্ভীর। গম্+ঈরন্ অধি (ম-স্থানে ভ)। বিণ। **গভীর জলের মাছ**—অত্যন্ত বুদ্ধিমান্ ও চাপা লোক।

গভীরতা, -ত্ব—দূরবগাহত্ব, অগাধতা; নিবিড়তা, প্রগাঢ়তা ইঃ। গভীর+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

গম—১। গমন। গম্+অপ্ ভাব। ২। পথ। গম্+ঘ করণ। বি; পুং। ৩। খাদ্যশস্য বিঃ। <গোধূম। বি। ৪। গুরুভার পতনের আওয়াজ; ভারী জিনিস দিয়া জোরে ঠোকার শব্দ। বাংপ্র। অ।

গমক—১। জ্ঞাপক, বোধক; প্রেরক; গময়িতা। গম্ +ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**গমিকা**। ২। স্বর-কম্পন, যে স্বর মূর্ছনা প্রাপ্ত হয় তাহা। বি; পুং।

গমগম—১। প্রহারাদির অনুকরণশব্দ; ভরপুর হওয়ার ভাবপ্রকাশ। অ। ২। কোলাহলমুখরিত, শব্দময়। বাংপ্র। বিণ।

গমন—১। চলন, গতি; প্রস্থান; সহবাস ('পরদার —')। গম্+অনট্ ভাব। ২। পথ; যাহা দ্বারা গমন করা যায়, রথশকটাদি। গম্+অনট্ করণ। বি; ক্লী। [ক্লী।

গমনাগমন—যাতায়াত, যাওয়া-আসা। দ্বন্দ্ব। বি;

গমনার্হ—যাইবার উপযুক্ত। উপতৎ; গমন—অর্হ্+অচ্ কর্তৃ। বিণ।

গমনীয়—গমনযোগ্য, গম্য। গম্+অনীয় কর্ম। বিণ।

গমনোদ্যত, গমনোন্মুখ—যাইতে উদ্যত, যাইবার জন্য ব্যস্ত। গমনে উদ্যত, উন্মুখ, ৭মীতৎ। বিণ। স্ত্রী, -তা, -খী, -খা।

গমাগম—১। চরাচর, সংসার; গমনাগমন। গম এবং আগম, দ্বন্দ্ব। বি; পুং। ২। প্রহারাদির অনুকরণ-শব্দ, গমগম। বাংপ্র। অ।

গমিত—প্রাপিত; জ্ঞাপিত; অতিবাহিত। গম্+ণিচ্+ত কর্ম। বিণ।
গম্বুজ—'গুম্বজ' দ্রঃ।
গম্ভীর—অচঞ্চল, ধীর ('—মানুষ'); স্থির অথচ জোরালো ('—ধ্বনি'); অল্পভাষী, রাশভারী; নীচু বা খাদের ('—স্বর'); গুরু; গভীর; অগাধ। গম্+ঈরন্ অধি। বিণ।
গম্ভীরতা—গভীরতা; গাম্ভীর্য। গম্ভীর+তা ভাবে। বি; স্ত্রী।
গম্ভীরনাদী (-নাদিন্)—গম্ভীরধ্বনিকারী। উপ-তৎ। গম্ভীর—নদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -নাদিনী।
গম্ভীর-প্রকৃতি, -স্বভাব—১। দুর্জ্ঞেয় স্বভাব; ভারী মেজাজ। কর্মধা। বি; স্ত্রী, পুং। ২। যাহার মেজাজ বোঝা কঠিন এমন; ভারী মেজাজের। বহু। বিণ।
গম্ভীরা—১। গভীরা, অগাধা ইঃ। গম্ভীর+আপ্। বিণ; স্ত্রী। ২। দেবমন্দিরের অভ্যন্তর; গাজনের উৎসব বিঃ। বাংপ্র। বি।
গম্য—গমনীয়, গমনযোগ্য; প্রাপ্য; ঊহ্য; অনুমেয়; সাধ্য; জ্ঞেয়; ভোগ্য; উত্তরণযোগ্য; নিস্তীর্য। গম্+যৎ কর্ম. বিণ।
গম্যমান—যাহা বুঝিয়া লইতে হয় এরূপ, জ্ঞায়মান; ঊহ্য; অনুমেয়। গম্+শানচ্ কর্ম। বিণ।
গম্যা—গমনযোগ্যা ইঃ; সংগমযোগ্যা। গম্+যৎ কর্ম+আপ্। বিণ; স্ত্রী। [বি।
গয়ংগচ্ছ—গড়িমসি, দীর্ঘসূত্রতা; কুড়েমি। বাংপ্র।
গয়না, গহনা—অলংকার। <গ্রহণ। বি।
গয়না-গাঁটি—গহনাপত্র, অলংকারাদি। বাংপ্র। বি।
গয়না-নৌকা—যাত্রিবাহী দ্রুতগামী নৌকা বিঃ। বাংপ্র। বি।
গয়নাপাতি—গহনাপত্র। বাংপ্র। বি।
গয়বী, গৈবী—গুপ্ত, লুক্কায়িত। <আ 'গায়িব'। বিণ। **গয়বী খেলা**—ছক না দেখিয়া দাবা খেলা। **গয়বী চাল**—(শতরঞ্জ খেলায়) না দেখিয়া দূরে হইতে চাল; অবস্থা না বুঝিয়াই ব্যবস্থা দান। **গয়বী চিঠি**—লেখকের নামশূন্য চিঠি।
গয়রহ, গং—অন্যান্য, আর আর ইঃ। <আ 'ৰগই-রহ'। অ। [গয়লানী।
গয়লা—গোপ। <গোয়ালা। বি; পুং। স্ত্রী—
গয়া—গয়াধাম। গৈ+ভয় কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
গয়ার, গয়েরে—কণ্ঠগত শ্লেষ্মা। বাংপ্র। বি।
গয়াল—গরুজাতীয় বন্য পশু বিঃ। বাংপ্র। বি।
গয়ালী—গয়ার পাণ্ডা। অসং। বি।
গয়াসুর—গয়নামক দানব। গয়নামক অসুর, মধ্যপ। বি; পুং।
গয়েশ্বরী—১। গয়ার পীঠশক্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। ২। গয়ার প্রস্তুত ('—থালা')। বাংপ্র। বিণ।
গর—১। বিষ; উপবিষ; রোগ। গৃ+অচ্ কর্তৃ। বি; পুং। ২। (অন্যশব্দের পূর্বস্থিত হইলে) নিষেধার্থক শব্দ ('—রাজী')। <আ 'গয়র'। অ।
গরকবুল—অস্বীকৃতি। আ-মু। বি।
গরকায়েম—অস্থায়ী; অমজবুত। আ-মু। বিণ।
গরগর—১। ব্যাকুল, অস্থির; উল্লসিত। বিণ। ২। গজগজ, অস্পষ্টস্বরে বিরক্তি প্রকাশ; রোগের লক্ষণ প্রকাশ; কড়া স্বাদ বা ডগডগে রং হওয়া ('ডালে লঙ্কা—')। বাংপ্র। অ। [বিণ।
গরগরে—ডগডগে, ঘোর; অভিভূত; উল্লসিত। বাংপ্র।
গরজ—মনোযোগ, যত্ন, আগ্রহ ('—করা') স্বার্থ, দায় ('—পড়া')। আ। বি। **গরজ বড় বালাই**—প্রয়োজনের দাবি মিটাইতেই হইবে।
গরজানি—গর্জন। বাংপ্র। বি।
গরজানো—গর্জন করা। বাংপ্র। ক্রি।
গরজী, গরজে—স্বার্থপর; আগ্রহযুক্ত। আ-মু। বিণ।
গরঠিকানা—ভুল ঠিকানা। আ-মু। বি।
গরদ—১। যে বিষ-খাওয়ায় এমন; ব্যাধিকর। উপ-তৎ; গর—দা+ক কর্তৃ। বিণ। ২। একপ্রকার রেশমী কাপড়। বাংপ্র। বি। ['গর্দ্'। বি বা বিণ।
গরদা, গর্দা—ময়লা, ধুলোবালি; খারাপ। <ফা
গরব—অহংকার; গৌরব। <গর্ব। বি।
গরবনেদী—যাহার বংশগৌরব নাই এমন, অনভিজাত। আ-মু। বিণ।
গরবা—গুজরাটী নৃত্যগীত বিঃ। গুজরাটী। বি।
গরবিত—<গর্বিত। বিণ।
গরবিনী—গর্বিতা; গৌরবযুক্তা; আদৃতা। <গর্বিণী। বিণ; স্ত্রী।
গরবিলি—বিলি না হওয়া; ঠিক লোকের কাছে বিলি না হওয়া। আ। বি।
গরবী—গর্বিত, দেমাকী; অভিমানী ("হরি বড় গরবী গোপীমাঝে বলই"—বিদ্যা)। <গর্বী। বিণ। স্ত্রী—গরবিনী।
গরম—১। উষ্ণ, তপ্ত; যাহাতে শীত দূরে হয় এমন ('—কাপড়'); ক্রুদ্ধ; গর্বিত; উত্তেজক; মহার্ঘ। বিণ। ২। তাপ; ক্রোধ; ঔদ্ধত্য; গ্রীষ্ম ('—কাল'); রোগ; বিকার; মূলাবৃদ্ধি। <সং 'ঘর্ম' বা ফা 'গর্ম্'। বি। **গরম কথা**—ক্রোধোক্তি। **গরম কাপড়**—শীতবস্ত্র। **গরম খবর**—টাটকা খবর; উত্তেজক সংবাদ। **গরম গরম**—গরম থাকিতে থাকিতে; উদ্ধত ও ক্রোধপূর্ণ। **গরম বাজার**—চড়াদামের বাজার। **গরম মেজাজ**—উগ্র প্রকৃতি। **গরমের ছুটি**—বিদ্যালয়াদির গ্রীষ্মের অবকাশ। **টাকার গরম**—ধনগর্ব। **পচা গরম**—যে গ্রীষ্মে অতিশয় ঘাম বাহির হয়, তীব্র গরম। **পেট গরম হওয়া**—হজম না হওয়া। **বাজার গরম**—দ্রব্যমূল্যবৃদ্ধি। **মাথা গরম করা**—ক্রুদ্ধ হওয়া।
গরম-মসলা—এলাচ-লবঙ্গ-দারুচিনি। বাংপ্র। বি।
গরমানো—গরম হওয়া; ক্রুদ্ধ হওয়া; গর্বিত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
গরমি—১। গ্রীষ্ম; গরম; উদ্ধতভাব; ক্রোধ।

<গরম। ২। উপদংশরোগ, syphilis. ফা। বি।

গরমিল—অনৈক্য, অমিল, হিসাব না মেলা। <আ 'গয়রমিল'। বি।

গররা—উচ্চরব, হররা। বাংপ্র। বি।

গররাজী—অস্বীকৃত, অনিচ্ছুক। আ। বিণ।

গরল—বিষ; সর্পাদির বিষ; ঘা বিঃ; ঘাসের মূল; পরিমাণ বিঃ। গৄ+অলচ্ কর্তৃ। বি; ক্লী।

গরহাজির—অনুপস্থিত। আ। বিণ।

গরাদে—লোহা কাঠ ইঃর সিক; সরু খুঁটি। <পো 'grade'. বি।

গরান—একধরনের গাছ ও তাহার কাঠ, mangrove. বাংপ্র। বি।

গরাস—কবল। <গ্রাস। বি। [বিণ।

গরিব, গরীব—নির্ধন; নিরুপায়; নিরাশ্রয়। আ।

গরিবখানা, গরীবখানা—দীনের কুটীর; দরিদ্রনিবাস। আ-ফা। বি।

গরিবানা, গরীবানা—১। দৈন্য, দারিদ্র্য। বি। ২। দীনদুঃখীর ন্যায়। আ-মূ। বিণ। [বিণ।

গরিবী—গরীবের মত। গরীব+ঈ যোগ্যার্থে। আ-মূ।

গরিমা (গরিমন্)—১। গৌরব, মাহাত্ম্য; ভার; গুরুত্ব। গুরু+ইমন্ ভাবে। বি; পুং। ২। অহংকার, গর্ব। বাংপ্র। বি।

গরিলা—বৃহদাকার বানর বিঃ, gorilla ; গুপ্তযোদ্ধা, guerilla. অসং। বি।

গরিষ্ঠ—অতিশয় মর্যাদাসম্পন্ন; গুরুতম; সর্বোচ্চ, সর্বপ্রধান; অর্থবান্; অতি মহৎ; অতি গৌরবান্বিত; পূজ্যতম। গুরু+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ।

গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক—গ-সা-গু, যে গরিষ্ঠ সংখ্যা দ্বারা ভাগ করিলে কয়েকটি রাশি মিলিয়া যায়।

গরীব—'গরিব' দ্রঃ।

গরীবানা—'গরিবানা' দ্রঃ।

গরীয়সী—অপেক্ষাকৃত গুরু; অতি মাননীয়া, গৌরবান্বিতা, অতি মহতী। গুরু+ঈয়সু অতিশয়ার্থে+ঈপ্। বিণ; স্ত্রী। পুং—**গরীয়ান্** (-য়স্)।

গরু—১। গো, গোজাতি, বলদ। বি। ২। (বিদ্রূপার্থে) মূর্খ। <গোরূপ। বিণ।

গরুজে—গরজী, অত্যন্ত স্বার্থপর। গরজ+এ (<ইয়া) আছে অর্থে। আ-মূ। বিণ।

গরুড়—পক্ষিরাজ; সৈন্যনিবেশনরূপ ব্যূহ বিঃ; গরুড়সদৃশ বলবান্ ব্যক্তি ("পড়েছিল যথা হিড়িম্বার স্নেহনীড়ে পালিত গরুড় ঘটোৎকচ।"—মাইকেল)। গরুৎ—ডী+ড কর্তৃ (ত-এর লোপ)। বি; পুং। [বি; পুং।

গরুৎ—পক্ষ, পাখা; পালক। গৄ বা গৄ+উৎ কর্তৃ।

গরুত্মতী—১। পক্ষবিশিষ্টা; পাল-খাটানো ('—তরী')। বিণ; স্ত্রী। ২। পক্ষিণী। গরুত্মৎ+ঈপ্। বি; স্ত্রী।

গরুত্মান্ (গরুত্মৎ)—১। পক্ষবিশিষ্ট; পাল খাটানো (নৌকাদি)। বিণ; স্ত্রী। ২। পক্ষিণী। গরুত্মৎ+ঈপ্। বি; স্ত্রী।

গর্গর—গাগরী; দধিমন্থনপাত্র; গাগরমাছ; তরুণ শিশু; ঘূর্ণিজল, জলাবর্ত, whirlpool. উপতৎ; গর্গ—রা+ক কর্তৃ। বি; পুং।

গর্গরী—ঘট, কলস; দধিমন্থনপাত্র। গর্গর+ঈপ্ স্বার্থে। বি; স্ত্রী।

গর্জন—নাদ, উচ্চ শব্দ; মেঘের ডাক; সিংহব্যাঘ্রাদির ডাক। গর্জ্+অনট্ ভাব। বি; ক্লী।

গর্জনতৈল—ঘামতেল (ইহাতে বার্নিশ হয়); বৃক্ষ বিঃর তরল নির্যাস। বাংপ্র। বি।

গর্জমান—যে গর্জন করিতেছে এরূপ। গর্জ্+চানশ্ কর্তৃ। বিণ। [ক্লী।

গর্জর—গাজর। উপতৎ; গর্জ্—রা+ক কর্তৃ। বি;

গর্জানো—গর্জন করা। বাংপ্র। ক্রি [, বি]।

গর্জিত—১। যে গর্জন করিয়াছে এরূপ, শব্দিত। গর্জ্+ক্ত কর্তৃ। বিণ। ২। গর্জন। গর্জ্+ক্ত ভাব। বি; ক্লী।

গর্ত—রন্ধ্র, ছিদ্র; চারি ক্রোশের ন্যূন বিস্তৃত গহ্বর; স্ত্রীনিতম্বের কূপাকার অংশ। গৄ+তন্ কর্তৃ। বি; পুং। [পুং। স্ত্রী, -র্তী।

গর্দভ—গাধা; গন্ধ বিঃ। গর্দ্+অভচ্ কর্তৃ। বি;

গর্দা—ধূলা, ক্লেদ, খারাপ। ফা। বি বা বিণ।

গর্দান—মস্তক; ঘাড়। <ফা 'গর্দন'। বি। **গর্দান লওয়া**—মাথা কাটা।

গর্দানি—গলাধাক্কা, ঘাড়ধাক্কা। ফা-মূ। বি।

গর্ব—অহংকার। গর্ব্+ঘঞ্ ভাব। বি; পুং।

গর্বিত—অহংকৃত, উদ্ধত। গর্ব+ইতচ্ যুক্তার্থে। বিণ।

গর্বী (গর্বিন্)—অহংকারী। গর্ব+ইন্ আছে অর্থে বিণ। স্ত্রী—**গর্বিণী**।

গর্বোজ্জ্বল—অহংকারদীপ্ত; অভিমানপূর্ণ। গর্ব দ্বারা উজ্জ্বল। ৩য়াতৎ। বিণ।

গর্বোদ্ধত—অত্যন্ত অহংকৃত। গর্ব দ্বারা উদ্ধত, ৩য়াতৎ। বিণ।

গর্ভ—১। ভ্রূণ; শিশু; অগ্নি। গৄ+ভন্ কর্তৃ বা কর্ম। ২। পেট; অভ্যন্তর; নদীগর্ভ। গৄ+ভন্ অধি। ৩। পনসকণ্টক; অন্ন; পুত্র; (নাট্যে) সন্ধি বিঃ। গৄ+ভন্ কর্ম। বি; পুং।

গর্ভকেশর—পুষ্পের কেশরের মধ্যে যে সূত্রগাছি সর্বাপেক্ষা স্থূল তাহা, pistil. গর্ভস্থ কেশর, মধ্যপ। বি; পুং বা ক্লী।

গর্ভকোষ—গর্ভাশয়; পুষ্পের বীজকোষ, ovary. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গর্ভগৃহ—সূতিকাঘর ("সাগর-ভবন বিকিয়ে গেল মহত্ত্বেরই 'গর্ভগৃহ'"—কুমুদ)। মধ্যপ। বি; ক্লী।

গর্ভঘাতিনী—গর্ভনাশিকা। উপতৎ; গর্ভ—হন্+ণিন্ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী।

গর্ভচ্যুত—গর্ভ হইতে পতিত। ৫মীতৎ। বিণ।

গর্ভজ—গর্ভজাত। উপতৎ; গর্ভ—জন্+ড কর্তৃ। বিণ।

গর্ভতন্তু—গর্ভকেশরের উপরিস্থিত সূত্রাকার সূক্ষ্ম অংশ। গর্ভাচ্ছাদক তন্তু, মধ্যপ। বি; পুং।

গর্ভদণ্ড—গর্ভকেশরের মধ্যস্থল, style. ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।

গর্ভদাস—আজন্ম দাস, চিরসেবক; ক্রীতদাসীর পুত্র। গর্ভাবধিক দাস, মধ্যপ। বি; পুং।

গর্ভদোহদ—সাধ, গর্ভিণীর অভিলষিত রুচিকর বস্তু। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গর্ভধারণ—গর্ভে সন্তানধারণ; অন্তঃসত্ত্বা হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গর্ভধারিণী—মাতা। উপতৎ; গর্ভ—ধৃ+ণিন্ কর্তৃ+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।

গর্ভনাড়ী—সদ্যোগর্ভনির্গত শিশুর নাভিসংলগ্ন নাড়ী। মধ্যপ। বি; স্ত্রী।

গর্ভনিঃসৃত—গর্ভচ্যুত, গর্ভ হইতে বহির্গত। ৫মীতৎ। বিণ।

গর্ভপত্র—গর্ভকেশরের অংশ বিঃ, carpal. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি; পুং।

গর্ভপাত—গর্ভ নষ্ট হওয়া, গর্ভস্রাব। ৬ষ্ঠীতৎ।

গর্ভপাতন—ঔষধাদি প্রয়োগ দ্বারা গর্ভপাতসম্পাদন, ভ্রূণহত্যা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গর্ভবতী—গর্ভিণী, অন্তঃসত্ত্বা। গর্ভ+মতুপ্+ঈপ্। বিণ; স্ত্রী।

গর্ভবাস—১। কুক্ষিরূপ স্থান। কর্মধা। ২। গর্ভে অবস্থিতি। ৭মীতৎ। বি; পুং।

গর্ভমাস—গর্ভারম্ভ মাস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গর্ভমুণ্ড—গর্ভকেশরের চূড়া, stigma. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গর্ভমোচন—প্রসব। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গর্ভযন্ত্রণা—গর্ভধারণজনিত ক্লেশ; প্রসববাতনা; গর্ভে অবস্থানকালীন জীবের কষ্ট; অসহ্য বেদনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গর্ভলক্ষণ—গর্ভসূচক চিহ্ন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গর্ভসংক্রমণ—দেহান্তরপ্রাপ্তির জন্য জীবের গর্ভপ্রবেশ। ৭মীতৎ। বি; ক্লী। [বি; পুং।

গর্ভসঞ্চার—গর্ভ হওয়া, গর্ভোৎপত্তি। ৬ষ্ঠীতৎ।

গর্ভসময়—ঋতুস্নানের পর গর্ভাধানযোগ্য কাল; গর্ভধারণের সময়, প্রায় দশ মাস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গর্ভস্থ—জঠরস্থিত, যে গর্ভে আছে এমন; মধ্যস্থিত। উপতৎ; গর্ভ—স্থা+ক কর্তৃ; বিণ।

গর্ভস্রাব—১। গর্ভপাত; রোগাদি কারণে অথবা ঔষধাদি প্রয়োগ হেতু গর্ভ নষ্ট হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। নিতান্ত অকর্মণ্য ব্যক্তি (গালি বিঃ)। বাংপ্র। বি।

গর্ভাগার—১। বাসগৃহ; অন্তর্গৃহ; সূতিকাগৃহ। গর্ভের ন্যায় আগার, মধ্যপ। ২। গর্ভস্থান, কুক্ষি। কর্মধা। বি; ক্লী।

গর্ভাঙ্ক—নাটকের অঙ্কের অন্তর্গত ক্ষুদ্র অঙ্ক, দৃশ্য। গর্ভগত অঙ্ক, মধ্যপ। বি; পুং।

গর্ভাধান—সংস্কার বিঃ, নিষেক ক্রিয়া, স্ত্রীলোকের দ্বিতীয় বিবাহ; সন্তানোৎপাদন; বীজাদির সফলতা সম্পাদন, fertilization. গর্ভের আধান (স্থাপন, উৎপাদন), ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গর্ভাশয়—জরায়ু, ovary. গর্ভের (ভ্রূণের) আশয় (শয়নীয় স্থান), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গর্ভিণী—অন্তঃসত্ত্বা। গর্ভ (ভ্রূণ)+ইন্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

গর্ভিত—অন্তর্গত; গর্ভযুক্ত; পূরিত। গর্ভ+ইতচ্ যুক্তার্থে। বিণ।

গর্ভিত-বাক্য—মিশ্র বাক্য; যে বাক্যের অধীনে এক বা একাধিক মিশ্র বাক্য থাকে। কর্মধা। বি; ক্লী।

গর্হণ, গর্হণা—নিন্দা, তিরস্কার। গর্হ্+অনট্, অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

গর্হা—নিন্দা; তিরস্কার। গর্হ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

গর্হিত—অতীব নিন্দিত; নিষিদ্ধ; কুৎসিত, জঘন্য। গর্হ্+ক্ত কর্ম। বিণ।

গর্হ্য—দূষণীয়, নিন্দনীয়। গর্হ্+ণ্যৎ কর্ম। বিণ।

গল—১। কণ্ঠ, গলা। গল্+অচ্ করণ। ২। ধূনা; গালা; বাদ্য বিঃ; গড়ুই মাছ। গল্+অচ্ কর্তৃ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

গলকম্বল—গরুর গললম্বিত মাংস, সাস্না, dewlap.

গলঘেঁসিয়া, -ঘেঁস্যে—দ্রোণ-পুষ্প, মেঠো সাদা ফুল বিঃ। বাংপ্র। বি।

গলগণ্ড—১। গলদেশস্থ মাংসপিণ্ড, গরগণ্ডা, goitre. ৬ষ্ঠীতৎ। ২। হাড়গিলা পাখি। গলে গণ্ড যাহার, বহু। বি; পুং।

গলগল—পাত্র হইতে দ্রুত তরল পদার্থ ঢালিয়া পড়ার অর্থবোধক শব্দ; তাড়াতাড়ি বকবক করার অর্থবোধক শব্দ। বাংপ্র। অ।

গলগ্রন্থি—গলার বীচি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গলগ্রহ—অকারণে যে লেঠা ও দায় ঘটে; অকারণে ও অনিচ্ছাপূর্বক যাহার ভার লইতে হয়; যাহার কোন গুণ ও ক্ষমতা নাই কেবল বসিয়া বসিয়া অন্যের অন্ন ধ্বংস করে, গলার বোঝা; মৎস্যকণ্টক; অসমাপ্ত কর্ম; কৃষ্ণপক্ষের চতুর্থী সপ্তমী অষ্টমী নবমী এবং ত্রয়োদশী প্রঃ দিনচতুষ্টয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গলঘণ্টা—হস্তী এবং বৃষ প্রঃর গলে আবদ্ধ ঘণ্টা।

গলৎ, গলদ্—যাহা গলিয়া পড়িতেছে এমন। গল্+শতৃ কর্তৃ। বিণ; ক্লী।

গলতি—১। দোষ, ত্রুটি। <আ 'গলৎ'। ২। কমতি; গরমিল। বাংপ্র। বি।

গলৎকুষ্ঠ—যাহা হইতে পুঁজ ও রুধিরস্রাব হয় এমন কুষ্ঠ। কর্মধা। বি; ক্লী।

গলদ—দোষ; শৈথিল্য; অপ্রাহীনতা; ন্যূনতা, অল্পতা; ভ্রান্তি। <আ 'গলৎ'। বি।

গলদশ্রু—যাহার চক্ষু হইতে অশ্রু নির্গত হইতেছে এরূপ; যাহা হইতে অশ্রু নির্গত হইতেছে এমন ('—লোচন')। গলৎ অশ্রু যাহার বা যাহা হইতে, বহু। বিণ।

গলদা—একপ্রকার মোটা বড় চিংড়ি। বাংপ্র। বি।
গলদেশ—কণ্ঠদেশ, গলা। কর্মধা। বি; পুং।
গলদ্ঘর্ম—১। শ্রমহেতু যাহার সর্বাঙ্গ হইতে বা যে শরীর হইতে ঘাম ঝরিতেছে এমন। বিণ। ২। অত্যধিক শ্রম বা ক্লান্তি। গলদ্ ঘর্ম যাহার বা যাহা হইতে, বহু। বি; স্ত্রী।
গলদ্ঘর্ম-কলেবর—যাহার শরীর হইতে প্রচুর ঘাম ঝরিয়া পড়িতেছে এমন। গলদ্ঘর্ম কলেবর যাহার, বহু। বিণ। ক্রি-বিণ, -কলেবরে।
গলন—গলিয়া যাওয়া; গলিয়া পড়া; নির্গত হওয়া; স্রাব। গল্+অনট্ ভাব। বি; ক্লী।
গলনাঙ্ক—যাহাতে কোন বস্তু গলিয়া যায় সেই তাপমান, melting point. ৬ষ্ঠীতৎ। বি।
গলনালী—কণ্ঠনালী, gullet. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
গলবস্ত্র—অনুরোধ বা বিনয়প্রকাশ করিবার জন্য যে গলায় কাপড় জড়াইয়াছে এমন। গলে বস্ত্র যাহার, বহু। বিণ।
গলবিল—শ্বাসনালী ও খাদ্যনালীর মিলনস্থান, pharynx. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [পুং।
গলরজ্জু—গলার দড়ি; গলবন্ধনী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গলরন্ধ্র—গলার ছিদ্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
গললগ্নীকৃত—কণ্ঠসংলগ্ন, যাহা গলায় দেওয়া হইয়াছে এরূপ। ৭মীতৎ। বিণ।
গললগ্নীকৃতবাস—যে আপন গলায় কাপড় বেষ্টন করিয়া দিয়াছে এরূপ, গলবেষ্টিতবস্ত্র। গললগ্নীকৃত বাস যৎকর্তৃক, বহু (ব্যাকরণ মতে, -বাসাঃ)। বিণ। [স্ত্রী।
গলস্তনী—ছাগী, অজা। গলে স্তন যাহার, বহু। বি;
গলহস্ত—অর্ধচন্দ্র, গলাধাক্কা; তর্জনী ও অঙ্গুষ্ঠ-বিস্তার। ৭মীতৎ। বি; পুং।
গলা—১। গলদেশ, কণ্ঠ। <গল। বি। ২। ক্ষরিত; রন্ধ্রাদির মধ্য দিয়া প্রবিষ্ট; পচা; অতিসিদ্ধ; দ্রবীভূত। গল্+আ কর্তৃ (বাংপ্র)। বিণ। ৩। ক্ষরিত হওয়া; চুয়াইয়া পড়া; দ্রবীভূত হওয়া; তরল হওয়া; কাটিয়া যাওয়া; প্রসন্ন বা অনুকূল হওয়া; ফাঁক দিয়া বাহিরে বা ভিতরে যাওয়া; নরম হইয়া যাওয়া, অতিশয় সিদ্ধ হওয়া। <গল্-ধাতু। ক্রি। **গলা কাটা**—গুরুতররূপে ঠকানো। **গলা খুসখুস করা**—অল্প অল্প কাশির ফলে গলার মধ্যে একপ্রকার অনুভূতি হওয়া। **গলা ঘড় ঘড় করা**—সর্দি-কাশির জন্য গলা হইতে নিশ্বাসপ্রশ্বাসের বাধাজনক শব্দ বাহির হওয়া। **গলা চাপা**—কণ্ঠস্বর নিম্ন করা। **গলা ছাড়া**—কণ্ঠস্বর উচ্চ করা। **গলা ধরা**—ওল, কচু প্রঃ খাওয়ার জন্য গলা চুলকানো; কণ্ঠস্বর বিকৃত হওয়া। **গলা বসা, গলা ভাঙ্গা**—কণ্ঠস্বর বিকৃত হওয়া, গলার আওয়াজ খারাপ হওয়া। **গলায় করা**—দায়িত্ব লওয়া। **গলায় গলায়**—আকণ্ঠ ('—খাওয়া'); অত্যধিক ('—খাতির'); অতি ঘনিষ্ঠ ('দুজনে একেবারে—')। **গলায় দড়ি**—ধিক্কারসূচক উক্তি; উদ্বন্ধন। **গলায় পড়া**—কাহারও ভারস্বরূপ হওয়া। **গলায় পা দেওয়া**—একান্ত জবরদস্তি করা, জোর করা। **গলা সাধা**—গানের সুর সাধা।
গলাকাটা—১। কবন্ধ। বহু। ২। যে গলা কাটে এরূপ; প্রবঞ্চক; অত্যধিক ('—দর')। গলা কাটে যে, উপতৎ (বাংপ্র)। বিণ।
গলা-গলা—গলা পর্যন্ত, কণ্ঠ পর্যন্ত, আকণ্ঠ; প্রায় পরিপূর্ণ; গলিতপ্রায়, অতিসিদ্ধ হইয়া প্রায় গলিয়া গিয়াছে এরূপ; অত্যন্ত নরম। বাংপ্র। বিণ।
গলাগলি—১। পরস্পরের গলা ধরিয়া। ব্যতীহার বহু। ক্রি-বিণ। ২। পরস্পরের গলা ধরা। বি। ৩। অতি ঘনিষ্ঠ, অতি প্রগাঢ় ('—ভাব')। বাংপ্র। বিণ।
গলাধঃকরণ—পান অথবা ভোজন; গিলিয়া ফেলা। গলের অধঃ, ৬ষ্ঠীতৎ; গলাধঃ—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।
গলাধাক্কা—অর্ধচন্দ্র, ঘাড় ধরিয়া ধাক্কা দেওয়া, অপমান করিয়া তাড়াইয়া দেওয়া। ৭মীতৎ। বাংপ্র। বি।
গলানো—ক্ষরিত করা, চোয়ানো; দ্রবীভূত করা, তরল করা; রন্ধ্রাদির মধ্য দিয়া প্রবেশ করানো; পচানো; নরম করা; ফাটানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
গলাবন্দ, -বন্ধ—গলদেশে জড়াইবার নিমিত্ত পশমী কাপড়, comforter ; necktie. <ফা 'গুলুবন্দ'। বি।
গলাবন্ধ—কণ্ঠস্বরের বদ্ধতা। ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি।
গলাবাজি—উচ্চৈঃস্বরে বক্তৃতা দেওয়া; চিৎকার। গলাবাজ+ই কর্মার্থে। বাংপ্র। বি।
গলাভাঙ্গা—ভগ্নস্বর, বিকৃতস্বর। বাংপ্র। বি।
গলাসি—গবাদির গলবন্ধনরজ্জু। <গলরসি। বি।
গলি—অল্পপরিসর পথ, সরু রাস্তা; ফাঁক; ত্রুটি। হি। বি।
গলিঘুঁজি—অন্ধিসন্ধি, ছোট রাস্তা এবং তাহার বাঁকচোর; ফাঁক; ত্রুটি। বাংপ্র। বি।
গলিজ—অপরিষ্কার, নোংরা; পচা। আ। বিণ।
গলিত—ক্ষরিত; দ্রবীভূত; পতিত; স্খলিত; জীর্ণ, শীর্ণ; নষ্ট; লুপ্ত; শিথিল; যাহা হইতে রস ঝরিতেছে এমন ('—কুষ্ঠ')। গল্+ক্ত কর্তৃ। বিণ।
গলিতকুষ্ঠ—গলৎকুষ্ঠ, যে কুষ্ঠ হইতে সর্বদা পুঁজ রক্ত ঝরে। কর্মধা। বি; ক্লী।
গলুই—নৌকার সম্মুখ বা পিছনের সরু অংশ; দুই আঙ্গুলের ফাঁক। বাংপ্র। বি।
গল্প—উপন্যাস, উপকথা; কথোপকথন; আলাপ। <ভাষণার্থ 'জল্প'-ধাতু। বি।
গল্পগুজব, -সল্প—অপ্রয়োজনীয় কথোপকথন, বাজে কথাবার্তা। বাংপ্র। বি। [বিণ।
গল্পবাজ—গল্প করাই যাহার স্বভাব। বাংপ্র। বি বা
গল্পে—গল্পপ্রিয়; গল্পরচনাপটু। গল্প+এ (<ইয়া) আসক্ত বা পটু অর্থে। বাংপ্র। বিণ।
গল্ল—গণ্ড, গাল। গল্+ল কর্তৃ, সংজ্ঞার্থে। বি; পুং।

গজগজ—কোপের লক্ষণ প্রকাশ। বাংপ্র। অ।

গ-সা-গু—গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক (তাহা দ্রঃ), highest common factor (H. C. F.). বি।

গস্ত—পর্যটন; ব্যবসায়ের জন্য মাল খরিদ করা। <ফা 'গশ্‌ৎ'। বি। [স্ত্রী।

গস্তানী—বেশ্যা; স্বৈরিণী। <ফা 'গশ্‌ৎ'। বি;

গস্তিদার—জিনিসপত্র সুবিধাদরে কিনিবার জন্য যে ঘুরিয়া বেড়ায়। ফা। বি।

গহন—১। দুর্গম, দুষ্প্রবেশ; দুরূহ; দুর্বোধ। গাহ্‌ +অন (যুচ্‌) কর্তৃ। বিণ। ২। অরণ্য, বন। গাহ্‌ +অন কর্ম। ৩। যাতনা, দুঃখ; গহনা। গাহ্‌+ অনট্‌ অধি (নিপা)। বি; স্ত্রী। ৪। দুর্জ্ঞেয় পর-মেশ্বর। গাহ্‌+অন কর্ম। বি; পুং।

গহনা—'গয়না' দ্রঃ। **গহনার নৌকা**—'গয়না-নৌকা' (তাহা দ্রঃ)।

গহিন, গহীন—গহন, দুষ্প্রবেশ। <গভীর। বিণ।

গহ্বর—১। গর্ত; গিরিগুহা; বন; রোদন; দম্ভ; বিষমস্থান; বহুবিধ অনর্থ, অনেক রকম সংকট। বি; স্ত্রী। ২। নিকুঞ্জ, লতাগৃহ। গাহ্‌+ষ্বরচ্‌ অধি (নিপা)। বি; পুং।

গা—১। দেহ; বস্তুর পৃষ্ঠ; যত্ন; গরজ। <গাত্র। বি। ২। গ্রাম্য সম্বোধন (হ্যাঁগা)। অ। ৩। গান কর্‌। বাংপ্র। ক্রি। ৪। সুরসপ্তকের তৃতীয় সুর। <গান্ধার। বি। **গা এলিয়ে দেওয়া**—উদ্যোগী না হওয়া, গরজ না করা। **গা করা**—মন দেওয়া, উদ্যোগী হওয়া। **গা কস কস করা**—নিষ্ফল আক্রোশে জ্বলিয়া মরা। **গা কাঁপা**—ভয় বোধ করা। **গা কেমন করা**—অসুস্থ বোধ করা; গা বমি বমি করা। **গা খসা**—মৃতপুত্র প্রসব হওয়া, গর্ভস্রাব হওয়া। **গা ঘামানো**—উৎসাহী হওয়া; অতি পরিশ্রম করা। **গা জুড়ানো**—তৃপ্তি বোধ করা, স্বস্তিবোধ করা। **গা জ্বালা করা**—রাগে অস্থির হওয়া; অস্বস্তি বোধ করা। **গা ঝাড়া দেওয়া**—উঠিবার উপক্রম করা; উদ্যম প্রকাশ করা। **গা ঝিম-ঝিম করা**—অবসাদ বোধ করা। **গা টলা**—টাল খাইয়া পড়িয়া যাওয়ার মত হওয়া। **গা ঢাকা দেওয়া**—লুকাইয়া থাকা। **গা ঢালা**—হাত-পা মেলিয়া শয়ন করা; চেষ্টা ছাড়িয়া দেওয়া। **গা তোলা**—উত্থিত হওয়া। **গা দেওয়া**—মন করা। **গা নাড়া**—পরিশ্রম করা। **গা পাতা**—সহ্য করা। **গা ফুলানো**—গর্বিত বোধ করা। **গায়ে কাঁটা দেওয়া**—ভয়ে শরীরে রোমাঞ্চ হওয়া। **গায়ে ফুঁ দিয়া**—বিনা দায়িত্বে, স্বচ্ছন্দে। **গায়ে মাখা**—গ্রাহ্য করা; মনোযোগ দেওয়া। **গায়ের চামড়া তোলা**—অতিশয় প্রহার করা। **গায়ের ঝাল ঝাড়া**—তিরস্কার প্রহার ইত্যাদি দ্বারা মনের রাগ মিটানো। **গায়ে লাগা**—মন হওয়া, গুরুত্ববোধ হওয়া। **গায়ে লাগা**—মোটা হওয়া। **গায়ে হলুদ**—'গাত্রহরিদ্রা' দ্রঃ। **গায়ে হাত তোলা**—প্রহার করা। **গা লাগানো**—মন দেওয়া, উদ্যোগী হওয়া।

গাই—১। গরু। <গাভী। বি। ২। গান করি। বাংপ্র। ক্রি। [যা বিণ।

গাইয়ে—গায়ক; সুগায়ক। গা+ইয়ে কর্তৃ। বাংপ্র। বি

গাউন—ঢিলা লম্বা চোগা; বিশ্ববিদ্যালয়ের উপাধি-প্রাপ্ত ব্যক্তিদিগের বিশিষ্ট বহির্বাস; মেয়েদের জামা। <ইং 'gown' বি। [বাংপ্র বি।

গাওনা—গান, আসরে গান; অনুযোগ আবদার।

গাওয়া—১। গান করা; কীর্তন করা; প্রচার করা। ক্রি। ২। গব্য ('—ঘি') গাই+ওয়া জাতার্থে। বাংপ্র। বিণ।

গাওয়ানো—গান করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

গাং, গাঙ—নদী; বড় নদী; ভাগীরথী; সুদীর্ঘ খাল। <গঙ্গা। বি।

গাংচিল—সামুদ্রিক পক্ষী বিঃ, sea-gull. গাং-বিহারী চিল, মধ্যপ (বাংপ্র)। বি।

গাংদাঁড়া—বকঠুটো মাছ। বাংপ্র। বি।

গাংশালিক—জলের ধারে বাসকারী শালিকজাতীয় পাখি বিঃ। গাং-বাসী শালিক, মধ্যপ (বাংপ্র)। বি।

গাঁ—১। অল্পলোকের বসতিস্থান, পল্লী। <গ্রাম। বি। ২। গরুর উচ্চ শব্দ। বাংপ্র। অ।

গাঁই, গাঞী—রাঢ়ী ব্রাহ্মণদিগের পূর্ব বাসগ্রাম অনু-সারে কৃত শ্রেণী বিঃ। <গ্রামীণ। বি।

গাঁই-গুঁই—অসম্মতিজ্ঞাপক অস্পষ্ট উক্তি। বাংপ্র। বি।

গাঁইট—গিরা; মোট, বস্তা। <গ্রন্থি। বি।

গাঁইতি—একপ্রকার দুমুখো সুক্ষ্মাগ্র লৌহযন্ত্র। হি-মু। বি। [বাংপ্র। অ।

গাঁ-গাঁ, গাঁক-গাঁক—অনুকার-শব্দ, ষাঁড় প্রভৃর ডাক।

গাঁজ—জলজ উদ্ভিদ্‌ বিঃ; গুড় প্রঃ পচিয়া যে ফেনা উঠে তাহা; খমির, yeast. বাংপ্র। বি।

গাঁজন—মাতিয়া উঠা; দ্রবদ্রব্যের বিকৃতিকরণ; পচিয়া ফেনযুক্ত হওয়া, fermentation. <গর্জন। বি।

গাঁজলা—ফেনা; উপরি ভাসমান গাদ; ময়লা। গাঁজ+লা যুক্তার্থে (বাংপ্র)। বি।

গাঁজা—১। সিদ্ধি গাছের মঞ্জরী বা জটা, গঞ্জিকা। <হি 'গাঁজা'। বি। ২। মাতিয়া ওঠা, পচিয়া ফেনাইয়া ওঠা, ferment. বাংপ্র। ক্রি [, বি]।

গাঁজাখুরী—বাজে, মিথ্যা ('—কথা'); অসম্ভব ('—গল্প')। গাঁজাখোর+ঈ যোগ্যার্থে (হি-মু)। বিণ।

গাঁজাখোর—গাঁজার নেশার বশীভূত, গেঁজেল। গাঁজা +খোর আসক্তার্থে (হি-মু)। বিণ।

গাঁজানো—পচাইয়া ফেনযুক্ত করা, মাতানো, fer-ment. বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

গাঁট—শক্ত করিয়া বাঁধা বস্তা; মোট; গেরো-বাঁধা জিনিস; গিরা, knot; ট্যাঁক, সন্ধির স্থান। <গ্রন্থি। বি। **গাঁটের পয়সা**—হাতের অর্থ।

গাঁটকাটা—জুয়াচোর; যে অলক্ষিতভাবে পথিক-গণের অর্থ অপহরণ করে এমন, ছিঁচকে চোর, পকেটমার। গাঁট কাটে যে, উপপদ (বাংপ্র)। বি বা বিণ।

গাঁটকাটা—অর্থকর। বাংপ্র। বি।
গাঁটছড়া—বিবাহে বরের উত্তরীয়ের সহিত কন্যার অঞ্চলপ্রান্ত বন্ধন। বাংপ্র। বি।
গাঁটরি—পুঁটুলি, বস্তা। <গ্রন্থি। বি।
গাঁট্টা—বন্ধমুষ্টি; মুষ্টিবন্ধ আঙ্গুলের আঘাত ('—মারা')। বাংপ্র। বি।
গাঁড—আত্মসাৎকরণ, চুরি; সুবিধা, সুযোগ। <গ্রন্থি। বি।
গাঁতি—১। রাস্তা প্রঃ খুঁড়িবার একপ্রকার দুমুখো সূক্ষ্মাগ্র লৌহ-যন্ত্র; শক্ত মাটি; <হি 'গাঁইং'। ২। বড় জোত জমা; ছোট তালুক। <গ্রন্থন। ৩। আড্ডিল, ভাণ্ডার। <গ্রন্থি। বি।
গাঁতিদার—ছোট তালুকদার; বড় জোতদার। বাংপ্র। বি।
গাঁথন—গঠন, রচন; বিরচন। <গ্রন্থন। বি।
গাঁথনি, গাঁথুনি—গ্রন্থন, গাঁথা; গাঁথার রীতি, ইট পাথর প্রঃ বসাইবার পদ্ধতি। গাঁথ্+অনি, উনি ভাব, করণ (বাংপ্র)। বি।
গাঁথা—১। গ্রথিত, রচিত। গাঁথ্+আ কর্ম। বিণ। ২। রচনা করা, নির্মাণ করা। ক্রি। ৩। রচনা, নির্মাণ। গাঁথ্+আ ভাব। বাংপ্র। বি।
গাঁদা—সাধারণতঃ হলদে রঙের সুপরিচিত ফুল। পো। বি।
গাঁদাল, গাঁধাল—উৎকট গন্ধবিশিষ্ট একপ্রকার লতা, গন্ধভাদালিয়া লতা। <গন্ধভদ্রা বা গন্ধালী। বি।
গাঁদি—ঝাঁক, দল; ভিড়; গান্ধিপোকা। <গন্ধ। বি।
গাঁধি—গন্ধী বা গান্ধী; গাঁদি, দল; গান্ধিপোকা। বাংপ্র। বি।
গাগরা, গাগরি, গাগরী—ক্ষুদ্র কলসী, ঘট। <গর্গরী। বি।
গাঙ—'গাং' দ্রঃ।
গাঙ্গ—১। ভীষ্ম; কার্তিকের; ইলিশমাছ। বি; পুং। ২। গঙ্গা সম্বন্ধীয়; গঙ্গাজাত। গঙ্গা+অণ্ সম্বন্ধার্থে, ভবার্থে। বিণ। স্ত্রী—গাঙ্গী।
গাঙ্গিনী—গঙ্গার শাখানদী বিঃ ["পশ্চিমে আপনি গঙ্গা পূর্বেতে গাঙ্গিনী।"—ভারত]। প্রা কপ্র। বি; স্ত্রী।
গাঙ্গুলি, গাঙ্গুলী—গঙ্গোপাধ্যায়। বাংপ্র। বি।
গাঙ্গেয়—১। ভীষ্ম; কার্তিকের। গঙ্গা+এয় অপত্যার্থে। বি; পুং। ২। গঙ্গাসম্বন্ধীয়। গঙ্গা+এয় সম্বন্ধীয়ার্থে। বিণ। স্ত্রী, -য়ী।
গাছ—১। বৃক্ষ; উদ্ভিদ্; ঘানিগাছ; গাছা ('এক—দড়ি')। <প্রাকৃত 'গচ্ছ'। বি। ২। বৃহৎ, লম্বা ('—প্রদীপ')। বাংপ্র। বিণ। **গাছে চড়ানো**—অযথা প্রশংসা করা; খুব আশা বা উৎসাহ দেওয়া।
গাছ-গাছড়া—গাছপালা প্রঃ; ভৈষজ্য উদ্ভিদাদি। গাছ ও গাছড়া (ছোট গাছ), দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
গাছগাছালি—গাছগাছড়া। বাংপ্র। বি।
গাছপাকা—যাহা গাছেই পাকিয়াছে এমন ('—আম')। ৭মীতৎ (বাংপ্র)। বিণ।
গাছপাগল—একেবারে উন্মাদ। বাংপ্র। বি।
গাছপাথর—বৃক্ষ ও প্রস্তর (দীর্ঘস্থায়িত্বের প্রতীক)। বাংপ্র। বি। **বয়সের গাছপাথর নাই**—অত্যন্ত বৃদ্ধ।
গাছপান—বড় গাছে লতাইয়া ওঠে এই রকমের পান বিঃ। বাংপ্র। বি।
গাছপালা—বৃক্ষাদি; নানারকমের গাছ ও লতা। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
গাছপ্রদীপ—গাছের আকারে সাজানো দীপাবলী; বৃক্ষ প্রদীপ। বাংপ্র। বিণ।
গাছা—গাছ; (সংখ্যাবোধক) টা, টি প্রঃ ('লাঠি-গাছা'); দীপরক্ষক, পিলসুজ। গাছ+আ সদৃশার্থে (বাংপ্র)। বি।
গাজন—শিবের উৎসব; মনসা ইঃর উৎসব। <গর্জন। বি।
গাজর—গৃঞ্জন, কন্দ বিঃ। <গর্জর। বি।
গাজী—বীর, যোদ্ধা। আ। বি।
গা-জুরি, গা-জোরি—জবরদস্তি; জবরদস্তিযুক্ত। গায়ের জোর, ৬ষ্ঠীতৎ+ই জাতার্থে, যুক্তার্থে (বাংপ্র)। বি বা বিণ।
গাঞ্জী—'গাঁই' দ্রঃ।
গাড়ল—১। মেষ, ভেড়া। <গড্ডল। বি। ২। (ব্যঙ্গার্থে) নির্বোধ; যে পরের বুদ্ধিতে চলে এমন। <গাড়োয়াল। বিণ।
গাড়া—১। গর্ত করা; ডুবিয়া যাওয়া; ডুবাইয়া দেওয়া: প্রোথিত করা ('শিকড়—'); স্থাপন করা ('আড্ডা—'); জুড়িয়া বসা; নিংড়ানো। <গাহ্ ধাতু। ক্রি [, বি]। ২। ডোবা, গর্ত। <গহ্বর। বি। ৩। প্রোথিত; গাড়। গাড়্+আ কর্ম (বাংপ্র)। বিণ।
গাড়ি, গাড়ী—শকট, রথ; চক্রযুক্ত যান। <'গন্ত্রী'। বি। **গাড়ি করা**—গাড়ি কেনা; গাড়ি ভাড়া করা। **গাড়ি ডাকা**—গাড়ি ভাড়া করিয়া আনা।
গাড়িবারান্দা—যাহার নীচে গাড়ি দাঁড়ায় দোতলার এমন বারান্দা। গাড়ি দাঁড়াইবার বারান্দা, মধ্যপ (বাংপ্র)। বি।
গাড়ু—ভৃঙ্গার, ঝারি; চোঙযুক্ত জলপাত্র বিঃ। <গড্ডুক। বি।
গাড়োয়ান—শকটচালক, যে গাড়ি চালায়। বাংপ্র। বি।
গাঢ়—১। অতিশয়, অতিরিক্ত; দৃঢ়; নিবিড়; নিমগ্ন; ঘন, যাহা তরল নয় এমন। গাহ্+ক্ত কর্তৃ। ২। সেবিত; অবগাঢ়। গাহ্+ক্ত কর্ম। বিণ।
গাণনিক—হিসাব রক্ষা বিভাগের উর্ধ্বতন কর্মচারী, accountant. গণনা+ইক জাতার্থে। বি; পুং।
গাণপত্য—১। গণেশ সম্বন্ধীয়। গণপতি+ষ্যক্ সম্বন্ধার্থে। বিণ। ২। গণেশের উপাসক সম্প্রদায় বিঃ। গণপতি+ণ্য উপাস্য ইহার এই অর্থে। বি।
গাণিতিক—গণিতশাস্ত্রজ্ঞ; গণিত সংক্রান্ত। গণিত+ইক জ্ঞাতার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।
গাণ্ডিব, গাণ্ডীব—অর্জুনের ধনুক; ধনুক। গাণ্ডি+ব আছে অর্থে (বিকল্পে পূর্বপদ দীর্ঘ)। বি; পুং বা ক্লী।

গাণ্ডিবী, গাণ্ডীবী (-বিন্)—গাণ্ডীবধারী অর্জুন; ধনুকধারী; অর্জুনবৃক্ষ। গাণ্ডীব+ইন্ আছে অর্থে। বি; পুং।
গাণ্ডীবধন্বা (-ন্বন্)—অর্জুন। গাণ্ডীব ধনুঃ যাহার, বহু (সমাসান্ত অনঙ্ প্রত্যয়)। বি; পুং।
গাণ্ডেপিণ্ডে—আকণ্ঠ পুরিয়া। বাংপ্র। ক্রি-বিণ।
গাতা (গাতৃ)—গায়ক। গৈ+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—গাত্রী।
গাত্র—শরীর; কোনও জিনিসের উপরিভাগ। গা+ত্রন্ কর্তৃ। বি; ক্লী।
গাত্রজ্বালা, গাত্রদাহ—গা-জ্বালা; অত্যন্ত বিরক্তি বা অস্বস্তি; ঈর্ষা। ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী।
গাত্রমার্জনী—গামছা; যাহা দিয়া গা ঘষা-মাজা হয়, বুরুশ ('অশ্বের —')। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
গাত্রশূল—শরীরবেদনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
গাত্রহরিদ্রা—বিবাহের পূর্বে অনুষ্ঠেয় শরীরে হরিদ্রা-লেপনরূপ অনুষ্ঠান বিঃ, গায়ে হলুদ। গাত্রে হরিদ্রা দেওয়া হয় যে অনুষ্ঠানে, বহু (বাংপ্র)। বি; স্ত্রী।
গাত্রানুলেপনী—অনুলেপনবর্তিকা, অঙ্গরাগ মাখাইবার তুলি। গাত্রের অনুলেপনী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
গাত্রাবরণ—বর্ম, সাঁজোয়া; চাদর। গাত্রের আবরণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
গাত্রোত্থান—গা-তোলা, উঠিয়া দাঁড়ানো। গাত্রের উত্থান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
গাথক—গায়ক; গান গাহিয়া জীবিকানির্বাহ করে এরূপ। গৈ+থকন্ কর্তৃ। বিণ। স্ত্রী—গাথিকা।
গাথা—১। শ্লোক, কবিতা, পদ্য; আর্যাছন্দঃ; গীতি; গীতিকাব্য, ballad; ছন্দোবন্ধ রচনা; সংস্কৃত ভিন্ন অন্য ভাষাতে রচিত পদ্য। গৈ+থন্ কর্ম+আপ্। ২। বর্ণন। গৈ+থন্ ভাব+আপ্। বি; স্ত্রী।
গাদ—তরল পদার্থের ময়লা যাহা থিতাইয়া পড়ে বা ভাসিয়া ওঠে; মল, কাইট। ‹কর্দ। বি।
গাদন—পোতা; পূর্ণকরণ; ভরা; বেশী খাওয়া; প্রহার। গাদ্+অন ভাব। বাংপ্র। বি।
গাদা—১। রাশি; স্তূপ; মাছের পিঠের অংশ; ভিড়; গাদন। বি। ২। ঠাসা, ঠাসিয়া ভরা; পূর্ণ করা। ক্রি। ৩। যাহা ঠাসিয়া ভরিতে হয় এমন। বাংপ্র। বিণ।
গাদাগাদা—প্রচুর, রাশিরাশি। বাংপ্র। বিণ।
গাদাগাদি—ঠাসাঠাসি, ফাঁকশূন্য, ঘেঁষাঘেঁষি, ভিড়-যুক্ত। বাংপ্র। বিণ।
গাদাবন্দুক—এক প্রকারের বন্দুক। কর্মধা (বাংপ্র)। বি।
গাদি—রাশি, স্তূপ, ভিড়। বাংপ্র। বি।
গাধ—১। তলস্পর্শযোগ্য, অগভীর। গাধ্+ঘঞ্ কর্ম। বিণ। ২। লোভ, লিপ্সা। গাধ্+ঘঞ্ ভাব। ৩। স্থান, আধার। গাধ্+ঘঞ্ অধি। বি; পুং।
গাধা—১। রাসভ, খর। বি। ২। নির্বোধ। ‹গর্দভ। বিণ। **গাধা পিটে ঘোড়া করা**—বোকা ছেলেকে মারিয়া বা বকিয়া চতুর ও বিদ্বান্ করা।
গাধার খাটুনি—গাধাখাটুনি।
গাধাখাটুনি—লাভের বা পারিশ্রমিকের তুলনায় অতিরিক্ত খাটুনি। বাংপ্র। বি।
গাধাপিটান—অত্যধিক প্রহার। বাংপ্র। বি।
গাধাবোট—মন্দগতি ভারবাহী নৌকা। গাধা-সদৃশ বোট, মধ্যপ (বাংপ্র)। বি।
গাধামি—বোকামি। গাধা+মি ভাবে (বাংপ্র)। বি।
গাধেয়—বিশ্বামিত্র ঋষি। গাধি+এয় অপত্যার্থে। বি; পুং।
গান—যাহা গাওয়া যায়, গীতি; সুমধুর ধ্বনি; সামবেদের ধ্বনি। গৈ+অনট্ কর্ম, ভাব। বি; ক্লী।
গানের দল—পেশাদারী গায়কের দল।
গান্ধর্ব—১। গন্ধর্বসম্বন্ধীয়; গন্ধর্বপ্রধানুযায়ী ('—বিবাহ')। বিণ। স্ত্রী, -র্বী। ২। অশ্ব; গন্ধর্ববেদ; বিবাহ বিঃ; মনুসংহিতা; ভারতীয় উপদ্বীপ বিঃ। গন্ধর্ব+অণ্ সম্বন্ধার্থে। বি; পুং। ৩। গান। গন্ধর্ব+অণ্ নিষ্পন্নার্থে। বি; ক্লী।
গান্ধর্ববিদ্যা—সংগীতবিদ্যা। কর্মধা। বি; স্ত্রী।
গান্ধার—১। সিন্দূর; স্বর বিঃ, সংগীতের 'গা' সুর। গন্ধ—ধৃ+অণ্ কর্তৃ=গন্ধার; গন্ধার+অণ্ স্বার্থে। বি; পুং। ২। গান্ধারদেশস্থ। গান্ধার +অণ্ ভবার্থে। বিণ। স্ত্রী, -রী। ৩। গান্ধার-দেশের রাজা। গান্ধার+অণ্ অধিপতি অর্থে। ৪। গান্ধার রাজপুত্র। গান্ধার+অণ্ অপত্যার্থে। বি; পুং।
গান্ধারী—ধৃতরাষ্ট্রমহিষী। গান্ধার+অণ্ অপত্যার্থে ঈপ্। বি; স্ত্রী।
গাপ—১। অদৃশ্য, লুক্কায়িত; অপহৃত; আত্মসাৎ। বিণ। ২। গোপন; আত্মসাৎকরণ। ‹আ 'গায়িব'। বি।
গাফিল—অমনোযোগী, অসাবধান। আ। বিণ।
গাফিলতি, গাফিলি—অসাবধানতা; হেলা; আলস্য। আ-ম্। বি।
গাব—১। গাবগাছ; গাবফল; গাবফলের রস; কষায়-রস; কষায়রসসহযোগে প্রস্তুত রং; ধাতুদ্রব্যের কলঙ্ক; মৃদঙ্গাদিবাদ্যযন্ত্রের ধ্বনি গম্ভীর করিবার নিমিত্ত উপরি-প্রদত্ত প্রলেপ বিঃ। ‹গালব। ২। অন্তঃসত্ত্বাবস্থা; গর্ভস্থ জীব। ‹গর্ভ। বি।
গাবগুবাগুব—আনন্দলহরী-নামক বাদ্যযন্ত্র, একতারা। বাংপ্র। বি।
গাবড়া—অকালে স্খলিত গর্ভ; গর্ভপাতকারিণী গাভী; সদ্যঃপ্রসূতা গাভীর দুধ। ‹গর্ভ। বি।
গাবদা—বেমানানভাবে স্থূল বাংপ্র। বিণ।
গাবভেরেণ্ডা—রেড়িগাছ, এরণ্ড। বাংপ্র। বি।
গাবর—১। নৌকার মাঝিমাল্লা; নির্বোধ ব্যক্তি; অসভ্য লোক। বি। ২। অসভ্য; নির্বোধ। বাংপ্র। বিণ।

গাবা—গাভা (তাহা দ্রঃ)।
গাবানো—অনর্থক আলোচনা করা; পাঁকে জলে আলোড়িত করা; রঙে চোবানো বস্ত্রাদি রং করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
গাবী—গাভী, ধেনু। <সংস্কৃত তৎপুরুষ সমাসের অন্তস্থিত 'গবী'। বি; স্ত্রী।
গাভা—গাবিয়া যাওয়া, ব্যাপ্ত হওয়া; কলঙ্কযুক্ত হওয়া ('বাসন—'); পাঁকে জলে আলোড়িত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
গাভিন—গর্ভবতী। <গর্ভিণী। বিণ।
গাভী—'গবী' দ্রঃ।
গাভুর—যুবক, জোয়ান। প্রা কপ্র। বি বা বিণ।
গাভুরালি—যৌবন। প্রা কপ্র। বি।
গামছা—গাত্রমার্জনী। বাংপ্র। বি।
গাময়—সমস্ত দেহ ভরিয়া। গা+ময় ব্যাপ্ত্যর্থে। বাংপ্র। ক্রি-বিণ।
গামলা—মাটি প্রঃর তৈয়ারী বড় পাত্র বিঃ; ডাবা। <পো 'gamella'. বি।
গামার—গোঁয়ার; গেঁয়ো। প্রা কপ্র। বিণ।
গামারি—গাম্ভারি গাছ; একরকম গড়ন কাঠের গাছ। বাংপ্র। বি।
গামী (-গামিন্)—যে গমন করিবে এরূপ; গমনশীল (অন্য শব্দের পরে প্রযুক্ত হইয়া থাকে; যথা—পথগামী)। গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**গামিনী**।
গাম্ভারী—পরাশ্বত ও ধানশ্রী যোগে উৎপন্ন রাগিণী বিঃ। বি; স্ত্রী।
গাম্ভীর্য—গম্ভীরতা, অল্প কারণে ব্যাকুল বা অস্থির না হওয়া; প্রগাঢ়তা; অবিকারিত্ব; অচাপল্য। গম্ভীর+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
গায়ক—যে গান করে এমন; সংগীত-ব্যবসায়ী। গৈ +ণক কর্তৃ। বি বা বিণ। স্ত্রী—**গায়িকা**।
গায়ত্রী—ত্রিপাদ মন্ত্র বিঃ; বেদমাতা; ষড়ক্ষর ছন্দ; বৈদিক ছন্দ বিঃ। গায়ৎ—ত্রৈ+ক কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
গায়ন—গায়ক; গানোপজীবী, সংগীত-ব্যবসায়ী; পুরাণগায়ক। গৈ+অনট্ কর্তৃ। বি বা বিণ। স্ত্রী, **-নী**। [স্ত্রী।
গায়িকা—গানকারিণী। গায়ক+ঈপ্। বি বা বিণ;
গায়েন—গায়ক ('মূল—'); গীতব্যবসায়ী। <গায়ন। বি বা বিণ।
গায়ে-পড়া—অনাহূতভাবে কৃত ('—ঝগড়া'); অযাচিত, সেধো। অলুক্ ৭মীতৎ (বাংপ্র)। বিণ।
'গায়েব'। বিণ। ['guard'. বি।
গায়েব, গায়েবী—অদৃশ্য; গুপ্ত; নামশূন্য। <আ
গারদ—কারাগার, কয়েদখানা; পাহারাদার। <ইং
গারুড়—১। বিষশাস্ত্র; বিষমন্ত্র; স্বর্ণ; মরকতমণি; ব্যূহ বিঃ; গরুড়পুরাণ; অস্ত্র বিঃ। গরুড়+অণ্ দেবতা ইহার বা তৎকর্তৃক প্রোক্ত ইঃ অর্থে। বি। ২। গরুড়সম্বন্ধীয়। গরুড়+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-ড়ী**।
গারুড়িক—বিষবৈদ্য। গারুড়+ইক জানে অর্থে। বি; পুং।
গার্জেন—অপ্রাপ্তবয়স্ক বালক-বালিকা বা স্ত্রীলোকের অভিভাবক। <ইং 'guardian'. বি।
গার্টার—মোজা বাঁধিবার রবারের ফিতা প্রঃ। <ইং 'garter'. বি।
গার্ড—রক্ষী; রেলগাড়ির তত্ত্বাবধায়ক বিঃ। <ইং 'guard'. বি। **গার্ড দেওয়া**—পাহারা দেওয়া।
গার্হপত্য—১। সাগ্নিক, গৃহীর যজ্ঞাগ্নি। বি; পুং। ২। গৃহপতিসংক্রান্ত। গৃহপতি+ণ্য বা যক্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-পত্যী**।
গার্হস্থ, গার্হস্থ্য—১। দ্বিতীয় আশ্রম, গৃহস্থ আশ্রম; গৃহস্থধর্ম। বি; ক্লী। ২। গৃহস্থসম্বন্ধীয়; গৃহীর কর্তব্য। গৃহস্থ+অণ্, ষ্যঞ্ ভাবে, কর্ম-অর্থে। বিণ। স্ত্রী, **-স্থী**।
গাল—১। কপোল, গণ্ড। <গল্ল। ২। কটূক্তি; অভিশাপ। <গালি। ৩। গ্রাস, কবল। বি। ৪। কল্পিত, মিথ্যা ('—গল্প')। বাংপ্র। বিণ। **গাল পাড়া**—গালি দেওয়া। **গালে চড়**—ধৃষ্টতার উপযুক্ত দণ্ড। **গালে চুনকালি দেওয়া**—অপমান-সূচক চিহ্নে চিহ্নিত করা; অপমান করা। **গালে হাত দেওয়া**—চিন্তিত বা বিস্মিত হওয়া।
গালগল্প—বাজে গল্প; খোশ গল্প; নিষ্ফল বাক্যালাপ। কর্মধা (বাংপ্র)। বি।
গালচে—গালিচা (তাহা দ্রঃ)।
গালন—গলানো, ছাঁকা; ক্ষরণ করানো। ণিজন্ত গল্ (=গালি)+অনট্ ভাব। বি; ক্লী।
গালপাট্টা—যে দাড়ি কেবল দুই গালের উপর রাখা হয় তাহা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
গালবাদ্য—বম্ বম্ শব্দে মুখের বাদন। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
গালভরা—যাহাতে মুখগহ্বর পূর্ণ হয় এমন; আড়ম্বরপূর্ণ, বড় বড়। উপতৎ (বাংপ্র)। বিণ।
গালমন্দ, গালাগালি—কটূবাক্য বলা, গালি। বাংপ্র। বি।
গালা—১। লাক্ষা, লা, lac. বি। ২। তরল পদার্থ বাহির করা; ফুঁড়িয়া রস বাহির করা; ছাঁকা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
গালানো—গলিত করা, তরল করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
গালামোহর—গলানো গালার উপর সীল (মুদ্রক) বসানো। বাংপ্র। বি।
গালি—অভিসম্পাত, শাপ; আক্রোশ; কটূবাক্য। গল্+ণিচ্+ইন্ ভাব। বি; পুং।
গালিগালাজ, -মন্দ—গালাগালি, দুর্বাক্য। গালি ও গালাজ, মন্দ (সহচর শব্দ), দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
গালিচা—কার্পেট, পশম ইঃর নরম আস্তরণ বিঃ। <তু 'গলীচহ্'। বি।
গালিত—গালানো, দ্রবীকৃত; নিষ্কাশিত; নিংড়ানো; পরিস্রুত। গল্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

গাসহা—যাহা গায়ে সহ্য হয় এমন; অভ্যস্ত। ৭মী-তৎ। বাংপ্র। বিণ।

গাহ—১। ভবন, ঘর। < গৃহ। বি। ২। গান কর। কপ্র। ক্রি। [< গ্রাহক। বি।

গাহক—১। গায়ক। প্রা কপ্র। ২। গ্রাহক; ক্রেতা।

গাহন—বিলোড়ন; মজ্জন; স্নান। গাহ্+অনট্ ভাব। বি; ক্লী। [ক্রি।

গাহা—গান করা; (নৌকাদি) মেরামত করা। বাংপ্র।

গাহিত—বিলোড়িত; যাহাকে জলে নামানো বা স্নান করানো হইয়াছে এমন। গাহ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

গিঁট, গিঁটে, গিঁঠ—গাঁট, গেরো। < গ্রন্থি। বি।

গিজগিজ—স্থানাভাবে ঠেলাঠেলি; পরিপূর্ণতার ভাব। বাংপ্র। অ।

গিটকিরি—ভিন্ন ভিন্ন সুরের পর পর দ্রুত উচ্চারণ; তান বা অংশ। বাংপ্র। বি।

গিদ্ধড়, গিধড়—অর্থলোভী; অত্যন্ত মোটা; স্বেচ্ছাচারী; দুর্দম; শকুন। < গৃধ্র। বি বা বিণ।

গিনি—বিলাতী স্বর্ণমুদ্রা, ২১ শিলিং মূল্যের স্বর্ণমুদ্রা। < ইং 'guinea'. বি।

গিনিসোনা—গিনিতে যে প্রকার সোনা আছে তাহা (সোনা ২২ ভাগ, তামা ২ ভাগ)। ৬ষ্ঠীতৎ (মিশ্র)। বি।

গিন্নমো, গিন্নামো—গৃহিণীপনা; ছেলেমেয়ে ইঃর পাকামো। বাংপ্র। বি।

গিন্নী—ভার্যা; গৃহকর্ত্রী। < গৃহিণী। বি।

গিন্নীপনা—গৃহিণীর মত ব্যবহার; গৃহিণীর কার্য; পাকামি। গিন্নী+পনা কার্যার্থে (বাংপ্র)। বি।

গিন্নীবান্নী—বয়স্কা অভিজ্ঞা গৃহিণী। বাংপ্র। বি।

গিমা, গিমে—ঈষত্তিক্ত ক্ষুদ্রপত্রবিশিষ্ট শাক বিঃ। < গ্রীষ্ম। বি।

গিরগিটি—টিকটিকি জাতীয় সরীসৃপ বিঃ, বহুরূপী, chameleon. বাংপ্র। বি।

গিরা—গ্রন্থি, গেরো; দরজীদিগের পরিমাণ বিঃ, ১ গজের ১৬ ভাগের ১ ভাগ। < ফা 'গিরহ্'। বি।

গিরি—১। পর্বত; সন্ন্যাসী বিঃ; পরিব্রাজকদের উপাধি বিঃ; চক্ষুর রোগ বিঃ; পারদদোষ বিঃ; গেণ্ডুক, ভাঁটা। গৄ+কি কর্তৃ। বি; পুং। ২। ভাবকর্মাদিবোধক প্রত্যয় ('কুলি—', 'কেরানী—') ফা-মূ। [ক্লী

গিরিকন্দর—পর্বতগহ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা

গিরিকন্যা—পার্বতী; নদী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরিকুমারী—পার্বতী, উমা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরিকূট—১। গিরিশৃঙ্গ। ৬ষ্ঠীতৎ। ২। পর্বতের উপরিস্থিত গৃহ। গিরিস্থিত কূট, মধ্যপ। বি; পুং বা ক্লী।

গিরিক্রম—পর্বত-সন্নিবেশ-প্রণালী, mountain system. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গিরিখাত—সংকীর্ণ পার্বত্য পথ, gorge. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গিরিগুহা—পর্বতগহ্বর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরিজা—১। দুর্গা। বি; স্ত্রী। ২। পর্বতোৎপন্না, শৈলজাতা। উপতৎ; গিরি—জন্+ড কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী। [পুং।

গিরিজাকুমার—কার্তিকেয়; গণেশ। ৬ষ্ঠীতৎ। বি;

গিরিজানাথ, -পতি—শিব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গিরিজায়া—হিমালয়পত্নী মেনকা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বা ক্লী।

গিরিতল—পর্বতের উপরিভাগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং

গিরিদরী—গিরিগুহা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরিদুর্গ—পর্বতবেষ্টিত স্থান; পর্বতের উপর অবস্থিত দুর্গ। গিরিস্থিত দুর্গ, মধ্যপ। বি; ক্লী।

গিরিধারী (-রিন্)—গোবর্ধনধারী শ্রীকৃষ্ণ। উপতৎ; গিরি—ধৃ+ণিন্ কর্তৃ। বি; পুং।

গিরিনন্দিনী—পার্বতী; গঙ্গা; নদী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি।

গিরিনালা—পার্বত্য জলস্রোত। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)।

গিরিপথ—পার্বত্য পথ; গিরিবর্ত্ম। মধ্যপ। বি; পুং।

গিরিবর—পর্বতপ্রধান, হিমালয়। গিরি-মধ্যে বর (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি; পুং।

গিরিবর্ত্ম (-র্ত্মন্)—পার্বত্য পথ; গিরি-সংকট। গিরিমধ্যস্থ বর্ত্ম, মধ্যপ। বি; ক্লী।

গিরিবাসী (-বাসিন্)—পর্বতবাসী। উপতৎ; গিরি—বস+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বাসিনী।

গিরিমাটি—গৈরিক, একপ্রকার রক্তবর্ণ পার্বত্য মৃত্তিকা। গিরিজাত মাটি, মধ্যপ (বাংপ্র)। বি।

গিরিমালা—পর্বতশ্রেণী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরিমৃত্তিকা—গিরিমাটি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরিরাজ—পর্বতরাজ, হিমালয়। গিরিদিগের রাজা, ৬ষ্ঠীতৎ (টচ্ সমাসান্ত)। বি; পুং।

গিরিশ—শিব। উপতৎ; গিরি—শী+ড কর্তৃ। বি; পুং।

গিরিশৃঙ্গ—১। পর্বতের চূড়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। গণেশ। তৎসদৃশ শুণ্ড আছে ইহার এই অর্থে গিরিশৃঙ্গ+অচ্। বি; পুং।

গিরিশ্রেণী—পর্বতমালা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরিসংকট, গিরিসঙ্কট—পর্বতশ্রেণীর মধ্যস্থিত সংকীর্ণ পথ, গিরিবর্ত্ম, pass. গিরিমধ্যস্থ সংকট, সঙ্কট, মধ্যপ। বি; পুং।

গিরিসুত—পর্বতপুত্র; মৈনাক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গিরিসুতা—পর্বতকন্যা; পার্বতী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরীন্দ্র—পর্বতশ্রেষ্ঠ, হিমালয়। গিরিমধ্যে ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি; পুং।

গিরীশ—১। শিব; হিমালয় পর্বত। গিরির ঈশ (স্বামী), ৬ষ্ঠীতৎ। ২। বৃহস্পতি। গির্ অর্থাৎ বাক্যের ঈশ (পতি), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গির্জা—খ্রীষ্টানদিগের উপাসনা-মন্দির। < পো 'igreja'. বি। ['গির্দ্'। বি।

গির্দা—বড় বালিশ, তাকিয়া বালিশ। < ফা

গিল্টি, -সোনা—রূপা ইঃর সূক্ষ্ম প্রলেপ। < ইং 'gilt'. বি।

গিলন—গ্রাসকরণ, ভক্ষণ। গৃ+অনট্ ভাব। বি; ক্লী।
গিলা—১। চেপটা কঠিন ফল বিঃ, ভল্লাতক, ভেলা। বাংপ্র। বি। ২। ভক্ষণ করা, গ্রাস করা; দ্রুত খাওয়া। < গিল্ ধাতু। ক্রি [, বি, বিণ]।
গিলানো—খাওয়ানো; কবলিত করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
গিলিত—ভক্ষিত; গলাধঃকৃত; গ্রস্ত। গৃ+ক্ত ভাব =গিল; তদ্‌স্তর+ইতচ্ জাতার্থে। বিণ।
গিলিতচর্বণ—ভুক্তদ্রব্য উদ্গিরণপূর্বক চিবানো, রোমন্থন। ষষ্ঠীতৎ। বি; ক্লী।
গিলে—১। ভেলা ফল। বি। ২। গিলে দ্বারা কোঁকড়ানো। বাংপ্র। বিণ।
গিল্টি—গিলটি (তাহা দ্রঃ)।
গিসগিস, গিশগিশ—বহুর একত্র সমবায়, এক জায়গায় অনেকের গাদাগাদি; বিরক্তি অসন্তোষ বা ক্রোধাদিতে দেহের অস্থিরতাব্যঞ্জক শব্দ। বাংপ্র। অ।
গীঃ (গির্)—বাণী, বাক্য ('গীষ্পতি')। গৃ+ক্বিপ্ ভাব, কর্ম। বি; স্ত্রী।
গীত—১। গান, পুনঃপুনঃ এক বাক্য কথন; কীর্তন। গৈ+ক্ত ভাব। বি; ক্লী। ২। বর্ণিত; উচ্চারিত। গৈ+ক্ত কর্ম। বিণ।
গীতবাদ্য—গানবাজনা। দ্বন্দ্ব। বি; ক্লী।
গীতা—১। গুরুশিষ্য কল্পনাক্রমে আত্মবিদ্যার উপদেশাত্মক কথা; ভগবদ্‌গীতা। বি; স্ত্রী। ২। যাহা গাওয়া হইয়াছে এরূপ; কীর্তিতা; বর্ণিতা। গৈ+ক্ত কর্ম+আপ্। বিণ; স্ত্রী।
গীতি—গান; ছন্দ বিঃ। গৈ+ক্তি ভাব। বি; স্ত্রী।
গীতিকবিতা—'গীতিকাব্য' দ্রঃ।
গীতিকা—গান; গাথা। গীতি—কৈ+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
গীতিকাব্য, -কবিতা—গানের আকারে রচিত কাব্য, যাহা গানের মত গাহিতে পারা যায় এরূপ কাব্য, lyric. গীতিযোগ্য কাব্য, কবিতা, মধ্যপ। বি; ক্লী, স্ত্রী। [মধ্যপ। বি; ক্লী।
গীতিনাট্য—গানপ্রধান নাটক। গীতিপ্রধান নাট্য,
গীম, গিম—গলা, গ্রীবা। প্রা কপ্র। বি।
গীর্ণ—প্রশংসিত; কথিত: গিলিত, ভক্ষিত; স্বীকৃত। গৃ+ক্ত কর্ম। বিণ।
গীর্বাণ—দেবতা। গির্ হইয়াছে বাণ যাহার, বহু। বি; পুং।
গীষ্পতি—গুরু, বৃহস্পতি। ষষ্ঠীতৎ। বি; পুং।
গু—মল, বিষ্ঠা। বাংপ্র। বি। গুয়ে বসানো—অত্যন্ত অপ্রস্তুত ও হীন করা।
গুই—উপাধি বিঃ। বাংপ্র। বি।
গুঁজা, গোঁজা—১। মধ্যে প্রবেশ করানো; ভিতরে ঠেলিয়া দেওয়া; পোঁতা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। ২। যাহা মধ্যে প্রবেশ করানো বা পুঁতিয়া দেওয়া হয়; কীলক। বাংপ্র। বি।
গুঁজি—কীলক: যাহা পোঁতা বা প্রবেশ করানো হয় তাহা। বাংপ্র। বি।
গুঁজিকাঠি—মাথার কাঁটা; কাঁটার গোঁজ। বাংপ্র। বি।
গুঁজিয়া—১। ছোট ছোট একপ্রকার ক্ষীরের খাবার। বি। ২। মধ্যে প্রবেশ করাইয়া। বাংপ্র। অসমা-ক্রি।
গুঁড়া, গুঁড়ি, গুঁড়ো—১। চূর্ণ, পিষ্ট। বিণ। ২। চূর্ণ দ্রব্য, কণা। < গুণ্ডিকা। বি।
গুঁড়ানো—চূর্ণ করা, পিষ্ট করা; একেবারে ধ্বংস করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
গুঁড়ি—১। তণ্ডুলাদি-চূর্ণ। < গুণ্ডিকা। ২। গাছের কাণ্ড। < গণ্ড। বি।
গুঁড়ো—'গুঁড়া' দ্রঃ।
গুঁতা, গুঁতো—ধাক্কা, ঠেলা; গবাদি পশুর শৃঙ্গের দ্বারা আঘাত। বাংপ্র। বি।
গুঁতাগুঁতি—পরস্পর শৃঙ্গের দ্বারা আঘাত; ঠেলাঠেলি; গাদাগাদি। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।
গুঁতানো—শৃঙ্গদ্বারা আঘাত করা; ধাক্কা দেওয়া, ঠেলা দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
গুঁতো—'গুঁতা' দ্রঃ।
গুঁফো—গোঁফযুক্ত। বাংপ্র। বিণ।
গুগ্‌গুল, গুগ্‌গুলু—বৃক্ষনির্যাস বিঃ; সুগন্ধিদ্রব্য বিঃ। গুক্—গুড়্+ক, পক্ষে উ কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং।
গুগ্‌লি—ক্ষুদ্র শামুক; গেঁড়ি। বাংপ্র। বি।
গুচ্ছ—স্তবক, পুষ্পের থলো; তৃণাদির গোছা; মল্লিকা ধান প্রঃ গাছের ডাঁটা; বত্রিশ-নর হার; ময়ূরপুচ্ছ; মুক্তার মালা। গুৎ—ছো+ক কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং।
গুচ্ছমূল—গোছা-শিকড়, fibrous root. গুচ্ছাকার মূল, মধ্যপ। বি; ক্লী।
গুচ্ছের—অনেক, প্রয়োজনাতিরিক্ত (বিরক্তিপ্রকাশক)। বাংপ্র। বিণ।
গুছানে—গুছাইয়া রাখিতে অভ্যস্ত। বাংপ্র। বিণ।
গুছানো—সুবিন্যস্ত করা, পরিপাটীরূপে সাজানো; গুচ্ছ করা ('নোট —')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [ইঃ। < গুচ্ছ। বি।
গুছি—ক্ষুদ্র গুচ্ছ; বিনুনি লম্বা করিবার জন্য ফিতা
গুজগুজ, -গুজানি—নীচু গলায় পরস্পর আলাপ, চুপি চুপি কথাবার্তা; গুপ্তমন্ত্রণা। বাংপ্র। বি। [এমন। বাংপ্র। বিণ।
গুজগুজে—স্পষ্ট করিয়া মনোভাব প্রকাশ করে না
গুজব—জনরব। হি-মু। বি। গুজব ছড়ানো—গুজব প্রচার করা বা প্রচারিত হওয়া। গুজব রটা—গুজবের সৃষ্টি হওয়া।
গুজর—ভাবনা, অতিক্রম। < ফা 'গুজারা'। বি।
গুজরত—মারফত, দ্বারা। ফা। অ। গুজরত খোদ—কোন ব্যক্তির নিজের দ্বারা।
গুজরাটী—১। গুজরাট-বিষয়ক। বিণ। ২। গুজরাটের লোক বা ভাষা। গুজরাট (< গুর্জররাষ্ট্র)+ঈ। বি। [বি।
গুজরান—যাপন, অতিবাহন; জীবিকা-নির্বাহ। ফা।
গুজরানো—কাটানো, জীবিকানির্বাহ করা। ফা-মু। ক্রি [, বি, বিণ]।

গুজরি—চরণাঙ্গুরী; তাল নারিকেল ইঃ গাছের ক্ষতিকর একপ্রকার কীট। বাংপ্র। < 'গুজরণ'। বি।

গুজরিপঞ্চম—পায়ের গহনা বিঃ। বাংপ্র। বি।

গুজস্তা—সাবেক, বকেয়া, বাকী; অতীত, গত। ফা। বিণ।

গুজারা—নির্বাহ; আদায়। ফা। বি।

গুঞ্জ—১। গুচ্ছ, স্তবক; কুঁচ। গুন্‌জ্‌+ঘঞ্‌ অধি। ২। গুঞ্জন। গুন্‌জ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।

গুঞ্জন—গুনগুন শব্দ; মৃদু অস্পষ্ট শব্দ; মৃদু মধুর আলাপ। গুন্‌জ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।

গুঞ্জনধ্বনি—গুনগুন শব্দ। কর্মধা। বি, পুং।

গুঞ্জমালা, গুঞ্জামালা—কুঁচফলের মালা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গুঞ্জর, গুঞ্জরন—গুনগুন শব্দকরণ। বাংপ্র। বি।

গুঞ্জরতান—গুঞ্জনধ্বনি, মধুর গুনগুনে শব্দ। বাংপ্র। বি।

[যন্ত্রার্থে। বাংপ্র। বিণ।

গুঞ্জরিত—গুনগুন শব্দে শব্দিত। গুঞ্জর+ইত

গুঞ্জা—১। কুঁচফল; কুঁচফলের গাছ; অব্যক্ত মধুর ধ্বনি; মদিরা-গৃহ; পটহ, ঢাক; পরিমাণ বিঃ। গুন্‌জ্‌+অচ্‌ কর্তৃ, ঘঞ্‌ অধি+আপ্‌। বি; স্ত্রী। ২। গুঞ্জন করা। কপ্র। ক্রি।

গুঞ্জামালা—'গুঞ্জমালা' দ্রঃ।

গুঞ্জিকা—কুঁচ; ত্রিযব-পরিমাণ। গুঞ্জা+কন্‌ স্বার্থে +আপ্‌। বি; স্ত্রী।

গুঞ্জিত—১। গুনগুন শব্দে শব্দিত। গুঞ্জ্‌+ইতচ্‌ জাতার্থে। বিণ। ২। গুঞ্জন, গুনগুনে ধ্বনি। গুন্‌জ্‌+ক্ত ভাব। বি; ক্লী।

গুটলি, গুটলে—ঢেলা, গুটি। বাংপ্র। বি।

গুটানো—গুড়ানো, নাটাই প্রঃতে জড়ানো; সংকুচিত করা; বন্ধ করা, তুলিয়া দেওয়া ('কারবার —'); টানিয়া লওয়া ('জাল —')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

গুটি, গুটিকা, গুটী—বটিকা, গুলি; ঘুঁটি; বসন্ত ইঃ রোগের ব্রণ; নবজাত ফল; রেশমের কোষ; পতঙ্গের কোষাশ্রিত রূপ, chrysalis. গু+টিক্‌ কর্ম=গুটি; গুটি+কন্‌ স্বার্থে+আপ্‌=গুটিকা; গুটি+ঙীপ্‌=গুটী। বি; স্ত্রী।

গুটিক—দুই-একটি ("কোটিতে গুটিক হয়" —চণ্ডী); এক-একটি; অনেক, ঢের। বাংপ্র। বিণ।

গুটিকত, -কতক—কয়েকটি। বাংপ্র। বিণ।

গুটিগুটি—ধীরে ধীরে; আস্তে আস্তে পা ফেলিয়া। বাংপ্র। ক্রি-বিণ।

গুটিপোকা—রেশমকীট। গুটি-নির্মাতা পোকা, মধ্যপ (বাংপ্র)। বি।

গুটিশালা—যে গৃহে চাষের জন্য গুটিপোকা রাখা হয়, nursery. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গুটিসুটি—জড়সড়, হাত-পা-গুটানো। বাংপ্র। বিণ।

গুটী—'গুটি' দ্রঃ।

গুটীপোকা—তুঁতপোকা, রেশমকীট। গুটী-নির্মাতা পোকা, মধ্যপ (বাংপ্র)। বি।

গুড়—আখ খেজুর তাল ইত্যাদির ঘনীকৃত রস। গুড়্‌+ক কর্তৃ। বি; পুং। **গুড়ে বালি**—আশা ব্যর্থ।

গুড়গুড়—অনুকার-শব্দ; গম্ভীর শব্দ; মেঘের ডাক; গুড়গুড়িতে তামাক খাওয়ার শব্দ। বাংপ্র। অ।

গুড়গুড়ি—১। একপ্রকার গড়গড়া, আলবোলা। বি। ২। বেঁটে; বর্তুলাকার। বাংপ্র। বিণ।

গুড়গুড়ে—গুড়গুড়-শব্দকারী; বেঁটে; বর্তুলাকৃতি। গুড়গুড়+এ (<ইয়া) করে অর্থে (বাংপ্র)। বিণ।

গুড়নো—গুটানো (তাহা দ্রঃ)।

গুড়পাটালি—জমানো গুড়ের পাটকেলী। বাংপ্র। বি।

গুড়পিঠা—গুড়মিশানো চালের গুঁড়ি বা আটা ময়দার পিঠা বিঃ। বাংপ্র। বি।

গুড়মুড়া—গোড়ালি। বাংপ্র। বি।

গুড়াকা—তন্দ্রা, নিদ্রা; কর্মে অনুৎসাহ; আলস্য। গুড়+আক ভাব+আপ্‌। বি; স্ত্রী।

গুড়াকেশ—কৃষ্ণ; বিষ্ণু; অর্জুন। গুড়াকার (নিদ্রার) ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গুড়ানো—গুটানো (তাহা দ্রঃ)।

গুঁড়ি—শরীর কোঁচকাইয়া চুপি চুপি চলার বা অবস্থানের ভাব। বাংপ্র। বি। **গুঁড়ি মারা**—হাত পা গুটাইয়া থাকা; ওত পাতা। [ক্রি-বিণ।

গুঁড়িগুঁড়ি—ধীরে ধীরে; লুকিয়ে-চুরিয়ে। বাংপ্র।

গুড়ুক—গুড়মিশানো কাটা তামাক ('— খাওয়া')। বাংপ্র। বি।

গুড়ুচী, গুড়ূচী—গুলঞ্চলতা। গুড়্‌+উচট্‌, ঊচট্‌ কর্তৃ+ঙীপ্‌। বি; স্ত্রী।

গুড়ুম—বন্দুকাদির শব্দ; মেঘের ডাক। বাংপ্র। বি।

গুণ—১। উৎকর্ষ; আকৃতি; বৃদ্ধি; অভ্যাস; ত্যাগ; এক অঙ্ক দ্বারা অন্য অঙ্কের পূরণক্রিয়া, গুণন; বার ('পঞ্চাশ —')। গুণ্‌+ঘঞ্‌ ভাব। ২। মনের যে ধর্ম থাকাতে লোক প্রশংসনীয় হয় তাহা (যথা—দয়া, দাক্ষিণ্য, বিনয়, সৌজন্য, ধৈর্য, গাম্ভীর্য, ঔদার্য, সাহস, পরাক্রম প্রঃ); যাহাতে আত্মার উৎকর্ষ সম্পাদন হয় তাহা (যথা—জ্ঞান, বিদ্যা, বুদ্ধি প্রঃ); যাহা থাকাতে শরীর সুন্দর বলিয়া গণনীয় হয় তাহা (যথা—রূপ, লাবণ্য, অঙ্গসৌষ্ঠব প্রঃ); (অলংকারে) রচনার উৎকর্ষ-ব্যঞ্জক ধর্ম (যথা—কাব্যোক্ত শ্লেষ, প্রসাদ, সমতা, মাধুর্য, সুকুমারতা, অর্থব্যক্তি, উদারতা, ওজঃ, কান্তি ও সমাধি); যে ধর্ম থাকাতে জড় পদার্থের পরস্পর ভেদজ্ঞান হয় তাহা (যথা—শুক্লত্ব, কৃষ্ণত্ব, পীতত্ব, তিক্তত্ব, মধুরতা, কাঠিন্য, মার্দব প্রঃ); যে রজ্জু মাস্তুলে বাঁধিয়া নৌকা টানিয়া লইয়া যাওয়া যায় তাহা; সূত্র; রজ্জু; ধনুকের ছিলা। গু+ক কর্ম। ৩। (ব্যাক) স্বরের পরিবৃত্তি বিঃ (যথা—ই-ঈ-স্থানে এ;

উ-ঊ-স্থানে ও; ঋ-ৠ-স্থানে অর্; ঌ-স্থানে অল্); শক্তি; ফল, উপকার; (ন্যায়মতে) চব্বিশটি দ্রব্যাশ্রিত গুণ (যথা—রূপ, রস, গন্ধ, স্পর্শ প্রঃ); যশঃ; শরীরস্থ কফপিত্তাদি; প্রকৃতির ধর্ম (যথা—সত্ত্ব, রজঃ, তমঃ); ইন্দ্রিয়; অংশ, ভাগ; মাল্য; (রাজনীতি বা দণ্ডনীতিতে) সন্ধি বিগ্রহ যান আসন দ্বৈধ আশ্রয়—এই ছয়টি বিষয়। গুণ্+ঘঞ্ করণ। বি; পুং। ৪। থলিয়া, চট। <গোণী। ৫। জাদু, তুক। বাংপ্র। বি। **গুণ করা**—বশীকরণ, ঔষধ খাওয়াইয়া বশ করা। **গুণ টানা**—নৌকার মাস্তুলে দড়ি বাঁধিয়া নদী প্রঃর ধার দিয়া টানিয়া লইয়া যাওয়া।

গুণক—১। যে অঙ্ক দ্বারা অন্য অঙ্কের গুণ করা যায়, multiplier, coefficient. বি; পুং। ২। যে গুণ করে এমন। গুণ+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—গুণিকা।

গুণকারী (-কারিন্)—হিতকর; আরোগ্যকর। উপতৎ; গুণ—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -কারিণী।

গুণকীর্তন—গুণবর্ণন; গুণগান। ৬ষ্ঠীতৎ। বি। ক্লী।

গুণগরিমা (-গরিমন্)—১। গুণের গৌরব। ৬ষ্ঠীতৎ। ২। গুণ ও গৌরব। দ্বন্দ্ব। বি; পুং।

গুণগৌরব—গুণবত্তার মহিমা বা প্রশংসা। ৫মীতৎ। বি; ক্লী।

গুণগ্রহণ—অন্যের গুণ স্বীকার করা; গুণবানের সমাদর করা; গুণ বুঝা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গুণগ্রাম—গুণসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গুণগ্রাহিতা—গুণগ্রহণের প্রবৃত্তি বা অনুরাগ; গুণগ্রহণের অভ্যাস বা ক্ষমতা; গুণজ্ঞতা। গুণগ্রাহিন্+তা ভাবে। বি; স্ত্রী।

গুণগ্রাহী (-গ্রাহিন্)—গুণগ্রাহক, যে গুণ বুঝিতে পারে এরূপ। উপতৎ; গুণ—গ্রহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -গ্রাহিণী।

গুণচট—বস্তা বা থলি প্রস্তুত করিবার জন্য মোটা চট; খুব মোটা কাপড়। গুণনির্মিত চট, মধ্যপ (বাংপ্র)। বি।

গুণছুঁচ—চট ইঃ সেলাই করিবার একপ্রকার বড় ছুঁচ। গুণচালক ছুঁচ, মধ্যপ (বাংপ্র)। বি।

গুণজ্ঞ—অন্যের গুণ বুঝিতে সমর্থ; গুণগ্রাহী। উপতৎ; গুণ—জ্ঞা+ক কর্তৃ। বিণ। বি, -তা।

গুণত্রয়—সত্ত্ব রজঃ ও তমঃ—এই তিন গুণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [৬ষ্ঠীতৎ। বিণ।

গুণধর—গুণী; (বিদ্রূপার্থে) বহুদোষসম্পন্ন।

গুণধাম (-ধামন্)—সর্বগুণাধার, সকল প্রকার গুণসম্পন্ন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, বা বিণ।

গুণন—মন্ত্রণ; অভ্যাস; পূরণ, এক অঙ্ক দ্বারা অন্য অঙ্কের গুণ করা, multiplication; আবৃত্তি; বর্ণন। গুণ+অনট্ ভাব। বি; ক্লী।

গুণনিকা—১। গুণন; অভ্যাস; নৃত্য। গুণ+অনট্ ভাব+কন্ স্বার্থে+আপ্। ২। শূন্য অঙ্ক (০)। গুণ+অনট্ করণ+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

গুণনিধি—গুণাধার; সর্বগুণসম্পন্ন; (ব্যঙ্গার্থে) সর্বদোষাধার। ৬ষ্ঠীতৎ। বিণ।

গুণনীয়—যাহার (যে অঙ্কের) গুণ করিতে হইবে এরূপ, গুণ্য, multiplicand. গুণ+অনীয় কর্ম। বিণ।

গুণনীয়ক—অপবর্তক; যে-রাশি দিয়া আর একটি রাশিকে ভাগ করিলে কিছুই ভাগশেষ থাকে না, measure, factor. যে-রাশি দ্বারা গুণ করিলে কোন নির্দিষ্ট গুণফল উৎপন্ন হয়। গুণনীয়+কন্ স্বার্থে। বি; পুং।

গুণপনা—গুণবত্তা; পটুতা। গুণী+পনা ভাবে (ঈ-কার লোপ)। বাংপ্র। বি।

গুণফল—(গণিতে) গুণন দ্বারা লব্ধ ফল, product. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গুণবত্তা—গুণশালিতা; গুণ থাকা। গুণবৎ+তা ভাবে। বি; স্ত্রী।

গুণবাচক—যাহা বস্তু বা ব্যক্তির গুণ ব্যক্ত করে এরূপ, বিশেষণ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -বাচিকা।

গুণবাদ—১। প্রশংসোক্তি, সুখ্যাতিসূচক বাক্য। গুণসূচক বাদ (উক্তি), মধ্যপ। ২। প্রশংসাকথন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গুণবান্ (-বৎ)—যাহার গুণ আছে এরূপ, গুণী। গুণ+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -বতী।

গুণবৃক্ষ—নৌকা বা জাহাজের মাস্তুল। গুণাধার বৃক্ষ, মধ্যপ। বি; পুং।

গুণবৈষম্য—বিভিন্ন বিরুদ্ধ গুণের সমাবেশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বিণ।

গুণভৃৎ—গুণী, গুণধারী। গুণ—ভৃ+ক্বিপ্ কর্তৃ।

গুণমণি—অতিশয় গুণসম্পন্ন ব্যক্তি; নানা গুণের আধার বলিয়া মণির ন্যায় আদরের পাত্র। গুণে মণি (তৎসদৃশ), ৭মীতৎ। বি; পুং।

গুণময়—অতিশয় গুণী। গুণ+ময়ট্ প্রাচুর্যার্থে। বিণ। স্ত্রী, -য়ী।

গুণমুগ্ধ—গুণদর্শনে অত্যন্ত অনুরাগী। ৩য়াতৎ। বিণ। [স্ত্রী, -গ্ধা।

গুণলুব্ধ—গুণ দ্বারা আকৃষ্ট। ৭মীতৎ। বিণ।

গুণশালী (-শালিন্)—গুণী, গুণবান্। উপতৎ; গুণ—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -শালিনী। বি, -শালিতা।

গুণসম্পন্ন—গুণী। ৩য়াতৎ। বিণ।

গুণসাগর—সকল গুণের আধার, পরম গুণবান্ ব্যক্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা বিণ।

গুণস্তম্ভ—গুণবৃক্ষ, মাস্তুল। গুণাধার স্তম্ভ, মধ্যপ। বি; পুং।

গুণহীন—নির্গুণ; গুণের অতীত। ৩য়াতৎ। বিণ।

গুণা—গণনা করা; কল্পনা করা। বাংপ্র। ক্রি [, বি]।

গুণাকর—যাহার অনেক গুণ আছে এমন; গুণপূর্ণ। ৬ষ্ঠীতৎ। বিণ।

গুণাগুণ—গুণ এবং দোষ। গুণ এবং অগুণ, দ্বন্দ্ব। বি; পুং।

গুণাঢ্য—গুণী, বহুগুণশালী। গুণ দ্বারা আঢ্য, ৩য়াতৎ। বিণ।

গুণাতীত—যে সত্ত্ব রজঃ ও তমঃ এই তিন গুণে লিপ্ত নহে এমন, ত্রিগুণাতীত। গুণকে অতীত, ২য়াতৎ। বিণ।

গুণাধার—বহুগুণসম্পন্ন। ৬ষ্ঠীতৎ। বিণ।

গুণানুকরণ—অন্যের গুণ দেখিয়া তাহা আয়ত্ত করিবার চেষ্টা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গুণানুকীর্তন—অন্যের গুণের প্রশংসা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

গুণানুবাদ—গুণকীর্তন, প্রশংসা। গুণের অনুবাদ,

গুণানুরাগ—গুণগ্রাহিতা, গুণের প্রতি আকর্ষণ। গুণে অনুরাগ, ৭মীতৎ। বি; পুং।

গুণানুরাগী (-রাগিন্)—গুণপক্ষপাতী, গুণের প্রতি আসক্তিসম্পন্ন। গুণে অনুরাগী, ৭মীতৎ। বিণ। স্ত্রী, **-রাগিণী**। [বি; ক্লী।

গুণান্তর—গুণভেদ; অন্য গুণ। অন্য গুণ, নিত্য।

গুণান্বিত—গুণী। ৩য়াতৎ। বিণ।

গুণাবলী, -বলি—গুণসমূহ; নামতা। গুণের আবলী, আবলি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গুণাভরণ—গুণভূষণ। গুণই আভরণ, কর্মধা। বি; ক্লী।

গুণাভাস—গুণ বলিয়া যাহা মনে হয়; অতি সামান্য সদ্‌গুণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গুণার্ণব—বহু গুণের আধার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গুণালংকার, গুণালঙ্কার—নানা গুণ, গুণভূষণ। গুণই অলংকার, অলঙ্কার, কর্মধা। বি; পুং।

গুণালংকৃত, গুণালঙ্কৃত—নানা গুণে ভূষিত। ৩য়াতৎ। বিণ।

গুণিজন—১। গুণী ব্যক্তি। কর্মধা। বি; পুং। ২। ওঝা। বাংপ্র। বি।

গুণিত—পূরিত, অন্য অঙ্ক দ্বারা যে অঙ্কের গুণ করা হইয়াছে এরূপ; আহত; তাড়িত। গুণ+ক্ত কর্ম। বিণ।

গুণিতক—যে রাশিকে আর একটি রাশি দিয়া ভাগ করিলে কিছুই ভাগশেষ থাকে না তাহা, multiple. গুণিত+কন্ স্বার্থে। বি; পুং।

গুণিন—১। মন্ত্রবৈদ্য; জাদুকর; গণৎকার। বি। ২। তন্ত্রমন্ত্র বা সংগীতাদিতে নিপুণ। <গুণিন্। বিণ।

গুণী (গুণিন্)—১। গুণবান্; ধর্মী; বিশিষ্ট; কলাবিৎ। বিণ। স্ত্রী—গুণিনী। ২। ধনুক। গুণ+ইন্ আছে অর্থে। বি; পুং। ৩। মন্ত্রজ্ঞ ওঝা। বাংপ্র। বি।

গুণীভূত—অপ্রধানীভূত, গৌণ; অন্তর্হিত। গুণ+চ্বি অভূততদ্ভাবার্থে (=গুণী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

গুণোৎকর্ষ—১। সদ্‌গুণের উৎকর্ষ, গুণের আধিক্য। ৬ষ্ঠীতৎ। ২। গুণ-জনিত শ্রেষ্ঠতা। মধ্যপ। বি; পুং।

গুণোত্তর—নির্দিষ্ট সংখ্যার দ্বারা গুণিত হইয়া বৃদ্ধিশীল, geometric. গুণ উত্তর যাহাতে, বহু। বিণ। [বিণ।

গুণোপেত—গুণবান্। গুণ দ্বারা উপেত, ৩য়াতৎ।

গুণ্ঠন—বেষ্টন; আবরণ; ঘোমটা। গুন্ঠ্+অনট্ ভাব। বি; ক্লী।

গুণ্ঠিত—আবৃত। গুন্ঠ্+ক্ত কর্ম। বিণ।

গুণ্ডা—দুর্বৃত্ত; বদমাশ; দস্যু; পরপীড়ক। বাংপ্র। বি।

গুণ্ডাগিরি, গুণ্ডামি, গুণ্ডামো—দুর্বৃত্ততা; দস্যুতা; ডাকাতি; পরপীড়ন। গুণ্ডা+গিরি, মি, মো কর্মার্থে। বাংপ্র। বি।

গুণ্ডি—দোক্তা, পানের সহিত খাইবার মাদকদ্রব্য বিঃ। বাংপ্র। বি।

গুণ্ডিত—১। চূর্ণিত। গুন্ড্+ক্ত কর্ম। ২। ধূলিসমাকীর্ণ। গুণ্ড+ইত জাতার্থে। বিণ।

গুণ্য—গুণনীয়। গুণ+যৎ কর্ম। বিণ।

গুদম, গুদাম—পণ্যাগার, বিক্রেয় দ্রব্যসমূহ যেখানে সঞ্চিত রাখা হয়, মালখানা, godown. <পো 'gudao'. বি।

গুদারা—খেয়াঘাট। ফা। বি।

গুদারা—খেয়ার বড় নৌকা। ফা-মু। বি।

গুধড়ি—ফকিরের কাঁথা। বাংপ্র। বি।

গুন—চটের থলি; চট, gunny. <গোণী। বি।

গুনগুন—মৃদু অস্পষ্ট শব্দ, গুঞ্জন। বাংপ্র। অ।

গুনচট—গুণচট (তাহা দ্রঃ)।

গুনছুঁচ—গুণছুঁচ (তাহা দ্রঃ)।

গুনতি—গণনা। বাংপ্র। বি।

গুনা—১। পাপ, দোষ। < ফা 'গুনহ্'। ২। সুতার খেই; তার; পেঁচ বা স্ক্রুর সর্পিল শিরা, screw-thread. বাংপ্র। বি।

গুনাগার, গুনোগার—১। ক্ষতিপূরণ, গচ্চা। বি। ২। দায়ী; পাপী। ফা-মু। বিণ।

গুনাগারি, গুনোগারি—ভুলের শাস্তি; লোকসান; আক্কেলসেলামি। ফা-মু। বি।

গুপা, গুপো—গুপ্ত আঘাত। বাংপ্র। বি।

গুপ্ত—১। রক্ষিত; লুক্কায়িত; অদৃশ্য; অপরিজ্ঞাত; সংবৃত। গুপ্+ক্ত কর্ম। বিণ। ২। হিন্দুর উপাধি বিঃ। বি; পুং।

গুপ্তচর—যে গোপনে সংবাদ সংগ্রহ করে, গোয়েন্দা। কর্মধা। বি; পুং।

গুপ্তধন—১। যাহার ধনের কোন সন্ধান পাওয়া যায় না এমন। বহু। বিণ। ২। লুকানো ধন। কর্মধা। ৩। মেয়েদের ব্রত বিঃ। বি; ক্লী।

গুপ্তবেশ—ছদ্মবেশ। কর্মধা। বি; পুং।

গুপ্তভোট—যে ভোটে ভোটদাতা গোপনে স্বমত প্রকাশ করেন তাহা, ballot. কর্মধা। বাংপ্র। বি।

গুপ্তমন্ত্র—গোপন-মন্ত্রণা; অন্যের অজ্ঞাত মন্ত্র। কর্মধা। বি; পুং।

গুপ্তযুগ—প্রাচীন ভারতের গুপ্তবংশীয় রাজাদের শাসনকাল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গুপ্তরহস্য—লুক্কায়িত বিষয়, গোপনীয় বিষয়। কর্মধা। বি; ক্লী।

গুপ্তসাম্রাজ্য—গুপ্তবংশীয় রাজা সমুদ্রগুপ্ত ও দ্বিতীয় চন্দ্রগুপ্তের সাম্রাজ্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গুপ্তহত্যা—গোপনে খুন। কর্মধা। বি; স্ত্রী।

গুপ্তি—১। রক্ষা, পাহারা; গোপন; সংবরণ; গর্ত করিবার জন্য ভূমিখনন। গুপ্+ক্তি ভাব। ২। ভূমির গহ্বর; কারাগার। গুপ্+ক্তি অধি। বি; স্ত্রী। ৩। লাঠি প্রঃর মধ্যে লুকানো গুপ্ত ছোরা। বাংপ্র। বি।

গুফা—গুম্ফা (তাহা দ্রঃ)।

গুবরে—১। গোবরের মত। বিণ। ২। একপ্রকার পোকা। গোবর+এ (< ইয়া) জাতার্থে। বি।

গুবাক, গূবাক—১। সুপারিগাছ। বি; পুং। ২। সুপারিফল। গু, গু+আক করণ। বি; ক্লী।

গুম—১। গোপন; গুপ্ত; নিশ্চল; স্তম্ভিত। বিণ। ২। গোপন, লুকানো, বিশেষতঃ খুন করিয়া মৃতদেহ লুকানো। ফা। বি। ৩। ভারী বস্তু পতনের শব্দ; ক্রোধাদি জন্য গম্ভীর অবস্থা। বি। ৪। গম্ভীর। বাংপ্র। বিণ।

গুমখুন—গুপ্তহত্যা (যাহাতে লাশ লুকাইয়া ফেলা হয়)। ফা-মু। বি।

গুমগুম—মুষ্ট্যাদি প্রহারের শব্দ; সবলে পদাঘাত করিবার শব্দ। বাংপ্র। অ।

গুমট—বায়ুচলাচলের অভাব ও তাহার সহিত গরম ভাব; পচা গরম; স্তব্ধ ভাব। বাংপ্র। বি।

গুমটি—প্রহরীর কুটীর; খোপের মত ছোট ঘর। < গুমবাটিকা। বি।

গুমর—দম্ভ, দেমাক। < ফা 'গুমান'। বি। **গুমর ফাঁক হওয়া**—ভিতরকার কথা বাহির হইয়া পড়া। **গুমর ভাঙা**—অহংকার চূর্ণ হওয়া বা করা।

গুমরানো, গুমরনো—মনের দুঃখ মনে চাপিয়া রাখা, গোপনে দুঃখশোক ভোগ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

গুমসানি, গুমসনি—গুমট, অত্যধিক গরমে ভাপসাইয়া উঠা। বাংপ্র। বি।

গুমসানো, গুমসনো—অত্যধিক গরমে ভাপসাইয়া উঠা; গুমট করা। বাংপ্র। ক্রি। [, বি, বিণ]।

গুমা—অল্পে অল্পে আগুনে দগ্ধ বা সিদ্ধ হওয়া; স্যাঁতসেঁতে স্থানে স্থিত তণ্ডুলাদির বিকৃতি ঘটা। বাংপ্র। ক্রি। [বাংপ্র। বিণ।

গুমা, গুমো—পচা, ভাপসানো, পচিয়া দুর্গন্ধযুক্ত।

গুমান—গর্ব, অহংকার। ফা। বি।

গুম্ফ—শ্মশ্রু; গোঁপ; গুচ্ছ। গুম্ফ্+ঘঞ্ কর্ম। বি; পুং। [অনট্ ভাব। বি; ক্লী।

গুম্ফন—গাঁথনি; দলবন্ধন, grouping. গুম্ফ্+

গুম্ফা—পর্বতের গুহা। বাংপ্র। বি।

গুম্ফিত—গ্রথিত, গাঁথা। গুম্ফ্+ক্ত কর্ম। বিণ।

গুম্বজ—প্রাসাদের উপরিস্থিত ক্ষুদ্র গৃহের গোলাকার ছাদ; বুরুজ। < ফা 'গুন্‌বদ্'। বি।

গুয়া—সুপারি। < গুবাক। বি।

গুয়ে—গু-সম্বন্ধীয়; গু হইতে উৎপন্ন। বাংপ্র। বিণ।

গুরু—১। আচার্য; অধ্যাপক; উপদেশক; শিক্ষাদাতা; মন্ত্রোপদেষ্টা; পুরোহিত; বৃহস্পতি ('—বার'); দ্রোণাচার্য; নিয়মকারক; পিতা মাতা স্বামী প্রঃ; তাল বিঃ; দুইমাত্রাবিশিষ্ট বা দীর্ঘ স্বরবর্ণ [যথা —আ ঈ ঊ ৠ ৡ এ ঐ ও ঔ সংযুক্তবর্ণের পূর্বস্বর এবং অনুস্বার ও বিসর্গযুক্ত স্বর]। বি; পুং। ২। ভারী; উৎকট; শ্লাঘ্য; দুস্তর; মহৎ; বৃহৎ; বলবান্; অতিশয়; উৎকৃষ্ট; প্রয়োজনীয়; পূজ্য ('—জন'); দুষ্পাচ্য ('—পথ্য'); কঠোর ('লঘু পাপে—দণ্ড'); জরুরী ('—কার্য'); গম্ভীর, serious. গৄ+কু কর্তৃ। বিণ। স্ত্রী—গুরু, গুর্বী। [ক্লী।

গুরুকুল—গুরুগৃহ; আচার্যবংশ। ৬ষ্ঠীতৎ। বি;

গুরুগম্ভীর—অতিশয় গম্ভীর ('—স্বর'); গভীর অর্থবিশিষ্ট; গম্ভীর শব্দসমন্বিত। গুরু অথচ গম্ভীর, কর্মধা। বিণ।

গুরুগিরি—অধ্যাপনা; মন্ত্রদান-ব্যবসায়। গুরু+গিরি ব্যবসায় অর্থে। বাংপ্র। বি।

গুরুগুরু—গম্ভীর অথচ মৃদু মেঘধ্বনি। বাংপ্র। বি বা অ। [বি; ক্লী।

গুরুগৃহ—আচার্যনিবাস, গুরুর বাড়ি। ৬ষ্ঠীতৎ।

গুরুচণ্ডালী—সাধু ও গ্রাম্য শব্দের একত্র-প্রয়োগে অশিষ্ট, bathetic. গুরু ও চণ্ডাল, দ্বন্দ্ব+ঈ বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।

গুরুজন—মান্য ব্যক্তি, পিতা পিতামহ প্রঃ। কর্মধা। বি; পুং।

গুরুজল—খরজল (তাহা দ্রঃ)।

গুরুঠাকুর—গুরুদেব, দীক্ষাদাতা গুরু। কর্মধা (বাংপ্র)। বি।

গুরুতর—দুইয়ের মধ্যে অপেক্ষাকৃত গুরু; বিষম; ভীষণ। গুরু+তরপ্ অতিশয়ার্থে। বিণ।

গুরুতল্পগ—গুরুপত্নীগামী। উপতৎ; গুরুতল্প—গম্+ড কর্তৃ। বিণ।

গুরুতা, গুরুত্ব—মহত্ত্ব, গৌরব; আতিশয্য; ভারিত্ব; অলঘুতা; প্রয়োজনীয়ত্ব ('—আরোপ'); অধ্যাপকত্ব; মন্ত্রদাতৃত্ব, ইষ্টদেবত্ব; পূজ্যত্ব; কাঠিন্য। গুরু+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

গুরুদক্ষিণা—পাঠান্তে আচার্যকে প্রদেয় দক্ষিণা বা পারিশ্রমিক। গুরুপ্রদেয়া দক্ষিণা, মধ্যপ। বি; স্ত্রী।

গুরুদত্ত—১। গুরুর দেওয়া। ৩য়াতৎ। ২। গুরুকে প্রদত্ত। ৪র্থীতৎ। বিণ।

গুরুদশা—মাতাপিতৃবিয়োগরূপ অবস্থা; পতিবিয়োগের অবস্থা; বৃহস্পতির দশা। গুরুঘটিত দশা, মধ্যপ। বি; স্ত্রী।

গুরুদার—গুরুপত্নী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গুরুদেব—অভীষ্টদেব, পূজনীয় দীক্ষাদাতা অথবা আচার্য। কর্মধা। বি; পুং।

গুরুদ্বার—শিখদিগের ধর্মমন্দির। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গুরুনিতম্বা—বিপুলনিতম্বা, যাহার পাছা স্থূল এরূপ। গুরু নিতম্ব যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

গুরুপত্নী—দীক্ষাগুরুর ভার্যা; আচার্যপত্নী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গুরুপাক—যাহার পরিপাক হওয়া কঠিন এরূপ, দুষ্পাচ্য। বহু। বিণ।

গুরুবন্ধনী—(গণিতে) বন্ধনী রেখা বিঃ, [ ] এই চিহ্নদ্বয়, third bracket. কর্মধা। বি; স্ত্রী।

গুরুবরণ—দীক্ষাগুরুকে বস্ত্রালংকার দ্বারা পূজন; গুরুর নিয়োগ; গুরু বলিয়া মানিয়া লওয়া; গুরুপূজার্থ বস্ত্রাদিদান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গুরুবল—গুরুর দয়া বা শিক্ষার শক্তি। গুরুদত্ত বল, মধ্যপ। বি; ক্লী।

গুরুবার—বৃহস্পতিবার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গুরুভক্তি—গুরুর প্রতি শ্রদ্ধা বা অনুরাগ। ৭মীতৎ। বি; স্ত্রী।

গুরুভাই—একই গুরুর মন্ত্রশিষ্য বা গুরু সম্পর্কে ভাই; সতীর্থ। কর্মধা (বাংপ্র)। বি।

গুরুভার—১। অতিশয় ভারী। বহু। বিণ। ২। অত্যন্ত ভারবিশিষ্ট বস্তু; অতিশয় দায়িত্ব। কর্মধা। বি; পুং।

গুরুমণ্ডল—জলমণ্ডল ও কেন্দ্রমণ্ডলের মধ্যে অবস্থিত স্তর বিঃ, barysphere. কর্মধা। বি; ক্লী।

গুরুমশাই—গুরুমহাশয়। কর্মধা (বাংপ্র)। বি।

গুরুমস্তিষ্ক—মস্তিষ্কের অংশ বিঃ, cerebrum. কর্মধা। বি; ক্লী। [বি; পুং।

গুরুমহাশয়—পাঠশালার শিক্ষক মহাশয়। কর্মধা।

গুরুমা—গুরুর স্ত্রী; দীক্ষাদাত্রী; বালিকা-বিদ্যালয়ের শিক্ষয়িত্রী। কর্মধা (বাংপ্র)। বি; স্ত্রী।

গুরুমারা—গুরুর নিকট হইতে প্রাপ্ত অথচ গুরুর বিরুদ্ধে প্রযুক্ত ('— বিদ্যা')। গুরু—মার্+আ করণ (বাংপ্র)। বিণ।

গুরুমুখী—১। পঞ্জাববাসী শিখদিগের ভাষা বা বর্ণমালা। অসং। বি। ২। যাহার জন্য সম্পূর্ণরূপে গুরুর উপর নির্ভর করিতে হয় এমন ('— বিদ্যা')। গুরুমুখ+ঈ প্রাপ্ত অর্থে। বিণ।

গুরুশিষ্য—আচার্য ও ছাত্র; দীক্ষাদাতা ও দীক্ষাগ্রহীতা। দ্বন্দ্ব। বি; পুং।

গুরুস্থানীয়—গুরুবৎ পূজ্য। গুরুস্থান+ঈয় যোগ্যার্থে। বিণ।

গুর্জর—গুজরাটদেশ; গুজরাটের লোক। বি; পুং।

গুর্জরী—গুর্জরদেশীয়া স্ত্রী; রাগিণী বিঃ। বি; স্ত্রী। [বি; স্ত্রী।

গুর্বঙ্গনা—গুরুপত্নী। গুরুর অঙ্গনা, ৬ষ্ঠীতৎ।

গুর্বিণী—গর্ভিণী। গুরু (গর্ভস্থ সত্ত্ব)+ইন্ আছে অর্থে (নিপা)+ঈপ্। বিণ; স্ত্রী।

গুর্বী—১। গুরুপত্নী; গর্ভিণী রমণী। বি; স্ত্রী। ২। গৌরবসম্পন্না, গুরুত্বযুক্তা। গুরু+ঈপ্। বিণ; স্ত্রী।

গুল—১। গুঁড়া কয়লার গুলি; পোড়া তামাক; হাত বা পায়ের মাংসপেশী। বাংপ্র। ২। ফুল; গোলাপফুল ('—বাগ'); সূচীকর্ম দ্বারা রচিত ফুল। ফা। ৩। মিথ্যা গুজব, বাজে গল্প, লম্বা কথা ('—মারা')। বাংপ্র। বি।

গুলকন্দ—গোলাপজল দেওয়া মিষ্টান্ন বিঃ। ফা-মু। বি।

গুলজার—আড়ম্বরবিশিষ্ট, জমকালো; অতি-শোভন; অত্যুজ্জ্বল; কোলাহলময়। ফা (ফারসী অর্থ 'ফুলের কেয়ারি')। বিণ।

গুলঞ্চ—১। ভেষজ লতা বিঃ। <গুড়ূচী। ২। টগরজাতীয় পুষ্পবৃক্ষ বিঃ। বাংপ্র। বি।

গুলতন, গুলতান—অনেকের একত্র-আলোচনা, জটলা, ঘোঁট ('—পাকানো'); কাজ পণ্ড করিবার জন্য ষড়্‌যন্ত্র; গোলযোগ। <ফা 'গলতান'। বি। [হি। বি।

গুলতি—ছোট গুলি বা তাহা ছুড়িবার ধনুক।

গুলদস্তা—ফুলদানি। ফা। বি।

গুলদান—ফুলদানি। ফা। বি।

গুলদার—ফুলতোলা, ফুলের মত নকশাকাটা, বুটিদার ('—শাড়ি')। ফা। বিণ।

গুলনো—'গুলানো' দ্রঃ।

গুলবদন—যাহার মুখ গোলাপের মত সুন্দর। ফা। বিণ। স্ত্রী, -নী।

গুলবাহার—১। ফুলকাটা, বুটিদার। বিণ। ২। ফুলকাটা শাড়ি। ফা। বি।

গুলা—১। সমূহবোধক প্রত্যয় বিঃ। অ। ২। তরলদ্রব্যের সহিত কোন দ্রব্য মিশাইয়া ঘাঁটা। বাংপ্র। ক্রি [, বি]।

গুলানো, গুলনো—ঘোলা করা; আলোড়িত করা; বিশৃঙ্খল করা; জড়ানো; খেই হারাইয়া ফেলা: গোল পাকানো; জটিল করা। বাংপ্র। ক্রি [বি, বিণ]।

গুলাব—গোলাপ। ফা। বি।

গুলাবী—গোলাপী। ফা-মু। বিণ।

গুলাল—আবীর। হি। বি।

গুলি—১। বর্তুল; গুটিকা; বটিকা ('হজমী —'); বন্দুকের গুলি, bullet; ডাণ্ডাগুলির গুলি; পাথরের ছোট বল; মাদক-দ্রব্য বিঃ। বি। ২। বহুত্ববোধক প্রত্যয়। বাংপ্র। অ।

গুলিকা—গুটিকা, গুলি; বন্দুক প্রঃর গুলি। গুলী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

গুলিখুরী—আজগুবী; গুলিখোরের উপযুক্ত। গুলিখোর+ঈ যোগ্যার্থে (বাংপ্র)। বিণ।

গুলিখোর—যে গুলিনামক মাদকদ্রব্য অতিশয় ব্যবহার করে এমন; মিথ্যাভাষী; অতিকল্পনা-প্রিয়। গুলি+খোর আসক্তার্থে। বাংপ্র। বি বা বিণ।

গুলিডাণ্ডা, গুলিডাং—ডাংগুলি, একপ্রকার খেলা। বাংপ্র। বি।

গুলিস্তা—ফুলের বাগান। ফা। বি।

গুলী—গুলি; বটিকা; বসন্তরোগ। গুড়্+ক কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

গুলেল—গুলতি বা গুলিবাঁশ দ্বারা বাটুল বা গুলি নিক্ষেপকারী। গুলি+এল (‹আল)। বাংপ্র। বি বা বিণ।

গুলো—১। সম্বন্ধবোধক প্রত্যয় বিঃ। অ। ২। হাতের ও পায়ের ডিম; ঢেঁকির মুখের লোহার বেড়। বাংপ্র। বি।

গুলুক—গোড়ালি। গল্+ফক্ কর্তৃ। বি; পুং।

গুল্ম—১। ঝোপ, ছোট ছোট ঝোপাল গাছ, shrub; লতার ঝাড়; সৈন্যসংখ্যা বিঃ (৯ গজ, ৯ রথ, ২৭ অশ্ব, ৪৫ পদাতি এই ৯০ সংখ্যা); থানা, ঘাঁটি; থানা বা ঘাঁটিতে স্থাপিত সৈন্য। গুড়্+মক্ কর্তৃ (ড়-স্থানে ল)। ২। প্লীহা-বৃদ্ধি রোগ। গুড়্+মক্ অপা। বি; পুং।

গুণ্টি, গুষ্টি—বংশ, গোত্র; পরিবার। ‹গোষ্ঠী। বি।

গুহ—১। কার্তিকেয়; বিষ্ণু; গর্ত, গহবর। গুহ্+ক কর্তৃ। ২। বেগবান্ অশ্ব; বাঙালী কায়স্থদের পদবী বিঃ। গুহ্+ক কর্ম। বি; পুং।

গুহষষ্ঠী—কার্তিকের প্রিয় ষষ্ঠী, অগ্রহায়ণ মাসের শুক্লা ষষ্ঠী। গুহপ্রিয়া ষষ্ঠী, মধ্যপ। বি; স্ত্রী।

গুহা—পর্বতাদির গহবর; গর্ত; হৃদয়; অভ্যন্তর; সিংহপুচ্ছী লতা। গুহ্+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

গুহাচর—গুহানিবাসী; গুহাচারী। উপতৎ; গুহা—চর্+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।

গুহাবাসী (-সিন্)—গুহাতে বাসকারী লোক, caveman: যে গুহাতে বাস করে এমন। উপতৎ; গুহা—বস্+ণিন্ কর্তৃ। বি বা বিণ। পুং। স্ত্রী -বাসিনী।

গুহাশয়—১। সিংহাদি পশু; পরমাত্মা; জীবাত্মা। বি; পুং। ২। গুহায় যে শয়ন বা বাস করে এমন; গুহাশায়ী; গুহাস্থিত। উপতৎ; গুহা—শী+অন্ কর্তৃ। বিণ।

গুহাহিত—গুহাতে নিহিত; অন্তরাত্মায় অন্তর্যামি-রূপে প্রচ্ছন্ন। গুহাতে আহিত, ৭মীতৎ। বিণ।

গুহ্য—১। গোপনীয়; নিভৃত; দুর্বোধ্য। বিণ। ২। নির্জন স্থান; মলদ্বার; উপস্থ। বি; ক্লী। ৩। কচ্ছপ; পরমেশ্বর; দম্ভ, অহংকার। গুহ্+ক্যপ্ কর্ম। বি; পুং।

গুহ্যক—কুবেরের অনুচর দেবযোনি, যক্ষ। গুহ্য+কন্। বি; পুং।

গুহ্যদেশ—পায়ুদেশ, মলদ্বার। কর্মধা। বি; পুং।

গূঢ়—১। গোপন; অজ্ঞাত; অপ্রকাশিত; অলক্ষিত; দুর্জ্ঞেয়; জটিল, রহস্যময় ('—তত্ত্ব'): গহন; আচ্ছাদিত: নিভৃত। বিণ। ২। নির্জনস্থান। গুহ্+ক্ত কর্ম। বি; ক্লী।

গূঢ়জ—উপপতি দ্বারা গুপ্তভাবে উৎপাদিত পুত্র। উপতৎ; গূঢ়—জন্+ড কর্তৃ। বি; পুং।

গূঢ়পথ—১। গুপ্তপথ। কর্মধা। ২। অন্তঃকরণ। গূঢ় পথ যাহার, বহু। বি; পুং।

গূঢ়পুরুষ—গুপ্তচর; ছদ্মবেশী দূত। কর্মধা। বি; পুং।

গূঢ়সাক্ষী (-ক্ষিন্)—যে সাক্ষী গোপনে অপর পক্ষের কথা জানিয়াছে। কর্মধা। বি; পুং।

গূঢ়োৎপন্ন—অপর ব্যক্তি দ্বারা সাধারণের অজ্ঞাতে উৎপাদিত ('—পুত্র')। গূঢ় (গুপ্তরূপে) উৎপন্ন (জাত), সুপ্। বিণ।

গূবাক—'গুবাক' দ্রঃ।

গৃধিনী—শকুনিজাতীয়া পক্ষিণী। সংস্কৃত 'গৃধ্র'-শব্দের বাংলা স্ত্রীলিঙ্গ। বি; স্ত্রী।

গৃধ্নু—লোভী; অভিলাষুক। গৃধ্+ক্নু কর্তৃ। শীলার্থে। বিণ। [সংজ্ঞার্থে। বি; পুং।

গৃধ্র—শকুন পক্ষী, vulture. গৃধ্+র কর্তৃ

গৃধ্রকূট—মগধের প্রাচীন রাজধানী গিরিব্রজ-পুরের কাছে অবস্থিত পর্বত বিঃ (বর্তমান নাম শৈলগিরি)। গৃধ্রপূর্ণ কূট যাহার, বহু। বি; পুং।

গৃধ্ররাজ—জটায়ু; সম্পাতি; গরুড়। গৃধ্রদিগের রাজা, ৬ষ্ঠীতৎ (টচ্ সমাসান্ত)। বি; পুং।

গৃহ—ঘর; বাটী; গৃহস্থাশ্রম; ভার্যা; মেষাদি রাশি। গ্রহ্+ক কর্তৃ। বি; ক্লী।

গৃহকপোত—পোষা পায়রা। গৃহবাসী কপোত, মধ্যপ। বি; পুং।

গৃহকর্ত্রী—গৃহস্বামিনী, গৃহিণী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী বা বিণ। পুং, -কর্তা (র্তৃ)।

গৃহকর্ম (-কর্মন্)—গৃহস্থালীর কার্য, ঘরের কাজ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গৃহকলহ—গৃহবিবাদ (তাহা দ্রঃ)।

গৃহকোণ—ঘরের কোণ, অন্তঃপুর; সংসার। ৬ষ্ঠী-তৎ; বি; পুং। [বি; স্ত্রী।

গৃহগোধা, -গোধিকা—জেঠী, টিকটিকি। ৬ষ্ঠীতৎ।

গৃহচ্ছিদ্র—ঘরের দোষ, আপন সংসারের কলঙ্ক বা দুর্বলতা। গৃহের ছিদ্র, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গৃহচ্যুত—গৃহভ্রষ্ট, গৃহ হইতে বহির্গত। ৫মীতৎ। বিণ।

গৃহজ—গৃহজাত। উপতৎ; গৃহ—জন্+ড কর্তৃ। বিণ। [পুং।

গৃহজন—পরিজন, সংসারের লোক। ৬ষ্ঠীতৎ। বি;

গৃহজাত—ঘরে উৎপন্ন। ৭মীতৎ। বিণ।

গৃহতল—ঘরের মেঝে। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গৃহত্যাগ—গৃহপরিহার, বাটী হইতে চলিয়া যাওয়া; সংসারত্যাগ; (নারীর পক্ষে) কুলত্যাগ। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

গৃহত্যাগী (-ত্যাগিন্)—গৃহবিসর্জনকারী, যে বাড়ি ছাড়িয়া চলিয়া যায় এরূপ সন্ন্যাসী। উপতৎ; গৃহ—ত্যজ্+ঘিনুণ্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -ত্যাগিনী।

হ—ঘরে আগুন লাগা; ঘরে আগুন লাগানো। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গৃহদেবতা—বাস্তুদেবতা, পুরুষানুক্রমে গৃহে নিত্য-পূজিত দেবতা; (শ্লেষ বুঝাইতে) পত্নী। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।
গৃহধর্ম—গার্হস্থ্যাশ্রমের কর্তব্য, গৃহীর বিহিতধর্ম; বিবাহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গৃহপতি—গৃহস্বামী; ধর্ম; মন্ত্রী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গৃহপাল—গৃহস্বামী; কুকুর। উপতৎ; গৃহ—পা+ণিচ্+অণ্ কর্তৃ। বি; পুং।
গৃহপালিত—গৃহে পোষিত, ঘরে পোষা। ৭মীতৎ। বিণ। [বি; স্ত্রী।
গৃহপ্রতিষ্ঠা—গৃহের ভিত্তি সংস্থাপন। ৬ষ্ঠীতৎ।
গৃহপ্রবেশ—ঘরের মধ্যে যাওয়া; নূতন গৃহে প্রথম গমনরূপ অনুষ্ঠান। ৭মীতৎ। বি; পুং।
গৃহপ্রাঙ্গণ—ঘরের সমীপস্থ উঠান, বাড়ির উঠান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
গৃহবলিভুক্ (-ভুজ্)—পায়রা; কাক; চড়াই পাখি; বক। গৃহের বলি (খাদ্যাংশ), ৬ষ্ঠীতৎ; গৃহবলি—ভুজ্+ক্বিপ্ কর্তৃ। বি; পুং।
গৃহবাটিকা—বাড়ির লাগোয়া বাগান; বাগানবাড়ি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
গৃহবাসী (-বাসিন্)—গৃহে অবস্থানকারী; গৃহস্থ। উপতৎ; গৃহ—বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাসিনী**।
গৃহবিচ্ছেদ—আত্মকলহ, আত্মীয়স্বজনের সহিত ঝগড়ার জন্য ছাড়াছাড়ি, ঘর ভাঙ্গা। গৃহসংক্রান্ত বিচ্ছেদ, মধ্যপ। বি; পুং।
গৃহ-বিবাদ, -বিরোধ, -যুদ্ধ—অন্তর্বিদ্রোহ; গৃহ-কলহ, ঘরোয়া ঝগড়া। বি; পুং, ক্লী।
গৃহভেদ—ঘরে সিঁধ কাটা; গৃহবিচ্ছেদ, ঘর ভাঙ্গা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গৃহভেদী (-দিন্)—যে পরিবারের লোকদের মধ্যে ঝগড়া বাধায়, ঘরভাঙ্গানে। উপতৎ; গৃহ—ভিদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভেদিনী**।
গৃহদীপ—প্রদীপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গৃহলক্ষ্মী—গৃহের লক্ষ্মীস্বরূপা স্ত্রী; সুশীলা; সচ্চরিত্রা স্ত্রী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
গৃহশিক্ষক—যিনি ছাত্রের গৃহে আসিয়া তাহাকে শিক্ষাদান করেন এমন শিক্ষক, private tutor. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গৃহশূন্য—১। গৃহহীন, গৃহহারা। ২। বিপত্নীক, পত্নীহারা। ৩য়াতৎ। বিণ।
গৃহসজ্জা—ঘরের আসবাবপত্র। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
গৃহস্থ—১। সংসারী; গৃহস্বামী; মধ্যবিত্ত ব্যক্তি। বি; পুং। ২। গৃহস্থিত। উপতৎ; গৃহ—স্থা+ক কর্তৃ। বিণ।
গৃহস্থালি—সংসার করা, ঘরকন্না। গৃহস্থ+আলি কর্মার্থে (বাংপ্র)। বি।
গৃহস্বামিনী—গৃহের কর্ত্রী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
গৃহস্বামী (-স্বামিন্)—বাটীর কর্তা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গৃহহারা—গৃহশূন্য; যে গৃহ হইতে বাহির হইয়া ঘুরিতেছে এমন। উপতৎ (বাংপ্র)। বিণ।
গৃহহীন—গৃহশূন্য; বিপত্নীক। ৩য়াতৎ। বিণ।
গৃহাগত—১। অতিথি। বি; পুং। ২। গৃহে উপ-স্থিত। ২য়াতৎ। বিণ।
গৃহান্তর—১। বাটীর ভিতর। গৃহের অন্তর, ৬ষ্ঠী-তৎ। ২। অন্য গৃহ। নিত্য। বি; ক্লী।
গৃহাশ্রম—দ্বিতীয় আশ্রম, গৃহস্থাশ্রম। গৃহই আশ্রম, কর্মধা। বি; পুং। [৭মীতৎ। বিণ।
গৃহাসক্ত—সংসারাসক্ত; সংসারানুরাগী। গৃহে আসক্ত,
গৃহিণী—ভার্যা। গৃহিন্+ঈপ্। বি; স্ত্রী।
গৃহিণীপনা—গৃহিণীর কার্য; গৃহিণীর ন্যায় চাল-চলন। গৃহিণী+পনা কর্মাদ্যর্থে (বাংপ্র)। বি।
গৃহী (গৃহিন্)—গৃহস্থ; গৃহপতি। গৃহ+ইন্ আছে অর্থে। বি; পুং, বিণ।
গৃহীত—যাহা গ্রহণ করা হইয়াছে এরূপ; প্রাপ্ত; স্বীকৃত; আক্রান্ত; ধৃত; আশ্রিত; অভ্যস্ত; লব্ধ; জ্ঞাত; সাক্ষাৎকৃত; কৃত ('পুত্ররূপে—'); অব-লম্বিত ('—সন্ন্যাস')। গ্রহ্+ক্ত কর্ম। বিণ।
গৃহীতা—যাহাকে গ্রহণ করা হইয়াছে এরূপ ('—স্ত্রী')। গৃহীত+আপ্। বিণ; স্ত্রী।
গৃহোৎপন্ন—গৃহে জাত। ৭মীতৎ। বিণ।
গৃহ্য—১। অধীন; একপক্ষীয়। গ্রহ্+ক্যপ্ কর্ম। ২। গৃহোৎপন্ন। গৃহ+যৎ ভবার্থে। বিণ। ৩। গৃহ্যদেশ; গোভিলাদিকৃত কর্মকাণ্ড বিঃ ('—সূত্র')। বি; ক্লী। ৪। গৃহপালিত পশুপক্ষী। গ্রহ্+ক্যপ্ কর্ম, অধীনার্থে। বি; পুং।
গে—কথার মাত্রা বিঃ। 'গিয়া' ক্রিয়ার সংক্ষেপ। অ।
গেও—গমন করিল ("হরি গেও মধুপুর"—বিদ্যা-পতি)। প্রা কপ্র। ক্রি।
গেঁজ—অঙ্কুর; আব; গোদের উপরিস্থিত বিস্ফো-টক। বাংপ্র। বি। [froth. বাংপ্র। বি।
গেঁজলা—গাঁজলা; টাটকা দুধ ইঃর উপবকার ফেন,
গেঁজা—গাঁজা; গেঁজলা। বাংপ্র। বি।
গেঁজে—মোটা সুতায় বোনা লম্বা সরু থলি। বাংপ্র। বি।
গেঁজেল—গাঁজিয়াল, গাঁজাখোর; যে আজগুবী কথা বলে। গাঁজা+এল (<ইয়াল) আসক্তার্থে। বাংপ্র। বি বা বিণ।
গেঁটা—মোটা বেঁটে ও বলিষ্ঠ। বাংপ্র। বিণ।
গেঁটে—গাইটযুক্ত; গাঁইট সম্বন্ধীয়, গাঁটের। গাঁট+এ (<ইয়া) সম্বন্ধার্থে। বাংপ্র। বিণ।
গেঁড়—কন্দ; গ্রন্থিবিশিষ্ট মূল ('কচুর—')। <গণ্ড। বি।
গেঁড়া—১। বামন, বেঁটে। বিণ। ২। আত্মসাৎকরণ, অপহরণ ('—দেওয়া')। বাংপ্র। বি।
গেঁড়াকল—ফাঁকি দিয়া আত্মসাৎ করার কৌশল বা উপায় ('—পাতা')। বাংপ্র। বি।
গেঁড়ি—গুগলি, ছোট শামুক। বাংপ্র। বি।

গেঁতো—অলস, দীর্ঘসূত্রী। বাংপ্র। বিণ।
গেঁদা—গাঁদা ফুল বা তাহার গাছ। বাংপ্র। বি।
গেঁয়ে, গেঁয়ো—গ্রামসম্বন্ধীয়, গ্রাম্য ('—রাস্তা'); অশিক্ষিত, অমার্জিত ('—ভাষা')। গাঁ+এ (< ইয়া), ও (< উয়া) সম্বন্ধার্থে। বিণ।
গেঙানো—গোঁ গোঁ শব্দ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। বি—**গেঙানি**।
গেছো—১। বৃক্ষবাসী, গাছে বাস করিতে পটু; গাছসম্বন্ধীয়; পুরুষভাবাপন্ন ('—মেয়ে'); অমার্জিত, রুচিহীন ('—বুদ্ধি')। বিণ। ২। যে লোক গাছে উঠিয়া ডালপালা কাটে এবং অন্যান্য কার্য করে। গাছ+ও (< উয়া) সম্বন্ধার্থে। বি।
গেজেট—সংবাদপত্র; সরকারী ঘোষণাদি-সংবলিত সংবাদপত্র। <ইং 'gazette'. বি। [বি।
গেঞ্জি—বোনা জামা বিঃ। <ইং 'guernsey'.
গেট—তোরণ, ফটক। < ইং 'gate'. বি।
গেঁড়ুয়া—ভাঁটা। <গেণ্ডু। প্রা কপ্র। বি।
গেণ্ডু, গেণ্ডুক, গেন্দুক—কন্দুক, ভাঁটা, ball. গম্+ড কর্তৃ=গ; গ এমন ইন্দু (অর্থাৎ ইন্দু-তুল্য), কর্মধা, স্বার্থে কন্ (নিপা ন্দ-স্থানে 'ড)। বি; পুং।
গেণ্ডুয়া—কন্দুক, ভাঁটা। < গণ্ডু। কপ্র। বি।
গেয়—১। গান, যাহা গাওয়া হয়। বি; পুং। ২। গানযোগ্য, গাহিবার উপযুক্ত; যাহা গাহিতে হইবে। গৈ+যৎ কর্ম। বিণ।
গেয়ান—জ্ঞান। প্রা কপ্র। বি।
গেরস্ত—সংসারী, গৃহী। < গৃহস্থ। বি।
গেরি, গেরিমাটি—পার্বত্য রক্তমৃত্তিকা, লাল মাটি। < গৈরিক, গৈরিক মৃত্তিকা। বি।
গেরিলা—গুপ্ত-যোদ্ধা। <ইং 'guerilla'. বি। বি; পুং। [ইং-মূ। বি।
গেরিলা-যুদ্ধ—গুপ্তভাবে যুদ্ধ করা। ৬ষ্ঠীতৎ।
গেরুয়া—১। গিরিমাটিতে রাঙানো; গৈরিকবর্ণে রঞ্জিত। বিণ। ২। গিরিমৃত্তিকা; গৈরিক বসন। < গৈরিক। বি।
গেরেফতার—গ্রেফতার। < ফা 'গিরিফ্‌তার'। বি।
গেরো—১। গাঁট। <গ্রন্থি। ২। অশুভ; দুর্দৈব; কুগ্রহ। <গ্রহ। বি। [ফা। বিণ।
গের্দ—চতুঃসীমা; হদ্দ। বি। ২। সুশৃঙ্খল; আয়ত্ত।
গেল—১। গত, অতীত ('—দিন')। বিণ। ২। গমন করিল; শেষ হইল; নষ্ট হইল; পার হইল; খরচ হইল; কাটিয়া গেল; আকৃষ্ট হইল; ঢুকিল। বাংপ্র। ক্রি। **গেল গেল**—মারা পড়িল; সর্বনাশ হইল; নষ্ট হইল; পলাইয়া গেল।
গেলা—১। গলাধঃকৃত; ভক্ষিত। বিণ। ২। গ্রাস করা; খাওয়া। <'গৃ'-ধাতু। বাংপ্র। ক্রি [, বি]।
গেলানো—খাওয়ানো বোঝানো ইঃ (বিরক্তিসূচক); প্রবেশ করাইয়া দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
গেলাপ—ওয়াড়; আবরণ; র‍্যাপার। <আ 'গিলাফ'। বি।
গেলাস—জলপানপাত্র বিঃ। ইং 'glass'. বি।
গেলি—১। গমন করিলি। বাংপ্র। ২। গমন করিল ("গেলি কামিনী গজহংগামিনী"—বিদ্যা)। প্রা কপ্র। ক্রি। ৩। (ছাপাখানার) মুদ্রণার্থ সজ্জিত অক্ষরসমূহের আধার। <ইং 'galley'. বি।
গেহ—গৃহ, ঘর, আলয়; সভা। গ (গণেশ) ঈহ (ঈপ্সিত) যেখানে, বহু। বি; ক্লী।
গেহী (গেহিন্)—গৃহী। গেহ+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী—**গেহিনী**।
গৈবি, গৈবী—১। গোপন; গুপ্ত; প্রেরকের নাম-বিহীন; আজগুবী, দৈব। বিণ। ২। গোপন, গুপ্তি; (দাবাখেলায়) আড়াল হইতে চাল বলিয়া অন্যের দ্বারা খেলা। <আ 'গায়েব'। বি।
গৈরিক—১। গিরিমাটি; স্বর্ণ। বি; ক্লীব। ২। গিরিসম্ভূত; গিরিমৃত্তিকারঞ্জিত। গিরি+ইক ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী, **-কী**।
গৈরিকবসন—গিরিমাটিতে রাঙানো কাপড়। কর্মধা। বি; ক্লী। [বিণ। স্ত্রী, **-না**।
গৈরেয়—গিরিজাত, পার্বত্য। গিরি+এয় ভবার্থে।
গো—১। পশু; বৃষ; স্বর্গ; কিরণ; বজ্র; জল; চন্দ্র; বায়ু; সূর্য; পৃথিবী; গোমেধযজ্ঞ; লোম। বি; পুং। ২। গাভী; দৃষ্টি; ইন্দ্রিয় ('গোচর'); বাণ; দিক্; মাতা; বাক্, শব্দ; ভূমি। গম্+ডো কর্তৃ, করণ। বি; স্ত্রী। ৩। সাদর সম্বোধনসূচক শব্দ। বাংপ্র। অ। [বাংপ্র। বি।
গোঁ—১। অনুকরণশব্দ। অ। ২। জেদ, রোখ।
গোঁ-গোঁ—প্রায় অচেতন অবস্থায় যন্ত্রণাসূচক শব্দ। বাংপ্র। অ।
গোঁজ—১। কীলক, খোঁটা। বি। ২। ক্রোধে বা বিরক্তিতে গম্ভীর ('মুখ — করা')। বাংপ্র। বিণ।
গোঁজা—১। নত করা; প্রবেশ করানো। ক্রি। ২। নিয়মিত বিষয়ের অতিরিক্ত বিষয়; যাহা অন্য বস্তুর ভিতর ঠেলিয়া বা গুঁজিয়া দেওয়া হয় তাহা; গুঁতা ('লাঠির —'); ঘরের চালের ফাঁকা জায়গায় যে খড় গুঁজিয়া দেওয়া যায় তাহা। বাংপ্র। বি।
গোঁজামিল—হিসাব ঠিকমত না মিলিলে বাহির হইতে কোন কিছু আনিয়া বা যা-তা ভাবে মিলাইয়া দেওয়া; ফাঁকি দেওয়া। বাংপ্র। বি।
গোঁড়—উচ্চনাভি; গাত্রস্থ মাংসপিণ্ড। <গোণ্ড। বি।
গোঁড়া—১। প্রাচীনপন্থী; রক্ষণশীল, orthodox; তোষামোদকারী; অত্যন্ত ধর্মবিশ্বাসী; ধর্মাদিতে অন্ধবিশ্বাসসম্পন্ন; অত্যন্ত অনুরাগী; একান্ত ভক্ত; উচ্চনাভিবিশিষ্ট। বিণ। ২। গোঁড়ালেবু। বাংপ্র। বি।
গোঁড়ামি, গোঁড়ামো—গোঁড়ার ভাব বা কার্য। গোঁড়া+মি, মো (বাংপ্র)। বি।
গোঁৎ—১। জলে ডুব দেওয়ার শব্দ। অ। ২। অবনত মস্তকে পড়া বা জলে ডোবা। বাংপ্র। বি।
গোঁফ, গোঁপ—মোচ; ওষ্ঠের উপরিস্থ কেশ। <গুম্ফ। বি। **গোঁফে তা দেওয়া**—অঙ্গুলি

দ্বারা গোঁফ বিন্যাস করা বা কুঞ্চিত করা; প্রফুল্লতা ও উদ্বেগশূন্যতা প্রকাশ করা।
গোঁফ-খেজুরে—গোঁফের উপরে পতিত খেজুর ভক্ষণেও অনিচ্ছুক; (অর্থাৎ) অত্যন্ত অলস। গোঁফে খেজুর, ৭মীতৎ+এ (<ইয়া) যুক্তার্থে। বিণ।
গোঁয়ানো—গোঙানো (তাহা দ্রঃ)।
গোঁয়ার—১। কাণ্ডজ্ঞানশূন্য; অতিমূর্খ; নিষ্ঠুর; হঠকারী; অতিদুর্দান্ত; একগুঁয়ে <ফা 'গমার' বা গোঁ+আর বিশিষ্টার্থে (বাংপ্র)। ২। গ্রাম্য; অরসিক, প্রণয়-ব্যাপারে অনভিজ্ঞ; লম্পট; দস্যু। প্রা কপ্র। বিণ। স্ত্রী, -রী।
গোঁয়ারগোবিন্দ—কাণ্ডজ্ঞানশূন্য; হঠকারী; অতি দুঃসাহসিক। বাংপ্র। বি বা বিণ।
গোঁয়ারতমি, -তুমি—হঠকারিতা; কাণ্ডজ্ঞানহীনতা; নিষ্ঠুরতা; একগুঁয়েমি। গোঁয়ার+তমি, তুমি (বাংপ্র)। বি।
গোঁসা—অভিমান, রাগ। আ-ম্। বি।
গোঁসাই—প্রসিদ্ধ প্রভুবংশীয়গণের উপাধি; ঠাকুর; প্রভু। <গোস্বামী। বি।
গোকর্ণ—১। বিতস্তি-পরিমাণ, বিঘৎ; গণ্ডূষ; রুদ্র বিঃ ('—দেবের মন্দির')। গো-র কর্ণের ন্যায় কর্ণ যাহার, বহু। ২। গরুর কান। ৬ষ্ঠীতৎ। ৩। সাপ। গো (নেত্র) কর্ণ যাহার, বহু। বি; পুং।
গোকল—গোগ্রাস; ব্রত বিঃ যাহাতে গরুকে ঘাস খাইতে দেওয়া হয় ও গরুকে পূজা করা হয়। <গোকবল। বি।
গোকুল—১। গোসমূহ। গরুর পাল, ৬ষ্ঠীতৎ। ২। বৃন্দাবন। গো-র কুল যাহাতে, বহু। বি; ক্লী।
গোক্ষীর—গরুর দুধ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
গোক্ষুর, গোখুর—১। স্বনামখ্যাত ওষধি বিঃ; গোখুরা সাপ; গরুর খুর। গো-র ক্ষুর, খুর (অর্থাৎ ক্ষুরবৎ চিহ্ন) যাহাতে, বহু। ২। গরুর খুর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গোখাদক—গোমাংসভোজী, গরুখেকো। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -খাদিকা।
গোখুর—'গোক্ষুর' দ্রঃ।
গোখুরা—গোক্ষুর সাপ। গোখুর+আ স্বার্থে। বাংপ্র। বি।
গোগা—বোবা। বাংপ্র। বি বা বিণ।
গোগ্রাস—প্রায়শ্চিত্তের পর মন্ত্রপূত করিয়া গরুকে ঘাস প্রদান; গরুর ন্যায় গ্রাস গ্রহণ অর্থাৎ এক এক গ্রাসে অধিক ভক্ষণ ('গোগ্রাসে গেলা')। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গোঘাতক—১। কসাই; যবন; ম্লেচ্ছ। বি; পুং। ২। গোহত্যাকারী। ৬ষ্ঠীতৎ। বিণ।
গোঘ্ন—১। গোহত্যাকারী। গো—হন্+ক কর্তৃ। বিণ। ২। অতিথি। উপতৎ; গো—হন্+ক সম্প্র। বি; পুং।
গোঙা—গোগা; বোবা। বাংপ্র। বি বা বিণ।
গোঙানো—গোঁ-গোঁ শব্দ করা; যাপন করা; গমন করা; অনুগমন করা। বাংপ্র। ক্রি [, বি]। বি, -নি।
গোচ, গোছ—পান ইঃর আঁটি; সুযোগ ('— বুঝে কাজ করা'); আয়োজন; সুশৃঙ্খলা; পারিপাট্য; পায়ের গোড়ালির উপরের অংশ; প্রকার; ধরন। <গুচ্ছ। বি।
গোচর—১। আশ্রয়; ইন্দ্রিয়ের বিষয়, রূপরসগন্ধাদি; সাক্ষাৎকার; জ্ঞাতসারে; গোচারণস্থান, গরুর আহারস্থান। বি; পুং। ২। আশ্রিত, বিষয়ীভূত। গো—চর্+ঘ অধি। বিণ।
গোচর্ম (-চর্মন্)—১। গরুর চামড়া। ৬ষ্ঠীতৎ। ২। ভূমির পরিমাণ বিঃ। বি; ক্লী।
গোচারণ—গরু চরানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
গোছ—'গোচ' দ্রঃ।
গোছগাছ—গোছানো; সুব্যবস্থা। বাংপ্র। বি।
গোছা—থোবা, আঁটি; বাণ্ডিল, তপ্পা; আটগণ্ডা পান। < গুচ্ছ। বি।
গোছানো—সাজানো, সাজাইয়া রাখা; সুব্যবস্থা করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
গোছালো, গোছাল—উপবুক্ত; পটু; চতুর; সংগতিপন্ন; মিতব্যয়ী; সুশৃঙ্খল ('— সংসার'); হিসাবী; সুসজ্জিত। বাংপ্র। বিণ।
গোট—মেয়েদের কোমরের গহনা বিঃ, মেখলা। বাংপ্র। বি।
গোটা—১। অখণ্ড, আস্ত ('—সুপারি')। বিণ। ২। জরির পাড়; ঝালর; বিবিধ মসলার চূর্ণ বিঃ। বি। ৩। সংখ্যাবাচক শব্দ। বাংপ্র। বি বা বিণ।
গোটাকতক, -কয়েক—কয়েকটামাত্র। বাংপ্র। বিণ।
গোটাসিদ্ধ—আ-কাটা তরকারির সহিত সিদ্ধ আস্ত মাষকলাই। সূপ (বাংপ্র)। বি।
গোটিক—একটিমাত্র। বাংপ্র। বি।
গোঠ—১। গো-র অবস্থান-স্থান; গরু চরিবার স্থান। < গোষ্ঠ। ২। মেয়েদের কোমরের গহনা বিঃ। বাংপ্র। বি।
গোড়—চাল-চলন, ভাবভঙ্গী; মতলব; শিকড়; পা। বাংপ্র। বি। গোড়ে গোড় দেওয়া—মতে মত দেওয়া; অন্ধভাবে অনুকরণ করা।
গোড়া—মূল, আদি; শিকড়; সূত্রপাত। বাংপ্র। বি।
গোড়াগুড়ি—গোড়া হইতে। বাংপ্র। অ।
গোড়ানো—ফলে পরিণত হওয়া; নিকটবর্তী হওয়া; পশ্চাদ্ধাবন করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
গোড়ালি—গুল্ফ, পাদমূল। বাংপ্র। বি।
গোডিম—জন্মকালে পক্ষীর গুহ্যদেশস্থিত অণ্ডাকার মাংসপিণ্ড; (তাহা হইতে কাহারও) নিতান্ত শৈশব অবস্থা। বাংপ্র। বি।
গোড়ে—মোটা করিয়া গাঁথা ফুলের মালা। বাংপ্র। বি।
গোণী—থলিয়া, বস্তা; দুইধারী পরিমাণ। গুণ্+ঘঞ্ কর্তৃ (নিপা)+ঈপ্। বি; স্ত্রী।
গোত্তা—ঘুড়ির পাক খাইয়া বেগে পতন; আঘাত করা। < আ 'গউতাহ্'। বি।

গোত্র—১। বংশ, কুল; গোত্রপ্রবর্তক গৌতম ভরদ্বাজ প্রঃ ঋষির সন্তান-পরম্পরা; অরণ্য; ক্ষেত্র; পথ; ছত্র; গোগৃহ। গু+ত্র কর্তৃ, সংজ্ঞার্থে। বি; ক্লী। ২। কুলপ্রবর্তক ঋষি; পর্বত ('গোত্রের প্রধান পিতা'—ভারত)। উপতৎ; গো—ত্রৈ+ক কর্তৃ। বি; পুং। [ড কর্তৃ। বিণ।

গোত্রজ—সগোত্র, একবংশীয়। উপতৎ; গোত্র—জন্+

গোত্রপ্রধান—পর্বতশ্রেষ্ঠ হিমালয়; গোষ্ঠীপতি। গোত্রমধ্যে প্রধান, ৭মীতৎ। বি; ক্লী।

গোত্রভিৎ (-ভিদ্)—পর্বতবিদীর্ণকারী ইন্দ্র। উপতৎ; গোত্র—ভিদ্+ক্বিপ্ কর্তৃ। বি; পুং।

গোদ—পদস্ফীতি-রোগ, শ্লীপদ রোগ, elephantiasis. বাংপ্র। বি।

গোদা—১। স্থূল, মোটা; গোদবিশিষ্ট। বিণ। ২। নায়ক; সর্দার (প্রায় মন্দ অর্থে); বানরদলের নায়ক। বাংপ্র। বি।

গো-দাগা—গরুর গায়ে দাগ দেওয়া; লোহা পোড়াইয়া দাগ দিয়া গরুর চিকিৎসাকারী। বাংপ্র। বি।

গোদান—১। কেশান্তসংস্কার, কেশচ্ছেদনরূপ সংস্কার। গো—দো+অনট্ অধি। বি; পুং। ২। গোপ্রদান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গোদাবরী—দাক্ষিণাত্যের নদী বিঃ। গো—দা+বনিপ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

গোদুগ্ধ—গাভীর দুগ্ধ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গোদোহন—গরু দোওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গোদোহনী—গাই দোহার ভাঁড় বা কেঁড়ে। গো—দুহ্+অনট্ অধি+ঈপ্। বি; স্ত্রী।

গোধন—গাভীরূপ ধন; গোসমূহ। রূপক কর্মধা। বি; ক্লী।

গোধা, গোধিকা—গোসাপ। গুধ্+অচ্ কর্তৃ+আপ্; গোধা+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

গোধূম—গমশস্য। গুধ্+উম কর্ম। বি; পুং

গোধূমচূর্ণ—ময়দা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গোধূমনাল—গমের পালো। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোধূলি—সূর্যাস্তসময়, সন্ধ্যার প্রাক্কাল। গো-র ধূলি যাহাতে, বহু। বি; পুং।

গোধূলিলগ্ন—গোধূলিতে বিবাহের জন্য নির্দিষ্ট শুভ সময়। কর্মধা। বি; ক্লী।

গোনা—গনা (তাহা দ্রঃ)। [বিণ।

গোনাগাঁথা—গণিত; নির্দিষ্ট; পরিমিত। বাংপ্র।

গোপ—১। গোয়ালা; গোপাল; ভূপতি। উপতৎ গো—পা+ক কর্তৃ। বি; পুং। ২। রক্ষক; উপকারক; বহু গ্রামের অধিপতি। গুপ্+অচ্ কর্তৃ। বিণ। স্ত্রী—**গোপা** (গোপকন্যা), **গোপী** (গোপ-স্ত্রী)।

গোপত—লুক্কায়িত, গুপ্ত ('আওত গোপত বেশ উতারিয়া'—মাধব)। প্রা কপ্র। বিণ।

গোপন—১। রক্ষণ; লুকানো, অন্যকে না জানানো। গুপ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। অপ্রকাশিত; গোপনীয়। বাংপ্র। বিণ। [স্ত্রী।

গোপনারী—গোপরমণী, গোপী। ৬ষ্ঠীতৎ। বি;

গোপনীয়—অপ্রকাশ্য; গোপন করিবার মত; রক্ষণীয়। গুপ্+অনীয় কর্ম। বিণ।

গোপবধূ—গোপজাতীয়া স্ত্রী; গোপভার্যা। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গোপাঙ্গনা—গোপরমণী, গোপবধূ। গোপের অঙ্গনা,

গোপাল—১। বালক শ্রীকৃষ্ণ; গোপ; রাখাল; ভূপতি। গো—পালি+অণ্ কর্তৃ। বি; পুং। ২। গরুর পাল বা দল। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

গোপালক—কৃষ্ণ; শিব; গোরক্ষক। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-পালিকা**।

গোপালন—গরু পোষা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গোপালভোগ—একপ্রকার উত্তম কদলী; ধান্য বিঃ; একপ্রকার আম। বাংপ্র। বি।

গোপাষ্টমী—কার্তিক মাসের শুক্লাষ্টমী। গোপ-পালনীয়া অষ্টমী, মধ্যপ। বি; স্ত্রী।

গোপিকা—গোয়ালিনী, গোপের স্ত্রী রক্ষিকা। গোপী, গোপা+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

গোপিকামোহন, -রমণ—১। গোপীগণের মন মাতাইয়া তোলে এমন, গোপীবল্লভ। বিণ। ২। শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোপিত—লুক্কায়িত। গুপ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

গোপিনী—গোপী, গোপিকা। গোপ+ইনী (বাংলা স্ত্রীপ্রত্যয়)। বি; স্ত্রী। [স্ত্রী।

গোপী—গোয়ালিনী; শ্যামালতা। গোপ+ঈপ্। বি;

গোপীচন্দন—বৈষ্ণবগণের ব্যবহার্য তিলক-মৃত্তিকা, তিলকমাটি। গোপীসম্ভূত চন্দন, মধ্যপ। বি; ক্লী।

গোপীজনবল্লভ—গোপীগণের প্রিয় শ্রীকৃষ্ণ। গোপীই জন, কর্মধা; গোপীজনের বল্লভ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোপীনাথ—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোপীমোহন—১। শ্রীকৃষ্ণ। বি; পুং। ২। গোপীদিগের মনোমোহকর। ৬ষ্ঠীতৎ। বিণ।

গোপীযন্ত্র—একতারা। গোপীনামক যন্ত্র, মধ্যপ। বি; ক্লী।

গোপুর—নগরের ফটক; তোরণ। গুপ্+উর করণ। বি; ক্লী। [পুং।

গোপেন্দ্র—শ্রীকৃষ্ণ। গোপমধ্যে ইন্দ্র, ৭মীতৎ। বি;

গোপ্তব্য—গোপনীয়, গোপনযোগ্য। গুপ্+তব্য কর্ম। বিণ। [আ-স। বি।

গোপ্তা—ঘুড়ি উলটাইয়া দূরে পতিত হওয়া।

গোপ্তা (গোপ্তৃ)—রক্ষক, রক্ষাকর্তা; প্রতিপালক; অধ্যক্ষ; গোপনকারী। গুপ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**গোপ্ত্রী**।

গোপ্য—রক্ষণীয়; গোপনীয়। গুপ্+ণ্যৎ কর্ম। বিণ।

গোফা—সাধন-ভজনের জন্য নির্জন স্থান; গুম্ফা। বাংপ্র। বি।

গোবৎস—বাছুর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোবদা, গোব্দা—মোটা; অতি পুরু; খুব মাংসল। বাংপ্র। বিণ।

গোবধ—গো-হত্যা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোবর—গোময়। <গোবিট্। বি।

গোবরগণেশ—গোময়নির্মিত গণেশের ন্যায় কদাকার এবং অকর্মণ্য ব্যক্তি; অকেজো বোকা ভালমানুষ; হাঁদা। গোবরনির্মিত গণেশ, মধ্যপ (বাংপ্র)। বি।

গোবরভরা—গোময়পূর্ণ; অসার; বুদ্ধিহীন ('— মাথা')। ৩য়াতৎ (বাংপ্র)। বিণ।

গোবরা—নির্বোধ, হাঁদা। বাংপ্র। বিণ।

গোবরাট, -রাঠ—জানালা কপাট প্রঃর কমকাট। <'গর্ভাগার-কাষ্ঠ'। বি। [বি।

গোবরপোকা—একপ্রকার কৃষ্ণবর্ণ কীট। বাংপ্র।

গোবর্ধনধারী (-ধারিন্)—শ্রীকৃষ্ণ। উপতৎ; গোবর্ধন—ধৃ+ণিন্ কর্তৃ। বি; পুং।

গোবলীবর্দন্যায়—ন্যায় বিঃ ['বলীবর্দ' শব্দে মহাবৃষভ বুঝাইলেও গো-শব্দ পূর্বে থাকায় তদ্দ্বারা অনায়াসে মহাবৃষভকে বুঝায়। এতদনুরূপ বিষয়ে এই উপমার অবতারণাকে গোবলীবর্দ-ন্যায় বলে]। গো-ই বলীবর্দ, কর্মধা; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

গোবাঘ, গোবাঘা—গরুমারা বড় বাঘ; তরক্ষু, hyena; চিতাবাঘ; নেকড়ে। গোখাদক বাঘ, বাঘা, মধ্যপ (বাংপ্র)। বি।

গোবিন্দ—১। শ্রীকৃষ্ণ; বৃহস্পতি। বি; পুং। ২। গোপালক, গরুর মালিক। উপতৎ; গো—বিদ্+শ কর্তৃ। বিণ।

গোবেচারা, -বেচারী—নেহাত ভালমানুষ; নিরীহ; ঠাণ্ডাপ্রকৃতির লোক। গোসদৃশ বেচারা, বেচারী, উপমান কর্মধা (বাংপ্র)। বি বা বিণ।

গোবেড়ন, গোবেড়েন—গরুর গাড়ির গাড়োয়ান বা রাখাল গরুকে যেমন নির্দয়ভাবে প্রহার করে সেইরূপ ভীষণ প্রহার। বাংপ্র। বি।

গোবৈদ্য—১। গোচিকিৎসক। ৬ষ্ঠীতৎ। ২। অনভিজ্ঞ চিকিৎসক, হাতুড়ে বৈদ্য। গোসদৃশ (নির্বোধ) বৈদ্য, মধ্যপ। বি; পুং।

গো-ভাগাড়—মরা গরু প্রঃ ফেলিবার জায়গা। ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি।

গোমড়া—বিরক্তিহেতু গম্ভীর, ভার-ভার। বাংপ্র। বিণ।

গোমতী—১। নদী বিঃ। বি; স্ত্রী। ২। বহু গো-সম্পন্না। গো+মতুপ্+ঈপ্। বিণ। ৩। (ব্যঙ্গার্থে) গো-ভাগাড়। বাংপ্র। বি।

গোময়—গরুর বিষ্ঠা, গোবর। গো+ময়ট্ পুরীষার্থে। বি; পুং বা ক্লী।

গোমসূরিকা, গোমসূরী—গোবসন্ত; গরুর বসন্ত-রোগের বীজ। গোজাতা মসূরিকা, মসূরী, মধ্যপ। বি; স্ত্রী।

গোমসূর্যাধান—গোবীজের টিকা দেওয়া, vaccination. গো-র মসূরী, ৬ষ্ঠীতৎ; তাহার আধান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গোমসূর্যাহিত—গোবীজ যাহার টিকা দেওয়া হইয়াছে এমন, vaccinated. গোমসূরী আহিত যাহাতে, বহু। বিণ।

গোমস্তা—প্রতিনিধি, কর্মচারী, agent: জমিদারের করসংগ্রাহক কর্মচারী, তহশিলদার; মহাজনের গদির হিসাবরক্ষক। <ফা 'গুমাশ্‌তহ্'। বি।

গোমাংস—গরুর মাংস। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গোমুখী—হিমালয়ের গোমুখাকার গুহা [এইখানে গঙ্গার উৎপত্তি হইয়াছে]; রাঢ়দেশের একটি নদী। গো-র মুখের ন্যায় মুখ যাহার, বহু+ঈপ্। বি; স্ত্রী। [ক্লী।

গোমূত্র—গরুর প্রস্রাব, চোনা। ৬ষ্ঠীতৎ। বি;

গোমূর্খ—গরুর ন্যায় বোকা, নিতান্ত মূর্খ, কাণ্ড-জ্ঞানশূন্য। গোসদৃশ মূর্খ, উপমান কর্মধা। বিণ।

গোমেদ—পীতবর্ণ মণি বিঃ, zircon বা jacinth; দ্বীপ বিঃ। গো—মিদ্+ঘঞ্ করণ। বি; পুং।

গোমেধ—গোসবনামক যজ্ঞ বিঃ। গো—মেধ্+ঘঞ্ অধি। বি; পুং।

গোযান—গরুর গাড়ি। গো-বাহিত যান, মধ্যপ। বি; ক্লী।

গোয়াল, গোহাল—১। গোগৃহ, গরুর থাকিবার ঘর। < গোশালা। ২। গোপালক। < গোপাল। বি।

গোয়ালা—গোপ, গয়লা; দুগ্ধ-ব্যবসায়ী। <গোপাল। বি। স্ত্রী—**গোয়ালিনী**।

গোয়েন্দা—গুপ্তচর; পুলিসের গুপ্তসংবাদবাহক। <ফা 'গোইন্দহ্'। বি।

গোয়েন্দাগিরি—গুপ্তচরের কাজ। ফা-মু। বি।

গোর—কবর, মৃত্তিকামধ্যে শব স্থাপন। ফা। বি।
গোর দেওয়া—কবর দেওয়া, মৃতদেহ মাটির নীচে পুঁতিয়া ফেলা। **গোরে যাওয়া**—মরা।

গোরস—গরুর দুধ। গোজাত রস, মধ্যপ। বি; পুং।

গোরস্থান—সমাধিক্ষেত্র, কবর দিবার জায়গা। ৬ষ্ঠীতৎ। বি।

গোরা—১। শ্রীগৌরাঙ্গ; ইওরোপীয় লোক; ইংরেজ সৈন্য। বি। ২। শুভ্র। < গৌর। বিণ। **গোরার বাদ্য**—ইওরোপীয় সৈন্যদের যুদ্ধবাদ্য। **ন্যাংটা গোরা**—হাফপ্যান্ট-পরিহিত স্কটলণ্ডীয় সেনা, highlander.

গোরাচাঁদ—শ্রীচৈতন্যদেব। <গৌরচন্দ্র। বি।

গোরি, গোরী—গৌরবর্ণা; সুন্দরী। প্রা কপ্র। বিণ; স্ত্রী।

গোরু—গাভী; বৃষ। <গোরূপ। বি।

গোরোচনা—হলদে রং বিঃ (গোমস্তক বা গোপিত্ত হইতে জাত বলিয়া কল্পিত)। গো-জাতা রোচনা, মধ্যপ। বি; স্ত্রী।

গোল—১। বর্তুলাকার বস্তু; পতির মৃত্যুর পর উপপতি হইতে জাত পুত্র; ভূগোল; খগোল; একরাশি; ষড়্গ্রহযোগ। গুড়্+ঘঞ্ কর্ম। (ড়-স্থানে ল)। বি; পুং। ২। মণ্ডল। বি; পুং বা ক্লী। ৩। গোলাকার, বর্তুলাকৃতি। উপতৎ; গো—লা+ক কর্তৃ। বিণ। ৪। গোলমাল; অসুবিধা; ফেসাদ; ভ্রম; বিশৃঙ্খলা; জটিলতা। ফা। ৫। ফুটবল হকি প্রঃ খেলায় বলপ্রেরণের নির্দিষ্ট স্থান। <ইং 'goal'. বি। **গোল তোলা**—আপত্তি করা। **গোল দেওয়া**—পথে বাধার সৃষ্টি করা;

ফুটবল হকি প্রঃ খেলায় নির্দিষ্ট স্থানে বল পাঠানো। **গোল পাকানো, গোল বাধানো**—বিশৃঙ্খলার সৃষ্টি করা, গোলমাল বাধানো। **গোলে হরিবোল দেওয়া**—অনেক লোকের অনেক কাজের মধ্যে যেমন-তেমন করিয়া কাজ সারা, গোলমালের মধ্যে কাজে ফাঁকি দেওয়া।

গোল-আলু—সাধারণ আলু, potato. কর্মধা। বাংপ্র। বি।

গোলক—ভূমণ্ডলের প্রতিরূপক, globe; মণ্ডল; গোলাকার বস্তু (স্বর্ণ —'); ভাঁটা, ball. গোল+কন্ সংজ্ঞার্থে। বি; ক্লী।

গোলকধাঁধা—ক্রীড়া বিঃ, একপ্রকার খেলা; যে বেষ্টনীর মধ্যে প্রবেশ করিলে বাহির হওয়ার পথ পাওয়া কঠিন; জটিলতা, জটিল সমস্যা, মুশকিল। < হি 'গোরখ-ধাঁধা'। বি।

গোলগাল—প্রায় গোলাকার; গোলাকার ও সুন্দর; সুগোল; নধর; সুস্পষ্ট। বাংপ্র। বিণ।

গোলদার—আড়তদার, খুচরা ও পাইকারী ব্যবসাদার, মহাজন। গোলা (হি)+দার (ফা)। বি বা বিণ।

গোলদারি—গোলদারের কাজ, আড়তদারি। গোলদার +ই কর্মার্থে (বাংপ্র)। বি।

গোলদারী—আড়তদারসম্বন্ধীয়; আড়তসম্বন্ধীয়। গোলদার+ঈ সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।

গোলন্দাজ—যে-সেনা কামান বন্দুক ছোড়ে, গোলানিক্ষেপকারী। < ফা 'গোলহ্-আন্দাজ্'। বি।

গোলন্দাজী—গোলন্দাজ সম্বন্ধীয়। ফা-মু। বিণ।

গোলপাত, -পাতা—নারিকেলের পাতার মত দেখিতে একপ্রকার ঘর ছাওয়ার পাতা। বাংপ্র। বি।

গোলমরিচ—কালমরিচ, কৃষ্ণবর্ণ গোলাকার মরিচ বা তাহার গাছ। বাংপ্র। বি।

গোলমাল—কোলাহল; বিশৃঙ্খলা, এলোমেলো ভাব। বাংপ্র। বি। **আকাশের গোলমাল**—ঝড়বৃষ্টির ভয়। **গোলমালে চণ্ডীপাঠ**—গোলে হরিবোল (তাহা দ্রঃ)। **পেটের গোলমাল**—অজীর্ণতা, বদহজম।

গোলমেলে—কোলাহলময়; কোলাহলপ্রিয়; বিশৃঙ্খলাপূর্ণ; নটঘটে। গোলমাল+এ (< ইয়া) করে অর্থে (বাংপ্র)। বিণ। [বি।

গোলযোগ—বিশৃঙ্খলা; গণ্ডগোল; ফেসাদ। ফা-মু।

গোলা—১। ধান্যাদির আগার; পণ্যদ্রব্যের বড় দোকান; বাজার, গঞ্জ। বাংপ্র। বি। ২। কাষ্ঠাদিনির্মিত গোলাকার ক্ষুদ্র পদার্থ; বর্তুলাকার লৌহপিণ্ড। < গোলক। বি; স্ত্রী। ৩। গোলাকারা। গোল+আপ্। বিণ; স্ত্রী। ৪। তরলীকৃত। গুল্ +আ কর্ম (বাংপ্র)। ৫। সরল; অশিক্ষিত; সাধারণ, বৈশিষ্ট্যহীন ('—লোক'); নির্বোধ। < ফা 'গোল'। বিণ। ৬। তরলীকৃত দ্রব্য ('—আবীর')। গুল্+আ কর্ম। বি। ৭। তরল করা, জলাদির সহিত মিশানো। বাংপ্র। ক্রি [, বি]। **গোলা হাঁড়ি**—যে হাঁড়িতে ঘর নিকাইবার উপযোগী গোবরগোলা জল রাখা হয়।

গোলাকার, -কৃতি—১। গোল আকারবিশিষ্ট, বর্তুলাকার, round. বহু। বিণ। ২। গোল আকার। কর্মধা। বি; পুং, স্ত্রী।

গোলাগুলি—বন্দুক-কামানের গোলা; বন্দুক-কামানের অগ্নিবর্ষণ। বাংপ্র। বি।

গোলাঘর—গোলাবাড়ি। কর্মধা। বাংপ্র। বি।

গোলাঙ্গুল—১। ন্যায় বিঃ, অন্ধ-গোলাঙ্গুলন্যায়। বি; পুং। ২। গরুর লেজ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গোলাজাত—গোলাতে সঞ্চিত। গোলায় জাত (নিহিত), ৭মীতৎ (বাংপ্র)। বিণ।

গোলানো—গোলাকার করা; জলাদির সহিত মিশানো; গোলমাল বাধানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

গোলাপ, গোলাব—প্রসিদ্ধ পুষ্প। < ফা 'গুলাব'। বি। [মধ্যপ (ফা-মু)। বি।

গোলাপ-জল—গোলাপপুষ্প দ্বারা সুরভীকৃত বারি।

গোলাপজাম—গোলাপগন্ধী সুমধুর জাম বিঃ। বাংপ্র। বি। [বিঃ। ফা-মু। বি।

গোলাপদান, -দানি—গোলাপপুষ্প রাখিবার পাত্র

গোলাপপাশ—গোলাপজল ছিটাইয়া দিবার জন্য সচ্ছিদ্র পাত্র। ফা-মু। বি।

গোলাপায়রা—অপোষা নামহীন পায়রা; একধরনের পায়রা। গোলা (< ফা 'গোল'=দল) পায়রা, কর্মধা। বি।

গোলাপী, গোলাবী—১। গোলাপতুল্য, গোলাপের ন্যায় বর্ণবিশিষ্ট। গোলাপ, গোলাব+ঈ তুল্যার্থে। (ফা-মু)। ২। ঈষৎ ('—নেশা')। বাংপ্র। বিণ।

গোলাব-জল—গোলাপ-জল (তাহা দ্রঃ)।

গোলাবপাশ—গোলাপপাশ (তাহা দ্রঃ)।

গোলাবাড়ি—যে গৃহে শস্যাধারসমূহ রক্ষিত হয় তাহা; খামার-বাড়ি। কর্মধা (বাংপ্র)। বি।

গোলাম—ভৃত্য, চাকর; ভৃত্যের ছবিযুক্ত তাস। আ। বি।

গোলামখানা—গোলামদিগের থাকিবার স্থান; গোলাম তৈয়ারির স্থান। গোলামের (আ) খানা (ফা), ৬ষ্ঠীতৎ। বি। [কর্মার্থে। আ-মু। বি।

গোলামি—পরসেবা, দাসত্ব, চাকরি। গোলাম+ই

গোলার্ধ—কোন গোলাকার বস্তুর বিশেষতঃ পৃথিবীর অর্ধভাগ, hemisphere. গোলের অর্ধ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোলালু—কন্দ বিঃ, potato. বাংপ্র। বি।

গোলালো—গোলগাল, প্রায় গোলাকৃতি। বাংপ্র। বিণ।

গোলোক—বৈকুণ্ঠ; স্বর্গধাম। গো-ই (স্বর্গই) লোক, কর্মধা। বি; পুং।

গোলোকধাঁধা—গোলকধাঁধা (তাহা দ্রঃ)।

গোলোকধাম (-ধামন্)—১। বৈকুণ্ঠলোক। কর্মধা। বি; ক্লী। ২। একপ্রকার খেলা। বাংপ্র। বি।

গোলোকনাথ, -পতি—নারায়ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোলোকবিহারী (-বিহারিন্)—১। বিষ্ণু। বি; পুং। ২। পুণ্যবলে বৈকুণ্ঠে বিহারকারী। উপপদ; গোলোক—বি—হৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বিহারিণী।

গোল্লা—ক্ষুদ্র গোলাকার বস্তু; গোলাকার মিষ্টান্ন ('কাঁচা—'); রসগোল্লা; শূন্য, "০"; কিছুই নয়; অধঃপাত ('গোল্লায় যাওয়া')। বাংপ্র। বি। **গোল্লায় যাওয়া**—অধঃপাতে যাওয়া, চূড়ান্তভাবে খারাপ হওয়া।

গোশাল—গরু থাকিবার স্থান, গোয়াল। গো-র শালা, ৬ষ্ঠীতৎ (আ-স্থানে অ)। বি; ক্লী।

গোশালা—গোয়াল। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গোষ্ঠ—গরুর অবস্থান-স্থান, গোঠ; মিলনস্থল, সমিতি। গো—স্থা+ক ঘঞর্থে অধি। বি; পুং বা ক্লী। [বি; স্ত্রী।

গোষ্ঠলীলা—শ্রীকৃষ্ণের গোচারণাদি কার্য। ৬ষ্ঠীতৎ।

গোষ্ঠাগার—সভাগৃহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গোষ্ঠাষ্টমী—গোপাষ্টমী, কার্তিকী শুক্লাষ্টমী। গোষ্ঠের অষ্টমী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গোষ্ঠী—সভা; পরিবার; আড্ডা; বংশ; জ্ঞাতি; সংলাপ; অষ্টাদশ উপরূপকের মধ্যে একবিধ দৃশ্য-কাব্য। গো—স্থা+ক ঘঞর্থে অধি+ঈপ্। বি; স্ত্রী।

গোষ্ঠীপতি—পরিবারপালক, গোষ্ঠীর প্রধান ব্যক্তি; সমাজপতি; সভাপতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোষ্ঠীবর্গ—পরিজন ও জ্ঞাতিগণ; বংশাবলী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোষ্পদ—গোখুর-চিহ্নের পরিমিত স্থান; গরুর পদ-চিহ্ন; খুব ছোট পাত্র; অতি সামান্য বস্তু। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; পু।

গো-সর্প—গোসাপ, গোধা। গো—সৃপ্+অচ্ কর্তৃ।

গোসল—অবগাহন, স্নান। < আ 'গুসল্'। বি।

গোসলখানা—স্নানাগার, bath-room. গুসল্ (আ)+খানা (ফা)। বি।

গোসা—রাগ, অভিমান। < আ 'গুস্-সহ্'। বি।

গোসাঘর—ক্রোধাগার, প্রাচীনকালে ক্রুদ্ধা নারীর ক্রোধপ্রকাশের জন্য যে গৃহ নির্দিষ্ট থাকিত তাহা। ৬ষ্ঠীতৎ (আ-মৃ)। বি।

গোসাঁই—প্রভু; বৈষ্ণব উপাধি বিঃ। < গোস্বামী। বি; পুং।

গোসাপ—গোধা, গোধিকা। < গোসর্প। বি; পুং।

গোস্ত—মাংস। < ফা 'গোশ্‌ৎ'। বি।

গোস্তনা, গোস্তনী—দ্রাক্ষা, আঙ্গুর। গোর স্তনের ন্যায় আকার যাহার (যে স্ত্রীর), বহু। বি; স্ত্রী।

গোস্তাকি, গোস্তাগি—অহংকার, ধৃষ্টতা, ঔদ্ধত্য। < ফা 'গুস্তাখী'। বি।

গোস্বামী (-মিন্)—ভগবান্; যে ব্যক্তি সাংসারিক ব্যাপারে লিপ্ত না থাকিয়া ধর্মচিন্তায় মনোনিবেশ করেন তিনি; ধর্মোপদেষ্টা; বাচস্পতি; অদ্বৈতা-চার্যবংশীয় ও নিত্যানন্দবংশীয় ব্রাহ্মণ; গোরক্ষক; বৈষ্ণব ও ব্রাহ্মণের উপাধি বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোহত্যা—গোবধ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গোহারি—আবেদন-নিবেদন, কাকুতিমিনতি। অসং। বি।

গোহাল—গোগৃহ। < গোশালা। বি।

গৌড়—প্রাচীন নগর বিঃ, বঙ্গদেশ। গুড়+অণ্ উৎপন্নার্থে। বি; পুং।

গৌড়জন—বঙ্গদেশবাসী ("গৌড়জন যাহে আনন্দে করিবে পান সুধা নিরবধি"—মাইকেল)। মধ্যপ। বি; পু।

গৌড়ী—১। গুড় হইতে প্রস্তুত সুরা। গুড়+অণ্ বিকারার্থে+ঈপ্। ২। রাগিণী বিঃ; রচনারীতি বিঃ; কাব্যের রীতি বিঃ। গৌড়+অণ্ ভবার্থে+ঈপ্। বি; স্ত্রী।

গৌড়ীয়—গৌড়দেশসম্বন্ধীয়; গৌড়দেশবাসী। গৌড় +ঈয় সম্বন্ধাদ্যর্থে। বিণ।

গৌণ—১। অপ্রধান ('—কর্ম'); গুণসম্বন্ধীয়। গুণ+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—**গৌণী**। ২। বিলম্ব; অপেক্ষা। বাংপ্র। বি। **গৌণ চান্দ্র মাস**—কৃষ্ণপক্ষের প্রতিপদ হইতে পূর্ণিমা পর্যন্ত কাল।

গৌতম—বুদ্ধ। গোতম+অণ্ গোত্রাপত্যার্থে। বি; পুং।

গৌতমী—গোতমবংশীয়া স্ত্রী; দুর্গা; ন্যায়দর্শন; কণ্ব ঋষির ধর্মভগিনী। গোতম+অন্ সম্বন্ধার্থে+ঈপ্। বি; স্ত্রী।

গৌর—১। ফরসা, শ্বেত; পীত; শ্বেতরক্ত; লোহিত; পরিষ্কৃত; বিশুদ্ধ। বিণ। স্ত্রী—**গৌরী**। ২। শ্বেত সর্ষপ; চন্দ্র; অরুণবর্ণ; শ্বেতবর্ণ; শ্রীচৈতন্যদেব। বি; পুং। ৩। পদ্মকেশর; স্বর্ণ; কুঙ্কুম। গু+রন্ অধি। বি; ক্লী।

গৌরচন্দ্র—শ্রীচৈতন্যদেব। গৌর চন্দ্রপ্রায়, উপমিত কর্মধা। বি; পুং।

গৌরচন্দ্রিকা—শ্রীচৈতন্যদেবের গুণকীর্তন; শ্রীরাধা-কৃষ্ণের ভাবে ভাবিত হইয়া শ্রীগৌরাঙ্গদেব যে সকল লীলা প্রকাশ করিয়াছেন কীর্তনারম্ভে তদ্বিষয়ক গান; (যে কোন বিষয়ের) ভূমিকা গৌরচন্দ্র+ইক (ঠন্) সম্বন্ধার্থে+আপ্। বি; স্ত্রী।

গৌরব—ভার, গুরুত্ব; আদর; মহিমা; সম্মান, মর্যাদা; উৎকর্ষ; আবশ্যকতা। গুরু+অণ্ ভাবে। বি; ক্লী। [৩য়াতৎ। বিণ।

গৌরবান্বিত—গৌরববিশিষ্ট। গৌরব দ্বারা অন্বিত,

গৌরবিত—গৌরবযুক্ত, মান্য। গৌরব+ইতচ্ জাতার্থে। বিণ।

গৌরাঙ্গ—১। শ্রীচৈতন্যদেব। বি; পুং। ২। গৌরবর্ণদেহবিশিষ্ট। গৌর অঙ্গ যাহার, বহু। বিণ। স্ত্রী, -ঙ্গা, -ঙ্গী।

গৌরী—১। গৌরবর্ণা স্ত্রী; পার্বতী; অবিবাহিতা অষ্টবর্ষা কন্যা; পৃথিবী; গোরোচনা; রাগিণী বিঃ; শ্বেততুলসী। বি; স্ত্রী। ২। গৌরবর্ণা; বিশুদ্ধা, পরিষ্কৃতা। গৌর+ঈপ্। বিণ; স্ত্রী।

গৌরীদান—আট বছর বয়সে কন্যার বিবাহ দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গৌরীপট্ট—পেনেট, শিবলিঙ্গের নিম্নস্থ পট্ট। মধ্যপ। বি; পুং।

গৌরীশংকর—১। উমা ও মহেশ্বর। স্কন্দ। ২। হিমালয়ের উচ্চ শৃঙ্গ বিঃ। গৌরীশংকর+অচ্ বিশিষ্টার্থে (বিহারস্থান বলিয়া)। বি; পুং।

গৌরী-শিখর—হিমালয়ের শৃঙ্গ বিঃ। গৌরী কর্তৃক আশ্রিত শিখর, মধ্যপ। বি; ক্লী।

গ্যালি—যে কাষ্ঠফলকে ছাপার অক্ষর সাজাইয়া রাখা হয়। ইং। বি। [ইং। বি।

গ্যালিপ্রুফ—গ্যালি হইতে যে প্রুফ তোলা হয়।

গ্যাস—বায়বীয় পদার্থ; কয়লা ইঃ হইতে জাত বায়বীয় দহনশীল দ্রব্য। ⟨ইং 'gas'. বি।

গ্যাসীয়—গ্যাসজাত বা গ্যাসাকার; গ্যাসধর্মী। গ্যাস+ ঈয় (ইং-মূ)। বিণ।

গ্রথন—গাঁথা ('মাল্য —'); রচনা; গাঁথুনি; যে প্রণালীতে ভাব ও জ্ঞানধারা একত্র গ্রথিত হয়, texture. গ্রন্থ্+অনট্ ভাব। বি; ক্লী।

গ্রথিত, গ্রন্থিত—যাহা গাঁথা হইয়াছে এরূপ; বসানো; খচিত; আক্রান্ত। গ্রন্থ্+ ক্ত কর্ম। বিণ।

গ্রন্থ—১। গাঁথুনি; সম্পর্ক। গ্রন্থ্+ঘঞ্ ভাব। ২। সন্দর্ভ; শাস্ত্র; পুস্তক; সম্পত্তি। গ্রন্থ্+ঘঞ্ কর্ম। বি; পুং।

গ্রন্থকর্তা (-কর্তৃ), **-কার**—পুস্তকপ্রণয়নকারী। ৬ষ্ঠীতৎ; ২য় পক্ষে উপতৎ; গ্রন্থ—কৃ+অণ কর্তৃ। বি; পুং।

গ্রন্থকীট—বইয়ের পোকামাকড়; যে সর্বদা গ্রন্থ লইয়া পাঠে নিবিষ্ট থাকে এরূপ ব্যক্তি, book-worm. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গ্রন্থন, গ্রন্থনা—গাঁথুনি; রচনা। গ্রন্থ্+অনট্ ভাব; গ্রন্থ্+অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

গ্রন্থস্বত্ব—পুস্তকের স্বত্ব; কোন পুস্তক প্রকাশ করিবার একাধিকার, copyright. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গ্রন্থাগার—পুস্তকাগার, লাইব্রেরি, library. গ্রন্থের আগার, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গ্রন্থাগারিক—গ্রন্থাগারের রক্ষক, librarian. গ্রন্থাগার+ইক (ঠন্) নিযুক্তার্থে। বি; পুং।

গ্রন্থাবলী—পুস্তকসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গ্রন্থি—বংশাদির সন্ধি বা পর্ব; শরীরের সন্ধি; শরীরের রস নিঃসারক যন্ত্র বিঃ, gland; গাঁট; বন্ধ; বাতরোগ; বক্রতা। গ্রন্থ্+ইন্ ভাব। বি; পুং।

গ্রন্থিচ্ছেদক, -ভেদক—গাঁটকাটা; চোর। গ্রন্থির ছেদক, ভেদক, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গ্রন্থিত—'গ্রথিত' দ্রঃ।

গ্রন্থিবন্ধ—গাঁট-দেওয়া, গেরো-বাঁধা। ৩য়াতৎ। বিণ।

গ্রন্থিবন্ধন—গেরো দেওয়া, গাঁট দেওয়া; বিবাহকালে বরকন্যার বস্ত্রে বস্ত্রে বন্ধন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গ্রন্থিল—১। অসংখ্য গ্রন্থিযুক্ত। বিণ। ২। যে জীবের শরীর তিন বা ততোধিক গ্রন্থিবিশিষ্ট, articulated animal; আদা; পিণ্ডালু। গ্রন্থি+ লচ্ বিশিষ্টার্থে। বি; পুং।

গ্রন্থী (-ন্থিন্)—১। যে অনেক বই পড়ে; যাহার বহু বই আছে। বি; পুং। ২। বহু গ্রন্থ-বিশিষ্ট। গ্রন্থ্+ইন্ আছে অর্থে। বিণ।

গ্রসন—গ্রাস করা, গিলিয়া ফেলা। গ্রস্+অনট্ ভাব। বি; ক্লী।

গ্রসমান—যে গ্রাস করিতেছে এরূপ। গ্রস্+শানচ্ কর্তৃ। বিণ।

গ্রস্ত—১। অসম্পূর্ণ বাক্য, লুপ্তবর্ণপদ বাক্য। বি; ক্লী। ২। আচ্ছাদিত; ভক্ষিত, গিলিত; আক্রান্ত, অভিভূত। গ্রস্+ক্ত কর্ম। বিণ। **গ্রস্ত উপত্যকা**—গভীর উপত্যকা, rift valley.

গ্রস্তাস্ত—রাহুগ্রস্ত অবস্থায় চন্দ্রসূর্যের অস্তগমন। গ্রস্তের অস্ত, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গ্রস্তোদয়—রাহুগ্রস্ত হইয়া চন্দ্রসূর্যের প্রকাশ। গ্রস্তের উদয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গ্রহ—১। সূর্যাদি নব জ্যোতিষ্ক (আধুনিক মতে —সূর্য স্বয়ং গ্রহ নহে); পৃথিবী মঙ্গল ইঃ যে সকল জ্যোতিঃপদার্থ সূর্যকর্তৃক আকৃষ্ট হইয়া তাহার চতুর্দিকে মণ্ডলাকার পথে নিয়ত পরিভ্রমণ করে। গ্রহ্+অচ্ কর্তৃ। ২। স্বীকার; গ্রহণ; আগ্রহ; অধ্যবসায়; বোধ ('অর্থ —'); ধারণ ('কর —'); গ্রাস; নির্বন্ধ; রণোদ্যম; চন্দ্রসূর্য-গ্রহণ; লেঠা, দায় ('গন্দ —'); সংগীতের আরম্ভ। গ্রহ্+অপ্ ভাব। বি; পুং।

গ্রহকণিকা—মঙ্গল ও বৃহস্পতি গ্রহদ্বয়ের অন্তর্বর্তী স্থানে বর্তমান ক্ষুদ্র ক্ষুদ্র গ্রহখণ্ড, asteroids. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গ্রহকোপ—গ্রহদৃষ্টি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গ্রহচক্র—গ্রহমণ্ডল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গ্রহণ—১। স্বীকার; লওয়া; বশীকরণ; ধারণ; অবলম্বন; অনুভব; বন্ধন; মানিয়া লওয়া; অঙ্গীকার। গ্রহ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। ইন্দ্রিয়; হস্ত; আদর; গ্রহ বা উপগ্রহের ছায়া-পতন বা আড়াল হওয়ার জন্য চন্দ্র-সূর্যাদির কিয়দংশে বা সর্বাংশে অদর্শন। গ্রহ্+অনট্ করণ। বি; ক্লী। [৭মীতৎ। বিণ।

গ্রহণক্ষম—যে লইতে পারে এরূপ; ধারণ-সমর্থ।

গ্রহণি, গ্রহণী—ক্ষুদ্রান্ত্রের প্রথমাংশ, duodenum; উদরাময় রোগ বিঃ। গ্রহ্+অনি কর্তৃ; পক্ষে ঈপ্। বি; স্ত্রী। [বিণ।

গ্রহণীয়—গ্রহণযোগ্য, গ্রাহ্য। গ্রহ্+অনীয় কর্ম।

গ্রহদেবতা—সূর্যাদি গ্রহের অধিষ্ঠাত্রী দেবতা। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।

গ্রহদোষ—বিরুদ্ধগ্রহের অশুভফল। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [পুং।

গ্রহপতি—সূর্য; চন্দ্র; আকন্দগাছ। ৬ষ্ঠীতৎ। বি;

গ্রহবশতঃ (-তস্)—কুগ্রহের বিরুদ্ধতাহেতু, দু-দৈবের বশে। ৬ষ্ঠীতৎ। অ।

গ্রহবিপাক—কুগ্রহের অপ্রসন্নতা, বিরুদ্ধ গ্রহের দৃষ্টি-জন্য বিপত্তিসংঘটন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গ্রহবিপ্র—আচার্য, দৈবজ্ঞ, গণক। গ্রহপূজক বিপ্র, মধ্যপ। বি; পুং।

গ্রহবৈগুণ্য—গ্রহের প্রতিকূলতা, গ্রহের অশুভ ফলদায়িতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
গ্রহমণ্ডল—সৌর-জগৎ, গ্রহ-জগৎ, planetary system. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
গ্রহযাগ—গ্রহদোষ শান্তির জন্য যজ্ঞ। গ্রহ-নিবারক যাগ, মধ্যপ। বি; পুং।
গ্রহরাজ—সূর্য; শনি। গ্রহদিগের রাজা, ৬ষ্ঠীতৎ+টচ্ সমাসান্ত। বি; পুং। [পুং।
গ্রহাচার্য—দৈবজ্ঞ, গণক। গ্রহবিৎ আচার্য, মধ্যপ। বি;
গ্রহার্দ্দপুঞ্জ—গ্রহকণিকা (তাহা দ্রঃ)।
গ্রহাবিষ্ট—কুগ্রহাভিভূত; ভূতাদি কর্তৃক আক্রান্ত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, -ষ্টা।
গ্রহিল—লুব্ধ; আগ্রহশীল; গ্রহণে উৎসুক। গ্রহ্+ইল্ আছে অর্থে। বিণ।
গ্রহীতব্য—গ্রহণযোগ্য। গ্রহ্+তব্য কর্ম। বিণ।
গ্রহীতা (গ্রহীতৃ)—গ্রাহক। গ্রহ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**গ্রহীত্রী**।
গ্রাফাইট—খনিজ দ্রব্য বিঃ (ইহা দ্বারা পেন্সিলের শীষ তৈয়ারী হয়)। ইং 'graphite'. বি।
গ্রাবু—একপ্রকার তাস খেলা। বাংপ্র। বি।
গ্রাম—জনপদ, গাঁ; (অন্য শব্দের পর প্রযুক্ত হইলে) সমূহ ('গুণ—'); মূর্ছনা ও তানাদির আশ্রয়স্বরূপ স্বরসমূহ; সংগীতে উদারা মুদারা তারা এই তিন স্বরভেদ। গ্রস্+মন্ কর্তৃ (নিপা)। বি; পুং।
গ্রামণী—১। গ্রামের প্রধান লোক, মণ্ডল, অধিপতি; বিষ্ণু; যক্ষ; নাপিত। বি; পুং। ২। বেশ্যা; নীলিকা। গ্রাম—নী+ক্বিপ্ কর্তৃ। বি; স্ত্রী।
গ্রামধর্ম—মৈথুন; স্ত্রীসংসর্গ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গ্রামবাসী (-বাসিন্)—যে ব্যক্তি গ্রামে বাস করে এমন, গ্রামীণ। উপতৎ; গ্রাম—বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাসিনী**।
গ্রামভাটি—বারোয়ারি ইঃ খরচের জন্য বিবাহাদিতে সংগৃহীত চাঁদা। < গ্রামবৃত্তি। বি।
গ্রামসম্পর্ক—এক গ্রামে বাস করার জন্য পাতানো সম্পর্ক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গ্রামস্থ—গ্রামে স্থিত, একগ্রামবাসী। উপতৎ; গ্রাম—স্থা+ক কর্তৃ। বিণ।
গ্রামান্ত—গ্রামের প্রান্তভাগ, গাঁয়ের সীমা। গ্রামের অন্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গ্রামান্তর—১। গ্রামের ভিতর। গ্রামের অন্তর, ৬ষ্ঠীতৎ। ২। ভিন্ন গ্রাম, অন্য গ্রাম। অন্য গ্রাম, নিত্য। বি; ক্লী। [(ঠন্) রক্ষকার্থে। বিণ।
গ্রামিক—গ্রামরক্ষণে নিযুক্ত; গ্রামাধ্যক্ষ। গ্রাম+ইক
গ্রামী (-মিন্)—গ্রামের কর্তা, মোড়ল; গ্রামবিশিষ্ট; গ্রামবাসী; গ্রামস্থ। গ্রাম+ইন্। বি বা বিণ।
গ্রামীণ—গ্রামোৎপন্ন; যে গ্রামে জন্মিয়াছে ও গ্রামে বাস করিতেছে এবং নগরের কোন সম্পর্ক রাখে না এরূপ। গ্রাম+ঈন ভবার্থে। বিণ।
গ্রামোফোন—কলের গান। < ইং 'gramophone'. বি।
গ্রাম্য—১। গ্রামজাত; ইতর; অসভ্য; অশ্লীল; মূঢ়; প্রাকৃত। বিণ। ২। জ্যোতিষোক্ত মিথুনাদি রাশি; গো-মহিষ-ছাগাদি পশু। গ্রাম+যৎ ভবার্থে। বি; পুং। **গ্রাম্য জীবন**—পল্লীগ্রামের শান্ত ও আড়ম্বরহীন জীবন।
গ্রাম্যতা—অশিষ্টতা, অসভ্যতা; কাব্যের শব্দগত ও অর্থগত দোষ বিঃ; রচনার অশোভনতা; অশ্লীলতা। গ্রাম্য+তা ভাবে। বি; স্ত্রী।
গ্রাম্যদেবতা—সারা গ্রামের লোক যে সাধারণ লৌকিক দেবতার পূজা করে। কর্মধা। বি; স্ত্রী।
গ্রাম্যধর্ম—মৈথুন, স্ত্রীসংসর্গ। কর্মধা। বি; পুং।
গ্রাম্যমৃগ—কুকুর। কর্মধা। বি; পুং।
গ্রাস—১। আহারের সময় এককালে যত অন্ন মুখে দেওয়া যায় ও গিলিতে পারা যায়; কবল। গ্রস্+ঘঞ্ কর্ম। ২। ভক্ষণ, গিলন; গ্রহণকালে চন্দ্রসূর্যের আবরণ। গ্রস্+ঘঞ্ ভাব। বি; পুং।
গ্রাসনালী—অন্ননালী, মুখ হইতে পাকস্থলীতে খাদ্য যাইবার পথ, gullet. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
গ্রাসাচ্ছাদন—অন্ন-বস্ত্র; খাওয়া-পরা। দ্বন্দ্ব। বি; ক্লী।
গ্রাহ—১। গ্রহণ; জ্ঞান; আগ্রহ; নির্বন্ধ; হাঙ্গর জলহস্তী প্রঃ। গ্রহ্+ঘঞ্ ভাব। ২। (কর্মবাচক উপপদ পূর্বে থাকিলে) গ্রাহক, গ্রহীতা, গ্রহণকর্তা। গ্রহ্+অণ্ কর্তৃ। বিণ। স্ত্রী—**গ্রাহী**।
গ্রাহক—গ্রহণকর্তা; যে দ্রব্যাদি সাক্ষাৎ খরচ করে, consumer; যে ক্রয় করে, ক্রেতা; সাময়িক পত্রাদির নিয়মিত ক্রেতা, subscriber. বি বা বিণ। স্ত্রী—**গ্রাহিকা**।
গ্রাহিত—যাহা গ্রহণ করানো হইয়াছে এরূপ, স্বীকারিত। গ্রহ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
গ্রাহী (গ্রাহিন্)—(কর্মবাচক উপপদের পরে থাকিলে) গ্রহণকর্তা ('কর—'); আকর্ষক ('চিত্ত—'); মলবন্ধ-কারক, ধারক; যাহাতে জ্ঞান ইঃ গৃহীত হয়, receptive. গ্রহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**গ্রাহিণী**।
গ্রাহ্য—১। গ্রহণযোগ্য, স্বীকার্য; জ্ঞেয়; উপাদেয়; গণনীয়; আদরণীয়। গ্রহ্+ণ্যৎ কর্ম। বিণ। ২। গণনীয় বলিয়া বোধ। বাংপ্র। বি। **গ্রাহ্য করা**—গণনীয় বলিয়া বোধ করা; মান্য করা; ভয় করা। **গ্রাহ্য হওয়া**—গ্রহণযোগ্য বলিয়া গণ্য হওয়া।
গ্রীক—গ্রীসদেশীয়; গ্রীসদেশবাসী। < ইং 'Greek'. বি বা বিণ। [স্ত্রী।
গ্রীবা—কন্ধরা, ঘাড়। গৃ+বন্ করণ+আপ্। বি;
গ্রীবাদেশ—স্কন্ধদেশ। কর্মধা। বি; পুং।
গ্রীবাভঙ্গি, -ভঙ্গী—শোভনভাবে ঘাড় বাঁকানো। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
গ্রীষ্ম—১। উষ্ণ ঋতু, গরমকাল; উত্তাপ। বি; পুং। ২। উষ্ণ। গ্রস্+মক্ কর্তৃ (নিপা)। বিণ।
গ্রীষ্মকাল—আতপকাল, বৈশাখ-জ্যৈষ্ঠ মাস। কর্মধা। বি; পুং।
গ্রীষ্মকালীন—গ্রীষ্মকালজাত। গ্রীষ্মকাল+ঈন্ ভবার্থে। বিণ।

গ্রীষ্মনিবাস—অপেক্ষাকৃত শৈত্যপ্রধান স্থানে গরমের সময়ে বসতি বা বাসভবন। মধ্যপ। বি; পুং।

গ্রীষ্মপীড়িত—গরমে তাপিত, প্রখর গ্রীষ্মহেতু ক্লেশ-প্রাপ্ত। ৩য়াতৎ। বিণ।

গ্রীষ্মপ্রধান—গ্রীষ্মবহুল, যেখানে গরম অতিশয় বেশী এবং অধিক দিন স্থায়ী হয় এরূপ। গ্রীষ্ম প্রধান যেখানে। বহু। বিণ।

গ্রীষ্মমণ্ডল—কর্কটক্রান্তি ও মকরক্রান্তির অন্তর্বর্তী ভূভাগ, সূর্যকিরণ লম্বভাবে পতিত হওয়ায় যে স্থান অত্যধিক উষ্ণ হয় তাহা, Torrid Zone. কর্মধা। বি; ক্লী। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

গ্রীষ্মাতিশয্য—প্রচণ্ড গরম। গ্রীষ্মের আতিশয্য,

গ্রীষ্মাবকাশ—অত্যধিক গরমের জন্য (সাধারণতঃ স্কুল কলেজের) ছুটি। গ্রীষ্ম জন্য অবকাশ, মধ্যপ। বি; পুং।

গ্রীসীয়—১। গ্রীস-সংক্রান্ত। বিণ। ২। গ্রীসনিবাসী, গ্রীক। গ্রীস+ঈয় সম্বন্ধার্থে, নিবাসার্থে (বাংপ্র)। বি।

গ্রেন—ইংরেজী পরিমাণ। < ইং 'grain'. বি।

গ্রেপ্তার, গ্রেফতার—রাজাদেশে ধরা, আটক করা। <ফা 'গিরিফ্‌তার'। বি। [বিণ।

গ্রেপ্তারী, গ্রেফতারী—গ্রেপ্তার সম্বন্ধীয়। ফা-মূ।

গ্রৈব, গ্রৈবেয়—গ্রীবাসম্বন্ধীয়। গ্রীবা+অণ্, এয় সম্বন্ধার্থে। বিণ।

গ্রৈষ্মিক—গ্রীষ্ম-সংক্রান্ত। গ্রীষ্ম+ইক। বিণ।

গ্লান—ক্লান্ত; শীর্ণ। গ্লৈ+ক্ত কর্তৃ। বিণ।

গ্লানি—ক্লান্তি, শ্রান্তি; অস্বাস্থ্য; হানি; অবসন্নতা; কল্পনা করিয়া পরের দোষকীর্তন। গ্লৈ+নি ভাব। বি; স্ত্রী। বি—গ্লান।

গ্লাস—গেলাস <ইং 'glass'. বি।

গ্লিসারিন—তৈলবৎ পদার্থ বিঃ। ইং 'glycerine'. বি।

[ঘ]

ঘ—১। বাংলা বর্ণমালার চতুর্থ ব্যঞ্জনবর্ণ [ইহার উচ্চারণস্থান কণ্ঠ]। বি; পুং।

ঘচঘচ, ঘচাঘচ—নরম জিনিস ক্রমাগত কাটিবার অনুকার শব্দ। বাংপ্র। অ।

ঘট—১। কুম্ভ, কলস; গজকুম্ভ; কুম্ভক; কুম্ভরাশি; পরিমাণ বিঃ। ঘট্+অচ্ কর্তৃ। বি; পুং। ২। বুদ্ধির আধার, মস্তিষ্ক; মূর্তি; দেহ। বাংপ্র। বি।

ঘটক—দূত; যে যোজনা করিয়া দেয়; যে মধ্যবর্তী হইয়া বিবাহসম্বন্ধ স্থির করিয়া দেয়; যে জাতি বল্লালসেন-প্রতিষ্ঠিত কুলমর্যাদার সমস্ত বিবরণ জানে; ব্রাহ্মণের পদবী বিঃ; বনস্পতি। ঘট্+ণিচ্+ণক কর্তৃ। বি; পুং। স্ত্রী—**ঘটকী**। ভাববাচক বি—**ঘটকতা**।

ঘটকর্পর—বিক্রমাদিত্যের সভার নবরত্নান্তর্গত কবি বিঃ; ভগ্নঘটাদির খণ্ড, খাবরা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঘটকার—কুম্ভকার। ঘট—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং।

ঘটকালি—ঘটকের কাজ: বিবাহের সম্বন্ধ; বিবাহ-সংঘটনের পারিশ্রমিক। ঘটক+আলি কর্মার্থে। বাংপ্র। বি।

ঘটকী—পাত্রপাত্রীর বিবাহসম্বন্ধকারিণী; কুট্টনী, সুরতদূতী। ঘটক+ঈ। বি: স্ত্রী।

ঘটঘট—দ্রুত অবিবেচনাপূর্বক কাজ করার ভাবপ্রকাশ। বাংপ্র। অ।

ঘটদাসী—দূতী, কুট্টনী। ঘট (মিলন) কারিকা দাসী, মধ্যপ। বি; স্ত্রী।

ঘটন, ঘটনা—১। যোজনা; মেলন, সংঘটন। ঘট্+ণিচ্+অনট্ ভাব, অন ভাব+আপ্। ২। গজযূথ; আকস্মিক ব্যাপার। ঘট্+অন কর্তৃ, পক্ষে+আপ্। ৩। বিধিনির্বন্ধ। ঘট্+ণিচ্+অন, পক্ষে আপ্। বি: ক্লী, স্ত্রী।

ঘটনাক্রমে—দৈবাৎ, হঠাৎ; কোন বিশেষ ঘটনা অবলম্বন করিয়া। ঘটনার ক্রম, ৬ষ্ঠীতৎ, তাহাতে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী। [-চক্রে।

ঘটনাচক্র—ঘটনাবলী। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ক্রি-বিণ,

ঘটনাধীন—দৈবাধীন। ৬ষ্ঠীতৎ। বিণ।

ঘটনাপূর্ণ—ঘটনাবহুল (তাহা দ্রঃ)।

ঘটনাবলি, ঘটনাবলী—ব্যাপারসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [(বহনকারী), ৬ষ্ঠীতৎ। বিণ।

ঘটনাবহ—ঘটনাকারক, ঘটনাসংকুল। ঘটনার আবহ

ঘটনাবহুল—নানা ঘটনায় পূর্ণ। ৩য়াতৎ। বিণ।

ঘটনাস্থল—কোন ব্যাপার সংঘটনের স্থান, অকুস্থল। ৬ষ্ঠীতৎ। বি: ক্লী।

ঘটনাস্রোতঃ (-স্রোতস্)—ক্রমাগত সংঘটিত ঘটনাসমূহ। ৬ষ্ঠীতৎ। বি: ক্লী।

ঘটনীয়—যাহা ঘটিতে পারে এমন, সম্ভাব্য; যোজনীয়। ঘট্+ণিচ্+অনীয় কর্তৃ। বিণ।

ঘটপট—ঘট ও বস্ত্র; কলস ও কাপড়। দ্বন্দ্ব। বি; পুং।

ঘটমান—যাহা ঘটিতেছে বা চলিতেছে এমন। ঘট্+শানচ্ কর্তৃ। বিণ।

ঘটস্থাপন—কোন দেবতার প্রতিমার সম্মুখে ঘট প্রতিষ্ঠা; কোন দেবতার প্রতিমা না করিয়া তাহার স্থলে ঘট রাখিয়া সেই ঘটে সেই দেবতার আবাহন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ঘটা—১। সংঘটন; গজসৈন্য; যুদ্ধাদিতে হস্তিগণের একত্র সম্মেলন; সভা; সমূহ ('মেঘ—'); শোভা; সমারোহ, আড়ম্বর; মেঘাড়ম্বর। ঘট্+অঙ্ ভাব +আপ্। বি; স্ত্রী। ২। ঘটিয়া ওঠা; পরিণাম হওয়া। < ঘট্-ধাতু। ক্রি।

ঘটাঘট—যোগাযোগ; কোন কিছু নাড়াচাড়ার শব্দ। বাংপ্র। বি, অ। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঘটাটোপ—ঘেরাটোপ; জাঁক, আড়ম্বর। ঘরের আটোপ,

ঘটানো—সংঘটিত করা, হওয়ানো; জন্মানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঘটি, ঘটী—সময়নিরূপক-যন্ত্র, ঘড়ি; লোটা, ছোট জলপাত্র বিঃ। বাংপ্র। বি।

ঘটিকা—১। মুহূর্ত; আড়াই দণ্ড, ঘণ্টা, hour; গলফ; ঘটী; কলসী; ক্ষুদ্র ঘট। ঘটী+কন্ স্বার্থে+আপ্। ২। যোজনকারিণী; দূতী। ঘট্+ণিচ্+ণক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

ঘটিকাযন্ত্র—ঘড়ি। ঘটিকানিরূপক যন্ত্র, মধ্যপ। বি; ক্লী।

ঘটিত—সংঘটিত; যোজিত· সংক্রান্ত। ঘট্+ক্ত কর্তৃ, অথবা ঘট্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

ঘটিরাম—নির্বোধ হাকিম; অযোগ্য কর্মচারী। বাংপ্র। বি।

ঘটী—ক্ষুদ্র ঘট; বাজাইবার ঘণ্টা; কালনির্ণয়াত্মক যন্ত্র; দণ্ডাত্মক কাল; মুহূর্ত। ঘট্+ঈপ্। বি; স্ত্রী।

ঘটীযন্ত্র—প্রাচীনকালের ঘড়ি বিঃ; ঘটীর সাহায্যে কূপ হইতে জল তুলিবার যন্ত্র বিঃ। কর্মধা। বি; ক্লী।

ঘট্ট—ঘাট; কৃতঘাট। ঘট্ট+ঘঞ্ অধি। বি; পুং।

ঘট্টন—আঘাত, ঘর্ষণ; ঘোটন; বাটা; নাড়া; গঠন। ঘট্ট+অনট্ ভাব। বি; ক্লী।

ঘট্টনা—চালনা, ইতস্ততঃ নাড়াচাড়া। ঘট্ট+অন ভাব +আপ্। বি; স্ত্রী।

ঘট্টিত—নির্মিত; সংঘটিত; চালিত; কলম দিয়া যাহা ঘোঁটা হইয়াছে এরূপ। ঘট্ট+ক্ত কর্ম। বিণ।

ঘড়ঘড়—শ্লেষ্মার জন্য গলার শব্দ; গাড়ি চলার শব্দ। < ঘর্ঘর। অ।

ঘড়া—ধাতুর কলস। < ঘট। বি।

ঘড়াঞ্চি—সিঁড়িযুক্ত উচ্চ টুল। বাংপ্র। বি।

ঘড়ি—কাংস্যাদি-ধাতুনির্মিত চক্রাকার যন্ত্র বিঃ, ঘণ্টা; ছোট ঘড়া; সময়নিরূপক যন্ত্র। < ঘটী। বি। **ঘড়ি ঘড়ি**—ঘন ঘন, ঘণ্টায় ঘণ্টায়।

ঘড়িয়াল, ঘড়েল—১। ঘটীবাদক; ঘড়ি-মেরামতকারক। ঘড়ি+আল কর্মাদার্থে, তাহা হইতে অভিশ্রুতি 'ঘড়েল'। বাংপ্র। ২। পক্ষী বিঃ; মৎস্য বিঃ; একপ্রকার কুমির, gavial. বি। ৩। ধূর্ত, ধড়িবাজ ('—লোক')। বাংপ্র। বিণ।

ঘণ্ট—মৎস্য শাক প্রঃর মিশ্রণে প্রস্তুত ব্যঞ্জন বিঃ, ঘ্যাঁট ('মোচার—')। হন্+ট কর্ম সংজ্ঞার্থে (নিপা)। বি; পুং।

ঘণ্টা—১। কাংস্যাদি-নির্মিত বাদ্যযন্ত্র বিঃ। হন্+ট কর্ম+আপ্ (নিপা)। বি; স্ত্রী। ২। আড়াই দণ্ড, ষাট মিনিট। বাংপ্র। বি। **ঘণ্টা করা**—কিছু করিতে না পারা। **ঘণ্টায় ঘণ্টায়**—ঘড়ি ঘড়ি, ঘন ঘন।

ঘণ্টাকর্ণ—ঘেঁটুঠাকুর; পণ্ডিত বিঃ; দৈত্য বিঃ; পিশাচ বিঃ। ঘণ্টার ন্যায় কর্ণ যাহার, বহু। বি; পুং।

ঘণ্টানাদ—ঘণ্টাধ্বনি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঘণ্টিকা, ঘণ্টী—ছোট ঘণ্টা; আলজিভ। ঘণ্টা+কন্ ক্ষুদ্রার্থে, সদৃশার্থে+আপ্; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

ঘণ্টু—হস্তীর গললম্বিত ঘণ্টা; প্রতাপ; আত্মম্ভরিতা। ঘণ্ট্+উ কর্তৃ। বি; পুং।

ঘণ্টেশ্বর—ঘেঁটু ঠাকুর; শিব; তীর্থ বিঃ। ঘণ্টার ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঘন—১। করতাল মন্দিরা ঘণ্টা ঘুঙুর প্রঃ ধাতুনির্মিত বাদ্যযন্ত্র; মধ্যম নৃত্য; লোহ; চর্ম। বি; ক্লী। ২। মেঘ; লোহমুদ্গর। হন্+অপ্ কর্ম। ৩। জমাট; দৃঢ়তা; দেহ; বিস্তার; কফ। হন+অপ্ ভাব, কর্ম। ৪। কোন রাশিকে সেই রাশি দ্বারা দুই বার গুণন, cube. বি; পুং। ৫। নিবিড়, সান্দ্র ('—বন'); গাঢ়; দুর্ভেদ্য; ঠাস, অবিচ্ছিন্ন; জমাট; দৈর্ঘ্য প্রস্থ ও বেধযুক্ত; অধিক পুরু; পুরু; স্থায়ী; অবিরত। হন্+অপ্ করণ, কর্ম। বিণ।

ঘনক—(গণিতে) ঘন (৪); সমান দৈর্ঘ্য প্রস্থ ও বেধযুক্ত বস্তু; ঘনক্ষেত্র। ঘন+কন্ স্বার্থে সংজ্ঞার্থে। বি; ক্লী। [উপমান। বিণ।

ঘনকৃষ্ণ—মেঘশ্যাম, মেঘের ন্যায় কৃষ্ণবর্ণ। ঘনবৎ কৃষ্ণ,

ঘনক্ষেত্র—যে ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থ ও বেধ বা উচ্চতা পরস্পর সমান। ঘন দ্বারা প্রাপ্ত ক্ষেত্র, মধ্যপ। বি; ক্লী।

ঘনঘটা—মেঘের আড়ম্বর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ঘনঘন—অল্প অল্প ব্যবধানে উপস্থিত; শীঘ্র শীঘ্র সংঘটিত; বার বার; বহুবার; অব্যবহিত। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।

ঘনঘোর—মেঘের ন্যায় ভীষণ; ভীষণ মেঘাচ্ছন্ন। উপমান কর্মধা বা ৩য়াতৎ। বিণ।

ঘনচতুষ্কোণ—দৈর্ঘ্য প্রস্থ ও বেধ বা উচ্চতা এই তিনটি পরিমাণবিশিষ্ট চতুষ্কোণ। ঘন-পরিমাপক চতুষ্কোণ, মধ্যপ। বি; পুং।

ঘনতা, ঘনত্ব—গাঢ়তা; কাঠিন্য; নিবিড়তা, density; দৈর্ঘ্য প্রস্থ ও উচ্চতার মিলিত ফল, solidity. ঘন+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

ঘননীল—গাঢ় নীলবর্ণ, indigo. সুপ্সুপ্। বিণ।

ঘনফল, -মান—দৈর্ঘ্য প্রস্থ ও বেধ এই তিনের পরিমাপক সংখ্যার পরস্পর গুণফলজ পরিমাণ-ফল; কোন রাশিকে সেই রাশি দ্বারা উপর্যুপরি দুইবার গুণ করিলে যে ফল হয় তাহা, cubic measure. ঘন দ্বারা লব্ধ ফল, মধ্যপ; ঘনের মান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং।

ঘনবসতি—অনেক লোকের কম জায়গায় ঘন ঘন বসবাস। কর্মধা। বি; স্ত্রী।

ঘনবস্তু—যাহার দৈর্ঘ্য প্রস্থ ও বেধ—এই তিনটিই আছে এরূপ দ্রব্য। কর্মধা। বি; ক্লী।

ঘনবিন্যস্ত—অবিরলভাবে স্থাপিত, মধ্যে অতি অল্প ফাঁক রাখিয়া স্থাপিত। ঘনভাবে বিন্যস্ত, সুপ্। বিণ। [স্ত্রী।

ঘনবীথি, -বীথী—মেঘমালা; আকাশ। ৬ষ্ঠীতৎ। বি;

ঘনমান—দৈর্ঘ্য প্রস্থ ও বেধের সমষ্টিগত পরিমাপ, volume. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঘনমূল—যে রাশি আপনা দ্বারা দুইবার গুণিত হয় সেইরূপ গুণফলের মূল অর্থাৎ সেই রাশি, cubic-root. (যেমন—আটএর ঘনমূল দুই)। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [উপমান। বিণ।

ঘনশ্যাম—সজল মেঘের ন্যায় শ্যামবর্ণ। ঘনবৎ শ্যাম,

ঘনসন্নিবিষ্ট—মধ্যে প্রায় ফাঁকশূন্য। ঘনভাবে সন্নিবিষ্ট, সুপ্। বিণ।

ঘনাগম—জলদাগম; বর্ষাকাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঘনাঙ্ক—কোন বস্তুর নির্দিষ্ট আয়তনের ভিতর যতটা পদার্থ থাকে তাহার পরিমাণ, density. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঘনাত্যয়, ঘনান্ত—শরৎকাল। ঘনের অত্যয়, অন্ত যাহাতে, বহু। বি; পুং।

ঘনানো—নিকটবর্তী হওয়া; ঘন হইয়া আসা; গাঢ় করা বা হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঘনান্ধকার—গাঢ়তিমির, অত্যন্ত অন্ধকার; মেঘের জন্য অন্ধকার। কর্মধা। বি; পুং।

ঘনাবৃত—মেঘে ঢাকা। ৩য়াতৎ। বিণ।

ঘনায়মান—যাহা ঘন হইতেছে এমন; যাহা আসন্ন হইতেছে এমন। ঘন+ক্যঙ্+শানচ্ কর্তৃ। বিণ।

ঘনিষ্ঠ—১। অতিশয় ঘন; নিকটস্থ, অতি নিকট। ঘন+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। ২। যে সর্বদা যাতায়াত করে এরূপ; যে সর্বদা আনুগত্য প্রকাশ করে এরূপ; যাহার সহিত সবিশেষ আত্মীয়তা আছে এরূপ, অন্তরঙ্গ। বাংপ্র। বিণ।

ঘনিষ্ঠতা—সর্বদা যাতায়াত; সর্বদা আনুগত্য; সবিশেষ আত্মীয়তা, অন্তরঙ্গতা; নিকট-সম্বন্ধ। ঘনিষ্ঠ+তা ভাবে। বাংপ্র। বি; স্ত্রী।

ঘনীকরণ—জলীয় বা গ্যাসীয় বস্তুকে কঠিন বস্তুতে রূপান্তরীকরণ, condensation. ঘন+চ্বি অভূততদ্ভাবার্থে (=ঘনী)—কৃ+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-কৃত**।

ঘনীভূত—সান্দ্রীভূত, যাহা ঘন হইয়াছে এরূপ। ঘন+চ্বি অভূততদ্ভাবার্থে (=ঘনী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ। বি, **-ভবন**।

ঘনোপল—করকা, শিলা। ঘনের উপল, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঘর—১। গৃহ, ভবন; প্রকোষ্ঠ; সংসার; পরিবার; বংশ; স্থান; বিষয় ('টাকার — শূন্য'); খোপ; রন্ধ্র ('বোতামের —')। <গৃহ। ২। সম্প্রদায় বা স্থান বিঃর শিক্ষারীতি। বাংপ্র। বি। **ঘর করা**—'করা' দ্রঃ। **ঘর কাটা**—খুপরি বা খোপ কাগজে আঁকা বা কাপড়ে বোনা। **ঘর খোঁজা**—বৈবাহিক সম্বন্ধ স্থাপনের উপযোগী কুল অন্বেষণ করা। **ঘর ঘর**—প্রতি ঘরে, প্রত্যেক পরিবারে। **ঘর চলা**—সাংসারিক ব্যয় নির্বাহিত হওয়া; গৃহের কাজকর্ম নির্বাহিত হওয়া। **ঘর চালানো**—সাংসারিক ব্যয় নির্বাহ করা। **ঘর ছাড়া**—গৃহত্যাগ করা; বৈরাগ্য অবলম্বন করা। **ঘর তোলা**—নূতন বাড়ি করা; (সূচীকর্মে) গ্রন্থি দেওয়া। **ঘর নষ্ট করা**—কুলে কালি দেওয়া; কৌলীন্য নষ্ট করা। **ঘর নিকানো**—গোবরগোলা জল দিয়া ঘর লেপা। **ঘর বসানো**—প্রজা বসানো। **ঘর ভাঙানো**—কুপরামর্শ দ্বারা সংসারের লোক-জনের মধ্যে মনোমালিন্যের সৃষ্টি করা। **ঘর মজানো**—বংশকে কলঙ্কিত করা। **ঘর মাড়ানো**—গৃহে প্রবেশ বা পদার্পণ করা। **ঘরে আগুন দেওয়া**—সংসারে বিবাদ বাধানো। **ঘরে পরে**—গৃহে ও বাহিরে; শত্রুমিত্রে। **ঘরের কথা**—পারিবারিক বিষয়। **ঘরের খেয়ে বনের মোষ তাড়ানো**—নিজের ক্ষতি করিয়া বৃথা কার্য করা। **ঘরের ঢেঁকি কুমির**—ঘরের শত্রু বিভীষণ। **ভাঙা ঘর জোড়া দেওয়া**—পরিবারের মধ্যে বিভিন্ন ব্যক্তি-বর্গের মনোমালিন্য দূর করা।

ঘরকন্না—গার্হস্থ্য, গৃহস্থালী। <ঘর-করণা <ঘরকরণ <গৃহকরণ। বি।

ঘরকুনো—গৃহকোণপ্রিয়, যে ঘরের বাহিরে গিয়া লোকের সহিত মেলামেশা করিতে ভালবাসে না এমন। বাংপ্র। বিণ।

ঘরখরচ—সংসারের প্রতিদিনের খরচ; বিবাহের আনুষঙ্গিক ব্যয়। বাংপ্র। বি।

ঘরজামাই—যে জামাই শ্বশুরের আশ্রয়ে বাস করে; শ্বশুরের অন্নভোজী জামাতা। ঘরবাসী জামাই, মধ্যপ (বাংপ্র)। বি।

ঘরজোড়া—যাহা দ্বারা ঘর জুড়িয়া থাকে এমন; যাহার দ্বারা সংসার জমজমাট হয় এমন। বাংপ্র। বিণ।

ঘরজ্বালানী—সংসারে যে নারী অশোভন আচরণের দ্বারা সকলের অশান্তির কারণ হয় এমন। বাংপ্র। বিণ।

ঘরট্ট—জাঁতা। ঘর (প্রদীপ্ত, অর্থাৎ অত্যধিক) অট্ট যাহা হইতে, বহু (নিপা)। বি; পুং।

ঘরনী—ভার্যা। <গৃহিণী। বি; স্ত্রী।

ঘরপোড়া—১। যাহার ঘর পুড়িয়া গিয়াছে এমন; গোশালায় আগুন লাগাতে তাহাতে পুড়িয়া অভিজ্ঞ ('— গরু'); পূর্বের তিক্ত অভিজ্ঞতা-

যন্ত্র। ৭মীতৎ। বিণ। ২। লঙ্কাদহনকারী হনুমান্। উপতৎ (বাংপ্র)। বি।

ঘরপোষা—গৃহপালিত। ৭মীতৎ। (বাংপ্র)। বিণ।

ঘরবসত—স্বিরাগমন। বাংপ্র। বি।

ঘরভাঙ্গানে—যে সংসারের লোকদের মধ্যে কুমন্ত্রণা দিয়া মনোমালিন্য ঘটায় এমন, গৃহবিচ্ছেদকারী। উপতৎ (বাংপ্র)। বিণ। স্ত্রী, **-ভাঙ্গানী**।

ঘরমুখো—গৃহগামী; গৃহগমনে উৎসুক। ঘরের দিকে মুখ, মধ্যপ+ও (<উয়া) আছে অর্থে (বাংপ্র)। বিণ।

ঘরসংসার—গৃহস্থালী, ঘরকন্না; বিষয় প্রঃর কার্য। স্বন্দ্ব (বাংপ্র)। বি।

ঘরসন্ধান—গৃহের ভেদ জ্ঞাত হওয়া, ঘরের গুপ্ত বিষয় জানা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

ঘরসন্ধানী—ঘরের দোষগুণ যাহার জানা আছে এরূপ; ঘরের কোথায় কি আছে তাহা যাহার জানা আছে এরূপ। ঘরসন্ধান+ঈ জানে অর্থে (বাংপ্র)। বিণ। **ঘরসন্ধানী বিভীষণ**—স্বজনদ্রোহী; স্বদেশদ্রোহী।

ঘরা—আধার; ছিদ্র; খোপ। বাংপ্র। বি।

ঘরাও—ঘরপোষা; অন্তর্বর্তী; পারিবারিক। ঘর+আও (<উয়া) সম্বন্ধাদি অর্থে (বাংপ্র)। বিণ।

ঘরাঘরি—ঘরোয়া, একই পরিবারের ব্যক্তিগণের মধ্যে সংঘটিত। বাংপ্র। বিণ।

ঘরানা—বংশীয়; সম্বংশজাত; পারিবারিক; ঘরোয়া; পুরুষপরম্পরাগত। ঘর+আনা সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ। [(বাংপ্র) বি।

ঘরামি—গৃহ-নির্মাতা। ঘর+আমি নির্মাতা অর্থে

ঘরোয়া—গৃহসংক্রান্ত, পারিবারিক; স্বকীয়; ঘনিষ্ঠ। ঘর+ওয়া সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।

ঘর্ঘর—১। পর্বতের পথ; পর্বতের দ্বার; পেচক; ঘর্ঘর-ধ্বনি; পঞ্চাবস্থ নদ। যঙ্লুগন্ত ঘৃ+অচ্ কর্তৃ, অধি ভাব। বি; পুং। ২। ঘর্ঘরশব্দ-বিশিষ্ট। ঘর্ঘর+অচ্ বিশিষ্টার্থে। বিণ।

ঘর্ঘরা—গোগরা নদী; বীণাজাতীয় একপ্রকার বাদ্য-যন্ত্র; ক্ষুদ্রঘণ্টিকা, ঘুঙুর। ঘর্ঘর (১)+আপ্। বি; স্ত্রী।

ঘর্ঘরিত—ঘর্ঘর শব্দবিশিষ্ট। বাংপ্র। বিণ।

ঘর্ম—১। গ্রীষ্ম; রৌদ্র। ঘৃ+ম করণ। ২। ঘাম। বি; পুং। ৩। উষ্ণ। ঘৃ+ম কর্তৃ। বিণ।

ঘর্মচর্চিকা, -বিচর্চিকা—ঘামাচি। ঘর্মজাতা চর্চিকা, বিচর্চিকা, মধ্যপ। বি; স্ত্রী।

ঘর্মাক্ত, ঘর্মাপ্লুত—যাহা ঘামে ভিজিয়া গিয়াছে এমন, স্বেদার্দ্র। ৩য়াতৎ। বিণ।

ঘর্মাক্তকলেবর—স্বেদজলার্দ্রদেহ, যাহার শরীর ঘামে ভিজিয়া গিয়াছে এরূপ। বহু। বিণ।

ঘর্মার্দ্র—যাহা ঘামে ভিজিয়া গিয়াছে এমন, স্বেদ-সিক্ত। ঘর্মদ্বারা আর্দ্র, ৩য়াতৎ। বিণ।

ঘর্ষক—ঘর্ষণকারী। ঘৃষ্+ণক কর্তৃ। বি। স্ত্রী, **-র্ষিকা**।

ঘর্ষণ—ঘষা, মার্জন; (সংগীতে) আশ; ঘষ্টানি। ঘৃষ্+অনট্ ভাব। বি; ক্লী।

ঘর্ষিত—যাহা ঘর্ষণ করা হইয়াছে এমন; যাহাতে ঘর্ষণ লাগিয়াছে এরূপ। ঘৃষ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

ঘলঘসা—দ্রোণপুষ্প। বাংপ্র। বি।

ঘষটানো, ঘষড়ানো—রগড়ানো; অযোগ্য লোকের পুনঃ পুনঃ চেষ্টা করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। বি, **-টানি, -ড়ানি**।

ঘষা—ঘর্ষণ করা, রগড়ানো; মাজা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বি।

ঘষাঘষি—পরস্পর ঘর্ষণ; ঘনিষ্ঠভাবে মেশা। বাংপ্র।

ঘষানো—কাহারও দ্বারা ঘষা কাজ করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঘষামাজা—পরিষ্কার পরিচ্ছন্ন, উজ্জ্বল, চকচকে। কর্মধা (বাংপ্র)। বিণ।

ঘা—আঘাত; ক্ষত; ক্ষতচিহ্ন; ধাক্কা; দুঃখ, শোক; ক্ষতি ('— সহা')। <ঘাত। বি। **ঘা করা**—ক্ষত উৎপাদন করা। **ঘা খাওয়া**—দুঃখ পাওয়া। **ঘা দেওয়া, ঘা মারা**—আঘাত করা; দুঃখ দেওয়া; ক্ষতিগ্রস্ত করা। **ঘা সওয়া**—আঘাত বা ক্ষতি সহ্য করা। **ঘা হওয়া**—ক্ষত হওয়া।

ঘাই—বাঁধের কাটা জায়গা; রোহিত প্রঃ মৎস্যের গভীর জলে আস্ফালন; ধাপ্পা। <ঘাত বা ঘাতি। বি। **ঘাই বসানো**—ভীষণ মার দেওয়া; খুব ঠকানো; অত্যন্ত অপমানিত করা।

ঘাঁট—নানাদ্রব্যের সমবায়ে প্রস্তুত ব্যঞ্জন বিঃ; জগা-খিচুড়ি। <ঘট্ট। বি।

ঘাঁটা—১। আলোড়িত করা; নাড়াচাড়া করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। ২। বারবার আঘাত লাগার জন্য চামড়ায় যে কড়া পড়ে তাহা। বাংপ্র। বি।

ঘাঁটাঘাঁটি—আন্দোলন; বারবার নাড়া চাড়া; বারবার আলোচনা। বাংপ্র। বি।

ঘাঁটানো—নাড়ানো; উত্তেজিত করা; উত্যক্ত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঘাঁটি—চৌকিদারের নির্জনে বসতির বা পাহারা দিবার স্থান; চোরাপথ; পথের মুখ; আড্ডা; থানা। <ঘট্ট। বি। **ঘাঁটি করা, ঘাঁটি গাড়া**—সুরক্ষিত অবস্থানস্থান নির্মাণ করা।

ঘাঁত—বাগ; কায়দা; সুযোগ; কৌশল; আত্মসাৎ-করণ; মৃদঙ্গের বড় বোল। বাংপ্র। বি।

ঘাঁতঘোঁত—অন্ধিসন্ধি; মতলব; সকল বিষয়। বাংপ্র বি। [বি।

ঘাগরা—স্ত্রীলোকদিগের পরিধেয়-বস্ত্র বিঃ। হি-মু্।

ঘাঘর—ঝাঁজ বাদ্য; ঘুঙুর। বাংপ্র। বি।

ঘাগী—ভুক্তভোগী; পুনঃ পুনঃ দণ্ডিত ('— চোর'); দুষ্ট; চতুর; অভিজ্ঞ। ঘা+ঈ বহ্বর্থে [গ-আগম] (বাংপ্র)। বিণ।

ঘাট—১। জলাবতরণিকা; জলাশয়াদিতে নামিবার স্থান; নৌকাদি ভিড়াইবার স্থান; পর্বতমধ্যস্থ পথ; পর্বত; (সংগীতে) যে স্বরকে সা ধরিয়া

গীতবাদ্য হয় তাহা, বাদ্যযন্ত্রের বিভিন্ন সুরোৎপাদক স্থান, key. <ঘট্ট। ২। দোষ; ত্রুটি। বি। **ঘাট মানা**—দোষ স্বীকার করা। **ঘাটের কড়ি**—মড়াপোড়ানোর খরচ; পারানি। **ঘাটের মড়া**—মরণাপন্ন ব্যক্তি; অতি বৃদ্ধ ব্যক্তি; জীর্ণশীর্ণ ব্যক্তি।

ঘাটছাড়ানি—অশৌচান্তে স্নানের পর নববস্ত্র পরিধান। বাংপ্র। বি।

ঘাটতি—অল্পতা, কমতি, deficit. বাংপ্র। বি।

ঘাটা—১। নদ্যাদির ঘাট; হাট; গঞ্জ। <ঘট্ট। বি। ২। কম পড়া, ন্যূন হওয়া ("পণ্ডিত হইয়া তব বুদ্ধি কেন ঘাটে?" —কৃত্তি)। ক্রি। ৩। কমতি। বাংপ্র। বি।

ঘাটাল—উঁচুনীচু; বন্ধুর। বাংপ্র। বিণ।

ঘাটোয়াল—ঘাটরক্ষক। বাংপ্র। বি। [বি।

ঘাটোয়ালি—ঘাটরক্ষকের কাজ, খেয়া পারাপার। বাংপ্র।

ঘাড়—গ্রীবা; কাঁধ। <ঘাট। বি। **ঘাড় ধরিয়া করানো**—করিতে বাধ্য করা। **ঘাড় নাড়া**—সম্মতি বা অসম্মতিসূচক ইঙ্গিত করা। **ঘাড় পাতা**—দায়িত্ব গ্রহণ করা। **ঘাড় পাতানো**—দায়িত্ব লইতে রাজী করানো। **ঘাড় ফুলানো**—রাগ দেখানো; স্পর্ধা প্রকাশ করা। **ঘাড় ভাঙ্গা**—কাহারও ক্ষতি করিয়া নিজের স্বার্থসাধন করা। **ঘাড়ে করা**—কাঁধে লওয়া; ভার লওয়া; দায়িত্ব লওয়া। **ঘাড়ে দুটো মাথা থাকা**—দুঃসাহস হওয়া। **ঘাড়ে পড়া, ঘাড়ে চাপা**—ভরণপোষণাদির জন্য কাহারও ভারস্বরূপ হওয়া; দায়িত্বস্বরূপে আসা; (অন্যের দোষাদি) কাহারও উপর আরোপিত হওয়া।

ঘাড়ধাক্কা—গলাধাক্কা; ঘাড়ে ধরিয়া অপমানপূর্বক বাহির করিয়া দেওয়া। ৭মীতৎ (বাংপ্র)। বি।

ঘাড়ানো—ঘাড়ে লওয়া; দায়িত্ব গ্রহণ করা। বাংপ্র। ক্রি।

ঘাড়ে-গর্দানে—যাহার কাঁধ হইতে মাথা আলাদা মনে হয় না এরূপ; খুব মোটা। বাংপ্র। বিণ।

ঘাত—১। আঘাত; চোট; কোপ; প্রহার; বধ; ক্ষত; ধাক্কা; অঙ্কগুণন; কোন রাশি সেই রাশি দ্বারা যতবার গুণিত হয়, power. হন্+ঘঞ্ ভাব, কর্ম। ২। প্রহারসাধন অস্ত্র; বাণ। হন্+ঘঞ্ করণ। বি; পুং। ৩। কৌশল; সুযোগ; আত্মসাংকরণ; মৃদঙ্গের বড় বোল। বাংপ্র। বি।

ঘাতক—বধকারক; জল্লাদ; প্রহারক। হন্+ণিচ্ স্বার্থে+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**ঘাতিকা**।

ঘাতঘোত—ঘাঁতঘোঁত (তাহা দ্রঃ)।

ঘাতচিহ্ন—বর্গ ঘন ইঃ সূচক চিহ্ন, index, power. মধ্যপ। বি; ক্লী।

ঘাতন—১। হত্যা; আঘাত; যজ্ঞের জন্য বধ; বধ করানো; বাদ্যযন্ত্রে আঘাত। হন্+ণিচ্+অনট্ ভাব। ২। অস্ত্র। হন্+ণিচ্+অনট্ করণ। বি; ক্লী। ৩। যে হত্যা করায় এমন। হন্+ণিচ্+অন কর্তৃ। বিণ।

ঘাতপ্রতিঘাত—আঘাত ও প্রত্যাঘাত; ক্রিয়া ও তাহার প্রতিক্রিয়া। দ্বন্দ্ব। বি; পুং।

ঘাতসহ—যাহা আঘাত পাইলে সহজে ভাঙ্গিয়া যায় না এরূপ; আঘাত পাইলে যাহা পার্শ্বের দিকে বাড়িয়া বিস্তৃত হয় এরূপ, malleable. ঘাত—সহ্+অচ্ কর্তৃ। বিণ। বি,—**তা, ত্ব**।

ঘাতাঙ্ক—কোন রাশির ঘাতচিহ্ন, exponent, index. (যেমন 5^2) এখানে ^{2} ঘাতাঙ্ক)। ঘাতসূচক অঙ্ক, মধ্যপ। বি; পুং।

ঘাতী (-ঘাতিন্)—(কর্মবাচক উপপদের পর) হননশীল, হত্যাকারী ('আত্ম—')। হন্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**ঘাতিনী**।

ঘাতুক—নাশক; নিষ্ঠুর; ক্রূর। হন্+উকঞ্ কর্তৃ, শীলার্থে। বিণ। [বিণ।

ঘাত্য—বধ্য; হননীয়। হন্+ণিচ্ স্বার্থে+ণ্যৎ কর্ম।

ঘানি—তৈল-নিষ্কাশন-যন্ত্র। <ঘ্রাণিকা। বি। **ঘানি টানা**—জেলখানায় কয়েদীদের ঘানি ঘুরানো; একটানাভাবে কঠিন শাস্তি ভোগ করা। **শক্ত ঘানি**—কঠিন কাজ।

ঘানিগাছ—তৈলনিষ্কাশন-যন্ত্রের দীর্ঘ দণ্ড; কুচক্রী। বাংপ্র। বি। [বি।

ঘানিঘর—তৈলনিষ্কাশন-গৃহ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)।

ঘাপটি—অলক্ষিতভাবে অবস্থান; লুকাইয়া থাকা। বাংপ্র। বি। **ঘাপটি মারা**—লুকাইয়া অপেক্ষা করা।

ঘাবড়ানো—বিহ্বল হওয়া; ভেবাচেকা খাওয়া; হতবুদ্ধি হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঘাম—স্বেদ; শ্রমজল। <ঘর্ম। বি।

ঘামতেল—প্রতিমাকে চকচকে করিবার জন্য ব্যবহৃত তৈল; বার্নিস করার জন্য ব্যবহৃত তৈল। বাংপ্র। বি।

ঘামা—ঘর্মাক্ত হওয়া; স্বেদার্দ্র হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বি।

ঘামাচি—ঘর্মজনিত ছোট ছোট ব্রণ। <ঘর্মচর্চিকা।

ঘামানো—স্বেদাক্ত করা; আলোড়ন করানো; খাটানো ('মাথা—')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঘায়েল—জখম; আহত; জখম; বিনষ্ট। বাংপ্র। বিণ।

ঘাস—দূর্বাদি তৃণ। অদ্+ঘঞ্ কর্ম (অদ্‌স্থানে ঘস্)। বি; পুং। **ঘাস কাটা**—(ক্রোধে বা বিদ্রূপে) মূল্যহীন কাজ করা।

ঘাসজল—ঘাস ও জল, গবাদি পশুর খাদ্য। বাংপ্র। বি। **ঘাসজল ফুরানো**—পরমায়ু শেষ হওয়া।

ঘাসুড়ে—যে ঘাস কাটে এমন। ঘাস+উড়ে। বাংপ্র। বিণ।

ঘি—হবিঃ; আজ্য। <ঘৃত। বি।

ঘিওর—ঘি-এ ভাজা মিষ্টান্ন বিঃ। বাংপ্র। বি।

ঘিঞ্জি—ঘন, নিবিড়; সংকীর্ণ; ঘেঁষাঘেঁষি; এঁদো; জনবহুল। বাংপ্র। বিণ।

ঘিনঘিন—ঘৃণাপ্রকাশ; ঘৃণা বা অরুচির জন্য অস্বাচ্ছন্দ্যবোধ। বাংপ্র। অ।

ঘিনঘিনে—ঘৃণাকারী; যাহার কিছুতে রুচি হয় না এমন। ঘিনঘিন+এ (<ইয়া) করে অর্থে। বিণ।

ঘিরা, ঘেরা—১। বেড়া দেওয়া; ছাওয়া, আবৃত করা। ক্রি। ২। বেষ্টিত; আবৃত। বিণ। ৩। বেষ্টিত স্থান; বেষ্টন; আবৃতকরণ। বাংপ্র। বি।

ঘিলু—মস্তিষ্ক; মাথার ঘি; (গৌণ অর্থে) বুদ্ধি। বাংপ্র। বি।

ঘিশকাপ—বড় রেঁদা। বাংপ্র। বি।

ঘুংড়িকাসি—ঘুড়ঘুড়ে কাসি; hooping cough. বাংপ্র। বি।

ঘুঁজি—সরু গলি; ছিদ্র। বাংপ্র। বি।

ঘুঁটি—ইষ্টকাদির খণ্ড; পাশা প্রঃ খেলার গুটি। <ঘুণ্টিকা। বি। **ঘুঁটি চালা**—পাশা দাবা প্রঃ খেলায় দান দেওয়া।

ঘুঁটে—গোবরের শুকনো চাকতি। <ঘুণ্টি। বি। **ঘুঁটে দেওয়া**—গোময় দিয়া ঘুঁটে তৈয়ারি করা।

ঘুঁটেকুড়ানী -কুড়ুনী—যে নারী ঘুঁটে দিয়া জীবিকা নির্বাহ করে; অতি গরিব সহায়সম্বলহীনা নারী। উপতৎ (বাংপ্র)। বি। [বাংপ্র। বি।

ঘুগনি—মটর আলু প্রঃ দিয়া প্রস্তুত খাদ্য বিঃ।

ঘুঘু—বনকপোত; ফন্দিবাজ লোক; ঘড়েল লোক। বাংপ্র। বি।

ঘুঙুর, ঘুঙুর—কটিদেশের অলংকার বিঃ; নর্তকীর একপ্রকার পদাভরণ: ঘুণ্টিকা। <ঘুঙ্ঘুর। বি।

ঘুচা—দূর হওয়া; অতিবাহিত হওয়া; নষ্ট হওয়া। বাংপ্র। ক্রি।

ঘুচানো—দূর করা; ময়লা সাফ করা; নাশ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঘুটঘুট—মনে কোন বিষয়ের পুনঃ পুনঃ উদয়; সন্দেহ; ঘোর কৃষ্ণবর্ণের ভাবপ্রকাশক শব্দ। বাংপ্র। অ। **ঘুটঘুট করা**—অন্ধকার পরিব্যাপ্ত হওয়া; সংকীর্ণ স্থানের মধ্যে হালকা পায়ে (শিশুর) ঘুরিয়া বেড়ানো।

ঘুটঘুটে—নিবিড়; ঘন কালো ('—অন্ধকার')। বাংপ্র। বিণ। [বাংপ্র। বি।

ঘুটিং—যে পাথরের টুকরা পুড়াইলে চুন হয়।

ঘুড়ি—আকাশে উড়াইবার কাগজের তৈয়ারী খেলনা বিঃ। বাংপ্র। বি।

ঘুড়ী—১। ঘোটকী। ঘোড়া+ঈ (বাংপ্র)। বি; স্ত্রী। ২। ঘুড়ি। বাংপ্র। বি।

ঘুণ—১। কাঠের পোকা বিঃ ('—ধরা') ঘুণ্+ক কর্তৃ। বি; পুং। ২। পরিপক্ক, অভিজ্ঞ। বাংপ্র। বিণ।

ঘুণাক্ষর—১। ঘুণে ধরা অক্ষরের মত দাগ। মধ্যপ। বি; ক্লী। ২। আভাস; ইঙ্গিতমাত্র ('ঘুণাক্ষরে জানা')। বাংপ্র। বি।

ঘুণাক্ষরন্যায়—ন্যায় বিঃ [ঘুণ কাঠ বা বাঁশ কাটিতে থাকে, দৈবাৎ কোন কোন কাটা অংশ অক্ষরের ন্যায় হইয়া যায়: সেই অক্ষরাকৃতি কাটাকে ঘুণাক্ষর বলে; অর্থাৎ ঘুণ অক্ষর কাটিবে বলিয়া চেষ্টা করে না, কিন্তু কখন কখন হঠাৎ কোন কোন স্থানে অক্ষরের মত হইয়া উঠে; সেইরূপ, যাহা করিব বলিয়া মনস্থ না করিলেও যদি হঠাৎ তাহা ঘটিয়া উঠে, তবে তাহা ঘুণাক্ষরন্যায়ের বিষয় হইয়া থাকে]। ঘুণাক্ষরাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

ঘুণাক্ষরে—কোনও রকমে; দৈবাৎ; অতি সামান্য পরিমাণে। বাংপ্র। ক্রি-বিণ।

ঘুণ্টি, ঘুণ্টিকা—ঘুঙুর; ছোট ঘণ্টা; গোল বোতাম। <ঘণ্টী ও ঘণ্টিকা। বি।

ঘুনসি—কটিসূত্র; কটিদেশে পরিধেয় সূত্রাকার বেষ্টনী। বাংপ্র। বি।

ঘুনি—সরু বাঁশের শলা দিয়া তৈয়ারী মাছ ধরিবার খাঁচা বিঃ। বাংপ্র। বি।

ঘুপটি—ঘাপটি (তাহা দ্রঃ)।

ঘুপসি—১। অন্ধকারাচ্ছন্ন। বিণ। ২। লুকাইয়া অবস্থান; জড়সড় হইয়া নিভৃতে অবস্থান; সংকীর্ণ ও অন্ধকারাচ্ছন্ন স্থান। বাংপ্র। বি।

ঘুম—নিদ্রা। বাংপ্র। বি। **ঘুম চটে যাওয়া**—পুরা ঘুম না হওয়ার আগেই ঘুম ভাঙিয়া যাওয়া এবং আর ঘুম না আসা। **ঘুম পাড়ানো**—নিদ্রাবিষ্ট করা, নিদ্রিত করা।

ঘুমকাতুরে—ঘুম না হইলে যাহার খুব কষ্ট হয় এমন; যে খুব ঘুমাইতে চায় এরূপ। বাংপ্র। বিণ।

ঘুমঘোর—নিদ্রাবেশ; গাঢ় ঘুম। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

ঘুমনো, ঘুমানো—নিদ্রা যাওয়া। বাংপ্র। ক্রি [, বি]।

ঘুমন্ত—নিদ্রিত। ঘুমা+অন্ত কর্তৃ (বাংপ্র)। বিণ।

ঘুমপাড়ানী—যে হাওয়া বা দোল দিয়া শিশুকে ঘুম পাড়ায়; যাহাতে ঘুম আসে এমন ('—গান')। উপতৎ (বাংপ্র)। বিণ।

ঘুমুর—ঘুঙুর (তাহা দ্রঃ)।

ঘুর—১। ঘুরপাক; ঘূর্ণন; গা মাথা ঘোরা। বি। ২। কুটিল; বাঁকাচোরা। বাংপ্র। বিণ।

ঘুরঘুটি—ঘোরঘটা; অতিশয় আড়ম্বর; ঘন অন্ধকার। বাংপ্র। বি।

ঘুরঘুটে—ঘুটঘুটে; ঘন অন্ধকারাবৃত; খুব আড়ম্বরপূর্ণ। ঘুরঘুট+এ যুক্তার্থে (বাংপ্র)। বিণ।

ঘুরঘুর—১। অস্থিরভাবে ভ্রমণ। বাংপ্র। ২। ঘুরঘুরে পোকা। <ঘুর্ঘুর। বি।

ঘুরঘুরে—কীট বিঃ। <ঘুর্ঘুর। বি।

ঘুর-পথ—যে পথে অনেক ঘুরিয়া যাইতে হয়; বাঁকা পথ। ঘুরবিশিষ্ট পথ, মধ্যপ (বাংপ্র)। বি।

ঘুরপাক—আবর্তিত হওয়া; চাকার মত পরিভ্রমণ। বাংপ্র। বি। **ঘুরপাক খাওয়া**—চাকার মত ঘোরা; নানা দুঃখে ব্যতিব্যস্ত হওয়া।

ঘুরা, ঘোরা—পুনঃ পুনঃ আবর্তন করা. পরিভ্রমণ করা; ফিরিয়া আসা। বাংপ্র। ক্রি [, বি, বিণ।]

ঘুরানো, ঘোরানো—আবর্তিত করা; চক্রাকারে চালিত করা; ফিরাইয়া দেওয়া; বেড়াইয়া আসা; আশা দিয়া অনেকদিন পর্যন্ত ভাঁড়ানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঘুর্ঘুর—১। ঘুরঘুরে পোকা। ঘুর্—ঘুর্+ক কর্তৃ।

২। শব্দ বিঃ, শূকরের শব্দ। ঘুর্—ঘুর্+ক ঘঞর্থে ভাব। বি; পুং।

ঘুলঘুলি—দেওয়াল ইঃতে ছিদ্র। বাংপ্র। বি।

ঘুলনো, ঘুলানো—গুলাইয়া দেওয়া; নাড়িয়া ঘোলা করা; মিশানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঘুষ—উৎকোচ। বাংপ্র। বি।

ঘুষকী—গুপ্তবেশ্যা; গৃহস্থা কুলটা। বাংপ্র। বি।

ঘুষখোর—যে উৎকোচ গ্রহণ করিয়া কার্য করে এরূপ, উৎকোচগ্রাহী। ঘুষ+খোর আসক্তার্থে (বাংপ্র)। বিণ। [বাংপ্র। বিণ।

ঘুষঘুষে—চাপা ('—জ্বর'); সামান্য; অস্পষ্ট।

ঘুষা, ঘুষি, ঘুষো—কিল, মুষ্টিপ্রহার। বাংপ্র। বি।

ঘুষাঘুষি, ঘুষোঘুষি—কিলাকিলি। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।

ঘুষানো—ঘোষণা করানো; আবৃত্তি করানো; মুষ্টি-প্রহার করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঘুষি—'ঘুষা' দ্রঃ। **ঘুষি লড়া**—মুষ্টিযুদ্ধ করা।

ঘুষিত, ঘুষ্ট—১। শব্দিত। ঘুষ্+ক্ত কর্ম। বিণ। ২। ঘোষণা। ঘুষ্+ক্ত ভাব। বি; ক্লী।

ঘুৎকার—শূকরের শব্দ; পেচকের শব্দ। ঘুৎ—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

ঘুর—ঘুর (তাহা দ্রঃ)।

ঘূর্ণন—ভ্রমণ; ঘোরা। ঘূর্ণ্+অনট্ ভাব। বি; ক্লী।

ঘূর্ণমান—যাহা ঘুরিতেছে এমন। ঘূর্ণ্+শানচ্ কর্তৃ। বিণ।

ঘূর্ণাবর্ত—জলের পাক, whirlpool; ঘূর্ণি-বায়ু। ঘূর্ণ এমন আবর্ত, কর্মধা। বি; পুং।

ঘূর্ণায়মান—যাহাকে ঘুরানো হইতেছে এমন; যাহা সর্বদা ঘুরিতেছে এরূপ। ঘূর্ণ+ক্যঙ্ (ঘূর্ণায় নামধাতু)+শানচ্ কর্তৃ। বিণ।

ঘূর্ণি—ঘুরণ; ঘোরা। ঘূর্ণ+ইন্ ভাব। বি; পুং।

ঘূর্ণিজল—জলের পাক, জলাবর্ত, whirlpool. ঘূর্ণিযুক্ত জল, মধ্যপ। বি; ক্লী।

ঘূর্ণিঝড়—চক্রবাত; যে ঝড় ঘুরিয়া ঘুরিয়া বহে, cyclone. বাংপ্র। বি।

ঘূর্ণিত—ঘোরানো। ঘূর্ণ্+ক্ত বা ঘূর্ণ্+ণিচ্ +ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

ঘূর্ণিত-নয়নে, -নেত্রে, -লোচনে—চোখ পাকাইয়া। ঘূর্ণিত নয়ন, নেত্র, লোচন যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

ঘূর্ণিপাক—পুনঃ পুনঃ ঘোরা। বাংপ্র। বি।

ঘূর্ণিবায়ু—ঘূর্ণাবর্ত; ঘূর্ণিঝড়, cyclone. মধ্যপ। বি; পুং।

ঘূর্ণ্যমান—যাহা ঘোরানো হইতেছে এরূপ। ঘূর্ণ্+ণিচ্+শানচ্ কর্ম। বিণ।

ঘৃণা—অবজ্ঞা; কুৎসিত বা দুর্গন্ধ বস্তুর উপর দ্বেষ বা বিরাগ; লজ্জাবোধ, অপমানবোধ: জুগুপ্সা; অনুকম্পা, দয়া। ঘৃণ্+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী। [অর্হ্+অচ্ কর্তৃ। বিণ।

ঘৃণার্হ—ঘৃণাযোগ্য: অনুকম্পনীয়। উপতৎ; ঘৃণা—

ঘৃণাস্পদ—ঘৃণার পাত্র; অনুকম্পাভাজন। ঘৃণার আস্পদ, ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; ক্লী (অজহ-ল্লিঙ্গ)।

ঘৃণিত—যাহাকে সকলে ঘৃণা বা হেয় জ্ঞান করে এরূপ; যাহা দেখিলে বা শুনিলে ঘৃণা জন্মে এরূপ; গর্হিত; অবজ্ঞাত; অনুগ্রহপ্রাপ্ত; দয়ার্হ। ঘৃণা+ইতচ্ জাতার্থে বা ঘৃণ্+ক্ত কর্ম। বিণ।

ঘৃণী (ঘৃণিন্)—নিন্দাকারী; দয়ালু। ঘৃণা+ইন্ আছে অর্থে। বিণ।

ঘৃণ্য—ঘৃণার যোগ্য। ঘৃণা+যৎ যোগ্যার্থে। বিণ।

ঘৃত—হবিঃ, ঘি; জল। ঘৃ+ক্ত কর্ম। বি; ক্লী।

ঘৃতকুমারী—ওষধি বিঃ। ঘৃতপ্রধানা কুমারী, মধ্যপ। বি; স্ত্রী।

ঘৃতাক্ত—ঘি-মাখা। ঘৃত দ্বারা অক্ত, ৩য়াতৎ। বিণ।

ঘৃতাচী—অপ্সরা বিঃ; কুশনাভের পত্নী। ঘৃত—অন্চ্+ক্বিপ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

ঘৃতান্ন—১। অগ্নি। ঘৃত অন্ন যাহার, বহু। বি; পুং। ২। ঘৃতযুক্ত অন্ন, ঘি-ভাত। ঘৃতমিশ্রিত অন্ন; মধ্যপ। বি; ক্লী।

ঘৃতার্চিঃ (-র্চিস্)—অগ্নি। ঘৃত (দীপ্ত) অর্চিঃ (শিখা) যাহার, বহু। বি; পুং। [বি; স্ত্রী।

ঘৃতাহুতি—অগ্নিতে সমন্ত্রক ঘৃত প্রদান। ৬ষ্ঠীতৎ।

ঘৃষ্ট—১। মার্জিত, যাহা ঘষা হইয়াছে এরূপ। বিণ। ২। গন্ধদ্রব্যাদি বিঃ, অগুরু প্রঃ। ঘৃষ্+ক্ত কর্ম। বি; পুং।

ঘৃষ্টি—ঘর্ষণ; স্পর্ধা। ঘৃষ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

ঘেউ, ঘেউঘেউ—কুকুরের ডাক। বাংপ্র। বি।

ঘেঁচড়া—১। নির্লজ্জ, বেহায়া; কঠিন; অবাধ্য। বিণ। ২। আহত স্থান; ঘষ্টানির স্থান; কাঠিন্য; জামড়া। <ঘৃষ্ট। বি।

ঘেঁচু—ছোট কচু; কিছুই নয়। <ঘেণ্টুলিকা। বি।

ঘেঁটু—খোস পাঁচড়া প্রঃ রোগের দেবতা; একপ্রকার ফুল। <ঘণ্টাকর্ণ। বি।

ঘেঁষ—অল্প ঘর্ষণ; ধাক্কা; ঘর্ষণধ্বনি; ঐক্য; সান্নিধ্য; স্পর্শ। <'ঘৃষ্'-ধাতু। বি।

ঘেঁষড়া—ঘর্ষণ; ঘেঁষ। <'ঘৃষ্'-ধাতু। বি।

ঘেঁষড়ানো—ঘর্ষণ করিয়া লইয়া যাওয়া, হেঁচড়াইয়া টানিয়া লইয়া যাওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঘেঁষা—সামান্য ঘষা লাগা; অল্প ঘর্ষণ করা; নিকট-বর্তী হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঘেঁষাঘেঁষি—পরস্পরের গা ছোঁওয়া, অত্যন্ত কাছা-কাছি; গাদাগাদি, ঠেসাঠেসি। বাংপ্র। বি, বিণ বা ক্রি-বিণ।

ঘেঁস—পাথুরে কয়লার ছাই; পুরাতন ভাঙ্গা কোঠা বাড়ির ভগ্নাবশেষ। বাংপ্র। বি।

ঘেংগা, ঘেঙা—বালাই, দায়, ঝঞ্ঝাট; কড়া তাগিদ। বাংপ্র। বি। **ঘেংগা পেটা**—তাগিদ দেওয়া; ঘ্যান-ঘ্যান করা।

ঘেংগানি, ঘেঙানি—একঘেয়েভাবে অনুনয়বিনয়, ঘ্যানঘ্যানানি। বাংপ্র। বি।

ঘেংগানো, ঘেঙানো—ঘ্যানঘ্যান করা, একঘেয়েভাবে অনুনয়বিনয় করা। বাংপ্র। ক্রি [, বি]।

ঘেটেল—খেয়াঘাটের মাঝি। ঘাট+এল (<ইয়াল) নিযুক্তার্থে। বাংপ্র। বি। [বাংপ্র। বি।
ঘেটেলি—ঘেটেলের কাজ। ঘেটেল+ই কর্মার্থে।
ঘেটো—ঘাটসম্বন্ধীয়; অশৌচান্ত দিনে নদী বা পুকুরের ঘাটে স্নান করিবার সহিত যাহাদের সম্বন্ধ আছে এরূপ ('—কুটুম'); যাহা ঘাটে আসিয়া চরে এমন ('—মাছ')। ঘাট+ও (<উয়া) সম্বন্ধার্থে। বাংপ্র। বিণ।
ঘেন্না—নিন্দা; অভক্তি; দয়া ('ক্ষমাঘেন্না')। <ঘৃণা। বি।
ঘেয়ো—ব্রণবিশিষ্ট; ক্ষতযুক্ত; আহত। ঘা+ও (<উয়া) যুক্তার্থে (বাংপ্র)। বিণ।
ঘের—পরিধি; বেষ্টনী; বেষ্টিত স্থান; নির্দেশ, সূত্র। <'ঘৃ'-ধাতু। বি।
ঘেরা—১। পরিবেষ্টন; আচ্ছাদন। ঘির্+আ ভাববা। বি। ২। ঘিরিয়া দেওয়া, আচ্ছন্ন করা। বাংপ্র। ক্রি [, বিণ]।
ঘেরাও—অবরোধ; বেষ্টন। বাংপ্র। বি।
ঘেরাটোপ—বাক্স প্রঃর আচ্ছাদন, ঢাকনী; সর্বাঙ্গ-ব্যাপী আবরণ। বাংপ্র। বি।
ঘেসেড়া—যে ঘোড়ার ঘাস কাটে। বাংপ্র। বি।
ঘেসো—১। ঘাসোৎপন্ন; ঘাসময়; ঘাসের গন্ধযুক্ত। বিণ। ২। পশুদিগের পাকস্থলীর ভিতরে ঘাসের থলী। ঘাস+ও [<উয়া] (বাংপ্র)। বি।
ঘোঁজ—ঘুঁজি; কোন; জমির বাঁক। বাংপ্র। বি।
ঘোঁজঘাঁজ—আড়াল-আবডাল; অন্ধকারময় সংকীর্ণ স্থান। বাংপ্র। বি।
ঘোঁট, ঘোঁটমণ্ডল—সামাজিক ব্যাপারে অনেকে মিলিয়া একের বিরুদ্ধে আলোচনা; হট্টগোল; জটলা; তরলবস্তু আলোড়ন। বাংপ্র। বি। **ঘোঁট পাকানো**—অনেকে মিলিয়া একের বিরুদ্ধে আলোচনা করা; জটলা করা। [বি।
ঘোঁটনা—ঘুঁটিবার কাঠি। ঘোঁট+না করণবা (বাংপ্র)।
ঘোঁটা—১। আবর্তন করা, আলোড়ন করা; মাড়া। বাংপ্র। ক্রি [, বি] ২। আলোড়িত। ঘুঁট+আ কর্ম। বিণ।
ঘোঁতঘোঁত—শূকরের শব্দ বা তাহার অনুরূপ শব্দ; অস্পষ্টভাবে অসন্তোষপ্রকাশ। বাংপ্র। ধ্বন্যাত্মক অ।
ঘোগ—নেকড়ে বাঘ; কুকুর জাতীয় বন্যজন্তু বিঃ; (রূপকথায়) বাঘের শত্রু জন্তু বিঃ; নদীর বাঁধ বা জমির আলি প্রঃতে জল বাহির হইবার গর্ত। বাংপ্র। বি।
ঘোচা—দূর হওয়া, লোপ পাওয়া। বাংপ্র। ক্রি।
ঘোচানো—দূর করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ঘোট—সামাজিক ব্যাপারে বিরুদ্ধ আলোচনা, ঘোঁট। বাংপ্র। বি। [-কী।
ঘোটক—অশ্ব। ঘুট্+ণক কর্তৃ। বি; পুং। স্ত্রী,
ঘোটকারূঢ়—অশ্বপৃষ্ঠে উপবিষ্ট, ঘোড়সওয়ার। ৭মীতৎ। বিণ।
ঘোটকারোহী (-রোহিন্)—অশ্বারোহী। উপতৎ; ঘোটক—আ+রুহ্+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -রোহিণী।
ঘোটন—অন্বেষণ; ঘোঁটা; মর্দন, পেষণ। বাংপ্র। বি।
ঘোটনা—যাহা দ্বারা ঘোঁটা যায়, পেষণদণ্ড। ঘোট+না করণ (বাংপ্র)। বি।
ঘোড়—অশ্ব। <ঘোট। বি।
ঘোড়গাড়ি, -গাড়ী—ঘোড়ার গাড়ি। ঘোড়া-বাহিত গাড়ি, গাড়ী, মধ্যপ (বাংপ্র)। বি।
ঘোড়-তোলা—উচ্চ গোড়ালিবিশিষ্ট ('—জুতা')। বাংপ্র। বিণ।
ঘোড়দৌড়—ঘোড়ার দৌড়, জুয়াখেলার উদ্দেশ্যে ঘোড়ার দৌড়ের প্রতিযোগিতা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি। [বা বিণ।
ঘোড়-সওয়ার—অশ্বারোহী। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি
ঘোড়া—অশ্ব; দাবা খেলার একটি বল, knight. <ঘোট। বি। **ঘোড়ায় চড়িয়া আসা**—চলিয়া যাইবার জন্য মহা ব্যস্ত হওয়া। **ঘোড়ার ঘাস কাটা**—বৃথা কাজে সময় কাটানো; বেকার থাকা। **ঘোড়ার ডিম**—কিছুই না (গালি বা ক্রোধে প্রযুক্ত অশিষ্ট উক্তি)।
ঘোড়ামুখো—ঘোড়ার ন্যায় লম্বা মুখবিশিষ্ট; নতশীর্ষ ('—ধান')। বহু (বাংপ্র)। বিণ। স্ত্রী, -মুখী। [বি।
ঘোড়ামুগ—নিকৃষ্টশ্রেণীর মুগের ডাল বিঃ। বাংপ্র।
ঘোড়া-রোগ—অবস্থার অতিরিক্ত ব্যয় করিয়া ঘোড়া পুষিবার প্রবৃত্তি; মাত্রার অতিরিক্ত খরচ; উপদংশ রোগ। মধ্যপ (বাংপ্র)। বি।
ঘোড়াশাল—ঘোড়া থাকিবার স্থান। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি। [আপ্। বি; স্ত্রী।
ঘোণা—অশ্বনাসিকা; নাসিকা। ঘুণ্+অন্ কর্তৃ+
ঘোপ—গোপন জায়গা, নিভৃত স্থান। বাংপ্র। বি।
ঘোপঘাপ—লুকাইয়া থাকিবার উপযোগী নিভৃত স্থান। বাংপ্র। বি।
ঘোমটা—অবগুণ্ঠন, মুখাচ্ছাদন। <গুণ্ঠিকা। বি।
ঘোর—১। শিব। বি; পুং। ২। ভয়; বিষ। বি; ক্লীব। ৩। ভয়ংকর, বিকট; গাঢ়; অত্যন্ত; অসদৃশ; মহৎ; বিষম; দুর্গম; দারুণ। ঘুর্+অচ্ কর্তৃ। বিণ। ৪। নেশা; অন্ধকার; জড়তা; ঘূর্ণন; উন্মাদাবস্থা; অজ্ঞানপ্রায় অবস্থা; আবেশ ('ঘুমের —')। <ঘূর্ণ। বি।
ঘোর-ঘোর—অল্প অন্ধকার। বাংপ্র। বি বা অ।
ঘোরতর—অতি ভীষণ। ঘোর+তরপ্ অতিশয়ার্থে। বিণ।
ঘোরদর্শন—বিকটাকার, ভীমরূপ। বহু। বিণ।
ঘোরপ্যাঁচ—জটিলতা; গোপন মতলব। বাংপ্র। বি।
ঘোরফের—ঘোরপ্যাঁচ; ঘোরাফেরা। বাংপ্র। বি।
ঘোররূপা—ভয়ানক আকৃতিবিশিষ্টা। বহু+আপ্। বিণ; স্ত্রী।
ঘোরা—১। ভয়ানক রাত্রি; দেবতাড়ী লতা; রাজসী মনোবৃত্তি; রবিসংক্রান্তি বিঃ। বি; স্ত্রী। ২। ভীষণা। ঘোর+আপ্। বিণ; স্ত্রী। ৩। ঘুরিয়া

বেড়ানো, ইতস্ততঃ ভ্রমণ; ঘূর্ণিত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]। **মাথা ঘোরা**—অসুস্থতাহেতু মাথার মধ্যে ঘূর্ণিত হওয়া; বুদ্ধির স্থিরতা হারাইয়া ফেলা।

ঘোরাকার, -কৃতি—১। ভীষণ আকার। কর্মধা। বি; পুং; স্ত্রী। ২। ভয়ানক রূপবিশিষ্ট। বহু। বিণ।

ঘোরাঘুরি—এদিক ওদিক বেড়ানো, ইতস্ততঃ পরিভ্রমণ। <ঘূর্ণ্-ধাতু। বি।

ঘোরানো—ঘুরানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঘোরাল, -লো—ভীষণ; জমকাল; গাঢ়; গাঢ় মেঘাচ্ছন্ন; অন্ধকারাবৃত; জটিল, অসরল; গাঢ় রঙের; কড়া আস্বাদযুক্ত। বাংপ্র। বিণ।

ঘোল—১। মথিত দধি, তক্র। ঘুড়্+ঘঞ্ কর্ম। বি; পুং। ২। নদীর আওড়। বাংপ্র। বি। **ঘোল খাওয়া**—নানা বিপদে পড়িয়া বিব্রত হওয়া। **ঘোল খাওয়ানো**—নাজেহাল করা, অপদস্থ করা। **ঘোল মওয়া**—ঘোল হইতে মাখন তোলা।

ঘোলমউনি—ঘোলমন্থনের দণ্ড; একপ্রকার ক্ষুদ্র গুল্ম। <ঘোলমন্থনী। বি।

ঘোলা—আবিল, অনির্মল; অস্পষ্ট। ঘোল+আ সদৃশার্থে (বাংপ্র)। বিণ।

ঘোলাটে—ঘোলাভাবের, ঈষৎ ঘোলা। বাংপ্র। বিণ।

ঘোলানো—ঘোলা করা; বিশৃঙ্খল করা; বিভ্রান্ত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঘোলাজোলা—দুর্বোধ; বিশৃঙ্খল। বাংপ্র। বিণ।

ঘোষ—১। গোয়ালা-পাড়া। ঘুষ্+ঘঞ্ অধি। ২। মেঘের ধ্বনি; শব্দ। ঘুষ্+ঘঞ্ ভাব। ৩। গোয়ালা; অপামার্গ; (ব্যাকরণে) বর্ণ বিঃর উৎপত্তিতে বাহ্যযত্ন বিঃ। ঘুষ্+অচ্ কর্তৃ। বি; পুং। ৪। কায়স্থ প্রভৃর পদবী বিঃ। বাংপ্র। বি।

ঘোষক—যে ঘোষণা করে এরূপ, প্রচারক। ঘুষ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**ঘোষিকা**।

ঘোষণ—ইতস্ততঃ বিজ্ঞাপন, প্রচার। ঘুষ্+অনট্ ভাব। বি; ক্লী।

ঘোষণা—উচ্চৈঃস্বরে প্রখ্যাপন; প্রচার; উচ্চৈঃস্বরে শব্দকরণ। ঘুষ্+ণিচ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।

ঘোষণাপত্র—প্রচারপত্র, ইস্তাহার। মধ্যপ। বি; ক্লী।

ঘোষপত্র—সরকারী সাপ্তাহিক সংবাদপত্র, gazette. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ঘোষবান্ (-বৎ)—ধ্বনিবিশিষ্ট; গম্ভীরশব্দযুক্ত; (ব্যাক) খোলা ধ্বনিযুক্ত, sonant. (যেমন—গ ঘ ঘোষবৎ, ক খ অঘোষ)। ঘোষ+মতুপ্ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী—**বতী**।

ঘোষযাত্রা—প্রাচীন কালে রাজাদের ঘোষপল্লীতে যাত্রা। ৭মীতৎ। বি; স্ত্রী।

ঘোষা—ঘোষণা করা। বাংপ্র। ক্রি [, বি]।

ঘোষানো—আবৃত্তি করানো; ঘোষিত করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঘোষাল—বাঙ্গালার একশ্রেণীর ব্রাহ্মণদের উপাধি বিঃ। বাংপ্র। বি।

ঘোষিত—প্রচারিত, যে বিষয়ের ঘোষণা করা হইয়াছে এরূপ। ঘুষ্+ণিচ+ক্ত কর্ম। বিণ।

ঘ্যাঙানো—ঘ্যানঘ্যান করা। বাংপ্র। ক্রি [, বি]। ভাববাচক বি—**ঘ্যাঙানি**।

ঘ্যানঘ্যান—নাকি সুরে কান্না, নাকি সুরে কাঁদিয়া আবদার জানানো। বাংপ্র। বি, অ। বিণ—**ঘ্যানঘেনে**। **ঘ্যানঘ্যান প্যানপ্যান**—একটানা বিরক্তিকর কথা ও অভিযোগ।

ঘ্যানর-ঘ্যানর—চরকা প্রঃর শব্দ; বিরক্তিজনক একঘেয়ে কথা। বাংপ্র। বি।

ঘ্রাণ—১। নাসিকা। ঘ্রা+অনট্ করণ। ২। গন্ধগ্রহণ; গন্ধ। ঘ্রা+অনট্ ভাব। বি; ক্লী।

ঘ্রাণতর্পণ—নাসিকার তৃপ্তিজনক; সুরভি। ৬ষ্ঠীতৎ। বিণ।

ঘ্রাণশক্তি—গন্ধগ্রহণের সামর্থ্য। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ঘ্রাণেন্দ্রিয়—নাসিকা। ঘ্রাণের ইন্দ্রিয়, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী

ঘ্রাত—যাহার গন্ধ গ্রহণ করা হইয়াছে এরূপ, শোঁকা। ঘ্রা+ক্ত কর্ম। বিণ।

ঘ্রাতব্য, ঘ্রেয়—ঘ্রাণের যোগ্য, যাহার ঘ্রাণ লইতে হইবে এরূপ। ঘ্রা+তব্য, যৎ কর্ম। বিণ।

ঘ্রাতা (ঘ্রাতৃ)—গন্ধগ্রাহক, যে গন্ধ লয়, যে শোঁকে। ঘ্রা+তৃন কর্তৃ। বি বা বিণ। স্ত্রী—**ঘ্রাত্রী**।

ঘ্রেয়—'ঘ্রাতব্য' দ্রঃ।

[ঙ]

ঙ—১। বাংলা ব্যঞ্জনবর্ণমালার পঞ্চমবর্ণ [ইহার উচ্চারণস্থান সনাসিক কণ্ঠ। ইহাকে অনুনাসিক বর্ণও বলে]। ২। বিষয়স্পৃহা; বিষয়। ঙ্+ড ভাব। ৩। ভৈরব ("ঙকার ভৈরব আর বিষয় ঙকার। ঙকারস্বরূপা রাখ ঙপদ আমার॥"—ভারত)। ঙ+ক কর্তৃ। বি; পুং।

[চ]

চ—১। বাংলা ব্যঞ্জনবর্ণমালার ষষ্ঠ বর্ণ [ইহার উচ্চারণস্থান তালু]। বি। ২। চল্। বাংপ্র। ক্রি।
চওড়া—১। বিস্তৃত; প্রসারবিশিষ্ট। বিণ। ২। বিস্তৃতি, প্রস্থের দিক্। <চর্পট। বি।
চক—১। চতুঃশালার মধ্যস্থান; চারিদিকে বাড়ি আছে এমন চতুষ্কোণ উঠান; বাজার; ভূমির বিভাগ; গ্রামসমষ্টি; গ্রামের মধ্যস্থিত কিয়ৎ-পরিমাণ ভূমি। <চতুষ্ক। ২। খড়িমাটি। <ইং 'chalk'. বি।
চকচক—১। ঔজ্জ্বল্য প্রকাশ, দীপ্তিমান্ হওয়া। বি। ২। কুকুর বিড়াল প্রঃ জীবের চাটিয়া খাওয়ার শব্দ। বাংপ্র। অ। **চকচক করা**—দীপ্ত পাওয়া।
চকচকানি—প্রখর দীপ্তি, অতিশয় উজ্জ্বলতা। বাংপ্র। বি। ক্রি—**চকচকানো**।
চকচকে—উজ্জ্বল, দীপ্ত, ভাস্বর। বাংপ্র। বিণ।
চকবন্দি—কোন জমির কিংবা সম্পত্তির সীমানিরূপণ; লাট, জমির ভাগ; গ্রামসীমা-নিরূপণ; যতদূর পর্যন্ত স্থান পুলিসের অধীন থাকে তাহা। বাংপ্র। বি।
চকবন্দী—চতুর্দিকে শাখাবিশিষ্ট; চৌকোনা উঠানের চারিদিকে ঘর আছে এমন, চকমিলানো ('—ঘর')। বাংপ্র। বিণ।
চকমক—উজ্জ্বলতা প্রকাশ, ঝকমক। বাংপ্র। বি।
চকমকানি—ঝকমকানি। বাংপ্র। বি।
চকমকানো—চকমক করা, দীপ্ত পাওয়া; চমকিত হওয়া, চকিত হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চকমকি—১। অগ্নি জ্বালিবার জন্য প্রস্তর ও ইস্পাতের খণ্ডদ্বয়; দীপ্তি, উজ্জ্বলতা। <তু 'চকমাক্'। ২। ঝলমলানি, দীপ্তি। বাংপ্র। বি।
চকমকে—ঝকমকে। বাংপ্র। বিণ।
চকমিলানো—চকবন্দী। বাংপ্র। বিণ।
চকসা—ফরসা, মেঘ বা কুয়াশা কাটিয়া গিয়া আলোক প্রকাশ। বাংপ্র। বি। [**চকী**।
চকা—চক্রবাক-পক্ষী। <চক্রবাক। বি; পুং। স্ত্রী—
চকাচকী—চক্রবাকপক্ষিযুগল, চক্রবাক-চক্রবাকী। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
চকিত—১। সহসা ভীত, চমকিত; কম্পিত; তৃপ্ত। চক্+ক্ত কর্তৃ। বিণ। ২। ভয়। চক্+ক্ত ভাব। বি; ক্লী। ৩। ক্ষণমাত্র, নিমেষ। বাংপ্র। বি।
চকিতে—নিমেষে, অতি অল্প সময়ের মধ্যে, অতি ক্ষিপ্রভাবে। বাংপ্র। ক্রি-বিণ।
চকেবা—চক্রবাক পক্ষী ("যুগল চারু চকেবা"—বিদ্যা)। প্রা কপ্র। বি।
চকোর—পক্ষী বিঃ; partridge জাতীয় পাখি [কবিপ্রসিদ্ধি এইরূপ যে ইহারা চাঁদের সুধা বা কিরণ পান করে]। চক্+ওরন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, -**রী**।
চক্কর—চক্রাকারে পরিভ্রমণ; সর্পের ফণা; সাপের ফণার চাকা; আবর্ত; চক্রাকার চিহ্ন। <চক্র। বি।
চক্র—রথাদির চাকা; রাজ্য; সমূহ; ঘানিগাছ; চক্রাকৃতি তীক্ষ্ণধার প্রাচীন অস্ত্র, discus ; গ্রামসমূহ, মণ্ডল; কুম্ভকারের চাক; জলের আবর্ত; তগরপুষ্প; ব্যূহ; তন্ত্রোক্ত মূলাধারাদিস্থিত ষট্-পদ্ম; বীরাদি চক্র; কাব্যবন্ধ বিঃ; কুমন্ত্রণা; ষড়্-যন্ত্র; হস্তস্থ রেখা বিঃ; দন্ত বিঃ; সর্বতোভদ্রাদি মণ্ডল; দেবার্চন-যন্ত্র; চিহ্ন বিঃ; দ্বাদশবিধ রাজ্য; দীক্ষাযোগ্য মন্ত্রোদ্ধারার্থ ষট্চক্র; বর্গ, cycle; সামগ ব্রাহ্মণ; জাতি বিঃ। কৃ+ক করণ, সংজ্ঞার্থে (নিপা): অথবা, চক্+রক্ কর্তৃ। বি; পুং বা ক্লী।
চক্রধর—১। বিষ্ণু; সর্প; দেশাধিপ; গ্রামাধিপ; রাজা; রাগ বিঃ। বি; পুং। ২। ঐন্দ্রজালিক। ৬ষ্ঠীতৎ। বিণ। [বি; স্ত্রী।
চক্রধারা—চক্রের প্রান্তভাগ, চাকার ধার। ৬ষ্ঠীতৎ।
চক্রনাভি—চক্রের মধ্যস্থল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
চক্রনেমি—চক্রের পরিধি, চাকার ঘের বা বেড়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [পুং।
চক্রপাণি—বিষ্ণু। চক্র পাণিতে যাহার, বহুব্রী। বি;
চক্রবর্তী (-বর্তিন)—সম্রাট্; ব্রাহ্মণদিগের উপাধি বিঃ। উপতৎ; চক্র—বৃত্+ণিন্ কর্তৃ। বি; পুং।
চক্রবাক—চকা পাখি। চক্র—বচ্+ঘঞ্ কর্ম। বি; পুং। স্ত্রী, -**কী**।
চক্রবাড়, -**বাল**—দিগ্বলয়রেখা, কোন মুক্তস্থানে অবস্থিত হইয়া দৃষ্টিসঞ্চারণ করিলে যে রেখাতে পৃথিবী ও আকাশ পরস্পর মিলিত বোধ হয় তাহা, horizon. চক্র—বাড়্+অচ্ কর্তৃ (বিকল্পে ড়-স্থানে ল)। বি; ক্লী।
চক্রবাত, -**বাত্যা**, -**বায়ু**—ঘূর্ণিবায়ু। চক্রসদৃশ বাত, বাত্যা, বায়ু, মধ্যপ। বি; পুং, স্ত্রী, পুং।
চক্রবাল—'চক্রবাড়' দ্রঃ।
চক্রবৃদ্ধি—সুদের সুদ, compound interest. ৩য়াতৎ। বি; স্ত্রী।
চক্রব্যূহ—যুদ্ধার্থ মণ্ডলাকারে স্থাপিত সৈন্যশ্রেণী। চক্রাকার ব্যূহ, মধ্যপ। বি; পুং।
চক্রশক্তি—হিটলার-শাসিত জার্মানি এবং মুসোলিনী-শাসিত ইটালি; (বিস্তারে) তৎসহ তোজো-শাসিত জাপান, Axis powers. বি।

চক্রাকার, -কৃতি—চক্রের ন্যায় আকারবিশিষ্ট; গোল। বহু। বিণ।
চক্রান্ত—ষড়্‌যন্ত্র অনেকের একত্র গুপ্ত পরামর্শ। চক্রে অন্ত (স্বরূপ) যাহার, বহু। বি; পুং।
চক্রান্তকারী (-কারিন্)—যে চক্রান্ত করে এরূপ। উপতৎ; চক্রান্ত—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -কারিণী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।
চক্রাবর্ত—ঘুরপাক। চক্রের আবর্ত (সদৃশ অর্থে),
চক্রায়ুধ—১। বিষ্ণু। বহু। বি; পুং। ২। সুদর্শন চক্র। চক্রনামক আয়ুধ, মধ্যপ। বি; ক্লী।
চক্রিকা—১। হাঁটুর মালাইচাকি। চক্র+কন্ স্বার্থে+ আপ্। ২। গোল চেপটা ঔষধের বড়ি, pill. চক্র+কন্ ক্ষুদ্রার্থে+ আপ্। বি; স্ত্রী।
চক্রী (চক্রিন্)—১। বিষ্ণু; কুম্ভকার; চক্রবাক; সর্প; সম্রাট্; দেশাধিপ; কন্দ; বাজীকর; খল; কাক; গর্দভ; সূচক; শকটাদিতে আরূঢ় ব্যক্তি; গোয়েন্দা। বি; পুং। ২। যে সতত অন্যের অনিষ্ট চিন্তা করে এরূপ; যে অন্যকে কুমন্ত্রণা দেয় এরূপ; পরের নিন্দা বা দোষ কীর্তন করা যাহার অভ্যাস এরূপ। চক্র+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী —চক্রিণী।
চক্ষণ—১। মদের চাট। চক্ষ্+অনট্ কর্ম। ২। কথন। চক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী।
চক্ষুঃ (চক্ষুস্), **চক্ষু**—নয়ন। চক্ষ্+উস্ করণ। বি; ক্লী। **চক্ষু স্থির**—বিস্ময়ে বিস্ফারিত নেত্র, অত্যন্ত বিস্ময়।
চক্ষুঃশূল—চক্ষুর পীড়াদায়ক বস্তু বা ব্যক্তি, যাহাকে চোখে দেখিলে বিরক্তি বোধ হয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
চক্ষুকর্ণ—চোখ ও কান। দ্বন্দ্ব (বাংপ্র)। বি। **চক্ষুকর্ণের বিবাদ-ভঞ্জন**—শোনা বিষয়ে সন্দেহ থাকিলে চোখে দেখিয়া তাহা ঘুচানো।
চক্ষুগোচর—দৃষ্ট। <চক্ষুর্গোচর। বিণ।
চক্ষুদান—দেবপ্রতিমায় দৃষ্টিশক্তিপ্রদান; কাহারও জ্ঞানোন্মেষ করা; অসতর্ক গৃহস্থের কোন দ্রব্য অপহরণ। < চক্ষুর্দান। বি।
চক্ষুরুন্মীলন—চোখ খোলা, চোখ মেলা। চক্ষুর (চক্ষুস্-শব্দ) উন্মীলন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
চক্ষুলজ্জা—অপ্রস্তুতভাব। <চক্ষুর্লজ্জা। বি।
চক্ষুশূল—চক্ষুঃশূল (তাহা দ্রঃ)।
চক্ষুষ্মান্ (-ষ্মৎ)—যাহার চোখ আছে এমন; সত্য-দ্রষ্টা; দূরদৃষ্টিসম্পন্ন, জ্ঞানী। চক্ষুস্+ প্রাশস্ত্যার্থে মতুপ্। বিণ। স্ত্রী, -ষ্মতী। বি, -ষ্মত্তা।
চক্ষুষ্য—চক্ষুর হিতজনক; সুন্দর। চক্ষুস্+যৎ হিতার্থে, প্রিয়ার্থে। বিণ।
চক্ষুস্থির—হতবুদ্ধিতা, অপ্রত্যাশিত ব্যাপারে হত-ভম্বতা। বাংপ্র। বি। [পুং।
চক্ষুরোগ, চক্ষুরোগ—নেত্রপীড়া। ৬ষ্ঠীতৎ। বি;
চখা—চক্রবাক। বাংপ্র। বি।
চখাচখী—চক্রবাক-চক্রবাকী। বাংপ্র। বি।

চঙ্ক্রমণ—মৃদুভ্রমণ, দীর্ঘলম্ফ; বক্রভাবে গমন। ক্রম্ +যঙ্‌লুক্+অনট্ ভাব। বি; ক্লী।
চচ্চড়ি—ব্যঞ্জন বিঃ। বাংপ্র। বি।
চঞ্চরিকা, চঞ্চরী—ভ্রমরী। চর্‌চ্+অচ্=চঞ্চ (গতি); চঞ্চ+র আছে অর্থে+ঈপ্=চঞ্চরী; চঞ্চরী +কন্ স্বার্থে+আপ্=চঞ্চরিকা। বি; স্ত্রী।
চঞ্চল—অস্থির; অব্যবস্থিত; লোলুপ; বিচলিত; ব্যাকুল; কম্পিত; লম্পট। চঞ্চ্+অলচ্ কর্তৃ। বিণ।
চঞ্চলা—১। বিদ্যুৎ; লক্ষ্মী। বি; স্ত্রী। ২। অস্থিরা ইঃ। চঞ্চল+আপ্। বিণ; স্ত্রী।
চঞ্চলিত—১। বিচলিত, অধীর, অশান্ত। বাংপ্র। ২। যাহাকে চঞ্চল করা হইয়াছে এমন। চঞ্চল+ণিচ্ (নামধাতু)+ক্ত কর্ম। বিণ।
চঞ্চু—পাখির ঠোঁট। চঞ্চ্+উ করণ। বি; পুং।
চঞ্চুপুট—চঞ্চুরূপ পাত্র, ঠোঙার মত পাখির ঠোঁট; পাখির বন্ধ ঠোঁট দুইটি; আটমাত্রার বা চারিমাত্রার তাল বিঃ। রূপক কর্মধা। বি; পুং বা ক্লী।
চঞ্চূ—পাখির ঠোঁট। চন্‌চ্+উ কর্তৃ। বি; স্ত্রী।
চট্—শীঘ্র, তাড়াতাড়ি। বাংপ্র। অ।
চট—থলিয়া; গুণ; পাটের মোটা সুতার কাপড়। বাংপ্র। বি।
চটক—১। চড়ুই পাখি। চট্+অক কর্তৃ। বি; পুং। ২। শোভা, বাহার; আড়ম্বর; তন্দ্রার আবেশ; অন্যমনস্কতা। বাংপ্র। বি।
চটকদার—শোভাবিশিষ্ট, উজ্জ্বল, জমকালো। চটক+ দার আছে অর্থে (বাংপ্র)। বিণ। [বি।
চটকল—পাটকল, ·ute-mill. ৬ষ্ঠীতৎ (বাংপ্র)।
চটকা—ঘুমের আবেশ; অন্যমনস্কতা। বাংপ্র। বি। **চটকা ভাঙা**—তন্দ্রা কাটিয়া যাওয়া; সতর্ক হওয়া।
চটকানি—হাত দিয়া মাড়া বা পেষা। বাংপ্র। বি।
চটকানো—মর্দন করা; নরম জিনিস হাত দিয়া পেষা। বাংপ্র। ক্রি [, বি, বিণ] **পিণ্ড চটকানো**—পিণ্ড তৈয়ার করা (গালি বা অভিসম্পাতে)।
চটচট—১। সত্বর। ক্রি-বিণ। ২। করতলপ্রহারাদির অনুকরণ-শব্দ; আঠা-আঠা ভাবপ্রকাশ। বাংপ্র। অ।
চটচটে—যাহা স্পর্শ করিলে হাতে লাগিয়া যায় এরূপ; আঠালো। চটচট+এ (<ইয়া) করে অর্থে। বাংপ্র। বিণ।
চটপট—সত্বর, শীঘ্র। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।
চটপটে—শীঘ্রকারী; চতুর। চটপট+এ (<ইয়া)। বিণ।
চটা—১। লৌহাদি পাত্রের উপরিভাগের ফাটা অংশ; পাতলা বাখারি বা শলা; চাকলা। বি। ২। ক্রুদ্ধ। চট+আ কর্তৃ। বিণ। ৩। রাগিয়া ওঠা; চাকলা ওঠা; চিড় খাওয়া; ফাটা; বিবর্ণ হওয়া ('রং —')। বাংপ্র। ক্রি। [ক্রি-বিণ।
চটাচট, চটাপট—শীঘ্র; চটচট-শব্দের সহিত। বাংপ্র।
চটাচটি—রাগারাগি। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।
চটানো—কোদালাদির দ্বারা খনন করা; রাগানো; ফাড়ানো; উপরের স্তর উঠানো। বাংপ্র। ক্রি [, বি]।

চটালো—বিস্তৃত। বাংপ্র। বিণ।
চটি—১। দরমা; সরাই; পুস্তিকা; পাতা ইঃর তৈরী ছোট আসন। <ফা 'চৎরী'। ২। একপ্রকার আলগা জুতা। <চর্মন্। বি। ৩। পাতলা, যাহা মোটা নয় এমন ('—বই')। বাংপ্র। বিণ।
চটি-জুতা—একপ্রকার আলগা চর্মপাদুকা। কর্মধা (বাংপ্র)। বি।
চটু—প্রিয়বাক্য; ব্রতীদিগের আসন বিঃ; পেট। চট্ +কু করণ। বি; পুং বা ক্লী। [বিণ।
চটুকে—চটকদার। চটক+এ (<ইয়া) আছে অর্থে।
চটুল—চঞ্চল; শীঘ্র; সুন্দর; মনোহর ভঙ্গিবিশিষ্ট; প্রিয়বাদী। চট্+উলচ্ কর্তৃ। বিণ।
চট্টরাজ—উপাধি বিঃ। বাংপ্র। বি।
চট্টল, চট্টলা—চট্টগ্রামের প্রাচীন নাম। বাংপ্র। বি।
চট্টোপাধ্যায়—ব্রাহ্মণদিগের উপাধি বিঃ, চাটুজ্যে। চট্টাখ্য উপাধ্যায়, মধ্যপ। বি; পুং।
চড়—চাপড়। <চপেট। বি।
চড়ই, চড়ুই—চড়াই পাখি। <চটক। বি।
চড়ইভাতি, চড়াইভাতি, চড়ুইভাতি—বনভোজন, picnic. <চটকভৃতি। বি। [<চরু। বি।
চড়ক—চৈত্রসংক্রান্তিতে অনুষ্ঠেয় উৎসব বিঃ, গাজন।
চড়কগাছ—যে খুঁটির উপরে চড়কের সময়ে গাজনের সন্ন্যাসীরা ঘুরপাক খায় তাহা। বাংপ্র। বি।
চড়ক-সংক্রান্তি—চৈত্রসংক্রান্তি। বাংপ্র। বি।
চড়চড়—বস্ত্রাদি ছিন্ন করিবার শব্দ; কোন কিছু বিদীর্ণ হওয়ার বা ফাটিয়া যাওয়ার শব্দ; যাতনার অনুভূতিসূচক শব্দ; উনানে কোন জিনিস ভাজিবার শব্দ; শুষ্কতাবোধক শব্দ ('গা —')। বাংপ্র। অ।
চড়চড়ি—নানা আনাজের সমবায়ে প্রস্তুত শুষ্ক ব্যঞ্জন বিঃ, চচ্চড়ি। বাংপ্র। বি।
চড়তি—১। উন্নতি; বৃদ্ধি; মূল্যবৃদ্ধি। বি। ২। যাহা বাড়িতেছে বা চড়িয়া উঠিতেছে এমন। বাংপ্র। বিণ। [বি।
চড়ন—আরোহণ, চড়া। চড়্+অন ভাব (বাংপ্র)।
চড়নদার—আরোহণকারী; আরোহী। চড়ন+দার কর্তা অর্থে (বাংপ্র)। বি।
চড়া—১। কঠিন; উচ্চ; অধিক; রুক্ষ; উদ্ধত; উগ্র ('— মেজাজ'); কর্কশ; আরূঢ়; টকটকে; অতিশয় উজ্জ্বল। বিণ। ২। নদ্যাদির মধ্যস্থিত ক্ষুদ্র স্থলভাগ; চড়ুই পাখি; আরোহণ; টান, আকর্ষণ। বি। ৩। আরোহণ করা; বাড়িয়া যাওয়া; আক্রমণ করা; ক্রুদ্ধ হওয়া। বাংপ্র। ক্রি।
চড়াই—১। চড়ুই পাখি। <চটক। ২। উচ্চতা, উন্নতি; (পর্বতাদিতে) উচ্চগামী পথ; পর্বতে আরোহণ। চড়া+আই পরিমাণার্থে, ভাবার্থে। বাংপ্র। বি।
চড়াইভাতি—'চড়ইভাতি' দ্রঃ।
চড়াও—১। আক্রমণকারী; আক্রমণের জন্য আপতিত। বিণ। ২। আক্রমণ। বাংপ্র। বি।
চড়াচড়ি—হাতে হাতে চট্‌চট্ শব্দ করা; চড় মারামারি; পরস্পরকে আরোহণ করানো। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।
চড়াৎ—সহসা ফাটিয়া যাওয়া বা মেঘ ডাকার শব্দ। বাংপ্র। বি বা অ।
চড়ানো—আরোহণ করানো; চড় মারা; বাদ্যযন্ত্রাদির সুর উচ্চগ্রামে তুলিয়া দেওয়া; বাড়ানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চড়ুই—'চড়ই' দ্রঃ।
চড়ুইভাতি—'চড়ইভাতি' দ্রঃ।
চড়ুকে—১। চড়ক উৎসব-সংক্রান্ত; হুজুগপ্রিয়; সতত কষ্টভোগকারী। বিণ। ২। চড়কের সন্ন্যাসী। চড়ক+এ সম্বন্ধাদি অর্থে। বাংপ্র। বি।
চণক—ছোলা, বুট। চণ্+অক (কুন্) কর্ম (বাংপ্র)। বি; পুং।
চণ্ড—১। যমদূত; দৈত্য বিঃ; ভূত বিঃ। বি; পুং। ২। উষ্ণ; তীক্ষ্ণ; উগ্র; অতিশয় ক্রুদ্ধ। চণ্ড্+অচ্ কর্তৃ। বিণ। স্ত্রী—**চণ্ডা, চণ্ডী**।
চণ্ডনায়িকা, -বতী—দুর্গা; অষ্টনায়িকার অন্তর্গত নায়িকা বিঃ। চণ্ডের নায়িকা, ৬ষ্ঠীতৎ, অথবা চণ্ডী (কোপনা) নায়িকা, কর্মধা; চণ্ড (ক্রোধ) +মতুপ্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।
চণ্ডাল—নিষাদজাতি, চাঁড়াল। চণ্ড্+আলচ্ কর্তৃ। বি; পুং। স্ত্রী **-লী**।
চণ্ডিকা, চণ্ডী—পার্বতীর মূর্তিভেদ; মঙ্গলচণ্ডী মূর্তি; মারণ উচ্চাটন বশীকরণ প্রঃ কার্যের অধিষ্ঠাত্রী যোগিনীপ্রধানা দেবী; অতি কোপনা স্ত্রী; মার্কণ্ডেয় পুরাণের অন্তর্গত দেবীমাহাত্ম্য-কথা; ত্রয়োদশবর্ষযুক্ত ছন্দ বিঃ। চণ্ড+ঈপ্ = চণ্ডী, ১ম পক্ষে চণ্ডী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
চণ্ডিমা (চণ্ডিমন্)—চণ্ডত্ব, উগ্রতা; কোপনতা। চণ্ড্+ইমন্ ভাবে। বি; পুং।
চণ্ডী—'চণ্ডিকা' দ্রঃ।
চণ্ডীপাঠ—মার্কণ্ডেয় পুরাণে বর্ণিত দেবীমাহাত্ম্য পাঠ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
চণ্ডীমণ্ডপ—ঠাকুরদালান, দুর্গা কালী প্রঃ দেবীর পূজার গৃহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
চণ্ডু—১। ইঁদুর। চণ্ড+উন্ সংজ্ঞার্থে। বি; পুং। ২। আফিম হইতে প্রস্তুত মাদকদ্রব্য বিঃ। হি। বি।
চণ্ডুখোর—চণ্ডুনামক মাদকদ্রব্য সেবনে অত্যন্ত আসক্ত। চণ্ডু+খোর আসক্তার্থে (বাংপ্র)। বিণ।
চতুঃ (চতুর্)—চার, ৪ অঙ্ক বা পরিমাণ। বি বা বিণ।
চতুঃপঞ্চাশ—৫৪-সংখ্যার পূরক। চতুঃপঞ্চাশৎ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-শী**।
চতুঃপঞ্চাশৎ—চুয়ান্ন, ৫৪। চতুরধিকা পঞ্চাশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।
চতুঃপঞ্চাশত্তম—চতুঃপঞ্চাশ, ৫৪-সংখ্যার পূরক। চতুঃপঞ্চাশৎ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-মী**।
চতুঃষষ্টি—চৌষট্টি; ৬৪-সংখ্যক। চতুরধিকা ষষ্টি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

চতুঃষষ্টিতম—চৌষট্টি এই সংখ্যার পূরক বা স্থানীয়। চতুঃষষ্টি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

চতুঃসপ্ততি—চুয়াত্তর সংখ্যা; চুয়াত্তরসংখ্যক। চতুরধিকা সপ্ততি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

চতুঃসপ্ততিতম—চুয়াত্তর এই সংখ্যার পূরক বা স্থানীয়। চতুঃসপ্ততি+তমট্ পূরণার্থে বিণ। স্ত্রী, -মী।

চতুঃসীমা—চারিদিকের সীমা। কর্মধা। বি; স্ত্রী।

চতুর্—চারিসংখ্যা; চারিসংখ্যক। চত+উরন্ কর্তৃ। বি বা বিণ।

চতুর—১। নিপুণ; শঠ; নেত্রগোচর; বুদ্ধিজীবী; চালাক। চত্+উরচ্ কর্তৃ অথবা কর্ম। বিণ। ২। গালবালিশ, কানবালিশ; হস্তিশালা। চত্+উরচ্ কর্ম। বি; পুং।

চতুরংশিত—যাহা চারি ভাগে ভাগ করা হইয়াছে এমন; পৃষ্ঠচতুষ্টয়ে বিভক্ত, চার পেজী, quarto. চতুঃ অংশিত, সুপ্। বিণ।

চতুরঙ্গ—১। হস্তী অশ্ব রথ ও পদাতি—এই চারি অঙ্গে পরিপূর্ণ সৈন্য; চৌপাড় খেলা; দাবা বা শতরঞ্জ খেলা। বি; পুং। ২। চারি অঙ্গযুক্ত। চতুঃ অঙ্গ যাহার, বহু। বিণ। স্ত্রী, -ঙ্গী, -ঙ্গা।

চতুরচূড়ামণি—অতিশয় চালাক। ৬ষ্ঠীতৎ। বিণ।

চতুরতা—শঠতা; কার্যদক্ষতা। চতুর+তা ভাবে। বি; স্ত্রী। [বা বিণ; স্ত্রী।

চতুরশীতি—চুরাশি, ৮৪; ৮৪ সংখ্যক মধ্যপ। বি

চতুরশীতিতম—চতুরশীতি সংখ্যার পূরক। চতুরশীতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

চতুরশ্ব—চারি ঘোড়ায় টানা ('—রথ') চতুর অশ্ব যাহাতে, বহুব্রী। বিণ।

চতুরস্র, চতুরস্র—চারিকোনা; চৌরস; নির্দোষ; লগ্ন হইতে চতুর্থ ও অষ্টম স্থান (তাজশাস্ত্রে) যাহার মাত্রা বা অক্ষর-সংখ্যা চার দ্বারা বিভাজ্য। চতুর্ অস্র, অস্র যাহার, বহু। বিণ।

চতুরানন—চতুর্মুখ, ব্রহ্মা। চতুঃ আনন যাহার, বহু। বি; পুং। [ভাবে (বাংপ্র)। বি।

চতুরালি—চতুরতা; সেয়ানামি; ছলনা। চতুর্+আলি

চতুরাশ্রম—ব্রহ্মচর্য গার্হস্থ্য বানপ্রস্থ ও সন্ন্যাস—এই চারি আশ্রম। সমা দ্বিগু। বি; ক্লী।

চতুর্গুণ—চারিগুণ। চতুঃ গুণ যাহাতে, বহু। বিণ।

চতুর্গুণিত—চারিগুণবিশিষ্ট, যাহার চারিগুণ করা হইয়াছে এরূপ। চতুঃ যথা তথা গুণিত, সুপ্। বিণ।

চতুর্থ—তুরীয়; চারি সংখ্যার পূরক। চতুর্+থট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -র্থী।

চতুর্থাংশ—চারিভাগের এক ভাগ। চতুর্থ এমন অংশ, কর্মধা। বি; পুং।

চতুর্থী—১। চন্দ্রের কলাচতুষ্টয়ের হ্রাসবৃদ্ধিরূপ তিথি বিঃ; বিভক্তি বিঃ। বি; স্ত্রী। ২। চারি সংখ্যার পূরিকা। চতুর্থ+ঈপ্। বিণ; স্ত্রী। ৩। মাতাপিতার মৃত্যুর পর চতুর্থ দিবসে বিবাহিতা কন্যাকর্তৃক অনুষ্ঠিত শ্রাদ্ধ বিঃ। বাংপ্র। বি। [পুরুষ, মধ্যপ। বি; পুং।

চতুর্থীতৎপুরুষ—সমাস বিঃ। চতুর্থী ঘটিত তৎ-

চতুর্দশ (-শন্)—চৌদ্দ সংখ্যা বা তৎসংখ্যক। চতুরাধিকা দশ, মধ্যপ। বি বা বিণ।

চতুর্দশ—চৌদ্দসংখ্যার পূরক। চতুর্দশন্+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী।

চতুর্দশপুরুষ—বংশের পূর্ববর্তী চৌদ্দ পুরুষ; (গৌণার্থে) বহুপুরুষ। চতুর্দশ সংখ্যক পুরুষ, মধ্যপ। বি; পুং।

চতুর্দশবিদ্যা—বেদাদি চতুর্দশবিদ্যা (চারিবেদ, তাহার ছয় অঙ্গ, ধর্মশাস্ত্র, পুরাণ, মীমাংসা ও তর্ক)। কর্মধা। বি; স্ত্রী।

চতুর্দশভুবন—সপ্ত স্বর্গ ও সপ্ত পাতাল [ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জন, তপঃ, সত্য, অতল, সুতল, বিতল, তলাতল, মহাতল, রসাতল ও পাতাল]। কর্মধা। বি; ক্লী।

চতুর্দশী—১। তিথি বিঃ। বি; স্ত্রী। ২। চৌদ্দ সংখ্যার পূরিকা; চতুর্দশবর্ষীয়া ('—বালিকা')। চতুর্দশ+ঈপ্। বিণ; স্ত্রী।

চতুর্দিক্ (-দিশ্)—চারিদিক্, সকল দিক্। চতুঃ দিক্, কর্মধা। বি; স্ত্রী।

চতুর্দোল, -লা—চারি জনের বহনীয় শিবিকা বিঃ, চৌদোল। চতুর্বাহিত দোল, দোলা, মধ্যপ। বি; ক্লী, স্ত্রী।

চতুর্ধা—চার ধারে; চার রকমে; চার খণ্ডে। চতুর+ধা প্রকারার্থে। অ, ক্রি-বিণ।

চতুর্ধাম (-ধামন্)—মথুরামণ্ডলস্থ চারি ধাম [রামনাথ, বৈদ্যনাথ, জগন্নাথ ও দ্বারকানাথ]। চতুঃ ধাম, কর্মধা। বি; ক্লী।

চতুর্নবতি—৯৪-সংখ্যা; ৯৪-সংখ্যক। চতুরাধিকা নবতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

চতুর্নবতিতম—৯৪-সংখ্যার পূরক। চতুর্নবতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

চতুর্বক্ত্র—চতুর্মুখ, ব্রহ্মা। বহু। বি; পুং।

চতুর্বর্গ—ধর্ম অর্থ কাম মোক্ষ, পুরুষার্থচতুষ্টয়। চতুরের (চারিটির) বর্গ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চতুর্বর্ণ—১। ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এই চারি জাতি। চতুঃ বর্ণ, কর্মধা। বি; পুং। ২। চারিবর্ণ-বিশিষ্ট, চারি রঙের। বহু। বিণ।

চতুর্বিংশ—চব্বিশ এই সংখ্যার পূরক। চতুর্বিংশতি+ডট পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী।

চতুর্বিংশতি—চব্বিশ, ২৪ অথবা ২৪-সংখ্যক। চতুরধিকা বিংশতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

চতুর্বিংশতিতম—চতুর্বিংশ। চতুর্বিংশতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী। [বিণ।

চতুর্বিধ—চারিপ্রকার। চতুঃ বিধা যাহাতে, বহু।

চতুর্বেদ—ঋক্ যজুঃ সাম অথর্ব এই চারি বেদ। কর্মধা। বি; পুং।

চতুর্ভুজ—১। বিষ্ণু, নারায়ণ; চারি সরলরেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্র। বি; পুং। ২। চারিহস্তবিশিষ্ট;

চারি-শাখাযুক্ত। বহু। বিণ। **চতুর্ভুজ হওয়া**—হাত বাড়াইয়া স্বর্গ পাওয়া, অতিশয় আনন্দিত হওয়া; অত্যন্ত ক্ষমতাপন্ন হওয়া।

চতুর্মুখ—১। ব্রহ্মা; ঔষধ বিঃ। বহু। বি; পুং। ২। চারিমুখ। কর্মধা। বি; ক্লী।

চতুর্যুগ—সত্য ত্রেতা দ্বাপর ও কলি—এই চারি যুগ। চতুঃ যুগের সমাহার, সমা দ্বিগু। বি; ক্লী।

চতুশ্চত্বারিংশ, -রিংশত্তম—চুয়াল্লিশের পূরক। চতুশ্চত্বারিংশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী, -মী।

চতুশ্চত্বারিংশৎ—চুয়াল্লিশ, ৪৪; চুয়াল্লিশসংখ্যক। চতুরধিকা চত্বারিংশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

চতুশ্চত্বারিংশত্তম—'চতুশ্চত্বারিংশ' দ্রঃ।

চতুষ্ক—১। চত্বর, চৌকা উঠান; চারিস্তম্ভযুক্ত মণ্ডপ; চারনর হার; চৌকোনা পুকুর। চতুর্+ক আছে অর্থে। বি; ক্লী। ২। চকমিলানো ('—ভবন'); চারিটি অবয়ববিশিষ্ট। বিণ।

চতুষ্কোণ—১। চারি কোণ। চতুঃসংখ্যক কোণ, মধ্যপ। ২। চতুর্ভুজক্ষেত্র। বি; ক্লী। ৩। চৌকোনা, চারিকোণবিশিষ্ট। বহু। বিণ।

চতুষ্টয়—১। যাহার চারি অবয়ব এরূপ, চারি অংশে বিভক্ত বা গণিত, চারিপ্রকার। বিণ। স্ত্রী, -য়ী। ২। একত্রে চারি, চারিটির সমষ্টি। চতুর্+তয়প্ অবয়বার্থে। বি; ক্লী।

চতুষ্পথ—১। চৌরাস্তা, চৌমাথা। চতুঃ পথের (পথিন্) সমাহার, সমা দ্বিগু (অ-সমাসান্ত)। বি; ক্লী। ২। ব্রাহ্মণ। চতুঃ পথ (পথিন্=আশ্রম) যাঁহাদের বহু (অ-সমাসান্ত)। বি; পুং।

চতুষ্পদ—১। চারিচরণবিশিষ্ট পদ্য। বি; ক্লী। ২। পশু; করণ বিঃ (মেষ বৃষ সিংহ এবং মকরের পূর্বার্ধ ও ধনুর পরার্ধ)। বি; পুং। ৩। চারি-পদবিশিষ্ট। চতুঃ পদ যাহার, বহু। বিণ। স্ত্রী, -দা, -দী।

চতুষ্পদী—চৌপদী কবিতা; বাংগালা কবিতার ছন্দ বিঃ। চতুষ্পদ+ঈপ্। বি; স্ত্রী।

চতুষ্পাঠী—চারিশাস্ত্রের অধ্যয়নালয়, চৌবাড়ি। চতুর্বেদের পাঠ হয় যাহাতে, বহু+ঈপ্। বি; স্ত্রী।

চতুষ্পাণি—চতুর্ভুজ, বিষ্ণু। চতুঃ পাণি যাঁহার, বহু। বি; পুং।

চতুষ্পাদ—চারিচরণবিশিষ্ট; সর্বাবয়বে সম্পূর্ণ, সমগ্র, অখণ্ড। চতুর্ (চারি) পাদ যাহার, বহু। বিণ।

চতুষ্পার্শ্ব—চারিপাশ, চারিধার। কর্মধা। বি; পুং বা ক্লী।

চতুষ্পার্শ্বস্থ—চারিপার্শ্বে অবস্থিত, চারি ধারের। উপতৎ; চতুষ্পার্শ্ব—স্থা+ক কর্তৃ। বিণ।

চতুস্তল—চৌতলা। চতুঃ তল যাহার বহু। বিণ।

চতুস্তলক—চারিটি পৃষ্ঠযুক্ত ঘনক্ষেত্র, tetrahedron. চতুঃ তল যাহার, বহু+কন্ স্বার্থে। বি; ক্লী।

চতুস্ত্রিংশ—চৌত্রিশ এই সংখ্যার পূরক। চতুস্ত্রিংশৎ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী।

চতুস্ত্রিংশৎ—চৌত্রিশ, ৩৪ সংখ্যা; চৌত্রিশসংখ্যক। চতুরধিকা ত্রিংশৎ (ত্রিশ), মধ্যপ। বি বা বিণ, স্ত্রী।

চতুস্ত্রিংশত্তম—চৌত্রিশ সংখ্যার পূরক। চতুস্ত্রিংশৎ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

চত্বর—উঠান, চাতাল; যজ্ঞস্থান; হোমার্থ পরিষ্কৃত ভূমি। চত্+ষ্বরচ্ কর্ম। বি; ক্লী।

চত্বারিংশ—চল্লিশ এই সংখ্যার পূরক। চত্বারিংশৎ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী -শী।

চত্বারিংশৎ—চল্লিশ; ৪০-সংখ্যক। চতুর্গুণিত দশ, মধ্যপ (নিপা)। বি বা বিণ; স্ত্রী।

চত্বারিংশত্তম—চল্লিশ এই সংখ্যার পূরক। চত্বারিং-শৎ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

চত্বাল—হোমকুণ্ড; কুশ; গর্ভ; চাতাল। চত্+বালচ্ কর্ম। বি; পুং।

চনচন—প্রখরতাসূচক শব্দ; বেগসূচক শব্দ; তীব্র ব্যথার অনুভূতিসূচক শব্দ; ক্ষত শুকাইবার সময়ের অনুভূতিবোধক শব্দ। বাংপ্র। অ।

চনচনে—প্রখর; বেগবান্। চনচন+এ (<ইয়া) করে অর্থে (বাংপ্র)। বিণ।

চনমন—চঞ্চলতার ভাব। বাংপ্র। অ। ক্রি—চনমনানো। বি—চনমনানি।

চনমনে—সজাগ; স্ফূর্তিযুক্ত; সজীব। বাংপ্র। বিণ।

চন্দ—চন্দ্র; কর্পূর। চন্দ্+অচ্ কর্তৃ। বি; পুং।

চন্দন—স্বনামপ্রসিদ্ধ বৃক্ষ; চন্দন কাঠ জল দিয়া ঘষিলে যে সুগন্ধি পদার্থ উৎপাদিত হয় তাহা। চন্দ্+ণিচ্+অন কর্তৃ। বি; পুং।

চন্দনচর্চিত—চন্দনমাখানো। ৩য়াতৎ। বিণ।

চন্দনধেনু—পতিপুত্রবতী নারীর শ্রাদ্ধে যে চন্দনাঙ্কিতা গাভী দান করা হয় তাহা। চন্দনাঙ্কিতা ধেনু, মধ্যপ। বি; স্ত্রী।

চন্দনপঙ্ক—ঘষা-চন্দন, চন্দন বাটা। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।

চন্দনপাটা, -পিঁড়ি—যে পাথরের চাকতিতে চন্দন ঘষা হয় তাহা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

চন্দনা—গলায় লাল রেখাযুক্ত একপ্রকার টিয়াপাখি; ভাগলপুর-সন্নিহিত নদী বিঃ। চন্দন+আপ্। বি; স্ত্রী।

চন্দনী—১। নদী বিঃ। চন্দন+ঈপ্। বি; স্ত্রী। ২। চন্দন-গন্ধ আতর; মসলা বিঃ। চন্দন+ঈ সদৃশার্থে (বাংপ্র)। বি।

চন্দ্রা—১। আনন্দদায়িকা। চন্দ্+ণিচ্+অচ্ কর্তৃ +আপ্। বিণ; স্ত্রী। ২। চন্দ্র, চাঁদ ("পেখনু পিয়ামুখচন্দা"—বিদ্যা)। প্রা কুপ্র। বি।

চন্দ্র—১। চাঁদ, সুধাংশু, ইন্দু, বিধু, শশধর; কর্পূর; জল; ময়ূরচন্দ্রক; স্বর্ণ; মৃগশিরা নক্ষত্র; হীরক; শোণমুক্তাফল; দ্বীপ বিঃ; (শব্দের পরে থাকিলে) শ্রেষ্ঠ। বি; পুং। ২। আহ্লাদজনক; সুন্দর; কাম্য। চন্দ্+রক্ বা চন্দ্+ণিচ্+রক্ কর্তৃ। বিণ।

চন্দ্রক—ময়ূরপুচ্ছস্থিত নেত্রাকার চিহ্ন; মণ্ডল;

চন্দ্র; চাঁদামাছ; নখ। চন্দ্র+কন্ সদৃশার্থে। বি; ক্লীব।

চন্দ্রকর, -কিরণ—জ্যোৎস্না। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চন্দ্রকলা—চন্দ্রের কলা, চন্দ্রমণ্ডলের ষোড়শ ভাগ; দ্রগড় বাদ্য; বাচা মাছ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

চন্দ্রকান্ত—১। মণি বিঃ, moonstone. বি; পুং। ২। শ্রীখণ্ডচন্দন; কুমুদ। বহু। বি; পুং বা ক্লী। ৩। চন্দ্রবৎ সুন্দর। চন্দ্রসদৃশ কান্ত, উপমান কর্মধা। বিণ।

চন্দ্রগ্রহণ—চন্দ্রের রাহুগ্রাস, চন্দ্রের উপরে পৃথিবীর ছায়াপতন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

চন্দ্রচূড়—শিব। চন্দ্র চূড়াতে যাঁহার বহু। বি; পুং।

চন্দ্রপুলি—নারিকেল ক্ষীর ও শর্করাসংযোগে প্রস্তুত মিষ্টান্ন বিঃ। বাংপ্র। বি।

চন্দ্রপ্রভ—চাঁদের মত সুন্দর। বহু। বিণ।

চন্দ্রবংশ—চন্দ্র হইতে জাত পুরুষপরম্পরা; জনক কুরু যদু প্রঃর বংশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চন্দ্রবদন—১। চন্দ্রতুল্য সুন্দর মুখ। চন্দ্র বদনপ্রায়, উপমিত। বি; ক্লী। ২। চন্দ্রের ন্যায় সুন্দর মুখবিশিষ্ট। চন্দ্রের ন্যায় বদন যাহার, বহু। বিণ। স্ত্রী—**বদনা**, (কবিপ্র) **-বদনী**।

চন্দ্রবিন্দু—অর্ধচন্দ্রাকারযুক্ত বিন্দু, ঁ। চন্দ্রসহিত বিন্দু, মধ্যপ। বি; পুং।

চন্দ্রবোড়া—বিষধর সর্প বিঃ। বাংপ্র। বি।

চন্দ্রভাগা—সিন্ধুনদের একটি উপনদী, Chenub. বি; স্ত্রী। [মণি, মধ্যপ। বি; পুং।

চন্দ্রমণি—চন্দ্রকান্তমণি, moonstone. চন্দ্রপ্রিয়

চন্দ্রমণ্ডল—চন্দ্রের মণ্ডল, চন্দ্রের গোলাকার কলেবর। কর্মধা। বি; ক্লী।

চন্দ্রমল্লিকা—একপ্রকার চন্দ্রাকার পুষ্প, chrysanthemum. চন্দ্রবর্ণা মল্লিকা, মধ্যপ। বি; স্ত্রী।

চন্দ্রমাঃ (-মস)—চন্দ্র। চন্দ্র—মা+অসুন্ কর্তৃ। বি; পুং।

চন্দ্রমা—চাঁদ <চন্দ্রমাঃ। বি; পুং।

চন্দ্রমুখী—চন্দ্রবদনা, চাঁদবদনী। চন্দ্রের ন্যায় মুখ যাহার, বহু+ঈপ্। বিণ; স্ত্রী।

চন্দ্রমৌলি—শিব। চন্দ্র মৌলিতে যাহার, বহু। বি; পুং।

চন্দ্রলোক—চন্দ্রমণ্ডল; স্বর্গ বিঃ। মধ্যপ। বি; পুং।

চন্দ্রশালা—ছাদের উপরের ঘর। চন্দ্রা (আনন্দদায়িকা) শালা, কর্মধা। বি; স্ত্রী।

চন্দ্রশেখর—শিব; তীর্থ বিঃ। বহু। বি; পুং।

চন্দ্রহার—কটিভূষণ বিঃ, মেখলা; কণ্ঠহার বিঃ। চন্দ্র (অর্থাৎ চন্দ্রাকার ছাপ)-যুক্ত হার, মধ্যপ। বি; পুং।

চন্দ্রা—এলাচ; চাঁদোয়া; নাটমন্দির; গুড়ুচী; চন্দ্রিকা। চন্দ্+রক্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

চন্দ্রাতপ—১। জ্যোৎস্না। চন্দ্রের আতপ, ৬ষ্ঠীতৎ। ২। চাঁদোয়া, সামিয়ানা। চন্দ্রাত (চাঁদের গমন)—পা+ক কর্তৃ। বি; পুং।

চন্দ্রানন—১। কার্তিকেয়। বি; পুং। ২। চন্দ্রতুল্য-বদনবিশিষ্ট। চন্দ্রসদৃশ আনন যাহার, বহু। বিণ। ৩। চন্দ্রসদৃশ সুন্দর মুখ। মধ্যপ। বি; ক্লী।

চন্দ্রাপীড়—শিব। চন্দ্র আপীড় (শিরোভূষণ) যাঁহার, বহু। বি; পুং। [বি; স্ত্রী।

চন্দ্রাবলী—জ্যোৎস্না; শ্রীরাধার সখী বিঃ। ৬ষ্ঠীতৎ।

চন্দ্রালোক—জ্যোৎস্না। চন্দ্রের আলোক, ৬ষ্ঠীতৎ। বি; পুং। বিণ, **-কিত**।

চন্দ্রিকা—জ্যোৎস্না; নেত্রতারকা; চাঁদা মাছ; চন্দ্রভাগা নদী; ছন্দ বিঃ; তীর্থ বিঃ। চন্দ্র+ইক (ঠন্) আছে অর্থে+আপ্ বি; স্ত্রী।

চন্দ্রোদয়—চন্দ্রের বিকাশ। চন্দ্রের উদয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চপ—১। কোন কিছু কাটার অনুকরণশব্দ; অস্ত্রাঘাতের অনুকরণশব্দ। বাংপ্র। অ। ২। মাংস ইঃ পুর দেওয়া পিষ্টক বিঃ; ভাজা মাংসখণ্ড। <ইং 'chop'. বি।

চপচপ, চবচব—চর্বণশব্দ; আর্দ্রতা ও লিপ্ততার লক্ষণ প্রকাশ; চুয়াইয়া পড়ার শব্দ। বাংপ্র। অ। বিণ—**চপচপে, চবচবে**।

চপট, চপেট—চাপড়, চড়। চপ—অট্+অচ্ কর্তৃ; চপ—ইট্+অচ্ কর্তৃ। বি; পুং।

চপল—চঞ্চল, অনবস্থিত; ক্ষণিক; দুর্বিনীত; বিকল; ধৃষ্ট। চপ্+কলচ্ কর্তৃ। বিণ।

চপলতা—চাঞ্চল্য; ঔদ্ধত্য; প্রগল্ভতা; অবিমৃষ্যকারিতা; অনবস্থিতি। চপল+তা ভাবে। বি; স্ত্রী।

চপলা—১। ছন্দ বিঃ; লক্ষ্মী; বিদ্যুৎ; বেশ্যা; সুরা; সিন্ধি; জিহ্বা; পিপুল। বি; স্ত্রী। ২। চঞ্চলা ইঃ ('চপল' দ্রঃ)। চপল+আপ্। বিণ; স্ত্রী।

চপেট—'চপট' দ্রঃ।

চপেটা, চপেটিকা—চাপড়। চপেট+আপ্; চপেটক+আপ্। বি; স্ত্রী।

চপেটাঘাত—চাপড় মারা। চপেট, চপেটা দ্বারা আঘাত, ৩য়াতৎ। বি; পুং।

চপ্পল—চটি জুতা বিঃ, sandle. বাংপ্র। বি।

চবর্গ—স্পর্শবর্ণের ২য় বর্গ, চ ছ জ ঝ ঞ—এই পাঁচটি বর্ণ। চ-আদিক বর্গ, মধ্যপ। বি; পুং।

চবচব—'চপচপ' দ্রঃ।

চবাং—জলে পড়ার শব্দ; জলের উপর দিয়া হাঁটিয়া যাওয়ার শব্দ। বাংপ্র। অ।

চবুতর, চবুতরা—চাতাল, দালান। <চত্বর। বি।

চব্বিশ—২৪ সংখ্যা; ২৪-সংখ্যক। <চতুর্বিংশতি। বি বা বিণ।

চব্বিশ-প্রহর—সংকল্পপূর্বক তিন অহোরাত্রব্যাপী হরিনাম-সংকীর্তন। বহু (বাংপ্র)। বি।

চব্বিশা, চব্বিশে—মাসের চতুর্বিংশ দিবস। চব্বিশ+আ, এ তারিখ অর্থে (বাংপ্র)। বি।

চমক—দীপ্তি প্রকাশ, ঝলকানি; বিস্ময়; ভয়; অন্যাগনস্কতা; নিদ্রা; তন্দ্রা; মোহাবেশ <চমৎ। বি। **চমক খাওয়া**—ভয় বিস্ময় ইঃ মানসিক অবস্থায় রক্ত-চলাচল বা হৃৎপিণ্ডের ক্রিয়া বা

প্রস্রাবাদি ক্ষণিকের জন্য বন্ধ হওয়া। **চমক ভাঙ্গা**—হঠাৎ চৈতন্য লাভ করা। **চমক লাগা**—বিস্ময় বোধ হওয়া।

চমকানি—চমক; ঝিলিক। বাংপ্র। বি।

চমকানো—ভয়ে বা বিস্ময়ে হঠাৎ নড়িয়া ওঠা; বিস্মিত হওয়া; সহসা শঙ্কিত হওয়া; মোহাবিষ্ট হওয়া; প্রভা বিকাশ করা ('বিদ্যুৎ —'); বিস্মিত করা; চানকানো, অল্প ভাজা ('মসলা —')। বাংপ্র। ক্রি [, বি]।

চমকিত—বিস্মিত; শঙ্কিত; সহসা ভীত বা বিস্মিত। চমক+ইত জাতার্থে। বিণ।

চমচম—সন্দেশ মিষ্টান্নের ছানার মিঠাই বিঃ। বাংপ্র। বি।

চমচমে—উত্তেজিত; উত্তপ্ত; তেজালো। বাংপ্র। বিণ।

চমৎকার—১। বিস্ময়; অনির্বচনীয় আনন্দ। চমৎ—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং। ২। বিস্ময়কর; অতি-সুন্দর। চমৎ—কৃ+ঘঞ্ করণ। বিণ।

চমৎকারক—বিস্ময়কর। চমৎ—কৃ+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -রিকা।

চমৎকারিতা, -ত্ব—বিস্ময়জনকতা; অপরূপতা; পরমসৌন্দর্য। চমৎকারিন্+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

চমৎকারী (-কারিন্)—বিস্ময়কর; অপরূপ, সুন্দর। উপতৎ; চমৎ—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী -রিণী। [কর্ম। বিণ।

চমৎকৃত—আশ্চর্যান্বিত, বিস্ময়াবিষ্ট। চমৎ—কৃ+ক্ত

চমর—১। মৃগ বিঃ, তিব্বতীয় গোরু বিঃ, yak. চম্+অর কর্তৃ। বি; পুং। স্ত্রী, -রী। ২। চামর। চমর+অচ্ উৎপাদকরূপে আছে অর্থে। বি; ক্লী।

চমরী—মৃগী বিঃ; তিব্বতী গাভী বিঃ। চমর+ঈপ্। বি; স্ত্রী।

চমস—হাতা, চামচ। চম্+অসচ করণ। বি; পুং।

চমূ—সেনাদল, গজ ৭২৯ রথ ৭২৯ অশ্ব ২১৮৭ পদাতি ৩৬৪৫—এতৎসংখ্যক সৈন্য। চম+উ কর্তৃ। বি; স্ত্রী।

চমূপতি—সেনাপতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চম্পক—১। চাঁপাগাছ; নগর বিঃ। বি; পুং। ২। চাঁপাকলা; চাঁপাফুল; সিন্ধিভেদ। চন্প্+অক কর্তৃ। বি; ক্লী।

চম্পকদাম (-দামন্)—কণ্ঠাভরণ বিঃ; চাঁপাফুলের মালা। চম্পকনির্মিত দাম, মধ্যপ। বি; ক্লী।

চম্পট—প্রস্থান, পলায়ন। হি। বি। **চম্পট দেওয়া**—পলায়ন করা।

চম্পা—১। চম্প-নৃপতি কর্তৃক স্থাপিত স্বনাম-প্রসিদ্ধা নগরী; নদী বিঃ; কাশ্মীরের প্রাচীন সীমান্তপ্রদেশ। চন্প্+ঘঞ্ অধি+আপ্। বি; স্ত্রী ২। চাঁপা ফুল। বাংপ্র। বি।

চম্পাধিপ—কর্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চম্পাবতী—দেবী বি; কর্ণের রাজধানী চম্পাপুরী। চম্পা+মতুপ্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

চম্পূ—গদ্যপদ্যময় কাব্যগ্রন্থ। চম্+উ কর্ম, সংজ্ঞার্থে (প-আগম)। বি; স্ত্রী।

চয়—১। সমূহ; পগার; প্রাকার। চি+অচ্ কর্ম। ২। সঞ্চয়; আহরণ; সংস্কার বিঃ। চি+অচ্ ভাব। বি; পুং।

চয়ন—১। সংগ্রহ; তোলা ('কুসুম —'); ইটের পাঁজা; অগ্নিসংস্কার করণ। চি+অনট্ ভাব, কর্ম। ২। সংস্কারসাধন বস্তু। চি+অনট্ করণ। বি; ক্লী।

চয়নিকা—ক্ষুদ্র সংগ্রহ বা চয়ন; বাছাই করা কবিতা-সমূহ (রবীন্দ্রনাথের 'চয়নিকা')। বাংপ্র। বি।

চয়নীয়—যাহা চয়ন করা উচিত বা আবশ্যক এরূপ। চি+অনীয় কর্ম। বিণ। [জাতার্থে বিণ।

চয়িত—সংগৃহীত; অর্জিত; সঞ্চিত। চয়+ইতচ্

চয়েন—চেতনাযুক্ত; ধড়িবাজ। <চেতন। বিণ।

চর—১। গোয়েন্দা, গুপ্তদূত; কপর্দক; মেষ কর্কট তুলা ও মকর রাশি; স্বাতী পুনর্বসু ও শ্রবণা-নামক নক্ষত্রত্রয়; মঙ্গলগ্রহ; অক্ষক্রীড়া বিঃ; খঞ্জন-পক্ষী; দ্বীপ; নদীগর্ভে পলি পড়িয়া যে ছোট দ্বীপের সৃষ্টি হয় তাহা; গোচারণ-ভূমি। বি; পুং। ২। অস্থাবর, জঙ্গম, গমনশীল। চর্+অচ কর্তৃ। বিণ। ৩। যে চরে এই অর্থবোধক শব্দ (সমাসের পরপদে ব্যবহৃত; যথা অনুচর, উভচর)। স্ত্রী, -চরী।

চরক—গুপ্তসংবাদবাহক; ভিক্ষু; বিখ্যাত আয়ুর্বেদ-বিৎ ঋষি; চরক ঋষি-রচিত আয়ুর্বেদগ্রন্থ। চর+কন্ স্বার্থে, অথবা তুল্যার্থে। বি; পুং। [বি।

চরকা—হাতে সুতা কাটিবার কল। <ফা 'চরখহ্'।

চরকি, চরখি—সুতা গুটাইবার যন্ত্র বা নাটাই; গোলাকার ইক্ষুপেষণযন্ত্র; অগ্নিসংযোগে গোলা-কারে ঘুরিতে থাকে এরূপ আতশবাজি। <ফা 'চরখী'। বি।

চরণ—১। পদ; শ্লোকের চতুর্থাংশ; গোত্র; মূল। চর্+অনট্ করণ। বি; পুং বা ক্লী। ২। ভ্রমণ; চরা; আচরণ; শীল। চর্+অনট্ ভাব। বি; ক্লী।

চরণকমল—পাদপদ্ম, পদ্মের ন্যায় সুন্দর এবং কোমল পদ। চরণ কমলপ্রায়, উপমিত কর্মধা, অথবা রূপক কর্মধা। বি; ক্লী। [বি; ক্লী।

চরণগ্রন্থি—গুলফ, পায়ের গোড়ালি। ৬ষ্ঠীতৎ।

চরণচাপ—১। পায়ের ঘুঙুর; নূপুর। কপ্র। ২। পায়ের চাপ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

চরণচারণ—পায়চারি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

চরণচারী (-চারিন্)—পাদচারী, যে পায়ে হাঁটিয়া যায় এরূপ। উপতৎ; চরণ—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -রিণী।

চরণতরি, -তরী—পদরূপ নৌকা, পদাশ্রয়। রূপক কর্মধা। বি; স্ত্রী।

চরণতল—পদতল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

চরণদাসী—পদসেবিকা রমণী; পত্নী। চরণসেবিকা দাসী, মধ্যপ। বি; স্ত্রী।

চরণপদ্ম—পদ্মের মত সুন্দর ও পবিত্র পা (দেবতা, গুরুজন ও মহাপুরুষের)। চরণ পদ্মপ্রায়, উপমিত কর্মধা। বি; ক্লী। [বি; স্ত্রী।

চরণপূজা, -বন্দনা—পাদবন্দনা, পদসেবা। ৬ষ্ঠীতৎ।

চরণপ্রান্ত—পদতল; পদপার্শ্ব; পদসমীপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; ক্লী।
চরণভূষণ—পায়ের গহনা; নূপুরাদি। ৬ষ্ঠীতৎ।
চরণযুগল—পদদ্বয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
চরণরজঃ (-রজস্) **-রেণু**—পদধূলি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং বা স্ত্রী।
চরণসেবা—পদসেবা, পা টেপা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
চরণস্পর্শ—পা ছোঁওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
চরণামৃত—পাদোদক। চরণের অমৃত, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি; ক্লী।
চরণাম্বুজ—পাদপদ্ম। উপমিত বা রূপক কর্মধা।
চরণায়ুধ—কুক্কুট, মোরগ। চরণ আয়ুধ যাহার, বহু। বি; পুং। [কর্মধা। বি; ক্লী।
চরণারবিন্দ—চরণরূপ পদ্ম। উপমিত বা রূপক
চরম—১। অন্তিম, শেষ, যতদূর বেশী হওয়া সম্ভব ততদূর, maximum. পশ্চাদ্‌বর্তী; পশ্চিম। চর্‌+অমচ্‌ কর্তৃ। বিণ। ২। পরাকাষ্ঠা; শেষসীমা। বাংপ্র। বি।
চরমপত্র, -লেখ—উইল, will. রাজাদিগের মধ্যে যুদ্ধারম্ভের পূর্বে শর্ত-সূচক শেষপত্র, ultimatum. কর্মধা। বি; ক্লী, পুং।
চরমোৎকর্ষ—চরম উন্নতি, যারপরনাই উন্নতি। কর্মধা। বি; পুং। [বি।
চরস—মাদকদ্রব্য বিঃ, গাঁজার আঠা, hashish. হি।
চরা—বিচরণ করা; গবাদি পশুর ঘাস খাইয়া বেড়ানো। বাংপ্র। ক্রি [, বি]। **চরিয়া খাওয়া**—নিজের ভরণ-পোষণের জন্য নিজে চেষ্টা করা।
চরাচর—১। জঙ্গম ও স্থাবর। চর (জঙ্গম) এবং অচর (স্থাবর), দ্বন্দ্ব। ২। জগৎ; বিশ্ব। চর্‌+অচ্‌ কর্তৃ (নিপা)। বি; ক্লী।
চরানি—মাঠ; পশুচারণ; পশুচারণের বেতন। চরা+নি অধি, ভাব, করণ (বাংপ্র)। বি।
চরানো—মাঠে গবাদি পশুকে ঘাস খাওয়ানো; কার্যানুষ্ঠান করানো। বাংপ্র। ক্রি [, বি]।
চরিত—১। আচরণ; চরিত্র; বিচরণ, অনুষ্ঠান; রীতি; সঞ্চার; কার্য। চর্‌+ক্ত ভাব। বি; ক্লী। ২। কৃত; সফল; ফলিত; ভক্ষিত; আশ্রিত। চর্‌+ক্ত কর্ম। বিণ।
চরিতকার—জীবনচরিতলেখক। উপতৎ। চরিত—কৃ+অণ কর্তৃ। বি; পুং।
চরিতাখ্যান—চরিতবর্ণন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
চরিতাখ্যায়ক—জীবনচরিত-লেখক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-য়িকা**। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
চরিতাবলী—জীবনকথাসংগ্রহ; জীবনচরিতসমূহ।
চরিতার্থ—কৃতার্থ, কৃতকার্য; অন্বর্থ। চরিত অর্থ যাহার, বহু। বিণ। [স্ত্রী।
চরিতার্থতা—কৃতার্থতা। চরিতার্থ+তা ভাবে। বি;
চরিত্তর—স্বভাব। <চরিত্র। বি।
চরিত্র—১। স্বভাব; নীতি, ধর্ম। চর্‌+ইত্র করণবা, সংজ্ঞার্থে। ২। আচরণ; উপায় ('চেষ্টা—'); মন; লোভ ("চোরের চরিত্র হৈল চণ্ডিকার ধনে"—মুকুন্দ)। চর্‌+ইত্র ভাব। বি; ক্লী। ৩। নাটক বা উপন্যাসের পাত্র-পাত্রী। বাংপ্র। বি।
চরিত্রগুণ—স্বভাবের উন্নত অবস্থা, সচ্চরিত্রতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; পুং।
চরিত্রদোষ—অসচ্চরিত্রতা; ব্যভিচারিতা। ৬ষ্ঠীতৎ।
চরিত্রবান্‌ (-বৎ)—সচ্চরিত্র। চরিত্র+মতুপ্‌ প্রাশস্ত্যার্থে। বিণ। স্ত্রী, **-বতী**। বি **-বত্তা**।
চরিত্রহীন—দুশ্চরিত্র; লম্পট। ৩য়াতৎ। বিণ।
চরিত্রাঙ্কন—নাট্যকার বা উপন্যাসকার কর্তৃক পাত্র-পাত্রী ইঃর চরিত্র ফুটাইয়া তোলা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
চরিষ্ণু—জঙ্গম; চলনশীল, movable. চর্‌+ইষ্ণু কর্তৃ, শীলার্থে। বিণ।
চরু—দুগ্ধে সিদ্ধ যজ্ঞীয় পায়সান্ন। চর+উ কর্ম। বি; পুং। [বি; স্ত্রী।
চরুস্থালী—চরু রান্না করিবার পাত্র। ৬ষ্ঠীতৎ।
চর্চা—আলোচনা, অনুশীলন; অনুধ্যান; বিচার; চন্দনাদি দ্বারা দেহ লেপন। চর্চ্‌+অ ভাব+আপ্‌। বি; স্ত্রী।
চর্চিত—১। চন্দনাদি দ্বারা লেপিত; আলোচিত; অনুশীলিত; চিন্তিত। চর্চ্‌+ক্ত কর্ম। বিণ। ২। চন্দনলেপন। চর্চ্‌+ক্ত ভাব। বি; ক্লী। [পুং।
চর্পট—চাপড়; বিস্তার। চর্প+অটন্‌ কর্তৃ। বি;
চর্বণ—চিবানো। চর্ব্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।
চর্বণীয়—চর্ব্য। চর্ব্‌+অনীয় কর্ম। বিণ।
চর্বি—মেদ, বসা। ফা। বি।
চর্বিত—চিবানো; ভক্ষিত। চর্ব্‌+ক্ত কর্ম। বিণ।
চর্বিত-চর্বণ—রোমন্থন; কথিত বিষয়ের পুনরুক্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [চর্ব্‌+ণ্যৎ কর্ম। বিণ।
চর্ব্য—চর্বণযোগ্য; যাহা চিবাইয়া খাওয়া যায় এমন।
চর্ব্য-চূষ্য-লেহ্য-পেয়—চারি প্রকার খাদ্য, চর্বণ করিয়া চুষিয়া চাটিয়া এবং পান করিয়া খাইবার যোগ্য বিভিন্ন খাদ্য বস্তু। দ্বন্দ্ব। বি; ক্লী।
চর্ম—ফলক, ঢাল। চর্‌+মক্‌ করণ। বি; ক্লী।
চর্ম (-র্মন্‌)—ছাল; ত্বক্‌; ঢাল; বর্ম। চর্‌+মন করণ। বি; ক্লী।
চর্মকার, চর্মার—চামার, মুচি। উপতৎ; চর্মন্‌—কৃ+অণ কর্তৃ; চর্মন্‌—ঋ+অণ্‌ কর্তৃ। বি; পুং।
চর্মচক্ষুঃ (-চক্ষুস্‌)—দেহস্থিত চক্ষু, স্থূলচক্ষু। চর্মময় চক্ষুঃ, মধ্যপ। বি; ক্লী [-চটিকা।
চর্মচটক—বাদুড়; চামচিকা। মধ্যপ। বি; পুং। স্ত্রী,
চর্মপাদুকা—চামড়ার জুতা। মধ্যপ। বি; স্ত্রী।
চর্মপ্রসেবক—কামারের হাপরের জাঁতা; চর্মস্থালী। চর্মন্‌—প্র—সিব্‌+ণক কর্ম। বি; পুং।
চর্মব্যবসায়ী (-সায়িন্‌)—চর্মের ব্যবসায়কারী। চর্মব্যবসায়+ইন্‌ আছে অর্থে। বি; পুং, বা বিণ।
চর্মময়—চর্মনির্মিত। চর্মন্‌+ময়ট্‌ বিকারার্থে। বিণ। স্ত্রী—**চর্মময়ী**।
চর্মাবরণ—১। চর্মময় আচ্ছাদন; চামড়ার ঢাকনি। চর্মনির্মিত আবরণ, মধ্যপ। ২। চর্মময় বস্ত্র, অজিনাদিরূপ বস্ত্র। কর্মধা। বি; ক্লী।

চর্মার—'চর্মকার' দ্রঃ। [বি; পুং।

চর্মিক—ঢালী। চর্ম+ইক (ঠন্) আছে অর্থে।

চর্মিকা—ভূর্জপত্র; চামড়ার কাগজ; পার্চমেণ্ট, parchment. চর্মন্+ইক (ঠন্) বিকারার্থে+আপ্। বি; স্ত্রী।

চর্মী (-র্মিন্)—চর্মধারী, ঢালী। চর্ম বা চর্মন্+ইন্ আছে অর্থে। বি; পুং। [বিণ।

চর্য—আচরণীয়, অনুষ্ঠেয়, কর্তব্য। চর্+যৎ কর্ম।

চর্যা—আচরণ, ব্যবহার; অনুষ্ঠান; চরিত্র; গতি; ভোজন; নিয়মের পালন; গুরূপদিষ্ট ব্রতাদির অনুষ্ঠান। চর্+শ ভাব (নিপা)+আপ্। বি; স্ত্রী।

চর্যাপদ, -গীতি—বৌদ্ধ তান্ত্রিকদের রচিত গান বিঃ (নবম দশম শতাব্দীতে তৎকালীন বাংলায় রচিত)। চর্যানির্দেশক পদ, গীতি, মধ্যপ। বি; ক্লী, স্ত্রী।

চর্যাশীল—শিক্ষারত। বহু। বিণ।

চল—১। চঞ্চল; জঙ্গম; কম্পিত; চলিত, ব্যবহৃত; তরল; পরিবর্তনশীল, variable. চল্+অচ্ কর্তৃ। বিণ। ২। চাঞ্চল্য। বি; পুং। ৩। কম্প। চল্+ক ঘঞর্থে ভাব। বি; ক্লী। ৪। প্রচলন, ফ্যাশান। বাংপ্র। বি।

চলকানো—নাড়া পাইয়া উপচাইয়া পড়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

চলচিত্ত—চঞ্চলচিত্ত, অব্যবস্থিতচিত্ত। বহুব্রী। বিণ।

চলচ্চিত্র—সিনেমার ছবি, বায়োস্কোপের ছবি; বায়োস্কোপ। কর্মধা। বি; ক্লী।

চলচ্ছক্তি—গতিশক্তি, চলিবার সামর্থ্য। চলতের (চলৎ শব্দ) শক্তি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

চলচ্ছক্তিহীন—যাইবার শক্তিশূন্য, চলাফেরা করিবার সামর্থ্যহীন। ৩য়াতৎ। বিণ।

চলৎ—চঞ্চল; গমনশীল; কম্পমান; চলিত। চল্+শতৃ কর্তৃ। বিণ।

চলতি—যাহা চলিতেছে; প্রচলিত ('—ভাষা'); যাহার চলন আছে এমন; যাহার সহিত ব্যবহার চলে এমন ('—ঘর'); কর্মশীল ('—ব্যবসায়')। চল্+তি বা অতি কর্তৃ। (বাংপ্র)। বিণ।

চলতি-বলতি—উন্নতি, শ্রীবৃদ্ধি। বাংপ্র। বি।

চলৎশক্তি—চলিবার ক্ষমতা। <চলচ্ছক্তি। বি।

চলদল, -পত্র—অশ্বত্থ গাছ। চল (চঞ্চল) দল বা পত্র যাহার, বহু। বি; পুং।

চলন—১। গমন; ভ্রমণ; রীতি, আচার; অনুষ্ঠান; কম্পন। চল্+অনট্ ভাব। বি; ক্লী। ২। চরণ। চল্+অনট্ করণ। ৩। হরিণ। বি; পুং। ৪। চলনশীল; কম্পযুক্ত। চল্+অন কর্তৃ। বিণ। ৫। চলতি থাকা, প্রচলন, ব্যবহার। বাংপ্র। বি।

চলনশীল—গতিশীল, সচল। বহু। বিণ।

চলনসই—কাজ চালাইবার উপযুক্ত; মাঝারি গোছের। চলন+সই যোগ্যার্থে (বাংপ্র)। বিণ।

চলন্ত—গতিশীল, যাহা চলিতেছে এরূপ। চল্+অন্ত কর্তৃ (বাংপ্র)। বিণ।

চলবিদ্যুৎ—যে বিদ্যুৎ সহজে পদার্থ হইতে পদার্থান্তরে চালিত হয়, current electricity. বি।

চলমান—চলন্ত। <চলৎ। বিণ।

চলা—১। গতিশীলা। চল+আপ্। বিণ; স্ত্রী। ২। দুলিতে থাকা; হাঁটা; গমন করা; প্রয়োজন নির্বাহ হওয়া; দরকার মেটা; না থামা; সরিয়া যাওয়া; প্রচলিত থাকা; সক্রিয় থাকা; সঞ্চালিত হওয়া ('মুখ —'); সঞ্চরণ করা ('রক্ত —'); হইতে থাকা ('বক্তৃতা —'); আচরণ করা ('সৎপথে —')। বাংপ্র। ক্রি [, বি]। ৩। যাহাতে চলিতে হয় এমন ('পায়ে—পথ')। <চল্ ধাতু। বিণ। **কথামত চলা**—আদেশ পালন করা, কথা শোনা। **চলে চলা**—তাড়াতাড়ি হাঁটা। **দিন চলা, সংসার চলা**—সংসারের ব্যয় নির্বাহ হওয়া। **পেট চলা**—আহারের সংস্থান হওয়া। **মুখ চলা**—ঘন ঘন আহারের জন্য মুখ নাড়ানো; খাওয়া; জবাব করা; গালি দেওয়া। **হাত-পা চলা**—প্রহারে হাত ও পায়ের ব্যবহার হাওয়া, কিল চড় লাথির ব্যবহার হওয়া।

চলাচল—১। অত্যন্ত চঞ্চল। চল্+অচ্ কর্তৃবা (দ্বিত্ব; চল-স্থানে চলা নিপা)। বিণ। ২। চরাচর, স্থাবর-জঙ্গম। চল এবং অচল, দ্বন্দ্ব। বি; ক্লী। ৩। কাক। বি; পুং। ৪। যাতায়াত; ব্যবহার; সংস্থলন। বাংপ্র। বি। [বিণ]।

চলানো—হাঁটানো; চালানো। বাংপ্র। ক্রি, [, বি,

চলা-ফেরা—যাতায়াত। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

চলিত—১। গত; চঞ্চল, কম্পিত। চল্+ক্ত কর্তৃ। বিণ। ২। চলন, গতি। চল্+ক্ত ভাব। বি; ক্লী। ৩। প্রচলিত, ব্যবহৃত। চল্+ইত কর্তৃ (বাংপ্র)। বিণ।

চলিয়ে—অতিশয় গমনশীল, হাঁটিতে বেশ মজবুত। চল্+ইয়ে (<ইয়া) কর্তৃ। বিণ।

চলিষ্ণু—গমনশীল, যাহা স্থির নহে এমন; প্রস্থানোদ্যত। চল্+ইষ্ণু কর্তৃ, শীলার্থে। বিণ।

চলোর্মি—চঞ্চল তরঙ্গ। চলা ঊর্মি, কর্মধা। বি; স্ত্রী।

চল্লিশ—সংখ্যা বিঃ, ৪০-সংখ্যা বা ৪০-সংখ্যক। <চত্বারিংশৎ। বি বা বিণ।

চশম—চক্ষু; চক্ষুর্লজ্জা। ফা। বি।

চশমখোর—চক্ষুর্লজ্জাশূন্য; অকৃতজ্ঞ। <ফা চশম (চক্ষু)+খোর (খাদক)। বিণ।

চশমা—উপনেত্র, নেত্রকাচ। <ফা 'চশ্‌মহ'। বি।

চষক—সুরাপানপাত্র। চষ্+অক করণ। বি; পুং বা ক্লী।

চষা—১। কৃষ্ট, যাহাতে চাষ দেওয়া হইয়াছে এরূপ। বিণ। ২। কর্ষণ করা, চাষ দেওয়া। বাংপ্র। ক্রি [, বি]। **উঠিয়ে চষা**—কোন প্রজা বা প্রতিবাসীকে উঠাইয়া দিবার জন্য নির্যাতন করা।

চষানো—চাষ করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

চষিত—কর্ষিত, কৃষ্ট। চষ্+ইত কর্ম। বিণ।

চষিপোকা—একধরনের চর্মকীট। বাংপ্র। বি।

চা—১। গুল্ম বিশেষ পত্র; ঐ পত্র হইতে প্রস্তুত পানীয়। চীনা শব্দ। ২। স্পৃহা, বাঞ্ছা। বাংপ্র। বি।
চাই—১। দেখি; প্রার্থনা করি। ক্রি। ২। দরকার। বাংপ্র। অ, বিণ।
চাইতে—১। চাহিতে, দেখিতে। ক্রি। ২। চেয়ে, অপেক্ষা। বাংপ্র। অ।
চাউনি—দৃষ্টি, অবলোকন। চাহ্+উনি ভাব (বাংপ্র)। বি।
চাউর—প্রচারিত; বিখ্যাত। বাংপ্র। বিণ।
চাউল—চাল। <তণ্ডুল। বি।
চাউল-পড়া—মন্ত্রপূত চাল (চোর ধরিতে ব্যবহৃত)। পড়া চাউল, কর্মধা। বাংপ্র। বি।
চাউল-মুগরা—ওষধি বিঃ। বাংপ্র। বি।
চাওয়া—১। দেখা; প্রসন্ন দৃষ্টিতে দেখা; অভয়দান করা; প্রার্থনা করা; তাগিদ করা; প্রয়োজন হওয়া; অভাব হওয়া, কম পড়া; কামনা করা; উন্মীলন করা ('চোখ —')। বাংপ্র। ক্রি [, বি]। ২। প্রার্থিত, যাচিত। বাংপ্র। বিণ। **পথ চাওয়া**—কাহারও অপেক্ষায় থাকা। **ফিরে চাওয়া**—পিছন ফিরিয়া দেখা; পুনরায় দেখা; প্রসন্ন হওয়া। **মুখ তুলে চাওয়া**—ঘাড় তুলিয়া দেখা; প্রসন্ন হওয়া।
চাওয়া-চাওয়ি—দৃষ্টি বিনিময়, পরস্পরকে দেখা; পরস্পর বাঞ্ছা। বাংপ্র। বি।
চাঁই—সর্দার; বৃহৎ খণ্ড, চাঙড়া। বাংপ্র। বি।
চাঙ্ক—চাড়, আগ্রহ, গরজ। প্রাদে। বি।
চাঁচ—দরমা; গালা। <চঞ্চা। বি।
চাঁচনি, চাঁচুনি—যাহা দ্বারা চাঁচা হয়, ঝিনুক প্রঃ; দুগ্ধ জ্বাল দিবার পাত্রে সংলগ্ন বস্তু। চাঁচ্+অনি, উনি করণ, কর্ম (বাংপ্র)। বি।
চাঁচর—১। কোঁকড়া ('— চুল')। বিণ। ২। দোল-যাত্রার পূর্ব রাত্রিতে কর্তব্য বহ্ন্যুৎসব। <চর্চরী। বি।
চাঁচা—১। মার্জিত, ছোলা। চাঁচ্+ আ কর্ম। বিণ। ২। ছোলা, অস্ত্রাদি দ্বারা ঘষিয়া কিয়দংশ তুলিয়া দেওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
চাঁচাড়ি, চেঁচাড়ি—বাঁশের পাতলা ফালি। বাংপ্র। বি।
চাঁচি—চাঁচুনি, দুগ্ধাদির পাত্রসংলগ্ন বস্তু। বাংপ্র। বি।
চাঁচুনি—'চাঁচনি' দ্রঃ।
চাঁটা—মাথার পিছনে জোরে মারা চড় (আস্তে মারিলে 'চাঁটি')। <চপেট। বি। **ক্রি—চাঁটানো**।
চাঁটি—চপেটাঘাত; তবলা প্রঃ বাদ্যযন্ত্রে করাঘাত। <চপেট। বি।
চাঁড়াল—অন্ত্যজ জাতি বিঃ। <চণ্ডাল। বি।
চাঁদ—নিশাকর, শশাঙ্ক; (ব্যঙ্গার্থে) কুৎসিত ব্যক্তি; বন্ধুর প্রতি সম্বোধন। <চন্দ্র। বি। **চাঁদের হাট**—ছেলে মেয়ে নাতিনাতনীতে ভরা সুখের সংসার; সুন্দরমুখ বা স্নেহভাজন ছেলে-মেয়ের সমাবেশ।
চাঁদকপালে—শুভলক্ষণযুক্ত; কপালে চাঁদের মত চিহ্নযুক্ত ('— বাছুর')। বাংপ্র। বিণ।
চাঁদনি—চাঁদোয়া; বারান্দা; সিংহদ্বারের উপরিস্থিত গৃহ; জ্যোৎস্না। বাংপ্র। বি।
চাঁদনী—জ্যোৎস্নাময়ী। বাংপ্র। বিণ।
চাঁদপানা—চাঁদের মত। বাংপ্র। বিণ।
চাঁদবদন, -মুখ—১। চন্দ্রের ন্যায় সুন্দর মুখ। মধ্যপ। বি। ২। চন্দ্রতুল্য সুন্দরমুখবিশিষ্ট। বহু। বিণ। [বহু। বিণ; স্ত্রী।
চাঁদবদনী—চন্দ্রাননা, চন্দ্রবৎ সুন্দরমুখবিশিষ্টা।
চাঁদমারি—যুদ্ধাভিনয়, কৃত্রিম যুদ্ধ; গুলিনিক্ষেপ অভ্যাস করিবার লক্ষ্য বস্তু, target; শরব্য। বাংপ্র। বি।
চাঁদমালা—পূজাদিতে ব্যবহার্য শোলার তৈয়ারী একপ্রকার মালা। বাংপ্র। বি।
চাঁদা—১। সাধারণের কার্যের জন্য প্রত্যেক ব্যক্তির দেয় অর্থ; নির্দিষ্ট সময়ের ব্যবধানে যে মূল্য বা টাকা দেওয়া হয় ('ক্লাবের —')। <ফা 'চন্দ'। ২। ক্ষুদ্র মৎস্য বিঃ। <চন্দক। ৩। (জ্যামিতিতে) কোণমানযন্ত্র; কোণচক্র। চাঁদ+আ সদৃশার্থে। ৪। ব্রহ্মতালু। বাংপ্র। বি।
চাঁদাড়—গৃহের পশ্চাৎ বা পার্শ্বভাগ। বাংপ্র। বি।
চাঁদি—রৌপ্য; বিশুদ্ধ রৌপ্য; মাথার উপরের মধ্যভাগ, ব্রহ্মতালু। বাংপ্র। বি।
চাঁদিনী—চন্দ্রালোকিতা, জ্যোৎস্নাময়ী। চাঁদ+ইনী যুক্তার্থে (বাংপ্র)। বিণ; স্ত্রী।
চাঁদোয়া—শামিয়ানা। <চন্দ্রাতপ। বি।
চাঁপা—চম্পক পুষ্প। <চম্পক। বি।
চাক—মধুচক্র, মৌচাক; কুম্ভকারের চক্র। <চক্র। বি।
চাকচক্য—উজ্জ্বলতা; চকচকে ভাব; পালিশ; দীপ্তি। চকচক+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
চাকচিক্য—চাকচক্য। বাংপ্র। বি।
চাকতি—চক্রাকার বস্তু; চাক; রুটি প্রঃ বেলিবার গোলাকার পাত্র। <চক্রপত্রিকা। বাংপ্র। বি।
চাকন—আস্বাদগ্রহণ। চাক্+অন ভাব। বাংপ্র বি।
চাকনচিকন—১। মসৃণ এবং উজ্জ্বল, চকচকে। বিণ। ২। পারিপাট্য; ঔজ্জ্বল্য। বাংপ্র। বি।
চাকনদার—চাকুনে, স্বাদগ্রহণকারী। বাংপ্র। বি।
চাকভাঙা—সদ্য মৌচাক হইতে সংগৃহীত, টাটকা ('— মধু')। বাংপ্র। বিণ।
চা-কর—চা-আবাদকারী, চা-উৎপাদক, tea-planter. চা করে যে, উপতৎ (বাংপ্র)। বি।
চাকর—ভৃত্য, কর্মচারী। ফা। বি।
চাকরবাকর—পরিবারবর্গ; দাসদাসীগণ। ফা-মু। বি।
চাকরাণী, -রানী—সেবিকা, দাসী। চাকর+আনী (বাংপ্র)। বি; স্ত্রী। পুং—চাকর।
চাকরান—ভৃত্যের ভরণার্থ প্রদত্ত ভূম্যাদি, কর্মচারী-দিগের ভোগ্য জমি। ফা। বি।
চাকরি—দাসত্ব, মাহিনা লইয়া অপরের কাজ করা। চাকর+ই কর্মার্থে। ফা-মু। বি।
চাকরে, চাকুরে—দাসত্বকারী, পরকর্মে নিযুক্ত ব্যক্তি; উপার্জনকারী; বেকার নহে এমন ব্যক্তি। চাকরি, চাকুরি+এ করে অর্থে। ফা-মু। বি।

চাকলা—১। কয়েকটি পরগনার সমষ্টি। <চক্র। ২। আম্রফলাদির কর্তিত খণ্ড বা ফালি। বাংপ্র। বি।

চাকলাদার—চাকলার অধিকারী, চাকলাভোগকারী; মুসলমান আমলে প্রাপ্ত বাঙালীর উপাধি বিঃ। বাংপ্র। বি।

চাকা—১। রথাদির চক্র; চাক, চাকতি। বি। ২। গোল, চক্রাকার ('— মুখ')। <চক্র। বিণ। ৩। আস্বাদন করা, চাখা। বাংপ্র। ক্রি।

চাকি—রুটি ইঃ বেলিবার গোল পিঁড়া; গোলাকার বস্তু; গম প্রঃ ভাঙিবার জাঁতা বা কল। <চক্রী। বি।

চাকী—কায়স্থদিগের উপাধি বিঃ। বাংপ্র। বি।

চাকু—ছুরি। তু। বি।

চাকুনে—স্বাদপরীক্ষক, স্বাদগ্রাহী। চাকন+এ কর্তা অর্থে। বাংপ্র। বিণ। স্ত্রী—**চাকুনী**।

চাকুন্দা—একপ্রকার শাক। বাংপ্র বি।

চাকুরি—চাকরি (তাহা দ্রঃ)।

চাকুরে—'চাকরে' দ্রঃ।

চাকুলে—ওষধি বিঃ, পৃশ্নিপর্ণী। <চক্রকুল। বি।

চাক্ষুষ—১। চক্ষুর্দ্বারা যাহা গৃহীত হইতে পারে এরূপ, প্রত্যক্ষ। বিণ। স্ত্রী, **-ষী**। ২। প্রত্যক্ষ জ্ঞান। চক্ষুস্+অণ্ সম্পন্ন অর্থে। বি; ক্লী।

চা-খড়ি—সাদা খড়িমাটি। <ইং 'chalk'. বি।

চাখনদার—স্বাদপরীক্ষক। বাংপ্র। বি।

চাখা—আস্বাদন করা, স্বাদগ্রহণ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

চাগা—বর্ধিত হওয়া; দৃঢ়-সংলগ্ন বস্তুর আলগা হওয়া। বাংপ্র। ক্রি।

চাগানো—অত্যন্ত ভারী বস্তু ভূমি হইতে কিঞ্চিৎ ঊর্ধ্বে উত্তোলন করা; দৃঢ়সংলগ্ন বস্তুকে শিথিল করা; বাড়াইয়া তোলা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

চাঙ, চাঙ্গ—উঁচু মাচা, বড় মাচা। বাংপ্র। বি।

চাঙড়, চাঙ্গড়—মাটির চাপ, ঢেলা; বড় ঢিল। <ফা 'চাঙ্গ'। বি।

চাঙড়া, চাঙ্গড়া—ঝুড়ি, বড় টুকরি। বাংপ্র। বি।

চাঙা, চাঙ্গা—সুস্থ, নীরোগ; সবল; সজ্ঞান; দৃঢ়, মজবুত। <চঙ্গ। বিণ।

চাঙারি, চাঙ্গারি—বংশরচিত পাত্র; বাঁশের তৈয়ারী একপ্রকার ঝুড়ি, চেঙ্গারি, টুকরি। <চঙ্গোটক। বি। [স্ত্রী—**চাচী**।

চাচা—পিতৃব্য, কাকা বা জেঠা। হি-মু। বি; পুং।

চাচাতো—খুড়তুতো। বাংপ্র। বিণ।

চাঞ্চল্য—চঞ্চলতা। চঞ্চল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

চাট—চাটিয়া খাওয়ার মত জিনিস; মুখরোচক খাদ্যদ্রব্য; নেশার অনুপান; গরু, ঘোড়া প্রঃর পদাঘাত। বাংপ্র। বি।

চাটনি—অম্লমধুর আচার বা ব্যঞ্জন। বাংপ্র। বি।

চাটা—১। যাহা জিহ্বা দ্বারা লেহন করা হইয়াছে এরূপ, লীঢ়। বিণ। ২। জিহ্বা দ্বারা লেহন করা। বাংপ্র। ক্রি। ৩। খেজুর পাতা প্রঃর দ্বারা তৈরী দরমা। বাংপ্র। বি। **পা চাটা**—স্বার্থসিদ্ধির জন্য হীনভাবে তোষামোদ করা। **পাত চাটা**—উচ্ছিষ্ট ভোজন করা; পরের অনুগ্রহপ্রার্থী হওয়া।

চাটাই—চাটা (৩) (তাহা দ্রঃ)। বাংপ্র। বি।

চাটাচাটি—পরস্পরকে চাটা; বারবার চাটা; অতিশয় প্রণয়। ব্যতীহার বহুব্রী (বাংপ্র)। বি।

চাটানো—লেহন করানো। বাংপ্র। ক্রি [, বি]।

চাটাল, চাটালো—বিস্তৃত, প্রশস্ত। বাংপ্র। বিণ।

চাটিম—মর্তমানজাতীয় কলা। বাংপ্র। বি।

চাটু—১। স্তুতিবাক্য; মিথ্যা প্রিয়বাক্য, খোশামোদ। চট্+ঞুণ্ কর্তৃ। বি; পুং বা ক্লী। ২। লৌহ বা মৃত্তিকায় নির্মিত কম গভীর পাত্র বিঃ, তাওয়া। <চট্টুক। বি।

চাটুকার—খোশামুদে, স্তুতিবাদক। উপপদ তৎ; চাটু—কৃ+অণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-রী**।

চাটুতি—চট্টোপাধ্যায় ব্রাহ্মণ। বাংপ্র। বি।

চাটুপটু, চাটুবটু—প্রতারক; ভণ্ড; ভাঁড়, বিদূষক; যে বিলক্ষণ খোশামোদ করিতে পারে এরূপ। চাটুতে পটু, ৭মীতৎ; চাটুকারক বটু, মধ্যপ (বাংপ্র)। বিণ।

চাটুবাদ—প্রিয়বচন; অন্যের প্রীতি জন্মাইবার নিমিত্ত অতিরিক্ত প্রিয়বাক্য-কথন। কর্মধা। বি; পুং।

চাটুবাদী (-বাদিন্), **চাটুভাষী** (-ভাষিন্)—চাটুকার, খোশামুদে। উপতৎ; চাটু—বদ্, ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিনী**, **-ভাষিণী**।

চাটুজ্যে—চট্টোপাধ্যায়। বাংপ্র। বি।

চাটূক্তি—স্তুতিবাক্য। কর্মধা। বি; স্ত্রী।

চাট্টি—কিছু; চারিটি। বাংপ্র। বিণ।

চাট্টিখানি, -ক—কিছু পরিমাণ; তুচ্ছ। বাংপ্র। বিণ।

চাড়—আগ্রহ; যত্নাতিশয়; অত্যন্ত জেদ; ঠেকনা। বাংপ্র। বি।

চাড়া—উপরে তুলিয়া ধরিবার নিমিত্ত খোঁটা বা ঠেকনা; উপায়, প্রতীকার; উপরদিকে ঠেলা বা তুলিয়া ধরা। বাংপ্র। বি।

চাড়ুয্যে—চট্টোপাধ্যায়। বাংপ্র। বি।

চাণক্য—প্রসিদ্ধ কূটনীতিজ্ঞ পণ্ডিত। চণক+ষ্যঞ্ গোত্রাপত্যার্থে। বি; পুং।

চাণক্যশ্লোক—চাণক্যের বিরচিত নীতিশ্লোক। মধ্যপ। বি; পুং।

চাণ্ডাল—নিষাদ; চাঁড়াল। চণ্ডাল+অণ্ স্বার্থে। বি; পুং। স্ত্রী, **-লী**।

চাতক—স্বনামপ্রসিদ্ধ পক্ষী [কথিত আছে, ইহারা মেঘের জল ভিন্ন অন্য জল পান করে না]। চত্+ণক কর্তৃ। বি; পুং। স্ত্রী—**চাতকী**, (বাংপ্র) **চাতকিনী**।

চাতর—উঠান। <চত্বর। বি।

চাতাল—গৃহাদির সম্মুখস্থ খোলা জায়গা; দর-দালান; অনাবৃত বারান্দা; নদী পুষ্করিণী প্রঃর ঘাটের সিঁড়ির উপরিস্থিত পাকা শান। <চত্বাল বা চত্বর। বি।

চাতুরিকা, চাতুরী—১। চতুরতা, নৈপুণ্য। চতুর+অণ্ ভাবে+ঈপ্=চাতুরী; চাতুরী+কন্ স্বার্থে+আপ্=চাতুরিকা। বি; স্ত্রী। ২। প্রবঞ্চনা; শঠতা। বাংপ্র। বি।

চাতুর্বর্ণ্য—১। ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র—এই চারি জাতি। চতুর্বর্ণ+ষ্যঞ্ স্বার্থে ২। চারিবর্ণের ধর্ম। চতুর্বর্ণ+ষ্যঞ্ কর্মার্থে। বি; ক্লী ৩। চতুর্বর্ণসম্বন্ধীয়। চতুর্বর্ণ+ষ্যঞ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -র্ণী।

চাতুর্ভৌতিক—ক্ষিতি জল তেজ ও বায়ু হইতে সঞ্জাত (দেহাদি)। চতুর্ভূত+ইক ভবার্থে। বিণ। স্ত্রী, -কী।

চাতুর্মাস্য—চতুর্মাসসাধ্য ব্রত বিঃ। চতুর্মাস+ণ্য বিহিতার্থে। বি; ক্লী।

চাতুর্য—১। চতুরতা, নৈপুণ্য। চতুর+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী; ২। প্রবঞ্চনা, শঠতা। বাংপ্র। বি।

চাদর—উত্তরীয় বস্ত্র বিঃ, উড়ানি; শয্যাদির আবরণ-বস্ত্র; ধাতুময় পাত; কোন চওড়া বস্তু। ফা। বি।

চা-দান, চা-দানি—চা ভিজাইবার পাত্র, tea-pot. বাংপ্র। বি। [চাহেন। বাংপ্র। ক্রি।

চান—১। অবগাহন, নাওয়া। < স্নান। বি। ২।

চানকানো—উত্তেজিত বা তৎপর করা: গরম করা; রোদে শুকানো; রং দিয়া উজ্জ্বল করা; ঈষৎ ভাজা; প্রতিমার চক্ষু-দান করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

চানা—ছোলা, বুট। < চণক। বি।

চানাচুর—মসলা সহযোগে প্রস্তুত ডাল ছোলা ইঃ ভাজা। < চণকচূর্ণ। বি।

চান্দ—চন্দ্র। কপ্র। বি।

চান্দনী—চাঁদনী। প্রা কপ্র। বিণ।

চান্দা—১। চাঁদা; চাঁদা মাছ। চান্দ+আ সাদৃশ্যার্থে (বাংপ্র)। ২। চন্দ্র। প্রা কপ্র। ৩। চাঁদোয়া। < চন্দ্রক। বি। ৪। চন্দ্রাকারচিহ্নযুক্ত, (কপাল প্রঃতে) চন্দ্রচিহ্নযুক্ত। চান্দ+আ যুক্তার্থে (বাংপ্র)। বিণ।

চান্দ্র—১। চন্দ্রসম্বন্ধীয়; চন্দ্রনির্মিত; চান্দ্র-ব্যাকরণাধ্যায়ী। বিণ। স্ত্রী—চান্দ্রী। ২। চন্দ্রকান্ত মণি; ত্রিংশৎ-তিথিঘটিত মাস, চান্দ্রমাস; চন্দ্রলোক। বি; পুং। ৩। চান্দ্রায়ণ ব্রত; ব্যাকরণ বিঃ। চন্দ্র+অণ্ সম্বন্ধার্থে। বি; ক্লী।

চান্দ্রবৎসর—দ্বাদশ-চান্দ্রমাসযুক্ত বর্ষ। কর্মধা। বি; পুং। [পুং।

চান্দ্রমাস—ত্রিংশৎ-তিথিঘটিত মাস। কর্মধা। বি;

চান্দ্রায়ণ—চন্দ্রব্রত, শুক্লা প্রতিপদ হইতে অমাবস্যা পর্যন্ত একমাস প্রত্যহ আহারের বিশেষ নিয়ম; প্রায়শ্চিত্ত বিঃ। চান্দ্র—অয়্+অনট্ করণ। বি; ক্লী।

চান্দ্রিক—চন্দ্রসম্বন্ধীয়। চন্দ্র+ইক সম্বন্ধার্থে। বিণ।

চাপ—১। ধনুক; বৃত্তপরিধির অংশ, arc; মেষাবধিক নবম রাশি; ধনুরাশি। চপ+অণ্ বিকারার্থে। বি; পুং বা ক্লী। ২। ভার, weight; পেষণ; তাগাদা; গুরুদায়িত্ব, pressure; পীড়াদান; খণ্ড, টুকরা; জমাট দ্রব্য। বি। ৩। জমাট; ঠাসা, ঘন। বাংপ্র। বিণ।

চাপকান—জানুপর্যন্ত লম্বিত একপ্রকার ঢিলা জামা। হি। বি। [বিণ।

চাপ-চাপ—আঁট-সাঁট; ডেলা-ডেলা; জমাট। বাংপ্র।

চাপট—আস্ফালন; তেজ; চপেটাঘাত। বাংপ্র। বি।

চাপটানো—চেপটা করা; পিষ্ট করা, পেষা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

চাপটি—হাঁটু গুটাইয়া পাছায় ভর। বাংপ্র। বি।

চাপড়—করতলপ্রহার, চড়, থাবড়া। < চপেট। বি।

চাপড়া—ঘাসযুক্ত মৃত্তিকাদির চেপটা চাঙড়, মোটা চাকলা। বাংপ্র। বি।

চাপড়ানো—চাপড় মারা; ধীরে ধীরে করাঘাত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। ভাববাচক বি—চাপড়ানি।

চাপদণ্ড—যাহা দ্বারা জলাদি ঊর্ধ্বগত ও অধোগত হয়—যেমন পিচকারির দণ্ড, piston. চাপ-দায়ক দণ্ড, মধ্যপ (বাংপ্র)। বি।

চাপদাড়ি—গালজোড়া ঘন দাড়ি। বাংপ্র। বি।

চাপন—ভার দেওয়া; টিপা; ঠেলা; পীড়ন; আরোহণ; চড়া; কাহারও উপর পড়া; আক্রমণ। চাপ্+অন ভাব। বাংপ্র। বি।

চাপমান-যন্ত্র—যে যন্ত্রের দ্বারা বায়ুর চাপ পরিমিত করা যায়, barometer. দুই বার ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি।

চাপরাস—পেয়াদা ইঃর পরিচায়ক চিহ্ন। < ফা 'চপ্-রাস্ত্'। বি।

চাপরাসী—চাপরাসধারী, আরদালী, পদস্থ ব্যক্তির পথনির্দেশক সংগী ভৃত্য; পেয়াদা। চাপরাস+ঈ যুক্তার্থে। ফা-মূ। বি।

চাপল্য—চাঞ্চল্য; অস্থৈর্য; ঔদ্ধত্য; অনবস্থিতি; অবিমৃষ্যকারিতা। চপল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

চাপা—১। গোপন করা; লুকানো; আবৃত করা; চাপ দেওয়া; পীড়া দেওয়া; আক্রমণ করিয়া অগ্রসর হওয়া; আরোহণ করা; টেপা। ক্রি। ২। লুক্কায়িত; আবৃত; পীড়িত; আক্রান্ত; রুদ্ধ; জড়িত, অস্পষ্ট; চাপযুক্ত; ঠাসা; টোল-খাওয়া; যে সব কথা খুলিয়া বলে না এমন। চাপ্+আ কর্তৃ, কর্ম। বিণ। ৩। আচ্ছাদন; চাপপ্রয়োগ; ঠেলা; ভারী দ্রব্য। চাপ্+আ ভাব (বাংপ্র)। বি। ঘাড়ে চাপা—গলগ্রহ হওয়া। চাপা পড়া—ঢাকা পড়া; গাড়ি ইঃর নীচে পড়িয়া পিষ্ট হওয়া; অন্য প্রসংগ বা কাজ ইঃ দ্বারা কোন প্রসংগ বা কাজ বন্ধ থাকা, গৌণ মনে হওয়া। চাপিয়া ধরা—পীড়াপীড়ি করা, অনুনয়বিনয় করা। চাপিয়া বসা—শীঘ্র না ওঠা; অধিকারে আনা। [বাংপ্র। বি বা বিণ।

চাপাচাপি—ঠাসাঠাসি; পরিমাণাতিরিক্ত; বেশিবেশি।

চাপাচুপি—গোপনের নানাপ্রকার চেষ্টা; ঢাকাঢাকি। বাংপ্র। বি। [< চর্পটী। বি।

চাপাটি—হাতে চাপড়াইয়া তৈয়ারী মোটা রুটি।

চাপান—একবস্তুর ধর্ম অন্য বস্তুতে স্থাপন, আরোপ, আরোপণ; যাহা চাপানো হয়; (কবি-গান প্রঃতে) প্রতিপক্ষের নিকট কৃত প্রশ্ন। বাংপ্র। বি।

চাপানো—আরোহণ করানো; চাপ দেওয়া; দায়িত্ব অর্পণ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

চাবকানো—চাবুক মারা। বাংপ্র। ক্রি [, বি]।

চাবড়া—চাপড়া (তাহা দ্রঃ)।

চাবি—তালার কাঠি, কুঞ্চিকা; হারমোনিয়ামের স্টপার; ঘড়ির স্প্রিং মোচড়াইবার (দম দিবার) যন্ত্র। <পোর্তু 'chave'. বি। **চাবি দেওয়া**—তালা বন্ধ করা; ঘড়িতে দম দেওয়া।

চাবিকাঠি—চাবি। বাংপ্র। বি।

চাবুক—কশা, বেত; বেত্রাঘাত; দণ্ড, কঠোর তিরস্কার। ফা। বি।

চাম, চামড়া—ত্বক্, চর্ম। <চর্মন্। বি।

চামচ, চামচে—দর্বী, ছোট হাতা বিঃ। <চমস্। বি।

চামচিকা—চর্মচটি, বাদুড়জাতীয় রাত্রিচর জীব বিঃ। <চর্মচটিকা। বি।

চামড়া—'চাম' দ্রঃ।

চামর, চামরী—চমরীপুচ্ছনির্মিত ব্যজন বিঃ, বাল-ব্যজন। চমর+অণ্ সম্বন্ধার্থে, পক্ষে ঈপ্। বি। ক্লী, স্ত্রী। [বিণ।

চামসা, চামসে—কাঁচা চামড়ার গন্ধযুক্ত। বাংপ্র।

চামাটি, চামাতি—ক্ষুর প্রভৃতি শাণ দিবার চর্মফলক; চর্মনির্মিত হস্তপদবন্ধনী। <চর্মপত্র। বি।

চামার—১। পাদুকানির্মাতা, মুচি। <চর্মার। বি; পুং। ২। লজ্জাহীন ও নিষ্ঠুর; অতিশয় কৃপণ। বিণ। স্ত্রী—**চামারনী**।

চামীকর—স্বর্ণ। চমীকর (স্বর্ণখনি)+অণ্ ভবার্থে। বি। পুং। [(নিপা)। বি; স্ত্রী।

চামুণ্ডা—দুর্গা। চণ্ডমুণ্ড+অণ্ গৃহীতার্থে+আপ্

চামেলি—মল্লিকা বা jasmin জাতীয় ফুল বিঃ। <হি 'চমেলী'। বি।

চার—১। গতি; সঞ্চার; বন্ধন। চর্+ঘঞ্ ভাব। ২। কারাগার। চর্+ঘঞ্ অধি। ৩। শৃঙ্খল। চর্+ঘঞ্ করণ। ৪। গুপ্তচর, প্রণিধি। চর+অণ্ স্বার্থে। বি; পুং। ৫। মৎস্যকে প্রলুব্ধ করিয়া ছিপ প্রঃতে ধরিবার জন্য জলে নিক্ষিপ্ত বস্তু। <চারা। বি। ৬। চারি সংখ্যা বা চারি-সংখ্যক। <চতুর্। বি বা বিণ। ৭। মনো-যোগ; আকর্ষণ। বাংপ্র। বি। **চার ফেলা**—যেখানে ছিপ ফেলা হয় সেখানে মাছের লোভ-নীয় বস্তু ফেলা; প্রলোভন দেখানো। **চার হাটু**—দুইজন লোক, স্ত্রী-পুরুষ। **চার হাত এক করে দেওয়া**—বিবাহ দেওয়া। **চার হাতে খাওয়া**—খুব বেশী খাওয়া; পেটুকের মত খাওয়া।

চারক—যে পশু চরায়। চর্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**চারিকা**।

চারকোনা—চতুষ্কোণ। চারকোণ+আ বিশিষ্টার্থে বাংপ্র। বিণ।

চারচৌকা, -চৌকো—বর্গক্ষেত্র; সমচতুষ্কোণ। চার-চৌক+আ, ও (<উয়া) বিশিষ্টার্থে। বাংপ্র। বি বা বিণ।

চারটি—কিছু; চারিসংখ্যক। বাংপ্র। বি বা বিণ।

চারণ—১। নট; ধূর্ত; দেবযোনি বিঃ; ধর্মশাস্ত্র-পাঠক; ভাট; স্তুতিপাঠক। চর্+ণিচ্+অন কর্তৃ। বি; পুং। ২। কারাগার। চর্+ণিচ্+অনট্ অধি। ৩। চরানো, মাঠে লইয়া আহার করানো। চর্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

চারণা—চালনা, সঞ্চারণ। চর্+ণিচ্+অন ভাব +আপ্। বি; স্ত্রী।

চারপেয়ে—চারিপায়াযুক্ত খাট, চতুষ্পদ জন্তু। চারপা+এ (<ইয়া) বিশিষ্টার্থে (বাংপ্র)। বি।

চারা—১। ছোটগাছ; ছোটমাছ; মাছ ধরিবার পূর্বে জলে নিক্ষিপ্ত খাদ্য। বি। ২। শিশু; ছোট। বাংপ্র। বিণ। ৩। উপায়; গতি। <ফা 'চরহ্'। বি।

চারানো—সঞ্চারণ করা; চালিত করা; বণ্টন করা; (বীজাদি) বপন করা; বিক্ষিপ্ত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

চারি—৪-সংখ্যা; ৪-সংখ্যক। <চতুর্। বি বা বিণ।

-চারি—সঞ্চালন, চারণা ('পায়—')। বাংপ্র। বি।

চারিত—যাহাকে চরানো হইয়াছে এরূপ; চালিত; বিস্তীর্ণ; সঞ্চারিত। চর্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। বি—**চারণ**।

চারিত্র—চরিত্র; দুষ্ট চরিত্র। চরিত্র+অণ্ স্বার্থে, গর্হিতার্থে। বি; ক্লী।

চারিত্রিক—চরিত্রসম্বন্ধীয়; চরিত্র+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

চারিভিত—চারিধার, চতুর্দিক্। কর্মধা। বাংপ্র। বি।

চারী (চারিন্)—(সমাসে অন্য শব্দের পরে) গমনশীল, ভ্রমণকারক ('পথ—', 'বিমান—')। চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**চারিণী**।

চারু—সুন্দর; সম্যক্; অসাধারণ। চর্+ঞুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী—**চারু, চার্বী**। [বি; স্ত্রী।

চারুতা—সৌন্দর্য, মনোহারিতা। চারু+তা ভাবে।

চারুনেত্র—১। যাহার চোখ সুন্দর এমন। বিণ। ২। হরিণ। বহু। বি; পুং। ৩। সুন্দর চোখ। কর্মধা। বি; ক্লী।

চারুশীল—সুশীল, সৎস্বভাব। বহু। বিণ।

চারুহাসিনী—যে নারীর মুখের হাসি সুন্দর এরূপ। উপতৎ; চারু—হস্+ণিন্ কর্তৃ। বিণ।

চার্জ—দাবি; অভিযোগ; দায়িত্ব; হিসাব-নিকাশ। <ইং 'charge' বি।

চার্বাক—বৃহস্পতির শিষ্য বিঃ; একজন দার্শনিক; দেবাপবাদী তার্কিক বিঃ। চারু বাক্ যাহার, বহু (নিপা)। বি; পুং। [বি; ক্লী।

চার্বাকদর্শন—চার্বাকপ্রণীত দর্শনশাস্ত্র। মধ্যপ।

চার্ম, চার্মণ—চর্মাবৃত; চর্মনির্মিত। চর্মন্+অণ্ ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী—**চার্মী, চার্মিণী**।

চাল—১। গৃহের আচ্ছাদন; ছাদ। চল্+ণ কর্তৃ।

বি; পুং। ২। তণ্ডুল। <চাউল। ৩। ধারা, পদ্ধতি; অক্ষাদি-ক্রীড়াতে গুটিকার চালন; কৌশল, ফন্দি; মিথ্যা গরিমা প্রদর্শন। বাংপ্র। বি। **চাল চালা**—কৌশল প্রয়োগ করা। **চাল দেওয়া**—কৌশল প্রকাশ করা; মিথ্যা জাঁক দেখানো; দাবা ইঃ খেলায় এক ঘর হইতে অন্য ঘরে ঘুঁটি সরানো। **চাল বাড়ানো**—জীবনযাত্রা নির্বাহের ধারাকে ব্যয়সাপেক্ষ করা, চালচলনে বিলাসিতা ও জাঁকজমক বাড়ানো। **চাল বিগড়ানো**—অধঃপাতে যাওয়া। **চাল মারা**—ফাঁকি দেওয়া; মিথ্যা জাঁক দেখানো।

চালক—যে ব্যক্তি চালায় এরূপ, নায়ক, নেতা। চল্ +ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**চালিকা**। [বি।

চালচলন—ভাবভঙ্গী; রীতি-নীতি। দ্বন্দ্ব (বাংপ্র)।

চালচিঁড়ে—পথের খাদ্য; প্রয়োজনীয় দ্রব্যাদি। বাংপ্র। বি। [বি।

চালচিত্র—প্রতিমার পিছনে আঁকা পট। ৭মীতৎ।

চালচুলো—কুড়ে ও উনান; আশ্রয় ও আহারের সংস্থান। বাংপ্র। বি।

চালতা—অম্লরসবিশিষ্ট ফল বিঃ। বাংপ্র। বি।

চালন—১। একস্থান হইতে স্থানান্তরে লইয়া যাওয়া, চালানো। চল্+ণিচ্+অনট্ ভাব। ২। ছাঁকনি। চল্+ণিচ্+অনট্ করণ। বি; ক্লী।

চালনা—অনুশীলন; সূচনা; প্রস্তাব; চালন; স্থানান্তরে নেওয়া। চল্+ণিচ্+অন ভাব +আপ্। বি; স্ত্রী।

চালনি, চালুনী—<চালনী। বি।

চালনী—ছাঁকনি, শস্যাদি ছাঁকিবার বহুছিদ্রযুক্ত স্বনামপ্রসিদ্ধ পাত্র। চল্+ণিচ্+অনট্ করণ +ঈপ্। বি; স্ত্রী।

চালনীন্যায়—ন্যায় বিঃ [যেমন—চালনীর সঞ্চালনে তুষ প্রঃ স্থানান্তরে গিয়া পড়ে, সেইরূপ এক প্রধান কার্যদ্বারা অঙ্গীভূত কার্য সিদ্ধ হইলে চালনীন্যায়ের বিষয় হয়]। চালনী-আশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

চালবাজ—চালিয়াত, মিথ্যা-গরিমা-প্রদর্শক; কৌশলী; ধূর্ত। চাল+বাজ আছে অর্থে (বাংপ্র)। বিণ।

চালবাজি—চালবাজের কার্য, মিথ্যা গরিমা দেখানো; ধূর্ততা। চালবাজ+ই ভাবে (বাংপ্র)। বি।

চালশা, চালশে—চল্লিশ বৎসরের কাছাকাছি বয়সে দৃষ্টিশক্তির হীনতা। <চল্লিশ। বি।

চালা—১। অন্যস্থানে লইয়া যাওয়া; প্রয়োগ করা; খেলার ঘুঁটি চালানো; চালনী দ্বারা ঝাড়িয়া লওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। ২। ক্ষুদ্র কুটীর; প্রধানগৃহের সংলগ্ন ছোট ঘর। চাল+আ যুক্তার্থে (বাংপ্র)। বি। **হাত চালা**—মন্ত্রের দ্বারা জিনিস যেখানে আছে সেখানে হাত লইয়া যাওয়া।

চালাক—চতুর; নিপুণ; বাচাল। ফা। বিণ।

চালাকি—চতুরতা; বাচালতা। চালাক+ই ভাবে। ফা-মূ। বি।

চালাচালি—নাড়ানাড়ি; বারবার সরানো। বাংপ্র। বি।

চালান—স্থানান্তরে প্রেরণ; রপ্তানি; অপরাধীকে বিচারালয়ে প্রেরণ; প্রেরিত দ্রব্যের জায় বা তালিকা, invoice. বাংপ্র। বি। **চালান দেওয়া**—রপ্তানি করা; অপরাধীকে জেলে পাঠানো।

চালানী—চালানসংক্রান্ত, রপ্তানিসংক্রান্ত। চালান+ +ঈ সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।

চালানো—গতিশীল করা ('গাড়ি—'); পরিচালন করা; ব্যবহার করা; চালু করা; নিয়ন্ত্রিত করা; নির্বাহ করা; কাটানো; গছানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। **হাত চালানো**—হাতের কাজ তাড়াতাড়ি করা।

চালিত—স্থানান্তরিত; প্রস্তাবিত; অনুশীলিত। চল্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। স্ত্রী, -তা।

চালিতা—১। একপ্রকার টক ফলের গাছ; সেই গাছের ফল, চালতা। বাংপ্র। বি। ২। স্থানান্তরিতা ইঃ (চালিত দ্রঃ)। চালিত+আপ্। বিণ।

চালিয়াত—চালবাজ। বাংপ্র। বি।

চালু—চলিত, প্রচলিত; যাহার কাটতি বা চাহিদা আছে এমন। বাংপ্র। বিণ।

চালুনি—'চালনি' দ্রঃ।

চাষ—কৃষিকর্ম, ভূমিকর্ষণ, খাদ্য বা ব্যবহারযোগ্য পদার্থের উৎপাদন ('মাছের—')। বাংপ্র। বি।

চাষবাস—চাষের কাজ, কৃষিকার্য দ্বারা জীবিকা-নির্বাহ। বাংপ্র। বি।

চাষা—কৃষক; কুরুচিপরায়ণ বা অসভ্য লোক। চাষ+ আ করে অর্থে (বাংপ্র)। বি।

চাষাড়িয়া, চাষাড়ে—চাষার মত; অসভ্য। চাষা+ড়িয়া, ড়ে সদৃশার্থে (বাংপ্র)। বিণ।

চাষাভুষা, -ভুষো—নিম্নশ্রেণীর ব্যক্তি; চাষা ও ঐ শ্রেণীর লোক। বাংপ্র। বি। [(বাংপ্র)। বি।

চাষী—কৃষিজীবী, কৃষক। চাষ+ঈ করে অর্থে

চাহনি—দেখা, দৃষ্টি। চাহ্+অনি ভাব (বাংপ্র)। বি।

চাহা—চাওয়া, দেখা; প্রার্থনা করা; দাবি করা; তাগিদ করা; অন্বেষণ করা; আশা করা। বাংপ্র। ক্রি [, বি]।

চাহিদা—জনসমাজের বেশী চাওয়া; পণ্যদ্রব্যের অধিক কাটতি; টান; প্রয়োজন। হি। বি। **চাহিদা মিটানো**—প্রয়োজনমত যোগান দেওয়া।

চিংড়ি, চিঙড়ি—মাছ বিঃ। <চিঙ্গট। বি।

চিঁ, চিঁচিঁ—ক্ষীণ আর্তনাদ; পাখির ছানার ডাক। বাংপ্র। অ।

চিঁড়া, চিঁড়ে—খাদ্য বিঃ। <চিপিটক। বি।

চিঁড়ে-চেপটা—চিঁড়ের মত চেপটা; সম্পূর্ণ পিষ্ট, দলিত; পর্যুদস্ত। বাংপ্র। বিণ।

চিঁহি, চিঁহিঁ—ঘোড়ার ডাক। বাংপ্র। অ।

চিক—বাঁশের কাঠি দ্বারা প্রস্তুত পর্দা। তু। বি।

চিকন—১। স্নিগ্ধ, চকচকে; সূক্ষ্ম; সুশ্রী। <চিক্কণ। বিণ। ২। সূচীশিল্প। ফা। বি।

চিকনচাকন—মসৃণ ও চকচকে। বাংপ্র। বিণ।

চিকনাই—জৌলস, চাকচিক্য। চিকন-আই ভাবে (বাংপ্র)। বি।
চিকমিক—ঝিকমিক। বাংপ্র। অ। বিণ—**চিকমিকে**।
চিকিৎসক—বৈদ্য, রোগপ্রতিকারক, ডাক্তার কবিরাজ প্রঃ। কিত্+সন্+ণক কর্তৃ। বি; পুং, বা বিণ।
চিকিৎসনীয়—'চিকিৎস্য' দ্রঃ।
চিকিৎসা—রোগপ্রতিকার। কিত্+সন্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।
চিকিৎসাগার, চিকিৎসালয়—রোগ-প্রতিকারের স্থান, ডাক্তারখানা। চিকিৎসার আগার, আলয়, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী. পুং।
চিকিৎসাধীন—যাহার চিকিৎসা চলিতেছে এমন। ৬ষ্ঠীতৎ। বিণ।
চিকিৎসাশাস্ত্র—যে শাস্ত্রে জ্ঞান থাকিলে রোগ দূর করা যায় তাহা; অথর্ববেদের এক অংশ। মধ্যপ। বি; ক্লী।
চিকিৎসিত—১। যাহার চিকিৎসা করা হইয়াছে এমন। কিত্+সন্+ক্ত কর্ম। বিণ। ২। চিকিৎসা। কিত্+সন্+ক্ত ভাব। বি; ক্লী।
চিকিৎস্য, চিকিৎসনীয়—প্রতিকার্য; রোগনিবারণের উপায়যুক্ত। কিত্+সন্+ণ্যৎ, অনীয় কর্ম। বিণ।
চিকীর্ষা—করিবার ইচ্ছা। কৃ+সন্+অ-ভাব+আপ্। বি; স্ত্রী।
চিকীর্ষিত—যাহা করিবার ইচ্ছা করা হইয়াছে এমন, অভিপ্রেত। কৃ+সন্+ক্ত কর্ম। বিণ।
চিকীর্ষু—করিতে ইচ্ছুক। কৃ+সন্+উ কর্তৃ। বিণ।
চিকুর—১। কেশ; পর্বত; সরীসৃপ; সর্প; পক্ষী বিঃ; বৃক্ষ বিঃ। বি; পুং। ২। চপল, চঞ্চল; অপরাধী। চি—কুর্+ক কর্তৃ। বিণ। ৩। বিদ্যুৎ। প্রা কপ্র। বি।
চিকুরজাল—কেশরাশি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
চিক্কণ—স্নিগ্ধ, চকচকে, চিকন; মসৃণ, সুন্দর। চিৎ+কণ কর্ম ('ত'-স্থানে 'ক')। বিণ।
চিক্কুর—বিদ্যুতের আলোক। বাংপ্র। বি।
চিংড়ি—গলদা বা ঘুষাচিংড়ি। <চিংড়। বি।
চিংড়ি-পোড়া—তাপদগ্ধ; অতিশয় ক্লিষ্ট ('রোদে —')। উপমান কর্মধা। বাংপ্র। বিণ।
চিচিংফাঁক—ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ কর্তৃক প্রণীত 'আলিবাবা' নাটকে লিখিত গৃহাপ্রবেশের সাংকেতিক শব্দ বিঃ ('open sesame'-এর বঙ্গানুবাদ)। বাংপ্র। বি।
চিচিংগা, চিচিংগে—তরকারিরূপে ব্যবহার্য লম্বা সর্পাকৃতি ফল, হোঁপা, snake-gourd. <চিচিণ্ড। বি।
চিচ্ছক্তি—চৈতন্য; জ্ঞানরূপা শক্তি। চিদ্রূপা শক্তি, মধ্যপ। বি; স্ত্রী।
চিজ—১। দ্রব্য, বস্তু, সামগ্রী, জিনিস; ধূর্তলোক। <ফা 'চীজ'। ২। শক্ত ছানা, পনীর। <ইং 'cheese'. বি।
চিট—১। আঠা; চিরকুট, ছেঁড়া কাগজ। হি। বি। ২। আঠাল, চটচটে। বাংপ্র। বিণ।
চিটকে—ছোট ('— ইঁদুর'); অগভীর ('— জালা'); আঠাল। বাংপ্র। বিণ।
চিটচিট—চটচট (তাহা দ্রঃ)।
চিটা, চিটে—১। শস্যহীন ধান্য। বি। ২। ভিতরে শস্যহীন। বাংপ্র। বিণ।
চিটা—১। আঠাল, চটচটে। বিণ। ২। চটচটে গুড়, তামাকমাখার গুড়; শস্যরহিত ধান্য, আগড়া। বাংপ্র। বি।
চিঠা—জরিপের পর জমির পরিমাণফলাদির বিবরণ যাহাতে লিখিত থাকে তাহা; ফর্দ; হিসাব; চিঠি। হি-মু। বি।
চিঠি—লিপি, পত্র। হি-মু। বি।
চিড়—সরু কাঠ; ছোট ফাটল। <চীর'। বি। চিড় খাওয়া ফাট ধরা, ফাটিয়া যাওয়া।
চিড়চিড়, চিড়বিড়—ব্রণাদি ফাটিয়া যাইবার পূর্বে সামান্য বেদনানুভূতি, জ্বালা। বাংপ্র। অ।
চিড়া—চিঁড়ে। বাংপ্র। বি।
চিড়ানো—সামান্যরূপে ফাটিয়া যাওয়া, ফাটানো; বিদ্রূপ করা, ভেংচানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চিড়িক—ছুঁচ ফুটার মত যন্ত্রণা। বাংপ্র। ক্রি।
চিড়িতন—তাসের রং বিঃ। হি-মু। বি।
চিড়িয়া—পাখি। হি। বি।
চিড়িয়াখানা—পশুপক্ষীদিগের রাখিবার স্থান, পশুশালা, zoological garden. ৬ষ্ঠীতৎ (হি-মু)। বি।
চিৎ—১। জ্ঞান, চৈতন্য। চিৎ+কিপ্ ভাব। বি; স্ত্রী। ২। ঊর্ধ্বমুখে শয়ান বা পতিত, উত্তান। বাংপ্র। বিণ। **চিৎ করা**—মল্লযুদ্ধে চিৎ করিয়া ফেলিয়া বুকে চাপিয়া বসা, হারাইয়া দেওয়া; বিপদে ফেলিয়া কষ্ট দেওয়া।
চিত—১। কৃতচয়ন, যাহা চয়ন করা হইয়াছে এমন; সম্পাদিত; ব্যাপ্ত; রচিত; সঞ্চিত। চি+ক্ত কর্ম। বিণ। ২। মন। <চিত্ত। ৩। ছবি, প্রতিকৃতি। < চিত্র। কপ্র। বি। ৪। উত্তান, চিৎ। বাংপ্র। বিণ।
চিতল—সুবৃহৎ মৎস্য বিঃ। < চিত্রফল। বি।
চিতা—১। শবদাহ-স্থান। চি+ক্ত অধি+আপ্। ২। চুল্লী, চুলা। চি+ক্ত কর্ম+আপ্। বি; স্ত্রী। ৩। কৃতচয়না ইঃ। চিত+আপ্। বিণ; স্ত্রী। ৪। চিতি সাপ; চিতাবাঘ। <চিত্র। ৫। গুল্ম বিঃ ('রাং —')। <চিত্রক। বি। **চিতা সাজানো**—মড়া পোড়াইবার জন্য চুলা প্রস্তুত করা। **রাবণের চিতা**—চিরস্থায়ী বা নিরন্তর মানসিক কষ্ট।
চিতাগ্নি—চিতার আগুন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
চিতানল—চিতার আগুন। চিতার অনল, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
চিতানো—সজাগ হওয়া; সতর্ক হওয়া; চিৎ হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চিতাবাঘ—ব্যাঘ্র বিঃ। চিতা (কাল ফোঁটা ফোঁটা দাগ)-যুক্ত বাঘ, মধ্যপ (বাংপ্র)। বি।

চিতাভস্ম (-ভস্মন্)—শ্মশানচুল্লীর ছাই। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

চিতারোহণ—চিতায় উত্থান; সহমরণ। ৭মীতৎ। বি; ক্লী।

চিতাশয্যা—মৃত্যু; সমাপ্তি। রূপক কর্মধা। বি; স্ত্রী।

চিতি—১। চিতা; সমূহ, রাশি, চয়; ইষ্টকাদির পরিমাণনিরূপক অঙ্ক বিঃ; ইষ্টকাদির পুঞ্জ। চি+ক্তি কর্ম। ২। নির্বিষয় জ্ঞান; চয়ন। চি+ক্তি ভাব। বি; স্ত্রী। ৩। গৃহবাসী ক্ষুদ্র সর্প। ✓চিত্রসর্প। বি।

চিতেন—গানের যে অংশে চড়া সুর তাহা; কবি-গানে বিরুদ্ধ পক্ষকে প্রশ্ন। বাংপ্র। বি।

চিৎকার—'চীৎকার' দ্রঃ।

চিত্ত—মনঃ, হৃদয়। চিত্+ক্ত করণ, সংজ্ঞার্থে। বি; ক্লী। [পুং।

চিত্তক্ষোভ—মনোদুঃখ, মনের কষ্ট। ৬ষ্ঠীতৎ। বি;

চিত্তগ্রাহী (-হিন্)—মনোযোগ-আকর্ষণকারী; সুন্দর, charming. উপতৎ; চিত্ত—গ্রহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গ্রাহিণী**।

চিত্তচাঞ্চল্য—মনের অস্থিরতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

চিত্তজয়—মনের বশীকরণ, বাসনা হইতে মনকে মুক্ত করা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিত্তদমন—মনঃসংযম; বিষয় হইতে মনের নিবর্তন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

চিত্তদাহ—মনের জ্বালা, মনোবেদনা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বিণ।

চিত্তদ্রাবক—যাহা মন গলাইয়া দেয় এমন। ৬ষ্ঠীতৎ।

চিত্তনিরোধ—মনঃসংযম, বিষয় হইতে মনের নিবর্তন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিত্তপ্রসাদ—মনের সন্তোষ, চিত্তে অসুখ বিরাগ সংকোচ প্রঃর অসদ্ভাব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিত্তবিকার—মনের বিকৃতি, ইন্দ্রিয়াদিদোষজন্য মনের চাঞ্চল্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিত্তবিক্ষেপ—মনশ্চাঞ্চল্য; উন্মত্ততা; যোগের বিঘ্নজনক ব্যাধি প্রঃ মনের নব প্রকার অবস্থা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিত্তবিনোদন—১। মনের সন্তোষবিধান। বি; ক্লী। ২। মনোমুগ্ধকর। ৬ষ্ঠীতৎ। বিণ। [বি; পুং।

চিত্ত-বিভ্রম—বুদ্ধিভ্রংশ, বাতুলতা। ৬ষ্ঠীতৎ।

চিত্তবৃত্তি—মনোবৃত্তি, মৈত্রী করুণা মুদিতা উপেক্ষা —এই চতুর্বিধ মনোভাব; মনোগত ভাব, মানসিক ধর্ম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

চিত্তভ্রংশ—মনের ব্যাকুলভাব বা বিকার, মনোবিভ্রম, dementia. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিত্তরঞ্জন—১। মনোরঞ্জন, মনের আনন্দবিধান। বি; ক্লী। ২। মনের তৃপ্তিদায়ক। ৬ষ্ঠীতৎ। বিণ।

চিত্তরঞ্জী (-রঞ্জিন্)—মনোহারী। উপতৎ; চিত্ত—রন্জ+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-রঞ্জিনী**।

চিত্তরঞ্জিনী বৃত্তি—মনের যে বৃত্তির জন্য লোকে সৌন্দর্য ও রস উপভোগ করে।

চিত্তশুদ্ধি—মনের পবিত্রতা, মনের মালিন্য নাশ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

চিত্তসংযম—মনের স্থৈর্যসম্পাদন, অসৎ ভাব হইতে মনের নিবর্তন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিত্তস্থৈর্য—মনের স্থিরতা, অন্তরের দৃঢ়ভাব। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

চিত্তহারী (-হারিন্)—মনোহারী। উপতৎ; চিত্ত—হৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-হারিণী**।

চিত্তাকর্ষক—হৃদয়হারী, মনোহর; কৌতূহলো-দ্দীপক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-কর্ষিকা**।

চিত্তোৎকর্ষ—মনের বা মানসিক অবস্থার উন্নতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [পতন। বিণ।

চিৎপটাং—চিৎপাত, চিৎ হইয়া পতিত। ✓চিৎ-

চিৎপাত—চিৎ হইয়া পড়া বা পতিত। চিৎভাবে পাত, সুপ্। বাংপ্র। বি বা বিণ।

চিত্র—১। আশ্চর্য, নানাবর্ণবিশিষ্ট। চিৎ—ত্রক্ কর্তৃ। বিণ। ২। আলেখ্য, ছবি; চিত্রফলক; তিলক; শব্দালংকার বিঃ; রেখাদির রেখারূপ, figure; দ্রব্যাদির পরিবর্তনাদি প্রদর্শনের জন্য সমচতুষ্কোণ রেখাজাল, graph চিত্র্+ণিচ্+অচ্ কর্ম। বি; ক্লী। ৩। নানাবর্ণ, বিবিধবর্ণ; যম; একপ্রকার কাঠ; এরণ্ড বৃক্ষ; অশোক বৃক্ষ; চিত্রক বৃক্ষ। চিত্র্+ণিচ্+অচ্ কর্তৃ। বি; পুং।

চিত্রক—১। চিত্র; তিলক। চিত্র+কন্ স্বার্থে। বি; ক্লী। ২। চিতাবাঘ; এরণ্ডবৃক্ষ; চিতা। উপতৎ; চিত্র—কৈ+ক কর্তৃ। বি; পুং। ৩। চিত্রকারক। চিত্র্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**চিত্রিকা**।

চিত্রকণ্ঠ—পায়রা; ঘুঘু। বহু। বি; পুং।

চিত্রকর, -কার—১। পটুয়া জাতি। বি; পুং। ২। ছবিনির্মাতা, প্রতিমূর্তিকারক। উপতৎ; চিত্র—কৃ+ট, অণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-রী**।

চিত্রকলা—'ছবি-আঁকা' বিদ্যা, চিত্রাঙ্কনবিদ্যা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

চিত্রকাব্য—পদ্মবন্ধ প্রঃ ঘটিত কাব্য, যে কাব্যের পদসমূহ ছবির আকারে বিন্যস্ত হয়, acrostic কর্মধা। বি; ক্লী।

চিত্রকূট—রামায়ণোক্ত পর্বত বিঃ, বুন্দেলখণ্ডের কামদগিরি পাহাড়। বহু। বি; পুং।

চিত্রগুপ্ত—যম বিঃ, চতুর্দশ যমের এক যম; যমের লেখক। চিত্র—গুপ্+ক্ত কর্তৃ। বি; পুং।

চিত্রগ্রীব—পায়রা; ঘুঘু। বহু। বি; পুং।

চিত্রণ—লিখন; চিত্রকরণ। চিত্র্+অনট্ ভাব। বি; ক্লী।

চিত্র-তারকা—বায়োস্কোপের বিখ্যাত অভিনেতা বা অভিনেত্রী, film star. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

চিত্রদীপ—পঞ্চপ্রদীপ মধ্যে দীপ বিঃ। কর্মধা। বি; পুং।

চিত্রদেবী—শক্তি বিঃ (কলিকাতার উত্তরে চিৎপুরে গঙ্গাতটে চিত্রদেবী নামে এক প্রাচীন শক্তিমূর্তি অধিষ্ঠিত। তাঁহারই নাম হইতে চিৎপুর নামের উদ্ভব)। চিত্রা দেবী, কর্মধা। বি; স্ত্রী।

চিত্রনাট্য—চলচ্চিত্রের বই, বায়োস্কোপের বিষয়বস্তু। মধ্যপ। বি; ক্লী।
চিত্রনাট্যকার—চলচ্চিত্রের গ্রন্থরচনাকারী, বায়োস্কোপের পুস্তকলেখক। উপতৎ; চিত্রনাট্য—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং।
চিত্রনৈপুণ্য—ছবি আঁকায় দক্ষতা। ৭মীতৎ। বি; ক্লী।
চিত্রপট—১। যে বস্ত্রখণ্ডের উপর ছবি আঁকা যায় তাহা, আলেখ্য-পট। ৬ষ্ঠীতৎ। ২। রঙ্গিন কাপড়, ছিটকাপড়। কর্মধা। বি; পুং।
চিত্রপুত্তলিকা—নানাবর্ণরঞ্জিত পুতুল। কর্মধা। বি; স্ত্রী।
চিত্রফলক—১। যাহার উপরে ছবি আঁকা যায় এমন পট্ট তক্তা প্রঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী। ২। চিতলমাছ। চিত্রফল+কন্ স্বার্থে, সদৃশার্থে। বি; পুং। [কর্মধা। বিণ।
চিত্রবিচিত্র—রংচঙে, নানারঙের, বিচিত্র-নকশাবিশিষ্ট।
চিত্রবিদ্যা—চিত্রাঙ্কননৈপুণ্য, অঙ্কনবিদ্যা। চিত্রবিষয়িণী বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।
চিত্রভানু—অগ্নি; সূর্য; অশ্বিনীকুমারদ্বয়; ভৈরব; আকন্দগাছ; চিতাগাছ। চিত্র (বিচিত্র) ভানু (প্রভা) যাহার, বহু। বি; পুং।
চিত্ররথ—সূর্য, জনৈক গন্ধর্ব। বহু। বি; পুং।
চিত্রল—চিতলমাছ। কপ্র। বি।
চিত্রলেখনী—তূলি, কূর্চি। চিত্র—লিখ্+অনট্ করণ +ঈপ্। বি; স্ত্রী।
চিত্রশালা, -শালিকা—চিত্রবহুল গৃহ; জাদুঘর, museum; চিত্রপ্রদর্শন গৃহ; ছবি আঁকার ঘর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
চিত্রশিল্পী (-শিল্পিন্)—চিত্রাঙ্কনকারী, artist. ৬ষ্ঠীতৎ বা ৭মীতৎ। বি; পুং।
চিত্রসূচী—ছবির তালিকা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
চিত্রা—১। নক্ষত্র বিঃ; অপ্সরা বিঃ; নদী বিঃ; চিতিসাপ; মায়া। বি; স্ত্রী। ২। বিবিধবর্ণযুক্তা; অদ্ভুতা। চিত্র+আপ্। বিণ; স্ত্রী।
চিত্রার্পিত—চিত্রাঙ্কিত, চিত্রফলকে লিখিত; নিশ্চেষ্ট, ক্রিয়ারহিত। ৭মীতৎ। বিণ।
চিত্রিত—যাহা চিত্রপটে অঙ্কিত হইয়াছে এরূপ, চিত্রার্পিত; নানাবর্ণবিশিষ্ট; চিহ্নযুক্ত। চিত্র্+ক্ত কর্ম। বিণ।
চিত্রিণী—চার প্রকারের স্ত্রী বা নায়িকার মধ্যে এক প্রকার; তন্ত্রমতে নাড়ী বিঃ। চিত্র+ইন্+ঈপ্। বি; স্ত্রী।
চিৎস্বরূপ—চৈতন্যস্বরূপ, চেতনাময়। বহু। বিণ।
চিদাকাশ—আকাশবৎ নির্লিপ্ত পরব্রহ্ম, শুদ্ধ ব্রহ্ম। চিৎ আকাশপ্রায়, উপমিত কর্মধা। বি; ক্লী।
চিদাত্মা (-ত্মন্)—জ্ঞানময় আত্মা, জ্ঞানস্বরূপ পরমাত্মা। কর্মধা। বি; পুং।
চিদানন্দ—পরমজ্ঞানী সদানন্দ শিব; জ্ঞান ও আনন্দস্বরূপ ব্রহ্ম। চিৎ অথচ আনন্দ, কর্মধা। বি; পুং।
চিদাভাস—জ্ঞানের আভাস, জ্ঞানের প্রকাশ; জ্ঞানস্বরূপ জীবাত্মা। চিত্তের আভাস (দীপ্তি, প্রতিবিম্ব), ৬ষ্ঠীতৎ। বি; পুং।
চিদ্রূপ—১। জ্ঞানময় আত্মা; জ্ঞানী। বি; পুং। ২। প্রিয়; স্ফূর্তিমান্। চিৎ রূপ যাহার, বহু। বিণ।
চিন—নিদর্শন, অঙ্ক, দাগ। ＜চিহ্ন। বি।
চিনচিন—অল্প অল্প জ্বালা বোধ। বাংপ্র। অ।
চিনা—১। নিদর্শন। ＜ চিহ্ন। বি। ২। পরিচিত। চিন্+আ কর্ম (বাংপ্র)। বিণ। ৩। অবগত হওয়া, জানা। বাংপ্র। ক্রি।
চিনানো—চেনানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চিনি—১। শর্করা, গুড়বিকার বিঃ। চীনা শব্দ, মতান্তরে ＜সিতা। বি। ২। অবগত হই; জানি। বাংপ্র। ক্রি। **চিনির পুতুল**—যে অল্প শ্রমে বা কষ্টে ভাঙ্গিয়া পড়ে। **চিনির বলদ**—যে বলদ পিঠে চিনি বহন করে অথচ নিজে চিনি খাইতে পায় না; যে ব্যক্তি পরের সুখভোগের জন্য খাটে অথচ নিজে সুখভোগ করিতে পারে না।
চিনি-চাঁপা—একপ্রকার অতিমিষ্ট চাঁপাকলা। বাংপ্র। বি।
চিনিপাতা—চিনিসহযোগে প্রস্তুত ('—দই')। ৩য়াতৎ (বাংপ্র)। বিণ।
চিনিসন্দেশ—ছানা না দিয়া শুদ্ধ চিনি দিয়া প্রস্তুত সন্দেশ; খুব সামান্য ছানা ও বেশির ভাগ চিনির দ্বারা প্রস্তুত সন্দেশ; ভোগের চিনি ও সন্দেশ। মধ্যপ। বাংপ্র। বি।
চিন্তক—চিন্তাকারী, চিন্তয়িতা। চিন্তি+ণক কর্তৃ। বি বা বিণ।
চিন্তন—ধ্যান; ভাবনা; স্মরণ; ভয়; আলোচনা; মনোমধ্যে আন্দোলন। চিন্তি+অনট্ ভাব। বি; ক্লী। [অনীয় কর্ম। বিণ।
চিন্তনীয়—ভাবিবার উপযুক্ত; আলোচ্য। চিন্তি+
চিন্তা—ধ্যান; উদ্বেগ, ভাবনা; আন্দোলন, আলোচনা; স্মরণ। চিন্তি+অ ভাব+আপ্। বি; স্ত্রী।
চিন্তাকুল, -কুলিত—ভাবনাব্যাকুল, অত্যন্ত উৎকণ্ঠিত। চিন্তা দ্বারা আকুল, আকুলিত, ৩য়াতৎ। বিণ। [বিণ; পুং।
চিন্তাজনক—ভাবনাজনক, উদ্বেগজনক। ৬ষ্ঠীতৎ।
চিন্তাজ্বর—দুর্ভাবনারূপ জ্বর, অত্যন্ত দুর্ভাবনাহেতু মানসিক যন্ত্রণাবোধ। চিন্তারূপ জ্বর, রূপক কর্মধা। বি; পুং।
চিন্তানল—চিন্তারূপ অগ্নি অর্থাৎ অগ্নির ন্যায় অত্যন্ত জ্বালাময়ী চিন্তা। চিন্তারূপ অনল, রূপক কর্মধা; অথবা, চিন্তা অনলপ্রায়, উপমিত কর্মধা। বি; পুং।
চিন্তানায়ক—নূতন নূতন চিন্তা বা ভাবের প্রবর্তক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
চিন্তান্বিত—চিন্তাযুক্ত, ভাবনাগ্রস্ত, উদ্বিগ্ন। চিন্তা দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ।
চিন্তামগ্ন—চিন্তায় বিভোর; অত্যন্ত চিন্তাকাতর। ৭মীতৎ। বিণ।
চিন্তামণি—অভীষ্টদায়ক মণি বিঃ; স্পর্শমণি; জগ-

দীশ্বর। চিন্তা (চিন্তা-বিষয়)-প্রদ মণি, মধ্যপ। বি; পুং।
চিন্তাশীল—ভাবুক, চিন্তাদ্বারা সমাধান করিতে পটু। বহু। বিণ।
চিন্তাহরণ—১। চিন্তাদূরীকরণ, ভাবনার নাশকরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। ভাবনানাশক। বিণ। ৩। পরমেশ্বর। উপতৎ; চিন্তা—হৃ+অন কর্তৃ। বি; পুং।
চিন্তিত—১। স্মৃত; আলোচিত; ভাবিত; বিবেচিত; যে বিষয় চিন্তা করা হইয়াছে এরূপ। চিন্তি+ত কর্ম। ২। চিন্তাকারক; চিন্তাযুক্ত। চিন্তা+ইতচ্ জাতার্থে। বিণ।
চিন্তে—চিনিতে, বুঝিতে, জানিতে; চিন্তা করে; ভাবিয়া। কপ্র। ক্রি। **চেয়ে চিন্তে**—বিশেষভাবে চাহিয়া। **ভেবে চিন্তে**—ধীরভাবে সকল দিক্ বার বার ভাবিয়া। [বিণ।
চিন্ত্য—চিন্তনীয়; বিতর্কণীয়। চিন্তি+যৎ কর্ম।
চিন্ত্যমান—যাহা চিন্তা করা হইতেছে এরূপ, অনুধ্যায়মান। চিন্তি+শানচ্ কর্ম। বিণ।
চিন্ময়—জ্ঞানস্বরূপ, জ্ঞানময় ('—ব্রহ্ম')। চিৎ+ময়ট্ স্বরূপার্থে। বিণ। স্ত্রী, -য়ী।
চিপটানো, চিপটনো—১। চেপটানো, চওড়া। বিণ। ২। চেপটা করা; চেপটা হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
চিপা—১। চাপা; সংকীর্ণ; সরু। বিণ। ২। চাপ দেওয়া; আঁটা, কসা। বাংপ্র। ক্রি।
চিপিট, চিপিটক—১। চিঁড়া। বি; পুং। ২। চেপটা; বিস্তৃতনাসিক; বিস্তৃত। চি+পিটচ্ কর্ম (নিপা); পক্ষে কন্ সংজ্ঞার্থে, তুল্যার্থে। বিণ।
চিবনো—চিবানো (তাহা দ্রঃ)। [বিণ]।
চিবানো—চর্বণ করা। < চর্বণ। বাংপ্র। ক্রি [, বি,
চিবু, চিবুক—ওষ্ঠের অধোভাগ, দাড়ি। চীব্+কু (নিপা), পক্ষে চিবু+কন্ স্বার্থে। বি; ক্লী।
চিমটা, চিমটে—আগুন তুলিবার জন্য লৌহনির্মিত যন্ত্র, সন্না। বাংপ্র। বি।
চিমটানো, চিমটনো—নখ দ্বারা পীড়ন; খামচানো; চিমটার মত ধরা। বাংপ্র। ক্রি [, বি]।
চিমটি—১। দুই অঙ্গুলির অগ্রভাগ দ্বারা গাত্রচর্ম টানিয়া ধরা। বি। ২। দুই আঙ্গুলের ডগা দিয়া টিপিয়া যতটুকু তোলা যায় এমন। বাংপ্র। বিণ।
চিমড়া, চিমড়ে—চর্মের মত শক্ত, দুশ্ছেদ্য; রোগা ও শক্ত; অস্থিচর্মসার। বাংপ্র। বিণ।
চিমনি—এঞ্জিন বা অগ্নিগৃহের ধূম বাহির হইবার লোহা ইট ইঃর উচ্চ চোঙ্গা; আলোকের দীর্ঘ কাচময় আবরণ। <ইং 'chimney'. বি।
চিমসা, চিমসে—চামড়ার মত শক্ত, চিমড়া; কাঁচা চামড়ার মত দুর্গন্ধবিশিষ্ট, চামসা। বাংপ্র। বিণ।
চিয়াড়ি—শুকনা বাঁশের ছাল; বাঁশের পাতলা চটা। বাংপ্র। বি।
চির—১। অনাদিকাল; দীর্ঘকাল; বিলম্ব। বি; ক্লী। ২। বিলম্বিত; দীর্ঘকালস্থায়ী; (কাল-সম্বন্ধে) নিত্য; দীর্ঘ; বহু। চি+রক্ কর্তৃ। বিণ। ৩। লম্বা ফালি; বিদীর্ণ অংশ; বিদারণ। < চীর। বি। [বন্ধ। ২য়াতৎ। বিণ।
চিরঋণী (-ণিন্)—চিরকালের জন্য কৃতজ্ঞতাপাশে
চিরকর্মা (-কর্মন)—দীর্ঘসূত্রী, চিরক্রিয়। চির কর্ম যাহার, বহু। বিণ।
চিরকাঙ্ক্ষিত—অনেক দিনের অভিলষিত, অনেক কালের আকাঙ্ক্ষিত। চির ব্যাপিয়া কাঙ্ক্ষিত, ২য়াতৎ। বিণ।
চিরকারিতা—বিলম্বে কার্য করার স্বভাব, দীর্ঘসূত্রতা। চিরকারিন্+তা ভাবে। বি; স্ত্রী।
চিরকারী (-কারিন্)—বিলম্বে কর্মকারী, সত্বর কার্যনির্বাহে অক্ষম। উপতৎ; চির—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**কারিণী**।
চিরকাল—দীর্ঘকাল; অনন্তকাল; যাবজ্জীবন। কর্মধা। বি; পুং। [ভবার্থে। বিণ।
চিরকালিক—চিরকালীন। চিরকাল+ইক ব্যাপ্ত্যর্থে,
চিরকালীন—চিরকালব্যাপী চিরন্তন। চিরকাল+ঈন ব্যাপ্ত্যর্থে, ভবার্থে। বিণ।
চিরকুট—কাগজের ছোট টুকরা; ছোট কাগজে লিখিত বিষয়। বাংপ্র। বি।
চিরকুমার—আজীবন অবিবাহিত। চির ব্যাপিয়া কুমার, ২য়াতৎ। বিণ। স্ত্রী, -**কুমারী**।
চিরকেলে—চিরকালীন; অনেকদিনের ('—অভ্যাস')। চিরকাল+এ (< ইয়া)। বিণ।
চিরক্রিয়—দীর্ঘসূত্রী, বিলম্বে কার্যকারক। চিরা ক্রিয়া যাহার, বহু। বিণ। [স্ত্রী।
চিরক্রিয়তা—দীর্ঘসূত্রতা। চিরক্রিয়+তা ভাবে। বি;
চিরজীবন—সারা জীবনকাল। মধ্যপ। বি; ক্লী।
চিরজীবী (-জীবিন্)—যে বহুদিন বাঁচিয়া থাকে এরূপ; বহুকাল স্থায়ী; অমর। উপতৎ; চির—জীব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**জীবিনী**।
চিরঞ্জীব—দীর্ঘজীবী। চিরম্—জীব্+অচ্ কর্তৃ। বিণ।
চিরঞ্জীবী (-জীবিন্)—চিরজীবী (সকল অর্থে)। চিরম্—জীব+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -**জীবিনী**।
চিরতা—ভূনিম্ব, শাকজাতীয় তিক্ত উদ্ভিদ্ বিঃ। < চিরতিক্ত বা কিরাততিক্ত। বি।
চিরতিক্ত—চিরতা। চির ব্যাপিয়া তিক্ত, ২য়াতৎ। বি; পুং।
চিরতুষার—চিরনীহার (তাহা দ্রঃ)।
চিরতুষার-রেখা, -সীমা—অত্যুন্নত পর্বতের যে সীমার উপর তুষার চিরকাল জমিয়াই থাকে তাহা, snow-line. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
চিরদরিদ্র—চিরদীন, চিরনিঃস্ব। চির ব্যাপিয়া দরিদ্র, ২য়াতৎ। বিণ।
চিরদারিদ্র্য—চিরনির্ধনতা, আজীবন ধনাভাব। চির ব্যাপিয়া দারিদ্র্য, ২য়াতৎ। বি; ক্লী।
চিরদিন—আবহমান কাল; যাবজ্জীবন। কর্মধা। বি; ক্লী।

চিরদীন—চিরদরিদ্র। চির ব্যাপিয়া দীন, ২য়াতৎ। বিণ।
চিরদুঃখ—আজীবন ক্লেশ। চিরব্যাপী দুঃখ, মধ্যপ। বি; ক্লী।
চিরদুঃখী (-খিন্)—চিরকাল দুঃখভোগকারী, আজীবন দুঃখী। চির ব্যাপিয়া দুঃখী, ২য়াতৎ। বিণ। স্ত্রী, **-দুঃখিনী।**
চিরদুর্লভ—একান্ত দুষ্প্রাপ্য; যাহা চিরদিনের জন্য লাভ করা সহজ নহে এরূপ। চির ব্যাপিয়া দুর্লভ, ২য়াতৎ। বিণ।
চিরনদাঁতী—যাহার দাঁত চিরুনির দাড়ার মত সূচাল ও সরু এরূপ। বাংপ্র। বিণ; স্ত্রী।
চিরনিদ্রা—মহানিদ্রা, মৃত্যু; দীর্ঘকালব্যাপী নিদ্রা-রোগ। ২য়াতৎ। বি; স্ত্রী।
চিরনিদ্রাগত, -ভিভূত, -মগ্ন—মৃত। চিরনিদ্রাকে গত, ২য়াতৎ; চিরনিদ্রা দ্বারা অভিভূত, ৩য়াতৎ; চিরনিদ্রায় মগ্ন, ৭মীতৎ। বিণ।
চিরনিদ্রিত—মৃত। চিরনিদ্রা+ইতচ্ অভিভূতার্থে। বিণ।
চিরনির্বাসন—চিরদিনের জন্য দেশ হইতে বহিষ্করণ। কর্মধা। বি; ক্লী।
চিরনির্বাসিত—চিরকালের জন্য দেশ হইতে বিতাড়িত। চিরদিনের জন্য নির্বাসিত, সুপ্। বিণ।
চিরনির্ভর—চিরশরণ, চিরকালের আশ্রয়, চিরসহায়। ২য়াতৎ। বি; পুং।
চিরনির্মল—১। চিরনিরঞ্জন, পরমেশ্বর। বি; পুং। ২। চিরপবিত্র, চিরনিষ্পাপ; চিরদিনের জন্য মলিনতাশূন্য। ২য়াতৎ। বিণ।
চিরনীহার—চিরতুহিন, চিরস্থায়ী তুষার। ২য়াতৎ। বি; পুং।
চিরনীহারসীমা—চিরতুষার-রেখা (তাহা দ্রঃ)।
চিরনূতন—নিত্য নবীন, সকল সময়েই নূতন। ২য়াতৎ। বিণ।
চিরনো—'চিরানো' দ্রঃ।
চিরন্তন—চিরকালীন; পুরাতন, যাহা বহুকাল প্রচলিত আছে এরূপ। চিরম্+তন (ট্যুল্+তুট্) ভবার্থে। বিণ। স্ত্রী, **-নী।**
চিরপদ—চিরস্থায়ী বস্তু ("ধনজন সুসম্পদ নহে চিরপদ"—কৃত্তি)। কর্মধা। বি; ক্লী।
চিরপরিচিত—চিরকালের জানাশুনা, চিরপরিজ্ঞাত। ২য়াতৎ। বিণ।
চিরপূজ্য—সর্বদা পূজনীয়, চিরারাধ্য। চির ব্যাপিয়া পূজ্য, ২য়াতৎ। বিণ।
চিরপ্রচলিত—যাহা বহুদিন হইতে চলিয়া আসিতেছে এরূপ। ২য়াতৎ। বিণ।
চিরপ্রবাসী (-প্রবাসিন্)—চিরবিদেশবাসী। ২য়াতৎ। বিণ। স্ত্রী, **-প্রবাসিনী।**
চিরপ্রবাহিত—চিরকাল প্রবাহিত। ২য়াতৎ। বিণ।
চিরপ্রসিদ্ধ—চিরবিখ্যাত। ২য়াতৎ। বিণ।
চিরপ্রার্থিত—বহুকালের আকাঙ্ক্ষিত। ২য়াতৎ। বিণ।
চিরপ্রোষিত—যে বহুকাল বিদেশে আছে এরূপ। চির ব্যাপিয়া প্রোষিত, ২য়াতৎ। বিণ।
চিরবসন্ত—সারা বছর ধরিয়া স্থায়ী বসন্তকাল। ২য়াতৎ। বি; পুং।
চিরবাঞ্ছিত—চিরদিনের আকাঙ্ক্ষিত। ২য়াতৎ। বিণ।
চিরবিচ্ছেদ—চিরদিনের মত পার্থক্য; চিরকালের জন্য মনোমালিন্য। ২য়াতৎ বা কর্মধা। বি; পুং।
চিরবিদায়—চিরদিনের মত প্রস্থান করিবার জন্য অনুমতি বা অনুরোধ; চিরদিনের জন্য প্রস্থান; মৃত্যু। চির যে বিদায়, কর্মধা। বি; পুং।
চিরবিদ্বেষ—চিরশত্রুতা; চিরকালের ঈর্ষা। ২য়াতৎ। বি; পুং।
চিরবিবাদ, -বিরোধ—চিরদিনের কলহ, দীর্ঘকালের ঝগড়া। ২য়াতৎ। বি; পুং।
চিরবৈরী (-বৈরিন্)—চিরশত্রু। ২য়াতৎ। বি; পুং, বা বিণ।
চিররহস্য—যে রহস্যের কখনও সমাধান হয় না। চিরব্যাপী রহস্য, মধ্যপ। বি; ক্লী।
চিররুগ্ণ, -রোগী (-রোগিন্)—চিরদিন পীড়াগ্রস্ত। ২য়াতৎ। বিণ। স্ত্রী, **-রুগ্ণা, -রোগিণী।**
চিরশত্রু—চিরকালের অরাতি, চিরবিদ্বেষী। ২য়াতৎ। বি বা বিণ।
চিরশরণ—চিরকালের আশ্রয়। কর্মধা বা ২য়াতৎ। বি; ক্লী, বা বিণ। [বি; স্ত্রী।
চিরশান্তি—দীর্ঘকালব্যাপী শান্তি; মৃত্যু। ২য়াতৎ।
চিরশ্যামল—চিরসবুজ, evergreen. ২য়াতৎ। বিণ।
চিরসঙ্গী (-সঙ্গিন্)—চিরসহচর, চিরকালের সঙ্গী। ২য়াতৎ। বিণ। স্ত্রী, **-সঙ্গিনী।**
চিরসুখী (-সুখিন্)—যে কোনদিন দুঃখ ভোগ করে নাই এমন। ২য়াতৎ। বিণ।
চিরসুহৃৎ (-হৃদ্)—বহুকালের মিত্র। চির ব্যাপিয়া সুহৃৎ, ২য়াতৎ। বি; পুং।
চিরসেবিত—চিরারাধিত; যাহা যথার্থ বলিয়া বহুকাল অঙ্গীকৃত ও অবলম্বিত হইয়া আসিতেছে এমন। ২য়াতৎ। বিণ।
চিরস্থায়িতা, -ত্ব—চিরকাল থাকা; অল্পকালে লোপ পরিবর্তন বা অন্যথাভাব না হওয়া। চিরস্থায়িন্+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
চিরস্থায়ী (-স্থায়িন্)—যাহা বহুকাল থাকে এরূপ, অল্পকালে যাহার লোপ ধ্বংস পরিবর্তন বা অন্যথাভাব না ঘটে এরূপ; অবিনশ্বর। ২য়াতৎ। বিণ। স্ত্রী, **-স্থায়িনী।**
চিরস্থির—চিরকাল ধরিয়া অচঞ্চল; প্রবাহশূন্য। ২য়াতৎ। বিণ। [বা ২য়াতৎ। বিণ।
চিরস্মরণীয়—চিরকাল মনে রাখিবার যোগ্য। সুপ্
চিরহরিৎ—চিরসবুজ, evergreen. ২য়াতৎ। বিণ।
চিরা—১। বিভক্ত, বিদারিত; ছিন্ন। বিণ। ২। বিদীর্ণ করা; ফাটানো; ছিন্ন করা বা হওয়া; ভাগ করা বা হওয়া; কাটিয়া খণ্ড খণ্ড করা। বাংপ্র। ক্রি [, বি]।
চিরাগ, চেরাগ—বাতি, আলোক। ফা। বি।

চিরাগত—বহুদিন যাবৎ প্রচলিত। সুপ্ । বিণ।
চিরাচরিত—চিরদিন অনুষ্ঠিত; বহুদিন ধরিয়া যাহা চলিয়া আসিতেছে এরূপ। ২য়াতৎ। বিণ।
চিরানন্দ—১। যে ব্যক্তি যাবজ্জীবন আনন্দে কাল কাটায় এরূপ। চির ব্যাপিয়া আনন্দ যাহার, বহু। বিণ। ২। অক্ষয় আনন্দ, চিরহর্ষ। ২য়াতৎ। বি; পুং।
চিরানো, চিরনো—ফাড়ানো; বিদারণ করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চিরাভ্যস্ত—অনেকদিনের অভ্যাসযুক্ত। ২য়াতৎ। বিণ।
চিরায়ত—গুণের দ্বারা সুপ্রতিষ্ঠিত, যাহার বহুকাল টিকিয়া থাকিবার সম্ভাবনা এরূপ, classical. চির ব্যাপিয়া আয়ত, ২য়াতৎ। বিণ।
চিরায়ুঃ, -যু, -যুষ্মান্ (-ষ্মৎ)—দীর্ঘজীবী। চির ব্যাপিয়া আয়ুঃ যাহার, বহু; ৩য় পক্ষে, চির ব্যাপিয়া আয়ুঃ, ২য়াতৎ+মতুপ্ আছে অর্থে। বিণ। ৩য় পক্ষে স্ত্রী, **-অতী**।
চিরুনি—কঙ্কতিকা, কাঁকই। বাংপ্র। বি।
চিরেতা—চিরতা (তাহা দ্রঃ)।
চিল—পক্ষী বিঃ, আতায়ী পাখি। <চিল্ল। বি। **চিল চেঁচানো**—চিলের মত তীব্র চিৎকার করা, তীব্র চিৎকার করিয়া কাঁদা।
চিলতা, -তে—পাতলা বা ছেঁড়া অংশ। বাংপ্র। বি।
চিলবিল—চঞ্চলতাপ্রকাশ, ছটফট করা। হি-ম্। অ।
চিলবিলা, -বিলে—চঞ্চল, অস্থির। চিলবিল+আ, এ করে অর্থে। হি-ম্। বিণ।
চিলবিলানি, -বিলিনি—চাঞ্চল্য; ছটফটে ভাব। চিলবিলা+নি ভাব। বাংপ্র। বি। [ক্রি।
চিলবিলানো—অধীর হওয়া; ছটফট করা। বাংপ্র।
চিলা, চিলে—ছাদের উপরের ঘর। <চিল। বি।
চিলেকোঠা, চিলেঘর—অট্টালিকার উচ্চতম স্থানে অবস্থিত গৃহ। কর্মধা (বাংপ্র)। বি। [চিল্লী।
চিল্ল—চিলপাখি। চিল্ল্+অচ্ কর্তৃ। বি; পুং। স্ত্রী—
চিল্লাচিল্লি—চেঁচামেচি; পরস্পরকে চেঁচাইয়া ডাকা। হি-ম্। বি।
চিল্লানো—চেঁচামেচি করা, চিৎকার করা। বাংপ্র। ক্রি।
চিঁহিঁ—ঘোড়ার ডাক। বাংপ্র। ধ্বন্যাত্মক অ।
চিহ্ন—১। কলঙ্ক, দাগ, mark. চহ্+নক্ কর্তৃ। ২। লক্ষণ; যাহা দ্বারা চিনিতে পারা যায়; পরিচয়ের নিমিত্ত সাংকেতিক লিখন; নিদর্শন, sign;. অভিজ্ঞান; পতাকা। চহ্+নক্ করণ। বি; ক্লী।
চিহ্নত—১। চিহ্নিত। বিণ। ২। চিহ্ন। হি-ম্। বি।
চিহ্নতনামা—নিদর্শপত্র, রাজদত্ত সীমানিরূপণ-পত্র। বাংপ্র। বি।
চিহ্নধারী (-ধারিন্)—চিহ্নবিশিষ্ট। উপতৎ: চিহ্ন—ধৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ধারিণী**।
চিহ্নিত—১। চিহ্নযুক্ত, দাগ-দেওয়া, অঙ্কিত; লক্ষিত; বিশেষ নির্দর্শন-পত্রযুক্ত, covenanted. চিহ্ন+ইতচ্ যুক্তার্থে। বিণ। ২। চিহ্ন; লক্ষণ। চিহ্নি+ক্ত ভাব। বি; ক্লী।
চিহ্নিতনামা—জমিজমা সম্বন্ধে রাজপ্রদত্ত সীমানিরূপণ-পত্র। বাংপ্র। বি। [ভাব। বি; পুং।
চীৎকার, চিৎকার—চেঁচানি। চীৎ, চিৎ—কৃ+ঘঞ্
চীন—১। মৃগ বিঃ; এশিয়ার দেশ বিঃ; ধান্য বিঃ; সূত্র। বি; পুং। ২। চীন-দেশীয় সূক্ষ্ম বস্ত্র; পতাকা। চি+নক্ কর্ম (ই-স্থানে ঈ)। বি; ক্লী।
চীনক—চীনা ধান; চীনা কর্পূর। চীন+কন ভবার্থে। বি; পুং।
চীনবাস—চীনা কাপড়, সূক্ষ্ম বস্ত্র বিঃ, পট্টবস্ত্র বিঃ। চীনজাত বাস, মধ্যপ। বি; পুং।
চীনা—চীনদেশীয়; চীনদেশবাসী; চীনা ধান ("মাস মসুরী তণ্ডুল মধুরী বরবটী বাটুল চীনা।" —কবিকঙ্কণ)। চীন+আ সম্বন্ধাদি অর্থে (বাংপ্র)। বিণ বা বি। **চীনা কর্পূর**—একপ্রকার উৎকৃষ্ট কর্পূর। **চীনা ঘাস**—ঘাস বিঃ (ইহাতে দড়ি কাপড় কাগজ ইঃ প্রস্তুত হয়)। **চীনা বাদাম**—মাটকলাই। **চীনা বাসন**—চীনা মাটি হইতে উৎপন্ন বাসন বিঃ, চীনা মাটির পাত্র। **চীনা মাটি**—সাদা চকচকে পদার্থ বিঃ, china-clay, porcelain. **চীনা সিঁদুর**—ঘোর লাল সিন্দুর বিঃ।
চীনার পাত—সর্বোৎকৃষ্ট খাঁটী নরম সোনার পাত।
চীনাংশুক—পট্টবস্ত্র বিঃ, অতি সূক্ষ্ম পট্টবস্ত্র। চীনজাত অংশুক, মধ্যপ কর্মধা। বি; ক্লী।
চীবর—চীর, ভিক্ষুবস্ত্র, কৌপীন। চি+ষ্বরচ্ কর্ম (ই-স্থানে ঈ)। বি; ক্লী।
চীর—ছিন্ন বস্ত্রখণ্ড; বস্ত্র বিঃ, সীসক; চূড়া; গাছের ছাল; চিরকুট। চি+রক্ কর্ম (ই-স্থানে ঈ)। বি; ক্লী।
চীরবাস—১। পরিধানের ছিন্ন বস্ত্র। কর্মধা। বি; ক্লী। ২। ছিন্ন-বস্ত্র-পরিহিত। বহু। বিণ।
চুঁ—ঝনৎকার-শব্দ, জলশোষণ-শব্দ; মৃদুশব্দ। বাংপ্র। অ। **চুঁ করা**—চুপিসাড়ে কথা বলা। **চুঁ শব্দ**—সামান্য প্রতিবাদ; অস্পষ্ট আওয়াজ।
চুঁই-চুঁই—জলশোষণের শব্দ; দগ্ধ হইবার শব্দ; অত্যধিক ক্ষুধার ভাবব্যঞ্জক শব্দ। বাংপ্র। অ।
চুঁচি—স্তন, মাই; স্তন-বৃন্ত। <চুচুক। বি।
চুঁয়া—আধপোড়া, ধরিয়া-যাওয়া; অম্ল। বাংপ্র। বিণ।
চুঁয়ানো—আধপোড়া করা, ধরাইয়া ফেলা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চুকচুক—জিভ দিয়া তরল পদার্থ খাইবার শব্দ; মসৃণতা ও উজ্জ্বলতা প্রকাশক শব্দ। বাংপ্র। অ।
চুকচুকানি, চুকচুকুনি—কোন কার্য করিবার জন্য অধীরতা; চুকচুক শব্দ; চুকচুক করিয়া পান করা। চুকচুকা+নি ভাব (বাংপ্র) বি।
চুকচুকানো—চুকচুক শব্দ করা; চুকচুক করিয়া পান করা; কোন কার্য করিবার জন্য অধীর হওয়া। বাংপ্র। ক্রি।
চুকচুকে—চিক্কণ; চকচকে; কার্যকরণার্থ অধীর। চুকচুক+এ (<ইয়া) করে অর্থে (বাংপ্র)। বিণ।
চুকনো—চুকানো (তাহা দ্রঃ)।
চুকলি—১। পরনিন্দা, অপবাদ, কুৎসা; অসাক্ষাতে

নিন্দা। ⟨আ 'চুগল'। ২। চক্রাকার পাতলা পিষ্টক বিঃ। বাংপ্র। বি। **চুকলি খাওয়া**—পশ্চাতে নিন্দা করা ("মুখে মুখে সম্মুখে চুকলি খায় বেটা।"—ঘনরাম)।
চুকলিখোর—পরোক্ষে নিন্দাকারী। চুকলি+খোর আসক্তার্থে (ফা-মু)। বিণ।
চুকা—১। অম্ল। ⟨চুক্র। বিণ। ২। ভুল করা; শেষ হওয়া; সমাপ্ত করা; মিটমাট হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
চুকানো—মিটাইয়া দেওয়া; রফা করা, নিষ্পত্তি করা; ফুরানো; বিনাশ করা। বাংপ্র। ক্রি [, বি]।
চুকাপালং—একপ্রকার টক পালং। কর্মধা (বাংপ্র)। বি।
[নিষ্পত্তি। হি-মু। বি।
চুক্তি—নিয়ম; প্রতিশ্রুতি; কড়ার; শর্ত; সমাধা,
চুক্তিনামা, -পত্র—অঙ্গীকার-পত্র, বিশেষ বিশেষ শর্তসূচক দলিল। চুক্তি+নামা পত্র অর্থে; মধ্যপ (হি-মু)। বি।
চুঙ্গি, চুঙি—নলী, খোল, ছোট চোঙা; পণ্যশুল্ক; মাদক দ্রব্যের উপর স্থাপিত কর। হি-মু। বি।
চুচুক, চূচুক—স্তনের বোঁটা। চুচু, চূচু—কৈ+ক কর্তৃ। বি; পুং বা ক্লী।
চুচুকৃতি—১। কুচাগ্র। চুচু—কৃ+ক্তি অধি। ২। চুম্বনের শব্দ; চুচু শব্দ ("চুম্বন চুচুকৃতি শীৎকৃতি শিহরণ" —ভারত)। চুচু—কৃ+ক্তি ভাব। বি; স্ত্রী।
চুঞ্চু—(কোন শব্দের পর প্রত্যয়রূপে যুক্ত হইলে) অভিজ্ঞ ('ন্যায় —', 'বিদ্যা —')। বিণ।
চুটকি—১। সামান্য, ছোট; নগণ্য; লঘু; চটুল। বিণ। ২। চুক্তিমত সুদ; পায়ের আঙ্গুলের ঝুমকো-দেওয়া আংটি; টিকি; তুড়ি; চিমটি; যে ধান্যাদি মাপিয়া দেয় তাহার প্রাপ্য; সীমা; চোরাই মাল; চুঙ্গি; কয়ালের প্রাপ্য দস্তুরি; সরল লঘু ও সরস সাহিত্য ("একটু চুটকি ভিন্ন যায় না সময়"—রজনী সেন)। বাংপ্র। বি। **চুটকি বাজানো**—অঙ্গুষ্ঠ ও মধ্যমা দ্বারা তুড়ি দেওয়া; মৃদঙ্গাদির বাঁয়াতে মধ্যমার অগ্রভাগ দ্বারা আঘাতপূর্বক বাদন। **চুটকি সাহিত্য**—সহজ ভাষায় খুব কম কথায় রচিত লঘু ও সরস সাহিত্য।
চুটানো, চুটনো—চোট মারা, কোপ মারা; শক্তি নিয়োগ করা; চূড়ান্ত নিষ্পত্তি করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। **চুটিয়ে কাজ করা**—সম্পূর্ণ শক্তি নিয়োগ করিয়া উৎসাহভরে কাজ করা।
চুড়ি—স্ত্রীলোকের হস্তাভরণ বিঃ; কোঁচকানো অবস্থা। হি। বি।
চুড়িদার—কুঞ্চনবিশিষ্ট, চুনটযুক্ত। ('— আস্তিন')। চুড়ি+দার বিশিষ্টার্থে (হি-মু)। বিণ।
চুন—১। শ্বেতবর্ণ ক্ষার বিঃ। বি। ২। চূর্ণবৎ; শ্বেত; শুষ্ক; ফেকাশে ("পণ্ডিতের মুখ হইল চুন"—রবীন্দ্র)। ⟨চূর্ণ। বিণ।
চুনকাম—গৃহের ভিতরে ও প্রাচীরে চুন মাখানো, whitewash. ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
চুনট, চুনাট—সংকোচন; চূর্ণন; বস্ত্রাদির কুঞ্চিত অংশ। হি-মু। বি।
চুনা—১। সামান্য, ছোট, অল্প। বিণ। ২। ছোট মাছ; চুন। বাংপ্র। বি।
চুনাপাথর—যে পাথর পোড়াইলে চুনে পরিণত হয়, limestone. কর্মধা (বাংপ্র)। বি; ক্লী।
চুনারী, চুনুরী—যে চুন তৈয়ার করে। বাংপ্র। বি।
চুনি, চুনী—রক্তবর্ণ ক্ষুদ্র রত্ন বিঃ, পদ্মরাগমণি, ruby. হি-মু। বি।
চুনুরি—১। রঙ্গিন কাপড়। বি। ২। রঙে চুবানো, রঙ্গিন ("তোমার যে চুনুরি শাড়িতে বড় সাধ মা"—দীনবন্ধু)। হি-মু। বিণ।
চুনোপুঁটি, -পুঁটী—একপ্রকার ছোট পুঁটি মাছ; ছোট ছোট মাছ; সামান্য দরের লোক; কম পুঁজিওয়ালা লোক। কর্মধা (বাংপ্র)। বি।
চুন্নী—দুষ্টা রমণী; কুটনী; চোর স্ত্রীলোক। 'চোরনী'-শব্দের দ্রুত উচ্চারিত রূপ। বাংপ্র। বি; স্ত্রী।
চুপ—১। নীরবতা, মৌন; গোপন। বি। ২। নীরব, নিঃশব্দ। বাংপ্র। বিণ। **চুপ করা**—কথা বলা থামানো; গোল না করা।
চুপচাপ—সম্পূর্ণ নিস্তব্ধ; নিঃশব্দে। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।
চুপড়ি, চুবড়ি—ক্ষুদ্র করণ্ডিকা, ছোট সাজি, টুকরি; পাত্র ("কুঁজ নহে তাহার সে বুদ্ধির চুপড়ি"—কৃত্তি)। বাংপ্র। বি।
চুপসা—বায়ু রস প্রঃ কমিয়া বা সরিয়া যাওয়াতে তুবড়ানো। বাংপ্র। বিণ।
চুপসানো, চুপসনো—শুষ্ক হওয়া; তুবড়াইয়া যাওয়া; বসিয়া যাওয়া; শুষিয়া বিস্তৃত হওয়া। বি—**চুপসানি**। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চুঁপ—নীরবতা। হি-মু। বি।
চুঁপচাপি, -চুঁপ, -সাড়ে, চুপে-চুপে—নীরবে; গোপনে। বাংপ্র। ক্রি-বিণ।
চুবনি, চুবানি—নিমজ্জন, ডুব; বার বার ডোবানো। বাংপ্র। বি।
চুবানো, চোবানো—ডুবাইয়া দেওয়া; বারবার ডোবানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চুমকি—১। চুমুক দিয়া জলপানের উপযুক্ত ('— ঘটি')। বিণ। ২। সোনালী রূপালী ছোট ছোট পাত বা বুটি। বাংপ্র। বি।
চুমকুড়ি—চুম্বন; চুম্বনের শব্দ; চুম্বনের শব্দের ন্যায় শব্দ। হি-মু। বি।
চুমরানো, চুমরনো—চুম্বন করিয়া শান্ত করা; আদর করা; মিষ্ট কথায় ভুলানো; হস্তাদির স্পর্শে দেহত্বকের স্পন্দন বা রোমাঞ্চ হওয়া; পাকানো ('গোঁপ —')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চুমরি—চুমুরি (তাহা দ্রঃ)।
চুমা, চুমু, চুমো—ওষ্ঠাধর দ্বারা অন্যের অঙ্গস্পর্শ, চুম্বন। ⟨চুম্ব। বি।
চুমাচুমি—পরস্পর চুম্বন। ব্যতীহার বহু। বাংপ্র। বি।

চুমুক—পান করিবার পাত্রে ঠোঁট লাগাইয়া তরল বস্তু মুখে টানিয়া তোলা; একবার মুখ লাগাইয়া যতটা গ্রহণ করা যায় ততটা। বাংপ্র। বি বা বিণ।
চুমুরি—বটাদিবৃক্ষের ঝুরি; শাখামূল; কচু প্রঃর উপরের মূল; নারিকেল ফুল ও মুচির নৌকাকৃতি আধার। বাংপ্র। বি।
চুমো—'চুমা' দ্রঃ। [পুং।
চুম্ব—মুখে মুখস্পর্শ, চুমা। চুম্ব্+ঘঞ্ ভাব। বি;
চুম্বক—১। চুম্বক পাথর, magnet; সারসংগ্রহ, সংক্ষিপ্ত বিবরণ। বি; পুং। ২। ধূর্ত; লম্পট; সংগ্রহ-কর্তা, যে নানা গ্রন্থ হইতে অনেক বিষয় সংগ্রহ করে এরূপ; চুম্বনকারী। চুম্ব্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**চুম্বিকা**।
চুম্বকক্ষেত্র—চুম্বকের চতুর্দিকে যতদূর পর্যন্ত তাহার আকর্ষণ-শক্তি অনুভূত হয় তাহা, magnetic field. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
চুম্বকত্ব—চুম্বকের ভাব বা ক্ষমতা, magnetism. চুম্বক+ত্ব ভাবে। বি; ক্লী।
চুম্বকশলাকা, -সূচি, -সূচী—চুম্বক-লৌহনির্মিত শলাকা বা কাঠি, magnetic needle. মধ্যপ। বি; স্ত্রী।
চুম্বকাকর্ষণ—চুম্বকের অন্য লৌহকে নিজের অভিমুখে টানিয়া লওয়া, magnetic attraction. ৬ষ্ঠীতৎ বি; ক্লী।
চুম্বকীয়—চুম্বকের শক্তিবিশিষ্ট, চৌম্বক, magnetic. চুম্বকের আকর্ষণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
চুম্বন—প্রীতি বা অনুরাগ প্রদর্শনার্থ মুখে মুখস্পর্শ, চুমা। চুম্ব্+অনট্ ভাব। বি; ক্লী।
চুম্বিত—যাহাকে চুম্বন করা হইয়াছে এরূপ; স্পৃষ্ট; সংযুক্ত। চুম্ব্+ক্ত কর্ম। বিণ।
চুয়া—১। ধুনা ইঃ চুয়াইয়া তৈয়ারী তরল গন্ধদ্রব্য বিঃ। হি-মু। বি। ২। ক্ষরিত হওয়া; গন্ধ ঝরা। বাংপ্র। ক্রি।
চুয়াড়—১। পাহাড়িয়া লোক; কিরাত; ধাঙ্গড়। বি। ২। অসভ্য; নিষ্ঠুর; গোঁয়ার। বাংপ্র। বিণ।
চুয়াত্তর—৭৪-সংখ্যা; ৭৪-সংখ্যক। < চতুঃসপ্ততি। বি বা বিণ।
চুয়ানি—গলন, ঝরণ; পরিস্রবণ, ক্ষারণ; পরিস্রুত বা ক্ষরিত তরলপদার্থ। চুয়া+নি ভাব (বাংপ্র)। বি।
চুয়ানো, চুয়নো—১। পরিস্রুত করা বা হওয়া; গলানো; ঝরানো; গলা, ঝরা। ক্রি [, বি]। ২। ক্ষরানো, ঝরানো। বাংপ্র। বিণ।
চুয়ান্ন—৫৪-সংখ্যা; ৫৪-সংখ্যক। < চতুঃপঞ্চাশৎ। বি বা বিণ। [শৎ। বি বা বিণ।
চুয়াল্লিশ—৪৪-সংখ্যা; ৪৪-সংখ্যক। <চতুশ্চত্বারিং-
চুর, চূর—১। গুঁড়া-করা বস্তু, গুঁড়া। < চূর্ণ। ২। সূক্ষ্মাগ্র মন্দিরাকারে সজ্জিত রাশীকৃত বস্তু। < চূড়া। বি। ৩। বিহ্বল, বিভ্রান্ত, অভিভূত ("ভাঙ খেয়ে হয়ে আছি চুর"—দ্বিজেন্দ্র)। বাংপ্র। বিণ।
চুরট, চুরুট—ধূমপানের জন্য তামাকপাতার পাকানো নলাকার দ্রব্য। < তামিল 'শুরুট্টু'। বি।
চুরমার—চূর্ণ-বিচূর্ণ; বিধ্বস্ত। বাংপ্র। বিণ।
চুরানব্বই—৯৪-সংখ্যা; ৯৪-সংখ্যক। < চতুর্নবতি। বি বা বিণ।
চুরাশি, চুরাশী—চতুরশীতি, ৮৪-সংখ্যা; ৮৪-সংখ্যক। < চতুরশীতি। বি বা বিণ।
চুরি—চৌর্য, অপহরণ। বাংপ্র। বি।
চুরি-চামারি—চুরি ও সেইরূপ গর্হিত কাজ, চুরি জুয়াচুরি। বাংপ্র। বি।
চুরুট—'চুরট' দ্রঃ।
চুল—কেশ। < চূল। বি। **চুল বাঁধা**—খোঁপা বাঁধা।
চুলকনা, -কনি, -কানি, -কুনি—গাত্রকণ্ডূতি, খোস-পাঁচড়া। বাংপ্র। বি।
চুলকানি, -কুনি—'চুলকনা' দ্রঃ।
চুলকানো, চুলকনো—গাত্রকণ্ডূয়ন করা; কণ্ডূয়ন বোধ করা; নখ দিয়া আঁচড়ানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চুল-চেরা—অতি সূক্ষ্ম; সমান, ঠিক ঠিক ('—বিচার'); অতি তীক্ষ্ণ। চুল-(ও) চেরা যাহাতে, বহু (বাংপ্র)। বিণ।
চুলবুল—১। অস্থিরতা প্রকাশ; চাঞ্চল্য প্রদর্শন। অ। ২। চঞ্চল। হি-মু। বিণ।
চুলবুলানি, -বুলান, -বুলুনি—অধীরতা, চঞ্চলতা। বাংপ্র। বি।
চুলবুলানো, -বুলনো—চুলবুল করা, ছটফট করা, হি-মু। বাংপ্র। ক্রি [, বি]।
চুলবুলে—চঞ্চল। চুলবুল+এ (<ইয়া) করে অর্থে (বাংপ্র)। বিণ।
চুলা—উনান; নরক; চিতা; শ্মশান। < চুল্লী। বি।
চুলাচুলি, চুলোচুলি—পরস্পর কেশাকর্ষণ; তুমুল ঝগড়া। ব্যতীহার বহু। বাংপ্র। বি।
চুলি—চিতা; উনান। < চুল্লী। বি।
চুলো—উনান; চিতা; শ্মশান; নরক। < চুল্লী। বি। **চুলোয় যাওয়া**—মরা। **চুলোর দোরে যাওয়া**—মরা।
চুলোমুখে—(গালিতে) পোড়ারমুখো; হতভাগা। বাংপ্র। বি; পুং। স্ত্রী, **-মুখী**।
চুল্লি, চুল্লী—উনান; চিতা। চুল্ল্+ই অধি, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
চুষা—মুখ দিয়া টানিয়া লওয়া, শোষণ করা। বাংপ্র। ক্রি [, বি]।
চুষি—শিশুদের চুষিবার ছোট কাঠি; পিষ্টক বিঃ। চুষ্+ই কর্ম (বাংপ্র)। বি।
চূড়া, চূলা—১। চূড়াকরণ; ময়ূরের মস্তকে যে উন্নত অংশ থাকে তাহা; শিখা, টিকি; ঝুঁটি; কেশ; অগ্রভাগ; শৃঙ্গ; মুকুট; চুড়ি; ভূষণ। চুড়ি+অঙ্‌ কর্ম+আপ্। বি; স্ত্রী। ২। শ্রেষ্ঠ। বিধেয় বিশেষণরূপে ব্যবহৃত।
চূড়াকরণ—ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য—এই তিন বর্ণের মস্তকমুণ্ডন পূর্বক শিখাধারণরূপ সংস্কার। চূড়া—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।

চূড়াকর্ম (-কর্মন্)—চূড়াকরণরূপ কার্য। কর্মধা। বি: ক্লী।

চূড়ান্ত—১। শেষের; সর্বোৎকৃষ্ট; সবচেয়ে বেশী। চূড়ার অন্ত হয় যাহাতে, বহু। বিণ। **২**। শেষ সীমা; পরাকাষ্ঠা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চূড়ামণি—১। শিরোভূষণ; মস্তকের রত্ন বা অলংকার; মুকুটের মধ্যমণি; পণ্ডিতের উপাধি বিঃ। চূড়াস্থিত মণি, মধ্যপ। বি: পুং। **২**। প্রধান ('চতুর —')। বিণ।

চূড়ামণিযোগ—যোগ বিঃ [রবিবারে সূর্যগ্রহণ এবং সোমবারে চন্দ্রগ্রহণ হইলে এই যোগ হয়]। কর্মধা। বি; পুং।

চূত—১। আম্রবৃক্ষ। বি; পুং। **২**। আম্র। চুষ্+ক্ত কর্ম (নিপা)। **৩**। গুহ্যদ্বার। চ্যুৎ+ক অপা (নিপা)। বি; ক্লী।

চূতমুকুল—আমের বোল। ৬ষ্ঠীতৎ। বি: পুং বা ক্লী। [বি; স্ত্রী।

চূতলতা—একপ্রকার লতানে গাছ। মধ্যপ কর্মধা।

চূর—গুঁড়া-করা বস্তু। < চূর্ণ। বি।

চূর্ণ—১। কঠিন দ্রব্যের সূক্ষ্মতম অংশসমূহ; ধূলি; গুঁড়া; আবীর; সুগন্ধি ধূলি; চুন; ছাতু। বি; পুং। **২**। যাহা গুঁড়া হইয়াছে এরূপ; যাহা নষ্ট হইয়াছে এরূপ; যাহা লয়প্রাপ্ত হইয়াছে এরূপ। চূর্ণ্+ঘঞ্ কর্ম। বিণ।

চূর্ণক—১। গুঁড়া, ধূলি, ছাতু। চূর্ণ+কন্ স্বার্থে। বি: পুং। **২**। যাহাতে মূলের অর্থ বিশদরূপে ব্যাখ্যাত থাকে; অভিপ্রায়প্রদর্শন; সমাসরহিত গদ্য। চূর্ণ্+ণক কর্তৃ। বি; ক্লী।

চূর্ণকার—চুনারী জাতি, যে চুনের ব্যবসায় করে। উপতৎ; চূর্ণ—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং।

চূর্ণকুন্তল—অলকদাম, কপালের উপরে ছড়াইয়া পড়া কোঁকড়ানো চুল। কর্মধা। বি: পুং।

চূর্ণন—গুঁড়া করা, চূর্ণ করা। চূর্ণ্+অনট্ ভাব। বি: ক্লী।

চূর্ণিত—চূর্ণীকৃত, গুঁড়া-করা। চূর্ণ্+ক্ত কর্ম। বিণ।

চূর্ণীকৃত—যাহাকে চূর্ণ করা হইয়াছে এমন। চূর্ণ+ অভূততদ্ভাবার্থে চ্বি (= চূর্ণী)—কৃ+ক্ত কর্ম। বিণ।

চূর্ণীভূত—যাহা গুঁড়া হইয়াছে এমন। চূর্ণ শব্দ+চ্বি অভূততদ্ভাবার্থে (= চূর্ণী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

চূল, চূলক—কেশ। চূল্+ক কর্তৃ, পক্ষে কন্ স্বার্থে। বি: পুং।

চূষণ—জিহ্বা দ্বারা রসাকর্ষণ। চূষ্+অনট্ ভাব। বি: ক্লী।

চূষ্য—চোষণীয়। চূষ্+ণ্যৎ কর্ম। বিণ।

চেং, চেঙ, চেঙ্গ—একপ্রকার মাছ; সরু মাচা; শববহনের খাটিয়া; হাত পা ধরিয়া শূন্যে ঝুলানো; লাফাইয়া লাফাইয়া গমন। বাংপ্র। বি।

চেংঝোলা, চেঙঝোলা, চেঙ্গঝোলা—চেংদোলা (তাহা দ্রঃ)।

চেংড়া, চেঙড়া, চেঙ্গড়া—চঞ্চলমতি বালক, ডানপিটে ছোকরা; ছেলেমি। বাংপ্র। বি; পুং, বা বিণ। স্ত্রী. -ড়ী। বি, -মো, -মি।

চেংদোলা, চেঙ্গদোলা—হাত পা ধরিয়া ঝুলাইয়া এবং প্রায় দুলাইতে দুলাইতে বহন। বাংপ্র। বি।

চেংমুড়ি, চেঙমুড়ি, চেঙ্গমুড়ি—শব, মড়া; শবদেহ বস্ত্রাদিতে মুড়িয়া খাটিয়ায় বন্ধন। বাংপ্র। বি।

চেঁচামেচি, চেঁচামেচি—গোলমাল; একসঙ্গে অনেকের চিৎকার। বাংপ্র। বি।

চেঁচাড়ি—পাতলা বাখারি। বাংপ্র। বি।

চেঁচানি—চিৎকার। বাংপ্র। বি।

চেচানো—চিৎকার করা। বাংপ্র। ক্রি [, বি]।

চেক—১। বস্ত্রাদিতে বোনা চতুষ্কোণ, ডোরা, কাপড়ে বোনা চারিকোণের ছক। < ইং 'check'. **২**। ব্যাঙ্ক প্রভৃতির নামে টাকা দিবার আদেশপত্র। < ইং 'cheque'. বি।

চেককাটা—ছককাটা, চৌখুপী। চেক কাটা যাহাতে, বহু (বাংপ্র)। বিণ। [(বাংপ্র)। বি।

চেককাপড়—চৌখুপী ঘরকাটা কাপড়। মধ্যপ

চেকদাখিলা—প্রজার নিকট হইতে খাজনা লইয়া তাহাকে যে মুদ্রিত রসিদ দেওয়া হয় তাহা। বাংপ্র। বি। [নাই'। বি।

চেকনাই—চকচকে আভা, উজ্জ্বলতা। < হি 'চিক-

চেকমুড়ি—চেকদাখিলার যে অংশগুলি ভূম্যধিকারীর নিকট থাকে। বাংপ্র। বি।

চেঙ—'চেং' দ্রঃ।

চেঙঝোলা, চেঙদোলা—চেংদোলা (তাহা দ্রঃ)।

চেঙারি, চেঙ্গারি—বংশরচিত পাত্র বিঃ, ডালা। বাংপ্র। বি।

চেঙ্গড়া—'চেংড়া' দ্রঃ।

চেঙ্গারি—'চেঙারি' দ্রঃ।

চেটা, চেটাই—খর্জুর বা তালপত্রে নির্মিত আসন। বাংপ্র। বি।

চেটাং-চেটাং—উদ্ধত ('— কথা')। বাংপ্র। বিণ।

চেটালো—প্রশস্ত, চওড়া। < চপেট। বিণ।

চেটী—দাসী। বি; স্ত্রী।

চেটো—হাত-পায়ের তেলো। বাংপ্র। বি।

চেড়ী—দাসী; অন্তঃপুরবাসিনী। < চেটী। বি; স্ত্রী।

চেত—১। চিত্ত। < চেতস্। বি। **২**। জাগরিত হও ("চেত রে চেত রে চেত ডাকে চিদানন্দ"— ভারত)। কপ্র। ক্রি।

চেতঃ (চেতস্)—**১**। চিত্ত; চিত্তবৃত্তি। চিৎ+অসুন্ করণ। বি; ক্লী। **২**। চৈতন্য; আত্মা। চিৎ+অসুন্ কর্তৃ। বি; পুং।

চেতক—উদ্বোধক, যে বিস্মৃত বিষয়ের স্মরণ করাইয়া দেয় এরূপ। চিৎ+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী —চেতিকা।

চেতন—১। আত্মা, জীব। বি: পুং। **২**। চিত্ত। বি; ক্লী। **৩**। চৈতন্যবিশিষ্ট। চিৎ+অন কর্তৃ। বিণ। **৪**। সংজ্ঞা; বুদ্ধি; জ্ঞান; জাগরণ; মন। চিৎ+ অনট্ ভাব। বি; ক্লী।

চেতনা—চৈতন্য, সংজ্ঞা; জ্ঞান। চিৎ+অন ভাব।+আপ্। বি; স্ত্রী।
চেতা—চৈতন্য লাভ করা; উদ্বুদ্ধ হওয়া; সতর্ক হওয়া; চটিয়া যাওয়া; ঠেকিয়া শেখা। বাংপ্র। ক্রি।
চেতানো—জাগানো; সতর্ক করানো; জ্ঞান দেওয়া; উত্তেজিত করা; রাগাইয়া দেওয়া; চিৎ হইয়া পড়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চেতিত—জ্ঞাপিত; প্রবোধিত। চিৎ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
চেত্তা—চিৎ অবস্থা। বাংপ্র। বি। **চেত্তা খাওয়া**—বুক ফুলাইয়া দাঁড়ানো। **চেত্তা ভাংগা**—চিৎ হইয়া শুইয়া মেরুদণ্ড ও শরীরের অন্যান্য অংগের আড়ষ্টভাব দূর করা, আলস্য দূর করা।
চেদিপতি, -রাজ—চেদিদেশাধিপতি শিশুপাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
চেন—শৃংখল; শৃংখলাকার গলার হার; ৬৬ ফুট লম্বা এবং ১০০ কড়া বা বন্ধনীর মাপ বিঃ। < ইং 'chain'. বি।
চেনা—১। পরিচিত, জানা। বিণ। ২। দোষগুণ বুঝা; পরিচিত বলিয়া জানা। বাংপ্র। ক্রি [, বি]। [শুনা। বাংপ্র। বি।
চেনাচিনি, -পরিচয়, -শোনা—পরস্পরের মধ্যে জানা-
চেনানো—জানানো; শিখানো; পরিচিত করানো। < চিহ্ন। ক্রি [, বি, বিণ]।
চেন্না— < চিহ্ন। বি।
চেপটা—প্রশস্ত, চেটাল; বসা; পিষ্ট; দমিত। < চিপিট। বিণ।
চেপটানো—চাপ দিয়া বাড়ানো; মর্দিত করা; দমিত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চেয়—চয়নযোগ্য। চি+যৎ কর্ম। বিণ।
চেয়াড়, চেয়াড়ি—চেঁচাড়ি ("মিথ্যা হইলে চেয়াড়ে কাটিব তোর নাসা"—কবিকঙ্কণ)। বাংপ্র। বি।
চেয়ার—আসন বিঃ, কেদারা; সভাপতি বা প্রধান ব্যক্তির আসন। < ইং 'chair'. বি।
চেয়ারম্যান—সভাপতি, কোন সমিতির প্রধানতম সভ্য। < ইং 'chairman'. বি।
চেয়ে—১। চাহিয়া; অপেক্ষা করিয়া; প্রার্থনা করিয়া। অস-ক্রি। ২। অপেক্ষা। বাংপ্র। অ।
চেরা—চিরিয়া ফেলা, বিদীর্ণ করা; লম্বালম্বিভাবে কাটা, ফাড়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চেরাই—১। চিরিবার মত। বিণ। ২। চিরিবার কাজ বা মজুরি। বাংপ্র। বি।
চেরাগ—প্রদীপ। < ফা 'চিরাগ'। বি।
চেরানো—ফাড়ানো, কাটানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চেল—১। বস্ত্র; পরিচ্ছদ। চিল্, চেল্+ঘঞ্ কর্ম। বি; ক্লী। ২। অধম, কুৎসিত। চেল্+অচ্ কর্তৃ। বিণ।
চেলা—১। সন্ন্যাসীদের শিষ্য; ছাত্র; সহচর; শাগরেদ। হি। ২। একপ্রকার ক্ষুদ্র মৎস্য। বি। ৩। বিদীর্ণ, চেরা। বাংপ্র। বিণ।
চেলানো—চেরাই করা, চিরিয়া ফেলা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চেলি—পট্টবস্ত্র বিঃ; বিবাহাদিতে পরিবার রেশমী কাপড় বিঃ। < চেলী। বি।
চেলিকা, চেলী—চেলির কাপড়। চেল+কন্ স্বার্থে +আপ্; চেল+ঙীপ্। বি; স্ত্রী।
চেষ্টক—যে চেষ্টা করে এরূপ। চেষ্ট্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**চেষ্টিকা**।
চেষ্টমান—যে চেষ্টা করিতেছে এমন, উদ্যোগী; চলৎ। চেষ্ট্+শানচ্ কর্তৃ। বিণ।
চেষ্টা—প্রয়াস, যত্ন, অভীষ্ট-সাধক অনিষ্টনাশক ক্রিয়া; ব্যাপার; কর্ম; গতি; সাহস; উদ্যোগ। চেষ্ট্ +অ ভাব+আপ্। বি; স্ত্রী।
চেষ্টা-চরিত্র—উদ্যোগ-আয়োজন, যোগাড়যন্ত্র। বাংপ্র। বি।
চেষ্টিত—১। সচেষ্ট; যে চেষ্টা করে এমন। চেষ্ট্+ক্ত কর্তৃ; অথবা, চেষ্টা+ইতচ্ জাতার্থে। ২। যে বিষয়ে চেষ্টা করা গিয়াছে বা যাইতেছে এমন। চেষ্ট্+ক্ত কর্ম। বিণ। ৩। চেষ্টা। চেষ্ট্+ক্ত ভাব। বি; ক্লী। ['চিহ্ন'। বি।
চেহারা—মূর্তি, আকৃতি; মুখভাব। < ফা
চৈত—চৈত্র মাস। < চৈত্র। বি।
চৈতন—মস্তকের শিখা। < চৈতন্য। বি।
চৈতনচুটকি—টিকি, শিখা। বাংপ্র। বি।
চৈতন্য—১। চেতনা, সংজ্ঞা; হুঁশ, জাগরণ; জীবন; প্রকৃত অবস্থা সম্বন্ধে জ্ঞান; ব্রহ্ম; প্রকৃতি; শিখা, টিকি। চেতন+ষ্যঞ্ ভাবাদ্যর্থে। বি; ক্লী। ২। শ্রীচৈতন্যদেব। চৈতন্য+অচ্ বিশিষ্টার্থে। বি; পুং।
চৈতন্যময়—জ্ঞানময়, জ্ঞানস্বরূপ। চৈতন্য+ময়ট্ স্বরূপার্থে। বিণ। স্ত্রী, -**য়ী**।
চৈতন্যরূপী (-রূপিন্)—জ্ঞানস্বরূপ, জ্ঞানময়। চৈতন্যই রূপ, কর্মধা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**রূপিণী**।
চৈতন্যোদয়, চৈতন্যোদ্রেক—জ্ঞানসঞ্চার, জ্ঞানের আবির্ভাব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
চৈতালি—চৈত্রমাসে জাত শস্য; চৈত্রমাসে দেয় খাজনা, চৈতী হাওয়া। বাংপ্র। বি।
চৈতালী—চৈত্রমাসের চৈত্রমাসে উৎপন্ন, চৈত্রমাসে সংগৃহীত; চৈত্রমাসসম্বন্ধীয়। বাংপ্র। বিণ।
চৈতী—চৈত্রমাসের। চৈত+ঈ সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ। [স্ত্রী—**চৈত্তী**।
চৈত্ত—চিত্তসম্বন্ধীয়। চিত্ত+অণ্ সম্বন্ধার্থে। বিণ।
চৈত্য—১। পূজাস্থান, যজ্ঞস্থান; বৌদ্ধদিগের দেবালয় বিঃ; রথ্যা বা শ্মশানের পার্শ্বস্থ বৌদ্ধগণের পূজনীয় বৃক্ষ; শ্মশানতরু; গ্রামাদিপ্রসিদ্ধ মহাবৃক্ষ; দেবতা কর্তৃক আশ্রিত বৃক্ষ; জনসমূহের সভাস্থিত তরু; গৃহ; জনসভা; জনসমূহের বিশ্রামস্থান; দেবালয়। বি; ক্লী। ২। চিতাসম্বন্ধীয়। চিত্যা অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—**চৈত্যী**।

চৈত্র, চৈত্রিক—বসন্তকালের দ্বিতীয় মাস, মধুমাস। চৈত্রী+অণ্‌, ইক যুক্তার্থে। বি; পুং।
চৈত্রক—চৈত্রমাস। চৈত্র+কন্‌ স্বার্থে বি; পুং।
চৈত্রী—চৈত্র মাসের পূর্ণিমা। চিত্রা+অণ্‌ যুক্তার্থে+ঈপ্‌। বি; স্ত্রী।
চৈন, চৈনিক—চীনা লোক; চীনদেশীয় ভাষা; চীন-দেশসম্বন্ধীয়; চীনদেশে জাত; চীনদেশীয়। চীন +অণ্‌, ইক ভবার্থে, সম্বন্ধার্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী—**চৈনী, চৈনিকী**।
চৈনেয়—১। চীনদেশজাত। চীন+এয় ভবার্থে। ২। চীনদেশ-সম্বন্ধীয়। চীন+এয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-য়ী**।
[বাংপ্র। অ।
চোঁ—জলশোষণের শব্দ; দ্রুতবেগে গমনসূচক শব্দ।
চোঁ-চোঁ—ক্রমাগত শোষণ; দ্রুত শোষণ; শুষিয়া পান। বাংপ্র। অ।
চোঁচ—আঁশ; খোঁচ; চোরকাঁটা। বাংপ্র। বি।
চোঁচা—একটানা, একদম; একনিঃশ্বাসে; ঊর্ধ্বশ্বাসে। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।
চোঁচাল, চোঁচালো—চোঁচযুক্ত। চোঁচ+আল যুক্তার্থে। বাংপ্র। বিণ।
চোঁয়া—অম্ল; ঈষৎ দগ্ধ। বাংপ্র। বিণ।
চোক, চৌক—গণিতের চিহ্ন বিঃ (।॰)। < চতুষ্ক। বি।
[বাংপ্র। বি।
চোকর—গমের ভূষি প্রঃ, শস্যের ছাল।
চোকলা—ফলাদির খোসা; ফালি; কাষ্ঠাদির লম্বা খণ্ড। বাংপ্র। বি।
চোকা—মিটিয়া যাওয়া, মেটা। বাংপ্র। ক্রি।
চোকানো—মিটানো; শেষ করা; তীক্ষ্ণ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চোখ—চক্ষু, নয়ন। <চক্ষুস্‌। বি। **চোখ উঠা**—চোখের একপ্রকার রোগ হওয়া। **চোখ কাটানো**—চোখের ছানি তোলা। **চোখ খোলা**—জ্ঞান হওয়া। **চোখ গালা**—চোখের তারা উপড়ানো। **চোখ টাটানো**—ঈর্ষ্যা হওয়া। **চোখ টেপা**—চোখের পাতা ফেলিয়া ইঙ্গিত করা। **চোখ ঠারা**—বাঁকা চাহনিতে ইঙ্গিত করা। **চোখ নাচা**—চোখের পাতা কাঁপিতে থাকা। **চোখ পাকানো**—রাগে চোখ ঘোরানো। **চোখ ফোটা**—প্রকৃত বিষয়ের জ্ঞান হওয়া। **চোখ ফোটানো**—প্রকৃত বিষয় জানাইয়া সতর্ক করিয়া দেওয়া; জ্ঞান দেওয়া। **চোখ বুলানো**—উপর উপর দেখা। **চোখ রাখা**—সাবধান হওয়া; মনোযোগী হওয়া; দেখাশুনা করা। **চোখ রাঙানো**—রাগে চোখ লাল করা; তীব্র দৃষ্টিতে ভয় দেখানো। **চোখে আঙ্গুল দেওয়া**—কোন বিষয় ভালভাবে নির্দেশ দিয়া বুঝানো। **চোখে ঠুলি দেওয়া**—না দেখা; উপেক্ষা করা। **চোখে ধরা**—দেখিয়া পছন্দ হওয়া। **চোখে ধুলা দেওয়া**—ফাঁকি দেওয়া; প্রতারণা করা। **চোখের চামড়া বা পর্দা**—চক্ষুলজ্জা। **চোখের দেখা**—ক্ষণকালের দেখা, কেবল দেখা। **চোখের নেশা**—দেখিবার তীব্র আকাঙ্ক্ষা। **চোখের বালি**—চক্ষুশূল, চক্ষুর পীড়াদায়ক। **চোখের মাথা খাওয়া**—(ক্রোধোক্তিতে) দৃষ্টিশক্তিহীন হওয়া; অমনোযোগী হওয়া।
চোখ-খাকী, -খাগী—(ক্রোধোক্তিতে) অন্ধ নারী, বিচারবুদ্ধিহীনা রমণী। চোখ—খা+উকা, উগা কর্তৃ, সংক্ষেপে চোখখেকো, -খেগো, তদুত্তরে+ঈ (বাংপ্র)। বি বা বিণ; স্ত্রী।
চোখ-গেল—পক্ষী বিঃ (ইহারা 'চোখ গেল' শব্দের ন্যায় শব্দ করিয়া থাকে)। বাংপ্র। বি।
চোখ-রাঙানি, -রাঙ্গানি—ভ্রূকুটিপ্রদর্শন, ক্রুদ্ধ-দৃষ্টিপ্রদর্শন। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
চোখা, চোখো—তীক্ষ্ণ; শাণিত; মর্মভেদী; খাঁটী; তীব্র-আস্বাদবিশিষ্ট। বাংপ্র। বিণ।
চোখানো—শাণ দেওয়া। বাংপ্র। ক্রি। [, বি, বিণ]।
চোখাল, চোখালো—তীক্ষ্ণ, তীব্র আস্বাদবিশিষ্ট; চালাক; প্রগল্‌ভ। বাংপ্র। বিণ।
চোখো—'চোখা' দ্রঃ।
চোগা—সমস্ত পরিচ্ছদের উপরিভাগে স্থিত সম্মুখভাগ খোলা একপ্রকার লম্বা ঢিলা জামা। <তু 'চুগহ্‌'। বি।
চোঙ, চোঙ্গ—দীর্ঘ বৃহৎ নল। হি। বি।
চোঙা, চোঙ্গা—নল, নলী; সচ্ছিদ্র বংশখণ্ড। চোঙ, চোঙ্গ+আ স্বার্থে (হি-মূ)। বি।
চোট—আঘাত, ঘা; ফোসকা; বেগ; জোর; ক্রোধ-প্রকাশ; ঝাঁজ, তেজ; আড়ম্বর; দফা, বার। হি। বি। **চোট করা**—রাগ করা, রাগ দেখানো; আঘাত দেওয়া।
চোটপাট—রাগ; আস্ফালন; তিরস্কার। বাংপ্র। বি। **চোটপাট করা**—রাগ করা; রাগ দেখানো; আস্ফালন করা।
চোটা—প্রতিদিনের জন্য অত্যধিক সুদ। বাংপ্র। বি। **চোটা খাটা**—দৈনিক বা সাপ্তাহিক অত্যধিক সুদে টাকা খাটা। **চোটা খাটানো**—দৈনিক বা সাপ্তাহিক অত্যধিক সুদে টাকা খাটানো।
চোটানো—ঠোকরানো; আঘাতকরণ; বিদারণ; কোপানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চোট্টা—চোর, তস্কর; ঠক; দুশ্চরিত্র ব্যক্তি। হি। বি।
চোট্টামি—চুরি; প্রবঞ্চনা। চোট্টা+মি ভাবে (হি-মূ)। বি।
[অপরিচ্ছন্ন। বাংপ্র। বিণ।
চোতা, চোথা—বাজে, ওঁচা; অপ্রয়োজনীয়;
চোদ্দ—চৌদ্দ, ১৪; ১৪-সংখ্যক। <চতুর্দশ। বি বা বিণ।
চোদ্দই, চৌদ্দই—মাসের চতুর্দশ দিবস। চোদ্দ, চৌদ্দই+ই তারিখ অর্থে (বাংপ্র)। বি।
চোনা—গোমূত্র; গবাদি পশুর প্রস্রাব। বাংপ্র। বি।
চোনানো—(গবাদির) মূত্র ত্যাগ করা। বাংপ্র। ক্রি [, বি]।
চোপ—১। কোপ, দা প্রভৃর আঘাত; আশাসোঁটা। বি। ২। চুপ থাক। বাংপ্র। অ।
চোপদার—যে ভৃত্য আশাসোঁটা বহন করে ("সারি সারি চোপদার হাতে হেমছড়ি"—হেম)। <ফা 'চোবদার'। বি।

চোপদারি—চোপদারের কাজ। চোপদার+ঈ কর্মার্থে। ফা-মূ। বি। [তর্কবিতর্ক। বাংপ্র। বি।
চোপরা—বাচালতা, মুখে মুখে কথার উত্তর দেওয়া;
চোপসা—নীরস, শুকনা; সংকুচিত। বাংপ্র। বিণ।
চোপসানো—চুপসানো (তাহা দ্রঃ)।
চোপা—ফল প্রভৃ খোসা; মুখ ("যদি দেখ মাকুন্দ চোপা"—খনার বচন); তিরস্কার; কটু কথা; মুখরতা। বাংপ্র। বি।
চোপানো—দা প্রঃ অস্ত্র দিয়া কোপানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চোবে—মথুরার ব্রাহ্মণশ্রেণী বিঃ; চতুর্বেদী ব্রাহ্মণের উপাধি। <চতুর্বেদী। বি।
চোবানো—চুবানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চোয়া—ফোঁটা ফোঁটা করিয়া পড়া, ক্ষরিত হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
চোয়াড়—১। ব্যাধ। প্রা কপ্র। ২। অসভ্য, বর্বর; ছোট লোক। বাংপ্র। বি বা বিণ।
চোয়াড়পনা—চোয়াড়ের ব্যবহার, অশিষ্ট গোঁয়ার আচরণ। চোয়াড়+পনা ভাবে (বাংপ্র)। বি।
চোয়াড়ে—চোয়াড়ের ন্যায়, গোঁয়ার। চোয়াড়+এ (<ইয়া) সদৃশার্থে (বাংপ্র)। বিণ।
চোয়ানো—চুয়ানো (তাহা দ্রঃ)।
চোয়ানি—চুয়ানি (তাহা দ্রঃ)।
চোয়াল—মুখগহ্বরের উভয় পার্শ্ব, হনু। বাংপ্র। বি।
চোর—তস্কর, যে চুরি করে; গন্ধদ্রব্য বিঃ; কৃষ্ণশঠী। চুর্+অচ্ কর্তৃ। বি; পুং। **চোরে চোরে কুটুম্বিতা**—একই রূপ অসৎ লোকের মধ্যে সদ্ভাব। **চোরে চোরে মাসতুতো ভাই**—অসৎ লোকে পরস্পর আত্মীয়, পরস্পর সমতুল। **চোরের মায়ের কান্না**—স্নেহ-ভালবাসা থাকিলেও দোষী আত্মীয়ের জন্য বাহিরে দুঃখপ্রকাশ না করিয়া মনে মনে কষ্ট পাওয়া। [বাংপ্র। বি।
চোরকাঁটা—ডাটুই, একপ্রকার ঘাস ও তাহার ফল।
চোরকুঠরি, -কুঠারি—ঘরের ভিতরের ঘর; গুপ্ত ঘর; সিঁড়ির নীচের খোপ। বাংপ্র। বি।
চোরখণ্ডা—চোর ও অন্যান্য ধরনের দুষ্টলোক ("চোরখণ্ডা হইতে তুমি নাহি কর ভয়"—কবিকঙ্কণ)। প্রা কপ্র। বি। [বি।
চোরছেঁচড়—চোর ও অপরাপর দুষ্ট লোক। বাংপ্র।
চোরনী—স্ত্রী-চোর। চোর+নী (বাংপ্র)। বি।
চোরা—১। অপহৃত, গুপ্ত; চোরের উপযুক্ত। চুরি+আ প্রাপ্তার্থে, যোগ্যার্থে। বিণ। ২। চোর, তস্কর। চোর+আ স্বার্থে (বাংপ্র)। বি।
চোরাই—অপহৃত; গোপনে কৃত। চুরি+আই প্রাপ্তার্থে (বাংপ্র)। বিণ। **চোরাই কারবার**—চোরাই মালের বে-আইনী কারবার।
চোরা-কারবার—বে-আইনী কারবার। বাংপ্র বি।
চোরাগর্ত—ঘাস ইঃতে ঢাকা যে গর্ত বাহির হইতে দেখা যায় না। কর্মধা (বাংপ্র)। বি।
চোরাগলি—গলির ভিতরের সরু গলি, সংকীর্ণ অন্ধকার গলি। কর্মধা (বাংপ্র)। বি।
চোরা-গাই—যে গোরু দোহন করিলে সহজে দুধ পাওয়া যায় না। বাংপ্র। বি।
চোরাগোপ্তা—গোপনে সম্পাদিত। বাংপ্র। বিণ।
চোরা-পাহাড়—সাগরের জলের ভিতরে অদৃশ্য পাহাড়, submarine rock. কর্মধা (বাংপ্র)। বি।
চোরা-বালি—নদীতীরের বা মরুভূমির যে বালির উপর দিয়া কেহ গমন করিলে তাহা ধসিয়া যায় এবং গমনকারী বালির নীচে ক্রমশঃ বসিয়া যায় তাহা। কর্মধা (বাংপ্র)। বি।
চোরায়সি—লুকাইয়াছ; চুরি করিয়াছ ("চিকুরে চোরায়সি চামর কাঁতি"—গোবিন্দ)। প্রা কপ্র। ক্রি।
চোরিত—অপহৃত। চুর্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
চোল—ঘাগরা; কাঁচুলি; তাঞ্জোরের নিকটবর্তী প্রাচীন দেশ বিঃ। চুল্+অচ্ কর্তৃ। বি; ক্লী।
চোলক—বর্ম; ঘাগরা; বল্কল। চোল+ কন্ স্বার্থে। বি; পুং।
চোলাই—১। বকযন্ত্র দ্বারা পাতন; চুয়ানো। বি। ২। পরিস্রুত, চুয়ানো। বাংপ্র। বিণ।
চোলিকা, চোলী—ঘাগরা; কাঁচুলি। চোলক+আপ্; চোল+ঈপ্। বি; স্ত্রী।
চোষ, চোষণ—শোষণ। বাংপ্র। বি।
চোষক—শোষণকারী; জোঁক প্রঃ প্রাণী যে অঙ্গ দ্বারা অপরের দেহ হইতে রক্তাদি চুষিয়া লয়, sucker. বাংপ্র। বি বা বিণ।
চোষ-কাগজ—কালি প্রঃ তরল পদার্থ শুষিয়া লইবার কাগজ, blotting-paper. ৪র্থীতৎ বা মধ্যপ (বাংপ্র)। বি।
চোষা—১। শোষণ করা: মুখ দিয়া রস টানিয়া লওয়া। ক্রি [, বি]। ২। শোষিত; যাহা চোষা হইয়াছে এমন; চোপসা। চোষ্+আ কর্ম (বাংপ্র)। বিণ।
চোষ্য—যাহা চুষিয়া খাইতে হয় এমন। চুষ্+ণ্যৎ কর্ম পুষোদরাদি অথবা <চুষ্য। বিণ।
চোস্ত—চৌরস, সমতল; সুপ্রতুল; চতুর; পরিপাটী। <ফা 'চুস্ত্'। বিণ।
চৌ—(সমাসে পূর্বপদে) চারি। <চতুর্। বিণ।
চৌক—চারি পণ; খাতের পরিমাণ বিঃ। <চতুষ্ক বি।
চৌকস, চৌকশ—মনোযোগী, সতর্ক; সকল বিষয়ে অভিজ্ঞ; কার্যদক্ষ; সর্বাঙ্গসুন্দর। <চতুষ্ক। বিণ।
চৌকা—১। চারকোনা, সমচতুর্ভুজ। <চতুষ্কোণ। বিণ। ২। চারি ফোঁটা চিহ্নিত তাস। বাংপ্র। বি।
চৌকাঠ, চৌকাট—দরজা অথবা জানালার চারিদিকের কাঠামো [উপরের দিকের কাঠ কপালী, নীচের কাঠ গোবরাঠ, দুই পাশের কাঠ বাজু]। বহু (বাংপ্র)। বি। **চৌকাঠ না মাড়ানো**—বাড়িতে না আসা।
চৌকি—১। কুরসী, আসন; চেয়ার; তক্তাপোশ। <চতুষ্কী। ২। পাহারা, রক্ষা; থানা, ফাঁড়ি;

মহকুমা। ⟨চতুষ্ক। বি। **চৌকি হাঁকা**—রাত্রে গৃহস্থকে সজাগ করিবার জন্য চৌকিদার কর্তৃক উচ্চৈঃস্বরে চিৎকার করা।

চৌকিদার—পাহারাওয়ালা; কর আদায়ের পেয়াদা। চৌকি+দার নিযুক্তার্থে (বাংপ্র)। বি।

চৌকিদারি—চৌকিদারের কার্য, পাহারা দেওয়া। চৌকিদার+ই কর্মার্থে (বাংপ্র)। বি।

চৌকিদারী—চৌকিদারসম্বন্ধীয় ('—ট্যাক্স')। চৌকিদার+ঈ সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।

চৌকোনা—চারিকোণযুক্ত। ⟨চতুষ্কোণ। বহু। বিণ।

চৌখুপ—চৌকা খোপ, চেক। বাংপ্র। বি।

চৌখুপী—চারিখোপবিশিষ্ট; চৌকা, চারিকোনা ঘর-আঁকা। চৌখোপ+ঈ যুক্তার্থে (বাংপ্র)। বিণ।

চৌগুণ, চৌগুণা, চৌগুণো—চারগুণ। ⟨চতুর্গুণ। বিণ।

চৌগোপ্পা—যাহার লম্বা দাড়ি দুই ভাগ করিয়া উপরের দিকে দুই পাশের গোঁপের সহিত মিলানো হইয়াছে এরূপ। বাংপ্র। বিণ।

চৌঘুড়ী—চারিঘোড়াবিশিষ্ট বা চারি ঘোড়ার গাড়ি। চৌঘোড়া+ঈ যুক্তার্থে (বাংপ্র)। বি বা বিণ।

চৌচাকলা, চৌচেল্লা—চারিখানা, চারিখণ্ডে বিভক্ত, বহুভাগে বিভক্ত। বহু (বাংপ্র)। বিণ।

চৌ-চাকা—চারিচক্রবিশিষ্ট; চারিভাগে বিভক্ত। বহু (বাংপ্র)। বিণ। [বি।

চৌচাপট—সমচতুর্ভুজ; চারিদিকের স্থান। বাংপ্র।

চৌচাপটে—পূর্ণমাত্রায়, সম্পূর্ণভাবে। বাংপ্র। ক্রি-বিণ। [বাংপ্র। বি।

চৌচালা—চারিচালযুক্ত ঘর। চৌচাল+আ যুক্তার্থে।

চৌচির—বহুখণ্ড, চারিখণ্ডে বিভক্ত। চৌ (চারি) ভাগে চির, সুপ্ (বাংপ্র)। বিণ।

চৌচেল্লা—'চৌচাকলা' দ্রঃ। [দিবস। বাংপ্র। বি।

চৌঠ—১। চতুর্থ। বিণ। ২। চৌথ; মাসের চতুর্থ

চৌঠা, চৌঠো—মাসের চতুর্থ দিন। ⟨চতুর্থ। বি।

চৌতলা, চৌতালা—চারিতলা, উপর্যুপরি চারি-থাকবিশিষ্ট। ⟨চতুস্তল। বহু। বিণ।

চৌতাল—ছয়টি পদের একটি ১২ মাত্রার তাল। বহু (বাংপ্র)। বি। [দ্রঃ)।

চৌতালা—১। 'চৌতলা' দ্রঃ। ২। 'চৌতাল' (তাহা

চৌত্রিশ—৩৪-সংখ্যা বা ৩৪-সংখ্যক। ⟨চতুস্ত্রিংশৎ। বি বা বিণ।

চৌথ—কর বিঃ; প্রজাগণ আপনাদিগের জমির গাছপালা কাটিলে তাহার চতুর্থাংশের যে মূল্য জমিদারকে প্রদান করে তাহা; রাজস্বের চতুর্থাংশ। ⟨চতুর্থ। বি।

চৌদিক—চারদিক্। ⟨চতুর্দিক্। বি।

চৌদিগ—চারিদিক্। কপ্র। বি।

চৌদোলা—যান বিঃ। ⟨চতুর্দোলা। বি।

চৌদ্দ—সংখ্যা বিঃ, ১৪; ১৪-সংখ্যক। ⟨চতুর্দশ। বি বা বিণ।

চৌদ্দপুরুষ—পিতাপিতামহাদি ক্রমে ঊর্ধ্বতন চতুর্দশ পুরুষ; অধস্তন চতুর্দশ পুরুষ; ঊর্ধ্বতন সাত-পুরুষ ও অধস্তন সাতপুরুষ। বাংপ্র। বি।

চৌধুরাণী, রাণি, -রানী—জমিদার স্ত্রীলোকের পদবী বিঃ। বাংপ্র। বি।

চৌধুরী—গ্রামের প্রধান ব্যক্তি; মোড়ল; সর্দার; নগরের মধ্যে প্রধান ব্যবসায়ী; বাজারের সর্দার; জমিদারির পরিচায়ক উপাধি বিঃ; সাধারণ-উপাধি বিঃ। ⟨চতুর্ধুরীণ। বি।

চৌপথ—চৌমাথা, চৌরাস্তা। ⟨চতুষ্পথ। বহু। বি।

চৌপদী—বাংগালা কবিতার একপ্রকার ছন্দ। ⟨চতুষ্পদী। বি।

চৌপর—চারিপ্রহর। বাংপ্র। বি।

চৌপাড়ি, চৌবাড়ি—টোল; চারি চালাযুক্ত ঘর। ⟨চতুষ্পাঠী। বি।

চৌপায়া—চারিপায়াবিশিষ্ট। বহু (বাংপ্র)। বিণ।

চৌপাশ—চারিপাশ। কর্মধা (বাংপ্র)। বি।

চৌবাচ্চা—বাড়িতে জল রাখিবার চারকোনা কুণ্ড। ⟨ফা 'চাহ্‌বচ্চ'। বি।

চৌবাড়ি—'চৌপাড়ি' দ্রঃ। [বি বা বিণ।

চৌমহলা—চারিমহলা যুক্ত বাড়ি, চৌতলা। বাংপ্র।

চৌমাথা—চারিপথের সংযোগস্থল, চতুষ্পথ। চৌএর (চারিপাশের) মাথা, ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

চৌমোহনা—চৌমাথা, চৌরাস্তা। বাংপ্র। বি।

চৌম্বক—আকর্ষক; চুম্বকসংক্রান্ত; magnetic. চুম্বক+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

চৌম্বক শক্তি—চুম্বকের আকর্ষণ করিবার গুণ, magnetic energy.

চৌর—চোর। চোর+অণ্ স্বার্থে। বি; পুং।

চৌরস—সমতল, সমান; চোস্ত; প্রশস্ত; চারকোনা; অবাধ; নির্বিঘ্ন। ⟨চতুরস্র। বিণ।

চৌরাশি, -শী—সংখ্যা বিঃ, ৮৪; ৮৪-সংখ্যক। ⟨চতুরশীতি। বি বা বিণ।

চৌরাস্তা—চৌমাথা। চৌ রাস্তা (মিলিত) যেখানে, বহুব্রী (বাংপ্র)। বি।

চৌর্য—চুরি। চোর+য্যঞ্ ভাবে। বি; ক্লী।

চৌর্যবৃত্তি—চুরি-ব্যবসায়। কর্মধা। বি; স্ত্রী।

চৌর্যোন্মাদ—চুরি করার ভীষণ বাতিক, clyptomania. চৌর্যে উন্মাদ, ৭মীতৎ। বি; পুং।

চৌষট্টি—৬৪-সংখ্যা; ৬৪-সংখ্যক। ⟨চতুঃষষ্টি। বি বা বিণ। **চৌষট্টি কলা**—৬৪ প্রকার কলাবিদ্যা।

চৌহদ্দি—চতুঃসীমা। হি-মু। বি।

চ্যবন—১। ভৃগুনন্দন। চ্যু+অন কর্তৃ। বি; পুং। ২। ভ্রষ্ট হওয়া; ক্ষরণ। চ্যু+অনট্ ভাব। বি; ক্লী।

চ্যবনপ্রাশ—কবিরাজী ঔষধ বিঃ। চ্যবন—প্র—অশ্+ঘঞ্ কর্ম। বি; পুং।

চ্যাংড়া—'চেংড়া' দ্রঃ।

চ্যাপটা—'চেপটা' দ্রঃ।

চ্যুত—ভ্রষ্ট; ক্ষরিত; কোন স্থান বা অধিকার হইতে বহিষ্কৃত; চঞ্চল; নষ্ট। চ্যু+ক্ত কর্তৃ। বিণ।

চ্যুতি—ক্ষরণ; হানি; নাশ; ভ্রংশ; অপসরণ, deviation. চ্যু+ক্তি ভাব। বি; স্ত্রী।

[ছ]

ছ—১। বাংলা ভাষার সপ্তম ব্যঞ্জনবর্ণ [ইহার উচ্চারণস্থান তালু] ২। ছয়; ৬-সংখ্যক ('ছ দিন', 'ছ বুড়ি')। <ষট্। বি বা বিণ।

ছই, ছৈ—নৌকার ছাদ; গোরুর গাড়ির চাল। <ছদি। বি।

ছক—নকশা; পাশা বা দাবা খেলার ঘর। বাংপ্র। বি। **ছক কাটা**—দাবা প্রঃ খেলার জন্য রেখা দ্বারা চারকোনা ঘর চিহ্নিত করা।

ছক-কাগজ—যাহাতে অনেকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র বর্গ-ক্ষেত্রে অঙ্কিত থাকে এরূপ কাগজ, graph paper. ছক-কাটা কাগজ, মধ্যপ। বাংপ্র। বি।

ছক-কাটা—রেখা দ্বারা চারিকোনা ঘরে বিভক্ত। বহু (বাংপ্র)। বিণ। [বিণ।

ছকড়া-নকড়া—অতিসুলভ; বিশৃঙ্খল; তুচ্ছ। বাংপ্র।

ছকা—১। ছক-আঁকা, নকশা-করা। ছক্+আ কর্ম। বিণ। ২। ছক করা, নকশা করা। বাংপ্র। ক্রি [, বি]। [<শকট। বি।

ছক্কড়—ছেকড়া গাড়ি, নিকৃষ্ট ঘোড়ার গাড়ি।

ছক্কা—১। আলু কুমড়া প্রঃর সংযোগে প্রস্তুত তরকারি বিঃ: ধ্বন্যাত্মক শব্দ। ২। ছয়বিন্দু বিশিষ্ট তাস; তাস খেলায় কোন পক্ষ একবারে পিঠ না পাইলে তাহাদের বিরুদ্ধে যে ছয়বিন্দু-বিশিষ্ট তাস রক্ষিত হয় তাহা। <ছয়। বি।

ছচল্লিশ—৪৬-সংখ্যা; ৪৬-সংখ্যক। <ষট্চত্বারিংশৎ। বি বা বিণ। [ক্রি [, বি, বিণ]।

ছটকানো—ছিটকাইয়া পড়া; সক্রিয় পড়া। হি-গু।

ছট্‌ফট্—অস্থিরতা প্রকাশ; অত্যন্ত কাতরতা প্রদর্শন। বাংপ্র। অ। [বি।

ছটফটানি, ছটফটি—ব্যাকুলতা, অস্থিরতা। বাংপ্র।

ছটফটানো—ছটফট করা, ব্যাকুলতা প্রকাশ করা; কাতরতা প্রকাশ করা। বাংপ্র। ক্রি [, বি]।

ছটফটে—অস্থির; চতুর। ছটফট+এ (<ইয়া) কর্তৃ অর্থে। বিণ। [ছিটা। বাংপ্র। অ।

ছটরা, ছড়রা, ছররা—ছোট গুলি, পাখি প্রঃ মারিবার

ছটা—১। দীপ্তি; শোভা। ছো+অটন্ ভাব+আপ্। ২। সমূহ; পরম্পরা; রেখা। ছো+অটন্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী। <ঘট্-টঙ্ক। বি।

ছটাক—পাঁচ তোলা; কাঠার ষোল ভাগের একভাগ।

ছটাকে, -কি—১। ছোট; একছটাক ওজনের ('—আঁশফল')। বিণ। ২। ছেলেমেয়ের ডাক নাম। বাংপ্র। বি।

ছটামণ্ডল—সূর্যগ্রহণের সময় সূর্যের বর্ণমণ্ডলের চতুর্দিকে যে তীব্র আলোকচ্ছটা দেখা যায় তাহা, corona. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ছড়—১। আঁচড়; বেহালা ইঃ বাজাইবার ছড়ি। <হড়া (> ঝড্ডি > যষ্টি)। ২। ছাল, চামড়া; বল্কল। <ছল্লি। বি।

ছড়া—১। গুচ্ছ, মালা; হার; বরকন্যার বস্ত্রের সংযোগগ্রন্থি; বিক্ষেপ; শ্লোক। বি। ২। যাহার ছাল বা খোসা ছাড়ানো হইয়াছে এরূপ। বিণ। ৩। ছাল বা খোসা ছাড়ানো। বাংপ্র। ক্রি। ৪। ছড়াইয়া বা ছিটাইয়া দেওয়ার জিনিস; ছিটা। <ছটা। বি। **ছড়া কাটা**—শ্লোক আবৃত্তি করা। **ছড়া দেওয়া**—মাঙ্গল্যকর্মে গোময়-জল গঙ্গাজল প্রঃ ছিটানো। **ছড়া ভাঙ্গা**—ছড়ার অর্থ করা; গুচ্ছ হইতে পৃথক্ করা।

ছড়াছড়ি—অযত্নে ইতস্ততঃ বিক্ষেপ; আধিক্য, আতিশয্য। বাংপ্র। বি। [বাংপ্র। বি।

ছড়াদার—কবিওয়ালা। ছড়া+দার প্রণেতা অর্থে।

ছড়ানো—বিস্তৃত করা; বীজাদি নিক্ষেপ করা; ছিটানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ছড়াহাঁড়ি—গোবর-জল ছড়াইবার হাঁড়ি; ন্যাতা দিবার হাঁড়ি। মধ্যপ (বাংপ্র)। বি।

ছড়ি—সরু লাঠি; বেহালা ইঃ বাজাইবার দণ্ড। <যষ্টি। বি।

ছত্তরি—গাড়ি অথবা নৌকার ছই; মশারি খাটাইবার কাঠের তৈয়ারী কাঠামো; ছাদ, চাল; এক-প্রকার আলো। <ছত্র। বি।

ছত্তর—১। পঙ্ক্তি; লাইন। <ছত্র। ২। সদাব্রত। <সত্র। বি।

ছত্বর—গৃহ; কুঞ্জ। ছদ্+ষ্বরচ্ কর্ম সংজ্ঞার্থে (দ্-স্থানে ত্)। বি; পুং।

ছত্র—১। আতপত্র; ছাতা। ছদ্+ণিচ্+ষ্ট্রন্, র করণ। বি; ক্লী। ২। কোঁড়ক; পঙ্ক্তি। ছদ্+ষ্ট্রন্ র কর্তৃ। ৩। আচ্ছাদন। ছদ্+ণিচ্+ষ্ট্রন্, র ভাব। ৪। ছাতিয়া গাছ। ছদ্+ণিচ্+ষ্ট্রন্, র কর্তৃ। বি; পুং। ৫। অন্নদানশালা। <সত্র। বি।

ছত্রক—ছত্র; ভেকচ্ছত্র: বেঙের ছাতা, শিলীন্ধ্র mushroom; ছাতা, fungus. ছত্র+কন্ তুল্যার্থে। বি; ক্লী।

ছত্রদণ্ড—১। রাজচ্ছত্র। কর্মধা। ২। ছত্র এবং দণ্ড। দ্বন্দ্ব। ৩। ছাতার বাঁট। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ছত্রধর—ছত্রধারণকারী। ৬ষ্ঠীতৎ। বিণ।

ছত্রধারী (-ধারিন্)—১। ছত্রধারণকারী। উপতৎ; ছত্র—ধৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ধারিণী। ২। রাজা। প্রা কপ্র। বি। [তৎ। বি; পুং।

ছত্রপতি—সম্রাট্; মহারাজ শিবাজীর উপাধি। ৬ষ্ঠী-

ছত্রভঙ্গ—১। স্বাতন্ত্র্য; অরাজকতা; বিশৃঙ্খলা। ছত্রের (রাজচ্ছত্রের) ভঙ্গ, ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। বিশৃঙ্খল; বিক্ষিপ্ত; দলভ্রষ্ট। বহু। বিণ।

ছত্রাক—বেঙের ছাতা। ছত্র—কৈ+ক কর্তৃ। বি; পুং।
ছত্রাকার—ছড়ানো; বিক্ষিপ্ত; ছত্রের তুল্য। বহু। ত্রিংশৎ। বি বা বিণ।
ছত্রিশ—সংখ্যা বিঃ; ৩৬; ৩৬-সংখ্যক। < ষট্-বিণ।
ছত্রী (ছত্রিন্)—১। নাপিত। বি; পুং। ২। ছত্রধারী। ছত্র+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—ছত্রিণী।
ছত্রী—জাতি বিঃ; খেত্রী। < ক্ষত্রিয়। বি।
ছদ—পত্র; পক্ষ; আচ্ছাদন; তমালবৃক্ষ; গ্রন্থিপর্ণ বৃক্ষ। ছদ্+ণিচ্+ঘ করণ। বি; পুং।
ছদ্ম (ছদ্মন্)—ছল। ছদ্+মন্ করণ। বি; ক্লী।
ছদ্মবেশ—কপটবেশ; আত্মপরিচয় গোপনের উপযোগী বেশ। ছদ্মপূর্ণ বেশ, মধ্যপ। বি; পুং।
ছদ্মবেশী (-বেশিন্)—ছদ্মবেশধারণকারী; কাপটিক। ছদ্মবেশ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -বেশিনী।
ছন—ঘর ছাইবার তৃণ বিঃ। বাংপ্র। বি।
ছনছন—অস্থির হওয়া; অল্প অল্প জ্বালা বা বেদনা অনুভব; মূত্রাদির নিঃসরণ ও পতনের শব্দ। বাংপ্র। অ। [বি; পুং।
ছন্দ—অভিলাষ; প্রবৃত্তি; বশতা। ছন্দ্+ঘঞ্ ভাব।
ছন্দঃ (ছন্দস্), **ছন্দ**—১। পদ্যবন্ধ; পদ্যের রচনা-রীতি; লয়সমন্বিত গতি; ছাঁদ; প্রকার; পদ্যের ভেদবোধক সংজ্ঞা বা জাতি; স্বেচ্ছাচার; ইচ্ছা। চন্দ্+অস্ ভাব। ২। বেদ; বেদাঙ্গ বিঃ। <চন্দ্+অস্ কর্ম। বি; ক্লী।
ছন্দঃপতন, -পাত—কবিতার ছন্দের নিয়মলঙ্ঘন; ছন্দের অমিল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং।
ছন্দঃস্পন্দ—ছন্দের ঝংকার; ছন্দের স্ফুরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।
ছন্দবন্ধ—কথার বাঁধনি; কলকৌশল; চেষ্টা-চরিত্র। < ছন্দোবন্ধ। বি।
ছন্দানুগমন, -নুসরণ—ইচ্ছা প্রবৃত্তি বা অভিপ্রায় অনুসারে চলা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ছন্দানুবর্তন, -বর্তি—ইচ্ছা প্রবৃত্তি বা অভিপ্রায় অনুসারে চলা; পরের মন যোগানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী। [বিণ।
ছন্দোবদ্ধ—পদ্যে রচিত। ছন্দ দ্বারা বদ্ধ, ৩য়াতৎ।
ছন্দোবন্ধ—পদ্যে রচনা। ৩য়াতৎ। বি; পুং।
ছন্দোভঙ্গ—ছন্দঃপতন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ছন্ন—গুপ্ত; আচ্ছাদিত; লুপ্ত। ছদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
ছন্নছাড়া—লক্ষ্মীছাড়া; দুর্দশাপন্ন; গৃহচ্যুত; উৎসন্ন। ছন্ন (< ছন্দ) ছাড়িয়াছে যে, উপতৎ (বাংপ্র)। বিণ।
ছন্নমতি—যাহার বুদ্ধিভ্রংশ হইয়াছে এরূপ, নষ্টবুদ্ধি। ছন্না মতি যাহার, বহু। বিণ।
ছপছপ—জলের উপরে কিছুর আঘাতের শব্দ; ভিজা ঝাঁটা দ্বারা আঘাতের শব্দ। বাংপ্র। অ।
ছপ্পর—গৃহের ছাদ বা চাল। হি-মু। বি।
ছবি—১। দীপ্তি, শোভা; উজ্জ্বলতা; সৌন্দর্য। ছো+ক্বিন্ কর্তৃ, করণ। বি; স্ত্রী। ২। চিত্র, আলেখ্য। < আ 'শবীহ্'। বি।
ছমছম—অত্যন্ত আতঙ্কে গাত্রাদির শিহরন; অত্যন্ত ভয়ের ভাব। বাংপ্র। অ।
ছয়—৬-সংখ্যা; ৬-সংখ্যক। < ষট্। বি বা বিণ।
ছয়লাপ—প্লাবিত; পরিপূর্ণ। < ফা 'সইলআব্'। বিণ। [বাংপ্র। বি।
ছয়লাপি—১। পূর্ণতা। ফা-মু। ২। ঠাট্টা-তামাশা।
ছয়কট, ছয়কোট—বিশৃঙ্খলা, গোলযোগ, গণ্ডগোল। ফা-মু। বি।
ছরছর—জলধারা-পতনের শব্দ। বাংপ্র। অ।
ছরিকা—ছড়ি ("বেত্র বংশী ছরিকা জঠর পটে শোভে"—চৈতন্যভাগবত)। প্রা কপ্র। বি।
ছর্‌রা—'ছটরা' দ্রঃ।
ছল—কপটতা; প্রতারণা; চাতুরী; উপলক্ষ; প্রসঙ্গ; কৌশল; ওজর; স্খলন; বক্তা যে শব্দ যে অর্থে প্রয়োগ করেন সে শব্দের সে অর্থ গ্রহণ না করিয়া তাহার উলটা কল্পনা করিয়া প্রতিবাদী যে মিথ্যা দোষারোপ করে তাহা। ছো+কলচ্ ভাব। বি; ক্লী। **ছল ধরা**—কথার দোষ বাহির করা। **ছল পাতা**—ছলনা করা।
ছলগ্রাহী (-গ্রাহিন্)—ছিদ্রানুসন্ধানকারী; দোষদর্শী। উপতৎ; ছল—গ্রহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -গ্রাহিণী।
ছলচাতুরী—শঠতা, ধূর্তামি। দ্বন্দ্ব। বি; স্ত্রী।
ছলছল—১। ঢেউয়ের মৃদু শব্দ। অ। ২। ছলছল; জল-ভরা; তরঙ্গব্যাকুল। ক-প্র। বিণ।
ছলছল—১। উচ্ছলিতপ্রায়; জল-ভরা। বিণ। ২। তরঙ্গাভিঘাতশব্দ; অশ্রুর লক্ষণপ্রকাশ। বাংপ্র। অ।
ছলন, ছলনা—প্রতারণা, শঠতা। ছল+ণিচ্ (= ছলি নামধাতু)+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
ছলা—১। ছলনা; প্রতারণা; আপত্তি। বি। ২। ছল করা, কপটতা করা। কপ্র। ক্রি।
ছলাকলা—ছলনা করিবার কৌশল, প্রবঞ্চনাবিদ্যা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বাংপ্র। অ।
ছলাৎ—তরল দ্রব্য চলকানোর শব্দ; ঢেউয়ের শব্দ।
ছলিত—যাহাকে ছলনা করা হইয়াছে এমন; প্রতারিত। ছলি+ক্ত কর্ম। বিণ।
ছা—শিশু; শাবক, বাচ্চা। <শাব। বি।
ছাআল—ছেলে; শিশু ("ধর্মরাজ বৈল তুমি ছাআল বয়সে।"—কাশী)। প্রা কপ্র। বি।
ছাই—ভস্ম; পাঁশ; তুচ্ছ বিষয়; সামান্য জিনিস। বি। **ছাই করা**—কিছু করিতে না পারা; কার্য পণ্ড করা।
ছাউনি—খড়ের আচ্ছাদন; সামিয়ানা, চাঁদোয়া; সৈন্যদের শিবির। <ছাদনী। বি।
ছাউনি-নাড়া—বিবাহকার্যে স্ত্রী-আচার বিঃ। বাংপ্র। বি।

ছাও—শাবক, শিশু। <শাব। বি।

ছাওয়া—১। তৃণাদির দ্বারা গৃহের আচ্ছাদন প্রস্তুত করা, ঢাকা দেওয়া। ক্রি [, বি, বিণ]। ২। ছায়া বাংপ্র। বি।

ছাওয়ানো—তৃণাদি দ্বারা আচ্ছাদিত করানো; পূর্ণ করানো; জড়ানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ছাওয়াল, ছাবাল—শিশু; ছেলে। <শাবক। বি।

ছাঁক—উষ্ণ স্পর্শ, তপ্ত জিনিসের তাপ। বাংপ্র। বি।

ছাঁকন—ছাঁকিয়া লওয়া, filtration. বাংপ্র। বি।

ছাঁকনা, ছাঁকনি—যাহা দ্বারা ছাঁকা যায়, ছাঁকিবার উপায়স্বরূপ বস্তু। বাংপ্র। বি।

ছাঁকা—১। গুঁড়া বা জলীয় বস্তুকে ছাঁকনি বা কাপড় দ্বারা পরিষ্কার বা পরিস্রুত করিয়া লওয়া; ভাজা জিনিস গরম তেল বা ঘি হইতে হাতা দ্বারা তুলিয়া লওয়া; নিংড়ানো। ক্রি [, বি]। ২। যাহা ছাঁকিয়া লওয়া হইয়াছে এমন; (তাহা হইতে) বিশেষভাবে সংগৃহীত, যাহা হইতে আর কিছু বাদ যাইবে না এমন ('—নম্বর'); ভাজা; পরিষ্কৃত; উৎকৃষ্ট; বিশুদ্ধ; পাকা; ছানিত; নির্বাচিত। বাংপ্র। বিণ। **ছাঁকা কথা**—ঠিক কথা, যে কথা বাজে নয়। **ছাঁকা দেওয়া**—গামছা ইঃ জলে ডুবাইয়া মাছ ইঃ ছাঁকিয়া তোলা। **ছাঁকিয়া ধরা**—কাহাকেও ব্যতিব্যস্ত করা।

ছাঁচ—চালের নিম্নভাগ; আদর্শ; ছক, যাহার মধ্যে ফেলিয়া কোন বস্তু গঠন করিয়া লওয়া যায়, mould; প্রতিকৃতি; ভাব, ধরন। হি-মূ। বি।

ছাঁচতলা—যে-স্থানে ছাঁচের জল পড়ে তাহা। বাংপ্র। বি।

ছাঁচি—খাঁটী; দেশী। <সত্য। বিণ। **ছাঁচি কুমড়া**—দেশী কুমড়া, চাল-কুমড়া। **ছাঁচি গুড়**—আখের গুড়। **ছাঁচি তেল**—সরিষার তৈল। **ছাঁচি পান**—দেশী পান, একপ্রকার সুগন্ধি পান। **ছাঁচি বেত**—একপ্রকার সরু বেত। [ঝাপটা। বাংপ্র। বি।

ছাঁট—কাটা অংশ; জামা প্রঃ কাটিবার ভঙ্গী; বৃষ্টির

ছাঁটছুট—বাদসাদ; কাড়তিপড়তি। বাংপ্র। বি।

ছাঁটা—কাটিয়া বাদ দেওয়া বা ছোট করা; চাউল প্রঃ ঢেঁকিতে পরিষ্কার করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ছাঁটাই—ছাঁটিবার কার্য; ঐ কার্যের পারিশ্রমিক বা বেতন; চাকরি হইতে লোক কমানো, retrenchment; মূল বিষয় হইতে বাদ দিয়া বিষয়ের সংশোধন। ছাঁট+আই ভাব, করণ (বাংপ্র)। বি।

ছাঁটানো—কাটিয়া বাদ দেওয়ানো, অন্যের দ্বারা ছাঁটাই কার্য সম্পাদন করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ছাঁৎ—হঠাৎ খুব ঠাণ্ডা লাগার অনুভূতিবোধক শব্দ; হঠাৎ তীব্র অনুভূতিবোধক শব্দ; সহসা অন্তর্ধান। বাংপ্র। বি।

ছাঁদ—গঠন; ভঙ্গী; শ্রী; ছন্দ; ধরন; যে দড়ি দিয়া গাভীর পা বাঁধিয়া দুধ দোহন করা হয় তাহা। <ছন্দস্। বি।

ছাঁদন—১। দোহনকালে দড়ি দিয়া গাভীর পিছনের দুই পা বাঁধা; ঐরূপ পা-বাঁধা দড়ি; বাঁধন। 'বাঁধন'-এর সহচর শব্দ। ২। কথা বলিবার ভঙ্গী বা কায়দা; প্রকার। <ছন্দস্। বি।

ছাঁদন-দড়ি—গোদোহনকালে গরুর পশ্চাৎ পদদ্বয় বাঁধিবার রজ্জু। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

ছাঁদনা, ছাঁদলা—বিবাহের ছায়ামণ্ডপ। বাংপ্র। বি।

ছাঁদনাতলা, ছাঁদলাতলা—বিবাহের ছায়ামণ্ডপ, যে স্থানে বিবাহবন্ধন সম্পন্ন হয় তাহা। বাংপ্র। বি।

ছাঁদা—১। দোহনকালে গাভীর পদ বন্ধন করা; কথার বাঁধুনি করা; জড়ানো; ফাঁদা। ক্রি [, বি, বিণ]। ২। নিমন্ত্রিত ব্যক্তিগণ খাওয়ার অতিরিক্ত যে খাদ্য গৃহে লইয়া যায় তাহা। বাংপ্র। বি।

ছাগ, ছাগল—অজ, পাঁঠা। ছো+গন্, ছগল+অণ্ স্বার্থে। বি; পুং। স্ত্রী, -গী, -লী।

ছাগলদাড়ি—ছাগলের ন্যায় অল্প পরিমাণ দাড়ি। বাংপ্র। বি। [ঘৃত বিঃ। বি; ক্লী।

ছাগলাদ্য-ঘৃত—ছাগলের চর্বিমিশ্রিত আয়ুর্বেদীয়

ছাগশিশু—ছাগলছানা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ছাট—বৃষ্টির ঝাপটা; ছাড়ি। বাংপ্র। বি।

ছাড়—বর্জন; পরিত্যক্ত অংশ; মুক্তি; ক্ষমা। বাংপ্র। বি।

ছাড়চিঠি—কোন কিছু ছাড়িয়া দিবার অনুমতিপত্র; মাল বা যাত্রী ছাড়িয়া দিবার আদেশপত্র, passport. ছাড়জ্ঞাপক চিঠি, মধ্যপ (বাংপ্র)। বি।

ছাড়নেওয়ালা, -ওলা—ছোড়নেওয়ালা। বাংপ্র। বি।

ছাড়পত্র—ছাড়চিঠি; মুক্তিপত্র; অপর রাষ্ট্রে যাইবার অনুমতিপত্র, passport. ছাড়জ্ঞাপক পত্র, মধ্যপ (বাংপ্র)। বি।

ছাড়া—১। ত্যাগ করা; মুক্তি দেওয়া; বদলানো; দূর হওয়া; নিক্ষেপ করা; গাত্রাদি হইতে খুলিয়া লওয়া; জোড় খুলিয়া যাওয়া; আড়ষ্টভাব দূর হওয়া; ফাঁক ফাঁক হওয়া; উপেক্ষা করা; অতিক্রম করা; ভুলক্রমে বাদ দেওয়া; চালানো ('গাড়ি—')। বাংপ্র। ক্রি [, বি]। ২। বিনা, ভিন্ন। অ। ৩। মুক্ত; ত্যক্ত; অসংলগ্ন; সম্বন্ধহীন। ছাড়্+আ কর্ম (বাংপ্র)। বিণ। **নাড়ী ছাড়া**—নাড়ীর গতি বন্ধ হইয়া আসা, মরণ ঘনাইয়া আসা। **পেট ছাড়া**—বেশী বাহ্য হওয়া। **হাল ছাড়া**—নিরাশ হওয়া।

ছাড়াছাড়া—অসংলগ্ন; আলাদা আলাদা। বাংপ্র। বিণ।

ছাড়াছাড়ি—পরস্পরের মধ্যে বিচ্ছেদ। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।

ছাড়ান—মুক্তি, রেহাই। বাংপ্র। বি।

ছাড়ানো—ত্যাগ করানো; মুক্ত করা; গাত্র হইতে অপসারিত করানো; শস্যাদির খোসা প্রঃ খুলিয়া লওয়া; সংশোধন করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ছাত—ছাদ। <ছত্র। বি।

ছাতলা—ছাতা, fungus, mould; শেওলা। বাংপ্র। বি।

ছাতা—১। আতপত্র; ছাতি। <ছত্র। ২। গরম

বা বিকৃত বস্তুর উপরে দৃশ্যমান শ্বেতবর্ণ উদ্ভিদ্ বিঃ ('ব্যাঙের —')। <ছত্রক। বি।
ছাতা ধরা—আশ্রয় দেওয়া; অভাবমোচন করা; শেওলা জন্মানো।
ছাতারে—একপ্রকার চঞ্চলপ্রকৃতির পাখি; কলহ ও বঞ্চনাপ্রিয় ব্যক্তি। বাংপ্র। বি।
ছাতি—১। আতপত্র, ছাতা। <ছত্র। ২। বক্ষঃস্থল; বুকের পাটা; বিষম সাহস। বাংপ্র। বি। **ছাতি ধরা**—সাহায্য করা। **ছাতি ফাটা**—বুক ফাটা; হিংসায় ভীষণ মনঃকষ্ট হওয়া; তৃষ্ণায় আকুল হওয়া। **বুকের ছাতি**—বুকের পাটা, সাহস।
ছাতিম—এক প্রকার গাছ, সপ্তপর্ণ। বাংপ্র। বি।
ছাতিয়া—ছাতি, বুক ("ফাটি যাওত ছাতিয়া"—বিদ্যা)। প্রা কপ্র। বি।
ছাতু—যবাদিচূর্ণ। <শক্তু। বি।
ছাতুখোর—শক্তুপ্রিয়, যে ছাতু খাইতে খুব ভালবাসে এরূপ। ছাতু+খোর ভক্ষক অর্থে (বাংপ্র)। বিণ বা বি।
ছাতুছাতু—চূর্ণবিচূর্ণ, গুঁড়াগুঁড়া। বাংপ্র। বিণ।
ছাত্র—শিক্ষার্থী; শিষ্য। ছত্র+ণ শীলার্থে। বি; পুং। স্ত্রী, -ত্রা (সং); -ত্রী (বাং)।
ছাত্রজীবন—পঠদ্দশা, পাঠ্যাবস্থা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।
ছাত্রনিবাস—ছাত্রগণের আবাসস্থান, hostel.
ছাত্রবৃত্তি—ছাত্রের উৎসাহ-বর্ধনার্থ পারিতোষিকস্বরূপে মাসিকাদি নিয়মে যে অর্থ দেওয়া যায় তাহা, ছাত্রকে দেয় ভাতা বা জলপানি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ছাত্রাবস্থা—পঠদ্দশা, ছাত্রজীবন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ছাত্রবোধ—যাহাতে ছাত্রগণ সহজে জ্ঞানলাভ করিতে পারে এমন ('—অভিধান')। ছাত্রের বোধ হয় যদ্দ্বারা, বহু। বিণ।
ছাত্রা—শিষ্যা, শিক্ষার্থিনী। ছাত্র+আপ্। বি; স্ত্রী।
ছাত্রাগার—ছাত্রনিবাস, ছাত্রদের থাকিবার জায়গা। ছাত্রদিগের আগার, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ছাত্রাবাস—ছাত্রনিবাস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ছাত্রী—শিষ্যা, শিক্ষার্থিনী; ছাত্রের পত্নী। ছাত্র+ঈ। বি; স্ত্রী।
ছাদ—১। চাল, ছাত। ছদ্+ঘঞ্ করণ। ২। আচ্ছাদিত করণ। ছদ্+ঘঞ্ ভাব। বি; পুং।
ছাদক—আচ্ছাদক; ঘরামি। ছদ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—ছাদিকা।
ছাদন—১। আচ্ছাদন; ঘর ছাওয়া। ছদ্+ণিচ্+অনট্ ভাব। ২। পত্র; ছাল; ছাদ। ছাদি+অনট্ করণ। বি; ক্লী।
ছাদিত—আবৃত; যাহা ছাওয়া হইয়াছে এরূপ, যাহার ছাদ নির্মিত হইয়াছে এরূপ। ছদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
ছানতা—ঝাঁঝরি, সছিদ্র হাতা। বাংপ্র। বি।
ছানা—১। শিশু, বাচ্চা। <শাবক। ২। আমিক্ষা, দুগ্ধবিকার। < ছিন্ন। বি। ৩। বস্ত্রাদি দ্বারা ছাঁকিয়া লওয়া; ঠাসা; মাখা; মিশড়ানো। বাংপ্র। ক্রি।
ছানাপোনা—কাচ্চাবাচ্চা। বাংপ্র। বি। [বি।
ছানাবড়া—ছানা দিয়া তৈয়ারী মিষ্টান্ন বিঃ। বাংপ্র।
ছানি—১। দৃষ্টির হানিকর চোখের রোগ; চোখের উপরের সূক্ষ্ম পর্দা। <ছাদনী। ২। সংকেত; চিহ্ন; গোরুর খাইবার নিমিত্ত কুচানো খড়। বাংপ্র। ৩। পুনর্বিচারের প্রার্থনা। <আ 'শানী'। বি। **ছানি কাটানো**—চোখে অস্ত্রোপচার করিয়া ছানি তুলিয়া ফেলা। **ছানি পড়া**—ছানি রোগ হওয়া।
ছান্দস—বৈদিক; ছন্দঃসংক্রান্ত। ছন্দস্+অণ্ সম্বন্ধীয় অর্থে। বিণ।
ছান্দোগ্য—সামবেদের অংশ বিঃ; তন্নামক উপনিষদ্। ছন্দোগ+ঞ্য ব্যবহারার্থে বা অভ্যাসার্থে। বি; ক্লী।
ছাপ, ছাব—মুদ্রণ; চিহ্ন; ছাপা। বাংপ্র। বি।
ছাপর—খাটের উপরে মশারির চাঁদোয়া। বাংপ্র। বি।
ছাপর-খাট—মূল্যবান্ পালঙ্ক বিঃ; মশারি টাঙ্গাইবার চালাবিশিষ্ট খাট। বাংপ্র। বি।
ছাপরা—চালের খোলা; উপরে আচ্ছাদন দেওয়া অসম্পূর্ণ ঘর। <খর্পর। বি।
ছাপা—১। মুদ্রণ; মুদ্রাঙ্কন; গোপন; পরিপূরণ; উচ্ছলন। ছাপ্+আ ভাব (বাংপ্র)। বি। ২। মুদ্রাঙ্কিত; মুদ্রিত; চিহ্নিত; গুপ্ত; উচ্ছলিত; পরিপূর্ণ। ছাপ্+আ কর্ম, কর্তৃ (বাংপ্র)। বিণ। ৩। পুস্তকাদি মুদ্রিত করা; বস্ত্রাদি রঞ্জিত করা; গোপন করা; পরিপূর্ণ হওয়া; উচ্ছলিত হওয়া। বাংপ্র। ক্রি।
ছাপাই—১। মুদ্রাঙ্কন-সম্বন্ধীয়। বিণ। ২। মুদ্রণ। বাংপ্র। বি। [বি।
ছাপাখানা—মুদ্রণশালা, প্রেস। ছাপা+খানা। বাংপ্র।
ছাপাছাপি—১। ঢাকাঢাকি; সকলের নিকটে গোপন করা; আতিশয্য, পাত্রের পূর্ণতা; সীমাতিক্রম। বি। ২। পাত্র ছাপাইয়া উঠিয়াছে এমন। বাংপ্র। বিণ।
ছাপানো—মুদ্রিত করানো; লুকানো; পরিপূর্ণ হওয়া, উপচানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ছা-পোষা—অল্প রোজগারে যাহার অনেক পোষ্য এমন। বাংপ্র। বিণ।
ছাপ্পর—খোলার চাল। বাংপ্র। বি।
ছাপ্পান্ন—৫৬-সংখ্যা; ৫৬-সংখ্যক। <ষট্পঞ্চাশৎ। বি বা বিণ।
ছাব—'ছাপ' দ্রঃ।
ছাবা—১। আঁকা; ছাপ দেওয়া; মোহরাঙ্কিত করা। ক্রি। ২। চিহ্নিত; অঙ্কিত। বিণ। ৩। ছাপ; একপ্রকার মিষ্টান্ন; ফুল-পাতার চিহ্ন। বাংপ্র। বি।
ছাবাল—'ছাওয়াল' দ্রঃ।
ছাব্বিশ—২৬-সংখ্যা; ২৬-সংখ্যক। <ষড়্বিংশতি। বি বা বিণ।
ছাব্বিশা, ছাব্বিশে—মাসের ষড়্বিংশ দিবস। ছাব্বিশ+আ, এ তারিখ অর্থে (বাংপ্র)। বি বা বিণ।
ছায়া—অনাতপ, রৌদ্রাভাব; অন্ধকার; প্রতিবিম্ব; কান্তি; পালন; আবর্তন; আশ্রয়; দুর্গা; উৎকোচ;

পঙ্‌ক্তি; রাগিণী বিঃ; সূর্যের পত্নী। ছো+ণ কর্তৃ +আপ্। বি; স্ত্রী। **ছায়া না মাড়ানো**—কাছে না যাওয়া, ঘনিষ্ঠতা না করা, সংস্রবে না আসা।

ছায়াচিত্র—ফোটোগ্রাফ, আলোকচিত্র; ম্যাজিক-লণ্ঠনের ছবি; বায়োস্কোপের ছবি। মধ্যপ। বি; পুং।

ছায়াচ্ছন্ন—ছায়ায় ঢাকা; অন্ধকারাবৃত; বিষণ্ণ। ছায়া দ্বারা আচ্ছন্ন, ৩য়াতৎ। বিণ।

ছায়াতরু—বৃহৎ বৃক্ষ, যে গাছের বিস্তর ছায়া হয়; বটবৃক্ষ। ছায়াপ্রধান তরু, মধ্যপ। বি; পুং।

ছায়াধর—ক্যামেরা, যাহা দ্বারা ফোটোগ্রাফ উঠে। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ছায়ানট—রাগিণী বিঃ। <ছায়ানট্ট। বি; পুং।

ছায়ানৃত্য—পর্দার উপর প্রতিফলিত মঞ্চ-নৃত্যের ছায়ারূপ। মধ্যপ। বি; ক্লী।

ছায়াপথ—হরিতালী, আকাশ-গঙ্গা, Milky Way. ছায়া (দীপ্তি)-ময় পথ, মধ্যপ। বি; পুং।

ছায়াবাজি—সাদা পর্দার উপর ছায়াচিত্র প্রদর্শন, আলোছায়ার খেলা, magic lantern show. বাংপ্র। বি। [বাংপ্র। বি।

ছায়ামণ্ডপ—চন্দ্রাতপ; ছাঁদনাতলা, বিবাহস্থান।

ছায়ামূর্তি—অদৃশ্য দেহ; সূক্ষ্মদেহ, প্রেতমূর্তি। ছায়াকারা মূর্তি, মধ্যপ। বি; স্ত্রী।

ছায়ালোক—ছায়াময় ভুবন; আকাশে ছায়াবৎ দৃশ্যমান নক্ষত্রশ্রেণী। ছায়াময় লোক, মধ্যপ। বি; পুং।

ছার—১। ভস্ম; অসার বস্তু; ছারপোকা। বি। ২। অধম, হেয়; দগ্ধ; দুঃখময়। <ক্ষার। ·বিণ।

ছারকপালে—হতভাগ্য। বাংপ্র। বিণ; পুং। স্ত্রী, **-লী**। [বাংপ্র। বি।

ছারখার—ভস্মসাৎ; একেবারে বিনষ্ট; সর্বনাশ।

ছারপোকা—গন্ধকীট, মৎকুণ। বাংপ্র। বি। **ছারপোকার বিয়ান**—ঘন ঘন সন্তান প্রসব।

ছাল—ত্বক্; বাকলা; চামড়া। <ছল্লী। বি। **গায়ের ছাল তোলা**—ভীষণ প্রহার করা।

ছালচামড়া—চর্ম, ত্বক্। বাংপ্র। বি।

ছাটল—গাছেব ছাল, বল্কল। বাংপ্র। বি।

ছালটি—ছাল, চর্ম; ছালের সুতার কাপড়। বাংপ্র। বি। [এমন। বাংপ্র। বিণ।

ছালপাতলা—যাহার ছাল বা খোসা পাতলা ধরনের

ছালা—গুণ; বড় থলিযা। <স্থালী। বি।

ছি—ঘৃণা ও তিরস্কারসূচক শব্দ; ধিক্কার। বাংপ্র। অ। [বাংপ্র। বি।

ছিঁচকা, ছিঁচকে—হুঁকা পরিষ্কার করিবার সিক।

ছিঁচকাঁদুনে—যে সহজেই কাঁদিয়া ফেলে এরূপ। বাংপ্র। বিণ।

ছিঁচকে—'ছিঁচকা' দ্রঃ। **ছিঁচকে চোর**—সামান্য চোর, যে চোর সামান্য বস্তু চুরি করে।

ছিঁড়া, ছেঁড়া—১। ছিন্ন, কর্তিত। ছিঁড়্+আ কর্ম (বাংপ্র)। বিণ। ২। ছিন্ন করা, কাটা। বাংপ্র। ক্রি; বি।

ছিট—বস্ত্র বিঃ; একপ্রকার রঙিন বা নকশাযুক্ত কাপড়; অবশিষ্টাংশ; সামান্য অংশ; বাতিক; সামান্য পাগলামির ভাব। <ছিটা (<ছিদ্র)। বি।

ছিটকানি, -কিনি—কপাট বন্ধ করিবার জন্য কাঠের অথবা লোহার ছোট খিল। হি-মূ। বি।

ছিটকানো—ঠিকরাইয়া যাওয়া; বিক্ষিপ্ত হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ছিটা, ছিটে—কণা, ফোঁটা, লেশ; তিলক; বন্দুকের ছররা। <ছিদ্র। বি।

ছিটানো, ছিটনো—ছড়াইয়া দেওয়া; ঝাপটা মারা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ছিটাফোঁটা, ছিটেফোঁটা—অল্প পরিমাণ; বশীকরণের তিলকাদি। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

ছিটে—'ছিটা' দ্রঃ।

ছিটেবেড়া—কঞ্চি বাঁখারি ও বাঁশের বেড়ার গায়ে কাদা লেপিয়া তৈয়ারী দেওয়াল। বাংপ্র। বি।

ছিদাম—শ্রীকৃষ্ণের জনৈক সহচর। <শ্রীদাম। বি।

ছিদেম—পাই, পাই পয়সারও ক্ষুদ্রাংশ। বাংপ্র। বি।

ছিদ্র—বিবর, ক্ষুদ্র গর্ত; দোষ; অবকাশ; ন্যূনতা; লগ্ন হইতে অষ্টম স্থান। ছিদ্+রক্ কর্ম। বি; ক্লী।

ছিদ্রদর্শী (-দর্শিন্)—দোষদর্শক, দোষান্বেষণকারী। উপতৎ; ছিদ্র—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-দর্শিনী**।

ছিদ্রানুসন্ধান, -নুসরণ, -ন্বেষণ—ছিদ্র খুঁজিয়া বেড়ানো, দোষ অনুসন্ধান করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ছিদ্রান্বেষী (-ষিন্)—দোষ-অনুসন্ধানকারী। উপতৎ; ছিদ্র—অনু—ইষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ষিণী**।

ছিদ্রাল, ছিদ্রালো—ছিদ্রযুক্ত। ছিদ্র+আল, আলো বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ। **ছিদ্রাল প্রাণী**—স্পঞ্জ-জাতীয় জীব।

ছিদ্রিত—বিদ্ধ, ছিদ্র-করা। ছিদ্র+ত কর্ম। বিণ।

ছিনা—কৃশ, সরু। <ক্ষীণ বা শীর্ণ। বিণ।

ছিনাজোঁক, ছিনেজোঁক—একপ্রকার সরু জোঁক; নাছোড়বান্দা লোক। কর্মধা (বাংপ্র)। বি।

ছিনানো, ছিনেনো—কাড়িয়া লওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ছিনাল—কুলটা; যে নেকামি করে। <প্রা 'ছিন্নাল'। বি; স্ত্রী, বা বিণ।

ছিনালি—ভ্রষ্টা স্ত্রীর চাতুরী বা হাবভাব। ছিনাল+ই ভাবে। প্রা-মূ। বি।

ছিনিমিনি—জলের উপর খোলামকুচি চালাইয়া একপ্রকার খেলা; অত্যধিক অপব্যয়। বাংপ্র। বি।

ছিন্ন—কর্তিত; যাহা ছিঁড়িয়া গিয়াছে এরূপ। ছিদ্+ত কর্ম। বিণ। [বহু। বিণ।

ছিন্নপক্ষ—ডানাকাটা। ছিন্ন হইয়াছে পক্ষ যাহার,

ছিন্নবিচ্ছিন্ন—খণ্ডিতবিখণ্ডিত, টুকরা টুকরা করিয়া কাটা। যাহা ছিন্ন তাহাই বিচ্ছিন্ন, কর্মধা। বিণ।

ছিন্নভিন্ন—ইতস্ততঃ বিক্ষিপ্ত; যাহাতে গোলমাল ঘটিয়াছে এরূপ; যাহা লণ্ডভণ্ড হইয়াছে এরূপ; বিনষ্ট। যাহা ছিন্ন তাহাই ভিন্ন, কর্মধা। বিণ।

ছিন্নমস্তক—১। যাহার মাথা কাটা গিয়াছে এমন, মস্তকহীন। ছিন্ন মস্তক যাহার, বহু। বিণ। ২। কাটা মুণ্ড; কর্তিত শীর্ষ। কর্মধা। বি; ক্লী।
ছিন্নমস্তা—দশমহাবিদ্যার ষষ্ঠী মহাবিদ্যা। ছিন্ন মস্ত যাঁহার, বহু+আপ্। বি; স্ত্রী।
ছিপ—মাছ ধরিবার জন্য সুতা ও বঁড়শি সমেত সরু বাঁশের আগা; দ্রুতগামী সরু লম্বা নৌকা। <ক্ষিপ্র। বি। [বাংপ্র। বিণ।
ছিপছিপা, -ছিপে—কৃশ এবং দীর্ঘদেহযুক্ত।
ছিপানো, ছিপনো—লুকানো। বাংপ্র। ক্রি [, বি]। বিণ] [cork. বাংপ্র। বি।
ছিপি—শিশি ইঃর মুখ বন্ধ করিবার গুজি, কাক,
ছিবড়া, ছিবড়ে—চর্বণের পর বা সার বাহির করিবার পর যে কঠিন অংশ অবশিষ্ট থাকে তাহা, শিটা; খোসা। বাংপ্র। বি।
ছিমছাম—শ্রীমন্ত, পরিচ্ছন্ন। বাংপ্র। বিণ।
ছিয়াত্তর—৭৬-সংখ্যা; ৭৬-সংখ্যক। <ষট্সপ্ততি। বি বা বিণ। [বি বা বিণ।
ছিয়ানব্বই—৯৬-সংখ্যা; ৯৬-সংখ্যক। <ষন্নবতি।
ছিয়াশি, ছিয়াশী—৮৬-সংখ্যা; ৮৬-সংখ্যক। <ষড়শীতি। বি বা বিণ।
ছিয়ে—ছি, ধিক্। প্রা কপ্র। অ।
ছিরি—সৌন্দর্য; গঠনভঙ্গী; বরণডালার প্রদত্ত পিষ্টকনির্মিত দ্রব্য বিঃ; স্বস্তিক। <শ্রী। বি।
ছিরিছাঁদ—শ্রীসৌষ্ঠব। বাংপ্র। বি। [হি। বি।
ছিলকা, ছিলকে—খোসা; বাঁশ ইঃর ছাল; চামড়া।
ছিলা—১। জ্যা, ধনুকের গুণ; বস্ত্রাদির প্রান্তভাগস্থ সূত্রাদি। <ছিল্লি। বি। ২। চাঁচা; পরিষ্কৃত; খোসা-ছাড়ানো। বাংপ্র। বিণ।
ছিলিম—হুঁকা; তামাক খাইবার কলিকা; এক কলিকা পরিমাণ। <হি 'চিলম'। বি।
ছিলে—ধনুকের গুণ, জ্যা; কাপড়ের প্রান্তভাগের ঈষৎ মোটা সুতা। <ছিল্লি। বি।
ছিষ্টিছাড়া—সৃষ্টিবহির্ভূত; অস্বাভাবিক, অদ্ভুত। ৫গীত্বৎ (বাংপ্র)। বিণ।
ছুঁচ—সূচী, সীবনী। <সূচ। বি। **ছুঁচ ফোটানো**—অসহ্য যন্ত্রণা দেওয়া। [বি।
ছুঁচা, ছুঁচো—গন্ধমূষিক, shrew <ছুছুন্দরী।
ছুঁচানো, ছোঁচানো—মলত্যাগের পর শৌচ করা। <শৌচ। ক্রি [, বি]। [বিণ।
ছুঁচালো, ছুঁচলো—তীক্ষ্ণ, সরু মুখযুক্ত। বাংপ্র।
ছুঁচিবাই—সর্বদা শৌচ বা পবিত্রতা রক্ষার বাতিক। <শুচি বাতিক। বি। বিণ, -বেয়ে।
ছুঁচো—'ছুঁচা' দ্রঃ।
ছুঁড়ী—তরুণী, কিশোরী। <ছমণ্ডী। বি; স্ত্রী।
ছুঁত, ছুঁৎ—অশুচি অবস্থা, অশৌচ; অশৌচস্পর্শ-জন্য দোষ। বাংপ্র। বি।
ছুঁতমার্গ, ছুঁৎমার্গ—জাতিগত অস্পৃশ্যতা; জাতিগত অস্পৃশ্যতার প্রতি নিষ্ঠা। বাংপ্র। বি।
ছুকরী—বয়ঃস্থা কন্যা; ছুঁড়ী; বালিকা। বাংপ্র। বি; স্ত্রী। পুং—**ছোকরা**।

ছুছুন্দরী—গন্ধমূষিক, ছুঁচা। ছুছু—দুন্দ+অচ্ কর্তৃ (নিপা)+ঈপ্। বি; স্ত্রী।
ছুট—১। দৌড়; পলায়ন; শীঘ্র গমন; দ্রুত নিঃসরণ। <ছুটা। ২। বাদ; ছাড়; অতিরিক্ত অংশ। <ছাট। ৩। সুতা; দড়ি। <সূত্র। ৪। পরিধেয় প্রস্থ। <ইং 'suit'. বি।
ছুটকা, ছুটকো—যাহা ছিটকাইয়া আসিয়া পড়িয়াছে এমন, হঠাৎ আগত; খুচরা; বিভিন্ন স্থানে অব্যাপক ভাবে সংঘটিত। বাংপ্র। বিণ।
ছুটকী—ছোট বৌ। বাংপ্র। বি।
ছুটা—১। দৌড়ানো; দ্রুতবেগে নির্গত হওয়া; ছাড়িয়া যাওয়া। ক্রি, বি। ২। শিথিল, আলগা; ঠিকে, যে নিয়মিতভাবে বেতনভোগী নহে এরূপ ('— কাজ')। বাংপ্র। বিণ।
ছুটানো—দৌড়ানো; দৌড় করানো; ছাড়াইয়া দেওয়া; তাড়ানো; ভাগানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ছুটি—বিদায়, কর্ম হইতে অবসর; পর্বাদি উপলক্ষে কার্যালয় বন্ধ থাকা; ছাড়ানি, উদ্ধার। ছুট্+ই অধি, ভাব (বাংপ্র)। বি।
ছুড়া, ছোড়া—নিক্ষেপ করা, ত্যাগ করা; দাগা; চামড়া খোসা বা ছাল তুলিয়া ফেলা; আছড়ানো। বাংপ্র। ক্রি [বি, বিণ] [বাংপ্র। বি।
ছুড়াছুড়ি—ক্রমাগত ছোড়া; পরস্পরের প্রতি নিক্ষেপ।
ছুত, ছুতমার্গ—ছুঁত, ছুঁতমার্গ (তাহা দ্রঃ)।
ছুতা, ছুতো—ওজর, অছিলা, ছল। <সূত্র। বি।
ছুতানাতা, ছুতোনাতা—সামান্য অছিলা। ছুতা+নাতা (সহগ) (বাংপ্র)। বি।
ছুতার, ছুতোর—কাষ্ঠদ্রব্যপ্রস্তুতকারক জাতি। <সূত্রধর। বি; পুং।
ছুবানো, ছুপানো—রঞ্জিত করা, রঙে ডুবানো; রাঙানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ছুরি, ছুরিকা, ছুরী—অস্ত্র বিঃ, চাকু, অসিপত্রী; বন্ধ্যা গরু। ছুর্+ই কর্তৃ বিকল্পে ঈপ্; ২য় পক্ষে কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী। **গলায় ছুরি দেওয়া**—হত্যা করা; প্রবঞ্চিত করা; অত্যধিক মূল্য লওয়া। **মিছরির ছুরি, হীরের ছুরি**—মুখে মধু, অন্তরে বিষ।
ছুরিত—বিক্ষিপ্ত; ব্যাপ্ত; খচিত; শোভিত; ছিন্ন। ছুর্+ক্ত কর্ম। বিণ। [, বি, বিণ]।
ছুলা, ছোলা—চাঁচা; পরিষ্কার করা। বাংপ্র। ক্রি
ছুলি—চর্মরোগ বিঃ। <ছল্লি। বি।
ছে—খণ্ড, টুকরা; বৃষ্টির বিরাম। <ছেদ। বি।
ছেঁক—১। গাত্রে হঠাৎ অতি গরম বস্তুর স্পর্শ। <সেক। ২। বিরাম, বিশ্রাম; অবসর। প্রাদে। বি।
ছেঁকা—আগুনে গরম করা; গরম জিনিস দিয়া গায়ের চামড়া পোড়াইয়া দেওয়া। বাংপ্র। ক্রি [, বি]। [ছাঁচ। বাংপ্র। বি।
ছেঁচ—১। জলসেচন। <সেচ। ২ চালের প্রান্তভাগ,
ছেঁচকি—অল্প তেলে ভাজা একপ্রকার তরকারি। বাংপ্র। বি।

ছেঁচকিপোড়া—আধসিদ্ধ ও আধপোড়া। বাংপ্র। বিণ।

ছেঁচড়—দুষ্ট; প্রতারক; খল। <ছিত্বর। বিণ।

ছেঁচড়া—১। শঠ; দুষ্ট; কৃপণ; অসাধু-প্রকৃতির; হীনকার্যাসক্ত; বাজে; গোলমেলে। বিণ। ২। মাছের কাঁটা তেল ইত্যাদির সহিত শাকসবজি মিশাইয়া প্রস্তুত ব্যঞ্জন বিঃ। বাংপ্র। বি।

ছেঁচড়ানো—মাটিতে ঘষিয়া টানিয়া লইয়া যাওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ছেঁচড়াপনা, ছেঁচড়ামি, ছেঁচড়ামো—প্রতারণা; দুষ্টামি; অশিষ্টতা। বাংপ্র। বি।

ছেঁচা—১। সেচন করা; থেঁতো করা। <'সিচ্' ও 'ছিদ্'-ধাতু। ক্রি [, বি]। ২। যাহা সেচন করা হইয়াছে এরূপ ('— জল'); থেঁতলানো। ছেঁচ+আ কর্ম (বাংপ্র)। বিণ।

ছেঁচা-বেড়া—থেঁতলানো বাঁশের বেড়া। কর্মধা (বাংপ্র)। বি।

ছেঁড়া—১। ছিন্ন; অসাধুপ্রকৃতির; হীন। বিণ। ২। ফাড়া, বিদীর্ণ করা; উপড়ানো ('চুল —'); ছানা, কাটা; তোলা ('ফুল —')। বাংপ্র। ক্রি [, বি]।

ছেঁড়াখোঁড়া—ছিন্নবিচ্ছিন্ন। বাংপ্র। বিণ।

ছেঁড়াছিঁড়ি—বারবার ছেঁড়া। বাংপ্র। বি।

ছেঁড়ামলা—তুচ্ছ বিষয়; ঝঞ্ঝাটে ও বিরক্তিকর বিষয়। বাংপ্র। বি। [বিণ।

ছেঁদা—১। রন্ধ্র, গর্ত। বি। ২। ছিদ্রযুক্ত। <ছিদ্র। **ছেঁদো**—চাতুরীপূর্ণ; বাক্‌চাতুর্যময়। বাংপ্র। বিণ।

ছেকড়া—ভাড়াটিয়া ('— গাড়ি')। <শকট। বিণ।

ছেতো—ছাতাধরা; ছাতাবিশিষ্ট। <ছাতা। বিণ।

ছেত্তা (ছেতৃ)—ছেদনকর্তা। ছিদ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**ছেত্রী**।

ছেদ—১। ছেদন; বিরাম। ছিদ্+ঘঞ্ ভাব। ২। যতি; খণ্ড, ভাগ, section; পরিচ্ছেদ। ছিদ্+ঘঞ্ কর্ম। বি; পুং।

ছেদক—ছেদনকারী; ভাজক; বৃত্তের পরিধির যে-কোন দুইটি বিন্দুর সংযোজক সরলরেখা। ছিদ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**ছেদিকা**। **ছেদক দন্ত**—'কুকুরে' দাঁত, যে দাঁত দ্বারা খাদ্য ছিঁড়িয়া লওয়া যায়, canine tooth.

ছেদন—১। কর্তন, কাটা, খণ্ড করা। ছিদ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। ছেদক। ছিদ্+অনট্ করণ। বিণ। স্ত্রী, -নী।

ছেদনী—ছেদনযন্ত্র, ছেনি। ছিদ্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী। [যৎ কর্ম। বিণ।

ছেদনীয়, ছেদ্য—ছেদনযোগ্য; নির্ণেয়। ছিদ্+অনীয়, **ছেদবিন্দু**—দুইটি সরলরেখা যে বিন্দুতে পরস্পরকে ছেদন করে, point of intersection. ৬ষ্ঠীতৎ। বি।

ছেদিত—যাহা কাটা হইয়াছে এরূপ, কর্তিত, দ্বিধা-কৃত। ছিদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

ছেদ্য—'ছেদনীয়' দ্রঃ।

ছেনাল—ছিনাল (তাহা দ্রঃ)।

ছেনালি—ছিনালি (তাহা দ্রঃ)।

ছেনি—ধাতু ইঃ কাটার বাটালি; ছেদনাস্ত্র; গোঁজ। <ছেদনী। বি।

ছেপ—থুথু। <তীব্-ধাতু। বি।

ছেবলা—বালকের ন্যায় চপল। বাংপ্র। বিণ।

ছেমড়া—ছোকরা; অনাথ শিশু; অসাধু ব্যক্তি। <ছমণ্ড। বি; পুং। স্ত্রী, -ড়ী।

ছেয়া—খণ্ড; উদূখল। <ছেদ। বি।

ছেয়ানো—খণ্ড খণ্ড করিয়া কাটা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ছেলে—শিশু; পুত্র। <ছাওয়াল। বি।

ছেলেখেলা—শিশুর মত খেলা; বাজে কাজ; অকিঞ্চিৎকর অনুষ্ঠান। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

ছেলেধরা—যে ছোট ছেলেকে ধরিয়া লইয়া যায়; শিশুকে ভয় দেখাইবার জুজু বিঃ। বাংপ্র। বি।

ছেলেপিলে, -পুলে—সন্তান-সন্ততি। বাংপ্র। বি।

ছেলেবুদ্ধি—বালকসুলভ কোমল মতি; অপরিণত বুদ্ধি। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

ছেলেবেলা—বাল্যকাল। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

ছেলেমি, ছেলেমো—বালচাপল্য, ছেলেমানুষি। ছেলে+মি, মো ভাবে, কর্মার্থে (বাংপ্র)। বি।

ছেলেমানুষ—অল্পবয়স্ক বালক; অপরিণতবুদ্ধি লোক; লঘুচিত্ত মানুষ। কর্মধা (বাংপ্র)। বি। বিণ, -ষী।

ছেলেমানুষি—লঘুচিত্ততা; অনভিজ্ঞ ব্যক্তির ন্যায় আচরণ; ছেলেমো। ছেলেমানুষ+ই কর্মার্থে (বাংপ্র)। বি।

ছেলেমেয়ে—পুত্রকন্যা; বালকবালিকা। দ্বন্দ্ব (বাংপ্র)। বি। [বি।

ছেষট্টি—৬৬-সংখ্যা; ৬৬-সংখ্যক। <ষট্‌ষষ্ঠি।

ছোঁ—উড়িয়া আসিয়া হঠাৎ ঠোঁট দিয়া আক্রমণ; ছোবল ('সাপের —')। বাংপ্র। অ।

ছোঁকছোঁক—দ্রব্যের ঘ্রাণ লইবার শব্দ; চারিদিকের বস্তুসমূহের ঘ্রাণ লওয়া; অতিশয় লোভের জন্য চঞ্চলতা প্রকাশ। বাংপ্র। বি।

ছোঁকা—ছক্কা, তৈল বা ঘৃত সম্বরা দেওয়া তরকারি বিঃ। বাংপ্র। বি।

ছোঁচা—ছুঁচার ন্যায় দুষ্টপ্রকৃতিসম্পন্ন, দুর্জন; অতিলোভী। <ছোঁচা। বি বা বিণ।

ছোঁচানো—ছুঁচানো (তাহা দ্রঃ)।

ছোঁড়া—১। ছোকরা, অর্বাচীন বালক। <ছমণ্ড। বি। স্ত্রী—**ছুঁড়ী**। ২। ছুড়া (তাহা দ্রঃ)।

ছোঁয়া—১। স্পর্শ করা। <'ছুপ'-ধাতু। ক্রি। ২। যাহা স্পর্শ করা হইয়াছে এমন। ছুঁ+আ কর্ম (বাংপ্র)। বিণ।

ছোঁয়াচ—অশুচিদ্রব্যের স্পর্শ; হানিকর অবস্থা। <অশৌচ। বি।

ছোঁয়াচে—স্পর্শক্রামক, ছোঁয়াছুঁয়ির দ্বারা যাহা সংক্রামিত হয় এমন ('— রোগ')। ছোঁয়াচ+এ (<ইয়া) বা ছোঁয়া+চে (<চিয়া)। বিণ।

ছোঁয়াছুঁয়ি—পরস্পর ছোঁয়া; বার বার ছোঁয়া। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।
ছোঁয়ানো—স্পৃষ্ট করানো, ঠেকানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ছোঁয়ালেপা—স্পর্শদোষ; অস্পৃশ্য দ্রব্য বা লোকের সংস্পর্শ, মাখামাখি। বাংপ্র। বি।
ছোকরা—কিশোর; বালক; বালক-ভৃত্য। বাংপ্র। বি; পুং। স্ত্রী—**ছুকরী**।
ছোট্—রজ্জুরূপে ব্যবহৃত গাছের ছাল; ঘাস বা খড় পাকানো দড়ি। বাংপ্র। বি।
ছোট, ছোটো—ক্ষুদ্র; কনিষ্ঠ; অপেক্ষাকৃত অল্প-বয়স্ক; অধম; তুচ্ছ; নম্র; বেঁটে; খাটো আকারের; ক্ষমতায় বা পদে নিম্ন; সমাজে অবনত; নিন্দিত; অনুদার; নীচ। বাংপ্র। বিণ। **ছোট করা**—হীন প্রতিপন্ন করা; সম্মান নাশ করা। **ছোট হাজরি**—ইওরোপীয় প্রথায় প্রাতরাশ। [বিণ।
ছোটখাট, -খাটো—সংক্ষিপ্ত; আকারে ছোট। বাংপ্র।
ছোটঠাকুর—বধূর খুড়শ্বশুর। বাংপ্র। বি।
ছোটদি, ছোড়দি—ছোটদিদি, দিদিদের মধ্যে যে বয়সে ছোট। বাংপ্র। বি।
ছোটবড়—ক্ষুদ্রবৃহৎ; উচ্চনীচ; ধনীনির্ধন; সামান্য অসামান্য। বাংপ্র। বি বা বিণ।
ছোটলোক—নিম্নশ্রেণীর লোক; কুরুচিসম্পন্ন লোক; অভদ্রজন। কর্মধা (বাংপ্র)। বি।
ছোট-হাজরি—সাহেবদের প্রাতঃকালীন আহার। বাংপ্র। বি।
ছোটা—১। দৌড়ানো; বেগে বাহির হওয়া; জোরে চলা; লোপ হওয়া। বাংপ্র। ক্রি [, বি]। ২। কলার শুকনা খোলা বা তৃণ দিয়া প্রস্তুত দড়ি। <সূত্র। বি। **আগুন ছোটা**—ভিতরে গরম বেশী হওয়ায় আগুনের মত উত্তাপ বাহির হওয়া। **ঘাম ছোটা**—ঘাম বাহির হওয়া; হয়রান হওয়া। **ঘুম ছোটা**—জাগা। **নেশা ছোটা**—নেশা কাটিয়া যাওয়া। **মুখ ছোটা**—অনর্গল ভালমন্দ (বিশেষ করিয়া মন্দ) কথা বাহির হওয়া।
ছোটাছুটি—দৌড়াদৌড়ি। বাংপ্র। বি।
ছোট্ট—ক্ষুদ্রতর। <ক্ষুদ্র। বিণ।
ছোড়—১। দল, জোড়। বি। ২। দলভ্রষ্ট, বিজোড়, ছাড়াছাড়ি। বাংপ্র। বিণ।
ছোড়দি—'ছোটদি' দ্রঃ।
ছোড়ন—বর্জন, পরিত্যাগ। বাংপ্র। বি।
ছোড়ভঙ্গ—দলভ্রষ্ট, দলছাড়া, ছত্রভঙ্গ। বাংপ্র। বিণ।
ছোড়া—'ছুড়া' দ্রঃ।
ছোপ—বস্ত্রাদিতে চিহ্ন, দাগ; ভিত্তিতে মৃত্তিকা লেপন। <'ছুপ্'-ধাতু। বি।
ছোপানো—রঞ্জিত করা, রাঙ্গানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বি।
ছোবড়া—নারিকেলের বহিরাবরণ;' ছিবড়া। বাংপ্র।
ছোবল—দংশন, খাবল। বাংপ্র। বি। **ছোবল খাওয়া**—(সাপের) কামড় খাওয়া। **ছোবল দেওয়া, ছোবল মারা**—খাবলানো; কামড়ানো।
ছোবলানো—কামড়ানো; ছোঁ মারা; খাবলানো। বাংপ্র। ক্রি [, বি]।
ছোবা—ছোবড়া; ছোপা; হাঁড়ি। বাংপ্র। বি।
ছোবানো—রঞ্জিত করা; লেলাইয়া দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ছোরা—বড় ছুরি। <ছুরি। বি।
ছোলঙ্গ, ছোলন—বাতাবিলেবু। বাংপ্র। বি।
ছোলা—১। কলাই বিঃ। <চণক। বি। ২। ছাল বা খোসা-ছাড়ানো; পরিষ্কার-করা; চাঁচা। বিণ। ৩। ছাল বা খোলা ছাড়ানো; পরিষ্কার করা। বাংপ্র। ক্রি।
ছ্যা—ছি। বাংপ্র। অ।
ছ্যাঁক—অনুকার-শব্দ, কড়ায় উত্তপ্ত তৈলাদিতে মৎস্যাদি দিলে যে শব্দ হয় তাহা। বাংপ্র। অ।
ছ্যাঁক ছ্যাঁক করা—উত্তপ্ত বোধ হওয়া ('গা—')।
ছ্যাঁচড়, ছ্যাঁচড়া—ছেঁচড়, ছেঁচড়া (তাহা দ্রঃ)।
ছ্যাঁচড়ামি—ছ্যাঁচড়ের আচরণ। ছ্যাঁচড়া+মি ভাবে (বাংপ্র)। বি।
ছ্যাৎলা—ছাতা, শেওলা। বাংপ্র। বি।
ছ্যাবলা—ছেবলা (তাহা দ্রঃ)।
ছ্যাবলামি, -মো—প্রগল্ভতা; ছেলেমানুষি; বোকামি। ছ্যাবলা+মি, মো ভাবে (বাংপ্র)। বি।

[জ]

জ—১। বাংলা বর্ণমালার অষ্টম ব্যঞ্জনবর্ণ [ইহার উচ্চারণস্থান তালু]। ২। জাত, যে জন্মে (অন্য শব্দের পরে ইহার প্রয়োগ হয়; যথা—রোগজ, ক্রোধজ ইঃ)। জন্+ড কর্তৃ। বিণ। ৩। সিকি ইঞ্চি, পরিমাণ বিঃ। <যব। বি।
জই—যবজাতীয় শস্য বিঃ, oat <যবিকা। বি।
জউ—লাক্ষা, গালা। <জতু। বি।
জওজ—স্বামী। আ। বি; পুং। স্ত্রী, -জে।
জওজে—(দলিলে) অমুকের পত্নী। আ। বি।
জং, জঙ, জঙ্গ—ধাতুদ্রব্যের উপরিস্থিত ময়লা বা মরিচা। ফা। বি।
জংলা, জঙ্লা, -লী—বুনো; অশিক্ষিত; অসভ্য। জঙ্গল+আ, ঈ ভবার্থে (বাংপ্র)। বিণ।
জক—১। জলপাত্র বিঃ। <ইং 'jug'. ২। মৃত্তিকা-

প্রোথিত ধনরাশি এবং তাহার সহিত রক্ষকরূপে জীবিত অবস্থায় প্রোথিত বালক। <যক্ষ। বি।
জকার—'জ' এই বর্ণ। জ+কার স্বার্থে। বি; পুং।
জক্ষ্মা (জক্ষ্মন্)—ক্ষয়রোগ। জক্ষ্+মন্ কর্তৃ। বি; পুং।
জখম—১। চোট, আঘাত; ঘা, ক্ষত। বি। ২। চোট-প্রাপ্ত, আহত। <ফা 'জখ্‌ম্'। বিণ।
জখমী—১। আহত লোক। বি। ২। আঘাত-সম্বন্ধীয়; ভীষণভাবে আহত। ফা-মু। বিণ।
জগ—জগৎ। কপ্র। বি।
জগজগ—ঝকমক। বাংপ্র। অনুকার অ।
জগজগা—চকচকে রাংতার পাত; পিতলের সূক্ষ্ম পাত। বাংপ্র। বি।
জগজন—জগতের লোক। <জগজ্জন। বি।
জগজ্জন—জগতের লোক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জগজ্জননী—জগন্মাতা ভগবতী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
জগজ্জয়ী (-য়িন্)—ভুবনবিজয়ী। উপতৎ; জগৎ—জি+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**য়িনী**।
জগজ্জীবন—জগতের প্রাণ, বায়ু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জগঝম্প—ঢাকজাতীয় একপ্রকার বাদ্যযন্ত্র। বাংপ্র। বি।
জগৎ—১। ভুবন, লোক; বিশ্বব্রহ্মাণ্ড; পৃথিবী; শরীর। বি; ক্লী। ২। জঙ্গম। গম্+ক্বিপ্ বা অতি কর্তৃ (নিপা)। বিণ।
জগতি—সিংহাসন ("নানা রত্নে নির্মাণ করিল জগতি"—কবিকঙ্কণ)। প্রা কপ্র। বি।
জগতিতলে—ভূতলে। কপ্র। বি।
জগতী—পৃথিবী; লোক; দ্বাদশাক্ষরপাদক ছন্দ বিঃ। জগৎ+ঈপ্। বি; স্ত্রী।
জগৎপতি—জগৎকর্তা, ঈশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জগৎপাতা (-পাতৃ), -**পিতা** (পিতৃ)—জগদীশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জগৎপ্রাণ—বায়ু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জগৎসংসার—বিশ্বব্রহ্মাণ্ড। কর্মধা। বি; পুং।
জগৎসাক্ষী (-সাক্ষিন্)—সূর্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জগৎস্রষ্টা (-স্রষ্টৃ)—জগদীশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জগদম্বা, -দম্বিকা—ভগবতী, জগদীশ্বরী। জগতের অম্বা, অম্বিকা (মাতা), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
জগদল—'জগদ্দল' (তাহা দ্রঃ)।
জগদীশ, -শ্বর—পরমেশ্বর। জগতের ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জগদ্‌গুরু—পরমেশ্বর; জগতের শিক্ষাদাতা। জগতের গুরু, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জগদ্দল—জগতের দলনকারী গুরু ভার; অত্যধিক-ভারসম্পন্ন প্রস্তর। জগৎ—দল্+অচ্ কর্তৃ। বি; পুং।
জগদ্ধাত্রী—দুর্গা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
জগদ্বন্ধু—জগতের মিত্র; ঈশ্বর; সূর্য; জগতের হিতকারী। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ।
জগদ্বরেণ্য—জগতের পূজ্য, সকলের শ্রদ্ধার পাত্র। ৬ষ্ঠীতৎ। বিণ। [বিণ।
জগদ্বিখ্যাত—পৃথিবীপ্রসিদ্ধ, বিশ্ববিখ্যাত। ৭মীতৎ।
জগন্নাথ—ঈশ্বর; পুরীধামের প্রধান দেবমূর্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ক্লী।
জগন্নাথক্ষেত্র—পুরীধাম, শ্রীক্ষেত্র। ৬ষ্ঠীতৎ। বি;
জগন্নিবাস—জগতের আধার; বিষ্ণু; ঈশ্বর। বি; পুং।
জগন্ময়—বিশ্বব্যাপী। জগৎ+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, -**য়ী**।
জগন্মাতা (-মাতৃ)—বিশ্বজননী, জগতের উৎপাদিকা। জগতের মাতা, ৬ষ্ঠীতৎ। বি, স্ত্রী।
জগন্মোহন—১। বিশ্ববিমোহন; পরমসুন্দর। বিণ। ২। শ্রীকৃষ্ণ। জগতের মোহন, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জগমোহন—১। ভুবনমোহন। <জগন্মোহন। বিণ। ২। পুরীর নাটমন্দির। বাংপ্র। বি।
জগাখিচুড়ি—নানা শাকসবজি দিয়া রাঁধা খিচুড়ি; বিসদৃশ বস্তুসমূহের মিশ্রণ; নানা বিষয়ের হট্ট-গোল; জটপাকানো অবস্থা। বাংপ্র। বি।
জঘন—স্ত্রীলোকের কটি; স্ত্রীকটির সম্মুখভাগের নিম্নদেশ; (ক্বচিৎ) নিতম্ব। হন্+অচ্ কর্তৃ। বি; ক্লী। [ভবার্থে। বিণ।
জঘন্য—নীচ, অধম; গর্হিত; হেয়; চরম। জঘন+যৎ
জঙ্গ—১। যুদ্ধ; কলহ; জাহাজ। প্রা কপ্র। ২। মরিচা। ফা। বি। [যঙ্+অচ্ কর্তৃ। বিণ।
জঙ্গম—১। প্রাণী, জীব। বি। ২। গমনশীল। গম্+
জঙ্গল—১। বন; আগাছা। বি; ক্লী। ২। নির্জন। জঙ্গম—লা+ক কর্তৃ। বিণ।
জঙ্গলা—'জংলা' দ্রঃ। [বিণ।
জঙ্গলী, জঙ্গুলে—বুনো; অসভ্য; অশিক্ষিত।
জঙ্গী—যোদ্ধা; সামরিক। ফা-মু; বিণ। **জঙ্গী বিমান**—সামরিক উড়োজাহাজ, যে বিমানে চড়িয়া যুদ্ধ করা হয়।
জঙ্গীলাট—ভারতের প্রাক্তন সামরিকবিভাগের প্রধান রাজকর্মচারী, Commander-in-Chief. কর্মধা। ফা-মু। বি।
জঙ্গুলে—'জঙ্গলী' দ্রঃ।
জঙ্ঘা—গুল্‌ফ হইতে জানু পর্যন্ত অবয়ব। হন্+যঙ্ (লুক্)+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
জজ—বিচারক। < ইং 'judge'. বি।
জজগিরি—জজিয়তি। জজ (ইং)+গিরি। বি।
জজ-পণ্ডিত—ইংরেজ আমলে জজের সাহায্যকারী দায়ভাগবিৎ পণ্ডিত। বাংপ্র। বি।
জজমৌলবী—ইংরেজ বিচারকের সাহায্যকারী মুসল-মান ধর্মশাস্ত্রজ্ঞ। ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি।
জজানো—একাকার করা; চারিদিকের দ্রব্যাদি ছুঁইয়া অশুচি করা। বাংপ্র। ক্রি [, বি]।
জজিয়তি—জজের কার্য; জজের পদ। জজ+ইয়তি কর্মার্থে (বাংপ্র)। বি। [বি।
জঞ্জাল—আবর্জনা, ওঁচলা; উৎপাত, ঝঞ্ঝাট। বাংপ্র।
জট—সংহত কেশ, জটা; গাঁট; গাছের ঝুরি। জট্+অচ্ কর্তৃ। বি; পুং।

জটলা, জটল্লা—বহুলোকের একত্র সম্মেলন এবং কথোপকথন; বন্ধুবান্ধবদিগের একত্র সমাগম; জনতা, ভিড়। <জটিল। বি।

জটা—সংহত কেশ, জট; কেশর; বৃক্ষের ঝুরি; ব্রতীদের শিখা। জট্+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

জটাজাল—জটার গোছা, সংহত কেশরাশি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

জটাজূট—জটাসমূহ; জটাবন্ধ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জটাধর, -ধারী—১। শিব। বি; পুং। ২। যাহার মাথায় জটা আছে। ৬ষ্ঠীতৎ; ২য় পক্ষে উপতৎ; জটা—ধৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -রা, -ধারিণী।

জটামাংসী—সুগন্ধি দ্রব্য বিঃ। জটা—মন্+স কর্তৃ+ঈপ্ (নিপা)। বি; স্ত্রী।

জটাল—১। জটাধারী, জটাযুক্ত। বিণ। ২। জটাধারী ব্রহ্মচারী; বটবৃক্ষ; সিংহ। জটা+ল আছে অর্থে। বি; পুং।

জটিল—১। দুর্বোধ্য; পাকানো; পেঁচানো; দুরূহ; মিশ্রিত; জটাধারী; (গণিত) যে ভগ্নাংশের লব ও হরের অন্ততঃ একটি পূর্ণ সংখ্যা নহে এমন ('—ভগ্নাংশ), complex. বিণ। ২। সিংহ; বটবৃক্ষ; জটাধারী ব্রহ্মচারী; জগন্নাথদেবের মূর্তি বিঃ। জটা+ইলচ্ আছে অর্থে। বি; পুং।

জটী (জটিন্)—১। পাকুড়গাছ; সিংহ; জটাধারী ব্রহ্মচারী; বটবৃক্ষ। বি; পুং। ২। জটাধারী, জটাবিশিষ্ট। জটা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**জটিনী**। [বাংপ্র। বি; স্ত্রী।

জটীবুড়ী, জটেবুড়ী—কল্পিত ছেলেধরা বুড়ী বিঃ।

জটুল, জড়ুল—শরীরস্থ জন্মগত চিহ্ন বিঃ, জড়ুর। জট্+উল কর্তৃ, সংজ্ঞার্থে, পক্ষে ট-স্থানে ড়। বি; পুং।

জটে—যাহার জট আছে এরূপ। জট+এ (<ইয়া) আছে অর্থে। বিণ।

জটেবুড়ী—'জটীবুড়ী' দ্রঃ।

জঠর—উদর; জরায়ু। জন্+অরন্ অধি। বি; ক্লী।

জঠরজ্বালা—উদরের প্রদাহ; পেটের জ্বালা; ক্ষুধার তাড়না। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জঠরবাস—গর্ভে অবস্থান। ৭মীতৎ। বি; পুং।

জঠরযন্ত্রণা—পেটের জ্বালা; গর্ভযন্ত্রণা, গর্ভবাসজনিত কষ্ট। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ। বি; স্ত্রী।

জঠরস্থ—গর্ভস্থ; উদরস্থ। উপতৎ; জঠর—স্থা+ক কর্তৃ। বিণ।

জঠরাগ্নি, -নল—ক্ষুধা; জঠরস্থিত আগুন, উদরের মধ্যে যে একপ্রকার দ্রব পদার্থের গুণে ভুক্ত বস্তুর পরিপাক হয় সেই পদার্থ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জড়—১। প্রাণহীন, inanimate; অচেতন; শীতল; নিস্তেজ; নিস্পন্দ; নিরুদ্যোগ; মূর্খ; অক্ষম; বুদ্ধিহীন; স্ফূর্তিহীন; অস্বচ্ছন্দ; মোহগ্রস্ত; ইন্দ্রিয়গ্রাহ্য, ভৌতিক, material; মূক; অন্ধ। বিণ। ২। জ্ঞানশক্তিরহিত নিষ্ক্রিয় ব্যক্তি; প্রাণহীন পদার্থ, বস্তুর উপাদান, matter; পাগল। বি; পুং। ৩। সীসা; জল। জল্+অচ্ কর্তৃ। বি; ক্লী। ৪। শিকড়। < জটা। বি। **জড় মারা**—শিকড় তুলিয়া ফেলা; মূল কারণ নষ্ট করা।

জড়, জড়ো—একত্র, মিলিত; স্তূপীকৃত। বাংপ্র। বিণ। [যাহার, বহু। বিণ।

জড়ক্রিয়—দীর্ঘসূত্রী, বিলম্বে কার্যকারক। জড়া ক্রিয়া

জড়জগৎ—জগতের অচেতন পদার্থসমূহ। কর্মধা। বি; ক্লী।

জড়তা, -ত্ব—জড়ের ধর্ম; অচেতন অবস্থা; মূর্খতা; শীতলত্ব; অপটুতা; অস্বাচ্ছন্দ্য; শৈথিল্য; অস্পষ্টতা; যে গুণ থাকাতে বস্তুসকল চলিত কিংবা স্থিত হইতে অন্যের শক্তির অপেক্ষা করে সেই গুণ, inertia. জড়+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

জড়পদার্থ—অচেতন বস্তু। কর্মধা। বি; পুং।

জড়পিণ্ড—স্থূল জড়পদার্থ; জড়বৎ নিশ্চেষ্ট ব্যক্তি। কর্মধা। বি; পুং বা ক্লী।

জড়পুত্তলি—নিশ্চেষ্ট পুতুল; জড়বৎ নিশ্চেষ্ট ব্যক্তি। কর্মধা। বি; স্ত্রী।

জড়প্রকৃতি—১। জড়স্বভাব। জড়া প্রকৃতি যাহার, বহু। বিণ। ২। অচেতন পদার্থের প্রকৃতি বা স্বভাব, নিষ্ক্রিয়তা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জড়প্রায়—জড়সদৃশ, জড়বৎ নিস্পন্দ। প্রায় জড়, সুপ্। বিণ।

জড়বাদ—সমস্ত জগৎ অচেতন এইরূপ বলা, চৈতন্যময় আত্মার অস্তিত্বে অবিশ্বাস, materialism. জড়সমর্থক বাদ, মধ্যপ। বি; পুং।

জড়বাদী (-বাদিন্)—জগতে অচেতনের অতিরিক্ত কোন চেতন পদার্থ নাই এই প্রকার মত প্রকাশকারী; চৈতন্যময় ঈশ্বরে অবিশ্বাসকারী, materialist. জড়বাদ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -দিনী।

জড়বুদ্ধি—হাবাগবা। বহু। বিণ।

জড়ভরত—১। জড়প্রকৃতির জনৈক ব্রাহ্মণ। কর্মধা। বি; পুং। ২। অতিশয় অলস; অকর্মণ্য; নির্বাক্; নিস্পন্দ। বাংপ্র। বিণ।

জড়সড়—আড়ষ্ট; সংকুচিত। বাংপ্র। বিণ।

জড়াজড়ি—আঁকড়া-আঁকড়ি; গলাগলি। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।

জড়াত্মা (-ত্মন্)—নির্বোধ। বহু। বিণ।

জড়ানো—১। বেষ্টন করা; গোটানো; জাপটানো; অবশ হওয়া; অস্পষ্ট হওয়া; আবৃত করা; কাহাকেও কোন বিষয়ে লিপ্ত করা। বাংপ্র। ক্রি [, বি]। ২। বেষ্টিত; আবৃত; পাকানো; ঘুরানো; খচিত; জড়িত; গুটানো; অস্পষ্ট। জড়া+নো কর্ম (বাংপ্র)। বিণ।

জড়ামড়ি—পরস্পর জড়াজড়ি, ঘুরপাক। বাংপ্র। বি।

জড়িত—খচিত; ঘেরা; জড়ানো। জড়া+ইত কর্ম। বিণ।

জড়িপটি—জড়সড়ভাব, জড়ামড়ি। বাংপ্র। বি।

জড়িবুটি—টোটকা ঔষধ। বাংপ্র। বি।

জড়িমা (জড়িমন্)—জড়তা, নিষ্ক্রিয়তা; অস্পষ্টতা। জড়+ইমন্ ভাবে। বি; পুং।

জড়ীভূত—জড়তাপ্রাপ্ত; হতবুদ্ধি; নিতান্ত স্ফূর্তি-হীন; ভয়বিস্ময়াদি কারণে স্পন্দনরহিত। জড়+অভূততদ্ভাবার্থে চি্ব (=জড়ী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ। বি, -**ত্ব**, -**ভবন**।

জড়ুল—শরীরের চর্মের বিকার বিঃ, গাত্রের জন্মগত চিহ্ন বিঃ। ∠জট্টুল। বি; পুং।

জড়ূল—'জটুল' দ্রঃ।

জড়োপাসক—মৃৎকাষ্ঠপ্রস্তরাদি অচেতন পদার্থের উপাসনাকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -**সিকা**।

জড়োপাসনা—জড় প্রকৃতির পূজা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বিণ।

জড়োয়া—মণিমুক্তাখচিত ('—গহনা')। হি-মু।

জতু—লাক্ষা; গালা; আলতা। জন্+উ কর্তৃ (ন-স্থানে ত)। বি; ক্লী। [বি; ক্লী।

জতুক—হিং, হিঙ্গু; লাক্ষা। জতু+কন্ সংজ্ঞার্থে।

জতুগৃহ—লাক্ষায় প্রস্তুত ঘর। জতুনির্মিত গৃহ, মধ্যপ। বি; ক্লী। [পুং।

জতুগৃহদাহ—গালার ঘর পোড়ানো। ৬ষ্ঠীতৎ। বি;

জতুরস—অলক্তক, আলতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জন—১। লোক; দৈনিক বেতনে অন্যের কর্মকারী ব্যক্তি, মজুর; জনসাধারণ। জন্+অচ্ কর্তৃ। ২। ভুবন; সপ্ত ঊর্ধ্বলোকের পঞ্চম লোক। জন্+অচ্ অধি। বি; পুং। ৩। লোকের সংখ্যা-নির্দেশক ('পাঁচ—লোক')। বিণ। **জন খাটানো**—মজুরকে কাজে লাগানো।

জনক—১। পিতা, জন্মদাতা; সীতার পিতা। বি; পুং। ২। উৎপাদক। জন্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী,—**জনিকা**; (বাং) **জননী**।

জনককুমারী—সীতা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

জনকতনয়া, -**দুহিতা** (-তৃ), -**নন্দিনী**, -**সুতা**—সীতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জনক্ষয়—লোকহানি; মহামারী, মড়ক। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; স্ত্রী।

জনগণনা—দেশের লোকগণনা, census. ৬ষ্ঠীতৎ।

জনগণেশ—গণদেবতা। বি; পুং।

জনতা—জনসমূহ; ভিড়; জনসাধারণ। জন+তা সমূহার্থে। বি; স্ত্রী।

জনন—১। জন্মদাতা; উৎপাদক; পরমেশ্বর। জন্+ণিচ্+অন কর্তৃ। বি; পুং। ২। উৎপত্তি, জন্ম; জাতকর্ম। জন্+অনট্ ভাব। ৩। বংশ উৎপাদন; জন্মানো, নূতন সৃষ্টিকরণ, reproduction. জন্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

জননকোষ—জীবদেহের যে সকল কোষমধ্যে অতি সূক্ষ্ম প্রাণপদার্থের উৎপত্তি হয় তাহা, germ-cell. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জননরস—শুক্র, বীর্য; স্ত্রী-মৎস্য ডিম পাড়িবার পর পুরুষ-মৎস্য আসিয়া সেই ডিমের উপরে যে জীবনীশক্তি-সঞ্চারক রস ছাড়িয়া দেয় তাহা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জননাশৌচ—জন্মনিমিত্তক অশৌচ, সূতিকাশৌচ। মধ্যপ। বি; পুং।

জননি—১। উৎপত্তি। জন্+অনি ভাব। ২। বংশ। জন্+অনি অধি। বি; স্ত্রী।

জননী—মাতা। জন্+অনি অধি+ঈপ্। বি; স্ত্রী।

জননেতা (-তৃ), -**নায়ক**—জনসাধারণের নেতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জননেন্দ্রিয়—শিশ্ন; যোনি। মধ্যপ। বি; ক্লী।

জনপদ—দেশ, রাজ্য; মফস্বল; বসতিস্থান; লোকালয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জনপালন—জনগণের প্রতিপালন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। **জনপালন কৃত্যক**—জনগণের সেবার্থ উচ্চ-পদস্থ কর্মচারীর সংস্থা, civil service.

জনপ্রবাদ—জনশ্রুতি, কিংবদন্তী; লোকনিন্দা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জনপ্রাণী (-ণিন্)—লোকজন; কোনও লোক; কোনও জীবজন্তু। দ্বন্দ্ব। বি; পুং।

জনপ্রিয়—লোকপ্রিয়। ৬ষ্ঠীতৎ। বিণ।

জনবহুল—বহুলোকপূর্ণ, জনসমাকীর্ণ। বহু। বিণ।

জনবিরল—যেখানে অতি অল্প লোক আছে এমন। বহু। বিণ।

জনম—জন্ম। কপ্র। বি।

জনমজুর—শ্রমিক। বাংপ্র। বি।

জনমত—সর্বসাধারণের অভিমত, জনসাধারণের মতামত, public opinion. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

জনমানব—লোকজন; একজনও লোক। একার্থক শব্দদ্বয়ের দ্বন্দ্ব। বি; পুং।

জনয়িতা (-য়িতৃ)—১। পিতা। বি; পুং। ২। উৎ-পাদক। জন্+ণিচ্+তৃচ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**য়িত্রী**।

জনয়িত্রী—১। মাতা। বি; স্ত্রী। ২। উৎপাদিকা। জন্+ণিচ্+তৃচ্ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী।

জনযুদ্ধ—দেশের জনসাধারণ যে যুদ্ধ সমর্থন করে ও যাহাতে অংশগ্রহণ করে, people's war. ৬ষ্ঠীতৎ। বি। [তৎ। বি; পুং।

জনরব—লোকপ্রবাদ, জনশ্রুতি; কোলাহল। ৬ষ্ঠী-

জনরাষ্ট্র—জনসাধারণ শাসিত রাষ্ট্র বা দেশ, commonwealth. জনশাসিত রাষ্ট্র, মধ্যপ। বি; ক্লী।

জনশূন্য—নির্জন। ৩য়াতৎ। বিণ।

জনশ্রুতি—কিংবদন্তী, জনরব। জনমধ্যে শ্রুতি যাহার, বহু। বি; স্ত্রী। [স্ত্রী।

জনসংখ্যা—লোকসংখ্যা, population. ৬ষ্ঠীতৎ। বি;

জনসংঘ—জনগণের সম্মিলনী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জনসংভরণ—জনসাধারণকে খাদ্যাদি সরবরাহের সরকারী ব্যবস্থা, civil supply. বি; ক্লী।

জনসমাজ—মানবসমষ্টি, পরস্পরসম্মিলিত মনুষ্য-বৃন্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জনসমুদ্র—বিশাল জনতা। উপমিত। বি; পুং।

জনসাধারণ—সাধারণ লোকসমূহ, সকল লোক, public. সাধারণ জন, কর্মধা (পূর্বপদের পরনিপাত)। বি; পুং।

জনস্থান—দণ্ডকারণ্যমধ্যস্থ স্থান বিঃ; লোক-বসতি, লোকালয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

জনস্রোতঃ (-স্রোতস্)—লোকপ্রবাহ, নিয়তগমনশীল লোকবৃন্দ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
জনহিত—সর্বসাধারণের মঙ্গল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
জনহিতকর—জনসাধারণের উপকারক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -**করী**।
জনহীন—জনশূন্য। ৩য়াতৎ। বিণ।
জনা—জন, লোক। বাংপ্র। বি। **জনা জনা**—জনে জনে, প্রত্যেক লোক।
জনাকীর্ণ—লোকে পরিপূর্ণ। ৩য়াতৎ। বিণ।
জনাজাত, -জটি, -জতি—প্রতিজন হিসাবে, প্রতিজনা; এক এক জন করিয়া। বাংপ্র। ক্রি-বিণ।
জনাদর—জনসাধারণের শ্রদ্ধা-প্রীতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জনান্তিক—১। লোকের নিকট। জনের অন্তিক, ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। অন্য লোকের সমক্ষেও পরস্পর কানে কানে কথা বলা; সংকেতে কথোপকথন; অনুচ্চ বা অস্পষ্ট স্বরে পরস্পরের অভিপ্রায় নিবেদন। জনান্তিক+অচ্ বিশিষ্টার্থে। বি; ক্লী।
জনাপবাদ—লোকনিন্দা। জনকৃত অপবাদ, মধ্যপ। বি; পুং। [বি।
জনাব—হুজুর, মহাশয়; সম্মানজনক সম্ভাষণ। আ।
জনাবালি—মহানুভব, মহামহিম। ফা-মু। বি।
জনার—ভুট্টাজাতীয় শস্য বিঃ, মকাই। বাংপ্র। বি।
জনার্দন—বিষ্ণু, শালগ্রামশিলা বিঃ। জন—অর্দি+অন কর্তৃ। বি; পুং।
জনি, জনী—১। জন্ম; এক এক পুরুষ, generation. জন্+ইন্ ভাব, পক্ষে+ঈপ্। ২। মাতা; নারী; জায়া; পুত্রবধূ। জন্+ইন্ অধি, পক্ষে+ঈপ্। বি; স্ত্রী। [বিণ; স্ত্রী।
জনিকা—জনয়িত্রী। জন্+ণিচ্+ণক কর্তৃ+আপ্।
জনিত—উৎপাদিত। জন্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
জনিতা (জনিতৃ)—পিতা। জন্+তৃচ্ কর্তৃ (নিপা)। বি; পুং। স্ত্রী, -**ত্রী**।
জনিত্র—শিল্পীর যন্ত্রসংঘাত বা কল, plant. জন্+ইত্র অপাদানে। বি; ক্লী।
জনী—'জনি' দ্রঃ।
জনীন—(অন্য পদের পরে থাকিলে) জনের হিতকারী; বিশ্বজনীন; যাহাতে যেরূপ খাটে তদনুরূপ; যাহাতে যেমন হওয়া উচিত ঠিক সেইরূপ। জন্+ঈন হিতার্থে। বিণ।
জনু—সদৃশ; যেন। প্রা কপ্র। অ।
জনৈক—একজন। কর্মধা। বিণ। [বি; পুং।
জন্তু—জীব, প্রাণী; জানোয়ার। জন্+তুন্ কর্তৃ।
জন্ম (জন্মন্)—১। উদ্ভব; গর্ভবাস হইতে নির্গত হওয়া; পৃথিবীতে আগমন; জীবনকাল; দেহাশ্রিত অবস্থা। জন্+মন্ ভাব। ২। সংসার, লোক; জন্মনক্ষত্র; জন্মলগ্ন। জন্+মন্ অধি। বি; ক্লী। **জন্ম দেওয়া**—(সন্তান) উৎপাদন করা। **জন্ম লওয়া**—জন্মগ্রহণ করা। **জন্মের মত**—চির জীবনের জন্য; শেষবার।

জন্ম-এয়োতী, -এয়োস্ত্রী—চিরজীবন সধবা ('—নারী')। জন্ম ব্যাপিয়া এয়োতী, এয়োস্ত্রী, সুপ্ (বাংপ্র)। বি বা বিণ; স্ত্রী।
জন্মকর্ম (-কর্মন্)—জাতকর্ম, শিশুর জন্মের পরবর্তী অনুষ্ঠান বিঃ। জন্মসংক্রান্ত কর্ম, মধ্যপ। বি; ক্লী। [মধ্যপ: বি; স্ত্রী।
জন্মকোষ্ঠী—জন্মপত্রিকা। জন্মবিষয়িণী কোষ্ঠী,
জন্মগত—জন্ম হইতে বা বংশানুক্রমে যাহা দেহ বা স্বভাবের মধ্যে থাকে এমন; সহজ, স্বাভাবিক। ৩য়াতৎ। বিণ। [বি; পুং, ক্লী।
জন্মগ্রহ, -গ্রহণ—জন্ম, ভূমিষ্ঠ হওয়া। ৬ষ্ঠীতৎ।
জন্মজন্ম—প্রতিজন্ম, সকল জন্মে। বাংপ্র। অ।
জন্মজন্মান্তর—বর্তমান জন্ম ও অন্য জন্ম। দ্বন্দ্ব। বি; ক্লী। [বি; পুং বা স্ত্রী।
জন্মতিথি—যে তিথিতে জন্ম হয় তাহা। ৬ষ্ঠীতৎ।
জন্মদ—পিতা। উপতৎ; জন্মন্—দা+ক কর্তৃ। বি; পুং। স্ত্রী, -**দা**।
জন্মদাতা (-দাতৃ)—জনক, উৎপাদক। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -**দাত্রী**।
জন্মদান—উৎপাদন, জনন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
জন্মদিন, -দিবস—ভূমিষ্ঠ হইবার দিন; জন্মতিথি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
জন্মপত্র, -পত্রিকা—কোষ্ঠী, ঠিকুজি। ৬ষ্ঠীতৎ, অথবা মধ্যপ। বি; ক্লী, স্ত্রী।
জন্মবার, -বাসর—জন্মদিন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জন্মবৃত্তান্ত—জন্মকাহিনী, উৎপত্তির বিবরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জন্মভূমি—স্বদেশ, যে দেশে জন্ম হয় তাহা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি; পুং।
জন্মমাস—যে মাসে জন্ম হয় তাহা। ৬ষ্ঠীতৎ।
জন্মমৃত্যু—উৎপত্তি ও মরণ। দ্বন্দ্ব। বি; পুং।
জন্মরাশি—জন্মকালিক রাশি। মধ্যপ। বি; পুং।
জন্মশোধ—জন্মের মত শেষবার বা শেষ বারের। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।
জন্মস্থান—জন্মভূমি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
জন্মা—জন্মগ্রহণ করা; গজাইয়া উঠা। বাংপ্র। ক্রি [, বি]।
জন্মানো—উৎপাদন করা, জন্ম দেওয়া; জন্ম লওয়া, জাত হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
জন্মান্তর—অন্য জন্ম; পূর্বজন্ম বা পরজন্ম। অন্য জন্ম, নিত্য। বি; ক্লী।
জন্মান্তরবাদ—মৃত্যুর পরে আত্মার আবার জন্ম হইবে এই মত। জন্মান্তর-সমর্থক বাদ, মধ্যপ। বি; পুং।
জন্মান্তরীণ—যাহা অন্য জন্মে ঘটিয়াছে বা ঘটিবে এরূপ। জন্মান্তর+ঈন ভবার্থে। বিণ।
জন্মান্ধ—আজন্ম দৃষ্টিহীন। ৩য়াতৎ। বিণ।
জন্মাবচ্ছিন্ন—যাবজ্জীবন, কোন ব্যক্তি যতদিন বাঁচিয়া থাকে তাবৎ ('—কাল')। ৩য়াতৎ। বিণ।
জন্মাবধি—জন্ম হইতে আরম্ভ করিয়া। বহু। ক্রি-বিণ।

জন্মাষ্টমী—শ্রীকৃষ্ণের জন্মতিথি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বিণ।

জন্মিত—বীর্যজাত, সন্তানরূপে জাত। বাংপ্র।

জন্য—১। জায়মান। জন্+যৎ কর্তৃ। ২। উৎপাদ্য। জন্+ণিচ্+যৎ কর্ম। ৩। উৎপাদক। জন্+ণিচ্+যৎ কর্তৃ। বিণ। ৪। যুদ্ধ; জন্ম। জন্+যৎ ভাব। বি; ক্লী। ৫। জনহিতকর। জন+যৎ হিতার্থে। বিণ। ৬। হেতু কারণ। বাংপ্র। অ।

জপ, জপন, জাপ—১। যথাবিধি মন্ত্রাদির বার বার উচ্চারণ। জপ্+অপ্, অনট্, ঘঞ্ ভাব। ২। স্বাধ্যায়। জপ্+অপ্, অনট্, ঘঞ্ কর্ম। বি; পুং, ক্লী, পুং।

জপতপ—অভীষ্টমন্ত্রের বার বার আবৃত্তি এবং তপস্যা; ধর্মানুষ্ঠান। দ্বন্দ্ব। বি।

জপমালা—যে মালা অবলম্বন করিয়া জপ করা হয়; স্ফটিকমালা; রুদ্রাক্ষমালা; যে বিষয় সর্বদাই মনে করিয়া রাখা হয় বা ধ্যান করা হয় তাহা। ৬ষ্ঠীতৎ বি; স্ত্রী। [, বি]।

জপা—জপ করা; মুখস্থ করা; রটা। বাংপ্র। ক্রি

জপানো—জপ করানো; সম্মত করা; লওয়ানো; প্রবর্তিত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]

জপিত—যাহা জপ করা হইয়াছে এরূপ। জপ্+ক্ত কর্ম। বিণ।

জপ্য—১। জপনীয়; জপযোগ্য। জপ্+যৎ কর্ম। বিণ। ২। জপ। জপ্+যৎ ভাব। বি; ক্লী।

জবজব—অতিরিক্ত ভিজার ভাবপ্রকাশ। বাংপ্র। অ। বিণ, -জবে। [পরিচ্ছদযুক্ত। বাংপ্র। বিণ।

জবড়জং, -জং—বিশৃঙ্খল; অত্যাধিক অনাবশ্যক

জবন—যবন। জু+অন কর্তৃ। বি; পুং।

জবনাল—জনার, মকাই। জবন—আ—লা+ক কর্তৃ। বি; ক্লী।

জবনিকা, জবনী—পর্দা, কানাত। জু+অনট্ অধি+ঈপ্, ১ম পক্ষে কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

জবনী—জবনজাতীয়া স্ত্রী। জবন+ঈপ্। বি; স্ত্রী।

জবর—১। ক্ষমতা, বল ('জোর—') বি। ২। বলবান্; প্রভাবশালী; প্রকাণ্ড ভারী; উৎকৃষ্ট। ফা। বিণ। [ফা-মু। বি।

জবরজলুম—জবরদস্তি; জোর করিয়া কিছু করা।

জবরদখল—জোর করিয়া দখল বা অধিকার। ফা-মু। বি। বিণ, -দখলী।

জবরদস্ত—বলবান্, জোরালো। ফা-মু। বিণ।

জবরদস্তি—১। অত্যাচার, বলপ্রয়োগ; অন্যায় বলপ্রয়োগ। জবরদস্ত+ই ভাবে। বি। ২। জুলুম করিয়া। ফা-মু। ক্রি-বিণ।

জবা—জবাফুলের গাছ; জবাফুল। জপ্+অচ্ কর্তৃ+আপ্ (নিপা)। বি; স্ত্রী।

জবাই—মুসলমানদিগের ধর্মকার্যে কণ্ঠনালী কাটিয়া পশুহত্যা। ⟨আ 'জবহ্'। বি।

জবান—জিহ্বা; ভাষা; বাক্য; প্রতিশ্রুতি। ফা। বি।

জবানবন্দি—আদালতে বিচারকের নিকট কথিত বাক্যাবলী, এজাহার। ফা-মু। বি।

জবানি—১। উক্তি, কথা। বি। ২। যাহা জিহ্বা দ্বারা উচ্চারিত হয় এরূপ; মৌখিক; কাহারও প্রমুখাৎ; অপরের হইয়া। ফা-মু। বিণ।

জবাব—প্রত্যুত্তর; উত্তর; বিদায়, ত্যাগ; সমকক্ষতা; কৈফিয়ত। আ। বি।

জবাবদিহি—১। কৈফিয়ত; দায়িত্ব। বি। ২। দায়ী। ⟨আ 'জবাবদিহ্'। বিণ।

জবাবী—প্রত্যুত্তরদায়ক ('—কার্ড', '—তার')। জবাব+ঈ (আ-মু)। বিণ। [বিণ।

জবুথবু—জড়সড়; সংকুচিত; চাপাচুপি। বাংপ্র।

জব্দ—নাকাল; অপমানিত; পরাজিত; দমিত; বাজেয়াপ্ত ('জামানত—'); যাহার প্রকাশ নিষিদ্ধ হইয়াছে এমন, proscribed. ⟨আ 'জব্ত্'। বিণ। [হি। বি।

জমক—উজ্জ্বলতা, দীপ্তি, জেল্লা; আড়ম্বর, ঘটা।

জমকানো—চাপিয়া বসা; আড়ম্বরপূর্ণ করা, জমজমে করা; উৎকর্ষ লাভ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বাংপ্র। বিণ।

জমকালো—আড়ম্বরপূর্ণ; অত্যুজ্জ্বল, প্রভাসম্পন্ন।

জমজ—এককালে জাত। যম—জন্+ড কর্তৃ। বিণ।

জমজম—১। জমকালো। বিণ। ২। গমগম, ভিড় জমিয়া ওঠার ভাবপ্রকাশ। বাংপ্র। অ। ৩। মক্কাস্থিত প্রসিদ্ধ কূপ। আ। বি।

জমজমা—১। জমকালো। বিণ। ২। সম্ভ্রম; মর্যাদা; ভিড়। বাংপ্র। বি।

জমজমাট—ভিড়; জমাটভাব। বাংপ্র। বি।

জমা—১। মোট সংখ্যা; আয়; বৃদ্ধি; রাজা বা জমিদারকে দেয় কর; সঞ্চিত অর্থ; নির্দিষ্ট অর্থ, যাহা তহবিলে আছে; হিসাবের যে দিকে প্রাপ্ত টাকা লেখা হয়; দোকান ব্যাঙ্ক ইত্যাদিতে কাহারও নামে পাওনা অর্থ, credit. আ। বি। ২। ঘন হওয়া; সঞ্চিত হওয়া; জমাট বাঁধা; একস্থানে সমবেত হওয়া, আসরের শ্রোতাদের উপভোগ্য হওয়া ও অভিনিবেশ আসা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

জমাওয়াশিলবাকী—কত টাকা দেয় কত দেওয়া হইয়াছে কতই বা বাকী, তাহার হিসাব, কত আদায় এবং কত বাকী তাহার হিসাব। আ-মু। বি।

জমাখরচ—আয়ব্যয়; আয়ব্যয়ের হিসাব। দ্বন্দ্ব। ⟨জমা (আ)+খর্চ (ফা)। বি।

জমাখারিজ—একমালী সম্পত্তির অংশীদারগণ কর্তৃক পৃথগ্‌ভাবে রাজা বা জমিদারকে কর দিবার ব্যবস্থা। আ-মু। বি।

জমাট—ঘনীভূত, গাঢ়; একত্র সঞ্চিত; মনোরম। ⟨আ 'জম্-আয়ৎ'। বিণ।

জমাদার—কতিপয় নির্দিষ্টসংখ্যক সৈন্য যাহার অধীনে থাকে; সৈন্যদলে সুবাদারের নিম্নস্থ কর্মচারী; পুলিস দারোগার নিম্নস্থ কর্মচারী; ছাপাখানার প্রধান মুদ্রাযন্ত্র-পরিচালক; প্রধান মেথর; ধাঙড়। আ-ফা-মু। বি; পুং। স্ত্রী, -রনী।

জমানো—১। সঞ্চয় করা; সমাবেশিত করা; জমাট করা; লোকের মনস্তুষ্টি করা; আনন্দ-কোলাহলে পূর্ণ করা। ক্রি [, বি]। ২। সঞ্চিত; একত্রিত; জমাট। বাংপ্র। বিণ।

জমানত—জামিনস্বরূপ যাহা গচ্ছিত রাখা হয়; জামিন, bail. আ। বি।

জমানতনামা—জামিননামা, মুচলেকাপত্র। আ-মু। বি।

জমানবিস—জমালেখক কর্মচারী। ৬ষ্ঠীতৎ (আ-মু)। বি।

জমাবন্দি—প্রজার জমিজমার হিসাবের কাগজ, খাজনা আদায়ের কাগজ; খাজনার হিসাব। আ-মু। বি। [৬ষ্ঠীতৎ। আ। বি।

জমাবাকি—জমার ঘরের অঙ্ক, credit balance.

জমায়ত, জমায়েত—১। একত্র সমবেত, সম্মিলিত। বিণ। ২। সম্মেলন; সভা। ⟨আ 'জমায়ৎ'। বি।

জমি—ভূমিখণ্ড; শস্যোৎপাদক ভূমি, ক্ষেত্র; কাপড়ের পিঠ বা বুনানি। ⟨ফা 'জমীন'। বি। **জমি লওয়া**—কুস্তিগিরের উপুড় হইয়া মাটি আঁকড়াইয়া থাকা। [জমা-লওয়া জমি। ফা। বি।

জমি-জমা—স্থাবর সম্পত্তি, ভূসম্পত্তি; নিজের ও

জমিজিরাত—কর্ষণযোগ্য ভূমি, চাষের যোগ্য জমি। ⟨ফা 'জমীন্-জিরায়ৎ'। বি।

জমিদার—ভূম্যধিকারী, ভূস্বামী। আ-ফা। বি।

জমিদারি—জমিদারের পদ বা কার্য; জমিদারের অধিকৃত স্থান; প্রজাগণকে প্রদত্ত ভূমিসমূহ। আ-ফা-মু। বি।

জমিদারী—জমিদার বা জমিদারি-সংক্রান্ত; জমিদারের মত; বড়লোকী। আ-ফা-মু। বিণ।

জম্পতী (জম্পতি)—দম্পতী, স্ত্রীপুরুষ, পতিপত্নী। জায়া ও পতি, দ্বন্দ্ব। বি; পুং।

জম্বির, জম্বীর—১। লেবুগাছ। বি; পুং। ২। গোঁড়ালেবু, জামীর। জম্+ঈরণ্ কর্ম (ব-আগম)। বি; ক্লী।

জম্বু, জম্বূ—১। জামগাছ। জম্+কু, কূ কর্ম (নিপা)। ২। জাম। জম্বু, জম্বূ+অণ্ ফলার্থে (অণ্-এর লোপ)। বি; স্ত্রী।

জম্বুক, জম্বূক—১। শৃগাল; বরুণ; নীচ ব্যক্তি। জম্+উক, উক কর্তৃ। ২। গোলাপজামের গাছ। জম্বু, জম্বূ—কৈ+ক কর্তৃ। বি; পুং। (শৃগাল অর্থে) স্ত্রী, -কী, -কা।

জম্বুদ্বীপ—পুরাণে বর্ণিত পৃথিবীর সপ্তদ্বীপের একটি দ্বীপ, ভারতবর্ষ। মধ্যপ। বি; পুং।

জয়—বশীকরণ; শত্রুপরাজয়; জিত; যুদ্ধাদিস্থলে শত্রুদমন; যুদ্ধ ইঃ দ্বারা দখল বা লাভ; সফলতা; স্তুতি শুভেচ্ছা ইঃ সূচক উক্তি। জি+অচ্ ভাব। বি; পুং।

জয়জয়কার—'জয় জয়' এই শব্দ উচ্চারণ, প্রশংসা-কীর্তন; সর্বত্র জয়লাভ। জয়জয়—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

জয়জয়ন্তী—রাগিণী বিঃ। বি; স্ত্রী। [স্ত্রী।

জয়ঢক্কা—জয়ঢাক। জয়সূচিকা ঢক্কা, মধ্যপ। বি; স্ত্রী।

জয়ঢাক—বড় ঢাক বিঃ। ⟨জয়ঢক্কা। বি।

জয়তু—জয়লাভ করুন ("জয়তু শিবাজী"—রবীন্দ্র)। সং ক্রি। [পত্নী। বি।

জয়ত্রী, জৈত্রী—জাতিফলের ছাল, mace. ⟨জাতি-

জয়দাতা (-দাতৃ)—বিজয়দায়ক, যাহার প্রসাদে জয়লাভ হয় এরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -দাত্রী।

জয়দুর্গা—দুর্গামূর্তি বিঃ। জয়দায়িনী দুর্গা, মধ্যপ। বি; স্ত্রী।

জয়ধ্বনি—১। জয়শব্দ, বিজয়লাভজন্য আনন্দপ্রকাশক শব্দ। জয়সূচক ধ্বনি, মধ্যপ। ২। জয় এই শব্দ। কর্মধা। বি; পুং।

জয়নাদ—জয়ধ্বনি। কর্মধা অথবা মধ্যপ। বি; পুং।

জয়ন্তী—১। বৃক্ষ বিঃ; দুর্গা; পতাকা; যোগ বিঃ। জি+শতৃ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী। ২। কাহারও মৃত্যু বা জন্মতিথি উপলক্ষে কৃত জন্মোৎসব। বাংপ্র। বি।

জয়পতাকা—জয়সূচক পতাকা। মধ্যপ। বি; স্ত্রী।

জয়পত্র—জয়সূচক পত্র; বিচারক মকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি যে পত্রে লিখিয়া জয়ীকে প্রদান করেন তাহা, ডিক্রী। মধ্যপ। বি; ক্লী।

জয়পরাজয়—হারজিত। দ্বন্দ্ব। বি; পুং।

জয়পাল—ব্রহ্মা; বিষ্ণু; কোষ্ঠপরিষ্কারক ফলযুক্ত বৃক্ষ বিঃ। উপতৎ; জয়—পা+ণিচ্+অণ্ কর্তৃ। বি; পুং।

জয়মঙ্গল—রাজহস্তী; জ্বরনাশক ঔষধ বিঃ; ধ্রুবক-জাতীয় তাল বিঃ। জয় দ্বারা মঙ্গল যাহা হইতে, বহু। বি; পুং। [বি; ক্লী।

জয়মাল্য—বিজয়সূচক মাল্য। জয়সূচক মাল্য, মধ্যপ।

জয়লক্ষ্মী, জয়শ্রী—জয়ের অধিষ্ঠাত্রী দেবী; জয়লাভজনিত শোভা। জয়দায়িকা বা জয়জনিতা লক্ষ্মী, শ্রী, মধ্যপ। বি; স্ত্রী।

জয়শঙ্খ—যুদ্ধস্থলে ব্যবহার্য বিজয়সূচক শঙ্খ। মধ্যপ। বি; পুং। [মধ্যপ। বি; পুং।

জয়শব্দ—'জয় হউক' এই আশীর্বাদ-বাক্য; জয়ধ্বনি।

জয়শীল—জয়ী, সর্বত্র জয়লাভকারী। বহু। বিণ।

জয়শ্রী—'জয়লক্ষ্মী' দ্রঃ।

জয়স্তম্ভ—জয়ঘোষক স্তম্ভ। মধ্যপ। বি; পুং।

জয়া—পার্বতী; পার্বতীর সহচরী; জয়ন্তীবৃক্ষ; হরীতকী; ভাঙ্গ; তৃতীয়া অষ্টমী ও ত্রয়োদশী তিথি; পতাকা বিঃ; রাক্ষসনাশিনী বিদ্যা। জি+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

জয়ী (জয়িন্)—জয়শীল। জয়+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—জয়িনী।

জয়েন্ট—লোহার কড়ি। ⟨ইং 'joist'. বি।

জয়োৎসব—বিজয়লাভহেতু আনন্দজনক কার্যের অনুষ্ঠান, শত্রু-পরাজয় করিয়া আনন্দ প্রকাশ। জয়-হেতুক উৎসব, মধ্যপ। বি; পুং।

জয়োন্মত্ত—বিজয়লাভহেতু বিহ্বল। জয়হেতু উন্মত্ত, ৫মীতৎ। বিণ।

জয়োল্লাস—শত্রুপরাজয় হেতু হর্ষপ্রকাশ। জয়জনিত উল্লাস, মধ্যপ। বি; পুং।

জয়োঽস্তু, জয়োস্তু—'জয় হউক' এই বলিয়া আশীর্বাদ। সংস্কৃত জয়ঃ+অস্তু (হউক)। [বিণ।

জরজর—জীর্ণ; শিথিল; অকঠোর। [< জর্জর।

জরতী—জরাগ্রস্তা, বৃদ্ধা, প্রাচীনা। জৄ+শতৃ কর্তৃ (=জরৎ)+ঈপ্। বিণ; স্ত্রী। [বি।

জরদ, জরদা—পীতবর্ণ, হলদে রং। < ফা 'জর্দ'।

জরদা, জর্দা—পানের সহিত খাইবার সুগন্ধি তামাক চূর্ণ বিঃ। < ফা 'জর্দ'। বি।

জরদ্গব—বৃদ্ধ বৃষ; গৃধ্র বিঃ; সর্ববিষয়ে অক্ষম ও অলস ব্যক্তি। জরন্ (জরৎ) গো, কর্মধা (অচ্-সমাসান্ত)। বি; পুং।

জরদ্গবী—বৃদ্ধা গবী। জরদ্গব+ঈপ্। বি; স্ত্রী।

জরা—১। বার্ধক্য, জীর্ণতা; শরীরের শৈথিল্যকারিণী অবস্থা। জৄ+অঙ্ ভাব+আপ্। ২। জরিয়া যাওয়া, জীর্ণ হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

জরাগ্রস্ত—জরাভিভূত, বৃদ্ধ। ৩য়াতৎ। বিণ।

জরাজীর্ণ—বার্ধক্যহেতু জীর্ণ, বার্ধক্যে অবসন্ন। ৩য়াতৎ। বিণ। [, বি, বিণ]।

জরানো—জারিত করা; জরাইয়া ফেলা। বাংপ্র। ক্রি

জরামৃত্যু—বার্ধক্য ও মরণ। দ্বন্দ্ব। বি; পুং।

জরায়ু—গর্ভাশয়, womb, uterus; জটায়ু পক্ষী; ভ্রূণ; অগ্নিজার বৃক্ষ। জরা—ই+ঞুণ্ কর্তৃ। বি; পুং।

জরায়ুজ—জরায়ু হইতে জাত (মানুষ, পশু)। জরায়ু হইতে জন্মে যে এই বাক্যে উপতৎ; জরায়ু—জন্+ড কর্তৃ। বিণ। ['জর্‌রীন'। বি।

জরি—সোনালী বা রূপালী ফিতা বা সুতা। < ফা

জরিদার—জরিযুক্ত, জরি লাগানো। ফা-মু। বিণ।

জরিপ, জরীপ—জমির পরিমাণ স্থিরকরণ, survey. < আ 'জরীব'। বি।

জরিমানা—অর্থদণ্ড। আ-ফা-মু। বি।

জরিষ্ণু—ক্ষয়শীল। জৄ+ইষ্ণু কর্তৃ, শীলার্থে। বিণ।

জরু—স্ত্রী, পত্নী। হি। বি। [বি।

জরুড়—দেহস্থ কৃষ্ণবর্ণ চিহ্ন বিঃ, জড়ুল। < জটুল।

জরুর—অবশ্য, নিশ্চিত। আ। অ, ক্রি-বিণ।

জরুরত—প্রয়োজন, তাগিদ। আ-মু। বি।

জরুরী—যাহাতে দেরি করা চলে না এমন; অতি প্রয়োজনীয়; অত্যাবশ্যক, urgent. জরুর+ঈ বিশিষ্টার্থে। আ-মু। বিণ।

জর্জর—ব্যথিত, কাতর; নিপীড়িত, ক্ষতবিক্ষত ('অস্ত্রাঘাতে—'); জীর্ণ; বিদীর্ণ। জর্জ্+অরন্ কর্তৃ। বিণ।

জর্জরিত—যাহাকে জর্জর করা হইয়াছে এমন। জর্জর+ণিচ্ (=জর্জরি নামধাতু)+ক্ত কর্ম। বিণ।

জর্জরীভূত—জর্জরিত; জর্জর অবস্থাপ্রাপ্ত। জর্জর+অভূততদ্ভাবার্থে চ্বি (=জর্জরী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

জর্দা—'জরদা' দ্রঃ।

জল—১। বারি, সলিল, অম্বু; বৃষ্টি। বি; ক্লী। ২। শীতল; প্রাঞ্জল; তরল; শান্ত; ব্যর্থ। জল্+অচ্ কর্তৃ। বিণ। ৩। জলখাবার। বাংপ্র। বি। **জল খাওয়া**—জলপান করা, টিফিন খাওয়া, সামান্য পরিমাণ আহার্য গ্রহণ করা। **জল গড়ানো**—কলসী ইং কাত করিয়া গ্লাসাদিতে জল লওয়া। **জল গালা**—জল বাহির করা। **জল না গলা**—অত্যন্ত কৃপণতা প্রকাশ করা। **জল ভাঙা**—জল বা রস বাহির হইয়া আসা; জলের ভিতর দিয়া হাঁটা। **জল মরা**—উত্তাপে জল শুকাইয়া যাওয়া। **জল সওয়া, জল সাধা**—বিবাহাদি কার্যে প্রতিবাসীর বাড়ি হইতে জলসংগ্রহরূপ মঙ্গলাচার করা। **জল সরা**—জল বাহির হওয়া; নিত্য ব্যবহার করা। **জল হওয়া**—বৃষ্টি পড়া; সন্তুষ্ট হওয়া; সহজ হওয়া; ঠাণ্ডা হওয়া; বিগলিত হওয়া। **জলে জল বাধা**—যাহার কিছু আছে তাহারই আবার কিছু পাওয়া। **জলে ফেলা**—অপাত্রে দান করা; বৃথা নষ্ট করা। **জলে যাওয়া**—বৃথা নষ্ট হওয়া। **জলের দামে**—অতি সস্তায়।

জলকর—১। জলসংক্রান্ত রাজকর। মধ্যপ। বি; পুং। ২। জলোৎপাদক। উপতৎ; জল—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।

জলকল্লোল—জলের কলকলধ্বনি, জলের তরঙ্গ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলকষ্ট—জলাভাবজনিত ক্লেশ। জলসংক্রান্ত কষ্ট, মধ্যপ। বি; ক্লী।

জলকাদা—বৃষ্টির জল ও রাস্তার কাদা। বাংপ্র। বি।

জলকেলি, -ক্রীড়া—জলবিহার। ৭মীতৎ। বি; স্ত্রী।

জলখাবার—অল্প আহার্য, জলযোগের দ্রব্য। বাংপ্র। বি। [বাংপ্র। বি।

জলখেলা—জলক্রীড়া; বিবাহে স্ত্রী আচার বিঃ।

জলচর—১। জলজন্তু; মৎস্য। বি; পুং। ২। জলে বিচরণকারী। উপতৎ; জল—চর্+ট কর্তৃ। স্ত্রী, -রী।

জলচল—জলাচরণীয়, যে জাতির জল উচ্চবর্ণের লোকদের ব্যবহারযোগ্য এরূপ। জল চল যাহার, বহু (বাংপ্র)। বিণ।

জলচারী (-চারিন্)—জলে বিচরণকারী। উপতৎ; জল—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চারিণী**।

জলচৌকি—ছোট নীচু চৌকি বিঃ। বাংপ্র। বি।

জলছত্র, -ছত্র—জলদানের স্থান। < জলসত্র। বাংপ্র। বি।

জলছড়া—জলের ছিটা। বাংপ্র। বি।

জলছবি—জল দিয়া যে ছবি অপর কাগজে উঠানো যায়। মধ্যপ (বাংপ্র)। বি।

জলজ—১। পদ্ম। বি; ক্লী। ২। শঙ্খ। বি; পুং বা ক্লী। ৩। জলজাত। উপতৎ; জল—জন্+ড কর্তৃ। বিণ। [পুং।

জলজন্তু—জলের জীব। জলবাসী জন্তু, মধ্যপ। বি;

জলজমি—ধানের জমি; নীচু জমি। বাংপ্র। বি।

জলজান—উদজান নামক গ্যাস, hydrogen. বাংপ্র। বি।

জলজীবী (-জীবিন্)—জেলে। উপতৎ; জল—জীব+ণিন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, **-জীবিনী**।

জলজিয়ন্ত, -জীয়ন্ত, -জ্যান্ত—পূর্ণ সজীব; স্পষ্ট; যাহা সত্য বলিয়া প্রত্যক্ষ হইতেছে এরূপ। বাংপ্র। বিণ।

জলঝড়—বৃষ্টি এবং ঝটিকা। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

জলটুঙ্গি, -টুঙি—জলমধ্যস্থ ভবন। ৭মীতৎ (বাংপ্র)। বি।

জলঢোঁড়া—জল দাঁড়া সাপ; একপ্রকার জলচর নির্বিষ [সাপ। বাংপ্র। বি।

জলতরঙ্গ—১। জলের ঢেউ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। একপ্রকার বাদ্য; জলপূর্ণ পাত্রে আঘাত দ্বারা একপ্রকার মধুর শব্দ উৎপাদন; চুড়ি শাড়ি প্রঃর উপর একপ্রকার নকশা। বাংপ্র। বি।

জলদ—১। মেঘ। বি; পুং। ২। জলদাতা। উপতৎ; জল—দা+ক কর্তৃ। বিণ। ৩। শীঘ্র, সত্বর। < আ 'জল্‌দ্'। বিণ বা ক্রি-বিণ।

জলদস্যু—নৌকা বা জাহাজযোগে যাহারা ডাকাতি করে, বোম্বেটে। জলবিহারী দস্যু, মধ্যপ। বি; পুং। [বি; পুং।

জলদাগম—বর্ষাকাল। জলদের আগম যখন, বহু।

জলদি—তাড়াতাড়ি। < আ 'জল্‌দ্'। ক্রি-বিণ।

জলদেবতা—বরুণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জলধর—১। মেঘ; সমুদ্র। বি; পুং। ২। জলধারী। ৬ষ্ঠীতৎ। বিণ। [তৎ। বি; ক্লী।

জলধরপটল—শূন্যোস্থিত মেঘাবরণ; মেঘশ্রেণী। ৬ষ্ঠী-

জলধারা—বারিপ্রবাহ; অবিচ্ছিন্নভবে বহমান জলরাশি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জলধি—সমুদ্র; শতলক্ষ কোটি। উপতৎ; জল—ধা+কি অধি। বি; পুং।

জলধিকুমারী—লক্ষ্মীদেবী ("একদিন শনিসহ জলধিকুমারী"—কাশী)। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জলনালী, -প্রণালী—জল যাইবার পথ, নরদমা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি।

জলনিকাশ—জল বাহির হইয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ।

জলনিধি—সমুদ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলনির্গম—১। নরদমা। জলের নির্গম যাহা দ্বারা, বহু। ২। জলের নিঃসরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলনির্গমনী—জলনালী; জল যাইবার নরদমা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জলপটি—আহত শরীরের কোন অংশে স্থাপনের জন্য জলে ভিজানো কাপড়ের টুকরা। বাংপ্র। বি।

জল-পড়া—দগ্ধস্থানের জ্বালা দূর করিবার অথবা অজীর্ণাদি রোগ উপশম করিবার নিমিত্ত মন্ত্রপূত জল। পড়া জল, কর্মধা (বাংপ্র)। বি।

জলপথ—১। জল যাইবার পথ। ৬ষ্ঠীতৎ। ২। নদী বা সমুদ্রে জাহাজাদি চলিবার নির্দিষ্ট পথ। ৭মীতৎ। বি; পুং।

জলপাই—অম্লরসবিশিষ্ট একপ্রকার ফল (olive-জাতীয়)। বাংপ্র। বি।

জলপাত্র—১। জলের আধার; জলপান করিবার গেলাস প্রঃ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। রক্ষিতা নারী। গ্রাম্য। বি।

জলপান—১। জল খাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। জলখাবার; মুড়িমুড়কি প্রঃ আহার্য দ্রব্য। বাংপ্র। বি।

জলপানি—জলখাবারের খরচ; ছাত্রবৃত্তি, scholarship. জলপান+ই তাদর্থ্যে (বাংপ্র)। বি।

জলপিপি, -পিপি—জলাশয় তীরবাসী বকজাতীয় পক্ষী বিঃ। বাংপ্র। বি। [দ্বন্দ্ব। বি।

জলপীঁড়ি—পা ধুইবার জল এবং বসিবার আসন।

জলপ্রণালী—'জলনালী' দ্রঃ।

জলপ্রপাত—নির্ঝর; পর্বতাদির অত্যুচ্চ স্থান হইতে সহসা নিম্নে জলের পতন, waterfall. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলপ্লাবন—বন্যা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

জলপ্লাবিত—জলে মগ্ন। ৩য়াতৎ। বিণ।

জলবাতাস—জলবায়ু। বাংপ্র। বি।

জলবায়ু—দেশের জলবাতাসের অবস্থা; আবহাওয়া, climate. দ্বন্দ্ব। বি; পুং।

জলবাহিত—যাহা জলের সাহায্যে সংক্রামিত হয় এমন; water-borne. ৩য়াতৎ। বিণ।

জল-বিছুটি—জলে ভিজানো বিছুটিগাছ। মধ্যপ (বাংপ্র)। বি।

জলবিজ্ঞান—জলবিষয়ক তত্ত্ব। মধ্যপ। বি; ক্লী।

জলবিড়াল—উদ্বিড়াল; ভোঁদড়। জলবিহারী বিড়াল, মধ্যপ (বাংপ্র)। বি; পুং।

জল-বিভাজিকা—দুইটি নদীর অববাহিকাকে পৃথক্-কারিণী রেখা; একাধিক নদীর উৎপত্তিস্থল। ৬ষ্ঠীতৎ। বি। [ক্লী।

জলবিম্ব—জলের বুদ্‌বুদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা

জলবিষুব—কার্তিক মাসের (প্রাচীনমতে) সংক্রান্তি, (আধুনিক মতে) ২৩-এ সেপ্টেম্বর, (Autumnal Equinox). জলাবসায়ক বিষুব, মধ্যপ। বি; ক্লী।

জলবিহার—জলকেলি; জলে নামিয়া খেলা। ৭মীতৎ। বি; পুং।

জলবুদ্‌বুদ—জলবিম্ব। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

জলবোমা—শত্রুর ডুবোজাহাজকে ঘায়েল করিবার জন্য জাহাজ হইতে সমুদ্রমধ্যে নিক্ষিপ্ত বিস্ফোরক পদার্থ, depth charge. ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

জলভরকা—জলে ভরা; পানসে। বাংপ্র। বিণ।

জলভ্রমি—জলের পাক; আবর্ত, whirlpool. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জলমগ্ন—যাহা জলে ডুবিয়া গিয়াছে এমন, জলময়। ৭মীতৎ। বিণ। [ক্লী।

জলমজ্জন—জলে ডোবা; অবগাহন। ৭মীতৎ। বি;

জলময়—জলপূর্ণ; জলস্বরূপ। জল+ময়ট্ প্রাচুর্যার্থে, স্বরূপার্থে। বিণ। স্ত্রী, -য়ী।

জলমুক্ (-মুচ্)—মেঘ। উপতৎ; জল—মুচ্+ক্বিপ্ কর্তৃ। বি; পুং।

জলযন্ত্র—জল তুলিবার কল; ধারাযন্ত্র; কৃত্রিম ফোয়ারা; জ্যোতিষশাস্ত্রোক্ত যন্ত্র বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

জলযান—জলপথে যাতায়াত করিবার নৌকাদি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

জলযন্ত্র—জলমধ্যে পোতাদিতে আরোহণ করিয়া যে যন্ত্র। ৭মীতৎ। বি।

জলযোগ—উপাহার, অল্প আহার্য গ্রহণ, জল-খাবার খাওয়া। বাংপ্র। বি।

জলরোধক—যাহা জল আটকাইতে পারে এমন, watertight. ৬ষ্ঠীতৎ। বিণ।

জলশৌচ—ছোঁচানো। ৩য়াতৎ। বি; স্ত্রী।

জলসত্র—পথিকদিগকে জলদান করিবার স্থান; জল-ছত্র; পথিকদিগকে জলপ্রদান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

জলসম—জলের উপরিভাগের মত সমতল; অনু-ভূমিক, level. ৬ষ্ঠীতৎ। বিণ।

জল-সরা—যাহা হইতে জল বাহির হইয়াছে এমন ('—দই', '—কালি')। বহু (বাংপ্র)। বিণ।

জলসর্পিণী—জোঁক। উপতৎ; জল—সৃপ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

জলসা—নাচ গান প্রঃ মজলিস; আনন্দ-সম্মিলন। < আ জল্‌সঅ্'। বি। [অ।

জলসাৎ—জলে নিক্ষিপ্ত; জলে পরিণত। জল+সাৎ।

জলসে, জলসো—পানসে, জলো। বাংপ্র। বিণ।

জলসেক, -সেচন—জল ছিটাইয়া দেওয়া, জল ছেঁচা; শস্যক্ষেত্রে জল সরবরাহ, irrigation. ৩য়াতৎ। বি; পুং, ক্লী।

জলস্তম্ভ—স্তম্ভাকারে উৎক্ষিপ্ত বা পতিত জল-রাশি, waterspout. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলস্তম্ভন—মন্ত্রাদি দ্বারা জলের গতি প্রঃ নিবারণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

জলস্ফীতি—পূর্ণিমা-অমাবস্যায় সমুদ্রাদির জল-বৃদ্ধি; জোয়ার। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জলহস্তী (-হস্তিন্)—দীর্ঘতুণ্ড জলজন্তু বিঃ, tapir. ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী, **-হস্তিনী**।

জলহাওয়া—জলবায়ু। বাংপ্র। বি।

জলহারা—জলশূন্য; শুষ্ক। জল হারাইয়াছে যাহা, উপতৎ (বাংপ্র)। বিণ।

জলা—১। জলময় ভূমি, বিল। বি। ২। জলপ্লাবিত; জলময়, জলমগ্ন। জল+আ প্লাবিতার্থে, যুক্তার্থে (বাংপ্র)। বিণ।

জলাচরণীয়—জলচল, যাহার হাতের জল উচ্চবর্ণের ব্যবহারযোগ্য এরূপ। বাংপ্র। বিণ।

জলাঞ্জলি—১। অঞ্জলিপ্রমাণ জল; শবদাহের পর প্রেতের প্রীত্যর্থে জলদান, তর্পণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। সম্পূর্ণরূপে বিসর্জন; চিরতরে বিদায়; অপব্যয়। বাংপ্র। বি।

জলাতঙ্ক—জল দেখিয়া ভয় পাওয়া, পাগলা শিয়াল-কুকুরের কামড়ে উৎপন্ন মনুষ্যাদির রোগ বিঃ, hydrophobia. ৫মীতৎ। বি; পুং।

জলাত্যয়—বর্ষার অন্ত; শরৎকাল। জলের অত্যয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলাধার—১। জলাশয়; সমুদ্র; জলপাত্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। জলস্থিত। বহু। বিণ।

জলাধিপ—বরুণ; সমুদ্র। জলের অধিপ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলাবর্ত—ঘূর্ণি, whirlpool. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলাভেদ্য—যাহার ভিতর দিয়া জল প্রবেশ করিতে পারে না এমন, waterproof. ৬ষ্ঠীতৎ। বিণ।

জলার্দ্র—জলে ভিজা। ৩য়াতৎ। বিণ।

জলাশয়—জলাধার, সমুদ্র নদ নদী প্রঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলীয়—জলবৎ তরল; জলজাত, জলসম্বন্ধীয়, aqueous. জল+ঈয় সম্বন্ধাদ্যর্থে। বিণ।

জলুই—নৌকাগঠনে ব্যবহৃত গজাল। বাংপ্র। বি।

জলুস—দীপ্তি, ঔজ্জ্বল্য, চাকচিক্য। < আ 'জ্‌লুস্'। বি।

জলেচর—জলচর পাখি। অলুক্ উপতৎ; জলে চর+ট কর্তৃ। বি; পুং। স্ত্রী, **-রী**।

জলেশ, জলেশ্বর—বরুণ; সমুদ্র; শিবমূর্তি বিঃ। জলের ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলো—জল মিশানো, জলের মত পাতলা; ভিজা। জল+ও (< উয়া)। বিণ।

জলোচ্ছ্বাস—জলের স্ফীততা, জোয়ার। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বহু। বি; ক্লী।

জলোদর—উদরী। জলপূর্ণ উদর যাহা হইতে,

জলোদরী—পেটে জল জমার ফলে পেট বড় হইয়া উঠা; উদরীরোগ। জলপূর্ণ উদর যাহা হইতে, বহু+ঈপ্। বি; স্ত্রী। [বহু। বিণ।

জলোদ্ভব—জলজাত। জল হইতে উদ্ভব যাহার,

জলৌকা, জলৌকাঃ (-কস্)—জোঁক। জল ওক, ওকঃ (বসতি) যাহার, বহু (প্রথম পক্ষে)+আপ্। বি; স্ত্রী, পুং।

জল্প—পরমত-খণ্ডনপূর্বক স্বমতস্থাপন; জল্পনা, জল্পন। জল্প্+ঘঞ্ ভাব। বি; পুং।

জল্পক—যে বেশী কথা বলে; বাচাল; বহুভাষী। জল্প্+ণক কর্তৃ। বি; পুং।

জল্পন, জল্পনা—উক্তি; অনেক বকা, বাচালতা; প্রস্তাব, সূচনা। জল্প্+অনট্ ভাব, জল্প্+অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

জল্পিত—১। উক্ত; প্রস্তাবিত। জল্প্+ক্ত কর্ম। বিণ। ২। জল্পন। জল্প্+ক্ত ভাব। বি; ক্লী।

জল্লাদ—ঘাতক, মৃত্যুদণ্ডপ্রাপ্ত অপরাধীর হত্যা-কারী। আ। বি।

জশম—বাহুর অলংকার বিঃ। < ফা 'জোশন'। বি।

জসদ—দস্তা। < যশদ। বি।

জহর—১। বিষ, গরল; আত্মসম্মান রক্ষার জন্য রাজপুতনারীদের অগ্নিতে প্রাণত্যাগরূপ ব্রত। ফা। ২। মণি। < আ 'জবাহির', 'জওহর'। বি।

জহরত—বহু মণি প্রঃ। আ 'জবাহিরাৎ' শব্দের বহু-বচন। বি। [কুণ্ডে আত্মবিসর্জন। ফা-মু। বি।

জহরব্রত—রাজপুত রমণীদের সতীত্বরক্ষার্থ অগ্নি-

জহরী, জহুরী—জহরত-ব্যবসায়ী; রত্নবণিক; মণিমুক্তাদির পরিচয়ে অভিজ্ঞ ব্যক্তি। জহর+ঈ ব্যবসায় অর্থে, নিপুণার্থে (আ-মু)। বি।

জহ্নুকন্যা, -তনয়া, -বালা, -সুতা—গঙ্গা। ৬ষ্ঠীতৎ। বি, স্ত্রী।

জা—ভাসুর বা দেবরের স্ত্রী। < যাতৃ। বি।
জাং—ঊরু। < জঙ্ঘা। বি।
জাইগির—রাজদত্ত নিষ্কর বা স্বল্পকর ভূমি। ফা-ম। বি। [আছে অর্থে। বি।
জাইগিরদার—জায়গিরভোগী ব্যক্তি। জাইগির+দার
জাউ—গলা ভাত; মাড়। < যবাগূ। বি।
জাওয়ানো—বাঁচাইয়া রাখা; বাঁচানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
জাওলা—যে সব মাছকে জীবন্ত অবস্থায় বঁড়শিতে গাঁথিয়া ধরা হয়; যে সব মাছকে তোলা জলে বাঁচাইয়া রাখা হয়। < হি 'জিউবালা'। বি।
জাওয়াতি—জন্মপত্রিকা ("বালকের লেখে জাওয়াতি" —কবিকঙ্কণ)। প্রা কপ্র। বি।
জাঁক—সমারোহ, আড়ম্বর; গর্ব; আস্ফালন। বাংপ্র। বি। **জাঁক করা, জাঁক দেখানো**—গর্ব প্রকাশ করা। **জাঁক দেওয়া**—পাকাইবার জন্য পাতা প্রঃ দিয়া ফল ঢাকিয়া রাখা; পচাইবার জন্য পাটগাছের অনেক-গুলি আঁটি জলে ভিজাইয়া রাখা।
জাঁকজমক—আড়ম্বর, ঘটা। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
জাঁকড়—কেনা জিনিস অপছন্দ হইলে ফিরাইয়া দিবার শর্ত। বাংপ্র। বি।
জাঁকা—জমকালো হওয়া; চাপিয়া বসা; জমকিয়া বসা; আঁটিয়া ধরা। বাংপ্র। ক্রি [, বি]।
জাঁকানো—জাঁকজমক করা; গুলজার করা; জমকালো হওয়া; জাঁক দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
জাঁকালো—জমকালো; আড়ম্বরযুক্ত; বহিঃসম্ভ্রম-বিশিষ্ট। জাঁক+আলো বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।
জাঁত—চাপ; জলসেচন করিবার নিমিত্ত দ্রোণীযন্ত্রে ব্যবহৃত দীর্ঘ বংশদণ্ড বা কাষ্ঠদণ্ড। < যন্ত্র। বি।
জাঁতা—পেষণযন্ত্র, চাল গম ইঃ গুঁড়া করিবার যন্ত্র; ভস্ত্রা, হাপরে বাতাস করিবার যন্ত্র। < যন্ত্র। বি।
জাঁতাভাঙ্গা, -ভাঙা—যাহা জাঁতায় ভাঙ্গা হইয়াছে এরূপ ('—আটা')। ৩য়তৎ (বাংপ্র)। বিণ।
জাঁতি—সুপারি কাটিবার যন্ত্র বিঃ। < যন্ত্রী। বি।
জাঁতিকল—ইঁদুর মারিবার জন্য জাঁতির ন্যায় এক-প্রকার যন্ত্র। জাঁতি-সদৃশ বা জাঁতিযুক্ত কল, মধ্যপ (বাংপ্র)। বি।
জাঁদরেল—সেনাপতি; মহাবীর পুরুষ; জমকালো ভঙ্গীবিশিষ্ট ব্যক্তি; অতি সম্ভ্রান্ত ব্যক্তি। < ইং 'general'. বি।
জাঁহাপনা—জগতের আশ্রয়স্থল (মুসলমান রাজা বা সম্রাটের প্রতি সম্বোধন)। < ফা 'জহান-পনাহ্'। বি।
জাঁহাবাজ—ধড়িবাজ, কূটবুদ্ধি; যে দমিবার পাত্র নয় এমন, দুর্দান্ত। < ফা 'জহান্‌বাজ'। বিণ।
জাগ—পুষ্ট ফলকে পাকানোর জন্য গরমে রাখা। বাংপ্র। বি। [বাংপ্র। বি।
জাগগান—উত্তরবঙ্গ ও পূর্ববঙ্গের পল্লীগীতি বিঃ।
জাগন—জাগরণ। জাগ্+অন ভাব (বাংপ্র)। বি।
জাগন্ত—জাগরিত। জাগ্+অন্ত কর্তৃ (বাংপ্র)। বিণ। [ঘঞ্ ভাব। বি; পুং।
জাগর—নিদ্রাভঙ্গ, জাগরণ; জাগ্রৎ অবস্থা। জাগৃ+
জাগরণ—সজাগ থাকা, জাগিয়া থাকা; নিদ্রা হইতে উত্থান; চেতনালাভ, অবসন্নতা হইতে মুক্তি। জাগৃ+অনট্ ভাব। বি; ক্লী।
জাগর-স্বপন—তন্মনস্কভাবে কোন সুখকর বিষয়ের কল্পনা করণ, daydream. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
জাগরিত—বিনিদ্র, যে জাগিয়া আছে এরূপ; যাহার নিদ্রাভঙ্গ হইয়াছে এরূপ। জাগৃ+ক্ত কর্তৃ। বিণ।
জাগরী (-রিন্)—জাগরিত, জাগ্রৎ; সাবধান। জাগর+ইন্ অস্ত্যর্থে। বিণ।
জাগরূক—সজাগ, যে জাগিয়া আছে এমন; হুঁশিয়ার, সতর্ক। জাগৃ+উক কর্তৃ, শীলার্থে। বিণ।
জাগা—জাগরিত থাকা; ঘুম হইতে ওঠা; প্রবুদ্ধ হওয়া; প্রস্ফুট থাকা; সচেতন হওয়া; আত্মহিতে মনোযোগী হওয়া; মোহ দূর করা; স্মরণে রাখা। < জাগৃ-ধাতু। ক্রি [, বি, বিণ]।
জাগানে—যে জাগায় এমন। বাংপ্র। বিণ।
জাগানো—ঘুম ভাঙ্গানো; সতর্ক করানো; প্রবুদ্ধ করানো; সচেতন করানো; স্মরণ করানো; জাগাইয়া রাখা; মজুত রাখা। বাংপ্র। ক্রি [, বি, বিণ] [জাগৃ+শতৃ কর্তৃ। বিণ।
জাগ্রৎ—জাগরণশীল, সজাগ; দৈবশক্তিপ্রকাশক।
জাগ্রত—বিনিদ্র, সজাগ। < জাগ্রৎ। বিণ।
জাঙ্, জাঙ্গ—উরু। < জঙ্ঘা। বি।
জাঙ্গল—বন্য; বনবহুল বা তৃণবহুল। জঙ্গল+অণ্ ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী—**জাঙ্গলী**।
জাঙ্গাল—সেতু; বাঁধ; আলি; তাম্রঘটিত সবুজ রং বিঃ, verdigris. < জঙ্গাল। বি।
জাঙ্গিয়া, জাঙিয়া—যাহাতে উরু অবধি ঢাকা পড়ে এইরূপ ছোট পায়জামা বিঃ; অন্তর্বাস, ল্যাঙ্গোট। হি। বি।
জাজিম—নকশাদার বড় বিছানার চাদর; বিছানার নীচে পাতিবার বড় গদি। < ফা 'জাজ্ম্'। বি।
জাজ্বল্যমান—অত্যুজ্জ্বল, দেদীপ্যমান। জ্বল্+যঙ্+শানচ্ কর্তৃ। বিণ।
জাট, জাঠ—ঘানিগাছের মধ্যস্থিত স্থূল কাষ্ঠখণ্ড বা লোহ; পুষ্করিণী প্রতিষ্ঠার সময় তন্মধ্যে প্রোথিত দীর্ঘ এবং স্থূল কাষ্ঠখণ্ড; হুঁকার নলিচা; রাজস্থানের হিন্দু জাতি বিঃ। বাংপ্র। বি।
জাঠর—১। জঠরগত অগ্নি। বি; পুং। ২। জঠর-সম্বন্ধীয়। জঠর+অণ্ সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী. -রী। [জাতি বিঃ। হি-ম্। বি।
জাঠা—তীর্থযাত্রিদল; পশ্চিম ভারতের হিন্দু-
জাঠি—লাঠি; লৌহদণ্ড; অস্ত্র। বাংপ্র। বি।
জাড়—হিম, শীত। < জাড্য। বি।
জাড়ি, জাড়ী—জাড় শীত ('জ্বর—')। < জাড্য। বি।
জাড্য—জড়তা; মূর্খতা, অজ্ঞানতা; শৈত্য; আলস্য; বস্তুধর্ম বিঃ, বস্তুর আপনা হইতে চলিবার বা

গতিনিরোধের অক্ষমতা, inertia. জড়+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

জাৎ—আসল; (সমাসে অন্য শব্দের পরে থাকিলে) রাশীকৃত, একস্থানে রক্ষিত ('গুদাম—')। <জাত। বিণ।

জাত—১। উৎপন্ন, উদ্ভূত; জন্মগত; প্রশস্ত; ব্যক্ত। জন্+ক্ত কর্তৃ। বিণ। ২। সমূহ; জন্ম, উৎপত্তি। জন্+ক্ত অধি, ভাব। বি; ক্লী। ৩। বর্ণ; প্রকার; জাতিগত সামাজিক অধিকার <জাতি। বি। ৪। খাঁটি ('—সাপ'); অন্তর্গত; আবদ্ধ; রাশীকৃত, একস্থানে রক্ষিত ('গুদাম—'); ন্যস্ত। বাংপ্র। বিণ। ৫। উৎসব, মেলা। <যাত্রা। বি। **জাত খাওয়া**—জাত মারা (তাহা দ্রঃ)। **জাত খোয়ানো, জাত-জন্ম খোয়ানো**—হীনবর্ণ ব্যক্তির অন্নভোজনাদি দ্বারা নিজের জাতিধর্ম নষ্ট করা। **জাত তোলা**—গালাগালিতে জাতির উল্লেখ করা। **জাত মারা**—শাস্ত্রনিষিদ্ধ খাদ্যাদি ভোজন করাইয়া জাতি নষ্ট করা; সতীত্ব নষ্ট করা; যাহাতে জাতি নষ্ট হইতে পারে এমন কলঙ্কসূচক কথা বলা বা নিন্দাজনক কার্য করা। **জাত যাওয়া**—শাস্ত্র-নিষিদ্ধ খাদ্যাদি গ্রহণ-জন্য জাতিনাশ হওয়া। **জাতে তোলা**—জাতিচ্যুত ব্যক্তিকে প্রায়শ্চিত্তাদি করাইয়া পুনরায় জাতির অন্তর্ভুক্ত করা। **জাতের বিচার**—ব্যক্তি বিঃ কোন্ জাতির লোক তাহার অনুসন্ধান; মূল বিষয়ের আলোচনা।

জাতক—১। জাত বালক; জাত বালকের শুভাশুভ-নির্ণায়ক গ্রন্থ; কোষ্ঠী; জাতকর্ম, সংস্কার বিঃ। জাত+কন্ স্বার্থে, হিতার্থে। বি; ক্লী। ২। ভিক্ষু। বি; পুং। ৩। পালি ভাষায় লিখিত বুদ্ধ-দেবের পূর্বজন্মকাহিনী। বি; ক্লী। ৪। উৎপন্ন জাত+কন্ স্বার্থে। বিণ। স্ত্রী—**জাতিকা**।

জাতকর্ম (-কর্মন্)—সন্তানের নাভিচ্ছেদনের পূর্বে কর্তব্য কর্ম বিঃ। জাতবিষয়ক কর্ম, মধ্যপ। বি; ক্লী। [স্ত্রী, ক্লী।

জাতক্রিয়া, -কৃত্য—জাতকর্ম। মধ্যপ। বি;

জাতক্রোধ—১। ক্রুদ্ধ। বহুব্রী। বিণ। ২। জন্মগত ক্রোধ; চিরকালের রাগ। বাংপ্র। বি।

জাতপত্র—জন্মপত্রিকা, কোষ্ঠী। মধ্যপ। বি; ক্লী।

জাতপুত্র—যাহার ছেলে জন্মিয়াছে এমন। বহু। বিণ। [বিণ।

জাতপ্রত্যয়—যাহার বিশ্বাস জন্মিয়াছে এমন। বহু।

জাতবোষ্টম—পুরুষানুক্রমে বৈষ্ণব; গৃহী বৈরাগী। ৩য়াতৎ (বাংপ্র)। বি।

জাতব্যবসায়—বংশগত পেশা। বাংপ্র। বি।

জাতভাই—এক জাতির অন্তর্ভুক্ত ব্যক্তি। মধ্যপ (বাংপ্র)। বি।

জাতসাপ—কেউটে বা গোখ্রো সাপ। কর্মধা (বাংপ্র)। বি।

জাতাঙ্কুর—১। অংকুরিত। জাত অংকুর যাহার, বহু। বিণ। ২। নবাঙ্কুর। কর্মধা। বি; পুং।

জাতাপত্যা—যে নারীর সন্তান জন্মিয়াছে এমন। জাত অপত্য যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

জাতাশৌচ—জননাশৌচ (তাহা দ্রঃ)।

জাতি—১। জন্ম। জন্+ক্তি ভাব। ২। চুল্লী; গোত্র। জন্+ক্তি অধি। ৩। সমলক্ষণ অনুযায়ী বিভাগ; এক আদিম বংশ হইতে জাত মানবসমষ্টি; এক রাষ্ট্র এক দেশ বা এক ধর্মের অন্তর্গত মানব-সমষ্টি; শ্রেণী, প্রকার; ব্রাহ্মণাদি বর্ণ; জাতিগত সামাজিক অধিকার। জন্+ক্তি করণ। ৪। মালতীপুষ্প; আমলকী; কদলীপত্র; জাতিফল; রাগ-রাগিণীর সম্পূর্ণ ঔড়ব ও ষাড়ব এই তিন প্রকার ভেদ; তালের ত্র্যস্র চতুরস্র খণ্ড মিশ্র ও সংকীর্ণ এই পাঁচপ্রকার ভেদ; অলংকার বিঃ; পদ্যের মাত্রাযুক্ত ছন্দ; ষড়্জাদি সপ্তস্বর; নিত্য এবং অনেক-সমবেত ধর্ম; একশ্রেণীর যাবতীয় পদার্থের অসাধারণ ধর্ম। জন্+ক্তিচ্ কর্তৃ। বি; স্ত্রী। **জাতি খাওয়া, জাতি মারা**—জাত মারা (তাহা দ্রঃ)।

জাতিকুল—জাতজন্ম। দ্বন্দ্ব। বি; ক্লী।

জাতিগত—জাতিসংক্রান্ত, কোন জাতির স্বভাবগত বা তাহার সম্বন্ধীয়; এক এক জাতির মধ্যে সীমা-বদ্ধ। ২য়াতৎ। বিণ।

জাতিচ্যুত—জাতিভ্রষ্ট, সমাজবিরুদ্ধ কাজ করার জন্য যাহার জাতি গিয়াছে এরূপ। ৫মীতৎ। বিণ।

জাতিতত্ত্ব—বিভিন্ন জাতিবিষয়ক সমস্ত জ্ঞাতব্য বিষয়, জাতিরহস্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

জাতিধর্ম—১। ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য প্রঃ জাতির স্ব স্ব আচারপদ্ধতি; ব্রাহ্মণাদির ধর্ম বিঃ; ভিন্ন ভিন্ন শ্রেণীর বস্তুর অসাধারণ গুণ। ৬ষ্ঠীতৎ। ২। ভিন্ন ভিন্ন জাতি এবং তাহাদের পদ্ধতি ও পারলৌকিক বিশ্বাস। দ্বন্দ্ব। বি; পুং।

জাতিধর্মনির্বিশেষে—জাতিবর্ণনির্বিশেষে (তাহা দ্রঃ)।

জাতিধ্বংস, -নাশ—জাতিচ্যুতি, জাতি নষ্ট হওয়া; কোন জাতির সম্পূর্ণরূপে বিধ্বস্ত হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জাতিপত্র—জয়ত্রী। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

জাতিপাত—জাত যাওয়া, জাতি নাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জাতিপুঞ্জ—জাতিসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। **সম্মিলিত জাতিপুঞ্জ**—দ্বিতীয় মহাযুদ্ধের অবসানে পৃথিবীর শান্তিরক্ষার নিমিত্ত গঠিত বিভিন্ন জাতির সভা, United Nations Organization (U. N. O.). [বি; ক্লী।

জাতিফল—জায়ফল। জাতিসংজ্ঞক ফল, মধ্যপ।

জাতিবর্ণনির্বিশেষে—বিভিন্ন জাতি এবং বর্ণের মধ্যে ভেদজ্ঞান না করিয়া, সকল জাতি এবং বর্ণের মধ্যে সমান ভাব দেখাইয়া। জাতিবর্ণের নির্বিশেষ, ৬ষ্ঠীতৎ, এরূপে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।

জাতিবাচক—যাহা দ্বারা ব্রাহ্মণ ক্ষত্রিয় ইঃ মনুষ্য পশু ইঃ একজাতীয় মানুষ জীব বা বস্তুকে বুঝায়। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-বাচিকা**।

জাতিবিদ্বেষ—কোন জাতির প্রতি হিংসা বা শত্রুতার ভাব। ৭মীতৎ। বি; পুং।
জাতিবৈর—স্বাভাবিক শত্রুতা, জন্মগত বিরোধ। জাতিগত বৈর, মধ্যপ। বি; ক্লী।
জাতিভেদ—ভিন্ন ভিন্ন জাতির পরস্পরের পার্থক্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [পুং।
জাতিভ্রংশ—জাতিনাশ; জাতিচ্যুতি। ৫মীতৎ। বি;
জাতিভ্রষ্ট—জাতিচ্যুত। ৫মীতৎ। বিণ।
জাতিরূপ—জন্মগত শ্রেণী, type. ৬ষ্ঠীতৎ। বি।
জাতিসঙ্কর—বর্ণসঙ্কর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জাতিসংঘ—প্রথম মহাযুদ্ধের পর বিভিন্ন দেশের বহুজাতির সমবায়ে গঠিত অধুনালুপ্ত সমিতি বিঃ, League of Nations. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জাতিস্মর—পূর্বজন্মের বৃত্তান্তস্মারক, যাহার পূর্ব-জন্মের কথা মনে থাকে এমন। জাতি—স্মৃ+অচ্ কর্তৃ। বিণ।
জাতী—মালতীপুষ্প; মালতীলতা; যে লতার ফল জায়ফল। জাতি+ঈপ্। বি; স্ত্রী।
জাতীফল—জায়ফল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
জাতীয়—সমানজাতিবিশিষ্ট, স্বজাতীয় (অন্য শব্দের পরে থাকিলে) প্রকারের; জাতি-সম্বন্ধীয়। জাতি+ঈয় ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ। **জাতীয় সংগীত**—জাতীয় ভাবে পূর্ণ লোকপ্রিয় সংগীত, রাষ্ট্রের সংগীত, national anthem.
জাতীয়তা—স্বজাতিপ্রীতি; জাতির বৈশিষ্ট্য বা অধিকার, nationalism. জাতীয়+তা ভাবে। বি; স্ত্রী।
জাতেষ্টি—সন্তানের জন্ম হইলে যে যাগ করিতে হয়, জাতকর্ম-সংস্কার। মধ্যপ। বি; স্ত্রী।
জাত্য—সদ্‌বংশীয়; কুলীন, শ্রেষ্ঠ; কমনীয়। জাতি+যৎ সাধু অর্থে। বিণ। **জাত্য গ্যাস**—বিশুদ্ধতম গ্যাস, perfect gas. [বাংপ্র। বি।
জাত্যংশে—জাতিবিষয়ে, জাতে ('—বণিক্')।
জাত্যন্ধ—জন্মান্ধ। ৩য়াতৎ। বিণ।
জাত্যভিমান—উচ্চবংশে জন্মজনিত অহংকার। মধ্যপ। বি; পুং।
জাত্যভিমানী (-মানিন্)—উচ্চবংশে জন্মজন্য অহংকৃত। জাত্যভিমান+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -মানিনী। [বি; পুং।
জাত্যর্থ—সামান্য অভিধান, connotation. ৬ষ্ঠীতৎ।
জাদু—১। কুহক, ভেলকি। ফা। ২। শিশুর প্রতি আদরের সম্বোধন। < প্রাকৃত 'জাদ'। বি।
জাদুকর—ঐন্দ্রজালিক, মায়াবী। ফা-মু। বি।
জাদুঘর—প্রদর্শশালা, museum. ফা-মু। বি।
জাদুবিদ্যা—ইন্দ্রজালবিদ্যা। ফা-মু। বি।
জাদুমণি—যাদুমণি (তাহা দ্রঃ)।
জান—১। সর্বজ্ঞ; দৈবজ্ঞ। < 'জ্ঞা'-ধাতু। ২। সংগীতে কোন রাগের বাদী সুর; প্রাণ, জীবন। ফা। বি। [বি; স্ত্রী।
জানকী—সীতা। জনক+অণ্ অপত্যার্থে+ঈপ্।
জানত—১। জ্ঞাত, অবগত। < জানৎ। বিণ। ২। জানিয়া, জ্ঞানতঃ। বাংপ্র। অ। ৩। জানে। প্রা কপ্র। ক্রি।
জানপদ—১। গ্রাম্য; জনপদসম্বন্ধীয়। জনপদ+অণ্ সম্বন্ধার্থে। ২। গ্রামে বা দেশে উৎপন্ন; জনপদ হইতে আগত; দেশান্তরাগত; দেশস্থ; জনপদবাসী, মফস্বলবাসী। জনপদ+অণ্ ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী, -দী। ৩। জনপদ, দেশ। জনপদ+অণ্ স্বার্থে। বি; পুং। [স্কন্ধ। বি।
জানবাচ্চা—স্ত্রীপুত্র। জান (ফা) ও বাচ্চা (হি),
জানলা—'জানালা' দ্রঃ।
জানা—১। অবগত, জ্ঞাত; পরিচিত। জান্+আ কর্ম (বাংপ্র)। বিণ। ২। বিদিত হওয়া; জ্ঞাত হওয়া; টের পাওয়া; বোঝা; সমর্থ হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
জানাজানি—অনেকের মধ্যে প্রকাশ, পরস্পরের নিকট হইতে জানা। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।
জানান—সংবাদ দান; নিজের অস্তিত্ব জ্ঞাপন। বাংপ্র। বি। **জানান দেওয়া**—আগেই জানানো; নিজের অস্তিত্ব বুঝানো।
জানানা, জেনানা—১। স্ত্রীলোক; অন্তঃপুর। বি। ২। স্ত্রীলোকদিগের উপযুক্ত; পর্দানশিন। < ফা 'জন্নানহ্'। বিণ। [ক্রি [, বি, বিণ]।
জানানো—অবগত করানো, জ্ঞাপন করানো। বাংপ্র।
জানালা, জানলা—বাতায়ন, গবাক্ষ। < পো 'anella'. বি। [পরিচয়। বাংপ্র। বি।
জানাশুনা—১। পরিচিত। বিণ। ২। আলাপ-
জানিত—পরিচিত; জ্ঞাত। বাংপ্র। বিণ।
জানু—হাটু। জন্+ঞুণ্ কর্তৃ। বি; ক্লী।
জানুআরি, জানুয়ারি—ইংরেজী বৎসরের প্রথম মাস। < ইং 'January'. বি।
জানোয়ার—১। পশু, জন্তু। < ফা 'জানবর'। বি। ২। পশুর মত মূর্খ, অজ্ঞ। বাংপ্র। বিণ।
জান্তব—প্রাণিজাত; জন্তু-সম্বন্ধীয়। জন্তু+অণ্ জাতার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -বী।
জান্তা—যে জানে, অভিজ্ঞ ('সব —')। বাংপ্র। বিণ।
জাপ—জাপানবাসী; জাপানদেশীয়। বৈদে। বিণ।
জাপক—জপকারী। জপ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—জাপিকা।
জাপটাজাপটি—পরস্পর পরস্পরকে জড়াইয়া ধরা। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।
জাপটানো—জড়াইয়া ধরা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
জাপানী—১। জাপানদেশীয়। বিণ। ২। জাপানের লোক। < জাপ 'জেপান'। বি।
জাফরান—কুঙ্কুম। আ। বি।
জাফরি—ফাঁক বুননযুক্ত চাঁচ, মধ্যে ছিদ্রযুক্ত বেড়া। আ। বি।
জাব—১। গরুর খাইবার জন্য কাটা খড়। বি। ২। সম্পূর্ণ সিক্ত। < যবস। বিণ।
জাবড়া—সৌষ্ঠবহীন, অপরিষ্কৃত; সিক্ত ("ঘৃত তৈল দিয়া তাহা করিল জাবড়া।"—কৃত্তি)। বাংপ্র। বিণ।

জাবড়ানো—জলে ডুবাইয়া ধরা, চুবানো; খেবড়ানো; এলোমেলোভাবে কাজ করা; জাপটানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
জাবদা—জাবেদা (তাহা দ্রঃ)। [বি।
জাবনা—গরুর খাইবার জন্য কাটা খড় ইঃ। বাংপ্র।
জাবর—রোমন্থন, চর্বিত-চর্বণ। বাংপ্র। বি। **জাবর কাটা**—রোমন্থন করা; আলোচিত বিষয়ের পুনরায় আলোচনা করা। [<আ 'জাবিতাহ্'। বি।
জাবেদা—বাঙ্গালা দৈনিক হিসাবের পাকা খাতা।
জাবেদাখাতা, -বহি—কারবারের দৈনিক হিসাব-বহি, দৈনিক হিসাবের পাকা খাতা। বাংপ্র বি।
জাম—১। গাছ বা ফল বিঃ। <জম্বু। বি। ২। বন্ধ, রুদ্ধ। বাংপ্র। বিণ। ৩। মরিচা, জং। ফা-মু। বি। [বি; পুং।
জামদগ্ন্য—পরশুরাম। জমদগ্নি+ষ্যঞ্ অপত্যার্থে।
জামদানি, -দানী—তাঁতে প্রস্তুত ফুলতোলা শাড়ি। ফা। বি। [(হি)। বি।
জামবাটি—কাঁসার বড় বাটি। জাম (ফা)+বাটি
জামরুল—রসবহুল একপ্রকার ফল ও তাহার গাছ। বাংপ্র। বি। ['জামহ্' বি।
জামা—কুর্তা, কোট শার্ট পাঞ্জাবি প্রঃ। <ফা
জামাই—কন্যার পতি। <জামাতৃ। বি।
জামাই-আদর—পরম আদরযত্ন। বাংপ্র। বি।
জামাই-ষষ্ঠী—জ্যৈষ্ঠমাসের শুক্লাষষ্ঠী তিথি (এই দিনে জামাইকে নিমন্ত্রণাদি করা হয়)। বাংপ্র। বি।
জামাজোড়া—পরিপাটী জামাকাপড়; জামা ও তাহার উপর শালের জোড়া। বাংপ্র। বি।
জামাতা (-তৃ)—জামাই। জায়া—মা+তৃচ্ কর্তৃ। বি; পুং। [অর্থাদি। আ। বি।
জামানত—মুচলেকা, প্রতিভূ; জামিনস্বরূপ গচ্ছিত
জামিন—অপরের জন্য দায়ী, প্রতিভূ; জামিনস্বরূপ গচ্ছিত অর্থাদি। আ। বিণ বা বি।
জামিনদার—যে অপরের জন্য জামিন হয় বা দেয়। আ-মু। বি।
জামিনদারি—জামিন দেওয়া, মুচলেকা দেওয়া। জামিনদার+ই কর্মার্থে (আ-মু)। বি।
জামিননামা—জামিন রাখিবার শর্তসূচক পত্র। জামিন+নামা লিপি অর্থে (আ-মু)। বি।
জামিয়ার—'জামেয়ার' দ্রঃ।
জামির—গোঁড়া লেবু। <জম্বীর। বি।
জামেয়ার, জামিয়ার—ফুলদার পশমী শীতবস্ত্র। <ফা 'জামহ্'। বি।
জাম্ববান্ (-বৎ), **জাম্বুবান্** (-বৎ)—ঋক্ষরাজ, শ্রীকৃষ্ণের শ্বশুর। জাম্ব, জাম্বু+মতুপ্ আছে অর্থে। বি; পুং।
জায়—তালিকা, ফর্দ; চালান, মূল্যসহ দ্রব্যাদির তালিকা, invoice. হি-মু। বি।
জায়গা—স্থান; অবস্থা, ক্ষেত্র; ভূমি; জমি; বদল; আধার। ফা। বি। [<ফা 'জাগীর'। বি।
জায়গির, -গীর—পুরস্কারস্বরূপ প্রাপ্ত ভূসম্পত্তি।
জায়গিরদার, জায়গীরদার—জায়গীরের মালিক। ফা-মু। বি।
জায়দা—অধিক, অতিরিক্ত। আ। বিণ।
জায়দাদ—ভূসম্পত্তি। ফা। বি।
জায়ফল—পঞ্চকষায়ের অন্তর্গত ফল বিঃ, nutmeg. <জাতীফল। বি।
জায়মান—যে বা যাহা জন্মিতেছে এরূপ, উৎপাদ্যমান। জন্+শানচ্ কর্তৃ। বিণ।
জায়া—স্ত্রী, পত্নী। জন্+যক্ অধি+আপ্। বি; স্ত্রী।
জায়াজীব—বেশ্যাপতি; জায়ার অর্জিত অর্থে যে জীবনধারণ করে; নট। জায়া আজীব (জীবিকা) যাহার, বহু। বি; পুং।
জায়াপতি—স্ত্রীপুরুষ; দম্পতি। দ্বন্দ্ব। বি; পুং।
জার—উপপতি। জৄ+ণিচ্ (লুক্)+ঘঞ্ কর্তৃ। বি; পুং।
জারক—১। হজমকারক রস বা দ্রব্য বিঃ; কিণ্বসত্ত্ব, enzyme. বি। ২। অম্লজানযোগকারী, oxidizing; হজমী, পরিপাচক। জৄ+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**জারিকা**।
জারজ—উপপতিজাত পুত্র; বেজন্মা। উপতৎ; জার—জন্+ড কর্তৃ। বি; পুং, বা বিণ।
জারণ—১। জীর্ণ করা, পরিপাক করা; লৌহাদি ধাতু পুনঃ পুনঃ দগ্ধ করিয়া ভস্ম করা। জৄ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। জীর্ণকারক। জৄ+ণিচ্+অন কর্তৃ। বি।
জারব—শুকাইয়া যায়, জীর্ণ হয় ("অঙ্কুর তপনতাপে যদি জারব"—বিদ্যা)। প্রা কপ্র। ক্রি।
জারা—১। জীর্ণ করা; পরিপাক করা; লৌহাদি ধাতু ভস্ম করা; দগ্ধ করা। ক্রি। ২। জারিত। বিণ। ৩। জারিতকরণ; জারিত দ্রব্য। বাংপ্র। বি।
জারানো—জারিত করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
জারি, জারী—১। ওষধি বিঃ, জাড়ী। জৄ+ণিচ্+ইঞ্ করণ, বিকল্পে ঈপ্। বি; স্ত্রী। ২। জাঁক, দেমাক। বাংপ্র। ৩। প্রচার; প্রকাশ; প্রবর্তন। বি। ৪। প্রচারিত; প্রকাশিত; পরিণত; প্রবর্তিত। আ। বিণ। ৫। বাংলার মুসলমানী পল্লীসংগীত বিঃ। <ফা 'যারী'। বি। [আ-মু। বি।
জারিজুরি, -জোরি—বাহাদুরি, প্রভাব; দম্ভ।
জারিত—জীর্ণীকৃত; ভস্মীকৃত (লৌহাদি)। জৄ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
জারী—'জারি' দ্রঃ।
জারুল—বৃক্ষ বিঃ বা তাহার কাঠ। বাংপ্র। বি।
জাল—১। গবাক্ষের ছিদ্র। জল্+ণিচ্+অচ্ কর্তৃ। বি; পুং ২। ফাঁদ; পাশ। জল+অণ্ নিক্ষেপার্থে। ৩। রথাদির আবরণ বিঃ; জানালা। বি; পুং বা ক্লী। ৪। সমূহ; ইন্দ্রজাল; ছল; মোহিনীশক্তি; প্রতারণা; দম্ভ; কোরক; ক্ষুদ্রফল। জল্+ঘঞ্ করণ। বি; ক্লী। ৫। কৃত্রিম, মিথ্যা; ছদ্মবেশী; নকল টাকা; দলিল প্রঃ নকল করা। আ। বিণ বা বি। **জাল করা**—প্রতারণার উদ্দেশ্যে নকল

করা বা গড়া। **জাল গুটানো**—জালে যাহা পড়িয়াছে তাহা টানিয়া সংগ্রহ করা; যাহা ছড়াইয়া আছে তাহা সংগ্রহ করা; কর্মক্ষেত্র সংকুচিত করা; কাজ হাসিল করিয়া পালানো।

জালক—১। কুঁড়ি, কলিকা: জাল; কচি লাউ কুমড়া ইঃ; মোচা। বি; ক্লী। ২। জানালা। জাল+কন্ তুল্যার্থে। বি; পুং।

জালকাঁঠি—জালকে ভারী করার জন্য লোহার কাঁঠি। বাংপ্র। বি।

জালজীবী (-বিন্)—ধীবর, জেলে। 'জাল দ্বারা জীবে (বাঁচে) যে এই বাক্যে, উপতৎ; জাল—জীব্+ণিন্ কর্তৃ। বি; পুং।

জালতি—ছোট জাল; গরুর মুখের জাল: আম প্রঃ পাড়িবার জন্য জাল-ঘেরা আঁকশি বিঃ; তারের জাল, netting. বাংপ্র। বি।

জালপাদ—লিপ্তপাদ, web-footed. বহু। বিণ।

জালা—অলিঞ্জর, জলাদি রাখিবার বৃহৎ পাত্র বিঃ। <ফা 'জর্‌রহ্'। বি।

জালা, জালানি, জালানে, জালানো—জ্বালা, জ্বালানো (তাহা দ্রঃ)।

জালাতন—জ্বালাতন (তাহা দ্রঃ)।

জালি—১। নবম, অপরিপুষ্ট (ফল প্রঃ)। বিণ। ২। ছোট জাল; জাফরি; জালের মত তৈয়ারী জিনিস; কচি ফল। জাল+ই ক্ষুদ্রার্থে (বাংপ্র)। বি।

জালিক—১। ব্যাধ; মাকড়সা; ধীবর; মর্কট। বি; পুং। ২। জালিয়াত, প্রতারক। জাল+ইক জীবনধারণার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

জালিবোট—জাহাজের সঙ্গে যে ছোট নৌকা বাঁধা থাকে। <ইং "olly-boat". বি।

জালিয়াত—জালকারক; যে কৃত্রিম টাকা নোট ও দলিল প্রঃ তৈয়ার করে এমন। < আ 'জালয়াত'। বি বা বিণ।

জালিয়াতি—জালিয়াতের বৃত্তি, জাল করা। জালিয়াৎ+ই কর্মার্থে (আ-মু)। বি।

জালী—ক্ষুদ্র কুষ্মাণ্ডাদি; ঝিঙ্গা; জাড়ী ওষধি। জল্+অচ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

জাল্ম—১। নীচ ব্যক্তি; মূর্খ লোক। বি: পুং। ২। জড়; পামর; মূর্খ। জল+মক্ কর্তৃ। বিণ।

জাসু—সর্দার: শ্রেষ্ঠ; গুপ্তচর; প্রতারক। < আ 'জাসুস্'। বি বা বিণ।

জাস্তি—অধিক, অতিরিক্ত। < আ 'জিযাদৎ'। বিণ।

জাহাজ—অর্ণবপোত। < আ 'জহাজ'। বি।

জাহাজঘাটা—নদীতীরাদির যে স্থানে জাহাজ ভিড়ানো হয়। বাংপ্র। বি।

জাহাজী—১। জাহাজের লোক; জাহাজের শ্রমিক কর্মচারী প্রঃ; জাহাজের জিনিস। বি। ২। জাহাজের; জাহাজ সম্বন্ধীয়। আ-মু। বিণ।

জাহান্নম—নরক; অধঃপাত। <আ 'জহন্নম'। বি। **জাহান্নমে দেওয়া**—অধঃপতন ঘটানো, সর্বনাশ করা। **জাহান্নমে যাওয়া**—গোল্লায় যাওয়া, অধঃপতিত হওয়া। **জাহান্নমের পথ**—সমূহ সর্বনাশের পথ; অধঃপতনের পথ।

জাহাপনা—জাঁহাপনা (তাহা দ্রঃ)।

জাহাবাজ—জাঁহাবাজ (তাহা দ্রঃ)।

জাহির—১। অবতীর্ণ; প্রকাশিত; আবির্ভূত; প্রসিদ্ধ; প্রদর্শিত। বিণ। ২। প্রকাশ; প্রচার। আ। বি। [বি; স্ত্রী।

জাহ্নবী—গঙ্গা। জহ্নু+অণ্ অপত্যার্থে+ঈপ্।

জি—১। রসনা, জিভ ("প্রকার শুনিয়া ধনি দন্তে কাটে জি"—রাম)। <জিহ্বা। বি। ২। মহাশয়; প্রভু। হি। অ। ৩। জীবন। <জীব। বি।

জিউ, জীউ—প্রাণ; ঠাকুর। <জীব। বি।

জিউলি—একধরনের বেড়ার গাছ (আঠার জন্য বিখ্যাত)। বাংপ্র। বি।

জিওল—জিয়ল (তাহা দ্রঃ)।

জিগমিষা—গমনেচ্ছা। সনন্ত গম্+অ ভাব+আপ্। বি: স্ত্রী। বিণ, **-মিষু**।

জিগির—আগ্রহাতিশয্য; সমবেত কণ্ঠে প্রচার বা আন্দোলন। < ফা 'জিগ্‌র্'। বি। **জিগির তোলা**—সমবেতকণ্ঠে বারবার ঘোষণা করিয়া কোন কিছু প্রচার করা। [+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

জিগীষা—জয়েচ্ছা; উদ্যম; প্রকর্ষ। জি+সন্ ইচ্ছার্থে

জিগীষু—জয়েচ্ছু; উৎকর্ষলাভেচ্ছু; উদ্যমশালী। জি+সন্ ইচ্ছার্থে+উ কর্তৃ। বিণ।

জিঘাংসা—হননেচ্ছা। হন্+সন্ ইচ্ছার্থে+অ ভাব+আপ্। বি: স্ত্রী। বিণ—**জিঘাংসু**।

জিজিয়া—মুসলমান আমলে ভারতে মুসলমান শাসক কর্তৃক অমুসলমানের নিকট গৃহীত কর। <আ 'জিজিঅহ্'। বি। [আপ্। বি; স্ত্রী।

জিজীবিষা—বাঁচিবার ইচ্ছা। জীব্+সন্+অ ভাব+

জিজীবিষু—বাঁচিয়া থাকিতে ইচ্ছুক। জীব্+সন্+উ কর্তৃ। বিণ।

জিজ্ঞাসা—জানিতে ইচ্ছা, প্রশ্ন; অনুসন্ধান করিবার ইচ্ছা। জ্ঞা+সন্ ইচ্ছার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

জিজ্ঞাসাবাদ—প্রশ্ন ও কথাবার্তা; প্রশ্নাদি ও আলাপ করা। জিজ্ঞাসাপূর্ণ বাদ, মধ্যপ। বি; পুং।

জিজ্ঞাসিত—পৃষ্ট, যে বিষয়ে বা যাহাকে জিজ্ঞাসা করা হইয়াছে এরূপ। জ্ঞা+সন্ ইচ্ছার্থে+ক্ত কর্ম। বিণ। [কর্তৃ। বিণ।

জিজ্ঞাসু—জানিতে ইচ্ছুক। জ্ঞা+সন্ ইচ্ছার্থে+উ

জিজ্ঞাস্য—জিজ্ঞাসার যোগ্য; জিজ্ঞাসার বিষয়ীভূত; অনুসন্ধেয়। জ্ঞা+সন্ ইচ্ছার্থে+ণ্যৎ কর্ম। বিণ।

জিঞ্জির—শৃঙ্খল: দ্বীপান্তর। <ফা 'জন্‌জীর্'। বি।

জিৎ—১। যে জয় করিয়াছে এমন ('ইন্দ্র—')। সমাসে পরপদ। বিণ। ২। জয়লাভ। বাংপ্র। বি।

জিত—পরাজিত; বশীকৃত; জয়লব্ধ। জি+ক্ত কর্ম। বিণ।

জিতক্রোধ—কোপশূন্য; শান্ত। বহু। বিণ।

জিতা—১। পরাজিতা। জিত+আপ্। বিণ। ২। জয়

করা। জয় লাভ করা; শাস্ত করা। বাংপ্র। ক্রি [, বি]।

জিতানো—জয় করানো, জয় লাভ করানো। বাংপ্র। [ক্রি [, বি, বিণ]।

জিতেন্দ্রিয়—১। ইন্দ্রিয়জয়কারী, বশী। বিণ। ২। তপস্বী। বহু। বি; পুং।

জিতেন্দ্রিয়তা—ইন্দ্রিয় জয় করিবার গুণ বা শক্তি। জিতেন্দ্রিয়+তা ভাবে। বি; স্ত্রী।

জিদ, জেদ—রোখ, গোঁ, (সাধারণতঃ অন্যায় বিষয়ে) দৃঢ়সংকল্প; ঝোঁক। < আ 'জিদ্দ্'। বি।

জিদাজিদি, জেদাজেদি—বার বার জেদ করা। আ-মূ। বি।

জিদী, জেদী—একগুঁয়ে, একরোখা; দৃঢ়প্রতিজ্ঞ। জিদ, জেদ+ঈ আছে অর্থে (আ-মূ)। বিণ।

জিন—১। বিষ্ণু; বর্ধমান মহাবীর। বি; পুং। ২। জয়ী। জি+নক্ কর্তৃ। বিণ। ৩। দৈত্য; উপদেবতা। আ। ৪। ঘোড়ার পিঠের চর্মাসন। < ফা 'জিন'। ৫। মোটা সুতার ঠাস বুনানি কাপড় বিঃ। < ইং 'jean'. বি।

জিনা—জয় করা, পরাজিত করা। বাংপ্র। ক্রি।

জিনিস—দ্রব্য; সারবস্তু। < আ 'জিন্‌স্'। বি।

জিনিসপত্র, -পাতি—দ্রব্যসামগ্রী, নানাপ্রকার বস্তু। আ-মূ। বি।

জিন্দা—জীবিত, জীবন্ত। ফা। বিণ।

জিন্দাবাদ—দীর্ঘজীবী হউক। ফা-মূ। অ। **ইনক্লাব জিন্দাবাদ**—বিপ্লব দীর্ঘজীবী হউক।

জিন্দিগি—প্রাণ; জীবনকাল। < ফা 'জিন্দ্‌গী'। বি।

জিব, জিভ—রসনা। < জিহ্বা। বি। **জিভ কাটা**—লজ্জিত বা অপ্রতিভ হইয়া জিহ্বা বাহির করিয়া দাঁতে চাপিয়া ধরা। **জিভ বাহির হইয়া পড়া**—কঠিন কার্য সম্পাদনে প্রাণান্তকর ক্লেশ পাওয়া। **জিভে জল আসা**—খাইতে অত্যন্ত ইচ্ছা হওয়া।

জিবছোলা—জিব চাঁচিয়া পরিষ্কার করিবার নিমিত্ত পাতলা পাত। জিব—ছুল্+আ করণ (বাংপ্র)। বি।

জিবা, জিবে—জিবের মত, জিবের ন্যায় লম্বা ও চেপটা ('—গজা')। বাংপ্র। বিণ।

জিভ—'জিব' দ্রঃ।

জিমন্যাস্টিক—ব্যায়াম; নানারূপ শারীরিক কৌশল। [< ইং 'gymnastics'. বি।

জিম্মা—দায়িত্ব; ন্যাস; গচ্ছিত রাখা। আ। বি।

জিম্মাদার—যাহার নিকট কোন জিনিস গচ্ছিত রাখা যায়। জিম্মা+দার (আ-মূ)। বি।

জিয়ন্ত, জীয়ন্ত—সজীব। জি, জী+অন্ত কর্তৃ (বাংপ্র)। বিণ।

জিয়ল—১। যাহা দীর্ঘকাল জিয়াইয়া রাখা যায় এমন ('—মাছ')। বিণ। ২। কচ্ছপ; মৎস্য বিঃ; দীর্ঘকাল জিয়াইয়া রাখা যায় এরূপ মৎস্য; বৃক্ষ বিঃ। বাংপ্র। বি।

জিয়াদা—অধিক, অতিরিক্ত। আ। বিণ।

জিয়ানো, জীয়ানো—বাঁচাইয়া তোলা; বাঁচাইয়া রাখা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

জিরা, জিরে—রন্ধনের একপ্রকার মসলা ('—মরিচ')। < জীরক। বি।

জিরান—অবসর; বিশ্রাম গ্রহণ। < আ 'জিরিয়ান'। [বি।

জিরান-কাট—রসনির্গমনের জন্য খেজুর গাছ একবার কাটিবার পর দুই-চারি দিন বন্ধ দিয়া পুনরায় কাটা। জিরানের পর কাট, মধ্যপ (বাংপ্র)। বি।

জিরানো, জিরনো—পরিশ্রমের পর শ্রান্তি দূর করা, বিশ্রাম করা। আ-মূ। ক্রি [, বি]।

জিরাফ—দীর্ঘগ্রীব আফ্রিকাবাসী জন্তু বিঃ। < ইং 'giraffe'. বি।

জিরেন—জিরান (তাহা দ্রঃ)।

জিল—১। উচ্চস্বর। < ঝিল্লী। ২। উজ্জ্বলতা; তানপুরা বেহালাদি যন্ত্রের তার, গুণ। < আ 'জল্লা'। বি।

জিলা, জেলা—কয়েকটি মহকুমার সমষ্টি, একজন ম্যাজিস্ট্রেটের শাসনাধীন প্রদেশ। < আ 'জিল্‌-বরা'। বি।

জিলাপি, জিলিপি—মিষ্টান্ন বিঃ। < হি 'জলেবী'। বি। **জিলাপির প্যাঁচ**—কুটিলতা; অসরল ভাব।

জিল্লা—জেল্লা (তাহা দ্রঃ)।

জিষ্ণু—১। বিষ্ণু; ইন্দ্র; অর্জুন; সূর্য; বসু। বি; পুং। ২। জয়ী। জি+গ্স্নু কর্তৃ, শীলার্থে। বিণ।

জিহাদ—'জেহাদ' দ্রঃ।

জিহি—জিহ্বা ("লক্ লক্ লক্ জিহি"—ভারত)। [কপ্র। বি।

জিহীর্ষা—হরণেচ্ছা। সনন্ত হৃ+অ ভাব+আপ্। বি; স্ত্রী। বিণ, -র্ষু।

জিহ্বা—রসনেন্দ্রিয়, জিভ। লিহ্+ব করণ (নিপা।)+আপ্। বি; স্ত্রী।

জিহ্বাগ্র—জিহ্বার অগ্রভাগ। জিহ্বার অগ্র, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জিহ্বামূল—জিভের গোড়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

জিহ্বামূলীয়—১। জিহ্বামূল হইতে উচ্চার্য বর্ণ, ক খ গ ঘ ঙ। বি; পুং। ২। জিহ্বামূলসংক্রান্ত; জিহ্বা-মূলোদ্ভূত। জিহ্বামূল+ঈয় ভবার্থে। বিণ।

জিহ্ম—অপ্রসন্ন; দীন; বক্র; সংকুচিত; কুটিল; কপট; খল; মন্দ। হ্বা+ম কর্তৃ। বিণ।

জী—১। জীবন। < জীব। ২। প্রভু; মহাশয়, হুজুর। হি। অ।

জীউ—'জিউ' দ্রঃ।

জীব—১। জীবাত্মা, দেহাবচ্ছিন্ন আত্মা; প্রাণী, জন্তু; বৃহস্পতি; কর্ণ। জীব্+ঘঞ্ কর্তৃ। ২। বৃত্তি, জীবিকা। জীব্+ঘঞ্ করণ। ৩। প্রাণধারণ; জীবনকাল, আয়ুঃ। জীব্+ঘঞ্ ভাব। বি; পুং।

জীবক—১। সাপুড়ে। জীব্+ণিচ্+ণক কর্তৃ। বি; পুং। ২। ভৃত্য, সুদখোর; ভিক্ষুক। জীব্+ণক কর্তৃ। বিণ।

জীবজগৎ—মর্ত্যভুবন, প্রাণিপূর্ণ পৃথিবী। জীব-পূর্ণ জগৎ, মধ্যপ। বি; ক্লী।

জীবজন্তু—প্রাণিসমূহ, জন্তু সকল। একার্থক পদদ্বয়ের দ্বন্দ্ব। বি; পুং।

জীবৎ—যে বাঁচিয়া আছে এমন, জীবিত (বাংগালায় কেবল সমাসে পূর্বপদে—জীবদ্দশা)। জীব্+শতৃ কর্তৃ। বিণ।

জীবৎকাল—আয়ুষ্কাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জীবতত্ত্ব—জীববিদ্যা, biology. জীববিষয়ক তত্ত্ব, মধ্যপ। বি; ক্লী। [বি; স্ত্রী।
জীবতারা—জীবনরূপ তারকা, জীবন। রূপক কর্মধা।
জীবদ্দশা—জীবনকাল, যাবৎ প্রাণধারণ করা যায়। জীবৎ (প্রাণযুক্ত) দশা, কর্মধা। বি; স্ত্রী।
জীবধর্ম—ক্ষুধাতৃষ্ণা ইঃ জীবমাত্রেরই শারীরিক বৃত্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।
জীবন—১। প্রাণধারণ। জীব্+অনট্ ভাব। ২। প্রাণ; জীবিতকাল; বৃত্তি ও জীবিকা; জল; মজ্জা। জীব্+অনট্ করণ। বি; ক্লী। ৩। পুত্র; বায়ু; (জীবস্রষ্টা বলিয়া) পরমেশ্বর। জীব্+ণিচ্+অনট্ কর্তৃ। বি; পুং।
জীবনচরিত—জীবনী, কোন ব্যক্তির জীবনের ঘটনাবলীবিষয়ক পুস্তক, biography. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [পাত্র। ৬ষ্ঠীতৎ। বিণ।
জীবনবল্লভ—প্রাণপ্রিয়, প্রাণাপেক্ষা অধিক ভালবাসার
জীবনবিন্দু—জীবনীশক্তির ক্ষুদ্রতম অংশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জীবনবিমা, -বীমা—নির্দিষ্টকাল অন্তে অথবা মৃত্যুর পর এককালীন কিছু টাকা পাইবার জন্য কোন কোম্পানির নিকট কিস্তিমত কিছু কিছু টাকা জমা রাখা, life-insurance. ৬ষ্ঠীতৎ। বি।
জীবনবৃত্তান্ত—জীবনী, জীবনচরিত। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; স্ত্রী।
জীবনযাত্রা—প্রাণধারণ, জীবনাতিবাহন। ৬ষ্ঠীতৎ।
জীবনযাত্রানির্বাহ—বাঁচিয়া থাকিবার জন্য খাওয়াপরার ব্যবস্থা করা, জীবিকাদ্বারা বাঁচিয়া থাকা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জীবনলাভ—পুনর্জীবনপ্রাপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জীবনসংগ্রাম—বাঁচিয়া থাকিবার জন্য প্রতিকূল অবস্থার সহিত যুদ্ধ ও প্রতিকূল অবস্থা অতিক্রমপূর্বক জীবনধারণ। জীবননিমিত্তক সংগ্রাম, মধ্যপ। বি; পুং।
জীবনসঙ্গিনী—জীবনকালের সহচরী; সহধর্মিণী, পত্নী। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; স্ত্রী।
জীবনসঞ্চার—প্রাণদান; জীবনলাভ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জীবনস্বত্ব—কেবল যতদিন বাঁচিয়া থাকা যায় ততদিনের ভোগাধিকার। মধ্যপ। বি; ক্লী।
জীবনসহচর—চিরজীবনের সঙ্গী। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী, -রী। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
জীবনস্মৃতি—জীবনের যে-সব ঘটনা মনে আছে।
জীবনান্ত—মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জীবনাশ—১। প্রাণিবধ; প্রাণসংহার। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। প্রাণনাশক। জীবের নাশ যাহা হইতে, বহু। বিণ।
জীবনী—১। যদ্দ্বারা জীবিত থাকা যায়; জীবনদায়িকা ('—শক্তি')। জীব্+অনট্ করণ+ঈপ্। বিণ; স্ত্রী। ২। জীবনচরিত। বাংপ্র। বি।
জীবনীয়—১। জীবনধারণের জন্য আবশ্যক; আয়ুস্কর। বিণ। ২। জল। জীবন+ঈয় হিতার্থে। বি; ক্লী। [vitality. কর্মধা। বি; স্ত্রী।
জীবনীশক্তি—যে শক্তি দ্বারা জীবগণ জীবিত থাকে,
জীবনোচ্ছ্বাস—প্রাণনশক্তির উদ্বেল অবস্থা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বায়ু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জীবনোপায়—জীবিকা, যাহা দ্বারা জীবনধারণ করা
জীবন্ত—১। সজীব, প্রাণবিশিষ্ট; সক্রিয় ('—আগ্নেয়গিরি'), active; অত্যন্ত স্পষ্ট ('—সত্য')। জীব+অন্ত (ঝচ্) কর্তৃ। বিণ। ২। প্রাণ; ঔষধ। জীব্+অন্ত (ঝচ্) করণ। বি; পুং।
জীবন্মুক্ত—তত্ত্বজ্ঞানী, জীবদ্দশাতেই মায়াবন্ধনরহিত ('—জীব')। জীবৎ অথচ মুক্ত, কর্মধা। বিণ। বি, -মুক্তি।
জীবন্মৃত—জীবিতাবস্থায় মৃতকল্প, জীয়ন্তে মরা; নিতান্ত অবসন্ন; নিরুপায়। জীবৎ অথচ মৃত, কর্মধা। বিণ। [তৎ। বি; স্ত্রী।
জীবন্যাস—প্রাণপ্রতিষ্ঠা; প্রাণপ্রতিষ্ঠার মন্ত্র। ৬ষ্ঠীতৎ।
জীববলি—পশুবলি। কর্মধা। বি; পুং।
জীববিজ্ঞান, -বিদ্যা—জীবদেহের উৎপত্তি বৃদ্ধি ক্রমবিকাশ ইঃ সম্বন্ধীয় শাস্ত্র, biology. মধ্যপ। বি; ক্লী, স্ত্রী।
জীববিন্দু—জীবাত্মা, ক্ষুদ্রতম জীব। জীব বিন্দুপ্রায়, উপমিত কর্মধা। বি; পুং।
জীবলোক—১। সংসার, মর্ত্যলোক। ৬ষ্ঠীতৎ। ২। সমগ্র জীব। কর্মধা। বি; পুং।
জীবশূন্য—নির্জীব; প্রাণিবিরহিত। ৩য়াতৎ। বিণ।
জীবস্থান—মর্মস্থান, শরীরের যে স্থানে আঘাত লাগিলে প্রাণনাশের সম্ভাবনা; পৃথিবী। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি; স্ত্রী।
জীবহত্যা—জীবের প্রাণনাশ, জীবহিংসা। ৬ষ্ঠীতৎ।
জীবহিংসা—প্রাণিবধ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
জীবাণু—অণুবীক্ষণে দৃশ্য অতি সূক্ষ্ম প্রাণী বা উদ্ভিদ্, microbe. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জীবাত্মা (-ত্মন্)—শরীরের অধিষ্ঠাতা চেতন পদার্থ, জীবপুরুষ; দেহাভিমানী জীব। জীবরূপী আত্মা, রূপক কর্মধা। বি; পুং।
জীবান্তক—১। প্রাণনাশক। বিণ। ২। ব্যাধি; ব্যাধ; বিষ; যম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জীবাশ্ম (-শ্মন্)—যে প্রাণী বা উদ্ভিদ্ পাথরে পরিণত হইয়াছে, fossil. জীবজাত অশ্ম, মধ্যপ। বি; পুং।
জীবিকা—জীবনোপায়, বৃত্তি। জীব্+ঘঞ্ করণ+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
জীবিকানির্বাহ—জীবনযাত্রা-নিষ্পাদন, নিজের ও পরিবারের ভরণপোষণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জীবিকার্জন—জীবনযাত্রা নিষ্পাদনের জন্য অর্থ উপার্জন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
জীবিত—জীবন্ত। জীব্+ক্ত কর্তৃ। বিণ।
জীবিতকাল—আয়ুঃ, যে কাল পর্যন্ত বাঁচিয়া থাকা যায়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জীবিতাবস্থা—জীবদ্দশা, বাঁচিয়া থাকিবার সময়। জীবিতের অবস্থা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জীবিতেশ—প্রাণনাথ, স্বামী; যম; যন্ত্র; সূর্য। জীবিতের ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জীবিতেশ্বর—প্রাণনাথ, স্বামী। জীবিতের (জীবনের), ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জীবী (জীবিন্)—যাহার জীবন আছে এমন। জীব+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**জীবিনী**।

জীমূত—মেঘ; পর্বত; ইন্দ্র। জী—মূ+ক্ত কর্তৃ। বি; পুং।

জীমূতবাহন—ইন্দ্র। বহু। বি; পুং।

জীমূতমন্দ্র—মেঘধ্বনি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জীয়ন—জীবন। বাংপ্র। বি।

জীয়নকাঠি—যাহা দ্বারা জীবনসঞ্চার হয়; যে কাঠির স্পর্শে দেহে প্রাণসঞ্চার হয়। বাংপ্র। বি।

জীয়ন্ত—'জিয়ন্ত' দ্রঃ। [বি; পুং।

জীরক—জীরা। জ্যা+রক্ কর্তৃ+কন্ স্বার্থে।

জীরা—একপ্রকার মসলা। < জীরক। বি।

জীর্ণ—যাহা অনেক দিন অবধি আছে এরূপ; প্রাচীন; জর্জরিত; পরিপাকপ্রাপ্ত; পরিপক্ব; অকেজো। জৄ+ক্ত কর্তৃ। বিণ। [বি; পুং।

জীর্ণজ্বর—পুরাতন ঘুস্‌ঘুসে জ্বর। কর্মধা।

জীর্ণসংস্কার—পুরাতনের দোষাপসারণ; মেরামত, ভাংগা সারা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জীর্ণোদ্ধার—মেরামত, অকেজো জিনিস চালাইবার মত করা। জীর্ণের উদ্ধার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জুঁই—সুগন্ধ ফুল বিঃ। < যূথিকা। বি।

জুগুপ্সা—নিন্দা, কুৎসা; ঘৃণা। গুপ্+সন্ নিন্দার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

জুগুপ্সিত—১। নিন্দিত; ঘৃণিত। গুপ্+সন্ নিন্দার্থে+ক্ত কর্ম। ২। যাহার ঘৃণা জন্মিয়াছে এরূপ। জুগুপ্সা+ইতচ্ জাতার্থে। বিণ।

জুজ—পুস্তকের খণ্ড বা ফর্মা। আ। বি।

জুজবন্দি—বই বাঁধার কাজ; ফর্মা ফর্মা সেলাই করিয়া বাঁধানো। আ-মু। বি।

জুজসেলাই—ফর্মা ফর্মা পৃথগ্‌ভাবে সেলাই করিয়া বই বাঁধা। আ-মু। বি।

জুজু, জুজুবুড়ী—শিশুদিগের ভয় দেখাইবার জন্য কল্পিতা বৃদ্ধা নারী। বাংপ্র। বি।

জুজুৎসু—জাপানী মল্লবিদ্যা বিঃ। জাপানী। বি।

জুঝারু—যোদ্ধা, যুদ্ধপটু ("উনলক্ষ রণদক্ষ জুঝারু মাতঙ্গ"—ঘনরাম)। প্রা কপ্র। বিণ।

জুটা, জোটা—সংগৃহীত হওয়া; সম্মিলিত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]। **জুটে পুটে**—একসংগে জড় হইয়া দল পাকাইয়া জটলা করিয়া।

জুটানো, জোটানো—সংগ্রহ করা; মিলানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

জুটি—জুড়ি; সংগী। বাংপ্র। বি।

জুড়নো—জুড়ানো (তাহা দ্রঃ)।

জুড়া—যুক্ত করা, সংলগ্ন করা; পূর্ণ করা; আরম্ভ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

জুড়ানো—ঠাণ্ডা করা বা হওয়া; তৃপ্ত করা বা হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

জুড়ি—যাত্রাগানে যে কয়জন গায়ক সম্মিলিত ভাবে গান করে; সমান আকারের দুইটি ঘোড়া; সমকক্ষ ব্যক্তি বা বস্তু। < যুগ্ম। বি।

জুড়িগাড়ি—সমান আকারের অশ্বদ্বয়যুক্ত শকট, দুই ঘোড়ার গাড়ি। মধ্যপ (বাংপ্র)। বি।

জুড়িদার—সংগী, সহচর; সহযোগী। জুড়ি+দার স্বার্থে (বাংপ্র)। বি।

জুত—স্বাচ্ছন্দ্য; সুবিধা; স্বাস্থ্য; কায়দা; সামর্থ্য। হি-মু। বি। [বাংপ্র। বিণ।

জুতমাফিক, জুতসৈ—সুবিধামত; পরিমাণমত।

জুতা—চর্মপাদুকা, উপানৎ। হি-মু। বি। **জুতা খাওয়া**—অপমানিত হওয়া। **জুতা মারা**—জুতা দ্বারা প্রহার করা; অপমানিত করা।

জুতানো—জুতা মারা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

জুদা—পৃথক্; শীঘ্র। < ফা 'জুদাহ্'। বিণ।

জুন—ইংরেজী বৎসরের ষষ্ঠ মাস। < ইং 'June'. বি।

জুবড়ানো, জুবড়নো, জোবড়ানো—চুবানো; খুব ভিজানো; ধেবড়ানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

জুবিলি—উৎসব, কোন প্রতিষ্ঠান বা কাহারও বয়স্কাল অথবা কাহারও রাজত্বের নির্দিষ্ট সময় পূর্ণ হইলে যে উৎসব করা হয় তাহা, 'জয়ন্তী'। < ইং 'jubilee'. বি।

জুব্বা, জোব্বা—একপ্রকার আলখাল্লা। আ। বি।

জুম—১। অহিতাচার; অত্যাচার; জবরদস্তি; স্পর্ধা ("এত জুম আজ্ঞা বিনা বুকে হাত দিলা"—ভারত)। < আ 'জুলুম্'। ২। একধরনের চাষ। বাংপ্র। বি।

জুম্মা—শুক্রবার। < আ 'জুম্‌হ্'। বি।

জুম্মা-মসজিদ—যে মসজিদে মুসলমান জনসাধারণ শুক্রবারে প্রার্থনা করে। আ-মু। বি।

জুয়া—দ্যূতক্রীড়া; অর্থাদি পণ রাখিয়া খেলা। < দ্যূত। বি।

জুয়াচুরি—জুয়াখেলায় কপটতা; ঠকানো। জুয়া-চোর+ই কর্মার্থে (বাংপ্র)। বি।

জুয়াচোর—জুয়াখেলায় কপটতাকারী; প্রবঞ্চক। ৩য়াতৎ। বি বা বিণ।

জুয়াড়ী, জুয়াড়ি—জুয়াব্যবসায়ী; যে সর্বদা জুয়া খেলে। বাংপ্র। বি বা বিণ। ['জবান্'। বিণ।

জুয়ান, জোয়ান—বলবান্; তরুণ। < ফাসী

জুয়ানো—যোগানো; উপস্থিত হওয়া, জুটা; যোগ্য হওয়া; সংগত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।

জুয়াল, জোয়াল—লাঙ্গল গাড়ি প্রঃ টানিবার জন্য নিযুক্ত দুইটি পশুর স্কন্ধে স্থাপিত কাষ্ঠখণ্ড বা বংশদণ্ড। < যুগ। বি।

জুরি, জুরী—অপরাধীর বিচার-কার্যে সাহায্য করিবার জন্য নিযুক্ত দায়রা-জজের সহকারী কতিপয় বিশিষ্ট ভদ্রলোকের সমষ্টি। < ইং 'jury'. বি।

জুলফি—কানের পাশের চুল; কানের ধার হইতে গালের কিছুদূর পর্যন্ত রাখা দাড়ি। < ফা 'জুল্ফ্'। বি।

জুলাই—ইংরেজী বৎসরের সপ্তম মাস। < ইং 'July'. বি।

জুলি—নালা, প্রণালী, ক্ষুদ্র খাত। বাংপ্র। বি।

জুলু—দক্ষিণ আফ্রিকার জাতি বিঃ বা তাহাদের ভাষা। বৈদে। বি।

জুলুম—অত্যাচার, জবরদস্তি। < আ 'জুল্ম্'। বি। [বিণ।

জুলুমবাজ—অত্যাচারী, উৎপীড়নকারী। আ-ম্।

জুলুমবাজি—অত্যাচার, উৎপীড়ন। আ-ম্। বি।

জুষ্ট—১। উপাসিত; সেবিত; অনুষ্ঠিত। জুষ্+ক্ত কর্ম। বিণ। ২। উচ্ছিষ্ট। বি; ক্লী।

জুট—জটা; শিবের জটা; সমূহ; বন্ধন; ঝুঁটি। জুট্+ক কর্তৃ (নিপা)। বি; পুং।

জুটিকা, জুটী—জটা; শিখা; সমূহ। জুট+ঈপ্, ১ম পক্ষে কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

জুষ—ঝোল, কাথ। জুষ্+ক ঘঞর্থে করণ। বি; পুং বা ক্লী। [অনট্ ভাব। বি; ক্লী।

জৃম্ভণ—হাই তোলা; প্রকাশ; বিস্তার। জৃন্ভ্+

জৃম্ভা, জৃম্ভিকা—হাই তোলা; প্রকাশ; প্রস্ফোটন। জৃন্ভ্+অ ভাব+আপ্, পক্ষে স্বার্থে কন্+আপ্। বি; স্ত্রী।

জেঁকো—আস্ফালনকারী; দাম্ভিক। জাঁক+ও (< উয়া) আছে অর্থে (বাংপ্র)। বিণ।

জেটি—যে ঘাটে জাহাজের যাত্রী বা মাল নামে বা উঠে। < ইং 'jetty'. বি।

জেঠতুতো, জেঠাত—জেঠার পুত্র বা কন্যা হিসাবে যাহার সহিত সম্পর্ক হইয়াছে এমন ('—ভাই')। বাংপ্র। বিণ। [পুং। স্ত্রী, **-শাশুড়ী**।

জেঠশ্বশুর—স্বামীর বা স্ত্রীর জেঠা। বাংপ্র। বি;

জেঠা, জ্যাঠা—১। পিতার জ্যেষ্ঠভ্রাতা। বি। ২। অকালপক্ব, অল্পবয়সে অধিক বাচাল। < জ্যেষ্ঠতাত। বিণ।

জেঠাই, জেঠাইমা—জেঠার স্ত্রী, জেঠী। বাংপ্র। বি।

জেঠামি, জ্যাঠামি, জেঠামো, জ্যাঠামো—জেঠার মত ব্যবহার বা কথাবার্তা; অকালপক্বতা। জেঠা, জ্যাঠা +মি, মো ভাবে (বাংপ্র)। বি।

জেঠী—১। জেঠাই। জেঠা+ঈ। বি; স্ত্রী। ২। টিকটিকী। < জ্যেষ্ঠী। বি।

জেতব্য, জেয়—জয়যোগ্য, যাহাকে জয় করা যায় বা জয় করা উচিত এমন। জি+তব্য, যৎ কর্ম। বিণ।

জেতা (জেতৃ)—জয়কারী, জয়শীল। জি+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**জেত্রী**।

জেতা—জয়লাভ করা; জয় করিয়া পাওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [ক্রি [, বি, বিণ]।

জেতানো—জয়লাভ করানো; জয় করানো। বাংপ্র।

জেদ—জিদ (তাহা দ্রঃ)।

জেদী—জিদী (তাহা দ্রঃ)।

জেদাজেদি, জিদাজিদি—বারবার জিদ করা, আড়াআড়ি, প্রতিযোগিতা। বাংপ্র। বি।

জেনানা—জানানা (তাহা দ্রঃ)।

জেনারেল—প্রধান সেনানায়ক। < ইং 'general'. বি।

জেব—জামার পকেট, জামার থলি। ফা। বি।

জেব্রা—অশ্বজাতীয় জন্তু বিঃ। বৈদে। বি।

জেম্মা—জিম্মা (তাহা দ্রঃ)।

জেয়—'জেতব্য' দ্রঃ।

জেয়াদা—অধিক, অতিরিক্ত। < আ 'জিয়াদৎ'। বিণ।

জের—অবশিষ্ট; হিসাবে পূর্ব হইতে আনীত যোগফলাদি; অনুবৃত্তি। ফা। বিণ বা বি। **জের টানা** —হিসাবে পূর্বপৃষ্ঠার যোগফল পরপৃষ্ঠার উপরে লেখা, পূর্বকৃত ঋণ প্রঃ ক্রমাগত শোধ করিয়াও শেষ করিতে না পারা। **জের মিটানো**—ঋণ প্রঃ সম্পূর্ণরূপে শেষ করা, বাকী কাজ শেষ করা।

জেরবার—যে দুশ্চিন্তা ও পরিশ্রমাদি দ্বারা জর্জরিত হইয়াছে এরূপ; উৎপীড়িত; ক্লান্ত; বিপন্ন। ফা। বিণ।

জেরা—সত্য কথা বাহির করিবার জন্য বিচারকের সম্মুখে আনীত ব্যক্তিকে নানাবিধ অতিরিক্ত প্রশ্ন করা, cross-examination. < আ 'জিরহ্'। বি।

জেল—কারাগার, বন্দীগৃহ; কারাদণ্ড। < ইং 'jail'. বি। **জেল খাটা**—বিচারে দণ্ডিত হইয়া কারাবাস ভোগ করা।

জেলখানা—জেল। কর্মধা। ইং-মু। বি।

জেলখালাসী—জেল হইতে মুক্ত, কারামুক্ত। ৫মীতৎ। ইং-মু। বিণ।

জেলদারোগা—জেলের শান্তিরক্ষক কর্মচারী, জেলের অধ্যক্ষ, jailor. ৬ষ্ঠীতৎ। ইং-মু। বি।

জেলা—জিলা (তাহা দ্রঃ)।

জেলার—কারাধ্যক্ষ। < ইং 'jailor'. বি।

জেলি—চিনি দিয়া পাক-করা ফলের থকথকে গাঢ় রস। < ইং 'jelly'. বি।

জেলে—জালজীবী, ধীবর; মাছব্যবসায়ী। জাল+এ (< ইয়া)। বি। স্ত্রী—**জেলেনী**।

জেলেডিঙি—জেলেদের মাছ ধরিবার ছোট নৌকা। বাংপ্র। বি। [বাংপ্র। বি।

জেলেপাড়া—পল্লীর যে অঞ্চলে জেলেরা বাস করে।

জেল্লা—দীপ্তি, প্রভা। < আ 'জিল্লা'। বি।

জেহাদ—অমুসলমানের সঙ্গে মুসলমানের যুদ্ধ; ধর্মযুদ্ধ। < আ 'জিহাদ'। বি।

জৈত্র—১। পারদ। বি; পুং। ২। জয়যুক্ত, জয়শীল। জি+ত্রন্ কর্তৃ+অণ্। বিণ। স্ত্রী, **-ত্রী**।

জৈত্রী—জয়ন্তীবৃক্ষ। জৈত্র (জেতৃ+অণ্)+ঈপ্। বি; স্ত্রী।

জৈন—জিনপ্রতিষ্ঠিত-ধর্মমতাবলম্বী জাতি, মহাবীর প্রবর্তিত ধর্মসম্প্রদায়। জিন দেবতা ইহার এই অর্থে জিন+অণ্। বি; পুং।

জৈব—প্রাণিজ; জান্তব বা উদ্ভিজ্জ, organic; জীব-সম্বন্ধীয়। জীব+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—**জৈবী**। **জৈব রসায়ন**—জীবসংক্রান্ত রসায়নশাস্ত্র, organic chemistry, biochemistry.

জৈমিনি—মীমাংসা দর্শন প্রণেতা ব্যাসশিষ্য; বজ্রভয়-নিবারক মুনি। বি; পুং।

জো—সুবিধা, সুযোগ; যোগাড়; উপায়; বীজ-বপনাদির প্রকৃত সময়। <যোগ বা যোত্র। বি।

জোঁক—রক্তপায়ী ক্ষুদ্র প্রাণী, রক্তপা। <জলোকা। বি।

জোদা—খুব বেশী; খুব টক। বাংপ্র। বিণ।

জোকার—হুলুধ্বনি। <জয়কার। বি।

জোখা—১। পরিমাণ করা। ক্রি [, বি]। ২। যাহার পরিমাণ করা হইয়াছে এরূপ। বাংপ্র। বিণ।

জোচ্চর, জোচ্চোর—প্রতারক; ফাঁকিবাজ। <জুয়া-চোর। বি বা বিণ। [স্না। বি।

জোছনা, জোচ্ছনা—চন্দ্রালোক, কৌমুদী। <জ্যোৎ-

জোট—দল, সংঘ, সমবায়, একত্র সম্মেলন; গাঁট ('সুতায় — পড়া')। <জট। বি। **জোট পড়ানো**—খেই হারাইয়া ফেলা, কোন ব্যাপারকে জটিল করা। **জোট পাকানো, জোট বাঁধা**—দল বাঁধা, ষড়-যন্ত্র করা। [বাংপ্র। বি।

জোটপাট—জটলা; একত্র মিলন; যোগাড়যন্ত্র।

জোটা—'জুটা' দ্রঃ।

জোটানো—'জুটানো' দ্রঃ।

জোটেবুড়ী—জুজুবুড়ী। বাংপ্র। বি।

জোড়—যুগ্ম, জোড়া দুইটা; সংযোগ, মিলন; যুগল ('মানিক —'); ধুতিচাদর ('গরদের —') <যুগ্ম। বি। **জোড় খাওয়া**—ঠিকভাবে সংযুক্ত হওয়া; মিলন হওয়া। **জোড় ভাংগা**—দুইটির মধ্যে একটির পৃথক্ হওয়া। **জোড় লাগা**—জুড়িয়া যাওয়া; একত্রিত হওয়া। **জোড়ে যাওয়া**—বিবাহের পর বরের স্ত্রীসহ প্রথম শ্বশুরবাড়ি যাওয়া।

জোড়কলম—এক গাছের সহিত অন্য গাছ জুড়িয়া উৎপাদিত কলম। বাংপ্র। বি।

জোড়হাত—১। অঞ্জলিপুট, একত্র বদ্ধ হস্তদ্বয়। কর্মধা। বাংপ্র। বি। ২। কৃতাঞ্জলি, যে হস্তদ্বয় একত্র করিয়াছে এরূপ। বহু। বাংপ্র। বিণ। ক্রি-বিণ—**জোড়হাতে** (=হাত জোড় করিয়া)।

জোড়া—১। দুইটি, একত্র দুইখানি; জুড়ি, মিলন; সমকক্ষ ব্যক্তি বা বস্তু। < যুগ্ম। বি। ২। যুগল, দুইসংখ্যক; পূর্ণ; সংযুক্ত; সংলগ্ন। বিণ। ৩। সংযুক্ত করা, সম্মিলিত করা। বাংপ্র। ক্রি [, বি]।

জোড়াতাড়া, -তালি—তালি, কোনরকমে জোড়া; গোঁজামিল। বাংপ্র। বি। [বিণ]।

জোড়ানো—যুক্ত করা বা করানো। বাংপ্র। ক্রি [, বি,

জোত—বড় বড় প্রজার নিকট হইতে কৃষকেরা দুই তিন বৎসরের নিমিত্ত যে জমি আবাদ করিতে লয় তাহা; এক এক প্রজার অধিকারস্থ জমি; লাংগল বা গাড়িতে গরু বাঁধিবার দড়ি; কাজের পর কিছু-ক্ষণের জন্য বিশ্রাম। <যোত্র। বি।

জোতদার—জোতের মালিক, জমিদারের অধীন জোত-স্বত্বভোগী প্রজা। জোত+দার মালিক অর্থে (বাংপ্র)। বি। [বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

জোতা—গাড়িতে গরু ঘোড়া প্রঃ জুড়িয়া দেওয়া।

জোনাকি—খদ্যোত। <জ্যোতিরিঙ্গণ। বি।

জোবড়া—বেশী ভিজা; ধেবড়া। বাংপ্র। বিণ।

জোবড়ানো—'জুবড়ানো' দ্রঃ।

জোব্বা—চোগার মত জামা। <আ 'জুব্ব'। বি।

জোয়ান—১। মসলা বিঃ। < যমানী। ২। বলিষ্ঠ ব্যক্তি। বি। ৩। বলিষ্ঠ, যুবাবয়স্ক। <ফা 'যুবান'। বিণ।

জোয়ানমর্দ—বলিষ্ঠ যুবা। বাংপ্র। বি।

জোয়ার—১। চাঁদ ও সূর্যের আকর্ষণে জলের স্ফীতি। <জলবার। ২। শস্য বিঃ, দেধান। <হি 'জবার'। বি।

জোয়ার-ভাঁটা—চন্দ্রের আকর্ষণে জলের স্ফীতি ও তাহার বিপরীত স্রোত; আগম-নির্গম, উন্নতি-অবনতি। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

জোয়ারী—জোয়ার হইতে প্রস্তুত ('সেঁকিছে জোয়ারী রুটি'—রবীন্দ্র)। হি-মু। বিণ।

জোয়াল—'জুয়াল' দ্রঃ।

জোর—১। শক্তি, বল; উচ্চতা; জবরদস্তি; জিগির। বি। ২। অধিক; অতিরিক্ত; শক্তিমান্; প্রবল; চড়া। বিণ। ৩। বেশীপক্ষে। ফা। অ।

জোরজবর, -জবরদস্তি, -জুলুম—উৎপীড়ন, অত্যাচার; বলপ্রয়োগ। ফা-মু। বি।

জোরসে—সবলে, খুব জোরে। ফা-মু। ক্রি-বিণ।

জোরাজুরি—পরস্পরের বিরুদ্ধে শক্তিপ্রয়োগ; অনবরত শক্তিপ্রয়োগ। বাংপ্র। বি।

জোরাল, জোরালো—শক্তিশালী, প্রবল, তীব্র। জোর+আল, আলো (ফা-মু)। বিণ।

জোল—নালা; শ্রেণীবদ্ধ চুল্লী। বাংপ্র। বি।

জোলা—মুসলমান তাঁতী। <ফা 'জুলাহ্'। বি; পুং। স্ত্রী—**জোলানী**।

জোলাপ—বিরেচক ঔষধ। <আ 'জুল্লাব'। বি।

জোলো—জলময়; জলমিশ্রিত ("জোলো দুধে পুষ্ট দেহ"—হেম)। জল+ও (বাংপ্র)। বিণ।

জোষিৎ, জোষিতা—স্ত্রীলোক। জুষ্+ইৎ, ইত কর্ম+আপ্। বি; স্ত্রী।

জো-হুকুম—অনুগত ভৃত্য। হি। বি।

জৌ—গালা। <জতু। বি।

জ্ঞ—জ্ঞানী, যে জানে (উপসর্গ বা অন্য শব্দের সহিত যোজিত হইয়া ইহা প্রযুক্ত হইয়া থাকে); দেশকালজ্ঞ; অভিজ্ঞ। জ্ঞা+ক কর্তৃ। বিণ।

জ্ঞপিত, জ্ঞপ্ত—জ্ঞাপিত। জ্ঞপি+ক্ত কর্ম। বিণ।

জ্ঞাত—বিদিত, অবগত; যাহা জানা হইয়াছে এরূপ। জ্ঞা+ক্ত কর্তৃ, কর্ম। বিণ। [বিণ।

জ্ঞাতব্য—জানিবার যোগ্য, জ্ঞেয়। জ্ঞা+তব্য কর্ম।

জ্ঞাতসারে—জ্ঞানগোচরে, জানা সত্ত্বে। বাংপ্র। ক্রি-বিণ। [কর্তৃ। বিণ।

জ্ঞাতা (-তৃ)—যে জানে এমন, অভিজ্ঞ। জ্ঞা+তৃচ্

জ্ঞাতি—দায়াদ; এক গোত্রে যাহার জন্ম হইয়াছে, সগোত্র; সপিণ্ড। জ্ঞা+ক্তিচ্ কর্তৃ। বি; পুং।

জ্ঞাতিকুটুম্ব—এক গোত্রের লোক ও আত্মীয়গণ। দ্বন্দ্ব। বি; ক্লী।

জাতিগোষ্ঠী—জাতিসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
জাতিত্ব—জাতির ধর্ম কর্ম বা ব্যবহার। জাতি+ত্ব ভাবে। বি; ক্লী।
জ্ঞান—চেতনা, সংজ্ঞা; বিবেচনা ('তুল্য—'); বুদ্ধি; অনুভূতি, বোধ; বুঝিবার সামর্থ্য ('সৌন্দর্য—'); পাণ্ডিত্য, শিক্ষা; অবগতি; অভিজ্ঞতা ('ব্যবসায়ের —')। জ্ঞা+অনট্ ভাব। বি; ক্লী।
জ্ঞানকাণ্ড—বেদের দার্শনিক অংশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৩য়াতৎ। বিণ।
জ্ঞানকৃত—যাহা জানিয়া শুনিয়া করা হইয়াছে।
জ্ঞানগম্য—বোধগম্য, যাহা বুঝিতে পারা যায় এমন। ৩য়াতৎ। বিণ।
জ্ঞানগর্ভ—জ্ঞানপরিপূর্ণ, জ্ঞানময়; উপদেশাত্মক। জ্ঞান গর্ভে যাহার, বহু। বিণ। [বিণ।
জ্ঞানগোচর—জ্ঞানের বিষয়ীভূত, জ্ঞাত। ৬ষ্ঠীতৎ।
জ্ঞানচক্ষু—‹জ্ঞানচক্ষুঃ। বি।
জ্ঞানচক্ষুঃ (-চক্ষুস্)—বেদাদি-শাস্ত্রজ্ঞানরূপ নেত্র; জ্ঞান দ্বারা বিচার। রূপক কর্মধা। বি; ক্লী।
জ্ঞানজ্যেষ্ঠ—অধিকতর জ্ঞানসম্পন্ন, জ্ঞানপ্রবীণ। ৩য়াতৎ। বিণ। [অনুসারার্থে। অব্য, ক্রি-বিণ।
জ্ঞানতঃ (-তস্)—জানিয়া শুনিয়া। জ্ঞান+তস্
জ্ঞানতৃষ্ণা—জ্ঞানপিপাসা, জ্ঞানলাভের প্রবল আকাঙ্ক্ষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বিণ।
জ্ঞানদ—জ্ঞানদায়ক। উপতৎ; জ্ঞান—দা+ক কর্তৃ।
জ্ঞানদাতা (-দাতৃ)—১। উপদেষ্টা, গুরু। বি; পুং। ২। জ্ঞানদায়ক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -দাত্রী।
জ্ঞানপাপী (-পাপিন্)—যে জানিয়া পাপ আচরণ করে এরূপ। সুপ্। বিণ। [-পিপাসু।
জ্ঞানপিপাসা—জ্ঞানতৃষ্ণা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। বিণ,
জ্ঞানবাদ—জ্ঞানই সর্বশ্রেষ্ঠ—এইরূপ মতবাদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। বিণ, -বাদী।
জ্ঞানবান্ (-বৎ)—জ্ঞানী। জ্ঞান+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -বতী।
জ্ঞানবিজ্ঞান—বিভিন্ন জ্ঞাতব্য বিষয়, দর্শন সাহিত্য বিজ্ঞান প্রঃ। দ্বন্দ্ব। বি; পুং।
জ্ঞানবৃদ্ধ—মহাজ্ঞানী। ৩য়াতৎ। বিণ।
জ্ঞানময়—১। যাহাতে সমস্ত জ্ঞান বর্তমান রহিয়াছে এমন। জ্ঞান+ময়ট্ স্বরূপার্থে। বিণ।
জ্ঞানযোগ—জ্ঞানের সহিত সম্বন্ধ, জ্ঞান থাকা; ব্রহ্ম-প্রাপ্তির উপায়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জ্ঞানলাভ—জ্ঞানার্জন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জ্ঞানশালী (-লিন্)—জ্ঞানী। উপতৎ; জ্ঞান—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -শালিনী।
জ্ঞানশূন্য, -হীন—অজ্ঞান, অচেতন; মূর্খ। ৩য়াতৎ। বিণ।
জ্ঞানসঞ্চার—জ্ঞানের উদ্রেক; সংজ্ঞালাভ; চৈতন্য-সঞ্চার। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; ক্লী।
জ্ঞানসাধন—ইন্দ্রিয়; তত্ত্বজ্ঞানলাভের চেষ্টা। ৬ষ্ঠীতৎ।
জ্ঞানহারা—বিবেচনাহীন; যাহার কাণ্ডজ্ঞান লোপ পাইয়াছে এমন। বাংপ্র। বিণ।
জ্ঞানহীন—'জ্ঞানশূন্য' দ্রঃ।

জ্ঞানাঙ্কুর—সামান্য জ্ঞানের প্রথম বিকাশ। জ্ঞানের অঙ্কুর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জ্ঞানাঞ্জন—তত্ত্বজ্ঞানরূপ কাজল; সত্যপ্রকাশক জ্ঞান। রূপক কর্মধা। বি; ক্লী।
জ্ঞানার্জন—জ্ঞানলাভ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
জ্ঞানী (-নিন্)—জ্ঞানবান্। জ্ঞান+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—জ্ঞানিনী।
জ্ঞানেন্দ্রিয়—যে ইন্দ্রিয় দ্বারা জ্ঞান জন্মে (চক্ষু, কর্ণ, নাসিকা, রসনা, ত্বক্ ও মন)। জ্ঞানসাধক ইন্দ্রিয়, মধ্যপ। বি; ক্লী।
জ্ঞানোদয়—জ্ঞান হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জ্ঞাপক—আবেদক, নিবেদক; সূচক; প্রচারক। জ্ঞা+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—জ্ঞাপিকা।
জ্ঞাপন—আবেদন, জানানো। জ্ঞা+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। [ণিচ্+অনীয় কর্ম। বিণ।
জ্ঞাপনীয়—জ্ঞাপনের যোগ্য, নিবেদনীয়। জ্ঞা+
জ্ঞাপয়িতা (-য়িতৃ)—জ্ঞাপক, বোধক। জ্ঞা+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িত্রী।
জ্ঞাপিত—যাহা জানানো হইয়াছে এরূপ, বিজ্ঞাপিত। জ্ঞা+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
জ্ঞেয়—জ্ঞাতব্য, বোধ্য। জ্ঞা+যৎ কর্ম। বিণ।
জ্বর—রোগ বিঃ; শরীরের তাপ; সন্তাপ; অস্বচ্ছন্দতা; অসুখ। জ্বর্+অচ্ কর্তৃ। বি; পুং।
জ্বরঘ্ন—জ্বরনাশক। উপতৎ; জ্বর—হন্+টক্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ঘ্নী। [বাংপ্র। বি।
জ্বরজাড়ি, -জ্বালা—জ্বর এবং অন্যবিধ রোগ।
জ্বরজ্বর—ঈষৎ জ্বরের ভাব। বাংপ্র। বি।
জ্বরঠুঁটো—জ্বরে অম্লাদি ভোজন হেতু ঠোঁটের পাশের ঘা। বাংপ্র। বি। [৬ষ্ঠীতৎ। বিণ।
জ্বরনাশক—জ্বরান্তক, যাহাতে জ্বর ভাল হয় এমন।
জ্বরাতিসার, জ্বরাতীসার—পেটের পীড়া এবং তৎসঙ্গে জ্বর, typhoid. জ্বরযুক্ত অতিসার, অতীসার, মধ্যপ। বি; পুং।
জ্বরিত—জ্বরযুক্ত। জ্বর+ইতচ্ জাতার্থে। বিণ।
জ্বরী (জ্বরিন্)—জ্বরিত, জ্বরযুক্ত। জ্বর+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—জ্বরিণী।
জ্বলজ্বল—অতিশয় দীপ্তিপ্রকাশ; স্পষ্টভাবে অবস্থান। বাংপ্র। অ। বিণ, -জ্বলে।
জ্বলজ্বলন্ত—দেদীপ্যমান। বাংপ্র। বিণ।
জ্বলতঁহি—জ্বলিতেছে ("অতএ সে মঝু মন জ্বলতঁহি অনুখন"—গোবিন্দ)। প্রা কপ্র। ক্রি।
জ্বলন—দীপন, জ্বালা; অগ্নিশিখা; দীপ্তি; দাহ; দাহাদিজনিত অসুখকর অনুভব। জ্বল্+অনট্ ভাব। বি; ক্লী।
জ্বলনাঙ্ক—যে তাপমাত্রায় পেট্রল প্রঃ জ্বলিয়া উঠে, flash-point. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জ্বলন্ত—প্রদীপ্ত, ভাস্বর; জ্বলনশীল; প্রখর; স্পষ্ট; প্রত্যক্ষ। জ্বল্+অন্ত কর্তৃ (বাংপ্র)। বিণ।
জ্বলা—প্রজ্বলিত হওয়া; উত্তপ্ত হইয়া উঠা; জ্বালা করা, দগ্ধ হওয়া; উজ্জ্বল হওয়া। বাংপ্র। ক্রি [বি, বিণ]।

জ্বলানো, জ্বালানো—পোড়ানো; আগুন ধরানো; প্রদীপ্ত করা; উজ্জ্বল করা; জ্বালাতন করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

জ্বলিত—১। যাহা জ্বলিতেছে এমন, দীপ্ত; প্রকাশিত; দগ্ধ। জ্বল্+ক্ত কর্তৃ। বিণ। ২। জ্বলন। জ্বল্+ক্ত ভাব। বি; ক্লী। [(বাংপ্র)। বি।

জ্বলুনি—জ্বলন; জ্বালা করা। জ্বল্+উনি ভাব

জ্বাল—১। আগুনের ঝলকা; অগ্নিশিখা। জ্বল্+ণ কর্তৃ। ২। দাহ; জ্বলন; দুঃখ, ক্লেশ; যাতনা। জ্বল্+ঘঞ্ ভাব। বি; পুং।

জ্বালা—১। অগ্নিশিখা; দাহ; দাহাদিজন্য যাতনা। বি; স্ত্রী। ২। দাহবিশিষ্টা; দীপ্তা। জ্বল্+ণ কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী। ৩। প্রজ্বলিত করা; পোড়ানো। বাংপ্র। ক্রি।

জ্বালাতন—উৎপীড়িত, অত্যাচারিত; বিরক্ত। বাংপ্র। বিণ। [(বাংপ্র)। বি।

জ্বালানি—ইন্ধন, জ্বালাইবার দ্রব্য। জ্বালা+নি কর্ম

জ্বালানী—ইন্ধনরূপে ব্যবহৃত। বাংপ্র। বিণ।

জ্বালানে—দগ্ধকারী; পীড়নকারী; জ্বালাতনকারী। জ্বালা+নে কর্তৃ (বাংপ্র)। বিণ।

জ্বালানো—'জ্বলানো' দ্রঃ।

জ্বালামালিনী—দেবী বিঃ। জ্বালার মালা, ৬ষ্ঠীতৎ; তদুত্তরে ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বি; স্ত্রী।

জ্বালামুখ—আগ্নেয়গিরির মুখ, crater. জ্বালাপূর্ণ মুখ, মধ্যপ। বি; ক্লী।

জ্বালামুখী—পঞ্জাবের একটি পীঠস্থান; শক্তির নামান্তর। জ্বালা (অগ্নিশিখা) মুখ (প্রধান) যেখানে, যাহার, বহু+ঈপ্। বি; স্ত্রী।

জ্বালিত—দীপিত; দগ্ধীকৃত; ভস্মীকৃত; সন্তাপিত। জ্বালা+ইতচ্ যুক্তার্থে। বিণ।

জ্যা—পৃথিবী; মাতা; ধনুর ছিলা; যে সরলরেখা বৃত্তাংশের দুই প্রান্ত যোজিত করে, chord. জ্যা+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

জ্যাকেট—একপ্রকার আঁট জামা; পুস্তকের মলাটের আবরণ। < ইং 'jacket'. বি।

জ্যাঘাত—ধনুকের ছিলার প্রহার; পুনঃ পুনঃ গুণাকর্ষণজনিত বেদনা। জ্যা দ্বারা আঘাত, ৩য়াতৎ। বি; পুং।

জ্যাঠা—'জেঠা' দ্রঃ।

জ্যাঠামো, জ্যাঠামি—'জেঠামো', 'জেঠামি' দ্রঃ।

জ্যা-নির্ঘোষ—ধনুকের টংকার, ধনুকের ছিলা টানিয়া ছাড়িয়া দিলে যে শব্দ হয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জ্যান্ত—জীবন্ত। বাংপ্র। বিণ।

জ্যাবড়া—মাখামাখি; বিশ্রী; মোটা; অস্পষ্ট। বাংপ্র। বিণ।

জ্যামিতি—ক্ষেত্রতত্ত্ব, geometry. জ্যার (পৃথিবীর) মিতি যদ্দ্বারা, বহু। বি; স্ত্রী।

জ্যামিতিক—জ্যামিতি-সম্বন্ধীয়। জ্যামিতি+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

জ্যায়ান্ (**জ্যায়স্**)—জ্যেষ্ঠ; বৃদ্ধ; শ্রেষ্ঠ। বৃদ্ধ+ঈয়সু। বিণ। স্ত্রী—**জ্যায়সী**।

জ্যারোপ, জ্যারোপণ—ধনুকে ছিলা পরানো। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।

জ্যেষ্ঠ—অগ্রজ; শ্রেষ্ঠ। প্রশস্য বা বৃদ্ধ+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী—**জ্যেষ্ঠা**।

জ্যেষ্ঠতাত—জেঠা, বাপের বড় ভাই। কর্মধা। বি; পুং।

জ্যেষ্ঠা—১। অষ্টাদশ নক্ষত্র; টিকটিকি; মধ্যমাঙ্গুলি; গঙ্গা; অলক্ষ্মী; নায়িকা বিঃ। বি; স্ত্রী। ২। অগ্রজা; শ্রেষ্ঠা। জ্যেষ্ঠ+আপ্। বিণ; স্ত্রী।

জ্যেষ্ঠাধিকার—পৈতৃক সম্পত্তিতে প্রথম পুত্রের অধিকার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জ্যেষ্ঠাশ্রমী (-মিন্)—গার্হস্থ্যাবলম্বী, গৃহস্থ। জ্যেষ্ঠ (শ্রেষ্ঠ) যে আশ্রম, কর্মধা (=জ্যেষ্ঠাশ্রম); তাহা আছে ইহার এই অর্থে জ্যেষ্ঠাশ্রম+ইন্। বি; পুং।

জ্যেষ্ঠী—টিকটিকি, জেঠী। জ্যেষ্ঠ+ঈপ্। বি; স্ত্রী।

জ্যৈষ্ঠ—বাংলা বৎসরের দ্বিতীয় মাস। জ্যৈষ্ঠী (জ্যেষ্ঠানক্ষত্রযুক্তা পূর্ণিমা)+অণ্ তদযুক্তমাসার্থে। বি; পুং।

জ্যৈষ্ঠী—জ্যেষ্ঠানক্ষত্রযুক্তা পূর্ণিমা। জ্যেষ্ঠা+অণ্ যুক্তার্থে+ঈপ্। বি; স্ত্রী।

জ্যোতি—< জ্যোতিস্। বি।

জ্যোতিঃ (জ্যোতিস্)—১। গ্রহ নক্ষত্র প্রঃ পদার্থ; তেজঃ; চৈতন্য; আত্মা; চোখের তারার ভিতরকার যে জিনিসের সাহায্যে দেখা যায়; প্রকাশ; স্বতঃপ্রকাশ; জ্যোতিঃশাস্ত্র। বি; ক্লী। ২। অগ্নি; সূর্য। বি; পুং। ৩। পৃথিবী। দ্যুৎ+ইস্ কর্তৃ। ৪। প্রকাশ; শিখা; আলোক; দীপ্তি; জ্বালা। দ্যুত্+ইস্ ভাব। বি; স্ত্রী।

জ্যোতিঃশাস্ত্র—জ্যোতির্বিদ্যা। জ্যোতিঃ-সম্বন্ধীয় শাস্ত্র, মধ্যপ। বি; ক্লী।

জ্যোতিরিঙ্গ, জ্যোতিরিঙ্গণ—জোনাকি পোকা। জ্যোতিস্—ইন্স্+অচ্, অন কর্তৃ। বি; পুং।

জ্যোতির্বিৎ (-বিদ্)—জ্যোতিষে অভিজ্ঞ, জ্যোতিষী। উপতৎ; জ্যোতিস্—বিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ।

জ্যোতির্বিদ্যা—জ্যোতিঃশাস্ত্র, astrology; গ্রহনক্ষত্রাদির গতি স্থিতি ও সঞ্চার অনুসারে শুভাশুভনিরূপণবিষয়ক শাস্ত্র, astronomy. মধ্যপ। বি; স্ত্রী।

জ্যোতির্বেত্তা (-তৃ)—জ্যোতিঃশাস্ত্রজ্ঞ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-বেত্রী**।

জ্যোতির্মণ্ডল—যাবতীয় জ্যোতির্ময় পদার্থের সমষ্টি। জ্যোতির ('জ্যোতিস্'-শব্দ) মণ্ডল, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

জ্যোতির্ময়—জ্যোতিঃস্বরূপ, জ্যোতিঃপূর্ণ। জ্যোতিস্+ময়ট্ স্বরূপার্থে, প্রাচুর্যার্থে। বিণ। স্ত্রী, **-য়ী**।

জ্যোতিশ্চক্র—চন্দ্রসূর্যাদি গ্রহনক্ষত্রসমূহ; রাশিচক্র। জ্যোতির (জ্যোতিস্ শব্দ) চক্র, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

জ্যোতিষ, জ্যৌতিষ—জ্যোতির্বিদ্যা, গণনাশাস্ত্র। জ্যোতিস্+অণ্ সম্বন্ধার্থে। বি; ক্লী।

জ্যোতিষিক, জ্যোতিষিক—১। জ্যোতির্বেত্তা। জ্যোতিষ+ইক জ্ঞাতার্থে। বি; পুং। ২। জ্যোতিষ-সম্বন্ধীয়। জ্যোতিষ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

জ্যোতিষী (-ষিন্), **জ্যোতিষী** (-ষিন্)—জ্যোতির্বিৎ, গণক। জ্যোতিষ, জ্যোতিষ+ইন্ জানে অর্থে। বি; পুং।

জ্যোতিষ্ক—গ্রহনক্ষত্রাদি জ্যোতির্ময় পদার্থ। জ্যোতিস্+কন্ স্বার্থে। বি; পুং।

জ্যোতিষ্টোম—যজ্ঞ বিঃ (ষোল জন ঋত্বিক্ ইহার অধিষ্ঠাতা)। জ্যোতির স্তোম যাহাতে, বহু। বি; পুং।

জ্যোতিষ্পথ—আকাশ; গ্রহ ধূমকেতু প্রঃর ভ্রমণপথ। জ্যোতির পথ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জ্যোতিষ্মতী—১। রাত্রি; যোগশাস্ত্রোক্ত চিত্তবৃত্তি বিঃ; লতা বিঃ। বি; স্ত্রী। ২। জ্যোতির্বিশিষ্টা। জ্যোতিষ্মৎ+ঈপ্। বিণ; স্ত্রী।

জ্যোতিষ্মান্ (-ষ্মৎ)—দীপ্তিময়। জ্যোতিস্+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-ষ্মতী**।

জ্যোৎস্না—চন্দ্রিকা, চন্দ্রের কিরণ; শোভা। জ্যোতিস্+ন আছে অর্থে (নিপা)+অপ্। বি; স্ত্রী।

জ্যৌতিষ—'জ্যোতিষ' দ্রঃ।

জ্যৌতিষিক—'জ্যোতিষিক' দ্রঃ।

জ্যৌতিষী (-ষিন্)—'জ্যোতিষী' দ্রঃ।

[ঝ]

ঝ—বাংলা বর্ণমালার নবম ব্যঞ্জনবর্ণ, চ-বর্গের চতুর্থ বর্ণ [ইহার উচ্চারণ-স্থান তালু]। বি।

ঝংকার—ঝঙ্কার (তাহা দ্রঃ)।

ঝংকৃত—ঝংকৃত (তাহা দ্রঃ)।

ঝংকৃতি—'ঝঙ্কার' দ্রঃ।

ঝকঝক, -ঝক—চকচক, উজ্জ্বলতা-প্রকাশ। বাংপ্র। অ। [বাংপ্র। বিণ।

ঝকঝকে—সমুজ্জ্বল, চকচকে। ঝকঝক+এ (<ইয়া) করে অর্থে (বাংপ্র)। বিণ।

ঝকঝকে-তকতকে—পরিষ্কৃত-পরিচ্ছন্ন, চকচকে।

ঝকমক—চকমক, চিকমিক, উজ্জ্বলতা প্রকাশ। বাংপ্র। বি। [বি—**ঝকমকানি**।

ঝকমকানো—ঝকমক করা, ঝলমল করা। বাংপ্র। ক্রি।

ঝকমকি—ঔজ্জ্বল্য। ঝকমক+ই ভাবে (বাংপ্র)। বি।

ঝকমারি—ত্রুটি, অপরাধ; বোকামি; আহাম্মকি; হয়রানি। বাংপ্র। বি।

ঝকাঝকি—বকাবকি, ঝগড়াঝাঁটি। বাংপ্র। বি।

ঝক্কি—দায়িত্ব; জনতা; গোলমাল, ঝঞ্ঝাট। হি। বি। **ঝক্কি পোহানো**—ঝঞ্ঝাট সহ্য করা, উপদ্রব সহা।

ঝগড়া—কলহ, বিবাদ। বাংপ্র। বি।

ঝগড়াঝাঁটি—বিবাদ, কলহ। বাংপ্র। বি।

ঝগড়াটে—কলহপ্রিয়। ঝগড়া+টে আসক্তার্থে (বাংপ্র)। বিণ।

ঝঙ্কার, ঝঙ্কৃতি—ভ্রমরাদির গুঞ্জন; কাংস্যাদির ঝনঝন শব্দ; অব্যক্ত মধুর ধ্বনি। ঝম্ বা ঝন্—কৃ+ঘঞ্, ক্তি ভাব। বি; পুং, স্ত্রী।

ঝঙ্কৃত—১। গুঞ্জিত; শব্দিত; শিঞ্জিত। ঝন্ বা ঝম্—কৃ+ক্ত কর্ম। বিণ। ২। ঝঙ্কার। ঝন্ বা ঝম্—কৃ+ক্ত ভাব। বি; ক্লী।

ঝঞ্জন, ঝঞ্জনা—ঝনৎকার, অস্ত্র বা ধাতুর পাত্রাদির ঝনঝন শব্দ, ঝনৎকার। অ।

ঝঞ্জনায়মান—যাহা ঝনঝন শব্দ করিতেছে এরূপ। ঝঞ্জন+ক্যঙ্ (= ঝঞ্জনায় নামধাতু)+শানচ্ কর্তৃ। বিণ।

ঝঞ্ঝা—ঝড়বৃষ্টি; ঝড়; ধ্বনি বিঃ। ঝাঁজর। ঝম্—ঝট্+ড কর্তৃ+আপ্। বি; স্ত্রী। [বিণ।

ঝঞ্ঝাক্ষুব্ধ—ঝড়ে উত্তাল, বাত্যাবিক্ষুব্ধ। ৩য়াতৎ।

ঝঞ্ঝাট—দায়, বিপদ্; অশান্তি; ঝক্কি; ক্লেশ; যন্ত্রণা। বাংপ্র। বি। **ঝঞ্ঝাট পোহানো**—কষ্ট সহ্য করা; বিরক্তিজনক অবস্থায় সময় কাটানো।

ঝঞ্ঝাটে—ঝঞ্ঝাটবিশিষ্ট। ঝঞ্ঝাট+এ (<ইয়া) বিশিষ্টার্থে। বিণ।

ঝঞ্ঝানিল, -বাত, -মারুত—ঝড়ো বাতাস, ঝড়, ঝটিকা। ঝঞ্ঝাযুক্ত অনিল, বাত, মারুত, মধ্যপ। বি; পুং।

ঝঞ্ঝাবর্ত—প্রবল ঘূর্ণিবায়ু, ভীষণ ঝটিকা। ঝঞ্ঝার আবর্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঝট্—শীঘ্র, দ্রুত। ঝট্+ক্বিপ্ ভাব। ক্রি-বিণ।

ঝটকা—আকস্মিকভাবে জোরে টান; সহসা উত্থিত ঝড়, ঝাপটা; পক্ষপুচ্ছাদির সহসা আঘাত। বাংপ্র। বি।

ঝটকানি—হঠাৎ জোর টান। বাংপ্র। বি।

ঝটপট—১। তাড়াতাড়ি। ক্রি-বিণ। ২। ডানা নাড়ার শব্দ; অস্থিরতা-প্রকাশ। বাংপ্র। অ।

ঝটপটানি—ডানা নাড়া; ঝাপটা। বাংপ্র। বি।

ঝটপটি—পাখির পাখার শব্দ। বাংপ্র। বি।

ঝটাপটি—পরস্পর জড়াজড়ি। বাংপ্র। বি।

ঝটিকা—ঝড়। বাংপ্র। বি।

ঝটিকাবর্ত—ঘূর্ণি-ঝড়। ঝটিকার আবর্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [অ। ক্রি-বিণ।

ঝটিতি—শীঘ্র, ঝট্ করিয়া। ঝট্+কিতিচ্ কর্তৃ।

ঝড়—ঝটিকা। ＜ঝটক। বি।
ঝড়ঝাপটা—ঝড় ও তাহার আঘাত; আপদ্-বিপদ্; বাধাবিঘ্ন; সংসারের দুঃখকষ্ট। বাংপ্র। বি।
ঝড়তিপড়তি—নাড়াচাড়ায় কোন জিনিসের যে অংশ নষ্ট হয়; উদ্বৃত্ত অংশ; অপব্যয়। বাংপ্র। বি।
ঝড়তুফান—ছোট ও বড় রকমের ঝড়; ঝড় ও জলের ঢেউ। বাংপ্র। বি।
ঝড়াক্ ঝড়—অতি দ্রুত। বাংপ্র। ক্রি-বিণ।
ঝড়ো—ঝড়ের মত; ঝড়ে উৎপন্ন; ঝড়ে আঘাত-প্রাপ্ত। ঝড়+ও সাদৃশ্যাদি অর্থে (বাংপ্র)। বিণ।
ঝনকাঠ—কপাট প্রঃর মাথার কাঠ; চৌকাঠের দুই [দিকের লম্বা কাঠ। বাংপ্র। বি।
ঝনঝন—অনুকার শব্দ; টনটন, ব্যথা। বাংপ্র। অ।
ঝনঝনানি—ঝনঝন শব্দ; টনটন করা। বাংপ্র। বি। ক্রি—ঝনঝনানো।
ঝনঝনায়মান—যাহা ঝনঝন শব্দে শব্দিত হইতেছে এরূপ। ঝনঝন+ক্যঙ্ (=ঝনঝনায় নামধাতু)+শানচ্ কর্তৃ (বাংপ্র)। বিণ।
ঝনঝনায়িত—ঝনঝন শব্দবিশিষ্ট। ঝনঝনায় (নামধাতু)+ক্ত কর্তৃ (বাংপ্র)। বিণ।
ঝনৎকার—ঝনঝন শব্দ, কঙ্কণাদির ধ্বনি। ঝনৎ—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।
ঝননঝনন—ঝনঝন শব্দ। বাংপ্র। বি।
ঝনাৎ—সহসা জোরে ক্ষণস্থায়ী ঝনঝন শব্দ। বাংপ্র। অ।
ঝপ্, ঝপ্ঝপ্—শীঘ্র শীঘ্র। বাংপ্র। অ, ক্রি- [বিণ।
ঝপাঝপ—বারবার ঝপ্ঝপ্ শব্দ। বাংপ্র। অ।
ঝপাৎ—জাল প্রঃর জলে পড়িবার শব্দ। বাংপ্র। অ।
ঝমক—বাজনার আওয়াজ; নহবতের শব্দ। বাংপ্র। বি।
ঝমকিত—উজ্জ্বল, দীপ্তিযুক্ত। বাংপ্র। বিণ।
ঝমঝম, ঝমাঝম—বৃষ্টি জল প্রঃ পতনের শব্দ। বাংপ্র। অ। [বি, -ঝমানি।
ঝমঝমানো—ঝমঝম শব্দ করা। বাংপ্র। ক্রি [, বি]।
ঝমর-ঝমর—মল প্রঃর শব্দ। বাংপ্র। অ।
ঝমাঝম—'ঝমঝম' দ্রঃ।
ঝম্প—১। সবেগে ঊর্ধ্বাদিদেশ হইতে আস্ফালন-পূর্বক পতন, লম্ফ। ঝম্ (অনুকরণ-শব্দ)—পত্+ড ভাব। বি; পুং। ২। বাদ্যযন্ত্র বিঃ। বাংপ্র। বি।
ঝম্পক—পাঁচ মাত্রার তাল বিঃ। ঝম্প+কন্ সদৃশার্থে। বি; পুং।
ঝম্পন—ঝম্পপ্রদান; আন্দোলন। ＜ঝম্প। বি।
ঝরঝর—ক্রমাগত ঝরা; জলপড়ার শব্দ। বাংপ্র। অ।
ঝরঝরে—দানা-দানা; শুকনো; পরিষ্কার; হালকা; স্পষ্ট; ঝাঁজরা। বাংপ্র। বিণ।
ঝরণা, ঝরনা—শৈলনিঃসৃত জল, নির্ঝর। ঝর+না কর্তৃ (বাংপ্র)। বি।
ঝরনাকলম—ফাউণ্টেন পেন। বাংপ্র। বি।

ঝরা—১। নির্ঝর। ঝৄ+অঙ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী। ২। নির্গত হওয়া; বিন্দু বিন্দু করিয়া পতিত হওয়া; বোঁটা প্রঃ হইতে খসিয়া পড়া। ক্রি। ৩। চ্যুত, ভ্রষ্ট ('—ফুল')। বিণ। ৪। বৃক্ষাদির মূলে জল দান করিবার নিমিত্ত সচ্ছিদ্র জলপাত্র, ঝারা। ঝর্+আ করণ বা অপা (বাংপ্র)। বি।
ঝরানো—ঝরিত করা; খসাইয়া ফেলা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ঝরিত—নির্ঝরীবিশিষ্ট; গলিত। ঝর+ইতচ্ সংজ্ঞাতার্থে। বিণ।
ঝরী—নির্ঝর, ঝরনা। ঝৄ+ই করণ+ঈপ্। বি; স্ত্রী।
ঝর্ঝর—উচ্চ হইতে নিম্নে বেগে জল পড়িতে থাকিলে যে শব্দ হয় তাহা; কাড়া; ঝাঁজ; বেত্র-নির্মিত দণ্ড বিঃ; ঝাঁজরি। ঝর্ঝ+অরন্ কর্তৃ। বি; পুং।
ঝর্ঝরী—১। ঝাঁজরি, সচ্ছিদ্র ছাতা। ＜জর্জরীক। ২। মন্দিরাবাদ্য; কাংস্য নির্মিত বাদ্য বিঃ। ঝর্ঝর। বি।
ঝর্ঝরে—১। পরিষ্কৃত; সাফ; উজ্জ্বল; দানা দানা; স্পষ্ট; হালকা। ঝর্ঝর (অনুকারশব্দ)+এ করে অর্থে। ২। বহুছিদ্রবিশিষ্ট; অত্যন্ত ভগ্ন, ঝাঁজরা। ＜জর্জর। বিণ।
ঝলক—হলকা ('আগুনের —'); তীব্র আলোক; দীপ্তি, ঔজ্জ্বল্য; উদ্গীর্ণ ভুক্ত পদার্থের কিয়দংশ; ঢেউয়ে জলের হঠাৎ এক একবার উত্থান। বাংপ্র। বি।
ঝলকানি—ঝলক, আলোর চমক। বাংপ্র। বি।
ঝলকানো—দীপ্তি প্রকাশ করা, ঝলক দেওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
ঝলকিত—উজ্জ্বল, দীপ্তিবিশিষ্ট। ঝলক+ইত যুক্তার্থে (বাংপ্র)। বিণ।
ঝলঝল—ঝুলিয়া পড়া বা আঁটসাঁট না হওয়ার ভাবপ্রকাশ। বাংপ্র। অ।
ঝলঝলে—যাহা ঝুলিয়া আছে এমন। বাংপ্র। বিণ।
ঝলমল—উজ্জ্বলতাবিকাশ, দীপ্তি-প্রকাশ। বাংপ্র। অ।
ঝলমলানি—ঝলমল করা। বাংপ্র। বি।
ঝলমলানো—ঝলমল করা। বাংপ্র। ক্রি [, বি]।
ঝলমলে—উজ্জ্বল, চকচকে। বাংপ্র। বিণ।
ঝলসানি—উজ্জ্বল আলোকের ঝলক; তীব্র আলোকে দৃষ্টিহীন হওয়া; অর্ধদগ্ধ হওয়া। বাংপ্র। বি।
ঝলসানো—অর্ধদগ্ধ হওয়া বা করা; সহসা তীব্র কিরণ-সম্পাতে ক্ষণকালের জন্য দৃষ্টিশক্তিহীন হওয়া বা করা; উজ্জ্বলতা নষ্ট করা; উজ্জ্বলতা নষ্ট হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ঝলসিত—১। ঝলকিত, উজ্জ্বলীকৃত। ঝলস (＜জৌলুস)+ইত। ২। সহসা তীব্রকিরণসম্পাত হেতু দৃষ্টিহীন; যাহার উজ্জ্বলতা নষ্ট হইয়াছে এমন। ঝলসা+ইত কর্ম (বাংপ্র)। বিণ।
ঝলা—১। আলোকতরঙ্গ; মরীচিকা। বি। ২।

দীপ্তিবিকাশ করা; ঝুলিয়া থাকা, ঝুলিয়া পড়া। কপ্র। ক্রি [, বি]।
ঝল্ল—প্রাচীন ভারতের সামরিক জাতি বিঃ, ঝালা। জল+অচ্ কর্তৃ। বি; পুং।
ঝল্লরী—বাদ্যযন্ত্র বিঃ, করতাল। ঝর্ঝ্+অরন্ কর্তৃ+ ঈপ্ (নিপা)। বি; স্ত্রী।
ঝষ—১। বন। বি; ক্লী। ২। মৎস্য; তাপ। ঝষ্+ অচ্ কর্তৃ। বি; পুং।
ঝাউ—বৃক্ষ বিঃ, tamarisk. <ঝাবুক। বি।
ঝাঁ—শীঘ্র; ক্ষিপ্রতার ভাব; প্রখর রৌদ্রের লক্ষণ প্রকাশ। বাংপ্র। অ।
ঝাঁই—অতিশীঘ্র, নিমেষে। বাংপ্র। অ, ক্রি-বিণ।
ঝাঁক—পাখি মাছ মাছি প্রঃর দল, সমূহ। বাংপ্র। বি।
ঝাঁকড়মাকড়, ঝাঁকড়ামাকড়া—উষ্কখুষ্ক ও জট-পাকানো, আলুথালু। বাংপ্র। বিণ।
ঝাঁকড়া—গুচ্ছ বিঃ, গোছাযুক্ত, উষ্কখুষ্ক। ঝাঁকড়+ আ বিশিষ্টার্থে। বাংপ্র। বিণ। [বাংপ্র। বি।
ঝাঁকনি, ঝাঁকি, ঝাঁকানি, ঝাঁকুনি—সবেগে ধাক্কা।
ঝাঁকরানো—ঝাঁকানো, জোরের সহিত নাড়া দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। বি—**ঝাঁকরান, ঝাঁকরানি**।
ঝাঁকা—চেংগারি; ভারবহন করিবার আধার। বি।
ঝাঁকা—ধাক্কা দেওয়া; সবেগে কাঁপানো। বাংপ্র। ক্রি [, বি]। বি—**ঝাঁকানি, ঝাঁকুনি**।
ঝাঁকানো—নাড়া দেওয়া, জোরে নাড়ানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ঝাঁকামুটে—যে মজুর ঝাঁকায় করিয়া মোট বহন করে। মধ্যপ কর্মধা (বাংপ্র)। বি। [বি।
ঝাঁকার—ঝাঁকি, ঝাঁকুনি; গা-বমি বমি ভাব। বাংপ্র।
ঝাঁকারা—ঝংকার দেওয়া ("ধনুক তুলিয়া ঝাঁকারিল পুনঃ পুনঃ।" —কাশী); বমনের বেগ আসা। কপ্র। ক্রি।
ঝাঁগুড়গুড়—ঢাকের আওয়াজ বিঃ। বাংপ্র। বি।
ঝাঁজ—তেজ; তীব্রতা; উগ্রতা; তাপ। বাংপ্র। বি।
ঝাঁজর—১। কাঁসর; নূপুর বিঃ। বি। ২। ফোঁপরা; বহু ছিদ্রযুক্ত। বাংপ্র। বিণ।
ঝাঁজরা—১। ফোঁপরা, বহুছিদ্রযুক্ত; জর্জরিত, অতিভগ্ন। বিণ। ২। ঝাঁজরি (তাহা দ্রঃ)।
ঝাঁজরি—সছিদ্র হাতা; নরদমার মুখের গরাদে; গাছে জল দিবার সছিদ্র পাত্র। <জর্জরীক। বি।
ঝাঁজালো—তীব্র, তেজযুক্ত; কড়া। ঝাঁজ+আলো বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।
ঝাঁজি, ঝাঁঝি—জলজ উদ্ভিদ্ বিঃ, জলের শৈবাল বিঃ। বাংপ্র। বি।
ঝাঁঝ, ঝাঁজ—১। কাঁসর; কাঁসরের বাদ্য। <ঝর্ঝর। ২। কোপাদি বা বিরক্তির ভাব দ্বারা যে অস্পষ্ট শব্দ করা যায় তাহা; তেজস্কর পদার্থের উগ্রতা। বাংপ্র। বি।
ঝাঁঝর—১। বহুছিদ্রযুক্ত। <জর্জর। বিণ। ২। ঝঞ্ঝা, কাঁসর। <ঝর্ঝর। বি। [বিণ।
ঝাঁঝরা—জর্জরিত; বহুছিদ্রযুক্ত। <'জর্জরীক'।
ঝাঁঝরি—ঝাঁঝরা, বহুছিদ্রযুক্ত হাতা; জলসেচনপাত্র; ছোট ঝাঁঝর। <ঝর্ঝরী। বি।
ঝাঁঝাঁ—সূর্যকিরণের তীক্ষ্ণতা; দ্রুততা-সূচক শব্দ। বাংপ্র। অ।
ঝাঁট—ঝাঁটাদ্বারা পরিষ্কার করা। বাংপ্র। বি। **ঝাঁট দেওয়া**—ঝাঁটা দিয়া পরিষ্কার করা।
ঝাঁটা—সম্মার্জনী, খ্যাংরা। বাংপ্র। বি। **মুড়া ঝাঁটা**—বহুদিনের ব্যবহারে ক্ষয়-পাওয়া খ্যাংরা।
ঝাঁটাখেকো—যে সকলের কাছেই অনাদর পায় (গালি)। বাংপ্র। বি বা বিণ।
ঝাঁটাতারা—ধূমকেতু। বাংপ্র। বি।
ঝাঁটানো—ঝাঁটা দ্বারা প্রহার করা; ঝাঁটা দিয়া পরিষ্কার করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ঝাঁটি—একরকম ফুল। বাংপ্র। বি।
ঝাঁতলা—এক ধরনের মোটা মাদুর। বাংপ্র। বি।
ঝাঁপ—১। লাফ, লম্ফ। <ঝম্প। ২। আগড়, বাঁখারি ইঃর তৈয়ারী কপাট; ঢাকনি; তাঁতে টানা সুতার যে ফাঁক দিয়া মাকু চলে। হি। বি।
ঝাঁপতাল—চারিটি পদ এবং দশ মাত্রার তাল। <ঝম্পাতাল। বি।
ঝাঁপসন্ন্যাস—শিবভক্তদের উৎসব বিঃ। বাংপ্র। বি।
ঝাঁপা—১। ঝাঁপ দেওয়া; আবৃত করা; লুকানো; মনে পড়া; কাটানো; জলে ঝাঁপ দিবার মত দেহ আন্দোলিত করা। ক্রি। ২। শিরোভূষণ বিঃ। বাংপ্র। বি। [লম্ফ। বাংপ্র। বি।
ঝাঁপাই—সাঁতারের সময় ঘনঘন হাত-পা ছোড়া;
ঝাঁপান—মনসার পূজায় সাপ খেলানোর উৎসব বিঃ; পাহাড়ে উঠিবার ডুলি বিঃ। বাংপ্র। বি।
ঝাঁপানো—লাফাইয়া পড়া, লম্ফপ্রদান করা। বাংপ্র। ক্রি [, বি]।
ঝাঁপি—বেত্রাদিনির্মিত আধার, পেটরা, পেটক। ঝাঁপ+ই করণ (বাংপ্র)। বি।
ঝাট—শীঘ্র। <ঝটিতি। ক্রি-বিণ।
ঝাড়—গুচ্ছ; শ্রেণী; বহুশাখাবিশিষ্ট আলোকাধার; বংশকুল। <ঝাট। বি।
ঝাড়ন—মন্ত্রদ্বারা রোগাদি নিবারণ; সম্মার্জন; ধুলা দূর করা; নির্মলীকরণ; ঝাড়িবার ঝাঁটা বা বস্ত্রাদি। ঝাড়্+অন ভাব, করণ (বাংপ্র)। বি।
ঝাড়পোঁছ—ঝাড়িয়া পুঁছিয়া পরিষ্কার করণ। বাংপ্র। বি। [সমেত মন্ত্র। বাংপ্র। বি।
ঝাড়ফুঁক—ভূতগ্রহ বা রোগ সারাইবার জন্য ফুৎকার
ঝাড়া—১। ধুলাবালি দূর করিয়া পরিষ্কৃত করা; ধান্যাদির গাছ হইতে ধান্যাদি পৃথক্ করা; তৃণাদি দূর করিয়া দেওয়া; সর্পবিষ প্রঃ দূর করিবার জন্য মন্ত্রপাঠ করা; নিঃশেষে বিক্রয় করা। বাংপ্র। ক্রি [, বি]। ২। পৃথক্কৃত; পরিষ্কৃত; নিস্তুষীকৃত; একটানা। ঝাড়্+আ কর্ম (হি-মু)। বিণ। **গা ঝাড়া**—আলস্য ত্যাগ করা। **ঝাড়া দেওয়া**—ঝুলাইয়া বেগে নাড়া দেওয়া। **ঝুলি ঝাড়া**—ঝুলি নীচের দিকে করিয়া খালি করা; **রিক্তহস্ত** হওয়া। **নাক ঝাড়া**—জোরে নিঃশ্বাস ফেলিয়া নাক

হইতে শ্লেষ্মা বাহির করিয়া ফেল।। **বিষ ঝাড়া**—বিষ বাহির করা; জব্দ করা। **ভূত ঝাড়া**—লোকের ভূতাবেশ দূর করা; রীতিমত মারধর বা তিরস্কার করিয়া শায়েস্তা করা।

ঝাড়াই—ঝাড়ার কাজ; পরিষ্কার করা। বাংপ্র। বি বা বিণ। **ঝাড়াই মসলা**—ধুলোবালি সাফ-করা মসলা।

ঝাড়ানো—ঝাড়াই করানো; গাছ হইতে পাড়ানো বা ঝরানো; ঝাড়ফুঁক করানো। হি-মূ। ক্রি [, বি, বিণ]। [বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।

ঝাড়ালো—ঝাড়বিশিষ্ট, গুচ্ছবিশিষ্ট। ঝাড়+আল

ঝাড়ু—ঝাঁটা। হি। বি।

ঝাড়ুদার—ঝাঁট দেওয়া যাহার পেশা; যে ঝাঁট দেয়; মেথর, ধাঙড়। ঝাড়ু+দার জীবিকার্থে (হি-মূ)। বিণ বা বি। [পুরোপুরি। বাংপ্র। ক্রি-বিণ।

ঝাড়ে-মূলে—নির্মূলে করিয়া; নির্বংশ করিয়া;

ঝাণ্ডা—পতাকা; পতাকার দণ্ড। হি। বি।

ঝানু—চতুর; পাকা; অভিজ্ঞ; বহুদর্শী। < ঝুনা। বিণ।

ঝাপট, ঝাপটা—বৃষ্টির ছাট; দমকা বাতাস; হঠাৎ জোরে আঘাত; একরূপ গহনা। বাংপ্র। বি।

ঝাপসা—অস্পষ্ট, ঘোলাটে; ঈষৎ অন্ধকারাচ্ছন্ন ভাব; অস্পষ্ট দৃষ্টি। হি-মূ। বিণ বা বি।

ঝাবু, ঝাবুক—ঝাউগাছ। ঝা—বা+ডু কর্তৃ; ঝাবু+কন্। বি; পুং।

ঝামটা—মুখ নাড়া দিয়া তিরস্কার বা ধমক; ক্রোধ-প্রকাশ; দমকা, ঝাপটা। বাংপ্র। বি।

ঝামর—বিবর্ণোন্মুখ; অনুজ্জ্বল, দীপ্তিশূন্য ("শ্রীমুখমণ্ডল ঝামর কাহে ভেল"—শশিশেখর)। প্রা কপ্র। বিণ।

ঝামরানো—ঝামটা দেওয়া ("মুখ—"); রসসঞ্চারের জন্য ভারভার হওয়া; জলভারাক্রান্ত হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঝামা—অত্যন্ত পোড়া ইট। < ঝামক। বি।

ঝামেলা—গোলমাল, ঝঞ্ঝাট। হি। বি।

ঝারা—উচ্চ স্থান হইতে গাত্রে অল্প অল্প জল-সেচন বা জলপতন; ধারা; বিগ্রহকে স্নান করাইবার বহুছিদ্রযুক্ত জলপাত্র; ঝালর। < ধারা। বি।

ঝারি—গাড়ু; নলযুক্ত জলপাত্র বিঃ। বাংপ্র। বি।

ঝাল—১। কটু; তীক্ষ্ণ, তীব্র। বিণ। ২। কড়া মেজাজ; ক্রোধ; লঙ্কা ইঃ ঝাল মসলা; ঝাল তরকারি; প্রসূতির জন্য ঔষধ বিঃ; যাহা দ্বারা ধাতুদ্রব্য জোড়া বা তালি দেওয়া হয় তাহা, পান; ঝালাই করিবার জিনিস। < জ্বাল। বি। **ঝাল ঝাড়া, ঝাল মিটানো**—কটূক্তিবর্ষণ প্রঃ দ্বারা রাগ মিটানো; রাগ দেখানো। **ঝালে ঝোলে অম্বলে**—সর্ব ব্যঞ্জনে; সকল বিষয়ে। **পরের মুখের ঝাল খাওয়া**—অন্যের কথাতেই নিজে না জানিয়া শুনিয়া মতামত স্থির করা।

ঝালর—চাকচিক্যময় কোঁকড়ানো বস্ত্রখণ্ড; চাঁদোয়ার চারিদিকে ঘের-দেওয়া কাপড়; মেয়েদের পায়ের আঙুলে পরিবার একপ্রকার গহনা; শ্রেণী-বদ্ধ লম্বিত হার। < ঝল্লরী। বি।

ঝালরদার—ঝালরযুক্ত। বাংপ্র। বিণ।

ঝালা—১। ভগ্ন ধাতুপাত্র মেরামত করা; পাইন বা পান দেওয়া; কৌশলে অন্যের অর্থাদি আত্মসাৎ করা; পাঁক তুলিয়া পরিষ্কার করা ("পুকুর বা কুয়া—"); গহনাপত্রের গড়ন ঠিক করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। ২। প্রাচীন ভারতের সামরিক জাতি বিঃ। বি।

ঝালানো—ধাতব দ্রব্যে পান লাগাইয়া জোড়ানো; উদ্ধার করানো; সংস্কার করানো; পরিষ্কার করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঝালাপালা—১। কিয়ৎকালস্থায়ী উচ্চ শব্দে বধিরপ্রায়; অতিশয় বিরক্ত। বিণ। ২। বিরক্তিকর উচ্চ শব্দ; উপদ্রব। বাংপ্র। বি।

ঝালি—জলসেচনকালে জল জমিবার গর্ত; সেচনীর দ্বারা উত্তোলিত জলপতনের স্থান; পেটিকা; ঝুলেন খেলা। বাংপ্র। বি। [< দুহিতা। বি; স্ত্রী।

ঝি—কন্যা; দাসী। < ঝিঅ < ধিয় < ধীদা

ঝিউড়ী—কন্যা; দুহিতা; কুমারী কন্যা। বাংপ্র। বি।

ঝিঁক—উনানের মধ্যে বাতাস লাগিবার জন্য উনানের পাড়ের উঁচু অংশ। বাংপ্র। বি।

ঝিঁকুট—অকালপক্ব; শুষ্ক ও চিমড়ে। বাংপ্র। বিণ।

ঝিঁঝি—১। অসাড় চিনচিন করার ভাব ("—ধরা")। বাংপ্র। ২। ঝিল্লী। < ঝিল্লী। বি।

ঝিঁঝিট—সংগীতের রাগিণী বিঃ। বাংপ্র। বি।

ঝিকঝিক, ঝিকিমিকি—দীপ্তিবিকাশ, চকচক করা। বাংপ্র। অ, বি। [বাংপ্র। বিণ।

ঝিকুট—অকালে পাকা; দরকচা; শুকাইয়া শক্ত।

ঝিকুর—মস্তিষ্ক। বাংপ্র। বি।

ঝিঙ্গা, ঝিঙা—তরকারিরূপে ব্যবহার্য ফল বিঃ। < ঝিঙ্গাক। বি।

ঝিঙ্গাক—ঝিঙ্গা। লিন্‌গ+আক কর্তৃ (নিপা)। বি; ক্লী।

ঝিঙ্গাশাল—একপ্রকার ধান। বাংপ্র। বি।

ঝিল্লী—ঝিঁঝি পোকা, ঝিল্লী। ঝিল্ল+অচ্ বিশিষ্টা-র্থে+ঈপ্। বি; স্ত্রী।

ঝিণ্টী, ঝিণ্টিকা—ঝাঁটিফুলের গাছ। ঝিম্—রট্+অচ্ কর্তৃ (নিপা)+ঈপ্=ঝিণ্টী, ঝিণ্টী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

ঝিনঝিন, -ঝিনি—অনেকক্ষণ একভাবে স্থাপনহেতু অঙ্গের বিবশতা ও তাহাতে কম্পনতুল্য অনুভূতি; হাত-পা প্রঃতে খিল ধরা। বাংপ্র। অ. বি।

ঝিনিকিঝিনি—নূপুরের শব্দ। বাংপ্র। বি।

ঝিনুক—শুক্তি, জলচর কঠিনাবরণ প্রাণী বিঃ; ঝিনুকের শক্ত খোলা; উক্ত খোলার ন্যায় আকৃতি-বিশিষ্ট রৌপ্যাদি ধাতুনির্মিত দুগ্ধপানপাত্র। বাংপ্র। বি।

ঝিম—নেশা ইঃতে অবশ; অতিশয় ক্ষীণ। বাংপ্র। বিণ।

ঝিমঝিম—নেশা তন্দ্রা পরিশ্রম ইঃর জন্য অবশতা বোধ। বাংপ্র। অ।

ঝিমন্ত—যে ঝিমাইতেছে এমন। বাংপ্র। বিণ।
ঝিমানি, ঝিমুনি—তন্দ্রাচ্ছন্নভাব। বাংপ্র। বি।
ঝিমানো, ঝিমনো—তন্দ্রাবিষ্ট হওয়া, চক্ষু মুদিয়া ঢুলা। বাংপ্র। ক্রি [, বি]।
ঝিয়ারী—কন্যা, দুহিতা। বাংপ্র। বি।
ঝিরঝির—মৃদুভাবে জল বায়ু ইঃর বহিয়া যাওয়ার ভাব। বাংপ্র। অ। বিণ—**ঝিরঝিরে**।
ঝিরিঝিরি—ঝিরঝির করিয়া, মৃদুভাবে, ক্ষীণ-ধারায়। বাংপ্র। ক্রি-বিণ।
ঝিল—লম্বাধরনের জলাশয় বিঃ। বাংপ্র। বি।
ঝিলমিল—ঝিকমিক, ঝলমল। বাংপ্র। অ। বিণ, **-মিলা, মিলে**। ক্রি, **-মিলানো**।
ঝিলমিলি—জানালা প্রঃর খড়খড়ি; পালকির কপাট; ঝলমল করার ভাব; রেশমী বস্ত্র; তারের জাল। বাংপ্র। বি বা অ।
ঝিলিক—ঝলক, তীব্র ক্ষণস্থায়ী আলোক; বিদ্যুতের চমক; বিদ্যুৎ। বাংপ্র। বি। **ঝিলিক দেওয়া, ঝিলিক মারা**—বিদ্যুৎ চমকানো।
ঝিলিমিলি—১। ঝিকমিকে ও লম্বমান; বিচিত্র। বিণ। ২। ঝিলমিলি। বাংপ্র। বি বা অ।
ঝিল্লী, ঝিল্লিকা—ঝিঁঝিপোকা; ঝাঁঝাঁ, চিকচিক; পাতলা চামড়া, membrane; বাতি। চিল্ল্+অচ্ কর্ত্র (নিপা)+ঈপ্=ঝিল্লী, ঝিল্লী+কন্ স্বার্থে +আপ্। বি; স্ত্রী।
ঝী—ঝি (তাহা দ্রঃ)।
ঝুঁকা—হেলিয়া পড়া, পক্ষপাতী হওয়া; নরম হওয়া; আকৃষ্ট হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
ঝুঁকি—ঝোঁক; দায়িত্ব, ভার। বাংপ্র। বি। **ঝুঁকি সামলানো**—দায়িত্ব লইয়া যোগ্যতার সহিত কার্যসাধন করা। [বাংপ্র। বিণ।
ঝুঁকী—জেদী, ঝোঁক ধরা যাহার স্বভাব এমন।
ঝুঁজানো—রক্তক্ষরণ হওয়া; তরলপদার্থ ঝরা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ঝুঁঝকিবেলা—সূর্যোদয়ের আগে ভোরবেলা। বাংপ্র। বি।
ঝুঁটা—শিখা; খোঁপা ("শিরে কুঞ্চিত কুন্তলবন্ধ ঝুঁটা"—নৃসিংহ)। প্রা কপ্র। বি।
ঝুঁটি—ষাঁড়ের ঘাড়ের উপরকার উচ্চ মাংসপিণ্ড; মাথার উপর বাঁধা চুলের গোছা; খোঁপা; শিখা। বাংপ্র। বি।
ঝুঁটি-বাঁধা—যাহার মাথার উপরে গোছা করিয়া চুল বাঁধা রহিয়াছে এমন ("ঝুঁটি-বাঁধা উড়ে'—রবীন্দ্র)। বাংপ্র। বিণ। [বিণ।
ঝুট, ঝুট—মিথ্যা; অনর্থক; নিষ্প্রয়োজন। হি।
ঝুটমুট—মিছামিছি, অকারণে। হি। অ।
ঝুটা—উচ্ছিষ্টযুক্ত; মিথ্যা। < জুষ্ট। বিণ।
ঝুড়ি—ছোট ঝোড়া। বাংপ্র। বি।
ঝুড়িঝুড়ি—অনেক, প্রচুর। বাংপ্র। বিণ।
ঝুনা, ঝুনো—অত্যন্ত পরিপক্ব; অতিশয় নিপুণ; অতি পাকা; নিতান্ত ধূর্ত, ঝানু; অতি পাকা এবং শুকনা ('—নারিকেল')। < জূর্ণ। বিণ।
ঝুপ—সত্বর, ক্ষিপ্র; লাফের শব্দ। বাংপ্র। অ, ক্রি-বিণ। [পড়িবার বিশেষ শব্দ। বাংপ্র। অ।
ঝুপঝাপ, -ঝুপ—জলে দাঁড় ফেলিবার শব্দ; জলে
ঝুপড়ি—ঝোপের মত ছোট; ক্ষুদ্র ('-গৃহ')। বাংপ্র। বিণ। [বা বিণ।
ঝুপসি—আলোহীন বন্ধ ঘর, ছোট ঘর। বাংপ্র। বি
ঝুপুরঝুপুর—দ্রুত দাঁড় ফেলিবার বা বৃষ্টি পড়ার শব্দ। বাংপ্র। অ। [বায়না। বাংপ্র। বি।
ঝুম—১। মৌন, নিস্তব্ধ। বিণ। ২। আবদার,
ঝুমকা, ঝুমকো—একরকম গোল ফুল; ঐ ফুলের আকারবিশিষ্ট কানের গহনা। বাংপ্র। বি।
ঝুমঝুম—অলংকারাদির বিশেষতঃ ঝুমুরের শব্দ। বাংপ্র। অ।
ঝুমঝুমি—শিশুদের খেলনা বিঃ। বাংপ্র। বি।
ঝুমরি—সংগীতের রাগিণী বিঃ; অশ্লীল বা আদিরসাত্মক গান বিঃ। বাংপ্র। বি। [বি।
ঝুমুর—পায়ের গহনা বিঃ; কবিগান বিঃ। বাংপ্র।
ঝুরঝুর, ঝুরুঝুরু—ধীরে ধীরে বালি খসার শব্দ; পত্রপল্লবাদির লঘু আন্দোলনের শব্দ। বাংপ্র। অ।
ঝুরঝুরে—শুষ্ক, ঝরঝরে; ঝুরঝুর করিয়া ঝরিতেছে এমন। বাংপ্র। বিণ।
ঝুরা—১। চূর্ণিত; শুষ্ক ও গুঁড়া। বিণ। ২। ক্ষরিত হওয়া। বাংপ্র। ৩। কাঁদা। প্রা কপ্র। ক্রি।
ঝুরাঝারা—অবশিষ্ট টুকরাটাকরা; ঝুরঝুরে। বাংপ্র। বিণ।
ঝুরি—বট প্রঃ বৃক্ষের শাখা হইতে লম্বমান নকল মূল ও শূন্যস্থ শিকড়; নামনা; বেসম দ্বারা প্রস্তুত খাদ্যদ্রব্য বিঃ; গুঁড়া; টুকরা। বাংপ্র। বি।
ঝুরিভাজা—বেসম দ্বারা প্রস্তুত খাদ্যদ্রব্য বিঃ; উত্তমরূপে ভাজা কোন বস্তুর গুঁড়া। ঝুরিসদৃশ ভাজা, মধ্যপ (বাংপ্র)। বি।
ঝুরুঝুরু—'ঝুরঝুর' দ্রঃ।
ঝুল—বিলম্বকরণ; ঝুলন, দোলন; জামার জন্য দেহের উপরদিক্ হইতে নিম্নদিকের মাপ; জমাট ধূম, ধূম প্রঃর জন্য ঘরের মধ্যে যে কালি জমিয়া থাকে। < 'দুল্'-ধাতু। বি।
ঝুলন—বৈষ্ণবদিগের উৎসব বিঃ, হিন্দোল উৎসব; দোলন, ঝুলিয়া থাকা। ঝুল্+অন ভাব (বাংপ্র)। বি।
ঝুলনা—দোলনা; দোলা। হি। বি।
ঝুলা—দোল খাওয়া; লম্বমান হওয়া; দেরি হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ঝুলাঝুলি, ঝুলোঝুলি—অতিশয় অনুনয় বিনয়; জেদাজেদি; পীড়াপীড়ি। বাংপ্র। বি।
ঝুলানো—দোলানো; লম্বমান করা, টাঙানো; গুরুতর অপরাধে অপরাধীকে ফাঁসি দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ঝুলি—কাপড়ের তৈরী থলি; কাঁধে ঝুলানো থলি। বি। **ঝুলি কাঁধে করা, কাঁধে ঝুলি লওয়া**—দীন-দরিদ্র হইয়া ভিক্ষা করিতে আরম্ভ করা।
ঝুলোঝুলি—'ঝুলাঝুলি' দ্রঃ।

ঝোঁটা—ঝাঁটা। বাংপ্র। বি।
ঝোঁটানো—ঝাঁটানো (তাহা দ্রঃ)।
ঝোঁংলা—একধরনের মোটা মাদুর; চওড়া চওড়া জলজ ঘাস বিঃ। বাংপ্র। বি।
ঝোঁক—অত্যন্ত আগ্রহ; প্রবণতা, একান্ত প্রবৃত্তি; জেদ; প্রভাব; শখ; পক্ষপাতিত্ব; টান; অবনতি, ঝুঁকিয়া পড়া। বাংপ্র। বি।
ঝোঁকতা, ঝুঁকতি—দাঁড়িপাল্লার ওজন বেশী হওয়া ও সেই দিকের পাল্লা নামিয়া যাওয়া। বাংপ্র। বি।
ঝোঁকা—হেলা, নত হওয়া; পক্ষপাতিত্ব করা; বিহ্বল হওয়া; আকৃষ্ট হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
ঝোঁটন—১। ঝুঁটি। বি। ২। ঝুঁটিযুক্ত। বাংপ্র। বিণ।
ঝোঁটা—(অনাদরে ও বৃহদর্থে) ঝুঁটি, লম্বিত কেশ-গুচ্ছ। বাংপ্র। বি।
ঝোড়—গুল্ম; জঙ্গল। বাংপ্র। বি।
ঝোড়া—১। কঞ্চি দ্বারা প্রস্তুত পাত্র বিঃ, বড় ঝুড়ি। বি। ২। পরিষ্কৃত, বাছা বা ছোলা (বংশাদি)। বাংপ্র। বিণ।
ঝোপ—ছোট ছোট গাছের বন; গুল্ম। <ক্ষুপ।
ঝোপ বুঝিয়া কোপ মারা—সুযোগ পাইয়া সেই মত কাজ করা, অবস্থা বুঝিয়া সুবিধা মত কাজ করা।
ঝোপড়া—পাতার কুঁড়ে। বাংপ্র। বি।
ঝোর—জল যাইবার পথ, জলপ্রণালী। বাংপ্র। বি।
ঝোরা—নির্ঝর, ঝরনা। বাংপ্র। বি।
ঝোল—যূষ, ব্যঞ্জনের রস; মৎস্যাদি-সহযোগে প্রস্তুত ব্যঞ্জন বিঃ। বাংপ্র। বি।
ঝোলন—দোলন, ঝুলিয়া থাকা। ঝুল্+অন ভাব (বাংপ্র)। বি।
ঝোলভাত—ভাত ও ঝোল। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
ঝোলা—১। বড় ঝুলি বা থলি। বি। ২। দোলা, দোল খাওয়া; লম্বিত হওয়া। ক্রি। ৩। ঝুল-বিশিষ্ট; পাতলা। বাংপ্র। বিণ।
ঝোলানি—গুড়ের মাত; তরল অংশ। বাংপ্র। বি।
ঝোলানো—ঝুলানো (তাহা দ্রঃ)।
ঝ্যাঁটাতি—ঝাঁটা দ্বারা পরিষ্কারকারী ব্যক্তি ("ঝ্যাঁটাতি বাইতি লয় তোলা"—কবিকঙ্কণ)। প্রা কপ্র। বি।

[ঞ]

ঞ—১। দশম ব্যঞ্জনবর্ণ এবং চ-বর্গের পঞ্চমবর্ণ [ইহার উচ্চারণস্থান সনাসিক তালু; ইহাকে অনুনাসিকবর্ণও বলে]। ২। শুক্রাচার্য; বৃষ; ষণ্ড; স্বধর্মভ্রষ্ট যোগী; ক্রূর; গায়ন। বি; পুং, বা বিণ। ৩। প্রাচীন বাঙ্গালায় চন্দ্রবিন্দুস্থলে প্রযুক্ত বর্ণ; আধুনিক বাঙ্গালার 'আ' 'য়া' বা 'ইয়'-র স্থলে প্রযুক্ত প্রাচীন বাঙ্গালার বর্ণ। ৪। অনুনাসিক কণ্ঠধ্বনি বা বাদ্যধ্বনি; তানপুরা প্রঃ তারের যন্ত্রের ঝংকার; ঘর্ঘরশব্দ; ঘর্ঘরধ্বনি। বি। ৫। এই আমি ("ঞ চরণে তোমার"—বাসবদত্তা)। প্রা কপ্র। সর্ব।
ঞকার—'ঞ' এই বর্ণ; যন্ত্র; গায়ন; হুংকার; ধর্মে অনাসক্ত মতি; ঘর্ঘরধ্বনি ("ঞকার ঘর্ঘর ধ্বনি"—ভারত)। ঞ+কার স্বার্থে। বি; পুং।
ঞি—তাচ্ছিল্যপ্রত্যয় বিঃ; কোন কোন ব্যাকরণ মতে পাণিনীয় ণিচ্। বি; পুং।
ঞ্যন্ত—ণিজন্ত। ঞি অন্তে যাহার, বহু। বিণ। স্ত্রী—ঞ্যন্তা।

[ট]

ট—একাদশ ব্যঞ্জনবর্ণ এবং ট-বর্গের প্রথম বর্ণ [ইহার উচ্চারণস্থান মূর্ধা]।
টই—ঘরের চালের মটকা; টোকা। বাংপ্র। বি।
টইটই—জলের ছাপাছাপি হওয়ার ভাববোধক শব্দ; পরিপূর্ণতা। বাংপ্র। অ। [বাংপ্র। বিণ।
টইটম্বুর, -টুম্বুর—পরিপূর্ণ, কানায় কানায় পূর্ণ।
টং, টঙ—১। ঘণ্টাদির শব্দ; অস্থায়ী চালা; উঁচু মাচান। বাংপ্র। বি। ২। অতিশয় ক্রুদ্ধ; নেশায় বিভোর। <'টঙ্ক'। বিণ।
টংকার—টঙ্কার (তাহা দ্রঃ)।
টংটং—ঘণ্টা ঘড়ি প্রঃর ধ্বনির অনুকারশব্দ; টো-টো করিয়া বেড়ানো। বাংপ্র। অ।
টক্—শীঘ্র; বড় ঘড়ি দোলনের শব্দ; অনুকার-শব্দ। বাংপ্র। অ।
টক—১। অম্লরসবিশিষ্ট। বিণ। ২। অম্ল; অম্বল, অম্লব্যঞ্জন। <তক্র। বি।
টক-টক—অল্প অল্প চুকা, ঈষৎ অম্লস্বাদযুক্ত। বাংপ্র। বিণ।

টকটক—১। বড় ঘড়ির শব্দ; উজ্জ্বলতা প্রকাশ; প্রতিকথায় প্রতিবাদসূচক কথা বলা। অ। ২। তাড়াতাড়ি। ক্রি-বিণ। ৩। উজ্জ্বলবর্ণবিশিষ্ট। বাংপ্র। বিণ। [করে অর্থে। বিণ।

টকটকে—উজ্জ্বলবর্ণবিশিষ্ট। টকটক+এ (< ইয়া)

টকপালঙ—অম্লস্বাদযুক্ত একপ্রকার শাক, চুকা পালঙ। কর্মধা (বাংপ্র)। বি।

টকা—টক হওয়া, অম্লরসযুক্ত হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

টকাটক—তাড়াতাড়ি; সঙ্গে সঙ্গে। বাংপ্র। ক্রি-বিণ।

টকানো—অম্লরসযুক্ত করিয়া ফেলা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

টকাস—অতি শীঘ্র। বাংপ্র। অ।

টকি—সবাক্ ছায়াচিত্র। < ইং 'talkie'. বি।

টকো—অম্লাস্বাদযুক্ত। টক+ও (< উয়া) বিশিষ্টার্থে। বিণ।

টক্কর—মৃদু আঘাত; পরস্পর ধাক্কা; হোঁচট; প্রতিকূলতা; প্রতিযোগিতা, পাল্লা; সামান্য উঁচু বাধা। বাংপ্র। বি।

টগবগ, টগবগাবগ—আগুনের তাপে কোন বস্তু সিদ্ধ হইবার শব্দ; ঘোড়ার দৌড়ের ভাবপ্রকাশক শব্দ। বাংপ্র। অ।

টগর—পুষ্পবৃক্ষ বিঃ; পুষ্প বিঃ। < তগর। বি।

টগরা, টগরে—চালাক, সেয়ানা। বাংপ্র। বিণ।

টগেটগে—সাবধানতার সহিত; সন্ধান করিয়া; খোঁজ রাখিয়া। বাংপ্র। ক্রি-বিণ।

টঙ—'টং' দ্রঃ।

টঙ্ক—১। ক্রোধ; কোষ; খড়্গ; পাষাণভেদনাস্ত্র; পর্বতাদির উচ্চস্থান। বি; পুং। ২। চারিমাষা-রূপ পরিমাণ; জঙ্ঘা; খননাস্ত্র, খন্তা; দর্প; টাকা। টনক্+ণিচ্+অ কর্তৃ। বি; পুং বা স্ত্রী। ৩। টঙ্কন, টাঁকা। টন্‌ক্+ঘঞ্ ভাব। বি; পুং।

টঙ্কক—টাকা, রৌপ্যমুদ্রা। টঙ্ক+কন্ সংজ্ঞার্থে। বি; পুং। [কর্তৃ। বি; পুং।

টঙ্কন—পাহাড়িয়া ঘোড়া; সোহাগা। টন্‌ক্+অন

টঙ্কপতি—টাঁকশালের কর্তা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

টঙ্কশালা—টাঁকশাল। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

টঙ্কা—টাকা। < টঙ্ক। বি।

টঙ্কার—ধনুকের ছিলার শব্দ; বিস্ময়; খ্যাতি। টম্ —কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

টঙ্গশ-টঙ্গশ—অনর্থক ভ্রমণসূচক শব্দ। বাংপ্র। অ।

টট্টরে—মুখর, যে মুখে মুখে জবাব দেয় এমন। বাংপ্র। বিণ।

টন—২০ হন্দর, প্রায় ২৭¼ মণ। < ইং 'ton'. বি।

টনক—বোধ, উপলব্ধি; খেয়াল; স্মরণ। বাংপ্র। বি। **টনক নড়া**—চেতনা হওয়া, কার্যসাধনে আগ্রহ আসা। [বি বা বিণ।

টনিক—বলকারক ঔষধ; বলকারক। < ইং 'tonic'.

টনটন—বেদনার ভাব, যন্ত্রণার ভাব। বাংপ্র। অ। বি—**টনটনানি**।

টনটনে—মজবুত, দৃঢ়; পরিপূর্ণ, সম্পূর্ণ; দূর-বিসারী; পাকা। বাংপ্র। বিণ। **টনটনে বরাত**—সৌভাগ্য, জোর কপাল; মন্দ বরাত।

টপ্—একবিন্দু তরল বস্তু পতনের শব্দ; শীঘ্রতা-সূচক শব্দ। বাংপ্র। অ।

টপকা—অপ্রত্যাশিত ভাবে, হঠাৎ। বাংপ্র। অ।

টপকানো—লম্ফন দ্বারা অতিক্রম করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

টপটপ—বড় বড় ফোঁটা পড়িবার শব্দ। বাংপ্র। অ।

টপাটপ—ক্রমাগত; অনবরত; অতিদ্রুত। বাংপ্র। অ, ক্রি-বিণ।

টপ্পা—গীত বিঃ। হি। বি। **টপ্পা মারা**—গল্প-গুজব ও আমোদ করিয়া সময় কাটানো।

টপ্পাবাজ—টপ্পাগানে নিপুণ; আজেবাজে গল্পে পটু; প্রতীক। টপ্পা+বাজ নিপুণার্থে (বাংপ্র)। বিণ।

টব—মাটি অথবা টিন বা লোহার পাত দিয়া ঘেরা কাঠের গামলা; ফুলগাছ ইঃ রোপণের পাত্র বিঃ। < ইং 'tub'. বি। [বর্গ মধ্যপ। বি; পুং।

টবর্গ—ট ঠ ড ঢ ণ—এই পাঁচটি বর্ণ। ট আদিক

টমটম—একঘোড়ায় টানা দুই চাকার গাড়ি। < ইং 'tandem'. বি।

টম্যাটো—বিলাতী বেগুন, একশ্রেণীর টক ফল। < ইং 'tomato'. বি।

টর—মাদকদ্রব্য সেবনে বেহুঁশ। বাংপ্র। বিণ।

টরটরে—দ্রুত কথা বলে বা চলাফেরা করে এমন। বাংপ্র। বিণ।

টর্চ, টর্চলাইট—একরকমের বিজলী বাতি। < ইং 'torch', 'torch-light'. বি।

টর্পেডো—জাহাজ ঘায়েল করিবার বিস্ফোরক অস্ত্র বিঃ। < ইং 'torpedo'. বি।

টল, টলন—বিচলিত হওয়া, টলা; স্খলন। বাংপ্র। বি।

টলটলায়মান—দোদুল্যমান, সর্বদা অস্থির; পতনোন্মুখ। বাংপ্র। বিণ।

টলটলে—তরল; ছাপাছাপি হইয়া কাঁপিতেছে এমন; অনাবিল। বাংপ্র। বিণ। [বিণ।

টলমল, -মল—অস্থির, কম্পমান; ঝলমল। বাংপ্র।

টলমলায়মান—টলটলায়মান। বাংপ্র। বিণ।

টলা—বিচলিত হওয়া; ব্যাকুল হওয়া; অস্থির হওয়া; অন্যথা হওয়া; নড়া। বাংপ্র। ক্রি [, বি]।

টলানো—নড়ানো; গলানো; বিচলিত করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বাংপ্র। বি বা অ।

টস—রস; ফোঁটা ফোঁটা জল; ফোঁটা পড়ার শব্দ।

টসকানো—নষ্ট হওয়া, ভগ্ন হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

টসটস—রসে পরিপূর্ণতা বুঝাইবার শব্দ; ফোঁটা ফোঁটা করিয়া পড়ার ভাব বুঝাইবার শব্দ। বাংপ্র। অ। বিণ, **-টসে**।

টহল—ভ্রমণ; ঘোরাঘুরি করিয়া পাহারা দেওয়া; ভিক্ষার জন্য গান গাহিয়া বেড়ানো। হি। বি। **টহল দেওয়া**—ঘুরিয়া ঘুরিয়া পাহারা দেওয়া; বেড়ানো।

টহলদার—ভ্রমণকারী; চৌকিদার; যাহারা বাড়ি বাড়ি গিয়া গান গাহিয়া ভিক্ষা করে। টহল+দার কর্তা। অর্থে (হি-ম্)। বি বা বিণ।

টহলানো—পায়চারি করা বা করানো। বাংপ্র। ক্রি [, বি]।

টা—সংখ্যাবাচক বা অন্য বিশেষ্য শব্দের পরে প্রযুক্ত হইলে তুচ্ছতাপ্রকাশক (যেমন—একটা, মানুষটা)। বাংপ্র। অ।

টাই—১। প্ররোচনা, উৎসাহ; প্রলোভন। বাংপ্র। ২। বন্ধন বা বন্ধনী। <ইং 'tie'. বি। [বিণ।

টাইট—আঁটসাঁট, টানটান। <ইং 'tight'.

টাইপ—অক্ষর, ছাপিবার নিমিত্ত সীসার তৈরী অক্ষর; প্রকার, পদ্ধতি। <ইং 'type'. বি। **টাইপ করা**—টাইপ-রাইটার যন্ত্রের সাহায্যে ছাপানো।

টাইপ-রাইটার—চিঠিপত্রাদি মুদ্রিত করিবার জন্য হস্তচালিত ক্ষুদ্র যন্ত্র, মুদ্রলেখ। <ইং 'type-writer'. বি।

টাইপরাইটিং—হস্তচালিত-যন্ত্রসাহায্যে চিঠিপত্রাদি মুদ্রিতকরণ। <ইং 'type-writing'. বি।

টাইফয়েড—সান্নিপাতিক, ত্রিদোষজ। <ইং 'typhoid'. বিণ।

টাইম—সময়। <ইং 'time'. বি।

টাইম-টেবল—সময়-তালিকা; ট্রেনসমূহের গতায়াতের সময় স্টেশনসমূহের দূরত্ব এবং মাসুলাদি প্রকাশক পত্র বা পুস্তক। <ইং 'time-table'. বি।

টাইমপিস—ঘটিকাযন্ত্র, ছোট ঘড়ি। <ইং 'time-piece'. বি।

টাউন—নগর, শহর। <ইং 'town'. বি।

টাউনহল—নগরবাসিগণের একত্র সমবেত হইয়া সভাদি করিবার স্থান। <ইং 'townhall'. বি।

টাক—লক্ষ্য, তাক; লুব্ধ দৃষ্টি; প্রতীক্ষা। <তর্ক। বিণ। [বি।

টাঁকশাল—মুদ্রানির্মাণস্থান, mint. <টঙ্কশালা।

টাকা—সেলাই করা; পূর্বসূচনা করা, আগ বাড়াইয়া বলা। বাংপ্র। ক্রি [, বি]।

টাক—১। মস্তকের কেশহীনতা, ইন্দ্রলুপ্ত। <তালকীট। বি। বিণ—**টেকো**। ২। (অন্য শব্দের পরে বসিলে) পরিমিত, ওজনের ('সের—')। বাংপ্র। বিণ।

টাকনা—অন্ন গলাধঃকরণের নিমিত্ত অম্লাদি দ্রব্য সামান্য পরিমাণে মুখে দেওয়া। বাংপ্র। বি।

টাক-পড়া—টাকযুক্ত, ন্যাড়া; কেশশূন্য। বহু। (বাংপ্র)। বিণ। [বি।

টাকরা—মুখগহ্বরের উপরিভাগ, তালু। বাংপ্র।

টাকা—১। সেলাই করা। <'টন্‌ক্' ধাতু। ক্রি। ২। রৌপ্যমুদ্রা। <টঙ্ক। বি। **টাকা উড়ানো**—দুই হাতে অর্থের অপব্যয় করা। **টাকার মানুষ**—ধনী ব্যক্তি। **টাকার শ্রাদ্ধ**—যথেষ্ট টাকা-পয়সা খরচ, অর্থের প্রচুর অপব্যয়।

টাকাওয়ালা—ধনী। বাংপ্র। বিণ।

টাকাকড়ি—বিষয়-সম্পত্তি, ধন-দৌলত। বাংপ্র। বি।

টাকু—সুতা কাটিবার যন্ত্র। <তর্কু। বি।

টাঙ্গা—একধরনের দুই চাকাওয়ালা ঘোড়ার গাড়ি। হি। বি।

টাঙ্গানো, টাঙানো—ঝুলানো, লম্বিত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

টাঙ্গি, টাঙ্গী, টাঙি—কুঠার, পরশু। <টঙ্গ। বি।

টাট—১। পূজার ব্যবহার্য তামার ছোট থালা। <পালি 'তট্টক'। ২। তালপাতায় তৈরী ঢাকনা; মহাজনের বসিবার জায়গা, গদি; কপটতা, মোহ। বাংপ্র। বি।

টাটকা—সদ্যোজাত, তাজা। <তৎকাল। বিণ।

টা-টা—কাতরভাবে প্রার্থনা; শুকাইয়া টান ধরা। বাংপ্র। অ।

টাটানি—আওরানি, ব্যথা, বেদনা। বাংপ্র। বি।

টাটানো—অত্যন্ত বেদনাযুক্ত হওয়া, টন টন করা। ক্রি [বি, বিণ]। **চোখ টাটানো**—ঈর্ষা হওয়া।

টাটি—মৃৎপাত্র, মাটির কটোরা বা খুরি। বাংপ্র। বি।

টাটু, টাট্টু—আরব অথবা ব্রহ্মদেশের বলবান্ ছোট ঘোড়া, pony. হি-ম্। বি।

টাড়স—তাড়স (তাহা দ্রঃ)।

টান—১। আকর্ষণ; ভালবাসা, প্রণয়, স্নেহ, মমতা; কমতি; উচ্চারিত কথার রেশ; প্রলোভন; স্রোতের বেগ; আঁট; চাহিদা; শ্বাসকষ্ট; জোরে ধূমপান; মনোযোগ; লৌহময় যন্ত্রের ধারের নিমিত্ত ইস্পাত; আকর্ষণমাত্রা; দৈর্ঘ্য অভিমুখে আকর্ষণ, tension. বি। ২। উন্নত; অশিথিল; কসা; কমা; ঊনা, কম। <তন্। বিণ। **টান ধরা**—শুকাইতে আরম্ভ করা; কম পড়া; হাঁপ ধরা। **টান হওয়া**—হাঁপানি রোগে শ্বাসকষ্ট শুরু হওয়া।

টানটান—পরিমাণ অপেক্ষাও ঈষৎ অল্প, যাহাতে কষ্টেসৃষ্টে কাজ চলে এরূপ। বাংপ্র। বিণ।

টানা—১। রজ্জু প্রঃ দ্বারা বস্তুদ্বয়ের সংযোগকরণ; কাপড়ের লম্বা দিকের সুতা, warp; দেরাজ; টানিয়া রাখিবার দড়ি প্রঃ, guy. বি। ২। যাহা আকর্ষণ করা বা টানা হয় এমন, আকৃষ্ট ('—পাখা'), দীর্ঘ, লম্বা ('—চোখ'); যাহা মন্থন করিয়া মাখন তোলা হইয়াছে এমন। টান্+আ কর্ম, করণ। বিণ। ৩। আকর্ষণ করা, স্বীয় অভিমুখে আনয়ন করা; বহন করা; পান করা; শোষণ করা ('জল—'); ব্যয়সংকোচ করা; আঁকা ('রেখা—')। বাংপ্র। ক্রি।

টানা-জাল—একধরনের বড় জাল। বাংপ্র। বি।

টানা-টানা—আয়ত ('—চোখ'); বাঁকা ('—কথা')। বাংপ্র। বিণ।

টানাটানি—অভাব, অপ্রতুলতা; পরস্পর আকর্ষণ; বারবার টানা। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।

টানাদুধ—মাখনতোলা দুধ। বাংপ্র। বি।

টানাপড়েন—তাঁতের লম্বা দিকের ও আড়াদিকের সুতা; (ইহা হইতে) যাতায়াত, গমনাগমন। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

টানা-পাখা—যে পাখা টানিয়া বাতাস করিতে হয় তাহা। কর্মধা (বাংপ্র)। বি।
টানা-হেঁচড়া—টানাটানি, ধস্তাধস্তি। বাংপ্র। বি।
টানেল—পাহাড়ের ভিতর দিয়া তৈরী পথ; জোর করিয়া কিছু করানোর চেষ্টা। <ইং 'tunnel'. বি। [তজ্জনিত শব্দ। বাংপ্র। বি।
টাপুর-টুপুর—ছোট বড় ফোঁটায় বৃষ্টিপাত এবং
টাবা—একপ্রকার লেবু। বাংপ্র। বি।
টায়টায়, টায়টোয়—কোনরূপে সংকুলান করিয়া, কিছু-মাত্র উদ্বৃত্ত না হয় এরূপে। বাংপ্র। অ, ক্রি-বিণ।
টায়রা—শিরোভূষণ বিঃ, সম্মুখের কেশরাশি সংযত রাখিবার জন্য স্বর্ণাদিনির্মিত বন্ধনী। <ইং 'tiara'. বি।
টাল—একদিকে হেলিয়া পড়া বা কাত হওয়ার ভাব; ধাক্কা; কঠিন রোগের সময়ে সংকটজনক অবস্থা; রাশি, স্তূপ। বাংপ্র। বি। **টাল খাওয়া**—টলিতে টলিতে চলা। **টাল যাওয়া**—রুগ্ন ব্যক্তির মৃত্যু হওয়ার সম্ভাবনা দেখা দেওয়া। **টাল সামলানো**—ধাক্কা কাটানো; পড়িতে পড়িতে বাঁচিয়া যাওয়া; কোন-মতে বিপদ্ এড়ানো।
টালবাহানা—দিই দিচ্ছি করিয়া ঘুরানো, নানাপ্রকার মিথ্যা ওজর। বাংপ্র। বি।
টালমাটাল—(কথার) নড়চড়; প্রবঞ্চনা; অস্থিরভাব; সংশয়াপন্ন অবস্থা। বাংপ্র। বি।
টালা—যাপন করা, কাটানো; চালা, সরানো; টাল খাওয়া; নানারূপ ওজর-আপত্তি দেখাইয়া সময় লওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
টালি—ছাদপ্রস্তুতের জন্য পাতলা চওড়া ইট। <ইং 'tile'. বি।
টিউটর—শিক্ষক। ইং <'tutor'. বি।
টিউসনি—শিক্ষকতা; গৃহশিক্ষকের কার্য। <ইং 'tuition'. বি।
টিক—নিশানা, তাক। বাংপ্র। বি।
টিকটিক—ঘড়ি চলার শব্দ; টিকটিকির ডাক। বাংপ্র। বি। **টিকটিক করা**—মৃদুভাবে অনবরত বাধা দেওয়া।
টিকটিকি—১। জেষ্ঠী, জেঠী। টিকটিক+ই করে অর্থে (বাংপ্র)। ২। গোয়েন্দা পুলিস। <ইং 'detective'. বি।
টিকলি—গোলাকার ক্ষুদ্র খণ্ড, ছোট চাকতি; কপালে পরিবার টিপ, ফোঁটা; টাকু। বাংপ্র। বি।
টিকলো—সুচালো। বাংপ্র। বি।
টিকসই, টেকসই—মজবুত, দীর্ঘকালস্থায়ী; দৃঢ়। টিক, টেক (=স্থিতি)+সই যোগ্যার্থে (বাংপ্র)। বিণ।
টিকা—১। চন্দনাদিরচিত তিলক; অভিষেকাদিকালে নৃপাদির ললাটে ধার্য তিলক; বসন্ত প্লেগ প্রঃ রোগ নিবারণের জন্য শরীরে ঐ সকল রোগের যে বীজ প্রবেশ করাইয়া দেওয়া হয়। <তিলক বা বটিকা। ২। কয়লার গুঁড়া দ্বারা প্রস্তুত একপ্রকার আগুন জ্বালাইবার জিনিস। হি-মু। বি। ৩। স্থায়ী হওয়া, টিকিয়া থাকা; বাধাবিঘ্ন সত্ত্বেও দাঁড়াইয়া থাকা। <'স্থা'-ধাতু। ক্রি। **টিকা ওঠা**—টিকার ঘা পাকিয়া ওঠা। **টিকা পরানো**—কপালে ফোঁটা দেওয়া। [দার (বাংপ্র)। বি।
টিকাদার—প্লেগ প্রঃ রোগের টিকাদানকারী। টিকা+
টিকানো, টিকনো—রাখা, স্থায়ী করা; বাঁচানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
টিকারা—দুন্দুভিবাদ্য। বাংপ্র। বি।
টিকি—মস্তকের শিখা। <শিখা। বি।
টিকিট—ডাকটিকিট; প্রদত্ত মাসুলাদির নিদর্শনপত্র, যাহাতে গাড়ি ইঃতে চড়িবার বা কোন স্থানে প্রবেশ করিবার অধিকার হয় এমন কাগজখণ্ড। <ইং 'ticket'. বি।
টিকিটবাবু—টিকিটবিক্রয়কারী কর্মচারী। বাংপ্র। বি।
টিকিন—লেপ বালিশ প্রঃর খোল প্রস্তুত করিবার জন্য মোটা ডোরাকাটা কাপড়। <ইং 'ticking'. বি। [চাকাত। বাংপ্র। বি।
টিকে—তামাক সাজিবার জন্য কয়লার গুঁড়ার জমানো
টিটকারি—উপহাস; নিন্দা; তিরস্কার। বাংপ্র। বি।
টিট্টিভ, টিট্টিভক, টিটিভ—পক্ষী বিঃ। টিট্টি, টিটি—ভাষ্+ড কর্তৃ, ২য় পক্ষে টিট্টিভ+কন্ স্বার্থে। বি; পুং।
টিন—রাং; ক্যানেস্তারা; করুগেট লোহা, রাঙের কলাই-করা লোহার পাত। <ইং 'tin'. বি।
টিনটিন—মিটমিট, টিমটিম; কৃশতা-প্রকাশ। বাংপ্র। অ। বিণ, -টিনে।
টিনটিনে—মিটমিটে, টিমটিমে; কৃশ। টিনটিন+এ (<ইয়া) করে অর্থে। বিণ।
টিপ—ফোঁটা; আঙ্গুলের অগ্রভাগের ছাপ; আঙ্গুলের ডগা; চিঠি। বাংপ্র। বি।
টিপকল—যাহা টিপিয়া বন্ধ করা বা খোলা যায় এরূপ কল; সংকেত। বাংপ্র। বি।
টিপটাপ, -টিপ—ফোঁটা ফোঁটা জল পড়ার শব্দ; গাছ হইতে ছোট ছোট ফল পড়ার শব্দ। বাংপ্র। অ।
টিপটিপানি—ফোঁটা ফোঁটা জল পড়া। বাংপ্র। বি।
টিপয়, টিপাই—তিন পায়াওয়ালা ছোট টেবিল। <ইং 'tripod'. বি।
টিপসহি, -সই—যে লিখিতে জানে না তাহার দস্তখতস্বরূপ বুড়া আঙ্গুলের ছাপ। ৩য়াতৎ (বাংপ্র)। বি।
টিপা, টেপা—আঙ্গুল বা হাত দিয়া চাপা; সংবাহন করা; ঠারা ('চোখ —')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
টিপিটিপি—নিঃশব্দে, আস্তে আস্তে। বাংপ্র। ক্রি-বিণ। ভাব (বাংপ্র)। বি।
টিপুনি—টেপার কাজ; গুপ্ত সংকেত। টিপ্+উনি
টিপ্পনী—গ্রন্থের অর্থ বিশদ করিবার নিমিত্ত যাহা লিখিত হয়, তাৎপর্যব্যাখ্যা; কথার মধ্যে সংক্ষেপে নিজ বক্তব্য বলা; পাদটীকা। টিপ্—পন্+অচ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
টিফিন—বিদ্যালয়ে বা কর্মস্থলে অপরাহ্ণের জল-যোগ। <ইং 'tiffin'. বি।

টিমটিম—মিটমিট; অল্প আলোকদান। বাংপ্র। অ। বিণ, -টিমে। [বি।

টিয়া—শুকপক্ষী, একপ্রকার তোতাপাখি। বাংপ্র।

টিলা—ক্ষুদ্র উচ্চভূমি; ছোট পাহাড়। হি। বি।

টীকা—১। গ্রন্থের অর্থাদিনিরূপণ-গ্রন্থ, গ্রন্থের ব্যাখ্যা, বিবৃতি। টীক্+ক করণ+আপ্। বি; স্ত্রী। ২। 'টিকা' (তাহা দ্রঃ)।

টীকাকার—ব্যাখ্যাতা; ভাষ্যকার। টীকা—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং বা বিণ।

টীট—নির্লজ্জ, বেহায়া; ধূর্ত, চতুর। বাংপ্র। বিণ। বি, -পনা।

টী-পার্টি—চা ও তাহার সহিত অন্যান্য জলখাবার খাওয়ার মজলিস। < ইং 'tea-party'. বি।

টু, টুঁ—কোন শব্দ দ্বারা উত্তর বা জবাব; প্রতিবাদ। বাংপ্র। অ।

টুইল—বিশেষ ধরনে বোনা একরকমের কাপড়। < ইং 'twill'. বি। [বি।

টুংটাং—জলতরঙ্গের শব্দ; বড় ঘড়ির শব্দ। বাংপ্র।

টুঁটি—গ্রীবা, গলদেশ। বাংপ্র। বি।

টুকটাক—অল্পস্বল্প; ছোট-খাটো। বাংপ্র। বিণ।

টুকটুক—(আদরে) রগরগ, উজ্জ্বল। বাংপ্র। বিণ।

টুকটুকে—সুন্দর কান্তিবিশিষ্ট ('—লাল')। টুকটুক+এ (< ইয়া) করে অর্থে। বিণ।

টুকনি—ভিক্ষার পাত্র; টুকরি। বাংপ্র। বি।

টুকরা—কোন কিছুর কাটা ছোট অংশ। বাংপ্র। বি।

টুকরা-টুকরা—ছিন্ন বা কর্তিত ক্ষুদ্র ক্ষুদ্র অংশ। বাংপ্র। বি।

টুকরি—বংশনির্মিত পাত্র বিঃ, ঝুড়ি। বাংপ্র। বি।

টুকা—মনে রাখিবার জন্য কোন কিছু লিখিয়া রাখা; কোন কিছু দেখিয়া নকল করা; দোষ উল্লেখ করা। বাংপ্র। ক্রি [, বি]। [বাংপ্র। বি।

টুকিটাকি—ছোটখাটো ব্যাপার; ছোটখাটো জিনিস।

টুঙ্গি, টুঙি—উচ্চগৃহ; মাচার উপরে নির্মিত ছোট ঘর; উচ্চস্থানস্থিত কপোতাবাস। < তুঙ্গ। বি।

টুটা—১। ভগ্ন, ভাঙ্গা; ছিন্ন। টুট্+আ কর্তৃ (বাংপ্র)। বিণ। ২। ভাঙ্গা; কাটিয়া ফেলা; চূর্ণ হওয়া; ফাটিয়া যাওয়া; দূর হওয়া। < 'ত্রুট্'-ধাতু। ক্রি।

টুনটুনি—ছোট পাখি বিঃ; একতন্ত্রীবিশিষ্ট যন্ত্র বিঃ; কাচনির্মিত যন্ত্র বিঃ। বাংপ্র। বি। [অ।

টুপ—ছোট বস্তু ডুবিবার বা পড়িবার শব্দ। বাংপ্র।

টুপটাপ—ফলাদি বা তরল পদার্থের পতনেব শব্দ। বাংপ্র। অ।

টুপি—মস্তকাবরণ তাজ। হি-মু। বি।

টুমটাম—সামান্য, অত্যল্প। বাংপ্র। বিণ।

টুয়ানো—উসকাইয়া দেওয়া, উত্তেজিত করা; লেলাইয়া দেওয়া; সন্ধান করিয়া ফেরা। বাংপ্র। ক্রি। [, বি]।

টুল—উচ্চ কাষ্ঠাসন, চৌকি। < ইং 'stool' বি।

টুলি—পল্লী, পাড়া, জঙ্গল। বাংপ্র। বি।

টুলো—টোলে শিক্ষাপ্রাপ্ত; টোল-সংক্রান্ত; সংস্কৃত চতুষ্পাঠীর অধ্যাপক। টোল+ও (< উয়া)। বিণ বা বি। [আঘাত। বাংপ্র। বি।

টুসকি, টুসি—টোকা, আঙ্গুলের দ্বারা মৃদু

টুসটুস—রসে পরিপূর্ণতাবোধক শব্দ; মুখমণ্ডলের ঢলঢলে ভাববোধক শব্দ। বাংপ্র। অ। বিণ, -টুসে।

টেংরা, ট্যাংরা—মাছ বিঃ। বাংপ্র। বি।

টেংরি, টেঙ্গরি—পাঁঠা ইঃর জঙ্ঘা। বাংপ্র। বি।

টেঁক, ট্যাঁক—কোমরের কাপড়ে টাকাকড়ি গুঁজিয়া রাখিবার স্থান; নদীর বাঁক বা মোড়। বাংপ্র। বি।

টেঁকঘড়ি—টেঁকে রাখিবার যোগ্য ছোট ঘড়ি, পকেটঘড়ি। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

টেঁকশাল—টাঁকশাল (তাহা দ্রঃ)।

টেঁকসই—'টিকসই' দ্রঃ।

টেঁটা—মাছ ধরিবার লৌহময় অস্ত্র বিঃ। বাংপ্র। বি।

টেঁপারি—একপ্রকার অম্ল-মধুর ছোট ফল। বাংপ্র। বি। [বাংপ্র। বি বা বিণ।

টেঁস, ট্যাঁস—ফিরিঙ্গি; মিশ্র, দেশীয় খ্রীষ্টানজাতীয়।

টেঁসটেঁসে—খিটখিটে; তিক্ত; বিস্বাদ। বাংপ্র। বিণ।

টেঁসফিরিঙ্গি—দেশীয় খ্রীষ্টান বিঃ। বাংপ্র। বি।

টেকা—স্থায়ী হওয়া; থাকা; বাঁচা। বাংপ্র। ক্রি [, বি]। [বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

টেকানো—বাঁচানো; স্থায়ী করা; বজায় রাখা।

টেকো—১। চরকার সুতা গুটাইবার জন্য লৌহ-নির্মিত শলাকা; সুতা কাটিবার যন্ত্র। < তর্কু। ২। মাথায় টাকবিশিষ্ট, টাকযুক্ত। টাক+ও (< উয়া) বিশিষ্টার্থে। বিণ।

টেক্কা—সর্বোৎকৃষ্টতা; সকলকে অতিক্রম; বিরোধিতা; একফোঁটাবিশিষ্ট তাস। বাংপ্র। বি। **টেক্কা খোঁপা**—একধরনের খোঁপা। **টেক্কা দেওয়া, টেক্কা মারা**—হারাইয়া দেওয়া, সকলকে ছাড়াইয়া যাওয়া।

টেক্স, ট্যাক্স—কর, খাজনা। < ইং 'tax'. বি।

টেঙ্গরা—একপ্রকার মাছ। বাংপ্র। বি।

টেড়া—টেরা (তাহা দ্রঃ)।

টেড়ি—টেরি (তাহা দ্রঃ)।

টেণ্ডাই-মেণ্ডাই—বাগ্‌বিতণ্ডা, ক্রোধভরে চেঁচামেচি। হি-মু। বি। [বস্ত্রখণ্ড। < ছিন্ন। বি।

টেনা—ছেঁড়া ও ময়লা কাপড়ের টুকরা, জীর্ণ

টেপ—কাপড়ের প্রান্ত, খুট ('কোঁচার —')। বাংপ্র। বি।

টেপা—১। টিপিয়া দেওয়া, চাপ দেওয়া; চাপা; ইশারা করা; ডলা। বাংপ্র। ক্রি [, বি]। ২। টোল-খাওয়া, চাপা। বাংপ্র। বিণ।

টেপাই—টিপয় (তাহা দ্রঃ)। [বি।

টেপারি, ট্যাপারি—ক্ষুদ্র অম্ল-মধুর ফল বিঃ। বাংপ্র।

টেবিল—মেজ, উপরিভাগে পুস্তকপত্রাদি রাখিয়া পড়া বা লেখার জন্য সম্মুখস্থিত উচ্চ কাষ্ঠাদির আসন। < ইং 'table'. বি।

টেবো—স্থূল; উন্নত; স্ফীত। বাংপ্র। বিণ।

টেমি—কেরোসিন তেলের ডিবা, টিনের কেরোসিন দীপ বিঃ। বাংপ্র। বি।

টের—অনুভূতি, অনুভব; জ্ঞান, সংবাদ; কোণ; পাশ; সীমা; সন্ধান। বাংপ্র। বি। **টের পাওয়া**—বুঝিতে পারা; সন্ধান পাওয়া; পরিণামে কষ্ট বা অসুবিধা ভোগ করা।

টেরছা, টেরচা—বক্র, বাঁকা। < তির্যক্। বিণ।

টেরা—বক্রচক্ষু। < তির্যচ্। বিণ।

টেরি—১। মাথার চুলের মধ্যকার সিঁথি ('—কাটা', '—বাগানো')। বি। ২। বক্রভাবে; কম্পিতভাবে। < তির্যক্। ক্রি-বিণ।

টেলিগ্রাফ—দূরবর্তী স্থানে সংবাদ পাঠাইবার একপ্রকার বৈদ্যুতিক ব্যবস্থা; তাড়িতবার্তা, তারবার্তা। < ইং 'telegraph'. বি।

টেলিগ্রাম—সাংকেতিক তাড়িতবার্তা, তারের সাংকেতিক খবর। < ইং 'telegram'. বি।

টেলিফোন—তারযোগে কথোপকথনের বৈদ্যুতিক কল; দূরভাষণযন্ত্র। < ইং 'telephone'. বি।

টেলিভিসন—বহুদূরের জিনিস যন্ত্রসাহায্যে চোখের সামনে স্পষ্টভাবে দেখা বা ঐরূপ দেখাইবার যন্ত্র। < ইং 'television'. বি।

টেলিস্কোপ—দূরবীন, দূরবীক্ষণ যন্ত্র। < ইং 'telescope'. বি।

টেস্ট—১। স্বাদ। < ইং 'taste'. বি। ২। যোগ্যতার পরীক্ষা বা বিচার। < ইং 'test'. বি। **টেস্ট ম্যাচ**—দুই দেশের মধ্যে প্রতিযোগিতামূলক ক্রিকেট ইঃ খেলা। **টেস্ট পরীক্ষা**—শেষ পরীক্ষার আগের পরীক্ষা।

টোকচা, টোকচাই—যাহাতে টুকিয়া রাখা হয় এমন খাতা, কাঁচা হিসাবের খাতা। বাংপ্র। বি।

টোকর—ঠোক্কর; মৃদু আঘাত। বাংপ্র। বি।

টোকা—১। কাটা; সূচী দ্বারা সেলাই করা; অনুধাবনপূর্বক লক্ষ্য করা; সাবধান করা; উল্লেখ করা; কোন কিছু টুকিয়া রাখা; নকল করা। ক্রি [, বি, বিণ]। ২। প্রতি কথার উত্তর; অল্প সংকেত। বাংপ্র। ৩। তালপাতার তৈরী একপ্রকার ছাতা, মাথালি। < পো 'touca'. বি।

টোকো—টকস্বাদযুক্ত। বাংপ্র। বিণ।

টোটকা—রোগ-নিবারণের জন্য সামান্য ঔষধ বা গাছগাছড়া, মুষ্টিযোগ। < ত্রোটক। বি।

টোটা—বন্দুকের কার্তুজ, গুলি। বাংপ্র। বি।

টো-টো—এখানে সেখানে; অকারণ; ইতস্ততঃ। বাংপ্র। অ। **টো-টো কোম্পানি**—ভবঘুরের দল।

টোড়ি—রাগিণী বিঃ। বাংপ্র। বি।

টোন—১। পাটনির্মিত একপ্রকার সূক্ষ্ম রজ্জু। বাংপ্র। ২। (কথার) ভঙ্গী, ধরন, ভাব। < ইং 'tone'. বি।

টোপ—মৎস্যের আহার, মৎস্যকে প্রলুব্ধ করিবার সামগ্রী; প্রলুব্ধ করিবার বস্তু; প্রলোভন। বাংপ্র। বি।

টোপর—মুকুট। বাংপ্র। বি।

টোপাকুল—খুব পাকা বড় দেশী কুল। বাংপ্র। বি।

টোপানো—ফোঁটায় ফোঁটায় ঝরা বা পড়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

টোয়ানো—টুয়ানো (তাহা দ্রঃ)।

টোল—চতুষ্পাঠী; তাঁবু; আড্ডা; ধাতুপাত্রাদিতে আঘাত লাগার জন্য পার্শ্ববর্তী স্থান অপেক্ষা নিম্নতা, ছোট গর্ত। বাংপ্র। বি। **টোল খাওয়া, টোল পড়া**—গর্ত হওয়া।

টোল-খাওয়া—তোবড়ানো। বাংপ্র। বিণ।

টোলা—পল্লী, পাড়া ('আহিরী—')। হি। বি।

টোসা—১। ফোঁটা। বি। ২। টসটস করিয়া পড়া। বাংপ্র। ক্রি [, বি]।

টোস্ট—আগুনে শুষ্ক বা ঝলসানো রুটি। < ইং 'toast'. বি। [বাংপ্র। অ।

ট্যাঁ, ট্যাঁ-ট্যাঁ—ছোট ছেলেমেয়েদের কান্নার শব্দ।

ট্যাঁটা—কেঁচা; বল্লম-জাতীয় অস্ত্র। বাংপ্র। বি।

ট্যাঁপারি—'টেপারি' দ্রঃ।

ট্যাঁ-ফোঁ—ট্যাঁ-শব্দ; জারিজুরি; উচ্চবাক্য; সামান্য প্রতিবাদ। বাংপ্র। বি।

ট্যাঁস—ফিরিঙ্গি। বাংপ্র। বি।

ট্যাক—'টেক' দ্রঃ।

ট্যাক্সি—ভাড়াটে মোটরগাড়ি। < ইং 'taxi'. বি।

ট্যাঙ্ক—জলের চৌবাচ্চা; লৌহাবৃত যুদ্ধযান বিঃ। < ইং 'tank'. বি। [দ্রঃ)।

ট্যাণ্ডাই, ট্যাণ্ডাই-ম্যাণ্ডাই—টেণ্ডাই-মেণ্ডাই (তাহা

ট্যামটেমি—ছোট বাদ্যযন্ত্র বিঃ। বাংপ্র। বি।

ট্রাঙ্ক—লোহার বা ইস্পাতের পাত দিয়া তৈরী বাক্স। < ইং 'trunk'. বি।

ট্রান্সফার—বদলি। < ইং 'transfer'. বি। **ট্রান্সফার সার্টিফিকেট**—এক স্কুল হইতে অন্য স্কুলে ভর্তি হইবার সময় স্কুলের কর্তৃপক্ষ ছাত্রকে যে পরিচয়-পত্র দেন, transfer certificate.

ট্রাম, ট্রামগাড়ি—ট্রামগাড়ি, শহরের বিদ্যুৎচালিত গাড়ি বিঃ। < ইং 'tram'. বি।

ট্রেজারি—রাজধনাগার, সরকারী খাজনাখানা। < ইং 'treasury'. বি। ['train'. বি।

ট্রেন—লৌহবর্ত্মগামী শকট-শ্রেণী, রেলগাড়ি। < ইং

[ঠ]

ঠ—বাংলা ভাষায় দ্বাদশ ব্যঞ্জনবর্ণ ও ট-বর্গের দ্বিতীয় বর্ণ [উচ্চারণস্থান মূর্ধা]।

ঠং—ঘণ্টা প্রঃর শব্দ। বাংপ্র। অ।

ঠক্—শুষ্ক কাষ্ঠ প্রঃতে আঘাতের কর্কশ শব্দ বিঃ। বাংপ্র। অ। [বি বা বিণ।

ঠক—ধূর্ত; প্রতারক; দস্যু, ডাকাত। < স্থগ।

ঠকঠক—শুষ্ক কাষ্ঠাদির উপর আঘাতের শব্দ। বাংপ্র। অ। বিণ, -**ঠকে**।

ঠকঠকানি, ঠকঠকি—ঠকঠক শব্দ; দুইটি শক্ত জিনিসে ঠোকাঠুকি করার শব্দ; নিষ্ফল প্রয়াস। বাংপ্র। বি বা অ। [বাংপ্র। ক্রি [, বি]।

ঠকঠকানো—ঠকঠক শব্দ করা; শূন্যতা প্রকাশ করা।

ঠকঠকি—কঠিন ব্যাপার; অব্যক্ত শব্দ; হস্তচালিত তাঁত। বাংপ্র। বি।

ঠকা—১। বঞ্চিত হওয়া; বিফলকাম হওয়া; অপ্রতিভ হওয়া; পরাজিত হওয়া; ভুল করা। বাংপ্র। ক্রি [বি, বিণ]। ২। প্রতারণা, ছলনা ("বলে বীর ছাড় ঠকা"—কবিকঙ্কণ)। প্রা কপ্র। বি।

ঠকানে—অপ্রস্তুত করার মত; ছল করার মত; ভ্রমে পাতিত করার মত। ঠকা+নে কর্তৃ (বাংপ্র)। বিণ। [, বি, বিণ]।

ঠকানো—প্রতারণা করা; অপ্রতিভ করা। বাংপ্র। ক্রি

ঠকামি, ঠকামো—পরগ্লানি; পশ্চাতে পরনিন্দা; প্রতারণা; ধূর্ততা। ঠক+আমি, আমো কর্মার্থে (বাংপ্র)। বি। [বাংপ্র। বি।

ঠক্কর—হোঁচট; আঘাত; ব্রাহ্মণের উপাধি বিঃ; ঠাকুর।

ঠগ—প্রতারক, ধূর্ত; আগেকার দিনের দস্যুসম্প্রদায় বিঃ। < স্থগ। বি বা বিণ।

ঠগী—ঠগের কার্য, দস্যুতা; ইতিহাস-প্রসিদ্ধ দস্যুদল। বাংপ্র। বি। [বাংপ্র। অ।

ঠন, ঠনঠন—ধাতুপাত্রাদির শব্দ; শূন্যতাবোধক শব্দ।

ঠনঠনানো—ঠনঠন শব্দ করা; কিছু না থাকার ভাবপ্রকাশ করা। বাংপ্র। ক্রি [, বি]। বি—**ঠনঠনানি**।

ঠনঠনে—১। শুকনো; জল-কাদা-শূন্য; রিক্ত। বিণ। ২। কলিকাতার ঠনঠনিয়া-নামক অঞ্চল। বাংপ্র। বি। **ঠনঠনের চটি**—ঠনঠনিয়ার বিখ্যাত চটিজুতা।

ঠমক—হেলিয়া দুলিয়া যাওয়া, ভঙ্গীক্রমে গমন করা; সংগীতের তালে তালে নৃত্য। বাংপ্র। বি।

ঠমকি—থামিয়া। প্রা কপ্র। ক্রি। **ঠমকি ঠমকি**—থামিয়া থামিয়া, হাবভাব প্রকাশ করিতে করিতে।

ঠসক—গুমর, দর্পিত ভাবভঙ্গী; হাবভাবের সহিত গমন; ছিনালি। হি। বি।

ঠসা—কালা; মেকি ('—টাকা')। বাংপ্র। বিণ।

ঠাওর—দৃষ্টি; অনুভব; মনোযোগ; নির্ধারণ। < স্থাবর। বি।

ঠাওরানো—মনসংযোগপূর্বক নিরীক্ষণ করা; অনুমান করা; আন্দাজ করা; ভাবা; স্থির করা; বিবেচনা করা। < স্থাবর। ক্রি [, বি, বিণ]।

ঠাঁই—১। নিকট; আশ্রয়; ফাঁক; জায়গা; ভোজনের জন্য আসন। < স্থান। বি। ২। নিকটবর্তী স্থানে, নিকটে। বাংপ্র। অ। **ঠাঁই করা**—আহারের জন্য স্থান পরিষ্কার করিয়া বসিবার আসন দেওয়া। **ঠাঁই ঠাঁই**—পৃথক্ পৃথক্।

ঠাঁই-নাড়া—ভিন্নস্থানে নীত; বাসস্থান ভিন্ন অন্যস্থানে উপস্থিত। ৫মীতৎ। বাংপ্র। বিণ।

ঠাকরুন—পূজনীয়া নারী। < ঠাকুরানী। বি; স্ত্রী।

ঠাকরুন-দিদি—পিতামাতার মাসী পিসী; ভগ্নীতুল্যা ব্রাহ্মণকন্যা। বাংপ্র। বি।

ঠাকুমা—ঠাকুরমা। বাংপ্র। বি।

ঠাকুর—দেবতা; গুরু; মান্যব্যক্তি; ব্রাহ্মণ; প্রভু; কর্তা; পিতা; শ্বশুর; (আধুনিক প্রয়োগ) পাচক ব্রাহ্মণ; ব্রাহ্মণের উপাধি বিঃ। < ঠক্কুর। বি।

ঠাকুরকোঠা, -ঘর—দেবগৃহ, দেবমন্দির। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

ঠাকুর-জামাই—স্বামীর ভগিনীপতি; প্রভুকন্যার স্বামী। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি; পুং।

ঠাকুরঝি—ননন্দা; গুরুকন্যা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি; স্ত্রী।

ঠাকুর-দাদা—পিতামহ। কর্মধা (বাংপ্র)। বি; পুং।

ঠাকুর-দালান—যে দালানে পূজা হয় তাহা, পূজামণ্ডপ, চণ্ডীমণ্ডপ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

ঠাকুর-পো—দেবর। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি; পুং।

ঠাকুর-বাড়ি—দেবগৃহ, যে বাড়িতে দেবপ্রতিমা আছে; জগন্নাথধাম; গুরুগৃহ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

ঠাকুরমশায়, -মহাশয়—গুরুদেব; পুরোহিত। বাংপ্র। বি।

ঠাকুর-মা—পিতামহী। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

ঠাকুর-সেবা—দেবপূজা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

ঠাকুরানী—দেবী; গুরুপত্নী; ব্রাহ্মণী; শাশুড়ী; মান্যা স্ত্রী। ঠাকুর+স্ত্রী আনী (বাংপ্র)। বি; স্ত্রী।

ঠাকুরালি—কর্তৃত্ব, প্রভুত্ব; দেবত্ব, দেবমহিমা; মান্যতা; ছলনা। ঠাকুর+আলি ভাবাদি অর্থে (বাংপ্র)। বি।

ঠাট—ভঙ্গী; ছাঁচ; ছলনা; প্রকার; বাহ্যিক চালচলন; কাঠামো; সুরের আরোহণ অবরোহণ দ্বারা নির্দিষ্ট রাগের জাতি বা মেল; সৈন্যশিবির; সেনাদল; লোকসমূহ সমাবেশের জাঁকজমক। বাংপ্র। বি। **ঠাট বজায় রাখা**—ভিতরকার আর্থিক অবস্থা খারাপ হইয়া পড়িলেও বাহিরে আগের মতই সচ্ছলতা দেখানো।

ঠাটঠমক—হাবভাব, ভাবভঙ্গী। বাংপ্র। বি।

ঠাট্টা—পরিহাস, তামাশা, মজা। বাংপ্র। বি।
ঠাট্টাতামাশা—রসিকতা, পরিহাস-উপহাস। বাংপ্র। বি।
ঠাঠা—বজ্র। প্রা কপ্র। বি।
ঠাণ্ডা—১। শীতল; শান্ত; স্নিগ্ধ; সুবোধ। বিণ। ২। শীতলতা, শৈত্য। হি। বি। **ঠাণ্ডা লাগা**—শৈত্য অনুভব করা; ঠাণ্ডা হাওয়ায় সর্দি-কাসি প্রঃ হওয়া।
ঠাণ্ডাই—শীতলতা; ঠাণ্ডা পানীয়। হি। বি।
ঠানদিদি—ঠাকুর-মা বা তৎস্থানীয়া মহিলা। বাংপ্র। বি; স্ত্রী।
ঠাম—১। মনোহর, চারু, সুদৃশ্য। বিণ। ২। ঠাঁই; নিকট। <স্থান। ৩। গঠন; ভঙ্গী ('বঙ্কিম—')। <বাংপ্র। বি।
ঠায়—স্থিরভাবে, নড়াচড়া না করিয়া; স্থানে; নিকটে। <স্থির। ক্রি-বিণ।
ঠার—সংকেত, ইশারা। বাংপ্র। বি। **ঠারে ঠোরে**—ইশারায়, আকারে ইঙ্গিতে।
ঠারা—১। ইঙ্গিত করা। বাংপ্র। ২। দাঁড়ানো, স্থির হওয়া; অপেক্ষা করা; বাঁকিয়া যাওয়া। কপ্র। ক্রি।
ঠারাঠারি—পরস্পর ইশারা। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।
ঠাস—১। ঘন, পরস্পর-সংলগ্ন; ঘেঁষাঘেঁষি ('—বুনানি')। বিণ। ২। চপেটাঘাত প্রঃর অনুকার শব্দ। বাংপ্র। অ।
ঠাস-ঠাস—১। ঘেঁষাঘেঁষি ('—লেখা')। বিণ। ২। উপর্যুপরি চপেটাঘাত শব্দ। বাংপ্র। অ।
ঠাসা—১। গাদা, ভরতি করা; চাপা; মর্দন করা; পেষা। ক্রি [, বি, বিণ]। ২। ছাঁচ; নকশা। বাংপ্র। বি।
ঠাসাঠাসি—চাপাচাপিভাবে, পরস্পর অতি-সংলগ্নভাবে; পরিপূর্ণভাবে। ব্যতীহার বহু (বাংপ্র)। ক্রি-বিণ।
ঠাহর—ঠাওর (তাহা দ্রঃ)।
ঠাহরানো—ঠাওরানো (তাহা দ্রঃ)।
ঠিক—১। নিশ্চিত, স্থির; যথার্থ; বিশুদ্ধ; পুরা, কমবেশী নয় এমন ('—চার কাঠা'); প্রকৃতিস্থ; ন্যায়নিষ্ঠ; পরিপাটি; নির্ভুল; শাসিত; নির্ধারিত; প্রস্তুত; উপযুক্ত। বিণ। ২। নিশ্চয়; বশীকরণাদি প্রকরণ; সমষ্টিকরণ, যোগ; স্থিরতা; ঠিকানা সত্যতা। <'স্থা'-ধাতু বা 'স্থিত'। বি। **ঠিক দেওয়া**—যোগ করা। **ঠিকে ভুল**—যোগে ভুল।
ঠিকঠাক—নির্দিষ্ট; প্রকৃতিস্থ; যথার্থ; অক্ষুণ্ণ। <ঠিক। বিণ। [বাংপ্র। বি।
ঠিকঠিকানা—ইয়ত্তা; কূলকিনারা; চিহ্ন; পাত্তা।
ঠিকরা, ঠিকরে—কোন পাত্রের অধোভাগস্থিত ছিদ্র বন্ধ করিবার জন্য ছোট ঢিল ('কলিকার, কলকের —')। বাংপ্র। বি।
ঠিকরানো—ঠিকরাইয়া পড়া; ধাঁধা লাগা; ঠক্কর খাইতে খাইতে দূরে গিয়া পড়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ঠিকা—১। কর্মের তাৎকালিক বেতন; নির্দিষ্ট সময়ের পারিশ্রমিক। বি। ২। অল্প সময়ের জন্য অধিকৃত; নির্দিষ্ট সময়ের জন্য নিযুক্ত; ভাড়াটিয়া; দৈনন্দিন-বেতনভোগী। বাংপ্র। বিণ।
ঠিকাগাড়ি—নির্দিষ্ট সময়ের জন্য নিযুক্ত ভাড়াটিয়া গাড়ি। কর্মধা (বাংপ্র)। বি।
ঠিকা-ঝি—খাওয়াপরা ব্যতীত কিছু কিছু কাজ করিবার জন্য নিযুক্ত চাকরানী। বাংপ্র। বি।
ঠিকাদার—যে চুক্তি অনুসারে কাজ করিয়া দেয়, contractor. ঠিকা+দার (বাংপ্র)। বি।
ঠিকাদারি—ঠিকাদারের কাজ। ঠিকাদার+ই কর্মার্থে। বাংপ্র। বি।
ঠিকানা—বসবাস অবস্থান ইঃর বিবরণ; অবধারিত স্থান; বসতির নির্দেশন; ইয়ত্তা; স্থিরতা; খোঁজ। হি-মু। বি।
ঠিকাপ্রজা—স্থায়ী নয় এমন প্রজা। বাংপ্র। বি।
ঠিকুজি—সংক্ষিপ্ত জাতপত্র, ছোট কোষ্ঠী, যাহাতে জন্মসময় ও রাশিচক্রাদি লিখিত থাকে। বাংপ্র। বি।
ঠুঁটা, ঠুঁটো—যাহার দুই হাত নাই এমন, নুলা; ডালপালাহীন; কুষ্ঠরোগে অঙ্গুলিহীন। বাংপ্র। বিণ। **ঠুঁটো জগন্নাথ**—লোকের নিকট বড় বলিয়া প্রচারিত হইলেও যে কাজে কিছুই নয় এরূপ লোক।
ঠুংরি—ক্ষুদ্র রাগে এবং ক্ষুদ্র তালে রচিত সংগীত বিঃ; সম্পূর্ণ রাগ বিঃ; আট মাত্রার তাল বিঃ। হি-মু। বি।
ঠুক—কঠিন দ্রব্যে মৃদু আঘাতের শব্দ। বাংপ্র। অ।
ঠুকরানো—চঞ্চুদ্বারা আঘাত করা, ঠোঁট দিয়া কামড়ানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ঠুকা—আঘাত করা, ঘা মারা; প্রহার করা; কাহাকেও গালাগালি করা বা তাহার সমালোচনা করা; পোঁতা। বাংপ্র। ক্রি [, বি]।
ঠুকুনি—মার, প্রহার। বাংপ্র। বি।
ঠুঙ্গি, ঠুঙি—ছোট ঠোঙ্গা। ঠোঙ্গা+ই ক্ষুদ্রার্থে (বাংপ্র)। বি।
ঠুনকা, ঠুনকো—১। ভঙ্গপ্রবণ; ক্ষণস্থায়ী, ক্ষণভঙ্গুর। বাংপ্র। বিণ। ২। প্রসূতির স্তনস্ফীতি এবং জ্বর। <স্তন। বি।
ঠুনঠুন—ছোট ছোট ঘণ্টার শব্দ। বাংপ্র। অ।
ঠুলি—গরু ঘোড়া প্রঃর চক্ষুর আবরণ; খাপ; ছোট হাঁড়ি। বাংপ্র। বি।
ঠেং—পা; সরু লম্বা পা। <টঙ্গ। বি।
ঠেঁটা—কর্কশভাষী; কুতর্ককারী; কেঁইয়া; বেহায়া; ধূর্ত। <শঠ। বি বা বিণ।
ঠেঁটাপনা, ঠেঁটামি, ঠেঁটামো—ধূর্ততা; দুর্বৃত্ততা; ধৃষ্টতা। বাংপ্র। বি।
ঠেক—তণ্ডুলাদির আধার বিঃ; অবলম্বন; আটক; প্রতিবন্ধক। বাংপ্র। বি।
ঠেকনা, ঠেকনো—ঠেকা, ঠেকাইয়া রাখিবার দণ্ডাদি, যাহাতে কোন জিনিস পড়িয়া না যায় তাহার জন্য ঠেলা; ঠেস। ঠেক্+অনা করণ (বাংপ্র)। বি।
ঠেকা—১। দায়, মুশকিল; বিঘ্ন; বাদ্যে কোন

তালের প্রথম বোল; ঠেকনো; স্পর্শ। বি। ২। লাগা, স্পৃষ্ট হওয়া; পড়া; দায়ে পড়া; আটকাইয়া যাওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। **ঠেকে শেখা**—বিপদ্ হইতে শিক্ষালাভ করা, অভিজ্ঞতা দ্বারা শিক্ষা পাওয়া। [বি।

ঠেকাঠেকি—পরস্পর স্পর্শ। ব্যতীহার বহু (বাংপ্র)।

ঠেকানো—লাগানো; স্পর্শ করানো; বাধা দেওয়া, আটকানো; সামলানো; সংকটে ফেলা; ফেলিয়া দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঠেকো—১। সামাজিকভাবে বর্জিত, একঘরে। বিণ। ২। ঠেকা, ঠেক্‌না কাঠি। বাংপ্র। বি।

ঠেঙ্গা, ঠেঙা—যষ্টি, লম্বা লাঠি। বাংপ্র। বি।

ঠেঙ্গাঠেঙ্গি—লাঠি লইয়া মারামারি। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।

ঠেঙ্গাড়ে—পথিকদিগকে ঠেঙ্গা মারিয়া তাহাদের সর্বস্ব অপহরণ করে এরূপ ডাকাত। বাংপ্র। বিণ বা বি।

ঠেঙ্গানো, ঠেঙানো—প্রহার করা, অতিমাত্রায় মারা। বাংপ্র। ক্রি [, বি]। বি—**ঠেঙ্গানি, ঠেঙানি**।

ঠেল—ঠেলা, ধাক্কা। বাংপ্র। বি।

ঠেলা—১। দায়, মুশকিল; রাশি; আধিক্য; ধাক্কা। ঠেল্+আ ভাব। বি। ২। বিস্তর, অধিক; যাহাকে ঠেলা হয় এমন। ঠেল্+আ কর্ম। বিণ। ৩। ধাক্কা দেওয়া; অবহেলা করা; পা দিয়া বলপূর্বক সরানো। বাংপ্র। ক্রি [, বি]। **জাতে ঠেলা**—জাতিচ্যুত করা, একঘরে করা। **ঠেলার নাম বাবাজী**—বিপদে পড়িলে অনাদৃত লোককেও আদর করিতে হয়। **পায়ে ঠেলা**—তুচ্ছতাচ্ছিল্য করা; অনুরোধ অবহেলা করা। **বেগার ঠেলা**—অনিচ্ছায় যা তা করিয়া কাজ শেষ করা। **সমাজে ঠেলা**—একঘরে করা।

ঠেলাগাড়ি—হাতে ঠেলিয়া চালাইবার গাড়ি; শিশুদের বেড়াইবার ঐরূপ গাড়ি। কর্মধা (বাংপ্র)। বি।

ঠেলাঠেলি—পরস্পর পরস্পরকে ধাক্কা মারা। বাংপ্র। বি।

ঠেস—ঠেসান, হেলান; পরস্পরের অতি নিকটবর্তিতা; বক্রোক্তি। বাংপ্র। বি।

ঠেসাঠেসি—১। গায়ে গায়ে লাগা। বি। ২। গায়ে গায়ে দৃঢ়সংলগ্নভাবে, ঠাসাঠাসি। বাংপ্র। ক্রি-বিণ।

ঠেসান—হেলান, যাহাকে কাত করিয়া রাখা হইয়াছে এরূপ। বিণ। [বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ঠেসানো—পরস্পর সংলগ্ন করা; ঠেস দেওয়ানো।

ঠোঁট—ওষ্ঠাধর: চঞ্চু; সূক্ষ্ম অগ্র। <ওষ্ঠ। বি। **ঠোঁট উলটানো**—ঘৃণা বা অবজ্ঞা প্রদর্শন করা। **ঠোঁট ফুলানো**—রাগ বা অভিমান দেখানো।

ঠোঁটকাটা—ধূর্ত; বেহায়া; প্রগল্‌ভ; স্পষ্টবাদী। বহু (বাংপ্র)। বিণ।

ঠোক—আঘাত; রোখ, জেদ। বাংপ্র। বি। **ঠোক খাওয়া**—বাধা পাওয়া; বাধা পাইয়া কিছুক্ষণের জন্য থামা।

ঠোকনা—ঠোনা; মুখে মৃদু আঘাত। বাংপ্র। বি।

ঠোকর—আঘাত; পক্ষীদের চঞ্চুর আঘাত; অযাচিত মন্তব্য প্রকাশ; সামান্য অনুশীলন। বাংপ্র। বি।

ঠোকরানো—চঞ্চু দ্বারা অল্প প্রহার করা; অস্ত্রাদি দ্বারা মৃদু আঘাত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বাংপ্র। বি।

ঠোকা—১। আঘাত করা, ঘা দেওয়া। ক্রি। ২। ধাক্কা।

ঠোকাঠুকি—মারামারি; পরস্পর ঠোকা বা ধাক্কা; ঝগড়া; প্রতিদ্বন্দ্বিতা। ব্যতীহার বহু (বাংপ্র)। বি। [বাংপ্র। বি।

ঠোক্কর—সামান্য আঘাত; মৃদু প্রহার, অল্প ঘা।

ঠোঙ্গা, ঠোঙা—পত্রাদিনির্মিত পাত্র। বাংপ্র। বি।

ঠোনকা—প্রসূতির স্তনে দুগ্ধাধিক্যবশতঃ বেদনা। বাংপ্র। বি।

ঠোনা—অঙ্গুলি দ্বারা মুখে বা গণ্ডদেশে মৃদু আঘাত। বাংপ্র। বি।

ঠোস, ঠোসা—স্ফীতি, পূর্ণতা, ঠাস। বাংপ্র। বি।

ঠোসা—ঠুসা, ঠাসা। বাংপ্র। ক্রি [, বি]।

ঠ্যাটা—ঠেটা (তাহা দ্রঃ)।

ঠ্যাং—পাদ, চরণ। <টঙ্গ। বি।

[ড]

ড—বাংলা ভাষার ত্রয়োদশ ব্যঞ্জনবর্ণ ও ট বর্গের তৃতীয়বর্ণ [ইহার উচ্চারণস্থান মূর্ধা]।

ডক—জাহাজ নির্মাণ বা সংস্কারের স্থান। <ইং 'dock'. বি। [ডাগ। <অগ্র। বি।

ডগ, ডগা—অগ্রভাগ, সর্বোচ্চস্থান; বৃক্ষশাখার অগ্র-

ডগডগ—উজ্জ্বলতার ভাব প্রকাশ। বাংপ্র। অ।

ডগডগে—স্পষ্ট, প্রকাশমান; খুব লাল; উজ্জ্বল। বাংপ্র। বিণ।

ডগমগ—নিমগ্ন; বিহ্বল; পরিপূর্ণ; উচ্ছ্বসিত; ঢলঢলে। বাংপ্র। বিণ। [ডাল। বাংপ্র। বি।

ডগলা, ডগলে, ডাগি—বাঁশের আগা; গাছের সরু

ডগা—'ডগ' দ্রঃ।

ডঙ্কা—দুন্দুভি; জয়ভেরী; টিকারা। ড—কৈ+ক কর্তৃ (নিপা)+আপ্। বি; স্ত্রী। **ডঙ্কা মারা**—প্রকাশ্যে দম্ভপ্রকাশ করা; উচ্চৈঃস্বরে আস্ফালন করা; সগৌরবে ঘোষণা করা।

ডজন—১২টা। <ইং 'dozen'. বি।
ডন—মাটির উপর উপুড় হইয়া হাতপায়ের উপর ভর দিয়া ব্যায়াম। <দণ্ড। বি।
ডবকা—নবযৌবনযুক্ত, যৌবনদৃপ্ত। বাংপ্র। বিণ।
ডবডব—জলে ভিজিয়া যাওয়া ও বিস্ফারিত হওয়া; রসে পূর্ণ হওয়া। বাংপ্র। অ।
ডবডবানি—গর্বপ্রকাশ, আস্ফালন। বাংপ্র। বি।
ডবডবে—রসে ভরা; অশ্রুপূর্ণ ('—চোখ')। বাংপ্র। বিণ। [বিণ।
ডবল—দ্বিগুণপরিমিত, দুগুণ। <ইং 'double'.
ডবল-ডেকার—দোতলা বাস। <ইং 'double-decker'. বি। [কর্তৃ। বি; পুং।
ডমরু—ডুগডুগি বাদ্যযন্ত্র; বিস্ময়। ডম্—ঋ+ক
ডম্বর—১। বিখ্যাত; উদ্ধত। ডম্ব্+অর-কর্তৃ। বিণ। ২। বিন্যাস; ঝাঁক, দল; আড়ম্বর; উৎকর্ষ। বি; পুং।
ডম্বরু, ডম্বুরু—<ডমরু। বি।
ডম্বেল—ব্যায়াম করিবার জন্য দুইদিকে লৌহপিণ্ডযুক্ত লৌহদণ্ডযুগল। <ইং 'dumb-bell'. বি।
ডর—ভয়, ত্রাস। <দর। বি।
ডরা, ডরানো—ভয় করা। বাংপ্র। ক্রি।
ডলন—মলন, মর্দন করা। বাংপ্র। বি বা ক্রি।
ডলা—টেপা, মর্দন করা, মলা। বাংপ্র। ক্রি [, বি]।
ডলাই-মলাই, ডলামলা—মর্দন, সংবাহন, massage. বাংপ্র। বি। [বাংপ্র। বি।
ডলাডলি—পরস্পর অঙ্গমর্দন; অত্যন্ত বন্ধুত্ব।
ডলানো—মর্দন করানো; ঠাসানো; টেপানো। বাংপ্র। ক্রি [, বি]।
ডহর—১। গভীর। বিণ। ২। গভীর স্থান; নৌকার খোল। <গহ্বর। বি।
ডাইন, ডান—১। দক্ষিণ। <অপসব্য। বিণ। ২। মায়াবী। <ডাকিনী। বি।
ডাইনী—কুহকিনী, মায়াবিনী। <ডাকিনী। বি।
ডাইল, ডাউল, ডাল—মুগ কলাই ছোলা অড়হর ইঃ শস্যবীজ। <দ্বিদল। বি।
ডাইস—ধাতুনির্মিত ছাঁচ। <ইং 'dice'. বি।
ডাংগুলি—'ডাণ্ডাগুলি' দ্রঃ।
ডাঁই—স্তূপ, রাশি। বাংপ্র। বি।
ডাঁট—১। বাঁট, হাতল, handle. বাংপ্র। ২। দেমাগ, তেজ। <দৃঢ়। বি।
ডাঁটা—গুল্মের ক্ষুদ্র কাণ্ড; সূক্ষ্ম শাখা; দাঁড়া; দীর্ঘ ফল, খাড়া। বাংপ্র। <দণ্ড। বি।
ডাঁটি, ডাঁটী—কোন বস্তু ধরিবার জন্য ছোট দণ্ড বা হাতল, ছত্রাদির দণ্ড; চাপদণ্ড, piston. বাংপ্র। বি।
ডাঁটো—শক্ত; সবল; অপক্ব। <দৃঢ়। বিণ।
ডাঁশ—তীব্র-দংশনশীল বৃহৎ মক্ষিকা বিঃ, দংশ-মক্ষিকা। <দংশ। বি।
ডাঁসা, ডাসা—১। দেওয়ালে প্রোথিত ক্ষুদ্র দণ্ড; তক্তাপোশ নৌকা প্রঃ আড় কাঠ। বি। ২। অর্ধ-পক্ব। বাংপ্র। বিণ।
ডাক—১। আহ্বান; শব্দ; পশুপক্ষীর রব; চিৎকার। হি-মু। ২। প্রবচন ('ডাক'-নামক লোকের নাম হইতে); পত্রাদিপ্রেরণ; পত্র; দেবপ্রতিমার গহনা বা সাজ; খ্যাতি। বাংপ্র। ৩। ডাহুক। <দাত্যূহ। ৪। পিশাচ বিঃ। বাংপ্র। বি। **ডাক ছাড়া**—চেঁচানো; হুংকার করা। **ডাক দিয়া বলা**—মুক্তকণ্ঠে বলা। **ডাকের বচন**—ডাক-নামক এক গোয়ালার রচন বলিয়া কথিত বাংলা প্রবাদসমূহ। **ডাকের সুন্দরী**—অসামান্য রূপসী।
ডাকখরচ, -খরচা—ডাকযোগে চিঠিপত্র প্রেরণের মাসুল। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
ডাকগাড়ি—রেলওয়ের যে রেলগাড়িতে ডাক যাতায়াত করে, mail-train. ডাকবাহী গাড়ি, মধ্যপ (বাংপ্র)। বি। [(বাংপ্র)। বি।
ডাকঘর—পোস্ট আফিস, post office. ৬ষ্ঠীতৎ
ডাকনাম—যে নাম ধরিয়া ডাকা যায় তাহা, উপনাম। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
ডাকপাখি—ডাহুকপাখি। কর্মধা (বাংপ্র)। বি।
ডাকপিওন, -পিয়ন—যে চিঠিপত্রাদি বিলি করে। বাংপ্র। বি।
ডাক-বাংলা, -বাংলো—ভ্রমণকারীদের জন্য নির্মিত পথিমধ্যস্থ গৃহ। বাংপ্র। বি।
ডাকবিভাগ—যে সরকারী বিভাগ পত্রাদি প্রেরণ এবং বিতরণের কার্য সম্পন্ন করে, postal department. ৬ষ্ঠীতৎ। বি।
ডাকমাসুল—ডাক-খরচা, পত্রাদি বহন জন্য পোস্ট আফিসে দেয় অর্থ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
ডাকসাইটে—সুবিখ্যাত; কুখ্যাত। বাংপ্র। বিণ।
ডাক-সিদ্ধ—পিশাচসিদ্ধ, ভূতপ্রেত যাহার আদেশ মানিয়া কাজ করে এমন; কুখ্যাত। বাংপ্র। বিণ।
ডাকহরকরা—পত্রাদিবাহক; যে ডাকের ব্যাগ বা থলিয়া এক পোস্ট আফিস হইতে অন্য পোস্ট আফিসে লইয়া যায়, runner. ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
ডাকা—১। আহ্বান করা; শব্দ করা ('নাক—'); হাঁকা; গর্জন করা ('মেঘ—')। বাংপ্র। ক্রি [, বি]। ২। দস্যু, ডাকাত ("পরাণ হরিল বিষম ডাকা"—মোহনদাস); ডাকাতি। প্রা কপ্র। বি।
ডাকাইত, ডাকাত—দস্যু, বলপূর্বক লুণ্ঠনকারী। হি-মু। বি। [হাঁকডাক। বাংপ্র। বি।
ডাকাডাকি—বারবার ডাকা; পুনঃ পুনঃ আহ্বান;
ডাকাতি—ডাকাতের কার্য, দস্যুতা, বলপূর্বক পরস্বলুণ্ঠন। ডাকাত+ই কর্মার্থে (হি-মু)। বি।
ডাকাতী—ডাকাত সম্বন্ধীয়। হি-মু। বিণ।
ডাকাতে—ডাকাত সম্বন্ধীয়; ডাকাতদের দ্বারা পূজিত ('—কালী')। হি-মু। বিণ।
ডাকানো—ডাকিয়া আনানো; শব্দ করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ডাকিনী—পিশাচী বিঃ; কালিকার পার্শ্বচারিণীগণ; ডাইনী। ডাক+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।
ডাকু—দস্যু, ডাকাত। হি। বি।
ডাক্তার—১। অভিজ্ঞ, বিদ্বান্। বিণ। ২। বিলাতী

প্রথায় রোগচিকিৎসক; দর্শন বিজ্ঞান সাহিত্য ইত্যাদিতে পাণ্ডিত্যসূচক উপাধি বিঃ; আচার্য। <ইং 'doctor' বি।

ডাক্তারখানা—ডাক্তারের বসিবার স্থান; বিলাতী ঔষধ পাইবার স্থান। ৬ষ্ঠীতৎ (ইং-মূ)। বি।

ডাক্তারি—ডাক্তারের কার্য, চিকিৎসা। ডাক্তার+ই কর্মার্থে (ইং-মূ)। বি।

ডাক্তারী—ডাক্তার সংক্রান্ত। ডাক্তার+ঈ সম্বন্ধার্থে (ইং মূলক)। বিণ।

ডাগর—বড়, বৃহৎ, প্রকাণ্ড। <দীর্ঘ। বিণ।

ডাঙ্গ—'ডাং' দ্রঃ।

ডাংগশ, ডাঙশ—অঙ্কুশ, হস্তিতাড়নাস্ত্র। <দণ্ডাঙ্কুশ। বি। [বাংপ্র। বি।

ডাংগা, ডাঙা—নির্জল স্থান; জলশূন্য উচ্চস্থান।

ডাংগুলি, ডাংগুলি—ডাণ্ডাগুলি খেলা। বাংপ্র। বি।

ডাণ্ডা—বড় লাঠি। <দণ্ড। বি।

ডান—'ডাইন' দ্রঃ। [বি।

ডানকুনি—একপ্রকার ক্ষুদ্র মৎস্য; শাক বিঃ। বাংপ্র।

ডানপিটে—অতি দুর্দান্ত; গোঁয়ারগোবিন্দ; দুঃসাহসিক। বাংপ্র। বিণ।

ডানা—পাখা, পাখির পক্ষ। বাংপ্র। বি।

ডানা-কাটা—যাহার দু'খানি ডানা নাই এমন। বহু (বাংপ্র)। বিণ। **ডানাকাটা পরী**—অপূর্ব সুন্দরী নারী।

ডানা-ভাংগা—যাহার ডানা ভাঙ্গিয়া গিয়াছে এমন ('—পাখি'); দোসরশূন্য; সহায়হীন। বহু (বাংপ্র)। বিণ।

ডাব—কাঁচা নারিকেল, অপক্ক নারিকেল। বাংপ্র। বি।

ডাবর—পান রাখিবার নিমিত্ত পিতলাদিনির্মিত পাত্র। বাংপ্র। বি।

ডাবা—১। গবাদি পশুর জাবনা খাইবার নিমিত্ত প্রকাণ্ড মৃৎপাত্র; নারিকেল-খোলের হুঁকা। বি। ২। খেলো, বৃহৎ খোলাবিশিষ্ট। বাংপ্র। বিণ।

ডাবু—বড় পিতলের হাতা; গোলমুখ চামচ। <দর্বী। বি।

ডামর—১। তন্ত্রশাস্ত্র বিঃ। বি; পুং। ২। উদ্ধত। ডমর+অণ্ স্বার্থে। বিণ। স্ত্রী, -রী, -রা।

ডামাডোল—বিশৃংখলা, বিপর্যস্ত ভাব; গোলমাল। বাংপ্র। বি। ['dumb-bell'. বি।

ডাম্বেল—ব্যায়ামের একপ্রকার সরঞ্জাম। <ইং

ডায়মন—স্বর্ণাদিনির্মিত অলংকারের উপর নকশা, হীরার মত পল। <ইং 'diamond'. বি।

ডায়মন-কাটা—নকশা-করা, পল-তোলা। বাংপ্র। বিণ।

ডায়েরী—রোজনামচা, দিনলিপি। <ইং 'diary'. বি।

ডাল—১। শাখা। <দল। ২। 'ডাইল' দ্রঃ। বি।

ডালকুত্তা—অতি উগ্র প্রকৃতির দীর্ঘকায় বিদেশী কুকুর বিঃ। বাংপ্র। বি।

ডালচিনি—দারুচিনি। বাংপ্র। বি।

ডালনা—ব্যঞ্জন বিঃ, ঘণ্ট। বাংপ্র। বি।

ডালপালা—শাখাপত্র। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

ডালা—১। বাঁশের তৈরী পাত্র বিঃ, ছোট চেঙ্গারি। <ডল্লক। ২। বাক্স প্রভৃতির উপরিভাগ বা ঢাকনা; দেবতার নিকট পূজা দিবার জন্য সজ্জিত চেঙ্গারি বা শরা। বাংপ্র। বি। [বি।

ডালি—উপহার, ভেট; ছোট ডালা; আধার। বাংপ্র।

ডালিম—দাড়িম গাছ; দাড়িম ফল। <দাড়িম্ব। বি।

ডালিমফুলী—ডালিমফুলের ন্যায় রংবিশিষ্ট ('দুমুঠা ডালিমফুলী অভ্র-আবীর'—সত্যেন্দ্র)। বাংপ্র। বিণ। [বাংপ্র। বিণ।

ডাহা—সম্পূর্ণরূপে, অবিকল, ঠিক ('—মিথ্যা')।

ডাহিন—বামেতর, ডান। <দক্ষিণ। বিণ।

ডাহুক—ডাকপাখি। <দাত্যূহ। বি; পুং। স্ত্রী, -কী। [tor'. বি।

ডিক্টেটর—রাষ্ট্রনায়ক, সর্বাধিনায়ক। <ইং 'dicta-

ডিক্রি, ডিক্রী—আদালতের হুকুম ('—জারী করা')। <ইং 'decree'. বি।

ডিক্রিদার—যাহার পক্ষে আদালত মকদ্দমা ডিক্রি দিয়াছে। ডিক্রি+দার। হি-মূ। বি।

ডিগডিগে—লম্বা এবং পাতলা, দীর্ঘ এবং সূক্ষ্ম ('—চেহারা')। বাংপ্র। বিণ।

ডিগবাজি—মাথা মাটির দিকে রাখিয়া দুই পা উঁচুতে তুলিয়া উলটাইয়া পড়া, সমস্ত শরীরটা উলটাভাবে ঘুরাইয়া যে খেলা দেখানো হয় তাহা। বাংপ্র। বি। **ডিগবাজি খাওয়া**—মত সম্পূর্ণ বদলাইয়া ফেলা, সম্পূর্ণ উলটা সিদ্ধান্ত করা।

ডিগ্রি, ডিগ্রী—তাপমান-যন্ত্রে নির্দিষ্ট তাপের পরিমাণজ্ঞাপক সংজ্ঞা; কোণের পরিমাণ; বৃত্তপরিধির সমান ৩৬০ ভাগের এক-ভাগ; পরীক্ষায় প্রাপ্ত উপাধি; বিশ্ববিদ্যালয়-প্রদত্ত উপাধি। <ইং 'degree'. বি। [('সপ্ত —')। বাংপ্র। বি।

ডিংগা, ডিঙা—ক্ষুদ্রনৌকা, দ্রোণী, বাণিজ্যতরী

ডিংগানো, ডিঙানো, ডিঙনো—টপকাইয়া অতিক্রম করা; উল্লঙ্ঘন করা; অতিক্রম করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [মারা')। বাংপ্র। বি।

ডিঙ্গি, ডিঙি—পায়ের আঙ্গুলে ভর; লাফ ('—

ডিজাইন—পরিকল্পনা; পরিকল্পিত নকশা। <ইং 'design'. বি।

ডিটেক্টিভ—গোয়েন্দা। <ইং 'detective'. বি।

ডিণ্ডিম—হিন্দুদিগের প্রাচীন বাদ্যযন্ত্র বিঃ; ঢোল। ডিণ্ডি—মি+ড কর্তৃ। বি; পুং।

ডিনামাইট—উগ্র বিস্ফোরক পদার্থ বিঃ। <ইং 'dynamite'. বি। [<ইং 'dinner'. বি।

ডিনার—প্রধান ভোজ, ইওরোপীয় কায়দায় ভোজ।

ডিপো—গুদাম, মালপত্র জমাইয়া রাখিবার স্থান। <ইং 'depot'. বি।

ডিবা, ডিবে—পান রাখিবার পাত্র; চিমনিশূন্য কেরোসিনের ছোট আলো বিঃ। বাংপ্র। বি।

ডিম—অণ্ড; পদের পশ্চাদ্ভাগের মাংসল অংশ, পায়ের গুলি। <ডিম্ব। বি। [বি।

ডিমাই—কাগজের আকার বিঃ। <ইং 'demy'.

ডিম্ব—অণ্ড, ডিম; শিশু; ফুসফুস; প্লীহা। ডিম্ব+অচ্ কর্তৃ অথবা <ডিম্ভ। বি; পুং।

ডিম্বক—ক্ষুদ্র ডিম্ব, ovum. ডিম্ব+কন্ স্বার্থে বা ক্ষুদ্রার্থে। বি; পুং।
ডিম্বকোষ—পুষ্পযোনি। ডিম্বাকার কোষ, মধ্যপ। বি; পুং। [বিণ।
ডিম্বাকার, ডিম্বাকৃতি—ডিমের আকারবিশিষ্ট। বহু।
ডিম্বাণু—ক্ষুদ্র ডিম্ব, ovum. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ডিম্বাশয়—স্ত্রী-পশুর জরায়ু, স্ত্রী-জনন-গ্রন্থি; পরাগকেশরের বীজাধার, ovary. ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ডিম্ব+কন্+আপ্। বি; স্ত্রী।
ডিম্বিকা—জলবিম্ব; শোণাক বৃক্ষ; কামুকী স্ত্রী।
ডিশ—চীনামাটি ইঃর রেকাবি। <ইং 'dish'. বি।
ডিসমিস—বিচারালয়ে আনীত অভিযোগ অগ্রাহ্যকরণ; কর্ম বা চাকরি হইতে অপসারণ; পরিত্যাগ। <ইং 'dismiss'. বি। [বি।
ডিসেম্বর—ইংরেজী বৎসরের শেষ মাস, December.
ডিহি—কতিপয় গ্রামের সমষ্টি; প্রধান জমিদারী কাছারি, সদর। <ফা 'দেহ্'। বি।
ডুকরানো, ডুকরনো—উচ্চস্বরে কাঁদা, ফুকারিয়া কাঁদা। বাংপ্র। ক্রি [, বি]।
ডুগডুগি—ডমরু। বাংপ্র। বি।
ডুগি—বাদ্যযন্ত্র বিঃ, বাঁয়া। বাংপ্র। বি। [পুং।
ডুণ্ডুভ—ঢোঁড়া সাপ। ডুণ্ডু—ভা+ক কর্তৃ। বি;
ডুব, ডুবন—১। নিমজ্জন, অবগাহন। ডুব্+অ, অন ভাব। বি। ২। ডুবিবার মত; গভীর। ডুব্+অ, অন অধি (বাংপ্র)। বিণ। **ডুব মারা**—লুকাইয়া থাকা; জলের ভিতর ডুব দেওয়া।
ডুবজল—এত জল যাহাতে মানুষ ডুবিতে পারে। বাংপ্র। বি।
ডুবন্ত—যাহা ডুবিয়া যাইতেছে বা গিয়াছে এমন। ডুব্+অন্ত কর্তৃ (বাংপ্র)। বিণ।
ডুবরী, ডুবারী—যাহারা জলের তলা হইতে মুক্তাশুক্তি প্রঃ গ্রহণ করে; অধিকক্ষণ ডুবিয়া থাকিতে সক্ষম ব্যক্তি। ডুব্+অরী, আরী কর্তৃ (বাংপ্র)। বি।
ডুবা—জলমগ্ন হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। **ডুবিয়া ডুবিয়া জল খাওয়া**—সাধারণের অজ্ঞাতে ও অলক্ষিতে কোন কাজ করা।
ডুবানো—জলমগ্ন করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ডুবি—নিমগ্ন হওয়া, নিমজ্জন ('নৌকা—')। ডুব্+ই ভাব (বাংপ্র)। বি।
ডুবুডুবু—প্রায় ডুবিবার মত, মগ্নপ্রায়; অস্তমিতপ্রায়; বন্যাপ্লাবিত; মাতোয়ারা। বাংপ্র। বিণ। [বি।
ডুবোজমি—যে জমি বর্ষার জলে ডুবিয়া যায়। বাংপ্র।
ডুবোজাহাজ—সাবমেরিন। বাংপ্র। বি।
ডুমুর—উদুম্বরবৃক্ষ; ডুম্বর। <উডুম্বর। বি। **ডুমুরের ফুল**—দুর্লভ বস্তু।
ডুমো, ডুমা—কোন জিনিসের ডেলার মত দ্রব্যখণ্ড; চেপটা নয় এমন। বাংপ্র। বি বা বিণ।
ডুমোডুমো—ডেলার মত খণ্ড খণ্ড। বাংপ্র। বিণ।
ডুরি—ডোর, হাতে বাঁধিবার সুতা; দড়ি, রজ্জু। বাংপ্র। বি। [বিণ।
ডুরে—ডোরাযুক্ত। ডোরা+এ (<ইয়া) যুক্তার্থে।
ডুলি, দুলি—যান বিঃ, ছোট পালকি, ক্ষুদ্র শিবিকা। <দোলিকা। বি।
ডুলে—পালকিবাহক দুলে জাতি। বাংপ্র। বি।
ডেওঢাকনা—ঢাকনাসমেত মাটির পাত্র; গৃহস্থালীর তুচ্ছ দ্রব্যাদি। বাংপ্র। বি।
ডেঁড়েমুষে—নিঃশেষে, সম্পূর্ণরূপে। বাংপ্র। ক্রি-বিণ। [ডেঁপোমি, ডেঁপোমো।
ডেঁপো—অকালপক্ব, প্রগল্ভ। বাংপ্র। বিণ। বি—
ডেক—১। তামার বা পিতলের চওড়া গভীর বড় হাঁড়ি। ফা। ২। জাহাজের পাটাতন। <ইং 'deck'. বি।
ডেকচি—ছোট ডেক। ফা। বি।
ডেকরা, ড্যাকরা—প্রগল্ভ; ধূর্ত। বাংপ্র। বিণ।
ডেঙ্গু, ডেঙ্গো—বেদনাযুক্ত জ্বর বিঃ। <ইং 'dengue'. বি।
ডেঙ্গো—শাক বিঃ। বাংপ্র। বি।
ডেপুটি—উচ্চপদস্থ সহকারী রাজকর্মচারী; ডেপুটি ম্যাজিস্ট্রেট। <ইং 'deputy' বি।
ডেপুটিগিরি—ডেপুটির কাজ। বাংপ্র। বি।
ডেমি—একপ্রকার মোটা কাগজ; আদালতে এবং দলিল প্রঃ লিখনে ব্যবহৃত কাগজ। <ইং 'demy'. বি।
ডেয়ে, ডেয়ো—পিঁপড়া বিঃ। বাংপ্র। বি।
ডেরা—অস্থায়ী বাসস্থান, বাসা; নিবাসস্থান; শহর। বাংপ্র। বি।
ডেরাডাণ্ডা—বাসা ও আসবাব। বাংপ্র। বি।
ডেলা—দলা, পিণ্ড, তাল। বাংপ্র। বি।
ডোকরা—লক্ষ্মীছাড়া; প্রগল্ভ, ধৃষ্ট। বাংপ্র। বিণ।
ডোকলা—উদরম্ভরি, পেটুক; অপব্যয়ী। বাংপ্র। বিণ।
ডোঙ্গা, ডোঙা—তাল গাছের ছোট নৌকা; শ্রাদ্ধাদিতে ব্যবহারের জন্য কলার পেটোয় তৈরী ছোট পাত্র। বাংপ্র। বি। [ডোঙা, দ্রোণী। বাংপ্র। বি।
ডোঙ্গাকল, ডোঙাকল—জল সেচনের নিমিত্ত ব্যবহৃত
ডোবা—১। জলে নিমগ্ন হওয়া। ক্রি [, বি, বিণ]। ২। ক্ষুদ্র জলাশয়। বাংপ্র। বি।
ডোবানো—ডুবানো (তাহা দ্রঃ)।
ডোম—অবনত হিন্দুজাতি বিঃ। বাংপ্র। বি। স্ত্রী, -নী।
ডোর, ডোরক—বাহু কোমর প্রঃর বন্ধনসূত্র, তাগা প্রঃ। দোস্—রা+ক কর্তৃ (নিপা), ডোর+কন্ স্বার্থে। বি; পুং। [বা রেখা; দাগ। বাংপ্র। বি।
ডোরা—ভিন্ন ভিন্ন বর্ণের অঙ্কন, নানাবর্ণের চিহ্ন
ডোরা-কাটা—লম্বা লম্বা রেখাযুক্ত। বহু (বাংপ্র)। বিণ। [বাংপ্র। বি।
ডোল—ধান প্রঃ রাখিবার পাত্র, বংশনির্মিত শস্যাধার।
ডৌল—প্রকার; রূপ; মূর্তি; গড়ন, ছাঁচ। বাংপ্র। বি।
ড্যাকরা—ডেকরা (তাহা দ্রঃ)। [বাংপ্র। বিণ।
ড্যাবডেবে—বড় বড় ও ভাসা ভাসা ('—চোখ')।
ড্যামেজ—ক্ষতি, লোকসান। <ইং 'damage'. বি।
ড্যাশ—যতিচিহ্ন, '—' চিহ্ন। <ইং 'dash'. বি।
ড্রয়ার—দেরাজ। <ইং 'drawer'. বি।

ড্রয়িং—রেখাঙ্কন, রেখাচিত্র। <ইং 'drawing'. বি।
ড্রয়িংরুম—বৈঠকখানা। <ইং 'drawing-room'. বি।
ড্রাম—১। বিলাতী ওজন বিঃ। <ইং 'dram'. ২। রণভেরী। <ইং 'drum'. বি।
ড্রিল—নিয়মিত অঙ্গচালনা; ব্যায়াম; কুচকাওয়াজ, কুচ্ করা। <ইং 'drill'. বি।
ড্রেন—জলনালা, নরদমা। <ইং 'drain'. বি।
ড্রেস—পোশাক; অস্ত্রোপচারের পর ক্ষতস্থান বন্ধন। <ইং 'dress'. বি।

[ঢ]

ঢ—বাংলা ভাষার চতুর্দশ ব্যঞ্জনবর্ণ ও ট-বর্গের চতুর্থ বর্ণ [ইহার উচ্চারণ-স্থান মূর্ধা]।
ঢং, ঢঙ, ঢঙ্গ—১। গঠন, চেহারা; পদ্ধতি; রীতি; ছল; রঙ্গ; কৌতুক; ছেনালি; ভঙ্গী; ছদ্মবেশ। বি। ২। ঘণ্টা বা ঘড়ি বাজিবার শব্দ। বাংপ্র। অ। [অ।
ঢংঢং—বারবার ঘড়ি কাঁসর প্রঃ বাজার শব্দ। বাংপ্র।
ঢক—১। বাটখারা, পরিমাপক দ্রব্য। বি। ২। ঢেকুর তোলার অনুকরণ শব্দ। বাংপ্র। অ।
ঢকঢক—আলগাভাবে রাখা জিনিসে আঘাতের শব্দ; অম্লোদ্গারের শব্দ; জল ইঃ ঢালার বা পানের শব্দ। বাংপ্র। অ, বি।
ঢকঢকে—জরাজীর্ণ; আলগা; নড়বড়ে। বাংপ্র। বিণ।
ঢকাৎ—তরল দ্রব্য গিলিবার শব্দ। বাংপ্র। অ।
ঢক্কা—পটহ, ঢাক। ঢক্—কৈ+ক কর্তৃ+আপ্ বি; স্ত্রী।
ঢক্কানিনাদ—ঢাকের আওয়াজ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী।
ঢঙ্গ—'ঢং' দ্রঃ। [অ।
ঢনঢন—হাঁড়ি কলসী প্রঃর শূন্যতাসূচক শব্দ। বাংপ্র।
ঢনঢনে—শূন্য, খালি। ঢনঢন+এ (<ইয়া) করে অর্থে। বিণ।
ঢপ—মূর্তি; ধারা; চাল-চলন; কীর্তনাঙ্গ গান বিঃ; ফাঁপা নরম জিনিসে আঘাতের শব্দ। বি বা অ।
ঢমালি, ঢামালি—অহংকার; রংঢং, রঙ্গ। <হি 'ধমালি'। প্রা কপ্র। বি।
ঢপঢপ—ফাঁপা কোন জিনিসে বারবার আঘাতের শব্দ। বাংপ্র। বি বা অ।
ঢরকি—উচ্ছ্বসিত হইয়া, ছলকিয়া। প্রা কপ্র। ক্রি।
ঢল—পর্বতাদি হইতে নির্গত জলস্রোত, বন্যা; ঢালু জায়গা। বাংপ্র। বি।
ঢলঢল—ঢিলা হওয়ার বা টলটল করার ভাব প্রকাশ; লাবণ্যের ভাব প্রকাশ; আবেশ প্রকাশ। বাংপ্র। অ।
ঢলঢলে—টলটলায়মান, সদা-কম্পিত; তরল; উচ্ছলিত; কোমল ও উজ্জ্বল; লাবণ্যময়। বাংপ্র। বিণ।
ঢলতা—ওজনের অতিরিক্ত ফাউ জিনিস; ঢলিবার ভাব। বাংপ্র। বি।
ঢলন—ঢলিয়া পড়া। ঢল্+অন ভাব (বাংপ্র)। বি।
ঢলা—হেলিয়া পড়া, ঝুঁকিয়া পড়া; পক্ষপাতী হওয়া; নিদ্রালস হওয়া; ম্লান হওয়া; অস্ত যাওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ঢলাঢলি—পরস্পরের গায়ে ঢলিয়া পড়া; কেলেঙ্কারী; অবৈধ প্রণয়ব্যাপারে মাতামাতি; পরস্পরের গর্হিতাচরণ; লোকহাসাহাসি। বাংপ্র। বি।
ঢলানী—বেশ্যা; কুলটা। ঢলানে+ঈ স্ত্রী (বাংপ্র)। বি বা বিণ; স্ত্রী। (<নিয়া) কর্তৃ। বিণ।
ঢলানে—যে কেলেঙ্কারী করে এরূপ। ঢলা+নে
ঢলানো—লোকনিন্দার কার্য করা; কুৎসিত ভাব প্রদর্শন করা; মাতলামি করা; হেলানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বাংপ্র। বিণ।
ঢাই—১। এক প্রকার বড় মাছ। বি। ২। পুঞ্জীভূত।
ঢাউস—খুব বড় ('—ঘুড়ি')। বাংপ্র। বিণ।
ঢাক—পটহ। <ঢক্কা। বি। **ঢাক গুড়গুড়**—ঢাকাঢাকি; গোপন রাখার চেষ্টা। **ঢাক পেটা, ঢাক বাজানো**—চারিদিকে ঘোষণা করা; গুপ্ত কার্য প্রকাশ্যে সর্বত্র প্রচার করা; বাহাদুরি করা। **ঢাকে কাঠি দেওয়া**—ঢাক বাজানো; প্রচার করা। **ঢাকের বাঁয়া**—যে সঙ্গে সঙ্গে থাকে কিন্তু কোন কাজেই লাগে না।
ঢাকনা, ঢাকনি, ঢাকন—আবরণ, আচ্ছাদন; ডালা। ঢাক্+অনা, অনি, অন করণ (বাংপ্র)। বি।
ঢাকা—১। আচ্ছাদিত করা; চাপা দেওয়া; লুকানো। ক্রি। ২। আবরণ, ঢাকনি। ঢাক্+আ ভাব (বাংপ্র)। বি। ৩। আবৃত; লুক্কায়িত; গুপ্ত। ঢাক্+আ কর্ম (বাংপ্র)। বিণ। **গা ঢাকা দেওয়া**—অদৃশ্য হওয়া; লুকাইয়া থাকা। **ঢাকা দেওয়া**—গোপন করা। **ঢাকা পড়া**—আবৃত হওয়া বা করা; চাপা পড়া; অদৃশ্য হওয়া।
ঢাকাই—ঢাকায় তৈয়ারী; ঢাকা সম্বন্ধীয়। ঢাকা+ই ভবার্থে, সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ। **ঢাকাই পরটা**—একপ্রকার কড়া ভাজা পরটা।
ঢাকাঢাকি—সংগোপন। বাংপ্র। বি।
ঢাকী—যে ঢাক বাজায়, ঢক্কাবাদক। ঢাক+ঈ বাদকার্থে (বাংপ্র)। বি।
ঢামালি—'ঢমালি' দ্রঃ।
ঢাল—অস্ত্রাঘাত নিবারক চর্মনির্মিত ফলক; ক্রম-নিম্নতা। বাংপ্র। বি।

ঢালন—ঢালা; ছাঁচে ঢালার কাজ। বাংপ্র। বি।
ঢালনদার—যে ধাতুসমূহ গলাইয়া ছাঁচে ঢালে। বাংপ্র। বি।
ঢালা—১। বর্ষণ করা; এক পাত্র হইতে অন্য পাত্রে চালিত করা; দেওয়া। বাংপ্র। ক্রি [, বি]। **ঢালিয়া সাজা**—পুনরায় নূতনভাবে আরম্ভ করা। ২। বিস্তৃত; ছড়ানো ('—বিছানা'); বিছানো; প্রশস্ত; প্রচুর; উত্তাপে তরল করিয়া ঢালাই-করা ('—লোহা')। ঢাল্+আ কর্ম (বাংপ্র)। বিণ।
ঢালাই—১। ছাঁচে ঢালার কাজ। ঢাল্+আই ভাব। বি। ২। ছাঁচে ঢালিয়া প্রস্তুত। ঢাল্+আই কর্ম (বাংপ্র)। বিণ।
ঢালাইখানা—যেখানে ঢালাই হয়, ঢালাই-এর কারখানা। বাংপ্র। বি। [বিণ।
ঢালাও—প্রশস্ত; ছড়ানো; বিছানো; দেদার। বাংপ্র।
ঢালাঢালি—বারবার ঢালা। বাংপ্র। বি। [বি।
ঢালালোহা—ছাঁচে ঢালা লোহা, cast iron. বাংপ্র।
ঢালী—ঢালবিশিষ্ট; ঢালধারী। ঢাল+ঈ বিশিষ্টার্থে (বাংপ্র)। বি বা বিণ। [(বাংপ্র)। বিণ।
ঢালু—ক্রম-নিম্ন, গড়ানে। ঢাল+উ বিশিষ্টার্থে
ঢালোয়া—ঢালাও (তাহা দ্রঃ)।
ঢিকনো, ঢিকানো, ঢিকুনো—ধোঁকা, ধুঁকিতে ধুঁকিতে চলা; ধীরে ধীরে চলা। বাংপ্র। ক্রি [, বি]।
ঢিট—১। দমিত, জব্দ। বাংপ্র। ২। শঠ; নির্লজ্জ। <ধৃষ্ট। বিণ। **ঢিট করা**—বশে আনা; শায়েস্তা করা। [কর্মার্থে (বাংপ্র)। বি।
ঢিটপনা—ধূর্ততা; ধৃষ্টতা। ঢিট+পনা ভাবে,
ঢি-ঢি—খুব জানাজানি হইয়া গিয়াছে এমন; ব্যাপকভাবে প্রচারিত; ব্যাপক অখ্যাতি। <ধিক্-ধিক্। বিণ বা বি।
ঢি-ঢি-কার, ঢি-ঢি-ক্কার—ধিক্কার-ধ্বনি, অত্যন্ত নিন্দাসূচক শব্দ। <ধিক্কার। বি।
ঢিপ—১। কঠিন বস্তুতে কোন আঘাতের শব্দ। অ। ২। স্তূপ, পুঞ্জ। বাংপ্র। বি।
ঢিপঢিপ—পুনঃ পুনঃ আঘাতের শব্দ। বাংপ্র। অ।
ঢিপসী—স্থূলাঙ্গী। বাংপ্র। বি বা বিণ।
ঢিপি, ঢিবি—উচ্চস্থান; স্তূপ; রাশি। বাংপ্র। বি।
ঢিমা, ঢিমে—মৃদু, মন্থর; নম্র; মন্দ; ক্ষীণ। বাংপ্র। বিণ।
ঢিমাতেতালা, ঢিমেতেতালা—সংগীতের ষোলমাত্রার তাল বিঃ; কোন কাজে ঢিলামি, দীর্ঘসূত্রতা; দীর্ঘসূত্রী। বাংপ্র। বি বা বিণ।
ঢিল—লোষ্ট্র; ঢেলা। বাংপ্র। বি।
ঢিলা, ঢিলে—১। শিথিল, শ্লথ, আলগা; কার্যে অমনোযোগী; চিরকারী। বিণ। ২। শৈথিল্য; আলস্য; অবহেলা। বাংপ্র। বি।
ঢিলামি, ঢিলেমি—শৈথিল্য; অলসতা; চিরকারিতা। বাংপ্র। বি। [বিণ।
ঢিলেঢালা—শিথিল স্বভাবের, অনবধান। বাংপ্র।
ঢুং—মেষাদি পশুর মস্তকে মস্তকে আঘাত। বাংপ্র। বি।
ঢুঁড়া, ঢোঁড়া—খোঁজা, অন্বেষণ করা। বাংপ্র। ক্রি।
ঢুকঢুক—ধীরে ধীরে তরল পদার্থের গলাধঃকরণ। বাংপ্র। অ।
ঢুকা—প্রবেশ করা; অন্তর্গত হওয়া। বাংপ্র। ক্রি।
ঢুকানো—প্রবেশ করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ঢু-ঢু—ফাঁকি, কিছু-না—এই ভাব। বাংপ্র। বি।
ঢুল, ঢুলুনি—তন্দ্রাবেশে ঢুলিয়া পড়া। ঢুল্+অ, উনি ভাবে (বাংপ্র)। বি।
ঢুলঢুলে—'ঢুলুঢুলু' দ্রঃ।
ঢুলা, ঢোলা—তন্দ্রাভরে ঝিমানো, ঘুমের ঘোরে মধ্যে মধ্যে ঝুঁকিয়া পড়া। বাংপ্র। ক্রি [, বি]।
ঢুলানো, ঢোলানো—(চামরাদি) সঞ্চালন করা; নাড়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। **পাহাড় ঢুলানো**—অমানুষিক চেষ্টায় কোন কাজ শেষ করা।
ঢুলী—ঢোলবাদক, যে ঢোল বাজায়। ঢোল+ঈ বাদকার্থে (বাংপ্র)। বি।
ঢুলুঢুলু, ঢুলঢুলে—তন্দ্রালস; রসভারাক্রান্ত; ভাবে অবশ। বাংপ্র। বিণ।
ঢুলুনি—'ঢুল' দ্রঃ।
ঢুস—শিঙের আঘাত; মাথার গুঁতা। বাংপ্র। বি।
ঢুসনা, ঢুসনো—অকর্মণ্য, অলস; অপরিষ্কৃত। বাংপ্র। বিণ। [হার বহু (বাংপ্র)। বি।
ঢুসাঢুসি—গুঁতাগুঁতি, পরস্পর মস্তকাঘাত। ব্যতী-
ঢুসানো—ঢুস দেওয়া, ঢুস মারা। বাংপ্র। ক্রি [, বি]।
ঢেউ—তরঙ্গ। বাংপ্র। বি। [বিণ।
ঢেউ-খেলানো—তরঙ্গাকারে সজ্জিত। বহু (বাংপ্র)।
ঢেউয়ানো—ঢেউ দিয়া বা ঢেউ তুলিয়া জল বা জলে ভাসন্ত দ্রব্য সরানো। বাংপ্র। ক্রি [, বি]।
ঢেঁকি—১। ধান ভানা চিঁড়া কোটা প্রঃর যন্ত্র। বি। ২। অকর্মণ্য; কলহকারী; স্থূলদেহ। বাংপ্র। বিণ। **ঢেঁকির কচকচি**—কলহ; বচসা। **বুদ্ধির ঢেঁকি**—অতিশয় নির্বোধ। [বিণ।
ঢেঁকিছাটা—ঢেঁকিতে ছাটানো ('—চাল')। বাংপ্র।
ঢেঁকিশাল—ঢেঁকিঘর। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
ঢেঁকুর—'ঢেকুর' দ্রঃ।
ঢেঁটরা—ঢেঁড়া (তাহা দ্রঃ)।
ঢেঁটা—বেহায়া; অবাধ্য। <ধৃষ্ট। বিণ।
ঢেঁড়স—সবজি ফল বিঃ; ভেন্ডী। বাংপ্র। বি।
ঢেঁড়া—ঘোষণা। বাংপ্র। বি।
ঢেঁড়ি, ঢেঁড়ী—অহিফেন-বৃক্ষের ফল; কর্ণাভরণ বিঃ; ঢেঁড়স; বাদ্যযন্ত্র বিঃ। বাংপ্র। বি।
ঢেকা—ধাক্কা। প্রা কপ্র। বি।
ঢেকুর, ঢেঁকুর—উদ্গার; হিক্কা। বাংপ্র। বি।
ঢেংগা, ঢেঙা, ঢ্যাঙা—দীর্ঘ, লম্বা। বাংপ্র। বিণ।
ঢেপসা—মোটা অথচ ফাঁপা; স্থূল অথচ অন্তঃসারশূন্য। বাংপ্র। বিণ।
ঢেমন, ঢেমনা—লম্পট; নায়ক-নায়িকার মধ্যস্থ ব্যক্তি, কোটনা; জারজ। ঢেমনী+আ পুং-অর্থে (বাংপ্র)। বি বা বিণ। [দুশ্চরিত্র ব্যক্তি। বাংপ্র। বি।
ঢেমনা—দীর্ঘাকার নির্বিষ সর্প বিঃ; উপপতি;
ঢেমনা-বেধো—উপপতিজাত, জারজ। বাংপ্র। বিণ।

ঢেমনী—উপপত্নী; কুটনী; দুশ্চরিত্রা নারী। <ধমনী (বেশ্যা)। বি; স্ত্রী।
ঢের—বহু, অনেক। বাংপ্র। বিণ।
ঢেরা—পাট অথবা শণ হইতে দড়ি কাটিবার যন্ত্র; "×" চিহ্ন; নিরক্ষরের দস্তখতের ঢেরাকার চিহ্ন। বাংপ্র। বি।
ঢেরাসই, -সহি—নিরক্ষর ব্যক্তির স্বাক্ষরের পরিবর্তে ঢেরাকার চিহ্ন দেওয়া। ৩য়াতৎ (বাংপ্র)। বি।
ঢেরি—স্তূপ, পুঞ্জ। বাংপ্র। বি।
ঢেলা—লোষ্ট্র, ঢিল। বাংপ্র। বি।
ঢোঁড়া—১। একপ্রকার নির্বিষ সর্প। <ডুণ্ডুভ। বি। ২। অন্বেষণ করা। বাংপ্র। ক্রি [, বি]।
ঢোক—সুবর্ণাদির পরিমাণ করিবার দ্রব্য বিঃ; একেবারে গলাধঃকৃত হয় এরূপ তরল বস্তু। বাংপ্র। বি।
ঢোকা—প্রবেশ করা। বাংপ্র। ক্রি [, বি]।
ঢোকানো—প্রবেশ করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ঢোয়া—এক জায়গা হইতে অন্য জায়গায় বহিয়া লইয়া যাওয়া। বাংপ্র। ক্রি।
ঢোয়াই—এক স্থান হইতে অন্য স্থানে বহিয়া লইয়া যাওয়া বা তাহার মজুরি। বাংপ্র। বি।
ঢোয়ানো—বাহিত করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ঢোল—১। বড় ঢোলক। ঢুল্+অচ্ কর্তৃ (নিপা)। বি; ক্লী। ২। রঙ্গ; কৌতুক। বি। ৩। ঢোলাকৃতি; স্ফীত। বাংপ্র। বিণ।
ঢোলক—ছোট ঢোলাকার বাদ্যযন্ত্র বিঃ। হি। বি।
ঢোলন—ঝিমানো, নিদ্রায় অবসন্ন হওয়া। ঢুল্+অন ভাব। বাংপ্র। বি। [৩য়াতৎ (বাংপ্র)। বি।
ঢোলশহরত—ঢোল বাজাইয়া কোন বিষয় প্রচার করা।
ঢোল-সমুদ্র—পূর্ববঙ্গের একটি অতি বৃহৎ বিল; অতি দীর্ঘায়তন জলাশয়; জলভরা অঞ্চল; একপ্রকার বনজ শাক। বাংপ্র। বি। [বিণ।
ঢোলা—১। 'ঢুলা' দ্রঃ। ২। ঢিলা, আলগা। বাংপ্র।
ঢোলাই—ঢোয়াই (তাহা দ্রঃ)।
ঢোলানো—'ঢুলানো' দ্রঃ [শূন্য। বাংপ্র। বিণ।
ঢোসা, ঢোসকা—দুর্বল; ফাঁপা; অকেজো; অন্তঃসার-
ঢৌকন—১। উৎকোচ, ঘুষ। ঢৌক্+অনট্ করণ। ২। গমন। ঢৌক্+অনট্ ভাব। বি; ক্লী।
ঢৌল—১। অপমান। বি। ২। অপমানিত ("ঢৌল নাহি করি কভু পরের যুবতী।"—কবিকঙ্কণ)। প্রা কপ্র। বিণ।
ঢ্যাঙ-ঢ্যাঙ—বিনা কারণে নাচিতে থাকার ভাবপ্রকাশ, অকারণ চাঞ্চল্যপ্রকাশ। বাংপ্র। অ।
ঢ্যাঙা—'ঢেঙ্গা' দ্রঃ।
ঢ্যাটরা—ঢোল; ঢোল বাজাইয়া ঘোষণা। বাংপ্র। বি।
ঢ্যাটা—ঢেঁটা (তাহা দ্রঃ)।
ঢ্যাঁড়স—ঢেঁড়স (তাহা দ্রঃ)।
ঢ্যাপসা—ঢেপসা (তাহা দ্রঃ)।
ঢ্যারা—ঢেরা (তাহা দ্রঃ)।

[ণ]

ণ—বাংলা ভাষার পঞ্চদশ ব্যঞ্জনবর্ণ ও ট-বর্গের পঞ্চম বর্ণ [ইহার উচ্চারণ-স্থান সনাসিক মূর্ধা; ইহাকে অনুনাসিক বর্ণও বলে। বাঙ্গালায় ইহা বিশুদ্ধ 'ন'র মত উচ্চারিত হয়।]। [বি; ক্লী।
ণত্ব—দন্ত্য-'ন'-স্থানে মূর্ধন্য-'ণ' হওয়া। ণ+ত্ব ভাবে।
ণত্ববিধান, -বিধি—(ব্যাকরণে) 'ন'-স্থানে 'ণ' হইবার নিয়ম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং।
ণফলা—অন্য ব্যঞ্জনবর্ণের পরে যুক্ত 'ণ'। বাংপ্র। বি।
ণিচ্—প্রেরণার্থক প্রত্যয় বিঃ। বি।
ণিজন্ত—ণিচ্-প্রত্যয়ান্ত। ণিচ্ অন্তে যাহার, বহু। বিণ। **ণিজন্ত ধাতু**—ণিচ্-প্রত্যয়ান্ত ধাতু।
ণিজন্ত-প্রকরণ—ণিজন্ত ধাতুর রূপান্তরের নিয়মাবলী। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

[ত]

ত—১। বাংলা-ভাষার ষোড়শ ব্যঞ্জনবর্ণ ও ত-বর্গের প্রথম বর্ণ [ইহার উচ্চারণ-স্থান দন্ত]। ২। অনুরোধ আশা অনুমান প্রশ্ন সন্দেহ নিশ্চয় (এসোত একবার, পারত? ইঃ—'তো' দ্রঃ) ইঃ বোধক শব্দ। অ। ৩। সেই সংখ্যক, তত ('—বার')। বাংপ্র। বিণ।
তই—অগভীর কড়াই, তাওয়া। বাংপ্র। বি।
তক—অবধি, পর্যন্ত ('কালতক', 'খাড়িতক')। হি। অ। [অ। বিণ, -তকে।
তকতক—পরিষ্কার-পরিচ্ছন্নতার ভাবপ্রকাশ। বাংপ্র।
তকদির—ভাগ্য, নসিব। <আ 'তকদীর'। বি।
তকমা—মেডেল; চাপরাস। <তু 'তমগা'। বি।
তকরার—পুনরুক্তি; তর্ক। আ। বি।
তকরারী—ঝগড়াটে; বিচারাধীন; বিবাদী। তকরার+

ঈ সম্বন্ধাদি অর্থে (আ-ম্)। বিণ। **তকরারী জমা-খরচ**—মহাজনী হিসাবের খাতা রাখার ধারা বিঃ; বেচাকেনার হিসাবের খাতায় মহাজনের গ্রাহকের নামে প্রত্যেক মাল এক দফা খরচ লেখা, double-entry in Book-keeping.

তকাঁল—টাকু। বাংপ্র। বি।

তকলিফ—দুঃখ; বেগ; নাকাল। আ। বি।

তকাবি—গভর্নমেণ্ট কর্তৃক প্রদত্ত কৃষি-ঋণ। আ। বি।

তক্ত—সিংহাসন; উচ্চপদ। <ফা 'তখ্ৎ'। বি।

তক্ততাউস—ময়ূরসিংহাসন। ফা-আ-ম্। বি।

তক্তপোশ—'তক্তাপোশ' দ্রঃ।

তক্তা—বিস্তৃত কাষ্ঠফলক, গাছের গুঁড়ি চিরিয়া যে লম্বা চওড়া কাঠ প্রস্তুত করা হয় তাহা। <ফা 'তখ্তহ্'। বি।

তক্তাপোশ, তক্তপোশ—শয্যাপাতনের জন্য প্রশস্ত এবং উচ্চ কাষ্ঠাসন, কাঠের খাট। <ফা 'তখ্ৎ-পোশ্'। বি।

তক্তি—ছোট তক্তা; লিখিবার কাষ্ঠফলক; ফলার মত গহনা বিঃ; চারকোণওয়ালা সন্দেশ বিঃ; নারিকেল দিয়া তৈরী খাদ্যদ্রব্য। <ফা 'তখ্তী'। বি।

তক্র—ঘোল। তঞ্চ্+রক্ কর্তৃ। বি; ক্লী।

তক্রপিণ্ড—ছানা, আমিক্ষা। তক্রদুষ্ট পিণ্ড, মধ্যপ। বি; পুং।

তক্ষক—ছুতার; নগর বিঃ; নাট্যাধ্যক্ষ; পরীক্ষিৎকে দংশনকারী সর্প বিঃ; (বাংপ্র) গিরগিটি জাতীয় প্রাণী বিঃ। তক্ষ্+ণক কর্তৃ। বি; পুং।

তক্ষণ—চাঁচা, রেঁদা করা; পরিষ্কারকরণ; সূত্রধরের ব্যবসায়। তক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী।

তক্ষণি—সেই সময়েই, তখনি। তক্ষণ (<তৎক্ষণ) +ই অবধারণার্থে। অ।

তক্ষণী—রেঁদা, বাইশ। তক্ষ্+অনট্ করণ+ঈপ্। [বি; স্ত্রী।

তখত—সিংহাসন। <ফা 'তখ্ৎ'। বি।

তখততাউস—ময়ূরসিংহাসন। ফা-ম্। বি।

তখন—সেইকালে, তৎক্ষণে; তারপর; সেই অবস্থায়। <তৎক্ষণ। অ।

তখনকার—তদানীন্তন, সেই সময়ের। তখন+কার সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।

ত-খরচ—বাজে খরচ; অতিরিক্ত খরচ। বাংপ্র। বি।

তগর—১। টগরফুলের গাছ; মদনবৃক্ষ। ত—গৃ+অচ্ কর্তৃ। বি; পুং। ২। তগরপুষ্প। তগর+অণ্ তৎপুষ্পার্থে। বি; ক্লী।

তগাবি—প্রজাদিগকে প্রদত্ত সরকারী ঋণ। আ। বি।

তঙ্কা—টাকা। <টঙ্ক। বি।

তছনছ—নষ্ট; নাস্তানাবুদ; ওলটপালট। <ফা 'তস্‌নস্'। বিণ।

তছরুপ—ক্ষতি, নাশ। <আ 'তসর্‌রুফ'। বি।

তছু—তাহার ("তছু মরু মানস, মাতল মধুকর"—গোবিন্দ)। প্রা কপ্র। সর্ব।

তজ্জনিত—তাহা হইতে উৎপন্ন; সেই হেতু হইতে জাত। ৩য়াতৎ। বিণ।

তজ্জন্য—সেই হেতু; সেই কারণে। তৎ+জন্য। অ।

তজ্জাত—তাহা হইতে উৎপন্ন। ৫মীতৎ। বিণ।

তঞ্চক—১। প্রতারক। বাংপ্র। বি বা বিণ। ২। প্রতারণা, সত্যগোপন ("সত্য জবাব দাও, কিছু তঞ্চক করিও না"—বঙ্কিম)। বাংপ্র। বি।

তঞ্চকতা—প্রবঞ্চনা, চাতুরী। তঞ্চক+তা ভাবে (বাংপ্র)। বি; স্ত্রী।

তঞ্চন—দুগ্ধ হইতে ছানা দধি ইত্যে পরিণত করা বা হওয়া, clotting. তঞ্চ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—তঞ্চিত।

তট—তীর; উচ্চক্ষেত্র; সানু। তট্+অচ্ কর্তৃ। বি; পুং বা ক্লী।

তটভূমি—তীরভূমি, বেলা। কর্মধা। বি; স্ত্রী।

তটরেখা, -সীমা—উপকূলের সীমারেখা, coast-line. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

তটস্থ—১। উদাসীন, নির্লিপ্ত; তীরস্থ; না শত্রু না মিত্র এরূপ, অপক্ষপাতী; সমীপস্থ; ব্যস্ত। উপতৎ; তট—স্থা+ক কর্তৃ। ২। অভিভূত, বিহ্বল; শঙ্কিত; সংকুচিত। <ত্রস্ত। বিণ।

তটাক—তড়াগ। তট—অক্+অণ্ কর্তৃ। বি; পুং বা ক্লী।

তটিনী—নদী। তট+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; [স্ত্রী।

তড়কা—শিশুদের আক্ষেপরোগ, খেঁচুনি। বাংপ্র। বি।

তড়তড়, -বড়—অব্যক্ত শব্দ; বৃষ্টিপতন-শব্দ; ব্যস্ততাপ্রকাশ; শীঘ্রতাপ্রকাশ। বাংপ্র। অ বা বি।

তড়তড়ে, -বড়ে—ব্যস্তবাগীশ; চঞ্চল; শীঘ্রকারী। তড়তড়, তড়বড়+এ (<ইয়া) করে অর্থে। বিণ।

তড়পা—খড়ের আঁটি; দশগণ্ডা আঁটি; একসঙ্গে বাঁধা খড়ের মোট। বাংপ্র। বি।

তড়পানো—জারিজুরি দেখানো, আস্ফালন করা; লাফানো। বাংপ্র। ক্রি [, বি]। বি, -পানি।

তড়বড়—'তড়তড়' দ্রঃ।

তড়বড়ানো—তাড়াতাড়ি করা; খুব ব্যস্ত হইয়া কিছু করা; খুব তাড়াতাড়ি কিছু বলা। বাংপ্র। ক্রি [, বি]।

তড়বড়ি—ব্যস্ততা, তড়বড়ানি। বাংপ্র। বি।

তড়বড়ে—'তড়তড়ে' দ্রঃ।

তড়াক—লাফাইবার জন্য অতিশীঘ্রতাপ্রকাশ, অতিদ্রুততাপ্রকাশ ('—করিয়া লাফাইয়া উঠা')। বাংপ্র। অ।

তড়াক, তড়াগ—পঞ্চশতধনু (২000 হাত) পরিমিত বৃহৎ জলাশয়, সরোবর, দীঘি। তড়্+আক, আগ কর্ম (নিপা)। বি; পুং। [বিণ।

তড়িঘড়ি—অবিলম্বে; অতি তাড়াতাড়ি। বাংপ্র। ক্রি-

তড়িচ্চালক—যে যন্ত্রদ্বারা তড়িৎশক্তি সঞ্চারিত করিয়া অপর কোন যন্ত্রকে গতিশক্তি দান করা যায় তাহা, electro-motor. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তড়িচ্চুম্বক—তড়িৎ-সাহায্যে চুম্বকীভূত লোহখণ্ড, electromagnet. মধ্যপ। বি।

তড়িৎ—বিদ্যুৎ, সৌদামিনী। তড়্+ইৎ কর্তৃ। বি; স্ত্রী।

তড়িত্বান্ (-ত্বৎ)—১। বিদ্যুৎবিশিষ্ট। বিণ; পুং। স্ত্রী—**তড়িত্বতী**। ২। মেঘ। তড়িৎ+বতুপ্ অস্ত্যর্থে। বি; পুং।

তড়িদ্গর্ভ—১। তড়িৎবিশিষ্ট। বিণ। ২। মেঘ। তড়িৎ গর্ভে যাহার, বহু। বি; পুং।

তড়িৎপ্রবাহ—বৈদ্যুতিক স্রোত, electric current. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তড়িদ্বিশ্লেষণ—তড়িৎ-প্রবাহের সাহায্যে কোন যৌগিক পদার্থকে বিশ্লিষ্টকরণ, electrolysis. ৩য়াতৎ। বি; ক্লী।

তণ্ডুল—চাউল। তণ্ড্+উল কর্ম। বি; পুং।

তণ্ডুলপরীক্ষা—চোর ধরার জন্য একপ্রকার চাউল পড়া। তণ্ডুলসাধ্য পরীক্ষা, মধ্যপ। বি; স্ত্রী।

তৎ—সেই ('তদবধি'); সেই ব্যক্তি ('তদাত্মা'); তাহা ('তদনন্তর')। সর্ব।

তত—১। বিস্তৃত; ব্যাপ্ত; বিপুল। বিণ। ২। বীণাদিবাদ্য, তার প্রঃ দ্বারা যে সকল যন্ত্র বাদিত হয় তাহাদের নাম। তন্+ক্ত কর্ম। বি; ক্লী। ৩। বায়ু। তন্+ক্ত কর্তৃ। বি; পুং। ৪। বিস্তার। তন্+ক্ত ভাব। বি; ক্লী। ৫। পিতা। তন্+ক্ত অপা। ৬। বংশ। তন্+ক্ত কর্ম। বি; পুং। ৭। তৎপরিমিত, সেই পরিমাণ। ✓তাত। বিণ।

ততক্ষণ—তত সময়; ততটা সময় পর্যন্ত। কর্মধা (বাংপ্র)। বি।

ততযন্ত্র—তারের বাদ্যযন্ত্র। কর্মধা। বি; ক্লী।

তত্তহি, তত্তাঁহি—তাহাতে; অনন্তর। প্রা কপ্র। অ।

ততি—সমূহ। তন্+ক্তি ভাব। বি; স্ত্রী।

ততোধিক—তাহার বেশী। ততঃ (তাহা হইতে) অধিক, সুপ্। বিণ।

তৎকাল—১। সেই সময়; বর্তমান কাল। কর্মধা। বি; পুং। ২। যাহার সময় নিরূপিত আছে এরূপ। বহু। বিণ।

তৎকালিক—তৎকালীন। বাংপ্র। বিণ।

তৎকালীন—সেই সময়ে যাহা ঘটিয়াছে এরূপ, তদানীন্তন। তৎকাল+ঈন ভবার্থে। বিণ।

তৎকালোচিত—সেই সময়ের উপযুক্ত। তৎকালে উচিত, ৭মীতৎ। বিণ।

তৎক্ষণ—তখন, সেই সময়। কর্মধা। বি; পুং।

তৎক্ষণাৎ—তখনই, অবিলম্বে। তৎক্ষণ+আৎ ৫মী-স্থানে। অ। [তৎ। বিণ।

তত্তুল্য—তাহার সমান, তৎসম। তাহার তুল্য, ৬ষ্ঠী-

তত্ত্ব—আসল বিষয়, তথ্য, প্রকৃত অবস্থা; সংবাদ; বিজ্ঞান, শৃঙ্খলিত জ্ঞান; মূল বিষয়, principle; ঈশ্বর, ব্রহ্ম, পরমাত্মা; স্বরূপ; চিত্ত; বিলম্বিত নৃত্যবাদ্যাদি; পদার্থ; অন্বেষণ; মূলপ্রকৃতি মহৎ (বুদ্ধি) অহংকার মনঃ পঞ্চতন্মাত্র পঞ্চজ্ঞানেন্দ্রিয় পঞ্চকর্মেন্দ্রিয় পঞ্চমহাভূত—এই চতুর্বিংশতি। তদ্+ত্ব ভাবে। বি; ক্লী। **তত্ত্ব করা**—ভেট পাঠানো, আত্মীয়-কুটুম্বের বাড়িতে উপঢৌকন পাঠানো।

তত্ত্বজিজ্ঞাসা—যথার্থ জ্ঞানলাভের ইচ্ছা; ব্রহ্মজ্ঞান-লাভের বাসনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

তত্ত্বজিজ্ঞাসু—ব্রহ্মবিষয় জানিতে ইচ্ছাকারী; ব্রহ্ম-জ্ঞানলাভেচ্ছু। ২য়াতৎ। বিণ।

তত্ত্বজ্ঞ—তত্ত্বজ্ঞানী; স্বরূপজ্ঞ; দর্শনশাস্ত্রবিৎ। উপ-তৎ; তত্ত্ব—জ্ঞা+ক কর্তৃ। বিণ।

তত্ত্বজ্ঞান—ব্রহ্মজ্ঞান, আত্মা শরীরাদি হইতে পৃথক্—ইত্যাকার জ্ঞান, আত্মবোধ; যাথার্থ্যজ্ঞান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

তত্ত্বজ্ঞানী (-জ্ঞানিন্)—স্বরূপজ্ঞ; ব্রহ্মজ্ঞ। তত্ত্বজ্ঞান+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-জ্ঞানিনী**।

তত্ত্বতাবাস—তত্ত্ব পাঠানো ও খোঁজখবর লওয়া। ✓'তত্ত্বতালাস' অথবা তত্ত্ব+আ 'তফ্হুস' (খোঁজ)। বি।

তত্ত্বতালাস—খোঁজখবর। ✓তত্ত্ব+আ 'তালাস'। বি।

তত্ত্বদর্শিতা—বিচক্ষণতা; দর্শনশাস্ত্রে অভিজ্ঞতা। তত্ত্বদর্শিন্+তা ভাবে। বি; স্ত্রী।

তত্ত্বদর্শী (-দর্শিন্)—তত্ত্বজ্ঞ; বিচক্ষণ; দর্শন-শাস্ত্রজ্ঞ। উপতৎ; তত্ত্ব—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-দর্শিনী**।

তত্ত্বনিরূপণ -নির্ণয়—স্বরূপনির্ণয়; ঈশ্বরনিরূপণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং। [বি; পুং।

তত্ত্বনির্ণয়—স্বরূপনির্ণয়; ঈশ্বরনিরূপণ। ৬ষ্ঠীতৎ।

তত্ত্ববিচার—প্রকৃত বা মূল বিষয় সম্বন্ধে আলোচনা, তত্ত্বের আলোচনা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তত্ত্ববিৎ (-বিদ্)—তত্ত্বজ্ঞ (সকল অর্থে)। উপতৎ; তত্ত্ব—বিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ।

তত্ত্বানুসন্ধান—তথ্যানুসন্ধান; স্বরূপনিরূপণচেষ্টা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

তত্ত্বানুসন্ধায়ী (-সন্ধায়িন্)—তত্ত্বান্বেষী। উপতৎ; তত্ত্ব—অনু—সম্—ধা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িনী**।

তত্ত্বাবধান—কোন বিষয় প্রকৃতরূপে সম্পন্ন হইতেছে কি না মনোযোগপূর্বক সেই বিষয়ের অবলোকন, পরিদর্শন, অধ্যক্ষতা করা; দেখাশোনা। ৭মীতৎ। বি; ক্লী।

তত্ত্বাবধায়ক—তত্ত্বাবধানকারী, পরিদর্শক। তত্ত্বে অবধায়ক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-য়িকা**।

তত্ত্বাবধারক—অধ্যক্ষ; স্বরূপনির্ণেতা; স্বরূপ-পরিজ্ঞাতা। তত্ত্বের অবধারক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-রিকা**।

তত্ত্বাবধারণ—তত্ত্বনির্ণয়, স্বরূপজ্ঞান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

তত্ত্বালোচনা—তত্ত্বজ্ঞানের অনুশীলন, ঈশ্বর সম্বন্ধে আলোচনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

তত্ত্বীয়—তত্ত্ব-সংক্রান্ত, theoretical. তত্ত্ব+ঈয় সম্বন্ধার্থে। বিণ। **তত্ত্বীয় রসায়ন**—রসায়নবিদ্যায় তত্ত্বসম্বন্ধীয় বিজ্ঞান, theoretical chemistry.

তৎপর—১। নিবিষ্ট, যত্নবান্; প্রবৃত্ত; আসক্ত; ব্যগ্র; সচেষ্ট; নিপুণ; সতর্ক; তৎপ্রধান, তন্নিষ্ঠ। তৎ (তাহা) পর (প্রধান) যাহার, বহু। বিণ। ২। তদনন্তর। তাহা হইতে পর, ৫মীতৎ। ৩। শীঘ্র, তাড়াতাড়ি। বাংপ্র। ক্রি-বিণ।

তৎপরতা—সচেষ্টতা; দক্ষতা; যত্ন, আগ্রহ, অভিনিবেশ; সতর্কতা। তৎপর+তা ভাবে। বি; স্ত্রী।
তৎপুরুষ—১। উত্তরপদ-প্রাধান্যসূচক সমাস। তৎ (সেই) পুরুষ যাহাতে, বহু। ২। পরমপুরুষ। তৎ (সেই) পুরুষ, কর্মধা। বি; পুং।
তত্র—সেখানে; তদ্বিষয়ে। তদ্ (সেই)+ত্র ৭মী-স্থানে। অ।
তত্রত্য—সেখানে যাহা ঘটে এরূপ; সে স্থানে উৎপন্ন; তৎস্থানস্থ; সেইস্থান সংক্রান্ত। তত্র+ত্যপ্ ভবাদ্যর্থে। বিণ।
তত্রাচ—তথাচ, তবুও। <তত্রচ। অ।
তত্রাপি—তথাচ, তবুও; সেখানেও। তত্র +অপি। অ, ক্রি-বিণ। [৩য়াতৎ। বিণ।
তৎসংক্রান্ত—তাহার বা সেই বিষয় সম্বন্ধীয়, তদীয়।
তৎসদৃশ—তাহার তুল্য, তাহার মত। তাহার সদৃশ, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-শী**।
তৎসম—১। তাহার সমান। বিণ। ২। বাংগালায় অপরিবর্তিত আকারে প্রচলিত সংস্কৃত শব্দ। তাহার সম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
তৎস্থলাভিষিক্ত—তাহার জায়গায় প্রতিষ্ঠিত, তাহার প্রতিনিধি। তাহার স্থল, ৬ষ্ঠীতৎ; তাহাতে অভিষিক্ত, ৭মীতৎ। বিণ।
তথা—সেইপ্রকার; তথ্য, সত্য; এবং, আরও; তন্নিমিত্ত; তাহাতে; সেখানে; দৃষ্টান্ত; স্বীকার; সাদৃশ্য; নিশ্চয়। তদ্ (সেই)+থাল্ প্রকারাদ্যর্থে। অ।
তথাকথিত—যাহাকে অসংগতভাবে লোকে কোন নামে বা উপাধিতে আখ্যাত করে এমন, so-called. সুপ্। বিণ।
তথাকার—সেখানকার। বাংপ্র। অ।
তথাগত—১। বুদ্ধদেব। তথা (যেরূপে পুনরাবৃত্তি না হয় সেইরূপে) গত (জ্ঞাত), সুপ্। বি; পুং। ২। সেইরূপে গত; সেই প্রকারে আগত। তথা (সেই প্রকারে) গত, আগত, সুপ্। বিণ।
তথাচ, তথাপি—তাহা হইলেও, তবু। তথা+চ, অপি। অ।
তথাবিধ—তাদৃশ, সেই প্রকার। তথা (তাদৃশী) বিধা যাহার, বহু। বিণ। [সুপ্। বিণ।
তথাভূত—সেই প্রকারে সম্পন্ন; তদবস্থ; তাদৃশ।
তথায়—সেখানে। বাংপ্র। অ।
তথাস্তু—তাহাই হউক, সেইরূপ হউক, তাহাই ঘটুক। তথা+অস্তু (হউক)। সংস্কৃত বাক্য।
তথি—১। তাহাতে ("তথি শোভে নখচন্দ্র।"—কবিকঙ্কণ); তথায় ("মল্লিকা মালতী বিকসিত তথি" —চণ্ডী)। সর্ব। ২। আরও ("ভণয়ে বিদ্যাপতি গোবিন্দদাস তথি"—বিদ্যা); তাহা হইতে ("তথি তথি হরণই কেল"—জ্ঞান)। প্রা কপ্র। অ।
তথৈব—সেই প্রকারই। অ।
তথৈবচ—সেইরূপই; অসুবিধাজনক; কোনরকম; প্রকৃত প্রস্তাবে নয়; অযত্নসহকারে। তথা+এব+চ। অ।

তথ্য—১। প্রকৃত ব্যাপার বা বিষয়; যাথার্থ্য; রহস্য। বি; ক্লী। ২। প্রকৃত; অবিসংবাদী। তথা+যৎ। বিণ।
তথ্যানুসন্ধান—প্রকৃত অবস্থার অনুসন্ধান, স্বরূপ-নিরূপণচেষ্টা, তত্ত্বান্বেষণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। বিণ, **-সন্ধায়ী** (-সন্ধায়িন্)।
তদ্—১। তিনি, সে। সর্ব। ২। ব্রহ্ম। বি; ক্লী। ৩। তন্নিমিত্ত, তবে। তন্+অদ্ কর্তৃ। অ।
তদতিরিক্ত, তদ্ব্যতিরিক্ত—তাহার বেশী, তদধিক; তাহা হইতে পৃথক্। ৫মীতৎ। বিণ।
তদনন্তর—তাহার পর। ৫মীতৎ। ক্রি-বিণ।
তদনুগামী (-গামিন্)—তদনুযায়ী, তাহার মত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-গামিনী**।
তদনুবর্তী (-বর্তিন্)—তদনুরূপ, সেইমত। তাহার অনুবর্তী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-বর্তিনী**।
তদনুযায়ী (-যায়িন্)—১। তদনুগামী; তাহার মত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-যায়িনী**। ২। সেই অনুসারে। বাংপ্র। ক্রি-বিণ।
তদনুরূপ—সেইরূপ, তৎসদৃশ। ৬ষ্ঠীতৎ। বিণ।
তদনুসারী (-সারিন্)—তাহার মত, সেই অনুসারে যে চলে এমন। উপতৎ; তদ্—অনু—সৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-সারিণী**।
তদনুসারে—সেই অনুসারে, সেই মত। তাহার অনুসার, ৬ষ্ঠীতৎ, তাহাতে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।
তদন্ত—১। তাহার অন্ত, তাহার শেষ। ৬ষ্ঠীতৎ। ২। স্বরূপনিরূপণ; অনুসন্ধান। বহু। বি; ক্লী।
তদন্তর—তারপর। তাহা হইতে অন্তর, ৫মীতৎ। ক্রি-বিণ।
তদন্য—তাহা হইতে পৃথক্, তদ্ভিন্ন, তাহা ছাড়া অপর। তাহা হইতে অন্য, ৫মীতৎ। বিণ।
তদপেক্ষা—সেই তুলনায়, তাহার চেয়ে। ৬ষ্ঠীতৎ। ক্রি-বিণ, (বাং) অ।
তদবধি—সেই অবধি, সেই সময় বা ঘটনা হইতে। বহু। ক্রি-বিণ। [পন্ন। বহু। বিণ।
তদবস্থ—যে সেই অবস্থায় আছে এরূপ, তদ্ভাবা-
তদবির—উপায়; কার্যসাধনের জন্য নানারূপ চেষ্টা ও দেখাশোনা; পরিদর্শন। আ। বি।
তদর্থক—বিশেষ কোনও উদ্দেশ্যে গঠিত, *ad hoc*. তৎ (তাহা) অর্থ (উদ্দেশ্য) যাহার, বহু+ক সমাসান্ত। বিণ।
তদর্থে—তাহার উদ্দেশ্যে সেই কারণে; তাহার নিমিত্ত। তাহার জন্য, নিত্য। ক্রি-বিণ।
তদাকার—তাদৃশ-আকারবিশিষ্ট, তদ্রূপ। তদ্ (সেই) আকার যাহার, বহু। বিণ।
তদানীং (-নীম্)—তখন, তৎকালে। তদ্+দানীম্ কালার্থে। অ।
তদানীন্তন—সেই সময়ে যে বা যাহা উৎপন্ন হইয়াছে এরূপ, তৎকালীন। তদানীম্ (সেই সময়ে)+তন (ট্যু, তুট্) ভবার্থে। বিণ। স্ত্রী, **-নী**।
তদাপ্রভৃতি—তদবধি, সেই সময় হইতে। অ।

তদারক—তল্লাশ, অনুসন্ধান; পর্যবেক্ষণ। <আ 'তদারুক'। বি।
তদীয়—তৎসম্বন্ধীয়; তাহার; তাহার অধিকৃত। তদ্+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
তদুৎপন্ন—তাহা হইতে জাত, তদুদ্ভূত। তাহা হইতে উৎপন্ন, ৫মীতৎ। বিণ।
তদুপযুক্ত—তাহার উপযুক্ত। ৬ষ্ঠীতৎ। বিণ।
তদুপযোগী (-গিন্)—তাহার উপযোগী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-যোগিনী**।
তদুপরি—তাহার উপর; তাহার ঊর্ধ্বে। তাহার উপরি, ৬ষ্ঠীতৎ। অ।
তদুপলক্ষে—সেই উপলক্ষে; সেই সূত্রে। কর্মধা। বি; ক্রি-বিণ অর্থে ৭মী। [৩য়াতৎ। বিণ।
তদেক—তাহা হইতে ভেদ রহিত। তাহার সহিত এক,
তদেকাত্মা (-ত্মন্)—তাহার সহিত অভিন্নাত্মা, একাত্মা। তাহার সহিত এক হইয়াছে আত্মা যাহার, বহু। বিণ; পুং বা স্ত্রী।
তদ্গত—তন্নিষ্ঠ; একাগ্র; তদাসক্ত। তাহাকে গত (প্রাপ্ত), ২য়াতৎ। বিণ। [বহু। বিণ।
তদ্গতচিত্ত—মাত্র তাহাতেই আসক্ত; অনন্যমনাঃ।
তদ্গুণ—১। কাব্যালংকার বিঃ, নিজ গুণ ছাড়িয়া অপরের উৎকৃষ্ট গুণগ্রহণ। বহু। ২। তাহার গুণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
তদ্দণ্ড—সেই সময়, সেইক্ষণ। সেই (তদ্শব্দ) দণ্ড, কর্মধা। বি; পুং।
তদ্দরুন—সেইজন্য। বাংপ্র। ক্রি-বিণ। [ক্লী।
তদ্দিন—সেই দিন; (বাংপ্র) তত্দিন। কর্মধা। বি;
তদ্দ্বারা—তাহাকে দিয়া, তাহার দ্বারা। বাংপ্র। অ।
তদ্ধিত—১। অপত্যাদি অর্থে শব্দের উত্তর বিধীয়মান প্রত্যয়। তাহার (সেই শব্দের) নিমিত্ত হিত (উপযুক্ত), ৪র্থীতৎ। বি; পুং। ২। তাহার মঙ্গল। তাহার হিত, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ৩। তদ্বিষয়ে উপযুক্ত; তাহার পক্ষে মঙ্গলজনক। ৪র্থীতৎ। বিণ।
তদ্বৎ—তত্তুল্য, তাহার ন্যায়। তদ্+বতিচ্ তুল্যার্থে। অ। [বহু। বিণ।
তদ্বিধ—সেইরূপ, সেইপ্রকার। তৎ বিধা যাহার,
তদ্বিধায়—সেই জন্য। বাংপ্র। অ।
তদ্বিষয়ক—সেই বিষয়সম্বন্ধীয়। তদ্ (সেই) বিষয় যাহাতে, বহু+ক সমাসান্ত। বিণ।
তদ্ব্যতীত—তদ্ভিন্ন, তাহা ছাড়া। তাহাকে ব্যতীত, ২যাতৎ। বিণ।
তদ্ভব—১। তাহা হইতে জাত। বিণ। ২। বাংগালায় প্রচলিত অপভ্রষ্ট প্রাকৃত শব্দ। তাহা হইতে ভব (উৎপত্তি) যাহার, বহু। বি; পুং।
তদ্ভাব—তাহার অসাধারণ ধর্ম; তদ্বিষয়ক চিন্তা। তাহার ভাব, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
তদ্ভাবাপন্ন—সেই ভাবপ্রাপ্ত; তাহার ভাবপ্রাপ্ত; তদবস্থ। তদ্ভাবকে আপন্ন (প্রাপ্ত), ২য়াতৎ। বিণ। [৫মীতৎ। বিণ।
তদ্ভিন্ন—তাহা হইতে অন্য, তাহা হইতে পৃথক্।
তদ্রূপ—তদ্বিধ, সেই প্রকার। তৎ (সেই) রূপ যাহার, বহু। বিণ।
তনখা—বেতন। <ফা 'তন্খোয়াহ্'। বি।
তনয়—পুত্র। তন্+কয়ন্ কর্তৃ। বি; পুং।
তনয়বৎসল—পুত্রবৎসল, পুত্রের প্রতি অত্যন্ত স্নেহশীল। তনয়ে বৎসল, ৭মীতৎ। বিণ। বি, **-বৎসলতা**, **-বাৎসল্য**।
তনয়া—কন্যা। তনয়+আপ্। বি; স্ত্রী।
তনিমা (-মন্)—কৃশতা, সূক্ষ্মতা। তনু+ইমন্ ভাবে। বি; পুং।
তনু, তনূ—১। শরীর, মূর্তি। বি; স্ত্রী। ২। কৃশ, সূক্ষ্ম; কোমল; অল্প। তন্+উ কর্ম, পক্ষে ঊঙ্। বিণ। স্ত্রী—**তন্বী, তনু, তনূ**। ৩। ক্ষীণাংগী। বিণ; স্ত্রী। [ছদ্+ণিচ্+ঘ করণ। বি; পুং।
তনুচ্ছদ, তনূচ্ছদ—বর্ম, সাঁজোয়া। তনু, তনূ—
তনুজ, তনূজ—১। পুত্র। বি; পুং। ২। শরীর হইতে উৎপন্ন। উপতৎ; তনু, তনূ—জন্+ড কর্তৃ। বিণ। স্ত্রী, **-জা** (কন্যা)।
তনুতা, তনূতা, -ত্ব—তনিমা, কৃশতা; সূক্ষ্মতা; অল্পত্ব। তনু, তনূ+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, স্ত্রী, ক্লী। [বি; পুং।
তনুত্যাগ, তনূত্যাগ—দেহত্যাগ, মৃত্যু। ৬ষ্ঠীতৎ।
তনুত্র, তনুত্রাণ—বর্ম, অংগরক্ষক। উপতৎ; তনু—ত্রৈ+ক কর্তৃ; (২য় পক্ষে) ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
তনুমধ্যা—ক্ষীণকটি, যে নারীর কোমর সরু। তনু (ক্ষীণ) মধ্য যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।
তনুরস, তনূরস—ঘর্ম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
তনুরুচি, তনূরুচি—১। দেহের সৌন্দর্য বা বর্ণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। ২। সামান্য উজ্জ্বল; যাহার রুচি কম এমন; ক্ষীণ আকাঙ্ক্ষাযুক্ত। বহু। বিণ।
তনুরুহ—গাত্রলোম; পতত্র; পক্ষ; পাখির পালক। তনু—রুহ্+ক কর্তৃ। বি।
তনূ—'তনু' দ্রঃ।
তনূকরণ—ঘনীভূত বায়বীয় পদার্থকে অধিকতর হালকা করণ, rarefaction. তনু+অভূততদ্ভাবার্থে চ্বি (=তনূ)—কৃ+অনট্ ভাব। বি। বিণ, **-কৃত**।
তনূদ্ভব—১। পুত্র। বি; পুং। ২। দেহজাত। তনু হইতে বা তনুতে উদ্ভব যাহাব, বহু। বিণ। স্ত্রী, **-বা** (কন্যা)।
তনূনপাৎ—অগ্নি ("তৈল তুলা তনূনপাৎ তাম্বুল তপন"—কবিকঙ্কণ)। তনূ—নঞ্—পত্+ণিচ্+ক্বিপ্ কর্তৃ। বি; পুং।
তন্তু—১। সূত্র, সুতা; শরীরের কোষসমূহ দ্বারা গঠিত বিভিন্ন শ্রেণীর সূক্ষ্ম পদার্থ, tissue; তাঁত, gut; আঁশ, fibre. তন্+তুন্ কর্ম। ২। সন্তান; হাংগর। তন্+তুন্ কর্তৃ। বি; পুং।
তন্তুকীট—গুটিপোকা। তন্তুকারক যে কীট, মধ্যপ। বি; পুং। [যাহার, বহু। বি; পুং।
তন্তুনাভ—মাকড়সা, উর্ণনাভ। তন্তু নাভিতে
তন্তুবাপ, -বায়—তাঁতী; মাকড়সা। উপতৎ; তন্তু—বপ্, বে+অণ্ কর্তৃ। বি; পুং।

তন্তুশালা—তাঁতঘর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

তন্ত্র—১। আগম; সিদ্ধান্ত; দৃঢ়প্রমাণ; পরিচ্ছেদ; ঔষধ; ঝাড়ফুঁক; কার্য; কারণ; উপায়; রাজার সংগের লোক; সৈন্য; রাষ্ট্র; স্বরাজ্যচিন্তা; সম্বন্ধযুক্ত বিষয় বা বস্তুর সমবায়, system; ইতিকর্তব্যতা; সূত্র; তন্তুবায়; তাঁত; বস্ত্রবয়নের সামগ্রী; ব্যবসায়; সমূহ; পরিজন; প্রবন্ধ; শপথ; আহ্লাদ; রাজ্যশাসন-পদ্ধতি ('প্রজা—'); রাজ্যের সমৃদ্ধি-সম্পাদন; গৃহ; ধন; অধীনতা; অন্যের উপর নির্ভর করা; চর্মনির্মিত সূক্ষ্মরজ্জু; দল; সম্প্রদায়; কোন বিশেষ মতামত, বাদ ('বস্তু—'); অভিসন্ধি; হেতু; পরের মতে চলা; কুটুম্বভরণ। তন্+ষ্ট্রন্ ভাব, কর্ম, করণ, অধি। বি; ক্লী। ২। প্রধান; অধীন ('পর—')। তন্+ষ্ট্রন্ করণ। বিণ।

তন্ত্রধার, -ধারক—যে ব্যক্তি কর্মকাণ্ডের পদ্ধতি দেখিয়া কর্মকর্তাকে বা পুরোহিতকে মন্ত্রপাঠ করায়; কর্মকর্তা। উপতৎ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তন্ত্রবাপ, -বায়—তন্তুবায়; মাকড়সা। উপতৎ; তন্তু—বপ্, বে+অণ্ কর্তৃ। বি; পুং।

তন্ত্রী—তাঁত; তাঁতী; বীণা; বীণা প্রভৃর তার; রজ্জু; দেহের শিরা; গুড়ুচী। তন্ত্র+ঈপ্ সংজ্ঞার্থে। বি; স্ত্রী।

তন্ত্রী (তন্ত্রিন্)—দলে প্রবিষ্ট, সম্প্রদায়ের অন্তর্গত। তন্ত্র+ইন্ আছে অর্থে। বিণ। [বি।

তন্দুর—পাঁউরুটি-সেঁকা উনুন। ⟨ফা 'তন্দুর'।

তন্দ্রা—অল্পনিদ্রা; নিদ্রাবেশ, আধজাগা আধঘুমোনো অবস্থা; অবসন্নতা; আলস্য। তন্দ্রি+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

তন্দ্রাবেশ—ঈষৎ ঘুমের ভাব। তন্দ্রার আবেশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং। বিণ—তন্দ্রাবিষ্ট।

তন্দ্রালু—নিদ্রালু; অলস। তন্দ্রা+আলু শীলাদ্যর্থে। বিণ। [জাতার্থে। বিণ।

তন্দ্রিত—তন্দ্রাযুক্ত; অবসন্ন; অলস। তন্দ্রা+ইতচ্

তন্নতন্ন—সূক্ষ্মানুসূক্ষ্মরূপে, পুঙ্খানুপুঙ্খভাবে। তদ্ (তাহা)+ন (নয়)+তদ্+ন (বাংপ্র)। ক্রি-বিণ।

তন্নিবন্ধন—১। সেই হেতু। তাহাই নিবন্ধন, কর্মধা। বি; ক্লী। ২। সেই কারণে। তাহা নিবন্ধন যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

তন্নিমিত্ত—সেইজন্য। তৎ+নিমিত্ত। ক্রি-বিণ। (বাংপ্র) অ।

তন্বঙ্গী—তন্বী, ছিপছিপে চেহারার। তনু অঙ্গ যাহার, বহু+ঈপ্। বিণ; স্ত্রী।

তন্বী—কৃশাঙ্গী। তনু+ঈপ্। বিণ; স্ত্রী।

তন্মনস্ক, তন্মনাঃ (-নস্) (>—মনা)—যাহার মন তাহাতে নিবিষ্ট হইয়াছে এমন। তাহাতে মনঃ যাহার, বহু; ১ম পক্ষে সমাসান্ত ক। বিণ।

তন্ময়—তৎস্বরূপ; তদ্গত; যাহার তাহা ভিন্ন অন্য চিন্তা নাই এমন; বিভোর। তদ্+ময়ট্ স্বরূপার্থে। বিণ। স্ত্রী, -য়ী।

তন্মাত্র—কেবল তাহা; ক্ষিতি অপ্ প্রভৃর সূক্ষ্ম অবস্থা। কেবল তাহা, নিত্য। বি; ক্লী।

তপ—১। গ্রীষ্ম, গরম; গ্রীষ্মকাল; সূর্য; রৌদ্র; আতপ। তপ্+অচ্ কর্তৃ। বি; পুং' ২। তপস্যা। ⟨তপঃ। বি।

তপঃ (তপস্)—১। যাহা দ্বারা মন নির্মল হয় তাদৃশ ব্রতনিয়মাদি; তপস্যা, মুনিব্রত; ধর্মার্থ চান্দ্রায়ণাদি কৃচ্ছ্রব্রত; অদৃষ্ট; আচরণ; আলোচনা; লগ্ন হইতে নবমস্থান; জনলোকের উপরিস্থিত ভুবন; ব্রাহ্মণাদির ধর্ম। তপ্+অস্ করণ, অধি, ভাব। বি; ক্লী। ২। মাঘমাস; শিশির ঋতু। তপ্+অস্ অধি। বি; পুং। [স্ত্রী।

তপঃকৃশা—তপস্যা হেতু ক্ষীণদেহা। ৩য়াতৎ। বিণ;

তপঃক্লেশ—তপস্যার কষ্ট। মধ্যপ। বি; পুং।

তপন—১। সূর্য; গ্রীষ্মঋতু; সূর্যকান্তমণি; আকন্দ গাছ। তপ্+অন কর্তৃ। বি; পুং। ২। তাপ। তপ্+অনট্ ভাব। বি; ক্লী। ৩। সন্তাপজনক। তপ্+অন কর্তৃ। বিণ।

তপনতনয়—যম; কর্ণ; শনি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তপনতনয়া—যমুনা নদী, কালিন্দী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

তপনতাপন—সূর্যকিরণ; সূর্যের তাপদান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

তপনীয়—১। দহনীয়, দাহ্য। বিণ। ২। স্বর্ণ। তপ্+অনীয় কর্ম। বি; ক্লী।

তপশ্চরণ, তপশ্চারণ—তপোনুষ্ঠান; তপস্যা। তপের ('তপস্' শব্দ) চরণ, চারণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

তপশ্চর্যা—তপোনুষ্ঠান, তপস্যা। তপস্—চর্+ক্যপ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

তপসে, তপসি—লোনা জলের মৎস্য বিঃ, mango-fish. ⟨তপস্বী। বি।

তপস্বী (-স্বিন্)—১। তাপস; চান্দ্রায়ণাদি-ব্রতধারী; দীন; নিরীহ; প্রশস্ততপোযুক্ত। তপস্+বিন্ আছে অর্থে, প্রাশস্ত্যার্থে। বিণ। স্ত্রী, -স্বিনী। ২। তপসে মাছ; চড়াই পাখি। বি; পুং।

বিড়াল তপস্বী—ভণ্ড; প্রতারক।

তপস্যা—তপঃ, নির্জন স্থানে কঠোর নিয়মে দেবতার আরাধনা; ব্রতচর্যা। তপস্+ক্যচ্ (=তপস্য নামধাতু)+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

তপাত্যয়—বর্ষাকাল। তপের অত্যয় যাহাতে, বহু। বি; পুং।

তপোধন—১। মুনি, তপস্বী। তপঃই ধন যাহার, বহু। বি; পুং। ২। তপস্যারূপ ধন। তপোরূপ ধন, রূপক কর্মধা। বি; ক্লী।

তপোনিধি—তপস্বী। তপঃ নিধি যাহার, বহু। বি; পুং।

তপোবন—মুনিদিগের আশ্রম; তীর্থ বিঃ। তপের ('তপস্' শব্দ) বন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

তপোবল—তপঃশক্তি; তপস্যার প্রভাব। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি; পুং।

তপোভঙ্গ—তপোনাশ, তপস্যার ব্যাঘাত। ৬ষ্ঠীতৎ।

তপোদ্যুতি—তপস্যার প্রভাবে প্রাপ্ত জ্যোতির্ময় সূক্ষ্ম দেহ; তপস্বী; পরমেশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
তপ্ত—১। সন্তাপযুক্ত, উষ্ণ; খেদযুক্ত; অনলে সন্তপ্ত; ক্রুদ্ধ; দুঃখিত; শোকার্ত। তপ্+ক্ত কর্তৃ। ২। যাহা গলানো গিয়াছে এরূপ; পোড়-দেওয়া; দগ্ধ; আচরিত তপস্যা সম্বন্ধীয়। তপ্+ক্ত কর্ম। বিণ।
তপ্তকাঞ্চন—অগ্নিসংযোগে শোধিত কাঞ্চন। তপ্ত কাঞ্চন, কর্মধা। বি; ক্লী।
তফসিল—তালিকা, বিবরণ। আ। বি।
তফসিলী—তফসিলভুক্ত; তালিকাবর্ণিত। আ-মূ। বিণ। **তফসিলী জাতি**—তালিকাভুক্ত জাতি; তথাকথিত নিম্নবর্ণের হিন্দু।
তফাত—১। পার্থক্য; দূরত্ব। বি। ২। দূর; ভিন্ন। <আ 'তফাওউৎ'। বিণ।
তব—১। তোমার। কপ্র। সর্ব। ২। তখন; তাহা হইলে ("জানসি তব কাহে করসি পুছারি"—বিদ্যা)। প্রা কপ্র। অ।
তবক—১। তোমর; বন্দুক; সোনারূপার পাত। আ। ২। স্তর, থাক। <স্তবক। বি।
তবর্গ—ত থ দ ধ ন—এই পাঁচ বর্ণ। ত-আদিক বর্গ, মধ্যপ। বি; পুং।
তবলচী—যে তবলা বাজায়। আ-মূ। বি।
তবলা—তলমৃদঙ্গ। আ। বি।
তবহি, তবহিঁ—তখনই। প্রা কপ্র। অ।
তবহুঁ—তবুও; তখনও। প্রা কপ্র। অ।
তবিয়ত—শরীরের অবস্থা; মনের অবস্থা। আ। বি।
তবিল—তহবিল। <আ 'তহ্‌বিল'। বি।
তবিলদার—সঞ্চিত অর্থের রক্ষক, কোষাধ্যক্ষ। তবিল+দার রক্ষার্থে (আ-মূ)। বি।
তবিলদারি—কোষাধ্যক্ষের কার্য, তহবিলরক্ষকের কাজ। তবিলদার+ই কর্মার্থে (আ-মূ)। বি।
তবু—তথাপি, তাহা হইলেও। বাংপ্র। অ।
তবে—তাহা হইলে; তখন; কিন্তু, পক্ষান্তরে; অতঃপর; সেই অবস্থায়। বাংপ্র। অ। **তবে আসি**—বিদায় চাহিবার বাক্য। **তবে কিনা**—যেহেতু, কিন্তু।
তবেই—সুতরাং, কাজেকাজেই। <হি 'তবহি'। অ। **তবেই হয়েছিল**—ভীষণ বিপদ্ বা ক্ষতি হইত। **তবেই হয়েছে**—কাহারও কথার প্রত্যুত্তরে যথেষ্ট ক্ষতি অসুবিধা বা বিপদের আশঙ্কাসূচক বাক্য; কাজ হওয়ার কোন সম্ভাবনা নাই এইরূপ অর্থসূচক বাক্য।
তবেই তো—তাহ'লে নিশ্চয়ই। বাংপ্র। অ।
তম—১। তমোগুণ; রাহু; তমালবৃক্ষ। বি; পুং। ২। অন্ধকার; পাদাগ্র। বি; ক্লী। ৩। অবসন্ন, ক্লান্ত। তম্+অচ্ কর্তৃ। বিণ। ৪। উৎকর্ষবাচক বা পূরণবাচক তদ্ধিত প্রত্যয়। <তমপ্, তমট্। অ।
তমঃ (তমস্)—১। তমোগুণ; মোহ; অন্ধকার; রাতকানারোগ; নরক; শোক; মোহ; পাপ; অজ্ঞান; গর্ব; সাংখ্যোক্ত গুণ বিঃ। বি; ক্লী। ২। রাহু। বি; পুং বা ক্লী। ৩। নরক বিঃ; স্বরূপের অপ্রকাশরূপা অবিদ্যা। তম্+অসুন্ কর্তৃ, করণ। বি; পুং।
তমস—১। অন্ধকার; নগর। তম্+অসচ্ করণ। বি; ক্লী। ২। কূপ। তম্+অসচ্ কর্ম। বি; পুং।
তমসা—১। অন্ধকার। কপ্র। বি। ২। পৌরাণিক নদী বিঃ। বি; স্ত্রী।
তমসাচ্ছন্ন, -বৃত—অন্ধকারাবৃত। তমসা (সংস্কৃত তৃতীয়ান্ত 'তমস্' শব্দ=অন্ধকারদ্বারা) আচ্ছন্ন, আবৃত, অলুক্ ৩য়াতৎ। বিণ।
তমসুক—অধমর্ণ সরকারী কাগজে যাহা লিখিয়া দিয়া উত্তমর্ণের নিকট হইতে ঋণস্বরূপ অর্থাদি গ্রহণ করে; খত। আ-মূ। বি। **বন্ধকী তমসুক**—বন্ধকনামা; বন্ধকী খত।
তমস্বিনী—১। অন্ধকারবিশিষ্টা। বিণ। স্ত্রী। পুং —**তমস্বী** (-স্বিন্)। ২। রজনী; হরিদ্রা। তমস্+বিন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।
তমাল—গাবজাতীয় বৃক্ষ বিঃ; নীল তাল; কাল তাল। তম্+কালন্ কর্তৃ। বি; পুং।
তমালিকা, তমালিনী—তমলুক; তমালবহুল স্থান। তমাল+ইক+আপ্; তমাল+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বি; স্ত্রী।
তমিস্র—১। অন্ধকার; ঘন অন্ধকার; ক্রোধ; অজ্ঞান। বি; ক্লী। ২। অন্ধকারযুক্ত। তমস্+র আছে অর্থে (নিপা)। বিণ।
তমিস্রা—১। গাঢ় অন্ধকারে আচ্ছন্ন রাত্রি; অমারজনী; গাঢ় অন্ধকার। বি; স্ত্রী। ২। অন্ধকারময়ী। তমিস্র+আপ্। বিণ; স্ত্রী।
তমোগুণ—প্রকৃতির তৃতীয় বা নিকৃষ্টতর গুণ। তমঃই গুণ, কর্মধা। বি; পুং।
তমোঘ্ন—১। সূর্য; চন্দ্র; অগ্নি; তেজঃ; প্রদীপ; জ্ঞান। বি; পুং। ২। তমোনাশক। উপতৎ; তম—হন্+টক্ কর্তৃ। বিণ; স্ত্রী, -**ঘ্নী**।
তমোহর—১। চন্দ্র; সূর্য; অগ্নি; প্রদীপ; জ্ঞান। বি; পুং। ২। তমোনাশক, অজ্ঞাননাশক। উপতৎ; তমস্—হৃ+অচ্ কর্তৃ। বিণ।
তমোহা (-হন্)—অন্ধকারনাশক; অজ্ঞাননাশক। তমস্—হন্+ক্বিপ্ কর্তৃ। বিণ।
তম্বি—শাসন; তাড়না; জোর তাগাদা; জুলুম। <আ 'তনবীহ্'। বি।
তম্বুরা—তানপুরা। <আ 'তনবূরহ্'। বি।
তয়—নিষ্পত্তি, শেষ; ভাঁজ; পাট। আ। বি।
তয়খানা—গ্রীষ্মাবাসের জন্য তৈরী মাটির নীচের ঘর। <ফা 'তহ্‌খানহ্'। বি।
তয়ফা—নর্তকী সম্প্রদায়; নৃত্য বিঃ। <আ 'তাইফহ্'। বি।
তয়ের—তৈয়ার (তাহা দ্রঃ)।
তয়েরী—প্রস্তুত; উদ্যত; শিক্ষিত; পরিপক্ব (ফলাদি)। <তৈয়ারী। বিণ।

তর—১। পার হওয়া; সন্তরণ; গতি। তৄ+অপ্ ভাব। ২। পারানি কড়ি; বৃক্ষ; ভেলা; রাস্তা। তৃ+অপ্ করণ। বি; পুং। ৩। পারগামী। তৃ+অচ্ কর্তৃ। বিণ। ৪। দুইয়ের মধ্যে উৎকর্ষ-অপকর্ষ-বোধক তদ্ধিত-প্রত্যয়। ৫। বিলম্ব ('—সওয়া')। <ত্বরা। ৬। রকম, ভাব। <আ 'তরহ্'। বি। ৭। বিভোর, চুর। ফা। বিণ।

তরওয়াল—তরবারি। <তলবার। বি।

তরকারি—আনাজ, ব্যঞ্জনের যোগ্য ফলমূলাদি; ব্যঞ্জন। ফা। বি।

তরক্ষু—নেকড়ে বাঘ; হায়েনা, hyena. তর—ক্ষি+ডু কর্তৃ। বি; পুং।

তরঘাট—খেয়া পারাপারের ঘাট। বাংপ্র। বি।

তরঙ্গ—১। ঊর্মি; ভঙ্গী; কম্প। তৄ+অঙ্গচ্ কর্তৃ। বি; পুং। ২। হাবভাব; অঙ্গভঙ্গী ("গঙ্গা নামে সতা তার তরঙ্গ এমনি"—ভারত)। বি।

তরঙ্গ-চঞ্চল—১। ঢেউয়ের মত অস্থির। তরঙ্গবৎ চঞ্চল, উপমান কর্মধা। ২। তরঙ্গহেতু কম্পমান। তরঙ্গহেতু চঞ্চল, ৩য়াতৎ। বিণ।

তরঙ্গ-দৈর্ঘ্য—তরঙ্গের এক শীর্ষ হইতে অপর শীর্ষ পর্যন্ত স্থানের বিস্তার, wave-length. ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী।

তরঙ্গবিক্ষুব্ধ—তরঙ্গচঞ্চল। ৩য়াতৎ। বিণ।

তরঙ্গ-ভঙ্গ—লহরীলীলা, পুনঃ পুনঃ ঢেউএর উঠা-পড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তরঙ্গমালা—লহরীসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

তরঙ্গশীর্ষ—ঢেউয়ের উচ্চতম স্থান, crest of waves. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

তরঙ্গাকুল—অনেক ঢেউ উঠার জন্য অতিশয় চঞ্চল। তরঙ্গ দ্বারা আকুল, ৩য়াতৎ। বিণ।

তরঙ্গাভিঘাত—তরঙ্গপ্রহার, তরঙ্গতাড়ন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তরঙ্গায়িত—তরঙ্গাকারে সজ্জিত, ঢেউখেলানো। তরঙ্গায় (নামধাতু)+ক্ত কর্তৃ। বিণ।

তরঙ্গিণী—নদী। তরঙ্গ+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

তরঙ্গিত—তরঙ্গযুক্ত; চঞ্চল; ভঙ্গীবিশিষ্ট। তরঙ্গ +ইতচ্ সংজাতার্থে। বিণ।

তরঙ্গোচ্ছ্বাস—ঊর্মিস্ফীতি, ঢেউ উচ্ছলিয়া উঠা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তরজমা—অনুবাদ। <আ 'তর্‌জুমৎ'। বি।

তরজা—কবিগান বিঃ। <আ 'তর্জা'। বি।

তরণ—১। পারগমন; প্লবন; দেশান্তরগমন। তৄ+অনট্ ভাব। বি; ক্লী। ২। ডোঙ্গা; ভেলা। তৃ+অনট্ করণ। বি: পুং।

তরণি—১। নৌকা; সূর্য; ভেলা। তৄ+অনি করণ। বি; স্ত্রী, সূর্য অর্থে পুং। ২। উদ্ধারকর্তা। তৄ+অনি কর্তৃ। বিণ।

তরণী—নৌকা; ভেলা; ঘৃতকুমারী। তরণি+ঈপ্। বি; স্ত্রী।

তরতম—কমবেশী, ন্যূনাধিক। দ্বন্দ্ব। বিণ।

তরতর—স্রোতাদির বেগ-প্রকাশক শব্দ। বাংপ্র। অ।

তরতিব—পদ্ধতি, কৌশল। আ। বি।

তরপণ্য—পারানি কড়ি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

তরফ—পক্ষ, দিক্; ধার; মহালের অন্তর্গত গোমস্তা-দিগের অধীন স্থান, জমিদারির অংশ। আ। বি।

তরফদার—তরফের লোক; পক্ষপাতী; জমির মালিক; উপাধি বিঃ। আ-মু। বি।

তরবার, -বারি—অসি, তরওয়াল। তর—বৃ+ণিচ্ (বারি=বারণ করা)+অচ্, ইন্ করণ। বি; পুং।

তরবুজ—তরমুজ। ফা। বি।

তর-বেতর—বিচিত্র; নানারূপ। বাংপ্র। বিণ।

তরমুজ—ফল বিঃ। <ফা 'তরবুজ'। বি।

তরল—কম্পমান; চঞ্চল; দ্রুত; পাতলা; দীপ্ত-বিশিষ্ট। তৄ+অলচ্ কর্তৃ। বিণ।

তরলত্রিপদী—বাঙ্গালা কবিতার ছন্দঃ বিঃ। কর্মধা। বি; স্ত্রী। [বি।

তরলপয়ার—বাঙ্গালা কবিতার ছন্দঃ বিঃ। কর্মধা।

তরলপ্রকৃতি—১। চঞ্চল স্বভাব। কর্মধা। বি; স্ত্রী। ২। চঞ্চলস্বভাব-বিশিষ্ট। বহু। বিণ।

তরলমতি—১। চঞ্চল বুদ্ধি, অপরিণত বুদ্ধি। কর্মধা। বি; স্ত্রী। ২। অপরিণতবুদ্ধিসম্পন্ন, অস্থিরবুদ্ধি। বহু। বিণ।

তরললোচনা—যে নারীর নয়ন চঞ্চল, চঞ্চলাক্ষী। তরল (চঞ্চল) লোচন যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

তরলিত—কম্পিত; দ্রবীভূত ("তরলিত চন্দ্রিকা"—সত্যেন্দ্র); বিস্তারিত। তরল+ক্বিপ্ (=তরল নামধাতু)+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

তরলীকৃত—যাহা তরল করা হইয়াছে এমন; দ্রাবিত। তরল+চ্বি (=তরলী)—কৃ+ক্ত কর্ম। বিণ। বি, -করণ (liquefaction).

তরশু—গত পরশুর আগের দিন বা আগামী পরশুর পরদিন; গত বা আগামী তৃতীয় দিবসে। বাংপ্র। অ, বি।

তরস্ত—ব্যস্ত; দ্রুতগামী; সত্বর। <ত্রস্ত। বিণ বা ক্রি-বিণ।

তরা—পরিত্রাণ পাওয়া; উত্তীর্ণ হওয়া। <'তৄ'-ধাতু। ক্রি [, বি]।

তরাই—১। পর্বতের নিম্নদেশে অবস্থিত সমতল স্থান। বি। ২। পার করি, পরিত্রাণ করি। বাংপ্র। ক্রি।

তরাজু—দাঁড়িপাল্লা, নিক্তি। ফা। বি।

তরানো—ত্রাণ করা, পার করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

তরাস—ত্রাস। কপ্র। বি। বিণ—**তরাসে**।

তরি, তরী—নৌকা; বস্ত্রাদির পেটিকা; বস্ত্রদশা। তৄ+ই করণ, বিকল্পে ঈপ্। বি; স্ত্রী।

তরিতরকারি—রন্ধনের উপযোগী ফলমূল প্রঃ, আনাজ। ফা-মু। বি।

তরিত্র—যাহার সাহায্যে পারে যাওয়া যায়; নৌকা, ভেলা ইঃ। তৄ+ণিচ্+ইত্র করণ। বি; ক্লী।

তরিবত—শিক্ষা, উপদেশ; শাসন; আদবকায়দা; শিষ্টাচার; প্রতিপালন। <আ 'তরবিয়ৎ'। বি।
তরী—'তরি' দ্রঃ।
তরু—বৃক্ষ। তৃ+উন্ কর্তৃ। বি; পুং।
তরুণ—১। নবযুবা, যুবক। বি; পুং। ২। অল্প; অনধিক; অপরিপক্ক; অপরিণত; নূতন। তৃ+উনন্ কর্তৃ। বিণ। [স্ত্রী।
তরুণদধি—সাজ দই, সদ্যোজাত দধি। কর্মধা। বি;
তরুণা—নবযৌবনশালিনী; নবীনা ("আবার কবে ধরণী হবে তরুণা"—রবীন্দ্র)। কপ্র। বিণ; স্ত্রী।
তরুণিম—তারণ্য। <তরুণিমা। বি।
তরুণিমা (-মন্)—নূতনত্ব; যৌবন; তারুণ্য। তরুণ+ইমন্ ভাবে। বি; পুং।
তরুণী—যুবতী। তরুণ+ঈপ্। বি বা বিণ। স্ত্রী।
তরুতল—বৃক্ষের মূল; গাছের তলা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [পুং।
তরুবর—বৃক্ষশ্রেষ্ঠ। তরুমধ্যে বর, ৭মীতৎ। বি;
তরুমূল—গাছের মূল; তরুতল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
তরুরাজ—খুব বড় গাছ। তরুমধ্যে রাজ (প্রধান), ৭মীতৎ (টচ্ সমাসান্ত)। বি; পুং। [স্ত্রী।
তরুরাজি—বৃক্ষসমূহ; বৃক্ষশ্রেণী। ৬ষ্ঠীতৎ। বি;
তরুলতা—১। পরগাছা; একশ্রেণীর লতা ও তাহার ফুল। তরুশ্রিতা লতা, মধ্যপ। ২। গাছ ও লতা। দ্বন্দ্ব। বি; স্ত্রী।
তরে—জন্য; উদ্দেশ্যে; উপলক্ষে। কপ্র। অ।
তরো—রকম। বাংপ্র। অ।
তরোয়ার, তরোয়াল—তরবারি। <তলবার। বি।
তর্ক—১। বিতর্ক; যুক্তি; বিচার; বাদানুবাদ; আকাঙ্ক্ষা; উৎপ্রেক্ষা; অনুমান; সন্দেহ; শঙ্কা। তর্ক্+ঘঞ্ ভাবে। ২। ন্যায়শাস্ত্র; মীমাংসাদি শাস্ত্র; হেতু। তর্ক্+ঘঞ্ করণ। বি; পুং।
তর্কজাল—১। তর্কসমূহ; নানারূপ তর্ক। ৬ষ্ঠীতৎ। ২। দুর্বোধ তর্ক। তর্ক জালপ্রায়, উপমিত কর্মধা। বি; ক্লী। [পুং।
তর্কবিতর্ক—বাগ্‌বিতণ্ডা, বাদানুবাদ। দ্বন্দ্ব। বি;
তর্কবিদ্যা—ন্যায়শাস্ত্র, logic. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
তর্করত্ন—কৃতবিদ্য নৈয়ায়িকের উপাধি বিঃ। তর্কে রত্ন (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি; ক্লী।
তর্কশাস্ত্র—ন্যায়শাস্ত্র, logic; বৈশেষিক দর্শন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বহু। বি; ক্লী।
তর্কাতর্কি—তর্কবিতর্ক; শাস্ত্রীয় বিচার। ব্যতীহার
তর্কাভাস—অসৎ তর্ক, অকিঞ্চিৎকর যুক্তি। তর্কের আভাস, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
তর্কিত—বিচারিত, আলোচিত; সম্ভাবিত; অনুমিত; উৎপ্রেক্ষিত। তর্ক্+ইতচ্ সংজ্ঞাতার্থে; অথবা, তর্ক্+ক্ত কর্ম। বিণ।
তর্কী (তর্কিন্)—১। তর্কশাস্ত্রবেত্তা, নৈয়ায়িক। বি; পুং। ২। তর্ককারক। তর্ক+ইন্ আছে অর্থে। বিণ।
তর্কু—সূত্রনির্মাণের টেকো, তকলি; সূতা কাটিবার ও জড়াইবার শলাকা। কৃত্+উ করণ, সংজ্ঞার্থে (কৃত্-স্থানে তর্ক্)। বি; পুং।
তর্জন—ক্রোধ; দ্বেষ; তিরস্কার; ভয়প্রদর্শন; আস্ফালন। তর্জ্+অনট্ ভাব। বি; ক্লী।
তর্জন-গর্জন—তিরস্কারসূচক উচ্চশব্দ; রোষসহকৃত গম্ভীর ধ্বনি। তর্জনসূচক অথবা তর্জনান্বিত গর্জন, মধ্যপ। বি; ক্লী।
তর্জনী—বুড়া আংগুলের পাশের আংগুল; উক্ত অংগুলিতে ধার্য অংগুরীয় বিঃ। তর্জ্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।
তর্জনীমুদ্রা—১। তন্ত্রোক্ত মুদ্রা বিঃ। তর্জনীনামিকা মুদ্রা, মধ্যপ। ২। তর্জনী অংগুলিতে ধার্য অংগুরীয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
তর্জানো—তর্জন করা। বাংপ্র। ক্রি [, বি]।
তর্জিত—ভর্ৎসিত, তিরস্কৃত; তাড়িত। তর্জ্+ক্ত কর্ম। বিণ।
তর্পণ—১। তৃপ্তি, সন্তোষ। তৃপ্+অনট্ ভাব। ২। পিতৃলোকের বা দেবলোকের প্রীত্যর্থে জলদান; তোষণ। তৃপ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ৩। তৃপ্তিজনক। তৃপ্+ণিচ্+অন কর্তৃ। বিণ।
তর্পিত—যাহার উদ্দেশে তর্পণ করা হইয়াছে এমন; সন্তোষিত। তৃপ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
তর্পী (তর্পিন্)—তর্পণকারী, তৃপ্তিকারক। তৃপ্+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**তর্পিণী**।
তল—১। অধোভাগ, তলা, storey; পাতাল; নরক বিঃ; উপরিভাগ, পৃষ্ঠদেশ, surface; গোড়ার চারিদিকের জায়গা; সমতলক্ষেত্রের উপরিভাগ বা বহির্ভাগ, plane; পলতোলা জিনিসের এক এক পাশ, facet; টালি; চাপড়; তালবৃক্ষ; তেলো; মধ্যদেশ। বি; পুং বা ক্লী। ২। কানন; গর্ত; জ্যাঘাতবারণ; গৃহের পরিচ্ছেদ। বি; ক্লী। ৩। খড়্গাদির মুষ্টি; আধার; স্বভাব। তল্+অচ্ কর্তৃ। বি; পুং। **তলে তলে**—আড়ালে থাকিয়া, ভিতরে ভিতরে।
তলতল—গলিতভাব প্রকাশ, নরম ভাব প্রকাশ; তপতপ। বাংপ্র। অ। বিণ—**তলতলে**। ক্রি—**তলতলানো**। বি—**তলতলানি**।
তলতা, তলদা—একপ্রকার বাঁশ। বাংপ্র। বি।
তলপেট—উদরের নিম্নাংশ। পেটের তল, একদেশী (বাংপ্র)। বি।
তলব—বেতন; আহ্বান, ডাক। আ। বি।
তলবানা—প্রতিবাদী বা সাক্ষীদিগের প্রতি আদালতের সমন বা অন্য কোন আদেশ পাঠাইবার জন্য খরচ। আ। বি।
তলবার—খড়্গ, তরোয়াল; খাপ; চামাটী। উপতৎ; তল—বাবি+অচ্ কর্তৃ। বি; পুং। [বি।
তলয়ার, তলোয়ার—খড়্গ, তরবারি। <তলবার।
তলা—অধোদেশ, নিম্নভাগ; গৃহতল, মেজে; অঞ্চল; স্থান ('কল—', 'কালী—')। <তল। বি।
তলা ফেলা—ধান্যাদির চারা তৈয়ারি করিবার জন্য প্রস্তুত জমিতে বীজ ফেলা।

তলাও—পুকুর, জলাশয় বিঃ। <ফা 'তালাব'। বি।
তলা-খাকতি—দরিদ্র, অভাবগ্রস্ত। বাংপ্র। বিণ।
তলা-চোঁওয়া—যাহা হইতে জল চোঁয়াইয়া পড়ে; নিঃসম্বল। বাংপ্র। বিণ। [বি।
তলাট—ত্রিসীমানা; বহুদূরব্যাপী স্থান। <তল্লাট।
তলাতল—পুরাণোক্ত সপ্ত পাতালের অন্যতম। বি।
তলানি—অধোভাগের জল; পাত্রস্থ কোন দ্রব্যমিশ্রিত জলের নিম্নাংশ। তলা+নি কর্তৃ (বাংপ্র)। বি।
তলানো—তলাইয়া যাওয়া, ডুবিয়া যাওয়া; নীচে নামা; গভীরভাবে চিন্তা করিয়া দেখা বা বুঝা; অত্যন্ত ঋণগ্রস্ত হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
তলাভিঘাত—চপেটাঘাত। তল (করতল) দ্বারা অভিঘাত, ৩য়াতৎ। বি; পুং।
তলারসা—যাহার ভিতরে রস আছে এমন; অবস্থাপন্ন, ধনশালী। বহু (বাংপ্র)। বিণ।
তলাস, তল্লাস—অন্বেষণ। <আ 'তল্লাশ'। বি।
তলি—প্রান্ত, উপকণ্ঠ। <স্থলী। বি।
তলোয়ার—'তলয়ার' দ্রঃ।
তল্প—শয্যা; ভার্যা; অট্টালিকা। তল্+প কর্ম। বি; পুং বা ক্লী। [বি: পুং।
তল্পকীট—ছারপোকা। তল্পস্থিত কীট, মধ্যপ।
তল্পি, তল্পী—বুচকি, গাঁটরি। বাংপ্র। বি।
তল্পি-তল্পা—বোচকা-বুচকি, ছোটবড় মোট, যাত্রীর সমস্ত জিনিসপত্র। বাংপ্র। বি।
তল্পিদার—যে তল্পি বহন করে; ভৃত্য। তল্পি+দার বাহকার্থে (বাংপ্র)। বি।
তল্লাট—প্রদেশ, অঞ্চল; সীমা। বাংপ্র। বি।
তল্লাশ, তল্লাস—তালাস, খোঁজ। <আ 'তলাশ'। বি। [কর্তৃ। বি; পুং।
তষ্টা (-ষ্টৃ)—সূত্রধর; বিশ্বকর্মা। তক্ষ্+তৃন্
তষ্টি—ধারণা। বাংপ্র। বি।
তষ্টিদার—নাছোড়বান্দা। বাংপ্র। বি।
তসবি—মুসলমানদিগের জপমালা। আ। বি।
তসবির—ছবি, প্রতিমূর্তি। <আ 'তসবীর'। বি।
তসর—একধরনের রেশম; একপ্রকার রেশমী কাপড়। <ত্রসর। বি। [রুফ'। বি বা বিণ।
তসরুপ, তছরুপ—ক্ষতি; অপহৃত। <আ 'তসর্-
তসলা—রন্ধনপাত্র বিঃ; হুড়কা, খিল। বাংপ্র। বি।
তসলিম—নমস্কার, অভিবাদন। আ। বি।
তসলিমাত—বহু অভিবাদন, অনেক নমস্কার। 'তস-লিম শব্দের বহুবচন। বি।
তস্—তাহার। প্রা কপ্র। সর্ব।
তস্কর—চোর, অপহারক। উপতৎ; তৎ—কৃ+অচ্ কর্তৃ (নিপা)। বি; পুং।
তস্করতা—চুরিবিদ্যা, চৌর্য। তস্কর+তা ভাবে। বি; স্ত্রী। [যুক্ত।
তস্য—তাহার। সং। সর্ব। **তস্য তস্য**—দূরসম্পর্ক-
তহবিল—মজুত টাকা, মূলধন; নগদ টাকা, cash. আ। বি।
তহবিলদার—কোষাধ্যক্ষ, খাজাঞ্চী। তহবিল+দার (আ-মু)। বি।
তহবিলদারি—তহবিলদারের কাজ। তহবিলদার+ই (আ-মু)। বি। [বি।
তহসিল—খাজনা আদায়; সংগৃহীত খাজনা। আ।
তহসিলদার—মহাল ডিহি বা মৌজা প্রঃ জমিদারির যে কোন অংশের খাজনা আদায়কারী। তহসিল+দার করে অর্থে (আ-মু)। বি।
তাঁহ, তঁহি, তাঁহি—সেইজন্য; তথায়; তবে; তখন; তাহার উপর। প্রা কপ্র। অ।
তা—১। ডিমের উপরে বসিয়া তাপ দেওয়া। <তাপ। ২। আস্ত কাগজ। <ফা 'তহ'। ৩। (গোঁফে) পাক। <তার। বি। ৪। তাহা, সেই। <তাহা। সর্ব। ৫। ভাবার্থে প্রযুক্ত তদ্ধিত প্রত্যয় বিঃ ('সরসতা')। **তা দেওয়া**—ডিম ফুটাইবার জন্য পাখিদের ডিমের উপর বসিয়া শরীরের তাপ দেওয়া; যত্ন লওয়া; পরিপাটী করা।
তাই—১। তাহাই। তা+ই। সর্ব। ২। করতালি। <তালি। বি। ৩। সেই জন্য। বাংপ্র। অ।
তাইতে—তাহাতে; সেই কারণে। বাংপ্র। অ।
তাইতো—সেই জন্যই তো; তাহাই তো; অবাক্ হওয়ার ভাবপ্রকাশক। বাংপ্র। অ।
তাউই, তালুই—ভ্রাতা অথবা ভগিনীর শ্বশুর। <তাতগু। বি।
তাউস—ময়ূর। আ। বি।
তাওয়া—পিত্তলাদিনির্মিত পাত্র বিঃ, চাটু; কাগজের খণ্ড; আগুনে তুলিয়া রাখিবার মাটির পাত্র; কলিকায় তামাকের উপর বসাইবার চাকতি বিঃ। বাংপ্র। বি।
তাওয়ানো—তপ্ত করা; উত্তেজিত করা। বাংপ্র। ক্রি [, বি]।
তাংড়ানো—সামলানো; সংকুলান হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
তাঁত—১। বস্ত্রবয়ন-যন্ত্র; বীণাদির তন্ত্রী। <তন্ত্র। ২। সূত্র; আঁশ। <তন্তু। বি।
তাঁতঘর, -শাল—যেখানে তাঁতে কাপড় বোনা হয়। বাংপ্র। বি।
তাঁতী—জাতি বিঃ, বস্ত্রনির্মাতা। <তন্ত্রী। বি।
তাঁবা—তাম্র। <তামা। বি।
তাঁবু—পটবাস; শিবির। <আ 'তম্বু'। বি।
তাঁবে—অধীনতায়। আ। বি।
তাঁবেদার—আজ্ঞাধীন; সেবক, ভৃত্য; অধীন। তাঁবে+দার (আ-মু)। বি বা বিণ। বি, -দারি।
তাক—১। দেওয়ালে সংলগ্ন বা দেওয়ালের ভিতরে প্রস্তুত পুস্তকাদির আধার। আ। ২। লক্ষ্য; নিশানা; আন্দাজ। বিস্ময়; <তর্ক। বি। **তাকে তাকে**—তর্কে তর্কে, সন্ধানে; কোন কিছুর প্রতি অন্যের অজান্তে লক্ষ্য রাখিয়া।
তাকত—সামর্থ্য, শক্তি। আ। বি।
তাকা—লক্ষ্য করা; অপেক্ষা করা; প্রস্তুত হওয়া; অনুমান করা। বাংপ্র। ক্রি।
তাকানি—দেখা; লক্ষ্যস্থিরকরণ। বাংপ্র। বি।
তাকানো—দেখা, চাওয়া; লক্ষ্য স্থির করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

তাকাবি—চাষী প্রজাদিগকে রাজসরকার হইতে বিনা সুদে ঋণ দেওয়া। <আ 'তাকাবী'। বি।

তাকিয়া—ঠেস দিবার মোটা বালিশ। ফা। বি।

তাগড়া, তাগড়াই—মোটাসোটা ও লম্বা। <হি 'তগ্ড়া'। বিণ।

তাগা—ডোর; হাতে বাঁধিবার সুতা; উপর হাতের অলংকার বিঃ, অনন্ত। <প্রাকৃত 'তগ্গ'। বি।

তাগাড়—দালান-কোঠা তৈয়ারি করিবার সময় চুন সুরকি মিশাইবার আধার বা গর্ত। <তু 'তাগার্'। বি।

তাগাদা—প্রাপ্য অর্থ চাওয়া, জরুরী প্রয়োজন, চাহিদা; বার বার কিছু করিতে বলা। <আ 'তাকাজাহ্'। বি।

তাগিদ—তাগাদা, প্রাপ্য অর্থাদি চাওয়া; জরুরী প্রয়োজন, চাহিদা; মনে করাইয়া দেওয়া। আ। বি।

তাগিদদার—তাগাদাকারক, যে প্রাপ্য অর্থাদি চায় এমন। আ-ম্। বি বা বিণ। [বি।

তাগী—মাছ ধরিবার সুতা; সরু বাটালি। বাংপ্র।

তাগড়ানো—আধারে স্থান সংকুলান হওয়া। বাংপ্র। ক্রি [, বি]। [বি।

তাচ্ছল্য, তাচ্ছিল্য—হেলা, অশ্রদ্ধা। <তাচ্ছীল্য।

তাচ্ছীল্য—১। তচ্ছীলতা, তৎস্বভাবতা, habit. তচ্ছীল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। ২। তাচ্ছল্য (তাহা দ্রঃ)।

তাজ—মুকুট, উঁচু টুপি; তাজমহল। ফা। বি।

তাজা—নূতন, টাটকা; রসাল; জীবন্ত। <ফা 'তাজহ্'। বিণ। **তাজা কার্তুজ**—বিস্ফোরণ শক্তিযুক্ত কার্তুজ।

তাজিয়া—হাসান-হোসেনের সমাধিমন্দিরের প্রতিকৃতি, গামারা। <আ 'তাজিয়হ'। বি।

তাজী—আরবী ঘোড়া বিঃ। ফা। বি।

তাজ্জব—১। আশ্চর্য, বিচিত্র। বিণ। ২। বিস্ময়। <আ 'ত-অজ্জুব্'। বি। [<হি 'তামজান'। বি।

তাঞ্জাম—সুসজ্জিত চতুর্দোল, sedan chair.

তাড়—১। তাড়ন; আঘাত; ধ্বনি। তড়্+ঘঞ্ ভাব। বি। ২। তালগাছ। তড়্+ঘঞ্ কর্তৃ। বি; পুং। ৩। সেকেলে বাহুর অলংকার বিঃ। প্রা কপ্র। বি।

তাড়ক—যে তাড়না করে এমন, তাড়নকারী। তড়্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**তাড়িকা**।

তাড়কা—মারীচের মাতা রাক্ষসী বিঃ। তাড়—কৈ+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

তাড়ন—প্রহার, আঘাত; ভর্ৎসন; শাসন; দীক্ষাংগ মন্ত্রসংস্কার বিঃ। তড়্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

তাড়না—তাড়ন (সকল অর্থে)। তড়্+ণিচ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।

তাড়নী—কশা, চাবুক, কোড়া। তড়্+ণিচ্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।

তাড়স—টাটানি, বেদনা। বাংপ্র। বি। **তাড়সের জ্বর**—টাটানিতে যে জ্বর হয়, sympathetic fever.

তাড়া—১। আক্রমণ করিবার জন্য পিছনে পিছনে ছোটা; ভর্ৎসনা; স্থূল বংশদণ্ড; অর্গল, খিল। <তড়্' ধাতু। ২। জরুরী দরকার; কাজের জন্য পীড়াপীড়ি। <ত্বরা। ৩। গুচ্ছ, বাণ্ডিল। <তাড়্' ধাতু। বি। **তাড়া খাওয়া**—তাড়িত হওয়া, অনুসৃত হওয়া। **তাড়া দেওয়া**—তাড়াতাড়ি করিবার জন্য পীড়ন করা, তাগিদ দেওয়া; ধমকানো, তিরস্কার করা।

তাড়াতাড়ি—১। জরুরী দরকার; শীঘ্রতা। বি। ২। সত্বর। <ত্বরা। ক্রি-বিণ।

তাড়ানো—দূর করা; তাড়ন করা; তাড়না দ্বারা চরানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

তাড়াহুড়া, -হুড়ো—১। তাড়াতাড়ি। ক্রি-বিণ। ২। তাড়াতাড়ি করার জন্য জুলুম; ক্ষিপ্রতা। স্বল্প (বাংপ্র)। বি।

তাড়ি—১। তালগাছ। তড়্+ণিচ্+ই কর্ম। বি; স্ত্রী। ২। তালখর্জুরাদিজাত মাদক রস; আভরণ বিঃ। তাড় (তাল)+ই জাতার্থে। ৩। ছোট অড়া, ছোট গোছা। তাড়া+ই ক্ষুদ্রার্থে (বাংপ্র)। বি।

তাড়িখানা—তাড়ি বিক্রয়ের দোকান। বাংপ্র। বি।

তাড়িত—১। যাহাকে তাড়াইয়া দেওয়া হইয়াছে এমন, দূরীকৃত; বেগে চালিত; আহত; বাধিত; তিরস্কৃত; উৎপীড়িত; দণ্ডিত; বিদ্ধ। তড়্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। ২। পদার্থ বিশেষ ঘর্ষণ দ্বারা যে আকর্ষণী বা বিয়োজনী শক্তি উদ্ভূত হয় সেই শক্তি; বিশ্বব্যাপ্ত তেজোময় পদার্থ বিঃ। বি; ক্লী। ৩। বৈদ্যুতিক। তড়িৎ+অণ্ ভবার্থে। বিণ। স্ত্রী, -তী। ৪। তড়িৎ, electricity. তড়িৎ+অণ্ স্বার্থে। বি; ক্লী।

তাড়িত-পরিচালক, -সঞ্চালক—যে সকল বস্তুর ভিতর দিয়া তাড়িত সহজে চলাচল করে এমন, electric conductor. ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-চালিকা, -সঞ্চালিকা**। [কর্মধা। বি; স্ত্রী।

তাড়িতবার্তা—তারের খবর, টেলিগ্রাম, telegram.

তাড়িতবার্তাবহ—যাহার সাহায্যে বৈদ্যুতিক শক্তিতে সংবাদ আদান-প্রদান করা হয়, সংবাদবাহক বৈদ্যুতিক তার, টেলিগ্রাফ, telegraph. তাড়িত (তড়িচ্চালিত) বার্তাবহ, কর্মধা। বি; পুং।

তাড়িত-শকট—ট্রামগাড়ি; বৈদ্যুতিক ট্রেন। কর্মধা। বি; পুং বা ক্লী।

তাড়িতাপরিচালক—যে সকল বস্তুর ভিতর দিয়া তাড়িত শক্তি সহজে চলাচল করিতে পারে না এমন, electric nonconductor. ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-লিকা**।

তাড়িতালোক—বৈদ্যুতিক আলো। তাড়িত যে আলোক, কর্মধা। বি; পুং।

তাড়ু—ভিয়ান করিবার বড় খুন্তি। <তর্দু। বি।

তাড্যমান—যাহাকে তাড়না করা হইতেছে এমন, যাহাকে বাজানো হইতেছে এমন। তড়্+ণিচ্+শানচ্ কর্ম। বিণ।

তাণ্ডব—নৃত্য; শিবের নৃত্য; পুরুষের নৃত্য;

উদ্দামনৃত্য; ভয়াবহ ধ্বংসাত্মক ব্যাপার। তণ্ডু+অণ্ প্রণয়নার্থে। বি; ক্লী।
তাণ্ডবনৃত্য—উদ্দাম নাচ; বিশৃঙ্খল কাণ্ড। কর্মধা। বি; ক্লী।
তাণ্ডবলীলা—নৃত্যক্রীড়া; সাংঘাতিক কার্যাদি; সর্বনাশকর ব্যাপার। কর্মধা। বি; স্ত্রী।
তাত—১। পিতা; মান্য বা পূজ্য ব্যক্তি; স্নেহের পাত্র; পুত্র। তন্+ক্ত কর্তৃ (নিপা)। বি; পুং। ২। উত্তাপ; তীব্রতা। ‹তাপ। বি।
তাতল—উত্তপ্ত ("তাতল সৈকতে বারিবিন্দু সম"—বিদ্যা)। প্রা কপ্র। বিণ।
তাতা—১। উত্তপ্ত হওয়া; রাগিয়া ওঠা। ক্রি। ২। গরম। তাত্+আ কর্তৃ (বাংপ্র)। বিণ।
তাতানো—১। তপ্ত। তাতা+নো কর্ম (বাংপ্র)। বিণ। ২। গরম করা; রাগানো। বাংপ্র। ক্রি [, বি]।
তাতারসি—আখ বা খেজুরের ঘনীভূত রস; পাতলা গুড়। বাংপ্র। বি।
তাতাল—রাং ঝাল দিবার লৌহদণ্ড বিঃ। বাংপ্র। বি।
তাৎকালিক—তৎকালীন, তখনকার, সেই সময়কার। তৎকাল+ইক (ঠঞ্, ঞিঠ) ভবার্থে। বিণ। স্ত্রী, -কী, -কা।
তাত্ত্বিক—তত্ত্ববিদ্; তত্ত্ব সম্বন্ধীয়, theoretical; প্রকৃত, সত্য। তত্ত্ব+ইক সম্বন্ধার্থে। বিণ।
তাৎপর্য—অভিপ্রায়, মর্ম; উদ্দেশ্য; তৎপরতা। তৎপর+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [ক্লী।
তাৎপর্যগ্রহণ—অর্থ বুঝা, মর্মবোধ। ৬ষ্ঠীতৎ। বি;
তাথৈ—মৃদঙ্গবাদ্যের অনুকরণশব্দ; নর্তনাদির অনুকরণশব্দ। কপ্র। অ।
তাদর্থ্য—সেই অর্থের ভাব; 'সেই জন্য' এই অর্থ বা ভাব। তদর্থ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
তাদাত্ম্য—তৎস্বরূপতা, অভেদ; তাহার সহিত একীভাব। তদাত্মার ভাব এই অর্থে তদাত্মন্+ষ্যঞ্। বি; ক্লী।
তাদৃশ—সেইরূপ। তদ্—দৃশ্+কঞ্ কর্ম-কর্তৃ। বিণ। স্ত্রী, -শী।
তান—১। কণ্ঠের বা যন্ত্রের সুর; সংগীতে একসঙ্গে অতি দ্রুত কতকগুলি সুরের উচ্চারণ; লক্ষ্য, উদ্দেশ্য। তন্+ঘঞ্ কর্ম। ২। বিস্তার। তন্+ঘঞ্ ভাব। বি; পুং। ৩। জ্ঞানের বিষয়। তন্+ঘঞ্ কর্ম। বি; ক্লী। **তান ছাড়া**—মুক্তকণ্ঠে গান করা। **তান তোলা**—গানের সুর উচ্চ হইতে উচ্চতর গ্রামে তোলা। **তান ধরা**—কোন বিশেষ সুর ধরা, গান আরম্ভ করা। [‹তম্বুরা। বি।
তানপুরা—বীণাকৃতি বাদ্যযন্ত্র বিঃ; তুম্বুরুবীণা।
তানব—তনুতা, কৃশতা। তনুর ভাব এই অর্থে তনু+অণ্। বি; ক্লী।
তানা-না-না—গান গাহিবার পূর্বে রাগরাগিণীর প্রথম আলাপ; (তাহা হইতে) কোন কার্যের প্রথম সূচনা, কার্যের আয়োজন; কাজের আরম্ভে কালক্ষেপ; বাজে কাজ। বাংপ্র। বি।
তান্তব—১। সূত্রবিষয়ক; তন্তুনির্মিত; যে সকল দ্রব্যকে টানিয়া টানিয়া অত্যন্ত সূক্ষ্ম তার প্রস্তুত করা যায় এরূপ, ductile. তন্তু+অণ্ বিকারার্থে। বিণ। স্ত্রী, -বী। ২। বয়ন। তন্তু+অণ্ নিষ্পাদিতার্থে। বি; ক্লী।
তান্ত্রিক—তন্ত্রশাস্ত্র-মতাবলম্বী; তন্ত্রশাস্ত্রবেত্তা; তন্ত্রশাস্ত্র সম্বন্ধীয়; তন্ত্রশাস্ত্রবিহিত; সিদ্ধান্তজ্ঞ। তন্ত্র+ইক সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী, -কী।
তাপ—উষ্ণতা; আঁচ; সন্তাপ; জ্বর; যাতনা; মনঃপীড়া; আধ্যাত্মিক আধিদৈবিক ও আধিভৌতিক—এই ত্রিবিধ দুঃখ। তপ্+ঘঞ্ ভাব। বি; পুং।
তাপক—১। তাপজনক; মনস্তাপদাতা। বিণ। স্ত্রী—তাপিকা। ২। জ্বর। তপ্+ণক কর্তৃ। বি; পুং।
তাপত্রয়—আধ্যাত্মিক আধিদৈবিক ও আধিভৌতিক—এই ত্রিবিধ সন্তাপ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
তাপন—১। সূর্য; কন্দর্পবাণ; সূর্যকান্তমণি; কিরণ। তপ্+ণিচ্+অন কর্তৃ। ২। আনন্ধ যন্ত্র বিঃ। তপ্+ণিচ্+অনট্ কর্ম। বি; পুং। ৩। তাপপ্রদান। তপ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ৪। তাপজনক। তপ্+ণিচ্+অন কর্তৃ। বিণ। [অনীয় কর্ম। বিণ।
তাপনীয়—যাহা গরম করা যায় এমন। তপ্+ণিচ্+
তাপমান—১। তাপের পরিমাণ; তাপের নিরূপণ; উষ্ণতার পরিমাণ নিরূপক যন্ত্র, thermometer. ৬ষ্ঠীতৎ। বি। ২। তাপের পরিমাণ-নিরূপক। তাপের মান যদ্দ্বারা, বহু। বিণ।
তাপমান-যন্ত্র—যে যন্ত্রে উত্তাপের পরিমাণ নিরূপিত হয়, তাপপরিমাপক যন্ত্র, thermometer. কর্মধা। বি; ক্লী। [বি; স্ত্রী।
তাপশক্তি—উষ্ণতারূপ শক্তি, heat energy. কর্মধা।
তাপস—১। মুনি। তপস্+অণ্ আছে অর্থে। বি; পুং, বা বিণ। ২। তপঃ সম্বন্ধীয়। তপস্+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -সী। [পুং।
তাপসতরু, -দ্রুম—ইঙ্গুদীবৃক্ষ। ৬ষ্ঠীতৎ। বি;
তাপসেক—তাপ প্রদান, বেদনাযুক্ত স্থানাদিতে তাপ লাগানো। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
তাপস্য—তপস্বীর ধর্ম; তপস্যাচরণ। তাপস+ষ্যঞ্। বি; ক্লী।
তাপহারী (-হারিন্)—তাপনাশক; দুঃখবিনাশী। উপতৎ; তাপ—হৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -হারিণী।
তাপা—তাপিত হওয়া; তাপিত করা; তাপ গ্রহণ করা; রাগ করা। বাংপ্র। ক্রি [, বি]।
তাপাধিক্য—তাপের আতিশয্য। তাপের আধিক্য, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [ক্রি [, বি, বিণ]।
তাপানো—গরম করা; দুঃখ দেওয়া; রাগানো। বাংপ্র।
তাপিত—তাপযুক্ত, যে তাপ পাইয়াছে এরূপ; দুঃখিত; খেদান্বিত। তপ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
তাপী (তাপিন্)—১। তাপজনক। তপ্+ণিন্ কর্তৃ। ২। তাপযুক্ত; দুঃখী। তাপ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—তাপিনী।
তাপ্পি—তালি, পটি; থাপ্পা, পট্টি। বাংপ্র। বি।

তাফতা—পশমী বা রেশমী বস্ত্র বিঃ। ফা। বি।
তা' বড়—বেশ বড়; নামজাদা। বাংপ্র। বিণ।
তাবৎ—১। সাকল্য; অবধি; পরিচ্ছেদ; অবধারণ; তদবধি, ততক্ষণ; তৎকালে; তৎপরিমাণ। তদ্ (সেই)+ডাবৎ। অ। ২। তৎসংখ্যক; তৎপরিমিত। তদ্+ডবতু পরিমাণার্থে। বিণ; ক্লী। [বি।
তাবিজ—অলংকার বিঃ; কবচ। <আ 'তাবীজ্'।
তামরস—পদ্ম। তামর—সস্+ড কর্তৃ। বি; ক্লী।
তামলী—পানব্যবসায়ী জাতি বিঃ। <তাম্বুলী। বি।
তামস—তামসিক, তমোগুণজাত; তমোগুণযুক্ত; তমোগুণ-প্রাবল্যে অনুষ্ঠিত; গর্হিত, নিন্দিত; গাঢ় অন্ধকারে আচ্ছন্ন। তমস্+অণ্ যুক্তার্থে, ভবার্থে। বিণ। স্ত্রী, -সী। [কর্মধা। বি; পুং।
তামস-যজ্ঞ—অন্নবস্ত্রদক্ষিণারহিত শ্রদ্ধাবিহীন যজ্ঞ।
তামসিক—তমোগুণজাত; তমোগুণান্বিত। তমস্+ইক ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী, -কী।
তামসী—১। অন্ধকার রাত্রি; কালী; একপ্রকার মায়া-বিদ্যা; তমোগুণযুক্তা রমণী। বি; স্ত্রী। ২। আঁধারে ঢাকা, তমসাবৃতা; তামসিকী। তমস্+অণ্ ব্যাপ্ত্যর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।
তামা—ধাতু বিঃ। <তাম্র। বি।
তামাক, তামাকু, তাম্রকূ—তাম্রকূট, পাতা বা গাছ বিঃ; গুড়ে মিশানো তামাক। <পোর্তু 'tabacco'. বি।
তামাকখোর, তাম্রকুখোর—যে তামাক খায়; তামাকে আসক্ত। স্পেনীয়-মূলক; বি বা বিণ।
তামাটে—তাম্রাভ; তাম্রাস্বাদবিশিষ্ট। তামা+টে সদৃশার্থে (বাংপ্র)। বিণ।
তামাতুলসী—তাম্র ও তুলসীপত্র। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
তামাদি—নির্দিষ্ট সময় অন্তে ভূম্যাদির স্বত্ব বা দলিলাদি অকার্যকর হওয়া। <আ 'তমাদি'। বি। বিণ—**তামাদী**।
তামাম—সমস্ত। <আ 'তমাম'। বিণ।
তামামি—শেষ। আ-মূ। বি।
তামাশা—রহস্য, কৌতুক; খেলা, বাজি। <আ 'তমাশা'। বি।
তামিল—১। দক্ষিণ ভারতের ভাষা বিঃ; দাক্ষিণাত্য-বাসী জনসম্প্রদায় বিঃ। ২। আদেশাদি পালন, অনুসরণ। <আ 'তা-আমীল'। বি।
তাম্রকু—তামাক (তাহা দ্রঃ)। [বি।
তাম্বুলী—পানব্যবসায়ী জাতি বিঃ। <তাম্বুলী।
তাম্বু, তাঁবু—বস্ত্রাবাস; শিবির। হি। বি।
তাম্বুল—পান, নাগবল্লী। তম্+বুলচ্ কর্তৃ (নিপা)। বি; ক্লী।
তাম্বুলকরঙ্ক, -পেটিকা—পানের বাটা, ডিবে। ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী।
তাম্বুলকরঙ্কবাহিনী—পর্ণপাত্র-বহনকারিণী দাসী, অন্তঃপুরচারিণী দাসী। উপতৎ; তাম্বুলকরঙ্ক—বহ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
তাম্বুলরাগ—পান খাওয়ার জন্য ঠোঁটের লাল রং, পানের দাগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
তাম্বুলিক—তাম্বুলবিক্রেতা, তামলী জাতি। তাম্বুল+ইক তাহা দ্বারা জীবনধারণ করে অর্থে। বি; পুং। স্ত্রী, -কী।
তাম্বুলী (-লিন্)—পানব্যবসায়ী, তামলী জাতি। তাম্বুল+ইন্ আছে অর্থে। বি; পুং।
তাম্র—১। তামাধাতু। তম্+র (নিপা)। বি; ক্লী। ২। কুষ্ঠরোগ বিঃ; অরুণবর্ণ। বি; পুং। ৩। অরুণবর্ণবিশিষ্ট, রক্তবর্ণযুক্ত। তাম্র (অরুণ-বর্ণ)+অচ্ আছে অর্থে। বিণ।
তাম্রকুণ্ড—পূজাদিতে ব্যবহার্য তামার পাত্র বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [ক্লী।
তাম্রপট্ট, -পট, -পত্র—তামার পাত। ৬ষ্ঠীতৎ। বি;
তাম্রফলক—তামার পাটা বা পাত, copper-plate. তাম্রনির্মিত ফলক, মধ্যপ। বি; পুং বা ক্লী।
তাম্রবর্ণ—১। রক্তবর্ণবিশিষ্ট। তাম্রের বর্ণের ন্যায় বর্ণ যাহার, বহু। বিণ। ২। তামার রং। ৬ষ্ঠী-তৎ। বি; পুং। [স্ত্রী।
তাম্রমুদ্রা—পয়সা প্রঃ। তাম্রনির্মিত মুদ্রা, মধ্যপ। বি;
তাম্রলিপি, -শাসন—তাম্রফলকে লিখিত প্রাচীনকালের রাজার আদেশপত্র। তাম্রলিখিত লিপি, শাসন, মধ্যপ। বি; স্ত্রী, ক্লী।
তাম্রাভ—তামার মত রঙের, রক্তবর্ণ। তাম্রের আভার ন্যায় আভা যাহার, বহু। বিণ।
তায়—১। তাহাকে; তাহাতে। সর্ব। ২। তাহাতে আবার। বাংপ্র। অ।
তায়দাদ—সংখ্যা, পরিমাণ; সনদ, অধিকারপত্র। <আ 'তাদাদ'। বি।
তার—১। উচ্চস্বর; হারের মধ্যমণি। তৃ+ণিচ্+অচ্ কর্তৃ। ২। রজ্জু; ধাতুময় রজ্জু; প্রণব। তৃ+ঘঞ্ করণ। ৩। উত্তরণ। তৃ+ঘঞ্ ভাব। বি; পুং। ৪। নক্ষত্র; চোখের তারা; রৌপ্য। বি; ক্লী। ৫। অতি উচ্চ ('—স্বর'); স্থূল; দীপ্তিযুক্ত; পরিষ্কৃত; উত্তম; বিস্তৃত। তৃ+ণিচ্+অচ্ কর্তৃ। বিণ। ৬। স্বাদ; পাক ("ঘন ঘন গোঁফে দেয় তার"—মুকুন্দ); টেলিগ্রাম ('—করা')। বি। ৭। 'তাহার' শব্দের সংক্ষেপ। বাংপ্র। সর্ব।
তারক—১। চক্ষুর তারা; নক্ষত্র। তার+কন্ স্বার্থে। বি; ক্লী। ২। ভেলক, ভেলা; কর্ণধার। বি; পুং। ৩। ত্রাণকর্তা। তৃ+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**তারিকা**।
তারকনাথ—মহাদেব। কর্মধা। বি; পুং।
তারকব্রহ্ম (-ব্রহ্মন্)—"ওঁ শ্রীরাম রাম"—এই ষড়ক্ষর মন্ত্র।
"হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥"
এই বত্রিশ অক্ষরযুক্ত নামমালা। কর্মধা। বি; ক্লী।
তারকা—১। কনীনিকা, চোখের তারা; নক্ষত্র; মুদ্রণে তারকা চিহ্ন (*)। তারক+আপ্। বি; স্ত্রী। ২। বিখ্যাত চিত্রাভিনেতা বা চিত্রাভিনেত্রী, film-star. <ইং 'star'. বি।
তারকান্বিত—১। নক্ষত্রখচিত, তারায় ভরা; তারকা-

চিহ্নিত। তারকা+ণিচ্ (=তারকারি নামধাতু)+ক্ত কর্ম। ২। তারকা(২)দ্বারা অভিনীত। ইং 'starred' শব্দের বঙ্গানুবাদ। বিণ।

তারকারি—কার্তিকেয়। তারকের (অসুর বিঃ) অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তারকিণী—১। নিশা, রজনী। বি; স্ত্রী। ২। তারকা-যুক্তা, তারাশোভিতা। তারকা+ইন্ যুক্তার্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

তারকিত—নক্ষত্রখচিত, তারায় ভরা; তারকাচিহ্নিত। তারকা+ইতচ্ জাতার্থে। বিণ।

তারকেশ্বর—১। হুগলী জেলার অন্তর্গত প্রসিদ্ধ তীর্থস্থান। তারক (পরিত্রাণকারী) ঈশ্বর, কর্মধা; তারকেশ্বর+অচ্ আছে অর্থে। ২। মহাদেব। কর্মধা। ৩। চন্দ্র। তারকার ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তারণ—১। ত্রাণকর্তা। বিণ। ২। ভেলা। তৄ+ণিচ্+অন কর্তৃ। বি; পুং। ৩। পার করা, বিপদ্ হইতে উদ্ধার করা। তারি+অনট্ ভাব। বি; ক্লী।

তারণি—নৌকা, ভেলা। তৄ+ণিচ্+অনি করণ। বি; স্ত্রী। [তম+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

তারতম্য—ন্যূনাধিক্য, কমবেশি; ইতরবিশেষ। তর-

তারপলিন—ত্রিপল বা তিরপল, মোটা সুতার পাল। <ইং 'tarpaulin'. বি।

তারপিন—সরলবৃক্ষের নির্যাস, একপ্রকার তেল। <ইং 'turpentine'. বি।

তারল্য—তরলতা; চঞ্চলতা; পাতলা ভাব। তরল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

তারা—১। দশমহাবিদ্যার অন্তর্গত দ্বিতীয়া বিদ্যা; দুর্গা; বালী রাজার স্ত্রী; বৌদ্ধগণের দেবী বিঃ; বৃহস্পতিভার্যা; নক্ষত্র; * চিহ্ন; চক্ষুর মণি; রাগিণী বিঃ; (সংগীতে) সপ্তক বিঃ; বিশুদ্ধ-মন্ত্রা। তৄ+ণিচ্+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী। ২। তাহারা। বাংপ্র। সর্ব। ৩। রকম, প্রকার, ধারা। <ফা 'তরহ'। অ। ৪। ত্রাণ করা। বাংপ্র। ক্রি।

তারাকুমার—কার্তিকেয় বা গণেশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তারানাথ, -পতি—শিব; চন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তারাপথ—আকাশ, নভোমণ্ডল। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [যাহার, বহু। বি; পুং।

তারাপীড়—চন্দ্র। তারা আপীড় (শিরোভূষণ)

তারিখ—মাসের সংখ্যাত দিন। আ। বি।

তারিণী—১। দেবী শক্তির রূপভেদ। বি; স্ত্রী। ২। ত্রাণকর্ত্রী, উদ্ধারিণী। তৄ+ণিচ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী।

তারিফ—ব্যাখ্যা; প্রশংসা; স্তুতি; বাহাদুরি; পরিচয়। আ। বি।

তারুণ্য—তরুণতা, নবীনতা; যৌবনাবস্থা। তরুণ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

তার্কিক—তর্কপ্রিয়; তর্কশাস্ত্রাধ্যায়ী। তর্ক+ইক জানে বা পড়ে এই অর্থে। বিণ। স্ত্রী. -কী।

তার্ণ—১। কুশাসন। বি; ক্লী। ২। তৃণ সম্বন্ধীয়; তৃণজাত; তৃণময়। তৃণ+অণ্। বিণ। স্ত্রী—তার্ণী।

তার্পিন—তারপিন (তাহা দ্রঃ)।

তাল—১। গানে বা বাজনায় সময় ও ঝোঁক নির্ধারণ করিবার পদ্ধতি; গীতে ও বাদ্যে প্রস্বনিত স্থান; সংগীতের বিশেষ বিশেষ ছন্দ (যেমন, ঝাঁপ, দাদরা)। তল্+ঘঞ্ অধি। ২। বিস্তৃত অঙ্গুষ্ঠ ও মধ্যমাঙ্গুলিমিত পরিমাণ; তালগাছ; করতাল। তল্+ঘঞ্ করণ। ৩। করতলে আঘাত; দক্ষিণ করতল দ্বারা বাম বাহুতে প্রহার। তল্+ঘঞ্ ভাব। ৪। করতল; খড়্গমুষ্টি। তল্+ঘঞ্ অধি। বি; পুং। ৫। হরিতাল। তল্+ণিচ্+অচ্ করণ। ৬। লেখ্যপত্র; দুর্গার সিংহাসন। তালি+ঘঞ্ অধি। ৭। তালফল। তাল+অচ্ তৎফলার্থে। বি; ক্লী। ৮। ধাক্কা, ঠেলা; হাঙ্গামা; গোলাকার পিণ্ড; রাশি, টাল। বাংপ্র। বি। **তাল কাটা**—তাল ভঙ্গ হওয়া। **তাল ঠোকা**—দ্বন্দ্বযুদ্ধ-ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বীকে আহ্বানার্থ বাহুতে করতলাঘাত করা। **তাল দেওয়া**—গানের তালে তালে কোন শব্দ করা বা হস্ত সঞ্চালন করা। **তাল পাকানো, তাল লাগানো**—জটিল করা, গণ্ডগোলের সৃষ্টি করা; ফাঁকা কথা বলা। **তাল পাতার সেপাই**—(ব্যঙ্গার্থে) দীর্ঘকায় অতিশয় কৃশ লোক; সাধারণতঃ মুখে আস্ফালনকারী ব্যক্তি। **তালে তাল দেওয়া**—মতে মত দেওয়া।

তালকানা—সংগীতের তালজ্ঞানশূন্য; দৃষ্টিহীন; যে কেবল একদিকে চোখ রাখে এমন; নির্বোধ, কাণ্ড-জ্ঞানহীন। বাংপ্র। বিণ।

তালক্ষীর—তালশর্করা, তালের গুড় বা চিনি; দুধের সঙ্গে পাক-করা পাকা তালের রস। তালজাত ক্ষীর, মধ্যপ। বি; ক্লী।

তালচোঁচ—একপ্রকার পাখি। <তালচঞ্চু। বি।

তালনবমী—ভাদ্রমাসের শুক্লা নবমী। বাংপ্র। বি।

তালবাখড়া, -বাগড়া—তালপাতার শুষ্ক লম্বা ডাঁটা। বাংপ্র। বি।

তালবৃন্ত—তালপাতা ও পাতার ডাঁটা, তালপাতার পাখা। তালে (করতলে) বৃন্ত (বন্ধন) যাহার, বহু। বি; ক্লী।

তালবেতাল—দুইজন যক্ষ বা উপদেবতা। দ্বন্দ্ব। বি; পুং।

তালবোধ—তালজ্ঞান, সংগীতের তাল বুঝা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তালব্য—তালু হইতে উচ্চারিত ('—বর্ণ'); তালু সম্বন্ধীয়। তালু+যৎ ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ। **তালব্য বর্ণ**—ই, ঈ, চ-বর্গ, য, শ—এই নয়টি বর্ণ।

তালভঙ্গ—গানের তাল কাটিয়া যাওয়া; বেতাল হওয়া; শৃঙ্খলাহীনতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তালশাঁস—কচি তালের আঁঠির শাঁস। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

তালা—১। কুলুপ। <তলক। ২। সাময়িক বধিরতা, হঠাৎ কানে শুনিতে না পাওয়ার অবস্থা। বাংপ্র। বি।

তালাক, তল্লাক—শপথ; মুসলমানদিগের পতিপত্নীর পরস্পরসম্বন্ধ-বিচ্ছেদের জন্য শপথ বা প্রতিজ্ঞা। <আ 'তলাক্'। বি।

তালাক-নামা—মুসলমানদিগের বিবাহবিচ্ছেদের দলিল। তালাক+নামা লিপি অর্থে (আ-মু)। বি। [তালাশী।

তালাশ—তল্লাশ। <আ 'তলাশ'। বি। বিণ—

তালি—১। বৃক্ষ বিঃ। তল্+ইণ্ কর্তৃ। বি; স্ত্রী। ২। হাতে তাল দেওয়া। <তাল। ৩। কাপড় ইঃর ছেঁড়া জায়গায় যে ছোট টুকরা জুড়িয়া দেওয়া হয়। বাংপ্র। বি।

তালিকা—ফর্দ, প্রয়োজনীয় দ্রব্যের পর পর নামোল্লেখ। <আ 'তালিক্'। বি।

তালিম—শিক্ষা, উপদেশ। আ। বি।

তালী—১। ছোট তালগাছ। তাল+অচ্ আছে অর্থে +ঈপ্। ২। তাড়ী। তাল+অণ্ উৎপন্নার্থে+ঈপ্। ৩। চাবিকাটী। তল্+ণিচ্+অচ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

তালু—তেলো, টাকরা, palate. তৄ+ঞুণ্ করণ। বি; ক্লী।

তালুই—ভাই বা বোনের শ্বশুর। <তাতগুু। বি।

তালুক—জমিদারের অধীন ছোট জমিদারি; ভূ-সম্পত্তি। <আ 'তঅল্লুক'। বি।

তালুকদার—জমিদারের অধীন জমিদার; তালুকের মালিক। তালুক+দার মালিক অর্থে (আ-মু)। বি।

তালুকদারি—তালুকদারের কার্য; জমিদারির একাংশের অধিকারিত্ব। তালুকদার+ই কর্মার্থে, অধিকারার্থে (আ-মু)। বি। [ফা-মু। বিণ।

তালেবর—ধনাঢ্য; মান্য; মাতব্বর; বুদ্ধিমান্। আ-

তাল্লাক—'তালাক' দ্রঃ।

তাস—খেলার নিমিত্ত চিত্রিত ক্ষুদ্র স্থূল কাগজ; কাগজে জড়ানো সুতা। হি। বি। **তাস পেটা**—উৎসাহের সহিত তাস খেলা; অকাজে মত্ত থাকা। **তাসের ঘর**—ক্ষণস্থায়ী স্বার্থ; সংকটজনক অনিশ্চিত অবস্থা।

তাসা—১। তাস ভাঁজ করা বা বাঁটিয়া দেওয়া। বাংপ্র। ক্রি [, বি]। ২। তাসের ন্যায় কাগজে গোটানো সুতা। বাংপ্র। বি।

তাসানো—তাসের গোছা ওলটপালট করা; তিরস্কার করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বি; ক্লী।

তাস্কর্য—তস্করতা, চৌর্য। তস্কর+অণ্ ভাবার্থে।

তাহা—তৎ, সেই। <তদ্। সর্ব।

তাহে—তাহাতে, তায়। কপ্র। সর্ব। [সর্ব।

তিঁহ, তিঁহি, তিঁহো, তিহো—তিনি; সে। প্রা কপ্র।

তিক্ত—১। তিক্তরস। বি; পুং। ২। তিক্তস্বাদযুক্ত। তিজ্+ক্ত কর্তৃ। বিণ। **তিক্ত অভিজ্ঞতা**—মনঃকষ্ট লাঞ্ছনা প্রতারণা প্রঃর অভিজ্ঞতা, bitter experience.

তিগ্ম—১। তীক্ষ্ণ; উষ্ণ। তিজ্+মক্ কর্তৃ। বিণ। ২। তীক্ষ্ণতা। তিজ্+মক্ ভাব। বি; ক্লী।

তিগ্মকর, -রশ্মি—সূর্য। বহু। বি; পুং।

তিগ্মাংশু—সূর্য। তিগ্ম অংশু যাহার, বহু। বি; পুং।

তিজারতী, তেজারতী—ব্যবসায় সম্বন্ধীয়; সুদের কারবার সম্বন্ধীয়; মহাজনী ব্যবসায় সম্বন্ধীয়। আ-মু। বিণ। ['tigela'. বি।

তিজেল—চওড়ামুখ চেপটা হাঁড়ি। <পোর্তু

তিড়বিড়ানি, তিড়বিড়িনি—চঞ্চলতা। বাংপ্র। বি।

তিড়বিড়ে—ছটফটে, চঞ্চল। বাংপ্র। বিণ।

তিত—তিক্তরসবিশিষ্ট, তেতো। <তিক্ত। বিণ।

তিতল—ভিজা; তিতা। প্রা কপ্র। বিণ।

তিতা—১। তেতো। <তিক্ত। বিণ। ২। সিক্ত হওয়া। কপ্র। ক্রি।

তিতানো—ভিজানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

তিতিক্ষা—ক্ষমা, সহিষ্ণুতা। তিজ্+সন্+অ ভাব+আপ্। বি; স্ত্রী। বিণ—**তিতিক্ষিত**।

তিতিক্ষু—সহিষ্ণু, ক্ষমাশীল। তিজ্+সন্+উ কর্তৃ। বিণ। [বিণ।

তিতিবিরক্ত—অত্যন্ত বিরক্ত, খুব উত্তেজিত। বাংপ্র।

তিতীর্ষু—তরণেচ্ছু, পার হইতে ইচ্ছুক। তৄ+সন্ ইচ্ছার্থে+উ কর্তৃ। বিণ। [কর্তৃ। বি; পুং।

তিত্তির, তিত্তিরি—তিতির পাখি। তিত্তি—রা+ক, ডি

তিথি—চন্দ্রকলার হ্রাসবৃদ্ধি দ্বারা সীমাবদ্ধ কাল, চান্দ্র মাসের ত্রিংশাংশ; পঞ্চদশ সংখ্যা, ১৫-সংখ্যা। অত্+ইথিন্ কর্তৃ (নিপা)। বি; পুং বা স্ত্রী।

তিথিকৃত্য—বিশেষ বিশেষ তিথিতে কর্তব্য বিশেষ বিশেষ কার্য। ৭মীতৎ। বি; ক্লী।

তিথিক্ষয়—অমাবস্যা; ত্র্যহস্পর্শ। বহু। বি; পুং।

তিথ্যমৃতযোগ—যোগ বিঃ। তিথিঘটিত অমৃতযোগ, মধ্যপ। বি; পুং।

তিন—৩-সংখ্যা; ৩-সংখ্যক। <ত্রি। বি বা বিণ। **তিন কান হওয়া**—গোপন না থাকা, প্রকাশিত হইয়া পড়া। **তিন মাথা এক হওয়া**—অতি বৃদ্ধ হওয়া। **তিন সত্য করা**—তিন বার শপথ করা; কঠিন শপথ করা।

তিনকাল—বাল্যাবস্থা যৌবনাবস্থা ও প্রৌঢ়াবস্থা; সত্য ত্রেতা ও দ্বাপর; ভূত ভবিষ্যৎ ও বর্তমান; খণ্ডপ্রলয়; দৈনন্দিনপ্রলয় ও মহাপ্রলয়; যামত্রয়। কর্মধা (বাংপ্র)। বি। **তিনকাল গিয়া এককালে ঠেকা**—বৃদ্ধ হওয়া।

তিনকুল—পিতৃকুল মাতৃকুল ও শ্বশুরকুল। কর্মধা (বাংপ্র)। বি। [<তদ্। সর্ব।

তিনি—(সম্ভ্রমে) সেই ব্যক্তি, পরোক্ষসম্ভ্রান্ত ব্যক্তি।

তিন্তিড়—১। তেঁতুল গাছ। বি; পুং। ২। তেঁতুল ফল। তিম্+অচ্ কর্তৃ (দ্বিত্ব ও ম-স্থানে ড়)। বি; ক্লী। [ঈপ্। বি; স্ত্রী।

তিন্তিড়ী—তেঁতুল গাছ; তেঁতুলফল। তিন্তিড়+

তিন্দু, তিন্দুক—গাবগাছ। তিজ্+কু কর্তৃ, তিন্দু+কন্ স্বার্থে। বি; পুং।

তিপ্পান্ন—৫৩-সংখ্যা বা ৫৩-সংখ্যক। <ত্রিপঞ্চাশৎ। বি বা বিণ।

তিমি—প্রকাণ্ড জলজন্তু বিঃ, whale; সমুদ্র। তম্+ইন্ কর্তৃ। বি; পুং।

তিমিঙ্গিল, তিমিংগিল—তিমিকেও গিলিয়া ফেলিতে পারিত এরূপ পৌরাণিক সুবৃহৎ জলজন্তু বিঃ। উপতৎ; তিমি—গৄ+ক কর্তৃ। বি; পুং।

তিমিত—১। নিশ্চল; আর্দ্র। তিম্+ক্ত কর্তৃ। ২। স্তিমিত। কপ্র। বিণ।

তিমির—১। অন্ধকার। বি; ক্লী। ২। চক্ষুরোগ বিঃ। বি; পুং। ৩। অন্ধকারময়। তিম্+কিরচ্ করণ। বিণ। [পুং। স্ত্রী, -রা, -রনী।

তিয়র—মৎস্যব্যবসায়ী জাতি বিঃ। <তীবর। বি;

তিয়াত্তর—৭৩-সংখ্যা, ৭৩-সংখ্যক। <ত্রিসপ্ততি। বি বা বিণ।

তিয়াষ, তিয়াষা—তৃষ্ণা। <তৃষা। বি।

তিরপল—স্থূল বস্ত্রনির্মিত চন্দ্রাতপ, পাল। <ইং 'tarpaulin'. বি।

তিরপিত—সন্তুষ্ট, প্রীত। <তৃপ্ত। কপ্র। বিণ।

তিরস্করণী, তিরস্করিণী—পর্দা, কানাত; যবনিকা; যে বিদ্যার প্রভাবে অপরের নিকট অদৃশ্য হওয়া যায়। তিরস্—কৃ+অনট্ করণ, ণিন্ কর্তৃ (নিপা)+ঈপ্। বি; স্ত্রী।

তিরস্কার, তিরস্ক্রিয়া—ভর্ৎসনা; অবজ্ঞা; অনাদর; নিন্দা; পর্দা। তিরস্—কৃ+ঘঞ্, পক্ষে শ ভাব+আপ্। বি; পুং, স্ত্রী।

তিরস্কৃত—ভর্ৎসিত; অবজ্ঞাত; আচ্ছাদিত; দূষিত। তিরস্—কৃ+ক্ত কর্ম। বিণ। [বি বা বিণ।

তিরানব্বই—৯৩-সংখ্যা; ৯৩-সংখ্যক। <ত্রিনবতি।

তিরাশি, তিরাশী—৮৩-সংখ্যা; ৮৩-সংখ্যক। <ত্র্যশীতি। বি বা বিণ।

তিরি—তিন; তিন ফোঁটাযুক্ত তাস। <ত্রি। বি।

তিরিক্ষি, তিরিক্ষ—উগ্র; কর্কশ। বাংপ্র। বিণ।

তিরিশ—৩০-সংখ্যা; ৩০-সংখ্যক। <ত্রিংশৎ। বি বা বিণ।

তিরোধান—অন্তর্ধান; অদৃশ্য হওয়া; ব্যবধান; আচ্ছাদন; মহাপুরুষের মৃত্যু হওয়া। তিরস্—ধা+অনট্ ভাব। বি; ক্লী।

তিরোভাব—অন্তর্ধান, তিরোধান। তিরস্—ভূ+ঘঞ্ ভাব। বি; পুং।

তিরোভূত—অন্তর্হিত; অদৃষ্ট। তিরস্—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

তিরোহিত—অন্তর্হিত; লুক্কায়িত। তিরস্—ধা+ক্ত কর্তৃ। বিণ।

তির্যক্ (তির্যচ্)—১। বক্র; কুটিল; পার্শ্বস্থ। অ। ২। বক্রগামী; কুটিলগামী; বিপরীতমুখী, transverse. তিরস্—অনচ্+কিপ্ কর্তৃ। বিণ; ক্লী। পুং—তির্যঙ্। [গতি, কর্মধা। বি; স্ত্রী।

তির্যক্গতি—বাঁকাভাবে যাওয়া, বক্রগমন। তির্যক্

তির্যক্পাতন—বকযন্ত্র দ্বারা চোয়ানো, distillation. সুপ্সুপা। বি; ক্লী।

তির্যগ্যোনি—মানুষ ভিন্ন পশু পক্ষী কীট ইঃ প্রাণী। বহু। বি; স্ত্রী।

তিল—শস্য বিঃ, তিলফল; তিল গাছ; দেহস্থ তিলাকার চিহ্ন; সূক্ষ্ম কাল; অত্যল্প পরিমাণ। তিল্+ক কর্তৃ। বি; পুং। **তিল আধ**—মুহূর্ত মাত্র, অতি অল্প সময় (প্রা কপ্র)। **তিলকে তাল করা**—সামান্য জিনিসকে অত্যন্ত বাড়াইয়া বলা ইঃ। **তিলে তিলে**—অল্প অল্প করিয়া।

তিলক—১। ললাটাদিতে ধারণীয় চন্দনাদিরচিত চিহ্ন বিঃ, ফোঁটা; গায়ের তিল। বি; পুং বা ক্লী। ২। তিলবৃক্ষ। বি; পুং। ৩। তিলযুক্ত; (অন্য শব্দের পরে বসিলে) শ্রেষ্ঠ; অলংকারস্বরূপ। তিল+কন্ যুক্তার্থে। বিণ। **তিলক কাটা**—অঙ্গে তিলকচিহ্ন ধারণ করা। **তিলক পরা**—তিলক ধারণ করা। [স্ত্রী।

তিলকল্ক—তিলের খইল। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা

তিলকসেবা—বৈষ্ণবাদির অঙ্গে তিলক মাটির চিহ্নধারণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

তিলকা—হার বিঃ; গাত্রে গন্ধাদি দ্বারা কৃত তিলপুষ্পাকার চিহ্ন, অলকা, ফোঁটা, টিকা। তিল—কৈ+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

তিলকাঞ্চন—তিল ও যৎসামান্য স্বর্ণের দ্বারা মাতাপিতার শ্রাদ্ধ; খুব কম খরচে শ্রাদ্ধ। বহু। বি; ক্লী।

তিলকুটা, তিলকুটো—তিলের তৈয়ারী মিষ্টান্ন বিঃ। বাংপ্র। বি।

তিলতৈল—তিলের তেল। তিলনিঃসৃত তৈল, মধ্যপ। বি; ক্লী।

তিলাঞ্জলি—মৃত আত্মার তৃপ্তির জন্য তিলযুক্ত জলাঞ্জলি; শেষ বিদায়; সম্পূর্ণরূপে ত্যাগ। তিলযুক্ত অঞ্জলি, মধ্যপ। বি; পুং।

তিলার্ধ—তিলপরিমিত ক্ষণের অর্ধ; অতি অল্প সময়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

তিলী (তিলিন্)—তিলব্যবহারী জাতি বিঃ। তিল+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ।

তিলেক—সামান্য সময়; সামান্য পরিমাণ। এক তিল, কর্মধা (বাংলা সন্ধি)। বি বা বিণ।

তিলেখাজা—তিলমিশানো চিনির মিষ্টান্ন। বাংপ্র। বি। [মধ্যপ। বি; স্ত্রী।

তিলোত্তমা—স্বর্গীয় অপ্সরা বিঃ। তিলগঠিতা উত্তমা,

তিলোদক—তিলমিশ্রিত জল। তিলমিশ্রিত উদক, মধ্যপ। বি; ক্লী।

তিষ্ঠ—দাঁড়াও, থাম ("তিষ্ঠ ক্ষণকাল"—মাইকেল)। সংস্কৃত 'স্থা'-ধাতু+লোট্ হি। ক্রি।

তিষ্ঠানো—টিকিয়া থাকা; অবস্থান করা; সহ্য করিয়া থাকা। বাংপ্র। ক্রি [, বি]।

তিষ্য—১। পুষ্যানক্ষত্র। তুষ্+ক্যপ্ অধি (নিপা)। ২। কলিযুগ। তুষ্+যক্ কর্তৃ (নিপা)। বি; পুং।

তিসি—মসিনা। <অতসী। বি।

তিহাই—তৃতীয় ব্যক্তি; এক-তৃতীয়াংশ (সংগীতে) বারত্রয় আবর্তিত হইয়া সমে আগত বোল তান ইঃ। বাংপ্র। বি।

তিহো—তিনি। প্রা কপ্র। সর্ব।
তীক্ষ্ণ—তীব্র; উষ্ণ; অনলস; ক্ষিপ্রকারী; আত্মত্যাগী; শাণিত; ধারালো; খর; উগ্র। তীক্ষ্ণ (তিজ্‌+ক্‌স্ন)+অচ্‌ বিশিষ্টার্থে। বিণ।
তীক্ষ্ণতা—তীব্রতা, উগ্রতা; ক্ষিপ্রকারিতা ইঃ। তীক্ষ্ণ+তা ভাবে। বি; স্ত্রী।
তীক্ষ্ণদংষ্ট্র—১। ব্যাঘ্র। বি; পুং। ২। ধারালো-দন্তবিশিষ্ট। তীক্ষ্ণ দংষ্ট্রা যাহার, বহু। বিণ।
তীক্ষ্ণধার—১। খড়্গ। বি; পুং। ২। অতিশয় ধারালো। বহু। বিণ।
তীক্ষ্ণলোহ—ইস্পাত। কর্মধা। বি; পুং বা ক্লী।
তীবর—সমুদ্র; তিয়র জাতি, ব্যাধ। তৃ+ষ্বরচ্‌ কর্তৃ। বি; পুং। স্ত্রী, -রী।
তীব্র—অধিক; মহৎ, দুঃসহ; তীক্ষ্ণ; উষ্ণ; কটু; কড়া; সংগীতে চড়া বা কড়ি, sharp. তীব্‌+রক্‌ কর্তৃ। বিণ।
তীব্রা—তেওড়া তাল; সংগীতে স্বরের শ্রুতি বিঃ। তীব্র+আপ্‌। বি; স্ত্রী।
তীর—১। তট, কূল। তীর্‌+ক কর্তৃ। বি; ক্লী। ২। বাণ, শর। ফা। বি।
তীরন্দাজ—বাণক্ষেপক, শরনিক্ষেপকারী। <ফা 'তীর-অন্দাজ'। বি বা বিণ।
তীরবেগে—অতি দ্রুত। বহু। ক্রি-বিণ।
তীরস্থ—তীরবর্তী; মৃত্যুর পূর্বে গঙ্গার তীরে নীত। উপতৎ; তীর—স্থা+ক কর্তৃ। বিণ।
তীর্ণ—উত্তীর্ণ; আপ্লুত; অভিভূত। তৃ+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।
তীর্থ—১। পুণ্যস্থান; ঘাট; উৎপত্তিস্থান। তৃ+থক্‌ অধি। ২। উপায়; সাধন। তৃ+থক্‌ করণ। ৩। পাত্র; সৎপাত্র; মন্ত্রী; গুরু; স্ত্রীরজঃ; শাস্ত্র; যজ্ঞ; অঙ্গুলিসমূহের অগ্র মধ্য ও মূলভাগ; আগম; নিদান; দর্শনশাস্ত্র; বহ্নি। তৃ+থক্‌ কর্ম, করণ, অধি। বি; ক্লী। **তীর্থ করা**—পুণ্যস্থান দর্শন করা।
তীর্থকর, -ঙ্কর, -ংকর, -কৃৎ—শাস্ত্রকার; জৈন ধর্মবীর (ইঁহাদের সংখ্যা চতুর্বিংশতি); বিষ্ণু। উপতৎ; তীর্থ—কৃ+ট, খ, ক্বিপ্‌ কর্তৃ। বি; পুং।
তীর্থকাক—১। তীর্থের কাকের মত যে কোন কিছুর প্রত্যাশায় বসিয়া থাকে এমন লোক। তীর্থে কাকবৎ, ৭মীতৎ (নিন্দা)। বি; পুং, বা বিণ। ২। তীর্থস্থিত কাক; পাণ্ডা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
তীর্থক্ষেত্র—পুণ্যস্থান। কর্মধা। বি; ক্লী।
তীর্থবাস—পুণ্যস্থানে অবস্থান, পুণ্যভূমিতে স্থায়িভাবে থাকা। ৭মীতৎ। বি; পুং।
তীর্থবাসী (-সিন্‌)—পুণ্যভূমিতে বাসকারী। উপতৎ; তীর্থ—বস্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -বাসিনী।
তীর্থযাত্রা—তীর্থের উদ্দেশে যাত্রা। তীর্থনিমিত্তক যাত্রা, মধ্যপ। বি; স্ত্রী।
তীর্থযাত্রী (-যাত্রিন্‌)—তীর্থের উদ্দেশে গমনকারী। তীর্থযাত্রা+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী, -যাত্রিণী।
তীর্থরাজ—কাশী। তীর্থের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বার শব্দ। বাংপ্র। অ।
তু—১। তুমি। প্রা কপ্র। সর্ব। ২। কুকুরকে ডাকিবার শব্দ। বাংপ্র। অ।
তুই—অন্তরঙ্গ বা নিম্নপদস্থ ব্যক্তির সম্বোধনসূচক 'তুমি' শব্দের অন্য রূপ। <ত্বম্‌। সর্ব।
তুইতোকারি—তুই-তোর ইঃ কথা বলিয়া অসম্মান করা, তুচ্ছতাচ্ছিল্য। বাংপ্র। বি।
তুঁ, তুঁহু—তুমি, তুই। প্রা কপ্র। সর্ব।
তুঁত—গাছ বিঃ; ফল বিঃ। বাংপ্র। বি।
তুঁতপোকা—যে গুটীপোকা তুঁতগাছের পাতা খাইয়া থাকে। মধ্যপ। বি।
তুঁতে—তাম্রঘটিত নীলবর্ণ উপরস বিঃ; copper sulphate. <তুত্থ। বি।
তুক—বশীকরণাদির জন্য প্রকরণ বিঃ; জাদুমন্ত্র; কীর্তনীয়া কর্তৃক গীত ভণিতাশূন্য ছোট পদ। বাংপ্র। বি।
তুক-তাক—বশীকরণ বা জাদুকর মন্ত্র ও ঔষধ; মন্ত্র; চেষ্টা। বাংপ্র। বি।
তুখড়, তুখোড়—সুনিপুণ, সুচতুর; কর্মঠ; শ্রেষ্ঠ। উৎকৃষ্ট। <তীক্ষ্ণকর। বিণ।
তুঙ্গ—১। উন্নত; উচ্চতাযুক্ত; শ্রেষ্ঠ; উগ্র। বিণ। ২। পর্বত; মেষাদি রাশি বিঃ; যোগ বিঃ। তুন্‌জ্‌ +ঘঞ্‌ করণ। বি; পুং। [পুং।
তুঙ্গিমা (-মন্‌)—উচ্চতা। তুঙ্গ+ইমন্‌ ভাবে। বি;
তুঙ্গী (তুঙ্গিন্‌)—১। কাহারও কোষ্ঠীমতে উচ্চস্থানে অবস্থিত গ্রহ। বি; পুং। ২। উচ্চস্থানস্থিত। তুঙ্গ+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী—তুঙ্গিনী।
তুচ্ছ—১। অসার; হেয়, হীন; শূন্য; অল্প; বর্জিত। বিণ। ২। তুষ; ভূষি। তুদ্‌—ছো+ক কর্তৃ। বি; ক্লী।
তুচ্ছতাচ্ছিল্য—অবজ্ঞা; হেয়জ্ঞান। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
তুচ্ছতাচ্ছিল্য, -তাচ্ছীল্য— <তুচ্ছতাচ্ছল্য। বি।
তুড়ি—অঙ্গুলিদ্বয়ের ঘর্ষণের ধ্বনি; অঙ্গুলিস্ফোট। বাংপ্র। বি। **এক তুড়িতে**—মুহূর্তমধ্যে; অনায়াসে। **তুড়ি দেওয়া**—হাই তোলার সময় দোষ কাটানোর জন্য আঙুলে আঙুল ঘষা; গানে তাল দেওয়া; বেপরোয়া ভাব দেখানো।
তুড়িলাফ—তাড়াতাড়ি লাফ; আনন্দের সহিত তড়াক করিয়া লাফ। বাংপ্র। বি।
তুড়ুম—সাজা দিবার জন্য দোষীর পায়ে বাঁধিবার কাঠ বিঃ; stocks; হাজতখানা। <ইং 'trunk' বি। **তুড়ুম ঠোকা**—হাজতে দেওয়া; কয়েদীকে বিশেষরূপে শাস্তি দেওয়া; ভালরূপ সাজা দেওয়া।
তুণ্ড—মুখ; ওষ্ঠাধর; চঞ্চু। তুণ্ড্‌+অচ্‌ কর্তৃ। বি; ক্লী। [বি।
তুত—গাছ বা ফল বিঃ; mulberry. <তূদ বা ফা।
তুত্থ, তুত্থক—তুঁতে। তুথ+অচ্‌ কর্তৃ। বি; ক্লী।
তুত্থাঞ্জন—অঞ্জন বিঃ; তুঁতের কাজল। তুত্থকৃত অঞ্জন (কাজল), মধ্যপ। বি; ক্লী।
তুন্দ—উদর। তুদ্‌+ক কর্তৃ। বি; ক্লী।

তুন্দ্রা—উত্তরমেরু অঞ্চলের সন্নিকটবর্তী শীতপ্রধান অঞ্চল। <ইং 'tundra'. বি।

তুন্নবায়—দরজী। উপতৎ; তুন্ন—বে+অণ্ কর্তৃ। বি; পুং।

তুফান—ঝড়, জোর বাতাস; জোর বাতাসের জন্য প্রবল তরঙ্গের উত্থান; বন্যা। আ। বি। **তুফান মেল**—তুফানের মত বেগে গমনশীল, রেলগাড়ি।

তুবড়ানো—১। কুঁচকাইয়া যাওয়া; টোল পড়িয়া যাওয়া। বাংপ্র। ক্রি। ২। কোঁচকানো, টোল-পড়া। তুবড়া+নো কর্তৃ (বাংপ্র)। বিণ।

তুবড়ি—সাপুড়ের দ্বিনল বাঁশী; একপ্রকার আতশ-বাজি। <তুম্ব। বি। **কথার তুবড়ি**—কথার জোর; অনর্গল কথা। **তুবড়ি ছাটানো**—অনর্গল জোরে জোরে কথা বলিয়া যাওয়া।

তুমি—যে ব্যক্তিকে বলা হইতেছে; সম্বোধিত ব্যক্তি। <ত্বম্। সর্ব, মধ্যমপুরুষ।

তুমুল, তুমূল—১। কলহ, গণ্ডগোল, হুড়োহুড়ি। তু+মুলক্, মুলক্ অধি। বি; ক্লী। ২। ঘোরতর, অতিশয়; উৎকট; ভয়ানক; ব্যাকুল; বিশৃঙ্খল। তু+মুলক্, মুলক্ কর্তৃ, করণ। বিণ।

তুম্ব—অলাবু, লাউ। তুন্ব্+অচ্ কর্তৃ। বি; পুং।

তুম্বি, তুম্বী—অলাবু, লাউ। তুন্ব্+ই কর্তৃ, ঈপ্ বিকল্পে। বি; স্ত্রী।

তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম—অশ্ব; চিত্ত। তুর্—গম্+ড, (ড্) খচ্, খচ্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, -গী, -ঙ্গী, -মী।

তুরগী (-গিন্), **তুরঙ্গী** (-ঙ্গিন্)—অশ্বারোহী, ঘোড়সওয়ার। তুরগ, তুরঙ্গ+ইন্ আছে অর্থে। বি; পুং।

তুরন্ত—শীঘ্র। হি। ক্রি-বিণ।

তুরপুন—কাঠ প্রভৃতে ছিদ্র করিবার যন্ত্র বিঃ, ভ্রমর। <ফা 'তুরমান'। বি।

তুরি, তুরী—মাকু; রণশৃঙ্গ বা রণশিঙ্গা। তুল+ই কর্তৃ (ল-স্থানে র), ঈপ্ বিকল্পে। বি; স্ত্রী।

তুরীয়—১। চতুর্থ; চারি অংশে নির্মিত; প্রবল; চরমোৎকর্ষপ্রাপ্ত মায়ার অতীত, লোকোত্তর, transcendental. বিণ। ২। ব্রহ্ম: চতুর্থাংশ; ব্রহ্মের সহিত আত্মার একীভাব, সমাধি। চতুর্+তীয় (নিপা)। বি; ক্লী।

তুরীয়ানন্দ—তুরীয়াবস্থার আনন্দ; (ব্যঙ্গে) আত্মহারা অবস্থা। কর্মধা। বি; পুং।

তুরুপ—তাসখেলায় চারি রঙের মধ্যে নির্বাচিত রঙের তাস; রঙের তাস দিয়া খেলার পিঠ লওয়া। <ফরাসী 'triomphe' অথবা ওলন্দাজ 'troef'. বি।

তুর্কী—তুরস্কদেশবাসী; তুরস্কদেশজাত; তুর্কীস্তানের অধিবাসী; তুর্কীস্তানজাত; তুর্কী ভাষা। তুর্কী। বি বা বিণ।

তুর্কীনাচন—তুর্কীদের উদ্দণ্ড নাচ; ভীষণ অস্বস্তিকর অবস্থা। বাংপ্র। বি।

তুল—১। দাঁড়িপাল্লা; তুলনা। <তুলা। বি। ২। তুলনীয়; সমান। কপ্র। বিণ।

তুলকালাম—হুলস্থূল কাণ্ড, হইচই ব্যাপার; প্রতিকূল সমালোচনা। <আ 'তুল-ই-কলাম'। বি।

তুলট—১। প্রাচীনকালে ব্যবহৃত তুলার নির্মিত কাগজ; হরিদ্রাবর্ণে রঞ্জিত স্থূল কাগজ বিঃ। বাংপ্র। ২। আপন দেহের ভারের পরিমাণ স্বর্ণাদিদান। <তুলাধট। বি।

তুলতুল—তুলার মত অতিশয় নরম অবস্থা। বাংপ্র। অ। বিণ, -তুলে।

তুলনা—সাদৃশ্য, উপমা; পরিমাণ। তুল্+অন ভাব +আপ্। বি; স্ত্রী।

তুলনামূলক—তুলনা সংক্রান্ত; তুলনায় কৃত বা সম্পাদিত, comparative. বহু। বিণ।

তুলনীয়—তুলনার যোগ্য। তুল্+অনীয় কর্ম। বিণ।

তুলসী—স্বনামপ্রসিদ্ধ বৃক্ষ। তুলা—অস্+অণ্ কর্তৃ (নিপা)+ঈপ্। বি; স্ত্রী। **তুলসী দেওয়া**—নারায়ণশিলার উপর মন্ত্র পড়িয়া তুলসীপাতা দেওয়া।

তুলসীমঞ্চ—যে উচ্চ মৃন্ময় বা মৃৎগর্ভ বেদীর উপরে তুলসী গাছ পুঁতিয়া পূজা করা হয়। মধ্যপ। বি; পুং।

তুলা—১। ভারের পরিমাণ; পরিমাণদণ্ড; নিক্তি; স্বর্ণরৌপ্যের পরিমাণ; শতপল পরিমাণ; মেষাদি দ্বাদশ রাশির সপ্তম রাশি; ভাণ্ড। তুল্+ক কর্তৃ+আপ্। ২। তুলনা, সাদৃশ্য। তুল্+ক বা ঘঞ্ ভাব+আপ্। ৩। গৃহের ঊর্ধ্বভাগস্থ কাষ্ঠ। তুল্+ক অধি+আপ্। বি; স্ত্রী। ৪। কার্পাস; কার্পাস শিমুল ইঃর ফলের আঁশ। <তুল। বি।

তুলাদণ্ড—নিক্তি, দাঁড়ি। ষষ্ঠীতৎ। বি; পুং।

তুলাদান—স্বীয় দেহের পরিমাণানুসারে স্বর্ণাদি দান। তুলা দ্বারা দান, ৩য়াতৎ; বা তুলাখ্য দান, মধ্যপ। বি; ক্লী।

তুলানো, তোলানো—উঠানো, উত্তোলিত করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

তুলাপুরুষ—মহাদান বিঃ, যাহাতে আপনার ভারের পরিমাণ স্বর্ণাদি দান করা হয়। - তুলামিত পুরুষ, মধ্যপ। বি; পুং। [বি; ক্লী।

তুলাব্রত—তুলাপুরুষ-মহাদান। তুলাখ্য ব্রত, মধ্যপ।

তুলাযন্ত্র—তুলাদণ্ড, পরিমাণদণ্ড। কর্মধা। বি; ক্লী।

তুলাযষ্টি—তুলাদণ্ড, পরিমাণদণ্ড। তুলাই যষ্টি, কর্মধা। বি; স্ত্রী।

তুলারাম-খেলারাম—উদ্বেগপূর্ণ অস্বস্তির ভাব। বাংপ্র। বি।

তুলি—চিত্রকরের ছবি-আঁকা লেখনী। <তুলী। বি।

তুলিত—পরিমিত, সদৃশীকৃত; উপমিত; বিশেষ প্রকারে রন্ধন করা (মাংসাদি)। তুলি+ক্ত কর্ম। বিণ।

তুলী—তুলি (তাহা দ্রঃ)।

তুল্য—সমান, সদৃশ। তুলা+যৎ সাদৃশ্যার্থে। বিণ।

তুল্যমূল্য—একই দামের, সমান দামী। বহু। বিণ।

তুল্যযোগিতা—কাব্যালংব বিঃ। তুল্যযোগিন্+তা ভাবে। বি; স্ত্রী। [বহু। বিণ।

তুল্যাঙ্ক—যাহাদের মান সমান; সমশক্তি, equivalent.

তুষ, তুস—ধান ইঃর খোসা, তুঁষ। তুষ্+ক কর্তৃ। বি; পুং। **তুষের আগুন**—তুষাগ্নি; দীর্ঘকাল-স্থায়ী মনঃকষ্ট বা শোক।

তুষ-তুষলি—বালিকাদিগের ব্রত বিঃ। বাংপ্র। বি।

তুষা—সন্তুষ্ট করা, তৃপ্ত করা। কপ্র। ক্রি।

তুষানল—১। তুষের আগুন, তুষাগ্নি; দীর্ঘকাল-স্থায়ী মনঃকষ্ট বা শোক। তুষের অনল, ৬ষ্ঠী-তৎ। ২। তুষাগ্নিতে শরীর দাহরূপ প্রায়শ্চিত্ত বিঃ। তুষানল+অচ্ কৃত অর্থে। বি; পুং.

তুষার—১। নীহার, হিম, snow ; জলকণা, গুড়ানি বৃষ্টি; শৈত্য; বরফ। বি; পুং। ২। শীতল। তুষ্+আরক্ কর্তৃ। বিণ।

তুষারকণা—হিমকণা, হিমজলের অতি ক্ষুদ্র বিন্দু। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

তুষারগিরি—বরফ-ঢাকা পাহাড়; হিমালয়। তুষার-মণ্ডিত গিরি, মধ্যপ। বি; পুং।

তুষারধবল—বরফের মত সাদা। তুষারবৎ ধবল, উপ-মান কর্মধা। বিণ।

তুষ্ট—তৃপ্ত; আহ্লাদিত। তুষ্+ক্ত কর্তৃ। বিণ।

তুষ্টি—তৃপ্তি; হর্ষ। তুষ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

তুস—'তুষ' দ্রঃ।

তুহিন—১। হিম, snow ; জ্যোৎস্না। বি; ক্লী। ২। শীতল। তুহ্+ইন কর্তৃ। বিণ।

তুহিনকর—চন্দ্র। বহু। বি; পুং।

তুহু, তুহুঁ—তুমি। প্রা কপ্র।। সর্ব।

তূণ—বাণাধার, বাণ রাখিবার চোঙ্গা। তূণ্+ক কর্তৃ। বি; পুং।

তূণক—১৫-অক্ষরযুক্ত ছন্দ বিঃ। বি; ক্লী।

তূণী—বাণাধার। তূণ+ঈপ্। বি; স্ত্রী।

তূণীর—শরধি, বাণ রাখিবার চোঙ্গা। তূণী—রা+ক কর্তৃ। বি; পুং।

তূরী—বাদ্যযন্ত্র বিঃ। ত্বর্+ক কর্ম+ঈপ্ সংজ্ঞার্থে। বি; স্ত্রী।

তূর্ণ—১। শীঘ্র, দ্রুত। ক্রি-বিণ। ২। সত্বর। ত্বর্+ক্ত কর্তৃ [বিকল্পে—ত্বরিত]। বিণ।

তূর্য—বিবিধ বাদ্যযন্ত্র। তুর্+ণ্যৎ কর্ম (নিপা)। বি; ক্লী।

তূলক—কার্পাস। তূল+কন্ স্বার্থে। বি; ক্লী।

তূলা—শ্বেত সুতা তৈয়ারি করিবার উপযুক্ত কার্পাস শিমূল প্রঃ ফলের ভিতরকার সাদা আঁশ। তূল্+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী। **তূলা ধোনা**—ধুনুরি-দের দ্বারা তূলার আঁশ ছাড়া-ছাড়া করা; ভীষণভাবে প্রহার করা।

তূলি, তূলী, তূলিকা—চিত্রসাধনী, চিত্রে রং লাগাই-বার তূলি; তূলময়ী শয্যা। তূল্+কি করণ; পক্ষে ঈপ্; বিকল্পে কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী। [তূষ্ণীম্—ভূ+ঘঞ্ ভাব। বি; পুং।

তূষ্ণীম্ভাব—মৌনাবলম্বন, চুপ করিয়া থাকা।

তূষ্ণীম্ভূত—নীরব, মৌনী। তূষ্ণীম্—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

তৃণ—ঘাস, খড় প্রঃ। তৃহ্+ক্ন কর্তৃ। বি; ক্লী।

তৃণকুটী, -কুটীর—তৃণাচ্ছাদিত গৃহ, খড়ো ঘর। তৃণাচ্ছাদিত কুটী, কুটীর, মধ্যপ। বি; স্ত্রী, ক্লী।

তৃণজ্ঞান—তৃণবৎ তুচ্ছ বোধ, তৃণের মত সামান্য মনে করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

তৃণদ্রুম—নারিকেল তাল সুপারি খেজুর বাঁশ প্রঃ গাছ। তৃণ সদৃশ দ্রুম, মধ্যপ। বি; পুং।

তৃণধান্য—নীবার উড়িধান শ্যামাক চীনক কোদো প্রঃ। তৃণজাত ধান্য, মধ্যপ। বি; ক্লী।

তৃণবৎ—তৃণের মত। তৃণ+বতিচ্ তুল্যার্থে। অ।

তৃণভোজী (-ভোজিন্)—ঘাসভক্ষণকারী, উদ্ভিজ্জ-ভোজী। উপতৎ; তৃণ—ভুজ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ভোজিনী।

তৃণাসন—মাদুর কুশাসন পাটী প্রঃ, তৃণের তৈয়ারী আসন। তৃণনির্মিত আসন, মধ্যপ। বি; ক্লী।

তৃতীয়—তিনের পূরক। ত্রি (তিন)+তীয় পূরণার্থে (ত্রি-স্থানে তৃ-আদেশ)। বিণ।

তৃতীয়া—তিথি বিঃ, তিনের পূরণী। তৃতীয়+আপ্। বি; স্ত্রী। [কর্তৃ। বিণ।

তৃপ্ত—সন্তুষ্ট; আহ্লাদিত; পূর্ণকাম। তৃপ্+ক্ত

তৃপ্তি—তৃষ্ণানিবৃত্তি; সন্তোষ; ক্ষুন্নিবৃত্তি; আহ্লাদ। তৃপ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

তৃষা, তৃষ্ণা—পিপাসা; ইচ্ছা; আকাঙ্ক্ষা; লোভ। তৃষ্+অ, নক্ ভাব+আপ্। বি; স্ত্রী।

তৃষাতুর, তৃষ্ণাতুর—পিপাসাকাতর; প্রবল আকাঙ্ক্ষার বশীভূত। তৃষা, তৃষ্ণা দ্বারা আতুর, ৩য়াতৎ। বিণ।

তৃষার্ত, তৃষ্ণার্ত—পিপাসাকাতর, তৃষ্ণাতুর। তৃষা, তৃষ্ণা দ্বারা ঋত বা আর্ত, ৩য়াতৎ। বিণ।

তৃষালু, তৃষ্ণালু—তৃষাযুক্ত; বাসনাপ্রবণ। তৃষা, তৃষ্ণা—লা+কু কর্তৃ। বিণ।

তৃষিত—পিপাসু; ইচ্ছুক; লুব্ধ। তৃষা+ইতচ্ জাতার্থে। বিণ।

তৃষ্ণা—'তৃষা' দ্রঃ। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

তৃষ্ণাক্ষয়—পিপাসা-নিবৃত্তি; বাসনার নাশ; শান্তি।

তৃষ্ণাতুর—'তৃষাতুর' দ্রঃ।

তৃষ্ণার্ত—'তৃষার্ত' দ্রঃ।

তৃষ্ণালু—'তৃষালু' দ্রঃ।

তৃষ্য—১। বাঞ্ছনীয়, কাম্য; লোভনীয়। তৃষ্+ক্যপ্ কর্ম। বিণ। ২। ইচ্ছা; লোভ। তৃষ্+ক্যপ্ ভাব। বি; ক্লী।

তে—১। তিন (সাধারণতঃ কোন শব্দের পূর্বে বসে)। <ত্রি। বিণ। ২। সে, সেই। <তদ্। ৩। কারকের বিভক্তি বিঃ; দ্বারা দিয়া বা মধ্যে; পাদপূরকশব্দ বা কথার মাত্রা। <তু। অ।

তেইশ—ত্রয়োবিংশতি, ২৩-সংখ্যা; ২৩-সংখ্যক। <ত্রয়োবিংশতি। বি বা বিণ।

তেইশে—মাসের ত্রয়োবিংশ দিবস। তেইশ+এ তারিখ অর্থে (বাংপ্র)। বি বা বিণ।

তেউটে—মিশ্রিত অনেক রকম দাল। বাংপ্র। বি।

তেউড়—বংশ কদলী প্রঃ গাছের চারা। বাংপ্র। বি।

তে-এঁঠে—তিনটি আঁঠিযুক্ত; অতীব ধূর্ত। তে (তিন) আঁঠি+এ বিশিষ্টার্থে, সদৃশার্থে (বাংপ্র)। বিণ। [বি।

তেওট—১৪ মাত্রার তাল বিঃ। <ত্রিবট বা ত্রিপুট।

তেওড়া—১। ১৪ মাত্রার তাল বিঃ। <ত্রিপুট। বি। ২। বক্র। <তির্যচ্। বিণ।

তেওড়ানো—বাঁকানো; বাঁকিয়া যাওয়া, মোচড়ানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

তেওয়ারী—হিন্দুস্থানী ব্রাহ্মণের উপাধি বিঃ। <ত্রিবেদী। বি। [বি।

তেওর—তিয়র, মৎস্যব্যবসায়ী জাতি বিঃ। <তীবর।

তেওরা—তেওড়া বা তীব্রা তালা। <ত্রিপুট। বি।

তে'ই—সেইজন্য। কপ্র। অ। [বি।

তে'তুল—প্রসিদ্ধ অম্লফল, বৃক্ষাম্ল। <তিন্তিড়ী।

তে'তুলে—তে'তুলের মত আকারের; তে'তুল সংক্রান্ত; বাগদী জাতির শ্রেণী বিঃ। তে'তুল+এ সম্বন্ধাদি অর্থে। বাংপ্র। বিণ বা বি। **তে'তুলে বিছা**—তে'তুলের মত লাল গাঁটযুক্ত এক ধরনের বিছা।

তে'দড়, তাঁদড়—দুরন্ত, দুর্বৃত্ত। <ছিত্বর। বিণ।

তে'হ—তিনি, সে। প্রা কপ্র। সর্ব।

তে'হো—তিনি। প্রা কপ্র। বি বা সর্ব।

তেকাটা—তেশিরা মনসা গাছ। বহু (বাংপ্র)। বি।

তে-কাঠা—তিনটি কাষ্ঠ দ্বারা নির্মিত আধার বিঃ (সাধারণতঃ ইহা দাঁড় বাঁধিয়া ঝুলাইয়া রাখা হয়); তেপায়া। তে (তিন) কাঠা যাহাতে, বহু (বাংপ্র)। বি।

তে-কোনা—তিনকোনা। বাংপ্র। বিণ।

তে-চোখো—১। তিন-চোখবিশিষ্ট। বিণ। ২। ক্ষুদ্র-মৎস্য বিঃ। তে (তিন) চোখ, কর্মধা+ও (<উয়া) বিশিষ্টার্থে (বাংপ্র)। বি।

তেজ—১। তৃতীয় বার জাত; তৃতীয় ('— বর', '— পক্ষ')। <ত্রিজ। বিণ। ২। <তেজঃ। বি।

তেজঃ (তেজস্)—১। আলোক, দীপ্তি; প্রতাপ; তীক্ষ্ণতা; পৌরুষ; পরাক্রম; প্রাণ গেলেও অপমানাদি সহ্য করিতে না পারা। তিজ্+অস্ ভাব। ২। শুক্র, অগ্নি, সূর্য প্রঃ জ্যোতিঃপদার্থ; স্বর্ণাদি ধাতু; ঘৃত; সারাংশ; পঞ্চভূতের অন্যতম। তিজ্+অস্ কর্তৃ। বি; ক্লী।

তেজন—তীক্ষ্ণীকরণ; উজ্জ্বল করা। তিজ্+অনট্ ভাব। বি; ক্লী।

তেজপক্ষ—তৃতীয় পক্ষ, দুইবার বিবাহের পর আবার বিবাহকারী। বাংপ্র। বি।

তেজপত্র—তেজপাতা। তেজ (তীক্ষ্ণ) পত্র, কর্মধা। বি; ক্লী।

তেজপাত, -পাতা—দারুচিনি জাতীয় বৃক্ষ বিঃ-এর পত্র। <তেজপত্র। বি।

তেজবন্ত, -মন্ত—তেজী, তেজালো। বাংপ্র। বিণ।

তেজবরে—তৃতীয়বার বিবাহকারী। বাংপ্র। বিণ।

তেজস্কর—যাহাতে তেজ বাড়ে এমন, তেজালো; শক্তিকারক। উপতৎ; তেজস্—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।

তেজস্ক্রিয়—যাহা হইতে একপ্রকার আলোকরাশি আপনা হইতেই বাহির হয়, radio-active. তেজো-যুক্ত ক্রিয়া যাহার, বহু। বিণ।

তেজস্বিতা—তেজোবিশিষ্টতা; প্রভাবশালিতা; বল-বত্তা। তেজস্বিন্+তা ভাবে। বি; স্ত্রী।

তেজস্বী (-স্বিন্)—যে অন্যায় সহিতে পারে না এরূপ; দীপ্তিমান্; পরাক্রান্ত; প্রভাবশালী; তেজোবিশিষ্ট। তেজস্+বিন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -স্বিনী।

তেজা—ত্যাগ করা। কপ্র। ক্রি [ব্রজবুলিতে 'তেজা' ক্রিয়ার বিভিন্ন রূপঃ—**তেজই**—ত্যাগ করে। **তেজব**—ত্যাগ করিবে, ত্যাগ করিব। **তেজবি**—ত্যাগ করিবে। **তেজয়ে**—ত্যাগ করে। **তেজল, তেজলি**—ত্যাগ করিল। **তেজলুঁ, তেজলুঁ**—ত্যাগ করিলাম। **তেজাস**—ত্যাগ করিতেছ। **তেজহ**—ত্যাগ কর।]

তেজারত, তেজারতি—ব্যবসায়, কারবার; সুদী কার-বার, মহাজনী। <আ 'তিজারত'। বি।

তেজারতী—ব্যবসায় সম্বন্ধীয়; সুদের কারবার সম্বন্ধীয়। আ-মু। বিণ।

তেজালো—তেজী; ঝাঁজালো। তেজ+আলো যুক্তার্থে (বাংপ্র)। বিণ।

তেজিমন্দি—বাজার দরের উঠানামা, দ্রব্যমূল্যের হ্রাস-বৃদ্ধি। বাংপ্র। বি। [শরার্থে। বিণ।

তেজিষ্ঠ—অতিশয় তেজস্বী। তেজস্বিন্+ইষ্ঠ অতি-

তেজী—তৃতীয়বার প্রসূতা ('— গাভী'); তেজস্বী; উচ্চ, চড়া। বাংপ্র। বিণ।

তেজীয়ান্ (-য়স্)—অত্যন্ত তেজস্বী। তেজস্বিন্ +ঈয়সুন্ অত্যর্থে। বিণ। স্ত্রী, -য়সী।

তেজোগর্ভ—তেজোবিশিষ্ট; তেজঃপূর্ণ। তেজঃ গর্ভে যাহার, বহু। বিণ।

তেজোময়—জ্যোতির্ময়, তেজঃপূর্ণ, দীপ্তিশীল। তেজস্+ময়ট্ প্রাচুর্যার্থে। বিণ। স্ত্রী, -য়ী।

তেজোমূর্তি—১। সূর্য। বি; পুং। ২। তেজো-যুক্ত। তেজঃ মূর্তি যাহার, বহু। বিণ।

তেজোরূপ—১। ব্রহ্ম। বি; ক্লী। ২। জ্যোতিঃ-স্বরূপ। তেজঃ রূপ যাহার, বহু। বিণ।

তেজোহীন—তেজঃশূন্য, নিস্তেজ। ৩য়াতৎ। বিণ।

তেঞি—১। তিনি, সেই ব্যক্তি। সর্ব। ২। তাহাতে; সেই জন্য। প্রা কপ্র। অ।

তেঠেঙে, তেঠেঙা—১। খুব সরু। বিণ। ২। তেপায়া। বাংপ্র। বি।

তেড়—কলাগাছের গোড়ার চারা গাছ। <তেউড়। বি।

তেড়ছা, তেড়া, তেরছা—বক্র, বাঁকা। <তির্যচ্। বিণ।

তেড়ি—টেরি, বাঁকা সিঁথি। বাংপ্র। বি। **তেড়ি কাটা**—মাথায় সিঁথি কাটা।

তেড়ে—তাড়িয়া, তাড়া করিয়া। বাংপ্র। অস-ক্রি।

তেড়েফুঁড়ে—তর্জন সহকারে, তাড়া করিয়া। বাংপ্র। ক্রি-বিণ।

তেতলা, তেতালা—১। তিন-তলাবিশিষ্ট। বিণ। ২। তিন-তলা। <ত্রিতল। বি।
তেতারা—ত্রিতন্ত্রী, সেতার। বাংপ্র। বি।
তেতালা—১। (সংগীত) ষোল মাত্রার তাল বিঃ। <ত্রিতাল। বি। ২। 'তেতলা' দ্রঃ।
তেতাল্লিশ—সংখ্যা বিঃ, ৪৩; ৪৩-সংখ্যক। <ত্রিচত্বারিংশৎ। বি বা বিণ।
তেতো—তিক্তস্বাদযুক্ত। <তিক্ত। বিণ।
তেত্রিশ—৩৩; ৩৩-সংখ্যক। <ত্রয়স্ত্রিংশৎ। বি বা বিণ।
তেথরী—তিন সারি করিয়া সাজানো; তিনটি স্তবকবিশিষ্ট; তিনটি স্তরের। বাংপ্র। বিণ।
তেনা—ছিন্নবস্ত্র, নেকড়া। প্রাদে। বি।
তেপলতে—গাছ বিঃ। বাংপ্র। বি।
তেপান্তর—নির্জন বিস্তীর্ণ মাঠ; রূপকথার সুবৃহৎ মাঠ বিঃ। <ত্রিপান্তর। বি।
তে-পায়া—ত্রিপদবিশিষ্ট আধার; কাষ্ঠনির্মিত ত্রিপদ আধার। বহু (বাংপ্র)। বি।
তেমন—তাদৃশ, সেইরূপ। সে+মন প্রকারার্থে (বাংপ্র)। বিণ।
তেমনই, তেমনি—তাদৃশ, তদনুরূপ; ঠিক সেইরকম; তখনই। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।
তেমহলা—তেতলা, তিনটি মহলযুক্ত। বাংপ্র। বিণ।
তেমাথা—তিন পথের একত্র সংযোগস্থল, তেরাস্তা; তিন মাথা; তিন মস্তকযুক্ত। তে মাথার সমাহার, সমা দ্বিগু (বাংপ্র)। বি বা বিণ।
তেমেটে—তিনবার মাটি লাগানো হইয়াছে এমন ('— প্রতিমা')॥ বাংপ্র। বিণ।
তেমোহানা, তেমুহানি—তিন নদীর সংযোগ-স্থান। তে (তিন) মোহানার, মুহানির সমাহার, সমা দ্বিগু (বাংপ্র)। বি।
তেয়াগ—ত্যাগ। কপ্র। বি।
তের—ত্রয়োদশ সংখ্যা, ১৩; ১৩-সংখ্যক। <ত্রয়োদশ। বি বা বিণ।
তেরচা, তেরছা—বাঁকা, আড়; বক্রভাবে, আড়ভাবে। <তির্যচ্। বিণ বা ক্রি-বিণ।
তেরাত্তির—তিন রাত্রি; অভীষ্টসিদ্ধির জন্য দেব-মন্দিরাদিতে তিন অহোরাত্র উপবাস করিয়া পড়িয়া থাকা। <ত্রিরাত্র। বি।
তেরিজ—বৃদ্ধি করা; যোগ করা। আ। বি।
তেরিমেরি—চোটপাট; কড়া কথা, কটুবাক্য; অশ্লীল গালাগালি। হি-মু। বি। [বাংপ্র। বিণ।
তেরিয়া—উদ্ধতস্বভাব, উগ্রপ্রকৃতি; মারমুখো। **তেরিয়ান**—মারমুখো; উদ্ধত। বাংপ্র। বিণ।
তেরোদশী—ত্রয়োদশী। বাংপ্র। বি বা বিণ।
তেরোস্পর্শ—যে দিনে তিনটি তিথির সংস্পর্শ হয়। <ত্র্যহস্পর্শ। বি।
তেল—১। সর্ষপাদির তেল। <তৈল। ২। অহংকার। বাংপ্র। বি। **তেল দেওয়া**—তৈল প্রয়োগ করা; তোষামোদ করা। **তেল মাখানো**—অপরের দেহে তৈল মর্দন করা; হীনভাবে তোষামোদ করা। **তেল হওয়া**—শরীরে চর্বি হওয়া; অহংকার হওয়া।
তেলকল—তেল বাহির করিবার যন্ত্র, ঘানি। ৬ষ্ঠী-তৎ (বাংপ্র)। বি।
তেলকালি—চকচকে ঘন কালো রং। বাংপ্র। বি।
তেলকুচকুচে, -চুকচুকে—তেল মাখাইলে যেমন চকচক করে তেমনি। ৩য়াতৎ (বাংপ্র)। বিণ।
তেলচিটা, -চিটে, -চটচটে—যাহা তেল লাগিয়া ময়লা হইয়াছে এবং ধরিলে আঠা লাগে এমন। বাংপ্র। বিণ।
তেলতেলে—তৈলচিক্কণ, চকচকে। বাংপ্র। বিণ।
তেলপড়া—মন্ত্রপূত তৈল। বাংপ্র। বি।
তেলা—তৈলাক্ত; মসৃণ। তেল+আ যুক্তার্থে (বাংপ্র)। বিণ।
তেলাকুচা—ফল বিঃ, বিম্বফল। বাংপ্র। বি।
তেলানি—অহংকার; আস্পর্ধা। বাংপ্র। বি।
তেলাপোকা—আরশুলা। নিত্য কর্মধা (বাংপ্র)। বি।
তেলামাথা, তেলোমাথা—তৈলাক্তমস্তক; অবস্থাপন্ন ব্যক্তি। কর্মধা (বাংপ্র)। বি। **তেলামাথায় তেল দেওয়া**—যাহার দরকার নাই তাহার সাহায্য করা।
তেলামো—তৈলাক্তভাব; বাড়াবাড়ি; অহংকার; হীন তোষামোদ। বাংপ্র। বি।
তেলী—তৈল ব্যবসায়ী জাতি বিঃ। <তৈলিক। বি; পুং। স্ত্রী—**তেলিনী**।
তেলেগু—১। দক্ষিণ-ভারতের ভাষা বিঃ। বি। ২। অন্ধ্রদেশীয়। <ত্রিকলিঙ্গ। বিণ।
তেলেঙ্গা—১। অন্ধ্রদেশীয়। বিণ। ২। অতি মসৃণ একপ্রকার ক্ষুদ্র সর্প। বাংপ্র। বি।
তেলেবেগুনে—ভীষণ ক্রুদ্ধ, ক্রোধে অগ্নিশর্মা। বাংপ্র। অ।
তেলেনা—'তুম তানা নানা' ইঃ ধ্বন্যাত্মক শব্দে রচিত গান। বাংপ্র। বি।
তেলো—১। তালু; করতল। <তালু ও তল। বি। ২। তৈলাক্ত, তেলা। তেল+ও (<উয়া) বিশিষ্টার্থে। বিণ।
তেশিরা—তিনটি শির বা পলযুক্ত। বাংপ্র। বিণ।
তেষট্টি—৬৩-সংখ্যা; ৬৩-সংখ্যক। <ত্রিষষ্টি। বি বা বিণ।
তেষ্টা—পিপাসা। <তৃষ্ণা। বি।
তে-সনী—ত্রৈবার্ষিক; তিন বৎসরের জন্য। বাংপ্র। বিণ।
তেসরা—মাসের তৃতীয় দিন। বাংপ্র। বি।
তেহাই—১। এক-তৃতীয়াংশ ("অর্ধেক পঙ্কেতে তার তেহাই সলিলে"—শুভঙ্কর)। কপ্র। ২। তবলা প্রঃ বাদনে বারত্রয় আবর্তিত হইয়া সমে আগত বোল ইঃ। <ত্রিঘাত। বি।
তেহাতি—যাহা মাপে তিন হাত এমন। বাংপ্র। বিণ।
তেহারা—তিনগুণ; তিনটি ভাঁজযুক্ত। বাংপ্র। বিণ।
তৈক্ষ্ণ্য—তীক্ষ্ণতা; উগ্রতা, তেজ। তীক্ষ্ণ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
তৈছন, তৈসন—১। তাদৃশ, সেইরূপ। বিণ। ২। সেই সময়। প্রা কপ্র। অ।
তৈছে, তৈসে—তাদৃশ, সেরূপ; সেরূপে। প্রা কপ্র। বিণ বা ক্রি-বিণ।

তৈজস—১। জ্যোতির্ময়; পিত্তলাদিধাতুনির্মিত ('—পদার্থ')। তেজস্+অণ্ বিকারার্থে। বিণ। স্ত্রী, -সী। ২। ধাতুদ্রব্য; পিতল কাঁসা প্রঃর পাত্র। তেজস্+অণ্ সম্বন্ধার্থে। বি; ক্লী।

তৈজসপত্র—বাসনকোসন। বাংপ্র। বি।

তৈত্তিরীয়—তিত্তিরির সম্বন্ধীয়; তিত্তিরিপ্রোক্ত যজুর্বেদশাখা ও তদধ্যায়ী। তিত্তিরি+ঈয় সম্বন্ধীয়ার্থে। বিণ। [বি।

তৈয়ার, তৈয়ারি, তৈরি—প্রস্তুতকরণ, নির্মাণ। ফা।

তৈয়ারী, তৈয়ার, তৈরী—প্রস্তুত; উদ্যত; পরিপক; শিক্ষাপ্রাপ্ত; ফাজিল। ফা। বিণ।

তৈল—তিলাদিনিঃসৃত স্নেহ, তেল। তিল+অণ্ বিকারার্থে। বি; ক্লী।

তৈলকার—তেলী; কলু। উপতৎ; তৈল—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, -রী। [ক্লী।

তৈলকিট্ট—খৈল; তেলের কাট। ৬ষ্ঠীতৎ। বি;

তৈলঙ্গ—কর্ণাটের পূর্ব ও দ্রাবিড়ের পূর্বোত্তরস্থিত দেশ বিঃ; তত্রত্য অধিবাসী। বি; পুং।

তৈলচিত্র—তেলরঙে আঁকা ছবি, oil-painting. মধ্যপ। বি; ক্লী। [বিণ।

তৈলনিষিক্ত—তৈলার্দ্র, তেলে ভিজানো। ৩য়াতৎ।

তৈলপক্ব—তেলে ভাজা ('—খাদ্য')। ৩য়াতৎ। বিণ।

তৈলপা, -পায়িকা—তেলাপোকা, আরশুলা। তৈল—পা+ক, ণক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

তৈলবীজ—তিল সরিষা প্রভৃতি শস্য। তৈলপ্রদ বীজ, মধ্যপ। বি; ক্লী।

তৈলযন্ত্র—তেলের ঘানি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

তৈলসেক—তেল দিয়া ভিজানো, তৈললেপন। ৩য়াতৎ। বি; স্ত্রী।

তৈলিক—১। তৈলকার, কলু। তৈল+ইক পণ্য ইহার এই অর্থে। বি; পুং। ২। তৈল সম্বন্ধীয়। তৈল+ইক সম্বন্ধীয়ার্থে। বিণ। স্ত্রী, -কী।

তৈলী (তৈলিন্)—তেলী; কলু। তৈল+ইন্ আছে অর্থে। বি; পুং। স্ত্রী—**তৈলিনী**।

তৈসন—'তৈছন' দ্রঃ।

তৈসে—'তৈছে' দ্রঃ।

তো—১। তবে, তাহা হইলে; নিশ্চয়তা দৃঢ়তা ইঃ জ্ঞাপক; জোর প্রয়োগ অর্থে; অবধারণ অর্থে; প্রশ্নার্থে; পাদপূরণে; কিন্তু; পক্ষে; প্রতিজ্ঞাসূচক; কোমলতা-জ্ঞাপক; পরিমাণসূচক; বটে। বাংপ্র। অ। ২। স্তবক; ভাঁজ। বি। ৩। তুমি, তুই; তোমার, তোর। প্রা কপ্র। সর্ব।

তোকমারি—একরকম ছোট বীজ। <ফা 'তুখম্-ই-রৈহান'। বি।

তোকে—(অনাদরে) তোমাকে। বাংপ্র। সর্ব।

তোখোড়—ধুরন্ধর, ওস্তাদ; ধড়িবাজ। <তীক্ষ্ণ-কর। বিণ।

তোটক—দ্বাদশাক্ষরপাদক ছন্দ বিঃ। তুট্+ণক কর্তৃ। বি; ক্লী।

তোড়—১। ভেদ; দ্বিধাকরণ, ছেদন; আঘাত। তুড়্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। স্রোতের প্রবল বেগ বা গতি; প্রবলতা, চোট। বাংপ্র। বি। মুখের তোড়—কথার জোর; বাক্যস্রোত।

তোড়-জোড়—আয়োজন, অনুষ্ঠান; যোগাড়যন্ত্র; দরকারী জিনিসপত্র। বাংপ্র। বি।

তোড়ন—ভাঙ্গিয়া ফেলা; হিংসন। তুড়্+অনট্ ভাব (বাংপ্র)। বি।

তোড়া—১। মুদ্রাধার, টাকা রাখিবার থলি; পুষ্পের কৃত্রিম গুচ্ছ বা স্তবক; পায়ের গহনা বিঃ। <আ 'তুর্‌রাহ্'। বি। ২। ভাঙ্গিয়া ফেলা; ছিন্ন করা; খুলিয়া ফেলা। বাংপ্র। ক্রি।

তোড়ানি—১। পরিবর্তিত মুদ্রাদি, ভাঙ্গানি; ভাঙ্গানোর মূল্য, বাটা। হি। ২। কাঁজি, আমানি। প্রা কপ্র। বি। [, বি, বিণ]।

তোড়ানো—টাকা প্রঃ ভাঙ্গানো। হি। ক্রি

তোড়ি—রাগিণী বিঃ। বাংপ্র। বি।

তোতলা—অস্পষ্টভাষী; উচ্চারণকালে যাহার কথা জড়াইয়া যায় এরূপ। বাংপ্র। বিণ। বি—তোতলামো, তোতলামি। ক্রি—তোতলানো।

তোতা—টিয়া পাখি, শুকপক্ষী; যে সকল পাখি কথা উচ্চারণ করিতে পারে তাহারা। <ফা 'তূতী'। বি।

তোপ—আগ্নেয় অস্ত্র, কামান। তু। বি।

তোপখানা—কামানশালা, কামান রাখিবার স্থান। <তোপ (তু)+খানা (ফা)। বি।

তোপচিনি—মসলা বিঃ; ওষধি বিঃ, chinaroot. <ফা 'তোবচীনী'। বি।

তোফা—অত্যুৎকৃষ্ট, অপূর্ব। <আ 'তুহ্‌ফহ্'। বিণ। [বিণ।

তোবড়া—টোল-খাওয়া; শুকাইয়া-যাওয়া। বাংপ্র।

তোবড়ানো—১। দুমড়ানো; বাঁকানো; টোল খাওয়ানো। ক্রি [, বি]। ২। টোলখাওয়া; বাঁকা; দুমড়ানো। তোবড়া+নো কর্ম (বাংপ্র)। বিণ।

তোবা—অনুতাপ, খেদ; ভবিষ্যতে পাপ না করার জন্য প্রতিজ্ঞা; ধিক্কারসূচক শব্দ। <আ 'তৌবহ্'। বি।

তোমর—লোহশাবল; লোহশাবল তুল্য যুদ্ধাস্ত্র; রায়বাঁশ। তো—মৃ+অচ্ করণ। বি; পুং বা ক্লী।

তোমরা—মধ্যমপুরুষের প্রথমার বহুবচন। বাংপ্র। সর্ব।

তোমা—তুমি; তোমাকে; তোমার। কপ্র। সর্ব।

তোমার—'তুমি'র সম্বন্ধপদ। বাংপ্র। সর্ব।

তোয়—১। জল; পূর্বাষাঢ়া নক্ষত্র। তু+কোয় কর্তৃ। বি; ক্লী। ২। তোমাকে, তোকে; তোমাতে, তোতে। প্রা কপ্র। সর্ব।

তোয়দ—১। মেঘ। বি; পুং। ২। জলদাতা। উপতৎ; তোয়—দা+ক কর্তৃ। বিণ।

তোয়ধি, তোয়নিধি—সমুদ্র, জলধি। তোয়—ধা, নি—ধা+কি অধি। বি; পুং।

তোয়াক্কা—সংস্রব, সম্পর্ক; খাতির; আশা, ভরসা। <আ 'তবাক্কু'। বি। **তোয়াক্কা না করা**—কাহারও কথা গ্রাহ্য না করা; কাহারও মুখ না চাওয়া।

তোয়াজ—যত্ন; খাতির, আদর। <আ 'তবাজ্জাহ্'। বি।

তোয়ালে—গামছা; হাতমুখ মুছিবার জন্য স্থূল বস্ত্রখণ্ড। <ইং 'towel' বা পো 'toalha'. বি।

তোরঙ্গ—পেটরা, টিনের বাক্স বিঃ। <ইং 'trunk'. বি।

তোরণ—বহির্দ্বার, ফটক; বারাণ্ডা; চাঁদনী। তুর্+অনট্ অধি। বি; পুং বা ক্লী।

তোলক—তোলা। তুল্+ঘঞ্ করণ+কন্ স্বার্থে। বি; পুং বা ক্লী।

তোলন—ওজন, তৌল করা; উত্থাপন। তুল্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**তোলিত**।

তোলপাড়, তোলাপাড়া—১। ওলটপালট; তুমুল আন্দোলন; আলোড়ন। স্পন্দ। বি। ২। ওলটপালট; বিব্রত। বাংপ্র। বিণ।

তোলা—১। ওজন। তুল্+ণিচ্+অচ্ ভাব+আপ্। বি; স্ত্রী। ২। তোলা, ভারপরিমাণ। <তোল। ৩। হাটে বা বাজারে বিক্রেতাদিগের নিকট হইতে করস্বরূপে দ্রব্য বা অর্থ গ্রহণ। তুল্+আ ভাব। বি। ৪। যাহা একস্থান হইতে অপরস্থানে লইয়া যাওয়া যায় এমন ('—উনুন'); যাহা উঠানো হইয়াছে এরূপ; লিখিত; সঞ্চিত; স্মৃতিগত; পোশাকি। তুল্+আ কর্ম। বিণ। ৫। উত্তোলন করা; উত্থাপন করা; মনে আনা; নিম্ন অবস্থা হইতে উন্নত করা; জাগানো; উপড়ানো; উঠাইয়া দেওয়া; (চাকরিতে) জবাব দেওয়া; বাহির করিয়া ফেলা; চয়ন করা; চড়ানো; প্রচার করা; কাপড়ের ছিদ্র মেরামত করা। বাংপ্র। ক্রি। **কথা তোলা**—রটনা করা; প্রসঙ্গ উত্থাপন করা। **গাছে তোলা**—মিথ্যা আশা ভরসা দেওয়া; অতিরিক্ত প্রশংসা করা। **গা তোলা**—উঠিয়া দাঁড়ানো। **গায়ে হাত তোলা**—প্রহার করা। **গুজব তোলা**—রটনা করা। **ঘর তোলা**—ঘর তৈয়ারি করা। **ঘাড় তোলা**—শক্তিমান্ হওয়া; পূর্বসম্মান ফিরিয়া পাওয়া। **চাঁদা তোলা**—চাঁদা সংগ্রহ করা। **জাতে তোলা**—স্বসমাজভুক্ত করিয়া লওয়া। **দাদ তোলা**—পূর্বশত্রুতার প্রতিশোধ লওয়া। **দুধ তোলা**—দুধ বমি করা (শিশুদের সম্বন্ধে প্রযোজ্য)। **পটল তোলা**—মারা যাওয়া। **পিঠের চামড়া বা ছাল তোলা**—অতিশয় প্রহার করা। **ফুল তোলা**—পুষ্প চয়ন করা; কাপড়ে ফুলের নকশা বোনা। **মাথা তোলা**—উন্নতিলাভ করা। **মুখ তোলা, মুখ তুলিয়া চাওয়া**—প্রসন্ন হওয়া; কৃপাদৃষ্টি করা; অনুগ্রহ দেখানো। **হেঁশেল তোলা**—রন্ধন ও ভোজনের শেষে রান্নাঘর পরিষ্কার করিয়া রান্নাঘরের কাজ সমাপ্ত করা।

তোলানো—'তুলানো' দ্রঃ।

তোলাপাড়া—'তোলপাড়' দ্রঃ।

তোলো, তোলোহাঁড়ি—বড় হাঁড়ি; তোলো হাঁড়ির ন্যায় গম্ভীর মুখ। <পো 'toalha'. বি।

তোল্য—যাহা ওজন করিতে হইবে এমন। তুল্+ণ্যৎ কর্ম। বিণ।

তোশক—বিছানা; ক্ষুদ্র গদি। ফা। বি।

তোশাখানা—ভাণ্ডার; যে ঘরে নানা আসবাবপত্র বা বিছানাপত্র থাকে। <ফা 'তোষখানহ্'। বি।

তোষ—তৃপ্তি, হর্ষ। তুষ্+ঘঞ্ ভাব। বি; পুং।

তোষক—সন্তোষজনক, তৃপ্তিদায়ক। তুষ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**তোষিকা**।

তোষণ—১। সন্তুষ্টকরণ, তৃপ্তিসাধন। তুষ্+ণিচ্+অনট্ ভাব। ২। যে জিনিসের দ্বারা তুষ্ট হওয়া যায়। তুষ্+অনট্ করণ। বি; ক্লী। ৩। সন্তোষযুক্ত। তুষ্+অন কর্তৃ। বিণ। ৪। তুষ্ট হওয়া, তৃপ্ত হওয়া। তুষ্+অনট্ ভাব। বি; ক্লী।

তোষণ-নীতি—বিপক্ষকে অথবা সমালোচকদিগকে কোনরূপ আক্রমণ না করিয়া সন্তুষ্ট রাখিবার নীতি, অপরের অন্যায় সহ্য করিয়া তাহাকে খুশী রাখিবার প্রয়াস। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

তোষণীয়—যাহাকে তুষ্ট করা যায়, বা উচিত। তুষ্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।

তোষামুদে—তোষামোদকারী। তোষামোদ+এ (<ইয়া) করে অর্থে। বিণ।

তোষামোদ—খোশামোদ, মন যোগানো; চাটুকারিতা। <ফা 'খুশামদ'। বি। [বিণ।

তোষিত—তর্পিত, সন্তোষিত। তুষ্+ণিচ্+ক্ত কর্ম।

তোসদান—গুলি বারুদ ইঃ রাখিবার থলি। ফা। বি।

তৌজি—প্রজার নাম জমির পরিমাণ খাজনা ইঃর হিসাবপত্র। <আ 'তৌজী'। বি।

তৌর্য—তূরী প্রঃ বাদ্যের শব্দ, তূর্যবাদ্য। তূর্য+অণ্ ভবার্থে। বি; ক্লী।

তৌর্যত্রিক—সমবেত নৃত্যগীতবাদ্য। মধ্যপ। বি; ক্লী।

তৌল—১। পরিমাণক্রিয়া, মাপন। তুলা+অণ্ স্বার্থে। ২। তুলাযন্ত্র, নিক্তি। তুলা+অণ্ পরিমাণার্থে; অথবা, তুলা (তুলাযন্ত্র)+অণ্ স্বার্থে। বি; ক্লী। [[, বি]।

তৌলা, তৌলানো—ওজন করা। বাংপ্র। ক্রি

তৌলিক—১। চিত্রকর, পটুয়া। তূলিকা+অণ্ তদ্দ্বারা জীবনধারণ করে অর্থে। বি। ২। পরিমাণকারী, কয়াল। তুলা+ইক বা তুলিকা+অণ্ করে অর্থে। বিণ। স্ত্রী, -কী।

ত্বক্ (ত্বচ্)—চর্ম, ছাল; স্পর্শেন্দ্রিয়; বল্কল; দারুচিনি। ত্বচ্+ক্বিপ্ কর্তৃ। বি; স্ত্রী।

ত্বগিন্দ্রিয়—স্পর্শেন্দ্রিয়। ত্বকই ইন্দ্রিয়, কর্মধা। বি; ক্লী।

ত্বদীয়—ত্বৎসম্বন্ধীয়, তোমার। যুষ্মদ্+ঈয় সম্বন্ধার্থে একবচনে। বিণ।

ত্বাদৃশ—তোমার মত, ত্বৎসদৃশ। তোমার ন্যায় বিধা যাহার, বহু। বিণ।

ত্বরণ, ত্বরা—বেগ, শীঘ্রতা; গতির ক্রমবৃদ্ধি, ক্রমশঃ গতি বাড়িয়া যাওয়া, acceleration; অভীষ্ট লাভের জন্য বিলম্ব করিতে অসহিষ্ণুতা; উৎকণ্ঠা। ত্বর্+অনট্ অঙ্+আপ্ ভাব। বি; ক্লী, স্ত্রী।

ত্বরমাণ—ত্বরান্বিত, যে তাড়াতাড়ি কোন কাজ করিতেছে এমন। ত্বর্+শানচ্ কর্তৃ। বিণ।

ত্বরান্বিত—ক্ষিপ্র, সত্বর। ত্বরা দ্বারা অন্বিত, ৩য়া-তৎ। বিণ।

ত্বরিত—১। সত্বর, শীঘ্র। ত্বর্+ক্ত কর্তৃ; অথবা, ত্বরা+ইতচ্ সংজাতার্থে। বিণ। ২। ত্বরা। ত্বর্+ক্ত ভাব। বি: ক্লী।

ত্বষ্টা (ত্বষ্টৃ)—১। বিশ্বকর্মা; সূত্রধর; দ্বাদশাদিত্যের মধ্যে আদিত্য বিঃ; চিত্রা নক্ষত্র। বি; পুং। ২। তক্ষণকর্তা। ত্বক্ষ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—ত্বষ্ট্রী।

ত্বাদৃশ—তোমার মত। যুষ্মদ্ (একবচন)—দৃশ্+কঞ্ কর্ম-কর্তৃ। বিণ। স্ত্রী, -শী।

ত্বিষাম্পতি—সূর্য। অলুক্ ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ত্যক্ত—১। বর্জিত; বিসৃষ্ট; দত্ত; নিক্ষিপ্ত। ত্যজ্+ক্ত কর্ম। ২। বিরক্ত, উত্যক্ত। বাংপ্র। বিণ।

ত্যক্তবিরক্ত—অতিশয় জ্বালাতন, অত্যন্ত বিরক্ত। বাংপ্র। বিণ।

ত্যজন, ত্যাগ—দান; পরিত্যাগ; বৈরাগ্য। ত্যজ্+অনট্, ঘঞ্ ভাব। বি; ক্লী, পুং।

ত্যজা—ত্যাগ করা। কপ্র। ক্রি।

ত্যজ্যমান—যাহা ত্যাগ করা হইতেছে এরূপ। ত্যজ্+শানচ্ কর্ম। বিণ। [বিণ।

ত্যাঁদড়—পাজী, দুষ্ট; বেহায়া; ছেঁচড়া। <ত্বিত্বর।

ত্যাগ—'ত্যজন' দ্রঃ।

ত্যাগপত্র—যে পত্রে বা দলিলে আমার কোন অধিকার নাই এইরূপ কথা লেখা থাকে তাহা। ত্যাগজ্ঞাপক পত্র, মধ্যপ। বি; ক্লী।

ত্যাগশীল—(বিষয়াদি) বর্জনশীল; দাতা; সহিষ্ণু। বহু। বিণ। [বি; পুং।

ত্যাগস্বীকার—স্বার্থত্যাগ; কামনাবর্জন। ৬ষ্ঠীতৎ।

ত্যাগী (ত্যাগিন্)—দাতা; বীর; বৈরাগী, বিবেকী; বর্জনশীল; কর্মফলত্যাগী। ত্যজ্+ঘিনুণ্ কর্তৃ, শীলার্থে। বিণ। স্ত্রী—ত্যাগিনী।

ত্যাজ্য—ত্যাগের যোগ্য, বর্জনীয়। ত্যজ্+ণ্যৎ কর্ম। বিণ।

ত্যাজ্যপুত্র—(অসৎ কর্মাদির জন্য) সম্পত্তির অধিকার হইতে বঞ্চিত ছেলে। কর্মধা। বি; পুং।

ত্যাড়া—বাঁকা; হেলানো। <'তির্যচ্'। বিণ।

ত্রপমাণ—যে লজ্জা পাইতেছে এমন, লজ্জমান। ত্রপ্+শানচ্ কর্তৃ। বিণ।

ত্রপা—লজ্জা। ত্রপ্+অঙ্ ভাব+আপ্। বি: স্ত্রী।

ত্রয়—১। তিন সংখ্যা; ভূত বর্তমান ও ভবিষ্যৎ—এই তিন কাল; দক্ষিণ গার্হপত্য ও আবহনীয়—এই তিন অগ্নি; স্বর্গ মর্ত্য ও পাতাল—এই তিন ভুবন; মন্দাকিনী ভাগীরথী ও ভোগবতী—এই তিন গঙ্গামার্গ; চন্দ্র সূর্য ও অগ্নি—এই তিন শিবচক্ষু; সত্ত্ব রজঃ ও তমঃ—এই তিন গুণ; পরশুরাম রামচন্দ্র ও বলরাম—এই তিন রাম; ত্রিপুর। বি; ক্লী। ২। ত্রিত্বসংখ্যাবিশিষ্ট। ত্রি+অয়চ্ অবয়বার্থে। বিণ। স্ত্রী—ত্রয়ী।

ত্রয়ঃপঞ্চাশৎ—তিপ্পান্ন, ৫৩-সংখ্যা; ৫৩-সংখ্যক। ত্র্যধিকা পঞ্চাশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

ত্রয়ঃপঞ্চাশত্তম—৫৩-সংখ্যার পূরক, ৫২-র পরবর্তীটি। ত্রয়ঃপঞ্চাশৎ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

ত্রয়ঃষষ্টি—তেষট্টি, ৬৩-সংখ্যা; ৬৩-সংখ্যক। ত্র্যধিকা ষষ্টি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

ত্রয়ঃষষ্টিতম—৬৩ সংখ্যার পূরক। ত্রয়ঃষষ্টি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

ত্রয়ঃসপ্ততি—তিয়াত্তর, ৭৩-সংখ্যা; ৭৩-সংখ্যক। ত্র্যধিকা সপ্ততি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

ত্রয়ঃসপ্ততিতম—৭৩-সংখ্যার পূরক। ত্রয়ঃসপ্ততি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

ত্রয়শ্চত্বারিংশ, -শত্তম—৪৩-সংখ্যার পূরক। ত্রয়শ্চত্বারিংশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী, -মী।

ত্রয়শ্চত্বারিংশৎ—৪৩-সংখ্যা বা ৪৩-সংখ্যক। ত্র্যধিকা চত্বারিংশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

ত্রয়স্ত্রিংশ, -শত্তম—৩৩-সংখ্যার পূরক। ত্রয়স্ত্রিংশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী, -মী।

ত্রয়স্ত্রিংশৎ—তেত্রিশ, ৩৩-সংখ্যা; ৩৩-সংখ্যক। ত্র্যধিকা ত্রিংশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

ত্রয়ী—১। তিন সংখ্যা; ঋক্ যজুঃ সাম—এই তিন বেদ; ব্রহ্মা বিষ্ণু শিব—এই ত্রিমূর্তি; দুর্গা; পুরস্ত্রী, গৃহিণী। বি; স্ত্রী। ২। ত্রিত্বসংখ্যাবিশিষ্টা। ত্রি+অয়চ্ অবয়বার্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

ত্রয়োদশ—১৩-সংখ্যার পূরক। ত্রয়োদশন্+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী।

ত্রয়োদশ (-দশন্)—১৩-সংখ্যা; ১৩-সংখ্যক। ত্র্যধিকা দশ (দশন্), মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

ত্রয়োদশী—১। তিথি বিঃ; ত্রয়োদশবর্ষীয়া বালিকা। বি; স্ত্রী। ২। ত্রয়োদশসংখ্যার পূরণী, 'তের'র স্থানেরটি। ত্রয়োদশ(১)+ঈপ্। বিণ; স্ত্রী।

ত্রয়োবিংশ, -বিংশতিতম—২৩-সংখ্যার পূরক। ত্রয়োবিংশতি+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী, -মী।

ত্রয়োবিংশতি—তেইশ, ২৩-সংখ্যা; ২৩-সংখ্যক। ত্র্যধিকা বিংশতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

ত্রয়োবিংশতিতম—'ত্রয়োবিংশ' দ্রঃ।

ত্রসন—১। ভয়; উদ্বেগ। ত্রস্+অনট্ ভাব। বি; ক্লী। ২। ত্রাসযুক্ত; উদ্বিগ্ন। ত্রস্+অন কর্তৃ। বিণ।

ত্রসর—তাঁতের মাকু। ত্রস+অর কর্তৃ। বি; পুং।

ত্রসরেণু—সূক্ষ্মকণা; সূর্যকিরণে দৃষ্ট ধূলিকণা; ছয় পরমাণু বা তিন দ্ব্যণুক। ত্রস (চঞ্চল) রেণু, কর্মধা। বি; পুং বা স্ত্রী।

ত্রস্ত—১। ভীত; চকিত; কম্পিত। ত্রস্+ক্ত কর্তৃ। শীলাদ্যর্থে। বিণ। ২। শীঘ্র। ক্রি-বিণ।

ত্রাণ—রক্ষা; বিপদ্ হইতে উদ্ধার। ত্রৈ+অনট্ ভাব। বি; ক্লী। [বিণ। স্ত্রী, -ত্রী।

ত্রাণকর্তা (-কর্তৃ)—পরিত্রাতা, রক্ষক। ৬ষ্ঠীতৎ।

ত্রাত—রক্ষিত। ত্রৈ বা ত্রা+ক্ত কর্ম। বিণ।

ত্রাতা (ত্রাতৃ)—রক্ষাকর্তা। ত্রৈ বা ত্রা+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ত্রী।

ত্রায়মাণ—১। ত্রাণকারী। ত্রৈ+শানচ্ কর্তৃ। ২। রক্ষ্যমাণ, যাহাকে ত্রাণ করা হইতেছে এরূপ। ত্রৈ+শানচ্ কর্ম। বিণ।

ত্রাস—১। ভীতি। ত্রস্+ঘঞ্ ভাব। ২। মণির কলঙ্ক। ত্রস্+ঘঞ্ করণ। বি; পুং।

ত্রাসজনক—ভয়জনক, ভীতিপ্রদ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -জনিকা।

ত্রাসিত—বিভীষিত, যাহাকে ভয় দেখানো হইয়াছে এরূপ। ত্রস্+ণিচ্+ত্ত কর্ম। বিণ।

ত্রাহি—রক্ষা কর। ত্রা+লোট্ হি (প্রার্থনার্থে, মধ্যমপুরুষ ১ব)। সংস্কৃত ক্রি। **ত্রাহি ত্রাহি ডাক, রব, শব্দ**—ভীষণ ভয় পাইয়া 'রক্ষা কর রক্ষা কর' এইরূপ চিৎকার। [কর্তৃ। বি বা বিণ।

ত্রি—তিন, সংখ্যাত্রয়; ত্রিত্বসংখ্যাবিশিষ্ট। তৃ+ড্রি

ত্রিংশ—৩০-সংখ্যার পূরক। ত্রিংশৎ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী—ত্রিংশী।

ত্রিংশৎ—ত্রিশ, ৩০-সংখ্যা; ৩০-সংখ্যক। ত্রিগুণিত দশ, মধ্যপ (নিপা)। বি বা বিণ; স্ত্রী।

ত্রিংশত্তম—ত্রিংশৎ-সংখ্যার পূরক, ত্রিশের স্থানীয়। ত্রিংশৎ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

ত্রিক—মেরুদণ্ডের নিম্নবর্তী ত্রিকোণাকার অস্থি, sacrum. ত্রি+কন্। বি; ক্লী।

ত্রিকাল—ভূত ভবিষ্যৎ বর্তমান; প্রাতঃকাল মধ্যাহ্ন ও সায়াহ্ন। সমা দ্বিগু। বি; ক্লী।

ত্রিকালজ্ঞ—১। বুদ্ধ। বি; পুং। ২। যিনি ভূত ভবিষ্যৎ ও বর্তমান—এই তিন কালের বৃত্তান্ত জানেন এমন। উপপৎ; ত্রিকাল—জ্ঞা+ক কর্তৃ। বিণ।

ত্রিকালদর্শী (-দর্শিন্)—১। মুনি। বি; পুং। ২। ত্রিকালজ্ঞ। উপপৎ; ত্রিকাল—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -দর্শিনী।

ত্রিকালবেত্তা (-বেত্তৃ)—ত্রিকালজ্ঞ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -বেত্রী। [sacrum. কর্মধা। বি; ক্লী।

ত্রিকাস্থি—মেরুদণ্ডের নিম্নবর্তী ত্রিকোণ অস্থি,

ত্রিকুল—পিতৃকুল মাতৃকুল ও শ্বশুরকুল। সমা দ্বিগু। বি; ক্লী।

ত্রিকূট—১। তিনটি শিখরযুক্ত। বিণ। ২। পুরাণোক্ত ক্ষীরোদ সাগরের পর্বত। ত্রি (তিন) কূট (শৃঙ্গ) যাহার, বহু। বি; পুং।

ত্রিকোণ—১। তিন কোণ; লগ্নের পঞ্চম ও নবম স্থান। সমা দ্বিগু। ২। ত্রিভুজ ক্ষেত্র; কামরূপ-তীর্থ; ত্রিকোণাকার বস্তু। বি; ক্লী। ৩। ত্রিকোণযুক্ত, ত্রিকোণবিশিষ্ট। বহু। বিণ।

ত্রিকোণমিতি—গণিতশাস্ত্র বিঃ, ত্রিভুজাদিক্ষেত্র-সংক্রান্ত গণিতবিজ্ঞান, trigonometry. ত্রিকোণের মিতি (পরিমাণ) যাহাতে, বহু। বি; স্ত্রী।

ত্রিকোণী—ত্রিভুজাকার যন্ত্র বিঃ, set-square. বাংপ্র। বি। [বহু। বি; ক্লী।

ত্রিগঙ্গ—প্রয়াগ; ত্রিবেণী। ত্রি গঙ্গা (নদী) যেখানে,

ত্রিগুণ—১। সত্ত্ব রজঃ ও তমঃ—এই তিন গুণ; সুখ দুঃখ ও মোহ—এই তিন গুণ; সাংখ্যমতে—সাম্যাবস্থাপন্ন গুণত্রয়াত্মক প্রধান। সমা দ্বিগু। বি; ক্লী। ২। তিনবার গুণিত; ত্রিরাবৃত্ত; সুখ দুঃখ ও মোহ—এই তিন গুণসম্পন্ন; সত্ত্বাদি-গুণত্রয়-বিশিষ্ট। ত্রি গুণ যাহার, বহু। বিণ।

ত্রিগুণা—১। দুর্গা। বহু+আপ্। বি; স্ত্রী। ২। 'ত্রিগুণ' (২) দ্রঃ।

ত্রিগুণাত্মক—গুণত্রয়বিশিষ্ট, সত্ত্ব-রজস্তমোগুণ-বিশিষ্ট। ত্রিগুণ আত্মা যাহার, বহু। বিণ। স্ত্রী, -ত্মিকা।

ত্রিগুণিত—তিনবার গুণিত। ত্রি (তিনবার) গুণিত, সুপ্। বিণ। [বহু। বি; ক্লী।

ত্রিঘাত—(গণিত) ঘন, cube. ত্রি ঘাত যাহার,

ত্রিচক্র—১। তিন চাকার সাইকেল, tricycle. বি; পুং। ২। তিনচাকাবিশিষ্ট। বহু। বিণ।

ত্রিজগৎ—ত্রিভুবন, স্বর্গ-মর্ত্য-পাতাল। সমা দ্বিগু। বি; ক্লী।

ত্রিতন্ত্রী—বাদ্যযন্ত্র বিঃ; সেতার। ত্রি তন্ত্র যাহাতে, বহু+ঈপ্। বি; স্ত্রী। [বি; ক্লী।

ত্রিতয়—তিনটির সমষ্টি। ত্রি+তয়ট্ অবয়বার্থে।

ত্রিতল—তেতলা ('—গৃহ')। বহু। বিণ।

ত্রিতাপ—আধ্যাত্মিক আধিদৈবিক ও আধিভৌতিক—এই ত্রিবিধ সন্তাপ। সমা দ্বিগু। বি; ক্লী।

ত্রিতাপ-তাপিত, -দগ্ধ—ত্রিবিধদুঃখে ক্লিষ্ট। ৩য়াতৎ। বিণ।

ত্রিদণ্ডী (-দণ্ডিন্)—ত্রিদণ্ডধারী যতি; বাঙ্মনঃ-কায়দণ্ডবিশিষ্ট ('—সন্ন্যাসী')। ত্রিদণ্ড+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ।

ত্রিদশ—দেবতা, অমর। ত্রি (তাপত্রয়)—দন্শ্+ক কর্তৃ। বি; পুং।

ত্রিদশ (-শন্)—তেত্রিশ দেবতা (আদিত্য ১২, রুদ্র ১১, বসু ৮, বিশ্বদেব ২)। মধ্যপ। বি; পুং।

ত্রিদিব—স্বর্গ; আকাশ; সুখ। ত্রি (ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর—এই তিন)—দিব্+ক অধি। বি; পুং বা ক্লী। [বি; পুং।

ত্রিদিবেশ—দেবতা; ইন্দ্র। ত্রিদিবের ঈশ, ৬ষ্ঠীতৎ।

ত্রিদোষ—১। বাত পিত্ত ও কফের দোষ। ৬ষ্ঠীতৎ। ২। ত্রিদোষসন্নিপাতজ রোগ বিঃ। ত্রির দোষ যাহাতে, বহু। বি; পুং। [প্রকারাদ্যর্থে। অ।

ত্রিধা—তিনখণ্ড; তিনপ্রকার; তিনবার। ত্রি+ধাচ্

ত্রিধারা—১। গঙ্গা (স্বর্গে মন্দাকিনী, মর্ত্যে ভাগীরথী ও পাতালে ভোগবতী)। বি; স্ত্রী। ২। তিনটি ধারাবিশিষ্টা, যাহার তিনটি ধারা আছে এরূপ। ত্রি ধারা যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

ত্রিনবতি—তিরানব্বই, ৯৩-সংখ্যা; ৯৩-সংখ্যক। মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

ত্রিনবতিতম—৯৩-সংখ্যার পূরক। ত্রিনবতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

ত্রিনয়ন, ত্রিনেত্র, ত্রিলোচন—১। শিব। বি; পুং। ২। তিননয়নবিশিষ্ট। ত্রি নয়ন, নেত্র, লোচন যাহার, বহু। বিণ। ৩। তিনটি চক্ষু। সমা-দ্বিগু। বি; ক্লী।

ত্রিনয়না, ত্রিনেত্রা, ত্রিলোচনা—১। দুর্গা। বি; স্ত্রী। ২। তিননয়নবিশিষ্টা। ত্রিনয়ন, ত্রিনেত্র, ত্রিলোচন+আপ্। বিণ; স্ত্রী।

ত্রিপঞ্চাশ, -শত্তম—৫৩-সংখ্যার পূরক। ত্রিপঞ্চাশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী, -মী।

ত্রিপঞ্চাশৎ—তিপ্পান্ন; ৫৩-সংখ্যা; ৫৩-সংখ্যক। মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

ত্রিপত্র—১। বেলগাছ; তিনটি কুশপাতায় তৈয়ারী পদার্থ বিঃ। বি; পুং। ২। পত্রত্রয়বিশিষ্ট। বহু। বিণ। ৩। তিনটি পাতা। সমা দ্বিগু। বি; ক্লী।

ত্রিপথ—তে-মাথা; স্বর্গ মর্ত্য এবং পাতাল—এই তিন লোক। সমা দ্বিগু। বি; ক্লী।

ত্রিপথগা—স্বর্গ মর্ত্য রসাতলের পথে প্রবাহিতা গঙ্গা। ত্রিপথ—গম্+ড কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

ত্রিপদিকা, ত্রিপদী—শৃঙ্খলাদি; তেপায়া, tripod; ছন্দ বিঃ। ত্রি পাদ যাহার (পাদ-স্থানে পদ্), বহু+ঈপ্ ১ম পক্ষে ত্রিপদী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

ত্রিপর্ণ—১। যাহার তিনটি পাতা আছে এমন, ত্রিপত্রবিশিষ্ট। বিণ। ২। পলাশবৃক্ষ। বহু। বি; পুং।

ত্রিপাৎ (-পাদ্), ত্রিপাদ—১। তিন পা-বিশিষ্ট; তিন পা-পরিমাণ; চার ভাগের তিন ভাগ এমন। বিণ। ২। বিষ্ণুর বামনাবতার। বহু। বি; পুং।

ত্রিপাপ—জাতকের রাশিচক্রে তিন পাপগ্রহের সমাবেশ; তিন পাপগ্রহের দৃষ্টিরূপ দোষ বিঃ; অতিপাতক মহাপাতক ও উপপাতকরূপ ত্রিবিধ পাপ। সমা দ্বিগু। বি; ক্লী।

ত্রিপিটক—সূত্র ধর্ম বিনয় এই তিন অংশে বিভক্ত বৌদ্ধ ধর্মপুস্তক। বি; ক্লী।

ত্রিপুট—তট; খেসারি কলাই; শর; তালা; তেওড়াতাল। বহু। বি; পুং।

ত্রিপুণ্ড্র, -পুণ্ড্রক—ললাটে অঙ্কিত তিন রেখাযুক্ত তিলক। সমা দ্বিগু। বি; ক্লী।

ত্রিপুর—১। ময়দানবনির্মিত স্বর্ণ রৌপ্য ও লৌহ গঠিত তিনটি নগর। সমা দ্বিগু। বি; ক্লী। ২। অসুর বিঃ। বহু। বি; পুং।

ত্রিপুরা—ধর্মার্থকামপ্রদায়িনী দেবী বিঃ, ত্রিপুরী; প্রাচীন চেদীরাজ্য; ভারত যুক্তরাষ্ট্রের অন্তর্গত একটি রাজ্য। বি; স্ত্রী।

ত্রিপুরারি—শিব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ত্রিফলা—হরীতকী আমলকী ও বিভীতকী বা বহেড়া—এই তিন ফল। ত্রি ফলের সমাহার, সমা দ্বিগু+আপ্। বি; স্ত্রী।

ত্রিবর্গ—ধর্ম অর্থ কাম; উৎপত্তি স্থিতি ধ্বংস; সত্ত্ব রজঃ তমঃ; আয় ব্যয় বৃদ্ধি; ত্রিফলা; ত্রিকটু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ত্রিবর্ণ—ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য অথবা নীল পীত লোহিত—এই তিন বর্ণ। ত্রিসংখ্যক বর্ণ, মধ্যপ। বি; পুং।

ত্রিবর্ষ—১। ত্রিবর্ষবয়স্ক। বহু। বিণ। ২। তিন বছর। সমা দ্বিগু। বি; ক্লী।

ত্রিবলি, ত্রিবলী—উদর ও কণ্ঠাদিতে মাংসসংকোচজনিত রেখাত্রয়। ত্রিসংখ্যকা বলি, বলী, মধ্যপ। বি; স্ত্রী।

ত্রিবিক্রম—নারায়ণের বামন অবতার। ত্রি বিক্রম (পদক্ষেপ) যাহার, বহু। বি; পুং।

ত্রিবিধ—তিনপ্রকার। ত্রি বিধা যাহার, বহু। বিণ।

ত্রিবৃত—ত্রিরাবৃত্ত, ত্রিগুণিত। ত্রি বৃত্ত, সুপ্। বিণ।

ত্রিবেণী—উত্তর প্রয়াগ এবং দক্ষিণ প্রয়াগ; গঙ্গা যমুনা ও সরস্বতীর মিলনস্থান উত্তর প্রয়াগ বা যুক্তত্রিবেণী; হুগলী জেলার ত্রিবেণীগ্রাম-সন্নিহিত দক্ষিণ প্রয়াগ বা মুক্তত্রিবেণী। ত্রি বেণী (স্রোত) যেখানে, বহু। বি; স্ত্রী।

ত্রিবেদী (-দিন্)—যে ঋক্ যজুঃ সাম—এই তিন বেদ অধ্যয়ন করে; হিন্দুস্থানী ব্রাহ্মণের উপাধি বিঃ, তেওয়ারী। ত্রিবেদ+ইন্ অধ্যয়নার্থে। বি; পুং, বা বিণ।

ত্রিভঙ্গ—তেভাঙ্গা; তিন জায়গায় বাঁকা। ত্রিতে (তিন স্থানে) ভঙ্গ যাহার, বহু। বিণ।

ত্রিভঙ্গমুরারি—ত্রিবক্র শ্রীকৃষ্ণ, মস্তক কটিদেশ ও পদ এই তিন স্থানে বক্রতাযুক্ত শ্রীকৃষ্ণ। কর্মধা। বি; পুং। [বহু। বিণ।

ত্রিভঙ্গিম—ত্রিভঙ্গ; ত্রিভঙ্গতুল্য। ত্রি ভঙ্গিমা যাহার,

ত্রিভুজ—ত্রিকোণক্ষেত্র, তিন সরল রেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্র, triangle. বহু। বি; পুং। **বিষমবাহু ত্রিভুজ**—যে ত্রিভুজের তিনটি বাহুই পরস্পর অসমান। **সমকোণী ত্রিভুজ**—যে ত্রিভুজের একটি কোণ সমকোণ। **সমদ্বিবাহু ত্রিভুজ**—যে ত্রিভুজের দুই বাহু পরস্পর সমান। **সূক্ষ্মকোণী ত্রিভুজ**—যে ত্রিভুজের তিনটি কোণই সূক্ষ্মকোণ। **স্থূলকোণী ত্রিভুজ**—যে ত্রিভুজের একটি কোণ স্থূলকোণ।

ত্রিভুবন—স্বর্গ মর্ত্য ও পাতাল। সমা দ্বিগু। বি; ক্লী।

ত্রিমূর্তি—ব্রহ্মা বিষ্ণু ও মহেশ্বর—এই তিন স্বরূপ বা মূর্তি-বিশিষ্ট। ত্রিবিধা মূর্তি যাহার, বহু। বিণ।

ত্রিযামা—রজনী; যমুনানদী; হরিদ্রা। ত্রি যাম যাহাতে, বহু+আপ্। বি; স্ত্রী।

ত্রিযুগ—সত্য ত্রেতা ও দ্বাপর; অতীত বর্তমান ও ভবিষ্যৎ; বসন্ত বর্ষা ও শরৎ। ত্রি (তিন) যুগের সমাহার, সমা দ্বিগু। বি; ক্লী।

ত্রিরাত্র—তিন অহোরাত্র, রাত্রিসহিত দিবসত্রয়; অভীষ্টলাভাদির জন্য দেব-মন্দিরে উপবাসী হইয়া তিন রাত্রি পড়িয়া থাকা। সমা দ্বিগু, ত্রিরাত্রি+সমাসান্ত অচ্। বি; ক্লী।

ত্রিলিঙ্গ—পুংস্ত্ব ক্লীবত্ব ও স্ত্রীলিঙ্গত্ব-বিশিষ্ট ('—শব্দ'): অহংকারাদি। বহু। বিণ।

ত্রিলোক—স্বর্গ মর্ত্য ও পাতাল। ত্রিসংখ্যক লোক, মধ্যপ। বি; পুং।

ত্রিলোকী—স্বর্গ-মর্ত্য-পাতাল। ত্রি লোকের সমাহার, সমা দ্বিগু+ঈপ্। বি; স্ত্রী।
ত্রিলোচন—'ত্রিনয়ন' দ্রঃ।
ত্রিশ—৩০-সংখ্যা; ৩০-সংখ্যক। <ত্রিংশৎ। বি বা বিণ।
ত্রিশক্তি—কালী-তারা-ত্রিপুরারূপ দেবীত্রয়; তিনটি অত্যন্ত ক্ষমতাপন্ন রাষ্ট্র, three Powers. ত্রি-সংখ্যিকা শক্তি, মধ্যপ। বি; স্ত্রী।
ত্রিশঙ্কু—একজন পৌরাণিক রাজা। বি; পুং। **ত্রিশঙ্কুর অবস্থা**—দোটানা অবস্থা; এদিক্‌ও নয় ওদিক্‌ও নয় এই অবস্থা।
ত্রিশূল—ত্রিফলকযুক্ত অস্ত্র, শিবের অস্ত্র। ত্রি শূল যাহাতে, বহু। বি; ক্লী।
ত্রিশূলী (-লিন্)—১। শিব। বি; পুং। ২। ত্রিশূলধারী; ত্রিশূলচিহ্নিত। ত্রিশূল+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -লিনী।
ত্রিষষ্টি—তেষট্টি, ৬৩-সংখ্যা; ৬৩-সংখ্যক। ত্র্যধিকা ষষ্টি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।
ত্রিষষ্টিতম—৬৩-সংখ্যার পূরক। ত্রিষষ্টি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।
ত্রিষ্টুপ্ (ত্রিষ্টুভ্)—একাদশাক্ষরপাদক ছন্দ বিঃ। ত্রি+স্তুন্‌ভ্+ক্বিপ্ কর্তৃ। বি; স্ত্রী।
ত্রিসংসার—ত্রিভুবন, স্বর্গ মর্ত্য পাতাল। সমা দ্বিগু। বি; ক্লী। [সমা দ্বিগু। বি; ক্লী।
ত্রিসত্য—দেবতাদি সাক্ষী করিয়া তিনবার শপথগ্রহণ।
ত্রিসন্ধ্যা—তিন সন্ধ্যা, প্রাতঃ মধ্যাহ্ন ও সায়াহ্ন—এই তিন কাল। ত্রিসংখ্যিকা সন্ধ্যা, মধ্যপ। বি; স্ত্রী।
ত্রিসপ্ততি—তিয়াত্তর, ৭৩-সংখ্যা; ৭৩-সংখ্যক। ত্র্যধিকা সপ্ততি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।
ত্রিসপ্ততিতম—৭৩-সংখ্যার পূরক। ত্রিসপ্ততি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।
ত্রিসীমা—১। সীমাত্রয়সম্পন্না। ত্রি সীমা যাহার, বহু+ডাপ্ স্ত্রী। বিণ; স্ত্রী। ২। সীমাত্রয়, তিন প্রান্ত। ত্রিসংখ্যিকা সীমা, মধ্যপ। বি; স্ত্রী। ৩। শেষ সীমা; অতি নিকট। বাংপ্র। বি। **ত্রিসীমায় না যাওয়া**—কাছে না যাওয়া।
ত্রিসীমানা—অতি নিকট; প্রান্ত। <ত্রিসীমা। বি।
ত্রিস্রোতা—গঙ্গা; উত্তরবঙ্গে প্রবাহিত নদী বিঃ, তিস্তা। ত্রি স্রোত (<স্রোতঃ) যাহার, বহু। বি; স্ত্রী।
ত্রুটি, ত্রুটী—অভাব; ন্যূনতা; অপরাধ; ক্ষতি; হানি; সংশয়। ত্রুট্+ইন্ ভাব, কর্ম; বিকল্পে ঈপ্। বি; স্ত্রী।
ত্রুটিবিচ্যুতি—ভুলভ্রান্তি, ভুলচুক। দ্বন্দ্ব। বি; স্ত্রী।
ত্রেতা—দ্বিতীয় যুগ; দক্ষিণ গার্হপত্য আহবনীয়—এই তিন অগ্নি। ত্রাকে (দীপ্তিকে) বা ত্রিকে (ত্রিত্বকে) ইত, ২য়াতৎ+আপ্। বি; স্ত্রী।
ত্রৈকালিক—প্রাতঃকাল মধ্যাহ্ন ও সায়ংকালে যাহা ঘটে এরূপ; ভূত-ভবিষ্যৎ-বর্তমান-সংক্রান্ত। ত্রিকাল+ইক সম্বন্ধার্থে। বিণ; স্ত্রী, -কী।
ত্রৈগুণ্য—১। সত্ত্ব রজঃ তমঃ—এই তিন গুণের সমষ্টি। ত্রিগুণ+ষ্যঞ্ স্বার্থে। ২। তিনগুণ হওয়া। ত্রিগুণ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
ত্রৈবার্ষিক—ত্রিবর্ষসম্ভূত; তিনবৎসরব্যাপী; তিন-বছরের। ত্রিবর্ষ+ইক ভূতাদ্যর্থে। বিণ। স্ত্রী, -কী।
ত্রৈমাসিক—যাহা তিন মাস অন্তর ঘটে এমন, quarterly; ত্রিমাসজাত; মাসত্রয়ে দেয়; তিনমাস-স্থায়ী; তিনমাসবয়স্ক। ত্রিমাস+ইক জাতাদ্যর্থে। বিণ। স্ত্রী, -কী।
ত্রৈরাশিক—তিনরাশিঘটিত অঙ্কপ্রণালী, rule of three. ত্রিরাশি+ক (ঠক্) যুক্তার্থে। বি; ক্লী।
ত্রৈলঙ্গ, ত্রৈলিঙ্গ—তেলিঙ্গানার অধিবাসী। বাংপ্র। বি।
ত্রৈলোক্য—স্বর্গ মর্ত্য পাতাল। ত্রিলোকী+ষ্যঞ্ স্বার্থে। বি; ক্লী।
ত্র্যংশ—তৃতীয় অংশ। ত্রি (তৃতীয়) অংশ, কর্মধা। বি; পুং।
ত্র্যক্ষর—১। প্রণব, ওঙ্কার; ছন্দো বিঃ; ত্রিবর্ণাত্মক মন্ত্র। বি; ক্লী। ২। বর্ণত্রয়যুক্ত। ত্রি অক্ষর যাহাতে, বহু। বিণ।
ত্র্যঙ্গুল—তিন অঙ্গুলি পরিমিত। ত্রি অঙ্গুলি পরিমিত এই বাক্যে, তদ্ধিতার্থে দ্বিগু+ষচ্ সমাসান্ত। বিণ।
ত্র্যম্বক—শিব। ত্রি (তিনবেদ)—অম্ব্+অক কর্তৃ; অথবা, ত্রি অম্বক (চক্ষু) যাহার, বহু। বি; পুং।
ত্র্যম্বকা—দুর্গা। ত্র্যম্বক+আপ্। বি; স্ত্রী।
ত্র্যশীতি—তিরাশি; ৮৩-সংখ্যক। ত্র্যধিকা অশীতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।
ত্র্যশীতিতম—৮৩-সংখ্যার পূরক। ত্র্যশীতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।
ত্র্যস্র—ত্রিকোণ; তিন দ্বারা বিভাজ্য মাত্রা সংখ্যাবিশিষ্ট ('—জাতীয় তাল')। ত্রি অস্র (কোণ) যাহাতে, বহু। বিণ।
ত্র্যহ—সৌর বা চান্দ্র দিনত্রয়; তিন বার; তিন তিথি। ত্রি অহের (দিনের) সমাহার, সমা দ্বিগু (টচ্ সমাসান্ত)। বি; পুং।
ত্র্যহস্পর্শ—যে দিন তিন তিথিকে স্পর্শ করে, এক দিনে তিন তিথির সংযোগ। ত্র্যহের স্পর্শ যাহাতে, বহু। বি; পুং।

[থ]

থ—১। সপ্তদশ ব্যঞ্জনবর্ণ ও ত-বর্গের দ্বিতীয় বর্ণ [ইহার উচ্চারণস্থান দন্ত]। ২। পর্বত ("থক্কারে পাথর তুমি থকারের মেয়ে, স্থির কর, থর থর কাঁপি ভয় পেয়ে"—ভারত)। বি; পুং। ৩। নীরব; ভয়ে বা বিস্ময়ে স্তম্ভিত, হতভম্ব, হতবুদ্ধি। <স্থ। বিণ।

থই—তলদেশ; আশ্রয়, স্থান; চরণ দ্বারা জলের নিম্নভাগ স্পর্শ; পরিব্যাপ্ত, চারিদিকে ছড়াইয়া পড়া। <স্থল। বি।

থইথই—পরিপূর্ণ, পরিব্যাপ্ত, আচ্ছন্ন। বাংপ্র। অ।

থকথক—১। গাঢ়তার লক্ষণ প্রকাশ। অ। ২। গাঢ়; ঘোলা। বাংপ্র। বিণ।

থকথকে—ঘন; কাদার মত ঘন; ঘোলা। থকথক+এ (<ইয়া) করে অর্থে। বাংপ্র। বিণ।

থকা—থামা; অবসন্ন হওয়া। বাংপ্র। ক্রি।

থকার—'থ' এই বর্ণ। থ+কার স্বার্থে। বি; পুং।

থকিত, থগিত—বন্ধ, আরম্ভের পর কিছুদিনের জন্য নিবৃত্ত; নিশ্চল। <স্থগিত। বিণ।

থতমত—অপ্রতিভ, হতবুদ্ধি। বাংপ্র। বিণ। **থতমত খাওয়া**—কিছু বলিতে গিয়া ইতস্ততঃ করা; হঠাৎ কিছু দেখিয়া বা শুনিয়া অপ্রস্তুত হওয়া।

থপ—কোমল ভারী বস্তুর পতনশব্দ। বাংপ্র। অ।

থপথপে—কোমল অথচ ভারী ('—জিনিস'); শক্তি-হীন অথচ স্থূলকায় ('—লোক')। থপথপ (অনুকার-শব্দ)+এ (<ইয়া) করে অর্থে। বিণ।

থমক—হঠাৎ থামা; নিশ্চল অবস্থা; থামিয়া থামিয়া চলা। বাংপ্র। বি।

থমকানো—হঠাৎ থামিয়া যাওয়া; চলিতে চলিতে হঠাৎ দাঁড়াইয়া পড়া; স্তম্ভিত হওয়া ("যদি থমকি থেমে যাও পথ মাঝে"—রবীন্দ্র)। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। বি—**থমকানি**।

থমথম, থমথমা—নিশ্চেষ্টতা; স্তম্ভিতভাব; স্থির-ভাব। বাংপ্র। অ। **থমথম করা**—রসপূর্ণ হওয়া ('গা —'); স্তব্ধ হওয়া ('রাত —')।

থমথমে—নিস্তব্ধ; স্তম্ভিত; স্থির। থমথম+এ (<ইয়া) করে অর্থে। বিণ।

থর—স্তবক, থাক। <স্তর। বি। **থর গাঁথা**—গোড়ে মালা গাঁথা। **থর নামা**—দেহে মাংসবৃদ্ধি হওয়ায় পেটে কোমরে থাক দেখা দেওয়া। **থরে থরে, থরে বিথরে**—সারি সারি; স্তবকে স্তবকে; শ্রেণীবদ্ধভাবে। [শব্দ। বাংপ্র। অ।

থরথর—১। কম্পান্বিত। বিণ। ২। কম্পনসূচক

থরথরানো—থরথর করিয়া কাঁপা। বাংপ্র। ক্রি [, বি]। বি—**থরথরানি**।

থরহরি—থর থর করিয়া কাঁপিয়া। বাংপ্র। ক্রি-বিণ।

থলকুঁড়ি, থুলকুঁড়ি—থানকুনি গাছ। বাংপ্র। বি।

থলথল—মাংসলভাব; মাংসলতার চিহ্ন প্রকাশ, কোমলতা ও স্থিতিস্থাপকতার ভাবপ্রকাশ। বাংপ্র। অ। (<ইয়া) করে অর্থে। বিণ।

থলথলে—মাংসল; মোটা অথচ কোমল। থলথল+এ

থলি, থলিয়া, থলে—বস্তা, বোরা; ঝুলি; পকেট। <স্থলী। বি।

থলো—স্তবক; গুচ্ছ। বাংপ্র। বি।

থসথস—আর্দ্রতা ও শিথিলতা প্রকাশ; আলগাভাব প্রকাশ; দৃঢ়তার অভাব প্রকাশ; শক্তিহীনতা। বাংপ্র। অ। বি—**থসথসানি**। ক্রি—**থসথসানো**।

থসথসে—শিথিল; অদৃঢ়; অকঠোর; শক্তিহীন। থসথস+এ (<ইয়া) করে অর্থে। বিণ।

থা—১। স্থান; গভীরতা; আন্দাজ। বি। ২। নিশ্চিত। বাংপ্র। বিণ। **থা পাতা**—স্থায়ী হওয়া; সংস্থান করা; ওঠা; গভীর জলে মাটিতে পা রাখা (প্রেরণার্থে—**থা পাতানো**)।

থাই—থই (তাহা দ্রঃ)।

থাউকা, থাউকো—১। আন্দাজী; থোক। বিণ। ২। থোক-হিসাবে, সংখ্যাগণন বা ওজন না করিয়া। বাংপ্র। ক্রি-বিণ।

থাক—স্তবক; শ্রেণী; স্তর; বন্ধনী; ঠেকনা; তাক। বাংপ্র। বি। **থাক করা, থাক কাটা**—শ্রেণীবিভাগ করা; থাকে থাকে সাজানো; স্তর নির্মাণ করা।

থাক-কাটা—শ্রেণীবিভাগ করা; থাকে থাকে সাজানো। থাক কাটা যাহাতে, বহু (বাংপ্র)। বিণ।

থাকা—অবস্থিতি করা; বাস করা; থামা। বাংপ্র। ক্রি [, বি]। **অন্ধকারে থাকা**—অজ্ঞ থাকা, জানিতে না পারা। **কথা থাকা**—কথামত কাজ হওয়া। **কথায় থাকা**—কাহারও ব্যাপারে নিজেকে জড়াইয়া ফেলা। **কুলে থাকা**—কুলত্যাগিনী না হওয়া। **ঘরে থাকা**—সন্ন্যাসী না হওয়া; কুলত্যাগিনী না হওয়া। **ঘুমিয়ে থাকা**—নিশ্চেষ্ট হওয়া, খবরাখবর না রাখা। **জাত থাকা**—জাতিচ্যুত না হওয়া; মানসম্ভ্রম বজায় থাকা। **টিকে থাকা**—ব্যবসাদি বজায় রাখা; কোন-রকমে বাঁচিয়া থাকা। **ডুব দিয়া থাকা**—লুকাইয়া থাকা। **ডুবে থাকা**—বিভোর হইয়া থাকা। **তাকে থাকা**—সুযোগের প্রতীক্ষায় থাকা। **দাঁড়িয়ে থাকা**—ধাক্কা সামলাইয়া চলা; অপেক্ষা করা। **দাঁতে থাকা**—অবিরত গঞ্জনা সহ্য করা। **পড়ে থাকা**—বিছানায় শুইয়া না ঘুমাইয়া বিশ্রাম করা; পিছনে পড়িয়া থাকা; অনাদর পাওয়া; খরিদ্দার না জোটা। **পেটে থাকা**—মনে মনে থাকা। **মরে থাকা**—জীবন্মৃত অবস্থায় থাকা। **মাথায় থাকা**—সম্মানের পাত্র বা বিষয় বলিয়া বিবেচিত হওয়া।

মান থাকা—সম্মান রক্ষা পাওয়া। মুখ থাকা—প্রতিশ্রুতিপালন বিষয়ে মান থাকা; সম্ভ্রম বজায় থাকা। হাতে থাকা—দখলে থাকা, আয়ত্ত থাকা; অবশিষ্ট থাকা।
থাকাথাকি—থাকা-না-থাকার বিষয়। বাংপ্র। বি।
থাকানো—স্থিতি করানো; বাস করানো; থাকে থাকে সাজানো। বাংপ্র। ক্রি [, বি]।
থাকিয়া—থামিয়া, রহিয়া। বাংপ্র। অস-ক্রি। থাকিয়া থাকিয়া—মধ্যে মধ্যে, থামিয়া থামিয়া।
থাতানো—খাদ্যাদি সাজানো; গচ্ছিত রাখা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
থাতাল্ধা—অসার বিশ্বাস; অকিঞ্চিৎকর প্রতিবিধান; ঘাসপাতা। বাংপ্র। বি।
থান—১। পাড়বিহীন বা সাদা ধুতি; সম্পূর্ণ বস্ত্র-খণ্ড, একটা কাপড়ের যতখানি একেবারে বোনা হয় তাহা। বাংপ্র। ২। ভূমি, জায়গা। <স্থান। বি। ৩। গোটা, আস্ত। <অখণ্ড। বিণ।
থানকুনি—থানকুনি গাছ বা পাতা। বাংপ্র। বি।
থানা—পুলিস কর্মচারীদিগের থাকিবার স্থান, ফাঁড়ি, police station; পুলিস ইন্সপেক্টারের এলাকা; আস্তানা; সৈন্যসংস্থাপন; সৈন্যদল। <স্থান। বি। থানা করা—বীজ বুনিবার জন্য স্থান ঠিক করা; আড্ডা বসানো। থানা দেওয়া—সৈন্য সমাবেশ করা; প্রহরীর আড্ডা বসানো। থানাপুলিস করা—থানায় গিয়া কাহারও বিরুদ্ধে বা কোন ঘটনা সম্পর্কে নালিশ করা।
থানাদার—থানার ভারপ্রাপ্ত কর্মচারী। থানা+দার অধিকৃতার্থে (বাংপ্র)। বি।
থানাদারি—থানাদারের কাজ; থানাদারের পদ। থানাদার+ই কর্মার্থে (বাংপ্র)। বি।
থাপড়, থাপ্পড়, থাবড়া—চাপড়, চড়। বাংপ্র। বি।
থাপড়ানো, থাবড়ানো—চাপড় মারা। বাংপ্র। ক্রি [, বি]।
থাবড়া—'থাপড়' দ্রঃ।
থাবড়ানো—'থাপড়ানো' দ্রঃ।
থাবড়ি—মাটিতে পাছার ভর। বাংপ্র। বি।
থাবা—চাপড়; করতল; হিংস্র পশুগণের নখরযুক্ত পদতল; এক মুঠা। বাংপ্র। বি।
থাবাথুবি—কিছু গোপন করিবার প্রয়াস; থাবার আঘাত। বাংপ্র। বি।
থাম—খুঁটি। <স্তম্ভ। বি।
থামা—স্থির হওয়া; দাঁড়ানো; চুপ করা; আপত্তি না করা; পতন বন্ধ হওয়া; শান্ত হওয়া; নিবৃত্ত বা নিরস্ত হওয়া; অপেক্ষা করা। <'স্তন্‌ভ্'-ধাতু। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। নোলা থামা—আহারের অত্যধিক লোভ সংযত হওয়া। মুখ থামা—নোলা থামা; বকুনি বন্ধ হওয়া।
থামানো—নিবৃত্ত করা; দাঁড় করানো; বন্ধ করানো; শান্ত করা; চুপ করানো। <'স্তন্‌ভ্'-ধাতু। ক্রি [, বি, বিণ]। মুখ থামানো—অপরের কথা বলিবার উপায় বন্ধ করা; আহার বন্ধ করা।
থামাল—উপরদিকের পরিমাণ; থামের মাথা; খাড়া গাঁথুনি। বাংপ্র। বি।
থারি—থালি। কপ্র। বি।
থার্মোফ্লাস্ক—তাপ সংরক্ষক পাত্র বিঃ। <ইং 'thermosflask'. বি।
থার্মোমিটার—তাপপরিমাপক যন্ত্র। <ইং 'thermometer'. বি।
থাল, থালা—ধাতুময় ভোজনপাত্র। <স্থাল। বি।
থালি—হাঁড়ি; তৈলাধার; পাত্র বিঃ; ছোট থালা। <স্থালী। বি। [, বি, বিণ]।
থাসা—মর্দন করা; ঠাসা; গাদা। বাংপ্র। ক্রি
থিকথিক—কীটাদির সমাবেশসূচক শব্দ। বাংপ্র। অ।
থিতনো, থিতানো—(জলের) ময়লা প্রঃ নীচে পড়িয়া যাওয়া; নিম্নভাগে সঞ্চিত হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
থিয়েটার—রঙ্গালয়, নাট্যশালা; নাটকাভিনয়। <ইং 'theatre'. বি।
থির—১। ক্ষান্ত; নিবৃত্ত; স্থির; অব্যাকুল। কপ্র। বিণ। ২। ধৈর্য ("পরাণ-পুতলী লাগি থির নাহি বান্ধে"—জ্ঞান)। প্রা কপ্র। বি।
থু, থুঃ—থুতু ফেলার শব্দ; ঘৃণাপ্রকাশক শব্দ। বাংপ্র। অ।
থুতনি, থুৎনি—চিবুক, দাড়ি। বাংপ্র। বি।
থুকথুক—কোন বস্তুতে বহু কীট বা পিপীলিকার একত্র সমাবেশসূচক শব্দ; কাঁপুনির ভাব। বাংপ্র। অ। বি—থুকথুকুনি, থুকথুকানি।
থুকথুকে—নধর, কমনীয়; থুকথুকশব্দকারী। থুকথুক+এ (<ইয়া) করে অর্থে। বিণ।
থুড়-থুড়, থর-থর—বার্ধক্যের ভাব। বাংপ্র। অ।
থুড়-থুড়ে—থুর-থুরে (তাহা দ্রঃ)।
থুড়া—কোপানো; কুচানো। বাংপ্র। ক্রি।
থুড়ি—কথা বলিতে বলিতে ভুল বা অন্যায় বুঝিতে পারিয়া তাহা সংশোধন করিয়া লইবার পূর্বে প্রযুক্ত শব্দ। বাংপ্র। অ।
থুতনি—'থুতনি' দ্রঃ।
থুতু, থুথু—১। মুখের লালা; নিষ্ঠীবন। বি। ২। নিষ্ঠীবন ত্যাগ করিবার অনুকরণশব্দ। বাংপ্র। অ।
থুৎকার—থুতু ফেলা। থুৎ—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।
থুৎকুড়ি—থুথু, নিষ্ঠীবন। <থুৎকার। বি।
থুপ্—অল্প ভারী বস্তুর পতনশব্দ। বাংপ্র। অ।
থুপি—ক্ষুদ্র গুচ্ছ, গুছি। বাংপ্র। বি।
থুবড়নো—'থুবড়ানো' দ্রঃ।
থুবড়া, থুবড়ো—যে অধিক বয়স পর্যন্ত বিবাহ করে নাই এমন; জরাজীর্ণ; অতিবৃদ্ধ; নড়িতে চড়িতে অসমর্থ। বাংপ্র। বিণ। স্ত্রী—থুবড়ী।
থুবড়ানো, থুবড়নো—অধোমুখ হইয়া পতিত হওয়া, মুখ থুবড়িয়া পড়িয়া যাওয়া। বাংপ্র। ক্রি। বি—থুবড়ানি, থুবড়নি।
থুর-থুরে, থুত্থুরে—অতিজীর্ণ, বৃদ্ধ, কম্পমান বৃদ্ধ। থুর-থুর (অনুকার-শব্দ)+এ (<ইয়া) করে অর্থে। বিণ। স্ত্রী—থুরথুরী, থুত্থুরী।

থেই—উদ্দাম নৃত্যের ভঙ্গী-প্রকাশক শব্দ। বাংপ্র। অ।

থেঁতলানো—দলিয়া ফেলা, পিষিয়া ফেলা; পীড়ন করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

থেঁতো—বিমর্দিত, পিষ্ট। বাংপ্র। বিণ।

থেকে—১। অপেক্ষা, হইতে। বিভক্তি-প্রতিরূপক অ। ২। থাকিয়া। অস-ক্রি। **থেকে থেকে**—কিছুক্ষণ অন্তর অন্তর।

থেবড়া—চেপটা, ভোঁতা। বাংপ্র। বিণ।

থেবড়ানো—১। চেপটা, ভোঁতা। বিণ। ২। চেপটা করা, ভোঁতা করা; চাপড় মারা। বাংপ্র। ক্রি [, বি]।

থেলো—বড় খোলবিশিষ্ট, ডাবা ('—হুঁকা')। [বাংপ্র। বিণ।

থেহ—স্থিরতা, স্থৈর্য ("রাধামোহন কছু না পাওল থেহ"—রাধা)। প্রা কপ্র। বি।

থৈ—জলের তলা; আশ্রয়। <স্থল। বি।

থৈথৈ—জলে প্লাবিত হওয়ার ভাব। বাংপ্র। অ।

থোঁতা—১। মোটা; ভোঁতা। বিণ। ২। স্থূল চিবুক। বাংপ্র। বি। **থোঁতা মুখ ভোঁতা করা বা হওয়া**—বড় মুখ ছোট করা বা হওয়া; মুখরার মুখ বন্ধ হওয়া।

থোক—মোট, সমস্ত; গুচ্ছ; বিভাগ, খণ্ড; মোট-মাট। <স্তবক। বাংপ্র। বি বা বিণ। **থোক থোক** মোটা মোটা; রাশি রাশি। **থোকে থোকে**—কিস্তিতে কিস্তিতে।

থোকা—জমিদারির প্রজাদের হিসাবী কাগজ বিঃ; গুচ্ছ, থোলো। <স্তবক। বি। [বি।

থোড়—ফলন্ত কলাগাছের মধ্যস্থ সারাংশ। বাংপ্র।

থোড়া—১। কিঞ্চিৎ, অল্প। হি। বিণ। ২। কুচানো, টুকরা টুকরা করিয়া কাটা। বাংপ্র। ক্রি [, বি]।

থোড়াই—অতিতুচ্ছ; সামান্য, নগণ্য। হি-মু। বিণ।

থোতনা—বড় থুতনি। বাংপ্র। বি।

থোপ, থোবা—গুচ্ছ, কাঁদি। <স্তবক। বি।

থোপনা, থোবনা—১। থুতনি (তাহা দ্রঃ)। ২। গুচ্ছ, কাঁদি। প্রা কপ্র। বি। **থোবনা নাড়া**—উত্তর-প্রত্যুত্তর করা, বচসা করা; কুকর্ম করিয়া মুখ দেখানো।

থোয়া—রাখা। বাংপ্র। ক্রি।

থোলো—গুচ্ছ; স্তবক। বাংপ্র। বি।

থ্যাবড়া—থেবড়া (তাহা দ্রঃ)।

থ্যাবড়ানো—থেবড়ানো (তাহা দ্রঃ)।

[দ]

দ—১। অষ্টাদশ ব্যঞ্জনবর্ণ ও ত-বর্গের তৃতীয় বর্ণ [ইহার উচ্চারণস্থান দন্ত]। ২। দান। দা+ক ভাব। ৩। খণ্ডন; ভাগকরণ। দো+ড ভাব। বি; স্ত্রী। ৪। দাতা (ইহা কোন শব্দের পরে প্রযুক্ত হয়; যথা—ধনদ, বারিদ ইঃ)। দা+ক কর্তৃ। বিণ। ৫। স্বাভাবিক সুগভীর জলাশয় বা খাত। <দহ। বি।

দই—টক দিয়া জমানো দুধ। <দধি। বি। **দই পাতা**—দই জমানোর জন্য দম্বল-দেওয়া পাত্রে দুধ ঢালা। [(বাংপ্র)। বি।

দইবড়া—দইয়ে ভিজানো ডালের বড়া। মধ্যপ।

দংশ—১। বনমক্ষিকা, ডাঁশ। দন্‌শ্‌+অচ্‌ কর্তৃ। ২। দন্ত; সাঁজোয়া। দন্‌শ্‌+ঘঞ্‌ করণ। ৩। দোষ; দংশন; সর্পাঘাত; খণ্ডন। দন্‌শ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।

দংশক—১। ডাঁশ, বড় মশা। বি; পুং। ২। দংশন-কারী। দন্‌শ্‌+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—দংশিকা।

দংশন—দন্তাঘাত, কামড়ানো। দন্‌শ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।

দংশা, দংশানো—দংশন করা। কপ্র। ক্রি।

দংশিত—যাহাকে কামড়ানো হইয়াছে এমন, দন্ত দ্বারা আহত। দন্‌শ্‌+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ।

দংশী—ক্ষুদ্র ডাঁশ; মশা। দংশ+ঈপ্‌। বি; স্ত্রী।

দংষ্ট্রা—দাঁত। দন্‌শ্‌+ষ্ট্রন্‌ করণ+আপ্‌। বি; স্ত্রী।

দংষ্ট্রা-করাল—দীর্ঘ তীক্ষ্ণ দন্তহেতু ভীষণ। ৩য়া-তৎ। বিণ।

দংষ্ট্রাল—দাঁতাল, দন্তযুক্ত। দংষ্ট্রা+ল আছে অর্থে। বিণ। [অর্থে। বিণ।

দংষ্ট্রী (দংষ্ট্রিন্‌)—দাঁতাল। দংষ্ট্রা+ইন্‌ আছে

দঁক, দক—জলকাদায় ভরা বিশ্রী জায়গা, জলযুক্ত গভীর পাঁক। <উদক। বি। **দঁকে পড়া**—কাদায় পড়া; আকস্মিকভাবে বিপদে পড়া।

দক্ষ—১। পটু, নিপুণ; শিক্ষিত; অনলস। বিণ। ২। স্বনামপ্রসিদ্ধ প্রজাপতি; শিবের বৃষ; কুক্কুট। দক্ষ্‌+অচ্‌ কর্তৃ। বি; পুং।

দক্ষকন্যা, দক্ষজা—দক্ষ-প্রজাপতির মেয়ে; দুর্গা; অশ্বিনী প্রঃ সপ্তবিংশতি নক্ষত্র। দক্ষের কন্যা, ৬ষ্ঠীতৎ; উপতৎ; দক্ষ—জন্‌+ড কর্তৃ+আপ্‌। বি; স্ত্রী।

দক্ষতা—নৈপুণ্য। দক্ষ+তা ভাবে। বি; স্ত্রী।

দক্ষিণ—১। দাক্ষিণ্যযুক্ত; অনুকূল; পরচ্ছন্দানুবর্তী, যে পরের মন যোগায় এমন; উদার; অকপট; ডান; দক্ষিণ দিক্‌ বা দেশ সম্বন্ধীয়; দক্ষ। বিণ। ২। সকল নায়িকাতে যে-নায়কের সমান অনুরাগ

থাকে; দক্ষিণ দিক্; দাক্ষিণাত্য, Deccan. দক্ষ+ইনন্ কর্তৃ। বি; পুং।

দক্ষিণকালিকা—শিবহৃদয়ে দক্ষিণ পদার্পণকারিণী কালিকা দেবী। দক্ষিণা (অনুকূলা) কালিকা, কর্মধা। বি; স্ত্রী। [কর্মধা। বি; পুং।

দক্ষিণকেন্দ্র, -মেরু—কুমেরু, পৃথিবীর দক্ষিণ প্রান্ত।

দক্ষিণ-পশ্চিম—নৈঋ‌ত কোণ। বি; ক্লী।

দক্ষিণ-পূর্ব—অগ্নিকোণ। বি; ক্লী।

দক্ষিণহস্ত—ডান হাত; সর্বশ্রেষ্ঠ সহায়; প্রধান অবলম্বন। কর্মধা। বি; পুং। **দক্ষিণহস্তের ক্রিয়া, -ব্যাপার**—ভোজন, ভক্ষণ।

দক্ষিণা—১। পুরোহিতের পারিশ্রমিক; পুরস্কার; যজ্ঞপত্নী; দক্ষিণ দিক্ বা দেশ; দেবী বিঃ; নায়ক বিঃ। দক্ষিণ+আপ্। বি; স্ত্রী। ২। দক্ষিণ দিক্; দক্ষিণ-দেশ; দক্ষিণ হইতে; দক্ষিণে। দক্ষিণ+আ। অ। ৩। দাক্ষিণ্যযুক্তা ইঃ ('দক্ষিণ' দ্রঃ)। দক্ষিণ+আপ্। বিণ; স্ত্রী। ৪। দক্ষিণ দেশের; দক্ষিণ দিক্ হইতে আগত; দক্ষিণ দিক্ হইতে আগত বায়ু ("বামুন বাদল বান দক্ষিণা পেলেই যান"—খনার বচন)। দক্ষিণ+আ আগতার্থে, ভবার্থে (বাংপ্র)। বি বা বিণ।

দক্ষিণাগ্নি—দক্ষিণদিকে স্থাপনীয় যজ্ঞের অগ্নি। দক্ষিণ অগ্নি, কর্মধা। বি; পুং।

দক্ষিণাচল—মলয়পর্বত। কর্মধা। বি; পুং।

দক্ষিণাচার—তান্ত্রিক আচার বিঃ। কর্মধা। বি; পুং। বিণ, **-চারী**।

দক্ষিণান্ত—১। দক্ষিণাপ্রদান দ্বারা যজ্ঞকর্মসমাপন। ৬রাতৎ। বি; পুং। ২। দক্ষিণাপ্রদান দ্বারা সমাপিত ('—কর্ম')। বহু। বিণ।

দক্ষিণাপথ—দক্ষিণদেশ, বিন্ধ্যপর্বত এবং কুমারিকা অন্তরীপ—এই উভয়ের মধ্যস্থিত ভারতবর্ষের দক্ষিণাংশ, Deccan. দক্ষিণা (দক্ষিণদিকে) পথ, সুপ্। বি; পুং।

দক্ষিণাবর্ত—১। যে শঙ্খের মুখ দক্ষিণদিকে খোলা; দাক্ষিণাত্য। বি; পুং। ২। যাহার পাক ডানদিকে এমন ('—শঙ্খ'); ডানদিকে আবর্তবিশিষ্ট, clockwise. দক্ষিণে আবর্ত যাহার, বহু। বিণ।

দক্ষিণাবহ—দক্ষিণদিক্ হইতে প্রবাহিত বায়ু; মলয়-বায়ু। দক্ষিণা—বহ্+অচ্ কর্তৃ। বি; পুং।

দক্ষিণায়ন—১। বিষুবরেখার ২৩½° ডিগ্রি উত্তরে স্থিত কর্কটক্রান্তি হইতে সূর্যের দক্ষিণদিকে গমন। দক্ষিণা (দক্ষিণদিকে) অয়ন (গমন), সুপ্। ২। শ্রাবণ হইতে পৌষ পর্যন্ত ছয় মাস কাল। দক্ষিণে অয়ন হয় যে সময়ে, বহু। বি; ক্লী।

দক্ষিণায়নান্তবৃত্ত—সূর্যের দক্ষিণ-গতির সীমানিরূপক রেখা, বিষুবরেখার ২৩½° ডিগ্রি দক্ষিণে যে অক্ষরেখা আছে তাহা, Tropic of Capricorn. দক্ষিণায়নের অন্ত যাহাতে, বহু; সেই বৃত্ত, কর্মধা। বি; ক্লী। [< আ 'দখ্‌ল্'। বি।

দখল—অধিকার; অভিজ্ঞতা, ব্যুৎপত্তি; হস্তক্ষেপ।

দখলকার, দখলিকার—মালিক, অধিকারী। উপতৎ; দখল—কৃ+অণ্ (২য় পক্ষে ই-কার আগম)। আ-মূ। বিণ। [নামা (ফা)। বি।

দখলনামা—অধিকারসূচক দলিল। দখল (আ)+

দখলী—অধিকারভুক্ত; অধিকার সম্বন্ধীয়। দখল+ঈ সম্বন্ধার্থে। বিণ।

দখিন— < দক্ষিণ। বি বা বিণ।

দখিনা, দাখনে—দক্ষিণ দিক্ হইতে আগত; দক্ষিণ দিক্ সম্বন্ধীয়। < দক্ষিণা(৪)। বিণ।

দগড়—দামামা। < দ্রগড়। বি।

দগদগ—ক্ষত বা জ্বলনের লক্ষণ প্রকাশ। বাংপ্র। অ।

দগদগানি, দগদাগি—উৎকট যন্ত্রণা, অতিশয় বেদনা; অত্যন্ত মনঃকষ্ট। দগদগ+আনি, ই ভাবে (বাংপ্র)। বি।

দগদগে—বিস্তীর্ণ, বহুস্থানব্যাপী; স্পষ্ট প্রকাশিত ('—ঘা')। দগদগ+এ (< ইয়া) করে অর্থে। বিণ।

দগ্ধ—১। জ্বলিত, ভস্মীকৃত, ঝলসানো। দহ্+ক্ত কর্ম। ২। সন্তপ্ত। দহ্+ক্ত কর্তৃ। বিণ। **দগ্ধ কপাল**—দুরদৃষ্ট। **দগ্ধ বিধাতা**—নির্দয় ঈশ্বর। **দগ্ধ হৃদয়**—সন্তপ্ত চিত্ত।

দগ্ধপত্রন্যায়—ন্যায় বিঃ [পত্র সকল পুড়িয়া গেলে প্রকৃতপক্ষে তাহাদের পত্রত্ব থাকে না, কিন্তু পূর্ব আকৃতি দ্বারা অবস্থানের বোধমাত্র থাকে। কোন অনুরূপ বিষয়ে এই উদাহরণের উল্লেখকে দগ্ধপত্রন্যায় বলা হইয়া থাকে]। দগ্ধপত্রাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

দগ্ধা—জ্যোতিষে অমঙ্গলকর দিন [ইহা দুই প্রকার—মাসদগ্ধা ও দিনদগ্ধা]। দগ্ধ+আপ্। বি; স্ত্রী।

দগ্ধানো—পোড়ানো; যন্ত্রণা দেওয়া, জ্বালাতন করা। বাংপ্র। ক্রি [, বি]।

দগ্ধাবশেষ—আংশিকভাবে দগ্ধ পদার্থের অদগ্ধ অংশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; স্ত্রী।

দগ্ধিকা—পোড়া ভাত, ধরা ভাত। দগ্ধ+কন্+আপ্।

দগ্ধোদর—পোড়া পেট, সামান্যমাত্র আহার্যে পূরণীয় জঠর (ভোজনকার্যে অনাদরপ্রকাশার্থ কথাটি ব্যবহৃত হয়)। দগ্ধ উদর, কর্মধা। বি; ক্লী।

দঙ্গল—দল, ভিড়; অরণ্য; কুস্তি। বাংপ্র। বি।

দজ্জাল—বদমাশ, দুষ্ট; ধূর্ত; শঠ; অসত্যভাষী (সাধারণতঃ মেয়েদের সম্বন্ধে ব্যবহৃত)। আ (=শয়তান)। বিণ।

দড়—১। কঠিন; পটু; মজবুত; স্থির; নিশ্চিত। < দৃঢ়। ২। ঈষৎ। < দর। বিণ।

দড়বড়—দ্রুততাপ্রকাশ; ব্যস্ততাপ্রকাশ। বাংপ্র। অ।

দড়বড়ানো—দড়বড়শব্দে গমন করা; তাড়াহুড়া করা। বাংপ্র। ক্রি [, বি]।

দড়বড়ে—অতিদ্রুত, ক্ষিপ্রতাবিশিষ্ট; অত্যন্ত ব্যস্ত। দড়বড়+এ (< ইয়া) করে অর্থে। বিণ।

দড়া—কাছি। বাংপ্র। বি।

দড়াদড়ি—নানাপ্রকারের দড়ি, শক্ত মোটা ও সরু দড়ি। বাংপ্র। বি।

দড়াম—ভারী ও শক্ত জিনিস পড়িয়া যাওয়ার বা হঠাৎ

দরজা বন্ধ করা বা বন্দুক ছুঁড়িবার শব্দ। <দ্রাম্‌। অ।

দাঁড়ি—রজ্জু। হি-ম্‌। বি।

দঢ়—শক্ত, মজবুত; দক্ষ। <দৃঢ়। বিণ।

দণ্ড—১। লাঠি। দণ্ড্‌+ঘঞ্‌ করণ। বি; পুং বা ক্লী। ২। রাজদণ্ড; দমন, শাসন; শাস্তি; শিক্ষা। দণ্ড+ঘঞ্‌ ভাব। ৩। যুদ্ধ; ব্যূহ বিঃ। দণ্ড্‌+ঘঞ্‌ অধি। ৪। প্রকাণ্ড অশ্ব। দণ্ড্‌+ঘঞ্‌ কর্ম। ৫। সৈন্য; চারিহস্তপরিমাণ; কাঠা; কোণ; মন্থন-দণ্ড। দণ্ড্‌+ঘঞ্‌ করণ। ৬। ষষ্টিপলপরিমিত সময়, চব্বিশমিনিটকাল; যাম। দণ্ড্‌+অচ্‌ কর্তৃ। বি; পুং। ৭। খেসারত, গচ্চা; জরিমানা। বাংপ্র। বি। **দণ্ডে দণ্ডে**—প্রতি মুহূর্তে।

দণ্ডক—নর্মদা ও গোদাবরী নদীর মধ্যস্থ দাক্ষিণাত্যের বিশাল অরণ্যানী। দণ্ড+কন্‌ স্বার্থে, কুৎসিতার্থে। বি; পুং।

দণ্ডকবন—দণ্ডকারণ্য (তাহা দ্রঃ)। মধ্যপ। বি; ক্লী। [পুং।

দণ্ডকাক—দাঁড়কাক। দণ্ডাকার কাক, মধ্যপ। বি;

দণ্ডকারণ্য—নর্মদা ও গোদাবরী নদীর মধ্যস্থ দাক্ষিণাত্যের বিশাল অরণ্য। দণ্ডকাখ্য অরণ্য, মধ্যপ। বি; ক্লী।

দণ্ডদাতা (-দাতৃ)—শাস্তিপ্রদাতা। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-দাত্রী**। [ক্লী।

দণ্ডদান—শাস্তিপ্রদান, সাজা দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি;

দণ্ডধর—১। যম; রাজা; কুম্ভকার। বি; পুং। ২। যষ্টিধারী; যাহার দোষীকে সাজা দিবার ক্ষমতা আছে এরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ।

দণ্ডধারী (-ধারিন্‌)—১। যষ্টিহস্ত। বিণ। স্ত্রী, **-ধারিণী**। ২। যম; নরপতি; কুম্ভকার। উপতৎ; দণ্ড—ধৃ+ণিন্‌ কর্তৃ। বি; পুং।

দণ্ডন—দণ্ড দেওয়া, শাসন। দণ্ড্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।

দণ্ডনায়ক—সেনাপতি; রাজা; দণ্ডবিধানকর্তা; যে-ব্যক্তি বিচারকের হুকুম অন্যের উপর খাটায়, sheriff; পুলিসের কর্মচারী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দণ্ডনীতি—রাজনীতিশাস্ত্র বিঃ, যাহাতে রাজ্যশাসন-সংক্রান্ত যাবতীয় নিয়ম ও উপদেশ আছে; শুক্রাচার্যাদিপ্রণীত নীতিশাস্ত্র বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বিণ।

দণ্ডনীয়—দণ্ড দিবার যোগ্য। দণ্ড্‌+অনীয় কর্ম।

দণ্ডপাণি—১। শিবের অনুচর বিঃ; যম; নরপতি। বি; পুং। ২। যষ্টিধারী। দণ্ড পাণিতে যাঁহার, বহু। বিণ।

দণ্ডপাল, -পালক—দ্বারবান্‌। উপতৎ; দণ্ড—পালি+অণ্‌ কর্তৃ, পক্ষে ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দণ্ডবৎ—১। দণ্ডের ন্যায় ঋজুভাবে পতিত। দণ্ড+বতিচ্‌ তুল্যার্থে। অ। ২। নমস্কার, প্রণাম। বাংপ্র। বি। **খুরে খুরে দণ্ডবৎ**—অপরকে পশুর মত অধম বলিয়া তাহার নিকট পরিহার প্রার্থনা।

দণ্ডবিধাতা (-বিধাতৃ)—দণ্ডদানকর্তা; রাজা; বিচারপতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-বিধাত্রী**। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দণ্ডবিধান—শাস্তিপ্রদান; শাস্তিদানের ব্যবস্থা।

দণ্ডবিধি—দুষ্কৃতদমনার্থ নিয়মাবলী, penal code; দণ্ডবিধান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দণ্ডমুণ্ড—সাধারণ শাস্তি হইতে মুণ্ডচ্ছেদ পর্যন্ত সকলপ্রকার শাস্তি; তিরস্কার এবং পুরস্কার। বাংপ্র। বি। **দণ্ডমুণ্ডের কর্তা**—যিনি সকল প্রকারেই শাস্তি দিতে পারেন তিনি।

দণ্ডমূলক—যাহাতে শাস্তির ব্যবস্থা বা বিধান আছে এরূপ, শাস্তিমূলক, penal. দণ্ড+মূল যাহার+ক সমাসান্ত। বিণ। (দণ্ডমূলক আইন—penal code).

দণ্ডযাত্রা—১। যুদ্ধযাত্রা। ৪র্থীতৎ। ২। বরের সংগে মিছিল করিয়া যাওয়া। মধ্যপ। বি; স্ত্রী।

দণ্ডস্থান—যেখানে অপরাধীকে দণ্ড দেওয়া হয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দণ্ডাদণ্ডি—দণ্ড দ্বারা পরস্পর যুদ্ধ, লাঠালাঠি। ব্যতীহার বহু। অ।

দণ্ডাধিকরণ—ফৌজদারী আদালত, criminal court. দণ্ড বিষয়ক অধিকরণ, মধ্যপ। বি; ক্লী।

দণ্ডায়মান—দণ্ডবৎ ঋজুভাবে অবস্থিত, যে সোজা হইয়া দাঁড়াইয়া আছে এরূপ। দণ্ড+কাঙ্‌ (=দণ্ডায় নামধাতু)+শানচ্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -না। [অর্হ্‌+অচ্‌ কর্তৃ। বিণ।

দণ্ডার্হ—দণ্ডনীয়, শাস্তির যোগ্য। উপতৎ; দণ্ড—

দণ্ডিত—শাসিত, দণ্ডপ্রাপ্ত। দণ্ড্‌+ক্ত কর্ম। বিণ।

দণ্ডী (দণ্ডিন্‌)—১। দণ্ডধারী সন্ন্যাসী বিঃ; মহাদেব দমনকবৃক্ষ। বি; পুং। ২। দণ্ডধারী। দণ্ড+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী—**দণ্ডিনী**।

দণ্ড্য—দণ্ডনীয়, শাস্তি পাইবার যোগ্য। দণ্ড+যৎ অর্হার্থে। বিণ।

দত্ত—১। অর্পিত; ত্যক্ত। দা+ক্ত কর্ম। বিণ। ২। হিন্দুর উপাধি বিঃ। বাংপ্র। বি।

দত্তক—পোষ্যপুত্র। দত্ত+কন্‌ স্বার্থে; বি; পুং।

দত্তহারী (-রিন্‌)—প্রদত্ত বস্তু পুনর্গ্রহণকারী। উপতৎ; দত্ত—হৃ+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, **-হারিণী**।

দত্তা—১। পরিণীতা স্ত্রী; পিতা কর্তৃক পাত্রসাৎকৃতা কন্যা। বি; স্ত্রী। ২। অর্পিতা; পরিত্যক্তা। দত্ত+আপ্‌। বিণ; স্ত্রী।

দত্তাপহারী (-হারিন্‌)—যে দান করিয়া পুনর্বার তাহা গ্রহণ করে এমন। উপতৎ; দত্ত—অপ—হৃ+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, **-হারিণী**।

দদ্রু, দদ্রূ—দাদ ছুলি প্রঃ। দদ্‌+রু কর্তৃ; দদ্রু+ঊঙ্‌। বি; পুং, স্ত্রী।

দধি—১। দৈ। দধ্‌+ইন্‌ কর্তৃ। বি; ক্লী। ২। ধারণকর্তা। ধা+কি কর্তৃ (নিপা)। বিণ। ৩। সপ্তসমুদ্রের অন্যতম, দধিসাগর। বি; পুং।

দধিকাদা—নন্দোৎসবে কাদায় দই মিশাইয়া আনন্দানুষ্ঠান; দুই সখীর পাতানো সম্পর্ক। বাংপ্র। বি।

দধিমঙ্গল—বিবাহাদি উৎসবে অনুষ্ঠেয় মঙ্গলাচার বিঃ। দধিসম্পাদ্য মঙ্গল, মধ্যপ। বি; ক্লী।

দধিমন্থন—দই মওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দধিসার—মাখন, নবনীত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দধীচি, দধীচ—অথর্বমুনির ঔরসে কর্দম প্রজাপতির কন্যা শান্তির গর্ভে জাত মুনি বিঃ। দধ্+ঈচি, ঈচ কর্তৃ। বি; পুং।

দধ্যম্ল—দম্বল, দই প্রস্তুত করিবার জন্য অম্লরস বা সাজা। দধিকারক অম্ল, মধ্যপ। বি; ক্লী।

দনুজ—দানব, দৈত্য। উপতৎ; দনু—জন্+ড কর্তৃ। বি; পুং।

দনুজদলনী—অসুরবিনাশিনী শ্রীদুর্গা। দনুজদিগের দলনী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [পুং।

দনুজেন্দ্র—দৈত্যপতি, দানবশ্রেষ্ঠ। ৭মীতৎ। বি;

দন্ত—দাঁত; পর্বতশৃঙ্গ; গিরিনিতম্ব; নিকুঞ্জ; ৩২-সংখ্যা। দন্+তন্ করণ। বি; পুং।

দন্তকাষ্ঠ—দাঁত মাজার জন্য গাছের ডাল, দাঁতন। দন্তধাবন কাষ্ঠ, মধ্যপ। বি; ক্লী। [ক্লী।

দন্তধাবন—দন্তশোধন, দাঁত মাজা। ৬ষ্ঠীতৎ। বি;

দন্তপঙ্‌ক্তি, -পংক্তি—দন্তশ্রেণী, দাঁতের পাটি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [(<দন্তপংক্তি)। বি।

দন্তপাটি, -পাতি, -পাঁতি—দাঁতের পাটি। ৬ষ্ঠীতৎ

দন্তপুষ্প—কুন্দকুসুম, কুঁদফুল। দন্ততুল্য যে পুষ্প, মধ্যপ। বি; ক্লী।

দন্তবিকাশ—দন্তপ্রদর্শন, দাঁত বাহির করিয়া দেখানো। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দন্তবেষ্ট, -মাংস—দাঁতের মাড়ী। উপতৎ; দন্ত—বেষ্ট্+অণ্ কর্তৃ; ২য় পক্ষে ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।

দন্তমূলীয়—১। দন্তমূল হইতে উচ্চারিত বর্ণ, ত থ দ ধ ন ঌ ল স। বি; পুং। ২। দন্তমূল সংক্রান্ত; দন্তমূল হইতে উচ্চারিত। দন্তমূল+ঈয় ভবার্থে। বিণ। [তৎ। বি; স্ত্রী।

দন্তরুচি—দশনকান্তি, দন্তপঙ্‌ক্তির শুভ্রতা। ৬ষ্ঠী-

দন্তরুচিকৌমুদী — দশনপঙ্‌ক্তির শুভ্রতারূপ জ্যোৎস্না; হাসিবার সময়ে সুন্দর সাদা দাঁতের যে শোভা দেখা যায়। দন্তরুচিরূপ কৌমুদী, রূপক কর্মধা। বি; স্ত্রী। [বি; ক্লী।

দন্তশূল—দাঁতের বেদনা, দাঁতকনকনানি। ৬ষ্ঠীতৎ।

দন্তস্ফুট—দাঁত দিয়া কামড়ানো; কঠিন বিষয় বুঝিতে পারা। ৩য়াতৎ। বি; পুং।

দন্তাদন্তি—কামড়া-কামড়ি। দন্তে দন্তে প্রহার করিয়া কৃত এই বাক্যে, বহু (সমাসান্ত ই-প্রত্যয়)। অ।

দন্তাবল—হাতি। দন্ত+বলচ্ আছে অর্থে (দন্ত-স্থানে দন্তা)। বি; পুং।

দন্তী (দন্তিন্)—১। হস্তী; পর্বত; গণেশ; স্বনামখ্যাত বৃক্ষ বিঃ। বি; পুং। ২। দন্তযুক্ত, দাঁতাল। দন্ত+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**দন্তিনী**।

দন্তুর—উন্নত বা বহির্গত দন্তবিশিষ্ট; উন্নতাবনত; বিষম, এবড়ো-খেবড়ো। দন্ত+উরচ্ আছে অর্থে। বিণ। [উদ্ভেদ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দন্তোদ্গম, দন্তোদ্ভেদ—দাঁত উঠা। দন্তের উদ্গম,

দন্ত্য—দন্ত দ্বারা উচ্চার্য (ত থ দ ধ ন ল স ঌ—দন্ত্যবর্ণ)। দন্ত+যৎ ভবার্থে। বিণ।

দপ্—হঠাৎ জ্বলিয়া উঠার অনুকার-শব্দ; শিরো-বেদনাদিসূচক শব্দ। বাংপ্র। অ।

দপ্তর—পুস্তক, খাতা, হিসাবের বহি; বস্ত্রাবন্ধ পুস্তকাদি; আফিস; কাছারি; করসংক্রান্ত বর্ণনা-পত্র। <আ 'দফ্‌তর'। বি।

দপ্তরখানা—যে স্থানে হিসাববহি ও বর্ণনাপত্রাদি রাখা যায়; আফিস; কাছারি। ৬ষ্ঠীতৎ (আ-মু)। বি।

দপ্তরী—যাহার নিকট দপ্তর গচ্ছিত রাখা যায়; যে আফিসে পুস্তকাদি যথাস্থানে সজ্জিত করিয়া রাখে; যে বই বাঁধে। দপ্তর+ঈ রক্ষকাদি অর্থে (আ-মু)। বি।

দপ্তি—বই বাঁধার মোটা কাগজ, মলাটের মোটা কাগজ। <ফা 'দফ্‌তি'। বি।

দপ্‌দপ্—উজ্জ্বলতা এবং আগুনের জ্বলন প্রকাশক শব্দ; জোরে পা ফেলার শব্দ; মাথা ধরা, ফোড়ার ব্যথা ইঃ বাচক শব্দ। বাংপ্র। অ। [বি।

দপদপা, দবদবা—দর্প, তেজ; প্রভুত্ব, আড়ম্বর। বাংপ্র।

দপদপানি—টনটনানি, দপদপ করিয়া বেদনা হওয়া। দপদপ (অনুকার-শব্দ)+আনি ভাবে (বাংপ্র)। বি। ক্রি—**দপ্‌দপানো**।

দফা—শেষ অধ্যায়; পরিচ্ছেদ, অধ্যায়; সময়, বার; পালা; পৃষ্ঠা; রকম। <আ 'দফহ্'। বি। **দফা সারা**—নিকাশ করা, বিনাশ করা; রীতিমত সাজা দেওয়া।

দফাওয়ারী—যাহাতে প্রত্যেকটি দফার উল্লেখ করা হইতেছে এমন। আ-মু। বিণ।

দফাদফা—পুনঃপুনঃ' আ। ক্রি-বিণ।

দফাদার—অশ্বারোহী সৈন্যমধ্যে কর্মচারী বিঃ; শ্রমজীবীদিগের মধ্যে প্রধান; পেয়াদাদের মধ্যে প্রধান; চৌকিদারদের উপরিতন কর্মচারী। আ-মু। বি।

দফানিকাশ, -রফা, -শেষ—একেবারে শেষ; মৃত্যু; সর্বনাশ; প্রাণসংহার। ৬ষ্ঠীতৎ। বি।

দফে—আবার, পুনশ্চ। দফা+এ (৭মী বিভক্তি)। অ। **দফে দফে**—কিস্তিতে কিস্তিতে, বারে বারে।

দম—১। দমন, শাসন, দণ্ড; বশীভূতকরণ; জিতেন্দ্রিয়তা; ক্লেশসহন; কুকর্ম হইতে মনো-নিবৃত্তি; মনঃস্থৈর্য। দম্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। শ্বাসপ্রশ্বাস; প্রাণ; বিশ্রাম; শ্রমজীবীরা একে-বারে যতক্ষণ পরিশ্রম করিতে পারে ততক্ষণ; ঘড়ি চালাইবার জন্য তাহার স্প্রিং গুটানো বা জড়ানো; জোরে ধূমপান ('গাঁজায় —'); প্রতারণা, ধাপ্পা; ব্যঞ্জন বিঃ ('আলুর —')। ফা। বি। **দম দেওয়া**—স্প্রিং প্রঃতে পাক দেওয়া। **দম ফাটা**—শ্বাস লইতে কষ্ট হওয়া; হিংসায় জ্বলিয়া মরা। **দম রাখা**—

অনেকক্ষণ শ্বাসরোধ করিয়া থাকা। **দম লওয়া**—বিশ্রাম লওয়া। **দমে ভারী**—যাহা সিদ্ধ হইতে বেশী সময় লাগে এমন; যথেষ্ট প্রাণশক্তিসম্পন্ন।
দমক—১। দমনকারী, শাসনকর্তা। দম্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**দমিকা**। ২। ধমক; (বাতাসের) ধাক্কা। বাংপ্র। বি।
দমকল—অগ্নি-নির্বাণ প্রঃর জন্য উর্ধ্বে জল তুলিবার যন্ত্র; ফায়ারব্রিগেডের গাড়ি। বাংপ্র। বি।
দমকা—সহসা প্রবলভাবে আগত ('—হাওয়া'); আকস্মিক; বেগবান্। দমক+আ বিশিষ্টার্থে। বাংপ্র। বিণ। [বাংপ্র। অ।
দমদম—প্রহারাদির অনুকরণ-শব্দ; তোপের শব্দ।
দমদমা—মাটির উঁচু ঢিবি, লক্ষ্যবেধাদি যুদ্ধকৌশল অভ্যাস করিবার জন্য উঁচু মাটি। ⟨আ 'দমদমহ্'। বি।
দমন—১। শাসন, দণ্ড দান; বশীকরণ; নিবারণ; ইন্দ্রিয়-নিগ্রহ; ক্লেশসহন। দম্+অনট্ ভাব। বি; ক্লী। ২। দমনকারী; শাসক; নিবারক; নাশক। দম্+ণিচ্+অন কর্তৃ; অথবা, দম্+ণিচ্+অনট্ করণ। বিণ। স্ত্রী, -না, -নী।
দমননীতি—দমনকার্য দ্বারা প্রতিবাদকারীদিগকে সংযত করার নীতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
দমনীয়—শাসনীয়, দমনযোগ্য। দম্+অনীয় কর্ম। বিণ। [(বাংপ্র)। বিণ।
দমবাজ—প্রতারক, ফাঁকিবাজ। দম+বাজ শীলার্থে
দমবাজি—প্রতারণা, ধূর্ততা। দমবাজ+ই কর্মার্থে (বাংপ্র)। বি।
দময়িতা (-য়িতৃ)—শাসনকর্তা। বিণ। স্ত্রী, -য়িত্রী।
দমসম—বেশী খাওয়া ইঃর জন্য ভারাক্রান্ত ('পেট—হওয়া'); দমবন্ধ; দমবন্ধ হওয়ার বুকে পেটে এক হইয়া যাওয়া। বাংপ্র। বি।
দমা—দমিয়া যাওয়া; বসিয়া যাওয়া ('ছাদ—'); পশ্চাৎপদ হওয়া; উৎসাহহীন হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
দমানো—দমিত করা; বসাইয়া দেওয়া; নিস্তেজ করা; উৎসাহহীন করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
দমিত—শাসিত; বশীভূত; ভারবহনাদিক্লেশসহিষ্ণু। দম্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
দমী (দমিন্)—দমনশীল, শাসনকারক; জিতেন্দ্রিয়। দম্+ইন্ কর্তৃ। বিণ।
দম্পতি—স্ত্রী-পুরুষ, পতি-পত্নী। জায়া ও পতি, দ্বন্দ্ব। বি; পুং।
দম্পতী—⟨দম্পতি। ⟨দধ্যম্ল। বি।
দম্বল—দধি প্রস্তুত করিবার জন্য অম্লদ্রব্যাদি বিঃ।
দম্ভ—গর্ব; কপটতা, শঠতা; কল্ক; লোভ ও বঞ্চনাসহকারে বিহিত কর্মের অনুষ্ঠান; সম্মানপ্রাপ্তির জন্য ধার্মিকতাপ্রকাশ। দন্ভ্+ঘঞ্ ভাব। বি; পুং। [বিণ।
দম্ভক—প্রতারক; গর্বকারী। দম্ভ—ক্+ড কর্তৃ।
দম্ভী (দম্ভিন্)—গর্বকারী; শঠ। দম্ভ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**দম্ভিনী**।
দম্ভোক্তি—গর্বিত বাক্য; উদ্ধত বাক্য। দম্ভযুক্ত উক্তি, মধ্যপ। বি; স্ত্রী।
দম্ভোলি—বজ্র। দন্ভ্+ওলি কর্তৃ। বি; পুং।
দম্য—দমনীয়, শাসনীয়। দম্+যৎ কর্ম। বিণ।
দয়—গর্ত, খাত। ⟨দহ। বি। **দয়ে মজানো**—নদী প্রঃর মধ্যে ডুবানো; সর্বনাশ করা।
দয়া—পরদুঃখে দুঃখানুভব; কৃপা। দয়্+অঙ্ ভাব +আপ্। বি; স্ত্রী।
দয়াধর্ম—১। দয়া ও অন্যান্য পুণ্যকর্ম। দ্বন্দ্ব। ২। অনুগ্রহ, করুণা। কর্মধা। বি; পুং।
দয়াবান্ (-বৎ), **-বন্ত**—দয়ালু। দয়া+মতুপ্ আছে অর্থে, মস্থ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, -বতী, -ন্তী।
দয়ার্দ্র—অতিশয় দয়ালু, সদয়। দয়া দ্বারা আর্দ্র, ৩য়াতৎ। বিণ।
দয়াল—দয়াশীল। ⟨দয়ালু। বিণ।
দয়ালু—দয়াবান্; অনুগ্রহকারী। দয়্+আলুচ্ কর্তৃ, শীলার্থে। বিণ।
দয়াশীল—সর্বদা কৃপাসম্পন্ন। বহু। বিণ।
দয়াহীন—নির্দয়, কৃপাশূন্য। ৩য়াতৎ। বিণ।
দয়িত—১। প্রিয়, স্বামী। বি; পুং। ২। প্রিয়পাত্র, প্রীতিদায়ক। দয়্+ক্ত কর্ম। বিণ।
দয়েল, দোয়েল—পক্ষি বিঃ। বাংপ্র। বি।
দর—১। ভয়; কম্প; গহ্বর। দৃ+অপ্ করণ, কর্ম। বি; পুং বা ক্লী। ২। অল্প। অ। ৩। মূল্য, দাম, হার। বাংপ্র। বি। ৪। অধীন, অন্তর্ভুক্ত ('দরপত্তনি')। ফা-মূ। বিণ।
দর-ইজারাদার—ইজারাদারের অধীন; কটকিনাদার। কর্মধা (ফা-মূ)। বি বা বিণ।
দরকচা—অর্ধপক্ব; আধ-কাঁচা, শক্ত। বাংপ্র। বিণ।
দর-কষাকষি—দাম লইয়া পরস্পর কথা কাটাকাটি। ৭মীতৎ (বাংপ্র)। বি।
দরকার—আবশ্যকতা। ফা। বি।
দরকারী—প্রয়োজনীয়। দরকার+ঈ বিশিষ্টার্থে (ফা-মূ)। বিণ। ['দরখোয়াস্ত্'। বি।
দরখাস্ত—আবেদনপত্র, আর্জি, আবেদন। ⟨ফা
দরগা—পীরের আস্তানা; পীরের কবর সংলগ্ন পুণ্যগৃহ। ফা। বি। [বাজহ্'। বি।
দরজা—দ্বার; দ্বারের আবরণ, কপাট। ⟨ফা 'দর্-
দরজী—সূচীকর্মকার, যে সেলাইয়ের কাজ করে। ⟨ফা 'দর্জী'। বি। ['দর্দ'। বি।
দরদ—ব্যথা, বেদনা; সহানুভূতি; মমতা। ⟨ফা
দরদর—১। অজস্র ধারায় নির্গত। বিণ। ২। ঝরঝর, ঘর্মাদির ক্ষরণ। বাংপ্র। অ।
দরদস্তুর—আসল দাম ঠিক করার অথবা দাম কমাইবার চেষ্টা। বাংপ্র। বি।
দরদালান—গৃহসংলগ্ন স্থান, বহির্গৃহ, বাহিরের মণ্ডপ। ফা। বি।
দরদী—সহানুভূতিসম্পন্ন, ব্যথার ব্যথী। দরদ+ঈ আছে অর্থে (ফা-মূ)। বিণ।
দরপক, দরপাক—দর্পের; কামদেবের ("দূরে গেও দরপাক দাপ"—জ্ঞগদা)। প্রা কপ্র। বি।

দরপত্তনি—পত্তনিদারের অধীন জমিজমা। কর্মধা (ফা-ম্)। বি।
দরবার—সভা; রাজসভা; উচ্চপদস্থ ব্যক্তি কর্তৃক আহূত সভা বা তাহার বৈঠকখানা; মকদ্দমা। ফা। বি। বিণ—দরবারী।
দরবার-ই-আম—বাদশাহের প্রকাশ্য সভা, আম দরবার। ফা-ম্। বি।
দরবার-ই-খাস—বাদশাহের মন্ত্রণা-সভা। ফা-ম্। বি।
দরবিগলিত—১। ঈষৎ ক্ষরিত, অল্প-পরিমাণে নিঃসৃত; প্রবাহরূপে ক্ষরিত ('—ধারে')। সুপ্। ২। দরদর ধারায় গলিত। বাংপ্র। বিণ।
দরবেশ—মুসলমান ভিক্ষুক; ফকির; মিষ্টান্ন বিঃ। ফা। বি।
দরমা—চাঁচ। হি। বি।
দরমাহা—মাহিয়ানা, মাসিক বেতন। ফা। বি।
দরশ—দর্শন। কপ্র। বি।
দরশন—দেখা। <দর্শন। বি।
দরাজ—প্রশস্ত, উদার; মুক্ত। ফা-মূ। বিণ।
দরানি—গলিয়া পড়া, ঝরিয়া পড়া, চুয়াইয়া পড়া; মাংসাদি হইতে রস নির্গত হওয়া। বাংপ্র। বি।
দরি, দরী—পর্বতগুহা, গিরিকন্দর; গভীর সংকীর্ণ উপত্যকা। দৃ+ই কর্ম, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
দরিদ্র—নির্ধন; দীন; বিহীন; ক্ষীণ; শক্তিহীন। দরিদ্রা+অচ্ কর্তৃ। বিণ।
দরিদ্রনারায়ণ—দীনহীনের মধ্য দিয়া প্রকাশিত ঈশ্বর। দরিদ্ররূপী নারায়ণ, রূপক কর্মধা। বি; পুং।
দরিদ্রিত—নির্ধনীভূত, দুর্গত। দরিদ্রা+ক্ত কর্তৃ। বিণ। [বি।
দরিয়া—সমুদ্র; নদী; জলময় স্থান। <ফা 'দর্‌য়া'।
দরী—'দরি' দ্রঃ।
দরুন—নিমিত্ত, হেতু, জন্য। <ফা 'দরূন'। অ।
দরুদ, দরূদ—হজরত মোহাম্মদের নামের শেষে যুক্ত বাক্য বিঃ (সংক্ষেপে 'দঃ')। আ। বি।
দরোয়ান—প্রতীহার, দ্বারপাল; পিয়ন। <দ্বারবান্। বি।
দর্দুর—ভেক। দৃ+উর কর্তৃ। বি; পুং। স্ত্রী, -রী।
দর্প—গর্ব; তাপ। দৃপ্+ঘঞ্ ভাব। বি; পুং।
দর্পক—কামদেব, মদনদেব। ণিজন্ত দৃপ্+ণক কর্তৃ। বি; পুং। পুং।
দর্পণ—মুকুর; আদর্শ। দৃপ্+ণিচ্+অন কর্তৃ। বি;
দর্পহারী (-হারিন্)—গর্বনাশক। উপতৎ; দর্প—হৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -হারিণী।
দর্পিত—১। গর্বিত। দর্প+ইতচ্ জাতার্থে। ২। যাহাকে গর্বিত করা হইয়াছে এমন। দৃপ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
দর্পী (দর্পিন্)—অহংকারী। দর্প+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—দর্পিণী।
দর্বি, দর্বী, দর্বিকা—হাতা; তাড়ু; সর্পফণা। দৃ+বিন্ কর্তৃ, পক্ষে ঈপ্, পক্ষে কন্+আপ্। বি; স্ত্রী।
দর্বীকর—১। ফণাধর সাপ। দর্বী—কৃ+অন কর্তৃ। বি; পুং। ২। হাতা নির্মাণকারী। উপতৎ; দর্বী—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -করী।
দর্ভ—কুশ কাশ বল্বজ তীক্ষ্ণরোমশ মৌঞ্জ শাদ্বল—এই ছয় প্রকার তৃণ। দৃন্ভ্+ঘঞ্ কর্ম। বি; পুং।
দর্ভময়—কুশময়, কুশনির্মিত ('—ব্রাহ্মণ')। দর্ভ+ময়ট্ অবয়বার্থে। বিণ। স্ত্রী, -য়ী।
দর্ভাসন—কুশাসন। দর্ভরচিত আসন, মধ্যপ। বি; ক্লী।
দর্শ—১। দৃষ্টি, দর্শন। দৃশ্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। দ্রষ্টা। দৃশ্+অচ্ কর্তৃ। বিণ। ৩। অমাবস্যা। দৃশ্+ঘঞ্ করণ। বি; পুং।
দর্শক—১। দর্শনকারী। দৃশ্+ণক কর্তৃ। ২। দর্শয়িতা; দ্বারপাল। দৃশ্+ণিচ্ ণক কর্তৃ। বিণ। স্ত্রী—দর্শিকা।
দর্শন—১। দেখা, অবলোকন; জ্ঞান, অভিজ্ঞতা। দৃশ্+অনট্ ভাব। ২। স্বপ্ন; নিয়ম; ধর্ম; আকৃতি। দৃশ্+অনট্ কর্ম। ৩। চক্ষু; দর্পণ; সাংখ্য পাতঞ্জল ন্যায় বৈশেষিক মীমাংসা বেদান্ত—এই ছয় শাস্ত্র; যে শাস্ত্রে লৌকিক ও পারলৌকিক বিষয়ের বিচার ও মীমাংসা আছে; জ্ঞানপ্রতিপাদক শাস্ত্র। দৃশ্+অনট্ করণ। বি; ক্লী।
দর্শনকারী (-কারিন্)—দ্রষ্টা; দর্শনশাস্ত্রপ্রণেতা। উপতৎ; দর্শন—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -কারিণী।
দর্শন-ধারি, -দারি—বাহ্য আকৃতি, স্বরূপ; রূপ বিচার ("আগে দর্শনদারি, পাছে গুণ বিচারি"—প্রবাদ)। বাংপ্র। বি।
দর্শনপ্রতিভূ—হাজির-জামিন; যে ব্যক্তি কেবল হাজির করিয়া দিবার জন্য জামিন হয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দর্শনশাস্ত্র—ঈশ্বরাদিতত্ত্বনির্ণায়ক শাস্ত্র, সাংখ্যাদি শাস্ত্র; যে কোন তত্ত্বজ্ঞানপ্রদ শাস্ত্র, Philosophy. দর্শন (জ্ঞান)-প্রদ অথবা দর্শনাখ্য শাস্ত্র, মধ্যপ। বি; ক্লী।
দর্শনী—১। রোগী দেখিবার জন্য চিকিৎসকের পারিশ্রমিক, ডাক্তারের ফী; প্রণামী; উপহার। বি। ২। দর্শনসংক্রান্ত। দর্শন+ঈ সম্বন্ধাদি অর্থে (বাংপ্র)। বিণ।
দর্শনীয়—দর্শনযোগ্য; সুন্দর; যাহা দেখিতে পাওয়া যায় এরূপ; যাহা দেখা আবশ্যক এরূপ। দৃশ্+অনীয় কর্ম। বিণ।
দর্শনেন্দ্রিয়—নেত্র। দর্শনসাধক ইন্দ্রিয়, মধ্যপ। বি; ক্লী।
দর্শয়িতা (-য়িতৃ)—যে দেখাইয়া দেয় এরূপ, প্রদর্শক; প্রকাশক। দৃশ্+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িত্রী।
দর্শা—দেখা; সংঘটিত হওয়া; আবির্ভূত হওয়া; উৎপন্ন হওয়া। বাংপ্র। ক্রি।
দর্শানো—দেখানো, প্রদর্শন করা; উৎপন্ন করা; ঘটানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

দর্শিত—যাহা দেখানো হইয়াছে এরূপ; প্রকাশিত। দৃশ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

দর্শী (দর্শিন্)—(সমাসে অন্য পদের পরে) যে দেখে এরূপ। দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**দর্শিনী**।

দল—১। পত্র; উচ্চতা; অর্ধ; খণ্ড; সমূহ; রাশি, ঝাঁক; ফুলের পাপড়ি। দল্+অচ্ কর্ম। ২। অস্ত্রাদির ধার। দল্+অচ্ করণ। ৩। দলন, বিমর্দন। দল্+অচ্ ভাব। বি; ক্লী। ৪। সম্প্রদায়; একজাতীয় অনেক পদার্থের একত্র-সমাবেশ; কাঁচড়া, দাম। বাংপ্র। বি। **দল পাকানো**—কাহারও সহিত শত্রুতা প্রতিদ্বন্দ্বিতা প্রঃ করিবার জন্য দলবদ্ধ হওয়া। **দল বাঁধা**—জোট পাকানো। **দলে দলে**—বহু দলে; পৃথক্ পৃথক্ ভাবে শ্রেণীবদ্ধ হইয়া; পালে পালে। **দলে পুরু**—মোটা ও ভারী; সুস্পষ্ট। **দলে ভারী**—এক একটি দলে বা শ্রেণীতে বহুজনবিশিষ্ট।

দলকচু—পাতাকচু; একধরনের ধান। প্রাদে। বি।

দলগত—দলীয়, দল সম্বন্ধীয়। ২য়াতৎ। বিণ।

দলছাড়া—দল হইতে আলাদা; স্বতন্ত্র। বাংপ্র। বিণ।

দলদলে—কর্দমাদির মত গাঢ় অথচ কোমল, দোলায়িত। দলদল (অনুকার-শব্দ)+এ (<ইয়া) করে অর্থে। বিণ।

দলন—১। মর্দন, নিষ্পীড়ন: বিদারণ; বিকাশ; শাসন; স্ফোটন; চূর্ণন; পেষণ। দল্+অনট্ ভাব। বি; ক্লী। ২। বিমর্দনকারক; শাসক। দল্+অন কর্তৃ, বা অনট্ করণ। বিণ। স্ত্রী, -না, -নী।

দলনী—ঢিল; নিষ্পীড়নকারিণী। দলন+ঈপ্। বি; স্ত্রী।

দলপতি—দলের কর্তা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দলবদ্ধ—সংঘবদ্ধ, সমবেত। ৭মীতৎ। বিণ।

দলবল—নিজ পক্ষের লোকজন। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

দলভুক্ত—দলের অন্তর্গত। ৩য়াতৎ। বিণ।

দলভ্রষ্ট—নিজ দল হইতে বিচ্যুত। ৫মীতৎ। বিণ।

দলমল—দোদুল্যমান ("দলমল দলমল গলে মুণ্ডমালা"—ভারত)। প্রা কপ্র। বিণ।

দলা—১। ডেলা, তাল; কতকটা। প্রাদে। বি। ২। দলিত করা; রগড়ানো; ঠাসা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

দলাই—দলন, বিমর্দন; ঠাসা, রগড়ানো। দল্+আই ভাবে (বাংপ্র)। বি।

দলাই-মলাই—রগড়ারগড়ি, অঙ্গমর্দন। বাংপ্র। বি।

দলাদলি—পরস্পরের বিরুদ্ধে দলবদ্ধ হওয়া; দলে দলে বিবাদ করা। বাংপ্র। বি।

দলানো—দলিত করানো; ঠাসানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

দলিত—মর্দিত, নিষ্পীড়িত; খণ্ডিত; উদ্ঘাটিত; পিষ্ট, চূর্ণিত; বিভক্ত; শাসিত। দল্+ক্ত কর্ম। বিণ।

দলিল—প্রমাণপত্র; সম্পত্তি প্রঃতে অধিকারসূচক পত্র। <আ 'দলীল'। বি। বিণ—**দলিলী**।

দলিল-দস্তাবেজ—প্রমাণপত্র প্রঃ; কোবালা প্রঃ কাগজপত্র। দ্বন্দ্ব। আ। বি।

দলীয়—দলগত, দল-সম্পর্কিত (—স্বার্থ)। দল+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

দলুই—বাঙ্গালী হিন্দুর পদবী বিঃ। বাংপ্র। বি।

দশ (দশন্)—দশসংখ্যা, ১০; দশসংখ্যক। দন্শ্+কনিন্ কর্তৃ। বি; স্ত্রী, বা বিণ।

দশক—দশসংখ্যা; দশসমূহ; একের অধিক অঙ্ক পর পর রাখিলে দক্ষিণদিক্ হইতে দ্বিতীয় অঙ্ক; দশবৎসরের সমষ্টি, decade. দশন্+কন্ পরিমাণার্থে। বি; ক্লী।

দশকর্ম (-কর্মন্)—গর্ভাধানাদি দশবিধ সংস্কারকর্ম [গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম, নিষ্ক্রামণ, নামকরণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন, বিবাহ]। কর্মধা। বি; ক্লী।

দশকর্মান্বিত—দশকর্মে অভিজ্ঞ। দশকর্ম দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ। [স্ত্রী।

দশকোষী, -কোষিকা—কীর্তনগানের তাল বিঃ। বি;

দশচক্র—দশজনের মন্ত্রণা; অনেকের ষড়যন্ত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। **দশচক্রে ভগবান্ ভূত**—বহুলোকের চক্রান্তে ভালকেও মন্দ বলিয়া মনে হয়।

দশদশা—দশ অবস্থা; কামজন্য লালসা উদ্বেগ জাগরণ কৃশতা জড়তা চিন্তা বা ব্যগ্রতা ব্যাধি উন্মাদ মোহ ও মৃত্যু এই দশ অবস্থা; গর্ভবাস জন্ম বাল্য কৌমার পৌগণ্ড যৌবন স্থাবিরত্ব জরা প্রাণরোধ নাশ—এই দশ অবস্থা। মধ্যপ। বি; স্ত্রী।

দশদিক্ (-দিশ্)—পূর্ব দক্ষিণ পশ্চিম উত্তর—এই চারিটি দিক্ এবং অগ্নি নৈর্ঋত বায়ু ও ঈশান—এই চারিটি বিদিক্ বা কোণ এবং ঊর্ধ্ব ও অধঃ—সর্বসুদ্ধ এই দশ দিক্। দশ দিক্, কর্মধা। বি; স্ত্রী।

দশদিক্পাল—ইন্দ্র (পূর্বদিকের অধিপতি) অগ্নি (দক্ষিণ-পূর্বের) যম (দক্ষিণের) নৈর্ঋত (দক্ষিণ-পশ্চিমের) বরুণ (পশ্চিমের) মরুৎ বা বায়ু (উত্তর-পশ্চিমের) কুবের (উত্তরের) ঈশান (উত্তর-পূর্বের) ব্রহ্মা (ঊর্ধ্বের) অনন্ত (অধোদিকের)—এই দশ দিক্পতি। উপতৎ; দশদিক্—পা+ণিচ্+অণ্ কর্তৃ। বি; পুং।

দশদিশ, -দিশি—দশদিক্। কপ্র। বি।

দশধা—দশপ্রকার, দশভাগ; দশবার; দশরকমে; দশখণ্ডে। দশন্+ধা প্রকারার্থে। অ।

দশন—১। দন্ত; শিখর। বি; পুং। ২। কবচ। দন্শ্+অনট্ করণ। ৩। দংশন। দন্শ্+অনট্ ভাব। বি; ক্লী। [দশশাখা। বাংপ্র। বি।

দশনামী—শঙ্করাচার্য প্রবর্তিত সন্ন্যাসী-সম্প্রদায়ের

দশপঁচিশ—একপ্রকার কড়িখেলা। বাংপ্র। বি।

দশপ্রহরণ—দুর্গার দশ হাতের দশপ্রকার অস্ত্র। দশবিধ প্রহরণ, মধ্যপ। বি; ক্লী।

দশপ্রহরণধারিণী—দশবিধ-অস্ত্র-ধারিণী দুর্গা। উপতৎ: দশপ্রহরণ—ধৃ+ণিন্ কর্তৃ+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।

দশবল—বুদ্ধি ক্ষান্তি ইঃ দশপ্রকার বলে বলীয়ান বুদ্ধদেব। দশ বল যাঁহার; বহু। বি; পুং।

দশবাইচণ্ডী—দশভুজা দুর্গাদেবী; অতি ব্যস্তা রমণী; অতি কোপনা নারী। বাংপ্র। বি; স্ত্রী।

দশবিধ—দশপ্রকার। দশ বিধা যাহার, বহু। বিণ।

দশভুজা—দুর্গাদেবী। দশ ভুজ যাঁহার, বহু+আপ্। বি; স্ত্রী। [স্ত্রী, -ঞ্জী।

দশম—দশের পূরক। দশন্+মট্ পূরণার্থে। বিণ।

দশমন্যায়—ন্যায় বিঃ [দশজন লোক একটি নদী পার হইয়া নিজেদের মধ্যে কেহ হারাইয়া গেল কিনা তাহা দেখিবার জন্য গণনা করিতে বসিল। যে-ই গণনা করে, সে-ই নিজেকে বাদ দিয়া গণনা করে। ফলে সংখ্যায় নয় জন হয়। শেষে একজন অভিজ্ঞ লোক গণনাকারীকে গণনার ভুল বুঝাইয়া দিলেন। সেইরূপ সাধারণ মানুষ ভুলিয়া যায়, পরমেশ্বর সর্ব ঘটে বিরাজমান। আত্মদর্শী লোক বেদান্তবাক্যের উপদেশ দ্বারা তাহাকে পরমেশ্বর সম্বন্ধে জ্ঞানদান করেন]। দশমাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

দশমহাবিদ্যা—কালী তারা ষোড়শী ভুবনেশ্বরী ভৈরবী ছিন্নমস্তা ধূমাবতী বগলা মাতঙ্গী ও কমলা—এই দশ মহাদেবী। মহতী বিদ্যা, কর্মধা; দশ মহাবিদ্যা, কর্মধা। বি; স্ত্রী।

দশমাবতার—কল্কী অবতার। দশম অবতার, কর্মধা। বি; পুং।

দশমিক—১। দশগুণোত্তর, দশমাংশ সম্বন্ধীয়, decimal. বিণ। ২। একের ন্যূন রাশির গণনা-পদ্ধতি, দশমাংশপ্রকাশক ভগ্নাংশ। দশম+ইক (ঠন্) সম্বন্ধার্থে। বিণ।

দশমী—১। দশের পূরিকা। বিণ; স্ত্রী। ২। দশমী তিথি; (বিশেষতঃ) বিজয়া-দশমী; ৯০ বৎসরের অধিক বয়স, অতি বৃদ্ধাবস্থা; মরণরূপ অবস্থা। দশম+ঈপ্। বি; স্ত্রী।

দশমেসে—দশমাসের ('—পোয়াতী')। দশমাস+এ (> ইয়া) (বাংপ্র)। বিণ।

দশরথ—রামচন্দ্রের পিতা। দশ অর্থাৎ দশদিকে রথ যাঁহার, বহু। বি; পুং।

দশ-শত—সহস্র সংখ্যা; সহস্র-সংখ্যক। দশাবৃত্ত শত, মধ্যপ। বি বা বিণ; ক্লী।

দশসমা—দশবর্ষবয়স্কা ("না বুঝাল কেহ তোমা, সুতা হইল দশসমা"—কবিকঙ্কণ)। দশ সমা যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

দশসালা—দশ বৎসরের জন্য নির্দিষ্ট ('—বন্দোবস্ত')। দশ+সাল (বৎসর)+আ (বাংপ্র)। বিণ।

দশস্কন্ধ—রাবণ। বহু। বি; পুং।

দশহরা—দশবিধপাপহারিণী জ্যৈষ্ঠমাসের শুক্লা দশমী। উপতৎ; দশন্—হৃ+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

দশা—১। বস্ত্রপ্রান্ত; সলিতা। দন্শ্+ণিচ্+অচ্ করণ (নিপা)+আপ্। ২। ভাব, অবস্থা; ভক্তি-জনিত ভাবাবেশ; অভিলাষ চিন্তা স্মৃতি গুণকথন উদ্বেগ প্রলাপ উন্মাদ ব্যাধি জড়তা ও মরণ—এই দশ কামজ দশা; জন্মকালীন গ্রহের স্থিতিজনিত প্রভাব; গর্ভবাস জন্ম বাল্য কৌমার পৌগণ্ড যৌবন স্থাবির্য জরা প্রাণরোধ ও বিনাশ—এই শরীরজ দশ দশা। দন্শ্+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

দশান্ত—জাতকের সূর্যাদিগ্রহের ভোগ্যকালের সমাপ্তি; গর্ভবাসাদি অবস্থান্তরপ্রাপ্তির নিরসন; মুক্তি; সলিতা নিঃশেষ হইয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দশানন, দশাস্য—রাবণ। বহু। বি; পুং।

দশাবতার—১। নারায়ণ। বহু। ২। পৃথিবীতে বিভিন্নরূপে জাত ভগবানের দশমূর্তি। কর্মধা। বি; পুং।

দশাবিপর্যয়—অবস্থার বৈপরীত্য; দুরবস্থা। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

দশাশ্বমেধ, -মেধিক—কাশীস্থ তীর্থ বিঃ [কথিত আছে, ব্রহ্মা এইখানে দশটি অশ্বমেধ যজ্ঞ করিয়া-ছিলেন]। বহু। দশাশ্বমেধ+ইক (ঠন্) নিষ্পন্নার্থে। বি; পুং। [বি।

দশাশ্বমেধঘাট—কাশীতে গঙ্গার ঘাট বিঃ। বাংপ্র।

দশাসই—লম্বাচওড়া এবং বলবান্, লম্বায় চওড়ায় মানানসই। <দশাস্য। বিণ।

দশাস্য—'দশানন' দ্রঃ।

দশাহ—দশ দিন। দশ অহনের (দিনের) সমাহার, সমাহার দ্বিগু। বি; পুং।

দশি, দশী—বস্ত্রের প্রান্তভাগস্থিত আলগা সুতা; বস্ত্রপ্রান্ত, ছিলা। <দশা। বি।

দষ্ট—যাহাকে দংশন করা হইয়াছে এরূপ, দন্ত দ্বারা ছিন্ন ('মূষিক—')। দন্শ্+ক্ত কর্ম। বিণ।

দস্তক—পরোয়ানা, সমন; ছাড়-হুকুম। ফা। বি।

দস্তখত—স্বাক্ষর। <ফা 'দস্ত্‌খত'। বি। বিণ, -খতী।

দস্তা—শুভ্রবর্ণ ধাতু বিঃ, zinc. <যশদ। বি।

দস্তানা—অঙ্গুলিত্রাণ, হাতমোজা। ফা। বি।

দস্তাবেজ—আদালতে প্রমাণার্থ কাগজপত্রাদি, দলিল প্রঃ। ফা। বি।

দপ্তদার—রাজকীয় সীলমোহর ও দলিলপত্রের তদারককারী কর্মচারী; মশালচী; পদবী বিঃ। ফা। বি।

দস্তুর—প্রথা, রীতি। ফা। বি।

দস্তুরমত, -মাফিক—রীতিমত। দস্তুরের মত, মাফিক, ৬ষ্ঠীতৎ (ফা-মূ)। ক্রি-বিণ।

দস্তুরি—বিক্রেতার নিকট হইতে ক্রেতা দ্রব্যমূল্যের যে অংশ ছাড় পায়, দালালি, commission. দস্তুর+ই সম্বন্ধার্থে (ফা-মূ)। বি।

দস্যি—দুরন্ত, অশান্ত। <দস্যু। বিণ।

দস্যিপনা—দৌরাত্ম্য, দুরন্ত আচরণ। বাংপ্র। বি।

দস্যু—শত্রু; ডাকাত; চোর; উৎপীড়নকারী; অসম-সাহসিক। দস্+যুচ্ কর্তৃ। বি; পুং বা বিণ।

দস্যুতা—ডাকাতি; চৌর্য; শত্রুতা। দস্যু+তা ভাবে। বি; স্ত্রী।

দস্যুবৃত্তি—দস্যুতা, ডাকাতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দহ—গহ্বর; নদ্যাদির অতলস্পর্শ স্থান; সুগভীর জলাশয়; জলের পাক; মহাবিপদ্। <হ্রদ। বি।
দহন—১। অগ্নি; দগ্ধলোক; চিতাগাছ। বি; পুং। ২। দাহকারক; নিবারক। দহ্+অন কর্তৃ। বিণ। ৩। দাহ। দহ্+অনট্ ভাব। বি; ক্লী।
দহনীয়—দাহ্য। দহ্+অনীয় কর্ম। বিণ।
দহরম—আত্মীয়তা। <ফা 'দর্হম'। বি।
দহরম-মহরম—পরস্পর আত্মীয়তা; অতি ঘনিষ্ঠতা। ফা। বি।
দহলা—দশফোঁটা-চিহ্নিত তাস। বাংপ্র। বি।
দহা—দগ্ধ করা; জ্বালানো; পীড়া দেওয়া; দগ্ধ হওয়া। কপ্র। ক্রি [, বি]।
দহিয়াল—দোয়েল পাখি। বাংপ্র। বি।
দহ্যমান—যাহা দগ্ধ করা হইতেছে এরূপ, ভস্মীক্রিয়মাণ। দহ্+শানচ্ কর্ম। বিণ।
দা—১। কাটারি; কাস্তে। <দাত্র। ২। নামের বা বিশেষণবাচক শব্দের পরে যুক্ত 'দাদা' শব্দের সংক্ষেপ ('বড়দা', 'হরেনদা')। বাংপ্র। বি। ৩। (কর্মবাচক উপপদের পরে থাকিলে) দানকারিণী ('বরদা')। দা+ক কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী।
দাই, ধাই—উপমাতা, শিশুপালিকা; যে নারী প্রসব করায়; হিন্দুস্থানী দাসী। <ধাত্রী। বি; স্ত্রী।
দাইল—ডাল। <দ্বিদল। বি।
দাউ-দাউ—অতি বেগে অগ্নি জ্বলনের ভাবপ্রকাশক শব্দ। বাংপ্র। অ। [রক। <দার্বট। বি।
দাওয়া—১। দাবি, অধিকার। আ-মু। ২। বারান্দা,
দাওয়াই—ঔষধ। <আ 'দবা'। বি।
দাওয়াইখানা—ডাক্তারখানা। ৬ষ্ঠীতৎ (আ-মু)। বি। [দ্রঃ।
দাঁ—১। পদবী বিঃ। বাংপ্র। বি। ২। দাঁও (তাহা
দাঁও—সুবিধা; সহজে মোটা লাভ। <দান। বি।
দাঁড়—নৌকাচালন-দণ্ড; পোষা পাখির বসিবার লোহাদি দণ্ড। <দণ্ড। বি। [বি।
দাঁড়কাক—কৃষ্ণবর্ণ বৃহৎ কাক বিঃ। <দণ্ডকাক।
দাঁড়া—১। দস্তুর, রীতি। বাংপ্র। ২। দণ্ড। <দণ্ড। ৩। হুল। <দাঢ়া। বি। ৪। দণ্ডায়মান। বিণ। ৫। দণ্ডায়মান হ; অপেক্ষা কর্। বাংপ্র। ক্রি।
দাঁড়ানো—১। দণ্ডায়মান। বিণ। ২। দণ্ডায়মান হওয়া; থামা; জমা; উন্নতিলাভ করা; সুপ্রতিষ্ঠিত হওয়া; ঘটিয়া উঠা। বাংপ্র। [ক্রি, বি]।
দাঁড়াশ—সর্প বিঃ। বাংপ্র। বি।
দাঁড়ি—পূর্ণচ্ছেদমূলক চিহ্ন বা সরল রেখা; নিক্তি। <দণ্ডী। বি।
দাঁড়িপাল্লা—তুলাদণ্ড এবং তাহার উভয় পার্শ্বে লম্বমান পাত্রদ্বয়, তরাজু। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
দাঁড়ী—যে নৌকার দাঁড় টানে। দাঁড়+ঈ (বাংপ্র)। বি।
দাঁত—দন্ত। <দন্ত। বি। **দাঁত খিঁচানো**—দাঁত বাহির করিয়া ভেঙচানো। **দাঁত ফোটানো**—কোন দুরূহ বিষয় বোধগম্য করা। **দাঁত বাহির করা**—অপরের বিরক্তিজনক ভাবে হাসা; ভেঙচানো। **দাঁত ভাঙা**—দর্প চূর্ণ করা। **দাঁতে কুটো করা, -কুটো কাটা**—অতিশয় বিনীত হওয়া। **দাঁতে দাঁড় দিয়া পড়িয়া থাকা**—অনাহারে শয়ন করিয়া থাকা। **দাঁতে দাঁত লাগা**—দাঁতকপাটি লাগা।
দাঁতকড়া—দন্তশূল, দাঁত-কনকনানি। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
দাঁতকপাটি—দাঁতে দাঁতে লাগা, নীচের পাটির সহিত উপরের পাটির দাঁত লাগিয়া বন্ধ হওয়া। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
দাঁতন—দন্তকাষ্ঠ; দন্তকাষ্ঠ দ্বারা দন্তমার্জন। উপতৎ (বাংপ্র)। বি।
দাঁতভাঙা—উচ্চারণে ক্লেশকর ('— শব্দ')। উপতৎ (বাংপ্র)। বিণ।
দাঁতশূল—দাঁত-কনকনানি। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
দাঁতালো—১। বড় বড় দাঁতযুক্ত, দেঁতো। বিণ। ২। হস্তী শূকর প্রঃ। দাঁত+আলো বিশিষ্টার্থে (বাংপ্র)। বি।
দা-কুমড়া—কাটারি ও কুমড়া; ছেদ্যচ্ছেদক। দ্বন্দ্ব (বাংপ্র)। বি। **দা-কুমড়া সম্বন্ধ**—চরম শত্রুতা, একান্ত অবনিবনাও।
দাক্ষায়ণী—সতী, দুর্গা; অশ্বিন্যাদি নক্ষত্র। দক্ষ+আয়ন অপত্যার্থে+ঈপ্। বি; স্ত্রী।
দাক্ষিণাত্য—১। দক্ষিণদেশজাত; দক্ষিণদিকস্থ; দক্ষিণদেশবাসী; দক্ষিণদেশের অন্তর্বর্তী। বিণ। ২। দক্ষিণাপথ, Deccan. দক্ষিণ+আ+ত্যক্ ভবার্থে। বি; পুং।
দাক্ষিণ্য—দানশীলতা; আনুকূল্য; পরচ্ছন্দানুবৃত্তি; সরলতা; সৌজন্য; দক্ষতা। দক্ষিণ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
দাখিল—১। পেশ, উপস্থাপন ('খাজনা —', 'হিসাব —')। বি। ২। শামিল; উপনীত; উপস্থাপিত। আ। বিণ।
দাখিলা—খাজনার রসিদ, কবচ। আ-মু। বি।
দাখিলী—যাহা দাখিল করা হইয়াছে এমন। দাখিল+ঈ কৃতার্থে। আ-মু। বিণ।
দাগ—১। চিহ্ন, অঙ্ক; কলঙ্ক; মার্কা; আঁচড়, রেখা। ফা। বি। ২। লৌহশলাকা দ্বারা গবাদি পশুর গায়ে যে দাগ কাটা হয় তাহা। <দাহ। বি। **দাগ কাটা**—চিহ্ন করা, রেখাঙ্কন করা। **দাগ দেওয়া**—চিহ্নিত করা; ছেঁকা দিয়া চিহ্নিত করা।
দাগড়া—দেহস্থ আঘাতাদির চিহ্ন; আঁচড়। বাংপ্র। বি।
দাগড়া-দাগড়া—আঘাতাদির বহু চিহ্ন। বাংপ্র। বি।
দাগবিলি—জমি ও প্রজার বিবরণ। ফা-মু। বি।
দাগরাজি—ভাঙা বা ফাটা স্থান ইঃর সংস্কারসাধন; ইঁটের ফাঁকে সামান্য সিমেণ্ট দিয়া জোড় খাওয়ানো, pointing. <ফা। বি।
দাগা—১। ক্লেশদান; বিবাদ; প্রতারণা; বিশ্বাসঘাতকতা; বিপত্তি; মৎস্যের কর্তিত অংশ; মনঃকষ্ট; দাগ; শিশুদের লিখিবার আদর্শ। <ফা

'দর্গা'। বি। ২। চিহ্নিত করা; কামানের সাহায্যে গোলাগুলি নিক্ষেপ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

দাগাদার—বিশ্বাসঘাতক; অনিষ্টকারী; পীড়াদায়ক; কলঙ্কারোপকারী। দাগা+দার উৎপাদক অর্থে। ফা-মু। বিণ। [, বি, বিণ]।

দাগানো—দাগ দেওয়া, চিহ্নিত করা। বাংপ্র। ক্রি

দাগাবাজ—প্রতারক; বিশ্বাসঘাতক; পীড়াদায়ক। দাগা+বাজ শীলার্থে (ফা-মু)। বিণ।

দাগাবাজি—বিশ্বাসঘাতকতা; প্রতারণা; ধূর্ততা। দাগাবাজ+ই কর্মার্থে (বাংপ্র)। বি।

দাগী—চিহ্নিত, দাগযুক্ত ('—কাপড়'); কলঙ্কিত; পূর্বে দণ্ডিত; ('— আসামী'); পুরাতন পাপী; একদিকে পচা। দাগ+ঈ আছে অর্থে (বাংপ্র)। বিণ।

দাংগা—বিরোধ; বিদ্রোহ; বহু লোকের মধ্যে মারপিট; মারামারি। হি। বি।

দাংগাবাজ—কলহপ্রিয়; যে দাংগা করিতে ভালবাসে বা দাংগা করাই যাহার স্বভাব এরূপ। দাংগা+বাজ আসক্তার্থে (হি-মু)। বিণ।

দাংগা-হাংগামা—মারামারি, মারপিট ও নালিশ-মকদ্দমা। দ্বন্দ্ব (হি-মু)। বি।

দাড়া—দাঁত; হুল; দীর্ঘদন্ত; (ব্যংগার্থে) তেজ কমাইবার শক্তি। <দাড়ক বা দাঢ়া। বি।

দাড়ি—শ্মশ্রু; চিবুক। <দাঢ়ী। বি।

দাড়িম, দালিম—১। দাড়িম্ববৃক্ষ। দাল+ইমপ্ নির্বৃত্তার্থে, ল-স্থানে ড়। বি; পুং। ২। দাড়িম ফল। দাড়িম+অণ্ ফলার্থে। বি; ক্লী।

দাড়িম্ব—১। ডালিমগাছ। বি; পুং। ২। ডালিম ফল। দা+ডিম্ব কর্তৃ। বি; ক্লী।

দাঢ়া, দাঢ়ি—(বৃশ্চিকাদির) বড় দাঁত। দো+ঢ কর্তৃ +আপ্, ঢি কর্তৃ। বি; স্ত্রী।

দাতব্য—১। দানযোগ্য, দেয়। দা+তব্য কর্ম। বিণ। ২। দান। বাংপ্র। বি।

দাতব্য-ঔষধালয়—যে স্থানে রোগী দেখিয়া বিনামূল্যে ঔষধ দেওয়া হয় সেইস্থান। দাতব্য (দা+তব্য অর্থ) ঔষধালয়, কর্মধা। বি; পুং।

দাতব্যখানা—দানশালা; অন্নসত্র। বাংপ্র। বি।

দাতব্য-চিকিৎসালয়—বিনামূল্যে চিকিৎসার স্থান, charitable dispensary. দাতব্য চিকিৎসা, কর্মধা; তাহার আলয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দাতা (দাতৃ)—দানকর্তা, দানশীল। দা+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**দাত্রী**।

দাতাকর্ণ—দুর্যোধনের বন্ধু মহাবীর কর্ণ; অতিশয় দানশীল; (ব্যংগার্থে) কৃপণ। কর্মধা। অসমস্ত পদদ্বয়। বি; পুং বা বিণ।

দাত্যূহ—ডাকপাখি। দিতি—বহ+ক্বিপ্ কর্তৃ= দিতিবাহ্, তদুত্তরে+অণ্ সম্বন্ধার্থে (নিপা)। বি; পুং। [বি; ক্লী।

দাত্র—কাটারি, দা; কাস্তে। দো+ষ্ট্রন্ করণ।

দাদ—১। চর্মরোগ বিঃ। <দদ্রু। ২। প্রতিশোধ। ফা। বি। **দাদ তোলা**—প্রতিশোধ লওয়া।

দাদখানি—একপ্রকার সরু চাল। <ফা 'দাউদ খাঁ'। বি।

দাদন—ঠিকা কাজ প্রঃ অগ্রিম বেতন, advance ; সুদ লইয়া টাকা ধার দেওয়া। ফা। বি।

দাদনদার—যে অগ্রিম দেয়। ফা। বি।

দাদরা—সংগীতে ছয়মাত্রার তাল বিঃ। বাংপ্র। বি।

দাদা—জ্যেষ্ঠভ্রাতা; পিতামহ; মাতামহ; পৌত্র-দৌহিত্রাদির স্নেহসূচক সম্বোধন। <তাত। বি।

দাদাঠাকুর—শ্রদ্ধেয় বৃদ্ধ ব্রাহ্মণ; ব্রাহ্মণের প্রতি ব্রাহ্মণেতর ব্যক্তির শ্রদ্ধাসূচক সম্বোধন। কর্মধা (বাংপ্র)। বি। [বাংপ্র। বি।

দাদাবাবু—দাদা বা বড় ভাইয়ের মত শ্রদ্ধেয় মনিব।

দাদামহাশয়, -মশাই, -মশায়—মাতামহ এবং তাঁহার স্থানীয় ব্যক্তি। কর্মধা (বাংপ্র)। বি।

দাদা-শ্বশুর—শ্বশুরের পিতা বা পিতৃস্থানীয় ব্যক্তি। বাংপ্র। বি।

দাদী—পিতামহী বা মাতামহী। ফা। বি।

দাদু—(আদরার্থে) মাতামহ। <দাদা। বি।

দাদুপন্থী—দাদুনামক জনৈক বৈষ্ণবের প্রবর্তিত ধর্ম-মতাবলম্বী। বাংপ্র। বি।

দাদুর—ভেক। <দর্দুর। বি।

দাদুরী—ভেকী, স্ত্রী-জাতীয় ব্যাঙ। কপ্র। বি; স্ত্রী।

দান—১। দেওয়া; শ্রদ্ধাযুক্ত হইয়া বিধিপূর্বক কাহাকেও কোন বস্তু প্রদান; বিতরণ; ত্যাগ। দা+অনট্ ভাব। ২। যাহা দেওয়া হয়। দা+অনট্ কর্ম। বি; ক্লী। ৩। হাটে বা বাজারে বিক্রেতা-দিগের নিকট হইতে শুল্কস্বরূপ দ্রব্যের কিয়দংশ গ্রহণ, তোলা; পাশা-খেলায় পাশার পাটি নিক্ষেপ। বাংপ্র। বি। ৪। (অন্যশব্দের পরবর্তী হইলে তাহার) আধার, পাত্র ('ফুল —')। ফা প্রত্যয়।

দানকুণ্ঠ—দানকাতর; ব্যয়কুণ্ঠ। দানে কুণ্ঠা যাহার, বহু। বিণ।

দানধর্ম—দানরূপ পবিত্র কর্ম। রূপক কর্মধা। বি; পুং। [পুং।

দানধ্যান—দান ও অন্যান্য সৎকার্য। দ্বন্দ্ব। বি;

দানপত্র—অমুক বস্তু অমুককে দিলাম বলিয়া যে পত্র লিখিয়া দেওয়া হয় তাহা। দানসূচক পত্র, মধ্যপ। বি; ক্লী। [স্ত্রী—**দানবী**।

দানব—অসুর। দনু+অণ্ অপত্যার্থে। বি; পুং।

দানব-দলন, -সংহার—অসুরবিনাশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং।

দানবদলনী—দুর্গা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দানবারি—দেবতা; বিষ্ণু। দানবের অরি, ৬ষ্ঠীতৎ। বি: পুং। [বিণ।

দানবীর—অতিশয় দাতা। ৭মীতৎ। বি; পুং, বা

দানশীল—দাতা। বহু। বিণ।

দানশৌণ্ড—অতিদাতা। ৭মীতৎ। বিণ।

দানসজ্জা—বিবাহে সজ্জিত দানের বস্তুসমূহ। বাংপ্র। বি।

দানসত্র—যেখানে সকলকেই নির্বিচারে অন্নাদি দান করা হয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দানসাগর—শ্রাদ্ধাদি উপলক্ষে যে ভূম্যাসনাদি ষোড়শ দান নিরূপিত আছে তাহার প্রত্যেকের ষোড়শ-সংখ্যাবিশিষ্ট দেয় বস্তু, ষোলটি ষোড়শ; বল্লাল-সেন রচিত গ্রন্থ বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দানসামগ্রী—দানের জিনিস; বিবাহে বরকে দেয় তৈজসাদি উপকরণসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
দানা—১। দৈত্য; ভূত। <দানব। ২। শস্যাদির বীজ; সুবর্ণ নির্মিত অলংকার বিঃ; আহার্য; খাদ্য; বীজের ন্যায় পদার্থ; কণা, কণিকা। <ফা 'দানহ্'। বি।
দানাদার—১। দানাযুক্ত। বিণ। ২। মিষ্টান্ন বিঃ; অন্নদাতা। ফা-মূ। বি। [বি।
দানাপানি—অন্নজল, খাদ্যপানীয়। স্বন্দ্ব। ফা-মূ।
দানি—আধার, পাত্র, ('পিক —')। ফা। প্রত্যয়।
দানিশমন্দ—পণ্ডিত, জ্ঞানী; ধার্মিক, পুণ্যাত্মা। <ফা 'দানিশমন্দ'। বিণ।
দানী—১। হাট অথবা নদীতীরে যাহারা দান সাধে অর্থাৎ কর সংগ্রহ করে। দান+ঈ (বাংপ্র)। বি। ২। আধার। ফা প্রত্যয়।
দানী (-নিন্)—দানশীল, দাতা। দান+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—দানিনী।
দানীয়—১। দানের যোগ্য। দা+অনীয় কর্ম। ২। দানের পাত্র। দা+অনীয় সম্প্র। বিণ।
দানো—প্রেত, পিশাচ; দৈত্য। <দানব। বি। **দানোয় পাওয়া**—অপদেবতার প্রভাবাধীন হওয়া; কুসঙ্গীর কবলে পড়া।
দানোৎসর্গ—দেয়বস্তু-বিতরণ; শ্রাদ্ধাদিকালে মন্ত্র-পাঠপূর্বক দানযোগ্য বস্তুর সমর্পণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দান্ত—১। বশীকৃত; দমিত; শাসিত। দম্+ণিচ্+ক্ত কর্ম। ২। তপস্যার ক্লেশসহিষ্ণু; জিতেন্দ্রিয়; শান্ত, সৌম্য। দম্+ক্ত কর্ম। ৩। দন্তনির্মিত। দন্ত+অণ্ নির্মিতার্থে। ৪। দ-কারান্ত। দ অন্তে যাহার, বহু। বিণ।
দাপ—প্রভাব, তেজঃ। <দর্প। বি।
দাপট—প্রভাব, প্রতাপ, ঝাঁজ। হি-মূ। বি।
দাপন—দান করানো, দেওয়ানো। ণিজন্ত দা (=দাপি)+অনট্ ভাব। বি; ক্লী।
দাপনা—দাবনা (তাহা দ্রঃ)।
দাপাদাপি—সদর্পে ইতস্ততঃ ভ্রমণ; বারবার পা ছোড়া; স্পর্ধাপ্রকাশ, আস্ফালন। বাংপ্র। বি।
দাপুরি—প্রতাপ, প্রভাব; দম্ভ। বাংপ্র। বি।
দাব—১। দাবানল; অগ্নি; বন। দু+ণ কর্তৃ। ২। তাপ। দু+ঘঞ্ ভাব। বি; পুং। ৩। প্রতাপ, প্রভাব; শাসন; দমন। <দর্প। বি। **দাবে রাখা**—চাপে বা শাসনে রাখা।
দাবড়ানো—দাবড়ি দেওয়া; তাড়া করা। বাংপ্র। ক্রি [.বি, বিণ]। বি—দাবড়ানি।
দাবড়ি—তিরস্কার; ধমক। বাংপ্র। বি।
দাবদগ্ধ—দাবানলে ভস্মীভূত; বনাগ্নিসন্তপ্ত। ৩য়া-তৎ। বিণ।
দাবদাহ—১। বনের আগুনে পুড়িয়া যাওয়া। ৩য়া-তৎ। ২। বনের আগুনে পুড়িয়া যাওয়ার জ্বালা। মধ্যপ। বি; পুং।
দাবনা—উরুর উপরিভাগের মধ্যস্থল, উরুদেশের মাংসল অংশ। বাংপ্র। বি।
দাবা—১। শতরঞ্জ খেলা; শতরঞ্জ খেলার গুটিকা বিঃ, মন্ত্রী। বি। ২। চাপিয়া রাখা; শাসন করা; ধম-কানো; গোপন করা। বাংপ্র। ক্রি।
দাবাগ্নি, দাবানল—বনের আগুন। দাবজাত অগ্নি, অনল, মধ্যপ। বি; পুং।
দাবাড়ু, দাবাড়ে—দক্ষ ও উৎসাহী দাবা খেলোয়াড়। বাংপ্র। বি। [ক্রি [,বি, বিণ]।
দাবানো—ভর্ৎসনা করা; শাসানো; চাপা। বাংপ্র।
দাবাবোড়ে—শতরঞ্জ খেলার সমস্ত গুটিকা বা ঘুঁটি; শতরঞ্জ খেলা। বাংপ্র। বি।
দাবি—স্বত্ব, অধিকার; প্রাপ্য বিষয় চাওয়া; তাগিদ। <ফা 'দাবী'। বি। **দাবি করা**—প্রাপ্য বিষয় চাওয়া।
দাবিদাওয়া—স্বত্বপ্রার্থনা; প্রাপ্তিস্বত্ব; অভিযোগ; নালিশ ও প্রার্থনা। ফা-মূ। বি।
দাবিদার—পাওনাদার; যে দাবি করে। দাবি+দার করে অর্থে (ফা)। বি বা বিণ।
দাম (দামন্)—রজ্জু; যে দড়িতে অনেক গোরু বাঁধা যায়, দোঁকা; গোছা, গুচ্ছ ('অলক —'); মাল্য ('কুসুম —'); জলজ তৃণ বিঃ। দো+মনিন্ কর্ম। বি; ক্লী।
দাম—মূল্য। <গ্রীক 'drakhme'. বি।
দামড়া—ছিন্নকোষ বলদ; অতি মূর্খ ও অপদার্থ লোক; পুংস্ত্বহীন জীব, খাসী। বাংপ্র। বি।
দামামা—বৃহৎ ঢক্কা, বড় ঢাক। <ফা 'দমানহ্'। বি।
দামাল—দুরন্ত; অশান্ত; হৃষ্টপুষ্ট, মোটাসোটা। বাংপ্র। বিণ। [বি; স্ত্রী।
দামিনী—বিদ্যুৎ। দামন্+ইন্ আছে অর্থে+ঈপ্।
দামী—মূল্যবান, মহার্ঘ। দাম+ঈ আছে অর্থে (বাংপ্র)। বিণ।
দামোদর—শ্রীকৃষ্ণ; বর্ধমানের নিকটে প্রবাহিত নদ বিঃ। দাম (রজ্জু) উদরে যাহার, বহু। বি; পুং। **দামোদর উপত্যকা**—দামোদর নদের নিকট-বর্তী সমতল স্থানসমূহ।
দাম্পত্য—১। বিবাহিত অবস্থা; পতিপত্নীর প্রণয়। বি; পুং। ২। দম্পতি সম্বন্ধীয়, স্বামিস্ত্রী-সংক্রান্ত, পতি ও পত্নীর মধ্যে বর্তমান বা ঘটিত। দম্পতি+ষ্যঞ্ সম্বন্ধার্থে। বিণ।
দাম্পত্য-কলহ—পতিপত্নীর বিবাদ। কর্মধা। বি; পুং।
দাম্পত্যনীতি—পতিপত্নীর পরস্পর ব্যবহারবিষয়ক রীতি। কর্মধা। বি; স্ত্রী।
দাম্পত্যপ্রণয়, -প্রেম (-প্রেমন্)—স্বামী এবং স্ত্রীর পরস্পরের প্রতি ভালবাসা। কর্মধা। বি; পুং, ক্লী।
দাম্পত্য-সম্বন্ধ—পতিপত্নীর পরস্পরের সহিত সম্পর্ক। কর্মধা। বি; পুং।

দাম্ভিক—অহংকারী; ধূর্ত, কপটাচারী। দম্ভ+ইক আছে অর্থে। বিণ। স্ত্রী, -কী (সং), -কা (বাং)। [স্ত্রী।

দাম্ভিকতা—গর্ব, দেমাক। দাম্ভিক+তা ভাবে। বি;

দায়—১। যৌতুকাদি দান; পৈতৃক ধন; উত্তরাধিকার-সূত্রে যে ধনে অধিকার জন্মে; বিভাজ্য বস্তু। দা+ঘঞ্ কর্ম। ২। দান। দা+ঘঞ্ ভাব। বি; পুং। ৩। ক্ষতি; বিপদ্; সংকট; উৎপাত; দায়িত্ব; অপরাধ, অভিযোগ। বাংপ্র। বি। **দায়ে ঠেকা, -পড়া**—বিপদে পড়া; বাধ্য হওয়া। **সসীম দায়**—যে দায়িত্ব সীমার মধ্যে আবদ্ধ। **নিঃসীম দায়**—যে দায়িত্ব সীমাহীন। [দায়িকা।

দায়ক—দাতা; দায়ী। দা+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—

দায়গ্রস্ত—বিপন্ন, সংকটে পতিত। ৩য়াতৎ। বিণ।

দায়-দাবি—দায়িত্ব ও অধিকার। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

দায়ভাগ—১। পৈতৃক ধনের বিভাগ। ৬ষ্ঠীতৎ। ২। জীমূতবাহনকৃত স্মৃতিগ্রন্থ বিঃ। দায়ের ভাগ যদ্দ্বারা, বহু। বি; পুং। ['দাইরহ্'। বি।

দায়রা—ফৌজদারী উচ্চ আদালত, sessions. <আ

দায়রা-আদালত—অপরাধীর বিচারের জন্য উচ্চতম আদালত, সেসন কোর্ট, Sessions Court. আ-মু। বি।

দায়রা-সোপরদ্দ—দায়রা-আদালতে বিচারের জন্য প্রেরিত, committed to Sessions; দায়রা আদালতে বিচারের যোগ্য। আ-মু। বিণ।

দায়াদ—১। পুত্র। দায়—আ—দা+ক কর্তৃ। ২। উত্তরাধিকারী; জ্ঞাতি। বি; পুং। ৩। পৈতৃক ধনভাগী। উপতৎ; দায়—অদ্+অণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -দী।

দায়িক—দায়িত্ববিশিষ্ট; ঋণগ্রস্ত, খাতক। দায়+ইক আছে অর্থে। বাংপ্র। বিণ।

দায়িতা—ঋণ; বাধ্যতা, liability. দায়িন্+তা ভাবে। বি; স্ত্রী।

দায়িত্ব—অবশ্য-দাতৃত্ব; কর্তব্য-ভার; ঝুঁকি; জবাবদিহির প্রয়োজনপূর্ণ সম্পর্ক; দোষ। দায়িন্+ত্ব ভাবে। বি; ক্লী।

দায়িত্ব-জ্ঞান, -বোধ—কোন কার্যের ভার লইয়া তাহা অবশ্য সুসম্পন্ন করিতে হইবে এইরূপ বুদ্ধি বা ভাবনা। দায়িত্ব সম্বন্ধীয় জ্ঞান, বোধ, মধ্যপ। বি; ক্লী, পুং।

দায়ী (দায়িন্)—দাতা; দায়গ্রস্ত; ঋণী; যাহার উপর ঝুঁকি বা ভার থাকে এরূপ; যাহাকে ক্ষতিপূরণ করিয়া দিতে হয় এরূপ। দা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**দায়িনী**

দায়ের—১। আনীত, দাখিল (অভিযোগাদি); বিচারাধীন। বিণ। ২। আনয়ন, দাখিল করা। ফা। বি। **মকদ্দমা দায়ের করা**—বিচারালয়ে কাহারও বিরুদ্ধে নালিশ করা।

দার—১। স্ত্রী, পত্নী। দৄ+ণিচ্+ঘঞ্ কর্তৃ (ণিচের লোপ)। বি; পুং। ২। বিশিষ্ট বা যুক্ত ইঃ অর্থে শব্দের পরে ব্যবহার্য ফারসী প্রত্যয় ('দোকান—', 'দেন—')। বি—দারি। বিণ—দারী।

দারক—১। পুত্র; শিশু। বি; পুং। ২। বিদারণকারী, ভেদক। দৄ+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—দারিকা। [তৎ। বি; ক্লী।

দারকর্ম (-কর্মন্), **-গ্রহণ**—বিবাহ। মধ্যপ, ৬ষ্ঠী-

দারণ—১। বিদারণ। দৄ+ণিচ্+অনট্ ভাব। ২। বিদারণসাধন অস্ত্র। দৄ+ণিচ্+অনট্ করণ। বি; ক্লী। ৩। বিদারক। দৄ+ণিচ্+অন কর্তৃ। বিণ।

দারপরিগ্রহ—বিবাহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দারা—পত্নী। সংস্কৃত নিত্যবহুবচনান্ত 'দার'-শব্দজ। বি; পুং; অথবা, দার+আপ্। বি; স্ত্রী।

দারাসুত—স্ত্রীপুত্র। দ্বন্দ্ব। বি; পুং।

দারিত—বিদারিত। দৄ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

দারিদ্র, দারিদ্র্য—নির্ধনতা, অকিঞ্চনতা। দরিদ্র+অণ্, ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

দারিদ্র্য-ব্যঞ্জক, -সূচক—নির্ধনতাপ্রকাশক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -ব্যঞ্জিকা, -সূচিকা।

দারু—১। কাষ্ঠ; দেবদারু বৃক্ষ। দৄ+উণ্ কর্ম। বি; ক্লী। ২। সুরা। ফা। বি।

দারুচিনি—গুড়ত্বক্; ডালচিনি। দারু চিনি সদৃশ, উপমিত কর্মধা। বি।

দারুজ—কাষ্ঠনির্মিত; কাষ্ঠজাত। উপতৎ; দারু—জন্+ড কর্তৃ। বিণ।

দারুণ—১। ঘোর; ক্রূর; কঠোর, কঠিন; দুঃসহ, অসহ্য; উৎকট; কর্কশ; উগ্র; মর্মভেদী; নিষ্ঠুর। বিণ। ২। রৌদ্ররস; ভয়ানক রস। দৄ+ণিচ্+উনন্ কর্তৃ। বি; পুং।

দারু-ব্রহ্ম (-ব্রহ্মন্)—পুরীধামস্থিত জগন্নাথমূর্তি। দারুরূপী ব্রহ্ম, মধ্যপ। বি; ক্লী। [বিণ।

দারুময়—কাষ্ঠনির্মিত। দারু+ময়ট্ অবয়বার্থে।

দারোগা—পুলিস-কর্মচারী বিঃ; থানার প্রধান কর্মচারী, Police Sub-Inspector. তু। বি। **বড় দারোগা**—থানার ভারপ্রাপ্ত ইন্সপেক্টর। **ছোট দারোগা**—থানার ভারপ্রাপ্ত ইন্সপেক্টরের সহকারী। [বি।

দারোয়ান—দ্বাররক্ষক, দ্বারের প্রহরী। <দ্বারবান্।

দার্ঢ্য—দৃঢ়তা, স্থৈর্য; কঠোরতা। দৃঢ়+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

দার্শনিক—যিনি দর্শনশাস্ত্রের উপদেশ দেন; দর্শনশাস্ত্রবেত্তা; দর্শনশাস্ত্রসংক্রান্ত। দর্শন+ইক জানেন ইনি ইঃ অর্থে। বিণ। স্ত্রী, -কী।

দাল—ডাল, মুগ মসুর কলাই ইঃ। <দ্বিদল। বি।

দালপুরি—ডালবাটার পুর দিয়া তৈরী পুরি। বাংপ্র। বি।

দালমুট—ভাজা ছোলার ডাল। বাংপ্র। বি।

দালান—বারান্দা; প্রাসাদ, অট্টালিকা; মণ্ডপের মত ঘর; বড় হল। ফা। বি।

দালাল—ক্রেতা এবং বিক্রেতার মধ্যস্থ ব্যক্তি; যে খরিদ্দার জোটায়; উভয় পক্ষের সংযোজক বা ঘটক। <আ 'দাল্লাল'। বি।

দালালি—দালালের কাজ; দালালের প্রাপ্য অর্থ, দস্তুরি। আ-মু। বি।

দালিম—'দাড়িম' দ্রঃ।

দাশ—ধীবর; বৈদ্যের উপাধি বিঃ। দন্‌শ্‌+টন্‌ কর্তৃ। বি; পুং।

দাশরথ—১। রাম। দশরথ+অণ্‌ অপত্যার্থে। বি; পুং। ২। দশরথ সম্বন্ধীয়। দশরথ+অণ্‌ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -থী।

দাশরথি—রামচন্দ্র বা তাঁহার ভ্রাতারা। দশরথ +ইঞ্‌ অপত্যার্থে। বি; পুং।

দাস—১। ধীবর; আত্মজ্ঞ ব্যক্তি; শূদ্রজাতি, প্রাচীন অনার্য জাতি। দন্‌স্‌+টন্‌ কর্তৃ। ২। ভৃত্য, চাকর; অধীন ব্যক্তি; উপাধি বিঃ; দানপাত্র। দাস্‌ +ঘঞ্‌ সম্প্র। বি; পুং। স্ত্রী—**দাসী**।

দাসখত—চিরদিন সেবক হইয়া থাকিবার জন্য অংগীকারপত্র। দাস হওয়ার খত, মধ্যপ (বাংপ্র)। বি।

দাসত্ব—দাসের কর্ম বা অবস্থা, বেতন লইয়া অন্যের সেবা করা, গোলামি; পরাধীনতা। দাস+ত্ব ভাবে। বি; ক্লী।

দাসত্বপ্রথা—পুরুষ বা স্ত্রীলোক ক্রয় করিয়া তাহাদিগকে চিরদিন দাসদাসী করিয়া রাখিবার পদ্ধতি বা নিয়ম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দাসদাসী—চাকরচাকরানী। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

দাসব্যবসায়—চিরদাসদাসীর ক্রয়বিক্রয়কার্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দাসব্যবসায়ী (-য়িন্‌)—যে ব্যক্তি দাসদাসী-ক্রয়-বিক্রয়রূপ ব্যবসায় করে; দাসবণিক্‌। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দাসমনোবৃত্তি, -মনোভাব—বড়লোকের বা ভিন্ন-জাতীয় লোকের অনুগ্রহাশায় তাহার নিকট হীনতা-স্বীকারের প্রবৃত্তি; নিজেকে ছোট মনে করার মত মনোভাব, slave mentality. দাসোচিত মনোবৃত্তি, মনোভাব। মধ্যপ। বি; স্ত্রী, পুং।

দাসানুদাস—ভৃত্যের অনুগত ভৃত্য, চাকরের চাকর, অতি দীন ভৃত্য। দাসের অনুদাস, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দাসী—ভৃত্যা; শূদ্রা; ধীবরী। দাস+ঈপ্‌। বি; স্ত্রী।

দাসীগিরি—দাসীবৃত্তি। বাংপ্র। বি।

দাসীত্ব—দাসীর কাজ; দাসীর অবস্থা। দাসী+ত্ব ভাবে। বি; ক্লী। [(বাংপ্র)। বি।

দাসীপনা—দাসীবৃত্তি। দাসী+পনা কর্মার্থে

দাসীপুত্র—দাসীর ছেলে। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দাসীবৃত্তি—চাকরানীর কাজ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দাসেয়—দাসীগর্ভজাত পুত্র: বিদুর; ধীবর। দাসী+ এয় অপত্যার্থে। বি; পুং।

দাসেয়ী—সত্যবতী; ধীবরী। দাসেয়+ঈপ্‌। বি; স্ত্রী।

দাস্ত—মলত্যাগ; ভেদ। <ফা 'দস্ত্‌'। বি।

দাস্য—দাসত্ব, চাকরি; দাসভাবে উপাসনা। দাস+ ষ্যঞ্‌ ভাবে। বি; ক্লী।

দাস্যবৃত্তি—চাকরিজীবিকা। কর্মধা। বি; স্ত্রী।

দাস্যা—বিধবা শূদ্রার উপাধি। অশুদ্ধ। বি।

দাহ—দহন; জ্বলন; সন্তাপ; আন্তরিক যাতনা। দহ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।

দাহক—দাহকারী। দহ্‌+ণক কর্তৃ। বিণ। স্ত্রী— **-দাহিকা**। [কর্মধা। বি; স্ত্রী।

দাহক্রিয়া—দহনক্রিয়া, পোড়ানো; মড়া পোড়ানো।

দাহজ্বর—যে জ্বরে অতিশয় গাত্রদাহ উপস্থিত হয়। দাহপ্রধান জ্বর, মধ্যপ। বি; পুং।

দাহন—পোড়ানো: সন্তাপন। দহ্‌+ণিচ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।

দাহিকা—দহনকারিণী। দাহক+আপ্‌। বিণ; স্ত্রী। **দাহিকা শক্তি**—পোড়ানোর ক্ষমতা ('আগুনের —')।

দাহিত—১। যাহাকে দহন করানো হইয়াছে এরূপ, জ্বালিত। দহ্‌+ণিচ্‌+ক্ত কর্ম। ২। জাতদাহ, সন্তাপপ্রাপ্ত। দাহ্‌+ইতচ্‌ জাতার্থে। বিণ।

দাহী (দাহিন্‌)—দাহকারক। দহ্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী—**দাহিনী**।

দাহ্য—দাহযোগ্য, যাহা সহজেই জ্বলিয়া ওঠে এমন, combustible, inflammable. দহ্‌+ণ্যৎ কর্ম। বিণ।

দি—১। প্রদান করিয়া থাকি; দান করিতেছি। ক্রি। ২। অন্য শব্দের পরে 'দিদি' শব্দের সংক্ষিপ্ত উচ্চারণ ('মেজদি', 'ঠানদি')। বাংপ্র। বি; স্ত্রী।

দিক্‌ (দিশ্‌)—পূর্ব অগ্নি দক্ষিণ নৈঋত পশ্চিম বায়ু উত্তর ঈশান ঊর্ধ্ব ও অধঃ এই দশ দিক্‌; অংশ; সীমা; পক্ষ; রীতি; অভিমুখ; দেশ, অঞ্চল; কোন ব্যাপক বিষয়ের প্রধান প্রধান লক্ষণযুক্ত অংশের নির্দেশ। দিশ্‌+ক্বিপ্‌ কর্তৃ। বি; স্ত্রী।

দিক—বিরক্ত, জ্বালাতন। আ। বিণ।

দিক্‌চক্র—দিঙ্মণ্ডল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দিক্‌দারি—বিরক্তি; দৌরাত্ম্য। আ-মু। বি।

দিক্‌চক্রবাল—দিকের প্রান্তভাগ, দিগন্তরেখা, horizon. দিকের চক্রবাল, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দিক্‌পতি, -পাল—দশদিক্‌পাল (তাহা দ্রঃ); দিগধীশ্বর গ্রহ [সূর্য, শুক্র, মংগল, রাহু, শনি, সোম, বুধ, বৃহস্পতি পূর্বাদিক্রমে অষ্টদিকের অধীশ্বর]। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দিক্‌ভোলা—উদাসীন, নিরাসক্ত। বাংপ্র। বিণ।

দিক্‌শূল—গ্রহাদির অশুভজনক অবস্থান। ৭মীতৎ। বি; ক্লী।

দিগংগনা, দিগ্বধূ—দিগ্‌রূপা নারী; দিক্‌সমূহের অধিষ্ঠাত্রী দেবী; দিগ্বাসিনী দিব্যাংগনা। রূপক কর্মধা, অথবা ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দিগন্ত—দিক্‌-সমুদয়ের শেষসীমা। দিকের অন্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দিগন্তপ্রসারী (-রিন্‌)—বহুদূর পর্যন্ত বিস্তৃত, দিগন্তব্যাপী। উপতৎ: দিগন্ত—প্র—সৃ+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, **-সারিণী**।

দিগন্তব্যাপী (-পিন্‌)—দিগন্তপ্রসারী। উপতৎ; দিগন্ত—বি—আপ্‌+ণিন্‌ কর্তৃ। বিণ স্ত্রী, **-ব্যাপিনী**।

দিগন্তর—১। দিগবকাশ, দিকের মধ্যবর্তী স্থান। ষষ্ঠীতৎ। ২। অন্যদিক্। অন্য দিক্, নিত্য। বি; ক্লী।

দিগম্বর—১। শিব; জৈনদিগের সম্প্রদায় বিঃ; ক্ষপণক বিঃ। বি; পুং। ২। বিবস্ত্র। দিক্ (শূন্য) অম্বর যাহার, বহু। বিণ। স্ত্রী, -রা, -রী।

দিগম্বরী—কালী। দিগম্বর+ঈপ্। বি; স্ত্রী।

দিগর—অন্যান্য; ইত্যাদি, প্রভৃতি; অঞ্চল। ফা। সর্ব বা বি।

দিগ্গজ—১। দিগ্হস্তী [ঐরাবত, পুণ্ডরীক, বামন, কুমুদ, অঞ্জন, সার্বভৌম, পুষ্পদন্ত, সুপ্রতীক—পূর্বাদি দিকের রক্ষক এই আট হস্তী]। দিগ্রক্ষক গজ, মধ্যপ কর্মধা। বি; পুং। ২। মহাপণ্ডিত; (ব্যঙ্গার্থে) মহামূর্খ। বাংপ্র। বি।

দিগ্জ্ঞান—১। কোন্‌টা কোন্ দিক্ তাহা বুঝিতে পারা। দিগ্বিষয়ক জ্ঞান, মধ্যপ। ২। অল্প জ্ঞান। ষষ্ঠীতৎ। বি; ক্লী।

দিগ্দর্শন—১। অভিজ্ঞতা, বহুদর্শিতা; সকল দিক্ অবলোকন। দিকের দর্শন, ষষ্ঠীতৎ। ২। কোন ব্যাপক বিষয়ের সামান্য কিছু নির্দেশ করিয়া অবশিষ্ট এইরূপ হইবে এরূপ ইঙ্গিত; কম্বল। বি; ক্লী। ৩। দিঙ্‌নির্ণায়ক। দিকের দর্শন যদ্দ্বারা, বহু। বিণ।

দিগ্দর্শন-যন্ত্র—দিঙ্‌নির্ণায়ক যন্ত্র, compass. দিগ্দর্শন (৩) যন্ত্র, কর্মধা। বি; ক্লী।

দিগ্দর্শী (-র্শিন্)—যে বা যাহা দিক্ নির্ণয় করিয়া দেয় তাহা, দিগ্দর্শন যন্ত্র। দিক্—দৃশ্+ণিচ্+ণিন্ কর্তৃ। বি; পুং।

দিগ্দিগন্ত—দিগ্বিদিক্, দিক্সমূহ ও কোণসমূহ; সমস্ত দিঙ্মণ্ডল। দিক্ ও দিগন্ত, দ্বন্দ্ব। বি; পুং।

দিগ্দিগন্তর—দিগ্বিদিক্; এক দিক্ হইতে অন্য দিক্। অন্য দিক্, নিত্য; দিক্ ও দিগন্তর, দ্বন্দ্ব। বি; ক্লী।

দিগ্ধ—লিপ্ত, মিশ্রিত ('বিষ—')। দিহ্+ক্ত কর্ম। বিণ।

দিগ্ধাবাড়ে—যে চতুর্দিকে ছুটিয়া বেড়ায় এমন; সর্ব-দিগ্ব্যাপী। বাংপ্র। বিণ।

দিগ্ধেড়েঙ্গা—অতি দীর্ঘ, বেমানানরূপে লম্বা। বাংপ্র। বিণ।

দিগ্বধূ—'দিগঙ্গনা' দ্রঃ।

দিগ্বলয়—দিঙ্মণ্ডল, দিক্চক্রবাল। দিগ্রূপ বলয়, রূপক কর্মধা। বি; পুং বা ক্লী।

দিগ্বসন—দিগম্বর, নগ্ন। দিক্ হইয়াছে বসন যাহার, বহু। বিণ।

দিগ্বিজয়—বিদ্যা বা যুদ্ধ দ্বারা নানাদিকে আপন ক্ষমতাপ্রদর্শন ও আধিপত্যস্থাপন। দিকের বিজয়, ষষ্ঠীতৎ। বি; পুং।

দিগ্বিজয়ী (-জয়িন্)—যিনি দিগ্বিজয় করিয়াছেন এরূপ; যিনি বিদ্যাদি দ্বারা সকল দিকের সকলের উপরে আধিপত্য বা প্রাধান্য লাভ করিয়াছেন এরূপ। দিকের বিজয়ী, ষষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -জয়িনী।

দিগ্বিদিক্ (-দিশ্)—চতুর্দিক্ ও চতুষ্কোণ, সকল দিক্; (তাৎপর্যার্থে) গুরু-লঘু, হিতাহিত, ন্যায়-অন্যায়, কাণ্ডাকাণ্ড। দিক্ এবং বিদিক্, দ্বন্দ্ব। বি; স্ত্রী।

দিগ্বিদিগ্জ্ঞান—দিগ্জ্ঞান; হিতাহিতবোধ, কাণ্ডাকাণ্ডজ্ঞান। দিগ্বিদিকের জ্ঞান, ষষ্ঠীতৎ। বি; ক্লী।

দিগ্ভ্রম, -ভ্রান্তি—দিক্ ভুল করা; তাল ঠিক না থাকা। দিগ্বিষয়ক ভ্রম, ভ্রান্তি, মধ্যপ। বি; পুং, স্ত্রী।

দিঘল—'দীঘল' দ্রঃ।

দিঙ্‌নাগ—দিগ্গজ; প্রসিদ্ধ বৌদ্ধ পণ্ডিত। দিকের নাগ, ষষ্ঠীতৎ। বি; পুং।

দিঙ্‌নিরূপণ, -নির্ণয়—পূর্বাদি দিক্ ঠিক করা। দিকের নিরূপণ, নির্ণয়, ষষ্ঠীতৎ। বি; ক্লী, পুং।

দিঙ্মণ্ডল—দিক্চক্র, দিক্চক্রবাল। দিকের মণ্ডল, ষষ্ঠীতৎ। বি; ক্লী। [মূঢ়, ৭মীতৎ। বিণ।

দিঙ্মূঢ়—দিগ্ভ্রান্ত, দিক্জ্ঞানহীন। দিক্ বিষয়ে

দিঠি—দৃষ্টি; চোখ। <দৃষ্টি। বি।

দিৎসা—দান করিবার ইচ্ছা। দা+সন্ ইচ্ছার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী। বিণ—**দিৎসু**।

দিদি—জ্যেষ্ঠা ভগিনী; পিতামহী; মাতামহী; পিতামহী বা মাতামহীর স্থানীয়া নারী। ফা-মূ। বি; স্ত্রী।

দিদিমা—মাতামহী বা পিতামহী। বাংপ্র। বি; স্ত্রী।

দিদৃক্ষা—দেখিবার ইচ্ছা, দর্শনের অভিলাষ। দৃশ্+সন্ ইচ্ছার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী। বিণ—

দিধিষূ—দুইবার বিবাহিতা স্ত্রী; জ্যেষ্ঠা ভগিনী অবিবাহিতা থাকিতে বিবাহিতা কনিষ্ঠা ভগিনী। দিধি—সো+উ কর্তৃ। বি; স্ত্রী।

দিন—দিবা, দিবস; চান্দ্র তিথিরূপ কাল। দো+কিনন্ কর্তৃ। বি; ক্লী। **দিন কেনা**—নিজের কাজ সুযোগমত গুছাইয়া লওয়া। **দিনগত পাপক্ষয়**—নিত্যকৃত্য; একঘেয়ে ভাবে দৈনন্দিন কার্য কোন রকমে শেষ করিয়া যাওয়া। **দিন গোনা**—দুঃখ-দুর্দশার অবসানের জন্য প্রতীক্ষা করা। **দিন ঘনাইয়া আসা**—ঠিক সময় উপস্থিত হওয়া; মৃত্যু-কাল আসন্ন হওয়া। **দিন চলা**—কোনরূপে সংসারের খাওয়াপরা নির্বাহ হওয়া। **দিন দেখা**—শুভদিন নির্ণয় করা; নিজে অবস্থা বা বিষয়াদির সুব্যবস্থা করা। **দিন পাওয়া**—সুসময়ের নাগাল পাওয়া; সুসময় উপস্থিত হওয়া। **দিন ফেরা**—অবস্থার অত্যধিক উন্নতি হওয়া। **দিনে ডাকাতি**—অসম সাহস ও জুলুমের কাজ; ভীষণ প্রতারণা। **দিনে তারা দেখা**—অকারণ অসম্ভবকে সম্ভব মনে করা, কোন অসম্ভব বিষয়কে সাধিত হইতে দেখিয়া বিশেষরূপ গর্বিত হওয়া। **দিনে দিনে**—প্রতিদিন ক্রমশঃ, উত্তরোত্তর।

দিনকর—সূর্য। উপতৎ; দিন—কৃ+ট কর্তৃ। বি; পুং।
দিনকাল—সময়জনিত অবস্থা। বাংপ্র। বি।
দিনক্ষণ—শুভ কার্যের উপযোগী দিন ও মুহূর্ত। দ্বন্দ্ব। বি; পুং।
দিনক্ষয়—একদিনে তিন তিথির সংযোগ; দিনশেষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; স্ত্রী।
দিনদগ্ধা—বার এবং তিথির দোষ বিঃ। ৭মীতৎ।
দিননাথ—সূর্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দিনপতি—সূর্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দিনপাত, -যাপন—দিন কাটানো; সংসারযাত্রা সম্পাদন; চান্দ্র তিথির ক্ষয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।
দিনমণি—সূর্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দিনমজুর—যে মজুর দিনহিসাবে মজুরি লয়। দিন-কর্মী মজুর, মধ্যপ (বাংপ্র)। বি। কর্মবাচক। বি, **-মজুরি**। [তৎ। বি; ক্লী।
দিনমান—দিবাভাগের পরিমাণ; দিনের বেলা। ৬ষ্ঠী-
দিনযামিনী—দিবা ও রাত্রি; সকল সময়। দ্বন্দ্ব। বি; স্ত্রী।
দিনলিপি—রোজ নামচা, diary. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
দিনশেষ—দিনান্ত, সন্ধ্যা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দিনান্ত—দিনের শেষ, সায়ংকাল। দিনের অন্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দিনিকা—একদিনের বেতন বা মজুরি। দিন+ইক সম্বন্ধার্থে+আপ্। বি; স্ত্রী।
দিনেমার—ডেনমার্কের অধিবাসী। <ফ্রেঞ্চ 'Dane-mark'. বি।
দিনেশ—সূর্য। দিনের ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দিব্—স্বর্গ; আকাশ। দিব্+ডিবি অধি। বি; স্ত্রী।
দিব—১। স্বর্গ; আকাশ; দিবস। দিব+ক অধি। বি; ক্লী। ২। শপথ ("তব ধনি দিব দেই নিজ মাথে"—বিদ্যা)। <দিব্য বি।
দিবস—দিন। দিব্+অসচ্ অধি। বি; পুং বা ক্লী।
দিবা—দিনমান। দিব+কা অধি। অ। [পুং।
দিবাকর—সূর্য। উপতৎ; দিবা—কৃ+ট কর্তৃ। বি;
দিবানিদ্রা—দিবসে নিদ্রা যাওয়া। ৭মীতৎ। বি; স্ত্রী।
দিবানিশি—দিনে ও রাত্রিতে, সকল সময়ে। সংস্কৃত-সপ্তমী-বিভক্তিযুক্ত পদদ্বয়। বি।
দিবান্ধ—১। পেচক। বি; পুং। ২। দিনকানা। ৭মীতৎ। বিণ।
দিবাবসান—দিনশেষ, সন্ধ্যা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
দিবাভাগ—দিনমান, দিবাকাল। কর্মধা। বি; পুং।
দিবাভীত—পেচক; চোর; চন্দ্র। ৭মীতৎ। বি; পুং।
দিবারাত্র—দিনরাত। দিবায় ও রাত্রিতে, দ্বন্দ্ব (অচ্ সমাসান্ত)। ক্রি-বিণ।
দিবাস্বপ্ন—দিবসে নিদ্রা; (বাংপ্র) মনে মনে আকাশ-কুসুম রচনা, অলীক খেয়াল। দিবায় স্বপ্ন, ৭মী-তৎ। বি; পুং।
দিব্য—১। স্বর্গীয়; আকাশীয়; সুন্দর, মনোহর; শ্রেষ্ঠ। দিব্+যৎ ভবার্থে। বিণ। ২। শপথ। দিব্+যৎ করণ। বি; ক্লী।
দিব্যচক্ষু—<দিব্যচক্ষুঃ। বি। **দিব্যচক্ষুতে দেখা**—ভবিষ্যৎ দর্শন করা।
দিব্যচক্ষুঃ (-চক্ষুস্)—১। যে সকল বিষয় চক্ষু-রিন্দ্রিয়ের গোচর নহে তাহাও যে ব্যক্তি অলৌকিক-শক্তিপ্রভাবে দেখিতে পায় এমন; সুলোচন। বহু। বিণ। ২। অলৌকিকপদার্থ-দর্শনযোগ্য নেত্র, অতীন্দ্রিয়-বিষয়-দর্শনশক্তি; সুন্দর চোখ। কর্মধা। বি; ক্লী। [ক্লী।
দিব্যজ্ঞান—উৎকৃষ্ট জ্ঞান; তত্ত্ববোধ। কর্মধা। বি;
দিব্যদর্শী (-দর্শিন্)—দিব্যচক্ষু, অতীন্দ্রিয়-বিষয়ের দ্রষ্টা। উপতৎ; দিব্য—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-দর্শিনী**।
দিব্যদৃষ্টি—অলৌকিক বোধশক্তি। কর্মধা। বি; স্ত্রী।
দিব্যনারী—অপ্সরা, স্বর্গবেশ্যা। দিব্যা (স্বর্গীয়া) নারী, কর্মধা। বি; স্ত্রী।
দিব্যনেত্র—দিব্যচক্ষুঃ (তাহা দ্রঃ)।
দিব্যাঙ্গনা—সুরনারী, অপ্সরা; উত্তম রমণী। দিব্যা অঙ্গনা, কর্মধা। বি; স্ত্রী।
দিব্যাস্ত্র—দেবতাদিগের অস্ত্র; অব্যর্থ অস্ত্র। দিব্য এমন অস্ত্র, কর্মধা। বি; ক্লী।
দিব্যি—১। স্বর্গীয়; সুন্দর, মনোহর। বিণ। ২। শপথ। <দিব্য। বি।
দিব্যোন্মাদ—স্বর্গীয় ভাবের আবেশে বিভোরতা, ঐশ্বরিক ভাবে উন্মত্ততা; শ্রীকৃষ্ণের বিরহে উন্মত্ত অবস্থা এবং অন্যতে কৃষ্ণভ্রম। দিব্য উন্মাদ, কর্মধা। বি; পুং।
দিয়া—১। দীপ, আলো। <দীপ। বি। ২। দান করিয়া। অস-ক্রি। ৩। তদ্দ্বারা, সাহায্যে ('ছুরি —'); সংযোগে ('মসলা —'); সেই পথে ('পূর্বদিক —')। বাংপ্র। অ।
দিয়াড়ি—দেউটি, দীপাবলী, উল্কা; মশাল। প্রা কপ্র। বি। [বি।
দিয়ালা, দেয়ালা—নিদ্রিত শিশুর হাসিকান্না। বাংপ্র।
দিয়াশলাই—আলো জ্বালাইবার জন্য গন্ধকাদি-সংযুক্ত কাঠি। <দীপশলাকা। বাংপ্র। বি।
দিল—মন। ফা। বি।
দিলখোশ—১। চিত্তের তৃপ্তিদায়ক; হৃষ্টচিত্ত। দিল (মন) খোশ (প্রফুল্ল) যাহাতে বা যাহার, বহু। বিণ। ২। প্রফুল্ল মন। খোশ (প্রফুল্ল) দিল (মন), কর্মধা (ফা-মু)। বি।
দিলদরাজ—উদারচিত্ত। বহু (ফা-মু)। বিণ।
দিলদরিয়া—সমুদ্রের ন্যায় উদারহৃদয়, প্রশান্তচিত্ত, বদান্য, মহানুভব। দিল (মন) দরিয়া (নদী)-সদৃশ যাহার, বহু। ফা-মু। বিণ।
দিলদার—মহানুভাব, হৃদয়বান্। দিল+দার বিশি-ষ্টার্থে (ফা-মু)। বিণ।
দিল্লীশ্বর—দিল্লীর সম্রাট্, দিল্লীর বাদশাহ্। ৬ষ্ঠী-তৎ, বি; পুং।
দিশ—দিন; দিক্। কপ্র। বি।
দিশপাশ—ইয়ত্তা, পরিমাণ; দৃষ্টিসীমা; কূলকিনারা। বাংপ্র। বি।

দিশা—পূর্বাদি দিক্; রীতি; সন্ধান; উপায়, ধাঁধা, দিক্‌ভ্রম। দিশ্+কিপ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী। **দিশা লাগা**—দিগ্‌ভ্রম হওয়া।

দিশারা—দিশাহারা (তাহা দ্রঃ)।

দিশারী—পথপ্রদর্শক। বাংপ্র। বি।

দিশাহারা, দিশেহারা—দিগ্‌ভ্রান্ত; কর্তব্যাকর্তব্য-নির্ণয়ে অসমর্থ; কর্তব্যজ্ঞানশূন্য; অনবহিত। দিশা, দিশে হারাইয়াছে যে, উপতৎ। বাংপ্র। বিণ।

দিশি—১। দিকে। <সং 'দিশ্'-শব্দের ৭মীর একবচন। ২। দিক্; দিন। কপ্র। বি। **দিশি দিশি**—সকল দিকে বা দেশে। **নিশি দিশি**—দিন-রাত।

দিস্তা, দিস্তে—হামানদিস্তার দণ্ড বা ডাঁটি; ২৪-তা কাগজ, quire; (তাহা হইতে) ২৪-খানা (লুচি বা রুটি)। <ফা 'দস্তহ্'। বি।

দিস্তাপড়া, দিস্তেপড়া—গাঁটরি-বাঁধা অবস্থায় থাকিয়া খারাপ হইয়া গিয়াছে এমন ('—কাপড়')। বাংপ্র। বিণ।

দীক্ষক—১। দীক্ষাগুরু। বি; পুং। ২। দীক্ষা-দাতা, মন্ত্রদাতা; উপদেষ্টা। দীক্ষ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**দীক্ষিকা**।

দীক্ষণীয়—দীক্ষাযোগ্য। দীক্ষ্+অনীয় কর্ম। বিণ।

দীক্ষা—গুরুর নিকটে ইষ্টপূজার মন্ত্র-গ্রহণ; তন্ত্র-মতানুসারে মন্ত্রের উপদেশ; শিক্ষা; উপদেশদান; অর্চনা; যজ্ঞাদিকর্মে সংস্কার; ব্রতাদি কর্মে স্থিতি; অনুষ্ঠান; নিয়ম বা সংকল্প করিয়া প্রবৃত্ত হওয়া; প্রবৃত্ত করা, প্রবর্তনা। দীক্ষ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

দীক্ষাগুরু—গুরু, ইষ্টমন্ত্রদাতা; যিনি কর্তব্যকর্মে প্রবৃত্ত করেন। দীক্ষাদাতা গুরু, মধ্যপ। বি; পুং।

দীক্ষাগ্রহণ—উপদেশপ্রাপ্তি, ইষ্টমন্ত্রবিষয়ে উপদেশ-লাভ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দীক্ষিত—১। ব্রতাদি বা যজ্ঞাদি কর্মে সংকল্প-পূর্বক প্রবৃত্ত, যজমান; উপদিষ্ট; প্রবর্তিত; গৃহীতমন্ত্র; সংস্কৃত; অনুষ্ঠিত। দীক্ষ্+ক্ত কর্ম। বিণ। ২। ব্রাহ্মণের উপাধি বিঃ। বি; পুং।

দীঘ—১। দৈর্ঘ্য। বি। ২। দীর্ঘ। বাংপ্র। বিণ।

দীঘল, দিঘল—দীর্ঘ; প্রশস্ত। <দীর্ঘ। বিণ।

দীঘি—সরোবর। <দীর্ঘিকা। বি।

দীধিতি—আলোক, কিরণ। দীধী+ক্তিচ্ কর্তৃ। বি; স্ত্রী।

দীন—১। দরিদ্র; কাতর; করুণ; শোচ্য; দুঃখিত; হীন; সন্তপ্ত; ভীত। দী+ক্ত কর্তৃ। বিণ। ২। ধর্ম; ধর্মবিষয়ে বিশ্বাস। আ। বি।

দীনতা—দৈন্য; কাতরতা; ক্ষোভ; সন্তাপ; অভাব। দীন+তা ভাবে। বি; স্ত্রী।

দীন-দরিদ্র—১। সর্বাপেক্ষা দরিদ্র। দীন হইতেও দরিদ্র, ৫মীতৎ। ২। অর্থহীন, গরিব। যে দীন সেই দরিদ্র, কর্মধা। বিণ।

দীনদুঃখী (-দুঃখিন্)—দুঃখভোগকারী দরিদ্র। কর্মধা। বিণ। স্ত্রী, -দুঃখিনী।

দীনদুনিয়া—ধর্ম ও জগৎ, ধর্ম ও সংসার। দ্বন্দ্ব। আ। বি। **দীনদুনিয়ার মালিক**—ধর্ম ও জগতের প্রভু, ঈশ্বর।

দীননাথ—দরিদ্রের আশ্রয়; নারায়ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; পুং।

দীনবন্ধু—দরিদ্রের সহায়; ভগবান্। ৬ষ্ঠীতৎ।

দীনভাব—দীনতা, দৈন্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দীনহীন—অতিদীন, অতিশয় দুঃখী। ৫মীতৎ বা কর্মধা। বিণ।

দীনার—মোহর; আরবদেশীয় প্রাচীন স্বর্ণমুদ্রা (ওজন ৬৫ গ্রেন)। আ। বি।

দীনেশ—দরিদ্রের প্রভু; জগদীশ্বর। দীনের ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দীপ—প্রদীপ। দীপ্+ক কর্তৃ। বি; পুং।

দীপক—১। উত্তেজক; জ্বলনকারক; শোভাজনক; প্রকাশক। দীপ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**দীপিকা**। ২। কুঙ্কুম; কাব্যের অলংকার বিঃ [প্রস্তুত এবং অপ্রস্তুত বিষয়ের এক ধর্মের সহিত সম্বন্ধ, অথবা অনেক ক্রিয়াতে যদি একটিমাত্র কারক থাকে তাহা হইলে দীপকালংকার হয়; যথা—"পদ্মে শোভে সরোবর, গৃহ পরিবারে। উৎসবে সম্পদ্ শোভে, কাব্য অলংকারে।" "বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে।"] বি; ক্লী। ৩। প্রদীপ; সংগীতের রাগ বিঃ। দীপ্+কন্ স্বার্থে। বি; পুং।

দীপচ্ছায়া—প্রদীপের তলার অন্ধকার। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দীপন—১। প্রকাশন; আলোকিত করণ। দীপ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। উদ্দীপক, উত্তেজক; জ্বলনকারক; শোভাজনক। দীপ্+ণিচ্+অন বা অনট্ কর্তৃ। বিণ। স্ত্রী, -না, -নী। ৩। উত্তেজন, উদ্দীপন। দীপ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

দীপনীয়—যাহাকে দীপ্ত করিতে হইবে বা করা আবশ্যক এরূপ, দীপনযোগ্য। দীপ্+ণিচ্+অনীয় কর্ম। বিণ। [মধ্যপ। বি; পুং।

দীপবৃক্ষ—পিলসুজ, দেলকো। দীপাধার বৃক্ষ,

দীপমালা—১। দীপের শ্রেণী। ৬ষ্ঠীতৎ। ২। দশা-ক্ষরপাদক ছন্দো বিঃ। বি; স্ত্রী।

দীপমালিকা—১। দীপান্বিতা অমাবস্যা। দীপের মালা যাহাতে, বহু (ক-আগম)+আপ্। ২। দীপ-শ্রেণী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দীপশলাকা—দিয়াশলাই। দীপজ্বালিকা শলাকা, মধ্যপ। বি; স্ত্রী।

দীপশিখা—প্রদীপের শীষ; কজ্জল; জ্বলন্ত প্রদীপ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দীপাগার—আলোকগৃহ; সমুদ্রের বিপজ্জনকস্থানে রক্ষিত আলোকমন্দির, lighthouse. দীপযুক্ত আগার, মধ্যপ। বি; ক্লী।

দীপাধার—দীপবৃক্ষ, দেলকো। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দীপান্বিতা—১। কার্তিকী অমাবস্যা, দেওয়ালি। বি; স্ত্রী। ২। প্রদীপযুক্তা। দীপ দ্বারা অন্বিতা, ৩য়াতৎ। বিণ; স্ত্রী।

দীপাবলী—দীপশ্রেণী। দীপের আবলী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
দীপালী—দেওয়ালি; দীপান্বিতা অমাবস্যা। দীপের আলী (শ্রেণী) যাহাতে, বহু। বি; স্ত্রী।
দীপালোক—প্রদীপের আলো। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দীপালোকিত—প্রদীপের আলোকে উজ্জ্বল। দীপদ্বারা আলোকিত, ৩য়াতৎ। বিণ।
দীপিকা—১। রাগিণী বিঃ; জ্যোৎস্না; ক্ষুদ্র প্রদীপ; টীকা বা ব্যাখ্যা। বি; স্ত্রী। ২। প্রকাশিকা ইঃ। দীপক+আপ্। বিণ; স্ত্রী।
দীপিত—জ্বালিত; প্রকাশিত; উদ্ভাসিত; উদ্দীপিত। দীপ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
দীপ্ত—প্রজ্বলিত; প্রকাশিত; দগ্ধ; উজ্জ্বল; আলোকময়; তেজোময়। দীপ্+ক্ত কর্তৃ। বিণ।
দীপ্তি—তেজঃ, প্রভা; শোভা। দীপ্+ক্তি ভাব। বি; স্ত্রী।
দীপ্তিমান্ (-মৎ)—উজ্জ্বল, প্রভাশালী; শোভাবিশিষ্ট। দীপ্তি+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -মতী।
দীপ্যমান—দীপ্তিশীল, উজ্জ্বল; জ্বলন্ত; প্রকাশমান; শোভমান। দীপ্+শানচ্ কর্তৃ। বিণ।
দীপ্র—দীপ্তিশালী; তীক্ষ্ণ। দীপ্+র কর্তৃ। বিণ।
দীয়মান—যাহা দেওয়া হইতেছে এরূপ। দা+শানচ্ কর্ম। বিণ। [বি।
দীয়াশলাই—দীপশলাকা, দেকাটি। <দীপশলাকা।
দীর্ঘ—১। লম্বা; অধিক; গুরু। বিণ। ২। গুরুস্বর, দ্বিমাত্র স্বরবর্ণ (যথা—আ ঈ ঊ এ ঐ ও ঔ); সিংহ কন্যা তুলা বৃশ্চিক—এই চারিটি রাশি। দৃ+ঘক্ কর্তৃ। বি; পুং।
দীর্ঘকাল—অনেক দিন, অধিক সময়। কর্মধা। বি; পুং।
দীর্ঘকেশ—যাহার চুল লম্বা এমন। বহু। বিণ। স্ত্রী, -শা, -শী।
দীর্ঘগ্রীব—১। জিরাফ; উষ্ট্র; বক; কংকাল। বি; পুং। ২। লম্বা গ্রীবাবিশিষ্ট। দীর্ঘ গ্রীবা যাহার, বহু। বিণ।
দীর্ঘজীবী (-বিন্)—দীর্ঘায়ুঃ, শতায়ুঃ। উপতৎ; দীর্ঘ—জীব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -জীবিনী।
দীর্ঘত্রিপদী—ছন্দ বিঃ। কর্মধা। বি; স্ত্রী।
দীর্ঘদর্শী (-দর্শিন্)—দূরদর্শী; জ্ঞানী; দীর্ঘ দর্শন করে যে, উপতৎ; দীর্ঘ—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ; পুং। স্ত্রী, -দর্শিনী।
দীর্ঘনাস—যাহার নাক লম্বা এমন। বহু। বিণ।
দীর্ঘনিঃশ্বাস—দুঃখাদিহেতু পরিত্যক্ত গভীর শ্বাস; অনেকক্ষণ ব্যাপী নিশ্বাস। কর্মধা। বি; পুং।
দীর্ঘনিদ্রা—মৃত্যু; অনেকক্ষণ ব্যাপী ঘুম। দীর্ঘা নিদ্রা, কর্মধা। বি; স্ত্রী।
দীর্ঘপাদ—যাহার পা লম্বা এমন। বহু। বিণ।
দীর্ঘবাহু—১। যাহার বাহু খুব লম্বা এরূপ। বহু। বিণ। ২। লম্বা বাহু। কর্মধা। বি; পুং।
দীর্ঘমাত্রা—বন্ধনী, ব্র্যাকেট-চিহ্ন; দুইটি হ্রস্ব মাত্রার সমান মাত্রা (সংগীতে বা ছন্দে)। দীর্ঘা মাত্রা, কর্মধা। বি; স্ত্রী।
দীর্ঘমেয়াদী—বহুদিনব্যাপী। বাংপ্র। বিণ।
দীর্ঘরাত্র—১। বড় রাত্রি। দীর্ঘা রাত্রি, কর্মধা (অচ্-প্রত্যয়)। ২। বহুকাল; চিরকাল। দীর্ঘরাত্রি (বহুসংখ্যক রাত্রি)+অচ্ আছে অর্থে। বি; পুং।
দীর্ঘরোমা (-রোমন্)—১। ভল্লুক। বি; পুং। ২। লম্বা লোমবিশিষ্ট। বহু। বিণ। স্ত্রী, -রোম্নী।
দীর্ঘসূত্র, -সূত্রী (-ত্রিন্)—বিলম্বে কার্যকারক; দীর্ঘতন্তুবিশিষ্ট। বহু, ২য় পক্ষে দীর্ঘসূত্র+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -সূত্রা, -সূত্রিণী। বি—দীর্ঘসূত্রতা, -সূত্রিতা।
দীর্ঘাকার—১। দীর্ঘদেহবিশিষ্ট, লম্বা। বহু। বিণ। ২। লম্বা চেহারা। কর্মধা। বি; পুং।
দীর্ঘাকৃতি—দীর্ঘাকার (সকল অর্থে)। বহু। বি; স্ত্রী, বা বিণ।
দীর্ঘায়ু—<দীর্ঘায়ুঃ।
দীর্ঘায়ুঃ (-য়ুস্)—১। চিরজীবী; যে বহুকাল বাঁচিয়া থাকে এমন। দীর্ঘ আয়ুঃ যাহার, বহু। বিণ। ২। বহুকালব্যাপী জীবন। কর্মধা। বি; ক্লী। **দীর্ঘায়ুরস্তু**—"আয়ু দীর্ঘ হউক" অথবা "অমুক দীর্ঘায়ু হউক" এই আশীর্বাদ।
দীর্ঘিকা—দীঘি, সরোবর। দীর্ঘা+কন্ সংজ্ঞার্থে। বি; স্ত্রী।
দীর্ণ—১। বিদারিত। দৃ+ক্ত কর্ম। ২। ভগ্ন; ফাটা; ভীত। দৃ+ক্ত কর্তৃ। বিণ।
দু, দুই—২-সংখ্যক; ২-সংখ্যা। <দ্বি। বিণ বা বি। [বাংপ্র। বি।
দু-আনি—দুই আনার মুদ্রা। দু-আনা+ই মুদ্রার্থে।
দুও, দুয়ো—অবজ্ঞা বা তিরস্কার-সূচক উক্তি। বাংপ্র। অ। [উপসর্গ। বাংপ্র। অ।
দুঃ দুর্, দুস্—দোষ নিন্দা দুঃখ নিষেধ ইঃ সূচক
দুঃখ—১। ক্লেশ, কষ্ট; মনঃক্ষোভ; যন্ত্রণা; দুর্দশা; বিপদ্; অসুখ; আত্মগুণ বিঃ; অধর্মজন্য আত্মার গ্লানি; সংসার; মনের ধর্ম বিঃ। দুঃখ+ণিচ্+অচ্ কর্তৃ। বি; ক্লী। **দুঃখের দুঃখী**—ব্যথার ব্যথী, যে অপরের দুঃখকষ্ট দেখিয়া দুঃখবোধ করে এমন।
দুঃখকর—ক্লেশকর, কষ্টদায়ক। উপতৎ। দুঃখ—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।
দুঃখচাটা, -চেটে—দুঃখভোগ করিতে অভ্যস্ত, ক্লেশসহিষ্ণু। উপতৎ (বাংপ্র)। বিণ।
দুঃখজনক—ক্লেশদায়ক, কষ্টকর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -জনিকা।
দুঃখত্রয়—আধ্যাত্মিক আধিদৈবিক ও আধিভৌতিক—এই ত্রিবিধ দুঃখ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
দুঃখদ—ক্লেশদায়ক। উপতৎ; দুঃখ—দা+ক কর্তৃ। বিণ।
দুঃখদায়ক—ক্লেশকর, কষ্টজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -দায়িকা।
দুঃখযাপন—কষ্টক্লেশ, কষ্টমেহনত। বাংপ্র। বি।

দুঃখপ্রদ—দুঃখদায়ক, ক্লেশজনক। উপতৎ; দুঃখ—প্র—দা+ক কর্তৃ। বিণ।
দুঃখবাদ—এই জগৎ কেবল দুঃখময়—এইরূপ মতবাদ, বৈরাগ্যবাদ, pessimism. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। বিণ, **-বাদী** (-দিন্)।
দুঃখময়—দুঃখপরিপূর্ণ। দুঃখ+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, **-ময়ী**।
দুঃখসহিষ্ণু—ক্লেশসহনশীল। ২য়াতৎ। বিণ।
দুঃখহর—ক্লেশনিবারক। উপতৎ; দুঃখ—হৃ+অচ্ কর্তৃ। বিণ।
দুঃখহারী (-হারিন্)—দুঃখহর। উপতৎ; দুঃখ-হৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-হারিণী**।
দুঃখার্ত—দুঃখিত। দুঃখ দ্বারা ঋত বা আর্ত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী, **-র্তা**। [বিণ।
দুঃখিত—দুঃখপ্রাপ্ত, ক্ষুণ্ণ। দুঃখ+ইতচ্ জাতার্থে।
দুঃখী (দুঃখিন্)—দুঃখিত; দীন। দুঃখ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**দুঃখিনী**।
দুঃশাসন—১। ধৃতরাষ্ট্রের দ্বিতীয় পুত্র। বি; পুং। ২। যাহাকে অতি কষ্টে শাসন করা যায় এমন। দুর্—শাস্+অন কর্ম। বিণ। ৩। মন্দ শাসন। দুঃ শাসন, প্রাদি। বি; ক্লী। [বহু। বিণ।
দুঃশীল—দুশ্চরিত্র। দুঃ (দুষ্ট) শীল যাহার,
দুঃসংবাদ—খারাপ খবর। প্রাদিতৎ। বি; পুং।
দুঃসময়—মন্দ সময়, দুঃখের অবস্থা; দীনাবস্থা; দুর্ভিক্ষ। দুঃ সময়, প্রাদি। বি; পুং।
দুঃসহ—অসহ্য, অতিক্লেশদায়ক। দুর্—সহ্+খল্ কর্ম। বিণ।
দুঃসাধ্য—যাহা সম্পন্ন করা কঠিন এরূপ; যাহার প্রতিবিধান করা কঠিন এরূপ; দুশ্চিকিৎস্য। দুর্—সিধ্+ণিচ্+যৎ কর্ম। বিণ।
দুঃসাহস—অনুচিত সাহস; অসমসাহস; খুব বেশী সাহস। দুঃ সাহস, প্রাদি। বি; ক্লী।
দুঃসাহসিক—অসমসাহসিক, যাহাতে সাহস করিয়া প্রবৃত্ত হইতে হয় এরূপ। দুঃসাহস+ইক (ঠন্) আছে অর্থে। বিণ।
দুঃস্থ, দুঃস্থিত, দুস্থ, দুস্থিত—যে কষ্টে থাকে এরূপ, দরিদ্র, দুরবস্থাপন্ন; মূর্খ। উপতৎ; দুর্—স্থা+ক কর্তৃ; দুঃ (দুঃখে) স্থিত, প্রাদি। বিণ। [—স্পৃশ্+খল্ কর্ম। বিণ।
দুঃস্পর্শ—যাহা স্পর্শ করা কষ্টকর এমন। দুর্
দুঃস্বপ্ন—অশুভ স্বপ্ন, যেরূপ স্বপ্ন দেখিলে অমঙ্গল ঘটে বলিয়া মনে হয়; কল্পিত ক্ষতির আশঙ্কা। দুঃ স্বপ্ন, প্রাদি। বি; পুং।
দুঁদে—কলহপ্রিয়, ডানপিটে; কঠোরপ্রকৃতি; অতি-তেজস্বী; মামলাবাজ। < দ্বন্দ্ব। বিণ।
দুঁহু, দোঁহা—দুই, উভয়। < দ্বি। কপ্র। বিণ।
দুকুল—উভয়বংশ, মাতৃকুল ও পিতৃকুল; উভয়দিক্। কর্মধা (বাংপ্র)। বি।
দুকথা—দুটি কথা; কঠোর কথা; ঝগড়া। বাংপ্র। বি। [বিণ।
দুকানকাটা—নির্লজ্জ, বেহায়া। বহু (বাংপ্র)।
দুকূল—১। রেশমী কাপড়; পট্টবস্ত্র; সূক্ষ্মবস্ত্র; উত্তরীয় বস্ত্র; শুভ্র বস্ত্র। দুর্—কূল্+ক কর্তৃ। বি; ক্লী। ২। দুই তীর। কর্মধা (বাংপ্র)। বি।
দুখ—কষ্ট, ক্লেশ। < দুঃখ। বি।
দুখচাটা, -চেটে—দুঃখচাটা (তাহা দ্রঃ)।
দুখপশরা—দুঃখের বোঝা, কষ্টের ভার। ৬ষ্ঠীতৎ (কপ্র)। বি। [উপতৎ (কপ্র)। বিণ।
দুখহরা—দুঃখহর ; যাহা দুঃখ ভুলাইয়া দেয় এরূপ।
দুখান, দুখানি—১। দুই টুকরা। বি। ২। দুই খণ্ডে বিভক্ত; দুইটি। বাংপ্র। বিণ।
দুখিনী—< দুঃখিনী। বি বা বিণ।
দুখী—দুঃখভোগী; দরিদ্র। < দুঃখী। বিণ।
দুগ্ধ—দুধ। দুহ্+ক্ত কর্ম। বি; ক্লী।
দুগ্ধপোষ্য—১। যাহারা কেবল দুগ্ধ পান করিয়া জীবন ধারণ করে এরূপ। বিণ। ২। শিশু, দুধের ছেলে। ৩য়াতৎ। বি; পুং।
দুগ্ধফেননিভ—দুধের ফেনার মত সাদা, অতিশুভ্র ('—শয্যা')। দুগ্ধফেনের তুল্য, এই বাক্যে নিত্য। বিণ। [অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।
দুগ্ধবতী—দুধালো, পয়স্বিনী। দুগ্ধ+মতুপ্ আছে
দুগ্ধসমুদ্র—ক্ষীরসাগর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দুঘড়ি—দ্বিপ্রহর; দুই ঘণ্টা। কর্মধা (বাংপ্র)। বি।
দুচোখ—দুই চোখ। কর্মধা। বি। **দুচোখের বিষ**—অতিশয় অপ্রিয়, চক্ষুঃশূল।
দুচোখো—দুইটি চোখবিশিষ্ট; পক্ষপাতদুষ্ট। বাংপ্র। বিণ।
দুটানা—দ্বিধা প্রবাহিত; দুই দিকে বর্তমান। দু (দুই দিকে) টানা, সুপ্। বিণ।
দুড়দাড়—সবেগে পতনের শব্দ। বাংপ্র। অ।
দুড়দুড়—কোন কিছু পতনের শব্দ; দ্রুত ধাবনের শব্দ; ভয়াদিজন্য বক্ষঃস্পন্দনের শব্দ; মেঘগর্জন। বাংপ্র। অ।
দুড়ুম—গুলি করার শব্দ; ভারী বস্তু পড়ার শব্দ। বাংপ্র। অ। [বাংপ্র। অ।
দুৎ, ধুৎ—তিরস্কার-বিরক্তি-অবজ্ঞাদিসূচক শব্দ।
দুত্তোর—অসন্তোষ বা বিরক্তিসূচক শব্দ। বাংপ্র। অ।
দুধ—পয়ঃ, ক্ষীর। < দুগ্ধ। বি। **দুধ কাটা**—দুধ নষ্ট হওয়া; অম্লরসযোগে দুধ হইতে ছানা বা দই প্রস্তুত করা। **দুধ তোলা**—'তোলা' দ্রঃ। **দুধে জলে মেশা**—সম্পূর্ণ মিশিয়া যাওয়া; অভিন্ন হওয়া। **দুধে দাঁত**—শিশুদের প্রথমে ওঠা দাঁত। **দুধে ভাতে থাকা**—ভোগে থাকা, উৎকৃষ্ট খাদ্য খাইয়া জীবন কাটানো। **দুধের মাছি**—সুখের পায়রা, সুসময়ে ভোগ-বিলাসের বন্ধু।
দুধকলমা—একপ্রকার ধান। বাংপ্র। বি।
দুধকুসুম্ভা—দুধে গোলা সিদ্ধিবাটা। প্রা কপ্র। বি।
দুধদাঁত—দুধে দাঁত। বাংপ্র। বি।
দুধার—দুই ধার, উভয়দিক্। কর্মধা (বাংপ্র)। বি।
দুধারী, দোধারী—উভয়পার্শ্বস্থিত, দুই দিকের; উভয়দিকে ধারযুক্ত (অস্ত্রাদি)। দুধার, দোধার+ঈ স্থিতার্থে, বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।

দুধালো, দুধলো—দুগ্ধবতী। দুধ+আলো, লো বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।

দুধে-আলতা—গোলাপী ('—রং')। বাংপ্র। বিণ।

দুন—বাদ্যের দ্বিগুণিত লয়, একমাত্রার সময়ে দুই মাত্রা দেওয়া। <দ্বিগুণ। বি বা বিণ।

দুনা—ডবল। <দ্বিগুণ। বিণ।

দুনি—জলসেচনযন্ত্র, ডোঙ্গাকল। <দ্রোণী। বি।

দুনিয়া—পৃথিবী, জগৎ। আ। বি।

দুনিয়াদারি—বৈষয়িক বুদ্ধি; স্বার্থপরতা; সাংসারিক চাতুরী। আ-ম্। বি। বিণ, -দার।

দুনো—দ্বিরাবৃত্ত, ডবল। <দ্বিগুণ। বিণ।

দুন্দুভি—১। বৃহৎ ঢাক, দামামা জাতীয় প্রাচীন বাদ্য বিঃ। বি; পুং। ২। পাশক; পাশি। দুন্দ্—উভ্+ইন্ কর্তৃ। বি; স্ত্রী।

দুপ—লম্ফনের শব্দ, পদশব্দ। বাংপ্র। অ।

দুপদাপ—বার বার লম্ফনের শব্দ; অনেকের লম্ফনের শব্দ; একত্র অনেকের পদশব্দ। বাংপ্র। অ।

দুপর, দুপুর—মধ্যাদিন বা মধ্যরাত্র। <দ্বিপ্রহর। বি।

দুপাটি—১। দুই সারি ('—দন্ত')। কর্মধা। বিণ। ২। দোপাটি ফুল। বাংপ্র। বি।

দুফাল—দুইভাগে বিভক্ত; ছিন্ন (বস্ত্রাদি)। বাংপ্র। বিণ।

দুবরী, দুবলা—দুর্বলা। প্রা কপ্র। বিণ।

দুভাপা—দুইবার সিদ্ধ-করা। বাংপ্র। বিণ।

দুভাষী, দোভাষী—যে দুই ভাষায় কথা বলিতে পারে এমন; ভাষান্তরকারী, interpreter. দুভাষা, দোভাষা+ঈ জানে অর্থে (বাংপ্র)। বি বা বিণ।

দুম—ভারী বস্তু পতনের শব্দ, দুড়ুম। বাংপ্র। অ।

দুমড়া, দোমড়া—বাঁকা, মোচড়া। বাংপ্র। বিণ।

দুমড়ানো—১। বাঁকিয়া যাওয়া; মোচড়াইয়া যাওয়া; ভাঁজ করা; বাঁকানো। ক্রি [, বি]। ২। বক্র; মোচড়ানো। দুমড়া+নো কর্তৃ (বাংপ্র)। বিণ।

দুমদাম, দুমদুম—পুনঃ পুনঃ ভারী বস্তু পতনের শব্দ। বাংপ্র। অ।

দুমনা, দোমনা—সংশয়যুক্ত। <দ্বিমনাঃ। বিণ।

দুমালা, দোমালা—অপরিপক্ক; শাঁস ও জল উভয় পদার্থবিশিষ্ট ('—নারিকেল')। বাংপ্র। বিণ।

দুমুখো—দুই মুখবিশিষ্ট. উভয়দিকে মুখযুক্ত। দুমুখ+ও (<উয়া) বিশিষ্টার্থে। বাংপ্র। বিণ। **দুমুখো সাপ**—যে ব্যক্তি বিবদমান দুই পক্ষেরই কপট বন্ধু সাজিয়া উভয়েরই ক্ষতি করে।

দুমুঠো—১। অল্প। বিণ। ২। অল্প ভোজ্য। বাংপ্র। বি।

দুমেটে, দোমেটে—প্রতিমায় দ্বিতীয়বার মৃত্তিকালেপন; দ্বিতীয়বার মৃত্তিকালিপ্ত। দুমাটি+এ (<ইয়া) লিপ্তার্থে (বাংপ্র)। বি বা বিণ।

দুম্বা—স্থূললাঙ্গুল একপ্রকার মেষ, গাড়ল। <ফা 'দুন্‌বহ্'। বি।

দুয়া—১। অভাগিনী, স্বামীর অনাদৃতা; <দুর্ভগা। বিণ। ২। পাশাখেলায় দুই ফোঁটার দান; দুই ফোঁটার তাস, দুরি। <দ্বি। বি। ৩। দোহন করা। <দুহ্ ধাতু। ক্রি [, বি, বিণ]।

দুয়ানি, দোয়ানি—পূর্বেকার দুই আনার মুদ্রা। বাংপ্র। বি।

দুয়ার, দোর—দরজা। <দ্বার। বি। **দুয়ারে কাঁটা দেওয়া**—বাধার সৃষ্টি করা।

দুয়ারী—১। দুয়ারযুক্ত। বিণ। ২। দ্বারবান্। <দ্বারী। বি।

দুয়ো—১। হতভাগিনী; স্বামীর অপ্রিয়া। <দুর্ভগা। বিণ। ২। অবজ্ঞাসূচক বা তিরস্কারসূচক শব্দ। <দূর হ। অ।

দুয়োরানী—যে রানীর প্রতি রাজা বিরূপ। বাংপ্র। বি; স্ত্রী।

দুর্, দুস্—'দুঃ' দ্রঃ।

দুরতিক্রম—দুর্লঙ্ঘ্য, যাহা অতিক্রম করা দুঃসাধ্য এমন; অবশ্যম্ভাবী। দুর্—অতি—ক্রম্+খল্ কর্ম। বিণ। [ভাব। বি; ক্লী।

দুরতিক্রমণ—কষ্টে উত্তরণ। দুর্—অতি—ক্রম্+অনট্

দুরতিক্রমণীয়, -ক্রম্য—দুরতিক্রম। দুঃ (দুঃখে) অতিক্রমণীয়, -ক্রম্য, প্রাদি। বিণ।

দুরত্যয়—যাহার অন্যথা করা দুঃসাধ্য এমন, দুর্লঙ্ঘ্য' দুঃ (দুঃখজনক) অত্যয় (শেষ) যাহার, বহু। বিণ। [বাংপ্র। অ।

দুরদুর—দ্রুত ধাবনের শব্দ; বক্ষঃস্পন্দন শব্দ।

দুরদৃষ্ট—১। দুর্ভাগ্য; পাপ। দুঃ অদৃষ্ট, প্রাদি। বি; ক্লী। ২। যাহার বরাত খারাপ এমন। দুঃ অদৃষ্ট যাহার, বহু। বিণ।

দুরধিগম—দুষ্প্রাপ্য; দুর্গম; দুষ্প্রবেশ; দুর্জ্ঞেয়। দুর্—অধি—গম্+খল্ কর্ম। বিণ।

দুরধিগম্য—দুর্গম; দুর্জ্ঞেয়; দুর্লভ। দুঃ (দুঃখে) অধিগম্য, প্রাদি। বিণ।

দুরধ্যয়, দুরধ্যয়ন—দুষ্পাঠ্য। দুর্ (দুঃখে) হয় অধ্যয় বা অধ্যয়ন যাহার, বহু। বিণ।

দুরন্ত—১। দুর্জ্ঞেয়; গভীর; দুরতিক্রমণীয়; দুর্দমনীয়। দুঃ অন্ত যাহার, বহু। ২। অবাধ্য। <দুর্দান্ত। বিণ।

দুরন্তপনা—দুষ্টামি, দৌরাত্ম্য। দুরন্ত+পনা কর্মার্থে (বাংপ্র)। বি।

দুরন্তর—অতিশয় দুরন্ত ("পাইয়া শিবের বর দৈত্য হইল দুরন্তর"—কবিকঙ্কণ)। প্রা কপ্র। বিণ।

দুরন্বয়—১। বাক্যস্থিত শব্দের অসংলগ্ন বিন্যাস। দুঃ (মন্দ) অন্বয়, প্রাদি। বি; পুং। ২। দুর্বোধ্য; দুর্গম; অসংলগ্ন বিন্যাসযুক্ত। বহু। বিণ।

দুরপনেয়—দুর্নিবার, অনপসরণীয়; যাহা সহজে মুছিয়া ফেলা যায় না এমন। দুর্—অপ—নী+যৎ কর্ম। বিণ।

দুরবগম, -গম্য—দুর্জ্ঞেয়। দুর্—অব—গম্+খল্ কর্ম; দুঃ (দুঃখে) অবগম্য, প্রাদি। বিণ।

দুরবগাহ—দুষ্প্রবেশ; দুর্বোধ, জটিল; দুর্জ্ঞেয়। দুর্—অব—গাহ্+খল্ কর্ম। বিণ।

দুরবস্থ—দুঃস্থ; দুর্দশাগ্রস্ত। দুর্ (দুঃখজনক) অবস্থা যাহার, বহু। বিণ।

দুরবস্থা—দুর্দশা। দুঃ অবস্থা, প্রাদি। বি; স্ত্রী।

দুরবীন—দূরবীক্ষণ যন্ত্র, telescope. <দূর-বীক্ষণ। বি।

দুরভিগ্রহ—অতিক্লেশে গ্রহণীয়; বহু চেষ্টায় জ্ঞেয়। দুর্ (দুষ্কর) হইয়াছে অভিগ্রহ (গ্রহণ, জ্ঞান) যাহার, বহু। বিণ।

দুরভিসন্ধি—১। অসৎ অভিপ্রায়। দুঃ (দুষ্ট) অভিসন্ধি, প্রাদি। বি; পুং। ২। অসদভিপ্রায়-বিশিষ্ট। দুঃ অভিসন্ধি যাহার, বহু। বিণ।

দুরমুশ—ভারী মুগুর; ভারী মুগুর দ্বারা পেটাই। বাংপ্র। বি। **দুরমুশ করা**—দুরমুশ দিয়া পিটানো; খুব মারধর করা।

দুরস্ত, দোরস্ত—সুশৃঙ্খল, গোছালো, পরিপাটি, সুন্দর; বিশুদ্ধ; চৌরস, সমান, দমিত, শাসিত; সুন্দরভাবে গঠিত। <ফা 'দুরুস্ত্'। বিণ। **কেতা দুরস্ত, লেফাফা দুরস্ত**—বাহিরের আচরণে বা চালচলনে নিখুঁত।

দুরাকাঙ্ক—কিছুতেই যাহার আকাঙ্ক্ষার নিবৃত্তি হয় না এরূপ, যে অসম্ভাবিত বিষয়ের প্রত্যাশা করে এরূপ। দুঃ আকাঙ্ক্ষা যাহার, বহু। বিণ।

দুরাকাঙ্ক্ষা—১। অসম্ভব আশা, দুষ্প্রাপ্য বিষয়ের অভিলাষ। দুঃ আকাঙ্ক্ষা, প্রাদি। বি; স্ত্রী। ২। অনিবৃত্ত-আকাঙ্ক্ষাবিশিষ্টা, যে স্ত্রীর কামনার নিবৃত্তি হয় না এমন। দুরাকাঙ্ক+আপ্। বিণ; স্ত্রী।

দুরাক্রম—অতিকষ্টে আক্রমণীয়। দুর্—আ—ক্রম্+ [খল্ কর্ম। বিণ।

দুরাগ্রহ—১। মন্দ অভিলাষ। দুর্ আগ্রহ, প্রাদি বা নিত্য। বি; পুং। ২। দুষ্ট আগ্রহযুক্ত, দুশ্চেষ্ট। দুর্ আগ্রহ যাহার, বহু। বিণ।

দুরাচার—১। কদাচার; দুর্বৃত্ততা। দুঃ আচার, প্রাদি। বি; পুং। ২। কদাচারী; দুর্বৃত্ত। দুঃ আচার যাহার, বহু। বিণ।

দুরাত্মা (-ত্মন্)—পাপাত্মা, নির্দয়; দুষ্ট; অত্যা-চারী। দুঃ আত্মা যাহার, বহু। বিণ।

দুরাধর্ষ—দুর্দমনীয়, দুর্ধর্ষ। দুর্—আ—ণিজন্ত ধৃষ্+খল্ কর্ম। বিণ।

দুরাপ—দুর্লভ। দুর্—আপ্+খল্ কর্ম। বিণ।

দুরারোগ্য—যাহা সারানো কঠিন এমন ('— ব্যাধি')। দুঃসাধ্য আরোগ্য যাহার, বহু। বিণ।

দুরারোহ—দুঃখে আরোহণীয়, দুর্গম; অত্যুন্নত, অতি উঁচু ('— পর্বতশৃঙ্গ')। দুর্—আ—রুহ্ +খল্ কর্ম। বিণ।

দুরালাপ—১। কটুবাক্য, গালি। প্রাদি। বি; পুং। ২। কটুভাষী। বহু। বিণ।

দুরাশয়—১। দুর্মতি; পাপাত্মা। দুঃ (মন্দ) আশয় যাহার, বহু। বিণ। ২। মন্দ অভিপ্রায়, দুষ্ট অভিসন্ধি। প্রাদি বা নিত্য। বি; পুং।

দুরাশা—দুষ্ট আশা; দুরাকাঙ্ক্ষা; দুষ্প্রাপ্য বিষয়ে আশা। দুঃ আশা, প্রাদি। বি; স্ত্রী।

দুরাসদ—দুর্জ্ঞেয়; দুষ্প্রাপ্য; দুর্ধর্ষ। দুর্—আ—সদ্+খল্ কর্ম। বিণ।

দুরি, দুরী—দুইফোটা-চিহ্নিত তাস। বাংপ্র। বি।

দুরিত—১। পাপ; অনিষ্ট। দুঃ ইত (গতি) যাহা দ্বারা, বহু। বি; ক্লী। ২। পাপিষ্ঠ। দুঃ ইত (কার্য) যাহার, বহু। বিণ।

দুরিতহারিণী—পাপদূরকারিণী। উপতৎ; দুরিত—হৃ+ণিন্ কর্তৃ+স্ত্রী ঈপ্। বিণ; স্ত্রী।

দুরুক্ত—১। দুর্বাক্য, তিরস্কার। দুঃ উক্ত (বাক্য), প্রাদি। বি; ক্লী। ২। মন্দরূপে কথিত। দুঃ উক্ত, প্রাদি। বিণ।

দুরুক্তি—দুর্বাক্য, গালি; ভর্ৎসনা। দুঃ উক্তি, প্রাদি। বি; স্ত্রী।

দুরুচ্চার্য—অনুচ্চার্য; অতিকষ্টে উচ্চারণযোগ্য; অকথ্য। দুঃ (দুঃখে) উচ্চার্য, প্রাদি। বিণ।

দুরুত্তর—১। মন্দ উত্তর। দুর্ যে উত্তর, প্রাদি। বি; ক্লী। ২। দুস্তর। দুর্—উৎ—তৄ+খল্ কর্ম। বিণ।

দুরুদুরু—মৃদু স্পন্দন বা কম্পনের শব্দ; মৃদু ও দ্রুত বাদ্যধ্বনি। বাংপ্র। অ।

দুরূহ—দুর্বোধ, দুর্জ্ঞেয়; দুস্তর্ক্য। দুর্—ঊহ্+খল্ কর্ম। বিণ।

দুর্গ—কেল্লা; গড়। দুর্—গম্+ড অধি। বি; ক্লী।

দুর্গত—দরিদ্র, দুরবস্থাগ্রস্ত; দুঃখী; বিপদ্‌গ্রস্ত; মন্দ। দুর্—গম্+ক্ত কর্তৃ। বিণ।

দুর্গতি—দুরবস্থা; লাঞ্ছনা; নরকগতি; দারিদ্র্য। দুঃ গতি, প্রাদি। বি; স্ত্রী।

দুর্গন্ধ—১। মন্দগন্ধ। দুঃ গন্ধ, প্রাদি। বি; পুং। ২। পূতিগন্ধযুক্ত। দুঃ গন্ধ যাহার, বহু। বিণ।

দুর্গন্ধী (-ন্ধিন্)—পূতিগন্ধবিশিষ্ট, খারাপ গন্ধ-যুক্ত। দুর্গন্ধ+ইন্ আছে অর্থে। বিণ।

দুর্গপতি—দুর্গরক্ষক, দুর্গাধ্যক্ষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দুর্গম—অতি কষ্টে যেখানে যাওয়া যায় এরূপ; দুর্লভ; দুর্জ্ঞেয়। দুর্—গম্+খল্ কর্ম। বিণ।

দুর্গা—পরমা প্রকৃতি, শিবপত্নী; রাগিণী বিঃ। দুর্ —গৈ+খল্ কর্ম+আপ্। বি; স্ত্রী।

দুর্গা-টুনটুনি—এক ধরনের ছোট পাখি। বাংপ্র। বি।

দুর্গাধ্যক্ষ—দুর্গপতি, দুর্গরক্ষক। দুর্গের অধ্যক্ষ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দুর্গাপূজা—দুর্গাদেবীর অর্চনা; শারদীয়া মহা-পূজো। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দুর্গেশ—১। দুর্গাধ্যক্ষ, দুর্গরক্ষক প্রধান কর্মচারী। দুর্গের ঈশ, ৬ষ্ঠীতৎ। ২। মহাদেব, শিব। দুর্গার ঈশ (স্বামী), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দুর্গেশনন্দিনী—দুর্গাধ্যক্ষের কন্যা। দুর্গেশের নন্দিনী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দুর্গোৎসব—শরৎকালে দুর্গাদেবীর পূজার জন্য আনন্দজনক অনুষ্ঠান, দুর্গাপূজার উৎসব। দুর্গা-বিষয়ক উৎসব, মধ্যপ। বি; পুং।

দুর্গ্রহ—১। যাহা অতি কষ্টে গ্রহণ করা যায় এরূপ;

দুর্জ্ঞেয়; দুরাসদ। দুর্—গ্রহ্+খল্ কর্ম। বিণ। ২। কুগ্রহ, মন্দগ্রহ। দুঃ গ্রহ, প্রাদি। বি; পুং।
দুর্ঘট—যাহা অতি কষ্টে ঘটে এরূপ, কঠিন। দুর্—ঘট্+অচ্ কর্তৃ। বিণ।
দুর্ঘটনা—অশুভঘটনা, বিপদ্; আকস্মিক বিপদ্। দুঃ ঘটনা, প্রাদি। বি; স্ত্রী।
দুর্জন—খল, ক্রূর, নিষ্ঠুর ব্যক্তি, দুষ্টলোক। দুঃ জন, প্রাদি। বি; পুং।
দুর্জয়—অজেয়, অদমনীয়; অতিপ্রবল। দুর্—জি+খল্ কর্ম। বিণ।
দুর্জ্ঞেয়—দুর্বোধ্য; অতিসূক্ষ্ম। দুর্—জ্ঞা+যৎ কর্ম। বিণ।
দুর্দম—যাহাকে দমন করা কষ্টকর এরূপ, দুর্দমনীয়; দুরন্ত। দুর্—দম্+খল্ কর্ম। বিণ।
দুর্দমনীয়, দুর্দম্য—কষ্টে দমনীয়; দুরন্ত, অশান্ত। দুঃ (দুঃখে) দমনীয়, দম্য, প্রাদি। বিণ।
দুর্দশা—দুরবস্থা, মন্দ দশা, দুর্গতি। দুঃ দশা, প্রাদি। বি; স্ত্রী।
দুর্দান্ত—দুর্দমনীয়; অশান্ত। দুঃ (দুঃখে) দান্ত, প্রাদি। বিণ।
দুর্দিন—দুর্যোগ, মেঘাচ্ছন্ন দিন, ঝড়-বাদল; দুঃসময়। দুঃ দিন, প্রাদি। বি; ক্লী। [ক্লী।
দুর্দৈব—দুর্ভাগ্য; দুর্ঘটনা। দুঃ দৈব, প্রাদি। বি;
দুর্ধর—দুঃসহ; দুর্দম্য; দুর্ধর্ষ; কষ্টে ধারণযোগ্য। দুর্—ধৃ+খল্ কর্ম। বিণ।
দুর্ধর্ষ—যাহাকে হারানো শক্ত; যাহার অনিষ্ট করা যায় না এরূপ; যাহার তেজঃ বিক্রম প্রঃ এরূপ যে তাহার নিকটে যাইতে ভয় হয় এমন; অক্ষোভ্য। দুর্—ধৃষ্+খল্ কর্ম। বিণ।
দুর্নাম (-মন্)—অখ্যাতি, কলঙ্ক, নিন্দা। দুঃ নাম, প্রাদি। বি; ক্লী।
দুর্নিবার—যাহা বা যাহাকে বহু কষ্টে নিবারণ করা যায় এরূপ, যাহাকে রোধ করা দুঃসাধ্য এমন। দুর্—নি—বৃ+ণিচ্+খল্ কর্ম। বিণ।
দুর্নিমিত্ত—অশুভ লক্ষণ। প্রাদি। বি; ক্লী।
দুর্নিরীক্ষ্য—যাহার প্রতি দৃষ্টিপাত করা দুঃসাধ্য এমন। দুঃ (দুঃখে) নিরীক্ষ্য, প্রাদি। বিণ।
দুর্নীত—দুঃশীল, দুর্নীতিপরায়ণ। দুর্ (দুষ্টা) নীতি যাহার, বহু। বিণ।
দুর্নীতি—কুরীতি; মিথ্যা প্রবঞ্চনা চুরি ইঃ। দুঃ নীতি, প্রাদি। বি; স্ত্রী।
দুর্নীতিপরায়ণ—কদাচারপরায়ণ, দুরাত্মা, দুঃশীল। বহু। বিণ। [বি: ক্লী।
দুর্বচঃ (-চস্)—দুর্বাক্য। দুর্ যে বচঃ, প্রাদি।
দুর্বৎসর—মন্দ বৎসর; যে বৎসর শস্যাদি পর্যাপ্ত পরিমাণে উৎপন্ন হয় না এবং নানারূপে বহুকষ্ট পাইতে হয় তাহা। দুঃ বৎসর, প্রাদি। বি; পুং।
দুর্বল—বলহীন, জীর্ণ, অশক্ত; কৃশ; শিথিল। দুঃ বল যাহার, বহু। বিণ। বি—**দুর্বলতা, দৌর্বল্য**।
দুর্বহ—অতিকষ্টে বহনযোগ্য, অতি গুরুভার। দুর্—বহ্+খল্ কর্ম। বিণ।
দুর্বাক্ (-বাচ্)—কটুভাষী। বহু। বিণ।
দুর্বাক্য—কটুবাক্য, অপ্রিয় কথা; গালি; অশ্লীল-বাক্য। দুঃ বাক্য, প্রাদি। বি; ক্লী।
দুর্বাচ্য—১। দুরুচ্চার্য, অতিকষ্টে উচ্চারণযোগ্য; অকথ্য। দুর্—বচ্+ণ্যৎ কর্ম। বিণ। ২। কটু বাক্য; অশ্লীল বাক্য। দুঃ বাচ্য, প্রাদি। বি; ক্লী।
দুর্বার—দুর্নিবার, অনিবার্য; দুর্দান্ত। দুর্—বৃ+ণিচ্+খল্ কর্ম। বিণ।
দুর্বাসা—< দুর্বাসাঃ।
দুর্বাসাঃ (-সস্)—১। কুৎসিত বস্ত্রধারী। বিণ। ২। অত্রি-অনসূয়ার পুত্র কোপনস্বভাব মুনি বিঃ। দুর্ বাসঃ (বস্ত্র) যাহার, বহু। বি; পুং।
দুর্বিনীত—অবিনীত, উদ্ধত; কুব্যবহারী, যে ভদ্র ব্যবহার শেখে নাই এমন; দুষ্ট। দুর্—বি—নী+ক্ত কর্ম-কর্তৃ। বিণ। [বিণ।
দুর্বিনেয়—দুর্দমনীয়। দুর্—বি—নী+য কর্ম।
দুর্বিপাক—১। মন্দ পরিণাম, শোচনীয় পরিণাম; দুর্ঘটনা। দুঃ বিপাক, প্রাদি। বি; পুং। ২। পরিণামে ভীষণ, শোচনীয় পরিণামবিশিষ্ট। বহু। বিণ।
দুর্বিষহ—অসহ্য, যাহা সহ্য করা যায় না এরূপ; দুর্বহ। দুর্—বি—সহ্+খল্ কর্ম। বিণ।
দুর্বুদ্ধি—১। দুর্মতি, কুবুদ্ধিসম্পন্ন। দুঃ বুদ্ধি যাহার, বহু। বিণ। ২। দুষ্ট মতি, মন্দ বুদ্ধি; বোকামি। দুঃ বুদ্ধি, প্রাদি। বি; স্ত্রী।
দুর্বৃত্ত—দুশ্চরিত্র; ধূর্ত; দুরন্ত; উদ্ধত; দুরাত্মা। দুঃ বৃত্ত যাহার, বহু। বিণ।
দুর্বোধ—দুর্জ্ঞেয়, দুরূহ, বুঝিতে কঠিন। দুর্—বুধ+খল্ কর্ম। বিণ। [সুপ্। বিণ।
দুর্বোধ্য—দুর্বোধ, দুরূহ। দুঃ (দুঃখে) বোধ্য,
দুর্ব্যবহার—কদাচার, কুৎসিত আচরণ। দুঃ ব্যবহার, প্রাদি। বি; পুং।
দুর্ভক্ষ্য—যাহা অতি কষ্টে ভোজন করা যায় এমন। দুঃ (দুঃখে) ভক্ষ্য, প্রাদি। বিণ।
দুর্ভগ—১। দুরদৃষ্ট; অপ্রিয়। দুঃ ভগ যাহার, বহু। বিণ। ২। মন্দ ভাগ্য। দুঃ ভগ, প্রাদি। বি; ক্লী।
দুর্ভগা—দুয়ো, অভাগিনী; বন্ধ্যা নারী। দুঃ ভগ (ভাগ্য) যাহার, বহু+আপ্। বি বা বিণ; স্ত্রী।
দুর্ভর—দুঃসহ; গুরু, ভারী। দুর্—ভৃ+খল্। কর্ম। বিণ। [স্ত্রী, -ভিনী।
দুর্ভাগা—অভাগা, মন্দভাগ্য। < দুর্ভাগ্য। বিণ।
দুর্ভাগ্য—১। দুরদৃষ্ট। দুঃ ভাগ্য, প্রাদি। বি; ক্লী। ২। হতভাগ্য। দুঃ ভাগ্য যাহার, বহু। বিণ।
দুর্ভাবনা—দুশ্চিন্তা, উৎকণ্ঠা। দুঃ ভাবনা, প্রাদি। বি; স্ত্রী।
দুর্ভিক্ষ—দেশে ভীষণ অন্নকষ্ট, আকাল। ভিক্ষার অভাব, অব্যয়ী। বি; ক্লী।
দুর্ভেদ্য—অতিদৃঢ়, অতি কঠিন; দুষ্প্রবেশ। দুঃ (দুঃখে) ভেদ্য, প্রাদি। বিণ।

দুর্ভোগ—দুর্গতি, লাঞ্ছনা। দুঃ (মন্দ) ভোগ, প্রাদি। বি; পুং।
দুর্মতি—১। দুর্বুদ্ধি, কুমতিসম্পন্ন। দুঃ মতি যাহার, বহু। বিণ। ২। দুষ্ট বুদ্ধি। দুঃ মতি, প্রাদি। বি; স্ত্রী।
দুর্মদ—উন্মত্ত; দুর্ধর্ষ। দুর্—মদ্+অচ্ কর্তৃ। বিণ।
দুর্মনা—< দুর্মনাঃ।
দুর্মনাঃ (-নস্)—উদ্বিগ্নমনা, দুঃখিতচিত্ত। দুর্ হইয়াছে মনঃ যাহার, বহু। বিণ; পুং বা স্ত্রী।
দুর্মনায়মান—উদ্বিগ্নচিত্ত, দুশ্চিন্তাগ্রস্ত। দুর্মনায় (দুর্মনস্+ক্যঙ্)+শান কর্তৃ। বিণ।
দুর্মা, দুর্মো—দোমালা নারিকেল; একপ্রকার তরকারি। বাংপ্র। বি।
দুর্মুখ—কটুভাষী; অপ্রিয়সত্যবাদী। দুঃ মুখ যাহার, বহু। বিণ। স্ত্রী, -খা, -খী।
দুর্মূল্য—মহার্ঘ, অতি দামী। দুঃ মূল্য যাহার, বহু। বিণ।
দুর্মেধা—< দুর্মেধাঃ।
দুর্মেধাঃ (-ধস্)—স্মৃতিশক্তি ও বোধশক্তিশূন্য; দুষ্টবুদ্ধিসম্পন্ন। দুঃ মেধা যাহার, বহু+অস্ সমাসান্ত। বিণ।
দুর্যোগ—দুর্দিন, দুঃসময়; ঝড়বাদলের দিন। দুঃ যোগ, প্রাদি। বি; পুং।
দুর্যোধন—১। যাহার সহিত অতিকষ্টে যুদ্ধ করা যায় এরূপ। বিণ। ২। ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠ পুত্র। দুর্—যুধ্+অন কর্ম। বি; পুং।
দুর্লক্ষণ—১। অশুভ চিহ্ন। প্রাদি। বি। ২। অশুভচিহ্নযুক্ত। বহু। বিণ।
দুর্লঙ্ঘ, দুর্লঙ্ঘ্য—যাহা সহজে লঙ্ঘন করিতে পারা যায় না এমন। দুর্—লঙ্ঘ্+খল্ কর্ম; দুঃ (দুঃখে) লঙ্ঘ্য, প্রাদি। বিণ।
দুর্লভ—দুষ্প্রাপ্য; বহুমূল্য; বিরল। দুর্—লভ্+খল্ কর্ম। বিণ।
দুল—কর্ণের অলংকার বিঃ। বাংপ্র। বি।
দুলকি—ঘোড়া বা পালকির দোলনজনক ('—গতি'); যাহাতে আরোহীর সর্বশরীর কম্পিত হয় এরূপ ('—চাল')। বাংপ্র। বিণ।
দুলহ—দুর্লভ ("পরিচয় দুলহ দূরে রহু কেলি"—বিদ্যা)। প্রা কপ্র। বিণ।
দুলদুল—১। ধীরে ধীরে অনবরত দুলিবার ভাবপ্রকাশক শব্দ। বাংপ্র। অ। ২। মহরমের মিছিলে যে কাগজের ঘোড়া বাহির হয় (হোসেনের ঘোড়া)। আ। বি।
দুলা, দোলা—আন্দোলিত হওয়া, কম্পিত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
দুলানো, দোলানো—আন্দোলিত করা, কম্পিত করা, দোল দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
দুলারী—দুলালী, আদরিণী; আদরিণী কন্যা। বাংপ্র। বি বা বিণ; স্ত্রী।
দুলাল—১। আদরের পাত্র; আদুরে ছেলে; প্রেম, অনুরাগ। বি। ২। প্রিয়, মনোজ্ঞ, আদুরে। বাংপ্র। বিণ। স্ত্রী—দুলালী।
দুলিচা—ক্ষুদ্র গালিচা। বাংপ্র। বি।
দুলুনি—দোলন, দোল। বাংপ্র। বি।
দুলে—পালকিবাহক জাতি বিঃ। দোলা+এ বাহক অর্থে (বাংপ্র)। বি।
দুশমন—অনিষ্টকারী লোক, শত্রু। ফা। বি।
দুশমনি—শত্রুতা, অনিষ্টকারিতা। ফা-মু। বি।
দুশ্চর—দুর্গম ('—কানন'); যাহা আচরণ করা কঠিন ('—তপস্যা')। দুর্—চর্+খল্ কর্ম। বিণ।
দুশ্চরিত, দুশ্চরিত্র—১। কুস্বভাব; অসদাচরণ। দুঃ চরিত, চরিত্র, প্রাদি। বি; ক্লী। ২। যাহার চরিত্র মন্দ এরূপ। দুঃ চরিত, চরিত্র যাহার, বহু। বিণ।
দুশ্চিকিৎস্য—দুরারোগ্য, দুর্নিবার, যাহার চিকিৎসা কষ্টকর এরূপ। দুঃ (দুঃখে) চিকিৎস্য, প্রাদি। বিণ।
দুশ্চিন্তা—দুর্ভাবনা, উদ্বেগ; অশুভ চিন্তা। দুঃ চিন্তা, প্রাদি। বি; স্ত্রী।
দুশ্চেষ্ট—মন্দচেষ্টাযুক্ত। দুঃ চেষ্টা যাহার, বহু। বিণ। [বি; স্ত্রী।
দুশ্চেষ্টা—মন্দ আচরণ, মন্দ চেষ্টা। প্রাদি।
দুশ্ছেদ্য—অতিকষ্টে ছেদনীয়; অতিকঠোর। দুঃ (দুঃখে) ছেদ্য, প্রাদি। বিণ।
দুষা—দোষ দেওয়া, অপরাধী করা। < দুষ্-ধাতু। ক্রি [, বি]। [কৃ+খল্ কর্ম। বিণ।
দুষ্কর—দুঃখসাধ্য, দুঃসাধ্য, অতি কঠিন। দুর্—
দুষ্কর্ম (-র্মন্)—মন্দ কাজ; পাপ। দুঃ কর্ম, প্রাদি। বি; ক্লী।
দুষ্কর্মা (-র্মন্)—কুক্রিয়ান্বিত; পাপাত্মা। দুঃ কর্ম যাহার, বহু। বিণ।
দুষ্কার্য—দুষ্কর্ম। দুঃ কার্য, প্রাদি। বি; ক্লী।
দুষ্কাল—অকাল, দুঃসময়। দুঃ কাল, প্রাদি। বি; পুং।
দুষ্কুল—১। মন্দকুল, নীচবংশ। দুঃ (মন্দ) কুল, প্রাদি। বি; ক্লী। ২। নীচ বংশে জাত। বহু। বিণ।
দুষ্কৃত—১। পাপ; অন্যায় কাজ। দুঃ কৃত (কর্ম), প্রাদি। বি; ক্লী। ২। অতিকষ্টে অনুষ্ঠিত; অন্যায়ভাবে কৃত। দুঃ কৃত, প্রাদি। বিণ।
দুষ্কৃতি—পাপ; দুষ্কর্ম; দুর্ভাগ্য। দুঃ কৃতি, প্রাদি। বি; স্ত্রী।
দুষ্কৃতিবিমর্ষ—প্রকৃত অপরাধী নির্ণয়ার্থ বিশেষ অনুসন্ধান, criminal investigation. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দুষ্কৃতী (-তিন্)—দুষ্কৃতকারী, পাপকারক। দুষ্কৃত +ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -তিনী।
দুষ্ক্রিয়—নিন্দিতকর্মা; অপরাধী, criminal. বহু। বিণ।
দুষ্ক্রিয়া—অসৎ কার্য, মন্দ কাজ। দুঃ (দুষ্টা) ক্রিয়া, প্রাদি। বি; স্ত্রী।

দুষ্ক্রিয়ান্বিত—মন্দকর্মকারী; যে অসৎ কাজ করে এমন। ৩য়াতৎ। বিণ।

দুষ্ট—দোষযুক্ত; দুরাত্মা; অপবিত্র; অধার্মিক; অধম; নিকৃষ্ট; অশুভ; দুরন্ত। দুষ্‌+ক্ত কর্তৃ। বিণ। **দুষ্ট ক্ষুধা**—পেট ভরা থাকিলেও খাইবার ইচ্ছা জাগা।

দুষ্টব্রণ—বিষাক্ত বিস্ফোটক, পৃষ্ঠাদিতে উৎপন্ন দুরারোগ্য ক্ষত, curbuncle. কর্মধা। বি; পুং বা ক্লী।

দুষ্টা—ভ্রষ্টা, অসতী। দুষ্ট+আপ্‌। বিণ; স্ত্রী।

দুষ্টামি, দুষ্টুমি—দুষ্টতা, বজ্জাতি, দৌরাত্ম্য, দুরন্তপনা। দুষ্ট+আমি, উমি কর্মার্থে (বাংপ্র)। বি।

দুষ্টাশয়—১। মন্দ মতলব। দুষ্ট আশয়, কর্মধা। বি; পুং। ২। দুরাশয়, দুর্বৃত্ত। দুষ্ট আশয় যাহার, বহু। বিণ।

দুষ্টি—দোষ, বিকৃতি। দুষ্‌+ক্তি ভাব। বি; স্ত্রী।

দুষ্টু—(আদরার্থে) দুরন্ত, অশান্ত। <দুষ্ট। বিণ। [কর্মার্থে। (বাংপ্র)। বি।

দুষ্টুপনা—দুষ্টামি, দৌরাত্ম্য। দুষ্টু+পনা ভাবার্থে,

দুষ্টুমি—'দুষ্টামি' দ্রঃ।

দুষ্পচ—দুষ্পাচ্য। দুর্‌—পচ্‌+খল্‌ কর্ম। বিণ।

দুষ্পাচ্য—গুরুপাক, যাহা সহজে জীর্ণ হয় না এরূপ। দুঃ (দুঃখে) পাচ্য, প্রাদি। বিণ।

দুষ্প্রবৃত্তি—দুষ্ট প্রবৃত্তি, দুষ্টাভিলাষ। দুঃ প্রবৃত্তি, প্রাদি। বি; স্ত্রী।

দুষ্প্রবেশ, -শ্য—দুর্গম, দুর্জ্ঞেয়। দুর্‌—প্র—বিশ্‌+খল্‌ কর্ম; দুঃ (দুঃখে) প্রবেশ্য, প্রাদি। বিণ।

দুষ্প্রাপ্য—দুর্লভ। প্রাদি। বিণ।

দুষ্মন্ত, দুষ্যন্ত—শকুন্তলার স্বামী। বি; পুং।

দুসরা—দ্বিতীয়, ভিন্ন, অন্য। হি। বিণ।

দুসুতি, দোসুতি—ডবল সুতায় বোনা মোটা কাপড়। দুসুত, দোসুত+ই কৃতার্থে (বাংপ্র)। বি।

দুস্তর—যাহা পার হওয়া কঠিন এরূপ; দুরতিক্রম; দুষ্পরিহার। দুর্‌—তৄ+খল্‌ কর্ম। বিণ।

দুস্থ, দুস্থিত—দুঃস্থ (তাহা দ্রঃ)।

দুহা—দোহন করা। <দুহ্‌-ধাতু। বাংপ্র। ক্রি [, বি]।

দুহিতা (দুহিতৃ)—কন্যা। দুহ্‌+তৃচ্‌ কর্তৃ (নিপা)। বি; স্ত্রী।

দুহু, দুহুঁ—দুই জন, উভয়। প্রা কপ্র। সর্ব।

দুহুঁক, দুহুঁকর—দুই জনের ("পুরল দুহুঁক কাম"—বিদ্যা)। প্রা কপ্র। সর্ব।

দুহ্য—দোহনযোগ্য। দুহ্‌+ক্যপ্‌ কর্ম। বিণ।

দুহ্যমানা—যাহাকে দোহন করা হইতেছে এমন। দুহ্‌+শান কর্ম+আপ্‌। বিণ; স্ত্রী।

দূত—বার্তাবহ; চর; রাষ্ট্র-প্রতিনিধি, ambassador. দু+ক্ত কর্তৃ (নিপা)। বি; পুং।

দূতাবাস—দূতের বাসস্থান ও কার্যালয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দূতালি—দৌত্য, দূতের কাজ। বাংপ্র। বি।

দূতি, দূতিকা, দূতী—বার্তাবাহিনী; কুটনী। দু+তিক্‌ কর্তৃ; ৩য় পক্ষে ঈপ্‌; ২য় পক্ষে কন্‌ স্বার্থে+আপ্‌। বি; স্ত্রী।

দূতিয়ালি—দূতের কাজ। বাংপ্র। বি।

দূন—ক্লিষ্ট; ক্লান্ত; পরিতপ্ত। দু+ক্ত কর্তৃ। বিণ।

দূর—১। অসন্নিকৃষ্ট; ব্যবহিত; অত্যন্ত দূরব্যাপী; বিতাড়িত; দূরীভূত; গাঢ়; অগোচর; দীর্ঘ। বিণ। ২। দূৎ, ধেৎ, অসম্মতি অবজ্ঞা ইঃ সূচক শব্দ। বাংপ্র। অ। ৩। অন্তর, ব্যবধান। দুর্‌—ই+রক্‌ কর্ম (নিপা)। বি; ক্লী। **দূর দূর**—দূরে গমন কর, দূর হও; বিতাড়নসূচক উক্তি। **দূর দূর করা**—তাড়াইয়া দেওয়া; আমলে না আনা।

দূরগ, -গামী (-মিন্‌)—যে দূরে যায় এরূপ। উপতৎ; দূর—গম্‌+ড, ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -গা, -মিনী, -মিণী।

দূরতা, দূরত্ব—ব্যবধান, তফাত, পার্থক্য, প্রভেদ। দূর+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

দূরদর্শন—১। দূরের বস্তু দর্শন; ভবিষ্যদ্দৃষ্টি। ৬ষ্ঠীতৎ। ২। দূরবীক্ষণযন্ত্র। দূরে দর্শন যদ্দ্বারা, বহু। বি; ক্লী।

দূরদর্শিতা—পাণ্ডিত্য; বিচক্ষণতা; পরিণাম বুঝিবার শক্তি। দূরদর্শিন্‌+তা ভাবে। বি; স্ত্রী।

দূরদর্শী (-দর্শিন্‌)—পণ্ডিত; বিচক্ষণ; দূরদৃষ্টিসম্পন্ন; পরিণামদর্শী। উপতৎ; দূর—দৃশ্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -দর্শিনী।

দূরদূরান্ত—বহুদূরস্থ সীমা। দ্বন্দ্ব। বি; পুং।

দূরদূরান্তর—দূরে দূরে অবস্থিত দেশসমূহ; বহুদূরের ব্যবধান। অন্য দূর (দূরবর্তী স্থান), নিত্য=দূরান্তর; দূর ও দূরান্তর, দ্বন্দ্ব। বি; ক্লী।

দূরদৃষ্টি—১। দূরদর্শী (তাহা দ্রঃ)। দূরে বা দূর দৃষ্টি যাহার, বহু। বিণ। ২। অনেক দূর পর্যন্ত দেখিতে পাওয়া, দূরদর্শন; পরিণামদর্শিতা। কর্মধা। বি; স্ত্রী।

দূরপ্রসারী (-রিন্‌)—দূরবিসারী, দূরগামী। উপতৎ; দূর—প্র—সৃ+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -সারিণী।

দূরবর্তিতা—দূরাবস্থান, দূরস্থিতি। দূরবর্তিন্‌+তা ভাবে। বি; স্ত্রী।

দূরবর্তী (-বর্তিন্‌)—যে বা যাহা দূরে আছে এমন, ব্যবহিত। উপতৎ; দূর—বৃত্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -বর্তিনী।

দূরবিসারী (-রিন্‌)—বহুদূর পর্যন্ত বিস্তৃত। উপতৎ: দূর—বি—সৃ+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -রিণী।

দূরবীক্ষণ—১। যে যন্ত্রের সাহায্যে দূরস্থিত বস্তুকে বৃহত্তর এবং স্পষ্টতরভাবে দেখা যায়, দূরবীন, telescope. দূর—বি—ঈক্ষ্‌+অনট্‌ করণ। ২। দূরদর্শন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দূরবীন—দূরদর্শনে সাহায্যকারী যন্ত্র। <দূরবীক্ষণ। বি।

দূরব্যাপী (-ব্যাপিন্‌)—বহুদূরবিস্তৃত; বহুদূর-

বিসারী। উপতৎ; দূর—বি—আপ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—ব্যাপিনী।

দূরভাষ—টেলিফোন। দূরের ভাষ যন্দ্বারা, বহু। বি; পুং।

দূরভাষিণী—টেলিফোনে যে সব মেয়ে কাজ করে। দূরভাষ+ইন্+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।

দূরস্থ—দূরবর্তী, ব্যবহিত। উপতৎ; দূর—স্থা+ক কর্তৃ। বিণ।

দূরাস্থিত—দূরবর্তী, দূরস্থ। ৭মীতৎ। বিণ।

দূরাগত—যাহা দূর হইতে আসিয়াছে এরূপ। ৫মী-তৎ। বিণ।

দূরীকরণ—বহিষ্কৃত করা, তাড়াইয়া দেওয়া। দূর+অভূততদ্ভাবার্থে চ্বি (=দূরী)—কৃ+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -কৃত।

দূরীকৃত—তাড়িত, যাহাকে দূর করিয়া দেওয়া হইয়াছে এরূপ। দূর+অভূততদ্ভাবার্থে চ্বি (=দূরী)—কৃ+ক্ত কর্ম। বিণ।

দূরীভূত—যে দূর হইয়া গিয়াছে এরূপ, যে বহিষ্কৃত হইয়াছে এরূপ। দূর+অভূততদ্ভাবার্থে চ্বি (=দূরী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ। বি, -ভবন।

দূরেক্ষণ—বেতার-যন্ত্রের সাহায্যে দূরবর্তী অদৃশ্য বস্তুকে দেখিতে পাওয়া, television. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দূর্বা—স্বনামপ্রসিদ্ধ তৃণ। দূর্ব্+ঘঞ্ কর্ম+আপ্। বি; স্ত্রী।

দূর্বাদল—দূর্বাঘাসের পাতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দূর্বাষ্টমী—ভাদ্রমাসীয় শুক্লাষ্টমী। বি; স্ত্রী।

দূষক—দোষপ্রদর্শক, নিন্দক; দোষোৎপাদক; অপবিত্রতাজনক। দূষ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—দূষিকা।

দূষণ—১। দোষপ্রদর্শন, নিন্দন; অপবিত্রতাসাধন। দূষ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। দূষক। দূষি+অন কর্তৃ। বিণ।

দূষণীয়—নিন্দনীয়, গর্হিত। দূষ্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।

দূষয়িতা (-য়িতৃ)—দূষক। দূষ্+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িত্রী।

দূষা—দোষ দেওয়া, নিন্দা করা। বাংপ্র। ক্রি [, বি]।

দূষিত—দোষপ্রাপ্ত; দোষযুক্ত; নিন্দিত; কলুষিত; মৈথুনাপবাদযুক্ত। দূষ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

দূষ্য—দূষণীয়; নিন্দনীয়; ত্যাজ্য। দূষ্+ণিচ্+যৎ কর্ম। বিণ।

দৃক্ (দৃশ্)—১। চক্ষু, নেত্র। দৃশ্+ক্বিপ্ করণ। ২। দৃষ্টি; জ্ঞান। দৃশ্+ক্বিপ্ ভাব। বি; স্ত্রী। [বি; পুং।

দৃক্‌পাত—দর্শন; গ্রাহ্যকরণ; ভ্রূক্ষেপ। ৬ষ্ঠীতৎ।

দৃঢ়—কঠিন; মজবুত; আঁট; সমর্থ; স্থির, অবিচলিত; গাঢ়; সাতিশয়। দৃহ্+ক্ত কর্তৃ। বিণ।

দৃঢ়কায়—১। কঠিনাঙ্গ, সবলশরীর। বহু। বিণ। ২। কঠিন শরীর, আঘাতসহ দেহ। কর্মধা। বি; পুং।

দৃঢ়তা, দৃঢ়ত্ব—কাঠিন্য; স্থিরতা; অবিচল ভাব। দৃঢ়+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

দৃঢ়নিশ্চয়—দৃঢ়সিদ্ধান্ত; কুতর্কাদি দ্বারা যাহার বুদ্ধি ভেদ হয় না এরূপ। বহু। বিণ।

দৃঢ়প্রতিজ্ঞ—দৃঢ়সংকল্প, স্থিরপ্রতিজ্ঞ। দৃঢ়া প্রতিজ্ঞা যাহার, বহু। বিণ।

দৃঢ়প্রতিজ্ঞা—কঠোর পণ, অটল সংকল্প। দৃঢ়া প্রতিজ্ঞা, কর্মধা। বি; স্ত্রী।

দৃঢ়মুষ্টি—১। কৃপণ; কঠিনমুষ্টিবিশিষ্ট। দৃঢ়া মুষ্টি যাহার, বহু। বিণ। ২। শক্ত মুঠা। দৃঢ়া মুষ্টি, কর্মধা। বি; পুং বা স্ত্রী।

দৃঢ়মূল—বদ্ধমূল; অটল, অচল। বহু। বিণ।

দৃঢ়সংকল্প—দৃঢ়প্রতিজ্ঞ, সংকল্প রক্ষায় অবিচলিত। বহু। বিণ।

দৃঢ়সন্ধ—যাহার লক্ষ্য বা তাক স্থির থাকে এমন; স্থিরপ্রতিজ্ঞ; দৃঢ়রূপে মিলিত। দৃঢ়া সন্ধা যাহার, বহু। বিণ।

দৃঢ়ীকরণ—শক্ত বা মজবুত করা। দৃঢ়+চ্বি (=দৃঢ়ী)—কৃ+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -কৃত।

দৃঢ়ীভূত—কঠিনীভূত, যাহা পূর্বে কঠিন ছিল না এখন হইয়াছে এমন; সুপ্রতিষ্ঠিত। দৃঢ়+অভূততদ্ভাবার্থে চ্বি (=দৃঢ়ী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ। বি, -ভবন।

দৃপ্ত—গর্বিত, উদ্ধত; দৃষ্ট। দৃপ্+ক্ত কর্তৃ। বিণ।

দৃপ্র—দৃপ্ত। দৃপ্+র কর্তৃ। বিণ।

দৃশ্য—১। দর্শনীয়, সুরূপ; প্রকাশ্য। বিণ। ২। দর্শনীয় বস্তু বা বিষয়, নগর বন নদী পর্বত আকাশ ইঃ নির্জীব বস্তুর আকৃতি; নাটকের ভিন্ন ভিন্ন অংশ অঙ্ক বা গর্ভাঙ্ক; নাটকের বর্ণনানুসারে রঙ্গমঞ্চে স্থাপিত চিত্রপটাদি। দৃশ্+ক্যপ্ কর্ম। বি; ক্লী।

দৃশ্যকাব্য—নাটক, রঙ্গালয়ে নটগণকর্তৃক প্রযোজ্য কাব্য ইঃ। কর্মধা। বি; ক্লী।

দৃশ্যপট—রঙ্গমঞ্চে দর্শনীয় চিত্রপট, scene. কর্মধা। বি; পুং। [কর্ম। বিণ।

দৃশ্যমান—যাহা দেখা যাইতেছে এরূপ। দৃশ্+শানচ্

দৃশ্যসংগীত—নৃত্য। কর্মধা। বি; ক্লী।

দৃষ্ট—১। অবলোকিত, যাহা দেখা গিয়াছে এরূপ; জ্ঞাত; পরীক্ষিত; লৌকিক। দৃশ্+ক্ত কর্ম। বিণ। ২। দর্শন; দেখা ('একদৃষ্টে')। দৃশ্+ক্ত ভাব। বি; ক্লী।

দৃষ্টচর, দৃষ্টপূর্ব—যাহা পূর্বে দেখা গিয়াছে এরূপ। দৃষ্ট+চরট ভূতপূর্বার্থে; পূর্বে দৃষ্ট, সুপ্। বিণ। স্ত্রী, -চরী, -র্বা।

দৃষ্টবাদ—প্রত্যক্ষবাদ, প্রত্যক্ষ প্রমাণই একমাত্র প্রমাণ—এই মতবাদ, positivism. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দৃষ্টরজা— < দৃষ্টরজাঃ।

দৃষ্টরজাঃ (-রজস্)—নবযুবতী, প্রাপ্তবয়স্কা: যাহার রজোদর্শন হইয়াছে এরূপ। দৃষ্ট রজঃ যাহার, বহু। বিণ; স্ত্রী।

দৃষ্টাদৃষ্ট—যাহার কিছুটা দেখা গিয়াছে এবং কিছুটা

দেখা যায় নাই এমন; যাহা প্রথমে দেখা গিয়াছে কিন্তু পরে দেখা যায় নাই এমন; জানা ও অজানা। দ্বন্দ্ব। বিণ।

দৃষ্টান্ত—উদাহরণ, নিদর্শন; উপমান; শাস্ত্র; কাব্যের অলংকার বিঃ [সমান-ধর্ম-বিশিষ্ট প্রস্তুত ও অপ্রস্তুত বিষয়কে বিম্বপ্রতিবিম্বভাবে স্থাপন করিলে উক্ত অলংকার হয়। যথা—
"দেখ দেখ কোটালিয়া করিছে প্রহার।
হায় বিধি চাঁদে কৈল রাহুর আহার॥"
—ভারত];
পরস্পর সমান-ধর্মাক্রান্ত বস্তুদ্বয়ের সাদৃশ্যকথন; মৃত্যু। দৃষ্ট অন্ত যাহাতে, বহু। বি; পুং।

দৃষ্টান্তস্থল—উদাহরণের বিষয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দৃষ্টি—১। চক্ষু; নজর; অবধান। দৃশ্+ক্তি করণ। ২। দর্শন; জ্ঞান; মনোবৃত্তি বিঃ। দৃশ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

দৃষ্টিকৃপণ—প্রত্যক্ষ পরিমিত ব্যয়ও যে দেখিতে পারে না কিন্তু পরোক্ষে অপরিমিত ব্যয় হইলেও খেয়াল করে না এমন, penny-wise pound-foolish. দৃষ্টিতে কৃপণ, ৭মীতৎ। বিণ।

দৃষ্টিকোণ—যে কোণ অর্থাৎ ভাব বা বিচারের দিক্ হইতে দেখা যায় তাহা, angle of vision. ৬ষ্ঠীতৎ। বি।

দৃষ্টিক্ষেপ—দৃক্পাত, দর্শন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দৃষ্টিগোচর—নেত্রগোচর, চক্ষুর বিষয়ীভূত, দৃষ্ট। ৬ষ্ঠীতৎ। বিণ।

দৃষ্টিনিক্ষেপ—দৃষ্টিক্ষেপ (তাহা দ্রঃ)।

দৃষ্টিপথ—দর্শনমার্গ, যে দিকে অবলোকন করা যায়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দৃষ্টিপাত—দৃষ্টিনিক্ষেপ, দর্শন, অবলোকন, চাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দৃষ্টিবিজ্ঞান—আলোক ও দর্শনবিষয়ক বিদ্যা, optics. দৃষ্টিবিষয়ক বিজ্ঞান (শাস্ত্র), মধ্যপ। বি; ক্লী। [বি; ক্লী।

দৃষ্টিসুখ—দেখার আনন্দ। দৃষ্টিজনিত সুখ, মধ্যপ।

দৃষ্টিহীন—অন্ধ। ৩য়াতৎ। বিণ বা বি; পুং।

দে—১। (তুই) প্রদান কর্। বাংপ্র। ক্রি (অনুজ্ঞা)। ২। দেহ, শরীর। <দেহ। ৩। বাঙালী হিন্দুর উপাধি বিঃ। বি।

দেই—দিয়া ("হৃদয়ে শেল দেই গেল"—বিদ্যা); দ্বারা। প্রা কপ্র। অস-ক্রি বা অ।

দেইজী—দায়াদ, জ্ঞাতি। বাংপ্র। বি।

দেউটি—প্রদীপ; মশাল। <দীপবর্তি। বি।

দেউড়ি—বহির্দ্বার, সদর দরজা, ফটক। <দেহলী। বি।

দেউল—মন্দির, মঠ। <দেবকুল। বি।

দেউলিয়া, দেউলে—১। গতসর্বস্ব, নিঃস্ব, নিঃসম্বল; ঋণপরিশোধে অসমর্থ, insolvent. <দেবকুলিক। বিণ। ২। দেবকুলাধিকারী, দেবতার সেবাইত বা পূজারী। দেউল+ইয়া, এ অধিকৃতার্থে (বাংপ্র)। বি।

দেওদার—দেবদারু গাছ। বাংপ্র। বি।

দেওয়া—১। দান, সমর্পণ। বি। ২। দত্ত, সমর্পিত। বিণ। ৩। দান করা; ব্যবস্থা করা; প্রেরণ করা; মঞ্জুর করা; না আটকানো; ক্ষমতা প্রদর্শন করা: জানানো; ন্যস্ত করা; উৎপন্ন করা; বলা; লাগানো; যোগানো; স্পর্শ করা; বিসর্জন করা; নিক্ষেপ করা; স্থাপন করা; সম্পাদন করা; সংবদ্ধ করা; গাঁথিয়া তোলা; পরিধান করা; উপরে ধারণ করা; সম্প্রদান করা; উৎসর্গ করা; প্রবেশ করানো; আঁকা; মিলানো; জ্বালানো; ঘটানো; মারা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। ৪। মেঘ। বাংপ্র। বি। **আগল দেওয়া**—অর্গল বন্ধ করা। **আমল দেওয়া, পাত্তা দেওয়া**—গ্রাহ্য করা; কোন মূল্য আছে বলিয়া স্থান দেওয়া। **আরজি দেওয়া**—দরখাস্ত করা। **কথা দেওয়া**—প্রতিশ্রুতি দেওয়া। **কান দেওয়া**—মনোযোগ দেওয়া; শ্রবণ করা। **কোল দেওয়া**—আলিঙ্গন করা। **ক্ষমা দেওয়া**—ক্ষান্ত হওয়া। **চোখ দেওয়া, দৃষ্টি দেওয়া, নজর দেওয়া**—লোলুপ হওয়া। **জেলে দেওয়া**—কারাগারে পাঠাইবার ব্যবস্থা করা; কারাদণ্ডে দণ্ডিত করা। **ধাপ্পা দেওয়া**—মিথ্যা আশ্বাস দেওয়া; প্রবঞ্চনা করা। **পাল্লা দেওয়া**—প্রতিযোগিতা করা। **মাথা দেওয়া**—দায়িত্ব গ্রহণ করা; প্রাণবিসর্জন করা। **হাত দেওয়া**—রত হওয়া, লিপ্ত হওয়া।

দেওয়ান—১। রাজস্ব-আদায়ের প্রধান কর্মচারী; রাজস্ব-সচিব; জমিদারের সর্বপ্রধান কর্মচারী। <ফা 'দীবান'। বি। ২। দান করানো। বাংপ্র। ক্রি [, বি]। [বি।

দেওয়ানি—দেওয়ানের পদ কর্ম বা ক্ষমতা। ফা-মু।

দেওয়ানী—বিষয়সম্বন্ধীয়, বৈষয়িক (—আদালত)। ফা-মু। বিণ।

দেওয়া-নেওয়া—আদান-প্রদান। বাংপ্র। বি।

দেওয়াল, দেয়াল—প্রাচীর। <ফা 'দীবার্'। বি।

দেওয়ালগিরি, -গির—প্রাচীরে সংলগ্ন প্রদীপ, wall-lamp. ফা-মু। বি।

দেওয়ালি—দীপান্বিতা অমাবস্যায় দীপমালাসজ্জা। <দীপাবলী। বি।

দেওর—স্বামীর ছোট ভাই। <দেবর। বি; পুং।

দে'তো—দাঁতালো; শুষ্ক, যাহা আন্তরিক নহে এমন ('—হাসি')। দাঁত+ও (<উয়া) জাতার্থে। বিণ।

দেকাঠি—দিয়াশলাই। <দীপকাষ্ঠিকা। বি।

দেখ—১। দর্শন কর। ক্রি (অনুজ্ঞা); ২। দৃষ্টি-আকর্ষণের জন্য আহ্বান বা সম্বোধন। বাংপ্র। অ।

দেখতা—দৃষ্ট; সম্মুখে ঘটিত; সমসাময়িক। বাংপ্র। বিণ।

দেখন—অবলোকন। দেখ্+অন ভাব (বাংপ্র)। বি।

দেখনহাসি—যাহাকে দেখিলে মনে আনন্দ বা হাস্যের উদ্রেক হয়; প্রিয়সঙ্গিনী; সই-এর পাতানো নাম। দেখনে হাসি যাহার, বহু (বাংপ্র)। বি।

দেখা—দর্শন করা; চাওয়া; খুঁজিয়া বাহির করা; চেষ্টা করা; বোঝা বা স্থির করা; অপেক্ষা করা

('দেখি কি হয়'); অভিজ্ঞতা লাভ করা; তদারক করা; সেবাশুশ্রূষা করা, পরিচর্যা করা; চিকিৎসা করা; ভালমন্দ স্থির করা; পরীক্ষা করা; বিবেচনা করা; সতর্ক হওয়া; (ক্রোধোক্তিতে, ভয়প্রদর্শনে) শাস্তি দান করা ('দেখে নেওয়া')। <দৃশ্ ধাতু। ক্রি [, বি, বিণ]। **দেখা দেওয়া**—প্রাদুর্ভাব হওয়া; সম্মুখে আসা। **দেখিতে দেখিতে**—অতি অল্পকাল মধ্যে। **দেখে নেওয়া**—(ক্রোধোক্তিতে, ভয়প্রদর্শনে) শাস্তি দান করা। **হাত দেখা**—নাড়ী পরীক্ষা করা; হস্তরেখা দেখিয়া ভাগ্য গণনা করা।

দেখাদেখি—১। পরস্পর দর্শন; অনুকরণ। ব্যতীহার বহু (বাংপ্র)। বি। ২। অনুকরণে। বাংপ্র। ক্রি-বিণ।

দেখানো—প্রদর্শন করা; প্রকাশ করা; দর্শনে ভালমন্দ হওয়া; প্রতিভাত হওয়া। বাংপ্র ক্রি [, বি, বিণ]। **মজা দেখানো**—প্রতিশোধ লওয়া, শাস্তি দেওয়া, শিক্ষা দেওয়া। [বি।

দেখাশুনা, -শোনা—তত্ত্বাবধান; অভিজ্ঞতা। দ্বন্দ্ব।

দেখাসাক্ষাৎ—পরস্পরের দেখা এবং আলাপ। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

দেড়—সার্ধ, এক এবং আধ। <দ্ব্যর্ধ। বিণ।

দেড়া—সার্ধ, এক এবং আধ, দেড়গুণ; উদ্বৃত্ত; বাড়তি। দেড়+আ স্বার্থে (বাংপ্র)। বি বা বিণ।

দেড়ে—যাহার দাড়ি আছে এমন। বাংপ্র। বিণ।

দেদার—পর্যাপ্ত, প্রচুর; অফুরন্ত। <ফা 'দিল-দরিয়া'। বিণ।

দেদীপ্যমান—জাজ্বল্যমান; অতিদীপ্তিবিশিষ্ট। দীপ্+যঙ্ পৌনঃপুন্যার্থে, অতিশয়ার্থে (দ্বিত্ব) +শানচ্ কর্তৃ। বিণ।

দেদো—দাদরোগযুক্ত। বাংপ্র। বিণ।

দেধান—শস্য বিঃ, জোয়ার। <দেবধান্য। বি।

দেন—ঋণ, ধার। <আ 'দয়েন'। বি।

দেনদার—অধমর্ণ, ঋণী, দেনাগ্রস্ত। আ-ফা-মু। বি বা বিণ।

দেনমোহর—মুসলমানদের বিবাহকালে স্বামীকর্তৃক পত্নীকে প্রদত্ত যৌতুকস্বরূপ অর্থ। <আ 'দয়ন-মহর'। বি।

দেনা—ঋণ, ধার; যে অর্থ দিতে হইবে। আ। বি। **দেনায় ডোবা**—অতিশয় ঋণগ্রস্ত হওয়া।

দেনাদার—দেনদার, ঋণী। দেনা+দার আছে অর্থে। আ-ফা-মু। বি বা বিণ।

দেনা-পাওনা—যাহা দিতে হইবে অর্থাৎ ধার আছে এবং যাহা পাওয়া যাইবে, assets and liabilities. দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

দেনে-ওয়ালা—দাতা; পরমেশ্বর। হি-মু। বিণ বা বি।

দেনো—দানে ব্যবহারযোগ্য; যাহা ক্রিয়াকর্মে দান করা হয় এমন; কম দামী। দান+ও (<উয়া) যোগ্যার্থে। বিণ।

দেব—১। দেবতা; ঈশ্বর; পরমাত্মা; রাজা; ব্রাহ্মণ; দেবর; মেঘ; সম্মানসূচক উপাধি; পদবী বিঃ। বি; পুং। ২। পূজ্য। দিব্+অচ্ কর্তৃ। বিণ। স্ত্রী—দেবী।

দেবকর্ম—দেবতার প্রীতির জন্য করণীয় কর্ম, যজ্ঞ। ৬ষ্ঠীতৎ। (সন্ধি হয় নাই)। বি; পুং।

দেবকন্যা—সুরাঙ্গনা; অতিশোভনা নারী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বিণ।

দেবকল্প—দেবতুল্য। দেব+কল্পপ্ ঈষদূনার্থে।

দেবকাষ্ঠ—দেবদারু গাছ। দেবপ্রিয় কাষ্ঠ, মধ্যপ। বি; ক্লী।

দেবকুল—মন্দির, দেবালয়; দেবসমূহ; দেববংশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দেবখাত—হ্রদ, অকৃত্রিম জলাশয়। দেবকৃত খাত, মধ্যপ। বি; ক্লী।

দেবগুরু—বৃহস্পতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেবগৃহ—মন্দির। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [পুং।

দেবচিকিৎসক—অশ্বিনীকুমারদ্বয়। ৬ষ্ঠীতৎ। বি;

দেবতরু—মন্দার পারিজাত সন্তান কল্পবৃক্ষ হরিচন্দন—এই পাঁচটি বৃক্ষ; চৈত্যবৃক্ষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; স্ত্রী।

দেবতা—অমর, সুর। দেব+তল্ স্বার্থে+আপ্।

দেবতাত্মা (-ত্মন্)—দেবস্বরূপ, দেবাত্মা। বহু। বিণ।

দেবত্ব—দেবতার ধর্ম গুণ বা অবস্থা, দেবভাব। দেব +ত্ব ভাবে। বি; ক্লী।

দেবত্র—দেবোদ্দেশে উৎসৃষ্ট, দেবসেবার জন্য নিয়োজিত, দেবোত্তর। দেব—ত্রৈ+ক কর্তৃ। বিণ।

দেবদত্ত—১। দেবতা কর্তৃক দত্ত। ৩য়াতৎ। ২। দেবতাকে প্রদত্ত। ৪র্থীতৎ (বাংপ্র)। বিণ।

দেবদর্শন—দেবমূর্তি দেখা; দেবতাদিগকে দেখা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দেবদারু—বিভিন্ন বর্গীয় স্বনামপ্রসিদ্ধ বৃক্ষ। দেবপ্রিয় দারু যাহার, বহু। বি; পুং।

দেবদাসী—দেবগণের পরিচারিকা; দেবমন্দিরের নর্তকী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দেবদুর্লভ—১। দেবতাতেও দুষ্প্রাপ্য। ৭মীতৎ। ২। দেবগণের দুষ্প্রাপ্য; অতীব রমণীয়। ৩য়াতৎ। বিণ।

দেবদূত—স্বর্গীয় দূত; স্বর্গ হইতে প্রেরিত মহাপুরুষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেবদেব—১। দেবগণের দেব; ব্রহ্মা; বিষ্ণু; শিব। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। দেবশ্রেষ্ঠ। দেবমধ্যে দেব (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বিণ। স্ত্রী, -বী।

দেবদ্বেষী (-দ্বেষিন্)—১। দেবতার হিংসাকারক; দেবতার প্রতি ভক্তিহীন। বিণ। স্ত্রী, -দ্বেষিণী। ২। অসুর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেবধূপ—গুগ্গুল। দেবপ্রিয় ধূপ, মধ্যপ। বি; পুং।

দেবন—১। পাশা। দিব্+অনট্ করণ। বি; পুং। ২। পাশা খেলা; ক্রীড়া; স্তুতি; দীপ্তি; দুঃখ। দিব্+অনট্ ভাব। ৩। ক্রীড়াস্থান। দিব্+অনট্ অধি। বি; ক্লী।

দেবনাগর, -নাগরী—হিন্দী সংস্কৃত প্রঃ ভাষা লিখিবার অক্ষর। বি।

দেবপতি—দেবরাজ, ইন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দেবপশু—বলির পশু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দেবপুরী—ইন্দ্রপুরী, অমরাবতী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
দেববাক্, -বাণী—দৈববাণী; সংস্কৃত ভাষা। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী, স্ত্রী।
দেবব্রত—ভীষ্ম। দেব (ইন্দ্রিয়সংযম) হইয়াছে ব্রত যাহার, বহু। বি; পুং।
দেবভাব—১। দেবত্ব; অলৌকিকত্ব। ৬ষ্ঠীতৎ। ২। শুদ্ধ ভাব; সাত্ত্বিক প্রকৃতি। দেবোচিত ভাব, মধ্যপ। বি; পুং।
দেবভাষা—সংস্কৃত ভাষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
দেবভূমি—স্বর্গ; হিমালয় প্রদেশ; সুমেরুর সন্নিহিত প্রদেশ। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ। বি; স্ত্রী।
দেবভোগ্য—দেবতার ভোগযোগ্য; স্বর্গীয়; অত্যুৎকৃষ্ট। ৩য়াতৎ। বিণ।
দেবমন্দির—দেবালয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
দেবমাতা (-মাতৃ)—কশ্যপপত্নী অদিতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
দেবমাতৃক—বৃষ্টিজল দ্বারা উৎপন্ন শস্যে পালিত ('—দেশ')। দেব (ইন্দ্র, অর্থাৎ তৎসৃষ্ট মেঘ) মাতা যথায়, বহু (ক-আগম)। বিণ।
দেবমায়া—অবিদ্যা, অজ্ঞান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
দেবযান—বিমান; পুণ্যাত্মার স্বর্গগমন-পথ। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী।
দেবযোনি—উপদেবতা, যক্ষ, রাক্ষস, ভূত প্রেতাদি। বহু। বি; পুং।
দেবর—দেওর। দিব্+অরন্ কর্তৃ। বি; পুং।
দেবরথ—ব্যোমযান; সূর্যরথ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দেবরাজ—ইন্দ্র। দেবতাদিগের রাজা, ৬ষ্ঠীতৎ (টচ্ সমাসান্ত)। বি; পুং।
দেবর্ষি—দেবতা অথচ ঋষি, নারদ মুনি। দেব অথচ ঋষি, কর্মধা। বি; পুং।
দেবল—পূজারী ব্রাহ্মণ, পুরোহিত। উপতৎ; দেব—লা+ক কর্তৃ। বি; পুং।
দেবলোক—স্বর্গ; ভূঃ ভুবঃ স্বঃ মহ জন তপঃ ও সত্য —এই সাত লোক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দেবশত্রু—অসুর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দেবশর্মা (-শর্মন্)—ব্রাহ্মণ; ব্রাহ্মণজাতির উপাধি বিঃ। দেব হইতে শর্ম (শুভ) যাঁহার, বহু। বি; পুং।
দেবশিল্পী (-শিল্পিন্)—বিশ্বকর্মা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; স্ত্রী।
দেবসভা—দেবলোকের সভা; রাজসভা। ৬ষ্ঠীতৎ।
দেবসেনা—কার্তিকেয়পত্নী; দেবতাদের সৈন্য। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী। [পুং।
দেবসেনাপতি—কার্তিকেয়; ইন্দ্রপুত্র। ৬ষ্ঠীতৎ। বি;
দেবস্থান—মন্দির, দেবতার অধিষ্ঠানস্থান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
দেবস্ব—দেবসেবার্থে নিয়োজিত ধন বা সম্পত্তি; যাজ্ঞিক ধন। মধ্যপ। বি; ক্লী।
দেবা—দেবতা; পুরুষ। বাংপ্র। বি।
দেবাঙ্গনা—দেবরমণী; অপ্সরা। দেবের অঙ্গনা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
দেবাজীব—পূজারী ব্রাহ্মণ। দেব (অর্থাৎ দেবপূজা) আজীব যাহার, বহু। বি; পুং।
দেবাত্মা (-ত্মন্)—দেবতাস্বরূপ। দেবের আত্মার সদৃশ আত্মা যাহার, বহু। বিণ।
দেবাদিদেব—শিব; বিষ্ণু। দেবদিগের মধ্যে আদিদেব, ৭মীতৎ। বি; পুং। [তৎ। বি; পুং।
দেবাদেশ—দেবতার আদেশ। দেবের আদেশ, ৬ষ্ঠী-
দেবারি—অসুর। দেবের অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দেবালয়, দেবায়তন—স্বর্গ; দেবগৃহ, মন্দির। দেবের আলয়, আয়তন, ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।
দেবী—স্ত্রীদেবতা; দুর্গা, ভগবতী; রাজমহিষী; ব্রাহ্মণজাতীয়া বা ভদ্রমহিলার উপাধি; পূজনীয়া নারী; মর্যাদাসূচক নামান্ত। দেব+ঈপ্। বি; স্ত্রী।
দেবেন্দ্র—দেবশ্রেষ্ঠ; ইন্দ্র। ৭মীতৎ বা ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দেবেশ—শিব। দেবের ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দেবোচিত—দেবের যোগ্য; দেবাভ্যস্ত। দেবে উচিত, ৭মীতৎ। বিণ।
দেবোত্তর—দেবত্র (তাহা দ্রঃ)।
দেবোপম—দেবতুল্য। দেব উপমা যাহার, বহু। বিণ।
দেমাক—অহংকার; অর্থাদি; ধৃষ্টতা। <আ 'দিমাগ'। বি।
দেয়—দিবার উপযুক্ত; যাহা দেওয়া উচিত বা আবশ্যক এরূপ। দা+যৎ কর্ম। বিণ।
দেয়া—দেবতা; আকাশ; মেঘ। <দেবতা। বি।
দেয়াল—প্রাচীর। <দেওয়াল। বি।
দেয়ালা, দেয়লা—শিশুর স্বপ্নে হাসি ও কান্না; ফষ্টিনষ্টি। বাংপ্র। বি।
দেয়ালি—দেওয়ালি (তাহা দ্রঃ)।
দেয়াসিনী—দেবকন্যা, দেবাঙ্গনা; মন্ত্রসিদ্ধা রমণী; দেবসেবিকা। <দেববাসিনী। বি; স্ত্রী।
দেরকো, দেলকো—কাঠের পিলসুজ। <দীপবৃক্ষ। বি।
দেরাজ—কাষ্ঠময় পেটিকা, যাহা টানিয়া খুলিতে হয়, টানা, drawer. <ইং 'drawer'. বি।
দেরি—বিলম্ব, গৌণ। <ফা 'দের্'। বি।
দেলকো—'দেরকো' দ্রঃ।
দেশ—১। পৃথিবীর যে অংশে একজাতীয় ও একভাষা-ভাষী লোকের বাস; রাষ্ট্র; স্বরাষ্ট্র; স্বদেশ; স্থান; অংশ। দিশ্+ঘঞ্ কর্ম। বি; পুং। বিণ—দেশীয়। ২। সংগীতের রাগ বিঃ। বাংপ্র। বি।
দেশকাল—স্থান এবং সময়। দ্বন্দ্ব। বি; পুং।
দেশকালপাত্র—স্থান সময় এবং ব্যক্তি। দ্বন্দ্ব। বি; ক্লী।
দেশকালসন্ততি—দেশকালের দ্বারা বিচ্ছিন্ন না হওয়া, অবিচ্ছিন্নভাবে থাকা বা চলা, spacetime continuum. দেশ ও কাল, দ্বন্দ্ব; তাহাদের সন্ততি (অবিচ্ছেদ)। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দেশকালোচিত—স্থান এবং সময়ের উপযুক্ত, যে স্থানে ও যে সময়ে যেরূপ প্রয়োজনীয় সেরূপ। দেশকালে উচিত, ৭মীতৎ। বিণ।

দেশগৌরব—দেশ যাহাকে লইয়া গৌরব প্রকাশ করিতে পারে; নেতাজী সুভাষচন্দ্রের পরিচায়ক পদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেশজ—দেশোৎপন্ন, দেশীয়; দেশপ্রচলিত। উপতৎ; দেশ—জন্+ড কর্তৃ। বিণ। [বি: পুং।

দেশত্যাগ—মাতৃভূমি ছাড়িয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ।

দেশত্যাগী (-ত্যাগিন্)—মাতৃভূমি-পরিত্যাগকারী। উপতৎ; দেশ—ত্যজ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ত্যাগিনী।

দেশদেশান্তর—এক দেশ হইতে অন্য দেশ; নানাদেশ। অন্য দেশ, নিত্য; দেশ এবং দেশান্তর, দ্বন্দ্ব; অথবা, দেশ হইতে দেশান্তর, ৫মীতৎ। বি; ক্লী।

দেশদ্রোহী (-হিন্)—স্বদেশের অহিতকারী। উপতৎ: দেশ—দ্রুহ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -দ্রোহিণী। [বিণ।

দেশপ্রসিদ্ধ—দেশব্যাপী খ্যাতিসম্পন্ন। ৭মীতৎ।

দেশপ্রাণ—দেশের পক্ষে কল্যাণজনক; দেশের প্রাণস্বরূপ; স্বর্গীয় বীরেন্দ্রনাথ শাসমলের পরিচায়ক পদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা বিণ।

দেশপ্রিয়—১। দেশের লোকের প্রীতিভাজন। বিণ। ২। স্বর্গীয় যতীন্দ্রমোহন সেনগুপ্তের পরিচায়ক পদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেশবন্ধু—দেশের মিত্র; স্বর্গীয় চিত্তরঞ্জন দাশের পরিচায়ক পদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেশবিখ্যাত—দেশব্যাপী খ্যাতিসম্পন্ন। ৭মীতৎ। বিণ। [বি; পুং।

দেশবিদেশ—স্বদেশ ও অন্যদেশ; নানাদেশ। দ্বন্দ্ব।

দেশবিভাগ—শাসনাদি কার্যের সুবিধার জন্য কোন দেশকে ভিন্ন ভিন্ন অংশে পৃথক্করণ; দেশের ভিন্ন ভিন্ন অংশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেশব্যাপী (-ব্যাপিন্)—সমগ্রদেশে ব্যাপ্ত, দেশবিসারী। উপতৎ; দেশ—বি—আপ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ব্যাপিনী।

দেশময়—সমগ্র দেশ ব্যাপিয়া। দেশ+ময় ব্যাপ্ত্যর্থে (বাংপ্র)। ক্রি-বিণ।

দেশমাতৃকা—স্বদেশজননী, জননীরূপে কল্পিত স্বদেশ। দেশরূপা মাতৃকা, রূপক কর্মধা। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি: পুং।

দেশমুখ—দেশের মুখ বা সর্বপ্রধান ব্যক্তি; রাজা।

দেশলাই—দেকাঠি, দীপ জ্বালিবার জন্য গন্ধকযুক্ত কাঠি। < দীপশলাকা। বি।

দেশসেবক—যিনি দেশের সেবা করেন। ৬ষ্ঠীতৎ। বি: পুং। স্ত্রী, -সেবিকা।

দেশসেবা—দেশের মঙ্গলজনক কার্যকরণ। ৬ষ্ঠীতৎ। বি: স্ত্রী। [বি: ক্লী।

দেশহিত—দেশের কল্যাণ। দেশেব হিত, ৬ষ্ঠীতৎ।

দেশহিতকর—দেশের কল্যাণজনক। উপতৎ; দেশহিত—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।

দেশহিতব্রত—১। দেশের কল্যাণকরণরূপ নিয়মিত কার্য। কর্মধা। বি; ক্লী। ২। দেশের মঙ্গলানুষ্ঠাতা। বহু। বিণ।

দেশহিতৈষী (-ষিন্)—দেশের কল্যাণকামী, দেশের শুভেচ্ছু। উপতৎ; দেশহিত—ইষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ষিণী।

দেশাচার—দেশের বিশেষ রীতি, দেশে প্রচলিত রীতি। দেশের আচার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেশাত্মবোধ—সমস্ত দেশকে আপনার বলিয়া জ্ঞান; সমগ্র দেশবাসীর সুখদুঃখকে আপনার বলিয়া মনে করা, patriotism. দেশে আত্মবোধ, ৭মীতৎ। বি: পুং।

দেশান্তর—১। অন্যদেশ; দূরদেশ। অন্য দেশ, নিত্য। ২। দ্রাঘিমা, longitude. দেশের অন্তর, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দেশান্তরিত—দূরে দেশে গত। বাংপ্র। বিণ।

দেশান্তরী—দেশত্যাগী। < দেশান্তরিত। বিণ।

দেশিক—১। স্থানীয় অধিবাসী; পথিক। বি; পুং। ২। স্থানীয়। দেশ+ইক (ঠন্)। বিণ।

দেশী (দেশিন্)—১। দেশবাসী; স্বদেশজাত, যে বা যাহা দেশে জন্মে এরূপ, যাহা দেশে প্রস্তুত হয় এরূপ। বিণ। স্ত্রী—দেশিনী। ২। যাহা মার্গী নহে এরূপ সংগীত; প্রাকৃত ভাষা বিঃ। দেশ+ইন্ সম্বন্ধার্থে। বি; পুং।

দেশী—খাড়বজাতীয় রাগিণী বিঃ। বি; স্ত্রী।

দেশীয়—১। দেশজাত; দেশ সম্বন্ধীয়। দেশ+ঈয় ভবাদ্যর্থে। ২। প্রায়, কাছাকাছি ('ষোড়শবর্ষদেশীয়')। ঈষদূনার্থ তদ্ধিত প্রত্যয়। বিণ।

দেশীয়করণ, দেশ্যকরণ—ভিন্ন দেশ হইতে আগত কাহাকেও ভোটাধিকার ইঃ দিয়া দেশের লোক বলিয়া গণ্য করা ও তাহার সকল সুযোগ দেওয়া, naturalization. দেশীয়, দেশ্য—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।

দেশোয়ালী—দেশীয়, স্বদেশজাত ('—ভাই'); উত্তর ভারতীয়; পশ্চিমদেশীয় ('—গাই')। হি-মু। বিণ।

দেশ্য—দেশীয় (তাহা দ্রঃ)।

দেহ—১। শরীর। দিহ্+ঘঞ্ কর্ম। বি; পুং বা ক্লী। ২। দাও, অর্পণ কর। কপ্র। ক্রি।

দেহকোষ—ত্বক্, চামড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেহক্ষয়—১। শরীরনাশ। ৬ষ্ঠীতৎ। ২। পীড়া। বহু। বি; পুং।

দেহজ—১। শরীর হইতে জাত। বিণ। ২। পুত্র। উপতৎ; দেহ—জন্+ড কর্তৃ। বি; পুং।

দেহতত্ত্ব—শরীরসম্বন্ধীয় প্রকৃত জ্ঞান: শরীরের কোন্ স্থানে কি যন্ত্র আছে সেই বিষয়ের যথাযথ বিবরণ, Anatomy ; শরীরের অনিত্যতাদি-বিষয়ক জ্ঞান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দেহত্যাগ—শরীরবিসর্জন, মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; ক্লী।

দেহদান—সম্ভোগার্থ নারীর আত্মদান। ৬ষ্ঠীতৎ।

দেহধারণ—বাঁচিয়া থাকা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দেহধারী (-ধারিন্)—শরীরধারী; জীব। উপতৎ; দেহ—ধৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ধারিণী।

দেহপাত—মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেহপিঞ্জর—শরীররূপ বন্ধনস্থান, শরীররূপ পিঁজরা বা খাঁচা। রূপক কর্মধা। বি; ক্লী।

দেহভার—১। শরীররূপ বোঝা। কর্মধা। ২। দেহের অধিক ওজন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেহভার-বহন—কষ্টকর জীবন যাপন; জীবনধারণরূপ ক্লেশসাধ্য ব্যাপার। দেহভারের বহন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দেহভৃৎ—শরীরী, প্রাণী। দেহ—ভৃ+ক্বিপ্ কর্তৃ। [বি; পুং।

দেহযষ্টি—কৃশ দেহ; ক্ষীণ দেহ। দেহ যষ্টিপ্রায়, উপমিত কর্মধা; অথবা, দেহরূপ যষ্টি, রূপক কর্মধা। বি; স্ত্রী। [স্ত্রী।

দেহযাত্রা—জীবনযাপন, সংসারযাত্রা। ৬ষ্ঠীতৎ। বি;

দেহরক্ষা—মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দেহলি, দেহলী—দেয়াল; বারান্দা; চৌকাঠের অধঃস্থ বা উপরিস্থ কাষ্ঠফলক; বহির্দ্বার; দেউড়ি। দেহ —লা+ক কর্তৃ+ঈপ্ (নিপা, বিকল্পে হ্রস্ব)। বি; স্ত্রী।

দেহাত—পাড়াগাঁ, গ্রাম। ফা। বি।

দেহাতী—দূর গ্রামে উৎপন্ন; পাড়াগাঁয়ের। ফা-মূ। বিণ। [২য়াতৎ। বিণ।

দেহাতীত—দেহাভিমানরহিত; শরীর ভিন্ন অন্য।

দেহাত্মপ্রত্যয়, -বাদ—'শরীরই আত্মা' এই মত। দেহই আত্মা, কর্মধা; তাহাতে প্রত্যয়, ৭মীতৎ; ২য় পক্ষে তাহার বাদ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেহান্তর—১। অন্যদেহ, পুনর্জন্ম। নিত্য। ২। দেহের মধ্যভাগ। দেহের অন্তর, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [ক্লী।

দেহাবসান—মৃত্যু। দেহের অবসান, ৬ষ্ঠীতৎ। বি;

দেহি—দাও। দা+হি (অনুজ্ঞা প্রঃ)। সংস্কৃত ক্রিয়া। **দেহি দেহি রব**—'দাও, দাও' এইরূপ ধ্বনি; তীব্র আকাঙ্ক্ষা ও লোভসূচক উক্তি। **দেহি পদপল্লবমুদারম্**—অত্যন্ত বিনীত, একান্ত অনুগত।

দেহী (দেহিন্)—১। আত্মা। বি; পুং। ২। শরীরী, দেহবিশিষ্ট। দেহ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—দেহিনী।

দৈ—দই। < দধি। বি।

দৈত্য—অসুর। দিতি+ণ্য অপত্যার্থে। বি; পুং।

দৈত্যকুল—অসুরসমূহ; অসুরবংশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। **দৈত্যকুলে প্রহ্লাদ**—কুখ্যাত বংশের গুণবান্ সন্তান।

দৈত্যগুরু—শুক্রাচার্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দৈত্যমাতা (-মাতৃ)—কশ্যপপত্নী, দিতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দৈত্যারি—দেব; বিষ্ণু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দৈন—১। দীনতা। দীন+অণ্ ভাবে। বি; ক্লী। ২। দৈনিক। দিন+অণ্ ভবার্থে। বিণ.

দৈনন্দিন—প্রাত্যহিক, প্রতিদিবসীয়। দিন+দিন+অণ্ ভবার্থে (নিপা)। বিণ। স্ত্রী, -নী।

দৈনিক—১। প্রাত্যহিক; দিবাভাগে যাহা ঘটে এরূপ; দিন সম্বন্ধীয়। বিণ। স্ত্রী, -কী। ২। প্রাত্যহিক সংবাদপত্র। দিন+ইক ভবাদ্যর্থে। বি; ক্লী।

দৈন্য—দারিদ্র্য; কার্পণ্য; শোচনীয়তা; ক্ষোভ; হীনতা; কাতরতা; সন্তাপ। দীন+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [স্ত্রী।

দৈন্যদশা—হীনাবস্থা, দরিদ্রাবস্থা। কর্মধা। বি;

দৈব—১। ভাগ্য; অঙ্গুলির অগ্রভাগরূপ দেবতীর্থ। বি; ক্লী। ২। বিবাহ বিঃ। বি; পুং। ৩। ভাগ্যজাত; দেব হইতে আগত; দেব সম্বন্ধীয়; দেবকৃত; স্বর্গলোক সংক্রান্ত; অলৌকিক; দেবতার প্রীতিসাধক। দেব+অণ্ সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী —দৈবী। ৪। আকস্মিক বিপদ্, দুর্ঘটনা; অদ্ভুত। বাংপ্র। বি। [বি; স্ত্রী।

দৈবকী—দেবকী। দেবক+অণ্ অপত্যার্থে+ঈপ্।

দৈবক্রমে—দৈবাৎ, অকস্মাৎ। দৈবের ক্রম, ৬ষ্ঠীতৎ, তাহাতে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।

দৈবগতিকে—দৈবাৎ, অপ্রত্যাশিতভাবে। বাংপ্র। ক্রি-বিণ।

দৈবঘটনা—আকস্মিক ঘটনা, অসম্ভাবিত ব্যাপার। কর্মধা। বি; স্ত্রী।

দৈবজ্ঞ—১। অদৃষ্টাভিজ্ঞ; জ্যোতির্বিদ্, গণক। বিণ। স্ত্রী, -জ্ঞা। ২। আচার্য। উপতৎ; দৈব—জ্ঞা+ক কর্তৃ। বি; পুং।

দৈবত—১। দেবতা। দেবতা+অণ্ স্বার্থে। বি; ক্লী। ২। দেব সম্বন্ধীয়। দেবতা+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -তী।

দৈবদুর্বিপাক—১। অদৃষ্টের শোচনীয় পরিণাম, ভাগ্যবিপর্যয়। ৬ষ্ঠীতৎ। ২। দৈবদুর্যোগ, আকস্মিক দুর্ঘটনা। কর্মধা। বি; পুং।

দৈবদুর্যোগ—প্রাকৃতিক উপদ্রব; অতিবৃষ্টি ঝটিকা প্রঃ নৈসর্গিক দুর্ঘটনা। কর্মধা। বি; পুং।

দৈবদোষ—ভাগ্যদোষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দৈবধন—ভাগ্যলব্ধ ধন। মধ্যপ। বি; ক্লী।

দৈববাণী—আকাশবাণী, অমানুষী কথা; সংস্কৃত ভাষা। দৈবী বাণী, কর্মধা। বি; স্ত্রী।

দৈববিড়ম্বনা—দৈবের প্রতিকূলতা, অদৃষ্টের ফের। দৈবকৃতা বিড়ম্বনা, মধ্যপ। বি; স্ত্রী।

দৈবযোগ—দৈব বা আকস্মিক দুর্ঘটনা। ৬ষ্ঠীতৎ বা কর্মধা। বি; পুং।

দৈবশক্তি—অলৌকিক ক্ষমতা, ঐশী ক্ষমতা। দৈবী শক্তি, কর্মধা। বি; স্ত্রী।

দৈবাৎ—অকস্মাৎ; দৈববশতঃ। দৈব—অত্+ক্বিপ্ কর্তৃ। অ।

দৈবাদেশ—দৈববাণী, প্রত্যাদেশ। কর্মধা। বি; পুং।

দৈবায়ত্ত, -ত্ত—যাহা মানুষের ইচ্ছার অধীন নয় এরূপ, বিধিনির্দিষ্ট। ৬ষ্ঠীতৎ। বিণ।

দৈবী—দেব-সম্বন্ধিনী। দেব+অণ্ সম্বন্ধার্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

দৈর্ঘ্য—দীর্ঘতা; যতটুকু লম্বা তাহার পরিমাণ। দীর্ঘ+য্যঞ্ ভাবে। বি; ক্লী।
দৈশিক—দেশসম্বন্ধীয়। দেশ+ইক সম্বন্ধার্থে। বিণ।
দৈহিক—দেহ-সম্বন্ধীয়, শারীরিক। দেহ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী। [<দুয়ো। বিণ।
দো—১। দুই। <দ্বি। ২। দুঃখী, হতভাগিনী।
দোআনি—দুআনি। বাংপ্র। বি।
দোআব—গঙ্গা এবং যমুনা নদীর সংগমস্থলের নিকটস্থ উভয় নদীর মধ্যবর্তী স্থানের নাম। দো (দুই) আব (জল) যে স্থানে, বহু (হি-মু)। বি।
দো-আঁশ—দুইটি আঁশযুক্ত; সমান মৃত্তিকা ও বালুকাযুক্ত ('—মাটি')। বহু (বাংপ্র)। বিণ।
দো-আঁশলা—দুই রকম বস্তুর মিলনে উৎপন্ন; বর্ণসংকর; বেলে মাটি ও এঁটেল মাটি সংযুক্ত। দো-আঁশ+লা আছে অর্থে (বাংপ্র)। বিণ।
দোঁহা—১। হিন্দী ভাষায় ব্যবহৃত ছন্দ বিঃ; উক্ত ছন্দে রচিত কবিতা বিঃ। হি। বি। ২। দুই ভাগ, উভয়। প্রা কপ্র। সর্ব।
দোঁহার, দোঁহাকার—দুই জনের। প্রা কপ্র। সর্ব।
দোঁহে—দুইজনে। প্রা কপ্র। সর্ব।
দোকর—পুনর্বার কৃত বা পুনর্বার প্রদত্ত; ডবল; পুনর্বার। দো (দুই) কর (করণ) যাহাতে, বহু (বাংপ্র)। বিণ বা ক্রি-বিণ।
দোকলা, দোকা—দুই জনে। বাংপ্র। বিণ।
দোকান—পণ্যশালা, পণ্যালয়। <ফা 'দুকান'। বি। **দোকান করা**—দোকান হইতে দ্রব্যাদি ক্রয় করা। **দোকান খোলা**—দোকানের কাজকর্ম শুরু করা। **দোকান তোলা**—বেচাকেনার শেষে দোকানের জিনিসপত্র গুছাইয়া তুলিয়া রাখা, দোকান বন্ধ করা; ব্যবসায় বন্ধ করা। **দোকান দেওয়া**—দোকান স্থাপন করা। **দোকান বিছানো, -মেলানো**—জিনিসপত্র অগোছালভাবে রাখা।
দোকানদার—দোকানের মালিক। দোকান+দার মালিক অর্থে (ফা-মু)। বি।
দোকানদারি—দোকানদারের কার্য; দোকানদারের ন্যায় স্বার্থপর ব্যবহার। দোকানদার+ই কর্মার্থে (ফা-মু)। বি। বিণ, -দারী।
দোকানপাট—দোকানে ক্রয়-বিক্রয়। ফা-মু। বি।
দোকানী—দোকানের মালিক। দোকান+ঈ মালিক অর্থে (ফা-মু)। বি।
দোক্তা—শুকনা তামাকপাতা; শুকনা তামাকপাতা-মিশানো পানের মসলা। বাংপ্র। বি।
দোগ্ধা (দোগ্ধৃ)—দোহনকর্তা। দুহ্+তৃন্ কর্তৃ। বিণ; পুং। স্ত্রী—**দোগ্ধ্রী**।
দোচালা—১। দুই চালযুক্ত ঘর। বি। ২। দুইটি চালযুক্ত ('—ঘর')। দোচাল+আ বিশিষ্টার্থে (বাংপ্র) বিণ।
দোছটি, দোছুটি—ধুতি এবং চাদর। প্রা কপ্র। বি।
দোছুট, দোছোট—দ্বিতীয় বস্ত্র, উত্তরীয়, চাদর, এক-পাট্টা। বাংপ্র। বি।
দোজ—খোলবাজনার দ্বাদশমাত্রিক তাল বিঃ। বি; পুং।
দোজখ—নরক। <আ 'দুযখ্'। বি।
দোজপক্ষ—দ্বিতীয় পক্ষের স্ত্রী। বাংপ্র। বি।
দোজবর—দ্বিতীয়বার বিবাহিত ব্যক্তি। বাংপ্র। বি।
দোজবরে—দ্বিতীয় বার বিবাহিত; যে দ্বিতীয়বার বিবাহ করিবে এরূপ। বাংপ্র। বিণ।
দোটানা—১। দুইদিকে মনের টান; দ্বিধা। কর্মধা। বি। ২। দুইদিকে আকর্ষণযুক্ত; দুইদিকে প্রবাহিত। দোটান+আ যুক্তার্থে (বাংপ্র)। বিণ। **দোটানায় পড়া**—কোন্ দিকে যাইতে হইবে কি করিতে হইবে তাহা বুঝিতে না পারা।
দোতরফা—দুই পক্ষ-সম্বন্ধীয়, দুই পক্ষের কথা শুনিয়া বিচারিত। দোতরফ+আ সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।
দোতলা—১। দ্বিতল, দুইতলযুক্ত। বিণ। ২। দুই-তলবিশিষ্ট অট্টালিকা। <দ্বিতল। বি।
দোতারা—১। দুইটি তারযুক্ত বাদ্যযন্ত্র। বি। ২। দুইটি তারসংযুক্ত। দোতার+আ বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ। [বিণ।
দোদুল—যাহা দুলিতেছে এরূপ। <দোদুল্য।
দোদুল্যমান—যাহা পুনঃ পুনঃ বা অনবরত দোল খাইতেছে এমন, দোলায়মান। দুল্+যঙ্+শানচ্ কর্তৃ। বিণ।
দোধারী—দুই পাশের; দুইদিকে ধারযুক্ত ('—তরওয়াল')। দোধার+ঈ সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ। [বিণ।
দোনলা—দুই নলযুক্ত, double-barrelled. বাংপ্র।
দোনা—পান রাখিবার পাতার ঠোঙা। <দ্রোণ। বি।
দোনি, দুনী—জল তুলিবার ডোংগা বিঃ; ছোট নৌকা বিঃ। <দ্রোণ। বি।
দোপড়া—যে কন্যার একস্থলে বিবাহ স্থির হইয়া গাত্রহরিদ্রা হইবার পর অন্য পাত্রে বিবাহ হয় এরূপ। বাংপ্র। বিণ; স্ত্রী।
দোপাটি—পুষ্প বিঃ। <দ্বিপুট। বি।
দোপাট্টা—লম্বালম্বি সেলাই করিয়া একত্র করা ('—কাপড়')। দো পাট্টা যাহাতে, বহু (বাংপ্র)। বিণ।
দোপিঁয়াজা, -জী—মাংসের সহিত প্রচুর পেঁয়াজ দিয়া রন্ধন করা ব্যঞ্জন। <ফা 'দোপিয়াজহ্'। বি।
দোপেয়ে—১। দুই পদযুক্ত। বিণ। ২। মানুষ; পাখি। দোপা (দুই পা)+এ (<ইয়া) বিশিষ্টার্থে। বি।
দোফলা—১। যাহাতে বৎসরে দুইবার ফল ধরে এরূপ ('—গাছ')। দো—ফল্+আ কর্তৃ। ২। যাহাতে দুইটি ফলক আছে এরূপ ('—ছুরি')। বহু (বাংপ্র)। বিণ।
দোফসলী—যে জমিতে দুইবার ফসল ফলে এমন। দোফসল+ঈ বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।
দোবজা—একপ্রকার মোটা চাদর; উত্তরীয়। বাংপ্র। বি।
দোবরা, দোবারা—যাহা দুইবার পরিষ্কৃত করা হই-

রাছে এরূপ সাদা দানাদার ('—চিনি')। দো (দুই)—বার+আ পরিষ্কৃতার্থে। বাংপ্র। বিণ।

দোভাষী—যে দুই ভাষা জানে; যে একজনের ভাষা আর একজনকে বুঝাইয়া দেয়, ভাষান্তরিক, interpreter. দোভাষা+ঈ জানে অর্থে (বাংপ্র)। বি বা বিণ। [বাংপ্র। ক্রি [, বি, বিণ]

দোমড়ানো—বাঁকা করা, ভাঁজ করা, মোচড়ানো।

দোমনা—দুমনা। বাংপ্র। বিণ।

দোমালা—১। আধপাকা নারিকেল। বি। ২। অর্ধপক্ব ('—নারিকেল')। বাংপ্র। বিণ।

দোমেটে—'দুমেটে' দ্রঃ।

দোয়া—১। আশীর্বাদ; করুণা। <আ 'দুআ'। বি। ২। দোহন করা। বাংপ্র। ক্রি [, বি]।

দোয়াত—মস্যাধার, কালির পাত্র। <আ 'দবাত'। বি।

-কল্যাণীয়, মুসলমানদিগের চিঠির পাঠ বিঃ। <(আ) দোয়া+(সং) বর। বিণ।

দোয়ার—'দোহার' দ্রঃ।

দোয়ারকি, দোহারকি—দোহার কর্তৃক মূল গায়কের গীত পদাংশের পুনরাবৃত্তি। দোয়ার, দোহার+কি কর্মার্থে (বাংপ্র)। বি।

দোয়েম—দ্বিতীয়; যাহা উৎকৃষ্ট হইতে কিছু নীচে এরূপ ('—জমি')। <ফা 'দুয়ম্'। বিণ।

দোয়েল—সুকণ্ঠ পাখি বিঃ, magpie robin. বাংপ্র। বি।

দোর—দরজা। <দ্বার। বি।

দোরগোড়া—দ্বারের নিম্নদেশ। বাংপ্র। বি।

দো-রসা—অম্লরসযুক্ত; সামান্য পচা; মিঠেকড়া; সামান্য রসযুক্ত। দো-রস+আ বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।

দোরোখা—যাহার দুই দিকই একরকম কারুকার্যবিশিষ্ট এমন (শাল, বস্ত্র প্রঃ)। দোরোখ+আ বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।

দোর্দণ্ড—বাহুরূপ দণ্ড, ভুজদণ্ড। দোস্‌রূপ দণ্ড, রূপক কর্মধা। বি; পুং।

দোর্দণ্ডপ্রতাপ—১। বাহুবল; প্রবল শাসন। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। অত্যধিক প্রতাপশালী। বহু। বিণ।

দোল—১। হোলি; দোলন। দুল্‌+ঘঞ্‌ ভাব। ২। ডুলি, ঝুলি। দুল্‌+ণিচ্‌+অচ্‌ কর্তৃ। বি; পুং।

দোলক—সূক্ষ্মসূত্রে বদ্ধ দোলায়মান ভারী বস্তু, pendulum ('ঘড়ির —')। দোল+কন্‌ স্বার্থে। বি; পুং।

দোলকঘড়ি—যে ঘড়ির ভিতরে দোলক আছে, pendulum clock. মধ্যপ (বাংপ্র)। বি।

দোলন—কম্পন; ঝুলন; দোলকের গতি, oscillation. দুল্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।

দোলনকাল—দোলক এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যন্ত দুলিতে যে সময় লয়, period of oscillation. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দোলনা—শিশুদিগের দোলায়মান শয্যা, দড়ি বাঁধিয়া ঝুলানো আসন। দোল্‌+অনা করণ (বাংপ্র)। বি।

দোলমঞ্চ—যে মৃত্তিকানির্মিত বা ইষ্টকনির্মিত বেদীর উপরে রজ্জুবিলম্বিত দোলায় রাধাকৃষ্ণ বিগ্রহকে স্থাপিত করিয়া দোলযাত্রা সম্পন্ন হয় তাহা। দোলের মঞ্চ, ৬ষ্ঠীতৎ (নিমিত্তার্থে)। বি; পুং।

দোলমা—মৎস্য প্রভৃতি পুরে দিয়া প্রস্তুত পটোলের ব্যঞ্জন। বাংপ্র। বি।

দোলযাত্রা—হোলি-উৎসব। কর্মধা। বি; স্ত্রী।

দোলা—১। চতুর্দোল; মড়ার খাট; ধান্যাদিপাত্র। দুল্‌+অচ্‌ কর্তৃ+আপ্‌। ২। দোলন। দুল্‌+ঘঞ্‌ ভাব+আপ্‌। ৩। দোলনা, যাহার উপর বসিয়া বা যাহা অবলম্বন করিয়া দোলা হয়। দুল্‌+ঘঞ্‌ অধি+আপ্‌। বি; স্ত্রী। ৪। দোল খাওয়া, ঝোলা। বাংপ্র। ক্রি [, বি]।

দোলাই—দুই ভাঁজ কাপড় দিয়া সেলাইকরা শীতের কাপড় বিঃ। হি। বি। [ক্রি [, বি, বিণ]।

দোলানো—দোল দেওয়া, আন্দোলিত করা। বাংপ্র।

দোলায়মান—যাহা দুলিতেছে এরূপ; সংশয়াপন্ন, সন্দিহান। দোল+ক্যঙ্‌ (=দোলার নামধাতু)+শানচ্‌ কর্তৃ। বিণ।

দোলায়িত—যাহা ঝুলিয়া আছে এরূপ; সন্দিহান। দোল+ক্যঙ্‌+ক্ত কর্তৃ। বিণ।

দোলিকা—ছোট দোলা, ডুলি। দোলা+কন্‌ স্বার্থে+আপ্‌। বি; স্ত্রী।

দোশালা—দুই প্রস্ত শাল, শালের জোড়া। বাংপ্র। বি।

দোষ—অপরাধ; পাপ; অনিষ্ট; কুকর্ম; নিন্দা, কলঙ্ক; নিয়মের অন্যথাভাব; ত্রুটি; ন্যূনতা; অত্যাচার; হানি; কাব্যের অপকর্ষসাধক ধর্ম বিঃ; রাগ দ্বেষ মোহ; রোগ; বাত পিত্ত কফ। দুষ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং। **দোষ দেওয়া**—নিন্দা করা; কলঙ্ক আরোপ করা।

দোষক্ষালন—নিরপরাধ বলিয়া প্রমাণ করা; নির্দোষতা প্রতিপাদন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দোষগ্রাহী (-গ্রাহিন্‌)—পরচ্ছিদ্রান্বেষী, দুর্জন। উপতৎ; দোষ—গ্রহ্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -গ্রাহিণী। বি, -গ্রাহিতা।

দোষজ্ঞ—১। যে দোষগুণ বিচার করিতে পারে এমন। বিণ। ২। পণ্ডিত। দোষ—জ্ঞা+ক কর্তৃ। বি; পুং। [তৎ। বি; ক্লী।

দোষত্রয়—বাত পিত্ত কফ; রাগ দ্বেষ মোহ। ৬ষ্ঠী-

দোষদর্শী (-দর্শিন্‌)—যে অন্যের শুধু দোষই দেখে এরূপ। উপতৎ; দোষ—দৃশ্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -দর্শিনী। [বিণ।

দোষল—দোষযুক্ত, দুষ্ট। দোষ+ল আছে অর্থে।

দোষা—১। দোষ দেওয়া। বাংপ্র। ক্রি [, বি]। ২। রাত্রি। দম্‌+ডোস্‌ অধি+আপ্‌। অ। ৩। বাহু। দম্‌+ডোস্‌ করণ+আপ্‌। বি; স্ত্রী।

দোষাকর—১। চন্দ্র। দোষা (রাত্রিতে) কর যাহার, বহু। বি; পুং। ২। দোষের খনি, বহুবিধ দোষের আধার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দোষাতন—রাত্রিকালীন। দোষা+তন (ট্যু+তুট্) ভবার্থে। বিণ। স্ত্রী, **-তনী**।
দোষাদোষ—দোষগুণ। দ্বন্দ্ব। বি; পুং।
দোষাবহ—দোষজনক। দোষের আবহ, ৬ষ্ঠীতৎ। বিণ।
দোষারোপ—দোষ দেওয়া, কাহারও উপর দোষ চাপানো। দোষের আরোপ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দোষিত—অপরাধী। দোষ+ইতচ্ যুক্তার্থে। বিণ।
দোষী (-ষিন্)—যাহার দোষ আছে এরূপ, অপরাধী। দোষ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**দোষিণী**।
দোষৈকদর্শী (-র্শিন্)—যে কেবল দোষ ধরিতে জানে। দোষৈক—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। বি, **-দর্শিতা**। [বা বিণ।
দোসর—সঙ্গী; দ্বিতীয়। <হি 'দোসরা'। বি
দোসরা—১। অন্য, ভিন্ন, দ্বিতীয়। বিণ। ২। মাসের দ্বিতীয় দিন। হি। বি। [বি।
দোসীমানা—দুই জমির মধ্যস্থ সীমারেখা। বাংপ্র।
দোসুতি—ডবল সুতার বোনা কাপড়। দোসুতা+ই নির্মিতার্থে (বাংপ্র)। বি।
দোস্ত—বন্ধু। ফা-মু। বি।
দোস্তি—বন্ধুতা। দোস্ত+ই ভাবে। ফা-মু। বি।
দোহক—যে দুগ্ধ দোহন করে এরূপ। দুহ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**দোহিকা**।
দোহদ—১। ইচ্ছা; স্পৃহা; গর্ভিণীর সাধ; গর্ভ; গর্ভ-চিহ্ন; গাছপালার পুষ্টি হয় এমন ঔষধাদি। উপতৎ; দোহ—দা+ক কর্তৃ। ২। গর্ভলক্ষণ। দ্বি হৃদ্ যাহাতে, বহু (নিপা)। বি; পুং বা ক্লী।
দোহদদান—গর্ভিণীকে সাধ দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
দোহন—দুগ্ধাকর্ষণ, দোয়া; সংগ্রহকরণ। দুহ্+অনট্ ভাব। বি; ক্লী।
দোহনী—দোহনপাত্র। দুহ্+অনট্ অধি+ঈপ্। বি; স্ত্রী।
দোহনীয়—দোহনের যোগ্য। দুহ্+অনীয় কর্ম। বিণ।
দোহা—দোহন করা। <দুহ্-ধাতু। ক্রি [, বি, বিণ]।
দোহাই—সুবিচার প্রার্থনাকরণ; শপথ; ছুতা; অন্যের উপর দায়িত্ব চাপানো। <দ্বিরাহ্বায়। বি।
দোহাতী—দ্বিহস্তপ্রমিত, দুইহাত লম্বা; মিলিত দুই হস্ত দ্বারা কৃত। দোহাত+ঈ প্রমাণার্থে, নিষ্পন্নার্থে। বাংপ্র। বিণ।
দোহাত্তা—উভয় হস্তে সম্পাদিত। বাংপ্র। বিণ।
দোহানো, দোয়ানো—দোহন করা বা করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
দোহার, দোয়ার—যে ধুয়া ধরে, সহকারী গায়ক। <ধ্রুবকার। বি। ভাববাচক বি, **-রকি**।
দোহারা—দ্বিগুণ; যাহা বেশী স্থূল বা কৃশ নহে এরূপ; দুই ভাঁজযুক্ত। বাংপ্র। বিণ।
দোহাল—১। যে দুধ দেয় এরূপ ('—গাভী')। বিণ। ২। দোহনকারী। বাংপ্র। বি বা বিণ।
দোহ্য—দোহনযোগ্য, দোহনীয়। দুহ্+ণ্যৎ কর্ম। বিণ।
দৌড়—ধাবন, বেগে চলন; বিস্তৃতি, পরিসর; সীমা; ক্ষমতা। বাংপ্র। বি। **দৌড় মারা**—ছুটিয়া যাওয়া; ছুটিয়া পলায়ন করা।
দৌড়-ঝাঁপ, -ধাপ—ছুটাছুটি। বাংপ্র। বি।
দৌড়া—বেগে চলা; ছুটা। বাংপ্র। ক্রি।
দৌড়াদৌড়ি, দৌড়দৌড়ি—ছুটাছুটি। বাংপ্র। বি।
দৌড়ানো, দৌড়নো—বেগে চলা বা ছুটা; চালানো, ছুটানো। বাংপ্র। ক্রি [, বি]।
দৌত্য—দূতের কর্ম বা ব্যবসায়; ঘটকতা; নায়ক-নায়িকার মিলন-সংঘটনের জন্য একের অনুরাগ ও অবস্থাদি অন্যের নিকট জ্ঞাপন। দূত+ষ্যঞ্ কর্মাদ্যর্থে। বি; ক্লী।
দৌবারিক—দ্বাররক্ষক; দ্বারপালক। দ্বার+ইক নিযুক্তার্থে (ব-স্থানে ঔব্)। বি; পুং। স্ত্রী, **-কী**।
দৌরাত্ম্য—অত্যাচার, উপদ্রব; দুরন্তপনা; নিষ্ঠুরতা। দুরাত্মন্+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
দৌর্গন্ধ্য—দুর্গন্ধের ভাব। দুর্গন্ধ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [ভাবার্থে। বি; ক্লী।
দৌর্জন্য—দুর্জনতা; দুর্ব্যবহার। দুর্জন+ষ্যঞ্
দৌর্বল্য—দুর্বলতা, ক্ষীণতা; সংযমহীনতা; মোহ, অত্যাসক্তি। দুর্বল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
দৌর্মনস্য—দুর্ভাবনা; মনঃক্ষোভ; উৎকণ্ঠা। দুর্মনস্+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লী।
দৌলত—ধন, সম্পত্তি; সহায়তা; অনুগ্রহ। আ। বি।
দৌলতখানা—ধনীর প্রাসাদ। (আ) দৌলত+ ফা খানা। বি।
দৌলতদার—বড়লোক, ধনী। আ-ফা। বি বা বিণ।
দৌলতদারি—ঐশ্বর্যশালিতা। আ-ফা-মু। বি।
দৌহিত্র—কন্যার পুত্র। দুহিতৃ+অণ্ অপত্যার্থে। বি; পুং। স্ত্রী, **-ত্রী**।
দ্বন্দ্ব—১। মিথুন, স্ত্রীপুরুষ; জোড়া; বিবাদ; দ্বয়, দ্বিতয়; শীতোষ্ণ সুখ-দুঃখ রাগ-দ্বেষ ইঃ পরস্পর বিরুদ্ধ যুগ্ম; রহস্য; কলহ; যুদ্ধ। বি; ক্লী। ২। সমাস বিঃ, যে সমাসে উভয় পদের প্রাধান্য থাকে; রোগ বিঃ। দ্বি (দুই)+দ্বি (দুই) সহাভিব্যাপ্তি অর্থে=দ্বন্দ্ব (নিপা)। বি; পুং।
দ্বন্দ্বযুদ্ধ—মল্লযুদ্ধ, দুই ব্যক্তির পরস্পর যুদ্ধ, duel. মধ্যপ। বি; ক্লী।
দ্বন্দ্বী (-ন্দ্বিন্)—ঝগড়াকারী, বিরোধী। দ্বন্দ্ব+ইন্ আছে অর্থে। বিণ।
দ্বয়—১। যুগ্ম; দুইসংখ্যা। বি; ক্লী। ২। দুই, উভয়, দ্বিসংখ্যাযুক্ত। দ্বি+অয়ট্ অবয়বার্থে। বিণ। স্ত্রী—**দ্বয়ী**।
দ্বয়বাদী (-বাদিন্)—প্রবঞ্চক। উপতৎ; দ্বয়—বদ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিনী**।
দ্বয়ীশিক্ষা—সহশিক্ষা, এক বিদ্যালয়ে বা এক সঙ্গে বালকবালিকার শিক্ষা, co-education. কর্মধা। বি; স্ত্রী।
দ্বাচত্বারিংশ—যাহা ৪২-সংখ্যার স্থান পূর্ণ করে

এরূপ। দ্বাচত্বারিংশৎ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী।

দ্বাচত্বারিংশৎ—বিয়াল্লিশ, ৪২; ৪২-সংখ্যক। দ্বি (দুই)-অধিকা চত্বারিংশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

দ্বাচত্বারিংশত্তম—যাহা ৪২-সংখ্যার স্থান পূর্ণ করে এরূপ। দ্বাচত্বারিংশৎ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

দ্বাত্রিংশ—বত্রিশ এই সংখ্যার পূরক। দ্বাত্রিংশৎ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী।

দ্বাত্রিংশৎ—বত্রিশ, ৩২; ৩২-সংখ্যক। দ্বি (দুই)-অধিকা ত্রিংশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

দ্বাত্রিংশত্তম—যাহা ৩২-সংখ্যার স্থান পূর্ণ করে এরূপ। দ্বাত্রিংশৎ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী। [বিণ। স্ত্রী, -শী।

দ্বাদশ—বার-র পূরক। দ্বাদশন্+ডট্ পূরণার্থে।

দ্বাদশ (-শন্)—বার, ১২; ১২-সংখ্যক। দ্বি (দুই)-অধিক দশ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

দ্বাদশরাশি—মেষ বৃষ মিথুন কর্কট সিংহ কন্যা তুলা বৃশ্চিক ধনু মকর কুম্ভ এবং মীন—এই দ্বাদশটি নক্ষত্র। কর্মধা। বি; পুং।

দ্বাদশিক—দ্বাদশ (১২, ১২)-সংক্রান্ত, duo-decimal. দ্বাদশ+ইক সম্বন্ধার্থে। বিণ।

দ্বাদশী—১। ১২-সংখ্যার স্থান পূর্ণকারিণী। বিণ; স্ত্রী। ২। চন্দ্রের দ্বাদশ কলার হ্রাসবৃদ্ধিরূপ কর্মদ্বারা বিনির্দিষ্ট কাল; তিথি বিঃ। দ্বাদশ+ঈপ্। বি; স্ত্রী।

দ্বাপর—তৃতীয়যুগ। দ্বি (প্রকার, বিষয়) পর (প্রধান) যাহাতে, বহু। বি; পুং।

দ্বাবিংশ—যাহা ২২-সংখ্যার স্থান পূর্ণ করে এরূপ। দ্বাবিংশতি+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী।

দ্বাবিংশতি—বাইশ, ২২; ২২-সংখ্যক। দ্বি-অধিকা বিংশতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

দ্বাবিংশতিতম—যাহা ২২-সংখ্যার স্থান পূর্ণ করে এরূপ। দ্বাবিংশতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

দ্বার—দুয়ার, কপাট; উপায়; সম্মুখ; শেষ অংগ। দ্বৃ+ণিচ্+অচ্ কর্তৃ। বি; ক্লী। **দ্বারে দ্বারে**—দরজায় দরজায়; প্রতি বাড়িতে।

দ্বারকপাট—দরজার পাল্লা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দ্বারকা—কৃষ্ণপুরী, গুজরাটের অন্তর্গত পরমপবিত্র তীর্থ। দ্বার—কৈ+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

দ্বারকাপতি, দ্বারকেশ—দ্বারকার অধিপতি শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দ্বারদেশ—দরজা; দ্বারের সন্নিহিত স্থান। দ্বারই দেশ, কর্মধা; অথবা দ্বার সন্নিহিত দেশ, মধ্যপ। বি; পুং। [অণ্, ণক কর্তৃ। বি; পুং।

দ্বারপাল, -পালক—দ্বারবান্। দ্বার—পা+ণিচ্+

দ্বারবতী—দ্বারকা। দ্বার+মতুপ্+ঈপ্। বি; স্ত্রী।

দ্বারবান্ (-বৎ)—দ্বাররক্ষক; দারোয়ান। দ্বার+মতুপ্ রক্ষকার্থে। বি; পুং।

দ্বাররক্ষক, -রক্ষী (-রক্ষিন্)—দারোয়ান। ৬ষ্ঠীতৎ; ২য় পক্ষে উপতৎ; দ্বার—রক্ষ্+ণিন্ কর্তৃ। বি; পুং।

দ্বারস্থ—১। দ্বারপাল। বি; পুং। ২। দ্বারস্থিত; অন্যের দ্বারে প্রার্থিরূপে উপস্থিত। উপতৎ; দ্বার—স্থা+ক কর্তৃ। বিণ।

দ্বারা—দিয়া, সাহায্যে, মারফতে। সংস্কৃত 'দ্বার্' শব্দের তৃতীয়ার একবচন। অ।

দ্বারাদেয়—যাহা দুয়ার হইতেই গ্রহণ করা হয় এমন। দ্বারে আদেয়, ৭মীতৎ। বিণ। **দ্বারাদেয় শুল্ক**—আমদানী শুল্ক, octroi duty.

দ্বারাবতী—দ্বারকা। দ্বার—মতুপ্+ঈপ্। বি; স্ত্রী।

দ্বারিক—দ্বারপাল। দ্বার+ইক নিযুক্তার্থে। বিণ বা বি; পুং। [স্ত্রী।

দ্বারিকা—দ্বারকা নগরী। দ্বার+কন্+আপ্। বি;

দ্বারী (দ্বারিন্)—দারোয়ান। দ্বার+ইন্ আছে অর্থে। বি; পুং।

দ্বাষষ্টি—বাষট্টি, ৬২; ৬২-সংখ্যক। দ্বি-অধিকা ষষ্টি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

দ্বাষষ্টিতম—যাহা ৬২-সংখ্যার স্থান পূর্ণ করে এরূপ। দ্বাষট্টি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

দ্বাসপ্ততি—বাহাত্তর, ৭২; ৭২-সংখ্যক। দ্বি-অধিকা সপ্ততি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

দ্বাসপ্ততিতম—যাহা বাহাত্তর সংখ্যার স্থান পূর্ণ করে এরূপ। দ্বাসপ্ততি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

দ্বি—দুই সংখ্যা, ২; ২-সংখ্যক। দ্বৃ+ডি কর্তৃ। বি বা বিণ।

দ্বিকর্মক—যাহার দুইটি কর্ম আছে এরূপ। দ্বি কর্ম যাহার, বহু (ক-আগম)। বিণ। স্ত্রী, -কা।

দ্বিখণ্ডক—যাহা কোন কিছুকে দুইটি সমান ভাগে বিভক্ত করে, bisector. দ্বি—খণ্ডি+ণক কর্তৃ। বিণ।

দ্বিখণ্ডন—দুইটি সমান ভাগে বিভক্ত করণ, bisection. দ্বি—খণ্ডি+অনট্ ভাব। বি; ক্লী।

দ্বিখণ্ডিত—দুই সমান ভাগে বিভক্ত। দ্বিখণ্ড+ইতচ্ জাতার্থে। বিণ।

দ্বিগু—সমাস বিঃ। বি; পুং।

দ্বিগুণ—দুইবার গুণিত; দুয়ের দ্বারা গুণিত। বহু। বিণ। [তৎ। বিণ।

দ্বিগুণিত—যাহা দ্বিগুণ করা হইয়াছে এরূপ। ৩য়া-

দ্বিগুণীকৃত—যাহা দ্বিগুণ করা হইয়াছে এমন। দ্বিগুণ+অভূততদ্ভাবার্থে চ্বি (=দ্বিগুণী)—কৃ+ক্ত কর্ম। বিণ।

দ্বিচত্বারিংশ—৪২-সংখ্যার পূরক। দ্বিচত্বারিংশৎ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী।

দ্বিচত্বারিংশৎ—বিয়াল্লিশ, ৪২; ৪২-সংখ্যক। দ্বি-অধিকা চত্বারিংশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

দ্বিচত্বারিংশত্তম—৪২-সংখ্যার পূরক। দ্বিচত্বারিংশৎ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

দ্বিচারিণী—দুই জন পুরুষের প্রতি আসক্তা। উপ-তৎ; দ্বি—চর্+ণিন্ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী।

দ্বিজ—ব্রাহ্মণ; ক্ষত্রিয়; বৈশ্য; দন্ত; অণ্ডজ প্রাণী। উপতৎ; দ্বি—জন্+ড কর্তৃ। বি; পুং।

দ্বিজন্মা (-জন্মন্)—দ্বিজ। দ্বি জন্ম যাহার, বহু। বি; পুং।

দ্বিজপতি, -রাজ—শ্রেষ্ঠ ব্রাহ্মণ; চন্দ্র; গরুড়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দ্বিজবর—শ্রেষ্ঠ ব্রাহ্মণ। ৭মীতৎ। বি; পুং।

দ্বিজরাজ—ব্রাহ্মণশ্রেষ্ঠ; ব্রাহ্মণ; গরুড়; চন্দ্র। দ্বিজের রাজা, ৬ষ্ঠীতৎ (টচ্ সমাসান্ত)। বি; পুং।

দ্বিজিহ্ব—১। কপটভাষী, খল; যাহার দুই জিহ্বা এমন। বিণ। ২। সাপ। দ্বি জিহ্বা যাহার, বহু। বি; পুং।

দ্বিজেন্দ্র—দ্বিজশ্রেষ্ঠ। দ্বিজমধ্যে ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭মীতৎ; অথবা, দ্বিজ ইন্দ্রতুল্য, উপমিত কর্মধা। বি; পুং।

দ্বিজোত্তম—ব্রাহ্মণ; ব্রাহ্মণশ্রেষ্ঠ, বেদজ্ঞ ব্রাহ্মণ; গরুড়। দ্বিজমধ্যে উত্তম, ৭মীতৎ। বি; পুং, বা বিণ।

দ্বিতয়—১। দুইয়ের সমষ্টি; দুই সংখ্যা। দ্বি+তয়প্। সর্ব; ক্লী। ২। দ্বিসংখ্যাযুক্ত; দুইরকম। বিণ। [বিণ।

দ্বিতল—দোতলা, যে গৃহের দুই তল এরূপ। বহু।

দ্বিতীয়—দুইএর পূরক। দ্বি+তীয় পূরণার্থে। বিণ। [দ্বিতীয়+তস্ সপ্তম্যর্থে। অ।

দ্বিতীয়তঃ (-তস্)—দ্বিতীয় বারে; দুই দফার।

দ্বিতীয়া—১। পত্নী, ভার্যা; বিশেষ্যের উত্তর বিহিত কর্মবাচক চিহ্ন বিঃ ('—বিভক্তি'); তিথি বিঃ। বি; স্ত্রী। ২। দুইএর স্থান পূর্ণকারিণী। দ্বি +তীয় পূরণার্থে+আপ্। বিণ; স্ত্রী।

দ্বিতীয়াশ্রম—গার্হস্থ্যাশ্রম। কর্মধা। বি; পুং।

দ্বিত্ব—উভয়ত্ব; যুগল; 'দুই' এই সংখ্যা; একই বিষয়ের বা বস্তুর একত্র দুই বার সন্নিবেশ। দ্বি+ত্ব ভাবে। বি; ক্লী।

দ্বিদল—১। যাহা দুই দলে বিভক্ত এরূপ। বিণ। ২। কলার প্রঃ, ডাইল। বহু। বি; পুং।

দ্বিধা—১। দ্বিবিধ। অ, বিণ। ২। দুইভাগে; দুই-প্রকারে। দ্বি+ধা প্রকারার্থে। অ, ক্রি-বিণ। ৩। সন্দেহ। বি। ৪। দুইভাগে বিভক্ত। বাংপ্র। বিণ।

দ্বিধাকরণ—দুই অংশে বিভাজন বা ভাগ করা। দ্বিধা —কৃ+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -কৃত।

দ্বিধাতুক—যাহাতে দুইটি ধাতু আছে এমন। দ্বি (দুইটি) ধাতু যাহার, বহু+ক সমাসান্ত। বিণ।

দ্বিধাদ্বন্দ্ব—সন্দেহ বা বিরোধ; সংকোচ, দোটানায় পড়ার ভাব; বাধাবিঘ্ন। দ্বন্দ্ব। বি; ক্লী।

দ্বিনবতি—বিরানব্বই-সংখ্যা, ৯২; বিরানব্বই সংখ্যা-বিশিষ্ট। দ্বি-অধিকা নবতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

দ্বিনবতিতম—৯২-সংখ্যার পূরক। দ্বিনবতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

দ্বিপ—হস্তী। উপতৎ; দ্বি—পা+ক কর্তৃ। বি; পুং।

দ্বিপঞ্চাশৎ—বায়ান্ন, ৫২; ৫২-সংখ্যক। দ্বি-অধিকা পঞ্চাশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

দ্বিপঞ্চাশত্তম—যাহা ৫২-সংখ্যার স্থান পূর্ণ করে এরূপ। দ্বিপঞ্চাশৎ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

দ্বিপদ, দ্বিপাদ—১। দুইপদযুক্ত, biped ; দ্বিরাশি-বিশিষ্ট, binomial. বিণ। ২। মনুষ্য; পক্ষী; রাক্ষস; দেবতা; মিথুন তুলা কুম্ভ কন্যা ও ধনু-রাশির পূর্বার্ধ। বহু। বি; পুং।

দ্বিপদী—প্রাকৃত ছন্দো বিঃ। দ্বি (দুই) পাদ যাহার, বহু=দ্বিপাৎ; দ্বিপাৎ+ঈপ্। বি; স্ত্রী।

দ্বিপ্রহর—মধ্যাহ্ন। বহু। বি; পুং।

দ্বিবচন—দ্বিত্ববোধক বিভক্তি। দ্বি—বচ্+অনট্ করণ। বি; ক্লী।

দ্বিবার্ষিক—দুইবৎসর বয়স্ক; দুই বছরের। দ্বিবর্ষ +ইক বয়সার্থে [মনুষ্যাদিপক্ষে 'দ্বিবর্ষ' (ইকের লোপ)]। বিণ। স্ত্রী, -কী।

দ্বিবিধ—দুই প্রকার। দ্বি বিধা যাহার, বহু। বিণ।

দ্বিভাষী (-ষিন্)—দোভাষী, যে দুই ভাষায় কথা বলিতে পারে, যে পরস্পরের ভাষা পরস্পরকে বুঝাইয়া দেয়, interpreter. দ্বিভাষা+ইন্ জানে অর্থে। বি বা বিণ; পুং। স্ত্রী, -ষিণী।

দ্বিভুজ—১। দুই হাত। কর্মধা। বি; পুং। ২। দুইটি হাতবিশিষ্ট। বহু। বিণ।

দ্বিরদ—হস্তী। বহু। বি; পুং।

দ্বিরদ-রদ—হাতির দাঁত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দ্বিরাগমন—বিবাহের পর পতিগৃহে কন্যার দ্বিতীয়-বার আগমন। দ্বিঃ (দ্বিতীয়বার) আগমন, সুপ্। বি; ক্লী।

দ্বিরুক্ত—দুইবার কথিত; ব্যাকরণে যাহার দ্বিত্ব হয় এরূপ, অভ্যস্ত। দ্বিঃ (দুইবার) উক্ত, সুপ্। বিণ।

দ্বিরুক্তি—দুইবার বলা; বিনা প্রয়োজনে দুইবার কথন হেতু নিরর্থকতা, tautology ; (বাংপ্র) আপত্তি-জ্ঞাপন। দ্বিঃ উক্তি, সুপ্। বি; স্ত্রী।

দ্বিরেফ—ভ্রমর। দ্বি রেফ (রেফের মত হুল) যাহার, বহু। বি; পুং।

দ্বিশত—১। দুই শত, ২০০। দ্বিগুণিত শত, মধ্যপ। বি; ক্লী। ২। দুইশত সংখ্যাবিশিষ্ট। বহু। বিণ।

দ্বিষৎ—১। দ্বেষ্টা, বিদ্বেষকারী। বিণ। ২। শত্রু, অরাতি। দ্বিষ্+শতৃ কর্তৃ। বি; পুং।

দ্বিষষ্টি—বাষট্টি, ৬২; ৬২-সংখ্যক। দ্বি-অধিকা ষষ্টি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

দ্বিষষ্টিতম—৬২-র পূরক। দ্বিষষ্টি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

দ্বিষ্ট—যাহাকে দ্বেষ করা যায় এরূপ। দ্বিষ্+ক্ত কর্ম। বিণ।

দ্বিসপ্ততি—বায়াত্তর, ৭২; ৭২-সংখ্যক। দ্বি-অধিকা সপ্ততি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

দ্বিসপ্ততিতম—৭২-র পূরক। দ্বিসপ্ততি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

দ্বীপ—১। চতুর্দিকে জলবেষ্টিত স্থল। দ্বি (দুই পার্শ্বে) অপ্ যাহার, বহু (অপ্-স্থানে ঈপ্)। বি; পুং বা ক্লী। ২। কড়ার সাত ভাগের এক ভাগ। বাংপ্র। বি।

দ্বীপপুঞ্জ—বহু দ্বীপের একত্র সমাবেশ। দ্বীপের পুঞ্জ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দ্বীপান্তর—১। অন্য দ্বীপ। নিত্য। বি; ক্লী। ২। ব্রিটিশ আমলে ভারতের বন্দীদিগের নির্বাসন-স্থান, আন্দামান দ্বীপপুঞ্জ; আন্দামানে নির্বাসন, transportation. বাংপ্র। বি।

দ্বীপান্তরিত—১। আন্দামানে নির্বাসিত। বাংপ্র। ২। অপর দ্বীপে প্রেরিত। দ্বীপান্তর+ইতচ্ প্রাপ্তার্থে। বিণ।

দ্বীপী (দ্বীপিন্)—ব্যাঘ্র; চিতাবাঘ; সমুদ্র; দ্বীপবাসী। দ্বীপ+ইন্ আছে অর্থে। বি; পুং। স্ত্রী —দ্বীপিনী।

দ্বেষ—শত্রুতা; ক্রোধ; ঈর্ষা; বিরাগ। দ্বিষ্+ঘঞ্ ভাব। বি; পুং।

দ্বেষী (দ্বেষিন্)—বিদ্বেষী, দ্বেষযুক্ত। দ্বিষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—দ্বেষিণী।

দ্বেষ্টা (দ্বেষ্টৃ)—দ্বেষকর্তা। দ্বিষ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—দ্বেষ্ট্রী।

দ্বেষ্য—দ্বেষের পাত্র বা বিষয়; শত্রু। দ্বিষ্+ণ্যৎ কর্ম। বিণ।

দ্বৈত—১। দ্বিতীয়ত্ব; দুই পদার্থের অস্তিত্ব; ভগবান্ এবং বিশ্বের পৃথক্ অস্তিত্ব স্বীকার; জীবাত্মা এবং পরমাত্মার পৃথক্-অস্তিত্ব স্বীকার; দ্বিবিধত্ব। দ্বি (দুই রকমে) ইত (গত), সুপ্ =দ্বীত; দ্বীত+অণ্ ভাবে। বি; ক্লী। ২। দ্বৈতবাদী। দ্বৈত+অচ্ বিশিষ্টার্থে। বিণ।

দ্বৈতবাদ—জীবাত্মা এবং পরমাত্মা পৃথক্—এই মত, dualism; ঈশ্বর এবং জীব পৃথক্—ইহা কথন। কর্মধা। বি; পুং।

দ্বৈতবাদী (-বাদিন্)—যে দুই পদার্থের অস্তিত্ব স্বীকার করে এরূপ; যে জীবাত্মা ও পরমাত্মা ভিন্ন বলিয়া স্বীকার করে এরূপ। উপতৎ: দ্বৈত—বদ্ +ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বাদিনী।

দ্বৈতশাসন, -শাসনতন্ত্র—রাজ্যের কোন কোন কার্য রাজা এবং তাঁহার প্রতিনিধি দ্বারা এবং কোন কোন কার্য প্রজার প্রতিনিধিগণ দ্বারা নির্বাহিত করা রূপ রাজ্যশাসন-প্রণালী, diarchy. দ্বৈত যে শাসন, কর্মধা; দ্বৈতশাসনই তন্ত্র, কর্মধা। বি; ক্লী।

দ্বৈতসংগীত—দুইজনের বিশেষতঃ একজন পুরুষ ও একজন স্ত্রীলোকের দ্বারা নিষ্পাদিত গান, duet song. কর্মধা। বি; ক্লী।

দ্বৈতাদ্বৈত—জীব ও ঈশ্বরের ভেদ এবং অভেদ। দ্বৈত ও অদ্বৈত, দ্বন্দ্ব। বি; ক্লী।

দ্বৈধ—সন্দেহ; মতভেদ, দ্বিবিধভাব। দ্বিধা+অণ্ স্বার্থে। বি; ক্লী।

দ্বৈপ—১। দ্বীপসম্বন্ধীয়। দ্বীপ+অণ্ সম্বন্ধার্থে। বিণ। ২। ব্যাঘ্রচর্ম। দ্বীপিন্+অণ্ জাতার্থে। বি; ক্লী।

দ্বৈপায়ন—ব্যাসদেব; হ্রদ বিঃ। দ্বীপ অয়ন যাহার, বহু; দ্বীপের অয়ন, ৬ষ্ঠীতৎ। দ্বীপায়ন+অণ্ স্বার্থে। বি; পুং।

দ্বৈবার্ষিক—দ্বিবর্ষস্থায়ী; দুই বৎসর অন্তে ঘটিতব্য বা সম্পাদ্য। দ্বিবর্ষ+ইক। বিণ, -কী।

দ্বৈবিধ্য—দ্বিবিধত্ব। দ্বিবিধ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লী।

দ্বৈমাতৃক—বৃষ্টিজল ও নদীজলে উৎপন্ন শস্যে পালিত ('—দেশ')। দ্বিমাতৃ+ক (ঠক্) পালিতার্থে। বিণ। স্ত্রী, -কী।

দ্বৈরথ—১। যে যুদ্ধে দুই রথ বিদ্যমান; দুইজন রথারূঢ় ব্যক্তির পরস্পর যুদ্ধ। দ্বিরথ+অণ্ কৃত অর্থে। বি; ক্লী। ২। প্রতিদ্বন্দ্বী। দ্বৈরথ (১) +অণ্ নিযুক্তার্থে। বি; পুং।

দ্ব্যক্ষর—১। যাহাতে দুইটি বর্ণ আছে এমন। বহু। বিণ। ২। দুই অক্ষরাত্মক 'কৃষ্ণ' নাম। বি; ক্লী।

দ্ব্যণুক—দুইটি অণুর সমবায়ে ঘটিত, diatomic. দ্বি অণু যাহাতে, বহু+ক। বিণ।

দ্ব্যর্থ, দ্ব্যর্থক—অর্থদ্বয়যুক্ত, equivocal. দ্বি অর্থ যাহাতে, বহু (২য় পক্ষে ক সমাসান্ত)। বিণ।

দ্ব্যশীতি—বিরাশী, ৮২; ৮২-সংখ্যক। দ্বি-অধিকা অশীতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

দ্ব্যশীতিতম—৮২-সংখ্যার পূরক। দ্ব্যশীতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

দ্ব্যহ—দুই দিন। দ্বি অহের সমাহার, সমা দ্বিগু। বি; পুং।

দ্ব্যাহিক—দুইদিনব্যাপী; দুই দিন অন্তর ঘটে এমন। দ্ব্যহ্+ইক ভবার্থে। বিণ। স্ত্রী, -কী।

দ্যাবাপৃথিবী—স্বর্গ ও পৃথিবী। দ্যৌ ও পৃথিবী, দ্বন্দ্ব। বি; স্ত্রী।

দ্যু—আকাশ; স্বর্গ। দিব্+ক্বিপ্ কর্তৃ। বি; ক্লী।

দ্যুতি—তেজঃ, কিরণ; শোভা; প্রকাশ। দ্যুত্+ইন্ কর্তৃ, ভাব। বি; স্ত্রী।

দ্যুতিমান্ (-মৎ)—প্রশস্ত কান্তিযুক্ত উজ্জ্বল। দ্যুতি+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -মতী।

দ্যুলোক—স্বর্গলোক; আকাশ। কর্মধা। বি; পুং।

দ্যূত—বাজি রাখিয়া পাশা খেলা; পাশাদি দ্বারা জুয়াখেলা। দিব্+ক্ত ভাব। বি; ক্লী।

দ্যূতকর, -কার—যে পাশা খেলে, জুয়াড়ী। উপতৎ; দ্যূত—কৃ+ট, অণ্ কর্তৃ। বি; পুং।

দ্যো—স্বর্গ, আকাশ। দিব্+ডো অধি। বি; স্ত্রী।

দ্যোতক—১। ব্যঞ্জক, সূচক, প্রকাশক; উদ্বোধক। দ্যুত+ণিচ্+ণক কর্তৃ। ২। যাহা দীপ্তি পায় এরূপ, দীপ্তিমান্। দ্যুত্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -তিকা।

দ্যোতন—১। উদ্বোধন; প্রকাশ; দীপ্তি পাওয়া।

দর্শন। দ্যুত্‌+অনট্‌ ভাব। বি; ক্লী। ২। প্রকাশক। দ্যুত্‌+ণিচ্‌+অন কর্তৃ। বিণ।

দ্যোতনা—প্রকাশ, ব্যঞ্জনা। দ্যুৎ+ণিচ্‌+অন ভাব+আপ্‌। বি; স্ত্রী।

দ্যোতিত, দ্যুতিত—দীপ্ত, প্রকাশিত; উদ্বোধিত। দ্যুৎ+ণিচ্‌+ক্ত কর্ম, দ্যুৎ+ক্ত কর্তৃ। বিণ।

দ্রঢ়িমা (-মন্‌)—দৃঢ়তা; স্থৈর্য। দৃঢ়+ইমন্‌ ভাবে। বি; পুং।

দ্রঢ়িষ্ঠ—অতি দৃঢ়। দৃঢ়+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ।

দ্রঢ়ীয়ান্‌ (-য়স্‌)—দুইটির মধ্যে অপেক্ষাকৃত দৃঢ়; অতিশয় দৃঢ়। দৃঢ়+ঈয়সু অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, -য়সী।

দ্রব—১। জল ইঃতে বিগলিত বস্তু, তরল বস্তু, রস। বি; পুং। ২। তরল, গলিত। দ্রু+অচ্‌ কর্তৃ। বিণ।

দ্রবণ—গলন; ক্ষরণ। দ্রু+অনট্‌ ভাব। বি; ক্লী।

দ্রবণাঙ্ক—যে তাপে বরফ গলিয়া জল হয় তাহা, melting point. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দ্রবণীয়—যাহা কোন তরল পদার্থে দ্রবীভূত হয় তাহা। দ্রু+অনীয় কর্ম। বিণ।

দ্রবত্ব—তরলত্ব-গুণ, তারল্য। দ্রব+ত্ব ভাবে। বি; ক্লী।

দ্রবিড়—১। ভারতের অতি প্রাচীন উন্নত জাতি বিঃ। দ্রু+ইড় কর্তৃ। ২। প্রাচীন দেশ বিঃ (বর্তমান মাদ্রাজ, অন্ধ্র প্রঃ)। দ্রু+ইড় অধি। বি; পুং। ৩। দ্রবিড় দেশজাত। দ্রবিড়+অণ্‌ (প্রত্যয়ের লোপ)। বিণ। [স্ত্রী।

দ্রবিণ—ধন; সোনা; পরাক্রম। দ্রু+ইন কর্তৃ। বি;

দ্রবীকরণ—দ্রব করা, গলানো। দ্রব+অভূততদ্ভাবার্থে চ্বি (=দ্রবী)—কৃ+অনট্‌ ভাব। বি; ক্লী। বিণ, -কৃত।

দ্রবীভবন, -ভাব—দ্রব হওয়া, গলিয়া যাওয়া। দ্রব+অভূততদ্ভাবার্থে চ্বি (=দ্রবী)—ভূ+অনট্‌, ঘঞ্‌ ভাব। বি; ক্লী, পুং। বিণ, -ভূত।

দ্রব্য—পদার্থ; ক্ষিতি অপ্‌ তেজঃ বায়ু আকাশ কাল দিক্‌ আত্মা মনঃ—এই নয়টি। দ্রু+যৎ কর্ম। বি; ক্লী।

দ্রব্যগুণ—দ্রব্যের ধর্ম ক্রিয়া ইঃ; দেহের উপর দ্রব্যের ক্রিয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দ্রব্যজাত—১। বস্তুসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। পদার্থ হইতে উৎপন্ন। ৫মীতৎ। বিণ।

দ্রব্যশুদ্ধি—জিনিসের ময়লা বা অপবিত্রতা দূর করা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দ্রষ্টব্য—দর্শনীয়; যাহা পড়িয়া দেখা কর্তব্য এরূপ; বিবেচনার যোগ্য। দৃশ্‌+তব্য কর্ম। বিণ।

দ্রষ্টা (দ্রষ্টৃ)—দর্শক; সাক্ষী; বিচারক। দৃশ্‌+তৃন্‌ কর্তৃ। বিণ। [স্ত্রী।

দ্রাক্ষা—আঙ্গুর। দ্রাক্ষ্‌+ঘঞ্‌ কর্ম+আপ্‌। বি;

দ্রাক্ষাকুঞ্জ—আঙ্গুর গাছের ঝোপ, যেখানে বহু আঙ্গুর গাছ আছে। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

দ্রাঘিমা (-মন্‌)—১। দৈর্ঘ্য। দীর্ঘ+ইমন্‌ ভাবার্থে। ২। যে সকল মণ্ডলাকার কল্পিত রেখা উভয় মেরু ভেদ করিয়া নিরক্ষ বৃত্তের উপর দিয়া ভূগোলককে বেষ্টন করিয়া আছে তাহা, meridians of longitude. দীর্ঘ+ইমন্‌ আছে অর্থে। বি; পুং।

দ্রাঘিষ্ঠ—অতিশয় দীর্ঘ। দীর্ঘ+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ।

দ্রাঘীয়ান্‌ (-য়স্‌)—অতিশয় দীর্ঘ, দুইটির মধ্যে অপেক্ষাকৃত দীর্ঘ। দীর্ঘ+ঈয়সু অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, -য়সী।

দ্রাবক—১। রস বিঃ; প্লীহাদির ঔষধ বিঃ; অম্ল, acid. বি; পুং। ২। দ্রবকারক, solvent; প্রবর্তক। দ্রু+ণিচ্‌+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—দ্রাবিকা।

দ্রাবণ—১। দ্রবীকরণ; তাড়াইয়া দেওয়া। দ্রু+ণিচ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী। ২। পলায়নকারী; পীড়ক। দ্রাবি+অন কর্তৃ। বিণ।

দ্রাবিড়—১। দাক্ষিণাত্যের পূর্ব ও কলিঙ্গের দক্ষিণ কন্যাকুমারী পর্যন্ত দেশ। দ্রবিড়+অণ্‌ স্বার্থে। ২। দ্রাবিড় দেশের লোক। বি; পুং। ৩। দ্রাবিড়-দেশবাসী। দ্রবিড়+অণ্‌ তদধিবাসী অর্থে। বিণ। স্ত্রী, -ড়ী।

দ্রাবিড়ী—দ্রাবিড় জাতির ভাষা। দ্রবিড়+অণ্‌+ঈপ্‌। বি; স্ত্রী।

দ্রাবিত—যাহা গলানো হইয়াছে এমন, দ্রবীকৃত। দ্রু+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ।

দ্রাব্য—যাহা জলে গলানো যায় এরূপ, soluble. দ্রু+ণিচ্‌ (=দ্রাবি)+যৎ কর্ম। বিণ।

দ্রুত—শীঘ্র; ধাবিত; গলিত; আর্দ্র। দ্রু+ক্ত কর্তৃ। বিণ। বি, -ত্ব।

দ্রুতগতি—১। শীঘ্র গমন। কর্মধা। বি; স্ত্রী। ২। শীঘ্রগমনকারী। বহু। বিণ।

দ্রুতগামী (-গামিন্‌)—যে বা যাহা অতি শীঘ্র গমন করিতে পারে এরূপ। উপতৎ; দ্রুত—গম্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -গামিনী।

দ্রুতচারী (-চারিন্‌)—১। যে সব প্রাণী দ্রুতবেগে বিচরণ করে। বি; পুং। ২। দ্রুতগমনকারী। উপতৎ; দ্রুত—চর্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -চারিণী।

দ্রুতবেগে—দ্রুতগতিতে। দ্রুত বেগ, কর্মধা, তাহাতে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।

দ্রুতি—শীঘ্রতা; বেগ, গতিবেগ। দ্রু+ক্তি ভাব। বি; স্ত্রী।

দ্রুম—বৃক্ষ। দ্রু+ম কর্তৃ। বি; পুং।

দ্রোণ—১। মাপিবার পাত্র বিঃ, আঢ়ক; ৩২ সের পরিমাণ। দ্রু+ন করণ। বি; পুং বা ক্লী। ২। পাণ্ডব ও কৌরবদিগের অস্ত্র-শিক্ষাগুরু। দ্রোণী+অণ্‌ উৎপন্নার্থে। বি; পুং।

দ্রোণাচার্য—ভরদ্বাজ মুনির পুত্র। দ্রোণই আচার্য, কর্মধা। বি; পুং।

দ্রোণি, দ্রোণী—ডোঙ্গা, জলসেচনী; জলের গামলা; কলস; দুই পর্বতের মধ্যবর্তী স্থান। দ্রু+নি কর্তৃ, পক্ষে ঈপ্‌। বি; স্ত্রী।

দ্রোহ—অপকার; অনিষ্টচিন্তা; পরাভব। দ্রুহ্+ঘঞ্ ভাবে। বি; পুং। [স্ত্রী।
দ্রোহিতা—অনিষ্টাচরণ। দ্রোহিন্+তা ভাবে। বি;
দ্রোহী (দ্রোহিন্)—অপকারী; যে অনিষ্ট চিন্তা করে এরূপ; অভিভবকারী। দ্রুহ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। বি—দ্রোহিতা। স্ত্রী—দ্রোহিণী।
দ্রৌপদী—পঞ্চপাণ্ডবের পত্নী। দ্রুপদ+অণ্ অপত্যার্থে+ঈপ্। বি; স্ত্রী।

[ধ]

ধ—১। বাংলা বর্ণমালার ঊনবিংশ ব্যঞ্জনবর্ণ [ইহার উচ্চারণস্থান দন্ত]। ২। ধন। ধা+ক কর্ম। বি; ক্লী। [অ।
ধক—আগুনে জ্বলিবার অব্যক্ত শব্দ। ৴দহ্-ধাতু।
ধকধক—আগুনে জ্বলিবার চাপা শব্দ; হৃৎপিণ্ডের দ্রুত স্পন্দন; শোকদুঃখ বোধ হওয়া; ক্ষতাদির মধ্যে ব্যথাদায়ক কম্পন। বাংপ্র। অ।
ধকধকানো—ধকধক করা। বাংপ্র। ক্রি [, বি]।
ধকধকি, ধকধকানি—শোকদুঃখ বোধ; ক্ষতাদির ব্যথাদায়ক স্পন্দন; হৃৎপিণ্ডের স্পন্দন; আগুনে জ্বলার শব্দ। ধকধক্+ই, আনি ভাবে। বাংপ্র। বি।
ধকধক্‌—অগ্নিশিখার ক্রমশঃ বাড়িয়া যাওয়ার শব্দ, আগুনে জ্বলাব শব্দ। কপ্র। অ।
ধকল—উপদ্রব; ধাক্কা, অতি ব্যবহার ('—সইবে না'); বলপূর্বক অধিকার; কর্মজনিত শ্রম; ব্যবহারজনিত ক্ষয়। বাংপ্র। বি।
ধটিকা, ধটী—কোপীন, চীরবস্ত্র, ধড়া। ধট্+অচ্ কর্তৃ+ঈপ্; ১ম পক্ষে কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
ধড়—স্কন্ধ হইতে কোমর বা পা পর্যন্ত শরীর; মুণ্ডহীন দেহ; শরীর। বাংপ্র। বি। ধড়ে প্রাণ আসা—বিষম আতঙ্কের পর স্বস্তি লাভ করা।
ধড়ধড়—হৃৎপিণ্ডের দ্রুত স্পন্দনের শব্দ। বাংপ্র। অ।
ধড়ধড়ানি—বুকের কাঁপনি। বাংপ্র। বি। বিণ—ধড়ধড়ে।
ধড়ফড়—আকুলতা বা অস্থিরতা প্রকাশ, ছটফট; হৃদয়ের দ্রুত স্পন্দন। বাংপ্র। অ। বি, -ফড়ানি। বিণ—ধড়ফড়ে।
ধড়ফড়ানি—ছটফটে ভাব; অস্থিরতা প্রকাশ। ধড়ফড়+আনি ভাবে (বাংপ্র)। বি।
ধড়মড়—সহসা চাঞ্চল্য প্রকাশ, হঠাৎ কিছু ঘটাতে ব্রস্ততার ভাব। বাংপ্র। অ।
ধড়া—কটিবসন; কৌপীন। ৴ধটী। বি।
ধড়া-চূড়া—শ্রীকৃষ্ণের কটিবস্ত্র এবং মস্তকের চূড়া; (ব্যঙ্গার্থে) সাজ-পোশাক, ইজার টুপি ইঃ। দ্বন্দ্ব (বাংপ্র)। বি; স্ত্রী।
ধড়াম—দড়াম (তাহা দ্রঃ)।
ধড়াস—কোন ভারী দ্রব্য পতনের শব্দ। বাংপ্র। অ।
ধড়াস-ধড়াস—দ্রুতবেগে হৃৎস্পন্দনের শব্দ; হৃৎপিণ্ডের স্পন্দনশব্দ। বাংপ্র। অ।
ধড়িবাজ—ধূর্ত; প্রবঞ্চক। বাংপ্র। বিণ। বি, -বাজি।
ধন—বিত্ত, অর্থ; স্থাবর অস্থাবর সম্পত্তি; স্বর্ণ প্রঃ; গো-ধান্যাদি; মহার্ঘ বাঞ্ছনীয় বস্তু ('পরম —'); স্নেহসূচক শব্দ ('বাপ —'); মূলধন; জিতবস্তু; যোগচিহ্ন, plus sign, "+" এইপ্রকার চিহ্ন। ধন্+অচ্ কর্তৃ। বি; ক্লী।
ধনকুবের—ধনাধিপতি কুবেরের ন্যায় ধনী, যাহার প্রভূত অর্থ আছে এরূপ। ৭মীতৎ। বি বা বিণ; পুং।
ধনক্ষয়—বিত্তনাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ধনগর্ব—প্রভূত অর্থ আছে বলিয়া গর্ব, টাকার দেমাক। ধনজনিত গর্ব, মধ্যপ। বি; পুং। বিণ, -গর্বিত।
ধনঞ্জয়—অর্জুন। উপতৎ; ধন—জি+খচ্ কর্তৃ। বি; পুং।
ধনতৃষা, -তৃষ্ণা—অর্থলাভ করবার বলবতী আকাঙ্ক্ষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ধনদ—১। কুবের; ধনী। বি; পুং। ২। ধনদাতা। উপতৎ; ধন—দা+ক কর্তৃ। বিণ।
ধনদা—১। লক্ষ্মী। বি; স্ত্রী। ২। ধনদায়িনী। ধনদ+আপ্। বিণ; স্ত্রী।
ধনদাস—১। অর্থলোভের একান্ত বশীভূত, অর্থের দাস। বি বা বিণ। ২। অর্থের জন্য যে পরের নিকট অধীনতা বা হীনতা স্বীকার করে। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি।
ধনদৌলত—অর্থসম্পত্তি, ঐশ্বর্য। দ্বন্দ্ব (বাংপ্র)।
ধননিয়োগ, -প্রয়োগ—অর্থ বিনিয়োগ, টাকা খাটানো। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ধনপতি—কুবের; শ্রীমন্তের পিতা; ধনী ব্যক্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [স্ত্রী।
ধনপিপাসা—অত্যধিক অর্থলালসা। ৬ষ্ঠীতৎ। বি;
ধনবতী—অর্থশালিনী। ধন+মতুপ্+ঈপ্। বিণ; স্ত্রী। [স্ত্রী।
ধনবত্তা—ধনবানের অবস্থা। ধনবৎ+তা ভাবে। বি;
ধনবান্ (-বৎ)—১। ঐশ্বর্যশালী। বিণ। স্ত্রী, -বতী। বি, -বত্তা। ২। মহাজন। ধন+মতুপ্ আছে অর্থে। বি; পুং।
ধনবিজ্ঞান, -বিদ্যা—অর্থবিষয়ক শাস্ত্র, economics. ধনবিষয়ক বিজ্ঞান, বিদ্যা, মধ্যপ। বি; ক্লী, স্ত্রী।
ধনবিনিয়োগ—ধননিয়োগ (তাহা দ্রঃ)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধনভাণ্ডার—কোষাগার, ধন রাখিবার গৃহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ধনমদ—অর্থের গর্ব। ধনজনিত মদ, মধ্যপ। বি; পুং।
ধনলালসা, -লিপ্সা, -লোভ—অর্থলাভের প্রবল আকাঙ্ক্ষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ধনশালী (-শালিন্)—ধনী। উপতৎ; ধন—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শালিনী।**
ধনসম্পদ্, -সম্পত্তি—টাকাকড়ি এবং অন্যান্য বিষয়-বৈভব। দ্বন্দ্ব। বি; স্ত্রী।
ধনহীন—নির্ধন, দরিদ্র। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, **-হীনা।**
ধনাগম—আয়, লাভ, অর্থপ্রাপ্তি। ধনের আগম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ধনাগার—যে গৃহে টাকাকড়ি রাখা হয়, কোষাগার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [তৎ। বিণ।
ধনাঢ্য—**ধনবান্**। ধন দ্বারা আঢ্য (সম্পন্ন), ৩য়া-
ধনাধিকার—উত্তরাধিকারসূত্রে ধনলাভের অধিকার বা স্বত্ব। ধনে অধিকার, ৭মীতৎ। বি; পুং। বিণ—**ধনাধিকারী** (-রিন্)।
ধনাধিপ, -ধিপতি, -ধ্যক্ষ—১। কুবের; যাহার উপর ধনরক্ষার ও আয়-ব্যয়বিষয়ক তত্ত্বাবধানের ভার থাকে, খাজাঞ্চি; কোষরক্ষক। বি; পুং। ২। ধনবান্; মহাধনী। ৬ষ্ঠীতৎ। বিণ।
ধনাপহারী (-হারিন্)—চোর। উপতৎ; ধন—অপ—হৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-হারিণী।**
ধনার্জন—অর্থোপার্জন। ধনের অর্জন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ধনার্থী (-র্থিন্)—যে অর্থ চায়, অর্থপ্রার্থী। উপতৎ; ধন—অর্থ+ণিন্ কর্তৃ। বিণ; পুং। স্ত্রী, **-র্থিনী।**
ধনিক—১। ধন্যা বা ধনিয়া। ধনিন্—কৈ+ক কর্তৃ। বি; ক্লী। ২। ধনাঢ্য; উত্তমর্ণ, মহাজন; সাধু; মূলধন-দাতা, capitalist. ধন+ইক (ঠন্) আছে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-কা।**
ধনিকতন্ত্র—ধনিকদিগের দ্বারা পরিচালিত শাসন-ব্যবস্থা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ধনিকা—সুন্দরী; সাধ্বী স্ত্রী; ধনিকবধূ; যুবতী; ধনে মসলা। ধনিক+আপ্। বি; স্ত্রী।
ধনিচা, ধনচে—ধনচে গাছ। বাংপ্র। বি।
ধনিয়া—ধনে, মসলা বিঃ। <ধন্যা। বি।
ধনিষ্ঠা—অশ্বিনী প্রঃ সপ্তবিংশতি নক্ষত্রের ত্রয়োদশ নক্ষত্র; শ্রীরাধার সখী বিঃ। ধনবতী+ইষ্ঠন্+আপ্। বি; স্ত্রী।
ধনী (ধনিন্)—ধনবান্, বড়লোক। ধন+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**ধনিনী।**
ধনী—সুন্দরী যুবতী, সুন্দরী নায়িকা। <ধনিকা। কপ্র। বি; স্ত্রী।
ধনুঃ (ধনুস্), (> ধনু)—১। ধনুক। ধন্+উস্ কর্তৃ। ২। মেষাদি দ্বাদশরাশির নবম; চারিহস্ত পরিমাণ; এককাঠা; বৃত্তাংশ, arc of a circle. বি; পুং বা ক্লী।
ধনুক—ধনু। <ধনুস্। বি। **ধনুক ভাঙ্গা পণ**—দৃঢ় পণ, যে প্রতিজ্ঞা বা জেদ হইতে একজনকে সহজে বিচলিত করা যায় না (রাজর্ষি জনকের ধনুকভাঙ্গা সম্বন্ধীয় পণ হইতে)।
ধনুর্গুণ—ধনুকের ছিলা, জ্যা, শিঞ্জিনী। ধনুর (<ধনুস্-শব্দ) গুণ (জ্যা), ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ধনুর্ধর—তীরন্দাজ; কোন বিষয়ে যাহার অসাধারণ ক্ষমতা ও নৈপুণ্য হইয়াছে (ব্যঙ্গে তাহার ঠিক বিপরীত)। ধনুর (<ধনুস্-শব্দ) ধর, ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; পুং।
ধনুর্ধারী (-রিন্)—ধনুর্ধর। উপতৎ; ধনুস্—ধৃ+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-রিণী।**
ধনুর্বাণ—ধনুক এবং তীর। সমা দ্বন্দ্ব। বি; ক্লী।
ধনুর্বিদ্যা—তীর এবং অন্যান্য অস্ত্রচালন বিদ্যা। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ। বি; স্ত্রী।
ধনুর্বেদ—ধনুর্বিদ্যাবোধক শাস্ত্র; অস্ত্রবিদ্যা। ধনুঃ-সম্বন্ধীয় বেদ, মধ্যপ। বি; পুং।
ধনুষ্কোটি—ধনুর অগ্রভাগ; সেতুবন্ধের নিকটস্থ তীর্থস্থান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ধনুষ্টঙ্কার, ধনুষ্টংকার—১। ধনুর শব্দ; ধনুর ছিলার শব্দ। ধনুর (<ধনুস্ শব্দ) টঙ্কার, টংকার, ৬ষ্ঠীতৎ। ২। হস্ত-পদাদির আক্ষেপজনক রোগ বিঃ; খেঁচুনি, tetanus. বহু। বি; পুং।
ধনে—ধনিয়া; একপ্রকার মসলা। <ধন্যা। বি।
ধনের চাল—খোসা ছাড়ানো ভাঙ্গা ধনে।
ধনেশ—একধরনের পাখি। বাংপ্র। বি।
ধনেশ, -শ্বর—১। কুবের। বি; পুং। ২। ধনস্বামী। ধনের ঈশ, ঈশ্বর (প্রভু), ৬ষ্ঠীতৎ। বিণ।
ধন্দ—১। বিস্ময়কর ব্যাপার। বি। ২। হতভম্ব; বিস্মিত। কপ্র। বিণ। ৩। সাংসারিক ভাবনাচিন্তা, সংশয়; ধোঁকা; ধাঁধা; প্রমাদ। <দ্বন্দ্ব। বি।
ধন্ধ—দৃষ্টিভ্রম জন্মানো, ধাঁধা লাগা; ভ্রম; সংশয়। <দ্বন্দ্ব। বি।
ধন্বন্তরি—দেববৈদ্য; উত্তম চিকিৎসক বা ঔষধ; বিক্রমাদিত্যের সভার নবরত্নের এক রত্ন। ধন্বন্ (শিল্পশাস্ত্র)—অন্ত—ঋ+ইন্ কর্তৃ। বি; পুং।
ধন্বী (-ন্বিন্)—ধনুর্ধারী, ধনুষ্মান্। ধনু+ইন্ আছে অর্থে। বিণ।
ধন্য—১। ভাগ্যবান্; কৃতার্থ; প্রশংসনীয়; সাধু। বিণ। স্ত্রী—**ধন্যা।** ২। ধন; ধনিয়া। ধন+যৎ প্রয়োজনাদার্থে। বি; ক্লী।
ধন্যবাদ—"তুমি ধন্য"—এই বলিয়া প্রশংসা করা, প্রশংসাবাদ; কৃতজ্ঞতাসূচক উক্তি, thanks. ধন্য এই বাদ, কর্মধা। বি; পুং।
ধন্যাক—ধনিয়া, মসলা বিঃ। ধন্য+আকন্ হিতার্থে। বি; ক্লী। [শব্দ। বাংপ্র। অ।
ধপ—হঠাৎ ভারী বস্তু পতনের বা অগ্নি জ্বলনের
ধপধপ, ধবধব—১। শুভ্রতা প্রকাশ। অ। ২। অতি শুভ্র। বাংপ্র। বিণ।
ধপধপে, ধবধবে—অতি শুভ্র। ধপধপ, ধবধব+এ করে অর্থে। বাংপ্র। বিণ।

ধপাং, ধপাস, ধবাস—ভারী বস্তু পতনের শব্দ; হঠাৎ পতনের শব্দ। বাংপ্র। অ।

ধপাধপ—ক্রমাগত ভারী কিছু দিয়া আঘাত করার বা ভারী দ্রব্য পড়ার শব্দ। বাংপ্র। বি।

ধব—পতি, স্বামী; ধূর্ত ব্যক্তি; মনুষ্য। ধু বা ধূ+অচ্ কর্তৃ। বি; পুং।

ধবল—১। শুক্লবর্ণ; কর্পূর বিঃ; শ্বেতকুষ্ঠ; শ্বেতমরিচ। ধাব্+কলচ্ কর্তৃ, সংজ্ঞার্থে (আ-স্থানে অ)। বি; পুং। ২। রোগ বিঃ, শ্বেতী, leucoderma. বি; ক্লী। ৩। শুক্লবর্ণযুক্ত; সুন্দর। ধবল+অচ্ আছে অর্থে। বিণ।

ধবলগিরি—হিমালয় পর্বতের শৃঙ্গ বিঃ। কর্মধা। বি; পুং।

ধবলা, ধবলী—১। শুক্লবর্ণা। বিণ; স্ত্রী। ২। শুক্লবর্ণ ধেনু। ধবল+আপ্, ঈপ্। বি; স্ত্রী।

ধবলিত—শুক্লীকৃত; যাহাকে সাদা করা হইয়াছে এরূপ। ধবল+ণিচ্ (=ধবলি নামধাতু)+ক্ত কর্ম। বিণ। [বি; পুং।

ধবলিমা (-মন্)—শুভ্রতা। ধবল+ইমন্ ভাবে।

ধবলী—'ধবলা' দ্রঃ।

ধবলীকৃত—ধবলিত। ধবল+অভূততদ্ভাবার্থে চ্বি (=ধবলী)—কৃ+ক্ত কর্ম। বিণ।

ধমক—ভয়প্রদর্শন; হঠাৎ উচ্চারিত উচ্চ বা কঠোর ভর্ৎসনা; বেগ; ধাক্কা; প্রভাব। বাংপ্র। বি।

ধমক-ধামক—নানাভাবে বকুনি। বাংপ্র। বি।

ধমকানি—ধমক; তিরস্কার। ধমকা+নি ভাব। বি।

ধমকানো—ধমক দেওয়া; তিরস্কার করা। বাংপ্র। ক্রি [, বি]।

ধমনি, ধমনী—রক্তবাহিকা নাড়ী; শিরা, artery. ধম্+অনি করণ, কর্তৃ, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

ধমাধম—বার বার আঘাতের শব্দ। ধ্বন্যাত্মক অ।

ধম্বল—সংগীত আরম্ভের পূর্বে যে বাদ্য হইয়া থাকে তাহা; আখড়াই। বাংপ্র। বি। **ধম্বল দেওয়া**—দশজনে মিলিয়া মিছামিছি হই-হল্লা করা; কোন কাজ না করিয়া গোলমাল করা।

ধম্ম—ধর্ম। প্রাকৃত। বি। [পুং।

ধম্মিল্ল—খোঁপা; খুঁটি। ধম্—মিল্+ল কর্তৃ। বি;

ধর—১। ধারণকর্তা ('জল—', 'দণ্ড—')। ধৃ+অচ্ কর্তৃ। বিণ। ২। কায়স্থের উপাধি বিঃ। বাংপ্র। বি।

ধরণ—ধারণ। ধৃ+অনট্ ভাব। বি; ক্লী।

ধরণি, ধরণী—পৃথিবী, ধরা, ধরিত্রী। ধৃ+অনি কর্তৃ, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

ধরণিতল, ধরণীতল—পৃথিবীর উপরিভাগ, পৃথিবীর পৃষ্ঠদেশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ধরণিধর, ধরণীধর—বিষ্ণু; শিব; পর্বত; বাসুকি নাগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধরণী—'ধরণি' দ্রঃ।

ধরণীপতি, ধরাপতি—রাজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধরণীয়ে—পৃথিবীতে ('অলখে ধরণীয়ে বিহ্বত গানন্'—মাধব)। প্রা কপ্র। বি।

ধরণীশ্বর—শিব; রাজা; বিষ্ণু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধরতা—দোয়ার মূল গায়েনের মুখ হইতে যে পদ ধরিয়া লয়; ধরতি দ্রঃ। বাংপ্র। বি।

ধরতি—যাহা আন্দাজে ধরিয়া দেওয়া হয়; যাহা আনুমানিক হিসাবের পরে বা পূর্বে লওয়া হয়। ধর্+অতি কর্ম (বাংপ্র)। বি।

ধরন—পদ্ধতি, রীতি, চাল; আকৃতি, লক্ষণ, রকম। বাংপ্র। বি।

ধরনা—অভীষ্ট সিদ্ধির উদ্দেশ্যে অনশনে পড়িয়া থাকা, প্রতিশয় ('—দেওয়া'); ঠেকনো; যে কাঠের উপর চালের ফ্রেম থাকে; সাঁকোর বা ঢেঁকির ধরিবার বাঁশ। বাংপ্র। বি।

ধরপাকড়—গ্রেফতার; বহুলোককে ধরা এবং বন্দী করা; কোন কার্য সাধন করিবার উদ্দেশ্যে লোককে ধরাধরি করা। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

ধরম—< ধর্ম। বি।

ধরমশালা—< ধর্মশালা। বি।

ধরা—১। পৃথিবী। ধৃ+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী। ২। গণনা; দখল; সম্পর্ক; আত্মসমর্পণ; কর্তৃত্ব; কীর্তনগানের তাল বিঃ। বি। ৩। হস্ত দ্বারা ধারণ করা; পরিধান করা ('বেশ—'); গ্রহণ করা; বন্দী করা, আটকানো; আক্রমণ করা; সময় মত পাওয়া ('গাড়ি—'); নাছোড়বান্দা হইয়া অনুরোধ করা; আগ্রহ করা; আরম্ভ করা; কোন কিছু হইতে নিরস্ত না হওয়া ('জেদ—', 'আবদার—'); নির্ধারণ করা; বুঝিতে পারা; প্রদর্শন করা ('দোষ—'); গণ্য করা; কল্পনা করা; অতিরিক্ত গণনা করা; কাহারও উপর কার্যকর হওয়া বা ফল প্রকাশ করা; যন্ত্রণা বা বেদনাযুক্ত হওয়া; স্থান পাওয়া; উৎপন্ন হওয়া; প্রকাশ হওয়া; থামা ('বৃষ্টি—'); জ্বলা; সংযুক্ত হওয়া; সামান্য পুড়িয়া যাওয়া ('ভাত—'); হওয়া; সাজ করা; উচ্চারণ করা; উল্লেখ করা; বজায় রাখা; বদ্ধ হওয়া; বসিয়া যাওয়া ('গলা—'); মনে রাখা; স্পর্শ করা, মিলিত হওয়া; অভ্যাসের বশবর্তী হওয়া; হাজিয়া যাওয়া; আটকাইয়া যাওয়া; অভ্যাস করা; আক্রান্ত হওয়া। ক্রি। ৪। ধৃত; নির্ধারিত; বসা ('—গলা'); (কর্মবাচক শব্দের পরে) যে ধরে বা যাহা-দ্বারা ধরা যায়। ধর্+আ কর্ম, কর্তৃ করণ। বাংপ্র। বিণ। ৫। শান্ত রাখা, অধৈর্য হইতে না দেওয়া। প্রা কপ্র। ক্রি। **কান ধরা**—অনুতাপ করিয়া পুনরায় অপরাধ না করিবার জন্য কর্ণস্পর্শ করা; অপরাধের জন্য দায়ী করা। **ছাতা ধরা**—সাহায্য করা; ছাতা পড়া। **দোর ধরা**—ধরনা দেওয়া। **পায়ে ধরা** খোসামোদ করা। **মনে ধরা**—পছন্দ হওয়া। **হ্যাপা ধরা**—ঝঞ্ঝাট পোহানো; দায়িত্ব লওয়া।

ধরাকাট—বাঁধাবাঁধি; কঠিন নিয়ম। বাংপ্র। বি।

ধরাছোঁয়া—ধৃত বা স্পৃষ্ট হওয়া; নিকটে আগমন। বাংপ্র। বি। **ধরা-ছোঁয়া না দেওয়া**—কোন ব্যাপারে জড়িত থাকিয়াও জড়িত নয় বলিয়া লোকের নিকট মনে হওয়া; আয়ত্তের বাহিরে থাকা।

ধরাট, ধরাটি—বাঁধাবাঁধি নিয়ম; নৌকার একপ্রকার মঞ্চ; বাটা বা ছাড়, দস্তুরি, যাহা বাদ দেওয়া হয় বা ধরিয়া দেওয়া হয়; ঋণের সুদ বৃদ্ধির হার বিঃ। বাংপ্র। বি।

ধরাতল—ভূতল; পাতাল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ধরাধর—বিষ্ণু; পর্বত; কূর্মরাজ; মহাবরাহ। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

ধরাধরি—অনেকে মিলিয়া ধরা; অনুগ্রহলাভের জন্য সনির্বন্ধ অনুরোধ। বাংপ্র। বি।

ধরাধাম (-ধামন্)—পৃথিবী। ধরারূপ ধাম, রূপক কর্মধা। বি; ক্লী।

ধরানো—ধৃত করানো; অভ্যাস করানো; জ্বালানো; সংযুক্ত করা; রাখিবার স্থান করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ধরাপতি—'ধরণীপতি' দ্রঃ।

ধরাপৃষ্ঠ—ভূতল, পৃথিবীপৃষ্ঠ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ধরাবাঁধা—নির্দিষ্ট। আগে ধরা পরে বাঁধা, কর্মধা (বাংপ্র)। বিণ।

ধরাশায়ী (-শায়িন্)—ভূলুণ্ঠিত; পরাজিত; মৃত। উপতৎ; ধরা—শী+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শায়িনী**।

ধরিত্রী—পৃথিবী। ধৃ+ইত্র কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

ধর্তব্য—ধারণযোগ্য; বিবেচ্য; গ্রাহ্য। ধৃ+তব্য কর্ম (বাংপ্র)। বিণ।

ধর্তা (-র্তৃ)—ধারণকর্তা; বহনকর্তা। ধৃ+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**ধর্ত্রী**।

ধর্ম—১। সৎকর্ম-অনুষ্ঠানজন্য গুণ বিঃ; সুকৃত, শুভাদৃষ্ট, পুণ্য; শাস্ত্রানুযায়ী আচার-ব্যবহার; সমাজহিতকর বিধি; law; সুনীতি, morality; রীতি; কর্তব্য; ভাব; স্বাভাবিক অবস্থা; গুণ; স্বভাব; সাদৃশ্য; লগ্নের নবম স্থান; দেশ বিঃর বা জাতি বিঃর পরকাল প্রঃ অলৌকিক পদার্থবিষয়ক বিশ্বাস ও উপাসনাপ্রণালী, religion; উচিত কর্ম; (অভিধানমতে) সৎসঙ্গ; (দীপিকামতে) পুরুষের বিহিত ক্রিয়া-সাধ্য গুণ; (মহাভারতমতে) অহিংসা; (পুরাণমতে) যাহা দ্বারা লোকস্থিতি বিহিত হয়; (যুক্তিবাদিমতে) মনুষ্যের যাহা কর্তব্য তাহার সম্পাদন; (জ্ঞানবাদমতে) মনের যে প্রবৃত্তি দ্বারা বিশ্ব-বিধাতা পরমাত্মার প্রতি ভক্তি জন্মে। বি; পুং বা ক্লী। ২। যম; আত্মা; জীব; ন্যায় অন্যায় ও পাপ পুণ্যের বিচারকর্তা; ঈশ্বর; দেবতা বিঃ। ধৃ+মন্ কর্তৃ। বি; পুং।

ধর্মকর্ম (-কর্মন্), **ধর্মকার্য**—ধর্মজনক কর্ম, যে কর্মের অনুষ্ঠান করিলে ধর্ম হয়। ধর্মবিহিত কর্ম, কার্য, মধ্যপ। বি; ক্লী।

ধর্মকাম—ফল পাওয়ার আশায় যে পুণ্যকার্য করে এরূপ; ধর্মলাভেচ্ছু; ধর্মানুষ্ঠাতা। বহু। বিণ।

ধর্মক্ষেত্র—কুরুক্ষেত্র; পুণ্যধাম, ধর্মস্থান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ধর্মগ্রন্থ—পবিত্র পুস্তক; ভগবদ্বিষয়ক পুস্তক; সদাচার এবং কর্তব্যাকর্তব্য নির্ণায়ক পুস্তক; ধর্মমত-প্রতিষ্ঠাপক গ্রন্থ। ধর্মবিষয়ক গ্রন্থ, মধ্যপ। বি; পুং।

ধর্মঘট—১। বৈশাখ মাসে প্রত্যহ ভোজ্য-সুগন্ধোদক-পূর্ণ কলসদানরূপ ব্রত বিঃ। ধর্মার্থ ঘট অর্থাৎ ঘটদান যাহাতে, বহু। বি; পুং। ২। সকলে সমবেত হইয়া কোন কার্য না করিতে প্রতিজ্ঞা করা, strike. বাংপ্র। বি।

ধর্মঘটকারী (-কারিন্), **ধর্মঘটী** (-ঘটিন্)—যে অনেকের সংগে দলবদ্ধ হইয়া কার্য পরিত্যাগ করে। উপতৎ; ধর্মঘট—কৃ+ণিন্ কর্তৃ; ধর্মঘট+ইন্ আছে অর্থে (বাংপ্র)। বি বা বিণ।

ধর্মচক্র—দুঃখের কারণ ও নিবৃত্তিবিষয়ক বুদ্ধের উপদেশ চতুষ্টয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ধর্মচর্চা—ধর্মবিষয়ক আলোচনা, ধর্মানুশীলন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [স্ত্রী।

ধর্মচর্যা—ধর্মানুষ্ঠান, ধর্মপালন। ৬ষ্ঠীতৎ। বি;

ধর্মজ্ঞ—যিনি ধর্মের গূঢ়তত্ত্ব জানেন; শাস্ত্রজ্ঞ। উপ-তৎ; ধর্ম—জ্ঞা+ক কর্তৃ। বিণ।

ধর্মজ্ঞান—ধর্ম কাহাকে বলে তাহা জানা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ধর্মঠাকুর—অনাদি দেব, দেব নিরঞ্জন। কর্মধা (বাংপ্র)। বি।

ধর্মতঃ (-তস্)—ধর্মানুসারে, ন্যায়ানুসারে। ধর্ম+তস্ (৩য়া-স্থানে)। অ।

ধর্মতলা—ধর্মঠাকুরের পূজার স্থান। বাংপ্র। বি।

ধর্মত্যাগ—নিজের ধর্ম আচার প্রঃ পরিত্যাগপূর্বক অন্যজাতির ধর্ম গ্রহণ; নাস্তিকতা অবলম্বন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধর্মত্যাগী (-গিন্)—যে স্বজাতীয় ধর্মমত পরি-ত্যাগপূর্বক অন্য ধর্ম গ্রহণ করে এমন; নাস্তিক। উপতৎ; ধর্ম—ত্যজ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ত্যাগিনী**।

ধর্মদ্বেষী (-দ্বেষিন্), **-দ্রোহী** (-দ্রোহিন্)—যে ধর্মকার্যে বাধা প্রদান করে এরূপ, যে ধর্মের প্রতি ঘৃণা পোষণ করে এরূপ। উপতৎ; ধর্ম—দ্বিষ্, দ্রুহ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-দ্বেষিণী**, **-দ্রোহিণী**।

ধর্মধ্বজী (-জিন্)—কপট ধার্মিক, সাধুবেশী ভণ্ড। ধর্মধ্বজ+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ।

ধর্মনাশ—স্বধর্মের নাশ; স্ত্রীলোকের সতীত্ব নাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বিণ।

ধর্মনিষ্ঠ—ধর্মপরায়ণ। ধর্মে নিষ্ঠা যাহার, বহু।

ধর্মনিষ্ঠা—১। ধর্মবিষয়ে আন্তরিক আস্থা; সাধ্যানু-সারে ধর্মপথে চলা। ৭মীতৎ। বি; স্ত্রী। ২। ধর্মপরায়ণা। ধর্মনিষ্ঠ+আপ্। বিণ; স্ত্রী।

ধর্মপত্নী—১। সহধর্মিণী। ধর্মসম্মতা পত্নী, মধ্যপ কর্মধা। ২। যে পত্নীর সহিত ধর্মাচরণ বিধেয়। ৬ষ্ঠীতৎ (নিমিত্তার্থে)। বি; স্ত্রী।

ধর্মপথ—ন্যায়পথ পুণ্যকর্মাদি অনুষ্ঠান দ্বারা জীবনযাত্রাপ্রণালী। ধর্মের পন্থা (পথিন্), ৬ষ্ঠী তৎ+অচ্ সমাসান্ত। বি; পুং।

ধর্মপরায়ণ—ধার্মিক, ধর্মনিষ্ঠ। ধর্ম পর (শ্রেষ্ঠ) অয়ন (আশ্রয়) যাহার, বহু। বিণ। বি, -**পরায়ণতা**।

ধর্মপিতা (-পিতৃ)—ধর্মবাপ, ধর্মসাক্ষী করিয়া যাহাকে পিতা বলা হয়। ধর্ম (সাক্ষী করিয়া) গৃহীত পিতা, মধ্যপ। বি; পুং।

ধর্মপিপাসু—ধর্মলাভেচ্ছু। ৬ষ্ঠীতৎ। বিণ। বি, -**পিপাসা**।

ধর্মপুত্র—১। যুধিষ্ঠির। ৬ষ্ঠীতৎ। ২। ভিক্ষা-পুত্র; ধর্ম সাক্ষী করিয়া গৃহীত পুত্র। ধর্ম দ্বারা গৃহীত পুত্র, মধ্যপ। বি; পুং। **ধর্মপুত্র যুধিষ্ঠির**—(ব্যঙ্গে) প্রচ্ছন্ন পাপাচারী; ভণ্ড।

ধর্মপুস্তক—ধর্মগ্রন্থ। ধর্মবিষয়ক পুস্তক, মধ্যপ। বি; ক্লী।

ধর্মপ্রচার—লোকসমাজে ধর্ম-সম্বন্ধীয় মতবাদ ঘোষণা-করণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধর্মপ্রচারক—ধর্ম-সম্বন্ধীয় মতবাদ প্রচারকারী। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী, -**প্রচারিকা**।

ধর্মপ্রবণ—ধর্মের প্রতি অত্যধিক অনুরক্ত। ৭মীতৎ। বিণ।

ধর্মপ্রাণ—ধার্মিক। বহু। বিণ।

ধর্মবিপ্লব—ধর্মলোপ; ধর্মের পরিবর্তন; ধর্মবিষয়ক গোলযোগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধর্মবীর—ধর্মের জন্য আত্মোৎসর্গকারী, যিনি ধর্ম-কর্মের জন্য বিখ্যাত হইয়াছেন। ৭মীতৎ। বি; পুং।

ধর্মবুদ্ধি—১। ধর্মজ্ঞান। ধর্মবিষয়িণী বুদ্ধি, মধ্যপ। বি; স্ত্রী। ২। ধার্মিক। ধর্মে বুদ্ধি যাহার, বহু। বিণ।

ধর্মভগিনী—গুরুকন্যা; ধর্ম সাক্ষী করিয়া যাহার সহিত ভগিনীসম্বন্ধ স্থাপন করা হয়। ধর্মসম্বন্ধিনী ভগিনী, মধ্যপ। বি; স্ত্রী।

ধর্মভয়—ধর্মের ভয়, অধর্ম করিলে ধর্মের নিকট দণ্ড পাইতে ও পরলোকে অশেষ যাতনা ভোগ করিতে হয় বলিয়া বোধ ও বিশ্বাস। ৫মীতৎ। বি; ক্লী।

ধর্মভাই—সহপাঠী; সমধর্মাবলম্বী; এক গুরুর শিষ্য; ধর্ম সাক্ষী করিয়া যাহাকে ভ্রাতৃরূপে গ্রহণ করা হয়। <ধর্মভ্রাতা। বি; পুং।

ধর্মভীত, -ভীরু—যাহার মনে সতত ধর্মের ভয় থাকে এরূপ। ৫মীতৎ। বিণ।

ধর্মভ্রষ্ট—অধর্মাচরণহেতু ধর্মবিষয়ে পতিত, ধর্ম-চ্যুত। ৫মীতৎ। বিণ।

ধর্মভ্রাতা (-ভ্রাতৃ)—ধর্মভাই। ধর্মনির্দিষ্ট ভ্রাতা, মধ্যপ। বি; পুং।

ধর্মমন্দির—দেবালয়, ভজনালয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ধর্ম-মা—<ধর্মমাতা (-তৃ)। বি; স্ত্রী।

ধর্ম-মাতা (-মাতৃ)—ধর্ম সাক্ষী করিয়া যাহাকে মা বলা হইয়াছে। ধর্মনির্দিষ্টা মাতা, মধ্যপ। বি; স্ত্রী।

ধর্মযাজক—যিনি ধর্মোপদেশ দান করেন বা ধর্মকার্য সম্পন্ন করান তিনি। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী, -**যাজিকা**।

ধর্মযুদ্ধ—১। শাস্ত্রের বিধান অনুসারে কৃত যুদ্ধ। ধর্মসম্মত যুদ্ধ, মধ্যপ। ২। ধর্মরক্ষার জন্য কৃত যুদ্ধ; আরবীয় মুসলমানদের অধিকার হইতে খ্রীষ্টানদের পবিত্র তীর্থ-জেরুজালেম উদ্ধার করিবার জন্য ইওরোপের খ্রীষ্টান নৃপতিগণ উহাদের সহিত যে দীর্ঘকালব্যাপী যুদ্ধ করিয়াছিলেন তাহা, crusade. ধর্মের যুদ্ধ, ৬ষ্ঠীতৎ (নিমিত্তার্থে)। বি; ক্লী। [স্ত্রী।

ধর্মরক্ষা—সতীত্ব রক্ষা; ধর্মপালন। ৬ষ্ঠীতৎ। বি;

ধর্মরাজ—যম; যুধিষ্ঠির; বুদ্ধ; ধর্ম। ধর্মের (বিচারের) রাজা, ৬ষ্ঠীতৎ+টচ্ সমাসান্ত। বি; পুং।

ধর্মশালা—ধর্মার্থ গৃহ; যে স্থানে ধর্মার্থ অন্নাদি প্রদান করা হয়; তীর্থস্থানের অতিথিশালা; বিচারালয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ধর্মশাসন—১। ধর্মের অনুশাসন বা বিধি। ৬ষ্ঠী-তৎ। ২। ধর্মশাস্ত্র। মধ্যপ। বি; ক্লী।

ধর্মশাস্ত্র—ধর্মবিষয়ক শাস্ত্র; স্মৃতিশাস্ত্র; ধর্ম-সংহিতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ধর্মশাস্ত্রকার—স্মৃতিশাস্ত্রপ্রণেতা; মনু, অত্রি প্রঃ আঠারজন—যাঁহারা মানবের কর্তব্যনির্ণায়ক সংহিতাগ্রন্থ সকল প্রণয়ন করিয়াছেন। উপতৎ; ধর্মশাস্ত্র—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -**কারী**।

ধর্মশীল—যে ধর্মপথে চলে এরূপ। বহু। বিণ।

ধর্মসংগত—ধর্ম দ্বারা অনুমোদিত। ৩য়াতৎ। বিণ।

ধর্মসংগীত—ভগবদ্বিষয়ক গান। ধর্মবিষয়ক সংগীত, মধ্যপ। বি; ক্লী।

ধর্মসংস্কার—ধর্মের মন্দ জিনিস দূর করিয়া তাহার উন্নতি বিধান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধর্মসংস্কারক—দেশপ্রচলিত ধর্মের দোষসংশোধক ও উন্নতিসাধক। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ।

ধর্মসংস্থাপন—অধর্মের বিনাশপূর্বক ধর্মের প্রবর্তন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ধর্মসভা—প্রচলিত বেদবিহিত ধর্মের বিপরীত মত-প্রবর্তক অথবা তদনুবর্তী লোকদিগের দণ্ডবিধানার্থ সমাজ; ধর্মবিষয়ক আলোচনার জন্য সম্মেলন। ধর্মরক্ষিণী বা ধর্মবিষয়িণী সভা, মধ্যপ। বি; স্ত্রী।

ধর্মসম্মত—ধর্মসংগত; যাহার অনুষ্ঠান দ্বারা ধর্ম-হানি হয় না এরূপ। ৩য়াতৎ। বিণ।

ধর্মহানি—অধর্ম, ধর্ম পালনে ত্রুটি; ধর্মনাশ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ধর্মাচরণ—ধর্মকর্মের অনুষ্ঠান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ধর্মাত্মা (-ত্মন্)—ধর্মশীল, ধার্মিক। বহু। বিণ।

ধর্মাধর্ম—পুণ্য ও পাপ; সৎকর্ম ও অসৎকর্ম। দ্বন্দ্ব। বি; পুং।

ধর্মাধিকরণ—১। যে স্থলে ন্যায় অন্যায়ের বিচার হয়, আদালত। ধর্মের অধিকরণ (আধার), ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। বিচারক। বি; পুং। ৩। ধর্মশাস্ত্রজ্ঞ। ধর্ম—অধি—কৃ+অন কর্তৃ। বিণ।

ধর্মাধিকার—ন্যায় অন্যায় বিচারের অধিকার; বিচার-

পতির পদ বা কর্ম। ধর্মের (ন্যায়বিচারের) অধিকার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধর্মাধিকারী (-কারিন্)—বিচারপতি। ধর্মাধিকার+ইন্ আছে অর্থে। বি; পুং। স্ত্রী, **-কারিণী।**

ধর্মাধিষ্ঠান—বিচারালয়। ধর্মের অধিষ্ঠান (স্থান), ৬ষ্ঠীতৎ; অথবা, ধর্মের অধিষ্ঠান (স্থিতি) যে স্থানে, বহু। বি; ক্লী।

ধর্মাধ্যক্ষ—প্রধান বিচারক; বিষ্ণু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধর্মানুগত, ধর্মানুযায়ী (-য়িন্)—ধর্মের নিয়মানুসারে অনুষ্ঠিত; ধর্মপথাবলম্বী। ধর্মকে অনুগত, ২য়াতৎ; উপতৎ; ধর্ম—অনু—যা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-তা, -যায়িনী, -ণী।**

ধর্মানুমোদিত—ধর্মসংগত। ধর্ম কর্তৃক অনুমোদিত, ৩য়াতৎ। বিণ।

ধর্মানুষ্ঠান—পুণ্যকার্যকরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ধর্মান্তর—ভিন্ন ধর্ম। অন্য ধর্ম এই বাক্যে, নিত্য। বি; ক্লী।

ধর্মান্তর-পরিগ্রহ—স্বীয় ধর্মমত ত্যাগ করিয়া অপরের ধর্মমত (আনুষ্ঠানিকভাবে) গ্রহণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [যুক্তার্থে। বিণ।

ধর্মান্তরিত—অন্য ধর্মে দীক্ষিত। ধর্মান্তর+ইত

ধর্মান্ধ—নিজের ধর্মে দৃঢ় বিশ্বাসযুক্ত এবং পরধর্মবিদ্বেষী; গোঁড়া। ধর্মদ্বারা অন্ধ, ৩য়াতৎ। বিণ।

ধর্মাবতার—ধর্মের অবতার, সাক্ষাৎ ধর্ম, মূর্তিমান্ ধর্ম [রাজা বিচারপতি প্রঃকে সচরাচর এই শব্দে নির্দেশ ও সম্বোধন করা হইয়া থাকে]। ধর্মের অবতার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধর্মাবলম্বী (-লম্বিন্)—যে ধর্মকে আশ্রয় করিয়াছে এরূপ। উপতৎ; ধর্ম—অব—লম্ব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ম্বিনী।**

ধর্মার্থ—১। ধর্ম এবং ধনসম্পদ্। দ্বন্দ্ব। বি, পুং। ২। ধর্মের জন্য। ধর্মের জন্য এই বাক্যে, নিত্য। ক্রি-বিণ।

ধর্মাসন—বিচারকের উপবেশন-পীঠ; রাজাসন। ৬ষ্ঠীতৎ (নিমিত্তার্থে)। বি; ক্লী।

ধর্মিষ্ঠ—অতিশয় ধার্মিক। ধর্মিন্+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ।

ধর্মী (ধর্মিন্)—কোনো বিশেষ গুণ বা ধর্মবিশিষ্ট। ধর্ম+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**ধর্মিণী।**

ধর্মোন্মাদ—১। ধর্মসম্বন্ধে উন্মত্ততা, fanaticism. ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। ধর্ম সম্বন্ধে উন্মত্ত। ধর্মোন্মাদ (১)+অচ্ আছে অর্থে। বিণ।

ধর্মোপদেশ—ধর্মশিক্ষা, ধর্মনীতি। ধর্মবিষয়ক উপদেশ মধ্যপ। বি; পুং।

ধর্মোপদেষ্টা (-দেষ্টৃ)—ধর্মবিষয়ক উপদেশদানকারী, গুরু। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-দেষ্ট্রী।**

ধর্মোপেত—ধর্মসংগত। ধর্ম দ্বারা উপেত, ৩য়াতৎ। বিণ। [বিণ।

ধর্ম্য—ধর্মানুযায়ী; ধর্মলব্ধ। ধর্ম+যৎ অনপেতার্থে।

ধর্ষক—ধর্ষণকারী। ধৃষ্+ণক কর্তৃ। বিণ।

ধর্ষণ—পরাভবকরণ; বলপূর্বক বন্ধ করণ; অমর্ষ; প্রাগল্‌ভ্য; অবজ্ঞা; বলপূর্বক স্ত্রীলোকের সতীত্বনাশ; রমণ। ধৃষ্+অনট্ ভাব। বি; ক্লী।

ধর্ষণীয়—ধর্ষণযোগ্য, দলনযোগ্য। ধৃষ্+অনীয় কর্ম। বিণ। [কর্ম। বিণ।

ধর্ষিত—পরাজিত; অবমানিত; তিরস্কৃত। ধৃষ্+ক্ত

ধর্ষিতা—বলাৎকৃতা, বলপূর্বক যে স্ত্রীলোকের সতীত্ব নষ্ট করা হইয়াছে এরূপ। ধৃষ্+ক্ত কর্ম+আপ্। বিণ; স্ত্রী।

ধলা—ফরসা, সাদা। ‹ধবল। বিণ।

ধস—মাটির চাপ; ধসিয়া পড়ার শব্দ, মাটির চাপ ইঃ পড়ার শব্দ। বাংপ্র। অ। **ধস নামা, ধস ভাঙ্গা**—মাটির চাপ খসিয়া পড়া; পুষ্করিণী ইঃর পাড় খসিয়া জলে পড়া।

ধসকা—অন্তঃসারশূন্য; বলবীর্যহীন; যাহা ধসিয়া পড়িয়াছে এমন। বাংপ্র। বিণ।

ধসকানো—শ্লথ হইয়া পড়া, ভাঙ্গিয়া পড়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ধসধস, ধসধসে—ভাঙ্গিয়া পড়ার মত; দ্রুত স্পন্দিত। বাংপ্র। বিণ।

ধসা—১। ভাঙ্গিয়া বা খসিয়া পড়া; ধ্বংস হওয়া। ক্রি [, বি]। ২। যাহা ধসিয়া বা ভাঙ্গিয়া পড়িয়াছে এরূপ। ধস্+আ কর্তৃ (বাংপ্র)। বিণ।

ধস্তাধস্তি—পরস্পর বলপ্রয়োগ; বারবার বলপ্রয়োগ; ঠেলাঠেলি। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।

ধা—স্বরগ্রামের ষষ্ঠ স্বর। ‹ধৈবত। বি।

ধাই—উপমাতা, যে মায়ের মত শিশুপালন করে; যে স্ত্রী প্রসব করায়, যে অপরের শিশুকে স্তন দেয়। ‹ধাত্রী। বি; স্ত্রী।

ধাইমা—ধাত্রী। বাংপ্র। বি।

ধাউস, ঢাউস—বড়। বাংপ্র। বিণ।

ধাওড়া—খুব বড়। বাংপ্র। বিণ।

ধাওয়া—দৌড়ানো। ‹ধাব্ ধাতু ক্রি [, বি]।

ধাঁ—শীঘ্র, দ্রুত। বাংপ্র। অ।

ধাঁই—১। পুষ্প বিঃ। ‹ধাতকী। বি। ২। চড় মারা ইঃর অব্যক্ত শব্দ। বাংপ্র। অ।

ধাঁচ, ধাঁজ—রকম, প্রকার, ভঙ্গী। বাংপ্র। বি।

ধাঁধা—দৃষ্টিবিভ্রম; ধোঁকা; জটিল সমস্যা; প্রহেলিকা; সংশয়। ‹দ্বন্দ্ব। বি।

ধাক্কা—ঠেলা; আঘাত; বেগ; সহসা আগত বিপদ্ ভার ঠেলা বেগ ইঃ। ‹ধক্ক ধাতু। বি।

ধাঙ্গড়, ধাঙড়—সাঁওতালজাতীয় লোক; মেথর; ঝাড়ুদার। বাংপ্র। বি।

ধাড়ী—১। বহুপ্রসূত স্ত্রী-জন্তু, যাহার অনেক বাচ্চা জন্মিয়াছে এরূপ। ‹ধাত্রী। বি; স্ত্রী। ২। প্রধান; সর্দার, অগ্রণী; উচ্চপদের গায়ক। বাংপ্র। বিণ। [**ছাড়া**—মৃতপ্রায় হওয়া।

ধাত—মেজাজ; প্রকৃতি; শুক্র। ‹ধাতু। বি। **ধাত**

ধাতকী—ধাই ফুলের গাছ। ধাতু+ণিচ্ (=ধাতি নামধাতু)+অক (ণ্বুল্) কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

ধাতব—ধাতুঘটিত; ধাতু-সম্বন্ধীয়; ধাতুময়। ধাতু+অণ্ সম্বন্ধার্থে বা বিকারার্থে। বিণ; স্ত্রী, -**বী**।

ধাতস্থ—সুস্থ, প্রকৃতিস্থ, স্বাভাবিক অবস্থায় আগত; ভালরূপে আয়ত্ত বা অভ্যস্ত। উপতৎ; ধাত (<ধাতু)—স্থা+ক কর্তৃ। বিণ।

ধাতা (ধাতৃ)—বিধাতা; বিষ্ণু; ভৃগুর পুত্র; পিতা; আত্মা; ঊনপঞ্চাশৎ বায়ুর অন্যতম বায়ু; আদিত্য বিঃ; উপপতি; রক্ষাকর্তা; ধারণকর্তা; সৃষ্টিকর্তা; নির্মাতা। ধা+তৃন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী—**ধাত্রী**।

ধাতু—১। দেহস্থ বাত পিত্ত কফ শোণিত মাংস মেদঃ মজ্জা শুক্র অস্থি প্রঃ; রস রক্ত মাংস মেদঃ অস্থি মজ্জা ও শুক্র—এই সাতটি; ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ও ব্যোম—এই পঞ্চভূত; গিরিমাটি; স্বর্ণ রৌপ্য কাংস্য পিত্তল তাম্র সীসক রঙ্গ ও লৌহ—এই অষ্ট তৈজস পদার্থ; প্রকৃতি, স্বভাব; স্বরূপ; অবস্থা; উপাদান, সমবায়িকারণ; জ্ঞানেন্দ্রিয়; পারদ; স ঋ গ প্রঃ; ভূ স্থা গম্ প্রঃ ক্রিয়াবাচক প্রকৃতি। ধা+তুন্ কর্তৃ সংজ্ঞার্থে। বি; পুং। ২। নাড়ীর গতি। বাংপ্র। বি।

ধাতুক্ষয়—শরীরস্থ ধাতুর ক্ষয়, শুক্রক্ষয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধাতুগত—মজ্জাগত; অভ্যাস দ্বারা স্বভাবে পরিণত; প্রকৃতিগত; শরীর সম্বন্ধীয়। ২য়াতৎ। বিণ।

ধাতুগর্ভ—চৈত্য, মঠ ইঃ; যাহার মধ্যে বুদ্ধাদি মহামানবের ধাতু (অস্থি দন্ত ইঃ) রক্ষিত আছে, dagoba. ধাতু গর্ভে যাহার, বহু। বি।

ধাতুঘটিত—ধাতুসংযোগে প্রস্তুত; ধাতু সম্বন্ধীয়। ৩য়াতৎ। বিণ।

ধাতুময়—ধাতুনির্মিত। ধাতু+ময়ট্ বিকারার্থে। বিণ।

ধাতুমল—মরিচা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ধাতুশোধন—ধাতু বিশুদ্ধকরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ধাতুসাম্য—ভাল স্বাস্থ্য দেহস্থ বায়ু পিত্ত এবং কফের সমতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ধাত্রী—১। মাতা; ধাই-মা; পৃথ্বী; আমলকী। বি; স্ত্রী। ২। ধারণকারিণী। ধাতৃ+ঈপ্। বিণ; স্ত্রী।

ধাত্রীপুত্র—নট; উপমাতার পুত্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধাত্রীফল—আমলকী। কর্মধা। বি; ক্লী।

ধান—১। নিধান, আধার; স্থান। ধা+অনট্ অধি। বি; ক্লী। ২। সতুষ তণ্ডুল; এক রতির ৪ ভাগের একভাগ পরিমাণ। <ধান্য। বি। **ধান কাঁড়া**—ধানকে ঢেঁকিতে কাটিয়া তুষশূন্য করা। **ধান কোটা**—ধান কোঁড়া; ঢেঁকিতে ধান ভাঙ্গা। **ধান দিয়া লেখাপড়া শেখা**—খরচপত্র না করিয়া অল্প ব্যয়ে বিদ্যাশিক্ষা করা। **ধান ভানতে শিবের গীত**—অপ্রাসঙ্গিক ব্যাপার।

ধানশ্রী—একটি রাগিণী। <ধনাশ্রী। বি।

ধানাইপানাই—অসংবন্ধ বাগ্‌জাল বিস্তার। বাংপ্র। বি।

ধানিকা—নিধান; আধার। ধা+অনট্ অধি+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

ধানী—১। আধার; স্থান ('রাজ —'); যাহাতে রাখা যায়; ব্যবসায়ী। ধা+অনট্ অধি+ঈপ্। বি; স্ত্রী। ২। ধান্যমিশ্রিত; ধান্যসদৃশ ('—লঙ্কা'); কাঁচা-ধানের বর্ণযুক্ত; ক্ষুদ্র। ধান+ঈ সাদৃশ্যাদি অর্থে (বাংপ্র)। বিণ।

ধানুকী—ধনুর্ধারী। <ধানুষ্ক। বি বা বিণ।

ধানুষ্ক—১। ধনুর্ধারী। বি; পুং। ২। ধনুর্বিদ্যায় যাহার নৈপুণ্য জন্মিয়াছে এরূপ। ধনুস্+ক (ঠক্) তাহার অস্ত্র অর্থে। বিণ। স্ত্রী, -**ষ্কী**।

ধান্দা, ধান্ধা—কাজকর্মের চিন্তা বা চেষ্টা; কাজ; উপায়; ফিকির। <দ্বন্দ্ব। বি।

ধান্য—শস্য; সতুষ তণ্ডুল, ধান; ধনিয়া। ধান+যৎ সাধু অর্থে। বি; ক্লী।

ধান্যাম্ল—১। কাঁজি, আমানি। ধান্যজাত অম্ল, মধ্যপ। ২। রাসায়নিক অম্ল পদার্থ বিঃ, acetic acid. বি; ক্লী।

ধান্যেশ্বরী—ধেনো মদ (বিদ্রূপার্থে)। বাংপ্র। বি।

ধাপ—সোপানের প্রত্যেক পদবিক্ষেপের স্থান, সিঁড়ি। বাংপ্র। বি।

ধাপধাড়া-গোবিন্দপুর—অখ্যাত অজ্ঞাত দূরবর্তী পল্লীগ্রাম। বাংপ্র। বি।

ধাপড়ানো—মাটিতে শুইয়া হাত পা ছোড়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ধাপা—শস্যশূন্য বৃহৎ প্রান্তর বা জলপূর্ণ স্থান; বৃহৎ জঙ্গলপূর্ণ স্থান। বাংপ্র। বি।

ধাপাড়—খালি মাঠ; বিস্তার। বাংপ্র। বি।

ধাপুস—পতনশব্দ বিঃ। বাংপ্র। অ।

ধাপ্পা—মিথ্যা আশ্বাস; ভয়প্রদর্শন; প্রতারণা; দম-বাজি। বাংপ্র। বি।

ধাপ্পাবাজ—প্রতারক, যে মিথ্যা আশ্বাস দান করিয়া বা ভয় দেখাইয়া প্রতারণা করে এরূপ। ধাপ্পা+বাজ শীলার্থে (বাংপ্র)। বিণ। বি—**ধাপ্পাবাজি**।

ধাবক—১। দ্রুতগামী; বেতন-গ্রহণপূর্বক এক স্থান হইতে পত্র বা সংবাদ লইয়া স্থানান্তরে যাওয়া যাহার জীবিকা এরূপ; ক্ষালক, পরিষ্কারক। বিণ। স্ত্রী—**ধাবিকা**। ২। রজক, ধোপা। ধাব্+ণক কর্তৃ। বি; পুং। [বাংপ্র। বি।

ধাবড়া—অনেক স্থান জুড়িয়া কালি প্রঃর দাগ।

ধাবন—দৌড়ানো; ধৌতকরণ, প্রক্ষালন। ধাব্+অনট্ ভাব। বি; ক্লী।

ধাবনকূর্দন—দৌড়ানো ও খেলা করা; দৌড়ের মুখে ডিগবাজি খাওয়া। দ্বন্দ্ব। বি; ক্লী।

ধাবমান—যে চলিতেছে এরূপ, যে দৌড়িয়া যাইতেছে এরূপ। ধাব্+শানচ্ কর্তৃ। বিণ।

ধাবাড়ে—যে খুব তাড়াতাড়ি কাজ করে এমন; যে বেগে চলিতেছে এমন। বাংপ্র। বিণ।

ধাবিত—১। যে বেগে চলিতেছে এরূপ। ধাব্+ক্ত কর্তৃ। ২। অনুসৃত; ধৌত। ধাব্+ক্ত কর্ম। বিণ।

ধাম (ধামন্)—গৃহ; স্থান; তীর্থস্থান; আধার; উচ্চপদ; শরীর; জন্ম; প্রতাপ; প্রভাব; দীপ্তি। ধা+মনিন্ অধি, কর্ম, ভাব। বি; ক্লী।

ধামনিক—ধমনী সংক্রান্ত। ধমনী+ইক সম্বন্ধার্থে। বিণ।
ধামসানো—দলিত করা, হাত-পা দিয়া চটকানো। বাংপ্র। ক্রি [,বি,বিণ]। বি, **-সানি**।
ধামা—শস্যাদি রাখিবার বা মাপিবার বেতের ঝুড়ি বিঃ। <ধামক। বি।
ধামাচাপা—গোপন; অন্য বিষয় বা বস্তু দ্বারা আবৃত বা বিস্মৃত। ৩য়াতৎ (বাংপ্র)। বি বা বিণ।
ধামা-ধরা—খোশামুদে। উপতৎ (বাংপ্র)। বিণ।
ধামার—চৌদ্দমাত্রার তাল বিঃ। বাংপ্র। বি।
ধামালি—মৃদঙ্গে প্রযুক্ত অষ্টমাত্রিক তাল বিঃ। বাংপ্র। বি।
ধামি—বেতের ছোট পাত্র। বাংপ্র। বি।
ধার—১। কর্জ, ঋণ। ধৃ+ঘঞ্ কর্ম। ২। প্রান্ত-ভাগ, শেষসীমা; অস্ত্রের তীক্ষ্ণাংশ; প্রাখর্য; প্রস্তর বিঃ; গভীরতা। ধারা+অণ্ সম্বন্ধার্থে। বি; পুং। ৩। তরলবস্তুর অবিচ্ছেদে পতন, নিয়ত ক্ষরণ। ধারা+অণ্ স্বার্থে। বি; ক্লী। ৪। সংস্রব ('লেখা-পড়ার—ধারে না')। বাংপ্র। বি।
ধারক—১। ধারণকর্তা; অধমর্ণ; যাহা দাস্ত বন্ধ করে এরূপ। বিণ। স্ত্রী—**ধারিকা**। ২। পাত্র; যে ঔষধে ভেদ বন্ধ হয়, যাহা খাওয়াইলে উদরভঙ্গের নিবৃত্তি হয়; যিনি পুরোহিতকে মন্ত্র স্মরণ করাইয়া দেন। ধৃ+ণক কর্তৃ। বি; পুং।
ধারকর্জ—ঋণ। দ্বন্দ্ব। বি।
ধারণ—হস্তে বা অঙ্গে গ্রহণ; অবলম্বন; পরিধান; সেবা; পরিগ্রহ; স্মরণ; রক্ষণ; নিবারণ; সংবরণ; বহন ('গোবর্ধন—'); স্থাপন। ধৃ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
ধারণা—স্থিরতা, নিশ্চয়; মেধা; স্থাপনা; স্মরণে রাখা; ন্যায্যপথে স্থিতি; বুদ্ধি; চিত্তের একাগ্রতা; যোগাঙ্গ বিঃ; উপাসনার সময় মনঃস্থৈর্য; বিশ্বাস, সংস্কার ('ভুল—'); ক্রমাগত স্থিতি। ধৃ+ণিচ্ +অন ভাব+আপ্। বি; স্ত্রী।
ধারণাশক্তি—স্মৃতিশক্তি; বীর্যধারণশক্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [কর্ম]। বিণ।
ধারণীয়—ধারণযোগ্য; রক্ষণীয়। ধৃ+ণিচ+অনীয়
ধারয়িতা (-য়িতৃ)—ধারক, যে ধারণ করে এরূপ। ধৃ+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ।
ধারয়িত্রী—১। পৃথিবী। বি; স্ত্রী। ২। ধারণ-কর্ত্রী। ধৃ+ণিচ্+তৃন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
ধারয়িষ্ণু—ধারণাশীল। ধৃ+ণিচ্+ইষ্ণু কর্তৃ। বিণ।
ধারা—১। দ্রব বস্তুর নিরন্তর ক্ষরণ; বৃষ্টি। ধৃ+ণিচ্+অঙ্ ভাব+আপ্। ২। সাদৃশ্য; উৎকর্ষ; যশঃ; সৈন্যের অগ্রভাগ, প্রাকার; অস্ত্রের তীক্ষ্ণ প্রান্তভাগ; লম্বমান জলবিন্দু; নির্ঝর; প্রণালী, রীতি; শৃঙ্খলা; শ্রেণী; ক্রমাগত স্থিতি; সমূহ; ঘটাদির ছিদ্র; অধ্যায়; প্রকরণ; (বাংপ্র) আইনের বিধি, section; ব্যবস্থা; বিনি-য়োগ। ধৃ+ণিচ্+অঙ্ করণ+আপ। বি; স্ত্রী। ৩। ধার করা; ঋণী থাকা। বাংপ্র। ক্রি।

ধারাগৃহ—স্নানাগার; ফোয়ারার ঘর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ধারাধর—মেঘ; অস্ত্র; খড়্গ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ধারানি—বৃষ্টির যে জল গড়াইয়া যায় তাহা। বাংপ্র। বি।
ধারানিবন্ধ—প্রণালীবিন্ধ; প্রথানুযায়ী সম্পাদিত; প্রান্তভাবে সংলগ্ন। ৩য়াতৎ বা ৭মীতৎ। বিণ।
ধারাপাত—১। জলধারার পতন। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। প্রাথমিক অঙ্কশিক্ষার সহজ প্রণালীযুক্ত বাঙ্গালা পুস্তক বিঃ। ধারার (অঙ্কশিক্ষা-প্রণালীর) পাত (সূত্রপাত) যাহাতে, বহু (বাংপ্র)। বি।
ধারাবর্ষ, -বর্ষণ—অবিচ্ছেদে ধারাক্রমে বর্ষণ। ধারা-যুক্ত বর্ষ, বর্ষণ, মধ্যপ। বি; পুং, ক্লী।
ধারাবাহিক—ক্রমাগত স্থিতিশীল, অবিরত স্থায়ী, অবিচ্ছিন্ন। ধারায় বাহ, সুপ্‌সুপা; ধারাবাহ+ইক আছে অর্থে। বিণ। স্ত্রী, **-কী**।
ধারাবাহী (-হিন্)—অবিরত, স্থায়ী, অবিচ্ছিন্ন। উপতৎ; ধারা—বহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাহিনী, -ণী**। বি, **-বাহিতা**।
ধারাযন্ত্র—কৃত্রিম উৎস, বৃষ্টিবিন্দুর মত স্নানজল ফেলিবার যন্ত্র, shower. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ধারালো—সুশাণিত, তীক্ষ্ণ। ধার+আলো বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।
ধারাসম্পাত—অতিশয় বর্ষণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ধারিত—ধৃত; গ্রাহিত; বাহিত; স্থাপিত। ধৃ+ণিচ্ +ক্ত কর্ম। বিণ।
ধারী (ধারিন্)—১। (সমাসে) ধারণকর্তা। ধৃ+ণিন্ কর্তৃ। ২। ধারালো; ঋণী। ধার+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**ধারিণী**।
ধারোষ্ণ—দোহন করিবার সময় ধারাকারে পতিত এবং উষ্ণ ('—দুগ্ধ')। ধারাদ্বারা উষ্ণ, ৩য়াতৎ। বিণ।
ধার্তরাষ্ট্র—ধৃতরাষ্ট্রের পুত্র। ধৃতরাষ্ট্র+অণ্ অপত্যাদি অর্থে। বি; পুং।
ধার্মিক—ধর্মশীল, পুণ্যাত্মা। ধর্ম+ইক আচরণ করে এই অর্থে। বিণ। স্ত্রী, **-কা** (বাং), **-কী** (সং)।
ধার্য—১। ধারণীয়; গ্রাহ্য; স্থিরীকার্য, অবধারণীয়। ধৃ+ণিচ্+যৎ কর্ম। ২। যাহা স্থির করা হইয়াছে এরূপ, imposed (কর—হইল')। বাংপ্র। বিণ।
ধার্যমাণ—যাহাকে ধারণ করা হইতেছে এরূপ; গৃহ্যমাণ। ধৃ+ণিচ্+শানচ কর্ম। বিণ।
ধাষ্টামো, ধাষ্টামি—ধৃষ্টতা; নির্লজ্জতা; নিন্দাজনক কার্যকরণ। বাংপ্র। বি।
ধিক্—নিন্দা ভর্ৎসনা অবজ্ঞা প্রঃ সূচক শব্দ। অ।
ধিকিধিকি—আস্তে আস্তে (তুষ প্রঃর জ্বলন)। বাংপ্র। অ, ক্রি-বিণ।
ধিক্কার—ধিক্ করা, ধিক্ বলা, ধিক্ শব্দ প্রয়োগ-পূর্বক ভর্ৎসনা করা; অপকর্ম করিলে বা অবমানিত হইলে ঘৃণা বা বিরাগের উদয়; অবজ্ঞা; নিন্দা। ধিক্—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

ধিক্কৃত—ভর্ৎসিত; নিন্দিত। ধিক্—কৃ+ক্ত কর্ম। বিণ।

ধিঙ্গী—দলের সর্দার; বলবান্; দুরন্ত; চঞ্চল-স্বভাব; প্রগল্ভ ('—মেয়ে')। বাংপ্র। বিণ।

ধিঙ্গীপনা—ধিঙ্গীর ন্যায় আচরণ। বাংপ্র। বি।

ধিনাধিন—নাচের ভাব; বাজনার বোল। বাংপ্র। অ।

ধিনিকেষ্ট—(বিদ্রূপার্থে) নর্তনশীল কৃষ্ণ, ধিনাধিন করিয়া নাচিতেছে এরূপ ব্যক্তি। বাংপ্র। বি।

ধিমা—মৃদু; অলস; যাহা দ্রুত নহে এরূপ। বাংপ্র। বিণ।

ধিষণ—বুদ্ধি, জ্ঞান। ধৃষ্+অন করণ। বি; পুং।

ধিষণা—বুদ্ধি, জ্ঞান; পৃথিবী; পাত্র। ধিষণ+আপ্। বি; স্ত্রী।

ধী—বুদ্ধি, জ্ঞান, মতি। ধ্যৈ+ক্বিপ্ করণ। বি; স্ত্রী।

ধীগুণ—শুশ্রূষা শ্রবণ গ্রহণ ধারণ তর্কবিতর্ক অর্থ-বোধ তত্ত্বজ্ঞান—এই অষ্টপ্রকার বুদ্ধিগুণ। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

ধীবর—মাছ ধরা ও বিক্রয় করা যাহার ব্যবসায় সেই জাতি, কৈবর্ত। ধা+ষ্বরচ্ কর্তৃ (নিপা)। বি; পুং। স্ত্রী, -রী।

ধীমান্ (-মৎ)—বুদ্ধিমান্, জ্ঞানী। ধী+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**ধীমতী**।

ধীর—যে ব্যক্তি কষ্ট শোক প্রঃতে অত্যন্ত অভিভূত হয় না এরূপ; ধৈর্যশীল; পণ্ডিত; বুদ্ধিমান্; গম্ভীর; যাহার সহসা বুদ্ধিবিপর্যয় ঘটে না এরূপ; জ্ঞানী; যে সবিশেষ না বুঝিয়া সহসা কোন কর্ম করে না এরূপ; শান্ত; নম্র; স্থিত; অদ্রুত; সমর্থ; সারবান্। ধী—রা+ক কর্তৃ। বিণ।

ধীরা—যে নায়িকার ক্রোধপ্রকাশ বুঝিতে পারা যায় না। ধীর+আপ্। বি বা বিণ; স্ত্রী।

ধীরাধীরা—যে নায়িকার কোপপ্রকাশ কিয়ৎপরিমাণে অব্যক্ত থাকে। ধীরা অথচ অধীরা, কর্মধা। বি বা বিণ; স্ত্রী।

ধীরিধীরি—আস্তে আস্তে, মৃদু মৃদু। কপ্র। ক্রি-বিণ।

ধীরেসুস্থে—তাড়াতাড়ি না করিয়া, আস্তে আস্তে। বাংপ্র। ক্রি-বিণ।

ধীরোদাত্ত—যে হর্ষ বা শোকে অভিভূত হয় না এরূপ; যে বিনয় দ্বারা গর্বকে প্রচ্ছন্ন রাখে এবং অঙ্গীকার প্রতিপালন করে এরূপ নায়ক। ধীর অথচ উদাত্ত, কর্মধা। বি; পুং, বা বিণ।

ধীরোদ্ধত—মায়াবী উদ্ধত চঞ্চল অহংকৃত এবং আত্ম-শ্লাঘা-নিরত নায়ক। ধীর অথচ উদ্ধত, কর্মধা। বি; পুং, বা বিণ।

ধুকড়, ধুকুড়—ছেঁড়া কাঁথা; মোটা কাপড়; থলি। বাংপ্র। বি। [বি।

ধুকধুক, -ধুকানি, -ধুকুনি—হৃদয়ের স্পন্দন। বাংপ্র।

ধুকধুকি—কণ্ঠহারের সহিত লাগানো এবং বুকের উপর ঝুলানো হরতন বা ইস্কাবনের আকারযুক্ত অলংকার locket. বাংপ্র। বি।

ধুকানি, ধুকুনি—হাঁপানি। বাংপ্র। বি।

ধুকপুক—আশঙ্কা-হেতু বা কার্পণ্য-হেতু হৃৎস্পন্দন। বাংপ্র। বি। [বি।

ধুচনি, ধুচুনি—চাউল ধুইবার বাঁশের পাত্র। বাংপ্র।

ধুৎ, ধেৎ—অসম্মতিসূচক বিরক্তিসূচক বা লজ্জাসূচক শব্দ। বাংপ্র। অ।

ধুত, ধূত—কম্পিত; ত্যক্ত। ধু, ধূ+ক্ত কর্ম। বিণ।

ধুতি—পুরুষের পরিধানবস্ত্র। <ধৌত্র বা ধৌতি। বি। [বি।

ধুতুরা, ধুতরো—ধুস্তূর। <ধুস্তুর ও ধুস্তূর।

ধুধু—আগুন জ্বলিবার শব্দ; মরুভূমি বা প্রান্তর প্রঃর শূন্যতাপ্রকাশক শব্দ। বাংপ্র। অ।

ধুনচি, ধুনুচি—তুলা ধুনিবার ধনুকাকৃতি যন্ত্র; ধুনা পোড়াইবার পাত্র। বাংপ্র। বি।

ধুনন, ধূনন—চালানো, নাড়াচাড়া; কম্পন; বিচলিত হওয়া। ধু, ধূ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

ধুনা—১। বড় ধনুরাকৃতি যন্ত্র দিয়া (তুলা) পিঁজা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। ২। ধুনা। <ধুনক। বি।

ধুনানো—ধুনকর দিয়া তুলা পিঁজানো, তুলা পরি-ষ্কার করা; বিলক্ষণ প্রহার করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ধুনি, ধুনী—১। নদী। ধু+নিক্ কর্তৃ; ২য় পক্ষে ঈপ্। বি; স্ত্রী। ২। সন্ন্যাসীর অগ্নিকুণ্ড। হি-মু। বি।

ধুনুরী, ধুনারী, ধুনরী—যে তুলা ধুনে। বাংপ্র। বি।

ধুনো—ধুনা। বাংপ্র। বি।

ধুন্দুল, ধুঁদুল—ঝিঙার মত একপ্রকার ফল। বাংপ্র। বি। [বাংপ্র। বি।

ধুন্ধুমার—১। তুমুল। বিণ। ২। মহাগোলযোগ।

ধুপ্—পতনের শব্দ। বাংপ্র। অ।

ধুপ—গন্ধদ্রব্য বিঃ; রৌদ্র। হি-মু। বি।

ধুপছায়া—রৌদ্র ও ছায়া; ময়ূরকণ্ঠী রং, যাহাতে দুইটি বর্ণের সমাবেশ আছে এরূপ রং। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

ধুপী—ধোপা। বাংপ্র। বি।

ধুম—১। সমারোহ; ভিড়; আগ্রহ। বি। ২। ভারী বস্তু পড়িবার শব্দ; কিলের শব্দ। বাংপ্র। অ।

ধুমড়ী—মোটা স্ত্রীলোক; (তুচ্ছার্থে) অধিকবয়স্কা চরিত্রহীনা নারী। বাংপ্র। বি; স্ত্রী।

ধুমধড়াক্কা—সমারোহ; মাতামাতি। বাংপ্র। বি।

ধুমধাম—সমারোহ; মাতামাতি। বাংপ্র। বি।

ধুমধুম—বার বার কিল বা ঘুষি মারার শব্দ। বাংপ্র। অ। ক্রি—**ধুমধুমানো**।

ধুমসা, ধুমসো—মোটা; কাল ও মোটা। বাংপ্র। বিণ। স্ত্রী, -সী। [বাংপ্র। ক্রি [, বি]।

ধুমসানো—ভীষণ প্রহার করা, কিল ঘুষি মারা।

ধুম্ব—মোটা ও লম্বা (অবজ্ঞার্থে)। বাংপ্র। বিণ। স্ত্রী—**ধুম্বী**।

ধুয়া, ধুয়ো—১। গানের যে সব পদ দোহারগণ বার বার গায়; জনরব, দশজনের মুখে মুখে আবৃত্ত কথা। <ধ্রুবা। ২। আবদার, ছল। বাংপ্র। বি।

ধুর, ধুরা—গাড়ির অগ্রভাগ; অক্ষদণ্ড। ধুর্ব+কিপ্ করণ; ২য় পক্ষে আপ্। বি; স্ত্রী।

ধুরন্ধর—প্রধান; দক্ষ, কার্যকুশল; ভারবাহক। উপতৎ; ধুর্—ধৃ+খচ্ কর্তৃ। বিণ।

ধুরা—'ধুর' দ্রঃ।

ধুরীণ—ধুরন্ধর। ধুর্+ঈন। বিণ।

ধুলট, ধুলোট—সংকীর্তনের পরে গায়ে ধুলা মাখা বা ধুলায় গড়াগড়ি দেওয়া; নবদ্বীপে মাঘী পূর্ণিমার চারিদিন পূর্ব হইতে ঐ দিন পর্যন্ত অনুষ্ঠিত উৎসব। বাংপ্র। বি।

ধুলা, ধুলো—মাটির গুঁড়া, মৃত্তিকাচূর্ণ, রজঃ। < ধূলি। বি। [বি।

ধুলাকাদা—শুকনো ও ভিজা মাটি। দ্বন্দ্ব (বাংপ্র)।

ধুলাখেলা—ধুলা লইয়া খেলা; ছেলেখেলা। ৩য়াতৎ (বাংপ্র)। বি।

ধুলা-পা—বিবাহের পর আটদিনের মধ্যে পতির সহিত নববধূর দ্বিতীয়বার পতিগৃহে আগমন। বাংপ্র। বি।

ধুলাবালি—ধুলা ও বালি; অকিঞ্চিৎকর পদার্থ। দ্বন্দ্ব (বাংপ্র): বি।

ধুলামুঠা—একমুঠি ধূলি; অতি তুচ্ছ জিনিস। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

ধুস্তুর, ধুস্তূর, ধুস্তুর, ধুস্তূর—ধুতুরা গাছ। ধুস্—তূর্+ক কর্তৃ (নিপা বিকল্পে হ্রস্ব)। বি; পুং।

ধুত—কম্পিত; ভর্ৎসিত; নিরস্ত; ত্যক্ত। ধু+ক্ত কর্ম। বিণ।

ধুনক—ধুনা। ধূ+ণিচ্+ণক কর্তৃ। বি; পুং।

ধুনন—কম্পন। ধূ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

ধূপ—গন্ধদ্রব্য বিঃ; গন্ধদ্রব্য-নির্মিত বর্তিকাকার বস্তু ও তদুত্থিত ধূম। ধূপ্+অচ্ কর্তৃ। বি; পুং।

ধূপক—১। সন্তাপদায়ক। ধূপ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**ধূপিকা**। ২। গন্ধদ্রব্যবিক্রেতা। বি; পুং।

ধূপছায়া—ধুপছায়া (তাহা দ্রঃ)।

ধূপদান—ধূপ জ্বালাইবার পাত্র। বাংপ্র। বি।

ধূপন—১। ধূপদ্বারা সুগন্ধীকরণ, তাপন। ধূপ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। ধুনা, ধূপ। ধূপ্+অন কর্তৃ। বি; পুং।

ধূপায়িত, ধূপিত—পথশ্রান্ত; তাপিত; ধূপদ্বারা সুগন্ধীকৃত। ধূপ্+ক্ত কর্ম, বিকল্পে 'আয়'-আগম। বিণ।

ধূম—ধোঁয়া। ধূ+মক্ কর্তৃ, সংজ্ঞার্থে। বি; পুং।

ধূমকেতু, -কেতন—অগ্নি; সপুচ্ছ জ্যোতিঃপদার্থ বিঃ, comet ; কেতুগ্রহ; উৎপাত বিঃ। ধূম কেতু, কেতন (ধ্বজ) যাহার, বহু। বি; পুং।

ধূমপান—তামাক চুরুট প্রঃ খাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ধূমপায়ী (-পায়িন্)—যে ধূম পান করে এরূপ। উপতৎ; ধূম—পা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-পায়িনী**।

ধূমযোনি—মেঘ; অগ্নি। বহু। বি; পুং।

ধূমল, ধূম্র—১। কৃষ্ণলোহিতবর্ণ, বেগুনে রং; ধুনা; শিব। বি; পুং। ২। ধূমবর্ণ; তাদৃশ বর্ণ-বিশিষ্ট। ধূম—লা, রা+ক কর্তৃ (নিপা)। বিণ।

ধূমাবতী—দশমহাবিদ্যার মধ্যে একটি, দুর্গা। ধূম+মতুপ্ আছে অর্থে+ঈপ্ (ধূম-স্থানে ধূমা)। বি; স্ত্রী।

ধূমাভ—ধোঁয়াটে, ধূমবর্ণযুক্ত। ধূমের আভার ন্যায় আভা যাহার, বহু। বিণ।

ধূমায়মান—যাহা ধোঁয়া ছাড়িতেছে এমন। ধূম+ক্যঙ্+শানচ্ কর্তৃ। বিণ।

ধূমায়িত—ধোঁয়ায় পরিপূর্ণ; যাহা হইতে ধোঁয়া বাহির হইতেছে এরূপ। ধূম+ক্যঙ্ (=ধূমায় নামধাতু)+ক্ত কর্তৃ। বিণ।

ধূমিত—ধূমযুক্ত; অত্যন্ত ক্রোধবিশিষ্ট। ধূম+ইতচ্ জাতার্থে। বিণ।

ধূমোদ্গার—ধূম বাহির হওয়া। চিমনি প্রঃ হইতে ধূমনির্গম। ধূমের উদ্গার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধূম্র—'ধূমল' দ্রঃ।

ধূম্রবর্ণ—১। ধোঁয়ার ন্যায় রং। মধ্যপ। বি; পুং। ২। যাহার রং ধোঁয়ার মত এরূপ। ধূম্র বর্ণ যাহার, বহু। বিণ।

ধূম্রলোচন—১। যাহার চক্ষু ধোঁয়ার মত বর্ণযুক্ত এরূপ। ধূম্র লোচন যাহার, বহু। বিণ। ২। দৈত্য-পতি শুম্ভের অনুচর বিঃ। বি; পুং।

ধূম্রাক্ষ—ধূম্রবর্ণ-নেত্রবিশিষ্ট। ধূম্র অক্ষি যাহার, বহু (যচ্ সমাসান্ত)। বিণ। স্ত্রী, **-ক্ষী**।

ধূর্জটি—শিব, মহাদেব। ধুর্—জট্+ইন্ কর্তৃ। বি; পুং।

ধূর্ত—১। শঠ, প্রবঞ্চক; লম্পটস্বভাব; অনিষ্টকারী। বিণ। ২। জুয়াড়ি; কপটপ্রণয়ী। ধুর্ব+ক্ত কর্তৃ। বি; পুং।

ধূলি, ধূলী—ধুলা, রজঃ; রেণু। ধূ+লিক্ কর্তৃ; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

ধূলিকণা—এককণা ধুলা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ধূলিধূসর—যাহার বা যে বস্তুর সমস্ত শরীর ধুলায় পাণ্ডুবর্ণ হইয়াছে এরূপ। ৩য়াতৎ। বিণ।

ধূলিধূসরিত—ধূলিধূসর (তাহা দ্রঃ)। ৩যাতৎ। বিণ।

ধূলিপটল—ধূলিরাশি; উড্ডীয়মান ধূলিজাল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ধূলিলুণ্ঠিত—যে ধুলায় গড়াগড়ি যাইতেছে এরূপ। ৭মীতৎ। বিণ।

ধূলিশয্যা—মাটি, মৃত্তিকারূপ শয্যা। রূপক কর্মধা। বি; স্ত্রী।

ধূলিশায়ী (-য়িন্)—যে ধুলায় পড়িয়া আছে এরূপ। উপতৎ; ধূলি—শী+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শায়িনী**।

ধূলিসাৎ—ধুলায় পরিণত; সম্পূর্ণরূপে নষ্ট। ধূলি+সাৎ। অ, বিণ।

ধূলী—'ধূলি' দ্রঃ।

ধূল্যবলুণ্ঠিত—যে ধুলায় গড়াগড়ি যাইতেছে এরূপ। ধূলিতে অবলুণ্ঠিত, ৭মীতৎ। বিণ।

ধূসর—১। ঈষৎ পাণ্ডুবর্ণ, শুক্ল ও কৃষ্ণ—উভয়মিশ্রণে উৎপন্ন বর্ণ। বি; পুং। ২। ঈষৎ পাণ্ডুবর্ণবিশিষ্ট, পাঁশুটে। ধূ+সরক্ কর্তৃ। বিণ।

ধূসরিত—ঈষৎ পাণ্ডুবর্ণবিশিষ্ট। ধূসর+ইতচ্ জাতার্থে, সম্বন্ধার্থে। বিণ।

ধূসরিমা (-মন্)—ধূসরত্ব; ধূসরবর্ণ। ধূসর+ইমন্ ভাবে। বি; পুং।

ধুস্তুর, ধুস্তূর—'ধুস্তুর' দ্রঃ।

ধৃত—যাহা ধরা হইয়াছে এরূপ; অবলম্বিত, গৃহীত; ব্যবহৃত; স্থিত; স্থাপিত; আলোচিত; বিবেচিত। ধৃ+ক্ত কর্ম। বিণ।

ধৃতব্রত—গৃহীতব্রত, ব্রতধারী। বহু। বিণ।

ধৃতরাষ্ট্র—পাণ্ডু রাজার জ্যেষ্ঠ ভ্রাতা। ধৃত রাষ্ট্র যৎকর্তৃক, বহু। বি; পুং।

ধৃতাত্মা (-ত্মন্)—সংযতচিত্ত; আত্মতত্ত্বজ্ঞ। ধৃত হইয়াছে আত্মা যৎকর্তৃক, বহু। বিণ।

ধৃতি—১। ধারণ; উদ্ধার; সার; ধৈর্য; স্থিতি; ইচ্ছা; সন্তোষ; সুখ; যাগ; সর্বত্র; প্রীতি; উৎসাহ। ধৃ+ক্তি ভাব। ২। ষোড়শ মাতৃকান্তর্গত ত্রয়োদশ মাতৃকা; যোগ বিঃ; অষ্টাদশাক্ষরপাদক ছন্দো বিঃ। ধৃ+ক্তি করণ। বি; স্ত্রী।

ধৃতিমান্ (-মৎ)—ধৈর্যশালী; সন্তুষ্ট; ধীর। ধৃতি+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -মতী।

ধৃষ্ট—১। নির্লজ্জ; প্রগল্ভ; লম্পট। বিণ। ২। যে অপরাধী হইয়াও শঙ্কারহিত, তিরস্কৃত হইলেও লজ্জাহীন এবং দোষদর্শন করাইলেও দোষ স্বীকার করে না এরূপ নায়ক। ধৃষ্+ক্ত কর্তৃ। বি; পুং।

ধৃষ্টতা, ধৃষ্টত্ব—নির্লজ্জতা; প্রগল্ভতা, ঔদ্ধত্য; স্পর্ধা; অবৈধ সাহস। ধৃষ্ট+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী। [অ।

ধেই-ধেই—উদ্দাম ভাবে নৃত্য করিবার ভঙ্গী। বাংপ্র।

ধেড়ানো—কোন কার্যে কৃতিত্বের অভাব প্রদর্শন করা, অপটুতা প্রকাশ করা; বেসামাল ভাবে তরল মল ত্যাগ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ধেড়ে—১। উদ্বিড়াল। বি। ২। বয়স্ক, ধাড়ী; যুবক। বাংপ্র। বিণ।

ধেৎ—'ধুৎ' দ্রঃ।

ধেনু—নবপ্রসূতা গাভী; গাভী; (পশুবোধক শব্দের পরবর্তী হইলে) স্ত্রী-পশু। ধে+নু কর্তৃ। বি; স্ত্রী।

ধেনুকা—ধেনু; হস্তিনী; পশুনায়িকা। ধেনুক+আপ্। বি; স্ত্রী।

ধেনো—যাহাতে ধান্য উৎপাদিত হয় এরূপ ('— জমি'); ধান্য হইতে প্রস্তুত ('—মদ')। ধান+ও (‹উয়া) উৎপন্নার্থে। বিণ।

ধেবড়া—'ধ্যাবড়া' দ্রঃ।

ধেবড়ানো—মসীলিপ্ত করা; মোটা এবং নোংরা করিয়া লেখা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ধেয়—ধারণীয়, গ্রহণীয়; জ্ঞেয়। ধা+যৎ কর্ম। বিণ।

ধেয়ান—ধ্যান; স্মরণ। ‹ধ্যান। বি।

ধেয়ানী—ধ্যানমগ্ন। ‹ধ্যানী। বিণ।

ধেয়ানো—ধ্যান করা; স্মরণ করা। কপ্র। ক্রি [, বি]।

ধৈবত—স্বরগ্রামের ষষ্ঠ স্বর, ধা। ধাবৎ+অণ্ স্বার্থে (নিপা)। বি; পুং।

ধৈরজ, ধৈরয—ধৈর্য। কপ্র। বি।

ধৈর্য—স্থিরতা, ধীরতা; সহিষ্ণুতা। ধীর+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

ধৈর্যচ্যুত—অসহিষ্ণু, চঞ্চল। ৫মীতৎ। বিণ।

ধৈর্যচ্যুতি—ধৈর্যনাশ, অস্থিরভাব। ৫মীতৎ বা ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ধৈর্যশালী (-লিন্)—ধীর। উপতৎ; ধৈর্য—শাল্ +ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -শালিনী।

ধৈর্যশীল—স্বভাবতঃ স্থির এবং সহিষ্ণু। বহু। বিণ।

ধৈর্যহারা—অধৈর্য। উপতৎ (বাংপ্র)। বিণ।

ধোঁকা—১। সংশয়, সন্দেহ; ধাপ্পা, প্রবঞ্চনা; ছোলা ইঃ ডাল পিষিয়া তদ্দ্বারা পিষ্টক প্রস্তুত করিয়া যে ব্যঞ্জন প্রস্তুত করা হয় তাহা। বি। ২। হাঁপানো। বাংপ্র। ক্রি।

ধোঁকা-বাজ—যে ধাপ্পা দেয় এমন; প্রবঞ্চনাকারী। ধোঁকা+বাজ শীলার্থে (বাংপ্র)। বিণ।

ধোঁয়া— ‹ধূম। বি।

ধোঁয়াটে—অনেকটা ধূমের ন্যায় বর্ণযুক্ত; ধূমে আচ্ছন্ন। ধোঁয়া+টে সাদৃশ্যার্থে, আচ্ছন্নার্থে (বাংপ্র)। বিণ।

ধোকড়, ধোকড়া, ধোকড়ি—ছেঁড়া কাঁথা প্রঃ; থলি; চট; মোটা কাপড়। বাংপ্র। বি।

ধোনা—ধনুকের ন্যায় যন্ত্র দ্বারা তুলা পরিষ্কার করা ও ফাঁপানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ধোপ—১। পরিষ্কৃত, ধোপা কর্তৃক কাচানো। বিণ। ২। ধোলাই, ধোয়ানো। বাংপ্র। বি। **ধোপ পড়া**—ধোলাই হওয়া। **ধোপে টিকবে না**—পরীক্ষায় সহজেই ভিতরের গলদ বাহির হইয়া পড়িবে।

ধোপদস্ত, -দুরস্ত—ভাল করিয়া ধোলাই করা; বাহিরে চকচকে। বাংপ্র। বিণ।

ধোপা, ধোবা—রজক, বস্ত্রপ্রক্ষালক। বাংপ্র। বি; পুং। স্ত্রী—ধোপানী, ধোবানী।

ধোয়া—১। ধৌত করা; কাচা। ক্রি [, বি]। ২। ধৌত; কাচা। ধু+আ কর্ম (বাংপ্র)। বিণ।

ধোয়াট—নদী হইতে আগত মৃত্তিকা; ধোয়া মাটি। বাংপ্র। বিণ।

ধোয়ানি—ধোয়ার পর অবশিষ্ট জল; কোন কিছু ধৌত করা জল; মজা, পিটা। বাংপ্র। বিণ।

ধোয়ানো—প্রক্ষালন করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ধোলাই—১। বস্ত্র ধৌত করণ। বি। ২। ধৌত, পরিষ্কৃত। বাংপ্র। বিণ। [বি।

ধোসা—একপ্রকার পশমী মোটা শীতবস্ত্র। বাংপ্র।

ধৌত—পরিষ্কৃত, ধোয়া; শাণিত; মার্জিত; শুভ্র; ক্ষালিত, শোধিত। ধাব্+ক্ত কর্ম। বিণ।

ধৌতি, ধৌতী—১। ঝরনা; নদী। ধাব্+ক্তি অধি, পক্ষে ঈপ্। ২। যোগক্রিয়া বিঃ, জলদ্বারা অন্ত্র প্রঃ ধৌত করা। ধাব্+ক্তি ভাব, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

ধ্বংস, ধ্বংসন—নাশ; বধ; ক্ষয়; অপচয়; হানি;

পতন; খণ্ডন। ধ্বন্‌স্‌+ঘঞ্‌, অনট্‌ ভাব। বি; পুং, ক্লী। [স্ত্রী—ধ্বংসিকা।
ধ্বংসক—বিনাশকারী। ধ্বন্‌স্‌+ণক কর্তৃ। বিণ।
ধ্বংসনীয়—যাহা বিনষ্ট করা যাইবে এরূপ; যাহা বিনষ্ট করা উচিত এরূপ। ধ্বন্‌স্‌+অনীয় কর্ম। বিণ। [বি; পুং।
ধ্বংসপথ—উৎসন্ন যাইবার পথ। ৬ষ্ঠীতৎ।
ধ্বংসমুখ—বিনাশের আরম্ভ; ধ্বংসের গ্রাস। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী। [বি; স্ত্রী।
ধ্বংসলীলা—বিনাশ করা রূপ খেলা। কর্মধা।
ধ্বংসশেষ—ধ্বংসাবশেষ (তাহা দ্রঃ)।
ধ্বংসানো—ধ্বংস করা, নিঃশেষ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ধ্বংসাবশেষ—ধ্বংস হইয়া যাইবার পর যাহা পড়িয়া থাকে ('নগরের —')। ধ্বংসাতিক্রান্ত অবশেষ, মধ্যপ। বি; পুং।
ধ্বংসিত—বিনাশিত; উৎসাদিত; পাতিত; খণ্ডিত। ধ্বন্‌স্‌+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ।
ধ্বংসী (ধ্বংসিন্‌)—বিনাশশীল, নশ্বর। ধ্বংস+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী—**ধ্বংসিনী**।
ধ্বজ—১। পতাকা; দণ্ড; পতাকার চিহ্ন; সেনাচিহ্ন বিঃ; পূর্বদিকের গৃহ; পুংচিহ্ন, শিশ্ন; খট্বাঙ্গ; সন্ন্যাসিহস্তস্থিত নরমুণ্ডের অস্থি। বি; পুং বা ক্লী। ২। গর্ব। ধ্বজ্‌+অচ্‌ কর্তৃ। বি; পুং।
ধ্বজদণ্ড—পতাকাদণ্ড। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ধ্বজবজ্রাঙ্কুশ—(বিষ্ণুর চরণকমলে বিদ্যমান) ধ্বজাকার, বজ্রাকার ও অঙ্কুশাকার চিহ্ন। ধ্বজ, বজ্র ও অঙ্কুশ, দ্বন্দ্ব। বি; পুং।
ধ্বজভঙ্গ—পুরুষত্বহানি, পুংজননেন্দ্রিয়ের উত্থান-শক্তিলোপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ধ্বজা—পতাকা। <ধ্বজ। বি।
ধ্বজি—লগি, বংশদণ্ড। বাংপ্র। বি। **ধ্বজি মারা**—দাঁড় ফেলার অসুবিধা থাকিলে লগি মারিয়া নৌকা চালানো।
ধ্বজী (-জিন্‌)—১। নিশানধারী। বিণ। ২। রাজা; রথ। ধ্বজ+ইন্‌ আছে অর্থে। বি; পুং।
ধ্বনি—শব্দ, রব, স্বর; শব্দের ব্যঙ্গার্থ; কাব্য বিঃ; মৃদঙ্গাদির অব্যক্ত শব্দ। ধ্বন্‌+ই ভাব। বি; পুং।
ধ্বনিত—শব্দিত; ধ্বনিদ্বারা প্রতিপাদিত। ধ্বন্‌+ক্ত কর্তৃ। বিণ।
ধ্বন্যাত্মক—শব্দাত্মক, শব্দের অনুকরণমূলক। ধ্বনি আত্মা যাহার, বহু+ক সমাসান্ত। বিণ।
ধ্বস্ত—যাহার ধ্বংস হইয়াছে এরূপ, নষ্ট; পতিত। ধ্বন্‌স্‌+ক্ত কর্তৃ। বিণ।
ধ্বান্ত—অন্ধকার। ধ্বন্‌+ক্ত কর্ম (নিপা)। বি; ক্লী।
ধ্বান্তারি—সূর্য; চন্দ্র; অগ্নি। ধ্বান্তের অরি, ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

ধ্মাত—ফুৎকার দ্বারা শব্দিত বা স্ফীত। ধ্মা+ক্ত কর্ম। বিণ।
ধ্যাত—চিন্তিত; অনুশীলিত; ধ্যানবিষয়ীকৃত। ধ্যৈ+ক্ত কর্ম। বিণ।
ধ্যাতব্য—চিন্তনীয়; স্মরণীয়; আলোচনীয়। ধ্যৈ+তব্য কর্ম। বিণ।
ধ্যাতা (ধ্যাতৃ)—ধ্যানকারী। ধ্যৈ+তৃন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী—**ধ্যাত্রী**।
ধ্যান—চিন্তা, একবিষয়ক জ্ঞানধারা; অদ্বিতীয় ব্রহ্ম-বস্তুতে অন্তঃকরণের বৃত্তিপ্রবাহ; অন্যান্য বিষয়ের চিন্তা পরিত্যাগপূর্বক নিয়ত ধ্যেয় বস্তুর চিন্তন; রূপচিন্তন, অভিনিবেশসহকারে অভিমত বিষয়ের চিন্তা; গভীরচিন্তা; স্মরণ; আলোচনা। ধ্যৈ+অনট্‌ ভাব। বি; ক্লী।
ধ্যানগম্য—যাহা ধ্যান দ্বারা জানা যায় এমন, ধ্যান দ্বারা জ্ঞেয়। ৩য়াতৎ। বিণ।
ধ্যানজ্ঞান—চিন্তার একমাত্র বিষয়, ধ্যান ও জ্ঞানের বিষয়। দ্বন্দ্ব। বি; ক্লী।
ধ্যানমগ্ন, -রত—ধ্যানস্থ, ধ্যান করিতে করিতে যে বাহ্য বিষয় ভুলিয়া গিয়াছে এরূপ। ৭মীতৎ। বিণ।
ধ্যানস্থ—ধ্যানমগ্ন, ধ্যানে নিযুক্ত। উপতৎ; ধ্যান—স্থা+ক কর্তৃ। বিণ।
ধ্যানী (ধ্যানিন্‌)—ধ্যানরত। ধ্যান+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী—**ধ্যানিনী**।
ধ্যাবড়া, ধেবড়া—জোবড়া; নরম বা তরল দ্রব্যের পিণ্ড বা দাগ; মোটা ও কুগঠিত। বাংপ্র। বি বা বিণ।
ধ্যেয়—ধ্যানের যোগ্য; স্মরণীয়; চিন্তনীয়। ধ্যৈ+যৎ কর্ম। বিণ।
ধ্রিয়মাণ—যাহা ধারণ করা বা ধরা হইতেছে এমন। ধৃ+শানচ্‌ কর্ম। বিণ।
ধ্রুপদ—সংগীতের প্রকার বিঃ। <ধ্রুবপদ। বি।
ধ্রুপদী—ধ্রুপদ গানে দক্ষ। ধ্রুপদ+ঈ (বাংপ্র)। বি।
ধ্রুব—১। নিশ্চল নক্ষত্র বিঃ; উত্তানপাদ রাজার পুত্র; ধ্রুবলোক। বি; পুং। ২। উৎপ্রেক্ষা; নিশ্চয়। বি; ক্লী। ৩। নিত্য, অক্ষয়; দৃঢ়; স্থির; অবশ্য, নিশ্চিত। ধ্রু+অচ্‌ কর্তৃ। বিণ।
ধ্রুবক—গানের ধুয়া; বৃক্ষকাণ্ড; অপরিবর্তনীয় রাশি, constant quantity. ধ্রুব+কন্‌ স্বার্থে। বি; পুং।
ধ্রুবতারা—স্থির নক্ষত্র, বিশ্বের উত্তরমেরুদেশস্থিত স্থির নক্ষত্র বিঃ, pole-star ; স্থির লক্ষ্য। কর্মধা। বি; স্ত্রী।
ধ্রুবলোক—ধ্রুবের অবস্থান জন্য বিষ্ণুনির্মিত স্বনাম-খ্যাত লোক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ধ্রুবা—১। নীতি; সাধ্বী স্ত্রী; ধুয়া; তুড়ি দ্বারা প্রকাশিত তালক্রিয়া। বি; স্ত্রী। ২। স্থিরা, নিশ্চলা। ধ্রুব+আপ্‌। বিণ; স্ত্রী।

[ন]

ন—১। বিংশ ব্যঞ্জনবর্ণ ও ত-বর্গের পঞ্চম বর্ণ [ইহার উচ্চারণস্থান দন্ত]; নেত্র, বামন; শিব; অনাদি ইঃ। বি; পুং। ২। অভাব; বিরোধ; অপ্রশস্ততা; অল্পতা; ভেদ; সাদৃশ্য। নী+ড কর্তৃ। অ। ৩। বড় মেজো ও সেজোর পরবর্তী। বাংপ্র। বিণ। ৪। নয়, নব। < নবন্। বি বা বিণ। ৫। নূতন। < নব। বিণ।

ন-আই, নউই—মাসের নবম দিন। < নবন্। বি বা বিণ।

নই—১। নূতন; বকনা বা মাদী ('—বাছুর')। < নবী। বি বা বিণ। ২। তটিনী ("কালিনী 'নই' কূলে"—শ্রীকৃষ্ণ কীর্তন)। < নদী। প্রা কপ্র। বি। ৩। হই না, না হই। বাংপ্র। ক্রি।

নইলে—নাহলে; অন্যথা। বাংপ্র। অ।

নও—নয়; নূতন। < নবন্ বা নব। বিণ। **নও জোয়ান**—নবযুবা, তরুণ ("চল্ রে নও জোয়ান"—নজরুল)। **নও বাহার**—নব বসন্ত।

নওবত, নহবত—সানাই ইঃর একতান বাদনপদ্ধতি। আ। বি।

নওবতখানা, নহবতখানা—নহবতবাদ্যের মণ্ডগৃহ। (আ) নওবত+(ফা) খানা। বি।

নওরোজ—ইরানের নূতন বছরের প্রথম দিন বা সেই দিনের উৎসব। ফা। বি। [বিণ।

নওল, নওলি, নহল, নহলি—নূতন, নব। প্রা কপ্র।

নওলা, নহলা—নয়টি ফোঁটাযুক্ত তাস। বাংপ্র। বি।

নং— < নম্বর। বি।

নকড়া-ছকড়া—তুচ্ছতাচ্ছিল্য, অবহেলা। বাংপ্র। বি।

নকরি—চাকরি: ভৃত্যের কাজ। হি-মু। বি।

নকল—১। আদর্শ, অনুরূপ: অনুকরণ; কৌতুক, ভাঁড়ামি। বি। ২। কৃত্রিম, যাহা খাঁটী নহে এরূপ। < আ 'নক্‌ল্'। বিণ।

নকলদানা—চিনির রসে পাক-করা চীনা বাদাম। বাংপ্র। বি।

নকলনবিস—যে লেখা নকল করে এমন, প্রতিলিপি-কারক। ৬ষ্ঠীতৎ (আ-মু)। বিণ। বি, **-বিসি**।

নকশা—নমুনা, প্রকার: ব্যঙ্গচিত্র: খসড়া: মানচিত্র; গৃহ উদ্যান শহর যন্ত্র প্রঃর অবস্থান এবং গঠনবোধক রেখাচিত্র, drawing, plan, map. < আ 'নক্‌শ্'। বি।

নকশাকার—যে নকশা করে। আ-মু। বি।

নকশাদার—নকশা-করা। আ-মু। বিণ।

নকার—'ন' এই বর্ণ। ন+কার স্বার্থে। বি; পুং।

নকাশি—সোনা রূপা প্রঃর উপর খোদাইয়ের কাজ; নকশা। < আ 'নক্কাশ'। বি।

নকিব, নকীব—রাজার উপাধি বা যশের ঘোষক অনুচর বিঃ; পেয়াদা; ঘোষণাকারী; পেশকার। আ। বি।

নকুল—১। মহাদেব; বেঁজি, নেউল; চতুর্থ পাণ্ডব। বি; পুং। ২। কুলহীন। ন (নাই) কুল যাহার, বহু। বিণ।

নকুলীশ, -লেশ, -লেশ্বর—ভৈরব বিঃ। নকুলীর (গৌরীর) ঈশ, ৬ষ্ঠীতৎ; নকুলাই ঈশ, ঈশ্বর (প্রভু), কর্মধা। বি; পুং।

নকুলে—যে ভাঁড়ামি করিয়া ব্যঙ্গ করে এরূপ। নকল +এ (< ইয়া) পর্তৃ অর্থে (বাংপ্র)। বিণ।

নকুলেশ, নকুলেশ্বর—'নকুলীশ' দ্রঃ।

নক্ত—রাত্রি, রজনী। নজ্+ক্ত কর্তৃ। বি; ক্লী।

নক্তচর, -ঞ্চর, -চারী (-রিন্), -ঞ্চারী (-ঞ্চারিন্)—১। রাক্ষস; পেচক; চোর; বিড়াল। বি; পুং। ২। রাত্রিচর, নিশাচর। নক্ত, নক্তম্—চর্+ট, ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-রী, -রিণী**।

নক্তন্দিব—রাত্রিদিন, দিবারাত্র। নক্তম্ ও দিবা, দ্বন্দ্ব+অচ্ সমাসান্ত। অ।

নক্তান্ধ—রাত-কানা। ৭মীতৎ। বিণ।

নক্র—কুম্ভীর; জলজন্তু। নঞ্—ক্রম্+ড কর্তৃ। বি; পুং।

নক্ষত্র—তারকা; অশ্বিন্যাদি তারামণ্ডলের প্রত্যেকটি, constellation ; সাতাশটি মুক্তা দ্বারা গ্রথিত হার। নঞ্—ক্ষি বা ক্ষর্+ষ্ট্রন্ কর্তৃ (নিপা), অথবা, নক্ষ্+অত্রন্ কর্তৃ। বি; ক্লী।

নক্ষত্রগতি—অতি দ্রুত গমন; উল্কার ন্যায় গতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

নক্ষত্রনাথ—চন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নক্ষত্রপথ—আকাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নক্ষত্রপাত—নক্ষত্রের কক্ষবিচ্যুতি; উল্কাপাত; খ্যাত-নামা ব্যক্তির মৃত্যু বা অবনতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং [স্ত্রী।

নক্ষত্রবৃষ্টি—ঝাঁকে ঝাঁকে উল্কা খসা। ৬ষ্ঠীতৎ। বি;

নক্ষত্রবেগ—নক্ষত্রের ন্যায় দ্রুত গতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ক্রি-বিণ—**নক্ষত্রবেগে**।

নক্ষত্রশূল—যাত্রাদি কার্যে নিষিদ্ধ নক্ষত্র বিঃর পূর্বাদি দিকে অবস্থিতিজনিত ব্যাঘাত। নক্ষত্রজনিত শূল (অনিষ্টপাত), মধ্যপ। বি; পুং।

নক্ষত্রামৃত—বারবিশেষে নক্ষত্রযোগকৃত অমৃতযোগ। নক্ষত্রকৃত অমৃত (অমৃতযোগ), মধ্যপ। বি; ক্লী।

নখ—১। অঙ্গুলির অগ্রভাগস্থ উপাস্থি বিঃ; বিংশতি সংখ্যা। ন (নাই) খ (ছিদ্র) যাহাতে, বহু। বি; পুং বা ক্লী। ২। অংশ, খণ্ড। নঞ্—খন্+ড কর্তৃ। বি; ক্লী। [তৎ [বাংপ্র)। বি।

নখকুনি—নখের কোণে পুঁজ-সঞ্চয় এবং ব্যথা। ৬ষ্ঠী-

নখক্ষত—নখের আঁচড়ের দাগ। মধ্যপ। বি; ক্লী।
নখদর্পণ—মন্ত্রবলে নখের উপর কোন বস্তুর ছায়া দেখিতে পাওয়ার বিদ্যা; কোন বিষয়ে সম্যক্ জ্ঞান। রূপক কর্মধা। বি; পুং।
নখরঞ্জনী—নরুন। নখ—রন্‌জ্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।
নখর—নখ, পশুপক্ষীর তীক্ষ্ন নখ। নখ—রা+ক কর্তৃ। বি; পুং বা ক্লী।
নখশূল—নখকুনি (তাহা দ্রঃ)। ৬ষ্ঠীতৎ। বি।
নখাঘাত—নখ দ্বারা আঘাত, আঁচড়ানো। ৩য়াতৎ। বি; পুং।
নখানখি—নখে নখে আঘাতপূর্বক যুদ্ধ। নখে নখে কৃত যাহা এই রণব্যতীহারার্থে, বহু (ই-আগম ও পূর্বপদের দীর্ঘত্ব)। অ।
নখানি—নখস্পর্শে অশুচি জল। বাংপ্র। বি।
নখী (নখিন্)—নখবিশিষ্ট, যাহার নখ আছে এমন; ব্যাঘ্র প্রঃ হিংস্র জন্তু। নখ+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী—**নখিনী**।
নখী—গন্ধদ্রব্য বিঃ, একপ্রকার সামুদ্রিক শামুকের খোলা (ইহা ভাজিলে সুগন্ধ হয়)। নখ+অচ্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।
নগ—বৃক্ষ; পর্বত। নঞ্—গম্+ড কর্তৃ। বি; পুং।
নগণ্য—তুচ্ছ, সামান্য, যাহা গণনার অযোগ্য। ন গণ্য, সুপ্। বিণ।
নগদ—১। জিনিস কিনিবার সময়েই দাম দেওয়া; মজুত টাকা। বি। ২। উপস্থিত, যাহা আবদ্ধ নয় এরূপ ('—টাকা')। < আ 'নক্‌দ্'। বিণ।
নগদ-বিদায়—কালবিলম্ব না করিয়া তৎক্ষণাৎ বিদায় দেওয়া; নগদ টাকায় বিদায়। কর্মধা। (আ-মৃ)। বি।
নগদা—যে কারবারে দেনা-পাওনা হাতে হাতে মিটানো হয় এরূপ, যে কাজ করিয়া সঙ্গে সঙ্গে পারিশ্রমিক পাওয়া যায় এরূপ। আ-মৃ। বিণ। **নগদা মুটে**—নগদ পারিশ্রমিক লইয়া যে মোট বহন করে।
নগদী—নগদ দামে ক্রীত বা ক্রেয়। নগদ+ঈ (আ-মৃ)। বিণ।
নগন—লগন, শুভসময়। 'লগন' শব্দজ। বি।
নগনন্দিনী—উমা, পার্বতী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
নগপতি, -রাজ—হিমালয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নগর, নগরী—শহর। নগ (পর্বত বা পর্বতপ্রমাণ গৃহ)+র আছে অর্থে, ২য় পক্ষে ঈপ্। বি; ক্লী, স্ত্রী।
নগরকীর্তন—নগরমধ্যে ভ্রমণপূর্বক হরিনাম-সংকীর্তন। ৭মীতৎ। বি; ক্লী।
নগরপাল—নগররক্ষক; চৌকিদার। নগর—পা+ণিচ্ +অণ্ কর্তৃ। বি; পুং।
নগরবাসী (-বাসিন্)—শহরের লোক। উপতৎ; নগর—বস্+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-বাসিনী**।
নগররক্ষক—নগরপাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নগররক্ষী (-রক্ষিন্)—নগরপাল। উপতৎ; নগর—রক্ষ্ (রক্ষা করা)+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-রক্ষিণী**। [বিণ।
নগরস্থ—নগরস্থিত। উপতৎ; নগর—স্থা+ক কর্তৃ।
নগরিয়া—নগরবাসী, শহুরে। প্রা কপ্র। বি বা বিণ।
নগরী—'নগর' দ্রঃ।
নগরীয়—নগর-সংক্রান্ত; নগরস্থ; নগরোৎপন্ন। নগর +ঈয় সম্বন্ধার্থে, ভবার্থে। বিণ।
নগরোপান্ত—শহরের উপকণ্ঠ; নগরের সীমাস্থিত স্থান। নগরের উপান্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নগাধিপ, -ধিরাজ—হিমালয়। নগদিগের অধিপ, অধিরাজ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নগুরে—নগরের, শহরের ("নগুরে ছাওয়াল যত নগরে খেলায়"—ঘনরাম)। প্রা কপ্র। বিণ।
নগেন্দ্র—পর্বতশ্রেষ্ঠ; হিমালয়। নগদিগের মধ্যে ইন্দ্র, ৭মীতৎ; অথবা, নগ ইন্দ্রসদৃশ, উপমিত কর্মধা। বি; পুং।
নগ্ন—১। বিবস্ত্র, উলঙ্গ; কাষায়-বস্ত্রধারী। বিণ। ২। ক্ষপণক; স্তুতিপাঠক; কপটাচারী। নজ্+ক্ত কর্তৃ। বি; পুং।
নগ্নক—১। উলঙ্গ। বিণ। ২। উলঙ্গ সন্ন্যাসী; বিবস্ত্র ক্ষপণক; চারণ। নগ্ন+কন্ স্বার্থে। বি; পুং।
নগ্না—১। বিবস্ত্রা। বিণ; স্ত্রী। ২। বিবস্ত্রা লজ্জাহীনা নারী; অপ্রাপ্তবয়স্কা স্ত্রী। নগ্ন+আপ্। বি; স্ত্রী।
নগ্নিকা—অপ্রাপ্তবয়স্কা নারী; অজাতরজস্কা স্ত্রী; বিবস্ত্রা; লজ্জাহীনা স্ত্রী। নগ্ন+কন্ সংজ্ঞার্থে+আপ্। বি; স্ত্রী।
নঙ্গ—জার, উপপতি, নাং। নম্—গম্+ড কর্তৃ। বি; পুং।
নঙ্গর, নোঙ্গর, নোঙর—লোহার শিকল; জাহাজ বা নৌকাকে স্থিরভাবে রাখিবার নিমিত্ত তিনটি বা চারিটি অংকুশের ন্যায় বক্র শলাকাযুক্ত লৌহযন্ত্র বিঃ। < ফা 'লঙ্গর'। বি।
নচনচ—যে বস্তু সহজে নত হয় বা নড়ে তাহার চলিবার বা নড়িবার শব্দ। বাংপ্র। অ।
নচেৎ—এ যদি না হয়, এ না হইলে, নতুবা। ন+চেৎ (যদি)। অ। [বিণ।
নচ্ছার—নীচ; খারাপ; দুষ্ট; অপদার্থ। < নঃ-সার।
নজগজ—ঢিলাভাব, যাহা মজবুত নহে সর্বদা নড়চড় করে এইরূপ ভাব। বাংপ্র। অ।
নজগজে—ঢিলেঢালা, যাহার আঁটসাট নাই এমন। বাংপ্র। বিণ।
নজর—দৃষ্টি; লক্ষ্য; উচ্চপদস্থ ব্যক্তিকে যাহা উপঢৌকন-স্বরূপ দেওয়া যায়, ভেট; তত্ত্বাবধান; লুব্ধ-দৃষ্টি; উদারতা অথবা কৃপণতার মাত্রা-ভেদ; সুদৃষ্টি; পছন্দ বা অপছন্দ; ক্ষতিকারক দৃষ্টি। < ফা 'নজ়র্'। বি। **নজর দেওয়া**—অমঙ্গলজনক দৃষ্টি দেওয়া; ভেট দেওয়া। **নজর লাগা**—কুদৃষ্টিতে পড়া। **নজরে রাখা**—চোখের আড়াল হইতে না দেওয়া; মনোনিবেশ করা; তত্ত্বাবধান করা; লক্ষ্য করা।

নজরবন্দী—যাহাকে দৃষ্টির বাহিরে যাইতে দেওয়া না হয় এরূপ। ফা-ম্। বিণ। বি, **-ন্দি**।
নজরানা—রাজদর্শনকালে প্রজারা বা নিম্নপদস্থ ব্যক্তিগণ তাঁহাকে যাহা উপঢৌকন দেয় তাহা; উপহার, সেলামী; সেলামীস্বরূপ প্রদেয় অর্থ। নজর+আনা (আ-ম্)। বি।
নজির, নজীর—উদাহরণ; পূর্বে যাহা (বিচারালয়ে) নির্ধারিত হইয়াছে এরূপ দৃষ্টান্ত, precedent; প্রমাণ। < আ 'নাজীর'। বি।
নঞর্থক—নিষেধার্থক; না-সূচক; অনস্তিত্ববাচক, negative. নঞ্ (না) অর্থ যাহার, বহু (ক-আগম)। বিণ। স্ত্রী, **-র্থিকা**।
নট—১। নর্তক; যে নাটকের অভিনয় করে। নট্+অচ্ কর্তৃ। ২। রাগ বিঃ। < নট্ট। বি; পুং। ৩। দুষ্ট, খারাপ; ধ্বংস ("নট কৈল কুল অভিমান"—বলরাম)। < নষ্ট। ৪। লম্পট। বাংপ্র। বিণ। ৫। জাহাজের গতিবেগের একক। < ইং 'knot'. বি।
নটকান—একধরনের ছোট গাছ ও তাহার বীজ, anatto. বাংপ্র। বি।
নটখট, -খটি—যাহা মজবুত বা শক্ত নহে তাহার অবস্থা; ঝঞ্ঝাট; খুঁটিনাটি বস্তু। বাংপ্র। অ।
নটখটে—যাহা মজবুত বা শক্ত নহে এরূপ; ঝঞ্ঝাটে। নটখট+এ (< ইয়া) করে অর্থে (বাংপ্র)। বিণ।
নটঘট, -ঘটি—ব্যভিচার, অবৈধ প্রণয়। বাংপ্র। বি। বিণ, **-ঘটে**।
নটচাঁদ—নষ্টচন্দ্র। কপ্র। বি।
নটন—নাট্য, নৃত্য। নট্+অনট্ ভাব। বি; ক্লী।
নটনারায়ণ—সংগীতে রাগ বিঃ। কর্মধা। বি; পুং।
নটবর—১। নৃত্যকর্মে পটু; শ্রীকৃষ্ণ; (নায়কবিষয়ে) রসিকশ্রেষ্ঠ। নটমধ্যে বর (শ্রেষ্ঠ, অত্যুত্তম), ৭মীতৎ। বি; পুং, বা বিণ। ২। সুন্দর, নয়নরঞ্জন। বাংপ্র। বিণ।
নটরাজ—'নটেশ্বর' দ্রঃ। [বি; স্ত্রী।
নটিনী—নৃত্যকারিণী, নর্তকী; বেশ্যা। কপ্র।
নটী—নটের স্ত্রী; নর্তকী, অভিনয়কারিণী; বেশ্যা। নট+ঈপ্। বি; স্ত্রী।
নটে—শাক বিঃ। বাংপ্র। বি।
নটেশ্বর, নটরাজ—শিব। নটের (নর্তকের) ঈশ্বর (দেবতা), রাজা, ৬ষ্ঠীতৎ; ২য় পক্ষে সমাসান্ত টচ্। বি; পুং।
নঠ— < নষ্ট। বিণ।
নড়চড়—অন্যথা; বিপর্যয়। বাংপ্র। বি বা বিণ।
নড়ন—বিচলন; নড়া। বাংপ্র। বি।
নড়নচড়ন—নড়চড়; ভ্রমণ; স্পন্দন ও চলন, সরিয়া যাওয়া; অন্যথা। বাংপ্র। বি।
নড়নড়, -বড়—সংলগ্ন থাকা অবস্থায় দোদুল্যমান অবস্থা, পতনোন্মুখ অবস্থা; দোলন। বাংপ্র। বি।
নড়নড়ে, -বড়ে—সংলগ্ন থাকা অবস্থায় দোদুল্যমান, পতনোন্মুখ, যাহা দৃঢ়ভাবে আবদ্ধ নহে এরূপ। নড়নড়, নড়বড়+এ (< ইয়া) করে অর্থে। বিণ।
নড়া—১। কম্পিত হওয়া; আলগা হওয়া; সরা; আন্দোলিত হওয়া; অন্যথা হওয়া। ক্রি [, বি, বিণ]। ২। বাহু। বাংপ্র। বি।
নড়াচড়া—১। নড়নচড়ন। বি। ২। ঘোরাফেরা করা, ইতস্ততঃ যাওয়া। বাংপ্র। ক্রি।
নড়ানাড়ি—বার বার নড়ানো বা সরানো। বাংপ্র। বি।
নড়ানো—স্থানচ্যুত করা; সরানো; কাঁপানো; অন্যথা করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
নড়ি—যষ্টি, লাঠি; অবলম্বন ('অন্ধের —')। < লগুড়। বি। (বিণ।
নড়েভোলা—ন্যালাক্ষেপা; দুর্বল; ঢিলাঢালা। বাংপ্র।
নত—প্রণত; আনত; নিম্ন, অবনত; কুটিল, ঈষৎ বক্র, বাঁকা, একপাশে হেলা, inclined. নম্+ক্ত কর্তৃ। বিণ। [বিণ।
নতজানু—যে হাঁটু গাড়িয়া বসিয়াছে এরূপ। বহু।
নতনয়ন—১। নিম্ন দৃষ্টি, অবনত চক্ষু। কর্মধা। বি; ক্লী। ২। যে মুখ নত করিয়া নিম্নদিকে চাহিতেছে এরূপ। বহু। বিণ।
নতনাস, -নাসিক—যাহার নাক খাঁদা এরূপ, খাঁদা। নত নাস, নাসিকা যাহার, বহু। বিণ।
নতমস্তক—১। যে মাথা নীচু করিয়াছে এরূপ; বিনয়ী। বহু। বিণ। ২। নোয়ানো মাথা। কর্মধা। বি; পুং বা ক্লী। [শিরস্। বিণ।
নতশির—নতমস্তক (সকল অর্থে)। বহু। < নত-
নতশিরাঃ (-শিরস্)—যে মাথা নোয়াইয়াছে এরূপ। নত হইয়াছে শিরঃ (শিরস্) যাহার, বহু। বিণ।
নতি—নমস্কার, প্রণাম; নুইয়া থাকা, নমন, হেলিয়া পড়া; নম্রতা; সবিনয় প্রার্থনা; ঈষৎ বক্রতা; আকর্ষণ; সরলরেখা পরস্পরের প্রতি যত ঝুঁকিয়া থাকে তাহার পরিমাণ, inclination. নম্+ক্তি ভাব। বি; স্ত্রী।
নতুন—নব। < নূতন। বিণ। **নতুন খাতা**—হালখাতা, নূতন বৎসরে নূতন করিয়া হিসাবের খাতা খুলিবার উৎসব।
নতুবা—নচেৎ, এ না হইলে, এ যদি না হয় তবে, অথবা। ন+তু+বা। অ।
নতোদর—যাহার উপরিভাগ গর্তের ন্যায় এরূপ, concave, নত উদর যাহার, বহু। বিণ। স্ত্রী, **-রা, -রী**।
নতোন্নত—উচ্চনীচ, অসমান। কোথাও নত কোথাও উন্নত, কর্মধা। বিণ।
নথ—নাকের একপ্রকার গহনা। < নাথ। বি।
নথি—মকদ্দমা বা বিষয়সম্পত্তি সম্বন্ধীয় কাগজপত্রের তাড়া; সুতায় বাঁধা কাগজপত্র। বাংপ্র। বি।
নথিসামিল—নথিভুক্ত, নথির সঙ্গে গাঁথা। বাংপ্র। বিণ।
নদ—পর্বত হ্রদ প্রঃ হইতে উৎপন্ন পুরুষবাচক জলপ্রবাহ; সমুদ্র; অশ্ব; মেঘ; উপাসক। নদ্+অচ্ কর্তৃ। বি; পুং।
নদনদ—স্থূলোদর বা মাংসল দেহে গতির ভাব। বাংপ্র। অ।

নদনদে—থলথলে। বাংপ্র। বিণ।
নদারত—অভাব; না থাকা। ফা। বি।
নদী—স্রোতস্বতী, তটিনী, তরঙ্গিণী, শৈবলিনী। নদ+ঈপ্। বি; স্ত্রী।
নদীগর্ভ—নদীর দুই তীরের মধ্যবর্তী স্থল, নদী-খাত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নদীপথ—জলপথ; নৌকারোহণে গমন করিবার পথ। নদীই পন্থা, কর্মধা, অথবা নদীর পন্থা, ৬ষ্ঠীতৎ (অ সমাসান্ত)। বি; পুং।
নদীবক্ষঃ (-বক্ষস্)—নদীর জলের উপরিভাগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
নদীবহুল—যেখানে নদী বেশী এমন। নদী বহুল যেখানে, বহু। বিণ।
নদীমাতৃক—নদীজলোৎপন্ন শস্যে পালিত, নদী থাকার জন্য উর্বর ('— দেশ'); নদীবহুল। নদীই মাতা (পোষিকা) যাহার, বহু (ক সমাসান্ত)। বিণ।
নদীমুখ—নদীর মোহানা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
নদীসৈকত—নদীর চর; নদীর বালুকাপূর্ণ তট। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
নদে—নদীয়া। <নদীয়া। বি। **নদের চাঁদ**—শ্রীগৌরাঙ্গ, শ্রীচৈতন্যদেব।
নদ্ধ—১। বাঁধা, বদ্ধ। নহ্+ক্ত কর্ম। ২। ব্যাপ্ত। নহ্+ক্ত কর্তৃ। বিণ। ৩। বন্ধনী, যাহা দিয়া বাঁধা হয়। নহ্+ক্ত করণ। বি; ক্লী।
নধর—সুন্দর, নিটোল, কমনীয়; হৃষ্টপুষ্ট; তাজা। <'নবজলধর'-শব্দের সংক্ষেপ 'নবধর'। বিণ।
ননদ, ননদিনী, ননদী—স্বামীর বোন, পতির ভগিনী। <ননান্দৃ। বি।
ননদকোলি—ননদ ভ্রাতৃবধূর ত্রুটি ক্ষমা করিবে এই আশায় প্রদত্ত অর্থাদি। বাংপ্র। বি।
ননন্দা (ননন্দৃ), **ননান্দা** (ননান্দৃ)—স্বামীর ভগিনী, ননদ। নঞ্—নন্দ্+ঋন্ কর্তৃ (২য় পক্ষে আ-কার নিপা)। বি; স্ত্রী।
ননি, ননী—মাখন। <নবনী। বি।
ননীচোরা—বালকৃষ্ণ। উপতৎ (বাংপ্র)। বি।
নন্দ—১। আনন্দ। নন্দ্+ঘঞ্ ভাব। ২। শ্রীকৃষ্ণের পালকপিতা। নন্দ্+ণিচ্+অচ্ কর্তৃ। বি; পুং।
নন্দকুমার—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নন্দঘোষ—শ্রীকৃষ্ণের পালকপিতা। বি; পুং।
নন্দদুলাল—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি; পুং।
নন্দন—১। পুত্র। বি; পুং। ২। ইন্দ্রের উদ্যান। বি; ক্লী। ৩। আনন্দজনক। নন্দ্+ণিচ্+অন্ কর্তৃ। বিণ।
নন্দনকানন—দেবরাজ ইন্দ্রের উদ্যান। নন্দনাখ্য কানন, মধ্যপ। বি; ক্লী।
নন্দনন্দন—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নন্দপ্রয়াগ—পঞ্চপ্রয়াগের একটি (অলকনন্দা ও নন্দার সংগমস্থলে অবস্থিত)। মধ্যপ। বি; পুং।
নন্দবংশ—মগধের রাজা মহাপদ্মের বংশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নন্দলাল—শ্রীকৃষ্ণ। নন্দের লাল (প্রিয়পাত্র), ৬ষ্ঠীতৎ। <হি 'নন্দলালা'। বি; পুং।
নন্দা—১। ননদ। <ননান্দৃ। ২। প্রতিপদ ষষ্ঠী ও একাদশী তিথি; দুর্গা। নন্দ্+ণিচ্+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
নন্দাই—ননদের স্বামী। ননদ+আই স্বামী অর্থে। বাংপ্র। বি; পুং।
নন্দি, নন্দিকেশ্বর—শিবের অনুচর বিঃ। নন্দ+ই কর্তৃ; ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নন্দিত—১। আনন্দিত। নন্দ্+ক্ত কর্তৃ। ২। তোষিত। নন্দ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
নন্দিনী—১। কন্যা; দুর্গা; গঙ্গা; বশিষ্ঠের হোমধেনু। বি; স্ত্রী। ২। আনন্দদায়িনী। নন্দ্+ণিচ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী।
নন্দী (-ন্দিন্)—১। শিবের প্রধান অনুচর ও দ্বারপাল। বি; পুং। ২। আনন্দিত। নন্দ+ইন্ আছে অর্থে। ৩। আনন্দদায়ক। নন্দ্+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**নন্দিনী**।
নন্দ্য—আনন্দ করিবার যোগ্য। নন্দ্+ণ্যৎ যোগ্যার্থে। বিণ।
নপুংসক—ক্লীব; হিজড়ে; ছিন্নমুষ্ক, খোজা; কাপুরুষ; সংস্কৃত ভাষায় যে সকল শব্দের রূপ পুংলিঙ্গ বা স্ত্রীলিঙ্গের ন্যায় নহে। ন স্ত্রী ন পুমান্ (পুরুষ) এই বাক্যে (নিপা), সুপ্। বি; পুং বা ক্লী।
নপ্তা (-প্তৃ)—পৌত্র বা দৌহিত্র, নাতি। নঞ্ (না)—পত্+তৃন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী—**নপ্ত্রী**।
নফর—ভৃত্য, দাস। আ। বি।
নব—নূতন। নু+অপ্ কর্ম। বিণ।
নব (নবন্)—নয়, ৯-সংখ্যা; ৯-সংখ্যক। নু+অনি কর্ম। বি বা বিণ। [(বাংপ্র)। বি।
নবউ—চতুর্থ বধূ, সেজবউয়েব পরের বউ। কর্মধা
নবকার্তিক—নবজাত কার্তিকসদৃশ অর্থাৎ সুন্দর পুরুষ। বাংপ্র। বি।
নবকুমার—যে শিশু নূতন জন্মিয়াছে। নবজাত কুমার, মধ্যপ। বি; পুং।
নবগ্রহ—সূর্য চন্দ্র মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র শনি রাহু ও কেতু—এই নয় গ্রহ। কর্মধা। বি; পুং।
নবজন্ম (-জন্মন্)—নূতন জীবনলাভ; রোগমুক্তির পর আবার নূতন ভাবে স্বাস্থ্য ফিরিয়া পাওয়া। কর্মধা। বি; ক্লী।
নবজলধরশ্যাম—নূতন মেঘের মত কৃষ্ণ বা নীলবর্ণ। নব জলধর, কর্মধা; নবজলধরসদৃশ শ্যাম, উপমান কর্মধা। বিণ।
নবজাত—সবেমাত্র বা কিছুদিন হইল যাহার জন্ম হইয়াছে এরূপ; সদ্য-উৎপন্ন। নব যে জাত, সুপ্। বিণ।
নবজীবন—খারাপ অবস্থা দূর হইবার পরে ভাল অবস্থা; সাংঘাতিক রোগের পর স্বাস্থ্যলাভ; নূতন জীবন। কর্মধা। বি; ক্লী।

নবজ্বর—তরুণজ্বর, জ্বরের প্রথম অবস্থা। কর্মধা। বি; পুং।

[বাংপ্র। বি।

নবডংকা—অবজ্ঞাসূচক উক্তি, অঙ্গুষ্ঠ, কলা; ফাঁকি।

নবৎ—নহবৎ। < আ 'নওবত'। বি।

নবতি—১। নব্বই, ৯০-সংখ্যা। বি; স্ত্রী। ২। ৯০-সংখ্যক। নব দশ যাহাতে, বহু (নিপা)। বিণ; স্ত্রী।

নবতিতম—নব্বই সংখ্যার পূরক। নবতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

নবদ্বার—কর্ণদ্বয় চক্ষুর্দ্বয় নাসাদ্বয় মুখ পায়ু উপস্থ—দেহের এই নয় দ্বার। কর্মধা। বি; ক্লী।

নবধা—নয় প্রকার; নয়বার। নবন্+ধাচ্ প্রকারার্থে। অ।

নবধাতু—স্বর্ণাদি নয়টি ধাতু [স্বর্ণ, রৌপ্য, পিত্তল, সীসক, তাম্র, রঙ্গ, লৌহ, কাংস্য ও কান্তলৌহ]। কর্মধা। বি; পুং।

নবনবতি—নিরানব্বই, ৯৯-সংখ্যা; ৯৯-সংখ্যক। নবাধিকা নবতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

নবনবতিতম—নিরানব্বই সংখ্যার পূরক। নবনবতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

নবনী—ননী, মাখন। নব—নী+কিপ্ কর্ম। বি; স্ত্রী।

নবনীত—ননী, মাখন। নব—নী+ক্ত কর্ম। বি; ক্লী।

নবনীতক—ঘি। নবনীত+(জাত এই অর্থে) কন্। বি; ক্লী।

নবপত্রিকা—কদলী দাড়িমী ধান্য হরিদ্রা কচু মানকচু বিল্ব অশোক জয়ন্তী—এই নয় প্রকার পত্রে রচিত স্ত্রী-মূর্তি; সূত্রাদিবদ্ধা নবদুর্গা। কর্মধা। বি; স্ত্রী।

নববধূ—নূতন-বিবাহিতা স্ত্রী, নবোঢ়া রমণী। কর্মধা। বি; স্ত্রী।

[ক্লী।

নববর্ষ—নূতন বৎসর; নূতন বর্ষণ। কর্মধা। বি;

নববিধান—১। নূতন নিয়ম। কর্মধা। ২। ব্রাহ্ম-সমাজের একটি শাখা (কেশবচন্দ্র সেন ইহার প্রবর্তন করেন); একটি আধুনিক অভিধান। নব বিধান যাহাতে, বহু। বি; ক্লী।

নবম—নয় সংখ্যার পূরক। নবন্+মট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

নবমল্লিকা—মল্লিকাজাতীয় পুষ্প বিঃ, নেয়ালিফুল; লতা বিঃ। কর্মধা। বি; স্ত্রী।

নবমালিকা—১। নবমল্লিকা। কর্মধা। ২। দ্বাদশাক্ষর-চরণবিশিষ্ট ছন্দো বিঃ। বি; স্ত্রী।

নবমী—১। নয় এই সংখ্যার পূরণকারিণী। বিণ; স্ত্রী। ২। চন্দ্রের নবমকলার হ্রাস বা বৃদ্ধিরূপ ক্রিয়া দ্বারা উদ্ভূত তিথি। নবন্+মট্ পূরণার্থে+ঈপ্। বি; স্ত্রী। **নবমী দশা**—মূর্ছা ("নবমী দশা গেলি"—বিদ্যাপতি)।

নবযুবতী—নবযৌবনসম্পন্না (রমণী)। নবা যুবতী, কর্মধা। বিণ বা বি; স্ত্রী। পুং—**নবযুবা** (-বন্)।

নবযৌবনা—তরুণী। নব যৌবন যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

নবরঙ্গ—১। কায়স্থ প্রঃ কুলীনদের নয় প্রকারে কন্যা আদান-প্রদানরূপ কুলপ্রথা। কর্মধা। ২। নারাঙ্গা-লেবু। 'নারাঙ্গা' শব্দের মার্জিত রূপ। বি; ক্লী। ৩। নূতন রঙ্গরস; শতরঞ্চ (দাবা) খেলায় নয়টি বলের পর পর কিস্তিতে মাত করা। বাংপ্র। বি।

নবরত্ন—মুক্তা মাণিক্য বৈদূর্য গোমেদ বজ্র বিদ্রুম পদ্মরাগ মরকত নীলকান্ত—এই নয়টি মণি; একত্র নয় রত্নের সমবায়; নবরত্নঘটিত অলংকার; বিক্রমাদিত্য রাজার নয়জন সভাপণ্ডিত [ধন্বন্তরি, ক্ষপণক, অমরসিংহ, শংকু, বেতালভট্ট, ঘটকর্পর, কালিদাস, বরাহমিহির ও বররুচি]। নব রত্নের সমাহার, সমা দ্বিগু। বি; ক্লী।

নবরস—অলংকারশাস্ত্রোক্ত শৃঙ্গারাদি নববিধ রস [শৃঙ্গার, হাস্য, করুণ, রৌদ্র, বীর, ভয়ানক, বীভৎস ও অদ্ভুত—এই অষ্টবিধ রস নাট্যে প্রযুক্ত হয়; ইহা ছাড়া শান্তরস কাব্যে প্রযুক্ত হয়; ইহা নবম রসরূপে উক্ত]। কর্মধা। বি; পুং।

নবরাত্র—১। আশ্বিন মাসের শুক্লা প্রতিপদ্ হইতে নবমী পর্যন্ত নয় দিন ব্যাপিয়া করণীয় দুর্গাব্রত বিঃ। নবসংখ্যক রাত্রি, মধ্যপ কর্মধা (অচ্ সমাসান্ত); নবরাত্র+অচ্ আছে অর্থে। ২। আশ্বিন মাসের শুক্লা প্রতিপদ হইতে নবমী পর্যন্ত নয় তিথি। নব রাত্রির সমাহার, সমা দ্বিগু (অচ্ সমাসান্ত)। বি; পুং।

নবলক্ষণ—১। বিশ্বের সৃষ্টি স্থিতি প্রলয় সম্বন্ধীয় নয়প্রকার ঐশ্বরিক লক্ষণ; আচার বিনয় বিদ্যা প্রতিষ্ঠা তীর্থ-দর্শন নিষ্ঠা বেদপাঠ তপস্যা ও দান—এই নয়প্রকার কুললক্ষণ। কর্মধা। বি; ক্লী। ২। নবলক্ষণবিশিষ্ট। বহু। বিণ।

নবশাক, -শাখ—নবশায়ক। < নবশাখা বা নবশায়ক। বি।

নবশায়ক—পরাশরসংহিতোক্ত নয়প্রকার সংকীর্ণ জাতি [সদ্গোপ, মালাকার, তেলি, তাঁতী, ময়রা, বারুই, কুম্ভকার, কর্মকার ও নাপিত—এই নয় জাতি]। কর্মধা। বি; পুং।

নবাগত—যে নূতন আগমন করিয়াছে এরূপ। নব বে আগত, সুপ্। বিণ।

নবান্ন—নূতন অন্ন; শরৎকালীন বা হেমন্তকালীন নূতন ধান্যের তণ্ডুল দেবতা বা পিতৃলোককে নিবেদন করা রূপ ক্রিয়া বিঃ, নূতন ধান কাটার পর উৎসব বিঃ। নব অন্ন, কর্মধা। বি; ক্লী।

নবাব—বাদশাহী আমলের সামন্ত মুসলমান রাজা; জমিদার বা সম্ভ্রান্ত ব্যক্তি; মুসলমানী খেতাব বিঃ; বিলাসী বা আড়ম্বরপ্রিয় লোক। < আ 'নওবাব'। বি।

[স্ত্রী, -জাদী।

নবাবজাদা—নবাবের ছেলে। আ-মু। বি; পুং।

নবাব-নাজিম—একাধারে বিচারক এবং নবাব। নবাব অথচ নাজিম, কর্মধা (আ-মু)। বি।

নবাবপুত্তুর, -পত্ত—নবাবের ছেলে; অলস ও বিলাসী (ভর্ৎসনার্থে)। ৬ষ্ঠীতৎ (আ-মু)। বি।

নবাবি—নবাবের ন্যায় উদ্ধত আচরণ; নবাবের কার্য;

নবাবের পদ। নবাব+ই ভাবকর্মাদ্যর্থে (আ-মু)। বি।

নবাবী—নবাব সম্বন্ধীয়, নবাবের উপযুক্ত। নবাব+ঈ যোগ্যার্থে (আ-মু)। বিণ।

নবারুণ—যে অরুণ (সূর্যালোক) সবেমাত্র প্রকাশিত হইয়াছে; নবোদিত সূর্য। কর্মধা। বি; পুং।

নবার্জিত—যাহা নূতন সংগ্রহ বা উপার্জন করা হইয়াছে এরূপ। নব অর্জিত, সুপ্। বিণ।

নবিস, নবীস—লিখনকুশল; লেখক; কেরানী। ᐸফা 'নবীস'। বি বা বিণ।

নবী—ঈশ্বরের প্রেরিত দূত; পয়গম্বর; ভবিষ্যদ্বক্তা। আ-মু। বি।

নবীকরণ—পুনরায় নূতন করা; লুপ্ত বা উপেক্ষিত বিষয়ের পুনঃ-সংস্থাপন; যাহা হীন অবস্থায় উপস্থিত হইয়াছে তাহার উন্নতিসাধন। নব+অভূততদ্ভাবার্থে চ্বি (=নবী)—কৃ+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -কৃত।

নবীন—নূতন; নব্য; তরুণ। নব+ঈন স্বার্থে। বিণ।

নবীভবন, নবীভাব—পুনরায় নূতন হওয়া; বিস্মৃত বিষয়ের পুনরুদ্দীপন; যাহা হীন অবস্থায় উপস্থিত হইয়াছে তাহার সেই হীন অবস্থার সংশোধন হওয়া। নব+অভূততদ্ভাবার্থে চ্বি (=নবী)—ভূ+অনট্, ঘঞ্ ভাব। বি; ক্লী, পুং। বিণ, -ভূত।

নবোঢ়া—নূতন-বিবাহিতা স্ত্রী। নব উঢ়া, সুপ্। বি বা বিণ; স্ত্রী।

নবোৎসাহ—নূতন উদ্যম, নৈরাশ্যের পর যে উৎসাহ আসে তাহা। কর্মধা। বি; পুং।

নবোদিত—সবেমাত্র যাহার উদয় বা প্রকাশ হইয়াছে এরূপ। নব উদিত, সুপ্। বিণ।

নবোদ্গত—যাহা সবেমাত্র জন্মিয়াছে এরূপ। সুপ্। [বিণ।

নবোদ্যম—নূতন যত্ন; চেষ্টা পরিত্যাগের পর পুনরায় আরব্ধ চেষ্টা। কর্মধা। বি; পুং।

নব্বই, নব্বুই—নবতি; ৯০-সংখ্যা; ৯০-সংখ্যক। ᐸনবতি। বি বা বিণ।

নব্য—নূতন; যুবা; অল্পবয়স্ক; ইদানীন্তন, অধুনাতন। নু+যৎ কর্ম। বিণ। **নব্য সম্প্রদায়**—তরুণবয়স্ক ব্যক্তিগণ।

নভ—আকাশ। নভ্+অচ্ কর্তৃ। বি; ক্লী।

নভঃ (নভস্)—আকাশ; স্বর্গ; শ্রাবণ মাস; বয়স। নভ্+অস্ কর্তৃ। বি; ক্লী।

নভঃস্থ, নভস্থ—আকাশে অবস্থিত। উপতৎ; নভস্—স্থা+ক কর্তৃ। বিণ।

নভঃস্থল, নভস্থল—১। আকাশ, গগনমণ্ডল। কর্মধা। বি; ক্লী। ২। মহাদেব। নভস্, নভ স্থল যাঁহার, বহু। বি; পুং।

নভশ্চর—১। পক্ষী; বিদ্যাধর গন্ধর্ব প্রঃ; বায়ু; মেঘ; সূর্যাদি গ্রহ; রাক্ষস। বি; পুং। ২। আকাশে বিচরণকারী। উপতৎ; নভস্—চর্+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।

নভস্তল—গগনতল; আকাশদেশ। নভের (আকাশের) তল (পৃষ্ঠ), ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

নভস্থল—'নভঃস্থল' দ্রঃ।

নভস্পৃক্ (-স্পৃশ্)—গগনস্পর্শী। উপতৎ; নভ—স্পৃশ্+কিপ্ কর্তৃ। বিণ।

নভস্বান্ (-স্বৎ)—বায়ু; যুবা। নভস্+মতুপ্ আছে অর্থে। বি; পুং।

নভস্য—ভাদ্রমাস। নভস্+ক্য। বি; পুং।

নভেম্বর—ইংরেজী বৎসরের একাদশ মাস। ᐸইং 'November'. বি।

নভেল—উপন্যাস। ᐸইং 'novel' বি।

নভেলিয়ানা—নভেলে বর্ণিত নায়ক-নায়িকার মত ভাব-বিলাসিতা। বাংপ্র। বি।

নভোমণ্ডল—গগনমণ্ডল। নভের (আকাশের) মণ্ডল, ৬ষ্ঠীতৎ; অথবা নভঃ মণ্ডলসদৃশ, উপমিত কর্মধা। বি; ক্লী।

নম—প্রণাম। ᐸনমস্। বি। **নম নম করে সারা**—তাড়াতাড়ি কোনরকমে কাজ শেষ করা; সংক্ষেপে কাজ শেষ করা।

নমঃ (নমস্)—নমস্কার। নম্+অস্ কর্তৃ। অ।

নমঃশূদ্র—অনুন্নত হিন্দু জাতি বিঃ। বাংপ্র। বি।

নমন—১। নত হওয়া; প্রণাম। নম্+অনট্ ভাব। ২। নোয়ানো; নত করা। নম্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

নমনীয়—যাহাকে নোয়াইতে পারা যায় এরূপ; যাহাকে ইচ্ছামত আকার দেওয়া যায় এমন, pliable; যাহাকে নত্র করিতে হইবে বা করা আবশ্যক এরূপ। নম্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।

নমস্কর্তা (-তৃ)—যে নমস্কার করে এরূপ, প্রণামকারক। নমস্—কৃ+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -কর্ত্রী।

নমস্কার—প্রণাম; কপালে হাত ঠেকাইয়া অভিবাদন; নতিকরণ। নমস্—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

নমস্কারী—১। লজ্জাবতী স্ত্রী। উপতৎ; নমস্—কৃ+অণ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী। ২। বিবাহাদিতে নমস্য ব্যক্তি বা নমস্যা নারীকে প্রদেয় বস্ত্র। বাংপ্র। বি। [ণ্যৎ কর্ম। বিণ।

নমস্কার্য—নমস্কারের যোগ্য; নমস্য। নমস্—কৃ+

নমস্কৃত—যাহাকে নমস্কার করা হইয়াছে এরূপ। নমস্—কৃ+ক্ত কর্ম। বিণ।

নমস্য—পূজনীয়; প্রণম্য। নমস্+ক্য (=নমস্য নামধাতু)+যৎ কর্ম। বিণ।

নমাজ—মুসলমানদিগের উপাসনা। ফা। বি।

নমাস—নয় মাস। বাংপ্র। বি। **নমাসে ছমাসে**—বহু দেরিতে; কখন কখন; বহু দিন অন্তর।

নমিত—১। প্রণমিত; যাহাকে নোয়ান হইয়াছে এরূপ, বক্রীকৃত। নম্+ণিচ্+ক্ত কর্ম। ২। নত; প্রশান্ত। বাংপ্র। বিণ।

নমুচি—কন্দর্প; অসুর বিঃ। নঞ্—মুচ্+কি কর্তৃ। বি; পুং।

নমুনা—আদর্শ; দ্রব্যের অংশ বা নিদর্শন যাহা দ্বারা সেই রকম দ্রব্যের পরিচয় হয়; পরিচায়ক বস্তু, sample ᐸফা 'নমূনহ্'। বি।

নমোনমঃ (-মস্)—১। বার বার নমস্কার। নমস্+নমস্। বি। ২। যা তা, যৎসামান্য। বাংপ্র। অ।
নম্বর—সংখ্যা; অংক; পরীক্ষায় লব্ধ সংখ্যা, marks. <ইং 'number'. বি।
নম্বরী—নম্বরযুক্ত; চিহ্নিত; নম্বরের। বিণ। **নম্বরী নোট**—একশত টাকার বেশী মূল্যের নোট।
নম্য—১। নমনীয়; নত করিবার যোগ্য। নম্+ণিচ্+যৎ কর্ম। ২। নমস্কারযোগ্য। নম্+যৎ কর্ম, যোগ্যার্থে। বিণ।
নম্র—প্রণত; বিনীত; শিষ্ট; কোমল; নরম; হেঁট; আনত। নম্+র কর্তৃ, শীলাদ্যর্থে। বিণ।
নম্রতা—বিনীতভাব; শিষ্টতা; কোমলতা; নমনীয়তা; আনত অবস্থা। নম্র+তা ভাবে। বি; স্ত্রী।
নয়—১। উপদেশ; নীতি। নী+অচ্ ভাব। ২। নীতি-শাস্ত্র; দ্যূতক্রীড়া। নী+অচ্ করণ। বি; পুং। ৩। ৯ সংখ্যা বা সংখ্যক। <নবন্। বি বা বিণ। ৪। নহে; নাহয়; কিংবা। বাংপ্র। ক্রি।
নয়ছয়—অপচয়, অপব্যয়। বাংপ্র। বি।
নয়তো—তাহা না হইলে, নতুবা। বাংপ্র। অ।
নয়ন—১। চক্ষু। নী+অনট্ করণ। ২। প্রাপণ, লইয়া যাওয়া; যাপন, কাটানো। নী+অনট্ ভাব। বি; ক্লী।
নয়নগোচর—দৃষ্ট। ৬ষ্ঠীতৎ। বিণ।
নয়নজুলি—'নয়ানজুলি' দ্রঃ।
নয়নবাণ—দৃষ্টিশর; আকুলতাজনক তীব্রদৃষ্টি। রূপক কর্মধা বা উপমিত কর্মধা। বি; পুং।
নয়নসুক—একপ্রকার মিহি সূতী কাপড়, কেম্ব্রিক কাপড়। বাংপ্র। বি।
নয়নানন্দ—১। প্রিয়দর্শন; চক্ষুর আনন্দজনক; প্রীত হয় এরূপ। নয়নের আনন্দ যাহা হইতে, বহু। বিণ। ২। চক্ষুর প্রীতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নয়নাভিরাম—নয়নপ্রীতিকর; প্রিয়পাত্র। নয়ন—অভি—রম্+ণিচ্+অচ্ কর্তৃ। বিণ।
নয়া—নূতন। <নব। বিণ।
নয়ান—চোখ, চক্ষু। কপ্র। বি।
নয়ানজুলি, নয়নজুলি—জল বাহির হওয়ার নরদমা। [বাংপ্র। বি।
নর—১। মনুষ্য; পুরুষ। নৃ+অচ্ কর্তৃ। বি; পুং। ২। পঙ্‌ক্তি, সারি। <লহরী। বি।
নরক—নিরয়, পাপীদের দুঃখভোগের স্থান। নৃ+অক (বুন্) অধি। বি; পুং বা ক্লী।
নরককুণ্ড—যমপুরীর যাতনাময় স্থান বিঃ; অতি নিকৃষ্ট স্থান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
নরকগামী (-গামিন্)—পাপী; যে নরকে যাইবে এরূপ। উপতৎ; নরক—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**গামিনী, -মী**।
নরকংকাল—মানুষের অস্থি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নরকপাল—মড়ার মাথার খুলি। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।
নরকস্থ—যে নরকে থাকে এরূপ, কর্মদোষে যাহাকে নরকে থাকিতে হয় এরূপ। উপতৎ; নরক—স্থা+ক কর্তৃ। বিণ।
নরকেশরী (-কেশরিন্)—১। নৃসিংহদেব। নর অথচ কেশরী, কর্মধা। ২। মানব-শ্রেষ্ঠ। নর কেশরি-সদৃশ, উপমিত কর্মধা। বি; পুং।
নরগণ—১। জ্যোতিষোক্ত গণ বিঃ। নর নামক গণ, মধ্যপ। ২। মনুষ্য সকল। নরদিগের গণ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নরত্ব—মানবের আকৃতি ও প্রকৃতি। নর+ত্ব ভাবার্থে। [বি; ক্লী।
নরদমা, নরদামা—ময়লা জল যাইবার প্রণালী, ড্রেন। বাংপ্র। বি।
নরদেব—রাজা; ব্রাহ্মণ। ৭মীতৎ। বি; পুং।
নরনাথ—রাজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নরনারায়ণ—১। অর্জুন ও শ্রীকৃষ্ণ। দ্বন্দ্ব। ২। শ্রীকৃষ্ণ। নররূপী নারায়ণ, মধ্যপ। ৩। ভিক্ষুক, কাঙালী, দীনদরিদ্র। বাংপ্র। বি; পুং।
নরপতি—রাজা, নৃপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নরপশু—নরাধম, পশুপ্রকৃতি মানব। ৭মীতৎ। বি; পুং।
নরপিশাচ—যে ব্যক্তির আচার-ব্যবহার পিশাচের ন্যায় ঘৃণিত। নর পিশাচতুল্য, উপমিত কর্মধা; অথবা নবরূপ পিশাচ, রূপক কর্মধা। বি; পুং।
নরপুংগব—নরশ্রেষ্ঠ। নর পুংগব (ষাঁড়)-সদৃশ, উপমিত কর্মধা। বি; পুং।
নরবর—মনুষ্যপ্রধান। নরমধ্যে বর (প্রধান), ৭মী-তৎ। বি; পুং, বা বিণ।
নরবলি—দেবতার উদ্দেশে পশুর ন্যায় উপহৃত মনুষ্য। নরই বলি, কর্মধা। বি; পুং।
নরম—কোমল; সহজ; শান্ত; ভাবপ্রবণ; অনুকূল, বশীভূত; নিকৃষ্ট; সদয়; পচা; মৃদু; কাঁচ; শিথিল; ঠাণ্ডা; অবনত; কমজোর; কম মজবুত; কম। <ফা 'নর্ম্'। বিণ। **বাজার নরম হওয়া**—জিনিসের চাহিদা ও দাম কমা।
নরম-গরম—শান্ত অথচ উগ্র, মৃদু অথচ কড়া। কর্মধা (বাংপ্র)। বিণ।
নরমাংস—মানুষের মাংস। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
নরমাংসাশী (-শিন্)—যে মানুষের মাংস খায় এরূপ। উপতৎ; নরমাংস—অশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**শিনী**।
নরমানো—নরম হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
নরমেধ—নরবধাত্মক যজ্ঞ বিঃ (কলিতে বর্জনীয়)। নর—মেধ্+ঘঞ্ অধি। বি; পুং।
নররাজ—রাজা। নরদিগের রাজা, ৬ষ্ঠীতৎ (টচ্ সমাসান্ত)। বি; পুং।
নররূপী (রূপিন্)—মানুষের রূপধারী। নররূপ+ইন্ আছে অর্থে। বিণ। **স্ত্রী, -পিণী**।
নরলোক—মনুষ্যলোক, মর্ত্যলোক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নরসিংহ—১। নৃসিংহ অবতার। নর অথচ সিংহ, কর্মধা। ২। মনুষ্যশ্রেষ্ঠ। নর সিংহসদৃশ, উপ-মিত কর্মধা। বি; পুং।
নরসুন্দর—নাপিত, পরামাণিক। নর সুন্দর হয় যৎ কর্তৃক, বহু। বি; পুং।

নরহত্যা—মনুষ্যবধ, খুন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

নরহন্তা (-হন্তৃ)—মনুষ্যহত্যাকারী, ঘাতক, নৃশংস। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-হন্ত্রী**।

নরহরি—নৃসিংহ অবতার। নর অথচ হরি (সিংহ), কর্মধা। বি; পুং।

নরাকার, -কৃতি—যাহার চেহারা মানুষের ন্যায়, মানবরূপী। নরের আকারের, আকৃতির ন্যায় আকার, আকৃতি যাহার, বহু। বিণ। স্ত্রী, **-রা** (১ম পক্ষে)।

নরাধম—মনুষ্যের মধ্যে হেয়; যাহার স্বভাব, আচার ও চরিত্র অতি মন্দ এরূপ ব্যক্তি। নরের মধ্যে অধম, ৭মীতৎ। বি; পুং বা বিণ।

নরাধিপ—নৃপতি; রাজা। নরদিগের অধিপ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নরান্তক—১। যম; রাবণের এক পুত্র। বি; পুং। ২। নরহত্যাকারী। নরের অন্তক, ৬ষ্ঠীতৎ। বিণ।

নরুন—নখ কাটিবার অস্ত্র। <নখহরণিকা। বি।

নরেন্দ্র, নরেশ—নরশ্রেষ্ঠ; নৃপ; বৈদ্য বিঃ; বিষবৈদ্য। ৭মীতৎ। বি; পুং।

নরোত্তম—মানবশ্রেষ্ঠ; নারায়ণ, শ্রীকৃষ্ণ। ৭মীতৎ। বি; পুং।

নর্তক—যে নৃত্য করে, নৃত্য করা যাহার ব্যবসায়। নৃৎ+অক (ণ্বুন্) কর্তৃ, শিল্পী অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-কী**।

নর্তকী—যে স্ত্রী নৃত্য করে; নটী; হস্তিনী; ময়ূরী। নর্তক+ঈপ্। বি; স্ত্রী।

নর্তন—নৃত্য, নাচ। নৃৎ+অনট্ ভাব। বি; ক্লী।

নর্তিত—কম্পিত, আন্দোলিত; যাহাকে নাচানো হইয়াছে এরূপ। নৃৎ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

নর্দন—শব্দ, বৃষ ইঃর শব্দ। নর্দ্+অনট্ ভাব। বি; ক্লী।

নর্দিত—১। শব্দিত। নর্দ্+ক্ত কর্তৃ। বিণ। ২। শব্দকরণ। নর্দ্+ক্ত ভাব। বি; ক্লী।

নর্ম (নর্মন্)—ক্রীড়া; কৌতুক; পরিহাস। নৃ+মনিন্ করণ। বি; ক্লী।

নর্মদা—মধ্যভারতের নদী বিঃ; রেবা। নর্মন্—দা+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

নর্মসখী, -সহচরী—যে সখীর নিকট মনের সব কথা খুলিয়া বলা যায়; ক্রীড়াসঙ্গিনী। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ। বি; স্ত্রী।

নর্ম-সচিব, -সহচর—ক্রীড়াসঙ্গী, অন্তরঙ্গ বন্ধু; বিদূষক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নল—১। শর, খাগড়া; দময়ন্তীর স্বামী; শ্রীরামচন্দ্রের সাহায্যকারী বানর বিঃ। নল+অন্ কর্তৃ। বি; পুং। ২। চোঙ্গা; ডাঁটা। বাংপ্র। বি। **নল চালা**—চোর ধরিবার জন্য মন্ত্রপূত করিয়া নল বা কঞ্চি চালনা করা।

নলকূপ—যে নল-সাহায্যে ভূগর্ভের অতি নিম্ন স্তর হইতে পানীয় জল উত্তোলন করা হয়, tube-well. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নলানো—নল চালানো; খেজুর গাছ হইতে রস আহরণের জন্য গাছে নল লাগানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

নলি—পশুপক্ষীর লম্বা নখ; কাপড় বুনিবার ছোট নল; নলসদৃশ অস্থি। বাংপ্র। বি।

নলিকা—সুগন্ধি দ্রব্য বিঃ; বৃক্ষ বিঃ; নাড়ী; ছোট নল; ডাঁটা; চোঙ্গা; তূণ। নলী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

নলিচা, নলচে—হুঁকার দণ্ড—যাহার উপর কলিকা বসানো হয়। বাংপ্র। বি। [স্ত্রী।

নলিতা—নালিতা শাক। নল্+ক্ত কর্তৃ+আপ্। বি;

নলিন—১। পদ্ম, জল; নীলগাছ; শৈবাল। বি; ক্লী। ২। সারস পক্ষী। নল্+ইনন্ কর্তৃ। বি; পুং।

নলিনী—পদ্মসমূহ; যে স্থানে যথেষ্ট পদ্ম জন্মে; স্বর্গঙ্গা। নল+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

নলী—১। ডাঁটা; নল; নাড়ী; সুগন্ধিদ্রব্য বিঃ। নল্+ঈপ্। বি; স্ত্রী। ২। বস্ত্রবয়নের নিমিত্ত সূত্রপূর্ণ নল। বি। ৩। নলবিশিষ্ট। বাংপ্র। বিণ।

নলেন—খেজুরের নূতন রসে প্রস্তুত ('—গুড়')। <নূতন। বিণ।

নশ্বর—অনিত্য, অস্থায়ী; সংহারক। নশ্+ক্বরপ্ কর্তৃ শীলাদ্যর্থে। বিণ। স্ত্রী, **-রী**।

নষ্ট—নাশপ্রাপ্ত; পণ্ড; অপব্যয়িত; হৃত; পলায়িত; নিরুদ্দিষ্ট; দুষ্ট; প্রকৃতগুণহীন; যাহার আচরণ কদর্য হইয়াছে এরূপ; অকেজো; দোষযুক্ত; অসৎ; অভদ্র; কুটিল; হিংস্র। নশ্+ক্ত কর্তৃ। বিণ।

নষ্টের গোড়া—নষ্টামির মূল, দুর্বৃত্ততার কারণ।

নষ্টচন্দ্র—দোষযুক্ত চন্দ্র, ভাদ্রমাসের শুক্লা ও কৃষ্ণা চতুর্থীতে উদিত চন্দ্র। কর্মধা। বি, পুং।

নষ্টচেতন—অচেতন। নষ্টা চেতনা যাহার, বহু। বিণ।

নষ্টচেষ্ট—চেষ্টাহীন; নিষ্ক্রিয়; স্পন্দহীন; নষ্টা চেষ্টা যাহার, বহু। বিণ।

নষ্টমতি—১। দুর্বুদ্ধি, ভ্রষ্টমতি। নষ্টা মতি (বুদ্ধি) যাহার, বহু। বিণ। ২। মন্দ বুদ্ধি। কর্মধা। বি; স্ত্রী।

নষ্টা—বিনাশপ্রাপ্তা; ভ্রষ্টা, কুলটা। নশ্+ক্ত কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী।

নষ্টামি, নষ্টামো—দুষ্টামি; ব্যভিচার; ছিনালী; দুর্বৃত্ততা; পরিহাস। নষ্ট+আমি, আমো ভাবে। বাংপ্র। বি।

নষ্টাশ্বদগ্ধরথন্যায়—ন্যায় বিঃ [এক বনে আগুন লাগায় এক ব্যক্তির রথের অশ্ব, এবং আর এক ব্যক্তির রথ পুড়িয়া যায়। তখন একের রথে অন্যের অশ্ব যুড়িয়া তাহারা অনায়াসে আপনাদের গন্তব্য-স্থানে পৌঁছিল। এই প্রকারে নিষ্কাম শুদ্ধ ধর্মরূপ রথে জ্ঞানরূপ অশ্ব যুড়িয়া আকাঙ্ক্ষিত পরমেশ্বরকে অনায়াসে পাওয়া যায—ইহাই প্রাচীন বৈদান্তিকগণের মত]। নষ্ট অশ্ব যাহার, বহু; দগ্ধ রথ যাহার, বহু; নষ্টাশ্ব ও দগ্ধরথ, দ্বন্দ্ব; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

নষ্টোদ্ধার—জীর্ণবস্তুর উদ্ধার; হারানো জিনিস ফিরিয়া পাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নসিব, নসীব—অদৃষ্ট। আ। বি।
নস্য—১। নাসিকার হিতজনক; নাসা সম্বন্ধীয়। বিণ। ২। নাসিকাতে দেয় চূর্ণাদি; নাকে দিবার ঔষধ, নাস; (ব্যঙ্গার্থে) কোনও জিনিসের অতি সামান্য পরিমাণ। নসা+যৎ হিতার্থে। বি; ক্লী।
নস্যধানী—নস্য রাখিবার পাত্র। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
নস্যাৎ—লোপ; অপলাপ, একেবারে কিছুই না বলিয়া বাতিল। <ন স্যাৎ। অ।
নহ—নও, হও না। কপ্র। ক্রি।
নহবত—একতান বাদ্য বিঃ। <আ 'নওবত'। বি।
নহবতখানা—যে উঁচু মঞ্চের উপর নহবত বাজানো হয় তাহা। ৬ষ্ঠীতৎ (আ-ম্)। বি।
নহর—নদী, খাল। <আ 'নহব্'। বি।
নহনা—যে তাসে নয়টি ফোঁটা আছে তাহা; ছোট কর্ণিকা। <নয়। বি।
নহি—নই, হই না। কপ্র। ক্রি।
নহিলে—অন্যথা, নতুবা। বাংপ্র। অ।
নহুষ—চন্দ্রবংশীয় আয়ু রাজার পুত্র; যযাতির পিতা। নহ্+উষন্ কর্তৃ। বি; পুং।
নহে—নয়; হয় না। বাংপ্র। ক্রি।
না—১। নিষেধ বৈপরীত্য অভাব অসম্মতি সংকল্পের দৃঢ়তা অনুরোধ অবজ্ঞা সংশয় অভিমান বিরক্তি প্রশ্ন ইঃ সূচক শব্দ; কিংবা; কি; অথবা; ব্যতীত; পাদপূরণার্থ শব্দ। নহ্+ডা কর্তৃ; কোন কোন অর্থে <ন। অ। ২। নৌকা। <নৌ। বি।
না (নৃ)—মানুষ, পুরুষ ("না কহিবে সর্বদাই পতিত-পাবনী"—মধু)। নী+ঋন্ কর্তৃ। বি; পুং।
নাই—১। অভাবসূচক ক্রিয়া। <নাস্তি। অ। ২। অতিরিক্ত আদর, প্রশ্রয়, আশকারা। <স্নেহ। ৩। তালার মাঝের গোঁজ; উদরের মধ্যভাগে ক্ষুদ্রাকৃতি আবর্ত বিঃ; নাপিত; কামারের নেহাই; চাকার হাঁড়ি। <নাভি। বি। ৪। বাজে; অবিদ্যমান। বিণ। ৫। স্নান করি। বাংপ্র। ক্রি।
নাই-আঁকড়া, নেই-আঁকড়া—নাছোড়-বান্দা; একগুঁয়ে; যে খুব কূট তর্ক করে এরূপ। বাংপ্র। বিণ।
নাইট্রোজেন—মৌলিক গ্যাস বিঃ, যবক্ষারজান। <ইং 'nitrogen'. বি। [বি।
নাইয়া—নাবিক, মাঝি। না+ইয়া চালকার্থে (বাংপ্র)।
নাউ—লাউ। <অলাবু। বি।
নাও—১। নৌকা। <নৌ। বি। ২। গ্রহণ কর, লও। বাংপ্র। ক্রি।
নাওয়া—স্নান করা। <স্না-ধাতু। ক্রি [, বি]।
নাঃ—স্থির অসম্মতিজ্ঞাপক শব্দ। বাংপ্র। অ।
নাক—১। স্বর্গ; আকাশ। ন (নাই) অক (অসুখ) যেখানে, বহু। বি; পুং। ২। নাসা। <নাসিকা। বি। **নাক উঁচানো**—নাক বাঁকানো (তাহা দ্রঃ)। **নাক খোঁটা**—নাকেব ছিদ্রমধ্যে নথ প্রঃ দিয়া আঁচড়ানো। **নাক ঝাঁঝানো**—তীব্র গন্ধের ঘ্রাণ লইতে কষ্ট হওয়া। **নাক ঝাড়া**—নাক হইতে কফ শ্লেষ্মা প্রঃ বাহিব করিয়া দেওয়া। **নাক ডাকা**—ঘুমের সময় নাক হইতে শব্দ বাহির হওয়া। **নাক বাঁকানো, নাক সিটকানো**—ঘৃণা প্রকাশ করা; অবজ্ঞা করা। **নাক বিঁধানো**—নথ ইঃ পরিবার জন্য নাকে ছিদ্র করা। **নাকে কান্না**—খোনা স্বরে কাঁদা; কান্নার ভান, অপ্রকৃত কান্না। **নাকে খত**—নাকখত (তাহা দ্রঃ)। **নাকে মুখে কথা বলা**—অত্যন্ত বেশী ও তাড়াতাড়ি কথা বলা। **নাকে মুখে গোঁজা**—কোনরকমে খুব তাড়াতাড়ি খাওয়া। **নাকের জলে চোখের জলে এক হওয়া**—অতিশয় অসুবিধায় পড়া, খুব বিব্রত হওয়া। **নিজের নাক কেটে পরের যাত্রাভঙ্গ করা**—নিজের ক্ষতি করিয়া অপরের ক্ষতি করা।
নাক-কড়াই—নাকে পরিবার জন্য কড়াইয়ের মত ছোট গহনা বিঃ। বাংপ্র। বি।
নাক-কাটা—যাহার নাসিকা কর্তিত হইয়াছে এরূপ; বেহায়া, নির্লজ্জ। বহু। বিণ।
নাকখত, -খত্তা—নাক দিয়া মাটি ঘষিয়া দোষ-স্বীকার। বাংপ্র। বি। [আ 'নাকিস'। বিণ।
নাকচ—রদ, বাতিল; তুচ্ছ; ব্যবহারের অনুপযুক্ত।
নাকছাবি—নাকের একদিকে পরিবার অলংকার বিঃ। বাংপ্র। বি। [বলা। বাংপ্র। বি।
নাক-ঝামটা—তিরস্কার; অবজ্ঞার সহিত কড়া কথা
নাকানি—নাকে জল যাওয়া; বিপদে পড়া। বাংপ্র। বি।
নাকানি-চুবানি, -চোবানি—নাকে মুখে জল ঢোকা, জলে নিমজ্জন; নাকাল; বহু কাজের মধ্যে বিব্রত হওয়া। বাংপ্র। বি।
নাকারা, নাকাড়া—একপ্রকার ঢাকের মত বাদ্যযন্ত্র। <আ 'নক্কারহ্'। বি।
নাকাল—১। খুব ক্লান্ত; যে খুব কষ্ট পাইয়াছে এরূপ; অপ্রস্তুত; জব্দ। বিণ। ২। খোয়ার, নিগ্রহ, কষ্ট। বাংপ্র। বি।
নাকি—সত্য কি; প্রশ্ন এবং অনিশ্চয়ার্থবোধক শব্দ; অসম্ভবার্থক শব্দ; যেন; ঠিক। বাংপ্র। অ।
নাকী—নাসিকা হইতে উচ্চারিত, খোনা। নাক+ঈ সম্বন্ধাদি অর্থে (বাংপ্র)। বিণ।
নাক্ষত্র, নাক্ষত্রিক—নক্ষত্র সম্বন্ধীয়; নক্ষত্র দ্বারা পরিমিত। নক্ষত্র+অণ্, ইক সম্বন্ধার্থে, পরিমাণার্থে। বিণ। স্ত্রী, -ত্রী, -কী। **নাক্ষত্র জগৎ**—ছায়াপথ।
নাখোদা—জাহাজের অধ্যক্ষ; জাহাজের মাল সরবরাহকারী; ভারতের মুসলমান সম্প্রদায় বিঃ। <ফা 'নাখুদা'। বি।
নাখোশ, নাখুশ—অসন্তুষ্ট। ফা। বিণ।
নাগ—সর্প; হস্তী; মেঘ। ন অগ (নিশ্চল), সুপ্। বি; পুং। স্ত্রী—নাগী, (বাং) নাগিনী।
নাগকন্যা, -কন্যকা—নাগকুলোদ্ভবা নারী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
নাগকেশর—নাগেশ্বর-বৃক্ষ। কর্মধা। বি; পুং।
নাগপাশ—১। বরুণের অস্ত্র। নাগ পাশসদৃশ, উপমিত কর্মধা। ২। বন্ধন করিবার সর্পরূপ পাশ; আড়াই পেঁচের গ্রন্থি। নাগাকার পাশ। মধ্যপ। বি; পুং।

নাগপুষ্প—নাগকেশরবৃক্ষ, পুন্নাগবৃক্ষ; চম্পকবৃক্ষ। নাগ (হস্তিমদ)-গন্ধযুক্ত পুষ্প যাহার, বহু। বি; পুং।
নাগমাতা (-মাতৃ)—মনসা দেবী; কশ্যপপত্নী কদ্রু; মনঃশিলা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
নাগর—১। নগরজাত; নগর সম্বন্ধীয়, নাগরিক। বিণ। ২। শৌখিন রসিক পুরুষ; প্রণয়পাত্র। নগর+অণ্ ভবাদ্যর্থে। বি; পুং, বা ত্রিন। স্ত্রী, -রী।
নাগরঙ্গ—নারাঙ্গা নেবু। নাগের (সিন্দুরের) রঙ্গসদৃশ রঙ্গ যাহার, বহু। বি; ক্লী।
নাগরদোলা—ঘূরপাক খাইবার দোলা বা চক্র বিঃ। বাংপ্র। বি।
নাগরা—মৃত্তিকা বা ধাতু-নির্মিত বৃহৎ বাদ্যযন্ত্র বিঃ; শালিধান্য বিঃ; একপ্রকার জুতা। বাংপ্র। বি।
নাগরাই—পশ্চিমাঞ্চলের একপ্রকার জুতা। বাংপ্র। বি।
নাগরাজ—অনন্ত, সর্পরাজ; ঐরাবত। নাগ (সর্প, হস্তী)-মধ্যে রাজা, ৭মীতৎ (টচ্ সমাসান্ত)। বি; পুং।
নাগরালি—নাগরের ভাব; চাতুরী; রসিকতা; লাম্পট্য। নাগর+আলি ভাবে (বাংপ্র)। বি।
নাগরি—মাটির কলসী, একপ্রকার মাটির হাঁড়ি ('গুড়ের —')। বাংপ্র। বি।
নাগরিক—নগরবাসী; নগর সম্বন্ধীয়; শহুরে; রাষ্ট্রের স্থায়ী অধিবাসী, citizen. নগর+ইক নিবাসার্থে, সম্বন্ধার্থে। বি বা বিণ। স্ত্রী, -কী (নগরবাসিনী অর্থে চলিত বাংলায় **নাগরিকা**)।
নাগরিকতা—পৌরজনের অধিকার, citizenship. নাগরিক+তা ভাবে। বি; স্ত্রী।
নাগরী—১। ছলাকলায় নিপুণা নারী, রসিকা নারী; দেবনাগর লিপি। বি; স্ত্রী। ২। নগর সম্বন্ধীয়া; রসিকা; নগরবাসিনী। নাগর+ঈপ্। বিণ; স্ত্রী।।
নাগলোক—পাতাল, রসাতল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নাগা—১। সন্ন্যাসিসম্প্রদায় বিঃ; নাগা পর্বত অঞ্চলের জাতি বিঃ; পশ্চিমাঞ্চলের একশ্রেণীর ভাট। বি। ২। উলঙ্গ। <নগ্ন। বিণ।
নাগাড়—অবিরাম, একটানা। বাংপ্র। বি।
নাগাত—হইতে; পর্যন্ত। <আ 'লিগাইৎ'। অ।
নাগাল—নৈকট্য; পশ্চাৎ হইতে আসিয়া একত্র হওয়া; যতদূর পর্যন্ত পৌঁছানো যায় তাহার সীমা। বাংপ্র। বি। **নাগাল ধরা**—নিকটে উপস্থিত হওয়া; সমকক্ষ হওয়া। [বি; স্ত্রী।
নাগিনী—সর্পী। নাগ+ইনী (বাংলা স্ত্রী প্রত্যয়)।
নাগেন্দ্র—সর্পরাজ অনন্ত; ঐরাবত। নাগমধ্যে ইন্দ্র, ৭মীতৎ। বি; পুং।
নাগেশ—সর্পরাজ অনন্ত; পাণিনি ব্যাকরণের ভাষ্যবিবরণাদি গ্রন্থকার; শিবলিঙ্গ বিঃ। নাগের ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নাংগা—উলঙ্গ; অনাচ্ছাদিত। বাংপ্র। বি।
নাচ, নাচন—নর্তন, অঙ্গভঙ্গী। <নৃত্য। বি।
নাচত—নাচে ("শিখিকুল নাচত"—বিদ্যা)। প্রা কপ্র। ক্রি।
নাচনি, নাচুনি—নৃত্য; নাচের পারিশ্রমিক। নাচ্+অনি, উনি ভাব, করণ। বাংপ্র। বি।
নাচনী, নাচুনী—নর্তকী। বাংপ্র। বি; স্ত্রী।
নাচা—১। নৃত্য করা; স্পন্দিত হওয়া; আনন্দিত হওয়া; আশায় উৎফুল্ল হওয়া। ক্রি। ২। নৃত্য, অঙ্গভঙ্গী। নাচ্+আ ভাব (বাংপ্র)। বি।
নাচানো—নৃত্য করানো; উসকানো, মাতানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
নাচার—১। অসহায়; নিরুপায়। বিণ। ২। উপায়ের অভাব। ফা। বি।
নাচি, নাছি—মোটামুখ বড় ধরনের পেরেক, rivet. বাংপ্র। বি।
নাচিয়ে—নৃত্যকারী; নৃত্যকুশল। নাচ্+ইয়ে কর্তৃ (বাংপ্র)। বি বা বিণ।
নাছ—খিড়কির দ্বার; সদর দরজা। হি-মু। বি।
নাছি—'নাচি' দ্রঃ। [বিণ।
নাছোড়—যে কোনরূপেই ছাড়ে না এরূপ। হি-মু।
নাছোড়বান্দা—যাহার খুব অধ্যবসায় আছে এরূপ; একগুঁয়ে; যে কিছুতেই ছাড়ে না এরূপ। হি-মু। বিণ। [বা বি।
নাজাই—কৈফিয়তশূন্য; অনাদায়; অভাব। বাংপ্র। বিণ
নাজিম—মুসলমান সম্রাট্ কর্তৃক নিয়োজিত প্রদেশের শাসনকর্তা; রাজস্ব-সংগ্রহকারী। আ-মু। বি।
নাজির—আদালতের কর্মচারী বিঃ; পেয়াদাদের কর্তা। আ। বি।
নাজিরি—নাজিরের পদ। আ-মু। বি।
নাজেল—অবতীর্ণ; অবতরণ; আদেশ। আ। বিণ বা বি।
নাজেহাল—জব্দ, নাকাল; সংকটাপন্ন। <আ 'নজহাল'। বিণ।
নাট—১। নাচ, নৃত্য; অভিনয়; রঙ্গ। নট্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। নষ্ট। বাংপ্র। বিণ। **নাটের গুরু**—নষ্টামির শিক্ষাদাতা; ব্যাপারের কর্তা।
নাটক—১। অভিনয়-গ্রন্থ, যাত্রা-থিয়েটারের বই, দৃশ্যকাব্য। নট+অণ্ সম্বন্ধার্থে+কন্ স্বার্থে। বি; ক্লী। স্ত্রী—**নাটিকা**।
নাটকিত—নাটকাকারে রচিত। নাটক+ণিচ্ (নামধাতু)+ক্ত কর্ম। বিণ।
নাটকীয়—নাটক-সংক্রান্ত, নাটকে বর্ণনীয়। নাটক+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
নাটমন্দির—নৃত্যগীতাদির জন্য দেবমন্দিরের সম্মুখস্থ মণ্ডপ বিঃ। নাটার্থক মন্দির, মধ্যপ। বি; ক্লী। [বাংপ্র। বি; ক্লী।
নাটমহল—যেখানে যাত্রা-থিয়েটার হয়। ৬ষ্ঠীতৎ।
নাটা—১। একপ্রকার ফল; লাটাই। বি। ২। হ্রস্ব; বেঁটে। বাংপ্র। বিণ।
নাটাই—সূতা জড়াইবার কাটিম বা চরকি ('ঘুড়ির —')। বাংপ্র। বি।

নাটাপাটা—গড়াগড়ি; হিমশিম; বিব্রত। বাংপ্র। বিণ।
নাটিকা—ছোট নাটক। নট+অণ্ সম্বন্ধার্থে+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
নাটুয়া—নৃত্যকারী; অভিনেতা। নাট (নৃত্য, অভিনয়)+উয়া (বাংপ্র)। বি বা বিণ।
নাট্য—নৃত্য গীত বাদ্য এই তিনের সমবায়, তৌর্যত্রিক; অভিনয়; নৃত্যক্রিয়া; নৃত্য-গীত-বাদ্য-বিষয়িণী বিদ্যা। নট+ষ্যঞ্ কর্মার্থে। বি; ক্লী।
নাট্যকার—নাটক-লেখক। উপতৎ; নাট্য—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং।
নাট্যগৃহ—নাট্যশালা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
নাট্যমন্দির—নাট্যশালা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
নাট্যশালা—যেস্থানে নৃত্যগীতবাদ্য হইয়া থাকে; রঙ্গালয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
নাট্যাচার্য—নাট্যবিষয়ক উপদেষ্টা; রংগভূমির অধ্যক্ষ। নাট্যে আচার্য (শিক্ষাগুরু), ৭মীতৎ। বি; পুং।
নাট্যাভিনয়—রঙ্গমঞ্চে নাটকের বিষয়প্রদর্শন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নাট্যালয়—নাট্যশালা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নাড়া—১। কাটা ধানগাছের গোড়া; ঝাঁকুনি। বি। ২। কাঁপানো; ঘাঁটা; সঞ্চালিত করা; দোলানো; নড়ানো; একস্থান হইতে অন্য স্থানে নেওয়া। ক্রি। ৩। ঝাঁকুনি; অপবাদ; খোঁটা। বাংপ্র। বি।
নাড়াচাড়া—স্থান পরিবর্তন; ঘাঁটাঘাঁটি; সামান্য চর্চা। বাংপ্র। বি।
নাড়ানাড়ি—বার বার স্থানপরিবর্তন। বাংপ্র। বি।
নাড়ানো—কাঁপানো; দোলানো; স্থানচ্যুত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
নাড়াবুনে—নাড়াবনের লোক, চাষা; অনভিজ্ঞ; অশিক্ষিত। বাংপ্র। বি বা বিণ।
নাড়ি, নাড়িকা, নাড়ী—ডাঁটা; নাল; দেহস্থ শিরা; হস্তস্থিত শিরা বিঃ; গর্ভনাড়ী; নাড়ীর স্পন্দন; চুঙ্গী; নালী ঘা। নড়্+ই কর্তৃ; ২য় পক্ষে+কন্ স্বার্থে+আপ্; ৩য় পক্ষে নাড়ি+ঈপ্। বি; স্ত্রী। **নাড়ী টেপা**—রোগীর নাড়ী পরীক্ষা করা। **নাড়ীর টান**—সন্তানের প্রতি মাতার মমতাবোধ, জন্মসূত্রে যে অনুরাগ বা আসক্তি হয় তাহা।
নাড়ীচক্র—নাভিমধ্যে নাড়ীমূলে। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
নাড়ীজ্ঞান—নাড়ী পরীক্ষা দ্বারা রোগ বুঝিবার সামর্থ্য। মধ্যপ। বি; ক্লী।
নাড়ী-টেপা—বৈদ্য, কবিরাজ; ডাক্তার। উপতৎ (বাংপ্র)। বি বা বিণ।
নাড়ী-নক্ষত্র—১। জন্মনক্ষত্র। নাড়ীস্থ নক্ষত্র, মধ্যপ কর্মধা। বি; ক্লী। ২। জন্মাবধি সকল খবর; আমূল বৃত্তান্ত; কোন বিষয়ের সমস্ত সূক্ষ্মাণুসূক্ষ্ম ব্যাপার। বাংপ্র। বি।
নাড়ী-ভুঁড়ি—পেটের ভিতরের অন্ত্র প্রঃ। দ্বন্দ্ব (বাংপ্র)। বি। [বি।
নাড়ু—লাড়ু, লাড্ডু, একপ্রকার মিঠাই। <লড্ডুক।
নাড়ুগোপাল—নাড়ু আহারে রত শিশু কৃষ্ণের মূর্তি। বাংপ্র। বি।

নাতজামাই—নাতিনীর স্বামী। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি; পুং।
নাতনী—নাতিনী (তাহা দ্রঃ)।
নাতবউ, -বৌ—নাতির স্ত্রী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
নাতি—পুত্রের বা কন্যার পুত্র, পৌত্র বা দৌহিত্র। <নপ্তৃ। বি; পুং। স্ত্রী—**নাতিনী, নাতনী**।
নাতি—বেশী নয়, পরিমিত (সমাসে ব্যবহৃত)। ন অতি, নঞ্তৎ। অ (বিণ)।
নাতিদীর্ঘ—যাহা অত্যধিক লম্বা নহে এরূপ। ন অতিদীর্ঘ, সুপ্। বিণ।
নাতিশীতোষ্ণ—যাহা অধিক শীতলও নয় এবং অধিক উষ্ণও নয় এরূপ। শীত অথচ উষ্ণ, কর্মধা; অতি শীতোষ্ণ, সুপ্; ন অতিশীতোষ্ণ, সুপ্। বিণ।
নাতিশীতোষ্ণমণ্ডল—উত্তর বা দক্ষিণ হিমমণ্ডল এবং গ্রীষ্মমণ্ডলের মাঝামাঝি ভূভাগ, temperate zone. কর্মধা। বি; ক্লী।
নাতিস্থূল—যাহা বা যে অত্যধিক মোটা নহে এরূপ। ন অতিস্থূল, সুপ্। বিণ।
নাতোয়ান—ক্ষমতাহীন, অপারগ; নিঃস্ব; দেউড়িয়া। ফা-মূ। বিণ। [বি; পুং।
নাথ—প্রভু, কর্তা; পতি। নাথ্+অচ্ কর্তৃ।
নাথবতী—স্বামিবিশিষ্টা; সধবা; পরাধীনা। নাথ+মতুপ্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।
নাদ—১। ধ্বনি; গর্জন। নদ্+ঘঞ্ ভাব। ২। গরু প্রঃ পশুর বিষ্ঠা। বাংপ্র। বি। [বি।
নাদনা—খিলানের কাঠ; মোটা লাঠি; স্তূপ। বাংপ্র।
নাদনাবাড়ি—মোটা লাঠি। বাংপ্র। বি।
নাদা—১। বৃহৎ মুখযুক্ত জালা; গবাদির বিষ্ঠা; তাল, ঢেলা। বি। ২। শব্দ করা; (গরু প্রঃ পশুর) বিষ্ঠা ত্যাগ করা। বাংপ্র। ক্রি।
নাদাপেটা—যাহার পেট নাদা বা জালার মত বড় এরূপ। বহু (বাংপ্র)। বিণ।
নাদি—ছাগল ভেড়া প্রঃর বিষ্ঠা। বাংপ্র। বি।
নাদিত—শব্দিত; মুখরিত। নাদ+ইতচ্ জাতার্থে। বিণ।
নাদী (নাদিন্)—যে শব্দ করে এরূপ, শব্দায়মান; শব্দিত। নদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**নাদিনী**।
নাদুসনুদুস—মোটাসোটা, গোলগাল। বাংপ্র। বিণ।
নাদেয়, নাদ্য—নদী সম্বন্ধীয়; নদীজাত। নদ বা নদী+এয় ভবার্থে, নদী+ষ্যঞ্ ভবার্থে। বিণ।
নানকপন্থী—নানকের প্রচারিত ধর্মমতাবলম্বী। বাংপ্র। বি বা বিণ।
নানা—১। অনেকপ্রকার; ভিন্ন। ন+নাঞ্। অ; বিণ। ২। মাতামহ। হি। বি; পুং। স্ত্রী—**নানী**।
নানাজাতীয়—অনেকজাতিবিষয়ক; বহুপ্রকারের। নানাজাতি+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
নানান—বিবিধ। <নানা। বিণ।
নানাপ্রকার—১। অনেক রকম। কর্মধা। বি; পুং। ২। বহুবিধ, বিবিধ। বহু। বিণ।
নানাবিধ, -রূপ—বিবিধ, অনেকরকম। বহু। বিণ।

নানামত—১। অনেক রকমের। নানা মত, সুপ্। বিণ। ২। বিভিন্ন মত বা অভিপ্রায়। কর্মধা। বি; ক্লী।

নানামতে—নানাপ্রকারে। বাংপ্র। ক্রি-বিণ।

নানারূপ—'নানাবিধ' দ্রঃ।

নানারূপে—অনেক রকমে; বহু রূপ ধরিয়া। নানা রূপ যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

নানার্থক—অনেক-অর্থযুক্ত, বিভিন্নার্থবোধক। নানা অর্থ যাহার, বহু (ক সমাসান্ত)। বিণ। স্ত্রী, -র্থিকা।

নান্দী—নাটকাদির মংগলাচরণ; নাটকাদির প্রারম্ভে দেবাদির স্তুতি বা বন্দনা; আরব্ধ কার্যের সুসমাপ্তির নিমিত্ত কৃত অনুষ্ঠান বিঃ, মঙ্গলাচরণ; সমৃদ্ধি; অভ্যুদয়। নন্দ্+ঘঞ্ অধি+ঈপ্ (নিপা)। বি; স্ত্রী।

নান্দীমুখ—১। বৃদ্ধিশ্রাদ্ধভোজী মাতাপিতৃগণ; কূপাদির আচ্ছাদন। নান্দী মুখে বা মুখ (প্রধান) যাঁহাদের বা যাঁহার, বহু। বি; পুং। ২। বিবাহাদির শুভকর্মের পূর্বে কর্তব্য শ্রাদ্ধ। নান্দীর (শুভের) মুখ (আরম্ভ) যাহা হইতে, বহু। বি; ক্লী। [পসন্দ'। নঞ্তৎ। বিণ।

না-পছন্দ, না-পসন্দ—অমনোনীত। ⟨ফা 'না

নাপাক—অপবিত্র, অশুদ্ধ। ফা। বিণ।

নাপিত—ক্ষৌরকার জাতি, প্রামাণিক। ন—আপ্+ত কর্তৃ (নিপা)। বি: পুং। স্ত্রী—নাপিতানী, (বাং) নাপিতনী।

নাফরা—লাবড়া, বিবিধ তরকারির মিশ্রণে প্রস্তুত ব্যঞ্জন; পুরীর জগন্নাথ দেবের ভোগের জন্য প্রস্তুত একপ্রকার ব্যঞ্জন। বাংপ্র। বি।

নাফা—লাভ। ⟨আ 'নফঅ'। বি।

নাবা, নামা—অবতরণ করা; অবনত হওয়া; হ্রাস পাওয়া; হীন হওয়া। বাংপ্র। ক্রি। **পেট নাবা, পেট নামা**—তরল দাস্ত হওয়া। [, বি, বিণ]।

নাবানো—নীচে নামানো; খসানো। বাংপ্র। ক্রি

নাবাল—নীচু, ঢালু; নিম্নস্থান। বাংপ্র। বিণ বা বি।

নাবালক—অপ্রাপ্তবয়স্ক, অষ্টাদশ বৎসরের ন্যূন বয়সের লোক। ⟨ফা 'নাবালিগ'। বিণ বা বি; পুং।

নাবিক—কর্ণধার, মাঝি, নৌকাদি জলযানের চালক। নৌ+ইক ইহা দ্বারা জীবনধারণ করে এই অর্থে। বি; পুং।

নাবী—১। শ্রেণীবদ্ধ নৌকা জাহাজ প্রঃ। নৌ+অণ্ সমূহার্থে+ঈপ্। বি; স্ত্রী। ২। নৌ-বিধায়িণী। নাব+ঈপ্। বিণ; স্ত্রী। ৩। নীচু, নিম্নে অবস্থিত; উপযুক্ত সময়ের পরে উৎপন্ন; যাহা বিলম্বে হয় এমন। বাংপ্র। বিণ।

নাব্য—১। নৌকাযোগে উত্তরণীয়, জলযানাদির গমনাগমনযোগ্য। নৌ+যৎ তরণযোগ্যার্থে। বিণ। ২। তরুণাবস্থা; নূতনত্ব। নব+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

নাভি—১। উদরের মধ্যভাগে গর্তাকার নিম্নাংশ, নাই। বি; পুং বা স্ত্রী। ২। চাকার মাঝের অংশ, বেলুন; কেন্দ্রস্থল, focus; জীবকোষের অন্তঃস্থিত সূক্ষ্ম বিন্দুবৎ পদার্থ, nucleus. বি; পুং। ৩। কস্তুরী, মৃগনাভি। নহ্+ইঞ্ অধি, করণ (হ-স্থানে ভ)। বি; স্ত্রী।

নাভিকমল—পদ্মের ন্যায় সুন্দর নাভি। নাভিরূপ কমল, রূপক কর্মধা; অথবা, নাভি কমলসদৃশ, উপমিত কর্মধা। বি; ক্লী।

নাভিচ্ছেদ—সদ্যোজাত শিশুর নাড়ী কাটা। নাভির ছেদ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নাভিপদ্ম—পদ্মের ন্যায় সুন্দর নাভি; মণিপুরচক্র। নাভি পদ্মসদৃশ, উপমিত কর্মধা; অথবা, নাভিরূপ পদ্ম, রূপক কর্মধা। বি; ক্লী।

নাভিশ্বাস—মৃত্যুকালীন ঊর্ধ্বশ্বাস। নাভ্যাগত শ্বাস, মধ্যপ। বি; পুং।

নাম (নামন্)—বিভক্তিহীন শব্দ (ইহাকে লিঙ্গ বা প্রাতিপদিকও কহে); যে শব্দ দ্বারা বস্তু বা ব্যক্তিবিশেষকে নির্দিষ্ট করা যায়; সংজ্ঞা বা আখ্যা-বাচক শব্দ। ম্না+মনি কর্ম; অথবা নম্+অন্ করণ (নিপা)। বি; ক্লী।

নাম—আখ্যা; খ্যাতি; উল্লেখ ('সে আমার—করছিল'); বাক্যমাত্র ('নামে বড়লোক'); ইষ্টদেবের নাম ('—জপা'); সামান্য পরিমাণ ('—মাত্র')। ⟨নামন্। বি। **নাম করা**—নাম লওয়া, নাম উল্লেখ করা; ভগবানের নাম কীর্তন করা; স্মরণ করা; প্রসিদ্ধি অর্জন করা। **নাম কাটা**—তালিকা-বহির্ভূত করা; বরখাস্ত করা। **নাম ডাকা**—জোরে জোরে নাম ধরিয়া আহ্বান করা (সাধারণতঃ ক্লাসের ছাত্রদের)। **নাম ডুবানো**—সুনাম নষ্ট করা। **নাম রাখা**—নাম বা আখ্যা দেওয়া; নামকরণ-সংস্কার করা; কীর্তি রাখিয়া যাওয়া। **নাম হওয়া**—সুনাম হওয়া, যশঃ বৃদ্ধি পাওয়া।

-নামক—নামধারী (সমাসে অমুক নামক)। নামন্ +ক (বহুব্রীহি সমাসে)। বিণ।

নামকরণ—সংস্কার বিঃ, বিধিপূর্বক সন্তানের প্রথম নাম রাখা; নামপ্রদান। নামন্—কৃ+অনট্ ভাব। বি; ক্লী। [বিণ।

নাম-করা—বিখ্যাত, খ্যাতিমান্। উপতৎ (বাংপ্র)।

নামগন্ধ—সামান্যমাত্র; অতি সামান্য সংস্রব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নামগ্রহ, -গ্রহণ—নাম ধরা, নাম ধরিয়া আহ্বান করা। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।

নামজপ—তুলসী বা রুদ্রাক্ষের মালার গুটিকার সাহায্যে ইষ্টদেবের নামকরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নামজাদা—যশস্বী; প্রখ্যাতনামা। ⟨ফা 'নামজদ্'। বিণ।

নামঞ্জুর—অগ্রাহ্য, অননুমোদিত; পরিত্যক্ত। ⟨ফা-আ 'না-মনজুর'। বিণ। বি—নামঞ্জুরি।

নামডাক—প্রতিপত্তি। দ্বন্দ্ব। বি।

নামতঃ (-তস্)—নামে, নামে মাত্র, শুধু নামে—অর্থাৎ কাজে নয়। নাম+তস্। অ।

নামতা—সংখ্যা গণনা করিবার ধারাবদ্ধ তালিকা। <নামপত্র। বি।
নামত্যাগ—নিজের নাম পরিত্যাগ (কোন প্রতিজ্ঞা করিবার সময় বলা হয়)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নামদ্বাদশী—ব্রত বিঃ। নামের দ্বাদশ যাহাতে, বহু +ঈপ্। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বিণ।
নামধর—নামধারী, গুণ বা ক্রিয়াদি দ্বারা খ্যাতনামা।
নামধাতু—নামপ্রকৃতিক প্রত্যয়ান্ত ধাতু বিঃ, নামের অর্থাৎ ক্রিয়ার্থক ভিন্ন শব্দের উত্তর ক্যাচ্ কাম্যচ্ ণিচ্ প্রঃ প্রত্যয় যুক্ত করিয়া সাধিত ধাতু। নামজাত ধাতু, মধ্যপ। বি; পুং।
নামধেয়—সংজ্ঞা, আখ্যা; বাচক শব্দ। নামন্+ধেয় স্বার্থে। বি; ক্লী। [ধাতু। বি।
নামনা, নাবনা—বটগাছের জটা বা ঝুরি। <'নম্'-
নামনি, নামুনি—বিসূচিকা, ভেদ-রোগ। বাংপ্র। বি।
নামবাচক—১। যাহাতে নাম বুঝায় এরূপ। বিণ। স্ত্রী, -বাচিকা। ২। ব্যক্তি বা বস্তুবিঃর সংজ্ঞা-প্রকাশক শব্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নামমাত্র—যাহার নামই সার কাজে কিছুই নয় এরূপ; সামান্যমাত্র। নাম (সংজ্ঞা) মাত্র যাহার, বহু; অথবা, নামন্+মাত্রচ্ পরিমাণার্থে। বিণ। স্ত্রী, -ত্রা, -ত্রী।
নামমুদ্রা—নামাঙ্কিত অংগুরীয়ক; নামাঙ্কিত সীল-মোহর। নাম-অঙ্কিত মুদ্রা, মধ্যপ। বি; স্ত্রী।
নামযজ্ঞ—অবিশ্রান্তভাবে হরিনাম কীর্তন। নামই যজ্ঞ, কর্মধা। বি; পুং।
নামশেষ—১। মৃত্যু, মরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। মৃত। নাম মাত্র শেষ যাহার, বহু। বিণ।
নামসংকীর্তন—নামগান, বহুলোককর্তৃক একযোগে ভগবানের নাম এবং মহিমার কীর্তন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
নামহারা—নামহীন; যাহাতে নাম পর্যন্ত লুপ্ত হইয়াছে এমন। উপতৎ (বাংপ্র)। বিণ।
নামা (নামন্)—নামক; বহুব্রীহি সমাসে উত্তরপদে প্রযোজ্য শব্দ বিঃ। <নামন্। বিণ। পক্ষে স্ত্রী —নাম্নী।
নামা—১। লিখনপত্র ('হুকুম —')। <ফা 'নামহ্'। বি। ২। 'নাবা' দ্রঃ। **নামা উঠা**—কমা বাড়া।
নামাঙ্ক—নামের চিহ্ন, স্বাক্ষর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নামাঙ্কিত—যাহাতে নাম অঙ্কিত বা লিখিত আছে এমন। ৩য়াতৎ। বিণ। [বি।
নামাজ—মুসলমানদের উপাসনা। <ফা 'নমাজ'।
নামানো—নাবানো (তাহা দ্রঃ)।
নামাবলি, -বলী—১। দেবতার নামযুক্ত উত্তরীয়-বস্ত্র। নামের আবলি, আবলী যাহাতে, বহু। বি; ক্লী, স্ত্রী। ২। নামশ্রেণী, নামমালা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
নামামৃত—নামসুধা অর্থাৎ মধুর নাম। রূপক কর্মধা। বি; ক্লী। [বাংপ্র। বিণ।
নামী—নামধারী; নামজাদা; যথাসময়ের পরে উৎপন্ন।
নামীয়—নামযুক্ত; নাম সম্বন্ধীয়; নামেমাত্র বর্তমান, অতি নগণ্য, nominal. নামন্+ঈয় সম্বন্ধার্থে। বিণ। [৬ষ্ঠীতৎ। বি ক্লী।
নামোচ্চারণ—নাম বলা, নাম লওয়া। নামের উচ্চারণ,
নামোৎসব—উৎসবের অনুষ্ঠান করিয়া ভগবানের নাম-কীর্তন। নামগানরূপ উৎসব, মধ্যপ। বি; পুং।
নামোল্লেখ—নামোচ্চারণ, নাম-নির্দেশ। নামের উল্লেখ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নায়—তরণী, নৌকা। <নৌ। বি।
নায়ক—১। নেতা; গ্রন্থের প্রধান পুরুষচরিত্র; প্রণয়ী, hero; উপদেষ্টা; সেনাপতি; প্রধান ব্যক্তি; স্বামী। বি; পুং। ২। প্রাপক; নেতা; শ্রেষ্ঠ; অধ্যক্ষ। নী+ণক কর্তৃ। বিণ।
নায়কীয়—নায়কনায়িকা-সংক্রান্ত। নায়ক+ঈয় সম্বন্ধার্থে। বিণ। [—নায়রী।
নায়র—প্রণয়ী। <নাগর। বি; পুং। স্ত্রী—
নায়িকা—১। প্রণয়িনী স্ত্রী; কোন গ্রন্থের প্রধান স্ত্রী-চরিত্র; ভগবতীর অষ্টশক্তি। বি; স্ত্রী। ২। পরিচালিকা। নায়ক+আপ্। বিণ; স্ত্রী।
নায়েব—প্রতিনিধি; জমিদারের করসংগ্রাহক প্রধান কর্মচারী; নিম্নবর্তী কর্মচারী। <আ 'নায়িব'। বি। বিণ—নায়েবী। বি—নায়েবি।
নারক—১। নিরয়, নরক। নরক+অণ্ স্বার্থে। বি; পুং। ২। নরক সম্বন্ধীয়; নরকস্থ। নরক+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—নারকী।
নারকী (-কিন্)—নরকস্থ, নরকভোগী; নরকবাসের উপযুক্ত; নরক সম্বন্ধীয়; পাপিষ্ঠ। নরক+অণ্= নারক; নারক+ইন্ যোগ্যার্থে। বিণ। স্ত্রী, -কিণী।
নারকুলে—নারিকেলী। বাংপ্র। বিণ।
নারঙ্গ—নাগরঙ্গ; কমলালেবু। ন অরঙ্গ যাহার, বহু। বি; পুং।
নারঙ্গি, নারাঙ্গি—কমলালেবু। <নারঙ্গ। বি।
নারঙ্গী—কমলালেবু বর্ণ, পীত-লোহিত। বাংপ্র। বি বা বিণ।
নারদ—প্রসিদ্ধ দেবর্ষি; ব্রহ্মার মানসপুত্র। উপতৎ; নার—দা+ক কর্তৃ। বি; পুং।
নারদীয়—নারদ সম্বন্ধীয়; নারদ-বিরচিত। নারদ+ ঈয়, তদ্দ্বারা কৃত অর্থে, সম্বন্ধার্থে। বিণ।
নারা—না পারা। বাংপ্র। ক্রি।
নারাচ—লৌহময় বাণ; ১৮ অক্ষরের ছন্দো বিঃ। নার —আ—চম্+ড কর্তৃ। বি; পুং।
নারাজ—অসম্মত; অসন্তুষ্ট। ফা-আ। বিণ।
নারায়ণ—বিষ্ণু, শ্রীকৃষ্ণ। নার (জল) অয়ন (স্থান) যাহার, বহু। বি; পুং।
নারায়ণী—১। নারায়ণের শক্তি; লক্ষ্মী; দুর্গা; গঙ্গা। নারায়ণ+ঈপ্। বি; স্ত্রী। ২। নারায়ণ-সম্বন্ধিনী। নারায়ণ+অণ্ সম্বন্ধার্থে+ঈপ্। বিণ; স্ত্রী।
নারায়ণী সেনা—শ্রীকৃষ্ণের সংশপ্তক সেনাবাহিনী।
নারিকেল—১। স্বনামপ্রসিদ্ধ ফলবৃক্ষ। নারি—ক—ইল+ক কর্তৃ। বি; পুং। ২। নারিকেল-ফল। নারিকেল+অণ্ তৎফলার্থে। বি; ক্লী।

নারিকেলকোরা—কুরুনি দিয়া চাঁচিয়া বাহির-করা নারিকেলের শাঁস। ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি।
নারিকেলী—নারকুলে, নারিকেলাকৃতি, লম্বাটে ধরনের ('—কুল')। বাংপ্র। বিণ।
নারী—স্ত্রীলোক, রমণী; পত্নী। নর+ঙীপ্ স্ত্রী। বি; স্ত্রী।
নারীজন্ম (-জন্মন্)—স্ত্রীরূপে জন্মলাভ; স্ত্রীলোকের জীবন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
নারীনিগ্রহ, -নির্যাতন—স্ত্রীলোকের উপর উৎপীড়ন। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।
নারীরত্ন—অপূর্ব সুন্দরী বা গুণবতী রমণী। নারীদিগের মধ্যে রত্ন (রত্নসদৃশ উৎকৃষ্ট), ৭মীতৎ। বিণ।
নারীস্বভাবসুলভ—স্ত্রী-প্রকৃতিতে সচরাচর যেরূপ দেখা যায় সেরূপ। নারীস্বভাবে সুলভ, ৭মীতৎ। বিণ।
নার্ভ—স্নায়ু, দেহমধ্যস্থ অনুভূতি এবং কর্মপ্রেরণাবাহী শ্বেত বা হরিদ্রাভ সূত্রবৎ পদার্থ। < ইং 'nerve'. বি। বিণ—**নার্ভাস**।
নাল—১। মল; মৃণাল; ফাঁপা ডাঁটা প্রঃ; শিরা। নল্+ণ কর্তৃ। বি; ক্লী। ২। গরু ঘোড়া প্রঃর ক্ষুরে বদ্ধ লোহ বিঃ। আ। ৩। থুথু। < লালা। ৪। পয়োনালা। < নালক। বি।
নাল-ফুল—কুমুদ, শাপলা ফুল। বি।
নালা—পয়ঃপ্রণালী, ড্রেন। < নালক। বি।
নালায়েক—অক্ষম; অনুপযুক্ত। < ফা 'নালায়িক'। বিণ।
নালি, নালী—১। নাড়ী, দেহস্থ শিরা; চুঙ্গী; জলনির্গমনপথ, নাড়ীক্ষত; নালী ঘা; শোষ। নল্+ইণ্ কর্তৃ, পক্ষে+ঈপ্। বি; স্ত্রী। ২। জুলি। বাংপ্র। বি।
নালিক—১। শর, বাণ; একপ্রকার প্রাচীন নলযুক্ত যুদ্ধাস্ত্র, প্রাচীনকালের বন্দুক বা কামান। নালী+কন্ আছে অর্থে। বি; পুং।
নালিকা—নালি; ডাঁটা; নালিতা শাক, হস্তীর কর্ণ বিদ্ধ করিবার অস্ত্র বিঃ। নালিক+আপ্। বি; স্ত্রী।
নালিতা—পাটশাক, নালতে শাক। নল্+ণিচ্+ক্ত কর্ম+আপ্। বি; স্ত্রী।
নালিশ—অভিযোগ; আবেদন। ফা। বি।
নালিশী—নালিশ সংক্রান্ত, নালিশের বিষয়ীভূত। নালিশ+ঈ সম্বন্ধার্থে। বিণ।
নালী—'নালি' দ্রঃ। **নালী ঘা**—পুরাতন নালীযুক্ত ক্ষত। [বি; পুং।
নালীক—নালিক (তাহা দ্রঃ)। নালী—কৈ+ক কর্তৃ।
নালীব্রণ—নালী ঘা। নালীগত ব্রণ (ক্ষত), মধ্যপ। বি; পুং বা ক্লী।
নাশ—ধ্বংস, মৃত্যু; পলায়ন; অদর্শন। নশ্+ঘঞ্ ভাব। বি; পুং।
নাশক—ধ্বংসক, ক্ষয়কারী, যে নাশ করে এমন। নশ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**নাশিকা**।
নাশকতা—গোপনে ধ্বংসমূলক কার্য বা ধ্বংসমূলক কার্য করিবার চেষ্টা, sabotage. নাশক+তা ভাবে। বি; স্ত্রী।
নাশন—১। উচ্ছেদন, বিলোপন। নশ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**নাশিত**। ২। (সমাসে) নাশক ('পাপ—')। নশ্+ণিচ্+অন কর্তৃ। বিণ।
নাশপাতি—আপেলজাতীয় ফল বিঃ, pear. ফা। বি।
নাশা—নাশ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
নাশী (ন্যাশিন্)—১। নশ্বর, ধ্বংসশীল। নাশ+ইন্ আছে অর্থে। ২। (সমাসে অন্য শব্দের পরে) নাশক, উচ্ছেদক। নশ্+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**নাশিনী**।
নাস—নাকে দিবার তামাকগুঁড়া; নাসা। < নস্য। **জলের নাস**—নাক দিয়া জলপান। **ধোঁয়ার নাস**—নাক দিয়া টানিয়া ধূমপান।
নাসত্য—স্বর্গবৈদ্য অশ্বিনীকুমারদ্বয়। ন অসত্য, নঞ্ তৎ (নিপা)। বি; পুং।
নাসা—১। নাক, নাসিকা। নাস্+অ কর্তৃ+আপ্। বি; স্ত্রী। ২। নাকের রোগ বিঃ; চৌকাঠের উপরকার কাঠ, ঝনকাঠ। বাংপ্র। বি।
নাসাপথ, -পুট, -রন্ধ্র—নাসিকার ছিদ্র। রূপক কর্মধা, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
নাসিকা—নাসা, নাক। নাসা+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
নাস্তা—জলপান, প্রাতরাশ। < ফা 'নাশ্‌তহ্'। বি।
নাস্তা-নাবুদ—লাঞ্ছিত; বিধ্বস্ত; হয়রান; ছিন্ন-ভিন্ন। < ফা 'নীস্তনাবূদ'। বিণ।
নাস্তি—নাই, বিদ্যমান নহে; অবিদ্যমানতা, না থাকা। ন+অস্তি। সংস্কৃত শব্দদ্বয়।
নাস্তিক—নিরীশ্বরবাদী, atheist; ঈশ্বর এবং পরকালের সত্তায় অবিশ্বাসকারী, বেদাদি ধর্মশাস্ত্রে অবিশ্বাসী। নাস্তি (নাই) পরলোকে মতি ইহার এই অর্থে নাস্তি+ইক (ঠন্)। বিণ।
নাস্তিকতা, নাস্তিক্য—নিরীশ্বরবাদ। নাস্তিক+তা, ষ্যঞ্ ভাবে। বি; স্ত্রী, ক্লী।
নাহক—বৃথা, অনর্থক, শুধুশুধু। ফা-আ। ক্রিবিণ। [অ।
নাহয়—বরং; অন্যথা হইলে; অগত্যা; কিংবা। বাংপ্র।
নাহানো—স্নান করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
নাহি—১। নাই, না। অ। ২। স্নান করিয়া। বাংপ্র। অস-ক্রি।
নি—১। নিষেধ অভাব নিকৃষ্টতা নিশ্চয় সংশয় সামীপ্য নিন্দা আধিক্য বিন্যাস নিত্যতা কৌশল উপরম আশ্রয় দান মুক্তি অন্তর্ভাব বন্ধন রাশি অধোভাগ ইঃ-সূচক উপসর্গ। নহ্+ডি কর্তৃ। ২। 'না'-অর্থসূচক শব্দ ('আসে নি'); প্রশ্নসূচক শব্দ বিঃ ('যান-নি'?); ক্রিয়া বিঃ ('লই'-অর্থে)। বাংপ্র। অ। ৩। সপ্তম সুর। < নিষাদ। বি।
নিউমোনিয়া—সজ্বর ফুসফুস-প্রদাহরোগ বিঃ। < ইং 'pneumonia'. বি।
নিংড়নো, নিংড়ানো—পাকাইয়া কিংবা পেষণ করিয়া

জলাদি তরল পদার্থ নিষ্কাশন করা। বাংপ্র। ক্রি [,বি, বিণ]।

নিঃ (নির্)—নির্গমন; বহিষ্করণ; নিশ্চয়; নিঃশেষ; নিষেধ; নিতান্ত। নৃ+ক্বিপ্ কর্তৃ। অ।

নিঃ (নিস্)—সাকল্য; নিশ্চয়; নিষেধ। নিস্+ক্বিপ্ কর্তৃ। অ।

নিঃক্ষত্র, নিঃক্ষত্রিয়—ক্ষত্রিয়রহিত, ক্ষত্রিয়শূন্য। নির্ (নাই) ক্ষত্র, ক্ষত্রিয় যাহাতে; বহু। বিণ।

নিঃশঙ্ক—নির্ভয়; নিঃসন্দেহ; নিঃসংকোচ। নির্ (নাই) শঙ্কা যাহার, বহু। বিণ।

নিঃশঙ্কচিত্ত, -হৃদয়—নির্ভয়, যাহার ভয় নাই এরূপ। বহু। বিণ। ক্রি-বিণ. -চিত্তে, -হৃদয়ে।

নিঃশব্দ—শব্দহীন, নীরব। নির্ (নাই) শব্দ যাহাতে বা যাহার, বহু। বিণ।

নিঃশব্দ-পদসঞ্চারে—চুপি চুপি পা ফেলিয়া। নিঃশব্দ পদসঞ্চার (পা ফেলা), কর্মধা, তাহাতে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।

নিঃশস্ত্র-প্রতিরোধ—বিনা অস্ত্রে বাধাপ্রদান, যুদ্ধাদি না করিয়া শত্রুর কার্যে বাধাদান, passive resistance. কর্মধা। বি; পুং।

নিঃশেষ—১। সম্পূর্ণ, সকল। নির্ (নির্গত) শেষ যাহা হইতে, বহু। ২। শেষহীন, অনন্ত; অসীম; একেবারে শূন্য; সম্পূর্ণ রিক্ত; সম্পূর্ণ নিহত। নিঃ (নাই) শেষ যাহার, বহু। বিণ।

নিঃশেষিত—নিঃশেষপ্রাপ্ত; সম্পূর্ণ নিহত, ব্যয়িত বা শূন্য। নির্—শেষি (নামধাতু)+ক্ত কর্ম। বিণ।

নিঃশ্বসিত—যাহা নিঃশ্বাসরূপে বাহির হইয়াছে এমন। নির্—শ্বস্+ক্ত কর্তৃ। বিণ। বি—**নিঃশ্বসন**।

নিঃশ্বাস—প্রাণবায়ুর বহির্নিঃসরণ; নাসিকাপথে নির্গত বায়ু; শ্বাস; দম। নির্—শ্বস্+ঘঞ্ ভাব। বি; পুং।

নিঃশ্বাস-প্রশ্বাস—শ্বাসত্যাগ এবং শ্বাস গ্রহণ; পরিত্যক্ত এবং আকৃষ্ট শ্বাস। দ্বন্দ্ব। বি; পুং।

নিঃশ্রেয়স্—মুক্তি; মঙ্গল; জ্ঞান; ভক্তি। নির্ যে শ্রেয়ঃ, প্রাদি+অচ্ সমাসান্ত। বি; ক্লী।

নিঃসংজ্ঞ—সংজ্ঞাহীন, অচেতন, বেহুঁশ। বহু। বিণ।

নিঃসংশয়—দ্বিধাহীন; নিশ্চিত। বহু। বিণ।

নিঃসংকোচ—কুণ্ঠাহীন, দ্বিধাহীন। নির্ (নাই) সংকোচ যাহার, বহু। বিণ।

নিঃসঙ্গ—একাকী, সঙ্গিহীন; উদাসীন; সম্বন্ধহীন। বহু। বিণ।

নিঃসত্ত্ব—প্রাণিবর্জিত, জীবশূন্য; তেজোহীন; বলহীন। বহু। বিণ।

নিঃসন্তান—পুত্রকন্যাহীন, আঁটকুড়া নির্ (নাই) সন্তান যাহার, বহু। বিণ।

নিঃসন্দেহ—সংশয়শূন্য, নিশ্চিত। বহু। বিণ।

নিঃসম্পর্ক—সম্বন্ধশূন্য; আত্মীয়শূন্য; আত্মীয়তাশূন্য। নির্ (নাই) সম্পর্ক যাহার বা যাহার সহিত, বহু। বিণ।

নিঃসম্বল—অর্থসামর্থ্যহীন, নিঃস্ব; পাথেয়শূন্য; নির্ভরহীন। বহু। বিণ।

নিঃসরণ—১। বহির্গমন, নির্গত হওয়া; মৃত্যু; মুক্তি। নির্ (বাহির)—সৃ+অনট্ ভাব। ২। দ্বার; উপায়। নির্—সৃ+অনট্ করণ। বি; ক্লী। [যাহার, বহু। বিণ।

নিঃসহায়—অনাথ, অসহায়। নির্ (নাই) সহায়

নিঃসাড়—স্পন্দনশূন্য, নিস্তব্ধ; অসাড়। নির্ (নাই) সাড়া যাহার, বহু (বাংপ্র)। বিণ।

নিঃসারক—(সাধারণতঃ সমাসে) যাহা নিঃসারিত করে। নির্—সৃ+ণিচ্+ণক কর্তৃ। বিণ।

নিঃসারণ—১। নির্বাসন; বহিষ্করণ, নিষ্কাশন। নির্—সৃ+ণিচ্+অনট্ ভাব। ২। গৃহাদির প্রবেশ-নির্গমপথ। নির্—সৃ+ণিচ্ অনট্ করণ। বি; ক্লী।

নিঃসারিত—নিষ্কাশিত, বহিষ্কৃত; নির্বাসিত। নির্—সৃ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

নিঃসৃত—নির্গত; ক্ষরিত। নির্—সৃ+ক্ত কর্তৃ। বিণ।

নিঃস্পন্দ—স্পন্দনরহিত। বহু। বিণ।

নিঃস্পৃহ, নিস্পৃহ—বাসনাশূন্য, আসক্তিহীন, নিষ্কাম। বহু। বিণ।

নিঃস্ব—নির্ধন। নিঃ (নাই) স্ব (ধন) যাহার, বহু। বিণ। বি, -তা, -ত্ব।

নিঃস্বন—শব্দ; গর্জন। নির্—স্বন্+অপ্ ভাব। বি; পুং।

নিঃস্রব, নিঃস্রাব—ক্ষরণ, দ্রব বস্তুর নির্গমন। নির্ (বাহির)—স্রু+অপ্, ঘঞ্ ভাব। বি; পুং।

নিঁদ—নিদ্রা। কপ্র। বি।

নিকট—১। অদূর; ঘনিষ্ঠ। বিণ। ২। সামীপ্য; সমীপস্থ স্থান। নি—কট্+অচ্ কর্তৃ। বি; ক্লী।

নিকট প্রাচ্য—এশিয়া ও ইওরোপের মিলনস্থলের দেশগুলি, Near East.

নিকটবর্তী (-বর্তিন্)—সমীপস্থ, কাছাকাছি। উপতৎ; নিকট—বৃত্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বর্তিনী।

নিকটস্থ—সন্নিহিত, সমীপস্থ। উপতৎ; নিকট—স্থা +ক কর্তৃ। বিণ।

নিকড়ে, নিকড়িয়া—দীনহীন; কপর্দকহীন। নি (নয়) কড়ে, কড়িয়া, সুপ্ (বাংপ্র)। বিণ।

নিকনো, নিকানো—গোবর এবং মাটি প্রঃ দিয়া লেপা। বাংপ্র। ক্রি [, বা, বিণ]।

নিকর—সমূহ; সার; ন্যায্য দেয় ধন; নিধি, রত্ন। নি (উপর)—কৃ+অপ্ কর্ম। বি; পুং।

নিকর্মা (-কর্মন্)—বেকার; অকর্মণ্য; কুঁড়ে। বহু। বিণ।

নিকষ, নিকস—১। কষ্টিপাথর; সুবর্ণরজতাদির পরীক্ষাস্থান; শাণ। নি—কষ্, কস্+ঘ অধি। ২। নিকষোপলরেখা, কষ্টিপাথরের দাগ। নি—কষ্, কস্+ক কর্ম। বি; পুং।

নিকষণ—ঘর্ষণ; শাণে ঘষা; উল্লেখন, খনন; কষ্টিপাথরে ঘষিয়া পরীক্ষা। নি—কষ্+অনট্ ভাব। বি; ক্লী।

নিকষিত—শাণ-দেওয়া; পালিশ-করা; নিকষে পরীক্ষিত। নি—কষ্+ক্ত কর্ম। বিণ।

নিকষোপল—শাণ; কষ্টিপাথর। নিকষই উপল, কর্মধা। বি; পুং। [(=বিবাহ)। বি।
নিকা—মুসলমানী বিধবা বিবাহ। < আ 'নিকাহ'
নিকানো—'নিকনো' দ্রঃ।
নিকাম—১। কর্মহীন; অকেজো। হি-মূ। বিণ। ২। যথেষ্ট; সমধিক; স্বেচ্ছাপূর্বক। নি (নাই) কাম (পর্যাপ্ত) যাহা হইতে, বহু। ক্রি-বিণ।
নিকামাইয়ে—বেকার। বাংপ্র। বিণ।
নিকায়—১। সমূহ; একজাতীয় প্রাণিসমূহ; সমধর্ম-বিশিষ্ট ব্যক্তিসমূহ, body; লক্ষ্য। নি—চি+ঘঞ্ কর্ম। ২। বাসস্থান, গৃহ; পরমাত্মা। নি—চি+ঘঞ্ অধি। বি; পুং।
নিকার—পরাজয়; তিরস্কার; অবমাননা; অপকার। নি—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।
নিকারী, নিকিরী—মৎস্যজীবী মুসলমান সম্প্রদায় বিঃ। বাংপ্র। বি।
নিকাশ—১। প্রকাশ। নি—কাশ্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। (শব্দের পরবর্তী হইলে) তুল্য। নি—কাশ্+অচ্ কর্তৃ। বিণ। ৩। অবসান; রফা, চুক্তি; নির্ধারণ; কৈফিয়ত; নাশ; বহির্গমন; হিসাব বুঝাইয়া দেওয়া। < নিষ্কাশ। বি।
নিকাশিপোতা—হিসাবনিকাশের পর হিসাবদাতার নিকট পাওনা টাকা। বাংপ্র। বি।
নিকাশী—খতমসূচক। বাংপ্র। বিণ।
নিকি—উকুনের ডিম। বাংপ্র। বি।
নিকিরী—'নিকারী' দ্রঃ।
নিকুচি—ভয়-প্রদর্শনসূচক বাক্য, ভর্ৎসনাবাক্য। < নিকুঞ্চিত। বি। **নিকুচি করা**—দফা রফা করা; শেষ করা।
নিকুঞ্জ—উদ্যানে বা অরণ্যে লতা প্রঃ দিয়া ঢাকা ঘরের মত জায়গা; লতাগৃহ। নি—কু—জন্+ড কর্তৃ (নিপা)। বি; পুং বা ক্লী।
নিকুঞ্জ-কানন—লতাপাতা এবং লতা গৃহাদিশোভিত রম্য বন। **নিকুঞ্জবৃত্ত** কানন, মধ্যপ। বি; ক্লী।
নিকুম্ভিলা—(রামায়ণে) ইন্দ্রজিতের যজ্ঞস্থান। বি; স্ত্রী।
নিকৃন্তন—১। ছেদন, কর্তন। নি—কৃত+অনট্ ভাব। বি; ক্লী। ২। কর্তক, ছেদক। নি—কৃত্+অন কর্তৃ। বিণ। [বিণ।
নিকৃষ্ট—অপকৃষ্ট, জঘন্য, নীচ। নি—কৃষ্+ক্ত কর্ম।
নিকেত, নিকেতন—গৃহ, আলয়, আবাস। নি—কিৎ+ঘঞ্, অনট্ অধি। বি; পুং, ক্লী।
নিকোচন—সংকোচন, কুঞ্চিত করণ। নি—কুচ্+অনট্ ভাব। বি; ক্লী।
নিক্তি—ক্ষুদ্র তুলাদণ্ড। হি-মূ। বি। **নিক্তির ওজন**—নির্ভুল পরিমাণ, ঠিক ওজন।
নিক্বণ—বীণাদির ধ্বনি; মধুরধ্বনি। নি—ক্বণ্+অপ্ ভাব। বি; পুং।
নিক্ষিপ্ত—যাহা ছুড়িয়া ফেলা হইয়াছে এমন; ত্যক্ত; অর্পিত, গচ্ছিত। নি—ক্ষিপ্+ক্ত কর্ম। বিণ।
নিক্ষেপ—১। ন্যাস, গচ্ছিতকরণ; স্থাপন; ত্যাগ; ক্ষেপণ। নি—ক্ষিপ্+ঘঞ্ ভাব। ২। গচ্ছিত বস্তু। নি—ক্ষিপ্+ঘঞ্ কর্ম। বি; পুং।
নিক্ষেপক—নিক্ষেপকারী; মোচনকারী। নি—ক্ষিপ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -পিকা।
নিক্ষেপ্য—ছুড়িয়া ফেলিবার যোগ্য; যাহা বন্ধক রাখা হইবে এমন। নি—ক্ষিপ্+ণ্যৎ কর্ম। বিণ।
নিখরচা—খরচ ছাড়া। নি (নাই) খরচ যাহাতে, বহু, এরূপে। বাংপ্র। ক্রি-বিণ।
নিখরচে—কৃপণ। বাংপ্র। বিণ।
নিখর্ব—দশ সহস্র কোটি সংখ্যা বা তৎসংখ্যক। নিত্য। বি বা বিণ।
নিখাত—খননপূর্বক স্থাপিত, প্রোথিত। নি—খন্+ক্ত কর্ম। বিণ।
নিখাদ—১। স্বরগ্রামের সপ্তম সুর, নি। < নিষাদ। বি। ২। খাদছাড়া ('— সোনা')। নি (নাই) খাদ যাহাতে, বহু (বাংপ্র)। বিণ।
নিখিল—১। সমুদয়; সম্পূর্ণ, অখণ্ড। নি (নিবৃত্ত) খিল (শেষ, অভাব) যাহা হইতে, বহু। বিণ। ২। সমস্ত জগৎ, বিশ্বব্রহ্মাণ্ড। নি (নয়) খিল (সীমাবদ্ধ), সুপ্। বি; ক্লী।
নিখিলনাথ—পরমেশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নিখুঁত—নির্দোষ, ত্রুটিশূন্য; সর্বাঙ্গসুন্দর; সম্পূর্ণ। বহু (বাংপ্র)। বিণ।
নিগড়—লৌহনির্মিত পাদবন্ধনী, বেড়ি; লৌহশৃঙ্খল। নি—গল্+অচ্ কর্তৃ (ল-স্থানে ড়)। বি; পুং বা ক্লী।
নিগড়িত—শৃঙ্খলিত; পায়ে বেড়ি-বাঁধা; বদ্ধ। নিগড় +ইতচ্ যুক্তার্থে। বিণ।
নিগদ—কথন, বলা; শব্দ। নি—গদ্+অপ্ ভাব। বি; পুং। বিণ—**নিগদিত**।
নিগম—১। নগর; হট্ট, হাট। নি (নিয়ত)—গম্+অপ্ অধি। ২। বাণিজ্য; নিশ্চয়; প্রতিজ্ঞা। নি—গম্+অপ্ ভাব। ৩। পঞ্চাবয়ব-ন্যায়মধ্যে চরম অবয়ব; ন্যায়শাস্ত্র; তন্ত্র বিঃ; বেদবোধক শাস্ত্র; বেদ; পথ। নি—গম্+অপ্ করণ। ৪। বণিক্-সংঘ, guild; পৌর সভা, co... ation. নি—গম+অপ্ কর্ম। বি; পুং। **নিগম আগম**—বেদ ও তন্ত্র; প্রবেশ ও বহির্গমন।
নিগরণ—গলাধঃকরণ। নি—গৄ+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**নিগীর্ণ**।
নিগূঢ়—১। সংবৃত, লুক্কায়িত, গুপ্ত, অপ্রকাশিত; আচ্ছাদিত; আলিঙ্গিত; দুর্বোধ, abstruse; তিরোহিত। বিণ। ২। সারমর্ম, তাৎপর্য। নি—গুহ্+ক্ত কর্ম। বি; ক্লী।
নিগৃহীত—নির্যাতিত; ধৃত; বশীকৃত; পরাভূত; শমিত। নি—গ্রহ্+ক্ত কর্ম। বিণ।
নিগ্রহ—তাড়না, প্রহার; নিরাকরণ; শাসন; বন্ধন; যাতনা; বিড়ম্বনা; নিবারণ; তিরস্কার, ভর্ৎসনা; সংযম; চিকিৎসা। নি—গ্রহ্+অপ ভাব। বি; পুং। [স্ত্রী—**নিগ্রাহিকা**।
নিগ্রাহক—নিগ্রহকারী। নি—গ্রহ্+ণক কর্তৃ। বিণ।

নিগ্রো—আফ্রিকার কৃষ্ণকায় আদিম অধিবাসী। < ইং 'Negro'. বি।

নিঘণ্টু—অভিধানগ্রন্থ; সূচীপত্র। নি—ঘন্‌ট্‌+উ কর্তৃ। বি; পুং।

নিঘিন্নে—নির্লজ্জ, ঘৃণাশূন্য। < নির্ঘৃণ। বিণ।

নিঙড়া—নিংড়ানো। কপ্র। ক্রি।

নিচয়—১। সমূহ। নি—চি+অচ্‌ কর্ম। ২। উপচয়, বৃদ্ধি; নিশ্চয়। নি—চি+অচ্‌ ভাব। বি; পুং।

নিচল—১। স্থির, নিশ্চল। নি—চল্‌+অচ্‌ কর্তৃ। বিণ। ২। নিম্নস্থান। প্রা কপ্র। বি।

নিচু—নীচু (তাহা দ্রঃ)।

নিচুল—উত্তরীয় বস্ত্র। নি—চুল্‌+ক কর্তৃ। বি; পুং।

নিচোল, নিচোলী—আচ্ছাদনবস্ত্র; উত্তরীয়বস্ত্র; ঘাগরা; সাঁজোয়া। নি—চুল্‌+অচ্‌ কর্তৃ; পক্ষে ঈপ্‌। বি; পুং, স্ত্রী।

নিচ্ছিদ্র—ছিদ্রহীন; ত্রুটিহীন। নি (নাই) ছিদ্র যাহাতে, বহু। বিণ।

নিছক—বিশুদ্ধ; কেবল; নিরবচ্ছিন্ন। বাংপ্র। বিণ।

নিছনি, নিছুনি—বিবাহকালীন স্ত্রী-আচারের অঙ্গ বিঃ; বালাই; বেশবিন্যাস; লাবণ্য; প্রসাধন; উপহার; তুলনা। < নির্মঞ্ছনিকা। বি।

নিছা, নিছানো—নিংড়ানো; ছাঁকা; বাছা; বুঝা; বুঝানো; ভুলিয়া যাওয়া; দেওয়া। প্রা কপ্র। ক্রি [, বি, বিণ]।

নিজ—১। স্বীয়, আপন; স্বাভাবিক; নিত্য। নি—জন্‌+ড কর্তৃ। বিণ। ২। স্বয়ং ('নিজের মন')। বাংপ্র। সর্ব।

নিজজোত—যে জমি স্বত্বাধিকারী বা করদাতা স্বয়ং চাষ করে বা করায় তাহা। কর্মধা (বাংপ্র)। বি।

নিজস্ব—১। আপন। বাংপ্র। বিণ। ২। স্বকীয় ধন বা বিষয়। কর্মধা। বি; পুং বা ক্লী।

নিজাম—শাসনকর্তা, রাজপ্রতিনিধি (পূর্বে হায়দরাবাদের মুসলমান অধিপতির উপাধি ছিল নিজাম)। আ। বি। [আ-মু। বি। বিণ, -মতী।

নিজামত—শাসনকর্তার পদ বা অধিকার; রাজ্যশাসন।

নিজে—স্বয়ং। সর্ব। **নিজে নিজে**—আপনা আপনি।

নিঝর—অশ্রুধারা; নির্ঝর। < নির্ঝর। বি।

নিঝুম—নীরব; নিস্পন্দ। বাংপ্র। বিণ।

নিট—১। নিশ্চয়; ন্যায্য। < নিষ্ঠা। ২। খাঁটি; খরচের পর অবশিষ্ট। < ইং 'nett'. বিণ।

নিটপিট—দীর্ঘসূত্রতার ভাব। বাংপ্র। বি বা অ। বিণ, -পিটে।

নিটুট—সম্পূর্ণ; নির্দোষ; অক্ষুণ্ণ। নি (নাই) টুট যাহাতে, বহু (বাংপ্র)। বিণ।

নিটোল—সুগোল; সুপুষ্ট; পূর্ণাঙ্গ; যাহাতে টোল পড়ে নাই এমন। নি (নাই) টোল যাহাতে, বহু (বাংপ্র)। বিণ।

নিঠুর—নিষ্ঠুর, নির্দয়। কপ্র। বিণ।

নিঠুরাই—নিষ্ঠুরতা। প্রা কপ্র। বি।

নিড়নো, নিড়ানো—ফসলের ক্ষেত হইতে আগাছা তুলিয়া ফেলা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

নিড়বিড়—ঢিমে ভাব, চিরকারিতা; কুড়েমি। বাংপ্র। অ।

নিড়বিড়ে—দীর্ঘসূত্রী, যে কাজ করিতে দেরি করে এমন; কুড়ে; ঢিলে। বাংপ্র। বিণ।

নিডর—নির্ভয়। হি। বিণ।

নিড়ানি—নিড়নাস্ত্র, ফোঁড়, শস্যক্ষেত্রাদি তৃণশূন্য করিবার অস্ত্র। নিড়া+নি করণ (বাংপ্র)। বি।

নিড়ানো—'নিড়ন' দ্রঃ।

নিতম্ব—স্ত্রীলোকের পাছা, কটি; পর্বতের পার্শ্বদেশ; তট; স্কন্ধ। নি—তম্‌+ব কর্ম, সংজ্ঞার্থে। বি; পুং।

নিতম্বিনী—১। প্রশস্তনিতম্ববতী, যে নারীর পাছা প্রশস্ত ও সুন্দর এমন। বিণ; স্ত্রী। ২। নারী। নিতম্ব+ইন্‌ প্রাশস্ত্যার্থে+ঈপ্‌। বি; স্ত্রী।

নিতল—১। সপ্ত পাতালের অন্তর্গত পাতাল বিঃ। নি (নিঃশেষে) তল (অধোভাগ), সুপ্‌। বি; ক্লী। ২। অতল, সুগভীর ("নিতল দীঘির শীতল কালো জল"—নজরুল)। কপ্র। বিণ।

নিতাই—শ্রীগৌরাঙ্গদেবের নিত্যসহচর। < নিত্যানন্দ। বি; পুং।

নিতান্ত—১। অতিশয়; অবশ্য; অধিক। নি—তম্‌+ক্ত কর্তৃ। বিণ। ২। একান্ত পক্ষে; নেহাত। বাংপ্র। অ।

নিতি—প্রত্যহ। কপ্র। ক্রি-বিণ।

নিতিনিতি—প্রত্যহ, সর্বদা। কপ্র। ক্রি-বিণ।

নিতুই—প্রত্যহই; সর্বদা। কপ্র। অ।

নিত্য—১। সতত, সর্বদা; প্রত্যহ। ক্রি-বিণ। ২। প্রাত্যহিক; যাহার আদি ও অন্ত নাই এরূপ; যাহা সকল সময়ে থাকে এরূপ; ধারাবাহিক; যাহার বৈপরীত্য বা অন্যথাভাব ঘটে না এরূপ; যাহার ব্যতিক্রমে প্রত্যবায় আছে এরূপ; অপরিবর্তনীয়, constant. নি+ত্যপ্‌ ভবার্থে। বিণ।

নিত্যকর্ম (-কর্মন্‌), **-ক্রিয়া**—প্রতিদিন সাধারণতঃ যে সকল কর্ম করিতে হয় সেইগুলি, রোজকার কর্তব্য-কর্ম; দৈনন্দিন ব্যাপার; প্রতিদিন করণীয় পূজা আহ্নিক ইঃ। কর্মধা। বি; ক্লী, স্ত্রী।

নিত্যকাল—চিরকাল। কর্মধা। বি; পুং।

নিত্যক্রিয়া—'নিত্যকর্ম' দ্রঃ।

নিত্যতা—অপরিবর্তনীয়তা, conservation. নিত্য+তা ভাবার্থে। বি; স্ত্রী।

নিত্যধাম (-ধামন্‌)—ঈশ্বরের অবিনশ্বর বাসস্থান, গোলোক। নিত্য যে ধাম, কর্মধা। বি; ক্লী।

নিত্যধামগত—(সাধু মহাপুরুষ সম্বন্ধে) পরলোকগত, মৃত। ২য়াতৎ। বিণ।

নিত্যনৈমিত্তিক—প্রত্যহ করণীয় এবং উপলক্ষবিশেষে করণীয়; (বাংপ্র) প্রাত্যহিক। দ্বন্দ্ব। বিণ। স্ত্রী, -কী।

নিত্যপূজা—গৃহদেবতার প্রাত্যহিক পূজা। নিত্য যে পূজা, কর্মধা। বি; স্ত্রী।

নিত্যপ্রলয়—সুষুপ্তি, প্রাত্যহিক নিদ্রাকাল যখন বহির্জগতের বোধ লুপ্ত হয়। কর্মধা। বি; পুং।

নিত্যলীলা—ধারাবাহিক লীলা, যে লীলা সব সময় চলিতেছে তাহা; গোলোকধামে শ্রীকৃষ্ণ এবং গোপ-গোপীগণের চিরকাল যে লীলা চলিতেছে তাহা। কর্মধা। বি; স্ত্রী।

নিত্যসমাস—যে সমাসে ব্যাসবাক্য হয় না এবং হইলেও অন্যপদ দ্বারা হয় তাহা [যথা—কৃষ্ণসর্প। ইহার ব্যাসবাক্য 'কৃষ্ণ যে সর্প' বলিলে কালরঙের সাপ বুঝায়; কিন্তু কৃষ্ণসর্প বলিতে তাহা না বুঝাইয়া একজাতীয় সর্পকে বুঝায়; সুতরাং এখানে নিত্য-সমাস হইয়াছে। অন্য যে দেশ—এইরূপ ব্যাসবাক্যে দেশান্তর]। কর্মধা। বি; পুং।

নিত্যসহচর—সবসময় যে সংগে সংগে থাকে। কর্মধা। বি; পুং। স্ত্রী, -রী।

নিত্যসেবা—নিত্যপূজা; সর্বদা পরিচর্যা। কর্মধা। বি; স্ত্রী।

নিত্যা—১। ভগবতীর বুপভেদ; মনসাদেবী; শক্তি বিঃ। নি+ত্যপ্ ভবার্থে+আপ্। বি; স্ত্রী। ২। 'নিত্য' (২) দ্রঃ। নিত্য+আপ্। বিণ; স্ত্রী।

নিত্যানন্দ—১। যে সর্বক্ষণ আনন্দে থাকে এরূপ, সদানন্দ। নিত্য আনন্দ যাহার, বহু। বিণ। ২। চৈতন্যদেবের ভক্ত নিতাই। বি; পুং।

নিথর—স্থির; নীরব; নিস্পন্দ। বাংপ্র। বিণ।

নিদ—ঘুম। < নিদ্রা। কপ্র। বি।

নিদয়—কঠিন-হৃদয়, নিষ্ঠুর। নি (নাই) দয়া যাহার, বহু। বিণ।

নিদর্শন—উদাহরণ, দৃষ্টান্ত; চিহ্ন; প্রমাণ। নি—দৃশ্+অনট্ করণ। বি; ক্লী।

নিদর্শনা—কাব্যালংকার-বিঃ [সাদৃশ্য থাকার জন্য যদি কাহারও উপরে কোন অসম্ভব ধর্ম বা কার্য আরোপিত করা যায় তবে এই অলংকার হয়; যথা—

"রে দূত! অমরবৃন্দ যার ভুজবলে
কাতর, সে ধনুর্ধরে রাঘব ভিখারী
বধিল সম্মুখরণে? ফুলদল দিয়া
কাটিলা কি বিধাতা শাল্মলী তরুবরে?"
—মাইকেল]।

নি—দৃশ্+ণিচ্+অন কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

নিদাঘ—গ্রীষ্মকাল। নি—দহ্+ঘঞ্ অধি। বি; পুং।

নিদান—১। মূল কারণ, কারণ; রোগের সূক্ষ্ম লক্ষণ; অন্তিম লক্ষণ; রোগের মূল খুঁজিয়া বাহির করা; চিকিৎসা গ্রন্থ বিঃ। নি—দা+অনট্ করণ। ২। অবসান; শেষ; বিরাম; অদর্শন। নি—দা+অনট্ ভাব। বি; ক্লী। ৩। নেহাত, একান্ত। বাংপ্র। অ বা ক্রি-বিণ। [ক্লী।

নিদানকাল—অন্তিমকাল, মৃত্যুসময়। ৬ষ্ঠীতৎ। বি;

নিদানবিদ্যা—রোগের মূল কারণ নির্ণয় সম্পর্কিত বিদ্যা, etiology. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

নিদারুণ—ভয়ানক; কঠিন; নির্দয়; দুঃসহ, অসহ্য। নি (নিরতিশয়) দারুণ, প্রাদি। বিণ।

নিদালি—নিদ্রাকারক মন্ত্র বা মন্ত্রশক্তিযুক্ত ধূলি। বাংপ্র। বি।

নিদিধ্যাসন, -ধ্যাস—অনন্যমনে প্রগাঢ় ধ্যান; শ্রুত অর্থের মনন। নি—সনন্ত ধ্যৈ+অনট্, ঘঞ্ ভাব। বি; ক্লী, পুং। [বিণ।

নিদিষ্ট—আদিষ্ট; নির্দিষ্ট। নি—দিশ্+ক্ত কর্ম।

নিদুটি—নিদুলি (তাহা দ্রঃ)।

নিদুলি, নিদালি, নিদিলি—নিদ্রাকারক মন্ত্র বা মন্ত্র-শক্তিযুক্ত ধূলি। বাংপ্র। বি।

নিদেন—নেহাত, অন্ততঃ, একান্ত। বাংপ্র। অ।

নিদেশ—১। আজ্ঞা; উক্তি। নি—দিশ্+ঘঞ্ ভাব। ২। সমীপ। নি—দিশ্+ঘঞ্ অধি। বি; পুং।

নিদেষ্টা (নিদেষ্টৃ)—আদেশকারী; নির্দেশকারী। নি—দিশ্+তৃন্ কর্তৃ। বিণ।

নিদ্রা—ঘুম; নিমীলন; আলস্য। নি—দ্রা+অঙ্ ভাব +আপ্। বি; স্ত্রী।

নিদ্রাকর্ষণ—ঘুম আসা, নিদ্রাবেশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

নিদ্রাগত—সুপ্ত। ২য়াতৎ। বিণ।

নিদ্রাজনক—যাহাতে ঘুম আসে এরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -জনিকা।

নিদ্রাতুর—ঘুমে কাতর। ৩য়াতৎ। বিণ।

নিদ্রাবিষ্ট—নিদ্রায় মগ্ন, ঘুমে বিভোর। ৩য়াতৎ। বিণ।

নিদ্রাবেশ—ঘুম পাওয়া, ঘুমের ঘোর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নিদ্রাভংগ—জাগরণ, ঘুম ভাঙা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নিদ্রাভিভূত—নিদ্রামগ্ন, ঘুমে অচেতন। ৩য়াতৎ। বিণ।

নিদ্রামগ্ন—ঘুমে অচেতন, নিদ্রিত। ৭মীতৎ। বিণ।

নিদ্রায়মাণ—যে ঘুমাইতেছে এমন, ঘুমন্ত। নিদ্রায় নামধাতু+শানচ্ কর্তৃ। বিণ।

নিদ্রালস—ঘুমের ঘোরে অবশ। ৩য়াতৎ। বিণ।

নিদ্রালু—যাহার ঘুম আসিতেছে এরূপ; নিদ্রাশীল; অলস। নি—দ্রা+আলু কর্তৃ, শীলার্থে। বিণ। বি, -তা। [জাতার্থে। বিণ।

নিদ্রিত—নিমীলিত, নিদ্রাগত; ঘুমন্ত। নিদ্রা+ইতচ্

নিদ্রোত্থিত—যে ঘুম হইতে উঠিয়াছে এরূপ। নিদ্রা হইতে উত্থিত, ৫মীতৎ। বিণ।

নিধন—১। মৃত্যু; বিনাশ। নি—ধা+অন (ক্যু) ভাব। বি; ক্লী। ২। ধনহীন, নিঃস্ব। নি (নাই) ধন যাহার, বহু। বিণ।

নিধান—১। নিধি; ভূগর্ভস্থ অস্বামিক রত্নাদি; কুবেরের সম্পত্তি বিঃ। নি—ধা+অনট্ কর্ম। ২। স্থান, আধার, ভাণ্ডার; লগারিদম্ (logarithm)-এর একটি শ্রেণীর (system) প্রথম রাশি (base). নি—ধা+অনট্ অধি। ৩। স্থাপন; অর্পণ; অপ্রকাশ হওয়া। নি—ধা+অনট্ ভাব। বি; ক্লী।

নিধি—১। কুবেরের সম্পত্তি বিঃ; অস্বামিক ধন; গচ্ছিত বস্তু; সঞ্চিত ধন; বিশেষ উদ্দেশ্যে নিয়োজিত বা রক্ষিত ধন, fund. নি—ধা+কি কর্ম। ২। নিক্ষেপ। নি—ধা+কি ভাব। ৩। আধার; সমুদ্র। নি—ধা+কি অধি। বি; পুং।

নিধিনাথ, -পতি, নিধীশ—কুবের। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নিধুবন—১। রমণ, মৈথুন। নি (নিরতিশয়) ধুবন যাহাতে, বহু। ২। কম্পন। নি—ধু+অনট্ ভাব। ৩। বৃন্দাবনের একটি বন। নিধু নামক বন, মধ্যপ। বি; ক্লী।

নিধেয়—যাহা গচ্ছিত রাখিতে হইবে। নি—ধা+যৎ কর্ম। বিণ। [বি; পুং।

নিনাদ—শব্দ, ধ্বনি, গর্জন। নি—নদ্+ঘঞ্ ভাব।

নিনাদিত—শব্দিত; শব্দে পরিপূর্ণ; বাদিত। নি—নদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

নিনীষা—এক জায়গা হইতে অন্য জায়গায় লইয়া যাইবার ইচ্ছা। নী+সন্ ইচ্ছার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী। বিণ—**নিনীষু**।

নিনু—নীচু; বিনয়াবনত; হীন। ＜নিম্ন। বিণ।

নিন্দ—নিদ্রা। প্রা কপ্র। বি।

নিন্দক—নিন্দাকারী। নিন্দ্+ণক কর্তৃ। বিণ।

নিন্দন, নিন্দা—কুৎসা, অপবাদ। নিন্দ্+অনট্, অ ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী। [বিণ।

নিন্দনীয়—অখ্যাতিকর, দূষণীয়। নিন্দ্+অনীয় কর্ম।

নিন্দা—১। 'নিন্দন' দ্রঃ। ২। নিন্দা করা ("নিন্দ বিধাতায় তুমি নিন্দ বিধুমুখি"—মাইকেল)। কপ্র। ক্রি।

নিন্দাকারী (-কারিন্)—যে নিন্দা করে এরূপ। উপ-তৎ; নিন্দা—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিণী**।

নিন্দাবাদ—নিন্দাসূচক বাক্য বা তাহার উচ্চারণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [কর্তৃ। বিণ।

নিন্দার্হ—নিন্দনীয়। উপতৎ; নিন্দা—অর্হ্+অচ্

নিন্দাসূচক—কুৎসা-প্রকাশক, যাহাতে নিন্দা বুঝায় এরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-সূচিকা**।

নিন্দাস্তুতি—১। নিন্দা এবং প্রশংসা। দ্বন্দ্ব। ২। ব্যাজস্তুতি, নিন্দাচ্ছলে প্রশংসা। নিন্দা দ্বারা স্তুতি, ৩য়াতৎ। বি; স্ত্রী।

নিন্দিত—গর্হিত; অপবাদিত; নীচ; দূষিত। নিন্দ্+ক্ত কর্ম। বিণ। [কন্ স্বার্থে। বিণ।

নিন্দুক—নিন্দাকারী। নিন্দু (নিন্দ্+উ কর্তৃ)+

নিন্দ্য—নিন্দনীয়, দূষণীয়। নিন্দ্+ণ্যৎ কর্ম। বিণ।

নিপট—১। অত্যন্ত, অত্যধিক ('—কপট')। ＜নিবিড়। ২। নিষ্ঠুর। ＜নির্দয়। ৩। বহু-নারীগামী, কামুক। ＜লম্পট। বিণ।

নিপতন—পড়িয়া যাওয়া, নিপাত। নি—পত্+অনট্ ভাব। বি; ক্লী।

নিপতিত—যে পড়িয়া গিয়াছে এরূপ; অধঃপতিত। নি—পত্+ক্ত কর্তৃ। বিণ।

নিপাত—১। মৃত্যু; পতন; অধঃপতন। নি—পত্+ঘঞ্ ভাব। ২। নিপাতন, বিনাশ, উচ্ছেদ; (ব্যাক) চ এবং প্র প্রভৃতি অব্যয়শব্দ; নিপাতন। নি—পত্+ণিচ্+ঘঞ্ ভাব, কর্ম। বি; পুং।

নিপাতন—অধোনয়ন; আঘাত; বিনাশন; উন্মূলন; বধ; প্রক্ষেপণ, ফেলিয়া দেওয়া; (ব্যাক) নিয়মের বৈপরীত্য পদ সিদ্ধ করিবার সূত্রোক্ত যে সকল নিয়ম আছে তাহার ব্যতিক্রম করিয়া পদসাধন। নি—পত্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

নিপাতিত—অধোনীত, যাহাকে ফেলিয়া দেওয়া হইয়াছে এরূপ; পাতিত; বিনাশিত; অনিয়মে সাধিত। নি—পত্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

নিপান—পশুপক্ষীর পানের ও স্নানের জন্য ছোট জলাশয়, চৌবাচ্চা। নি—পা+অনট্ অধি। বি; ক্লী। ＜নিপিত্ত। বিণ।

নিপিত্তে—নির্লজ্জ; পিত্তশূন্য; ঘৃণাহীন।

নিপীড়ক—যে পীড়া দেয় এরূপ, যে অপকার বা অত্যাচার করে এরূপ; যে নিঙড়ায় এরূপ। নি—পীড়্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-ড়িকা**।

নিপীড়ন—ক্লেশপ্রদান; অভিবাদন; পদাদিসেবা; দলন, মর্দন; পীড়াপীড়ি; নিঙড়নো। নি—পীড়্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**নিপীড়িত**।

নিপীত—নিঃশেষে পান করা হইয়াছে এমন। নি—পা+ক্ত কর্ম। বিণ।

নিপুণ—দক্ষ, পটু, সমর্থ। নি—পুণ্+ক কর্তৃ। বিণ। বি, **-তা, নৈপুণ্য**।

নিফলা—যাহাতে ফল না হয় এমন। বহু (বাংপ্র)। বিণ।

নিব—কলমের ধাতুনির্মিত সূক্ষ্মাগ্র মুখ। ＜ইং 'nib'. বি।

নিবদ্ধ—পরিহিত; নিয়মিত; গ্রথিত; রচিত; নিবেশিত; আশ্রিত; স্থিরীকৃত। নি—বন্ধ্+ক্ত কর্ম। বিণ।

নিব-নিব, নিবু-নিবু—নির্বাপিতপ্রায়; যাহা নিভিয়া যাওয়ার মত হইয়াছে এমন। বাংপ্র। বিণ।

নিবনো—নিভাইয়া দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ।]

নিবন্ত—নির্বাপিতপ্রায়; নির্বাপিত। নিব্+অন্ত কর্তৃ (বাংপ্র)। বিণ।

নিবন্ধ—১। রচনা; প্রণয়ন; গ্রন্থ; প্রস্তাব; বৃত্তি; কালবিশেষে দেয় বস্তু; নিয়ম, ব্যবস্থা; গান। নি—বন্ধ্+ঘঞ্ কর্ম। ২। বন্ধন; স্থিরীকরণ। নি—বন্ধ্+ঘঞ্ ভাব। বি; পুং।

নিবন্ধক—যে রেজিস্ট্রি করে, registrar. নি—বন্ধ্+ণক কর্তৃ। বি; পুং।

নিবন্ধন—১। কারণ, হেতু। নি—বন্ধ্+অনট্ করণ। ২। গ্রন্থ; নিয়ম; ব্যবস্থা; রচনা; বীণাতন্ত্রী উপরি-ভাগে যাহাতে বদ্ধ থাকে; নিয়মিত কালে প্রদেয় বস্তু; পারিতোষিক দান। নি—বন্ধ্+অনট্ কর্ম। ৩। বন্ধন; স্থিরীকরণ; রেজিস্ট্রি। নি—বন্ধ্+অনট্ ভাব। বি; ক্লী।

নিবন্ধিত—রচিত, বদ্ধ, গ্রথিত। নি—বন্ধ্+ণিচ্+ক্ত কর্ম; অথবা, নিবন্ধ+ইতচ্ জাতার্থে। বিণ।

নিবর্তক—নিবর্তনকারী। নি—বৃত্+ণক বা বৃত্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**নিবর্তিকা**।

নিবর্তন—১। প্রত্যাবর্তন। নি—বৃত্+অনট্ ভাব। ২। ফিরাইয়া আনা; নিবারণ। নি—বৃত্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**নিবর্তিত**।

নিবসন—১। নিবাস, বাসকরণ। নি—বস্+অনট্ ভাব। ২। গৃহ। নি—বস্+অনট্ অধি। ৩। বস্ত্র। নি—বস্+অনট্ করণ। বি; ক্লী।

নিবহ—সমূহ, সকল। নি—বহ্+ঘ কর্ম। বি; পুং।
নিবা—নিভিয়া যাওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
নিবাত—১। নির্বাত; বাতাস না থাকায় স্থির; দৃঢ়; সন্নদ্ধ। নি (নাই) বাত যেখানে, বহু। বিণ। ২। দৃঢ় বর্ম; আশ্রয়। নি (নিবৃত্ত) বাত যাহা হইতে, বহু। বি; পুং।
নিবাতনিষ্কম্প—বাতাস না থাকায় স্থির ('—প্রদীপ')। কর্মধা। বিণ।
নিবানো—নির্বাপিত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
নিবাপ—মৃত পিতৃলোকের উদ্দেশে দান, শ্রাদ্ধ-তর্পণপিণ্ডদানাদি; দান। নি—বপ্+ঘঞ্ ভাব। বি; পুং।
নিবার—নিবারণ। নি—বৃ+ণিচ্+ঘঞ্ ভাব। বি; [পুং।
নিবারক—যে নিবারণ করে, নিষেধক। নি—বৃ+ণিচ্+ণক কর্তৃ। বি বা বিণ। স্ত্রী—**নিবারিকা**।
নিবারণ—নিষেধ, বারণ, মানা। নি—বৃ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
নিবারণীয়, নিবার্য—যাহা নিবারণ করিতে হইবে বা করা উচিত, নিবারণ করিবার যোগ্য। নি—বৃ+ণিচ্+অনী, যৎ কর্ম। বিণ।
নিবারা—বারণ করা; বাধা দেওয়া; বন্ধ করা; দূর করা। কপ্র। ক্রি।
নিবারিণী—বারণকারিণী, নাশিনী। নি—বৃ+ণিচ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী।
নিবারিত—প্রতিহত; নিষিদ্ধ। নি—বৃ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
নিবার্য—'নিবারণীয়' দ্রঃ।
নিবাস—১। গৃহ, বাসস্থান। নি—বস্+ঘঞ্ অধি। ২। বাস। নি—বস্+ঘঞ্ ভাব। বি; পুং। ৩। বিবস্ত্র। বহু (প্রা কপ্র)। বিণ।
নিবাসী (-সিন্)—বাসিন্দা, যে বাস করে এরূপ। নি—বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-সিনী**।
নিবিড়—ঘন, পুরু; গহন; স্থূল; দৃঢ়। নি—বিড়্+ক কর্তৃ। বিণ। বি, **-তা**।
নিবিড়কৃষ্ণ—খুব কালো। সুপ্‌সুপা। বিণ।
নিবিষ্ট—প্রবিষ্ট; প্রাপ্ত; মনোযোগী; বিন্যস্ত। নি—বিশ্+ক্ত কর্তৃ। বিণ।
নিবিষ্টচিত্ত—১। একাগ্রচিত্ত। বহু। বিণ। ২। মনোযোগ, অভিনিবেশযুক্ত মন। কর্মধা। বি; ক্লী।
নিবীত—১। কণ্ঠদেশে মালার মত লম্বিত যজ্ঞসূত্র। নি—বী+ক্ত কর্তৃ। ২। উত্তরীয় বস্ত্র। নি—ব্যে+ক্ত করণ। বি; ক্লী। বিণ—**নিবীতী** (-তিন্)।
নিবু-নিবু—'নিব-নিব' দ্রঃ।
নিবৃত্ত—বিরত, ক্ষান্ত; নিবৃত্তিপ্রাপ্ত; প্রত্যাবৃত্ত। নি—বৃত্+ক্ত কর্তৃ। বিণ।
নিবৃত্তি—বিরতি, বিশ্রাম; বিরাগ; প্রবৃত্তির বিপরীত। নি—বৃত্+ক্তি ভাব। বি; স্ত্রী।
নিবেদক—নিবেদনকারী। নি—ণিজন্ত বিদ্+ণক কর্তৃ। বিণ।
নিবেদন—আবেদন, জানানো; সমর্পণ; বর্ণন। নি—বিদ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
নিবেদনীয়—নিবেদ্য। নি—বিদ্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।
নিবেদিত—বিনয়ের সহিত কথিত; জ্ঞাপিত; সমর্পিত, দত্ত; সূচিত। নি—বিদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
নিবেদ্য—জ্ঞাপনীয়, নিবেদনযোগ্য; সমর্পণীয়। নি—বিদ্+ণিচ্+যৎ কর্ম। বিণ।
নিবেশ—স্থান; শিবির; সৈন্যসমাবেশ; প্রবেশ; উপবেশন। নি—বিশ্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ—**নিবেশক**।
নিবেশক—স্থাপক; গ্রন্থভুক্তকারী, recorder. নি—বিশ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ।
নিবেশন—১। গৃহ; স্থান; নগর। নি—বিশ্+অনট্ অধি। ২। উপবেশন; প্রবেশ। নি—বিশ্+অনট্ ভাব। ৩। স্থাপন; নিধান; সংক্রমণ। নি—বিশ্+ণিচ্ অনট্ ভাব। বি; ক্লী।
নিবেশিত—স্থাপিত, বিন্যস্ত; প্রবেশিত; সংক্রামিত। নি—বিশ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
নিবো-নিবো—নিব-নিব (তাহা দ্রঃ)।
নিভ—(শব্দের পরবর্তী হইলে) তুল্য, সদৃশ। নি—ভা+ক কর্তৃ। বিণ। [বিণ।
নিভন্ত—নির্বাপিতপ্রায়। নিভ্+অন্ত কর্তৃ (বাংপ্র)।
নিভা—নিভিয়া যাওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
নিভাঁজ—ভেজাল-শূন্য; যাহা ভাঁজ করা নয় এরূপ। নি (নাই) ভাঁজ যাহাতে বা যাহার, বহু (বাংপ্র)। বিণ।
নিভানো—নিভাইয়া দেওয়া, নির্বাপিত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
নিভৃত—গুপ্ত; অস্তমিত; নিশ্চল; নিঃশব্দ; নির্জন। নি—ভৃ+ক্ত কর্ম। বিণ।
নিম—১। নিমগাছ। < নিম্ব। ২। ঈষৎ, সামান্য; প্রায়; অর্ধেক ('—রাজী')। < ফা 'নীম'। বিণ।
নিমক—লবণ। < ফা 'নমক'। বি। **নিমকের চাকর**—অনুগত ভৃত্য। [**-হারামি**।
নিমকহারাম—কৃতঘ্ন, অকৃতজ্ঞ। ফা-মু। বিণ। বি,
নিমকহালাল—কৃতজ্ঞ। ফা-মু। বিণ। বি, **-হালালি**।
নিমকি—লবণযুক্ত ময়দা ঘৃতে ভাজিয়া প্রস্তুত খাদ্য বিঃ; নোনতা খাদ্য। < ফা 'নমকীন'। বি।
নিমখুন—আধখুন, প্রায় খুনের মত। নিম যে খুন, সুপ্। ফা। বি বা বিণ।
নিমগ্ন—মগ্ন, যে ডুবিয়া গিয়াছে এরূপ; আবিষ্ট; একাগ্রচিত্ত। নি—মস্‌জ্+ক্ত কর্তৃ। বিণ।
নিমজ্জন—১। ডুবিয়া যাওয়া; অবগাহন। নি—মস্‌জ্+অনট্ ভাব। ২। ডুবাইয়া দেওয়া। নি—মস্‌জ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
নিমজ্জিত—যাহা জলে ডুবানো হইয়াছে এরূপ। নি—মস্‌জ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
নিমঝোল—নিমের শুক্ত, নিমপাতার ফোড়ন দেওয়া তরকারি। ষষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
নিমতেল—নিমের ফলের তেল; নিমপাতার সহিত ফুটানো তেল। ষষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
নিমন্ত্রণ—কোন স্থানে উপস্থিত হইবার নিমিত্ত

আহ্বান, কর্ম বিঃর অনুরোধে নির্ধারিত সময়ে আসিবার নিমিত্ত সংবাদদান; খাওয়ার জন্য ডাকা। নি—মন্ত্র্+অনট্ ভাব। বি; স্ত্রী।

নিমন্ত্রয়িতা (-য়িতৃ)—নিমন্ত্রণকারী। নি—মন্ত্র্+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িত্রী।

নিমন্ত্রিত—আহূত, যাহাকে নিমন্ত্রণ করা হইয়াছে এরূপ। নি—মন্ত্র্+ক্ত কর্ম। বিণ।

নিমফল—নিমগাছের ফল; শিশুদিগের কোমরে পরিবার অলংকার বিঃ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

নিমফুল—নিমের ফুল; স্ত্রীলোকদিগের হাতের গহনা বিঃ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

নিমরাজী—প্রায় রাজী; প্রায় সম্মত। সুপ্ (ফা-মু)। বিণ।

নিমাই—শ্রীচৈতন্যদেবের নামান্তর। বাংপ্র। বি; পুং।

নিমাইত, নিম্বাইৎ—নিম্বার্ক-নামক ধর্মসম্প্রদায় বিঃ। বাংপ্র। বি।

নিমিখ—চক্ষের পলক। প্রা কপ্র। বি।

নিমিত্ত—১। কারণ; প্রয়োজন, উদ্দেশ্য; চিহ্ন। নি—মিদ্+তক্ করণ। বি; ক্লী। ২। উদ্দেশ্যে, প্রয়োজনে। বাংপ্র। অ। **নিমিত্তের ভাগী**—অকারণ কোন কার্যের ফলের জন্য দায়ী, উদ্যোক্তা না হইয়াও কার্যের পরিণামের জন্য দায়ী।

নিমিত্তকারণ—সমবায়ী ও অসমবায়ী কারণ ভিন্ন কারণ, তৃতীয় কারণ [যেমন কুম্ভকার দণ্ড চক্র সলিল প্রঃ ঘটের সম্বন্ধে নিমিত্তকারণ]। কর্মধা। বি; ক্লী।

নিমিষ, নিমেষ—১। চোখের পলক, চোখের পাতা ফেলা; স্পন্দন। নি—মিষ্+ক ঘঞর্থে, ঘঞ্ ভাব। ২। সূক্ষ্ম কালপরিমাণ বিঃ, অত্যল্প কাল। নি—মিষ্+ক, ঘঞ্ অধি। বি; পুং।

নিমীলন—১। মুদ্রিত হওয়া, বোজা; অপ্রকাশ; সংকোচকরণ; মরণ; মোহ। নি—মীল্+ক ঘঞর্থে, অনট্ ভাব। ২। বন্ধ করা, মুদ্রিত করা। নি—মীল্+ণিচ্+অচ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

নিমীলিত—মুদ্রিত; সংকুচিত; আবৃত; মৃত; নিস্পন্দ; মোহিত; অনবরত। নি—মীল্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

নিমেষ—'নিমিষ' দ্রঃ।

নিমেষহারা—নিমেষহীন। উপতৎ। বাংপ্র। বিণ।

নিমেষহীন—অপলক, অনিমেষ। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, -না।

নিম্ন—১। নিম্নদেশ ('নিম্নোক্ত')। বি; ক্লী। ২। নীচ, গভীর। নি—ম্না+ক কর্তৃ। বিণ।

নিম্নগা—১। অধোগামিনী। বিণ; স্ত্রী। ২। নদী। উপতৎ; নিম্ন—গম্+ড কর্তৃ+আপ্। বি; স্ত্রী। পুং—**নিম্নগ**।

নিম্নপ্রাথমিক—পাঠ্যবিষয়ে নিম্নশ্রেণীর, প্রারম্ভিক, lower primary. কর্মধা। বিণ। স্ত্রী, -কী।

নিম্নলিখিত—নীচে যাহা লেখা হইয়াছে এরূপ। ৭মীতৎ। বিণ।

নিম্নসীমা—যাহার অপেক্ষা কম আর হইতে পারে না, minimum. কর্মধা। বি; স্ত্রী।

নিম্নোক্ত—নীচে যাহা বলা হইয়াছে এরূপ। নিম্নে উক্ত, ৭মীতৎ। বিণ।

নিম্নোদ্ধৃত—যাহা অন্য স্থান হইতে আনিয়া নীচে লেখা হইয়াছে এরূপ। ৭মীতৎ। বিণ।

নিম্ব, নিম্বক—নিমগাছ। নিম্ব্+অচ্ কর্তৃ; ২য় পক্ষে কন্ স্বার্থে। বি; পুং।

নিয়ড়—নিকট ("দেবগণের গতি নাই লঙ্কার নিয়ড়" —কৃত্তি)। কপ্র। বি।

নিয়ৎ—অদৃষ্ট। ﹤নিয়তি। বি।

নিয়ত—১। দমিত; সংযত; শাসিত; বশীকৃত; যাহা অতিক্রম করিতে পারা যায় না এরূপ; অপরিহার্য; স্থির; অবশ্যম্ভাবী; অবিচ্ছিন্ন; নিয়মবদ্ধ। নি—যম্+ক্ত কর্ম। ২। অবিশ্রান্ত; নিত্য। নি—যম্+ক্ত কর্তৃ। বিণ। ৩। সর্বদা। ক্রি-বিণ।

নিয়তাহার—১। নিয়মিতভোজী। বহু। বিণ। ২। নিয়মিত ভোজন। কর্মধা। বি; পুং।

নিয়তি—ঐশিক-নিয়মানুসারে জন্মান্তরীণ শুভাশুভ কর্মের পরিণাম; অতর্কিত বা অনপেক্ষিত ঘটনা; অপরিহার্য ঘটনা; দৈব; ভাগ্য; নিয়ম; মৃত্যু। নি—যম্+ক্তি করণ। বি; স্ত্রী।

নিয়ন্তা (নিয়ন্তৃ)—নিয়ামক, বিধিবিধায়ক; যে দমন করে এরূপ, শাসনকর্তা; যে পশু প্রঃ চালায়, সারথি। নি—যম্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ন্ত্রী।

নিয়ন্ত্রণ—পরিচালন; নিবারণ; সংযমন; নির্দিষ্ট নিয়মের মধ্যে আনয়ন; নির্দিষ্ট পরিমাণে বা মূল্যে ক্রয়-বিক্রয়ের ব্যবস্থাকরণ ('খাদ্য —')। নি—যন্ত্র্+অনট্ ভাব। বি; ক্লী।

নিয়ন্ত্রিত—দমিত; বিশেষ বিধানের দ্বারা সংযত; বদ্ধ; নিবারিত; সংকোচিত। নি—যন্ত্র্+ক্ত কর্ম। বিণ।

নিয়ম—প্রণালী, ধারা, রীতি; বিধি; ব্যবস্থা, বিধান, নির্দেশ; অবধারণ; দমন; নিরোধ; পাপপ্রবৃত্তি-নিবৃত্তির-জন্য ইন্দ্রিয়বর্গের দমন; সংযত-আচার; ধর্মানুষ্ঠান; ব্রত-উপবাসাদি; শুচিতা সন্তোষ তপস্যা অধ্যয়ন এবং ঈশ্বরে প্রণিধান; সত্র, লক্ষণ; বন্ধন। নি—যম্+অল্ ভাব। বি; পুং।

নিয়মতন্ত্র—আইনকানুন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

নিয়মতন্ত্রবাদ—কতকগুলি নির্দিষ্ট নিয়ম মানিয়া রাজ্যশাসন করা উচিত এই মত। নিয়মতন্ত্রের (নির্দিষ্ট নিয়মে রাজ্য-শাসনের) বাদ ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নিয়মতান্ত্রিক—যে নির্দিষ্ট-নিয়মানুযায়ী রাজ্য-শাসনের পক্ষপাতী এরূপ; নিয়মতন্ত্র-সম্বন্ধীয়, constitutional. নিয়মতন্ত্র (নির্দিষ্ট নিয়মে রাজ্য-শাসন)+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

নিয়মন—সংযমন, দমন; বারণ; ব্যবস্থাপন, নিয়ম করিয়া দেওয়া। নি—যম্+অনট্ ভাব। বি; ক্লী।

নিয়মনিষ্ঠ—যে ঠিকভাবে নিয়ম পালন করে এরূপ, বিধিপরায়ণ। নিয়মে নিষ্ঠা যাহার, বহু। বিণ।

নিয়মপত্র—চুক্তিপত্র, যে পত্রে অঙ্গীকার লিপিবদ্ধ করা হয় তাহা। নিয়মযুক্ত পত্র, মধ্যপ। বি; ক্লী।

নিয়মপালন—নিয়মরক্ষা, বিধিমত কার্য করা। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী।

নিয়মপূর্বক—নিয়মিতভাবে, বাঁধাধরা নিয়মের অনুযায়ী হইয়া। নিয়ম পূর্বে যাহাতে, বহু, এরূপে (ক সমাসান্ত)। ক্রি-বিণ।

নিয়মবহির্ভূত, -বিগর্হিত—অবৈধ। ৫মীতৎ। বিণ।

নিয়মবিরুদ্ধ—নিয়মের বিপরীত। ৬ষ্ঠীতৎ। বিণ।

নিয়মভঙ্গ—১। নির্দিষ্ট নিয়মের অন্যথাচরণ; নিয়মলঙ্ঘন; প্রতিশ্রুতি লঙ্ঘন, breach of contract. বি; পুং। ২। মাতাপিতৃবিয়োগে ব্রহ্মচর্যাদি পালনের পর নির্দিষ্ট দিনে পূর্বাচার গ্রহণ। ৬ষ্ঠী-তৎ (বাংপ্র)। বি।

নিয়মরক্ষা—নিয়মানুবর্তন; আন্তরিকতা বা উদ্যমশূন্য কার্য। ৬ষ্ঠীতৎ' বি; স্ত্রী।

নিয়মলঙ্ঘন—নিয়মভঙ্গ; নিয়ম অমান্যকরণ। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী।

নিয়মাধীন—নিয়মানুবর্তী, যে নিয়ম মানিয়া চলিতে বাধ্য এরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ।

নিয়মানুবর্তিতা—নিয়মপালন, নির্দিষ্ট-নিয়মের অনুবর্তন। নিয়মানুবর্তিন্+তা ভাবে। বি; স্ত্রী।

নিয়মানুবর্তী (-বর্তিন্)—নিয়মানুযায়ী, যে নিয়মের অনুবর্তন করে এরূপ। উপতৎ; নিয়ম—অনু—বৃৎ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বর্তিনী**।

নিয়মানুযায়ী (-যায়িন্)—১। নিয়মানুসারে কৃত অনুষ্ঠিত বা সম্পাদিত, নিয়মানুগত; নিয়মানুবর্তী। উপতৎ; নিয়ম—অনু—যা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-যায়িনী**। ২। নিয়মমত; নিয়মানুসারে। বাংপ্র। ক্রি-বিণ।

নিয়মানুসারী (-সারিন্)—নিয়মানুযায়ী। উপতৎ; নিয়ম—অনু—সৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-সারিণী**।

নিয়মিত—বদ্ধ; নিবারিত; নিষিদ্ধ; নিয়মবদ্ধ; ব্যবস্থাপিত; ব্যবস্থামত; অবধারিত; আকৃষ্ট। নি—যম্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

নিয়মী (-মিন্)—নিয়মপালনকারী। নিয়ম+ইন্ আছে অর্থে। বিণ।

নিয়ম্য—শিক্ষণীয়; শাসনীয়; নিয়মযোগ্য। নিয়ম+ণিচ্ (=নিয়মি নামধাতু)+যৎ কর্ম। বিণ।

নিয়ামক—নিয়ন্তা, নিয়মকর্তা, নিয়ন্ত্রণকারী; নিরূপক; কর্ণধার; (জ্যামিতি) বক্ররেখা অথবা তল-অঙ্কনের অচল রেখা, directrix. নি—যম্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-মিকা**।

নিযুক্ত—ব্যাপৃত, রত; যাহাকে নিয়োগ করা হইয়াছে এরূপ; প্রবর্তিত; ভর্তিত; অধিকৃত; আদিষ্ট; আজ্ঞপ্ত; প্রবৃত্ত। নি—যুজ্+ক্ত কর্ম, কর্তৃ। বিণ। বি—**নিযুক্তি, নিয়োগ, নিয়োজন**।

নিযুত—দশলক্ষ সংখ্যা; দশলক্ষ-সংখ্যক। নি—যু+ক্ত কর্ম। বি বা বিণ; ক্লী।

নিযোক্তা (-ক্তৃ)—নিয়োগকর্তা, যে নিযুক্ত করে। নি—যুজ্+তৃন্ কর্তৃ। বি বা বিণ; পুং। স্ত্রী—**নিযোক্ত্রী**।

নিয়োগ—শাসন; আজ্ঞা; প্রেরণ; ভারার্পণ; মন দেওয়া; নিযুক্ত করা; প্রবৃত্তি; নিশ্চয়; অধিকার; অপরের স্ত্রীতে সন্তান উৎপাদনের জন্য নিযুক্তকরণ। ('—প্রথা')। নি—যুজ্+ঘঞ্ ভাব। বি; পুং।

নিয়োগপত্র—যে পত্র দ্বারা কাহাকেও কোন কর্মে বা পদে নিযুক্ত করা হয়, appointment letter. নিয়োগজ্ঞাপক পত্র, মধ্যপ। বি; ক্লী।

নিয়োগী (-গিন্)—১। উপাধি বিঃ। বি। ২। ব্যাপৃত; যে আদিষ্ট হইয়াছে এরূপ। নিয়োগ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-গিনী**।

নিয়োজক—যে নিয়োগ করে এরূপ, নিযোক্তা। নি—যুজ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-জিকা**।

নিয়োজন—নিযুক্ত করা; আদেশ করা; প্রেরণ; প্রবর্তন। নি—যুজ্+অনট্ ভাব। বি; ক্লী।

নিয়োজয়িতা (-তৃ)—নিয়োগকর্তা, যে নিযুক্ত করে এরূপ। নি—যুজ্+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িত্রী**।

নিয়োজিত—যাহাকে নিযুক্ত করা হইয়াছে এরূপ; বাহাল; প্রবর্তিত; আজ্ঞপ্ত; প্রেরিত; অধিকারিত। নি—যুজ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

নিয়োজ্য—সেবক; প্রেষ্য; যাহাকে নিযুক্ত করা উচিত এরূপ। নি—যুজ্+ণ্যৎ কর্ম। বিণ।

নিরক্ষ—বিষুবরেখা; নাড়ীমণ্ডল। নির্—অক্ষ্+অচ্ কর্তৃ। বি; পুং।

নিরক্ষদেশ—বিষুবরেখার উত্তর ও দক্ষিণ ভাগে উক্ত-রেখা-সন্নিহিত স্থানসমূহ। কর্মধা। বি; পুং।

নিরক্ষবৃত্ত, -মণ্ডল—বিষুবরেখা, equator. নিরক্ষ-সূচক বৃত্ত, মণ্ডল; মধ্যপ। বি; ক্লী।

নিরক্ষর—মূর্খ। নির্ (নাই) অক্ষর (অক্ষরজ্ঞান) যাহার, বহু। বিণ।

নিরক্ষরেখা—বিষুবরেখা। নিরক্ষসূচিকা রেখা, [মধ্যপ। বি; স্ত্রী।

নিরক্ষীয়—নিরক্ষ-রেখা -সম্বন্ধীয়, equatorial. নিরক্ষ+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

নিরখা—দেখা; নিরীক্ষণ করা। কপ্র। ক্রি।

নিরগ্নি—অগ্নিশূন্য; অগ্নিহোত্রাদি বেদবিহিত অনুষ্ঠান-বর্জিত। বহু। বিণ।

নিরঙ্কুশ—অনিবার্য; যে বিধিনিয়মের অধীন নয় এমন; স্বেচ্ছাচারী; বাধাহীন। নির্ (নাই) অঙ্কুশ যাহার, বহু। বিণ।

নিরজন—নির্জন; নির্জন স্থান। কপ্র। বিণ বা বি।

নিরঞ্জন—১। নির্মল; অকলঙ্ক। নির্ (নাই) অঞ্জন যাহাতে, বহু। বিণ। ২। পরব্রহ্ম। বি; ক্লী। ৩। শিব; ধর্মঠাকুর। নির্ (নাই) অঞ্জন (মলিনত্ব) যাহার, বহু। বি; পুং। ৪। দেবদেবীর প্রতিমা পূজার শেষে জলে ভাসাইয়া বিসর্জন। বাংপ্র। বি।

নিরঞ্জনা—১। পূর্ণিমা তিথি। নির্ (নাই) অঞ্জন (অর্থাৎ অন্ধকার) যাহাতে, বহু+আপ্। বি; স্ত্রী। ২। নির্মলা। নিরঞ্জন (১)+আপ্। বিণ; স্ত্রী।

নিরত—ব্যাপৃত; নিযুক্ত; আসক্ত; অনুরক্ত। নি—রম্+ক্ত কর্তৃ। বিণ। বি—**নিরতি**।

নিরতিশয়—অতিরিক্ত, অত্যধিক; অত্যুৎকৃষ্ট। নির্ (নাই) অতিশয় যাহা হইতে, বহু। বিণ।
নিরত্যয়—দোষহীন; অবিনাশী, অক্ষয়। নির্ (নাই) অত্যয় যাহার, বহু। বিণ।
নিরন্তর—১। ঘন; নিবিড়; নিরবকাশ; নিশ্ছিদ্র। বিণ। ২। সর্বদা। নির্ (নাই) অন্তর যাহাতে, বহু। ক্রি-বিণ।
নিরন্ন—যাহার অন্নের সংস্থান নাই এরূপ, দরিদ্র। নির্ (নাই) অন্ন যাহার, বহু। বিণ।
নিরপত্য—নিঃসন্তান। নির্ (নাই) অপত্য যাহার, বহু। বিণ।
নিরপরাধ—নির্দোষ। নির্ (নাই) অপরাধ যাহার, বহু। বিণ। স্ত্রী, **-রাধা** (সং), **-রাধিনী** (বাং)।
নিরপেক্ষ—স্বতন্ত্র, স্বাধীন, পক্ষপাতশূন্য; উদাসীন; (মনোবিজ্ঞান) যাহা কোন শর্তের অধীন নহে এমন, categorical. নির্ (নাই) অপেক্ষা যাহার, বহু। বিণ।
নিরপেক্ষতা—পক্ষপাতশূন্যতা; স্বাধীনতা; অনুরোধ প্রঃতে উপেক্ষা। নিরপেক্ষ+তা ভাবে। বি; স্ত্রী।
নিরব—নিঃশব্দ। নিঃ (নাই) রব যাহার, বহু। বিণ।
নিরবকাশ—অবকাশশূন্য; যাহা তখনই করিতে হইবে এরূপ। নির্ (নাই) অবকাশ যাহার বা যাহাতে, বহু। বিণ।
নিরবগ্রহ—অপ্রতিবন্ধ; অব্যাহত। নির্ (নাই) অবগ্রহ (প্রতিবন্ধ) যাহার, বহু। বিণ।
নিরবচ্ছিন্ন—নিরন্তর; কেবল; বিশুদ্ধ। নির্ (নয়) অবচ্ছিন্ন (বিচ্ছিন্ন), প্রাদি। বিণ।
নিরবদ্য—অনবদ্য, অনিন্দ্য, নিষ্কলঙ্ক; উৎকৃষ্ট। বিণ। নির্—অ (নঞ্)—বদ্ (বলা)+যৎ কর্ম। বিণ।
নিরবধি—১। যাহার অবধি নাই এরূপ, অসীম। নির্ (নাই) অবধি যাহার, বহু। বিণ। ২। নিরন্তর, সতত; অবাধে। নির্ (নাই) অবধি যাহার বা যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।
নিরবয়ব—নিরাকার; আকৃতিবিহীন। নির্ (নাই) অবয়ব যাহার, বহু। বিণ।
নিরবলম্ব—নিরুপায়; নিরাশ্রয়, নিঃসহায়। নির্ (নাই) অবলম্ব যাহার, বহু। বিণ।
নিরবলম্বন—নিরাশ্রয়, অসহায়। নির্ (নাই) অবলম্বন যাহার, বহু। বিণ।
নিরবশেষ—সম্পূর্ণরূপে ব্যয়িত; নিঃশেষ; সমগ্র, সম্পূর্ণ। নির্ (নাই) অবশেষ যাহার, বহু। বিণ।
নিরবসিত—অত্যন্ত অপবিত্র বা নীচ ('— জাতি')। নির্—অব—সো+ক্ত কর্ম। বিণ।
নিরভিমান—গর্বশূন্য। নির্ (নাই) অভিমান যাহার, বহু। বিণ।
নিরভিমানী (-নিন্)—গর্বহীন। নির্ (নয়) অভিমানী, প্রাদি। বিণ। স্ত্রী, **-নিনী**।
নিরভ্র—মেঘশূন্য। নির্ (নাই) অভ্র যাহাতে, বহু। বিণ।
নিরমান—তৈয়ার। < নির্মাণ। বি।
নিরম্বু—যাহাতে জলগ্রহণ করা হয় না এরূপ; নির্জল, জলহীন। নির্ (নাই) অম্বু যাহাতে, বহু। বিণ।
নিরয়—নরক। নির্ (নির্গত) অয় (সৌভাগ্য) যাহা হইতে, বহু। বি; পুং।
নিরয়গামী (-গামিন্)—নরকগামী, পাপভাগী। উপতৎ; নিরয়—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী**, **-গী**।
নিরর্থক—১। ব্যর্থ, নিষ্প্রয়োজন; অর্থশূন্য। বিণ। স্ত্রী—**নিরর্থিকা**। ২। বৃথা। নির্ (নাই) অর্থ যাহাতে, বহু (ক-আগম)। ক্রি-বিণ।
নিরলংকার—অলংকারবিহীন, আভরণশূন্য। নিঃ (নাই) অলংকার যাহার, বহু। বিণ।
নিরলস—আলস্যহীন। নির্ (নয়) অলস, প্রাদি। বিণ।
নিরশন—১। অনাহার। অশনের অভাব, অব্যয়ী। বি; ক্লী। ২। ভোজনরহিত। নির্ (নাই) অশন যাহার, বহু। বিণ।
নিরসন—দূরীকরণ; প্রত্যাখ্যান; খণ্ডন; নিরাকরণ; নিক্ষেপ; হনন; নিষ্কাশন। নির্—অস্+অনট্ ভাব। বি; ক্লী।
নিরসনীয়—যাহার নিরাস করা উচিত বা আবশ্যক এরূপ; বহিষ্করণীয়; নিবর্তনীয়। নির্—অস্+অনীয় কর্ম। বিণ।
নিরস্ত—ক্ষান্ত; যুক্তিতে পরাস্ত; দূরীকৃত; নিক্ষিপ্ত; পরিত্যক্ত; নিরাকৃত; প্রত্যাখ্যাত; হত; প্রতিহত; শীঘ্রোচ্চারিত; ভর্ৎসিত। নির্—অস্+ক্ত কর্ম। বিণ।
নিরস্ত্র—অস্ত্রশূন্য। নির্ (নাই) অস্ত্র যাহার, বহু। বিণ। **নিরস্ত্র প্রতিরোধ**—অস্ত্রের সাহায্য না লইয়া বাধা দেওয়া, passive resistance.
নিরস্ত্রীকরণ—অস্ত্রশূন্য করা; যুদ্ধের উপকরণ কমানো বা বর্জন, disarmament. **নিরস্ত্রী**—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।
নিরহংকার—অহংকারশূন্য। নির্ (নাই) অহংকার যাহার, বহু। বিণ।
নিরহংকারী (-রিন্)—অহংকারশূন্য, নিরভিমান। নির্ (নয়) অহংকারী, প্রাদি। বিণ। স্ত্রী, **-রিণী**।
নিরাকরণ—নিবারণ; খণ্ডন; প্রত্যাখ্যান, দূরীকরণ; নির্ণয়; মীমাংসা। নির্—আ—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।
নিরাকাঙ্ক্ষ—নিস্পৃহ, আকাঙ্ক্ষারহিত। নির্ (নাই) আকাঙ্ক্ষা যাহার, বহু। বিণ।
নিরাকার—১। আকাশ; বিষ্ণু; শিব; পরমেশ্বর। বি; পুং। ২। আকাররহিত, যাহার শরীর নাই এরূপ; অদৃশ্য। নির্ (নাই) আকার যাহার, বহু। বিণ।
নিরাকুল—অব্যাকুল; অত্যন্ত আকুল। নির্ (না, অতিশয়), আকুল, প্রাদি। বিণ।
নিরাকৃত—প্রত্যাখ্যাত, দূরীকৃত; নিবারিত; খণ্ডিত; নিরস্ত; নির্ণীত; অবধারিত; মীমাংসিত,

সিদ্ধান্তিত। নির্—আ—কৃ+ক্ত কর্ম। বিণ। বি, -তি। [বহু। বিণ।
নিরাতঙ্ক—নির্ভয়। নির্ (নাই) আতঙ্ক যাহার,
নিরাতপ—যাহার উপরে রোদ পড়ে নাই এমন, আতপশূন্য। নিঃ (নাই) আতপ যেখানে, বহু। বিণ।
নিরাতপা—১। রাত্রি। বি; স্ত্রী। ২। সূর্যকিরণরহিতা, যাহাতে রোদ পড়ে না এমন। নির্ (নাই) আতপ যখন বা যেখানে, বহু+আপ্। বিণ; স্ত্রী।
নিরাধার—আধারশূন্য; নিরাশ্রয়। নির্ (নাই) আধার যাহার, বহু। বিণ।
নিরানন্দ—১। বিষণ্ণ, যাহার আনন্দ নাই এরূপ; শোকাকুল। নির্ (নাই) আনন্দ যাহার, বহু। বিণ। ২। বিষাদ, আনন্দের অভাব। আনন্দের অভাব, অব্যয়ী। বি; ক্লী।
নিরানব্বই—নবনবতি, এক-কম একশ, ৯৯; ৯৯-সংখ্যক। বাংপ্র। বি বা বিণ।
নিরাপৎ (-পদ্)—বিপন্মুক্ত; নিরুপদ্রব। নির্ (নাই) আপদ্ যাহার বা যাহাতে, বহু। বিণ।
নিরাপত্তা—বিঘ্নহীনতা; বিপত্তিশূন্যতা। নিরাপদ্+তা ভাবে। বি; স্ত্রী।
নিরাভরণ—ভূষণবিহীন। নির্ (নাই) আভরণ যাহার, বহু। বিণ। [বহু। বিণ।
নিরাময়—নীরোগ। নির্ (নাই) আময় যাহার,
নিরামিষ—১। মাংসাদি আমিষরহিত। বিণ। ২। মাছ-মাংস ছাড়া খাদ্য, আমিষবিহীন খাদ্য। নির্ (নাই) আমিষ যাহাতে, বহু। বি; ক্লী।
নিরামিষাশী (-শিন্)—যে মাছ মাংস প্রঃ খায় না। উপতৎ; নিরামিষ—অশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -শিনী।
নিরালম্ব—নিরাশ্রয়, অবলম্বনরহিত, অপরের আশ্রয় ব্যতীত অধিষ্ঠানকারী। নির্ (নাই) আলম্ব যাহার, বহু। বিণ।
নিরালা—নিভৃত; নিভৃত স্থান; নির্জন; বিরল। ‹ নিরালয়। বি বা বিণ।
নিরাশ—হতাশ; নিস্পৃহ। নির্ (নাই) আশা যাহার, বহু। বিণ।
নিরাশা—নৈরাশ্য, আশাশূন্যতা। নির্ (নয়) আশা, প্রাদি (বাংপ্র)। বি।
নিরাশ্বাস—ভরসাহীন, নিরাশ। নির্ (নাই) আশ্বাস যাহার, বহু। বিণ।
নিরাশ্রয়—অসহায়; অশরণ, যাহার আশ্রয় নাই এরূপ। নির্ (নাই) আশ্রয় যাহার, বহু। বিণ।
নিরাস—নিরসন (তাহা দ্রঃ)। নির্—অস্+ঘঞ্ ভাব। বি; পুং।
নিরাসক্ত—আসক্তিশূন্য, উদাসীন। নিঃ (নয়) আসক্ত, প্রাদি। বিণ। বি, -ক্তি।
নিরাহার—উপবাসী; অনাহারী। নির্ (নাই) আহার যাহার, বহু। বিণ।
নিরিখ—জিনিসের দাম; খাজনার বা মূল্যের হার। ‹ফা 'নির্খ'। বি। **নিরিখের মকদ্দমা**—খাজনার হার বাড়াইবার জন্য মকদ্দমা।
নিরিন্দ্রিয়—ইন্দ্রিয়বিহীন; অশরীরী। নির্ (নাই) ইন্দ্রিয় যাহার, বহু। বিণ।
নিরিমিষ—নিরামিষ (তাহা দ্রঃ)।
নিরিবিলি—১। নিভৃতে, একান্তে। ক্রি-বিণ। ২। নির্জন। ‹নিরাবিল। বি।
নিরিবিলে—একান্তে ("আয় খাঁচায় থাকি নিরিবিলে" —রবীন্দ্র)। কপ্র। ক্রি-বিণ।
নিরীক্ষক—যে নিরীক্ষণ করে এরূপ, দর্শক। নির্—ঈক্ষ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -ক্ষিকা।
নিরীক্ষণ, নিরীক্ষা—নয়ন দ্বারা অনুভব করা, দর্শন; হিসাব-পরীক্ষা, audit. নির্—ঈক্ষ্+অনট্ ভাব; পক্ষে অ ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
নিরীক্ষমাণ—যে দেখিতেছে এরূপ, দর্শনকারী। নির্—ঈক্ষ্+শানচ্ কর্তৃ। বিণ।
নিরীক্ষিত—দৃষ্ট, অবলোকিত। নির্—ঈক্ষ্+ক্ত কর্ম। বিণ।
নিরীক্ষ্যমাণ—দৃশ্যমান, যাহাকে দেখা যাইতেছে এরূপ। নির্—ঈক্ষ্+শানচ্ কর্ম। বিণ।
নিরীশ্বর—যাহাতে ঈশ্বরের অস্তিত্ব স্বীকার্য নহে এরূপ (বাদ বিঃ); নাস্তিক। নির্ (নাই) ঈশ্বর যাহাতে বা যাহার, বহু। বিণ।
নিরীশ্বরবাদ—ঈশ্বর নাই—এই মত বা সিদ্ধান্ত, atheism. নিরীশ্বর যে বাদ (কথন), কর্মধা। বি; পুং।
নিরীশ্বরবাদী (-বাদিন্)—যে ব্যক্তি ঈশ্বর নাই—এই মত বা সিদ্ধান্ত প্রতিপন্ন করে এরূপ। নিরীশ্বরবাদ্+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -বাদিনী।
নিরীহ—নিশ্চেষ্ট; যে কখনও অনধিকারচর্চা করে না এরূপ; যে কাহারও সহিত বিবাদ করে না এরূপ; শান্তপ্রকৃতি, নির্বিরোধ। নির্ (নাই) ঈহা যাহার, বহু। বিণ।
নিরুক্ত—১। যাস্কাচার্য-প্রণীত বৈদিক অভিধান; ব্যাকরণের নিপাতন। নির্ (নিশ্চয়) উক্ত যাহাতে, বহু। বি; ক্লী। ২। নির্ণীত, মীমাংসিত; নিশ্চয়রূপে কথিত, যাহা বুঝাইয়া দেওয়া হইয়াছে এমন, defined; প্রকৃতি প্রত্যয় বা সমাসাদি দ্বারা সাধিত ও নির্ণীত। নির্ (নিশ্চয়রূপে) উক্ত, প্রাদি। বিণ।
নিরুক্তি—১। নিরুক্ত। নির্ (নিশ্চয) উক্তি যাহাতে, বহু। ২। নির্বচন; নিঃশেষে কথন; শব্দের ব্যুৎপত্তি নির্দেশ; নির্ণয়। নির্ (নিশ্চিতা) উক্তি, প্রাদি। বি; স্ত্রী।
নিরুত্তর—উত্তরশূন্য; উত্তরদানে অসমর্থ। নির্ (নাই) উত্তর যাহার, বহু। বিণ।
নিরুৎসব—আমোদপ্রমোদশূন্য। নিঃ (নাই) উৎসব যাহাতে, বহু। বিণ।
নিরুৎসাহ—১। উৎসাহশূন্য। নির্ (নাই) উৎসাহ যাহার, বহু। বিণ। ২। উৎসাহের অভাব। উৎসাহের অভাব, অব্যয়ী। বি; ক্লী।
নিরুৎসুক—১। অতিশয় উৎসুক, অত্যন্ত কৌতূহলী। নির্ (নাই) উৎসুক যাহা হইতে, বহু।

২। ঔৎসুক্যহীন। নির্ (নয়) উৎসুক, প্রাদি। বিণ।

নিরুদক—জলশূন্য, anhydride. নিঃ (নাই) [উদক যাহাতে, বহু। বিণ।

নিরুদ্দিষ্ট—হারানো, যাহার কোন খোঁজখবর পাওয়া যাইতেছে না এরূপ। নির্—উৎ—দিশ্+ক্ত কর্ম। বিণ।

নিরুদ্দেশ—১। নিখোঁজ হওয়া। উদ্দেশের অভাব, অব্যয়ী। বি; স্ত্রী। ২। নিখোঁজ, যাহার কোন সন্ধান বা ঠিকানা পাওয়া যাইতেছে না এরূপ। নির্ (নাই) উদ্দেশ যাহার; বহু। বিণ।

নিরুদ্ধ—নিবারিত, প্রতিবন্ধ; অবরুদ্ধ। নি—রুধ্+ক্ত কর্ম। বিণ।

নিরুদ্বিগ্ন—নিশ্চিন্ত, উৎকণ্ঠাশূন্য। নির্ (নয়) উদ্বিগ্ন, প্রাদি। বিণ।

নিরুদ্বেগ—নিশ্চিন্ত, উৎকণ্ঠাবিহীন। নির্ (নাই) উদ্বেগ যাহার, বহু। বিণ।

নিরুদ্যম—উদ্যমশূন্য; উৎসাহহীন। নির্ (নাই) উদ্যম যাহার, বহু। বিণ।

নিরুপদ্রব—১। উপদ্রবশূন্যতা। উপদ্রবের অভাব, অব্যয়ী। বি; স্ত্রী। ২। নিষ্কণ্টক; উপদ্রববিহীন। নির্ (নাই) উপদ্রব যাহাতে, বহু। বিণ।

নিরুপম—অতুলনীয়, অনুপম। নির্ (নাই) উপমা যাহার, বহু। বিণ। , স্ত্রী—**নিরুপমা**।

নিরুপাখ্য—অনির্বচনীয়। নির্ (নাই) উপাখ্যা যাহার, বহু। বিণ।

নিরুপাধি, **নিরুপাধিক**—উপাধিহীন, সত্ত্ব রজঃ ও তম এই ত্রিগুণশূন্য; অনির্বচনীয়। নির্ (নাই) উপাধি যাহার, বহু। বিণ।

নিরুপায়—১। উপায়রহিত। নির্ (নাই) উপায় যাহার, বহু। বিণ। ২। উপায়ের অভাব। উপায়ের অভাব, অব্যয়ী। বি; স্ত্রী।

নিরূপক—যে নিরূপণ করে এরূপ, নির্ণায়ক। নি—রূপ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**নিরূপিকা**।

নিরূপণ—নির্ণয়; দর্শন; বিতর্ক; নিয়োগ; বিবরণ। নি—রূপ্+অনট্ ভাব। বি; ক্লী।

নিরূপিত—নির্ণীত; স্থিরীকৃত; দৃষ্ট; বিচারিত; নিযুক্ত। নি—রূপ্+ক্ত কর্ম। বিণ।

নির্ঋতি—অলক্ষ্মী; অভিশাপ; মৃত্যু; অসৌভাগ্য-দেবী; দক্ষিণ-পশ্চিম কোণের শাসনকর্ত্রী। নির্ (নিয়ত) ঋতি (নিন্দা) যাহা হইতে, বহু। বি; স্ত্রী।

নিরেট—যাহা ফাঁপা নয় এমন; ছিদ্রশূন্য; দৃঢ়; শক্ত; অতিশয়; নিতান্ত নির্বোধ। ✓নির্দট। বিণ।

নিরেস—নিকৃষ্ট। ✓নীরস। বিণ।

নিরোধ—বেষ্টন, অবরোধ; বিনাশ, প্রতিরোধ; বারণ; ক্ষতি, নিগ্রহ। নি—রুধ্+ঘঞ্ ভাব। বি; পুং।

নিরোধক—নিরোধকারক। নি—রুধ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -**ধিকা**।

নিরোধন—নিরোধ; বাধাদান। নি—রুধ্+অনট্ ভাব। বি; ক্লী।

নির্গত—অপগত; নিঃসৃত। নির্—গম্+ক্ত কর্তৃ। [বিণ।

নির্গন্ধ—গন্ধহীন। নির্ (নাই) গন্ধ যাহার, বহু। বিণ।

নির্গম—অপগম, বাহির হওয়া। নির্—গম্+অপ্ ভাব। বি; পুং।

নির্গমন—১। নিঃসরণ, বাহির হওয়া। নির্—গম্+অনট্ ভাব। ২। দ্বার। নির্—গম্+অনট্ করণ। বি; ক্লী।

নির্গলন—বিগলন; স্যন্দন; চোয়ানো; শোষক যন্ত্রের ভিতর দিয়া আসা, filtration. নির্—গল্+অনট্ ভাব। বিণ—**নির্গলিত**।

নির্গলিতার্থ—সারমর্ম, সার কথা। কর্মধা। বি; পুং।

নির্গামিক—বহির্গামী, outgoing. নির্গম+ইক সম্বন্ধার্থে। বিণ।

নির্গুণ—১। গুণহীন। বিণ। ২। পরমেশ্বর, সত্ত্বাদি গুণত্রয়বর্জিত পরমাত্মা। নির্ (নাই) গুণ যাহার, বহু। বি; পুং। [বিণ।

নির্গূঢ়—অত্যন্ত গোপন। নির্—গুহ্+ক্ত কর্ম।

নির্ঘণ্ট—১। নিরূপণ; সিদ্ধান্ত; সূচীপত্র। নির্—ঘণ্ট্+ঘঞ্ করণ। বি; পুং। ২। তন্ন তন্ন করিয়া অন্বেষণ করা। বাংপ্র। বি।

নির্ঘাত—১। বায়ুর শব্দ, বায়ুতে বায়ুতে অভিহত হইয়া যে শব্দ উৎপন্ন হয় তাহা। নির্—হন্+ঘঞ্ ভাব। ২। বজ্র। নির্—হন্+ঘঞ্ কর্তৃ, করণ। বি; পুং। ৩। বিষম; নিষ্ঠুর; ভয়ানক। নির্—হন্+ঘঞ্ করণ। বিণ। ৪। নিশ্চয়, অবশ্য; অব্যয়ার্থ; প্রচণ্ড, কঠোর। ক্রি-বিণ।

নির্ঘৃণ—দয়া লজ্জা বা ঘৃণাশূন্য। নির্ (নাই) ঘৃণা যাহার, বহু। বিণ।

নির্ঘোষ—উৎকট শব্দ, গভীর ধ্বনি। নির্—ঘুষ্+ঘঞ্ ভাব। বি; পুং।

নির্জন—১। জনহীন, বিরল। বিণ। ২। জনশূন্য স্থান, নিভৃত প্রদেশ। নির্ (নাই) জন যেখানে, বহু। বি; পুং।

নির্জর—১। দেবতা। নির্ (নাই) জরা যাহার, বহু। বি; পুং। ২। সুধা। নির্ (নাই) জরা যাহা হইতে বা যাহা দ্বারা, বহু। বি; ক্লী। ৩। জরা-রহিত। নির্ (নাই) জরা যাহার, বহু। বিণ।

নির্জল—১। জলহীন; অনার্দ্র; যেখানে অতিশয় জলকষ্ট এরূপ; যাহাতে জলপান নিষিদ্ধ। নির্ (নাই) জল যাহাতে বা যেখানে, বহু। ২। (বাংগার্থে) নির্ভেজাল, অমিশ্র। বাংপ্র। বিণ।

নির্জলা—১। জলবিহীনা। নির্জল+আপ্। বিণ; স্ত্রী। ২। খাঁটি, বিশুদ্ধ, নির্ভেজাল। বাংপ্র। বিণ।

নির্জিত—পরাজিত; বশীকৃত। নির্—জি+ক্ত কর্ম। বিণ। [জীব যাহার, বহু। বিণ।

নির্জীব—জীবনশূন্য; অবসন্ন; অচেতন। নির্ (নাই)

নির্জ্ঞান—চৈতন্যহীন, unconscious; অবচেতন, subconscious; অজানা; অজ্ঞাত। নির্ (নাই) জ্ঞান যাহার, বহু। বিণ।

নির্ঝঞ্ঝাট—ঝঞ্ঝাটশূন্য। নির্ (নাই) ঝঞ্ঝাট যাহাতে, বহু। বিণ। ক্রি-বিণ—**নির্ঝঞ্ঝাটে**।

নির্ঝর—ঝরনা, উৎস; বারিপ্রবাহ; তুষানল। নির্—ঝৃ+অপ্ ভাব বা অচ্ কর্তৃ। বি; পুং।

নির্ঝরিণী—নদী। নির্ঝর+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী। [অর্থে। বি; পুং।

নির্ঝরী (-রিন্)—পর্বত। নির্ঝর+ইন্ আছে

নির্ণয়, নির্ণয়ন—নিশ্চয়, অবধারণ; ঠিক করা; স্থিরীকরণ; নিষ্পত্তি, সিদ্ধান্ত। নির্—নী+অচ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

নির্ণায়ক—যে নির্ণয় করে এরূপ; নিষ্পাদক; মীমাংসক। নির্—নী+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িকা।

নির্ণায়ক-সভা—বিচারকার্যে নিযুক্ত বিশেষ সভা বা সংঘ, Jury. নির্ণায়িকা সভা, কর্মধা। বি; স্ত্রী।

নির্ণায়ন—নির্ণয় করানো। নির্—নী+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

নির্ণিক্ত—পালিশ-করা। নির্—নিজ্+ক্ত কর্ম। বিণ।

নির্ণীত—অবধারিত; স্থিরীকৃত। নির্—নী+ক্ত কর্ম। বিণ। [কর্তৃ। বিণ। স্ত্রী—নির্ণেত্রী।

নির্ণেতা (নির্ণেতৃ)—নির্ণায়ক। নির্—নী+তৃন্

নির্ণেয়—নির্ণয় করিবার যোগ্য; যাহা নির্ণয় করিতে হইবে এরূপ, নির্ধার্য। নির্—নী+যৎ কর্ম। বিণ।

নির্দম—বেদম, বেজায়। বাংপ্র। বিণ।

নির্দয়—দয়াহীন, নিষ্ঠুর। নির্ (নাই) দয়া যাহার, বহু। বিণ।

নির্দিষ্ট—নিরূপিত; উল্লিখিত; কথিত; অঙ্গুল্যাদি দ্বারা প্রদর্শিত; উপদিষ্ট; আদিষ্ট। নির্—দিশ্+ক্ত কর্ম। বিণ।

নির্দেশ—আজ্ঞা; নিরূপণ; কথন; প্রদর্শন; অবধারণ; উল্লেখ। নির্—দিশ্+ঘঞ্ ভাব। বি; পুং।

নির্দেশক—যে নির্দেশ করে এরূপ; আজ্ঞাপক; উল্লেখকারী; প্রদর্শক। নির্—দিশ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -শিকা।

নির্দেষ্টা (নির্দেষ্টৃ)—নির্দেশক। নির্—দিশ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—নির্দেষ্ট্রী।

নির্দোষ—দোষরহিত, অপরাধশূন্য। নির্ (নাই) দোষ যাহার, বহু। বিণ।

নির্ধার, নির্ধারণ—অনেকের মধ্যে উৎকর্ষ বা অপকর্ষ দ্বারা একের পৃথক্করণ, স্থিরীকরণ, নির্ণয়। নির্—ধৃ+ণিচ্+ঘঞ্ ভাব; নির্—ধৃ+ণিচ্+অনট্ ভাব। বি; পুং, ক্লী।

নির্ধারক—যে নির্ধারণ করে এরূপ; নির্ণায়ক। নির্—ধৃ বা ধারি+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -রিকা।

নির্ধারণ—'নির্ধার' দ্রঃ।

নির্ধারিত—নির্ণীত, স্থিরীকৃত; পৃথক্কৃত; মীমাংসিত। নির্—ধৃ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

নির্ধার্য—নির্ণেয়, নিরূপণীয়। নির্—ধৃ+ণিচ্+যৎ কর্ম। বিণ।

নির্দ্বন্দ্ব—নির্বিবাদ, কলহশূন্য; সুখদুঃখাদি- দ্বন্দ্বাতীত। নির্ (নাই) দ্বন্দ্ব যাহার, বহু। বিণ।

নির্ধন—ধনশূন্য; দরিদ্র। নির্ (নাই) ধন যাহার, বহু। বিণ। বি, -তা।

নির্ধনী (-ধনিন্)—ধন-হীন, দরিদ্র। নির্ (নয়) ধনী, প্রাদি। বিণ।

নির্ধূত, নির্ধূত—দূরীকৃত; বিকম্পিত; ত্যক্ত। নির্—ধূ, ধূ+ক্ত কর্ম। বিণ।

নির্ধূম—ধূমশূন্য। নির্ (নাই) ধূম যাহাতে, বহু। বিণ।

নির্নিমিখ—নিমেষশূন্যে, যাহাতে পলক পড়ে না এমন। কপ্র। বিণ।

নির্নিমেষ—যাহাতে পলক পড়ে না এমন ('—নেত্র'); নিমেষশূন্য। নির্ (নাই) নিমেষ যাহাতে বা যাহার, বহু। বিণ। [বহু। বিণ।

নির্বংশ—নিঃসন্তান। নির্ (নাই) বংশ যাহার,

নির্বচন—বিশেষভাবে কথন; নিরুক্তি, definition; প্রকৃতি প্রত্যয়াদি সাহায্যে অর্থ কথন; উপপাদ্যের বিষয় সূত্রাকারে প্রকাশ-করণ, enunciation. নির্—বচ্+অনট্ ভাবে। বি; ক্লী। বিণ—নিরুক্ত।

নির্বন্ধ—নিয়ম, ব্যবস্থা; ভবিতব্যতা, বিধান ('বিধির —'); আগ্রহ; অভিনিবেশ; উৎকট যত্ন; জেদ; সংযোগ; ঘটনা। নির্—বন্ধ্+ঘঞ্ ভাব। বি; পুং।

নির্বর্তন—সম্পাদন। নির্—বৃৎ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। [বিণ।

নির্বর্তিত—সম্পাদিত। নির্—বৃত্+ণিচ্+ক্ত কর্ম।

নির্বর্ষ—বর্ষণহীন; বৃষ্টিশূন্য, যেখানে বৃষ্টি হয় না এমন। নির্ (নাই) বর্ষা যাহাতে, বহু। বিণ।

নির্বাক্ (নির্বাচ্)—বাক্যহীন, মূক; মৌনী; হতভম্ব। নির্ (নাই) বাক্ যাহার, বহু। বিণ।

নির্বাচক—নির্বাচনকারী; পদপ্রার্থীর নির্বাচনে যাহার অধিকার আছে এমন। নির্—বচ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -চিকা।

নির্বাচকমণ্ডলী—নির্বাচনকারী জনসমূহ, ভোটদাতাদের দল, constituency. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

নির্বাচন—নির্ধারণ, স্থিরীকরণ; বহুলোকে মিলিয়া একাধিক ব্যক্তির মনোনয়ন, election. নির্—বচ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—নির্বাচিত, নির্বাচ্য। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

নির্বাচনকেন্দ্র—ভোট লইবার স্থান, polling booth.

নির্বাণ—১। ভবযন্ত্রণার অবসান, মোক্ষ; অস্তগমন; নিবিয়া যাওয়া; নাশ; শান্তি; নিবৃত্তি; বিরাম; মিলন। নির্—বা+ক্ত ভাব। বি; ক্লী। ২। মুক্ত; নিমগ্ন, যাহা নিবিয়া গিয়াছে এরূপ; নির্বৃত, শান্ত; নষ্ট; অস্তগত, বিশ্রান্ত। নির্—বা+ক্ত কর্তৃ। বিণ।

নির্বাণোন্মুখ—যাহা শীঘ্রই নিবিয়া যাইবে এরূপ। নির্বাণে উন্মুখ, ৭মীতৎ। বিণ।

নির্বাত—বায়ুরহিত; স্থির, অচঞ্চল। নির্ (নাই) বাত যাহাতে, বহু। বিণ।

নির্বাধ—বাধাশূন্য; অর্গলহীন। নির্ (নাই) বাধ বা বাধা যাহাতে, বহু। বিণ।

নির্বাপক—যে বা যাহা নিবাইয়া দেয় এমন। নির্—ণিজন্ত বপ্+ণ কর্তৃ। বিণ। স্ত্রী, -পিকা।

নির্বাপণ—দান; বধ; নাশ; শান্তিকরণ; নিবাইয়া দেওয়া। নির্—বপ্ বা বা+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

নির্বাপিত—যাহা নিবানো হইয়াছে এরূপ; নাশিত; দত্ত। নির্—বপ্ বা বা+ণিচ্+ক্ত কর্তৃ। বিণ।

নির্বাসন—দেশান্তরিতকরণ, অপরাধাদি কারণে নগরাদি হইতে বহিষ্করণ, দূরীকরণ; বহিষ্কৃত হইয়া দেশান্তরে বাস; বধ। নির্—বস্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

নির্বাসিত—অপরাধের জন্য দেশ হইতে অন্যস্থানে প্রেরিত, নগরাদি হইতে বহিষ্কৃত; হত। নির্—বস্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

নির্বাহ—সম্পাদন; চালানো ('সংসার —'); নিষ্পত্তি; সমাপ্তি। নির্—বহ্+ঘঞ্ ভাব। বি; পুং।

নির্বাহক—নির্বাহকারক, নিষ্পাদক। নির্—বহ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -হিকা।

নির্বাহিত—সম্পাদিত। নির্—বহ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

নির্বাহী (-হিন্)— কর্ম সম্পন্ন করিবার অধিকারপ্রাপ্ত ('—সভা'), executive. নির্—বহ্+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -হিণী।

নির্বিকল্প—১। বিকল্পরহিত; বিশেষ্য-বিশেষণতা-সম্বন্ধশূন্য; জ্ঞাতৃ-জ্ঞেয়তা-ভেদশূন্য; অভ্রান্ত। বিণ। ২। বস্তুর আলোচনাখ্য প্রাথমিক জ্ঞান; অখণ্ড জ্ঞান। নির্ (নাই) বিকল্প যাহাতে, বহু। বি; ক্লী। **নির্বিকল্প সমাধি**—জ্ঞাতৃ-জ্ঞেয়ত্ব-ভেদশূন্য হইয়া অদ্বিতীয় পরব্রহ্মে চিত্তনিয়োগ।

নির্বিকার—১। বিকারশূন্য, চিত্তচাঞ্চল্যহীন; উদাসীন: রাগদ্বেষাদিহীন; অপক্ষপাতী; অপরিবর্তনীয়। বিণ। স্ত্রী, -রা। ২। জন্মাদি ষড়্‌ভাববিকারহীন পরমেশ্বর, পরব্রহ্ম। নির্ (নাই) বিকার যাহার বা যাহাতে, বহু। বি; পুং।

নির্বিঘ্ন—১। বিঘ্নের অভাব, বিঘ্ন না থাকা। বিঘ্নের অভাব এই অর্থে, অব্যয়ী। বি; ক্লী। ২। বিঘ্নরহিত। নির্ (নাই) বিঘ্ন যাহাতে, বহু। বিণ।

নির্বিচার—বিচারশূন্য; বিবেচনাহীন। বহু। বিণ।

নির্বিণ্ণ—অনুতাপ বা গ্লানিযুক্ত; দুঃখিত। নির্—বিদ্+ক্ত কর্তৃ। বিণ।

নির্বিবাদ—বিবাদশূন্য। নির্ (নাই) বিবাদ যাহাতে, বহু। বিণ। **নির্বিবাদে**—অবাধে; বিবাদ না করিয়া।

নির্বিবাদী (-দিন্)—নির্বিরোধ: নিরীহ; শান্তশিষ্ট। নির্ (নয়) বিবাদী, প্রাদি। বিণ।

নির্বিরোধ—নিরীহ: বিবাদশূন্য। নির্ (নাই) বিরোধ যাহার, বহু। বিণ।

নির্বিশঙ্ক—আশঙ্কাবিহীন, নির্ভীক। নির্ (নাই) বিশঙ্কা যাহার, বহু। বিণ।

নির্বিশেষ—অভিন্ন, ভেদরহিত; সাধারণ; প্রাথমিক ('— জ্ঞান')। নির্ (নাই) বিশেষ যাহার, বহু। বিণ।

নির্বিশেষে—বিশেষ ব্যতিরেকে, সমভাবে; অভিন্নভাবে। নির্ (নাই) বিশেষ যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

নির্বিষ—বিষশূন্য। নির্ (নাই) বিষ যাহার, [বহু। বিণ।

নির্বীজ—বীজশূন্য; জীবাণুশূন্য, sterile; প্রজনপ্রবণতাশূন্য, aseptic; কারণহীন; পুরুষত্বহীন। নির্ (নাই) বীজ যাহার, বহু। বিণ।

নির্বীজন—জীবাণুশূন্য করণ, sterilization, disinfection. নির্—বীজ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -জিত।

নির্বীরা—১। পতিপুত্রবিহীনা স্ত্রী, অবীরা। নির্ (নাই) বীর (অর্থাৎ পতিপুত্রাদি) যাহার, বহু+আপ্। বি; স্ত্রী। ২। বীরশূন্যা। নির্বীর+আপ্। বিণ; স্ত্রী। পুং—নির্বীর।

নির্বীর্য—বীর্যহীন, নিস্তেজ। নির্ (নাই) বীর্য যাহার, বহু। বিণ।

নির্বুদ্ধি—জ্ঞানশূন্য, বোকা। নির্ (নাই) বুদ্ধি যাহার, বহু। বিণ।

নির্বৃতি—মুক্তি; মৃত্যু; সুখ, শান্তি; সিদ্ধি; অভয়; অস্তগমন। নির্—বৃ+ক্তি ভাব। বি; স্ত্রী।

নির্বৃত্ত—১। নিষ্পন্ন; সুসিদ্ধ, সম্পন্ন; জাত। নির্—বৃত্+ক্ত কর্তৃ। ২। বৃত্তিরহিত। নির্ (নাই) বৃত্ত (বৃত্তি) যাহার, বহু। বিণ।

নির্বৃত্তি—১। নিষ্পত্তি। নির্—বৃত্+ক্তি ভাব। বি; স্ত্রী। ২। জীবিকাশূন্য। নির্ (নাই) বৃত্তি যাহার, বহু। বিণ।

নির্বেদ—স্বাবমাননা, আপনাকে ধিক্কার দেওয়া; বৈরাগ্য, ঔদাসীন্য; মনঃকষ্ট; অনুতাপ; নৈরাশ্য, হতাশা, despondency. নির্—বিদ্+ঘঞ্ ভাব। বি: পুং।

নির্বোধ—জ্ঞানশূন্য, বোকা। নির্ (নাই) বোধ [যাহার, বহু। বিণ।

নির্ব্যাজ—অকপট, সরল। নির্ (নাই) ব্যাজ (কপটতা) যাহার, বহু। বিণ।

নির্ব্যূঢ়—নিশ্চিত প্রমাণ দ্বারা স্থিরীকৃত, নিশ্চিত, absolute; সম্যক্, পর্যাপ্ত। নির্—বি—বহ্+ক্ত কর্ম। বিণ।

নির্ভয়—নিঃশঙ্ক। নির্ (নাই) ভয় যাহার, বহু। [বিণ।

নির্ভর—১। ভরসা; বিশ্বাস; অপেক্ষা; আশ্রয়। বাংপ্র। বি। ২। অধিক, বহুল; পূর্ণ। নির্—ভৃ+অপ্ কর্ম। বিণ। [(বাংপ্র)। বি।

নির্ভাবনা—নিশ্চিন্ততা, দুশ্চিন্তাশূন্যতা। প্রাদি

নির্ভীক—ভয়রহিত, নিঃশঙ্ক। নির্ (নাই) ভী (ভয়) যাহার, বহু (ক-আগম)। বিণ।

নির্ভুল—নিখুঁত, ভুলশূন্য। নির্ (নাই) ভুল যাহাতে, বহু (বাংপ্র)। বিণ।

নির্ভৃতি—বেতনহীন: বেগার। নির্ (নাই) ভৃতি (বেতন) যাহার, বহু। বিণ।

নির্মক্ষিক—১। মাছিশূন্য স্থান; নিভৃত স্থান। বি; ক্লী। ২। মক্ষিকাহীন; নির্জন। নির্ (নাই) মক্ষিকা যথায়, বা নির্ (নির্গত) হইয়াছে মক্ষিকা যথা হইতে, বহু। বিণ।

নির্মঞ্ছন, নির্মন্থন—নীরাজন, আরতি; সেবা; মোছা। নির্—মন্চ্, মন্থ্+অনট্ ভাব। বি; ক্লী।
নির্মদ—১। মদশূন্য হস্তী। বি; পুং। ২। নিরহংকার; মদশূন্য। বহু। বিণ।
নির্মধু—মধুহীন। বহু। বিণ।
নির্মন্থ, নির্মন্থন—সম্যক্ মন্থন; মর্দন; ঘর্ষণ; নিংড়ানো। নির্—মন্থ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।
নির্মম—মমতাশূন্য, নিষ্ঠুর; বাসনারহিত। নির্ (নাই) মম (মমতা) যাহার, বহু। বিণ।
নির্মল—পরিষ্কৃত; নির্দোষ; সরল; পবিত্র। নির্ (নাই) মল যাহাতে, বহু। বিণ।
নির্মলি—জলপরিষ্কারক বীজ। বাংপ্র। বি।
নির্মাণ—গঠন, রচনা, প্রস্তুতকরণ; সার; সামঞ্জস্য; পরিচ্ছেদ; উৎপাদন, তৈরি, manufacture. নির্—মা+অনট্ ভাব, কর্ম। বি; ক্লী।
নির্মাতা (তৃ)—নির্মাণকর্তা, যে প্রস্তুত করে এরূপ। নির্—মা+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**নির্মাত্রী**।
নির্মান—মানশূন্য; আত্মশ্লাঘাশূন্য। নির্ (নাই) মান যাহার, বহু। বিণ।
নির্মাল্য—১। নির্মলতা। মল+ষ্যঞ্ স্বার্থে (=মাল্য); নির্ (নয়) মাল্য, প্রাদি। ২। দেবদেবীকে নিবেদন-করা ফুল প্রঃ; দেবতার উদ্দেশ্যে প্রদত্ত দ্রব্য, দেবতার প্রসাদ। নির্ (নির্গত) মাল্য হইতে, প্রাদি। বি; ক্লী। ৩। মাল্যহীন; নির্মল। নির্ (নির্গত) মাল্য (মালা, মল) যাহা হইতে, বহু। বিণ।
নির্মিত—গঠিত, প্রস্তুত। নির্—মা+ক্ত কর্ম। বিণ।
নির্মিতি—নির্মাণ। নির্—মা+ক্তি ভাব। বি; স্ত্রী।
নির্মিৎসা—নির্মাণ করিবার ইচ্ছা। নির্—মা+সন্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।
নির্মীয়মাণ—যাহা নির্মাণ করা হইতেছে এরূপ। নির্—মা+শানচ্ কর্ম। বিণ।
নির্মুক্ত—১। খোলস-ছাড়া সাপ। নির্ (নিঃশেষে) মুক্ত, প্রাদি। বি; পুং। ২। নিঃশেষে মুক্ত; বহির্গত; বন্ধনমুক্ত; পৃথগ্‌ভূত; সঙ্গরহিত। নির্—মুচ্+ক্ত কর্ম, কর্ম-কর্তৃ। বিণ।
নির্মূল—ছিন্নমূল; অমূলক; সম্পূর্ণরূপে বিলুপ্ত। নির্ (নাই) মূল যাহার, বহু। বিণ।
নির্মূলিত—উৎসাদিত, উৎপাটিত। নির্—মূল্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। বি—**নির্মূলন**।
নির্মোক—সাপের খোলস; কোন কোন সরীসৃপের গায়ের পাতলা আবরণ, slough; কঞ্চুক, সাঁজোয়া; আকাশ। নির্—মুচ্+ঘঞ্ কর্মাদি। বি; পুং।
নির্মোচন—পালক খোলস ইঃ ত্যাগকরণ, moulting. নির্—মুচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -**চ্য**।
নির্যাণ—১। নির্গমন; মুক্তি। নির্—যা+অনট্ ভাব। ২। হস্তীর অপাঙ্গ; পশুর পা বাঁধিবার দড়ি। নির্—যা+অনট্ করণ। ৩। পশুর পৃষ্ঠস্থ আসন। নির্—যা+অনট্ অধি। বি; ক্লী।

নির্যাতক—যে অনিষ্ট করে এরূপ; যে পীড়া দেয় এরূপ। নির্—যত্+ণিচ্+ণক কর্তৃ। বিণ।
নির্যাতন—প্রতিহিংসা; নিপীড়ন; দান; প্রত্যর্পণ; প্রহার, নিগ্রহ; মারণ, বধ। নির্—যত্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
নির্যাতিত—উৎপীড়িত, প্রহৃত; লাঞ্ছিত। নির্—যত্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
নির্যাস—১। নিস্যন্দ, ক্ষরণ। নির্—যস্ (চেষ্টা করা)+ঘঞ্ ভাব। ২। কাথ; গাছের আঠা; নিশ্চয়, সিদ্ধান্ত। নির্—যস্+ঘঞ্ কর্ম। বি; পুং।
নির্লজ্জ—লজ্জাহীন, বেহায়া। নির্ (নাই) লজ্জা যাহার, বহু। বিণ।
নির্লিপ্ত—যে কোন বিষয়ে লিপ্ত নয় এরূপ, সম্বন্ধশূন্য; আসক্তিশূন্য; লেপশূন্য। নির্ (নয়) লিপ্ত, প্রাদি। বিণ।
নির্লেপ—নির্লিপ্ত। নির্ (নাই) লেপ (আসক্তি) যাহার, বহু। বিণ।
নির্লোভ—লোভহীন। নির্ (নাই) লোভ যাহার, [বহু। বিণ।
নির্লোম—লোমশূন্য। বহু। বিণ।
নিলম্বন—ঝুলাইয়া রাখা; কোন লোক বা বিষয় সম্বন্ধে সিদ্ধান্ত স্থগিত রাখা, suspension. নি—লম্ব্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**নিলম্বিত**।
নিলয়—১। গৃহ, বাসস্থান; আধার, হৃৎপিণ্ডের নীচের দিকের কুঠুরি দুইটির একটি, ventricle. নি—লী+অচ্ অধি। ২। নিঃশেষে লয়, অদর্শন। নি—লী+অচ্ ভাব। বি; পুং।
নিলাজ—লজ্জাহীন। নি (নাই) লাজ যাহার, বহু। <নির্লজ্জ। বিণ।
নিলাম—প্রকাশ্যে ডাকাডাকি করিয়া বিক্রয়। <পো 'leilao'. বি। বিণ, -**মী**। **নিলামে ডাকা**—নিলামকালে দর বলা। [লী+ক্ত কর্তৃ। বিণ।
নিলীন—নিহিত, নিমগ্ন; অবস্থিত; বিলীন। নি—
নিলীয়মান—যে আত্মগোপন করিতেছে এমন; প্রচ্ছন্ন। নি—লী+শানচ্ কর্তৃ। বিণ।
নিশপিশ—চাঞ্চল্য-প্রকাশ; সুড়সুড়ির ভাব প্রকাশ। বাংপ্র। বি।
নিশমন, নিশামন—দর্শন; শ্রবণ। নি—ণিজন্ত শম্+অনট্ ভাব। বি; ক্লী।
নিশা—রাত্রি। নি—শো+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
নিশাকর—চন্দ্র। উপতৎ; নিশা—কৃ+ট কর্তৃ। বি; পুং।
নিশাকাল—রাত্রি। কর্মধা। বি; পুং।
নিশাগম—রাত হওয়া; সন্ধ্যাকাল। নিশার আগম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নিশাচর—১। রাক্ষস; পিশাচ; শৃগাল; পেচক; চোর; চক্রবাক। বি; পুং। ২। রাত্রিচর, রজনীতে বিচরণকারী। উপতৎ। নিশা—চর্+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -**রী**।
নিশাজল—হিম, শিশির। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
নিশাত্যয়—প্রভাতকাল। নিশার অত্যয় (অপগম), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নিশাদ—১। চণ্ডাল; ব্যাধ। বি; পুং। ২। রাত্রি-ভোজী। নিশা—অদ্+অচ্ কর্তৃ। বিণ।
নিশাদল—একপ্রকার তীব্রগন্ধযুক্ত লবণজাতীয় দ্রব্য বিঃ, amonium chloride. < ফা 'নৌশাদর'। বি।
নিশান—১। পতাকা; লক্ষ্য; চিহ্ন। ফা। ২। সংকেত। কপ্র। বি। ৩। তীক্ষ্ণীকরণ। নি—শো+অনট্ ভাব। বি; ক্লী। [বি বা বিণ।
নিশানদার—সনাক্তকারী। নিশান+দার করে অর্থে।
নিশানদিহি—সনাক্ত করা, আঙ্গুল দেখাইয়া পরিচয় দেওয়া। ফা। বি।
নিশানা—দাগ, চিহ্ন; লক্ষ্য, তাক। ফা। বি।
নিশানাথ—চন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নিশানি—পরিচয়; সংকেত; পরিচায়ক বস্তু। ফা। বি। [পুং।
নিশান্ত—রাত্রিশেষ। নিশার অন্ত, ৬ষ্ঠীতৎ। বি;
নিশাপতি—চন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নিশার্ধ—মধ্যরাত্র, নিশীথ; রাত্রির অংশ। নিশার অর্ধ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নিশাস—শ্বাস। < নিঃশ্বাস। বি।
নিশি—১। রাত্রিতে ("আজ দেখিলাম নিশি ভীষণ স্বপন"—কবিকঙ্কণ)। নিশা শব্দের ৭মীর ১বচন। ২। রজনী ("পাতায় পাতায় পড়ে নিশির শিশির" —মদন)। < নিশা। ৩। নিশীতে যে নাম ধরিয়া ডাকে এমন অপদেবতা বিঃ। বাংপ্র। বি।
নিশিত—ধারাল, শাণিত। নি—শো+ক্ত কর্ম। বিণ।
নিশিদিন—সর্বদা, দিনরাত। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
নিশিদিশি—রাত্রদিন ("নিশিদিশি অবিরত জাগিতে" —জ্ঞান)। কপ্র। বি।
নিশিপালন—পূর্ণিমা ও অমাবস্যার রাত্রিতে অনশন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [পুং।
নিশীথ—অর্ধরাত্র; রাত্রি। নি—শী+থক্ অধি। বি;
নিশীথ-সূর্য—মেরু অঞ্চলে মধ্য রাত্রিতে উদিত সূর্য, midnight sun. ৬ষ্ঠীতৎ। বি; পুং। **নিশীথ-সূর্যের দেশ**—মেরুসন্নিহিত গ্রীনল্যান্ড ল্যাপল্যান্ড ফিনল্যান্ড প্রঃ দেশ। [+ঈপ্। বি; স্ত্রী।
নিশীথিনী—রাত্রি, রজনী। নিশীথ+ইন্ অস্ত্যর্থে
নিশুতি—১। নিদ্রামগ্ন; ঘুমে বিভোর। < নিষুপ্ত। বিণ। ২। মধ্যরাত্র। < নিশীথ। বি।
নিশুম্ভ—শুম্ভদৈত্যের কনিষ্ঠ ভ্রাতা। নি—শুম্ভ্ +অচ্ কর্তৃ। বি; পুং।
নিশোয়াস— < নিশ্বাস। প্রা কপ্র। বি।
নিশ্চয়—১। নিঃসংশয় জ্ঞান; নির্ণয়, অসংশয়; সিদ্ধান্ত; বিষয়নিরূপণ; যাহাতে ব্যতিক্রম নাই এমন অবস্থা, certainty. নির্—চি+অচ্ ভাব। বি; পুং। ২। নিশ্চিতরূপে, ঠিক, অবশ্য। ক্রি-বিণ। ৩। নিশ্চিত, স্থির ('—বাক্য')। বাংপ্র। বিণ।
নিশ্চয়তা—স্থিরতা। বাংপ্র। বি।
নিশ্চল—অচল; স্থির। নির্—চল্+অচ্ কর্তৃ। বিণ।
নিশ্চায়ক—নির্ণায়ক; নিশ্চয়কারক। নির্—চি+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িকা।
নিশ্চিত—১। নির্ণীত; নিঃসন্দিগ্ধ; যাহার ব্যতিক্রম নাই এমন, certain. নির্—চি+ক্ত কর্ম। ২। স্থিরনিশ্চয়। নিশ্চিত+অচ্ আছে অর্থে। বিণ। ৩। নিশ্চয়রূপে। ক্রি-বিণ।
নিশ্চিন্ত—চিন্তারহিত, যাহার কোন ভাবনা নাই এরূপ। নির্ (নাই) চিন্তা যাহার, বহু। বিণ।
নিশ্চিন্দিপুর—যমের বাড়ি। বাংপ্র। বি।
নিশ্চেষ্ট—চেষ্টারহিত; গতিশক্তিরহিত; স্পন্দনহীন। নির্ (নাই) চেষ্টা যাহার, বহু। বিণ।
নিশ্চেষ্টতা—যে গুণে থাকাতে জড়বস্তু সকল আপনা হইতেই চলিতে পারে না এবং চালিত হইলেও স্বয়ং স্থির হইতে পারে না, inertia; চেষ্টাহীনতা। নিশ্চেষ্ট+তা ভাবে। বি; স্ত্রী।
নিশ্ছিদ্র—ছিদ্রশূন্য, নীরন্ধ্র। নির্ (নাই) ছিদ্র যাহাতে, বহু। বিণ।
নিশ্বসন—'নিশ্বাস' দ্রঃ।
নিশ্বসিত—১। যে নিশ্বাস ফেলিয়াছে এরূপ। নি —শ্বস্+ক্ত কর্তৃ। ২। নিশ্বাসরূপে পরিত্যক্ত। নি —শ্বস্+ক্ত কর্ম। বিণ।
নিশ্বাস, নিশ্বসন—মুখ বা নাসাদ্বারা বায়ুত্যাগ। নি —শ্বস্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।
নিশ্বাস-প্রশ্বাস—শ্বাসত্যাগ ও শ্বাসগ্রহণ। দ্বন্দ্ব। বি; পুং।
নিশ্বাস-রোধ—শ্বাস বাহির হইতে না দেওয়া। ৬ষ্ঠী-তৎ। বি; পুং। [কর্তৃ। বিণ।
নিষক্ত—সংযুক্ত, সংলগ্ন; সংক্রান্ত। নি—সন্জ্+ক্ত
নিষঙ্গ—১। সঙ্গ, সংসর্গ। নি—সন্জ্+ঘঞ্ ভাব। ২। তূণীর, বাণ রাখিবার থলি। নি—সন্জ্+ঘঞ্ অধি। বি; পুং।
নিষঙ্গী (-ঙ্গিন্)—তূণীরধারী। নিষঙ্গ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -ঙ্গিনী।
নিষণ্ণ—উপবিষ্ট; শয়িত; স্থিত; অবলম্বনকারী। নি—সদ্+ক্ত কর্তৃ। বিণ।
নিষাদ—চণ্ডাল; ধীবর; কিরাত; সপ্তস্বরের শেষ স্বর 'নি'। নি—সদ্+ঘঞ্ অধি। বি; পুং। স্ত্রী, -দী (১ম অর্থে)।
নিষাদী (-দিন্)—১। হস্তিপক, মাহুত; হস্ত্যা-রোহী। বি; পুং। ২। উপবিষ্ট; শয়িত; স্থিত। নি—সদ্, সাদি+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -দিনী।
নিষিক্ত—সিক্ত; ক্ষরিত। নি—সিচ্+ক্ত কর্ম। বিণ।
নিষিদ্ধ—নিবারিত; অবিহিত; বাধিত; তিরস্কৃত। নি—সিধ্+ক্ত কর্ম। বিণ।
নিষুতি—১। গভীর নিদ্রা। বি। ২। গভীর নিদ্রায় মগ্ন; শব্দহীন; নিস্তব্ধ। < নিষুপ্ত। বিণ।
নিষুপ্ত—গভীর-নিদ্রামগ্ন। নি—স্বপ্+ক্ত কর্তৃ। বিণ। বি—নিষুপ্তি।
নিষেক—ক্ষরণ; বর্ষণ; সেচন; আধান; গর্ভাধান; শস্যোৎপাদনের উপযোগীকরণ, fertilization. নি —সিচ্+ঘঞ্ ভাব। বি; পুং।

নিষেধ—১। নিবারণ, বারণ; তিরস্কার। নি—সিধ্ +ঘঞ্ ভাব। ২। কোন কার্য হইতে নিবৃত্ত হইবার বিধি। নি—সিধ্+ঘঞ্ করণ। বি; পুং।
নিষেধক—যে মানা করে এমন, বারণকারী; তিরস্কারকারী। নি—সিধ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -**ধিকা**।
নিষেধ্য—নিবারণযোগ্য। নি—সিধ্+ণ্যৎ কর্ম। বিণ।
নিষেবণ—সেবা, শুশ্রূষা; উপভোগ। নি—সেব্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**নিষেব্য**।
নিষেবিত—সেবিত; অনুসৃত; উপযুক্ত। নি—সেব্+ক্ত কর্ম। বিণ।
নিষ্ক—স্বর্ণমুদ্রা, মোহর; দীনার; বত্রিশ রতি স্বর্ণ; ১০৮ মাষা সুবর্ণ-পরিমাণ; সুবর্ণ; অলংকার; কণ্ঠভূষণ; বক্ষোভূষণ; চারি মাষা; ষোল কাহন। নির্—কৈ+ক কর্তৃ (নিপা)। বি; পুং বা ক্লী।
নিষ্কণ্টক—কণ্টকরহিত; শত্রুশূন্য; নিরাপদ্। বহু। বিণ। ক্রি-বিণ—**নিষ্কণ্টক**।
নিষ্কম্প—কম্পহীন, স্থির। বহু। বিণ।
নিষ্কর—লাখেরাজ, যাহার জন্য খাজনা দিতে হয় না এরূপ ('— জমি')। বহু। বিণ।
নিষ্করুণ—নির্দয়। বহু। বিণ। [বিণ।
নিষ্কর্মা (-র্মন্)—অলস; বেকার; নিশ্চেষ্ট। বহু।
নিষ্কর্ষ—নিষ্কাশিত সার, সারাংশ। নির্—কৃষ্+ঘঞ্ কর্ম। বি; পুং।
নিষ্কর্ষণ—নিষ্কাশন। নির্—কৃষ্+অনট্ ভাব। বি; ক্লী।
নিষ্কল—অংশ বা কলাবিহীন; অখণ্ড ('— ব্রহ্ম'); পূর্ণ; বন্ধ্য; বৃদ্ধ। বহু। বিণ। স্ত্রী, -**লা**।
নিষ্কলঙ্ক—কলঙ্কশূন্য, নির্মল। বহু। বিণ।
নিষ্কলুষ—পাপহীন; নির্দোষ। বহু। বিণ।
নিষ্কাম—কামনারহিত, ফলাকাঙ্ক্ষা-বিরহিত; নিস্পৃহ। বহু। বিণ।
নিষ্কামধর্ম—ফললাভেচ্ছাশূন্য হইয়া ধর্মপালন; শুধু ভগবৎপ্রীতির জন্য বাসনাশূন্য হইয়া ধর্মাচরণ। কর্মধা। বি; পুং।
নিষ্কাশন, নিষ্কাসন—নিঃসারণ; ক্বাথ, সার ইঃ বাহির করা; নির্বাসন, বহিষ্করণ। নির্—কশ্, কস্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -**শিত**, -**সিত**।
নিষ্কৃত—মুক্ত, উদ্ধারপ্রাপ্ত। নির্—কৃ+ক্ত কর্ম। বিণ।
নিষ্কৃতি—পরিত্রাণ, মুক্তি; প্রতিশোধ। নির্—কৃ+ক্তি ভাব। বি; স্ত্রী।
নিষ্কোষণ—বহির্নিঃসারণ; কোষ হইতে বাহির করণ। নির্—কুষ্+অনট্ ভাব। বি; ক্লী।
নিষ্ক্রম—বহির্গমন; সংস্কার বিঃ। নির্—ক্রম্+ঘঞ্ ভাব। বি; পুং।
নিষ্ক্রমণ—বহির্গমন; চতুর্থ মাসে কর্তব্য শিশুর গৃহ-নির্গমনরূপ সংস্কার। নির্—ক্রম্+অনট্ ভাব। বি; ক্লী।
নিষ্ক্রান্ত—নির্গত। নির্—ক্রম+ক্ত কর্তৃ। বিণ।
নিষ্ক্রিয়—১। ক্রিয়াশূন্য, জড়; নিষ্কর্মা। বহু। বিণ।
নিষ্ক্রিয় প্রতিরোধ—নিজে কোন কিছু না করিয়া অন্যের কার্যে বাধা দেওয়া, passive resistance.
নিষ্ঠ—(সমাসে) অনুরক্ত, আসক্ত ('স্বধর্ম —')। নি—স্থা+ক কর্তৃ। বিণ।
নিষ্ঠা—১। প্রগাঢ় অনুরাগ; ধর্মাদিতে ভক্তি; দৃঢ় অবলম্বন; অনুরক্তি; শ্রদ্ধা; নির্বাহ; শেষ; নাশ; ক্ত-ক্তবতু প্রত্যয়। নি—স্থা+অঙ্ ভাব+আপ্। বি। ২। অনুরক্তা। নিষ্ঠ+আপ্। বিণ; স্ত্রী।
নিষ্ঠাবান্ (-বৎ)—দৃঢ়; ধর্ম ও আচার প্রঃতে শ্রদ্ধা-সম্পন্ন; নিষ্ঠাযুক্ত। নিষ্ঠা+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**বতী**।
নিষ্ঠীবন—১। থুতু। নি—ষ্ঠিব্+অনট্ কর্ম। ২। থুতু ফেলা। নি—ষ্ঠিব্+অনট্ ভাব। বি; ক্লী। [কর্তৃ। বিণ।
নিষ্ঠুর—নির্দয়; কঠিন; নিশ্চল। নি—স্থা+উরচ্
নিষ্ঠ্যূত—উদ্গীর্ণ; নিক্ষিপ্ত; প্রেরিত; থু থু করিয়া ফেলা। নি—ষ্ঠিব্+ক্ত কর্ম। বিণ।
নিষ্পত্তি—মীমাংসা, মিটমাট; সমাপ্তি; অবধারণ; উৎপত্তি; পরিপাক; চুক্তি; নির্বাহ; অনুপাত। নির্—পদ্+ক্তি ভাব। বি; স্ত্রী।
নিষ্পত্র—পত্রশূন্য। বহু। বিণ।
নিষ্পন্ন—সিদ্ধ; সম্পন্ন; সমাপ্ত; জাত; নির্বৃত্ত। নির্—পদ্+ক্ত কর্তৃ। বিণ।
নিষ্পাদক—নিষ্পত্তিকারক। নির্—পদ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -**দিকা**।
নিষ্পাদন—শেষকরণ, সম্পাদন। নির্—পদ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। [কর্ম। বিণ।
নিষ্পাদনীয়—নিষ্পাদ্য। নির্—পদ্+ণিচ্+অনীয়
নিষ্পাদিত—সম্পাদিত, নির্বাহিত। নির্—পদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
নিষ্পাদ্য—সম্পাদ্য, নির্বাহযোগ্য। নির্—পদ্+ণিচ্ +যৎ কর্ম। বিণ। [বিণ।
নিষ্পাপ—যাহার পাপ নাই এরূপ, নির্দোষ। বহু।
নিষ্পিষ্ট—চূর্ণিত; মর্দিত; ঘৃষ্ট। নির্—পিষ্+ক্ত কর্ম। বিণ।
নিষ্পেষ, নিষ্পেষণ—ঘর্ষণ; পেষণ; চূর্ণন; মর্দন। নির্—পিষ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী। বিণ—**নিষ্পেষক, নিষ্পিষ্ট, নিষ্পেষিত**।
নিষ্প্রতিভ—প্রতিভাশূন্য; দীপ্তিহীন। নির্ (নাই) প্রতিভা যাহার বা যাহাতে, বহু। বিণ।
নিষ্প্রদীপ—অপ্রদীপ (তাহা দ্রঃ)।
নিষ্প্রভ—প্রভাশূন্য, নিস্তেজ; মলিন। বহু। বিণ।
নিষ্প্রয়োজন—প্রয়োজনশূন্য, নিরর্থক। বহু। বিণ।
নিষ্প্রাণ—জড়বৎ; প্রাণহীন। বহু। বিণ।
নিষ্ফল—বিফল, পণ্ড; নিরর্থক; ফলরহিত। বহু। বিণ। [যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।
নিষ্ফলা—বন্ধ্যা; ফলশূন্যা। নির্ (নাই) ফল
নিষ্যন্দ, নিস্যন্দ—১। ক্ষরণ, গলন; বর্ষণ; চুয়ানো; নির্ঝর; পতন। নি—স্যন্দ্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। নিস্যন্দযুক্ত। নি—স্যন্দ্+অচ্ কর্তৃ। বিণ।
নিষ্যন্দিত, নিস্যন্দিত—ক্ষরণশীল; ক্ষরিত। নি—স্যন্দ্+ক্ত কর্তৃ। বিণ।

নিষ্যন্দী (-ন্দিন্), **নিস্যন্দী** (-ন্দিন্)—ক্ষরণ-কারী। নি—সান্দ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ন্দিনী। [সৃজ্+ঘঞ্ কর্ম। বি; পুং।
নিসর্গ—স্বভাব, প্রকৃতি, nature; সৃষ্টি। নি—
নিসর্গবেদী (-বেদিন্)—প্রকৃতিবাদী, প্রকৃতি লইয়া যে গবেষণা করে, naturalist. উপতৎ; নিসর্গ—বিদ্+ণিন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, -বেদিনী।
নিসর্গী (-র্গিন্)—নিসর্গবাদী (তাহা দ্রঃ)। নিসর্গ +ইন্ জানে অর্থে। বি; পুং।
নিসাড়, নিসাড়া—অচল, নিস্পন্দ; শব্দহীন, স্তব্ধ। বহু (বাংপ্র)। বিণ।
নিসিন্দা—একধরনের ছোট গাছ (ঔষধে লাগে। ইহাদের পাতা তিতো)। বাংপ্র। বি।
নিসূদক—হত্যাকারী, বিনাশকারী। নি—সূদ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—নিসূদিকা।
নিসূদন—১। হত্যা; নিষেধ। নি—সূদ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। বিনাশক। নি—সূদ্+অন কর্তৃ। বিণ।
নিসৃষ্ট—প্রেরিত; দত্ত; অর্পিত, ন্যস্ত; মধ্যস্থ। নি—সৃজ্+ক্ত কর্তৃ। বিণ। [কর্তৃ। বিণ।
নিস্তব্ধ—নীরব; স্পন্দনরহিত। নি—স্তন্ভ্+ক্ত
নিস্তরঙ্গ—তরঙ্গশূন্য; অচঞ্চল। বহু। বিণ।
নিস্তরণ, নিস্তার—১। উপায়, কার্যসিদ্ধির হেতু। নির্—তৄ+অনট্, ঘঞ্ করণ। ২। পার হওয়া; উদ্ধার; মুক্তি; নির্গমন; সিদ্ধি। নির্—তৄ+অনট্, ঘঞ্ ভাব। বি; ক্লী, পুং।
নিস্তল—তলশূন্য, গোলাকার; যাহার পার্শ্বগুলি সমতল নহে এমন। বহু। বিণ।
নিস্তুষ—তুষরহিত, যাহাতে তুষ নাই এরূপ। নির্ (নাই) তুষ যাহাতে, বহু। বিণ।
নিস্তেজ—নিষ্প্রভ; নির্জীব; দুর্বল; গুণহীন। ⟨নিস্তেজস্। বিণ।
নিস্তেজাঃ (-জস্)—তেজোহীন, বলরহিত; নিষ্প্রভ; নির্জীব। নির্ (নাই) তেজঃ যাহার, বহু। বিণ।
নিস্ত্রৈগুণ্য—সত্ত্ব রজঃ তমঃ এই তিন গুণের প্রভাব-মুক্ত। বহু। বিণ।
নিস্পন্দ—স্পন্দরহিত, যাহা নড়িতে চড়িতে পারে না এরূপ; চেষ্টারহিত; অসাড়; স্থির। বহু। বিণ।
নিস্পৃহ—স্পৃহাশূন্য, নিরাকাঙ্ক্ষ; নির্লোভ। বহু। বিণ। [ঘঞ্ ভাব। বি; পুং।
নিস্বন, নিস্বান—শব্দ, ধ্বনি। নি—স্বন্+অপ্,
নিস্যন্দ—'নিষ্যন্দ' দ্রঃ।
নিস্রব, নিস্রাব—১। ভাতের মাড়, ফেন। নি—স্রু+অচ্, ঘঞ্ কর্তৃ। ২। ক্ষরণ; নির্গমন। নি—স্রু+অপ্, ঘঞ্ ভাব। বি; পুং।
নিহত—হত, বিনাশিত। নি—হন্+ক্ত কর্ম। বিণ।
নিহনন—হত্যা। নি—হন্+অনট্ ভাব। বি; ক্লী।
নিহন্তা (নিহন্তৃ)—নিঃশেষে হননকর্তা, সংহারক। নি—হন্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ন্ত্রী।
নিহার—'নীহার' দ্রঃ।
নিহারা, নেহারা—দেখা, তাকানো। কপ্র। ক্রি।
নিহিত—অর্পিত; স্থাপিত; দত্ত; কৃত; গুপ্ত; নিক্ষিপ্ত। নি—ধা+ক্ত কর্ম। বিণ।
নিহিলিস্ট—অনস্তিত্ববাদী; সর্বধর্ম ও নীতিবর্জন-কারী; প্রাচীন রাশিয়ার বিপ্লবী সম্প্রদায় বিঃ। ⟨ইং 'Nihilist'. বি।
নীচ—১। অপকৃষ্ট, নিকৃষ্ট; ক্ষুদ্র; বামন। নি—ঈ—চি+ড কর্তৃ। বিণ। ২। নিম্নস্থান। বাংপ্র। বি।
নীচকুলোদ্ভব—যাহার নীচকুলে জন্ম এরূপ। নীচ-কুল হইতে উদ্ভব যাহার, বহু। বিণ।
নীচগামী (-গামিন্)—নিম্নদিকে গমনশীল; হীন-পথগামী; নীচজাতীয়া স্ত্রীতে অনুরক্ত। উপতৎ; নীচ—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -গামিনী।
নীচগ্রহ—স্ব স্ব উচ্চস্থান হইতে ভিন্ন নিম্ন স্থানে অবস্থিত রবি প্রঃ গ্রহ। মধ্যপ। বি; পুং।
নীচজাতীয়—ছোট জাতের, হীনজাতীয়, ইতরজাতি সম্বন্ধীয়। নীচজাতি+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
নীচপ্রকৃতি—১। জঘন্য-স্বভাববিশিষ্ট। বহু। বিণ। ২। হীন স্বভাব। কর্মধা। বি; স্ত্রী।
নীচপ্রবৃত্তি—১। যাহার মনের গতি জঘন্য, হীন-চেতাঃ। বহু। বিণ। ২। নিকৃষ্ট ইচ্ছা। কর্মধা। বি; স্ত্রী। [যুক্ত। বহু। বিণ।
নীচমনাঃ (-মনস্)—হীনচেতাঃ, নিকৃষ্টমনোবৃত্তি-
নীচযোনি—১। মানুষের পশু প্রঃর কুলে বা নীচ-কুলে জন্ম। কর্মধা। বি; পুং বা স্ত্রী। ২। পশু প্রঃর কুলে জাত; হীনকুলে জাত। বহু। বিণ।
নীচশির—নীচশিরাঃ (তাহা দ্রঃ)। কপ্র। বিণ।
নীচশিরাঃ (-শিরস্)—নিম্নপদস্থ; অবনতমস্তক। বহু। বিণ। [৭মীতৎ। বিণ।
নীচাসক্ত—হীন কার্যে অনুরক্ত, নীচ বিষয়ে আসক্ত।
নীচু—নিম্ন; নত। ⟨নীচ। বিণ।
নীড়—পাখির বাসা; আশ্রয়-স্থান। নি—ঈল্+ক অধি। বি; পুং বা ক্লী।
নীত—১। যাহা লইয়া যাওয়া হইয়াছে এরূপ, গৃহীত; যাপিত। নী+ক্ত কর্ম। বিণ। ২। রীতি; নীতি। নী+ক্ত করণ। বি; ক্লী। ৩। আচরণ; অভিপ্রায়। বাংপ্র। বি।
নীতি—১। নয়; হিতাহিত বিবেচনার শাস্ত্র; রীতি; নিয়ম; ধর্মাধর্ম-বোধ; ধর্মসংগত আচরণ; সমাজ-হিতকর বিধান; ধর্মসংগত রীতি। নী+ক্তি করণ। ২। প্রাপ্তি; যাপন। নী+ক্তি ভাব। বি; স্ত্রী।
নীতিকথা—সদুপদেশপূর্ণ বাক্য। নীতিপূর্ণ কথা, মধ্যপ। বি; স্ত্রী। [ক কর্তৃ। বিণ।
নীতিজ্ঞ—নীতিশাস্ত্রে নিপুণ। উপতৎ; নীতি—জ্ঞা+
নীতিজ্ঞান—ন্যায়-অন্যায়ের বোধ; নীতিশাস্ত্রে অভি-জ্ঞতা; সফলতালাভের উপায়বিষয়ক জ্ঞান। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী। [ক্লী।
নীতিবাক্য—হিতোপদেশ, নীতিবাণী। মধ্যপ। বি;
নীতি-বিজ্ঞান—ন্যায়-অন্যায়ের বিচার সম্বন্ধীয় শাস্ত্র, ethics. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
নীতিবিরুদ্ধ, -বিরোধী (-ধিন্)—নীতিশাস্ত্রের বিরোধী, নিয়মের বিপরীত। ৬ষ্ঠীতৎ। বিণ।

নীতিভ্রংশ—নীতিসম্মত পথ হইতে বিচ্যুতি। ৫মী-তৎ। বি; পুং। বিণ, -**ভ্রষ্ট**।
নীতিমান্ (-মৎ)—যে সৎশিক্ষা লাভ করিয়া সৎপথে চলে এমন, নীতিসম্পন্ন। নীতি+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**মতী**।
নীতিমূলক—নীতিবিষয়ক: নীতিযুক্ত। নীতিই মূল বা মূলে যাহার, বহু (ক সমাসান্ত)। বিণ।
নীতিশাস্ত্র—নীতিজ্ঞাপক শাস্ত্র, নানা দেশের হিতাহিত-বিচারজ্ঞাপক শাস্ত্র। নীতিবিষয়ক শাস্ত্র, মধ্যপ। বি; ক্লী। [যান্নী। ৩য়াতৎ। বিণ।
নীতিসংগত—নীতিশাস্ত্রের অনুমোদিত; নিয়মানু-
নীতিসম্মত—নীতিসংগত। ৩য়াতৎ। বিণ।
নীপ—১। কদম্ববৃক্ষ। বি; পুং। ২। কদম্বপুষ্প। নী+পক্ কর্তৃ। বি; ক্লী। [পুং।
নীবার—তৃণধান্য, উড়িধান্য। নি—বৃ+ঘঞ্ কর্ম। বি;
নীবি, নীবী—কটিবস্ত্রগ্রন্থি: মূলধন, পুঁজি: পণ, বাজি। নি—ব্যে+ইন্ করণ, বিকল্পে ঈপ্। বি; স্ত্রী। [কর্মধা। বি; পুং, ক্লী।
নীবিবন্ধ, নীবীবন্ধ, -বন্ধন—কটির বস্ত্রগ্রন্থি।
নীয়মান—যাহা বা যাহাকে লইয়া যাওয়া হইতেছে এরূপ; গৃহ্যমাণ; প্রেষ্যমাণ। নী+শানচ্ কর্ম। বিণ।
নীর—জল; রস। নী+রক্ কর্তৃ; অথবা, নির্ (নির্গত) র (অগ্নি, বাড়বাগ্নি) যাহা হইতে, বহু। বি; ক্লী।
নীরক্ত—রক্তশূন্য; বর্ণহীন; ম্লান। বহু। বিণ।
নীরজ—১। পদ্ম; জলজ মুক্তা। বি; ক্লী। ২। জলজাত। উপতৎ; নীর—জন্+ড কর্তৃ। বিণ।
নীরজাঃ (-জস্)—ধূলিরহিত; রজোগুণরহিত; পরাগশূন্য। বহু। বিণ।
নীরত—বিরত, নিবৃত্ত। নির্—রম্+ক্ত কর্তৃ। বিণ।
নীরদ—১। জলদ; মেঘ। বি; পুং। ২। জলদাতা। উপতৎ: নীর—দা+ক কর্তৃ। বিণ।
নীরদবর্ণ—মেঘের ন্যায় কাল, ঘনশ্যাম। নীরদের বর্ণের ন্যায় বর্ণ যাহার, বহু। বিণ।
নীরধর—মেঘ, জলদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নীরধি—জলধি, সমুদ্র। উপতৎ; নীর—ধা+কি কর্তৃ। বি; পুং।
নীরন্ধ্র—ছিদ্ররহিত; নিবিড়। বহু। বিণ।
নীরব—নিঃশব্দ; বাক্যরহিত। বহু। বিণ। বি, -**তা**।
নীরস—রসহীন, শুষ্ক; বেরসিক; রসবোধহীন ('—লোক'); যাহাতে মন আকৃষ্ট হয় না এমন ('—প্রসঙ্গ')। বহু। বিণ। বি, -**তা**।
নীরাজন, -না—দেবতাদের আরতি; দিগ্বিজয়ে যাইবার আগে অশ্ব অস্ত্র প্রভৃর সংস্কারের জন্য আরাধনা বিঃ। নীর—অজ+অনট্ ভাব; নীর—অজ্+অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
নীরোগ—সুস্থ, ব্যাধিশূন্য। বহু। বিণ।
নীল—১। বর্ণ বিঃ; চিহ্ন; নীলগাছ হইতে বা কৃত্রিম উপায়ে প্রস্তুত রঞ্জন দ্রব্য বিঃ, indigo. নীল+ক করণ। ২। ময়না পাখি; নীলকণ্ঠ, শিব; মণি বিঃ। নীল্+ক কর্ম। বি; পুং। ৩। নীলবর্ণযুক্ত। নীলী+অন্ যুক্তার্থে। বিণ। স্ত্রী, -**লা, -লী**। ৪। তুঁতিয়া; কাল-লবণ; বিষ; রসাঞ্জন। বি; ক্লী।
নীলের উপোস—চড়ক সংক্রান্তির পূর্বদিনে নীলকণ্ঠ শিবের অনুগ্রহ লাভের জন্য উপবাস।
নীলকণ্ঠ—১। শিব; ময়ূর; খঞ্জনপক্ষী; ডাহুকপক্ষী; চাষ পাখি, roller bird. বহু। ২। নীলবর্ণ গলদেশ। কর্মধা। বি; পুং। ৩। যাহার গলদেশ নীল এরূপ। বহু। বিণ। স্ত্রী, -**ণ্ঠা, -ণ্ঠী**।
নীলকমল—নীলপদ্ম। কর্মধা। বি; ক্লী।
নীলকর—যে নীলের চাষ করে। উপতৎ: নীল—কৃ+ট কর্তৃ। বি; পুং।
নীলকান্ত—নীলশিলা, ইন্দ্রনীলমণি, sapphire; শ্রীকান্ত। নীল কান্ত (আভা) যাহার, বহু। বি; পুং। [৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
নীলকুঠি—নীল উৎপাদন করিবার বাড়ি বা কারখানা।
নীলগাই—গরু-সদৃশ কৃষ্ণসার হরিণ জাতীয় এক-প্রকার জন্তু (পুং পশু নীলাভ কিন্তু স্ত্রী নীলগাই পাটলবর্ণ)। বাংপ্র। বি।
নীলগিরি—মাদ্রাজের পর্বতমালা বিঃ; নীলাচল। কর্মধা। বি; পুং। [কর্মধা। বি; পুং।
নীলবর্ণ—১। নীল রঙের। বহু। বিণ। ২। নীল রং।
নীলবসন—১। শনিগ্রহ। বি; পুং। ২। যাহার বস্ত্র নীলবর্ণ এরূপ। বহু। বিণ। ৩। নীলরঙের কাপড়। কর্মধা। বি; ক্লী।
নীলমণি—ইন্দ্রনীলমণি; শ্রীকৃষ্ণ। কর্মধা। বি; পুং।
সবে ধন নীলমণি—একমাত্র আদরের জিনিস শ্রীকৃষ্ণ; জীবনসর্বস্ব একমাত্র পুত্র।
নীলমাধব—শ্রীকৃষ্ণ; জগন্নাথ দেব। কর্মধা। বি; পুং।
নীললোহিত—১। শিব। কর্মধা। ২। বেগনী রং। নীলমিশ্র লোহিত, মধ্যপ। বি; পুং।
নীলষষ্ঠী—চড়ক-সংক্রান্তির বা চৈত্র-সংক্রান্তির পূর্ব-দিন। বাংপ্র। বি।
নীলা—১। নীলবর্ণ মক্ষিকা; রাগিণী বিঃ; নীলবৃক্ষ; কণ্ঠস্থ ধমনী। বি; স্ত্রী। ২। নীলবর্ণযুক্তা (প্রাণী ও ওষধি না বুঝাইলে)। নীল+আপ্। বিণ: স্ত্রী। ৩। নীলকান্ত মণি, sapphire. ⟨নীলক। বি।
নীলাকাশ—নীলবর্ণ গগন। কর্মধা। বি; পুং বা ক্লী।
নীলাক্ষ—১। মরাল। বি; পুং। ২। নীলবর্ণ-চক্ষু-বিশিষ্ট। নীল অক্ষি যাহার, বহু (ষচ্ সমাসান্ত)। বিণ। স্ত্রী, -**ক্ষী**।
নীলাচল—শ্রীক্ষেত্র; পর্বতমালা বিঃ (উড়িষ্যার দক্ষিণ নীলাচল, কামাখ্যার উত্তর নীলাচল)। নীল যে অচল, কর্মধা। বি; পুং। [বি; ক্লী।
নীলাঞ্জন—১। তুঁতে। বহু। ২। রসাঞ্জন। কর্মধা।
নীলাব্জ—নীলপদ্ম। কর্মধা। বি; ক্লী।
নীলাভ—ঈষৎ নীলবর্ণ। বহু। বিণ।
নীলাম—প্রকাশ্যে বিক্রয়। ⟨পো 'leilao'. বি।
নীলাম্বর—১। যাহার পরিধানে নীল বসন এরূপ। বহু। বিণ। ২। নীল বসন; নীল আকাশ। কর্মধা।

বি; ক্লী। ৩। বলরাম; শনৈশ্চর। নীল অম্বর যাহার, বহু। বি; পুং।
নীলাম্বরি—নীলরঙের শাড়ি। বাংপ্র। বি।
নীলাম্বু—১। সমুদ্র। বহু। বি; পুং। ২। নীল জল। কর্মধা। বি; ক্লী।
নীলিকা—১। নীলের গাছ। নীলি+কন্ স্বার্থে+আপ্। ২। চোখের একপ্রকার রোগ। নীলী+কন্ সাদৃশ্যার্থে+আপ্। বি; স্ত্রী।
নীলিম—নীলরঙের। ＜নীলিমন্। বিণ।
নীলিমময়—নীলবর্ণ; শ্যামবর্ণ। নীলিমন্+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, -য়ী।
নীলিমা (নীলিমন্)—নীলত্ব; নীলবর্ণ। নীল+ইমন্ ভাবে। বি; পুং।
নীলী—নীল গাছ; একজাতীয় নীলবর্ণ কাল ভ্রমর; নেত্ররোগ বিঃ। নীল্+ক করণ+ঈপ্। বি; স্ত্রী।
নীলোৎপল—নীলপদ্ম। কর্মধা। বি; ক্লী।
নীহার, নিহার—শিশির; তুষার, বরফ; কুজ্ঝটিকা। নি—হৃ+ঘঞ্ কর্ম, বিকল্পে ই দীর্ঘ। বি; পুং।
নীহারিকা—অতি দূরে অবস্থিত বলিয়া যে নক্ষত্র-পুঞ্জ বা গ্যাসীয় পদার্থকে কুয়াশার মত প্রতীয়মান হয়, nebula. নীহার+কন্ সাদৃশ্যার্থে+আপ্। বি; স্ত্রী।
নুটি—আঁটি; পুঁটুলি, মোট; সুতা ইঃর গুটানো [তাল। বাংপ্র। বি।
নুটিশ—'নোটিশ' দ্রঃ।
নুড়া, নুড়ো—গুচ্ছ; তৃণ প্রঃর গোছা; আগুনে ধরাই-বার নিমিত্ত খড়ের বা তৃণের গোছা। বাংপ্র। বি।
নুড়ি—ছোট গোল পাথর; কাঁকর। ＜লোষ্ট্র। বি।
নুতি—স্তুতি, স্তব, পূজা। নু+ক্তি ভাব। বি; স্ত্রী।
নুন—＜লবণ। বি।
নুনিয়া—লবণ বিক্রয়কারী জাতি; পুরীর সমুদ্র-সন্তরণে পটু জাতি। বাংপ্র। বি।
নুনুড়ি, নুড়ুনুড়ি—ঘুন্টি; ঘণ্টার জিহবা; আল-জিভ। বাংপ্র। বি।
নুর, নূর—জ্যোতিঃ, আলোক; দাড়ি। ＜ফা 'নূর'। বি।
নুর-নবী, নূর-নবী—হজরত মোহাম্মদ। আ। বি।
নুরি, নুরী—মালয় উপদ্বীপের একপ্রকার পাখি; তোতাপাখি, শুকপাখি। মালয়ী শব্দ। বি।
নুলা, নুলো—১। বিকল হস্তবিশিষ্ট; ঠুঁটো; ছিন্ন-হস্ত। বিণ। ২। হাত, হস্ত; বিড়ালাদির থাবা। বাংপ্র। বি।
নুলিয়া—পুরীর সমুদ্রে যাহারা মাছ ধরে এবং স্নানার্থীদের স্নানে সাহায্য করে। অসং। বি।
নূতন—নবীন, নতুন, নব। নব+তনপ্ (নব-স্থানে নূ)। বিণ। বি, -তা, -ত্ব। [কর্তৃ। বি; ক্লী।
নূপুর—শিঞ্জিনী, মঞ্জীর, ঘুঙুর। নূ—পুর্+ক
নূপুর-নিক্কণ—নূপুরের শব্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নূর—'নুর' দ্রঃ।
নৃ—মনুষ্য; নর। নী+ঋন্ কর্তৃ। বি; পুং।
নৃকপাল—শবমস্তকের খুলি। নার্ অর্থাৎ নরের ('নৃ'-শব্দ) কপাল, ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।

নৃকুলবিদ্যা—মানবসমাজের বিভিন্ন জাতি ও তাহাদের পারস্পরিক সম্বন্ধ সম্পর্কিত বিদ্যা, ethnology. নার্ কুল, ৬ষ্ঠীতৎ; তৎসম্বন্ধিনী বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।
নৃ-তত্ত্ব—নৃবিদ্যা (তাহা দ্রঃ)।
নৃত্ত—তাললয়প্রধান নাচ। নৃত্+ক্ত ভাব। বি; ক্লী।
নৃত্য—তাল-মান-রসাশ্রয় বিলাসযুক্ত হাবভাবপ্রকাশ সহকারে আঙ্গিক ক্রিয়া, নাচ; অভিনয়। নৃত্+ক্যপ্ ভাব। বি; ক্লী।
নৃত্যপর—নর্তনশীল। নৃত্য পর (প্রধান) যাহার, বহু। বিণ। স্ত্রী, -রা।
নৃত্যপরায়ণ—নৃত্যে আসক্ত; নাচিতে সুদক্ষ। নৃত্য পর (শ্রেষ্ঠ) অয়ন (আশ্রয়) যাহার, বহু। বিণ।
নৃত্যপ্রিয়—নর্তনপ্রিয়। বহু। বিণ।
নৃত্যশালা—নাট্যশালা, নাচঘর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
নৃপ, নৃপতি—রাজা। নৃ—পা+ক কর্তৃ; নার (নরের) পতি, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [পুং।
নৃপবর—শ্রেষ্ঠ রাজা। নৃপমধ্যে বর, ৭মীতৎ। বি;
নৃপবল্লভ—রাজার প্রিয়। ৬ষ্ঠীতৎ। বিণ।
নৃপমণি—শ্রেষ্ঠ রাজা। নৃপমধ্যে মণি, ৭মীতৎ। বি; পুং।
নৃপসভা—রাজার সভাগৃহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
নৃপাসন—সিংহাসন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
নৃপেন্দ্র—শ্রেষ্ঠ রাজা। ৭মীতৎ। বি; পুং।
নৃপোচিত—রাজার উপযুক্ত। ৭মীতৎ। বিণ।
নৃবিদ্যা—মানব-বিজ্ঞান, মানবের জাতি শ্রেণী ইঃ বিষয়ক জ্ঞান, anthropology. নৃ-সম্বন্ধিনী বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।
নৃমণি—নরশ্রেষ্ঠ; রাজা। ৭মীতৎ। বি; পুং।
নৃমুণ্ড—মানুষের মাথা ('—মালিনী')। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী। [বি; স্ত্রী।
নৃমুণ্ডমালা—মানুষের মাথার মালা। ৬ষ্ঠীতৎ।
নৃমুণ্ডমালিনী—১। কালী। বি; স্ত্রী। ২। যে (নারী) মানুষের মাথার মালা পরিয়া আছে এমন। নৃমুণ্ডমালা+ইন্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।
নৃযজ্ঞ—অতিথিসৎকার, গৃহস্থের প্রত্যহকর্তব্য পঞ্চ-যজ্ঞান্তর্গত অতিথিপূজারূপ যজ্ঞ। নৃ (মনুষ্য)-সম্বন্ধীয় যজ্ঞ, মধ্যপ। বি; পুং।
নৃলোক—পৃথিবী, মর্ত্যলোক। নাদিগের লোক, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নৃশংস—নির্দয়; ক্রূর; ক্ষতিকারক; পরদ্রোহী। নৃ—শন্স্+অচ্ বা অণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -সা, -সী।
নৃসিংহ—১। বিষ্ণু; বিষ্ণুর অবতার বিঃ। না (মনুষ্য) অথচ সিংহ, কর্মধা। ২। মনুষ্যপ্রধান। না সিংহসদৃশ, উপমিত কর্মধা। বি; পুং।
নে—১। নিষেধসূচক শব্দ, না (জানিনে)। অ। ২। ধর্; থাম্। বাংপ্র। ক্রি।
নেই—নাই। বাংপ্র। অ।
নেই-আঁকড়া, নেই-আঁকড়ে—নাছোড়বান্দা। বাংপ্র। বিণ।
নেই-আঁধা—নির্ধনতা; অভাব। বাংপ্র। বি।

নেউল—বেঁজি। <নকুল। বি।

নেওটা, ন্যাওটা, -টো—একান্ত অনুগত; একান্ত ভক্ত; স্নেহ দ্বারা বশীভূত ('—ছেলে')। <স্নেহবৃত্ত। বিণ।

নেওয়া—১। ডাবের কচি শাঁস; পাতলা প্রলেপ। বি। ২। গ্রহণ করা, লওয়া; লইয়া যাওয়া। বাংপ্র। ক্রি বাংপ্র। বিণ। [বাংপ্র। বি।

নেওয়ানো—লওয়ানো; লইয়া যাওয়ানো। বাংপ্র। ক্রি

নেওয়াপাতি—কচি কোমল শাঁসযুক্ত ('—ডাব')। [, বি, বিণ]। [বাংপ্র। বি।

নেওয়ার—মশারি প্রঃর প্রান্তে লাগানো মোটা ফিতা।

নেংচানো, নেঙ্চানো—খোঁড়ার মত চলা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বিণ।

নেংটা, ন্যাংটা, -টো—উলঙ্গ। <নগ্নবৃত্ত বা নগ্নাট।

নেংটাপনা—বেহায়াপনা, নির্লজ্জতা। বাংপ্র। বি।

নেংটি—১। ছোট, ক্ষুদ্র ('—ইঁদুর')। বিণ। ২। কৌপীন। <লিঙ্গপট্ট। বি।

নেংড়া—লেংড়া আম। বাংপ্র। বি।

নেকড়া, ন্যাকড়া—ছিন্নবস্ত্র; পুরানো কাপড়ের টুকরা। <নক্তক। বি। **নেকড়ার আগুন**—যে আগুন ধুমাইয়া ধুমাইয়া জ্বলিতে থাকে তাহা; যাহা সহজে মিটে না এরূপ ব্যাপার।

নেকড়ে—কুকুর-জাতীয় হিংস্র পশু বিঃ, বৃক, wolf. বাংপ্র। বি।

নেকনজর—কৃপাদৃষ্টি; (ব্যঙ্গার্থে) কুদৃষ্টি। ফা-আ। বি। ['নখরহ্'। বি।

নেকরা, ন্যাকরা—নেকামি; রঙ্গ; ছল। <ফা

নেকা, ন্যাকা—অস্পষ্টবাক্; অজ্ঞ; যে জানিয়াও না জানার ভান করে এমন; বোকা। <ফা 'নেক' (=সাধু)। বিণ। স্ত্রী—**নেকী**। **নেকা সাজা**—বোকার ভাব দেখানো; না জানার ভান করা।

নেকাপনা, নেকামি, নেকামো—নির্বুদ্ধিতা; বুঝিতে না পারার ভান; অস্পষ্টভাষিতা; অস্পষ্টতা। নেকা +পনা, মি, মো ভাবে। বি।

নেকার, ন্যাকার—বমি। <নাক্কার। বি। **গা নেকার নেকার করা**—গা বমি বমি করা।

নেকো—লম্বা নাকযুক্ত। বাংপ্র। বিণ।

নেঙা, নেঙ্গা—বামহস্তে অধিক বলযুক্ত। বাংপ্র। বিণ।

নেজ, নেজা—লেজ, পুচ্ছ। বাংপ্র। বি।

নেজুড়—কাপড়ের লেজ, কৃত্রিম পুচ্ছ। <লাঙ্গুল। বি। [বাংপ্র। বিণ।

নেটা—যে ডান হাতের কাজ বাম হাতে করে এরূপ।

নেড়া, ন্যাড়া—১। মুণ্ডিতকেশ; যাহার মাথায় চুল নাই এমন; অনাবৃত; নিরাভরণ ('—হাত')। বিণ। ২। ভিক্ষুক বিঃ; বিচালি। বাংপ্র। বি। স্ত্রী—**নেড়ী**।

নেড়া-নেড়ী—বৈষ্ণবসম্প্রদায় বিঃ। বাংপ্র। বি।

নেড়াপোড়া—চাঁচর। বাংপ্র। বি।

নেড়ীকুত্তা—নিম্নশ্রেণীর কুকুর। বাংপ্র। বি।

নেত—নেতপাট (তাহা দ্রঃ)।

নেতপাট—প্রাচীন সূক্ষ্ম পট্টবস্ত্র বিঃ। প্রা কপ্র। বি।

নেতা (নেতৃ)—নায়ক; প্রভু; স্বামী; যে লইয়া যায় সে, চালক; প্রেরক; পথপ্রদর্শক; প্রাপক; নির্বাহক। নী+তৃন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী—**নেত্রী**।

নেতা—ছিন্নবস্ত্র, কানি; যে কাপড় দিয়া ঘর লেপা পোঁছা ইঃ হয়। <নক্তক। বি।

নেতানো—অবসন্ন হওয়া; কৃশ হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [৬ষ্ঠীতৎ। বিণ।

নেতিবাচক—অস্বীকৃতিমূলক; নঞর্থক, negative.

নেতুড়—সংলগ্নতা; জের; অবিরল ধারা। বাংপ্র। বি।

নেতৃত্ব—নায়কতা; অধ্যক্ষতা; স্বামিত্ব, প্রভুত্ব। নেতৃ+ত্ব ভাবে। বি; ক্লী।

নেত্র—১। চক্ষু; তিনের বাচক-শব্দ। নী+ষ্ট্রন্ করণ। বি; ক্লী। ২। প্রেরক; চালক; রক্ষক; প্রাপক; প্রবর্তক; নায়ক। নী+ষ্ট্রন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**নেত্রী**।

নেত্রচ্ছদ—অক্ষিপল্লব; চোখের পাতা। নেত্র—ছদ্+ণিচ্+ঘ করণ। বি; পুং। [বি।

নেত্রজন—নাইট্রোজেন, nitrogen. পরিভাষিক শব্দ।

নেত্রপাত—দৃষ্টিপাত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নেত্রবিমোহন—যাহা চক্ষুকে মুগ্ধ করে এরূপ; নয়ন-রঞ্জন, সুন্দর। ৬ষ্ঠীতৎ। বিণ।

নেত্রমল—পিঁচুটি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নেত্রাঞ্জন—চোখের কাজল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

নেত্রিকাম্ল—উগ্র দাহকারী এবং স্বর্ণ ও প্ল্যাটিনাম ভিন্ন অন্য ধাতু-বিদ্রাবক তরল রাসায়নিক অম্ল পদার্থ বিঃ, nitric acid. বাংপ্র। বি।

নেত্রী—নায়িকা। **নেতা** (তৃ)+ঈপ্। বি; স্ত্রী।

নেদানো—কোমলতাবশতঃ অক্ষমতা প্রকাশ করা; হাঁপাইয়া যাওয়া; (পশুপক্ষীর) মলত্যাগ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

নেদি—ছাগল ভেড়া প্রঃর বিষ্ঠা; ঘুঁটে। বাংপ্র। বি।

নেদিষ্ঠ—অতি নিকটস্থ, নিকটতম। অন্তিক+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ।

নেদীয়ান্ (-য়স্)—নিকটতর, অপেক্ষাকৃত নিকট-বর্তী। অন্তিক+ঈয়সু অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, **-য়সী**।

নেপটানো, লেপটানো—লিপ্ত হইয়া থাকা; অপরি-ষ্কৃতভাবে জড়াইয়া থাকা। <লিপ্ত। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

নেপথ্য—রঙ্গালয়ের সাজঘর; অভিনেতাদের বেশ, সজ্জা। নে (নায়ক)-এর পথ্য (উপযুক্ত স্থান), ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। *নেপথ্যে*—রঙ্গমঞ্চের অন্ত-রালে।

নেপথ্য-গৃহ—সাজঘর, greenroom ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

নেপথ্যবিধান—অভিনেতাদের সাজসজ্জাকরণ। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী। [বিণ]।

নেপা, নেপানো—লেপন করা। বাংপ্র। ক্রি [, বি,

নেপালী—নেপালের অধিবাসী; নেপালে উৎপন্ন; নেপাল-সম্বন্ধীয়। নেপাল+ঈ অধিবাসী অর্থে, উৎপন্ন অর্থে। বি বা বিণ।

নেপো—চালাক লোক; ফাজিল। বাংপ্র। বি বা বিণ।

নেবা, ন্যাবা—কামলা রোগ, jaundice. বাংপ্র। বি।

নেবা—নির্বাপিত হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

নেবানো—নিভাইয়া দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

নেবু—লেবু, জম্বীর। < নিম্বু। বি।

নেমক—নুন, লবণ। < ফা 'নমক্'। বি।

নেমকহারাম—অকৃতজ্ঞ। < ফা 'নমকহারাম'। বিণ।

নেমন্তন্ন— < নিমন্ত্রণ। বি।

নেমি, নেমী—১। চাকার প্রান্ত; কূয়ার উপরের দড়ি ঝুলাইবার তেকাটা; পরিধি, বেড়। নী+মি করণ; পক্ষে সংজ্ঞার্থে+ঈপ্। ২। কূপসমীপবর্তী সমান স্থান। নী+মি অধি; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

নেয়াই—কামারের নেহাই। < নিধাপিকা বা নিঘাতি। বি।

নেয়াপাতি—কচি, কোমল-শাঁসযুক্ত। বাংপ্র। বিণ।

নেয়ামত—অনুগ্রহ। আ। বি।

নেয়ার, -ল—মশারি প্রঃর পার্শ্বে লাগাইবার মোটা ফিতা, খাট ইঃ ছাইবার সাদা ফিতা বিঃ। < হি 'নেবার্'। বি।

নেয়ে—নাবিক, মাঝি। না+এ (< ইয়া) চালকার্থে। বি। [বিণ।

নেলনেলে, ন্যালনেলে—লালাবিশিষ্ট, হড়হড়ে। বাংপ্র।

নেলাখেপা—সরলবুদ্ধি, সাংসারিক বুদ্ধিরহিত; হাঁদা, হাবাগোবা। বাংপ্র। বিণ।

নেশা—মাদক দ্রব্য; মাতলামি; মাদকসেবন; বাতিক, অপরিত্যাজ্য অভ্যাস। < আ 'নশাতুন'। বি।

নেশাখোর—যে নেশা করে এরূপ, মাদকদ্রব্য-সেবী। নেশা+খোর আসক্তার্থে (আ-ম্)। বিণ। বি, **-খুরি**।

নেহ—১। ছোটদের প্রতি ভালবাসা। < স্নেহ। ২। অবলেহন। < লিহ্। প্রা কপ্র। বি।

নেহাই—নেয়াই, কামারেরা যে লৌহখণ্ডের উপর রাখিয়া গরম লোহায় ঘা দেয় তাহা। < নিধাপিকা বা নিঘাতি। বি।

নেহাত—একান্ত পক্ষে, কমপক্ষে; নিতান্ত। < আ 'নিহায়ৎ'। অ।

নেহারনি—দৃষ্টি; কটাক্ষ ("বঙ্ক নেহারনি"—বিদ্যা)। প্রা কপ্র। বি।

নেহারা—দেখা, নিরীক্ষণ করা। < নিভালন। ক্রি।

নৈকট্য—সামীপ্য, নিকটত্ব। নিকট+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

নৈকষেয়—নিকষাপুত্র, রাবণাদি রাক্ষস। নিকষা+এয় অপত্যার্থে। বি; পুং।

নৈকষ্য—কষিত, বিশুদ্ধ। নিকষ+ষ্যঞ্ স্বার্থে। বিণ। **নৈকষ্য কুলীন**—যাহার কৌলীন্য মর্যাদা অক্ষুণ্ণ আছে।

নৈতিক—নীতিঘটিত; নীতি সম্বন্ধীয়; মনের দৃঢ়তা সম্বন্ধীয়। নীতি+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী। [বিণ। স্ত্রী, -কী।

নৈত্যিক—নিত্য অনুষ্ঠেয়। নিত্য+ইক অনুষ্ঠেয়ার্থে।

নৈদাঘ—গ্রীষ্মকালীন নিদাঘ সম্বন্ধীয়। নিদাঘ+ক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -ঘী।

নৈপুণ, নৈপুণ্য—নিপুণতা, দক্ষতা। নিপুণ+অণ্, ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

নৈবচ—এরূপ নয়। ন+এব+চ। অ। **নৈবচ নৈবচ**—কখনই তা নয়: কখনই হইবে না ("ভিক্ষা মাগা নৈবচ নৈবচ"—ভারত)।

নৈবেদ্য—দেব-দেবীর উদ্দেশে নিবেদনীয় দ্রব্য। নিবেদ+ষ্যঞ্ যোগ্যার্থে বা নিবেদ্য+অণ্ স্বার্থে। বি, ক্লী।

নৈমিত্তিক—যাহা কোন বিশেষ কারণে হইয়া থাকে এমন, নিমিত্তোৎপন্ন; প্রয়োজনার্থক; নিমিত্তাভিজ্ঞ; পুত্রজন্মের উদ্দেশ্যে অনুষ্ঠেয় ('—শ্রাদ্ধ')। নিমিত্ত+ইক আগতাদ্যর্থে। বিণ। স্ত্রী, **-কী**।

নৈমিষারণ্য—নৈমিষ-নামক বন (উত্তরপ্রদেশের আধুনিক 'নিমসার')। মধ্যপ। বি; ক্লী।

নৈয়মিক—নিয়মানুযায়ী, নিয়ম-সম্বন্ধীয়। নিয়ম+ইক। বিণ।

নৈয়ায়িক—ন্যায়শাস্ত্রজ্ঞ; ন্যয়াধ্যায়ী। ন্যায়+ইক জ্ঞাতার্থে, অধ্যয়নার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

নৈরন্তর্য—অবিচ্ছিন্নতা; পরস্পর দৃঢ়সংলগ্ন ভাব। নিরন্তর+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

নৈরপেক্ষ, নৈরপেক্ষ্য—নিরপেক্ষতা, পক্ষপাতশূন্যতা। নিরপেক্ষ+অণ্, ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

নৈরাশ—নৈরাশ্য। নিরাশ+অণ্ ভাবে। বি; ক্লী।

নৈরাশ্য—আশাশূন্যতা, হতাশ ভাব। নিরাশ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

নৈর্ঋত—১। দক্ষিণ-পশ্চিম কোণের অধিপতি। নির্ঋতি+অণ্ স্বার্থে। ২। দক্ষিণ-পশ্চিম কোণ। নির্ঋতির ইহা এই অর্থে, নির্ঋতি+অণ্। বি; পুং।

নৈর্গুণ্য—সত্ত্বাদিগুণসঙ্গরাহিত্য; নির্গুণতা। নির্গুণ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

নৈর্ব্যক্তিক—ব্যক্তিসম্পর্কশূন্য, impersonal. নির্ব্যক্তি+ইক সম্বন্ধার্থে। বিণ।

নৈর্মল্য—নির্মলতা; বিষয়বৈরাগ্য। নির্মল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

নৈশ—নিশাকালীন; রাত্রি সম্বন্ধীয়। নিশা+অণ্ ভবার্থে বা সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—**নৈশী**।

নৈষধ—নিষধ সম্বন্ধীয়, 'নৈষধচরিত'-নামক কাব্য; নিষধদেশবাসী। নিষধ+অণ্ সম্বন্ধাদ্যার্থে। বিণ। স্ত্রী, **-ধী**।

নৈষ্ঠিক—১। চিরকাল গুরুগৃহে বাস ও ব্রহ্মচর্য অবলম্বনপূর্বক বেদাধ্যায়ী দ্বিজ। নিষ্ঠা (অন্ত) +ইক প্রয়োজনার্থে। বি; পুং। ২। অন্তিম; স্থিতিশীল; নিষ্ঠাবিষয়ক; মরণকালে বিহিত; ব্রত-বিশেষে আসক্ত; নিষ্ঠাবান্, অবিচল-শ্রদ্ধাযুক্ত, orthodox. নিষ্ঠা+ইক আছে অর্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**। **নৈষ্ঠিক ব্রহ্মচারী**—আজীবন ব্রহ্মচর্যাশ্রমী ও অহিংসা অস্তেয় ব্রহ্মচর্য অমৃষাবাদ ও মাদক-সেবন-ত্যাগ—এই পাঁচটি প্রধান কর্মের অনুশীলনকারী সন্ন্যাসী। [ক্লী।

নৈষ্ঠুর্য—নিষ্ঠুরতা। নিষ্ঠুর+ষ্যঞ্ ভাবে। বি;

নৈসর্গিক—নিসর্গজাত, স্বাভাবিক। নিসর্গ+ইক জাতার্থে। বিণ। স্ত্রী, -কী।

নোংরা—১। অশ্লীল; ময়লা; ঘৃণাযোগ্য; রজস্বলা। বিণ। ২। আবর্জনা, জঞ্জাল। বাংপ্র। বি।

নোংরামো, -মি—অপরিচ্ছন্নভাবে অবস্থান; ঘৃণাযোগ্য আচরণ। নোংরা+মো, মি ভাবে। বি।

নোকর—চাকর। <ফা 'নওকর'। বি।

নোকরি—চাকরি। নোকর+ই কর্মার্থে। বি।

নোকসান—লোকসান (তাহা দ্রঃ)।

নোঙ্গর—নৌকা বাঁধিবার লৌহযন্ত্র বিঃ। হি-মূ। বি।

নোট—টাকার পরিবর্তে ব্যবহৃত সরকারী কাগজখণ্ড; টীকা; টিপ্পনী; স্মারকলিপি। <ইং 'note'. বি।

নোটিস—সাধারণের অবগতির জন্য যাহা লেখা হয় তাহা, বিজ্ঞাপন। <ইং 'notice'. বি।

নোড়—একপ্রকার সাদা টক ফল; একপ্রকার ধাতু। <লবণী। বি। [<লোষ্ট্র। বি।

নোড়া—পেষণী, বাটনা-বাটা গোলাকার পাথর।

নোতুন—নূতন। বাংপ্র। বিণ।

নোনতা—লবণাক্ত, লবণাস্বাদ। বাংপ্র। বিণ।

নোনা—১। লবণাক্ত। নূন+আ যুক্তার্থে। বিণ। ২। মাটির যে লবণাংশ দেওয়াল প্রঃতে ফুটিয়া উঠে তাহা। বাংপ্র। ৩। একপ্রকার আতাজাতীয় ফল। <পো 'anona' বি।

নোয়া—১। লোহা; সধবার হাতের লোহার পাতলা বালা। <লৌহ। বি। ২। অবনত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]। [বিণ।

নোয়ানো—অবনত বা বক্র করা। বাংপ্র। ক্রি [, বি,

নোলক—নাসিকাভরণ বিঃ। <লোলক। বি।

নোলা—লোভ, লালসা; জিহ্বা। <লোলা। বি।

নৌ, নৌকা—তরণি, জলযান। নুদ্‌+ডৌ কর্ম, সংজ্ঞার্থে; পক্ষে নৌ+কন্‌ স্বার্থে+আপ্‌। বি; স্ত্রী। **দুই নৌকায় পা দেওয়া**—দুইটি পরস্পর-বিরোধী বিষয়ে মন দেওয়ার ফলে বিপন্ন হওয়া (যেমন দুইটি নৌকায় পা দিয়া থাকিলে নৌকা চলিবার সময় জলে পড়িয়া যাইতে হয়)।

নৌকা—'নৌ' দ্রঃ।

নৌকাজীবিক, -জীবী (-জীবিন্‌)—মাঝী দাঁড়ী প্রঃ। নৌকা জীবিকা যাহার, বহু; নৌকা—আ—জীব্‌+ণিন্‌ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -জীবিকা, -জীবিনী।

নৌকাবিলাস—শ্রীকৃষ্ণের নাবিক হইয়া শ্রীরাধা এবং তাঁহার সখীগণকে যমুনাপার করা রূপ লীলা। ৩য়াতৎ বা ৭মীতৎ। বি; পুং।

নৌকাবিহার, নৌবিহার—নৌকায় চড়িয়া আমোদ-প্রমোদকরণ। ৩য়াতৎ, বা ৭মীতৎ। বি; পুং।

নৌকাযোগে—নৌকায় চড়িয়া। নৌকার যোগ আছে যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

নৌঘাঁটি—নৌসেনাদল ও যুদ্ধজাহাজসমূহের আড্ডা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি। [(বাংপ্র)। বি।

নৌচলাচল—নৌকা বা জলযানের যাতায়াত। ৬ষ্ঠীতৎ

নৌতুন—নূতন। প্রা কপ্র। বিণ।

নৌবল—জলযুদ্ধোপযোগী জাহাজ ও সৈন্যসমূহ। নৌ-সম্বন্ধীয় বল, মধ্যপ। বি; ক্লী।

নৌবহর—সমরপোতশ্রেণী, যুদ্ধজাহাজসমূহ। নৌএর বহর (আ), ৬ষ্ঠীতৎ। বি।

নৌবাহ—নৌ-চালনা, জাহাজ ইঃ পরিচালনা, navigation. নৌ—বহ্‌+ঘঞ্‌ কর্তৃ। বি; পুং।

নৌবাহিনী—জলযুদ্ধার্থে সৈন্যশ্রেণী। মধ্যপ। বি; স্ত্রী।

নৌবিদ্যা—নাবিকবিদ্যা, নৌকাপরিচালনবিদ্যা। নৌ-সম্বন্ধীয়া বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।

নৌবিভাগ—সরকারের যে কার্যবিভাগ নৌকা জাহাজ প্রঃর লেনন এবং নৌযুদ্ধবিষয়ক ব্যবস্থা করে। নৌ-সম্বন্ধীয় বিভাগ, মধ্যপ। বি; পুং।

নৌবিমান—১। যে সকল এরোপ্লেন আকাশেও উড়িতে পারে এবং জলেও ভাসিতে পারে, sea-plane. কর্মধা। ২। নৌসেনাদলের কার্যে সাহায্যকারী উড়োজাহাজ। নৌ-রক্ষী বিমান, মধ্যপ। বি; পুং বা ক্লী।

নৌবিহার—'নৌকাবিহার' দ্রঃ।

নৌযুদ্ধ—জাহাজের সহিত জাহাজের যুদ্ধ। নৌ-সাধ্য যুদ্ধ, মধ্যপ। বি; ক্লী।

নৌসারণী—নাবিকদের ব্যবহার্য পঞ্জিকা, nautical almanac. নৌ-সম্পর্কিতা সারণী, মধ্যপ। বি; স্ত্রী।

নৌসেনা, -সৈন্য—যে সব সৈন্য জাহাজে চড়িয়া যুদ্ধ করে তাহারা। মধ্যপ। বি; স্ত্রী, ক্লী।

নৌসেনাপতি, -নায়ক—যে সকল সৈন্য জাহাজ প্রঃতে চড়িয়া যুদ্ধ করে তাহাদের পরিচালক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নৌসৈন্য—'নৌসেনা' দ্রঃ।

ন্যক্কার—ঘৃণা; অবজ্ঞা; অসম্মান; ধিক্কার; বমি। ন্যক্‌—কৃ+ঘঞ্‌ ভাব। বি; পুং।

ন্যক্কারজনক—ঘৃণাজনক; অবজ্ঞাজনক; বমনকারক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -জনিকা।

ন্যগ্রোধ—বটবৃক্ষ; বাঁও; শমীবৃক্ষ; বিষ্ণু। ন্যক্‌—রুধ্‌+অচ্‌ কর্তৃ। বি; পুং।

ন্যস্ত—নিক্ষিপ্ত; গচ্ছিত; সঞ্চিত; ত্যক্ত; অর্পিত; স্থাপিত; প্রেরিত; রচিত; নিহিত; পাতিত; বিস্তারিত। নি—অস্‌+ক্ত কর্ম। বিণ।

ন্যাওটা—'নেওটা' দ্রঃ।

ন্যাংটা—'নেংটা' দ্রঃ।

ন্যাকড়া—'নেকড়া' দ্রঃ।

ন্যাকরা—তুচ্ছ রসিকতা, ফাজলামি। বাংপ্র। বি।

ন্যাকা—'নেকা' দ্রঃ।

ন্যাকার—'নেকার' দ্রঃ।

ন্যাজা—'নেজা' দ্রঃ।

ন্যাড়া—'নেড়া' দ্রঃ।

ন্যাতা—'নেতা' দ্রঃ।

ন্যাবা—'নেবা' দ্রঃ।

ন্যায়—১। যাথার্থ্য। নি—ই+ঘঞ্‌ ভাব। ২। যুক্তিমূলক দৃষ্টান্ত বিঃ; উদাত্ত অনুদাত্ত স্বরিত—এই

ত্রিধা স্বর; নীতি; যুক্তি; প্রতিজ্ঞা হেতু উদাহরণ উপনয়ন নিগমন—এই পঞ্চাবয়ববিশিষ্ট ন্যায়বাক্য; তর্কশাস্ত্র; ষড়্দর্শনান্তর্গত দর্শনশাস্ত্র, মহামুনি গৌতমপ্রণীত দর্শনশাস্ত্র। নি—ই+ঘঞ্ করণ। বি; পুং। ৩। তুল্য, সদৃশ, মত। বাংপ্র। অ।

ন্যায়কর্তা (-কর্তৃ)—বিচারপতি; ন্যায়শাস্ত্র প্রণেতা। ৬ষ্ঠীতৎ। বিণ।

ন্যায়তঃ—ন্যায়ানুসারে; সুবিচার করিতে গেলে। ন্যায় [+তস্। অ।

ন্যায়নিষ্ঠ—উচিত কার্য বা ব্যবহারের প্রতি শ্রদ্ধাবান্; ন্যায়পরায়ণ। বহু। বিণ।

ন্যায়নিষ্ঠা—ন্যায়ের প্রতি শ্রদ্ধা। ৭মীতৎ। বি; স্ত্রী।

ন্যায়পথ—নীতিসম্মত পথ; মীমাংসা-শাস্ত্র; ধর্মপথ। ন্যায়সংগত পন্থা, মধ্যপ (অ-সমাসান্ত)। বি; পুং।

ন্যায়পর—ন্যায়নিষ্ঠ। বহু। বিণ।

ন্যায়পরতা—যে বৃত্তি দ্বারা যাথার্থ্যের নিরূপণ হয়, ন্যায়নিষ্ঠতা। ন্যায়পর+তা ভাবে। বি; স্ত্রী।

ন্যায়পরায়ণ—ন্যায়নিষ্ঠ। ন্যায় পর (শ্রেষ্ঠ) অয়ন (আশ্রয়) যাহার, বহু। বিণ। বি, -তা।

ন্যায়বান্ (-বৎ)—ন্যায়পথাবলম্বী। ন্যায়+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -বতী। [পুং।

ন্যায়বিচার—ন্যায়সংগত বিচার। মধ্যপ কর্মধা। বি;

ন্যায়-বিচারক—যিনি ন্যায়বিচার করেন। মধ্যপ। বি; পুং বা বিণ।

ন্যায়বিরুদ্ধ—প্রত্যক্ষ প্রমাণের বিসংবাদী; যুক্তি-বিরুদ্ধ; অনুচিত। ৬ষ্ঠীতৎ। বিণ।

ন্যায়বুদ্ধি—ন্যায়সংগত জ্ঞান; ন্যায়-অন্যায়-বিচারের বুদ্ধি। ন্যায়বিষয়িণী বুদ্ধি, মধ্যপ। বি; স্ত্রী।

ন্যায়রত্ন—ন্যায়শাস্ত্রে সবিশেষ অভিজ্ঞ ব্যক্তি, ন্যায়-শাস্ত্রজ্ঞ পণ্ডিতের উপাধি বিঃ। ৭মীতৎ। বি; ক্লী।

ন্যায়শাস্ত্র—তর্কশাস্ত্র। ন্যায়াখ্য শাস্ত্র, মধ্যপ। বি; ক্লী।

ন্যায়সংগত, -সম্মত—উচিত, ন্যায্য। ৩য়াতৎ। বিণ।

ন্যায়াধীশ—বিচারক ("ন্যায়াধীশ রাজমন্ত্রী"—রবীন্দ্র)। ন্যায়ের অধীশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ন্যায়ান্যায়—উচিত ও অনুচিত আচরণ, সংগত ও অসংগত ব্যবহার। ন্যায় ও অন্যায়, দ্বন্দ্ব। বি; পুং।

ন্যায়ালয়—আদালত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ন্যায়োপেত—ন্যায্য। ৩য়াতৎ। বিণ।

ন্যায্য—যথার্থ; উচিত; যোগ্য। ন্যায়+যৎ অনপেতার্থে। বিণ।

ন্যালনেলে—লালার তুল্য; লালাযুক্ত; অতি লোভী। বাংপ্র। বিণ।

ন্যাস—১। নিক্ষেপ; গচ্ছিতকরণ; গচ্ছিত বিষয় রক্ষা বা রক্ষার ভার, trust; রাখা; ত্যাগ; অর্পণ; নাসিকা ধরিয়া নিশ্বাসের পূরণ স্থিতিকরণ ও রেচনপূর্বক মন্ত্রপ্রয়োগ; পূজা জপ প্রভৃতির প্রথমে তত্তদ্বিষয়ে চিত্ত একাগ্র করার নিমিত্ত বিবিধ কর্তব্য। নি—অস্+ঘঞ্ ভাবে। ২। গচ্ছিত বস্তু। নি—অস্+ঘঞ্ কর্ম। ৩। কোন রাগের বিশ্রামস্বর। নি—অস্+ঘঞ্ করণ। বি; পুং। **ন্যাস করা**—টাকা খাটানো, invest.

ন্যাসপাল—যাহার উপর গচ্ছিত বস্তু রক্ষার ভার আছে, trustee. উপতৎ; ন্যাস—পা+ণিচ্+অন্ কর্তৃ। বি; পুং। [অচ্ কর্তৃ। বিণ।

ন্যুব্জ—কুব্জ; বক্র; অধোমুখ, উপুড়। নি—উব্জ্+

ন্যূন—অল্প; নীচ; ক্ষুদ্র। নি—ঊন্+অচ্ কর্তৃ। বিণ। [বিণ।

ন্যূনকল্পে, -পক্ষে—অন্ততঃ; কম পক্ষে। বহু। ক্রি-

ন্যূনাধিক—কম বা বেশী; প্রায় কাছাকাছি; কিছু বেশী। ন্যূন বা অধিক, সুপ্। বিণ।

ন্যূনাধিক্য—অল্পতা বা আধিক্য, কমিবেশি; তারতম্য। ন্যূনাধিক+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

[প]

প—১। একবিংশ ব্যঞ্জনবর্ণ [ইহার উচ্চারণস্থান ওষ্ঠ]। ২। রাজা, শাস্তা। বি; পুং। ৩। যে পালন করে এমন; যে পান করে এরূপ (ইহা কোন শব্দের পর প্রযুক্ত হয়; যথা—ভূপ, মধুপ ইঃ)। পা (পালন করা, পান করা)+ক কর্তৃ। বিণ।

পইছা—পঁইছা (তাহা দ্রঃ)।

পইঠা, পৈঠা—সিঁড়ি; ধাপ। < প্রতিষ্ঠা। বি।

পইতা, পৈতা—যজ্ঞোপবীত ('—পরা'); উপনয়ন ('—দেওয়া')। < পবিত্র। বি। **পইতা কাটা**—পইতার সুতা কাটা, পইতার সুতা প্রস্তুত করা। **পইতা তোলা**—পইতার সুতা পাক দেওয়া।

পইপই—বারবার, প্রতিপদে; পুনঃ পুনঃ। < দ্বির্-রুক্ত 'পদ') অ। [বাংপ্র। বি।

পঁইছা, পঁইছি—বালার মত হাতের গহনা বিঃ।

পঁইত্রিশ, পঁয়ত্রিশ—৩৫-সংখ্যা; ৩৫-সংখ্যক। < পঞ্চত্রিংশৎ। বি বা বিণ।

পঁইষট্টি, পঁয়ষট্টি—৬৫-সংখ্যা; ৬৫-সংখ্যক। < পঞ্চষষ্টি। বি বা বিণ।

পঁউছা, পৌঁছা—উপস্থিত হওয়া। < হি 'পঁহুছা'। ক্রি। [বি বা বিণ।

পঁচাত্তর—৭৫-সংখ্যা; ৭৫-সংখ্যক। < পঞ্চসপ্ততি।

পঁচানব্বই—৯৫-সংখ্যা; ৯৫-সংখ্যক। < পঞ্চনবতি। বি বা বিণ। [বি বা বিণ।

পঁচাশি—৮৫-সংখ্যা; ৮৫-সংখ্যক। < পঞ্চাশীতি।

পঁচিশ—২৫-সংখ্যা; ২৫-সংখ্যক। < পঞ্চবিংশতি। বি বা বিণ।

পঁচিশে—মাসের ২৫ তারিখ। পঁচিশ+এ (< ইয়া) তারিখ অর্থে। বি।

প'য়তাল্লিশ—৪৫-সংখ্যা; ৪৫-সংখ্যক। ⟨পঞ্চ-চত্বারিংশৎ। বি বা বিণ।
প'য়ত্রিশ—'প'ইত্রিশ' দ্রঃ।
প'য়ষট্টি—'প'ইষট্টি' দ্রঃ।
প'হুছা, প'হুছানো—উপনীত হওয়া; উত্তীর্ণ হওয়া। কপ্র। ক্রি [, বি]।
পকার—প-বর্ণ। প+কার স্বার্থে। বি; পুং।
পকেট—জেব, জামার থলি। ⟨ইং 'pocket'. বি। **পকেট মারা**—পকেট হইতে চুরি করা। **পকেটে হাত পড়া**—দায়ে পড়িয়া খরচ করিতে বাধ্য হওয়া।
পকেটকাটা, -মার—অতর্কিতে পকেট হইতে পয়সা প্রঃ অপহরণকারী চোর। উপতৎ (বাংপ্র)। বি।
পক্ক—পরিণত, পাকা; পাক-নিষ্পন্ন; সিদ্ধ, রন্ধিত ('পক্কান্ন'); দৃঢ়; নিষ্ঠাপ্রাপ্ত; বিনাশোন্মুখ। পচ্ +ক্ত কর্ম, কর্ম-কর্তৃ। বিণ।
পক্ককেশ—১। পাকা চুল। কর্মধা। বি; পুং। ২। যাহার চুল পাকিয়াছে এমন, বৃদ্ধ। বহু। বিণ। স্ত্রী, -শা, -শী। [কর্মধা। বি; ক্লী।
পক্কান্ন—কৃতপাক অন্ন; পাক-করা খাদ্য; লুচি প্রঃ।
পক্কাশয়—পাকস্থলী। পক্কের (পচনের) আশয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পক্ষ—একমাসের অর্ধেক; চন্দ্রের ক্ষয় বা বৃদ্ধিকাল; পক্ষীর ডানা; বাণের পাখা; পার্শ্বগৃহ; বাটীর পার্শ্ব, wing; পার্শ্ব; ভিত্তি; বর্গ; সহায়; দল, party; সখা; সৈন্য; প্রত্যুত্তর; তর্ক বা যুক্তিতে প্রশ্ন বা উত্তর; সাধ্য; দেহার্ধ; বিরোধ; বহুপত্নীর একটি; বিবাহের সংখ্যা; সম্বন্ধ; কপাট প্রঃর পাল্লা; তরফ, side. (কেশাদি শব্দের পরে বসিলে) গুচ্ছ; অনুমেয় বস্তুর আধার। পক্ষ্+অচ্ কর্তৃ। বি; পুং।
পক্ষগ্রহণ—সাহায্যকরণ; পক্ষপাতিত্বকরণ; দুই বিরুদ্ধ দলের একটি অবলম্বন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পক্ষচ্ছেদ—পাখা কাটা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পক্ষদ্বার—পার্শ্বদ্বার; খিড়কির দরজা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পক্ষপাত—অনুগ্রহ; স্নেহ; আসক্তি; অন্যায় সাহায্য, একপক্ষে আসক্তি, একচোখোমি। ৭মীতৎ। বি; পুং।
পক্ষপাতদুষ্ট—একচোখো; যাহাতে একপক্ষের প্রতি অন্যায় সমর্থন রহিয়াছে এমন। ৩য়াতৎ। বিণ।
পক্ষপাতিতা, -পাতিত্ব—অনুকূলবর্তিতা, সাহায্য-করণ; এক পক্ষকে অন্যায়ভাবে অনুগ্রহ দেখানো। পক্ষপাতিন্+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
পক্ষপাতী (-পাতিন্)—অনুগ্রাহক; আসক্ত; এক-পক্ষের অন্যায় সাহায্যকারী। উপতৎ; পক্ষ—পত্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -পাতিনী।
পক্ষপুট—পাখার মধ্য; পক্ষরূপ আশ্রয়। কর্মধা। বি; পুং বা ক্লী।
পক্ষবল—(পাখির) পাখার জোর; দলভুক্ত লোকের জোর; সাহায্যকারী সৈন্যদল বা রাজশক্তি। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী।

পক্ষল—যাহার একটি বোঁটার দুই দিকেই সমানভাবে পাতা সাজানো থাকে এমন, pinnate. পক্ষ—লা+ক কর্তৃ। বিণ।
পক্ষশাতন—পক্ষচ্ছেদন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পক্ষসমর্থন—পক্ষ বিঃর সহায়তা; পক্ষ বিঃর মতের পোষকতা; কাহারও পক্ষে কিছু বলা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পক্ষাঘাত—রোগ বিঃ (ইহাতে হাত পা অবশ হইয়া যায়), paralysis. পক্ষে আঘাত, ৭মীতৎ। বি; পুং। [তৎ। বি; পুং।
পক্ষান্ত—পূর্ণিমা; অমাবস্যা। পক্ষের অন্ত, ৬ষ্ঠী-
পক্ষান্তর—অন্যপক্ষ; বিচার্য বিষয়ের অন্য দিক্। অন্য পক্ষ, নিত্য। বি; ক্লী।
পক্ষান্তরে—অন্যদিক্ দিয়া বিচার করিলে; অপর দিকে; পরন্তু। অন্য পক্ষ, নিত্য, তাহাতে। বি, ক্রি-বিণ অর্থে ৭মী। [দ্বন্দ্ব। বি; পুং।
পক্ষাপক্ষ—দলাদলি; নিজের দল ও বিপক্ষের দল।
পক্ষিণী—১। স্ত্রী-পক্ষী। বি; স্ত্রী। ২। পক্ষ-যুক্তা। পক্ষিন্+ঈপ্। বিণ; স্ত্রী।
পক্ষিতত্ত্ব—পক্ষীদের সম্বন্ধীয় বিজ্ঞান। মধ্যপ। বি; ক্লী।
পক্ষিরাজ—১। গরুড়। পক্ষীদের রাজা, ৬ষ্ঠীতৎ (টচ্ সমাসান্ত)। বি; পুং। ২। (রূপকথায়) পক্ষযুক্ত ঘোটক। বাংপ্র। বি। [বি; স্ত্রী।
পক্ষিশালা—চিড়িয়াখানা। পক্ষীদের শালা, ৬ষ্ঠীতৎ।
পক্ষী (পক্ষিন্)—১। পাখি; বিহগ; বাণ। বি; পুং। ২। পক্ষযুক্ত। পক্ষ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—পক্ষিণী।
পক্ষীয়—দলের; পক্ষের; দল সম্বন্ধীয়। পক্ষ+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
পক্ষোদ্গম, পক্ষোদ্ভেদ—পাখা গজানো; পক্ষের উৎপত্তি। পক্ষের উদ্গম, উদ্ভেদ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পক্ষ্ম (পক্ষ্মন্)—নেত্রলোম; লোম; পুষ্পকেশর; পাখির পালক; সূত্রাদির অগ্রভাগ; সূক্ষ্মাংশ। পক্ষ্+মন্ কর্তৃ। বি; ক্লী।
পগার—খাত, নালা; খাত প্রঃর পার; জমির সীমা সূচক উঁচু আল। ⟨প্রাকার। বি। **পগার পার হওয়া**—অদৃশ্য হওয়া; পলাইয়া সীমার বাহিরে যাওয়া। [বি; পুং বা ক্লী।
পঙ্ক—কর্দম; পঙ্ক; পাপ। পন্চ্+ঘঞ্ কর্তৃ।
পঙ্কজ—১। পদ্ম। বি; ক্লী। ২। কর্দমজাত। উপ-তৎ; পঙ্ক—জন্+ড কর্তৃ। বিণ।
পঙ্কজিনী—পদ্মিনী; পদ্মদীঘি। পঙ্কজ+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।
পঙ্কপ্রক্ষালন-ন্যায়—ন্যায় বিঃ [পঙ্ক লেপিয়া ধুইয়া ফেলা অপেক্ষা পঙ্ক না লেপন করাই ভাল; এইরূপ যুক্তিমূলক দৃষ্টান্ত-প্রদর্শনকে পঙ্কপ্রক্ষালন-ন্যায় বলা হইয়া থাকে; অর্থাৎ আগে অনিষ্ট হইতে দিয়া পরে তাহার প্রতিবিধান করা অপেক্ষা এমন কাজ করা উচিত যাহাতে অনিষ্ট না হয়]। পঙ্কের

প্রক্ষালন, ৬ষ্ঠীতৎ; তদাশ্রিত ন্যায়, মধ্যাপ। বি; পুং।

পঙ্কিল—কর্দমযুক্ত। পঙ্ক+ইল আছে অর্থে। বিণ।

পঙ্কোদ্ধার—পাঁক আবর্জনা ইঃ তুলিয়া পুকুর ইঃর পরিষ্কারকরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পঙ্‌ক্তি—শ্রেণী, সারি; পাঁতি; পঞ্চাক্ষর ও দশাক্ষর-পরিমিত চরণবিশিষ্ট ছন্দো বিঃ; দশ-সংখ্যা; পৃথিবী। পনচ্+ক্তি কর্ম। বি; স্ত্রী।

পঙ্‌ক্তিদূষক—যাহার সহিত এক পঙ্‌ক্তিতে ভোজন বা উপবেশন দূষণীয় এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -দূষিকা। [ভোজন। ৭মীতৎ। বি; ক্লী।

পঙ্‌ক্তিভোজন—এক সারিতে বসিয়া বহু লোকের

পংখ—ঘরের দেওয়ালে বা মেঝের উপর চুনের মসৃণ লেপ ('পঙ্খের কাজ')। বাংপ্র। বি।

পংখি, পংখী—পাখি ('ময়ূর —')। ＜পক্ষী। বি।

পংগপাল—একপ্রকার পতঙ্গ, শস্য-ভক্ষক পতঙ্গ বিঃ, locust; (লক্ষ্যার্থে) অসংখ্য লোক। ＜পতঙ্গ-পালি। বি।

পংগু—খোঁড়া; যে নড়িতে চড়িতে পারে না এমন। পন্‌জ্+কু কর্তৃ (নিপা)। বিণ।

পচ—পচন; বিকৃতি। বাংপ্র। বি।

পচন—১। পাক; রন্ধন; হজম হওয়া। পচ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। পচিয়া যাওয়া। পচ্ (বাং ক্রি)+অন ভাব। বি।

পচননিবারক—যাহাতে ক্ষতের পচন বন্ধ হয় এমন, antiseptic. ৬ষ্ঠীতৎ। বিণ।

পচপচ—জলকাদার উপর দিয়া চলিবার শব্দ; জোরে জল বাহির হইবার শব্দ। বাংপ্র। অ।

পচপচানো—পচপচ শব্দ করা; জলকাদাময় পথের উপর দিয়া যাওয়া। বাংপ্র। ক্রি [, বি]। বি—পচপচানি। [বাংপ্র। বিণ।

পচপচে—জলকাদায় ভরা; যাহা পচিয়া গিয়াছে এমন।

পচা—১। গলিত; বিকৃত; বাজে; কুৎসিত; নষ্ট; গুমট; ভাপসা। পচ্+অ কর্ম (বাংপ্র)। বিণ। ২। পচিয়া যাওয়া; গলিত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]। **পচা গরম**—যে গরমে ঘাম হইয়া শরীরে পচপচ করে; ভাদ্র মাসের গুমট গরম।

পচাই—পচা চাউল হইতে প্রস্তুত মদ্য। বাংপ্র। বি।

পচাখসা—যাহা পচিয়া খসিয়া পড়িতেছে এমন। বাংপ্র। বিণ। [কর্মধা (বাংপ্র)। বিণ।

পচাগলা—যাহা একেবারে পচিয়া গিয়াছে এরূপ।

পচানি—পচাই; পচা জিনিসের রস। বাংপ্র। বি।

পচানো—বিকৃত করা; পচাইয়া ফেলা; গাঁজানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

পচাপাচকো—খুব পচা ও সামান্য পচা। বাংপ্র। বিণ।

পচাভাদর—সদাবর্ষণযুক্ত ও গুমট-করা ভাদ্রমাস। কর্মধা (বাংপ্র)। বি।

পচাল—নিরর্থক বাক্য; অশ্লীল কথা। বাংপ্র। বি।

পচ্য—যাহা পরিপাক হইতে পারে এমন; যাহা রাঁধা যাইতে পারে এরূপ, রাঁধিবার যোগ্য। পচ্+য কর্ম। বিণ।

পছন্দ—১। নির্বাচন; রুচি; ভাল লাগা; ভাল-মন্দের বোধ। বি। ২। মনের মত; নির্বাচিত। ＜ফা পসন্দ'। বিণ।

পছন্দসই—মনের মত; ভাল; উত্তম। পছন্দ+সই অনুরূপার্থে (বাংপ্র)। বিণ।

পজিটিভ—শূন্য হইতে অধিক; ধনাত্মক; অপেক্ষাকৃত অধিক শক্তিসম্পন্ন। ＜ইং 'positive'. বিণ।

পজ্‌ঝটিকা—ষোলমাত্রার সংস্কৃত ছন্দ (ইহা হইতে বাংলা পয়ারের সৃষ্টি)। বি; স্ত্রী।

পঞ্চ (পঞ্চন্)—পাঁচ-সংখ্যা; ৫; পাঁচসংখ্যক। পনচ্+অন্ (কনিন্) কর্তৃ। বি বা বিণ।

পঞ্চক—১। পাঁচ; পাঁচটি। পঞ্চন্+কন্ অবয়বার্থে। বি; ক্লী। ২। পঞ্চ সম্বন্ধীয়; পঞ্চপরিমিত; পঞ্চজনের ক্রীত, পাঁচজনের কেনা। পঞ্চন্+কন্ সম্বন্ধাদি অর্থে। বিণ। স্ত্রী—**পঞ্চিকা**। ৩। পাঁচজনের মিলিত চাঁদা; পঞ্চায়েত। বাংপ্র। বি।

পঞ্চকষায়—জাম শিমুল কুল বকুল ও বেড়েলা (বাট্যাল)—এই পঞ্চ কষায়। কর্মধা। বি; পুং।

পঞ্চকোষ—অন্নময় প্রাণময় মনোময় বিজ্ঞানময় ও আনন্দময়—এই পাঁচ কোষ। কর্মধা। বি; পুং।

পঞ্চক্রোশী—লম্বা-চওড়ায় পাঁচ ক্রোশ জুড়িয়া অবস্থিত কাশী নগরী। পঞ্চ ক্রোশ যাহার, বহু+ঈপ্, সংজ্ঞার্থে। বি; স্ত্রী।

পঞ্চগংগা—গঙ্গা গোমতী কৃষ্ণবেণী বা পিনাকিনী অখণ্ডা ও কাবেরী—এই পঞ্চ নদী। কর্মধা। বি; স্ত্রী।

পঞ্চগব্য—দধি দুগ্ধ ঘৃত গোমূত্র গোময়—গোজাত এই পাঁচ দ্রব্য। কর্মধা। বি; ক্লী।

পঞ্চগুণ—শব্দ স্পর্শ রূপ রস গন্ধ—এই পাঁচটি গুণ। কর্মধা। বি; পুং।

পঞ্চগৌড়—কনৌজ উৎকল মিথিলা বঙ্গ ও সরস্বতী নদীর তীরস্থ অঞ্চল। কর্মধা। বি; পুং।

পঞ্চতত্ত্ব—ক্ষিতি অপ তেজঃ মরুৎ ব্যোম; পঞ্চ মকার; গুরুতত্ত্ব মন্ত্রতত্ত্ব মনস্তত্ত্ব দেবতত্ত্ব ও ধ্যানতত্ত্ব; নিত্যানন্দ (প্রেম) অদ্বৈত (জ্ঞান) গৌর (ভাব) গদাধর (রস) ও শ্রীবাস (ভক্তি)। কর্মধা। বি; ক্লী।

পঞ্চতন্ত্র—বিষ্ণুশর্মার প্রণীত নীতিশাস্ত্র বিঃ। পঞ্চ তন্ত্র যাহাতে, বহু। বি; ক্লী।

পঞ্চতন্মাত্র—শব্দ স্পর্শ রূপ রস ও গন্ধ—এই পাঁচটির আধারস্বরূপ পৃথিব্যাদি সূক্ষ্ম পঞ্চভূত। পঞ্চ তন্মাত্র (সূক্ষ্ম ভূতাদি), কর্মধা। বি; ক্লী।

পঞ্চতপা—চারিদিকে আগুন ও উপরে সূর্য এই পাঁচটি উত্তাপের মধ্যে তপস্যাকারী মুনি বিঃ। ＜পঞ্চতপাঃ (-তপস্)। বি।

পঞ্চতা, পঞ্চত্ব—পাঁচে পাঁচ মিশা; মরণ; মৃত্যু; পাঁচের ভাব; পাঁচ অংশে বিভাগ। পঞ্চন্ (পাঁচ)+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

পঞ্চতিক্ত—নিম্ব গুলঞ্চ বাসক পটোলপত্র কণ্টকারী—এই পঞ্চ তিক্ত পদার্থ। কর্মধা। বি; ক্লী।

পঞ্চত্ব—'পঞ্চতা' দ্রঃ।

পঞ্চত্বপ্রাপ্তি—মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পঞ্চদশ—১৫-সংখ্যার পূরক। পঞ্চদশন্+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-শী**।

পঞ্চদশ (-দশন্)—পনর সংখ্যা, ১৫; ১৫-সংখ্যক। পঞ্চাধিক দশ, মধ্যপ। বি বা বিণ।

পঞ্চদশী—১। পূর্ণিমা; অমাবস্যা; পঞ্চদশবর্ষবয়স্কা বালিকা। বি; স্ত্রী। ২। পঞ্চদশস্থানীয়া। পঞ্চদশন্ +ডট্ পূরণার্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

পঞ্চদেবতা—আদিত্য গণেশ দেবী রুদ্র কেশব—এই পঞ্চদেবতা (কেহ কেহ গণেশাদি পঞ্চদেবের উল্লেখ করেন)। কর্মধা। বি; স্ত্রী।

পঞ্চধা—পাঁচপ্রকারে; পাঁচবার। পঞ্চন্+ধাচ্ প্রকারাদ্যর্থে। অ; ক্রি-বিণ।

পঞ্চনখ—যে জন্তুর পায়ে পাঁচটি নখ এমন (শশক, শল্লকী, গোধী, গণ্ডার, কূর্ম)। বহু। বিণ।

পঞ্চনদ—১। শতদ্রু বিপাশা ইরাবতী চন্দ্রভাগা বিতস্তা—এই পঞ্চনদীযুক্ত দেশ, পঞ্জাব। পঞ্চ নদী যেখানে, বহু (অচ্ সমাসান্ত)। বি; পুং। ২। কিরণা ধূতপাপা সরস্বতী গঙ্গা যমুনা—এই পাঁচ নদী; তীর্থ বিঃ। পঞ্চ নদীর সমাহার, সমাহারার্থে অব্যয়ী (অচ্ সমাসান্ত)। বি; ক্লী।

পঞ্চনবতি—৯৫-সংখ্যা; ৯৫-সংখ্যক। পঞ্চাধিকা নবতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

পঞ্চনবতিতম—পঁচানব্বই সংখ্যার পূরক। পঞ্চনবতি +তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-মী**।

পঞ্চনিম্ব—নিমগাছের পাতা ফুল ফল শিকড় ও ছাল। কর্মধা। বি; ক্লী।

পঞ্চপঞ্চাশ, -শত্তম—পঞ্চান্ন সংখ্যার পূরক। পঞ্চ-পঞ্চাশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-শী**, **-মী**।

পঞ্চপঞ্চাশৎ—৫৫-সংখ্যা; ৫৫-সংখ্যক। পঞ্চাধিকা পঞ্চাশৎ, মধ্যপ। বি বা বিণ।

পঞ্চপল্লব—আম্র অশ্বত্থ বট প্লক্ষ যজ্ঞডুমুর—এই পঞ্চ-পল্লব; পনস আম্র অশ্বত্থ বট বকুল—এই পঞ্চপল্লব। সমা দ্বিগু। বি; ক্লী।

পঞ্চপাত্র—১। দেবপক্ষদ্বয় এবং পিতৃপক্ষত্রয়—এই পঞ্চপাত্রকর্তব্য শ্রাদ্ধ। পঞ্চ পাত্র যাহাতে, বহু। ২। পাঁচটি পাত্র। সমা দ্বিগু। ৩। পূজাপাত্র বিঃ। পঞ্চ পাত্র যাহাতে, বহু। বি; ক্লী।

পঞ্চপিতা (-পিতৃ)—জনক গুরু শ্বশুর অন্নদাতা ও ভয়ত্রাতা—এই পাঁচ গুরুজন। কর্মধা। বি; পুং।

পঞ্চপুষ্প—আম চাঁপা পদ্ম করবী ও শমী। কর্মধা। বি; ক্লী।

পঞ্চপ্রদীপ—পাঁচপ্রদীপবিশিষ্ট ধাতুর তৈয়ারী আরতি করিবার পাত্র। বহু। বি; পুং।

পঞ্চপ্রাণ, -বায়ু—প্রাণ অপান সমান উদান ব্যান—শরীরস্থ এই পঞ্চ বায়ু। কর্মধা। বি; পুং।

পঞ্চবটী—অশ্বত্থ বিল্ব বট ধাত্রী (আমলকী) এবং অশোক—এই পাঁচ বৃক্ষ; দণ্ডকারণ্যস্থ বন বিঃ (বর্তমান নাসিক শহর); তীর্থ বিঃ। পঞ্চ বটের সমাহার, সমা দ্বিগু+ঈপ্। বি; স্ত্রী।

পঞ্চবাণ, -শর—১। কন্দর্প [ইঁহার পাঁচ বাণ; যথা—সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন, স্তম্ভন; অথবা, অরবিন্দ, অশোক, আম্রমুকুল, নবমল্লিকা, নীল-পদ্ম]। বহু। বি; পুং। ২। পাঁচটি বাণ। সমা দ্বিগু। বি; ক্লী। ৩। পঞ্চবাণবিশিষ্ট। বহু। বিণ।

পঞ্চবায়ু—'পঞ্চপ্রাণ' দ্রঃ।

পঞ্চবিংশ, -বিংশতিতম—পঁচিশের পূরক। পঞ্চ-বিংশতি+ডট্, তমট্ পূরণার্থে। স্ত্রী, **-বিংশী**, **-তমী**।

পঞ্চবিংশতি—২৫-সংখ্যা; ২৫-সংখ্যক। পঞ্চাধিকা বিংশতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

পঞ্চভুজ—১। পাঁচটি সরলরেখা দ্বারা আবদ্ধ সমতল-ক্ষেত্র, pentagon. বি; ক্লী। ২। পঞ্চবাহুযুক্ত। বহু। বিণ।

পঞ্চভূত—ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ব্যোম—এই পাঁচ। কর্মধা। বি; ক্লী। **পঞ্চভূতে মিশিয়া যাওয়া**—মরিয়া যাওয়া।

পঞ্চম—১। পাঁচের পূরক; সুন্দর, মনোজ্ঞ; দক্ষ; সংগীতে 'পা' বা পঞ্চম ('—সুর')। বিণ। স্ত্রী, **-মী**। ২। সপ্তস্বরের পঞ্চমস্বর, পা; কোকিলের রব; রাগ বিঃ; মাদ্রাজের অস্পৃশ্য জাতি। পঞ্চন্+মট্ পূরণার্থে। বি; পুং। **পঞ্চম বেদ**—মহাভারত।

পঞ্চ-মকার—মৎস্য মাংস মদ্য মুদ্রা মৈথুন—এই পাঁচ। পঞ্চ ম-কারের সমাহার, সমা দ্বিগু। বি; ক্লী।

পঞ্চমহাপাতক—ব্রহ্মহত্যা সুরাপান ব্রাহ্মণস্বামিক-সুবর্ণচৌর্য গুরুপত্নীগমন ও এই সমস্ত পাতক অনুষ্ঠানকারীদিগের সংসর্গ—এই পাঁচ-প্রকার পাপ। কর্মধা। বি; ক্লী।

পঞ্চমহাযজ্ঞ—পঞ্চযজ্ঞ (তাহা দ্রঃ)। কর্মধা। বি; পুং।

পঞ্চমী—১। দ্রৌপদী; তিথি বিঃ; পাশার ছক; তন্ত্রোক্ত বিদ্যা বিঃ; রাগিণী বিঃ। বি; স্ত্রী। ২। পঞ্চমস্থানীয়া। পঞ্চম+ঈপ্। বিণ; স্ত্রী।

পঞ্চমুখ—১। শিব। বি; পুং। ২। যাহার পাঁচটি মুখ এরূপ; বাচাল ("কুকথায় পঞ্চমুখ"—ভারত); বাগ্মী। বহু। বিণ। স্ত্রী, **-খা**, **-খী**। ৩। পাঁচটি বদন। কর্মধা। বি; ক্লী।

পঞ্চমুদ্রা—আবাহনী স্থাপনী সন্নিধাপনী সম্বোধনী সম্মুখীকরণী—পূজায় ব্যবহৃত এই পাঁচ-প্রকার অঙ্গুলিসন্নিবেশ। কর্মধা। বি; স্ত্রী।

পঞ্চমূল, -মূলী—পাচন বিঃ। পঞ্চ মূলের সমাহার এই বাক্যে, সমা দ্বিগু, বিকল্পে+ঈপ্। বি; ক্লী, স্ত্রী।

পঞ্চযজ্ঞ—ব্রহ্মযজ্ঞ (অর্থাৎ বেদাধ্যয়ন) নৃযজ্ঞ (অর্থাৎ অতিথিপূজন) পিতৃযজ্ঞ (অর্থাৎ তর্পণ) দৈবযজ্ঞ (অর্থাৎ হোম) ভূতযজ্ঞ (অর্থাৎ বলি বা প্রদত্ত খাদ্য)—এই পাঁচ যজ্ঞ। কর্মধা। বি; পুং।

পঞ্চরং—দাবা খেলায় ক্রমান্বয়ে গজ বড়ে দাবা ঘোড়া আর নৌকার কিস্তিতে কিস্তিমাত হওয়া; নানা-রকম আমোদপ্রমোদ; গাঁজা গুলি চরস চণ্ডুর ধূম মদ্যের ভিতর দিয়া পান করা। বাংপ্র। বি।

পঞ্চরত্ন—হীরক (অথবা সুবর্ণ) মুক্তা নীলকান্ত পদ্ম-রাগ বিদ্রুম—এই পাঁচ। কর্মধা। বি; ক্লী।

পঞ্চরসা—আমলকী। পঞ্চ রস (আস্বাদন) যাহার, বহু+আপ্'। বি; স্ত্রী।

পঞ্চলবণ—কাচ সৈন্ধব সামুদ্র বিট সৌবর্চল—এই পাঁচ-প্রকার লবণ। কর্মধা'। বি; ক্লী।

পঞ্চলোহক, -লোহ, -লৌহক—সুবর্ণ রজত তাম্র রঙ্গ সীসক—এই পঞ্চ ধাতু। সমা দ্বিগু। বি; ক্লী।

পঞ্চশর—'পঞ্চবাণ' দ্রঃ।

পঞ্চশস্য—ধান্য মুদ্গ মাষ যব এবং শ্বেতসর্ষপ—এই পাঁচ। সমা দ্বিগু। বি; ক্লী।

পঞ্চষষ্টি—৬৫-সংখ্যা; ৬৫-সংখ্যক। পঞ্চাধিক ষষ্টি, মধ্যপ। বি; স্ত্রী, বা বিণ।

পঞ্চষষ্টিতম—প'য়ষট্টি সংখ্যার পূরক। পঞ্চষষ্টি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -তমী।

পঞ্চসপ্ততি—৭৫-সংখ্যা; ৭৫-সংখ্যক। পঞ্চাধিকা সপ্ততি, মধ্যপ। বি; স্ত্রী, বা বিণ।

পঞ্চসপ্ততিতম—প'চাত্তর সংখ্যার পূরক। পঞ্চসপ্ততি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -তমী।

পঞ্চাগ্নি—১। অন্নাহার্য পচন গার্হপত্য আহবনীয় আবসথ্য—এই পাঁচ অগ্নি। কর্মধা। ২। তপস্বী বিঃ। [পঞ্চতপার সম্বন্ধে পঞ্চাগ্নি এইরূপ; যথা—চতুর্দিকে চারি এবং উপরিস্থ সূর্য পঞ্চম অগ্নি।] বহু। বি; পুং।

পঞ্চাঙ্ক, পঞ্চাঙ্কক—পাঁচটি অঙ্কযুক্ত ('—নাটক')। পঞ্চ অঙ্ক যাহাতে, বহু; পক্ষে ক সমাসান্ত। বিণ। স্ত্রী, -ঙ্কা, -ঙ্কিকা।

পঞ্চাঙ্গ—পঞ্চ অবয়ব; সহায় সাধনোপায় দেশকাল-বিভাগ বিপত্তি প্রতিকার সিদ্ধি; জপ হোম তর্পণ ব্রাহ্মণভোজন অভিষেক; বৃক্ষের মূল ত্বক্ পত্র পুষ্প ফল; বাহুদ্বয় জানুদ্বয় মস্তক বক্ষঃস্থল ও দর্শনেন্দ্রিয় যোগে প্রণতি: তিথি বার নক্ষত্র যোগকরণ; বৃষোৎসর্গ কপিলাদান দ্বিজদম্পতিপূজন কাঞ্চন-পুরুষ ও বিলক্ষণা শয্যা। কর্মধা, অথবা সমা দ্বিগু। বি; ক্লী।

পঞ্চাঙ্গুলি—১। হস্তের কনিষ্ঠা অনামিকা মধ্যমা তর্জনী ও অঙ্গুষ্ঠ। কর্মধা। বি; স্ত্রী। ২। হস্ত। বহু। বি; পুং।

পঞ্চানন, পঞ্চাস্য—শিব। বহু। বি; পুং।

পঞ্চানন্দ—পঞ্চানন। গ্রাম্য। বি। [বিণ।

পঞ্চান্ন—৫৫; ৫৫-সংখ্যক। < পঞ্চপঞ্চাশৎ। বি বা

পঞ্চাবয়ব—(ন্যায়শাস্ত্রে) প্রতিজ্ঞা হেতু দৃষ্টান্ত উপনয় নিগমন—এই পাঁচটি অনুমানের অঙ্গ। সমা দ্বিগু। বি; ক্লী।

পঞ্চামৃত—দধি দুগ্ধ ঘৃত মধু চিনি, গর্ভিণীর পঞ্চম মাস গর্ভাবস্থায় অনুষ্ঠেয় সংস্কার বিঃ। সমা দ্বিগু। বি; ক্লী।

পঞ্চাম্র—অশ্বত্থ নিম চাঁপা বকুল নারিকেল—এই পাঁচ গাছ। কর্মধা। বি; পুং।

পঞ্চাম্ল—১। অম্লপঞ্চক [যথা—কোল, দাড়িম, বৃক্ষাম্ল, অম্লবেতস, মাতুলুঙ্গ.]। সমা দ্বিগু। বি; ক্লী। ২। উক্ত পঞ্চবিধ অম্লযুক্ত। পঞ্চ অম্ল যাহাতে, বহু। বিণ।

পঞ্চায়ত, পঞ্চায়েত—গ্রাম্য বিচারসভা বা তাহার সভ্য; সরকার-নিযুক্ত গ্রামের চৌর্যাদি ব্যাপারের তত্ত্বাবধায়ক। হি'। বি।

পঞ্চায়ুধ—তরবারি শক্তি ধনুক কুঠার ও বর্ম—এই পাঁচটি অস্ত্র। পঞ্চ আয়ুধের সমাহার, সমা দ্বিগু। বি; ক্লী।

পঞ্চাল—১। গঙ্গা ও যমুনার মধ্যবর্তী ও নিকটস্থ প্রাচীন দেশ বিঃ [কথিত আছে, মহারাজ হর্যশ্বের পঞ্চপুত্রের রাজ্য-রক্ষার ইহাই আলয় ছিল, এইজন্য ইহার নাম পঞ্চাল হইয়াছিল]। পঞ্চ+কালন্ কর্তৃ। বি; পুং। ২। পঞ্চালদেশীয়। পঞ্চাল+অণ্ সম্বন্ধার্থে (প্রত্যয় লোপ)। বিণ। স্ত্রী, -লী।

পঞ্চালিকা, পঞ্চালী—১। বস্ত্রদন্তাদিনির্মিত পুত্তলি; পাঁচালী গীতি। পনচ্+কালন্ কর্ম+কন্ স্বার্থে+আপ্; পঞ্চাল+ঈপ্। ২। পাশার ছক। পনচ্+কালন্ অধি+কন্ স্বার্থে+আপ্; পঞ্চাল+ঈপ্। বি; স্ত্রী।

পঞ্চাশ—১। পঞ্চাশৎ-সংখ্যার পূরক। পঞ্চাশৎ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী। ২। ৫০; পঞ্চাশৎ-সংখ্যাবিশিষ্ট'। < পঞ্চাশৎ। বি বা বিণ।

পঞ্চাশৎ—১। পঞ্চাশ-সংখ্যা, ৫০। বি; স্ত্রী। ২। ৫০-সংখ্যক। পঞ্চগুণিত দশ, মধ্যপ (নিপা)। বিণ; স্ত্রী।

পঞ্চাশত্তম—পঞ্চাশৎ-সংখ্যার পূরক। পঞ্চাশৎ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

পঞ্চাশীতি—প'চাশি, ৮৫-সংখ্যা; ৮৫-সংখ্যক। পঞ্চাধিকা অশীতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

পঞ্চাশীতিতম—প'চাশি-সংখ্যার পূরক। পঞ্চাশীতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

পঞ্চাস্য—'পঞ্চানন' দ্রঃ।

পঞ্চিকা—বাজি রাখিয়া কড়ি খেলা বিঃ। পঞ্চন্+কন+আপ্। বি; স্ত্রী।

পঞ্চেন্দ্রিয়—চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ত্বক্—এই পাঁচটি জ্ঞানেন্দ্রিয়; বাক্ পাণি পাদ পায়ু উপস্থ—এই পাঁচটি কর্মেন্দ্রিয়। সমা দ্বিগু। বি; ক্লী।

পঞ্চোপচার—গন্ধ পুষ্প ধূপ দীপ নৈবেদ্য—এই পঞ্চ পূজোপকরণ। পঞ্চ উপচার, কর্মধা। বি; পুং।

পঞ্জর—১। পিঞ্জর, খাঁচা। পিনজ্+অরচ্ অধি। ২। পাঁজরা; শরীরকঙ্কাল। পিনজ্+অরন্ কর্তৃ। বি; পুং বা ক্লী।

পঞ্জরাস্থি—পাঁজরার হাড়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পঞ্জা—কবজি, আঙ্গুলসমেত হাতের তেলো; অঙ্গুলিসমেত করতলের ছাপ; পাঁচ ফোঁটার তাস; তাসের বিন্তি বা গেরাবী খেলায় ক্রমান্বয়ে পাঁচবার জয়লাভ বা সেই জয়ের সূচক পাঁচ ফোঁটার তাস; পাঁজা, রাশি। ফা। বি। [বিণ—পঞ্জাবী।

পঞ্জাব—পঞ্চনদ; পূর্ব ও পশ্চিম পঞ্জাব। বাংপ্র। বি।

পঞ্জি, পঞ্জিকা, পঞ্জী—পাঁজি; সুতার পাইজ; প্রস্তাবনা; মীমাংসা; ব্যাকরণের টীকাগ্রন্থ বিঃ। পিনজ্+ইন্ কর্তৃ; ২য় পক্ষে কন্ স্বার্থে+আপ্। ৩য় পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

পঞ্জিকাকার—পঞ্জিকার প্রণেতা। উপতৎ; পঞ্জিকা—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং।

পট্—১। অনুকার-শব্দ। অ। ২। সহসা। বাংপ্র। ক্রি-বিণ।

পট—১। বস্ত্র; আবরণ। পট্+অচ্ করণ। বি; পুং বা ক্লী। ২। ছবি, পর্দা থিয়েটারের সীন। বি; পুং। ৩। চাল; ছাদ। পট্+অচ্ কর্তৃ। বি; ক্লী।

পটকা—১। একপ্রকার আতশবাজি; মাছের পেটের বায়ুপূর্ণ থলি। বি। ২। দুর্বল; ক্ষীণজীবী। বাংপ্র। বিণ।

পটকান—আছাড়; পরাভব। হি-মু। বি।

পটকানো—দুর্বল করা; বশীভূত করা; রুগ্ণ হওয়া; পরাজিত হওয়া; পাতিত করা; আছাড় দেওয়া। হি-মু। ক্রি [, বি]।

পটপটি—একপ্রকার বাজি; ছেলেমেয়েদের একরকমের বাজনা; ডুগডুগি; একপ্রকার জলজ গাছ। বাংপ্র। বি। [বি; পুং।

পটবাস—বস্ত্রগৃহ, তাঁবু। পটনির্মিত বাস, মধ্যপ।

পটভূমি, -ভূমিকা—যে দৃশ্যপটের সম্মুখে অভিনয় হয় বা ফোটো তোলা হয়; চিত্রের পিছনের অংশ, background. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পটমঞ্জরী—রাগিণী বিঃ। বি; স্ত্রী।

পটমণ্ডপ—তাঁবু; শামিয়ানা। পট-নির্মিত মণ্ডপ, মধ্যপ। বি; পুং বা ক্লী।

পটল—১। ছাদ; তিলক; পিটক; বাক্স; পরিচ্ছেদ; পরিবার; নেত্ররোগ। পট্+কলন্ কর্তৃ। ২। বেদাংশ; তন্ত্রের পরিচ্ছেদ; পট; সমূহ। পট্+কলন্ কর্ম। ৩। সঞ্চয়। পট্+কলন্ ভাব। বি; ক্লী। ৪। পলতার ফল। < পটোল। বি। **পটল তোলা**—মরিয়া যাওয়া।

পটল-চেরা—পটলের অর্ধাংশের ন্যায় আকারের ('—চোখ'); অতি আয়ত; আকর্ণবিস্তৃত। চেরা পটল, কর্মধা সদৃশার্থে (বাংপ্র)। বিণ।

পটলী—১। বেদাংশ; তন্ত্রপরিচ্ছেদ; পট; সমূহ; সঞ্চয়; বাক্স; ছাদ। পটল+ঈপ্। বি; স্ত্রী। ২। তেলেভাজা বেসনমাখানো ফালি ফালি পটল। পটল+ঈ নির্মিতার্থে (বাংপ্র)। বি।

পটহ—১। রণঢক্কা; নাগরা; কানের ভিতরের ঝিল্লী। পট—হা+ক কর্তৃ। বি; পুং বা ক্লী। ২। আড়ম্বর; বধ। পট—হা+ক অধি। বি; পুং।

পটা—মিলিত হওয়া, মিল খাওয়া; ঘনিষ্ঠ হওয়া; রাজী হওয়া; বশীভূত হওয়া। বাংপ্র। ক্রি।

পটানো—বাধ্য করা; নিজ মতে আনা; মত লওয়ানো; ভোলানো। বাংপ্র। ক্রি [, বি]।

পটাপট—১। ক্রমাগত পটপট শব্দ; বার বার চড় মারার শব্দ; জুতা প্রঃর দ্বারা প্রহারের শব্দ। অ। ২। দ্রুতবেগে। বাংপ্র। ক্রি-বিণ। [পং।

পটাবাস—তাঁবু। পট-নির্মিত আবাস, মধ্যপ। বি;

পটাম্বর—পট্টবস্ত্র। < পট্টাম্বর। বি।

পটি—১। বস্ত্র বিঃ, পর্দা। পট্+ই করণ। বি; স্ত্রী। ২। পাড়া; একইপ্রকার ব্যবসায়ের ব্যবসায়ীদের পল্লী; সারি, থাক; ক্ষতবন্ধন করিবার বস্ত্রখণ্ড। < পট্টী। বি। [ভাবে। বি; পুং।

পটিমা (-মন্)—দক্ষতা, পটুতা। পটু+ইমন্

পটীয়ান্ (-য়স্)—অতিশয় পটু, দুইয়ের মধ্যে অধিকতর পটু। পটু+ঈয়স্ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, -য়সী।

পটু—নিপুণ; নীরোগ; চতুর; মধুর; উষ্ণ; উজ্জ্বল; তীক্ষ্ণ; নিষ্ঠুর; প্রস্ফুটিত; ধূর্ত। বিণ। বিকল্পে স্ত্রী—পট্বী। [বি; স্ত্রী, ক্লী।

পটুতা, পটুত্ব—নৈপুণ্য; দক্ষতা। পটু+তা, ত্ব ভাবে।

পটুয়া, পটো—চিত্রকর জাতি বিঃ; যে ব্যক্তি শিকা ইঃ পাটের সুতার জিনিস তৈয়ার করে। বাংপ্র। বি।

পটোল—১। পলতার ফল। বি; ক্লী। ২। পলতাগাছ। পট্+ওল কর্তৃ, সংজ্ঞার্থে। বি; পুং।

পট্ট—১। পিঁড়ি; ঢাল; প্যাট্রা; সনদ; পাটি; পাগড়ি; রাজাসন; উত্তরীয়বস্ত্র, একপাটা; প্যাট, রেশমাদি; চৌমাথা; নগর; গ্রাম। পট্+ক্ত কর্ম। বি; ক্লী। ২। চূর্ণ করিবার প্রস্তর, পাটা। বি; পুং।

পট্টনায়ক—প্রধান নেতা, সাধারণ সৈন্য বা গ্রামের মোড়লের উপাধি বিঃ; পদবী বিঃ। পট্ট নায়ক, কর্মধা। বি; পুং।

পট্টবস্ত্র—তসর গরদ চেলী প্রঃ কাপড়; পাটের কাপড়। পট্ট নির্মিত বস্ত্র, মধ্যপ। বি; ক্লী।

পট্টমহিষী—বড়রানী; পাটরানী। পট্টভাগিনী মহিষী, মধ্যপ। বি; স্ত্রী।

পট্টি—থাপ্পা। বাংপ্র। বি।

পট্টিকা—পাট; পটি কাপড়ের খণ্ড। bandage. পট্ট+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

পট্টিশ, -স—ভল্ল, একপ্রকার প্রাচীন খড়্গ। পট্টি—শো, সো+ক কর্তৃ। বি; পুং।

পট্টী—ললাটভূষা; অশ্বের তলপেটি, অশ্বের বক্ষঃ-স্থল-বন্ধনরজ্জু; বস্ত্রখণ্ড। পট্+ক্তি করণ+ঈপ্। বি; স্ত্রী।

পট্টু—একপ্রকার মোটা পশমী কাপড়। বাংপ্র। বি।

পঠদ্দশা—পাঠের অবস্থা, পড়িবার কাল, ছাত্রজীবন। পঠৎ (যে পড়িতেছে)-এর দশা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পঠন—পাঠ। পঠ্+অনট্ ভাব। বি; ক্লী।

পঠনীয়—পাঠ্য, পড়িবার যোগ্য। পঠ্+অনীয় কর্ম। বিণ।

পঠিত—অধীত, যাহা পড়া হইয়াছে এরূপ; উচ্চারিত। পঠ্+ক্ত কর্ম। বিণ।

পঠিতব্য—যাহা পড়িতে হইবে এরূপ; যাহা পড়িবার উপযুক্ত এরূপ; অধ্যেতব্য; পঠনীয়। পঠ্+তব্য কর্ম। বিণ। [শানচ্ কর্ম। বিণ।

পঠ্যমান—যাহা পাঠ করা হইতেছে এরূপ। পঠ্+

পড়তা—মোট ব্যয় ধরিয়া যে মূল্য নির্ধারিত হয় তাহা; হিসাব করিয়া যে সংখ্যা পাওয়া যায়, গড় খেলায় যে দান পড়ে; দাগ পড়া; ভাগ্যোদয়, সুসময়। বাংপ্র। বি। **পড়তা পড়া**—মোট ব্যয়ের মূল্য আদায় হওয়া; সৌভাগ্যের উদয় হওয়া; লাভের মুখ দেখা।

পড়তি—১। ক্ষতি; অবনতি। পড়্+অতি ভাব। বি।

২। যাহা পড়িয়া যাইতেছে এরূপ। পড়্+অতি কর্তৃ (বাংপ্র)। বিণ। [ডাক (বাংপ্র)। বি।

পড়ন—অধ্যয়ন; পতন; পড়তা, গড়মূল্য। পড়্+অন

পড়ন্ত—পতনোন্মুখ; অবসানপ্রায় ('—বেলা')। পড়্+অন্ত কর্তৃ (বাংপ্র)। বিণ।

পড়পড়—পতনোন্মুখ, যাহা পড়িবার মত হইয়াছে এমন। বাংপ্র। বিণ।

পড়শী—প্রতিবাসী। <প্রতিবেশী। বি।

পড়া—১। পাঠ, পঠন; পতন। পড়্+আ ভাব। বি। ২। পতিত; পঠিত; যাহা চাষ করা হয় নাই এরূপ ('—জমি'); যাহা হইতে লোক বাস উঠাইয়া চলিয়া গিয়াছে এরূপ। পড়্+আ কর্তৃ, কর্ম। বিণ। ৩। পতিত হওয়া; পাঠ করা; আছাড় খাওয়া; ঝরা; বিপন্ন হওয়া; হতাহত হওয়া; বিবাহিত হওয়া ('মেয়েটি ভাল ঘরে পড়েছে'); আঘাত পাওয়া; আকর্ষণযোগ্য হওয়া; মিলিত হওয়া; রন্ধনদ্রব্যে মসলা প্রঃ মিশ্রিত করা; হওয়া ('টাক—'); দুরবস্থাপন্ন হওয়া; চাষ নাকরা অবস্থায় থাকা; অনাদায়ী থাকা; লোকসান হওয়া; আবদ্ধ হওয়া; ('জালে মাছ—'); সমাজচ্যুত হওয়া; আক্রমণ করা; লুণ্ঠনার্থে উপস্থিত হওয়া (ডাকাত—); আরম্ভ হওয়া; উপস্থিত হওয়া; উদিত হওয়া; গত্যর্থক ক্রিয়ার সমাপ্তি বা সম্পাদন করা; খরচ হওয়া; টাকা লাগা; ধরা; সংলগ্ন হওয়া; জন্মানো; পশ্চাতে থাকা; অনুন্নত থাকা; অবনত হওয়া; নীচে নামা; স্রাব হওয়া; অব্যবহৃত থাকা; দশাগ্রস্ত হওয়া ('ধাঁধা—'); কমা; লাগা ('পোকা—'); শান্ত হওয়া; নষ্ট হওয়া; প্রবৃত্ত হওয়া। বাংপ্র। ক্রি। **কালি পড়া**—কালো দাগ ধরা। **গলায় পড়া**—গলগ্রহ হওয়া। **গায়ে পড়া**—অনাহূতভাবে আসা। **চাল পড়া**—চাল মন্ত্রপূত করিয়া দেওয়া। **জল (প্রঃ) পড়া**—জল (প্রঃ) মন্ত্রপূত করা। **জলে পড়া**—নষ্ট হওয়া। **জুটিয়া পড়া**—মিলিত হওয়া। **টান পড়া**—আকর্ষণ দৃঢ় হওয়া; কম হওয়া। **টোল পড়া**—আঘাতাদির জন্য পাত্রাদির স্থান বিশেষ নত হওয়া। **ডাক পড়া**—আহ্বান হওয়া; প্রয়োজন হওয়া। **দায় পড়েছে**—দায় পড়ে নাই, করিতে বাধ্য নই। **ধরিয়া পড়া**—বিশেষভাবে অনুরোধ করা। **ধার পড়া**—ধার নষ্ট হওয়া, ভোঁতা হওয়া; পাওনা অনাদায়ী থাকা। **পেট পড়া**—না খাওয়ার উদর শীর্ণ হওয়া। **পেটে পড়া**—উদরপূর্ণে হওয়া; উদরস্থ হওয়া; ঘুষ লওয়া। **কাঁপরে বা ফাঁদে বা বিপদে পড়া**—বিপন্ন হওয়া। **ফল পড়া**—গাছের ফল ঝরিয়া পড়া; প্রসবের পর গর্ভপুষ্প পতিত হওয়া। **বুক দিয়া পড়া**—প্রাণপণে যত্ন করা। **বেলা পড়া**—অপরাহ্ণ হওয়া। **ভাঙিয়া পড়া**—শোকে-দুঃখে ম্রিয়মাণ হওয়া। **মন পড়া**—আসক্তি হওয়া। **রাগ পড়া**—রাগ কমিয়া যাওয়া। **রৌদ্র পড়া**—রোদের ঝাঁজ কমিয়া যাওয়া। **হাত পড়া**—কাজের প্রভাব শুরু হওয়া। **হাতে পড়া**—হস্তগত হওয়া, কর্তৃত্বাধীন হওয়া।

পড়ানো—বিদ্যা শিক্ষা দেওয়া; পাতিত করা; মন্ত্রণা দেওয়া; (পাখিকে) বুলি শিখানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। **পাখি পড়ানো**—ক্রমাগত শিখাইতে শিখাইতে মুখস্থ করাইয়া দেওয়া।

পড়াশুনা—বিদ্যাশিক্ষা; পাঠাভ্যাস। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

পড়িয়ান—পড়েন (তাহা দ্রঃ)।

পড়ুয়া—ছাত্র। পড়্+উয়া কর্তৃ (বাংপ্র)। বি।

পড়েন—কাপড়ের অথবা তাঁতের প্রস্থের সুতা; বাটখারা। <পরিমাণ বা প্রতিবানি। বি।

পড়ো—১। নিরর্থক; পতিত, যাহার চাষ হয় নাই এরূপ; জনহীন; জনপরিত্যক্ত। পড়্ (<পত্)+ও (<উয়া) কর্তৃ। বিণ। ২। ছাত্র। পড়্ (<পঠ্)+ও (<উয়া) কর্তৃ। বি।

পড়োপড়ো—পতনোন্মুখ। বাংপ্র। বিণ।

পড়্পড়্—অনুকার-শব্দ; বস্ত্রাদি ছিন্ন করিবার শব্দ। বাংপ্র। অ।

পণ—১। প্রতিজ্ঞা; বাজি; দ্যূত; বিক্রয়; বিক্রেয় দ্রব্য; বিবাহে দেয় অর্থ। পণ্+অচ্ আছে অর্থে। ২। গৃহ। পণ্+য অধি। ৩। বেতন; কুড়ি গণ্ডা; কার্বাপণ; ধন; মূল্য। পণ্+ঘ করণ। ৪। ব্যবহার, নিয়ম; শর্ত; পরাজয়। পণ্+ঘ ভাব। বি; পুং।

পণকিয়া—পণ সম্বন্ধীয় গণনা। বাংপ্র। বি।

পণব—ঢোল জাতীয় প্রাচীন বাদ্য বিঃ। পণ—বা+ড কর্তৃ। বি; পুং।

পণবদ্ধ—প্রতিশ্রুত। ৩য়াতৎ। বিণ।

পণ্ড—নিষ্ফল, ব্যর্থ; নষ্ট। পণ্ড্+অচ্ কর্তৃ। বিণ।

পণ্ডশ্রম—বিফল যত্ন, নিরর্থক শ্রম। কর্মধা। বি; পুং।

পণ্ডিত—১। বিদ্বান্, শাস্ত্রজ্ঞ; দক্ষ। পণ্ডা+ইতচ্ জাতার্থে। বিণ। ২। সংস্কৃত বা বাঙ্গালা ভাষার শিক্ষক; উপাধি বিঃ। বাংপ্র। বি।

পণ্ডিতপ্রবর, -বর—শ্রেষ্ঠপণ্ডিত। পণ্ডিতমধ্যে প্রবর, বর, ৭মীতৎ। বিণ।

পণ্ডিতমানী (-মানিন্)—'পণ্ডিতম্মন্য' দ্রঃ।

পণ্ডিতমূর্খ—যে ব্যক্তি পণ্ডিত হইয়াও মূর্খের ন্যায় আচরণ করে এরূপ; বিদ্বান্ অথচ ব্যবহারবিষয়ে অনভিজ্ঞ। পণ্ডিত অথচ মূর্খ, কর্মধা। বিণ।

পণ্ডিতম্মন্য, -মানী (-মানিন্), **পণ্ডিতাভিমানী** (-মানিন্)—পাণ্ডিত্যাভিমানী, যে আপনাকে পণ্ডিত বলিয়া অভিমান করে এরূপ। উপতৎ; পণ্ডিত—মন্+খশ্ কর্তৃ; পণ্ডিত—মন্+ণিন্ কর্তৃ; পণ্ডিত—অভি—মন্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী. -ন্যা, -নিনী।

পণ্ডিতি—পণ্ডিতের পদ বা কাজ; (ব্যঙ্গার্থে) বোকামি। পণ্ডিত+ই, ঈ কর্মাদ্যর্থে (বাংপ্র)। বি।

পণ্ডিতী—সংস্কৃত-বহুল ('—ভাষা'); প্রাচীন পণ্ডিতের মত ('—চালচলন')। পণ্ডিত+ঈ যোগ্যার্থে (বাংপ্র)। বিণ।

পণ্য—১। বিক্রেয়; ব্যবহার্য; স্তোতব্য। বিণ। ২। বিক্রয় করিবার দ্রব্য, commodity; মূল্য; মাসুল। পণ্+যৎ কর্ম। বি; ক্লী।

পণ্যজীবী (-জীবিন্)—বণিক্, যে ক্রয়বিক্রয় দ্বারা জীবিকা-নির্বাহ করে এরূপ। উপতৎ; পণ্য—জীব্ +ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী. **-জীবিনী**।

পণ্যবীথিকা, -বীথী—শ্রেণীবদ্ধ দোকান; হাট। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পণ্যশালা—হাট-বাজার দোকান প্রঃ ক্রয়বিক্রয়ের স্থল।

পণ্যস্ত্রী, পণ্যযোষিৎ, পণ্যাঙ্গনা—বেশ্যা। কর্মধা। বি; স্ত্রী। [পুং।

পণ্যাজীব—বণিক্। পণ্য আজীব যাহার, বহু। বি:

পতগ—বিহঙ্গ, পক্ষী। উপতৎ; পত (পক্ষ)—গম্ +ড কর্তৃ। বি; পুং।

পতঙ্গ, পতঙ্গম—১। শলভ, ফড়িং মাছি মশা প্রঃ: ষট্‌পদ কীট, insect. পক্ষী: সূর্য: অগ্নি; শর, বাণ। বি; পুং। ২। পারদ: চন্দন বিঃ; চিহ্ন বিঃ ('ṭ')। উপতৎ; পত (পক্ষ)—গম্+খচ্ কর্তৃ: ১ম পক্ষে ডিৎ। বি; ক্লী।

পতঙ্গবৃত্তি—জ্ঞাতসারে এবং স্বেচ্ছায় বিপজ্জনক কার্যে লিপ্ত হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। বিণ. **-বৃত্ত**। [বি: ক্লী।

পতত্র, -ত্র—পাখা। উপতৎ: পতৎ—ত্রৈ+ক কর্তৃ।

পতত্রী(-ত্রিন্) **-ত্রী** (-ত্রিন্)—পাখি; বাণ। পতত্র+ইন্ আছে অর্থে। বি: পুং।

পতন—চলন; স্খলন: ভ্রংশ; শত্রুর অধিকারে গমন: নাশ: অবনতি; পাতিত্য। পত্+অনট্ ভাব। বি; ক্লী।

পতনোন্মুখ—পতনোদ্যত। পতনে উন্মুখ, ৭মীতৎ। বিণ। স্ত্রী, **-খা, -খী**।

পতপত—নিশান ওড়ার শব্দ। বাংপ্র। অ।

পতর—লোহা অথবা অন্য ধাতুর পাতলা সরু পাত। < পত্র। বি।

পতাকা—নিশান; ধ্বজপট: চিহ্ন: সৌভাগ্য। পত্+আক কর্তৃ, সংজ্ঞার্থে+আপ্। বি; স্ত্রী।

পতাকাদণ্ড—যে ডাণ্ডায় বাঁধিয়া নিশান উড়ানো হয়। পতাকালগ্ন দণ্ড, মধ্যপ। বি: পুং।

পতাকিনী—১। সেনা। বি: স্ত্রী। ২। পতাকাধারিণী। পতাকা+ইন্ আছে অর্থে+ঈপ্। বিণ: স্ত্রী।

পতাকী (-কিন্)—১। পতাকাধারী। বিণ। স্ত্রী, **-কিনী**। ২। রথ: অশুভবোধক চক্র বিঃ। পতাকা+ইন্ আছে অর্থে। বি: পুং।

পতি—ভর্তা, স্বামী; রক্ষক: প্রভু; নায়ক। পা+ডতি কর্তৃ। বি; পুং।

পতিংবরা—স্বয়ংবরা, যে কন্যা স্বয়ং নিজ পতি নির্বাচন করিয়া লয়। উপতৎ: পতি—বৃ+খচ্ কর্তৃ +আপ্। বি; স্ত্রী।

পতিঘাতিনী—স্বামিহন্ত্রী। উপতৎ: পতি—হন্+ণিন্ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী।

পতিঘ্নী—১। স্বামীর মৃত্যুসূচক হস্তরেখাদিযুক্তা: পতিঘাতিনী। বিণ; স্ত্রী। ২। স্বামীর মৃত্যুসূচক হস্তরেখা বিঃ। উপতৎ; পতি—হন্+টক্ কর্তৃ+ঈপ্। বি: স্ত্রী।

পতিত—অধোগত; যে বা যাহা পড়িয়াছে এরূপ: অকৃষ্ট, চলিত; গলিত; পাপী; নীচ: সমাজে অবনত। পত্+ক্ত কর্তৃ। বিণ।

পতিতপাবন—১। শ্রীকৃষ্ণ; শ্রীচৈতন্যদেব। বি; পুং। ২। পাপীর উদ্ধারকর্তা। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-নী** (গঙ্গা)।

পতিতা—১। চলিতা; অধোগতা; দুশ্চরিত্রা। বিণ; স্ত্রী। ২। বেশ্যা। পতিত+আপ্। বি; স্ত্রী।

পতিদেবতা—১। যে নারীর কাছে স্বামী দেবতার ন্যায় পূজ্য এমন, পতিব্রতা। বহু। বিণ। ২। পতিরূপ দেবতা। কর্মধা। বি; পুং।

পতিপ্রাণা—সতী, পতিব্রতা। বহু+আপ্। বিণ: স্ত্রী।

পতিব্রতা—সতী, সাধ্বী, পতিপরায়ণা। পতিই ব্রত যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

পত্তন—১। নগর। পত্+তনন্ অধি। বি; ক্লী। ২। আরম্ভ; নির্মাণ; স্থাপন ('নগর —', 'ভিত্তি —'); সন্নিবেশ ('খাতায় নাম —'); ভিত্তিভূমি। বাংপ্র। বি।

পত্তনদার, পত্তনিদার—ভূম্যধিকারীর অধীন ভূ-সম্পত্তির করদাতা: পত্তনির অধিকারী। পত্তন+দার, ২য় পক্ষে ই আগম। বি।

পত্তনি—১। নির্দিষ্ট খাজনা দিবার নিয়মে সংস্থাপিত ('— ভূমি')। বিণ। ২। কায়েমী (স্থায়ী) বন্দোবস্তে ভূস্বামীর নিকট হইতে নির্দিষ্ট খাজনায় লওয়া তালুক মৌজা প্রঃ। পত্তন+ই সম্বন্ধাদি অর্থে। বাংপ্র। বি।

পত্তনিদার—'পত্তনদার' দ্রঃ।

পত্তি—পদাতিক সৈন্য: বীর; সেনা বিঃ [এক হস্তী, এক রথ, তিন অশ্ব, পঞ্চ পদাতিক]; যে দলে পঞ্চাশজন সেনা আছে। পদ্+ক্তিচ্ কর্তৃ। বি; পুং। (ন-আগম)। বি; স্ত্রী।

পত্নী—বিবাহিতা স্ত্রী, ভার্যা। পতি+ঈপ্ জায়ার্থে

পত্নীপ্রেম (-প্রেমন্)—১। স্ত্রীর প্রতি ভালবাসা। ৭মীতৎ। ২। স্ত্রীর ভালবাসা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পত্র—১। পাতা; বাহন। পত্+ষ্ট্রন্ কর্তৃ। ২। পালক; বাণের পক্ষ: পুস্তকাদির পাতা; সোনা প্রঃ ধাতুর পাত; পত্রলতা; শরপত্র; চিঠি; লিখিত কাগজ: মুদ্রিত কাগজ: (বাংপ্র) দলিল প্রঃ এবং অপরাপর জিনিস। পত্+ষ্ট্রন্ করণ। বি; ক্লী। ৩। প্রভৃতি, এবং সমজাতীয় অন্যান্য বস্তু ('জিনিস —', 'খাতা —')। বাংপ্র। বি।

পত্রক—ক্ষুদ্র পত্র: চন্দনাদি-রচিত চিত্রসমূহ। পত্র+কন্ স্বার্থে। বি: ক্লী।

পত্রত্যাগী (-ত্যাগিন্), **-মোচী** (-মোচিন্)—পর্ণমোচী, শীতকালে যে সকল গাছের পাতা ঝরিয়া পড়িয়া যায় এরূপ। উপতৎ: পত্র—ত্যজ্+ঘিনুণ্, মুচ+ণিন্ কর্তৃ। বি: পুং, বা বিণ।

পত্রপাঠ—১। চিঠি পড়া। ৬ষ্ঠীতৎ। বি· পুং। ২। চিঠি পড়িবামাত্র: তৎক্ষণাৎ। বাংপ্র। ক্রি-বিণ।

পত্রপুট—১। পাতার ঠোঙ্গা। মধ্যপ কর্মধা। ২। পত্ররূপ পাত্র। রূপক কর্মধা। বি: পুং বা ক্লী।

পত্রবাহ, পত্রবাহক—যে চিঠি বহন করিয়া লইয়া যায় এরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ।
পত্রব্যবহার—পরস্পরের মধ্যে চিঠি লেখালেখি। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।
পত্রভঙ্গ—কপোলাদিতে পত্রলেখা। মধ্যপ। বি: পুং।
পত্রমুদ্রা—প্রচলিত সরকারী কাগজী মুদ্রা, currency note. পত্রস্থিতা মুদ্রা, মধ্যপ। বি; স্ত্রী।
পত্রমোচী—'পত্রত্যাগী' দ্রঃ।
পত্রলেখা—কপোলাদিতে পত্রাবলী রচনা; তিলক; চিঠি লেখা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
পত্রসূচি—কণ্টক; পুস্তকের পাতার নির্ঘণ্ট। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।
পত্রাঙ্ক—বই প্রঃ পাতা বা পৃষ্ঠার ক্রমসূচক সংখ্যা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পত্রাবলি, -বলী, পত্রালি, -পত্রালী—পত্ররচনা, অলকা-তিলকা; বৃক্ষপর্ণ সকল; পুস্তকের পাতা সকল। পত্রের আবলি, আবলী, আলি, আলী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
পত্রাসন—১। পাতার আসন। কর্মধা। বি: ক্লী। ২। পত্রোপবিষ্ট। বহু। বিণ।
পত্রিকা—পত্র, চিঠিপত্রসমূহ; সাময়িক পত্র। পত্র+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
পত্রী—পত্রিকা; চিঠি। পত্র+ঈপ্। বি; স্ত্রী।
পত্রী (-ত্রিন্)—১। পাখি; বাণ; পর্বত; বৃক্ষ। বি; পুং। ২। পত্রবিশিষ্ট। পত্র+ইন্ আছে অর্থে। বিণ।
পত্রোদ্গম—পাতা বাহির হওয়া; (পাখির) পাখা বাহির হওয়া। পত্রের উদ্গম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পথ—রাস্তা; সরণী ('রাজ —'); অভিমুখ ('ধ্বংসের —'); পন্থা, উপায় ('— পাওয়া'); গমনের দিক্ ('— দেখা'); গোচর ('শ্রবণ —')। পথ্+অচ্ করণ। বি; পুং। **পথ আগলানো**—পথ চলায় বাধার সৃষ্টি করা। **পথ করা**—রাস্তা তৈয়ার করা, উপায় বাহির করা। **পথ চাওয়া**—কাহারও আগমনের প্রতীক্ষা করা। **পথ দেখা**—অন্য উপায় অবলম্বন করা; সরিয়া পড়া। **পথ দেখানো**—পথ প্রদর্শন করা; দৃষ্টান্ত স্থাপন করা। **পথ পাওয়া**—কার্য সাধনের উপায় জ্ঞাত হওয়া। **পথ মাড়ানো**—পথে পদার্পণ করা। **পথে আসা**—ঠিক পথ ধরা; বিরোধিতা ত্যাগ করা। **পথে কাঁটা পড়া**—উদ্দেশ্য-সিদ্ধির পথে বাধার সৃষ্টি হওয়া। **পথে দাঁড়ানো**—সম্পূর্ণ নিঃস্ব হওয়া। **পথে বসানো**—গুরুতর বিপদে ফেলা; নিঃস্ব করা। **পথের কাঁটা**—উন্নতির বাধা। **পথের কুকুর**—একান্ত অবহেলিত ও আশ্রয়-হীন ব্যক্তি। **পথের ভিখারী**—নিতান্ত দীনহীন ব্যক্তি।
পথকর—রাস্তার নির্মাণ সংস্কার প্রঃর জন্য প্রজাকে যে কর দিতে হয় তাহা। মধ্যপ। বি: পুং।
পথখরচ—রাহাখরচ: পাথেয়। পথ-প্রয়োজনীয় খরচ, মধ্যপ (বাংপ্র)। বি। [(বাংপ্র) বিণ।
পথ-চলতি—যে পথে চলিতেছে এমন ('— লোক')।
পথচারী (-রিন্)—পথিক। উপতৎ; পথ—চর্+ণিন্ কর্তৃ। বিণ।
পথপার্শ্ব—রাস্তার ধার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পথপ্রদর্শক—যে রাস্তা দেখাইয়া দেয়; যে নিজের কার্য দ্বারা অন্যকে কিছু করিবার প্রবৃত্তি দেয়। ৬ষ্ঠী-তৎ। বিণ। স্ত্রী, -র্শিকা।
পথপ্রান্ত—রাস্তার ধার, রাস্তার শেষ সীমা। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।
পথভ্রষ্ট—প্রকৃত পথ হইতে বিচ্যুত হইয়া ভুল পথে চলিত; পথচ্যুত। ৫মীতৎ। বিণ।
পথভ্রান্ত—যে রাস্তা ভুলিয়াছে এমন; পথহারা। ৭মীতৎ। বিণ। বি, -ভ্রান্তি।
পথরোধ—রাস্তা বন্ধ করা; পথ আগলানো। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [পুং, স্ত্রী।
পথশ্রম, -শ্রান্তি—পথভ্রমণজনিত ক্লান্তি। মধ্যপ। বি;
পথহারা—যে রাস্তা হারাইয়াছে এরূপ। পথ হারাইয়াছে যে, উপতৎ (বাংপ্র)। বিণ।
পথিক—১। ভ্রমণকারী। বিণ। স্ত্রী, -কী (সং), -কা (বাং)। ২। পান্থ, বিদেশী ব্যক্তি। পথিন্+ষ্কন্ কুশলার্থে। বি; পুং।
পথিকশালা, -কাবাস—পান্থগৃহ, সরাই। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, পুং।
পথিকৃৎ—পথপ্রদর্শক; প্রথম কার্যপন্থার প্রদর্শক, pioneer. পথিন্—কৃ+ক্বিপ্ কর্তৃ। বি; পুং।
পথিপার্শ্ব—রাস্তার ধার। পন্থার পার্শ্ব, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পথিপার্শ্বস্থ—রাস্তার ধারে অবস্থিত। উপতৎ। পথিপার্শ্ব—স্থা+ক কর্তৃ। বিণ। [বি।
পথে-ঘাটে—যেখানে-সেখানে, সকল জায়গায়। বাংপ্র।
পথ্য—১। হিত; যোগ্য। পথিন্+যৎ যোগ্যার্থে। বিণ। স্ত্রী—পথ্যা। ২। রোগীর যোগ্য আহারাদি। পথ (বৈদ্যোক্ত ব্যবস্থা)+যৎ অনপেতার্থে। বি; ক্লী। **পথ্য করা**—রোগীর চিকিৎসকানুমোদিত আহার্য গ্রহণ করা। [বি: ক্লী।
পথ্যাপথ্য—উপকারক এবং অপকারক খাদ্য। দ্বন্দ্ব।
পদ—১। পা, চরণ; চিহ্ন; পদচিহ্ন; বাচক শব্দ; আধিপত্য; ঐশ্বর্য; লক্ষ্যবস্তু; বিভক্তিযুক্ত ধাতু বা শব্দ; ছন্দোবদ্ধ বাক্য বা বাক্যাংশ; সংগীতের বাক্যাবলী; পাদ, চতুর্থাংশ; ত্রাণ; ব্যবসায়; অব-কাশ; স্থান; ছল। বি; ক্লী। ২। কিরণ। পদ্+অ করণ। বি; পুং। **পদে পদে**—প্রতিবারে; প্রতি-বাক্যে; প্রতি পাদবিক্ষেপে।
পদক—১। দেবপদাদি চিহ্নহেতু স্বনামখ্যাত কণ্ঠ-ভূষণ। বি; পুং। ২। পদবেত্তা। পদ+কন্ অধ্যয়নার্থে, জ্ঞানার্থে। বিণ। স্ত্রী—পদিকা। ৩। পুরস্কারার্থ প্রদত্ত ধাতুনির্মিত দ্রব্য; medal; হারের মধ্যস্থানের দোলা লকেট। বাংপ্র। বি।
পদকর্তা (-কর্তৃ)—পদ বা শ্লোকরচয়িতা। ৬ষ্ঠী-তৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -কর্ত্রী।
পদক্ষেপ—'পদন্যাস' দ্রঃ।
পদগৌরব—পদ অর্থাৎ চাকরির সম্মান; উচ্চপদে

অধিষ্ঠিত থাকাতে যে সম্মান লাভ হয় তাহা। পদ-জনিত গৌরব, মধ্যপ। বি; স্ত্রী।
পদচারণ—পায়চারি; ধীরে ধীরে ইতস্ততঃ ভ্রমণ। ৩য়াতৎ। বি; স্ত্রী।
পদচিহ্ন—পায়ের দাগ; পদাঙ্ক। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
পদচ্ছায়া—পায়ের ছায়া; চরণে আশ্রয়; দয়া। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।
পদচ্যুত—যাহাকে চাকরি হইতে ছাড়াইয়া দেওয়া হইয়াছে এরূপ; বরখাস্ত; অধিকৃত স্থান হইতে বিতাড়িত। ৫মীতৎ। বিণ। বি, **-চ্যুতি**।
পদছায়া—চরণের ছায়া, চরণতলে আশ্রয়। < পদ-চ্ছায়া। বি।
পদত্যাগ—অধিকারবর্জন; চাকরি ছাড়িয়া দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পদদলিত—পদদ্বারা মর্দিত, পা দিয়া মাড়ানো হইয়াছে এমন। ৩য়াতৎ। বিণ।
পদধূলি—পায়ের ধূলা। পদসংলগ্না ধূলি, মধ্যপ। বি; স্ত্রী।
পদধ্বনি—পায়ের শব্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পদন্যাস, -ক্ষেপ, -বিক্ষেপ—পা-ফেলা, পদার্পণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পদপঙ্কজ—চরণকমল; পদ্মের ন্যায় সুন্দর চরণ। পদ পঙ্কজতুল্য, উপমিত কর্মধা; অথবা, পদরূপ পঙ্কজ, রূপক কর্মধা। বি; স্ত্রী।
পদপরিচয়—(ব্যাক)—বাক্যস্থিত এক পদের সহিত অন্যান্য পদের সম্বন্ধ নির্ণয়, parsing. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পদপল্লব—বৃক্ষের পল্লবসদৃশ সুন্দর চরণ। পদরূপ পল্লব, রূপক কর্মধা; অথবা, পদ পল্লবসদৃশ, উপমিত কর্মধা। বি; পুং।
পদপিষ্ট—চরণদ্বারা দলিত। ৩য়াতৎ। বিণ।
পদপ্রান্ত—পায়ের তলা; পায়ের কাছাকাছি স্থান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পদপ্রার্থী (-প্রার্থিন্)—যে আধিপত্য লাভ করিতে চায় এরূপ; চাকরি লাভ করিতে ইচ্ছুক; চরণে আশ্রয় পাইতে অভিলাষী এরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-প্রার্থিনী**।
পদবি, পদবী—উপনাম; উপাধি; পথ; পদ্ধতি; ব্যবসায়। পদ্+অবি করণ, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
পদবিক্ষেপ—'পদন্যাস' দ্রঃ। [পুং।
পদবিন্যাস—পদক্ষেপ; শব্দসাজানো। ৬ষ্ঠীতৎ। বি;
পদবী—'পদবি' দ্রঃ। [বি।
পদব্রজ—পায়ে হাঁটা। পদদ্বারা ব্রজ (গমন), ৩য়াতৎ।
পদভূষণ, পাদভূষণ—পায়ের গহনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
পদমর্যাদা—পদের সম্মান, আধিপত্যজনিত সম্ভ্রম। পদগত মর্যাদা, মধ্যপ। বি; স্ত্রী।
পদমূল—পায়ের গোড়ালি; চরণ-সমীপস্থ স্থান, পদ-প্রান্ত। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
পদযুগল—দুইটি চরণ। পদের যুগল (দ্বয়), ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।
পদরজঃ (-রজস্), **-রেণু**—চরণধূলি, পায়ের ধূলা। পদসংলগ্ন রজঃ, রেণু, মধ্যপ। বি; স্ত্রী, পুং বা স্ত্রী।
পদলেহন—পা চাটা; স্বার্থসিদ্ধির জন্য কাহারও তোষামোদ করা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
পদসেবা—চরণসেবা; পায়ে হাত বুলাইয়া এবং পা টিপিয়া আরামবিধান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
পদস্খলন—পা পিছলাইয়া যাওয়া; নৈতিক চরিত্র-বিষয়ে অধঃপতন; কর্তব্য হইতে বিচ্যুতি। ৬ষ্ঠীতৎ। বি, স্ত্রী।
পদস্থ—সম্ভ্রান্ত; উচ্চপদে অধিষ্ঠিত; যে বড় চাকরি করে এরূপ। উপতৎ; পদ—স্থা+ক কর্তৃ। বিণ।
পদহেতু, পদাধিকারে—পদের আনুষঙ্গিক যে প্রভাব তাহার বলে (ব্যক্তিগত প্রভাবে নহে), ex-officio. পদের হেতু যাহাতে, বহু; পদের অধিকার, ৬ষ্ঠী-তৎ, তাহাতে। ক্রি-বিণ; দ্বিতীয় পক্ষে বি; পুং, হেতু অর্থে ৭মী।
পদাগ্র—পায়ের আগা; পদপ্রান্ত। পদের অগ্র, ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী। [পুং।
পদাঘাত—লাথি। পদদ্বারা আঘাত, ৩য়াতৎ। বি;
পদাঙ্ক—পায়ের দাগ, পদচিহ্ন। পদের অঙ্ক (চিহ্ন), ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পদাতি, পদাতিক—পদচারী সৈন্য, পাইক। পাদ—অত্+ইন্ কর্তৃ (পাদস্থানে পদ); পদাতি+কন্ স্বার্থে। বি; পুং।
পদানত, পদাবনত—চরণে পতিত; বশীভূত। পদে আনত, অবনত, ৭মীতৎ। বিণ।
পদানুগমন, -বর্তন, -সরণ—পশ্চাৎ পশ্চাৎ গমন. (মহাজনের) প্রদর্শিত পথে গমন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
পদানুবর্তী, -সারী—পশ্চাৎ গমনকারী; সাধুজনের পথে গমনকারী। ৬ষ্ঠীতৎ। বিণ; পুং। স্ত্রী, **-বর্তিনী, -সারিণী**।
পদান্বয়—বাক্যের অন্তর্গত শব্দের পদনির্ণয় এবং অন্যান্য পদের সহিত সম্বন্ধ-প্রদর্শন। পদের অন্বয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পদাবনত—'পদানত' দ্রঃ।
পদাবলী—কবিতাসমূহ; বৈষ্ণবগীতিকবিতা। পদের আবলী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। **পদাবলী সাহিত্য**—বৈষ্ণব কবিদের রচিত রাধাকৃষ্ণের লীলাবিষয়ক কাব্য গ্রন্থসকল। [বি; স্ত্রী।
পদাম্বুজ, পদারবিন্দ—পদপঙ্কজ। উপমিত কর্মধা।
পদার্থ—জিনিস, সামগ্রী, বস্তু; শব্দের প্রতিপাদ্য দ্রব্য গুণ কর্ম সামান্য (class) বিশেষ (individual) সমবায় অভাব এই সপ্ত; যোগ্যতা; মূল্য; অভি-ধেয়, পদের অর্থ। পদের (শব্দের) অর্থ (অভি-ধেয়), ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পদার্থদর্শন, -বিজ্ঞান, -বিদ্যা—যে শাস্ত্র দ্বারা জড়-পদার্থ-সমুদায়ের গুণ ও ক্রিয়ার বিষয় জানা যায়, physics পদার্থ সম্বন্ধীয় দর্শন, বিজ্ঞান, বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী, স্ত্রী, স্ত্রী।

পদার্পণ—পা ফেলা, পা দেওয়া, চরণস্থাপন; আগমন; প্রবেশ। পদের অর্পণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। **পদার্পণ করা**—(কিছুর উপরে) পা রাখা; উপস্থিত হওয়া; প্রবেশ করা।

পদাশ্রয়—১। চরণকে অবলম্বন। ৬ষ্ঠীতৎ। ২। চরণ-রূপ অবলম্বন। রূপক কর্মধা। বি; পুং।

পদাশ্রিত—অনুগত; যে চরণে আশ্রয় লইয়াছে এরূপ। পদকে আশ্রিত, ২য়াতৎ। বিণ।

পদাহত—পদদ্বারা প্রহৃত। পদ দ্বারা আহত, ৩য়া-তৎ। বিণ।

পদোদক, পাদোদক—পা-ধোওয়া জল। পদের, পাদের উদক, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পদোন্নতি—আধিপত্যের উৎকর্ষ; চাকরির উন্নতি। পদের উন্নতি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পদ্ধতি—রীতি; প্রণালী; নিয়ম, পথ; শ্রেণী; রেখা; প্রবাহ; আচারগ্রন্থ; পদবী; উপাধি। পাদ—হন্+ক্তি কর্ম। বি; স্ত্রী।

পদ্ম—১। কমল, উৎপল, পঙ্কজ, শতদল; নিধি বিঃ; সংখ্যা বিঃ; হস্তীর মস্তক ও শুণ্ডের উপর চিত্রিত চিহ্ন বিঃ; ব্যূহ বিঃ। বি; পুং বা ক্লী। ২। তন্ত্রোক্ত দেহচক্র বিঃ। পদ্+মন্ কর্তৃ। বি; পুং। [৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

পদ্মকাঁটা—পদ্মের নালের কাঁটা; একপ্রকার গাত্ররোগ।

পদ্মগন্ধি—পদ্মগন্ধযুক্ত। পদ্মগন্ধতুল্য গন্ধ যাহার, বহু (ইৎ সমাসান্ত)। বিণ।

পদ্মগোখুরা—একধরনের গোখুরা সাপ। বাংপ্র। বি।

পদ্মনাভ—বিষ্ণু। পদ্ম নাভিতে যাঁহার, বহু (অচ্ সমাসান্ত)। বি; পুং।

পদ্মনেত্র—পদ্মতুল্যনেত্রযুক্ত, কমললোচন। পদ্মতুল্য নেত্র যাঁহার, বহু। বিণ।

পদ্মপত্র—পদ্মের পাপড়ি; পদ্ম গাছের পাতা। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী। [তৎ। বি; ক্লী।

পদ্মপলাশ—পদ্মের পাপড়ি; পদ্মের পাতা। ৬ষ্ঠী-

পদ্মপলাশনয়ন, -নেত্র, -লোচন—১। বিষ্ণু। বি; পুং। ২। যাহার চোখ পদ্মের পাপড়ির মত সুন্দর এবং বিস্তৃত। পদ্মের পলাশ (দল), ৬ষ্ঠীতৎ; তৎসদৃশ নয়ন, নেত্র, লোচন (চক্ষু) যাঁহার, বহু। বিণ।

পদ্মবন—যেখানে বহু পদ্মগাছ একসঙ্গে থাকে; পদ্মের ঝাড়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পদ্মমুখী—পদ্মের মত মুখশোভা-যুক্তা। পদ্মের ন্যায় মুখ যাহার, বহু+ঈপ্। বিণ; স্ত্রী।

পদ্মযোনি—ব্রহ্মা। বহু। বি; পুং।

পদ্মরাগ—একপ্রকার মণি, চুনি, মানিক, ruby. পদ্মের রাগের (রঙের) ন্যায় রাগ যাহার, বহু। বি; পুং।

পদ্মলোচন—যাহার চোখ পদ্মের পাপড়ির মত আয়ত এমন। পদ্মসদৃশ লোচন যাহার, বহু। বিণ।

পদ্মহস্ত—পদ্মের মত সুন্দর হাত। পদ্মসদৃশ হস্ত, মধ্যপ। বি; ক্লী।

পদ্মা—লক্ষ্মী; মনসা; নদী বিঃ। পদ্ম+অচ্ আছে অর্থে+আপ্। বি; স্ত্রী।

পদ্মাকর—সরোবর; পদ্মযুক্ত জলাশয়। পদ্মের আকর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পদ্মাক্ষ—১। যাহার চোখ পদ্মের মত সুন্দর এমন। বহু। বিণ। ২। পদ্মবীজ। পদ্মের অক্ষি, ৬ষ্ঠীতৎ (অচ্ সমাসান্ত)। বি; ক্লী।

পদ্মাবতী—মনসাদেবী; কর্ণপত্নী; পদ্মানদী। পদ্ম+মতুপ্+ঈপ্। বি; স্ত্রী। [বি; স্ত্রী।

পদ্মালয়া—লক্ষ্মী। পদ্ম আলয় যাঁহার, বহু+আপ্।

পদ্মাসন—১। আসনবন্ধ বিঃ, উপবেশন বিঃ; কমলা-সন; রতিবন্ধ বিঃ। পদ্মাখ্য আসন, মধ্যপ। বি; ক্লী। ২। ব্রহ্মা। পদ্ম আসন যাঁহার, বহু। বি; পুং।

পদ্মিনী—পদ্মসমূহ, পদ্মের ঝাড়; যে পুকুরে বহু পদ্ম আছে; চতুর্বিধ স্ত্রীর মধ্যে সুলক্ষণা প্রথমা স্ত্রী, হস্তিনী; রাজমহিষী বিঃ। পদ্ম+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

পদ্য—কবিতা, শ্লোক, ছন্দোবন্ধ বাক্য। পদ+যৎ যোগ্যার্থে। বি; ক্লী।

পনপন—মশার ডাকের শব্দ। বাংপ্র। ধ্বন্যাত্মক অ।

পনর, পনরো—১। পঞ্চদশ-সংখ্যা, ১৫। বি। ২। পঞ্চদশ-সংখ্যক। < পঞ্চদশ। বিণ।

পনরই—মাসের পঞ্চদশ দিবস। পনর+ই তারিখ অর্থে (বাংপ্র)। বি বা বিণ।

পনস—১। কাঁটালগাছ; কণ্টক। বি; পুং। ২। কাঁটাল-ফল। পন্+অসচ্ কর্ম, সংজ্ঞার্থে। বি; ক্লী।

-পনা—ভাববাচক বা বিশিষ্টতাপ্রকাশক প্রত্যয় বিঃ ('গিন্নী —')। [cheese. ফা। বি।

পনির, পনীর—লবণ দ্বারা সংরক্ষিত জলশূন্য ছানা,

পন্থ—১। পথ। কপ্র। ২। ধর্মসম্প্রদায়; ধর্মমত; উপায়। বাংপ্র। বি।

পন্থা (পথিন্)—পথ; উপায়; স্বভাব; রীতি; সাধনার মার্গ। 'পথিন্' শব্দের ১মার একবচন। বি; পুং।

পন্থী—(সমাসে) মতানুবর্তী; পন্থাবলম্বী ধর্ম-সম্প্রদায়ভুক্ত ('নানক —')। বাংপ্র। বিণ।

পন্নগ—সর্প। পন্ন (পতিত)—গম্+ড কর্তৃ। বি; পুং।

পপাত—পড়িয়া গেল ('— ধরণীতলে')। সং। ক্রি।

পবন—বায়ু। পূ+অন কর্তৃ। বি; পুং।

পবনগতি—১। বায়ুর ন্যায় দ্রুতগমনশীল। পবনের গতির ন্যায় গতি যাহার, বহু। বিণ। ২। বায়ুর প্রবাহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পবননন্দন, -পুত্র—হনুমান্; ভীম। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [-ত্রা।

পবিত্র—পরিশুদ্ধ; পূত। পূ+ইত্র কর্তৃ। বিণ। বি,

পবিত্রিত—যাহা পবিত্র হইয়াছে এমন; সংশোধিত, পরিষ্কৃত; বিশুদ্ধীকৃত। পবিত্র+ণিচ্ (=পবিত্রি নামধাতু)+ক্ত কর্ম। বিণ।

পবিত্রীকৃত—যাহা পবিত্র করা হইয়াছে এরূপ। পবিত্র+অভূততদ্ভাবার্থে চ্বি (=পবিত্রী)—কৃ+ক্ত কর্ম। বিণ। বি, -করণ।

পমেটম—চুলে মাখিবার সুগন্ধি দ্রব্য বিঃ। <ইং 'pomatum'. বি।

পয়—১। শুভাদৃষ্ট, ভাল অদৃষ্ট। বি। ২। মঙ্গলজনক। বাংপ্র। বিণ।

পয়ঃ (পয়স্)—দুগ্ধ; জল। পা+অস্ কর্ম, সংজ্ঞার্থে। বি; ক্লী। [স্ত্রী।

পয়ঃপ্রণালী—জলনির্গমপথ, নরদমা। ৬ষ্ঠীতৎ। বি;

পয়গম্বর—ঐশ্বরিক-বার্তা-প্রচারক; ঈশ্বরপ্রেরিত পুরুষ, prophet. ফা। বি।

পয়জার—চটি জুতা ("তোমার মুখে সাত পয়জার মারিয়া স্বর্গে চলিয়া যাইব।"—বঙ্কিম)। ফা। বি।

পয়দা—উৎপাদন; জন্ম। ফা। বি।

পয়নালা, -নালী—জলপ্রণালী, নরদমা। <পয়ো-নালক। বি।

পয়মন্ত—কল্যাণপ্রদ; ভাগ্যবান্। পয়+মন্ত বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।

পয়মাল—পদদলিত; নষ্ট। <ফা 'পায়মাল'। বিণ।

পয়রা গুড়—পাতলা গুড়। [বি বা বিণ।

পয়লা, পহেলা—প্রথম; মাসের প্রথম দিন। হি-মু। বি।

পয়সা—তাম্রমুদ্রা; অর্থ, টাকাকড়ি। <পাদ। বি। **পয়সা করা**—ধনবান্ হওয়া। **পয়সার কাজ**—অনেক টাকার কাজ। [(বাংপ্র)। বিণ।

পয়সাওয়ালা—ধনবান্। পয়সা+ওয়ালা আছে অর্থে

পয়স্বিনী—১। প্রচুর দুগ্ধবতী গাভী। বি; স্ত্রী। ২। দুগ্ধবতী ('— গাভী'); জলশালিনী। পয়স্ +বিন্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

পয়স্য—দুগ্ধে প্রস্তুত, দুগ্ধজাত। পয়স্+যৎ ভবার্থে। বিণ।

পয়া—১। পদ; সৌভাগ্য; সুলক্ষণ। বি। ২। সৌভাগ্যবান্; সুলক্ষণ। বাংপ্র। বিণ।

পয়ান—প্রস্থান। <প্রয়াণ। বি।

পয়ার—বাঙ্গালা পদ্যের চতুর্দশাক্ষর ছন্দ। <পদ-কার। বি। [বি; পুং।

পয়োদ—জলদ, মেঘ। উপতৎ; পয়স্—দা+ক কর্তৃ।

পয়োধর—স্ত্রীলোকের স্তন; মেঘ। পয়ের ('পয়স্'-শব্দ) ধর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পয়োধি, -নিধি—সমুদ্র। উপতৎ; পয়স্—ধা+কি কর্তৃ; পয়ের নিধি (আধার), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পয়োনালী—নরদমা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পয়োনিধি—'পয়োধি' দ্রঃ।

পয়োমুক্ (-মুচ্)—জলদ, মেঘ। পয়স্—মুচ্+ক্বিপ্ কর্তৃ। বি; পুং।

পর—১। (সমাসের উত্তরপদ হইলে) নিষ্ঠ, আসক্ত; অনন্তর; প্রধান; অন্য; ভিন্ন; সম্যক্; দূর; অধিক; সীমাপরিচ্ছিন্ন। পৄ+আপ্ করণ। বিণ। ২। পরমাত্মা; ব্রহ্মার আয়ুষ্কাল। শত্রু; বি; পুং। ৩। ব্রহ্ম; মোক্ষ। পৄ+অচ্ কর্তৃ। বি; ক্লী। ৪। কেবল; অনন্তর। ক্রি-বিণ। ৫। পক্ষীর পালক। ফা। ৬। তিন ঘণ্টা কাল, যাম। <প্রহর। বি। ৭। উপরি। <উপরি। অ। **পরের ঘর**—মেয়েদের শ্বশুরঘর।

পরওয়ানা—হুকুমনামা, আদালতে উপস্থিত হইবার আদেশপত্র। <ফা 'পরবানা'। বি।

পরকলা—কাচ; আরশি; আতশী, lens. <ফা 'পর্কালা'। বি।

পরকাল—মৃত্যুর পরবর্তী সময়; ভবিষ্যৎ জীবন। পরবর্তী কাল, মধ্যপ। বি; পুং। **পরকাল খাওয়া**—ভবিষ্যৎ নষ্ট করা। **পরকাল ঝরঝরে**—ভবিষ্যৎ উন্নতির সম্ভাবনাহীন।

পরকীয়—অন্য সম্বন্ধীয়; অপরের। পর+ঈয় সম্বন্ধার্থে (ক-আগম)। বিণ।

পরকীয়া—১। নায়িকা বিঃ; যে পরস্ত্রীকে নিজ নায়িকারূপে কল্পনা করা হয়। বি; স্ত্রী। ২। অন্য সম্বন্ধীয়া। পরকীয়+আপ্। বিণ।

পরখ—গুণ যোগ্যতা ইঃর বিচার; বিবেচনা। <পরীক্ষা। বি। [অংশ। <প্রগণ। বি।

পরগনা—কতকগুলি গ্রামের সমষ্টি, চাকলা; জেলার

পরগাছা—অন্য বৃক্ষের উপরে জাত বৃক্ষ, পরজীবী উদ্ভিদ; (ব্যঙ্গার্থে) অবাঞ্ছিত পরজন, পোষ্যপুত্র। পর (অপর) গাছ, কর্মধা+আ স্বার্থে (বাংপ্র)। বি।

পরগ্লানি—পরের নিন্দা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পরঘরী—পরাশ্রয়ী, পরগৃহবাসী। পরঘর+ঈ আশ্রিতার্থে (বাংপ্র)। বিণ। **পরঘরী পান্তাহারী**—যাহার নিজের কোন আশ্রয় বা অন্নের সংস্থান নাই।

পরচর্চা—অন্যের বিষয় আলোচনা; পরনিন্দা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পরচা—জমির খাজনা পরিমাণ মালিকানা প্রঃর পরিচয়-জ্ঞাপক দলিল। <পরিচয়। বি।

পরচার—প্রকাশ, ঘোষণা। কপ্র। বি।

পরচালা—অন্যচালা; চালের ছাঁইচ; প্রধানগৃহসংলগ্ন ছোট চালা। বাংপ্র। বি।

পরচুল, -চুলা—মাথায় পরিবার কৃত্রিম কেশাবরণ; নকল গোঁফদাড়ি। কর্মধা (বাংপ্র)। বি।

পরচ্ছন্দানুবর্তী (-র্তিন্)—যে পরের মন যোগাইয়া চলে এমন; পরাধীন। উপতৎ; পরচ্ছন্দ—অনু—বৃত্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বর্তিনী**, বি, **-বর্তিতা**। [ক্লী।

পরচ্ছিদ্র—পরদোষ; পরের ছিদ্র, ৬ষ্ঠীতৎ। বি;

পরচ্ছিদ্রান্বেষী (-ষিন্)—যে অন্যের দোষ খোঁজে এমন। উপতৎ; পরচ্ছিদ্র—অনু—ইষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ষিণী**।

পরজ, পরোজ—সংগীতের রাগিণী বিঃ। বাংপ্র। বি।

পরজাত—অন্যের প্রতিপালিত; অন্য ব্যক্তি হইতে উৎপন্ন। ৫মীতৎ। বিণ। [তৎ। বিণ।

পরজিত—অন্যাভিভূত; শত্রু কর্তৃক পরাজিত। ৩য়া-

পরজীবী (-বিন্)—পরগাছা; রোগজীবাণু, parasite. উপতৎ; পর—জীব+ণিন্ কর্তৃ। বি; পুং।

পরঞ্জয়—শত্রুজয়ী। পর—জি+খ কর্তৃ। বিণ।

পরটা, পরোটা—ঘিয়ে ভাজা স্তরে স্তরে পাট-করা একপ্রকার লুচি। হি-মু। বি।

পরত—ভাঁজ, স্তর। বাংপ্র। বি।

পরতঃ (-তস্)—অপর হইতে; অন্যপ্রকারে; ভিন্ন-

ভাবে; বাহিরে; অতিক্রম করিয়া। পর+তস্। অ।
পরতন্ত্র—পরাধীন। বহু। বিণ।
পরত্র—পরলোকে। পর+ত্র। অ।
পরদার—অন্যের পত্নী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পরদারগমন—অন্যের স্ত্রীর সহিত সংগম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পরদারগামী (-মিন্)—অন্য ব্যক্তির স্ত্রীর সহিত সংগমকারী। উপতৎ; পরদার—গম্+ণিন্ কর্তৃ। বিণ। [বা বিণ।
পরদারিক—পরস্ত্রীগামী। পরদার+ইক (ঠন্)। বি
পরদেশ—বিদেশ; স্বর্গ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পরদেশী (-শিন্)—প্রবাসী; বিদেশী; পরদেশে জাত। পরদেশ+ঈ নিবাসাদ্যর্থে (বাংপ্র)। বি বা বিণ।
পরদ্বেষী (-দ্বেষিন্)—যে পরকে হিংসা করে এমন। উপতৎ; পর—দ্বিষ্+ণিন্ বা ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-দ্বেষিণী।**
পরধন—পরের টাকাপয়সা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পরধর্ম—স্বীয় ধর্ম হইতে ভিন্ন ধর্ম; অন্যের কর্তব্য বা ধর্ম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পরধর্মদ্বেষী (-দ্বেষিন্)—যে পরের ধর্মমতকে অশ্রদ্ধার চোখে দেখে এমন। উপতৎ; পরধর্ম—দ্বিষ্+ণিন্ বা ঘিনুণ কর্তৃ। বিণ। স্ত্রী, **-দ্বেষিণী।**
পরন—১। বস্ত্রাদি পরিধানকরণ। ＜পরিধান। ২। আনদ্ধ যন্ত্রে প্রাথমিক সরল ছন্দের পরে প্রযুক্ত বাদ্য। বাংপ্র। বি।
পরনারী—অন্যের পত্নী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
পরনিন্দা—অন্যের দোষ-কথন, পরের কুৎসা। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।
পরনিপাত—(ব্যাক) সমাসে কোন শব্দের পূর্বে অবস্থান স্বাভাবিক হইলেও বিশেষ নিয়মে পরে অবস্থান। ৭মীতৎ। বি; পুং।
পরন্তপ—শত্রুর পীড়াদায়ক; শত্রুকে যে পীড়া দেয় এরূপ। উপতৎ; পর—তপ্+ণিচ্+খচ্ কর্তৃ। বিণ।
পরন্তু—অধিকন্তু; অপরন্তু; পরেও। পরম্+তু। অ।
পরপতি—উপপতি; অন্যের স্বামী। কর্মধা বা ৬ষ্ঠী-তৎ। বি; পুং।
পরপদ—উৎকৃষ্টস্থান; শ্রেষ্ঠপদ; মুক্তি; (ব্যাক) সমাসে এক পদের পরবর্তী অপর পদ। পর (শ্রেষ্ঠ, পরবর্তী) পদ, কর্মধা। বি; ক্লী।
পরপর—উত্তরোত্তর; একটির পর আর একটি—এই ভাবে। বাংপ্র। ক্রি-বিণ।
পরপীড়ক—অপরের উপর অত্যাচারকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-পীড়িকা।** [তৎ। বি; ক্লী, স্ত্রী।
পরপীড়ন, -পীড়া—অন্যের উপর অত্যাচার। ৬ষ্ঠী-
পরপুরুষ—শ্রেষ্ঠ পুরুষ; বিষ্ণু; স্বামী ভিন্ন অন্য ব্যক্তি, উপনায়ক; কোন নারীর অনাত্মীয় পুরুষ। কর্মধা। বি; পুং।
পরপুষ্ট—১। কোকিল। বি; পুং। ২। অন্যকর্তৃক প্রতিপালিত। ৩য়াতৎ। বিণ।
পরব—উৎসব, আনন্দজনক অনুষ্ঠান। ＜পর্ব। বি।
পরবর্তী (-র্তিন্)—পরের; পরে অবস্থিত। উপ-তৎ; পর—বৃৎ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বর্তিনী।** বি, **-বর্তিতা।**
পরবশ—কোন কিছুর বশীভূত; পরায়ত্ত, পরাধীন। ৬ষ্ঠীতৎ। বিণ।
পরবাদ—পরনিন্দা; প্রত্যুত্তর। পরনিন্দক বাদ (কথা), মধ্যপ; বা, পর (উত্তর) বাদ, কর্মধা। বি; পুং।
পরবাস—১। বিদেশ। ＜প্রবাস। বি। ২। অন্যের গৃহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পরবাসী—বিদেশবাসী। ＜প্রবাসী। বিণ। স্ত্রী, **-বাসিনী।**
পরব্রহ্ম (-ব্রহ্মন্)—পরমেশ্বর। কর্মধা। বি; ক্লী।
পরভাগ্যোপজীবী (-বিন্)—যে অন্যের উপার্জন বা অর্থের উপর নির্ভর করিয়া জীবিকা নির্বাহ করে। পরের ভাগ্য, ৬ষ্ঠীতৎ; পরভাগ্য—উপ—জীব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-জীবিনী।**
পরভাতা, -তী—অন্নের জন্য পরের উপর নির্ভর-কারী; পরের অন্নে প্রতিপালিত। পরভাত+আ, ঈ ভক্ষকার্থে (বাংপ্র)। বিণ।
পরভৃৎ—কাক, বায়স। উপতৎ; পর—ভৃ+ক্বিপ্ কর্তৃ। বি; পুং। [প্রতিপালিত। ৩য়াতৎ। বিণ।
পরভৃত—১। কোকিল। বি; পুং। ২। অন্যের দ্বারা
পরম—আদ্য; শেষ; প্রকৃত; উৎকৃষ্ট, শ্রেষ্ঠ; প্রধান; অত্যন্ত; চরম; সর্বাতীত; মহৎ; অন্যনিরপেক্ষ, স্বয়ংস্থিত, absolute. পর—মা+ক কর্তৃ। বিণ।
পরমত—অন্যের অভিপ্রায়; অপরের ধর্মমত। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী।
পরমতসহিষ্ণুতা—অন্যের মত বা সিদ্ধান্ত শোনা ও সহ্য করার মত মানসিক স্থিরতা। পরমতকে সহিষ্ণু, ২য়াতৎ+তা ভাবার্থে। বি; স্ত্রী। বিণ, **-সহিষ্ণু।**
পরমপিতা (-পিতৃ)—জগতের পিতা। কর্মধা। বি; পুং। [পুং।
পরমপুরুষ—মহাপুরুষ; পরমেশ্বর। কর্মধা। বি;
পরমব্রহ্ম (-ব্রহ্মন্)—পরমেশ্বর, পরব্রহ্ম। কর্মধা। বি; ক্লী। [প্রাপ্তি। কর্মধা। বি; স্ত্রী।
পরমমুক্তি—বিদেহ-বৈকল্য, জীবন্মুক্ত ব্যক্তির পরব্রহ্ম-
পরমর্ষি—১। বেদব্যাসাদি ঋষি। পরম (শ্রেষ্ঠ) ঋষি, কর্মধা। বি; পুং। ২। ব্রহ্মবেত্তা। পরম (ব্রহ্ম) —ঋষ্+ইন্ কর্তৃ। বিণ।
পরমহংস—সন্ন্যাসী বিং, মহাযোগী। পরম (প্রধান) হংস (তপস্বী), কর্মধা। বি; পুং।
পরমা—শ্রেষ্ঠা, প্রধানা। পরম+আপ্। বিণ; স্ত্রী। **পরমা গতি**—নির্বাণ; মুক্তি; কৈবল্য। **পরমা প্রকৃতি**—আদ্যাশক্তি, মূল প্রকৃতি, মহামায়া।
পরমাণু—দৃষ্টির অগোচর সূক্ষ্মতম কণা, মৌল পদার্থের সূক্ষ্মতম অংশ, atom. পরম অণু (কণা), কর্মধা। বি; পুং।
পরমাণুবাদ—জগতের যাবতীয় পদার্থ পরমাণুর সমষ্টি এইরূপ মত; কোন বস্তুর পরমাণু একাকী

অবস্থান করিতে পারে না—প্রত্যেক পরমাণুই পরস্পরের সহিত সংযুক্ত হইতে চায় এইরূপ মত, Dalton's Atomic Theory. পরমাণু-বিষয়ক বাদ, মধ্যপ। বি; পুং। [পুং।

পরমাত্মা (-ত্মন্)—পরমেশ্বর; পরব্রহ্ম। কর্মধা। বি;

পরমাত্মীয়—অতি ঘনিষ্ঠ সম্পর্কযুক্ত ব্যক্তি। কর্মধা। বি; পুং, বা বিণ।

পরমাদ—বিপদ্। < প্রমাদ। বি।

পরমানন্দ—১। পরমাত্মা। পরম আনন্দ যাঁহা হইতে, বহু। ২। অত্যন্ত আনন্দ। কর্মধা। বি; পুং।

পরমান্ন—পায়সান্ন। কর্মধা। বি; ক্লী।

পরমায়ু— < পরমায়ুঃ। বি।

পরমায়ুঃ (-য়ুস্)—শেষাবধিক জীবিতকাল, আয়ুঃ। পরম আয়ুঃ, কর্মধা। বি; ক্লী।

পরমার্থ—যাথার্থ্য; শ্রেষ্ঠবস্তু; ধর্ম; ভগবদ্বিষয়; পারলৌকিক বিষয়; যথেষ্ট ধন। পরম অর্থ (বস্তু), কর্মধা। বি; পুং।

পরমুখাপেক্ষা, পরমুখাপেক্ষিতা—অন্যের উপর নির্ভর, কোনও কাজের জন্য পরের মুখ চাহিয়া থাকা। পরমুখের অপেক্ষা, ৬ষ্ঠীতৎ; পরমুখাপেক্ষিন্+তা ভাবে। বি, স্ত্রী।

পরমুখাপেক্ষী (-ক্ষিন্)—অন্যের উপর নির্ভরকারী। উপতৎ; পরমুখ—অপ—ঈক্ষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**ক্ষিণী**।

পরমেশ, পরমেশ্বর—বিষ্ণু; শিব; ভগবান্। পরম ঈশ, ঈশ্বর, কর্মধা। বি; পুং।

পরমেশ্বরী—দুর্গা। পরমেশ্বর+ঈপ্। বি; স্ত্রী।

পরম্পরা—সন্ততি; ধারা; শ্রেণী; সমূহ; পরপর, অনুক্রম; অন্বয়, বংশ। পরম্—পৃ বা পূ+অচ্+কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

পরম্পরীণ—ধারাবাহিক, ক্রমাগত। পরম্পরা+ঈন উপস্থিতার্থে। বিণ।

পরল, পরোল—ধুধুল; চালের নিম্নস্থ অংশ বিঃ, চাল এবং দেওয়ালের মধ্যস্থিত ঈষৎ উন্মুক্ত স্থল। বাংপ্র। বি।

পররাষ্ট্র—বৈদেশিক রাজ্য, foreign state. পর (অপর) রাষ্ট্র, কর্মধা। বি; ক্লী।

পরলোক—লোকান্তর; ভূলোক ভুবলোক স্বর্লোক মহর্লোক জনলোক তপোলোক সত্যলোক—এই সপ্ত ঊর্ধ্বলোক; মৃত্যুর পর জীবের পুণ্য অনুসারে ভোগ্য জগৎ; পরকাল; মৃত্যু। কর্মধা। বি; পুং।

পরলোকগত—মৃত। ২য়াতৎ। বিণ।

পরলোকগমন, -প্রাপ্তি—মৃত্যু। ৭মীতৎ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।

পরশ—ছোঁয়া। < স্পর্শ। বি।

পরশন—স্পর্শ। < স্পর্শন। বি।

পরশপাথর—স্পর্শমণি। পরশগুণযুক্ত পাথর, মধ্যপ (বাংপ্র)। বি।

পরশু—১। কুঠার, টাঙ্গি। পর—শৃ+কু (ডু) কর্তৃ। বি; পুং। ২। গতকল্যের পর্বদিন বা আগামী কল্যের পরদিন। < পরশ্বঃ। বি।

পরশুরাম—জমদগ্নির পুত্র, দশাবতারের ষষ্ঠ অবতার। পরশুধারী রাম, মধ্যপ। বি; পুং।

পরশ্ব— < পরশ্বঃ। বি।

পরশ্বঃ (-শ্বস্)—আগামী দিনের পরদিন। পর শ্বঃ, কর্মধা। অ।

পরশ্রমজীবী (-জীবিন্), **পরশ্রমভোগী** (-ভোগিন্) —অপরের শ্রমের সুবিধা গ্রহণকারী। উপতৎ: পরশ্রম—জীব্+ণিন্ কর্তৃ; পরশ্রম—ভুজ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**জীবিনী**, -**ভোগিনী**।

পরশ্রী—অপরের উন্নতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পরশ্রীকাতর—অন্যের সৌভাগ্যদর্শনে ঈর্ষান্বিত। ৩য়াতৎ। বিণ। বি, -**তা**।

পরসঙ্গ—১। অন্যের সহিত মেলামেশা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। প্রসঙ্গ। কপ্র। বি।

পরসাদ—অনুগ্রহ। < প্রসাদ। বি।

পরস্ত্রী—অন্যের পত্নী; স্বীয় পত্নী ভিন্ন অন্য নারী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পরস্পর—অন্যোন্য। কর্মব্যতিহারার্থে 'পর' শব্দের দ্বিত্ব সুট্-আগম ও সমাসবদ্ভাব। সর্ব।

পরস্পরবিরোধী (-ধিন্)—একটি অন্যটির বিপরীত; একে অন্যের প্রতি বিরুদ্ধ ভাবযুক্ত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -**ধিনী**।

পরস্ব—অন্যের ধন, পরের সম্পত্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পরস্বত্ব—অন্যের অধিকার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পরস্বাপহরণ—অন্যায়পূর্বক অন্যের ধনগ্রহণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পরস্বাপহারী (-হারিন্)—অন্যায়পূর্বক পরের ধন গ্রহণকারী। উপতৎ; পরস্ব—অপ—হৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**রিণী**।

পরস্মৈপদ—ধাতুর পরবর্তী প্রত্যয় বিঃ। পরস্মৈ ('পর' শব্দের চতুর্থীর একবচন,—পরোদ্দেশ্যে) পদ (চিহ্ন), অলুক্ ৪র্থীতৎ। বি; ক্লী।

পরস্মৈপদী (-দিন্)—পরস্মৈপদের বিভক্তিযুক্ত; যাহাতে পরস্মৈপদের বিভক্তি হইবে এমন; (ব্যঙ্গার্থে) পরের দেওয়া। পরস্মৈপদ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**দিনী**।

পরহিত—অন্যের মঙ্গল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পরহিতকামী (-মিন্), **পরহিতৈষী** (-ষিন্)—অন্যের মঙ্গল করিতে ইচ্ছুক। উপতৎ; পরহিত—কম্, ইষ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**মিনী**, -**ষিণী**। বি, -**কামিতা**, -**হিতৈষিতা**, -**হিতৈষণা**।

পরহিতব্রত—১। অন্যের মঙ্গলসাধনরূপ কর্তব্যকার্য। কর্মধা। বি; ক্লী। ২। অন্যের উপকার করাই যাহার জীবনের লক্ষ্য এমন। বহু। বিণ।

পরহিতব্রতী (-ব্রতিন্)—অন্যের উপকারে যে আত্মনিয়োগ করিয়াছে এমন। পরহিতব্রত+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**তিনী**।

পরহিতৈষণা—পরোপকার করিবার প্রবৃত্তি। পরহিতের এষণা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পরহিতৈষী (-ষিন্)—'পরহিতকামী' দ্রঃ।

পরা—১। প্রাধান্য; অহংকার; বধ; অতিক্রম; গমন; ক্ষতি; আভিমুখ্য; প্রাতিলোম্য; ধর্ষণ; বিক্রম; প্রাতিকূল্য; তিরস্কার; বিমোক্ষ; অতিশয়; অনাদর; গতি; প্রত্যাবৃত্তি; ভঙ্গ। অ। ২। নাভিমূল হইতে প্রথমোদিত নাদস্বরূপ বর্ণ, পরমপুরুষার্থ-স্বরূপ ব্রহ্মজ্ঞানের হেতু। পৃ+আ কর্তৃ। বি; স্ত্রী। ৩। অন্যা; শ্রেষ্ঠা। পর+আপ্। বিণ; স্ত্রী। ৪। পরিধান করা। বাংপ্র। ক্রি। ৫। পরিহিত। পর্+আ কর্ম (বাংপ্র)। বিণ।

পরাক্ (পরাচ্)—কুটিল বক্র; উর্ধ্বগামী; পশ্চাদ্-গামী। পরা—অনচ্+ক্বিন্ কর্তৃ। বিণ।

পরাকাষ্ঠা—চরম অবস্থা, শেষ সীমা, climax. অসমস্ত পদদ্বয়। বি; স্ত্রী।

পরাকৃত—বর্জিত; ঘৃণিত। পরা—কৃ+ক্ত কর্ম। বিণ। বি—**পরাকরণ**। [ঘঞ্ ভাব। বি; পুং।

পরাক্রম—শক্তি, পুরুষকার; প্রভাব। পরা—ক্রম্+

পরাক্রমশালী (-শালিন্)—শক্তিমান্, বিক্রমযুক্ত; প্রভাবশালী। উপতৎ; পরাক্রম—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শালিনী**। বি, **-শালিতা**।

পরাক্রান্ত—পরাক্রমশালী, শক্তিসম্পন্ন। পরা—ক্রম্+ক্ত কর্তৃ। বিণ। [বি; পুং।

পরাগ—পুষ্পরেণু, pollen. পরা—গম্+ড কর্তৃ।

পরাগকেশর—কেশরের স্থূল সূত্রগাছি ব্যতীত অবশিষ্ট সূক্ষ্মসূত্র-সমুদয়, ফুলের যে কেশরে পরাগ থাকে, stamen. পরাগযুক্ত কেশর, মধ্যপ। বি; পুং। [কর্তৃ। বিণ।

পরাগত—প্রত্যাগত; ব্যাপ্ত, যুক্ত। পরা—গম্+ক্ত

পরাঙ্ (পরাচ্)—প্রত্যাবৃত্ত; পশ্চাদ্গামী। পরা—অনচ্+ক্বিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চী**।

পরাঙ্মুখ—মুখ-ফিরানো, বিমুখ; প্রতিকূল; নিবৃত্ত। পরাক্ মুখ যাহার, বহু। বিণ। স্ত্রী, **-খী**, **-খা**।

পরাজয়—পরাভব। পরা—জি+অচ্ ভাব। বি; পুং।

পরাজিত—পরাভূত, বিজিত। পরা—জি+ক্ত কর্ম। বিণ।

পরাজেয়—পরাভবযোগ্য। পরা—জি+যৎ কর্ম। বিণ।

পরাত—বড় থালা। <পোর্তু 'prato'. বি।

পরাৎপর—১। পর হইতেও পর, শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ। বিণ। ২। পরমেশ্বর। পরাৎ পর, ৫মীতৎ (অলুক্)। বি, পুং। [তৎ। বি; পুং।

পরাধিকার—অন্যের অধিকৃত বিষয় বা কার্য। ৬ষ্ঠী-

পরাধিকারচর্চা—অন্যের বিষয়ের বা কার্যের আলোচনা বা তাহাতে হস্তক্ষেপ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পরাধীন—পরবশ, পরতন্ত্র। পরের অধীন, ৬ষ্ঠীতৎ। বিণ।

পরান, পরানি—জীবন; হৃদয়। <প্রাণ। বি।

পরানপুতুলি—প্রাণসর্বস্ব। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

পরানপ্রিয়—প্রাণের প্রিয়; প্রাণসম প্রিয়। ৬ষ্ঠীতৎ বা উপমান কর্মধা (বাংপ্র)। বিণ।

পরানবঁধু—অন্তরঙ্গ বন্ধু, প্রাণের বন্ধু; প্রাণনাথ। বাংপ্র। বি।

পরানি—'পরান' দ্রঃ।

পরানো—পরিধান করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

পরান্তক—১। মহাদেব। কর্মধা। বি; পুং। ২। শত্রু-নাশক। পরের অন্তক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-ন্তিকা**।

পরান্ন—পরের অন্ন; অন্যের দেওয়া রান্নাকরা খাদ্য-দ্রব্য (গুরু, মাতুল শ্বশুর পিতা ও পুত্রের পক্ক অন্ন পরান্ন নহে)। পরের অন্ন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পরান্নজীবী (-বিন্), **পরান্নোপজীবী** (-বিন্), **পরান্নভোজী** (-জিন্)—অন্যের গলগ্রহ স্বরূপ; অন্যের অন্নভোজন করিয়া জীবিকা-নির্বাহকারী। উপতৎ; পরান্ন—জীব্, পরান্ন—উপ—জীব্, পরান্ন—ভুজ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-জীবিনী**, **-পজীবিনী**, **-ভোজিনী**।

পরাবর্ত—পরিবর্ত, বিনিময়; প্রত্যাবর্তন। পরা—বৃত্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ, **-বৃত্ত**।

পরাবর্তন—প্রত্যাবর্তন; প্রতিফলন, reflection. পরা—বৃত্+অনট্ ভাব। বি; ক্লী।

পরাবর্তিত—প্রত্যাবর্তিত, ফেরানো। পরা—বৃত্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

পরাবিদ্যা—যে বিদ্যার সাহায্যে ব্রহ্মবিদ্যা লাভ করা যায়, উপনিষৎ। কর্মধা। বি; স্ত্রী।

পরাবৃত্ত—১। প্রত্যাবৃত্ত; পলায়িত। পরা—বৃত্+ক্ত কর্তৃ। বিণ। ২। জ্যামিতীয় অসীম কৌণিক রেখা বিঃ, hyperbola. প্রাদি। বি; ক্লী। [স্ত্রী।

পরাবৃত্তি—প্রত্যাবর্তন। পরা—বৃত্+ক্তি ভাব। বি;

পরাভব—পরাজয়; তিরস্কার; অতিক্রম; বিনাশ। পরা—ভূ+অপ্ ভাব। বি; পুং। [বিণ।

পরাভূত—পরাজিত; তিরস্কৃত। পরা—ভূ+ক্ত কর্ম।

পরামর্শ—যুক্তি; মন্ত্রণা; বিচার; স্পর্শ; বিবেচনা; কর্তব্য সম্বন্ধে অভিমত। পরা—মৃশ্+ঘঞ্ ভাব। বি; পুং। [পুং।

পরামর্ষ—সহন; ক্ষমা। পরা—মৃষ্+ঘঞ্ ভাব। বি;

পরামানিক—ক্ষৌরকার, নাপিত। <প্রামাণিক। বি।

পরামৃষ্ট—বিবেচিত; বিচারিত; স্পৃষ্ট; সম্বন্ধযুক্ত। পরা—মৃশ্+ক্ত কর্ম। বিণ।

পরায়ণ—১। (সমাসে অন্য শব্দের পরে বসিলে) তৎপর, অনুরক্ত; অভীষ্ট। পর (শ্রেষ্ঠ) অয়ন যাহার, বহু। বিণ। ২। বিষ্ণু; উত্তম অবলম্বন, শ্রেষ্ঠ আশ্রয়। পর অয়ন, কর্মধা। বি; ক্লী। [বিণ।

পরায়ত্ত—পরাধীন, পরবশ। পরের আয়ত্ত, ৬ষ্ঠীতৎ।

পরারি—১। গত বৎসরের পূর্ব বৎসর। অ। ২। পরম শত্রু। পর (প্রধান) যে অরি, কর্মধা। ৩। অন্যের শত্রু। পরের অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পরার্থ—১। অন্য উদ্দেশ্যযুক্ত। পর (অন্য) অর্থ (উদ্দেশ্য) যাহার বা যাহাতে, বহু। বিণ। ২। অন্যের প্রয়োজন। পরের অর্থ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পরার্থপর—পরোপকারপরায়ণ। পরার্থ পর (শ্রেষ্ঠ) যাহার, বহু। বিণ। বি, **-তা**।

পরার্ধ—১। শেষার্ধ; ব্রহ্মার জীবনের দ্বিতীয় অর্ধ। পর অর্ধ, কর্মধা। ২। সংখ্যা বিঃ, একের পিঠে সতের শূন্য। পর—ঋধ্+অচ্ কর্তৃ। বি; ক্লী।

পরাশ্রয়—১। শ্রেষ্ঠ অবলম্বন। কর্মধা। ২। অন্যের আশ্রয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ৩। অন্যের আশ্রিত। পর আশ্রয় যাহার, বহু। বিণ।

পরাশ্রয়ী (-য়িন্)—অপরের উপর নির্ভরকারী, অন্যের আশ্রিত। পরের আশ্রয়ী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-শ্রয়িণী**। [তৎ। বিণ।

পরাশ্রিত—অন্যের আশ্রিত। পরকে আশ্রিত, ২য়া-

পরাস্ত—পরাজিত। পরা—অস্+ক্ত কর্ম। বিণ।

পরাহ—পরদিন। পর অহ ('অহন্' শব্দ), কর্মধা (টচ্ সমাসান্ত)। বি; পুং।

পরাহত—পরাভূত; ব্যবহৃত; আহত; ব্যাহত, তিরস্কৃত; আক্রান্ত। পরা—হন্+ক্ত কর্ম। বিণ।

পরাহ্ণ—অপরাহ্ণ। অহের (অর্থাৎ দিনের) পর, একদেশী। বি; পুং।

পরি—১। সর্বতোভাবে; চারিদিকে; সম্পূর্ণরূপে; অতিশয়; চিহ্ন, লক্ষণ; ইত্থম্ভাব; ভাগ; বীপ্সা; শেষ; বর্জন, ত্যাগ; আলিঙ্গন; দোষাখ্যান, দোষকীর্তন; আখ্যান; নিবাস; পূজা; শোক; বধাধি; ভূষণ; ব্যাপ্তি। পৄ+ইন্ কর্তৃ। অ। ২। পরিধান করি। বাংপ্র। ক্রি।

পরিকথা—আখ্যায়িকাগ্রন্থ, গল্পের পুস্তক; উপকথা। পরিকল্পিতা কথা, প্রাদি। বি; স্ত্রী।

পরিকর—উপকরণ; সমূহ; সহকারী; কোমরবন্ধ ('বন্ধ—'); (নাট্যে) মুখসন্ধির অঙ্গ বিঃ; কাব্যালংকার বিঃ [সাভিপ্রায় (significant) বিশেষণ-সমূহের যোগে এই অলংকার হইয়া থাকে; যথা—"হে শীতরশ্মি জগতের তাপবিমোচনকারী চন্দ্র, তুমি কিরণসম্পাতে আমাকে দগ্ধ করিতেছ কেন?"]। পরি—কৃ+অপ্ করণ। বি; পুং।

পরিকর্ম (-কর্মন্)—প্রসাধন, সাজানো। পরি—কৃ+মন্ কর্ম। বি; ক্লী।

পরিকল্পক—পরিকল্পনাকারী, designer. পরি—কৢপ্+ণক কর্তৃ। বি; পুং।

পরিকল্পন—মনন, চিন্তন; রচনা; রচনাপ্রণালী; রচনার প্রণালী উদ্ভাবন। পরি—কৢপ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**পরিকল্পিত**।

পরিকল্পনা—কল্পনা, scheme; নির্ধারণ; রূপায়ণ; নকশা, design; উদ্ভাবন, রচনার প্রণালী। পরি—কৢপ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।

পরিকল্পিত—অনুষ্ঠিত; সজ্জিত; নির্দিষ্ট; স্থিরীকৃত; রচিত; উদ্ভাবিত। পরি—কৢপ্+ক্ত কর্ম। বিণ।

পরিকীর্ণ—ব্যাপ্ত; বিক্ষিপ্ত; বিস্তৃত; সমর্পিত। পরি—কৄ+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

পরিকীর্তিত—প্রশংসিত; বিঘোষিত; উচ্চারিত, কথিত; গীত। পরি—কৄত্+ক্ত কর্ম। বিণ। বি, **-কীর্তন**।

পরিকেন্দ্র—(জ্যামিতি) সীমারেখা স্পর্শ করিয়া অঙ্কিত বৃত্তের কেন্দ্র, circum-centre. পরিগত কেন্দ্র, প্রাদি। বি; ক্লী।

পরিক্রম, -ক্রমণ, -ক্রমা—গমন; ইতস্ততঃ পদদ্বারা গমন; প্রদক্ষিণীকরণ; কোন গতিপথে একবার ঘুরিয়া আসা, revolution. পরি—ক্রম্+ঘঞ্, অনট্ ভাব, পরিক্রম+আপ্। বি; পুং, ক্লী; স্ত্রী।

পরিক্রয়—বিক্রীত বস্তুর পুনঃ ক্রয়। পরি—ক্রী+অচ্ ভাব। বি; পুং। [কর্তৃ। বিণ।

পরিক্লিষ্ট—অতিক্লিষ্ট; উত্যক্ত। পরি—ক্লিশ্+ক্ত

পরিক্ষেপ—চতুর্দিকে বেষ্টন; নিক্ষেপ। পরি—ক্ষিপ্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ, **-ক্ষিপ্ত**।

পরিক্ষেপক—পরিক্রমশীল। পরি—ক্ষিপ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-ক্ষেপিকা**।

পরিখা—রাজধানী প্রঃর বেষ্টনখাত; গড়খাই। পরি—খন্+ড কর্ম+আপ্। বি; স্ত্রী।

পরিখ্যাত—বিখ্যাত। পরি—খ্যা+ক্ত কর্ম। বিণ।

পরিগণন—সর্বতোভাবে গণনা করা; বিধি-নিষেধশাস্ত্রের বিশেষরূপে কীর্তন। পরি—গণ্+অনট্ ভাব। বি; ক্লী।

পরিগণনা—পরিগণন (তাহা দ্রঃ)। পরি—গণ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।

পরিগণিত—বিশেষরূপে কথিত; বিবেচিত; সংখ্যাত, যাহা গণনা করা হইয়াছে এরূপ; পরি—গণ্+ক্ত কর্ম। বিণ।

পরিগম—পারিপার্শ্বিক অবস্থা, প্রতিবেশ, environment. পরি—গম্+অপ্ ভাব। বি; পুং।

পরিগৃহীত—স্বীকৃত; যাহা গ্রহণ করা হইয়াছে এরূপ; লব্ধ। পরি—গ্রহ্+ক্ত কর্ম। বিণ।

পরিগ্রহ—১। পত্নী; পরিজন; অধীন ব্যক্তি; মূল; শাপ; শপথ; রাহুর মুখে স্থিত ভাস্কর। পরি—গ্রহ্+অপ্ কর্ম। ২। স্বীকার; গ্রহণ; অধিষ্ঠান; মিলন; আয়ত্তীকরণ। পরি—গ্রহ্+অপ্ ভাব। বি; পুং।

পরিগ্রাহক—স্বীকারকর্তা; গ্রহণকারী। পরি—গ্রহ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-গ্রাহিকা**।

পরিঘ—প্রাচীনকালের যুদ্ধাস্ত্র বিঃ; অর্গল; যোগ বিঃ; শূল। পরি—হন্+অপ্ করণ (নিপা)। বি; পুং।

পরিঘাত, -ঘাতন—১। লৌহমুখ মুদ্গর; অর্গল। পরি—হন্+ণিচ্+ঘঞ্, অনট্ করণ। ২। প্রতিবন্ধ, ব্যাঘাত; হনন; আঘাত। পরি—হন্+ঘঞ্, ণিচ্+অনট্ ভাব। বি; পুং বা ক্লী।

পরিচয়—নাম ধাম ইঃ বিবরণ; আলাপের সূত্রপাত; জানাশুনা, আলাপ; অভ্যাস; প্রণয়; নিদর্শন। পরি—চি+অচ্ ভাব। বি; পুং।

পরিচয়-পত্র—যে পত্র দেখিয়া কাহারও নাম ধাম প্রঃ জানা যায় তাহা, letter of introduction. পরিচয়জ্ঞাপক পত্র, মধ্যপ কর্মধা। বি; ক্লী।

পরিচর—রক্ষিসৈন্য, bodyguard; পরিচারক; অনুচর; প্রজাসামন্তব্যবস্থাপক; রাজার দণ্ডনায়ক। পরি—চর্+অচ্ কর্তৃ। বি; পুং।

পরিচর্যা—সেবা; উপাসনা; পূজা। পরি—চর্+ক্যপ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

পরিচলন—তরল এবং বায়বীয় পদার্থের ভিতর দিয়া

তাপ ও তাড়িতের চলন, convection. পরি—চল্ +অনট্ ভাব। বি; ক্লী।

পরিচায়ক—পরিচয়প্রদানকারী, যাহা দেখিয়া চেনা যায় এমন; জ্ঞাপক। পরি—চি+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -চায়িকা।

পরিচারক—দাস, ভৃত্য। পরি—চর্+ণক কর্তৃ। বি; পুং। [বি; ক্লী।

পরিচারণ—সেবা। পরি—চর্+ণিচ্+অনট্ ভাব।

পরিচারিকা—দাসী। পরিচারক+আপ্। বি; স্ত্রী।

পরিচালক—পরিচালনাকারী; সঞ্চালনকারী; নায়ক; যে-সকল পদার্থের ভিতর দিয়া সহজেই তাপ কিংবা বিদ্যুৎ-প্রবাহ চলাচল করে এরূপ। পরি—চল্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -লিকা।

পরিচালকতা—যে গুণ থাকাতে জড়পদার্থ সকল এক পরমাণু হইতে অন্য পরমাণুতে তাপ তাড়িৎ প্রঃ সঞ্চালন করে সেই গুণ বা ধর্ম, conductivity; পরিচালনক্ষমতা; চালাইয়া লইয়া যাইবার শক্তি। পরিচালক+তা ভাবে। বি; স্ত্রী।

পরিচালন, -চালনা—চালনা; চালানো, administration. পরি—চল্+ণিচ্+অনট্ ভাব, পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

পরিচালিত—চালিত; নির্বাহিত; সঞ্চালিত; উপদিষ্ট; নীত। পরি—চল্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

পরিচিত—অভ্যস্ত; জ্ঞাত; পরিচয়বিশিষ্ট। পরি—চি+ক্ত কর্ম। বিণ। স্ত্রী, -চিতা।

পরিচিতি—পরিচয়-জ্ঞাপন; জানাশুনা; যাহা দ্বারা পরিচয় জানা যায়। পরি—চি+ক্তি ভাব বা করণ। বি; স্ত্রী।

পরিচিন্তন—সম্যগ্‌রূপে চিন্তা করা; ভাল করিয়া বিবেচনা করা। পরি—চিন্তি+অনট্ ভাব। বি; ক্লী।

পরিচিন্তনীয়—সম্যগ্‌রূপে ভাবিয়া দেখিবার উপযুক্ত। পরি—চিন্তি+অনীয় কর্ম। বিণ।

পরিচিন্তিত—যাহার বিষয় সম্যগ্‌রূপে ভাবা হইয়াছে এমন। পরি—চিন্তি+ক্ত কর্ম। বিণ।

পরিচেয়—পরিচয়যোগ্য; অভ্যাসনীয়। পরি—চি+যৎ কর্ম। বিণ।

পরিচ্ছদ—১। পোশাক; পরিজন; অনুচর; আসবাব। পরি—ছদ্+ণিচ্+ঘ করণ। ২। আচ্ছাদন। পরি—ছদ্+ঘ ভাব। বি; পুং।

পরিচ্ছন্ন—পরিচ্ছদবিশিষ্ট; পরিষ্কৃত; আচ্ছাদিত; সজ্জিত, ভূষিত। পরি—ছদ্+ক্ত কর্ম। বিণ।

পরিচ্ছিন্ন—পৃথক্‌কৃত; সীমাবদ্ধ; নির্ধারিত, নির্ণীত। পরি—ছিদ্+ক্ত কর্ম। বিণ।

পরিচ্ছেদ—১। পুস্তকের ভাগ, গ্রন্থবিচ্ছেদ; অংশ, ভাগ; সীমা। পরি—ছিদ্+ঘঞ্ কর্ম। ২। নিশ্চয়; বিশেষরূপে ইয়ত্তাকরণ; নির্ণয়। পরি—ছিদ্+ঘঞ্ ভাব। বি; পুং। [বিণ। বি, -চ্যুতি।

পরিচ্যুত—ভ্রষ্ট, স্খলিত, পতিত। পরি—চ্যু+ক্ত কর্তৃ।

পরিজন—পরিবার, পোষ্যবর্গ; পরিচারক। পরিগত জন, প্রাদি। বি; পুং।

পরিজ্ঞাত—১। যাহার বিষয় সম্যক্ জানা গিয়াছে এমন। পরি—জ্ঞা+ক্ত কর্ম। ২। যে সম্যগ্‌ভাবে জানিয়াছে এমন। পরি—জ্ঞা+ক্ত কর্তৃ। বিণ।

পরিজ্ঞান—সর্বতোভাবে জানা; অন্তর্দৃষ্টি, insight. পরি—জ্ঞা+অনট্ ভাব। বি; ক্লী।

পরিণত—পক্ব; অবস্থান্তরপ্রাপ্ত; সর্বতোভাবে নত; বৃদ্ধিপ্রাপ্ত; সম্পূর্ণ; শেষ দশায় উপনীত। পরি—নম্+ক্ত কর্তৃ। বিণ।

পরিণতবুদ্ধি—১। পাকা বুদ্ধি; চতুর্দিক্ বিবেচনা করিবার মত বুদ্ধি। কর্মধা। বি; স্ত্রী। ২। যাহার বুদ্ধি পরিপক্ব হইয়াছে এমন, যাহার আগাগোড়া বিচার করিয়া কাজ করিবার ক্ষমতা হইয়াছে এমন। পরিণতা বুদ্ধি যাহার, বহু। বিণ।

পরিণতি—পরিণাম, শেষ অবস্থা; পূর্ণতাপ্রাপ্তি; পরিপাক; অবস্থান্তরপ্রাপ্তি; অবসান, শেষ; বার্ধক্য। পরি—নম্+ক্তি ভাব। বি; স্ত্রী।

পরিণদ্ধ—বদ্ধ; পরিবেষ্টিত; পরিহিত; প্রবর্ধিত; আলিঙ্গিত। পরি—নহ্+ক্ত কর্ম। বিণ।

পরিণমন—রূপান্তরিত করণ, পরিণত করণ। পরি—নম্+অনট্ ভাব। বি; ক্লী।

পরিণয়, -ণয়ন—বিবাহ। পরি—নী+অচ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

পরিণয়সূত্র—বিবাহরূপ বন্ধন; বিবাহসম্বন্ধ। পরিণয়রূপ সূত্র, রূপক কর্মধা। বি; ক্লী।

পরিণাম—পরিপক্বতা; অবস্থান্তরপ্রাপ্তি; বিকার; প্রকৃতির অন্যথাভাব; শেষ অবস্থা; বার্ধক্য; কাব্যালংকার বিঃ [উপমেয়ের ধর্ম উপমানে আরোপিত হইলে উক্ত অলংকার হয়]। পরি—নম্+ঘঞ্ ভাব। বি; পুং।

পরিণামদর্শী (-দর্শিন্)—দূরদর্শী, উত্তরকাল বিবেচনা করিয়া যে কর্ম করে এমন; কোন্ কর্ম করিলে কিরূপ ফললাভ হইবে তাহা যে অনুভব করিতে পারে এরূপ; বিচক্ষণ। উপপদং; পরিণাম—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -দর্শিনী। বি, -দর্শিতা। [-ণীতা।

পরিণীত—বিবাহিত। পরি—নী+ক্ত কর্ম। বিণ। স্ত্রী,

পরিণেতা (পরিণেতৃ)—বিবাহকর্তা, পতি। পরি—নী+তৃন্ কর্তৃ। বি; পুং।

পরিণেয়—বিবাহযোগ্য। পরি—নী+যৎ কর্ম। বিণ।

পরিতপ্ত—মনোবেদনাযুক্ত, পরিতাপযুক্ত, ক্ষুব্ধ। পরি—তপ্+ক্ত কর্তৃ। বিণ।

পরিতাপ—১। উত্তাপ। পরি—তপ্+ঘঞ্ ভাব। ২। শোক, দুঃখ, মনস্তাপ; ভয়; কম্প। পরি—তপ্+ঘঞ্ করণ। বি; পুং।

পরিতুষ্ট—সন্তুষ্ট; পরিতৃপ্ত। পরি—তুষ্+ক্ত কর্তৃ। বিণ। বি, -তুষ্টি, -তোষ।

পরিতৃপ্ত—পরিতুষ্ট, পরম প্রীত। পরি—তৃপ্+ক্ত কর্তৃ। বিণ। [ভাব। বি; স্ত্রী।

পরিতৃপ্তি—পরিতুষ্টি, সন্তুষ্টি। পরি—তৃপ্+ক্তি

পরিতোষ—সন্তোষ; তৃপ্তি। পরি—তুষ্+ঘঞ্ ভাব। বি; পুং।

পরিত্যক্ত—যাহা পরিত্যাগ করা হইয়াছে এমন; বর্জিত। পরি—ত্যজ্+ক্ত কর্ম। বিণ।
পরিত্যাগ—ত্যাগ, বর্জন। পরি—ত্যজ্+ঘঞ্ ভাব। বি; পুং।
পরিত্যাজ্য—বর্জনীয়। পরি—ত্যজ্+ণ্যৎ কর্ম। বিণ।
পরিত্রাণ—রক্ষা; উদ্ধার। পরি—ত্রা বা ত্রৈ+অনট্ ভাব। বি; ক্লী।
পরিত্রাতা (-ত্রাতৃ), **পরিত্রায়ক**—উদ্ধারকর্তা, রক্ষাকর্তা। পরি—ত্রৈ+তৃন্, ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -ত্রাত্রী, -ত্রায়িকা।
পরিত্রাহি—রক্ষা কর, বাঁচাও। পরি—ত্রৈ+লোট্ হি (অনুজ্ঞা)। সংস্কৃত ক্রি। **পরিত্রাহি ডাক ছাড়া**—ভীষণ বিপদে বা ঝঞ্ঝাটে পড়িয়া অত্যন্ত কাতর হওয়া।
পরিদর্শক—পর্যবেক্ষণকারী, inspector. পরি—দৃশ্+ণক কর্তৃ। বি বা বিণ। স্ত্রী, -র্শিকা।
পরিদর্শন—পর্যবেক্ষণ, inspection; তত্ত্বাবধান। পরি—দৃশ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -দৃষ্ট।
পরিদর্শী (-র্শিন্)—পরিদর্শনকারী, যে পরিদর্শন করে এমন, inspecting. পরি—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ।
পরিদৃশ্য—সুস্পষ্ট দৃশ্য, panorama. পরি—দৃশ্+ক্যপ্ কর্ম। বি; ক্লী।
পরিদৃশ্যমান—যাহা সর্বতঃ দেখা যাইতেছে এমন ('—জগৎ')। পরি—দৃশ্+শানচ্ কর্ম। বিণ।
পরিদেবন, -দেবনা—খেদোক্তি; অনুতাপ। পরি—দিব্+অনট্ ভাব, অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
পরিদোলক—দোলক, যাহার দোলনে বড় ঘড়ির কাঁটা চলে, pendulum. পরি—দোলি+ণক কর্তৃ। বি; পুং।
পরিধান—১। পরিধেয় বস্ত্র। পরি—ধা+অনট্ কর্ম। ২। পরা; আচ্ছাদন। পরি—ধা+অনট্ ভাব। বি; ক্লী।
পরিধি—বৃত্তের বেষ্টনরেখা, বেড়, circumference; সীমারেখা, periphery; চন্দ্রসূর্যের মণ্ডল; পরিবেষ্টন। পরি—ধা+কি কর্ম। বি; পুং।
পরিধেয়—১। পরিধানযোগ্য, পরিবার উপযুক্ত। বিণ। ২। বস্ত্র, আচ্ছাদন। পরি—ধা+যৎ কর্ম। বি; ক্লী।
পরিনির্বাণ—মহানির্বাণ। পরি—নির্—বা+অনট্ ভাব। বি; ক্লী।
পরিপক্ব—পরিণত; উত্তমরূপে পাকা; বহুদর্শী। পরি—পচ্+ক্ত কর্তৃ। বিণ। বি, -তা।
পরিপন্থী (-পন্থিন্)—শত্রুভাবযুক্ত; বিপক্ষীয়; প্রতিকূল; প্রতিরোধক। পরি—পন্থ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ন্থিনী।
পরিপাক—পরিণাম; শেষাবস্থা; নৈপুণ্য; উত্তম-পাক; পক্বতা; উৎকর্ষ; জীর্ণতা। পরি—পচ্+ঘঞ্ ভাব। বি; পুং।
পরিপাটি, -পাটী—১। অনুক্রম; সুশৃঙ্খলা, আনুপূর্বী। পরি (ক্রমান্বয়ে)—পট্+ণিচ্+ইন্ ভাব, পক্ষে ঈপ্। বি; স্ত্রী। ২। পরিচ্ছন্ন; সুশৃঙ্খলাযুক্ত; সৌষ্ঠবযুক্ত। পরি (উত্তম) পাটি, পাটী (গতি) যাহাতে, বহু। বিণ।
পরিপার্শ্ব—চারিদিকের অবস্থা, environment. পরিগত পার্শ্বকে, প্রাদিতৎ। বি; পুং বা ক্লী।
পরিপালন—রক্ষণাবেক্ষণ। পরি—পা+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
পরিপালিত—প্রতিপালিত, রক্ষিত। পরি—পা+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
পরিপুষ্ট—সম্যগ্‌বৃদ্ধিপ্রাপ্ত; প্রতিপালিত। পরি—পুষ্+ক্ত কর্ম। বিণ। বি, -পুষ্টি।
পরিপূরক—যাহা পরিপূর্ণ করে। পরি—পূর্+ণিচ্+ণক কর্তৃ। বি; পুং। স্ত্রী, -পূরিকা।
পরিপূরণ—অভাবদূরীকরণ; পূর্ণকরণ। পরি—পূর্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -পূরক, -পূরিত।
পরিপূর্ণ—সম্পূর্ণ; সম্যক্ সিদ্ধ; সম্যক্ পূর্ণ; ভরতি; পরিতৃপ্ত; ব্যাপ্ত। পরি—পূর্+ক্ত কর্ম, কর্তৃ। বিণ।
পরিপূর্ণতা, -পূর্ণত্ব—সম্পূর্ণতা; পরিতৃপ্তি; ব্যাপ্তি; সমাপ্তি। পরিপূর্ণ+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
পরিপৃক্ত—বিশেষরূপে সিক্ত বা ভিজা, saturated. পরি—পৃচ্+ক্ত কর্ম। বিণ। বি, -পৃক্তি।
পরিপোষণ—সম্যগ্‌রূপে রক্ষণাবেক্ষণ; বাড়াইয়া তোলা। পরি—পুষ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -পোষিত।
পরিপ্রেক্ষণ—১। দৃশ্য পদার্থ; চিত্র। পরি—প্র—ঈক্ষ্+অনট্ কর্ম। ২। দর্শন, perspective. পরি—প্র—ঈক্ষ্+অনট্। ভাব। ৩। দূরবীক্ষণ যন্ত্র, telescope; field-glass পরি—প্র—ঈক্ষ্+অনট্ করণ। বি; ক্লী।
পরিপ্রেক্ষণিকা—দৃশ্যমান বিষয়ের ভিন্ন ভিন্ন অংশের যেরূপ নিকটত্ব দূরত্ব ঘনত্ব প্রঃ বোধ হয় তাদৃশ রূপ-প্রকাশক চিত্র, প্রকৃতরূপ প্রকাশক চিত্রপট ("দূর অতীতের পরিপ্রেক্ষণিকায় আমরা পুরাণ-খ্যাত সাধ্বী ও বীরাঙ্গনাদেরকে......দেখতে পাই।"—রবীন্দ্র)। পরি—প্র—ঈক্ষ্+অনট্ অধি+ঈপ্+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
পরিপ্রেক্ষিত—বস্তু সকলকে স্বাভাবিক অবস্থানে ঘনত্ব দূরত্ব ইত্যাদি দিক্ দিয়া যেরূপ মনে হয় ছবিতে তাহাদিগের অবিকল রূপ প্রকাশ, perspective. পরি—প্র—ঈক্ষ্+ক্ত করণ। বি; ক্লী। **পরিপ্রেক্ষিতে**—কোন ঘটনা বা বিষয়ের প্রভাবের সহিত সংগতি রাখিয়া।
পরিপ্লব—১। কম্পমান; চঞ্চল, অস্থির; আকুল। পরি—প্লু+অচ্ কর্তৃ। বিণ। ২। আকুলতা; উপদ্রব। পরি—প্লু+অপ্ ভাব। বি; পুং।
পরিপ্লবন—পরিব্যাপ্তি; চাঞ্চল্য। পরি—প্লু+অনট্ ভাব। বি; ক্লী।
পরিপ্লুত—আপ্লুত, সিক্ত; প্লাবিত; মগ্ন; চঞ্চল; কম্পমান। পরি—প্লু+ক্ত কর্তৃ। বিণ।

পরিপ্লুতি—চাঞ্চল্য; অতিপ্রসার; খুব বেশী ভিজা ভাব; ব্যাপ্তি। পরি—প্লু+ক্তি ভাব। বি; স্ত্রী।

পরিবৎসর—সংবৎসর; বৎসর বিঃ; বৃহস্পতির দ্বাদশ রাশির ভোগ্য সময়। পরি—বস্+সরন্ অধি। বি; পুং।

পরিবর্জন—পরিত্যাগ; হনন, বধ। পরি—বৃজ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-বর্জিত।**

পরিবর্ত, -বর্তন—১। বিনিময়; নিবৃত্তি; অপবর্তন; লুণ্ঠন; পাশ ফেরা। পরি—বৃত্+ঘঞ্, অনট্ ভাব। ২। যুগান্ত; গ্রন্থপরিচ্ছেদ, অধ্যায়াদি। পরি—বৃত্+ঘঞ্, অনট্ অধি। বি; পুং, ক্লী।

পরিবর্তক—বদলকারী; প্রত্যাবর্তনকারী। পরি—বৃত্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-বর্তিকা।**

পরিবর্তনশীল—নিয়তই যাহার রূপান্তর বা অবস্থান্তর হয় এরূপ। বহু। বিণ।

পরিবর্তনীয়—যাহা বদলানো উচিত বা বদলানো হইবে এমন; পরিবর্তনযোগ্য। পরি—বৃৎ+ণিচ্+অনীয় কর্ম। বিণ।

পরিবর্তমান—যাহা বদলাইতেছে এমন। পরি—বৃত্+শানচ্ কর্তৃ। বিণ।

পরিবর্তিত—যাহা বদল করা হইয়াছে এরূপ; রূপান্তরিত; অবস্থান্তর-প্রাপিত। পরি—বৃত্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

পরিবর্তী (-বর্তিন্)—পরিবর্তনশীল; দ্বিমুখবাহী, alternating. পরি—বৃত্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বর্তিনী।**

পরিবর্ধক—প্রবৃদ্ধিকারক; পালক। পরি—বৃধ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-বর্ধিকা।**

পরিবর্ধন—সম্যগ্‌পুষ্টিবিধান; বাড়ানো। পরি—বৃধ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-বর্ধিত।**

পরিবহণ—১। কোন সঞ্চালক পদার্থের ভিতর দিয়া তাপ বিদ্যুৎ ইঃ সঞ্চালন, conduction; মাল বা যাত্রী একস্থান হইতে অন্য স্থানে বহন। পরি—বহ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। বহনকারী; যানবাহন, transport. পরি—বহ্+অন কর্তৃ। বি; ক্লী, বা বিণ।

পরিবাদ—১। অপবাদ, কুৎসা, নিন্দা। পরি—বদ্+ঘঞ্ ভাব। ২। বীণার অঙ্গ বিঃ। পরি—বদ্+ঘঞ্ করণ। বি; পুং।

পরিবাদক—নিন্দক, অপবাদকারী। পরি—বদ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিকা।**

পরিবাদিনী—১। প্রাচীনকালের তারের বাদ্যযন্ত্র বিঃ। বি; স্ত্রী। ২। নিন্দাকারিণী। পরিবাদিন্+ঈপ্। বিণ; স্ত্রী।

পরিবাদী (-বাদিন্)—১। নিন্দক, অপবাদী। পরি—বদ্+ণিন্ কর্তৃ, শীলার্থে। ২। পরিবাদবিশিষ্ট। পরিবাদ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বাদিনী।**

পরিবাপিত—মুণ্ডিত। পরি—বপ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। বি, **-বাপ, -বাপন।**

পরিবার—১। পরিজন; পোষ্য; আকার; পরিচ্ছদ; খড়্গের খাপ। পরি—বৃ+ঘঞ্ করণ। বি; পুং। ২। পত্নী। বাংপ্র। বি; স্ত্রী। [মনুষ্য ভিন্ন বুঝাইলে 'পরীবার'।]

পরিবাহ—১। জলপ্রবাহ, জলোচ্ছ্বাস, জলপ্লাবন। পরি—বহ্+ঘঞ্ ভাব। ২। মোহানা; জল যাইবার নরদমা। পরি—বহ্+ঘঞ্ করণ। বি; পুং।

পরিবাহক, পরিবাহী (-হিন্)—যাহার ভিতর দিয়া বিদ্যুৎ এবং তাপ সঞ্চালিত হইতে পারে এমন, conductor. পরি—বহ্+ণক, ণিন্ কর্তৃ। বিণ।

পরিবাহণ—তাপ বিদ্যুৎ প্রঃর এক পদার্থ হইতে অন্য পদার্থে সঞ্চালন, conduction. পরি—বহ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-বাহিত।**

পরিবাহিতা—পরিবহণের ক্ষমতা, যে বস্তুর মধ্য দিয়া তাপ বিদ্যুৎ ইঃ চলে তাহার ধর্ম, conductivity. পরিবাহিন্+তা ভাবে। বি; স্ত্রী।

পরিবীক্ষণ—খুব মন দিয়া দেখা। পরি—বি—ঈক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী।

পরিবৃত—ঘেরা, বেষ্টিত; আচ্ছাদিত। পরি—বৃ+ক্ত কর্ম। বিণ।

পরিবৃতি—বেষ্টন; আচ্ছাদন; পরিধি; পরিবেশ। পরি—বৃ+ক্তি ভাব। বি; স্ত্রী।

পরিবৃত্তি—পরিবর্তন, বদল; অলংকার বিঃ। পরি—বৃত্+ক্তি ভাব। বি; স্ত্রী।

পরিবেত্তা (-বেত্তৃ), **পরিবেদন**—জ্যেষ্ঠ বিদ্যমান তৎপূর্বে বিবাহকারী কনিষ্ঠ ভ্রাতা। পরি—বিদ্+তৃচ্ কর্তৃ, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

পরিবেদনা—বুদ্ধি; বিবেচনা; সম্যক্ ব্যথা। পরি—বিদ্+ণিচ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।

পরিবেশ, -বেষ—১। চন্দ্রসূর্যের মণ্ডল; বেষ্টন, পরিধি; চতুষ্পার্শ্বস্থ অবস্থা, প্রতিবেশ। পরি—বিশ্, বিষ্+ঘঞ্ করণ। ২। পরিবেশন। পরি—বিশ্, বিষ্+ঘঞ্ ভাব। বি; পুং।

পরিবেশক, পরিবেষক—আহারকালে প্রয়োজনমত খাদ্য-সরবরাহকারী; বিভাগকারী; পরিবেষণকারী। পরি—বিশ্, বিষ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-বেশিকা, -বেষিকা।**

পরিবেশন, পরিবেষণ—ভক্ষ্য বস্তুর বিভাগপূর্বক অর্পণ; পাতে পাতে খাদ্য দেওয়া; বেষ্টন। পরি—বিশ্, বিষ্+অনট্ ভাব। বি; ক্লী।

পরিবেষ্ট—বিদ্যুৎ প্রঃর চক্রাকারে ভ্রমণ, circuit. পরি—বেষ্ট্+ঘঞ্ ভাব। বি; পুং।

পরিবেষ্টন—চারিদিকে ঘেরা, বেষ্টন করা; প্রদক্ষিণ করা; ঘিরিয়া ফেলা; চারিদিকের বেড়; প্রতিবেশ। পরি—বেষ্ট্+অনট্ ভাব। বি; ক্লী।

পরিবেষ্টিত—চারিদিকে বেষ্টিত, পরিবৃত, যাহাকে প্রদক্ষিণ করা হইয়াছে এরূপ। পরি—বেষ্ট্+ক্ত কর্ম। বিণ।

পরিব্যাপ্ত—বিশেষরূপে বিক্ষিপ্ত। পরি—বি—আপ্+ক্ত কর্ম। বিণ। বি, **-ব্যাপ্তি।**

পরিব্রজ্যা—সন্ন্যাসধর্ম, ঘরবাড়ি ছাড়িয়া তপস্যার জন্য নানাস্থানে ঘুরিয়া বেড়ানো। পরি—ব্রজ্+ক্যপ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

পরিব্রাজক—ভিক্ষু, চতুর্থাশ্রমী; পর্যটক। পরি—ব্রজ্+ণক কর্তৃ। বি; পুং। স্ত্রী, -ব্রাজিকা।
পরিভব—পরাজয়; অবজ্ঞা। পরি—ভূ+অপ্ ভাব। বি; পুং। বিণ, -ভূত।
পরিভাষণ—নিন্দাপূর্বক তিরস্কার; নিন্দাবাক্য; আলাপ; নিয়ম; লক্ষণ। পরি—ভাষ্+অনট্ ভাব। বি; ক্লী।
পরিভাষা—গ্রন্থের সংক্ষেপার্থ সংকেত বিঃ; সংজ্ঞা বিঃ; বিশেষ অর্থে প্রযুক্ত সংজ্ঞাশব্দ; পদার্থবিৎ পণ্ডিতদিগের পরিষ্কৃত ভাষণ; যুক্তিযুক্ত বাক্। পরি—ভাষ্+অ করণ+আপ্। বি; স্ত্রী।
পরিভাষিত—পরিভাষাদ্বারা নিরূপিত; কথিত, defined. পরি—ভাষ্+ক্ত কর্ম। বিণ।
পরিভোগ—সম্ভোগ; ভোগদখল। পরি—ভুজ্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ, -ভুক্ত।
পরিভ্রম, -ভ্রমণ—সর্বতোভ্রমণ, পর্যটন; ভ্রম। পরি—ভ্রম্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।
পরিভ্রষ্ট—চ্যুত, পতিত; নষ্ট। পরি—ভ্রন্শ্+ক্ত কর্তৃ। বিণ।
পরিমণ্ডল—বর্তুলাকৃতি, গোল। পরি (চারিদিকে) [মণ্ডল (গোল্), সুপ্। বিণ।
পরিমণ্ডিত—বিশেষরূপে ভূষিত। পরি—মন্ড্+ক্ত কর্ম। বিণ।
পরিমর্ষ—অসূয়া; দ্বেষ। পরি—মৃষ্+ঘঞ্ ভাব। [বি; পুং।
পরিমল—কুঙ্কুম-চন্দনাদি-মর্দনজনিত সুগন্ধ; সুরভিমাল্য; ফুলের গন্ধ; গন্ধাদি-ধারণে উৎপন্ন মনোহর গন্ধ। পরি—মল্+অচ্ কর্তৃ। বি; পুং।
পরিমাণ—১। মাপ, ওজন; সংখ্যাকরণ। পরি—মা+অনট্ ভাব। ২। বস্তুর দৈর্ঘ্য ইঃ। পরি—মা+অনট্ কর্ম। বি; ক্লী।
পরিমাণফল—সীমার মধ্যবর্তী স্থান বা দ্রব্যাদির কম-বেশি বুঝাইবার সংখ্যা; ক্ষেত্রফল, area; মাপের ফল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পরিমাপ—মাপা; পরিমাণনির্ধারণ; পরিমাণ; জরিপ, জমির মাপজোখ, survey. পরি—মা+ণিচ্+অচ্ ভাব। বি; পুং।
পরিমাপক—পরিমাণনির্ধারক, যে জরিপ করে, surveyor. পরি—মা+ণিচ্+ণক কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -মাপিকা।
পরিমার্জন—উত্তমরূপে মাজা; উত্তমরূপে ঘর্ষণ। পরি—মৃজ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
পরিমার্জিত—যাহা ভালরূপে মাজা হইয়াছে এরূপ; বিশুদ্ধ; শিক্ষা সংসর্গ প্রঃ দ্বারা উন্নত। পরি—মৃজ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
পরিমিত—পরিচ্ছিন্ন; অল্প; যাহা মাপা হইয়াছে এমন, যথাযোগ্যপরিমাণযুক্ত। পরি—মা+ক্ত কর্ম। বিণ।
পরিমিতি—১। পরিমাণ, মাপ। পরি—মা+ক্তি ভাব। ২। ভূম্যাদির পরিমাণ সম্বন্ধীয় শাস্ত্র, ক্ষেত্রমিতি, mensuration. পরি—মা+ক্তি করণ। বি; স্ত্রী।
পরিমুক্ত—সম্পূর্ণরূপে পরিত্যক্ত; সম্যগ্রূপে মুক্তিপ্রাপ্ত। পরি—মুচ্+ক্ত কর্ম, কর্ম-কর্তৃ। বিণ।
পরিমৃষ্ট—ঘৃষ্ট; আলিঙ্গিত; বিস্তারিত। পরি—মৃষ্+ক্ত কর্ম। বিণ।
পরিমেয়—পরিমাণের যোগ্য; যাহা অসীম নহে এমন, সসীম, finite. পরি—মা+যৎ কর্ম। বিণ।
পরিমেল—সভা, সংঘ, association. পরি—মিল্+ঘঞ্ ভাব। বি; পুং।
পরিমেল-নিয়মাবলী—কোন কোম্পানি গঠনের সময় স্বীকৃত নিয়মসমূহ, articles of association. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
পরিমোক্ষ—পরিত্রাণ; মোচন; নির্বাণ; ভঙ্গ; মল-ত্যাগ। পরি-মোক্ষ্+ঘঞ্ ভাব। বি; পুং।
পরিম্লান—অতিশয় ম্লান; খুব ম্যাড়মেড়ে; শুষ্ক; বিশুষ্ক। পরি—ম্লৈ+ক্ত কর্তৃ। বিণ।
পরিরক্ষণ—রক্ষা; উদ্ধার; অপেক্ষা। পরি—রক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী।
পরিরক্ষিত—সম্যগ্রূপে রক্ষিত। পরি—রক্ষ্+ক্ত কর্ম। বিণ।
পরিরব্ধ—আলিঙ্গিত। পরি—রভ্+ক্ত কর্ম। বিণ।
পরিরম্ভ, -রম্ভণ—আলিঙ্গন; রমণ। পরি—রভ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।
পরিলিখন—নকশা; খসড়া। পরি—লিখ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -লিখিত (circumscribed).
পরিশিষ্ট—১। অবশিষ্ট; শেষ অংশে সংযোজিত। বিণ। ২। গ্রন্থশেষের পর সংযুক্ত অংশ। পরি—শিষ্+ক্ত কর্তৃ। বি; পুং বা ক্লী।
পরিশীলন—অনুশীলন; অবগাহন; নিরন্তর স্পর্শ; আলিঙ্গন। পরি—শীল্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -শীলিত।
পরিশুদ্ধ—সংশোধিত; পরিষ্কৃত, নিশ্চিত। পরি—শুধ্+ক্ত কর্তৃ। বিণ। বি, -শুদ্ধি।
পরিশুষ্ক—অতিশয় শুষ্ক, নীরস। পরি—শুষ্+ক্ত কর্তৃ। বিণ।
পরিশেষ—১। অবশেষ, অবসান, উপসংহার, পরিশিষ্ট। পরি—শিষ্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। অবশিষ্ট। পরি—শিষ্+ঘঞ্ কর্ম। বিণ।
পরিশোধ—ঋণশোধ; সর্বতোভাবে সংশোধন, শুদ্ধ করা। পরি—শুধ্+ণিচ্+ঘঞ্ ভাব। বি; পুং।
পরিশোধ্য—পরিশোধের যোগ্য, যাহা পরিশোধ করা উচিত এরূপ ('—ঋণ')। পরি—শুধ্+ণিচ্+যৎ কর্ম। বিণ।
পরিশ্রম—কর্ম করিতে করিতে শ্রান্তি; মেহনত; আযাস; ক্লেশ। পরি—শ্রম্+ঘঞ্ ভাব। বি; পুং।
পরিশ্রমী (-শ্রমিন্)—পরিশ্রমকারী, যে খুব খাটিতে পারে এরূপ। পরিশ্রম+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -শ্রমিণী।
পরিশ্রান্ত—শ্রান্তিযুক্ত, ক্লান্ত। পরি—শ্রম্+ক্ত কর্তৃ। [বিণ।
পরিশ্লেষ—আলিঙ্গন। পরি—শ্লিষ্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ—পরিশ্লিষ্ট।
পরিষৎ (-ষদ্)—সভা, সমাজ, বহুজনসমাগম-স্থান; ব্যবস্থাপক সভা, council. পরি—সদ্+ক্বিপ্ অধি। বি; স্ত্রী।

পরিষদ—পার্শ্বচর, অনুচর। পরি—সদ্+অচ্ কর্তৃ। বি; পুং। [-ষেবিকা।

পরিষেবক—রোগীর শুশ্রূষাকারী। বি; পুং। স্ত্রী,

পরিস্করণ—পরিস্কৃতকরণ, বিশোধন, বিশুদ্ধকরণ। পরি—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।

পরিস্কার—১। স্বচ্ছতা, নির্মলতা; শোধন; ভূষণ, সজ্জা; শোভা; সজ্জিত করণ; নির্মলীকরণ। পরি—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং। ২। পরিস্কৃত, নির্মল; স্পষ্ট; সরল; বাধাহীন; সুস্থ; উদার; স্বচ্ছ; স্বাভাবিক; মধুর; সুন্দর; বিচারক্ষম। বাংপ্র। বিণ।

পরিস্কারক—পরিস্কারকারী। পরি—কৃ+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -রিকা।

পরিস্কৃত—স্বচ্ছ, নির্মল; শোধিত; শোভিত, ভূষিত; মার্জিত; বেষ্টিত। পরি—কৃ+ক্ত কর্ম। বিণ।

পরিস্বঙ্গ—আলিঙ্গন। পরি—স্বন্জ্+ঘঞ্ ভাব। বি; পুং।

পরিসংখ্যা—সংখ্যা; গণনা; কাব্যালংকার বিঃ [প্রশ্নপূর্বকই হউক বা প্রশ্ন না করিয়াই হউক, কথিত বস্তু যদি তাদৃশ নিষেধক বা ব্যবচ্ছেদক হয়, তবে তাহাকে পরিসংখ্যা বলে]। পরি—সম্—খ্যা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

পরিসংখ্যান—গণনা, সংখ্যা নির্ণয়করণ; কোন বিষয় সম্বন্ধে সংগৃহীত তথ্যজ্ঞাপক সংখ্যা, statistics. পরি—সম্—খ্যা+অনট্ কর্ম। বি; ক্লী।

পরিসমাপ্তি—শেষ; সম্পূর্ণতা। পরি—সম্—আপ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

পরিসম্পদ—সঞ্চিত সম্পত্তি, assets. পরি (সম্পূর্ণ) সম্পৎ, প্রাদি। বি; স্ত্রী।

পরিসর—১। প্রদেশ; পর্যন্তভূমি; নদী পর্বতাদির নিকটবর্তী ভূমি। পরি—সৃ+অপ্ অধি। ২। বিস্তার; আয়তন; প্রস্থ; মৃত্যু; বিধি। পরি—সৃ+অপ্ ভাব। বি; পুং। [বি; ক্লী।

পরিসরণ—পরাভব; মৃত্যু। পরি—সৃ+অনট্ ভাব।

পরিসীমা (-সীমন্)—ইয়ত্তা, সীমা; সমতলক্ষেত্রের বাহুগুলির সমষ্টি, perimeter ; পর্যন্ত। পরি—সি+মনিন্ কর্ম। বি; স্ত্রী: [বি; স্ত্রী।

পরিস্থিতি—অবস্থা; অবস্থান। পরি—স্থা+ক্তি ভাব।

পরিস্পন্দ, -স্পন্দন—স্পন্দন; কম্পন। পরি—স্পন্দ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

পরিস্ফুট—বিকশিত; প্রকাশিত; স্পষ্ট। পরি—স্ফুট্+ক কর্তৃ। বিণ।

পরিস্ফুরণ—বিকাশ; উচ্ছ্বাস; চলন। পরি—স্ফুর্+অনট্ ভাব। বি; ক্লী।

পরিস্রব—সন্তানপ্রসবান্তে যোনিদ্বারে বহির্গত পদার্থ বিঃ, ফুল, placenta. পরি—স্রু+অচ্ কর্তৃ। বি; পুং।

পরিস্রাব—ক্ষারজলের সহিত আলোড়িত করিয়া বস্ত্রের দ্বারা ছাঁকিয়া লওয়া; চোয়ানো। পরি—স্রু+ঘঞ্ ভাব। বি; পুং।

পরিস্রাবণ—চোয়ানো, filtration. পরি—স্রু+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

পরিস্রুত—ক্ষরিত, চোয়ানো, distilled. পরি—স্রু+ক্ত কর্তৃ। বিণ। বি, -স্রুতি।

পরিহরণ—ক্ষীণতা; হানি; বর্জন, ত্যাগ। পরি—হৃ+অনট্ ভাব। বি; ক্লী।

পরিহরণীয়, -হর্তব্য—ত্যাগ করিবার যোগ্য, পরিহার্য। পরি—হৃ+অনীয়, তব্য কর্ম। বিণ।

পরিহরা—ত্যাগ করা; ক্ষমা করা। কপ্র। ক্রি।

পরিহসনীয়—পরিহাসযোগ্য। পরি—হস্+অনীয় কর্ম। বিণ।

পরিহার—পরিত্যাগ, এড়ানো; মোচন; ছাড়িয়া দেওয়া; দোষাপনয়ন; অসম্মান; উপেক্ষা। পরি—হৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

পরিহার্য—পরিত্যাজ্য। পরি—হৃ+ণ্যৎ কর্ম। বিণ।

পরিহাস—ঠাট্টা; তামাশা। পরি—হস্+ঘঞ্ ভাব। বি; পুং।

পরিহিত—যাহা পরিধান করা হইয়াছে এরূপ; আচ্ছাদিত। পরি—ধা+ক্ত কর্ম। বিণ।

পরিহৃত—পরিত্যক্ত; বিমুক্ত। পরি—হৃ+ক্ত কর্ম। বিণ।

পরী—পক্ষযুক্ত অতি সুন্দর কল্পিত নারী বিঃ; পরমা সুন্দরী নারী। ফা। বি। **ডানাকাটা পরী**—(ব্যংগার্থে) পরমা সুন্দরী নারী।

পরীক্ষক—পরীক্ষাকারক; দোষগুণ-বিবেচক। পরি—ঈক্ষ্+ণক কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -ক্ষিকা।

পরীক্ষণ, পরীক্ষা—দোষগুণ-বিবেচনা; তর্কপ্রমাণাদির দ্বারা তত্ত্বাবধারণ; দোষগুণানুসন্ধান; সত্যাসত্য নিরূপণ। পরি—ঈক্ষ্+অনট্ ভাব। পরি—ঈক্ষ্+অ ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

পরীক্ষণীয়—পরীক্ষা করিবার যোগ্য, যাহা পরীক্ষা করা উচিত এরূপ। পরি—ঈক্ষ্+অনীয় কর্ম। বিণ।

পরীক্ষা—'পরীক্ষণ' দ্রঃ।

পরীক্ষাগার—যে গৃহে পরীক্ষা করা হয়। পরীক্ষার আগার, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পরীক্ষাধীন—বিচার্য; যাহার এখনও পরীক্ষা হইতেছে এমন; পরীক্ষাসাপেক্ষ। পরীক্ষার অধীন, ৬ষ্ঠীতৎ। বিণ।

পরীক্ষামন্দির—পরীক্ষার স্থান বা গৃহ, laboratory. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পরীক্ষার্থী (-র্থিন্)—পরীক্ষাপ্রদানে ইচ্ছুক, যাহারা পরীক্ষা দিয়াছে, দিতেছে বা দিবে এমন। উপতৎ; পরীক্ষা—অর্থ+ণিন্ কর্তৃ। বি বা বিণ। স্ত্রী, -র্থিনী।

পরীক্ষালয়—পরীক্ষার গৃহ, পরীক্ষামন্দির। পরীক্ষার আলয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পরীক্ষিত—যাহার পরীক্ষা হইয়াছে এরূপ, যাহার দোষগুণ বিবেচিত হইয়াছে এমন। পরি—ঈক্ষ্+ক্ত কর্ম। বিণ।

পরীক্ষোত্তীর্ণ—যে পরীক্ষায় কৃতকার্য হইয়াছে এরূপ। পরীক্ষাকে উত্তীর্ণ, ২য়াতৎ। বিণ।

পরুষ—১। কাঠিন্য; নিষ্ঠুরবাক্য। বি; ক্লী।

২। কর্কশ; কঠিন; নিষ্ঠুর; উদ্ধত; নানাবর্ণ। পৃ +উষন্ কর্তৃ। বিণ।
পরুষকণ্ঠ—কর্কশভাষী, যাহার কণ্ঠস্বর রূক্ষ এরূপ। বহু। বিণ।
পরে—তারপর, অনন্তর; পশ্চাতে। বাংপ্র। অ। **পরে পরে**—একের পর এক, ক্রমান্বয়ে, একে একে; লোকপরম্পরাক্রমে।
'**পরে**—< উপরে। অ।
পরেশ—ভগবান্। পর (শ্রেষ্ঠ) ঈশ, কর্মধা। বি; পুং। [বিণ।
পরেশান—হয়রান; অতিশয় শ্রান্ত; বিহ্বল। ফা।
পরোক্ষ—১। অসাক্ষাৎ, অপ্রত্যক্ষ। অ। ২। অপ্রত্যক্ষ ('—বিষয়'), ইন্দ্রিয়াতীত; গৌণ। অক্ষির পর এই বাক্যে, অব্যয়ী; পরোক্ষ+অচ্ আছে অর্থে। বিণ। **পরোক্ষ জ্ঞান**—অতীন্দ্রিয় জ্ঞান, indirect knowledge. **পরোক্ষ প্রমাণ**—পারিপার্শ্বিক ঘটনাবলী হইতে সংগৃহীত প্রমাণ, circumstantial evidence.
পরোঢ়া—অন্য কর্তৃক বিবাহিতা রমণী। পর কর্তৃক ঊঢ়া, ৩য়াতৎ। বি বা বিণ; স্ত্রী।
পরোপকার—অন্যের হিতসাধন। পরের উপকার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পরোপকারক—অন্যের হিতসাধক, পরের মঙ্গলবিধায়ক। পরের উপকারক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-কারিকা**।
পরোপকারী (-কারিন্)—পরের কল্যাণকারক। পরের উপকারী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-কারিণী**।
পরোপজীবী (-বিন্)—পরান্নোপজীবী (তাহা দ্রঃ)। পর—উপ—জীব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বিনী**।
পরোপজীব্য—পরোপজীবী, পরান্নোপজীবী। পর উপজীব্য যাহার, বহু। বিণ।
পরোয়া—চিন্তা; ভয়। < ফা 'পর্‌বা'। বি। **কুচ পরোয়া নেই**—কোন ভয় নাই। [বি।
পরোয়ানা—আজ্ঞাপত্র, হুকুমনামা। < ফা 'পরবানা'।
পর্কটি, পর্কটী (-টিন্)—পাকুড় গাছ, প্লক্ষতরু। পৃচ্+অটি, অটিন্, কর্তৃ। বি; স্ত্রী, পুং।
পর্জন্য—ইন্দ্র; শব্দকারী মেঘ। পৃষ্+অন্য কর্তৃ (নিপা)। বি; পুং। [বি; ক্লী।
পর্ণ—পত্র, পাতা; তাম্বুল; পক্ষ। পর্ণ্+অচ্ কর্তৃ।
পর্ণকুটি, -কুটী—পাতার কুঁড়ে। পর্ণনির্মিতা কুটি, কুটী, মধ্যপ। বি; স্ত্রী।
পর্ণকুটীর—পর্ণকুটী। পর্ণনির্মিত কুটীর, মধ্যপ। বি; পুং বা ক্লী।
পর্ণকুটীরবাসী (-বাসিন্)—যে পাতার কুঁড়ে ঘরে বাস করে এরূপ, অতি দরিদ্র। উপতৎ; পর্ণকুটীর—বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাসিনী**।
পর্ণমোচী (-চিন্)—পত্রত্যাগী; পত্রমোচী deciduous. উপতৎ; পর্ণ—মুচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-মোচিনী**। [শয্যা, মধ্যপ। বি; স্ত্রী।
পর্ণশয্যা—পত্ররচিত শয্যা, পাতার বিছানা। পর্ণরচিতা
পর্ণশালা—মুনিদিগের পত্রকুটীর; পাতার ঘর। পর্ণাচ্ছাদিতা বা পর্ণনির্মিতা শালা, মধ্যপ। বি; স্ত্রী।
পর্দা—যবনিকা; ব্যবধান, বেড়া; চর্মের নিম্নস্থ মাংস প্রভৃর অথবা চক্ষুর আবরক ঝিল্লী; (লক্ষ্যার্থে) লজ্জা। < ফা 'পর্দহ্'। বি।
পর্দানশিন, -নশীন—পরদানশিন (তাহা দ্রঃ)।
পর্পট—ক্ষেতপাপড়া গাছ; পাঁপর। পর্প্—অট্+অচ্ কর্তৃ, সংজ্ঞার্থে। বি; পুং।
পর্পটী—পিষ্টক বিঃ; আয়ুর্বেদীয় ঔষধ বিঃ। পর্প্+অটন কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
পর্ব (পর্বন্)—গ্রন্থি; কাণ্ডের গ্রন্থি, node: দুই পর্বসন্ধির মধ্যবর্তী স্থান, internode; পাব; সন্ধি; দর্শ ও প্রতিপদের সন্ধি; ভঙ্গী; অষ্টমী চতুর্দশী পূর্ণিমা অমাবস্যা তিথি ও সংক্রান্তি—এই পাঁচ; উৎসব, পরব; অধ্যায়; প্রস্তাব; সূক্ষ্মকাল, ক্ষণ; লক্ষণান্তর। পৃ+বনিপ্ কর্তৃ। বি; ক্লী।
পর্বত—গিরি; দেবর্ষি বিঃ; পাবদা মাছ; গন্ধর্ব বিঃ; শাক বিঃ। পর্ব+অতচ্ কর্তৃ; অথবা, পর্বন্+তপ্ আছে অর্থে। বি; পুং।
পর্বতপতি—পর্বতশ্রেষ্ঠ হিমালয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বহু। বিণ।
পর্বতপ্রমাণ—পর্বতসদৃশ; পর্বতাকৃতি, রাশীকৃত।
পর্বতবাসী (-বাসিন্)—যে পর্বতে বাস করে এমন, পাহাড়িয়া ('—জাতি')। উপতৎ; পর্বত—বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাসিনী**।
পর্বতরাজ—পর্বতাধিপতি হিমালয়। পর্বতমধ্যে রাজা বা পর্বতদিগের রাজা, ৭মীতৎ বা ৬ষ্ঠীতৎ (টচ্ সমাসান্ত)। বি, পুং। [ক্লী।
পর্বতশিখর, -শৃঙ্গ—পাহাড়ের চূড়া। ৬ষ্ঠীতৎ। বি;
পর্বতশ্রেণী—গিরিমালা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
পর্বতাকার—অতি বৃহৎ, পর্বতের ন্যায় আকৃতিবিশিষ্ট; রাশীকৃত। পর্বতের আকারের ন্যায় আকার যাহার, বহু। বিণ।
পর্বতীয়—পর্বত সম্বন্ধীয়; পাহাড়িয়া। পর্বত+ঈয সম্বন্ধার্থে, নিবাসার্থে। বিণ।
পর্বাস্ফোট—আঙুল মটকানো। পর্বের আস্ফোট, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পর্বাহ—পর্বদিন, উৎসবদিন। পর্বের (উৎসবের) অহ (অহন্—দিবস), ৬ষ্ঠীতৎ (টচ্ সমাসান্ত)। বি; পুং।
পর্যঙ্ক—খট্বা, পালঙ্ক; অববাহিকা, basin. পরি—অন্‌ক+ঘঞ্ কর্ম। বি; পুং।
পর্যটক—পরিব্রাজক; ইতস্ততঃ ভ্রমণকারী। পরি—অট্+অচ্ কর্তৃ+কন স্বার্থে। বি; পুং।
পর্যটন—ইতস্ততঃ ভ্রমণ, পরিভ্রমণ। পরি—অট্+অনট্ ভাব। বি; ক্লী।
পর্যটনশীল—ভ্রমণকারী। বহু। বিণ।
পর্যন্ত—১। পার্শ্ব; প্রান্ত; সমীপ নিকট; সীমা; অবসান। পরি (পরিতঃ) অন্ত (শেষ), প্রাদি। বি; পুং। ২। শেষসীমাপ্রাপ্ত। পরিগত অন্তকে, প্রাদি। বিণ। ৩। অবধি; নাগাইদ্। বাংপ্র। অ।

পর্যবসান—সমাপন; পরিণতি। পরি—অব—সো +অনট্ ভাব। বি; ক্লী।

পর্যবসিত—নিঃশেষিত; সমাপ্ত; পূর্বাপর সমালোচনা দ্বারা নির্ধারিত; পরিণত। পরি—অব—সো+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

পর্যবেক্ষক—পরীক্ষক; তত্ত্বাবধায়ক; অভিনিবেশসহকারে নিরীক্ষণকারী। পরি—অব—ঈক্ষ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-বেক্ষিকা**।

পর্যবেক্ষণ—নিরীক্ষণ, অভিনিবেশপূর্বক অবলোকন; তত্ত্বাবধান। পরি—অব—ঈক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী।

পর্যবেক্ষণিকা—গ্রহনক্ষত্রাদি পর্যবেক্ষণ করিবার গৃহ, মানমন্দির, observatory. পর্যবেক্ষণ+কন্ আছে অর্থে+আপ্। বি; স্ত্রী।

পর্যবেক্ষিত—নিরীক্ষিত, অভিনিবেশসহকারে দৃষ্ট। পরি—অব—ঈক্ষ্+ক্ত কর্ম। বিণ।

পর্যস্ত—বিক্ষিপ্ত; দূরে নিক্ষিপ্ত; দূরীকৃত; উলটানো; আহত; হত; প্রসারিত। পরি—অস্+ক্ত কর্ম। বিণ। বি—**পর্যসন, পর্যাস**।

পর্যাকুল—ব্যাকুল, কাতর; স্খলিতগতি; ব্যতিব্যস্ত; বিক্ষিপ্ত। পরি—আ—কুল+ক কর্তৃ। বিণ।

পর্যাণ—পশুর পৃষ্ঠাসন, পালান, saddle. পরি—যা+অনট্ করণ, নিপা। বি; ক্লী।

পর্যাপ্ত—প্রচুর, যথেষ্ট; সমর্থ; প্রাপ্ত; সম্পন্ন। পরি—আপ্+ক্ত কর্তৃ। বিণ।

পর্যাপ্তি—প্রাচুর্য; সম্যক্ প্রাপ্তি; প্রাপ্তি; পরিমিতভাব; সামর্থ্য; পরিচ্ছেদ; নিবারণ; পরিত্রাণ; প্রকাশ। পরি—আপ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

পর্যাবৃত্ত—পর্যায়ানুসারে সংঘটিত, যাহার চলার বা দোলার নির্দিষ্ট সময় থাকে এমন (যথা—ঘড়ির কাঁটা), periodic. পরি—আ—বৃৎ+ক্ত কর্তৃ। বিণ। বি, **-বৃত্তি**।

পর্যায়—অনুক্রম, পালা, পরম্পরা; প্রকার; সময়ের পরিমাণ বিঃ—যাহাতে কোন বস্তু বা গ্রহাদি একই ভাবে চলে, period; শ্রেণী, status; বংশের প্রবর্তক হইতে গণিত সন্তান-সংখ্যা, generation; সমনাম, synonym; নির্মাণ; দ্রব্যধর্ম; কীর্তনে বর্ণনীয় বিষয় বা পালা, plot. পরি—ই বা অয়্+ঘঞ্ ভাব। বি; পুং।

পর্যায়ক্রম—পালাক্রম, আনুপূর্বিকভাব। পর্যায়ের ক্রম, ৬ষ্ঠীতৎ। বি; পুং। ক্রি-বিণ, **-ক্রমে**।

পর্যায়সম—বাংগালা কবিতার একপ্রকার ছন্দঃ (যাহাতে ১ম ও ৩য় এবং ২য় ও ৪র্থ পঙ্‌ক্তির শেষ বর্ণের মিল থাকে)। ৭মীতৎ। বি; ক্লী।

পর্যায়োক্ত—১। অলংকার বিঃ [গম্য অর্থাৎ সহজবোধ্য উহ্য বিষয়কে কার্যাদি দ্বারা অন্য ভঙ্গীতে প্রকাশ করিলে এই অলংকার হয়; যথা—তাঁহার রাজত্ব-সময়ে সৈন্যদের অস্ত্রসমূহ কলঙ্কে (rust) পরিপূর্ণ হইয়াছিল—এই বাক্য দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, তাঁহার প্রতাপে কেহ তাঁহার সহিত যুদ্ধ করিতে সাহসী হইত না; অতএব অব্যবহারে অস্ত্রসমূহে মরিচা পড়িয়াছিল]। বি; ক্লী। ২। যথাক্রমে কথিত। পর্যায়ে উক্ত, সুপ্। বিণ।

পর্যালোচন, -লোচনা—সর্বতোভাবে আলোচনা; পুনঃ পুনঃ অনুশীলন; উত্তমরূপে বিচার; পর্যবেক্ষণ; তত্ত্বাবধান; বিতর্ক। পরি—আ—লোচি+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

পর্যালোচিত—সর্বতোভাবে আলোচিত, সম্যক্ প্রকারে অনুশীলিত। পরি—আ—লোচি+ক্ত কর্ম। বিণ।

পর্যাস—পরিবর্তন; বিপর্যয়; বিস্তার; বিনাশ; পতন। পরি—অস্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ—**পর্যস্ত**।

পর্যাসিত—বিস্তারিত; পরিণত; পরাবর্তিত। পরি—অস্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। বি—**পর্যাসন**।

পর্যুদস্ত—নিষিদ্ধ, নিবারিত; পরাভূত; হীনবল; পণ্ড। পরি—উৎ—অস্+ক্ত কর্ম। বিণ।

পর্যুদাস—নিষেধ, নিবারণ; পরাভব; যে নঞ্-এ বিধির প্রাধান্য ও নিষেধের অপ্রাধান্য। পরি—উৎ—অস্+ঘঞ্ ভাব। বি; পুং।

পর্যুষিত—পূর্বদিবসীয়, বাসী। পরি—বস্+ক্ত কর্তৃ। বিণ। **পর্যুষিত বাক্য**—যে কথা বা প্রতিজ্ঞা ঠিকভাবে রক্ষিত হয় নাই।

পর্ষদ্—সমাজ, সভা; পরিচালকবর্গ, board. পৃষ্+অদ্ অধি, সংজ্ঞার্থে। বি; স্ত্রী।

পল—১। তোলকচতুষ্টয়পরিমাণ; মাংস, আমিষ। পল্+ক ঘঞর্থে করণ, সংজ্ঞার্থে। ২। প্রতারণ; চলন। পল্+ক ঘঞর্থে ভাব। বি; ক্লী। ৩। সূক্ষ্মকাল; শস্যশূন্য তৃণ; পোয়াল-খড়। পল্+অচ্ কর্তৃ। বি; পুং। ৪। ধার পার্শ্ব। <ফা 'পহল'। বি। **পল তোলা**—দ্রব্যাদির গাত্র কাটিয়া বা খুদিয়া শিরালো পার্শ্ব বাহির করা।

পলক—চক্ষুর পাতা; নিমেষ। ফা। বি।

পলকবিহীন, -রহিত, -শূন্য, -হীন—অপলক; নির্নিমেষ। ৩য়াতৎ। বিণ। [বিণ।

পলকা—ক্ষণভঙ্গুর, ভঙ্গপ্রবণ; জীর্ণ; অসার। বাংপ্র।

পলতা—পটোলপাতা; পটোলগাছ। <পটোললতা। বি। [লাহ'। বি।

পলতে—সলিতা, প্রদীপের বর্তিকা। <আ 'ফতী-

পল-তোলা—যাহার ধার বা শির তোলা হইয়াছে এরূপ। বহু। (বাংপ্র)। বিণ।

পলল—জলস্রোতের সঙ্গে আগত নদী প্রভৃর পলি, alluvium; পঙ্ক; মাংস। পল্+কলচ্ কর্তৃ। বি; ক্লী।

পলস্তারা—১। লেপনীয় দ্রব্য, সুরকি চুন সিমেন্ট ইঃর লেপ। <ইং 'plaster'. ২। যে প্রলেপে শরীরে ফোসকা পড়ে। <ইং 'blister'. বি। **পলস্তারা করা**—লেপ দেওয়া।

পলা—১। রত্ন বিঃ। <প্রবাল। ২। তেল প্রঃ তুলিবার লম্বা হাতলওয়ালা ছোট হাতা। <পল। বি। [বিণ বা বি।

পলাকাঁটি—সোনালী; হাতের গহনা বিঃ। বাংপ্র।

পলাণ্ডু—পেয়াজ। পল্—অন্ড্+উ কর্তৃ। বি; পুং।

পলাতক—যে পলায়ন করিয়াছে বা করিতেছে এরূপ; নিরুদ্দেশ। বাংপ্র। বিণ। [বাংপ্র। বিণ।

পলানে—যে বার বার পলাইয়া যায় এমন ('— বউ')।

পলানো, পালানো—পলায়ন করা। ＜পলায়ন। বাংপ্র। ক্রি [,বি, বিণ]।

পলান্ন—মাংসপক্ব অন্ন, পোলাও। পলমিশ্রিত অন্ন, মধ্যপ। বি; ক্লী।

পলায়ন—ভয়াদি হেতু প্রস্থান, পলানো। পরা—অয়্ +অনট্ ভাব (র-স্থানে ল)। বি; ক্লী।

পলায়নপর—পলায়ন করিতে উদ্যত। বহু। বিণ।

পলায়মান—যে পলায়ন করিতেছে এরূপ। পরা—অয়্ +শানচ্ কর্তৃ। বিণ।

পলায়িত—ভয়াদিহেতু স্থানান্তরে প্রস্থিত, যে পলাইয়াছে এমন। পরা—অয়্+ক্ত কর্তৃ। বিণ।

পলাশ—১। কিংশুক-বৃক্ষ বা তাহার পুষ্প; পত্র বা পাপড়ি ('পদ্ম —')। পল—অশ্+অণ্ কর্তৃ। ২। হরিদ্বর্ণ, শ্যামবর্ণ। পলাশ+অচ্ সম্বন্ধার্থে। বি; পুং। ৩। শ্যামবর্ণবিশিষ্ট। পলাশ (শ্যামবর্ণ)+অচ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -শী, -শা।

পলি—নদীর উভয়তীরে পতিত মৃত্তিকা; জলস্রোতে আনীত ও থিতানো মৃত্তিকা। ＜পলল। বি। **পলি পড়া**—বন্যার জলে আনীত মৃত্তিকা নদীর উপকূলে পতিত হওয়া; ঘোলাজলে মিশানো কাদা তলায় পড়িয়া যাওয়া।

পলিত—১। বৃদ্ধাবস্থাহেতু কেশের শুক্লতা; তাপ; কর্দম। পল্+ক্ত ভাব, করণ। বি; ক্লী। ২। বৃদ্ধ; শুক্ল। পল্+ক্ত কর্তৃ। বিণ।

পলিতকেশ—১। বার্ধক্যহেতু যাহার চুল সাদা হইয়াছে এরূপ। বহু। বিণ। স্ত্রী, -শী, -শা। ২। সাদা চুল। কর্মধা। বি; পুং।

পলিতা—দীপের সলিতা, দীপবর্তিকা। ＜আ 'ফতীলাহ্'। বি।

পলু—বাঁধা পুস্তকের ধার কাটিবার একপ্রকার ছুরি; রেশম-কীট। বাংপ্র। বি। ＜পলব। বি।

পলুই, পলো—মাছ ধরিবার বাঁশের খাঁচা বিঃ।

পলু-পোকা—রেশম-কীট। বাংপ্র। বি।

পলো—'পলুই' দ্রঃ।

পল্টন—সেনাদল। ＜ইং 'platoon'. বি।

পল্বল—ছোট জলাশয়, ডোবা। পল্+বল কর্তৃ। বি; পুং বা ক্লী।

পল্যঙ্ক—পালঙ্ক, খাট। পরি—অন্‌ক্+ঘঞ্ অধি (র-স্থানে ল)। বি; পুং।

পল্লব—১। কিসলয়, নূতন পত্র। পল্—লূ+অপ্ কর্ম। ২। ছোট ডাল, ফেঁকড়ি; পল্লব+অচ্ আছে অর্থে। ৩। বিস্তার; পল্—লূ+অপ্ ভাব। বি; পুং বা ক্লী।

পল্লবগ্রাহিতা—নানা বিষয়ে কিঞ্চিৎ কিঞ্চিৎ জ্ঞান থাকা, ভাসাভাসা জ্ঞান থাকা; খুঁট-আঁখুরে হওয়া। পল্লবগ্রাহিন্+তা ভাবে। বি; স্ত্রী।

পল্লবগ্রাহী (-গ্রাহিন্)—যে কোন বিষয়ই গভীরভাবে না দেখিয়া উপর উপর জ্ঞান আহরণ করে এরূপ; খুঁট-আঁখুরে; উপতৎ; পল্লব—গ্রহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -গ্রাহিণী। বি, -গ্রাহিতা।

পল্লবিত—পল্লবযুক্ত; অতিরঞ্জিত, বিস্তৃত; বহুলীকৃত। পল্লব+ইতচ্ সংজাতার্থে। বিণ।

পল্লী—ক্ষুদ্র গ্রাম; পাড়া; গৃহ। পল্ল্+ইন্ অধি+ঈপ্। বি; স্ত্রী।

পল্লীগীতি—গ্রাম্য কবির রচিত গান; পল্লীর সম্বন্ধীয় গান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পল্লীগ্রাম—পাড়াগাঁ। কর্মধা। বি; পুং।

পল্লীবাল—পাড়াগাঁয়ের ছেলে। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পল্লীবালা, -বালিকা—পাড়াগাঁয়ের মেয়ে; পল্লীর কুমারী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পল্লীবাসী (-বাসিন্)—যে পাড়াগাঁয়ে বাস করে এরূপ। উপতৎ; পল্লী—বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বাসিনী।

পশম—ছাগ মেষ প্রভৃর লোম। ＜ফা 'পশ্‌ম্'। বি।

পশমিনা—পশমী বস্ত্র বিঃ। ফা-মূ। বি।

পশমী—পশমনির্মিত। পশম+ঈ নিমিতার্থে। ফা-মূ। বিণ।

পশা—প্রবেশ করা। কপ্র। ক্রি।

পশু—চতুষ্পদ ও লাঙ্গুলবিশিষ্ট জন্তু; বলির জীব; মূর্খ; পশুস্বভাববিশিষ্ট লোক; মায়ায় আবদ্ধ জীব; প্রমথ ('— পতি')। পশ্+উ কর্ম, সংজ্ঞার্থে; অথবা, দৃশ্ (দেখা)+কু কর্তৃ (নিপা)। বি; পুং।

পশুকল্প—পশুবৎ, পশুর ন্যায়। পশু+কল্পপ্ ঈষদূনার্থে। বিণ।

পশুচিকিৎসক—পশুর রোগনির্ণয়ে অভিজ্ঞ ডাক্তার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পশুত্ব—পশুজন্ম; পশুর ভাব বা ধর্ম; পশুর মত আচরণ। পশু+ত্ব ভাবে। বি; ক্লী।

পশুধর্ম—পশুবৎ যথেচ্ছ মৈথুনরূপ ধর্ম। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; পুং।

পশুপতি—দেবেশ, শিব। পশুদের পতি, ৬ষ্ঠীতৎ।

পশুপাল, -পালক—পশুরক্ষক, রাখাল। উপতৎ; পশু—পা+ণিচ্+অণ্ কর্তৃ; পক্ষে ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পশুরাজ—সিংহ। পশুদের মধ্যে রাজা (প্রধান), ৭মীতৎ; অথবা, পশুদিগের রাজা, ৬ষ্ঠীতৎ (টচ্ সমাসান্ত)। বি; পুং।

পশুশালা—যে স্থানে পশুগণকে রাখা হয় তাহা, চিড়িয়াখানা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পশ্চাৎ—পরে; পশ্চিমে; পিছে; চরম। অপর+আৎ (নিপা)। অ। [সুপ্। বি; পুং।

পশ্চাত্তাপ—অনুতাপ; সন্তাপ। পশ্চাৎ (পরে) তাপ,

পশ্চাৎপদ—যে হটে এমন; পেছপা; অনিচ্ছুক; নিবৃত্ত। পশ্চাৎ পদ যাহার, বহু। বিণ।

পশ্চাদনুসরণ—পিছনে পিছনে যাওয়া, পশ্চাদ্‌গমন। পশ্চাতে অনুসরণ, সুপ্। বি; ক্লী। বিণ, -সৃত।

পশ্চাদপসরণ—পিছন দিক্ হইতে বা পিছন দিক্ দিয়া পলায়ন। পশ্চাতে অপসরণ, সুপ্। বি; ক্লী। বিণ, -সৃত।

পশ্চাদ্গামী (-মিন্)—যে পিছনে পিছনে যায় এরূপ; যে পরে যায় এরূপ। উপতৎ; পশ্চাৎ—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**গামিনী**। বি, -**গমন**।

পশ্চাদ্ধাবন—পিছনে দৌড়ানো; পশ্চাৎ পশ্চাৎ গমন। সুপ্। বি; ক্লী।

পশ্চাদ্ধাবিত—১। পশ্চাতে ধাবমান। সুপ্। ২। যাহার পিছনে কেহ ছুটিতেছে এমন। এইপক্ষে, ধাবিত=ধাব্+ক্ত কর্ম। বিণ।

পশ্চাদ্বর্তী (-র্তিন্)—পিছন দিকে অবস্থিত। উপতৎ; পশ্চাৎ—বৃৎ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**বর্তিনী**। [পুং।

পশ্চাদ্ভাগ—পিছন দিক্, পৃষ্ঠদেশ। ৬ষ্ঠীতৎ। বি;

পশ্চাদ্ভূমি—ছবি ইঃর পটভূমি,. background; পিছনের ভূমি। পশ্চাৎস্থিত ভূমি, মধ্যপ। বি; স্ত্রী।

পশ্চার্ধ—অপরার্ধ; পা হইতে নাভি পর্যন্ত অংশ। অপর অর্ধ, কর্মধা (অপর-স্থানে পশ্চ)। বি; পুং।

পশ্চিম—১। যে দিকে সূর্যাদি অস্তগমন করে। বাংপ্র। বি। ২। চরম, শেষ; অনন্তর; পশ্চিমদিকে অবস্থিত। পশ্চাৎ+ডিমচ্ ভবার্থে। বিণ।

পশ্চিমা—১। প্রতীচী দিক্, সূর্যাদির অস্তগমন-দিক্। পশ্চাৎ+ডিমচ্ ভবার্থে+আপ্। বি; স্ত্রী। ২। পশ্চাদ্ভবা। পশ্চিম+আপ্। বিণ; স্ত্রী। ৩। পশ্চিমাঞ্চলবাসী; পশ্চিমদেশবাসী। পশ্চিম+আ নিবাসার্থে (বাংপ্র)। বি বা বিণ।

পশ্চিমাঞ্চল—পশ্চিমদিগ্বর্তী প্রদেশ, পশ্চিমবঙ্গের পশ্চিমে অবস্থিত বিহার উত্তর প্রদেশ প্রঃ স্থান। পশ্চিম যে অঞ্চল, কর্মধা। বি; পুং বা ক্লী।

পশ্চিমী—পশ্চিমাঞ্চলবাসী। পশ্চিম+ঈ নিবাসার্থে (বাংপ্র)। বিণ।

পশ্বাচার—তান্ত্রিক আচার বিঃ; পশুতুল্য আচরণ। পশুর (অধিকারিবিশেষের; জন্তুর) আচার (আচরণ), ৬ষ্ঠীতৎ। বি; পুং। বিণ, -**চারী** (-রিন্)। [<পসারিক। বি।

পসরা—বিক্রেয় দ্রব্যের ঝুড়ি বা পাত্র, পণ্যসম্ভার।

পসলা—বর্ষণ। বাংপ্র। বি।

পসার—পসরা; প্রতিপত্তি; প্রতিষ্ঠা। <প্রসার। বি। [স্ত্রী—**পসারিনী**।

পসারী—বিক্রেতা, দোকানদার। <প্রসারক। বি।

পসুরি—পাঁচসের ওজন। বাংপ্র। বি।

পস্তানি—অনুতাপ। বাংপ্র। বি।

পস্তানো—আক্ষেপ করা; দুঃখ করা; অনুতাপ করা। <পশ্চাত্তাপ। ক্রি [,বি]।

পহর—যাম, তিন ঘণ্টা কাল। <প্রহর। বি।

পহেলা—১। আদিতে, প্রথমে, আগে। ক্রি-বিণ। ২। মাসের প্রথম দিবস। হি। বি।

পহ্লব—প্রাচীন পারসীক জাতি বিঃ; পহ্লবী ভাষা। অসং। বি।

পহ্লবী—১। ভাষা বিঃ; প্রাচীন পারসীক জাতি বিঃ; পদবী বিঃ। বি। ২। পহ্লব সম্বন্ধীয়। পহ্লব+ঈ সম্বন্ধাদি অর্থে। অসং। বিণ।

পা—১। (সমাসে) পানকারী; রক্ষাকর্তা। পা+ক্বিপ্ কর্তৃ। বিণ। ২। চরণ, পদ। <পাদ। বি। ৩। সুরসপ্তকের পঞ্চম সুর (সা রে গা মা 'পা')। <পঞ্চম। বি। **পা ওঠা**—চলা, অগ্রগামী হওয়া; লাথি মারিবার জন্য চরণ উত্থিত হওয়া। **পা চালানো**—লাথি মারা; জোরে হাঁটিতে থাকা। **পা টিপিয়া টিপিয়া চলা**—পায়ের শব্দ না করিয়া অতি সতর্কতার সহিত চলা। **পা তোলা**—লাথি মারিবার জন্য পা ওঠানো। **পা ফেলা**—পা রাখা; পদার্পণ করা। **পা বাড়ানো**—আসা; অগ্রসর হওয়ার জন্য পা ফেলা। **পা ভারী হওয়া**—পায়ে রস নামিয়া ভারী হওয়া। **পায়ে ঠেলা**—নিষ্ঠুরভাবে ত্যাগ করা; আশ্রয়দান না করা। **পায়ে তেল দেওয়া**—অত্যন্ত হীনতা প্রকাশ করিয়া খোশামোদ করা। **পায়ে ধরা**—অতিশয় তোষামোদ করা; কাহারও পদানত হওয়া। **পায়ে পড়া**—পদানত হওয়া; পদানত হইয়া ক্ষমা প্রার্থনা করা; বিনীতভাবে প্রার্থনা করা। **পায়ে পায়ে**—প্রতিপদে; পিছনে পিছনে; সঙ্গে সঙ্গে। **পায়ের উপর পা দিয়া থাকা**—নিজে কোনরূপ পরিশ্রমের কাজ না করিয়া চাকর-বাকর রাখিয়া সংসারের কাজকর্ম চালাইয়া লওয়া। **পায়ের ধুলা দেওয়া**—পদার্পণ করিয়া অনুগ্রহ প্রকাশ করা। **পায়ের পাতা**—পায়ের পত্রবৎ চওড়া নিম্নতম অংশ। **পায়ের সুতা ছেঁড়া**—খুব বেশী হাঁটার জন্য অবসাদ আসা। **পায়ে রাখা**—কৃপা করা; আশ্রয় দেওয়া; সাহায্য করা।

পাই—১। প্রাপ্ত হই। ক্রি। ২। পয়সা; এক পয়সার তিন ভাগের একভাগ মুদ্রা; সারি, থাক; ক্ষেত্রের এক-চতুর্থ। <পাদিকা। বি।

পাইক—গ্রামবক্ষক; পেয়াদা; লাঠিয়াল, খেলোয়াড়। <পদাতিক। বি।

পাইকার—ফেরিওয়ালা; যাহারা পণ্যদ্রব্য নির্দিষ্ট পরিমাণের কম বিক্রয় করে না এরূপ ব্যবসায়ী বা যাহারা ঐরূপ নির্দিষ্ট পরিমাণ পণ্যদ্রব্য ক্রয় করে এরূপ ক্রেতা; পাইকারী দরে কিনিয়া খুচরা-বিক্রয়-কারী দোকানদার। ফা। বি।

পাইকারী—যাহা খুচরা নহে এমন ('—দর'); পাইকার সম্বন্ধীয়; সর্বসাধারণের উপর ধার্য। পাইকার+ঈ (ফা-মু)। বিণ। **পাইকারী জরিমানা**—বহুলোকের একই অপরাধের জন্য একসঙ্গে অনেকের উপর যে জরিমানা ধার্য করা হয় তাহা, collective fine.

পাইন—১। সোনা রূপা প্রঃ ধাত জোড়া লাগাইবার জন্য ব্যবহৃত অল্প তাপে দ্রবণীয় ধাত বিঃ, পান; লৌহনির্মিত অস্ত্রের ধার পাকা করিবার নিমিত্ত তাহাকে গরম করিয়া জলে ডুবানো; বঙ্গদেশীয় হিন্দুর উপাধি বিঃ। বাংপ্র। ২। পার্বত্য অঞ্চলের একপ্রকার গাছ। <ইং 'pine'. বি।

পাইপ—নল। <ইং 'pipe'. বি।

পাউডার—গুঁড়া, চূর্ণ; গুঁড়া ঔষধ। <ইং 'powder'. বি।

পাউন্ড—প্রায় আধ সের ওজন; ইংলন্ডীয় মুদ্রা বিঃ। < ইং 'pound'. বি।
পাওনা—১। প্রাপ্য। পা+ওনা কর্ম। (বাংপ্র)। বিণ। ২। প্রাপ্তি। পা+ওনা ভাব। (বাংপ্র)। বি।
পাওনাগণ্ডা—প্রাপ্য অর্থ। কর্মধা (বাংপ্র)। বি।
পাওনাদার—যে পাইবে সে; উত্তমর্ণ। পাওনা+দার অধিকারী অর্থে (বাংপ্র)। বি।
পাওয়া—প্রাপ্ত হওয়া; অর্জন করা; পারা; ঠাওরানো; অধিষ্ঠান করা; ঘটনাক্রমে সমর্থ হওয়া; বেগ হওয়া; উদ্রেক হওয়া; ভোগ করা; হস্তগত করা; বশে আনা; আক্রমণ করা; ধরা; অনুভব করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। **পড়ে পাওয়া**—বিনা চেষ্টায় বা হঠাৎ লাভ করা।
পাওয়ানো—অন্য দ্বারা লাভ করানো; ভিজানো ('মাটি—')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
পাংশন—দূষক; গ্লানিকারক; নাশক। পাশ্+অন কর্তৃ। বিণ।
পাংশু—ধূলি; পাপ; কর্পূর বিঃ; সার; স্থাবর সম্পত্তি। পশ্+কু কর্তৃ, সংজ্ঞার্থে। বি; পুং।
পাংশুটে—বিবর্ণ; ফেকাশে; পাংশুবর্ণ। পাংশু+টে (< টিয়া) ঈষদর্থে। বিণ।
পাংশুবর্ণ—১। পাংশুটে রং। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। যাহার বর্ণ পাংশুটে এরূপ। পাংশুর বর্ণের ন্যায় বর্ণ যাহার, বহু। বিণ।
পাংশুমুখ—শুষ্কমুখ; বিষণ্নবদন। বহু। বিণ।
পাংশুল—ধূলিযুক্ত; পাপিষ্ঠ; দুশ্চরিত্র। পাংশু+লচ্ আছে অর্থে। বিণ।
পাংশুলা—১। পৃথিবী; অসতী স্ত্রী; রজস্বলা স্ত্রী। বি; স্ত্রী। ২। ধূলিযুক্তা, দুশ্চরিত্রা, পাপিষ্ঠা। পাংশু+লচ্ আছে অর্থে+আপ্। বিণ; স্ত্রী।
পাইজ, পাঁজ—পিঁজা কার্পাস-তুলার মোটা পলিতা। < পঞ্জি। বি।
পাইজর, -জোর—শব্দকারী পদাভরণ বিঃ। পাইয়ের (< পায়=চরণ) জর, জোর (< জেবর=ভূষণ), ৬ষ্ঠীতৎ। বি।
পাইট, পাঁট—ই গ্যালন; আধ-বোতল। < ইং ['pint'. বি।
পাউরুটি—ময়দায় প্রস্তুত ফাঁপা রুটি। < পো 'pao'+তামিল 'রোটি'। বি।
পাঁক—কর্দম। < পঙ্ক। বি।
পাঁকাটি—পাটগাছের শুকনা ডাঁটা। বাংপ্র। বি।
পাঁকাল—একপ্রকার মৎস্য। < পঙ্কাল। বি।
পাঁকুই—কাদায় চলাতে পায়ে যে ক্ষত হয় তাহা। পাঁক+উই জাতার্থে (বাংপ্র)। বি।
পাঁচ—সংখ্যা বিঃ, পঞ্চ; ৫-সংখ্যক। < পঞ্চন্। বি বা বিণ। **পাঁচ কথা**—নানারূপ কথা (বিশেষতঃ নিন্দাসূচক বা মন্দ)। **পাঁচ কান হওয়া**—রটিয়া যাওয়া। **পাঁচ ফুলে সাজি**—ভালমন্দ নানা উপকরণের সমবায়ে কোন কিছুর সজ্জা বা সংগঠন।
পাঁচই, পাঁচুই—মাসের পঞ্চম দিবস। পাঁচ+অই, উই তারিখ অর্থে (বাংপ্র)। বি বা বিণ।
পাঁচড়া—খোস। < পিচ্চট। বি।
পাঁচন—১। বহু গাছগাছড়া একত্র মিশ্রিত করিয়া জ্বাল দিলে যে কাথ হয় তাহা। < পাচন। ২। গোতাড়নের লাঠি। < প্রাজন। বি।
পাঁচনবাড়ি—গোতাড়ন-যষ্টি। বাংপ্র। বি।
পাঁচনর, -নরী, -নল—সুবর্ণনির্মিত কণ্ঠাভরণ বিঃ। বহু (বাংপ্র)। বি।
পাঁচনী—গোতাড়ন-দণ্ড। < প্রাজন। বি।
পাঁচফোড়ন—পাঁচমিশালী মসলা, জিরা কালজিরা মেথি মৌরি ও রাঁধনির মিশ্রণ। পাঁচ ফোড়নের সমাহার, সমা দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
পাঁচমিশালী—বহুদ্রব্যের মিশ্রণ; যাহাতে নানা দ্রব্য মিশ্রিত আছে এরূপ। পাঁচমিশাল+ঈ স্বার্থে বা আছে অর্থে (বাংপ্র)। বি বা বিণ।
পাঁচালি—গীত বিঃ; পরস্পর-মিলিত বাক্যপ্রবন্ধ; সত্যনারায়ণ শনি প্রঃ দেবতার মাহাত্ম্যপ্রতিপাদক পদ্যে রচিত গল্প। < পঞ্চালিকা। বি।
পাঁচিল—দেওয়াল। < প্রাচীর। বি।
পাঁজ—'পাইজ' দ্রঃ।
পাঁজর, পাঁজরা—বুকের খাঁচা; পেটের পাশের অংশ, পার্শ্বাস্থি। < পঞ্জর। বি।
পাঁজা—১। আগুনে পোড়াইবার জন্য সাজানো ইটের স্তূপ। < ফা 'পজাবহ্'। বি। ২। পাঁচটি আঙ্গুল প্রসারিত করিলে যেরূপ হস্ততল হয় তাহা, বিস্তারিত করতল; বিস্তারিত দুই বাহু দ্বারা জড়াইয়া ধরা; কক্ষতলে ধারণ করা; এক হাত ঘাড়ের নীচে এবং অপর হাত উরুর পিছনে দিয়া কাহাকেও শূন্যে ধারণ। < ফা 'পঞ্জহ্'। ক্রি বা বি। ৩। গুচ্ছ; আঁটি। < পুঞ্জ। বি।
পাঁজাকোলা—ঘাড় ও উরু ধরিয়া যাহাকে কোলে লওয়া হইয়াছে এমন। বাংপ্র। বিণ।
পাঁজি—১। বার তিথি ইঃ জ্ঞাপক পুস্তক। < পঞ্জিকা। ২। ব্যাকরণের গ্রন্থ বিঃ; মূলগ্রন্থ। < পঞ্জী। বি। [দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
পাঁজিপুঁথি—পুঁথিপত্র, পঞ্জিকা ও শাস্ত্রগ্রন্থসমূহ।
পাঁট—'পাইট' দ্রঃ।
পাঁঠা—ছাগ। বাংপ্র। বি।
পাঁঠী—ছাগী। পাঁঠা+ঈ (বাংপ্র)। বি; স্ত্রী।
পাঁড়—স্থূল; নিপুণ, পাকা ('—মাতাল'); প্রধান; বোকা। < পাণ্ডা। বিণ।
পাঁড়ে—পশ্চিমা ব্রাহ্মণের উপাধি বিঃ; বেদ মহাভারতে পারদর্শী ব্রাহ্মণ। < পাণ্ডা। বি।
পাঁতি—সারি, শ্রেণী; পণ্ডিতের ব্যবস্থাপত্র। < পঙ্ক্তি। বি।
পাঁদাড়—বাড়ির পিছনের জঙ্গলপূর্ণ জায়গা। বাংপ্র। বি।
পাঁপড়—মসলাযুক্ত ডালের পাতলা রুটি। < পর্পট। বি।
পাঁশ—ছাই; অকিঞ্চিৎকর বস্তু। < পাংশু। বি।
পাঁশকুড়—আঁস্তাকুড়; পাঁদাড়; ছাই প্রঃ ফেলিবার স্থান। ৬ষ্ঠীতৎ (< পাংশুকুণ্ড)। বি।
পাঁশুটে—ছাই রঙের, পাংশুবর্ণ। পাঁশ (< পাংশু) +টে সদৃশার্থে (বাংপ্র)। বিণ।

পাক—১। রন্ধন; পরিপাক; বার্ধক্যপ্রযুক্ত কেশের শুক্লতা; সিদ্ধি; ভয়; পরিণতি; নিষ্পত্তি। পচ্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। পবিত্র; নির্মল। ফা। বিণ। ৩। প্যাঁচ; ঘূর্ণন; জড়ানো; ঘটনাক্রম; কৌশল। বাংপ্র। বি। **পাক ধরা**—পাকিতে আরম্ভ করা; রং ধরা; চুল সাদা হওয়া। **পাকে চক্রে, পাকে প্রকারে**—কায়দায়, কলেকৌশলে; ঘটনাক্রমে। **পাকে পাকে**—ঘুরিয়া ফিরিয়া; এক একবার এক একটি ফিকির করিয়া।

পাকচক্র—১। ঘটনাক্রম; কর্মবিপাক। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। ষড়যন্ত্র; কৌশল। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

পাকড়—গ্রেফতার; ধরা। হি। বি।

পাকড়া, পাকড়াও, পাকড়ানো—আক্রমণ করা; ধৃত করা। হি-মু। ক্রি [, বি]।

পাকতেড়ে—কৃশ, অস্থিচর্মসার। পাকতার+এ (<ইয়া) সদৃশার্থে। বিণ।

পাকনাড়া—হাতে ধরিয়া ঘুরানো। বাংপ্র। বি।

পাকপাত্র—রাঁধিবার বাসন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পাকমোড়া—জড়ানো খোঁপা; পাকানো দড়ির বেষ্টন; পিছমোড়া। বাংপ্র। বি।

পাকযন্ত্র—পেটের ভিতরের পাকাশয়; রন্ধন করিবার চুলা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পাকলানো—ঘুরানো, আবর্তন করা; রক্তবর্ণ করা; ধৌত করা; দন্তশূন্য মাঢ়ী দ্বারা চর্বণ করা। <প্রক্ষালন। ক্রি বা বি।

পাকশালা—রন্ধনালয়, রান্নাঘর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পাকসাঁড়াশি—সোনা রূপা প্রভৃতির তারে পাক দিবার যন্ত্র বিঃ। বাংপ্র। বি। [প্রকাশ। কৃপ্র। বি।

পাকসাট—পাখার ঝাপটা; পক্ষসঞ্চালন দ্বারা বীরত্ব

পাকস্থলী—পাকাশয়; দেহাভ্যন্তরস্থ পরিপাকযন্ত্র। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পাকস্থালী—রন্ধন করিবার পাত্র; রান্নার হাঁড়ি।

পাকস্পর্শ—বিবাহের পর বর এবং তাহার আত্মীয়-স্বজনের ভোজনপাত্রে নববধূ-কর্তৃক অন্নপরিবেশন-রূপ অনুষ্ঠান, বউভাত। পাকের স্পর্শ যাহাতে (যে অনুষ্ঠানে), বহু। বি; পুং।

পাকা—১। পক্ব; পরিণত; অবস্থাপন্ন; ফচকে; জেঠা; অভিজ্ঞ; খাঁটি ('—সোনা'); সুশৃঙ্খল; মজবুত; জোড়-খাওয়ানো; অকপট; সারবান্; চূড়ান্ত; সুদক্ষ; কর্মণ্য; ঠিক পরিমাণের; সাদা; আদালতগ্রাহ্য; শক্ত; উৎকৃষ্ট; স্থির; কায়েমী; ইট দিয়া তৈয়ারী ('—বাড়ি')। <পক্ব। বিণ। ২। পক্ব হওয়া; সাদা হওয়া; অভিজ্ঞ হওয়া। বাংপ্র। ক্রি। **পাকা কথা**—নিশ্চয়তাসূচক কথা; আলোচনাদির পর নিশ্চিত বাক্য। **পাকা করা**—দৃঢ় করা; সমর্থন দ্বারা নিশ্চয় করা; ইট-পাথর দিয়া নির্মিত করা। **পাকা খাতা**—যে খাতায় হিসাবপত্র লেখা হইলে আর বদল বা কাটাকুটি করা চলে না। **পাকা গাঁথনি**—চুন সুরকির বা বালি সিমেণ্টের গাঁথনি। **পাকা ঘুঁটি**—যে ঘুঁটির আর নামিবার সম্ভাবনা নাই। **পাকা দেখা**—বিবাহের পাত্র বা পাত্রীকে শেষবার দেখিয়া বিবাহের লগ্ন স্থির করা। **পাকা পাকা কথা**—শিশুর মুখে বুড়োর মত কথা। **পাকা ফলার**—লুচি তরকারি সন্দেশের ভোজ। **পাকা মাছ**—বড় মাছ। **পাকা রং**—ধুইলে ওঠে না এমন রং। **পাকা রাস্তা**—ইটপাথর দিয়া বাঁধানো রাস্তা। **পাকা লেখা**—সুশৃঙ্খল হস্তলিপি বা রচনা। **পাকা লোক**—বহুদর্শী লোক। **পাকা সোনা**—খাঁটি সোনা। **পাকা হাড়**—দুঃখকষ্ট সহিয়া শক্ত বৃদ্ধের শরীর। **পাকা হাত**—নিপুণ হাত, দক্ষ ব্যক্তির হাত।

পাকাটে—লাবণ্যহীন; অতিকৃশ; অকালপক্ব। পাকা+টে (<টিয়া) সদৃশার্থে। বিণ।

পাকানো—রন্ধন করা; দল বাঁধার চেষ্টা করা; পেঁচ দেওয়া; মোড়া; গোল করা; জড়ানো; জটিল করা; হজম করা; পক্ব করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

পাকাপাকি—১। নিশ্চিত, স্থিরীকৃত ('—বন্দোবস্ত')। বিণ। ২। উভয় পক্ষের কর্তব্য নির্ধারণ; ঠিকঠাক। বাংপ্র। বি।

পাকামি, পাকামো, পাকাপনা—অল্প বয়সে বৃদ্ধের ন্যায় ব্যবহার ও চালচলন। পাকা+মি, মো, পনা ভাবে, কর্মার্থে (বাংপ্র)। বি।

পাকাল্যা—বিক্রম, তেজ ("বীরের পাকাল্যা দেখি চিন্তিত ঈশ্বরী"—কবিকঙ্কণ)। প্রা কপ্র। বি।

পাকাশয়—পাকস্থলী। পাকের আশয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ওজন-করা। বাংপ্র। বিণ।

পাকী—পাকা অর্থাৎ ৮০ তোলায় সের হিসাবে

পাকুড়—অশ্বত্থজাতীয় বৃক্ষ বিঃ। <পর্কটী। বি।

পাক্কা—পাকা; সুষ্ঠুনিষ্পাদিত। হি-মু। বিণ।

পাক্ষিক—পক্ষ সম্বন্ধীয়, যাহা প্রতিপক্ষে হয় এরূপ; পক্ষপাতী; বৈকল্পিক। পক্ষ+ইক প্রাপ্তার্থে। বিণ। স্ত্রী, -কী। **পাক্ষিক পত্র**—যে সাময়িক পত্র পনের দিন বাদে বাদে প্রকাশিত হয়।

পাখ—পাখা; পাখি। <পক্ষ। বি।

পাখনা—ডানা; পালক। বাংপ্র। বি।

পাখলা, পাখলানো, পাখালা—ধৌত করা। <'প্রক্ষাল'-ধাতু। ক্রি [, বি]।

পাখসাট—পাকসাট (তাহা দ্রঃ)।

পাখা—পালক, ডানা; ব্যজনী। <পক্ষ। বি। **পাখা ওঠা**—পাখা বাহির হওয়া; বিপদ্‌গ্রস্ত হইবার উপক্রম হওয়া; দম্ভহেতু বিপজ্জনক হঠকারিতা করার অবস্থা হওয়া; মৃত্যুর পূর্বলক্ষণ দেখা দেওয়া।

পাখি, পাখী—বিহগ বিহঙ্গম; চক্রের অর; ঝিলিমিলি; খড়খড়ির কাঠ। <পক্ষিন্। বি। **পাখি পড়ানো**—বলিয়া বলিয়া মুখস্থ করানো। **পাখির প্রাণ**—ক্ষীণ প্রাণ; দুর্বল অন্তঃকরণ।

পাখোয়াজ—মৃদঙ্গ বিঃ; ঢোল বিঃ। <পক্ষবাদ্য। বি। [বাদকার্থে (বাংপ্র)। বি।

পাখোয়াজী—যে পাখোয়াজ বাজায়। পাখোয়াজ+ঈ

পাগ পাগড়ি—উষ্ণীষ, মাথার জড়ানো কাপড়, তাজ, টুপি। হি। বি।

পাগর—ক্ষিপ্ত ("রতিমদ পাগর"—ভারত); মাতাল, মত্ত। < পাগল। বিণ।

পাগল—উন্মত্ত, বাতুল; মত্ত; অধীর; অবোধ। পা—গল্+অচ্ কর্তৃ। বিণ।

পাগলা—ক্ষেপা; উন্মাদ; চপলমতি। < পাগল। বি; পুং, বা বিণ। স্ত্রী—**পাগলী, পাগলিনী**।

পাগলা-গারদ—বাতুলাশ্রম, পাগল লোকদের চিকিৎসার ও থাকিবার স্থান, lunatic asylum. ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

পাগলাটে—পাগলের ন্যায়, একেবারে উন্মাদ না হইলেও কতকটা বিকৃতমস্তিষ্ক। পাগলা+টে (< টিয়া) ঈষদর্থে। বিণ।

পাগলামি, পাগলামো—পাগলের মত আচরণ, ক্ষেপামি। পাগলা+মি, মো ভাবে (বাংপ্র)। বি।

পাগলিনী, পাগলী—'পাগলা' দ্রঃ।

পাঙ্‌ক্তেয়, পাংক্তেয়—এক পঙ্‌ক্তিতে ভোজনার্হ। পঙক্তি+এয় সাধু-অর্থে। বিণ।

পাঙ্গাশ, পাঙাশ—১। একপ্রকার মৎস্য। < পিঙ্গাশ। বি। ২। ফেকাসে, পাংশুবর্ণ। < পাংশু। বিণ।

পাচক—১। পরিপাচক, জারক, হজমকারক; রন্ধনকারী। বি; পুং, বা বিণ। স্ত্রী—**পাচিকা**। ২। অগ্নি। বি; পুং। ৩। দেহস্থ পিত্তনাশক ধাতু। পচ্+ণক কর্তৃ। বি; ক্লী।

পাচকরস—পাকস্থলীর যে-রস ভুক্তদ্রব্যকে পিণ্ডবৎ করিয়া ফেলে ও অর্ধজীর্ণ করে, gastric juice. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পাচন—১। ঔষধ বিঃ, ক্বাথ। পচ্+ণিচ্+অন কর্তৃ। বি; ক্লী। ২। অগ্নি। বি; পুং। ৩। জীর্ণতাকারক। পচ্+ণিচ্+অন কর্তৃ, অথবা অনট্ করণ। বিণ। স্ত্রী, -না, -নী। ৪। রাখালের যষ্টি। < প্রাজন। বি।

পাচনবাড়ি, পাচনি—রাখালের লাঠি, গোরু তাড়াইবার ছোট লাঠি। < প্রাজন। বি।

পাচার—একপিঠ হইতে অপর পিঠ পর্যন্ত; চুরি দ্বারা নিঃশেষকরণ; সাবাড়, শেষ; গোপনে চালানো বা সরানো। বাংপ্র। বি।

পাচিকা—রন্ধনকারিণী, যে স্ত্রীলোক রান্না করে। পচ্+ণক কর্তৃ+আপ্। বি বা বিণ; স্ত্রী।

পাচ্য—রন্ধনযোগ্য, যাহা জীর্ণ করা যায় এমন। পচ্+ণ্যৎ কর্ম। বিণ।

পাছ—পিছন। < পশ্চাৎ। বি।

পাছড়া—পাছুড়ি (তাহা দ্রঃ)।

পাছড়ানো—পিছন হইতে জাপটাইয়া ধরা; কলা দিয়া শস্যাদি ঝাড়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

পাছড়া-পাছড়ি—মারামারি, দ্বন্দ্বযুদ্ধ, গুঁতাগুঁতি। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।

পাছতলা—বিছানার পায়ের দিক; ঢেঁকির পদাঘাতস্থান। বাংপ্র। বি।

পাছা—পশ্চাদ্ভাগ; নিতম্ব। < পশ্চাৎ। বি।

পাছাড়—পিছন হইতে জাপটাইয়া ধরিয়া ফেলিয়া দিবার উপক্রম; পিছন; আছাড়। < পশ্চাৎ। বি।

পাছাড়ি—পশ্চাদ্বর্তী, পেছলী। < পশ্চাৎ। বিণ।

পাছাপেড়ে—যাহার দুইদিকে দুইটি ও মাঝখানে একটি পাড় আছে এরূপ ('—শাড়ী')। বহু (বাংপ্র)। বিণ।

পাছু—পিছে, পরে। কপ্র। ক্রি-বিণ।

পাছে—১। পরে, পশ্চাতে। বি; অধি-৭মী। ২। এই আশঙ্কায় যে। < পশ্চাৎ। অ।

পাজানো—লোহার অস্ত্র আগুনে পোড়াইয়া ধার বা শান দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

পা-জামা, পায়জামা—পরিচ্ছদ বিঃ, ইজের। ফা। বি।

পাজী—অধম, নীচ; দুষ্ট। < পজ্জ। বিণ।

পাঞ্চজন্য—বিষ্ণুর শঙ্খ। পঞ্চজননামক অসুরের অস্থিতে নির্মিত এই অর্থে পঞ্চজন+ষ্যঞ্। বি; পুং।

পাঞ্চবার্ষিক—পঞ্চবর্ষস্থায়ী। পঞ্চবর্ষ+ইক (ঠক্) ভবিষ্যৎ অর্থে। বিণ। স্ত্রী, -কী।

পাঞ্চভৌতিক—পৃথিব্যাদি পঞ্চভূত হইতে জাত ('—দেহ'); পঞ্চভূতময়। পঞ্চভূত+ইক বিকারার্থে। বিণ। স্ত্রী, -কী।

পাঞ্চাল—১। পঞ্চাল। পঞ্চাল+অণ্ স্বার্থে। বি; পুং। ২। পঞ্চালদেশীয়, পঞ্চালদেশজাত। পঞ্চাল্+অণ্ ভবার্থে। বিণ। স্ত্রী, -লী।

পাঞ্চালনন্দিনী—দ্রৌপদী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পাঞ্চালী—দ্রৌপদী; কাঠ প্রঃ দ্বারা তৈরী পুতুল। পঞ্চাল+অণ্ অপত্যার্থে, উৎপন্নার্থে+ঈপ্। বি; স্ত্রী।

পাঞ্জা—করতলের ছাপ; করতল; পাঁচ ফোঁটাযুক্ত তাস; (পাশাখেলায়) পাঁচ। < ফা 'পঞ্জহ্'। বি।

পাঞ্জাবি—একপ্রকার ঢিলা জামা। বাংপ্র। বি।

পাঞ্জাবী—পাঞ্জাবের অধিবাসী; পাঞ্জাবজাত। পাঞ্জাব+ঈ নিবাসার্থে। বিণ।

পাট—১। স্থান; কোষ্টা গাছ; তক্তা; ঊর্ণা; রেশম; কোষ্টার আঁশ; ছালা; চাষ; রীতি; দেবস্থান; পীঠ; চৌকি; বিশ্রামস্থান; অধিকার; দাস্যবৃত্তি; রাজার আসন; গৃহকর্ম; পাড়া; কূপের বেষ্টনী; রাজধানী; গোময়লেপন; অভ্যাস; স্তর; জোড়ার একখানা; ভাঁজ। বি। ২। প্রধান। < পট্ট। বিণ। ৩। পাতকুয়ার ভিতরের পোড়া মাটির বেষ্টনী, পাড়। < পাটক। বি। **পাটে বসা**—অস্ত যাইবার উপক্রম করা।

পাটকাঠি—পাঁকাটি। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

পাটকিলে—ইটের ন্যায় বর্ণবিশিষ্ট। পাটকেল+এ (< ইয়া) সদৃশার্থে (বাংপ্র)। বিণ।

পাটকেল—ইষ্টকখণ্ড। বাংপ্র। বি।

পাটনাই—পাটনার জাত; পাটনা সম্বন্ধীয়। পাটনা+ই জাতার্থে, সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।

পাটনী, পাটুনী—খেয়াঘাটের নাবিক; নৌকাচালক জাতি বিঃ। বাংপ্র। বি। [বি; ক্লী।

পাটব—পটুতা, নৈপুণ্য; আরোগ্য। পটু+অণ্ ভাবে।

পাটভাঙা—যাহার ভাঁজ সদ্য খোলা হইয়াছে এমন ('—কাপড়')। বাংপ্র। বিণ।

পাটরাণী, -রানী—প্রধানা রাজ্ঞী, রাজার প্রধানা মহিষী। পাটে অধিষ্ঠিতা রাণী, রানী, মধ্যপ (বাংপ্র)। বি; স্ত্রী।

পাটল—১। শ্বেতরক্তবর্ণ, পাটকিলা রং। বি; পুং। ২। আশুধান্য; পুষ্প বিঃ, পারুল-পুষ্প। পট্+ণিচ্+কলচ্ কর্তৃ। বি; ক্লী। ৩। পাটকিলা রঙের; ফিকা লাল। পাটল+অচ্ বিশিষ্টার্থে। বিণ।

পাটা—পাট্টা, ভূমি সম্বন্ধীয় অধিকারপত্র; তক্তা; বিস্তার; সাহস। <পট্টক। বি। [বি।

পাটাতন—তক্তা দ্বারা নির্মিত মেঝে। <পট্টপত্তন।

পাটালি—গুড়দ্বারা প্রস্তুত তক্তি। বাংপ্র। বি।

পাটি—একপ্রকার মাদুর; সারি, শ্রেণী; জোড়ার একটি। <পট্টি। বি।

পাটিসাপটা—ভিতরে ক্ষীর দেওয়া ময়দার পিষ্টক বিঃ। পাটির ন্যায় সাপটা, উপমান কর্মধা (বাংপ্র)। বি।

পাটী—শৃঙ্খলা; প্রণালী; একজাতীয় শ্রেণী; ব্যক্ত গণনা অর্থাৎ ক খ প্রঃ দ্বারা সংখ্যা নির্দেশ না করিয়া ১ ২ প্রঃ দ্বারা সংখ্যা নির্দেশপূর্বক গণনা; ব্যক্ত সংখ্যা। পট্+ণিচ্+ইন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী। [মধ্যপ। বি; ক্লী।

পাটীগণিত—অঙ্কবিদ্যা, অঙ্কশাস্ত্র। পাটীযুক্ত গণিত,

পাটনী—'পাটনী' দ্রঃ। [স্ত্রী।

পাটেশ্বরী—প্রধানা মহিষী। <পট্টেশ্বরী। বি;

পাটোয়ার, -য়ারী—যে খাজনা আদায় করে এবং তাহার হিসাব রাখে; অত্যধিক হিসাবী; লাভ-লোকসান সম্বন্ধে যে বেশী বিচার করে; যে হার প্রঃ গাঁথে এমন। বাংপ্র। বি বা বিণ।

পাট্টা—জমি দখল এবং ভোগ করিবার জন্য জমিদার-প্রদত্ত অধিকার-পত্র। <পট্ট। বি।

পাঠ—১। আবৃত্তি, অধ্যয়ন, পড়া। পঠ্+ঘঞ্ ভাব। ২। পাঠ্য অংশ; কবিতা ইঃর শব্দ বাক্য ইঃ ('পাঠান্তর')। পঠ্+ঘঞ্ কর্ম। বি; পুং।

পাঠক—১। অধ্যয়নকারী; ছাত্র; পুরাণাদি ধর্মগ্রন্থ-পাঠকারী। পঠ্+ণক কর্তৃ। ২। অধ্যাপক, শিক্ষক; পদবী বিঃ। পঠ্+ণিচ্+ণক কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী—**পাঠিকা**।

পাঠগৃহ—পড়িবার ঘর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পাঠন, পাঠনা—অধ্যাপনা, পড়ানো। পঠ্+ণিচ্+অনট্ ভাব, পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

পাঠভেদ—পাঠান্তর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পাঠশালা—বিদ্যালয়; চতুষ্পাঠী; প্রাথমিক বিদ্যালয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [৪র্থীতৎ; বি; ক্লী।

পাঠাগার—পড়িবার ঘর; লাইব্রেরি। ৬ষ্ঠীতৎ, বা

পাঠান—যে মুসলমান জাতি মোগলদের পূর্বে ভারতে রাজ্যস্থাপন করিয়াছিল; আফগানিস্তান প্রঃ দেশের মুসলমান জাতি বিঃ। পস্তু। বি।

পাঠানুরাগ—পড়ায় টান, অধ্যয়নে আসক্তি। পাঠে অনুরাগ, ৭মীতৎ। বি; পুং।

পাঠানো—প্রেরণ করা, চালান দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

পাঠান্তর—একই পুস্তকের বা গল্প-কবিতাদির এক সংস্করণে যাহা আছে অন্য সংস্করণে তাহার ভিন্ন রূপ। অন্য পাঠ, নিত্য। বি; ক্লী।

পাঠাভ্যাস—অধ্যয়ন, কিছু কিছু করিয়া পড়া; মুখস্থ করা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পাঠার্থী (-র্থিন্)—পড়িতে ইচ্ছুক; ছাত্র। উপতৎ; পাঠ—অর্থ+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -র্থিনী।

পাঠিকা—পাঠকারিণী। পাঠক+আপ্। বিণ; স্ত্রী।

পাঠিত—অধ্যাপিত, যে বিষয় বা পুস্তক এবং যে ব্যক্তিকে পড়ানো হইয়াছে তাহা বা সে। পঠ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

পাঠ্য—পাঠযোগ্য, পঠনীয় (গ্রন্থাদি)। পঠ্+ণ্যৎ কর্ম। বিণ।

পাঠ্যক্রম—ধারাবাহিকভাবে প্রদত্ত ছাত্রছাত্রীদের নির্দিষ্ট পড়িবার বিষয়, syllabus. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পাঠ্যাবস্থা—ছাত্রজীবন, পড়ার কাল, পঠদ্দশা। পাঠ্যা (পঠ্+ণ্যৎ অধি+আপ্) অবস্থা, কর্মধা। বি; স্ত্রী।

পাড়—১। তট; আল; কিনারা; মৃত্তিকানির্মিত কূপের বেষ্টনী। <পাটক। ২। বস্ত্রপ্রান্ত। <পট্টিকা। বি।

পাড়া—১। অঞ্চল, নির্দিষ্ট বসতিস্থান। <পল্লী। ২। ধান্য প্রঃর স্তূপীকৃত আঁটি। <পাটক। বি। ৩। ফেলা, পাতিত করা; বিছানো; (ডিম্ব) প্রসব করা; উচ্চস্থান হইতে ফল ইঃ মাটিতে ফেলা। <পাতন। ক্রি। **এঁটো পাড়া**—উচ্ছিষ্ট পরিষ্কার করা। **গালি পাড়া**—উচ্চকণ্ঠে গালি দেওয়া। **ডাক পাড়া**—উচ্চরবে ডাকা। **ডিম পাড়া**—ডিম প্রসব করা। **পাড়া মাথায় করা**—চিৎকার করিয়া পাড়া মাতাইয়া তোলা।

পাড়াকুঁদুলী—পল্লীবাসিগণের সহিত কলহকারিণী। ৭মীতৎ (বাংপ্র)। বিণ; স্ত্রী। পুং, -কুঁদুলে।

পাড়া-গাঁ—পল্লীগ্রাম। কর্মধা (বাংপ্র)। বি।

পাড়া-গেঁয়ে—পল্লীবাসী বা পল্লী সম্বন্ধীয়। পাড়া-গাঁ+এ (<ইয়া) নিবাসার্থে, সম্বন্ধার্থে। বিণ।

পাড়ানী, -নিয়া, -নে—যে পাড়ায় এমন; যে ঘনাইয়া আনে এমন; যে প্রবৃত্ত করায় এমন। পাড়া+নী, নিয়া, নে কর্তৃ (বাংপ্র)। বিণ।

পাড়ানো—অন্যের দ্বারা পাতিত করানো; ঘনাইয়া আনা ('ঘুম—')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

পাড়াপড়শী—প্রতিবেশী। পাড়ার পড়শী (<প্রতি-বেশী), ৬ষ্ঠীতৎ। বি।

পাড়াবেড়ানী—যে মেয়ে বেশির ভাগ সময় পাড়ায় পাড়ায় ঘুরিয়া বেড়ায়। বাংপ্র। বি বা বিণ; স্ত্রী।

পাড়ি—পলায়ন; পার হওয়া; বিপদুদ্ধার; এক পার হইতে অন্য পারের বিস্তার। বাংপ্র। বি। **পাড়ি দেওয়া, পাড়ি জমানো**—নদী ইঃ পার হইবার জন্য যাত্রা করা।

পাণি—হস্ত, মণিবন্ধাবধি অঙ্গুলি পর্যন্ত অঙ্গ; কব্জিধাড়া। পণ্+ইণ্ করণ। বি; পুং।

পাণিগ্রহণ, -পীড়ন—বিবাহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পাণিনি—প্রসিদ্ধ ব্যাকরণসূত্রকার মুনি। পাণিন্+ইঞ্ ছাত্রার্থে। বি; পুং।

পাণিনীয়—পাণিনিমুনি-কর্তৃক কৃত; পাণিনি-প্রোক্ত; পাণিনি-গ্রন্থপাঠক। পাণিনি+ঈয় কৃতাদ্যর্থে। বিণ।

পাণিপীড়ন—'পাণিগ্রহণ' দ্রঃ।

পাণ্ডব, পাণ্ডবেয়—পাণ্ডুরাজপুত্র, যুধিষ্ঠির প্রঃ পঞ্চ ভ্রাতা। পাণ্ডু+অণ্, এয় অপত্যার্থে। বি; পুং।

পাণ্ডববর্জিত—যে স্থানে পাণ্ডবগণ গমন করেন নাই এমন; নিকৃষ্ট বলিয়া পাণ্ডবগণকর্তৃক পরিত্যক্ত; নিন্দিত ('—স্থান')। ৩য়াতৎ। বিণ।

পাণ্ডবসখা (-সখি)—শ্রীকৃষ্ণ। বহু। বি; পুং।

পাণ্ডবীয়—পাণ্ডব সম্বন্ধীয়। পাণ্ডব+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

পাণ্ডবেয়—'পাণ্ডব' দ্রঃ। [সংজ্ঞার্থে। বিণ।

পাণ্ডর—পাণ্ডুর (সকলঅর্থে)। পাণ্ড্+অর কর্তৃ

পাণ্ডা—তীর্থযাত্রীদের পথপ্রদর্শন আশ্রয়দান প্রঃ কর্ম-দ্বারা জীবিকানির্বাহকারী ব্যক্তি; তীর্থস্থানের দেবতাপূজক; কর্মকর্তা; উদ্যোক্তা; নায়ক। বাংপ্র। বি। [+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

পাণ্ডিত্য—পণ্ডিতের ভাব বা ধর্ম, বিচক্ষণতা। পণ্ডিত

পাণ্ডু—১। শুক্লপীতবর্ণ; গৌরবর্ণ; শ্বেতবর্ণ। পন্ড্+কু কর্তৃ, সংজ্ঞার্থে (নিপা)। বিণ। ২। কামলারোগ; যুধিষ্ঠিরাদির পিতা। পন্ড্+কু কর্ম (নিপা)। বি; পুং।

পাণ্ডুবর্ণ—১। শ্বেত এবং পীত-মিশ্রিত বর্ণ। কর্মধা। বি; পুং। ২। শ্বেতবর্ণ; ফেকাসে, শ্বেতপীত-মিশ্রিতবর্ণযুক্ত। বহু। বিণ।

পাণ্ডুর—১। শুক্লপীতবর্ণ; শুভ্রবর্ণ। বি; পুং। ২। কামলারোগ। বি; ক্লী। ৩। শ্বেতপীত-মিশ্রিতবর্ণযুক্ত। পাণ্ডু+র আছে অর্থে। বিণ।

পাণ্ডুরাজ—কুরুবংশীয় পাণ্ডুনামক রাজা। পাণ্ডুনামক রাজা, মধ্যপ (টচ্ সমাসান্ত)। বি; পুং।

পাণ্ডুলিপি, -লেখ্য—খসড়া লেখা, মুসাবিদা; ছাপাইবার জন্য হস্তলিখিত পুস্তকাদি, manuscript. কর্মধা (বাংপ্র)। বি; স্ত্রী, ক্লী।

পাণ্ডে—উত্তর-পশ্চিম ভারতের ব্রাহ্মণের উপাধি বিঃ, পাঁড়ে। হি। বি।

পাত—১। পতন, পড়া; গমন; নাশ; স্রাব ('শোণিত—')। পত্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। রক্ষিত। পা+ক্ত কর্ম। বিণ। ৩। গ্রহের কক্ষ যে দুইটি বিন্দুতে ক্রান্তিবৃত্তকে ছেদ করে তাহার একটি, node. পত্+ঘঞ্ অধি। বি; পুং। ৪। যাহার উপর আহার্য দ্রব্য রাখা যায়, ভোজনপাত্র; উচ্ছিষ্ট ভোজনপাত্র। < পাত্র। ৫। গাছের পাতা; পাতার মত পাতলা ফলক। < পত্র। বি। **পাত চাটা**—অতিশয় তোষামোদ করা। **পাত পাড়া**—অনিমন্ত্রিত-ভাবে গিয়া অপরের বাড়িতে খাদ্যগ্রহণ করা; হীনভাবে অপরের অন্ন গ্রহণ করা।

পাতক—পাপ, দুষ্কৃতি। পত্+ণিচ্+ণক কর্তৃ। বি; ক্লী।

পাতকী (-কিন্)—দুষ্কর্মকারী, পাপী। পাতক+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -কিনী।

পাতকুয়া, -কুয়ো, -কুয়া, -কুয়ো—কাঁচা কুয়া; পোড়া মাটির ছোট ছোট চাকতি দিয়া তৈয়ারী কুয়া; ক্ষুদ্র কূপ। বাংপ্র। বি।

পাতখোলা—আধপোড়া মাটি। বাংপ্র। বি।

পাতগালা—লাক্ষাপত্র, গালার পাতলা পাত। বাংপ্র। বি।

পাতচাটা—অতিরিক্ত তোষামুদে। বাংপ্র। বিণ।

পাতঞ্জল—মহর্ষি পতঞ্জলি-প্রণীত। পতঞ্জলি+অণ্ কৃতার্থে। বিণ। স্ত্রী, -লী। **পাতঞ্জল দর্শন**—যোগদর্শন। **পাতঞ্জল মহাভাষ্য**—পাণিনিব্যাকরণের ভাষ্য।

পাতড়া—এঁটোপাতা; উচ্ছিষ্ট ভোজনপাত্র; বংশ-পরিচায়ক পত্র, ক্রোড়পত্র; পাতার তাড়া। < পত্র। বি।

পাততাড়ি—পাঠশালার ছাত্রছাত্রীর লেখার তালপাতার তাড়া। ৬ষ্ঠীতৎ। বি। **পাততাড়ি গুটানো**—জিনিসপত্রাদি গুছাইয়া বাঁধা ও তোলা; কাজের শেষে চলিয়া যাইবার জন্য দ্রব্যাদি গুছানো; সরিয়া পড়া।

পাতন—অধঃক্ষেপণ, নীচে নামানো; বিছানো; বিস্তারণ; বিন্যাস; উত্তাপ দ্বারা নিষ্কাশন; চুয়ানো; distillation; বিনাশন। পত্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

পাতনযন্ত্র—যে-যন্ত্রে তরলদ্রব্য বাষ্পাকারে পরিণত করিয়া পুনরায় তরল করিয়া পরিশুদ্ধভাবে গ্রহণ করা হয়, বকযন্ত্র, still ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পাতনলী—তেলের ঘানির যে স্থান দিয়া তেল বাহির হয় তাহার নিম্নে সংলগ্ন নলাকার পাত্র। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি। < পত্র। বিণ।

পাতলা—সরু, মিহি; অতি তরল; হালকা; ডগ্‌মগে।

পাতা—১। পর্ণ ('গাছের —'); পৃষ্ঠা ('পুস্তকের —'); পাত ('চোখের —'); খাইবার কলাপাত ('— করা'); তলা ('পায়ের —')। < পত্র। ২। পতাকা; চিহ্ন; সন্ধান। হি-মু। বি। ৩। লিপ্ত; বিস্তৃত, বিছানো; পাতের মত পাতলা চামড়ায় জোড়া। বিণ। ৪। বিছানো; ছড়ানো; পাতিত করা; ঘটা; বাধিয়া যাওয়া। বাংপ্র। ক্রি। **আড়ি পাতা**—লুকাইয়া অন্যের কথা শোনা। **উনুন পাতা**—ইট মাটি দিয়া উনুন তৈরি করা। **ওত পাতা**—আক্রমণ করিবার জন্য গোপনে উন্মুখ হইয়া থাকা। **কান পাতা**—উৎকর্ণ হইয়া থাকা, শোনা। **খড়ি পাতা**—গণনা করিবার জন্য খড়ির দাগ দিয়া অঙ্ক কষা। **ঘাড় পাতা**—রাজী হওয়া; দায়িত্ব গ্রহণ করা। **দই পাতা**—দই তৈরি করার জন্য দুধে দম্বল দেওয়া। **মাথা পাতা**—নম্রভাবে কিছু স্বীকার করিয়া লওয়া, অবনতমস্তকে কিছু গ্রহণ করা; ভার লওয়া। **সংসার পাতা**—গৃহস্থালীর উপযোগী যাবতীয় আয়োজন করা। **হাত পাতা**—ভিক্ষা চাওয়া; গ্রহণের জন্য করতল বিস্তার করা।

পাতা (পাতৃ)—(সমাসে) রক্ষাকর্তা; রক্ষক; পানকর্তা; বাবুই। পা+তৃন্ কর্তৃ। বি; পুং, বা বিণ।

পাতানো—১। কৃত্রিমসম্বন্ধযুক্ত। পাতা+নো কর্ম। বিণ। ২। সাজানো; গুছানো; পত্তন করা; সম্বন্ধ স্থাপন করা; পাতা-ক্রিয়া করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

পাতাল—অধোভুবন, তল অতল বিতল নিতল তলাতল মহীতল সুতল—এই সপ্ত; নরক; বাড়বানল; গর্তমাত্র; জ্যোতিষোক্ত লগ্নের চতুর্থস্থান। পত্ +আলঞ্ অধি। বি; ক্লী।

পাতালিক—পাতাল সম্বন্ধীয়; ভূগর্ভ সম্বন্ধীয়। পাতাল+ইক সম্বন্ধাদি অর্থে। বিণ। **পাতালিক শিলা**—ভূগর্ভে তাপের সাহায্যে গঠিত শিলা, plutonic rock.

পাতি—১। স্বদেশী; হীন; ইতর জাতিবোধব; ক্ষুদ্র। বিণ। ২। সারি; পঙ্‌ক্তি; আলি; রেখা; মাদুর পাটির গাছ; বাঁশের সরু শলা; পাতা; ব্যবস্থাপত্র; সন্ধান; খোঁজ। বাংপ্র। ৩। চিঠি; চুবড়ি; ফুলের সাজি। প্রা কপ্র। বি। ৪। বিছাই; পাতিয়া, বিছাইয়া; সন্ধান করিয়া। কপ্র। সমা-ক্রি বা অস-ক্রি। [বি

পাতিকাক—একজাতীয় ছোট কাক। কর্মধা (বাংপ্র)।

পাতিত—নিক্ষিপ্ত; অধঃকৃত; বিনাশ্ত; যাহা চুয়ানো হইয়াছে এমন, distilled. পত্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

পাতিত্য—পতিতের ধর্ম; ধর্মবিচ্যুতি। পতিত+ ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

পাতি-পাতি—তন্ন তন্ন করিয়া; সারি সারি করিয়া। বাংপ্র। ক্রি-বিণ। [ভাবে। বি; ক্লী।

পাতিব্রত্য—পতিব্রতার ধর্ম, সতীত্ব। পতিব্রতা+ষ্যঞ্

পাতিলেবু—একপ্রকার ছোট গোল লেবু। বাংপ্র। বি।

পাতিশিয়াল—খেঁকশিয়াল। কর্মধা (বাংপ্র)। বি।

পাতিহাঁস—একজাতীয় ছোট হাঁস। কর্মধা (বাংপ্র)। বি।

পাতী (পাতিন্)—(সমাসে পরপদে) পতনশীল ('সদাঃপাতী'); ভুক্ত ('অন্তঃপাতী'); যাহা শীতকালে ঝরিয়া পড়ে এমন, deciduous. পত্+ণিন্ কর্তৃ, শীলার্থে; বিণ। স্ত্রী—**পাতিনী**।

পাত্তা—ঠিকানা; সন্ধান; খবর। ⟨হি 'পতা'। বি।

পাত্র—১। ভাজন; বিষয়; বিবাহের বর; যোগ্য ব্যক্তি। পা (রক্ষা করা)+ষ্ট্রন্ কর্তৃ, কিংবা পা (পালন করা) +ষ্ট্রন্ করণ। ২। তীরদ্বয়-মধ্যবর্তী জলাধার; প্রণালী। পা+ষ্ট্রন্ অধি। ৩। মন্ত্রী; নাটকে অভিনেতা প্রঃ; দেহ। পা+ষ্ট্রন্ কর্তৃ। ৪। পত্রসমূহ। পত্র+অণ্ সমূহার্থে। বি; ক্লী। ৫। পত্রনির্মিত। পত্র+অণ্ বিকারার্থে। ৬। উপযুক্ত; বিদ্যাদিগুণসম্পন্ন; শ্রেষ্ঠ। পা+ষ্ট্রন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**পাত্রী**।

পাত্রতা, -ত্ব—উপযুক্ততা; গৌরব। পাত্র+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

পাত্রপক্ষ—বরপক্ষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পাত্রসাৎ—যোগ্যপাত্রে সমর্পিত। পাত্র+সাৎ। অ।

পাত্রস্থ—বরকে সমর্পিত; উপযুক্ত ব্যক্তিকে অর্পিত। উপতৎ; পাত্র—স্থা+ক কর্তৃ। বিণ।

পাত্রাপাত্র—যোগ্যব্যক্তি এবং অযোগ্যব্যক্তি। পাত্র ও অপাত্র, দ্বন্দ্ব। বি; ক্লী।

পাত্রী—বিবাহের কন্যা; যোগ্যা স্ত্রী। পাত্র+ঈপ্। বি; স্ত্রী।

পাথর—শিলা, পাষাণ; পর্বত; মণি; পাথরের থালা। ⟨প্রস্তর। বি। **পাথরে কোপ মারা**—বৃথা চেষ্টা করা। **পাথরে পাঁচ কিল**—বিশেষ সুযোগ বা সুবিধা।

পাথরকুচি—১। পাথরের ন্যায় শক্ত দেহবিশিষ্ট। বিণ। ২। পাথরের টুকরা। ৬ষ্ঠীতৎ। ৩। একপ্রকার গুল্ম। বাংপ্র। বি। [বাংপ্র। বি।

পাথরি, পাথুরি—অশ্মরী; মূত্রাশয়জাত রোগ বিঃ।

পাথার—সমুদ্র; তীরদ্বয়মধ্যবর্তী স্থান। পাথ— ঋ+ঘঞ্ অধি। বি; পুং।

পাথালিকোলা—দুই বাহুতে ঘাড় ও পা দুইটি বেষ্টন করিয়া কোলে তোলা। বাংপ্র। বি।

পাথুরি—'পাথরি' দ্রঃ।

পাথুরিয়া, পাথরিয়া—প্রস্তরসদৃশ, পাথরের মত কাল ও কঠিন ('—কয়লা')। পাথর+ইয়া সদৃশার্থে (বাংপ্র)। বিণ।

পাথেয়—১। পথখরচ, সম্বল। বি; ক্লী। ২। পথের জন্য প্রয়োজনীয়। পথিন্+এয় প্রয়োজনার্থে। বিণ। স্ত্রী, -য়ী।

পাদ—চরণ, পা, রশ্মি; চতুর্থাংশ; শ্লোকের চতুর্থাংশ; পর্বতের নিকটস্থ ক্ষুদ্র শৈল; বৃক্ষমূল; সম্মানসূচক শব্দ। পদ্+ঘঞ্ করণ। বি; পুং।

পাদচার—পাইচারি; পরিক্রমণ; গ্রহাদির আহ্নিক ভোগ। ৩য়াতৎ। বি; পুং।

পাদচারণা—পাইচারি; ধীরে ধীরে হাঁটা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পাদচারী (-চারিন্)—১। পদব্রজে গমনশীল। বিণ। স্ত্রী, **-চারিণী**। ২। পদাতিক। উপতৎ; পাদ— চর+ণিন্ কর্তৃ। বি; পুং।

পাদটীকা—পুস্তকের কোন পৃষ্ঠার নিম্নভাগে লিখিত মূলবিষয়ের ব্যাখ্যা, footnote. পাদস্থ টীকা, মধ্যপ। বি; স্ত্রী।

পাদদেশ—পর্বত বৃক্ষ প্রঃর নিম্নদেশ; তলা। পাদই দেশ, কর্মধা। বি; পুং।

পাদপ—বৃক্ষ, গাছ; পাদপীঠ। উপতৎ; পাদ—পা+ক কর্তৃ। বি; পুং।

পাদপদ্ম—চরণকমল, পদ্মের ন্যায় মনোহর চরণ বা চরণরূপ পদ্ম। উপমিত বা রূপক কর্মধা। বি; ক্লী। [বি; ক্লী।

পাদপীঠ—পা রাখার টুল বা সিঁড়ি। ৬ষ্ঠীতৎ।

পাদপূরণ—শ্লোকের কোন চরণের অসম্পূর্ণ অংশের পূরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পাদপ্রক্ষালন—পা ধোওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পাদপ্রহার—পদাঘাত, লাথি। ৩য়াতৎ। বি; পুং।

পাদবিক্ষেপ—পা ফেলা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পাদমূল—চরণের অধোভাগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পাদরী—খ্রীষ্টানদিগের ধর্মযাজক। ＜পো 'padre'. বি। [পাহাড়। মধ্যপ। বি; পুং।
পাদশৈল—বৃহৎ পর্বতের নিম্নে অবস্থিত ছোট
পাদান, পাদানি—যাহাতে পা দিয়া গাড়ি প্রঃতে উঠিতে হয়। ফা-মু। বি।
পাদুকা—উপানৎ, জুতা। পদ্+ণিচ্+উ কর্তৃ+কন্ স্বার্থে+আপ্ (দীর্ঘ-উ হ্রস্ব)। বি; স্ত্রী।
পাদুকাকার, -কৃৎ—চর্মকার, পাদুকানির্মাতা। উপতৎ; পাদুকা—কৃ+অণ্, ক্বিপ্ কর্তৃ। বি; পুং।
পাদোদক—পা-ধোওয়া জল; চরণস্পৃষ্ট জল। মধ্যপ। বি; ক্লী।
পাদোন—তিন পোয়া; চারি ভাগের এক ভাগ কম। পাদ দ্বারা উন, ৩য়াতৎ। বিণ। [ক্লী।
পাদ্য—পা ধোওয়ার জল। পাদ+যৎ তাদর্থ্যে। বি;
পান—১। তরল জিনিস গিলিয়া খাওয়া; মদ্যপান; রক্ষণ; শানে ধার দেওয়া। পা+অনট্ ভাব। ২। পানপাত্র। পা+অনট্ অধি। বি; ক্লী। ৩। প্রাপ্ত হন। বাংপ্র। ক্রি। ৪। তাম্বুল; পানের পাতা বা সাজা পানের খিলি। ＜পর্ণ। ৫। পাইন; ধার; দিক্। বাংপ্র। বি। **পান থেকে চুন খসা**—সামান্যতম ত্রুটি হওয়া।
পানকৌড়ি—একপ্রকার জলচর পক্ষী (cormorant জাতীয়)। বাংপ্র। বি। [বি; স্ত্রী।
পানগোষ্ঠী—মদের আড্ডা। পানার্থ গোষ্ঠী, মধ্যপ।
পানতুয়া—ঘিয়ে ভাজা ছানার মিষ্টান্ন বিঃ। বাংপ্র। বি। [কর্মধা। বি; পুং।
পানদোষ—মদ্যপানরূপ কদভ্যাস। পানই দোষ,
পানপাত্র—১। চষক; মদ্যপান করিবার পাত্র; জলীয় বস্তু পান করিবার পাত্র। বি; ক্লী। ২। পান রাখিবার পাত্র; ডাবর। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
পানফল, পানিফল—একপ্রকার জলজ ফল, শৃঙ্গাটক। ＜পানীয় ফল। বি।
পানবসন্ত—'পানিবসন্ত' দ্রঃ।
পানমরা—সোনা রূপা গলাইয়া যে খাদ বাদ দেওয়া হয় তাহা। বাংপ্র। বি।
পানশৌণ্ড—প্রচুরমদ্যপানাসক্ত, পানমত্ত। ৭মীতৎ। বিণ। ['pinnace'. বি।
পানসি—ছিপ; একপ্রকার ছোট নৌকা। ＜ইং
পানসে—জলের মত স্বাদবিহীন। বাংপ্র। বিণ।
পানা—১। শরবত। ＜পানক। ২। পুষ্করিণী প্রঃর জলে ভাসমান উদ্ভিদ্ বিঃ। ＜পর্ণ। বি। ৩। মত, সদৃশ ('চাঁদ—')। বাংলা প্রত্যয়।
পানানো—লোহার অস্ত্র প্রঃতে পাইন ধরানো; দোহনের পূর্বে বাছুর কর্তৃক চুষাইয়া বাঁটে দুধ আনানো। বাংপ্র। ক্রি। [বি]। ৭মীতৎ। বিণ।
পানাসক্ত—মদ্যপানে অত্যধিক অভ্যস্ত। পানে আসক্ত,
পানি—জল। হি (＜পানীয়)। বি।
পানিফল—'পানফল' দ্রঃ।
পানিবসন্ত, পানবসন্ত—জলবসন্ত। বাংপ্র। বি।
পানীয়—১। জল; পান করিবার জিনিস; পানা; সরবত। বি; ক্লী। ২। পেয়; পানযোগ্য ('—জল')। পা+অনীয় কর্ম। বিণ।
পানে—দিকে, প্রতি। বাংপ্র। অ।
পান্তা—জল-দেওয়া বাসী ভাত। বাংপ্র। বি।
পান্তী—যে পান বেচে; বাঙালীর পদবী বিঃ। বাংপ্র। বি। [নিত্যগমনার্থে। বি; পুং।
পান্থ—পথিক; সর্বদা ভ্রমণকারী। পথিন্+অণ্
পান্থনিবাস—সরাই, পথিকদিগের অবস্থিতি করিবার স্থান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পান্থপাদপ—একপ্রকার জলনির্গমকারী মরুভূমির গাছ। পান্থোপকারক পাদপ, মধ্যপ। বি; পুং।
পান্থশালা—পথিকদিগের আহারাদি করিবার গৃহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
পান্না—একপ্রকার মণি; মরকত; emerald; খাঁটী সোনা বা তাহার পাত। ＜পর্ণ। বি।
পাপ—১। অধর্ম, দুষ্কৃত; কলুষ; দুরিত; অনিষ্ট। পা+প অপা। ২। পাপিষ্ঠ; পাপজনক। পাপ+অচ্ আছে অর্থে। বিণ।
পাপগ্রহ—জ্যোতিষোক্ত কতিপয় গ্রহ, মঙ্গল রাহু শনি প্রঃ। কর্মধা। বি; পুং।
পাপঘ্ন—পাপনাশক। উপতৎ; পাপ—হন্+টক্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ঘ্নী।
পাপজনক—অধর্মজনক, দুষ্কৃতিকর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -জনিকা।
পাপড়ি—পুষ্পদল, petal. ＜পর্ব। বি।
পাপপুরুষ—মূর্তিমান্ পাপ; অতিশয় পাপাচারী ব্যক্তি। পাপাত্মক পুরুষ, বা পাপযুক্ত পুরুষ, মধ্যপ। বি; পুং।
পাপপ্রবণ—পাপাচরণ করিতে উন্মুখ; যাহাতে পাপাচারের প্রবৃত্তি খুব বেশী এমন। ৭মীতৎ। বিণ।
পাপবুদ্ধি—১। দুষ্টবুদ্ধি; যাহার মনে পাপ করিবার অভিসন্ধি রহিয়াছে এমন। পাপে বুদ্ধি যাহার, বহু। বিণ। ২। পাপমতি। কর্মধা। বি; স্ত্রী।
পাপভাক্ (-ভাজ্)—পাপের ভাগী, পাপী। উপতৎ; পাপ—ভজ্+ণ্বি কর্তৃ। বিণ।
পাপমতি—১। পাপাত্মা। পাপে মতি যাহার, বহু। বিণ। ২। পাপ করিবার ইচ্ছা। কর্মধা। বি; স্ত্রী।
পাপহর—পাপনাশক। উপতৎ; পাপ—হৃ+অচ্ কর্তৃ। বিণ।
পাপাচার—১। পাপী। পাপ আচার যাহার, বহু। বিণ। ২। পাপকার্যকরণ, পাপানুষ্ঠান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পাপাচারী (-চারিন্)—পাপকর্মকারী, পাপী। উপতৎ; পাপ—আ—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -চারিণী।
পাপাত্মা (-ত্মন্), **পাপাশয়**—অধার্মিক, পাপকারী, পাপিষ্ঠচিত্ত। পাপ আত্মা, আশয়, যাহার, বহু। বিণ। [যুক্ত। ৭মীতৎ। বিণ।
পাপাসক্ত—পাপকর্মে নিরত, পাপ করিবার প্রবৃত্তি-
পাপিনী—পাপাচারিণী, অধর্মচারিণী। পাপিন্+ঈপ্। বিণ; স্ত্রী।

পাপিয়া—কোকিল-জাতীয় পাখি বিঃ। hawk-cuckoo. বাংপ্র। বি।
পাপিষ্ঠ—অতিশয় পাপী। পাপিন্+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, -ষ্ঠা।
পাপী (পাপিন্)—পাপযুক্ত। পাপ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**পাপিনী**।
পাপীয়সী—পাপিষ্ঠা। পাপ+ঈয়সু+ঈপ্। বিণ; স্ত্রী। পুং—**পাপীয়ান্** (-য়স্)।
পাপোশ—পা মুছিবার জন্য নারিকেল ছোবড়া ইঃর আস্তরণ বিঃ। ফা। বি। [<পর্বন্। বি।
পাব—গ্রন্থি, গাঁট; দুই গাঁটের মাঝের অংশ।
পাবক—১। অগ্নি; বৈদ্যুতাগ্নি; সদাচারী ব্যক্তি। বি; পুং। ২। পবিত্রতাকারক। পূ+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**পাবিকা**।
পাবদা—বোয়ালের আকারের একপ্রকার আঁশ-শূন্য ছোট মাছ। <পর্বত। বি।
পাবন—১। শোধক, পবিত্রতাজনক। পূ+ণিচ্ (=পাবি)+অন কর্তৃ, অথবা অনট্, করণ। বিণ। স্ত্রী, -না, -নী। ২। পবিত্রীকরণ। পূ+ণিচ্+অনট্ ভাব। তাদর্থে। বি; পুং।
পাবনি—পবননন্দন হনুমান্। পবন+ইঞ্ অপ-
পামর—অধম, নীচ, পাপিষ্ঠ; মূর্খ। পা+ক্বিপ্ কর্তৃ=পা; পা—মৃ+ঘ করণ। বিণ। স্ত্রী, -রী।
পাম্প—জল তুলিবার কল। <ইং 'pump' বি।
পায়খানা—মলত্যাগের স্থান। <ফা 'পায়খানহ্'। বি। [হাঁটা। <পাদচারণ। বি।
পায়চারি—সীমাবদ্ধ স্থানে হাঁটা, ধীরে ধীরে ভ্রমণ,
পায়জামা—ইজার, একপ্রকার ঢিলা প্যাণ্ট। <ফা 'পায়জামহ্'। বি।
পায়দল—পায়ে হাঁটিয়া। হি। ক্রি-বিণ।
পায়রা—কপোত, কবুতর। <পারাবত। বি।
পায়রাচাঁদা—গায়ে ফুটফুট দাগযুক্ত একপ্রকার বড় চাঁদা মাছ। বাংপ্র। বি।
পায়স—১। পরমান্ন। পয়স্+অণ্ সংস্কৃতার্থে। বি; পুং বা ক্লী। ২। দুগ্ধসম্বন্ধীয়; দুগ্ধের তৈয়ারী। পয়স্+অণ্ সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী, -সী।
পায়সান্ন—পরমান্ন। কর্মধা। বি; ক্লী।
পায়া—পদ; খাট টেবিল ইঃর নীচে লাগানো খুঁটি, খুরা; পদবী। <পাদ বা পদ বা <ফা 'পয়হ্'। বি। [বহু (বাংপ্র)। বিণ।
পায়াভারী—বড় চাকরি বা উচ্চপদ হেতু গর্বিত।
পায়ু—মলদ্বার। পা+উণ্ করণ। বি; পুং।
পায়ুকাম—পুং-মৈথুন, sodomy. পায়ুবিধায়ক কাম, মধ্যপ। বি; পুং।
পায়েস—পরমান্ন। <পায়স। বি।
পার—১। নদী ইঃর অপর তীর; জলাশয়ের অপর কূল। পৄ+ঘঞ্ কর্ম। ২। উত্তরণ; উদ্ধার। পৄ+ণিচ্+ঘঞ্ ভাব। ৩। প্রান্ত। পার+অচ্ কর্তৃ। বি; পুং বা ক্লী।
পারংগম, পারঙ্গম—পারদর্শী। উপতৎ; পার—গম্+খচ্ কর্তৃ। বিণ।
পারক—যে পারে এমন, পটু, নিপুণ; পালনকারী; প্রীতিকারক; ব্যায়ামকারক। পৄ বা পৄ+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**পারিকা**।
পারক্য—১। পরকীয়ত্ব, পরবশত্ব; পরাধীনত্ব। পর+কণ্+ষ্যঞ্। ২। সামর্থ্য; পরলোকহিতকর্ম। পারক+ষ্যঞ্। বি; ক্লী। ৩। পরকীয়; শত্রু সম্বন্ধীয়; পরলোক সম্বন্ধীয়। বিণ।
পারগ—পারগামী; সমর্থ; বিশেষরূপে নিপুণ ('শাস্ত্র—')। উপতৎ: পার—গম্+ড কর্তৃ। বিণ।
পারগামী—পারে গমন করিয়াছে এমন; পারদর্শী। উপতৎ; পার—গম্+ণিন্ কর্তৃ। বিণ; পুং।
পারঘাট—খেয়াপারাপারের ঘাট। পার হওয়ার ঘাট, মধ্যপ (বাংপ্র)। বি। [বিণ।
পারঙ্গম—পারদর্শী। উপতৎ; পার—গম্+খচ্ কর্তৃ।
পারণ, পারণা—১। উপবাসের পর প্রথম ভোজন। পার+ণিচ্+অনট্ ভাব; পার+ণিচ্+অন ভাব+আপ্। ২। তৃপ্তিবিধান। পৄ+ণিচ্+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
পারতন্ত্র্য—পরাধীনতা, পরতন্ত্রতা। পরতন্ত্র+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [বাংপ্র। ক্রি-বিণ।
পারতপক্ষে—সামর্থ্যসত্ত্বে, যতদূর পারা যায় তাহাতে।
পারত্রিক—পারলৌকিক, পরলোকে হিতকারক। পরত্র+ইক সম্বন্ধার্থে, হিতার্থে। বিণ। স্ত্রী, -কী।
পারদ—১। তরল ধাতু বিঃ, পারা, mercury. পৄ+ণিচ্+তন্ কর্তৃ (ত-স্থানে দ)। বি; পুং। ২। পারকর্তা। উপতৎ; পার—দা+ক কর্তৃ। বিণ।
পারদর্শিতা—দক্ষতা; বিজ্ঞতা; পাণ্ডিত্য; পরিণামদর্শিতা। পারদর্শিন্+তা ভাবে। বি; স্ত্রী।
পারদর্শী (-দর্শিন্)—পরিণামদর্শী; বিজ্ঞ; পটু; সমর্থ। উপতৎ; পার—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -র্শিনী।
পারদারিক—পরস্ত্রীগামী; পরস্ত্রী সম্বন্ধীয়। পরদার+ইক আসক্তার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।
পারদার্য—পরস্ত্রীসংগম, ব্যভিচার। পরের দার, ৬ষ্ঠীতৎ+ষ্যঞ্ নিষ্পন্ন্যাদ্যর্থে। বি; ক্লী।
পারবশ্য—পরবশতা, অধীনতা। পরবশ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
পারমাণবিক—পরমাণু সম্বন্ধীয়, atomic. পরমাণু+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।
পারমার্থিক—পরমার্থ সম্বন্ধীয়, ধর্ম সম্বন্ধীয়; মঙ্গলজনক। পরমার্থ+ইক সম্বন্ধার্থে, হিতার্থে। বিণ। স্ত্রী, -কী।
পারমিট—ক্রয়-বিক্রয় সম্বন্ধে সরকারের অনুমতিপত্র। <ইং 'permit'. বি। [বিণ।
পারম্পরীণ—পরম্পরাগত, ক্রমাগত। পরম্পরা+ঈন।
পারম্পর্য—ধারাবাহিকতা, ক্রম; কুলাদিপরম্পরা। পরম্পরা (সাতত্য)+ষ্যঞ্ স্বার্থে। বি; ক্লী।
পারলৌকিক—পরকাল সম্বন্ধীয়; পরকালের হিতজনক। পরলোক+ইক সম্বন্ধার্থে হিতার্থে। বিণ। স্ত্রী, -কী।
পারশে—ছোট মাছ বিঃ। বাংপ্র। বি।

পারসী—পারস্য ভাষা; পারস্যদেশজাত; ইরানী; যে পারসীক জাতি বহুকাল ভারতে বাস করিতেছে; উক্ত জাতি সম্বন্ধীয়। পারস্য+ঈ ভবার্থে। বি বা বিণ।

পারসীক—১। পারস্যদেশজাত অশ্ব; পারস্যদেশীয় লোক। বি; পুং। ২। পারস্যদেশীয়। বিণ। স্ত্রী, -কী।

পারা—১। তুল্য, মত ('পাগল—'); যেন। <প্রায়। বিণ বা অ। ২। তরল ধাতু বিঃ। <পারদ। বি। ৩। সমর্থ হওয়া; সম্ভবপর হওয়া; বাধাহীন বা অনুমতিপ্রাপ্ত হওয়া। বাংপ্র। ক্রি।

পারানি—পারের কড়ি, খেয়া পার হইবার অর্থ। বাংপ্র। বি। [বি]।

পারানো—পার করা; পার হওয়া। বাংপ্র। ক্রি [,

পারাপার, -বার—১। সমুদ্র। পার অপার, অবার যাহার, বহু। বি; পুং। ২। নদী প্রঃর উভয় পার। পার (এপার) এবং অপার, অবার (অন্য পার), দ্বন্দ্ব। বি; ক্লী। [বি।

পারাপার—এক পার হইতে অপর পারে গমন। বাংপ্র।

পারাবত—পায়রা, কবুতর। পরাবৎ (দত্তাত্রেয়)+অণ্ সম্বন্ধার্থে। বি; পুং।

পারাবার—'পারাপার' দ্রঃ।

পারাবারীণ—উভয় তীরে গমনকারী; সমুদ্রপারগামী। পারাবার+ঈন (খঞ্), যায় অর্থে। বিণ।

পারায়ণ—সম্পূর্ণতা, সমাপ্তি; নিয়ম করিয়া নির্দিষ্ট সময়মধ্যে কোন গ্রন্থের সম্পূর্ণ পাঠ। পার—অয়্+অনট্ করণ। বি; ক্লী।

পারিজাত—সমুদ্রমন্থনোদ্ভূত স্বর্গীয় বৃক্ষ, দেবতরু; সুগন্ধিদ্রব্য বিঃ। পারী (পাবিন্=সমুদ্র) হইতে জাত, ৫মীতৎ। বি; পুং।

পারিতোষিক—১। পরিতোষদত্ত, পরিতুষ্ট হইয়া যাহা দান করা যায় এমন। বিণ। ২। পুরস্কার, বকশিশ। পরিতোষ+ইক দেয়ার্থে। বি; ক্লী।

পারিপাট্য—সুশৃংখলা; নৈপুণ্য। পরিপাটী+ষ্যঞ্ স্বার্থে। বি; ক্লী।

পারিপার্শ্বিক—১। পারিষদ; সূত্রধারের সহচর নট; উপগ্রহ। বি; পুং। ২। পার্শ্ববর্তী, পার্শ্বচর; চতুর্দিকের আবেষ্টন সম্বন্ধীয়। পরিপার্শ্ব+ইক গ্রহণার্থে। বিণ। স্ত্রী, -কী।

পারিভাষিক—পরিভাষা সম্বন্ধীয়; কোন শাস্ত্র বিঃর বিশিষ্টার্থক শব্দ সম্বন্ধীয়। পরিভাষা+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

পারিয়া—অন্ত্যজ জাতি বিঃ। বি।

পারিশ্রমিক—১। মজুরি; বেতন। বি; ক্লী। ২। পরিশ্রম সংক্রান্ত। পরিশ্রম+ইক সম্বন্ধাদ্যর্থে। বিণ।

পারিষদ—১। সভাসদ্, সভ্য; পার্শ্বচর। পরিষদ্+অণ্ সাধু অর্থে। বি; পুং। ২। সভা সম্বন্ধীয়। পরিষদ্+অণ্ সম্বন্ধার্থে। বিণ। [বিণ।

পারীণ—পারগ, পারগত। পার+ঈন গমনার্থে।

পারুল—পাটলা ফুল, ঘণ্টাকৃতি সুগন্ধ বিঃ। বাংপ্র। বি। [ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

পারুষ্য—কটুবাক্য; অপ্রিয় ভাষণ; কার্কশ্য। পরুষ+

পার্থ—পৃথা-পুত্র; অর্জুন। পৃথা+অণ্ অপত্যার্থে। বি; পুং। [ভাবে। বি; ক্লী।

পার্থক্য—পৃথক্ত্ব, বিভিন্নতা। পৃথক্+ষ্যঞ্

পার্থিব—১। রাজা। পৃথিবী+অঞ্ ঈশ্বরার্থে। বি; পুং। ২। পৃথিবী সম্বন্ধীয়, জাগতিক। পৃথিবী+অঞ্ বা ঞ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -বী, -বা।

পার্বণ—১। অমাবস্যাদি পর্বে কর্তব্য শ্রাদ্ধ; পর্ব, উৎসব। পর্বন্+অণ্ কৃত বা দত্তার্থে। বি; ক্লী। ২। পর্ব সম্বন্ধীয়। পর্বন্+অণ্ সম্বন্ধার্থে। বিণ। [তোষিক। বাংপ্র। বি।

পার্বণী—পর্বকালে বা উৎসব সময়ে প্রদত্ত পারি-

পার্বত—পর্বত সম্বন্ধীয়; পর্বতে উৎপন্ন; পর্বতবাসী; পর্বতময়। পর্বত+অণ্ সম্বন্ধার্থে, জাতার্থে। বিণ। স্ত্রী, -তী।

পার্বতী—১। উমা, দুর্গা। পর্বত+অণ্ অপত্যার্থে+ঈপ্। বি; স্ত্রী। ২। পর্বত সম্বন্ধীয়া; পর্বতজাতা। পার্বত+ঈপ্। বিণ; স্ত্রী।

পার্বত্য—পর্বতে উৎপন্ন; পর্বত সম্বন্ধীয়া। পর্বত+ষ্যঞ্ ভবাদ্যর্থে। বিণ।

পার্যন্তিক—প্রান্তীয়, কোন পুস্তকের পৃষ্ঠার পার্শ্বে লিখিত বা তৎসম্বন্ধীয়, marginal. পর্যন্ত+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

পার্যমাণে—পারতপক্ষে ('পার্যমাণে তাহা ভাঙিয়া খরচ করিও না'—ভূদেব)। বাংপ্র। ক্রি-বিণ।

পার্লামেন্ট, পার্লেমেন্ট—ব্যবস্থাপক মহাসভা, প্রজাবর্গের প্রতিনিধিসভা। <ইং 'parliament'. বি। [<ইং 'parcel'. বি।

পার্শেল—পুলিন্দা; ড্যকযোগে প্রেরণীয় পুলিন্দা।

পার্শ্ব—কক্ষের অধোদেশ; পাশ, ধার; সমীপ। স্পৃশ্+শ্বণ্ কর্ম। বি; পুং বা ক্লী।

পার্শ্বগ, পার্শ্বচর—অনুচর; পার্শ্ববর্তী ভৃত্য; মোসাহেব। উপতৎ; পার্শ্ব—গম্+ড কর্তৃ; পার্শ্ব—চর্+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -গা, -রী।

পার্শ্বপরিবর্তন—পাশফেরা; ভাদ্রমাসের শুক্লা একাদশীতে শ্রীহরির পাশ ফেরা হেতু উৎসব বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পার্শ্ববর্তী (-বর্তিন্)—পাশে অবস্থিত; নিকটস্থ। উপতৎ; পার্শ্ব—বৃত+ণিন্ কর্তৃ। বিণ, স্ত্রী, -বর্তিনী।

পার্শ্বস্থ—পার্শ্বে অবস্থিত। পার্শ্ব—স্থা+ক কর্তৃ। বিণ। [বি; পুং।

পার্ষদ—পারিষদ, সভাসদ্। পর্ষদ্+অণ্ স্থিতার্থে।

পার্ষ্ণি—গোড়ালি; সৈন্যের পশ্চাদ্ভাগ; পৃষ্ঠদেশ; জিগীষা। পৃষ্+নি কর্ম (নিপা)। বি; পুং।

পাল—১। (সমাসে পরপদ হইলে) রক্ষক; প্রতিপালক ('রাজ্য—')। পালি+অণ্ কর্তৃ। বিণ। স্ত্রী—পালী। ২। সামিয়ানা; চাঁদোয়া; বায়ুভরে নৌকা চালাইবার উদ্দেশ্যে নৌকার উপরে প্রসারিত

পুরু কাপড় বা ক্যাম্বিস। <পাইল। ৩। দল, সমূহ; গরু ইঃ পশুর সংগম; বাংলার হিন্দুদের উপাধি বিঃ। <পালি। বি। **পাল ধরানো**—স্ত্রী-পশুকে পুং-পশুদ্বারা গর্ভিনী করানো। **পালের গোদা**—দলের সর্দার, দলপতি।

পালই, পালুই—ধান্যের স্তূপ, সতৃণ ধান্যের রাশি। বাংপ্র। বি।

পালং—'পালঙ' দ্রঃ।

পালক—১। রক্ষক, পালনকর্তা। পা+ণিচ্ বা পালি +ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**পালিকা**। ২। পাখির পাখনা; পাখির ডানার এক একটি অংশ, প্রপক্ষ, feather ('পালকের কলম')। বাংপ্র। বি।

পালকপিতা (-পিতৃ)—পুত্রবৎ প্রতিপালনকারী ব্যক্তি। কর্মধা। বি; পুং।

পালকি—শিবিকা। <পল্যঙ্ককা। বি।

পালঙ, পালং—১। একপ্রকার শাক। <পালংক। ২। খাট। <পল্যঙ্ক। বি।

পালঙ্ক—১। পালংশাক; শজারু; বাজপক্ষী। পাল —অন্ক্+ঘঞ্ করণ। বি; পুং। ২। খাট। <পল্যঙ্ক। বি।

পালট—১। পরিবর্তন; পরাবর্তন। বাংপ্র। ২। নিমেষ। প্রা কপ্র। বি।

পালটা—বিপরীত ('— হুকুম'); বিরুদ্ধপক্ষ দ্বারা কৃত ('— নালিশ'); সমান বংশমর্যাদাসম্পন্ন ('— ঘর')। বাংপ্র। বিণ।

পালটানো—প্রত্যাবর্তন করা; ফিরানো, বদল করা; উলটানো ('ভাজা মাছ —')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

পালটী—যাহার সহিত বিবাহ সম্বন্ধ স্থাপন করা যাইতে পারে এমন ('— ঘর')। বাংপ্র। বিণ।

পালন—রক্ষা পোষণ; ভরণপোষণ; প্রতিপালন; মানিয়া চলা। পা+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**পাল্য**।

পালনকর্তা (-কর্তৃ)—পালনকারী, প্রতিপালক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-কর্ত্রী**।

পালনীয়—রক্ষণীয়; ভরণপোষণ করিবার যোগ্য; অনুষ্ঠেয়। পা+ণিচ্+অনীয় বর্ম। বিণ।

পালপার্বণ—শ্রাদ্ধশান্তি ও বিবিধ উৎসব; নিত্য-নৈমিত্তিক কর্ম। <পাল্যপার্বণ। বি।

পালম—পালং শাক। বাংপ্র। বি।

পালয়িতা (-য়িতৃ)—পালক। পা+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িত্রী**।

পাললিক—পলল সম্বন্ধীয়, পলিমাটি সংক্রান্ত, alluvial. পলল+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**। **পাললিক শিলা**—পলি পাথর, পলি দ্বারা গঠিত শিলামণ্ডল, sedimentary rock.

পালা—১। ছোট ডাল। <পল্লব। ২। বার, পর্যায়; কালনিরূপণ; কীর্তন কিংবা ধর্ম সম্বন্ধীয় সংগীতের সম্পূর্ণ ইতিবৃত্তের কিয়দংশ; অভিনয় বা সংগীতের এক একটি আখ্যায়িকা। <পর্যায়। বি। ৩। রক্ষিত, পোষা। বিণ। ৪। পালন করা; মানিয়া চলা। <পালি ধাতু। বাংপ্র। ক্রি। ৫। তুষার। <প্রালেয়। বি।

পালাই-পালাই—পলায়নের জন্য অত্যন্ত আগ্রহ। বাংপ্র। বি।

পালান—১। গো-স্তন। বাংপ্র। ২। ভারবাহী পশু-দিগের পৃষ্ঠের গদি। <পল্যয়ন। বি।

পালানে—পলাতক; যে কেবল পলাইয়া বেড়ায়। বাংপ্র। বি বা বিণ। [, বি, বিণ।]

পালানো—পলায়ন করা, প্রস্থান করা। বাংপ্র। ক্রি

পালি, পালী—১। রাশি; শ্রেণী; প্রান্তভাগ; প্রদেশ। পল্+ইণ্ কর্তৃ, ২য় পক্ষে ঈপ্। বি; স্ত্রী। ২। শস্যাদির পরিমাণ বিঃ। বাংপ্র। বি।

পালিকা—১। অস্ত্রের তীক্ষ্ণ ধার। পালী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী। ২। পালনকারিণী। পালক+আপ্। বিণ; স্ত্রী।

পালিত—১। রক্ষিত; পোষিত; পোষা; বর্ধিত। পা+ণিচ্+ক্ত কর্ম। ২। বাঙ্গালী কায়স্থের উপাধি বিঃ। বাংপ্র। বি। [ক্লী।

পালিত্য—কেশের পক্বতা। পলিত+ষ্যঞ্ ভাবে। বি;

পালিশ—চাকচিক্য; মসৃণতা; মসৃণকরণ; মসৃণ করিবার প্রলেপ; উজ্জ্বলতা সম্পাদন ('গহনা — করা')। <ইং 'polish'. বি।

পালী—'পালি' দ্রঃ।

পালুই—'পালই' দ্রঃ।

পালো—শটী প্রঃ মূলের শোধিত গুঁড়া, শ্বেতসার, starch. বি।

পালোয়ান—বীর; কুস্তিগির; বলবান্। <ফা 'পলহবান্'। বি বা বিণ।

পাল্লা—পাটি; পক্ষ (দরজার —'); তুলাদণ্ডের দুই প্রান্তে যে আধার লম্বিত থাকে ('দাঁড়ি —'); যে জিনিস ওজন করা হইতেছে তাহার সমান ওজন ('— চড়ানো'); প্রতিদ্বন্দ্বিতা, আড়াআড়ি; ব্যবধান; সঙ্গ। বাংপ্র। বি।

পাশ—১। রজ্জু; বন্ধনাস্ত্র বিঃ, বরুণের অস্ত্র; পাশা; সূত্র; ফাঁদ। পশ্+ঘঞ্ করণ। ২। (কেশবাচক শব্দের পর প্রযুক্ত হইলে) গোছা, সমূহ; (কর্ণবাচক শব্দের পর বসিলে) সুন্দর; (ছাত্র ভিষক্ প্রঃ শব্দের পর বসিলে) কুৎসিত। সংস্কৃত প্রত্যয়। ৩। ধার। <পার্শ্ব। বি। **পাশ কাটানো**—অলক্ষিতভাবে পাশ দিয়া সরিয়া পড়া। **পাশ মোড়া**—শয়ান অবস্থায় পার্শ্ব পরিবর্তন করা।

পাশক—পাশা, অক্ষ। পশ্+ণক কর্তৃ। বি; পুং।

পাশব—পশু সম্বন্ধীয়; পশুর ন্যায়। পশু+অ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-বী**।

পাশ-বালিশ—জড়াইয়া শুইবার জন্য শয্যার এক ধারে যে বালিশ থাকে তাহা। বাংপ্র। বি।

পাশবিক—পশু সম্বন্ধীয়; পশুর ন্যায়। পশু+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**। **পাশবিক অত্যাচার**—বলপূর্বক নারীধর্ষণ।

পাশা—অক্ষ, চৌপাড়; খেলা বিঃ, কর্ণভূষণ বিঃ। <পাশক। বি।

পাশাপাশি—কাছাকাছি, পরস্পরের পার্শ্ববর্তী। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।

পাশী (-শিন্)—পাশ-নামক অস্ত্রধারী বরুণ; যম; ব্যাধ। পাশ+ইন্ আছে অর্থে। বি; পুং।

পাশুপত—১। শৈব সম্প্রদায় বিঃ। পশুপতি+অণ্ দেবতা ইহার এই অর্থে। বি; পুং। ২। শিব সম্বন্ধীয়। বিণ। স্ত্রী, -তী। ৩। শিবের অস্ত্র বিঃ। পশুপতি+অণ্ সম্বন্ধার্থে। ৪। ব্রত বিঃ। পশুপতি উপাস্য ইহাতে এই অর্থে, পশুপতি+অণ্। বি; ক্লী।

পাশ্চাত্য—পশ্চাদ্দিকের, পশ্চিমদেশীয়। পশ্চাৎ+ত্যক্ ভবার্থে (নিপাতনে ত-লোপ; কাহারও কাহারও মতে অশুদ্ধ)। বিণ।

পাশ্চাত্য—পশ্চিমদেশীয়; প্রতীচ্য; পশ্চিমদিকস্থ; পশ্চাৎস্থিত। পশ্চাৎ+ত্যক্ ভবার্থে। বিণ।

পাষণ্ড, পাষণ্ডক, পাষণ্ডী (-ণ্ডিন্)—বেদবিরুদ্ধাচারী; বিধর্মী; ধর্মবহিষ্কৃত; সদাচার-ভ্রষ্ট· পামর। পা—ষণ্ড্+ণিচ্+অচ্ কর্তৃ; ২য় পক্ষে তদুত্তরে কন্ স্বার্থে; ৩য় পক্ষে পা—ষণ্ড্+ণিচ্+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ।

পাষণ্ডদলন—১। অধার্মিক ব্যক্তির দমন বা বিনাশ। বি; ক্লী। ২। অধার্মিক ব্যক্তির দমনকারী। ৬ষ্ঠী-তৎ। বিণ।

পাষণ্ডী (-ণ্ডিন্)—'পাষণ্ড' দ্রঃ। স্ত্রী—**পাষণ্ডিনী**।

পাষাণ—১। প্রস্তর, শিলা। পিষ্+আনচ্ অধি। বি; পুং। ২। তুলাদণ্ডের ফের। বি। ৩। কঠিন; নির্দয়। বাংপ্র। বিণ। **পাষাণ ভাঙ্গা**—তুলাদণ্ডের দুই দিক্ সমান করা।

পাষাণভেদী (-দিন্)—প্রস্তর-বিদারণকারী। উপ-তৎ: পাষাণ—ভিদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ভেদিনী। [যাহার, বহু। বিণ।

পাষাণহৃদয়—কঠিনান্তঃকরণবিশিষ্ট। পাষাণবৎ হৃদয়

পাষাণী—১। ক্ষুদ্র পাষাণ; বাটখারা; পাষাণ+ঈপ্ ক্ষুদ্রার্থে। বি; স্ত্রী। ২। প্রস্তরবৎ-কঠিনহৃদয়যুক্তা, নির্দয়া। পাষাণ(°)+ঈ। বিণ; স্ত্রী।

পাস—১। পরীক্ষায় উত্তীর্ণ হওয়া; ছাড়পত্র; প্রবেশের অনুমতিপত্র। বি। ২। পরীক্ষায় উত্তীর্ণ। <ইং 'pass'. বিণ। [—পাসরন।

পাসরা—বিস্মৃত হওয়া, ভুলিয়া যাওয়া। কপ্র। ক্রি। বি

পাসানো—তাসখেলায় ডাক ছাড়িয়া দেওয়া; যে রঙের খেলা হইতেছে তাহা হাতে না থাকায় খেলার সুবিধার জন্য অন্য কোন বিশেষ তাস দিয়া যাওয়া। <ইং 'pass'. ক্রি [, বি, বিণ]।

পাসুড়ি—পাঁচ সের ওজন, পাউরি। বাংপ্র। বি।

পাহাড়—পর্বত, গিরি: পাড়, উচ্চ তীরভূমি। বাংপ্র। বি। [৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

পাহাড়তলি—উপত্যকা: পর্বতের নিম্নদেশ, তরাই।

পাহাড়িয়া, পাহাড়ে—পার্বত্য। পাহাড়+ইয়া, এ ভবার্থে (বাংপ্র)। বিণ।

পাহাড়ী—১। পার্বত্য জাতি: রাগিণী বিঃ। বি। ২। পাহাড়িয়া, পাহাড়ে। বাংপ্র। বিণ।

পাহাড়ে—'পাহাড়িয়া' দ্রঃ।

পাহারা—প্রহরীর কার্য, চৌকি। <প্রহর। বি।

পাহারাওয়ালা, -দার—প্রহরী, চৌকিদার; পুলিস কনস্টেবল। পাহারা+ওয়ালা, দার নিযুক্তার্থে। বাংপ্র। বি।

পাহুন—অতিথি; পথিক; প্রবাসী; নির্দয়। প্রা কপ্র। বি বা বিণ। [অ

পিউ—১। প্রিয়। প্রা কপ্র। বি। ২। পাপিয়ার স্বর।

পিউড়ি—গোরোচনা; হলদে রং বিঃ। বাংপ্র। বি।

পিঁচুটি—চক্ষু হইতে নির্গত ক্লেদ। <পিচ্চট। বি।

পিঁজরা—খাঁচা। <পিঞ্জর। বি।

পিঁজরাপোল—বৃদ্ধ ও রুগ্ণ পশু রাখিবার স্থান। বাংপ্র। বি।

পিঁজা—তুলা প্রঃর বীচি ফেলিয়া ও আঁশ টানিয়া সোজা করা। বাংপ্র। ক্রি [, বি]।

পিঁড়া পিঁড়ে—ঘরের দাওয়া; পিঁড়ি। <পিণ্ড বা পীঠ। বি। [বি।

পিঁড়ি—কাঠের আসন বিঃ। <পিণ্ড বা পীঠ।

পিঁধা—পরিধান করা। কপ্র। ক্রি।

পিঁপড়া, পিঁপড়ে—<পিপীলিকা। বি।

পিঁপুল—গোলমরিচ জাতীয় ফল বিঃ। <পিপ্পলী। বি।

পিক—১। কোকিল। অপি—কৈ+ক কর্তৃ। বি; পুং। স্ত্রী—**পিকী**। ২। থুথু, মুখের লালা; চিবানো পানের রস। বাংপ্র। বি।

পিককণ্ঠ—১। কোকিলের ন্যায় মধুর কণ্ঠস্বর-বিশিষ্ট। পিকের কণ্ঠের ন্যায় কণ্ঠ যাহার, বহু। বিণ। স্ত্রী, -ণ্ঠা, -ণ্ঠী। ২। কোকিলের গলা; কোকিলের কণ্ঠস্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পিকদান, -দানি—নিষ্ঠীবমপাত্র, থুথু ফেলিবার পাত্র। পিক+দান, দানি, পাত্র অর্থে (বাংপ্র)। বি।

পিকনিক—বনভোজন। <ইং 'picnic'. বি।

পিকেটার—কাহারও কোন অনভিপ্রেত কার্য অপর কেহ করিতে চাহিলে তাহাকে নিবৃত্ত করিবার জন্য চেষ্টাকারী। <ইং 'picketer'. বি।

পিকেটিং—পিকেটারের কাজ। <ইং 'picketing'. বি।

পিঙ্গ—১। তামাটে রং। পিন্জ্+ঘঞ্ করণ। বি; পুং। ২। তামাটে রঙের। পিন্জ্+ঘঞ্ কর্ম। বিণ।

পিঙ্গল—১। তামাটে রং: কপিশ বর্ণ। বি: পুং। ২। কপিশবর্ণযুক্ত। পিন্জ্+কলচ্ করণ। বিণ।

পিঙ্গলা—১। নাড়ী বিঃ; রাজনীতি। বি: স্ত্রী। ২। পিঙ্গলবর্ণা। পিঙ্গল+আপ্। বিণ; স্ত্রী।

পিঙ্গাক্ষ—১। শিব; ব্যাধ বিঃ। বি; পুং। ২। যাহার চোখ তামাটে এমন। পিঙ্গ (পিঙ্গলবর্ণ) অক্ষি যাহার, বহু (ষচ্ সমাসান্ত)। বিণ। স্ত্রী, -ক্ষী।

পিচ—১। ফল বিঃ; বৃক্ষ বিঃ। <ইং 'peach'. ২। আলকাতরা হইতে প্রস্তুত ঘন কঠিন দ্রব্য বিঃ। <ইং 'pitch'. ৩। পিক, থুথু; চিবানো পানের রস। বাংপ্র। বি।

পিচকারি—জলধারা নিক্ষেপ করিবার একপ্রকার যন্ত্র। বাংপ্র। বি।
পিচবোর্ড, পিসবোর্ড—একপ্রকার মোটা কাগজ; জমানো কাগজের বোর্ড বা পাটা। < ইং 'paste-board'. বি।
পিচাশ, পিচেশ—প্রেত বিঃ; ঘৃণাহীন ব্যক্তি, অতিশয় অপরিষ্কৃত লোক। < পিশাচ। বি।
পিচুটি—পিঁচুটি (তাহা দ্রঃ)।
পিচ্ছল—পিচ্ছিল, মসৃণ। পিচ্ছ+কলচ্ কর্তৃ। বিণ।
পিচ্ছিল—হড়হড়ে, পিছলা; পিচ্ছলযুক্ত; সরস; মণ্ডযুক্ত; জলযুক্ত। পিচ্ছা+ইলচ্ আছে অর্থে। বিণ।
পিছটান—পিছুটান (তাহা দ্রঃ)।
পিছন—পশ্চাদ্ভাগ; পশ্চাদ্বর্তিতা। < পশ্চাৎ। বি।
পিছপা—কোন কাজ করিতে যে অগ্রসর হইতে চাহে না এরূপ, সংকুচিত, পশ্চাৎপদ। বাংপ্র। বিণ।
পিছমোড়া, পিছুমোড়া—পশ্চাদ্দিকে হস্তদ্বয় টানিয়া বন্ধন; যাহাকে এই ভাবে বন্ধ করা হইয়াছে এমন। ৭মীতৎ। বি বা বিণ।
পিছল, পিছলা—হড়হড়ে, হড়কা, গড়ানে। < পিচ্ছিল। বিণ। [ক্রি [, বি]।
পিছলানো—হড়হড় করিয়া সরিয়া যাওয়া। বাংপ্র। পিছানো—পিছু হাঁটা, পশ্চাৎপদ হওয়া; পিছনে পড়া। বাংপ্র। ক্রি [, বি]। [বিণ।
পিছু—পশ্চাদ্দিক্; পরে। < পশ্চাৎ। বি বা ক্রি-
পিছুটান—পশ্চাদ্দিকে আকর্ষণ; পশ্চাতে আসক্তি। ৫মীতৎ বা ৭মীতৎ। বাংপ্র। বি।
পিছে—পৃষ্ঠে; পশ্চাদ্ভাগে; পিছনে; পরে। < পশ্চাৎ। বি; অধি-৭মী।
পিঞ্জন—১। তুলাফোঁড়া ধনুঃ। পিন্জ্+অনট্ করণ। ২। তুলা ফোঁড়া। পিন্জ্+অনট্ ভাব। বি: ক্লী।
পিঞ্জর—পিঁজরা; পঞ্জর। পিন্জ্+অরচ্ অধি। বি; ক্লী।
পিঞ্জা—তুলার পাইজ; হরিদ্রা। পিন্জ্+অচ্ কর্ম, করণ+আপ্। বি: স্ত্রী।
পিঞ্জিকা—পাঁজ, তুল-নালিকা। পিন্জ্+ণক কর্তৃ +আপ্। বি; স্ত্রী। [তাস। বাংপ্র। বি।
পিট—তাসখেলায় একবারে নিক্ষিপ্ত তাস; জেতা
পিটন—আঘাতকরণ; প্রহারকরণ; তাড়ন। বাংপ্র। বি।
পিটনা, পিটনে—গৃহাদির ছাদ মেঝে প্রঃ পিটিবার কাঠের মুগ্গর। বাংপ্র। বি।
পিটপিট—অনুকার-শব্দ; খিটখিট; দুই আঙ্গুলের নখের পাতা দ্বারা টিপিবার শব্দ; চোখের পাতা বার বার ফেলার ভাব; শুচিবায়ুজনিত স্পর্শভীতি। বাংপ্র। অ।
পিটপিটে—শুচিবায়ুগ্রস্ত; খিটখিটে; মিটমিটে। পিটপিট+এ (< ইয়া) করে অর্থে। বিণ।
পিটলি, পিটালি, পিটুলি—বৃক্ষ বিঃ; জলযুক্ত পিষ্ট-তণ্ডুল। বাংপ্র। বি। [বি।
পিটিশন—দরখাস্ত, আবেদন। < ইং 'petition'.
পিটুনি—মার, প্রহার। বাংপ্র। বি। **পিটুনি পুলিস**—কোন স্থানের লোকদিগের দমনকল্পে সেই স্থানেরই অধিবাসিগণের খরচে যে পুলিস-বাহিনী সাময়িকভাবে নিযুক্ত হয় তাহা, Punitive Police.
পিট্টান—প্রস্থান, পলায়ন। বাংপ্র। বি।
পিঠ—দেহের পশ্চাদ্ভাগ; পাশ; বিপরীত দিক্; পশ্চাদ্ভাগ। < পৃষ্ঠ। বি। **পিঠ চাপড়ানো**—উৎসাহ দিয়া বার বার পিঠে মৃদু চাপড় দেওয়া। **পিঠের চামড়া তোলা**—বেদম প্রহার করা।
পিঠদাঁড়া—মেরুদণ্ড, পৃষ্ঠদণ্ড। বাংপ্র। বি।
পিঠা—১। অপূপ। < পিষ্টক। ২। পিঠ। < পৃষ্ঠ। বি।
পিঠাপিঠি, পিঠোপিঠি—একটির অব্যবহিত পরে আর একটি এইরূপ বা এইভাবে। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।
পিঠে—পিঠা। বাংপ্র। বি।
পিড়িং—একপ্রকার শাক। বাংপ্র। বি।
পিণ্ড—গোলবস্তু, ডেলা; অন্নের ডেলা; পিতৃলোকের উদ্দেশে প্রদেয় খাদ্যসামগ্রীর বর্তুলাকার গ্রাস; শরীর; মাংস; ভোজনীয় বস্তু; গ্রাস। পিণ্ড্+ঘঞ্ কর্ম। বি; ক্লী।
পিণ্ডখর্জুর—পিণ্ডিখেজুরের গাছ; পিণ্ডিখেজুর, চটকানো খেজুর। পিণ্ড-সদৃশ খর্জুর, মধ্যপ। বি; পুং।
পিণ্ডজীবী (-বিন্)—শ্রাদ্ধভোজী, দেবকার্যে উৎসর্গীকৃত পিণ্ডাদি ভোজনকারী ("যজ্ঞ-নিমন্ত্রণে পিণ্ডজীবী যেই জন"—কাশীরাম)। উপতৎ; পিণ্ড—জীব্+ণিন্ কর্তৃ। বিণ; পুং। স্ত্রী, **-জীবিনী**।
পিণ্ডদ—পিণ্ডদানকারী; অন্নদাতা। উপতৎ; পিণ্ড—দা+ক কর্তৃ। বি; পুং, বা বিণ।
পিণ্ডদান—পিতৃলোকের উদ্দেশে অন্নপিণ্ড উৎসর্গ-করণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পিণ্ডাকার, -কৃতি—গোলাকার, পিণ্ডের ন্যায় আকারবিশিষ্ট। পিণ্ডের আকারের, আকৃতির ন্যায় আকার, আকৃতি যাহার, বহু। বিণ।
পিণ্ডারী—ইতিহাস-প্রসিদ্ধ দস্যুসম্প্রদায় বিঃ। বি।
পিণ্ডি— < পিণ্ড। বি।
পিণ্ডি, পিণ্ডিকা, পিণ্ডী—চাকার মধ্যভাগ; পায়ের গোছ; খেজুর বিঃ; খাদ্যের গ্রাস; রোয়াক, পিঁড়া। পিন্ড্+ইন্ অধি; ২য় পক্ষে কন্ স্বার্থে+আপ্; ৩য় পক্ষে ঈপ্। বি; স্ত্রী। [বি; পুং।
পিতঃ—হে পিতৃদেব, বাবা। পিতৃ-শব্দ সম্বোধনে।
পিতল—মিশ্রিত ধাতু বিঃ। < পিত্তল। বি।
পিতা (পিতৃ)—জনক; পিতৃতুল্য পাঁচজন গুরু (অন্নদানকারী, ভয় হইতে পরিত্রাণকারী, শ্বশুর, জন্মদাতা এবং যিনি উপনয়নকালে কণ্ঠে যজ্ঞোপবীত পরাইয়া দীক্ষা দেন তিনি); পিতৃতুল্য সাতজন গুরু (শ্বশুর, অন্নদাতা, শিক্ষক, অভয়প্রদ অর্থাৎ অভয়দানকারী, জন্মদাতা, মন্ত্রদাতা এবং জ্যেষ্ঠভ্রাতা); অগ্নিষ্বাত্ত সৌম্য হবিষ্মান্ উষ্মপ সুকালী বর্হিষদ্ এবং আজ্যপ—এই সপ্ত পিতৃপুরুষ। পা+তৃচ্ কর্তৃ। বি; পুং।

পিতামহ—পিতার পিতা, ঠাকুরদা; ব্রহ্মা; দক্ষরাজ। পিতৃ+ডামহ্ পিতা অর্থে। বি; পুং।

পিতামহী—পিতার মাতা, ঠাকুর-মা। পিতামহ+ঈপ্। বি; স্ত্রী।

পিতুঃস্বসা, পিতুষ্বসা (-স্)—পিতার ভগিনী, পিসী। অলুক্ ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পিতৃ—পিতা (তাহা দ্রঃ)।

পিতৃ-আজ্ঞা—পিতার আদেশ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পিতৃ-ঋণ—পিতার ঋণ, পুত্রের প্রতি কৃত পিতার উপকার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পিতৃকল্প—বাপের মত, পিতৃতুল্য। পিতৃ+কল্পপ্ ঈষদূন অর্থে। বিণ।

পিতৃকার্য, -কৃত্য, -ক্রিয়া—শ্রাদ্ধতর্পণাদি। পিতৃ সম্বন্ধীয় কার্য, কৃত্য, ক্রিয়া, মধ্যপ। বি; ক্লী, ক্লী, স্ত্রী।

পিতৃকুল—পিতৃগোত্র, বাপের বংশ; বাপের পরিবার বা বাড়ি। পিতার কুল, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পিতৃগণ—অগ্নিষ্বাত্তাদি সপ্ত পিতৃপুরুষ; পিতৃলোকের অধিবাসী মুনিগণ। পিতাদের গণ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পিতৃগৃহ—পিত্রালয়; শ্মশান। পিতার গৃহ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পিতৃঘাতক—পিতৃহন্তা, পিতৃহত্যাকারী। পিতার ঘাতক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-ঘাতিকা**।

পিতৃঘাতী (-ঘাতিন্)—পিতার প্রাণনাশক। উপতৎ; পিতৃ—হন্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ঘাতিনী**।

পিতৃঘ্ন—পিতৃহত্যাকারী। উপতৎ; পিতৃ—হন্+ক কর্তৃ। বিণ।

পিতৃতর্পণ—পিতৃলোকের তৃপ্তির উদ্দেশে জলদান; পিতৃলোকের তৃপ্তি। পিতাদিগের তর্পণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পিতৃতীর্থ—গয়াধাম; হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জনীর মধ্যস্থান। পিতাদের (পূর্বপুরুষদের) তীর্থ (ক্ষেত্র), ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পিতৃত্ব—পিতা হওয়ার অবস্থা; পিতার ভাব। পিতৃ+ত্ব ভাবে। বি; ক্লী।

পিতৃদান—নিবাপ, শ্রাদ্ধতর্পণাদি। পিতৃউদ্দিষ্ট দান, মধ্যপ। বি; ক্লী।

পিতৃদায়—পিতৃশ্রাদ্ধরূপ অবশ্যকর্তব্য গুরুতর কার্য। মধ্যপ। বাংপ্র। বি।

পিতৃদেব—দেবতাসদৃশ আরাধ্য পিতা। পিতা দেবসদৃশ, উপমিত কর্মধা; অথবা, পিতাই দেব, কর্মধা। বি; পুং।

পিতৃপক্ষ—১। প্রেতপক্ষ, আশ্বিন-শুক্লপক্ষের পূর্ববর্তী কৃষ্ণপক্ষ; পিতার সহিত সম্বন্ধযুক্ত আত্মীয়বর্গ। পিতৃপ্রিয় পক্ষ, মধ্যপ। ২। পৈতৃক সম্বন্ধ। পিতার পক্ষ, ৬ষ্ঠীতৎ। বি; পুং। ৩। পিতৃকুলজাত। পিতাদের পক্ষ (অর্থাৎ কুলজাত), ৬ষ্ঠীতৎ। বিণ।

পিতৃপিতা—পিতামহ। পিতার (পিতৃশব্দ) পিতা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পিতৃপুরুষ—পিতা পিতামহ প্রঃ পূর্বপুরুষ। পিত্রোর্ধ্বক্রমিক পুরুষ, মধ্যপ। বি; পুং।

পিতৃবৎ—পিতার তুল্য। পিতৃ+বতি তুল্যার্থে। অ।

পিতৃবিয়োগ—পিতার মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পিতৃব্য—খুড়ো, জেঠা। পিতৃ+ব্যৎ পিতার ভ্রাতা অর্থে। বি; পুং।

পিতৃভক্ত—পিতার প্রতি শ্রদ্ধাযুক্ত। ৬ষ্ঠীতৎ। বিণ।

পিতৃভক্তি—পিতার প্রতি শ্রদ্ধা এবং অনুরাগ। ৭মীতৎ। বি; স্ত্রী।

পিতৃমাতৃহীন—জনকজননীশূন্য, যাহার বাপ মা উভয়েই মারা গিয়াছেন এরূপ। পিতা ও মাতা, দ্বন্দ্ব; তদ্দ্বারা হীন, ৩য়াতৎ (ব্যাকরণমতে=মাতাপিতৃহীন)। বিণ। [বি; পুং।

পিতৃযজ্ঞ—শ্রাদ্ধ; তর্পণ। পিতৃউদ্দিষ্ট যজ্ঞ, মধ্যপ।

পিতৃরিষ্টি—নবজাত শিশুর পিতার মৃত্যুসূচক গ্রহাদির অবস্থান এবং দশা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পিতৃলোক—১। চন্দ্রলোকস্থিত স্থান বিঃ; যেখানে পিতৃগণ বাস করেন। পিতাদের লোক (জগৎ), ৬ষ্ঠীতৎ। ২। অগ্নিষ্বাত্তাদি পিতৃগণ, পূর্বপুরুষগণ। পিতারাই লোক, কর্মধা। বি; পুং।

পিতৃষ্বসা (-স্)—পিতার ভগিনী, পিসী। পিতার স্বসা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পিতৃষ্বস্রেয়, -ষ্বস্রীয়—পিসতুতো ভাই। পিতৃষ্বসৃ+এয়, ঈয় অপত্যার্থে। বি; পুং।

পিতৃস্থানীয়—পিতার ন্যায় পূজনীয়; পিতার স্থলাভিষিক্ত। পিতার স্থান, ৬ষ্ঠীতৎ; তদুত্তরে ঈয় যোগ্যার্থে। ৬ষ্ঠীতৎ। বিণ।

পিতৃহত্যা—পিতার বধকরণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পিতৃহন্তা (-ন্তৃ)—পিতার প্রাণনাশকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-হন্ত্রী**। [৩য়াতৎ। বিণ।

পিতৃহীন—যাহার পিতার মৃত্যু হইয়াছে এরূপ।

পিত্ত—দেহাভ্যন্তরস্থ তাপজনক ধাতু, যকৃৎ হইতে নিঃসৃত তিক্ত রস বিঃ, bile. অপি—দো+ক্ত কর্তৃ। বি; ক্লী। **পিত্ত জ্বলিয়া যাওয়া**—ক্রোধ উপস্থিত হওয়া। **পিত্ত পড়া**—ক্ষুধার সময় খাদ্যাভাবে অনর্থক পিত্তস্রাব হওয়া।

পিত্তকোষ, পিত্তাশয়—পিত্তের থলি, gall-bladder. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পিত্তঘ্ন—পিত্তনাশক। উপতৎ: পিত্ত—হন্+টক্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ঘ্নী**। [বি; পুং।

পিত্তজ্বর—পৈত্তিক জ্বর। পিত্তসম্ভূত জ্বর, মধ্যপ।

পিত্তনাশক—যাহাতে পিত্তদোষ নষ্ট হয়, পিত্তের প্রকোপনাশক। ৬ষ্ঠীতৎ। বিণ।

পিত্তরক্ষা—ক্ষুধার সময়ে সামান্য কিছু খাওয়া; (ব্যঙ্গার্থে) নামে মাত্র আকাঙ্ক্ষা মিটানো। ৬ষ্ঠীতৎ। বি: স্ত্রী।

পিত্তরস—তরল পিত্ত, bile. কর্মধা। বি; পুং।

পিত্তল, পিতল—তাম্রদস্তামিশ্রিত ধাতু বিঃ। পিত্ত—লা+ক কর্তৃ। বি; পুং।

পিত্তস্থলী—উদরমধ্যে যে থলিতে পিত্ত থাকে, তাহা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পিত্তাতিসার, পিত্তাতীসার—পিত্তজনিত অতিসার-রোগ বিঃ। পিত্তজনিত অতিসার, অতীসার, মধ্যপ। বি; পুং।
পিত্তাশয়—'পিত্তকোষ' দ্রঃ।
পিত্তি—<পিত্ত। বি। **পিত্তি চটা**—রাগের সঞ্চার হওয়া। **পিত্তি পড়া**—যথাসময়ে না খাওয়ায় ক্ষুধা নষ্ট হওয়া।
পিত্তিরক্ষা—<পিত্তরক্ষা। বি।
পিত্রালয়—বাপের বাড়ি। পিতার আলয় (গৃহ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পিত্র্য—পিতৃ সম্বন্ধীয়; পিতা হইতে আগত বা প্রাপ্ত। পিতৃ+যৎ সম্বন্ধার্থে। বিণ।
পিদিম, পিদিপ—আলো। <প্রদীপ। বি।
পিধান—১। আচ্ছাদন, ঢাকনি, খাপ। অপি—ধা+অনট্ করণ (অ-কারের লোপ)। ২। পরিধান। অপি—ধা+অনট্ ভাব (অ-কারের লোপ)। বি; ক্লী।
পিন—আলপিন; কাঠের সরু কাঁটা; বস্ত্রাদি আটকাইবার কাঁটা; ছোট পেরেক। <ইং 'pin'. বি। [কর্ম (অ-কারের লোপ)। বিণ।
পিনদ্ধ—পরিহিত; বদ্ধ; আবৃত। অপি—নহ্+ক্ত
পিনাক—শিবের ধনুঃ; তন্ত্রীযুক্ত বাদ্যযন্ত্র বিঃ; ত্রিশূল; ধূলাবৃষ্টি। পা+আকন্ কর্তৃ। বি; পুং বা ক্লী। [বি; পুং।
পিনাকপাণি—শিব। পিনাক পাণিতে যাঁহার, বহু।
পিনাকী (পিনাকিন্)—শিব। পিনাক+ইন্ আছে অর্থে। বি; পুং। [বি।
পিনালকোড—দণ্ডবিধি। <ইং 'Penal Code'.
পিনাস, পিনেস—নাকের ফোড়া, এক প্রকার নাসিকা রোগ। <পীনস। বি।
পিনাস, পিনিস, পিনেস—বৃহৎ কাষ্ঠকুঠরীযুক্ত নৌকা, পানসি, বজরা। <ইং 'pinnace'. বি।
পিন্ধন—পরিধান। বাংপ্র। বি।
পিন্ধা—পরিধান করা। প্রা কপ্র। ক্রি। [**পিন্ধাওল**—পরাইল। **পিন্ধে**—পরিধান করে।]
পিপা—ঢাকের আকৃতিবিশিষ্ট কাঠের খোল। <পো 'pipa'. বি।
পিপারমেন্ট—উগ্রগন্ধ বিশিষ্ট ও তীক্ষ্ণস্বাদ কর্পূর-বৎ বৃক্ষজাত দ্রব্য বিঃ। <ইং 'peppermint'. বি।
পিপাসা—পানেচ্ছা, তৃষ্ণা। পা+সন্ ইচ্ছার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী।
পিপাসার্ত—তৃষ্ণায় কাতর, অত্যধিক পিপাসিত। পিপাসা দ্বারা ঋত বা আর্ত, ৩য়াতৎ। বিণ।
পিপাসিত, পিপাসু—পানেচ্ছু, তৃষ্ণার্ত। পিপাসা+ইতচ্ জাতার্থে; পা+সন্ ইচ্ছার্থে+উ কর্তৃ। বিণ।
পিপাসী (-সিন্)—পিপাসিত। পিপাসা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-সিনী**।
পিপাসু—'পিপাসিত' দ্রঃ।
পিপীলিকা—পিঁপড়া, ক্ষুদ্রোপিঁপড়া। অপি—পীল্+ণক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
পিপুল, পিপ্পুল—গোলমরিচজাতীয় ফল বিঃ। <পিপ্পলী। বি।
পিপ্পলি, পিপ্পলী—পিপুলগাছ। পা+অলি কর্তৃ (পা-স্থানে পিপ্প), পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
পিয়ন—পেয়াদা; যে চিঠি বিলি করে; পত্রবাহক। <ইং 'peon'. বি।
পিয়া—১। পান করিয়া। কপ্র। অস-ক্রি। ২। প্রিয়তম, প্রিয়; প্রণয়ী; প্রিয়া। কপ্র। বি।
পিয়াজ—পিঁয়াজ, পলাণ্ডু। কপ্র। বি।
পিয়াজী—১। পিঁয়াজ-রঙের। বিণ। ২। পিঁয়াজের বড়া। পিয়াজ+ঈ সদৃশার্থে, নির্মিতার্থে। বি।
পিয়াদা—রাজানুচর, দূত। ফা। বি।
পিয়ানো—পান করানো। কপ্র। ক্রি।
পিয়ানো—বৃহৎ বাদ্যযন্ত্র বিঃ। <ইতালীয় 'piano'. বি।
পিয়ার—১। সোহাগ, আদর, প্রেম। বি। ২। প্রিয়; ভালবাসার পাত্র; <প্রিয়কার। বিণ।
পিয়ারা—১। ফল বিঃ। বাংপ্র। বি। ২। আদরণীয়; প্রিয়। হি। বিণ। [বি বা বিণ; স্ত্রী।
পিয়ারী—আদরিণী, প্রণয়িনী। <প্রিয়কারিকা।
পিয়াল—রাজাদনবৃক্ষ, পিয়াসালগাছ। <প্রিয়াল। বি; পুং। [ফা। বি।
পিয়ালা, পেয়ালা—পান করিবার পাত্র, বাটি, কাপ।
পিয়াস—পিপাসা; প্রয়াস; ইচ্ছা। কপ্র। বি।
পিয়াসা—১। তৃষ্ণা। <পিপাসা। বি। ২। ইচ্ছা বা প্রয়াসযুক্তা। কপ্র। বিণ; স্ত্রী।
পিয়াসী—ইচ্ছুক; প্রয়াসযুক্ত; প্রত্যাশী; পিপাসিত। কপ্র। বিণ। [পৈরাহন'। বি।
পিরান—পরিচ্ছদ বিঃ, কামিজ, জামা। <ফা
পিরালী, পিরিলী—বঙ্গদেশের একপ্রকার ব্রাহ্মণ-শ্রেণী। ফা-মু। বি।
পিরিচ—রেকাবি। <পো 'pires'. বি।
পিরিতি, পিরীতি—ভালবাসা, প্রণয়; অবৈধ প্রণয়। <প্রীতি। বি।
পিল—১। হস্তী; দাবা খেলার গজ, bishop. ফা। ২। ঔষধের বড়ি। <ইং 'pill'. বি।
পিলখানা—হস্তিশালা। পিলের (ফা) খানা (ফা), ৬ষ্ঠীতৎ। বি। [অসং। বি।
পিলপা, পিলপে—জমির সীমানাসূচক থাম, স্তম্ভ
পিলপিল—পিঁপড়ার ন্যায় অনেকের একত্র সমাবেশ, ছিদ্রমুখ দিয়া অনবরত বহির্গমন; সুড়সুড় বাংপ্র। অ।
পিলসুজ—দীপাধার, পিতলের তৈয়ারী প্রদীপ রাখিবার স্তম্ভতুল্য আধার। <আ-ফা 'ফতীলহ্-সোজ'। বি।
পিলু—একটি রাগিণীর নাম। বাংপ্র। বি।
পিলে—<প্লীহা। বি।
পিশাচ—প্রেতযোনি বিঃ, ভূত; নীচাশয় ব্যক্তি; পাপিষ্ঠ ও নির্দয় ব্যক্তি। পিশিত (মাংস)—অশ্+অণ কর্তৃ (নিপা)। বি; পুং। স্ত্রী, **-চী**।
পিশাচসিদ্ধ—যে মন্ত্র দ্বারা পিশাচ বশীভূত হইয়া

ভৃত্যের ন্যায় আদেশপালন করে সেই মন্ত্রে সিদ্ধ। ৭মীতৎ। বিণ।
পিশিত—মাংস। পিশ্‌+ক্ত কর্তৃ। বি; ক্লী।
পিশুন—১। ক্রূর, খল; হিংস্র; সূচক; পরস্পরের ভেদকারক। বিণ। ২। কাক; নারদ। বি; পুং। ৩। কুঙ্কুম। পিশ+উনন্‌ কর্তৃ। বি; ক্লী।
পিষা—পেষণ করা, বাঁটা। ＜'পিষ্‌'-ধাতু। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
পিষানো—পেষণ করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
পিষ্ট—১। বাটা; চটকানো; মর্দিত; চূর্ণিত। বিণ। ২। পিঠা; সীসক। পিষ্‌+ক্ত কর্ম। বি; ক্লী।
পিষ্টক—পিঠা; রুটি প্রঃ; নেত্ররোগ বিঃ। পিষ্ট+কন্‌ বিকারার্থে। বি; পুং বা ক্লী।
পিসতুত, -তুতা, -তুতো—পিসীর সম্পর্কে সম্পর্কিত। বাংপ্র। বিণ।
পিসশ্বশুর—স্বামী বা স্ত্রীর পিসা। বাংপ্র। বি; পুং। [স্ত্রী।
পিসশাশুড়ী—স্বামী বা স্ত্রীর পিসী। বাংপ্র। বি;
পিসা—পিসীর স্বামী। বাংপ্র। বি; পুং।
পিসাত—পিসতুতো। বাংপ্র। বিণ।
পিসী, পিসি, পিসীমা, পিসিমা—পিতার ভগিনী। ＜পিতৃষ্বসৃ। বি। ['pistola'. বি।
পিস্তল—আগ্নেয় অস্ত্র বিঃ। ＜ইতালীয়
পিহিত—আচ্ছাদিত; কোষে বা খাপে রক্ষিত, কোষবদ্ধ। অপি—ধা+ক্ত কর্ম। বিণ।
পীঁড়া, পিঁড়া—বারান্দা; দাওয়া; পীঠ; কাষ্ঠাসন বিঃ। বাংপ্র। বি। [＜পীঠ। বি।
পীঁড়ি, পিঁড়ি—পীঠক, ক্ষুদ্র কাষ্ঠাসন, ছোট পীড়া।
পীচ—পিচ (তাহা দ্রঃ)।
পীঠ—বেদী, উচ্চ আসন, বসিবার আসন, পীঁড়ি চৌকি প্রঃ; ভারতের একান্নটি পীঠস্থান; প্রতিষ্ঠান। পিঠ্‌+ক অধি। বি; পুং বা ক্লী।
পীঠন্যাস—প্রণব মন্ত্র দ্বারা আধারশক্ত্যাদি পীঠদেবতা সম্বন্ধীয় ন্যাস বিঃ। পীঠ সম্বন্ধীয় ন্যাস, মধ্যপ। বি: পুং।
পীঠস্থান—যে যে স্থানে সতীর অঙ্গ পড়িয়াছিল সেই সেই স্থান; পুরাতন দেবালয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পীড়ক—পীড়াদায়ক, পীড়নকারী। পীড়্‌+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**পীড়িকা**।
পীড়ন—দুঃখ দেওয়া, উচ্ছেদ, বিনাশ; মর্দন, নিপীড়ন; অভিভব; সাদরে গ্রহণ। পীড়্‌+অনট্‌ ভাব। বি; ক্লী। [বিণ।
পীড়নীয়—পীড়নযোগ্য। পীড়্‌+অনীয় কর্ম।
পীড়া—যন্ত্রণা, ব্যথা, ক্লেশ; রোগ। পীড়্‌+অ ভাব +আপ্‌। বি; স্ত্রী। [স্ত্রী, -**দায়িকা**।
পীড়াদায়ক—ক্লেশদায়ক. দুঃখদায়ক। ৬ষ্ঠীতৎ। বিণ।
পীড়াপীড়ি, পেড়াপীড়ি—সনির্বন্ধ অনুরোধ; চাপিয়া ধরা; উৎপীড়ন। বাংপ্র। বি।
পীড়ি—কাষ্ঠাসন; বেদী। ＜পীঠ। বি।
পীড়িত—ক্লিষ্ট; ব্যথিত, দুঃখিত; পীড়াযুক্ত; মর্দিত। পীড়া+ইতচ্‌ সংজ্ঞাতার্থে; অথবা, পীড়্‌ +ক্ত কর্ম। বিণ।
পীড্যমান—যাহাকে পীড়ন করা হইতেছে এমন। পীড়্‌+শানচ্‌ কর্ম। বিণ।
পীত—১। হরিদ্রাবর্ণ। বি; পুং। ২। হরিদ্রাবর্ণযুক্ত; যাহা পান করা হইয়াছে এরূপ। পা+ক্ত কর্ম। বিণ।
পীতবসন—১। হলুদ রঙের কাপড়। কর্মধা। বি; ক্লী। ২। শ্রীকৃষ্ণ। বি; পুং। ৩। পীতাম্বরপরিহিত। বহু। বিণ।
পীতবাস—১। হরিদ্রাবর্ণের বস্ত্র। কর্মধা। [সং পীতবাসঃ (-সস্‌)] বি; ক্লী। ২। শ্রীকৃষ্ণ। বহু [সং পীতবাসাঃ (-সস্‌)]। বি; পুং।
পীতাম্বর—১। বিষ্ণু, শ্রীকৃষ্ণ। পীত অম্বর যাহার, বহু। বি; পুং। ২। হরিদ্রাবর্ণের বস্ত্র। পীত অম্বর (বস্ত্র), কর্মধা। বি; ক্লী।
পীতাম্বরী—একপ্রকার শাড়ী; চেলী। পীতাম্বর (২)+ঈ স্বার্থে (বাং প্রত্যয়)। বি।
পীন—স্থূল; প্রবৃদ্ধ; সম্পন্ন। প্যায়্‌+ক্ত কর্তৃ। বিণ। [কর্তৃ। বি; পুং।
পীনস—নাসিকারোগ বিঃ, পিনাস। পীন—সো+ক
পীনোন্নত—স্থূল এবং উন্নত। পীনও যাহা উন্নতও তাহা, কর্মধা। বিণ। [বিণ। স্ত্রী, -**তা**।
পীবর—স্থূল; বলিষ্ঠ। প্যায়্‌ বা প্যৈ+ষ্বরচ্‌ কর্তৃ।
পীযূষ—১। অমৃত, সুধা। বি; ক্লী। ২। নবপ্রসূতা গাভীর সপ্তদিনমধ্যে দোহন-করা অভিনব দুগ্ধ। পীয়্‌+ঊষন্‌ কর্তৃ। বি; ক্লী।
পীর—মুসলমান সাধু, মহাত্মা। ফা। বি। **পীরের দরগা**—পীরের সমাধিস্থান। **পীরের শিরনি**—পীরের উদ্দেশে নিবেদিত দুধকলা ময়দা চিনি সংযোগে প্রস্তুত ভোগ বিঃ।
পীরিতি—'পিরিতি' দ্রঃ।
পীরোত্তর—পীরের উদ্দেশে দত্ত নিষ্কর ভূমি। ＜পীরত্র। বি। [ফা। বি।
পীল—গজ, হস্তী; দাবাখেলার বল বিঃ, bishop.
পীলসুজ—পিলসুজ (তাহা দ্রঃ)।
পীলে—প্লীহা; রোগ বিঃ। ＜প্লীহন্‌। বি।
পুং—১। পুরুষ, পুমান্‌। ＜পুম্‌স্‌। বি বা বিণ। ২। পুনশ্চ শব্দের সংক্ষেপ। বাংপ্র। অ।
পুংকেশর—পুষ্পের মধ্যবর্তী সূত্র ও পরাগকোষযুক্ত কেশর, stamen. পুং-চিহ্নিত কেশর, মধ্যপ। বি; পুং।
পুংগব—'পুঙ্গব' দ্রঃ।
পুংবৎস—এঁড়ে বাছুর, পুরুষজাতীয় বাছুর। পুমান্‌ যে বৎস, কর্মধা। বি; পুং।
পুংবাচক—পুরুষার্থবোধক; পুরুষজাতিবোধক। পুমানের বাচক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -**বাচিকা**।
পুংরাশি—মেষ মিথুন সিংহাদি বিষমরাশি। পুমান্‌ রাশি, কর্মধা। বি; পুং।
পুংলিঙ্গ—১। শব্দের পুরুষবাচকত্ব। পুমানের ন্যায় লিঙ্গ (সংস্কার বিঃ) যাহাতে, বহু। বি;

পুং। ২। শিশ্ন; পুরুষত্ব; স্ত্রীসম্ভোগ-সামর্থ্য। পুমানের লিঙ্গ (চিহ্ন), ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ৩। পুরুষবাচক। বহু। বিণ।

পুংশ্চলী—বেশ্যা, অসতী। পুমান্—চল্+অচ্ কর্তৃ+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।

পুংশ্চিহ্ন—শিশ্ন, পুরুষোপস্থ। পুমানের চিহ্ন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পুংসবন—গর্ভিণীর দ্বিতীয় বা তৃতীয় মাসে করণীয় সংস্কার বিঃ; স্ত্রীলোকের কর্তব্য ব্রত বিঃ। পুম্‌স্—সু+অনট্ করণ। বি; ক্লী।

পুংস্কোকিল—পুরুষ-কোকিল। পুমান্ (পুম্‌স্ শব্দ) যে কোকিল, কর্মধা। বি; পুং।

পুংস্ত্ব—পুরুষত্ব; পুংলিঙ্গ। পুম্‌স্+ত্ব ভাবে। বি; ক্লী।

পুঃ—১। পুনরায় দ্রষ্টব্য। <'পুনর্'। ২। ঘৃণা ও তাচ্ছীল্যবোধক শব্দ। বাংপ্র। অ।

পুঁই—একপ্রকার খাদ্য লতা। <'পূতিকা'। বাংপ্র। বি।

পুঁইমেটুলি—১। পুঁইলতার বীজ। বি। ২। পুঁই-মেটুলির রঙের মত বর্ণবিশিষ্ট। বাংপ্র। বিণ।

পুঁইয়া, পুঁয়ে—পুঁইগাছের তুল্য অর্থাৎ লতানে। পুঁই+আ, এ সদৃশার্থে। বিণ। **পুঁয়ে পাওয়া**—ক্রমশঃ রোগা হইয়া যাওয়া (সাধারণতঃ এই রোগ শিশুদের হয়)। **পুঁয়ে সাপ**—সাপ বলিয়া কথিত একপ্রকার কেঁচোজাতীয় জীব।

পুঁচকে—অতি ছোট, নিতান্ত অল্পবয়স্ক ('—ছোঁড়া')। বাংপ্র। বিণ।

পুঁছা—লোপ করা, মুছিয়া ফেলা, মাজিয়া পরিষ্কার করা। <'প-উঞ্ছ'-ধাতু। ক্রি। [বি।

পুঁজ—স্ফোটকাদিনির্গত ক্লেদ, দূষ্টরক্ত। <পূয়।

পুঁজি—মূলধন, সঞ্চয়; ঐশ্বর্য। <পুঞ্জ। বি।

পুঁজিপাটা—সঞ্চিত ধন এবং বিষয়াদি, সম্পত্তি, জমানো টাকা। পুঁজি+পাটা (সহগ শব্দ)। বি।

পুঁটকি—নাড়ীভুঁড়ি। বাংপ্র। বি।

পুঁটকে—ছোট। বাংপ্র। বিণ।

পুঁটি—১। মৎস্য বিঃ। <প্রোষ্ঠী। ২। ছোট মেয়ে। <পুত্রিকা। বি। **পুঁটি মাছের প্রাণ**—ক্ষুদ্রপ্রাণ ব্যক্তির সামান্য শক্তি।

পুঁটুলি—গাঁটরি, ছোট পোঁটলা; ক্ষুদ্র মণ্ডলচিহ্ন। বাংপ্র। বি।

পুঁটে—মালা প্রঃর দুই মাথা মিলিবার জায়গায় থোপনা, বালা প্রঃ গহনার মুখ; অল্পবয়স্কবালক। বাংপ্র। বি।

পুঁতি—১। ছোট ছোট নানাবর্ণ কাচের গুটি। বাংপ্র। ২। হস্তলিখিত প্রাচীন গ্রন্থ, পুঁথি। <পুস্তিকা। বি।

পুঁথি—বই: হস্তলিখিত প্রাচীন পুস্তক। <পুস্তিকা। বি। **পুঁথি বাড়ানো**—লিখিত বিষয় ফেনাইয়া তোলা বা বড় করা।

পুঁথিগত—যাহা মস্তিষ্কপ্রসূত নহে কেবল পুস্তক হইতে মুখস্থ করা এমন; বইয়ে পড়া হইলেও যাহার সম্বন্ধে ব্যবহারিক বা প্রকৃত জ্ঞান হয় নাই এমন। বাংপ্র। বিণ। **পুঁথিগত বিদ্যা**—যে বিদ্যা শুধু পুস্তকেই রহিয়াছে কিন্তু বিদ্যার্থীর আয়ত্ত হয় নাই বা তাহার কোন কাজে লাগে নাই।

পুকুর, পুখুর—ছোট সরোবর, সরসী। <পুষ্কর। বি। **পুকুর চুরি**—বড় রকমের চুরি। **পুকুর ঝালানো**—পুকুরের পাঁক তুলিয়া ফেলা।

পুঙ্খ—বাণের পক্ষযুক্ত স্থান; মূল; কাণ্ডমূল পুম্‌স্—খন্+ড কর্তৃ। বি; পুং।

পুঙ্খানুপুঙ্খ—সূক্ষ্মানুসূক্ষ্ম, সবিশেষ ('—বিবেচনা'); মূল হইতে মূল পর্যন্ত। পুঙ্খ এবং অনুপুঙ্খ, দ্বন্দ্ব+অচ্ বিশিষ্টার্থে। বিণ।

পুঙ্গব, পুংগব—১। বৃষ, ষাঁড়। পুমান্ যে গো, কর্মধা (টচ্ সমাসান্ত)। বি; পুং। ২। (কোন শব্দের পরে থাকিলে) শ্রেষ্ঠ। বিণ; পুং।

পুচকে—ছোট্ট ('—ছেলে')। বাংপ্র। বিণ।

পুচ্ছ—লাঙ্গুল, লেজ; পশ্চাদ্ভাগ। পুচ্ছ+অচ্ কর্তৃ। বি; পুং বা ক্লী।

পুচ্ছী (পুচ্ছিন)—লাঙ্গুলবিশিষ্ট। পুচ্ছ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**পুচ্ছিনী**।

পুছা—জিজ্ঞাসা করা; তত্ত্ব লওয়া, গ্রাহ্য করা। প্রা কপ্র। ক্রি। [**পুছই, পুছত**—জিজ্ঞাসা করে; জিজ্ঞাসা করিতেছে। **পুছবো**—জিজ্ঞাসা করিব। **পুছয়ে**—জিজ্ঞাসা করে। **পুছসি, পুছসি**—জিজ্ঞাসা করিতেছ]। [বি; পুং।

পুঞ্জ—রাশি, স্তূপ; সমূহ। পুম্‌স্ জি+ড কর্তৃ।

পুঞ্জাক্ষি—কীটপতঙ্গাদির ক্ষুদ্র ক্ষুদ্র বহু চক্ষুর সমষ্টিভূত নেত্র, compound eye. **পুঞ্জীভূত** অক্ষি, মধ্যপ। বি· ক্লী।

পুঞ্জি—পুঁজি। <পুঞ্জ। বি।

পুঞ্জিত—রাশীভূত, রাশীকৃত। পুঞ্জ+ইতচ্ সংজাতার্থে। বিণ।

পুঞ্জীকৃত—রাশীকৃত; গাদা-করা। পুঞ্জ+অভূত-তদ্ভাবার্থে চ্বি (=পুঞ্জী)—কৃ+ক্ত কর্ম। বিণ।

পুঞ্জীভূত—রাশীভূত, একত্র জমাট। পুঞ্জ+অভূত-তদ্ভাবার্থে চ্বি (=পুঞ্জী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

পুট—১। আবরণ; খাপ; পত্র হস্ত ওষ্ঠ বা চক্ষুর পাতা দ্বারা কৃত পাত্র বা আবরণ; অঞ্জলি; কৌটা; খেলিবার পাত্র; ঔষধের পাক-পাত্র; মুচি, পাতার ঠোঙা; কাদার ঠুলি বা মুচি crucible. পুট্+ক কর্তৃ। বি; পুং বা ক্লী। ২। শিরদাঁড়া হইতে আরম্ভ করিয়া বাহুসন্ধি পর্যন্ত অংশ। <ইং 'pit'। বি।

পুটক—ঠোঙা। পুট+কন্ স্বার্থে। বি; পুং।

পুটহাতা পুট-আস্তিন—শিরদাঁড়া হইতে কর-তলের উপরিভাগের গ্রন্থি পর্যন্ত অংশ। বাংপ্র। বি।

পুটিং—ধুনা তেল ও ইটের গুঁড়া প্রঃর মিশ্রণে প্রস্তুত দ্রব্য বিঃ; কাঠে পরকলা লাগাইবার জন্য মসিনা তেল ও খড়িগুঁড়ার মিশ্রণে প্রস্তুত দ্রব্য। <ইং 'putty'. বি।

পুটিত—১। যুক্ত করযুগল, অঞ্জলি। বি; ক্লী। ২। গ্রথিত; আবৃত; আগুনে সিদ্ধ, roasted; মর্দিত। পুট্+ক্ত কর্ম। বিণ।
পুটী—কৌপীন; আচ্ছাদন; পত্রাদিরচিত পুষ্পপাত্র, ঠোঙা; পানের দোনা। পুট+ঈপ্। বি; স্ত্রী।
পুড়া—জ্বলা করা; দগ্ধ হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
পুড়ানো—দগ্ধ করা। বাংপ্র। ক্রি [, বি বিণ]।
পুডিং—ডিম এবং দুগ্ধ সংযোগে প্রস্তুত পিণ্টক বিঃ। <ইং 'pudding'. বি। [পুং।
পুণ্ড—তিলক, ফোঁটা। পুন্ড্+অচ্ কর্তৃ। বি;
পুণ্ডরীক—শ্বেতপদ্ম; শ্বেতচ্ছত্র; ঔষধ বিঃ। পুন্ড্+অরীকন্ কর্তৃ। বি; পুং।
পুণ্ডরীকাক্ষ—১। শ্রীকৃষ্ণ, বিষ্ণু। বি; পুং। ২। পদ্মপলাশলোচন। পুণ্ডরীকের ন্যায় অক্ষি যাহার, বহু (ষচ্ সমাসান্ত) বিণ। স্ত্রী, -ক্ষী।
পুণ্ড্র, পুণ্ড্রক—পুঁড়ি আক, একপ্রকার ইক্ষু; তিলক; ফোঁটা; চিত্র; কৃমি; গৌড় প্রঃ পূর্বদেশ; গৌড় প্রঃ পূর্বদেশের লোক। পুন্ড্+রক্ কর্ম; পক্ষে কন্ স্বার্থে। বি; পুং।
পুণ্য—১। ধর্ম, সুকৃতি; ধর্মানুষ্ঠান। পু+যৎ কর্তৃ (ণ-আগম ও হ্রস্ব)। বি; ক্লী। ২। নিষ্পাপ; পুণ্যবান্; পুণ্যদায়ক, পবিত্র; নির্মল; মনোজ্ঞ। পুণ্য+অচ্ আছে অর্থে। বিণ।
পুণ্যকর্ম (-কর্মন্)—পুণ্যজনক কার্য। কর্মধা। বি; ক্লী।
পুণ্যকর্মা (-কর্মন্)—পুণ্যকর্মকারী। পুণ্য কর্ম যাহার, বহু। বিণ।
পুণ্যকীর্তি—১। পবিত্র-কীর্তি। পুণ্যা কীর্তি যাহার, বহু। বিণ। ২। পবিত্র যশঃ। পুণ্যা কীর্তি, কর্মধা। বি। স্ত্রী।
পুণ্যক্ষেত্র—তীর্থভূমি· আর্যাবর্ত; কুরুক্ষেত্র। কর্মধা বা ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পুণ্যতোয়া—পবিত্রসলিলা, যাহার জল পবিত্র এমন ('—ভাগীরথী')। বহু+আপ্। বিণ; স্ত্রী।
পুণ্যফল—সুকৃতির ফল, পুণ্যকর্মের শুভ ফল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পুণ্যবল—পুণ্যের জোর; ধর্মকর্মজনিত শক্তি। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ। বি; ক্লী।
পুণ্যবান্ (-বৎ)—ধার্মিক; ভাগ্যবান্। পুণ্য+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -বতী।
পুণ্যভূমি—আর্যাবর্ত, হিমালয় ও বিন্ধ্যাগিরির মধ্যবর্তী দেশ; পুণ্যজনক স্থান। পুণ্যা ভূমি, কর্মধা। বি; স্ত্রী।
পুণ্যলোক—১। যে জগতে পাপের লেশমাত্র নাই তাহা; স্বর্গ, দেবলোক। পুণ্যময় লোক, মধ্যপ ২। ধার্মিক ব্যক্তি। পুণ্য (পবিত্র) লোক, কর্মধা; বা, পুণ্যাচারী লোক, মধ্যপ। বি; পুং।
পুণ্যশ্লোক—১। পবিত্রচরিত্র; পুণ্যকীর্তি। বিণ। ২। বিষ্ণু; যুধিষ্ঠির; নল রাজা। বহু। বি; পুং। বহু। বি; পুং।
পুণ্যশ্লোকা—১। বৈদেহী, সীতা। বি; স্ত্রী। ২। পূতচরিত্রা। পুণ্যশ্লোক+আপ্। বিণ; স্ত্রী।
পুণ্যসঞ্চয়—সৎকার্যের অনুষ্ঠান দ্বারা পুণ্যার্জন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পুণ্যা—১। তুলসী। বি; স্ত্রী। ২। ধর্মপরায়ণা। পুণ্য+আপ্। বিণ; স্ত্রী। ৩। <পুণ্যাহ (১)। বি। [যাহার, বহু। বিণ।
পুণ্যাত্মা (-ত্মন্)—পুণ্যশীল, ধার্মিক। পুণ্য আত্মা
পুণ্যাহ—১। পবিত্র দিন; পুণ্যকার্যানুষ্ঠানের দিন। পুণ্য যে অহ, কর্মধা (টচ্ সমাসান্ত)। বি; ক্লী। ২। শুভদিনে বৎসরের খাজনা আদায় আরম্ভ; জমিদার কর্তৃক অনুষ্ঠিত খাজনা আদায়ের উৎসব বিঃ। বাংপ্র। বি।
পুণ্যাহবাচন—কোন ধর্মকার্য বা শুভকার্যের অনুষ্ঠানের প্রারম্ভে ব্রাহ্মণ দ্বারা 'পুণ্যাহ' এই কথা বিধিমত বলানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পুণ্যোদকা—১। গঙ্গা যমুনা গোদাবরী সরস্বতী নর্মদা সিন্ধু কাবেরী—এই সাতটি নদী। বি; স্ত্রী। ২। পূতসলিলা। পুণ্য উদক যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।
পুৎ—নরক বিঃ। পু+কিপ্ অপা। বিঁ; পুং।
পুত—তনয়। <পুত্র। বি।
পুত্তলি—পুত্তলী, পুতুল; চোখের তারা; আদরের বাছা, প্রাণপ্রিয় সন্তান; প্রিয়বস্তু। <পুত্তলি। বি।
পুতি— <পুত্র। বি। [আদর। বাংপ্র। বি।
পুতুপুতু—অতিরিক্ত যত্ন ও সাবধানতা; পুত্রের ন্যায়
পুতুল—খেলিবার পুতুল, মাটি প্রঃর তৈয়ারী মনুষ্য-পশুপক্ষীর প্রতিমূর্তি; নয়ন-মণি, আদরের বাছা; প্রিয়বস্তু; (ব্যঙ্গে) দেবতার বিগ্রহ। <পুত্তল বা পুত্রিকা। বি।
পুতুলখেলা—পুতুল লইয়া খেলা; বাজে কাজ। ৩য়াতৎ (বাংপ্র)। বি।
পুতুলনাচ—বড় বড় পুতুল লইয়া তাহা দ্বারা অভিনয় করানো। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
পুতুলপূজা—মূর্তিপূজা, প্রতিমা-পূজা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
পুত্তলি, পুত্তলিকা, পুত্তলী—পুতুল, মাটির প্রতিমূর্তি; কীটাদির মূক অবস্থা, pupa. পুত্ত—লা +ডি কর্তৃ; ৩য় পক্ষে পুত্তলি+ঈপ্; ২য় পক্ষে পুত্তলী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
পুত্তিকা—উইপোকা; মৌমাছি। পুৎ (অব্যক্ত শব্দ)—তন্+ড কর্তৃ+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
পুত্র—তনয়, ছেলে, নন্দন। পুৎ (নরক বিঃ)—ত্রৈ +ক কর্তৃ; পু+ক্ত্র কর্তৃ, সংজ্ঞার্থে। বি; পুং।
পুত্রকা, পুত্রিকা—কন্যা; দত্তা কন্যা; পুত্তলিকা; অলক্তকপত্রিকা। পুত্রক+আপ্। বি; স্ত্রী।
পুত্রকাম—পুত্রাভিলাষী। পুত্র—কম্+ণিঙ্+অণ কর্তৃ। বিণ। [স্ত্রী।
পুত্রবধূ—পুত্রের পত্নী, ছেলের বউ। ৬ষ্ঠীতৎ। বি;

পুত্রশোক—ছেলের মৃত্যু বা বিচ্ছেদ জন্য মনঃকষ্ট। পুত্রের (জন্য) শোক, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুত্রিকা—পুত্রকা (তাহা দ্রঃ)।

পুত্রী—কন্যা। পুত্র+ঈপ্। বি; স্ত্রী।

পুত্রেষ্টি, পুত্রেষ্টিকা—পুত্রলাভের জন্য যজ্ঞ বিঃ। পুত্র-নিমিত্তিকা ইষ্টি (যাগ), মধ্যপ; পুত্রেষ্টি+কন্ স্বার্থে+আপ্। বি, স্ত্রী।

পুদিনা—একপ্রকাব সুগন্ধি শাক। ⟨ফা 'পুদীনহ্'। বি।

পুনঃ (পুনর্), **পুন**—পুনরায়, দ্বিতীয়বার। পণ্ +অর্ করণ (নিপা)। অ।

পুনঃপুনঃ (-পুনর্)—বারংবার, মুহুর্মুহুঃ। 'পুনর্' শব্দের দ্বিত্ব। অ।

পুনঃপ্রাপ্ত—যাহা পুনরায় পাওয়া গিয়াছে এরূপ, পুনর্লব্ধ। সুপ্। বিণ। [বি: ক্তী।

পুনঃস্থাপন—পুনবায় রাখা; পুনঃপ্রতিষ্ঠা। সুপ্।

পুনকে—ছোট। বাংপ্র। বিণ।

পুনরধিকার—দ্বিতীয়বার দখল। পুনঃ অধিকার, সুপ্। বি; পুং।

পুনরপি—আবারও, পুনশ্চ। পুনঃ+অপি অ।

পুনরাগত—প্রত্যাগত, যে পুনর্বার আসিয়াছে এরূপ। পুনঃ+আগত, সুপ্। বিণ।

পুনরাগমন—প্রত্যাগমন, আবার আসা; পুনঃ আগমন, সুপ্। বি; ক্লী।

পুনরানয়ন—দ্বিতীয়বার লইয়া আসা; পুনঃ আনয়ন, সুপ্। বি; ক্লী।

পুনরানীত—যাহাকে আবার আনা হইয়াছে এমন। পুনঃ আনীত, সুপ্। বিণ।

পুনরাবর্তন—প্রত্যাগমন; পুনর্জন্মগ্রহণ; পুনঃ আবর্তন, সুপ্। বি; ক্লী।

পুনরাবৃত্ত—প্রত্যাগত; পুনর্বার কৃত; পুনরায় কথিত। পুনঃ আবৃত্ত, সুপ্। বিণ।

পুনরাবৃত্তি—পুনবায় বলা বা করা। পুনঃ আবৃত্তি, সুপ্। বি; স্ত্রী।

পুনরায়—পুনর্বার, আবার। ⟨পুনর্। অ।

পুনরুক্ত—পুনর্বার কথিত। পুনঃ উক্ত, সুপ্। বিণ। বি, -রুক্তি।

পুনরুজ্জীবিত—পুনর্বার জীবনপ্রাপ্ত। পুনঃ উজ্জীবিত, সুপ্। বিণ। বি, -বন।

পুনরুত্থান—মৃত্যুব পর সমাধি হইতে উঠা, resurrection ; নূতন করিয়া উঠা; পুনবায় উন্নতি বা অভ্যুদয়। পুনঃ উত্থান, সুপ্। বি; ক্লী।

পুনরুত্থাপন—আবার উঠানো; আবার উল্লেখ। পুনঃ উত্থাপন, সুপ্। বি: ক্লী।

পুনরুদ্দীপন—পুনরায় উৎসাহদান; পুনরায় জ্বালানো; পুনরায় প্রচলন; পুনরায় উসকাইয়া দেওয়া। পুনঃ উদ্দীপন, সুপ্। বি; ক্লী।

পুনরুদ্ভব—পুনরুত্থান; পুনর্জন্ম। পুনঃ উদ্ভব, সুপ্। বি; পুং।

পুনরুদ্দীপ্ত—পুনর্বার প্রজ্বলিত; পুনবায় উৎসাহসম্পন্ন। পুনঃ উদ্দীপ্ত, সুপ্। বিণ।

পুনরুদ্ভূত—পুনরায় উৎপন্ন; পুনরুত্থিত। পুনঃ উদ্ভূত, সুপ্। বিণ। [সুপ্। বিণ।

পুনরুল্লিখিত—পুনরায় কথিত; পুনঃ উল্লিখিত।

পুনরুল্লেখ—আবার বলা। পুনঃ উল্লেখ, সুপ্। বি; পুং।

পুনর্জন্ম (-জন্মন্)—পুনর্বার পৃথিবীতে জন্মগ্রহণ। পুনঃ জন্ম, সুপ্। বি; ক্লী। বিণ—পুনর্জাত। [সুপ্। বি; ক্লী।

পুনর্জীবন—মৃত্যুর পর আবার বাঁচা। পুনঃ জীবন,

পুনর্জীবিত—পুনরায় জীবনপ্রাপ্ত। পুনঃ জীবিত, সুপ্। বিণ। [আপ্। বি; স্ত্রী।

পুনর্নবা—শোথনাশক শাক বিঃ। পুনঃ নব, সুপ্+

পুনর্বসু—বিষ্ণু; শিব; অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত সপ্তম নক্ষত্র। পুনর্—বস্+উ কর্তৃ। বি; পুং। [বি; পুং।

পুনর্বাদ—পুনরুক্তি, tautology. পুনঃ বাদ্, সুপ্।

পুনর্বার—আবার, পুনরায়। সপ্। ক্রি-বিণ।

পুনর্বিচার—দ্বিতীয় বার বিচার। পুনঃ বিচার, সুপ্। বি; পুং।

পুনর্বিবাহ—গর্ভাধান সংস্কার; বিবাহিত ব্যক্তির দ্বিতীয়বার বিবাহ। পুনঃ বিবাহ, সুপ্। বি; পুং। [২। পুনর্বার জাত। বিণ।

পুনর্ভব—১। পুনর্জন্ম। সুপ্। বি; পুং।

পুনর্ভূ—১। বিধবা হওয়ার পর দ্বিতীয়বার বিবাহিতা স্ত্রী; অন্যপূর্বা নারী। বি; স্ত্রী। ২। পুনর্জাত। পুনর্—ভূ+ক্বিপ্ কর্তৃ। বিণ।

পুনর্মিলন—দ্বিতীয়বার সংযোগ; বিরহের বা বিরোধের পর মিলন। পুনঃ মিলন, সুপ্। বি; ক্লী।

পুনর্যাত্রা—দ্বিতীয়বার যাত্রা; প্রত্যাগমন; জগন্নাথদেবের দক্ষিণমুখে রথযাত্রা, উল্টারথ। পুনঃ যাত্রা, সুপ্। বি; স্ত্রী।

পুনশ্চ—পুনর্বার [লেখা শেষ করিয়া আবাব কিছু লিখিতে হইলে পুং অর্থাৎ পুনশ্চ লিখিয়া আরম্ভ করিতে হয়]। অ।

পুন্নাগ—শ্বেতোৎপল; নাগকেশর বৃক্ষ। পুমান্ যে নাগ, কর্মধা (সদৃশার্থে)। বি; পুং।

পুন্নামনরক—পুত্র না হইলে যেখানে যাইতে হয়। কর্মধা। বি; ক্লী।

পুর—১। গৃহ; গৃহোপরিস্থ গৃহ; শরীর; চর্ম; যে স্থানে বিদেশীয় বণিকেরা পণ্যদ্রব্য পূর্ণ করে তাহা; নগর। বি; ক্লী। ২। পূর্ণ; প্রচুর। পৄ+ক অধি, অথবা পুর্+ক কর্তৃ। বিণ। ৩। যাহা ভিতরে পোরা হয় ('কচুরির —')। বাংপ্র। বি।

পুরঃ (পুরস্)—অগ্রে; প্রথমে; পূর্বদেশে; পূর্বদিকে; পূর্বকালে। পূর্ব+অসি কালাদ্যর্থে। অ।

পুরঃসর—১। অগ্রসর; পরিচয়। পুরস—সৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -সরী। ২। পূর্বক ('প্রণাম —')। ক্রি-বিণ।

পুরকাইত, -কায়েত—কায়স্থজাতির পদবী বিঃ; নগরাধ্যক্ষ। < পুরকায়স্থ। বি।
পুরচার—যথেষ্ট পরিমাণ, পূর্ণ আয়োজন। বাংপ্র। বি। [কর্তৃ (ম-আগম)। বি; পুং।
পুরঞ্জন—আত্মা, জীব। পুর (দেহ)—জন্+অচ্
পুরঞ্জয়—১। শিব। বি; পুং। ২। নগরজয়ী। উপতৎ; পুর্—জি+খচ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -য়া।
পুরতঃ (-তস্)—অগ্রে, সম্মুখে। পুর্+অতসুচ্ কর্তৃ। অ। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পুরদ্বার—নগরদ্বার; বাটীর দ্বার। পুরের দ্বার,
পুরনারী—অন্তঃপুরবাসিনী রমণী। পুরস্থিতা নারী, মধ্যপ। বি; স্ত্রী।
পুরন্ত—যাহা পুরিয়া আসিতেছে এরূপ; নিটোল, গোলগাল; সম্পূর্ণ। পুর্+অন্ত কর্তৃ (বাংপ্র)। বিণ। [খচ্ কর্তৃ। বি; পুং।
পুরন্দর—ইন্দ্র; বিষ্ণু। উপতৎ; পুর—দৃ+ণিচ্+
পুরন্ধ্রি, পুরন্ধ্রী—গৃহিণী; পতিপুত্রবতী স্ত্রী; কুটুম্বিনী। পুর—ধৃ+খচ্ কর্তৃ+ঈপ্=পুরন্ধ্রী; ১ম পক্ষে নিপা হ্রস্ব। বি; স্ত্রী। [বি; পুং।
পুরপতি—নগরাধ্যক্ষ, মেয়র, mayor. ৬ষ্ঠীতৎ।
পুরপাল—দেহপালক জীব; নগরপাল। উপতৎ; পুর—পা+ণিচ্+অণ্ কর্তৃ। বি; পুং।
পুরবাসী (-বাসিন্)—নগরবাসী; গৃহবাসী। উপতৎ; পুর—বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বাসিনী।
পুরবী, পুরবী—সন্ধ্যাকালে গাহিবার উপযুক্ত রাগিণী বিঃ। বাংপ্র। বি। [বি; স্ত্রী।
পুরমহিলা—পুরস্ত্রী। পুরবাসিনী মহিলা, মধ্যপ।
পুররক্ষ, -রক্ষী (-রক্ষিন্)—নগররক্ষক, চৌকিদার। পুর—রক্ষ্+অচ্, ণিন্ কর্তৃ। বি; ক্লী।
পুরশ্চরণ—স্বীয় ইষ্টদেবতার মন্ত্র সিদ্ধ করিবার জন্য তৎপূজান্তে তাঁহার মন্ত্রজপ হোম তর্পণ অভিষেক ও ব্রাহ্মণভোজন এই পঞ্চাঙ্গ সাধনা দ্বারা পূজা। পুরস্—চর্+অনট্ করণ। বি; ক্লী।
পুরস্কার—পারিতোষিকদান; সম্মান, পূজা, আদর; অভ্যর্থনা; স্বীকার। পুরস্—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।
পুরস্কৃত—পারিতোষিক দিয়া সম্মানিত, পূজিত; অভ্যর্থিত; সম্মুখে স্থাপিত। পুরস্—কৃ+ক্ত কর্তৃ। বিণ। [ভাব+আপ্। বি; স্ত্রী।
পুরস্ক্রিয়া—অগ্রে করণ; অভিষেক। পুরস্—কৃ+শ
পুরস্ত্রী—নগরবাসিনী নারী; পুরমহিলা। পুরবাসিনী স্ত্রী, মধ্যপ। বি; স্ত্রী।
পুরহর—শিব, ত্রিপুরারি। উপতৎ; পুর—হৃ+অচ্ কর্তৃ। বি; পুং।
পুরা—১। পূর্বকাল; প্রথম; পুরাবৃত্ত; নিকটে; পশ্চাৎ; পুরাণ। পুর্+কা কর্তৃ। অ। ২। ভরতি করা; পূর্ণ করা। ক্রি। ৩। ভরতি; অখণ্ড। বাংপ্র। বিণ। [স্ত্রী।
পুরাকথা—প্রাচীন কথা, পূর্ববৃত্তান্ত। সুপ্। বি;
পুরাকাল—প্রাচীনকাল। সুপ্। বি; পুং।
পুরাকৃত—পূর্বজন্মে বা পূর্বে অনুষ্ঠিত। সুপ্। বিণ।
পুরাঙ্গনা—পুরনারী (তাহা দ্রঃ)। পুরবাসিনী অঙ্গনা, মধ্যপ। বি; স্ত্রী।
পুরাণ—১। সর্গ প্রতিসর্গ বংশ মন্বন্তর বংশানুচরিত —এই পঞ্চলক্ষণাক্রান্ত ব্যাসাদি মুনিপ্রণীত গ্রন্থশ্রেণী বিঃ [পুরাণ অষ্টাদশ; যথা—ব্রাহ্ম, পাদ্ম, বৈষ্ণব, শৈব, ভাগবত, নারদীয়, মার্কণ্ডেয়, আগ্নেয়, ভবিষ্য, ব্রহ্মবৈবর্ত, লৈঙ্গ, বারাহ, স্কান্দ, বামন, কৌর্ম, মাৎস্য, গারুড় ও ব্রহ্মাণ্ড]। পুরা—নী+ড কর্ম। বি; ক্লী। ২। প্রাচীন; অনাদি ('— পুরুষ')। পুরা+তন (ট্যু) ভবার্থে (বিকল্পে ত-লোপ)। বিণ।
পুরাণকর্তা (-কর্তৃ)—পুরাণ-রচয়িতা; বেদব্যাস। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -কর্ত্রী।
পুরাণকার—পুরাণকর্তা। উপতৎ; পুরাণ—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং, বা বিণ।
পুরাণপুরুষ—১। বিষ্ণু, আদিপুরুষ। পুরাণোপস্তুত্য পুরুষ, মধ্যপ। ২। বৃদ্ধ ব্যক্তি। কর্মধা। বি; পুং।
পুরাণপ্রসিদ্ধি—পুরাণে উল্লেখ; পৌরাণিক কাহিনী; যে প্রসিদ্ধি বহুদিন হইতে আছে। ৭মীতৎ। বি, স্ত্রী। [বি; ক্লী।
পুরাতত্ত্ব—প্রাচীন ইতিহাস, পুরাবৃত্ত। ৬ষ্ঠীতৎ।
পুরাতন—প্রাচীন, অনাদি। পুরা+তন (ট্যু+তুট্) ভবার্থে। বিণ। স্ত্রী, -তনী।
পুরাতনী—প্রাচীনা, আগেকার; আদিহীনা। পুরাতন+ঈপ্। বিণ; স্ত্রী।
পুরাদস্তুর—পূর্ণ মাত্রায়, সম্পূর্ণরূপে। পুরা (পূর্ণ) দস্তুর (রীতি) যাহাতে, বহু। ক্রি-বিণ।
পুরাধ্যক্ষ—কঞ্চুকী; নগরাধ্যক্ষ, মেয়র; শেরিফ। পুরের অধ্যক্ষ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পুরানো, পুরানা—পুরাতন। < পুরাণ। বিণ।
পুরানো—পূর্ণ করা, ভরতি করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। **পুরানো পাপী**—যে বহুকাল হইতে পাপ করিতেছে। পূর্বে যাহার এক বা একাধিকবার জেল অর্থদণ্ড ইঃ হইয়াছে।
পুরাপুরি—পূরাপূরি (তাহা দ্রঃ)।
পুরাবিৎ (-বিদ্)—পুরাতত্ত্বজ্ঞ। উপতৎ; পুরা—বিদ্+ক্বিপ্ কর্ম। বি; পুং, বা বিণ।
পুরাবৃত্ত—অতীত ইতিহাস, পুরাতত্ত্ব। পুরা (পূর্বে) বৃত্ত (সংঘটিত), সুপ্। বি; ক্লী।
পুরি—আটার লুচি। < পুরিকা। বি।
পুরিয়া—কাগজের মোড়ক, কাগজে মোড়া বস্তু। বাংপ্র। বি।
পুরী—সন্ন্যাসীদের উপাধি বিঃ; নগরী; ভবন, দেহ; শ্রীক্ষেত্র, জগন্নাথধাম। পুর+ঈপ্। বি; স্ত্রী।
পুরীষ—বিষ্ঠা, মল। পৄ+ঈষন্ (ক) কর্তৃ, সংজ্ঞার্থে। বি; ক্লী। [তৎ। বি; পুং।
পুরীষোৎসর্গ—মলত্যাগ। পুরীষের উৎসর্গ, ৬ষ্ঠী-
পুরু—১। মোটা; ঘন; অনেকবার ভাঁজকরা; থক-

থকে। বাংপ্র। বিণ। ২। যযাতি-শর্মিষ্ঠার পুত্র। বি; পুং।

পুরুত—< পুরোহিত। বাংপ্র। বি।

পুরুভুজ—একপ্রকার কীট। পুরু (প্রচুর) ভুজ যাহার, বহু। বি; পুং।

পুরুষ—১। মনুষ্য, নর; বেটাছেলে, পুংজাতীয় মনুষ্য; পুংজাতীয় জীব; আত্মা; বিষ্ণু; জগতের আদিকারণ, ঈশ্বর। পুর্+কুষন্ (নিপা)। ২। আমি তুমি সে প্রঃর ভেদ, প্রথম মধ্যম ও উত্তম পুরুষ, person. বি; পুং। ৩। বংশের পর্যায়, generation. বাংপ্র। বি।

পুরুষকার—দৈবের উপর নির্ভর না করিয়া নিজশক্তি প্রয়োগ; পৌরুষ; উৎসাহ; চেষ্টা। পুরুষের কার (করণ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুরুষত্ব—মনুষ্যত্ব; পৌরুষ; উৎসাহ; রতিশক্তি। পুরুষ+ত্ব ভাবে। বি; ক্লী।

পুরুষত্বহানি—পৌরুষনাশ; স্ত্রীসংগমশক্তির লোপ, impotency. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পুরুষপুংগব, -ব্যাঘ্র, শার্দুল, -সিংহ—শ্রেষ্ঠ পুরুষ, তেজস্বী উদ্যমশীল সর্বগুণান্বিত পুরুষ। পুরুষ পুংগব, ব্যাঘ্র, শার্দুল, সিংহসদৃশ, উপমিত কর্মধা। বি; পুং।

পুরুষপ্রকৃতি—১। পুরুষস্বভাবা। পুরুষের প্রকৃতির ন্যায় প্রকৃতি যাহার, বহু। বিণ; স্ত্রী। ২। পুরুষের স্বভাব। ৬ষ্ঠীতৎ। ৩। স্ত্রী-পুরুষ; ঈশ্বর এবং মায়া। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

পুরুষ-প্রধান, -শ্রেষ্ঠ—শ্রেষ্ঠ মানব। পুরুষদিগের মধ্যে প্রধান, শ্রেষ্ঠ, ৭মীতৎ। বি; পুং, বা বিণ।

পুরুষসিংহ—'পুরুষপুংগব' দ্রঃ।

পুরুষাংগ—লিংগ, শিশ্ন। পুরুষসূচক অংগ, মধ্যপ। বি; ক্লী।

পুরুষানুক্রম—প্রপিতামহ পিতামহ পিতা প্রঃ পূর্ব-পুরুষগণ ধরিয়া ক্রম পুরুষপরম্পরা। পুরুষের অনুক্রম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুরুষার্থ—পুরুষের ধর্ম অর্থ কাম মোক্ষরূপ প্রয়োজন; সুখ; সংসার; মুক্তি। পুরুষের অর্থ (প্রয়োজন), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুরুষোচিত—পুরুষের পক্ষে স্বাভাবিক, পুরুষ-যোগ্য। পুরুষে উচিত, ৭মীতৎ। বিণ।

পুরুষোত্তম—শ্রীকৃষ্ণ; জগন্নাথদেব; শ্রেষ্ঠ পুরুষ। ৭মীতৎ। বি; পুং।

পুরুষ্ট—পুষ্ট। বাংপ্র। বিণ।

পুরোগ, পুরোগামী (-গামিন্)—অগ্রগামী; প্রধান। পুরস্ (অগ্রে)—গম্+ড, ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -গা, -গামিনী, -গী।

পুরোডাশ—যজ্ঞীয় ঘৃত; হুতশেষ; পিণ্টক। পুরস্—দাশ্+ঘঞ্ অধি। বি; পুং।

পুরোধাঃ (-ধস্)—ঋত্বিক, শ্রাদ্ধ-যজ্ঞাদিকর্ম-কারয়িতা, পুরোহিত। পুরস্—ধা+অসি কর্ম। বি; পুং।

পুরোবর্তী (-বর্তিন্)—সম্মুখস্থ, অগ্রস্থিত। উপ-তৎ; পুরস্—বৃত্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বর্তিনী।

পুরোভূমি—সম্মুখের ভূমি; দৃশ্যের বা চিত্রের সম্মুখবর্তী অংশ, foreground. মধ্যপ। বি; স্ত্রী।

পুরোহিত—ঋত্বিক, শ্রাদ্ধযজ্ঞাদি-কারয়িতা। পুরস্ (অগ্রে)—ধা+ক্ত কর্ম। বি; পুং।

পুল—সেতু, সাঁকো। ফা। বি।

পুলক—১। রোমাঞ্চ, শরীরের রোম খাড়া হইয়া ওঠা। পুল+কন্ সংজ্ঞার্থে। বি; পুং। ২। আনন্দ, আহ্লাদ। বাংপ্র। বি। [জাতার্থে। বিণ।

পুলকিত—রোমাঞ্চিত; আহ্লাদিত। পুলক+ইতচ্

পুলকোচ্ছ্বাস—অতিরিক্ত আনন্দ হওয়ায় শরীরের রোম খাড়া হইয়া ওঠা। পুলকের উচ্ছ্বাস, ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

পুলটিস—স্ফোটকাদির উপর প্রদত্ত পুরু প্রলেপ বিঃ। <ইং 'poultice'. বি।

পুলি—একপ্রকার পিঠা। <পুলিকা। বি।

পুলিন—চড়া, তীরের যে বালুকাময় অংশ পর্যন্ত জোয়ারের জল উঠে তাহা। পুল্ (বৃহৎ হওয়া) +ইনন্ কর্তৃ। বি; ক্লী।

পুলিনবিহারী (-রিন্)—১। শ্রীকৃষ্ণ। পুলিনে বিহারী, ৭মীতৎ। বি; পুং। ২। নদীতীরে ভ্রমণকারী। বিণ। স্ত্রী, -রিণী।

পুলিন্দা—গাঁটরি, মোট, বোচকা। বাংপ্র। বি।

পুলিস—কনস্টেবল; দেশের শান্তিরক্ষক কর্মচারী, আরক্ষিক; সরকারের শান্তিরক্ষা-বিভাগ, আরক্ষা। <ইং 'police'. বি।

পুলিস-ইন্সপেক্টর—পুলিসের উপরিতন কর্মচারী বিঃ। <ইং 'Police Inspector'. বি।

পুলিস-কনস্টেবল—সিপাহী, পুলিসের নিম্নকর্ম-চারী। <ইং 'police constable'. বি।

পুলিস-কমিশনার—রাজধানীর পুলিসের প্রধান কর্মচারী। <ইং 'Police Commissioner'. বি।

পুলিস-সুপারিন্টেণ্ডেণ্ট—জেলা-পুলিসের প্রধান কর্মচারী। <ইং 'Police Superintendent'. বি।

পুলে—সন্তান। বাংপ্র। বি।

পুষা—পালন করা, পোষণ করা; বশ করা। <'পুষ্'-ধাতু। ক্রি [, বি, বিণ]।

পুষ্কর—১। আকাশ; জল; একশ্রেণীর মেঘ। পুষ্+করন্ কর্তৃ, সংজ্ঞার্থে। ২। পদ্ম, পদ্ম-কোষ; হস্তিশুণ্ডাগ্র; মৃদংগাদি বাদ্যভাণ্ডের মুখ; আজমিরের নিকট অবস্থিত পরম পবিত্র তীর্থ ও হ্রদ বিঃ; পুরাণোক্ত দ্বীপ বিঃ। পুষ্কর+অচ্ আছে অর্থে। ৩। খড়্গাদির খাপ; খড়্গফলক; বাণ; যুদ্ধ। পুষ্+করন্ করণ। বি; ক্লী।

পুষ্করিণী—সরোবর, পুকুর; হস্তিনী; পদ্মিনী, পদ্মের ঝাড়। পুষ্কর+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

পুষ্ট—১। প্রতিপালিত, বর্ধিত। পুষ্+ক্ত কর্মবা।

২। স্থূল, বৃদ্ধিযুক্ত; নধর; পক্ব, পরিণত। পুষ্‌ +ক্ত কর্তৃ। বিণ। স্ত্রী—পুষ্টা।

পুষ্টি—পোষণ, প্রতিপালন; বৃদ্ধি; স্থূলতা; পরিণতি। পুষ্‌+ক্তি ভাব। বি; স্ত্রী।

পুষ্টিকর, -জনক—পোষণকারক; বৃদ্ধিকারক; স্থূলতাসম্পাদক। উপতৎ; পুষ্টি—কৃ+ট কর্তৃ; ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -করী, -জনিকা।

পুষ্টিসাধন—বৃদ্ধিসম্পাদন; পোষণসাধন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পুষ্প—১। কুসুম, ফুল; স্ত্রীরজঃ। পুষ্প্‌+অচ্‌ কর্তৃ। ২। বিকাশ, প্রকাশ। পুষ্প্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং। [ক্লী।

পুষ্পক—কুবেরের রথ। পুষ্প+কন্‌ সংজ্ঞার্থে। বি;

পুষ্পকরথ—প্রাচীনকালের বিমান. বিঃ, কুবেরের আকাশগামী রথ। কর্মধা। বি; পুং।

পুষ্পকীট—ভ্রমর; পুষ্পের কীট। পুষ্পবিহারী কীট, মধ্যপ। বি; পুং।

পুষ্পকেতন, -কেতু, -চাপ—কন্দর্প। বহু। বি; পুং।

পুষ্পচন্দন—চন্দন মাখানো ফুল; ফুল ও চন্দন। মধ্যপ, বা, দ্বন্দ্ব। বি; ক্লী।

পুষ্পদাম (-দামন্‌)—পুষ্পনির্মিত মাল্য। পুষ্পরচিত দাম (দামন্‌ শব্দ=মাল্য), মধ্যপ। বি, ক্লী।

পুষ্পধনুঃ (-ধনুস্‌), **-ধন্বা** (-ধন্বন্‌)—মদন, কন্দর্প। পুষ্প ধনুঃ (ধনুক) যাঁহার, বহু (বিকল্পে অনঙ্‌ সমাসান্তা)। বি; পুং।

পুষ্পনির্যাস—পুষ্পরস, মকরন্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ক্লী।

পুষ্পপাত্র—ফুলের পাত্র, পুষ্পাধার। ৬ষ্ঠীতৎ। বি;

পুষ্পবতী—রজস্বলা, ঋতুমতী, পুষ্পিতা ('—লতা')। পুষ্প+মতুপ্‌ আছে অর্থে+ঈপ্‌। বিণ; স্ত্রী।

পুষ্পবাটিকা, -বাটী—পুষ্পোদ্যান, ফুলবাগান। পুষ্পের বাটিকা (উদ্যান), বাটী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পুষ্পবাণ—১। কন্দর্প। পুষ্প বাণ (শর) যাঁহার, বহু। ২। ফুলের শর। পুষ্পনির্মিত বাণ, মধ্যপ। বি; পুং। [তৎ। বি; পুং।

পুষ্পবিন্যাস—ফুল সাজানো, inflorescence. ৬ষ্ঠী-

পুষ্পবৃষ্টি—উপর হইতে ফুল ছড়াইয়া দেওয়া; আকাশ হইতে ধারাকাবে অসংখ্য পুষ্পের পতন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পুষ্প-মঞ্জরি, -মঞ্জরী—ফুলের শিষ বা বোঁটা; পুষ্পমুকুল। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পুষ্পমাস—চৈত্রমাস; বসন্তকাল। পুষ্পজনক মাস, মধ্যপ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পুষ্পরজঃ (-রজস্‌)—ফুলের রেণু, কুসুমপরাগ।

পুষ্পরথ—১। ভ্রমণার্থ রথ, বিহারশকট। পুষ্পসদৃশ (মনোহর) রথ, মধ্যপ। ২। ফুল দিয়া সাজানো রথ। পুষ্পসজ্জিত রথ, মধ্যপ। বি; পুং।

পুষ্পরস—মকরন্দ, ফুলের মধু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুষ্পরাগ—পদ্মরাগমণি, পোখরাজ। পুষ্পের রাগের (রঙের) ন্যায় রাগ যাহার, বহু। বি; পুং।

পুষ্পরেণু—পরাগ, পরাগকেশরের শিরোভাগস্থ ধূলির ন্যায় একপ্রকার গুঁড়া গুঁড়া পদার্থ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুষ্পশর—১। কন্দর্প। পুষ্প শর (বাণ) যাঁহার, বহু। ২। ফুলের বাণ। পুষ্পনির্মিত শর, মধ্যপ। বি; পুং। [পুং।

পুষ্পসার—ফুলের মধু; তুলসী। ৬ষ্ঠীতৎ। বি;

পুষ্পাগম—বসন্তকাল। পুষ্পের আগম যখন, বহু। বি; পুং।

পুষ্পাঞ্জলি—কুসুমাঞ্জলি; এক-আঁজলা ফুল। পুষ্পপূর্ণ অঞ্জলি, মধ্যপ। বি; পুং।

পুষ্পাধার—সাজি, ফুলের পাত্র। পুষ্পের আধার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুষ্পাভরণ—১। ফুলের গহনা, ফুলের সাজ। পুষ্পই আভরণ, কর্মধা; অথবা, পুষ্পনির্মিত আভরণ, মধ্যপ। বি; ক্লী। ২। ফুলের সাজে সজ্জিত। পুষ্প আভরণ যাহার, বহু। বিণ।

পুষ্পাসব—ফুলের মধু। ৬ষ্ঠীতৎ। বি. পুং।

পুষ্পাসার—পুষ্পবৃষ্টি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুষ্পিকা—প্রাচীন পুস্তকের ভণিতা। পুষ্প+কন্‌ তুল্যার্থে+আপ্‌। বি; স্ত্রী।

পুষ্পিত—১। যাহাতে ফুল জন্মিয়াছে এমন, কুসুমিত। পুষ্প+ইতচ্‌ জাতার্থে। ২। প্রকাশিত। পুষ্প্‌+ক্ত কর্তৃ। বিণ।

পুষ্পিতা—কুসুমিতা; ঋতুমতী। পুষ্প (কুসুম, স্ত্রীরজঃ)+ইতচ্‌ জাতার্থে+আপ্‌। বিণ; স্ত্রী।

পুষ্পোৎসব—স্ত্রীলোকের প্রথম রজোদর্শনে কৃত উৎসব বিঃ; কুসুমক্রীড়া। পুষ্প সম্বন্ধীয় উৎসব, মধ্যপ। বি; পুং।

পুষ্পোদ্গম—ফুলের জন্ম, পুষ্পোৎপত্তি। পুষ্পের উদ্গম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুষ্পোদ্যান—ফুলের বাগান। পুষ্পের উদ্যান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পুষ্য, পুষ্যা—নক্ষত্র বিঃ, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত অষ্টম নক্ষত্র। পুষ্‌+ক্যপ্‌ অধি (নিপা); পক্ষে আপ্‌। বি; পুং, স্ত্রী।

পুস্তক—বই, গ্রন্থ। পুস্ত্‌+ঘঞ্‌ কর্ম+কন্‌ স্বার্থে। বি; ক্লী।

পুস্তকাগার—পুস্তকালয়, লাইব্রেরি; পুস্তকের আগার, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পুস্তকালয়—পুস্তকাগার, লাইব্রেরি; পুস্তকের দোকান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুস্তানি, পুস্তানী—মূল বই ও বইয়ের মলাটের মধ্যকার একদিক্‌ জোড়া একদিক্‌ খোলা চিত্রিত বা সাদা কাগজ। বাংপ্র। বি।

পুস্তিকা, পুস্তী—গ্রন্থ, বহি, কেতাব, পুঁথি। পুস্ত্‌ +ঘঞ্‌ কর্ম+কন্‌ স্বার্থে+আপ্‌; পুস্ত+ঘঞ্‌ কর্ম +ঈপ্‌। বি; স্ত্রী। [পুট। ফা। বি।

পুস্তিন—ভেড়ার চামড়ায় প্রস্তুত গায়ের কাপড়;

পুস্তু, পুশতু—আফগানিস্তানের ভাষা বিঃ। বি।
পুঁজ, পুঁয—স্ফোটক প্রঃর ক্লেদ। <পূয। বি।
পূগ—১। সুপারি গাছ; কাঁঠাল গাছ; পুঞ্জ, সমূহ; ভাব; সংঘ। বি; পুং। ২। সুপারি। পূ+গন্ করণ। ঘি; ক্লী।
পূজক—পূজাকারক, উপাসক। পূজ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**পূজিকা**। [ক্লী।
পূজন—পূজা, অর্চনা। পূজ্+অনট্ ভাব। বি;
পূজনীয়—আরাধ্য, পূজার যোগ্য; মান্য; গুরু-স্থানীয়। পূজ্+অনীয় কর্ম। বিণ। স্ত্রী, -য়া।
পূজয়িতা (-য়িত)—পূজক। পূজ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িত্রী।
পূজরী—পূজারী। বাংপ্র। বি।
পূজা—১। অর্চনা, আরাধনা; সংবর্ধনা; প্রশংসা। পূজ্+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী। ২। আরাধনা করা, উপাসনা করা। কপ্র। ক্রি।
পূজাগৃহ—পূজার ঘর, উপাসনাগৃহ। পূজার গৃহ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পূজারী—১। দেবল ব্রাহ্মণ। বি। ২। পূজাজীবী। <পূজাকারী। বিণ। স্ত্রী, -রিনী।
পূজার্হ—পূজার যোগ্য, মান্য। উপতৎ; পূজা—অর্হ্+অচ্ কর্তৃ। বিণ।
পূজাহ্নিক—প্রতিদিনের সন্ধ্যা পূজা প্রঃ; পূজা সন্ধ্যা প্রঃ নিত্যকৃত্য। পূজা এবং আহ্নিক, দ্বন্দ্ব। বি; ক্লী। [পূজ্+ক্ত কর্ম। বিণ।
পূজিত—অর্চিত. সেবিত; আদৃত; প্রশংসিত।
পূজিতব্য—পূজনীয়। পূজ্+তব্য কর্ম। বিণ।
পূজোপহার—পূজা করিবার দ্রব্যাদি। পূজার উপহার, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ণ্যৎ কর্ম। বিণ।
পূজ্য—পূজনীয়। পূজা+যৎ যোগ্যার্থে, বা পূজ্+
পূজ্যপাদ—মান্য; পূজনীয়। বহুব্রী। বিণ।
পূজ্যমান—সেব্যমান, যাঁহাকে পূজা করা হইতেছে এরূপ। পূজ্+শানচ্ কর্ম। বিণ।
পূত—১। পবিত্র; পরিষ্কৃত; সত্য; শুষ্ক। পূ+ক্ত কর্ম। ২। দুর্গন্ধযুক্ত। পূয়+ক্ত কর্তৃ। বিণ।
পূতাত্মা (-ত্মন্)—পবিত্রাত্মা। পূত আত্মা যাঁহার, বহু। বিণ।
পূতি—১। পবিত্রতা। পূ+ক্তি ভাব। ২। দুর্গন্ধযুক্ত হওয়া। পূয়্+ক্তি ভাব। বি; স্ত্রী। ৩। পচা দুর্গন্ধ-বিশিষ্ট। পূয়্+ক্তিচ্ কর্তৃ। বিণ।
পূতিকা—পুঁই শাক। পূতি—কৈ+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
পূতিগন্ধ—১। বিশ্রী গন্ধ। কর্মধা। বি; পুং। ২। দুর্গন্ধযুক্ত। পূতিগন্ধ+অচ্ আছে অর্থে। বিণ।
পূতিগন্ধি—স্বাভাবিক দুর্গন্ধযুক্ত। পূতি গন্ধ যাহার, বহু (ই সমাসান্ত)। বিণ।
পূতোদক—পবিত্র জল। পূত উদক, কর্মধা। বি; ক্লী।
পূপ—পিষ্টক। পূ—পা+ক কর্তৃ। বি; ক্লী।
পূব—পূর্বদিক; পূর্বদিকের। <পূর্ব। বি বা বিণ।
পূবে—১। পূর্বদেশীয়; পূর্বদিক্ হইতে আগত। পূব+এ সম্বন্ধাদি অর্থে। বিণ। ২। পূর্বদিকে। বাংপ্র। বি।
পূর—১। প্রবাহ; জলোচ্ছ্বাস; সমূহ; খাদ্যদ্রব্য বিঃ, পুরি। পূর্+ক করণ। ২। পরিপূরণ। পূর্+ক ভাব। ৩। যাহা ভিতরে প্রবেশ করানো হয় এমন বস্তু। বাংপ্র। বি।
পূরক—১। পরিপূর্ণতাকারক; গুণক, যাহা দ্বারা গুণ করা যায় এমন, multiplier; কোন কোণের সহিত যে কোণ যোগ করিলে সমকোণ হয়, complement. বিণ। স্ত্রী—**পূরিকা**। ২। প্রাণায়া-মের অঙ্গ বিঃ, বহির্দেশ হইতে বামনাসিকা দ্বারা প্রাণবায়ুকে অন্তরে আনয়ন। বি; পুং। ৩। মৃতা-শৌচকালে দেয় দশপিণ্ড। পূর্+ণক কর্তৃ। বি; ক্লী।
পূরণ—১। বৃদ্ধি; পরিপূর্ণ হওয়া; সমাধান। পূর্+অনট্ ভাব। ২। গুণন; পরিপূর্ণ করা। পূর্+ণিচ্+অনট্ ভাব। ৩। বয়নতন্তু; পড়েন। বি; ক্লী। ৪। গুণক; পূরক; পূর্ণতাকারক। পূর্+অনট্ করণ। বিণ। স্ত্রী, -ণী।
পূরব—<পূর্ব। সর্ব।
পূরবী—রাগিণী বিঃ। বি; স্ত্রী।
পূরয়িতা (-তৃ)—পূরক, যে পূরণ করে এমন। পূর্+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িত্রী।
পূরিকা, পূরী—ডালপুরি, পুর দেওয়া আটার লুচি। পূরী+কন+আপ্; পূর্+ক কর্ম+ঈপ্। বি; স্ত্রী। [বিণ।
পূরিত—গুণিত; ভরতি, পূর্ণ। পূর্+ক্ত কর্ম।
পূর্ণ—পরিপূর্ণ, সম্পূর্ণ; ভরতি ('—কলস'), অখণ্ড; সফল; সমর্থ; অপেক্ষাশূন্য। পূর্+ক্ত কর্ম। বিণ। **পূর্ণ সংখ্যা**—(পাটীগণিতে) অখণ্ড রাশি; অ-ভগ্নাংশ।
পূর্ণকাম—পূর্ণমনোরথ, যাহার অভীষ্টসিদ্ধি হইয়াছে এমন। বহু। বিণ।
পূর্ণকুম্ভ—জলপূরিত কলস। কর্মধা। বি; পুং।
পূর্ণগর্ভা—আসন্নপ্রসবা; যাহার গর্ভস্থ সন্তান পূর্ণতা প্রাপ্ত হইয়াছে এমন। বহু+আপ্। বিণ; স্ত্রী। [eclipse. কর্মধা। বি; পুং।
পূর্ণগ্রাস—চন্দ্র বা সূর্যের সম্পূর্ণভাবে গ্রস্ত হওয়া,
পূর্ণচন্দ্র—পূর্ণিমার চাঁদ। কর্মধা। বি; পুং।
পূর্ণচ্ছেদ—বাক্যশেষসূচক চিহ্ন, দাঁড়ি। পূর্ণ ছেদ যাহা দ্বারা, বহু। বি; পুং।
পূর্ণতা, পূর্ণত্ব—সম্পূর্ণতা; সফলতা। পূর্ণ+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
পূর্ণবয়স্ক—যাহার পূর্ণবয়ঃপ্রাপ্তি হইয়াছে এমন, adult; যুবা। পূর্ণ বয়ঃ যাহার, বহু (ক সমাসান্ত)। বিণ। [বি; ক্লী।
পূর্ণব্রহ্ম (-ব্রহ্মন্)—পরমেশ্বর, অখণ্ডব্রহ্ম। কর্মধা।
পূর্ণমাত্রা—পুরা মাত্রা। কর্মধা। বি; স্ত্রী।
পূর্ণমাসী—পূর্ণিমা তিথি। পূর্ণ মাস যাহাতে, বহু+ঈপ্। বি; স্ত্রী।

পূর্ণসংখ্যা—অখণ্ড রাশি; অ-ভগ্নাংশ, integer. পূর্ণ সংখ্যা, কর্মধা। বি; স্ত্রী।

পূর্ণাঙ্গ—যাহার কোন অংশ অসম্পূর্ণ বা খণ্ডযুক্ত নয় এমন। বহু। বিণ।

পূর্ণানন্দ—১। অত্যধিক হর্ষ। কর্মধা। ২। পরমেশ্বর। পূর্ণ আনন্দ যাঁহাতে, বহু। বি; পুং।

পূর্ণাবতার—নৃসিংহ; রাম; শ্রীকৃষ্ণ। পূর্ণ অবতার, কর্মধা। বি; পুং।

পূর্ণাবয়ব—সম্পূর্ণ-অবয়ববিশিষ্ট, সকল অঙ্গযুক্ত। পূর্ণ অবয়ব যাহার, বহু। বিণ।

পূর্ণায়ুঃ (-য়ুস্)—দীর্ঘজীবী, সুস্থ দেহে সাধারণতঃ যত দিন বাঁচিয়া থাকা যায় তত দিন যে বাঁচে এমন। পূর্ণ আয়ুঃ যাহার, বহু। বিণ।

পূর্ণাহুতি—যজ্ঞের শেষ আহুতি; সমাপ্তি। কর্মধা। বি; স্ত্রী।

পূর্ণিমা—শুক্লপক্ষের পঞ্চদশী তিথি। পূর্ণি—মা +ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

পূর্ণেন্দু—পূর্ণচন্দ্র। পূর্ণ ইন্দু, কর্মধা। বি; পুং।

পূর্ণোপমা—উপমালংকার বিঃ [সাদৃশ্যবাচক 'যথা' প্রভৃতি শব্দের উল্লেখে পূর্ণোপমা অলংকার হয়; যথা—

"আইলেন প্রভঞ্জন সিংহনাদ করি ঘন,
যথা ভীম ভীমসেন কৌরব-সমরে।"
—মাইকেল]।

পূর্ণা উপমা, কর্মধা। বি; স্ত্রী।

পূর্ত—১। সাধারণের উপকারার্থে পুষ্করিণী কূপ প্রঃ খনন; পালন; পূরণ। পূ+ক্ত ভাব। ২। সাধারণের উপকারার্থে খাত জলাশয়াদি। পূ+ক্ত কর্ম। বি; ক্লী।

পূর্তবিভাগ—সাধারণের উপকারার্থ পথঘাটনির্মাণ খালবিল কাটা প্রঃ সম্বন্ধীয় কার্যবিভাগ, Public Works Department. মধ্যপ। বি; পুং।

পূর্তি—পূর্ণতা, পরিপূরণ। পূ+ক্তি ভাব। বি; স্ত্রী।

পূর্ব—১। আদ্য, প্রথম; সমগ্র; পূর্বদিগ্‌বর্তী; অতীত; জ্যেষ্ঠ; পুরাকালীন; প্রাচ্যদেশীয়। সর্ব বিণ। ২। পূর্বপুরুষ; পূর্ব দিক্; অতীতকাল। বি; পুং। ৩। কারণ; ইতিবৃত্ত। পূর্ব+অচ্ কর্তৃ। বি; ক্লী।

পূর্বক—(বহুব্রীহি সমাসে উত্তরপদ) পুরঃসর, পূর্বে বা আগে করিয়া পরে (যথা—প্রণামপূর্বক)। বিণ বা ক্রি-বিণ। স্ত্রী—**পূর্বিকা**।

পূর্বকথিত—যাহা আগে বলা হইয়াছে এমন। পূর্বে কথিত, সুপ্। বিণ।

পূর্বকায়—শরীরের উপর ভাগ (নাভির উপর হইতে)। পূর্ব কায়ের, একদেশী। বি; পুং।

পূর্বকাল—অতীতকাল; প্রাচীনসময়, পুরাকাল। কর্মধা। বি; পুং। বিণ, **-কালীন**।

পূর্বকালিক—পূর্বকালসাধ্য; পূর্বকালজাত; পূর্বকালীন। পূর্বকাল+ইক ভবার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

পূর্বগামী (-গামিন্)—যে অগ্রে গমন করে এমন; গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী, -ণী**।

পূর্বজ—১। যে আগে জন্মিয়াছে এমন। জ্যেষ্ঠ। বিণ। ২। জ্যেষ্ঠ ভ্রাতা; চন্দ্রলোকস্থ পিতামহাদি; পূর্বপুরুষ; ব্রাহ্মণ। পূর্ব—জন্+ড কর্তৃ। বি; পুং।

পূর্বজন্ম (-জন্মন্)—আগেকার জন্ম, বর্তমান জন্মের পূর্বকার জন্ম। কর্মধা। বি; ক্লী।

পূর্বজন্মার্জিত—বর্তমান জন্মের পূর্ববর্তী জন্মে কৃত বা সঞ্চিত। পূর্ব-জন্মে অর্জিত, ৭মীতৎ। বিণ।

পূর্বজীবন—অতীত জীবন, বর্তমানকালের পূর্ববর্তী কাল। পূর্ববর্তী জীবন, মধ্যপ। বি; ক্লী।

পূর্বজ্ঞান—১। পূর্ব সম্বন্ধে অভিজ্ঞতা, কোন বিষয়ে পূর্বতন জ্ঞান। ৬ষ্ঠীতৎ বা কর্মধা। ২। ভাবী কাল যে পূর্বদিকে গমন করে এমন। উপতৎ; পূর্ব—বা ঘটনা সম্বন্ধে জ্ঞান, anticipation. ৭মীতৎ। বি; ক্লী।

পূর্বতন—পুরাকালীন, পূর্বকার। পূর্ব+তন (ট্যু, তুট্) ভবার্থে ('সায়ন্তন' প্রঃর অনুকরণে গঠিত শব্দ)। বিণ। স্ত্রী, **-তনী**।

পূর্বদক্ষিণ—অগ্নিকোণ। পূর্ব ও দক্ষিণ যাহাতে, বহু। বি; পুং।

পূর্বদৃষ্ট—প্রথমে দৃষ্ট; যাহা আগে দেখা হইয়াছে এমন; পূর্বে অনুমিত। ৭মীতৎ। বিণ।

পূর্বনিপাত—যৌগিক শব্দের শেষভাগের পূর্বাবৃত্তি। ৭মীতৎ। বি; পুং।

পূর্বপক্ষ—শাস্ত্রীয় প্রশ্ন, proposition; অভিযোগ; শুক্লপক্ষ। পূর্ব (প্রথম) পক্ষ (বিতর্কাদি), কর্মধা। বি; পুং। [কর্মধা। বি; ক্লী।

পূর্বপদ—সমস্ত পদসমূহের সর্বাদিভূত পদ।

পূর্বপুরুষ—একই বংশে পূর্বে যিনি জন্মিয়াছিলেন। কর্মধা। বি; পুং।

পূর্বফল্গুনী—সপ্তবিংশতি নক্ষত্রের একাদশ। পূর্বা (প্রথমা) ফল্গুনী (নক্ষত্র বিঃ), কর্মধা। বি; স্ত্রী।

পূর্ববঙ্গ—বঙ্গদেশের পূর্বাংশ, ঢাকা ও চট্টগ্রাম বিভাগ, বর্তমানে 'বাংলাদেশ'। পূর্ব বঙ্গের, একদেশী। বি; পুং।

পূর্ববৎ—পূর্বের ন্যায়। পূর্ব+বতিচ্ তুল্যার্থে। অ। [এমন। ৭মীতৎ। বিণ।

পূর্ববর্ণিত—পূর্বে যাহার বর্ণনা করা হইয়াছে

পূর্ববর্তী (-বর্তিন্)—আগেকার; প্রাগ্‌বর্তী; অগ্রসর। উপতৎ; পূর্ব—বৃত্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বর্তিনী**। [বি; ক্লী।

পূর্ববাদ—প্রথম আবেদন, অভিযোগ, নালিশ। কর্মধা।

পূর্ববাদী (-দিন্)—অভিযোক্তা; বাদী, ফরিয়াদী। পূর্ব—বদ্+ণিন্ কর্তৃ। বিণ।

পূর্বভাদ্রপদ, -ভাদ্রপদা—পঞ্চবিংশ নক্ষত্র। পূর্ব (প্রথম) ভাদ্রপদ, ভাদ্রপদা (নক্ষত্র বিঃ), কর্মধা। বি; পুং, স্ত্রী।

পূর্বমীমাংসা—মহর্ষি জৈমিনি প্রণীত স্মৃতি-শ্রুতির সমন্বয়-সাধক দর্শনশাস্ত্র। কর্মধা। বি; স্ত্রী।

পূর্বরঙ্গ—প্রস্তাবনা; মনোভাব, মনোবৃত্তি, propensity; নাট্যাভিনয়ের উপক্রম, prologue. পূর্ব—রন্‌জ্‌+ঘঞ্‌ আধি। বি; পুং।

পূর্বরাগ—প্রথমানুরাগ; পরস্পর দর্শন বা শ্রবণাদির দ্বারা অনুরক্ত নায়ক-নায়িকার পরস্পরের প্রতি প্রণয়সঞ্চার এবং তাহা জ্ঞাপন, courtship. কর্মধা। বি; পুং।

পূর্বরাত্র—রাত্রির প্রথম ভাগ। পূর্ব রাত্রির, একদেশী (অচ্‌ সমাসান্ত)। বি; পুং।

পূর্বলক্ষণ—ভাবি-বিষয়ের চিহ্ন। কর্মধা। বি. ক্লী।

পূর্বসংস্কার—পূর্বের ধারণা; বাল্যের অভ্যাসগত ধারণা; পূর্বজন্মের অভ্যাসগত ধারণা বা স্বভাব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পূর্বা—১। পূর্বদিক্‌। বি; স্ত্রী। ২। আদ্যা, প্রথমা; সমগ্রা; জ্যেষ্ঠা; পুরোকালীনা; প্রাচ্যদেশীয়া। পূর্ব+আপ্‌। সর্ব, বিণ; স্ত্রী।

পূর্বাচল—উদয়াচল। পূর্বস্থিত অচল (পর্বত), মধ্যপ। বি; পুং।

পূর্বানুবৃত্তি—পূর্বানুক্রম, পূর্বগামী বিষয়ের অনুগমন; পূর্বকথিত বিষয়ের পরে আলোচনা। সুপ্‌। বি; স্ত্রী।

পূর্বাপর—১। আনুপূর্বিক, আগাগোড়া, আগের ও পরের। পূর্ব এবং অপর, দ্বন্দ্ব; পূর্বাপর+অচ্‌ যুক্তার্থে। বিণ। ২। পূর্বদিক্‌ ও পশ্চিমদিক্‌। দ্বন্দ্ব। সর্ব।

পূর্বাবধি—আগে হইতে, পূর্ব হইতে। সুপ্‌। অ।

পূর্বাভাষ—সূচনা; মুখবন্ধ; কোন ব্যাপারের পূর্বে তাহার ভবিতব্যতার বর্ণনা। কর্মধা। বি; পুং।

পূর্বাভিমুখ—যাহার মুখ পূর্বদিকে এমন। পূর্বের অভি (দিকে) মুখ যাহার, ত্রিপদ বহু। বিণ। স্ত্রী, -খী, -খা।

পূর্বার্ধ—প্রথম অর্ধাংশ। কর্মধা। বি; ক্লী।

পূর্বাশা—১। পূর্বদিক্‌। পূর্বা আশা (দিক্‌), কর্মধা। ২। পূর্বের প্রত্যাশা, আগেকার আকাঙ্ক্ষা। পূর্বের আশা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পূর্বাশ্রম—সন্ন্যাসীর সন্ন্যাস গ্রহণের পূর্বের গৃহস্থ অবস্থা। কর্মধা। বি; পুং।

পূর্বাষাঢ়া—নক্ষত্র বিঃ, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত বিংশ নক্ষত্র। কর্মধা। বি; স্ত্রী।

পূর্বাহ—আগের দিন। পূর্ব অহ (অহন্‌ শব্দ), কর্মধা (টচ্‌ সমাসান্ত)। বি; পুং।

পূর্বাহ্ণ—দিনের প্রথমভাগ, দিনের প্রথম ১০ দণ্ড। পূর্ব অহ্নের (অহন্‌ শব্দ), একদেশী (টচ্‌ সমাসান্ত)। বি; পুং।

পূর্বিতা—প্রথমে বিবেচিত বা অনুষ্ঠিত হইবার যোগ্যতা, priority. পূর্ব+ইন্‌+তা ভাবে। বি; স্ত্রী।

পূর্বোক্ত—প্রথমোক্ত, যাহা প্রথমে বলা হইয়াছে এরূপ। পূর্বে উক্ত, সুপ্‌। বিণ।

পূর্বোদ্ধৃত—পূর্বে যাহার উদ্ধার করা হইয়াছে এমন; পূর্বে যাহা অন্য লেখকের লেখা হইতে আনিয়া লিখিত বা কথিত হইয়াছে এরূপ। ৭মীতৎ, অথবা সুপ্‌। বিণ।

পূলিকা, পূলী—পুলিপিঠা। (২য় পক্ষে) পুল্‌+ক আধ+ঈপ্‌; (১ম পক্ষে) পুলী+কন্‌ স্বার্থে +আপ্‌। বি; স্ত্রী।

পূষা (-ষন্‌)—সূর্য। পুষ্‌+কন্‌ কর্তৃ। বি; পুং।

পৃক্ত—যুক্ত; মিশ্রিত। পৃচ্‌+ক্ত কর্তৃ। বিণ। বি—পৃক্তি। [স্ত্রী।

পৃচ্ছা—প্রশ্ন, জিজ্ঞাসা। প্রচ্ছ্‌+অঙ্‌ ভাব+আপ্‌। বি;

পৃথক্‌—ভিন্ন, অন্য, ইতর; নানারূপ। পৃথ্‌+কক্‌ কর্ম। অ; বিণ। [বি; ক্লী।

পৃথক্‌করণ—বিচ্ছিন্ন করা। পৃথক্‌—কৃ+অনট্‌ ভাব।

পৃথক্‌কৃত—যাহাকে আলাদা করা হইয়াছে এমন। পৃথক্‌—কৃ+ক্ত কর্ম। বিণ।

পৃথগন্ন—১। বিভক্ত পরিজন; যে পরিবারে অন্নরন্ধন এবং অন্যান্য স্বার্থ ভিন্ন ভিন্ন হইয়াছে তাহা। বি.; ক্লী। ২। ভিন্ন পরিবারের অন্তর্ভুক্ত। পৃথক্‌ অন্ন যাহাদের, বহু। বিণ।

পৃথগাত্মা (-ত্মন্‌)—ভিন্নস্বভাব; স্বতন্ত্র-প্রকৃতি-বিশিষ্ট। পৃথক্‌ আত্মা যাহার, বহু। বিণ।

পৃথগ্‌বিধ—অন্যপ্রকার। পৃথক বিধা যাহার, বহু। বিণ। [বি; স্ত্রী।

পৃথা—কুন্তী, পাণ্ডুর স্ত্রী। পৃথ্‌+ক কর্তৃ+আপ্‌।

পৃথিবী, পৃথ্বী—ধরা, জগৎ, অবনী, মহী, বসুন্ধরা; ভূমি। প্রথ্‌+ষিবন্‌ কর্তৃ+ঈপ্‌; পৃথু (স্থূল)+ঈপ্‌। বি; স্ত্রী।

পৃথিবীপতি, -পাল—রাজা; যম। পৃথিবীর পতি, ৬ষ্ঠীতৎ; উপতৎ; পৃথিবী—পা+ণিচ্‌+অণ্‌ কর্তৃ। বি; পুং।

পৃথু—১। প্রাচীনকালের নৃপ বিঃ, বেণরাজপুত্র; অগ্নি। বি; পুং। ২। স্থূল; মহৎ; বিস্তৃত। প্রথ্‌+কু কর্তৃ। বিণ।

পৃথ্বী—'পৃথিবী' দ্রঃ।

পৃষোদর—বিন্দুগর্ভ, যাহার উদরে মণ্ডলাকার চিহ্ন আছে এরূপ। পৃষৎ (বিন্দু) উদরে (পেটে) যাহার, বহু (নিপা)। বিণ। স্ত্রী, -রা, -রী।

পৃষ্ট—জিজ্ঞাসিত। প্রচ্ছ্‌+ক্ত কর্ম। বিণ।

পৃষ্ঠ—পশ্চাদ্ভাগ; পিঠ; উপরিভাগ; তল; পত্রাদির এক পিঠ। পৃষ্‌+থক্‌ কর্ম, সংজ্ঞার্থে। বি; ক্লী।

পৃষ্ঠতঃ (-তস্‌)—পশ্চাদ্ভাগে; পৃষ্ঠদেশে; পৃষ্ঠদেশ। পৃষ্ঠ+তস্‌ সপ্তম্যাদ্যর্থে। অ।

পৃষ্ঠদেশ—পিঠ, পশ্চাদ্ভাগ। পৃষ্ঠই দেশ, কর্মধা। বি; পুং।

পৃষ্ঠপোষক—উৎসাহ এবং সাহায্য-প্রদানকারী, patron; আনুকূল্যকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -পোষিকা।

পৃষ্ঠপোষণ—সাহায্যকরণ, উৎসাহপ্রদান ও সহায়তা-করণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

পৃষ্ঠপ্রদর্শন—পলায়ন, ভাগিয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

পৃষ্ঠবংশ—পৃষ্ঠাস্থি, মেরুদণ্ড, vertebral column.

পৃষ্ঠব্রণ—পৃষ্ঠে জাত বৃহৎ গোলাকার বিস্ফোটক, পিঠের ফোঁড়া পৃষ্ঠজাত ব্রণ, মধ্যপ। বি; পুং বা ক্লী। [পুং।
পৃষ্ঠভংগ—পৃষ্ঠ প্রদর্শন, পলায়ন, ৭মীতৎ। বি;
পৃষ্ঠরক্ষক—পৃষ্ঠপোষক, সহায়; যে পশ্চাদভাগ রক্ষা করে এমন; পার্শ্বরক্ষী, body-guard ৬ষ্ঠী-তৎ। বিণ। স্ত্রী, -**রক্ষিকা**।
পৃষ্ঠরক্ষা—সাহায্য, পশ্চাদ্ভাগরক্ষণ। ৬ষ্ঠীতৎ বি; স্ত্রী। [পিঠ। < পৃষ্ঠ। বি।
পৃষ্ঠা—পুস্তকের পত্রাঙ্ক, বইএর পাতার এক এক
পৃষ্ঠাঙ্ক—পৃষ্ঠার ক্রমসূচক অঙ্ক, পুস্তকের পৃষ্ঠা-সূচক ১ ২ প্রঃ। পৃষ্ঠসূচক অঙ্ক, মধ্যপ। বি; পুং। [('— গন্ধ')। বাংপ্র। বিণ।
পেঁকো—পাঁকযুক্ত ('— পুকুর'); পাঁকের মত
পেঁচ, প্যাঁচ—**স্ক্রুপ**; ক্লেশ, কষ্ট; কাগজের ঘুড়ির সুতাকাটাকাটি; লেঠা, মুশকিল; চক্রান্ত; কুটিলতা; জটিল সমস্যা; কুস্তির কায়দা; পাক। < ফা 'পেচ'। বি।
পেঁচা— < পেচক।। বি; পুং। স্ত্রী—**পেঁচী**।
পেঁচানো—পাকানো; জড়ানো; পাক দেওয়া, গুটানো; জটিল করা; কাটিবার জন্য বার বার অস্ত্র ঘষা। ক্রি [, বি, বিণ]।
পেঁচালো, প্যাঁচালো, পেঁচাও—কুটিল; পাকযুক্ত, ঘোরালো, পেঁচযুক্ত। বাংপ্র। বিণ।
পেঁচো—শিশুদের রোগ বিঃ; আঁতুড়ে শিশুদের ধনুষ্টংকার-রোগজনক অপদেবতা (সাধারণের ধারণা—পঞ্চানন্দ-নামক দেবতার আক্রমণে এই রোগ হয়)। বাংপ্র। বি। **পেঁচোয় পাওয়া**—আঁতুড়ে শিশুদের ধনুষ্টংকার রোগ হওয়া।
পেঁজ—পলাণ্ডু। < পেঁয়াজ। বি।
পেঁজা—১। তুলা প্রঃর আঁশ পৃথক্ করা; পিঞ্জন করা। ক্রি [, বি]। ২। যাহার মধ্যে মধ্যে সুতা সরিয়া গিয়াছে এমন ('— কাপড়')। বাংপ্র। বিণ। [বি।
পেঁটরা—ঝাঁপি, পেটিকা, তোরঙ্গ। < পেটক।
পেঁড়া—একপ্রকার ক্ষীরের মিঠাই; পেঁটরা। < পেটক। বি।
পেঁপে—**ফল** বিঃ। < পো 'papaya'. বি।
পেঁয়াজ—পলাণ্ডু। < ফা 'পিয়াজ'।. বি।
পেখম—ময়ূরের পুচ্ছবিস্তার; পাখা, পক্ষ। < পক্ষম্। বি। **পেখম ধরা**—লেজ খাড়া করিয়া ছড়াইয়া দেওয়া; (ব্যঙ্গে) শোভাসম্পন্ন হওয়া।
পেখা—দেখা। প্রা কপ্র। ক্রি। [**পেখই, পেখত**—দেখিতেছে। **পেখনু, পেখলু, পেখলুঁ**—দেখিলাম। **পেখহ**—দেখ।]
পেচক—পেঁচা, উলূক। পচ্+অক (বুন্) কর্তৃ (নিপা)। বি; পুং।
পেছন—পিছন। < পশ্চাৎ। বি।
পেছপা, পেছপাও—পশ্চাৎপদ। বহু (বাংপ্র)। বিণ।
পেছলী—বাকী, সাবেক; পশ্চাদ্বর্তী। বাংপ্র। বিণ।
পেছু—পিছনে। বাংপ্র। অ। **পেছু ডাকা**—গমনে বাধা দেওয়া, পিছন হইতে ডাকা। **পেছু লওয়া**—ক্ষতি করিবার জন্য পশ্চাদনুসরণ করা। **পেছু লাগা**— জ্বালাতন করিতে থাকা।
পেজী—পৃষ্ঠাযুক্ত (ষোল—')। < ইং 'page'. বিণ।
পেজোমো, -মি—দুষ্টামি, পাজির আচরণ। পাজি+মো, মি ভাবে, কর্মার্থে (বাংপ্র)। বি।
পেট—উদর; গর্ভ; অন্তঃকরণ, পেটের কথা; উদরান্ন ('— চালানো'); কুক্ষি। বাংপ্র। বি। **পেট আঁটা**—কোষ্ঠবদ্ধতা হওয়া। তরল দাস্ত বন্ধ হওয়া। **পেট কামড়ানো**—অন্ত্রে যন্ত্রণা হওয়া; বাহ্যের বেগ হেতু পেট ব্যথা করা। **পেট খসা**—গর্ভপাত হওয়া। **পেট খারাপ করা, পেট ছাড়া**—পেটের অসুখ হওয়া। **পেট চলা**—**জীবিকানির্বাহ** হওয়া। **পেট জ্বলা**—তীব্র ক্ষুধাবোধ হওয়া। **পেট ডাকা**—পেটে বায়ুর প্রকোপের জন্য শব্দ হওয়া। **পেট নামা**—'নামা'-শব্দে দ্রঃ। **পেট হওয়া**—গর্ভ হওয়া। **পেটে কালির আঁচড় থাকা**—লেখাপড়ার জ্ঞান থাকা। **পেটে ধরা**—গর্ভে ধারণ করা। **পেটে পেটে**—ভিতরে ভিতরে, মনে মনে। **পেটের কথা**—গুপ্ত রহস্য, মনের গোপন কথা। **পেটের দায়**—উদরান্ন-সংস্থানের গরজ। **পেটে রাখা**—ব্যক্ত না করা।
পেট, পেটক, পেটা, পেটিকা, পেটী—পেঁটরা, ঝাঁপি; প্রভৃতি; সমূহ। পিট্+অচ্ কর্তৃ; পিট্+ণক কর্তৃ; পিট্+অচ্ কর্তৃ+আপ্; পেটক+আপ্; পেট+ঈপ্। বি; পুং, পুং বা ক্লীব, স্ত্রী, স্ত্রী, স্ত্রী। [(বাংপ্র)। বিণ।
পেটকো—লোভী; পেটুক। পেট+কো আসক্তার্থে
পেটভাতা—শুধু খাইতে দিয়া বা খাইতে পাইয়া অর্থাৎ বিনা বেতনে। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।
পেটমরা—শীর্ণোদর, অন্নাভাবে যাহার উদর খুব ছোট এমন। বহু। বিণ।
পেট-মোটা—ভুঁড়িবিশিষ্ট; ভোগহেতু ভুঁড়িওয়ালা; সংগতিপন্ন; যাহার মধ্যভাগ মোটা এমন। বহু। (বাংপ্র)। বিণ।
পেটরা—পেঁটরা (তাহা দ্রঃ)।
পেটরোগা—অজীর্ণ-রোগে পীড়িত। পেটরোগ+আ বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।
পেটসর্বস্ব—পেটুক, অতিরিক্ত ভোজনপ্রিয়। বহু (বাংপ্র)। বিণ।
পেটা—১। আঘাত করা; আঘাত দ্বারা শব্দ করা; দুরমুশ করা; প্রহার করা। ক্রি [, বি]। ২। পিটিয়া প্রস্তুত, পিষ্ট। বাংপ্র। বিণ। **পেটা লোহা**—যাহা পিটাইয়া ইচ্ছামত আকারে পরিণত করা যায় বা করা হইয়াছে এরূপ উৎকৃষ্ট লোহা, wrought iron.
পেটাই—পেটার কাজ। বাংপ্র। বি।
পেটাও—১। যাহারা প্রজাদিগের নিকট হইতে জমি লইয়া চাষ করে তাহারা। বি। ২। অধীন, পক্ষীয়। বাংপ্র। বিণ। [বি।
পেটা-ঘড়ি—বাজাইবার ঘড়ি। কর্মধা (বাংপ্র)।

পেটানো—আঘাত করা; মারা; অপরের দ্বারা পিটুনি দেওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
পেটি—মাছের কোল; কোমরবন্ধ। বাংপ্র। বি।
পেটিকা, পেটী—'পেট' (২য়) দ্রঃ।
পেটী—মাছের পেটের অংশ; কোমরবন্ধ। বাংপ্র। বি।
পেটুক—উদরসর্বস্ব। পেট+উক আসক্তার্থে (বাংপ্র)। বিণ।
পেটেন্ট—গভর্নমেণ্টের সনন্দবলে কোন নবাবিষ্কৃত বস্তুর বিক্রয়ে একাধিকার; কাহারও নিজস্ব বস্তু। <ইং 'patent' বি।
পেটো—১। কলাগাছের খোলা; কপালের উপর ঢাকিয়া বাঁধা চুল। <পত্র। বি। ২। পাট হইতে প্রাপ্ত; পাটের তৈয়ারী। পাট+ও (<উয়া)। বিণ।
পেটোয়া—অধীন; আজ্ঞাবহ, অনুগত। বাংপ্র। বিণ।
পেট্রল—কেরোসিনজাতীয় তৈল বিঃ। <ইং 'petrol'. বি।
পেড়া—১। বেত প্রঃর তৈয়ারী পেটিকা। <পেটক। ২। ক্ষীরের মিষ্টান্ন বিঃ। হি। বি।
পেড়াপীড়ি—পীড়াপীড়ি। বাংপ্র। বি।
পেণ্ট, প্যাণ্ট, পেণ্টালুন, পেণ্টুলন, পেণ্টুলান, পেণ্টুলুন—পা-জামা, ইজার বিঃ। <ইং 'pantaloon'. বি।
পেণ্ডুলাম—ঘড়ির দোলক। <ইং 'pendulum'. বি। [<প্রেতিনী। বি; স্ত্রী।
পেতনী—স্ত্রীজাতীয় ভূত; অতি কুরূপা স্ত্রী।
পেতি, পেতিনী, পেত্নী—পেত্নী। বাংপ্র। বি।
পেতে—ছোট চুবড়ি। <পত্র। বি।
পেত্নী—পেতনী (তাহা দ্রঃ)।
পেন—কলম; ঝরনা-কলম। <ইং 'pen'. বি।
পেনশন—চাকরির শেষে প্রাপ্ত বৃত্তি। <ইং 'pension'. বি।
পেনসিল—গ্রাফাইট (কৃষ্ণসীসক) দ্বারা তৈয়ারী লেখনী। <ইং 'pencil'. বি।
পেনা—কাষ্ঠাদির শলাকা। <ইং 'pin'. বি।
পেনিসিলিন—জীবাণুনাশক ঔষধ বি। <ইং 'penicillin'. বি। [বাংপ্র। বি।
পেনেট—শিবলিঙ্গের নিম্নে অবস্থিত গৌরীপট্ট।
পেয়—১। জল; দুগ্ধ; চতুর্বিধ ষড়্‌বিধ বা অষ্টবিধ অন্নান্তর্গত অন্ন বিঃ। বি; ক্লী। ২। পানীয়, পানযোগ্য। পা+যৎ কর্ম। বিণ।
পেয়াদা, পিয়াদা—পত্রবাহক; পিয়ন; রাজকর্মচারী ইঃর অনুচর। <ফা 'পিয়াদহ্'। বি।
পেয়ার, পিয়ার—প্রীতি, আদর। <প্রিয়কার। বি।
পেয়ারা, পিয়ারা—একপ্রকার ক্ষুদ্র ফল ও তাহার গাছ। <পো 'pera'. বি।
পেয়ালা, পিয়ালা—পাত্র বিঃ, বাটি; মদ্যপাত্র। <ফা 'পিয়ালহ্' বি। [ক্রি (, বি)।
পেরনো—পার হওয়া; অতিক্রান্ত হওয়া। বাংপ্র।
পেরু—কুক্কুটজাতীয় পক্ষী, turkey. <পো 'peru'. বি।
পেরুভীয়—পেরু দেশবাসী। <ইং 'peruvian'. বি। [বি।
পেরেক—গজাল, লোহা ইঃর। কাঁটা <পো 'prego'.
পেলব—কৃশ, ক্ষীণ; কোমল, নরম; মৃদু; বিরল; সূক্ষ্ম; ভঙ্গুর; লঘু। পেল+ব আছে অর্থে। বিণ।
পেলা—অবলম্বন, চাড়, ঠেস; কথকতা প্রঃতে গায়ককে যে পুরস্কার দেওয়া হয় তাহা। বাংপ্র। বি।
পেল্লায়—বিরাট; বিষম, ভীষণ। <প্রলয়। বিণ।
পেশ—সম্মুখে স্থাপন, দাখিল, দায়ের; মিল, প্রণয়। ফা। বি।
পেশকার—সহকারী; আদালতে বিচারকের নিকট যে মকদ্দমার পেশ বা বন্দোবস্ত করিয়া দেয় এরূপ কর্মচারী; জমিদারির কাগজপত্র যাহার জিম্মায় থাকে। ফা। বি।
পেশকারি—পেশকারের পদ; পেশকারের কার্য। পেশকার+ই কর্মার্থে (ফা-মূ)। বি।
পেশল, পেসল—সুন্দর, মনোহর; মৃদু, কোমল; দক্ষ, চতুর। পিশ্, পিস্+ঘঞ্ ভাব=পেশ, পেস; পেশ, পেস—লা+ক কর্তৃ। বিণ।
পেশা—ব্যবসায়, বৃত্তি, profession. <ফা 'পেশহ্'। বি।
পেশাকার, পেশাকর—বেশ্যা। বাংপ্র। বি।
পেশাদার—ব্যবসায়ী। পেশা+দার করে অর্থে। বি। বিণ—**পেশাদারী**।
পেশি, পেশী—যে যন্ত্র দ্বারা ইচ্ছামাত্র শরীরের ভিন্ন ভিন্ন স্থানের সঞ্চালনক্রিয়া সমাধা হয় তাহা, muscle; কোষ, খাপ। পিশ্+ইন্ কর্তৃ; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
পেশীতন্তু—যে সকল তন্তুদ্বারা মাংসপেশী গঠিত হয় তাহা, muscular tissue. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পেশীতন্ত্র—সন্নিবিষ্ট পেশীসমূহ, muscular system. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
পেশোয়া, পেশবা—মারাঠা-রাজ্যের প্রধান মন্ত্রী বা রাজা; পুরোহিত; নায়ক। ফা। বি।
পেশোয়াজ—ঘাগরা বিঃ, কটি হইতে গুল্‌ফ পর্যন্ত বিলম্বিত কুঞ্চিত স্ত্রীলোকের পরিধেয় বিঃ। ফা। বি।
পেশোয়ারি, পেশবারি—পেশোয়ার নামক স্থানের অধিবাসী। পেশোয়ার, পেশবার+ই নিবাসার্থে। বি বা বিণ।
পেষণ—১। বাটা, মর্দন, চূর্ণন। পিষ্+অনট্ ভাব। ২। মর্দনপাত্র, খলাদি। পিষ্+অনট্ অধি। বি; ক্লী।
পেষণি, পেষণী—পেষণযন্ত্র; শিল-নোড়া; জাঁতা। পিষ্+অনি করণ; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
পেষা—পেষণ করা, বাটা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। বি—**পেষাই**।
পেষানো—পেষণ করানো। ক্রি [, বি, বিণ]।

পেস্তা—বাদামজাতীয় ফল বিঃ। <ফা 'পিস্তা'। বি। [গহনা। বাংপ্র। বি।

পৈছা, পৈঁছা—হস্তাভরণ বিঃ, হাতের একপ্রকার

পৈঠা—১। সিঁড়ি, সোপান। <প্রতিষ্ঠা। বি। ২। প্রবেশ করা। প্রা কপ্র। ক্রি। [**পৈঠব**—প্রবেশ করিবে বা করিব। **পৈঠয়ে**—প্রবেশ করে। **পৈঠল**—প্রবেশ করিল। **পৈঠি**—প্রবেশ করিয়া। **পৈঠে**—প্রবেশ করে।]

পৈতা—যজ্ঞোপবীত। <পবিত্র। বি।

পৈতাধারী (**-ধারিন**)—উপবীতধারী, যাহার গলায় পৈতা আছে এমন। উপতৎ; পৈতা—ধৃ+ণিন্ কর্তৃ। বাংপ্র। বিণ।

পৈতামহ—পিতামহ সম্বন্ধীয়; পিতামহ হইতে আগত বা প্রাপ্ত। পিতামহ+অণ্ সম্বন্ধার্থে। বিণ।

পৈতৃক—পিতৃপিতামহাদি সম্বন্ধীয়; পিতা হইতে প্রাপ্ত; পিতৃসম্বন্ধীয়। পিতৃ+ইক (ঠঞ্) সম্বন্ধার্থে, আগতার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

পৈত্ত, পৈত্তিক—পিত্ত সম্বন্ধীয়, পিত্তজন্য ('—রোগ')। পিত্ত+অণ্, ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী —**পৈত্তী, পৈত্তিকী**।

পৈত্র, পৈত্র্য—পৈতৃক, পিতৃসম্বন্ধীয়। পিতৃ+অণ্, ষ্যঞ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—**পৈত্রী**।

পৈলব—পেলবতা, কোমলতা। পেলব+অণ্ ভাবার্থে। বি; ক্লী।

পৈশাচ—১। অষ্টপ্রকার-বিবাহান্তর্গত বিবাহ বিঃ, বলপূর্বক মত্তা কন্যাকে হরণ করিয়া বিবাহ, ছল-পূর্বক কন্যাগ্রহণ। বি; পুং। ২। পিশাচ সম্বন্ধীয়। পিশাচ+অণ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—**পৈশাচী**।

পৈশাচিক—পিশাচ সম্বন্ধীয়; পিশাচের তুল্য; ঘৃণিত; নিষ্ঠুর। পিশাচ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

পৈশুন্য—পিশুনতা; ক্রূরতা; ধূর্ততা; কুৎসারটনা; সূচনা। পিশুন+ষ্যঞ্। বি; ক্লী।

পৈষ্টিক—১। পিষ্টক সম্বন্ধীয়। পিষ্টক+ইক। বিণ। ২। পিষ্টকসমূহ। বি; ক্লী। [স্ত্রী।

পৈষ্টী—ধেনো মদ। পিষ্ট+অণ্+ঈপ্। বি;

পো—১। সন্তান। <পুত্র। ২। এক সেরের চারিভাগের একভাগ, পোয়া। <পাদ। বি।

পোঁ—শানাই প্রঃ বাঁশির শব্দ; বাঁশির তুল্য শব্দ। বাংপ্র। বি। **পোঁ ধরা**—অপরের সুরে সুর মিলানো; পরের গোড়ে গোড় দেওয়া।

পোঁচ, পোঁছ—তুলিকা প্রঃ দ্বারা লেপ। বাংপ্র। বি।

পোঁচড়া, পোঁচলা—চুনকাম-করণ। বাংপ্র। বি।

পোঁচা, পোঁছা—১। লোপ করা, মুছিয়া ফেলা। <'প্র-উঞ্ছ'-ধাতু। ক্রি। ২। মাছের লেজ; লেজা। <পুচ্ছ। বি।

পোঁচানো—অস্ত্র ঘষিয়া ঘষিয়া কাটা; মোছানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

পোঁছানো—মোছানো। বাংপ্র। ক্রি [, বি]।

পোঁটলা—পোটলা (তাহা দ্রঃ)।

পোঁটা—নাকের শ্লেষ্মা, শিকনি; মাছের অস্ত্র। বাংপ্র। বি।

পোঁত—যতটুকু প্রোথিত করা হয় তাহার পরিমাপ; প্রোথন; প্রোথিত অংশ।' বাংপ্র। বি।

পোঁতা—১। প্রোথিত করা। ক্রি। ২। প্রোথিত। বিণ। ৩। প্রোথন; গৃহভিত্তির ধার। বাংপ্র। বি।

পোকা—কীট, কৃমি। বাংপ্র। বি। **পোকা ধরা**—পোকায় কাটা; পোকার সৃষ্টি হওয়া। **পোকা পড়া**—কোন জিনিস পচিয়া তাহাতে পোকার সৃষ্টি হওয়া। **পোকা বাছা**—তন্ন তন্ন করিয়া বাছা। **বইয়ের পোকা**—যে প্রায় সর্বদাই পুস্তক পাঠে রত থাকে, কেতাব-কীট, book-worm.

পোকামাকড়—কীটপতঙ্গ মাকড়সা ইঃ। বাংপ্র। বি।

পোক্ত—পরিপক্ব, পাকা; মজবুত; দৃঢ়, কঠিন। <ফা 'পুখ্‌তহ্'। বিণ।

পোখরাজ—মণি বিঃ; পাথর বিঃ, topaz. <পুষ্পরাগ। বি।

পোগণ্ড—১। বিকলাঙ্গ। বিণ। ২। ৬ হইতে ১০ বর্ষের শিশু। পো (পবিত্রকারক) গণ্ড (একদেশ) যাহার, বহু। বি; পুং।

পোট—১। স্পর্শ; মিলন। পুট্ (সংযুক্ত হওয়া) +ঘঞ্ ভাব। বি; পুং। ২। সদ্ভাব, মিল, ভালবাসা। বাংপ্র। বি।

পোটম্যান, -ম্যাণ্টো—বাক্স; ট্রাঙ্ক; চামড়ার বাক্স। <ইং 'portmanteau'. বি।

পোটলা, পোঁটলা—কাপড়ের বাঁধা গাঁটরি; বোচকা। বাংপ্র। বি।

পোড়—দহন, জ্বলন; জ্বালা-যন্ত্রণা; দগ্ধ অবস্থা। বাংপ্র। বি। **পোড়ের ভাত**—রোগীর পথ্য, কেবল ঘুটের আগুনে রান্নাকরা ভাত (বা পোবের ভাত)।

পোড়-খেকো—পরীক্ষিত; অভিজ্ঞ। বাংপ্র। বিণ।

পোড়া—১। দগ্ধ; দুরদৃষ্টযুক্ত, হতভাগ্য; কলঙ্ক-যুক্ত। পুড়্+আ কর্তৃ। বিণ। ২। দগ্ধ করা বা হওয়া; অনুতপ্ত হওয়া; বাক্যযন্ত্রণা ভোগ করা। বাংপ্র। ক্রি [, বি]। **পোড়া কপাল**—মন্দ বরাত, দুরদৃষ্ট।

পোড়া-কপালে—মন্দভাগ্য। পোড়া-কপাল+এ যুক্তার্থে। বিণ। স্ত্রী, **-কপালী**। [বিণ।

পোড়ানে—যে পোড়ায় বা কষ্ট দেয় এমন। বাংপ্র।

পোড়ানো—১। দাহিত। বিণ। ২। দগ্ধ করা; অত্যন্ত জ্বালাতন করা; কলঙ্কিত করা; অতিশয় তপ্ত করা; হাজানো; যন্ত্রণা দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

পোড়ার-মুখো—মুখপোড়া, হতভাগ্য; দগ্ধমুখযুক্ত। পোড়ার মুখ+ও (<উয়া) বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, **-খী**।

পোড়ো—১। পরিত্যক্ত; জনশূন্য। পড় (<পত্) +ও কর্তৃ। বিণ। ২। পড়ুয়া, ছাত্র। পড় (<পঠ্)+ও কর্তৃ। বি।

পোত—নৌকাদি জলযান; গৃহনির্মাণস্থান, পোতা। পূ+তন্ কর্তৃ। বি; পুং। [বি।
পোতা—ঘরের ভিত, গৃহভিত্তি; মেঝে; পৌত্র। বাংপ্র।
পোতা (পোতৃ)—যজ্ঞাদি কর্মে নিয়োজিত পুরোহিত বিঃ; বিষ্ণু। পূ+তৃন্ কর্তৃ। বি; পুং।
পোতাধ্যক্ষ—জাহাজের কাপ্তেন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পোতাশ্রয়—যে স্থানে জাহাজাদি নির্বিঘ্নে নোঙ্গর করা থাকে, harbour. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পোদ—বর্ণসংকর জাতি বিঃ। <পুণ্ড্র। বি।
পোদ্দার—মুদ্রাপরীক্ষক; টাকা পয়সা যে ব্যক্তি গণিয়া লয় সে; সোনা রুপা ইঃর বন্ধক-গ্রহীতা। <আ-ফা 'ফোতহ্-দার'। বি।
পোদ্দারি—পোদ্দারের কাজ। বাংপ্র। বি।
পোদ্দারী—পোদ্দারের; পোদ্দার সম্বন্ধীয়। বাংপ্র। বিণ। [বি।
পোনা—কাতলা রুই ইঃ মাছ; মাছের বাচ্চা। বাংপ্র।
পোনামাছ—কাতলা রুই ইঃ মাছ। বাংপ্র। বি।
পো-পোয়াতী—মা ও ছেলে, নবপ্রসূত শিশু ও তাহার মাতা। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
পোয়া—সিকি সের; চতুর্থাংশ। <পাদ। বি।
পোয়াতী—নবজাত সন্তানের জননী, প্রসূতি; গর্ভিণী, অন্তঃসত্ত্বা। <পুত্রবতী। বিণ।
পোয়ান—কুমারের চুলা। বাংপ্র। বি।
পোয়ানো, পোহানো—কাটানো; প্রভাত হওয়া; গাত্রে অগ্নির বা সূর্যের তাপ লাগানো। বাংপ্র। ক্রি [, বি]।
পোয়াবার, -বারো—পাশা খেলায় এক বিন্দু এবং দুই ছক্কার দান; বিশেষ লাভ বা সুবিধা; ভাল সময়। বাংপ্র। বি।
পোয়াল—বিচালি, খড়। <পলাল। বি।
পোরা—পূর্ণ হওয়া; ভরা, পূর্ণ করা; ভিতরে রাখা। বাংপ্র। ক্রি [, বি]।
পোরানো—পুরানো। বাংপ্র। ক্রি [, বি]।
পোর্টম্যান্টো—পোটম্যান (তাহা দ্রঃ)।
পোর্তুগীজ—পর্তুগাল দেশের অধিবাসী বা তৎ-সম্পর্কীয়। <ইং 'Portuguese'. বি বা বিণ।
পোল—সাঁকো, সেতু। ফা। বি।
পোলা—ছেলে, ছোট ছেলে। বাংপ্র। বি।
পোলাও—ঘৃত এবং মাংস দ্বারা পক্ব অন্ন; ঘি মসলার সহিত রাঁধা নিরামিষ ভাত। <পলান্ন। বি। [বালিকাসমূহ। বাংপ্র। বি।
পোলাপান—ছোট ছোট ছেলেমেয়েসমূহ, বালক-
পোলিং—ভোটদানের কার্যনির্বাহ বা পরিচালনা। <ইং 'polling'. বি।
পোলো—অশ্বারোহণে কন্দুক-ক্রীড়া; মাছ ধরিবার বাঁশের খাঁচা। বাংপ্র। বি।
পোশাক—পরিচ্ছদ; ভব্য পরিচ্ছদ। ফা। বি।
পোশাকী—আটপৌরের বিপরীত, ভদ্রসমাজের জন্য প্রয়োজনীয়। বাংপ্র। বিণ। **পোশাকী ভাষা**—সাধু ভাষা, আড়ম্বরপূর্ণ ভাষা।

পোষ—বাধ্যতা, বশ্যতা, প্রতিপালকের বশবর্তিতা। বাংপ্র। বি। [অনট্ ভাব। বি; পুং, ক্লী।
পোষ, পোষণ—পালন, বর্ধন; ধারণ। পুষ্+ঘঞ্,
পোষক—১। যাহাকে আশ্রয় করিয়া পরাশ্রয়ী উদ্ভিদ্ বা জীব বাঁচিয়া থাকে। বি; পুং। ২। পালক; বাক্যের সমর্থনকারী। পুষ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**পোষিকা**।
পোষকতা—সহায়তা; সমর্থন; পালন। পোষক+তা ভাবে। বি; স্ত্রী।
পাষড়া—পৌষপার্বণ। বাংপ্র। বি।
পোষণ—'পোষ' দ্রঃ: বিণ—**পোষণীয়, পোষ্য, পোষিত**।
পোষা -১। পালন করা; বশে আনা। ক্রি। ২। পালিত; গৃহপালিত, পোষিত, বশীকৃত। বিণ। ৩। পালন, পোষণ। বাংপ্র। বি।
পোষানি—পোষণের ব্যয়, পালনের খরচা। বাংপ্র। বি।
পোষানো—কার্যের উপযুক্ত হওয়া; প্রয়োজনানুরূপ হওয়া; বনিবনাও হওয়া; যথেষ্ট হওয়া; কুলানো; পালন করানো; পোষ মানানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বিণ।
পোষিত—পালিত, বর্ধিত। পুষ্+ণিচ্+ক্ত কর্ম।
পোষ্টা (পোষ্টৃ)—প্রতিপালক, পোষণকর্তা। পুষ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**পোষ্ট্রী**।
পোষ্টাই—১। পুষ্টিকর। বিণ। ২। পুষ্টি। বাংপ্র। বি।
পোষ্য—পোষণযোগ্য, প্রতিপাল্য; ভৃত্য। পুষ্+ণ্যৎ কর্ম। বি; পুং, বা বিণ।
পোষ্যপুত্র, -পুত্র—দত্তক পুত্র, অপুত্রক ব্যক্তি পিণ্ড-দান ও বিষয় রক্ষার জন্য যাহাকে গ্রহণ করিয়া পালন করে সেই পুত্র। কর্মধা। বি; পুং।
পোষ্যবর্গ—যাহাদিগকে প্রতিপালন করিতে হয়, মাতাপিতা সন্তান অতিথি প্রঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পোস্ট—ডাক, গভর্নমেন্টের চিঠিপত্রাদি পাঠাইবার বিভাগ; পদ, চাকরি; ঘাঁটি। <ইং 'post'. বি।
পোস্টকার্ড—চিঠি লিখিবার সরকারী কাগজখণ্ড। <ইং 'postcard'. বি।
পোস্টমাস্টার—ডাকঘরের প্রধান কর্মচারী। <ইং 'postmaster'. বি।
পোস্টাপিস, পোস্টাফিস—ডাকঘর। <ইং 'post-office'. বি।
পোস্ত—১। অহিফেন গাছের বীজ। ফা। ২। সংগীতে পঞ্চমাত্রিক (মতান্তরে সপ্তমাত্রিক) তাল বিঃ। বাংপ্র। বি।
পোস্তা—ঠেকনা, প্রাচীরের রক্ষার্থ যাহা গাঁথিয়া দেওয়া যায় তাহা; বাজার, গঞ্জ, মহল, দ্রব্যবিক্রয়ের বিভিন্ন ঘাঁটি; নদীর ঘাট; সিঁড়ির পার্শ্বস্থ বসিবার মত বাঁধান স্থান। <ফা 'পুশ্তহ্'। বি।
পোস্তাবন্দী—বাঁধা। ফা-মু। বিণ।
পোহানো—'পোয়ানো' দ্রঃ।

পোঁছ—উপস্থিতি; নাগাল, অধিগম্যতা। বাংপ্র। বি।
পোঁছনো, পোঁছা, পৌঁছানো—উপস্থিত হওয়া; নাগাল পাওয়া; রাখিয়া আসা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
পোগণ্ড—পঞ্চম হইতে দশম বৎসর পর্যন্ত বয়সের অবস্থা। পোগণ্ড+অণ্ ভাবে। বি; ক্লী।
পৌণ্ড্র—দেশ বিঃ; তদ্দেশীয় লোক; মধ্যম পাণ্ডব ভীমের শঙ্খ। পুণ্ড্র+অণ্। বি; পুং।
পৌত্তলিক—প্রতিমাপূজক, পুত্তলিপূজক। পুত্তলি+ইক পূজনার্থে। বিণ। স্ত্রী, **-কী**।
পৌত্তলিকতা—পুতুলপূজা, পুতুলের উপাসনা। পৌত্তলিক+তা ভাবে ও কর্মাদি অর্থে। বি; স্ত্রী।
পৌত্র, পৌত্র—পুত্রের পুত্র। পুত্র, পুত্র+অণ্ অপত্যার্থে। বি; পুং। স্ত্রী, **-ত্রী, -ত্রী**।
পৌনঃপুনিক—পুনঃপুনর্জাত, যাহা বার বার ঘটে এমন, recurring; যাহা একরূপে বারংবার উৎপন্ন হয় এরূপ। পুনঃপুনঃ+ইক ভবার্থে। বিণ। স্ত্রী, **-কী**।
পৌনঃপুন্য—পুনঃপুনঃ সংঘটন, বারংবার হওয়া। পুনঃপুনঃ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
পৌনে—তিন-চতুর্থাংশ। <পাদোন। বিণ।
পৌর—পুরবাসী, নগরস্থ; পুর সম্বন্ধীয়; নগরীয়; urban; উদরপূরক। পুর+অণ্ ভবার্থে। বিণ। স্ত্রী, **-রী**। **পৌর অধিকার**—নাগরিক অধিকার, civic rights.
পৌরজন—নাগরিক, citizen. কর্মধা। বি; পুং।
পৌরনিগম—পৌরসভা, Municipal Corporation. কর্মধা। বি; পুং।
পৌরব—পুরুবংশীয়। পুরু+অণ্ অপত্যার্থে। বি বা বিণ; পুং। [বি; পুং।
পৌরসংঘ—পুরসভা, মিউনিসিপ্যালিটি। কর্মধা।
পৌরাণিক—১। পুরাণপাঠক; পুরাণজ্ঞ, পুরাণশাস্ত্রে পণ্ডিত। বি; পুং। ২। পুরাণ সম্বন্ধীয়। পুরাণ+ইক জাতার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**।
পৌরুষ—১। পুরুষত্ব; পরাক্রম; তেজঃ; রেতঃ; সাহস; উদ্যম, উদ্যোগ; পুরুষকার। পুরুষ+অঞ্ ভাবে। বি; ক্লী। ২। পুরুষ সম্বন্ধীয়; পুরুষপরিমিত। পুরুষ+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-ষী**।
পৌরুষপাবক, -বহ্নি—ভীষণ পরাক্রম; দৃপ্ততেজঃ; অগ্নিতুল্য উদ্যম। রূপক কর্মধা; অথবা, পৌরুষ পাবকতুল্য, বহ্নিতুল্য, উপমিত কর্মধা। বি; পুং। [সম্বন্ধীয়। পুরুষ+এয়। বিণ।
পৌরুষেয়—পুরুষকৃত, মনুষ্যরচিত, মানুষিক; পুরুষ
পৌরোহিত্য—পুরোহিতের ধর্ম বা কর্ম। পুরোহিত+যক্ কর্মার্থে। বি; ক্লী।
পৌর্ণমাসী—পূর্ণিমা তিথি। পূর্ণমাস+অণ্ স্বার্থে+ঈপ্। বি; স্ত্রী।
পৌর্বদৈহিক—পূর্বদেহঘটিত, পূর্বজন্মগত। পূর্বদেহ+ইক। বিণ।
পৌর্বাপর্য—অনুক্রম, যথাক্রম; পূর্বাপর সম্বন্ধ। পূর্বাপর+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
পৌর্বাহ্নিক—পূর্বাহ্ণ সম্বন্ধীয়, প্রাতঃকালীন। পূর্বাহ্ণ+ইক ভবাদ্যর্থে। বিণ।
পৌলোমী—ইন্দ্রপত্নী শচী। পুলোমন্+অণ্ অপত্যার্থে+ঈপ্। বি; স্ত্রী। [বি; পুং।
পৌষ—বৎসরের নবম মাস। পৌষী+অণ্ যুক্তার্থে।
পৌষপার্বণ—পৌষসংক্রান্তির পিঠাপার্বণ। কর্মধা বা ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি; ক্লী।
পৌষা, পৌষে—পৌষ সম্বন্ধীয়; পৌষজাত। বাংপ্র। বিণ।
পৌষালী—পৌষমাসে জাত। বাংপ্র। বিণ।
প্যাঁ—শিশুর কান্নার শব্দ। বাংপ্র। বি।
প্যাঁচ—'পেঁচ' দ্রঃ।
প্যাঁচালো—'পেঁচালো' দ্রঃ।
প্যাকেট—পুলিন্দা। <ইং 'packet'. বি।
প্যাচপ্যাচ—পচপচ। বাংপ্র। অ।
প্যাণ্ট—'পেণ্ট' দ্রঃ।
প্যানপ্যান—নাকিসুরে একঘেয়ে ভাবে কান্না, অবিরাম কান্না। বাংপ্র। অ। বিণ—**প্যানপেনে**। ক্রি—**প্যানপ্যানানো**।
প্যারা, প্যারাগ্রাফ—অনুচ্ছেদ, গদ্যরচনায় কতকগুলি পঙ্‌ক্তির সমষ্টি। <ইং 'paragraph'. বি।
প্যারী—প্রিয়া; রাধিকা। হি-মু। বি।
প্যারীমোহন—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বাংপ্র। বি।
প্যালা—পেলা (তাহা দ্রঃ)।
প্যাসেঞ্জার—যাত্রী। <ইং 'passenger'. বি।
প্র—উৎকর্ষ; আধিক্য; গতি; আরম্ভ; সর্বতোভাব; প্রাথম্য; খ্যাতি; উৎপত্তি; ব্যবহার। প্রথ্+ড কর্তৃ। অ। [বিণ।
প্রকট—স্পষ্ট, ব্যক্ত, প্রকাশিত। প্র—কট্+অচ্ কর্তৃ।
প্রকটন—প্রকাশকরণ। প্রকট+ণিচ্ (=প্রকটি নামধাতু)+অনট্ ভাব। বি; ক্লী।
প্রকটিত—প্রকাশিত, ব্যক্ত; স্পষ্ট; বিসারিত। প্র—কট্+ক্ত কর্তৃ, অথবা প্রকটি (নামধাতু)+ক্ত কর্ম। বিণ।
প্রকম্প, প্রকম্পন—১। কম্পনকারক। প্র—কম্প্+ণিচ্+অচ্, অন কর্তৃ। বিণ। ২। অতিশয় কাঁপুনি; বেপথু; ধাক্কা। প্র—কম্প্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং বা ক্লী। বিণ—**প্রকম্পিত**।
প্রকরণ—১। সম্যক্‌করণ। প্র—কৃ+অনট্ ভাব। ২। প্রকার; প্রভেদ; প্রসঙ্গ; প্রস্তাব; সামাজিক নাটক; অধ্যায়, পরিচ্ছেদ। প্র—কৃ+অনট্ কর্ম। বি; ক্লী। [ভাব। বি; পুং।
প্রকর্ষ—উন্নতি, উৎকর্ষ; আধিক্য। প্র—কৃষ্+ঘঞ্
প্রকল্প—অনুমান; ধরিয়া লওয়া, hypothesis. প্র—কৢপ্+ঘঞ্ ভাব। বি; পুং।
প্রকাণ্ড—১। গাছের গুঁড়ি। বি; পুং বা ক্লী। ২। প্রশস্ত; উৎকৃষ্ট; বৃহৎ, বড়। প্র—কম্+ণিচ্+ড কর্ম। বিণ।

প্রকার—প্রভেদ; সাদৃশ্য; জাতি; রীতি, রকম; কৌশল। প্র—কৃ+ঘঞ্ ভাব। করণ। বি; পুং।

প্রকারাত্মক—রীতি সম্বন্ধীয়। বহু। বিণ।

প্রকারান্তর—অন্য প্রকার; অন্যরূপ কৌশল বা কথার মারপ্যাঁচ ('প্রকারান্তরে চোর বলা')। অন্য প্রকাব, নিত্য। বি; ক্লী।

প্রকাশ—১। বিকাশ; দীপ্তি; সাদৃশ্য; আতপ; প্রকটন; বিস্তার; শোভা; প্রসিদ্ধি; প্রস্ফুটন; জ্ঞান; পুস্তক সংবাদপত্র প্রঃ সর্বসাধারণের নিকট বিক্রয় বা প্রচার করিবার জন্য মুদ্রণ। প্র—কাশ্ বা কাশ্+ণিচ্+ঘঞ্ ভাব। বি: পুং। ২। সদৃশ; ব্যক্ত; প্রস্ফুটিত; প্রসন্ন; প্রকট; প্রসিদ্ধ; উদ্ভাবিত; বিস্তারিত; স্পষ্ট, ব্যক্ত। প্র—কাশ্+অচ্ কর্তৃ। বিণ।

প্রকাশক—প্রকাশকারী; মুদ্রিত পুস্তকাদি যে সাধারণ্যে প্রচার করে, publisher. প্র—কাশ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ বা বি। স্ত্রী, -শিকা।

প্রকাশনীয়—প্রকাশ করিবার যোগ্য। প্র—কাশ্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।

প্রকাশমান—উজ্জ্বল, দীপ্ত; স্পষ্ট, ব্যক্ত। প্র—কাশ্+শানচ্ কর্তৃ। বিণ।

প্রকাশিত—শোভিত; দীপ্ত; প্রস্ফুটিত; প্রকটিত; উদ্ভাবিত; আবিষ্কৃত; সাধারণ্যে প্রচারিত। প্র—কাশ্+ক্ত কর্তৃ, বা প্র—কাশ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

প্রকাশ্য—১। প্রচারযোগ্য; প্রকাশ করিবার উপযুক্ত। প্র—কাশ্+ণিচ্+যৎ কর্ম। ২। সর্বসাধারণের দৃষ্টিগোচর বা জ্ঞানগোচর; খোলাখুলি, অনাবৃত। বাংপ্র। বিণ। ক্রি-বিণ—প্রকাশ্যে।

প্রকীর্ণ—বিক্ষিপ্ত, ছড়ানো; নানাপ্রকার; মিশ্রিত; বিস্তৃত; প্রকাশিত; অসম্বদ্ধ; উচ্ছৃঙ্খল। প্র—কৃ+ক্ত কর্ম। বিণ।

প্রকীর্তিত—বর্ণিত, কথিত; সম্যক্ কীর্তিত। প্র—কৃত্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

প্রকুপিত—অতিশয় ক্রুদ্ধ; বিকৃত। প্র—কুপ্+ক্ত কর্তৃ। বিণ।

প্রকৃত—যথার্থ, বাস্তবিক; নির্মিত; প্রস্তাবিত; বর্ণনার বিষয়ীভূত; অধিকৃত; প্রক্রান্ত; আরব্ধ। প্র—কৃ+ক্ত কর্ম। বিণ।

প্রকৃতপক্ষে, —প্রস্তাবে—বাস্তবিক পক্ষে, বস্তুতঃ। বহু। ক্রি-বিণ।

প্রকৃতার্থ—১। আসল, খাঁটি। প্রকৃত অর্থ যাহার, বহু। বিণ। ২। যথার্থ অর্থ, প্রকৃত মর্ম, ঠিক মানে। কর্মধা। বি: পুং।

প্রকৃতি—১। ঈশ্বরসৃষ্ট যাবতীয় পদার্থের সাধারণ নাম: সত্ত্বরজস্তমোগুণাত্মক জগতের মূল কারণ; অজ্ঞান; কারণ। প্র—কৃ+ক্তি, করণ। ২। স্বভাব, চরিত্র, ধর্ম; স্বাভাবিক অবস্থা। প্র—কৃ+ক্তি অধি। ৩। স্বামী মন্ত্রী সহায় ধন দেশ দুর্গ সৈন্য—এই সপ্তবিধ রাজ্যাঙ্গ; স্ত্রী, নারী; সৃষ্টির মূলকারণ; শক্তি; দেবী; জননী; বেদমাতা সাবিত্রী রাধিকা দুর্গা ষষ্ঠী গঙ্গা মনসা প্রঃ; পঞ্চভূত; ছন্দো বিঃ; অমাত্য; পরমাত্মা; জীবাত্মা; মূলশব্দ ও ধাতু; শিল্প। প্র—কৃ+ক্তি করণ বা ক্তিচ্ কর্তৃ। ৪। প্রজা ('—রঞ্জন'); পঞ্চভূতময় শরীর। প্র—কৃ+ক্তি কর্ম। ৫। যোনি। প্র—কৃ+ক্তি অপা। বি; স্ত্রী।

প্রকৃতিগত—স্বাভাবিক, স্বভাবসিদ্ধ। ২য়াতৎ। [বিণ।

প্রকৃতিদত্ত, -প্রদত্ত—স্বভাবের দেওয়া, স্বাভাবিক। ৩য়াতৎ। বিণ।

প্রকৃতিপুঞ্জ—প্রজাসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রকৃতিবাদ—জড়বাদ, প্রকৃতি দ্বারা বিশ্বের সৃষ্টি স্থিতি প্রলয় প্রঃ সাধিত হইতেছে এইরূপ মত। প্রকৃতি—বদ্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রকৃতিবিজ্ঞান—পদার্থ-বিজ্ঞান; physics. মধ্যপ। বি; ক্লী।

প্রকৃতিবিরুদ্ধ—স্বভাবের বিপরীত। ৬ষ্ঠীতৎ। বিণ। [বিণ।

প্রকৃতিসিদ্ধ—স্বাভাবিক, স্বভাবগত। ৩য়াতৎ।

প্রকৃতিস্থ—স্বীয়ভাবাপন্ন; স্বাভাবিক, ধাতস্থ; শোক আকুলতা ইঃ হইতে মুক্ত। উপতৎ; প্রকৃতি—স্থা+ক কর্তৃ। বিণ। [বি, -তা, -ত্ব।

প্রকৃষ্ট—শ্রেষ্ঠ, উৎকৃষ্ট। প্র—কৃষ্+ক্ত কর্ম। বিণ।

প্রকোপ—অতিশয় কোপ; প্রবলতা ('জ্বরের —', 'শীতের —')। প্র—কুপ্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রকোপণ, -কোপন—উত্তেজনা; তাপ প্রঃ বাড়ানো; রাগানো; অগ্নি প্রঃ উসকানো। প্র—কুপ্+ণিচ্+অনট্ ভাব। বি: ক্লী।

প্রকোপিত—(জ্বরাদি) বৃদ্ধিপ্রাপ্ত; ক্রোধিত। প্রকোপ+ইতচ্ জাতার্থে। বিণ।

প্রকোষ্ঠ—১। কনুইএর অধোদেশ হইতে মণিবন্ধ পর্যন্ত বাহুভাগ; দ্বারের অংশ বিঃ; দ্বারের পার্শ্বগৃহ; মহল। প্রগত কোষ্ঠকে, প্রাদিতৎ। ২। কোঠা, কক্ষ। প্র—কুষ্+থন্ কর্ম। বি; পুং।

প্রক্রম—আরম্ভ, উপক্রম; ক্রম, পর্যায়; order. প্র—ক্রম্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রক্রমভঙ্গ—রচনার দোষ বিঃ, আরব্ধ ধারার অন্যথা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রক্রিয়া—কার্যের পদ্ধতি বা ধারা ('তান্ত্রিক —'); প্রকরণ; নৃপাদির চামর-ব্যজন এবং ছত্র-ধারণ প্রঃ ব্যাপার; প্রয়োগ, অনুষ্ঠান। প্র—কৃ+শ ভাব+আপ্। বি: স্ত্রী।

প্রক্ষালন—ধৌত করণ; পরিষ্করণ। প্র—ক্ষল+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। [কর্ম। বিণ।

প্রক্ষালিত—ধৌত; পরিষ্কৃত। প্র—ক্ষল্+ণিচ্+ক্ত

প্রক্ষিপ্ত—নিক্ষিপ্ত; বিন্যস্ত; অন্তর্নিবেশিত; কোন গ্রন্থে গ্রন্থকার ভিন্ন অন্য ব্যক্তির বসানো। প্র—ক্ষিপ্+ক্ত কর্ম। বিণ।

প্রক্ষেপ, প্রক্ষেপণ—বিক্ষেপ; নিক্ষেপ; বিন্যাস; কোন গ্রন্থে গ্রন্থকার ভিন্ন অন্য ব্যক্তি কর্তৃক কোন

বিষয়ের সন্নিবেশন; কোন একটি সুরে আঘাত করিয়াই সেই সুর হইতে এক দুই বা ততোধিক সুরে ব্যবধানে বামহস্তের অংগুলীর ঘর্ষণযোগে অবিচ্ছেদে অধোগতিতে গমন। প্র—ক্ষিপ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

প্রক্ষেপক—যে প্রক্ষেপ করে, প্রক্ষেপকারী। প্র—ক্ষিপ্+ণক কর্তৃ। বিণ।

প্রক্ষেড়ন—লৌহময় বাণ বিঃ, নারাচ। প্র—ক্ষেড্+অন কর্ম। বি; পুং।

প্রখর—তীক্ষ্ণ; তীব্র; অত্যুষ্ণ। প্রকৃষ্টরূপে খর, প্রাদি। বিণ।

প্রখরতা, -ত্ব—প্রাখর্য, প্রচণ্ডতা, তীব্রতা; ঝাঁজ। প্রখর+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

প্রখ্যাত—বিখ্যাত, প্রসিদ্ধ। প্র—খ্যা+ক্ত কর্ম। বিণ।

প্রখ্যাতনামা (-নামন্) স্বনামপ্রসিদ্ধ, যশস্বী। প্রখ্যাত নাম যাহার, বহু। বিণ। স্ত্রী, **—নাম্নী**।

প্রগণ্ড—কনুই অবধি স্কন্ধ পর্যন্ত বাহুভাগ। প্রত্যাসন্ন গণ্ড যাহার, বহু। বি; পুং।

প্রগণ্ডাস্থি—প্রগণ্ডের হাড়, humerus. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বিণ।

প্রগত—প্রস্থিত; পৃথগ্‌ভূত। প্র—গম্+ক্ত কর্তৃ।

প্রগতি—উন্নতি; অগ্রগতি, আধুনিক রীতিনীতির অত্যধিক প্রবর্তন; পরিবর্তনশীল জগতের সহিত সমান তালে পা ফেলিয়া চলা; নিয়মিতভাবে ক্রমবর্ধনশীল সংখ্যাশ্রেণী, progression. [যেমন—১, ৩, ৫, ৭ ইঃ অথবা ২, ৪, ৮, ১৬ ইঃ]। প্র—গম্+ক্তি ভাব। বি; স্ত্রী।

প্রগতিবাদী (-বাদিন্)—সংস্কারের পক্ষপাতী; সমাজ সাহিত্য রাষ্ট্রবিধান প্রঃ বিষয়ে যিনি অগ্রগতির পক্ষপাতী এরূপ। উপতৎ; প্রগতি—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিনী**।

প্রগতিশীল—ক্রমে উন্নতি করিতেছে এমন; (ব্যংগার্থে) সংস্কারের নামে অত্যধিক মাত্রায় স্বৈবাচার-অবলম্বনকারী। বহু। বিণ।

প্রগমন—প্রস্থান, সরিয়া পড়া। প্র—গম্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রগল্ভ—অবিনীত; দাম্ভিক; অকুণ্ঠিত; যে অসংকোচে কথা বলে এমন; নির্লজ্জ; অক্ষুব্ধ; সমর্থ; দৃঢ়; প্রধান; নির্ভীক, সাহসী; উৎসাহী; প্রত্যুৎপন্নমতি; প্রতিভান্বিত। প্র—গল্ভ্+অচ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভা**। বি, **-তা**।

প্রগাঢ়—অধিক; দৃঢ়; কঠিন; নিবিড়। প্রকৃষ্টরূপে গাঢ়, প্রাদি। বিণ।

প্রগ্রহ, প্রগ্রাহ—বন্ধনরজ্জু, লাগাম। প্র—গ্রহ্+অপ্, ঘঞ্ করণ। বি; পুং।

প্রচণ্ড—প্রখর; অত্যুষ্ণ; দুঃসহ, ভীষণ; ভয়ানক; অতিকোপন; দুর্বহ; দুর্ধর্ষ; প্রবল, প্রতাপশালী। প্রকৃষ্টরূপে চণ্ড (উষ্ণ), প্রাদি। বিণ।

প্রচণ্ডতা, প্রচণ্ডত্ব—ভীষণতা; উগ্রতা। প্রচণ্ড+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

প্রচণ্ডমূর্তি—১। উগ্রমূর্তি, ভয়ানক আকৃতিবিশিষ্ট। বিণ। ২। বরুণ-বৃক্ষ। প্রচণ্ডা মূর্তি যাহার, বহু। বি; পুং। ৩। ভীষণ আকার। কর্মধা। বি; স্ত্রী।

প্রচয়—১। রাশি; সংগ্রহ; জমাট। প্র—চি+অচ্ কর্ম। ২। বৃদ্ধি; উপচয়; শিথিল, সংযোগ বিঃ। প্র—চি+অচ্ ভাব। বি; পুং। বিণ—**প্রচিত**।

প্রচয়ন—সংগ্রহ। প্র—চি+অনট্ ভাব। বি; ক্লীব।

প্রচল—১। প্রকৃষ্ট চলনযুক্ত, চঞ্চল। বিণ। ২। চিরাগত নিয়ম; প্রথা, convention. প্র—চল্+অচ্ কর্তৃ। বি; পুং।

প্রচলন—চলন, চলতি; প্রবর্তন, চালানো, প্রচার। প্র—চল্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রচলিত—যাহার চলন হইয়াছে এরূপ; প্রবর্তিত; প্রস্থিত; প্রসিদ্ধ। প্র—চল্+ক্ত কর্তৃ। বিণ।

প্রচার—প্রচলন; প্রসিদ্ধি; প্রকাশ; ঘোষণা। প্র—চর্+ঘঞ্ বা চর্+ণিচ্+অচ ভাব। বি; পুং।

প্রচারক—প্রচারকারী ('ধর্ম —'); প্রকাশক; ঘোষণাকারী। প্র—চর্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-রিকা**। [অনট্ ভাব। বি; ক্লী।

প্রচারণ—প্রচারকরণ; জাহির করা। প্র—চারি+

প্রচার-বিভাগ—সরকারের বা কোন প্রতিষ্ঠানের যে বিভাগ হইতে প্রচার-কার্যাদি চালানো হয় তাহা, Publicity Department, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রচারিত—যাহা প্রচার করা হইয়াছে এমন, ঘোষিত। প্র—চর্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। বি—**প্রচারণ, প্রচারণা**।

প্রচালিত—যাহা প্রচলিত করা হইয়াছে এরূপ, চালানো। প্র+চল্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

প্রচিত—কৃতচয়ন; সংগৃহীত; সংকলিত; সঞ্চিত। প্র—চি+ক্ত কর্ম। বিণ। [কর্তৃ। বিণ।

প্রচুর—প্রভূত, বহুল, অধিক। প্র—চুর্+ক

প্রচেতা—< প্রচেতাঃ।

প্রচেতাঃ (-চেতস্)—১। বরুণ; প্রজাপতি বিঃ। বি; পুং। ২। হৃষ্টচিত্ত, আহ্লাদিত; জ্ঞানী; সতর্ক। প্র (প্রহৃষ্ট) চেতঃ (মনঃ) যাহার, বহু, বা, প্র—চিত্+অসুন্ কর্তৃ। বিণ।

প্রচেষ্টা—প্রয়াস; সম্যক্ যত্ন, বিশেষভাবে চেষ্টা। প্রকৃষ্টা চেষ্টা, প্রাদি। বি; স্ত্রী।

প্রচ্ছদ—আচ্ছাদন; আস্তরণবস্ত্র। প্র—ছদ্+ণিচ্+ঘ করণ। বি; পুং।

প্রচ্ছদপট—আবরণবস্ত্র; আস্তরণপট; বিছানার চাদর; পুস্তকের আবরণ বা মলাট। কর্মধা। বি; পুং বা ক্লী।

প্রচ্ছন্ন—আচ্ছাদিত, ঢাকা; গুপ্ত, লুক্কায়িত। প্র—ছদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

প্রচ্ছাদন—আবরণ; আবরণবস্ত্র। প্র—ছদ্+ণিচ্+অনট্ ভাব, করণ। বি; ক্লী। বিণ—**প্রচ্ছাদিত**।

প্রচ্ছায়—নিবিড় ছায়া বা ছায়াময় স্থান। প্রকৃষ্টা ছায়া, প্রাদি (ক্লীবত্ব)। বি; ক্লী।

প্রচ্ছায়া—গ্রহণ সময়ে চন্দ্র বা পৃথিবী হইতে নিক্ষিপ্ত নিবিড় ছায়া, umbra. প্রাদি। বি; স্ত্রী।

প্রজন—গবাদি পশুর গর্ভসঞ্চার করানো, breeding. প্র—জনি+অচ্ ভাব। বি; ক্লী।

প্রজনন—জন্মানো, সন্তানোৎপাদন; প্রসব; জন্ম। প্র—জন্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রজা—অধীন জন; প্রাণিসমূহ; জনসাধারণ; রায়ত; সন্তান; লোক। প্র—জন্+ড কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

প্রজাই—১। প্রজা সম্বন্ধীয়; প্রজার অধিকৃত। প্রজা+ই সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ। ২। প্রজার অবস্থা, প্রজাত্ব। প্রজা+ই ভাবে (বাংপ্র)। বি।

প্রজাত—উৎপন্ন। প্র—জন্+ক্ত কর্তৃ। বিণ।

প্রজাতন্ত্র—প্রজাদিগের নির্বাচিত প্রতিনিধিদ্বারা রাজ্যশাসন, democracy. প্রজানিয়ন্ত্রিত তন্ত্র, মধ্যপ। বি; ক্লী। [প্রাদি। বি; স্ত্রী।

প্রজাতি—শ্রেণী, জাতি, species. প্রকৃষ্টা জাতি,

প্রজাপতি—১। ব্রহ্মা; বিশ্বকর্মা; সূর্য; অগ্নি; পিতা; রাজা; মরীচি অত্রি অঙ্গিরা পুলস্ত্য পুলহ ক্রতু দক্ষ বশিষ্ঠ ভৃগু নারদ—ব্রহ্মার সৃষ্ট এই দশ ব্যক্তি; বিষ্ণু। প্রজাদের পতি, ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। স্বনামখ্যাত পতঙ্গ বিঃ। বাংপ্র। বি।

প্রজাপতিনির্বন্ধ—বিধাতৃ-বিধান (বিবাহ সম্বন্ধে প্রযোজ্য), বরকন্যার মিলন-সম্বন্ধে বিধাতার বিধান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রজাপাল—রাজা; প্রজাপতি। উপতৎ। প্রজা—পা+ণিচ্+অণ্ কর্তৃ। বি; পুং।

প্রজাপালক—প্রজাপালনকারী; প্রজাদিগের রক্ষণাবেক্ষণকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-পালিকা**।

প্রজাপালন—প্রজাদিগের রক্ষণাবেক্ষণ; সন্তান প্রতিপালন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

প্রজাপীড়ক—অত্যাচারী শাসক; অধীন লোকের উপর অত্যাচারকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-পীড়িকা**।

প্রজাপীড়ন—অধীন লোকের উপর অত্যাচার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

প্রজাবতী—১। সন্তানবতী। প্রজা+মতুপ্ আছে অর্থে+ঈপ্। বিণ। ২। ভ্রাতৃজায়া; বড় ভাইয়ের বউ। বি; স্ত্রী।

প্রজাবিলি—প্রজার নিকট নির্দিষ্ট খাজনাশর্তে জমির পত্তন করা। প্রজার নিকট বিলি, মধ্যপ (বাংপ্র)। বি।

প্রজারঞ্জক—প্রজার সুখসন্তোষ-বিধানকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-রঞ্জিকা**।

প্রজারঞ্জন—প্রজাবর্গের সুখ-সন্তোষবিধান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

প্রজারঞ্জনকারী (-কারিন্)—প্রজারঞ্জক। উপতৎ; প্রজারঞ্জন—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিণী**।

প্রজাশক্তি—সম্মিলিত প্রজাবর্গের শক্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

প্রজাহিত—প্রজার মঙ্গল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

প্রজ্ঞ—জ্ঞানী, বিচক্ষণ; পণ্ডিত। প্র—জ্ঞা+ক কর্তৃ। বিণ। [ভাব। বি; স্ত্রী।

প্রজ্ঞপ্তি—জানানো, জ্ঞাপন। প্র—জ্ঞা+ণিচ্ ক্তি

প্রজ্ঞা—১। বুদ্ধি, ধী; তত্ত্বজ্ঞান; মন্ত্রণা; সংকেত; তীক্ষ্মমতি। প্র—জ্ঞা+অঙ্ ভাববা+আপ্। ২। সরস্বতী। বি; স্ত্রী। ৩। জ্ঞানবতী। প্রজ্ঞ+আপ্খ বিণ; স্ত্রী।

প্রজ্ঞাচক্ষুঃ (-চক্ষুস্)—১। জ্ঞাননেত্র। প্রজ্ঞারূপ চক্ষুঃ, রূপক কর্মধা। বি; ক্লী। ২। দিব্যদর্শী, জ্ঞাননেত্রবিশিষ্ট। প্রজ্ঞা হইয়াছে চক্ষুঃ স্বরূপ যাহার, বহু। বিণ।

প্রজ্ঞাত—বিশেষরূপে জ্ঞাত, বিদিত; বিখ্যাত। প্র—জ্ঞা+ক্ত কর্ম। বিণ।

প্রজ্ঞান—১। বুদ্ধি, জ্ঞান। প্র—জ্ঞা+অনট্ ভাব। ২। চিহ্ন; সংকেত। প্র—জ্ঞা+অনট্ করণ। বি; ক্লী।

প্রজ্ঞাপারমিতা—তারাদেবী; বৌদ্ধশাস্ত্র বিঃ। প্রজ্ঞার পার, ৬ষ্ঠীতৎ; তাহাকে ইত, অলুক্ ২য়াতৎ; তদুত্তরে আপ্। বি; স্ত্রী।

প্রজ্ঞাবান্ (-বৎ)—বুদ্ধিমান্, জ্ঞানী। প্রজ্ঞা+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বতী**।

প্রজ্বলন—ভীষণরূপে জ্বলিয়া উঠা, ভালরূপ জ্বলা; ভালরূপে জ্বালানো। প্র—জ্বল্ বা জ্বল্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রজ্বলিত—জ্বলনযুক্ত, জ্বলন্ত; যাহা ভালরূপে জ্বালানো হইয়াছে এরূপ। প্র (অধিক)—জ্বল্ বা জ্বল্+ণিচ্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

প্রজ্বালন—জ্বালন, অগ্নিসংযুক্তকরণ; ভালরূপে জ্বালানো। প্রজ্বালি (নামধাতু)+অনট্ ভাব। বি; ক্লী।

প্রজ্বালিত—প্রদীপিত জ্বালানো। প্রজ্বাল+ণিচ্ (=প্রজ্বালি নামধাতু)+ক্ত কর্ম। বিণ। স্ত্রী, **-তা**। [বি; ক্লী।

প্রডীন—উড্ডয়নের প্রকার বিঃ। প্র—ডী+ক্ত ভাব।

প্রণত—নম্র; কৃতপ্রণাম; বক্র। প্র—নম্+ক্ত কর্তৃ। বিণ। [ভাব। বি; স্ত্রী।

প্রণতি—প্রণাম; নম্র ভাব, নম্রতা। প্র—নম্+ক্তি

প্রণব—১। ঈশ্বরের গূঢ়নাম, ওঁকার; সামবেদের অবয়ব বিঃ। প্র—নু+অপ্ করণ। ২। বিষ্ণু। প্র—নু+অপ্ কর্ম। বি; পুং।

প্রণয়—প্রেম, ভালবাসা; প্রার্থনা; শ্রদ্ধা; পরিচয়; বিশ্রম্ভ, বিশ্বাস; যাচ্ঞা। প্র—নী+অচ্ ভাব। বি; পুং।

প্রণয়কলহ—প্রেমিক-প্রেমিকা বা স্বামী-স্ত্রীর মধ্যে মান-অভিমানজনিত ঝগড়া। প্রণয়জাত কলহ, মধ্যপ। বি; পুং।

প্রণয়গাথা, **-গীত**, **-গীতি**, **-সংগীত**—প্রেমবিষয়ক গান, প্রেমগীতি। মধ্যপ। বি; স্ত্রী; ক্লী, স্ত্রী, ক্লী।

প্রণয়ঘটিত—প্রেম সম্বন্ধীয়, প্রণয়মূলক। ৩য়াতৎ। বিণ। [স্ত্রী।

প্রণয়ন—নির্মাণ; রচনা। প্র—নী+অনট্ ভাব। বি; ক্লী।

প্রণয়পত্র, -পত্রিকা—মদনলেখ্য, প্রেমলিপি। প্রণয়সূচক পত্র, প্রণয়সূচিকা পত্রিকা, মধ্যপ। বি; ক্লী, স্ত্রী।

প্রণয়পাত্র, -ভাজন—প্রেমাস্পদ, ভালবাসার জন। ৬ষ্ঠী-তৎ। বি বা বিণ; ক্লী (অজহল্লিঙ্গ)।

প্রণয়সংগীত—'প্রণয়গাথা' দ্রঃ।

প্রণয়াস্পদ—প্রণয়পাত্র। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; ক্লী (অজহল্লিঙ্গ)।

প্রণয়িনী—১। অনুরক্তা নারী। বি; স্ত্রী। ২। প্রণয়যুক্তা। প্রণয়িন্+ঈপ্। বিণ; স্ত্রী।

প্রণয়ী (-য়িন্)—১। অনুরক্ত পতি বা নায়ক। বি; পুং। ২। প্রেমাস্পদ, অনুরক্ত। প্রণয়+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-য়িনী**।

প্রণাম—ভক্তি ও শ্রদ্ধাতিশয্যযুক্ত নমস্কার, মাটিতে মাথা বা কপালে জোড়হাত ঠেকাইয়া নমস্কার, প্রণতি, প্রণিপাত। প্র—নম্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রণামী—প্রণাম করিবার সময় প্রদত্ত অর্থ বা অন্য উপহার; সেলামী; ঘুষ। প্রণাম+ঈ সম্বন্ধার্থে (বাংপ্র)। বি।

প্রণালী—জলনির্গমপথ; পয়োনালা, নরদমা; শ্রেণী; দ্বার; রীতি, ধারা; যে সংকীর্ণ জলভাগ দুই বৃহৎ জলভাগকে সংযুক্ত করে তাহা, channel, strait. প্র—নল্+ঘঞ্ করণ+ঈপ্। বি; পুং, স্ত্রী।

প্রণাশ—মৃত্যু, মরণ; পলায়ন। প্র—নশ্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ—**প্রনষ্ট**।

প্রণিধান—মনোনিবেশ, মনের একাগ্রতা; ধ্যান; যত্ন; সমাধি দ্বারা দৃষ্টি; যোগ, সমাধি; অর্পণ; ভক্তি বিঃ; কর্মের ফলত্যাগ। প্র—নি—ধা+অনট্ ভাব। বি; ক্লী।

প্রণিধি—১। দূত; চর, অনুচর; চালক বা পথ-প্রদর্শক, guide. প্র—নি—ধা+কি কর্ম। ২। প্রার্থনা; অবধান, মনোযোগ। প্র—নি—ধা+কি ভাব। বি; পুং।

প্রণিপাত—ভূতলে পতিত হইয়া প্রণাম, নমস্কার। প্র—নি—পত্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রণিহিত—অর্পিত; স্থিরীকৃত; স্থাপিত; অভি-নিবিষ্ট; সমাহিত; প্রসারিত; প্রাপ্ত। প্র—নি—ধা+ক্ত কর্ম। বিণ।

প্রণীত—নির্মিত, রচিত; পাক দ্বারা, প্রস্তুত (ব্যঞ্জনাদি); কথিত; প্রেরিত; প্রবেশিত; নিক্ষিপ্ত। প্র—নী+ক্ত কর্ম। বিণ।

প্রণেতা (প্রণেতৃ)—রচয়িতা, রচনাকারী; নির্মাতা। প্র—নী+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ত্রী**।

প্রণেয়—বশ্য, অধীন, বশ্যতাপন্ন; কৃতলৌকিকসংস্কার; প্রাপণীয়। প্র—নী+যৎ কর্ম। বিণ।

প্রণোদন—প্রেরণ; নিয়োজন; প্রবর্তিতকরণ। প্র—নুদ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**প্রণোদিত**। [বিণ।

প্রতত—বিস্তৃত, বিস্তারযুক্ত। প্র—তন্+ক্ত কর্তৃ।

প্রততি—১। বিস্তার, বিস্তৃতি। প্র—তন্+ক্তি ভাব। ২। প্রসারিত লতা। প্র—তন্+ক্তিচ্ কর্তৃ। বি; স্ত্রী। [বিণ। স্ত্রী, **-তা**।

প্রতপ্ত—তাপিত; উত্তপ্ত। প্রকৃষ্টরূপে তপ্ত, প্রাদি।

প্রতর্ক—সংশয়, অনুমান; বিচার। প্র—তর্ক+ঘঞ্ ভাব। বি· পুং।

প্রতর্কণ—বিতর্ক, বাদানুবাদ; পূর্ব হইতে কোন কিছু ভাবা, anticipation. প্র—তর্ক্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রতর্ক্য—বিচার বা অনুমান দ্বারা নির্ণেয়, অমীমাং-সিত, debatable. প্র—তর্ক্+ণ্যৎ কর্ম। বিণ।

প্রতান—লতার আকর্ষ, tendril ; লতাদির বিস্তার। প্র—তন্+ণ কর্তৃ। বি; পুং।

প্রতাপ—প্রভাব, পরাক্রম, কোষ দণ্ড এবং ধন-সৈন্যাদি হইতে জনিত তেজ; আতপ; উষ্ণতা, সন্তাপ। প্র—তপ্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রতাপন—১। তাপজনক। প্র—তপ্+ণিচ্+অন কর্তৃ। বিণ। ২। পীড়ন। প্র—তপ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রতাপশালী (-শালিন্)—প্রভাবশালী, প্রতাপবান্, তেজস্বী। উপতৎ; প্রতাপ—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শালিনী**।

প্রতাপান্বিত—প্রতাপশালী, পরাক্রান্ত। প্রতাপ দ্বারা অন্বিত (যুক্ত), ৩য়াতৎ। বিণ।

প্রতাপী (-পিন্)—প্রতাপশালী, পরাক্রান্ত। প্রতাপ +ইন্ আছে অর্থে। বিণ।

প্রতারক—বঞ্চক, যে ঠকায় এমন; যে পার করিয়া দেয় এমন। প্র—তৄ+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-রিকা**।

প্রতারণ, প্রতারণা—বঞ্চনা, ঠকানো; উত্তীর্ণ করানো। প্র—তৄ+ণিচ্+অনট্ ভাব; প্র—তৄ+ণিচ্+অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

প্রতারণামূলক—ছলযুক্ত, বঞ্চনাই যাহাতে উদ্দেশ্য এমন। প্রতারণা মূলে যাহার, বহু (ক সমাসান্ত)। বিণ। স্ত্রী, **-মূলিকা**।

প্রতারিত—বঞ্চিত, যাহাকে ঠকানো হইয়াছে এমন; যাহাকে পার করা হইয়াছে এমন। প্র—তৄ+ণিচ্ +ক্ত কর্ম। বিণ।

প্রতি—প্রতিনিধি; বিপরীত; প্রতিকূল; লক্ষ্য; উপরি; পরিবর্ত; প্রত্যেক ('—দিন'); পুনর্বার; লক্ষণ; চিহ্ন; আভিমুখ্য (উপর, অভিমুখে, সম্বন্ধে); বীপ্সা; ব্যাবৃত্তি; প্রশস্তি; বিরোধ; অল্পমাত্রা; ঈশ্বভূত কথন; অংশ, ভাগ; প্রতিদিন; সাদৃশ্য; নিশ্চয়; নিন্দা; স্বভাব; ব্যাপ্তি; সমাধি। প্রথ্ (বিখ্যাত হওয়া)+ডতি ভাব। অ।

প্রতিকণ্ঠ—১। কণ্ঠসমীপে, প্রত্যেক কণ্ঠে। কণ্ঠের সমীপে, বা কণ্ঠে কণ্ঠে এই বাক্যে, অব্যয়ী। অ। ২। প্রত্যেক গলা। বাংপ্র। বি।

প্রতিকরণীয়—প্রতিবিধানের যোগ্য, প্রতিবিধেয়। প্রতি—কৃ+অনীয় কর্ম। বিণ।
প্রতিকর্তা (-কর্তৃ)—প্রতিকারকারক; প্রতিফলদায়ক; অপকারীর অপকারক। প্রতি—কৃ (করা)+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কর্ত্রী**।
প্রতিকর্ম (-কর্মন্)—বেশভূষা; প্রসাধন; প্রতিকার। প্রতি—কৃ+মনিন্ ভাব। বি; ক্লী।
প্রতিকল্পন—পরিবর্ত, কোনও কিছুর পরিবর্তে অন্য কিছু স্থাপন, substitution. প্রতি—ক প্+অনট্ ভাব। বি; ক্লী।
প্রতিকায়—১। লক্ষ্য। প্রতীত কায় যাহার, বহু। ২। প্রতিরূপ, প্রতিমূর্তি। প্রতি (সদৃশ) কায়, প্রাদি। বি: পুং।
প্রতিকার, প্রতীকার—বৈরনির্যাতন; প্রতিফল; প্রতিদ্বেষ; উপশম; পরিশোধ; উপায়; চিকিৎসা। প্রতি (বিরুদ্ধ, পরিবর্ত)—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।
প্রতিকার্য—প্রতিকার করিবার যোগ্য, প্রতিকারের বিষয়ীভূত। প্রতি—কৃ+ণ্যৎ কর্ম। বিণ।
প্রতিকাশ, প্রতীকাশ—(শব্দের পরবর্তী হইলে) সদৃশ, তুল্য। প্রতি (সদৃশভাবে) কাশ্+ঘঞ্ কর্তৃ। বিণ।
প্রতিকূল—প্রতিপক্ষ; বিরুদ্ধ, বাম, অননুকূল ('— বায়ু')। প্রতিগত কূলকে, প্রাদি। বিণ। বি—**প্রতিকূলতা**।
প্রতিকৃত—যাহার প্রতিকার করা হইয়াছে এমন, যাহার প্রতিদান করা হইয়াছে এমন। প্রতি—কৃ+ক্ত কর্ম। বিণ।
প্রতিকৃতি—১। প্রতিমূর্তি; প্রতিবিম্ব; প্রতিনিধি। প্রতি (সদৃশ)—কৃ+ক্তি কর্ম। ২। সাদৃশ্য; প্রতিকার। প্রতি—কৃ+ক্তি ভাব। বি; স্ত্রী।
প্রতিক্রম—ব্যুৎক্রম, বিপরীতক্রম। প্রতি—ক্রম্+অচ্ ভাব। বি; পুং।
প্রতিক্রিয়া—প্রয়োগের পর যে ক্রিয়া হয়; বিপরীত ক্রিয়া (যেমন, উত্তেজনার পর অবসাদ, আনন্দের পর বিষাদ, আঘাতের পর প্রতিঘাত ইঃ—reaction). প্রতিকার। প্রতি—কৃ+শ ভাব+আপ্। বি; স্ত্রী।
প্রতিক্ষণ—ক্ষণে ক্ষণে, প্রতিমুহূর্তে। ক্ষণে ক্ষণে এই বাক্যে, অব্যয়ী। ক্রি-বিণ।
প্রতিক্ষিপ্ত—প্রেরিত; নিন্দিত; তিরস্কৃত; বাধিত; নিবারিত; যাহাকে ডাকিয়া আনিয়া বিমুখ করা হইয়াছে এমন। প্রতি—ক্ষিপ্+ক্ত কর্ম। বিণ।
প্রতিক্ষেপ—নৈরাশ্য; তিরস্কার। প্রতি—ক্ষিপ্+ঘঞ্ ভাব। বি; পুং।
প্রতিগত—পরাবৃত্ত, যে ফিরিয়া আসিয়াছে এমন; প্রাপ্ত। প্রতি—গম্+ক্ত কর্তৃ। বিণ।
প্রতিগমন—ফিরিয়া যাওয়া। প্রতি—গম্+অনট্ ভাব। বি; ক্লী। [কর্ম। বিণ।
প্রতিগৃহীত—গৃহীত, স্বীকৃত। প্রতি—গ্রহ্+ক্ত
প্রতিগ্রহ—১। স্বীকার; গ্রহণ; প্রত্যভিযোগ; অনুগ্রহ; সৈন্যরক্ষা। প্রতি—গ্রহ্+অপ্ ভাব। ২। সৈন্যপৃষ্ঠ; দেয়বস্তু; দত্তবস্তু। প্রতি—গ্রহ্+অপ্ কর্ম। ৩। প্রতিকূল গ্রহ। প্রতিকূল গ্রহ, প্রাদি। বি; পুং।
প্রতিগ্রহণ—ফিরাইয়া লওয়া; স্বীকার; দান লওয়া। প্রতি—গ্রহ্+অনট্ ভাব। বি; ক্লী।
প্রতিগ্রহণীয়—দানরূপে গ্রহণীয়। প্রতি—গ্রহ্+অনীয় কর্ম। বিণ।
প্রতিগ্রাহ—দানগ্রহণ; স্বীকার; শ্রাদ্ধতর্পণাদি। প্রতি—গ্রহ্+ঘঞ্ ভাব। বি; পুং।
প্রতিগ্রাহিত—স্বীকারিত; যাহাকে গ্রহণ করিতে বাধ্য করা হইয়াছে এমন। প্রতি—ণিজন্ত গ্রহ্+ক্ত কর্ম। বিণ।
প্রতিগ্রাহী (-হিন্)—দানগ্রহীতা। প্রতি—গ্রহ্+ণিন্ কর্তৃ। বিণ।
প্রতিঘ—১। মূর্ছা; ব্যাঘাত; প্রতিবন্ধ; ক্রোধ। প্রতি—হন্+ড করণ। বি; পুং। ২। প্রতিকূল, বিরুদ্ধ। প্রতি—হন্+ড কর্তৃ। বিণ।
প্রতিঘাত, প্রতীঘাত—একটি বস্তু আর একটি বস্তুকে আঘাত করিলে আহত বস্তু যে পুনর্বার উহাকে আঘাত করে তাহা; আঘাত; প্রতিবন্ধ; ব্যাঘাত; নিরাস। প্রতি—হন্+ঘঞ্ ভাব। বি; পুং। [+অনট্ ভাব। বি; ক্লী।
প্রতিঘাতন—মারণ; বধ; বিঘ্ন; বাধা। প্রতি—ঘাতি
প্রতিঘাতী, প্রতীঘাতী (-ঘাতিন্)—বিঘ্নকারক; বাধাপ্রদানকারী; প্রতিঘাতকারী। প্রতি—হন্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ঘাতিনী**।
প্রতিচক্ষুঃ (-চক্ষুস্)—চশমা। প্রতি (সদৃশ) চক্ষুঃ, প্রাদি। বি; ক্লী।
প্রতিচিত্র—চিত্রের নকল; নকশার নকল, blue print. অব্যয়ী। বি; পুং।
প্রতিচ্ছায়া—প্রতিকৃতি, মৃন্ময়ী বা শিলাময়ী প্রতিমূর্তি; চিত্র, ছবি; সাদৃশ্য; কোন গ্রহ বা উপগ্রহ হইতে সূর্যের অবস্থানের বিপরীত দিকে শঙ্কুর আকারে যে ছায়া পড়ে তাহা, umbra. প্রতিরূপা ছায়া, প্রাদি। বি; স্ত্রী।
প্রতিজিহ্বা, -জিহ্বিকা—আলজিভ। প্রতিরূপা জিহ্বা, প্রাদি; প্রতিজিহ্বা+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
প্রতিজ্ঞা—দৃঢ়পণ, সংকল্প; অঙ্গীকার, প্রতিশ্রুতি; প্রতিপাদ্য বা সম্পাদ্য বিষয়, theorem, problem. প্রতি—জ্ঞা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।
প্রতিজ্ঞাত—অঙ্গীকৃত, কর্তব্যরূপে অবধারিত; অভিযোগের বিষয়। প্রতি—জ্ঞা+ক্ত কর্ম। বিণ।
প্রতিজ্ঞাপত্র—চুক্তিপত্র; অঙ্গীকার-লিপি, একরারনামা; ঘোষণাপত্র। প্রতিজ্ঞাসূচক পত্র, মধ্যপ। বি; ক্লী।
প্রতিজ্ঞাবদ্ধ—অঙ্গীকারে বদ্ধ। ৩য়াতৎ। বিণ।
প্রতিজ্ঞাভঙ্গ—অঙ্গীকারের অন্যথাচরণ, প্রতিজ্ঞা রক্ষা না করা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
প্রতিজ্ঞেয়—প্রতিজ্ঞার বিষয়; প্রতিজ্ঞার যোগ্য। প্রতি—জ্ঞা+যৎ কর্ম। বিণ।

প্রতিদত্ত—যাহা ফিরাইয়া দেওয়া হইয়াছে এমন, প্রত্যর্পিত। প্রতি—দা+ক্ত কর্ম। বিণ।

প্রতিদান—১। বিনিময়, বদল। প্রতিরূপ (তুল্যরূপ) দান, প্রাদি। ২। গচ্ছিত বা গৃহীত দ্রব্যের প্রত্যর্পণ; ফিরাইয়া দেওয়া, প্রত্যর্পণ। প্রতি—দা+অনট্ ভাব। বি; ক্লী।

প্রতিদিন—প্রত্যহ, দিন দিন। দিনে দিনে, অব্যয়ী। অ।

প্রতিদিষ্ট—অধিকতর প্রবল আদেশ বা নিয়ম দ্বারা নিরাকৃত, overruled. প্রতি—দিশ্+ক্ত কর্ম। বিণ।

প্রতিদেয়—প্রতিদানের উপযুক্ত। প্রতি—দা+যৎ কর্ম। বিণ।

প্রতিদ্বন্দ্ব—প্রতিযোগিতা; বিরোধ; স্পর্ধা; কাহারও বিরুদ্ধে সংগ্রাম। প্রতিরূপ দ্বন্দ্ব, প্রাদি। বি; পুং।

প্রতিদ্বন্দ্বিতা—বিরোধ; শত্রুতা; সমকক্ষতা; প্রতিযোগিতা। প্রতিদ্বন্দ্বিন+তা ভাবে। বি; স্ত্রী।

প্রতিদ্বন্দ্বী (-দ্বন্দ্বিন্)—প্রতিপক্ষ; বিরোধী; শত্রু; সমকক্ষ। প্রতিদ্বন্দ্ব+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-দ্বন্দ্বিনী**।

প্রতিধ্বনি—প্রতিশব্দ, কোন আওয়াজ হইলে ঠিক তাহার অনুরূপ যে শব্দ পাওয়া যায় তাহা। প্রতিরূপ ধ্বনি, প্রাদি। বি; পুং।

প্রতিধ্বনিত—১। প্রতিশব্দিত; যে শব্দ করা হইয়াছে তাহার অনুরূপভাবে উচ্চারিত বা শব্দিত। প্রতি—ধ্বন্+ক্ত কর্তৃ। বিণ। ২। প্রতিধ্বনি। প্রতি—ধ্বন্+ক্ত ভাব। বি; ক্লী।

প্রতিনমস্কার—নমস্কারের বদলে নমস্কার। প্রতিরূপ নমস্কার, প্রাদি। বি; পুং।

প্রতিনিধি—প্রতিভূ, জামিন; ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি; বদলী; সদৃশ বস্তু; প্রতিরূপ। প্রতি—নি—ধা+কি কর্তৃ। বি; পুং।

প্রতিনিবর্তন—১। অভীষ্টবিষয়ের নিবৃত্তি; প্রত্যাগমন। প্রতি—নি—বৃত+অনট্ ভাব। ২। ফিরানো; নিবারণ। প্রতি—নি—বৃত্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রতিনিবর্তিত—নিবারিত, যাহাকে ফিরানো হইয়াছে এমন। প্রতি—নি—বৃত্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

প্রতিনিবৃত্ত—প্রত্যাগত; বিরত; নিরস্ত। প্রতি—নি—বৃত্+ক্ত কর্তৃ। বিণ।

প্রতিনিয়ত—সর্বদা, অবিরাম। ('প্রতিদিন'াদির অনুকরণে) অব্যয়ী। ক্রি-বিণ।

প্রতিপক্ষ—বিপক্ষ, শত্রু; প্রতিবাদী, আসামী, প্রত্যর্থী। প্রতি (প্রতিকূল, বিরুদ্ধ) পক্ষ যাহার, বহু। বি; পুং।

প্রতিপত্তি—মান, সম্মান; সুখ্যাতি, গৌরব; প্রাপ্তি; পদপ্রাপ্তি; প্রবৃত্তি; নিশ্চয়; কর্তব্যজ্ঞান; সম্যক্‌জ্ঞান; অঙ্গীকার; ফলশূন্য কর্মাঙ্গ। প্রতি—পদ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

প্রতিপত্তিশালী (-শালিন্)—খ্যাতিমান, যশস্বী, প্রতিষ্ঠাযুক্ত। উপতৎ; প্রতিপত্তি—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শালিনী**।

প্রতিপত্র—রসিদ চেক ইঃর যে অংশ রসিদ বা চেকদাতার নিকট থাকে তাহা, counterfoil. প্রতিকৃত পত্র, প্রাদি। বি; ক্লী।

প্রতিপদ্—১। চন্দ্রের প্রথম কলার হ্রাস বা বৃদ্ধিযুক্ত তিথি, শুক্ল বা কৃষ্ণপক্ষের প্রথম তিথি। প্রতি—পদ্+ক্বিপ্ করণ। ২। প্রতিষ্ঠা, খ্যাতি। প্রতি—পদ্+ক্বিপ্ ভাব। বি; স্ত্রী।

প্রতিপদে—পদে পদে। অব্যয়ী। অ, ক্রি-বিণ।

প্রতিপন্ন—অবধারিত; নিশ্চিত; প্রমাণসিদ্ধ, যুক্ত্যাদি দ্বারা সমর্থিত; খ্যাতিযুক্ত; সম্ভ্রমযুক্ত; সম্মানিত; জ্ঞাত; অঙ্গীকৃত; গৃহীত; প্রাপ্ত। প্রতি—পদ্+ক্ত কর্ম। বিণ।

প্রতিপাদ—সোজাসুজি ভাবে পৃথিবীর অপর পৃষ্ঠে বর্তমান, antipodal. প্রতিগত পাদকে, প্রাদি। বিণ।

প্রতিপাদক—সম্পাদক, নির্বাহক; নির্ণায়ক; উৎপাদক; প্রতিপত্তিজনক; জ্ঞাপক; প্রমাণকারক। প্রতি—পদ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-পাদিকা**।

প্রতিপাদন—দান; সম্পাদন, নির্বাহ; জ্ঞাপন, বোধন; প্রতিপত্তি; উৎপাদন; স্থিরীকরণ; প্রমাণিত করণ। প্রতি—পদ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রতিপাদনীয়, -পাদ্য—প্রতিপাদনযোগ্য; প্রমাণযোগ্য; প্রমাণসাপেক্ষ; অভিধেয়; বর্ণনীয়; বোধ্য। প্রতি—পদ্+ণিচ্+অনীয়, যৎ কর্ম। বিণ।

প্রতিপাদিত—সম্পাদিত; দত্ত; স্থিরীকৃত; প্রমাণিত; বিজ্ঞাপিত; বোধিত। প্রতি—পদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

প্রতিপালক—পোষক; রক্ষক; যে প্রতিপালন করে এমন; অপেক্ষাকারী। প্রতি—পা+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-পালিকা**। [ভাব। বি; ক্লী।

প্রতিপালন—রক্ষণ; পোষণ। প্রতি—পা+ণিচ্+অনট্

প্রতিপালনীয়, -পাল্য—ভরণীয়, পোষ্য। প্রতি—পা+ণিচ+অনীয়, যৎ কর্ম। বিণ।

প্রতিপালিত—যাহাকে প্রতিপালন করা হইয়াছে এমন, পোষিত; রক্ষিত। প্রতি—পা+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

প্রতিপুরুষ—প্রতিনিধি, যে অন্যের পরিবর্তে কার্য করে এরূপ। প্রতি (প্রতিরূপ) পুরুষ, প্রাদি। বি; পুং।

প্রতিপোষক—সহায়তাকারী, আনুকূল্যকারী। প্রতি—পুষ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-পোষিকা**। বি, **-পোষণ, -পোষকতা**।

প্রতিপ্রভ—সূর্যালোকে স্থাপিত হইলে বেগুনী বা অতিবেগুনী বর্ণে প্রতিভাত হইবার ক্ষমতাযুক্ত, fluorescent. প্রতি—প্র—ভা+ক কর্তৃ। বিণ।

প্রতিপ্রভাব—বিরুদ্ধ শক্তি, counter-influence. প্রাদি। বি; পুং।

প্রতিপ্রসব—নিষিদ্ধের পুনর্বিধান, যাহা কোন সূত্র বা আইন দ্বারা নিষেধ করা হইয়াছে অন্য সূত্র বিশেষ দ্বারা তাহার বিধান। প্রতি—প্র—সূ+অপ্ ভাব। বি; পুং।

প্রতিফল—প্রতিবিম্ব; প্রতিশোধ; প্রত্যুপকার; প্রত্যপকার, সাজা। প্রতি—ফল্+অচ্ কর্তৃ; অথবা, প্রতিরূপ ফল, প্রাদি। বি; ক্লী।

প্রতিফলক—যাহাতে কোন কিছু প্রতিফলিত হয় তাহা। প্রতি—ফল্+ণক কর্তৃ। বিণ।

প্রতিফলন—প্রতিবিম্ব পড়া, দর্পণাদিতে পতিত আলোকের প্রত্যাবর্তন, reflection. প্রতি—ফল্+অনট্ ভাব। বি; ক্লী। [বিণ।

প্রতিফলিত—প্রতিবিম্বিত। প্রতি—ফল্+ক্ত কর্তৃ।

প্রতিবচন—উত্তর, প্রত্যুত্তর; প্রতিকূল বাক্য; সমানার্থ বাক্য। প্রতিরূপ বা প্রতিকূল বচন, প্রাদি। বি; ক্লী।

প্রতিবদ্ধ—ব্যাহত, বাধাপ্রাপ্ত; প্রতিবন্ধ বিশিষ্ট; বাধিত। প্রতি—বন্ধ্+ক্ত কর্ম। বিণ।

প্রতিবন্ধ—বাধা, বিঘ্ন। প্রতি—বন্ধ্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রতিবন্ধক—১। বাধাজনক, ব্যাঘাতকারক। প্রতি—বন্ধ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -বন্ধিকা। ২। ব্যাঘাত, বাধা। প্রতিবন্ধ+কন্ স্বার্থে। বি; পুং।

প্রতিবন্ধী (-বন্ধিন্) ১। প্রতিবন্ধবিশিষ্ট। প্রতিবন্ধ+ইন্ আছে অর্থে। ২। প্রতিবন্ধক। প্রতি—বন্ধ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বন্ধিনী।

প্রতিবর্তন—অনুধাবন, observation. প্রতি—বৃৎ+অনট্ ভাব। বি; ক্লী।

প্রতিবর্তী (-বর্তিন্)—প্রতিবিম্বিত; প্রত্যাবর্তিত, reflex. প্রতি—বৃৎ+ণিন্ কর্তৃ। বিণ। বি, -বর্তিতা।

প্রতিবল—১। সমর্থ, শক্ত; তুল্যবল। প্রতিরূপ বা প্রতিকূল বল যাহার, বহু। বিণ। ২। বিপক্ষ-সৈন্য। প্রতিকূল বল, প্রাদি। বি; ক্লী। ৩। শত্রু। প্রতিকূল বল যাহার, বহু। বি; পুং।

প্রতিবস্তূপমা—কাব্যালংকার বিঃ [যে স্থলে পদার্থ-দ্বয়ের উপমান-উপমেয়-ভাব না থাকিলেও পরস্পরের সাদৃশ্য স্পষ্ট প্রতীয়মান হয়, আর সাধারণ ধর্ম একরূপ হইলেও পৃথক্ আকারে বিন্যস্ত থাকে, সেই স্থলে এই অলংকার হয়। যথা—পৃথিবীতে তাঁহার মত রাজা আর জন্মগ্রহণ করেন নাই। পারিজাত বৃক্ষ একটি ভিন্ন আর দ্বিতীয় নাই।]। প্রতি (সদৃশ) বস্তু উপমা যাহাতে, বহু+আপ্। বি; স্ত্রী।

প্রতিবাত—বায়ুর প্রতিকূল, যে দিক্ হইতে বায়ু বহে সেই দিকে। বায়ুর প্রতি (প্রতিকূলে), অব্যয়ী। ক্রি-বিণ।

প্রতিবাদ—প্রতিকূলে উক্তি, বিরুদ্ধে বলা; আপত্তি। প্রতি—বদ্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রতিবাদী (-বাদিন্)—প্রতিপক্ষ, আসামী; প্রত্যর্থী। প্রতি—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বাদিনী।

প্রতিবাসী (-বাসিন্)—নিকটস্থ গৃহস্থ, প্রতিবেশী, পড়শী। প্রতি—বস+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -বাসিনী।

প্রতিবিধান—প্রতিকার; প্রতিশোধ; ব্যবস্থা। প্রতি—বি—ধা+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -বিহিত, -বিধেয়।

প্রতিবিধিৎসা—প্রতিকারেচ্ছা। প্রতি—বি—ধা+সন্ ইচ্ছার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী। বিণ—প্রতিবিধিৎসু।

প্রতিবিম্ব—প্রতিচ্ছায়া, দর্পণাদিতে পতিত অনুরূপ আকৃতি; সদৃশ আকৃতি। প্রতিরূপ বিম্ব, প্রাদি। বি: পুং বা ক্লী।

প্রতিবিম্বন—স্বচ্ছ পদার্থে অনুরূপ আকৃতিপতন, প্রতিফলন। প্রতিবিম্ব+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। [বিম্ব+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

প্রতিবিম্বিত—প্রতিবিম্বপ্রাপ্ত; প্রতিফলিত। প্রতি-

প্রতিবিষ—বিষের প্রতিষেধক, antitoxin. প্রাদি। বি; পুং বা ক্লী।

প্রতিবিহিত—যাহার প্রতিবিধান করা হইয়াছে এমন; প্রতিকৃত; সজ্জিত। প্রতি—বি—ধা+ক্ত কর্ম। বিণ।

প্রতিবেদন—বিবরণী, report. প্রতি—বিদ্+ণিচ্+অনট্ করণ। বি; ক্লী।

প্রতিবেশ—সমীপবর্তী বাসস্থান; প্রতিবাসীর গৃহ; পারিপার্শ্বিক অবস্থা, পরিবেশ, environment. প্রতি—বিশ্+ঘঞ্ অধি। বি; পুং।

প্রতিবেশপ্রভাব—পারিপার্শ্বিক অবস্থার প্রভাব; সমসাময়িক ব্যাপারের শক্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রতিবেশী (-বেশিন্)—প্রতিবাসী, সমীপবর্তী গৃহস্থ। প্রতি—বিশ্+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -বেশিনী।

প্রতিবোধ—১। জাগরণ; স্ফোটন, বিকাশ। প্রতি—বুধ্+ঘঞ্ ভাব। ২। প্রবোধ। প্রতি—বুধ্ ণিচ্+অচ্ ভাব। বি; পুং।

প্রতিবোধিত—যাহাকে জাগানো হইয়াছে এমন, বোধিত; বিকাশিত। প্রতি—বুধ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। স্ত্রী, -বোধিতা।

প্রতিভা—১। তীক্ষ্ণবুদ্ধি; অসাধারণ ধীশক্তি, প্রত্যুৎপন্নমতিত্ব; নবনবোন্মেষশালিনী প্রজ্ঞা। প্রতি—ভা+অঙ্ করণ+আপ্। ২। প্রভা, দীপ্তি; সাদৃশ্য। প্রতি—ভা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

প্রতিভাত—প্রদীপ্ত; উদিত; প্রকাশিত; জ্ঞাত। প্রতি—ভা+ক্ত কর্তৃ। বিণ।

প্রতিভান্বিত, -বান্ (-বৎ)—অসাধারণবুদ্ধিশক্তি-শালী; প্রাগল্ভ্যযুক্ত। প্রতিভা দ্বারা অন্বিত, ৩য়াতৎ; প্রতিভা+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -তা, -বতী।

প্রতিভাশালী (-শালিন্)—তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন, প্রতিভাযুক্ত। উপতৎ; প্রতিভা—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -শালিনী।

প্রতিভাস—প্রকাশ; দীপ্তি; শোভা। প্রতি—ভাস্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রতিভাসম্পন্ন—প্রতিভাশালী। ৩য়াতৎ। বিণ।

প্রতিভাসিত—প্রদীপ্ত, আলোকিত; শোভিত, উজ্জ্বল; শোভন। প্রতি—ভাস্+ক্ত কর্তৃ। বিণ।

প্রতিভূ—স্থলীয় ব্যক্তি, জামিন; স্বরূপ; প্রতিনিধি। প্রতি—ভূ+ক্বিপ্ কর্তৃ। বি; পুং।
প্রতিম—তুল্য, সদৃশ (বহুব্রীহি সমাসে অথবা নিত্যসমাসে অন্য শব্দের পরে ব্যবহৃত হয়)। বিণ।
প্রতিমা—১। প্রতিমূর্তি; গঠিত দেবমূর্তি, বিগ্রহ; গজের দন্তদ্বয়ের মধ্যভাগ, গজদন্তবন্ধ। প্রতি—মা+অঙ্ কর্ম+আপ্। ২। সাদৃশ্য। প্রতি—মা+অঙ্ ভাব+আপ্। ৩। প্রতিবিম্ব। প্রতি—মা+অঙ্ করণ+আপ্। বি; স্ত্রী।
প্রতিমান—ওজনের বাটখারা, পড়িয়ান। বি; ক্লী।
প্রতিমাবিসর্জন—পূজাশেষে জলে দেবমূর্তির নিক্ষেপ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
প্রতিমুক্ত—পিনদ্ধ, পরিহিত; পরিত্যক্ত; বন্ধনমুক্ত। প্রতি—মুচ্+ক্ত কর্ম। বিণ। [প্রাদি। বিণ।
প্রতিমুখ—অভিমুখ, সম্মুখ। মুখকে প্রতিগত,
প্রতিমুহূর্তে—প্রতিক্ষণে, অনুক্ষণ। মুহূর্তে মুহূর্তে, অব্যয়ী। অ; ক্রি-বিণ।
প্রতিমূর্তি—প্রতিকৃতি, আকৃতি, ছবি। প্রতিরূপা মূর্তি, প্রাদি। বি; স্ত্রী।
প্রতিযাত—প্রতিনিবৃত্ত, যে ফিরিয়া গিয়াছে এমন। প্রতি—যা+ক্ত কর্তৃ। বিণ।
প্রতিযোগ—বিপক্ষতা, বিরোধ, প্রতিদ্বন্দ্ব; স্পর্ধা। প্রতি—যুজ্+ঘঞ্ ভাব। বি; পুং।
প্রতিযোগিতা—সমকক্ষতা; সাদৃশ্য; প্রতিদ্বন্দ্বিতা। প্রতিযোগিন্+তা ভাবে। বি; স্ত্রী।
প্রতিযোগী (-যোগিন্)—প্রতিদ্বন্দ্বী, বিরোধী; সদৃশ; সমকক্ষ; প্রতিপক্ষ; প্রতিকূলসম্বন্ধ-বিশিষ্ট; প্রতিকূল। প্রতিযোগ (বিরোধ, স্পর্ধা)+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -যোগিনী।
প্রতিযোজন—অভিযোজন, খাপ খাওয়ানো, adaptation. প্রতি—যুজ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
প্রতিযোদ্ধা (-যোদ্ধৃ)—সদৃশ যোদ্ধা; যে বিরুদ্ধে যুদ্ধ করে। প্রতি—যুধ্+তৃন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -যোদ্ধ্রী। কর্তৃ। বি; পুং।
প্রতিযোধ—প্রতিপক্ষ যোদ্ধা। প্রতি—যুধ্+অচ্
প্রতিরক্ষা—শত্রুর আক্রমণ হইতে রক্ষা, defence. প্রতি—রক্ষ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।
প্রতিরথ—বিপক্ষযোদ্ধা। প্রতিগত রথ যাহার, বহু। বি; পুং। [কম। বিণ।
প্রতিরুদ্ধ—অবরুদ্ধ; নিবারিত। প্রতি—রুধ্+ক্ত
প্রতিরূপ—১। সাদৃশ্য; প্রতিবিম্ব; প্রতিমূর্তি; পত্র ইঃর সদৃশ অংশ, counterpart. প্রতিগত রূপ, প্রাদি। বি; ক্লী। ২। সদৃশ। রূপকে প্রতিগত, প্রাদি। বিণ।
প্রতিরূপক—১। তৎস্থানীয় বস্তু; প্রতিনিধি; প্রতিবিম্ব। প্রতিরূপ+কন্ স্বার্থে। বি; ক্লী।
প্রতিরোধ—নিবারণ; চৌর্য; প্রতিবন্ধ; অবরোধ, আটক; তিরস্কার। প্রতি—রুধ্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ—প্রতিরুদ্ধ, প্রতিরোধিত।
প্রতিরোধক—যে প্রতিরোধ করে এরূপ; নিরোধক; ব্যাঘাতক। প্রতি—রুধ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -রোধিকা।
প্রতিরোধী (-রোধিন্)—প্রতিরোধক, ব্যাঘাতক। প্রতি—রুধ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -রোধিনী।
প্রতিলিপি—লিখিত উত্তর; লেখা চিত্র ইঃর নকল। প্রতিকৃতা লিপি, প্রাদি। বি; স্ত্রী।
প্রতিলোম—বাম, প্রতিকূল; ব্যুৎক্রম, উলটা। প্রতি-গত লোমকে (লোমন্), প্রাদি (অচ্ সমাসান্ত)। বিণ।
প্রতিলোমজ—অধমবর্ণের পুরুষ ও তদপেক্ষা উত্তম-বর্ণের স্ত্রীর সংযোগে উৎপন্ন। উপতৎ; প্রতিলোম—জন্+ড কর্তৃ। বিণ।
প্রতিলোমবিবাহ—নিম্নবর্ণের পুরুষের সহিত উচ্চবর্ণের নারীর বিবাহ! কর্মধা। বি; পুং।
প্রতিশত—শতকরা, প্রত্যেক একশতের মধ্যে, per cent. অব্যয়ী। বিণ।
প্রতিশব্দ—প্রতিধ্বনি; সমানার্থক শব্দ, synonym. প্রতিগত শব্দকে, প্রাদি। বি; পুং।
প্রতিশয়, -শয়ন—দেবমূর্তির সমক্ষে ধরনা, "হত্যা"। প্রতি—শী+অচ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী। বিণ—প্রতিশয়িত।
প্রতিশীর্ষ—প্রতিনিধি, স্থলাভিষিক্ত ব্যক্তি। প্রতিগত শীর্ষকে, প্রাদি। বি; পুং।
প্রতিশোধ—প্রতিবিধান; প্রতিহিংসা, অনুরূপ শোধ। প্রতি—শুধ্+ঘঞ্ ভাব। বি; পুং।
প্রতিশ্রুত—অঙ্গীকৃত; অঙ্গীকারবদ্ধ। প্রতি—শ্রু+ক্ত কর্ম। বিণ। স্ত্রী, -তা।
প্রতিশ্রুতি—১। অঙ্গীকার; প্রতিজ্ঞা। প্রতি—শ্রু+ক্তি ভাব। ২। প্রতিধ্বনি। প্রতি শ্রু+ক্তি কর্ম। বি; স্ত্রী। [কর্ম। বিণ।
প্রতিষিদ্ধ—নিষিদ্ধ; নিবারিত। প্রতি—সিধ্+ক্ত
প্রতিষেদ্ধা (-দ্ধৃ)—প্রতিষেধকর্তা; নিবারক। প্রতি—সিধ্+তৃন্ কর্তৃ। বিণ।
প্রতিষেধ—নিষেধ, নিবারণ; পরিহার, ত্যাগ; অর্থালংকার বিঃ। প্রতি—সিধ্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ—প্রতিষিদ্ধ।
প্রতিষেধক—নিবারক, preventive. প্রতি—সিধ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -ষেধিকা।
প্রতিষ্টম্ভ—প্রতিবন্ধ; বাধা; রোধ। প্রতি—স্তন্ভ+ঘঞ্ ভাব। বি; পুং।
প্রতিষ্ঠা—১। গৌরব, সুখ্যাতি; মর্যাদা; সংস্কার বিঃ; ব্রতাদির উদ্‌যাপন; সমাপ্তি; স্থিতি; বৃক্ষ পুষ্করিণী প্রঃর উৎসর্গ; ছন্দ বিঃ, চতুরক্ষরা বৃত্তি। প্রতি—স্থা+অঙ্ ভাব+আপ্। ২। পৃথিবী; অবলম্বন, আশ্রয়; আস্পদ, স্থান। প্রতি—স্থা+অঙ্ অধি+আপ্। ৩। স্থাপন। প্রতি—স্থা (ণিচের অর্থযুক্ত)+অঙ্ ভাব+আপ। বি; স্ত্রী।
প্রতিষ্ঠাতা (-ষ্ঠাতৃ)—স্থাপনকারী, স্থাপয়িতা। প্রতি—স্থা (ণিচের অর্থযুক্ত)+তৃন্ কর্তৃ (বাংপ্র)। বিণ। স্ত্রী, -ত্রী।

প্রতিষ্ঠাধিকার—কোন দোকান বা ব্যবসায়ের খ্যাতি-জনক বিশেষ প্রথা বা নাম, good-will. ৬ষ্ঠী-তৎ। বি; পুং।
প্রতিষ্ঠান—১। ব্রতাদির সমাপন বিষয়ে কর্তব্য কর্ম, দেবপূজাঙ্গ-সংস্কার বিঃ। প্রতি—স্থা+অনট্ করণ। ২। লোকহিতার্থ যৌথ ব্যাপার; সমিতি, সংস্থা, institution; আশ্রম। প্রতি—স্থা+অনট্ কর্ম। ৩। গোদাবরীতীরস্থ প্রাচীন নগর বিঃ। প্রতি—স্থা+অনট্ অধি। বি; ক্লী।
প্রতিষ্ঠাপত্র—গুণাদির বর্ণনাপূর্ণ লিপি, certificate. প্রতিষ্ঠাজ্ঞাপক পত্র, মধ্যপ। বি; ক্লী।
প্রতিষ্ঠাপন—উৎসর্গকরণ; অর্পণ; সংস্থাপন। প্রতি—স্থা+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
প্রতিষ্ঠাপিত—স্থাপিত; অর্পিত; উৎসৃষ্ট। প্রতি—স্থা+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
প্রতিষ্ঠাবান্ (-বৎ)—প্রতিপত্তিশালী; গৌরবযুক্ত; প্রসিদ্ধ; যশস্বী। প্রতিষ্ঠা+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বতী**।
প্রতিষ্ঠাভাজন—গৌরবের পাত্র, সম্মানের পাত্র। ৬ষ্ঠী-তৎ। বিণ বা বি; ক্লী।
প্রতিষ্ঠিত—বিখ্যাত; প্রশংসিত; সম্মানিত; সমর্পিত; স্থিত; স্থাপিত; সংস্কৃত; বদ্ধমূল; অধিগত। প্রতিষ্ঠা+ইতচ্ জাতার্থে। বিণ।
প্রতিসংহার—সংবরণ, নিবর্তন। প্রতি—সম্—হৃ+ঘঞ্ ভাব। বি। বিণ, **-সংহৃত**।
প্রতিসরণ—এক মাধ্যম হইতে অন্য মাধ্যমে সঞ্চরণ-কালে আলোকরশ্মি বা তাপের স্বাভাবিক গতিপথ পরিবর্তন, refraction. প্রতি—সৃ+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-সৃত**।
প্রতিসর্গ—ব্রহ্মার সৃষ্টির পর দক্ষাদির সৃষ্টি, মরীচ্যাদি কর্তৃক সৃষ্টি; প্রলয়। প্রতিরূপ বা প্রতিকূল সর্গ (সৃষ্টি), প্রাদি। বি; পুং।
প্রতিসাম্য—উভয়াঙ্কের একরূপতা, symmetry. প্রতিসম+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
প্রতিসারণ—অপসারণ, সরাইয়া দেওয়া। প্রতি—সৃ+ণিচ্ (=সারি)+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-সারিত**।
প্রতিসারী (-রিন্)—প্রতিকূলগামী। প্রতি—সৃ+ণিন্ কর্তৃ। বিণ।
প্রতিস্পর্ধী (-র্ধিন্)—বিরোধী, প্রতিদ্বন্দ্বী। প্রতি-স্পর্ধা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-স্পর্ধিনী**।
প্রতিহত—নিরস্ত; ব্যাহত; আহত; প্রেরিত; প্রতি-বদ্ধ; রুদ্ধ, প্রতিস্খলিত। প্রতি—হন্+ক্ত কর্ম। বিণ। [বি; স্ত্রী।
প্রতিহতি—প্রতিঘাত; রোধ। প্রতি—হন্+ক্তি ভাব।
প্রতিহনন—হত্যাকারীকে হত্যা; প্রত্যাঘাত। প্রতি—হন্+অনট্ ভাব। বি; ক্লী।
প্রতিহন্তা (-হন্তৃ)—নিবারক; নাশক। বিণ। স্ত্রী, **-হন্ত্রী**। বি; পুং।
প্রতিহর্তা (-হর্তৃ)—বিনাশক; প্রত্যাঘাতকারী; নিবা-রক। প্রতি—হৃ+তৃন্ কর্তৃ। বিণ; পুং। স্ত্রী, **-হর্ত্রী**।
প্রতিহার, প্রতীহার—১। দ্বার। প্রতি—হৃ+ঘঞ্ কর্ম। ২। দ্বারপাল, দৌবারিক; বাজিকর। প্রতিহার, প্রতীহার+অচ্ আছে অর্থে। ৩। পরিহার, ত্যাগ। প্রতি—হৃ+ঘঞ্ ভাব। বি; পুং।
প্রতিহারী, প্রতীহারী (-হারিন্)—দ্বারপাল, দারোয়ান। প্রতিহার, প্রতীহার+ইন্ রক্ষার্থে। বি; পুং। স্ত্রী, **-হারিণী**। [বিণ।
প্রতিহার্য—পরিহার্য, ত্যাজ্য। প্রতি—হৃ+ণ্যৎ কর্ম।
প্রতিহিংসা—বৈরনির্যাতন, প্রতিশোধ, অনিষ্টকারীর অনিষ্টকরণ। প্রতি—হিন্স্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।
প্রতীক—১। প্রতিকূল, বিপরীত। প্রতিগতা ঈ (লক্ষ্মী) যৎকর্তৃক, বহু (ক-আগম)। বিণ। ২। অঙ্গ, অবয়ব। প্রতি—ই+কীকচ্ কর্ম। বি; পুং। ৩। স্বরূপ; প্রতিনিধি; প্রতিমূর্তি; নিদর্শন; চিহ্ন, symbol. বাংপ্র। বি।
প্রতীকার—'প্রতিকার' দ্রঃ।
প্রতীক্ষণ—প্রতীক্ষা। প্রতি—ঈক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী। [ঈক্ষ্+শানচ্ কর্তৃ। বিণ।
প্রতীক্ষমাণ—যে প্রতীক্ষা করিতেছে এমন। প্রতি—
প্রতীক্ষা—অপেক্ষা, সবুর; সম্ভাবিত বিষয়ের জন্য অপেক্ষা; আশা; পূজা। প্রতি—ঈক্ষ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।
প্রতীক্ষিত—যাহার জন্য অপেক্ষা করা হইয়াছে এমন; প্রত্যাশিত। প্রতি—ঈক্ষ+ক্ত কর্ম। বিণ।
প্রতীক্ষ্য—অপেক্ষণীয়; পূজ্য, আরাধ্য। প্রতি—ঈক্ষ্+ণ্যৎ কর্ম। বিণ।
প্রতীক্ষ্যমাণ—যাহার প্রতীক্ষা করা হইতেছে এরূপ। প্রতি—ঈক্ষ্+শানচ্ কর্ম। বিণ।
প্রতীচী—পশ্চিমদিক্। প্রতি—অন্চ+কিন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
প্রতীচীন, প্রতীচ্য—পশ্চিমদিগ্জাত; পশ্চিমদিকস্থ; (প্রচ) ইউরোপীয়। প্রতীচী+ঈন, যৎ ভবার্থে। বিণ।
প্রতীত—১। জ্ঞাত, জ্ঞানবান্; হৃষ্ট; বিশ্বস্ত। প্রতি—ই+ক্ত কর্তৃ। ২। খ্যাত, প্রসিদ্ধ; সম্মানিত; জ্ঞাত। প্রতি—ই+ক্ত কর্ম। বিণ।
প্রতীতি—জ্ঞান, বোধ, অনুভব; খ্যাতি; সম্মান; আদর; হর্ষ, প্রীতি; বিশ্বাস। প্রতি—ই+ক্তি ভাব। বি; স্ত্রী।
প্রতীপ—১। অর্থালঙ্কার বিঃ [(১) উপমানকে উপমেয়রূপে কল্পনা অথবা (২) উপমেয়ের উৎকর্ষাধিক্য হেতু উপমানের নিষ্ফলত্ব প্রতিপাদন দ্বারা এই অলঙ্কার হয়। যথা—(১) হায় সীতে! তোমার নেত্রতুল্য ইন্দীবরসমূহ জলে মগ্ন হইয়া গেল। (২) "কি-ছার মিছার কাম-ধনুরাগে ফুলে, ভুরুর সমান কোথা ভুরুভঙ্গে ভুলে" —ভারত]। বি; পুং। ২। প্রতিকূল, বিপরীত.

পরাঙমুখ; পশ্চিম। প্রতিগত অপ্ ইহাতে, বহু। বিণ।

প্রতীপ-কোণ—দুইটি সরলরেখা পরস্পর ছেদ করিলে ছেদবিন্দুস্থ বিপরীত-শীর্ষক কোণ, vertically opposite angle. কর্মধা। বি; পুং।

প্রতীপগামী (-মিন্)—যে বিপরীত দিকে গমন করে এমন; যে বিরুদ্ধ কার্য করে এমন। উপতৎ; প্রতীপ—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী**।

প্রতীপগতি, -গমন—পিছাইয়া যাওয়া, retrograde movement. কর্মধা। বি; পুং।

প্রতীয়মান—জ্ঞায়মান, যাহা জানা যাইতেছে এমন; যাহা অনুভূত হইতেছে এমন। প্রতি—ই+শানচ্ কর্ম। বিণ।

প্রতীয়মানোৎপ্রেক্ষা—কাব্যের অর্থালংকার বিঃ [ইহাকে গম্যোৎপ্রেক্ষাও বলে। যেন, মনে হয়, বুঝি, অনুমান করি ইঃ উৎপ্রেক্ষা-বাচক শব্দ উহ্য থাকিলে যে উৎপ্রেক্ষা-অলংকার হয়, তাহাকে প্রতীয়-মানোৎপ্রেক্ষা বলে। যথা—"দেবাসুরে দ্বন্দ্ব সদা সুধার লাগিয়া, ভয়ে বিধি তার মুখে থুইলা লুকাইয়া"—ভারত]। প্রতীয়মানা উৎপ্রেক্ষা, কর্মধা। বি; স্ত্রী।

প্রতীহার—'প্রতিহার' দ্রঃ।

প্রতীহারী (-রিন্)—'প্রতিহারী' দ্রঃ।

প্রতুল—১। বিলক্ষণ, বিষম; প্রচুর। প্রগতা বা প্রকৃষ্টা তুলা যাহার, বহু। বিণ। ২। প্রাচুর্য; সমৃদ্ধি; সৌভাগ্য; শুভ। তুলার (পরিমাণের) প্রকর্ষ, অব্যয়ী; তদুত্তরে আছে অর্থে অচ্। বি; ক্লী।

প্রত্ন—পুরাতন, প্রাচীন। প্র+ত্নপ্ ভবার্থে। বিণ।

প্রত্নতত্ত্ব—প্রাচীন ইতিহাস, পুরাতত্ত্ব; প্রাচীন যুগের লিপি মুদ্রা ভগ্নাবশেষ ইঃ হইতে প্রাপ্ত ঐতিহাসিক তথ্য, archaeology. কর্মধা। বি; ক্লী। বিণ, **-তত্ত্বীয়**।

প্রত্নতত্ত্ববিৎ (-বিদ্)—প্রাচীন ইতিহাসবেত্তা, antiquarian. উপতৎ; প্রত্নতত্ত্ব—বিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ।

প্রত্নবিদ্যা—প্রত্নতত্ত্ব (তাহা দ্রঃ)।

প্রত্যক্ (প্রত্যচ্)—১। পশ্চাৎ; পশ্চিমদিক্। অ। ২। পশ্চিমদেশীয়; পশ্চাদ্বর্তী; প্রতিকূল; অন্তঃস্থিত। প্রতি—অনচ+ক্বিন্ কর্তৃ। বিণ; ক্লী। পুং—**প্রত্যঙ্**। স্ত্রী—**প্রতীচী**।

প্রত্যক্ষ—১। দৃশ্য, সাক্ষাৎ, ইন্দ্রিয়গ্রাহ্য। বিণ। ২। ইন্দ্রিয়জন্য জ্ঞান। প্রতিগত অক্ষকে (ইন্দ্রিয়কে), প্রাদি। বি; ক্লী।

প্রত্যক্ষকারী (-কারিন্)—যে স্বচক্ষে দেখিয়াছে এমন, সাক্ষাৎ দ্রষ্টা। উপতৎ; প্রত্যক্ষ—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিণী**।

প্রত্যক্ষগোচর—নয়নপথবর্তী, যাহা দেখা যাইতেছে এমন। ৬ষ্ঠীতৎ। বিণ।

প্রত্যক্ষতঃ (-তস্)—সাক্ষাৎভাবে; স্পষ্টতঃ। প্রত্যক্ষ +তস্ ৭মী-স্থানে। ক্রি-বিণ।

প্রত্যক্ষদর্শন—স্বয়ং দর্শন, নিজের চোখে দেখা। কর্মধা। বি; ক্লী।

প্রত্যক্ষদর্শী (-দর্শিন্)—সাক্ষী, যে স্বচক্ষে দেখিয়াছে এমন। উপতৎ; প্রত্যক্ষ—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-দর্শিনী**। [কর্মধা। বি; ক্লী।

প্রত্যক্ষপ্রমাণ—দৃষ্টির গোচরীভূত প্রমাণ, স্পষ্ট প্রমাণ।

প্রত্যক্ষবাদ—নাস্তিকতা; জড়বাদ; যাহা কিছু দেখা যায় তদ্ব্যতীত কিছুই হইতে বা থাকিতে পারে না এইরূপ মত। প্রত্যক্ষ—বদ্+ঘঞ্ ভাব।। বি; পুং।

প্রত্যক্ষবাদী (-বাদিন্)—জড়বাদী; যে ইন্দ্রিয়ের বিষয়ীভূত বস্তু ভিন্ন অন্য কোন বস্তুর অস্তিত্ব মানে না এবংপ; নাস্তিক। উপতৎ; প্রত্যক্ষ—বদ্ +ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিনী**।

প্রত্যক্ষভোগ—হাতে হাতে ফললাভ। কর্মধা। বি; পুং।

প্রত্যক্ষী (-ক্ষিন্)—প্রত্যক্ষদর্শী, সাক্ষাৎদ্রষ্টা। প্রত্যক্ষ+ইন্ আছে অর্থে। বিণ।

প্রত্যক্ষীকৃত—যাহা নিজ চোখে দেখা হইয়াছে এমন। প্রত্যক্ষ+অভূততদ্ভাবার্থে চ্বি (=প্রত্যক্ষী)—কৃ+ ক্ত কর্ম। বিণ।

প্রত্যক্ষীভূত—যাহা দৃষ্টিগোচর হইয়াছে এমন। প্রত্যক্ষ+অভূততদ্ভাবার্থে চ্বি (=প্রত্যক্ষী)—ভূ+ ক্ত কর্তৃ। বিণ।

প্রত্যঙ্গ—১। অঙ্গাবয়ব, অঙ্গের অঙ্গ, অঙ্গুলি কর্ণ নাসিকা প্রঃ অবয়ব; উপকরণ। প্রতিগত অঙ্গকে, প্রাদি। বি; ক্লী। ২। প্রতি অঙ্গে, সকল অঙ্গে। অব্যয়ী। ক্রি-বিণ।

প্রত্যঙ্মুখ—বিমুখ; পশ্চিমাভিমুখ। প্রত্যক্ মুখ যাহার, বহু। বিণ। স্ত্রী, **-খা, -খী**।

প্রত্যনীক—১। বিঘ্ন; কাব্যালংকার বিঃ [শত্রুদমনে অসমর্থ হইয়া শত্রুপক্ষীয় কাহাকেও যদি পরাভূত করা হয় এবং তাহাতে যদি শত্রুরই উৎকর্ষ সূচিত হয় তবে এই অলংকার হয়। যথা—সিংহ দেখিল যে কৃশমধ্যা কামিনী কটিদেশ দ্বারা তাহাকে পরাভূত করিয়াছে, সেই ক্রোধে সে ঐ কামিনীর কুচকুম্ভতুল্য করিকুম্ভ বিদীর্ণ করিতেছে]। বি; পুং। ২। প্রতিবাদী, প্রতিপক্ষ, শত্রু। প্রতি (বিরুদ্ধ, প্রতিকূল) অনীক (সৈন্য) যাহার বা যাহাতে, বহু। বিণ।

প্রত্যন্ত—১। প্রান্তভূমি; ম্লেচ্ছদেশ। বি; পুং। ২। প্রান্তবর্তী, নিকটবর্তী। প্রতিগত অন্তকে, প্রাদি। বিণ। **প্রত্যন্ত দেশ**—সীমান্তবর্তী অঞ্চল, frontier.

প্রত্যন্তপর্বত—পর্বতের নিকটবর্তী ক্ষুদ্র পর্বত। কর্মধা। বি; পুং।

প্রত্যবয়ব—প্রত্যঙ্গ (তাহা দ্রঃ)।

প্রত্যবায়—১। অনিষ্ট; ক্ষতি; বিপরীত আচরণ। প্রতি—অব—ই+ঘঞ্ ভাব। ২। পাপ; দুরদৃষ্ট। প্রতি—অব—ই+ঘঞ্ অপা। বি; পুং।

প্রত্যবেক্ষণ, -বেক্ষা—বিশেষরূপে দর্শন; তত্ত্বাবধান; অনুসন্ধান; বিচার; প্রতিজাগর। প্রতি—অব—ঈক্ষ্

+অনট্ ভাব; প্রতি—অব—ঈক্ষ্+অ ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

প্রত্যভিজ্ঞা—স্মরণ বিঃ, চেনা, 'ইহা সেই' ইত্যাকার জ্ঞান, recognition. প্রতি—অভি—জ্ঞা+অঙ্ ভাব +আপ্। বি; স্ত্রী।

প্রত্যভিজ্ঞান—যাহা দ্বারা পরিচয় পাওয়া যায় এরূপ নিদর্শন বা চিহ্ন; যাহা দেখিলে কোন কিছু স্মরণ হয় তাহা। প্রতি—অভি—জ্ঞা+অনট্ করণ॥ বি; ক্লী। [প্রাদি। বি; ক্লী।

প্রত্যভিনন্দন—পালটা নমস্কার। প্রতিকৃত অভিনন্দন,

প্রত্যভিবাদন, প্রত্যভিবাদ—প্রতিনমস্কার। প্রতিকৃত অভিবাদন, অভিবাদ, প্রাদি। বি; ক্লী, পুং।

প্রত্যভিযোগ—পালটা নালিশ। প্রতিকৃত অভিযোগ, প্রাদি। বি; পুং।

প্রত্যয়—১। বিশ্বাস; নিশ্চয়জ্ঞান; শপথ; হেতু; আচার; প্রসিদ্ধি, খ্যাতি। প্রতি—ই+অচ্ ভাব। ২। রন্ধ্র, ছিদ্র। প্রতি—ই+অচ্ কর্ম। ৩। শব্দ বা ধাতুর উত্তর যে শব্দাংশ যোগ হইয়া বিশেষ অর্থ উৎপন্ন করে। প্রতি—ই+অচ্ করণ। বি; পুং।

প্রত্যয়হন্তা (-হন্তৃ)—বিশ্বাসঘাতক। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী, **-হন্ত্রী**।

প্রত্যয়িত—১। বিশ্বস্ত। প্রত্যয়+ইতচ্ জাতার্থে। ২। প্রতিগত। প্রতি—অয়্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

প্রত্যয়ী (-য়িন্)—বিশ্বাসী; বিশ্বাসকারী। প্রত্যয়+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-য়িনী**।

প্রত্যর্থী (-র্থিন্)—বিবাদী; বিপক্ষ; যাহার বিরুদ্ধে নালিশ করা হয়। প্রতি—অর্থ+ণিন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী **-র্থিনী**।

প্রত্যর্পণ—প্রতিদান; ফিরাইয়া দেওয়া। প্রতি—ঋ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রত্যর্পিত—প্রতিদত্ত; যাহা ফিরাইয়া দেওয়া হইয়াছে এমন। প্রতি—ঋ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

প্রত্যহ—প্রতিদিন, রোজ রোজ। অহে অহে (দিনে দিনে), অব্যয়ী (টচ্ সমাসান্ত)। অ।

প্রত্যাখ্যাত—নিরাকৃত; নিরস্ত; দূরীকৃত; অস্বীকৃত; নিরুৎসাহীকৃত। প্রতি—আ—খ্যা+ক্ত কর্ম। বিণ।

প্রত্যাখ্যান—ফেরত, গ্রহণ না করা, বিমুখ করা; নিরসন; নিরাকরণ; দূরীকরণ; অস্বীকার; উপেক্ষা, অনাদর। প্রতি—আ—খ্যা+অনট্ ভাব। বি; ক্লী। গম্+ক্ত কর্তৃ। বিণ।

প্রত্যাগত—প্রত্যাবৃত্ত; প্রতিনিবৃত্ত। প্রতি—আ—

প্রত্যাগমন—ফিরিয়া আসা, প্রত্যাবর্তন। প্রতি—আ—গম্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রত্যাঘাত—আঘাতের পরিবর্তে কৃত আঘাত। প্রতিকৃত আঘাত, প্রাদি। বি; পুং।

প্রত্যাদিষ্ট—প্রত্যাখ্যাত; নিরাকৃত; ত্যক্ত; প্রত্যাদেশ-প্রাপ্ত। প্রতি—আ—দিশ্+ক্ত কর্ম। বিণ।

প্রত্যাদেশ—প্রত্যাখ্যান; নিরাকরণ; পূর্বাদেশ খণ্ডন; প্রতিবন্ধ; পরিত্যাগ; জ্ঞাপন; দৈববাণী, ভক্তজনের প্রতি দেবতার আজ্ঞা। প্রতি—আ—দিশ্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রত্যানয়ন—ফিরাইয়া আনা; পুনরুদ্ধার। প্রতি—আ—নী+অনট্ ভাব। বি; ক্লী।

প্রত্যানীত—যাহা ফিরাইয়া আনা হইয়াছে এমন। প্রতি—আ—নী+ক্ত কর্ম। বিণ।

প্রত্যাবর্তন—১। প্রতিনিবর্তন; প্রতিনিবারণ। প্রতি—আ—বৃত্+ণিচ্ (=বর্তি—অবস্থিতি করানো) +অনট্ ভাব। ২। ফিরিয়া আসা। প্রতি—আ—বৃত্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রত্যাবৃত্ত—প্রত্যাগত; পুনরাবৃত্ত; যে ফিরিয়া আসিয়াছে এমন। প্রতি—আ—বৃত্+ক্ত কর্তৃ। বিণ।

প্রত্যায়ন—বিশ্বাসজনন; সত্য বলিয়া সমর্থন, attestation. প্রতি—ই+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রত্যালীঢ়—১। বাণ নিক্ষেপ সময়ে উপবেশন অর্থাৎ বাম পা মেলিয়া ডান পা মুড়িয়া বসা। প্রতি—আ—লিহ্+ক্ত ভাব। বি; ক্লী। ২। আস্বাদিত; ভুক্ত। প্রতি—আ—লিহ্+ক্ত কর্ম। বিণ।

প্রত্যাশা—কাজের বদলে অন্যের কাছ হইতে কিছু পাইবার আশা; ভরসা; প্রত্যয়। প্রতি—আ—অশ্+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী। বিণ—**প্রত্যাশিত**।

প্রত্যাশী (-শিন্)—যে প্রত্যাশা করে এমন। প্রত্যাশা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-শিনী**।

প্রত্যাসত্তি—নৈকট্য; অলৌকিক প্রত্যক্ষজনক সম্বন্ধ-মাত্র। প্রতি—আ—সদ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

প্রত্যাসন্ন—সন্নিহিত, নিকটবর্তী। প্রতি—আ—সদ্+ক্ত কর্তৃ। বিণ।

প্রত্যাহত—প্রতিবন্ধ; ব্যাহত; সংকুচিত; কুণ্ঠিত। প্রতি—আ—হন্+ক্ত কর্ম। বিণ।

প্রত্যাহরণ—ফিরাইয়া লওয়া; প্রত্যাবর্তন। প্রতি—আ—হৃ+অনট্ ভাব। বি; ক্লী।

প্রত্যাহার—১। ফিরাইয়া লওয়া; যোগাঙ্গ বিঃ; ঈশ্বরে মনোনিবেশার্থ বাহ্যসুখপরিহার; ইন্দ্রিয়-নিবর্তন। প্রতি—আ—হৃ+ঘঞ্ ভাব। ২। (সংস্কৃত ব্যাকরণে) কতকগুলি বর্ণকে সংক্ষেপে বুঝিবার জন্য অচ্ হল্ প্রঃ সংক্ষিপ্ত সংজ্ঞা। প্রতি—আ—হৃ+ঘঞ্ করণ। বি; পুং।

প্রত্যাহার্য—প্রত্যাহারযোগ্য; পুনর্গ্রহণযোগ্য। প্রতি—আ—হৃ+ণ্যৎ কর্ম। বিণ।

প্রত্যাহৃত—প্রত্যানীত; প্রত্যাকৃষ্ট; প্রত্যাহারের অন্ত-র্ভুক্ত। প্রতি—আ—হৃ+ক্ত কর্ম। বিণ।

প্রত্যুক্ত—প্রতিভাষিত, যাহার প্রত্যুত্তর দেওয়া হইয়াছে এমন। প্রতি—বচ্ বা ব্রূ+ক্ত কর্ম॥ বিণ।

প্রত্যুক্তি—প্রতিবচন, কথার জবাব, উত্তরদান। প্রতিগতা উক্তি, প্রাদি। বি; স্ত্রী। [স্বন্দ্ব। অ।

প্রত্যুত—পরন্তু; তাহা ত নয় বরং। প্রতি ও উত,

প্রত্যুত্তর—উত্তরের উত্তর; পালটা জবাব। প্রতিগত উত্তরকে, প্রাদি। বি; ক্লী।

প্রত্যুত্থান—অভ্যুত্থান, মান্য ব্যক্তি আসিলে উঠিয়া তাঁহাকে অভ্যর্থনা করা। প্রতি—উৎ—স্থা+অনট্ ভাব। বি; ক্লী।

প্রত্যুৎপন্ন—পুনরুৎপন্ন, পুনর্বার জাত; কার্যকালে

উপস্থিত; তৎক্ষণে উৎপন্ন। প্রতি—উৎ—পদ্+ক্ত কর্তৃ। বিণ।

প্রত্যুৎপন্নমতি—১। হঠাৎ কোন বিষয়ের নির্ণেতা; উপস্থিত বিষয়ে যাহার বুদ্ধি বিকশিত হয় এমন; প্রতিভান্বিত; অসাধারণধীশক্তিবিশিষ্ট; সূক্ষ্মদর্শী। প্রত্যুৎপন্না মতি যাহার, বহু। বিণ। বি, -ত্ব। ২। তৎক্ষণাৎ উপস্থিত বুদ্ধি, presence of mind. প্রত্যুৎপন্না (কার্যকালে উপস্থিত) মতি, কর্মধা। বি; স্ত্রী।

প্রত্যুদাহরণ—বিপরীত উদাহরণ। প্রতিদত্ত উদাহরণ, প্রাদি। বি; ক্লী। বিণ, -হৃত।

প্রত্যুদ্গমন—অভ্যর্থনার জন্য অগ্রসর হওয়া; বিদায়কালে সঙ্গে সঙ্গে কিছুদূর যাওয়া। প্রতি—উৎ—গম্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -গত।

প্রত্যুপকার—কোন ব্যক্তির উপকার করিলে সে উপকারীর যে উপকার করে তাহা, উপকারানুরূপ হিতানুষ্ঠান। প্রতিকৃত উপকার, প্রাদি। বি; পুং। বিণ—প্রত্যুপকৃত।

প্রত্যুপকারী (-কারিন্)—উপকারীর উপকারকারী। প্রতি—উপ—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -কারিণী।

প্রত্যূষঃ (যস্), **প্রত্যূষ**—প্রভাত, প্রাতঃকাল। প্রতি—উষ্+অস্ কর্তৃ; প্রতি—উষ্+ক কর্তৃ। বি; ক্লী, পুং।

প্রত্যেক—১। একে একে। একে একে, অব্যয়ী। অ। ২। এক এক করিয়া সমুদয়। বিণ।

প্রথম—আদিম, আদ্য; গোড়ার, শুরুর দিকের; মুখ্য, প্রধান, শ্রেষ্ঠ। প্রথ্+অমচ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -মা। **প্রথম কল্প**—মুখ্যনীতি, primary rule.

প্রথমতঃ (-তস্)—প্রথমে, অগ্রে। প্রথম+তস্ সপ্তম্যর্থে। অ।

প্রথা—রীতি; নিয়ম, প্রণালী; খ্যাতি প্রসিদ্ধি; বিস্তার। প্রথ্+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

প্রথানুসারে—রীতি-অনুসারে, পদ্ধতিমত, যেরূপ চলন আছে সেইমত। প্রথার অনুসার, ৬ষ্ঠীতৎ, তাহাতে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।

প্রথামত—রীতি-অনুসারে; পদ্ধতিমত; যেরূপ চলন আছে তদনুরূপ। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।

প্রথিত—প্রসিদ্ধ; প্রকৃষ্ট; বিস্তৃত। প্রথ্+ক্ত কর্তৃ। বিণ।

প্রথিতনামা (-নামন্)—নামজাদা, বিখ্যাত, যশস্বী। প্রথিত নাম (নামন্) যাহার, বহু। বিণ; পুং বা স্ত্রী। বিকল্পে স্ত্রী, -নাম্নী।

প্রথিতযশাঃ (-যশস্)—যশস্বী, যাহার যশ সর্বত্র ব্যাপ্ত হইয়াছে এমন। প্রথিত যশঃ (যশস্) যাহার, বহু। বিণ। [ভাবে। বি; পুং।

প্রথিমা (-মন্)—স্থূলত্ব, বিস্তার। পৃথু+ইমন্

-প্রদ—দাতা, দানকারী, যে প্রদান করে এরূপ ('ফল—')। প্র—দা+ক কর্তৃ বিণ।

প্রদক্ষিণ—১। পূজনীয় বা প্রিয় ব্যক্তির দক্ষিণ দিক্ হইতে চতুর্দিকে বেষ্টন; বন্দন, আরাধনা। দক্ষিণকে অবলম্বন করিয়া, অব্যয়ী। বি; ক্লী। ২। অতি অনুকূল; শুভলক্ষণযুক্ত; দক্ষিণপার্শ্বে স্থিত; দক্ষিণে গত। প্রকৃষ্টরূপে দক্ষিণ (অনুকূল), প্রাদি। বিণ। ৩। বেষ্টন করা, চারিদিকে ঘোরা। বাংপ্র। বি। [দা+ক্ত কর্ম। বিণ।

প্রদত্ত—সমর্পিত, যাহা দেওয়া হইয়াছে এরূপ। প্র—

প্রদন্ত—গজদন্ত, tusk. প্রাদি। বি।

প্রদর—স্ত্রীলোকের রোগ বিঃ, ঋতুকালে অধিক পরিমাণে শ্বেতবর্ণ স্রাব, leucorrhoea. প্র—দৃ+অপ্ করণ। বি; পুং।

প্রদর্শক—যে দেখায় এমন, প্রদর্শনকারী। প্র—দৃশ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -র্শিকা।

প্রদর্শন—উল্লেখ; দেখানো; সম্যক্রূপে দর্শন। প্র—দৃশ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রদর্শনী—যাহাতে বহু দর্শনীয় বস্তু সংগৃহীত হয় এমন মেলা, exhibition, show. প্র—দৃশ্+অনট্ অধি+ঈপ্। বি; স্ত্রী।

প্রদর্শশালা—জাদুঘর, museum. ৬ষ্ঠীতৎ; বি; স্ত্রী।

প্রদর্শিত—উল্লিখিত; যাহা দেখানো হইয়াছে এমন। প্র—দৃশ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

প্রদাতা (-দাতৃ)—প্রদানকারী। প্র—দা+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ত্রী। [অনট্ ভাব। বি; ক্লী।

প্রদান—দান, বিতরণ, অর্পণ, দেওয়া। প্র—দা+

প্রদায়ক—প্রদানকারী। প্র—দা+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িকা। [বিণ। স্ত্রী, -য়িনী।

প্রদায়ী (-য়িন্)—প্রদানকর্তা। প্র—দা+ণিন্ কর্তৃ।

প্রদাহ—জ্বালা, জ্বালাপোড়া; সন্তাপ; রোগাদির জন্য অঙ্গের স্ফীতি ও টাটানি, inflammation. প্র—দহ্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রদীপ—দীপ; বাতির জ্বলন্ত অগ্নিশিখা; আলোক; যাহা উজ্জ্বল করে। প্র—দীপ্+ক কর্তৃ। বি; পুং।

প্রদীপন—১। প্রকাশন; উদ্দীপন; উজ্জ্বলকরণ। প্র—দীপ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। উদ্দীপক; প্রকাশক; ঔজ্জ্বল্যকারী। প্র—দীপ্+ণিচ্+অনট্ কর্তৃ। বিণ। স্ত্রী, -নী।

প্রদীপালোক—বাতির আলো, দীপের আলো। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রদীপ্ত—প্রকাশিত; উজ্জ্বল। প্র—দীপ্+ক্ত কর্তৃ। বিণ। [স্ত্রী।

প্রদীপ্তি—প্রভা; প্রকাশ। প্র—দীপ্+ক্তি ভাব। বি;

প্রদৃপ্ত—উদ্ধত, অতি গর্বিত। প্রাদি। বিণ।

প্রদেয়—প্রদানযোগ্য। প্র—দা+যৎ কর্ম। বিণ।

প্রদেশ—স্থান; দেশ; রাজ্য; একদেশ; জিলা। প্র—দিশ্+ঘঞ্ অধি। বি; পুং।

প্রদেশপাল—রাজ্যপাল, রাজ্য বা প্রদেশের শাসনকর্তা, Provincial governor. উপতৎ; প্রদেশ—পা—ণিচ্+অণ্ কর্তৃ। বি; পুং।

প্রদোষ—সায়ংকাল, রাত্রি-আরম্ভের প্রথম চারিদণ্ডকাল; রাত্রি। প্রারব্ধা দোষা (রাত্রি) যাহাতে, বহু। বি; পুং।

প্রদোষকাল—সন্ধ্যাকাল। কর্মধা। বি; পুং।

প্রদ্যুম্ন—কৃষ্ণ-রুক্মিণীর পুত্র; কন্দর্প। প্র (প্রকৃষ্ট) দ্যুম্ন (সামর্থ্য) যাহার, বহু। বি; পুং।

প্রদ্যোত—আলোক, রশ্মি। প্র—দ্যুত্+অচ্ কর্তৃ। বি; পুং। বিণ—**প্রদ্যোতিত**।

প্রধান—১। শ্রেষ্ঠ, মুখ্য। বিণ। ২। ত্রিগুণাত্মিকা প্রকৃতি, জগতের মূলকারণ; বুদ্ধি; পরমেশ্বর; পরমাত্মা; শ্রেষ্ঠ সচিব। প্র—ধা+অনট্ কর্তৃ। বি; ক্লী। ৩। সেনাপতিদিগের অধ্যক্ষ; মোড়ল, মণ্ডল। প্র—ধা+অনট্ কর্ম। বি; পুং বা ক্লী।

প্রধানতঃ (-তস্)—বিশেষতঃ, প্রধানভাবে, মুখ্যতঃ। প্রধান+তস্ (৫মী-স্থানে)। অ।

প্রধাবিত—দ্রুত ধাবমান। প্র—ধাব্+ক্ত কর্তৃ। বিণ।

প্রধূপিত—সন্তাপিত, ক্লেশিত; প্রদীপ্ত। প্র—ধূপ্+ক্ত কর্ম। বিণ।

প্রধূমিত—জ্বলনোন্মুখ; প্রকৃষ্টধূমবিশিষ্ট। প্রধূম+ইতচ্ সংজ্ঞাতার্থে। বিণ। [বি—**প্রণাশ**।

প্রনষ্ট—মৃত; পলায়িত। প্র—নশ্+ক্ত কর্তৃ। বিণ।

প্রপঞ্চ—১। সমূহ; মায়া, illusion; সংসার। প্র—পন্চ্+ঘঞ্ কর্ম। ২। বিস্তার; ভ্রম; বঞ্চনা; বৈপরীত্য, উলটাভাব। প্র—পন্চ্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রপঞ্চময়—মায়াপূর্ণ; প্রতারণাময়। প্রপঞ্চ+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, -য়ী। [বিণ।

প্রপঞ্চিত—বিস্তৃত; ভ্রান্তিযুক্ত। প্র—পন্চ্+ক্ত কর্ম।

প্রপতন—সম্যক্ পতন; মৃত্যু; বিনাশ। প্র—পত্+অনট্ ভাব। বি; ক্লী। [বিণ।

প্রপন্ন—প্রাপ্ত; শরণাগত, আশ্রিত। প্র—পদ্+ক্ত কর্ম।

প্রপা—জলসত্র। প্র—পা+অঙ্ অপা+আপ্। বি; স্ত্রী।

প্রপাত—১। পর্বতাদির অত্যুচ্চস্থান বিঃ; ভৃগুদেশ; অত্যুচ্চ তীর; জলপ্রপাত, ঝরনা। প্র—পত্+ঘঞ্ অপা। ২। নির্ঝরপতন-স্থান। প্র—পত্+ঘঞ্ অধি। ৩। জলাদির পতন। প্র—পত্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রপান—জলসত্র। প্র—পা+অনট্ অধি। বি, ক্লী।

প্রপিতামহ—ব্রহ্মা; পিতামহের পিতা। প্রকৃষ্ট পিতামহ, প্রাদি। বি; পুং। [বি; স্ত্রী।

প্রপিতামহী—পিতামহের মাতা। প্রপিতামহ+ঈপ্।

প্রপীড়িত—যাহাকে উৎপীড়ন করা হইয়াছে এমন। প্র—পীড়্+ক্ত কর্ম। বিণ। [প্রাদি। বি; ক্লী।

প্রপূরণ—অনুপূরণ; অবশিষ্টাংশ পূর্ণ করণ।

প্রপৌত্র—পৌত্রের পুত্র। প্রগত (কারণরূপে) পৌত্রকে, প্রাদি। বি, পুং। [ঈপ্। বি; স্ত্রী।

প্রপৌত্রী—পৌত্রের কন্যা, নাতির মেয়ে। প্রপৌত্র+

প্রফুল্ল—প্রস্ফুটিত ('— কুসুম'); সহাস্য ('— মুখ'); প্রসন্ন ('— চিত্ত'), আনন্দযুক্ত। প্র—ফুল্ল্+অচ্ কর্তৃ। বিণ।

প্রফুল্লচিত্ত—১। আনন্দিত মন। কর্মধা। বি, ক্লী। ২। যাহার মনে আনন্দ হইয়াছে এমন। বহু। বিণ। [স্ত্রী।

প্রফুল্লতা—হর্ষ; প্রসন্নতা। প্রফুল্ল+তা ভাবে। বি;

প্রফুল্লিত—১। আনন্দিত; পুষ্পিত। প্র—ফুল্ল্+ক্ত কর্তৃ। ২। যাহাকে আনন্দিত করা হইয়াছে এমন। প্র—ফুল্ল্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। [বি।

প্রফেসর—কলেজের অধ্যাপক। <ইং 'professor'.

প্রবচন—১। বেদাদি শাস্ত্র। প্রকৃষ্ট বচন যাহাতে, বহু। ২। উত্তম বচন; প্রবাদবাক্য, proverb. প্রকৃষ্ট বা প্রচলিত বচন, প্রাদি। ৩। বেদার্থজ্ঞান। প্র—বচ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রবচনীয়—বিশেষভাবে বলিবার যোগ্য, প্রকৃষ্টরূপে বাচ্য, প্রকৃষ্টরূপে বচনীয়, প্রাদি। বিণ। [পুং।

প্রবঞ্চক—প্রতারক; ধূর্ত। প্র—বঞ্চ্+ণক কর্তৃ। বি;

প্রবঞ্চন, প্রবঞ্চনা—প্রতারণা, ঠকানো। প্র—বঞ্চ্+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী। বিণ—**প্রবঞ্চিত**।

প্রবণ—নত; রত; নম্র; যে সহজে কোনও অবস্থাধীন হয় এমন; আসক্ত; ক্রমনিম্ন; গড়ানিয়া; ঢালু; উন্মুখ; অভিমুখ; অনুকূল; ক্ষীণ; আয়ত্ত; নিপুণ; ত্বরিত; বিনীত; আহিত। প্র—বণ্+অচ্ কর্তৃ। বিণ। [ভাবে। বি; স্ত্রী।

প্রবণতা—প্রবৃত্তি, ঝোঁক, propensity. প্রবণ+তা

প্রবন্ধ—১। পরম্পরান্বিত রচনা, সন্দর্ভ; পরস্পরান্বিত বাক্যসমূহ। প্র—বন্ধ্+ঘঞ্ কর্ম। ২। অবিচ্ছেদ; আরম্ভ; পূর্বাপরসংগতি; প্রকৃষ্ট বন্ধন। প্র—বন্ধ্+ঘঞ্ ভাব। বি, পুং।

প্রবন্ধকার—প্রবন্ধের রচয়িতা। উপতৎ; প্রবন্ধ—কৃ+অণ্ কর্তৃ। বিণ।

প্রবর—১। গোত্র; সন্ততি; গোত্রপ্রবর্তক মুনি বিঃ। প্র—বৃ+অপ্ কর্ম। বি; পুং। ২। অত্যুত্তম, শ্রেষ্ঠ। প্রকৃষ্টরূপে বর, প্রাদি। বিণ।

প্রবর্তক—প্রবৃত্তিদায়ক; যে প্রবৃত্ত করে এমন; যে আরম্ভ করে এমন; প্রদর্শক; অনিবর্তক; অবিচ্ছেদকারী; প্রণেতা। প্র—বৃত্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -র্তিকা।

প্রবর্তন, প্রবর্তনা—নূতন সংস্থাপন বা প্রতিষ্ঠা ('ধর্ম—'); প্রবৃত্তি-দান, প্রেরণা; নিয়োজন; উত্তেজনা; আরম্ভ। প্র—বৃত্+ণিচ্+অনট্; ২য় পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

প্রবর্তমান—যে ব্যক্তি কোন কার্যে প্রবৃত্ত হইতেছে এমন। প্র—বৃত্+শানচ্ কর্তৃ। বিণ।

প্রবর্তয়িতা (-য়িতৃ)—প্রবর্তক; অনিবর্তক; অবিচ্ছেদকারী। প্র—বৃত্+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িত্রী।

প্রবর্তিত—চালিত; যাহাকে প্রবৃত্তি দেওয়া হইয়াছে এমন; উৎপাদিত; আরব্ধ; অপ্রত্যাবর্তিত; উত্তেজিত; প্রেরিত। প্র—বৃত্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

প্রবর্ধন—১। বৃদ্ধি পাওয়া। প্র—বৃধ্+অনট্ ভাব। ২। বাড়ানো। প্র—বৃধ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -র্ধিত। ৩। প্রবর্ধক, যাহা বা যে বাড়ায় এমন। প্র—বৃধ্+ণিচ্+অন কর্তৃ বা অনট্ করণ। বিণ।

প্রবল—সাতিশয় বলবান্; অত্যন্ত। প্রকৃষ্ট বল যাহার, বহু। বিণ। বি—**প্রবলতা, প্রবলত্ব, প্রাবল্য।**
প্রবলপরাক্রম—১। অত্যধিক বিক্রমযুক্ত। বহু। বিণ। ২। অত্যধিক বিক্রম। কর্মধা। বি; পুং।
প্রবলপরাক্রান্ত—অত্যধিক বিক্রমশালী। প্রবলরূপে পরাক্রান্ত, সুপ্। বিণ।
প্রবলপ্রতাপ—১। অত্যধিক বিক্রম। কর্মধা। বি; পুং। ২। অত্যধিক বিক্রমশালী। বহু। বিণ।
প্রবলপ্রতাপান্বিত—অতিশয় তেজস্বী, মহাপরাক্রান্ত। প্রবলপ্রতাপ দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ।
প্রবসন—স্থায়িভাবে বাসের জন্য বিদেশে যাওয়া, emigration. প্র—বস্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**প্রবাসিত।**
প্রবহ—১। সপ্তবায়ুর মধ্যে দ্বিতীয় বায়ু। প্র—বহ্+অচ্ কর্তৃ। ২। প্রবাহ। প্র—বহ্+অপ্ ভাব। বি; পুং।
প্রবহন—১। প্রবাহ; বহিয়া যাওয়া। প্র—বহ্+অনট্ ভাব। ২। যান; পোত; শকট বা ডুলি। প্র—বহ্+অনট্ করণ। বি; ক্লী।
প্রবহমান—প্রবাহযুক্ত; যাহা বহিয়া যাইতেছে এমন, flowing. প্র—বহ্+শানচ্ কর্তৃ। বিণ। (সংস্কৃত ব্যাকরণ মতে অশুদ্ধ পদ।) বিণ।
প্রবাচন—ঘোষণা; ইস্তাহার। প্র—বচ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। [বি; স্ত্রী।
প্রবাণী—তাঁতের মাকু। প্র—বে+অনট্ করণ+ঈপ্।
প্রবাদ—চলতি কথা; জনশ্রুতি; জনরব; পরম্পরাগত উক্তি; অপবাদ। প্রকৃষ্ট বাদ, প্রাদি। বি; পুং।
প্রবাদবচন—জনসাধারণের উক্তি। প্রবাদই বচন, কর্মধা। বি; ক্লী।
প্রবাল—বিদ্রুম, পলা, coral; নূতন পল্লব; বীণাদণ্ড; অঙ্কুর। প্র—বল্+ণ কর্তৃ। বি; পুং বা ক্লী।
প্রবালকীট—সমুদ্রসম্ভূত বিবিধবর্ণ কীট বিঃ। প্রবালনামক কীট, মধ্যপ। বি; পুং।
প্রবালদ্বীপ—প্রবালকীট দ্বারা রচিত দ্বীপ, দ্বীপে পরিণত স্তূপীভূত মৃত প্রবালকীটদেহ। প্রবাল-রচিত দ্বীপ, মধ্যপ। বি; পুং বা ক্লী।
প্রবালপ্রাচীর—প্রবাল সঞ্চয় দ্বারা গঠিত প্রাচীর, coral reef. মধ্যপ। বি; ক্লী।
প্রবালফল—রক্তচন্দন। প্রবালসদৃশ ফল যাহার, বহু। বি; ক্লী।
প্রবাস—১। বিদেশে স্থিতি, ভিন্নদেশে বাস। প্র—বস্+ঘঞ্ ভাব। ২। বিদেশ; বিদেশস্থ বাসস্থান। প্র—বস্+ঘঞ্ অধি। বি; পুং।
প্রবাসন—বিদেশে পাঠানো; নির্বাসন; মারণ, বধ। প্র—বস্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
প্রবাসিত—নির্বাসিত; যাহাকে বিদেশে পাঠানো হইয়াছে এমন; হত। প্র—বস্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
প্রবাসী (-সিন্)—বিদেশস্থ, বিদেশবাসী। প্রবাস+ইন্ আছে অর্থে; অথবা, প্র—বস্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-সিনী।**

প্রবাহ—স্রোত; ক্রমাগত চলন; অবিচ্ছেদ; অবিচ্ছেদে কার্যকরণ; ব্যবহার; প্রসার; বিস্তার। প্র—বহ্+ঘঞ্ ভাব। বি; পুং।
প্রবাহিকা—১। প্রকৃষ্টবহনকর্ত্রী। প্রবাহক+আপ্। বিণ; স্ত্রী। ২। গ্রহণী বা আমাশয় রোগ। প্র—ণিজন্ত বহ্ (=বাহি)+ণক কর্তৃ+আপ্। বি; স্ত্রী। [প্রবাহিন্+ঈপ্। বিণ; স্ত্রী।
প্রবাহিণী—১। নদী। বি; স্ত্রী ২। প্রবাহযুক্তা।
প্রবাহিত, প্রবাহী (-হিন্)—প্রবাহবিশিষ্ট। প্রবাহ+ইতচ্, ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -তা, **-হিণী।**
প্রবাহিত—উত্তমরূপে বাহিত বা চালিত। প্র—বহ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
প্রবাহী (-হিন্)—'প্রবাহিত' দ্রঃ।
প্রবিষ্ট—যাহা প্রবেশ করিয়াছে এরূপ; অন্তর্গত, অভিনিবিষ্ট। প্র—বিশ্+ক্ত কর্তৃ। বিণ।
প্রবীণ—বৃদ্ধ; নিপুণ; বিজ্ঞ; বহুদর্শী; আনন্দিত। প্র—বীণা+ণিচ্ (=বীণি নামধাতু—বীণা বাজানো) +অচ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ণা।**
প্রবীণতা—নিপুণতা; বিজ্ঞতা। প্রবীণ+তা ভাবে। বি; স্ত্রী।
প্রবীর—১। শ্রেষ্ঠ যোদ্ধা; প্রধান ব্যক্তি। প্র (প্রকৃষ্ট) যে বীর, কর্মধা। বি; পুং। ২। প্রধান, শ্রেষ্ঠ। প্রাদি। বিণ। ৩। **নীলধ্বজ** রাজার পুত্র। বি; পুং। [বুধ্+ক্ত কর্তৃ। বিণ।
প্রবুদ্ধ—জ্ঞানী; জাগরিত; উদ্বুদ্ধ; প্রফুল্ল। প্র—
প্রবৃত্ত—প্রবৃত্তিবিশিষ্ট; উৎপন্ন; চলিত; আরব্ধ, নিযুক্ত। প্র—বৃত্+ক্ত কর্তৃ। বিণ।
প্রবৃত্তি—স্পৃহা, অভিরুচি; চেষ্টা, ব্যাপৃত হওয়া; নিয়োগ; কাম্য কর্মের অনুষ্ঠান; প্রবাহ, গতি: ব্যাপার; উৎপত্তি; বৈখরী মধ্যমা পশ্যন্তী সূক্ষ্মা—এই চতুর্বিধ শব্দপ্রবৃত্তি। প্র—বৃত্+ক্তি ভাব, করণ। বি; স্ত্রী।
প্রবৃদ্ধ—অতিশয় বৃদ্ধিযুক্ত; অতি প্রাচীন; অতি বৃদ্ধ; বিস্তৃত। প্র—বৃধ্+ক্ত কর্তৃ। বিণ।
প্রবেশ—১। অন্তর্নিবেশ; ভিতরে যাওয়া। প্র—বিশ্+ঘঞ্ ভাব। ২। পথ। প্র—বিশ্+ঘঞ্ করণ। বি; পুং।
প্রবেশক—১। মধ্যে গমনশীল, প্রবেশকারী। প্র—বিশ্+ণক কর্তৃ। ২। যে প্রবেশ করায় এমন। প্র—বিশ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-শিকা।**
প্রবেশন—১। প্রবেশকরণ। প্র—বিশ্+অনট্ ভাব। ২। প্রবেশ করানো। প্র—বিশ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
প্রবেশপথ—রাস্তার মুখ; ভিতরে গমন করিবার পথ। প্রবেশের পন্থা (পথিন্), ৬ষ্ঠীতৎ (অচ্ সমাসান্ত)। বি; পুং।
প্রবেশিকা—১। যাহা দেখাইলে প্রবেশের অনুমতি পাওয়া যায়, টিকিট; প্রাথমিক পুস্তক। প্র—বিশ্+ঘঞ্ করণ+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী। ২। ভিতরে গমনকারিণী। প্রবেশক+আপ্। বিণ; স্ত্রী।
প্রবেশিকা পরীক্ষা—যে পরীক্ষায় উত্তীর্ণ হইলে

বিশ্ববিদ্যালয়ে প্রবেশাধিকার পাওয়া যায়, Matriculation or Entrance Examination. [বর্তমানে এই পরীক্ষাকে স্কুলের শেষ পরীক্ষা বা School Final Examination বলে।]

প্রবেশিত—যাহাকে প্রবেশ করানো হইয়াছে এমন। প্র—বিশ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। [-কর্ম। বিণ।

প্রবেশ্য—প্রবেশযোগ্য, permeable. প্র—বিশ্+ণ্যৎ

প্রবোধ—১। সান্ত্বনা, আশ্বাস। প্র—বুধ্+ণিচ্+ঘঞ্ ভাব। ২। জাগরণ; বিকাশ; জ্ঞান। প্র—বুধ্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রবোধন—জাগরিতকরণ; জ্ঞান দান; জ্ঞাপন, সান্ত্বনা দান; বোঝানো, উত্তেজনা; সুগন্ধি দ্রব্যের পূর্ব-গন্ধ-পুনরুৎপাদন। প্র—বুধ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রবোধিত—যাহাকে জাগানো হইয়াছে এরূপ; জ্ঞাপিত; উত্তেজিত, যাহাকে প্রবোধ দেওয়া হইয়াছে এরূপ; বিকাশিত। প্র—বুধ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। [বিণ।

প্রব্রজিত—প্রবাসগত, ভিক্ষু। প্র—ব্রজ্+ক্ত কর্তৃ।

প্রব্রজ্যা—সন্ন্যাসধর্ম, সন্ন্যাসী হইয়া ভ্রমণ; প্রবাস। প্র—ব্রজ্+ক্যপ্ ভাব+আপ্। বি: স্ত্রী।

প্রব্রাজন—নির্বাসন। প্র—ব্রজ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। [বিণ।

প্রব্রাজিত—নির্বাসিত। প্র—ব্রজ্+ণিচ্+ক্ত কর্ম।

-প্রভ—(বহুব্রীহি সমাসে উত্তরপদরূপে থাকিলে) সদৃশ, তুল্য: কোন কিছুর সমানপ্রভা-বিশিষ্ট ('অনল—')। বিণ।

প্রভঞ্জন—১। বায়ু; ঝড়। বি; পুং। ২। প্রকৃষ্ট-রূপে ভঞ্জনকারী। প্র—ভন্জ্+অন কর্তৃ। বিণ।

প্রভব—১। উৎপত্তি, জন্ম। প্র—ভূ+অপ্ ভাব। ২। প্রভাব; পরাক্রম; কারণ। প্র—ভূ+অপ্ করণ। ৩। উৎপত্তিস্থান, source; প্রকাশস্থান। প্র—ভূ+অপ্ অপা। বি; পুং। [শীলার্থে। বিণ।

প্রভবিষ্ণু—প্রভাবশালী, সমর্থ। প্র—ভূ+ইষ্ণু কর্তৃ,

প্রভা—দীপ্তি; তেজঃ; ঔজ্জ্বল্য, প্রকাশ। প্র—ভা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

প্রভাকর—সূর্য; চন্দ্র; সমুদ্র; অগ্নি। উপতৎ, প্রভা—কৃ+ট কর্তৃ; অথবা, প্রভার আকর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রভাত—১। প্রাতঃকাল, সকাল। প্র—ভা+ক্ত অধি। বি, ক্লী। ২। প্রভাযুক্ত। প্র—ভা+ক্ত কর্তৃ। বিণ।

প্রভাতফেরি—প্রভাতে রাজপথে গীত জনসাধারণের বিবিধ সংপ্রেরণাদায়ক গান। হি-ম। বি।

প্রভাতি—প্রভাতকালীন সংগীত; প্রভাত সম্বন্ধীয় কবিতা। প্রভাত+ই সম্বন্ধাদার্থে (বাংপ্র)। বি।

প্রভাতী—প্রভাতকালীন। বাংপ্র। বিণ।

প্রভাব—তেজঃ; যে শক্তি অপরকে চালিত করে, influence; প্রভুশক্তি; মহিমা; সামর্থ্য; উদ্ভব। প্রকৃষ্ট ভাব, প্রাদি। বি; পুং।

প্রভাবান্ (-বৎ)—দীপ্তিমান, প্রভাবিশিষ্ট। প্রভা+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -বতী।

প্রভাবান্বিত—যাহার প্রভাব আছে এমন। প্রভাব দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ।

প্রভাময়—জ্যোতিষ্মান্. দীপ্তিপূর্ণ। প্রভা+ময়ট্ ব্যাপ্ত্যর্থে, স্বরূপার্থে। বিণ। স্ত্রী, -য়ী।

প্রভাস—১। প্রকৃষ্ট-দীপ্তিশালী। প্র—ভাস্+অচ্ কর্তৃ। বিণ। ২। শ্রীকৃষ্ণের শেষ লীলাক্ষেত্র, সোমনাথ তীর্থ। বি; পুং।

প্রভিন্ন—বিভক্ত; বিদলিত; প্রস্ফুটিত; প্রকাশিত। প্র—ভিদ্+ক্ত কর্ম, কর্মকর্তৃ। বিণ।

প্রভু—১। মনিব, স্বামী; রাজা; বিষ্ণু; অষ্টম-মন্বন্তরীয় দেবগণ বিঃ। বি; পুং। ২। সমর্থ, শক্ত; শ্রেষ্ঠ। প্র—ভূ+ডু কর্তৃ। বিণ।

প্রভুতা, প্রভুত্ব—আধিপত্য; কর্তৃত্ব; প্রাধান্য; প্রভাব; স্বামিত্ব; সামর্থ্য; ঐশ্বর্য। প্রভু+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

প্রভুপরায়ণ—মনিবের প্রতি অনুরক্ত। প্রভু পর (শ্রেষ্ঠ) অয়ন (অবলম্বন) যাহার, বহু। বিণ। বি, -তা।

প্রভুপাদ—বৈষ্ণবদের ধর্মগুরুর নামোল্লেখকালে তৎপ্রতি সম্মানপ্রদর্শনের জন্য ব্যবহৃত শব্দ, His Holiness. বি; পুং। [-ভক্তি।

প্রভুভক্ত—প্রভুর প্রতি অনুরক্ত। ৬ষ্ঠীতৎ। বিণ। বি,

প্রভুশক্তি—প্রভাব; প্রতাপ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

প্রভুহন্তা (-হন্তৃ)—মনিবের প্রাণসংহারক। ৬ষ্ঠী-তৎ। বিণ। স্ত্রী, -হন্ত্রী। [বিণ।

প্রভূত—প্রচুর, বহু; উৎপন্ন; উন্নত। প্র—ভূ+ক্ত কর্তৃ।

প্রভৃতি—১। (শব্দের পরবর্তী হইলে) ইত্যাদি, তদাদি, এইরূপ সমস্ত। প্র—ভৃ+ক্তি কর্ম। বিণ। ২। অবধি, আরম্ভ। প্র—ভৃ+ক্তিচ্ কর্তৃ। অ।

প্রভেদ—বিভিন্নতা; বৈলক্ষণ্য; ভেদ; প্রকার; বিকাশ; প্রস্ফোটন। প্র—ভিদ্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রমত্ত—বিভোর, অত্যাসক্ত; মাতাল; অতি মত্ত; প্রমাদ-যুক্ত; অনবহিত। প্র—মদ্+ক্ত কর্তৃ। বিণ।

প্রমথ—শিবের অনুচর বিঃ; ঘোটক। প্র—মথ্+অচ্ কর্তৃ। বি; পুং।

প্রমথন—হত্যা, বধ; উন্মূলন; বিলোড়ন; মর্দন; যন্ত্রণা দেওয়া; ত্যাগ; পরিভব। প্র—মথ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—প্রমথিত।

প্রমথেশ—মহাদেব। প্রমথদিগের ঈশ (পতি), ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

প্রমদা—১। সুন্দরী, মনোহারিণী নারী; চতুর্দশা-ক্ষরপাদক ছন্দো বিঃ। প্র (উৎকৃষ্ট) মদ (রূপ-সৌভাগ্যার্জনিত গর্ব) যাহার, বহু+আপ্। বি; স্ত্রী। ২। মত্তা। প্রমদ (১)+আপ্। বিণ; স্ত্রী।

প্রমা—প্রমিতি, নিশ্চয় জ্ঞান। প্র—মা+অঙ্ করণ+আপ্। বি; স্ত্রী।

প্রমাই—আয়ুষ্কাল। < পরমায়ুঃ। বি।

প্রমাণ।—১। যাহা দ্বারা নিশ্চয়-জ্ঞান হয়, proof; প্রত্যক্ষ অনুমান উপমান শব্দ—এই চারি (এতদ্ভিন্ন বেদান্তমতে—অর্থাপত্তি ও অনুপলব্ধি নামে দুইটি অতিরিক্ত প্রমাণ আছে); সাক্ষী;

লেখ্য; শাস্ত্র; পরিমাণ; জ্ঞানসাধন ইন্দ্রিয়; চূড়ান্ত নিষ্পত্তির স্থল; যাহার কথা নির্বিচারে অভ্রান্ত বলিয়া মানিয়া লওয়া যায়, authority. প্র—মা+অনট্ করণ। বি; ক্লী। ২। সত্যবাদী; প্রধান; প্রমাতা। প্র—মা+অন কর্তৃ। বিণ। ৩। বিশ্বাস; যথার্থ জ্ঞান; নিশ্চয়। প্র—মা+অনট্ ভাব। বি; ক্লী। ৪। উপযুক্ত-পরিমাণ, পুরোহাতী, standard. ('—বস্ত্র')। বাংপ্র। ৫। (বহুব্রীহি সমাসে উত্তর-পদে) পরিমিত, মাপযুক্ত ('পর্বত—')। বিণ।

প্রমাণতঃ (-তস্)—প্রমাণ দেখিয়া, প্রমাণমতে। প্রমাণ+তস্ (পঞ্চম্যর্থে)। অ।

প্রমাণপঞ্জী—প্রমাণ-স্বরূপ আলোচিত গ্রন্থসমূহের তালিকা, bibliography. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

প্রমাণপত্র—প্রশংসাপত্র, certificate. মধ্যপ। বি; ক্লী।

প্রমাণপুরুষ—সালিশ। কর্মধা। বি; পুং।

প্রমাণসই, -সহি—পরিমাণমত; উপযুক্ত মাপের। ৭মী-তৎ (বাংপ্র)। বিণ।

প্রমাণসাপেক্ষ—যাহার জন্য প্রমাণ আবশ্যক হয় এরূপ, প্রমাণের অপেক্ষাযুক্ত। ৬ষ্ঠীতৎ। বিণ।

প্রমাণসিদ্ধ—প্রমাণিত; প্রমাণ দ্বারা স্থিরীকৃত। ৩য়া-তৎ। বিণ।

প্রমাণাভাব—প্রমাণ না থাকা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রমাণিত—প্রমাণদ্বারা স্থিরীকৃত; মীমাংসিত; নিশ্চিত। প্রমাণ+ইতচ্ যুক্তার্থে। বিণ।

প্রমাণীকৃত—প্রমাণিত। প্রমাণী (প্রমাণ+চ্বি)—কৃ+ক্ত কর্ম। বিণ। বি, **-করণ**।

প্রমাতা (-তৃ)—প্রমাণকারী। প্র—মা—তৃন্ কর্তৃ। বিণ; পুং। স্ত্রী—**প্রমাত্রী**।

প্রমাতামহ—মাতামহের পিতা। প্র (অগ্রগামী) মাতামহ, প্রাদি। বি; পুং। [স্ত্রী।

প্রমাতামহী—মাতামহের মাতা। প্রমাতামহ+ঈপ্। বি;

প্রমাথী (-থিন্)—পীড়াদায়ক; ক্লেশকর; ধ্বংস-কারী। প্র—মথ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-থিনী**।

প্রমাদ—ভ্রম; অসাবধানতা; বিস্মরণ; বিপদ্; অন্তঃ-করণের দৌর্বল্য। প্র—মদ্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রমাদী (-দিন্)—অসতর্ক। প্রমাদ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-দিনী**।

প্রমায়ু—আয়ুষ্কাল। <পরমায়ুঃ। বি। [বি।

প্রমারা—তাসের জুয়াখেলা। বিঃ। <পো 'primeiro'.

প্রমিত—পরিমিত; নিশ্চিত; জ্ঞাত। প্র—মা+ক্ত কর্ম। বিণ। বি—**প্রমিতি**।

প্রমীলা—১। নিমীলন; তন্দ্রা। প্র—মীল্+অ ভাব+আপ্। ২। ইন্দ্রজিতের পত্নী। বি; স্ত্রী।

প্রমীলিত—নিমীলিত, মুদ্রিত। প্র—মীল্+ক্ত কর্ম। বিণ।

-প্রমুখ—১। (সমাসে উত্তরপদে) প্রথম, প্রধান, শ্রেষ্ঠ; তদবধিক, প্রভৃতি, ইত্যাদি। বিণ। ২। আরম্ভ। প্রকৃষ্ট মুখ, প্রাদি। বি; ক্লী।

প্রমুখাৎ—মুখ হইতে। প্রমুখ+৫মী-স্থানে আৎ। অ। [মুদ্+ক্ত কর্তৃ। বিণ।

প্রমুদিত—আহ্লাদিত; প্রফুল্ল, বিকসিত। প্র—

প্রমূর্ত—রূপায়িত, অভিব্যক্ত; সুস্পষ্ট; সুস্পষ্ট-রূপে প্রকাশিত। প্রাদি। বিণ।

প্রমেয়—১। অবধার্য, যাহার প্রমাণ করা হয় এমন; যাহার প্রমাণ হইতে পারে এমন; পরিমেয়, পরিচ্ছেদ্য। বিণ। ২। শুদ্ধচৈতন্য; দেহেন্দ্রিয় বুদ্ধি প্রঃ। প্র—মা+যৎ কর্ম। বি; ক্লী।

প্রমেহ—মূত্রদোষ-রোগ বিঃ; জননেন্দ্রিয় হইতে পুঁজ ইঃর ক্ষরণরূপ ব্যাধি, gonorrhoea. প্র—মিহ্+ঘঞ্ ভাব বা করণ। বি, পুং।

প্রমোদ—আনন্দ, আমোদ, হর্ষ। প্র—মুদ্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রমোদকানন, -বন—ক্রীড়োদ্যান; রাজান্তঃপুর-সংলগ্ন উদ্যান; আনন্দকানন। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ। বি; ক্লী।

প্রমোদন—১। হৃষ্টকরণ। প্র—মুদ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। হৃষ্টকারক। প্র—মুদ্+ণিচ্+অন কর্তৃ। বিণ। [ক্লী।

প্রমোদভ্রমণ—হর্ষলাভের জন্য ভ্রমণ। মধ্যপ। বি,

প্রমোদিত—আমোদিত, আনন্দিত। প্রমোদ+ইতচ্ জাতার্থে। বিণ।

প্রযত—পবিত্র; সংযত; নিয়মবিশিষ্ট। প্র—যম্+ক্ত কর্তৃ। বিণ।

প্রযত্ন—অধ্যবসায়; প্রয়াস; প্রকৃষ্ট যত্ন; বর্ণের উচ্চারণার্থ ওষ্ঠ জিহ্বা তালু কণ্ঠ প্রঃর চেষ্টা। প্রকৃষ্ট যত্ন, প্রাদি। বি; পুং।

প্রয়াগ—১। গঙ্গা যমুনা সরস্বতী—এই তিন নদীর সংগমস্থান। প্রকৃষ্ট যাগ যেখানে, বহুব্রী। ২। উত্তম যজ্ঞ। প্রকৃষ্ট যাগ, প্রাদি। বি, পুং।

প্রয়াণ—যুদ্ধযাত্রা, প্রস্থান, গমন। প্র—যা+অনট্ ভাব। বি; ক্লী।

প্রয়াত—গত; প্রস্থিত। প্র—যা+ক্ত কর্তৃ। বিণ।

প্রয়াস—আয়াস, শ্রম; পরিশ্রমসহকারে চেষ্টা, প্রযত্ন; ইচ্ছা। প্র—যস্+ঘঞ্ ভাব। বি, পুং।

প্রয়াসলভ্য—বিশেষরূপ পরিশ্রম ও যত্নের দ্বারা অধিগম্য। ৩য়াতৎ। বিণ।

প্রয়াসী (-সিন্)—যত্নবান্; চেষ্টাযুক্ত; অভিলাষী; প্রত্যাশী। প্রয়াস+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-সিনী**।

প্রযুক্ত—১। নিযুক্ত, অনুষ্ঠিত; উৎপাদিত; অর্পিত; প্রেরিত; রচিত; উল্লিখিত; উচ্চারিত; উদাহৃত; যাহা ধার দেওয়া হইয়াছে এমন। প্র—যুজ্+ক্ত কর্ম। ২। উৎপন্ন; নিমগ্ন। প্র—যুজ্+ক্ত কর্তৃ। বিণ। ৩। জন্য, হেতু। বাংপ্র। অ।

প্রযুক্তি—প্রয়োগ; শব্দের উচ্চারণ বিঃ; শিল্পাদিতে প্রয়োগ কৌশল, technique; উত্তম যুক্তি; প্রেরণ। প্র—যুজ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

প্রযুক্তিবিদ্যা—শিল্পাদিতে প্রয়োগ কৌশল সংক্রান্ত বিদ্যা, technology. মধ্যপ। বি; স্ত্রী।

প্রযুজ্যমান—যাহা প্রয়োগ করা হইতেছে এমন। প্র—যুজ্+শানচ্ কর্ম। বিণ।

প্রযোক্তা (-যোক্তৃ)—প্রয়োগকর্তা; প্রবর্তক; অনু-

ষ্ঠাতা; ঋণদাতা। প্র—যুজ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ত্রী।

প্রয়োগ—খাটানো; উদাহরণ; প্রবর্তন; অনুষ্ঠান; ফল; অভিনয়; যন্ত্র; অর্পণ; ঋণদান; নিদর্শন; উল্লেখ; নিয়োগ। প্র—যুজ্+ঘঞ্ ভাব, কর্ম। বি; পুং।

প্রয়োজক—প্রয়োজনকারী, প্রবর্তক; অনুষ্ঠানকারী; প্রেরক; কর্তা; অভিনয়ার্থ নাটক বা চলচ্চিত্রকে যিনি দর্শনযোগ্যরূপে প্রস্তুত করিয়া দর্শকের সম্মুখে উপস্থাপিত করেন তিনি, producer. প্র—যুজ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -**জিকা**।

প্রযোজক-ক্রিয়া—যে ক্রিয়া একের নির্দেশে অপরের দ্বারা সাধিত হয়, causative verb. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

প্রয়োজন—১। দরকার; দরকারী কাজ; হেতু; উদ্দেশ্য। প্র—যুজ্+অনট্ করণ। ২। প্রয়োগকরণ; প্রবর্তন; প্রস্তুতি। প্র—যুজ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রয়োজনাতিরিক্ত—যাহা দরকার তাহা অপেক্ষা বেশী। প্রয়োজন হইতে অতিরিক্ত, ৫মীতৎ। বিণ।

প্রয়োজনানুরূপ—দরকারমত, আবশ্যকমত। প্রয়োজনের অনুরূপ, ৬ষ্ঠীতৎ। বিণ।

প্রয়োজনীয়—কার্যোপযোগী, আবশ্যক। প্র—যুজ্+অনীয় কর্ম। বিণ। বি, -**তা**।

প্রয়োজ্য—১। যাহাকে প্রয়োগ করা যায় এরূপ, প্রয়োগযোগ্য; কর্তব্য। বিণ। ২। ভৃত্য। বি; পুং। ৩। মূলধন। প্র—যুজ্+ণ্যৎ কর্ম। বি; ক্লী।

প্ররূঢ়—অঙ্কুরিত; উৎপন্ন; বদ্ধমূল; প্রসিদ্ধ। প্র—রুহ্+ক্ত কর্তৃ। বিণ।

প্ররোচক—উৎসাহদানকারী; প্রবর্তক, উত্তেজক। প্র—রুচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -**চিকা**।

প্ররোচন, প্ররোচনা—উত্তেজনা দেওয়া, উসকানো; রুচি-সম্পাদন; উৎসাহন। প্র—রুচ্+ণিচ্+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী। বিণ—**প্ররোচিত**।

প্ররোহ—১। অঙ্কুর; মূল; বট প্রঃ বৃক্ষের নামলা, ঝুরি। প্র—রুহ্+অচ্ কর্তৃ। ২। উৎপত্তি; আরোহণ। প্র—রুহ্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্ররোহিত, প্ররোহী (-হিন্)—প্ররোহবিশিষ্ট; অঙ্কুরিত। প্ররোহ+ইতচ্, ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**তা**, -**হিণী**।

প্রলপন—অর্থশূন্য কথা বলা, প্রলাপ। প্র—লপ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**প্রলপিত**।

প্রলম্ব—১। উদ্ভিদের অঙ্কুর; শাখা; বৃক্ষাদির ঝুরি; লম্বমান বস্তু; স্ত্রী-স্তন; হার বিঃ। প্র—লম্ব্+অচ্ কর্তৃ। ২। প্রলম্বন, ঝোলা। প্র—লম্ব্+ঘঞ্ ভাব। বি; পুং। ৩। অত্যন্ত লম্বমান। প্র—লম্ব্+অচ্ কর্তৃ। বিণ।

প্রলম্বন—১। ঝোলা। প্র—লম্ব্+অনট্ ভাব। ২। উদ্গত অংশ, projection. প্র—লম্ব্+অন কর্তৃ। বি; ক্লী।

প্রলম্বিত—যাহা ঝুলিয়া পড়িয়াছে এমন, লম্বমান। প্র—লম্ব্+ক্ত কর্তৃ। বিণ।

প্রলয়—১। কল্পান্ত, ব্রহ্মাণ্ডের বিনাশ। প্র—লী+অচ্ অধি, ভাব। ২। মৃত্যু; ধ্বংস, নাশ; ক্ষয়; মূর্ছা। প্র—লী+অচ্ ভাব। বি; পুং। **পলকে প্রলয়**—মুহূর্তের মধ্যে ভয়ানক কাণ্ড বা অনর্থপাত।

প্রলয়ংকর—সংহারক, সৃষ্টিনাশকারী; ধ্বংসকারী। 'ভয়ংকর'-শব্দের অনুকরণে গঠিত শব্দ। উপতৎ; প্রলয়—কৃ+খ কর্তৃ। বিণ। স্ত্রী, -**রী**।

প্রলয়পয়োধি—সৃষ্টিনাশকালীন সমুদ্র। প্রলয়কালীন পয়োধি, মধ্যপ। বি; পুং।

প্রলয়মেঘ—প্রলয়কালীন মেঘের ন্যায় ভয়ংকর মেঘ। প্রলয়োচিত বা প্রলয়কালীন মেঘ, মধ্যপ। বি; পুং।

প্রলয়ান্ধকার—সৃষ্টিনাশকালীন অন্ধকারের ন্যায় ভীষণ অন্ধকার; সৃষ্টিনাশকালীন অন্ধকার। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ। বি; পুং।

প্রলাপ—অনর্থক বাক্য, উন্মত্ত প্রঃর ন্যায় কথা বলা; রোগের উপসর্গ বিঃ; বিলাপ। প্র—লপ্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রলাপী (-পিন্)—প্রলপনশীল, প্রলাপকারী। প্র—লপ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**পিনী**।

প্রলীন—প্রলয়প্রাপ্ত; দ্রবীভূত; চেষ্টাশূন্য। প্র—লী+ক্ত কর্তৃ। বিণ।

প্রলুব্ধ—অতিশয় লোভযুক্ত। প্র—লুভ্+ক্ত কর্তৃ। [বিণ।

প্রলেপ—১। লেপন, মাখানো। প্র—লিপ্+ঘঞ্ ভাব। ২। লেপনদ্রব্য, যাহা লেপিয়া লাগানো হয়। প্র—লিপ্+ঘঞ্ করণ। বি; পুং।

প্রলেপক—প্রলেপকর্তা; প্রকৃষ্টরূপে লেপনকারী। প্র—লিপ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -**পিকা**।

প্রলোভ—অতিশয় লালসা; লাভেচ্ছা। প্রকৃষ্ট লোভ প্রাদি। বি; পুং। বিণ—**প্রলুব্ধ**।

প্রলোভন—১। লোভ দেখানো। প্র—লুভ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। লোভপ্রদর্শক। বিণ। ৩। লোভজনক বস্তু বা বিষয়; লোভজনকতা, temptation. প্র—লুভ্+ণিচ্+অন কর্তৃ। বি; পুং। বিণ—**প্রলোভিত**।

প্রশংসন, প্রশংসা—স্তুতি, স্তব, গুণকীর্তন; ধন্যবাদ। প্র—শন্স্+অনট্ ভাব; পক্ষে অ ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

প্রশংসনীয়—প্রশংসাযোগ্য, সুখ্যাতিভাজন। প্র—শন্স্+অনীয় কর্ম। বিণ।

প্রশংসা—'প্রশংসন' দ্রঃ।

প্রশংসাপত্র—প্রশংসাসূচক লিখন, কাহারও কার্যক্ষমতা ইঃ গুণের বর্ণনাযুক্ত পত্র। প্রশংসাসূচক পত্র, মধ্যপ। বি; ক্লী।

প্রশংসাবাদ—স্তুতিবাদ, গুণকথন, গুণের কথার আলোচনা। প্রশংসাসূচক বাদ, মধ্যপ। বি; পুং।

প্রশংসিত—যাহাকে প্রশংসা করা হইয়াছে এমন। প্র—শন্স্+ক্ত কর্ম। বিণ।

প্রশম—১। শান্তি, উপশম; বৈরাগ্য; নির্বাণ;

অবসাদ। প্র—শম্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। শান্ত। প্র—শম্+অচ্ কর্তৃ। বিণ।

প্রশমন—হনন, বধ; নিবারণ; অনুরঞ্জনাদি দ্বারা শান্ত করা; শান্তি। প্র—শম্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রশমিত—নিবারিত; কমানো; ক্ষার বা অম্লগুণ-বর্জিত, neutral. প্র—শম্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

প্রশস্ত—১। প্রশংসনীয়; শ্রেষ্ঠ; উদার। প্র—শন্স্+ক্ত কর্ম। ২। চওড়া; বড়; বিস্তৃত। বাংপ্র। বিণ। বি, -তা।

প্রশস্তি—প্রশংসা; গুণাখ্যান; আশীর্বাদ; বর্ণনা। প্র—শন্স্+ক্তি ভাব। বি; স্ত্রী।

প্রশস্য—প্রশংসাযোগ্য, প্রশংসনীয়; শ্রেষ্ঠ। প্র—শন্স্+ণ্যৎ কর্ম। বিণ।

প্রশাখা—ছোট ডাল, শাখা হইতে নির্গত শাখা। প্রগতা শাখাকে, প্রাদি। বি; স্ত্রী।

প্রশান্ত—প্রকৃষ্টরূপে শমতাপ্রাপ্ত; সুস্থির অচঞ্চল; নিবৃত্ত। প্র—শম্+ক্ত কর্তৃ। বিণ।

প্রশান্তচিত্ত—১। স্থিরান্তঃকরণবিশিষ্ট শান্ত-চেতাঃ। বহু। বিণ। ২। স্থির অন্তঃকরণ। কর্মধা। বি; ক্লী। [বি: স্ত্রী।

প্রশান্তি—সম্পূর্ণ উপশম। প্র—শম্+ক্তি ভাব।

প্রশাসন—আইন; বিধান; কড়া শাসন। প্রাদি। বি; ক্লী। [প্রাদি। বি; পুং।

প্রশিষ্য—শিষ্যের শিষ্য। প্র (পরবর্তী) শিষ্য,

প্রশ্ন—জিজ্ঞাসা, অনুযোগ; যাহা জিজ্ঞাসা করা হয়; উপনিষদ্ বিঃ। প্রচ্ছ্+নঙ্ ভাব। বি; পুং।

প্রশ্নকর্তা (-কর্তৃ)—জিজ্ঞাসাকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -কর্ত্রী।

প্রশ্নপত্র—পরীক্ষার প্রশ্নের কাগজ, যাহাতে প্রশ্ন লেখা থাকে সেই কাগজ। প্রশ্নপূর্ণ পত্র, মধ্যপ। বি; ক্লী।

প্রশ্নোত্তর—১। জিজ্ঞাসার জবাব। ৬ষ্ঠীতৎ। ২। জিজ্ঞাসা এবং উত্তর। দ্বন্দ্ব। বি; ক্লী।

প্রশ্বাস—নাসিকা দ্বারা যে বায়ু গ্রহণ করা যায় তাহা, নাসিকাগত বায়ু। প্র—শ্বস্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রশ্রয়—আশকারা, আবদার রক্ষা; প্রণয়দান; স্নেহ-যুক্ত সম্মান; বিনয়; বিশ্বাস। প্র—শ্রি+অচ্ ভাব। বি; পুং। [বিণ।

প্রষ্টব্য—প্রশ্নযোগ্য, জিজ্ঞাস্য। প্রচ্ছ্+তব্য কর্ম।

প্রষ্টা (-ষ্টৃ)—প্রশ্নকারক; জিজ্ঞাসু। প্রচ্ছ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—প্রষ্ট্রী।

প্রসক্ত—আসক্ত; অবিরত; সংলগ্ন; প্রস্তাবিত। প্র—সন্জ্+ক্ত কর্তৃ। বিণ।

প্রসক্তি—আসক্তি; প্রণয়; উৎসাহ; প্রসঙ্গ; প্রবৃত্তি; আপত্তি; ব্যাপ্তি। প্র—সন্জ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

প্রসঙ্গ—সম্পর্ক; সম্বন্ধ; সংগতি; আপত্তি; প্রসক্তি; প্রস্তাব। প্র—সন্জ্+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রসঙ্গকোষ—কোন কিছুর সহিত সম্পর্কিত বিষয়ের বিবরণ-পুস্তক, book of reference. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রসঙ্গক্রমে—প্রস্তাবিত বিষয়ের সহিত সংস্রব রাখিয়া; সংগতিক্রমে। প্রসঙ্গের ক্রম, ৬ষ্ঠীতৎ, তাহাতে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।

প্রসঙ্গতঃ (-তস্)—প্রসঙ্গক্রমে। প্রসঙ্গ+তস্ ৩য়ার্থে। অ; ক্রি-বিণ।

প্রসঙ্গান্তর—আলোচ্য বিষয় হইতে ভিন্ন বিষয়; ভিন্ন প্রসঙ্গ। অন্য প্রসঙ্গ, নিত্য। বি; ক্লী।

প্রসন্ন—সন্তুষ্ট; শান্ত ও প্রফুল্ল; অনুকূল; স্বচ্ছ; নির্মল। প্র—সদ্+ক্ত কর্তৃ। বিণ।

প্রসন্নতা—হর্ষ; অনুগ্রহ; প্রসাদ; প্রফুল্লতা; স্বচ্ছতা; নির্মলতা; উজ্জ্বলতা। প্রসন্ন+তা ভাবে। বি; স্ত্রী। [যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

প্রসন্নসলিলা—নির্মলজলপূর্ণা। প্রসন্ন · সলিল

প্রসব—১। উৎপাদন; সন্তান জন্মানো, গর্ভমোচন; ৬ৎপত্তি, জন্ম; বিস্তার। প্র—সু+অপ্ ভাব। ২। সন্তান; ফল; পুষ্প। প্র—সু+অপ্ কর্ম। ৩। কারণ। প্র—সু+অপ্ অপা। বি; পুং।

প্রসববেদনা—সন্তান-প্রসব-সময়ের যন্ত্রণা। প্রসব-কালীন বেদনা, মধ্যপ। বি, স্ত্রী।

প্রসবিত্রী, প্রসবিনী—প্রসবকারিণী; জননী। প্র—সু+তৃন্, ইন্ কর্তৃ+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।

প্রসর—১। বিস্তার; ব্যাপ্তি; চলন; বেগ। প্র—সৃ+অপ্ ভাব। বি; পুং। ২। গমনশীল। প্র—সৃ+অচ্ কর্তৃ। বিণ।

প্রসরণ—শত্রুপক্ষের চতুর্দিকে বেষ্টন; ইতস্ততঃ গমন; ব্যাপ্তি; উৎপত্তি; বিস্তার; স্বার্থপ্রবৃত্তি। প্র—সৃ+অনট্ ভাব। বি; ক্লী।

প্রসর্পণ—প্রসরণ; গমন; ব্যাপ্তি; বিস্তার; সন্তরণ। প্র—সৃপ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রসাদ—১। অনুগ্রহ; প্রসন্নতা; স্বচ্ছতা; নির্মলতা; প্রসক্তি; সৌম্যভাব; স্বাস্থ্য। প্র—সদ্+ঘঞ্ ভাব। ২। কাব্যের গুণ বিঃ, প্রসিদ্ধার্থপদতা [যে স্থলে পাঠমাত্রই অর্থবোধ হয়, অথচ বর্ণিত বিষয়-সম্বন্ধে চিত্তে স্থায়ী ভাব অঙ্কিত হয় এবং গ্রাম্য-শব্দ ব্যবহৃত হয় না, সেই স্থলের ভাষাকেই প্রসাদগুণবিশিষ্ট বলে; যথা—"এমন পবিত্র স্থান, বাতাসে জুড়ায় প্রাণ, অজানা আবেশে করে হৃদয় শিথিল"—গোবিন্দ]; দেবনিবেদিত দ্রব্য; গুরু-জনের ভুক্তাবশেষ। প্র—সদ্+ঘঞ্ করণ। বি; পুং।

প্রসাদন—১। প্রসন্নতাসম্পাদন; সন্তুষ্টকরণ। প্র—সদ্+ণিচ্+অনট্ ভাব। ২। অন্ন। প্র—সাদি+অন কর্তৃ। বি; ক্লী।

প্রসাদনা—সেবা, পরিচর্যা। প্র—সদ্+ণিচ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।

প্রসাদপুষ্ট—অনুগ্রহে পালিত। ৩য়াতৎ। বিণ।

প্রসাদপ্রার্থী (-প্রার্থিন্)—যে ভক্তাবশিষ্ট পাইতে চায় এমন; অনুগ্রহপ্রার্থী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -প্রার্থিনী।

প্রসাদাৎ—কৃপায়; অনুগ্রহে। সংস্কৃত হেতুত্ববোধক পঞ্চমীবিভক্তিযুক্ত শব্দ। অ।

প্রসাদী—পূজনীয় ব্যক্তির ভুক্তাবশিষ্ট; দেবতার নিকট উৎসর্গীকৃত বা নিবেদিত। প্রসাদ+ঈ সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।

প্রসাধক—প্রসাধনকারী; সম্পাদক। প্র—সাধ্+স্বার্থে ণিচ্ বা সিধ্+ণিচ্+ণক কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-ধিকা**।

প্রসাধন—**১**। অলংকরণ, সাজানো; বেশভূষা সম্পাদন; সাধন, সম্পাদন; কণ্টকশোধন; প্রকৃষ্ট নিষ্পত্তি। প্র—সাধ্, সিধ্+ণিচ্+অনট্ ভাব। **২**। সজ্জাবস্তু, অলংকার। প্র—সাধ্, সিধ্+ণিচ্+অনট্ করণ। বি, ক্লী। বিণ—**প্রসাধিত**।

প্রসাধনী—প্রসাধনদ্রব্য; চিরুনি, কাঁকুই। প্র—সিধ্+ণিচ্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।

প্রসাধিত—সজ্জিত, অলংকৃত, সম্পাদিত, পরিষ্কৃত। প্র—সাধ্, সিধ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। বি—**প্রসাধন**।

প্রসার—বিস্তার; প্রসরণ; ইতস্ততঃ গমন; গমন; নির্গম। প্র—সৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রসারণ—বিস্তারকরণ, expansion প্র—সৃ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রসারিত—বিস্তারিত; ব্যাপিত; সম্পাদিত; অলংকৃত। প্র—সৃ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

প্রসারী (-সারিন্)—প্রসরণশীল, বিসারী; ব্যাপী। প্র—সৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-রিণী**।

প্রসার্য—যাহা না ভাঙ্গিয়া টানিয়া লম্বা করা যায় এমন, ductile. প্র—সৃ+ণিচ্+যৎ কর্ম। বিণ। বি, **-তা**।

প্রসার্যমাণ—যাহাকে প্রসারিত করা হইতেছে এমন। প্র—সৃ+ণিচ্+শানচ্ কর্ম। বিণ।

প্রসিদ্ধ—বিখ্যাত; উন্নত; ভূষিত। প্র—সিধ্+ক্ত কর্তৃ। বিণ।

প্রসিদ্ধি—**১**। খ্যাতি, প্রতিপত্তি; জনশ্রুতি; বহুজনের অবগতি; সিদ্ধি। প্র—সিধ্+ক্তি ভাব। **২**। ভূষা। প্র—সিধ্+ক্তি করণ। বি; স্ত্রী।

প্রসীদ—প্রসন্ন হও। কপ্র; সংস্কৃত ক্রি।

প্রসুপ্ত—নিদ্রিত। প্রকৃষ্টরূপে সুপ্ত, প্রাদি। বিণ।

প্রসূ—মাতা; প্রসবিনী ('রত্ন—')। প্র—সূ+ক্বিপ্ কর্তৃ। বি; স্ত্রী। [কর্মকর্তৃ। বিণ।

প্রসূত—উৎপাদিত; উৎপন্ন, জাত। প্র—সূ+ক্ত কর্ম,

প্রসূতা—**১**। উৎপাদিতা। প্র—সূ+ক্ত কর্ম+আপ্। **২**। যাহার সন্তান জন্মিয়াছে এমন। প্র—সূ+ক্ত কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী। **৩**। জাতসন্তানা স্ত্রী। প্রসূত+অচ্ বিশিষ্টার্থে+আপ্। বি; **স্ত্রী**।

প্রসূতি, প্রসূতিকা—জাতাপত্যা, যে স্ত্রীর নব সন্তান হইয়াছে এমন। প্র—সূ+ক্তিচ্ কর্তৃ; পক্ষে স্বার্থে কন্+আপ্। বি বা বিণ; স্ত্রী।

প্রসূতি—**১**। মাতা। প্র—সূ+ক্তি অপা। **২**। প্রসব; উৎপত্তি। প্র—সূ+ক্তি ভাব। বি; **স্ত্রী**। [ক্লী।

প্রসূন—পুষ্প; মুকুল; ফল। প্র—সূ+ক্ত কর্ম। বি;

প্রসূনিত—পুষ্পিত। প্রসূন+ইতচ্ জাতার্থে। বিণ।

প্রসৃত—বিস্তৃত। প্র—সৃ+ক্ত কর্তৃ। বিণ। বি—**প্রসৃতি**। [বিণ।

প্রসৃষ্ট—বিশেষরূপে সৃষ্ট। প্র—সৃজ্+ক্ত কর্ম।

প্রস্ত—টা, খানা, পদ, দফা। বাংপ্র। বি।

প্রস্তর—পাথর; উপল, শিলা; মণি; পল্লবাদিরচিত শয্যা। প্র—স্তৄ+অচ্ কর্তৃ। বি; পুং।

প্রস্তরনির্মিত—পাথর দ্বারা তৈয়ারী, শিলাময়। ৩য়াতৎ। বিণ।

প্রস্তরফলক—স্লেট; পাথরের ফালি; যে পাথরের ফালির উপরে নাম খোদাই করা হয় তাহা। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লীব। [গঠিত। ৬ষ্ঠীতৎ। বি।

প্রস্তরমণ্ডল—ভূ-ত্বকের যে অংশ প্রস্তরদ্বারা

প্রস্তরময়—প্রস্তরনির্মিত; পাথর-বিছানো; পাষাণ-ময়। প্রস্তর+ময়ট্ বিকার বা অবয়ব অর্থে। বিণ। স্ত্রী, **-য়ী**।

প্রস্তরমূর্তি—পাথর দ্বারা গঠিত প্রতিমূর্তি। প্রস্তরগঠিতা মূর্তি, মধ্যপ। বি; স্ত্রী।

প্রস্তরযুগ—যে যুগে কেবল প্রস্তরের ব্যবহার প্রচলিত ছিল, ইতিহাসের আদিম যুগ, Stone Age. ৬ষ্ঠীতৎ। বি।

প্রস্তরীভবন—পাথরে পরিণত হওয়া। প্রস্তর+অভূততদ্ভাবার্থে চ্বি (=প্রস্তরী)—ভূ+অনট্ ভাব। বি; ক্লী।

প্রস্তরীভূত—পাথরে পরিণত। প্রস্তর+চ্বি অভূততদ্ভাবার্থে (=প্রস্তরী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

প্রস্তাব—কথার উত্থাপন; প্রসঙ্গ; প্রকরণ; বিবেচনা বা আলোচনার জন্য উত্থাপিত মত, proposal, motion; অবসর, সুযোগ; সামবেদের অবয়ব বিঃ। প্র—স্তু+ঘঞ্ ভাব। বি; পুং।

প্রস্তাবনা—আরম্ভ; নাটকের গোড়াতেই নাটকের বিষয় সম্বন্ধে সংক্ষিপ্ত আলোচনা, prologue; পুস্তকের ভূমিকা। প্র—স্তু+ণিচ্+অন ভাব, কর্ম+আপ্। বি; স্ত্রী।

প্রস্তাবিত—যাহার প্রস্তাব করা হইয়াছে এমন। প্র—স্তু+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

প্রস্তার—**১**। বিস্তার। প্র—স্তৃ+ঘঞ্ ভাব। **২**। সমূহ। প্র—স্তৃ+ঘঞ্ কর্ম। **৩**। তৃণবন; পুষ্পশয্যা; তৃণশয্যা। প্র—স্তৃ+ঘঞ্ করণ। বি; পুং।

প্রস্তুত—নির্মিত; কৃত; আরব্ধ; উল্লিখিত। উদ্যুক্ত; সতর্ক; উপস্থিত; প্রশংসিত; প্রাসঙ্গিক; প্রকৃষ্টস্তুতিযুক্ত; প্রতিপন্ন। প্র—স্তু+ক্ত কর্ম। বিণ।

প্রস্তুতি—নির্মাণ; অভিনয়োপযোগী নাটক রচনা; মুদ্রাক্ষর-বিন্যাস; উন্মুখতা; আয়োজন, উদ্যোগ। প্র—স্তু+ক্তি ভাব। বি; স্ত্রী।

প্রস্থ—**১**। সমতল প্রদেশ; পর্বতের উপরিস্থ সমতল ভূমি, সানু। প্র—স্থা+ক অধি। **২**। চওড়ার মাপ; পরিসর, বিস্তার। প্র—স্থা+ক ভাব। বি; পুং।

৩। দফা, শ্রেণী; পোশাকের সমূহ। বাংপ্র। বি।
প্রস্থচ্ছেদ—আড়াআড়ি ভাবে কাটা, cross section. প্রস্থদিকে ছেদ, সুপ্। বি; পুং।
প্রস্থান—গমন; যাত্রা; পন্থতি। প্র—স্থা+অনট্ ভাব। বি; ক্লী।
প্রস্থাপন—পাঠানো; নিয়োগ। প্র—স্থা+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-পিত**। [বিণ।
প্রস্থিত—গত, যে গিয়াছে এমন। প্র—স্থা+ক্ত কর্তৃ।
প্রস্ফুট, প্রস্ফুটিত—প্রকাশিত, বিকসিত। প্র—স্ফুট্+ক, ক্ত কর্তৃ। বিণ।
প্রস্ফুটন—ফুটিয়া ওঠা, বিকশন। প্র—স্ফুট্+অনট্ ভাব। বি; ক্লী।
প্রস্ফুরক—উজ্জ্বল মৌলিক পদার্থ বিঃ, phosphorus. প্র—স্ফুর্+ক কর্তৃ+কন্ স্বার্থে। বি।
প্রস্ফুরণ—স্পন্দন, ঈষৎ কম্পিত হওয়া। প্র—স্ফুর্+অনট্ ভাব। বি; ক্লী। [ক্ত কর্তৃ। বিণ।
প্রস্ফুরিত—ঈষৎ কম্পযুক্ত, স্পন্দিত। প্র—স্ফুর্+
প্রস্ফোটন—প্রস্ফুটিত হওয়া; প্রকাশিত হওয়া; তাড়ন; বিদারণ; পক্ক হওয়া। প্র—স্ফুট্+অনট্ ভাব। বি; ক্লী।
প্রস্বাপন—১। নিদ্রাজনক। প্র—ণিজন্ত স্বপ্ = স্বাপি+অন কর্তৃ। বিণ। ২। নিদ্রাকর্ষক পৌরাণিক অস্ত্র বিঃ। বি; ক্লী।
প্রস্বেদন—ত্বক্‌ছিদ্র দিয়া শ্বাসকার্য সম্পাদন। প্র—স্বিদ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
প্রস্রবণ—১। উৎস, নির্ঝর। প্র—স্রু+অনট্ অপা। ২। স্বেদন; ক্ষরণ। প্র—স্রু+অনট্ ভাব। বি; ক্লী।
প্রস্রাব—১। মূত্র, মুত। প্র—স্রু+ঘঞ্ কর্ম। ২। প্রকৃষ্টরূপে ক্ষরণ। প্র—স্রু+ঘঞ্ ভাব। বি; পুং।
প্রস্রুত—ক্ষরিত, গলিত। প্র—স্রু+ক্ত কর্তৃ। বিণ।
প্রহত—১। বিস্তৃত; নিকটস্থ। প্র—হন্+ক্ত কর্তৃ। ২। আহত; গুণিত; ধ্বনিত; পরাজিত; ক্ষুণ্ণ; মাড়ানো; তাড়িত। প্র—হন্+ক্ত কর্ম। বিণ।
প্রহর—দিবারাত্রির অষ্টম ভাগ, যাম। প্র—হৃ+ঘ অধি, সংজ্ঞার্থে। বি; পুং।
প্রহরণ—১। অস্ত্র; কর্ণীরথ, স্ত্রীলোকাদির বহনার্থ আচ্ছাদিত শকট। প্র—হৃ+অনট্ করণ। ২। প্রহার। প্র—হৃ+অনট্ ভাব। বি; ক্লী।
প্রহরা—পাহারা, চৌকি। <প্রহর। বি।
প্রহরার্ধ—একপ্রহরের অর্ধেক। ষষ্ঠীতৎ। বি; ক্লী।
প্রহরী (-রিন্)—চৌকিদার, যামিক, পাহারাওয়ালা। প্রহর+ইন্ আছে অর্থে। বি; পুং। স্ত্রী, **-রিণী**।
প্রহর্তা (-র্তৃ)—প্রহারকারী। প্র—হৃ+তৃন্ কর্তৃ। বিণ; পুং। স্ত্রী, **-র্ত্রী**।
প্রহর্ষ—অত্যধিক আনন্দ; উত্তেজনা। প্র—হৃষ্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ—**প্রহৃষ্ট**।
প্রহর্ষণ—আহ্লাদজনক। প্র—হৃষ্+ণিচ্+অন কর্তৃ; অথবা, প্র—হৃষ্+অনট্ করণ। বিণ। স্ত্রী, **-ণা, -ণী**।
প্রহসন—১। হাস্যরসপ্রধান ক্ষুদ্র নাট্যগ্রন্থ বিঃ। প্র—হস্+অনট্ অধি। ২। অতিহাস্য; ব্যঙ্গোক্তি, পরিহাস। প্র—হস্+অনট্ ভাব। বি; ক্লী।
প্রহার—আঘাত, নিগ্রহ ('— দেওয়া')। প্র—হৃ+ঘঞ্ ভাব। বি; পুং।
প্রহারী (-রিন্)—প্রহারকারী ("প্রহারী জনেরে কেন এতেক সম্মান"—কাশী)। প্র—হৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-রিণী**।
প্রহাস—উচ্চ হাস্য। প্র—হস্+ঘঞ্ ভাব। বি; পুং।
প্রহৃত—১। প্রহার। প্র—হৃ+ক্ত ভাব। বি; ক্লী। ২। নিগৃহীত; আহত। প্র—হৃ+ক্ত কর্ম। বিণ।
প্রহৃষ্ট—অতিশয় আহ্লাদিত। প্র—হৃষ্+ক্ত কর্তৃ। বিণ। স্ত্রী, **-ষ্টা**।
প্রহেলিকা—কূটপ্রশ্ন, হেঁয়ালি। প্র—হিল্+অক (ক্বুন্) কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
প্রহ্লাদ—১। দৈত্যরাজ হিরণ্যকশিপুর হরিভক্ত পুত্র। প্র—হ্লাদ্+ণিচ্+অচ্ কর্তৃ। ২। আহ্লাদ, আনন্দ। প্র—হ্লাদ্+ঘঞ্ ভাব। বি; পুং।
প্রাইজ—পুরস্কার। <ইং 'prize'. বি।
প্রাইমারী—প্রাথমিক, প্রথমকার; প্রাথমিক বিদ্যালয়ের পাঠ্য। <ইং 'primary'. বিণ।
প্রাংশু—লম্বা, দীর্ঘ, উন্নতকায়। প্রকৃষ্ট অংশু যাহার, বহু। বিণ।
প্রাক্ (প্রাচ্)—১। পূর্বে, প্রথমে, অগ্রে। অ। ২। পূর্ববর্তী। প্র—অন্চ্+কিন্ কর্তৃ। বিণ; ক্লী। পুং—**প্রাঙ্**। স্ত্রী—**প্রাচী**।
প্রাকরণিক—আলোচনার বিষয়ীভূত। প্রকরণ+ইক প্রাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, **-কী**।
প্রাকাম্য—অণিমাদি অষ্টবিধ ঐশ্বর্যের অন্তর্গত ঐশ্বর্য বিঃ, স্বচ্ছন্দানুবর্তিতারূপ ঐশ্বর্য, ভোগেচ্ছা পূর্ণ করিবার ক্ষমতা; যথেচ্ছাচারিত্ব। প্রকাম+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
প্রাকার—১। প্রাচীর; বেষ্টন; বেড়া। প্র—কৃ+ঘঞ্ কর্ম। ২। সর্বতোভাবে বিস্তার। প্র—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।
প্রাকৃত—১। নীচ, অধম। প্রকৃষ্ট অকৃত (অপকার্য) যাহার, বহু। বিণ। ২। সংস্কৃতজাত প্রাচীন ভাষা বিঃ। বি; ক্লী। ৩। নৈসর্গিক, স্বাভাবিক; প্রকৃতি সম্বন্ধীয়; স্বভাবসিদ্ধ; সাধারণ; প্রজা সম্বন্ধীয়। প্রকৃতি+অণ্ আগতাদ্যর্থে। বিণ। স্ত্রী, **-তী**। **প্রাকৃত ইতিবৃত্ত**—প্রকৃতিবিষয়ক বৃত্তান্ত অর্থাৎ পৃথিবী ও তদুৎপন্ন বস্তুসমূহের বিবরণ, Natural History. [প্রাণিবিদ্যা, ধাতুবিদ্যা, উদ্ভিদ্‌বিদ্যা প্রঃ বিদ্যা সকল প্রাকৃত ইতিবৃত্তের অন্তর্গত।]
প্রাকৃতভূগোল—যে ভূগোলবৃত্তান্ত দ্বারা পৃথিবীর জলস্থলবিভাগ পর্বতাদির বিবরণ, ভিন্ন ভিন্ন প্রদেশের জলবায়ু ও তদুৎপন্ন দ্রব্যাদির বিষয় জানা যায় তাহা, Physical Geography.
প্রাকৃতিক—স্বাভাবিক, প্রকৃতি সম্বন্ধীয়। প্রকৃতি+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**। **প্রাকৃতিক**

বিজ্ঞান—যে শাস্ত্র হইতে প্রকৃতির কার্যবিষয়ক জ্ঞান জন্মে তাহা, Natural Science.
প্রাক্‌কলন—পূর্ব হইতে কৃত হিসাব, estimate. প্রাক্‌কৃত কলন, মধ্যপ। বি; ক্লীব।
প্রাক্‌কলনিক—যে পূর্ব হইতে হিসাব করিয়া স্থির করে, estimator. প্রাক্‌কলন+ইক করে অর্থে। বি; পুং, বা বিণ। [কাল, কর্মধা। বি; পুং।
প্রাক্কাল—পূর্ব সময়, পূর্ববর্তী কাল। প্রাক্ যে
প্রাক্কালিক—পূর্বকালে কর্তব্য; পূর্বকালে সম্পাদিত বা জাত। প্রাক্কাল+ইক ভবাদি অর্থে। বিণ। স্ত্রী, -কী।
প্রাক্কালীন—১। পূর্বকালের, পুরাতন। প্রাক্কাল+ঈন ভবার্থে। বিণ। ২। পূর্ব সময়ে। বাংপ্র। ক্রি-বিণ।
প্রাক্তন—১। পূর্বকালীন; পূর্বজন্মার্জিত, জন্মান্তরীণ। প্রাক্ (পূর্ব)+তন (ট্যু+তুট্) ভবার্থে। বিণ। স্ত্রী, -নী। ২। অদৃষ্ট, ভাগ্য; ললাটলিপি। বি; ক্লী। [বি; ক্লী।
প্রাখর্য—প্রখরতা, তীক্ষ্ণতা। প্রখর+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
প্রাগল্‌ভ্য—প্রগল্‌ভতা, ঔদ্ধত্য; তেজস্বিতা। প্রগল্‌ভ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
প্রাগুক্ত—যাহা আগে বলা হইয়াছে এমন। প্রাক্ উক্ত, সুপ্। বিণ।
প্রাগৈতিহাসিক—যে সময় পর্যন্ত ইতিহাস পাওয়া যায় তাহার পূর্বের, ইতিহাসপূর্ব, prehistoric. প্রাগৈতিহাস+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।
প্রাগ্‌জ্যোতিষ—১। কামরূপ। প্রাক্ জ্যোতিষ (দীপ্তি) যাহাতে, বহু। ২। কামরূপের লোক। প্রাগ্‌জ্যোতিষ+অণ্ তদধিবাসী অর্থে। বি; পুং।
প্রাগ্‌বিধান—পূর্ব হইতে সাবধানতা অবলম্বন, precaution. প্রাক্‌কৃত বিধান, মধ্যপ। বি; ক্লী।
প্রাঙ্গণ—অঙ্গন, উঠান; গৃহভূমি। প্র—অন্‌গ্+অনট্ অধি; অথবা, প্রকৃষ্ট অঙ্গন, প্রাদি। বি; ক্লী।
প্রাঙ্‌মুখ—পূর্বাস্য, যাহার মুখ পূর্বদিকে এমন। প্রাক্ মুখ যাহার, বহু। বিণ। স্ত্রী, -মুখা, মুখী।
প্রাচী—১। পূর্বদিক্; পুঁজ্য-পুজকের মধ্যবর্তী স্থান। বি; স্ত্রী। ২। পূর্ববর্তিনী। প্রাচ্+ঈপ্। বিণ; স্ত্রী।
প্রাচীন—পূর্ব: পূর্বকালীন, পুরাতন; বৃদ্ধ; প্রাচ্য, পূর্বদেশীয়। প্রাচ্ (পূর্ব)+ঈন ভবার্থে। বিণ। বি, -তা, -ত্ব।
প্রাচীর—ভিত্তি; দেওয়াল, পাঁচিল; বেষ্টন, বেড়া। প্র—আ—চি+ক্রন্ কর্ম। বি; ক্লী।
প্রাচীর-চিত্রণ—দেওয়ালের গায়ে নানারূপ ছবি আঁকা, wall-painting. ৭মীতৎ। বি; ক্লী।
প্রাচুর্য—পর্যাপ্তি, আধিক্য। প্রচুর+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
প্রাচ্য—১। পূর্বদেশীয়; পূর্বদিক্‌স্থ। বিণ। ২। পূর্বদেশ [বর্তমানে প্রাচ্য বলিতে সাধারণতঃ এশিয়া ও আফ্রিকা মহাদেশকে বুঝায়]। প্রাচ্ (পূর্ব)+যৎ ভবার্থে। বি; পুং। **প্রাচ্য ভাষা**—পূর্বদেশে অর্থাৎ এশিয়া মহাদেশে প্রচলিত ভাষা। [অনট্ করণ। বি; ক্লী।
প্রাজন—পশুতাড়ন যষ্টি; পাঁচনবাড়ি। প্র—অজ্+
প্রাজাপত্য—১। অষ্টবিধ বিবাহান্তর্গত বিবাহ বিঃ। বি; পুং। ২। দ্বাদশ-দিবসসাধ্য ব্রত বিঃ; রোহিণীনক্ষত্র। প্রজাপতি (ব্রহ্ম)+ণ্য তদ্দেবতার্থে। ৩। প্রজাপতির ভাব বা কর্ম। প্রজাপতি +ষক্ ভাবে, কর্মার্থে। বি; ক্লী।
প্রাজ্ঞ—১। বিজ্ঞ, দক্ষ, নিপুণ। বিণ। স্ত্রী, -জ্ঞা, -জ্ঞী (পত্নী অর্থে)। ২। পণ্ডিত। প্রজ্ঞা+ণ (আছে অর্থে); অথবা, প্রজ্ঞ+অণ্ স্বার্থে। বি; পুং।
প্রাঞ্জল—সহজ, সোজা; নির্মল; উজ্জ্বল; সুখসেব্য। প্র—অন্‌জ্+অলচ্ কর্তৃ। বিণ।
প্রাঞ্জলি—বদ্ধাঞ্জলি, কৃতাঞ্জলি। প্র (প্রকৃষ্টরূপে) কৃত অঞ্জলি যৎকর্তৃক, বহু। বিণ।
প্রাড্‌বিবাক্, **-বিবেক**—রাজ্যের প্রধান বিচারক, chief justice ব্যবহারদর্শী, জজ। প্রাট্ বিবাক্, বিবেক, কর্মধা। বি; পুং।
প্রাণ—জীবন; হৃদয়, মন; হৃদয়স্থ বায়ু; বায়ু; বল; প্রাণ অপান সমান উদান ব্যান—দেহস্থ এই পঞ্চ বায়ু; ব্রহ্মা। প্র—অন্+ঘঞ্ করণ। বি; পুং। **প্রাণ উড়িয়া যাওয়া**—অতিশয় ভীতির সঞ্চার হওয়া; একান্ত বিহ্বলতা উপস্থিত হওয়া। **প্রাণ টানা**—আগ্রহ জন্মানো; মন আকৃষ্ট হওয়া ("প্রেমে তার প্রাণ টানে না"—গিরিশ ঘোষ)। **প্রাণ পড়িয়া থাকা**—কাহারও বা কিছুর জন্য বিশেষ চিন্তিত থাকা; উদ্‌গ্রীব থাকা। **প্রাণ পোড়া**—বিচ্ছেদব্যথা অনুভব করা, কাহারও বিচ্ছেদে মনে মনে কষ্ট পাওয়া। **প্রাণ হাতে করিয়া**—মৃত্যু ঘটিতে পারে সে কথা জানিয়া, বিশেষ ঝুঁকি লইয়া। [৬ষ্ঠীতৎ। বি; পুং।
প্রাণকান্ত—প্রণয়ী, নায়ক; স্বামী। প্রাণের কান্ত,
প্রাণকৃষ্ণ—জীবনসম বা জীবনাধিক শ্রীকৃষ্ণ, প্রাণতুল্য কৃষ্ণ বা প্রাণাধিক কৃষ্ণ, মধ্যপ। বি; পুং।
প্রাণগতিকে—কোনপ্রকারে। বাংপ্র। ক্রি-বিণ।
প্রাণত্যাগ—মরিয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
প্রাণদণ্ড—মৃত্যুরূপ দণ্ড বা শাস্তি, বধ। প্রাণহর দণ্ড, মধ্যপ। বি; পুং।
প্রাণদাতা (-দাতৃ)—জীবনদানকারী, জীবনরক্ষক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -দাত্রী। [ক্লী।
প্রাণদান—প্রাণরক্ষা, প্রাণ বাঁচানো। ৬ষ্ঠীতৎ। বি;
প্রাণধন—জীবনের ধনস্বরূপ; অতি প্রিয় বস্তু। ৬ষ্ঠীতৎ বা রূপক কর্মধা। বি; ক্লী।
প্রাণধারণ—বাঁচিয়া থাকা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
প্রাণনাথ—পতি, স্বামী; প্রণয়ী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
প্রাণনাশ, **-বধ**—হত্যা; মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
প্রাণপণ—১। জীবনপণ। কর্মধা। বি; পুং। ২। যাহাতে জীবন ত্যাগ করিতেও প্রস্তুত হওয়া

যায় এমন। প্রাণ পণ যাহাতে, বহু। বিণ। ক্রি-বিণ —প্রাণপণে।

প্রাণপাত—১। মৃত্যু; জীবনত্যাগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। যাহাতে মৃত্যু হইতে পারে এমন, কঠোর ('—পরিশ্রম')। প্রাণের পাত যাহাতে, বহু। বিণ। [যাহাতে, বহু। বিণ।

প্রাণপ্রতিম—জীবনতুল্য প্রিয়। প্রাণের প্রতিমা

প্রাণপ্রতিষ্ঠা—মন্ত্রপাঠপূর্বক দেবমূর্তিতে প্রাণসঞ্চার বা দেবতার অধিষ্ঠান সম্পাদন; জীবনসঞ্চার। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

প্রাণপ্রদ—জীবনদায়ক। উপতৎ; প্রাণ—প্র—দা+ক কর্তৃ। বিণ।

প্রাণপ্রিয়—জীবনতুল্য বা ততোধিক ভালবাসার পাত্র। মধ্যপ বা ৫মীতৎ। বিণ।

প্রাণবঁধু—সখা; জীবনতুল্য প্রিয় প্রণয়ী। প্রাণতুল্য বা প্রাণাধিক বঁধু <বন্ধু, মধ্যপ। বি; পুং।

প্রাণবধ—'প্রাণনাশ' দ্রঃ।

প্রাণবন্ত—প্রাণময়; সহৃদয়। বাংপ্র। বিণ।

প্রাণবল্লভ—জীবনস্বামী। প্রাণের বল্লভ, ৬ষ্ঠীতৎ; অথবা; প্রাণতুল্য বা প্রাণাধিক বল্লভ, মধ্যপ। বি; পুং।

প্রাণবান্ (-বৎ)—জীবনযুক্ত; সহৃদয়। প্রাণ+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**বতী**।

প্রাণবায়ু—বায়ুরূপ জীবন; দেহাভ্যন্তরস্থ প্রাণনামক বায়ু। কর্মধা অথবা মধ্যপ। বি; পুং।

প্রাণ-বিয়োগ—মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রাণ-বিসর্জন—মৃত্যু, জীবনত্যাগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [মধ্যপ। বি; স্ত্রী।

প্রাণবৃত্তি—জীবনধারক কার্য, vital-function.

প্রাণভয়—জীবননাশের আশঙ্কা। মধ্যপ। বি; ক্লী।

প্রাণময়—জীবন্ত, সজীব; স্ফূর্তিযুক্ত; জীবনসর্বস্ব। প্রাণ+ময়ট্ ব্যাপ্ত্যর্থে, স্বরূপার্থে বিণ। স্ত্রী, -**য়ী**। [বি; পুং।

প্রাণময়কোষ—পঞ্চপ্রাণ ও পঞ্চকর্মেন্দ্রিয়। কর্মধা।

প্রাণযাত্রা—জীবনযাত্রা, প্রাণধারণোপায়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বিণ।

প্রাণশূন্য, -হীন—মৃত; উদ্দীপনাহীন। ৩য়াতৎ।

প্রাণসংশয়—১। মৃত্যুর আশঙ্কা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। জীবননাশের আশঙ্কাযুক্ত। প্রাণের সংশয় যাহাতে, বহু। বিণ।

প্রাণসংহার—হত্যা, বধ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রাণসংহারক—হত্যাকারী; মৃত্যুজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -**রিকা**।

প্রাণসখা—প্রাণতুল্য প্রিয় বন্ধু। মধ্যপ (ব্যাকরণমতে —প্রাণসখ)। বি; পুং। স্ত্রী, -**সখী**।

প্রাণসঞ্চার—জীবনদান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

প্রাণসম—জীবনতুল্য। ৬ষ্ঠীতৎ। বিণ।

প্রাণহন্তা (-হন্তৃ)—জীবনবিনাশক, হত্যাকারী। ৬ষ্ঠীতৎ। বিণ।

প্রাণহর, -হারক, -হারী (-রিন্)—জীবননাশক, সাংঘাতিক। ৬ষ্ঠীতৎ। বিণ।

প্রাণহীন—'প্রাণশূন্য' দ্রঃ।

প্রাণাচার্য—শ্রেষ্ঠ কবিরাজ, অভিজ্ঞাত চিকিৎসক। প্রাণরক্ষক আচার্য, মধ্যপ। বি; পুং।

প্রাণাত্যয়—মৃত্যু। প্রাণের অত্যয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৫মীতৎ। বিণ। স্ত্রী, -**কা**।

প্রাণাধিক—জীবন হইতে বেশী, জীবনাধিক প্রিয়।

প্রাণান্ত—জীবনান্ত, মৃত্যু ('—কর'); অত্যধিক কষ্ট। প্রাণের অন্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রাণান্তকর—মৃত্যুজনক; অত্যন্ত কঠোর ('—পরিশ্রম')। উপতৎ; প্রাণান্ত—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -**রী**।

প্রাণান্তপরিচ্ছেদ—দুঃখের চরম; অতিশয় পরিশ্রম বা কষ্ট, মৃত্যুতে যাহা শেষ হয় এমন। প্রাণান্ত পরিচ্ছেদ যাহার, বহু। বিণ।

প্রাণায়াম—নাসিকার দ্বারা পূরক কুম্ভক ও রেচক ক্রিয়া। প্রাণ—আ—যম্+ঘঞ্ করণ। বি; পুং।

প্রাণারাম—হৃদয়ের আনন্দদায়ক, প্রাণে সুখদায়ক। প্রাণের আরাম যাহা হইতে, বহু। বিণ।

প্রাণিকুল—সমগ্র প্রাণিজগৎ; প্রাণিসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি; ক্লী।

প্রাণিজগৎ—সমস্ত জীবজন্তু; জীবজগৎ। ৬ষ্ঠীতৎ।

প্রাণিতত্ত্ব, -বিদ্যা—প্রাণিগণের আকার প্রকার ও স্বভাব পরিজ্ঞাপিকা বিদ্যা, zoology. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।

প্রাণিতত্ত্ববিৎ (-বিদ্)—প্রাণিতত্ত্বজ্ঞ। উপতৎ; প্রাণিতত্ত্ব—বিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ।

প্রাণিবিদ্যা—'প্রাণিতত্ত্ব' দ্রঃ।

প্রাণিবিদ্যাবিৎ (-বিদ্)—প্রাণিতত্ত্বজ্ঞ। উপতৎ; প্রাণিবিদ্যা—বিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ।

প্রাণিহিংসা—জীবহত্যা; জীবহত্যার চেষ্টা; প্রাণীর অনিষ্টচেষ্টা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

প্রাণী (প্রাণিন্)—জীব, জন্তু। প্রাণ+ইন্ আছে অর্থে। বি; পুং।

প্রাণেশ, প্রাণেশ্বর—পতি, ভর্তা। প্রাণের ঈশ, ঈশ্বর (প্রভু), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রাণেশ্বরী—ভার্যা; প্রিয়তমা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

প্রাত—প্রাতঃকাল। <প্রাতর্। বি।

প্রাতঃ—'প্রাতর্' দ্রঃ। [—**প্রাতঃকালীন**।

প্রাতঃকাল—সকালবেলা। কর্মধা। বি; পুং। বিণ

প্রাতঃকৃত্য—শয্যাকৃত্য; শৌচাদি ক্রিয়া; প্রাতঃকালীন সন্ধ্যা-বন্দনাদি কর্তব্য-কর্ম। প্রাতঃ (প্রাতঃকালে) কৃত্য (কর্তব্য-কর্ম), সুপ্‌। বি; ক্লী।

প্রাতঃক্রিয়া—সকালবেলার হাতমুখ-ধোওয়া ও শৌচাদি ক্রিয়া; প্রাতঃকালীন সন্ধ্যা-বন্দনাদি। সুপ্‌। বি; স্ত্রী। [বি; পুং।

প্রাতঃপ্রণাম—সকালবেলায় কৃত নমস্কার। সুপ্‌।

প্রাতঃসন্ধ্যা—১। পূর্বসন্ধ্যা, প্রত্যূষ। প্রাতঃই সন্ধ্যা, কর্মধা। ২। প্রাতঃকালে উপাস্যা সন্ধ্যা, প্রাতঃকালীন সন্ধ্যাকৃত্য। প্রাতরুপাস্যা সন্ধ্যা, মধ্যপ। বি; স্ত্রী। [গাহন। সুপ্‌। বি; ক্লী।

প্রাতঃস্নান—ভোরবেলায় নাওয়া, প্রাতঃকালে অব-

প্রাতঃস্মরণীয়—পুণ্যশ্লোক; প্রাতঃকালে স্মরণ-যোগ্য। সুপ্‌। বিণ।

প্রাতর্‌, প্রাতঃ—প্রভাত। প্র—অত্‌+অরু কর্তৃ। অ।

প্রাতরাশ, প্রাতর্ভোজন—প্রাতঃকালীন ভোজন, breakfast. প্রাতঃ আশ, ভোজন, সুপ্‌। বি; পুং, ক্লী।

প্রাতর্বাক্য—প্রথম কথা; প্রভাতে উক্ত আশীর্বচনাদি। প্রাতঃ উচ্চারিত বাক্য, মধ্যপ। বি; ক্লী।

প্রাতিকূল্য—বিরুদ্ধতা, প্রতিকূলতা। প্রতিকূল+ ষ্যঞ্‌ ভাবে। বি; ক্লী।

প্রাতিপদিক—বিভক্তিশূন্য ব্যক্তিবাচক কিংবা বিশেষণ-বাচক শব্দ, নাম, লিঙ্গ। প্রতিপদ+ইক ভবার্থে। বি; ক্লী। [জগৎ')। প্রতিভাস+ইক। বিণ।

প্রাতিভাসিক—প্রকৃত বলিয়া প্রতীয়মান ('—

প্রাতিস্বিক—ব্যক্তিগত, individual; অনন্যসাধারণ। প্রতিস্ব+ইক ভবার্থে। বিণ। স্ত্রী, -**কী**।

প্রাত্যহিক—দৈনন্দিন, দৈনিক। প্রত্যহ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -**কী**।

প্রাথমিক—১। প্রথমকৃত; আদ্য; যাহা প্রথমে হয় এমন। প্রথম+ইক ভবার্থে। ২। প্রথমাধ্যায়ী, প্রথম বেদাধ্যয়নে প্রবৃত্ত। প্রথম+ইক অধ্যয়নার্থে। বিণ। স্ত্রী, -**কী**।

প্রাদি—উপসর্গ সংজ্ঞক প্র পরা অপ প্রঃ গণ বিঃ; প্র ইঃ উপসর্গের যোগে যে তৎপুরুষ সমাস হয়। প্র আদি যাহাদের, বহু। বি; পুং।

প্রাদুর্ভাব—প্রকটিত হওয়া, উদ্ভব; আবির্ভাব, প্রথম প্রকাশ; (বাংপ্র) বহুল উদ্ভব, বাহুল্য। প্রাদুস্‌—ভূ+ঘঞ্‌ ভাব। বি; পুং।

প্রাদুর্ভূত—আবির্ভূত, প্রকাশিত। প্রাদুস্‌—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

প্রাদেশিক—প্রদেশজাত; প্রদেশ সম্বন্ধীয়। প্রদেশ+ ইক ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -**কী**।

প্রাদেশিকতা—প্রদেশ বিশেষের বৈশিষ্ট্য; প্রদেশ বিশেষে প্রচলিত ভাষার ব্যবহার; নিজ প্রদেশের প্রতি পক্ষপাতিত্ব এবং অপর প্রদেশের প্রতি অসংগত আচরণ, provincialism. প্রাদেশিক+তা ভাবে। বি; স্ত্রী। [ষ্যঞ্‌ ভাবে। বি; ক্লী।

প্রাধান্য—প্রধানত্ব, শ্রেষ্ঠত্ব, উৎকর্ষ; প্রভুত্ব। প্রধান+

প্রাধিকার—কর্তৃত্ব, প্রভুত্ব, authority. প্র (সম্যক্‌) অধিকার, প্রাদি। বি; পুং।

প্রান্ত—অন্তভাগ, শেষসীমা। প্রকৃষ্ট অন্ত (শেষ), প্রাদি। বি; পুং।

প্রান্তবর্তী (-বর্তিন্‌)—শেষ সীমায় অবস্থিত। উপান্তৎ; প্রান্ত—বৃৎ+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -**বর্তিনী**।

প্রান্তর—অতিদূর-প্রসারী ছায়াজলাদিশূন্য পথ; মাঠ; বন; কোটর। প্রকৃষ্ট অন্তর (ব্যবধান বা অবকাশ) যাহাতে, বহু। বি; ক্লী।

প্রান্তস্থ, প্রান্তস্থিত—প্রান্তবর্তী, শেষ ভাগে অবস্থিত। উপপদ; প্রান্ত—স্থা+ক কর্তৃ; প্রান্তে স্থিত, ৭মীতৎ। বিণ।

প্রাপক—১। যে পায় এমন। প্র—আপ্‌+ণক কর্তৃ। ২। যে পাওয়ায় এরূপ। প্র—আপ্‌+ণিচ্‌ (= আপি)+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**প্রাপিকা**।

প্রাপণ—১। প্রাপ্তি; সম্যক্‌ ব্যাপ্তি। প্র—আপ্‌+ অনট্‌ ভাব। ২। ব্যাপ্ত করানো; লইয়া যাওয়া; পাওয়ানো। প্র—আপ্‌+ণিচ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।

প্রাপিত—নীত; উপস্থাপিত; পাওয়ানো; অধি-গমিত; গ্রাহিত। প্র—আপ্‌+ণিচ্‌ (=আপি)+. ক্ত কর্ম। বিণ।

প্রাপ্ত—১। লব্ধ; যাহা পাইয়াছে এমন। প্র—আপ্‌+ ক্ত কর্ম। ২। উপস্থিত। প্র—আপ্‌+ক্ত কর্তৃ। বিণ।

প্রাপ্তকাল—যাহার সময় হইয়াছে এমন; আসন্নমৃত্যু। বহু। বিণ।

প্রাপ্তবয়স্ক—সাবালক, যুবাবস্থায় উপনীত। প্রাপ্ত বয়ঃ যৎকর্তৃক, বহু (ক সমাসান্ত)। বিণ।

প্রাপ্তব্য—লভ্য, প্রাপ্তিযোগ্য। প্র—আপ্‌+তব্য কর্ম। বিণ।

প্রাপ্তব্যবহার—যে নাবালক নয় এমন; সাবালক। প্রাপ্ত ব্যবহার যৎকর্তৃক, বহু। বিণ।

প্রাপ্তযৌবন—সোমত্ত, তরুণ বয়সে উপনীত, যে যৌবন লাভ করিয়াছে এমন। বহু। বিণ।

প্রাপ্তি—পাওয়া; লাভ; অর্জন; বৃদ্ধি; উন্নতি; উদয়; উপস্থিতি; অনুমিতি; সংহতি। প্র—আপ্‌ +ক্তি ভাব। বি; স্ত্রী। [পুং।

প্রাপ্তিযোগ—পাইবার সম্ভাবনা। ৬ষ্ঠীতৎ। বি;

প্রাপ্য—প্রাপ্তিযোগ্য; লভ্য; গম্য। প্র—আপ্‌+ণ্যৎ কর্ম। বিণ। [বি; পুং।

প্রাবর—বেড়া; প্রাচীর। প্র—আ—বৃ+অপ্‌ করণ।

প্রাবরণ, প্রাবার—উত্তরীয় বস্ত্র, ওড়না; আবরণ-বস্ত্র। প্র—আ—বৃ+অনট্‌, ঘঞ্‌ করণ। বি; ক্লী। পুং।

প্রাবল্য—প্রাধান্য; প্রবলতা; উৎকটতা; শক্তির আধিক্য; প্রভাব। প্রবল+ষ্যঞ্‌ ভাবে। বি; ক্লী।

প্রাবার—'প্রাবরণ' দ্রঃ।

প্রাবাসিক—প্রবাসযোগ্য; প্রবাসজাত; প্রবাসসম্বন্ধীয়। প্রবাস+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -**কী**।

প্রাবীণ্য—প্রবীণতা। প্রবীণ+ষ্যঞ্‌ ভাবে। বি; ক্লী।

প্রাবৃট্‌ (প্রাবৃষ্‌), **প্রাবৃষা**—বর্ষাকাল। প্র—আ— বৃষ্‌+ক্বিপ্‌ অধি; পক্ষে আপ্‌। বি; স্ত্রী। বিণ— **প্রাবৃষ্য**। [বিণ।

প্রাবৃত—আচ্ছাদিত; বেষ্টিত। প্র—আ—বৃ+ক্ত কর্ম।

প্রাভাতিক—প্রভাতকালীন। প্রভাত+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -**কী**।

প্রামাণিক—১। প্রমাণসিদ্ধ; নির্ভরযোগ্য, প্রমাণরূপে গৃহীত বা স্বীকৃত, authenticated; বিশ্বাস্য; পরিচ্ছেদক; সম্মানযোগ্য। বিণ। স্ত্রী, -**কী**। ২। অধ্যক্ষ; পণ্ডিত; সমাজপতি। প্রমাণ+ইক নির্বৃত্তার্থে। বি; পুং। ৩। উপাধি বিঃ; নাপিত, ক্ষৌরকার। বাংপ্র। বি।

প্রামাণিকতা—বিশ্বাসযোগ্যতা; প্রমাণসিদ্ধতা, autho-rity. প্রামাণিক+তা ভাবে। বি; স্ত্রী।

প্রামাণ্য—১। প্রমাণত্ব; বিশ্বাসযোগ্যতা। প্রমাণ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। ২। প্রামাণিক। বাংপ্র। বিণ।

প্রায়—১। অনশন-মৃত্যু; মৃত্যু; উপবাস; বাহুল্য। প্র—ই+অচ্ ভাব। বি; পুং। ২। সদৃশ; কাছাকাছি। প্র—ই+অচ্ কর্তৃ। বিণ। ৩। সচরাচর; অধিকাংশস্থলে। <প্রায়ঃ। ক্রি-বিণ।

'**প্রায়ঃ** (প্রায়স্)—বাহুল্যরূপে; বেশির ভাগ। প্র—অয়্+অস্ ভাব। অ। [বীপ্সার্থে। অ।

প্রায়শঃ (-শস্)—বাহুল্যরূপে; প্রায়ই। প্রায়+শস্

প্রায়শ্চিত্ত, -শ্চিত্তি—যাহাতে পাপক্ষয় হয় এইরূপ ক্রিয়াকর্ম; চান্দ্রায়ণাদি ব্রত। প্রায়ের (তপস্যার) চিত্ত, চিত্তি (চিৎ+ক্ত, ক্তি ভাব—নিশ্চয়) যাহাতে, বহু। বি; **ক্লী, স্ত্রী।**

প্রায়ান্ধকার—অল্প অন্ধকার। বাংপ্র। বিণ।

প্রায়িক—কাছাকাছি; সাধারণ; যাহা সচরাচর হয় এমন। প্রায়+ইক নিষ্পন্নার্থে। বিণ।

প্রায়োগিক—প্রয়োগ সম্বন্ধীয়; প্রয়োগজ। প্রয়োগ+ইক সম্বন্ধার্থে। বিণ। [পুং বা ক্লী।

প্রায়োদ্বীপ—উপদ্বীপ। প্রায়ঃ দ্বীপ, সুপ্। বি;

প্রায়োপবেশ, -বেশন—অভিসন্ধিপূর্বক অনশন-মরণার্থ উপবেশন, সন্ন্যাস-অবলম্বনপূর্বক অনশনে মৃত্যুর জন্য অবস্থিতি; আত্মশুদ্ধি বা কোন সংকল্প সাধনের জন্য দীর্ঘ অনশন। প্রায়ার্থ উপবেশ, উপবেশন, মধ্যপ। বি; পুং, ক্লী। বিণ, **-বিষ্ট।**

প্রারব্ধ—১। যাহা আরম্ভ করা হইয়াছে এমন। প্রকৃষ্টরূপে আরব্ধ, সুপ্। বিণ। ২। পূর্বজন্মার্জিত পাপ অথবা পুণ্য। প্রকৃষ্ট আরব্ধ (আরম্ভ) যৎকর্তৃক, বহু। বি; ক্লী।

প্রারম্ভ—উপক্রম; আরম্ভ। প্র—আ—রভ্+ঘঞ্ ভাব। বি; পুং। [বিণ। স্ত্রী—**প্রার্থিকা।**

প্রার্থক—প্রার্থনাকারী, প্রার্থী। প্র—অর্থ্+ণক কর্তৃ।

প্রার্থন, প্রার্থনা—যাচ্ঞা; আক্রমণ; হিংসা; অভিযান; অবরোধ। প্র—অর্থ+অনট্ ভাব, অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

প্রার্থনীয়—প্রার্থনা করিবার যোগ্য, যাচিতব্য। প্র—অর্থ্+অনীয় কর্ম। বিণ।

প্রার্থয়িতব্য—প্রার্থনা করিবার যোগ্য। প্র—অর্থ্+তব্য কর্ম। বিণ।

প্রার্থয়িতা (-য়িতৃ)—যাচক, প্রার্থনাকারী; প্রণয়ী। প্র—অর্থ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িত্রী।**

প্রার্থিত—অভিলষিত; যাহার নিকট প্রার্থনা করা হইয়াছে এরূপ; যাচিত; অভিযাত। প্র—অর্থ্+ক্ত কর্ম। বিণ।

প্রার্থী (-র্থিন্)—প্রার্থনাকারী; আবেদনকারী, দরখাস্তকারী। প্র—অর্থ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী **—প্রার্থিনী।**

প্রালব্ধ—'প্রারব্ধ' দ্রঃ।

প্রাশন—ভক্ষণ। প্র—অশ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রাশস্ত্য—প্রশস্ততা; প্রশংসনীয়তা; বিস্তার; শ্রেষ্ঠতা। প্রশস্ত+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

প্রাশ্নিক—১। প্রশ্নকারী; প্রশ্নশ্রবণপূর্বক মীমাংসক। বিণ। স্ত্রী, **-কী।** ২। সভার সভ্য। প্রশ্ন+ইক কবে অর্থে। বি; পুং।

প্রাস—ক্ষেপণীয় অস্ত্র বিঃ, কুন্ত। প্র—অস্+ঘঞ্ কর্ম। বি; পুং।

প্রাসঙ্গিক—প্রসঙ্গক্রমে উত্থিত, প্রসঙ্গক্রমে আগত; সম্পর্কীয়। প্রসঙ্গ+ইক উপস্থিতার্থে। বিণ। স্ত্রী, **-কী।** [সদ্+ঘঞ্ অধি। বি; পুং।

প্রাসাদ—বৃহৎ অট্টালিকা; ইষ্টকময় দেবালয়। প্র—

প্রাসাদকুক্কুট—পায়রা, পারাবত। প্রাসাদস্থিত কুক্কুট, মধ্যপ। বি; পুং।

প্রাসাদশিখর—অট্টালিকার চূড়া বা উপরিভাগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

প্রাস্থানিক—প্রস্থান কালোচিত। প্রস্থান+ইক বিহিতার্থে। বিণ। স্ত্রী, **-কী।**

প্রাহরিক—১। প্রহর সম্বন্ধীয়; প্রহরনিযুক্ত। বিণ। স্ত্রী, **-কী।** ২। প্রহরী। প্রহর+ইক সম্বন্ধার্থে, নিযুক্তার্থে। বি, পুং।

প্রাহ্ণ—সকাল বেলা। প্র (পূর্বভাগ) অহ্নের (দিনের), একদেশী। বি; পুং।

প্রিণ্টার—মুদ্রাকর, মুদ্রণকারী। <ইং 'printer'. বি। [ব্যক্তি। <ইং 'principal'. বি।

প্রিন্সিপাল—কলেজ প্রঃ প্রতিষ্ঠানের অধ্যক্ষ বা প্রধান

প্রিয়—প্রীতিপাত্র; রম্য, প্রীতিজনক; যাহা ভালো লাগে এমন। প্রী+ক কর্তৃ। বিণ।

প্রিয়ংবদ, প্রিয়বাদী (-বাদিন্)—যে প্রিয় কথা বলে এমন। উপতৎ; প্রিয়—বদ্+খচ্, ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বদা, -বাদিনী।**

প্রিয়কারী (-কারিন্)—যে প্রিয় কার্য করে এমন; আনুকূল্যকারী। উপতৎ; প্রিয়—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিণী।** [(নিপা)। বি; স্ত্রী।

প্রিয়ংগু—শ্যামালতা; পিপুল। প্রিয়—গম্+ডু কর্তৃ

প্রিয়চিকীর্ষা—প্রিয়কার্য করিবার ইচ্ছা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। বিণ, **-চিকীর্ষু।** [পুং।

প্রিয়জন—ভালবাসার লোক, আপনজন। কর্মধা। বি;

প্রিয়তম—১। স্বামী; প্রণয়ী। বি; পুং। ২। সর্বাপেক্ষা প্রিয়। প্রিয়+তমপ্ অতিশয়ার্থে। বিণ।

প্রিয়দর্শন—যাহা দেখিতে সুন্দর এরূপ, সুদৃশ্য। প্রিয় দর্শন যাহার, বহু। বিণ।

প্রিয়পাত্র—স্নেহভাজন, ভালবাসার পাত্র। কর্মধা। বিণ বা বি। স্ত্রী, **-ত্রী।**

প্রিয়বচন, -বাক্য—মিষ্ট কথা। কর্মধা। বি, ক্লী।

প্রিয়বাদী (-বাদিন্)—'প্রিয়ংবদ' দ্রঃ।

প্রিয়বিয়োগ—প্রিয়বস্তুর নাশ; প্রিয়জনের মৃত্যু; প্রিয়জনের বিচ্ছেদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রিয়বিরহ—প্রিয়জনের বিচ্ছেদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রিয়ভাষী (-ভাষিন্)—যে প্রিয়কথা বলে এমন; মধুরবক্তা। উপতৎ; প্রিয়—ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভাষিণী।** [বি।

প্রিয়সখা—প্রিয়বন্ধু। প্রিয় সখা, কর্মধা (বাংপ্র)।

প্রিয়-সমাগম—প্রেমাস্পদের সহিত মিলন, প্রিয়জন-

দিগের সম্মেলন; নায়ক-নায়িকার মিলন। ৬ষ্ঠী-তৎ বা ৩য়াতৎ। বি; পুং।

প্রিয়া—১। ভার্যা। বি; স্ত্রী। ২। প্রণয়ভাগিনী, স্নেহভাগিনী। প্রিয়+আপ্। বিণ; স্ত্রী।

প্রীণন—তৃপ্তিজনন, প্রীত করণ। প্রী+ণিচ্+অনট্ ভাব। বি; পুং। [বিণ।

প্রীণিত—তর্পিত; তোষিত। প্রী+ণিচ্+ক্ত কর্ম।

প্রীত—১। তৃপ্ত; সন্তুষ্ট, আহ্লাদিত। প্রী+ক্ত কর্তৃ। বিণ। ২। প্রীতিসাধন ("শ্রীরামের প্রীতে ভাই মুখে বল হরি"—কৃত্তি)। প্রী+ক্ত ভাব। বি; ক্লী।

প্রীতি—তৃপ্তি; সন্তোষ; হর্ষ; প্রেম, অনুরাগ; ইচ্ছা। প্রী+ক্তি ভাব। বি; স্ত্রী।

প্রীতি-উপহার—ভালবাসার সহিত দান বা উপহার। প্রীতি-সূচক উপহার, মধ্যপ। বি; পুং।

প্রীতিকর—তৃপ্তিদায়ক; আনন্দদানকারী। উপতৎ; প্রীতি—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, **-করী**।

প্রীতিদায়ক—প্রীতিকর, আনন্দজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-দায়িকা**। [৩য়াতৎ। বিণ।

প্রীতিপূর্ণ—স্নেহপূর্ণ, ভালবাসায় ভরা; প্রেমপূর্ণ।

প্রীতিপ্রদ—প্রীতিদায়ক, আনন্দজনক। উপতৎ; প্রীতি—প্র—দা+ক কর্তৃ। বিণ।

প্রীতিভাজন—প্রিয়পাত্র; প্রেমাস্পদ, ভালবাসার পাত্র। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ।

প্রীতিভোজ, -ভোজন—কাহারও সংবর্ধনার জন্য বা অন্য কোন আনন্দদায়ক বিষয়োপলক্ষে ভোজনরূপ উৎসব। প্রীতিজনক ভোজ, ভোজন, মধ্যপ। বি; পুং, ক্লী।

প্রীতিসম্ভাষণ—ভালবাসাসূচক সম্ভাষণ। প্রীতি-জ্ঞাপক সম্ভাষণ, মধ্যপ। বি; ক্লী।

প্রীয়মাণ—যে সন্তুষ্ট হইতেছে বা হয় এমন; যাহাকে সন্তুষ্ট করা হইতেছে এমন। প্রী+শানচ্ কর্তৃ, কর্ম। বিণ।

প্রেক্ষক—দর্শক। প্র—ঈক্ষ্+ণক কর্তৃ। বিণ।

প্রেক্ষণ—১। দর্শন, ভাল করিয়া দেখা। প্র—ঈক্ষ্+অনট্ ভাব। ২। চক্ষু। প্র—ঈক্ষ্+অনট্ করণ। বি; ক্লী। [অধি+কন্+আপ্। বি; স্ত্রী।

প্রেক্ষণিকা—প্রদর্শনী, exhibition প্র—ঈক্ষ্+অনট্

প্রেক্ষণীয়—দ্রষ্টব্য, সম্যক্ দর্শনীয়। প্র—ঈক্ষ্+অনীয় কর্ম। বিণ।

প্রেক্ষা—১। প্রজ্ঞা, বুদ্ধি; দর্শন, পর্যালোচনা; মন্ত্রণা; নৃত্যাভিনয়াদি দর্শন। প্র—ঈক্ষ্+অ ভাব+আপ্। ২। নৃত্য, শাখা। প্র—ঈক্ষ্+অ কর্ম+আপ্। বি; স্ত্রী।

প্রেক্ষাগার, -গৃহ—দর্শনগৃহ; মানমন্দির, observatory; দর্শনার্থ স্তরে স্তরে নির্মিত উপবেশন বিঃ, গ্যালারি; নাচঘর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

প্রেক্ষিত—সম্যক্ দৃষ্ট। প্র—ঈক্ষ্+ক্ত কর্ম। বিণ।

প্রেত—১। নরকস্থ প্রাণী; পিশাচ; মৃত ব্যক্তির আত্মা। বি; পুং। ২। মৃত। প্র—ই+ক্ত কর্তৃ। বিণ। ৩। ঘৃণাশূন্য ব্যক্তি, অতিশয় অপরিচ্ছন্ন ব্যক্তি। বাংপ্র। বি।

প্রেতকর্ম (-কর্মন্), **-কার্য, -কৃত্য**—মৃতের উদ্দেশে কার্য, দাহাদি-সপিণ্ডীকরণান্ত ক্রিয়া। প্রেতোদ্দিষ্ট কর্ম, কার্য, কৃত্য, মধ্যপ। বি; ক্লী।

প্রেততর্পণ—মৃত ব্যক্তির আত্মার প্রীতির জন্য তাহার উদ্দেশে জলগণ্ডূষ-দান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

প্রেতদেহ—প্রেতশরীর; বায়বীয় দেহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী। [বি; স্ত্রী।

প্রেতনদী—বৈতরণী নদী। প্রেতোত্তার্যা নদী, মধ্যপ।

প্রেতপক্ষ—গৌণচান্দ্রাশ্বিনকৃষ্ণপক্ষ, ভাদ্রমাসের পূর্ণিমা হইতে শারদীয়া দুর্গাপূজার পূর্ব অমাবস্যা পর্যন্ত সময়। প্রেততর্পণীয় পক্ষ (মাসার্ধ), মধ্যপ। বি; পুং।

প্রেতপিণ্ড—মরণাবধি সপিণ্ডীকরণ পর্যন্ত মৃত ব্যক্তির উদ্দেশে প্রদত্ত পিণ্ড। প্রেতোদ্দিষ্ট পিণ্ড, মধ্যপ। বি; পুং।

প্রেতপুর—যমালয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

প্রেতপুরী, -লোক—যমালয়; মৃত্যুর পর জীবগণের বাসস্থান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, পুং।

প্রেতশ্রাদ্ধ—প্রেতোদ্দেশক শ্রাদ্ধ। প্রেতোদ্দিষ্ট শ্রাদ্ধ, মধ্যপ। বি; ক্লী।

প্রেতাত্মা (-ত্মন্)—১। মৃত লোকের আত্মা। ৬ষ্ঠীতৎ। ২। ভূত, প্রেত। কর্মধা। বি; পুং।

প্রেতিনী—পেত্নী; প্রেতের আকৃতিবিশিষ্টা নারী। বাংপ্র। বি; স্ত্রী। [উ কর্তৃ। বিণ।

প্রেপ্সু—পাইতে ইচ্ছুক। প্র—আপ্+সন ইচ্ছার্থে+

প্রেম (প্রেমন্)—প্রিয়তা, প্রীতিকরত্ব; অনুরাগ, প্রণয়; স্নেহ; পরিহাস। প্রিয়+ইমন্ ভাবে (প্রিয়-স্থানে প্র)। বি; ক্লী। [বি; পুং।

প্রেমতরঙ্গ—প্রণয়াবেগ, প্রেমের উচ্ছ্বাস। ৬ষ্ঠীতৎ।

প্রেমপূর্ণ—প্রণয়পূর্ণ। ৩য়াতৎ। বিণ।

প্রেমবান্—প্রেমিক, প্রণয়ী, অনুরাগী। প্রেম+বতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, **-বতী**।

প্রেমভক্তি—শ্রীকৃষ্ণের প্রতি ভক্তি, ভগবৎপ্রেম; প্রীতি-যুক্ত শ্রদ্ধা। প্রেমযুক্তা ভক্তি, মধ্যপ। বি; স্ত্রী।

প্রেমময়—অতিশয় প্রেমিক, প্রীতিপূর্ণ; প্রণয়াত্মক। প্রেমন্+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, **-ময়ী**।

প্রেমমাধুরী—প্রেমজন্য সৌন্দর্য; প্রেমের মধুরত্ব। মধ্যপ অথবা ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

প্রেমমুগ্ধ—প্রণয়ে মোহপ্রাপ্ত, যে ভালবাসায় ভুলিয়াছে এমন। ৩য়াতৎ। বিণ।

প্রেমলুব্ধ—প্রণয় লাভ করিতে ইচ্ছুক, প্রেমপ্রয়াসী। ৩য়াতৎ। বিণ। [৩য়াতৎ। বিণ।

প্রেমহীন—যাহাতে ভালবাসা নাই এমন, প্রণয়শূন্য।

প্রেমানন্দ—১। প্রেম হইতে উদ্ভূত আনন্দ। প্রেম-জনিত আনন্দ, মধ্যপ। বি; পুং। ২। প্রেমলাভে আনন্দিত। প্রেমে আনন্দ যাহার, বহু। বিণ।

প্রেমাবতার—মূর্তিমান্ প্রেম; যিনি জগতে জন্ম-গ্রহণপূর্বক জীবকে প্রেম শিক্ষা দেন বা স্বয়ং জীব এবং ভগবানের প্রেমে বিভোর হন (সাধারণতঃ শ্রীগৌরাঙ্গদেবকে বুঝায়) ৬ষ্ঠীতৎ বা মধ্যপ। বি, পুং।

প্রেমামৃত—প্রেমসুধা। প্রেমরূপ অমৃত, রূপক কর্মধা। বি; ক্লী।

প্রেমারা—একপ্রকার তাসখেলা। <পা 'primeiro.

প্রেমালিঙ্গন—স্নেহভরে আলিঙ্গন; নায়ক-নায়িকার আলিঙ্গন বিঃ। প্রেমপূর্ণ আলিঙ্গন, মধ্যপ। বি; ক্লী।

প্রেমাসক্ত—প্রণয়ে অনুরাগী; প্রণয়ে আবদ্ধ। ৭মী-তৎ। বিণ।

প্রেমিক—প্রেমময়, প্রণয়ী। প্রেমন্+ই (ঠন্) আছে অর্থে। বিণ। স্ত্রী, -কা।

প্রেমী (-মিন্)—প্রেমিক; অনুরাগী; ভক্ত। প্রেমন্+ইন্ যুক্তার্থে। বিণ; পুং। স্ত্রী—**প্রেমিণী**।

প্রেয়, প্রেয়ঃ—প্রিয়, বাঞ্ছিত। কপ্র। বিণ।

প্রেয়সী—প্রিয়তমা, কান্তা। প্রেয়স্+ঈপ্। বিণ; স্ত্রী।

প্রেয়ান্ (প্রেয়স্)—অতিশয় প্রিয়, প্রিয়তম। প্রিয়+ঈয়স্ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, -**প্রেয়সী**।

প্রেরক—প্রযোজক, প্রবর্তক, যে প্রেরণা দেয়; প্রেরণ-কারী। প্র—ঈর্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**প্রেরিকা**।

প্রেরণ, প্রেষণ—পাঠানো; আজ্ঞাকরণ, নিয়োগ। প্র—ঈর্+ণিচ্, ইষ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রেরণা, প্রেষণা—পাঠানো; নিয়োগ বিধি; উৎসাহ এবং প্রবৃত্তি দান, প্রবৃত্ত শক্তি প্রতিভা ইঃর সঞ্চার। প্র—ঈর+ণিচ্, ইষ্+ণিচ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।

প্রেরয়িতা (-য়িতৃ)—প্রেরণকারী। প্র—ঈর্+ণিচ্ (স্বার্থে)+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িত্রী।

প্রেরিত, প্রেষিত—আদিষ্ট; নিয়োজিত; যাহাকে পাঠানো হইয়াছে এমন; বিসর্জিত। প্র—ঈর্+ণিচ্, ইষ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

প্রেষ—চাপ, pressure. বাংপ্র। বি; পুং।

প্রেষক—প্রেরক, যে পাঠায়। প্র—ইষ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ।

প্রেষণ—'প্রেরণ' দ্রঃ।

প্রেষণা—'প্রেরণা' দ্রঃ।

প্রেষিত—'প্রেরিত' দ্রঃ।

প্রেষ্য, প্রৈষ্য—১। পাঠাইবার মত, প্রেরণীয়। বিণ। ২। দাস, ভৃত্য; দূত। প্র—ঈষ্, ইষ্+ণ্যৎ কর্ম। বি; পুং।

প্রেস—ছাপাখানা; মুদ্রাযন্ত্র; সংবাদপত্র। <ইং 'press'. বি।

প্রেসক্রিপশন্—ঔষধের ব্যবস্থাপত্র, <ইং 'prescription'. বি।

প্রেসিডেন্ট—সভাপতি; রাষ্ট্রপতি। <ইং 'president'. বি।

প্রোক্ত—প্রকৃষ্টরূপে কথিত; বর্ণিত। প্র—বচ্+ক্ত কর্ম। বিণ।

প্রোগ্রাম—কার্যসূচী, কর্মতালিকা। <ইং 'programme'. বি।

প্রোচ্চ—সম্যক্ উচ্চ, খুব উঁচু, উত্তুঙ্গ। প্রকৃষ্টরূপে উচ্চ, প্রাদি। বিণ।

প্রোত—গ্রথিত। প্র—বে+ক্ত কর্ম। বিণ।

প্রোৎসাহিত—১। অত্যধিক উৎসাহযুক্ত। প্রোৎসাহ+ইতচ্ সংজাতার্থে। ২। উত্তেজিত; প্রবর্তিত; উদ্দীপিত, প্রণোদিত। প্র—উৎ—সহ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। বি—**প্রোৎসাহন**।

প্রোথন—পুঁতিয়া রাখা, পোঁতা। প্রোথ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্রোথিত—ভূগর্ভনিহিত, যাহা পোঁতা হইয়াছে এমন। [প্রোথ্+ণিচ্+ক্ত কর্তৃ। বিণ।

প্রোদ্ভিন্ন—উদ্গত; সম্যক্রূপে উদ্ভূত। প্র—উৎ—ভিদ্+ক্ত কর্তৃ। বিণ।

প্রোন্নত—অতি উন্নত; সম্যক্ উৎকর্ষপ্রাপ্ত। প্রাদি। বিণ।

প্রোফেসার—অধ্যাপক, কলেজের শিক্ষক। <ইং 'professor'. বি।

প্রোষিত—বিদেশগত; নিবৃত্ত; অপগত। প্র—বস্+ক্ত কর্তৃ। বিণ।

প্রোষিতভর্তৃকা—যে নায়িকার স্বামী দূরদেশে গমন করিয়াছে এমন; প্রবাসী স্বামীর বিরহে দুঃখ-কাতরা নারী। প্রোষিত ভর্তা (ভর্তৃ=স্বামী) যাহার, বহু (ক সমাসান্ত)+আপ্। বি বা বিণ; স্ত্রী।

প্রোষিতভার্য—যাহার পত্নী বা প্রণয়িনী বিদেশে গমন করিয়াছে এরূপ ('—নায়ক')। বহু। বি বা বিণ; পুং।

প্রোষ্ঠী—শফরী; পুঁটিমাছ। প্রকৃষ্ট ওষ্ঠ যাহার, বহু [+ঈপ্। বি; স্ত্রী।

প্রৌঢ়—১। প্রবৃদ্ধ; প্রবীণ; আধাবয়সী; পূর্ণতা-প্রাপ্ত; প্রচুর; প্রগল্ভ; যথাবিধি বিবাহিত; দক্ষ, নিপুণ; পরিণতবুদ্ধি; যুবা। প্র—বহ্+ক্ত কর্তৃ। বিণ।

প্রৌঢ়া—১। ৪০ হইতে ৫০ বা ৫৫ বৎসর পর্যন্ত বয়ঃক্রমযুক্তা স্ত্রী। বি; স্ত্রী। ২। প্রৌঢ়-বয়সযুক্তা। প্রৌঢ়+আপ্। বিণ; স্ত্রী।

প্লক্ষ—১। অশ্বত্থ বৃক্ষ; পাকুড় গাছ। প্র—ক্ষর্+ড কর্তৃ। ২। পুরাণোক্ত সপ্তদ্বীপা পৃথিবীর একটি দ্বীপ। প্লক্ষ+অচ্ আছে অর্থে। ৩। খিড়কির দ্বার। প্লুষ্+স কর্তৃ। বি; পুং।

প্লব—১। ভেলা, উড়ুপ। প্লু+অপ্ করণ। ২। সন্তরণ; ভাসিয়া থাকা; লম্ফন। প্লু+অপ্ ভাব। বি; পুং। ৩। যাহা ভাসিয়া থাকে এরূপ। প্লু+অচ্ কর্তৃ। বিণ।

প্লবতা, প্লবত্ব—ভাসিয়া থাকিবার শক্তি, buoyancy. প্লব+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

প্লবন—১। লম্ফন; জলে ঝাঁপ দেওয়া; সন্তরণ; ভাসিয়া থাকা; গমন। প্লু+অনট্ ভাব। ২। প্লাবন। প্লু+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্লবনশক্তি—ভাসিয়া থাকিবার শক্তি, buoyancy. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

প্লবমান—ভাসমান, যাহা ভাসিয়া আছে এরূপ। প্লু+শানচ্ কর্তৃ। বিণ।

প্লাটিনাম—একপ্রকার অতি মূল্যবান ধাতু, [platinum. বি।

প্লাবন—অভিষেক, সেক; জলাদি দ্বারা ব্যাপ্তি, জলে ভাসাইয়া দেওয়া; বন্যা। প্লু+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

প্লাবনপীড়ন—বন্যার অত্যাচার, বন্যার বেগ। ৬ষ্ঠী-তৎ; বা রূপক কর্মধা। বি; ক্লী।

প্লাবনপীড়িত—বন্যা হেতু দুর্দশাগ্রস্ত। ওয়াতং। বিণ।
প্লাবিত—জলাদিদ্বারা ব্যাপ্ত, যাহা জলে ভাসিয়া গিয়াছে এমন; সিক্ত। প্লু+ণিচ্ (=প্লাবি)+ক্ত কর্ম। বিণ। [বি; স্ত্রী।
প্লাবিতা—প্লবনশক্তি। প্লু+ণিন্ কর্তৃ+ তা ভাবে।
প্লীডার—উকিল। <ইং 'pleader'. বি।
প্লীডারি—ওকালতি। ইং-মূ। বি।
প্লীহা (প্লীহন্)—পিলা, উদরগহ্বরের বাম পার্শ্বে অবস্থিত যন্ত্র বিঃ, spleen; (বাংপ্র) পিলে রোগ। প্লিহ্+কনিন্ (নিপা দীর্ঘ)। বি; পুং।
প্লুটো—নবমগ্রহ। <ইং 'Pluto'. বি।
প্লুত—১। লম্ফ; অশ্বের গতি বিঃ। প্লু+ক্ত ভাব। বি; ক্লী। ২। তিনটি 'অবর্ণ' সহজে উচ্চারণ করিতে যে সময় আবশ্যক হয় তাহা, ত্রিমাত্রকাল; ত্রিমাত্রস্বর [দূরাহ্বানে, গানে ও রোদনে]। প্লু+ক্ত কর্তৃ। বি; পুং। [<ইং 'plague'. বি।
প্লেগ—মহামারী; একপ্রকার মারাত্মক সংক্রামক ব্যাধি।
প্লেট—ইওরোপীয়দিগের ব্যবহৃত বাসন বিঃ, চীনামাটির থালা বিঃ; ধাতুফলক। <ইং 'plate'. বি।
প্লেন—১। সাদাসিধা, নকশাদার নয় এমন। <ইং 'plain'. ২। সমতল। <ইং 'plane'. বিণ। ৩। বিমান। <ইং 'aeroplane'. বি।
প্ল্যাকার্ড—বড় বড় অক্ষরে মুদ্রিত বিজ্ঞাপন। <ইং 'placard'. বি।
প্ল্যাটফর্ম—পাটাতন, দাঁড়াইবার মঞ্চ; রেলগাড়িতে চড়িবার উপযোগী স্টেশনের বারান্দা। <ইং 'platform'. বি। ['plan'. বি।
প্ল্যান—নকশা ('বাড়ির—'); মতলব; <ইং
প্ল্যানচেট—মৃতের আত্মাকে আনয়ন করিবার তেকোনা ও তেপায়া কাঠের ছোট টেবিল। <ইং 'planchette'. বি।
প্ল্যাসটার—মলম; পটি; প্রলেপ; দেওয়ালে লাগাইবার চুন বালি; পলস্তারা। <ইং 'plaster'. বি।
প্ল্যাস্টিক—সেলুলয়েড ইঃ কৃত্রিম পদার্থ যাহার দ্বারা চিরুনি, বোতাম ইঃ নানাপ্রকার বস্তু নির্মিত হয়। <ইং 'plastic'. বি।

[ফ]

ফ—১। দ্বাবিংশ ব্যঞ্জনবর্ণ [ইহা ওষ্ঠ হইতে উচ্চারিত হয়]। ২। রূক্ষোক্তি; নিষ্ফলবাক্য; ফূৎকার। ফল্+ড ভাব। বি; ক্লী। ৩। ঝঞ্ঝাবাত। স্ফায়্+ড কর্তৃ (নিপা)। ৪। স্ফীতি; সংজ্ঞা বিঃ, ব্যঞ্জনবর্ণ ও বর্ণাভাব। স্ফায়্+ড ভাব। বি; পুং।
ফইজত—নিন্দা, গালাগালি, কুৎসা; বিরোধ; ভর্ৎসনা। <আ 'ফজীহৎ'। বি।
ফক—(পরে 'করিয়া' শব্দের যোগে) অদৃশ্যে, না জানাইয়া। বাংপ্র। অ।
ফকার—'ফ' এই বর্ণ। ফ+কার স্বার্থে। বি; পুং।
ফকির, ফকীর—মুসলমান সন্ন্যাসী, ভিক্ষুক; দরিদ্রব্যক্তি, নির্ধনব্যক্তি। আ। বি; বিণ, -স্ত্রী। ভাববা বি, -রি।
ফক্কড়—চালাক; ঘোর ইয়ার, ফাজিল, বাচাল; ফাঁকিবাজ; ধড়িবাজ। <আ 'ফিকরহ্'। বিণ।
ফক্কা, ফোক্কা—বাজে; মিথ্যা, ফাঁকা। বাংপ্র। বিণ।
ফক্কি—ফাঁকি; শূন্য; মিথ্যা। বাংপ্র। বি বা বিণ।
ফক্কিকা—কূটপ্রশ্ন ফাঁকি, তত্ত্বনির্ণয়ার্থ পূর্বপক্ষ। ফক্ক্+ণক ভাব+আপ্। বি; স্ত্রী।
ফক্কিকার, -কারি—ফাঁকি। বাংপ্র। বি।
ফক্কুড়ি—পরিহাস, ইয়ার্কি; ধাপ্পাবাজি; চালাকি; বাচালতা। ফক্কড়+ই ভাবে, কর্মার্থে (বাংপ্র)। বি। [<ভঙ্গপ্রবণ। বিণ।
ফঙ্গবেনে, -বানি—ভঙ্গুর, অসার, ঠুনকো।
ফচকে—বাচাল; কপট, ফিচেল, মিথ্যাপরিহাসপ্রিয়। বাংপ্র। বিণ।
ফচকেমি—বাচালতা, চপলতা, ছেবলামো। ফচকে+মি ভাবে (বাংপ্র)। বি।
ফজর, ফজির—প্রভাতকাল। আ। বি।
ফজল—অনুগ্রহ, দয়া। আ। বি।
ফজলি—একপ্রকার আম্র। বাংপ্র। বি।
ফট্—মন্ত্রাংশ বিঃ; অব্যক্ত শব্দ; যোগ বিঃ। স্ফুট্+ক্বিপ্ কর্তৃ (নিপা)। অ।
ফটক—সদর দরজা, সিংহদ্বার। বাংপ্র। বি।
ফটকা—জিনিসের বাজার দর লইয়া জুয়াখেলা। বাংপ্র। বি।
ফটকি-নাটকি—নগণ্য বিষয়, খুঁটিনাটি; লঘু হাস্যকৌতুক ("ছেলেদের সঙ্গে ফটকি-নাটকি করে"—টেকচাঁদ)। বাংপ্র। বি।
ফটকিরি—রাসায়নিক কষায় দ্রব্য বিঃ, alum. <স্ফটিকারি। বি।
ফটাফট—ফটফট করিয়া। বাংপ্র। ক্রি-বিণ।
ফটিক—১। স্বচ্ছ, নির্মল ('—জল')। বিণ। ২। কাচ; স্বচ্ছজল। <স্ফটিক। বি।
ফটিকচাঁদ—ফুলবাবু; শৌখিন বেশধারী বালক। বাংপ্র। বি।
ফড়ফড়—বাজে বকা, অত্যধিক বাচালতা; বাগাড়ম্বর; কাপড় ছিঁড়িবার শব্দ। বাংপ্র। বি।

ফড়ফড়ে—বাচাল, অতিরিক্তভাষী। ফড়ফড়+এ (<ইয়া) করে অর্থে। বিণ।
ফড়িং—পতঙ্গ বিঃ, উচ্চিংগা ইঃ। <পতঙ্গ। বি।
ফড়িয়া, ফড়ে—ফেরিওয়ালা; খুচরা-বিক্রয়কারী। বাংপ্র। বি বা বিণ।
ফণ, ফণা—সর্পের বিস্তারিত মস্তক, চক্কর। ফণ্+অচ্ কর্তৃ; পক্ষে আপ্। বি; পুং, স্ত্রী।
ফণধর, ফণাধর—সর্প, ভুজঙ্গ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ফণিভূষণ—১। সর্পাকৃতি হস্তভূষণ। রূপক বা মধ্যপ। বি; ক্লী। ২। শিব। ফণী ভূষণ যাঁহার, বহু। বি; পুং।
ফণিমনসা—একপ্রকার কাঁটা ঝাঁপিগাছ। বাংপ্র। বি।
ফণী (ফণিন্)—ফণাবিশিষ্ট সাপ। ফণ, ফণা+ইন্ আছে অর্থে। বি; পুং। স্ত্রী—ফণিনী।
ফণীন্দ্র—সর্পরাজ অনন্তদেব, বাসুকি। ফণী ইন্দ্রসদৃশ, উপমিত কর্মধা। বি; পুং।
ফতুয়া—একপ্রকার ছোট জামা। <আ 'ফতোহী'। বি।
ফতুর—নির্ধন, নিঃস্ব। <আ 'ফুতুর'। বিণ।
ফতে—সিদ্ধি; জয়। <আ 'ফতহ্'। বি।
ফতো—অন্তঃসারশূন্য, ফোতো। <আ 'ফৌত্'। বিণ।
ফতোয়া—মুসলমানদিগের ধর্মশাস্ত্রের বিধান; মোহম্মদীয় বিচারের ফয়সালা; কাজীর রায়। <আ 'ফৎবা'। বি।
ফনোগ্রাফ—কলের গান, সংগীতযন্ত্র বিঃ। <ইং 'phonograph' বি।
ফন্দি—কৌশল, ফিকির; বিধান; যোগাযোগ; অভিপ্রায়। <প্রবন্ধ। বি।
ফন্দিবাজ—কৌশলী, চক্রী, চতুর। ফন্দি+বাজ নিপুণার্থে (বাংপ্র)। বিণ। বি, -বাজি।
ফপরদালাল—অনাহূতভাবে পরের ব্যাপারে হস্তক্ষেপকারী বা পরচর্চাকারী। বাংপ্র। বিণ। বি, -দালালি।
ফয়তা—মুসলমান ধর্মানুযায়ী উপাসনা। <আ 'ফাতিহহ্'। বি। ['ফয়স্‌লাহ্'। বি।
ফয়সালা—বিচারফল; মকদ্দমার নিষ্পত্তিপত্র। <আ
ফরক—১। পার্থক্য; দূরত্ব। বি। ২। দূর; ভিন্ন; আলাদা। <আ 'ফর্ক্'। বিণ।
ফরকানো—রাগে বাহির হইয়া যাওয়া; আস্ফালন করা; ফাঁক করা। বাংপ্র। ক্রি [, বি]।
ফরজ—আল্লার নির্দেশে অবশ্যকরণীয় বলিয়া কোরানে উল্লিখিত। <আ 'ফর্জ্'। বিণ।
ফরফর—পাতলা জিনিস নাড়িবার শব্দ। বাংপ্র। বি।
ফরফরানি—চাঞ্চল্য; ক্রোধে অস্থিরতা; প্রগল্‌ভতা; পতাকাদি উড়িবার শব্দ। বাংপ্র। বি।
ফরফরে—ফরফরকারী; অতিশয় পাতলা। ফরফর+এ (<ইয়া) করে অর্থে। বিণ।
ফরমান—হুকুম; বাদশাহ নবাব ইঃর আজ্ঞাপত্র। ফা। বি।
ফরমানি—হুকুম। ফা-মু। বি। [, বি]।
ফরমানো—হুকুম করা; ফরমাশ করা। বাংপ্র। ক্রি
ফরমাবন্দী—ছাপিবার জন্য পৃষ্ঠাসমূহ যথাযথভাবে বিন্যাসপূর্বক স্থাপিত। ৭মীতৎ। <পো-মু। বিণ।
ফরমাশ—হুকুম, আজ্ঞা। <ফা 'ফরমাইশ'। বি।
ফরমাশী—যাহা তৈয়ারি করিবার জন্য অর্ডার দেওয়া হইয়াছে এমন। ফা-মু। বিণ।
ফরশা, ফরসা—নির্মল; মেঘমুক্ত; শূন্য; শেষ; সাবাড়; স্পষ্ট; অন্ধকারমুক্ত; গৌরবর্ণ। বাংপ্র। বিণ। [বাংপ্র। বি।
ফরসি—দীর্ঘনলযুক্ত একপ্রকার হুঁকা; গুড়গুড়ি।
ফরাকত—অবকাশ; ছাড়াছাড়ি; পৃথক্‌করণ; মুক্তস্থান। <আ 'ফরাগৎ'। বি।
ফরাশ—যে ভৃত্য সভা প্রঃতে বিছানা বিছায়; তক্তপোশ প্রঃর উপর ঢালা বিছানা। <আ 'ফর্শ'। বি।
ফরাসী—ইওরোপের অন্তর্গত ফ্রান্স-নামক দেশের; তদ্দেশীয় ভাষা বা জাতি। <ফ্রেঞ্চ 'Francais' বা পো 'Francez'। বি বা বিণ।
ফরিয়াদ—নালিশ। ফা। বি।
ফরিয়াদী—বাদী; অভিযোক্তা। ফা-মু। বি।
ফরেব—বঞ্চনা; ছলনা; ঠকান। ফা-মু। বি।
ফর্দ—তালিকা; কাগজ কাপড় ইঃর টুকরা। <আ 'ফর্দ্'। বি।
ফর্দা—ফাঁকা; মুক্ত। আ। বিণ।
ফর্দাফাঁই, -ফাঁক—চৌচির; লম্বা লম্বা ফালি করিয়া বিদীর্ণ। আ-মু। বিণ।
ফর্ফর—অত্যন্ত চঞ্চল। স্ফুর্+অচ্ কর্তৃ (নিপা) বিণ।
ফর্মা—ছাঁচ; পুস্তকের যতগুলি পৃষ্ঠা একবারে ছাপা হয়। <পো 'forma'. বি।
ফল—বৃক্ষলতাদি-জাত শস্য বা বীজাধার; উৎপন্ন বস্তু; অঙ্ক কষিয়া যে রাশি পাওয়া যায়; ধন; লাভ; নিষ্পত্তি; কার্যসিদ্ধি; পরিণাম; পরীক্ষায় কৃতকার্যতা অথবা অকৃতকার্যতা; উপকার; প্রয়োজন; স্বর্গাদিসুখ; সুখ; দুঃখ; ফলক; তক্তা; পাটা; ঢাল; খড়্গাদির পাতা; বাণের অগ্রলোহ; ফলা; ফাল; উত্তর; ত্রিফলা; মুষ্ক। ফল্+অচ্+কর্তৃ। বি; ক্লী।
ফলওয়ালা—ফলবিক্রেতা। ফল+ওয়ালা বিক্রেতা অর্থে (বাংপ্র)। বি; পুং। স্ত্রী, -ওয়ালী।
ফলক—১। ঢাল; অস্ত্রের ফলা। বি; পুং বা ক্লী। ২। কপালের অস্থি; কাষ্ঠাদিপট্ট; তক্তা, পাটা; ধোপার পাট; নাগকেশর। ফল্+অক (বুন্) কর্তৃ, সংজ্ঞার্থে; অথবা, ফল+কন্ স্বার্থে। বি; পুং বা ক্লী। [বি।
ফলকথা—মোটকথা; সারকথা; শেষকথা। বাংপ্র।
ফলকর—১। ফলবান্; যাহাতে ফল ধরে এমন; উপকারক। উপতৎ; ফল—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -করী। ২। বৃক্ষাদির ফল উপভোগের জন্য দেয় কর। ৬ষ্ঠীতৎ। বি।

ফলতঃ (ফলতস্)—বস্তুতঃ; বাস্তবিক। ফল+তস্ (৩য়া-স্থানে)। অ; ক্রি-বিণ।
ফলদ—ফলপ্রদ; ফলদাতা। উপতৎ; ফল—দা+ক কর্তৃ। বিণ।
ফলদর্শী (-দর্শিন্)—পরিণামদর্শী। উপতৎ; ফল—দৃশ্+ণিন কর্তৃ। বিণ। স্ত্রী, **-দর্শিনী**। বি, **-দর্শিতা**।
ফলন—ফলের উৎপত্তি; সত্য হওয়া; নিষ্পত্তি; সিদ্ধি; উৎপত্তি। ফল্+অনট্ ভাব। বি; ক্লী।
ফলনিষ্পত্তি—সিদ্ধান্ত; শেষনিষ্পত্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ফলন্ত—যাহাতে ফল ধরে বা ধরিয়াছে এমন, ফলবান্। ফল্+অন্ত কর্তৃ (বাংপ্র)। বিণ।
ফলপাকড়—নানাপ্রকার ফল ও মূল। বাংপ্র। বি।
ফলপাকান্ত—ফল পক্ক হইলে যে সকল বৃক্ষলতা শুকাইয়া যায়, ওষধি। ফলের পাক, ৬ষ্ঠীতৎ; ফলপাকে অন্ত (শেষ) যাহার, বহু (বাংপ্র)। বি; স্ত্রী।
ফলপ্রদ, -প্রসূ—যে ফল দান করে এমন, ফলদায়ক, উপকারক। উপতৎ; ফল—প্র—দা+ক কর্তৃ; ৬ষ্ঠীতৎ। বিণ। [বি; স্ত্রী।
ফলপ্রাপ্তি—কাম্যবস্তুর প্রাপ্তি; ফললাভ। ৬ষ্ঠীতৎ।
ফলবান্ (-বৎ)—ফলযুক্ত, সফল। ফল+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বতী**।
ফলভাগী (-ভাগিন্)—ফললাভের অধিকারী; পরিণামে সুখ বা দুঃখভোগে অন্যের সহিত অংশীদার। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-ভাগিনী**।
ফলভোগ—কৃতকার্যজনিত সুখদুঃখাদির অনুভব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ফলভোগী (-ভোগিন)—পরিণামে কৃতকার্যজনিত সুখ বা দুঃখ ভোগকারী। ফলের ভোগ, ৬ষ্ঠীতৎ; ফলভোগ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-ভোগিনী**।
ফলমূল—খাদ্যশ্রেণীভুক্ত ফল-মূলজাতীয় পদার্থ। দ্বন্দ্ব। বি; ক্লী।
ফলশ্রুতি—কর্মের ফলশ্রবণ; কোন ধর্মকার্য করিয়া বা গীতাদি পুস্তক পাঠ বা শ্রবণ করিয়া কি ফললাভ হয় তদ্বিষয় শ্রবণ; সাহিত্য পাঠে মনের উপর মোটামুটি যে রেখাপাত হয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ফলসা—মিষ্ট এবং অম্লস্বাদ-বিশিষ্ট একপ্রকার ছোট ফল। ফা। বি।
ফলা—১। ফল প্রসব করা; যথার্থ হওয়া; ফলে সত্য হওয়া। বাংপ্র। ক্রি। ২। (সংখ্যাবাচক শব্দের পরে হইলে) ফলপ্রসবকারী ('দোফলা গাছ'); ফলযুক্ত ('দোফলা ছুরি')। বিণ। ৩। যুক্তাক্ষরের পরবর্তীটির চিহ্ন; ছুরির ফলক। ⟨ফলক। বি। [বিণ।
ফলাও—জাঁকালো; অতিরঞ্জিত; ঢালাও। বাংপ্র।
ফলাকাঙ্ক্ষা—ফললাভের প্রত্যাশা, কৃতকর্মের ফলের আশা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
আকাঙ্ক্ষী (-কাঙ্ক্ষিন্)—ফলের কামনাকারী, ফলপ্রত্যাশী। ফলাকাঙ্ক্ষা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-কাঙ্ক্ষিণী**।
ফলাগম—ফলোৎপত্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ফলানো—ফল জন্মানো; উৎপাদন করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। **বিদ্যা ফলানো**—বিদ্যাবত্তা প্রকাশ করা; বিদ্যার বাহাদুরি দেখানো। **রং ফলানো**—বর্ণ পরিস্ফুট করা; অতিরঞ্জিত করা; অধিকতর উজ্জ্বলতা সম্পাদন করা।
ফলাফল—ভাল বা মন্দ ফল; পরিণামফল। ফল এবং অফল, দ্বন্দ্ব। বি; ক্লী।
ফলার—ফলাদি ভোজন; চিড়া দই দুধ মিষ্টান্ন ইঃ আহার (ভাত ছাড়া)। ⟨ফলাহার। বি।
ফলারে—ফলার খাইতে যে ভালবাসে এমন। ফলার +এ (⟨ইয়া) নিপুণার্থে। বিণ।
ফলাহার—১। ফলভক্ষণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। লুচি সন্দেশ দধি চিড়া প্রঃ আহার বা আহার্য। বাংপ্র। বি।
ফলিত, ফলিন—ফলযুক্ত; ফলবান্; পরীক্ষাসিদ্ধ, প্রক্রিয়াবিষয়ক, practical. ফল+ইতচ্, ইনচ্ যুক্তার্থে। বিণ।
ফলিতজ্যোতিষ—যে জ্যোতিষশাস্ত্র দ্বারা গ্রহ-নক্ষত্রাদির সঞ্চার ও অবস্থানবিশেষজনিত মানবভাগ্যের শুভাশুভবিষয় জানিতে পারা যায় তাহা, astrology. কর্মধা। বি; ক্লী।
ফলিতার্থ—সারমর্ম, তাৎপর্য। কর্মধা। বি; পুং।
ফলুই—দেখিতে চিতল মাছের মত তবে আকারে ছোট মাছ বিঃ। বাংপ্র। বি।
ফলে—ফলতঃ; পরিণামে। বাংপ্র। ক্রি-বিণ।
ফলোদয়—১। ফলোৎপত্তি; লাভ; আনন্দ। ফলের উদয়, ৬ষ্ঠীতৎ। ২। স্বর্গ। ফলের উদয় যেখানে, বহু। বি; পুং। [৭মীতৎ। বিণ।
ফলোন্মুখ—যাহা শীঘ্র ফলিবে এমন। ফলে উন্মুখ,
ফলোপধায়ক, -ধায়ী (-ধায়িন্)—ফলজনক। ফল—উপ—ধা+ণক, ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িকা, -য়িনী**।
ফল্গু—১। গয়াস্থ নদী বিঃ। বি; স্ত্রী। ২। বৃথা বাক্য; লোহিতবর্ণ চূর্ণ, আবীর, ফাগ; বসন্তকাল। বি; পুং। ৩। তুচ্ছ, অসার; মনোহর। ফল্+উ কর্তৃ (গ-আগম)। বিণ।
ফল্গুনী—নক্ষত্র বিঃ। ফল্+উনন্ কর্তৃ (গ-আগম) +ঈপ্। বি; স্ত্রী।
ফল্গুৎসব—দোলযাত্রা, হোলিকা-উৎসব। ফল্গু সম্বন্ধীয় উৎসব, মধ্যপ। বি; পুং।
ফষ্টিনষ্টি, -নাষ্টি—ফাজলামি, হাসিঠাট্টা; কৌতুক। বাংপ্র। বি। [চক্ষুর পলকে। বাংপ্র। অ।
ফস—('করিয়া' শব্দের যোগে) হঠাৎ, অতিদ্রুত,
ফসকা—আলগা, শ্লথ। ⟨আ 'ফস্খ্'। বিণ।
ফসকানো—পলায়ন করা, পিছলানো, হাতছাড়া করা বা হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ফসফরাস—একপ্রকার মৌলিক পদার্থ, প্রস্ফুরক। ⟨ইং 'phosphorus'. বি।

ফসল—শস্য; শস্যসংগ্রহকাল। <আ 'ফস্‌ল্‌'। বি।

ফসলী—১। ১৫৫৬ খ্রীষ্টাব্দ হইতে গণিত আকবর-প্রবর্তিত সাল। বি। ২। ফসলযুক্ত; ফসল সম্বন্ধীয়। ফসল+ঈ সম্বন্ধাদি অর্থে। আ-মূ। বিণ। [কাজকর্ম। ফা-মূ। বি।

ফাইফরমাশ—ছোটখাটো কাজের হুকুম; ছোটখাটো

ফাইল—তালিকা; কাগজপত্রাদির গোছা; কাগজ গাঁথিয়া রাখিবার সিক; উখা। <ইং 'file'. বি। **ফাইল করা**—ফাইলে গাঁথিয়া রাখা; উখা দিয়া ঘষা; আবেদন করা। [<'স্ফায়্‌'-ধাতু। বিণ।

ফাউ, ফাও—নির্দিষ্ট পরিমাণের কিঞ্চিৎ অধিক।

ফাউণ্টেনপেন—যে কলমের মধ্যে কালি রাখিয়া বহুক্ষণ লেখা চলে তাহা, ঝরনা-কলম। <ইং 'fountain-pen' বি।

ফাও—'ফাউ' দ্রঃ।

ফাঁক—১। ছিদ্র; অন্তর, ব্যবধান; ফাঁকি ('ফাঁকে পড়া'); অবসর, সুযোগ; শূন্যস্থান; দোষ; বিচ্ছেদ; জনহীন স্থান;. সংগীতে তালপ্রদর্শনের নিঃশব্দ ক্রিয়া বা তাহার স্থান। বি। ২। শূন্য; পৃথক্‌; প্রকাশিত। <'ফক্ক'(-ধাতু)। বিণ। **ফাঁক ফাঁক**—পরস্পরের মধ্যে তফাতযুক্ত, তফাত তফাত।

ফাঁকতাল—সংগীতে তালের নিঃশব্দ ক্রিয়া বা তাহার স্থান; অপ্রত্যাশিত সুযোগ, বিনা পরিশ্রমে অন্যের পরিশ্রমের ফললাভের সুযোগ। <ফক্ক-তাল। বি।

ফাঁকা—১। খোলা; শূন্য; অবিশ্বাস্য, মিথ্যা; অন্তঃসারশূন্য; বাড়তি, অতিরিক্ত। বিণ। ২। মুক্ত স্থান; খোলা জায়গা। বাংপ্র। বি। **ফাঁকা আওয়াজ**—বন্দুকে গুলিশূন্য কার্তুজ দ্বারা কৃত শব্দ, blank shot; বৃথা আস্ফালন। **ফাঁকা ফাঁকা**—শূন্যপ্রায়।

ফাঁকি—১। প্রবঞ্চনা; ধাপ্পা; কর্তব্যে অবহেলা ও তাহা লুকাইবার চেষ্টা; চূর্ণ, গুঁড়া; কূটপ্রশ্ন বা তর্ক। বি। ২। মিথ্যা। <ফক্কিকা। বিণ।

ফাঁকিজুকি—ছলচাতুরী। বাংপ্র। বি।

ফাঁকিবাজ—প্রতারণাকারী; ইচ্ছাপূর্বক গোপনে কর্তব্যকর্মে অবহেলাকারী। ফাঁকি+বাজ নিপুণার্থে, কর্তা অর্থে (বাংপ্র)। বিণ। বি, **-বাজি**।

ফাঁড়—উদর; জলাধারের মধ্যভাগ বা বেড়। বাংপ্র। বি।

ফাঁড়া—মৃত্যুজনক বা মহাবিঘ্নজনক গ্রহনক্ষত্রযোগ। বাংপ্র। বি। **ফাঁড়া কাটা**—ভীষণ বিপদের সম্ভাবনা দূর হওয়া।

ফাঁড়ি—পুলিসের ঘাঁটি, থানা। বাংপ্র। বি।

ফাঁড়িদার—ফাঁড়ির প্রধান কনস্টেবল; ফাঁড়ির কর্মচারী। ফাঁড়ি+দার নিযুক্তার্থে (বাংপ্র)। বি।

ফাঁদ—পশুপক্ষী প্রঃ ধরিবার যন্ত্র; কৌশল; চক্রান্তমূলক ব্যাপার। বাংপ্র। বি। **ফাঁদে পড়া**—ফাঁদের মধ্যে ধৃত হওয়া; অপরের চক্রান্তের ফলে বিপদে পড়া। **ফাঁদে পা দেওয়া**—কাহারও দুরভিসন্ধি বুঝিতে না পারিয়া অবশ্যম্ভাবী অনিষ্টের ভাগী হইবার জন্যই কোন কিছু করা।

ফাঁদা—উদ্ভাবন করা; পত্তন করা; বিস্তার করা। বাংপ্র। ক্রি [, বি]।

ফাঁদালো—বৃহৎ মুখ বা উদরবিশিষ্ট। বাংপ্র। বিণ।

ফাঁপ—উত্তাপ; স্ফীতি। বাংপ্র। বি।

ফাঁপর—১। হতবুদ্ধিতা। বি। ২। হতবুদ্ধি, বদ্ধশ্বাস; স্ফীতোদর; বিকল। বাংপ্র। বিণ।

ফাঁপা—১। অসার; স্ফীত, ফুলা, শূন্যগর্ভ ও বায়ুপূর্ণ। ফাঁপ+আ কর্তৃ। বিণ। ২। স্ফীত হওয়া, বায়ুপূর্ণ হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।

ফাঁপানো—স্ফীত করা, বায়ুপূর্ণ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ফাঁস—১। ঢিলা, আলগা; প্রকাশিত, বাজে, খেলো। বিণ। ২। ইচ্ছামত ঢিলা বা শক্ত করা যায় এমন দড়ির বাঁধন; উদ্বন্ধন, আত্মহত্যার জন্য গলায় দড়ি। <পাশ। বি। **ফাঁস করা**—গোপনীয় বিষয় কাহারও নিকট প্রকাশ করিয়া দেওয়া।

ফাঁসা—পণ্ড হওয়া; খুলিয়া পড়া, প্রকাশ হওয়া; বিপজ্জালে বদ্ধ হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।

ফাঁসানো—পণ্ড করা; বিপন্ন করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ফাঁসি—উদ্বন্ধন; ফাঁস। বাংপ্র। বি।

ফাঁসিকাঠ, -কাষ্ঠ—যে কাষ্ঠদণ্ডে প্রাণদণ্ডাজ্ঞাপ্রাপ্ত ব্যক্তির ফাঁসি দেওয়া হয় তাহা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

ফাঁসুড়ে—যে ফাঁসি দিয়া হত্যা করে। বাংপ্র। বি।

ফাগ—আবীর। <ফল্গু। বি।

ফাগুন—<ফাল্গুন। বি।

ফাজলামি, -লামো—বাচালতা। ফাজিল+আমি, আমো ভাবে (বাংপ্র)। বি।

ফাজিল—১; বাচাল; অসার; অতিরিক্ত। বিণ। ২। আধিক্য; জমাখরচে খরচ অধিক হইয়া যাহা উদ্বৃত্ত থাকে তাহা। আ। বি।

ফাট, ফাটল, ফাটা—চির, বিদীর্ণ স্থান; ছিদ্র; গর্ত। বাংপ্র। বি। **ফাটা কপাল**—দুরদৃষ্ট, মন্দ বরাত।

ফাটক—সদর দরজা, তোরণ; কারাগার। হি। বি।

ফাটল—'ফাট' দ্রঃ।

ফাটা—১। বিদীর্ণ। ফাট্‌+আ কর্তৃ। বিণ। ২। বিদীর্ণ হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।

ফাটানো—বিদীর্ণ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ফাটাফাটি—বিবাদকালে পরস্পরের মাথা ফাটাইয়া দেওয়া; ভীষণ মারামারি; তুমুল ঝগড়া; সংকট; দুর্বোধ্য ব্যাপার। বাংপ্র। বি।

ফাড়া—বিদীর্ণ করা, চেরা, ফাটানো। বাংপ্র। ক্রি [, বি]।

ফাণিত—ঝোলাগুড়, অপরিস্কৃত চিনি। ফণ্‌+ণিচ্‌ +ক্ত কর্ম। বি; ক্লী।

ফাণ্ট—কাথ বিঃ; অন্বের পান। ফণ্‌+ক্ত কর্তৃ (নিপা)। বি; ক্লী।

ফাণ্ড—তহবিল, নিধি। <ইং 'fund'. বি।

ফাতনা—তরণ্ডিকা, ছিপের সূত্রসংলগ্ন শোলা ইঃ। বাংপ্র। বি।

ফানুস—বায়ু নিবারণার্থ কাচ-নির্মিত আলোকাবরণ, লণ্ঠন, সেজ, কাগজের বেলুন বিঃ। আ। বি।

ফান্দ—ফাঁদ। প্রা কপ্র। বি।

ফায়দা—লাভ। <আ 'ফাইদহ্'। বি।

ফারখত—তালাকনামা; অব্যাহতি। <আ 'ফারিখৎ'। বি।

ফারসী—'ফার্সী' দ্রঃ।

ফারাক—ব্যবধান; দূরত্ব। <আ 'ফর্ক্'। বি।

ফার্সী, ফারসী—পারস্যদেশীয়; পারস্যের ভাষা। ফা। বিণ বা বি।

ফাল—১। লাঙ্গলের মুখে যে লোহার পাত থাকে। ফল্+ঘঞ্ করণ। বি; ক্লী। ২। শিব; বলদেব, বলরাম। ফাল+অচ্ আছে অর্থে। বি; পুং।

ফালতু, ফালতো—অতিরিক্ত, অনাবশ্যক। হি। বিণ।

ফালা, ফালি, ফ্যাল—খণ্ড, টুকরা। বাংপ্র। বি। **ফালা দেওয়া**—বিদীর্ণ করা; ছিঁড়িয়া ফেলা।

ফালাও—বিস্তারিত; বিস্তৃত। <আ 'ফলাহ্'। বিণ।

ফাল্গুন—ফাল্গুনমাস। ফাল্গুনী (ফল্গুনীনক্ষত্রযুক্তা পূর্ণিমা)+অণ্ তদ্‌যুক্তমাসার্থে; অথবা, ফল্গুন+অণ্ স্বার্থে। বি; পুং।

ফাল্গুনী—১। ফাল্গুনমাসের পূর্ণিমা। ফল্গুনী +অণ্ যুক্তার্থে+ঈপ্। ২। পূর্বফল্গুনীনক্ষত্র; উত্তরফল্গুনীনক্ষত্র। ফল্গুনী+অণ্ স্বার্থে+ঈপ্। বি; স্ত্রী।

ফি—প্রত্যেক ('— বছর')। আ। অ।

ফিক—১। ('করিয়া' শব্দের পূর্বে থাকিলে) মুচকি। অ। ২। সহসাজাত তীব্র পার্শ্ববেদনা; স্নায়ুশূল বিঃ, neuralgia. বাংপ্র। বি।

ফিকা, ফিকে—হালকা-রংবিশিষ্ট; ফ্যাকাসে; অল্প স্বাদ; জলো। বাংপ্র। বিণ।

ফিকির—কল্পনা, চিন্তা; মতলব, ফন্দি। <আ 'ফিক্‌র্'। বি।

ফিঙ্গক—ফিঙ্গাপাখি। ফিঙ্গ (অনুকরণশব্দ)—কৈ+ক কর্তৃ। বি; পুং।

ফিঙ্গা, ফিঙা, ফিঙে—১। পক্ষি বিঃ, drongo. <ফিঙ্গক। ২। অক্ষরের মত চেয়া বা বাঁকা কাঠ ইঃ; ঢিল ছুড়িবার রজ্জু নির্মিত যন্ত্র। বাংপ্র। বি।

ফিচেল—ধূর্ত, শঠ; বাচাল। বাংপ্র। বিণ।

ফিট—১। প্রস্তুত; সুবিন্যস্ত; মাপসই। বিণ। ২। মূর্ছা; মাপমত হওয়া; ঠিক ঠিক লাগিয়া যাওয়া। <ইং 'fit'. বি। [<ইং 'phaeton'. বি।

ফিটন, ফেটিন—একপ্রকার আবরণশূন্য ঘোড়ার গাড়ি।

ফিটফাট—সুবিন্যস্ত, পরিপাটী। <ইং 'fit'. বিণ।

ফিটবাবু—ফুলবাবু। বাংপ্র। বি বা বিণ।

ফিতা, ফিতে—কাপড়ের পাড়ের মত ফালি। <পো 'fita'. বি।

ফিতাকৃমি—একধরনের লম্বা ও চেপটা কৃমি। বাংপ্র। বি। [বিঃ। <ইং 'phenyl'. বি।

ফিনাইল—দুর্গন্ধ ও রোগজীবাণুনাশক তরল পদার্থ

ফিনকি—সবেগে বহির্গত তরল পদার্থের ধারা ('রক্তের —'); স্ফুলিঙ্গ। বাংপ্র। বি।

ফিনফিনে—অতিশয় মিহি। বাংপ্র। বিণ।

ফিনিক—দীপ্তি, প্রভা; ফিনকি। বাংপ্র। বি।

ফিরঙ্গ—ম্লেচ্ছদেশ বিঃ; ইওরোপ। <পো 'francez'. বি।

ফিরঙ্গব্যাধি, ফিরঙ্গরোগ—উপদংশ, syphilis. ফিরঙ্গ হইতে আগত ব্যাধি। মধ্যপ। পো-মু। বি।

ফিরত, ফেরত—১। প্রত্যাগত; প্রত্যর্পিত; পত্রলেখকের পত্র ঠিকানায় পৌঁছিবার পরই যাহা পুনরায় পত্রলেখকের অভিমুখে আসিবে এমন ('— ডাক')। ফির্+অত কর্তৃ। (বাংপ্র)। বিণ। ২। প্রত্যর্পণ, ফিরাইয়া দেওয়া। ফিরা+অত ভাববা (বাংপ্র)। বি। [অধি। বাংপ্র। বি।

ফিরতি—ফেরত; ফিরিবার সময়। ফির্+অতি ভাব,

ফিরা, ফেরা—পরিবর্তিত হওয়া; ঘুরিয়া বেড়ানো, ঘুরিয়া দাঁড়ানো বা অবস্থান করা; প্রত্যাবর্তন করা। বাংপ্র। ক্রি [, বি]। **কপাল ফিরা, কপাল ফেরা**—দুরবস্থা দূর হইয়া অবস্থার উন্নতি হওয়া।

ফিরা, ফিরে—পুনবাবৃত্ত; পরবর্তী। ফির্ আ, এ কর্তৃ (বাংপ্র)। বিণ।

ফিরানো, ফেরানো—প্রত্যাবর্তিত করা; ফেরত দেওয়া; পরিবর্তিত করা; আঁচড়ানো ('চুল —'); নূতন করিয়া বিন্যাস করা ('কলি —'); (পাওনাদার বা প্রার্থীকে) কিছু না দিয়া বিদায় দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ফিরাফিরি—পুনঃ পুনঃ ফেরত। বাংপ্র। বি।

ফিরি—'ফেরি' দ্রঃ।

ফিরিওয়ালা—'ফেরিওয়ালা' দ্রঃ।

ফিরিঙ্গী—সাধারণতঃ ইওরোপীয় ব্যক্তি; খ্রীষ্টানধর্মাবলম্বী বর্ণসংকর জাতি বিঃ। <পো 'Francez'. বি।

ফিরিঙ্গীরোগ—উপদংশ। ষষ্ঠীতৎ (পো-মু)। বি। ['ফিহ্‌রিস্ত'। বি।

ফিরিস্তা, ফিরিস্তি—তালিকা, সূচীপত্র। <আ

ফিরে—'ফিরা' (২য়) দ্রঃ।

ফিরোজা—১। ফিরোজা রঙের। বিণ। ২। পীতনীলমিশ্রিত বর্ণ; উক্তবর্ণের মণি বিঃ, turquoise. <ফা 'ফিরোজহ্'। বি।

ফিলহাল—এখন, হালফিল। আ। অ।

ফিসফিস—কানে কানে কথা বলার শব্দ। বাংপ্র। অ।

ফিসফিসানি—কানে কানে মৃদুস্বরে কথা বলা, চুপি চুপি কথা বলা। বাংপ্র। বি।

ফী—বেতন; পারিশ্রমিক; দর্শনী; মাসুল। <ইং 'fee'. বি।

ফুঁ—মুখ হইতে জোরে বাহির-করা বাতাস। <ফুৎকার। বি।

ফুঁক—চিকিৎসা-বিষয়ক মন্ত্র আবৃত্তির সহিত ফুৎকার। < ফুৎকার। বি।
ফুঁকা, ফুকা—১। ফুৎকার দেওয়া; ধূমপান করা; অযথা ব্যয় করা। বাংপ্র। ক্রি। ২। ফাঁপা ও হালকা। বিণ। ৩। অধিকতর দুগ্ধলাভের আশায় গাভীর জননেন্দ্রিয়ে প্রদত্ত ফুৎকার। < ফুৎকার। বি।
ফুঁড়া—ফোঁড়া, বিদ্ধ করা; ছেঁদা করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ফুঁড়াফুঁড়ি—বারবার বিদ্ধ করা। বাংপ্র। বি।
ফুঁপানো—ফোঁপানো (তাহা দ্রঃ)।
ফুঁপি—ঝালর, ফেঁসো। বাংপ্র। বি।
-('করিয়া' শব্দের যোগে) অতিদ্রুত। বাংপ্র। অ।
ফুকর, ফোকর—গর্ত; খোপ। বাংপ্র। বি।
ফুকরনো, ফুকরানো—ডাকা; উচ্চৈঃস্বরে রোদন করা। বাংপ্র। ক্রি [, বি]। বি—**ফুকার**।
ফুকা, ফুকো—'ফুঁকা' দ্রঃ।
ফুকার—চিৎকার, উচ্চ ডাক। বাংপ্র। বি।
ফুঙ্গী—ব্রহ্মদেশীয় বৌদ্ধ, ভিক্ষু। বর্মী। বি।
ফুচকে—ছোট, ক্ষুদ্র। বাংপ্র। বিণ।
ফুট—১। বিদীর্ণ; প্রস্ফুটিত। স্ফুট্+ক কর্তৃ (নিপা) বিণ। ২। মাপ বিঃ, ১২ ইঞ্চি। < ইং 'foot'. ৩। দাগ; টগবগ করিয়া ফুটা। বাংপ্র। ৪। ফুটপাথ, রাজপথের দুইধারে মানুষ যাইবার বাঁধানো রাস্তা। < ইং 'foot-path'. বি। [বি।
ফুটকলাই, -কড়াই—একপ্রকার ভাজা কলাই। বাংপ্র।
ফুটকি—ক্ষুদ্র বিন্দু, ছোট ফোঁটা। বাংপ্র। বি।
ফুটন—ফোটা। বাংপ্র। বি।
ফুটন্ত—প্রস্ফুটিত; বিকাশোন্মুখ; উত্তাপ হেতু বুদ্বুদযুক্ত। ফুট্+অন্ত কর্তৃ (বাংপ্র)। বিণ।
ফুটপাথ—রাজপথের দুইধারে মানুষ যাইবার জন্য নির্দিষ্ট বাঁধানো পথ। < ইং 'foot-path'. বি।
ফুটফুট—১। ক্ষুদ্র ক্ষুদ্র বিন্দু। বি। ২। ক্ষুদ্র ক্ষুদ্র বিন্দুযুক্ত। বাংপ্র। বিণ।
ফুটফুটে—সুন্দর, সুশ্রী ('—মেয়ে'); পরিষ্কার; উজ্জ্বল; ধবধবে ('—জ্যোৎস্না')। বাংপ্র। বিণ।
ফুটবল—পা দিয়া খেলিবার একপ্রকার বায়ুপূর্ণ বড় বল। < ইং 'football'. বি।
ফুটা—১। প্রস্ফুটিত হওয়া; ব্যক্ত হওয়া; উত্তাপে বুদ্বুদযুক্ত হওয়া; উত্তাপে ফাঁপিয়া উঠা; খোলা; বিদ্ধ হওয়া; ছিদ্রযুক্ত হওয়া। ক্রি। ২। ছিদ্র। বি। ৩। ছিদ্রযুক্ত। বাংপ্র। বিণ। **মুখ ফুটিয়া বলা**—সংকোচ দমন করিয়া বলা, খুলিয়া বলা।
ফুটানি, ফুটুনি—চালবাজি; অবস্থার অতিরিক্ত বাবুগিরি; ফাঁকিবাজি। বাংপ্র। বি।
ফুটানো—বিদ্ধ করা; খোলা; প্রস্ফুটিত করা; ডিমে তা দিয়া ছানা বাহির করা; উত্তাপ দ্বারা বুদ্বুদযুক্ত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ফুটি—একজাতীয় কাঁকুড়। < স্ফুটী। বি।
ফুটিফাটা—যাহা পাকা ফুটির মত ফাটিয়া গিয়াছে এমন। ফুটির ন্যায় ফাটা, উপমান কর্মধা। বাংপ্র। বিণ।
ফুড়ুক, ফুড়ুত—ছোট পাখির সহসা উড়িবার শব্দ; হুঁকার ধূমপানকালীন শব্দ। বাংপ্র। অ।
ফুৎকার, ফুৎকৃতি—ফুঁ দেওয়া; ফুসফুস শব্দ। ফুৎ—কৃ+ঘঞ্, ক্তি ভাব। বি; পুং, স্ত্রী।
ফুফু—পিতার ভাগিনী, পিসী। হি। বি।
ফুরন, ফুরান—চুক্তি, কাজের পূর্বে মূল্যাস্থিরীকরণ। বাংপ্র। বি।
ফুরনো—শেষ হওয়া; চুক্তি দ্বারা কর্মনির্ধারণ করা; মাসিক বেতন না দিয়া কার্যানুরূপ অর্থপ্রদানের চুক্তি করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ফুরসত—অবসর, কাজের ফাঁক; সুযোগ। আ। বি।
ফুরান—'ফুরন' দ্রঃ।
ফুরানো—শেষ হওয়া, ফুরাইয়া যাওয়া; শেষ করা, ব্যয়িত হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ফুর্তি—আনন্দ, হর্ষ। < স্ফূর্তি। বি।
ফুল—১। পুষ্প, কুসুম; গর্ভের ফুল, জরায়ু-পুষ্প, অমরা, placenta; ফুলের মত নকশা বা কারুকার্য। < ফুল্ল। বি। ২। পুরা, পুরামাপের। < ইং 'full'. বিণ।
ফুলওয়ালা—পুষ্পবিক্রেতা। ফুল+ওয়ালা বিক্রেতা অর্থে। বাংপ্র। বি; পুং। স্ত্রী, **-ওয়ালী**।
ফুলকপি—একপ্রকার সবজি, cauliflower. বাংপ্র। বি।
ফুলকা, ফুলকো, ফুক্কা, ফুক্কো—১। পাতলা এবং ফাঁপা ('—লুচি')। বিণ। ২। মৎস্যের ফুসফুস, মাছের কানকোর নীচের লাল অংশ, gills; পাতলা ছাল। বাংপ্র। বি। [বহু (বাংপ্র)। বিণ।
ফুলকাটা—ফুলতোলা, পুষ্পবৎ কারুকার্যযুক্ত।
ফুলকারি—ফুলের নকশা; কাপড়ে ফুলতোলা বা বুটির কাজ। বাংপ্র। বি। [বি।
ফুলকি, ফুল্কি—আগুনের ফিনকি। < স্ফুলিঙ্গ।
ফুলকুমারী—১। কুসুম-কলিকা। ফুল কুমারীসদৃশ, উপমিত কর্মধা। ২। কুসুমকোমলা ও মনোরমা বালিকা। ফুলসদৃশী কুমারী, মধ্যপ। বি; স্ত্রী।
ফুলকোঁচা—ফুলের মত করিয়া কোঁচানো, চুনট করা। ফুলের ন্যায় কোঁচা, মধ্যপ (বাংপ্র)। বিণ।
ফুলকো—'ফুলকা' দ্রঃ। [(বাংপ্র)। বি।
ফুলখড়ি—চা-খড়ি, চক। ফুলের ন্যায় খড়ি, মধ্যপ
ফুলচন্দন—চন্দনমাখা ফুল। বাংপ্র। বি।
ফুলঝুরি, -ঝরি—একপ্রকার আতশবাজি। বাংপ্র। বি।
ফুলতোলা—১। পুষ্পচয়ন। ২য়াতৎ। বি। ২। বুটির কাজ-করা। বহু (বাংপ্র)। বিণ।
ফুলদান, -দানি—পুষ্পাধার, ফুলের তোড়া রাখিবার শৌখিন আধার। ফুল+দান, দানি পাত্র অর্থে (বাংপ্র)। বি।
ফুলদার—ফুলের নকশাযুক্ত, বুটিদার, ফুলতোলা। ফুল+দার বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।
ফুলদোল—চৈত্রমাসের শুক্লা একাদশীতে শ্রীকৃষ্ণের ফুলের দোলায় দোল উৎসব বিঃ। বাংপ্র। বি।

ফুলধনু—১। মদন, কন্দর্প। ফুলময় ধনু যাহার, বহু। ২। পুষ্পনির্মিত ধনু। ফুলনির্মিত ধনু, মধ্যপ। প্রা কপ্র। বি। [বাংপ্র। বিণ।

ফুলন্ত—কুসুমিত, যাহার ফুল ফুটিতেছে এমন।

ফুলবড়ি—একপ্রকার ছোট বড়ি। বাংপ্র। বি।

ফুলবাণ—১। কন্দর্পের পুষ্পশর, ফুলশর। কর্মধা। ২। কন্দর্প। বহু (বাংপ্র)। বি। [বি।

ফুলবাতাসা—একপ্রকার ছোট হালকা বাতাসা। বাংপ্র।

ফুলবাবু—অতি শৌখিন-পরিচ্ছদযুক্ত বিলাসী লোক; পুবাপুরি বাবু। ফুল (full) বাবু, কর্মধা (বাংপ্র)। বি।

ফুলমালা—পুষ্পমালা, ফুলের মালা। ফুল দ্বারা রচিত মালা, মধ্যপ (বাংপ্র)। বি।

ফুলরি, ফুলুরি—একপ্রকার বেসমের বড়া। হি। বি।

ফুলল, ফুলেল—ফুলের গন্ধযুক্ত, ফুলের গন্ধে সুবাসিত; পুষ্পময়। ফুল+ল, এল বিশিষ্টার্থে, সদৃশার্থে (বাংপ্র)। বিণ।

ফুলশয্যা—বিবাহের পর নবদম্পতির প্রথম শয়ন-জন্য পুষ্পদ্বারা সজ্জিত শয্যা; পুষ্পরচিতা শয্যা। ফুলময়ী শয্যা, মধ্যপ (বাংপ্র)। বি; স্ত্রী।

ফুলহাতা—১। জামার পুরা হাতা। ফুল (full) যে হাতা, কর্মধা। বি। ২। পুরা হাতা-বিশিষ্ট ('—জামা')। বহু (বাংপ্র)। বিণ।

ফুলা, ফোলা—স্ফীত হওয়া, ফাঁপা; মোটা হওয়া; ধনবান্ হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ফুলানো, ফোলানো, ফুলনো—স্ফীত করা, ফাঁপানো; ধনবান্ করা; প্রশংসা বা তোষামোদ ইঃ দ্বারা গর্বযুক্ত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ফুলেল—'ফুলল' দ্রঃ।

ফুল্ল—১। প্রস্ফুটিত; প্রকাশিত; প্রফুল্ল। বিণ। ২। ফুল, পুষ্প। ফুল্ল্+অচ্ বা ক্ত কর্তৃ। বি; ক্লী।

ফুল্লিত—বিকশিত, কুসুমিত। ফুল্ল্+ক্ত কর্তৃ। বিণ।

ফুস্—অসার, অর্থশূন্য; যাহা ফুরাইয়া গিয়াছে এমন। বাংপ্র। বিণ।

ফুসকুড়ি—ব্রণ বিঃ; একপ্রকার ঘামাচি। বাংপ্র। বি।

ফুসফুস—১। ফুলকা, শ্বাসযন্ত্র, lungs. < পুপ্‌-ফুস্। বি। ২। কানে কানে ফিসফিস কথা। বাংপ্র। অ।

ফুসলনো, ফুসলানো—গোপনে অসৎকার্যে প্রবৃত্তিদান; গোপনে পরামর্শ দ্বারা কুপথে বা নিজ বশে আনা। বাংপ্র। ক্রি [, বি]। [বাংপ্র। বি।

ফুসুর-ফুসুর—ক্রমাগত কানে কানে কথা বলা।

ফেউ—শৃগাল, খেঁকশিয়াল; ক্ষেপা শিয়াল; যে শিয়াল বাঘের পিছনে পিছনে চেঁচাইয়া বেড়ায়। <ফেবু। বি। **ফেউ লাগা**—পিছনে লাগিয়া ব্যতিব্যস্ত করা, উত্ত্যক্ত করা।

ফেঁকড়া, ফেঁকড়ি, ফ্যাকড়া—প্রশাখা; কোন মূল বিষয় হইতে উদ্ভূত অপ্রধান বিষয়; ফ্যাসাদ, লেঠা, বিঘ্ন। বাংপ্র। বি।

ফেঁসো—পাট প্রঃর আঁশ অর্থাৎ সূক্ষ্ম তন্তু। <ফাঁস। বি।

ফেকাশে, -সে, ফ্যাকাশে, -সে—অল্পস্বাদযুক্ত; পাণ্ডুবর্ণ, ফিকা; রক্তশূন্য। বাংপ্র। বিণ।

ফেকো—মুখ শুকাইলে ঠোঁটের কোণে যে শুকনা থুতু দেখা যায় তাহা ('—ওঠা')। <আ 'ফক্'। বি।

ফেচফেচ, ফেচফেচানি—ক্রমাগত খিটমিটি। বাংপ্র। বি। [বিশৃঙ্খলা। বাংপ্র। বি।

ফেচাং, ফ্যাচাং—লেজুড়; ফেঁকড়া; লেঠা, কার্যের

ফেটা, ফেটী, ফ্যাটা—পটি; জড়ানো কাপড় বা ন্যাকড়া। বাংপ্র। বি।

ফেটানো—নাড়িয়া ফাঁপানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ফেটিং—ফিটনগাড়ি ("ফেটিং চোড়ে ঘুরছে মোড়ে"—অমৃত)। <ইং 'phaeton'. বি।

ফেটিন—'ফিটন' দ্রঃ।

ফেণি, ফেণী—একপ্রকার মিষ্টান্ন; বড় বাতাসা। স্ফায়্+নি কর্তৃ (নিপা); পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

ফেন—গাঁজলা, ফেনা; মাড়। স্ফায়্+নক্ কর্তৃ (নিপা)। বি; পুং।

ফেনা—গাঁজলা, সাবান প্রঃ জলে গুলিয়া রগড়াইলে জলে যে বুদ্বুদসমূহ একত্র হইয়া দেখা দেয় তাহা, মাড়। <ফেন। বি।

ফেনানো—ফেটানো, ঘাঁটিয়া ফেনাযুক্ত করা; অতিরঞ্জিত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ফেনায়মান—যাহাতে ফেনা উঠিতেছে এমন। ফেন+ক্যঙ্ (=ফেনায় নামধাতু, উদ্বমনার্থে)+শানচ্ কর্তৃ। বিণ।

ফেনায়িত—যাহা ফেনাযুক্ত হইয়াছে এমন। ফেন+ক্যঙ্+ক্ত কর্তৃ। বিণ।

ফেনিকা, ফেনী—মিষ্টান্ন দ্রব্য বিঃ, একপ্রকার বড় বাতাসা। ফেন+কন্ আছে অর্থে+আপ্; ফেন+অচ্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

ফেনিল—ফেনযুক্ত, সফেন। ফেন+ইলচ্ আছে অর্থে। বিণ।

ফেব্রুআরি, ফেব্রুয়ারি—ইংরেজী বৎসরের দ্বিতীয় মাস। <ইং 'February'. বি।

ফের—১। ফাঁক, ছিদ্র; অল্পতা বা আধিক্য ('নিক্তির —'); বেড়, বেষ্টন; বদল; বিভিন্নতা; সংকট; বাধা; বিঘ্ন ('গ্রহের —')। বি। ২। পুনরায়। বাংপ্র। অ, ক্রি-বিণ।

ফেরত, ফেরতা—পালটা; যাহা ফিরাইয়া দেওয়া হইয়াছে এমন; ফিরিবার কালীন; প্রত্যাগত। ফির্ বা ফিরা+অত, অতা (বাংপ্র)। বিণ।

ফেরফার—উলটা-পালটা; ছল, কৌশল; কথার মারপ্যাঁচ ("মোরে পরিচয় দেহ ছাড় ফেরফার"—ভারত); দায়, সংকট ("ভয় করি কি জানি কে দিবে ফেরফার"—ভারত)। বাংপ্র। বি।

ফেরা, ফেরানো—'ফিরা', 'ফিরানো' দ্রঃ।

ফেরাফিরি—ফিরাফিরি, পুনঃ পুনঃ ফেরত। বাংপ্র। বি।

ফেরার—পলায়িত, পলাতক। <আ 'ফিরার'। বিণ।

ফেরারী—পলাতক। আ-মু। বিণ।

ফেরি, ফিরি—ঘুরিয়া ঘুরিয়া বিক্রয়। বাংপ্র। বি।

ফেরিওয়ালা, ফিরিওয়ালা—যে ঘুরিয়া ঘুরিয়া বিক্রয় করে। ফেরি, ফিরি+ওয়ালা, করে অর্থে (বাংপ্র)। বি।

ফেরু—শৃগাল। ফে—রু+ডু কর্তৃ। বি; পুং।

ফেরেব—প্রবঞ্চনা, জুয়াচুরি; প্রলোভন। <ফা 'ফরেব'। বি।

ফেরেববাজ—জুয়াচোর, প্রবঞ্চক। ফেরেব+বাজ শীলার্থে। ফা-মৃ। বিণ। বি, **-বাজি, ফেরেবি**।

ফেরেবী—প্রবঞ্চক। ফা-মৃ। বিণ।

ফেরেশতা, ফেরিশতা—স্বর্গদূত। আ। বি।

ফেল—যে পাস করে নাই এমন, অনুত্তীর্ণ; দেউলিয়া। <ইং 'fail'. বিণ।

ফেলনা—অকিঞ্চিৎকর, তুচ্ছ; ফেলিবার যোগ্য। ফেল্ +না কর্ম, যোগ্যার্থে (বাংপ্র)। বিণ।

ফেলা—১। নিক্ষেপ করা; শেষ করা; ত্যাগ করা; হঠাৎ কিছু করা। ক্রি [, বি]। ২। পরিত্যক্ত; বাদ; নিক্ষিপ্ত। ফেল্+আ কর্ম (বাংপ্র)। বিণ। ৩। মুখ হইতে বহিষ্কৃত বা উচ্ছিষ্ট খাদ্য বস্তু। ফেল+ঘঞ্ কর্ম+আপ্ (বাংপ্র)। বি; স্ত্রী।

ফেলাছড়া—অযত্নে ছড়ানো; নষ্ট। কর্মধা (বাংপ্র)। বি বা বিণ।

ফেলানো—নিক্ষেপ করা; ছড়ানো; বিস্তার করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ফেসাদ, ফ্যাসাদ—ঝগড়া, কলহ; মুশকিল; বিড়ম্বনা। <আ 'ফসাদ'। বি।

ফেসাদে, ফ্যাসাদে—যে ঝঞ্ঝাট মুশকিল বা কলহ বাধায় এমন। ফেসাদ, ফ্যাসাদ+এ (<ইয়া) প্রিয় অর্থে। বিণ। [মরিয়া যাওয়া।

ফোঁকা—ফুঁকা। বাংপ্র। ক্রি [, বি]। **শিঙ্গা ফোঁকা**—

ফোঁটা—১। তিলক; বিন্দু। বি। ২। সামান্য, বিন্দুর ন্যায়। <স্ফুট্-ধাতু। বিণ।

ফোঁড়—ছিদ্র; ফুঁড়িয়া দেওয়া; ফোঁড়ার কাজ। বাংপ্র। বি। **ফোঁড় গলা, ফোঁড় তোলা**—কথার মধ্যে কথা বলা; অযথা তর্ক করা।

ফোঁড়া, ফোড়া—১। ছিদ্র করা। বাংপ্র। ক্রি। ২। ছিদ্র; ছিদ্রকরণ। ৩। ব্রণ। <স্ফোটক। বি।

ফোঁপরা—বহু ছিদ্রযুক্ত; ফাঁপা, অন্তঃসারশূন্য। বাংপ্র। বিণ।

ফোঁপল—নারিকেলের ভিতরে জাত অঙ্কুর। বাংপ্র। বি। [, বি]।

ফোঁপানো—অনুচ্চস্বরে গুমরিয়া কাঁদা। বাংপ্র। ক্রি

ফোঁস—সর্পের ক্রোধব্যঞ্জক শব্দ; ক্রোধব্যঞ্জক ভাব; ভীতিপ্রদর্শনার্থ ক্রোধের ভান। বাংপ্র। বি।

ফোকর—খোপ; গর্ত। বাংপ্র। বি।

ফোকলা—দন্তশূন্য। বাংপ্র। বিণ।

ফোটা—'ফুটা' (তাহা দ্রঃ)। **চোখ ফোটা**—পাখি, কুকুর প্রঃর ছানার প্রথম চোখের পাতা উন্মুক্ত হওয়া; প্রকৃত বিষয়ে জ্ঞান জন্মা। **মুখ ফোটা**—যে প্রথমে লজ্জাভয়াদি জন্য কথা বলিত না তাহার মুখ হইতে বাক্য নির্গত হওয়া; লজ্জা দূর হইবার পর মুখ হইতে অত্যধিক বাক্য নির্গত হওয়া।

ফোটানো—ফুটানো (তাহা দ্রঃ)।

ফোটোগ্রাফ—আলোকচিত্র। <ইং 'photograph' বি।

ফোড়ন—অন্যের কথায় টিপ্পনী কাটা; গরম তেলে তেজপাতা প্রঃ দিয়া তাহাতে ব্যঞ্জনাদি মিশ্রিত করা। <স্ফোটন। বি। **ফোড়ন দেওয়া**—কথার মধ্যে কথা বলা; কথার উপরে উত্তেজক কথা বলা।

ফোড়া—'ফোঁড়া' দ্রঃ।

ফোতো—মিথ্যা; নির্ধন; অন্তঃসারশূন্য, শুধু বাহ্য; পরপুষ্ট। বিণ। **ফোতো নবাব**—যে পরের ধনে নবাবী করে এরূপ, যাহার নিজের কিছুই নাই কেবল অপরের অর্থে বাবুগিরি করে এমন। **ফোতো বাবু**—যে অতি দরিদ্র হইয়া বাহিরে বাবুয়ানা দেখায় এরূপ; যে ক্ষমতার অতিরিক্তভাবে বাবুগিরি করে এরূপ; ফোতো নবাব।

ফোন—টেলিফোন। <ইং 'phone'. বি।

ফোনোগ্রাফ—স্বরধরযন্ত্র, সংগীতাদি বা যে কোন শব্দ অবিকল পুনর্ধ্বনিত করিবার যন্ত্র। <ইং 'phonograph'. বি।

ফোমেন্ট—ভাপরা, গরম জলের স্বেদ। <ইং 'fomentation'. বি।

ফোয়ারা—কৃত্রিম উৎস। <আ 'ফওবারহ্'। বি।

ফোরম্যান—কারখানার যন্ত্রপরিচালনাদির তত্ত্বাবধায়ক কর্মচারী। <ইং 'foreman'. বি।

ফোলা—'ফুলা' দ্রঃ।

ফোলানো—'ফুলানো' দ্রঃ।

ফোসকা—আগুনে পোড়ার ক্ষত; জলযুক্ত ব্রণ; লুচি প্রঃর ফোলা স্তর। বাংপ্র। বি।

ফৌজ—জনসমূহ; সেনা। আ। বি।

ফৌজদার—পুলিস কর্মচারী বিঃ; সেনানায়ক; কোতোয়াল। আ। বি।

ফৌজদারি—মারপিট খুন ইঃ সংক্রান্ত মামলা; ম্যাজিস্ট্রেটের কার্য বা পদ। ফৌজদার+ই কর্মাদি অর্থে (আ-মৃ)। বি। বিণ, **-দারী**।

ফৌত—মৃত; উত্তরাধিকারশূন্য অবস্থায় মৃত। আ। বিণ।

ফৌতি—মৃত্যু, বিনাশ। আ। বি।

ফ্যাকাশে—'ফেকাশে' দ্রঃ।

ফ্যাচাং—'ফেচাং' দ্রঃ।

ফ্যাটা—১। চওড়া। বিণ। ২। পাগড়ি; পাট্টা; জড়ানো কাপড়। বাংপ্র। বি।

ফ্যা-ফ্যা—নিষ্কর্মা অবস্থায় বা দ্বারে দ্বারে ভ্রমণ। বাংপ্র। বি।

ফ্যালফ্যাল—অর্থশূন্য, বিস্ময়যুক্ত; বিমূঢ়ভাবপ্রকাশক (—দৃষ্টি')। বাংপ্র। বিণ।

ফ্যাশন, ফ্যাশান—শৌখিন চালচলন; শৌখিন রীতি; প্রচলিত ধারা। <ইং 'fashion'. বি।

ফ্যাসাদ—'ফেসাদ' দ্রঃ।

ফ্রক—ঘাগরা। <ইং 'frock'. বি।

ফ্রি, ফ্রী—অবৈতনিক; স্বাধীন, মুক্ত। <ইং 'free'. বিণ।

ফ্রেম—কাঠামো। <ইং 'frame'. বি।
ফ্লানেল—একপ্রকার গরম পশমী কাপড়। <ইং 'flannel'. বি।
ফ্ল্যাট—কয়েকটি কোঠাযুক্ত বাসস্থান; জাহাজ বা স্টীমারের পাটাতন; চিৎপাত; নিরুপায়। <ইং 'flat'. বি বা বিণ।

[ব]

[**দ্রষ্টব্য**—*চিহ্নিত আদ্য ব বর্গীয় ব, †চিহ্নিত আদ্য ব বর্গীয় বা অন্তঃস্থ ব এবং অচিহ্নিত সংস্কৃত শব্দের আদিতে অন্তঃস্থ ব। সকল অসংস্কৃত শব্দের আদিতে বর্গীয় ব।]

ব*—১। ত্রয়োবিংশ ব্যঞ্জনবর্ণ [ইহার উচ্চারণস্থান ওষ্ঠ; অপিচ ইহা ব্যঞ্জন-বর্ণমালার ঊনত্রিংশ বর্ণ, উচ্চারণস্থান দন্ত ও ওষ্ঠ। রূপপার্থক্য রক্ষিত হয় না বলিয়া অধুনা উক্ত দুইটি ব-কে এক করা হইয়াছে।]। ২। তন্তুসন্তান; তাঁতে এক একটি টানার সুতা ঝুলাইবার সূত্রনির্মিত ফালা, পড়েনের সূত্রশ্রেণী। বপ্+ড করণ। বি; ক্লী।
বই—১। পুস্তক, খাতা। <আ 'বহী'। বি। ২। ভিন্ন, ছাড়া। <ব্যতীত। অ। ৩। বহন করি। বাংপ্র। ক্রি।
বইকি—নিশ্চয়সূচক ('দেয় —'): নহেসূচক; খণ্ডনসূচক ('তা —')। বাংপ্র। অ।
বইঠা, বোটে—নৌকার ক্ষুদ্র দাঁড়। <বাহিত্র। বি।
বউ, বৌ—পুত্রবধূ; পত্নী; বিবাহের কন্যা; ভ্রাতৃবধূ; কুলবধূ; ঘোমটা-দেওয়া যুবতী নারী। <বধূ। বি।
বউ-কথা-কও—একপ্রকার পাখি, পাপিয়া [ইহার শব্দকে 'বউ কথা কও' বলিয়া কল্পনা করা হয়]। বাংপ্র। বি।
বউকাটকী—বধূকে যন্ত্রণাদায়িনী নারী, বধূর স্বাচ্ছন্দ্যে বিঘ্নস্বরূপা। বাংপ্র। বি বা বিণ; স্ত্রী।
বউড়ী—অল্পবয়স্কা বধূ। <বধূটি। বি· স্ত্রী।
বউদিদি, বৌদিদি, বৌদি—অগ্রজের স্ত্রী, দাদার স্ত্রী। কর্মধা (বাংপ্র)। বি; স্ত্রী।
বউনি—১। বহনের বেতন। <বহনী। ২। দিনের বা বিক্রয়ারম্ভের প্রথম বিক্রয়। <বর্ধনী। বি।
বউভাত, বৌভাত—নববধূর প্রথম অন্নরন্ধনোপলক্ষে ভোজ; পাকস্পর্শ। বউয়ের, বৌয়ের স্পৃষ্ট ভাত যাহাতে, বহু (বাংপ্র)। বি।
বউল, বোল—ফুলের কলি বা কুঁড়ি; আম লিচু প্রভৃতির ফুল। <মুকুল। বি।
বওয়া—বহিয়া যাওয়া ('সময় বয়ে যায়'); বহন করা ('গাধা ভার বয়'); চালানো ('গরু লাঙ্গল বয়'); অতিক্রম করা ('পথিক পথ বয়ে চলে')। বাংপ্র। ক্রি [. বি]। **বয়ে যাওয়া**—চরিত্রহীন হওয়া, নষ্ট হইয়া যাওয়া ('ছেলেটা বয়ে গেছে'); কিছুই না হওয়া ('তোমার কথায় আমার বয়ে যাবে')।
বওয়া, বওয়াটে—বখা; বাচাল; ফাজিল; চরিত্রহীন; যে একেবারে অধঃপাতে গিয়াছে এমন। বাংপ্র। বিণ।
বংশ—১। কুল, গোত্র। বশ্+ঘ কর্তৃ (নিপা)। ২। একগোত্রোৎপন্ন পূর্বপুরুষ বা সন্তান। বংশ+অচ্ আছে অর্থে। ৩। বাঁশ। বম্ বা বন্+শ কর্তৃ, কর্ম। বি; পুং।
বংশক্রম—বাপ ছেলে নাতি এইভাবে একই বংশে সন্তানপরম্পরা, বংশের ধারা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বংশগত—বংশ সম্বন্ধীয়; বংশানুক্রমে প্রাপ্ত বা ঘটিত। ২য়াতৎ। বিণ।
বংশগতি—বংশানুক্রমে শারীরিক ও মানসিক লক্ষণের সংক্রমণ, heredity. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বংশগৌরব—আভিজাত্য, উচ্চ কুলে জন্মজনিত সম্ভ্রম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
বংশজ—বংশজাত; সৎকুলোৎপন্ন; কুলভ্রষ্ট কুলীন; মৌলিক। উপতৎ; বংশ—জন্+ড কর্তৃ। বিণ।
বংশধর—১। বংশরক্ষক, কুলপ্রবর্তক। বিণ। ২। সন্তান, উত্তর পুরুষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বংশপত্র—বাঁশের পাতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
বংশপরম্পরা—বংশানুক্রম, কুলের পর পর মনুষ্য সকল। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বংশবৃদ্ধি—কুলের উন্নতি: বহু সন্তানসন্ততির জন্ম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বংশমর্যাদা—বংশপরম্পরায় প্রাপ্ত গৌরব, কুলক্রমাগত মর্যাদা; বংশের গৌরব; রাজদত্ত উপাধি বা খেতাব। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বংশরোচনা, -লোচনা, -শর্করা—বাঁশের পাবের ভিতরে উৎপন্ন শ্বেতবর্ণ দ্রব্য বিঃ, বংশলোচন। বংশ—রুচ্+অন কর্তৃ+আপ্; পক্ষে র-স্থানে ল; বংশ-জাতা শর্করা, মধ্যপ। বি; স্ত্রী।
বংশলতা—শাখা-প্রশাখাদি-ক্রমে লিপিবদ্ধ বা সজ্জিত বংশতালিকা; কুলজিনামা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বংশলোচন—বাঁশের ভিতরে জাত সাদা জিনিস বিঃ। <বংশলোচনা। বি।
বংশলোপ—বংশের শেষ সন্ততির মৃত্যু; কুলের উচ্ছেদ, কুলনাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বংশশলাকা—বীণামূল; বাখারি, বাঁশের শলা। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।
বংশানুক্রম—বংশের পুরুষপরম্পরা, বংশের পর পর পুরুষ। বংশের অনুক্রম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বংশানুক্রমিক—বংশের পর পর পুরুষগণ কর্তৃক আচরিত বা পুরুষগণ সম্বন্ধীয়; পুরুষপরম্পরায় আগত। বংশানুক্রম+ইক আগতার্থে বা সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -**কী**। [বি; ক্লী।

বংশানুচরিত—বংশ বা কুলের ইতিহাস। ৬ষ্ঠীতৎ।

বংশাবতংস—কুলের ভূষণস্বরূপ, বংশের গৌরবস্বরূপ। বংশের অবতংস (অলংকার), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বংশাবলী, -বলি—পূর্বপুরুষদের নামাবলী, কুলজি, genealogy. বংশের আবলী, আবলি (শ্রেণী), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বংশী—বেণু, বাঁশি, মুরলী। বংশ+ঈপ্। বি; স্ত্রী।

বংশীধর, -ধারী (-রিন্)—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ; উপতৎ; বংশী—ধৃ+ণিন্ কর্তৃ। বি; পুং।

বংশীধ্বনি—মুরলীরব, বাঁশির শব্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বট, মধ্যপ। বি; পুং।

বংশীবট—বৃন্দাবনের বটবৃক্ষ বিঃ। বংশীনিনাদিত

বংশীবদন—শ্রীকৃষ্ণ। বংশী বদনে যাহার, বহু। বি; পুং।

বংশীবাদন—বাঁশি বাজানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বংশীয়, বংশ্য—কুলোদ্ভব; সদ্বংশজাত; সম্ভ্রান্ত। বংশ+ঈয়, যৎ ভবার্থে। বিণ।

ব'ইচি, বৌচ—জামের মত আস্বাদবিশিষ্ট ক্ষুদ্র ফল ও তাহার গাছ। বাংপ্র। বি।

ব'টি—মাছ তরকারি প্রঃ কুটিবার অস্ত্র বিঃ। বাংপ্র। বি।

ব'টিঝাঁপ—চড়কের সময়ে গাজনের সন্ন্যাসীদের ব'টির উপর ঝাঁপাইয়া পড়া। বাংপ্র। বি।

ব'ড়শি—মাছ ধরিবার বাঁকামুখযুক্ত লোহার কাঁটা। <বড়িশ। বি।

ব'ধু—প্রণয়ী, নায়ক। <বন্ধু। বি।

ব'ধুয়া—নাগর, নায়ক, বন্ধু, প্রণয়ী। কপ্র। বি।

†**বক**—স্বনামখ্যাত জলচর পক্ষী বিঃ, crane, egret; বাকসোনা গাছ, বকফুলের গাছ; দৈত্য বিঃ; রাক্ষস বিঃ; যন্ত্র বিঃ। বন্‌ক্+অচ্ কর্তৃ (নিপা)। বি; পুং। **বক দেখানো**—বক পাখির মুখ ও গলার মত হাত বাঁকাইয়া পরিহাস করা।

বকঠুটো—গাংদাড়া মাছ। বাংপ্র। বি।

বকধার্মিক—ধর্মের ভানকারী; কপট ধার্মিক। বকের ন্যায় ধার্মিক; উপমান কর্মধা। বিণ। স্ত্রী, -**কী**।

বকনা—অল্পবয়স্কা গাভী; যে বাছুরের এখনও গর্ভ হয় নাই বা বাছুর হয় নাই। <বষ্কয়ণী। বি।

বক-বক—বাজে বকা, অনর্থক বহুভাষণ, অনর্গল বাজে কথা বলা। বাংপ্র। বি।

বক-বকম, বকবকুম—পায়রার ডাকের শব্দ। বাংপ্র। অ। [স্ত্রী।

বকবৃত্তি—ভণ্ডামি, কপট ধার্মিকতা। ৬ষ্ঠীতৎ। বি;

বকযন্ত্র—চোলাই করিবার যন্ত্র; পাতন যন্ত্র, retort, still. বকের ন্যায় যন্ত্র, মধ্যপ। বি; ক্লী।

বকরা—ছাগল, পাঁঠা। <বর্করা। বি।

বকরি, বকরী—ছাগ বা ছাগী। বাংপ্র। বি।

বকরীদ—মুসলমান পর্ব বিঃ; ঈদ্-উজ্-জুহা। <আ বকর্-ঈদ। বি।

বকলম—পরিবর্ত; কিছু লিখিবার বিষয়ে প্রতিনিধিত্ব; নিরক্ষর ব্যক্তির প্রতিনিধিরূপে নাম লেখা (সংক্ষেপ বঃ)। ফা-আ। বি।

বকলস, বগলস—কোমরবন্ধ; পায়জামা প্যাণ্ট প্রঃ আটকাইবার ফিতা ইঃর খিল। <ইং 'buckles'. বি।

বকশিস—পারিতোষিক। <ফা 'বখশিশ'। বি।

বকশী—মুসলমান আমলের কর্মচারী বিঃ। <তু 'বখ্‌শী'। বি।

বকা—১। গালি দেওয়া; বেশী কথা বলা; কথা বলা; তিরস্কার করা। ক্রি। ২। বাচাল; ফাজিল; চরিত্রহীন; কপট। বাংপ্র। বিণ।

বকাণ্ডপ্রত্যাশা—বৃথা আশা। অণ্ডের প্রত্যাশা, ৬ষ্ঠীতৎ; বকের অণ্ডপ্রত্যাশা, ৬ষ্ঠীতৎ (তদ্বৎ এই অর্থে)। বি; স্ত্রী।

বকাণ্ডপ্রত্যাশা-ন্যায়—ন্যায় বিঃ, ভগবানের তত্ত্ব ভুলিয়া বিষয়-ভোগের প্রত্যাশায় বৃথা ঘুরিয়া বেড়ানো। বকাণ্ড-প্রত্যাশাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং। [বাংপ্র। ক্রি। I, বি।।

বকানো—বেশী কথা বলানো; গালি দেওয়ানো।

বকাবকি—পরস্পরকে গালি দেওয়া; বাদানুবাদ; অত্যধিক ভর্ৎসনা; অত্যধিক গালি দেওয়া। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।

বকামি, বকামো—'বখামি' দ্রঃ।

বকারি—ভীম (বকরাক্ষসের হত্যাকারী)· শ্রীকৃষ্ণ (কংসপ্রেরিত বকাকৃতি দৈত্যের বিনাশকারী)। বকের অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বকাল, বক্কাল—ঔষধাদির জন্য গাছ-গাছড়া; মসলা। আ। বি।

বকুনি—গালি, তিরস্কার; বেশী কথা। বক্+উনি ভাব (বাংপ্র)। বি।

†**বকুল**—১। পুষ্পবৃক্ষ বিঃ, বকুলগাছ। বি; পুং। ২। বকুলফুল। বন্‌ক্+উলচ্ কর্তৃ (নিপা)। বি; ক্লী।

বকেয়া—বাকী, অবশিষ্ট; বক্রী; পুরাতন, সাবেক; আদিম। <আ 'বকায়া'। বিণ।

বক্তব্য—১। কথনীয়, বলিবার যোগ্য; নিন্দনীয়। বচ্+তব্য কর্ম। বিণ। ২। কথন, বাচ্য; নিন্দা। বচ্+তব্য ভাব। বি; ক্লী।

বক্তা (বক্তৃ)—যে বলে এমন; বক্তৃতাপ্রদানকারী; বাক্‌পটু, বক্তৃতাশক্তিযুক্ত। বচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**বক্ত্রী**।

বক্তার—বাচাল, যে বেশী কথা বলে এমন; দেবতাদির দ্বারা আবিষ্ট হইয়া যে কথা বলে এমন। বাংপ্র। বিণ।

বক্তৃতা—ভাষণ; বাক্‌পটুতা, বলিবার ক্ষমতা; কথকতা; বক্তা যাহা বলে তাহা; বাগ্‌বিন্যাস। বক্তৃ+তা ভাবে, কর্মার্থে। বি; স্ত্রী।

বক্ত্র—১। আনন, মুখ, বদন, আস্য; বৈদিক ছন্দো

বিঃ। বচ্+ষ্ট্রন্ করণ। ২। বস্ত্রভেদ, একপ্রকার কাপড়; তগরমূল। বচ্+ত্র কর্ম। বি; ক্লী।

বক্র—১। কুটিল, অনৃজু, বাঁকা; ক্রূর, শঠ। বিণ। ২। নদীর বাঁক। বি; ক্লী। ৩। বক্রগতিবিশিষ্ট গ্রহ; শনিগ্রহ; মঙ্গলগ্রহ। বন্ক্+রক্ কর্তৃ। বি; পুং।

বক্রণ—বক্রীকরণ, বাঁকানো। বক্র+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। [বিণ।

বঙ্কিম—বাঁকা, কুটিল। বন্ক্+কিমচ্ কর্তৃ (নিপা)।

বক্রিমা (-মন্)—শঠতা; বক্রতা; কৌটিল্য। বক্র (কুটিল)+ইমন্ ভাবে (বিকল্পে ন লোপ)। বি; পুং। [অর্থে। বিণ।

বক্রী (-ক্রিন্)—বক্রতাবিশিষ্ট। বক্র+ইন্ আছে

বক্রী—বাকী। বাংপ্র। বিণ। [বিণ, -কৃত

বক্রীকরণ—বাঁকানো। বক্রী—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।

বক্রোক্তি—দ্ব্যর্থ উক্তি; কাব্যের অলংকার বিঃ [একজন কথা বলিলে, সে যে অর্থে কথা বলিল, তাহা হইতে ভিন্ন অর্থ করিয়া শ্রোতা যদি উত্তর দেয় তবে বক্রোক্তি-নামক শব্দালংকার হয়। যথা—

"কো ইহ পুনপুন করত হুংকার"
"হরি নাম ইহ জগতে পরচার"
"পরিহরি সো গিরি-কন্দর-মাঝ
মৃগরাজ কাহে হিঁয়া আওব আজ।"

রুদ্ধদ্বারে শ্রীকৃষ্ণের শব্দ শুনিয়া শ্রীরাধা বলিতেছেন, "কে ওখানে বারবার হুংকার করিতেছে"; শ্রীকৃষ্ণ বলিতেছেন, "আমি হরি, ইহা এই জগতের লোক জানে।" শ্রীরাধা হরি অর্থে সিংহ ধরিয়া জিজ্ঞাসা করিলেন, "গিরিগুহা পরিত্যাগ করিয়া হরি এখানে আসিবে কেন?"]; শ্লেষবাক্য, ব্যঙ্গোক্তি। বক্রা উক্তি, কর্মধা। বি; স্ত্রী।

বক্ষ— < বক্ষস্। বি।

বক্ষঃ (বক্ষস্)—হৃদয়, বুক; উরঃস্থল। বহ্+অসুন্ কর্তৃ। বি; ক্লী।

বক্ষঃপঞ্জর—বুকের হাড়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বক্ষঃস্থল—বুক। কর্মধা। বি; ক্লী।

বক্ষঃস্পন্দন—বুকের কাঁপন, হৃদয়ের কম্পন। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী। [নিঃসৃত, ৫মীতৎ। বিণ।

বক্ষোনিঃসৃত—বুক হইতে বহির্গত। বক্ষঃ হইতে

বক্ষ্যমাণ—যাহা বলা হইবে এমন; বক্তব্য; বাচ্য। বচ্+স্যমান কর্ম। বিণ।

বখরা—ভাগ। ফা। বি। [ফা। বি বা বিণ।

বখরাদার—অংশীদার। বখরা+দার অধিকারী অর্থে।

বখশিস—দান; পারিতোষিক; পুরস্কার। ফা। বি।

বখা বকা, বখাটে, বকাটে—দুশ্চরিত্র, যে কুসংগে নষ্ট হইয়াছে এমন, বওয়াটে। বাংপ্র। বিণ।

বখানো—দুশ্চরিত্র করা, বখা করা। বাংপ্র। ক্রি [, বি]।

বখামি, বখামো, বকামি, বকামো—বওয়াটে লোকের আচরণ বা ভাব; ধৃষ্টতা। বখা, বকা+মি, মো ভাবে (বাংপ্র)। বি।

বখেরা—সেপাই বিঃ। < ফা 'বাখিয়া'। বি।

বখেড়া—বাধা, ব্যাঘাত; গোলযোগ; কলহ। হি। বি।

বগ, বগা—১। বকপক্ষী। বি। ২। বকের ন্যায় সাদা। বাংপ্র। বিণ। **বগ দেখানো**—বিদ্রূপচ্ছলে বকের ন্যায় করিয়া হাত বাঁকানো।

বগয়রহ—সমস্ত, ইত্যাদি। < আ 'বগাইরুহ্'। অ।

বগল—বাহুমূল, কক্ষ; পার্শ্ব; নিকট। ফা। বি। **বগল বাজানো**—অত্যন্ত আনন্দিত হওয়া; জয়ী হওয়া; জয়োল্লাস প্রকাশ করা।

বগলদাবা—বগলে চাপিয়া ধরা। ৩য়াতৎ বা ৭মীতৎ (বাংপ্র)। বি। [স্ত্রী।

বগলা, বগলামুখী—দশমহাবিদ্যান্তর্গত দেবী বিঃ।

বগলি, বগলী—পকেট; ছোট থলিয়া। ফা। বি।

বগা—'বগ' দ্রঃ।

বগি—১। দুই-চাকাওয়ালা একপ্রকার ঘোড়ার গাড়ি। < ইং 'bogie'. ২। থাড়া; একপ্রকার ছোট কানাযুক্ত থালা। বাংপ্র। বি।

বগী—স্ত্রী বক। বাংপ্র। বি।

বঙ্ক—১। নদীর বাঁক। বি; পুং। ২। বক্র। বন্ক্+অচ্ কর্তৃ। বিণ।

বঙ্কবিহারী (-রিন্)—শ্রীকৃষ্ণ। উপতৎ। বি; পুং।

বঙ্কা—বাঁকা। প্রা কপ্র। বিণ। [বিণ।

বঙ্কিম—বাঁকা; ঈষৎ বক্র; কুটিল। < বঙ্কিমন্।

বঙ্কিল—১। কণ্টক, কাঁটা। বঙ্ক+ইলচ্ আছে অর্থে। বি; পুং। ২। ঈষৎ বাঁকা; বঙ্কিম। বাংপ্র। বিণ।

বঙ্কু— < বঙ্কিম। বি।

বঙ্খুর—বক্রাঙ্গ, বক্রদেহ ("বামন বঙ্খুর পতি কৈতে লাজ পায়"—ভারত)। প্রা কপ্র। বিণ।

বঙ্গ—১। বাংলাদেশ; পূর্ববঙ্গের প্রাচীন নাম। বঙ্গগণের নিবাস এই অর্থে বঙ্গ+অণ্ (প্রত্যয়ের লোপ)। ২। রাং, tin; সীসা। বন্গ্+অচ্ কর্তৃ। বি; পুং।

বঙ্গজ—বঙ্গদেশজাত; বাঙ্গালী কায়স্থজাতির শ্রেণী বিঃ। উপতৎ; বঙ্গ—জন্+ড কর্তৃ। বিণ বা বি।

বঙ্গবিচ্ছেদ, -ভঙ্গ—১৯০৫ খ্রীষ্টাব্দে লর্ড কার্জন কর্তৃক বাঙ্গালাকে দুইভাগে বিভক্ত করণ। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

বঙ্গভঙ্গ-আন্দোলন—বঙ্গভঙ্গ রোধ করিবার জন্য সমগ্র বঙ্গদেশের লোকেরা যে আন্দোলন করিয়াছিল তাহা। মধ্যপ। বি; ক্লী।

বঙ্গানুবাদ—বাঙ্গালা ভাষায় রূপান্তরকরণ। ৭মী-তৎ। বি; পুং।

বঙ্গাব্দ—বাংলা সন বা সাল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বঙ্গীয়—বঙ্গদেশ সম্বন্ধীয়, বাংলাদেশের। বঙ্গ+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

বচ—একপ্রকার ঝাল মূল। < বচা। বি।

বচঃ (বচস্)—বাক্য, কথা। বচ্+অসুন্ কর্ম। বি; ক্লী।

বচন—১। কথন। বচ্+অনট্ ভাববা। ২। বাক্য, কথা; ঋষিপ্রণীত ধর্মশাস্ত্রাদির শ্লোক; সুপ্তিঙাদি-বিভক্তিযুক্ত পদের সংখ্যা, বিভক্তির একত্বাদি, এক-বচন দ্বিবচন ও বহুবচন। বচ্+অনট্ কর্ম। বি; ক্লী।

বচনসর্বস্ব—বাক্ সর্বস্ব, কথায়ই পটু। বচনই সর্বস্ব যাহার, বহু। বিণ।

বচনীয়—১। নিন্দা। বি; ক্লী। ২। কথনীয়; বাচ্য; নিন্দনীয়। বচ্+অনীয় কর্ম। বিণ।

বচসা—বাক্যব্যয়, বকাবকি; বাগ্‌যুদ্ধ; বিতণ্ডা; কলহ। <বচস্। বি। [স্ত্রী।

বচা—বচ, ঔষধ বিঃ। বচ্+অচ্ কর্তৃ+আপ্। বি;

বচ্ছর, বছর—বর্ষ। <বৎসর। বি।

বজর, বজ্জর—বজ্র, কুলিশ। প্রা কপ্র। বি।

বজরা—কারুকার্যযুক্ত ও কক্ষাদিসমন্বিত বৃহৎ নৌকা বিঃ। <ইং 'barge'. বি।

বজায়—১। বাঁচাইয়া রাখা, ঠিক রাখা; পূর্বের অবস্থায় রাখা। বি। ২। রক্ষিত; যাহা নষ্ট হয় নাই পূর্বাপর একরূপ আছে এমন। ফা। বিণ।

বজ্জাত—জারজ, বে-জন্মা; পাজি; দুষ্ট। <ফা-আ 'বদ্ জাত'। বিণ।

বজ্জাতি—দুষ্টামি, নষ্টামি। বজ্জাত+ই ভাবে, কর্মার্থে (ফা-মু)। বি।

বজ্র—১। ইন্দ্রের অস্ত্র বিঃ, কুলিশ, বাজ; অষ্টবজ্র [যথা—ব্রহ্মার অক্ষ, বিষ্ণুর চক্র, শিবের ত্রিশূল, বরুণের পাশ, যমের দণ্ড, ইন্দ্রের কুলিশ, কার্তিকেয়ের শক্তি, কালীর খড়্গ]; হীরক; অস্ত্র; শিশু; বজ্রাকৃতি চিহ্ন; কাঁজি; আমলকী; অভ্র বিঃ; কটূক্তি। বি; পুং বা ক্লী। ২। যোগ বিঃ। বি; পুং। ৩। কঠিন; হৃদয়বিদারক; অসহ্য; দারুণ, প্রচণ্ড; বজ্রাকৃতি। বজ্+রন্ কর্তৃ, সংজ্ঞার্থে। বিণ।

বজ্রকীট—দন্তহীন শল্কাবৃত প্রাণী বিঃ, pangolin; তীক্ষ্ণদংষ্ট্র কীট বিঃ। মধ্যপ। বি; পুং।

বজ্রগম্ভীর—বাজপড়ার শব্দের ন্যায় গম্ভীর। বজ্র-সদৃশ গম্ভীর, উপমান কর্মধা। বিণ।

বজ্রধর, -পাণি—ইন্দ্র, দেবরাজ; জিন বিঃ। বজ্রের ধর, ৬ষ্ঠীতৎ; বজ্র পাণিতে (হস্তে) যাঁহার, বহু। বি; পুং। [পুং।

বজ্রধ্বনি, -নাদ—বাজপড়ার শব্দ। ৬ষ্ঠীতৎ। বি;

বজ্রনির্ঘোষ—বজ্রধ্বনি, বজ্রোৎপন্ন শব্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বজ্রপাণি—'বজ্রধর'। দ্রঃ। [পুং।

বজ্রপাত—বাজপড়া, কুলিশপতন। ৬ষ্ঠীতৎ। বি;

বজ্রমুষ্টি—অতি কঠিন মুঠা (যাহা সহজে খোলা যায় না); বজ্রবৎ কঠিন মুষ্টি। বজ্রসদৃশী মুষ্টি, মধ্যপ। বি; স্ত্রী।

বজ্রাঘাত—বাজের আঘাত, কাহারও বা কোনও কিছুর উপরে বাজপড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বজ্রাসন—যোগের একপ্রকার আসন। বজ্রসদৃশ আসন, মধ্যপ। বি; ক্লী।

বজ্রাহত—যাহার উপর বাজ পড়িয়াছে এমন; ভয় বা বিস্ময়ে স্তম্ভিত। বজ্র দ্বারা আহত, ৩য়াতৎ। বিণ।

বঞ্চক—১। চোর; শৃগাল; কুক্কুর। বি; পুং। ২। প্রতারক, ধূর্ত। বন্চ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**বঞ্চিকা**।

বঞ্চন—যাপন। বন্চ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

বঞ্চন, বঞ্চনা—প্রতারণা, ঠকানো। বন্চ্+ণিচ্+অনট্ ভাব, পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

বঞ্চনীয়—ঠকাইবার মত, প্রতার্য। বন্চ্+অনীয় কর্ম। বিণ। স্ত্রী, -য়া।

বঞ্চিত—প্রতারিত, যে ঠকিয়াছে এরূপ; বর্জিত; বিহীন; যাপিত। বন্চ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

বট—১। বৃক্ষ বিঃ, বটগাছ; কড়ি; সাদৃশ্য; গোল জিনিস; বড়া। বি; পুং। ২। গুণ, বেটে দড়ি। বট্+অচ্ কর্তৃ। বি; পুং বা ক্লী। ৩। আছ; হও ("একা দেখি কুলনারী কে বট আপনি"—ভারত)। কপ্র। ক্রি।

বটকেরা—পরিহাস, বিদ্রূপ। বাংপ্র। বি।

বটঠাকুর, বড়ঠাকুর—ভাসুর। বাংপ্র। বি।

বটব্যাল—ব্রাহ্মণের উপাধি বিঃ। বাংপ্র। বি।

বটিকা, বটী—গুলিকা, বড়ি; বট; রজ্জু। (২য় পক্ষে) বট+ঈপ্; (১ম পক্ষে) বটী+কন্ স্বার্থে +আপ্। বি; স্ত্রী।

বটু, বটুক—ব্রাহ্মণকুমার; বালক; বালকব্রহ্মচারী, ব্রহ্মচারী ছাত্র; অজ্ঞান নির্বোধ ব্যক্তি; কুটজবৃক্ষ। বট্+উ কর্তৃ, সংজ্ঞার্থে, পক্ষে+কন্ স্বার্থে। বি; পুং। [পুং।

বটুক—বটু; ভৈরব বিঃ। বটু+কন্ সংজ্ঞার্থে। বি;

বটুয়া—কাপড়ের ছোট থলিয়া বিঃ। বাংপ্র। বি।

বটে—১। হয়; আছে। কপ্র। ক্রি। ২। বিস্ময়সূচক প্রশ্নার্থক অব্যয়, সত্য নাকি; অবধারণার্থক অব্যয় ('ঠিক বটে'); ভয়প্রদর্শনার্থক অব্যয় ("বটে! এত স্পর্ধা")। বাংপ্র। অ।

বটের—একপ্রকার পাখি, ভারুই-জাতীয় পাখি (quail জাতীয়)। বাংপ্র। বি।

বড়—১। বৃহৎ; মহৎ; খুব, অত্যন্ত; সম্মানে শ্রেষ্ঠ; নেহাত; ধনী; জ্যেষ্ঠ; অধিক; দীর্ঘ; অধিক বয়োযুক্ত; অতিরিক্ত; উদার; সম্ভ্রান্ত, অপ্রত্যাশিত। <বড্র। বিণ। ২। বটগাছ; একপ্রকার মোটা দড়ি। বাংপ্র। বি। **বড় একটা**—সচরাচর। **বড় কথা**—যাহা সকল সময়ে ঘটে না তাহার সংঘটনে শ্লেষবাক্য। **বড় গলা করিয়া বলা**—চেঁচাইয়া বলা; গর্ব করিয়া বলা। **বড় ঘর**—বনেদী বংশ; ধনী বংশ। **বড় জোর**—বেশী পক্ষে। **বড় মুখ করিয়া আসা** বা **কিছু করা**—বেশী দাবি বা আশা করিয়া আসা বা কিছু করা। **বড় হওয়া**—ধনী হওয়া; মহৎ হওয়া; বৃদ্ধিপ্রাপ্ত হওয়া; প্রাপ্তবয়স্ক হওয়া। **বড় হাজরি**—ইওরোপীয় রীতি অনুসারে দিনের প্রধান আহার, dinner.

বড়ঠাকুর—'বটঠাকুর' দ্রঃ। [(বাংপ্র)। বি।

বড়দিন—খ্রীষ্টানদিগের পর্ব বিঃ, ক্রিসমাস ডে। কর্মধা

বড়বড়—বৃথা বাক্যব্যয়, বাজে বকা। বাংপ্র। অ।

বড়বড়ানো—বাজে বকবক করা, প্রলাপ বকা। বাংপ্র। ক্রি। বি—**বড়বড়ানি**।

†**বড়বা**—সমুদ্রঘোটকী; কুম্ভদাসী। বল—বা+ক কর্তৃ+আপ্ (ল-স্থানে ড়)। বি; স্ত্রী।

বড়বাগ্নি, -বানল—জলমধ্যস্থ অগ্নি, সমুদ্রস্থ

ঘোটকীর মুখাগ্নি। বড়বানিঃসৃত অগ্নি, অনল, মধ্যপ। বি; পুং।

বড়বামুখ—বড়বানল। বড়বামুখ (ঘোটকীর মুখ)+অচ্ আছে অর্থে। বি; পুং।

বড়মানুষ—ধনী। কর্মধা (বাংপ্র)। বি বা বিণ।

বড়মানুষি—ধনী ব্যক্তির ন্যায় চালচলন। বড়মানুষ+ই ভাবে (বাংপ্র)। বি।

বড়মানুষী—ধনী ব্যক্তির উপযুক্ত। বড়মানুষ+ঈ যোগ্যার্থে (বাংপ্র)। বিণ।

বড়লাট—ইংরেজ আমলে ভারতের প্রধান শাসনকর্তা। কর্মধা (বাংপ্র)। বি। [কর্মধা। বি বা বিণ।

বড়লোক—মহৎ ব্যক্তি; যশস্বী ব্যক্তি; ধনী ব্যক্তি।

বড়শি—ব'ড়শি (তাহা দ্রঃ)। [বি; স্ত্রী।

বড়া—গোলাকার পিঠা বিঃ। বল্+অচ্ কর্তৃ+আপ্।

বড়াই—গৌরব; গর্ব। বড়+আই ভাবে (বাংপ্র)। বি।

বড়াইবুড়ি—বৃন্দাবনের বৃদ্ধা গোপী বিঃ; যে বালিকা বৃদ্ধার ন্যায় পাকা পাকা কথা বলে, বাচাল বালিকা। <বড় আয়ী-বুড়ি। বি।

বড়াল—ব্রাহ্মণের ও সুবর্ণবণিকের পদবী বিঃ। বাংপ্র। বি। [পিন্ড। বাংপ্র। বি।

বড়ি—বটী; গুলি; ছোট বড়া; ডালবাটার শুকনো

বড়িশ—বড়শি। বলিন্—শো+ক কর্তৃ। বি; ক্লী।

বডিস—স্ত্রীলোকদিগের একপ্রকার ছোট জামা। <ইং 'bodice'. বি।

বড়ু—পরিচালক; বালক; কুমার; ব্রাহ্মণকুমার। <বটু। বি। [বি।

বড়ুই, বাড়ই, বাড়ুই—ছুতার; ঘরামি। <বর্ধকি।

বড়ুয়া—ব্রাহ্মণদের উপাধি বিঃ। আসামী। বি।

বড়ে—দাবাবড়ে খেলার পদাতিক সৈন্যস্থানীয় ঘুটি, pawn. <বটিকা। বি। **বড়ে টেপা**—আটঘাট বাঁধিয়া ধীরে ধীরে অগ্রসর হওয়া; কৌশল-প্রয়োগ করা।

বড্ড—অধিক, অতিশয়; বড়। <বড্ড। বিণ।

বণিক (বণিজ্)—১। ক্রয়বিক্রয়কারী, বেণিয়া। পণ্+ইজ্ কর্তৃ। বি; পুং। ২। করণ বিঃ। পণ্+ইজ্ অধি। বি; স্ত্রী।

বণিগ্‌বৃত্তি—বাণিজ্য, বণিকের কাজ, ব্যবসায়। বণিকের বৃত্তি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বণ্টক—১। বিভাজক। বন্ট্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী —বণ্টিকা। ২। বিভাগ, অংশ। বণ্ট্+কন্ স্বার্থে। বি; পুং।

বণ্টন—বিভাগকরণ; অংশকরণ। বন্ট্+অনট্ ভাব। বি; ক্লী।

বৎ—সদৃশ, তুল্য [এই শব্দ অন্য শব্দের পরেই ব্যবহৃত হয়; যথা—দণ্ডবৎ]। বা (প্রবাহিত হওয়া) +ডতি কর্তৃ। অ।

বতারিখ—সেইদিনে; সেই তারিখে। বাংপ্র। কি-বিণ।

বত্রিশ—সংখ্যা বিঃ; ৩২, ৩২-সংখ্যক। <দ্বাত্রিংশৎ। বি বা বিণ।

বত্রিশা, বত্রিশে—মাসের বত্রিশ তারিখ; একপ্রকার কলা। বত্রিশ+আ, এ তারিখ অর্থে। বাংপ্র। বি বা বিণ।

বৎস—স্নেহব্যঞ্জক শব্দ, সন্তানাদির আহ্বানে প্রযোজ্য শব্দ, বাছা; পশুমাত্রের শিশু; গো-শিশু, বাছুর; শিশু; শাবক; গো-বৎসরূপধারী কংসের অনুচর অসুর বিঃ। বদ্+স কর্তৃ। বি; পুং।

বৎসতর—অদম্য বাছুর, ছোট এঁড়ে বাছুর। বৎস+তর (ষ্টরচ্) হ্রস্বার্থে। বি; পুং।

বৎসতরী—স্ত্রীজাতীয় বাছুর; বকনা। বৎসতর+ঈপ্। বি; স্ত্রী। [অণ্ কর্তৃ। বি; পুং।

বৎসপাল—শ্রীকৃষ্ণ; বলদেব। উপতৎ; বৎস—পালি+

বৎসর—দ্বাদশ-মাসপরিমিত কাল, বর্ষ, বছর। বস্+সর অধি। বি; পুং।

বৎসল—১। স্নেহযুক্ত; অনুরক্ত, ভক্ত। বৎস+লচ্ আছে অর্থে। বিণ। বি—**বৎসলতা, বাৎসল্য**। ২। স্নেহ, বাৎসল্য, অনুরাগ; রস বিঃ। বৎস—লা+ক কর্তৃ। বি; পুং। [বিণ।

বদ—খারাপ; অশ্লীল; হিংসাদ্বেষপূর্ণ; মন্দ। ফা।

বদখত—বিশ্রী, অশোভন; খারাপ; বেয়াড়া। ফা-মু। বিণ।

বদখেয়াল—অসৎ প্রবৃত্তি; মন্দ করিবার ইচ্ছা। কর্মধা। (ফা-মু)। বি। বিণ—**বদখেয়ালী**।

বদজবান—অশ্লীল কথা; গালাগালি। কর্মধা (ফা-মু)। বি।

বদন—১। আস্য, মুখ, আনন; মুখগহ্বর। বদ্+অনট্ করণ। ২। কথন। বদ্+অনট্ ভাব। বি; ক্লী।

বদনকমল—১। পদ্মের ন্যায় সুন্দর মুখ। বদন কমল-সদৃশ, উপমিত কর্ম। ২। মুখরূপ পদ্ম। রূপক কর্মধা। বি; ক্লী। [ক্লী।

বদনমণ্ডল—মুখমণ্ডল, সমগ্র মুখ। ৬ষ্ঠীতৎ। বি;

বদনা—নলযুক্ত গাড়ু বিঃ; সাধারণতঃ মুসলমান-দিগের ব্যবহৃত একপ্রকার গাড়ু। <বর্ধনী। বি।

বদনাম—নিন্দা, কুৎসা, অখ্যাতি। কর্মধা। বি।

বদবো, বদবু—বিশ্রী গন্ধ। ফা। বি।

বদমাশ—দুরাত্মা, পাজি; দুর্জন, দুষ্ট; অসচ্চরিত্র। <ফা-আ 'বদ্-মআশ'। বিণ। বি, -শি।

বদমেজাজ—১। কোপনশীল স্বভাব, রুক্ষমেজাজ। কর্মধা। বি। ২। সহজে কোপনশীল। বহু (ফা-মু)। বিণ।

বদমেজাজী—যে সহজে রাগিয়া উঠে এমন। বদমেজাজ+ঈ বিশিষ্টার্থে (ফা-মু)। বিণ।

বদর—১। কুলগাছ। বি; পুং। ২। কুলফল; কার্পাসবীজ। বদ্+অরচ্ কর্তৃ। বি; ক্লীব। ৩। নৌকার বিঘ্ননাশক পীর বিঃ; পূর্ণচন্দ্র। আ। বি। **বদর বদর**—নৌকা ছাড়িবার সময়ে মাঝিগণ কর্তৃক নৌকার বিঘ্ননাশক পীরের নাম উচ্চারণ।

বদরাগী—যে সহজে বা অকারণে ক্রুদ্ধ হয় এমন, কোপনস্বভাব। বদ যে রাগী, সুপ্ (ফা-মু)। বিণ।

বদরি, বদরিকা—কুলগাছ। বদ্+অর কর্তৃ+ঈপ্ (নিপা), বদরী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
বদরিকাশ্রম—ব্যাসদেবের আশ্রম, তীর্থ বিঃ। বদরিকা-বৃত আশ্রম, মধ্যপ। বি; পুং।
বদরী—কুলগাছ। বদ্+অরি কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
বদল—বিনিময়; পরিবর্তন। আ। বি।
বদলানো—প্রতিদান দেওয়া; পরিবর্তন করা। আ-ম্। ক্রি [, বি, বিণ]।
বদলাবদলি—পরস্পর বিনিময়। ব্যতীহার বহু (আ-ম্)। বি। [ম্। বি।
বদলি—স্থানান্তরে প্রেরণ; প্রতিনিধি; বিনিময়। আ-
বদলী—প্রতিনিধিস্থানীয়; অন্য কর্মস্থানে নিযুক্ত। আ-ম্। বিণ। [(আ-ম্)। বি।
বদহজম—অজীর্ণ; ভুক্তদ্রব্য জীর্ণ না হওয়া। কর্মধা
বদান্য—দানশীল, অতি দাতা; সম্বক্তা; মধুরভাষী। বদ্+আন্য কর্তৃ। বিণ। বি, -তা।
*__বদ্ধ__—সংযত; বাঁধা; রুদ্ধ, বন্ধ; যুক্ত; বিন্যস্ত; ন্যস্ত; নিগড়িত; গ্রথিত; উৎপাদিত; বিহিত। বন্ধ্+ক্ত কর্ম। বিণ।
*__বদ্ধদৃষ্টি__—১। অবিচলিত দৃষ্টি, স্থিরদৃষ্টি। কর্মধা। বি; স্ত্রী। ২। স্থিরদৃষ্টিসম্পন্ন। বদ্ধা দৃষ্টি যাহার, বহু। বিণ।
*__বদ্ধপরিকর__—যে ব্যক্তি দৃঢ়রূপে কোমর বাঁধিয়াছে এরূপ; স্থিরসংকল্পযুক্ত; উদ্যত। বদ্ধ (বাঁধা) পরিকর (কটিবন্ধ) যৎকর্তৃক, বহু। বিণ।
বদ্ধপাগল—সম্পূর্ণ উন্মাদ, পুরোপুরি পাগল। বাংপ্র। বিণ।
*__বদ্ধমুষ্টি__—১। দৃঢ়মুষ্টি; কৃপণ। বদ্ধা মুষ্টি যৎকর্তৃক, বহু। বিণ। ২। খড়্গ। বদ্ধা মুষ্টি যাহাতে, বহু। বি; স্ত্রী।
*__বদ্ধমূল__—দৃঢ়মূল, যাহার মূল উৎপাটনযোগ্য নহে এমন; যাহা দূর করা বা বিলুপ্ত করা কঠিন হইয়া পড়িয়াছে এমন। বহু। বিণ।
*__বদ্ধাঞ্জলি__—কৃতাঞ্জলি, যে হাত জোড় করিয়াছে এমন। বদ্ধ অঞ্জলি যৎকর্তৃক, বহু। বিণ।
ব-দ্বীপ—নদীর মোহানাস্থিত মাত্রাশূন্য "ব"-কারের ন্যায় ত্রিকোণাকার দ্বীপ, delta. ব-কারাকার দ্বীপ, মধ্যপ (বাংপ্র)। বি; পুং।
†**বধ**—বিনাশ করা, হনন, হত্যা। হন্+অপ্ ভাব। বি; পুং। [বিণ। স্ত্রী—**বধিকা**।
বধক—হত্যাকারী, ঘাতক। হন্+অক (ক্বুন্) কর্তৃ।
†**বধস্থলী, -স্থান**—প্রাণিবধস্থান; মশান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, ক্লী। [স্ত্রী।
†**বধাজ্ঞা**—হত্যা করিবার আদেশ। ৬ষ্ঠীতৎ। বি;
†**বধার্হ**—বধযোগ্য। বধ—অর্হ্+অচ্ কর্তৃ। বিণ।
*__বধির__—শ্রবণ-শক্তিহীন, কালা। বন্ধ্+কিরচ্ কর্তৃ। বিণ।
†**বধূ**—নববিবাহিতা স্ত্রী; নারী; পত্নী; পুত্রবধূ। বন্ধ্+উ কর্তৃ, কিংবা বহ্+উ কর্ম (নিপা)। বি; স্ত্রী। [বি; পুং।
†**বধূজন**—নববিবাহিতা স্ত্রী; বউ; নারী। কর্মধা।
†**বধূটী**—বালিকা-বধূ; পুত্রবধূ। বধূ+টি অল্পার্থে+ঈপ্। বি; স্ত্রী।
†**বধূৎসব**—১। বধূর প্রথমরজোদর্শনরূপ উৎসব। বধূর উৎসব, ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। বউভাত, পাকস্পর্শ। বাংপ্র। বি। ৩। নববধূর আগমনরূপ আনন্দজনক ব্যাপার ("কি আনন্দ বধূৎসবে বিবাহ-বাসরে"—মাইকেল)। বধূসংক্রান্ত উৎসব, মধ্যপ।* বি; পুং। [বি; স্ত্রী।
†**বধূমাতা** (-মাতৃ)—স্নেহের বধূ, বউমা। কর্মধা।
†**বধোদ্যত**—প্রাণনাশে উদ্যত, হত্যা করিতে উদ্যত। বধে উদ্যত, ৭মীতৎ। বিণ। [বিণ।
†**বধ্য**—বধের যোগ্য, হননীয়। বধ+যৎ যোগ্যার্থে।
†**বধ্যভূমি**—বধের স্থান, যেখানে সর্বসমক্ষে কোন ব্যক্তির প্রাণদণ্ড করা হয়। কর্মধা। বি; স্ত্রী।
বন—বহুবৃক্ষাদিযুক্ত স্থান, অরণ্য; কুঞ্জ; জল; প্রস্রবণ; নিবাস। বন্+ঘ অধি। বি; ক্লী।
বনকপোত—ঘুঘুপাখি। বনবাসী কপোত, মধ্যপ। বি; পুং।
বন-কুক্কুট—বুনো মোরগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বনগহন—নিবিড় বন। বনই গহন (নিবিড় বন), কর্মধা। বি; ক্লী।
বনচন্দ্রিকা—মল্লিকাপুষ্প, বনে প্রতিফলিত জ্যোৎস্না। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বনচর, -চারী (-চারিন্)—বনবাসী, যে বনে বাস করে এমন। উপতৎ; বন—চর্+ট, ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চরী, -চারিণী**।
বনচাঁড়াল—একপ্রকার গাছ, ত্রিবর্ণ ওষধি বিঃ। বাংপ্র। বি। [বন—জন্+ড কর্তৃ। বিণ।
বনজ, বনজাত—অরণ্যজাত, বনে উৎপন্ন। উপতৎ;
বনজ্যোৎস্না—মল্লিকাফুল; বনে প্রতিফলিত চাঁদের আলো। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বনদেবতা, -দেবী—বনের অধিষ্ঠাত্রী দেবতা। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী। [(বাংপ্র)। বি।
বনফুল—অরণ্যজাত পুষ্প। বনজাত ফুল, মধ্যপ
বনবন—১। মিষ্টান্ন বিঃ, bonbon. বি। ২। দ্রুত ঘূর্ণনের শব্দ। বাংপ্র। অ।
বনবরা—বুনো শূকর। <বন্যবরাহ। বি।
বনবাদাড়—বনজঙ্গল; বন ও নীচু জলা জমি। দ্বন্দ্ব (বাংপ্র)। বি। [৭মীতৎ। বি; পুং।
বনবাস—অরণ্যে নির্বাসন; কাননে অবস্থিতি।
বনবাসী (-বাসিন্)—যে বনে বাস করে এমন। উপতৎ; বন—বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাসিনী**।
বনবিড়াল—একপ্রকার বৃহদাকার বন্য মার্জার, এক-জাতীয় খট্টাশ। বনবাসী বিড়াল, মধ্যপ। বি; পুং।
বনবিহারী (-রিন্)—১। শ্রীকৃষ্ণ, বি; পুং। ২। কাননে বিচরণকারী। উপতৎ; বন—বি—হৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বিহারিণী**।
বনভোজন—চড়ুইভাতি, আমোদ-প্রমোদের জন্য বনের ধারে রন্ধনপূর্বক অনেকের সমবেত ভোজন, picnic. ৭মীতৎ। বি; ক্লী।

বনমক্ষিকা—ডাঁশ, দংশক। বনবাসিনী মক্ষিকা (মাছি), মধ্যপ। বি; স্ত্রী।
বনমল্লিকা—কাঠমল্লিকা ফুল। বনজাতা মল্লিকা, মধ্যপ। বি; স্ত্রী।
বনমানুষ—লাঙ্গুলবিহীন বৃহৎ-মনুষ্যাকৃতি এক-প্রকার বানর। বনবাসী মানুষ, মধ্যপ। বি; পুং।
বনমালা—বনফুলের মালা; শ্রীকৃষ্ণের গলার ছয় ঋতুর ফুলে গাঁথা মালা· হাঁটু বা চরণ পর্যন্ত ঝুলানো মালা। বনপুষ্পরচিতা মালা, মধ্যপ। বি; স্ত্রী।
বনমালী (-মালিন্)—শ্রীকৃষ্ণ। বনমালা+ইন্ আছে অর্থে। বি; পুং।
বনরক্ষক—কাননের প্রহরী, বনের পাহারাদার। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-রক্ষিকা**।
বনরাজি, -রাজী—জঙ্গলসমূহ, কানন-শ্রেণী। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।
বনস্পতি—গাছ, বৃক্ষ; যে সব বৃক্ষের ফুল দেখা যায় না অথচ ফল হয়, অশ্বত্থাদি। বনের পতি, ৬ষ্ঠীতৎ (স-আগম)। বি; পুং।
বনা—ঠিক হওয়া, মিল হওয়া, পটা; পরিণত হওয়া। বাংপ্র। ক্রি। [হি. বি।
বনাত—একরকম পশমী কাপড়, broad cloth.
বনানী—বৃহৎ অরণ্য। বন+আনীপ্ মহদর্থে ('অরণ্যানী'র অনুকরণে গঠিত শব্দ)। বি; স্ত্রী।
বনানো—মিল করা, পটানো; কাটা; তৈয়ার করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [পুং।
বনান্ত—বনের শেষ। বনের অন্ত, ৬ষ্ঠীতৎ। বি;
বনান্তর—ভিন্ন বন, অন্য অরণ্য। অন্য বন, নিত্য। বি; ক্লী। [বাংপ্র। বি।
বনাবনি, বনিবনাও—সদ্ভাব, পরস্পর মিল, প্রণয়।
বনাম—বিরুদ্ধ পক্ষ; বিরুদ্ধে, versus; ওরফে, alias. ফা। অ। [বি; পুং।
বনায়ু—পারস্য দেশ, ইরান। বন—অয়্+উ অধি।
বনিতা—১। নারী; প্রিয়া; পত্নী। বি; স্ত্রী। ২। যাচিতা; সেবিতা। বন্+ক্ত কর্ম+আপ্। বিণ; স্ত্রী।
বনিবনাও—'বনাবনি' দ্রঃ।
বনিয়াদ, বনেদ—গোড়া; মূল; ভিত্তি, পত্তন। <ফা 'বুনিয়াদ'। বি।
বনিয়াদী, বনেদী, বুনিয়াদী—প্রাচীন; প্রাচীনকাল হইতে সম্ভ্রান্ত; দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত। বনিয়াদ, বনেদ, বুনিয়াদ+ঈ আছে অর্থে (ফা-মূ)। বিণ।
বনীকরণ—বনে পরিণত করণ, afforestation. বনী—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।
বনেচর—১। ব্যাধ; শিকারী। বি; পুং। ২। বনচর, অরণ্যচারী। অলুক্ উপতৎ; বনে—চর্+ট কর্তৃ। বিণ। স্ত্রী, **-চরী**।
বনেদ—'বনিয়াদ' দ্রঃ।
বনেদী—'বনিয়াদী' দ্রঃ।
বনোয়ারী—বনমালী শ্রীকৃষ্ণ। <বনবিহারী। বি।
বন্দ—১। গৃহ প্রভৃতির দৈর্ঘ্য ও প্রস্থের সমষ্টি; বন্ধ, ছুটি; খণ্ড; বন্ধনী। ফা। বি। ২। বন্দনা কর। কপ্র। ক্রি। [বিণ। স্ত্রী—**বন্দিকা**।
বন্দক—অভিবাদক, স্তুতিকারক। বন্দ্+ণক কর্তৃ।
বন্দন, বন্দনা—স্তব, স্তুতিগান; প্রণাম, অভিবাদন। বন্দ্+অনট্ ভাব, পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লীব, স্ত্রী।
বন্দনীয়—নমস্য; স্তবনীয়। বন্দ্+অনীয় কর্ম। বিণ।
বন্দর—সমুদ্র প্রভৃতির কূলে জাহাজাদি দ্বারা বাণিজ্য করিবার স্থান। ফা। বি।
বন্দি, বন্দী—কারারুদ্ধ ব্যক্তি, কয়েদী; মই, সিঁড়ি। বন্দ্+ইন্ কর্তৃ, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
বন্দিত—পূজিত, স্তুত, যাহার স্তুতি করা হইয়াছে এমন। বন্দ্+ক্ত কর্ম। বিণ।
বন্দিনী—১। স্ত্রী-কয়েদী। বাংপ্র। বি; স্ত্রী। ২। স্তবপাঠিকা, বন্দনাকারিণী। বন্দিন্+ঈপ্। বিণ; স্ত্রী।
বন্দিপাঠ—১। স্তুতিগ্রন্থ। বন্দির (স্তুতির) পাঠ যাহাতে, বহু। ২। স্তুতিপাঠ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
+**বন্দী** (বন্দিন্)—১। রাজাদিগের গুণ এবং বীর্যাদির স্তুতিপাঠক। বি; পুং। ২। বন্দনাকারী। বন্দ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**বন্দিনী**।
বন্দী—'বন্দি' দ্রঃ।
বন্দীশালা—জেলখানা, কয়েদীগণকে আবদ্ধ করিয়া রাখিবার ঘর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বন্দুক—নালীকাস্ত্র, একপ্রকার আগ্নেয়াস্ত্র। ফা। বি।
বন্দে—বন্দনা করি। সংস্কৃত ক্রি। **বন্দে মাতরম্**—জননীকে 'বন্দনা করি', ভারতের জাতীয় জয়ধ্বনি। সংস্কৃত বাক্য।
বন্দেগি—অভিবাদন, নমস্কার; স্তুতি। <ফা 'বন্দগী'। বি। [বি। বিণ—**বন্দেজী**।
বন্দেজ—সুবন্দোবস্ত, সুব্যবস্থা। <ফা 'বন্দিশ্'।
বন্দোবস্ত—স্থিরীকরণ; ব্যবস্থা; রাজার সহিত জমিদারগণের বাৎসরিক কর-দানের বিষয়স্থিরী-করণ; রফা। ফা। বি।
বন্দোবস্তী—সুব্যবস্থিত; সুনিয়ন্ত্রিত, যাহা জমি-দারের নিকট হইতে কবুলিয়ত দ্বারা ঠিক করিয়া লওয়া হইয়াছে এমন ('—জমি'); প্রতিষ্ঠিত। বন্দোবস্ত (ফা)+ঈ সম্বন্ধাদি অর্থে। বিণ।
বন্দ্য—১। দেবতা। বি, পুং। ২। বন্দনীয়। বন্দ্+ণ্যৎ কর্ম। বিণ।
বন্দ্যবংশ—সম্ভ্রান্তকুল, মান্যবংশ ("পরম কুলীন স্বামী বন্দ্যবংশখ্যাত"—ভারত); বন্দ্যোপাধ্যায়-বংশ। কর্মধা। বি; পুং।
বন্দ্যোপাধ্যায়—রাঢ়ীয় কুলীন ব্রাহ্মণের উপাধি বিঃ, বাঁড়ুয্যে। বন্দ্য উপাধ্যায়, কর্মধা। বি; পুং।
***বন্ধ**—১। গচ্ছিত দ্রব্য; শরীর। বন্ধ্+ঘঞ্ কর্ম। ২। বৃন্ত, গ্রন্থি; বাঁধ। বন্ধ্+ঘঞ্ করণ। ৩। বন্ধন, বাঁধা; উৎপত্তি; ধারা; যোগ; রোধ; গ্রন্থন; গৃহাদিবেষ্টন। বন্ধ্+ঘঞ্ ভাব। বি; পুং।

৪। রুদ্ধ; রহিত। বিণ। ৫। ছুটি; কাজের শেষ। বাংপ্র। বি।

*বন্ধক—ঋণজন্য স্থাপিত বস্তু; গচ্ছিত বস্তু বিনিময়। বন্ধ্+ঘঞ্ কর্ম+কন্ স্বার্থে। বি; পুং।

বন্ধকগ্রহীতা (-গ্রহীতৃ)—যে বন্ধক রাখিয়া ধার দেয় এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -গ্রহীত্রী।

বন্ধকদাতা (-দাতৃ)—যে কোন কিছু বাঁধা দিয়া টাকা ধার করে এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -দাত্রী।

বন্ধকী—১। ঋণের জন্য যাহা বাঁধা দেওয়া হইয়াছে এমন। বন্ধক+ঈ সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ। ২। অসতী। বন্ধ্+ণক কর্তৃ+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।

*বন্ধন—১। সংযম, বাঁধা; রুদ্ধকরণ; অবরোধ, আটক; বধ; হিংসা; উৎপাদন। বন্ধ্+অনট্ ভাব। ২। বৃন্ত; বাঁধ; বাণের পুচ্ছ; যাহা দ্বারা বাঁধা হয়; ক্ষত বাঁধিবার পটি। বন্ধ্+অনট্ করণ। বি; ক্লী।

বন্ধনদশা—আটক, আবদ্ধ অবস্থা। কর্মধা। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বন্ধনরজ্জু—বন্ধন করিবার দড়ি। বন্ধনের রজ্জু,

*বন্ধনী—শরীরের একটি হাড়ের সহিত অন্য হাড়কে যাহা জুড়িয়া বা বাঁধিয়া রাখে, ligament; [ ] { } ( )—এইরূপ চিহ্ন, ব্র্যাকেট; বাঁধিয়া রাখিবার দড়ি শিকল ইঃ। বন্ধ্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।

*বন্ধু—মিত্র; জ্ঞাতি; স্বজন; কুটুম্ব; পিতা; মাতা; ভ্রাতা; প্রিয়; পিতৃব্য; পুত্র; বন্ধুক-বৃক্ষ। বন্ধ্+উ কর্তৃ। বি; পুং।

*বন্ধুক, বন্ধূক, বন্ধুজীব, বন্ধুজীবক—১। বাঁধুলিফুলের গাছ। বন্ধ্+উক, ঊক কর্তৃ, সংজ্ঞার্থে; বন্ধু—জীব্+ণিচ্+অণ্ কর্তৃ, পক্ষে কন্ স্বার্থে। বি; পুং। ২। বাঁধুলিফুল। বন্ধুক, বন্ধূক, বন্ধুজীব, বন্ধুজীবক+অণ্ তৎপুষ্পার্থে (প্রত্যয়লোপ)। বি; ক্লী।

*বন্ধুতা, -ত্ব—মিত্রতা। বন্ধু+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

*বন্ধুবর—সর্বশ্রেষ্ঠ বন্ধু। বন্ধুদিগের মধ্যে বর, ৭মীতৎ। বি; পুং।

*বন্ধুবান্ধব—আত্মীয়স্বজন। দ্বন্দ্ব। বি; পুং।

*বন্ধুবিচ্ছেদ—বন্ধুর সহিত ঝগড়া বা ছাড়াছাড়ি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

*বন্ধুর, বন্ধূর—উচ্চনীচ, এবড়োখেবড়ো; বধির; ক্ষতিজনক। বন্ধ্+উরচ্, ঊরচ কর্তৃ। বিণ। বি, -তা, -ত্ব।

*বন্ধ্যা—১। নিষ্ফলা; বন্ধনযোগ্যা। বিণ; স্ত্রী। ২। যে স্ত্রীর সন্তান হয় না, বাঁঝা; যোনিরোগ বিঃ; বালা; বৃষলী। বন্ধ্য+আপ্। বি; স্ত্রী।

বন্য—বন সম্বন্ধীয়; বনজাত। বন+যৎ সম্বন্ধাদ্যর্থে, জাতার্থে। বিণ।

বন্যা—১। বান, জলপ্লাবন; অরণ্যসমূহ। বন (জল, অরণ্য)+যৎ সমূহার্থে+আপ্। বি; স্ত্রী। ২। বনজাতা; বন সম্বন্ধীয়া। বন্য+আপ্। বিণ; স্ত্রী। [ক্লী।

বপন—বীজরোপণ; বয়ন। বপ্+অনট্ ভাব। বি;

বপু—<বপুস্।

বপুঃ (বপুস্)—শরীর, কায়; প্রশস্ত আকৃতি। বপ্+উস্ অধি। বি; ক্লী।

বপুষ্মান্ (-ষ্মৎ)—বিরাটকায়। বপুস্+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -ষ্মতী।

বপ্তা (বপ্তৃ)—বপনকারী; পিতা। বপ্+তৃন কর্তৃ। বি; পুং।

বপ্র—ক্ষেত্র, ভূমি। বপ্+র অধি। বি; ক্লী।

বপ্রক্রীড়া—উৎখাতকেলি, (হাতি, ষাঁড় ইঃর) দাঁত বা শিং দিয়া মাটি খোঁড়া। বপ্রে ক্রীড়া, ৭মীতৎ। বি; স্ত্রী। [বাংপ্র। বিণ।

বব্বুলে—মিথ্যাবাদী; বাচাল; মিথ্যা সাক্ষ্যপ্রদানকারী।

বমন—উদ্গিরণ; ন্যক্কার, বমি; পীড়া; ক্লেশ; আহুতি; নিঃসারণ। বম্+অনট্ ভাব। বি; ক্লী।

বমনীয়—বমনযোগ্য। বম্+অনীয় কর্মবা। বিণ।

বমাল, বামাল—১। চুরি-করা জিনিস, চোরিত দ্রব্য। বি। ২। দ্রব্যসহ; মালসহ। ফা। ক্রি-বিণ।

বমি—বমন, ন্যক্কার। বম্+ই ভাব। বি; স্ত্রী।

বমিত—উদ্গীর্ণ, যাহা বমি করা হইয়াছে এমন। ণিজন্ত বম্+ক্ত কর্ম। বিণ।

বম্, বমবম, বোম—(শিবপূজায়) গালবাদ্যের শব্দ। বাংপ্র। অ।

বম্-ভোলা—শিব। বাংপ্র। বি।

বয়ঃ (বয়স্)—বাল্যাদি জীবনকাল, আয়ুঃ; যৌবন। অজ্+অসুন্ কর্তৃ। বি; ক্লী।

বয়ঃক্রম—বয়স, বয়সের পরিমাণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বয়ঃপ্রাপ্ত—যৌবনদশায় আগত; সাবালক। ২য়াতৎ। বিণ।

বয়ঃসন্ধি—যৌবনাগম; শৈশব ও যৌবনের মিলনকাল, puberty. বয়সের (বয়স্ শব্দ) সন্ধি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বয়ঃস্থ, বয়স্থ—যুবা, বয়ঃপ্রাপ্ত, প্রৌঢ়। উপতৎ; বয়স্—স্থা+ক কর্তৃ। বিণ।

বয়কট—পরিত্যাগ, বর্জন; সমাজচ্যুত করা; একঘরে করা। <ইং 'boycott'. বি।

বয়ড়া—বহেড়া নামক ফল। <বহেড়া। বি।

বয়ন—১। কাপড় বুনা। বে+অনট্ ভাব। বি; ক্লী। ২। বদন। প্রা কপ্র। বি।

বয়নামা—বিক্রয়পত্র; নিদর্শনপত্র; নীলাম-বিক্রয়ের পত্র। <আ বয় (বিক্রয়)+ফা নামা (পত্র)। বি।

বয়স, বয়েস—বয়ঃক্রম; যৌবন। <বয়স্। বি।

বয়সফোড়া—যৌবনে মুখমণ্ডলে জাত ব্রণ। বয়স-জনিত ফোড়া, মধ্যপ (বাংপ্র)। বি।

বয়সা—যৌবনে পদার্পণকালে স্বরভঙ্গ, যুবা বয়সে পড়িয়াই গলার যে আওয়াজ মোটা হয় তাহা। বয়স+আ জাতার্থে (বাংপ্র)। বি।

বয়সী—সমবয়স্ক; (অন্য শব্দের পরে) বয়োযুক্ত। বয়স+ঈ বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।

বয়সোচিত—বয়সের উপযুক্ত। বাংপ্র। বিণ।

বয়স্ক—১। সাবালক, অধিক বয়সের। বাংপ্র। বিণ। ২। (অন্যশব্দের পরবর্তী হইলে) বয়ঃক্রমযুক্ত। পূর্ব পদের সহিত বহুব্রীহি সমাসে ক-আগম। বিণ। স্ত্রী, -স্কা।

বয়স্থ—'বয়ঃস্থ' দ্রঃ। [তুল্যার্থে। বি; পুং।

বয়স্য—সমানবয়স্ক ব্যক্তি; সখা। বয়স্+যৎ

বয়স্যা—সখী, সহচরী। বয়স্য+আপ্। বি; স্ত্রী।

বয়া—জলে ভাসমান চড়া নির্দেশক বস্তু বিঃ; জাহাজাদি থামাইয়া রাখিবার লৌহযন্ত্র বিঃ, জলে পতিত ব্যক্তির ভাসিবার সহায় বিঃ, lifebuoy. <লগ boia'. বি। [<বদন। বি।

বয়ান—১। ব্যাখ্যা, অর্থ; বিবরণ। ফা। ২। মুখ।

বয়াম—মাটির বা চীনামাটির বা কাচের নির্মিত ঘৃত ইঃ রাখিবার পাত্র। <পো 'boiao'. বি।

বয়েত—ফারসী, আরবী বা উর্দু শ্লোক। <আ 'বইৎ'। বি।

বয়েস— বয়স' দ্রঃ।

বয়োগুণ—বয়সের ধর্ম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বয়োজ্যেষ্ঠ—বয়সে বড়। বয়োদ্বারা জ্যেষ্ঠ, ৩য়াতৎ। বিণ।

বয়োতীত—বৃদ্ধ, গতযৌবন। ২য়াতৎ। বিণ।

বয়োধর্ম—বয়সের স্বভাব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বয়োবৃদ্ধ—বয়সে বুড়ো। বয়োদ্বারা বৃদ্ধ, ৩য়াতৎ। বিণ।

বয়োবৃদ্ধি—বয়সের বাড়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বয়োব্রণ—কিশোর বয়সে স্বভাবতঃ গালে যে ব্রণ জন্মে। মধ্যপ। বি; ক্লী বা পুং।

বর—১। প্রার্থনা, দেবতার নিকট যাচিত বস্তু; আশীর্বাদ; বরণ; আবরণ; অনুগ্রহসূচক করভঙ্গী বা মুদ্রা বিঃ ('বরাভয়')। বৃ+অপ্ কর্ম, ভাব। ২। পতি, বিবাহের পাত্র; জামাতা। বি; পুং। ৩। জ্যেষ্ঠ; শ্রেষ্ঠ; উৎকৃষ্ট; অভীষ্ট। বৃ+অপ্ কর্ম। বিণ।

বরং (বরম্)—অপেক্ষাকৃত ভাল। বৃ+অম্ কর্ম। অ। [<আ-ফা 'বর্ক্-অন্দাজ্'। বি।

বরকন্দাজ—বন্দুকধারী সিপাহী; দেহরক্ষী।

বরকর্তা (-কর্তৃ)—বিবাহে বরপক্ষের প্রধান জন। বরপক্ষীয় কর্তা, মধ্যপ। বি, পুং।

বরখন্তিয়া—বর্ষণ; বর্ষা। প্রা কপ্র। বি।

বরখাস্ত—পদচ্যুত। <ফা 'বরখাস্ত্'। বিণ।

বরখেলাপ—গরমিল; অন্যরূপ; অ-সামঞ্জস্য। <ফা 'বর্খিলাফ'। বি।

বরগা—ছাদের কড়ি-কাঠের উপরকার পাতলা কাঠ বা লোহা। <পো 'verga'. বি।

বরজ—পানের ঘেরা ক্ষেত। <আ 'বুর্জ্' (দুর্গ)। বি। [বরম্+চ। অ।

বরঞ্চ—প্রত্যুত; অপেক্ষাকৃত ভাল, ইহা হইতে ভাল।

বরণ—১। শ্রদ্ধার সহিত অভ্যর্থনা করণ; কন্যাদানাদিকালে জামাতা প্রভৃর অভ্যর্থনা-ব্যাপার; সসম্মানে নিযুক্ত করণ; স্বেচ্ছায় গ্রহণ; সাদরে গ্রহণ। বৃ+অনট্ ভাব। বি; ক্লী। ২। বর্ণ, রং। কপ্র। বি। [বি।

বরণডালা—বরণ করিবার উপকরণযুক্ত পাত্র। বাংপ্র।

বরণা—বারাণসীর উত্তরস্থ নদী বিঃ। বি; স্ত্রী।

বরণীয়—প্রার্থনীয়; বরণযোগ্য; শ্রেষ্ঠ। বৃ+অনীয় কর্ম। বিণ।

বরতরফ—কর্মচ্যুত; বরখাস্ত। ফা। বিণ।

বরদ—অভীষ্টদাতা; প্রসন্ন; প্রসন্নতাচিহ্নসূচক হস্তাদি বিন্যাসযুক্ত (মুদ্রা বিঃ)। উপতৎ; বর—দা +ক কর্তৃ। বিণ।

বরদা—১। দুর্গা; সরস্বতী। বি; স্ত্রী। ২। অভীষ্টদাত্রী। বরদ+আপ্। বিণ; স্ত্রী।

-বরদার—বহনকারী। ফা। বি।

বরদাস্ত—সহ্য, সহিষ্ণুতা; সবুর। ফা। বি।

বরপক্ষ—বরযাত্র, যাঁহারা বরের সঙ্গে কন্যার বাড়িতে আসেন তাঁহারা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বরপণ—বিবাহে বরপক্ষকে দেয় অর্থ। মধ্যপ। বি; পুং।

বরপুত্র—দেবতার মায়াপ্রভাবে যে ভূতলে জন্মগ্রহণ করে, এরূপ ব্যক্তি; দেবতার আশীর্বাদে জাত পুত্র; দেবাদির অনুগৃহীত ব্যক্তি; শ্রেষ্ঠ পুত্র। কর্মধা; অথবা, বরলব্ধ বা বরপ্রাপ্ত পুত্র, মধ্যপ। বি; পুং।

বরফ—জমাট জল, তুহিন, তুষার। <ফা 'বর্ফ্'। বি।

বরফি—একপ্রকার চতুষ্কোণাকৃতি ক্ষীরাদির মিঠাই। বাংপ্র। বি।

বরবটি—একপ্রকার লম্বা ফল; মুগশিম, মহামাষ। <বর্বটী। বি।

বরবর্ণিনী—অত্যুত্তমা স্ত্রী; সাধ্বী স্ত্রী; গৌরী; শ্যামা; লক্ষ্মী; সরস্বতী। বরবর্ণ+ইন্ আছে অর্থে +ঈপ্। বি; স্ত্রী।

বরবাদ—একেবারে নষ্ট, অপব্যয়িত। ফা। বিণ।

বরমাল্য—বরের গলায় প্রদেয় মালা। মধ্যপ। বি; ক্লী।

বরযাত্র—বিবাহার্থ গমনকারী বরের সহযাত্রী। বরসহ যাত্রা যাহাদের, বহু। বি; পুং।

বরযাত্রী (-যাত্রিন্)—বিবাহার্থ গমনকারী বরের সহযাত্রী। বরানুগত যাত্রী, মধ্যপ। বি; পুং।

বরয়িতা (-য়িতৃ)—স্বামী; বরণকর্তা; প্রার্থনাকারী। বরি+তৃন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, -ত্রী।

বরলাভ—দেবতার নিকট হইতে বর পাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বরষ—বর্ষ। কপ্র। বি।

বরষণ—বর্ষণ। কপ্র। বি।

বরষা—১। বর্ষা। বি। ২। বর্ষণ করা। কপ্র। ক্রি।

বরসজ্জা—বিবাহবাসরে বরকে দেয় সাজ-পোশাক, শয্যাদ্রব্য ও বাসনপত্র। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বরাখুরিয়া, -খুরে—শূকরের ন্যায় পদরূপ দুর্লক্ষণযুক্ত ('—গরু')। বরার (বরাহের) খুর, ৬ষ্ঠীতৎ+ইয়া, এ বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।

বরাঙ্গ—মস্তক; গুহ্যদেশ; উপস্থ; যোনি; পুংচিহ্ন; শ্রেষ্ঠাবয়ব; সুন্দর শরীর। বর (শ্রেষ্ঠ) অঙ্গ, কর্মধা। বি; ক্লী।

বরাঙ্গনা—উত্তমা স্ত্রী, শ্রেষ্ঠা স্ত্রী। বরা (শ্রেষ্ঠা) অঙ্গনা (স্ত্রী), কর্মধা। বি; স্ত্রী।

বরাঙ্গী (-ঙ্গিন্)—উত্তম-অঙ্গযুক্ত। বরাঙ্গ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -ঙ্গিনী, -ঙ্গিণী।

বরাটক, বরাটিকা—কড়ি; দাঁড়; পদ্মবীজকোষ। বর—অট্+ণক কর্তৃ, ২য় পক্ষে তদ্‌ত্তরে+আপ্। বি; পুং, স্ত্রী।

বরাত—১। প্রয়োজন; কার্যানুরোধ-পত্র; ফরমাশ; নিজের কার্যভার অন্যকে প্রদান। ফা। ২। ভাগ্য, অদৃষ্ট। বাংপ্র। বি। [বিণ।

বরাতী—ফরমাশী, ভারার্পিত। বরাত+ঈ। ফা-মূ।

বরাদ্দ—১। আন্দাজ; অনুমান; হার; অনুমান দ্বারা পরিমাণ-নির্ধারণ; পূর্ব হইতে কোন কার্য সংকুলানের জন্য বস্তু বা অর্থের পরিমাণ-নির্ধারণ। বি। ২। নির্দিষ্ট। ‹ফা 'বরাবদ'। বিণ।

বরানুগমন—বরের পিছনে পিছনে যাওয়া, বরযাত্রী হওয়া। বরের অনুগমন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বরাবর—১। নিকট, সমীপ। বি। ২। সম্মুখবর্তী, পাশাপাশি। বিণ। ৩। সর্বদা, সকল সময়ে ('— ফেল হয়'); সোজাসুজি; উদ্দেশ্য করিয়া; ঠিকানায়। ফা। অ ক্রি-বিণ। [অধি-৭মী।

বরাবরে—সমীপে, নিকটে; সম্মুখে। ফা-মূ। বি;

বরাবরেষু—[বড়লোকের নিকট চিঠি লিখিতে ব্যবহৃত শব্দ] হুজুরে; হুজুরের সমীপে। ফা-মূ। (সং ৭মী বিভক্তিযুক্ত) অ।

বরাভয়—আশীর্বাদ এবং অভয়প্রদান; অভীষ্ট এবং অভয়-প্রদানসূচক হস্তভঙ্গী। বর এবং অভয়, দ্বন্দ্ব। বি; ক্লীব।

বরাভয়করা—১। অভীষ্ট এবং অভয়দানসূচক কর-ভঙ্গীযুক্তা (কালী, ভগবতী)। বিণ; স্ত্রী। ২। কালী, ভগবতী। বরাভয় করে যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।

বরাভরণ—বরের প্রাপ্য অলংকার; বরের অলংকার। মধ্যপ অথবা ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বরারোহা—শ্রেষ্ঠ নিতম্বযুক্তা, উত্তম কটিদেশযুক্তা, সুমধ্যমা। বহু। বিণ; স্ত্রী।

বরাহ—শূকর; বিষ্ণুর শূকর-অবতার। বর—আ—হন্+ড কর্তৃ। বি; পুং।

বরিখা—১। বর্ষা। বি। ২। বর্ষণ করা। প্রা কপ্র। ক্রি।

বরিষ—১। সংবৎসর; বর্ষ। বি; ক্লী। ২। প্রাবৃট্-কাল; বর্ষা। বৃষ্+ইষ অধি (য-কারের লোপ)। বি; পুং।

বরিষণ—বৃষ্টিপতন। ‹বর্ষণ। বি।

বরিষা—১। বর্ষা। বরিষ+আপ্। বি; স্ত্রী। ২। বর্ষণ করা। কপ্র। ক্রি।

বরিষ্ঠ—শ্রেষ্ঠ; প্রধানতম। উরু (মহৎ)+ইষ্ঠ অত্যর্থে। বিণ।

বরিহা—ময়ূরপুচ্ছ। ‹বর্হা। বি।

বরীয়ান্ (-য়স্)—শ্রেষ্ঠ, বরিষ্ঠ। উরু+ঈয়সু অত্যর্থে। বিণ। স্ত্রী, -য়সী।

বরুণ—১। জলাধিপ; প্রচেতা; পশ্চিম-দিক্‌পাল। বৃ+উনন্ কর্তৃ, সংজ্ঞার্থে। ২। সূর্য; সমুদ্র। বি; পুং। ৩। জল। বৃ+উনন্ কর্ম। বি; ক্লী।

বরুণ-বাণ—পৌরাণিক যুগে যে বাণ ছুড়িলে চারিদিক্ জলে ভাসিয়া যাইত। বরুণাধিষ্ঠিত বাণ, মধ্যপ। বি; পুং। [অর্থে)। বি; স্ত্রী।

বরুণানী—বরুণের পত্নী। বরুণ+আনীপ্ (পত্নী-

বরেণ্য—বরণীয়; প্রার্থনীয়। বৃ+এন্য কর্ম। বিণ।

বরেন্দ্র—১। ইন্দ্র; রাজা। বর (শ্রেষ্ঠ) ইন্দ্র, কর্মধা। বি; পুং। ২। প্রাচীন গৌড়দেশ, উত্তরবঙ্গ। বি।

বরেন্দ্রী—গৌড়দেশের রাজধানী; প্রাচীন গৌড়। বরেন্দ্র+ঈপ্। বি; স্ত্রী।

বর্কর—ছাগল; যুবা পশু; মেষশাবক। বৃক+অরন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, -রী।

বর্গ—১। দল; স্বজাতীয়সমূহ; শ্রেণী; বর্ণমালার স্পর্শবর্ণসমূহের উচ্চারণ-স্থান-ভেদ-সূচক শ্রেণী (যেমন—কবর্গ, চবর্গ ইঃ); মনুষ্যবর্গ; পশুবর্গ; গ্রন্থের পরিচ্ছেদ; পক্ষ; সমান অঙ্কদ্বয়ের গুণফল, square. বৃজ্+ঘঞ্ কর্ম। ২। বর্জন; ত্যাগ। বৃজ্+ঘঞ্ ভাব। বি; পুং।

বর্গক্ষেত্র—যে ভূমির দৈর্ঘ্য ও প্রস্থ পরস্পর সমান, square বর্গজনক ক্ষেত্র, মধ্যপ। বি; ক্লী।

বর্গফল—(গণিত) সমান সংখ্যাদ্বয়ের গুণফল, square. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বর্গমূল—সমান অঙ্কদ্বয়ের গুণফলের গুণ্য এবং গুণক প্রত্যেক অঙ্ক, square root. বর্গের মূল, ৬ষ্ঠীতৎ। বি: ক্লী।

বর্গা—জমির মালিক ফসলের অর্ধেক পাইবে চাষীর সহিত এই বন্দোবস্ত। ফা। বি।

বর্গাদার—বর্গাচাষী। ফা। বি।

বর্গী—দেশলুণ্ঠক, প্রাচীন মহারাষ্ট্রজাতীয় সৈন্য; মারাঠী। ‹ফা 'বার্গীর'। বি। **বর্গীর হাঙ্গামা**—অশ্বারোহী মারাঠা সৈন্য কর্তৃক বাংলাদেশে ব্যাপক লুঠতরাজ।

বর্গীয়, বর্গ্য—বর্গ সম্বন্ধীয়: বর্গ+ঈয় (অশু), যৎ সম্বন্ধার্থে, স্থিতার্থে। বিণ।

বর্গীরাজ—শিবাজী। ফা-মূ। বর্গীদের (‹ফা 'বার্গীর') রাজা, ৬ষ্ঠীতৎ। বি।

বর্চঃ (বর্চস্)—তেজঃ; কান্তি। বর্চ্+অসুন্ কর্তৃ। বি; ক্লী।

বর্জন—ত্যাগ; পরিত্যাগ; রহিতকরণ; হিংসা, বধ। বৃজ্+অনট্ ভাব। বি: ক্লী।

বর্জনীয়—বর্জনের যোগ্য; ত্যাজ্য; মারণীয়। বৃজ্+অনীয় কর্ম। বিণ।

বর্জাইস—ছাপার একপ্রকার ছোট অক্ষর [এই অভিধান বর্জাইস অক্ষরে মুদ্রিত হইয়াছে]। ‹ইং 'bourgeois'. বি।

বর্জিত—পরিত্যক্ত, নিরাকৃত, রহিত; বিহীন; হত। বৃজ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

বর্ণ—১। ব্রাহ্মণাদি জাতি। বর্ণ্+ঘঞ্ কর্ম। বি; পুং। ২। শুক্লাদি বর্ণ, রং; হাতির পিঠের চিত্র-

বিচিত্র কম্বল প্রঃ; স্তব; ব্রত; গুণ; কীর্তি; বর্ণনা; রূপ; সৌন্দর্য; অঙ্গরাগ; উৎকর্ষ; খ্যাতি; যশঃ; গুণকীর্তন; গীতক্রম; সুবর্ণ; অ আ ক খ প্রঃ অক্ষর; মৃদঙ্গের ধা দিৎ প্রঃ বাণী; বিলেপন; ভেদ; প্রশস্তি; জাতি; আকৃতি; কষ্টিপাথরের স্বর্ণরেখা। বর্ণ্+ঘঞ্ করণ, ভাব, কর্ম। বি; পুং বা ক্লী। ৩। কুঙ্কুম। বর্ণ্+ঘঞ্ কর্ম। বি; ক্লী।

বর্ণক—১। বিলেপন দ্রব্য; চন্দনাদি অঙ্গরাগ। বি; পুং বা ক্লী। ২। বর্ণনাকারী; স্তুতিপাঠক। বর্ণি+ণক কর্তৃবা। বি; পুং। ৩। পোড়া হাঁড়িতে যে কুমারের রং লাগায়। বাংপ্র। বি।

বর্ণচোরা—যাহার প্রকৃত বা উপযুক্ত বর্ণ লক্ষিত হয় না এরূপ; যাহার বাহির দেখিয়া ভিতর বুঝা যায় না এমন। বর্ণ (স্বাভাবিক রং, স্বরূপ) চুরি (গোপন) করে যে, উপতৎ (বাংপ্র)। বিণ।

বর্ণচোরা আম—যে আম পাকিলেও বাহিরে কাঁচার মত দেখা যায় এমন; যাহার আকৃতি দেখিয়া প্রকৃতি বুঝা যায় না এমন লোক। [ক্লী।

বর্ণজ্ঞান—অক্ষরপরিচয়, অক্ষর চেনা। ৬ষ্ঠীতৎ। বি;

বর্ণজ্ঞানশূন্য, -হীন—অক্ষরপরিচয়বিহীন, যে অক্ষর পর্যন্ত চেনে না এমন; মূর্খ। বর্ণজ্ঞান দ্বারা শূন্য, হীন, ৩য়াতৎ। বিণ।

বর্ণজ্যেষ্ঠ—১। ব্রাহ্মণ। বর্ণমধ্যে জ্যেষ্ঠ, ৭মীতৎ। বি; পুং। ২। আপন আপন বর্ণাপেক্ষা শ্রেষ্ঠবর্ণ। ৩য়াতৎ। বিণ।

বর্ণন, বর্ণনা—গুণকথন; বিবরণ; রঞ্জন; বর্ণবিন্যাস; ব্যাখ্যা; প্রশস্তি; স্তুতি। বর্ণ্+অনট্ ভাব, পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

বর্ণনাতীত—অবর্ণনীয়; যাহা বর্ণনা করিয়া শেষ করা যায় না এমন। বর্ণনাকে অতীত, ২য়াতৎ। বিণ।

বর্ণনীয়—বর্ণনযোগ্য। বর্ণি+অনীয় কর্ম। বিণ।

বর্ণপরিচয়—অক্ষরের জ্ঞান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বর্ণবিশ্লেষণ—প্রত্যেক শব্দের সংঘটক অক্ষর সকলের পর পর পৃথক্ ভাবে বিন্যাস; বিভিন্ন রঙের পার্থক্য নির্দেশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বর্ণমালা—বর্ণাবলী, কোন ভাষার অক্ষর সকল, alphabet; জাতিমালা। বর্ণের মালা (শ্রেণী), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বর্ণশ্রেষ্ঠ—ব্রাহ্মণ, বর্ণমধ্যে শ্রেষ্ঠ। ৭মীতৎ। বি; পুং, বা বিণ।

বর্ণসংকর, -সঙ্কর—মিশ্রজাতি; একজাতীয় পুরুষ ও অন্য জাতীয় স্ত্রীর মিলনে উৎপন্ন জাতি। বর্ণের সংকর, সঙ্কর (মিশ্রণ) যাহাতে, বহু। বি; পুং।

বর্ণানুক্রম—অক্ষরপরম্পরা। বর্ণের অনুক্রম, ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

বর্ণানুক্রমিক—পর পর অক্ষরে সাজানো; অক্ষরপরম্পরায় সজ্জিত বা লিখিত। বর্ণের অনুক্রম, ৬ষ্ঠী-তৎ; তদুত্তরে ইক (ঠন্) আছে অর্থে। বিণ।

বর্ণালী, বর্ণালি—ত্রিপার্শ্ব কাচের ভিতর দিয়া আলোক নির্গত হইলে যে সপ্তবর্ণের সমাবেশ দেখা যায় তাহা, spectrum. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বর্ণান্ধ—নির্দিষ্ট-বর্ণ-নির্ণয়ে অসমর্থ, colour-blind. ৭মীতৎ। বিণ।

বর্ণাশ্রমধর্ম—ব্রাহ্মণাদি বর্ণের এবং ব্রহ্মচর্যাদি আশ্রমের শাস্ত্রোক্ত কর্তব্য। বর্ণ ও আশ্রম, দ্বন্দ্ব; তাহাদের ধর্ম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বর্ণিক—লিপিকর, লেখক; চিত্রকর। বর্ণ+ইক কুশলার্থে। বি; পুং।

বর্ণিকা—খড়ি; পেনসিল; কলম; তুলি; বার্নিশ। বর্ণি+ণক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

বর্ণিত—বিবৃত; প্রশংসিত, স্তুত; ব্যাখ্যাত; রঞ্জিত; রূপান্তর-প্রাপিত। বর্ণি+ক্ত কর্ম। বিণ।

বর্ণিনী—নারী; সুন্দরী ('বর—'); লেখিকা। বর্ণিন্+ঈপ্। বি; স্ত্রী।

বর্ণী (-র্ণিন্)—লেখক; চিত্রকর; ব্রহ্মচারী। বর্ণ+ইন্ আছে অর্থে। বি; পুং। স্ত্রী—**বর্ণিনী**।

বর্তন—১। বৃত্তি; জীবিকা; বেতন। বৃত্+অনট্ করণ। ২। স্থিতি, অবস্থিতি। বৃত্+অনট্ ভাব। ৩। স্থাপন; পেষণ; নিয়োগ। বৃত+ণিচ্ (=বর্তি)+অনট্ ভাব। বি; ক্লী। ৪। বৃত্তিযুক্ত; বর্তমান; স্থিতিশীল; বর্তুল। বৃত্+অন কর্তৃ। বিণ।

বর্তমান—১। বিদ্যমান, উপস্থিত, যাহা চলিতেছে এমন; এখনকার; জীবিত; সাক্ষাৎ; স্থিতিশীল। বিণ। ২। প্রাবন্ধ ও অসমাপ্ত কাল। বৃত+শানচ্ কর্তৃ। বি; পুং।

বর্তা, বর্তানো—বাঁচা; কৃতার্থ হওয়া; জুড়ানো; ভোগ্য হওয়া; উত্তরাধিকারসূত্রে বা অন্য কারণে প্রাপ্য হওয়া; অবস্থান করা, বর্তমান থাকা। বাংপ্র। ক্রি।

বর্তি, বর্তিকা, বর্তী—প্রদীপ; দীপের সলিতা; বাতি; তুলি; বার্নিশ। বৃত্+ই কর্তৃ; ৩য় পক্ষে ঈপ্; ২য় পক্ষে কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

বর্তিত—সম্পাদিত, কৃত; সম্পন্ন। বৃত্+ণিচ+ক্ত কর্ম। বিণ। [অথবা অধি। বিণ।

বর্তিতব্য—স্থাতব্য, স্থিতিশীল। বৃত+তব্য কর্তৃ

বর্তিষ্ণু—বর্তনশীল, স্থিতিশীল। বৃত্+ইষ্ণু কর্তৃ, শীলার্থে। বিণ। [বিণ। স্ত্রী—**বর্তিনী**।

বর্তী (-র্তিন্)—স্থিতিশীল। বৃত্+ণিন কর্তৃ।

বর্তুল—১। গোলাকার, বৃত্ত; স্থূল। বিণ। ২। গোলাকার বস্তু, sphere; বাটুল; বাটুলা-কলাই। বৃত্+উলচ্ কর্তৃ। বি; পুং।

বর্ত্ম (-বর্ত্মন্)—রাস্তা, পথ; আচার; চক্ষুর পাতা। বৃত্+মনিন্ কর্তৃ। বি; ক্লী।

বর্ধক—১। বৃদ্ধিকারক; পূরক। বৃধ্+ণিচ্+ণক কর্তৃ। ২। ছেদনকারী। বর্ধ+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**বর্ধিকা**।

বর্ধকি—সূত্রধার। বর্ধ—কৃষ্+ডি কর্তৃ। বি; পুং।

বর্ধকী (-কিন্)—বর্ণসংকর জাতি বিঃ, ছুতার। বর্ধক+ইন্ জাতার্থে। বি; পুং। স্ত্রী, **-কিনী**।

বর্ধন—১। উন্নতি, বৃদ্ধি। বৃধ্+অনট ভাব। ২। বাড়ানো; পূরণ। বৃধ+ণিচ্+অনট্ ভাব।

৩। ছেদন। বর্ধ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী। ৪। বৃদ্ধিকারক। বৃধ্‌+ণিচ্‌+অন কর্তৃ, অথবা অনট্‌ করণ। বিণ। ৫। বঙ্গদেশীয় কায়স্থের পদবী বিঃ। বাংপ্র। বি।

বর্ধমান—বৃদ্ধিশীল। বৃধ্‌+শানচ্‌ কর্তৃ। বিণ।

বর্ধাপন—নাড়ী কাটিবার সংস্কার বিঃ; জয়ন্তী, শুভ কামনায় অনুষ্ঠিত উৎসব; জন্মদিনের উৎসব। ণিজন্ত বর্ধ = বর্ধাপি+অনট্‌ ভাব। বি; ক্লী।

বর্ধিত—১। পূরিত; পোষিত, বাড়ানো। বৃধ্‌+ণিচ্‌+ক্ত কর্ম। ২। ছেদিত, ছিন্ন। বর্ধ+ক্ত কর্ম। বিণ।

বর্ধিষ্ণু—বর্ধনশীল, বৃদ্ধিযুক্ত। বৃধ্‌+ইষ্ণু কর্তৃ, শীলার্থে। বিণ।

বর্নানো—বর্ণনা করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বর্বটী—১। বেশ্যা, বারাঙ্গনা। বর্ব্‌+অটন্‌ কর্তৃ+ঈপ্‌। ২। কলায় বিঃ। বর্বট+ঈপ্‌। বি; স্ত্রী।

† **বর্বর**—নীচ, পামর; অসভ্য; বদমাশ; মূর্খ; বাউবি। বর্ব্‌+অরন্‌ কর্তৃ। বিণ।

† **বর্বরতা**—অসভ্যতা; নীচতা; মূর্খত্ব। বর্বর+তা ভাবে। বি; স্ত্রী।

বর্ম (বর্মন্‌)—কবচ, সাঁজোয়া, armour. বৃ+মনিন্‌ করণ। বি; ক্লী। বিণ—**বর্মিত**।

বর্মা, বর্মন—ক্ষত্রিয়ের উপাধি বিঃ। বাংপ্র। বি।

বর্মী—বর্মাব বা ব্রহ্মদেশের লোক বা ভাষা; ব্রহ্মদেশ সম্বন্ধীয়। বর্মা+ঈ সম্বন্ধাদি অর্থে (বাংপ্র)। বি বা বিণ।

বর্শা—বল্লম, শড়কী। <বড়িশ। বি।

বর্ষ—১। বৃষ্টি। বৃষ্‌+অচ্‌ ভাব। ২। বৎসর। বি; ক্লী। ৩। জম্বুদ্বীপ [ইহার নয় অংশ—কুরু, হিরণ্ময়, রম্যক, ইলাবৃত, হরি, কেতুমাল, ভদ্রাশ্ব, কিম্পুরুষ ও ভারত]। বৃষ্‌+অচ্‌ অধি। বি; পুং বা ক্লী। [বি: পুং।

বর্ষকাল—একবৎসব সময়। বর্ষপরিমিত কাল, মধ্যপ।

বর্ষজীবী (-বিন্‌)—যাহা (যে উদ্ভিদ্‌) এক বৎসর মাত্র বাঁচে, annual. বর্ষ—জীব্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। [অনট্‌ ভাব। বি: ক্লী।

বর্ষণ—বৃষ্টি, উপব হইতে ছড়াইয়া দেওয়া। বৃষ্‌+

বর্ষণবিধৌত—বৃষ্টিব জলে ধোওয়া। ৩য়াতৎ। বিণ।

বর্ষণস্নাত—যে বৃষ্টিব জলে ভিজিয়া গিয়াছে এমন। ৩য়াতৎ। বিণ।

বর্ষণোন্মুখ—বর্ষণ করিতে উদ্যত; যাহা এখনই বর্ষণ করিবে এমন। ৭মীতৎ। বিণ। স্ত্রী, **-খী, -খা**।

বর্ষপর্বত—পুরাণোক্ত সপ্ত পর্বত (হিমবান্‌, হেমকূট, নিষধ, মেরু, চৈত্র, কর্ণী, শৃঙ্গী)। ৬ষ্ঠীতৎ। বি: পুং।

বর্ষমাণ—যে বর্ষণ করে এমন। বৃশ্‌+চানশ্‌ কর্তৃ। কপ্র। বিণ।

বর্ষা—১। আষাঢ়-শ্রাবণ মাস, প্রাবৃট্‌কাল। বর্ষ+অচ্‌ আছে অর্থে+আপ্‌। বি; স্ত্রী। ২। বৃষ্টিপাত। বাংপ্র। বি। ৩। বর্ষণ করা। কপ্র। ক্রি।

বর্ষাকাল—বৃষ্টি ঋতু, আষাঢ় শ্রাবণ দুই মাস। কর্মধা বা ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বর্ষাগম—বর্ষাকালের আরম্ভ। বর্ষার আগম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বর্ষাতি—বৃষ্টি হইতে শরীর রক্ষার জন্য ব্যবহৃত আবরণ, ওয়াটারপ্রুফ। বাংপ্র। বি।

বর্ষাতী—বর্ষাকালে উৎপন্ন ('—মূলো')। বাংপ্র। বিণ।

বর্ষাত্যয়, বর্ষাবসান—শরৎকাল। বর্ষার অত্যয় (নাশ), অবসান (শেষ) যাহাতে, বহু। বি; পুং।

বর্ষানো—বর্ষণ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বর্ষাস্নাত—বর্ষণস্নাত, বর্ষার জলে অভিষিক্ত। ৩য়াতৎ। বিণ।

বর্ষিত—ধারাকারে প্রবাহিত; বর্ষার জল পাইয়াছে এমন। বৃষ্‌+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ।

বর্ষিষ্ঠ, বর্ষীয়ান্‌ (-য়স্‌)—সর্বজ্যেষ্ঠ, অতিশয় বৃদ্ধ। বৃদ্ধ+ইষ্ঠ, ঈয়স্‌ অতিশয়ার্থে (বৃদ্ধস্থানে বর্ষ্‌)। বিণ। স্ত্রী, **-ষ্ঠা, -য়সী**।

বর্ষী (-র্ষিন্‌)—বর্ষণকারী। বৃষ্‌+ণিন্‌ কর্তৃ। বিণ।

-বর্ষীয়—তদ্‌বর্ষবয়স্ক ('ষোড়শ —')। বর্ষ+ঈয় সম্বন্ধার্থে। বিণ। [স্ত্রী।

বর্ষীয়সী—বৃদ্ধা, প্রবীণা। বর্ষীয়স্‌+ঈপ্‌। বিণ;

বর্ষুক—বর্ষণশীল, বর্ষী। বৃষ্‌+উকঞ্‌ কর্তৃ। বিণ।

বর্ষোপল—করকা, হিমশিলা, hailstone বর্ষের (বৃষ্টির) উপল, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

†**বর্হ**—ময়ূরপুচ্ছ। বৃহ্‌ বা বর্হ্‌+অচ্‌ কর্তৃ। বি; ক্লী। [বি; পুং।

†**বর্হী** (-র্হিন্‌)—ময়ূর। বর্হ+ইন্‌ আছে অর্থে।

* **বল**—১। বলবান্‌। বল্‌+অচ্‌ কর্তৃ। বিণ। ২। শক্তি, সামর্থ্য; সাব; ভার; স্থূলত্ব; দৃঢ়তা। বল্‌+অচ্‌ ভাব। ৩। রূপ; দেহ; বপু; গন্ধরস; শুক্র; রক্ত; পল্লব, পারিতোষিক; ছয়প্রকার সৈন্য; দাবাখেলায় মন্ত্রী গজ নৌকা ঘোড়া। বি; ক্লী। ৪। বাহু। বাংপ্র। ৫। খেলিবার ভাঁটা, কন্দুক। <ইং 'ball' বি। [স্ফীতি। বাংপ্র। বি।

বলক—দুগ্ধ জল প্রঃ উচ্ছলন, অগ্নিতাপে জলাদির

* **বলকর**—শক্তিজনক। উপতৎ; বল—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, **-করী**।

বলকা—বলকযুক্ত, উচ্ছলিত, অগ্নিতাপে স্ফীত ('— দুধ')। বাংপ্র। বিণ।

* **বলকারক**—শক্তিজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-কারিকা**।

* **বলক্ষয়**—সৈন্যনাশ; শক্তিক্ষয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

* **বলদ**—১। বলদাতা। উপতৎ; বল—দা+ক কর্তৃ। বিণ। ২। বৃষ; দামড়া। <বলীবর্দ। বি।

* **বলদৃপ্ত**—শক্তির গর্বে গর্বিত। ৩য়াতৎ। বিণ।

বলদে—বলদেব পিঠে ধান প্রঃ বহন করাইয়া বিক্রয়কারী। বলদ।এ (<ইয়া)। বাংপ্র। বি।

†**বলদেব**—বলরাম। কর্মধা। বি; পুং।

বলন—বৃদ্ধি; কথন; সুপুষ্ট গঠন; স্থূলতা। বাংপ্র। বি।

বলনাচ—উৎসবাদিতে সাহেব ও মেমের পরস্পর বাহু

ধরাধরি করিয়া নৃত্য। < ইং 'ball dance'. বল-নামক নাচ, মধ্যপ। বি।
বলনি, বলন—সুন্দর সুগোল গড়ন। প্রা কপ্র। বি।
***বলপূর্বক**—জোর করিয়া। বল পূর্বে যাহাতে, বহু (ক-সমাসান্ত)। ক্রি-বিণ। [বি; পুং।
***বলপ্রয়োগ**—জোর করা বা খাটানো। ৬ষ্ঠীতৎ।
***বলবৎ**—কার্যকর; প্রচলিত, বহাল; প্রবল; শক্তিশালী। বল+মতুপ্ আছে অর্থে। বিণ।
***বলবত্তা**—অতিশয় বল। বলবৎ+তা ভাবে। বি; স্ত্রী। [বিণ।
বলবন্ত—শক্তিশালী। বল+বন্ত আছে অর্থে (বাংপ্র)।
***বলবর্ধক**—যাহা দ্বারা শক্তিবৃদ্ধি হয় এমন, শক্তিজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -**র্ধিকা**।
***বলবর্ধন**—১। শক্তিবর্ধক। বিণ। স্ত্রী, -**বর্ধনা**, -**বর্ধনী**। ২। শক্তির বৃদ্ধিসাধন, জোর বাড়ানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
***বলবান্ (-বৎ)**—শক্তিমান্, বলবিশিষ্ট; প্রবল। বল+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**বতী**।
***বলবিদ্যা**—বলের ক্রিয়াদি-জ্ঞাপক বিদ্যা, mechanics, মধ্যপ। বি; স্ত্রী।
বলভি, বলভী—চন্দ্রশালা, চিলে কোঠা; ছাদ বা চালের পাড়। বল+অভচ্ কর্তৃ+ই, ঈপ্। বি; স্ত্রী। [বি; পুং বা ক্লী।
বলয়—বালা, করভূষণ; মণ্ডল। বল্+কয়ন্ কর্তৃ।
বলয়গ্রাস—সূর্যগ্রহণের সময় চন্দ্রবিম্ব সূর্যবিম্বের মধ্যস্থল আবৃত করিলেও উহাকে সম্পূর্ণ আবৃত করিতে না পারায় যদি উহার চতুর্দিকে বলয়ের আকৃতিযুক্ত একটি উজ্জ্বল রেখা থাকে তবে সেইরূপ গ্রহণ, annular eclipse. বলয়াকৃতি গ্রাস, মধ্যপ। বি; পুং।
বলয়ঝংকৃত—১। বালার ঝনঝন শব্দ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। বালার ঝনঝন শব্দে শব্দিত। ৩য়াতৎ। বিণ।
বলয়িত—ঘেরা; বেষ্টিত, পরিবৃত; বলয়াকার; বলয় দ্বারা বেষ্টিত। বলয়+ইতচ্ সংজ্ঞাতার্থে। বিণ।
***বলশালী** (-শালিন্)—বলবান্, বলিষ্ঠ। উপতৎ; বল—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**শালিনী**।
বলশেভিক—রুশিয়ার সংখ্যাগরিষ্ঠ কর্মী মজদুর বা কৃষকশ্রেণীর রাষ্ট্রীয় প্রভুত্বের সমর্থক; সাম্যবাদী। < ইং 'Bolshevic'. বি বা বিণ।
***বলহীন**—যাহার সৈন্য নাই এমন; দুর্বল। ৩য়াতৎ। বিণ।

†**বলা**—১। অস্ত্রবিদ্যা বিঃ; বেড়েলা। বি; স্ত্রী। ২। বলবতী। বল্+অচ্ কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী। ৩। কওয়া, বিচার করিয়া দেখা; সম্মতি দেওয়া; বৃদ্ধি পাওয়া; গুটিকাকার করা; উল্লেখ করা; বিছানা সুতা প্রঃ গুটানো; বৃদ্ধি পাওয়া, ফাঁপা। বাংপ্র। ক্রি [', বি, বিণ]।
বলাই—বলরাম। 'কানাই'-র অনুকরণে গঠিত। বি।
†**বলাক**—বক। বল্+আকন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, -**কা**।
বলাকহা, -কওয়া—কথোপকথন; বুঝানো। বাংপ্র। বি।
†**বলাকা**—স্ত্রী-বক; ক্ষুদ্রজাতীয় বকশ্রেণী; কামুকী স্ত্রী। বল্+আকন্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
বলাকিনী—বকের শ্রেণী। প্রা কপ্র। বি।
***বলাৎ**—বলপূর্বক; হঠাৎ। বল—অত্+ক্বিপ্ করণ। অ।
***বলাৎকার**—জোর করা; দণ্ডদান; বলপূর্বক সতীত্বনাশ। বলাৎ—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।
***বলাৎকৃত**—বলপূর্বক ধর্ষিত; বলপ্রয়োগে অভিভূত। বলাৎ—কৃ+ক্ত কর্ম। বিণ। স্ত্রী, -**তা**।
***বলাধান**—১। শক্তিসঞ্চার। বলের আধান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। শক্তিসঞ্চারকারী; শক্তিজনক। বলের আধান যাহা দ্বারা, বহু। বিণ।
***বলাধিক্য**—শক্তির প্রাচুর্য; অপেক্ষাকৃত বেশী শক্তি। বলের আধিক্য, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
***বলাধ্যক্ষ**—সেনাপতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বলানো—বাড়ানো; উদ্বৃত্ত করা; বলা ক্রিয়া করানো; কহানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
***বলান্বিত**—শক্তিশালী; সৈন্যযুক্ত। বলদ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ। [অবল, দ্বন্দ্ব। বি; ক্লী।
***বলাবল**—ক্ষমতা এবং অক্ষমতার পরিমাণ। বল এবং
বলাবলি—অনেকে একত্র হইয়া পরস্পরকে বলা; পরস্পরকে বলা। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।
বলাহক—মেঘ। বারির বাহক, ৬ষ্ঠীতৎ (নিপা)। বি; পুং।
***বলি**—দৈত্য বিঃ; রাজস্ব, কর; পূজার সামগ্রী, পূজা; দশবিধ পূজোপহার; ভূত-যজ্ঞ; কাক প্রভৃতিকে প্রদত্ত খাদ্য; দেবপূজায় বধ্য প্রাণিসমূহ; আত্মোৎসর্গ, immolation. বল্+ই কর্ম, ভাব। বি; পুং।
†**বলি, বলী**—উদরাদি অঙ্গে তরঙ্গিত মাংস, জরাবিশ্লথ চর্ম; ভঙ্গী; গুহ্যদ্বারের ভিতরকার মাংসগুটিকা; শরীরমধ্যরেখা; গৃহদারু বিঃ; ছাঁচ। বল্+ই কর্তৃ, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
†**বলিত**—১। বলিযুক্ত, শিথিল চর্মযুক্ত। বলি+ইতচ্ সংজ্ঞাতার্থে। ২। যুক্ত, সমন্বিত ("কুসুমিত চিকুর বলিত বরিহা"—জ্ঞান)। প্রা কপ্র। বিণ।
***বলিদান**—দেবতার উদ্দেশে পূজার উপহার দান; দেবতার উদ্দেশে বিধিপূর্বক পশুঘাতন; সম্পূর্ণরূপে ত্যাগ বা উৎসর্গ করণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
বলিভুক্ (-ভুজ্)—কাক; পায়রা; চটক। উপতৎ; বলি—ভুজ্+ক্বিপ্ কর্তৃ। বি; পুং।
বলিয়া, বলে—১। জন্য; শীঘ্রসমাপিত-সম্ভাবনাসূচক হেতু। অ। ২। কহিয়া; ফুলিয়া, বাড়িয়া। বাংপ্র। অস-ক্রি।
বলিয়ে, বলিয়ে-কইয়ে—সুবক্তা। বাংপ্র। বি বা বিণ।
***বলিষ্ঠ**—অতিশয় বলবান্। বলবৎ+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ।
বলিহারি—১। চমৎকার; অদ্ভুত; মোহিত। বিণ। ২। বাহবা, বেশ চমৎকার; অপূর্ব। 'বলিতে

হারি' (অপারক হই), কথার সংক্ষেপ। বাংপ্র। অ। **বলিহারি যাই**—এত চমৎকার যে ভাষায় ইহার চমৎকারিত্ব প্রকাশ করিতে পারিতেছি না।

***বলী** (বলিন্)—বলবান্। বল+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**বলিনী**।

†**বলী**—'বলি' দ্রঃ। [(শ্রেষ্ঠ), ৭মীতৎ। বিণ।

বলীন্দ্র—অতিশয় বলবান্। বলীদের মধ্যে ইন্দ্র

***বলীবর্দ**—বলদ, ষাঁড়। বল—বৃধ্+অচ্ কর্তৃ (অ-স্থানে ঈ, ধ-স্থানে দ)। বি; পুং।

***বলীয়ান্** (-য়স্)—অত্যধিক **বলশালী**। বলবৎ+ঈয়স্, অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, **-য়সী**।

বলে—'বলিয়া' দ্রঃ।

বল্ক, বল্কল—গাছের ছাল; মাছের আঁইষ। বল্+ক কর্তৃ, বল্+কল কর্তৃ। বি; ক্লী, পুং বা ক্লী।

বল্গা—মুখরজ্জু, লাগাম। বল্গ্+ঘঞ্ করণ+আপ্। বি; স্ত্রী।

বল্গাহরিণ—সুমেরুসন্নিহিত-দেশস্থ হরিণ বিঃ, reindeer. **বল্গাযুক্ত হরিণ**, মধ্যপ। বি; পুং।

বল্গিত—প্লুতগতি; উল্লম্ফন। বল্গ্+ক্ত ভাব। বি; ক্লী।

বল্মিক, বল্মিকি, বল্মীক, বল্মীকি—১। উইয়ের ঢিপি। বল্+ইক, ঈকি, ঈক, ঈকি কর্তৃ (ম-আগম)। বি; (প্রথম তিনটি) পুং বা ক্লী, (চতুর্থটি) পুং। ২। বাল্মীকি মুনি। বল+ইক, ঈকি, ঈক, ঈকি কর্ম (ম-আগম)। বি; পুং।

***বল্য**—বলকারক। বল্+যৎ হিতার্থে। বিণ।

বল্লকী—বীণা। বল্ল+ণক কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

বল্লভ—১। প্রণয়ী; দয়িত, প্রিয়। বিণ। ২। নায়ক; পতি, স্বামী। বল্ল্+অভচ্ কর্তৃ। বি; পুং।

বল্লম—ভল্ল, শূল, বর্শা বিঃ। ⟨সং 'ভল্ল' বা ফা 'বহ্লম্'। বি।

বল্লরি, বল্লরী—মঞ্জরী; লতা; চিত্রমূল। বল্ল্—ঋ+ই কর্তৃ, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

বল্লালী—বল্লালসেনের প্রবর্তিত; বল্লালসেন সম্বন্ধীয়; বল্লালসেনের কৃত। **বল্লাল+ঈ** (বাংপ্র)। বিণ। **বল্লালী বালাই**—কৌলীন্য প্রথা।

বল্লি, বল্লী—ব্রততী, লতা। বল্ল্+ই কর্তৃ, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

বশ—১। অধীনতা, আয়ত্ততা; স্বাধীনতা; প্রভুত্ব, কর্তৃত্ব। বশ্+ক ঘঞর্থে কর্ম। বি; ক্লী। ২। আয়ত্ত, অধীন; অনুকূল; মন্ত্রাদি দ্বারা মুগ্ধ। বশ্+অচ্ কর্তৃ। বিণ। ৩। অভিলাষ, ইচ্ছা। বশ্+ক ঘঞর্থে ভাব। বি; পুং বা ক্লী।

বশংগত, বশঙ্গত—বশে আগত, আয়ত্ত। বশম্—গম্+ক্ত কর্তৃ। বিণ।

বশংবদ—অনুগত, বাধ্য। উপতৎ; বশ—বদ্+খচ্ কর্তৃ। বিণ। ['বশম্বদ' অশুদ্ধ।]

বশতঃ (-তস্)—অধীনতাহেতু, বশীভূততাপ্রযুক্ত; প্রযুক্ত; হেতু। বশ+তস্ পঞ্চমীস্থানে। অ।

বশতা, বশত্ব—অধীনতা, আয়ত্ততা। বশ+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

বশতাপন্ন—অধীন। বশতাকে আপন্ন (প্রাপ্ত), ২য়াতৎ। বিণ।

বশবর্তী (-বর্তিন্)—আয়ত্ত, বশীভূত। উপতৎ; বশ—বৃত্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বর্তিনী**। বি, **-বর্তিতা**।

বশানুগ—বশবর্তী। উপতৎ; বশ—অনু—গম্+ড কর্তৃ। বিণ।

বশিনী—বশবর্তিনী; জিতেন্দ্রিয়া; স্বাধীনা। বশিন্+ঈপ্। বিণ; স্ত্রী।

বশিতা, বশিত্ব—শিবের ঐশ্বর্য বিঃ, সকলকে বশ করিবার ক্ষমতা; স্বাধীনতা; বশবর্তিতা। বশিন্+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

বশী (বশিন্)—স্বাধীন; জিতেন্দ্রিয়, যে ব্যক্তি ইন্দ্রিয়গণকে জয় করিয়াছে এমন; বশবর্তী। বশ (স্বাধীনতা)+ইন্ আছে অর্থে। বিণ।

বশীকরণ—১। আয়ত্তীকরণ, অধীনে আনয়ন। বশ (আয়ত্ত)+অভূততদ্ভাবার্থে চ্বি (=বশী)—কৃ+অনট্ ভাব। ২। বশ্যতাজনক মণিমন্ত্রৌষধাদি, অভিচারক্রিয়া। বশ+অভূততদ্ভাবার্থে চ্বি (=বশী)—কৃ+অনট্ করণ। বি; ক্লী।

বশীকৃত—আয়ত্তীকৃত, যাহাকে বশ করা হইয়াছে এবম্প। বশ (আয়ত্ত)+অভূততদ্ভাবার্থে চ্বি (=বশী)—কৃ+ক্ত কর্ম। বিণ।

বশীভূত—বশ্যতাপ্রাপ্ত, বশবর্তী, আজ্ঞাবহ। বশ (আয়ত্ত)+অভূততদ্ভাবার্থে চ্বি (=বশী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

বশ্য—আজ্ঞাকারী, বশবর্তী; বশ করিবার যোগ্য; পোষা। বশ (আয়ত্ততা)+যৎ গতার্থে। বিণ।

বশ্যতা—অধীনতা, আয়ত্ততা। বশ্য+তা ভাবে। বি; স্ত্রী।

বস্, বাস্, ব্যাস্—আর প্রয়োজন নাই; কথার সমাপ্তি সূচক শব্দ; বেশ হইয়াছে। ফা। অ।

বসত—বাস। বাংপ্র। বি।

বসতবাটী, -বাড়ি—ভদ্রাসন; পৈতৃক বাসবাটী; থাকিবার বাড়ি। ৪র্থীতৎ (বাংপ্র)। বি।

বসতি, বসতী—১। বাস, স্থিতি। বস্+অতি ভাব, পক্ষে ঈপ্। ২। বাসস্থান; রাত্রি। বস্+অতি অধি, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

বসন—১। বস্ত্র, বাস, পরিধেয়; স্ত্রীলোকের কটি-ভূষণ। বস্+অনট্ করণ। ২। বাস; বাসস্থান; আচ্ছাদন। বস্+অনট্ ভাব, অধি। বি; ক্লী।

বসন্ত—১। ঋতু বিঃ, ফাল্গুন-চৈত্র মাস (শাস্ত্রমতে চৈত্র-বৈশাখ); মসূরিকা রোগ, small pox. (সংগীতে) রাগ বিঃ। বস্+অন্ত (ঝচ্) অধি। বি; পুং।

বসন্তঘোষ, -ঘোষী (-ঘোষিন্)—কোকিল। বসন্ত—ঘুষ্+অচ্, ণিন্ কর্তৃ। বি; পুং।

বসন্তদূত—কোকিল; পঞ্চমস্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বসন্তপঞ্চমী—শ্রীপঞ্চমী, মাঘ-মাসের শুক্ল পক্ষের পঞ্চমী তিথি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বসন্তসখা (-সখি)—কামদেব; কোকিল। বহু। বি; পুং।
বসন্তী—বাসন্তী, ফিকা হরিদ্রাবর্ণের; বসন্তকালের। বসন্ত+ঈ সম্বন্ধাদ্যর্থে (বাংপ্র)। বিণ।
বসন্তোৎসব—হোলী; বসন্তকালে কামদেবের পূজারূপ মহোৎসব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বসবাস—স্থায়িভাবে বাস। বাংপ্র। বি।
বসা—১। মেদঃ, মজ্জা, চর্বি। বস্+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী। ২। উপবেশন করা; নিম্নদিকে নামিয়া যাওয়া; ভিতরে ঢুকিয়া যাওয়া; পুতিয়া যাওয়া; অপেক্ষা করা ('একটু বস'); সমান বা সমভাবে থাকা; বাস করা; জমাট বাঁধা; তলায় জমা; মিলাইয়া যাওয়া; অল্পকালের জন্য স্থাপিত হওয়া, স্বরভঙ্গ হওয়া ('গলা—'); মাপমত হওয়া; আরম্ভ হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। **নাড়ী বসিয়া যাওয়া**—নাড়ী একেবারে নিস্তেজ হইয়া পড়া। **বসিয়া থাকা**—বেকার বা নিশ্চেষ্ট থাকা। **বসিয়া পড়া**—হতাশ হওয়া, হতাশায় অবসন্ন হওয়া। **মন বসা**—মনে ভালো লাগা।
বসানো—উপবেশন করানো; স্থাপন করা; মারা, লাগানো; দমাইয়া দেওয়া; প্রহার করা; যুক্ত করা; মিলানো; ভিতরে প্রবেশ করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
বসু—১। ধ্রুব ভব (আপ) সোম বিষ্ণু (ধব) অনল অনিল প্রত্যূষ প্রভাব (প্রভাস)—এই অষ্টদেব; সূর্য; কুবের; অগ্নি; দীপ্তি; রশ্মি; রাজা; বাঙালী কায়স্থের পদবী বিঃ; অষ্ট সংখ্যা। বি; পুং। ২। রত্ন; ধন; স্বর্ণ। বস্+উ কর্তৃ। বি; ক্লী।
বসুধা—পৃথিবী। উপতৎ; বসু—ধা+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
বসুধারা—আভ্যুদয়িক শ্রাদ্ধের পূর্বে ভিত্তিতে দত্ত পাঁচ বা সাতটি ঘৃতধারা; চেদিরাজ বসুকে দীয়মান ঘৃতধারা; ধনপ্রবাহ; কুবেরপুরী। ৬ষ্ঠীতৎ (প্রথম দুই অর্থে); বসুর ধারা যেখানে, বহু+আপ্ (তৃতীয় অর্থে)। বি; স্ত্রী।
বসুন্ধরা, -মতী—পৃথিবী। বসু—ধৃ+ণিচ্+খচ্ কর্তৃ+আপ্, বসু+মতুপ্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।
বসুমতী—১। 'বসুন্ধরা' দ্রঃ। ২। ধনশালিনী। বসুমৎ+ঈপ্। বিণ; স্ত্রী।
বস্তা—গাঁট; থলে, বোরা। ফা। বি।
বস্তাপচা—অতিশয় পুরাতন, বস্তার ভিতরে থাকিয়া থাকিয়া ভিতরেই যাহা পচিয়া গিয়াছে এমন। ৭মীতৎ (বাংপ্র)। বিণ।
বস্তাবন্দী—যাহা বস্তার ভিতরে বন্ধ করা হইয়াছে এমন, বস্তা-বোঝাই। ৭মীতৎ (বাংপ্র)। বিণ।
বস্তি—বসতিস্থল; পল্লী; দরিদ্রপল্লী; শহরের মধ্যে টালি বা টিনের চালযুক্ত অপরিচ্ছন্ন কুটীর বা ঐরূপ কুটীর-শ্রেণী। <বসতি। বি।
বস্তি, বস্তী—১। নাভির অধোভাগ, তলপেট; মূত্রাশয়, bladder. বস্+তি কর্তৃ, পক্ষে ঈপ্। ২। বাসস্থান। বস্+তি অধি, পক্ষে ঈপ্। বি, পুং ও স্ত্রী।
বস্তু—দ্রব্য, পদার্থ, সামগ্রী; বৃত্তান্ত; ব্রহ্ম; সার; সত্য; যাহা ঘটিয়া থাকে; সংপাত্র। বস্+তুন্ কর্তৃ, সংজ্ঞার্থে। বি; ক্লী।
বস্তুতঃ (-তস্)—ফলতঃ, বাস্তবিক; যথার্থ। বস্তু+তস্ ৩য়া-স্থানে। অ।
বস্তুতত্ত্ব—বস্তুবিষয়ক জ্ঞান; বস্তুর স্বরূপ। বস্তুবিষয়ক তত্ত্ব, মধ্যপ। বি; ক্লী।
বস্তুতন্ত্র—জাগতিক বিষয় অর্থাৎ আহার-বিহারাদিকে প্রাধান্য দানের মত; বাস্তব বিষয়কে প্রাধান্য দান, realism. কর্মধা। বি; ক্লী। **বিণ—বস্তুতান্ত্রিক, বস্তুতন্ত্রীয়, বস্তুতন্ত্রী** (-ন্ত্রিন্)।
বস্ত্র—কাপড়, বসন; আচ্ছাদন। বস্+ষ্ট্রন্ করণ। বি; ক্লী। [বি; ক্লী।
বস্ত্রগৃহ—তাঁবু, পটাবাস। বস্ত্রনির্মিত গৃহ, মধ্যপ।
বস্ত্রগ্রন্থি—নীবী; কাপড়ের গাঁট। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; ক্লী।
বস্ত্রহরণ—উলঙ্গ করণ; আবরণশূন্য করা। ৬ষ্ঠীতৎ।
বস্ত্রহীন—বসনশূন্য; উলঙ্গ। ৩য়াতৎ। বিণ।
বস্ত্রাবাস—তাঁবু। বস্ত্রনির্মিত আবাস, মধ্যপ। বি; পুং।
বস্ত্রালয়—কাপড়ের দোকান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বহ—১। যান; বাহন; পথ; বায়ু। বহ্+ঘ করণ। ২। বহনকারী, বাহক। বহ্+অচ্ কর্তৃ। বিণ। স্ত্রী—**বহা**।
বহন—১। লইয়া যাওয়া; বহিয়া যাওয়া; ধারণ। বহ্+অনট্ ভাব। ২। জলযান; নৌকা; বাহন। বহ্+অনট্ করণ, অথবা বহ্+অন কর্তৃ। বি; ক্লী।
বহনীয়—বহনযোগ্য; ধারণযোগ্য। বহ্+অনীয় কর্ম। বিণ। [বহ্+শানচ্ কর্তৃ। বিণ।
বহমান—যাহা প্রবাহিত হইতেছে এমন; বহনশীল।
বহর—জাহাজ; নৌকা; জলযানসমূহ; নৌশ্রেণী ('নৌ'—); ক্ষমতা; গভীরতা; প্রস্থ; বিস্তার। <আ 'বহ্‌র'। বি।
বহা—১। বহনকারিণী। বহ্+অচ্ কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী। ২। সহ্য করা; বহন করা; প্রবাহিত হওয়া; কর্মক্ষম থাকা। বাংপ্র। ক্রি [, বি]।
বহানো—প্রবাহিত করানো; বহন করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বিণ।
বহাল, বাহাল—নিযুক্ত; প্রতিষ্ঠিত; বজায়। ফা।
বহি—১। বহন করি; বহন করিয়া। কপ্র। ক্রি। ২। পুস্তক, খাতা। আ। বি।
***বহিঃ** (বহিস্)—বাহ্যদেশ, বাহির। বহ্+ইস্ কর্তৃ। অ।
***বহিঃপ্রকোষ্ঠ**—বাহিরের ঘর। বহিঃস্থ প্রকোষ্ঠ, মধ্যপ। বি; পুং।
বহিঃশুল্ক—বিদেশে যে সকল পণ্য প্রেরণ করা হয় তাহার উপর দেয় মাসুল, customs duty. বহিঃ সম্বন্ধীয় শুল্ক, মধ্যপ। বি; পুং।
***বহিঃসংসার**—বহির্জগৎ; চক্ষুঃকর্ণাদি ইন্দ্রিয়ের

বিষয়ীভূত জগৎ। বহিঃস্থিত সংসার, মধ্যপ। বি; পুং।

*বহিঃস্থ, বহিস্থ, বহিস্থিত—বাহ্য, বাহিরে স্থিত, external. উপতৎ; বহিস্—স্থা+ক কর্তৃ; বহিঃ স্থিত, সুপ্, বিকল্পে বিসর্গ লোপ। বিণ।

বহিত্র—নৌকা, জলযান; বইঠা, দাঁড়; পোত। বহ্+ইত্র করণ। বি; ক্লী।

বহিন—বোন, ভগিনী। হি। বি।

*বহিরঙ্গ—১। বাহিরের অঙ্গ। মধ্যপ। বি; ক্লী। ২। অনাত্মীয়; বাহ্য। অন্তরঙ্গ শব্দের বিপরীত শব্দ। বাংপ্র। বিণ।

*বহিরাগমন—বাহিরে আসা। সুপ্। বি; ক্লী। বিণ, -গত।

*বহিরাবরণ—বাহিরের আবরণ; বাহিরের ঢাকনি। বহিঃস্থিত আবরণ, মধ্যপ। বি; ক্লী।

*বহিরিন্দ্রিয়—চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ত্বক্—এই পঞ্চ ইন্দ্রিয়। বহিঃস্থিত ইন্দ্রিয়, মধ্যপ। বি; ক্লী।

*বহির্গত—নির্গত। সুপ্। বিণ।

*বহির্গমন—বাহিরে যাওয়া। সুপ্। বি; ক্লী।

*বহির্জগৎ—বাহিরের জগৎ, জগতের ইন্দ্রিয়গোচর বিষয়সমূহ। বহিঃস্থিত জগৎ, মধ্যপ। বি; ক্লী।

*বহির্দেশ—বিদেশ; গ্রামের প্রান্ত; বাহির; বাহিরের অংশ। বহিঃস্থিত দেশ, মধ্যপ। বি; পুং।

* বহির্দ্বার—সদর দরজা। মধ্যপ। বি; ক্লী।

বহির্বাটী—বাহির-বাড়ি। বহিঃস্থিত বাটী, মধ্যপ (বাংলা মতে একদেশী)। বি; স্ত্রী।

* বহির্বাণিজ্য—ভিন্নদেশে ক্রয়বিক্রয়, external trade. বহিরনুষ্ঠিত বাণিজ্য, মধ্যপ। বি; ক্লী।

বহির্বাস—⟨বহির্বাসঃ। বি।

*বহির্বাসঃ (-বাসস্)—গায়ের চাদর বা উত্তরীয়; কৌপীনের উপর পরিবার বস্ত্র। বহিঃস্থ বাস, মধ্যপ। বি; ক্লী।

*বহির্ভাগ—উপরিপিঠ, বাহিরের অংশ; বাহির, বহির্দেশ। বহিঃস্থ ভাগ, মধ্যপ। বি; পুং।

*বহির্ভূত—বহির্গত; বাহিরে অবস্থিত; যাহা অন্তর্ভুক্ত নহে এমন। বহিস্—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

*বহির্মুখ—১। বিমুখ; পরাঙ্মুখ; বাহ্যবিষয়াসক্ত। বহিঃ মুখ যাহার, বহু। বিণ। স্ত্রী, -খী, -খা। ২। বাহিরে অবস্থিত মুখ। মধ্যপ। বি; ক্লী।

* বহির্লিখিত—বহিঃসীমা স্পর্শ করাইয়া অঙ্কিত, escribed. সুপ্। বিণ।

* বহিষ্করণ—১। দূরীকরণ; আবিষ্কার; বাহির করা; নিষ্কাশন। বহিস্—কৃ+অনট্ ভাব। ২। বাহিরের ইন্দ্রিয়। বহিঃস্থিত করণ (ইন্দ্রিয়), মধ্যপ। বি; ক্লী।

* বহিষ্কার—দূরীকরণ; নিষ্কাশন; আবিষ্কার; কারখানা ইঃতে কর্তৃপক্ষকর্তৃক কর্মিগণকে প্রবেশ করিতে না দেওয়া, সাময়িকভাবে কারখানা ইঃর তালা বন্ধ, lock-out. বহিস্—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

*বহিষ্কৃত—যাহাকে বাহির করিয়া দেওয়া হইয়াছে এমন; দূরীকৃত। বহিস্—কৃ+ক্ত কর্ম। বিণ।

*বহিষ্ক্রান্ত—বহির্দেশে নিষ্ক্রান্ত; দূরীভূত; নিঃসৃত। বহিস্—ক্রম্+ক্ত কর্তৃ। বিণ।

*বহু—১। অনেক, অধিক, প্রচুর, খুব। বন্হ্+কু কর্তৃ। বিণ। স্ত্রী—বহু, বহ্বী। ২। বউ, বধূ। হি। বি।

বহুকাল—অনেকদিন। কর্মধা। বি; পুং।

*বহুকেলে—অনেক দিনের, পুরাতন। বহুকাল+এ স্থিতার্থে (বাংপ্র)। বিণ।

*বহুজ্ঞ—বহুদর্শী, অভিজ্ঞ; বহু বিষয় যে জানে এমন। উপতৎ; বহু—জ্ঞা+ক কর্তৃ। বিণ।

বহুড়ী—বালিকা বধূ। ⟨বধূটী। বি।

বহুত—বহু, অনেক; খুব। হি। বিণ। বহুত আচ্ছা—বেশ ভাল, উত্তম।

*বহুতঃ (-তস্)—বহুপ্রকারে। বহু (অধিক)+তস্ ওয়ার্থে। অ।

*বহুতর—১। অত্যধিক, আরও অনেক। বহু+তরপ্ অতিশয়ার্থে। ২। অনেক প্রকার। বিণ।

বহুতলক—১। বহুপৃষ্ঠযুক্ত। বিণ। ২। (জ্যামিতি) বহুপৃষ্ঠযুক্ত ঘন বস্তু, polyhedron. বহু তল যাহার, বহু+ক সমাসান্ত। বি; ক্লী।

*বহুতা, বহুত্ব—বহুর ভাব বা অবস্থা, অনেকত্ব। বহু+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

*বহুত্র—বহুস্থানে, অনেকস্থলে। বহু+ত্রল্ (সপ্তমী-স্থানে)। অ।

*বহুদর্শিতা—অভিজ্ঞতা, বহু দেখাশুনার দ্বারা লব্ধ জ্ঞান। বহুদর্শিন্+তা ভাবে। বি; স্ত্রী।

*বহুদর্শী (-দর্শিন্)—বহুজ্ঞ; যে অনেক দেখিয়াছে এমন, বিচক্ষণ; বহু বিষয়ে অভিজ্ঞ; দূরদর্শী। উপতৎ; বহু—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -দর্শিনী।

*বহুদূর—১। অনেক দূর। বি; পুং। ২। বহুদূরবর্তী; অতি দীর্ঘ। কর্মধা। বিণ।

*বহুদূরবর্তী (-বর্তিন্), -দূরস্থ—অনেকদূরে স্থিত। উপতৎ; বহুদূর—বৃত্+ণিন্ কর্তৃ; বহুদূর—স্থা+ক কর্তৃ। বিণ। স্ত্রী, -বর্তিনী, দূরস্থা।

*বহুধা—১। বহুপ্রকারে; বহুবার। বহু+ধাচ্ প্রকারার্থে। ২। অনেক ভাগে। বাংপ্র। অ।

*বহুপত্নীক—যাহার অনেক স্ত্রী আছে এমন, বহুভার্য। বহু পত্নী যাহার, বহু (ক-সমাসান্ত)। বিণ।

*বহুপ্রসবিনী—যে অনেক সন্তান প্রসব করিয়াছে এমন। উপতৎ; বহু—প্র—সু+ইনি কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী।

*বহুবচন—যাহা দ্বারা অনেক বস্তু বুঝায় এরূপ চিহ্ন। বহুর বচন যদ্দ্বারা, বহু। বি; ক্লী।

*বহুবার—অনেকবার; পুনঃপুনঃ। বাংপ্র। ক্রি-বিণ।

*বহুবিধ—নানাপ্রকার; বিবিধ। বহু বিধা যাহার, বহু। বিণ।

* বহুবিবাহ—একাধিক স্ত্রীর পাণিগ্রহণ। কর্মধা। বি; পুং।

*বহুব্রীহি—সমাস বিঃ [এই সমাসে যে যে পদে সমাস করা যায় সেই সেই পদের অর্থ না বুঝাইয়া

অন্যপদার্থের প্রতীতি হয়]। বহু ব্রীহি যাহাতে বা যাহার, বহু। বি; পুং।
*বহুভাগ্য—১। অত্যধিক প্রসন্ন অদৃষ্ট। কর্মধা। বি; ক্লী। ২। অত্যধিক সৌভাগ্যবান্। বহু ভাগ্য যাহার, বহু। বিণ।
*বহুভাষী (-ভাষিন্)—বাচাল, যে বেশী কথা বলে এমন; বহুভাষাবিৎ। উপতৎ; বহু—ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ভাষিণী।
*বহুভুজ—১। যাহার অনেক বাহু আছে এমন। বিণ। ২। বহু ভুজনির্দিষ্ট সমতল ক্ষেত্র, polygon. বহু। বি।
*বহুমত—১। অতিশয় আদৃত। বহু—মন্+ক্ত কর্ম। ২। যাহার নানাবিধ মত এমন। বহু। বিণ। ৩। অনেকরূপ অভিমত। কর্মধা। বি; ক্লী।
*বহুমানাস্পদ—অত্যধিক সম্মানের পাত্র। বহুমানের আস্পদ, ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; ক্লী (অজহল্লিঙ্গ)। স্ত্রী, -দা (বাং)।
*বহুমুখ—১। অনেক মুখ। কর্মধা। বি। ২। অনেক মুখ-বিশিষ্ট; যাহার অনেক মুখ অনেক দিকে ব্যাপৃত। বহু। বিণ। স্ত্রী, -মুখী ('—প্রতিভা')।
*বহুমূত্র—মেহ রোগ বিঃ, diabetes. বহু মূত্র যাহাতে, বহু। বি; ক্লী। [বহু। বিণ।
*বহুমূল্য—মহার্ঘ, যাহার মূল্য অনেক এমন।
বহুরাশিক—যাহাতে অনেক রাশি আছে এরূপ অঙ্ক, double rule of three. বহু রাশি যাহাতে, বহু+ক সমাসান্ত। বি; ক্লী।
*বহুরূপী (-রূপিন্)—যে নানারূপ ছদ্মবেশ ধারণ করে; কৃকলাস, chameleon. বহুরূপ+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী, -রূপিণী।
*বহুল—অনেক; অধিক; কৃষ্ণবর্ণ। বন্হ্+কুলচ্ কর্তৃ (নিপা)। বিণ।
*বহুলীকৃত—বিস্তারিত; রাশীকৃত। বহুল (অধিক) +অভূততদ্ভাবার্থে চ্বি (=বহুলী)—কৃ+ক্ত কর্ম। বিণ। [বারার্থে। অ।
*বহুশঃ (-শস্)—বাহুল্যরূপে; বহুবার। বহু+শস্
*বহুশাখ—অনেকশাখাবিশিষ্ট; বহুপ্রকার; বহু বিভাগযুক্ত। বহু শাখা যাহার, বহু। বিণ।
*বহুশ্রুত—সুশিক্ষিত, সুপণ্ডিত, বেদাদিশাস্ত্রজ্ঞ। বহু শ্রুত (বিদ্যা) যাঁহার, বহু। বিণ।
*বহুস্বামিক—যাহার বহু মালিক বা মনিব এমন। বহু স্বামী (স্বামিন্) যাহার, বহু (ক-সমাসান্ত)। বিণ। [<বিভীতক। বি।
বহেড়া—হরীতকী জাতীয় ফল বিঃ, বয়ড়া।
বহ্নি—অগ্নি। বহ্+নি কর্তৃ, সংজ্ঞার্থে। বি; পুং।
বহ্নিজ্বালা—আগুনের শিখ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
*বহ্বাড়ম্বর—অত্যধিক ঘটা, জাঁকজমক। বহু আড়ম্বর, কর্মধা। বি; পুং। [পুং।
*বহ্বায়াস—বহু চেষ্টা। বহু আয়াস, কর্মধা। বি;
*বহ্বারম্ভ—প্রথমে অত্যধিক উদ্যম বা আয়োজন। বহু আরম্ভ, কর্মধা। বি; পুং।

বা—১। কিংবা, অথবা; বিকল্প; বাক্যশোভার্থক ও পাদপূরণার্থক শব্দ; বিতর্ক; নিশ্চয়; সমুচ্চয়; উপমা; নানার্থ; বিশ্বাস; সাদৃশ্য; অতীত। বা+ ক্বিপ্ ভাব। অ। ২। বাতাস, বায়ু। বাংপ্র। বি।
বাই—১। নর্তকী বিঃ; নৃত্য বিঃ; রাজস্থান মহারাষ্ট্র ইঃ অঞ্চলে মহিলার উপাধি। তুর্কী-মু। ২। বায়ু; বায়ুরোগ, mania ; বাতিক, প্রবল ঝোঁক; বাতকর্ম। <বায়ু। বি।
বাইওয়ালী—নর্তকী। হি। বি।
বাইক—বাইসিকেল, একপ্রকার দ্বিচক্র যান। <ইং 'bike'. বি।
বাইচ, বাচ—নৌকার দৌড় খেলা, নৌকাচালানো-প্রতিযোগিতা, নৌকাযোগে প্রতিমা-বিসর্জন। <বহিত্র। বি।
বাইজী—উচ্চশ্রেণীর নর্তকী। তুর্কী-মু। বি।
বাইতি—হিন্দু বাদ্যকর জাতি বিঃ। বাংপ্র। বি।
বাইনাচ—পেশাদার নর্তকীর নৃত্য; বাইজীর নাচ। ৬ষ্ঠীতৎ। বি।
বাইবেল—খ্রীষ্টানদের প্রসিদ্ধ ধর্মপুস্তক। <ইং 'Bible'. বি।
বাইরে—বাহিরে, বহির্ভাগে; অতিরিক্ত; অন্যত্র। বাংপ্র। বি বা অ।
বাইল—কপাটের পাল্লা; নারিকেল তাল প্রঃ গাছের পাতা, বালদো; সম্পূর্ণ এক টুকরা। বাংপ্র। বি।
বাইশ—২২. দ্বাবিংশতি; ২২-সংখ্যক। <দ্বাবিংশ। বি বা বিণ।
বাইশা, বাইশে—মাসের দ্বাবিংশ দিবস। বাইশ+আ, এ তারিখ অর্থে (বাংপ্র)। বি বা বিণ।
বাইস, বাস—ছুতারের একপ্রকার কোদালের ন্যায় ফলাযুক্ত অস্ত্র। <বাসি। বি।
বাইস—যে যন্ত্রে কোন ধাতুর জিনিস জোরে চাপিয়া ধরিয়া উখা চালানো হয়। <ইং 'vice'. বি।
বাইসিকেল, বাইসাইকেল—দুই চাকার একপ্রকার গাড়ি। <ইং 'bicycle'. বি।
বাঈ—নর্তকী বিঃ; মহারাষ্ট্রীয় ও রাজপুত মহিলাদের উপাধি বিঃ। তুর্কী-মু। বি।
বাউটি—স্ত্রীলোকের বাহুভূষণ বিঃ। বাংপ্র। বি।
বাউণ্ডুলে—কর্মবিমুখ স্বচ্ছন্দচারী অপদার্থ ব্যক্তি। বাংপ্র। বি। [<বন্ধনী। বি।
বাউনি—পৌষ-সংক্রান্তির পূর্বদিনের পর্ব বিঃ।
বাউরা—পাগল। হি। বিণ।
বাউরী—১। পাগলিনী, উন্মত্তা। প্রা কপ্র। বি বা বিণ; স্ত্রী। ২। পশ্চিমবঙ্গের নিম্নশ্রেণীর হিন্দু-জাতি বিঃ। বাংপ্র। বি।
বাউল—১। শ্রীগৌরাঙ্গভক্তসম্প্রদায় বিঃ; বৈরাগি-সম্প্রদায় বিঃ; গায়ক ভিক্ষুক সম্প্রদায় বিঃ। বি। ২। ক্ষিপ্ত, পাগল। <বাতুল। বিণ।
বাউলিনী—উন্মাদিনী। প্রা কপ্র। বিণ; স্ত্রী।
বাউলী—পাগলিনী; বাউল-সম্প্রদায় সম্বন্ধীয়। বাউল+ঈ স্ত্রী অর্থে, সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।
বাওয়া—১। বাহিয়া যাওয়া; চলা বা অতিক্রম করা।

ক্রি। ২। আপনা হইতে জাত ('— ডিম')। বাংপ্র। বিণ।

বাওয়ানো—বাতাস করা। বাংপ্র। ক্রি [, বি]।

বাংলা, বাঙলা—১। চারি, চালযুক্ত খড়ের ঘর; সাহেবের কুঠী। <ইং 'bungalow': ২। বঙ্গদেশ; বঙ্গদেশের ভাষা। <বঙ্গ। বি।

বাঃ—শাবাশ; প্রশংসা বিস্ময় ও উপহাসসূচক শব্দ। <ফা 'বাহ্'। অ।

বাঁ—সব্য। <বাম। বিণ।

বাঁও—১। বাম। বাংপ্র। বিণ। ২। ব্যাস; জলের গভীরতার মাপ বিঃ; উভয় হস্ত পার্শ্বে প্রসারিত করিলে এক হস্তের প্রান্ত হইতে অপর হস্তের প্রান্ত পর্যন্ত যে ব্যবধান তৎপরিমিত দৈর্ঘ্য, 'fathom. <ব্যাম। বি।

বাঁওড়—বাদা, যেখানে নদীর জলের স্রোত বন্ধ হইয়াছে এইরূপ বাঁক। বাংপ্র। বি।

বাঁক—১। বক্রতা; ভারযষ্টি, বহনদণ্ড; নদী রাস্তা ইঃর মোড়; মোচড়; পায়ের গহনা বিঃ; একপ্রকার বাঁকা বাঁশি। বি। ২। বাঁকা। <বক্র। বিণ।

বাঁকনল—স্বর্ণকার যে বক্র নল দ্বারা ফুঁ দিয়া প্রদীপ-শিখাকে গহনার উপর ফেলে তাহা, blow-pipe, রাসায়নিক-পরীক্ষাদি কার্যে ব্যবহৃত বাঁকা নল, U-tube. কর্মধা। বি। [(বাংপ্র)। বি।

বাঁকমল—স্ত্রীলোকদিগের বক্র পদাভরণ বিঃ। কর্মধা

বাঁকা—১। বক্র হওয়া; অসম্মত হওয়া; বিরুদ্ধ হওয়া; ঘুরা। ক্রি। ২। বক্র; অসমান; কুটিল; বিরুদ্ধ। বাঁক্+আ কর্তৃ। বিণ। ৩। শ্রীকৃষ্ণ। বাংপ্র। বি।

বাঁকাচোরা—আঁকাবাঁকা, যাহা বক্র এবং অদৃশ্য হইয়াছে এমন। কর্মধা (বাংপ্র)। বিণ।

বাঁকানো—১। বক্র বা নত করা। বাংপ্র। ক্রি [, বি]। ২। বক্রীকৃত। বাঁকা+নো কর্ম (বাংপ্র)। বিণ। **মুখ বাঁকানো**—বিরক্তিতে মুখ ফিরানো।

বাঁকারায়—ধর্মরাজের মূর্তি বিঃ; শ্রীকৃষ্ণ। কর্মধা (বাংপ্র)। বি।

বাঁকাশশী—শ্রীকৃষ্ণ। কর্মধা (বাংপ্র)। বি।

বাঁখারি—বাঁশের ফালি বা চটা। বাংপ্র। বি।

বাঁচন—জীবনধারণ; শান্তি; রক্ষা; নিষ্কৃতি। বাংপ্র। বি।

বাঁচা—রক্ষা পাওয়া; জীবনধারণ করা; শান্তি পাওয়া; স্বস্তিলাভ করা। বাংপ্র। ক্রি [, বি]।

বাঁচানো—রক্ষা করা; প্রাণদান করা; শান্তি দেওয়া; লঙ্ঘন না করা ('আইন —')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বাঁচোয়া—রক্ষা, নিস্তার। বাঁচ+ওয়া ভাববা (বাংপ্র)। বি। [বিণ।

বাঁজা, বাঁঝা—বন্ধ্যা; অফলন্ত; নিষ্ফল। <বন্ধ্যা।

বাঁট—১। পশুর স্তন। <বাণ। ২। খড়্গাদির মুষ্টি। <বণ্ট। ৩। বোঁটা। <বৃন্ত। ৪। বণ্টন; (সংগীতে) মাত্রাসমষ্টির নানা ভাবে বিন্যাস। বাংপ্র। বি।

বাঁটরা—বণ্টন। বাংপ্র। বি।

বাঁটলাই, বাঁটলুই, বাঁটলো—একপ্রকার পিতলের হাঁড়ি। বাংপ্র। বি।

বাঁটা—ভাগ করা; পেষণ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বিণ।

বাঁটানো—বাঁটা ক্রিয়া করানো। বাংপ্র। ক্রি [, বি,

বাঁটুল—গুলি। <বর্তুল। বি।

বাঁটোয়ারা—বণ্টন· অংশ। বাংপ্র। বি।

বাঁড়ুয্যে—বন্দ্যোপাধ্যায়। বাংপ্র। বি।

বাঁদর—মর্কট, শাখামৃগ; দুষ্টব্যক্তি; নির্বোধ ব্যক্তি; চঞ্চলস্বভাব ব্যক্তি। <বানর। বি।

বাঁদরামি, বাঁদরামো—বানরবৎ আচরণ; দুষ্টামি, নষ্টামি। বাঁদর+আমি, আমো ভাবে, কর্মার্থে (বাংপ্র)। বি। [স্ত্রী।

বাঁদরী—স্ত্রীজাতীয় বানর। বাঁদর+ঈ (বাংপ্র)। বি;

বাঁদিপোতা—লেপ তোশক প্রঃর ডোরাকাটা বা চৌখুপী রঙিন কাপড় বিঃ। বাংপ্র। বি।

বাঁদী—দাসী; রক্ষিতা স্ত্রী; ক্রীতদাসী। <ফা 'বান্দী'। বি; স্ত্রী। পুং—**বান্দা**।

বাঁধ—সেতু, কাঁচাসেতু; আলি; আটক। <বন্ধ। বি।

বাঁধন—অবরোধন; বন্ধ। <বন্ধন। বি। **বাঁধন ছোটা**—ধৈর্যচ্যুতি হওয়া।

বাঁধনহারা—যাহার কোন বন্ধন নাই এমন, মুক্ত। বাঁধন হারাইয়াছে যে, উপতৎ (বাংপ্র)। বিণ।

বাঁধনি—'বাঁধুনি' দ্রঃ।

বাঁধা—১। বন্ধন; বাঁধা; বন্ধক। বাঁধ্+আ ভাব। বি। ২। বদ্ধ; অধীন; বন্ধক, ঋণদাতার নিকট গচ্ছিত; নির্দিষ্ট; নিজস্ব; স্থায়ী; নিয়ম-বদ্ধ। বাঁধ্+আ কর্ম। বিণ। ৩। বন্ধন করা; গাঁট দেওয়া; আটকানো; রচনা করা; ছন্দোবদ্ধ করা; সংহত হওয়া; শক্ত করা; দৃঢ় করা; সংযত করা; গাঁথা; তৈয়ারি করা। বাংপ্র। ক্রি। **কোমর বাঁধা**—পূর্ব হইতে প্রস্তুত হওয়া, দৃঢ়ভাবে উদ্যোগী হওয়া। **ঘর বাঁধা**—গৃহ প্রস্তুত করিয়া তাহাতে বাস করা; সংসারী হওয়া। **জমাট বাঁধা**—গাঢ় হওয়া। **জোট বাঁধা**—দল পাকানো। **বই বাঁধা**—বইয়ের খোলা পাতা সাজাইয়া বস্ত্রাদির আবরণ দিয়া সেলাই করিয়া পুস্তকের আকার করা। **বুক বাঁধা**—সাহস সঞ্চয় করা; ধৈর্য ধারণ করা। **মন বাঁধা**—স্থির-সংকল্প করা। [(বাংপ্র)। বি।

বাঁধাই—বন্ধন; বাঁধার দাম; বাঁধার কাজ। বাঁধা+ই

বাঁধাকপি—ভক্ষ্য সবজি বিঃ, cabbage বাংপ্র। বি।

বাঁধাছাঁদা—যাহা ভালভাবে বাঁধা হইয়াছে এমন, সুন্দরভাবে সাজানো। বাংপ্র। বিণ।

বাঁধানো—১। বন্ধন করানো; গাঁথা; নির্মাণ করানো; পাকা করানো; ইট বা পাথর দিয়া তৈরি করা; দৃঢ় করানো; ধাতুর পাতা দ্বারা মুড়িয়া ফেলা; লাগানো, প্রবৃত্ত করানো ('ঝগড়া —')। ক্রি [, বি]। ২। যাহা বাঁধানো হইয়াছে এমন। বাঁধা+নো কর্ম (বাংপ্র)। বিণ।

বাঁধাবাঁধি—পারস্পরিক বাধ্যবাধকতা; সংযম; ধরা-বাঁধা নিয়ম। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।
বাঁধাল—সেতু; মাটির বাঁধ; জাঙ্গাল। বাংপ্র। বি।
বাঁধুনি, বাঁধনি—শৃঙ্খলা; সংহতি; বন্ধন; গ্রন্থি-যোড়; আঁটসাঁট। বাঁধ+উনি, অনি ভাব (বাংপ্র)। বি। [বি।
বাঁধুলী—একপ্রকার লাল ফুল, বন্ধুকপুষ্প। বাংপ্র।
বাঁয়া—ডুগী, চামড়ার আনদ্ধ যন্ত্রের অর্থাৎ ছাওয়া মাটি কাঠ ইঃর খোলের বাদ্যযন্ত্রের যেটিতে বামহস্তে আঘাত করা হয় তাহা। < বাম। বি।
বাঁশ—বেণু, ধনু। < বংশ। বি।
বাঁশগাড়ি—আদালতের নির্দেশানুযায়ী জমি দখলের নিদর্শন-স্বরূপ তাহাতে বাঁশ পোতা। বাংপ্র। বি।
বাঁশবাজি—বাঁশ পুতিয়া তাহার উপর কসরত দেখানো। বাংপ্র। বি। [বাংপ্র। বি।
বাঁশরি, বাঁশরী—বাঁশি; বাঁশের বাঁশি, মুরলী।
বাঁশি, বাঁশী—মুরলী। < বংশী। বি।
বাক্ (বাচ্), **বাচা**—১। বাক্য; শব্দ; বিদ্যা। বচ্+ক্বিপ্ কর্ম, পক্ষে আপ্। ২। সরস্বতী। বচ্+ক্বিপ্ কর্তৃ, পক্ষে আপ্। ৩। বাগিন্দ্রিয়। বচ্+ক্বিপ্ করণ, পক্ষে আপ্। বি; স্ত্রী।
বাকড়া—ফলের শক্ত বীজের বা আঁটির আবরণ; তাল নারিকেল প্রঃ গাছের ডাল। বাংপ্র। বি।
বাকল—বৃক্ষত্বক্, ছাল। < বল্কল। বি।
বাকী, বাকি—অবশেষ, যাহা এখনও দেওয়া বা পাওয়া হয় নাই এমন, অসম্পন্ন, অঘটিত; খরচ বাদে যাহা অবশিষ্ট থাকে তাহা, balance. আ। বি বা বিণ। **বাকী পড়া**—দীর্ঘকাল যাবৎ আদায় না হওয়া।
বাকীদার, বাকিদার—যাহার দেনা বা রাজকর বাকী পড়ে এরূপ। বাকী, বাকি+দার আছে অর্থে (আ-মু)। বিণ।
বাক্‌চাতুরী—ছলনাপূর্ণ কথা; কথার ছল। ৭মীতৎ; অথবা বাগ্‌বিষয়িকা চাতুরী, মধ্যপ। বি; স্ত্রী।
বাক্‌ছল—ছলনাপূর্ণ কথা; কথার মারপেঁচ, দ্ব্যর্থক কথা দ্বারা যে বিভ্রান্তি জন্মে তাহা, equivocation. ৭মীতৎ বা বাগ্‌বিষয়ক ছল, মধ্যপ। বি; ক্লী।
বাক্‌পটু—বাগ্মী, উত্তম বক্তা। বাকে পটু, ৭মীতৎ! বিণ।
বাক্‌পারুষ্য—কঠোর বাক্য প্রয়োগ, অপ্রিয় বাক্যের উচ্চারণ; রূঢ়কথা; অন্যের মানহানিকর উক্তি। বাকে পারুষ্য, ৭মীতৎ; বা বাগ্‌বিষয়ক পারুষ্য, মধ্যপ। বি; ক্লী।
বাক্‌প্রপঞ্চ—কথা বলিবার রীতি, কথার জাল বা বিস্তার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বাক্য—যোগ্যতা আকাঙ্ক্ষা ও আসত্তি দ্বারা যুক্ত শব্দসমষ্টি, sentence; কথা, বচন। বচ্+ণ্যৎ কর্ম। বি; ক্লী।
বাক্যদান—কথা দেওয়া, অঙ্গীকার; প্রতিশ্রুতি দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
বাক্যনবাব—বাক্যবাগীশ ("একবার ওগো বাক্যনবাব চল দেখি কথা শুনে"—রবীন্দ্র)। ৭মীতৎ (বাংপ্র)। বি।
বাক্যপরম্পরা—একটির পর একটি কথা; বাক্যের যথাযথ সার্থক অনুক্রম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বাক্যবাগীশ—অকর্মণ্য অথচ কথায় বৃহস্পতি, যে বড় বড় কথা বলে কিন্তু কাজে কিছুই করে না এমন। ৭মীতৎ। বি; পুং, বা বিণ।
বাক্যবাণ—মর্মন্তুদ বাক্য, মর্মপীড়া-জনক কথা; বচনরূপ শর। রূপক কর্মধা। ঐব পুং।
বাক্যবিশারদ—কথায় নিপুণ; উত্তমবক্তৃতাকারী। ৭মী-তৎ। বিণ।
বাক্যব্যয়—কথা বলা; বেশী কথা বলা; নিরর্থক কথা বলা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বাক্যসুধা—অমৃতের ন্যায় মধুর বচন; কর্ণতৃপ্তিকর বচন। বাক্য-রূপ সুধা, রূপক কর্মধা; অথবা, বাক্য সুধাসদৃশ, উপমিত কর্মধা। বি; স্ত্রী।
বাক্যস্ফূর্তি—মুখ হইতে কথা বাহির হওয়া; বাক্য-নিঃসরণ; প্রথম কথা-স্ফুরণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বাক্যালাপ—কথাবার্তা, কথোপকথন। বাক্যকৃত আলাপ, মধ্যপ। বি; পুং।
বাক্‌রোধ—কথা বাহির না হওয়া, কণ্ঠস্বর বন্ধ হওয়া। ৬ষ্ঠীতৎ (সং—বাগ্‌রোধ)। বি; পুং।
বাক্‌শক্তি—কথা বলিবার ক্ষমতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বাক্‌সর্বস্ব—বাক্যবাগীশ, মুখের ভাষাই একমাত্র সম্বল এমন। বহু। বিণ।
বাক্স—কাঠের টিনের বা লোহার পেটিকা, ঢাকনি-ওয়ালা আধার। < ইং 'box'. বি।
বাক্সবন্দী—বাক্সের মধ্যে আবদ্ধ। ৭মীতৎ (বাংপ্র)। বিণ।
বাক্‌সিদ্ধ—যাহার কথা ব্যর্থ হয় না এমন, যে কিছু বলিলেই তদনুযায়ী ঘটনা ঘটে এমন। ৭মীতৎ। বিণ। [বি; স্ত্রী।
বাক্‌সিদ্ধি—অব্যর্থ বাক্য বলিবার ক্ষমতা। ৭মীতৎ।
বাখড়া—নারিকেল তাল প্রঃ গাছের বোঁটাযুক্ত পাতা। বাংপ্র। বি।
বাখান—প্রশংসাবাদ; ব্যাখ্যান। বাংপ্র। বি।
বাখানা—১। বর্ণনা করা; প্রশংসা করা। কপ্র। ২। অশ্লীল গালি দেওয়া। প্রাদে। ক্রি।
বাখারি—লম্বাভাবে চেরা বাঁশ। বাংপ্র। বি।
বাখারিচুন—ঝিনুক শামুক প্রঃর খোলা পোড়াইয়া যে চুন প্রস্তুত করা হয় তাহা। বাংপ্র। বি।
বাগ—১। উদ্যান, বাগান। ফা। ২। শাসন, বশ; সুবিধা, সুযোগ; কায়দা; দিক্, পথ। < বল্‌গা। বি।
বাগড়া—প্রতিবন্ধক, ব্যাঘাত, বাধা; কলা বা নারিকেলের পাতার মোটা বোঁটার দিক্‌টা। বাংপ্র। বি।
বাগডোর—লাগাম, অশ্বরশ্মি। বাংপ্র। বি।
বাগদা—একরকম চিংড়ি। বাংপ্র। বি।
বাগদী—নিম্নস্থানীয় হিন্দু জাতি বিঃ। বাংপ্র। বি।

বাগাড়ম্বর—কথার জাঁকজমক; অত্যধিক কথা বলিয়া পাণ্ডিত্য বা গর্ব প্রকাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বাগান—উদ্যান। < ফা 'বাগ'। বি।
বাগানো—বশীভূত করা; আয়ত্ত করা; কৌশলে আদায় করা; দক্ষতা প্রয়োগ করা; ফিটফাট করিয়া বিন্যাস করা ('টেরি —')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
বাগি, বাগী—ছোট ছেলেদের ব্যবহার্য ছোট ডালা; গণিকাদি-সহবাসজনিত দূষিত ফোঁড়া; কুচকির ফোঁড়া। বাংপ্র। বি।
বাগিচা—উদ্যান, বাগান। < ফা 'বাগ্‌চাহ্'। বাংপ্র। বি। [বি; ক্লী।
বাগিন্দ্রিয়—জিহ্বা; মুখ। বাকের ইন্দ্রিয়, ৬ষ্ঠীতৎ।
বাগীশ, বাগীশ্বর—উত্তম বক্তা, বাক্‌পতি; বিশারদ; বৃহস্পতি; ব্রহ্মা; মঞ্জুঘোষ। বাকের ('বাচ্'-শব্দ) ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বাগীশা, বাগীশ্বরী—বাগ্দেবী, সরস্বতী। বাগীশ+আপ্, বাগীশ্বর+ঈপ্। বি; স্ত্রী।
বাগুরা—জাল, ফাঁদ, মৃগবন্ধনী। অব—গুর্+ক কর্তৃ (অ-এর লোপ)+আপ্। বি; স্ত্রী।
বাগুরিক—ব্যাধ। বাগুরা+ইক জীবিকার্থে। বি; স্ত্রী।
বাগেশ্রী—রাগিণী বিঃ। < বাগীশ্বরী। বি; স্ত্রী।
বাগ্‌জাল—কথার প্যাঁচ; বাগাড়ম্বর। বাকের (বাচ্ শব্দ) জাল, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
বাগ্‌দত্তা—বিবাহের পূর্বে যে কন্যাকে প্রদান করিবার জন্য বিধিমতে বাক্য দান করা হইয়াছে সে। বাক্ দ্বারা দত্তা, ৩য়াতৎ। বি বা বিণ; স্ত্রী।
বাগ্‌দান—১। কন্যাদানের প্রতিশ্রুতি। বাক্ দ্বারা দান, ৩য়াতৎ। ২। প্রতিশ্রুতি দান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
বাগ্‌দেবতা, -দেবী—সরস্বতী, বাগীশ্বরী। বাকের দেবতা, দেবী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বাগ্‌বাদিনী—সরস্বতী। উপতৎ; বাক্—বদ্+ণিচ্ +ণিন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
বাগ্‌বিতণ্ডা—তর্কবিতর্ক; বাক্যাড়ম্বর। ৩য়াতৎ। বি; স্ত্রী।
বাগ্‌বিদগ্ধ—বাক্যনিপুণ, বক্তৃতায় পটু; কথায় রসিক। বাকে বিদগ্ধ, ৭মীতৎ। বিণ। বি—**বাগ্‌-বৈদগ্ধ্য, -গ্ধ**।
বাগ্‌বিদগ্ধা—১। বাক্যরসিকা। বিণ; স্ত্রী। ২। পরকীয়া নায়িকা বিঃ, যে নায়িকা দ্ব্যর্থক বাক্যে নায়ককে সংকেতস্থানে গমনাদি জানাইয়া দেয় [যথা—
"চির-পরবাসী স্বামী বিরহে কাতর আমি,
বসন্তে মাতিল কাম কেমনে বা থাকিব।
প্রভুর কুসুমোদ্যান বড় মনোহর স্থান
মনুষ্যের গম্য নহে সেই স্থানে যাইব।"
—রসমঞ্জরী]।
৭মীতৎ। বি; স্ত্রী।
বাগ্মিতা, বাগ্মিত্ব—বক্তৃতা করিবার ক্ষমতা, বাক্‌-পটুতা। বাগ্মিন্+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
বাগ্মী (বাগ্মিন্)—প্রশস্ত বক্তা, বাক্‌পটু। বাচ্+গ্মিনি আছে অর্থে (পাণিনিমতে—বাগ্‌গ্মী)। বিণ। স্ত্রী—**বাগ্মিনী**।
বাগ্‌যন্ত্র—গলার মধ্যে অবস্থিত ত্রিকোণাকার শব্দ-কারক নল বিঃ; larynx. বাকের যন্ত্র, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
বাগ্‌যুদ্ধ—বিবাদ-বিসংবাদ, তর্কবিতর্ক, কথা-কাটাকাটি। ৩য়াতৎ। বি; ক্লী।
বাঘ—শার্দূল। < ব্যাঘ্র। বি। স্ত্রী—**বাঘিনী**। **বাঘের মাসী**—বিড়ালী।
বাঘ-আঁচড়া—আঁকোড় গাছ। বাংপ্র। বি।
বাঘছড়ি, -ছাল—বাঘের চামড়া; একপ্রকার গাছ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
বাঘনখ—বাঘের নখর; বাঘের নখযুক্ত অলংকার বিঃ বা পদক; ব্যাঘ্রনখাকৃতি ভীষণ অস্ত্র। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
বাঘবন্দি, -বন্দী—নয়টি বা কুড়িটি ঘুঁটি দ্বারা একপ্রকার খেলা। বাঘ বন্দি, বন্দী যাহাতে, বহু (বাংপ্র)। বি।
বাঘা—১। বৃহৎ ব্যাঘ্র; ব্যাঘ্রাকৃতি কুকুর। বাঘ+আ স্বার্থে, সদৃশার্থে। বি। ২। বৃহৎ; মিশ্রবর্ণযুক্ত; কড়া; ভীষণ টক ('— তেঁতুল')। বাঘ+আ সদৃশার্থে (বাংপ্র)। বিণ।
বাঘাম্বর—ব্যাঘ্রচর্মরূপ বসন; শিব। (বাংপ্র)। বি।
বাঙলা—'বাংলা' দ্রঃ।
বাঙ্গাল, বাঙাল—১। পূর্ববঙ্গের অধিবাসী। বি। ২। পূর্ববঙ্গ সম্বধীয়। বাংপ্র। বিণ; পুং। স্ত্রী, -লী।
বাঙ্গালা, বাঙালা—১। বঙ্গদেশ; বঙ্গভাষা। বি। ২। বঙ্গদেশ বা বঙ্গভাষা সম্বন্ধীয়; বঙ্গভাষায় রচিত। < বঙ্গ। বিণ।
বাঙ্গালী, বাঙালী—বঙ্গদেশবাসী; বঙ্গদেশের লোক সম্বন্ধীয়। বাঙ্গালা, বাঙালা+ঈ নিবাসার্থে (বাংপ্র)। বি বা বিণ। স্ত্রী, **-লিনী**।
বাঙ্গী—বাঁক। বাংপ্র। বি।
বাঙ্গীদার—যে বাঙ্গী দ্বারা ভার বহন করে। বাংপ্র। বি।
বাঙনিষ্ঠ—সত্যবাদী, যাহার কথার নড়চড় হয় না এমন। বাকে নিষ্ঠা যাহার, বহু। বিণ।
বাঙ্-নিষ্পত্তি—মুখ ফুটিয়া কথা বলা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বাঙ্ময়—১। বাক্যাত্মক, বাক্যময়; শব্দজাত; বাক্য দ্বারা গঠিত। বিণ। স্ত্রী, **-য়ী**। ২। অলংকারশাস্ত্র; সাহিত্য; কাব্যশাস্ত্র; বেদ; বক্তৃতা; বাক্যজনিত পাপ। বাচ্+ময়ট্ অপৃথগ্ ভাবার্থে বা স্বরূপার্থে। বি; ক্লী।
বাঙ্ময়ী—১। সরস্বতী। বি; স্ত্রী। ২। বাক্যাত্মিকা; শব্দজাতা। বাঙ্ময়+ঈপ্। বিণ; স্ত্রী।
বাচ—বাইচ। বাংপ্র। বি।
বাচক—১। কথক; বোধক, সূচক; অর্থ-প্রকাশক; পুরাণাদি-পাঠক। বিণ। স্ত্রী—**বাচিকা**। ২। অভিধা

শক্তি দ্বারা অর্থ-প্রকাশক শব্দ। বচ্+ণক কর্তৃ। বি; পুং।

বাচন, বাচনা—১। উক্তি, কথন; ব্যাখ্যান; পঠন, পাঠ। বচ্+ণিচ্ (স্বার্থে)+অনট্ ভাব, পক্ষে অন ভাব +আপ্। ২। উচ্চারণ করানো, বলানো। বচ্+ণিচ্+অনট্ ভাব, পক্ষে অন ভাব +আপ্। বি; ক্লী, স্ত্রী।

বাচনভঙ্গী—কথা বলিবার রীতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [নিষ্পন্নার্থে। বিণ। স্ত্রী, -ঙ্গী।

বাচনিক—বচন-নিষ্পন্ন, মৌখিক। বচন+ইক

বাচাবিচার—বাছাবিচার (তাহা দ্রঃ)।

বাচস্পতি—বৃহস্পতি; বাক্‌পটু, বাগ্মী, সুবক্তা; বিদ্বান্; পুষ্যানক্ষত্র; পণ্ডিতের উপাধি বিঃ। বাচঃ (বাক্যের) পতি, অলুক্ ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বাচস্পত্য—১। বাগ্মিতা, উত্তমবক্তৃতা। বাচস্পতি+যক্ ভাবে। বি; ক্লী। ২। বাচস্পতি সম্বন্ধীয়। বাচস্পতি+যক্ সম্বন্ধার্থে বা কৃতার্থে। বিণ।

বাচাল—যে খুব বেশী কথা বলে; অসম্বন্ধপ্রলাপী; বহুভাষী। বাচ্+আলচ্ আছে অর্থে, নিন্দার্থে, বহ্বর্থে। বিণ। বি, -তা।

বাচিক—বাক্যদ্বারা কৃত, বাক্যনিষ্পাদিত। বাচ্+ইক কৃতার্থে। বিণ। স্ত্রী, -কী।

বাচ্চা—শিশু; শাবক; ছানা। ফা বা <বৎস। বি।

বাচ্চাকাচ্চা—ছোট ছোট ছেলেমেয়ে। বাংপ্র। বি।

বাচ্য—১। বাক্যের কর্তা কর্ম প্রঃর যে কোনটিকে অভিহিত করিবার অর্থাৎ প্রাধান্য দানের শক্তি, ক্রিয়ার কর্তা কর্ম প্রঃকে অভিহিত করিবার শক্তি [বাচ্য আট প্রকার—কর্তৃ, কর্ম, করণ, সম্প্রদান, অপাদান, অধিকরণ, ভাব ও কর্মকর্তৃ]; অভিধা দ্বারা বোধ্য অর্থ; নিন্দা; প্রতিপাদন; কথন। বচ্ +ণ্যৎ ভাব। বি; ক্লী। ২। নিন্দনীয়; বচনীয়; ঘৃণিত; কুৎসিত; দুষ্ট; জাতিভ্রষ্ট; বক্তব্য; প্রতিপাদ্য; অভিধেয়। বচ্+ণ্যৎ কর্ম। বিণ।

বাচ্যোৎপ্রেক্ষা—অর্থালংকার বিঃ [উৎপ্রেক্ষা অলংকারে (উৎপেক্ষা দ্রঃ) যেন, বুঝি প্রঃ বিতর্কবাচক শব্দের প্রয়োগ হইলে তাহাকে বাচ্যোৎপ্রেক্ষা বলে। যথা—"মুখে চুয়াইছে ঘাম জিনি মুকুতার দাম চাঁদ যেন উগারয়ে সুধা"]। কর্মধা। বি; স্ত্রী।

বাছন—পৃথক্ করণ; নির্বাচন। বাছ্+অন ভাব (বাংপ্র)। বি।

বাছনদার—যে পছন্দ বা বাছাই করে। বাছন+দার কর্তা অর্থে (বাংপ্র)। বি।

বাছনি—১। অতিশয় স্নেহের পাত্র; শিশু। <বৎস। ২। বাছাই, নির্বাচন। বাছ্+অনি ভাব (বাংপ্র)। বি।

বাছপড়া—বাছাই-করা জিনিসপত্র সরাইয়া ফেলিলে যাহা পড়িয়া থাকে এমন। বাংপ্র। বিণ।

বাছবিচার—কর্তব্য অকর্তব্য বিচার; বিচার করিয়া নির্বাচন। বাংপ্র। বি।

বাছা—১। স্নেহপাত্র; শিশু। <বৎস। বি। ২। নির্বাচিত করা; পৃথক্ করা; ঝাড়িয়া বাহির করা; আবর্জনা হইতে পৃথক্ করা; পরিষ্কৃত করা। ক্রি। ৩। মনোনীত; পরিষ্কৃত; নির্বাচিত। বাছ্+আ কর্মবা (বাংপ্র)। বিণ।

বাছাবাছা—নির্বাচিত বা উত্তম কয়েকটি। বাংপ্র। বিণ।

বাছাই—নির্বাচন; পরিষ্করণ। বাংপ্র। বি।

বাছাধন—জাদুধন; প্রিয়বৎস। কর্মধা (বাংপ্র)। বি।

বাছানো—বাছাই করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বাছুনি—অতিশয় স্নেহের পাত্র; শিশু। <বৎস। বি।

বাছুর—গোবৎস। <বৎসরূপ। বি।

বাজ—১। একপ্রকার শিকারী পাখি, শ্যেন, hawk. ফা। ২। <বজ্র। বি। ৩। (অন্য শব্দের পরে মন্দ অর্থে) আসক্ত ('মামলা—')। ফা প্রত্যয়।

বাজখাই, -খেঁয়ে—উচ্চ এবং কর্কশ। বাংপ্র। বিণ।

বাজন, বাজনা—বাদ্য; বাদ্যযন্ত্র। বাংপ্র। বি।

বাজনদার, বাজনাদার—বাদ্যকর। বাজন, বাজনা+দার কর্তা অর্থে (বাংপ্র)। বি।

বাজপেয়—সামবেদবিহিত যজ্ঞ বিঃ। বাজ (অন্ন বা ঘৃত) পেয় (দেবতার পানযোগ্য) যাহাতে, বহু। বি; পুং বা ক্লী।

বাজপেয়ী (-পেয়িন্)—বাজপেয়যাগকর্তা; পদবী বিঃ। বাজপেয়+ইন্ আছে অর্থে। বি; পুং।

বাজবৌরি—একজাতীয় শিকারী পাখি। <বাজ-বহরী। বি।

বাজরা—১। টুকরি, বড় ঝুড়ি। ২। বিঘ্ন, প্রতিবন্ধক। বাংপ্র। ৩। এক-প্রকার শস্য (millet-জাতীয়)। হি। বি।

বাজা—বাদিত হওয়া; শব্দ করা; ঘড়িতে সময় সূচিত হওয়া; আঘাত করা; বাধিয়া যাওয়া; আরম্ভ হওয়া; উপস্থিত হওয়া; পীড়াকর হওয়া; লাগা; কর্কশ বোধ হওয়া; অবরুদ্ধ হওয়া; আটকানো। বাংপ্র। ক্রি।

বাজানো—ঢাক ঢোল বাঁশি প্রঃ বাদ্যযন্ত্র বাদিত করা; শব্দ করা; যাচাই করা; লাগানো; কষ্ট দেওয়া; ঠুকিয়া পরীক্ষা করা। বাংপ্র। ক্রি [, বি]। **কাজ বাজানো**—কাজ হাসিল করা, কৃতকার্য হওয়া।

বাজার—হাট, ক্রয়বিক্রয়ের স্থান; দোকানের শ্রেণী; প্রচলিত মূল্যের হার; পণ্যদ্রব্য-ক্রয়-বিক্রয়; বাজার হইতে জিনিস ক্রয় বা ক্রীত জিনিসপত্র। ফা। বি। **বাজার গরম করা**—বহুলোকের মধ্যে অত্যধিক আগ্রহ ও উত্তেজনার সৃষ্টি করা। **বাজার গরম হওয়া**—জিনিসপত্রের চাহিদা বৃদ্ধি হওয়া ও দাম বাড়া। **বাজার বসা**—নূতন বাজার প্রতিষ্ঠিত হওয়া; বাজারে কেনা-বেচা শুরু হওয়া; ভীষণ গোলমাল হওয়া। **বাজার মন্দা**—বাজারে দ্রব্যাদির মূল্য হ্রাস।

বাজারখরচ—প্রতিদিনকার প্রয়োজনীয় খাদ্যদ্রব্যাদির জন্য যে অর্থ লাগে তাহা। ৬ষ্ঠীতৎ। ফা-মূ। বি।

বাজারদর—চালু দর; প্রচলিত মূল্য। ফা-মূ। বি।

বাজার-সরকার—বড়লোকের বাড়ির বাজার করায় ভারপ্রাপ্ত কর্মচারী। ফা-মূ। বি।

বাজারে—যে বাজার করে এমন; বাজার-বিষয়ক; নিকৃষ্ট; অতি সাধারণ; খেলো; অশিষ্ট। বাজার+এ সম্বন্ধার্থে (ফা-মৃ)। বিণ।

বাজি, বাজী—খেলার এক এক বার বা দফা; জুয়া প্রঃ খেলার পণ; খেলা; ইন্দ্রজাল; আতশবাজি প্রঃ; অগ্নি। ফা। বি।

বাজিকর, বাজীকর—জাদুকর, ঐন্দ্রজালিক; কৌশল-পূর্ণ ক্রীড়া-প্রদর্শক; পুতুলনাচ প্রদর্শক। বাজি, বাজী করে যে, উপপদ (ফা-মৃ)। বিণ।

বাজিমাত—দাবা ইঃ খেলায় বা কোন প্রতিদ্বন্দ্বিতায় জয়লাভ। ফা-মৃ। বি।

বাজিয়ে—বাজনায় দক্ষ। বাংপ্র। বি বা বিণ।

বাজী (বাজিন্)—১। অশ্ব, ঘোড়া; বাণ। বাজ+ইন্ আছে অর্থে। বি; পুং। ২। বেগবান। বিণ। স্ত্রী—**বাজিনী**।

বাজী—বাজি' দ্রঃ।

বাজীকরণ—যাহা অশ্ববৎ রমণক্ষম করে। বাজিন্+চি্ব (=বাজী)—কৃ+অনট্ করণ। বি; ক্লীব।

বাজু—বাজুবন্ধ, বাহুর অলংকার বিঃ; দ্বার খাট ইঃর পাশের কাঠ; বাহু। ফা। বি। [বি।

বাজুবন্ধ—বাহুভূষণ বিঃ, একপ্রকার তাগা। ফা-মৃ।

বাজে—১। লাগে, পীড়াকর হয়; আটকায়। বাংপ্র। ক্রি। ২। খেলো; অসার; অন্য; মিথ্যা; অপ্রধান; প্রয়োজনাতিরিক্ত; পরিহার্য, বাতিল; অকেজো। <আ 'বাজ'। বিণ।

বাজেমার্কা—খেলো, অসার। বাংপ্র। বিণ।

বাজেয়াপ্ত—সরকার কর্তৃক অধিকৃত; রাজসরকার বা জমিদার যাহা দখল করিয়া লইয়াছেন এমন। <ফা 'বাজ-য়াফ্‌ৎ'। বিণ।

বাঞ্ছনীয়—অভিলষণীয়, কামনার যোগ্য। বাঞ্ছ্+অনীয় কর্ম। বিণ। [স্ত্রী।

বাঞ্ছা—অভিলাষ, ইচ্ছা। বাঞ্ছ্+অ ভাব+আপ্। বি;

বাঞ্ছাকল্পতরু—সকল বাঞ্ছাপূর্ণকারী ভগবান্; অভীষ্টদায়ক বৃক্ষ বিঃ। বাঞ্ছাপূরক কল্পতরু, মধ্যপ। বি; পুং।

বাঞ্ছিত—অভীষ্ট। বাঞ্ছ্+ক্ত কর্ম। বিণ।

বাট—১। পথ, রাস্তা; আবৃত স্থান; বারান্দা; স্বরের বা বাদ্যের নানারূপ জটিলভাবে বিন্যাস। <বর্ত্ম, বণ্টন। ২। সোনা রূপা ইঃর চাঙড় বা তাল, ingot. বাংপ্র। বি।

বাটখারা—ওজন করিবার জন্য নির্দিষ্ট ভারযুক্ত পাথর লোহা প্রঃ, পড়িয়ান। বাংপ্র। বি।

বাটনা—পেষা মসলা; পিষিবার মসলা। <বর্তন। বি।

বাটপাড়, পার—ডাকাত, দস্যু; লুণ্ঠনকারী; বোম্বেটিয়া; তস্কর; নাবিক। <বর্ত্মন্। বি।

বাটপাড়ি, -পারি—জুয়াচুরি, প্রবঞ্চনা; ডাকাতি। বাংপ্র। বি।

বাটলো, -লুই—একপ্রকার গোলাকার কাঁসার বা পিতলের হাঁড়ি বা ঘটি বা বড় ঘটি বিঃ। বাংপ্র। বি।

বাটা, বাট্টা—তাম্বূলপাত্র। বাংপ্র। বি।

বাটা—১। পক্কার ডালি; জামাই ষষ্ঠীতে শাশুড়ীর দেওয়া আশীর্বাদী দ্রব্যাদি; ব্রত; দস্তুরি; বাট্টা; বড় বাটি; একপ্রকার ছোট মাছ। বি। ২। পেষণ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বাটালি—ছুতোরের অস্ত্র বিঃ। বাংপ্র। বি।

বাটি—পেয়ালা; কটোরা। বাংপ্র। বি। **বাটি চালা**—চোর ধরার জন্য মন্ত্রবলে বাটিকে গতিযুক্ত করা।

বাটিকা, বাটী—বাড়ি, গৃহ; ছোট বাড়ি; বাস্তু; আবৃত স্থান। বাটী+কন্ স্বার্থে+আপ্, পক্ষে বাট্+ঈপ্। বি; স্ত্রী।

বাটোয়ারা—বাঁটোয়ারা (তাহা দ্রঃ)।

বাট্টা, বাটা—দস্তুরি, দাম হইতে যাহা বাদ দেওয়া হয় তাহা, discount. <বার্তা। বি।

বাড়—বিস্তার; বৃদ্ধি; নৌকা প্রঃর বেষ্টন। বাংপ্র। বি।

বাড়ই, বাড়ুই—ছুতোর; ঘরামি। <বর্ধকী। বি।

বাড়তি—১। বৃদ্ধি; আতিশয্য, আধিক্য। বাড়্+অতি ভাববা। বি। ২। উদ্বৃত্ত, অতিরিক্ত, প্রয়োজনের অধিক। বাড়্+অতি কর্তৃ (বাংপ্র)। বিণ।

বাড়ন—বৃদ্ধিপ্রাপ্ত হওয়া; ঝাঁটা। বাংপ্র। বি।

বাড়ন্ত—যাহা বৃদ্ধি পাইতেছে এমন, বৃদ্ধিশীল; যাহা ফুরাইয়া গিয়াছে এমন। বাড়্+অন্ত কর্তৃ। বিণ। **চা'ল বাড়ন্ত**—চাউল নাই (মেয়েরা ঘরে চাউল না থাকিলে এইরূপ বলে)।

†**বাড়ব**—১। সামুদ্রিক অগ্নি। বড়বা+অণ্ জাতার্থে। বি; পুং। ২। বড়বা সম্বন্ধীয়। বড়বা+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-বী**।

বাড়বা—বাড়বানল। প্রা কপ্র। বি।

†**বাড়বাগ্নি, বাড়বানল**—সমুদ্রস্থ অগ্নি। বাড়ব যে অগ্নি, অনল, কর্মধা। বি; পুং।

বাড়বাড়ন্ত—সুখসম্পদে সর্বাঙ্গীণ শ্রীবৃদ্ধি। বাংপ্র। বি।

বাড়া—১। অধিক, বেশী। বিণ। ২। বৃদ্ধি পাওয়া; রন্ধনপাত্র হইতে বাহির করিয়া ভোজনপাত্রে রাখা; কলম কাটা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বাড়ানো—বর্ধিত করা; প্রসারিত করা; প্রশংসা করা; সম্মান করা; অতিবিক্তরূপে সম্মান করা বা প্রশ্রয় দেওয়া; লম্বা করা পরিবেশন করানো; কাহারও দ্বারা হাঁড়ি প্রঃ হইতে ভোজনপাত্রে রাখানো; কাটানো ('কলম—'); লাঠি দ্বারা প্রহার করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বাড়াবাড়ি—অত্যধিক মাত্রায় কোন কার্যকরণ; আধিক্য। বাংপ্র। বি।

বাড়ি—লাঠি; প্রহার; আঘাত; শস্য প্রঃর ঋণদান; বৃদ্ধি। বাংপ্র। বি।

বাড়ি, বাড়ী—গৃহ। <বাটী। বি।

বাড়িওয়ালা, বাড়ীওয়ালা—বাড়ির মালিক; ভাড়াটিয়া বাড়ির মালিক। বাড়ি, বাড়ী+ওয়ালা স্বামী অর্থে। বি। স্ত্রী, **-লী, -উলী**।

বাড়িভাড়া, বাড়ীভাড়া—বাড়িতে থাকিবার বা বাড়ি

নিজের ব্যবহারে রাখিবার জন্য বাড়ির মালিককে দেয় খাজনা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

বাড়া—বৃদ্ধি পাওয়া। প্রা কপ্র। ক্রি। [**বাড়ই**—বাড়ে; বাড়াইয়া। **বাড়ন্ত**—বাড়ে। **বাড়ল্ল**—বাড়ে। **বাড়ল**—বাড়িল। **বাড়াই**—বাড়াইয়া। **বাড়াইল**—বাড়াইল। **বাড়ায়লি**—বাড়াইলে। **বাড়ায়া**—বাড়াইয়া। **বাড়ি**—বাড়ে।]

বাড়ানো—বর্ধিত করা। প্রা কপ্র। ক্রি।

†**বাণ**—শর, তীর, ইষু, শায়ক; শরবৃক্ষ। বণ্+ণিচ্ স্বার্থে+অচ্ কর্তৃ। বি; পুং।

†**বাণলিঙ্গ**—নর্মদা নদী হইতে প্রাপ্ত শিবলিঙ্গ বিঃ। বি; ক্লী।

†**বাণিজ্য**—ক্রয়বিক্রয়, কারবার; ব্যবসায়, সওদাগরি। বণিজ্+ষ্যঞ্ কর্মার্থে। বি; ক্লী।

†**বাণিজ্যপোত**—ব্যবসায়ীর জাহাজ; বাণিজ্যার্থে সমুদ্রগামী জাহাজ। বাণিজ্যসম্বন্ধীয় পোত, মধ্যপ। বি; ক্লী।

†**বাণিজ্যবায়ু**—ঈশানকোণ ও অগ্নিকোণ হইতে প্রবাহিত বায়ু, trade wind. বাণিজ্যানুকূল বায়ু, মধ্যপ। বি; পুং।

বাণী—১। বাক্য; উপদেশাত্মক বাক্য; শিক্ষাপ্রদ বাক্য। বণ্+ইণ্ কর্ম+ঈপ্। ২। সরস্বতী। বণ্+ণিচ্+ইণ্ কর্তৃ+ঈপ্। ৩। বয়ন, বোনা। বণ্+ইণ্ ভাব+ঈপ্। বি; স্ত্রী।

বাণ্ডিল—পুলিন্দা; কাগজের তাড়া; একত্র বাঁধা দ্রব্য। <ইং 'bundle'. বি।

বাত—১। বায়ু; রোগ বিঃ, gout, rheumatism; জাব; ধৃষ্টনায়ক; দেহের ধাতু বিঃ ('বাত পিত্ত কফে')। বি; পুং। ২। গত। বা+ক্ত কর্তৃ। বিণ। ৩। বাক্য, কথা ("তুয়া সনে বাত নহে মধু সমুচিত"—চন্দ্রশেখর)। <বার্তা। বি।

বাতকর্ম (-কর্মন্)—অপান বায়ুত্যাগ, অধোবায়ু-নিঃসরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বাতরক্ত—রক্তদুষ্টিজনিত রোগ বিঃ। বাত (বায়ু)-দুষ্ট রক্ত যাহাতে, বহু। বি; ক্লী।

বাতলানো, বাতানো—বুঝাইয়া দেওয়া; নির্দেশ করা; উপদেশ দেওয়া; কথা বলা। হি-মু। ক্রি [, বি, বিণ]।

বাতা—কপাটের উপরিস্থিত কাঠের ফালি; খড়ের বা খোলার চালের ঢালু মুখ বাঁধিবার বাখারি; মেটে ঘরের চালের নীচে পাতিবার শরকাঠির গুচ্ছ; বাঁশের শলা; ছাইচের বাখারি। বাংপ্র। বি।

বাতানো—'বাতলানো' দ্রঃ।

বাতান্বিত—বাতাসদ্বারা পূর্ণ হইয়াছে এরূপ, aerated. ৩য়াতৎ। বিণ।

বাতাবর্ত—ঘূর্ণাবর্ত; ঘূর্ণিবায়ু, cyclone. ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

বাতাবি—একপ্রকার বড় লেবু, ছোলঙ্গা, shaddock, pomelo. যবদ্বীপের রাজধানী বাটাভিয়া শব্দ হইতে সৃষ্ট। বি। [বহু। বি; ক্লী।

বাতায়ন—গবাক্ষ, জানালা। বাতের অয়ন যাহা দ্বারা,

বাতায়িত—যেখানে বায়ু-চলাচল ভালো হয় এমন, ventilated. বাত+কাঙ্+ক্ত কর্তৃ। বিণ।

বাতাস—বায়ু, হাওয়া; ব্যজন। <বাত। বি।

বাতাসা—গুড় বা চিনির রসে প্রস্তুত ফাঁপা মিষ্ট খাদ্য বিঃ। বাংপ্র। বি।

বাতাহত—ঝটিকাপীড়িত, বায়ু দ্বারা আঘাতপ্রাপ্ত। বাত কর্তৃক আহত, ৩য়াতৎ। বিণ।

বাতি—প্রদীপ; আলো; মোম প্রঃ দ্বারা প্রস্তুত আলোক-উৎপাদনকারী দ্রব্য, বর্তিকা, candle; গাছের সরু এবং লম্বা গুঁড়ি; লম্বা আকারে গড়া জিনিস ('ধূপের —')। <বর্তি। বি।

বাতিক—১। বায়ু সম্বন্ধীয়; বাতোৎপন্ন, বায়ুজনিত ('— ব্যাধি')। বিণ। স্ত্রী, -কী। ২। রোগ বিঃ। বাত+ইক আগতার্থে। বি; পুং। ৩। পাগলামি; বাই; অত্যন্ত ঝোঁক বা শখ। বাংপ্র। বি।

বাতিদান—দীপাধার, যাহাতে মোমের বাতি প্রঃ বসানো হয়। বাতি+দান আধার অর্থে (বাংপ্র)। বি।

বাতিল—মিথ্যা, নিষ্ফল, রদ, পরিত্যক্ত; রহিত; অগ্রাহ্য; অকেজো, বাজে। আ। বিণ।

বাতুল—বাতরোগী; উন্মত্ত, পাগল। বাত+উল আছে অর্থে। বিণ। বি, -তা।

বাত্যা—প্রবল বায়ু, ঝড়। বাত+যৎ সমূহার্থে+আপ্। বি; স্ত্রী। [সম্বন্ধার্থে। বিণ।

বাৎসরিক—বৎসর সম্বন্ধীয়; বার্ষিক। বৎসর+ইক

বাৎসল্য—রস বিঃ; কারুণ্য, স্নেহ, বৎসলতা, সন্তানাদির উপরে ভালবাসা। বৎসল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [পাল। বাংপ্র। বি।

বাথান—গোশালা; মাঠ; গোষ্ঠ; শূকর গরু প্রঃর

বাদ—১। যথার্থবিচার; বিতর্ক; বাক্য; উক্তি, কথন; প্রবাদ; মত, doctrine, theory. বদ্+ঘঞ্ ভাব। ২। বাদন। বদ্+ণিচ্+ঘঞ্ ভাব। বি; পুং। ৩। ব্যতীত, বাতিল। বিণ। ৪। পরে। অ। ৫। শত্রুতা; বিরোধ; বাধা; পরিত্যাগ; বর্জন। আ। বি।

বাদক—বাদ্যকর; বক্তা। বদ্+ণিচ্ বা বদ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**বাদিকা**।

বাদন—১। বাজানো। বদ্+ণিচ্+অনট্ ভাব। ২। বাদ্যযন্ত্র। বাদি+অনট্ কর্ম। বি; ক্লী।

বাদপ্রতিবাদ—কথাকাটাকাটি, তর্কবিতর্ক। দ্বন্দ্ব। বি; পুং।

বাদর—বাদল, বর্ষা ('ফাগুন প্রাতেই নেমেছে বাদর' —এল ঝড়)। কপ্র। বি।

বাদরায়ণ—বেদব্যাস, ব্যাসদেব। বাদর (বদরীপ্রধান স্থান) অয়ন (আশ্রয়) যাঁহার, বহু। বি; পুং।

বাদল—বর্ষা; দুর্দিন। <বার্দল। বি।

বাদলা—১। বর্ষা। <বার্দল। ২। জরি, তার, জরির ফিতা। বি। ৩। মেঘলা, বর্ষাযুক্ত; বর্ষা সম্বন্ধীয়। বাদল+আ সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।

বাদলে, বাদুলে—বর্ষা বিষয়ক; বর্ষাকালে জাত। বাংপ্র। বিণ।

বাদশাহ্—মুসলমান সম্রাট্। ফা। বি। বিণ, **-শাহী, -শাই**। বি, **-শাহি, -শাই**।
বাদশাহ্‌জাদা—বাদশাহের পুত্র। ফা। বি; পুং। স্ত্রী, **-জাদী**।
বাদসাদ—কিছু পরিমাণে বাদ। বাংপ্র। বি।
বাদা—জলময় স্থান, জলা। আ। বি।
বাদাড়—জঙ্গল। বাংপ্র। বি।
বাদানুবাদ—তর্কবিতর্ক, কথাকাটাকাটি; বাক্যকলহ, ঝগড়া। বাদ (বিতর্ক) এবং অনুবাদ (পশ্চাৎ তর্ক), দ্বন্দ্ব। বি; পুং। [ফা। বি।
বাদাম—স্বনামখ্যাত বৃক্ষ; তৎফল ও তাহার বীজ।
বাদামী—বাদামের ন্যায় বর্ণবিশিষ্ট, পাণ্ডুবর্ণ; বাদাম সদৃশ; ডিম্বাকৃতি। বাদাম+ঈ সদৃশার্থে। বিণ।
বাদিত—ধ্বনিত, যাহা বাজানো হইয়াছে এমন। বদ্ +ণিচ্+ক্ত কর্ম। বিণ। [ক্লী।
বাদিত্র—বাজনা, বাদ্যযন্ত্র। বদ্+ণিচ্+ইত্র কর্ম। বি;
বাদী (বাদিন্)—**১**। বক্তা, অর্থপ্রকাশকারী; অভিযোগকারী, ফরিয়াদী। বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**বাদিনী**। **২**। যে সুর অন্যান্য সুর অপেক্ষা কোন রাগ বা রাগিণীতে প্রধান রূপে ব্যবহৃত হয়। বি; পুং। [fox. < বাতুলি। বি।
বাদুড়—একপ্রকার স্তন্যপায়ী নিশাচর জীব, flying
বাদুড়ঝোলা—বাদুড় যেমন করিয়া ঝোলে সেইভাবে ঝুলন্ত অবস্থায়। বাংপ্র। বিণ।
বাদুলে—'বাদলে' দ্রঃ।
বাদে—পরে; বিলম্বে; বাদ দিয়া, ছাড়া; ব্যতীত। বাংপ্র। অ। [কর্ম। বি; ক্লী।
বাদ্য—বাজনা; বাজনার যন্ত্র। বদ্+ণিচ্+যৎ ভাব,
বাদ্যকর—বাদনকারী; বায়েন। উপতৎ; বাদ্য—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, **-রী**।
বাদ্যধ্বনি—বাজনার শব্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বাদ্যভাণ্ড—মৃদঙ্গাদি বাদ্যযন্ত্রসমূহ। ৬ষ্ঠীতৎ। বি, ক্লী।
বাদ্যযন্ত্র—বাজাইবার যন্ত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
বাধ—**১**। ব্যাঘাত, প্রতিবন্ধ, বারণ, রোধ; উপদ্রব; পীড়া; স্বভাবসিদ্ধ জ্ঞান; পক্ষ। বাধ্+ঘঞ্ ভাব। বি; পুং। **২**। রোধক। বাধ্+অচ্ কর্তৃ। বিণ।
***বাধক**—**১**। প্রতিবন্ধক, নিবারক, বাধাজনক। বিণ। স্ত্রী—**বাধিকা**। **২**। স্ত্রীলোকের সন্তান-জনন-প্রতিবন্ধক ঋতুরোগ বিঃ। বাধ্+ণক কর্তৃ। বি; পুং।
বাধবাধ—দ্বিধাযুক্ত, সংকোচপূর্ণ; কুণ্ঠাজনক; যাহা বাধিবার উপক্রম করিতেছে এমন। বাংপ্র। বিণ।
***বাধা**—**১**। ব্যথা, দুঃখ; প্রতিবন্ধ; উপদ্রব; নিষেধ; শক্তির প্রতিকূলতা, resistance. বাধ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী। **২**। চটিজুতা বিঃ; খড়ম ('নন্দের —')। প্রা কপ্র। বি। **৩**। বাধা দেওয়া; জটিল ব্যাপার উপস্থিত হওয়া; আটকানো; আবদ্ধ হওয়া, লাগা ('যুদ্ধ —'); কঠিন বোধ হওয়া; নিয়ম-বিরুদ্ধ হওয়া; বিরুদ্ধভাবযুক্ত হওয়া। বাংপ্র। ক্রি।
বাধানো—লাগানো ('ঝগড়া —'); সংঘটিত করা; জটিল ব্যাপার উৎপাদন করা; ঠেকানো; আটকানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
***বাধাপ্রাপ্ত**—যাহাকে বাধা দেওয়া হইয়াছে এমন; রুদ্ধ। ২যাতৎ। বিণ।
***বাধাবিঘ্ন**—প্রতিবন্ধক; ব্যাঘাত। দুইটি প্রায় একার্থক শব্দের দ্বন্দ্ব। বি; পুং।
***বাধিত**—পীড়িত, প্রতিবন্ধ; ব্যাহত; নিবারিত; বশীভূত, আয়ত্ত; কৃতজ্ঞ, obliged, thankful. বাধ্+ক্ত কর্ম। বিণ।
বাধোবাধো—বাধবাধ (তাহা দ্রঃ)।
***বাধ্য**—নিষেধযোগ্য; পীড়নীয়, বশ্য, অনুগত; যাহার অন্যথা হইবার নহে এমন। বাধ্+ণ্যৎ কর্ম। বিণ। [স্ত্রী।
***বাধ্যতা**—বশ্যতা; নিষেধ্যতা। বাধ্য+তা ভাবে। বি;
***বাধ্যতামূলক**—অবশ্য কর্তব্য, যাহা করিতে বাধ্য করানো হয় এমন, compulsory. বাধ্যতা মূলে যাহার, বহু (ক-সমাসান্ত)। বিণ। স্ত্রী, **-মূলিকা**।
***বাধ্যবাধকতা**—বাঁধাবাঁধি; (বাংপ্র) পরস্পর বশ্যতা। বাধ্য ও বাধক, দ্বন্দ্ব; তদুত্তরে+তা ভাবে। বি; স্ত্রী।
বান—**১**। প্লাবন। < বন্যা। **২**। উদ্বায়ী volatile; গন্ধময়, essential ('— তৈল')। বাংপ্র। বিণ।
বানচাল—যাহার তলদেশ ফাঁসিয়া গিয়াছে এমন ('নৌকা — হওয়া'); পণ্ড। বাংপ্র। বিণ।
বানপ্রস্থ—**১**। তৃতীয় আশ্রমী, ব্রহ্মচর্য ও গার্হস্থ্যাশ্রমের পর বনবাসী। বন+অণ্ স্বার্থে; বান—প্র—স্থা+ক কর্তৃ। বিণ। **২**। তৃতীয় আশ্রম। বনপ্রস্থ +অণ্ ভাবে। বি; পুং।
বানর—কপি, শাখামৃগ, বাঁদর। বান—রা+ক কর্তৃ; অথবা, বা (সদৃশ) নর, সুপ্। বি; পুং। স্ত্রী, **-রী**।
বানাই—বানাইবার খরচ; বানানোর রীতি। বাংপ্র। বি।
বানান—ব্যঞ্জন এবং স্বরবর্ণে সংযোগ করিয়া উচ্চারণ। < বর্ণন। বি।
বানানো—রচনা করা; নির্মাণ করা, প্রস্তুত করা; ছোট করিয়া কাটা; কিছুর তুল্য বলিয়া প্রতিপন্ন করা। হি-মূ। ক্রি [, বি, বিণ]।
বানি—(অলংকারাদি) নির্মাণ করিবার মজুরি বা খরচ। বাংপ্র। বি।
বানুরে—বানরের মত; বানর স্বভাববিশিষ্ট; বানরের পক্ষে স্বাভাবিক এমন। বাংপ্র। বিণ।
বান্ত—**১**। উদ্গীর্ণ, যাহা বমি করা হইয়াছে এমন। বম্+ক্ত কর্ম। **২**। শেষে ব-বর্ণযুক্ত। ব অন্তে যাহার, বহু। বিণ।
বান্তি—বমন। বম্+ক্তি ভাব। বি; স্ত্রী।
বান্দা—ভৃত্য। ফা। বি; পুং।
বান্দী, বাঁদী—**১**। দাসী, চাকরানী। ফা। বি; স্ত্রী। **২**। বাঁধাধরা; যাহা এলোমেলো নহে এমন; ছন্দোবদ্ধ। বাংপ্র। বিণ।

***বান্ধব**—বন্ধু, মিত্র; আত্মীয়, স্বজন; জ্ঞাতি; ভ্রাতা। বন্ধু+অণ্ স্বার্থে। বি; পুং।

***বান্ধবী**—স্ত্রী-বন্ধু, সখী। বান্ধব+ঈপ্। বি; স্ত্রী।

বান্ধুলি, বাঁধুলি—বন্ধুজীব পুষ্প বা বৃক্ষ। < বন্ধুলী। বি।

বাপ—১। পিতা; বৎস, বাছা; শিশু; পুত্রস্থানীয় ব্যক্তি। < বপ্র। বি। ২। ভয় বিস্ময় ইঃ সূচক শব্দ। বাংপ্র। অ। **বাপ তোলা**—গালি দেওয়া। **বাপের জন্মে, বাপের বয়সে**—নিজের জীবনে ত নয়ই এমন কি তাহার পূর্বে কোন কালেও নয়। **বাপের ঠাকুর**—পিতার পিতা; অতিশয় যত্ন ও আদরের পাত্র।

বাপক—বীজবপনকারী; বয়নকারী; মুণ্ডনকারী। বপ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-পিকা**।

বাপঠাকুর—পিতৃদেব; পঞ্চানন্দ ঠাকুর। বাংপ্র। বি।

বাপদাদা—বাপ-ঠাকুরদাদা, পিতৃপুরুষ। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

বাপধন—বাছা, বৎস। বাংপ্র। বি।

বাপন—রোপণ করানো; বয়ন করানো। বপ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**বাপিত**।

বাপান্ত—পিতার নাম বলিয়া গালি, বাপের নামোল্লেখ করিয়া গালি। বাংপ্র। বি।

বাপি, বাপী—বৃহৎ পুষ্করিণী, দীর্ঘি। বপ্+ইঞ্ অধি, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

বাপু—বাছা, স্নেহপ্রকাশক সম্বোধন; বাবু; পিতা। বাংপ্র। বি।

বাপুজী—পিতাজী; গুরুদেব; আচার্যদেব; বাবু-মহাশয়; মহাত্মা গান্ধীর সম্মানজনক সম্বোধন বা ডাকনাম। < বপ্র। বি।

বাফতা—রেশম ও কার্পাস সুতায় প্রস্তুত বস্ত্র বিঃ। < ফা 'বাফতহ্'। বি।

বাবত, বাবদ—জন্য, দরুন; বার; বিষয়। আ। বি বা অ।

বাবরি—কাঁধ পর্যন্ত ঝোলা লম্বা ও কোঁকড়ানো চুল। < ফা 'ববর' (=সিংহ)। বি।

বাবলা—একপ্রকার কাঁটাযুক্ত গাছ, acacia. < বর্বুর। বি।

বাবা—১। পিতা; বৎস; গুরুজন; সাধু; সন্ন্যাসী; মহাদেব; শিব; দেবতা। < বপ্তা (-প্তৃ)। বি। ২। ভয়কষ্টবিস্ময়াদিসূচক শব্দ। বাংপ্র। অ।

বাবাজী—বৈরাগী, ভেকধারী বৈষ্ণব; বৎস। বাংপ্র। বি।

বাবাজীবন—বৎস; প্রাণাধিক বৎস। বাংপ্র। বি।

বাবু—বিলাসী; ধনী ব্যক্তিদিগের উপাধি; সুখ-ভোগী; বাঙালী কেরানী; গৃহস্বামী; ভদ্রঘরের বয়স্ক পুরুষ; সেরেস্তাদার; মহাশয়; ইংরেজী-শিক্ষিত বাঙালী ভদ্রলোক; হিন্দু ভদ্রলোকের নামের সহিত যোজ্য উপাধি। বাং বাপু ও ফা বাব শব্দের মিশ্রিত প্রয়োগ। বি বা বিণ।

বাবুই—চটকজাতীয় পক্ষী বিঃ, weaver-bird; তুলসীজাতীয় গাছ বিঃ; একপ্রকার ঘাস। বাংপ্র। বি।

বাবুইতুলসী—একপ্রকার তুলসী গাছ। বাংপ্র। বি।

বাবুগিরি—'বাবুয়ানা' দ্রঃ।

বাবুজী—বাবুমহাশয়। বাবু+জী সম্মানার্থে। বি।

বাবুমশাই—বাবুজী, বাবুমহাশয়। বাংপ্র। বি।

বাবুয়ানা, -আনি, -গিরি—শৌখিন চালচলন; বিলাসিতা। বাবু+য়ানা, আনি, গিরি ভাবে (বাংপ্র)। বি।

বাবুর্চী—মুসলমান পাচক। < তুর্কী 'বাবর্চী'। বি।

বাবুর্চীখানা—মুসলমান বড়লোক বা সাহেবদিগের রন্ধনশালা। ৬ষ্ঠীতৎ (তুর্কী-মু) বি।

বাম—১। প্রতিকূল, বিমুখ; বামদিকস্থ; দক্ষিণেতর, বাঁ; বিপরীত; শ্রেষ্ঠ; বক্র; সুন্দর, মনোহর ('বামোরু'); অধম, নীচ। বিণ। ২। শিব ("অনেকের পতি তেঁই পতি মোর বাম"—ভারত)। বি; পুং। ৩। ধন; পার্শ্বে প্রসারিত দুই বাহুর দৈর্ঘ্য, বাঁও। বা+মন্ কর্তৃ। বি; ক্লী।

বামদেব—শিব; মুনি বিঃ। কর্মধা। বি; পুং।

বামন—১। ক্ষুদ্র; নীচ; অল্প। বম্+ণিচ্+অন কর্তৃ, অনট্ করণ। বিণ। স্ত্রী, **-না, -নী**। ২। বিষ্ণুর অবতার বিঃ। বাম+ন আছে অর্থে। বি; পুং। ৩। বেঁটে লোক; ব্রাহ্মণ। বাংপ্র। বি।

বামনাই—ব্রাহ্মণত্ব, বামুনগিরি। বামুন+আই ভাবে। বি।

বামনী—১। ক্ষুদ্রা ইঃ। বামন (১)+ঈপ্। বিণ; স্ত্রী। ২। ব্রাহ্মণী। বামুন+ঈ (বাংপ্র)। বি; স্ত্রী।

বামলোচনা—চারুনেত্রা, সুলোচনা। বাম লোচন যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

বামা—১। নারী। বি; স্ত্রী। ২। সুন্দরী; প্রতিকূলা; শ্রেষ্ঠা; বাঁকা। বাম+আপ্। বিণ; স্ত্রী।

বামাচার—তন্ত্রশাস্ত্রোক্ত মদ্যমাংসাদি সেবনরূপ আচার বিঃ। বাম (বেদবিরুদ্ধ) আচার, কর্মধা। বি; পুং। বিণ, **-রী**।

বামাবর্ত—বামদিকে পাকযুক্ত, whorl; যাহা ঘড়ির কাঁটার উলটাদিকে ঘোরে এমন, counter-clock-wise. বামে আবর্ত যাহার, বহু। বিণ।

বামাল—'বমাল' দ্রঃ।

বামাস্বর—স্ত্রীলোকের গলার আওয়াজ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বামী—ঘোটকী; হস্তিনী; শৃগালী; গর্দভী। বাম+ঈপ্। বি; স্ত্রী।

বামুন—বিপ্র; পাচক ব্রাহ্মণ। < ব্রাহ্মণ। বি।

বামুন-ঠাকুর—পাচক ব্রাহ্মণ। কর্মধা (বাংপ্র)। বি।

বামেতর—দক্ষিণ। বাম হইতে ইতর (অন্য পৃথক্), ৫মীতৎ। বিণ।

বামোরু, বামোরূ—সুন্দর উরুবিশিষ্ট। বাম (সুন্দর) উরু যে স্ত্রীর, বহু, ২য় পক্ষে ঊঙ্। বিণ; স্ত্রী।

বায়—১। বাতাস; বাতাসে। কপ্র। বি। ২। (নৌকা প্রঃ) চালাইয়া যায়। বাংপ্র। ক্রি।

বায়ন—যে বাজায়। < বাদন। বি।

বায়না—কোন দ্রব্য ক্রয় করিবার অগ্রিম মূল্য; মূল্যের কিয়দংশ, চুক্তির টাকার অগ্রিম প্রদত্ত অংশ,

advance: ...; আবদার, আর্খাট বা খোটা <আ 'বয়ানহ্'। বি।

বায়নাজা—ফর্দ, তালিকা; বিস্তারিত বিবরণ; বিশদভাবে বর্ণনা। ফা-মূ। বি।

বায়নাপত্র—কোন বিষয় সম্পূর্ণরূপে স্থির করিয়া বায়না দিয়া যে দলিল করা হয় তাহা। বায়না-জ্ঞাপক পত্র, মধ্যপ (বাংপ্র)। বি।

বায়ব্য, বায়বীয়—বায়ু সম্বন্ধীয়; বায়ুতুল্য, gaseous. বায়ু+ষৎ, ঈয় সম্বন্ধার্থে, তদ্দেবতার্থে। বিণ।

বায়বমূল—(রাস্না প্রঃ গাছের) শূন্যে ঝোলানো শিকড়, aerial root; চুমড়ি। কর্মধা। বি; স্ত্রী।

বায়স—কাক। বয়+অসচ্ কর্তৃ। বি; পুং। স্ত্রী—**বায়সী।**

বায়ু—বাতাস; প্রাণ; দেহাভ্যন্তরস্থ (প্রাণ অপান সমান উদান ও ব্যান) পঞ্চ বায়ু; শরীরের একটি ধাতু; বাই, বাতিক। বা+উণ্ কর্তৃ। বি; পুং।

বায়ুকোণ—উত্তর-পশ্চিমকোণ। বায়ুদৈবত কোণ, মধ্যপ। বি; পুং।

বায়ুকোষ—শরীরান্তর্গত যে চর্মময় কোষে বায়ু থাকে তাহা (যেমন মাছের পটকা), air-bladder. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বায়ুগ্রস্ত—দেহস্থ প্রকোপিত-বায়ুযুক্ত; বায়ুরোগে আক্রান্ত, বাতিকগ্রস্ত, পাগল। ৩য়াতৎ। বিণ।

বায়ুতাড়িত—বায়ু দ্বারা সঞ্চালিত। ৩য়াতৎ। বিণ।

বায়ুনিষ্কাশন—বাতাস বাহির করিয়া দেওয়া। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।

বায়ুপরিবর্তন—হাওয়াবদল; স্বাস্থ্যোন্নতির জন্য বায়ু-সেবনার্থ অন্য স্থানে গমন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বায়ুনিষ্কাশন যন্ত্র—যে যন্ত্র দ্বারা কোন বস্তুর ভিতরকার বায়ু বাহির করা যায় তাহা, air-pump. বায়ুর নিষ্কাশন যন্ত্রদ্বারা, বহু; বায়ুনিষ্কাশন যন্ত্র, কর্মধা। বি; স্ত্রী।

বায়ুপ্রবাহ—বাতাসের সঞ্চরণশীল অবস্থা, বাতাসের স্রোত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বায়ুমণ্ডল—ভূপৃষ্ঠের উপরিস্থ বায়ুরাশি, atmosphere. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বায়ুমানযন্ত্র—যে যন্ত্রে বায়ুর চাপের পরিমাণ নিরূপিত হয় তাহা, barometer বায়ুর মান (পরিমাণনির্ণয়) যন্ত্রদ্বারা, বহু; সেই যন্ত্র, কর্মধা। বি; স্ত্রী।

বায়ুরোগ—উন্মাদরোগ; দেহস্থ বায়ুর প্রকোপজনিত শিরোঘূর্ণনাদি। বায়ুজনিত রোগ, মধ্যপ। বি; পুং।

বায়ুসখা (-সখি)—অগ্নি, বহ্নি। বায়ু সখা (সখি-শব্দ—বন্ধু) যাহার, বহু। বি; পুং।

বায়ুসেবন—শরীরে নির্মল হাওয়া লাগানো। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।

বায়ুস্তর—গুরুত্ব লঘুত্ব প্রঃ হেতু বাতাসের পৃথক্ পৃথক্ থাক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বায়ুস্থলী—মাছের পটকা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বায়েন—বাদ্যকর। বাংপ্র। বি। [বি।

বায়োস্কোপ—চলচ্চিত্র, সিনেমা। <ইং bioscope.

বার—১। বাসর, রবি সোম প্রঃ; অবসর; ক্ষণ মুহূর্ত; সমূহ; পালা; জল; দ্বার; বেশ্যা; শিব। বি: পুং। **২।** নিবারণীয়, নিবার্য। বৃ+ঘঞ্ কর্ম। বিণ। **৩।** রাজসভা ("বার দিয়া বসিয়াছে বীরসিংহ রায়"—ভারত); দরবার; রাজসভায় গমন। ফা। বি। **৪।** দ্বাদশ; ১২-সংখ্যক। <দ্বাদশন্। বি বা বিণ। **৫।** বাজার; মেলা; কাহারও দেহে কোনও দেবতার আবির্ভাব। বাংপ্র। বি। **৬।** বাহির। বাংপ্র। বিণ।

বারই—মাসের দ্বাদশ দিন। বার+ই তারিখ অর্থে (বাংপ্র)। বি বা বিণ।

বারংবার—পুনঃ পুনঃ। <বারংবারম্। অ।

বারক—নিবারক, নিষেধক; প্রতিবন্ধক। বৃ+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**বারিকা।**

বারকোশ—কাঠের রেকাবি বা থালা। <ফা 'বারকশ'। বি।

বারণ—১। হস্তী। বৃ+ণিচ্+অনট্ কর্ম। বি; পুং। **২।** নিষেধ; রোধ। বৃ+ণিচ্+অনট্ ভাব। বি, স্ত্রী। [কর্ম। বিণ।

বারণীয়—নিষেধযোগ্য, নিবার্য। বৃ+ণিচ্+অনীয়

বারতা—সংবাদ; বাক্য। <বার্তা। বি।

বারদরিয়া—নদীর মোহনার অদূরবর্তী সাগর। বার (বাংপ্র)+দরিয়া (ফা)। বি। [অ।

বারদিগর—পুনর্বার (আদালতী ভাষায়)। বাংপ্র।

বারনারী, -**বধূ,** -**বনিতা,** -**বিলাসিনী,** -**যোষা,** -**যোষিৎ,** -**সুন্দরী,** -**স্ত্রী—**বেশ্যা, গণিকা। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী। [<বাহ্বাস্ফোট। বি।

বারফট্টাই—বৃথা আস্ফালন, মৌখিক বড়াই।

বারবরদার—মুটিয়া, ভারবাহক। ফা। বি।

বারবরদারি—মুটিয়ার খরচ; মুটিয়ার কাজ; পাথেয়; রাজকর্মচারিগণের রাজকার্যার্থ ভ্রমণের খরচ। বারবরদার+ই সম্বন্ধার্থে। বি।

বারবরদারী—মুটিয়া সংক্রান্ত; মুটিয়ার খরচ-স্বরূপ; পাথেয়-স্বরূপ। বারবরদার+ঈ সম্বন্ধার্থে। বিণ। [অ।

বারবার—পুনঃ পুনঃ; বহুবার। <বারংবারম্।

বারবিলাসিনী—'বারনারী' দ্রঃ।

বারবেলা—বার অনুসারে যে নির্দিষ্ট সময়ে কোন কর্ম করা বিহিত নয় তাহা। বারের (নিবারণের) বেলা (সময়), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বারভূঁইয়া, -ভূঞা, ভূঁয়া—দ্বাদশ ভৌমিক, বাংলার বারজন শক্তিশালী জমিদার। কর্মধা (বাংপ্র)। বি। [গান বা কবিতা। বাংপ্র। বি।

বারমাসি, -মাস্যা—বার মাসের সুখদুঃখের বর্ণনাত্মক

বারমুখো—যে পুরুষ পত্নী থাকিতে বেশ্যা বা পর-স্ত্রীতে অনুরক্ত হইয়া বাহিরে কাটায়; বহির্দিকে মুখবিশিষ্ট। বারে (বাহিরে) মুখ যাহার, বহু। বাংপ্র। বি বা বিণ। [তৎ। বি; স্ত্রী।

বারমুখ্যা—প্রধানা বেশ্যা। বারদিগেতে মুখ্যা, ৭মী-

বারমেসে—যাহা সারা বৎসর ব্যাপিয়া ঘটে বা উৎপন্ন হয় এমন। বারমাস+এ (<ইয়া) ব্যাপ্ত্যর্থে। বিণ।

বারয়িতা (-য়িতৃ)—নিবারণকারী। বৃ+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িত্রী।

বারযোষা, -যোষিৎ—'বারনারী' দ্রঃ।

বারলাইব্রেরী—আদালতের সংশ্লিষ্ট ব্যবহারাজীবদিগের গ্রন্থাগার। <ইং 'bar library'. বি।

বারশিংগা—একপ্রকার হরিণ (প্রতি শৃংগের ছয়টি শাখা)। বাংপ্র। বি।

বারসুন্দরী, বারস্ত্রী—'বারনারী' দ্রঃ।

বারাংগনা—বেশ্যা। বারের (জনসমূহের) অংগনা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বারাণসী—কাশী, শিবপুরী, উত্তরপ্রদেশে গঙ্গাতীরে অবস্থিত তীর্থ ও নগরী। বরণা এবং অসী (নদীদ্বয়), দ্বন্দ্ব; বরণাসী আছে এখানে এই অর্থে, বরণাসী+অণ্+ঈপ্ (নিপা)। বি; স্ত্রী।

বারাণ্ডা, বারান্দা—উপরিস্থ গৃহের বহিঃপ্রকোষ্ঠ; দাওয়া; পিঁড়ে; গৃহের যে অংশ বাহিরের দিকে থাকে তাহা (খোলা বা ঢাকা)। <ফা 'বিরামদহ্'। বি।

বারান্তর—অন্য সময়, আর বার। অন্য বার, নিত্য। বি; ক্লী।

বারান্দা—'বারাণ্ডা' দ্রঃ।

বারি—জল। বৃ+ণিচ্+ইঞ্ কর্তৃ। বি; ক্লী।

বারিক—১। সৈন্যাবাস, সেনানিবাস। <ইং 'barrack'. ২। উপাধি বিঃ। বাংপ্র। বি।

বারিত—যাহা বা যাহাকে বারণ করা হইয়াছে এমন, নিবারিত, নিষিদ্ধ। বৃ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

বারিদ—জলদ, মেঘ। উপতৎ; বারি—দা+ক কর্তৃ। বি; পুং।

বারিধি, -নিধি, -রাশি—জলধি, সমুদ্র। উপতৎ; বারি—ধা+কি অধি; বারি—নি—ধা+কি অধি; বারির রাশি যাহাতে, বহু। বি; পুং।

বারিবাহ, -বাহন—মেঘ। উপতৎ; বারি—বহ্+অণ্ কর্তৃ; বারি—বহ্+ণিচ্+অন কর্তৃ। বি; পুং।

বারিবাহক—মেঘ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বারিমণ্ডল—পৃথিবীস্থ জলরাশি, hydrosphere. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বারিমুক্ (-মুচ্)—মেঘ। উপতৎ; বারি—মুচ্+ক্বিপ্ কর্তৃ। বি; পুং।

বারী—হাতি বাঁধিবার ফাঁদ বা দড়ি। বৃ+ণিচ্+ইন্ করণ+ঈপ্। বি; স্ত্রী।

বারীন্দ্র, বারীশ—সমুদ্র। বারির ইন্দ্র (প্রধান), ঈশ (প্রভু), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বারুই—পানবিক্রয়ী জাতি বিঃ। <বারুজীবী। বি; পুং।

বারুজীবী (-বিন্)—বারুই, তাম্বূলব্যবসায়ী জাতি বিঃ। বারু—জীব্+ণিন্ কর্তৃ। বি; পুং।

বারুণ—১। বরুণ সম্বন্ধীয়। বিণ। স্ত্রী, -ণী। ২। জল; জলদ্বারা স্নান; শতভিষা-নক্ষত্র। বরুণ+অণ্ সম্বন্ধার্থে, দেবতার্থে। বি; ক্লী।

বারুণী—১। পশ্চিমদিক্; মদ্য বিঃ; শতভিষা-নক্ষত্র; শতভিষা-নক্ষত্রযুক্তা চৈত্র-কৃষ্ণত্রয়োদশী; দূর্বা। বরুণ+অণ্ জাতার্থে, সম্বন্ধার্থে+ঈপ্। ২। বরুণের স্ত্রী। বারুণ+ঈপ্। বি; স্ত্রী।

বারুদ—কামান বন্দুক প্রঃ হইতে গুলি ছুঁড়িবার গুঁড়া মসলা বিঃ, gunpowder; বিস্ফোরক দ্রব্য। তু। বি।

বারেক—একবার, একসময়। এক বার, কর্মধা (এক শব্দের পরনিপাত ও বাংলা নিয়মে সন্ধি)। ক্রি-বিণ।

বারেন্দ্র—১। বরেন্দ্রদেশীয় ব্রাহ্মণ, বাঙালী ব্রাহ্মণের শ্রেণী বিঃ। বি; পুং। ২। বরেন্দ্রদেশজাত। বরেন্দ্র+অণ্ অধিবাসী অর্থে। বিণ। স্ত্রী, -ন্দ্রী।

বারেন্দ্রী—রাজসাহী বিভাগের একাংশ, বরেন্দ্রভূমি। বরেন্দ্র+অণ্ স্বার্থে+ঈপ্। বি; স্ত্রী।

বারো—সংখ্যা বিঃ, ১২; ১২-সংখ্যক। <দ্বাদশন্। বি বা বিণ।

বারোঁয়া—একটি রাগিণীর নাম। বাংপ্র। বি।

বারোয়ারি—পল্লীর সকলের সাহায্যে অনুষ্ঠেয় পূজা বা উৎসব। <বারোপকারিক। বি।

বারোয়ারী—পাড়ার সকলের সাহায্যে অনুষ্ঠিত। <বারোপকারিক। বিণ।

বার্ণিক—লিপিকর; লেখক; যে রং লাগায় এমন। বর্ণ+ইক শিল্পী অর্থে। বিণ। স্ত্রী, -কী।

বার্তা—১। বৃত্তান্ত, সংবাদ; জনশ্রুতি। বৃত্ত+ণ আছে অর্থে+আপ্। ২। দুর্গা; বৃত্তি; কৃষি-গোরক্ষণাদি ও তৎসম্বন্ধীয় শাস্ত্র। বৃত্তি+অণ্ আছে অর্থে+আপ্। বি; স্ত্রী।

বার্তাকু—ফল বিঃ, বেগুন। বার্ত (স্বাস্থ্য)—অক্+ণিচ্ (আকি=পাওয়ানো)+অণ্ কর্তৃ+ঈপ্ (ঈ স্থানে উ)। বি; স্ত্রী।

বার্তানীতি—অর্থশাস্ত্র। মধ্যপ। বি; স্ত্রী।

বার্তাবহ—চর, দূত; সংবাদবাহক; কৃষি-বাণিজ্যজীবী বণিক্। বার্তা—বহ্+অচ্ কর্তৃ। বি; পুং, বা বিণ।

বার্তিক—১। চর, দূত। বার্তা+ইক জানে অর্থে। ২। বৈশ্যজাতি। বার্তা+ইক প্রয়োজনার্থে। বি; পুং। ৩। গ্রন্থের টীকা বিঃ। বৃত্তি+ইক সাধু অর্থে। বি; ক্লী।

বার্ধক্য—বৃদ্ধাবস্থা, বৃদ্ধত্ব। বার্ধক+ষ্যঞ্ স্বার্থে। বি; ক্লী।

বার্নিশ—চকচকে করিবার জন্য লেপ। <ইং 'varnish'. বি।

বার্যমাণ—যাহা বা যাহাকে বারণ করা হইতেছে এমন। বৃ+শানচ্ কর্ম। বিণ।

বার্লি—যব; যবের গুঁড়া। <ইং 'barley'. বি।

বার্ষিক—১। সাংবৎসরিক, বৎসর সম্বন্ধীয়; প্রতি-বর্ষে দেয় (অর্থাদি); প্রতিবর্ষে কর্তব্য। বর্ষ+ইক ভবার্থে, দেয়ার্থে, নির্বৃত্তার্থে। ২। বর্ষাকালীন। বর্ষা+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী। **বার্ষিক গতি**—(ভূগোল) সূর্যের চারিদিকে নির্দিষ্ট পথে পৃথিবীর এক বৎসরে ঘুরিয়া আসা।

বার্ষিকী—১। বর্ষকর্তব্যপূজাদি; প্রতিবৎসরে এক নির্দিষ্ট সময়ে প্রকাশিত হয় এমন পুস্তক। বি;

স্ত্রী। ২। বর্ষা সম্বন্ধীয়া; বৎসর সম্বন্ধীয়া। বার্ষিক+ঈপ্। বিণ; স্ত্রী।

বার্ষ্ণেয়—বৃষ্ণিবংশজাত। বৃষ্ণি+এয় অপত্যার্থে। বিণ। স্ত্রী, -য়ী।

†**বার্হস্পত্য**—১। বৃহস্পতি সম্বন্ধীয়। বিণ। ২। বৃহস্পতিপ্রণীত শাস্ত্র; নীতিশাস্ত্র; বৌদ্ধশাস্ত্র। বৃহস্পতি+ণ্য উক্তার্থে। বি; ক্লী। ৩। চার্বাক। বার্হস্পত্য+অণ্ জানেন অর্থে। বি; পুং।

†**বাল**—১। কেশ। বি; পুং। ২। অজ্ঞান, মূর্খ; নূতন; বালক। বল্+ণ কর্তৃ। বি; পুং, বা বিণ।

†**বালক**—শিশুপুত্র; ছেলে; যাহার বয়স ১৬ বৎসরের অনধিক; বলয়; অঙ্গুরীয়ক। বাল+কন্ স্বার্থে। বি; পুং।

†**বালকাণ্ড**—রামায়ণের প্রথম অধ্যায। বালবিষয়ক কাণ্ড, মধ্যপ। বি; পুং। [তৎ। বিণ।

†**বালকোচিত**—ছেলেমানুষের পক্ষে উপযুক্ত। ৭মী-

বালখিল্য—অঙ্গুষ্ঠ পর্বপ্রমাণ ষষ্টি সহস্র মুনি। বাল শব্দ—খিল+ষ্যঞ্ জাতার্থে। বি; পুং।

†**বালগোপাল**—শ্রীকৃষ্ণমূর্তি বিঃ। কর্মধা। বি; পুং।

†**বালচর্যা**—শিশুচিকিৎসা; শিশুপালন। ৬ষ্ঠীতৎ। বি: স্ত্রী।

বালতি—হাতলযুক্ত টবের মত জলপাত্র বিঃ, bucket. ⟨পো 'balde'. বি। [বি।

বালদো—তাল নারিকেল ইঃর সপত্র শাখা। বাংপ্র।

†**বালবিধবা**—অতি অল্পবয়সে স্বামিহীনা। বালা বিধবা, কর্মধা। বি বা বিণ; স্ত্রী।

†**বালবৈধব্য**—বালিকা-অবস্থায় স্বামিহীনতা, অতি অল্পবয়সে স্বামীর মৃত্যু। বালবিধবা+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [ক্লী।

†**বালব্যজন**—চামর। বালনির্মিত ব্যজন, মধ্যপ। বি;

†**বালভাষিত**—শিশুর কথা, বালকের উক্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

†**বালভোগ**—প্রভাতকালীন ভোগ; বালগোপালের সকালবেলার ভোগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

†**বালরোগ**—শিশুর রোগ। ৬ষ্ঠীতৎ। বি: পুং।

বালসানো—শিশুর পীড়া হওয়া; জ্বালাযন্ত্রণা হওয়া। বাংপ্র [, ক্রি, বি]।

বালসুলভ—বালকের উপযুক্ত, যাহা বালকের পক্ষে স্বাভাবিক এমন। ৭মীতৎ। বিণ। [বি; পুং।

†**বালসূর্য**—প্রাতঃকালীন সূর্য, বালার্ক। কর্মধা।

†**বালা**—১। কন্যা; বালিকা; ১৬ বছর পর্যন্ত বয়সের মেয়ে। বি; স্ত্রী। ২। মূর্খা, নবীনা; বালিকা। বাল+আপ্। বিণ; স্ত্রী। ৩। বলয়। বাংপ্র। বি।

বালাই—১। শত্রু, আপদ্; অমঙ্গল, উৎপাত; অমঙ্গলসূচক বাক্যের শান্তিসূচক প্রতিবাক্য বিঃ। ⟨আ 'বলা'। বি। ২। বলিহারি। বাংপ্র। অ। **বালাই লইয়া মরা**—মঙ্গলপ্রার্থনায় উক্তি বিঃ, কাহারও বিপদ্ ও অমঙ্গল নিজে লইয়া তাহাকে মুক্ত করা। **বালাই! ষাট্!**—অমঙ্গলের আশঙ্কায় উক্তি বিঃ, যাহাতে অমঙ্গল না হয় এইরূপ কামনা।

বালাখানা—উপরতলার ঘর; অট্টালিকা। ⟨ফা 'বালাখানহ্'। বি। [বাংপ্র। বি।

বালাপোশ—গোপুচ্ছের লোম দ্বারা নির্মিত বস্ত্র, বিঃ।

বালাপোশ—ভিতরে তুলাভরা গরম গায়ের কাপড়, রেজাই। ফা। বি। [বিঃ। বাংপ্র। বি।

বালাম—একপ্রকার চাউল; চাউল বহন করিবার নৌকা

বালামচি—ঘোড়ার ঘাড়ের বা লেজের লোম। বাংপ্র। বি।

†**বালারুণ, বালার্ক**—নবোদিত সূর্য, প্রাতঃকালীন সূর্য। বাল অরুণ, অর্ক, কর্মধা। বি, পুং।

বালি—১। অল্পবয়স্কা বালিকা ("বালি বিলাসিনি আকুল কান"—বিদ্যা)। প্রা কপ্র। বি বা বিণ; স্ত্রী। ২। সিকতা। ⟨বালুকা। ৩। বানররাজ, সুগ্রীবের অগ্রজ। বল্+ইণ্ কর্তৃ। বি; পুং।

†**বালিকা**—বালা, শিশুকন্যা; বালুকা; কর্ণভূষণ। বালক+আ [। বি; স্ত্রী।

বালিকাসুলভ—ছোট মেয়ের পক্ষে স্বাভাবিক, বালিকার উপযুক্ত। ৭মীতৎ। বিণ। [বি।

বালিঘট—বালিপূর্ণ কলস। বালিপূর্ণ ঘট, মধ্যপ।

বালিয়াড়ি—বালুকার স্তূপ বা চর; সাগর-তীরের বালির ঢিপি বা পাহাড় বাংপ্র। বি।

****বালিশ**—উপাধান। বালিন্ (মস্তক)+শ আছে অর্থে। বি; ক্লী। [বি, পুং।

†**বালী**—সুগ্রীবের অগ্রজ। বাল+ইন্ আছে অর্থে।

†**বালু**—বালি। ⟨বালুকা। বি।

†**বালুকা**—সিকতা, বালি। বল্+উণ্ করণবা+কন্ স্বার্থে+আপ্। বি: স্ত্রী।

বালুকাময়—বালিপূর্ণ, সিকতাময়। বালুকা+ময়ট্ পূর্ণার্থে। বিণ। স্ত্রী, -ময়ী।

বালুশাই—গজার পাকে তৈরী গোলাকার মিষ্টান্ন বিঃ। বাংপ্র। বি। [বি; পুং।

†**বালেন্দু**—শুক্লা দ্বিতীয়ার চন্দ্র। বাল ইন্দু, কর্মধা।

বাল্মিক, বাল্মীক, বাল্মিকি, বাল্মীকি—রামায়ণ রচয়িতা মহর্ষি, আদ্য কবি। বল্মিক, বল্মীক+অণ্, ইঞ্ নির্গতার্থে। বি; পুং।

†**বাল্য**—শৈশব, বাল্যাবস্থা, ১৬ বর্ষ পর্যন্ত কাল। বাল+ষ্যঞ্ ভাবে। বি, ক্লী।

†**বাল্যকাল**—ছেলেবেলা, শৈশব; ষোল বছর পর্যন্ত বয়স। কর্মধা। বি, পুং।

†**বাল্যপ্রণয়**—ছেলেবেলার ভালবাসা, বাল্যবন্ধুত্ব। ৬ষ্ঠীতৎ। বি, পুং। [তৎ। বি, ক্লী।

†**বাল্যপ্রেম** (-প্রেমন্)—ছেলেবেলায় ভালবাসা। ৬ষ্ঠী-

†**বাল্যবন্ধু**—শৈশবসুহৃৎ, ছেলেবেলাকার বন্ধু। ৬ষ্ঠী-তৎ। বি, পুং।

†**বাল্যবিবাহ**—ছেলেবেলায় বিবাহ, অল্পবয়সে বিবাহ। ৭মীতৎ। বি; পুং।

†**বাল্যসখা**—বাল্যসুহৃৎ (তাহা দ্রঃ)। (ব্যাকরণমতে বাল্যসখ।) [স্ত্রী।

†**বাল্যসখী**—ছেলেবেলার সহচরী। ৬ষ্ঠীতৎ। বি;

†**বাল্যসংগী** (-সঙ্গিন্)—ছেলেবেলার সাথী। ৬ষ্ঠী-তৎ। বি; পুং। স্ত্রী, -সঙ্গিনী।

বাল্যসুহৃৎ—ছেলেবেলার বন্ধু। ৬ষ্ঠীতৎ। বি, পুং।
বাশুলী—দুর্গাদেবীর মূর্তি বিঃ; কবি চণ্ডীদাসের পূজিতা নান্নুর গ্রামের বিশালাক্ষী দেবী। <বিশালাক্ষী। বি; স্ত্রী।
বাষট্টি—৬২; ৬২-সংখ্যক। <দ্বিষষ্টি। বি বা বিণ।
বাষ্প, বাষ্প—বায়ুর আকারপ্রাপ্ত সূক্ষ্ম জলকণা, steam ; ভাপ, গরম জল ইঃ হইতে নির্গত ধোঁয়ার মত জিনিস, vapour ; লেশ; আভাস; অশ্রু; কণ্ঠ-বারি: ধূম; লোহ। বাধ্+প কর্তৃ, সংজ্ঞার্থে (ধ্ স্থানে ষ্ বা স্)। বি: পুং।
বাষ্পপোত, বাষ্পীয়পোত—কলের জাহাজ, স্টীমার। বাষ্পচালিত পোত, মধ্যপ কর্মধা; বাষ্পীয় (বাষ্প-চালিত) পোত, কর্মধা। বি; পুং।
বাষ্পবৎ—ভাপের মত। বাষ্প+বতিচ্ তুল্যার্থে। অ।
বাষ্পবারি—অশ্রু। কর্মধা। বি; ক্লী।
বাষ্পযান, -রথ, -শকট—কলের গাড়ি, রেলগাড়ি। বাষ্পচালিত যান, রথ, শকট, মধ্যপ। বি; পুং, বা ক্লী।
বাষ্পরুদ্ধ—অশ্রুদ্বারা রুদ্ধ। ৩য়াতৎ। বিণ।
বাষ্পশকট—'বাষ্পরথ' দ্রঃ। [৩য়াতৎ। বিণ।
বাষ্পাকুল—অশ্রুপূর্ণ; ধূমাকৃতি জলকণায় পূর্ণ।
বাষ্পীভবন—বায়বীয় পদার্থে পরিণত হওয়া, evaporation. বাষ্প+অভূততদ্ভাবার্থে চ্বি (=বাষ্পী)—ভূ+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, —ভূত। [সম্বন্ধার্থে। বিণ।
বাষ্পীয়—বাষ্প সম্বন্ধীয়; বাষ্পচালিত। বাষ্প+ঈয়
বাষ্পীয়পোত—'বাষ্পপোত' দ্রঃ।
বাষ্পীয়যন্ত্র—বাষ্পচালিত যন্ত্র, steam-engine. কর্মধা। বি; ক্লী।
বাষ্পীয়যান, -রথ, -শকট—বাষ্পচালিত গাড়ি, রেলগাড়ি। বাষ্পীয় যান, রথ, শকট, কর্মধা। বি; ক্লী, পুং, পুং বা ক্লী।
বাস্—'বস্' দ্রঃ।
বাস—১। গৃহ, বাসস্থান। বস্+ঘঞ্ অধি। ২। স্থিতি, অবস্থান। বস্+ঘঞ্ ভাব। ৩। বস্ত্র। বস্+ঘঞ্ করণ। ৪। সুগন্ধ। বাস্+অচ্ কর্তৃবা। বি; পুং। ৫। আশ্রয়। প্রা কপ্র। ৬। যাত্রী বহিবার বড় মোটরগাড়ি। <ইং 'bus'. বি।
বাসঃ (বাসস্)—বস্ত্র। বস্+ণিচ্+অস্ করণ। বি; ক্লী।
বাসক—১। বাসক গাছ; বেশভূষা; শয্যাগৃহ। বস্+ণক কর্তৃ। বি; পুং। ২। সুগন্ধকারক। বাস্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—বাসিকা।
বাসকসজ্জা, বাসসজ্জা—যে নায়িকা বেশভূষা করিয়া ও বাসগৃহ সাজাইয়া নায়কের আগমন প্রতীক্ষা করে সে। বাসকে, বাসে সজ্জা যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।
বাসগৃহ—১। শয়নাগার; মধ্যগৃহ; অন্তঃপুর-গৃহ। ৬ষ্ঠীতৎ। ২। তাঁবু। বাস (বস্ত্র)-রচিত গৃহ, মধ্যপ। বি; ক্লী।
বাসন—১। ধূপন, সুগন্ধীকরণ। বাস্+অনট্ ভাব। ২। বস্ত্র। বস্+ণিচ্+অনট্ করণ। ৩। বাসস্থান; জলপাত্র; বাক্স, মোড়ক। বস্+ণিচ্+অনট্ অধি। বি; ক্লী। ৪। থালা বাটি ঘটি প্রঃ পাত্র ('—কোসন')। বাংপ্র। বি।
বাসনা—১। অভিলাষ, কামনা; প্রত্যাশা; স্মৃতি-জনক সংস্কার, জ্ঞান; কল্পনা; মুক্তি। বস্+ণিচ্+অন ভাব+আপ্। ২। সুগন্ধীকরণ। বাস্+ণিচ্+অন ভাব+আপ্। বি।
বাসনা—কলাগাছ প্রঃর উপরের খোসা। বাংপ্র। বি।
বাসন্ত—বসন্ত ঋতু সম্বন্ধীয়। বসন্ত+অণ্ সম্বন্ধার্থে। বিণ। [সম্বন্ধার্থে। বিণ।
বাসন্তিক—বসন্তকাল সম্বন্ধীয়। বসন্ত+ইক
বাসন্তী—১। দুর্গা; নবমল্লিকা; মাধবীলতা; মদনোৎসব; চতুর্দশাক্ষরপাদক ছন্দো বিঃ। বি; স্ত্রী। ২। বসন্ত সম্বন্ধীয়া; বসন্তকালীনা। বসন্ত+অণ্ সম্বন্ধাদ্যর্থে+ঈপ্। বিণ; স্ত্রী। ৩। হরিদ্রাভ, হলদে রংযুক্ত; বাসন্তী রঙে ছোবানো। বাংপ্র। বিণ। **বাসন্তী পূজা**—চৈত্রমাসীয় দুর্গা-পূজা।
বাসব—ইন্দ্র। বসু+অণ্ আছে অর্থে। বি; পুং।
বাসভবন—থাকিবার বাড়ি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
বাসমতী—একপ্রকার সুবাসিত চাউল। বাংপ্র। বি।
বাসর—১। বার ('রবি—'); দিন ('শ্রাদ্ধ—')। বস্+অরন্ অধিবা, সংজ্ঞার্থে। বি; পুং বা ক্লী। ২। বিবাহরাত্রিতে বরকন্যার শয়নগৃহ। <বাসগৃহ। বি। **বাসর জাগা**—বিবাহ-রাত্রিতে বাসরঘরে বর-বধূকে লইয়া স্ত্রীলোকদের আমোদ-প্রমোদ করিয়া রাত কাটানো।
বাসরশয্যা—বিবাহ-রজনীতে বরবধূর ব্যবহার্য শয্যা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বাসরসজ্জা—নায়কের সহিত মিলনার্থিনী রমণীর বেশভূষা; বিবাহরাত্রিতে বরকন্যার শয়নগৃহ সাজানো। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বাসা—১। বসতিস্থান; অস্থায়ী বাসস্থান; পক্ষী প্রঃর আবাসস্থান; নীড়, কুলায়। <বাস। বি। ২। বাসকবৃক্ষ। বস্+ণিচ্+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী। ৩। মনে করা; ভালবাসা; বাস করা; সুগন্ধযুক্ত করা; ইচ্ছা করা। কপ্র। ক্রি।
বাসিত—১। সুরভিত; ভাবিত; বিখ্যাত। বাস্+ণিচ্+ক্ত কর্ম। ২। বসনপরিহিত; কাপড়ে ঢাকা; পুরাতন; আপ্লুত; পর্যুষিত; অধ্যুষিত। বস্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
বাসিন্দা—অধিবাসী। <ফা 'বাশিন্দ্'। বি।
বাসী (বাসিন্)—(উপপদের পরবর্তী হইলে) বাসকারী। বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—বাসিনী।
বাসী—পূর্বদিনের; পর্যুষিত; ধোপাবাড়ির কাচা ('—কাপড়'); যাহা সূর্যোদয়ের পর ঝাঁট দেওয়া বা নিকানো হয় নাই এমন ('—ঘর'); যাহা সূর্যোদয়ের পর ধোওয়া হয় নাই এমন ('—মুখ'); টাটকা নয় এমন; অপরিষ্কৃত; রাত্রের পরিহিত।

বাংপ্র। বিণ। **বাসী বিয়ে**—বিয়ের পরের দিনের অনুষ্ঠান বিঃ। [পুং।

বাসুদেব—শ্রীকৃষ্ণ। বসুদেব+অণ্ অপত্যার্থে। বি;

বাস্তব—১। সত্য, truth, reality. বি। ২। প্রকৃত, যথার্থ; পরমার্থভূত। বস্তু+অণ্ সম্বন্ধাদি অর্থে। বিণ।

বাস্তবিক—যথার্থ, প্রকৃত; পরমার্থভূত। বস্তু+ইক সম্বন্ধাদি অর্থে। বিণ। স্ত্রী, -বিকী।

বাস্তব্য—১। বাসকারী; প্রতিবাসী; বাসের যোগ্য; যাহাকে বাসে স্থাপিত করা যায় এমন। বস্+তব্যণ্ কর্তৃ। বিণ। ২। বসতি। বস্+তব্য অধি (নিপা)। বি; পুং।

বাস্তু—গৃহ; বসতিস্থান; পৈতৃক বাসভূমি, ভিটা। বস্+তুণ্ অধি। বি; পুং বা ক্লী।

বাস্তুকর্ম (-কর্মন্)—গৃহাদি নির্মাণ কার্য। কর্মধা। বি; ক্লী।

বাস্তুকার—যে ঘর বাড়ি বাঁধ পথ ইঃ তৈয়ারি করে, civil engineer. উপতৎ; বাস্তু—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং।

বাস্তুঘুঘু—বহুকালের প্রতিপালিত ঘুঘু; গৃহের ঘুঘু; ধূর্তব্যক্তি। বাংপ্র। বি।

বাস্তুত্যাগী (-ত্যাগিন্)— বাস্তুহারা (তাহা দ্রঃ)। উপতৎ; বাস্তু—ত্যজ্+ঘিনুণ্ কর্তৃ। বি বা বিণ; পুং। [পুং।

বাস্তুদেব—গৃহদেবতা। বাস্তুরক্ষক দেব, মধ্যপ। বি;

বাস্তুদেবতা—আবাসভূমির অধিষ্ঠাত্রী দেবতা। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।

বাস্তুপুরুষ—বাস্তুদেব; শ্রাদ্ধারম্ভে পূজনীয় দেবতা। বাস্তুর অধিষ্ঠাতা পুরুষ, মধ্যপ। বি; পুং।

বাস্তুভিটা—চিরকালের আবাসভূমি। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

বাস্তুযাগ—বাস্তুশুদ্ধির নিমিত্ত করণীয় যজ্ঞ। বাস্তুশুদ্ধিকারক যাগ, মধ্যপ। বি; পুং।

বাস্তুশিল্প—গৃহনির্মাণ-কৌশল, অট্টালিকাদি নির্মাণের বিদ্যা, masonry. মধ্যপ। বি; ক্লী।

বাস্তুসাপ—বহুকাল যাবৎ গৃহে বাসকারী সাপ (লোকে সংস্কারবশতঃ ইহাকে গৃহের দেবতা মনে করে)। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

বাস্তুহারা—উদ্বাস্তু, যাহাকে চিরকালের মত বহু-দিনের বাসভূমি পরিত্যাগ করিতে হইয়াছে, refugee. উপতৎ (বাংপ্র)। বি বা বিণ।

বাস্প—'বাষ্প' দ্রঃ।

বাহ—১। সারথি। বি; পুং। ২। বাহক। বহ্+অণ্ কর্তৃ। বিণ। স্ত্রী—**বাহী**।

বাহক—১। সারথি; বি; পুং। ২। বহনকর্তা। বহ্+ণিচ্ বা বহ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**বাহিকা**।

বাহন—যান, যদ্দ্বারা বহন করা হয় তাহা, হস্তী নৌকা শিবিকা প্রঃ। বহ্+ণিচ্+অনট্ করণ। বি; ক্লী। [প্রশংসাসূচক শব্দ। বাংপ্র। অ।

বাহবা—১। প্রশংসা। বি। ২। শাবাশ বেশ ইঃ

বাহা—১। চালিত করা, আকর্ষণ করা। ক্রি। ২। প্রশংসা। বি। ৩। প্রশংসাসূচক শব্দ। বাংপ্র। অ। [সপ্ততি। বি বা বিণ।

বাহাত্তর—দ্বিসপ্ততি, ৭২; ৭২-সংখ্যক। <দ্বা-

বাহাত্তুরে, বাহাত্তুরে—অকর্মণ্য বৃদ্ধ; বাহাত্তর-বর্ষ-বয়স্ক বৃদ্ধ; ভীমরতিগ্রস্ত। বাংপ্র। বিণ।

বাহাদুর—বীর, সাহসী; কার্যদক্ষ; নিপুণ। ফা। বি বা বিণ। [ভাবার্থে। বি। বিণ। -রী।

বাহাদুরি—বীরত্ব; নিপুণতা; কৌশল। বাহাদুর+ই

বাহাদুরীকাঠ—শাল প্রঃ বৃক্ষের কাণ্ড। বাংপ্র। বি।

বাহানা—আবদার; ওজর। <ফা 'বহানাহ্'। বি।

বাহার—মজা; সৌন্দর্য, চটক, বাহ্যরূপ; সংগীতের রাগ বিঃ। <ফা 'বহার'=বসন্ত কাল। বি।

বাহারে—চটকদার; বাহারপ্রিয়; বাহ্য সৌন্দর্যযুক্ত। বাহার+এ বিশিষ্টার্থে (ফা-মূ)। বিণ।

বাহাল—নিযুক্ত; সুস্থ; বজায়, স্থায়ী; স্থির; অপরিবর্তিত। <ফা-আ 'ব-হাল'। বিণ।

বাহিত—চালিত; যাহা বহন করা হইয়াছে এমন; যাহা বহন করা হয় এমন ('মনুষ্য—'); প্রবাহিত; প্রতারিত, বঞ্চিত। বহ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

বাহিনী—১। সৈন্যদল, army; সেনা বিঃ; ৮১ হস্তী ৮১ রথ ২৪৩ অশ্ব এবং ৪০৫ পদাতি—এতাবৎ-সংখ্যক সৈন্য। বাহ্+ইন্ আছে অর্থে+ঈপ্। ২। বহনকর্ত্রী, বহনকারিণী। বহ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী।

বাহির—১। বহির্ভাগ, বহির্দেশ। বি। ২। বহির্গত; বহিষ্কৃত; বহির্ভূত; প্রকাশিত; আবিষ্কৃত; অতীত; শাসিত; বহির্দেশস্থ; দূরীকৃত; অযোগ্য। <বহিস্। বিণ।

বাহিরা, বাহিরানো—বহির্গত হওয়া। কপ্র। ক্রি।

বাহিরে, বাইরে—১। বহির্ভাগে; অন্য স্থানে। বি। ২। অধিক, ভিন্ন, অতিরিক্ত। বাংপ্র। অ।

বাহী (বাহিন্)—বহনকারী। বহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**বাহিনী**।

* **বাহু**—ভুজ, কক্ষ হইতে অঙ্গুলির অগ্রভাগ পর্যন্ত অবয়ব, arm; ত্রিকোণাদি ক্ষেত্রের পার্শ্বরেখা, side. বহ্+উণ্ কর্তৃ। বি; পুং।

* **বাহুবন্ধন**—দুই বাহু দ্বারা জড়ানো, ভুজবন্ধন। ৩য়াতৎ। বি; ক্লী।

* **বাহুবল**—যুদ্ধোপযোগী হস্তবল; নিজের ক্ষমতা; হাতের বা গায়ের জোর; অস্ত্রশস্ত্রের শক্তি। বাহু-গত বল, মধ্যপ। বি; ক্লী।

* **বাহুবলদৃপ্ত**—শক্তি আছে বলিয়া অত্যধিক গর্বিত, ভুজবলহেতু দর্পিত। ৩য়াতৎ। বিণ।

* **বাহুভূষণ, -ভূষা**—কেয়ূর, বাজু; বাহুর অলংকার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।

* **বাহুমূল**—কক্ষ, বগল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

* **বাহুযুগল**—ভুজদ্বয়; দুইটি বাহু। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি; ক্লী।

* **বাহুযুদ্ধ**—মল্লযুদ্ধ, কুস্তি; হাতাহাতি। ৩য়াতৎ।

* **বাহুল্য**—আধিক্য, প্রাচুর্য। বহুল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

*বাহ্বাস্ফোট—তাল ঠোকা, বাহুতে চপেটাঘাত; লম্ফঝম্প, বিক্রম প্রকাশ। বাহুর আস্ফোট, ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

*বাহ্য—১। বহনীয়। বহ্+ণ্যৎ কর্ম। বিণ। ২। যান, বাহন। বহ্+ণ্যৎ করণ। বি; ক্লী। ৩। বাহিঃস্থিত। বহিস্ (বাহিরে)+য্যঞ্ ভবার্থে। বিণ। **বাহ্য জগৎ**—বাহিরের সংসার; চক্ষুঃকর্ণাদি ইন্দ্রিয়ের বিষয়ীভূত জগৎ। **বাহ্য জ্ঞান**—বাহিরের বোধ; চক্ষুঃকর্ণাদি দ্বারা বিষয়ের উপলব্ধি; জাগতিক জ্ঞান; চেতনা। **বাহ্য দৃশ্য**—বাহিরে ব্যক্ত রূপ; আপাত দৃষ্টিতে বস্তুর যে রূপ দেখা যায় তাহা; বাহিরের চটক।

বাহ্য—মল, দাস্ত। বাংপ্র। বি।

*বাহ্যদৃষ্টি—১। জাগতিক বিষয়-দর্শন; চক্ষুঃকর্ণাদি দ্বারা কোন বিষয়ের বোধ। কর্মধা। বি; স্ত্রী। ২। যাহার বাহ্যদৃষ্টি আছে এমন; অন্তর্দৃষ্টিশূন্য। বহু। বিণ।

বাহ্যমান—যাহা বহন করা হইতেছে এমন। বহ্+ণিচ্+শানচ্ কর্ম। বিণ।

বাহ্যিক—বাহিরের, বহিঃ সম্বন্ধীয়। <বাহ্য। বিণ।

বাহ্যে—মলত্যাগ; মলত্যাগের বেগ; মল; বিষ্ঠা। বাংপ্র। বি। **বাহ্যে পাওয়া**—মলত্যাগের বেগ হওয়া।

°বাহ্যেন্দ্রিয়—বাহিরিন্দ্রিয়, চক্ষুঃ কর্ণ নাসিকা প্রঃ। বাহ্য (বাহিরের) ইন্দ্রিয়, কর্মধা। বি; ক্লী।

বাহ্লিক, বাহ্লীক—আফগানিস্তানের উত্তর-পশ্চিমস্থ প্রাচীন দেশ বিঃ; বাল্খ। বহ্+লিগ্ অধি+কন্ স্বার্থে (বিকল্পে দীর্ঘ)। বি; পুং।

বি—১। বিপরীত; নিশ্চয়; বিরুদ্ধ; বিষম; নিন্দা; বিরক্তি; অসম্মতি; অসহন; প্রভেদ; বিশেষ; কারণ, হেতু; অভাব; গতি; পরিভব; নিগ্রহ; আলম্বন, অবলম্বন; জ্ঞান; শুদ্ধি; অব্যাপ্তি; ঈষৎ; নিষেধ; বিরোধ; দান; নিয়োগ; পাদপূরণ; বৈপরীত্য। বা+কি ভাবে। অ; উপ। ২। পক্ষী। বা+ইন্ (ড্) কর্তৃ। বি; পুং বা স্ত্রী। ৩। আকাশ; স্বর্গ; চক্ষুঃ। বে (বিস্তার করা)+ই কর্তৃ। বি; পুং।

বিউনি—১। কেশবন্ধন বিঃ, বিনানো চুল। <বেণী। ২। তালপাতার বোনা হাতপাখা। <ব্যজনী। বি।

বিউলি—নিস্তুষ মাষ, খোসা ছাড়ানো মাষকলাই। <বিদলিত। বি।

বিংশ—১। বিংশতির পূরক। বিংশতি+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী—বিংশী। ২। কুড়ি। অশু প্র। বি বা বিণ। [স্বার্থে। বিণ।

বিংশক—বিংশতি, কুড়ি, ২০। বিংশতি+ডক

বিংশতি—১। কুড়ি, বিশসংখ্যা। বি; স্ত্রী। ২। বিংশতি-সংখ্যক। দ্বিগুণিত দশ (দশন্-শব্দ), স্বধাপ (নিপা)। বিণ; স্ত্রী।

বিংশতিতম—বিংশতির পূরক। বিংশতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

বিঁড়া, বিঁড়ে, বিড়া, বিড়ে—১। কলসী প্রঃ বসাইবার অথবা মাথায় বোঝা স্থাপন করিবার বেষ্টনী; ধানের আঁটি; পানের ২০ গণ্ডা। বাংপ্র। বি।

বিঁদ, বিঁধ—ছিদ্র। বাংপ্র। বি।

বিঁধন—ছিদ্র-করণ; ফোটাইয়া দেওয়া। বিঁধ্+অন ভাব (বাংপ্র)। বি।

বিঁধা, বেঁধা—ছিদ্র করা বা হওয়া; বিঁধ করা; বিদ্ধ করা বা হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বিঁধানো, বেঁধানো—বিদ্ধ করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বিকচ—১। বিকসিত, প্রস্ফুটিত। বি—কচ্+অচ্ কর্তৃ। ২। কেশরহিত। বিনষ্ট বা বিগত কচ যাহার, বহু। বিণ।

বিকট—ভয়ানক; বিশাল, বিপুল; দন্তুর; বিকৃত, সুন্দর। বি—কট্+অচ্ কর্তৃ। বিণ।

বিকটাকার, বিকটাকৃতি—১। ভীষণ আকৃতিবিশিষ্ট। বিকট আকার, আকৃতি যাহার, বহু। বিণ। স্ত্রী, -রা (১ম পক্ষে)। ২। ভীষণ চেহারা। কর্মধা। বি; পুং, স্ত্রী। [, বি, বিণ]।

বিকনো, বিকানো—বিক্রীত হওয়া। বাংপ্র। ক্রি

বিকম্পিত—অতিশয় কম্পিত। বি—কম্প্+ক্ত কর্তৃ। বিণ। [রূপে) করাল, প্রাদি। বিণ।

বিকরাল—অতি ভীষণ, অতি ভয়ানক। বি (বিশেষ-

বিকর্ণ—১। দুর্যোধনের ভ্রাতা। বি; পুং। ২। কানশূন্য। বিনষ্ট বা বিকৃত কর্ণ যাহার, বহু। বিণ।

বিকর্তন—সূর্যদেব। বি—কৃত্+অনট্ কর্ম। বি; ক্লী।

বিকর্ষণ—আকর্ষণ; বিপরীত দিকে টানা; ঠেলিয়া দেওয়া, repulsion; বিপরীত আকর্ষণ। বি—কৃষ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—বিকৃষ্ট।

বিকল—অবশ; বিহ্বল; অপ্রতিভ; অসম্পূর্ণ; হ্রাসপ্রাপ্ত; নষ্ট; যাহার যন্ত্র বিকৃত হইয়াছে এমন, ব্যবহারের অযোগ্য; অস্বাভাবিক; কলাহীন, অসমর্থ; রহিত। বিনষ্টা কলা যাহার, বহু। বিণ।

বিকলা—কলার ৬০ অংশ, second. বিভক্তা কলা, প্রাদি। বি; স্ত্রী।

বিকলাঙ্গ—১। যাহার শরীরের কোন অংশ অকর্মণ্য হইয়া পড়িয়াছে এমন, হীনাঙ্গ। বিকল অঙ্গ যাহার, বহু। বিণ। স্ত্রী, -ঙ্গা, -ঙ্গী। ২। অবশ বা বিকৃত অঙ্গ। কর্মধা। বি; ক্লী।

বিকলেন্দ্রিয়—যাহার ইন্দ্রিয় অবশ হইয়াছে এমন যাহার হাত-পা প্রঃর জোর কম এমন। বিকল ইন্দ্রিয় যাহার, বহু। বিণ।

বিকল্প—সন্দেহ; ভ্রম, ভ্রান্তি; বিপরীত কল্প; বিবিধ কল্পনা, ইচ্ছানুযায়ী কল্পনা; ভেদবুদ্ধি বিঃ; হয় ইহা নয় উহা এইরূপ বিভাষা; অর্থালংকার বিশেষ। বি (বিভিন্ন) কল্প (বিধান ইঃ), প্রাদি। বি; পুং।

বিকল্পিত—অনিয়মিত; বিবিধরূপে কল্পিত; সন্দিগ্ধ; হয় ইহা নয় উহা এইরূপে বিভাষিত। বিকল্প+ইতচ্ জাতার্থে, আছে অর্থে। বিণ।

বিকশিত, বিকসিত—প্রকাশিত, প্রফুল্ল, প্রস্ফুটিত। বি—কশ্, কস্+ক্ত কর্তৃ। বিণ।

বিকানো—'বিকনো' দ্রঃ।

বিকার—বিকৃতি; ভিন্নরূপপ্রাপ্তি; রূপান্তরপ্রাপ্তি; গাঁজিয়া বা পচিয়া ওঠা; অস্বাস্থ্য; রোগ; স্খলন;

রোগজনিত প্রলাপ ও মস্তিষ্কবিকৃতি, delirium. বি—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

বিকারগ্রস্ত—জ্বরাদিরোগে যাহার মাথা খারাপ হইয়াছে এমন; বিকৃতিযুক্ত; স্বাস্থ্যহীন; অস্বাভাবিক অবস্থায় উপনীত। ৩য়াতৎ। বিণ।

বিকারী (বিকারিন্)—পরিবর্তনশীল; বিকৃতিযুক্ত। বিকার+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**রিণী**।

বিকার্য—বিকার সাধনের যোগ্য, পরিবর্তনীয়। বি—কৃ+ণ্যৎ কর্ম। বিণ।

বিকাল—বৈকাল, অপরাহ্ণ। বি (অর্থাৎ দৈব-পৈত্রাদি কর্মে বিরুদ্ধ) কাল (সময়), প্রাদি। বি; পুং।

বিকাশ, বিকাস—প্রকাশ; উন্মেষ; অভিব্যক্তি; প্রসার, বিস্তার; উল্লাস; বিষমগতি। বি—কাশ্, কাস বা কশ্, কস্+ঘঞ্ ভাব। বি; পুং।

বিকাশন, বিকাসন—প্রকাশ; প্রস্ফোটন। বি—কাশ্, কাস্+অনট্ ভাব। বি; ক্লী।

বিকাশিত, বিকাসিত—প্রকাশিত; প্রস্ফুটিত। বি—কাশ্, কাস্+ক্ত কর্তৃ; অথবা বিকাশ, বিকাস+ইতচ্ জাতার্থে। বিণ। [বিণ।

বিকাশোন্মুখ—বিকশিত হইতেছে এমন। ৭মীতৎ।

বিকিকিনি—ক্রয়বিক্রয়, বেচা-কেনা। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

বিকিরণ—১। বিক্ষেপণ; ছড়ানো, radiation ; জ্ঞান। বি—কৄ+অনট্ ভাব। বি; ক্লী। ২। কিরণ-রহিত। বিগত কিরণ যাহার, বহু। বিণ।

বিকীর্ণ—বিস্তৃত; বিক্ষিপ্ত; বিস্তারিত; ছড়ানো; বিখ্যাত। বি—কৄ+ক্ত কর্ম। বিণ। (আধুনিক প্র—বিকিরিত)।

বিকীর্যমাণ—যাহা ছড়ানো হইতেছে এমন। বি—কৄ+শানচ্ কর্ম। বি।

বিকৃত—বিকারপ্রাপ্ত; স্বভাবের অন্যথাভাবপ্রাপ্ত, (তাহা হইতে) মন্দ অবস্থাপ্রাপ্ত, বিকারবিশিষ্ট; অন্যথাকৃত; বিরূপ; ঘৃণিত; রুগ্ণ; পীড়িত; অসম্পূর্ণ; মায়াবী; বীভৎস; বিকট; বিকল। বি—কৃ+ক্ত কর্ম। বিণ।

বিকৃতকণ্ঠ—১। ভাঙ্গা গলা; গলার স্বাভাবিক আওয়াজের অন্যথাভাব। কর্মধা। বি; পুং। ২। যাহার স্বরভঙ্গ হইয়াছে এমন। বহু। বিণ।

বিকৃতমস্তিষ্ক—১। বিকারগ্রস্ত মস্তিষ্ক, খারাপ মাথা। কর্মধা। বি; পুং। ২। পাগল। বহু। বিণ।

বিকৃতি—বিকার, প্রকৃতির অন্যথাভাব; রোগ, পীড়া। বি—কৃ+ক্তি ভাব, করণ। বি; স্ত্রী।

বিকৃষ্ট—আকৃষ্ট; উদ্ধৃত। বি—কৃষ্+ক্ত কর্ম। বিণ।

বিকেন্দ্রীকরণ—কোন কিছুর ব্যবস্থা কেন্দ্রে নিবদ্ধ না রাখিয়া নানাস্থানে ছড়াইয়া দেওয়া, decentralization. বিকেন্দ্র+চ্বি—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।

বিকেল—বিকালবেলা, অপরাহ্ণ। বাংপ্র। বি।

বিক্রম—১। বীরত্ব, শৌর্য; সামর্থ্য; পরাক্রম; সাহস; চলন; আক্রমণ। বি—ক্রম্+ঘঞ্ ভাব। ২। পক্ষীর গতি। বি-এর (পক্ষীর) ক্রম (গতি), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিক্রমশালী (-শালিন্)—পরাক্রান্ত, প্রভাবশালী; শৌর্যসম্পন্ন। উপতৎ; বিক্রম—শাল্।ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**শালিনী**।

বিক্রমাদিত্য—উজ্জয়িনীর রাজা বিঃ; কয়েকজন প্রাচীন রাজার উপাধি। বিক্রমে আদিত্য, ৭মীতৎ। বি; পুং। [পুং।

বিক্রমাব্দ—সংবৎ। বিক্রম প্রবর্তিত অব্দ, মধ্যপ। বি;

বিক্রমী (-মিন্)—বীর; বিষ্ণু; সিংহ; পরাক্রমশালী; প্রভাবশালী। বিক্রম+ইন্ আছে অর্থে; অথবা, বি—ক্রম্+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -**মিণী**।

বিক্রয়—মূল্যগ্রহণ ও স্বত্বত্যাগপূর্বক অর্পণ, বেচা। বি—ক্রী+অচ্ ভাব। বি; পুং।

বিক্রয়িক, বিক্রয়ী (-য়িন্)—বিক্রেতা। বিক্রয়+ইক (ঠন্) করে অর্থে; বিক্রয়+ইন্ জীবিকার্থে। বিণ। স্ত্রী, -**য়িকা**, -**য়িনী**। [বিণ।

বিক্রান্ত—বিক্রমশালী, বীর। বি—ক্রম্+ক্ত কর্তৃ।

বিক্রি—১। বিক্রয়। বি। ২। বিক্রীত। <বিক্রয়। বিণ।

বিক্রিয়া—বিকার, স্বাভাবিক অবস্থার অন্যথাভাব; রাসায়নিক প্রতিক্রিয়া, chemical reaction. বি—কৃ+শ ভাব+আপ্। বি; স্ত্রী।

বিক্রীড়িত—নানাপ্রকার খেলা, gambol. বি—ক্রীড্+ক্ত ভাব। বি; ক্লী। [বিণ।

বিক্রীত—যাহা বেচা হইয়াছে এমন। বি—ক্রী+ক্ত কর্ম।

বিক্রেতা (বিক্রেতৃ)—বিক্রয়কারী। বি—ক্রী+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**ত্রী**।

বিক্রেয়—বিক্রয়যোগ্য, যাহা বিক্রয় করা যাইতে পারে এমন; পণ্য। বি—ক্রী+যৎ কর্ম। বিণ।

বিক্লব—১। বিহ্বল; বিবশ; চঞ্চলচিত্ত; উদ্‌ভ্রান্ত; ভীত; কাতর; কর্তব্য-অকর্তব্য নির্ণয়ে অসমর্থ; উপহত। বি—ক্লু+অচ্ কর্তৃ। বিণ। ২। ব্যাকুলতা; জড়তা; ঔদাস্য; ভ্রান্তি। বি—ক্লু+অপ্ ভাব। বি; পুং। [প্রাদি। বিণ।

বিক্ষত—বিশেষরূপে আঘাতপ্রাপ্ত বা ক্ষতবিক্ষত।

বিক্ষিপ্ত—ত্যক্ত; বিস্তারিত, ছড়ানো; যাহা ক্ষেপণ করা হইয়াছে এরূপ; প্রেরিত; বিকীর্ণ; অস্থির; অনিবিষ্ট ('— মন')। বি—ক্ষিপ্+ক্ত কর্ম। বিণ।

বিক্ষুব্ধ—বিচলিত; চঞ্চল; বিশেষরূপে আন্দোলিত। বি—ক্ষুভ্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

বিক্ষেপ—নিক্ষেপ; ত্যাগ; ভয়; অস্থিরতা, চাঞ্চল্য; চিত্তচাঞ্চল্য; প্রসারণ, সঞ্চালন; প্রেরণ; কোন একটি সুরে আঘাত করিয়াই সেই সুর হইতে এক দুই বা ততোধিক সুর ব্যবধানে আরোহণ-ক্রম বা অবরোহণ-ক্রম। বি—ক্ষিপ্+ঘঞ্ ভাব। বি; পুং।

বিক্ষেপণ—নিক্ষেপ; প্রেরণ; বিকিরণ; চিত্তচাঞ্চল্য। বি—ক্ষিপ্+অনট্ ভাব। বি; ক্লী।

বিক্ষোভ—ক্ষোভ, দুঃখ; বিদারণ, উদ্রেক; সংঘটন; ভয়; কম্প; চাঞ্চল্য; উৎকণ্ঠা। বি—ক্ষুভ্+ঘঞ্ ভাব। বি; পুং।

বিখ—বিষ। প্রা কপ্র। বি। [কর্ম। বিণ।

বিখণ্ডিত—বিদীর্ণ; ছিন্ন; কর্তিত। বি—খন্ড্+ক্ত

বিখাউজ—চুলকানি রোগ বিঃ। বাংপ্র। বি।

বিখ্যাত—খ্যাতিসম্পন্ন, প্রসিদ্ধ। বি—খ্যা+ক্ত কর্ম; অথবা, বিশেষরূপে খ্যাত, প্রাদি। বিণ।

বিখ্যাতি—সুনাম, যশ, প্রসিদ্ধি। বি—খ্যা+ক্তি ভাব। বি; স্ত্রী।

বিগড়নো, বিগড়ানো—খারাপ করা বা হওয়া; নষ্ট করা বা হওয়া; বিরুদ্ধ করা বা হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বিগত—অতীত; মৃত; প্রস্থিত; নষ্ট; নিষ্প্রভ; ভূত; সম্পন্ন; মলিন। বি—গম্+ক্ত কর্তৃ। বিণ।

বিগতপ্রাণ—মৃত। বহু। বিণ।

বিগতযৌবন—১। যাহার যৌবন চলিয়া গিয়াছে এমন। বহু। বিণ। ২। অপগত তারুণ্য। কর্মধা। বি; ক্লী।

বিগতশ্রী—১। বিনষ্ট সৌন্দর্য। কর্মধা। বি; স্ত্রী। ২। যাহার সৌন্দর্য নষ্ট হইয়াছে এমন। বিগতা শ্রী যাহার, বহু। বিণ।

বিগতস্পৃহ—কামনাবিহীন; যাহার আকাঙ্ক্ষা দূরীভূত হইয়াছে এমন, লালসাবিহীন। বিগত স্পৃহা যাহার, বহু। বিণ। [ভাব। বি; পুং।

বিগম—অপগম; নাশ; নিষ্পত্তি। বি—গম্+অপ্

বিগর্হিত—অতি নিন্দিত। বিশেষরূপে গর্হিত, প্রাদি। বিণ। বি—**বিগর্হণ, বিগর্হণা।**

বিগলন—ক্ষরণ; গলিয়া যাওয়া; দ্রবণ; স্খলন। বি—গল্+অনট্ ভাব। বি; ক্লী।

বিগলিত—স্খলিত; দ্রবীভূত; দয়ার্দ্র; ক্ষরিত; পতিত, ভ্রষ্ট। বি—গল্+ক্ত কর্তৃ। বিণ।

বিগার—বিকার; অদম্য কামোন্মাদনা। বাংপ্র। বি।

বিগুণ—১। বিকৃত; গুণহীন; প্রতিকূল। বিরুদ্ধ, বিনষ্ট গুণ যাহার, বহু। বিণ। ২। বিরুদ্ধ গুণ; অপকার। বিরুদ্ধ গুণ, প্রাদি। বি; পুং।

বিগ্রহ—১। দেবমূর্তি; শরীর, দেহ; মূর্তি; সমাসের বাক্য। বি—গ্রহ্+অপ্ কর্ম। ২। বিশেষ জ্ঞান। বি—গ্রহ্+অপ্ করণ। ৩। যুদ্ধ; বিস্তার; বিভাগ; বিবাদ; প্রহার। বি—গ্রহ্+অপ্ ভাব। বি; পুং।

বিগ্রহপ্রতিষ্ঠা—দেবতার মূর্তি স্থাপন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিঘটন—বিশ্লেষ, অসংযোগ; ব্যাঘাত; বিরোধ; বিকাশ। বি—ঘট্+অনট্ ভাব। বি; ক্লী।

বিঘটিত—১। বিশ্লেষিত; বিকসিত; ব্যাহত; বিশেষরূপে রচিত। বি—ঘট্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। ২। মন্দ ঘটনা; দুর্দশা ('বিঘটিত বিহি নিরমাণ—বিদ্যা')। প্রা কপ্র। বি।

বিঘত—হাতের বুড়ো আঙ্গুল হইতে কড়ে আঙ্গুল পর্যন্ত বিস্তার; দ্বাদশাংগুলি, অর্ধহস্ত। < বিতস্তি। বি।

বিঘা—১। ভূমির পরিমাণ বিঃ: ২০ কাঠা। < বিগ্রহ। ২। ব্যাঘাত, অন্তরায়। < বিঘাত। বি।

বিঘাতী (-তিন্)—১। বিনাশকারী; ব্যাঘাতক; ঘাতক; নিবারক। বি—হন্+ণিন্ কর্তৃ। ২। নষ্ট; ব্যাহত; ধ্বস্ত। বিঘাত+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-তিনী।**

বিঘূর্ণিত—যাহা ঘুরিতেছে এমন। বিশেষরূপে ঘূর্ণিত, প্রাদি। বিণ।

বিঘোর—ভীষণ বিপদ্; বেহুঁশ অবস্থা। বাংপ্র। বি।

বিঘোষণ—ঘোষণা করা, ইতস্ততঃ জানানো। বি—ঘুষ্+অনট্ ভাব। বি; ক্লী।

বিঘোষিত—বিশেষভাবে জ্ঞাপিত; প্রচারিত; রাষ্ট্র। বি—ঘুষ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

বিঘ্ন—বাধা, ব্যাঘাত, প্রত্যূহ, প্রতিবন্ধ। বি—হন্+ক কর্তৃ। বি; পুং।

বিঘ্ননাশক, -নাশন, -বিনাশন, -হর, -হারী (-হারিন্) —১। গণেশ। বি; পুং। ২। বিপদ্ প্রতিবন্ধকাদি-নিবারক। বিঘ্নের নাশক, নাশন, বিনাশন (উচ্ছেদক), ৬ষ্ঠীতৎ; উপতৎ; বিঘ্ন—হৃ+অচ্ কর্তৃ; বিঘ্ন—হৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-নাশিকা, -না, -না, -রা, -হারিণী।** [জাতার্থে। বিণ

বিঘ্নিত—প্রতিহত, বিঘ্নপ্রাপ্ত। বিঘ্ন+ইতচ্

বিচক্ষণ—জ্ঞানী; বিদ্বান্; দূরদর্শী, অভিজ্ঞ; নিপুণ; কুশল; বক্তা। বি—চক্ষ্+অন কর্তৃ। বিণ।

বিচক্ষণতা—বিজ্ঞতা; নৈপুণ্য; পাণ্ডিত্য; পটুত্ব। বিচক্ষণ+তা ভাবে। বি; স্ত্রী।

বিচয়, বিচয়ন—সংগ্রহ, একত্রীকরণ; অনুসন্ধান। বি—চি+অচ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

বিচরণ—ভ্রমণ, ইতস্ততঃ বেড়ানো। বি—চর্+অনট্ ভাব। বি; ক্লী।

বিচরা—বিচরণ করা। কপ্র। ক্রি।

বিচল, বিচলিত—অস্থির; চ্যুত; যে নাড়া পাইয়াছে এমন; ব্যগ্র; স্খলিত; কম্পিত। বি—চল্+অচ্, ক্ত কর্তৃ। বিণ। [বি; ক্লী।

বিচলন—স্খলন, চ্যুতি; নড়া। বি—চল্+অনট্ ভাব।

বিচলিত—'বিচল' দ্রঃ।

বিচার—মীমাংসা; বিবেচনা, যুক্তিপ্রয়োগ; তত্ত্বনির্ণয়; যাথার্থ্যনির্ণয়; তর্ক; ভাল মন্দ ন্যায় অন্যায় দোষ-গুণ প্রভৃতির নিরূপণ। বি—চর্+ঘঞ্ ভাব। বি; পুং।

বিচার-আচার—শুদ্ধাচার; কর্তব্য অকর্তব্য নির্ণায়ক শাস্ত্র প্রভৃতির বিবেচনা। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

বিচারক—নিষ্পত্তিকারক, মীমাংসাকারক, বিচারকর্তা; জজ ম্যাজিস্ট্রেট প্রভৃতি। বি—চর্+ণিচ্+ণক কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-রিকা।**

বিচারকর্তা (-কর্তৃ)—মীমাংসাকারী, বিচারক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-কর্ত্রী।**

বিচারণ, বিচারণা—বিচার; বিবেচনা। বি—চর্+ণিচ্ +অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

বিচারণীয়—বিচার্য, বিচারযোগ্য। বি—চর্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।

বিচারপতি—বিচারক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিচারফল—বিবেচনার পর লব্ধ সিদ্ধান্ত, জজ প্রভৃতি বিচারক বিচার করিয়া শেষে যে মীমাংসায় পৌঁছেন তাহা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বিচারাজ্ঞা, বিচারাদেশ—বিচারকের রায়। বিচার (সিদ্ধান্ত)-জ্ঞাপক আজ্ঞা, আদেশ, মধ্যপ। বি; স্ত্রী, পুং।

বিচারাধীন—যাহার বিচার হইতেছে এমন। ৬ষ্ঠীতৎ বিণ।

বিচারালয়—আদালত, ধর্মাধিকরণ। বিচারের আলয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিচারিত—যাহার বিচার করা হইয়াছে এমন, মীমাংসিত; বিবেচিত; কল্পিত, নির্ণীত। বি—চর্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

বিচারী (-রিন্)—বিচারকারক; কর্তব্যাকর্তব্য-নির্ধারণকারী; ব্যভিচারী; ভ্রমণকারী। বি—চর্+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-রিণী**।

বিচার্য—বিচার করিবার যোগ্য; বিবেচ্য। বি—চর্+ণিচ্+যৎ কর্ম। বিণ।

বিচালি—আঁটি-বাঁধা ধানের খড়। বাংপ্র। বি।

বিচি, বীচি—ফলের আঁটি; অণ্ডকোষ। < বীজ। বি।

বিচিকিৎসা—সন্দেহ, সংশয়; ভ্রম। বি—কিৎ+সন্ স্বার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

বিচিত—সংগৃহীত; অন্বিষ্ট। বি—চি+ক্ত কর্ম। বিণ।

বিচিত্র—১। নানাবর্ণ; অর্থালংকার বিঃ। বি; ক্লী। ২। নানাবর্ণ-বিশিষ্ট; আশ্চর্য, বিস্ময়কর; রম্য, সুন্দর। বিশেষরূপে চিত্র, প্রাদি। বিণ।

বিচিত্রতা—অপরূপতা; সৌন্দর্য; বহুবর্ণযুক্ত অবস্থা। বিচিত্র+তা ভাবে। বি; স্ত্রী।

বিচিত্রদেহ—১। নানাবর্ণ বা সুন্দরদেহবিশিষ্ট। বিণ। ২। মেঘ। বহু। বি; পুং।

বিচিত্রিত—নানাবর্ণবিশিষ্ট; নানাপ্রকারে চিত্রিত। বিচিত্র+ইতচ্ আছে অর্থে; অথবা, বিশেষরূপে চিত্রিত, প্রাদি। বিণ।

বিচিন্তন—বিশেষরূপে বিবেচনাকরণ; অভিনিবেশ-সহকারে ভাবা। বি—চিন্তি+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**বিচিন্তনীয়, বিচিন্তিত**।

বিচিন্ত্যমান—যাহার বিষয় বিশেষরূপে চিন্তা করা হইতেছে এমন। বি—চিন্তি+শানচ্ কর্ম। বিণ।

বিচূর্ণ, বিচূর্ণিত—যাহা ভাল করিয়া গুঁড়া করা হইয়াছে এমন; উত্তমরূপে চূর্ণীকৃত। প্রাদি। বিণ।

বিচেষ্ট—নিশ্চেষ্ট, উদ্যমহীন। বিগতা চেষ্টা যাহার, বহু। বিণ।

বিচ্ছিন্ন—বিযুক্ত, বিভিন্ন; ছিন্নভিন্ন; বিভক্ত; বিনষ্ট; সমালব্ধ। বি—ছিদ্+ক্ত কর্ম। বিণ।

বিচ্ছিরি—কুৎসিত। < বিশ্রী। বিণ।

বিচ্ছু—১। কাঁকড়া বিছা, scorpion; বিছা; বৃশ্চিক; অনিষ্টকারী ধূর্ত ব্যক্তি। বি। ২। চঞ্চল; দংশনশীল। < বৃশ্চিক। বিণ।

বিচ্ছুরণ—রঞ্জন, অনুলেপন; বিকিরণ, আলোক-রশ্মির নানাবর্ণে বিশ্লেষণ, dispersion. বি—ছুর্+অনট্ ভাব। বি; ক্লী।

বিচ্ছুরিত—অনুলিপ্ত; অনুরঞ্জিত; বিভিন্ন বর্ণে বিশ্লিষ্ট ('—আলোকরশ্মি')। বি—ছুর্+ক্ত কর্ম। বিণ।

বিচ্ছেদ—ছাড়াছাড়ি, বিয়োগ; বিরহ; অভাব; বিভাগ; পার্থক্য; বিরাম; সন্ততিরাহিত্য, ছেদ। বি—ছিদ্+ঘঞ্ ভাব। বি; পুং।

বিচ্যুত—পতিত, ভ্রষ্ট; বিশ্লিষ্ট; ক্ষরিত। বি—চ্যু+ক্ত কর্তৃ। বিণ।

বিচ্যুতি—পতন, ভ্রংশ, স্খলন; ক্ষরণ; ত্রুটি। বি—চ্যু+ক্তি ভাব। বি; স্ত্রী।

বিছা—কীট বিঃ। < বৃশ্চিক। বি।

বিছানা—শয্যা; বসিবার জন্য আস্তরণ। < বিচ্ছাদন। বি।

বিছানো—বিস্তার করা; পাতা; বিন্যস্ত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বিছুটি, বিছুতি—জ্বালাকর পত্রযুক্ত ঝোপগাছ বিঃ। < বৃশ্চিকলী। বি।

বিজকুড়ি—১। বীজবৎ ক্ষুদ্র। বিণ। ২। বুদ্বুদ; ক্ষুদ্রব্রণ। বাংপ্র। বি।

বিজড়িত—যাহা জড়াইয়া পড়িয়াছে এমন; সংশ্লিষ্ট। বাংপ্র। বিণ।

বিজন—নির্জন, জনশূন্য। বিগত জন যাহা হইতে, বহু। বি; ক্লী, বা বিণ।

বিজন্মা (-ন্মন্)—বিজাত, জারজ। বি (বিরুদ্ধ) জন্ম যাহার, বহু। বিণ।

বিজবিজ—বীজের মত বহু জিনিসের সমাবেশের ভাবপ্রকাশ, বহু কীটের একত্র সমাবেশের ভাব-প্রকাশ। বাংপ্র। অ।

বিজয়—জয়, পররাজ্যাধিকার; বিপক্ষকে সম্পূর্ণরূপে হারাইয়া দেওয়া। বি—জি+অচ্ ভাব। বি; পুং।

বিজয়কেতন—জয়সূচক পতাকা। মধ্যপ। বি; ক্লী।

বিজয়গৌরব—জয়লাভহেতু গর্ব। মধ্যপ। বি; ক্লী।

বিজয়দৃপ্ত—জয়লাভ হওয়াতে অত্যধিক গর্বিত। বিজয়হেতু দৃপ্ত, ৩য়াতৎ। বিণ।

বিজয়লক্ষ্মী—যুদ্ধে জয়প্রদানকারিণী দেবী; জয়-লাভরূপ ভাগ্য। বিজয়দায়িনী লক্ষ্মী, মধ্যপ; অথবা, বিজয়রূপা লক্ষ্মী, রূপক কর্মধা। বি; স্ত্রী।

বিজয়া—দুর্গা; দুর্গার সখী বিঃ; শ্রবণানক্ষত্রযুক্তা দ্বাদশী; বিজয়া দশমী; সিদ্ধি। ভাঙ্। বি—জি+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী। **বিজয়া দশমী**—আশ্বিনমাসের শুক্ল পক্ষের দশমী তিথি। **বিজয়া সপ্তমী**—রবিবারযুক্তা শুক্লপক্ষের সপ্তমী।

বিজয়ী (-য়িন্)—জয়যুক্ত; জয়শীল। বিজয়+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-য়িনী**।

বিজয়োৎসব—১। জয়লাভহেতু অনুষ্ঠিত উৎসব। বিজয়জনিত উৎসব, মধ্যপ। ২। আশ্বিনমাসের শুক্লা দশমীর উৎসব, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিজর—জরারহিত, চিরতরুণ। বিগতা জরা যাহার, বহু। বিণ।

বিজলি, বিজলী—তড়িৎ। < বিদ্যুৎ। বি।

বিজলি-বাতি—বৈদ্যুতিক আলো। বাংপ্র। বি।

বিজাত—১। জারজ, বিজন্মা। বিকৃত জাত (জন্ম) যাহার, বহু। ২। উৎপন্ন, উদ্ভূত। বি—জন্+ক্ত কর্তৃ। বিণ।

বিজাতি—ভিন্নজাতি। বি অর্থাৎ ভিন্ন যে জাতি, প্রাদি। বি; স্ত্রী।

বিজাতীয়—১। ভিন্নধর্মাক্রান্ত; ভিন্নজাতীয়। বিজাতি+ঈয় সম্বন্ধার্থে। ২। ভীষণ, অত্যধিক। বাংপ্র। বিণ।

বিজিগীষা—জয়েচ্ছা; লোকনিন্দা গ্রাহ্য না করা। বি—জি+সন্ ইচ্ছার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

বিজিগীষু—জয়েচ্ছু; জয়লাভে ইচ্ছুক। বি—জি+সন্ ইচ্ছার্থে+উ কর্তৃ। বিণ।
বিজিত—পরাভূত, পরাজিত। বি—জি+ক্ত কর্ম। বিণ।
বিজুরি, বিজুরী, বিজুলী—বিদ্যুৎ। কপ্র। বি।
বিজৃম্ভণ—হাই তোলা; ইচ্ছা; বিকাশ; বিস্তার। বি—জৃন্ভ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—বিজৃম্ভিত। [স্ত্রী, -তা।
বিজেতা (-তৃ)—জয়ী। বি—জি+তৃন্ কর্তৃ। বিণ।
বিজেয়—জয় করিবার যোগ্য; জয়সাধ্য। বি—জি+যৎ কর্ম। বিণ।
বিজোড়—অযুগ্ম, বিষম, জোড় নহে এমন; যাহাকে ২ দিয়া ভাগ করিলে মিলিয়া যায় না এমন, odd ('—সংখ্যা'; যেমন, ৫, ৯, ১১)। বি (নয়) জোড়, প্রাদি (বাংপ্র)। বিণ।
বিজ্ঞ—বিচক্ষণ, জ্ঞানী, বিশেষজ্ঞ; প্রবীণ; নিপুণ। বি—জ্ঞা+ক কর্তৃ। বিণ।
বিজ্ঞতা, বিজ্ঞত্ব—বিচক্ষণতা, জ্ঞান। বিজ্ঞ+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
বিজ্ঞপ্তি, বিজ্ঞাপ্তি—নিবেদন; বিশেষ জ্ঞাপন, বিজ্ঞাপন, বৃত্তান্তকথন। বি—জ্ঞপ্ বা জ্ঞা+ণিচ্+ক্তি ভাব। বি; স্ত্রী। বিণ—**বিজ্ঞপ্ত, বিজ্ঞাপিত।**
বিজ্ঞান—১। পদার্থের তত্ত্বনির্ণায়ক শাস্ত্র। বি—জ্ঞা+অনট্ করণ। **২।** জ্ঞান; তত্ত্বজ্ঞান; বুদ্ধি; পরীক্ষা প্রমাণ যুক্তি ইঃ দ্বারা নির্ণীত জ্ঞান, science; শিল্পাদির জ্ঞান; চিত্রাদি এবং ব্যাকরণাদির জ্ঞান; মায়াবৃত্তি বিঃ; অবিদ্যাবৃত্তি বিঃ; আত্মস্বরূপজ্ঞান। বি—জ্ঞা+অনট্ ভাব। বি; ক্লী।
বিজ্ঞানবিৎ (-বিদ্), **-বেত্তা** (-বেত্তৃ)—যাহার বিজ্ঞানশাস্ত্র ভালরূপ জানা আছে এমন। উপতৎ; বিজ্ঞান—বিদ্+ক্বিপ্, তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বেত্রী** (২য় পক্ষে)। [বি; পুং।
বিজ্ঞানময়কোষ—পঞ্চজ্ঞানেন্দ্রিয়-সহিত বুদ্ধি। কর্মধা।
বিজ্ঞানশাস্ত্র—যে শাস্ত্র পাঠে পদার্থের সূক্ষ্মতত্ত্ব সম্বন্ধে জ্ঞান জন্মে তাহা। বিজ্ঞানবিষয়ক শাস্ত্র, মধ্যপ। বি; ক্লী।
বিজ্ঞানাচার্য—বিজ্ঞানশাস্ত্রের শিক্ষাদাতা। বিজ্ঞানের আচার্য, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বিজ্ঞানী (-নিন্)—বিজ্ঞানবিৎ, scientist. বিজ্ঞান+ইন্ জানে অর্থে। বিণ; পুং। স্ত্রী—**বিজ্ঞানিনী।**
বিজ্ঞাপন—১। বিদিত করণ, জানানো; নিবেদন; বিজ্ঞপ্তি, advertisement, notice. বি—জ্ঞা+ণিচ্+অনট্ ভাব। **২।** বিদিত করণের পত্র। বি—জ্ঞা+ণিচ্+অনট্ করণ। বি; ক্লী।
বিজ্ঞাপনী—কোন বিষয়ে লিখিয়া আবেদন করা, রিপোর্ট; দরখাস্ত; জ্ঞাপনপত্রী। বি—জ্ঞা+ণিচ্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।
বিজ্ঞাপনীয়—বিজ্ঞাপনযোগ্য, জানাইবার মত। বি—জ্ঞা+ণিচ্+অনীয় কর্ম। বিণ।
বিজ্ঞাপিত—নিবেদিত, যাহা জানানো হইয়াছে এমন; বিজ্ঞাপন দ্বারা প্রচারিত। বি—জ্ঞা+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
বিজ্ঞাপ্তি—'বিজ্ঞপ্তি' দ্রঃ।
বিজ্ঞাপ্য—বিজ্ঞাপনীয়। বি—জ্ঞা+ণিচ্+যৎ কর্ম। বিণ।
বিজ্ঞেয়—বিশেষরূপে জানিবার যোগ্য। বি—জ্ঞা+যৎ [কর্ম। বিণ।
বিজ্বর—যাহার জ্বর ছাড়িয়া গিয়াছে এমন; যে দুশ্চিন্তা বা উত্তেজনা হইতে মুক্তি পাইয়াছে এমন। বিগত হইয়াছে জ্বর যাহার, বহু। বিণ।
বিট—ধূর্ত; কামুক, লম্পট; নায়কসহচর বিঃ; গন্ধকগন্ধ কৃত্রিম লবণ বিঃ। বিট্+ক কর্তৃ। বি; পুং।
বিটকেল—বিকট, ভীষণ; কুৎসিত। বাংপ্র। বিণ।
বিটঙ্ক—পায়রার খোপ; পায়রা ইঃ থাকিবার স্থান; পাখি ধরিবার ফাঁদ। বি—টন্ক্+ঘঞ্ অধি। বি; পুং বা ক্লী।
বিটপী (-পিন্)—তরু, বৃক্ষ, শাখী; বটবৃক্ষ। বিটপ (শাখা)+ইন্ আছে অর্থে। বি; পুং।
বিটলে, বিটেল—দুষ্ট, প্রতারক; ভণ্ড; কামুক; ধূর্ত; বাচাল; অশ্লীলভাষী। ✓বিট। বিণ।
বিড়ংগ—ফল বিঃ (ঔষধ)। বিড়্+অংগচ্ কর্তৃ। বি; ক্লী।
বিড়-বিড়—অস্ফুটবাক্য; নিম্নস্বরে বিরক্তি-প্রকাশের শব্দ। বাংপ্র। বি।
বিড়বিড়ানো—অস্ফুট বাক্য বলা; অস্ফুট স্বরে বিরক্তি প্রকাশ করা। বাংপ্র। ক্রি [, বি]।
বিড়ম্বন, বিড়ম্বনা—যন্ত্রণা, ক্লেশ; অনর্থক কষ্টভোগ; অনুকরণ, সদৃশীকরণ; বঞ্চনা, প্রতারণা। বি—ডম্ব্+অনট্ ভাব, পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী। [বি—ডম্ব্+ক্ত কর্ম। বিণ।
বিড়ম্বিত—বঞ্চিত; ক্লেশিত, কষ্টপ্রাপ্ত; অনুকৃত।
বিড়া, বিড়ে, বিঁড়ে—'বিঁড়া' দ্রঃ।
†**বিড়াল**—মার্জার। বিড়্+কালন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী—**বিড়ালী।**
বিড়ালচোখী—যে নারীর চোখের তারা বিড়ালের চোখের তারার মত কটা এমন। বাংপ্র। বিণ।
†**বিড়াল-তপস্বী** (-স্বিন্)—কপট সাধু, সাধুবেশী দুষ্টলোক। বিড়াল-সদৃশ তপস্বী, মধ্যপ। বি; পুং।
বিড়ি—কেন্দু তমাল ইঃর পাতায় মোড়া দেশী চুরুট বিঃ; তামাকের খিলি; পানের খিলি। ✓বীটী। বি।
বিতংস, বীতংস—পক্ষী বন্ধন করিবার রজ্জু প্রঃ; খাঁচা। বি—তন্স্+ঘঞ্ করণ, বিকল্পে উপসর্গ দীর্ঘ। বি; পুং।
বিতণ্ডা—বিতর্ক, মিথ্যা বিচার, স্বমত-ব্যবস্থাপন হউক বা না হউক কেবল পরমতখণ্ডনার্থ বাগাড়ম্বর। বি—তনড্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।
বিতত—বিস্তৃত; ব্যাপ্ত। বি—তন্+ক্ত কর্ম। বিণ। বি—**বিততি।**
বিতথ, বিতথ্য—অসত্য; বৃথা। বি (বিগত) হইয়াছে তথা (সত্য) যাহা হইতে, বহুব্রী; বিতথ+যৎ স্বার্থে। বিণ।

বিতস্ত্র—পঞ্জাবের প্রাচীন নদী বিঃ। বি; স্ত্রী।
বিতরণ—দান, অর্পণ; বিলানো; বণ্টন, বাঁটিয়া দেওয়া। বি—তৄ+অনট্ ভাব। বি; ক্লী।
বিতরা—বিতরণ করা। কপ্র। ক্রি।
বিতরিত—বিলানো; বণ্টিত; ছড়ানো। বাংপ্র। বিণ।
বিতর্ক—তর্ক, বাদানুবাদ; বিচার; আলোচনা; অনুমান; সন্দেহ। বি—তর্ক্+ঘঞ্ ভাব। বি; পুং। [sium. বাংপ্র। বি।
বিতর্কিকা—তর্কবিতর্কের আসর বা সভা, sympo-
বিতল—সপ্ত পাতালের দ্বিতীয় পাতাল। বি—তল্ +অচ্ কর্তৃ। বি; ক্লী। [বি; পুং বা স্ত্রী।
বিতস্তি—বিঘত, আধ হাত। বি—তস্+তি কর্ম।
বিতান—১। চাঁদোয়া; পটমণ্ডপ; সমূহ; যজ্ঞ। বি—তন্+ঘঞ্ কর্ম। ২। বিস্তার। বি—তন্+ঘঞ্ ভাব। বি; পুং বা ক্লী। ৩। অবসর, অবকাশ। বি—তন্+ঘঞ্ কর্ম। বি; ক্লী। [বিণ।
বিতারিখ—তারিখ-মত; তারিখ-সহিত। ফা মূ।
বিতিকিচ্ছি—কুৎসিত, বিশ্রী। <বি-চিকিৎস। বিণ।
বিতীর্ণ—দত্ত, অর্পিত, বিলানো হইয়াছে এমন; অবগাঢ়; ব্যাপ্ত; উত্তীর্ণ। বি—তৄ+ক্ত কর্ম। বিণ।
বিতৃষ্ণ—নিস্পৃহ; উদাসীন। বিগতা তৃষ্ণা যাহার, বহু। বিণ। [প্রাদি। বি; স্ত্রী।
বিতৃষ্ণা—অনিচ্ছা, তৃষ্ণাভাব, অরুচি। বিগতা তৃষ্ণা,
বিত্ত—ধন, সম্পত্তি। বিত্ত্+ঘঞ্ কর্ম। বি; ক্লী।
বিত্রপ—নির্লজ্জ। বি (বিগত) ত্রপা যাহার, বহু। বিণ।
বিত্রস্ত—অতিশয় ভীত। বি—ত্রস্+ক্ত কর্তৃ। বিণ।
বিথান—স্থান হইতে বিচ্যুত, বিস্রস্ত। <বিস্থান। বিণ। [২। বিস্তার। প্রা কপ্র। বি।
বিথার—১। বিস্তৃত; ছড়ানো; পূর্ণ। বিণ।
বিদকুটে, -ঘুটে—বিশ্রী, কদর্য; জটিল। বাংপ্র। বিণ।
বিদগ্ধ—রসিক; পণ্ডিত; নাগর; চতুর; নিপুণ, পটু। বি—দহ্+ক্ত কর্তৃ। বিণ।
বিদগ্ধসমাজ—পণ্ডিতমণ্ডলী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বিদগ্ধা—১। রসিকা স্ত্রী; নায়িকা বিঃ। বি, স্ত্রী। ২। রসিকা; চতুরা। বিদগ্ধ+আপ্। বিণ।
বিদঘুটে—'বিদকুটে' দ্রঃ।
বিদরা—বিদীর্ণ হওয়া; বিদীর্ণ করা। কপ্র। ক্রি।
বিদরি—সীসা-অ্যান্টিমনি ইঃর পাত্র (ইহাতে খোদাই করিয়া অন্য ধাতু বসাইয়া নকশা করা হয়)। <বিদর। বি।
বিদলিত—মর্দিত, চূর্ণীকৃত; বিকসিত; বিদারিত। বি—দল্+ক্ত কর্ম। বিণ। বি—বিদলন।
বিদায়—১। বিসর্জন, দান। বি—দা+ঘঞ্ ভাব। বি; পুং। ২। গমনানুমতি; ছুটি; বিচ্ছেদ; বিদায় দেওয়ার সময় প্রদত্ত অর্থাদি; বিদায়কালে প্রদত্ত দক্ষিণা ('ব্রাহ্মণ—'); অন্যত্র গমন। <সং 'বিদায়' বা আ 'বিদাঅ'। বি। ৩। প্রস্থিত ('— হওয়া')। বাংপ্র। বিণ।
বিদায়ভোজ—বিদায়ের সময়ে অনুষ্ঠিত ভোজনাদি উৎসব। বিদায়কালীন ভোজ, মধ্যপ। বি; পুং।
বিদায়ভোজী (জিন্)—কার্যত্যাগের পর পেনশন ভোগকারী। উপতৎ। বিণ।
বিদায়সংগীত—বিদায়কালীন গাথা। মধ্যপ। বি; ক্লী।
বিদায়ী—১। বিদায়ের সময়কার উপহারদ্রব্য। বি। ২। যে বিদায় লইয়াছে এমন, অবসরপ্রাপ্ত; যে বিদায় লইতেছে এমন। বিদায়+ঈ সম্বন্ধাদি অর্থে (বাংপ্র)। বিণ। [বিণ। স্ত্রী, -য়িকা।
বিদারক—বিদারণকারক। বি—দৄ+ণিচ্+ণক কর্তৃ।
বিদারণ—বিদীর্ণ করণ; ফাড়িয়া ফেলা, ভেদন; মারণ, হনন। বি—দৄ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
বিদারিত—ভেদিত, যাহা বিদীর্ণ করা হইয়াছে এমন। বি—দৄ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
বিদারী (-রিন্)—বিদীর্ণকারী। বি—দৄ+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -রিণী।
বিদাহী (-হিন্)—দগ্ধকারী; যাহা দ্বারা দগ্ধ করা যায় এমন, caustic. বি—দহ্+ণিন্ কর্তৃ। বিণ।
বিদিক্ (বিদিশ্)—দুইদিকের মধ্যভাগ, দিকের কোণ, অগ্নি নৈঋত বায়ু ঈশান—এই চারি; (বাংপ্র) ভুল দিক্; উলটা দিক্। বিশিষ্টা দিক্, প্রাদি। বি; স্ত্রী।
বিদিত—১। জ্ঞাত; বিখ্যাত। বিদ্+ক্ত কর্ম। ২। জ্ঞাতা, যে জানিয়াছে এমন। বিদ্+ক্ত ভাব+অচ্ আছে অর্থে। বিণ।
বিদীর্ণ—ভিন্ন, ছিন্নভিন্ন, চেরা; ভগ্ন; বিস্তৃত; হত। বি—দৄ+ক্ত কর্তৃ। বিণ।
বিদুর—যুধিষ্ঠিরের খুড়া। বিদ্+কুরচ্ কর্তৃ। বি।
বিদুষী—বিদ্যাবতী স্ত্রী; পণ্ডিতা। বিদ্বস্+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।
বিদূর—১। বহুদূর। বি (বিশিষ্ট) দূর, প্রাদি। বি; ক্লী। ২। অতি দূরবর্তী। বি (বিশিষ্ট) দূর (দূরবর্তী), প্রাদি। বিণ।
বিদূরিত—বিতাড়িত। বিদূর+ণিচ্ (=বিদূরি নামধাতু)+ক্ত কর্ম। বিণ।
বিদূষক—১। নাট্যে নায়কের সহায় বিঃ; নাট্যের নট বিঃ; ভাঁড়, যে সকলকে হাসায়। বি; পুং। ২। কামুক, লম্পট; নিন্দক; নিন্দাজনক। বি—দুষ্ +ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -ষিকা।
বিদূষণ—নিন্দা, দোষ দেওয়া। বি—দুষ্+ণিচ্+ অনট্ ভাব। বি; ক্লী। [বাংপ্র। বি।
বিদে—বিদা, ধানের ক্ষেত আঁচড়াইবার যন্ত্র বিঃ।
বিদেশ—স্বদেশভিন্ন দেশ, দেশান্তর, ভিন্ন দেশ। বিপ্রকৃষ্ট দেশ, প্রাদি। বি; পুং।
বিদেশগামী (গামিন্)—ভিন্নদেশে গমনকারী। উপতৎ; বিদেশ—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -গামিনী।
বিদেশযাত্রা—ভিন্নদেশে প্রস্থান। বিদেশে যাত্রা, ৭মীতৎ। বি; স্ত্রী।
বিদেশাগত—ভিন্নদেশ হইতে আগত। ৫মীতৎ। বিণ।
বিদেশী—ভিন্নদেশবাসী; বিদেশজাত; বিদেশ সম্বন্ধীয়। বিদেশ+ঈ বাং প্রত্যয়। বিণ। স্ত্রী, -শিনী।

বিদেশীয়—ভিন্নদেশবাসী; ভিন্নদেশ সম্বন্ধীয়। বিদেশ+ঈয় সম্বন্ধাদ্যর্থে। বিণ।

বিদেহ—১। জনকবংশীয় রাজা। বিগত দেহ (ভোগ-দেহ) যাঁহার, বহুব্রী। ২। উত্তর বিহার, মিথিলা। বিদেহ+অণ্। বি; পুং। ৩। দেহহীন। বিনষ্ট দেহ যাহার, বহু। বিণ।

বিদ্ধ—বেঁধা; সমুৎকীর্ণ, ছিদ্রিত; আহত; তাড়িত; নিক্ষিপ্ত; সদৃশ; প্রেরিত; বাধিত; বক্র। ব্যধ্+ক্ত কর্ম। বিণ। [পুং।

বিদ্বজ্জন—বিদ্বান্ ব্যক্তি। বিদ্বান্ জন, কর্মধা। বি;

বিদ্বৎকল্প—পণ্ডিতের তুল্য; প্রায় পণ্ডিত। বিদ্বস্ +কল্পপ্ ঈষদর্থে। বিণ।

বিদ্বান্ (বিদ্বস্)—জ্ঞানী, বিদ্যাবান্, পণ্ডিত; শাস্ত্রদর্শী। বিদ+শতৃ স্থানে ক্বসু কর্তৃ। বি; পুং। স্ত্রী—**বিদুষী**।

বিদ্বিষ্ট—বিদ্বেষভাজন। বি—দ্বিষ্+ক্ত কর্ম। বিণ।

বিদ্বেষ, বিদ্বেষণ—বৈর, শত্রুতা, দ্বেষ, ঈর্ষ্যা। বি—দ্বিষ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

বিদ্বেষভাজন—ঈর্ষ্যার পাত্র, শত্রুতার পাত্র। ৬ষ্ঠী-তৎ। বি বা বিণ।

বিদ্বেষী (-ষিন্)—দ্বেষকারী, শত্রু। বি—দ্বিষ্+ ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ষিণী**।

বিদ্বেষ্টা (-ষ্টৃ)—বিদ্বেষকারী, ঈর্ষ্যাকারী, শত্রু। বি—দ্বিষ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ষ্ট্রী**।

বিদ্যমান—বর্তমান; উপস্থিত; স্থিতিশীল। বিদ্+ শানচ্ কর্তৃ। বিণ।

বিদ্যা—জ্ঞান, অধ্যয়নাদি-জন্য বোধ; চারি বেদ ছয় বেদাঙ্গ পুরাণ মীমাংসা ন্যায় ধর্মশাস্ত্র—এই চতুর্দশ বিষয়ে জ্ঞান; পাণ্ডিত্য; পটুতা; শিক্ষণীয় বিষয়; দর্শনশাস্ত্র; তত্ত্বজ্ঞান; মন্ত্র; দুর্গা; সরস্বতী। বিদ্ +ক্যপ্ করণ+আপ্। বি; স্ত্রী।

বিদ্যাচুঞ্চু—বিদ্যাহেতু প্রসিদ্ধ। বিদ্যা+চুঞ্চুপ্ খ্যাতার্থে। বিণ।

বিদ্যাদাতা (-তৃ)—শিক্ষাদানকারী, শিক্ষক, অধ্যাপক, গুরু। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী, **-দাত্রী**।

বিদ্যাদান—লেখাপড়া শিখানো, অধ্যাপনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি; পুং। স্ত্রী, **-রী**।

বিদ্যাধর—দেবযোনি বিঃ, গন্ধর্ব; কিন্নর। ৬ষ্ঠীতৎ।

বিদ্যানিধি—সংস্কৃতশাস্ত্রজ্ঞ পণ্ডিতের উপাধি বিঃ; বিদ্যাধন। ৬ষ্ঠীতৎ, (২য় অর্থে) রূপক কর্মধা। বি; পুং।

বিদ্যানুরাগ—লেখাপড়ার প্রতি আসক্তি। ৭মীতৎ। বি; পুং। বিণ—**বিদ্যানুরাগী** (-গিন্)।

বিদ্যানুশীলন—লেখাপড়ার চর্চা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বিদ্যাবতী—বিদুষী, পণ্ডিতা। বিদ্যা+মতুপ্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী। পুং—**বিদ্যাবান্**।

বিদ্যাবত্তা—পাণ্ডিত্য। বিদ্যাবৎ+তা ভাবে। বি; স্ত্রী।

বিদ্যাবান্ (-বৎ)—পণ্ডিত। বিদ্যা+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বতী**।

বিদ্যাবিশারদ—পণ্ডিত, বিদ্বান্। ৭মীতৎ। বিণ।

বিদ্যাভূষণ—সংস্কৃতভাষাবিৎ পণ্ডিতের উপাধি বিঃ। বহু। বি; পুং।

বিদ্যাভ্যাস—বিদ্যাচর্চা, বিদ্যাশিক্ষা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [পুং বা ক্লী।

বিদ্যামন্দির—শিক্ষার স্থান, বিদ্যালয়। ৬ষ্ঠীতৎ। বি;

বিদ্যারত্ন—উপাধি বিঃ। বিদ্যাই রত্ন যাহার, বহু। বি; পুং।

বিদ্যারম্ভ—লেখা-পড়া শুরু; হাতে-খড়ি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিদ্যার্জন—বিদ্যাশিক্ষা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বিদ্যার্ণব—বিদ্যার সমুদ্র; উপাধি বিঃ। বিদ্যার অর্ণব (সমুদ্র), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিদ্যার্থী (-র্থিন্)-শিষ্য, ছাত্র, পড়ুয়া। উপতৎ; বিদ্যা—অর্থ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-র্থিনী**।

বিদ্যালংকার—বিদ্যা যাহার ভূষণ এমন; উপাধি বিঃ। বিদ্যা অলংকার যাহার, বহু। বি; পুং, বা বিণ।

বিদ্যালয়—বিদ্যাশিক্ষার স্থান, পাঠশালা স্কুল কলেজ প্রঃ; চতুষ্পাঠী, টোল। বিদ্যার আলয় (গৃহ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিদ্যালাপ—বিদ্যাবিষয়ক কথোপকথন। বিদ্যাসম্বন্ধীয় আলাপ, মধ্যপ। বি; পুং।

বিদ্যাশিক্ষা—লেখাপড়া শেখা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিদ্যাশূন্য—বিদ্যাহীন (তাহা দ্রঃ)।

বিদ্যাসাগর—বিদ্যার সমুদ্র; যে ব্যক্তির বিদ্যা অগাধ; উপাধি বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিদ্যাহীন—মূর্খ, নিরক্ষর। ৩য়াতৎ। বিণ।

বিদ্যুৎ—তড়িৎ, চপলা; সন্ধ্যা; কান্তি। বি—দ্যুত্+ ক্বিপ্ কর্তৃ। বি; স্ত্রী।

বিদ্যুৎস্পন্দন, -স্ফুরণ—বিদ্যুতের চমক। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [পুং।

বিদ্যুৎস্ফুলিঙ্গ—বিদ্যুতের কণা। ৬ষ্ঠীতৎ। বি;

বিদ্যুদ্গর্ভ—যাহার ভিতরে বিদ্যুৎ আছে এমন। বিদ্যুৎ গর্ভে যাহার, বহু। বিণ।

বিদ্যুদ্দাম (-মন্)—বিদ্যুৎসমূহ; বিদ্যুতের দীপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বিদ্যুদ্দীপ্ত—১। তড়িতের ন্যায় উজ্জ্বল। বিদ্যুৎ-সদৃশ দীপ্ত, উপমান কর্মধা। ২। তড়িৎপ্রভায় আলোকিত। ৩য়াতৎ। বিণ।

বিদ্যুদ্বেগ—তড়িতের ন্যায় ক্ষিপ্রগতি। বিদ্যুতের বেগ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিদ্যুন্মালা—বিদ্যুৎসমূহ; ছন্দো বিঃ। বিদ্যুতের মালা (সমূহ), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিদ্যুল্লতা—মেঘের গায়ে লতার আকারে যে বিজলী চমকায় তাহা; চপলা, তড়িৎ। বিদ্যুৎ লতাসদৃশ; উপমিত কর্মধা। বি; স্ত্রী।

বিদ্যোৎসাহী (-হিন্)—বিদ্যার উন্নতিকামী, বিদ্যা-শিক্ষার পৃষ্ঠপোষক এবং উৎসাহদাতা। ৭মীতৎ। বিণ। স্ত্রী, **-হিনী**।

বিদ্রাবণ—দ্রবীকরণ, গলানো; বিতাড়ন। বি—দ্রু+ ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**বিদ্রাবিত**।

বিদ্রুত—পলায়িত; দ্রবীভূত। বি—দ্রু+ক্ত কর্তৃ। বিণ।

বিদ্রুম—১। প্রবাল, পলা; মুক্তাফলবৃক্ষ। বিশিষ্ট দ্রুম, প্রাদি। ২। কিশলয়, নবপল্লব। বিনির্গত দ্রুম হইতে, প্রাদি। বি; পুং।

বিদ্রূপ—উপহাস, ব্যঙ্গ, তামাশা। বাংপ্র। বি।

বিদ্রূপাত্মক—উপহাসপূর্ণ, পরিহাসপূর্ণ। বিদ্রূপ হইয়াছে আত্মা যাহার, বহু (ক-আগম)। বিণ। স্ত্রী, -ত্মিকা।

বিদ্রোহ—শাসন অমাননা, rebellion; রাজদ্রোহ; বিরুদ্ধে অভ্যুত্থান; অনিষ্টাচরণ; বিদ্বেষ। বি—দ্রুহ্+ঘঞ্ ভাব। বি; পুং।

বিদ্রোহী (-হিন্)—অনিষ্টাচরণকারী; বিদ্রোহকারক। বি—দ্রুহ্+ঘিনুণ্ কর্তৃ; অথবা, বিদ্রোহ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -হিণী।

বিধন—বেধা। ✓বেধন। বি।

বিধবা—মৃতপতিকা; বিবস্ত্রা। বিগত, বিনষ্ট ধব (স্বামী, বস্ত্র) যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

বিধবা-বিবাহ—যে স্ত্রীর স্বামীর মৃত্যু হইয়াছে তাহার পুনর্বার বিবাহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিধর্মী (-র্মিন্), **বিধর্মা** (-র্মন্)—ভিন্নধর্মাবলম্বী, অন্য ধর্মাশ্রয়ী। বিরুদ্ধ ধর্ম, প্রাদি+ইন্; বিরুদ্ধ ধর্ম যাহার, বহু+অনিচ্। বিণ।

বিধা—রীতি, ব্যবস্থা; ধারা, প্রকার; ধাঁচ; বিকার; বিধান; নিয়ম; সমৃদ্ধি; বেধ; কার্য। বি—ধা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

বিধাতা (বিধাতৃ)—১। ব্রহ্মা; দক্ষ প্রঃ সৃষ্টিকর্তা; কন্দর্প। বি; পুং। ২। নির্মাতা, স্রষ্টা; কর্তা; বিধানকর্তা। বি—ধা+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ত্রী।

বিধান—শাস্ত্রনিয়ম, বিধি, ব্যবস্থা; আইনপ্রণয়ন; সৃষ্টি, নির্মাণ; প্রেরণ; সম্পাদন; জনন; আজ্ঞাকরণ; ধনসম্পত্তি; পূজা; গ্রহণ; শত্রুতাচরণ; অনুভব; উপার্জন। বি—ধা+অনট্ ভাব। বি; ক্লী।

বিধান-পরিষদ্—নির্বাচিত ও মনোনীত সভ্যদের দ্বারা গঠিত (প্রাদেশিক) উচ্চতর ব্যবস্থাপক সভা, legislative council. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিধান-সংসদ—আইনপ্রণয়নের মহাসভা (ভারতের কেন্দ্রীয় ব্যবস্থাপক সভাকে বুঝায়—parliament). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিধান-সভা—জনসাধারণের নির্বাচিত সদস্যদের দ্বারা গঠিত (প্রাদেশিক) আইনপ্রণয়ন সভা, legislative assembly. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিধায়—হেতুতে, কারণে। বিভক্তিপ্রতিরূপক অ।

বিধায়ক, বিধায়ী (-য়িন্)—জনক, কারক; ব্যবস্থাপক; নিয়মকারক; সংঘটক। বি—ধা+ণক, ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -য়িকা, -য়িনী।

বিধি—১। বিষ্ণু; ব্রহ্মা; ঈশ্বর। বি—ধা+কি কর্তৃ (নিপা)। ২। ক্রম; নিয়োগ; অনুষ্ঠান। বি—ধা+কি ভাব। ৩। বিধান, নিয়ম; আইন; পদ্ধতি; শাস্ত্রবিধান; শাস্ত্র; ভাগ্য দৈব; অপ্রাপ্তপ্রাপক বাক্য বিঃ; উপায়। বি—ধা+ই করণ। ৪। প্রকার; আচার; ব্যাপার; যজ্ঞ; লক্ষণ, সূত্র। বি—ধা+ই কর্ম। বি; পুং।

বিধিৎসা—বিধানেচ্ছা। বি—ধা+সন্ ইচ্ছার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী। বিণ—**বিধিৎসু**।

বিধিপূর্বক—নিয়মপূর্বক, বিধান-অনুসারে। বিধি পূর্বে যাহাতে, বহু, এরূপে (ক-আগম)। ক্রি-বিণ। [তৎ। বিণ।

বিধিবদ্ধ—নিয়মবদ্ধ, নিয়ম বলিয়া প্রচলিত। ৩য়া-

বিধিবিড়ম্বনা—অদৃষ্টের ফের, দৈবদুর্বিপাক। বিধি-সৃষ্টা বিড়ম্বনা, মধ্যপ। বি; স্ত্রী।

বিধিব্যবস্থা—প্রয়োজনানুরূপ কার্যের অনুষ্ঠান বা আয়োজন। বিধিমত ব্যবস্থা, মধ্যপ। বি; স্ত্রী।

বিধিমত—যথাবিহিত, বিধান-অনুযায়ী। ৩য়াতৎ। বিণ। [বি; স্ত্রী।

বিধিলিপি—অদৃষ্ট, বিধাতার বিধান। ৬ষ্ঠীতৎ।

বিধিসংগত, -সঙ্গত—শাস্ত্রীয় বিধানানুযায়ী; যথাবিহিত। বিণ।

বিধু—চন্দ্র; কর্পূর; বিষ্ণু; ব্রহ্মা; শঙ্কর; বায়ু। ব্যধ্+কু কর্তৃ। বি; পুং।

বিধুত, বিধূত—কম্পিত; ত্যক্ত; অপসারিত; দূরীকৃত; নিঃসারিত; উৎপীড়িত। বি—ধু, ধূ+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

বিধুনন, বিধূনন—কম্পন, কাঁপনি; ত্যাগ। বি—ধু, ধূ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**বিধুত, বিধূত, বিধুনিত, বিধূনিত**।

বিধুবদন, -মুখ—১। চন্দ্রের ন্যায় মনোহর বদন। মধ্যপ। বি; ক্লী। ২। চন্দ্রের ন্যায় মনোহর-বদনযুক্ত। বিধুর ন্যায় বদন, মুখ যাহার, বহু। বিণ। স্ত্রী, -বদনা, -মুখী, -মুখা।

বিধুর—কাতর; দুঃখিত, ক্লিষ্ট; ভীত; অসমর্থ; বিকল; ভারাক্রান্ত; বিযুক্ত; বিমূঢ়। বিগতা ধূঃ বা ধুরা যাহার, বহু (সমাসান্ত অ)। বিণ।

বিধূত—'বিধুত' দ্রঃ।

বিধূনন—'বিধুনন' দ্রঃ।

বিধৃত—অবলম্বিত, গৃহীত; অধিষ্ঠিত; আক্রান্ত। বি—ধৃ+ক্ত কর্ম। বিণ।

বিধেয়—১। কর্তব্য, উচিত; বিধানযোগ্য; কথার বাধ্য, বশ্য; বিনয়ী। বিণ। ২। (ব্যাকরণ) উদ্দেশ্যের পরিচায়ক বাক্যাংশ, predicate. বি—ধা+যৎ কর্ম। বি; ক্লী।

বিধ্বংস—বিনাশ; বিলোপ। বি—ধ্বন্স্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ—**বিধ্বস্ত**।

বিধ্বংসী (-সিন্)—১। বিনাশশীল। বিধ্বংস+ইন্ আছে অর্থে। ২। শত্রু; বিনাশকারী; অপকারক। বি—ধ্বন্স্+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -সিনী।

বিধ্বস্ত—বিনষ্ট; অপকৃত; উৎসন্ন; ইতস্ততঃ বিক্ষিপ্ত। বি—ধ্বন্স্+ক্ত কর্তৃ। বিণ।

বিন, বিনহি, বিনি, বিনু—বিনা, ব্যতীত। প্রা কপ্র। অ।

বিনত—বিনীত; অবনত; প্রণত; শিক্ষিত। বি—নম্+ক্ত কর্তৃ। বিণ।

বিনতানন্দন—বিনতার পুত্র অরুণ ও গরুড়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিনতি—(পদার্থবিদ্যা) গভীরতা; নিম্নতা; নিবেদন, মিনতি; নম্রতা। বি—নম্‌+ক্তি ভাব। বি; স্ত্রী।
বিনতি, বিনয়—অনুনয়; নম্রতা, শিষ্টতা; সুশীলতা; সংযম শৃঙ্খলাদি শিক্ষা, discipline; নিবারণ; দমন, শাসন, দণ্ড; পরিশোধ; বিনিয়োগ; শিক্ষা। বি—নম্‌+ক্তি ভাব, বি—নী+অচ্‌ ভাব। বি; স্ত্রী, পুং।
বিনান, বিনুনি—বেণীবন্ধন। বাংপ্র। বি।
বিননো—'বিনানো' দ্রঃ।
বিনম্র—অতিশয় বিনয়ী; অবনত। বিশেষরূপে নম্র, প্রাদি। বিণ।
বিনম্রবদনে—অবনত মুখে। বহু। ক্রি-বিণ।
বিনয়—'বিনতি' দ্রঃ।
বিনয়ন—দমন; শিক্ষাদান; সংযতকরণ। বি—নী+অনট্‌ ভাব। বি; ক্লী।
বিনয়নম্র, বিনয়াবনত—বিনয়বশে প্রণত, নম্রতাহেতু নত। তত্পুরুষ। বিণ।
বিনয়ী (-য়িন্‌)—শিষ্ট, বিনীত, শান্ত। বিনয়+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-য়িনী।**
বিনশ্বর—ধ্বংসশীল, অচিরস্থায়ী। বি—নশ্‌+ক্বরপ্‌ কর্তৃ, শীলার্থে। বিণ। স্ত্রী, **-রী।**
বিনষ্ট—নষ্ট, ধ্বংসপ্রাপ্ত; পতিত, মৃত; ক্ষরিত; গত; অতীত। বি—নশ্‌+ক্ত কর্তৃ। বিণ।
বিনা—ব্যতিরেকে; বর্জন; অভাব। বি+না ভাব। অ।
বিনানো, বিননো—বিলাপ করা; বেণী রচনা করা; গাঁথা; ধীরে ধীরে বিস্তারিত করিয়া বলা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
বিনামা (-মন্‌)—কল্পিত-নামযুক্ত; নামশূন্য; বিনষ্ট। বিগত নাম (নামন্‌-শব্দ) যাহার, বহু। বিণ।
বিনামা—১। পাদুকা, উপানৎ, জুতা। বি। ২। যে দলিলপত্রে মালিকের নাম পরিবর্তন করা হইয়াছে এমন। বাংপ্র। বিণ।
বিনায়ক—গণেশ; গরুড়; গুরু; শিক্ষক; বুদ্ধদেব। বি—নী+ণক কর্তৃ। বি; পুং।
বিনাশ—ধ্বংস, উচ্ছেদ; মৃত্যু, অদর্শন; লোপ; ক্ষয়; অপচয়; অভাব। বি—নশ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।
বিনাশক—ঘাতক; সংহারক; অপকারক। বি—নশ্‌+ণিচ্‌+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-শিকা।**
বিনাশন—১। বিনাশকারী, সংহারক। বি—নশ্‌+ণিচ্‌+অন কর্তৃ। বিণ। ২। ধ্বংসসাধন। বি—নশ্‌+ণিচ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।
বিনাশিত—নিহত, বিধ্বংসিত। বি—নশ্‌+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ।
বিনাশী (-শিন্‌)—১। নশ্বর। বি—নশ্‌+ণিন্‌ কর্তৃ, শীলার্থে। ২। নাশক। বি—নশ্‌+ণিচ্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শিনী।**
বিনি—ব্যতীত। < বিনা। অ।
বিনিঃসরণ—বাহির হওয়া; নির্গমন। বি—নির্‌—সৃ+অনট্‌ ভাব। বি; ক্লী।
বিনিঃসৃত—বহির্গত। বি—নির্‌—সৃ+ক্ত কর্তৃ। [বিণ।
বিনিদ্র—জাগরিত, নিদ্রাহীন; উন্মীলিত; বিকসিত; প্রকাশিত। বিগতা নিদ্রা যাহার, বহু। বিণ।
বিনিন্দিত—অপকৃষ্ট, গঞ্জিত, নিন্দিত [শব্দটি প্রায়ই বহুব্রীহি সমাসে পরপদরূপে প্রযুক্ত হয়; যথা—ইন্দুবিনিন্দিত=ইন্দু (চন্দ্র) বিনিন্দিত যৎকর্তৃক অর্থাৎ চন্দ্র হইতে উৎকৃষ্ট]। বি—নিন্দ্‌+ক্ত কর্ম। বিণ।
বিনিপাত—দৈব দুঃখ; অধঃপতন। বি—নি—পত্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।
বিনিবর্তন—ফিরিয়া আসা বা যাওয়া; বিরতি। বি—নি—বৃৎ+অনট্‌ ভাব। বি; ক্লী।
বিনিবর্তিত—যাহাকে নিরস্ত করা হইয়াছে এমন। বি—নি—বৃৎ+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ।
বিনিময়—১। পরিবর্ত, প্রতিদান, বদল, exchange বি—নি—মি+অচ্‌ ভাব। ২। বন্ধক, গচ্ছিত বস্তু। বি—নি—মি+অচ্‌ কর্ম। বি; পুং।
বিনিয়ন্ত্রণ—নিয়ন্ত্রণ (বিশেষতঃ কোন পণ্য দ্রব্যের ক্রয়বিক্রয়ের উপর) উঠাইয়া দেওয়া, decontrol. বি—নি—যন্ত্রি+অনট্‌ ভাব। বি; ক্লী। বিণ—**বিনিয়ন্ত্রিত।**
বিনিযুক্ত—প্রেরিত; নিযুক্ত; অর্পিত; যাহাকে কাজে লাগানো হইয়াছে এমন; যে টাকা খাটানো হইতেছে এমন, invested; বি—নি—যুজ্‌+ক্ত কর্ম। বিণ।
বিনিয়োগ—প্রয়োগ, কোন বিষয়ে নিয়োজিত করণ; নিয়োগ; টাকা খাটানো, investment; অর্পণ; প্রেরণ; প্রবেশন। বি—নি—যুজ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।
বিনিয়োজিত—বিনিযুক্ত (তাহা দ্রঃ)। বি—নি—যুজ্‌+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ। বি, **-জন।**
বিনির্গত—নিষ্ক্রান্ত, বহির্গত; অপসৃত; প্রস্থিত; যে টাকা খাটানো হইতেছে এমন, invested; অতীত। বি—নির্‌—গম্‌+ক্ত কর্তৃ। বিণ।
বিনির্গমন—বাহিরে আগমন, নিঃসরণ। বি—নির্‌—গম্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।
বিনির্ণয়—উত্তমরূপে নির্ধারণ। বি—নির্‌—নী+অচ্‌ ভাব। বি; পুং। বিণ—**বিনির্ণীত।**
বিনির্মুক্ত—বহির্গত, মুক্ত; পৃথগ্‌ভূত; উদ্ধারপ্রাপ্ত; উদ্ধৃত; অনাচ্ছন্ন; উদ্ঘাটিত। বি—নির্‌—মুচ্‌+ক্ত কর্ম। বিণ।
বিনিশ্চয়—স্থিরনিশ্চয়, অভ্রান্ত ধারণা, অসন্দিগ্ধ সিদ্ধান্ত। বি—নির্‌—চি+অচ্‌ ভাব। বি; পুং।
বিনীত—নম্র, শান্ত, অনুদ্ধত; ধার্মিক; শিক্ষিত, disciplined; জিতেন্দ্রিয়; দণ্ডিত; অপনীত; উপভুক্ত; সুন্দর; নিভৃত; গৃহীত। বি—নী+ক্ত কর্মকর্তৃ, কর্ম। বিণ।
বিনেতা (তৃ)—নিয়ন্ত্রণকারী, শাস্তা; শিক্ষাদানকারী। বি—নী+তৃন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ত্রী।**
বিনোক্তি—অর্থালংকার বিঃ [ইহাতে এক বিনা অন্য এক সুন্দর বা অসুন্দর হয় না। যথা—
"কুসুম তুলিয়া বোঁটা তেয়াগিয়া
. . . শেজ বিছায়নু কেনে।

যদি শুই তায় কাঁটা ফুঁকে গায়
রসিক নাগর বিনে।"]।
বিনা এই উক্তি যাহাতে, বহু। বি; স্ত্রী।
বিনোদ—১। সুন্দর, রমণীয় (— নাগর')। বিণ। ২। রমণীয়ভাবে। প্রা কপ্র। ক্রি-বিণ।
বিনোদ, বিনোদন—১। আমোদিত করণ; ঔৎসুক্য; আমোদ; বিহার; প্রবৃত্তি; অপনয়ন; সান্ত্বনা; ব্যাপার। বি—নুদ্+ঘঞ্ অনট্ ভাব। ২। কাল-যাপনোপায়। বি—নুদ্+ঘঞ্, অনট্ করণ। বি; পুং, ক্লী।
বিনোদন—১। আনন্দদান; আনন্দিত করণ। বি—নুদ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**বিনোদিত**। ২। মনোরম; যাহা আনন্দ দান করে এমন। বি—নুদ্+ণিচ্+অন কর্তৃ। বিণ। [তৎ। বি; স্ত্রী।
বিনোদশালা—বিলাসভবন, আমোদের স্থান। ৬ষ্ঠী-
বিনোদিনী—১। আনন্দদায়িনী। বিণ; স্ত্রী। ২। শ্রীরাধিকা। বি—নুদ্+ণিচ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
বিন্তি—তাসের খেলা বিঃ; এক বর্ণের পর পর তিনখানা তাস একজনের হাতে আসা। < পো 'vinte'. বি।
†**বিন্দু**—ফোঁটা; ক্ষুদ্রচিহ্ন; তরল দ্রব্যের কণা; ফুটকি; অনুস্বার; ভ্রূমধ্য; দন্তক্ষতচিহ্ন; যাহার অবস্থিতি আছে কিন্তু বিস্তার নাই তাহা, point; (সংগীতে) ফাঁক; অর্ধমাত্রা; শুক্র। বিদ্+উ কর্তৃ। বি; পুং।
†**বিন্দুবিসর্গ**—অনুস্বার এবং বিসর্গ; অতি সামান্য পরিমাণ, কিছুই। দ্বন্দ্ব। বি; পুং।
বিন্ধ্য—ভারতের মধ্যস্থলে অবস্থিত পর্বত বিঃ। বি—ধ্যৈ+ক কর্তৃ (নিপা)। বি; পুং।
বিন্ধ্যবাসিনী—দুর্গা। উপতৎ; বিন্ধ্য—বস্+ণিন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী। [বি; পুং।
বিন্ধ্যাচল—বিন্ধ্যপর্বত। বিন্ধ্যনামক অচল, মধ্যপ।
বিন্ধ্যাটবী—বিন্ধ্যপর্বতের বন। বিন্ধ্যের অটবী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [স্ত্রী।
বিন্ধ্যাবলী—বিন্ধ্যপর্বতের শ্রেণী। ৬ষ্ঠীতৎ। বি;
বিন্যস্ত—স্থাপিত; সাজানো; রচিত; বিক্ষিপ্ত। বি—নি—অস্+ক্ত কর্ম। বিণ।
বিন্যাস—রচনা; স্থাপন; সজ্জা, সাজানো; মন্ত্রোচ্চারণপূর্বক হৃদয়াদিতে অঙ্গুলির অর্পণ; (গণিত) সংখ্যাপরম্পরায় বিন্যাসের পরিবর্তন, permutation. বি—নি—অস্+ঘঞ্ ভাব। বি; পুং।
বিপক্ষ—১। শত্রু; বিরুদ্ধাচারী; অনিষ্টকারী। বিরুদ্ধ পক্ষ যাহার, বহুব্রী। বি; পুং, বা বিণ। ২। পক্ষহীন। বিনষ্ট হইয়াছে পক্ষ যাহার, বহু। বিণ। [ভাবে। বি, স্ত্রী।
বিপক্ষতা—প্রতিকূলতা, বৈর, শত্রুতা। বিপক্ষ+তা
বিপক্ষীয়—শত্রুপক্ষীয়, শত্রু সম্বন্ধীয়। বিপক্ষ+ঈয় সম্বন্ধাদি অর্থে। বিণ।
বিপণি, বিপণী—১। বিক্রয়গৃহ; শ্রেণীবদ্ধ দোকান; হাট বাজার প্রঃ; বাজারের রাস্তা। বি—পণ্+ই অধি; পক্ষে+ঈপ্। ২। পণ্যদ্রব্য। বি—পণ্+ই কর্মবা, পক্ষে+ঈপ্। বি; পুং বা স্ত্রী, স্ত্রী।
বিপণী (-ণিন্)—ব্যবসায়ী, বণিক্। বিপণ+ইন্ আছে অর্থে। বি; পুং।
বিপৎ—'বিপদ্' দ্রঃ। [ভাব। বি; স্ত্রী।
বিপত্তি—বিপদ্; দুর্ভাগ্য; নাশ। বি—পদ্+ক্তি
বিপত্তি-খণ্ডন, -নাশন, -ভঞ্জন—১। ভগবান্। বি, পুং। ২। আপদ্ শান্তিকারী, বিপদ্নাশক। বিণ। ৩। আপদ্-শান্তি, বিপদ্দূরীকরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
বিপত্নীক—যাহার স্ত্রীর মৃত্যু হইয়াছে এমন। বি (বিগতা=মৃতা) পত্নী যাহার, বহু (ক-সমাসান্ত)। বিণ।
বিপৎসংকুল—বিপদে পরিপূর্ণ। ৩য়াতৎ। বিণ।
বিপথ—নিন্দিত পথ, কুপথ। বিগর্হিত পথ, প্রাদি। বি; পুং।
বিপথগামী (-গামিন্)—ভ্রষ্টচরিত্র; মন্দপথ-অবলম্বনকারী। উপতৎ; বিপথ—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী**।
বিপদ্—আপদ্; বিনাশ, মরণ; দুর্ভাগ্য; দুর্ঘটনা, দুরবস্থা। বি—পদ্+ক্বিপ্ ভাব। বি; স্ত্রী।
বিপদাপন্ন—বিপদে পতিত, বিপন্ন। বিপদ্‌কে আপন্ন, ২য়াতৎ। বিণ।
বিপদ্গ্রস্ত—বিপদে পতিত। ৩য়াতৎ। বিণ।
বিপদ্ভঞ্জন—১। বিপদ্নাশকারী। বিণ। ২। ভগবান্। বি; পুং। ৩। বিপদ্দূরীকরণ। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী।
বিপন্ন—বিপদ্গ্রস্ত; দুরবস্থাপ্রাপ্ত; বিনষ্ট। বি—পদ+ক্ত কর্তৃ। বিণ।
বিপরিণতি—(জীববিদ্যা) যেরূপ পরিবর্তন দ্বারা নূতন জীবশ্রেণীর উদ্ভব হয় তাহা, mutation. বি—পরি—নম্+ক্তি ভাব। বি; স্ত্রী।
বিপরিণাম—বিরুদ্ধ পরিণতি; পরিণামে শোচনীয়-দশা-প্রাপ্তি, বিপাক; পরিবর্তন। বি—পরি—নম্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ—**বিপরিণত, বিপরিণামী** (-মিন্)।
বিপরীত—১। বিরুদ্ধ, উলটা; প্রতিকূল। বিণ। ২। (বীজগণিত) কোন নির্দিষ্ট সংখ্যা দ্বারা একক রাশিকে ভাগ করিলে তদ্দ্বারা লব্ধ ভাগফল, reciprocal. বি—পরি—ই+ক্ত কর্তৃ। বি; ক্লী। ৩। ভীষণ; বিদ্‌কুটে; প্রকাণ্ড। বাংপ্র। বিণ। **বিপরীত প্রতিজ্ঞা**—দুইটি উপপাদ্য যদি এরূপভাবে সম্বন্ধ হয় যে, একটির কল্পনা অপরটির সিদ্ধান্ত, তবে তাহাদের একটি অপরটির বিপরীত প্রতিজ্ঞা, converse proposition.
বিপর্যয়—১। ব্যতিক্রম; বৈপরীত্য; বিনাশ। বি—পরি—ই+অচ্ ভাব। বি; পুং। ২। বিশাল; প্রকাণ্ড; ভীষণ। বাংপ্র। বিণ।
বিপর্যস্ত—ব্যতিক্রান্ত; বিপর্যয়প্রাপ্ত, উলটাপালটা; ছত্রভঙ্গ; পরাবর্তিত। বি—পরি—অস্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

বিপর্যাস—বিপর্যয়, বৈপরীত্য; ব্যতিক্রম। বি—পরি—অস্+ঘঞ্ ভাব। বি; পুং।

বিপল—কালের সূক্ষ্ম অংশ বিঃ; পলষষ্টিভাগ, ২৪ সেকেণ্ডের ৬০ ভাগের একভাগ। বিভক্ত পল যদ্দ্বারা, বহু। বি; পুং।

বিপশ্চিৎ—পণ্ডিত, জ্ঞানী ব্যক্তি। বি—প্র—চি বা চিৎ+ক্বিপ্ কর্তৃ (নিপা)। বি; পুং।

বিপাক—রন্ধন, পাক; সুস্বাদ; পরিপাক, জীর্ণতা; দুঃখপরিণাম; দুর্গতি; আয়ুঃ ও জঠরাগ্নি সংযোগে জাত ভুক্তদ্রব্যরস হইতে উৎপন্ন রস; কর্মের বিসদৃশ ফল; ভোগ; (জীববিদ্যা) সজীব পদার্থের রাসায়নিক পরিবর্তন, metabolism. বি—পচ্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ—**বিপাকীয়**, metabolic.

বিপাটন—বিদারণ। বি—পট্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

বিপাটিত—বিদারিত। বি—পট্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

বিপাশা—পঞ্জাবের নদী বিঃ। বি (বিগত)+পাশ (রজ্জু)+ণিচ্+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

বিপিতা (-তৃ)—জন্মদাতা ভিন্ন জননীর অন্য স্বামী, সৎবাপ, step-father. প্রাদি। বি; পুং।

বিপিন—বন, কানন; অরণ্য। বেপ্+ইনন্ কর্তৃ (নিপা)। বি; ক্লী।

বিপিনবিহারী (-রিন্)—১। কাননে ভ্রমণকারী। বিণ। স্ত্রী, **-রিণী**। ২। শ্রীকৃষ্ণ। উপতৎ; বিপিন—বি—হৃ+ণিন্ কর্তৃ। বি; পুং।

বিপুল—অনেক; বৃহৎ; মহৎ; অগাধ; প্রশান্ত। বি—পুল্+ক কর্তৃ। বিণ।

বিপুলতা—বিশালতা; গভীরতা। বিপুল+তা ভাবে। বি; স্ত্রী।

বিপুলা—১। পৃথিবী; আর্যা-ছন্দ বিঃ। বি; স্ত্রী। ২। গভীরা; মহতী; বিরাট। বিপুল+আপ্। বিণ; স্ত্রী।

বিপুলাকার—১। প্রকাণ্ডদেহবিশিষ্ট। বিপুল আকার যাহার, বহু। বিণ। ২। প্রকাণ্ড দেহ। কর্মধা। বি; পুং।

বিপ্র—ব্রাহ্মণ। বি—প্রা+ক কর্তৃ, অথবা বপ্+র অধি, সংজ্ঞার্থে (নিপা)। বি; পুং।

বিপ্রকর্ষ—দূরবর্তী হওয়া; দূরত্ব; বিপরীত দিকে টানিয়া আনা বা ঠেলিয়া দেওয়া, repulsion; (ব্যাকরণ) স্বরভক্তি, যুক্তাক্ষরের মধ্যে স্বরাগমের ফলে যে বিশ্লেষণ-ক্রিয়া সাধিত হয় তাহা (যথা, দর্শন—দরশন)। বি—প্র—কৃষ্+ঘঞ্ ভাব। বি; পুং।

বিপ্রকর্ষণ—দূরে সরাইয়া দেওয়া, বিকর্ষণ, ঠেলিয়া দেওয়া। বি—প্র—কৃষ্+অনট্ ভাব। বি; ক্লী।

বিপ্রকৃষ্ট—দূরবর্তী। বি—প্র—কৃষ্+ক্ত কর্ম, কর্তৃ। বিণ।

বিপ্রবর—দ্বিজশ্রেষ্ঠ। বিপ্রাদিগের মধ্যে বর (শ্রেষ্ঠ)। ৭মীতৎ। বি; পুং।

বিপ্রয়োগ—বিয়োগ; বিরহ; পৃথগ্ভাব, বি—প্র—যুজ্+ঘঞ্ ভাব। বি; পুং; বিণ—**বিপ্রযুক্ত**।

বিপ্রলব্ধ—প্রতারিত; বিরহিত। বি—প্র—লভ্+ক্ত কর্ম। বিণ।

বিপ্রলব্ধা—১। প্রতারিতা। বিণ; স্ত্রী। ২। নায়িকা বিঃ [যে নায়িকা সংকেতস্থানে নায়ককে দেখিতে না পাইয়া হতাশ হয়]। বিপ্রলব্ধ+আপ্। বি; স্ত্রী।

বিপ্রলম্ভ—বিবাদ, কলহ; বঞ্চনা, প্রতারণা; বিয়োগ, বিরহ; পৃথগ্ভাব; নায়ক-নায়িকার সম্ভোগাভাব বা বিচ্ছেদ; বিরুদ্ধকর্ম। বি—প্র—লভ্+ঘঞ্ ভাব। বি; পুং। [অ।

বিপ্রসাৎ—ব্রাহ্মণকে দেয় বা দত্ত। বিপ্র+সাতিচ্।

বিপ্লব—বিদ্রোহ; সমাজ-ব্যবস্থা বা শাসনতন্ত্রের আমূল পরিবর্তন বা তাহার চেষ্টা ('রাষ্ট্র—'); কোন বিষয়ের দ্রুত পরিবর্তন, revolution; উপদ্রব; বিবাদ; দেশ-লুণ্ঠন; বিনাশ; ভয়-প্রদর্শন; ভয়প্রাপ্তি; গোলমাল; কষ্ট; বিপদ্। বি—প্লু+অপ্ ভাব। বি; পুং।

বিপ্লবাত্মক—বিদ্রোহজনক ('—কার্যকলাপ'); সমাজ বা রাষ্ট্র-ব্যবস্থার পরিবর্তনকারক। বিপ্লব আত্মা (স্বরূপ) যাহার, বহু+ক সমাসান্ত। বিণ।

বিপ্লবী (-বিন্)—বিপ্লবকারী; রাষ্ট্রবিপ্লব সংঘটনকারী ('—সুভাষ')। বিপ্লব+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বিনী**।

বিপ্লাবন—ব্যাঘাত, বিঘ্ন; হানি; ধ্বংস; জল-প্লাবন; বিপর্যাস। বি—প্লু বা প্লব্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

বিপ্লাবিত—বিপর্যস্ত, উলটাইয়া পালটাইয়া দেওয়া; ব্যাহত; জলপ্লাবিত। বি—প্লু+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

বিপ্লুত—প্লাবিত ('অশ্রু—'); উপদ্রুত; বিপর্যস্ত; বিহ্বল। বি—প্লু+ক্ত কর্তৃ। বিণ।

বিফল—বৃথা, নিষ্ফল; অকৃতকার্য। বি (বিনষ্ট) ফল যাহার, বহু। বিণ। বি—**বিফলতা**।

বিবক্ষা—বলিবার ইচ্ছা; বলিবার অভিলাষ। বচ্+সন্ ইচ্ছার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

বিবক্ষিত—যাহা বলিতে ইচ্ছা হইয়াছে এমন। সনন্ত বচ্+ক্ত কর্ম। বিণ।

বিবক্ষু—বলিতে ইচ্ছুক। সনন্ত বচ্+উ কর্তৃ। বিণ।

বিবৎসা—১। বাস করিবার ইচ্ছা। সনন্ত বস্+অ ভাব+আপ্। বি; স্ত্রী। ২। বৎসহীনা। বি (নাই) বৎস যাহার, বহু+আপ্। বিণ।

বিবদমান—বিরোধী; কলহে নিরত। বি—বদ্+শানচ্ কর্তৃ। বিণ।

বিবমিষা—বমন করিবার ইচ্ছা, nausea. বম্+সন্ ইচ্ছার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী। বিণ, **-মিষু**।

বিবর—ছিদ্র, রন্ধ্র; দোষ; বিচ্ছেদ; পৃথগ্ভাব। বি—বৃ+অপ্ কর্ম, ভাব। বি; ক্লী।

বিবরণ—বর্ণন; ব্যাখ্যান, টীকা; প্রকাশ; বৃত্তান্ত। বি—বৃ+অনট্ ভাব। বি; ক্লী।

বিবরণী—১। ব্যাখ্যান; বৃত্তান্ত। বি—বৃ+অনট্

কর্ম+ঈপ্। ২। বিবরণ-পুস্তক, লিখিত বিবরণ; লিখিত ব্যাখ্যান। বি—বৃ+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী। [ভাব। বি; ক্লী।

বৰ্জন—বিসর্জন, পরিত্যাগ। বি—বৃজ্+অনট্

বর্জিত—পরিত্যক্ত; বিরহিত। বি—বৃজ্+ক্ত কর্ম। বিণ। [বহু। বিণ।

বর্ণ—বিকৃতবর্ণ; মলিন। বিকৃত বর্ণ যাহার,

বর্ণতা—ফ্যাকাশে ভাব, বর্ণবিকৃতি; মলিনতা। বিবর্ণ+তা ভাবে। বি: স্ত্রী।

বিবর্ত—পরিবর্ত; রূপান্তর; ঘূর্ণন; বিশেষরূপে স্থিতি। বি—বৃত্+ঘঞ্ ভাব। বি; পুং।

বিবর্তন—ঘূর্ণন; ভ্রমণ; পরিভ্রমণ; প্রত্যাবৃত্তি; প্রত্যাবর্তন; পাশ ফিরিয়া শোওয়া; নৃত্য; প্রদক্ষিণকরণ; পরিবর্তন। বি—বৃত্+অনট্ ভাব। বি; ক্লী। [শীল যাহার, বহু। বিণ।

বিবর্তনশীল—ঘূর্ণমান; পরিবর্তনশীল। বিবর্তন

বিবর্তবাদ—মায়াবাদ; ব্রহ্ম সত্য জগৎ মিথ্যা এই মতবাদ; ক্রমবিকাশবাদ, theory of evolution; বিবর্তসমর্থক বাদ, মধ্যপ। বি; পুং।

বিবর্তিত—প্রত্যাবর্তিত; ঘূর্ণিত; ভ্রমিত; অপনীত। বি—বৃত্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

বিবর্ধক—বিশেষরূপে বৃদ্ধিকারক; বৃদ্ধিজনক। বি—বৃধ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -র্ধিকা।

বিবর্ধন—১। বিশেষরূপে বাড়ানো; (পদার্থবিদ্যা) বড় দেখানো, magnification; ছেদন, খণ্ডন। বি—বৃধ্+ণিচ্+অনট্ ভাব। ২। বিশেষরূপে বাড়া, সম্যক্ বৃদ্ধি। বি—বৃধ্+অনট্ ভাব। বি: ক্লী।

বিবশ—অবশ; বিহ্বল; অচেতন; নিশ্চেষ্ট; অবশীভূত; অবাধ্য; স্বাধীন; মৃত্যুপ্রার্থী; মৃত্যু-ভীত; মৃত্যুকালে নির্ভীক; প্রশান্তচেতাঃ। বিগত বশ যাহার, বহু। বিণ।

বিবসন—উলঙ্গ, বস্ত্রশূন্য। বিগত বসন যাহার, বহু। বিণ।

বিবস্ত্র—উলঙ্গ, বস্ত্রহীন। বিহীন বস্ত্র দ্বারা, প্রাদি; অথবা, বিগত, বিনষ্ট বস্ত্র যাহার, বহু। বিণ।

বিবস্বান্ (-স্বৎ)—সূর্য; অরুণ; দেবতা; বৈবস্বত মনু; অর্কবৃক্ষ। বিবস্+মতুপ্ আছে অর্থে। বি: পুং।

বিবাগ—বিদেশ; বৈরাগ্য জন্য দেশত্যাগ; উদাসীনতা। বাংপ্র। বি।

বিবাগী—দেশত্যাগী; সংসারত্যাগী; উদাসীন। বিবাগ+ঈ গত্যর্থে (বাংপ্র)। বিণ।

বিবাদ—ঝগড়া, বিরোধ; মকদ্দমা। বি—বদ্+ঘঞ্ ভাব। বি; পুং।

বিবাদপ্রিয়—কলহপ্রিয়, যে ঝগড়া করিতে ভালবাসে এমন। বহু। বিণ।

বিবাদী (-দিন্)—১। বিবাদকারী, বিরোধী; বিবাদের বিষয়ীভূত। বিণ। স্ত্রী, -দিনী। ২। আসামী; মকদ্দমার প্রতিবাদী; কোন রাগে যে সুর বাদী স্বরের বিরোধী হয় তাহা। বিবাদ +ইন্ আছে অর্থে; অথবা, বি—বদ্+ণিন্ কর্তৃ। বি; পুং।

বিবাসন—নির্বাসন। বি—ণিজন্ত বস্ (=বাসি) +অনট্ ভাব। বি: ক্লী। বিণ—**বিবাসিত, বিবাসী** (-সিন্)।

বিবাহ—দারপরিগ্রহ, পরিণয় [বিবাহ অষ্টবিধ— ব্রাহ্ম, দৈব, আর্য, প্রাজাপত্য, আসুর, গান্ধর্ব, রাক্ষস, পৈশাচ]। বি—বহ্+ঘঞ্ ভাব। বি; পুং।

বিবাহবিচ্ছেদ—আইনের বলে পতি বা পত্নীর দাম্পত্য-সম্বন্ধের বিলোপ, তালাক, divorce. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিবাহিত—কৃতবিবাহ, পরিণীত। বি—বহ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। [বিণ।

বিবাহ্য—বিবাহযোগ্য; বহনীয়। বি—বহ্+ণ্যৎ কর্ম।

বিবি—মাননীয়া মুসলমান মহিলা, মান্য স্ত্রীলোক; পত্নী; স্ত্রীলোক; ইওরোপীয় স্ত্রীলোক; তাসের রানী। <হি 'বীবী'। বি; স্ত্রী।

বিবিক্ত—বিজন, নির্জন; পবিত্র; শুভ; একাগ্র; পৃথগ্‌ভূত; অসম্পৃক্ত; একাকী; নির্দোষ; বিবেকী। বি—বিচ্+ক্ত কর্তৃ। বিণ।

বিবিক্তসেবী (-বিন্)—পবিত্র নির্জন স্থানে বাস-কারী। উপতৎ; বিবিক্ত—সেব+ণিন্ কর্তৃ। বিণ।

বিবিজান—হে প্রিয় বিবি, অয়ি প্রিয়ে। হি-মু। বি, সম্বোধন। [যাহাতে, বহু। বিণ।

বিবিধ—নানাবিধ, অনেক রকম। বিভিন্না বিধা

বিবিয়ানা—ইওরোপীয় মহিলার ন্যায় চাল-চলন; স্ত্রীলোকের বিলাসিতা। বিবি+আনা ভাবে। বি।

বিবুধ—পণ্ডিতব্যক্তি, জ্ঞানীলোক; দেব। বি—বুধ্+ক কর্তৃ। বি; পুং।

বিবৃত—ব্যাখ্যাত, বর্ণিত; বিস্তৃত; প্রকাশিত; মহৎ; স্পষ্টীকৃত; উন্মুক্ত; প্রমাণীকৃত। বি—বৃ+ক্ত কর্ম। বিণ।

বিবৃতি—ব্যাখ্যা, বিবরণ, টীকা; প্রকাশ, প্রকটন; বিজৃম্ভণ; বিস্তার; ঘোষণা; মতামত প্রকাশক উক্তি, statement. বি—বৃ+ক্তি ভাব। বি; স্ত্রী।

বিবৃত্ত—ঘূর্ণিত। বি—বৃৎ+ক্ত কর্তৃ। বিণ।

বিবৃত্তি—চক্রবৎ ঘূর্ণন; বিবর্তন। বি—বৃ+ক্তি ভাব। বি; স্ত্রী। [—বিবৃদ্ধ।

বিবৃদ্ধি—বিশেষরূপ বৃদ্ধি। প্রাদি। বি; স্ত্রী। বিণ

বিবেক—১। বিচার, বিবেচনা; ন্যায়-অন্যায়ের বোধ, conscience; বৈরাগ্য; বিভিন্নতা; প্রকৃতি ও পুরুষের ভেদ-জ্ঞান; তত্ত্বজ্ঞান। বি—বিচ্+ঘঞ্ ভাব। ২। দেহ হইতে ব্রহ্মকে পৃথক্ জ্ঞান করিবার ক্ষমতা। বি—বিচ্+ঘঞ্ করণ। বি; পুং।

বিবেকবুদ্ধি—সদসৎ-বিচারক্ষম বুদ্ধি, তত্ত্বজ্ঞান-সম্পন্না বুদ্ধি। বিবেকসংগতা বুদ্ধি, মধ্যপ। বি; স্ত্রী।

বিবেকিতা—বিচারশীলতা, বিবেকীর ভাব। বিবেকিন্+তা ভাবে। বি; স্ত্রী।

বিবেকী (-কিন্)—বিবেচনাকারী; বিচারক; বিবেকযুক্ত; বৈরাগ্যবিশিষ্ট, বিরাগী। বিবেক+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-কিনী**।
বিবেচক—বিচারশক্তিমান্, বিবেচনাকারী; বিচারক; বিচক্ষণ। বি—বিচ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-চিকা**।
বিবেচন, বিবেচনা—বিচার; বিতর্ক, বিশেষরূপে আলোচনা। বি—বিচ্+ণিচ্+অনট্ ভাববা, পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
বিবেচনীয়—বিবেচনার যোগ্য। বি—বিচ্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।
বিবেচিত—বিচারিত; নিরূপিত। বি—বিচ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। [বিণ।
বিবেচ্য—বিবেচনাযোগ্য। বি—বিচ্+ণিচ্+যৎ কর্ম।
বিব্ভুল—১। বিহ্বলতা; ভ্রম। বি। ২। হতবুদ্ধি। <বিহ্বল। বিণ।
বিব্রত—ব্যতিব্যস্ত; দায়গ্রস্ত; বিপন্ন, ঝঞ্ঝাটে পতিত। বাংপ্র। বিণ।
বিভক্ত—পৃথক্কৃত; যাহা ভাগ করা হইয়াছে এমন; সংক্রমিত। বি—ভজ্+ক্ত কর্ম। বিণ।
বিভক্তি—শব্দ বা ধাতুর উত্তর যে সকল প্রত্যয় হয় তাহা, সুপ্ ও তিঙ্; বিভাগ, বণ্টন; রচনা; ভঙ্গী। বি—ভজ্+ক্তি ভাব, করণ। বি; স্ত্রী।
বিভঙ্গ—১। বিন্যাস; ভঙ্গী; সংকোচ। বি—ভন্জ্+ঘঞ্ ভাব। ২। খণ্ড, ছেদ; ভাঙ্গন, fracture. বি—ভন্জ্+ঘঞ্ কর্ম। বি; পুং।
বিভজনীয়—বিভাগযোগ্য, বিভাজ্য। বি—ভজ্+অনীয় কর্ম। বিণ।
বিভজ্যমান—যাহা বিভাগ করা হইতেছে এমন, বিভাজ্য। বি—ভজ্+শানচ্ কর্ম। বিণ।
বিভব—১। সম্পত্তি; ধন; বিদ্যুৎপ্রবাহের কার্যক্ষমতা; প্রচ্ছন্ন শক্তি, potentia. বি—ভূ+অপ্ করণ। ২। প্রভুত্ব; মোক্ষ; ঔদার্য; মহত্ত্ব। বি—ভূ+অপ্ ভাব। বি; পুং।
বিভা—আলোক, দীপ্তি, প্রভা; কিরণ; শোভা; প্রকাশ। বি—ভা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।
বিভাকর—সূর্য, ভানু; অগ্নি। উপতৎ; বিভা—কৃ+ট কর্তৃ। বি; পুং।
বিভাগ—১। ভাগ, বণ্টন। বি—ভজ্+ঘঞ্ ভাব। ২। দায় বা পৈতৃক সম্পত্তির অংশ; খণ্ড; কোন বৃহৎ প্রতিষ্ঠান বা কর্মপরিচালনার অংশ, department; ভগ্নাংশের ভাজ্য, লব। বি—ভজ্+ঘঞ্ কর্ম। বি; পুং।
বিভাগীয়—বিভাগ সম্বন্ধীয়, কোন অংশের সহিত সম্পর্কিত; কোন বৃহৎ প্রতিষ্ঠান বা কর্মপরিচালনার অংশ সম্বন্ধীয়, departmental. বিভাগ+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
বিভাজক—যাহা দ্বারা ভাগ করা যায় এমন, divisor; বিভাগকর্তা। বি—ভজ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-জিকা**।
বিভাজ্য—বিভাগযোগ্য, divisible; ভাজ্য, যে রাশিকে অপর রাশি দিয়া ভাগ করা হয়, dividend. বি—ভজ্+ণ্যৎ কর্ম। বিণ।
বিভাজ্যতা—নিঃশেষে ভাগ হইতে পারার অবস্থা বা গুণ, divisibility; জড় পদার্থের প্রতি কোন প্রকার বল-প্রয়োগ করিলে যে গুণ বা ধর্ম দ্বারা উহা নানা খণ্ডে বিভক্ত হইতে পারে তাহা; ভঙ্গুরত্ব। বিভাজ্য+তা ভাবে। বি; স্ত্রী।
বিভাব—১। কাব্যনাটকাদিতে বর্ণিত শোক ক্রোধ উৎসাহ প্রঃ স্থায়িভাবের উদ্দীপন ও আলম্বন; পরিচয়। বি (বিশিষ্ট) ভাব যদ্দ্বারা, বহু; অথবা, বি—ভূ+ণিচ্+অচ্ কর্তৃ। ২। ভিন্ন ভাব, বিশিষ্ট ভাব। বি (ভিন্ন) ভাব, প্রাদি। বি; পুং।
বিভাবন, বিভাবনা—বিবেচনা; অবধারণ; চিন্তন; অনুভবকরণ; প্রকাশন; দর্শন; খ্যাপন; কাব্যের অলংকার বিঃ [কারণ ব্যতিরেকে কার্যোৎপত্তি হইলে এই অলংকার হয়; যথা—"একি হৈল অকস্মাৎ বিনামেঘে বজ্রাঘাত"]। বি—ভূ+ণিচ্+অনট্, পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
বিভাবনীয়, বিভাব্য—অবধারণীয়; চিন্তনীয়; বিবেচনীয়; দর্শনীয়। বি—ভূ+ণিচ্+অনীয়, যৎ কর্ম। বিণ।
বিভাবরী—রজনী, রাত্রি; কুট্টনী; মুখরা স্ত্রী। বি—ভা+ক্বনিপ্ কর্তৃ+ঈপ্ (ন্-স্থানে র)। বি; স্ত্রী।
বিভাবসু—সূর্য; চন্দ্র; অগ্নি। বিভা বসু (ধন) যাহার, বহু। বি; পুং।
বিভাবিত—অনুভূত; দৃষ্ট; বিবেচিত; বিচিন্তিত; প্রতিষ্ঠিত; প্রসিদ্ধ। বি—ভূ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
বিভাব্য—'বিভাবনীয়' দ্রঃ।
বিভাষ, বিভাস—প্রাতঃকালে গেয় সংগীতের রাগ বিঃ। <বিভাষা। বি।
বিভাষা—বিকল্প, পক্ষান্তর বিধান, অন্য প্রকার রূপ। বি—ভাষ্+অ ভাব+আপ্। বিণ—**বিভাষিত**। [কর্তৃ। বিণ।
বিভাসিত—আলোকিত; প্রকাশিত। বি—ভাস্+ক্ত
বিভিন্ন—বিভক্ত; মিশ্রিত; সংগৃহীত; পৃথক্কৃত; বিঘটিত; অন্যবিধ; বিদীর্ণ; নানাবিধ; বিদারিত; বিদলিত; বিকসিত; হতবুদ্ধি; নিঃশেষিত। বি—ভিদ্+ক্ত কর্ম, কর্মকর্তৃ। বিণ।
বিভিন্নতা—পার্থক্য; বহুবিধত্ব। বিভিন্ন+তা ভাবে। বি; স্ত্রী।
বিভীতক—১। বয়ড়া গাছ। বিশেষরূপে ভীত (ভয়) যাহা হইতে, বহু (ক-আগম)। ২। বয়ড়া ফল। বি; ক্লী। [বি; স্ত্রী।
বিভীতকী—বয়ড়া গাছ বা ফল। বিভীতক+ঈপ্।
বিভীষণ—১। রাবণের কনিষ্ঠ ভ্রাতা; যে স্বার্থোদ্ধারের জন্য স্বজন ছাড়িয়া শত্রুপক্ষে যোগ দেয়। বি; পুং। ২। অতি ভয়ংকর ("বিভীষণ 'বিভীষণ' রণে"—মাইকেল); দৃঢ়; ঘন। বি—ভী+ণিচ্+অন কর্তৃ। বিণ।
বিভীষিকা—১। ভয়প্রদর্শন, ভয় দেখানো। বি—

ভী+ণিচ্+ণক (স্বচ্) ভাব+আপ্। বি; স্ত্রী। ২। ভীষণ ভয়, আতঙ্কজনক দৃশ্য। বাংপ্র। বি।
বিভু—১। পরমেশ্বর; প্রভু; ব্রহ্মা; বিষ্ণু; মহেশ্বর; ভৃত্য। বি; পুং। ২। সর্বব্যাপী; ব্যাপক; নিত্য; সমর্থ। বি—ভূ+ডু কর্তৃ। বিণ।
বিভুঁই—বিদেশ। <বিভূমি। বি।
বিভূতি—সম্পত্তি, ধন, সমৃদ্ধি; ঐশ্বর্য। [অণিমা, লঘিমা, ব্যাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কামাবসায়িতা—শিবের এই অষ্টবিধ ঐশ্বর্য]; ভস্ম, ছাই। বি—ভূ+ক্তি করণ। বি; স্ত্রী।
বিভূতিভূষণ—১। ছাইরূপ অঙ্গশোভা। রূপক কর্মধা। বি; ক্লী। ২। মহাদেব। বহু। বি; পুং।
বিভূষণ—১। আভরণ, অলংকার। বি—ভূষ্+অনট্ করণ। বি; ক্লী। ২। আভরণহীন। বিগত, বিনষ্ট ভূষণ যাহার, বহু। বিণ।
বিভূষণ, বিভূষা—১। আভরণ, অলংকার। বি—ভূষ্ +অনট্ করণ, ২য় পক্ষে অ করণ+আপ্। ২। শোভা। বি—ভূষ্+অনট্ ভাব, ২য় পক্ষে অ ভাব +আপ্। বি; ক্লী, স্ত্রী। [বিণ।
বিভূষিত—শোভিত; অলংকৃত। বি—ভূষ্+ক্ত কর্ম।
বিভেদ—প্রভেদ, পার্থক্য; বিভিন্নতা; বৈলক্ষণ্য; মিশ্রণ; অপগম; বিভাগ; বিকাশ; বিদলন; বিদারণ। বি—ভিদ্+ঘঞ্ ভাব। বি; পুং।
বিভোর—মগ্ন; তন্ময়; আত্মহারা। <বিহ্বল। বিণ।
বিভোল, বিভোলা—বিভোর। কপ্র। বিণ।
বিভ্রম—ভুল-ভ্রান্তি; মোহজনক ভাব ('চিত্ত—'); বিলাস; লীলা; সংশয়; তাড়াতাড়িতে অলংকার প্রঃ ঠিক ঠিক স্থানে না পরিয়া অন্য স্থানে পরিধান; শোভা; সাদৃশ্য। বি—ভ্রম্+ঘঞ্ ভাব। বি; পুং। [বাংপ্র। বি।
বিভ্রাট—গোলমাল, ঝঞ্ঝাট; বিপদ্; দায়; দুর্ঘটনা।
বিভ্রান্ত—ভ্রমযুক্ত, যাহার ভুল হইয়াছে এমন; সংশয়হেতু বিমূঢ়; ব্যতিব্যস্ত; তরান্বিত। বি—ভ্রম্+ক্ত কর্তৃ। বিণ।
বিভ্রান্তি—ভ্রম, ভুল; ত্বরা। বি—ভ্রম্+ক্তি ভাব। বি; স্ত্রী। [অ।
বিমজ্জিম—মত, অনুযায়ী। <ফা 'ব-মুজিব'।
বিমথিত—যাহা বিশেষরূপে মন্থন করা হইয়াছে এমন; বিনাশিত। বি—মথ্+ক্ত কর্ম। বিণ।
বিমনস্ক, বিমনাঃ (মনস্)—বিষণ্ণ; উদ্বিগ্ন; ব্যাকুল; **অন্যমনস্ক। বিচলিত** বা বিক্ষিপ্ত মনঃ যাহার, বহু, ১ম পক্ষে ক-সমাসান্ত। বিণ।
বিমর্দ, বিমর্দন—পেষণ, চূর্ণন; ঘর্ষণ; মন্থন; বিনাশ। বি—মৃদ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী। [বি—মৃদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
বিমর্দিত—ঘৃষ্ট; দলিত; পিষ্ট; চূর্ণিত; মথিত।
বিমর্শ, বিমর্শন—তর্ক, বিচার। বি—মৃশ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।
বিমর্ষ—অধীর; বিষণ্ণ; অসন্তুষ্ট। বিগত হইয়াছে মর্ষা (সহিষ্ণুতা) যাহার, বহু। বিণ।
বিমর্ষ, বিমর্ষণ—অসন্তোষ; অসহন। বি—মৃষ্+ ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।
বিমল—নির্মল, স্বচ্ছ; শুভ্র; সুন্দর, মনোহর; নিষ্কলঙ্ক; নিষ্পাপ। বহু। বিণ। বি, **-তা**।
বিমলানন্দ—১। পবিত্র আনন্দযুক্ত। বিমল আনন্দ যাহার, বহু। বিণ। ২। পবিত্র আনন্দ, ব্রহ্মানুভব-রূপ আনন্দ। কর্মধা। বি; পুং।
বিমা, বীমা—আকস্মিক ক্ষতির সময়ে অর্থপ্রাপ্তির চুক্তিতে কিস্তিতে কিস্তিতে অর্থ প্রদান করিবার ব্যবস্থা বা চুক্তি, insurance. হি। বি।
বিমাতা (-মাতৃ)—মাতার সপত্নী, সৎমা। বিরুদ্ধা মাতা, প্রাদি। বি; স্ত্রী।
বিমান—ব্যোমযান, aeroplane; দেবরথ; যান; মণ্ডপ; সপ্ততল প্রাসাদ; আকাশ; সিংহাসন; ঘোটক। বি—মন্+ঘঞ্ করণ, কর্ম; কিংবা, বি—মা+অনট্ কর্ম। বি; পুং বা ক্লী।
বিমান ঘাঁটি—যে স্থানে বিমান থাকে, উড়োজাহাজ ছাড়িবার ও নামিবার স্থান, aerodrome. ষষ্ঠী-তৎ (বাংপ্র)। বি।
বিমানচারী (-রিন্)—আকাশযানে ভ্রমণকারী। উপ-তৎ; বিমান—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চারিণী**।
বিমান-বিধ্বংসী (-সিন্)—বিমান-মারা, anti-aircraft. উপতৎ; বিমান—বি-ধ্বন্স্+ণিন্ কর্তৃ। বিণ।
বিমানবীর—আকাশযান-চালনায় সুদক্ষ। বিমানে বীর, ৭মীতৎ। বিণ। [বিণ।
বিমিশ্র—মিশ্রিত, মিশানো। বিশেষভাবে মিশ্র, প্রাদি।
বিমুক্ত—মুক্তিপ্রাপ্ত; বন্ধন হইতে মুক্ত; পরিত্যক্ত। বি—মুচ্+ক্ত কর্মকর্তৃ, কর্ম। বিণ। বি—**বিমুক্তি**।
বিমুখ—পরাঙ্মুখ; নিবৃত্ত; নিস্পৃহ; অপ্রসন্ন; যাহার প্রার্থনা পূর্ণ করা হয় নাই এমন। বি (বিবৃত্ত, বিরুদ্ধ, প্রতিকূল) মুখ যাহার, বহু। বিণ। স্ত্রী, **-খা, -খী**।
বিমুগ্ধ—বিশেষভাবে মুগ্ধ; স্বাভাবিক জ্ঞানশূন্য; যে একেবারে ভুলিয়া গিয়াছে এমন। বি—মুহ্+ক্ত কর্তৃ। বিণ।
বিমূঢ়—মূর্খ; বিহ্বল; সম্যক্ মুগ্ধ; ইতি-কর্তব্যতাজ্ঞানশূন্য। বি—মুহ্+ক্ত কর্তৃ। বিণ।
বিমৃশ্যকারী (-কারিন্), **বিমৃষ্যকারী** (-কারিন্)—যে বিবেচনা করিয়া কর্ম করে এমন; বিবেচক। বিমৃশ্য, বিমৃষ্য—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিণী**। বি, **-কারিতা**। [বিণ।
বিমৃষ্ট—বিবেচিত; বিচারিত। বি—মৃষ্+ক্ত কর্ম।
বিমোচন—মুক্তি, উদ্ধার। বি—মুচ্+অনট্ ভাব। বি; ক্লী। [পুং।
বিমোহ—জড়তা, মোহ। বি—মুহ্+ঘঞ্ ভাব। বি;
বিমোহন—১। মোহ জন্মানো; মুগ্ধকরণ ভুলানো। বি—মুহ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। মুগ্ধ-কারক, মোহজনক। বি—মুহ্+ণিচ্+অন কর্তৃ, অনট্ করণ। বিণ। স্ত্রী, **-না, -নী**।

বিমোহিত—১। যাহাকে ভুলানো হইয়াছে এমন, মোহপ্রাপিত। বি—মুহ্+ণিচ্+ক্ত কর্ম। ২। মুগ্ধ, মোহপ্রাপ্ত; অজ্ঞান; মূর্ছিত; হিতাহিতজ্ঞানশূন্য। বিমোহ+ইতচ্ জাতার্থে। বিণ।

†**বিম্ব**—১। প্রতিবিম্ব; প্রতিবিম্বের মূল বস্তু; বুদ্বুদ ('জল—'); সূর্য ও চন্দ্রের মণ্ডল; মণ্ডলের ন্যায় গোলাকার মূর্তি। বি; পুং বা ক্লী। ২। জলবুদ্বুদ। বী+বন্ কর্তৃ (ম্-আগম, ঈকার হ্রস্ব)। ৩। তেলাকুচা ফল। বিম্বা+অণ্ ফলার্থে। বি; ক্লী।

†**বিম্বাধর**—১। পাকা তেলাকুচার ন্যায় অধর। বিম্ব-সদৃশ অধর, মধ্যপ। বি; পুং। ২। বিম্বের ন্যায় অধরবিশিষ্ট। বহু। বিণ।

†**বিম্বিত**—প্রতিবিম্বিত, প্রতিফলিত; আভাসিত। বিম্ব+ইতচ্ জাতার্থে। বিণ।

†**বিম্বোষ্ঠ, বিম্বৌষ্ঠ**—১। রক্তবর্ণ ওষ্ঠবিশিষ্ট, যাহার ওষ্ঠ বিম্বের ন্যায় রক্তবর্ণ এমন। বিম্বসদৃশ ওষ্ঠ যাহার, বহু। বিণ। স্ত্রী, **-ষ্ঠা, -ষ্ঠী**। ২। বিম্বফলের ন্যায় লাল ঠোঁট। মধ্যপ। বি; পুং।

বিয়ৎ—আকাশ, গগন। বি (না)—যম্+ক্বিপ্ কর্তৃ। বি; ক্লী।

বিয়ন্ত—যে সদ্য প্রসব করিয়াছে এমন। বাংপ্র। বিণ।

বিয়া—পরিণয়। <বিবাহ। বি। [বি।

বিয়ান—প্রসব; পুত্রের বা কন্যাব শাশুড়ী। বাংপ্র।

বিয়ানো, বিয়নো—প্রসব করা। বাংপ্র। ক্রি।

বিয়াল্লিশ—সংখ্যা বিঃ ৪২; ৪২-সংখ্যক। <দ্বিচত্বা-রিংশৎ। বি বা বিণ।

বিযুক্ত, বিযুত—বিরহিত, রহিত; বিচ্ছিন্ন; ত্যক্ত; যাহা পৃথক্ হইয়াছে এমন; যাহা বাদ গিয়াছে এমন, minus. বি—যুজ্, যু+ক্ত কর্ম। বিণ।

বিয়ে—পরিণয়। <বিবাহ। বি।

বিয়ে-থা—বিবাহাদি। বাংপ্র। বি।

বিয়েন—প্রসব। বাংপ্র। বি।

বিয়োগ—বিচ্ছেদ; বিবহ; অভাব; (গণিতে) রাশির ব্যবকলন বা বাদ দেওয়া। বি—যুজ্+ঘঞ্ ভাব। বি; পুং। [বিণ।

বিয়োগকাতর, -বিধুর—বিরহে. কাতর। ৩য়াতৎ।

বিয়োগান্ত—নায়ক-নায়িকাদির বিচ্ছেদ বা মৃত্যু-কাহিনীতে পরিসমাপ্ত (নাটক)। বিয়োগে অন্ত যাহার, বহু। বিণ।

বিয়োগী (-গিন্)—অসংযুক্ত; বিরহী, বিচ্ছেদযুক্ত; রহিত, পৃথগ্ভূত। বিয়োগ+ইন্ আছে অর্থে; অথবা, বি (না)—যুজ্+ঘিনুণ্ কর্তৃ শীলার্থে। বিণ। স্ত্রী, **-গিনী**।

বিয়োজিত—পৃথক্কৃত; যাহা বাদ দেওয়া হইয়াছে এমন; বিরহিত; বিশ্লিষ্ট; শূন্যীকৃত। বি—যুজ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। [বিণ।

বিযোড়—অযুগ্ম। বি (নয়) যোড়, প্রাদি (বাংপ্র)।

বিরক্ত—বৈরাগ্যযুক্ত; উদাসীন; নিস্পৃহ; অননুরক্ত; বিরত, বিমুখ; (বাংপ্র) অসন্তুষ্ট; জ্বালাতন। বি—রন্জ্+ক্ত কর্তৃ। বিণ।

বিরক্তি—অসন্তুষ্টি; বিরাগ; ঔদাসীন্য; অনিচ্ছা। বি—রন্জ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

বিরক্তিকর, -জনক—অপ্রীতিকর, অসন্তোষজনক, বিরাগজনক। উপতৎ; বিরক্তি—কৃ+ক্ত কর্তৃ; বিরক্তির জনক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-করী, -জনিকা**। [ক্লী।

বিরচন—রচনা, নির্মাণ। বি—রচ্+অনট্ ভাব। বি;

বিরচিত—প্রণীত, কৃত; নির্মিত; লিখিত; গ্রথিত; বর্ণিত; ভূষিত। বি—রচ্+ক্ত কর্ম। বিণ।

বিরজা—যযাতি রাজার মাতা; দূর্বা; রাধার সখী বি; জগন্নাথক্ষেত্র; বৈষ্ণবশাস্ত্রোক্ত নদী বিঃ। বি—রন্জ্+ক ঘঞর্থে কর্ম+আপ্। বি; স্ত্রী।

বিরজাঃ (বিরজস্), (<বিরজা)—১। যাহার মাসিক ঋতুস্রাব বন্ধ হইয়াছে এমন। বিগত রজঃ যাহার, বহু। বিণ। ২। রজোগুণ রহিত; ধূলিশূন্য। বিগত রজঃ যাহা হইতে, বহু। বিণ; পুং বা স্ত্রী।

বিরঞ্জন—বর্ণ-দূরীকরণ, bleaching. বি—রন্জ্+অনট্ ভাব। বি; ক্লী। [ক্ত কর্তৃ। বিণ।

বিরত—নিবৃত্ত, ক্ষান্ত; বিমুখ; বিশ্রান্ত। বি—রম্+

বিরতি—নিবৃত্তি; বিশ্রাম; শান্তি; বিরাগ। বি—রম্+ক্তি ভাব। বি; স্ত্রী।

বিরল—অল্প; স্বল্প; অনিবিড়, ফাঁকফাঁক, ছাড়া-ছাড়া; শিথিল, আলগা; ব্যবহিত; নির্জন। বি—রা+কলন্ কর্তৃ। বিণ।

বিরলকথন—নির্জনে কথোপকথন; গোপনীয় কথা ("তোমা সনে আছে তার বিরলকথন"—কবিকঙ্কণ)। ৭মীতৎ। বি; ক্লী।

বিরলে—নির্জন স্থানে। বাংপ্র। বি।

বিরস—রসহীন, বিস্বাদ; অতৃপ্তিকর; বিরক্তিজনক; নিরানন্দ ('—বদন'); প্রতিকূল। বিগত রস যাহা হইতে, বহু। বিণ।

বিরহ—বিচ্ছেদ, বিয়োগ; ত্যাগ; অভাব; অস্থিতি; শৃঙ্গার রসের বিপ্রলম্ভাখ্য অবস্থা বিঃ। বি—রহ্+অচ্ ভাব। বি; স্ত্রী।

বিরহকাতর, -বিধুর—প্রিয়জন হইতে বিচ্ছেদহেতু ক্লিষ্ট। বিরহহেতু কাতর, বিধুর, ৩য়াতৎ। বিণ।

বিরহপ্রদীপ—প্রিয়জন-বিচ্ছেদের বেদনা ("বিরহ-প্রদীপে জ্বলুক দিবসরাতি"—রবীন্দ্র)। রূপক কর্মধা। বি; পুং। [মধ্যপ। বি; স্ত্রী।

বিরহব্যথা—বিয়োগজনিত দুঃখ। বিরহজনিত ব্যথা,

বিরহিণী—প্রিয়জন হইতে বিচ্ছিন্না। বিরহিন্+ঈপ্। বিণ; স্ত্রী।

বিরহিত—বিহীন; বিযুক্ত; ত্যক্ত; বিবৃক্ত। বিরহ+ইতচ্ সংজাতার্থে। বিণ।

বিরহী (-হিন্)—বিয়োগী, বিচ্ছেদযুক্ত প্রিয়বিরহে ক্লিষ্ট। বিবহ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-হিণী**।

বিরহোৎকণ্ঠিতা—নায়িকা বিঃ। বিরহহেতু উৎ-কণ্ঠিতা, ৩য়াতৎ। বি; স্ত্রী।

বিরাগ—১। বিরক্তি; অননুরাগ; বৈরাগ্য, ঔদাস্য; বিবেক। বি—রন্জ্+ঘঞ্ ভাব। বি; পুং।

২। রাগহীন। বিগত রাগ যাহা হইতে, বহু। বিণ।
বিরাগভাজন—অপ্রীতির পাত্র, বিদ্বেষের পাত্র। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ।
বিরাগী (-গিন্)—বৈরাগ্যযুক্ত। বিরাগ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী. **-গিণী**।
বিরাজ—১। সুন্দরভাবে অবস্থান। বি—রাজ্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। অবস্থান কর। কপ্র। ক্রি।
বিরাজমান—শোভমান; জাঁকজমক-বিশিষ্ট; সুন্দরভাবে অবস্থিত। বি—রাজ্+শানচ্ কর্তৃ। বিণ।
বিরাজিত—শোভিত, প্রকাশিত; অবস্থিত। বি—রাজ্+ক্ত কর্তৃ। বিণ।
বিরাট্ (বিরাজ্)—পরমেশ্বর; স্বায়ম্ভুবমনু; ক্ষত্রিয়; ছন্দো বিঃ; কান্তি; দীপ্তি; স্থূলশরীর সমষ্টির উপহিত চৈতন্য। বি—রাজ্+ক্বিপ্ কর্তৃ। বি; পুং।
বিরাট—১। বিশাল, প্রকাণ্ড। বাংপ্র। বিণ। ২। মৎস্যদেশ। বি—রট্+ঘঞ্ কর্ম। বি; পুং। ৩। মৎস্যরাজ। বিরাট+অচ্ আছে অর্থে। বি; পুং। [বতি। বি বা বিণ।
বিরানব্বই—সংখ্যা বিঃ, ৯২; ৯২-সংখ্যক। <দ্বিন-
বিরাম—বিরতি, নিবৃত্তি; বিশ্রাম; অবসান; বৈরাগ্য; পরে অন্য বর্ণ না থাকা; (সংগীত) পূর্বোক্ত মাত্রার অর্ধেক; একটি পূর্ণ মাত্রার চতুর্থাংশ, অনুদ্রুত। বি—রম্+ঘঞ্ ভাব, অধি। বি; পুং।
বিরাশি, বিরাশী—৮২; ৮২-সংখ্যক। <দ্ব্যশীতি। বি বা বিণ।
বিরিঞ্চ, বিরিঞ্চি—ব্রহ্মা; বিষ্ণু; মহেশ্বর। বি—রচ্+অচ্, ইন্ কর্তৃ (ম্-আগম)। বি; পুং।
বিরুদ্ধ—বিপরীত, উলটা; প্রতিকূল, পরিপন্থী; বিদ্বেষযুক্ত; বিশ্লিষ্ট; বদ্ধ, আটককরা। বি—রুধ্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।
বিরুদ্ধাচরণ—শত্রুতাকরণ; নিয়মলঙ্ঘন, বিপরীত কার্যকরণ। বিরুদ্ধ যে আচরণ, কর্মধা। বি; ক্লী।
বিরুদ্ধাচারী (-চারিন্)—বিরুদ্ধকার্যকারী; নিয়মলঙ্ঘনকারী; শত্রুতাচরণকারী। উপতৎ; বিরুদ্ধ—আ—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী. **-চারিণী**।
বিরূপ—কুরূপ, কুৎসিত; প্রতিকূল, বিরোধী; অসন্তুষ্ট। বিকৃত রূপ যাহার, বহু। বিণ।
বিরূপাক্ষ—১। মহাদেব; রুদ্র বিঃ। বি; পুং। ২। যাহার চক্ষু বিকৃত এমন; যাহার চক্ষু সাধারণ সংখ্যার অতীত এমন। বিরূপ অক্ষি যাহার, বহু (ষচ্-সমাসান্ত)। বিণ। স্ত্রী. **-ক্ষী**।
বিরেক, বিরেচন—মলনিঃসরণ, ভেদ। বি—রিচ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।
বিরেচক—ভেদকারক, খাইলে দাস্ত হয় এমন। বি—রিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী. **চিকা**।
বিরেচন—১। 'বিরেক' দ্রঃ। ২। বিরেচক, পুনঃপুনঃ মলনিঃসারক। বি—রিচ্+ণিচ্+অন কর্তৃ। বিণ।
বিরোচন—সূর্য; চন্দ্র; অগ্নি। বি—রুচ্+অন কর্তৃ। বি; পুং।
বিরোধ—১। বিবাদ; শত্রুতা, বৈর; বৈপরীত্য; অবরোধ; অনৈক্য। বি—রুধ্+ঘঞ্ ভাব। ২। যুদ্ধ; বিপদ্; অর্থালংকার বিঃ; বাধা, আটক। বি—রুধ্+অচ্ কর্তৃ। বি; পুং।
বিরোধাভাস—অর্থালংকার বিঃ। বিরোধের আভাস যাহাতে, বহু। বি; পুং।
বিরোধিত—বিরোধযুক্ত। বিরোধ+ইত জাতার্থে। বিণ।
বিরোধী (-ধিন্)—বিরুদ্ধ, বিপরীত; বিদ্বেষী; বিরোধকারী; অসম্মত; রিপু, শত্রু। বি—রুধ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী. **-ধিনী**।
বিরোধোক্তি—কাব্যালংকার বিঃ [বাস্তবিক বিরোধ নাই, কিন্তু আপাততঃ যেখানে বিরোধ আছে বলিয়া মনে হয় সেইখানে এই অলংকার হয়। যথা—"কত কত চান্দ তিমির পর বিলসই তিমিরহু কত কত চান্দ"। চন্দ্র এবং তিমিরের (অন্ধকারের) একত্র অবস্থান অসম্ভব। কিন্তু রাসবিহারে চন্দ্র (গোপী) এবং তিমির (কৃষ্ণ) একত্র অবস্থান করিতেছেন; সুতরাং এখানে স্পষ্ট বিরোধ দেখা গেলেও প্রকৃতপক্ষে বিরোধ না থাকাতে বিরোধোক্তি অলংকার হইয়াছে]; বিপ্রলাপ। বিরোধ-সূচিকা উক্তি, মধ্যপ। বি; স্ত্রী।
বিল—১। গর্ত, ছিদ্র, বিবর; গুহা। বিল্+ক কর্তৃ। বি; ক্লী। ২। বিক্রেতা কর্তৃক ক্রেতাকে প্রদেয় প্রাপ্য টাকার হিসাবযুক্ত তালিকা। <ইং 'bill'. ৩। জলা, জলময় নিম্নভূমি। বাংপ্র। বি।
বিলকুল—সমুদয়, সমস্ত। আ। বিণ।
বিলক্ষণ—১। সমধিক; অসামান্য; পরীক্ষক; ভিন্ন; পৃথক্। বিশিষ্ট, বিভিন্ন লক্ষণ যাহার, বহু। বিণ। ২। যথেষ্ট, ভালরকম; খুব যা হ'ক। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।
বিলনো—'বিলানো' দ্রঃ।
বিলম্ব, বিলম্বন—গৌণ; দেরি; দোলন, ঝুলন; লম্বন। বি—লম্ব্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।
বিলম্বিত—১। অশীঘ্র, বিলম্বযুক্ত, দীর্ঘ; লম্বমান। বি—লম্ব্+ক্ত কর্তৃ, লম্ব্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। ২। মধ্যম নৃত্য। বিলম্ব+ইতচ্ আছে অর্থে। বি; ক্লী।
বিলম্বী (-ম্বিন্)—১। অদ্রুত; বিলম্বকারী; কুঁড়ে। বিলম্ব+ইন্ আছে অর্থে। ২। লম্বনবিশিষ্ট; লম্বমান, যাহা ঝুলিতেছে এমন; সংযুক্ত। বি—লম্ব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী. **-ম্বিনী**।
বিলয়—বিলোপ, বিনাশ। বি—লী+অচ্ ভাব। বি; পুং।
বিলসন, বিলসিত—দীপ্তি, আভা; প্রকাশ; স্ফুরণ; বিলাস, লীলা, ক্রীড়া। বি—লস্+অনট্, ক্ত ভাব। বি; ক্লী।
বিলাত, বিলেত—১। ইংলণ্ড বা ইওরোপ; বিদেশ; বহিঃস্থান; ব্যবসায়ক্ষেত্র ভিন্ন অন্য স্থান। <আ 'বিলায়ৎ'। ২। দোকানদারের নিকট ক্রেতার ধার। বাংপ্র। বি।

বিলাতফেরত, বিলেতফেরত—যে ইওরোপে গমনপূর্বক তথা হইতে দেশে প্রত্যাবর্তন করিয়াছে এমন। ৫মীতৎ (বাংপ্র)। বিণ।

বিলাতবাকি, বিলেতবাকি—খরিদ্দারের নিকট বাকী পাওনা। বাংপ্র। বি।

বিলাতী, বিলিতী—ইওরোপীয়, ইওরোপ হইতে আমদানী; বিদেশীয়; বিদেশ হইতে আসিয়া এদেশে প্রচলিত ('—কুমড়া')। বিলাত, বিলেত+ঈ সম্বন্ধাদি অর্থে (বাংপ্র)। বিণ।

বিলাতিয়ানা—বিলাতী চালচলন। বাংপ্র। বি।

বিলানো, বিলনো—বিতরণ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বিলাপ—খেদোক্তি; দুঃখ। বি—লপ্+ঘঞ্ ভাব। বি; পুং।

বিলাপবচন—খেদসূচক বাক্য। বিলাপযুক্ত বচন, মধ্যপ। বি; ক্লী।

বিলাপী (-পিন্)—১। বিলাপযুক্ত। বিলাপ+ইন্ যুক্তার্থে। ২। বিলাপকারী। বি—লপ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী. -পিনী।

বিলাস—সুখভোগ; বাবুগিরি; দেহের অঙ্গভঙ্গী; প্রিয়দর্শনাদিজনিত গমনোপবেশনাদির বৈচিত্র্য ও মুখনেত্রশরীরাদির ভাবভঙ্গী; ক্রীড়া; আমোদ-প্রমোদ; শোভা; প্রাদুর্ভাব; বিকাশ; স্ফুরণ। বি—লস্+ঘঞ্ ভাব। বি; পুং। [বি; স্ত্রী।

বিলাসিতা—ভোগাসক্তি। বিলাসিন্+তা ভাবার্থে।

বিলাসিনী—১। রমণী; ভোগপ্রিয়া নারী; বেশ্যা। বি; স্ত্রী। ২। ক্রীড়াকৌতুকরতা; ভোগ-সুখাসক্তা; বিলাস-রতা। বিলাসিন্+ঈ। বিণ; স্ত্রী।

বিলাসী (-সিন্)—বিলাসপরায়ণ; ক্রীড়া-কৌতুকরত; ভোগবান্; বিলাসশালী। বি—লস্+ঘিনুণ্ কর্তৃ; অথবা, বিলাস+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী. -সিনী।

বিলি—বিতরণ; শৃঙ্খলা; ভারপ্রদান; খাজনা পাওয়ার শর্তে জমি প্রদান; বন্দোবস্ত। বাংপ্র। বি।

বিলিখন—খনন; আঁচড়ানো; বিদারণ। বি—লিখ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -খিত।

বিলীন—লয়প্রাপ্ত; লীন; নিবিষ্ট; বিনষ্ট; অন্তর্হিত; দ্রবীভূত; ক্ষরিত; মগ্ন; মিশ্রিত। বি—লী+ক্ত কর্তৃ। বিণ।

বিলীয়মান—যাহা বিলীন হইতেছে বা মিলাইয়া যাইতেছে এমন। বি—লী+শানচ্ কর্তৃ। বিণ।

বিলুণ্ঠিত—যে গড়াগড়ি দিয়াছে বা দিতেছে এমন; অপহৃত। বিশেষরূপে লুণ্ঠিত, প্রাদি। বিণ। বি—বিলুণ্ঠন।

বিলুপ্ত—১। লোপপ্রাপ্ত; নষ্ট; লুণ্ঠিত; তিরোহিত। বি—লুপ্+ক্ত কর্তৃ। ২। ছিন্ন; আক্রান্ত; গৃহীত। বি—লুপ্+ক্ত কর্ম। বিণ। বি—বিলুপ্তি।

বিলেখন—খনন, খোঁড়া; বিদারণ; আঁচড়ানো; মূলোৎপাটন; কর্ষণ; বিভাগকরণ। বি—লিখ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -খিত।

বিলেপ—১। প্রলেপদ্রব্য; চন্দন। বি—লিপ্+ঘঞ্ করণ। ২। লেপন; মাখানো। বি—লিপ্+ঘঞ্ ভাব। বি; পুং।

বিলেপন—১। লেপনের বস্তু; লেপনযোগ্য সুগন্ধি বস্তু। বি—লিপ্+অনট্ করণ। ২। চন্দন-কুঙ্কুমাদি-লেপন; মাখানো। বি—লিপ্+অনট্ ভাব। বি; ক্লী।

বিলোকন—১। অবলোকন; দর্শন। বি—লুক্+অনট্ ভাব। ২। নেত্র; চক্ষুঃ। বি—লুক্+অনট্ করণ। বি; ক্লী।

বিলোকনীয়—দর্শনীয়; সুদৃশ্য। বি—লুক্+অনীয় কর্ম। বিণ। [বিণ।

বিলোকিত—দৃষ্ট, অবলোকিত। বি—লুক্+ক্ত কর্ম।

বিলোচন—১। চক্ষুঃ। বি—লুচ্+অনট্ করণ। ২। দর্শন। বি—লুচ্+অনট্ ভাব। বি; ক্লী।

বিলোড়ন—মন্থন; আলোড়ন; ঘোঁটা। বি—লুড়্+অনট্ ভাব। বি; ক্লী।

বিলোড়িত—আলোড়িত, মথিত। বি—লুড়্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

বিলোপ, বিলোপন—লোপ; বিনাশ; তিরোভাব; ধ্বংস; মৃত্যু। বি—লুপ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

বিলোভন—১। লোভ দেখানো। বি—লুভ+ণিচ্+অনট্ ভাব। ২। লোভজনক বস্তু। বি—লুভ্+ণিচ্+অনট্ করণ। বি; ক্লী।

বিলোম—১। প্রতিকূল; বিপরীত; উলটা। বিণ। ২। জল তুলিবার যন্ত্র বিঃ; সাতটি সুরের ক্রমান্বয়ে নিম্নগতি, অবরোহণ। বিগত, বিরুদ্ধ লোম যাহাতে বা যাহার, বহু (সমাসান্ত অচ্)। বি; ক্লী।

বিলোম বিবাহ—নিম্নবর্ণের পুরুষের সঙ্গে উচ্চবর্ণের নারীর বিবাহ (বিপরীত—অনুলোম বিবাহ)।

বিলোল—চঞ্চল; চপল; এলোমেলো; অসম্বন্ধ ('—কেশ')। অতিলুব্ধ; অস্পৃহ ('—কটাক্ষ')। বি—লুল্+অচ্ কর্তৃ। বিণ।

বিল্টি—বোঝাই-করা মালের রসিদ, ফর্দ। <ইং 'billet'. বি।

বিল্ব—১। শ্রীফল; বেল; একপল পরিমাণ। বি; ক্লী। ২। বেলগাছ। বিল্+বন্ কর্তৃ, সংজ্ঞার্থে। বি; পুং। [বিণ।

বিশ—কুড়ি; ২০; ২০-সংখ্যক। <বিংশ। বি বা

বিশঙ্ক—১। নিঃশঙ্ক; নির্ভয়। বি (বিগত) শঙ্কা যাহার, বহু। ২। অত্যধিক শঙ্কাযুক্ত। বি (বিশেষ) শঙ্কা যাহার, বহু। বিণ।

বিশদ—১। স্পষ্ট; স্ফুট; শুভ্র; নির্মল; সুন্দর; প্রসন্ন। বিণ। ২। শুভ্রবর্ণ। বি—শদ্+অচ্ কর্তৃ। বি; পুং।

বিশল্য—শেলশূন্য; শেলব্যথাশূন্য; যাতনাশূন্য; চিন্তাশূন্য। বিগত শল্য যাহার, বহু। বিণ।

বিশল্যকরণী—শল্যব্যথাদূরকারী রামায়ণোক্ত লতা বিঃ; আয়াপানের গাছ। বিশল্য—কৃ+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।

বিশল্যা—বেদনারাহিত্য; প্রসববেদনাশূন্যা; শল্য-রহিতা। বিশল্য+আপ্। বিণ; স্ত্রী।
বিশাই—বিশ্বকর্মা। বাংপ্র। বি।
বিশাখা—১। ষোড়শ নক্ষত্র; রাধিকার সখী বিঃ। বি—শাখ্+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী। ২। শাখা-শূন্যা। বহু+আপ্। বিণ; স্ত্রী।
বিশারদ—দক্ষ; বিখ্যাত; বিদ্বান্; বিস্তৃত; প্রগল্ভ; শ্রেষ্ঠ; নিজ ক্ষমতায় বিশ্বাসবান্; গর্বিত। উপতৎ; বিশল—দা+ক কর্তৃ (ল-স্থানে র)। বিণ।
বিশাল—বৃহৎ; বিস্তীর্ণ; চওড়া; বিখ্যাত; অদ্ভুত-কর্মা। বি+শালচ্ কর্তৃ। বিণ।
বিশালতা, বিশালত্ব—বৃহত্ত্ব; প্রকাণ্ডতা; বিস্তার; ওসার, বহর। বিশাল+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
বিশালাক্ষী—১। দুর্গা; সরস্বতী; বরস্ত্রী। বি; স্ত্রী। ২। বৃহৎ নেত্রযুক্তা, আয়তনয়না। বিশাল অক্ষি যাহার, বহু (ষচ্-সমাসান্ত)+ঈপ্। বিণ; স্ত্রী।
বিশিখ—১। বাণ; তীর; তোমরাস্ত্র; শরগাছ। বি (বিশিষ্ট) শিখা যাহার, বহু। বি; পুং। ২। শিখা-শূন্য। বিনষ্টা শিখা যাহার, বহু। বিণ।
বিশিষ্ট—যুক্ত, মিলিত; ভিন্ন; বিলক্ষণ; অতিশিষ্ট; অতিশয়; অসাধারণ, বিশেষরূপ, খ্যাত ('—ভদ্রলোক'); সিদ্ধ। বি—শিষ্+ক্ত কর্ম। বিণ।
বিশীর্ণ—কৃশ; জীর্ণ; শুষ্ক; ত্রুটিত; বিশ্লিষ্ট; পতিত। বি—শৄ+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।
বিশুদ্ধ—খাঁটি; অবিমিশ্র; অতিশুদ্ধ; নির্মল; অমিশ্রিত; পবিত্র; নির্দোষ। বিশেষরূপে শুদ্ধ, প্রাদি। বিণ। বি, -তা।
বিশুদ্ধাত্মা (-ত্মন্)—সরল-হৃদয়; পূতমনাঃ, পবিত্র-অন্তঃকরণবিশিষ্ট। বিশুদ্ধ আত্মা যাহার, বহু। বিণ।
বিশুদ্ধি—অবিমিশ্রতা; নির্মলতা; পবিত্রতা; শোধন; সংশয়; সাদৃশ্য; একতা; ছেদ। বি—শুধ্+ক্তি ভাব। বি; স্ত্রী। [প্রাদি। বিণ।
বিশুষ্ক—শুষ্ক; নীরস; ম্লান। বিশেষরূপে শুষ্ক,
বিশৃঙ্খল—শৃঙ্খলাহীন; ব্যবস্থাহীন, নিয়মবহির্ভূত; উলটাপালটা; অনিয়মিত; দুর্দান্ত, অবাধ্য। বিনষ্টা শৃঙ্খলা যাহার বা যাহাতে, বহু। বিণ। বি, -তা।
বিশৃঙ্খলা—গোলযোগ; শৃঙ্খলার অভাব। বিরুদ্ধা বা বিনষ্টা শৃঙ্খলা, প্রাদি। বি; স্ত্রী।
বিশেষ—১। প্রভেদ; বৈলক্ষণ্য; তারতম্য ('ইতর —'); প্রকার; নিয়ম; বৈচিত্র্য; প্রকর্ষ; সার; অবয়ব; আধিক্য ('সবিশেষ'); (দর্শনে) ব্যক্তি, অসামান্য, individual, individuality; কাব্যের অলংকার বিঃ [যদি আধেয় আধারশূন্য হয়, অথবা এক বস্তু অনেকের গোচর হয়, অথবা সমর্থই হউক বা অসমর্থই হউক, কোন একটি কার্য করিতে গিয়া দৈবাৎ যদি তাহার সেই কার্য করা হয় তবে এই অলংকার হয়]। বি—শিষ্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। প্রকৃষ্ট, অসাধারণ; special, particular; অধিক; ভিন্ন; উৎকৃষ্ট। বি—শিষ্+অচ্ কর্তৃ। বিণ।
বিশেষক—বৈশিষ্ট্যপ্রকাশক, characteristic; যাহা বিশেষিত করে এরূপ। বি—শিষ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ।
বিশেষজ্ঞ—যে সবিশেষ জানে এমন, বিশেষ বিষয়ে অভিজ্ঞ, expert; জ্ঞানী। উপতৎ; বিশেষ—জ্ঞা+ক কর্তৃ। বিণ।
বিশেষণ—বিশেষ্যের ধর্ম, যাহা দ্বারা বিশেষ্যের গুণ বা অবস্থা প্রকাশ পায় [ইহা ত্রিবিধ,—বিশেষ্য-বিশেষণ, বিশেষণবিশেষণ; ক্রিয়াবিশেষণ]; চিহ্ন; গুণাদির উল্লেখ; বিশেষিত করণ। বি—শিষ্+অনট্ করণ, ভাব। বি; ক্লী।
বিশেষতঃ (-তস্)—অধিকন্তু; বিশেষভাবে; বিশেষ-ভাবে বলিতে গেলে; প্রধানতঃ। বিশেষ+তস্ ক্রিয়া-বিশেষণার্থে। অ।
বিশেষত্ব—অনন্যসাধারণ গুণ, বিশেষ গুণ, special feature. বিশেষ+ত্ব ভাবে। বি; ক্লী।
বিশেষিত—পৃথক্কৃত; ভিন্ন; বিশেষণ দ্বারা নির্ণীত। বিশেষ+ইতচ্ সংজ্ঞাতার্থে; অথবা, বি—শিষ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
বিশেষোক্তি—কাব্যের অলংকার বিঃ [যেখানে কারণ-সত্ত্বেও কার্যের অভাব দেখিতে পাওয়া যায়, সেই-খানে এই অলংকার হয়। যথা—

"আরও অপরূপ সে মেঘে হেরি।
যথা মেঘ তথা না রহে বারি।"

—জ্ঞানদাস]।

বিশেষ দ্বারা উক্তি, ৩য়াতৎ। বি; স্ত্রী।
বিশেষ্য—১। যাহা দ্বারা কোন বস্তু বা ব্যক্তির বোধ হয়, noun; গুণাদি দ্বারা প্রভেদ্য বস্তু; অবচ্ছেদ্য পদার্থ; আদি কারণ; প্রধান বিষয়; (ব্যাক) পদার্থের নামমাত্র। বি; ক্লী। ২। প্রভেদ্য, যাহা গুণাদি দ্বারা বিশেষ করা যায়; specifiable; ধর্মী; অবচ্ছেদ্য। বি—শিষ্+ণ্যৎ কর্ম। বিণ।
বিশোধক—বিশুদ্ধিকারক। বি—শুধ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -ধিকা।
বিশোধন—১। সংশোধন, বিশুদ্ধকরণ; পবিত্রকরণ। বি—শুধ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। বিশুদ্ধিকারক। বি—শুধ্+ণিচ্+অনট্ কর্তৃ। বিণ।
বিশোধনীয়, বিশোধ্য—বিশোধনের যোগ্য। বি—ণিজন্ত শুধ্+অনীয়, যৎ কর্ম। বিণ।
বিশোধিত—যাহা পবিত্র করা হইয়াছে এমন। বি—শুধ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
বিশোয়াস, -সা—বিশ্বাস। গ্রা কগ্র। বি।
বিশোষণ—বিশেষরূপে শোষণ; শুষ্ক করণ। বি—শুষ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -ষিত।
বিশ্ব—১। জগৎ। বি; ক্লীব। ২। উপদেবতা বিঃ; বসু সত্য দক্ষ ক্রতু কাল কাম কুরু ধৃতি পুরূরবাঃ মদ্রব এই দশ। বি; পুং। ৩। সকল, সমস্ত। বিশ্+ক্বন্ অধি, সংজ্ঞার্থে। সর্ব, বিণ।

বিশ্বকর্মা (-কর্মন্)—দেবশিল্পী; পরমেশ্বর; সূর্য; মুনি বিঃ। বিশ্ব কর্ম যাহার, বহু। বি; পুং।
বিশ্বকোষ—বিশ্বের যাবতীয় বিষয়ের বিবরণযুক্ত গ্রন্থাবলী, encyclopedia. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বিশ্বজনীন—সকলের পক্ষে হিতকর; জগতের সকল লোক সম্বন্ধীয়। বিশ্বজন+ঈন হিতার্থে। বিণ।
বিশ্বজিৎ—১। যে যজ্ঞে সর্বস্ব দক্ষিণা দিতে হয় তাহা। বি; পুং। ২। যে বিশ্ব জয় করিয়াছে এমন; জগজ্জয়ী। উপতৎ; বিশ্ব—জি+ক্বিপ্ কর্তৃ। বিণ।
বিশ্বদূত—সমগ্র বিশ্বে সংবাদ সরবরাহকারী। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [কর্তৃ। বি; পুং।
বিশ্বদেব—অগ্নি; গণদেবতা বিঃ। বিশ্ব—দিব্+অচ্
বিশ্বধাত্রী—জগন্মাতা, জগদ্ধাত্রী; পৃথিবী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।
বিশ্বনাথ—জগৎপতি; মহাদেব; কাশীর শিব।
বিশ্বনিন্দক, -নিন্দুক—জগতের সকলের নিন্দাকারী। ৬ষ্ঠীতৎ। বি। স্ত্রী, **-নিন্দকা, -নিন্দুকা**।
বিশ্বপা—বিশ্বের পালক; সূর্য; চন্দ্র; অগ্নি। বিশ্ব—পা+ক্বিপ্ কর্তৃ। বি; পুং।
বিশ্বপাতা (-পাতৃ)—জগৎপালক; বিশ্বরক্ষক। ৬ষ্ঠীতৎ। বিণ। [বাসা। ৭মীতৎ। বি; ক্লী।
বিশ্বপ্রেম (-প্রেমন্)—জগতের সকলের প্রতি ভাল-
বিশ্বপ্রেমিক—যে জগতের সকলকেই ভালবাসে এমন। বিশ্বপ্রেম+ইক (ঠন্) আছে অর্থে। বিণ।
বিশ্ববাঙ্গালা—সারা বাঙ্গলা; সকল স্থান। বাংপ্র। বি। [প্রসিদ্ধ। ৭মীতৎ। বিণ।
বিশ্ববিখ্যাত, -বিশ্রুত—সমস্ত জগৎ ব্যাপিয়া
বিশ্ববিদ্যালয়—সর্বপ্রকার বিদ্যার আলোচনাস্থান; শিক্ষাকেন্দ্র; যেখানে উচ্চ ইংরেজী স্কুলের ও কলেজের শেষ পরীক্ষা লওয়া হয় এবং নানা বিদ্যার অধ্যাপনা হয়, university. বিশ্বা (সমস্তা) বিদ্যা, কর্মধা; তাহাদের আলয় (শিক্ষাস্থান), ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বিশ্ববিধাতা (-ধাতৃ)—জগৎস্রষ্টা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বিশ্ববিশ্রুত—'বিশ্ববিখ্যাত' দ্রঃ।
বিশ্বব্যাপী (-ব্যাপিন্), **-ব্যাপক**—সর্বত্রগামী; সকল-স্থানে বিস্তৃত; সর্বত্র বর্তমান। উপতৎ; বিশ্ব—বি—আপ্+ণিন্, ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-ব্যাপিনী, -ব্যাপিকা**।
বিশ্বব্রহ্মাণ্ড—সমগ্র জগৎ। কর্মধা। বি; ক্লী।
বিশ্বমানব—সমস্ত মনুষ্য জাতি; humanity. বিশ্ব (সমস্ত) মানব, কর্মধা। বি; পুং। বি, **-তা**।
বিশ্বমোহিনী—জগন্মুগ্ধকারিণী। ৬ষ্ঠীতৎ। বিণ; স্ত্রী।
বিশ্বম্ভর—১। জগত্রাতা বিষ্ণু; শ্রীগৌরাঙ্গদেব। বি; পুং। ২। বিশ্বধারণকর্তা; বিশ্বের ভরণকর্তা। উপতৎ; বিশ্ব—ভৃ+খচ্ কর্তৃ। বিণ।
বিশ্বরাজ—জগদীশ্বর। বিশ্বের রাজা, ৬ষ্ঠীতৎ (টচ্-সমাসান্ত)। বি; পুং।
বিশ্বরূপ—১। বিষ্ণু; শ্রীগৌরাঙ্গদেবের অগ্রজ। বহু। বি; পুং। ২। গীতায় বর্ণিত শ্রীকৃষ্ণের অনন্তরূপ। কর্মধা। বি; ক্লী।
বিশ্বসংসার—সমগ্র জগৎ। কর্মধা। বি; পুং।
বিশ্বসিত—১। বিশ্বাসপাত্র; বিশ্বাসী। বি—শ্বস্+ক্ত অধি। ২। যে বিশ্বাস করিয়াছে এমন, বিশ্বাস-কারক। বি—শ্বস্+ক্ত কর্তৃ। বিণ।
বিশ্বস্ত—১। বিশ্বাসপাত্র, bonafide. বি—শ্বস্+ক্ত অধি। ২। বিশ্বাসকারী। বি—শ্বস্+ক্ত কর্তৃ। বিণ। [বি; স্ত্রী।
বিশ্বস্ততা—বিশ্বাসযোগ্যতা। বিশ্বস্ত+তা ভাবে।
বিশ্বস্তসূত্রে—বিশ্বাসের যোগ্য ব্যক্তি বা কারণ হইতে। বিশ্বস্ত সূত্র, কর্মধা, তাহাতে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।
বিশ্বস্রষ্টা (-স্রষ্টৃ)—জগতের সৃষ্টিকর্তা, বিধাতা।
বিশ্বামিত্র—মুনি বিঃ। বিশ্ব মিত্র যাহার, বহু (ঋষি-বিশেষ অর্থে অ-স্থানে আ)। বি; পুং।
বিশ্বাস—প্রত্যয়; আস্থা; শ্রদ্ধা; পদবী বিঃ। বি—শ্বস্+ঘঞ্ ভাব। বি; পুং।
বিশ্বাসঘাতক, -ঘাতী (-ঘাতিন্)—বিশ্বাসহন্তা; বেইমান; অবিশ্বাসী; প্রতারক, প্রবঞ্চক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-ঘাতিকা, -ঘাতিনী**। বি, **-ঘাতকতা**।
বিশ্বাসভাগী (-ভাগিন্)—বিশ্বাসভাজন, বিশ্বাসের পাত্র। বিশ্বাস—ভজ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভাগিনী**।
বিশ্বাসভাজন—বিশ্বাসের পাত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, বা বিণ। [বিণ। স্ত্রী, **-হন্ত্রী**।
বিশ্বাসহন্তা (-হন্তৃ)—বিশ্বাসঘাতক। ৬ষ্ঠীতৎ।
বিশ্বাসী (-সিন্)—যে বিশ্বাস করে এমন, আস্থা-বান্; বিশ্বাসভাজন; বিশ্বাসপাত্র। বিশ্বাস+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-সিনী**।
বিশ্বাস্য—বিশ্বাসযোগ্য। বি—শ্বস্+ণ্যৎ অধি। বিণ।
বিশ্বেশ্বর—শিব, মহাদেব, বিশ্বনাথ; কাশীর শিব। বিশ্বের (জগতের) ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বিশ্রব্ধ, বিস্রব্ধ—বিশ্বস্ত ('—আলাপ'); নিঃশঙ্ক; গাঢ়; ধৈর্যাবলম্বী; ধীর; শান্ত; পরিচিত; বিশ্রান্ত; নীচমনাঃ; অধিক; দৃঢ়। বি—শ্রন্‌ভ্, স্রন্‌ভ্+ক্ত কর্তৃ। বিণ।
বিশ্রম্ভ, বিস্রম্ভ—প্রণয়; পরিচয়; প্রত্যয়; বিশ্বাস; স্বচ্ছন্দ-বিহার; কেলি-কলহ। বি—শ্রন্‌ভ্, স্রন্‌ভ্+ঘঞ্ ভাব। বি; পুং।
বিশ্রম্ভালাপ, বিস্রম্ভালাপ—প্রণয়ালাপ; বিশ্বস্ত আলাপ। বিশ্রম্ভপূর্ণ, বিস্রম্ভপূর্ণ আলাপ, মধ্যপ। বি; পুং।
বিশ্রান্ত—অতিশয় শ্রান্তিযুক্ত; নিবৃত্ত; বিগতশ্রম। বি—শ্রম্+ক্ত কর্তৃ। বিণ।
বিশ্রান্তি, বিশ্রম—বিরাম, বিরতি; শ্রমাপনয়ন। বি—শ্রম্+ক্তি, ঘঞ্ ভাব। বি; স্ত্রী, পুং।
বিশ্রী—কুৎসিত, কদাকার; শ্রীহীন; দৃষ্য; অতিশয় অপ্রিয়; লজ্জাকর। বিগতা শ্রী যাহার, বহু। বিণ।
বিশ্রুত—বিখ্যাত; জ্ঞাত; শ্রুত। বি—শ্রু+ক্ত কর্ম। বিণ।

বিশ্রুতকীর্তি—খ্যাতনামা। বিশ্রুতা কীর্তি যাহার, বহু। বিণ।

বিশ্রুতি—খ্যাতি। বি—শ্রু+ক্তি ভাব। বি; স্ত্রী।

বিশ্লিষ্ট—বিচ্ছিন্ন; অসংযুক্ত; যাহার বিবিধ উপাদান পৃথক্ বা নির্ণয় করা হইয়াছে এমন, analysed; প্রস্ফুটিত; প্রকাশিত; বিযুক্ত; শিথিল। বি—শ্লিষ্+ক্ত কর্তৃ। বিণ।

বিশ্লেষ—অসংযোগ, বিভিন্ন হওয়া; শৈথিল্য; বিকাশ; বিয়োগ। বি—শ্লিষ্+ঘঞ্ ভাব। বি; পুং।

বিশ্লেষণ—১। ভিন্ন ভিন্ন করণ; প্রত্যেক উপাদানকে পৃথক্ করণ, উপাদান-নির্ণয়, analysis. বি—শ্লিষ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। বিশদভাবে কথন। বাংপ্র। বি।

বিশ্লেষিত—পৃথক্কৃত; বিরহিত; বিকাশিত। বিশ্লেষ+ইতচ্ জাতার্থে। বিণ।

বিষ—১। কালকূট, গরল, হলাহল, প্রাণনাশক বা স্বাস্থ্যহানিকর দ্রব্য। বি; পুং বা ক্লী। ২। জল; পদ্মের মৃণাল। বিষ্+ক কর্তৃ। বি; ক্লী। **বিষ ঝাড়া**—মন্ত্র পড়িয়া শরীরের বিষ বাহির করা; ক্রোধবশতঃ কাহারও প্রতি কঠোর ভাব প্রদর্শন করা।

বিষকুম্ভ—বিষের কলসী; (লক্ষ্যার্থে) যাহার মন বিদ্বেষপূর্ণ। বিষপূর্ণ কুম্ভ, মধ্যপ। বি; পুং।

বিষক্রিয়া—বিষের কার্য, বিষের প্রাণনাশচেষ্টা; বিষের প্রভাব; স্বাস্থ্যহানিকর ক্রিয়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিষঘ্ন—বিষনাশক। উপতৎ; বিষ্—হন্+টক্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ঘ্নী।

বিষণ—বিষসঞ্চার, poisoning. বাংপ্র। বি।

বিষণ্ণ—ম্লান, বিষাদযুক্ত। বি—সদ্+ক্ত কর্তৃ। বিণ।

বিষণ্ণতা—বিষাদ, গ্লানি, খেদ; স্ফূর্তিহীনতা। বিষণ্ণ+তা ভাবে। বি; স্ত্রী।

বিষদ—বিষদাতা। বিষ—দা+ক কর্তৃ। বিণ।

বিষদন্ত—১। সর্প। বি; পুং। ২। দন্তে বিষযুক্ত। বিষ দন্তে যাহার, বহু। বিণ। ৩। বিষদাঁত। বিষবাহী দন্ত, মধ্যপ। বি; পুং।

বিষদুষ্ট—বিষাক্ত, বিষিত। ৩য়াতৎ। বিণ।

বিষদৃষ্টি, -নয়ন—বিদ্বেষ; বিদ্বেষপূর্ণ চাহনি। বিষবৎ দৃষ্টি, নয়ন, মধ্যপ। বি; স্ত্রী, ক্লী।

বিষধর—১। সর্প। বি; পুং। স্ত্রী, -রী। ২। বিষপূর্ণ; যে জীবের শরীরে বিষ আছে এমন। ৬ষ্ঠীতৎ। বিণ।

বিষধরী—মনসাদেবী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিষপাথর—প্রচলিত সংস্কার অনুসারে যে পাথর সাপের বিষ টানিয়া লয়, snake stone. মধ্যপ। বাংপ্র। বি।

বিষফোঁড়া—ভীষণ যন্ত্রণাদায়ক ছোটধরনের ফোড়া বিঃ। <বিস্ফোটক। বি। [অ।

বিষবৎ—বিষতুল্য, গরলসদৃশ। বিষ+বতিচ্ তুল্যার্থে।

বিষবিদ্যা—বিষচিকিৎসাশাস্ত্র; বিষনাশক মন্ত্র। বিষসংক্রান্ত বা বিষনাশিনী বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।

বিষবৃক্ষ—বিষাক্তফলযুক্ত বৃক্ষ। বিষযুক্ত বৃক্ষ, মধ্যপ। বি; পুং।

বিষবৈদ্য—যে ব্যক্তি বিষবিদ্যা জানে, সাপুড়ে, মাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিষম—১। অসমান ('—কোণ'); বিজোড়, অযুগ্ম ('—রাশি'); যাহার সমান নাই এমন দুর্গম; দুঃসহ; ক্লেশকর; বিষতুল্য; দুর্গ্রাহ্য; দুর্বোধ্য; দারুণ; বিপজ্জনক; উৎকট; বন্ধুর। বিণ। ২। পদ্য বিঃ, অলংকার বিঃ [যেখানে এক উদ্দেশ্যে কৃত কার্য বিপরীত বা অনভিমত ফল প্রসব করে তথায় বিষম অলংকার হয়। যথা—"শীতল বলিয়া ও চাঁদ সেবিনু ভানুর কিরণ দেখি"—জ্ঞান]; তাল বিঃ। বি; ক্লী। ৩। অযুগ্মরাশি [যথা—মেষ মিথুন সিংহ ইঃ]। বিগত সম (সদৃশ) যাহার বা যাহা হইতে, বহু। বি; পুং। ৪। মুখস্থিত খাদ্যদ্রব্যের সহসা শ্বাসনালীতে প্রবেশের ফলে হিক্কা ('—খাওয়া')। বাংপ্র। বি।

বিষমগ্রহ—সম ভিন্ন অন্য স্থানে তাল বা গানের আরম্ভ; ফাঁকে ধরা। কর্মধা। বি; পুং।

বিষমজ্বর—যে জ্বর অবিরতভাবে বহুদিন থাকে তাহা, বহুদিনস্থায়ী জ্বর। কর্মধা। বি; পুং।

বিষমবাহু—যে সমতল ক্ষেত্রের বাহুগুলি পরস্পর অসমান। বহু। বিণ। [স্ত্রী, -হ্বী।

বিষময়—গরলপূর্ণ। বিষ+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ।

বিষমরাশি—যে রাশি দুই সমান পূর্ণসংখ্যায় বিভক্ত হইতে পারে না [odd number. যথা—১, ৩, ৫, ৭, ৯, ১১, ১৩ ইঃ]। কর্মধা। বি; পুং।

বিষয়—ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থ, রূপ রস গন্ধ স্পর্শ শব্দ প্রঃ ভোগ্যবস্তু, object; সম্বন্ধ, সংক্রান্ত, ব্যাপার; অধিকারভুক্ত স্থান; গৃহ, আবাস; জেলা; জনপদ, দেশ; সম্পত্তি, ধন; জ্ঞেয় বস্তু; আধার, পাত্র; ভোগ্যবস্তু ('—বাসনা'); বর্ণনীয় পদার্থ; ভূত; গৃহ। বি—ষি+অচ্ কর্তৃ। বি; পুং।

বিষয়ক—(বহুব্রীহি সমাসে পরপদ হইলে) সম্বন্ধীয় সংক্রান্ত। বিণ। স্ত্রী, -য়িকা।

বিষয়কর্ম (-কর্মন্)—সাংসারিক কার্য। বিষয়সংক্রান্ত কর্ম, মধ্যপ (বাংপ্র)। বি; ক্লী।

বিষয়তৃষ্ণা, -বাসনা—সাংসারিক সুখভোগাদির জন্য প্রবল আকাঙ্ক্ষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিষয়বুদ্ধি—সাংসারিক জ্ঞান, অর্থ উপার্জন, সংরক্ষণ প্রঃ বিষয়ক জ্ঞান। বিষয়-সম্বন্ধিনী বুদ্ধি, মধ্যপ (বাংপ্র)। বি; স্ত্রী।

বিষয়ভোগ—অর্থবিত্ত প্রঃর উপভোগ; চক্ষুকর্ণ প্রঃ ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুর উপভোগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিষয়াসক্ত—সংসারের প্রতি একান্ত অনুরক্ত; ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুর ভোগে অনুরক্ত। বিষয়ে আসক্ত, ৭মীতৎ। বিণ।

বিষয়াসক্তি—সাংসারিক অর্থবিত্তাদির প্রতি অনুরক্তি; ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়ের প্রতি অনুরক্তি। বিষয়ে আসক্তি, ৭মীতৎ। বি; স্ত্রী।

বিষয়ী (-য়িন্)—১। বিষয়যুক্ত; সম্পত্তিশালী; বিষয়াসক্ত। বিণ। স্ত্রী, -য়িণী। ২। (দর্শনশাস্ত্রে) আত্মা, জ্ঞাতা। বিষয়+ইন্ আছে অর্থে। বি; পুং।

বিষহর—বিষনাশক, গরলনাশক। উপতৎ; বিষ্—হৃ+অচ্ কর্তৃ। বিণ।
বিষহরী—মনসাদেবী। বিষহর+ঈপ্। বি; স্ত্রী।
বিষাক্ত—বিষযুক্ত। বিষদ্বারা অক্ত, ৩য়াতৎ। বিণ।
বিষাণ—পশুর শৃঙ্গ; পশুর বৃহৎ দন্ত; হস্তিদন্ত; শূকরদন্ত; শৃঙ্গাকার বাদ্যযন্ত্র, শিঙ্গা। বিষ্+কানচ্ কর্তৃ। বি; ক্লী।
বিষাদ—ইষ্টনাশজনিত মনোভঙ্গ; খেদ, দুঃখ; জড়তা; নিশ্চেষ্টতা; কার্যে অনিচ্ছা বা অনুৎসাহ। বি—সদ্+ঘঞ্ ভাব। বি; পুং।
বিষাদময়—বিষণ্ণ; দুঃখপূর্ণ। বিষাদ+ময়ট্ যুক্তার্থে বা পূর্ণার্থে। বিণ। স্ত্রী, -য়ী। [বিণ।
বিষাদিত—বিষণ্ণ, দুঃখিত। বিষাদ+ইতচ্ যুক্তার্থে।
বিষাদী (-দিন্)—দুঃখিত; সদাবিষণ্ণভাব; খিন্ন। বিষাদ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -দিনী।
বিষানো—বিষাক্ত (septic) হওয়া, যন্ত্রণাদায়ক হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
বিষান্তক—১। শিব। বি; পুং। ২। বিষনাশক। বিষের অন্তক, ৬ষ্ঠীতৎ। বিণ: স্ত্রী, -ন্তিকা।
বিষিত—বিষযুক্ত। বিষ+ইতচ্ যুক্তার্থে। বিণ।
বিষুপ, বিষুব, বিষুবৎ—সমরাত্রিন্দিবকাল, যে সময়ে দিবামান ও রাত্রিমান সমান হয় [এক্ষণে ৯ই আশ্বিন ও ৯ই চৈত্র এই দুই দিন], সূর্যের মেষ ও তুলা-সংক্রান্তি। বিষু—পা, বা+ক কর্তৃ; বিষু+মতুপ্ আছে অর্থে। বি; ক্লী।
বিষুববৃত্ত—বিষুবরেখার সমান্তরাল আকাশস্থ কল্পিত বৃত্ত, equinoctial বিষুবজ্জনক বৃত্ত, মধ্যপ। বি; ক্লী।
বিষুবরেখা—উভয় মেরু হইতে সমদূরবর্তী স্থানে যে মণ্ডলাকার কল্পিত রেখা পূর্ব-পশ্চিমে ভূগোলকের চতুর্দিক ব্যাপিয়া আছে তাহা, equator [সূর্য এই রেখার ঠিক উপরে উপস্থিত হইলে দিবারাত্র সমান হয়]। বিষুবজ্জনিকা রেখা, মধ্যপ। বি; স্ত্রী।
বিষুবলম্ব—বিষুববৃত্ত হইতে গ্রহনক্ষত্রের কৌণিক দূরত্ব, ক্রান্তি, declination. ৫মীতৎ। বি; পুং।
বিষুব-সংক্রান্তি—চৈত্রমাসের শেষ দিন। বিষুবযুক্তা সংক্রান্তি, মধ্যপ। বি; স্ত্রী।
বিষ্কম্ভক—নাটকের কোন অঙ্কে প্রথমে যে অংশে অপ্রদর্শিত ঘটনাবলীর উল্লেখ করা হয় তাহা। বি—স্কন্ভ্+ণক কর্তৃ। বি; পুং।
বিষ্টব্ধ—জড়ীভূত; জড়তাপূর্ণ, বাধাযুক্ত; প্রতিবদ্ধ; প্রতিরুদ্ধ। বি—স্তন্ভ্+ক্ত কর্তৃ। বিণ।
বিষ্টম্ভ—জড়তা, বাধা। বি—স্তন্ভ্+ঘঞ্ ভাব। বি; পুং। [স্ত্রী।
বিষ্ঠা—মল, পুরীষ। বি—স্থা+ক কর্তৃ+আপ্। বি;
বিষ্ণু—নারায়ণ, গোবিন্দ, হরি, হৃষীকেশ। বিষ্+নুক্ কর্তৃ; অথবা, বিশ্+নু অধি। বি; পুং।
বিষ্ণুপদ—আকাশ; শ্রীবিষ্ণুর চরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [তৎ। বি; স্ত্রী।
বিষ্ণুপ্রিয়া—লক্ষ্মী; শ্রীগৌরাঙ্গদেবের পত্নী। ৬ষ্ঠী-
বিষ্ণুশর্মা (-শর্মন্)—নীতিশাস্ত্রের উপদেশক সংস্কৃতজ্ঞ পণ্ডিত বিঃ। বিষ্ণু হইতে শর্ম (শর্মন্ শব্দ=সুখ) যাহার, বহু। বি; পুং।
বিস—পদ্মাদির মৃণাল। বি—সো+ক কর্তৃ। বি; ক্লী।
বিসংগত, বিসঙ্গত—খাপছাড়া, অসংগত: বেসুরো, discordant. বিরুদ্ধভাবে সংগত, প্রাদি। বিণ।
বিসংবাদ—ঝগড়া, বিরোধ; বঞ্চনা; অমিল। বি—সম্—বদ্+ঘঞ্ ভাব। বি; পুং।
বিসংবাদিত—বিতর্কিত, বিরোধিত, disputed; প্রতারিত। বি—সম্—বদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
বিসংবাদী (-দিন্)—বিরুদ্ধবাদী; কলহকারী, ঝগড়াটে। বি—সম্—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -দিনী।
বিসদৃশ—অসমান, বিপরীত, বিরুদ্ধ। বি—সমান—দৃশ্+কঞ্ কর্ম। বিণ। স্ত্রী, -শী।
বিসমিল্লা—কর্মারম্ভে আল্লাহ্‌র নামগ্রহণ; কার্যারম্ভ। আ। বি। **বিসমিল্লায় গলদ**—কার্যারম্ভেই ত্রুটি।
বিসরণ—প্রবাহ; বিস্তার; উৎপত্তি। বি—সৃ+অনট্ ভাব। বি; ক্লী।
বিসর্গ—১। দ্বিবিন্দুবর্ণ, "ঃ"; দক্ষিণায়ন। বি—সৃজ্+ঘঞ্ কর্ম। ২। ত্যাগ; বিশেষ সৃষ্টি; মোক্ষ; মলনির্গম। বি—সৃজ্+ঘঞ্ ভাব। বি; পুং।
বিসর্জন—ত্যাগ; পূজার শেষে প্রতিমাদি জলে নিক্ষেপ; দান; প্রেরণ। বি—সৃজ্+অনট্ ভাব। বি; ক্লী।
বিসর্জনীয়—১। ত্যাজ্য। বিণ। ২। বিসর্গ, "ঃ"। বি—সৃজ্+অনীয় কর্ম। বি; পুং।
বিসর্জিত—প্রেরিত; যাহা বিসর্জন করা হইয়াছে এমন। বি—সৃজ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
বিসর্প, বিসর্পণ—ব্যাপন, বিস্তৃত হওয়া; ধীরে সঞ্চরণ, creeping; পিছলাইয়া যাওয়া, sliding; ফোড়া ইঃ ছড়াইয়া যাওয়া। বি—সৃপ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী। বিণ, -র্পিত।
বিসর্প—চর্মরোগ বিঃ, erysipellas. বি—সৃপ্+অচ্ কর্তৃ। বি; পুং।
বিসর্পী (-র্পিন্)—বিসর্পণশীল। বি—সৃপ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -সর্পিণী।
বিসার—বিস্তার; উৎপত্তি; প্রবাহ। বি—সৃ+ঘঞ্ ভাব। বি; পুং। [কর্ম। বিণ।
বিসারিত—প্রসারিত; প্রবাহিত। বি—সৃ+ণিচ্+ক্ত
বিসারী (-রিন্)—প্রসারী, বিস্তৃতিশীল; প্রবাহী। বি—সৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -রিণী।
বিসূচিকা—রোগ বিঃ, কলেরা, ওলাউঠা। বি—সূচি+ণক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
বিসৃত—ব্যাপ্ত, বিস্তৃত। বি—সৃ+ক্ত কর্তৃ। বিণ।
বিসৃষ্ট—নিক্ষিপ্ত; ত্যক্ত; প্রেরিত। বি—সৃজ্+ক্ত কর্ম। বিণ।
বিস্কুট—ময়দা প্রঃ দ্বারা প্রস্তুত একপ্রকার শুষ্ক ও সুস্বাদু খাবার জিনিস। <পো 'biscoits', ইং 'biscuit'. বি।
বিস্তর—১। অনেক, অধিক। বাংপ্র। বিণ। ২। বহুত্ব;

প্রাচুর্য; সমূহ; শব্দরাশি; বিশেষ বর্ণন; বিস্তার। বি—স্তৃ+অপ্ ভাব। বি; পুং।
বিস্তার—১। ওসার, চওড়া দিক্; বিস্তৃতি, ব্যাপ্তি, extent; বিছানো, ছড়ানো; ব্যাস; বিশালতা। বি—স্তৃ+ঘঞ্ ভাব। ২। সমাসবাক্য। বি—স্তৃ+ঘঞ্ কর্ম। বি; পুং।
বিস্তারণ—বিস্তৃত করণ, ছড়ানো; ছড়াইয়া পড়া, distribution. বি—স্তৃ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
বিস্তারিত—প্রসারিত, বিছানো; সবিশেষ বর্ধিত। বিস্তার+ইতচ্ সংজাতার্থে; অথবা বি—স্তৃ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
বিস্তার্য—যাহা বিস্তৃত করা যায় এমন। বি—স্তৃ+ণিচ্+যৎ কর্ম। বিণ। বি, -তা।
বিস্তীর্ণ—বিস্তৃত; বিপুল; বিশাল। বি—স্তৄ+ক্ত কর্তৃ। বিণ।
বিস্তৃত—ব্যাপ্ত; লম্বা; চওড়া; বিশাল যাহা বিছানো হইয়াছে এমন; ফলাও, প্রশস্ত; সবিশেষ। বি—স্তৃ+ক্ত কর্তৃ। বিণ।
বিস্তৃতি—বিস্তার, অধিক স্থান ব্যাপিয়া থাকা; দৈর্ঘ্য প্রস্থ ও বেধের সাধারণ সংজ্ঞা; বৃত্তের ব্যাস। বি—স্তৃ+ক্তি ভাব। বি; স্ত্রী।
বিস্ফারিত—বিস্তারিত; কম্পিত; প্রকাশিত; ধ্বনিত। বি—স্ফারি+ক্ত কর্ম। বিণ। বি—**বিস্ফারণ**।
বিস্ফুরণ, বিস্ফোরণ—সহজে জ্বলিয়া উঠিয়া সশব্দে ফাটিয়া যাওয়া, explosion. বি—স্ফুর্+অনট্ ভাব। বি; ক্লী।
বিস্ফুরিত—স্ফূর্তিযুক্ত; চঞ্চল, কম্পিত; দীপ্ত; স্ফীত, বর্ধিত; ধ্বনিত। বি—স্ফুর্+ক্ত কর্তৃ। বিণ।
বিস্ফোট, বিস্ফোটক—ব্রণ, বিষফোড়া; ফোড়া। বি—স্ফুট্+ণিচ্+অচ্ কর্তৃ, পক্ষে কন্ স্বার্থে। বি; পুং।
বিস্ফোরক—যাহা সহসা জ্বলিয়া উঠিয়া ভীষণ শব্দে ফাটিয়া যায় এরূপ, বোমা বারুদ ইঃ, explosive. বি—স্ফুর্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -রিকা।
বিস্ফোরণ—'বিস্ফুরণ' দ্রঃ। বিণ, -রিত।
বিস্বাদ—স্বাদবিহীন, যাহা খাইতে ভাল নহে এমন, কুস্বাদ। বিকৃত স্বাদ যাহার, বহু। বিণ।
বিস্ময়—আশ্চর্যভাব; গর্ব; রস বিঃ; সংশয়। বি—স্মি+অচ্ ভাব। বি; পুং।
বিস্ময়কর—আশ্চর্যজনক, অদ্ভুত। উপতৎ; বিস্ময়—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।
বিস্ময়চিহ্ন—বিস্ময়াবেগাদিসূচক যতিচিহ্ন, "!"। মধ্যপ। বি; ক্লী। [-জনিকা।
বিস্ময়জনক—বিস্ময়কর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,
বিস্ময়বিস্ফারিত—বিস্ময়হেতু প্রসারিত। হেতু অর্থে ৩য়াতৎ। বিণ।
বিস্ময়বিহ্বল—বিস্ময়ে অভিভূত, আশ্চর্যে বিবশ। হেতু অর্থে ৩য়াতৎ। বিণ।
বিস্ময়ান্বিত—বিস্ময়যুক্ত। ৩য়াতৎ। বিণ।
বিস্ময়াপন্ন—বিস্মিত। বিস্ময়কে আপন্ন, ২য়াতৎ। বিণ।
বিস্ময়াবহ—আশ্চর্যজনক। ৬ষ্ঠীতৎ। বিণ।
বিস্ময়াবিষ্ট—বিস্ময়ে অভিভূত। ৩য়াতৎ। বিণ।
বিস্ময়াভিভূত—বিস্ময়ে বিবশ। ৩য়াতৎ। বিণ।
বিস্মরণ—বিস্মৃতি, মনে না পড়া, ভুল। বি—স্মৃ+অনট্ ভাব। বি; ক্লী।
বিস্মাপন, বিস্মায়ন—বিস্মিত করণ; বিস্ময় উৎপাদন। বি—স্মি+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
বিস্মিত—বিস্ময়াপন্ন। বি—স্মি+ক্ত কর্তৃ। বিণ।
বিস্মৃত—১। যে ভুলিয়া গিয়াছে এমন। বি—স্মৃ+ক্ত ভাব+অচ্ বিশিষ্টার্থে। ২। স্মরণাতীত, যাহা মনে নাই এমন; বিস্মরণের বিষয়; যাহা ভুলিয়া যাওয়া হইয়াছে এমন। বি—স্মৃ+ক্ত কর্ম। বিণ।
বিস্মৃতি—ভুল; বিস্মরণ, মনে না থাকা। বি—স্মৃ+ক্তি ভাব। বি; স্ত্রী।
বিস্রংস, বিস্রংসন—পতন; ক্ষরণ; চ্যুতি। বি—স্রন্স্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।
বিস্রংসী (-সিন্)—পতনশীল; ক্ষরণশীল। বি—স্রন্স্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -সিনী।
বিস্রম্ভ—'বিশ্রম্ভ' দ্রঃ। [ক্ত কর্তৃ। বিণ।
বিস্রস্ত—পতিত; ক্ষরিত; চ্যুত, ভ্রষ্ট। বি—স্রন্স্+
বিস্রুত—ক্ষরিত, গলিত; চ্যুত; প্রবাহিত। বি—স্রু—ক্ত কর্তৃ। বিণ। বি—**বিস্রুতি**।
বিহগ, বিহঙ্গ, বিহঙ্গম—পক্ষী, পাখি; সূর্য; চন্দ্র; বাণ। বিহায়স্—গম্+ড, খচ্ (ড), খচ্ কর্তৃ (বিহায়স্-স্থানে বিহ)। বি; পুং।
বিহঙ্গমা—১। ভারযষ্টি, ভারবহনার্থ বাঁক। বিহঙ্গম+আপ্। বি; স্ত্রী। ২। রূপকথার পক্ষী। বাংপ্র। বি; পুং।
বিহত—ব্যাহত; ক্ষত; বিফল; ভগ্ন; নিহত; বিনষ্ট। বি—হন্+ক্ত কর্ম। বিণ। বি—**বিহতি**।
বিহনে—বিনা; বিরহে। ＜বিহীন। কপ্র। অ।
বিহরণ—ভ্রমণ; দৌড়ানো; ক্রীড়া; বিয়োগ। বি—হৃ+অনট্ ভাব। বি; ক্লী।
বিহরা—বিহার করা; ভ্রমণ করা ("বিহরই নওল কিশোর"—বিদ্যা)। প্রা কপ্র। ক্রি।
বিহান—প্রাতঃকাল। ＜বিতান। বি।
বিহার—১। সানন্দে ভ্রমণ; ক্রীড়া; ক্রীড়ার্থ পদ দ্বারা গমন; বিক্ষেপ; রতিক্রীড়া। বি—হৃ+ঘঞ্ ভাব। ২। বৌদ্ধমঠ; ক্রীড়াস্থান। বি—হৃ+ঘঞ্ অধি। বি; পুং। ৩। পশ্চিমবঙ্গের পার্শ্ববর্তী রাজ্য বিঃ। বিহার+অচ্ আছে অর্থে। বি।
বিহারী (-রিন্)—বিহারকারী; ভ্রমণকারী। বি—হৃ+ণিন কর্তৃ। বিণ। স্ত্রী, -রিণী।
বিহারী—বিহাররাজ্যবাসী। বিহার+ঈ নিবাসার্থে (বাংপ্র)। বি বা বিণ।
বিহি—বিধি। প্রা কপ্র। বি।
বিহিত—কর্তব্য; বিধেয়; যাহার বিধান দেওয়া হইয়াছে এমন ('—বিধান'); অনুষ্ঠিত, কৃত; দত্ত; কথিত। বি—ধা+ক্ত কর্ম। বিণ।

বিহীন—অভাববিশিষ্ট; রহিত, বর্জিত। বি—হা+ক্ত কর্ম। বিণ।

বিহ্বল—শোকাদি দ্বারা অভিভূত; বিক্লব; বিবশ; অচেতন; দ্রবীভূত। বি—হ্বল্+অচ্ কর্তৃ। বিণ।

বিহ্বলতা—বিকলতা; চৈতন্যশূন্য অবস্থা। বিহ্বল+তা ভাবে। বি; স্ত্রী।

বীক্ষণ—দর্শন, নিরীক্ষণ। বি—ঈক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**বীক্ষমাণ** (যে বীক্ষণ করিতেছে), **বীক্ষ্যমাণ** (যাহা বীক্ষিত হইতেছে)।

বীক্ষণীয়—দর্শনীয়, দেখিবার মত। বি—ঈক্ষ্+অনীয় কর্ম। বিণ।

বীক্ষিত—দৃষ্ট, নিরীক্ষিত; আলোচিত। বি—ঈক্ষ্+ক্ত কর্ম। বিণ।

বীক্ষ্য—দর্শনীয়; অদ্ভুত। বি—ঈক্ষ্+ন্যৎ কর্ম। [বিণ।

বীচ—আঁঠি; ধান্যাদির চারা। <বীজ। বি।

বীচি, বীচী—১। তরঙ্গ; কিরণ; সুখ; অবকাশ; আনন্দ। বে+ডীচি কর্তৃ, পক্ষে+ঈপ্। বি; পুং, স্ত্রী। ২। অণ্ডকোষ; বীজ; গন্ড; গ্রন্থি। বাংপ্র। বি।

বীচিতরঙ্গন্যায়—ন্যায় বিঃ [বাতাস লাগিয়া জলে তরঙ্গের সৃষ্টি হয়। পরপর আঘাতে বহু তরঙ্গ সৃষ্ট হইয়া জলাশয়ের সর্বত্র বিস্তৃত হইয়া পড়ে। সেইরূপ প্রথম শব্দ হইতে অন্য একটি শব্দ, তাহা হইতে ক্রমশঃ অন্য শব্দের সৃষ্টি হওয়াকে এবং এক ঘটনা হইতে ক্রমশঃ ঘটনা-পরম্পরার আবির্ভাবকে বীচিতরঙ্গন্যায়ের বিষয় বলা হয়]। বীচির তরঙ্গ, ৬ষ্ঠীতৎ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

বীচিবিক্ষুব্ধ—ঢেউ দ্বারা আন্দোলিত; ঢেউ হেতু চঞ্চল। ৩য়াতৎ। বিণ। [পুং।

বীচিভঙ্গ—ঢেউ ওঠা, তরঙ্গভঙ্গ। ৬ষ্ঠীতৎ। বি;

বীচিমালা—ঢেউসমূহ; কিরণজাল। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বীচিমালী (-মালিন্)—সমুদ্র; সূর্য। বীচিমালা+ইন্ আছে অর্থে। বি; পুং।

বীচে—বীজে পরিপূর্ণ ('—কলা')। বীচ+এ (<ইয়া) পূর্ণার্থে। বিণ।

† **বীজ**—শস্যের বীজ; আঁঠি; যে শস্য বোনা হয় ('—ধান'); অঙ্কুর; শস্যাদির ফল; জীবাণু, germ; কারণ; শুক্র; তেজঃ; অব্যক্তগণিত; মন্ত্র; আধার; নিধি; তত্ত্ব; মূল। বি—জন্+ড অপা (ই-স্থানে ঈ))। বি; ক্লী।

† **বীজকোশ, -কোষ**—বীজাধার, যাহাতে বীজ থাকে। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

† **বীজগণিত**—যে শাস্ত্রে বর্ণমালার অক্ষরগুলিকে সংখ্যাস্বরূপ ধরিয়া এবং কতকগুলি সাংকেতিক চিহ্ন ব্যবহার করিয়া রাশিবিষয়ক সিদ্ধান্ত সকল যুক্তিসহকারে সংস্থাপিত হয় তাহা, algebra. বীজমূলক গণিত, মধ্যপ। বি; ক্লী।

† **বীজঘ্ন**—জীবাণুনাশক, disinfectant. উপতৎ; বীজ—হন্+টক্ কর্তৃ। বিণ। স্ত্রী—**বীজঘ্নী**।

বীজতলা—ক্ষেতের যে নির্দিষ্ট স্থানে ধান কলায় প্রভৃর চারা জন্মানো হয় তাহা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

† **বীজদল**—উদ্ভিদ্-ভ্রূণের উভয় পার্শ্বস্থ স্থূল পদার্থদ্বয়, cotyledon. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বীজন—১। বাতাস করা; সঞ্চালন। বীজ+অনট্ ভাব। ২। যাহা দিয়া বাতাস করা যায় এমন পাখা চামরাদি। বীজ্+অনট্ করণ। বি; ক্লী।

† **বীজপত্র**—বীজদল (তাহা দ্রঃ)।

† **বীজবারক**—যাহা জীবাণুর উৎপত্তি বন্ধ করে; পচন-নিবারক, antiseptic. ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -**বারিকা**।

† **বীজমন্ত্র**—ক্লীং হ্রীং প্রঃ দেবতাত্মক মন্ত্র, ইষ্ট দেবতার প্রতীক স্বরূপ মন্ত্র। বীজই মন্ত্র, কর্মধা। বি; পুং।

† **বীজাঙ্কুরন্যায়**—ন্যায় বিঃ [আগে বীজ তাহা হইতে অংকুর, কি, আগে অংকুর তাহা হইতে বীজ—এইরূপ অমীমাংসা হেতু বীজাঙ্কুরপ্রবাহ অনাদি; এইপ্রকার দৃষ্টান্তপ্রদর্শন বীজাঙ্কুরন্যায়ের বিষয়বস্তু]। বীজ ও অংকুর, দ্বন্দ্ব; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

বীজিত—যাহাকে বাতাস করা হইয়াছে এমন। বীজ্+ক্ত কর্ম। বিণ। ['beet'. বি।

বীট—একপ্রকার শাকজাতীয় উদ্ভিদ্। <ইং

বীটপালং, -পালম—একপ্রকার শাক। বাংপ্র। বি।

বীটি, বীটিকা, বীটী—সজ্জিত তাম্বূল, পানের বিড়া, খিলি; বন্ধন। বি—ইট্+ইন্ কর্তৃ; ৩য় পক্ষে ঈপ্; ২য় পক্ষে বীটি+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

বীণ—একপ্রকার তারের বাদ্যযন্ত্র। <বীণা। বি।

বীণকার—যে বীণাবাদন করে। বীণ করে (বাজায়) যে, উপতৎ (বাংপ্র)। বি।

বীণা—সপ্ততন্ত্রীবিশিষ্ট বাদ্যযন্ত্র, বীণ; বিদ্যুৎ। বী+ন কর্তৃ+আপ্ (ন-স্থানে ণ)। বি; স্ত্রী।

বীণানিন্দিত, -বিনিন্দিত—বীণার স্বর অপেক্ষা মধুর স্বরযুক্ত, অতি মধুর। বীণা নিন্দিত, বিনিন্দিত যৎকর্তৃক, বহু। বিণ।

বীণাপাণি—সরস্বতী। বীণা পাণিতে যাহার, বহু। বি; স্ত্রী। [ঈপ্। বি; স্ত্রী।

বীণাবতী—সরস্বতী। বীণা+মতুপ্ আছে অর্থে+

বীণাবিনিন্দিত—'বীণানিন্দিত' দ্রঃ।

বীত—পরিত্যক্ত; অতীত; অপগত; মুক্ত; নিবৃত্ত। বি—ই+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

বীতংস, বিতংস—জাল, ফাঁদ; খাঁচা। বি—তন্স্+ঘঞ্ করণ (ই-কার বিকল্পে দীর্ঘ)। বি; পুং।

বীতকাম—যাহার কামনা দূরীভূত হইয়াছে এমন। বহু। বিণ। [বিণ।

বীতনিদ্র—জাগরিত। বীতা (গতা) নিদ্রা যাহার, বহু।

বীতরাগ—বিরাগী; নিস্পৃহ, আসক্তি হইতে মুক্ত। বহু। বিণ।

বীতশোক—বিগতশোক। বহু। বিণ।

বীতশ্রদ্ধ—শ্রদ্ধাহীন; আস্থাশূন্য। বীতা শ্রদ্ধা যাহার, বহু। বিণ। [যাহার, বহু। বিণ।

বীতস্পৃহ—স্পৃহাহীন, আসক্তিশূন্য। বীতা স্পৃহা

বীতি—১। মুক্তি; নিবৃত্তি; গতি; ধারণ; দীপ্তি; ভোজন; উৎপাদন; পরিষ্করণ। বী+ক্তি ভাব। বি; স্ত্রী। ২। ঘোটক। বি—ই+ক্তিচ্ কর্তৃ। বি; পুং।

বীতিহোত্র—অগ্নি; সূর্য। বীতি (পুরোডাশাদি ভোজ্য), হোত্র (দেবগণের আহুতি) যাহাতে, বহু। বি; পুং।

বীথি, বীথিকা, বীথী—শ্রেণী, সারি; উভয়পার্শ্বে বৃক্ষশ্রেণীযুক্ত পথ, avenue; পথ; দৃশ্যকাব্য বিঃ। বিথ্+ইন্ কর্ম; বীথি+কন্ স্বার্থে+আপ্; বীথি +ঈপ্। বি; স্ত্রী।

বীন—বীণ (তাহা দ্রঃ)।

বীনকার—বীণকার (তাহা দ্রঃ)।

বীপ্সা—যুগপৎ ব্যাপনেচ্ছা, এককালে ব্যাপিয়া থাকিবার ইচ্ছা; ব্যাপ্তি; পুনঃপুনঃ ঘটন। বি—আপ্+সন্ ইচ্ছার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী। **বীপ্সার দ্বিরুক্তি**—ব্যাপ্তির ইচ্ছা অর্থাৎ প্রতি বা প্রত্যেক অর্থে এক শব্দের দুইবার প্রয়োগ (যেমন—প্রতি ঘরে অর্থাৎ ঘরে ঘরে)।

বীবর—উত্তর আমেরিকার উভচর ইন্দুরবর্গীয় একপ্রকার জন্তু। ⟨ইং 'beaver'. বি।

***বীভৎস**—১। অত্যন্ত ঘৃণাকর, অতি কদর্য, ক্রূর; বিকৃত; পাপী। বধ্+সন্ চিত্তবিকারার্থে+ঘঞ্ কর্ম। বিণ। ২। কাব্যের রস বিঃ [জুগুপ্সা (ঘৃণা) এই রসের স্থায়িভাব। যথা—

"অজীর্ণ ভোজন-দ্রব্য উগারি দুর্মতি
পুনঃ পুনঃ দুই হস্তে তুলিয়া গিলিছে।"
—মাইকেল]।

বধ্+সন্ ইচ্ছার্থে+অ ভাব+আপ্=বীভৎসা; বীভৎসা+অচ্ আছে অর্থে। বি; পুং।

***বীভৎসু**—অর্জুনের নামান্তর ("বীভৎসু বলিয়া ডাকিলেন নারায়ণ"—কাশী)। বধ্+সন্+উ কর্তৃ। বি; পুং।

বীমা—'বিমা' দ্রঃ।

বীর—১। সাহসী ও বলবান্; শূর, বিক্রমশালী; শ্রেষ্ঠ, প্রধান; অসামান্য কর্মী। বিণ। স্ত্রী—বীরা। ২। শৃঙ্গারাদি নয় রসের মধ্যে এক রস [ইহার স্থায়ী ভাব উৎসাহ এবং দেশভক্তি, দান, যুদ্ধোদ্যম প্রঃ ইহার বিষয়। যথা—

"তবে যদি ইচ্ছ রণ তার পক্ষ হয়ে,
বিরূপাক্ষ দেহ রণ বিলম্ব না সহে।"
—মাইকেল];

নট; বিক্ষ। বীর্+অচ্ কর্তৃ। বি; পুং। ৩। বানরদলের প্রধান। বাংপ্র। বি।

বীরকুল—বীরগণ, বীরসমাজ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

***বীরকুলচূড়ামণি, -তিলক**—শ্রেষ্ঠ বীর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বীরকেশরী (-কেশরিন্)—শ্রেষ্ঠবীর। বীর কেশরিসদৃশ, উপমিত কর্মধা। বি; পুং।

বীরখণ্ড—তিল-চিনি-গুড় দিয়া প্রস্তুত পাটালির আকারের সাদা মিষ্ট দ্রব্য বিঃ। বাংপ্র। বি।

বীরচূড়ামণি—বীরশ্রেষ্ঠ। চূড়াস্থিত মণি, মধ্যপ; বীরদিগের চূড়ামণি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বীরজননী—বীরের মাতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বীরজায়া—বীরের পত্নী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বীরণ—বেণামূল। বি—ঈর্+ণিচ্+অনট্ করণ, সংজ্ঞার্থে। বি; ক্লী। [ক্লী।

বীরত্ব—শৌর্য, শূরত্ব; শ্রেষ্ঠত্ব। বীর+ত্ব ভাবে। বি:

বীরত্বব্যঞ্জক—শৌর্যপ্রকাশক, বীরত্বসূচক, যাহা দ্বারা বীরত্ব প্রকাশ পায় এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -ব্যঞ্জিকা। [কর্মধা। বি; স্ত্রী।

বীরনারী—শৌর্যশালিনী রমণী; বীরপুরুষের স্ত্রী।

বীরপঞ্চমী—বীরপুত্রলাভার্থ কৃত ব্রত বিঃ। মধ্যপ। বি; স্ত্রী। [(বাংপ্র)। বি।

বীরপনা—বীরের ব্যবহার; বীরত্ব। বীর+পনা ভাবে

বীরপ্রসবিনী—শৌর্যশালী সন্তানের জন্মদাত্রী, বীরমাতা। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; স্ত্রী।

বীরপ্রসূ, বীরসূ—বীরমাতা, বীরজননী। ৬ষ্ঠীতৎ; উপতৎ; বীর—সূ+ক্বিপ্ কর্তৃ। বি; স্ত্রী।

বীরবর—বীরশ্রেষ্ঠ। ৭মীতৎ। বি; পুং, বা বিণ।

বীরবৌলি—কুণ্ডল; পুরুষের একপ্রকার কর্ণভূষণ। বাংপ্র। বি। [বি; পুং।

বীরভদ্র—শ্রেষ্ঠ বীর; শিবের অনুচর বিঃ। ৭মীতৎ।

বীরভোগ্যা—কেবল পরাক্রান্ত ব্যক্তিই যাহা ভোগ করিতে পারে এমন ('—বসুন্ধরা')। বীরভোগ্য (৩য়াতৎ)+আপ্। বিণ; স্ত্রী।

বীরমাতা—(-মাতৃ)—বীরের জননী, বীরপ্রসবিনী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বীরশূন্য—বীরহীন। ৩য়াতৎ। বিণ।

বীরসিংহ—শ্রেষ্ঠবীর। বীর সিংহসদৃশ, উপমিত কর্মধা। বি; পুং।

বীরা—১। শৌর্যশালিনী; প্রধানা। বিণ; স্ত্রী। ২। পতিপুত্রবতী নারী। বীর+আপ্। বি; স্ত্রী।

বীরাঙ্গনা—বীরনারী। কর্মধা। বি; স্ত্রী।

বীরাচার—তান্ত্রিকদিগের উপাসনাপদ্ধতি বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বীরাচারী (-চারিন্)—বীরাচারমতে সাধনাকারী। বীরাচার+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -চারিণী।

বীরাসন—এক পা এক উরুতে স্থাপন করিয়া অপর পা অন্য উরুতে স্থাপন পূর্বক উপবেশন। বীরের আসন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

***বীরেশ্বর**—বীরভদ্র; প্রধান বীর। বীরের ঈশ্বর (প্রধান, প্রভু), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বীর্য—বল; সামর্থ্য; বীরত্ব; গৌরব; প্রভাব, প্রতাপ; সার; বীজ; শুক্র, রেতঃ। বীর+যৎ করণ; অথবা, বীর+যৎ সাধু অর্থে। বি; ক্লী।

বীর্যবত্তা—বীরত্ব, শৌর্যশালিতা। বীর্যবৎ+তা ভাবে। বি; স্ত্রী।

বীর্যবন্ত—বলবান্, শৌর্যশালী। বীর্য+বন্ত (বাং তদ্ধিত) আছে অর্থে। বিণ।

বীর্যবান্ (-বৎ)—বীর্যবিশিষ্ট, বলবান্। বীর্য+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -বতী।

বীর্যশালী (-শালিন্)—বীর, শৌর্যসম্পন্ন। উপতৎ; বীর্য—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শালিনী**।
বীর্যহানি—বীরত্বের অভাব; শুক্রক্ষয়, জননশক্তি-লোপ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বিণ।
বীর্যহীন—নির্বীর্য; দুর্বল; পুরুষত্বহীন। ৩য়াতৎ।
বুঁচকি—পুঁটুলি; ছোট বোঁচকা। বাংপ্র। বি।
বুঁদ—বিবশ, বিভোর। < মুদ। বিণ।
বুঁদি, বুঁদ—ভুড়ভুড়ি; বিন্দু। বাংপ্র। বি।
বুঁদিয়া, বোঁদে—মিষ্টান্ন বিঃ। হি (< বিন্দু)। বি।
বুক—বক্ষঃস্থল; হৃদয়; সাহস; উৎসাহ; ভরসা। < বুক্ক। বি। **বুক কাঁপা**—অন্তরে ভয় হওয়া। **বুক চড়চড় করা**—হিংসায় মনে অশান্তি হওয়া। **বুক চাপড়ানো**—বিলাপ করিবার সময় বুকে আঘাত করা। **বুক ঠোকা**—সাহস প্রকাশ করিয়া বুকে মৃদু আঘাত করা। **বুক দশ হাত হওয়া**—আনন্দ ও উৎসাহের সহিত অত্যধিক সাহসের সঞ্চার হওয়া। **বুক দিয়া পড়া**—কোন কাজে আন্তরিক ভাবে সাহায্য করা। **বুক ফাটা**—অসহ্য দুঃখ-শোকে অতিশয় কষ্ট হওয়া। **বুক ফাটে তো মুখ ফোটে না**—মনের গোপন কথা বা ইচ্ছা মুখে দিয়া উচ্চারিত হয় না। **বুক ফোলানো**—গর্ব প্রকাশ করা; সাহসে ভর করা। **বুক ফুলিয়া যাওয়া**—বাধা না পাওয়ায় সাহস বাড়িয়া যাওয়া। **বুক বাঁধা**—ধৈর্যধারণ করা; আশ্বস্ত হওয়া; সাহস করা। **বুক বাজানো**—বুক ঠুকিয়া স্পর্ধা দেখানো; জয়হেতু অতিশয় আনন্দ প্রকাশ করা। **বুক বাড়া**—সাহসের বৃদ্ধি হওয়া। **বুক ভাঙা**—দারুণ মনঃকষ্ট হওয়া; হৃদয় হইতে আশা সাহস ও আনন্দ দূর হওয়া। **বুকে চেঁকি পড়া**—উদ্বেগে ভয়ে বা খুব হিংসার জন্য বুক কাঁপা; হিংসায় জ্বলিয়া মরা। **বুকে বাঁশ দেওয়া**—অতিশয় নির্যাতন করা; খুব শত্রুতা করা। **বুকে ভাতের হাঁড়ি নামানো**—অতিশয় কষ্ট দেওয়া; খুব ক্ষতি করা। **বুকের পাটা**—সাহস।
বুকচাপা—চারিদিক বন্ধ, যেখানে আলো-বাতাসের অভাব এমন। বাংপ্র। বিণ। [এমন। বাংপ্র। বিণ।
বুকজোড়া—অতি আদরের; যাহা বুক জুড়িয়া থাকে
বুকড়ি—মোটা ('—চাল')। বাংপ্র। বিণ।
বুকনি—কথার ফোড়ন; একভাষায় অন্য ভাষার প্রয়োগ; ছোট টুকরা; গুঁড়া মসলার ছিটা। বাংপ্র। বি।
বুচকি—ছোট পুঁটুলি; মোট। বাংপ্র। বি।
বুজকুড়ি—বুদ্‌বুদ, ভুড়ভুড়ি। বাংপ্র। বি।
বুজরুক—শঠ; চালবাজ; কুহকী; ভানকারী; জাদুকর; ফাঁকিবাজ। < ফা 'বুজুর্গ'। বিণ।
বুজরুকি—ফাঁকি; চালবাজি; জাদু; কুহক; শঠতা। বুজরুক+ই ভাবে, কর্মার্থে (ফা-মু)। বি।
বুজা, বুঁজা, বোজা, বোঁজা—নিমীলিত হওয়া; বন্ধ হওয়া; ভরতি হওয়া; নিমীলিত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
বুজানো, বোজানো—ভরাট করা; নিমীলিত করা।
বুঝ—প্রবোধ; উপলব্ধি; বোধ। বাংপ্র। বি।
বুঝা—অনুমান করা; ধারণা করা; বুঝিতে পারা; উপলব্ধি করা; পরীক্ষা করা; বিবেচনা করা; সান্ত্বনা লাভ করা। < বুধ্ ধাতু। ক্রি।
বুঝানো—উপলব্ধি করানো; ব্যাখ্যা করা; প্রবোধ দেওয়া। < বুধ্ ধাতু। ক্রি [, বি, বিণ]।
বুঝাপড়া, বোঝাপড়া—সিদ্ধান্ত, নিষ্পত্তি; কথাবার্তা দ্বারা মিটমাট; চূড়ান্ত মীমাংসা। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
বুঝি—১। হয়তো; নাকি; যেন। অ। ২। মনে করি; মনে হয়, বোধ হয়; উপলব্ধি করি। বাংপ্র। ক্রি।
বুঝিয়ে—বুদ্ধিমান্, সমঝদার। বুঝ্+ইয়ে কর্তৃ (বাংপ্র)। বিণ।
বুট—১। ছোলা। হি। ২। যাহা সারা পা ঢাকিয়া রাখে এমন একপ্রকার জুতা। < ইং 'boot'. বি।
বুটি—বস্ত্রের উপরে ছুঁচের সাহায্যে তোলা ফুল। বি।
বুটিদার—বুটিযুক্ত। বুটি+দার (বাংপ্র)। বিণ।
বুড়কে—'বুড়িকিয়া' দ্রঃ।
বুড়া, বুড়ো—বৃদ্ধ; বড়। বাংপ্র। বিণ।
বুড়া-আঙুল—অঙ্গুষ্ঠ। কর্মধা (বাংপ্র)। বি।
বুড়াটে, বুড়োটে—বুড়ার মত, বৃদ্ধের ন্যায়। বুড়া, বুড়ো+টে (< টিয়া) সদৃশার্থে। বিণ।
বুড়ানো, বুড়নো—বৃদ্ধ হওয়া; জলে ডুবানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
বুড়ামি, বুড়ামো, বুড়োমি, বুড়োমো, বুড়োপনা—বৃদ্ধের ন্যায় আচরণ, জ্যেঠামি। বুড়া+মি, মো; বুড়ো+মি, মো, পনা ভাবে (বাংপ্র)। বি।
বুড়াহাবড়া, বুড়োহাবড়া—একেবারে স্থবির, সর্ব-প্রকার-শক্তি-রহিত বৃদ্ধ। কর্মধা (বাংপ্র)। বিণ।
বুড়ি—পাঁচগণ্ডার সমষ্টি। < বোড়ী। বি।
বুড়িকিয়া, বুড়কে—বুড়ি-ঘটিত অঙ্কপ্রণালী। বুড়ি+কিয়া, কে (বাংপ্র)। বি।
বুড়ী—বৃদ্ধা। বুড়া+ঈ (বাংপ্র)। বি বা বিণ; স্ত্রী।
বুড়ো-আঙুল—বুড়া-আঙুল (তাহা দ্রঃ)।
বুড়োপনা, বুড়োমি, বুড়ামো—'বুড়ামি' দ্রঃ।
****বুদ্ধ**—১। গৌতম, বৌদ্ধধর্মের প্রবর্তক। বি; পুং। ২। জাগরিত; জ্ঞানী। বুধ্+ক্ত কর্তৃ। ৩। বিদিত, জ্ঞাত। বুধ্+ক্ত কর্ম। বিণ।
***বুদ্ধি**—১। জ্ঞান, বোধ, ধী, মনীষা, বিচারশক্তি; মতলব; পরামর্শ; নিশ্চয়াত্মিকা মনোবৃত্তি। বুধ্+ক্তি ভাব। ২। মহত্তত্ত্ব। বুধ্+ক্তি কর্ম। ৩। অন্তঃকরণ। বুধ্+ক্তি করণ। বি; স্ত্রী। **বুদ্ধির ঢেঁকি**—অতিশয় নির্বোধ।
বুদ্ধিকৌশল—বুদ্ধিচাতুর্য; বুদ্ধি দ্বারা বাহির-করা ফন্দি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
***বুদ্ধিগম্য**—উপলব্ধিযোগ্য; যাহা বুদ্ধির দ্বারা জানা যায় এমন। ৩য়াতৎ। বিণ।
***বুদ্ধিজীবী** (-জীবিন্)—১। শিক্ষক; পণ্ডিত; অধ্যাপক; সাহিত্যিক; বিজ্ঞানী। বি; পুং। ২। যে বুদ্ধি খাটাইয়া জীবিকা নির্বাহ করে এমন। উপ-তৎ; বুদ্ধি—জীব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-জীবিনী**।

*বুদ্ধিনাশ—জ্ঞাননাশ, জ্ঞানলোপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

*বুদ্ধিবৃত্তি—বুদ্ধির ধর্ম, জ্ঞানেন্দ্রিয়; সর্ববিধ জ্ঞানলাভ করিবার উপযুক্ত মানসিক শক্তি। বুদ্ধির বৃত্তি, ৬ষ্ঠীতৎ; অথবা, বুদ্ধিই বৃত্তি, কর্মধা। বি; স্ত্রী।

*বুদ্ধিভ্রংশ—জ্ঞানলোপ, বুদ্ধিহীনতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

*বুদ্ধিভ্রম—বুঝিবার ভুল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

*বুদ্ধিমান্ (-মৎ)—বুদ্ধিবিশিষ্ট, চালাক; ধীমান্, জ্ঞানী। বুদ্ধি+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -মতী। বি, -মত্তা।

*বুদ্ধিলোপ—বুদ্ধির নাশ, বোধহীনতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বিণ।

বুদ্ধিহারা—বুদ্ধিহীন, হতবুদ্ধি। উপতৎ (বাংপ্র)।

*বুদ্ধিহীন—নির্বোধ, বোকা। ৩য়াতৎ। বিণ।

*বুদ্ধীন্দ্রিয়—জ্ঞানেন্দ্রিয়, মন চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ও ত্বক্। মধ্যপ। বি; ক্লী।

বুদ্‌বুদ—জলবিম্ব, জলের ভুড়ভুড়ি, bubble; গর্ভস্থ অবয়ব বিঃ। বুদ্+ক্বিপ্ কর্ম; বুদ্—বুদ্+ক কর্ম। বি; পুং। বিণ—বুদ্‌বুদিত, বুদ্‌বুদী (-দিন্)।

বুদ্‌বুদন—বুদ্‌বুদে পরিণত হওয়া, effervescence. বুদ্—বুদ্+অনট্ ভাব। বি; ক্লী।

†বুধ—বুধগ্রহ, mercury; চন্দ্রপুত্র; সপ্তাহের বার বিঃ; পণ্ডিত, বিদ্বান্ ব্যক্তি। বুধ্+ক কর্তৃ। বি; পুং।

বুধবার—সপ্তাহের চতুর্থ দিবস, মঙ্গলবারের পর দিবস। বুধাধিষ্ঠিত বার (দিন), মধ্যপ। বি; পুং।

বুধাষ্টমী—চৈত্র ও পৌষমাসে এবং হরিশয়নভিন্ন সময়ে বুধবারযুক্ত শুক্লাষ্টমী। বুধযুক্তা অষ্টমী, মধ্যপ। বি; স্ত্রী।

বুনট—'বুনাট' দ্রঃ।

বুনন—(বীজ) বপন; (বস্ত্রাদি) বয়ন। বুন্+অন ভাব (বাংপ্র)। বি।

বুনা, বোনা—(বীজ) বপন করা; (বস্ত্রাদি) বয়ন করা। <'বপন' বা 'বয়ন'। ক্রি [, বি, বিণ]।

বুনাট, বুনট, বুনানি—বয়ন-কার্য; বয়নের পারিশ্রমিক। বাংপ্র। বি।

বুনানো—অপরের দ্বারা (বীজ) বপন করা বা (বস্ত্রাদি) বয়ন করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বুনিয়াদ—ভিত্তি। ফা। বি।

বুনিয়াদী—'বনিয়াদী' দ্রঃ। বুনিয়াদী শিক্ষা—সাধারণতঃ হাতের কাজের ভিতর দিয়া প্রাথমিক শিক্ষা, basic education.

বুনানি—বুনাট (তাহা দ্রঃ)।

বুনো—১। বন্যজাতি; অসভ্য। বি। ২। বন্য; অশিষ্ট, অভদ্র। বন+ও (<উয়া) ভবার্থে (বাংপ্র)। বিণ।

*বুভুক্ষা—ভোজনেচ্ছা, ক্ষুধা। ভুজ্+সন্ ইচ্ছার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী। [বিণ।

*বুভুক্ষিত—ক্ষুধিত। বুভুক্ষা+ইতচ্ জাতার্থে।

বুভুক্ষু—ক্ষুধিত। ভুজ্+সন্ ইচ্ছার্থে+উ কর্তৃ। বিণ। [বি।

বুরুচ—একপ্রকার গহনা, ব্রোচ। <ইং 'broach'.

বুরুজ—পোতা; দীর্ঘ চূড়াযুক্ত উঁচু ঘর; দুর্গাদির প্রাকারের পোস্তা বা মন্দিরতুল্য বাহিরের অংশ, bastion; গম্বুজ। <ফা 'বুর্জ'। বি।

বুরুল—বৃদ্ধাঙ্গুলির বিস্তাররূপ পরিমাণ, প্রায় এক ইঞ্চি পরিমাণ। বাংপ্র। বি।

বুরুশ—তুলি; লোমনির্মিত মার্জনী। <ইং 'brush'. বি। [ফা। বি।

বুলবুল, -বুলি—Thrush জাতীয় সুকণ্ঠ পক্ষী বিঃ।

বুলা—ভ্রমণ করা; কথা বলা; কোন বস্তুর উপর দিয়া মৃদুভাবে হস্ত চালিত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বুলানো, বুলনো—মৃদু ঘর্ষণ বা মার্জন করা, হস্ত দ্বারা মৃদু স্পর্শ এবং মার্জন করা; কোন বস্তুর উপর দিয়া মৃদুভাবে হস্ত চালিত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বুলি—ভাষা, বাক্য; অস্পষ্ট বাক্য; পাখির কথা; মুখস্থ-করা কথা; ভাষার বাঁধা বা প্রচলিত পদ, idiom. বাংপ্র। বি।

বুলেট—বন্দুকের গুলি। <ইং 'bullet'. বি।

বুস্তান—ফুলের বা ফলের বাগান। <ফা 'বুস্তাঁ'। বি।

†বৃংহণ—হস্তিগর্জন; বর্ধন, পোষণ। বৃন্হ্+অনট্ ভাব। বি; ক্লী।

†বৃংহিত—১। হাতির ডাক। বৃন্হ্+ক্ত ভাব। বি; ক্লী। ২। বর্ধিত, পুষ্ট। বৃন্হ্+ক্ত কর্তৃ। বিণ।

বৃক—নেকড়ে বাঘ, wolf, জঠরাগ্নি; বকবৃক্ষ; কাক; শৃগাল; ক্ষত্রিয়। বৃক্+কক্ কর্ম; কিংবা, বৃ+ক কর্তৃ। বি; পুং।

বৃকোদর—ভীম, দ্বিতীয় পাণ্ডব। বৃক (অগ্নি) উদরে (পেটে) যাঁহার, বহু। বি; পুং।

বৃক্ক—দেহমধ্যস্থ মূত্রনিঃসাবক যন্ত্র, kidney. বি; ক্লী।

বৃক্ষ—তরু। ব্রশ্চ্+সক্ কর্ম। বি; পুং।

বৃক্ষচ্ছায়—বহু বৃক্ষের ছায়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বৃক্ষচ্ছায়া—গাছের ছায়া। বৃক্ষের ছায়া, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বৃক্ষবাটিকা—বাগানবাড়ি; উপবন; নিকুঞ্জ। বৃক্ষাবৃত বা বৃক্ষরচিত বাটিকা, মধ্যপ। বি; স্ত্রী।

বৃক্ষাগ্র—গাছের আগা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বৃত—কর্মকরণার্থ নিযুক্ত; প্রার্থিত; সসম্মানে নিযুক্ত; যাহাকে বরণ করা হইয়াছে এমন; মনোনীত, nominated; আচ্ছাদিত। বৃ+ক্ত কর্ম। বিণ।

বৃতি—১। নিয়োগ; বরণ, কাজের জন্য নিয়োগ; আবরণ; প্রার্থনা বিঃ; গোপন। বৃ+ক্তি ভাব। ২। বেষ্টন, বেড়া; ফুলের বাহিরের আবরণ, calyx. বৃ+ক্তি করণ। বি; স্ত্রী।

বৃত্ত—১। গোলাকার; জাত; দৃঢ়; অতীত; মৃত। বৃত্+ক্ত কর্তৃ। ২। আচ্ছাদিত; নিযুক্ত; অভ্যস্ত;

অধীত; অপ্রতিহত। বৃত্+ক্ত কর্ম। বিণ। ৩। চরিত্র; বর্তন; অনুষ্ঠান; ন্যায়পূর্বক অর্থোপার্জন অর্থপালন, অর্থবর্ধন ও সৎপাত্রে দান—এই চতুর্বিধ; অক্ষর দ্বারা নিয়মিত ছন্দ। বৃত্+ক্ত ভাব। ৪। যে গোলাকার সমতল ক্ষেত্রের ঠিক মধ্যস্থল হইতে পরিধি পর্যন্ত দুই বা অধিক সরলরেখা টানিলে সকলেই পরস্পর সমান হয় তাহা, গোল, মণ্ডল, circle; গোলাকার জিনিস, sphere. বৃত্+ক্ত কর্তৃ। বি; ক্লী।

বৃত্তকলা—চাপ এবং তাহার প্রান্তবিন্দুদ্বয় পর্যন্ত অঙ্কিত ব্যাসার্ধদ্বয় দ্বারা বেষ্টিত ক্ষেত্র, sector of a circle. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বৃত্তাংশ—(জ্যামিতি) কোন জ্যা সমস্ত বৃত্তটিকে দুইটি অংশে বিভক্ত করিলে তাহার প্রত্যেক অংশ, segment of a circle. বৃত্তের অংশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বৃত্তান্ত—সংবাদ, খবর; ঘটনা; বিবরণ; প্রকার; সাকল্য; প্রস্তাব; অবসর; ভাব। বৃত্ত (জাত) অন্ত (নির্ণয়) যাহা হইতে, বহু। বি; পুং।

বৃত্তাংশ—কোন জ্যা বৃত্তকে দুই খণ্ডে বিভক্ত করিলে তাহার প্রত্যেক খণ্ড, segment of a circle. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বৃত্তাভাস—১। প্রায় বৃত্তের ন্যায় গোলাকার। বিণ। ২। বৃত্তবৎ গোলাকার ক্ষেত্রাদি। বৃত্তের আভাস যাহাতে, বহু। বি; পুং।

বৃত্তি—১। আহার; জীবন; ব্যাপার; দর্শনাদি; প্রবৃত্তি; স্থিতি; নাটকের ক্রিয়া বিঃ; স্বভাব; আকারান্তরপ্রাপ্তি; ব্যবহার; মনোবৃত্তি, faculty; ব্যাপ্তি; শব্দের শক্তি যদ্দ্বারা অর্থ প্রসারিত হয়; বর্ণরচনা বিঃ। বৃত্+ক্তি ভাব। ২। অক্ষর (syllable) দ্বারা নিরূপিত ছন্দঃ। বৃত্+ক্তি কর্ম। ৩। ব্যাখ্যান-গ্রন্থ; জীবিকা; ব্যবসায়; পারিতোষিকস্বরূপ প্রদত্ত অর্থ, scholarship. বৃত্+ক্তি করণ। বি; স্ত্রী।

বৃত্তীয়—বৃত্ত সংক্রান্ত। বৃত্ত+ঈয় সম্বন্ধার্থে। বিণ। **বৃত্তীয় মান**—বৃত্তের অন্তর্গত ভূমির পরিমাণ, circular measure.

বৃত্য—বরণীয়। বৃ+ক্যপ্ কর্ম। বিণ।

বৃত্তাংশ—(উদ্ভিদবিদ্যা) পুষ্পবৃতির এক একটি ভাগ, sepal. বৃতির অংশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বৃত্র—অসুর বিঃ; শত্রু; অন্ধকার। বৃত্+রক্ কর্তৃ। বি; পুং।

বৃত্রারি—ইন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বৃথা—নিষ্ফল; অনর্থক, নিরর্থক, শুধু শুধু। বৃ+থাল্ কর্ম। অ।

বৃদ্ধ—বুড়া, প্রাচীন; প্রবীণ, বয়োজ্যেষ্ঠ; বৃহৎ; বৃদ্ধিযুক্ত; পণ্ডিত। বৃধ্+ক্ত কর্তৃ। বিণ।

বৃদ্ধপ্রপিতামহ—প্রপিতামহের পিতা। বৃদ্ধ প্রপিতামহ, কর্মধা। বি; পুং। স্ত্রী, -হী

বৃদ্ধপ্রমাতামহ—প্রমাতামহের পিতা। বৃদ্ধ প্রমাতামহ, কর্মধা। বি; পুং। স্ত্রী, -হী।

বৃদ্ধা—১। প্রাচীনা, বুড়ী। বিণ; স্ত্রী। ২। বুড়া-আঙুল। বৃদ্ধ+আপ্। বি; স্ত্রী।

বৃদ্ধাঙ্গুলি—অঙ্গুষ্ঠ, বুড়ো আঙুল। বৃদ্ধা যে অঙ্গুলি, কর্মধা। বি; স্ত্রী।

বৃদ্ধি—১। উন্নতি; বিস্তার; আধিক্য; বাড়; যোগ বিঃ। বৃধ্+ক্তি ভাব। ২। সুদ; সম্পত্তি। বৃধ+ক্তি করণ। বি; স্ত্রী।

বৃদ্ধিজীবী (-জীবিন্)—সুদখোর, কুসীদজীবী। উপতৎ; বৃদ্ধি—জীব্+ণিন্ কর্তৃ। বি; পুং।

বৃদ্ধিশ্রাদ্ধ—বিবাহাদি কালে আভ্যুদয়িক শ্রাদ্ধ। বৃদ্ধি (অভ্যুদয়) নিমিত্তক শ্রাদ্ধ, মধ্যপ। বি; ক্লী।

বৃন্ত—ফলপুষ্পপত্রাদির বোঁটা, কুচাগ্র, স্তনের বোঁটা; জলপাত্র রাখিবার বিঁড়া। বৃ+ক্ত কর্ম (ন-আগম)। বি; ক্লী।

বৃন্তচ্যুত—যাহা বোঁটা হইতে পৃথক্ হইয়া পড়িয়াছে এমন। ৫মীতৎ। বিণ।

বৃন্দ—১। সমূহ, গণ। বি; ক্লী। ২। দশ অর্বুদ. শত কোটি; তৎসংখ্যক। বৃণ্+দন্ কর্তৃ (নিপা)। বি বা বিণ।

বৃন্দা—তুলসী গাছ; জলন্ধরপত্নী; রাধা; রাধার সখী বিঃ। বৃন্দ+আপ্। বি; স্ত্রী।

বৃন্দাবন—মথুরার নিকটবর্তী তীর্থস্থান বিঃ। বৃন্দার বন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বৃশ্চিক—বিছা, scorpion; শুঁয়াপোকা; অষ্টম রাশি; অগ্রহায়ণমাস। ব্রশ্চ্+কিকন্ কর্তৃ। বি; পুং।

বৃশ্চিকালী—বিছুটির গাছ। বৃশ্চিক—অল্+অচ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

বৃষ—ষাঁড়, বলদ; রাশিচক্রের দ্বিতীয়রাশি; ধর্ম; শুক্রল পুরুষ; মল্ল; ইন্দ্র; মূষিক; বিষ্ণু; শ্রীকৃষ্ণ; শত্রু; কন্দর্প; (শব্দের পরবর্তী হইলে) শ্রেষ্ঠ। বৃষ্+ক কর্তৃ। বি; পুং।

বৃষকাষ্ঠ—বৃষোৎসর্গ শ্রাদ্ধে ষাঁড় বাঁধিবার খুঁটি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বৃষভ—ষাঁড়, বৃষ; (শব্দের পরবর্তী হইলে) শ্রেষ্ঠ। বৃষ্+অভচ্ কর্তৃ। বি; পুং।

বৃষভানুনন্দিনী, -সুতা—শ্রীরাধিকা। বৃষভানুর নন্দিনী, সুতা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বৃষল—১। শূদ্র। বৃষ্+কল কর্তৃ। বি; পুং। ২। পাপী, অধার্মিক, পতিত। বৃষ্+লা+ক কর্তৃ। বিণ।

বৃষলা, বৃষলী—শূদ্রা; অনূঢ়া ঋতুমতী কন্যা; বন্ধ্যা। বৃষল+আপ্, ঈপ্। বি; স্ত্রী।

বৃষস্কন্ধ—১। উন্নতস্কন্ধবিশিষ্ট। বৃষের স্কন্ধের ন্যায় স্কন্ধ যাহার, বহু। বিণ। ২। ষাঁড়ের কাঁধ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বৃষোৎসর্গ—শ্রাদ্ধ বিঃ, যাহাতে ৪টি বৎসতরীর সহিত বৃষ উৎসর্গ করিয়া ছাড়িয়া দেওয়া হয়; যাগ বিঃ। বৃষের উৎসর্গ (ত্যাগ) যাহাতে, বহু। বি; পুং।

বৃষ্টি—১। বর্ষণ, মেঘ হইতে জলপতন। বৃষ্+ক্তি ভাব। ২। বৃষ্ট জল। বৃষ্+ক্তি কর্ম। বি; স্ত্রী।

বৃষ্টিপাত—মেঘ হইতে জলপতন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বৃষ্টিমানযন্ত্র—যে যন্ত্রে বৃষ্টির পরিমাণ নিরূপিত হয় তাহা, rain-gauge. বৃষ্টির মান যদ্দ্বারা, বহু; সেই যন্ত্র, কর্মধা। বি; ক্লী।

বৃষ্টিস্নাত—বর্ষার জলে ধোওয়া। ৩য়াতৎ। বিণ।

বৃষ্য—বীর্যবর্ধক। বৃষ+যৎ হিতার্থে। বিণ।

†**বৃহৎ**—বড়, বিপুল, প্রকাণ্ড; মহৎ; উজ্জ্বল। বৃন্হ +অতি কর্তৃ। বিণ। স্ত্রী—**বৃহতী**।

বৃহতী—বেগুন; ছোট বেগুন; বিশ্বাবসুর বীণা; উত্তরীয় বস্ত্র; ছন্দো বিঃ; ৩৬-সংখ্যার সংকেতার্থ; বাক্য। বৃহ্+অৎ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

†**বৃহৎকায়**—প্রকাণ্ড দেহযুক্ত। বহুব্রী। বিণ।

†**বৃহদ্ভানু**—সূর্য; অগ্নি। বৃহৎ হইয়াছে ভানু (কিরণ) যাহার, বহু। বি; পুং।

†**বৃহস্পতি**—সুরগুরু, সুরাচার্য, দেবগুরু; দেবগুরুর ন্যায় পণ্ডিত ব্যক্তি, অতি বিদ্বান্ ব্যক্তি; গ্রহ বিঃ, Jupiter; সপ্তাহের বার বিঃ। বৃহৎদিগের (দেবতাদের) পতি (প্রভু), ৬ষ্ঠীতৎ; অথবা, বৃহতীর (বাক্যের) পতি, ৬ষ্ঠীতৎ (নিপা)। বি; পুং।

বৃহস্পতিবার—সপ্তাহের পঞ্চম দিন। বৃহস্পতি-অধিষ্ঠিত বার, মধ্যপ। বি; পুং।

বে—১। অভাব; না; বিরোধ; নিন্দা। ফা উপসর্গ। ২। বিবাহ। বাংপ্র। বি।

বেঅকুফ—বেকুফ (তাহা দ্রঃ)।

বেআইন—আইন-কানুনের অভাব। বে (ফা)+আইন (আ); আইনের অভাব, অব্যয়ী। বি।

বেআইনী—আইন-বিরুদ্ধ। বে (নয়) আইনী, নঞ্‌তৎ (ফা-আ-মূ)। বিণ।

বেআক্কেল—বোকা, বুদ্ধিহীন। বে (ফা)+আক্কেল (আ); বে (নাই) আক্কেল যাহার, বহু। বিণ।

বেআদব, বেয়াদব—অসভ্য, অশিষ্ট; অবিনীত। বে (ফা)+আদব (আ); বে (নাই) আদব যাহার, বহু। বিণ। [ফা-আ-মূ। বি।

বেআদবি, বেয়াদবি—অসভ্যতা, অশিষ্টতা; ধৃষ্টতা।

বেআন্দাজ—১। আন্দাজের অভাব। বি। ২। পরিমাণের অধিক; অতিরিক্ত; আন্দাজের বিপরীত। ফা; বে (নাই) আন্দাজ যাহাতে, বহু। বিণ। বিণ, **-জী**।

বেআবরু—১। অসম্মানসূচকতা; লজ্জাশীলতার নাশ। অব্যয়ী। বি। ২। আবরণশূন্য; অপমানিত; যাহার লজ্জাশীলতার নাশ হইয়াছে এমন। বহু (ফা)। বিণ।

বেইজ্জত—১। অপমান; শ্লীলতাহানি। বি। ২। অপমানিত; লাঞ্ছিত; অপদস্থ। বে (ফা)+ইজ্জত (আ)। বিণ। বি, **-তি**।

বেইমান—বিধর্মী, অধার্মিক; নিমকহারাম; কৃতঘ্ন; বিশ্বাসঘাতক। বে (ফা)+ইমান (আ); বহু। বিণ। বিণ, **-নী**। [ফা-আ-মূলক। বি।

বেইমানি—নেমকহারামি, কৃতঘ্নতা; অধার্মিকত্ব।

বেউড়-বাঁশ—একপ্রকার কাঁটাযুক্ত বাঁশ। বাংপ্র। বি।

বেএক্তিয়ার—অধিকার ক্ষমতা বা ইচ্ছাশক্তির বহির্ভূত। <ফা-আ 'বে-ইখ্‌তিয়ার'। বিণ।

বেওজন—অপরিমিত। ফা। বিণ।

বেওজর—১। আপত্তিশূন্যতা। বি। ২। আপত্তিহীন। বিণ। ৩। বিনা আপত্তিতে। ফা-আ-মূ। ক্রি-বিণ।

বেওয়া—পতিপুত্রহীনা নারী। ফা। বি।

বেওয়ারিস—মালিকবিহীন, অধিকারিশূন্য, যাহার দাবিদার নাই এমন। বহু (ফা-আ-মূ)। বিণ।

বেঁকি—বাঁকা মল। বাংপ্র। বি।

বেঁজি—নেউল। বাংপ্র। বি।

বেঁটে—খর্ব, হ্রস্ব, খাট, বামন। <বণ্ট। বিণ।

বেঁড়ে—পুচ্ছহীন, লাঙ্গুলরহিত, লেজশূন্য। <বণ্ড। বিণ।

বেকবুল—অস্বীকৃত। ফা-আ-মূ। বিণ।

বেকসুর—নির্দোষ; নির্দোষ বলিয়া। বহু (ফা-আ-মূ)। বিণ বা ক্রি-বিণ।

বেকায়দা—১। অসুবিধা; হস্তপদ দ্বারা ধরিবার বা কোন কার্য করিবার অসুবিধা। অব্যয়ী। বি। ২। যাহাতে বা যে স্থানে অসুবিধা রহিয়াছে এমন; অনায়ত্ত। বহু (ফা-আ-মূ)। বিণ।

বেকার—যাহার কাজকর্ম নাই এমন; যাহার কোন চাকরি বা ব্যবসায় নাই এমন। বহু (ফা)। বিণ।

বেকার-সমস্যা—বেকারদিগকে কার্য দেওয়ার প্রশ্ন, কর্মহীন ব্যক্তিদের কর্মলাভের সমস্যা। মধ্যপ (ফা-মূ)। বি; স্ত্রী।

বেকুফ, বেকুব—নির্বোধ। ফা-আ-মূ। বিণ।

বেকুবি—বোকামি। বেকুব+ই ভাবে। বি।

বেখরচা—কোন অর্থব্যয় না করিয়া; বিনা খরচে সম্পাদিত। <ফা 'বেখর্চ্'। বহু। বিণ বা ক্রি-বিণ।

বেখাপ, বেখাপ্পা—বেমানান, যাহা খাপ খায় না এমন; অসুবিধাযুক্ত। নঞ্‌তৎ (বাংপ্র)। বিণ।

বেগ—১। ত্বরা, শীঘ্রতা; গতি বা গতির মাত্রা, velocity; মূত্রবিষ্ঠাদির প্রবৃত্তি; প্রবাহ; আনন্দ; দৃঢ় প্রতিজ্ঞা; প্রবলতা; প্রকোপ; আধিক্য; উদ্যম; প্রণয়; আয়াস; চাপ। বিজ্+ঘঞ্ ভাব। ২। শুক্র। বেগ+অচ্ আছে অর্থে। বি; পুং। ৩। সম্ভ্রান্ত মোগল জাতীয়ের উপাধি। তু। বি।

বেগড়া—১। নষ্ট, বিকৃত; দুষ্ট; বরান্দশূন্য; কোন কার্য করিতে যে ভবিষ্যৎ ফল অথবা পরিণাম ভুলিয়া যায় এরূপ; অপরিমিতভোজী; দুঃসাহসী। বিণ। ২। বিপত্তি, ফ্যাসাদ। বাংপ্র। বি।

বেগতিক—নিরুপায় অবস্থা; বেগোছ। অব্যয়ী (ফা-মূ)। বি।

বেগনি, -নী—বেগুনী (তাহা দ্রঃ)।

বেগবন্ত—বেগযুক্ত, ত্বরান্বিত। বেগ+বন্ত বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।

বেগবান্ (-বৎ)—বেগবিশিষ্ট, ত্বরান্বিত; প্রবল, দুর্দমনীয়। বেগ+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বতী**।

বেগম—মুসলমান রাজমহিষী; মোগলবংশীয়া অভিজাতা স্ত্রী; সম্ভ্রান্তা স্ত্রী। <তু 'বেগম্'। বি; স্ত্রী।

বেগর—বিনা, ব্যতীত। <ফা 'বগয়র'। অ।

বেগশালী (-শালিন্)—বেগবিশিষ্ট, ত্বরান্বিত। উপতৎ; বেগ—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -লিনী।

বেগার—১। বেতনহীন কার্য, অনর্থক শ্রম ('—দেওয়া')। বি। ২। বিনা পারিশ্রমিকে ('—খাটা')। ক্রি-বিণ। ৩। বিনা বেতনে কার্যকারী ফা। বি বা বিণ।

বেগারঠেলা—অবহেলা ও অনিচ্ছাসহকারে কৃত। ফা-মু। বিণ। [বিণ।

বেগিত—বেগযুক্ত, বেগবান্। বেগ+ইত যুক্তার্থে।

বেগী (বেগিন্)—বেগবান্, বেগযুক্ত। বেগ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**বেগিনী**।

বেগুন—বার্তাকু, বার্তাকী। <বাতিঙ্গন। বি।

বেগুনী, বেগুনে—বেগুনের ন্যায় বর্ণবিশিষ্ট, violet, purple. বাংপ্র। বিণ।

বেগুনী—বেসম দিয়া ভাজা বেগুনের পাতলা ফালি। বেগুন+ঈ নির্মিতার্থে (বাংপ্র)। বি।

বেগোছ—১। বেগতিক, নিরুপায় অবস্থা। অব্যয়ী। বি। ২। বিশ্রী; অসুবিধাযুক্ত; শৃঙ্খলাশূন্য। বহু (ফা-মু)। বিণ।

বেঘোর—নিরুপায় বা সংকটময় অবস্থা। বাংপ্র। বি।

বেঙ, ব্যাং, ব্যাঙ—ভেক। <ব্যঙ্গ। বি। **বেঙের আধুলি**—যে তুচ্ছ বা সামান্য ধন লইয়া লোকে অহংকার করে তাহা।

বেঙাচি, ব্যাঙাচি, -ছি—বেঙের বাচ্চা। বাংপ্র। বি।

বেঙ্গমা-বেঙ্গমী—ছেলেভুলানো গল্পের কাল্পনিক পক্ষী ও পক্ষিণী। <বিহঙ্গম-বিহঙ্গমী। বি।

বেচন—বিক্রয়করণ, মূল্য-গ্রহণপূর্বক অর্পণ। বেচ্+অন ভাব (বাংপ্র)। বি। [(বাংপ্র)। বি।

বেচনদার—বিক্রয়কারী। বেচন+দার কর্তা অর্থে

বেচা—বিক্রয় করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বেচানো—(কাহারও দ্বারা) বিক্রয় করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

বেচারা, বেচারী—নির্দোষ ব্যক্তি; কৃপাপাত্র, অসহায়। <ফা 'বেচারহ্'। বি বা বিণ।

বেচাল—১। দুর্ব্যবহার; নিন্দার্হ ভাবের চালচলন, দুর্নীতি; ভুল উপায় অবলম্বন। অব্যয়ী বা সুপ্ (বাংপ্র)। ২। বিক্রয়কারী। বেচ্+আল কর্তৃ (বাংপ্র)। বি। ৩। ভ্রষ্ট, কুচরিত্র; নিরুপায়। বহু (বাংপ্র)। বিণ।

বেজন্মা—জারজ, পিতা ভিন্ন অন্য ব্যক্তির ঔরসে জাত। বে (নিকৃষ্ট) জন্ম যাহার, বহু (বাংপ্র)। বিণ।

বেজাত—নিকৃষ্ট জাতি; জারজ। বে (হীন) জাত যাহার, বহু (বাংপ্র)। বি বা বিণ।

বেজায়—অত্যধিক, অপরিমিত; অসংগত। ফা-আ-মু। বিণ।

বেজার—অপ্রসন্ন, বিরক্ত; দুঃখিত। ফা। বিণ।

বেজি—নেউল, ichneumon, mongoose। বাংপ্র। বি। [বিজ্=বেজি+ক্ত কর্ম। বিণ।

বেজিত—ভীত; ভয়বশতঃ কম্পিত; উদ্বিগ্ন। নিজন্ত

বেঞ্চ, বেঞ্চি—উচ্চ এবং দীর্ঘ কাষ্ঠাসন। <ইং 'bench'. বি।

বেটা—পুত্রসন্তান, সুত, আত্মজ; ঘৃণিত ব্যক্তি; ভর্ৎসনা বা অবহেলাসূচক সম্বোধন। হি। বি; পুং। স্ত্রী—**বেটী**।

বেটাইম—অসময়। বাংপ্র। বি।

বেটাছেলে—পুত্রসন্তান; পুরুষমানুষ। কর্মধা (বাংপ্র)। বি; পুং।

বেটে, বেটো—পাটের দড়ি। বাংপ্র। বি।

বেঠিক—ভ্রমাত্মক, ভুল, অনির্দিষ্ট, যাহার স্থিরতা নাই এমন। বে (নয়) ঠিক, নঞ্‌তৎ (বাংপ্র)। বিণ।

বেড়—বেষ্টন, বৃতি, ঘের; গণ্ডী। <বেষ্ট। বি। **বেড় দেওয়া**—বেষ্টন দেওয়া, ঘের দেওয়া।

বেড়া—১। বেষ্টনকারী ('—জাল')। বিণ। ২। ঘেরা, বেষ্টন করা। ক্রি। ৩। আবেষ্টনী, ঘের, যাহার দ্বারা ঘেরা হয় ('বাঁশের —')। বি।

বেড়ানো—ভ্রমণ করা; হাঁটা; বেষ্টন করানো। বাংপ্র। ক্রি [, বি]।

বেড়ি—শৃঙ্খল, পা বাঁধিবার লোহার শিকল; হাঁড়ি ধরিবার পিতল বা লোহার যন্ত্র বিঃ। <বেষ্ট। বি।

বেড়ে—উত্তম, উৎকৃষ্ট, উপাদেয়। বাংপ্র। বিণ।

বেড়েলা—গুল্ম বিঃ, বলা। বাংপ্র। বি।

বেঢোল, বেডোল—কুগঠন, বেঢপ। বহু (বাংপ্র)। বিণ।

বেঢপ—বিশ্রী, কদাকার; বেমানান। বাংপ্র। বিণ।

বেণ—পৃথু রাজার পিতা; সংকরজাতি বিঃ; বৈদ্য। বেণ্+অচ্ কর্তৃ। বি; পুং।

বেণি, বেণিকা, বেণী—বিন্যস্ত কেশপাশ, কিউনী; জলপ্রবাহ; স্রোতঃ। বী+নি কর্তৃ; অথবা, বেণ্+ইন্ কর্তৃ; পক্ষে কন্ স্বার্থে+আপ্; বেণি+ঈপ্। বি; স্ত্রী।

বেণী-সংহার—বেণী-বন্ধন; ভট্টনারায়ণ কর্তৃক প্রণীত সংস্কৃত নাটক বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বেণু—বংশী, বাঁশি; বংশ, বাঁশ। অজ্+নু কর্তৃ (অজ্-স্থানে বী)। বি; পুং।

বেণুক—প্রাজনদণ্ড, পাঁচনবাড়ি। বেণু+কন্ স্বল্পার্থে। বি; ক্লী।

বেণুকুঞ্জ—বাঁশ-বাগান। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।

বেণুবন—বাঁশ-বাগান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বেণুবাদক—যে বেণু বাজায়। বেণু—বদ্+ণিচ্+ণক কর্তৃ। বি; পুং।

বেণুরব—বাঁশির আওয়াজ, বাঁশির স্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বেত—বেতস, বেতগাছ। <বেত্র। বি।

বেতন—মাহিয়ানা বা মাহিনা, কর্মের মূল্য, মজুরি, pay, wages, fee; ভাড়া; মূল্য; জীবিকা। বি+তনন্ করণ। বি; ক্লী।

বেতনগ্রাহী (-হিন্)—যে বেতন লইয়া কাজ করে

এমন। উপতৎ; বেতন—গ্রহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গ্রাহিণী**।

বেতনভুক্ (-ভুজ্), **-ভোগী** (-ভোগিন্)—যে কর্ম করিয়া তাহার জন্য বেতন লয় এরূপ। উপতৎ; বেতন—ভুজ্+ক্বিপ্; ৬ষ্ঠীতৎ; তদুত্তরে ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-ভোগিনী**।

বেতর—বিশৃঙ্খল; বিশ্রী, বিষম; অস্বাভাবিক। ফা-আ-মূ। বিণ।

বেতরিবত—অসভ্য, বর্বর; কুশিক্ষিত; অশিক্ষিত। বহু। ফা-আ-মূ। বিণ।

বেতস, বেতসী—বাণীরবৃক্ষ, বেতগাছ। বে+অসচ্ কর্ম (ৎ-আগম)। বি; পুং, স্ত্রী।

বেতসবৃত্তি—যে প্রবল তাহার নিকট দুর্বলের নতি-স্বীকার। ৬ষ্ঠীতৎ। বি, স্ত্রী।

বেতাক, বেতাগ—লক্ষ্যশূন্য; অপ্রাসঙ্গিক। বহু (ফা-মূ)। বিণ। [[, বি]।

বেতানো—বেত্রদ্বারা আঘাত করা। বাংপ্র। ক্রি

বেতার—১। স্বাদবিহীন; তারশূন্য, যাহাতে তার নাই এমন। বিণ। ২। রেডিও; বিনা তারে সংবাদ সংগীত ইঃর পরিবেশন। বহু (বাংপ্র)। বি।

বেতারবার্তা—বিনা তারে বিদ্যুতের সাহায্যে প্রেরিত খবর। মধ্যপ (বাংপ্র)। বি; স্ত্রী।

বেতাল—১। ভূতাবিষ্ট শব; শিবানুচর বিঃ; দ্বারী; মল্ল বিঃ। বে (বায়ুতে) তাল (প্রতিষ্ঠা) যাহার, অলুক্ বহু। বি; পুং। ২। (সংগীতে) তাল-হীনতা। অব্যয়ী (বাংপ্র)। বি।

বেতালা, বেতাল—১। অপ্রাসঙ্গিক; তাললয়শূন্য; খাপছাড়া; অত্যধিক। বিণ। ২। বিশৃঙ্খলা, গোলযোগ। বাংপ্র। বি।

বেতী—১। পূর্বেকার; পূর্বে যাহা ভুল বা বাদ পড়িয়াছে এমন। বিণ। ২। বেতের ছড়ি; বাঁশের চটা বা বাখারি। বি। ৩। বেতের তৈয়ারী। বাংপ্র। বেত+ঈ নির্মিতার্থে (বাংপ্র)। বিণ।

বেতো—যে বাতরোগে ভুগিতেছে এমন ('—রোগী')। বাত+ও (<উয়া) বিশিষ্টার্থে। বিণ।

বেত্তা (বেত্তৃ)—জ্ঞাতা, যে জানে এমন; পরিণেতা; লাভকর্তা। বিদ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**বেত্রী**।

বেত্র—১। বেতগাছ। বি; পুং। ২। বেত, বেতের লাঠি। অজ্+ত্র করণ। বি; ক্লী।

বেত্রদণ্ড—চাবুক মারারূপ শাস্তি। ৩য়াতৎ। বি; ক্লী।

বেত্রপ্রহার, বেত্রাঘাত—বেত দিয়া মারা। ৩য়াতৎ। বি; পুং।

বেত্রবতী—মালবদেশের নদী বিঃ, আধুনিক বুন্দেল-খণ্ডের বেতোয়া। বেত্র+মতুপ্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী। [মধ্যপ। বি; ক্লী।

বেত্রাসন—বেতের তৈরী বসিবার জিনিস, মোড়া প্রঃ।

বেত্রাহত—যাহাকে বেত দিয়া মারা হইয়াছে এমন। বেত্র দ্বারা আহত, ৩য়াতৎ। বিণ।

বেথুয়া, বেথো—একপ্রকার শাক। <বাস্তুক। বি।

বেদ—১। ধর্ম ও ব্রহ্মের প্রতিপাদক অপৌরুষেয় বাক্য; ব্রহ্মমুখনির্গত ধর্মজ্ঞাপক শাস্ত্র, শ্রুতি (ঋক্ যজুঃ সাম অথর্ব); শাস্ত্র। বিদ্+ঘঞ্ করণ। ২। চারিসংখ্যা, ৪; ছন্দঃ; টিপ্পনী; আখ্যা; যজ্ঞাঙ্গ; শাস্ত্রোক্ত চরিত্র; কুশমুষ্টিধৃত পদার্থ বিঃ। বিদ্+ঘঞ্ কর্ম। ৩। জ্ঞান; শাস্ত্রজ্ঞান। বিদ্+ঘঞ্ ভাব। ৪। বিষ্ণু। বিদ্+অচ্ কর্তৃ। বি; পুং।

বেদখল—১। অধিকারচ্যুতি; বলপূর্বক দখল। অব্যয়ী। বি। ২। অধিকারচ্যুত; অন্যায়ভাবে অধিকৃত। বহু (ফা-মূ)। বিণ। বি, **-লি**।

বেদজ্ঞ—বেদবিৎ, যে বেদ জানে এমন। উপতৎ; বেদ—জ্ঞা+ক কর্তৃ। বিণ।

বেদড়া, ব্যাদড়া—দুষ্ট; বিশ্রী; কদর্য। বাংপ্র। বিণ।

বেদন, বেদনা—যাতনা, ব্যথা; ক্লেশ; অনুভব, বোধ; জ্ঞান; বিবাহ; দান; উপঢৌকন। বিদ্+অনট্; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী। [বিণ।

বেদনীয়—অনুভবনীয়, জ্ঞেয়। বিদ্+অনীয় কর্ম।

বেদবাক্য—বেদের কথা; অব্যর্থ বাক্য, যাহার অন্যথা হয় না এমন কথা, gospel truth. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি—অস্+অণ্ কর্তৃ। বি; পুং।

বেদব্যাস—বেদবিভাগকর্তা মুনি, ব্যাসদেব। বেদ—

বেদম—দমশূন্য; অত্যধিক ('—প্রহার'); যাহাতে দম লইবার অবকাশ নাই এমন ('—কাশি'); ঊর্ধ্ব-শ্বাসে ('—ছুট')। বহু (বাংপ্র)। বিণ বা ক্রি-বিণ।

বেদমাতা (-মাতৃ)—গায়ত্রী; দুর্গা। বেদের মাতা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বেদরকারী—অপ্রয়োজনীয়। বে (নয়) দরকারী, নঞ্তৎ। ফা-মূ। বিণ।

বেদরদ—নিষ্ঠুর, দয়ামায়াহীন। বাংপ্র। বিণ।

বেদল—বিপক্ষীয়। বহু। মিশ্র। বিণ।

বেদস্তুর—বেদাঁড়া, রীতিবিরুদ্ধ, প্রথাবিরুদ্ধ। বহু (ফা)। বিণ।

বেদাঁড়া—অনিয়মিত, বেদস্তুর। বহু (বাংপ্র)। বিণ।

বেদাগ, বেদাগী—নিষ্কলঙ্ক, যাহাতে দাগ বা পচা অংশ নাই এমন। বহু, নঞ্তৎ (ফা-মূ)। বিণ।

বেদাঙ্গ—শিক্ষা কল্প ব্যাকরণ নিরুক্ত ছন্দঃ জ্যোতিষ—বেদের এই ছয়প্রকার অবয়বগ্রন্থ। বেদের অঙ্গ (অবয়ব), ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি।

বেদানা—একপ্রকার মিষ্ট ডালিম। <ফা 'বেদানহ্'।

বেদান্ত—বেদের শেষভাগ বা জ্ঞানকাণ্ড; উপনিষৎ; বেদব্যাসপ্রণীত দর্শনশাস্ত্র [ইহাতে ব্রহ্মের স্বরূপাদি নিরূপিত আছে]। বেদের অন্ত, ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

বেদান্তবাদ—বেদান্তদর্শন ঈশ্বরতত্ত্বের যে সিদ্ধান্ত করিয়াছেন সেই অভিমত, বেদান্তমত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বেদান্তবাদী (-বাদিন্)—বেদান্তদর্শনের মতাবলম্বী, বেদান্তী। উপতৎ; বেদান্ত—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিনী**।

বেদান্তী (-ন্তিন্)—বেদান্তমতাবলম্বী, বেদান্ত-বেত্তা। বেদান্ত+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-ন্তিনী**।

বেদাভ্যাস—বেদের অধ্যয়ন বিচার অনুশীলন জপ

অধ্যাপন—এই পাঁচ। বেদের অভ্যাস, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বেদামী—মূল্যহীন। নঞ্‌তৎ (বাংপ্র)। বিণ।

বেদি, বেদিকা, বেদী—যজ্ঞাদিকার্যের জন্য পরিষ্কৃত ভূমি; চতুরস্র ডমরুসদৃশাকৃতি ভূমি; মঞ্চ, পীঠ, platform. dais, pulpit; অঙ্গনাদির মধ্যবর্তী চতুরস্র ভিত্তি; বেদির সদৃশ ভিত্তি; নামাঙ্কিত আংটি; মস্তিকাস্তূপাকৃতি ভিত্তি। বিদ্+ইন্ অধি; ২য় পক্ষে কন্ স্বার্থে+আপ্; ৩য় পক্ষে বেদি+ঈপ্। বি; স্ত্রী। [কর্ম। বিণ।

বেদিতব্য—জানিবার যোগ্য, জ্ঞাতব্য। বিদ্+তব্য

বেদিয়া, বেদে—হাঘরে, একপ্রকার যাযাবর জাতি, gipsy; সাপুড়ে। ‹বৈদ্য। বি।

বেদী—'বেদি' দ্রঃ।

বেদুইন—আরবদেশীয় গৃহহীন যাযাবর জাতি বিঃ। ‹ইং 'beduin' বা আ 'বদুইন'। বি।

বেদে—'বেদিয়া' দ্রঃ।

বেদো—জারজ; দুশ্চরিত্র; বিধবা নারীর সহিত ব্যভিচারকারী; বিধবার জারজ সন্তান। বাংপ্র। বি বা বিণ।

বেদোক্ত—যাহা বেদে আছে এমন। ৭মীতৎ, অথবা, ৩য়াতৎ। বিণ। [স্ত্রী।

বেদোক্তি—বেদের কথা। বেদের উক্তি, ৬ষ্ঠীতৎ। বি;

বেদ্য—জ্ঞাতব্য। বিদ্+ণ্যৎ কর্ম। বিণ।

বেধ, বেধন—ছিদ্রকরণ, বেঁধা; গভীরতা; বস্তুর স্থূলত্বের পরিমাণ; বিবাহাদিনিষেধক গ্রহসংস্থান বিঃ। বিধ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

বেধক—বিদ্ধকারক, যে বেঁধে এমন। বিধ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**বেধিকা**।

বেধড়ক—বেজায়, অত্যন্ত ('— মার')। বাংপ্র। বিণ।

বেধন—'বেধ' দ্রঃ।

বেধনিকা, বেধনী—মণি এবং শঙ্খাদি বেধনের অস্ত্র; সূচী তুরপুন প্রঃ, drill; হস্তীর কর্ণবেধনাস্ত্র; মেথিকা। (২য় পক্ষে) বিধ্+অনট্ করণ+ঈপ্; (১ম পক্ষে) বেধনী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

বেধনীয়—১। লক্ষ্য, target. বি; ক্লী। ২। বিদ্ধ করিবার উপযুক্ত। বিধ্+অনীয় কর্ম। বিণ।

বেধিত—বিদ্ধ, ছিদ্রিত। বিধ্+ণিচ্+ক্ত কর্ম; অথবা, বেধ্+ইতচ্ জাতার্থে। বিণ।

বেধী (বেধিন্)—বেধক, ছিদ্রকারক। বিধ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**বেধিনী**।

বেধ্য—১। বেধ করিবার বস্তু, শরব্য, লক্ষ্য, target. বি; ক্লী। ২। বিঁধিবার যোগ্য। বিধ্+ণ্যৎ কর্ম। বিণ। [‹বীরণ। বি।

বেনা—তৃণ বিঃ, উশীর, vetiver; পাখার বাতাস।

বেনাম—বাজে নাম; নামান্তর; অন্যনাম। অব্যয়ী বা নঞ্‌তৎ (ফা)। বি।

বেনামদার—মালিক ভিন্ন যাহার নামে সম্পত্তি প্রঃ রাখা হয় এমন; কল্পিতনামযুক্ত। ফা। বিণ।

বেনামা, বেনামী—নামান্তরিত; যাহার মালিকের নাম পরিবর্তন করা হইয়াছে এমন ('— সম্পত্তি'); নামশূন্য, যাহাতে প্রেরকের নাম নাই এমন ('— চিঠি')। নামের অভাব, অব্যয়ী; বেনাম+আ, ঈ বিশিষ্টার্থে (ফা-মূ)। বিণ।

বেনারসী—১। এক ধরনের মূল্যবান্ শাড়ী। বি। ২। কাশীতে প্রস্তুত; কাশী সম্বন্ধীয়। বেনারস +ঈ নির্মিতার্থে, সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।

বেনিয়া, বেনে—মসলার দোকানী; সওদাগর; গন্ধবণিক্। ‹বণিক্। বি।

বেনিয়ান—১। সওদাগরী অফিসের দালাল; বিক্রীত দ্রব্যের বাকী মূল্যের জন্য জামিন থাকে এরূপ ব্যক্তি; বৈদেশিক বণিক্‌দিগকে ব্যবসায়ার্থ মূলধনপ্রদানকারী; মুৎসুদ্দী। ‹'বণিক্ (জ্)'। ২। একপ্রকার ছোট হাতাযুক্ত বোতামশূন্য জামা। ‹আ 'বয়ানিয়ন'। বি।

বেনে-বউ—একপ্রকার পাখি; বেনের স্ত্রী, বণিক্-গৃহিণী। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

বেনো—বন্যা সম্বন্ধীয়; বন্যাজাত। বান+ও (‹উয়া) জাতার্থে (বাংপ্র)। বিণ।

বেন্নন—অন্নভোজনের উপকরণ তরকারি ইঃ। ‹ব্যঞ্জন। বি।

বেপথু, বেপন—কম্প, কাঁপুনি। বেপ্+অথুচ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

বেপমান—কম্পমান। বেপ্+শানচ্ কর্তৃ। বিণ।

বে-পরোয়া—দুঃসাহসী; নির্ভীক। বহু। ‹ফা 'বেপরবা'। বিণ।

বে-পোট—অসুবিধাজনক। বাংপ্র। বিণ।

বেফাঁস—১। অসংলগ্ন; অনুচিত; অভদ্রোচিত। বিণ। ২। গোপনীয় বিষয়ের প্রকাশ। বহু (বাংপ্র)। বি। [আ-মূ)। বিণ।

বে-ফায়দা—বৃথা, অনর্থক; লাভহীন। বহু (ফা-

বে-বন্দোবস্ত—১। বন্দোবস্তহীন, অব্যবস্থা। বিণ। ২। শৃঙ্খলার অভাব, বন্দোবস্তের অভাব। অব্যয়ী (ফা)। বি। [বিণ।

বে-বশ—অবশ। বে (নয়) বশ, নঞ্‌তৎ (বাংপ্র)।

বেবাক—সমস্ত, নিঃশেষ। ফা-আ-মূ। বিণ।

বেমক্কা—অদ্ভুত; রীতিবিরুদ্ধ; যাহা স্থান বা কালের উপযুক্ত নয় এমন, অসংগত। ফা-আ-মূ। বিণ।

বেমানান—বিশ্রী; অপরিমিত; যাহা মানায় না এমন। বে (নয়) মানান, নঞ্‌তৎ (বাংপ্র)। বিণ।

বে-মালুম—গোপনে; না জানাইয়া। ফা-আ। ক্রি-বিণ।

বেয়াই—পুত্র বা কন্যার শ্বশুর। ‹বৈবাহিক। বি; পুং। স্ত্রী—**বেয়ান**।

বেয়াজ—ছল; সুদ। ‹ব্যাজ। বি।

বেয়াড়া—কদর্য; মন্দ; বিশ্রী; উদ্ধত, অবিনীত। ‹বিকট। বিণ।

বেয়াদব—'বে-আদব' দ্রঃ।

বেয়াদবি—'বেআদবি' দ্রঃ।

বেয়ান—পুত্র বা কন্যার শাশুড়ী। বাংপ্র। বি।

বেয়ারা—পত্রবাহক, পিয়ন; পরিচারক। ‹ইং 'bearer'. বি।

বেয়ারাম—রোগ। <ব্যারাম। বি।
বেয়ারিং—বিনা মাসুলে বা টিকিট ছাড়া প্রেরিত ('— চিঠি')। <ইং 'bearing'. বিণ।
বের—বাহির। বাংপ্র। বিণ।
বেরং, বেরঙ—অন্য রং। বে (অন্য) রং, রঙ, নঞ্‌-তৎ (বাংপ্র)। বিণ।
বেরন, বেরুনো—বাহির হওয়া। বাংপ্র। ক্রি, [বি]।
বেরসিক—যাহার রসজ্ঞান নাই এমন। বে (নয়) রসিক, নঞ্‌তৎ (বাংপ্র)। বিণ। [বি।
বেরাদার—ভ্রাতা; আত্মীয়; বন্ধু। <ফা 'বরাদর'।
বেরাদারি—ভ্রাতৃত্ব; বন্ধুতা; আত্মীয়তা। ফা-মু। বি।
বেরাল, বেড়াল—মার্জার। <বিড়াল। বি।
বেরি-বেরি—দেহে ভাইটামিনের অভাববশতঃ পদ-দ্বয়ের একপ্রকার শোথরোগ। সিংহলী শব্দ। বি।
বেল—১। ফল বিঃ। <বিল্ব। ২। একপ্রকার ফুল। বাংপ্র। ৩। সুতার বা জরির জালি, lace. ফা। ৪। ঘণ্টা; ভিতরে রুপালী রং লাগানো নানা রঙের কাচের ফাঁপা গোলক; ঘণ্টার মত বা গোল কাচের লণ্ঠন; ফানুস। <ইং 'bell'. বি। [বিশিষ্টার্থে। ফা-মু। বিণ।
বেলদার—সুতার বা জরির জালিযুক্ত। বেল+দার
বেলন, বেলনা—লুচি, রুটি প্রঃ বেলিবার দণ্ড বিঃ; বেলনকাঠির মত যন্ত্র বিঃ, cylinder. <বেল্লন। বি। [der. বি।
বেলন—বেলনকাঠির মত দেখিতে যন্ত্র বিঃ, cylin-
বেলফুল—একপ্রকার মল্লিকা পুষ্প। বাংপ্র। বি।
বেল-মোক্তা—মোটামুটি, সর্বসমেত। <আ 'বিল-মোক্তা'। ক্রি-বিণ।
বেলয়—১। লয়স্থানবিবর্জন; গানে তাল কাটা। অভাবার্থে অব্যয়ী। বি। ২। বেফাঁস। বহু (বাংপ্র)। বিণ।
বেলশুঁঠ—বেলের শুকনা ফালি। বাংপ্র। বি।
বেলা—১। সময়, কাল [ইহা এক অহোরাত্রের চব্বিশ ভাগের এক ভাগ]; অবসর; সুযোগ; সমুদ্রতীর, তট; সীমা; জল; জোয়ার; অকস্মাৎ মৃত্যু; পীড়া; বাক্য; রাগ; বুধের পত্নী। বেল্‌+অচ্‌ কর্তৃ+আপ্‌। বি; স্ত্রী। ২। দিবাভাগ; বিলম্ব; দ্বিপ্রহরের পূর্বের বা কিঞ্চিৎ পরের পরিমাণ ('অনেক বেলা হইল'); বেলফুল, মল্লিকা-ফুল। বি। ৩। লুচি রুটি প্রঃর জন্য ময়দার গুলিকে বেলনা দ্বারা ঘষিয়া পাতলা এবং চওড়া করা। ক্রি। ৪। পক্ষে; সম্বন্ধে ('একজনের —')। বাংপ্র। অ।
বেলানিল—সমুদ্রকূল হইতে প্রবাহিত বায়ু। বেলা-গত অনিল, মধ্যপ। বি; পুং।
বেলাবেলি—সন্ধ্যা হইবার পূর্বেই, দিন থাকিতে থাকিতে। বাংপ্র। ক্রি-বিণ। [স্ত্রী।
বেলাভূমি—সাগর বা নদীর তটদেশ। কর্মধা। বি;
বেলি—১। বেলা, দিবাভাগ ("যব গোধূলি সময় বেলি"—বিদ্যা)। প্রা কপ্র। ২। বেলফুল; উঁচু কানাযুক্ত ছোট থালা। বাংপ্র। বি।
বেলুন—১। আকাশে উড়াইবার গ্যাসপূর্ণ থলি। <ইং 'balloon'. ২। বেলনা, লুচি-রুটি বেলি-বার দণ্ড। <বেল্লন। বি।
বেলে—১। একপ্রকার মাছ। বি। ২। বালুকাপূর্ণ; বালুকাবহুল। বালি+এ (<ইয়া) বিশিষ্টার্থে। বিণ।
বেলেখেলা—মিছা খেলা, খেলার ভান। বাংপ্র। বি।
বেলেল্লা—দুশ্চরিত্র; বেহায়া; লম্পট; মাতাল। <অসং। বিণ।
বেলেস্তারা—ফোসকা উঠাইবার নিমিত্ত প্রযুক্ত প্রলেপ। <ইং 'blister'. বি। [বি।
বেলোয়ার—সংগীতের রাগ বিঃ। <বেলাবলী।
বেলোয়ারী—কাচনির্মিত ('— চুড়ি'); কাচের চুড়ির মত ('— আওয়াজ')। <ফা 'বিল্লুরী'। বিণ।
বেল্লিক—বেহায়া, নির্লজ্জ; লোচ্চা; দুশ্চরিত্র; দুর্বৃত্ত। <বালীক। বিণ। বি, -পনা।
বেশ—১। সজ্জা, বস্ত্রালংকারাদি-পরিধান; গৃহ। বিশ্‌+ঘঞ্‌ অধি। ২। প্রবেশ। বিশ+ঘঞ্‌ ভাব। বি; পুং। ৩। আধিক্য; অধিক। ফা। বি বা বিণ। ৪। উত্তম, চমৎকার। বিণ। ৫। অনুমোদনসূচক শব্দ। বাংপ্র। অ।
বেশকম—ন্যূনাধিক্য, কমবেশি। ফা। বি।
বেশধারী (-ধারিন্‌)—১। বেশধারণকারী। বিণ। স্ত্রী, -ধারিণী। ২। ভণ্ডতপস্বী। উপতৎ; বেশ—ধৃ+ণিন্‌ কর্তৃ। বি; পুং।
বেশবিন্যাস—সাজসজ্জা করা, পোশাক পরা। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।
বেশভূষা—পোশাকপরিচ্ছদ, সাজসজ্জা। দ্বন্দ্ব। বি; স্ত্রী। [বাংপ্র। বি।
বেশর, বেসর—অর্ধচন্দ্রাকার নাকের গহনা; নথ।
বেশরম—লজ্জাহীন। বহু। <ফা 'বেশর্ম্‌'। বিণ।
বেশি—আধিক্য। ফা-মু। বি।
বেশী—অতিরিক্ত; অধিক, অত্যন্ত। বিণ।
বেশী (বেশিন্‌)—বেশকারক; পরিচ্ছদযুক্ত। বেশ+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী—বেশিনী।
বেশুমার—যাহা গণনা করা হয় নাই বা হইবে না এমন; অসংখ্য। বে (নাই) শুমার (গণনা) যাহার, বহু। ফা। বিণ।
বেশ্ম (বেশ্মন্‌)—আলয়, ভবন, গৃহ, বাড়ি। বিশ্‌+মনিন্‌ অধি। বি; ক্লী। [আপ্‌। বি; স্ত্রী।
বেশ্যা—বারনারী, গণিকা। বেশ+যৎ উচিতার্থে+
বেশ্যাবৃত্তি—গণিকার ব্যবসায়, বারবনিতার জীব-নোপায়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বেশ্যালয়—গণিকার বাড়ি। বেশ্যার আলয়, ৬ষ্ঠী-তৎ। বি; পুং।
বেশ্যাসক্ত—বেশ্যার প্রতি অনুরক্ত। ৭মীতৎ। বিণ।
বেষ্ট, বেষ্টন—১। বৃতি, চতুর্দিকে আবরণ; প্রাচীর, বেড়া; পরিধি, বেড়; উষ্ণীষ। বেষ্ট্‌+ঘঞ্‌, অনট্‌ করণ। ২। প্রদক্ষিণ; নৃত্যকালীন হস্তচালনপ্রকার। বেষ্ট্‌+ঘঞ্‌, অনট্‌ ভাব। বি; ক্লী।

বেষ্টক—বেষ্টনকারী। বেষ্ট্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**বেষ্টিকা**।
বেষ্টনী—বেড়া, ঘের; যাহার দ্বারা বেষ্টন করা হয়। বেষ্ট্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।
বেষ্টিত—১। আবৃত, ঘেরা। বেষ্ট্+ক্ত কর্ম। বিণ। ২। বেষ্টন। বেষ্ট্+ক্ত ভাব। বি; ক্লী।
বেসন—গুঁড়া-করা ডাইল, বেসম। বেস্+অনট্ কর্ম। বি; ক্লী।
বেসম—গুঁড়া-করা ডাইল। <বেসন। বি।
বেসর—'বেশর' দ্রঃ।
বেসরকারী—যাহা সরকার অর্থাৎ গভর্নমেণ্টের নহে এমন ('— প্রতিষ্ঠান')। বে (নয়) সরকারী, নঞ্-তৎ। ফা। বিণ। [বি।
বেসাত—কেনাবেচার জিনিস, পণ্য। <আ 'বিশাৎ'।
বেসাতি—পণ্যদ্রব্য বিক্রয়। আ-ম্। বি।
বেসাতী—দোকানদার, পসারী। আ-ম্। বি।
বে-সামরিক—সাক্ষাৎ যুদ্ধ সংক্রান্ত ব্যাপারের বহির্ভূত, অসামরিক, civil. নঞ্তৎ (বাংপ্র)। বিণ।
বেসামাল—অরক্ষিত; রক্ষা বা সংবরণ করিতে অক্ষম; যাহা রক্ষা করা সম্ভবপর নহে এমন। বহু (ফা-ম্)। বিণ। [<পো 'vasilha'. বি।
বেসালি—দুধের কেঁড়ে; দুধ জ্বাল দিবার হাঁড়ি।
বে-সুমার—যাহা গণনা করা হয় নাই বা হইবে না এমন। বহু (ফা-ম্)। বিণ।
বেসুর, বেসুরা, বেসুরো—যাহাতে সুরের মিল নাই এমন, সুর ঠিক না হওয়ায় শ্রুতিকটু ('— গান')। বহু; ২য় ও ৩য় পক্ষে সুরের অভাব=বেসুর, অব্যয়ী+আ, ও বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।
বেহক—মিথ্যা; অসংগত; অন্যায়। বে (নয়) হক, নঞ্তৎ (ফা-ম্)। বিণ।
বেহকদার—স্বত্বহীন, যাহার দাবি নাই এমন। বে (নয়) হকদার, নঞ্তৎ (ফা-ম্)। বিণ।
বেহদ্দ—যারপরনাই; সীমাবিহীন; নেহাত। ফা-আ-ম্। বিণ। [পুং।
বেহাই—কন্যা বা পুত্রের শ্বশুর। <বৈবাহিক। বি;
বেহাগ—সংগীতের রাগ বিঃ। হি। বি।
বেহাত—অনায়ত্ত, হস্তচ্যুত। বহু (বাংপ্র)। বিণ।
বেহান—পুত্র বা কন্যার শাশুড়ী। বাংপ্র। বি; স্ত্রী।
বেহায়া—নির্লজ্জ, লজ্জাহীন। বে (নাই) হায়া (লজ্জা) যাহার, বহু (ফা-আ-ম্)। বিণ।
বেহায়াপনা—নির্লজ্জতা। বেহায়া (ফা-আ-ম্)+পনা ভাবে। বি।
বেহারা—পালকিবাহক; সংবাদবাহক; পরিচারক। <ব্যবহারিক বা ইং 'bearer'. বি।
বেহাল—১। দুর্দশা। অব্যয়ী। বি। ২। দুর্দশাগ্রস্ত; হালছাড়া। বহু (ফা-ম্)। বিণ।
বেহালা—তন্ত্রীযুক্ত বাদ্যযন্ত্র বিঃ, violin. <পো 'viola'. বি।
বেহিসাবী—অবিবেচক; যে হিসাব করিয়া খরচ করে না এমন; অমিতব্যয়ী। বে (নয়) হিসাবী, নঞ্তৎ (ফা-আ-ম্)। বিণ।
বেহেড—বেল্লিক; গোঁয়ার; মতিভ্রষ্ট। বে (ফা)+head (ইং)। বিণ।
বেহেশ্ত্, বেহেস্ত—স্বর্গ। ফা। বি।
বেহোশ, বেহুঁশ, বেহোঁশ—অজ্ঞান; মত্ত; অচেতন; অসাবধান। বহু (ফা)। বিণ।
বৈঁচি—খুব ছোট একপ্রকার ফল। বাংপ্র। বি।
বৈকর্তন—১। সূর্যসম্বন্ধীয়; সূর্যবংশীয়। বিকর্তন+অণ্ সম্বন্ধার্থে, ভবার্থে। বিণ। স্ত্রী, **-নী**। ২। মহাবীর কর্ণ। বিকর্তন+অণ্ অপত্যার্থে। বি; পুং।
বৈকল্পিক—বিকল্পে বা পক্ষান্তরে সিদ্ধ; সন্দেহযোগ্য। বিকল্প+ইক সম্বন্ধার্থে। বিণ।
বৈকল্য—বিকলতা; কাতরতা; বিকৃতভাব; খঞ্জতা; অঙ্গহীনতা; অভাব; ন্যূনতা, অসম্পূর্ণতা। বিকল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
বৈকাল—বিকাল, অপরাহ্ণ; শেষবেলা। বিকাল+অণ্ স্বার্থে। বি; পুং।
বৈকালিক—অপরাহ্ণ সম্বন্ধীয়, বিকাল বেলার। বিকাল+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**।
বৈকালী—১। দেবতার সন্ধ্যাকালীন ভোগ। বৈকাল+ঈ দেয়ার্থে। বি। ২। অপরাহ্ণ সম্বন্ধীয়; বিকাল বেলার। বাংপ্র। বিণ।
বৈকুণ্ঠ—১। বিষ্ণু। বি (বিগতা) কুণ্ঠা যাঁহার, বহু; বিকুণ্ঠ+অণ্ স্বার্থে। ২। নারায়ণ। বিকুণ্ঠা+অণ্ অপত্যার্থে। ৩। বিষ্ণুর পুরী। বিকুণ্ঠ+অণ্ সম্বন্ধার্থে। বি; পুং।
বৈকুণ্ঠনাথ, -পতি—বিষ্ণু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বৈক্লব্য—কাতরতা; বিহ্বলতা; অধীরতা; চিত্তচাঞ্চল্য। বিক্লব+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
বৈগুণ্য—গুণরাহিত্য; বিকৃতত্ব; অপরাধ, দোষ; কর্তব্যবিষয়ের অসম্পাদন অথবা ভিন্নরূপে সম্পাদন; নীচতা; প্রতিকূলতা। বিগুণ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
বৈচক্ষণ্য—প্রাজ্ঞতা; বুদ্ধিমত্তা; পাণ্ডিত্য। বিচক্ষণ+
বৈচিত্র্য—বিচিত্রতা, চমৎকারিত্ব; বিভিন্নতা, নানারূপতা; সৌন্দর্য। বিচিত্র+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
বৈজয়ন্ত, বৈজয়ন্তিকা, বৈজয়ন্তী—ইন্দ্রপুরী; ইন্দ্রধ্বজ; পতাকা; জানু পর্যন্ত লম্বিত পঞ্চবর্ণময়ী মালা; সিঁড়ি; জয়ন্তীবৃক্ষ। বি—জি+অন্ত (ঝচ্) কর্তৃ, বিজয়ন্ত+অণ্ স্বার্থে; কন্ স্বার্থে+আপ্; বৈজয়ন্ত+ঈপ্। বি; পুং, স্ত্রী, স্ত্রী।
বৈজয়িক—জয়সূচক; বিজয় সম্বন্ধীয়। বিজয়+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**।
বৈজাত্য—বিজাতীয়তা; বৈলক্ষণ্য। বিজাত+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
বৈজ্ঞানিক—যে বিজ্ঞান জানে এমন, বিজ্ঞানী; বিজ্ঞান সম্বন্ধীয়। বিজ্ঞান+ইক জ্ঞাতার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**।
বৈঠক—সভা, মজলিস; উপবেশন; উঠা এবং বসারূপ ব্যায়াম; হুঁকা বসাইবার আধার বিঃ। বাংপ্র। বি।

বৈঠকখানা—দরবারগৃহ; সভাগৃহ; বাহিরের ঘর। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

বৈঠকী—সভা বা মজলিসের উপযোগী। বৈঠক+ঈ যোগ্যার্থে (বাংপ্র)। বিণ।

বৈঠা—উপবেশন করা। প্রা কপ্র। ক্রি। [**বৈঠস**—বসে। **বৈঠল**—বসিল। **বৈঠনু**—বসিলাম। **বৈঠবি**—বসিবে। **বৈঠলি**—বসিল; বসিলে। **বৈঠায়ব**—বসাইব।]

†**বৈড়াল**—বিড়ালজাতীয়; বিড়ালতুল্য; বিড়াল সম্পর্কিত, feline. বিড়াল+অণ্ সম্বন্ধার্থে। বিণ।

†**বৈড়ালব্রত**—কপটধর্মাচরণ, গোপনে পাপাচরণ ও প্রকাশ্যে ধার্মিকতাপ্রকাশ। কর্মধা। বি; ক্লী।

†**বৈড়ালব্রতিক**—কপট ধার্মিক; ভণ্ড। বিড়ালের ব্রত (কার্য), ৬ষ্ঠীতৎ+ইক। বিণ।

বৈতনিক—বেতনভুক্ কর্মচারী, চাকর বেতনসাধ্য। বেতন+ইক জীবিকার্থে, সাধ্যার্থে। বিণ। স্ত্রী, -কী।

বৈতরণি, বৈতরণী—প্রেতনদী, যমদ্বারস্থ নদী; কটকের অন্তর্গত নদী বিঃ। বিতরণ+অণ্ উত্তার্য অর্থে+ঈপ্ (১ম পক্ষে নিপা হ্রস্ব)। বি; স্ত্রী।

বৈতাল, বৈতালিক—১। স্তুতিপাঠক, বোধকারী (নৃপের বোধকারক অর্থাৎ যে নৃপকে জাগায়)। বিতাল (বিবিধ তাল)+অণ্, ইক ব্যবহারার্থে। বি; পুং। ২। বেতাল সম্বন্ধীয়। বেতাল+অণ্, ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -লী, -কী।

বৈতালিকী—স্তুতিপাঠকের গান; রাজারাজড়ার ঘুম ভাঙ্গাইবার জন্য যে গান গাওয়া হয় তাহা। বাংপ্র। বি।

বৈদগ্ধ, বৈদগ্ধী, বৈদগ্ধ্য—পটুতা; চতুরতা; রসিকতা; শোভা; পাণ্ডিত্য। (১ম পক্ষে) বিদগ্ধ+অণ্, (৩য় পক্ষে) ষ্যঞ্ ভাবে, (২য় পক্ষে) বৈদগ্ধ+ঈপ্। বি; ক্লী, স্ত্রী, ক্লী।

বৈদর্ভ—বিদর্ভ দেশজাত, বিদর্ভ দেশীয়। বিদর্ভ+ষ্ণ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -র্ভী।

বৈদর্ভী—১। সংস্কৃত কাব্যের রীতি বিঃ [রচনা মধুর এবং সমাসহীন বা স্বল্পসমাসযুক্ত হইলে তাহাকে বৈদর্ভী রীতি কহে]। বিদর্ভ (দেশ বিঃ) +অণ্ প্রচলিত অর্থে+ঈপ্। ২। অগস্ত্য-পত্নী, লোপামুদ্রা; দময়ন্তী; রুক্মিণী। বিদর্ভ+অণ্ ভবার্থে+ঈপ্। বি; স্ত্রী। ৩। বিদর্ভদেশবাসিনী; বিদর্ভদেশজাতা; বিদর্ভ সম্বন্ধিনী। বৈদর্ভ+ঈপ্। বিণ; স্ত্রী।

বৈদান্তিক—১। যিনি বেদান্তশাস্ত্র জানেন এরূপ ব্যক্তি। বি; পুং। ২। বেদান্ত সম্বন্ধীয়। বেদান্ত +ইক জ্ঞাতার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

বৈদিক—১। বেদজ্ঞ ব্রাহ্মণ; ব্রাহ্মণের শ্রেণী বিঃ। বি; পুং। ২। বেদবিহিত, বেদোক্ত ('— ক্রিয়া-কলাপ'); বেদ সম্বন্ধীয় ('— যুগ')। বেদ+ইক জ্ঞাতার্থে বা উক্তার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

বৈদিক যুগ—ভারতবর্ষের ইতিহাসে যে সময়ে আর্যদিগের মধ্যে বেদের প্রাধান্য ছিল. Vedic Age.

বৈদূর্য—কৃষ্ণপীতবর্ণ মণি বিঃ, নীলকান্তমণি, chrysoberyl, cat's eye. বিদূর+ঞ্য ভবার্থে। বি; ক্লী।

বৈদেশিক—বিদেশ হইতে আগত; ভিন্নদেশীয়, বিদেশীয়। বিদেশ+ইক সম্বন্ধাদি-অর্থে। বিণ। স্ত্রী, -কী।

বৈদেহ—১। মিথিলাবাসী, মিথিলায় উৎপন্ন; মিথিলা সম্বন্ধীয়। বিণ। স্ত্রী, -হী। ২। মিথিলার রাজ। বিদেহ+অণ্ অধিবাসী বা অধিপতি অর্থে। বি; পুং।

বৈদেহী—১। সীতা। বৈদেহ+অণ্ অপত্যার্থে+ঈপ্। বি; স্ত্রী। ২। বিদেহ সম্বন্ধীয়া; বিদেহজাতা। বিদেহ (মিথিলা)+অণ্ সম্বন্ধাদি-অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

বৈদ্য—আয়ুর্বেদবেত্তা, ভিষক্, চিকিৎসক; বিদ্বান্, পণ্ডিত; বঙ্গীয় হিন্দুর শ্রেণী বিঃ। বিদ্যা+অণ্ কুশলার্থে। বি; পুং।

বৈদ্যক—আয়ুর্বেদ, চিকিৎসাশাস্ত্র। বৈদ্য+কন্ অধিকৃতার্থে। বি; ক্লী।

বৈদ্যনাথ—শিব; ভৈরব বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বৈদ্যশাস্ত্র—আয়ুর্বেদ, কবিরাজী শাস্ত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

বৈদ্যসংকট—বহু চিকিৎসকের মতের অমিল হওয়া ও চিকিৎসার গোলমাল, চিকিৎসাবিভ্রাট। বৈদ্যজনিত সংকট, মধ্যপ। বি; পুং।

বৈদ্যুত, বৈদ্যুতিক—বিদ্যুৎ সম্বন্ধীয়; বিদ্যুৎ-পরিচালিত; তড়িন্ময়। বিদ্যুৎ+অণ্, ইক সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী, -তী, -কী।

বৈধ—বিধিসিদ্ধ; ন্যায়সংগত; বিধিবিহিত। বিধি+অণ্ আগতার্থে। বিণ। স্ত্রী—**বৈধী**।

বৈধব্য—পতিহীনতা, বিধবাত্ব। বিধবা+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

বৈধর্ম্য—নাস্তিকতা; ভিন্ন বা বিরুদ্ধ ধর্মের ভাব; বৈষম্য। বিধর্ম+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

বৈনতেয়—গরুড়। বিনতা+এয় অপত্যার্থে। বি; পুং।

বৈপরীত্য—বিপর্যয়, উলটাভাব, বিরুদ্ধতা। বিপরীত +ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

বৈপিত্র, বৈপিত্রেয়—এক মাতার গর্ভে জাত ভিন্ন পিতার পুত্র। বিপিতৃ+অণ্, এয় অপত্যার্থে। বি; পুং। স্ত্রী, -ত্রী, -য়ী।

বৈপ্লবিক—বিপ্লবাত্মক; আমূল পরিবর্তনসাধক; বিদ্রোহজনক, revolutionary. বিপ্লব+ইক সম্বন্ধার্থে। বিণ।

বৈবর্ণ্য—বিবর্ণতা, ফ্যাকাশে ভাব। বিবর্ণ+ষ্যঞ্ [ভাবে। বি; ক্লী।

বৈবস্বত—সপ্তম মনু; যম; শনি; রুদ্র বিঃ। বিবস্বৎ +অণ্ অপত্যার্থে। বি; পুং।

বৈবাহিক—১। বিবাহ সম্বন্ধীয়; বিবাহযোগ্য। বিবাহ+ইক সাধু অর্থে। বিণ। স্ত্রী, -কী। ২। কন্যা বা পুত্রের শ্বশুর, বেহাই। বাংপ্র। বি; পুং। [বি; স্ত্রী।

বৈবাহিকা—পুত্র বা কন্যার শাশুড়ী, বেহান। বাংপ্র।

বৈভব—বিভুতা, সামর্থ্য; বিভব, সম্পত্তি, ঐশ্বর্য; মহিমা; বাহুল্য। বিভু+অণ্ ভাবে। বি; ক্লী।

বৈভবশালী (-শালিন্)—ঐশ্বর্যশালী; সামর্থ্য-সম্পন্ন। উপতৎ; বৈভব—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**শালিনী**। [সম্বন্ধার্থে। বিণ।

বৈভাষিক—বৈকল্পিক, বিকল্পে সিদ্ধ। বিভাষা+ইক

বৈমনস্য—মানসিক উদ্বেগ বা অন্যমনস্কতা; দুঃখ। বিমনস্+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

বৈমাত্র, বৈমাত্রেয়—১। বিমাতার পুত্র। বি; পুং। ২। বিমাতার গর্ভজাত। বিমাতৃ+অণ্, এয় অপত্যার্থে। বিণ। স্ত্রী, **-ত্রী, -য়ী**।

বৈমানিক—উড়োজাহাজের চালক; বিমানচারী; উড্ডয়নে সমর্থ; বিমান সম্বন্ধীয়, aeronautical. বিমান+ইক গমনাদ্যর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-কী**। [-খী।

বৈমুখ—বিমুখ। বিমুখ+অণ্ স্বার্থে। বিণ। স্ত্রী,

বৈমুখ্য—বিমুখতা; অপ্রসন্নতা; অননুকূলতা; পলায়ন। বিমুখ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [বিণ।

বৈয়ক্তিক—ব্যক্তি সম্পর্কিত। ব্যক্তি+ইক সম্বন্ধার্থে।

বৈয়াকরণ—ব্যাকরণবেত্তা; ব্যাকরণপাঠকারী; ব্যাকরণ সম্বন্ধীয়। ব্যাকরণ+অণ্ জ্ঞাতার্থে, অধ্যয়নার্থে। বিণ। স্ত্রী, **-ণী**।

বৈয়াঘ্র—ব্যাঘ্রচর্মাচ্ছাদিত ('—রথ'); ব্যাঘ্র সম্বন্ধীয়। ব্যাঘ্র+অণ্ সম্বন্ধার্থে। বিণ।

বৈয়াসকি—ব্যাসদেবের পুত্র। ব্যাস+ইঞ্ (অক আগম) অপত্যার্থে। বি; পুং।

বৈয়াসিক—ব্যাস সম্বন্ধীয়; ব্যাসদেবপ্রণীত। ব্যাস +ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

বৈর—বিরোধ, দ্বেষ, শত্রুতা; শৌর্য। বীর+অণ্ ভাবে। বি; ক্লী। [তৎ। বি; ক্লী।

বৈরনির্যাতন—প্রতিফল, শত্রুতার প্রতিশোধ। ৬ষ্ঠী-

বৈরভাব—বিদ্বেষ, শত্রুভাব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বৈরাগ—বৈরাগ্য (তাহা দ্রঃ)। বিরাগ+অণ্ ভাবে। বি; ক্লী।

বৈরাগী (-গিন্)—১। বৈষ্ণব ভিক্ষু। বাংপ্র। বি। ২। সংসারবাসনাশূন্য; সন্ন্যাসী; বৈষ্ণব। বৈরাগ+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-গিণী**।

বৈরাগ্য—বিবেক; বিষয়ভোগে অনাসক্তি; সংসারে ঔদাস্য; অননুরাগ, বিরাগ; বৈষ্ণবধর্ম। বিরাগ+ষ্যঞ্ স্বার্থে বা ভাবে। বি; ক্লী।

বৈরাটি—বিরাট-রাজের পুত্র, উত্তর ("চালান বৈরাটি অশ্ব অতি মনোরম"—কাশী)। বিরাট+ইঞ্ অপত্যার্থে। বি; পুং। [স্ত্রী।

বৈরিতা—শত্রুতা, বিপক্ষতা। বৈরিন্+তা ভাবে। বি;

বৈরী (বৈরিন্)—শত্রু, বৈরযুক্ত, বিদ্বেষী। বৈর+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**বৈরিণী**।

বৈরূপ্য—বিরূপতা, কদর্যতা; বিকৃতি; অযথাভাব। বিরূপ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

বৈলক্ষণ্য—বিশেষ; বিভিন্নতা, প্রভেদ, পার্থক্য, পৃথগ্‌ভাব, অন্যপ্রকার। বিলক্ষণ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

বৈশদ্য—নির্মলতা; প্রসন্নতা; স্পষ্টতা, বিশদতা; শুভ্রতা; প্রাঞ্জলত্ব। বিশদ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লী।

বৈশাখ—বঙ্গাব্দের প্রথম মাস। বৈশাখী+অণ্ তদ্-যুক্তমাসার্থে। বি; পুং।

বৈশাখী—১। বিশাখা-নক্ষত্রযুক্তা পূর্ণিমা; রক্ত পুনর্নবা। বিশাখা+অণ্ তদ্‌যুক্তার্থে+ঈপ্। বি; স্ত্রী। ২। বৈশাখমাস সম্বন্ধীয়, বৈশাখ মাসের ('—পূর্ণিমা')। বৈশাখ+ঈপ্ স্ত্রী, ঈ সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ; স্ত্রী।

বৈশিষ্ট্য—বিশিষ্টত্ব; অসাধারণতা; বৈলক্ষণ্য। বিশিষ্ট +ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

বৈশেষিক—১। কণাদমুনিপ্রণীত দর্শনশাস্ত্র। বিশেষ (বিশেষ পদার্থ)+ইক অবলম্বনপূর্বক কৃত অর্থে। বি; ক্লী। ২। দর্শনশাস্ত্রজ্ঞ। বৈশেষিক+অণ্ জ্ঞাতার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

বৈশ্বানর—অগ্নি; বেদাংশ বিঃ; চিত্রকবৃক্ষ। বিশ্বানর (মুনি বিঃ)+অণ্ সম্বন্ধার্থে; কিংবা, বিশ্ব (সকল) নর (মনুষ্যজাতি), কর্মধা; বিশ্বানর (সমস্ত মানব)+অণ্ স্থিতার্থে। বি; পুং।

বৈশ্য—তৃতীয়বর্ণ, কৃষক বণিক্ প্রঃ। বিশ্+ক্বিপ্ কর্তৃ; বিশ্+ষ্যঞ্ স্বার্থে। বি; পুং।

বৈশ্যা—বৈশ্যজাতীয়া স্ত্রী; বৈশ্যপত্নী। বৈশ্য+আপ্। বি; স্ত্রী।

বৈশ্রবণ—বিশ্রবা মুনির পুত্র; রাবণ প্রঃ; কুবের। বিশ্রবস্+অন্ অপত্যার্থে। বি; পুং।

বৈশ্লেষিক—বিশ্লেষণমূলক, analytical. বিশ্লেষ+ইক সম্বন্ধার্থে। বিণ। **বৈশ্লেষিক রসায়ন**—পদার্থাদির বিশ্লেষণ করিয়া তাহাদের গুণাগুণ নির্ণয়ের শাস্ত্র, analytical chemistry.

বৈষম্য—সাম্যাভাব, বিষমত্ব, পার্থক্য; অসমতা। বিষম (অসমান)+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

বৈষয়িক—বিষয় সম্বন্ধীয়, সংসার সংক্রান্ত। বিষয়+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

বৈষ্ণব—১। ধর্মসম্প্রদায় বিঃ, বোষ্টম। বি; পুং। ২। বিষ্ণু সম্বন্ধীয়; বিষ্ণুভক্ত। বিষ্ণু+অণ্ সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী, **-বী**।

বৈসাদৃশ্য—বিসদৃশতা, বৈষম্য, অমিল, অভেদ। বিসদৃশ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

বো—গন্ধ। ফা। বি।

বোঁ—শূন্যে কোন বস্তুর দ্রুত চলন বা ঘূর্ণনের বেগসূচক শব্দ। বাংপ্র। অ।

বোঁচকা—পুঁটলি, কাপড় দিয়া বাঁধা ছোট গাঁটরি। <তু 'বুকচহ'। বি।

বোঁচকা-বুচঁকি—পোঁটলা-পুঁটলি, আরোহীর জিনিস-পত্র। বাংপ্র। বি।

বোঁচা—বেহায়া, নির্লজ্জ; ভোঁতা, যাহার অগ্রভাগ কাটা বা ভাঙ্গা এরূপ; যাহার নাক বসা বা কাটা এমন; অঙ্গহীন। বাংপ্র। বিণ।

বোঁট, বোঁটা—১। ডাঁটা; চুচুক, স্তনাগ্র। <'বৃন্ত'। ২। হাতল। বাংপ্র। বি।

বোঁদে—'বুঁদিয়া' দ্রঃ।

বোকা—নির্বোধ, মূঢ়, জ্ঞানহীন; বুদ্ধ। <বর্বর। বিণ।
বোকা-ছাগল, -পাঁঠা—দাড়ি এবং অধিক লোমযুক্ত বৃদ্ধ ছাগ। কর্মধা (বাংপ্র)। বি।
বোকামি, বোকামো—মূর্খতা; বুদ্ধিহীনতা। বোকা+মি, মো ভাবে (বাংপ্র)। বি।
বোকারাম—অতিশয় বোকা। বাংপ্র। বিণ।
বোচকা—বস্ত্রাদির মোট। <তু 'বুকচহ'। বি।
বোজা—১। নিমীলিত হওয়া, বন্ধ হওয়া; মুদ্রিত করা; ভরাট হওয়া। ক্রি। ২। নিমীলিত, মুদ্রিত; রুদ্ধ; ভরাট। <বন্ধ। বিণ।
বোজানো—নিমীলিত করা; বন্ধ করা; ভরাট করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
বোঝা—১। ভার, মোট। হি-মু। বি। ২। বুঝিতে পারা; জানা; সমঝানো; বিবেচনা করা। <বোধ। ক্রি [, বিণ, বি]।
বোঝাই—ভরতি; ভরতি করা; যানবাহনের উপর বা ভিতরে জিনিসপত্র স্থাপন। বোঝা+ই (বাংপ্র)। বি বা বিণ।
বোঝানো—প্রবোধ দেওয়া; উপদেশ দেওয়া; জানানো; সমঝানো; বুঝানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
বোঝাপড়া—কথাবার্তার দ্বারা নিষ্পত্তি। বাংপ্র। বি।
বোট—বড় নৌকা; খেয়া পার করিবার খোলা নৌকা। <ইং 'boat'. বি।
বোটকা—উৎকট; ছাগবৎ ('—গন্ধ')। বাংপ্র। বিণ।
বোটে—নৌকার ক্ষুদ্র দাঁড়। <বহিত্র। বি।
বৌঠান—বৌদিদি। <বৌ-ঠাকুরানী। বি; স্ত্রী।
বোড়া—একজাতীয় সাপ (<viper শ্রেণীর)। <বোড্র। বি।
বোড়ে—দাবা খেলিবার সবচেয়ে ছোট গুটি; ঘুঁটি, pawn. <বটিকা। বি। [বি; পুং।
বোড্র—বোড়াসাপ; মৎস্য বিঃ। বা—উড+রক্ কর্তৃ।
বোতল—কাচপাত্র বিঃ; বড় শিশি। <স্পেনীয় botelha. বি। **বোতল টানা**—বোতলের পর বোতল মদ খাওয়া।
বোতাম—জামার দুইদিক সংযুক্ত করিয়া রাখিবার চাকতি বিঃ। <পো 'botao'. বি। [বি।
বোদ—পাতা প্রঃ পচিয়া যে কাদা হয় তাহা। বাংপ্র।
বোদা—বিস্বাদ; নির্বোধ। বাংপ্র। বিণ।
*__বোদ্ধা__ (-দ্ধৃ)—বুদ্ধিমান্; জ্ঞানী; জ্ঞাতা, যে বোঝে এমন। বুধ্+তৃন্ কর্তৃ। বিণ।
*__বোধ__—১। অনুভব, উপলব্ধি; অনুমান; সান্ত্বনা; জ্ঞান, বুদ্ধি; জাগরণ; দর্শন। বুধ্+ঘঞ্ ভাব। ২। বোধিত করণ; জাগাইয়া দেওয়া। বুধ্+ণিচ্+অচ্ ভাব। বি; পুং। [পুং।
বোদাল—বোয়াল মাছ। বোদ—অল্+অচ্ কর্তৃ। বি;
*__বোধক__—জ্ঞাপক; সূচক; দ্যোতক; প্রবোধনকারী; যে জাগায় এমন; যে বোঝায় এমন। বুধ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী— -বোধিকা।
*__বোধকর, -কারক__—প্রবোধনকারী; বৈতালিক, স্তুতি-পাঠক। উপতৎ; বোধ—কৃ+ট কর্তৃ; ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -রী, -রিকা।
*__বোধগম্য__—বুদ্ধিগম্য, বুঝিবার পক্ষে সম্ভবপর। ৩য়াতৎ। বিণ।
*__বোধন__—১। জ্ঞান। বুধ্+অনট্ ভাব। ২। জ্ঞাপন, জানানো; জাগরণ, জাগানো; শারদীয় দুর্গাপূজায় দেবীর জাগরণসম্পাদন; উদ্দীপন। বুধ্+ণিচ্+অনট্ ভাব। বি· ক্লী।
বোধনীয়, বোধ্য—জ্ঞাতব্য; বুঝিবার মত। বুধ্+অনীয়, ণ্যৎ কর্ম। বিণ।
*__বোধয়িতব্য__—জ্ঞাপনীয়, জানাইবার যোগ্য। বুধ্+ণিচ্+তব্য কর্ম। বিণ।
*__বোধাতীত__—যাহা জানা যায় না এমন, দুর্জ্ঞেয়। বোধকে অতীত, ২য়াতৎ। বিণ।
*__বোধি__—১। অশ্বত্থবৃক্ষ। বুধ্+ইন্ কর্তৃ। ২। পরম জ্ঞান; সমাধি বিঃ। বুধ্+ইন্ ভাব। বি; পুং। ৩। জ্ঞাতা; বোদ্ধা। বুধ্+ইন্ কর্তৃ। বিণ।
*__বোধিকা, বোধিনী__—১। জ্ঞানদায়িনী। বিণ; স্ত্রী। ২। অর্থপুস্তিকা; টীকা। বুধ্+ণিচ্+ণক, ণিন্ কর্তৃ+আপ্, ঈ। বি; স্ত্রী।
*__বোধিত__—জ্ঞাপিত; সূচিত; জাগরিত। বুধ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। [+তব্য কর্ম। বিণ।
*__বোধিতব্য__—জানাইবার যোগ্য, জ্ঞাপনীয়। বুধ্+ণিচ্
*__বোধিতরু, -দ্রুম__—অশ্বত্থবৃক্ষ; ভগবান্ বুদ্ধের সাধনাশ্রয় বৃক্ষ। বোধিই তরু, দ্রুম, কর্মধা। বি; পুং।
*__বোধিসত্ত্ব__—বুদ্ধত্ব লাভের পূর্বাবস্থায় উপনীত মহাপুরুষ [বৌদ্ধদিগের মতে—কেহ একজন্মে বুদ্ধত্ব লাভ করিতে পারে না; কয়েক জন্ম সাধনার পর উহা লাভ করা যায়]। বোধি (বুদ্ধিযুক্ত, জ্ঞান-সম্পন্ন) সত্ত্ব (চিত্ত) যাহার, বহু। বি; পুং।
*__বোধোদয়__—জ্ঞানসঞ্চার, জ্ঞানের প্রকাশ। বোধের উদয়; ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বোধ্য—'বোধনীয়' দ্রঃ।
বোন—<ভগিনী। বি; স্ত্রী।
বোনঝি—ভগিনীর কন্যা; বোনের মেয়ে। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি; স্ত্রী।
বোনপো—ভগিনীর পুত্র, বোনের ছেলে। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি; পুং। [বিণ]।
বোনা—বয়ন করা; বপন করা। বাংপ্র। ক্রি [, বি,
বোনাই—ভগিনীপতি। বোন+আই স্বামী অর্থে (বাংপ্র)। বি; পুং। [বি।
বোনা-কাটা—(শস্য) বপন ও ছেদন। দ্বন্দ্ব (বাংপ্র)।
বোবা—হাবা; মূক, বাক্‌শক্তিহীন। বাংপ্র। বিণ। **বোবা কান্না**—যে কান্নার বাহিরে কোন প্রকাশ নাই।
বোম—শকটের যে কাষ্ঠে জোয়াল সংযুক্ত থাকে। বাংপ্র। বি।
বোমা—১। বস্তা হইতে মালের নমুনা বাহির করিবার সূক্ষ্মাগ্র হাতা বিঃ; জল তুলিবার যন্ত্র বিঃ। বাংপ্র। ২। বারুদপূর্ণ গোলক; বিস্ফোরক পদার্থের সহিত কাচ লোহা ধারাল অস্ত্র প্রঃর দ্বারা পূর্ণ

একপ্রকার বৃহদাকার মারাত্মক পটকা। <পো 'bomba'. বি।
বোমাবর্ষী (-র্ষিন্), **বোমারু**—বোমা নিক্ষেপকারী। উপতৎ; বোমা—বৃষ্+ণিন্ কর্তৃ; ২য় পক্ষে বোমা +রু (পো-মু)। বিণ।
বোম্বাই—ভারতীয় যুক্তরাষ্ট্রের অন্তর্গত পূর্বতন রাজ্য বিঃ ও তাহার প্রধান শহর; এক শ্রেণীর আম। বাংপ্র। বি।
বোম্বেটে—ডাকাত; জলদস্যু। <পো 'bombardeiro'. বি। [<বোদাল। বি।
বোয়াল—একপ্রকার শল্কবিহীন বৃহৎ মৎস্য।
বোর—শিশুদের কোমরের অলংকার বিঃ; সোনা রূপার পাতার দানা। <বদর। বি।
বোরকা, বোরখা—সাধারণ মুসলমান স্ত্রীলোকদিগের ব্যবহৃত আপাদমস্তকের আবরণী। <আ 'বুর্ক'। বি। [বি; পুং।
বোরব—ধান্য বিঃ; বোর ধান। বোর—বা+ক কর্তৃ।
বোরা—গুণ; থলিয়া; ছালা। বাংপ্র। বি।
বোরো—গ্রীষ্মকালের একপ্রকার ধান। <বোরব। বি। [বি।
বোর্ড—সমিতি; শাসকসভা; তক্তা। <ইং 'board'.
বোল—১। গন্ধরস; ক্ষারজল। বা+উলচ্ কর্তৃ। বি; পুং। ২। বাক্য, কথা, বুলি; বাদ্য; অনুমিত শব্দ; চর্মযন্ত্র বাদ্যের সাংকেতিক শব্দসমষ্টি। বাংপ্র। বি।
বোলচাল—বাক্য ও ব্যবহার। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
বোলটু—পেরেকজাতীয় পদার্থ বিঃ। <ইং 'bolt'. বি।
বোলত, বোলতই—বলিতেছে। প্রা কপ্র। ক্রি।
বোলতা—দংশক পতঙ্গ বিঃ, wasp. <বরটা। বি।
বোলবোলা—নাম; প্রভাব; হাঁকডাক। বাংপ্র। বি।
বোলানো—১। ডাকা; কথা বলানো। হি। ২। বুলানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
বৌ—নবীনা পত্নী; স্ত্রী; পুত্রবধূ। <বধূ। বি; স্ত্রী। [বধূ। কর্মধা (বাংপ্র)। বি; স্ত্রী।
বৌ-ঠাকুরানী, বৌঠান—জ্যেষ্ঠভ্রাতৃবধূ; জ্যেষ্ঠশ্যালক-
বৌদি, বৌদিদি—জ্যেষ্ঠভ্রাতৃবধূ; বন্ধুপত্নী প্রঃর সম্বোধন-শব্দ। কর্মধা। বি; স্ত্রী।
***বৌদ্ধ**—১। বুদ্ধমতাবলম্বী, বৌদ্ধধর্মাবলম্বী। বি; পুং। ২। বুদ্ধ সম্বন্ধীয়; বৌদ্ধধর্ম সংক্রান্ত; বুদ্ধপ্রবর্তিত। বুদ্ধ+অণ্ সম্বন্ধার্থে। বিণ।
বৌমা—পুত্রবধূ; অনুজপত্নী; ভাগিনেয়পত্নী; দুহিতৃ-স্থানীয়া বধূ। কর্মধা (বাংপ্র)। বি; স্ত্রী।
ব্যক্ত—স্পষ্ট; বিকশিত; প্রকাশিত; প্রকট; স্থূল; দৃষ্ট; অনুমিত; প্রাপ্ত। বি—অন্জ্+ক্ত কর্ম, কর্তৃ। বিণ।
ব্যক্তি—১। শরীরী জীব; দ্রব্য, পদার্থ; (দর্শন) বিশেষ, অসামান্য, individual, individuality. বি—অন্জ্+ক্তি কর্ম। ২। প্রকাশ। বি—অন্জ্ +ক্তি ভাব। বি; স্ত্রী। ৩। মানুষ, লোক। বাংপ্র। বি।
ব্যক্তিগত—কোন ব্যক্তিবিশেষের নিজের আয়ত্ত বা সম্বন্ধীয়, প্রাতিস্বিক, individual. ২য়াতৎ। বিণ।
ব্যক্তিজনি—একটি মাত্র বিশিষ্ট প্রাণীর উৎপত্তির ইতিহাস, ontogamy. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। বিপরীত—জাতিজনি (phylogamy)
ব্যক্তিত্ব—ব্যক্তিবিশেষের বৈশিষ্ট্য; আত্মবশতা, স্বাধীনভাবে কার্যাদি করিবার ক্ষমতা। ব্যক্ত+ত্ব ভাবে। বি; ক্লী।
ব্যক্তীকৃত—যাহা স্পষ্ট করা হইয়াছে এমন, স্পষ্টীকৃত। ব্যক্ত+চ্বি—কৃ+ক্ত কর্ম। বিণ।
ব্যগ্র—ব্যস্ত, ব্যাকুল; ত্বরিত; ত্রস্ত, ভীত, উৎসাহী, উদ্যমশীল; আসক্ত; আগ্রহী; উৎকণ্ঠাযুক্ত। বিশেষরূপে অগ্র (প্রধান), প্রাদি। বিণ। বি—ব্যগ্রতা।
ব্যঙ্গ—১। অঙ্গহীন, বিকলাঙ্গ। বিনষ্ট অঙ্গ যাহার, বহু। বিণ। ২। ভেক। বিরূপ অঙ্গ যাহার, বহু। ৩। মুখ-রোগ বিঃ, মুখে কাল কাল দাগ হওয়া। বিকৃত অঙ্গ যদ্দ্বারা, বহু। ৪। শিলষ্টবাক্য: ঠাট্টা, পরিহাস। বি—অন্জ্+ঘঞ্ কর্ম। বি; পুং। [প্রিয় যাহার, বহু। বিণ।
ব্যঙ্গপ্রিয়—যে ঠাট্টা-বিদ্রূপ ভালবাসে এমন। ব্যঙ্গ
ব্যঙ্গার্থ—বিদ্রূপসূচক অর্থ। ব্যঙ্গপূর্ণ অর্থ, মধ্যপদ। বি; পুং। [মধ্যপ। বি; স্ত্রী।
ব্যঙ্গোক্তি—পরিহাসপূর্ণ কথা। ব্যঙ্গপূর্ণা উক্তি.
ব্যঙ্গ্য—১। ব্যঞ্জনাবৃত্তিবোধ্য অর্থ [যথা—"বেলা যায়"—এই বাক্যের বাচ্যার্থ "দিন শেষ হইয়া আসিয়াছে।" ব্যঙ্গ্যার্থ—"জীবনকাল বা আয়ু ফুরাইয়া আসিয়াছে।"] তাৎপর্যার্থ, নিগূঢ়ভাব। বি; পুং। ২। নিগূঢ়; শিলষ্ট; ব্যঞ্জনাবোধ্য, ব্যঞ্জনাবৃত্তিদ্বারা বোধ্য, covert, implied. বি—অন্জ্+ণ্যৎ কর্ম। বিণ।
ব্যঙ্গ্যার্থ—বাক্যের ব্যঞ্জনাবৃত্তি দ্বারা প্রাপ্ত অর্থ। কর্মধা। বি; পুং। [কর্মধা। বি; স্ত্রী।
ব্যঙ্গ্যোক্তি—বক্রোক্তি, শ্লেষবাক্য। ব্যঙ্গ্যা উক্তি (বাক্য),
ব্যজন—১। বাতাসকরণ। বি—অজ্+অনট্ ভাব। ২। পাখা। বি—অজ্+অনট্ করণ। বি; ক্লী।
ব্যজনী—পাখা; চামর ইঃ; তালবৃন্ত: বি—অজ্+ অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।
ব্যঞ্জক—১। প্রকাশক, বোধক; সূচক। বিণ। স্ত্রী—ব্যঞ্জিকা। ২। হৃদ্গত ভাবাদির প্রকাশক অভিনয়; ব্যঞ্জনা দ্বারা বোধক শব্দ। বি—অন্জ্+ণক কর্তৃ। বি; পুং।
ব্যঞ্জন—তরকারি, অন্নভোজনের উপকরণ; চিহ্ন; স্ত্রী-পুং-চিহ্ন; শ্মশ্রু প্রঃ চিহ্ন; ক খ ইঃ হল্বর্ণ; প্রকাশন। বি—অন্জ্+অনট্ করণ বা ভন কর্তৃ। বি; ক্লী।
ব্যঞ্জন, ব্যঞ্জনা—কাব্যের নিগূঢ়ার্থপ্রকাশিকা বৃত্তি, যে শক্তি দ্বারা তাৎপর্যার্থের বোধ হয় তাহা [অভিধা ও লক্ষণা শক্তি দ্বারা যে স্থলে আসল অর্থ পরিস্ফুট না হয়, সে স্থলে অপর যে শক্তি দ্বারা ঐ অর্থবোধ জন্মে তাহাকে বলে ব্যঞ্জনা; আর ঐরূপে প্রতীত অর্থকে বলে ব্যঙ্গ্যার্থ। যেমন—"আমার অদ্য

ভক্ষ্য ধনুর্গুণ' বলিলে আমি যে আজ ধনুর্গুণই খাইব এরূপ বুঝায় না, পরন্তু আমার আজ খাদ্যাভাব এরূপ অর্থেরই বোধ জন্মে; যে শক্তি দ্বারা এইরূপ অর্থ-প্রতীতি ঘটে, তাহারই নাম ব্যঞ্জনা। 'ব্যঙ্গ্য' দ্রঃ]। বি—অন্জ্+ণিচ্+অনট্ করণ; পক্ষে অন কর্তৃ+আপ্। বি; ক্লী, স্ত্রী।

ব্যঞ্জনবর্ণ—স্বরবর্ণের সাহায্য ব্যতীত যে অক্ষরের উচ্চারণ হয় না তাহা; হল্‌বর্ণ। কর্মধা। বি; পুং।

ব্যঞ্জনসন্ধি—ব্যঞ্জনবর্ণের সহিত ব্যঞ্জন বা স্বরবর্ণের মিলন। ব্যঞ্জনসম্বন্ধীয় সন্ধি, মধ্যপ। বি; পুং।

ব্যঞ্জনা—শব্দের বা বাক্যের অভিধেয় অর্থের অতিরিক্ত অন্য অর্থের সংকেত, suggestion. বি—অন্জ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।

ব্যতিক্রম—ক্রমবিপর্যয়, বৈপরীত্য; উলটানো, বিপরীত করণ; উল্লঙ্ঘন। বি—অতি—ক্রম্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ, -**ক্রান্ত**।

ব্যতিব্যস্ত—অতিশয় ব্যস্ত; বিব্রত; উত্ত্যক্ত; অত্যন্ত অস্থির। অতিরিক্ত ব্যস্ত, প্রাদি; বিশেষরূপে অতি ব্যস্ত, প্রাদি। বিণ।

ব্যতিরিক্ত—ছাড়া, বাদে, ভিন্ন; অতিরিক্ত। বি—অতি—রিচ্+ক্ত কর্মকর্তৃ। বিণ।

ব্যতিরেক—অভাব; প্রভেদ; ভিন্নতা; বিনা; বৃদ্ধি; অতিক্রম; কাব্যের অলংকার বিঃ [উপমান অপেক্ষা উপমেয়ের আধিক্য বা ন্যূনতা হইলে ব্যতিরেক অলংকার হয়। যথা—

(১) "বিমল হেম জিনি তনু অনুপাম রে
তাহে শোভে নানা ফুলদাম।
কদম্বকেশর জিনি একটি পুলক রে
তার মাঝে বিন্দু বিন্দু ঘাম।"

(২) "যৌবন বসন্তসম সুখময় বটে।
দিনে দিনে উভয়ের পরিণাম ঘটে।
কিন্তু পুনঃ বসন্তের হয় আগমন।
ফিরে না ফিরে না আর ফিরে
না যৌবন॥"]।

বি—অতি—রিচ্+ঘঞ্ ভাব। বি; পুং।

ব্যতিরেকী (-রেকিন্)—অভাববিশিষ্ট; প্রভেদক। ব্যতিরেক+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**রেকিণী**।

ব্যতিরেকে—বিনা, ছাড়া। বাংপ্র। অ।

ব্যতিহার—পরিবর্ত, বিনিময়, বদল; পরস্পর একবিধ আচরণ, reciprocity; পর্যায়করণ; গালাগালি; মারামারি। বি—অতি—হৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

ব্যতীত—১। ভিন্ন; অতিক্রান্ত; বিগত; লুপ্ত; সম্পন্ন; মৃত। বি—অতি—ই+ক্ত কর্তৃ। বিণ। ২। বিনা, ছাড়া। বাংপ্র। অ।

ব্যতীপাত—অমঙ্গলজনক উৎপাত, ধূমকেতু ভূকম্প ইঃ; সপ্তদশ যোগ; অশ্রদ্ধা, অসম্মান। বি—অতি—পত্+ঘঞ্ ভাব। বি; পুং।

ব্যত্যয়, ব্যত্যাস—ব্যতিক্রম, বিপর্যয়, বৈপরীত্য। বি—অতি—ই+অচ্ ভাব; বি—অতি—অস্+ঘঞ্ ভাব। বি; পুং।

ব্যত্যস্ত—উলটাপালটা; ব্যতিক্রান্ত; বিপরীতভাবে অবস্থাপিত, ঢেরার তুল্য, crossed. বি—অতি—অস্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

ব্যথা—বেদনা; পীড়া; দুঃখ, শোক; ভয়। ব্যথ্+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী। **ব্যথার ব্যথী**—সমব্যথী।

ব্যথাকুল, ব্যথাতুর—যন্ত্রণায় কাতর; দুঃখে কাতর, বেদনা-কাতর। ব্যথায় আকুল, আতুর, ৩য়াতৎ। বিণ।

ব্যথিত—দুঃখিত; বেদনাপ্রাপ্ত; পীড়িত; শোক-প্রাপ্ত; ভীত। ব্যথা+ইতচ্ জাতার্থে; অথবা, ব্যথ্+ক্ত কর্তৃ। বিণ।

ব্যথিতবেদন—ব্যথীর মনোব্যথা, দুঃখীর কষ্ট। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী।

ব্যথী (-থিন্)—ব্যথাপ্রাপ্ত; সহানুভূতিযুক্ত, কাহারও দুঃখে দুঃখবোধকারী। ব্যথা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**ব্যথিনী**।

ব্যধিকরণ—(ব্যাক) যে শব্দসমূহ একই বস্তুকে বুঝায় না তাহাদের দ্বারা গঠিত। বিভিন্ন অধিকরণ যাহার, বহু। বিণ।

ব্যধিজন—আত্মীয় বান্ধবসমূহ ("ব্যধিজন শুনে কান্দে"—ক্ষেমা)। প্রা কপ্র। বি।

ব্যপদেশ—ছল, ব্যাজ, pretext; ইঙ্গিত; বাক্য বিঃ [প্রয়োজন অর্থ অশুদ্ধ]; নামোল্লেখ। বি—অপ—দিশ্+ঘঞ্ করণ। বি; পুং।

ব্যপদেষ্টা (-দেষ্টৃ)—ছলকারী, কপটী; নামোল্লেখ-কারী। বি—অপ—দিশ্+তৃন্ কর্তৃ। বিণ; পুং। স্ত্রী, -**দেষ্ট্রী**।

ব্যবকলন—বিয়োজন, অন্তরকরণ; বাকি কাটা; বিয়োগ; জমাখরচ। বি—অব—কল+অনট্ ভাব। বি; ক্লী।

ব্যবকলিত—১। বাকি-কাটা; বিয়োজিত, অন্তরিত। বি—অব—কল+ক্ত কর্ম। বিণ। স্ত্রী, -**কলিতা**। ২। জমাখরচ; ব্যবকলন। বি—অব—কল+ক্ত ভাব। বি; ক্লী।

ব্যবচ্ছেদ—১। বিভাগ, খণ্ড। বি—অব—ছিদ+ঘঞ্ কর্ম। ২। বিভেদ; বিভিন্ন অংশ বিযুক্তকরণ, dissection; বিশেষকরণ; নির্ধারণ; মোচন; বাণ-মোচন। বি; পুং। বিণ—**ব্যবচ্ছিন্ন**।

ব্যবধা, ব্যবধান, ব্যবধি—আচ্ছাদন, তিরোধান; অন্তর, আড়াল; দূরত্ব। বি—অব—ধা+অঙ্ ভাব+আপ্; বি—অব—ধা+অনট্ ভাব; বি—অব—ধা+কি ভাব। বি; স্ত্রী, ক্লী, পুং।

ব্যবধায়ক—ব্যবধানকর্তা; তিরোধায়ক; আচ্ছাদন-কারক। বি—অব—ধা+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -**ধায়িকা**।

ব্যবসা—ক্রয়-বিক্রয়, বাণিজ্য। < ব্যবসায়। বি।

ব্যবসাদার—ব্যবসায়ী, বণিক্। ব্যবসা+দার কর্তা অর্থে (বাংপ্র)। বি।

ব্যবসা-বাণিজ্য—ক্রয়-বিক্রয়, বেচাকেনা। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

ব্যবসায়—১। ব্যাপার, কার্য; যত্ন; উদ্যম; ইচ্ছা অভিপ্রায়; নিশ্চয়; অনুষ্ঠান। বি—অব—সো+

ঘঞ্ ভাব। ২। বৃত্তি, জীবিকা; কারবার। বি—অব—সো+ঘঞ্ করণ। বি; পুং।

ব্যবসায়ী (-য়িন্)—বাণিজ্যকারী; উদ্যমশালী; অনুষ্ঠানকারী। ব্যবসায়+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-য়িনী**।

ব্যবসিত—১। উদ্যত, চেষ্টিত; স্থিরীকৃত। বি—অব—সো+ক্ত কর্তৃ। ২। অভিপ্রেত, অনুষ্ঠিত। বি—অব—সো+ক্ত কর্ম। বিণ।

ব্যবস্থা—নিয়ম; পৃথক্ পৃথক্ স্থাপন; বন্দোবস্ত; আয়োজন; কর্তব্যনির্দেশ; শাস্ত্রীয় বিধি; আইন; স্থিরতা; স্থিতি। বি—অব—স্থা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

ব্যবস্থাদাতা (-দাতৃ)—বিধান দানকারী, যে ব্যবস্থা দান করে এমন। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-দাত্রী**।

ব্যবস্থান—ব্যবস্থিতি, বিধিপূর্বক অবস্থান। বি—অব—স্থা+অনট্ ভাব। বি; ক্লী।

ব্যবস্থাপক—নিয়ামক; বিধিদায়ক; সংস্থাপক; আইনরচনাকারী। বি—অব—স্থা+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-স্থাপিকা**।

ব্যবস্থাপক-সভা—আইনরচনাকারিণী সভা, দেশের প্রতিনিধিগণ আইনরচনা ও দেশনিয়ন্ত্রণ-ব্যাপারের জন্য যে সভা গঠন করেন তাহা, Legislative Council. কর্মধা। বি; স্ত্রী।

ব্যবস্থাপত্র—বিধাননির্দেশক পত্র; চিকিৎসক যাহাতে রোগীর ঔষধের বিধান করেন সেই পত্র; স্মৃতিশাস্ত্রবিৎ যাহাতে প্রায়শ্চিত্তাদির বিধান করেন সেই পত্র। ব্যবস্থানির্দেশক পত্র, মধ্যপ। বি; ক্লী।

ব্যবস্থাপদ্ধতি—নিয়মপ্রণালী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ব্যবস্থাপন—ব্যবস্থাপ্রণয়ন, আইন বিধিবদ্ধকরণ; নিরূপণ, নির্ধারণ, নিশ্চিতকরণ। বি—অব—স্থা+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

ব্যবস্থাপরিষদ্—আইনরচনাকারিণী সভা, Legislative Assembly. মধ্যপ। বি; স্ত্রী।

ব্যবস্থাপিত—নিয়মিত; স্থিরীকৃত; নির্ধারিত; প্রকৃতি-প্রাপিত; নিয়মপূর্বক স্থাপিত। বি—অব—স্থা+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

ব্যবস্থাশাস্ত্র, -সংহিতা—আইনের বই; স্মৃতিশাস্ত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।

ব্যবস্থিত—১। স্থিরীকৃত; পৃথক্‌কৃত; নিয়মিত; নির্ধারিত; প্রচারিত। বি—অব—স্থা+ক্ত কর্ম। ২। সম্যক্ স্থিত; অবস্থিত; নিযুক্ত। বি—অব—স্থা+ক্ত কর্তৃ। বিণ।

ব্যবস্থিতচিত্ত—যাহার মনোভাবের পরিবর্তন হয় না এমন, স্থিরচিত্ত। বহু। বিণ। বি, **-তা**।

ব্যবহর্তব্য—ব্যবহার্য। বি—অব—হৃ+তব্য কর্ম। বিণ।

ব্যবহর্তা (-র্তৃ)—যে ব্যবহার করে, ব্যবহারক; বিচারক; সম্পাদক। বি—অব—হৃ+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী।—**ব্যবহর্ত্রী**।

ব্যবহার—আচরণ ('সদ্—'); আইন ('—শাস্ত্র'); প্রয়োগ, কাজে লাগানো ('ছাতা—'); ঋণদানাদি অষ্টাদশ বিবাদ, মকদ্দমা; ব্যবসায়, বাণিজ্য; চুক্তি; প্রথা, রীতি, usage; কার্য। বি—অব—হৃ+ঘঞ্ ভাব, করণ। বি; পুং।

ব্যবহারজীবী (-জীবিন্)—উকিল মোক্তার প্রঃ আইন-ব্যবসায়ী। উপতৎ; ব্যবহার—জীব্+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-জীবিনী**।

ব্যবহারজ্ঞ—আইনজ্ঞ, ব্যবহারবেত্তা; সাবালক, প্রাপ্ত-ব্যবহার। উপতৎ; ব্যবহার—জ্ঞা+ক কর্তৃ। বিণ।

ব্যবহারদর্শী (-দর্শিন্)—বিচারক, জুরি। উপতৎ; ব্যবহার—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-দর্শিনী**।

ব্যবহারবিধি—ব্যবহারশাস্ত্র, আইন; ধর্মশাস্ত্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ক্লী।

ব্যবহারশাস্ত্র—ব্যবস্থাশাস্ত্র, আইন। ৬ষ্ঠীতৎ। বি;

ব্যবহারাজীব—উকিল মোক্তার প্রঃ আইনব্যবসায়ী। ব্যবহার আজীব যাহার, বহু। বি; পুং।

ব্যবহারিক—ব্যবহারসিদ্ধ; প্রয়োগসম্বন্ধীয়; ব্যবহার-যোগ্য। ব্যবহার+ইক (ঠন্) সিদ্ধার্থে, যুক্তার্থে, সম্বন্ধার্থে। বিণ।

ব্যবহার্য—ব্যবহারযোগ্য, ব্যবহারের উপযুক্ত; অনুষ্ঠেয়। বি—অব—হৃ+ণ্যৎ কর্ম। বিণ।

ব্যবহিত—আচ্ছাদিত; অন্তর্হিত; দূরীকৃত; পরস্পর অসংযুক্তভাবে অবস্থিত; অধঃকৃত; বিকৃত। বি—অব—ধা+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

ব্যবহৃত—আচরিত, অনুষ্ঠিত; বিচারিত; উপভুক্ত। বি—অব—হৃ+ক্ত কর্ম। বিণ।

ব্যভিচার—স্ত্রীর পরপুরুষসংসর্গ অথবা পুরুষের পরস্ত্রীসংসর্গ; কুক্রিয়া, কদাচরণ; ব্যতিক্রম; অন্যথাচরণ; স্খলন; অতিব্যাপ্তি; অব্যাপ্তি; হেতুদোষ বিঃ। বি—অভি—চর্+ঘঞ্ ভাব। বি; পুং।

ব্যভিচারিণী—কদাচারপরায়ণা; অসতী, ভ্রষ্টা। ব্যভিচারিন্+ঈপ্। বিণ বা বি; স্ত্রী।

ব্যভিচারিতা—কুক্রিয়াসক্তি; লাম্পট্য, অবৈধ সহবাস; কদাচারিতা; অন্যথাচরণ। ব্যভিচারিন্+তা ভাবে। বি; স্ত্রী।

ব্যভিচারী (-চারিন্)—১। কুক্রিয়াসক্ত; পরস্ত্রীগামী; অন্যথাচারী; অতিব্যাপ্ত; অব্যাপ্ত। বিণ। বি, **-চারিতা**। ২। রতি হাস শোক প্রঃ স্থায়িভাবের মধ্যে সময়ে সময়ে উদিত অচিরস্থায়ী ঔৎসুক্য আবেগ, গর্ব লজ্জা নির্বেদ গ্লানি প্রঃ ভাব, সঞ্চারী ভাব। ব্যভিচার+ইন্ কর্তৃ আছে অর্থে; অথবা, বি—অভি—চর্+ণিন্ কর্তৃ। বি; পুং।

ব্যয়—খরচ ('অর্থ—'); অপচয়; ক্ষয়, নাশ; অভাব; অপগম। ব্যয়্+ণিচ্+অচ্ ভাব। বি; পুং।

ব্যয়কুণ্ঠ—কৃপণ। ব্যয়ে কুণ্ঠা যাহার, বহু। বিণ। বি, **-তা**।

ব্যয়বহুল—বহুব্যয়সাধ্য, যাহাতে অনেক খরচ লাগে এমন। ব্যয় বহুল যাহাতে, বহু। বিণ। বি, **-তা**।

ব্যয়বাহুল্য—অত্যধিক খরচ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ব্যয়শীল—যে অত্যধিক খরচ করে এমন, ব্যয়ী। বহু। বিণ। [৩য়াতৎ। বিণ।

ব্যয়সাধ্য—যাহা করিতে অনেক খরচ লাগে এমন।

ব্যয়সাপেক্ষ—যাহা সম্পাদন করিতে অত্যধিক খরচ লাগে এমন। ৬ষ্ঠীতৎ। -বিণ।

ব্যয়াধিক্য—অত্যধিক খরচ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ব্যয়িত—যাহা ব্যয় করা হইয়াছে এমন, অপচিত; বিগত; বিনষ্ট; ক্ষয়িত। ব্যয়্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

ব্যয়ী (ব্যয়িন্)—ব্যয়শীল, যে ব্যয় করে এমন। ব্যয়+ [ইন্ আছে অর্থে। বিণ।

ব্যর্থ—বৃথা, নিরর্থক, বিফল; নিষ্প্রয়োজন; লাভশূন্য; অর্থশূন্য। বিগত অর্থ (অভিধেয়, প্রয়োজন ইঃ) যাহার বা যাহা হইতে, বহু। বিণ।

ব্যর্থকাম, -মনোরথ—যাহার অভিলাষ পূর্ণ হয় নাই এমন। বহু। বিণ। [স্ত্রী।

ব্যর্থতা—বিফলতা, নিষ্ফলতা। ব্যর্থ+তা ভাবে। বি;

ব্যষ্টি—পৃথগ্ভাব, অসামগ্র্য; পৃথক্ পৃথক্ ব্যক্তি। বি—অশ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

ব্যস্—'আর প্রয়োজন নাই' এই অর্থবোধক শব্দ; শেষ, ইতি। ফা-বস্। অ।

ব্যসন—দুঃখ; বিপদ্; পাপ; অমঙ্গল; পতন; বিনাশ; বৃথা চেষ্টা; বিষয়াসক্তি; অদৃষ্ট; দুর্ভাগ্য; অযোগ্যতা; নেশা; কামজ ও কোপজ দোষ, vice [মৃগয়া, দ্যূত, দিবানিদ্রা, পরনিন্দা, স্ত্রীসংগম, নৃত্য, গীত, বাদ্য, বৃথাভ্রমণ, মদ্যপান—এই দশপ্রকার কামজ দোষ, এবং দৌরাত্ম্য, সাহস, ক্ষতি, দ্বেষ, ঈর্ষা, প্রতারণা, কটূক্তি, নিষ্ঠুরাচরণ—এই আটপ্রকার কোপজ দোষ]। বি—অস্+অনট্ ভাব। বি; ক্লী।

ব্যসনাসক্ত—বেশ্যাসক্তি মদ্যপান প্রঃ কামজ এবং দৌরাত্ম্য দ্বেষ প্রঃ ক্রোধজ ব্যসনে রত। ৭মীতৎ। বিণ। [অর্থে। বিণ।

ব্যসনী (-নিন্)—ব্যসনাসক্ত। ব্যসন+ইন্ আছে

ব্যস্ত—১। ব্যাকুল, ব্যতিব্যস্ত; অসমস্ত; বিস্তৃত; ব্যাপ্ত; বিপরীত ('— অনুপাত')। বি—অস্+ক্ত কর্তৃ। ২। উৎক্ষিপ্ত; বিপর্যস্ত; বিভক্ত। বি—অস্+ক্ত কর্ম। বিণ। বি—**ব্যস্ততা**।

ব্যস্তবাগীশ—যে সর্বদা ব্যস্ততা প্রকাশ করে এমন। বাংপ্র। বিণ।

ব্যস্তসমস্ত—অতিশয় ব্যস্ত; অতিশয় ত্বরাযুক্ত। ব্যস্ত +(তৎসহচর শব্দ) সমস্ত। বাংপ্র। বিণ।

ব্যাং—ভেক। ＜ব্যঙ্গ। বি।

ব্যাংক—ব্যাঙ্ক। ＜bank. বি।

ব্যাকরণ—১। শব্দব্যুৎপাদক শাস্ত্র, যে শাস্ত্রে জ্ঞান থাকিলে কোন ভাষায় শুদ্ধরূপে কথা বলিতে ও লিখিতে পারা যায় তাহা, grammar. বি—আ—কৃ+অনট্ করণ। ২। ব্যাখ্যান; বিকাশন। বি—আ—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।

ব্যাকীর্ণ—বিক্ষিপ্ত, ছড়ানো। বি—আ—কৃ+ক্ত কর্ম। বিণ। বি—**ব্যাকিরণ**।

ব্যাকুল—অস্থির, ব্যস্ত; কাতর; ব্যাপৃত; উৎকণ্ঠিত; ইতিকর্তব্যতাজ্ঞানশূন্য; ভয়বিধুর। বিশেষরূপে আকুল, প্রাদি। বিণ।

ব্যাকুলতা—ব্যস্ততা, অধীরতা; উৎকণ্ঠা; কাতরতা; কর্তব্যজ্ঞানশূন্যতা। ব্যাকুল+তা ভাবে। বি; স্ত্রী।

ব্যাকুলিত—ব্যাকুল। ব্যাকুলি+ক্ত কর্ম। বিণ।

ব্যাখ্যা, ব্যাখ্যান—টীকা, অর্থপ্রকাশন; বিবরণ, বর্ণন, কথন। বি—আ—খ্যা+অঙ্ ভাব+আপ্; পক্ষে+ অনট্ ভাব। বি; স্ত্রী, ক্লী।

ব্যাখ্যাত—যাহার ব্যাখ্যা করা হইয়াছে এমন; বিবৃত, বর্ণিত। বি—আ—খ্যা+ক্ত কর্ম। বিণ।

ব্যাখ্যান—'ব্যাখ্যা' দ্রঃ।

ব্যাখ্যেয়—বর্ণনীয়, ব্যাখ্যা করিবার যোগ্য। বি—আ—খ্যা+যৎ কর্ম। বিণ। [＜ইং 'bag'. বি।

ব্যাগ—থলিয়া, চর্মাদিনির্মিত পেটিকা বা থলি।

ব্যাঘাত—অন্তরায়, বিঘ্ন; প্রহার; আঘাত, যোগ বিঃ; কাব্যের অলংকার বিঃ [কোন ব্যক্তি যে উপায় দ্বারা একবার যে কার্য করে সেই উপায় দ্বারা পুনর্বার অন্য ব্যক্তি যদি তাহাকে পরাজিত করিবার উদ্দেশ্যে সেই কার্য অন্যরূপে করে, তাহা হইলে তথায় এই অলংকার হয়। যথা—

"হরনেত্রে কাম হত হইয়াছে বলে।
নেত্রেই বাঁচায় তারে যারা কুতূহলে॥
কামে বাঁচাইয়া যারা শিবে করে জয়।
সেই নারীগণে স্তুতি উপযুক্ত হয়॥"
—মদনমোহন তর্কালংকার]।

বি—আ—হন্+ঘঞ্ ভাব। বি; পুং।

ব্যাঘাতক—বাধাপ্রদানকারী, বিঘ্নকারী, প্রতিবন্ধক। বি—আ—হন্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-তিকা**।

ব্যাঘ্র—শ্বাপদ জন্তু বিঃ, বাঘ, শার্দূল; (সমাসে উত্তরপদ হইলে) শ্রেষ্ঠ ("নরব্যাঘ্র")। বি—আ—ঘ্রা+ক কর্তৃ। বি; পুং। স্ত্রী—**ব্যাঘ্রী**।

ব্যাঘ্রনখ—বাঘের নখ; অস্ত্র বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ব্যাঙ—ব্যাং, ভেক। ＜ব্যঙ্গ। বি।

ব্যাঙ্ক—যে প্রতিষ্ঠানে টাকা জমা রাখিয়া প্রয়োজনমত তাহা তোলা যায়। ＜ইং 'bank'. বি।

ব্যাঙ্গমা-ব্যাঙ্গমী—বেঙ্গমাবেঙ্গমী (তাহা দ্রঃ)।

ব্যাজ—ছল, কপট; কালবিলম্ব; বাধা, ব্যাঘাত, বিঘ্ন; টাকার সুদ। বি—অজ্+ঘঞ্ করণ। বি; পুং।

ব্যাজস্তুতি—কপটপ্রশংসা; কাব্যের অলংকার বিঃ [যেখানে নিন্দার ছলে স্তুতি, অথবা স্তুতির ছলে নিন্দা করা হয় সেখানে এই অলংকার হয়। যথা—
১। নিন্দার ছলে প্রশংসা।—"অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ।" বৃদ্ধ=বড়া, স্থবির; জ্ঞানী। সিদ্ধি=ভাঙ; অণিমাদি অষ্টসিদ্ধি। ২। স্তুতির ছলে নিন্দা।—

"তব হে জনম অতি বিপুলে।
ভুবনবিদিত অজের কুলে॥
জনকদুহিতা বিবাহ করি।
ভাসালে তাহাতে যশের তরি॥"

অজের=অজ রাজার; ছাগের। জনকদুহিতা=সীতা; ভগিনী]। ব্যাজ (কপট) দ্বারা স্তুতি (প্রশংসা), সুপ্; অথবা, ব্যাজপূর্ণা স্তুতি, মধ্যপ। বি; স্ত্রী।

ব্যাজার—বেজার (তাহা দ্রঃ)।

ব্যাজোক্তি—ছলে উক্তি; কাব্যালংকার বিঃ [স্ফুটরূপে প্রকাশিত বিষয়ের ছল দ্বারা গোপনে এই অলংকার হয়। যথা—চন্দ্রাবলীর কুঞ্জ হইতে আগত কৃষ্ণকে রাধা প্রশ্ন করিতেছেন এবং কৃষ্ণ উত্তর দিতেছেন।—

রাধা। নীলোৎপল শ্রীমুখমণ্ডল
ঝামর কাঁহে ভেল।
কৃষ্ণ। মদনজ্বরে তনু তাতল
জাগরে নিশি গেল।
রাধা। নখনির্ঘাতে ক্ষত বক্ষসি
দেওল কোন নারী।
কৃষ্ণ। কণ্টকে তনু ক্ষত বিক্ষত
তোঁহে ঢুঁড়ইতে গোরী।" ইঃ]।

ব্যাজ (ছল) দ্বারা উক্তি (কথন), সুপ্। বি; স্ত্রী। [বি।

ব্যাট—ক্রিকেট খেলিবার দণ্ড বিঃ। <ইং 'bat'.

ব্যাটবল—ক্রীড়া বিঃ, ক্রিকেট খেলা। <ইং 'batball'. বি।

ব্যাটারি—তাড়িত যন্ত্র; কামানশ্রেণী ও গোলন্দাজ সৈন্যদল। <ইং 'battery'. বি।

ব্যাণ্ড—শোভাযাত্রা প্রঃতে বাদিত একতানবাদন। <ইং 'band'. বি।

ব্যাত্ত—বিস্তৃত, প্রসারিত। বি—আ—অত্ বা দা+ক্ত কর্ম। বিণ। [বিণ।

ব্যাদড়া—বিজন্মা; মন্দ; বিশ্রী; কুৎসিত; দুষ্ট। বাংপ্র।

ব্যাদান—প্রসারণ; বিস্তার; খোলা। বি—আ—দা+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**ব্যাদিত**।

ব্যাধ—পশুবধব্যবসায়ী জাতি, শবর; দুষ্ট। ব্যধ্+ণ কর্তৃ। বি; পুং, বা বিণ।

ব্যাধি—রোগ, পীড়া; কুষ্ঠরোগ: নায়কের অবস্থা বিঃ। বি—আ—ধা+কি করণ, ভাব। বি; পুং। বিণ—**ব্যাধিত**।

ব্যাধিগ্রস্ত—পীড়িত, রুগ্ণ। ৩য়াতৎ। বিণ।

ব্যাধিমন্দির—পীড়ার আলয়; শরীর, দেহ ("শরীরং ব্যাধিমন্দিরং")। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ব্যান—দেহমধ্যস্থ পঞ্চবায়ুর অন্যতম। বি—অন্+ঘঞ্ করণ। বি; পুং।

ব্যাপক—বিস্তারিত; বিদীর্ণ; ব্যাপ্তিশীল, দীর্ঘ; আচ্ছাদক। বি—আপ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**ব্যাপিকা**। [অনট্ ভাব। বি; ক্লী।

ব্যাপন—ব্যাপ্তি, বিস্তার; আচ্ছাদন। বি—আপ্+

ব্যাপা—ব্যাপ্ত হওয়া; ব্যাপ্ত করা। কপ্র। ক্রি।

ব্যাপাদ, ব্যাপাদন—বিনাশ; পরের অনিষ্টচিন্তন। বি—আ—পদ্+ণিচ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

ব্যাপাদিত—নিহত, বিনাশিত। বি—আ—পদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

ব্যাপার—ক্রিয়া, কর্ম; নিয়োগ; অভ্যাস, অনুশীলন; ব্যবসায়। বি—আ—পৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

ব্যাপারিত—'ব্যাপৃত' দ্রঃ।

ব্যাপারী (-রিন্)—ব্যবসায়ী; ক্রিয়াসক্ত কার্যাসক্ত। ব্যাপার+ইন্ আছে অর্থে; অথবা, বি—আ—পৃ+ণিন্ কর্তৃ। বিণ।

ব্যাপিকা—১। স্বৈরিণী; উগ্রস্বভাবা স্ত্রী। বি বা বিণ; স্ত্রী। ২। ব্যপনশীলা; পরিব্যাপ্তকারিণী। ব্যাপক+আপ্। বিণ; স্ত্রী।

ব্যাপী (ব্যাপিন্)—১। ব্যাপক, বিসরণশীল: আচ্ছাদক। বিণ। স্ত্রী—**ব্যাপিনী**। ২। বিষ্ণু। বি—আপ+ণিন্ কর্তৃ। বি; পুং।

ব্যাপৃত, ব্যাপারিত—কার্যে নিরত; নিযুক্ত; নিয়োজিত। বি—আ—পৃ+ক্ত কর্তৃ; বি—আ—পৃ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

ব্যাপ্ত—১। বেষ্টিত: পরিপূরিত; পূর্ণ; আচ্ছন্ন, আচ্ছাদিত; বিস্তারিত। বি—আপ্+ক্ত কর্ম। ২। ব্যাপ্তিযুক্ত; প্রসিদ্ধ। বি—আপ্+ক্ত কর্তৃ। বিণ।

ব্যাপ্তি—ছড়াইয়া পড়া, বিস্তৃতি; আবরণ; ঐশ্বর্য বিঃ; শিবের অণিমাদি বিভূতির মধ্যে এক বিভূতি; সহজ গুণ বা ধর্ম; লাভ। বি—আপ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

ব্যাপ্তিশীল—ছড়াইয়া পড়া যাহার স্বভাব এমন, ব্যাপী। ব্যাপ্তি শীল যাহার, বহু। বিণ।

ব্যাপ্য—১। ব্যাপ্তিযোগ্য, ব্যাপনীয়; অল্পদেশবৃত্তিযুক্ত। বিণ। ২। সাধন; হেতু। বি—আপ্+ণ্যৎ কর্ম। বি; ক্লী।

ব্যাবর্তন—১। পরাঙ্মুখ হওয়া, ফেরা; আবর্তন, rotation; মোচড়, torsion. বি—আ—বৃত্+অনট্ ভাব। ২। পরাঙ্মুখীকরণ, ফেরানো। বি—আ—বৃত্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**ব্যাবর্তিত**।

ব্যাবহারিক—১। বিষয়কর্ম সম্বন্ধীয়; প্রয়োগমূলক, ফলিত, practical ('—বিজ্ঞান'); আইন সম্বন্ধীয়; প্রথানুযায়ী। ব্যবহার+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**। ২। মন্ত্রী; বিচারক; আইনজ্ঞ ব্যক্তি। ব্যবহার+ইক জ্ঞাতার্থে। বি; পুং।

ব্যাবৃত্ত—১। যে ফিরিয়াছে এমন; নিবৃত্ত; খণ্ডিত; নিষিদ্ধ। বি—আ—বৃত্+ক্ত কর্তৃ। ২। নিবারিত; আচ্ছাদিত। বি—আ—বৃত্+ক্ত কর্ম। বিণ। বি, **-ত্তি**।

ব্যাভার—<ব্যবহার। বি।

ব্যাম, ব্যামন—বাহুদ্বয় উভয়পার্শ্বে সম্পূর্ণ বিস্তৃত করিলে এক বাহুর অঙ্গুলির অগ্রভাগ হইতে অপর বাহুর অঙ্গুলির অগ্রভাগ পর্যন্ত দৈর্ঘ্য, বাঁও। বি—আ—অম্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

ব্যামো—পীড়া, ব্যাধি। <ব্যামোহ। বি।

ব্যামোহ—অজ্ঞানতা, বিমূঢ়তা; রোগ, ব্যাধি। বি—আ—মুহ্+ঘঞ্ ভাব। বি; পুং।

ব্যায়াম—অঙ্গের নিয়মিত পরিচালনা; শারীরিক শ্রম; শ্রমসাধন-ব্যাপার; মল্লক্রীড়া কসরত প্রঃ; দুর্গম স্থানে ভ্রমণ; পৌরুষ; ব্যাপার; ব্যাম, বাঁও; দৈর্ঘ্য। বি—আ—যম্+ঘঞ্ ভাব। বি; পুং।

ব্যারাম—অসুখ, পীড়া। <বে-আরাম। বি; পুং।

ব্যারিস্টার—বিলাতের আইন-পরীক্ষায় উত্তীর্ণ উকিল। <ইং 'barrister'. বি।

ব্যাল—১। সর্প; হিংস্র জন্তু; চিতাবাঘ; দুষ্ট হস্তী; ছন্দো বিঃ। বি; পুং। ২। ক্রূর; হিংস্র; অপকারী। বি—আ—অল্+অচ্ কর্তৃ। বিণ।

ব্যালগ্রাহ, -গ্রাহী (-গ্রাহিন্)—আহিতুণ্ডিক, সাপুড়ে। উপতৎ; ব্যাল—গ্রহ্+অণ্, ণিন্ কর্তৃ। বি; পুং।

ব্যালোল—চঞ্চল; আকুল; বিশৃঙ্খল। বি—আ—লোল্+অচ্ কর্তৃ। বিণ।

ব্যাস—১। বেদবিভাগকর্তা মুনি বিঃ; পুরাণপাঠক ব্রাহ্মণ। বি—আ—অস্+অচ্ কর্তৃ। ২। বৃত্তের মধ্যস্থ যে সরল রেখা কেন্দ্রের মধ্য দিয়া যখন ঘুরিয়া উভয় দিকে পরিধিকে স্পর্শ করে তাহা, diameter. বি—আ—অস্+ঘঞ্ করণ। ৩। সমাসের বিগ্রহ-বাক্য; পরিমাণ বিঃ। বি—অস্+ঘঞ্ কর্ম। ৪। বিভাগ; বিস্তার। বি—আ—অস্+ঘঞ্ ভাব। বি; পুং।

ব্যাসকূট—ব্যাসরচিত গ্রন্থগ্রন্থিস্বরূপ দুর্বোধ্য ও অস্পষ্ট শ্লোক। ব্যাসরচিত কূট (অর্থাৎ দুর্বোধ্য শ্লোক), মধ্যপ। বি; পুং বা ক্লী।

ব্যাসক্ত—অতি আসক্ত; সংলগ্ন। বি—আ—সন্জ্+ক্ত কর্তৃ। বিণ। বি—**ব্যাসক্তি**।

ব্যাসার্ধ—ব্যাসের অর্ধভাগ; বৃত্তের কেন্দ্র হইতে পরিধি পর্যন্ত অঙ্কিত সরলরেখা, radius. ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী।

ব্যাহত—নিষিদ্ধ, প্রতিবিদ্ধ; প্রতিহত; নিবারিত; বিফলীকৃত; ভীত; হতাশ; দূরীকৃত। বি—আ—হন্+ক্ত কর্ম। বিণ।

ব্যাহৃতি—১। উক্তি, কথন। বি—আ—হৃ+ক্তি ভাব। ২। ভূঃ ভুবঃ স্বঃ প্রঃ মন্ত্র। বি—আ—হৃ+ক্তি কর্ম। বি; স্ত্রী।

ব্যুৎক্রম—ক্রমবিপর্যয়, inversion ; ব্যতিক্রম; অনিয়ম। বি—উৎ—ক্রম্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ—**ব্যুৎক্রান্ত**।

ব্যুৎপত্তি—পাণ্ডিত্য; কৌশল; শাস্ত্রে বিশেষ সংস্কার বা পাণ্ডিত্য; শব্দের প্রকৃতিপ্রত্যয়াদি সম্বন্ধে বিশেষ জ্ঞান ও তৎসমুদয়েব নির্ধারণ ক্ষমতা, প্রকৃতি-প্রত্যয় হইতে উৎপত্তি, derivation. বি—উৎ—পদ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

ব্যুৎপন্ন—পণ্ডিত; শাস্ত্রজ্ঞানবান্; ব্যুৎপত্তিযুক্ত; প্রকৃতিপ্রত্যয়সাহায্যে উৎপন্ন। বি—উৎ—পদ্+ক্ত কর্তৃ। বিণ।

ব্যুৎপাদক—ব্যুৎপত্তিজনক; সংস্কারজনক। বি—উৎ—পদ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -**দিকা**।

ব্যুৎপাদিত—প্রকৃতিপ্রত্যয়াদি যোগে নিষ্পাদিত। বি—উৎ—পাদি+ক্ত কর্ম। বিণ।

ব্যুৎপাদ্য—ব্যুৎপত্তিলভ্য। বি—উৎ—পদ্+ণ্যৎ কর্ম। বিণ।

ব্যূঢ়—বিবাহিত; ব্যূহনিবদ্ধ; ঠাস; বিপুল, প্রশস্ত; দৃঢ়। বি—বহ্+ক্ত কর্ম। বিণ।

ব্যূঢ়োরস্ক—বিশালবক্ষঃ, যাহার বক্ষঃস্থল বিশাল এমন। ব্যূঢ় হইয়াছে উরঃ যাহার, বহু (সমাসান্ত ক আগম)। বিণ।

ব্যূহ—১। বলবিন্যাস, সৈন্যরচনা; বিস্তার; নির্মাণ, গঠন; তর্ক। বি—উহ্+ঘঞ্ ভাব। ২। সমূহ; সৈন্যসমূহ; দেহ। বি—উহ্+ঘঞ্ কর্ম। বি; পুং।

ব্যূহিত—সৈন্যরচিত, ব্যূহে সন্নিবেশিত। ব্যূহ+ইতচ্ জাতার্থে। বিণ।

ব্যোম (ব্যোমন্)—আকাশ; জল; সূর্যদেবের উপা-সনার্থ মন্দির; অভ্রক। ব্যে+মন্ বা বি+অবি+মনিন্ কর্তৃ (নিপা)। বি; ক্লী।

ব্যোমকেশ—শিব। ব্যোমে অর্থাৎ আকাশে কেশ যাঁহার, বহু। বি; পুং।

ব্যোমচর—১। আকাশে ভ্রমণকারী। বিণ। স্ত্রী, -**রী**। ২। পক্ষী; গ্রহ; নক্ষত্র। উপতৎ; ব্যোমন্—চর্+ণিন্ কর্তৃ। বি; পুং।

ব্যোমযান—উড়োজাহাজ; বেলুন; বিমান, দেবযান। ব্যোমে যান (গমন) যদ্দ্বারা, বহু; অথবা, ব্যোম-গামী যান (রথাদি), মধ্যপ। বি; ক্লী।

ব্রজ—১। সমূহ। ব্রজ্+অচ্ কর্তৃ। ২। গোষ্ঠ; মথুরাসমীপস্থ গোকুলগ্রাম; পথ। ব্রজ্+ঘ অধি। ৩। গমন ('পদব্রজে')। ব্রজ্+ক ঘঞর্থে ভাব। বি; পুং।

ব্রজকামিনী, -গোপী, -নারী, -বধূ, -বালা, -রমণী—ব্রজাঙ্গনা, বৃন্দাবনের গোপনারী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ব্রজকিশোর, -গোপাল, -সুন্দর—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ব্রজকিশোরী—শ্রীরাধিকা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ব্রজধাম (-ধামন্)—বৃন্দাবন, গোকুল। মধ্যপ। বি; ক্লী।

ব্রজন—পর্যটন, ভ্রমণ। ব্রজ্+অনট্ ভাব। বি; ক্লী।

ব্রজনাথ, ব্রজমোহন—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ব্রজবল্লভ, ব্রজেন্দ্র—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ, ৭মীতৎ। বি; পুং।

ব্রজবাসী (-বাসিন্)—বৃন্দাবনবাসী; মথুরা ও বৃন্দাবনেব পাণ্ডা। উপতৎ; ব্রজ—বস্+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -**বাসিনী**।

ব্রজবিহারী (-হারিন্)—শ্রীকৃষ্ণ। ব্রজ—বি—হৃ+ণিন্ কর্তৃ। বি; পুং।

ব্রজবুলি—বৈষ্ণব পদাবলীতে ব্যবহৃত উত্তর বিহারের মিশ্রভাষা বিঃ; মৈথিলীব অনুকরণে ও বাঙ্গালার মিশ্রণে উৎপন্ন ভাষা। বাংপ্র। বি।

ব্রজভাষা—হিন্দীভাষার শাখা বিঃ [প্রাচীন মিথিলার এক অংশকে ব্রজ বলিত, ব্রজভাষা সেইখানকার ভাষা। ব্রজবুলি ও ব্রজভাষা স্বতন্ত্র]। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি; স্ত্রী।

ব্রজলীলা—শ্রীকৃষ্ণের বৃন্দাবনের কার্যাবলী। ৭মীতৎ।

ব্রজাঙ্গনা—বৃন্দাবনের গোপী। ব্রজের অঙ্গনা (রমণী), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ব্রজ্যা—গমন; পর্যটন; দেশভ্রমণ। ব্রজ্+ক্যপ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

ব্রণ—ক্ষত, ঘা; ফোড়া, ফুসকুড়ি। ব্রণ্+অচ্ কর্তৃ। বি; পুং বা ক্লী।

ব্রত—পুণ্যজনক বা পাপক্ষয়কর কর্ম, চান্দ্রায়ণাদি; নিয়ম; ভক্ষণ। বৃ+অতচ্ কর্ম; অথবা, ব্রজ্+ঘ করণ (নিপা)। বি; পুং বা ক্লী।

ব্রতচারী (-রিন্)—১। ব্রতপালনকারী। ব্রত—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চারিণী**। ২। নৃত্য বিঃ। বাংপ্র। বি।

ব্রততি, ব্রততী—১। লতা, বল্লী। প্র—তন্+ক্তিচ্ কর্তৃ (নিপা); পক্ষে ঈপ্। ২। বিস্তার। প্র—তন্+ক্তি ভাব; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

ব্রতদাস—দেবদাস, যে ইষ্টদেবের পূজার নিয়ম যথা-রীতি পালন করিয়া চলে এরূপ ভক্ত ("হয়ে মোর ব্রতদাস, মোর পূজা পরকাশ, মরত ভুবনে গিয়া কর"—ভারত)। মধ্যপ। বি; পুং।

ব্রতী (ব্রতিন্)—১। ব্রতবিশিষ্ট; নিযুক্ত, রত; নিয়মধারী। বিণ। স্ত্রী—**ব্রতিনী**। ২। যজমান; তপস্বী। ব্রত+ইন্ আছে অর্থে। বি; পুং।

ব্রতোপবাস—ব্রতের নিয়মানুযায়ী উপবাস। মধ্যপ। বি; পুং।

***ব্রহ্ম** (ব্রহ্মন্)—চিৎস্বরূপ; পরমেশ্বর; বেদমন্ত্র; বেদ; বেদজ্ঞান; ব্রহ্মতেজঃ; তত্ত্ব, তৎ-সৎ; তপস্যা। বৃন্হ্+মনিন্ করণ। বি; ক্লী।

***ব্রহ্মচর্য**—ব্রহ্মচারীর ধর্ম; স্ত্রী-পুরুষের স্মরণ কীর্তন প্রঃ অষ্টবিধ মৈথুনাভাব; ব্রত বিঃ। ব্রহ্মন্—চর্+যৎ কর্ম। বি; ক্লী।

***ব্রহ্মচর্যাশ্রম**—ব্রহ্মচারীর আশ্রম, ব্রহ্মচারীর ধর্ম, উপনয়নের পর গুরুগৃহে থাকিয়া বেদাধ্যয়ন। কর্মধা। বি; পুং।

***ব্রহ্মচারী** (-চারিন্)—প্রথমাশ্রমী, উপনয়নানন্তর যে দ্বিজতনয় গুরুগৃহে বাস করিয়া বেদাধ্যয়ন করে সেই; মৈথুনত্যাগী। উপতৎ; ব্রহ্মন্—চর্+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-চারিণী**।

***ব্রহ্মজ্ঞ**—বেদজ্ঞ; তত্ত্বজ্ঞানী, ব্রহ্মজ্ঞানী; মুনি ঋষি প্রঃ। উপতৎ; ব্রহ্মন্—জ্ঞা+ক কর্তৃ। বিণ।

***ব্রহ্মজ্ঞান**—ব্রহ্মবিষয়ক জ্ঞান, আত্মতত্ত্ববোধ; নির্বাণ; কৈবল্য; আধ্যাত্মিক জ্ঞান। ব্রহ্মসম্বন্ধীয় জ্ঞান, মধ্যপ। বি; ক্লী।

***ব্রহ্মজ্ঞানী** (-জ্ঞানিন্)—ব্রহ্মজ্ঞানবিশিষ্ট, যাহার ব্রহ্মজ্ঞান হইয়াছে এমন; ব্রাহ্মধর্মাবলম্বী। ব্রহ্মজ্ঞান+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-জ্ঞানিনী**।

ব্রহ্মডাঙ্গা—উচ্চ অনুর্বর ভূমি; ব্রাহ্মণের বাসোপযুক্ত উচ্চ ভূমি। বাংপ্র। বি।

***ব্রহ্মণ্য**—১। ব্রহ্ম বা ব্রাহ্মণ সম্বন্ধীয়। বিণ। ২। ব্রহ্মতেজঃ। ব্রহ্মন্+যৎ সম্বন্ধার্থে, ভবার্থে। ৩। ব্রহ্মত্ব। ব্রহ্মন্+যৎ ভাবে। বি; ক্লী। ৪। বিষ্ণু। ব্রহ্মন্+যৎ রক্ষকার্থে। বি; পুং।

***ব্রহ্মণ্যদেব**—নারায়ণ; শ্রীকৃষ্ণ। কর্মধা। বি; পুং।

***ব্রহ্মতাল**—চতুর্মুখ তাল, মৃদঙ্গের চতুর্দশমাত্রিক তাল বিঃ। ব্রহ্মাখ্য তাল, মধ্যপ। বি; পুং।

ব্রহ্মতালু—মাথার চাঁদি, ব্রহ্মরন্ধ্র। বাংপ্র। বি।

***ব্রহ্মতীর্থ**—পুষ্করতীর্থ; অংগুষ্ঠমূলভাগ। ব্রহ্ম-প্রিয় তীর্থ, মধ্যপ। বি; ক্লী।

***ব্রহ্মতেজঃ** (-তেজস্)—ব্রহ্মজ্ঞানোদ্ভূতা শক্তি। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী।

***ব্রহ্মত্ব**—ব্রহ্মভাব, ব্রহ্মসাযুজ্য, ব্রহ্মপদ। ব্রহ্মন্+ত্ব ভাবে। বি; ক্লী।

***ব্রহ্মত্র**—ব্রাহ্মণকে ভূম্যধিকারী অথবা রাজা যে নিষ্কর ভূমি প্রদান করেন তাহা। ব্রহ্মন্—ত্রৈ+ক কর্তৃ। বি; ক্লী।

***ব্রহ্মদৈত্য**—প্রেতযোনিপ্রাপ্ত ব্রাহ্মণ। ব্রহ্মাই (ব্রাহ্মণই) দৈত্য, কর্মধা। বি; পুং।

***ব্রহ্মন্**—'ব্রহ্ম ও ব্রহ্মা' দ্রঃ।

***ব্রহ্মপিশাচ**—ব্রহ্মরাক্ষস, ব্রহ্মদৈত্য। কর্মধা। বি; পুং।

***ব্রহ্মপুত্র**—সুবিখ্যাত নদ; তীর্থ বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

***ব্রহ্মপুরী**—ব্রহ্মার আবাসস্থল, ব্রহ্মলোক। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ব্রহ্মবাদিনী—১। বেদমাতা, গায়ত্রী। বি; স্ত্রী। ২। বেদাধ্যায়িনী; ব্রহ্মজ্ঞা। ব্রহ্মবাদিন্+ঈপ্। বিণ; স্ত্রী।

***ব্রহ্মবাদী** (-দিন্)—ব্রহ্মজ্ঞ; বৈদান্তিক; যিনি ব্রহ্ম-বিদ্যা-বিষয়ক উপদেশ দেন। ব্রহ্মন্—বদ্+ণিন্ কর্তৃ। বিণ।

***ব্রহ্মবিদ্যা**—ব্রহ্মজ্ঞান; বেদান্তশাস্ত্র। ব্রহ্মসম্বন্ধীয়া বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।

***ব্রহ্মময়**—ব্রহ্মস্বরূপ; ব্রহ্মকর্তৃক পরিব্যাপ্ত। ব্রহ্মন্+ময়ট্ স্বরূপার্থে, ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, **-মী**।

***ব্রহ্মরন্ধ্র**—শিরোদেশস্থ ব্রহ্মস্থিতিস্থানস্বরূপ ছিদ্র, শিরোদেশস্থ ব্রহ্মপ্রাপ্তির হেতুভূত স্থান, ব্রহ্মতালু। ব্রহ্মাধিষ্ঠিত রন্ধ্র, মধ্যপ। বি; ক্লী।

***ব্রহ্মর্ষি**—বশিষ্ঠাদি ব্রাহ্মণ-ঋষি। ব্রহ্মা অর্থাৎ ব্রাহ্মণই ঋষি, কর্মধা। বি; পুং।

***ব্রহ্মর্ষিদেশ**—কুরুক্ষেত্র মৎস্য পঞ্চাল ও শূরসেন—এই চারি দেশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

***ব্রহ্মলোক**—ব্রহ্মার ভুবন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

***ব্রহ্মশাপ**—ব্রাহ্মণের দেওয়া অভিশাপ। মধ্যপ। বি; পুং।

***ব্রহ্মসংগীত**—ব্রহ্মবিষয়ক গান। মধ্যপ। বি; ক্লী।

***ব্রহ্মসমাজ**—ব্রাহ্মসমিতি; ব্রাহ্মণসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

***ব্রহ্মসূত্র**—যজ্ঞোপবীত, পইতা; ব্রহ্মপ্রতিপাদক শারীরক সূত্র, বেদান্ত সূত্র। ব্রহ্মার (ব্রাহ্মণের), ব্রহ্মের সূত্র, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

***ব্রহ্মস্ব**—ব্রাহ্মণের বিত্ত বা সম্পত্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

***ব্রহ্মহত্যা**—ব্রাহ্মণ-বধ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

***ব্রহ্মহা** (ব্রহ্মহন্)—ব্রাহ্মণবধকারী, ব্রহ্মহত্যাকারী। উপতৎ; ব্রহ্মন্—হন্+ক্বিপ্ কর্তৃ। বিণ; পুং বা স্ত্রী।

***ব্রহ্মহৃদয়**—নক্ষত্র বিঃ, Capella. বি; ক্লী।

***ব্রহ্মা** (ব্রহ্মন্)—বিধাতা, সৃষ্টিকর্তা, চতুরানন, প্রজাপতি, বিরিঞ্চি, স্বয়ম্ভূ; ঋত্বিগ্ বিঃ; ব্রাহ্মণ; ধর্মশাস্ত্রপ্রযোজক ঋষি বিঃ। বৃন্হ্+মনিন্ কর্তৃ। বি; পুং।

*ব্রহ্মাণী—ব্রহ্মার শক্তি, দেবী বিঃ; ব্রহ্মার পত্নী। ব্রহ্মন্—অন্+ণিচ্+অণ্ কর্তৃ+ঈপ্ (ণত্ব), মতান্তরে ব্রহ্মন্+আনীপ্। বি; স্ত্রী।

*ব্রহ্মাণ্ড—জগৎ, পৃথিবী, বিশ্বগোলক। ব্রহ্মসৃষ্ট অণ্ড (ডিম্ব), মধ্যপ। বি; ক্লী।

*ব্রহ্মাবর্ত—কুরুক্ষেত্রের সন্নিহিত এবং সরস্বতী ও দৃষদ্বতী এই উভয় নদীর মধ্যবর্তী দেশ; তীর্থ বিঃ। ব্রহ্মার (ব্রাহ্মণের) আবর্ত (বাসস্থান), ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

*ব্রহ্মারণ্য—বেদাধ্যয়নভূমি, বেদপাঠের স্থান। ব্রহ্মের (বেদপাঠের) অরণ্য, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

*ব্রহ্মাস্ত্র—১। ব্রহ্মদৈবতাস্ত্র, যে অস্ত্রের অধিষ্ঠাতা দেবতা ব্রহ্মা তাহা। ব্রহ্মাধিষ্ঠিত অস্ত্র, মধ্যপ। ২। ব্রহ্মশাপ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ৩। অব্যর্থ অস্ত্র বা বারণের উপায়। বাংপ্র। বি।

*ব্রহ্মোত্তর—১। ব্রাহ্মণস্বামিক (ভূম্যাদি)। ব্রহ্মন্ (ব্রাহ্মণ) উত্তর (প্রধান, অথবা অধিকারী) যাহাতে, বহু। বিণ। ২। ব্রাহ্মণকে প্রদত্ত নিষ্কর ভূমি। <ব্রহ্মত্র। বি।

ব্রান্ডি, ব্র্যান্ডি—পাশ্চাত্যদেশীয় একপ্রকার মদ। <ইং 'brandy'. বি।

ব্রাত্য—সংস্কারহীন; যজ্ঞোপবীতশূন্য; অযোগ্যকালে উপনীত। ব্রাত (সমূহ, সমাজ)+যৎ চ্যুতার্থে। বিণ।

ব্রাত্যক্ষত্রিয়—ক্ষত্রিয়োচিত সংস্কার-বর্জিত জাতি; কায়স্থজাতি। কর্মধা। বি; পুং।

*ব্রাহ্ম—১। হস্তের অঙ্গুষ্ঠমূলদেশ; ব্রহ্মপুরাণ। বি; ক্লী। ২। বরকে আহ্বানপূর্বক অলংকৃত কন্যাদান; বেদাধ্যয়নানন্তর গুরুকুল হইতে সমাগত বিপ্রের পূজাদিরূপ রাজধর্ম; রামমোহন রায় প্রবর্তিত ধর্ম-মত। ব্রহ্মন্+অণ্ সম্বন্ধার্থে, জ্ঞানার্থে। ৩। ব্রহ্মার পুত্র নারদ। ব্রহ্মন্+অণ্ অপত্যার্থে। বি; পুং। ৪। ব্রহ্ম সম্বন্ধীয়; তপস্যাসম্ভূত; ব্রহ্মজ্ঞানী; রাম-মোহন রায় প্রবর্তিত-ধর্মমতাবলম্বী। ব্রহ্মন্+অণ্ সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী—ব্রাহ্মী।

*ব্রাহ্মণ—১। শ্রেষ্ঠবর্ণ; দ্বিজোত্তম। ব্রহ্মন্ (বিপ্র, প্রজাপতি)+অণ্ অপত্যার্থে; অথবা, ব্রহ্মন্ (বেদ) +অণ্ অধ্যয়নার্থে। বি; পুং। ২। বেদের টীকা। ব্রহ্মন্+অণ্ স্বার্থে। বি; ক্লী। ৩। ব্রহ্মজ্ঞ। ব্রহ্মন্ +অণ্ জ্ঞাতার্থে। বিণ।

*ব্রাহ্মণপণ্ডিত—শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ। যিনি ব্রাহ্মণ তিনিই পণ্ডিত, কর্মধা। বি; পুং।

ব্রাহ্মণ-ভোজন—ব্রাহ্মণকে নিমন্ত্রণ করিয়া খাওয়ানো। ৬ষ্ঠীতৎ। বি, ক্লী।

ব্রাহ্মণী—ব্রাহ্মণপত্নী; ব্রাহ্মণজাতীয়া স্ত্রী। ব্রাহ্মণ+ঈপ্। বি; স্ত্রী।

ব্রাহ্মণ্য—ব্রাহ্মণসমূহ; ব্রাহ্মণত্ব, ব্রাহ্মণের ধর্ম। ব্রাহ্মণ+ষ্যঞ্ সমূহাদ্যর্থে। বি; ক্লী।

*ব্রাহ্মধর্ম—রাজা রামমোহন রায়ের প্রবর্তিত ধর্ম-মত। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।

*ব্রাহ্মবিবাহ—বরকে আহ্বানপূর্বক সালংকারা কন্যা-দান; ব্রাহ্মসমাজের পদ্ধতি অনুসারে বিবাহ। কর্মধা। বি; পুং।

*ব্রাহ্মমুহূর্ত—অরুণোদয় কালের প্রথম দণ্ডদ্বয়, সূর্যোদয়ের প্রাক্কাল। কর্মধা। বি; পু বা ক্লী।

*ব্রাহ্মসমাজ—রামমোহন রায়-প্রবর্তিত ব্রাহ্মধর্মাবলম্বি-গণের সমাজ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ব্রাহ্মিকা—ব্রাহ্মমহিলা। বাংপ্র। বি।

*ব্রাহ্মী—১। ব্রহ্মার শক্তি বিঃ; মাতৃবিশেষ; সরস্বতী; রোহিণী নক্ষত্র; মেধা স্বর ও অগ্নিবর্ধক শাক বিঃ; একপ্রকার লিপি। বি; স্ত্রী। ২। ব্রহ্মসম্বন্ধিনী; ব্রহ্মোপাসিকা। ব্রাহ্ম+ঈপ্। বিণ; স্ত্রী।

ব্রিজ—সেতু, পুল; একপ্রকার তাসখেলা। <ইং 'bridge'. বি।

[বিণ বা বি।

ব্রিটিশ—ব্রিটেনদেশীয়; ইংরেজ। <ইং 'British'.

ব্রীড়, ব্রীড়ন, ব্রীড়া—ত্রপা, লজ্জা। ব্রীড়+ঘঞ্, অনট্, অঙ্ ভাব+আপ্। বি; পুং, ক্লী, স্ত্রী। বিণ—ব্রীড়িত।

ব্রীড়াবনত—লজ্জায় আনত, যে লাজে নুইয়া পড়িয়াছে এমন। ব্রীড়াহেতু অবনত। ৩য়াতৎ। বিণ।

ব্রীহি—ধান্য; আশুধান্য, আউশ ধান। বৃহ্+ইন্ কর্ম (নিপা)। বি; পুং।

ব্রুচ, ব্রোচ—একপ্রকার গহনা। <ইং 'brooch'. বি।

ব্র্যাকেট—কথনীচিহ্ন, ( ), { }, [ ]; প্রাচীরসংলগ্ন বস্ত্রাধার বিঃ। <ইং 'bracket'. বি।

ব্লক—চিত্রাদি ছাপিবার ক্ষোদিত কাষ্ঠময় বা ধাতুময় ফলক; বড় বাড়ি ইত্যাদির এক একটি অংশ বা বিভাগ; <ইং 'block'. বি।

['blotting-paper'. বি।

ব্লটিং—চোষ কাগজ, কালি চুষিবার কাগজ; <ইং

ব্লাউজ—নারীদিগের জামা বিঃ। <ইং 'blouse'. বি।

[ভ]

ভ—১। বাংলা বর্ণমালার চতুর্বিংশ ব্যঞ্জনবর্ণ [ইহা ওষ্ঠ হইতে উচ্চারিত হয়]। ২। নক্ষত্র; গ্রহ। বি; ক্লী। ৩। শুক্রাচার্য; মেষাদি রাশি। ভা+ক কর্তৃ। ৪। ভ্রমর। ভণ্+ড কর্তৃ। বি; পুং।

ভই—হইয়া; হয়; হই। প্রা কপ্র। ক্রি। **ভই গেও**—হইল, হইয়া গেল। [বাংপ্র। অ।

ভক—গন্ধ ধোঁয়া প্রঃর হঠাৎ বহির্গমনসূচক শব্দ।

ভকত—< ভক্ত। বি।

ভকার—ভ এই বর্ণ। ভ+কার স্বার্থে। বি; পুং।

ভক্ত—১। অন্ন, ভাত। ভজ্+ক্ত কর্ম। বি; ক্লী। ২। যাহার ভক্তি আছে এমন, ভক্তিমান্; অনুরক্ত, অনুগত, সেবক। ভজ্+ক্ত ভাব; ভক্ত+অচ্ বিশিষ্টার্থে। ৩। বিভক্ত। ভজ্+ক্ত কর্ম। বিণ।

ভক্তদাস—ভগবদ্ভক্তের সেবক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভক্তবৎসল—১। ভক্তের প্রতি স্নেহযুক্ত। বিণ। ২। বিষ্ণু। ভক্তে বৎসল, ৭মীতৎ। বি; পুং।

ভক্তবিটেল—ভণ্ডসাধু, ভক্তের ভানকারী। কর্মধা (বাংপ্র)। বি বা বিণ।

ভক্তাধীন—ভক্তের বশ। ৬ষ্ঠীতৎ। বিণ।

ভক্তি—পূজ্য ব্যক্তির প্রতি অনুরাগ; ঈশ্বরে অনুরাগ; শ্রদ্ধা; সেবা; প্রেম; ভাগ; বিশ্লেষণ (স্বর —)। ভজ্+ক্তি ভাব। বি; স্ত্রী। **নববিধা ভক্তি**—বিষ্ণুর শ্রবণ, কীর্তন, স্মরণ, পাদসেবন, অর্চন, বন্দন, দাস্য, সখ্য, আত্মনিবেদন।

ভক্তিতত্ত্ব—ভক্তি সম্বন্ধীয় তথ্য, ভক্তির স্বরূপ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ভক্তিপ্লুত—ভক্তিদ্বারা ব্যাপ্ত, ভক্তিপূর্ণ। ৩য়াতৎ। [বিণ।

ভক্তিভাজন—ভক্তির পাত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ভক্তিমান্ (-মৎ)—ভক্তিবিশিষ্ট, যাহার ভক্তি আছে এমন। ভক্তি+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -মতী।

ভক্তিযোগ—পরমেশ্বর ভজনসম্বন্ধ; ভক্তিদ্বারা ভগবৎপ্রাপ্তির চেষ্টা। কর্মধা বা সহার্থে ৩য়াতৎ। বি; পুং।

ভক্ষক—ভোক্তা, ভক্ষণকারক। ভক্ষ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—ভক্ষিকা। [ক্লী।

ভক্ষণ—ভোজন, খাওয়া। ভক্ষ্+অনট্ ভাববা। বি;

ভক্ষণীয়, ভক্ষ্য—১। ভোজনীয়, ভক্ষণযোগ্য। বিণ। ২। খাদ্যদ্রব্য। ভক্ষ্+অনীয়, ণ্যৎ কর্ম। বি; ক্লী।

ভক্ষিত—খাদিত, ভুক্ত। ভক্ষ্+ক্ত কর্ম। বিণ।

ভক্ষ্য—'ভক্ষণীয়' দ্রঃ।

ভগ—স্ত্রী-যোনি; গুহ্যদেশ, মলদ্বার; ঐশ্বর্য বীর্য যশঃ শ্রী জ্ঞান বৈরাগ্য—এই ছয়; সৌভাগ্য; সৌন্দর্য; উৎকর্ষ; মাহাত্ম্য; ইচ্ছা; যত্ন; ধর্ম; মোক্ষ; শক্তি। ভজ্+ঘ কর্ম। বি; ক্লী।

ভগন্দর—গুহ্যদ্বারে ব্রণরোগ, anal fistula. উপতৎ; ভগ—দৃ+খশ্ কর্তৃ। বি; পুং।

ভগবতী—১। দুর্গা; দেবী। বি; স্ত্রী। ২। মান্যা; ভগযুক্তা, ষড়ৈশ্বর্যশালিনী। ভগ+মতুপ্+ঈপ্। বিণ; স্ত্রী।

ভগবদ্গীতা—মহাভারতের ভীষ্মপর্বান্তর্গত কর্মযোগ জ্ঞানযোগ ও ভক্তিযোগবিষয়ক গ্রন্থ বিঃ, অর্জুনের প্রতি শ্রীকৃষ্ণের উপদেশ। ভগবৎকর্তৃক গীতা, ৩য়াতৎ। বিণ; স্ত্রী (পদটি সাধারণতঃ বি; স্ত্রী-রূপে প্রচলিত; ইহার কারণ, গ্রন্থটির পুরা নাম 'শ্রীমদ্ভগবদ্গীতা উপনিষদ্'; উপনিষদ্-শব্দের বিশেষণ বলিয়া 'ভগবদ্গীতা' শব্দটি স্ত্রীলিঙ্গ-রূপে প্রচলিত)।

ভগবদ্ভক্ত—ঈশ্বরভক্তিযুক্ত। ৬ষ্ঠীতৎ। বিণ।

ভগবান্ (-বৎ)—১। পরমেশ্বর, ঈশ্বর; দেব; দেবতুল্য ব্যক্তি; বুদ্ধ; বিষ্ণু; শ্রীকৃষ্ণ। বি; পুং। ২। ঐশ্বর্যাদি ষড়্গুণসম্পন্ন; পূজ্য, মান্য। ভগ+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -বতী।

ভগিনী—বোন, স্বসা, সহোদরা; ভগিনীতুল্যা নারী। ভগ (যত্ন)+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

ভগিনীপতি—ভগিনীর স্বামী, বোনাই। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভগোল—রাশিচক্র। ভ-এর অর্থাৎ নক্ষত্রের গোল (গোলাকার চক্র), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভগ্ন—খণ্ডিত, ভাঙ্গা; পরাজিত; নিরস্ত; অপমানিত; ছিন্ন; বিনষ্ট; দুমড়ানো; কুব্জ; রোগজীর্ণ; দুঃখে অবসন্ন। ভন্জ্+ক্ত কর্ম। বিণ।

ভগ্নদর্প—যাহার দর্প চূর্ণ হইয়াছে এমন। ভগ্ন দর্প যাহার, বহু। বিণ।

ভগ্নদূত—পরাজয়ের সংবাদবাহী দূত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভগ্নপাইক—যে পদাতি যুদ্ধে ভঙ্গ দিয়া রাজাকে শুভাশুভ সংবাদ দেয়; ভগ্নদূত। < ভগ্নপায়িক। বি।

ভগ্নপ্রায়—প্রায় ভাঙ্গা। সুপ্ বা নিত্য। বিণ।

ভগ্নমনোরথ—যাহার আকাঙ্ক্ষা ব্যর্থ হইয়াছে এমন। বহু। বিণ। [যাহার, বহু। বিণ।

ভগ্নশ্রী—যাহার শোভা নষ্ট হইয়াছে এমন। ভগ্না শ্রী

ভগ্নস্তূপ—স্তূপীকৃত ভগ্নাবশেষ, যাহা ভাঙ্গিয়া চুরিয়া পড়িয়াছে তাহার স্তূপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভগ্নাংশ—যে রাশিদ্বারা একের অংশ ব্যক্ত করা যায় তাহা, ভাঙ্গা-অঙ্ক, fraction ; ভগ্ন বস্তুর খণ্ড। ভগ্ন অংশ, কর্মধা। বি; পুং। [পুং।

ভগ্নাঙ্ক—ভাঙ্গা অঙ্ক, fraction. কর্মধা। বি;

ভগ্নাবশেষ—ভাঙ্গিয়া চুরিয়া যাইবার পর যে জিনিস পড়িয়া থাকে তাহা, ধ্বংসাবশেষ। ভগ্নের অবশেষ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভগ্নী—বোন, সহোদরা। <ভগিনী। বি; স্ত্রী।
ভগ্নোৎসাহ, ভগ্নোদ্যম—নিরাশ; হতাশ। বহু। বিণ।
ভঙ্গ—১। ভগ্ন হওয়া; ভাঙ্গা বা বাঁকা ভাব; ভাঁজ; নাশ; অন্ত; পরাজিত হইয়া পলায়ন; পরাজয়; প্রতিবন্ধ; হানি; নিরাস; ভেদ; ব্যসন; ভঙ্গী; ভয়; রচনা। ভন্জ্+ঘঞ্ ভাব। ২। তরঙ্গ; খণ্ড। ভন্জ্+ঘঞ্ কর্ম। ৩। রোগ। ভন্জ্+ঘঞ্ করণ। বি; পুং। ৪। ভাঙ্গা। বাংপ্র। বিণ।
ভঙ্গকুলীন—যে কুলীনবংশে কৌলীন্য প্রথা লঙ্ঘিত হইয়াছে তাহা। বাংপ্র। বি বা বিণ।
ভঙ্গপয়ার—বাঙ্গালা কবিতার একটি ছন্দ। কর্মধা (বাংপ্র)। বি। [৭মীতৎ। বিণ।
ভঙ্গপ্রবণ—ভঙ্গুর, যাহা সহজে ভাঙ্গিয়া যায় এমন।
ভঙ্গি, ভঙ্গী—১। মনোভাবপ্রকাশক অঙ্গচালনা, gesture; অঙ্গবিন্যাস, attitude, pose; ধরন; চাতুরী; ব্যাজ; ভঙ্গিমা; শোভা; রচনা। ভন্জ্+ইন্ ভাব, পক্ষে ঈপ্। ২। তরঙ্গ। ভন্জ্+ইন্ কর্ম, পক্ষে ঈপ্। বি; স্ত্রী। [<ভঙ্গী। বি।
ভঙ্গিমা (-মন্)—অঙ্গবিন্যাস; ধরন; শোভা; চাতুরী
ভঙ্গুর—১। ভঙ্গপ্রবণ; বিনশ্বর; বক্র; ক্রুর। বিণ। ২। নদীর বাঁক। ভন্জ্+ঘুরচ্ কর্তৃ, শীলার্থে। বি; পুং। [মণ্ডল, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ভচক্র, ভমণ্ডল—রাশিচক্র। ভ'র অর্থাৎ নক্ষত্রদের চক্র,
ভজকট—গোলমাল, বিশৃঙ্খলা, লেঠা, ঝঞ্ঝাট; কষ্ট-সাধ্য আয়োজন। বাংপ্র। বি।
ভজং—মন্ত্রণা, পরামর্শ। বাংপ্র। বি।
ভজন, ভজনা—পূজা, উপাসনা; দেবতার মহিমা গান; দেবাদির উদ্দেশে গীত স্তবগীতি; আশ্রয়-গ্রহণ; ভাগ। ভজ্+অনট্ ভাব; ভজ্+অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
ভজনপূজন—উপাসনা। দ্বন্দ্ব। বি; ক্লী।
ভজনা—'ভজন' দ্রঃ।
ভজনালয়—উপাসনা-গৃহ; মন্দির মসজিদ বা গির্জা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [কর্তৃ। বিণ।
ভজমান—উপাসনাকারী; বিভাজক। ভজ্+শানচ্
ভজা—১। ভজনা করা; উপভোগার্থ আস্বাদন করা। কপ্র। ক্রি। ২। উপাসক, ভজনকারী (সাধারণতঃ কর্মবাচক শব্দের পর বসে, যেমন—'কর্তাভজা')। ভজ্+আ কর্তৃ (বাংপ্র)। বিণ। ৩। ভজন ভজহরি প্রঃ নামের সংক্ষেপ। বাংপ্র। বি।
ভজানো—মোকাবিলা করা; সত্য মিথ্যা নির্ণয় করা; প্রমাণ করা; প্রবর্তিত করা; ক্ষতিপূরণ করা; ফুসলানো; ভজনা করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ভজ্যমান—যাহা বিভাগ করা হইতেছে এমন, বিভাজ্য; যাহার উপাসনা করা হইতেছে এমন। ভজ্+শানচ্ কর্ম। বিণ। [বিণ। স্ত্রী—ভঞ্জিকা।
ভঞ্জক—ভগ্নকারক; নিরাসক। ভন্জ্+ণক কর্তৃ।
ভঞ্জন—১। ভঙ্গ; ভগ্ন করণ; নিবারণ, নিরসন। ভন্জ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। ভঞ্জক; নিবারক ('ভবভয়-ভঞ্জন')। ভন্জ্+অন কর্তৃ। বিণ।

ভঞ্জিব—ফ্চাইব; ভাঙ্গিব। কপ্র। ক্রি।
ভট—বর্ণসংকর জাতি বিঃ; ম্লেচ্ছ বিঃ; যোদ্ধা; বীর; পামর; রজনীচর। ভট্+অচ্ কর্তৃ। বি; পুং।
ভটভট—বুদ্বুদ ফাটিয়া বায়ু বাহির হওয়ার শব্দ। বাংপ্র। অ। বি, -টানি।
ভট্ট—বেদজ্ঞ ব্রাহ্মণের উপাধি বিঃ; মিথিলা ও দাক্ষিণাত্যের প্রাচীন ব্রাহ্মণদিগের উপাধি বিঃ; দর্শন-শাস্ত্রজ্ঞ; অধ্যাপক; স্তুতিপাঠক, ভাট। ভট্+তন্ কর্তৃ। বি; ক্লী।
ভট্টাচার্য—যে ব্রাহ্মণ তুতাত ভট্টের মীমাংসা ও উদয়নাচার্যের ন্যায়-সংগ্রহ অধ্যয়ন করিয়া কৃতবিদ্য হইয়াছেন তিনি; দর্শনশাস্ত্রজ্ঞ; বেদাধ্যায়ী ব্রাহ্মণের উপাধি বিঃ; অধ্যাপক; বঙ্গদেশীয় ব্রাহ্মণের উপাধি বিঃ। ভট্ট (তুতাত ভট্ট) এবং আচার্য (উদয়নাচার্য), দ্বন্দ্ব; তাঁহাদিগকে অর্থাৎ তাঁহাদের গ্রন্থ অধ্যয়ন করিয়াছেন ইনি এই অর্থে, ভট্টাচার্য+অচ্। বি; পুং।
ভট্টারক—রবি; পণ্ডিত; রাজা; দেবতা। ভট্ট (স্বামিত্ব) —ঋ+অণ্ কর্তৃ+কন্ সংজ্ঞার্থে। বি; পুং।
ভট্টারকবার—রবিবার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ভড়—বর্ণসংকর জাতি বিঃ; বাঙ্গালী হিন্দুর উপাধি বিঃ; বড় নৌকা বিঃ; ভেলা; মাড়। বাংপ্র। বি।
ভড়ং—বাহ্যাড়ম্বর; চটক; রকম। বাংপ্র। বি।
ভড়কানো—পশ্চাৎপদ করা; ভয়ে আড়ষ্ট করা; চকিত হইয়া পলায়ন করা; ভয়ে কিংকর্তব্যবিমূঢ় নিষ্ক্রিয় বা নির্বাক্ হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ভড়ভড়—জলবুদ্বুদ প্রঃর অনুকার শব্দ। বাংপ্র। অ। ক্রি—ভড়ভড়ানো। বি—ভড়ভড়ানি।
ভণা—বলা। প্রা কপ্র। ক্রি।
ভণিত—১। কথিত, উচ্চারিত। ভণ্+ক্ত কর্ম। বিণ। ২। কথন। ভণ্+ক্ত ভাব। বি; ক্লী।
ভণিতা—১। গ্রন্থকর্তা বা রচয়িতার নামযুক্ত উক্তি; কথা; (ব্যঙ্গে) আড়ম্বরপূর্বক কথারম্ভ। ভণ্+ক্ত কর্ম+আপ্। বি;স্ত্রী। ২। কথিতা। ভণিত+আপ্। বিণ; স্ত্রী।
ভণ্ড—১। কৌতুকী, ভাঁড়। বি; পুং। ২। কপট, ভানকারী; বঞ্চক; মিথ্যা; ছদ্ম। ভন্ড্+অচ্ কর্তৃ। বিণ। বি, -মা, -ম।
ভণ্ডতপস্বী (-তপস্বিন্)—ভণ্ডবিটেল, কপটতপস্বী, বকধর্মী। কর্মধা। বি; পুং। [বি; ক্লী।
ভণ্ডন—প্রতারণা, ভাঁড়ানো। ভন্ড্+অনট্ ভাব।
ভণ্ডামি, ভণ্ডামো—চাতুরী, ছল, ভণ্ডতা। ভণ্ড+আমি, আমো ভাবে (বাংপ্র)। বি।
ভণ্ডুল—পণ্ড, নষ্ট; ব্যর্থ। বাংপ্র। বিণ।
ভদন্ত—বৌদ্ধ শ্রমণাদির সম্মানসূচক আখ্যা। বি; পুং।
ভদ্দর—শিষ্ট, সভ্য। <ভদ্র। বিণ।
ভদ্র—১। উচ্চসমাজভুক্ত, সজ্জন; শিষ্ট, সভ্য, সাধু; ভাগ্যবান্; শ্রেষ্ঠ; মঙ্গলজনক। বিণ। ২। ভাল; মঙ্গল; সৌভাগ্য; সুবর্ণ। বি; ক্লী। ৩। শিব;

মৌলিক কায়স্থদের পদবী বিঃ। ভন্দ্‌+রক্‌ কর্তৃ (নিপা)। বি; পুং।

ভদ্রকালী—ভগবতীর মূর্তি বিঃ। ভদ্র (শিব)—কল্‌+ণিচ্‌+অণ্‌ কর্তৃ+ঈপ্‌। বি; স্ত্রী।

ভদ্রতা—সৌজন্য; শিষ্টতা, সভ্যতা। ভদ্র+তা ভাবে। বি; স্ত্রী।

ভদ্রতাচরণ—শিষ্ট ব্যবহার, সৌজন্যপূর্ণ ব্যবহার। ভদ্রতাযুক্ত আচরণ, মধ্যপ। বি; ক্লী।

ভদ্রতাবিরুদ্ধ—শিষ্টাচারবিরোধী, অশিষ্ট। ৬ষ্ঠী-তৎ। বিণ।

ভদ্রলোক—সম্ভ্রান্ত ব্যক্তি, সজ্জন। কর্মধা। বি; পুং।

ভদ্রসন্তান—ভদ্রলোক; সজ্জনের ছেলে। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [স্ত্রী।

ভদ্রাণী—দুর্গা। ভদ্র+আনীপ্‌ পত্নী অর্থে। বি;

ভদ্রাসন—বসতবাটী; বাস্তুভিটা; সিংহাসন; বীরাসন। বাংপ্র। বি। [তৎ। বিণ।

ভদ্রোচিত—শিষ্ট ব্যক্তির যোগ্য। ভদ্রে উচিত, ৭মী-

ভনভন—মশা ইঃর শব্দ। বাংপ্র। অ। বি, -নানি।

ভনা—বলা, নিজের নামের উল্লেখ করিয়া কবির বলা। কপ্র। ক্রি।

ভপঞ্জর—নক্ষত্ররাশি, রাশিচক্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ভব—১। জগৎ; সংসার। ভূ+অপ্‌ অধি। ২। উৎপত্তি; স্থিতি; প্রাপ্তি; প্রাধান্য। ভূ+অপ্‌ ভাব। ৩। শিব; জলমূর্তিধর শিব; ঈশ্বর; ভূ+অপ্‌ অপা। বি; পুং। ৪। (শব্দের পরবর্তী হইলে) উৎপত্তিজনক; উৎপন্ন। ভূ+অচ্‌ কর্তৃ। বিণ।

ভবকারা—সংসাররূপ কারাগার অর্থাৎ বন্ধনের স্থান। রূপক কর্মধা। বি; স্ত্রী।

ভবঘুরে—যে শুধু শুধু ঘুরিয়া বেড়ায় এমন, নিষ্কর্মা এবং বৃথা ভ্রমণকারী। ভবে ঘুরে যে, উপতৎ (বাংপ্র)। বিণ।

ভবতারণ—১। বিষ্ণু। বি; পুং। ২। সংসারযন্ত্রণা হইতে পরিত্রাণকারী। ভব—তৄ+ণিচ্‌+অন কর্তৃ। বিণ। [+ঈপ্‌। বি; স্ত্রী।

ভবতারিণী—দুর্গা। ভব—তৄ+ণিচ্‌+ণিন্‌ কর্তৃ

ভবদীয়—আপনার, আপনার সম্বন্ধীয়, yours. ভবৎ (যুষ্মদর্থ)+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

ভবন—১। গৃহ, আলয়। ভূ+অনট্‌ অধি। ২। উৎপত্তি; স্থিতি; হওয়া। ভূ+অনট্‌ ভাব। বি; ক্লী।

ভবপার—সংসারসমুদ্রের শেষ; সংসাররূপ বন্ধন হইতে মুক্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ভবপারাবার—সংসারসাগর। রূপক কর্মধা। বি; পুং।

ভববন্ধন—সংসারপাশ; মুক্তিবিঘাতক সংসারানুরাগ; মোক্ষরোধক পুনর্জন্ম। রূপক কর্মধা। বি; ক্লী।

ভবভার—পার্থিব দুঃখ, সাংসারিক যাতনারাশি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভবলীলা—ইহজন্মের কার্য; সংসারলীলা, জীবদ্দশা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। **ভবলীলা শেষ হওয়া, সাঙ্গ হওয়া**—মৃত্যু হওয়া।

ভবসমুদ্র, -সাগর, -সিন্ধু—সংসাররূপ দুস্তর সমুদ্র। রূপক কর্মধা। বি; পুং।

ভবাদৃশ—আপনার মত, আপনার তুল্য। ভবৎ (আপনি)—দৃশ্‌+কঞ্‌ কর্ম। বিণ। স্ত্রী, -শী।

ভবানী—দুর্গা। ভব+আনীপ্‌ জায়া অর্থে। বি; স্ত্রী। [বি; পুং।

ভবানীপতি—শিব। ৬ষ্ঠীতৎ (অনুচিত প্রয়োগ)।

ভবার্ণব—সংসারসমুদ্র। রূপক কর্মধা। বি; পুং।

ভবিতব্য—ভাবী, অবশ্যম্ভাবী, যাহা ঘটিবেই এমন। ভূ+তব্য কর্তৃ। বিণ।

ভবিতব্যতা—অবশ্যম্ভাবিতা; ভাগ্য, অদৃষ্ট। ভবিতব্য+তা ভাবে। বি; স্ত্রী।

ভবিষ্ণু—ভাবী, ভবনশীল। ভূ+ইষ্ণু কর্তৃ। বিণ।

ভবিষ্য—অনাগত, যাহা পরে হইবে এমন। ভূ+স্যতৃ কর্তৃ (ত-কারের লোপ)। বিণ।

ভবিষ্যৎ—১। ভাবী, যাহা হইবে এমন। বিণ। পুং—**ভবিষ্যন্‌**। স্ত্রী—**ভবিষ্যন্তী**। ২। আগামী কাল। ভূ+স্যতৃ কর্তৃ। বি; ক্লী।

ভবিষ্যদ্বক্তা (-বক্তৃ)—গণক, যে ভবিষ্যৎ ঘটনার কথা বলিয়া দিতে পারে এরূপ লোক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভবিষ্যদ্বাণী—যাহা পরে ঘটিবে তাহা অগ্রে বলা। মধ্যপ। বি; স্ত্রী।

ভবিষ্যসূচনা—ভাবী বিষয়ের প্রস্তাব, পরে যাহা ঘটিবে অগ্রে তাহার প্রস্তাব করা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [ভোলবার নয়')। বাংপ্র। বি।

ভবী—ভবানী; (কল্পিত) একগুঁয়ে মেয়ে ('ভবী

ভব্য—শিষ্ট, শান্ত; শুভজনক; শুভযুক্ত; সাধু; ভাগ্যবান্‌; সমীচীন; যোগ্য; রম্য; ভাবী। ভূ+যৎ কর্তৃ। বিণ।

ভব্যতা—ভদ্রতা, সভ্যতা; মঙ্গল। ভব্য+তা ভাবার্থে। বি; স্ত্রী।

ভব্যযুক্ত—ভব্য; ভদ্রতুল্য, genteel. বাংপ্র। বিণ।

ভভম্ভম—শিবের গাল বাজানোর শব্দ; শিঙ্গার শব্দের অনুকরণশব্দ ("ভভম্ভম ভভম্ভম শিঙ্গা ঘোর বাজে"—ভারত)। প্রা কপ্র। অ।

ভমণ্ডল—'ভচক্র' দ্রঃ।

ভয়—১। শঙ্কা, ত্রাস, আতঙ্ক। ভী+অচ্‌ ভাব। ২। ভয়হেতু। ভী+অচ্‌ অপা। বি; ক্লী।

ভয়ংকর, ভয়াবহ—ভয়জনক, ভীষণ। উপতৎ; ভয়—কৃ+খ কর্তৃ; ভয়ের আবহ, ৬ষ্ঠীতৎ। বিণ।

ভয়ংকরী—১। দেবী ভগবতীর সখীরূপা আবরণ-দেবতা বা যোগিনী বিঃ। ভয়ংকর+ঈপ্‌। ২। ভীষণা। বাংপ্র। বিণ; স্ত্রী।

ভয়চকিত—ভয়ে চমকিত। ৩য়াতৎ। বিণ।

ভয়তরাসে—ভয়াতুর, ভীত। বাংপ্র। বিণ।

ভয়ত্রাতা (-ত্রাতৃ)—ভীতিদূরকারী। ৫মীতৎ। বিণ। স্ত্রী, -ত্রী।

ভয়নাশন—১। ভয়নিবারক। বিণ। ২। বিষ্ণু। ভয়—নশ্‌+ণিচ্‌+অন কর্তৃ। বি; পুং। ৩। ভয়দূরীকরণ। ভয়—নশ্‌+ণিচ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী।

ভয়বিহ্বল—ভয়ে কাতর, ভয়ার্ত। ৩য়াতৎ। বিণ।

ভয়ষা—মহিষজাত ('—ঘি')। √মহিষ। বিণ।

ভয়ানক—১। ভয়ংকর, ভয়জনক। বিণ। ২। কাব্যের রস বিঃ [ভয় এই রসের স্থায়ী ভাব। যথা—
"গলিত রুধিরধারা মুণ্ডমালা গলে।
গলিতরুধির মুণ্ড বাম করতলে॥
মার বাম করেতে কৃপাণ খরশাণ।"
—ভারত]।
ভী+আনক অপা। বি; পুং। ৩। খুব, অত্যন্ত। বাংপ্র। বিণ। [কর্তৃ। বিণ।
ভয়াপহ—ভয়নাশক। উপতৎ; ভয়—অপ—হন্+ড
ভয়াবহ—'ভয়ংকর' দ্রঃ। [৩য়াতৎ। বিণ।
ভয়ার্ত—ভয়ে কাতর। ভয় দ্বারা ঋত বা আর্ত,
ভয়াল—ভীষণ, ভয়ানক, ভয়জনক। বাংপ্র। বিণ।
ভর—১। ভার; আধিক্য; অবলম্বন; ভরণ; গৌরব; পূরণ। ভৃ+অপ্ ভাব। ২। সমূহ; (পদার্থবিদ্যায়) তাল, mass. ভৃ+অপ্ কর্ম। বি; পুং। ৩। ভরণ-কর্তা। ভৃ+অচ্ কর্তৃ। বিণ। ৪। আবির্ভাব, অধি-ষ্ঠান ('পঞ্চানন্দের —')। বি। ৫। সমস্ত, সারা, পূর্ণ। বাংপ্র। বিণ।
ভরণ—১। পোষণ, প্রতিপালন; পূরণ; ধারণ। ভৃ+অনট্ ভাব। ২। বেতন। ভৃ+অনট্ করণ। বি: ক্লী।
ভরণপোষণ—খাওয়ানো ও পরানো, অন্নবস্ত্রাদি দিয়া প্রতিপালন। দ্বন্দ্ব। বি; ক্লী।
ভরণী—অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত দ্বিতীয় নক্ষত্র। ভরণ+ঈপ্। বি; স্ত্রী।
ভরণীয়—ভরণযোগ্য, পোষ্য। ভৃ+অনীয় কর্ম। বিণ।
ভরত—১। পাখি বিঃ, skylark. < ভরদ্বাজ। বি। ২। নাট্যশাস্ত্রপ্রণেতা মুনি; রামের বৈমাত্রেয় ভ্রাতা, জনৈক রাজর্ষি; দুষ্মন্তশকুন্তলার পুত্র; রাজা ঋষভদেবের পুত্র (ইঁহারই নাম হইতে ভারতবর্ষ নামের উৎপত্তি)। ভর—তন্+ড কর্তৃ। বি; পুং।
ভরতাগ্রজ—রামচন্দ্র। ভরতের অগ্রজ, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [(বাংপ্র)। বিণ।
ভরতি—পূর্ণ; নিযুক্ত, প্রবিষ্ট, বাহাল। ভর্+তি কর্ম
ভরন—ব্রোঞ্জ, পিতল ও রাঙ্গ বা কাঁসার মিশ্র ধাতু। বাংপ্র। বি।
ভরনা—১। অবলম্বন, ভার; বিশ্বাস; আশা। বাংপ্র। বি। ২। পূর্ণ, ভরা। কপ্র। বিণ। [বিণ।
ভরপুর—ভর্তি, পরিপূর্ণ; সমতল। < ভরপূর।
ভরপেট, -পেটা—পেট ভরিয়া। বাংপ্র। ক্রি-বিণ।
ভরবেগ—(পদার্থবিদ্যা) ভর (mass) এবং গতিশীল পদার্থের গতিবেগের গুণফল (momentum). ৬ষ্ঠীতৎ। বি; পুং। [অ।
ভরভর—গন্ধের পূর্ণতাপ্রকাশ, গন্ধ বিস্তার। বাংপ্র।
ভরভরে—গন্ধে ভরপুর। বাংপ্র। বিণ।
ভরম—ভ্রম; সম্ভ্রম। প্রা কপ্র। বি।
ভরম্ভর—একান্ত নির্ভর; পরস্পরের উপর নির্ভর। বাংপ্র। বি।
ভরসা—নির্ভরশীলতা; নির্ভর; আশা; আকাঙ্ক্ষা; বিশ্বাস। বাংপ্র। বি।
ভরা—১। পূর্ণ হওয়া; বোঝাই করা। বাংপ্র। ২। লাগা; ব্যাপা। কপ্র। ক্রি। ৩। পূর্ণ; বোঝাই। বিণ। ৪। বোঝাই নৌকা ('—ডুবি'); বোঝা। বাংপ্র। বি।
ভরাট—১। মাটি দ্বারা বোঝাই। ভর্+আট কর্ম। বিণ। ২। পূরণ। ভর্+আট ভাব (বাংপ্র)। বি।
ভরাটি—ভরাট জমি। ভরাট+ই। বাংপ্র। বি।
ভরানো—পূর্ণ করানো, ভরাট করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ভরাভর—ভরম্ভর (তাহা দ্রঃ)।
ভরি—১। ষোল আনা ওজন। বি। ২। পূর্ণ। বিণ। ৩। পূর্ণ করিয়া লই; পূর্ণ করিয়া বা হইয়া। ক্রি বা অস-ক্রি।
ভরিত—১। পালিত; পোষিত; পূরিত; হরিদ্বর্ণ। ভৃ+ইত কর্ম। ২। ভারবিশিষ্ট। ভর+ইত যুক্তার্থে। বিণ। [কর্তৃ। বি; পুং।
ভর্গ—মহাদেব, সূর্যস্থ ঐশ তেজঃ। ভ্রস্জ্+ঘঞ্
ভর্জন—ভৃষ্টকরণ, ভাজা। ভ্রস্জ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**ভর্জিত, ভৃষ্ট।** [কর্ম। বিণ।
ভর্তব্য—পোষণীয়, প্রতিপাল্য; পূরণীয়। ভৃ+তব্য
ভর্তা (ভর্তৃ)—১। স্বামী; প্রভু; অধিপতি; রাজা। বি; পুং। ২। পালনকর্তা; ধারণকর্তা; পোষক। ভৃ+তৃন্ কর্তৃ। বি; পুং, বা বিণ।
ভর্তৃদারক—(সংস্কৃত নাটকে) রাজপুত্র; প্রভুপুত্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী, **-দারিকা।**
ভর্ত্রী—পালনকর্ত্রী। ভর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
ভর্ৎসন, ভর্ৎসনা—কুৎসা; নিন্দা; তর্জন; তিরস্কার। ভর্ৎস্+অনট্ ভাব; ভর্ৎস্+অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
ভর্ৎসিত—নিন্দিত; তিরস্কৃত। ভর্ৎস্+ক্ত কর্ম। বিণ।
ভল্ল—একপ্রকার বর্শা। ভল্ল্+অচ্ কর্তৃ। বি; পুং।
ভল্লাত, ভল্লাতক—ভেলাগাছ। ভল্ল—অত্+অচ্ কর্তৃ; পক্ষে কন্ স্বার্থে। বি; পুং।
ভল্লুক, ভল্লূক—ঋক্ষ, ভালুক। ভল্ল্+উক, ঊক কর্তৃ। বি, পুং। স্ত্রী, **-কা, কী।** [বাংপ্র। বিণ।
ভসকা—অস্বাদু, জলবৎ; যাহাতে আঁট নাই এরূপ।
ভস্ত্রা, ভস্ত্রিকা, ভস্ত্রী—বায়ুযন্ত্র বিঃ, জাঁতা, bellows; ভিস্তী, জলের মশক; চর্মপ্রসেবিকা, চর্মস্থালী। ভস্+ত্রন্ কর্তৃ। পক্ষে কন্ স্বার্থে+আপ্; ভস্ত্র+ঈপ্। বি; স্ত্রী।
ভস্ম (ভস্মন্)—ছাই পাঁশ; অশ্মবিকার। ভস্+মনিন্ কর্তৃ। বি; ক্লী।
ভস্মসাৎ—ভস্মে পরিণত, সম্যক্ ভস্মীভূত। ভস্মন্+সাতিচ্ সাকল্যার্থে। অ।
ভস্মাবশেষ—পুড়িয়া যাইবার পর যে ছাই পড়িয়া থাকে এমন। ভস্ম হইয়াছে অবশেষ যাহার, বহু। বিণ। [ভস্মন্+চ্বি—কৃ+ক্ত কর্ম। বিণ।
ভস্মীকৃত—যাহা পোড়াইয়া ছাই করা হইয়াছে এমন।
ভস্মীভূত—যাহা ছাই হইয়া গিয়াছে এমন; সম্পূর্ণ বিনষ্ট। ভস্মন্+অভূততদ্ভাবার্থে চ্বি (= ভস্মী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ।
ভা, ভাঃ (ভাস্)—প্রভা, দ্যুতি; আলোক। ভা, ভাস্+কিপ্ ভাব বা কর্তৃ। বি; স্ত্রী।

ভাই—সহোদর, ভ্রাতা। ✓ভ্রাতৃ। বি; পুং।
ভাইঝি—ভ্রাতার কন্যা, ভ্রাতুষ্পুত্রী। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি; স্ত্রী। [বি; পুং।
ভাইঝি-জামাই—ভ্রাতার জামাতা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)।
ভাইদ্বিতীয়া—ভ্রাতৃদ্বিতীয়া, ভাইফোঁটার দিন। বাংপ্র। বি; পুং। [বি।
ভাইপো—ভ্রাতৃপুত্র, ভাইয়ের ছেলে। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)।
ভাই-ফোঁটা—ভ্রাতৃদ্বিতীয়া উপলক্ষে ভগিনী ভ্রাতার কপালে যে ফোঁটা দেয় তাহা। বাংপ্র। বি।
ভাউলে—একপ্রকার ছোট নৌকা। বাংপ্র। বি।
ভাও—অবধারণ; দাম; মূল্যের হার। ✓ভাব। বি।
ভাওলী—শস্যরূপ কর; যে-জমির কর শস্যদ্বারা দেওয়া হয়। বাংপ্র। বি।
ভাং—সিদ্ধি। ✓ভঙ্গা। বি।
ভাংচি—কুপরামর্শ; কোন কার্য হইতে প্রতিনিবৃত্ত করিবার জন্য গোপনে প্রদত্ত উপদেশ। বাংপ্র। বি।
ভাংটা—ভগ্নদশা। বাংপ্র। বি। [বি।
ভাঁওতা—ধাপ্পা, ফাঁকি, প্রতারণামূলক বাক্য। বাংপ্র।
ভাঁজ—পাট ('—ভাঙ্গা'); পর্দা; স্তবক। বাংপ্র। বি।
ভাঁজা—পাট করা; দোমড়ানো; রাগালাপ করা; কসরত করা; অভ্যাস করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ভাঁট—ঘেঁটুগাছ। ✓ভাণ্ডীর। বি।
ভাঁটা—বর্তুল, বাটুল; নদীর স্রোতের দিক্; জোয়ারের পরে জলস্ফীতির হ্রাস। বাংপ্র। বি।
ভাঁটি—নিম্নদিক্; নদীর স্রোতের দিক্, উজানের বিপরীত; যে হাঁড়িতে রজক কাপড় সিদ্ধ করে; ইট ইঃ পুড়াইবার চুলা; মদ চুয়াইবার স্থান বা পাত্র। বাংপ্র। বি।
ভাঁড়—১। পরিহাসক; বিদূষক। ✓ভণ্ড। ২। ক্ষুদ্র মৃত্তিকাপাত্র বিঃ। ✓ভাণ্ড। ৩। নাপিতের অস্ত্রাদি রাখিবার আধার। ✓ভাণ্ডি। বি।
ভাঁড়াই, ভাঁড়ামি, ভাঁড়ামো—পরিহাস; ভাঁওতা; প্রবঞ্চনা। ভাঁড়+আই, আমি, আমো ভাবে (বাংপ্র)। বি।
ভাঁড়ানো—ফাঁকি দেওয়া, ঠকানো; বাহানা করা; দিই দিচ্ছি করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ভাঁড়াভাঁড়ি—বারবার ভাঁড়ানো। বাংপ্র। বি।
ভাঁড়ামি, ভাঁড়ামো—'ভাঁড়াই' দ্রঃ।
ভাঁড়ার—ধনাগার, কোষ; জিনিসপত্র রাখিবার ঘর। ✓ভাণ্ডার। বি। [রক্ষকার্থে (বাংপ্র)। বি।
ভাঁড়ারী—ভাণ্ডাররক্ষক, কোষরক্ষক। ভাঁড়ার+ঈ
ভাগ—১। খণ্ড, অংশ; কালাংশ; প্রদেশ, স্থান; অদৃষ্ট, ভাগ্য। ভজ্+ঘঞ্ কর্ম। ২। বিভাজন, হরণ, division ; বিভাগ, বাটোয়ারা। ভজ্+ঘঞ্ ভাব। বি; পুং।
ভাগফল—এক রাশিকে অপর রাশি দ্বারা ভাগ করিয়া লব্ধ অঙ্ক, quotient. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ভাগবত—১। বেদব্যাসপ্রণীত ভগবদ্বিষয়ক গ্রন্থ বিঃ। ভগবৎ (ঈশ্বর)+অণ্ অধিকৃতার্থে। বি; ক্লী। ২। ভগবদ্ভক্ত, বৈষ্ণব; ভগবৎ সম্বন্ধীয়। ভগবৎ+অণ্ সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী, -তী।
ভাগল—পলায়ন করিল। প্রা কপ্র। ক্রি।
ভাগশেষ—এক রাশিকে অপর রাশি দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকে, remainder. ৬ষ্ঠীতৎ। বি; পুং। [কর্তৃ। বিণ।
ভাগহর—অংশগ্রহণকারী। উপতৎ; ভাগ—হৃ+অচ্
ভাগহার—১। যে উপায়ে কোন এক নির্দিষ্ট রাশিকে কোন নির্দিষ্টসংখ্যক সমান অংশে বিভাগ করিতে পারা যায় তাহা। ভাগ—হৃ+ঘঞ্ করণ। ২। বিভাগ গ্রহণ। ভাগ—হৃ+ঘঞ্ ভাব। বি; পুং।
ভাগা—১। পলায়ন করা। হি। ক্রি। ২। পৃথক্ পৃথক্ ভাগ ('মাছের —')। বাংপ্র। বি। [বি।
ভাগাড়—মৃত গবাদি নিক্ষেপ করিবার স্থান। বাংপ্র।
ভাগানো—পলায়ন করানো, তাড়ানো; ভাগ করানো। বাংপ্র। ক্রি [, বি]। [বাংপ্র। বি।
ভাগাভাগি—সকলের মধ্যে বণ্টন, আপসে ভাগ।
ভাগি—অদৃষ্ট, ভাগ্য। প্রা কপ্র। বি।
ভাগিনা, ভাগ্নে—ভগিনীপুত্র। ✓ভাগিনেয়। বি; পুং।
ভাগিনী—১। গ্রহণকারিণী। ভজ্+ঘিনুণ্ কর্তৃ+ঈপ্। ২। যে স্ত্রীর অংশ আছে এমন। ভাগ+ইন্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী। ৩। ভগিনীর মেয়ে। ✓ভাগিনেয়ী। বি; স্ত্রী।
ভাগিনেয়—ভগিনীর পুত্র। ভগিনী+এয় অপত্যার্থে। বি; পুং। [স্ত্রী।
ভাগিনেয়ী—ভগিনীর কন্যা। ভাগিনেয়+ঈপ্। বি;
ভাগী (ভাগিন্)—১। অংশী। ভাগ+ইন্ আছে অর্থে। ২। গ্রহণকারী। ভজ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী—ভাগিনী।
ভাগী—১। ভাগ্যবান্। প্রা কপ্র। বিণ। ২। অংশীদার; গ্রাহী ('দুঃখের —')। বাংপ্র। বি।
ভাগীদার—অংশীদার, ভাগ পাইবার অধিকারী। ভাগী+দার স্বার্থে। বাংপ্র। বি।
ভাগীরথী—গঙ্গা। ভগীরথ+অণ্ অপত্যার্থে বা আনীতার্থে+ঈপ্। বি; স্ত্রী।
ভাগ্না-বৌ—ভাগিনার স্ত্রী। বাংপ্র। বি।
ভাগ্নী-জামাই—ভাগিনেয়ীর স্বামী। বাংপ্র। বি।
ভাগ্নে—'ভাগিনা' দ্রঃ।
ভাগ্য—১। অদৃষ্ট, দৈব; প্রাক্তন শুভাশুভকর্ম। ভজ্+ণ্যৎ কর্ম। বি; ক্লী। ২। ভাগযোগ্য; ভাগবিশিষ্ট; ভাগিক। ভাগ+যৎ যোগ্যার্থে। বিণ।
ভাগ্যক্রমে—বরাতগুণে, শুভাদৃষ্টবশতঃ। ৬ষ্ঠীতৎ। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।
ভাগ্যগণনা—অদৃষ্টে কি আছে তাহা গণিয়া দেখা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ভাগ্যগুণ—অদৃষ্টের জোর, সুপ্রসন্ন অদৃষ্ট। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ভাগ্যচক্র—অদৃষ্টের পরিবর্তন; চক্রবৎ আবর্তমান অদৃষ্ট। রূপক কর্মধা। বি; ক্লী।
ভাগ্যদেবতা—অদৃষ্টের অধিষ্ঠাত্রী দেবতা। ভাগ্যবিধাত্রী দেবতা, মধ্যপ। বি; স্ত্রী।
ভাগ্যদোষে—দুরদৃষ্ট হেতু, বরাত খারাপ হওয়ায়।

ভাগ্যের দোষ, ৬ষ্ঠীতৎ, তাহাতে। বি; ক্রি-বিণ অর্থে বা হেতু-অর্থে ৭মী।
ভাগ্যপুরুষ—ভাগ্যদেবতা। মধ্যপ। বি; পুং।
ভাগ্যফল—শুভাদৃষ্ট; অদৃষ্টের ফল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ভাগ্যবান্ (-বৎ)—ভাগ্যবন্ত, সৌভাগ্যশালী। ভাগ্য+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বতী**।
ভাগ্যবিধাতা (-তৃ)—ভাগ্যপুরুষ (তাহা দ্রঃ)।
ভাগ্যবিপর্যয়—ভাগ্যের বৈপরীত্য, দুর্ভাগ্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ভাগ্যলিপি, -লেখা—অদৃষ্টলিপি, অদৃষ্টের লিখন।
ভাগ্যহীন—হতভাগ্য। ৩য়াতৎ। বিণ।
ভাগ্যি—অদৃষ্ট; সৌভাগ্য। < ভাগ্য। বি।
ভাগ্যিমান্—অদৃষ্টবান্। < ভাগ্যবান্। বিণ। স্ত্রী, **-নী**। [অ।
ভাগ্যিস—ভাগ্য ভাল তাই, কপালজোরে। < ভাগ্য।
ভাগ্যোদয়—সৌভাগ্যের উদয়, অদৃষ্ট প্রসন্ন হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ভাঙ্—১। মাদকদ্রব্য বিঃ, সিদ্ধি। < ভঙ্গা। ২। ভাব; ভ্রূ ("নাচত' ভাঙ্ মদন-ধনুভঙ্গিম"—যদুনন্দন)। প্রা কপ্র। বি।
ভাঙন, ভাঙ্গন—১। একপ্রকার মৎস্য। বাংপ্র। ২। নদী প্রঃ পাড় ভাঙ্গিয়া পড়া। ভাঙ্, ভাঙ্গ্+অন ভাব (বাংপ্র)। বি।
ভাঙা—ভাঙ্গা (তাহা দ্রঃ)।
ভাঙাচোরা—যাহা ভাঙ্গিয়া নষ্ট হইয়া গিয়াছে এমন। বাংপ্র। বিণ।
ভাঙা-ভরাত—ন্যূনাধিক, গড়পড়তা। বাংপ্র। বিণ।
ভাঙা-ভাঙা—অস্ফুট; ভগ্নপ্রায় ('—ইংরেজী')। বাংপ্র। বিণ।
ভাঙ্গড়, ভাঙড়—সিদ্ধিখোর, যে ভাঙ্ অর্থাৎ সিদ্ধি ইঃ মাদকদ্রব্য সেবন করে এমন। বাংপ্র। বিণ।
ভাঙ্গড়মতি—হীনবুদ্ধি। প্রা কপ্র। বিণ।
ভাঙ্গন—১। ভাঙ্গা; ভগ্নকরণ; ভেদন; ভগ্ন হওয়া। বি। ২। ভিন্ন; চূর্ণীকৃত। < ভঙ্গ। বিণ।
ভাঙ্গা—১। লঙ্ঘন করা; চূর্ণ করা; নষ্ট করা; পণ্ড করা; বিচ্ছিন্ন করা; বিশ্লেষ বা বিস্তার করা; শেষ করা; হতাশ হওয়া; বহুলোকের একস্থান হইতে আসা। বাংপ্র। ক্রি [, বি]। ২। ভগ্ন; হতাশ; বিকৃত; নষ্ট। ভাঙ্গ্+আ কর্তৃ। বিণ। **ভাঙ্গা হাট**—দৈনিক হাটের শেষ অবস্থা; উৎসব-শেষ।
ভাঙ্গানি, ভাঙানি—ভাংচি; খুচরা ('টাকার —')। বাংপ্র। বি।
ভাঙ্গানী, ভাঙানী—যে স্ত্রী কুপরামর্শ দ্বারা পরিজন-দিগের ভিতরে মনোমালিন্য ঘটায় সে। বাংপ্র। বি বা বিণ; স্ত্রী। পুং, **-নে**।
ভাঙ্গানো, ভাঙানো—ভগ্ন করানো; অল্প মূল্যের মুদ্রায় পরিবর্তিত করা ('টাকা —'); বুঝাইয়া বলা ('হেঁয়ালি —')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ভাঙ্গি, ভাঙ্গী—ভাঙ্গড়, সিদ্ধিখোর। বাংপ্র। বিণ।
ভাজ—ভ্রাতার পত্নী। < ভ্রাতৃজায়া। বি; স্ত্রী।
ভাজক—১। অংশকারক। বিণ। স্ত্রী—**ভাজিকা**। ২। যাহা দ্বারা ভাগ করা যায় তাহা, divisor; বিভাগকারক। ভজ্, ভাজ্+ণক কর্তৃ, করণ। বি; পুং।
ভাজন—১। পাত্র, আধার; যোগ্য পাত্র; ভাগ; আঢ়ক-পরিমাণ। ভাজ্+অনট্ করণ। বি; ক্লী। ২। ভৃষ্ট করণ, ভাজা। ভাজ্+অন ভাব (বাংপ্র)। বি।
ভাজনা—যাহাতে ভাজা হয় এমন। ভাজ্+অনা করণ (বাংপ্র)। বিণ।
ভাজনা-খোলা—যাহাতে খই ইঃ ভাজা হয়। ৪র্থীতৎ (বাংপ্র)। বিণ।
ভাজা—১। ভর্জিত, যাহা আগুনের তাপে শুষ্ক অথবা তৈলময় দ্রব্যে পক্ব করা হইয়াছে এমন। ভাজ্+আ কর্ম। বিণ। ২। ভর্জন করা। বাংপ্র। ক্রি।
ভাজা-ভাজা—প্রায় ভজা; সন্তাপিত। বাংপ্র। বিণ।
ভাজা-সাধ—গর্ভিণীকে পঞ্চম বা সপ্তম মাসে প্রদত্ত সাধ। বাংপ্র। বি।
ভাজি—ভাজা তরকারি। বাংপ্র। বি।
ভাজিত—পৃথক্‌কৃত, বিভক্ত। ভাজ্+ক্ত কর্ম। বিণ।
ভাজ্য—১। ভাগার্হ, ভাগের যোগ্য, divisible. বিণ। ২। যাহাকে ভাগ করা যায় তাহা, যে রাশিকে অপর রাশি দিয়া ভাগ করা যায়, dividend. ভাজি+যৎ কর্ম। বি; ক্লী। [< ভট্ট। বি।
ভাট—বর্ণসংকর জাতি বিঃ, স্তুতিপাঠক; রাজদূত।
ভাটক—মূল্য; ভাড়া। ভট্+ণক কর্তৃ। বি; ক্লী।
ভাটচালাকি—ভাট ব্রাহ্মণের মত চাতুরী। বাংপ্র। বি।
ভাটা—নদ্যাদির স্বাভাবিক স্রোতের দিক্; জোয়ারের জলের স্ফীতির হ্রাস, জোয়ারের বিপরীত, ebb-tide. বাংপ্র। বি।
ভাটি—১। ইট প্রঃ পোড়াইবার চুলা; ধোপার কাপড় সিদ্ধ করিবার পাত্র; মদ চুয়াইবার পাত্র, still; মদ চুয়াইবার স্থান, distillery; নদীর নিম্নদিক্। বাংপ্র। ২। বিবাহ প্রঃ উপলক্ষে গ্রামবাসিগণকে প্রদত্ত বৃত্তি বিঃ। < ভৃতি বা বৃত্তি। বি।
ভাটিয়ারি, ভাটিয়ালি—মাঝীদের একপ্রকার গান বা তাহার সুর। বাংপ্র। বি।
ভাটিয়ারী—মদ চোলাই-এর কারখানা। বাংপ্র। বি।
ভাটিয়াল—ভাটির দিকের; শেষের, অবসানের সমীপ-বর্তী। বাংপ্র। বিণ।
ভাটিয়ালি—'ভাটিয়ারি' দ্রঃ।
ভাড়া—১। কোন বস্তু সাময়িক ভাবে ব্যবহার করিবার জন্য যে অর্থ দেওয়া হয় তাহা ('বাড়ি —'); মূল্য, দাম; ভাড়ার শর্তে নিয়োগ। বি। ২। ভাড়ার শর্তে নিযুক্ত। < ভাটক। বিণ।
ভাড়াটিয়া, ভাড়াটে—১। ঠিকা, নির্দিষ্ট সময়ের জন্য মূল্যদানের চুক্তিতে যাহা লওয়া হয় এমন; যাহা ভাড়া লইয়া খাটানো হয় এমন ('— গাড়ি')। ভাড়া+টিয়া, টে সম্বন্ধার্থে। বিণ। ২। যে ভাড়া করা বাড়িতে বাস করে এরূপ লোক। ভাড়া+টিয়া, টে দাতা অর্থে (বাংপ্র)। বি।

ভাণ—একাঙ্ক নাট্যগ্রন্থ বিঃ। ভণ্+ঘঞ্ অধি। বি; পুং।
ভাণ্ড—পাত্র, ভাঁড়; বাদ্যযন্ত্র; পেটিকা; মূলধন। ভণ্+ড কর্তৃ; ভণ্ড+অণ্ স্বার্থে। বি; ক্লী।
ভাণ্ডানো—ভাঁড়ানো। প্রা কপ্র। ক্রি।
ভাণ্ডার—ধনাগার, ভাঁড়ার; ভাণ্ড—ঋ+ঘঞ্ অধি। বি; ক্লী।
ভাণ্ডারা—সাধুসন্ন্যাসীদের অন্নসত্র। বাংপ্র। বি।
ভাণ্ডারী (-রিন্)—ভাণ্ডাররক্ষক, ভাড়ারী। ভাণ্ডার+ইন্ আছে অর্থে। বি; পুং।
ভাণ্ডীর—ভাট গাছ; ঘেঁটু গাছ; বটবৃক্ষ। ভণ্ড্+ঈরণ্ কর্তৃ (নিপা)। বি; পুং।
ভাত—অন্ন। < ভক্ত। বি।
ভাত—১। দীপ্ত। বিণ। ২। প্রভাত। ভা+ক্ত কর্তৃ। বি; পুং। **ভাত ওঠা**—কোন স্থান বা কাহারও নিকট হইতে ভরণপোষণের ব্যবস্থা বন্ধ হওয়া। **ভাত মারা**—চাকরি বা অপর কোন আয়ের পন্থা নষ্ট করিয়া দেওয়া। **ভাতে মারা**—খাইতে না দিয়া বা রোজগারের পথ বন্ধ করিয়া কষ্ট দেওয়া।
ভাতকাপড়—অন্নবস্ত্র; ভরণপোষণ। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
ভাতমারা—কোন কাজ না করিয়া অন্ন ধ্বংস করে [এমন। বাংপ্র। বিণ।
ভাতশালা—অন্নসত্র ("অনাথমণ্ডপ ভাতশালা"—কবিকঙ্কণ)। প্রা কপ্র। বি।
ভাতা—বৃত্তি, অতিরিক্ত বেতন, allowance; খাদ্য জলপানি প্রভৃর ব্যয়। < ভৃতি। বি।
ভাতার—পতি, ভর্তা। < ভর্তৃ। বি; পুং।
ভাতি—শোভা, দীপ্তি। ভা+ক্তি ভাব। বি; স্ত্রী।
ভাতুড়ে—অন্নের জন্য যে পরের গলগ্রহ হয় এমন। ভাত+উড়ে যাচকার্থে (বাংপ্র)। বিণ।
ভাতে—ভাতের সহিত সিদ্ধ করা বেগুন আলু প্রঃ। বাংপ্র। বি। [দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
ভাতে-ভাত—অন্ন এবং তৎসহ সিদ্ধ আলু বেগুন প্রঃ।
ভাদর—ভাদ্রমাস। কপ্র। বি। বিণ—**ভাদুরে, ভাদ্দুরে।**
ভাদুই—যে ধান ভাদ্রমাসে পাকে তাহা। < ভাদ্র। বি বা বিণ। [বাংপ্র। বি।
ভাদুরানী—ভাদ্রমাসের একপ্রকার ব্রতানুষ্ঠানের দেবী।
ভাদ্র—বৈশাখাদি মাসের পঞ্চম মাস। ভাদ্রী (ভাদ্রপদ-নক্ষত্রযুক্তা পূর্ণিমা)+অণ্ তদ্‌যুক্তমাসার্থে। বি; পুং।
ভাদ্রপদ—ভাদ্রমাস। ভাদ্রপদা+অণ্ যুক্তার্থে+ঈপ্= ভাদ্রপদী; ভাদ্রপদী (ভাদ্রপদাযুক্তা পূর্ণিমা)+অণ্ তদযুক্তমাসার্থে। বি; পুং।
ভাদ্রপদা—পূর্বভাদ্রপদ ও উত্তরভাদ্রপদ নক্ষত্র। ভাদ্র-সদৃশ পদ যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।
ভাদ্রবধূ, -বউ—কনিষ্ঠ ভ্রাতার স্ত্রী। < ভ্রাতৃবধূ। বি।
ভান—১। ছল, কৃত্রিম আচরণ। বাংপ্র। বি। ২। প্রকাশ, শোভা। ভা+অনট্ ভাব। বি; ক্লী।
ভাননী, ভানুনী—যে স্ত্রীলোক ধান ভানে। ভান্+অনী, উনী কর্তৃ। বি; স্ত্রী।
ভানা—ঢেঁকি দ্বারা ধান হইতে তুষ বাহির করা। < ভগ্ন। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ভানু—১। সূর্য; কিরণ; প্রভু; শিব; রাজা। ভা+নু কর্তৃ। ২। কান্তি। ভা+নু ভাব। বি; পুং। ৩। সুন্দর। ভা+নু কর্তৃ। বিণ।
ভানুমান্ (-মৎ)—১। সূর্য। বি; পুং। ২। কান্তি-মান্, দীপ্তিমান্। ভানু+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-মতী।**
ভাপ—উষ্ণ বাষ্প; উত্তাপ, উষ্ণতা। < বাষ্প। বি।
ভাপরা—গরম বাষ্পের স্বেদ। < বাষ্প। বি।
ভাপসা—গুমসো, ছাতা পড়িবার দরুন উৎপন্ন ('— গন্ধ'); বাষ্প বা ঘামের তুল্য। বাংপ্র। বিণ।
ভাব—১। অবস্থা; অস্তিত্ব, বিদ্যমানতা ('অভাব'); উদ্দেশ্য; প্রকৃতি, অনুভূতি; অনুভূতির আধিক্য; মানসিক অবস্থা ('ভাবান্তর'); প্রীতি, খাতির; অনুরাগ; ধরন, রীতিনীতি; তাৎপর্য; আশ্রয়; উৎপত্তি, জন্ম ('আবির্ভাব'); স্থিতি; বিভূতি; চেষ্টা; সম্ভাবনা; মন; আত্মা; চিন্তা, ভাবনা ('— শুদ্ধি'); ভক্তি; ক্রিয়া; শরীরের ভঙ্গী; বিলাস; বাক্যের মর্ম; কাম; উপদেশ। ভূ+ঘঞ্ ভাব। ২। বস্তু; চেতন পদার্থ; বিজ্ঞ; চিত্ত; আত্মা; যোদ্ধা; সৃষ্টি; জগৎ; সংসার; ব্যাকরণে স্বার্থত্ব; ক্রিয়ার্থ। ভূ+ণিচ্+অচ্ কর্তৃ। বি; পুং। **ভাবের ঘরে চুরি**—পরের লেখা কাব্য ইঃর ভাব হুবহু গ্রহণ। [কর্তৃ। বিণ। স্ত্রী—**ভাবিকা।**
ভাবক—উৎপাদক; চিন্তক, ভাবুক। ভূ+ণিচ্+ণক
ভাবগতি—আকার ইঙ্গিত; মনোগত ভাব এবং কার্য। দ্বন্দ্ব। বি; স্ত্রী।
ভাবগতিক—ভাবভঙ্গী; আকারপ্রকার; চালচলনের প্রকার; মনেব ভাব এবং কার্য। দ্বন্দ্ব। বি।
ভাবগর্ভ—গভীরতাৎপর্যযুক্ত, ভাবে পরিপূর্ণ। ভাব গর্ভে যাহার, বহু। বিণ।
ভাবগ্রাহী (-গ্রাহিন্)—যিনি মনের অভিপ্রায় বুঝিতে পারেন এমন ('— জনার্দন'); মর্মজ্ঞ; তাৎপর্য-বোদ্ধা। উপতৎ; ভাব—গ্রহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গ্রাহিণী।**
ভাবতরঙ্গ—কল্পনার উচ্ছ্বাস; মনোগত ভাবের আবেগ। রূপক কর্মধা, অথবা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ভাবতান্ত্রিকতা—আদর্শের দিকে অতিরিক্ত ঝোঁক, idealism. ভাবতান্ত্রিক+তা ভাবে। বি; স্ত্রী। বিণ—**ভাবতান্ত্রিক।**
ভাবধারা—চিন্তাধারা; প্রচলিত মতবাদ ও রীতি-নীতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ভাবন, ভাবনা—ধ্যান; চতুর্বিধ সংস্কার বিঃ; চিন্তা; মনে মনে কল্পনা; অনুধ্যান; বিবেচনা; সাজানো; অভিষেক; মিশ্রণ; পর্যালোচনা; অধিবাসন; ঔষধ-সংস্কার বিঃ (কোন জিনিসে ভিজাইয়া রাখা)। ভূ+ণিচ্+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী। [কর্ম। বিণ।
ভাবনীয়—চিন্তনীয়; কল্পনীয়। ভূ+ণিচ্+অনীয়

ভাবপ্রবণ—সহজে ভাবাবেগে আবিষ্ট হয় এমন, sentimental. বিণ। বি, -তা।

ভাবভঙ্গী—ভাবগতিক, চালচলন। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

ভাবশুদ্ধি—চিন্তার পবিত্রতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভাবা—চিন্তা করা; ধ্যান করা; স্মরণ করা; উৎকণ্ঠাযুক্ত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।

ভাবাত্মক—ভাবপূর্ণ, তাৎপর্যপূর্ণ। ভাবই আত্মা যাহার, বহু। বিণ। স্ত্রী, -ত্মিকা।

ভাবানো—চিন্তাকুল করা; চিন্তা করানো। বাংপ্র। ক্রি [, বি]।

ভাবান্তর—ভিন্ন ভাব; মনের গতির পরিবর্তন; চালচলনের পরিবর্তন, অবস্থান্তর। অন্য ভাব, নিত্য। বি; ক্লী।

ভাবাবেশ—কল্পনার্জনিত আত্মহারা ভাব; ভাবের উদ্রেক; তন্ময়তা। ৬ষ্ঠীতৎ, অথবা মধ্যপ। বি; পুং। [মধ্যপ। বি; পুং।

ভাবার্থ—অভিপ্রায়, তাৎপর্য। ভাবপ্রকাশক অর্থ,

ভাবালু—ভাববিহ্বল। বাংপ্র। বিণ।

ভাবিক—স্বাভাবিক; উদ্দীপক; রসাত্মক; ভবিষ্যৎকালিক; ভাব সম্বন্ধীয়; ভাবযুক্ত। ভাব+ইক। বিণ।

ভাবিত—চিন্তিত; উদ্‌বিগ্ন; ঘটিত, অঙ্গীকৃত; মিশ্রিত; আর্দ্রীকৃত; বাসিত; প্রাপ্ত; প্রাপিত; শুদ্ধ; পবিত্রীকৃত; সংস্কৃত। ভূ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

ভাবিনী—১। কামুকী স্ত্রী· স্ত্রী-মাত্র; হাবভাববিশিষ্টা নারী; মহাভাবস্বরূপিণী শ্রীরাধা। ভাব+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী। ২। যাহা ঘটিবে এমন; সুন্দরী। ভাবিন্+ঈপ্। বিণ; স্ত্রী।

ভাবী (ভাবিন্)—ভবিষ্যৎ; আগামী। ভূ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**ভাবিনী**।

ভাবুক—চিন্তাশীল; ভাবপ্রবণ; মর্মজ্ঞ; যাহার মনে সহজেই ভাব দেখা দেয়। ভূ+উকঞ্ কর্তৃ। বিণ।

ভাবুনে—বিলাসী; প্রসাধনপ্রিয়; রঙ্গপ্রিয়; ভাবগোপনকারী। বাংপ্র। বিণ।

ভাবোচ্ছ্বাস—কল্পনার আবেগ; ভাবাধিক্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভাবোদয়, ভাবোদ্রেক, ভাবোন্মেষ—ভাবের সঞ্চার; ভাবের প্রথম প্রকাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভাবোদ্দীপক—ভাবের সঞ্চারকারী, প্রেরণাদায়ক; মনে কল্পনা ভক্তি ইঃর সঞ্চারকারী। ভাবের উদ্দীপক, ৬ষ্ঠীতৎ। বিণ।

ভাবোন্মাদ—ভাবের আবেগে বিহ্বলতা, উন্মত্ত দশা, ecstasy. ভাব-জনিত উন্মাদ, মধ্যপ। বি; পুং।

ভাব্য—ভবিতব্য; চিন্তনীয়। ভূ+ঘ্যণ্ কর্ম। বিণ।

ভাম—ভোঁদড়ের ন্যায় আকৃতিবিশিষ্ট স্থলচর জন্তু বিঃ। বাংপ্র। বি। [কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

ভামা—কোপনা স্ত্রী; নারী; সত্যভামা। ভাম্+অচ্

ভামিনী—অতিকোপনা বা মানবতী স্ত্রী; নারী। ভাম্+ণিন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

ভায়রা, ভায়রা-ভাই—স্ত্রীর ভগিনীপতি, শ্যালীপতি। বাংপ্র। বি।

ভায়া—ভাই; ভ্রাতৃস্থানীয় ব্যক্তি। < ভ্রাতা। বি।

ভার—১। গুরুত্ব; চাপ; ভরণপোষণাদির দায়িত্ব, charge. ভৃ+ঘঞ্ ভাব। ২। আধিক্য, বোঝা ('—বাহক'); রাশি, সমূহ। ভৃ+ঘঞ্ করণ। ৩। পরিমাণ বিঃ, অষ্টাদশ সহস্র তোলকাত্মক ওজন; ভারযষ্টি; বাঁক। ভৃ+ঘঞ্ করণ। বি; পুং। ৪। দুর্বহ, ভারী, কঠিন ("তবু মায়া তার ত্যাগ করা ভার"—রবীন্দ্র); মলিন, বেজার ('মুখ — করা')। বাংপ্র। বিণ।

ভারকেন্দ্র, -মধ্যবিন্দু—কোন বস্তুর যে বিন্দুতে ইহার সর্বদেহের ভার কেন্দ্রীভূত হয় তাহা, centre of gravity; সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ব্যাপার বা বিষয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং। [৩য়াতৎ। বিণ।

ভারক্লান্ত—ভারী জিনিস বহন করাতে অবসন্ন।

ভারগ্রস্ত—যাহার উপরে ভার পড়িয়াছে এরূপ, ভারাক্লান্ত। ৩য়াতৎ। বিণ।

ভারত—১। ভারতবর্ষ, India. ভরত+অণ্ সম্বন্ধার্থে। ২। মহাভারত। ভরত+অণ্ অধিকৃতার্থে। ৩। ভরতসূত্র। ভরত+অণ্ কৃতার্থে। বি; ক্লী। ৪। নট; অগ্নি। ভরত+অণ্ সম্বন্ধার্থে। ৫। ভারতের সন্তান। ভরত+অঞ্ অপত্যার্থে। বি; পুং। ৬। ভরতবংশীয়। ভরত+অণ্ তদ্বংশীয় অর্থে। বিণ। স্ত্রী, -তী।

ভারতগৌরব—১। ভারতবর্ষের গর্ব ও প্রাধান্যের বিষয়। ৬ষ্ঠীতৎ। ২। ভারতবর্ষের মুখ উজ্জ্বলকারী; ভারতের গৌরব-বর্ধনকারী ব্যক্তি। বহু। বি; পুং (সংস্কৃতে ক্লী)।

ভারতবর্ষ—জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষ বিঃ, সমুদ্রের উত্তরে হিমালয়ের দক্ষিণস্থ দেশ। ভারত (ভরতশাসিত) বর্ষ (দেশ), কর্মধা। বি; ক্লী।

ভারতবর্ষীয়—ভারতবর্ষ বিষয়ক; ভারতে জাত। ভারতবর্ষ+ঈয় ভবার্থে বা সম্বন্ধার্থে। বিণ।

ভারতবাসী (-বাসিন্)—ভারতবর্ষের অধিবাসী। উপতৎ· ভারত—বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বাসিনী। [কর্মধা। বি; স্ত্রী।

ভারতমাতা (-মাতৃ)—জননীস্বরূপা ভারতভূমি। রূপক

ভারতললনা—ভারতবর্ষের নারী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভারতসন্তান—ভারতবর্ষের অধিবাসী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভারতী—১। সরস্বতী। ভারতীর অর্থাৎ বাক্যের অধিষ্ঠাত্রী এই অর্থে ভারতী+অণ্+ঈপ্। ২। বচন, বাক্য; সন্ন্যাসীদিগের উপাধি বিঃ; অভিনয়বিদ্যা; অলংকারোক্ত বৃত্তি বিঃ। ভৃ+অতচ্ কর্তৃ = ভরত; ভরত+অণ্ স্বার্থে+ঈপ্। ৩। স্ত্রীজাতীয় ভরতপক্ষী। ভারত (ভরতপক্ষী)+ঈপ্। বি; স্ত্রী। ৪। ভারত সম্বন্ধীয়া; ভরতবংশীয়া। ভারত+ঈপ্। বিণ; স্ত্রী।

ভারদ্বাজ—১। ভরদ্বাজ; অগস্ত্যমুনি; দ্রোণাচার্য; মঙ্গলগ্রহ; বৃহস্পতিপুত্র; পক্ষী বিঃ, ভাবুইপাখি। ভরদ্বাজ+অণ্ স্বার্থে, অপত্যার্থে। বি; পুং।

২। ভরদ্বাজবংশ সম্বন্ধীয়। ভরদ্বাজ+অণ্ সম্বন্ধীয়ার্থে। বিণ। স্ত্রী, -জী।

ভারবাহ, -বাহক, -বাহী (-বাহিন্)—যে বোঝা বহন করিতে পারে এমন, বোঝাবহনকারী। উপতৎ; ভার—বহ্+অণ্ কর্তৃ; ৬ষ্ঠীতৎ; উপতৎ; ভার—বহ্+ণিন্ কর্তৃ। বিণ; পুং।

ভারমধ্য—ভারকেন্দ্র, যে স্থানে বস্তুর ভার কেন্দ্রীভূত হয় তাহা, centre of gravity. ভারের মধ্য, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ভারমধ্যবিন্দু—'ভারকেন্দ্র' দ্রঃ।

ভারযষ্টি—বাঁক, ভারবহনদণ্ড। ভারবহননিমিত্ত যষ্টি, ৪র্থীতৎ। বি; পুং।

ভারসহ—যাহা ভারে ছিঁড়িয়া পড়ে না এমন, ভারসহনে সমর্থ। উপতৎ; ভার—সহ্+অচ্ কর্তৃ। বিণ।

ভারহীন—যাহার ওজন নাই এমন। ৩য়াতৎ। বিণ।

ভারা—ইটের বাড়ি প্রস্তুত করিবার জন্য রাজমিস্ত্রিগণ বাঁশের যে মাচা বাঁধে তাহা, উচ্চ স্থানে কাজ করিবার উপযোগী মঞ্চ। বাংপ্র। বি।

ভারাক্রান্ত—ভারপীড়িত, কোন কিছুর ভারে কাতর; চিন্তাকুলিত। ৩য়াতৎ। বিণ।

ভারানী—ঢেঁকিতে ধান ভানিয়া যাহারা জীবিকা নির্বাহ করে। বাংপ্র। বি। [বিণ।

ভারাভারা—ভারে ভারে, বোঝা বোঝা। বাংপ্র। ক্রি-

ভারার্পণ—দায়িত্বপ্রদান, ভার দেওয়া। ভারের অর্পণ (দান), ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ভারি—যাহার ওজন খুব বেশী এমন; খুব, অত্যধিক। ভার+ই বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।

ভারিক্কী, ভারিক্কে—মাতব্বর ধরনের, মুরুব্বির মত গম্ভীর। বাংপ্র। বিণ। [বি।

ভারিভুরি—ভড়ং; আড়ম্বর; দম্ভ; চালাকি। বাংপ্র।

ভারী (ভারিন্)—ভারবাহক; গুরু, যাহার ওজন খুব বেশী এমন; দুরূহ, দায়িত্বপূর্ণ ('— কাজ'); খুব, বড় ('— মজা')। ভার+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**ভারিণী**।

ভারী—যে বাঁকে করিয়া গুরুভার দ্রব্য বহন করে এরূপ লোক। ভার+ঈ বাহকার্থে (বাংপ্র)। বি।

ভারুই—ভরতপক্ষী। বাংপ্র। বি।

ভার্গব—পরশুরাম; শুক্রাচার্য। ভৃগু+অণ অপত্যার্থে। বি; পুং।

ভার্গবী—পার্বতী; লক্ষ্মী; বিদ্যা বিঃ। ভার্গব+ঈপ্। বি; স্ত্রী।

ভার্যা—পত্নী। ভৃ+ণ্যৎ কর্ম+আপ্। বি; স্ত্রী।

ভাল—১। কপাল, ললাট; অদৃষ্ট; তেজঃ। ভা—লা+ক কর্তৃ। বি; ক্লী। ২। উত্তম; শুভ ('— খবর'); সুস্থ ('— থাকা'); শান্ত; নিরীহ ('— লোক'); প্রীতিজনক ('— লাগা'); শোভন; সম্মতিসূচক। বিণ। ৩। মঙ্গল; উপকার, হিত; নিরাপত্তা। <ভদ্র। বি বা বিণ। **ভালয় ভালয়**—কোনপ্রকার বিপদে না পড়িয়া, ভাল অবস্থাতেই। **ভাল রে ভাল**—বিরক্তি বা অসন্তোষ প্রকাশক কথা।

ভালবাসা—১। প্রেম, প্রণয়, অনুরাগ, প্রীতি। বি। ২। স্নেহ করা; কাহারও প্রতি অনুরক্ত হওয়া; পছন্দ করা; ভাল বোধ করা। বাংপ্র। ক্রি।

ভালমন্দ—হিতাহিত; উত্তম ও নিকৃষ্ট; শুভাশুভ। মন্দ (বাংপ্র)। বি বা বিণ।

ভালা—ভাল। প্রা কপ্র। বিণ।

ভালাই—শুভ, মঙ্গল; উৎকর্ষ। ভাল+আই ভাবে (বাংপ্র)। বি।

ভালুক, ভালুকে—ঋক্ষ, ভল্লুক। ভল্+উক, উক কর্তৃ; ভল্লুক, ভল্লুক+অণ্ স্বার্থে। বি; পুং।

ভালো—'ভাল' (২) (তাহা দ্রঃ)।

ভাল্লুক, ভাল্লুকে—ঋক্ষ, ভালুক। ভল্ (বধ করা)+উক, উক কর্তৃ; ভল্লুক, ভল্লুক+অণ্ স্বার্থে। বি; পুং।

ভাশুর, ভাসুর—পতির জ্যেষ্ঠ ভ্রাতা। <ভ্রাতৃশ্বশুর। বি; পুং।

ভাশুর-ঝি, ভাসুর-ঝি—স্বামীর জ্যেষ্ঠ ভ্রাতার কন্যা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি; স্ত্রী।

ভাশুর-পো, ভাসুর-পো—স্বামীর জ্যেষ্ঠ ভ্রাতার পুত্র। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি; পুং।

ভাষ—কথা; বচন। ভাষ্+ঘঞ্ ভাব। বি; পুং।

ভাষক—যে বলে; বক্তা; কথক। ভাষ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**ভাষিকা**।

ভাষণ—কথন, বলা। ভাষ্+অনট্ ভাব। বি; ক্লী।

ভাষা—অর্থযুক্ত উচ্চারিত শব্দ; যদ্দ্বারা লোকে কথাবার্তা বলে তাহা; সংস্কৃত বাঙ্গালা প্রভৃ বাক্যরীতি; রাগিণী বিঃ; উক্তি; প্রচলিত ভাষা, বৈদিক নয় এমন সংস্কৃত; মনোভাবপ্রকাশক উক্তি বা সংকেত। ভাষ্+অ কর্ম+আপ্। বি; স্ত্রী।

ভাষাতত্ত্ব—ভাষা বিষয়ক বিজ্ঞান; ভাষার উৎপত্তি বিকৃতি স্বরূপ প্রঃ। মধ্যপ। বি; ক্লী।

ভাষাতীত—যাহা ভাষায় বর্ণনা করা যায় না এমন। ২য়াতৎ। বিণ।

ভাষান্তর—অন্য ভাষায় অনুবাদ; ভিন্ন ভাষা। অন্য ভাষা, নিত্য। বি; ক্লী।

ভাষান্তরিক—দোভাষী; যে একজনের ভাষা অপরকে তাহার ভাষায় বুঝাইয়া দেয়; interpreter. ভাষান্তর+ইক নিপুণার্থে। বি; পুং।

ভাষান্তরিত—এক ভাষা হইতে অন্য ভাষায় পরিবর্তিত। ভাষান্তর+ইতচ্ জাতার্থে। বিণ।

ভাষিক—ভাষা সম্বন্ধীয়। ভাষা+ইক। বিণ।

ভাষিত—১। উক্ত, কথিত। ভাষ্+ক্ত কর্ম। বিণ। ২। ভাষা; উক্তি। ভাষ্+ক্ত ভাব। বি; ক্লী।

ভাষিতপুংস্ক—যাহার (যে স্ত্রীলিঙ্গ শব্দের) পুংরূপ হয় (যেমন—সুন্দরী সুন্দর)। ভাষিত পুমান্ যৎ কর্তৃক, বহু+ক। বিণ।

ভাষী (ভাষিন্)—কথক; কথনকারী, যে বলে (ইহা প্রায় সমাসের পরপদরূপে ব্যবহৃত হয়; যেমন,—কটুভাষী)। ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**ভাষিণী**।

ভাষ্য—১। ব্যাখ্যান; সূত্রবিবরণগ্রন্থ। বি; ক্লী। ২। কথনীয়। ভাষ্+ণ্যৎ কর্ম। বিণ।

ভাষ্যকার—ব্যাখ্যাকারক। উপতৎ; ভাষ্য—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং, বা বিণ।
ভাস—কুক্কুট; পাখি বিঃ; শকুন; দীপ্তি। ভাস্+অচ্ কর্তৃ। বি; পুং। [(বাংপ্র)। বিণ।
ভাসন্ত—যাহা ভাসিতেছে এমন। ভাস্+অন্ত কর্তৃ
ভাসমান—১। শোভমান; দীপ্যমান; দীপ্তিমান্। ভাস্+শানচ্ কর্তৃ। ২। যাহা ভাসিতেছে এমন। বাংপ্র। বিণ।
ভাসা—জলের উপর বা বায়ুর উপর অবস্থান করা বা চলা; ডুবিয়া না যাওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ভাসান—মনসা ইঃ বিষয়ক গান বিঃ; জলে দেবপ্রতিমা বিসর্জন। বাংপ্র। বি।
ভাসানো—প্রতিমা জলে ডুবানো; জলের উপর অবস্থান করিবার জন্য ছাড়িয়া দেওয়া; প্লাবিত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ভাসা-ভাসা—অস্পষ্ট; অগভীর। বাংপ্র। বিণ।
ভাসুর—'ভাশুর' দ্রঃ।
ভাসুরতাপাদন—যে প্রক্রিয়া দ্বারা জল দ্রবলৌহ প্রভৃতি শীতল হইয়া কঠিন হইবার সময়ে একপ্রকার মনোহর আকার ধারণ করে, crystallisation. ভাসুরতা—পদ্+ণিচ্+অনট্ করণ। বি; ক্লী।
ভাস্কর—সূর্য; অগ্নি; বীর; যে প্রস্তরাদিতে মূর্তি ও অক্ষরাদি ক্ষোদিত করে। উপতৎ; ভাস্—কৃ+ট কর্তৃ। বি; পুং। ভাববাচক বি—**ভাস্কর্য**।
ভাস্বতী—দীপ্তিযুক্তা; গ্রহণ প্রঃ গণনার গ্রন্থ বিঃ। ভাস্+মতুপ্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।
ভাস্বর—১। দীপ্যমান; দীপ্তিশীল। বিণ। ২। সূর্য; দিবস। ভাস্+বরচ্ কর্তৃ, শীলাদ্যর্থে। বি; পুং। [বি; পুং। স্ত্রী—**ভাস্বতী**।
ভাস্বান্ (-স্বৎ)—সূর্য। ভাস্+মতুপ্ আছে অর্থে।
ভিক্ষা—১। যাচ্ঞা; প্রার্থনা; সেবা; ভৃতি। ভিক্ষ্+অ ভাব+আপ্। ২। দাতার দয়ায় লভ্য বিষয়; এক-গ্রাস অন্ন; যাচিত বস্তু। ভিক্ষ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী। [ক্যপ্ কর্ম+আপ্। বি; স্ত্রী।
ভিক্ষাচর্যা—ভিক্ষাবৃত্তি; ভিক্ষাচরণ। ভিক্ষা—চর্+
ভিক্ষাজীবী (-জীবিন্)—ভিখারী, ভিক্ষুক। উপতৎ; ভিক্ষা—জীব্+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -**জীবিনী**। [বি; ক্লী।
ভিক্ষান্ন—ভিক্ষা দ্বারা প্রাপ্ত খাদ্য। মধ্যপ।
ভিক্ষাপাত্র—ভিক্ষাসংগ্রহের পাত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ভিক্ষাপুত্র—যে দ্বিজপুত্রে উপনয়নের সময়ে ব্রতভিক্ষা-গ্রহণপূর্বক কাহারও পুত্রস্থানীয় হয় সে। মধ্যপ। বি; পুং।
ভিক্ষাবৃত্তি—ভিক্ষার দ্বারা জীবিকানির্বাহ; ভিক্ষা-রূপ ব্যবসায়। কর্মধা। বি; স্ত্রী।
ভিক্ষা-মা—যে স্ত্রীলোক উপনয়ন-সময়ে কোন দ্বিজপুত্রকে প্রথমে ব্রতভিক্ষাদানপূর্বক তাহার মাতৃস্থানীয়া হয় সে। বাংপ্র। বি।
ভিক্ষার্থী (-র্থিন্)—ভিক্ষা-প্রার্থী, ভিখারী। উপতৎ; ভিক্ষা—অর্থ+ণিন্ কর্তৃ। বিণ; পুং। স্ত্রী, -**র্থিনী**।
ভিক্ষালব্ধ—পরের নিকট হইতে মাগিয়া আনা, ভিক্ষা করিয়া পাওয়া। ৩য়াতৎ। বিণ।
ভিক্ষাশী (-শিন্)—ভিক্ষাজীবী, ভিক্ষুক। উপতৎ; ভিক্ষা—অশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**শিনী**।
ভিক্ষু—১। পরিব্রাজক; ভিক্ষোপজীবী; চতুর্থাশ্রমী; বৌদ্ধ বিঃ; কোকিলাক্ষ। বি; পুং। ২। ভিক্ষা-জীবী। ভিক্ষ্+উ কর্তৃ। বিণ।
ভিক্ষুক—যাচক, ভিক্ষাজীবী। ভিক্ষু+কন্ স্বার্থে। বিণ।
ভিখ—< ভিক্ষা। বি।
ভিখারী, ভিখিরী—ভিক্ষুক। < ভিক্ষাকারী। বি; পুং, বা বিণ। স্ত্রী, -**রিণী**।
ভিজা—ভিজিয়া যাওয়া। প্রা কপ্র। ক্রি।
ভিজা, ভেজা—১। সিক্ত; উৎসাহহীন; নরম। ভিজ্+আ কর্তৃ। বিণ। ২। সিক্ত হওয়া; দয়ায় গলিয়া যাওয়া; রাজী হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
ভিজানো, ভেজানো—সিক্ত করা; কোমল করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ভিজিট—চিকিৎসার্থে আহূত চিকিৎসককে প্রদেয় অর্থ, ডাক্তারের দর্শনী, ফী। < ইং 'visit'. বি।
ভিজে—আর্দ্র, সিক্ত। বাংপ্র। বিণ। **ভিজে বিড়াল**—দেখিতে সরল কিন্তু প্রকৃতপক্ষে চতুর এবং দুষ্ট-বুদ্ধিযুক্ত ব্যক্তি। [বাংপ্র। বি।
ভিটকিলি, ভিটকিমি—চাতুরী, ভণ্ডামি; বুজরুকি।
ভিটকেল—ধড়িবাজ; বিশ্রী। বাংপ্র। বিণ।
ভিটা, ভিটে—বসতিস্থান; বাস্তুভূমি। < ভিত্তি। বি। [করা')। বাংপ্র। বি।
ভিটামাটি, ভিটেমাটি—ভিটার মাটি ('— উৎসন্ন
ভিটামিন—খাদ্যের জীবনীশক্তিবর্ধক উপাদান। < ইং 'Vitamine'. বি।
ভিড়—লোকসমূহ, জনতা। বাংপ্র। বি।
ভিড়া, ভেড়া—নিকটে যাওয়া; তীরের নিকট আনা; একত্র হওয়া। বাংপ্র। ক্রি, [বি]।
ভিড়ানো, ভিড়নো, ভেড়ানো—জুটানো; তীরের নিকট আনা; কাছে আনা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ভিত—দিক্; ধার; ভূমি হইতে মেঝে পর্যন্ত দেওয়াল, plinth; বনিয়াদ, foundation; দেওয়ালের বেধ; দেওয়াল। < ভিত্তি। বি।
ভিতর—১। মধ্যস্থল, অভ্যন্তর। বি। ২। ভিতরে অবস্থিত। < অভ্যন্তর। বিণ। **ভিতরে ভিতরে**—অপ্রকাশ্যভাবে; তলে তলে।
ভিতর-বাড়ি—অন্তঃপুর; মেয়েমহল। বাড়ির ভিতর, একদেশী (বাংপ্র)। বি।
ভিতিভিতি—চারিদিকে। প্রাঃ কপ্র। ক্রি-বিণ।
ভিতু—ভীরু। বাংপ্র। বিণ।
ভিত্তি—১। দেওয়াল; প্রদেশ। ভিদ্+ক্তি কর্ম। ২। প্রভেদ; বিভাগ। ভিদ্+ক্তি ভাব। ৩। অবসর। ভিদ্+ক্তিচ্ কর্ত। বি; স্ত্রী। ৪। গোড়া, বুনিয়াদ, ভিত। বাংপ্র। বি।
ভিত্তিপ্রস্তর—বুনিয়াদের প্রথম প্রস্তর বা ইষ্টক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভিত্তিমূল—ভিত, বনিয়াদ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ভিত্তিহীন—অমূলক। ৩য়াতৎ। বিণ।
ভিদভিদে—অসরল; অস্পষ্টভাষী। বাংপ্র। বিণ।
ভিদ্যমান—যাহা ভেদ করা হইতেছে এমন; যাহাকে কাটিয়া ছিন্নভিন্ন বা বিদীর্ণ করা হইতেছে এমন। ভিদ্+শানচ্ কর্ম। বিণ।
ভিন—ভিন্ন; আলাদা। কপ্র। বিণ।
ভিন্দিপাল—প্রাচীনকালের ক্ষেপণীয় অস্ত্র বিঃ; নালিকাস্ত্র। ভিন্দি—পাল্+অণ্ কর্তৃ। বি; পুং।
ভিন্ন—১। অন্য; বিদীর্ণ; বিশীর্ণ; শিথিলিত; বিফলিত; প্রতিফলিত; সংগত; বিকসিত, মিশ্রিত; মিলিত; মদস্রাবী; স্খলিত, লুণ্ঠিত; বহুলীভূত; স্পষ্ট; নিরস্ত; মর্দিত; ছিন্ন, ভগ্ন; বিভক্ত; খণ্ডিত; বিদলিত; বিদারিত। বিণ। বি, -তা। ২। বিনা, ব্যতীত। বাংপ্র। অ।
ভিন্নজাতীয়—অন্য জাতির; অপর শ্রেণীর। ভিন্না জাতি, কর্মধা; তদ্‌ত্তরে+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
ভিন্নরুচি—পৃথক্ রুচি বা প্রকৃতিবিশিষ্ট। বহু। বিণ।
ভিন্নার্থ—১। অন্যরূপ তাৎপর্য বা উদ্দেশ্যযুক্ত। বহু। বিণ। ২। অন্য প্রয়োজন উদ্দেশ্য বা তাৎপর্য। কর্মধা। বি; পুং।
ভিন্নার্থক—অন্যরূপ অর্থ উদ্দেশ্য বা প্রয়োজনযুক্ত। ভিন্ন অর্থ যাহার, বহু (ক-সমাসান্ত)। বিণ। স্ত্রী, -র্থিকা।
ভিমরুল—বোলতাজাতীয় একপ্রকার পতঙ্গ, hornet. < ভৃঙ্গারোল। বি।
ভিয়ান, ভিয়েন—মিষ্টান্ন প্রঃব পাক। বাংপ্র। বি।
ভিরকুটি—ভ্রূভঙ্গী· স্পর্ধা; দুষ্টামি; অযথা চাঞ্চল্য। < ভ্রূকুটি। বি।
ভিরমি—আকস্মিক মূর্ছা। < ভ্রমি। বি।
ভিল—ভারতীয় আদিম জাতি বিঃ। < ভিল্ল। বি।
ভিল্ল—অসভ্য জাতি বিঃ, ভীল। ভিল্+লক্ কর্তৃ। বি, পুং। [কর্তৃ। বি; পুং।
ভিষক্ (ভিষজ্)—বৈদ্য, চিকিৎসক। ভিযজ্+ক্বিপ্
ভিস্তি—জল বহিবার মশক। < ফা 'বিহিশ্‌ৎ'। বি। [মু। বি।
ভিস্তি, ভিস্তী—ভিস্তিদ্বারা জলবহনকারী। ফা-
ভিস্তিওয়ালা—যে ভিস্তিতে করিয়া জল বহন করে এরূপ ব্যক্তি। ফা-মু। বি।
ভীড়ন—যুদ্ধ ("ভীড়নে চলিল বঙ্গ বাইশ হাজার" —কবিকঙ্কণ)। প্রা কপ্র। বি।
ভীত—শঙ্কিত, ত্রস্ত। ভী+ক্ত কর্তৃ। বিণ।
ভীতি—ভয়; কম্প। ভী+ক্তি ভাব। বি; স্ত্রী।
ভীতিপ্রদ—ভয়জনক। উপতৎ; ভীতি—প্র—দা+ক কর্তৃ। বিণ। [তৎ। বিণ।
ভীতিবিহ্বল—ভয়ে বিমূঢ় ভয়ে অভিভূত। ৩য়া-
ভীতু—ভীরু। < ভীত। বিণ।
ভীম—১। দ্বিতীয় পাণ্ডব; ভয়ানক রস; পরমেশ্বর। বি; পুং। ২। ঘোর, ভীষণ; ভয়ানক। ভী+মক্ অপা। বিণ।

ভীমদর্শন—ভীষণাকৃতি, যাহার চেহারা দেখিলে মনে ভয় হয় এমন। বহু। বিণ।
ভীমদ্বাদশী—মাঘ-মাসীয় শুক্লা দ্বাদশী। ভীমোপাস্য দ্বাদশী, মধ্যপ। বি; স্ত্রী।
ভীমরতি—পদে পদে ভ্রম, বার্ধক্যজনিত বুদ্ধিভ্রংশ, dotage ('—ধরা')। < ভ্রমরতি বা ভ্রমার্তি। বি।
ভীমরথী—৭৭ বৎসর ৭ মাসের ৭মী রাত্রি। ভীমরথ +অণ্ সম্বন্ধার্থে বা তুল্যার্থে+ঈপ্। [কাহারও মতে ভ্রমার্তি হইতে গঠিত অর্বাচীন সংস্কৃত]। বি; স্ত্রী। [বহু। বি; পুং।
ভীমসেন—দ্বিতীয় পাণ্ডব। ভীম সেনা যাহার,
ভীমা—ভয়ংকরী। ভীম+আপ্। বিণ; স্ত্রী।
ভীরু—ত্রস্ত। ভী+ক্রু কর্তৃ। বিণ। বি, -তা।
ভীষণ—১। ভয়ংকর, দারুণ; গাঢ়; দৃঢ়। বিণ। ২। শিব; ভয়ানক রস। ভী+ণিচ্+অন কর্তৃ। বি; পুং। [+ক্ত কর্ম। বিণ।
ভীষিত—যাহাকে ভয় দেখানো হইয়াছে এমন। ভীষি
ভীষ্ম—১। শান্তনু রাজার পুত্র, গাঙ্গেয়। বি; পুং। ২। ভয়ানক, ভয়ংকর। ভী+মক্ অপা (ষ-আগম)। বিণ। [মৃত্যুতিথি)। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ভীষ্মাষ্টমী—মাঘ মাসের শুক্লা অষ্টমী (ভীষ্মের
ভুও—মিথ্যা; অসার; ফাঁপা। বাংপ্র। বিণ।
ভুঁই—জমি। < ভূমি। বি।
ভুঁইফোড়—১। যাহা মাটি ভেদ করিয়া হঠাৎ উঠিয়াছে এমন, হঠাৎ আবির্ভূত বা উন্নত-অবস্থাপ্রাপ্ত, অদ্ভুত। বিণ। ২। হঠাৎ বড়লোক, upstart. বাংপ্র। বি। [< ভৌমিক। বি।
ভুঁইয়া, ভুঞা—উপাধি বিঃ; জমিদার, ভূম্যধিকারী।
ভুঁড়ি—বৃহৎ উদর, বড় পেট। বাংপ্র। বি।
ভুঁড়েল, ভুঁড়ো—বৃহৎ-উদরযুক্ত। ভুঁড়ি+এল, ও (বাংপ্র)। বিণ।
ভুঁতি, ভুতি, ভুতুড়ি—নাড়ীভুঁড়ি; কাঁটালের মধ্যের অখাদ্য অংশ। বাংপ্র। বি।
ভুঁদো—স্থূলকায়, বোকা। বাংপ্র। বিণ।
ভুক্ত—১। যাহা খাওয়া হইয়াছে এমন, ভক্ষিত; উপভুক্ত; অন্তর্গত (যথা—রাজাভুক্ত)। ভুজ্+ক্ত কর্ম। ২। কৃতভোজন, যে খাইয়াছে এমন। ভুজ্+ক্ত ভাব +অচ্ বিশিষ্টার্থে। বিণ। ৩। ভোজন। ভুজ্+ক্ত ভাব। বি; ক্লী।
ভুক্তন—পুরণ। বাংপ্র। বি।
ভুক্তভোগী (-ভোগিন্)—যে ভুগিয়াছে এমন। ভুক্ত এমন ভোগ, কর্মধা· তদুত্তরে ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -ভোগিনী।
ভুক্তভোজন—চর্বিতচর্বণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ভুক্তাবশেষ—উচ্ছিষ্ট, ভোজনের পর যাহা অবশিষ্ট থাকে তাহা। ভুক্তোদ্বৃত্ত অবশেষ, মধ্যপ। বি; পুং।
ভুক্তি—ভোজন; ভোগ; দখল। ভুজ্+ক্তি ভাব। বি; স্ত্রী।
ভুখ—ক্ষুধা। < বুভুক্ষা। বি।
ভুখা—ক্ষুধার্ত। হি। বি।

ভুখামিছিল—ক্ষুধিত অন্নপ্রার্থী লোকদের শোভাযাত্রা, hunger march. বাংপ্র। বি।

ভুগা, ভোগা—কষ্ট পাওয়া; ভোগ করা। বাংপ্র। ক্রি [, বি]। [বাংপ্র। ক্রি [, বি]।

ভুগানো, ভোগানো—ক্লেশ প্রদান করা; ভোগ করানো।

ভুজ—১। বাহু, হস্ত। ভুজ্+ক ঘঞর্থে করণ (নিপা)। ২। ভূর্জপত্র; ধনুকের আকৃতি; খোলাকার বস্তু; ত্রিকোণাদিক্ষেত্রের পার্শ্বরেখা, side. বি; পুং। ৩। কুটিল। ভুজ্+ক কর্তৃ। বিণ।

ভুজগ—সর্প, ফণী। উপতৎ; ভুজ—গম্+ড কর্তৃ। বি; পুং। [বি; স্ত্রী।

ভুজগী—স্ত্রীজাতীয় সর্প; ক্রূরা স্ত্রী। ভুজগ+ঈপ্।

ভুজঙ্গ, ভুজঙ্গম—ফণী, সর্প। ভুজ—গম্+খচ্ (ড), খচ্ কর্তৃ। বি; পুং। স্ত্রী—ভুজঙ্গী, ভুজঙ্গমী।

ভুজঙ্গপ্রয়াত—দ্বাদশাক্ষরপাদক ছন্দো বিঃ ("ভুজঙ্গপ্রয়াতে কহে ভারতী দে, অরেরে দক্ষ, দে, সতী দে, সতী দে"—ভারত)। ভুজঙ্গের প্রয়াতের (গমনের) ন্যায় প্রয়াত যাহাতে, বহু। বি; ক্লী।

ভুজবন্ধন—আলিঙ্গন; বাহুদ্বারা বেষ্টন। ৩য়াতৎ। বি; ক্লী। [বি; ক্লী।

ভুজবল—বাহুগত ক্ষমতা; শক্তি, ক্ষমতা। ৬ষ্ঠীতৎ।

ভুঞ্জা—অতিবাহিত করা; ভোগ করা। কপ্র। ক্রি।

ভুঞ্জিত—ভুক্ত অতিবাহিত। বাংপ্র। (প্রায় পদ্যে)। বিণ।

ভুট্টা—জনার, মকাই, maize. হি। বি।

ভুড়ভুড়—বুদ্বুদশব্দ; গন্ধ বাহির হওয়ার প্রকার বিঃ। বাংপ্র। অ।

ভুড়ভুড়ি—১। বুদ্বুদ। বাংপ্র। বি। ২। অফুরন্তভাবে জলবুদ্বুদের মত (বাহির হওয়া)। বাংপ্র। ক্রি-বিণ।

ভুঁতি, ভুতুড়ি—'ভুঁতি' দ্রঃ।

ভুতুড়ে—ভূতুড়ে (তাহা দ্রঃ)।

ভুনিখিচুড়ি—ভাজা চাল ডাল হইতে প্রস্তুত খিচুড়ি বিঃ। বাংপ্র। বি।

ভুবঃ (ভুবর্), **ভুব**—আকাশ, অন্তরীক্ষ। ভূ+অরুক্ কর্তৃ (নিপা) অ।

ভুবন—জগৎ, সপ্তপাতাল ও সপ্তস্বর্গ এই চতুর্দশ; জল; আকাশ। ভূ+অন (ক্যুন্) কর্তৃ (নিপা)। বি; ক্লী।

ভুবনজয়ী -বিজয়ী (-জয়িন্)—জগৎ-বিজেতা, যে জগতের সকলকে পরাভূত করিতে সমর্থ হইয়াছে এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -জয়িনী।

ভুবনমোহন—জগদ্বাসীর মনোমোহকর, যে বা যাহা ত্রিভুবনকে মুগ্ধ করে এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -মোহিনী।

ভুবনেশ্বর—১। ত্রিভুবনের অধিপতি। ৬ষ্ঠীতৎ। ২। শিবলিঙ্গ বিঃ; উড়িষ্যার রাজধানী। বি; পুং।

ভুবনেশ্বরী—দশমহাবিদ্যামধ্যে দেবী বিঃ; ত্রিপুরাসুন্দরী মূর্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভুবর্লোক—সপ্ত ঊর্ধ্বলোকের দ্বিতীয় লোক। ভুবঃই লোক, কর্মধা। বি; পুং।

ভুয়া, ভুয়ো—মিথ্যা ('—খবর'); ফাঁপা; শূন্যগর্ভ ('—নারকেল'); অসার। বাংপ্র। বিণ।

ভুরভুর—ভরভর, গন্ধের পূর্ণতা প্রকাশ। বাংপ্র। অ।

ভুরা, ভুরো—গুড় পরিষ্কার করিয়া যে চিনি প্রস্তুত হয় তাহা। বাংপ্র। বি।

ভুরু, ভুরূ—< ভ্রূ। বি।

ভুল—১। ভ্রম; বিস্মৃতি। বি। ২। ভ্রান্ত; অযথার্থ; অনুপযুক্ত। বাংপ্র। বিণ। [[, বি]।

ভুলা—বিস্মৃত হওয়া; ভুল করা। বাংপ্র। ক্রি

ভুলানো—মুগ্ধ করা; বিস্মৃত করানো; শান্ত করা; ফুসলানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

ভুলো—ভ্রমশীল, বিস্মৃতিপ্রবণ, যে সহজেই বিস্মৃত হয় এমন। ভুল্+ও (< উয়া) কর্তৃ (বাংপ্র)। বিণ।

ভুশ, ভুস—জল কাদা ইঃ ভেদ করার শব্দ। বাংপ্র। বি।

ভুশুড়ি—খুব বেশী পরিমাণ। বাংপ্র। বি।

ভুষি, ভুসি—যব গম প্রঃ শস্যের উপরকার আবরণ, ধান্যাদির খোসা। < বুষ বা বুস। বি।

ভুষ্টিনাশ—সম্পূর্ণ বিনাশ; ছারখার, ধ্বংস। বাংপ্র। বি।

ভুস—'ভুশ' দ্রঃ।

ভুসা ভুসো—বাতির ঝুল, কেরোসিনের আলো প্রঃ হইতে ধোঁয়া উঠিয়া যে কালো ঝুল হয় তাহা। < ভস্মন্। বি।

ভুসাকালি, ভুসোকালি—ভুসা দ্বারা প্রস্তুত কাল রং (lampblack) বা কালি। মধ্যপ (বাংপ্র)। বি।

ভূ—পৃথিবী; স্থান, প্রদেশ; আধার। যজ্ঞাগ্নি। ভূ+ক্বিপ্ কর্তৃ। বি; স্ত্রী।

ভুঁই—ভুঁই (তাহা দ্রঃ)।

ভূঁইয়া, ভূঞা—ভুঁইয়া (তাহা দ্রঃ)।

ভূঁইয়া-রাজা—সম্রাটের অধীন রাজা, সামন্ত নৃপতি। কর্মধা (বাংপ্র)। বি। [মিত কর্মধা। বি; স্ত্রী।

ভূকন্ধরা—যোজক, isthmus. ভূ কন্ধরা সদৃশ, উপ-

ভূকম্প, ভূকম্পন—ভূমিকম্প, পৃথিবীর কম্পন, ভূমিজ উৎপাত বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।

ভূকর্ণ—জ্যোতিঃশাস্ত্রে নিরক্ষবৃত্তের ব্যাসার্ধ, radius of the Equator. ভূর কর্ণ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভূগর্ভ—মাটির নীচেকার অংশ, পৃথিবীর অভ্যন্তরভাগ। ভূর গর্ভ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভূগোল—১। যে শাস্ত্র পাঠ করিয়া পৃথিবীর বিবরণ জানা যায় তাহা, পৃথিবী ও বিভিন্ন দেশের বিবরণ, geography. বি; ক্লী। ২। ভূমণ্ডল, পৃথিবীমণ্ডল। ভূব গোল (মণ্ডল), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভূগোলক—১। কাষ্ঠ প্রঃর দ্বারা নির্মিত পৃথিবীর আকৃতিযুক্ত বল, পৃথিবীর প্রতিরূপ, globe. ভূর প্রতিরূপক গোলক, মধ্যপ। ২। ভূগোল। ভূগোল+কন্ স্বার্থে। বি; ক্লী।

ভূগোল-বিদ্যা, -শাস্ত্র—যে বিদ্যা দ্বারা পৃথিবীর সর্বপ্রকার বিবরণ জ্ঞাত হওয়া যায় তাহা। মধ্যপ। বি; স্ত্রী, ক্লী।

ভূচর—যাহারা ভূমিতে বাস করে তাহারা, স্থলচর। উপতৎ; ভূ—চর্+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।

ভূচিত্র—পৃথিবীর বা তাহার যে কোন অংশের মানচিত্র, ম্যাপ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ভূচ্ছায়া—চন্দ্রগ্রহণকালে চন্দ্রের উপরে পতিত পৃথিবীর ছায়া; রাহুগ্রহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভূঞা—'ভূঁইয়া' দ্রঃ।

ভূত—১। প্রেতযোনি বিঃ; শিবের অনুচর। বি; পুং। ২। পৃথিবী জল অগ্নি বায়ু আকাশ—এই পঞ্চ; জন্তু; পিশাচ; সত্য; তত্ত্বানুসন্ধান; চেতনপদার্থ; প্রাণী। বি; ক্লী। ৩। উৎপন্ন; অতীত; সত্য; তুল্য; সদৃশ; স্বরূপ; উচিত। ভূ+ক্ত কর্তৃ। বিণ। **ভূত ছাড়ানো**—মন্ত্র পড়িয়া কাহারও উপর হইতে ভূতের আবেশ দূর করা; কঠোর ভাবে প্রহার বা তিরস্কার করা। **ভূতে পাওয়া**—ভূত প্রেত ইঃর দ্বারা আবিষ্ট হওয়া। **ভূতের বাপের শ্রাদ্ধ**—অতিশয় বিশৃঙ্খলা। **ভূতের বেগার খাটা**—বিনালাভে বা যৎসামান্য লাভে কঠোর পরিশ্রম করা। **ভূতের বোঝা বহা**—অনর্থক কোন গুরুভার বহন করা; অনর্থক দেহধারণ করা।

ভূতচতুর্দশী—গৌণ কার্তিকী কৃষ্ণা চতুর্দশী (ইহাকে যমচতুর্দশীও বলে)। ভূতপ্রিয়া চতুর্দশী, মধ্যপ। বি; স্ত্রী।

ভূতত্ত্ব—পৃথিবীবিষয়ক বিজ্ঞান। মধ্যপ। বি; ক্লী।

ভূতদয়া—জীবগণের প্রতি করুণা। ৭মীতৎ। বি; স্ত্রী।

ভূতনাথ—শিব; বটুকভৈরব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভূতপূর্ণিমা—আশ্বিনী পূর্ণিমা, কোজাগরপূর্ণিমা। ভূতপ্রিয়া পূর্ণিমা, মধ্যপ। বি; স্ত্রী।

ভূতপূর্ব—যাহা পূর্বে ছিল এমন. পূর্বেকার। পূর্বে ভূত, সুপ্‌। বিণ। [৪র্থীতৎ। বি; পুং।

ভূতবলি—মাষভক্ত বলি; জীবগণকে খাদ্য দান।

ভূতভাবন—জীবের সৃষ্টিকর্তা বা পালনকর্তা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভূতযজ্ঞ—জীবদিগকে খাদ্য দেওয়া, কাক প্রভৃতিকে ভক্ষ্য বস্তু প্রদান করা। ভূত-সম্বন্ধীয় যজ্ঞ, মধ্যপ। বি; পুং।

ভূতযোনি—১। প্রেতজন্ম। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা স্ত্রী। ২। ভূত প্রেত প্রঃ। ভূত যোনি যাহার, বহু। বি; পুং।

ভূতল—পাতাল; ধরাতল, পৃথিবীর উপরিভাগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ভূতলশায়ী (-শায়িন্)—ধরায় পতিত, যে মাটিতে পড়িয়া গিয়াছে এমন। উপতৎ; ভূতল—শী+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -শায়িনী।

ভূতশুদ্ধি—পূজাদিতে বীজ বিঃ দ্বারা বামকুক্ষিস্থিত শরীরস্থ পাপপুরুষ দহনপূর্বক শরীরশোধন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভূতাবিষ্ট—যাহাকে ভূতে পাইয়াছে এমন, ভূতগ্রস্ত। ভূত কর্তৃক আবিষ্ট, ৩য়াতৎ। বিণ।

ভূতাবেশ—ভূতসঞ্চার, ভূতে পাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভূতার্থ—যথার্থ, সত্য; অকৃত্রিম। ভূত (সত্য) অর্থ যাহার, বহু। বিণ।

ভূতি—১। শিবের অঙ্গস্থ ভস্ম; শিবের অণিমাদি অষ্টবিধ ঐশ্বর্য; মহিমা; সম্পত্তি; মঙ্গল; জাতি। ভূ+ক্তি করণ। ২। উৎপত্তি; সিদ্ধি; অভ্যুদয়; উৎকর্ষ। ভূ+ক্তি ভাব। বি; স্ত্রী।

ভুতুড়ে—১। ভূতের ওঝা; যে ভূতের সাহায্যে চিকিৎসা করে বা ভূত ছাড়ায় এরূপ লোক। বি। ২। ভূশিত; বিশৃঙ্খল ('— কাণ্ড'); ভূত সম্বন্ধীয় ('— গল্প'); ভূতে পরিপূর্ণ ('— জায়গা')। বাংপ্র। বিণ।

ভূতেশ—শিব। ভূতের ঈশ (প্রভু), ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি।

ভূত্বক্—পৃথিবীর জলমণ্ডলের নিম্নবর্তী স্তর।

ভূদেব—ব্রাহ্মণ। ৭মীতৎ। বি; পুং।

ভূধর—পর্বত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভূনিম্ব—চিরতা। 'ভূলগ্ন নিম্ব, মধ্যপ। বি; পুং।

ভূপ, ভূপতি, ভূপাল—রাজা, নৃপ। উপতৎ; ভূ—পা+ক কর্তৃ; ভূর পতি, ৬ষ্ঠীতৎ; উপতৎ; ভূ—পা+ণিচ্+অণ্ কর্তৃ। বি; পুং। [বিণ।

ভূপতিত—মাটির উপরে পতিত, ধরাশায়ী। ৭মীতৎ।

ভূপাত—ধস্, ভঙ্গিল পর্বতের স্তরস্খলন, landslip. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভূপাতিত—যাহাকে মাটির উপর ফেলিয়া দেওয়া হইয়াছে এমন। ৭মীতৎ। বিণ।

ভূপাল—'ভূপ' দ্রঃ। [বি; পুং।

ভূপেন্দ্র—রাজশ্রেষ্ঠ। ভূপ ইন্দ্রসদৃশ, উপমিত কর্মধা।

ভূবিদ্যা—ভূপৃষ্ঠ ও তাহার নীচের স্তরসমূহ সম্বন্ধীয় বিদ্যা, geology. মধ্যপ। বি; স্ত্রী।

ভূবিষুব-রেখা, -বৃত্ত—পৃথিবীর নিরক্ষ রেখা, equator. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, ক্লী।

ভূভার—পৃথিবীতে পাপের বা জনসংখ্যার আধিক্য; পৃথিবীর ভার বা বোঝা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভূভারত—সমগ্র ভারতবর্ষ; পৃথিবীর সর্বত্র; সকল স্থান; কোনও স্থান। বাংপ্র। বি।

ভূভারহরণ—পৃথিবীতে রাক্ষস ও ঘোর অত্যাচারী পাপাশয় অসুর প্রভৃতির কৃত পাপে সর্বংসহা ধরিত্রীর ভারাধিক্য ঘটিলে ঐ অসুরাদির বিনাশ দ্বারা তাহার দূরীকরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ভূভৃৎ—পর্বত; ভূপতি। উপতৎ; ভূ—ভৃ+কিপ্ কর্তৃ। বি; পুং।

ভূম—জমি, ক্ষেত্র। < ভূমি। বি।

ভূমণ্ডল—পৃথিবী। কর্মধা। বি; ক্লী।

ভূমা (ভূমন্)—১। বহুল, অধিক; সর্বব্যাপী, বিরাট; পূর্ণ, সর্ব। বহু+ইমন্ স্বার্থে। বিণ। ২। বহুত্ব। বহু+ইমন্ ভাবে (নিপা)। বি; পুং।

ভূমানন্দ—১। অতিশয় আনন্দ। ভূমা আনন্দ, কর্মধা। বি; পুং। ২। ব্রহ্মানন্দে মগ্ন। বহু। বিণ।

ভূমি—পৃথিবী; বাসস্থান; স্থান; ক্ষেত্র, জমি; ভূপৃষ্ঠ, মাটি; মেঝে; দেশ; আকর, আধার; আকার; ত্রিভুজের শীর্ষবিন্দুর বিপরীত দিকে অবস্থিত বাহু। ভূ+মিক্ আধি। বি; স্ত্রী।

ভূমিকম্প—পৃথিবীকম্পন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ভূমিকা—মুখবন্ধ, গ্রন্থের পূর্বাভাষ; বক্তব্য বিষয়ের সূচনা; বেশধারণ; রূপান্তরপরিগ্রহ; রচনা; চিত্তের অবস্থা বিঃ; কক্ষা; নাটকে কোন পাত্রের অভিনেয় অংশ, role, part ('সাবিত্রীর—')। উপতৎ; ভূমি—কৈ+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
ভূমিকুষ্মাণ্ড—ভুঁইকুমড়া। ভূমিলগ্ন কুষ্মাণ্ড, মধ্যপ। বি; পুং। [চম্পক, মধ্যপ। বি; পুং।
ভূমিচম্পক—পুষ্প বিঃ, ভুঁইচাঁপার গাছ। ভূমিলগ্ন
ভূমিজ—ভূমিজাত, পৃথিবীজাত; ক্ষেত্রোৎপন্ন। উপতৎ; ভূমি—জন্+ড কর্তৃ। বিণ।
ভূমিজা—১। সীতা, জানকী। বি; স্ত্রী। ২। পৃথিবীজাতা। উপতৎ; ভূমি—জন্+ড কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী।
ভূমিতল—পৃথিবীপৃষ্ঠ, পৃথিবীর উপরিভাগ; পৃথিবীর অভ্যন্তর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
ভূমিশয্যা—অনাবৃত ভূতলরূপ বিছানা। কর্মধা। বি; স্ত্রী। [তৎ; ভূমি—স্থা+ক কর্তৃ। বিণ।
ভূমিষ্ঠ—জাত, উৎপন্ন; প্রণত; ভূমিতে স্থিত। উপ-
ভূমিসম্পত্তি, ভূসম্পত্তি—জায়গা-জমি। কর্মধা। বি; স্ত্রী। [অ।
ভূমিসাৎ—মাটিতে পতিত, ভূপাতিত। ভূমি+সাতিচ্।
ভূমীন্দ্র—রাজা, ভূপতি। ভূমিতে (পৃথিবীতে) ইন্দ্র (প্রধান), ৭মীতৎ। বি; পুং।
ভূম্যধিকারী (-কারিন্)—জমিদার; জমির মালিক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ভূয়ঃ (ভূয়স্)—পুনঃ পুনঃ, বারংবার। বহু+ঈয়সুন্ অত্যর্থে (বহু-স্থানে ভূ, ঈ-কারের লোপ)। অ।
ভূয়সী—অত্যধিকা, বহুলা। ভূয়স্+ঈপ্। বিণ; স্ত্রী।
ভূয়ান্ (ভূয়স্)—বহুতর, অধিক। বহু+ঈয়সুন্ অতিশয়ার্থে। বিণ; পুং। স্ত্রী—**ভূয়সী**।
ভূয়িষ্ঠ—বহুল, প্রচুর, অধিক। বহু+ইষ্ঠ অত্যর্থে। বিণ।
ভূয়োদর্শন, -দর্শিতা—বহু দেখিয়া শুনিয়া অভিজ্ঞতা, বহুল অভিজ্ঞতা। ভূয়ঃ দর্শন, সুপ্; ভূয়োদর্শিন্+তা ভাবে। বি; ক্লী, স্ত্রী। বিণ—**ভূয়োদর্শী** (-র্শিন্)। বি, -**র্দর্শিতা**।
ভূয়োভূয়ঃ (-য়স্)—বারবার। অ।
ভূরি—অনেক, অধিক, বহু। ভূ+ক্রিন্ কর্তৃ। বিণ।
ভূরিভোজন—আকণ্ঠ ভোজন, প্রচুর আহার। কর্মধা। বি; ক্লী।
ভূর্জ, ভূর্জপত্র—ভোজপাতার গাছ, চিত্রত্বক্। ভূ—উর্জ্+অচ্ কর্তৃ; ভূর্জ পত্র যাহার, বহু। বি; পুং।
ভূলতা—কেঁচো, কিঞ্চুলুক। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ভূর্লোক—মর্তলোক, পৃথিবী। ভূঃই লোক, কর্মধা। বি; পুং।
ভূলুণ্ঠিত—যে মাটিতে গড়াগড়ি দিতেছে এরূপ; ধরাশায়ী। ৭মীতৎ। বিণ।
ভূশণ্ডি, ভূষণ্ডি, ভূষণ্ডী—পুরাণোক্ত কাক বিঃ; ত্রিকালদর্শী। বি; পুং।

ভূশয্যা—অনাবৃত ভূতলরূপ বিছানা। কর্মধা। বি; স্ত্রী।
ভূষণ, ভূষা—১। অলংকার, আভরণ, গহনা; শোভা, সজ্জা। ভূষ্+অনট্ করণ; ভূষ্+অ করণ+আপ্। ২। অলংকৃত করণ। ভূষ্+অনট্ ভাব; ভূষ্+অ ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী। [কর্ম। বিণ।
ভূষিত—অলংকৃত; শোভিত; সজ্জিত। ভূষ্+ক্ত
ভূসম্পত্তি—'ভূমিসম্পত্তি' দ্রঃ।
ভূস্বর্গ—সুমেরু-পর্বত; কাশ্মীর। ভূস্থ স্বর্গ, মধ্যপ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; পুং।
ভূস্বামী (-স্বামিন্)—রাজা, ভূপতি; জমিদার।
ভৃকুটি, ভৃকুটী—ভ্রূভঙ্গী, ভ্রূকুটি। ভ্রূর কুটি, কুটী, ৬ষ্ঠীতৎ (নিপা)। বি; স্ত্রী।
ভৃগু—মুনি বিঃ; বংশ বিঃ; শিব; জমদগ্নি; শুক্রাচার্য অত্যুচ্চস্থান; খাড়া উঁচু পাহাড়, cliff; পর্বতের উচ্চসানু; পর্বতাদির ঢালুপ্রদেশ; গড়ানে জায়গা। ভ্রস্জ্+কু কর্তৃ (নিপা)। বি; পুং।
ভৃঙ্গ—ভ্রমর; লম্পট; ফিঙাপাখি; বৃক্ষ বিঃ; ভৃঙ্গরাজ; ভিমরুল। ভৃ+গন্ কর্তৃ (ন-আগম)। বি; পুং।
ভৃঙ্গরাজ—১। ভ্রমরশ্রেষ্ঠ। ভৃঙ্গমধ্যে রাজা, ৭মীতৎ (টচ্-সমাসান্ত)। ২। যজ্ঞ বিঃ। ভৃঙ্গ—রাজ্+অচ্ কর্তৃ। ৩। কেশুরিয়া জাতীয় গাছ। ভৃঙ্গ—রন্জ্+ণিচ্+কনিন্ কর্তৃ (নিপা)। বি; পুং।
ভৃঙ্গার—জলপাত্র বিঃ, ঝারি; গাড়ু; অভিষেকপাত্র। ভৃ+আরন্ কর্তৃ (নিপা)। বি; পুং।
ভৃত—পালিত; পূর্ণ। ভৃ+ক্ত কর্ম। বিণ।
ভৃতক—১। বেতন। ভৃ+ক্ত করণ+কন্। বি; ক্লী। ২। বেতনগ্রাহী। ভৃ+ক্ত কর্ম+কন্। বিণ।
ভৃতি—১। বেতন; মূল্য; মূলধন। ভৃ+ক্তি করণ। ২। ভরণ, পালন; পূরণ। ভৃ+ক্তি ভাব। বি; স্ত্রী।
ভৃত্য—১। দাস, চাকর। বি; পুং। ২। প্রতিপালনীয়, পাল্য। ভৃ+ক্যপ্ কর্ম। বিণ।
ভৃষ্ট—জলসেক ভিন্ন বালুকাগ্নি-সংযোগে পক্ব, ভর্জিত, ভাজা। ভ্রস্জ্+ক্ত কর্ম। বিণ। [অ।
ভেউ-ভেউ—উচ্চ ক্রন্দনধ্বনি; কুকুরের ডাক। বাংপ্র।
ভেংচানি, ভেংচি—বিদ্রূপাত্মক বা ক্রোধসূচক মুখভঙ্গী; কাহারও মুখভঙ্গীর বিদ্রূপসূচক অনুকরণ। ভেংচা+নি, ই ভাব (বাংপ্র)। বি।
ভেংচানো, ভেঙ্চানো—মুখমণ্ডলকে বিদ্রূপসূচক ভাবে বিকৃত করা, মুখ ভেঙানো। বাংপ্র। ক্রি [. বি]। [bugle, trumpet. বাংপ্র। বি।
ভেঁপু—তালপাতার বাঁশি বা তদ্রূপ শব্দকারী বাঁশি,
ভেক—১। মণ্ডূক, ব্যাঙ্। ভী+কন্ কর্তৃ। স্ত্রী—**ভেকী**। ২। মেঘ। ভী+কন্ অপা। বি; পুং। ৩। সংসারত্যাগী বৈরাগীর ধর্ম; বৈরাগীর বেশ; ছদ্মবেশ; ভণ্ডামি। < ভেক্ষ্য। বি।
ভেকধারী (-ধারিন্)—গৃহত্যাগী, বৈরাগ্যধর্মাবলম্বী। উপতৎ। বিণ। স্ত্রী. -**ধারিণী**।
ভেকা, ভেকো—হতভম্ব, হতবুদ্ধি। ভেক+আ, ও সদৃশার্থে (বাংপ্র)। বিণ।

ভেখ—ভেক (৩) [তাহা দ্রঃ]। [[, বি]।
ভেংগানো, ভেঙানো—ভেংচানো। বাংপ্র। ক্রি
ভেজা—১। ভিজা, সিক্ত। বিণ। ২। সিক্ত বা আর্দ্র হওয়া; নরম হওয়া; দয়ালু হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
ভেজানো—বন্ধ করা, খিল না দিয়া সংলগ্ন করা (জানালা —'); সিক্ত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ভেজাল—১। উৎকৃষ্ট বস্তুর সঙ্গে নিকৃষ্ট বস্তু মিশানো; গোলযোগ; বিশৃঙ্খলা। বি। ২। যাহাতে নিকৃষ্ট বস্তু মিশানো হইয়াছে এমন; কৃত্রিম। বাংপ্র। বিণ।
ভেট—কোন রাজা বা মান্য ব্যক্তির নিকট উপস্থিত হইলে যে কোন দ্রব্যাদি দ্বারা উপঢৌকন দেওয়া যায় তাহা, উপহার, সওগাদ, নজরানা; সাক্ষাৎকার। বাংপ্র। বি।
ভেটকি—একপ্রকার মাছ। <ভেকট। বি।
ভেটা—সাক্ষাৎ করা, দর্শন করা; মিলিত হওয়া। বাংপ্র। ক্রি। [কলহ প্রঃর স্থান। বাংপ্র। বি।
ভেটেরাখানা—হোটেল; পান্থনিবাস, সরাই; গোলমাল
ভেড়—মেষ, ভেড়া। ভী+ড কর্তৃ। বি; পুং।
ভেড়া—মেষ। <ভেড়। বি।
ভেড়ী—স্ত্রীজাতীয় মেষ। ভেড়+ঈপ্। বি; স্ত্রী।
ভেড়ানো—'ভিড়ানো' দ্রঃ।
ভেড়ি—বাঁধ, জাঙ্গাল। বাংপ্র। বি।
ভেড়ুয়া, ভেড়ো—নর্তকীর সঙ্গের বাদ্যকর; স্ত্রী-লোকের অধীন পুরুষ; যে ব্যক্তির স্ত্রী তাহার সম্মুখেই পরপুরুষের সঙ্গে ব্যভিচার করে এমন; কাপুরুষ; অপদার্থ; ভেড়ার ন্যায় স্বভাববিশিষ্ট; স্ত্রৈণ। ভেড়া+উয়া, ও সদৃশার্থে। বাংপ্র। বি বা বিণ। [(<ইয়া) সদৃশার্থে (বাংপ্র)। বিণ।
ভেড়ে—অপদার্থ; বোকা; কাপুরুষ; স্ত্রৈণ। ভেড়া+এ
ভেড়ো—'ভেড়ুয়া' দ্রঃ।
ভেতো—যে ভাত খায় এরূপ, ভাতখেকো; দুর্বল; অসার। ভাত+ও (<উয়া) (বাংপ্র)। বিণ।
ভেদ—বিদারণ; বিচ্ছেদ; অনৈক্য; বিভাগ; বেধন; বৈলক্ষণ্য; বেদন; ভঙ্গ; শত্রুবশীকরণের উপায় বিঃ; ভিন্নতা; উপাধি; বিরেচন; উদরভঙ্গ; প্রকাশ; উন্মেষ; মনোভঙ্গ; অন্যোন্যাভাব। ভিদ্+ঘঞ্ ভাব। বি; পুং।
ভেদক—পৃথক্‌কারক; বিদারক; বিশেষকারক; বিরেচক (ঔষধাদি)। ভিদ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**ভেদিকা**।
ভেদজ্ঞান, -বুদ্ধি—পার্থক্যবোধ; বিচ্ছেদজনক বা বিরোধজনক বুদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।
ভেদন—বিদারণ; অনৈক্যকরণ, বিচ্ছেদকরণ; ভঙ্গ-করণ; বেধন; ব্যাঘাতকরণ; বিরেচন। ভিদ্+অনট্ ভাব। বি; ক্লী।
ভেদনীয়—ভেদ করিবার যোগ্য, যাহা ভেদ করা উচিত এমন; যাহা ভেদ করা যায় এমন। ভিদ্+অনীয় কর্ম। বিণ।
ভেদবুদ্ধি—'ভেদজ্ঞান' দ্রঃ।
ভেদাভেদ—ভেদ বা অভেদভাব, আপন-পর-পার্থক্য-জ্ঞান; সংকীর্ণ মনোবৃত্তি। ভেদ ও অভেদ, দ্বন্দ্ব। বি; পুং। [ণিচ্+ক্ত কর্ম। বিণ।
ভেদিত—বিদারিত; ছেদিত; পৃথক্‌কৃত। ভিদ্+
ভেদী (ভেদিন্)—ভেদকারী; ভেদবিশিষ্ট। ভিদ্+ণিন্ কর্তৃ; অথবা, ভেদ্+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**ভেদিনী**। [+ণ্যৎ কর্ম। বিণ।
ভেদ্য—ভেদনীয়, ভেদযোগ্য; বিভাজ্য; বিদার্য। ভিদ
ভেপসা—বাষ্পের ন্যায়, ঘামের মত ('— গন্ধ')। ভাপ (<বাষ্প)+সা সদৃশার্থে (বাংপ্র)। বিণ।
ভেবা, ভ্যাবা—বোকা, হতভম্ব। বাংপ্র। বিণ।
ভেবাচাকা, ভ্যাবাচাকা—কিংকর্তব্যবিমূঢ়তা, হঠাৎ ধাঁধা লাগা। বাংপ্র। বি। **ভেবাচাকা খাওয়া**—হঠাৎ কিছু দেখিয়া বা শুনিয়া হতবুদ্ধি হওয়া।
ভেরি, ভেরী—বাদ্যযন্ত্র বিঃ, ঢক্কা, পটহ। ভী+রি অপা; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
ভেরেণ্ডা—ভেরেণ্ডাগাছ। <এরণ্ড। বি। **ভেরেণ্ডা ভাজা**—কোন কাজকর্ম না করা।
ভেল—১। উড়ুপ, ভেলা। ভী+রন্ অধি, কর্তৃ (র-স্থানে ল)। বি; পুং। ২। যাহা প্রকৃত নয় এমন, নকল; ভেজাল। বাংপ্র। বিণ। ৩। হইল। প্রা কপ্র। ক্রি। [পুং বা ক্লী।
ভেলক—ভেলা, উড়ুপ। ভেল+কন্ স্বার্থে। বি;
ভেলকি—জাদু, কুহক। বাংপ্র। বি।
ভেলা—১। একপ্রকার ফল, মাজুফল। <ভল্লাতক। ২। গাছের কাণ্ড বা কাঠ প্রঃর দ্বারা তৈরী নৌকা বিঃ; প্লব; উড়ুপ। <ভেলক। বি।
ভেষজ—ভৈষজ্য, ঔষধ। ভেষ্+ণিচ্+অচ্ কর্তৃ= ভেষ; ভেষ—জি+ড কর্তৃ। বি; ক্লী। [বি; পুং।
ভেষজালয়—ডাক্তারখানা, dispensary. ৬ষ্ঠীতৎ।
ভেস্তা—এলোমেলো, ওলটপালট। বাংপ্র। বিণ।
ভেস্তানো—পণ্ড হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
ভৈক্ষ, ভৈক্ষ্য—১। ভিক্ষালব্ধ ('— বস্তু')। ভিক্ষা+অণ্, ষ্যঞ্ কৃতার্থে। বিণ। ২। ভিক্ষা, যাচ্ঞা। ভিক্ষা+অণ্, ষ্যঞ্ স্বার্থে। ৩। ভিক্ষাসমূহ। ভিক্ষা+অণ্, ষ্যঞ্ সমূহার্থে। ৪। চতুর্থাশ্রম। ভৈক্ষ, ভৈক্ষ্য+অচ্ আছে অর্থে। বি; ক্লী।
ভৈরব—১। শিব; মহাদেবের ভয়ংকর মূর্তি—অসিতাঙ্গ রুরু চণ্ড ক্রোধন উন্মত্ত কুপিত ভীষণ সংহার—এই অষ্ট; প্রভাতকালে গেয় রাগ বিঃ; নদ বিঃ। বি; পুং। ২। ভয়ানক। ভীরু+অণ্ সম্ব-ন্ধার্থে; ভৈরব+অচ্ আছে অর্থে। বিণ। স্ত্রী. -বী।
ভৈরবী—১। দশ মহাবিদ্যার পঞ্চমী; দুর্গা, নদী বিঃ; পূর্বাহ্নে গেয় সম্পূর্ণ জাতীয় রাগিণী বিঃ; শৈব স্ত্রী বিঃ। বি; স্ত্রী। ২। ভয়ংকরা। ভৈরব+ঈপ্। বিণ; স্ত্রী।
ভৈরবীচক্র—তান্ত্রিক মতাবলম্বী জনসমূহের সমাজ; তান্ত্রিক সাধনা বিঃ। মধ্যপ। বি; ক্লী।
ভৈষজ্য—ঔষধ, ভেষজ; চিকিৎসা। ভেষজ (ঔষধ) +ষ্যঞ্ স্বার্থে; অথবা, ভিষজ্+ষ্যঞ্ কৃতার্থে। বি; ক্লী।

ভো, ভোঃ (ভোস্)—সম্বোধনসূচক শব্দ, ওহে, ওরে। ভা+ডো, ডোস্ করণ। অ।

ভোঁ—দ্রুততাবোধক অব্যয়; শূন্যতাসূচক শব্দ; বংশী প্রঃর শব্দ। বাংপ্র। অ। [বিণ।

ভোঁতা—ধারশূন্য; অতীক্ষ্ণ; জব্দ; নিঃশব্দ। বাংপ্র।

ভোঁদড়—নকুলজাতীয় মৎস্যাশী জীব বিঃ, উদ্বিড়াল। <উদ্র। বি।

ভোঁদা, ভুঁদো—বোকা; স্থূলকায়, মোটা। বাংপ্র। বিণ।

ভোঁস—নিঃশ্বাসের শব্দ। বাংপ্র। অ।

ভোঁস-ভোঁস—নিঃশ্বাস-প্রশ্বাসের শব্দ। বাংপ্র। বি।

ভোকচানি—ভোচকানি (তাহা দ্রঃ)।

ভোক্তব্য—ভোজনযোগ্য; উপভোগ্য। ভুজ্+তব্য কর্ম। বিণ। [কর্তৃ। বিণ। স্ত্রী—ভোক্ত্রী।

ভোক্তা (ভোক্তৃ)—ভোজনকর্তা; ভোগী। ভুজ্+তৃন্

ভোগ—১। সুখদুঃখানুভব ('ফল —'); উপভোগ ('বিষয় —'); ভোজন; পালন। ভুজ্+ঘঞ্ ভাব। ২। ধন; সুখ। ভুজ্+ঘঞ্ কর্ম। ৩। সর্পফণা; সর্প; সর্পদেহ। ভুজ্+ঘঞ্ কর্তৃ। বি; পুং। ৪। দেবতার উদ্দেশে প্রদত্ত আহার্য। বাংপ্র। বি।

ভোগগৃহ—বাসগৃহ; অন্তঃপুর; দেবতার নৈবেদ্য ভোগ প্রঃ নিবেদন করিয়া দিবার গৃহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ভোগদেহ—স্বর্গ-নরকভোগার্থ সূক্ষ্মশরীর; যে শরীরে সুখদুঃখভোগ হয় তাহা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভোগবতী—১। পাতালগঙ্গা; নাগপুরী; মাতৃকা বিঃ। বি; স্ত্রী। ২। ভোগিনী। ভোগবৎ+ঈপ্। বিণ; স্ত্রী।

ভোগবিলাস—বাবুগিরি; স্ত্রী-সম্ভোগ প্রঃ সুখভোগ-জনিত স্ফূর্তি। মধ্যপ। বি; পুং।

ভোগবিলাসী (-সিন্—বিলাসিতাপ্রিয়, সুখসম্ভোগে আসক্ত। ভোগবিলাস+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -সিনী। [বুদ্ধি। বাংপ্র। বি।

ভোগা—১। কষ্ট পাওয়া। ক্রি। ২। ফাঁকি, ধাপ্পা;

ভোগানে—যে কষ্টভোগ করায় এরূপ; যে কষ্ট দেয় এরূপ। ভোগা+নে (<নিয়া) কর্তৃ (বাংপ্র)। বিণ।

ভোগানো—কষ্ট দেওয়া। বাংপ্র। ক্রি [. বি]।

ভোগান্ত, ভোগান্তি—কর্মভোগ, কষ্ট পাওয়া। বাংপ্র। বি। [বি; ক্লী।

ভোগায়তন—ভোগের ঘর বা আধার; দেহ। ৬ষ্ঠীতৎ।

ভোগাসক্ত—ইন্দ্রিয়সুখ ও ধনসম্পদ্ ভোগের প্রতি অনুরক্ত। ভোগে আসক্ত, ৭মীতৎ। বিণ। বি, -ক্তি।

ভোগী (ভোগিন্)—১। ভোগবিশিষ্ট, ভোগকারী; সুখী; বিলাসী। ভোগ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—ভোগিনী। ২। সর্প। বি; পুং।

ভোগৈশ্বর্য—সুখভোগ ও ধনসম্পদ্। দ্বন্দ্ব। বি; ক্লী।

ভোগ্য—ভোগ্যের যোগ্য, ভোগার্হ। ভুজ্+ণ্যৎ কর্ম। বিণ। ('—লাগা')। বাংপ্র। বি।

ভোচকানি—অত্যন্ত ক্ষুধার জন্য অবসন্নতা

ভোজ—১। দেশ বিঃ, ভোজপুর; ভোজনস্থান। ভুজ্+ঘঞ্ অধি। ২। আহার; ঘটা করিয়া বহুলোকের খাওয়া। ভুজ্+ঘঞ্ ভাব। বি; পুং। **ভোজ দেওয়া**—বহু লোককে নিমন্ত্রণ করিয়া খাওয়াইবার ব্যবস্থা করা।

ভোজন—১। ভক্ষণ; ভোজ; ভোজনোৎসব। ভুজ্+অনট্ ভাব। ২। ভক্ষ্যদ্রব্য। ভুজ্+অনট্ কর্ম। বি; ক্লী। [নিপুণ। ৭মীতৎ। বিণ।

ভোজনপটু—অত্যধিক আহার করিতে সমর্থ, আহারে

ভোজনালয়—আহারগৃহ, হোটেল ইঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভোজবাজি—ইন্দ্রজাল, ভেল্কি। বাংপ্র। বি।

ভোজবিদ্যা—ঐন্দ্রজালিক বিদ্যা, ভেল্কি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভোজালি—গুর্খাদিগের অস্ত্র বিঃ, নেপালীদের কোমরে যে দা বাঁধা থাকে তাহা, কুকরি। <ভুজ-পাল। বি।

ভোজী (ভোজিন্)—ভক্ষক, যে খায় এরূপ। ভুজ্। ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—ভোজিনী।

ভোজ্য—১। খাদ্যবস্তু। বি; ক্লী। ২। ভক্ষ্য, খাওয়ার মতো; পিতৃগণের তৃপ্তির নিমিত্ত দেয় অন্নাদি। ভুজ্+ণ্যৎ কর্ম। বিণ বা বি। ৩। ভোজবংশীয়। ভোজ+যৎ ভবার্থে। বিণ।

ভোট—১। সমিতি প্রঃর সভ্যাদি নির্বাচনার্থ প্রদত্ত মত। <ইং 'vote'. ২। ভুটান দেশ; তিব্বত দেশ। বি; পুং। ৩। ভুটান দেশীয় ('— কম্বল')। বাংপ্র। বিণ। [-দাত্রী।

ভোটদাতা—ভোটদানকারী। বাংপ্র। বি; পুং। স্ত্রী,

ভোটার—ভোটদাতা। <ইং 'voter'. বি।

ভোম্, ভোঁ—বিভোর, বিহ্বল। বাংপ্র। বিণ।

ভোম—১। মহাদেবের সিদ্ধি-সেবন-জনিত মত্ততাসূচক শব্দ। <ব্যোম। বি। ২। বিভোর, চুর। বাংপ্র। বিণ। [বেধনাস্ত্র, drill. <ভ্রমর। বি।

ভোমর, ভোমরা—ভৃঙ্গ; তুরপুন বিঃ, একপ্রকার

ভোর—১। প্রভাত, নিশাবসান, প্রত্যুষ। বি। ২। মত্ত; আচ্ছন্ন। <বিহ্বল। ৩। ভর, ব্যাপী ('দিন —')। বাংপ্র। বিণ বা অ।

ভোরাই—প্রভাতী গান। বাংপ্র। বি।

ভোল—কপটতা, ছল; ভান; ছদ্মবেশ। বাংপ্র। বি। **ভোল ফিরানো**—সম্পূর্ণরূপে বাহ্যরূপের পরিবর্তন করা।

ভোলা—১। যে সহজে ভুলিয়া যায় এমন; আত্ম-বিস্মৃত; মহাদেব। ভুল্+আ কর্তৃ। বাংপ্র। বিণ বা বি। ২। বিস্মৃতি। ভুল্+আ ভাব। বাংপ্র। বি। ৩। ভুলিয়া যাওয়া। বাংপ্র। ক্রি।

ভোলানাথ—মহাদেব। কর্মধা (বাংপ্র)। বি।

ভৌগোলিক—ভূগোল সংক্রান্ত, ভূগোলের। ভূগোল+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

ভৌত—১। ভূত সম্বন্ধীয়, পঞ্চভূতাত্মক, material ; বাস্তব, সাধারণ ধর্ম সম্বন্ধীয় বা পদার্থবিদ্যা বিষয়ক, physical. বিণ। স্ত্রী, -তী। ২। দেবল ব্রাহ্মণ; ভূতযজ্ঞ। ভূত+অণ্ সম্বন্ধার্থে। বি; পুং।

ভৌতিক—পঞ্চভূতাত্মক, material ; ভূতুড়ে, ভূত-

কৃত। ভূত+ইক অধিকারার্থে। বিণ। স্ত্রী, -কী। **ভৌতিক নিয়ম**—যে নিয়মে ভৌতিক পদার্থের কার্য-নির্বাহ হয় (যেমন অগ্নিতে অন্নপাক হয়, জলে নৌকা মগ্ন হয়)। **ভৌতিক পদার্থ**—স্বর্ণ রৌপ্য জল বায়ু মৃত্তিকা প্রঃ অচেতন পদার্থ; যে-সকল বস্তু এক প্রাকৃতিক পরমাণুর যোগে উৎপন্ন হয় সেইগুলি; ক্ষিত্যাদি পঞ্চভূতোৎপন্ন বা পিশাচাদি-সহযোগজাত বস্তু। **ভৌতিক ব্যাপার**—প্রাকৃতিক ব্যাপার; পিশাচাদিকৃত ব্যাপার।

ভৌম—১। ভূমি-সম্বন্ধীয়; ভূমিজাত। ভূমি+অণ্ জাতার্থে, সম্বন্ধার্থে. বিণ। স্ত্রী—**ভৌমী**। ২। মঙ্গলগ্রহ। ভূমি+অণ্ অপত্যার্থে। বি; পুং।

ভৌমবার—মঙ্গলবার ("অষ্টমী ভৌমবারে"—কবি-কঙ্কণ)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভৌমিক—১। ভূস্বামী; ভূমিস্থিত। বিণ। স্ত্রী, -কী। ২। জাতীয় উপাধি বিঃ। ভূমি+ইক অধিকারার্থে। বি; পুং।

ভ্যা—মেষের শব্দ; উচ্চ ক্রন্দনশব্দ। বাংপ্র। অ। **ভ্যা ভ্যা**—শিশুর কান্নার শব্দ।

ভ্যানভ্যান—কোন কথা ক্রমাগত কাহাকেও শোনানো, ক্রমাগত বকা। বাংপ্র। অ।

ভ্যাবাচাকা—'ভেবাচাকা' দ্রঃ।

ভ্যালা—বাহবা, বেশ, সাবাস। বাংপ্র। অ।

ভ্রংশ—পতন, চ্যুত হওয়া; নাশ; পলায়ন। ভ্রন্শ্+ঘঞ্ ভাব। বি; পুং।

ভ্রংশিত—অধঃপতিত। ভ্রংশ+ইতচ্ জাতার্থে। বিণ। বি—**ভ্রংশন**।

ভ্রকুটি, -টী—ক্রোধাদি দ্বারা ভ্রূর বক্রতা, ভ্রূকুটি, ভ্রূ-ভঙ্গী। ৬ষ্ঠীতৎ (নিপা)। বি; স্ত্রী।

ভ্রম—ভুল, ভ্রান্তি; অন্যথাভূত বস্তুর রূপান্তর জ্ঞান। ভ্রম্+ঘঞ্ ভাব। বি; পুং। [বি; ক্লী।

ভ্রমণ—পর্যটন, বেড়ানো; ঘোরা। ভ্রম্+অনট্ ভাব।

ভ্রমনিরসন—ভ্রান্তি-দূরীকরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ভ্রমন্ত—ভ্রমৎ, যে বেড়াইতেছে বা ঘুরিতেছে এমন। বাংপ্র। বিণ।

ভ্রমপ্রমাদ—১। ভুল-চুক, ভুল-ভ্রান্তি। (একার্থক শব্দ দুইটির) দ্বন্দ্ব। ২। না জানিয়া করা ভুল, অজ্ঞানকৃত প্রমাদ। ভ্রমজনিত প্রমাদ, মধ্যপ। বি; পুং।

ভ্রমবশতঃ (-তস্)—ভুলক্রমে, ভ্রান্তি-হেতু। ভ্রমের বশ, ৬ষ্ঠীতৎ; তদুত্তরে তস্ পঞ্চমীস্থানে (হেত্বর্থে)। অ।

ভ্রমর—মধুকর; ভৃঙ্গ, অলি, ষট্পদ, bumble-bee; কামুক ব্যক্তি। ভ্রম্+অর কর্তৃ। বি; পুং। স্ত্রী, -রী।

ভ্রমরক—১। ভৃঙ্গ, ভোমরা। ভ্রমর+কন্ স্বার্থে। ২। কপালের অলকগুচ্ছ। ভ্রমর—কৈ+ক কর্তৃ। বি; পুং।

ভ্রমরকৃষ্ণ—ভ্রমরের মত অর্থাৎ অত্যধিক কাল। ভ্রমরবৎ কৃষ্ণ, উপমান কর্মধা। বিণ।

ভ্রমরগুঞ্জন, -গুঞ্জিত—ভোমরার গুনগুন ধ্বনি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ভ্রমসংকুল—ভুলে ভরা, ভ্রান্তিপূর্ণ। ৩য়াতৎ। বিণ।

ভ্রমসংশোধন—ভুল শোধরানো, ভুল সারিয়া লওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

ভ্রমা—ঘোরা, ভ্রমণ করা। কপ্র। ক্রি।

ভ্রমাত্মক—ভুলযুক্ত, ভ্রান্তিপূর্ণ। ভ্রম আত্মা যাহার, বহু (ক-সমাসান্ত)। বিণ। স্ত্রী, -ত্মিকা।

ভ্রমান্ধ—যে ভুল করিয়া বুঝিতেছে না এমন; ভ্রান্তি-হেতু প্রকৃতজ্ঞানশূন্য। ৩য়াতৎ। বিণ।

ভ্রমি, ভ্রমী—১। আবর্ত, ঘূর্ণিজল; কুলালচক্র। ভ্রম্+ইক্ কর্তৃ; পক্ষে ঈপ্। ২। ভ্রান্তি; ভ্রমণ; ঘূর্ণন; মণ্ডলাকারে সৈন্যরচনা। ভ্রম্+ইক্ ভাব; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

ভ্রষ্ট—চ্যুত, অধঃপতিত; নষ্ট; ধর্মবিরুদ্ধ, অধার্মিক; দোষযুক্ত; চলিত। ভ্রন্শ্+ক্ত কর্তৃ। বিণ।

ভ্রষ্টচরিত্র—১। চরিত্রহীন; ব্যভিচাররত। বহু। বিণ। ২। কলুষিত স্বভাব। কর্মধা। বি; ক্লী।

ভ্রষ্টতা, -ত্ব—পতন, ভ্রংশ; কলুষতা। ভ্রষ্ট+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

ভ্রষ্টা—পতিতা; ব্যভিচারিণী; চ্যুতা। ভ্রষ্ট+আপ্। বিণ; স্ত্রী।

ভ্রষ্টাচার—১। কলুষিত আচরণ। কর্মধা। বি; পুং। ২। কলুষিত-চরিত্র, ব্যভিচারী; সামাজিক ও শাস্ত্রীয় আচার পরিত্যাগী। ভ্রষ্ট আচার যাহার, বহু। বিণ।

ভ্রষ্টাচারী (-চারিন্)—গর্হিত কার্যকারী। ভ্রষ্টাচার+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**চারিণী**।

ভ্রাতা (ভ্রাতৃ)—ভাই, সহোদর; ভ্রাতৃস্থানীয় ব্যক্তি। ভ্রাজ্+তৃচ্ কর্তৃ (নিপা)। বি; পুং।

ভ্রাতুষ্পুত্র, ভ্রাতুষ্পুত্রে—ভ্রাতার সন্তান, ভাইপো। ভ্রাতুঃ (=ভ্রাতার) পুত্র, পুত্র, অলুক্ ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভ্রাতৃজ—ভাইপো। উপতৎ; ভ্রাতৃ—জন্+ড কর্তৃ। বি; পুং।

ভ্রাতৃজায়া, -বধূ—ভ্রাতার পত্নী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভ্রাতৃদ্বিতীয়া—ভাইদ্বিতীয়া, কার্তিকী শুক্লা দ্বিতীয়া, ভাইফোঁটার দিন। মধ্যপ। বি; স্ত্রী।

ভ্রাতৃব্য—ভ্রাতুষ্পুত্র; খুড়তুত বা জেঠতুত ভাই। ভ্রাতৃ+ব্যৎ অপত্যার্থে। বি; পুং।

ভ্রাতৃস্নেহ—১। ভাইয়ের ভালবাসা। ৬ষ্ঠীতৎ। ২। ভ্রাতার প্রতি অনুরাগ। ৭মীতৎ। বি; পুং।

ভ্রাত্রীয়—ভ্রাতৃ সম্বন্ধীয়; ভ্রাতৃ বিষয়ক; ভ্রাতৃতুল্য। ভ্রাতৃ+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

ভ্রান্ত—ভ্রান্তিযুক্ত; ঘূর্ণমান; ভ্রমণযুক্ত। ভ্রম্+ক্ত কর্তৃ। বিণ।

ভ্রান্তি—ভ্রম, ভুল. mistake, error, delusion. ভ্রম্+ক্তি ভাব। বি; স্ত্রী।

ভ্রান্তিকর—যাহা ভুল জন্মায় এমন, ভ্রমজনক। উপ-তৎ; ভ্রান্তি—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।

ভ্রান্তিবশতঃ (-তস্)—ভ্রমবশতঃ (তাহা দ্রঃ)।

ভ্রান্তিমান্ (-মৎ)—১। ভ্রান্তিযুক্ত। বিণ। স্ত্রী, -মতী। ২। কাব্যালংকার বিঃ [সাদৃশ্যহেতু প্রকৃত

বিষয়ে কবিকল্পনাকৃত অন্য বস্তুর যে ভ্রম, তাহাকে ভ্রান্তিমান্ অলংকার বলে। যথা—

"কলসীতে ঢেউ-দিয়া, শশধরে খেদাইয়া,
সরলা গৃহস্থবধূ ভরিতেছে জল।
ও তরঙ্গ-বিকম্পনে, কত যে পুলক মনে,
এক চন্দ্র শত হয়ে হাসিয়া পাগল,
ভাবিয়া গৃহস্থবধূ কুমুদ বিমল।"
—গোবিন্দ দাস]।

ভ্রান্তি+মতুপ্ আছে অর্থে। বি; পুং।

ভ্রান্তিমূলক—ভ্রম হইতে উৎপন্ন, ভ্রমজনিত। ভ্রান্তি মূল যাহার, বহু (ক-সমাসান্ত)। বিণ। স্ত্রী, -মূলিকা।

ভ্রামর—ভ্রমর সম্বন্ধীয়; ভ্রমরজাত। ভ্রমর+অণ্ [সম্বন্ধার্থে। বিণ।

ভ্রাম্যমাণ—যাহাকে ঘুরানো বা ভ্রমণ করানো হইতেছে এমন, ঘূর্ণ্যমান। ভ্রম্+ণিচ্+শানচ্ কর্ম। বিণ।

ভ্রাম্যমাণ পাঠাগার—যে পাঠাগার বা লাইব্রেরী নানাস্থানে ঘুরাইয়া লইয়া বেড়ানো হয় তাহা, moving library.

ভ্রু—'ভ্রূ' দ্রঃ।

ভ্রুকুঞ্চন, ভ্রূকুঞ্চন—ভ্রূসংকোচ; ভ্রূ কুঞ্চিত করিয়া ক্রোধ বিরক্তি ইঃ প্রকাশ। ৬ষ্ঠীতৎ (উ-কার বিকল্পে হ্রস্ব)। বি; ক্লী।

ভ্রুকুটি, -টী—'ভ্রূকুটি' দ্রঃ। [৩য়াৎ। বিণ।

ভ্রূকুটি-কুটিল—ভ্রূভঙ্গি থাকাতে বিকৃত ('— দৃষ্টি')।

ভ্রুবিভ্রম, ভ্রুবিলাস—'ভ্রূবিভ্রম' দ্রঃ।

ভ্রু, ভ্রূ—চক্ষুর ঊর্ধ্বস্থিত ও ললাটের নিম্নস্থিত রোমরাজি, চক্ষুর ঊর্ধ্বস্থিত লোমসমূহ। ভ্রম্+ডু, ডু কর্তৃ। বি; স্ত্রী।

ভ্রূকুঞ্চন—'ভ্রুকুঞ্চন' দ্রঃ।

ভ্রূকুটি, ভ্রুকুটি, ভ্রূকুটী—ক্রোধাদি হেতু ভ্রূর বক্রতা; ভ্রূভঙ্গী। ৬ষ্ঠীতৎ (উ-কার বিকল্পে হ্রস্ব)। বি; স্ত্রী।

ভ্রূক্ষেপ—দৃষ্টিপাত; ভ্রূভঙ্গ, ভ্রূচালন; সংকেত-জ্ঞাপনার্থ ভ্রূর তির্যক্ চালন; ভ্রূবিলাস; গ্রাহ্য করণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভ্রূণ—বীজমধ্যস্থ বৃক্ষশিশু; গর্ভস্থ সন্তান, embryo; বালক। ভ্রূণ্+ঘঞ্ কর্ম। বি; পুং।

ভ্রূণঘ্ন—ভ্রূণ-হত্যাকারী। উপতৎ, ভ্রূণ—হন্+ক কর্তৃ। বিণ। [স্ত্রী।

ভ্রূণহত্যা—গর্ভস্থ সন্তানের বিনাশ। ৬ষ্ঠীতৎ। বি:

ভ্রূণহা (-হন্)—ভ্রূণহন্তা, ভ্রূণ-হত্যাকারী। উপতৎ; ভ্রূণ—হন্+ক্বিপ্ কর্তৃ। বিণ; পুং বা স্ত্রী।

ভ্রুবিভ্রম, ভ্রূবিভ্রম, ভ্রুবিলাস, ভ্রূবিলাস—ভ্রূভঙ্গি, কটাক্ষপাতকারিণী ভ্রূর শোভা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভ্রূভঙ্গ, -ভঙ্গি, -ভঙ্গী—ভ্রূর কৌটিল্য; ভ্রূবিলাস। ভ্রূর ভঙ্গ, ভঙ্গি, ভঙ্গী, ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী, স্ত্রী।

ভ্রূলতা—লতার মত সুদৃশ্য ভ্রূ। রূপক কর্মধা। বি; স্ত্রী।

ভ্রূসংকেত—ভুরু দ্বারা ইশারা; ভ্রূচালনা দ্বারা সংকেত। ৩য়াতৎ। বি; পুং।

[ম]

ম—পঞ্চবিংশ ব্যঞ্জনবর্ণ [ওষ্ঠ ও নাসিকা হইতে ইহা উচ্চারিত হয়]।

মই—বাঁশ ইঃর সিঁড়ি; মাটিতে লাঙ্গল দিবার পর ঢেলা ভাঙিবার জন্য একপ্রকার যন্ত্র, harrow. <মদিকা। বি।

মইষা—মহিষীদুগ্ধজাত; মহিষের ন্যায়। মহিষ+আ জাতার্থে, সদৃশার্থে (বাংপ্র)। বিণ।

মইসা, মইসে—কাপড়ে ছাতা পড়ার দাগ। <মসি। বি।

মউ, মৌ—মকরন্দ; মোম। <মধু। বি।

মউআলু—কন্দ বিঃ। বাংপ্র। বি।

মউচাক—<মধুচক্র। বি। [বি।

মউড়—বিবাহে কন্যার সোলার মুকুট। <মুকুট।

মউতাত—মৌতাত (তাহা দ্রঃ)।

মউনি—দধি-মন্থন করিবার দণ্ড। <মথনিকা। বি।

মউমাছি—মৌমাছি (তাহা দ্রঃ)। [<মধুক। বি।

মউয়া, মউল—মহুয়া ফুল বা ফল বা গাছ।

মউর—বিবাহকালে ব্যবহৃত মুকুট; ময়ূর। বাংপ্র। বি।

মউরি—একপ্রকার বেগ্নেতি মসলা। <মধুরিকা। বি।

মউল—মহুয়া। <মধুক। বি।

মওকা—সুযোগ। বাংপ্র। বি।

মওয়া—মন্থন করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

মকদ্দমা—মামলা। <আ 'মুকদ্দমহ্'। বি।

মকমক—ব্যাঙের ডাক। বাংপ্র। অ।

মকর—১। শৃঙ্গবিশিষ্ট পৌরাণিক জলজন্তু বিঃ, গঙ্গার বাহন; সবমুখ লম্বা মুখযুক্ত কুমীর বিঃ; দশম রাশি। ম—কৃ+অচ্ কর্তৃ। বি; পুং। ২। সই প্রঃর পাতানো নাম। বাংপ্র। বি।

মকরকুণ্ডল—মকরাকৃতি কর্ণভূষণ। মধ্যপ। বি; ক্লী।

মকরকেতন, -কেতু—কন্দর্প, কামদেব। বহু। বি; পুং।

মকরক্রান্তি—নিরক্ষরেখা হইতে ২৩°২৭′ অক্ষাংশ দক্ষিণে যে অক্ষরেখা আছে তাহা, দক্ষিণায়ন বৃত্ত, Tropic of Capricorn. মকরে ক্রান্তি (সূর্যের গমন) যাহাতে, বহু। বি; স্ত্রী।

মকরধ্বজ—মদন, কন্দর্প; পারদগন্ধকঘটিত ঔষধ বিঃ, স্বর্ণসিন্দূর বিঃ। বহু। বি; পুং।
মকরন্দ—১। ফুলের মধু, পুষ্পরস; কুন্দফুলের গাছ। বি; পুং। ২। পুষ্পের রেণু। মকর—দো+ক কর্তৃ (নিপা)। বি; ক্লী। [বি; স্ত্রী।
মকরবাহনা—গংগা। মকর বাহন যাঁহার, বহু+আপ্।
মকরবাহিনী—গংগা। উপতৎ; মকর—ণিজন্ত বহ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
মকরসংক্রান্তি—মাঘ-সংক্রান্তি। মকরে সংক্রান্তি, ৭মীতৎ। বি; স্ত্রী।
মকাই—ভুট্টা, maize. বাংপ্র। বি।
ম-কার—'ম' অক্ষর; তন্ত্রোক্ত মদ্য মৎস্য মাংস মুদ্রা মৈথুন এই পাঁচ। ম+কার স্বার্থে। বি; পুং।
মকুফ—অব্যাহতি, নিষ্কৃতি। <আ 'মউকুফ'। রি।
মক্কা—১। ভুট্টা। বাংপ্র। ২। আরবের নগর বিঃ। <আ 'মক্কহ্'। বি।
মক্কেল—যে ব্যক্তি মকদ্দমার জন্য ব্যবহারাজীব বা উকিলের আশ্রয় গ্রহণ করে সে। <আ 'মুঅক্কল'। বি।
মক্তব—মুসলমানদিগের প্রাথমিক বিদ্যালয়। আ। বি।
মক্শ—কাহারও লেখার উপর লিখিয়া লেখা অভ্যাস; অভ্যাস। <আ 'মশ্ক'। বি।
মক্ষিকা—কীট বিঃ, মাছি। মক্ষ্+অক (কুন্), বা ণক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
মক্ষী—মাছি। <মক্ষিকা। বি।
মখ—যজ্ঞ, যাগ। মখ্+অচ্ অধি। বি; পুং।
মখমল—কোমল চিক্কণ বস্ত্র বিঃ, velvet. আ। বি।
মখমলী—মখমলনির্মিত। মখমল+ঈ নির্মিতার্থে (আ-মু)। বিণ।
মগ—১। একপ্রকার হাতলযুক্ত জলপাত্র। <ইং 'mug'. ২। আরাকানবাসী। <বর্মী 'মঙ'। বি।
মগের মুলুক—স্বেচ্ছাচারের রাজ্য, অরাজক দেশ।
মগজ—মস্তিষ্ক, মজ্জা, মাথার ঘিলু। <ফা 'মগ্জ্'। বি। **মগজ খালি করা**—ক্রমাগত বকিয়া যাওয়া।
মগজি—জুতার গোড়ালি উপরের কঠিন প্রান্তভাগ; জামা শার্ট প্রঃর দোমড়ানো প্রান্তদেশ। <ফা মগ্জী'। বি।
মগডাল—সর্বোচ্চ শাখা। বাংপ্র। বি।
মগধ—দক্ষিণ বিহার; স্তুতিপাঠক; মগধদেশীয় লোক। মগ—ধা+ক কর্তৃ। বি; পুং।
মগহী—বিহার অঞ্চলে প্রচলিত কথ্য ভাষা বিঃ। <মগধী। বি।
মগ্ন—১। অন্তঃপ্রবিষ্ট; যাহা ডুবিয়া গিয়াছে এমন; বিভোর, তন্ময়। মস্জ্+ক্ত কর্ত। ২। প্রশমিত। বাংপ্র। বিণ।
মঘবতী—ইন্দ্রাণী। মঘবৎ+ঈপ্। বি; স্ত্রী।
মঘবা (-বন্), **মঘবান্** (-বৎ)—ইন্দ্র। মহ্+কনিপ্ কর্ম; মঘ+মতুপ্ আছে অর্থে। বি; পুং।
মঘা—দশম নক্ষত্র; ঔষধ বিঃ। মহ্+ক কর্ম+আপ্ (হ্-স্থানে ঘ)। বি; স্ত্রী।
মংগল—১। কুশল; ক্ষেম, শুভ। মন্গ্+অলচ্ কর্ম। বি; ক্লী। ২। কুজগ্রহ, Mars. মন্গ্+অলচ্ কর্তৃ। বি; পুং। ৩। শুভদায়ক। মন্গ্+অলচ্ কর্ম। বিণ। ৪। [দেবতার বা অবতারের নামের শেষে হইলে] মাহাত্ম্যসূচক গীত বা স্তুতি ('চৈতন্য —', 'মনসা —')। বাংপ্র। বি।
মংগলকাব্য—দেবদেবীর মাহাত্ম্য-প্রচারক কাব্য বিঃ। মংগলাখ্য কাব্য, মধ্যপ। বি; ক্লী।
মংগলঘট—মংগলসূচক জলপূর্ণ ঘট। মধ্যপ। বি; পুং।
মংগলচণ্ডিকা, -চণ্ডী—দ্বিভুজা রক্তপদ্মাসনস্থা গৌর-বর্ণা দেবী। মঙ্গলদায়িনী চণ্ডিকা, চণ্ডী, মধ্যপ। বি; স্ত্রী। [পুং।
মংগলপাঠক—বন্দী, স্তুতিপাঠক। ৬ষ্ঠীতৎ। বি;
মংগলবার—সপ্তাহের তৃতীয় দিন। মংগলাধিষ্ঠিত বার, মধ্যপ। বি; পুং।
মংগলা—১। শুভদায়িকা। মংগল+আপ্। বিণ; স্ত্রী। ২। দুর্গা; পতিব্রতা নারী। বি; স্ত্রী।
মংগলাচরণ, -চার—১। কর্মারম্ভে শুভজনক ক্রিয়া। কর্মধা। ২। বিবাহের লগ্ননির্ধারণদিনে কন্যার গৃহে আচরিত শুভানুষ্ঠান বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং।
মংগলামংগল—কল্যাণ ও অকল্যাণ, হিতাহিত, ভাল-মন্দ। মঙ্গল ও অমঙ্গল, দ্বন্দ্ব। বি; ক্লী।
মংগলার্থে—হিতের জন্য। মংগল অর্থ যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।
মংগল্য—১। শুভকর, শুভজনক; সুন্দর; সুখদ। বিণ। ২। শুভসূচক দধি স্বর্ণ চন্দন সিন্দুর ইঃ। মংগল+যৎ হিতার্থে। বি; পুং।
মচ—কাঠ প্রঃ ভাঙিবার অনুকারশব্দ। বাংপ্র। অ।
মচকানো—১। দোমড়ানো; ঈষৎ ভগ্ন। মচ্কা+নো কর্তৃ। বিণ। ২। শরীরের সন্ধির হাড় প্রঃর স্থান-চ্যুত হওয়া; প্রায় ভাঙিয়া যাওয়া, দুমড়াইয়া ভগ্ন-প্রায় হওয়া বা করা। বাংপ্র। ক্রি [, বি]।
মচ্ছব—সংকীর্তনাদির শেষে বৈষ্ণবদিগের যে ভোজ হয় তাহা। <মহোৎসব। বি।
মচমচ—চিবাইবার শব্দ; নূতন চামড়ার জুতা পায়ে দিয়া চলিবার সময় পায়ের সহিত চামড়ার ঘর্ষণে যে শব্দ হয় তাহা। বাংপ্র। অ।
মচমচে—কড়া ভাজা; যাহা মচমচ শব্দ করে এমন। মচমচ+এ (<ইয়া) করে অর্থে (বাংপ্র)। বিণ।
মছলন্দ—সূক্ষ্মসূত্রনির্মিত শয্যাস্তরণ; মিহি কাপড়ের একপ্রকার কারুকার্যযুক্ত মাদুর। <আ 'মসনদ'। বি।
মজকুর—১। উল্লিখিত; পূর্বোক্ত। বিণ। ২। লিখিত বর্ণনা। <'মজ্কুর'। বি।
মজবুত—কঠিন, দৃঢ় ('— লাঠি'); পটু, দক্ষ ('— লোক'); টেকসই ('— ছাতা')। আ। বিণ।
মজলিস—সভা, আসর। আ। বি। বিণ, -সী।
মজা—১। মগ্ন; গলিত; যাহা ঝরিয়া গিয়াছে এমন, খুব বেশী পাকা ('— কলা')। মজ্+আ কর্তৃ

(বাংপ্র)। বিণ। ২। সুখ; আনন্দ; বিস্ময়; বিস্ময়ের ব্যাপার; ভাল আস্বাদ; উপভোগ্য বিষয়; শাস্তি, কুফল। ফা। ৩। বিদ্রূপ, তামাশা। বাংপ্র। বি। ৪। মগ্ন হওয়া; মুগ্ধ হওয়া ('রূপ দেখে —'); ভুলিয়া যাওয়া; বিভোর হওয়া; অত্যধিক আসক্ত হওয়া; খুব বেশী পাকিয়া যাওয়া ('আম —'); বিপদে পড়া; বুজিয়া যাওয়া; পরিণত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]। **মজা উড়ানো**—আমোদে সময় কাটানো। **মজা টের পাওয়া, মজা বুঝা**—পরিণামে কুফল ভোগ করা; কোন কার্যের জন্য পশ্চাতে কষ্ট পাওয়া। **মজা দেখানো**—প্রতিফল দেওয়া।

মজাদার—সুস্বাদু; আনন্দদায়ক; কৌতুকজনক। মজা +দার বিশিষ্টার্থে (ফা-মূ)। বিণ।

মজানো—মুগ্ধ করা; নষ্ট করা ('কুল —'); বেশী পাকানো; পাতিত করা; মগ্ন করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

মজুত, মজুদ—জমানো, সঞ্চিত; যাহা হাতে বা তহবিলে আছে এমন; বিদ্যমান। < আ 'মউজূদ'। বিণ।

মজুমদার—বাদশাহী আমলে যে-ব্যক্তি রাজস্ব সম্বন্ধীয় হিসাব-পত্র রাখিত সেই; কুলপদবী বিঃ। ফা। বি।

মজুর—সামান্য শ্রমজীবী, মুটে। < ফা 'মজ্দুর'।

মজুরি—কোন দ্রব্য প্রস্তুত করিবার মূল্য; মজুরের কাজ; মজুরের পারিশ্রমিক। মজুর+ই কর্মার্থে, বেতনার্থে (ফা-মূ)। বি।

মজ্জন—মগ্ন হওয়া; স্নান, অবগাহন। মস্জ্+অনট্ ভা। বি; ক্লী।

মজ্জমান—যাহা ডুবিয়া যাইতেছে এমন। মস্জ্+ শানচ্ কর্তৃ। বিণ।

মজ্জা (মজ্জন্)—অস্থি ও মাংসের মধ্যস্থ স্নেহ পদার্থ বিঃ, marrow; শাঁস; মাজ, বৃক্ষসার। মস্জ্+ কনিন্ কর্তৃ। বি; পুং।

মজ্জাগত—স্বভাবগত, জন্মগত; অন্তর্নিহিত ('— সংস্কার')। ২য়াতৎ। বিণ।

মজ্জারস—শুক্র, রেতঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মঝু—আমার। প্রা কপ্র। সর্ব।

মঞ্চ, মঞ্চক—পর্যঙ্ক, খাট; মাচা; টঙ্; উন্নত স্থান, বেদী; উচ্চ মণ্ডপ বিঃ। মন্চ্+অচ্ কর্তৃ; মঞ্চ+ কন্ স্বার্থে। বি; পুং।

মঞ্চশিল্পী (-শিল্পিন্)—রঙ্গমঞ্চের রূপসজ্জাকর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মঞ্চস্থ—রঙ্গমঞ্চে অভিনীত; মঞ্চ বা উচ্চস্থানে অবস্থিত ('— মধুসূদন')। উপতৎ; মঞ্চ—স্থা+ক কর্তৃ। বিণ।

মঞ্জন—মার্জন; ঘর্ষণ; মাজন ('দন্ত —')। মন্জ্+ অনট্ ভাব। বি; ক্লী।

মঞ্জরি, মঞ্জরী—শিষ; নবপল্লব বা কোরকদলযুক্ত বৃন্ত ('ধানের —'); মুকুল; বৃন্ত; তিলকবৃক্ষ। মঞ্জু— ঋ+ই কর্তৃ (নিপা), পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

মঞ্জরিত—মঞ্জরীযুক্ত, অঙ্কুরিত; মুকুলিত। মঞ্জরী+ ইতচ্ সংজাতার্থে। বিণ।

মঞ্জরী—'মঞ্জরি' দ্রঃ।

মঞ্জি, মঞ্জী—মঞ্জরী। মন্জ্+ই কর্তৃ, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

মঞ্জিমা (মঞ্জিমন্)—মাধুর্য, মনোজ্ঞতা। মঞ্জু+ইমন্ ভাবে। বি; পু।

মঞ্জিল—ইমারত, প্রাসাদ, কোঠাবাড়ি। আ। বি।

মঞ্জিষ্ঠা—রক্তবর্ণ লতা বিঃ। **মঞ্জিমৎ** (মনোহর)+ইষ্ঠ অত্যর্থে+আপ্। বি; স্ত্রী।

মঞ্জীর—চরণাভরণ, নূপুর। মন্জ্+ঈরন্ কর্তৃ। বি; পুং বা ক্লী।

মঞ্জীরা—শোভা। বাংপ্র। বি।

মঞ্জু—মধুর; মনোজ্ঞ। মন্জ্+উ কর্তৃ। বিণ।

মঞ্জুঘোষ—১। তান্ত্রিক সাধকের উপাস্য দেবতা বিঃ। বি; পুং। ২। মনোহর ধ্বনি। মঞ্জু (মনোহর) যে ঘোষ (ধ্বনি), কর্মধা। বি; পুং। ৩। মনোহর ধ্বনিবিশিষ্ট। মঞ্জু হইয়াছে ঘোষ যাহার, বহু। বিণ।

মঞ্জুভাষী (-ভাষিন্)—মধুরভাষী, মিষ্টভাষী। উপতৎ; মঞ্জু—ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভাষিণী**।

মঞ্জুর—১। গ্রাহ্য; অনুমোদিত। বিণ। ২। অনুমোদন। আ। বি।

মঞ্জুরি—সম্মতি, অনুমোদন। আ-মূ। বি।

মঞ্জুল—১। মনোহর; সুন্দর; সমীচীন; মধুর। উপতৎ; মঞ্জু—লা+ক কর্তৃ। বিণ। ২। শৈবাল; নিকুঞ্জ। বি; ক্লী।

মঞ্জুষা, মঞ্জুষা—সিন্দুক; ঝাঁপি, পেটিকা, casket; পাষাণ, প্রস্তর; মঞ্জিষ্ঠা। মন্জ্+উষন্, উষন্ অধি। বি; স্ত্রী।

মঞ্জুহাসিনী—মধুরহাস্যবিশিষ্টা। মঞ্জু—হস্+ণিন্ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী।

মট—কঠিন বস্তু ভাঙ্গিবার শব্দ। বাংপ্র। অ।

মটকা—একপ্রকার রেশমী বস্ত্র; খড়ের ছাওয়া ঘরের চালের মাথা; ঘি ইঃ রাখিবার মাটির বড় জালা; কপট নিদ্রা ('— মেরে থাকা')। বাংপ্র। বি।

মটকানো—ভাঙ্গা; দুমড়ানো; টানিয়া দেওয়া বা মোটন করা ('আঙ্গুল —')। বাংপ্র। ক্রি।

মটকি, মটকা—ঘি ইঃ রাখিবার বড় জালা। বাংপ্র। বি।

মটর—কলাই বিঃ, মটরকড়াই। বাংপ্র। বি।

মঠ—১। দেবালয়; আখড়া; টোল, পাঠশালা। মঠ্+ ক ঘঞর্থে অধি। বি; পুং। ২। মন্দিরের আকারযুক্ত চিনির ঢেলা। বাংপ্র। বি।

মঠধারী (-ধারিন্)—মঠের অধ্যক্ষ; মোহন্ত। উপতৎ; মঠ—ধৃ+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-ধারিণী**।

মড়ক—কলেরা প্রঃ সাংঘাতিক ও সংক্রামক রোগের প্রাদুর্ভাব ও দলে দলে লোকের মৃত্যু, মহামারী। < মরক। বি। [অ।

মড়মড়—গাছের ডাল হাড় প্রঃ ভাঙ্গার শব্দ। বাংপ্র

মড়মড়ি—ক্ষতাদির উপরকার শুষ্ক মাংস। বাংপ্র। বি

মড়া, মড়ি—মৃতদেহ, শব, লাস। < মরা। বি।

মড়াপে—মড়ুঞে। বাংপ্র। বিণ।
মড়িপোড়া—মড়া পোড়ায় পৌরোহিত্যকারী পতিত ব্রাহ্মণ। বাংপ্র। বি বা বিণ।
মড়ুঞে—মৃতবৎসা ('—পোয়াতী')। বাংপ্র। বিণ; স্ত্রী। [পুং।
মণ, মন—৪০ সের পরিমাণ। মা+ডণ, ডন করণ। বি;
মণা, মণী, মনে—(সংখ্যাবাচক শব্দের পর হইলে) তত মণ-ওজনবিশিষ্ট। মণ+আ, ঈ; মন+এ (<ইয়া) বিশিষ্টার্থে। বিণ।
মণি—বহুমূল্য রত্ন বিঃ, মুক্তা প্রঃ; অকালোদিত ইন্দ্রধনু; জালা; যোনির অগ্রভাগ; লিঙ্গাগ্র; মণিবন্ধ। মণ্+ইন্ কর্তৃ। বি; পুং বা স্ত্রী। **সাপের মণি**—কিংবদন্তীতে প্রচলিত সাপের মাথায় স্থিত রত্ন বিঃ; (গৌণার্থে) কোন বহুমূল্য বস্তু।
মণিকর্ণিকা—১। কাশীস্থ তীর্থ বিঃ। মণিকর্ণিকা (শিবের কর্ণভূষণ)+অচ্ আছে অর্থে+আপ্। ২। মণিময় কর্ণভূষণ। মণিময়ী কর্ণিকা (কর্ণভূষণ), মধ্যপ। বি; স্ত্রী।
মণিকাঞ্চন—রত্ন এবং স্বর্ণ। দ্বন্দ্ব। বি; ক্লী।
মণিকাঞ্চনযোগ, -সংযোগ—অতি চমৎকার সম্মেলন, মণি ও কাঞ্চনের মিলনের ন্যায় মিলন; মণি ও কাঞ্চনের একত্র হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মণিকার—মণিপরিষ্কারক; মণিপরীক্ষক; জহুরী। উপতৎ; মণি—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং।
মণিকুট্টিম—মাণিক্যখচিত গৃহভিত্তি; রত্ননির্মিত মেঝে; শান-বাঁধানো মেঝে। মধ্যপ। বি; পুং বা ক্লী।
মণিকোঠা—মণিময় অট্টালিকা। <মণিকুট্টিম। বি।
মণিত—চুম্বনাদির ধ্বনি; রতিকূজিত, রতিকালে স্ত্রীলোকের অব্যক্ত শব্দ বিঃ। মণ্+ক্ত ভাব। বি; ক্লী।
মণিপুর—নাভিস্থল; ষট্চক্রের অন্তর্গত নাভিমধ্যস্থ তৃতীয় চক্র; নাভিপদ্ম। মণি—পূর্+অচ্ কর্ম। বি; ক্লী।
মণিবন্ধ—প্রকোষ্ঠ এবং পাণির মধ্যস্থ করগ্রন্থি, হাতের কবজি। মণি—বন্ধ্+ঘঞ্ অধি। বি; পুং।
মণিমন্ত্রাদিন্যায়—ন্যায় বিঃ [জলের অগ্নিনাশ করিবার শক্তি আছে বলিয়া জলের দ্বারা যে অগ্নির প্রতিরোধ হয় ইহা যুক্তিসিদ্ধ; কিন্তু মণি ও মন্ত্রাদি দ্বারা যে বহ্নির প্রতিরোধ হয় তাহা অন্য ক্ষমতায় হইয়া থাকে]। মণিমন্ত্রাদ্যাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং। [বি; স্ত্রী।
মণিমালা—মণিময় হার। মণি-গ্রথিতা মালা, মধ্যপ।
মণ্ড—১। ফেন, মাড়; গাদ; সার; পিচ্ছ। বি; পুং বা ক্লী। ২। দধির মাত। মন্ড্+অচ্ কর্তৃ; অথবা, মন+ড কর্তৃ। বি; ক্লী।
মণ্ডন—১। ভূষণ। মন্ড্+অনট্ করণ। ২। সাজানো, অলংকরণ। মন্ড্+অনট্ ভাব। বি। ৩। অলংকারক। মন্ড্+অন কর্তৃ। বিণ।
মণ্ডনকলা—সাহিত্যের অলংকরণ-রীতি। মণ্ডন-বিধায়িনী কলা, মধ্যপ। বি; স্ত্রী।
মণ্ডপ—গৃহ, দালান; জনবিশ্রামস্থান; দেবোদ্দেশে প্রস্তুত গৃহ; নাটমন্দির প্রঃ; চাঁদোয়া-ঢাকা স্থান। মন্ড্+কপন্ কর্তৃ। বি; পুং বা ক্লী।
মণ্ডল—১। গোল; চক্র; চন্দ্রসূর্যাদির পরিধি; দেশ; প্রদেশ; রাজ্য; বিভাগ; স্থান; অরিমিত্রাদি দ্বাদশবিধ রাজা; ধনুর্ধরদিগের স্থান বিঃ; কৃত্রিম রেখাদি দ্বারা রচিত আসন বিঃ; নখাঘাত; পদবী বিঃ। বি; ক্লী। ২। সমূহ; সূর্যবিম্ব; চন্দ্রবিম্ব। মন্ড্+কলচ্ কর্তৃ। বি; পুং বা ক্লী। ৩। গ্রামের প্রধান প্রজা; মোড়ল; সর্দার; শূদ্রদিগের পদবী বিঃ। বাংপ্র। বি।
মণ্ডলাকার—গোলাকার। বহু। বিণ।
মণ্ডলী—১। চক্র; বৃত্ত; চন্দ্র ও সূর্যের বেষ্টন। মণ্ডল+ঈপ্। বি; স্ত্রী। ২। সমূহ; কুণ্ডলী। বাংপ্র। বি।
মণ্ডলেশ্বর, মণ্ডলাধীশ—৪০ যোজন বিস্তীর্ণ রাজ্যের অধিপতি; রাজচক্রবর্তী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মণ্ডা—চিনি দ্বারা প্রস্তুত মিঠাই বিঃ, একপ্রকার সন্দেশ; গোলাকার বা চূড়াকার মিষ্টান্ন। বাংপ্র। বি।
মণ্ডিত—সজ্জিত, ভূষিত; মোড়া; বেষ্টিত। মন্ড্+ক্ত কর্ম। বিণ।
মণ্ডূক—ভেক; এক তাল এক ফাঁক ওপরে তিন তাল এক ফাঁকযুক্ত তাল বিঃ। মন্ড্+ঊকণ্ কর্তৃ। বি; পুং।
মণ্ডূকপ্লুতন্যায়—ন্যায় বিঃ [ভেক যেমন লম্ফ দিয়া গমন করে সেইরূপ কোন কার্য মধ্যে মধ্যে সিদ্ধ হইলে মণ্ডূকপ্লুতন্যায়ের বিষয় হইয়া থাকে]। মণ্ডূকের প্লুত (লম্ফ), ৬ষ্ঠীতৎ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।
মণ্ডূকী—স্ত্রীজাতীয় ব্যাঙ। মণ্ডূক+ঈপ্। বি; স্ত্রী।
মণ্ডূর—লৌহমল, লোহার মরিচা। মন্ড্+ঊর কর্তৃ। বি; পুং বা ক্লী। [ব্যবহৃত)। সর্ব।
মৎ—আমি (সর্বদাই একবচনে সমাসের পূর্বপদরূপে
মত—অভিমত; অভিপ্রায়; বিধি; বিশ্বাস; সিদ্ধান্ত; সম্মতি। মন্+ক্ত ভাব। বি; ক্লী।
মত—১। জ্ঞাত; অভিপ্রেত; সম্মত; সম্মানিত; অর্চিত। মন্+ক্ত কর্ম। ২। তুল্য, সদৃশ। বাংপ্র। বিণ। [বি; ক্লী।
মতদ্বৈধ—বিভিন্ন মত; মতের অনৈক্য। ৬ষ্ঠীতৎ।
মতন—প্রকার; যোগ্য; সদৃশ, অনুসারে। বাংপ্র। বিণ বা অ।
মতবাদ—মূলমত, নীতি, principle; রাজনৈতিক বৈজ্ঞানিক বা দার্শনিক মত, theory. ৬ষ্ঠীতৎ। বি; পুং। [তৎ। বি; পুং।
মতবিরোধ, -ভেদ—মতানৈক্য, মতের অমিল। ৬ষ্ঠী-
মতলব—অভিপ্রায়, অভিসন্ধি ('কু—'); কৌশল, কার্যসিদ্ধির উপায় ('—ঠাওরানো')। আ। বি।
মতলববাজ, মতলবী—স্বার্থপর; কৌশলী, ফন্দিবাজ। মতলব+বাজ, ঈ আসক্তার্থে, আছে অর্থে (আ-মূ)। বিণ।

মতানৈক্য—মতের পার্থক্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
মতান্তর—১। ভিন্ন মত। অন্য মত, নিত্য। ২। মতভেদ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
মতাবলম্বন—মত মানিয়া চলা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
মতাবলম্বী (-লম্বিন্)—যে মত মানিয়া কার্য করে এমন, মতানুবর্তী। উপতৎ; মত—অব—লম্ব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -লম্বিনী।
মতামত—১। মনের অভিপ্রায়। বাংপ্র। বি। ২। সম্মতি ও অসম্মতি। দ্বন্দ্ব। বি; ক্লী।
মতি—১। বুদ্ধি, জ্ঞান, স্মৃতি; ইচ্ছা। মন্+ক্তি ভাব। ২। অন্তঃকরণ, মনঃ। মন্+ক্তি করণ। বি; স্ত্রী। ৩। মুক্তা। <মৌক্তিক। বি।
মতিগতি—মনের ইচ্ছা এবং চালচলন; মতলব ও চেষ্টা। দ্বন্দ্ব বা ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
মতিচুর—মিহিদানা। বাংপ্র। বি।
মতিচ্ছন্ন—১। বুদ্ধিভ্রংশ, কুমতি। মতির ছন্ন (অর্থাৎ বিকৃতি), ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। বিকৃতবুদ্ধি, ভ্রষ্টবুদ্ধি। মতিচ্ছন্ন+অচ্ আছে অর্থে। বিণ।
মতিভ্রংশ, -ভ্রম—বুদ্ধিভ্রংশ, বুঝিবার ভুল; কুবুদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মতিভ্রষ্ট, -ভ্রান্ত—ভ্রান্ত; বুদ্ধিহীন। ৫মীতৎ। বিণ।
মতিভ্রান্তি—মনের ভুল। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
মতিমান্ (-মৎ)—বুদ্ধিমান্, সুধী। মতি+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -মতী।
মতিস্থিরতা, -স্থৈর্য—মনের অবিচল অবস্থা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, ক্লী।
মতিহীন—বুদ্ধিশূন্য; পাপাশয়। ৩য়াতৎ। বিণ।
মতো—সদৃশ, তুল্য। বাংপ্র। অ।
মৎকুণ—ছারপোকা; মাকুন্দ; দন্তশূন্য হস্তী। মদ্+ক্বিপ্ কর্তৃ = মৎ: মৎ—কুণ্+ক কর্তৃ। বি; পুং।
মত্ত—পাগল, খেপা, উন্মত্ত; আনন্দিত; বিহ্বল; গর্বিত; প্রমত্ত; অনবহিত; মাতাল; অতিমাত্রায় আসক্ত ('বিষয়ভোগে—'); ক্রুদ্ধ। মদ্+ক্ত কর্তৃ। বিণ। [মত্ত+তা ভাবে। বি; স্ত্রী।
মত্ততা—পাগলামি; মাতলামি; অস্বাভাবিক উত্তেজনা।
মত্তা—১। মদিরা, মদ্য; দশাক্ষরপাদক ছন্দো বিঃ। মদ্+ক্ত করণ+আপ্। বি; স্ত্রী। ২। উন্মত্তা; ক্রুদ্ধা; বিহ্বলা; আনন্দিতা। মত্ত+আপ্। বিণ; স্ত্রী।
মৎসর—১। পরশ্রীকাতরতা; দ্বেষ; ক্রোধ; আত্মধিক্কার। মদ্+সরন ভাব। বি; পুং। বিণ—মৎসরী (-রিন্)। ২। পরশ্রীকাতর; ক্রুদ্ধ; কৃপণ; লোভী; খল; দ্বেষকারী। মদ্+সরন্ কর্তৃ। বিণ।
মৎসরতা, -রত্ব—পরশ্রীকাতরতা। মৎসর+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
মৎসী—স্ত্রীজাতীয় মাছ। মৎস্য+ঈপ্। বি; স্ত্রী।
মৎস্য—১। মাছ, মীন; বিষ্ণুর প্রথম অবতার। মদ্+স্যন্ কর্তৃ। ২। পুরাণ বিঃ; দেশ বিঃ, বিরাট রাষ্ট্র (জয়পুরের নিকট); দ্বাদশরাশি। মদ্+স্যন্ করণ। বি; পুং।
মৎস্যগন্ধা—ব্যাসদেবের মাতা সত্যবতী। মৎস্যের গন্ধের ন্যায় গন্ধ যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।
মৎস্যজীবী (-জীবিন্)—ধীবর, জেলে। উপতৎ; মৎস্য—জীব্+ণিন্ কর্তৃ। বি; পুং।
মৎস্যধানী—খালুই, চুপড়ি, মাছ রাখিবার পাত্র বিঃ। ৬ষ্ঠীতৎ। বি, স্ত্রী।
মৎস্যনীতি—মৎস্যন্যায় (তাহা দ্রঃ)। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
মৎস্যন্যায়—মাছের মত পরস্পর পরস্পরকে হত্যা; দুর্বলের উপর প্রবলের উৎপীড়ন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মৎস্যবেধন, -বেধনী—বঁড়শী। মৎস্য—বিধ্+অনট্ করণ; পক্ষে ঈপ্। বি; ক্লী, স্ত্রী।
মৎস্যভোজী (-ভোজিন্)—মৎস্যাশী, যে মাছ খায় এমন। উপতৎ; মৎস্য—ভুজ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ভোজিনী। [যাহার, বহু। বি; পুং।
মৎস্যরঙ্গ—মাছরাঙ্গা পাখি। মৎস্য রঙ্গ (অনুরাগ)
মৎস্যরাজ—১। রুইমাছ। ৭মীতৎ+টচ্। ২। বিরাটরাজ। ৬ষ্ঠীতৎ+টচ্। বি; পুং।
মৎস্যাশী (-শিন্)—যে মাছ খায় এমন, মৎস্যভক্ষক। উপতৎ; মৎস্য—অশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -শিনী।
মথন—বিলোড়ন, মন্থন; দলন; বিনাশ; ক্লেশ। মথ্+অনট্ ভাব, করণ। বি; ক্লী।
মথনী—মন্থন করিবার দণ্ড। মথ্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।
মথা—মন্থন করা। বাংপ্র। ক্রি।
মথিত—বিলোড়িত, ঘোঁটা, নাড়াচাড়া; হত, বিনাশিত; পীড়িত। মথ্+ক্ত কর্ম। বিণ।
মথুরা—উত্তরপ্রদেশের অন্তর্গত যমুনাতীরস্থ প্রসিদ্ধ নগরী, মথুপুরী। মথ্+উর অধি+আপ্। বি; স্ত্রী। [তৎ। বি; পুং।
মথুরেশ—শ্রীকৃষ্ণ। মথুরার ঈশ (অধিপতি), ৬ষ্ঠী-
মথ্যমান—যাহা মথিত হইতেছে এমন। মথ্+শানচ্ কর্ম। বিণ।
মদ—১। কামাদি ষড়্‌রিপুর এক, গর্ব ('যৌবন—'); আনন্দজনিত সম্মোহ; আনন্দ; মত্ততা; উন্মাদ। মদ্+অপ্ ভাব। ২। মদ্য; মধু; গর্ব; হস্তীর গণ্ডস্থলাদি হইতে ক্ষরিত ঘর্ম বিঃ; উন্মাদজনিত মৃগগণ্ডস্থলাদি হইতে নিঃসৃত স্বেদ; রেতঃ; কস্তুরী। মদ্+অপ্ করণ। বি; পুং।
মদকল—মত্ততাহেতু কলধ্বনিকারী; মদমত্ত ('—করী')। মদহেতু কল, ৩য়াতৎ। বিণ।
মদখোর—মদ্যপানে আসক্ত। মদ+খোর আসক্তার্থে (বাংপ্র)। বিণ।
মদগর্ব—মত্ততাজনিত দর্প। মধ্যপ। বি; পুং।
মদন—১। কামদেব, অতনু, অনঙ্গ, কন্দর্প; কাম; বসন্তকাল; ময়নাগাছ। বি; পুং। ২। মত্ততাজনক। মদ্+ণিচ্+অন কর্তৃ। বিণ।
মদনগোপাল—শ্রীকৃষ্ণ। মদনসদৃশ গোপাল, মধ্যপ। বি; পুং।
মদনচতুর্দশী—চৈত্রমাসের শুক্লা চতুর্দশী। মদনপ্রিয়া চতুর্দশী, মধ্যপ। বি; স্ত্রী।

মদনত্রয়োদশী—চৈত্র মাসের শুক্লা ত্রয়োদশী। মদনপ্রিয়া ত্রয়োদশী, মধ্যপ। বি; স্ত্রী।

মদনদহন—১। কামজ্বালা, উৎকট রমণাভিলাষ। বি; ক্লী। ২। মহাদেব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মদনদ্বাদশী—চৈত্রমাসের শুক্লা দ্বাদশী। মদনপ্রিয়া দ্বাদশী, মধ্যপ। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বিণ।

মদনমোহন—১। শ্রীকৃষ্ণ। বি; পুং। ২। অতিসুন্দর।

মদনলেখ—প্রেমপত্র, প্রণয়লিপি। মদনপ্রণোদিত লেখ (লিখন), মধ্যপ। বি; পুং।

মদনোৎসব—হোলি উৎসব, বসন্তোৎসব। মদনপ্রিয় উৎসব, মধ্যপ। বি; পুং।

মদমত্ত—মদ্যপানহেতু উন্মত্ত বা জ্ঞানশূন্য; অত্যধিক দর্পযুক্ত; গণ্ডদেশ হইতে মদনিঃসরণ-জন্য উন্মত্ত ('—হস্তী')। ৩য়াতৎ। বিণ।

মদস্রাবী (-স্রাবিন্)—মদবর্ষী, মদক্ষরণবিশিষ্ট; মদমত্ত। উপতৎ; মদ—স্রু+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -স্রাবিণী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

মদাত্যয়—মদ্যপানজনিত পীড়া বিঃ। মদের অত্যয়,

মদান্ধ—মত্ততায় হিতাহিত-জ্ঞানশূন্য; অতি দর্পী। মদহেতু অন্ধ, ৩য়াতৎ। বিণ। [বিণ।

মদালস—মদাবেশে বিহ্বল। মদহেতু অলস, ৩য়াতৎ।

মদালসা—১। ঈর্ষাদিবশতঃ বিহ্বলা। বিণ; স্ত্রী। ২। বিশ্বাবসুর কন্যা, অলর্কের মাতা। ৩য়াতৎ। বি; স্ত্রী।

মদালাপী (-লাপিন্)—১। কোকিল। বি; পুং। ২। মধুর-আলাপকারী। মদ—আ—লপ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -পিনী।

মদির—মত্ততাজনক, মাদক। মদ্+কিরচ্ করণ। বিণ।

মদিরা—১। বারুণী মদ্য; দ্বাবিংশত্যক্ষরপাদক ছন্দো বিঃ। বি; স্ত্রী। ২। মত্ততাকারিণী। মদির+আপ্। বিণ; স্ত্রী।

মদিরাক্ষী, মদিরেক্ষণা—মত্তলোচনা রমণী। মদির অক্ষি, ঈক্ষণ, (চক্ষু) যাহার, বহু; ১ম পক্ষে ষচ্ সমাসান্ত+ঈপ্; ২য় পক্ষে আপ্। বি বা বিণ; স্ত্রী। [সম্বন্ধার্থে একবচনে। বিণ।

মদীয়—মৎ সম্বন্ধীয়, আমার। অস্মদ্+ঈয়

মদো—মাতাল; মদ্যতুল্য। মদ+ও (<উয়া) আসক্তার্থে, সদৃশার্থে (বাংপ্র)। বিণ।

মদোৎকট—মদমত্ত; দাম্ভিক। মদহেতু উৎকট, ৩য়াতৎ। বিণ।

মদোদ্ধত—মদমত্ত। মদহেতু উদ্ধত, ৩য়াতৎ। বিণ।

মদোন্মত্ত—উদ্ধত; মদগর্বিত; মদস্রাবহেতু ক্ষিপ্ত। মদহেতু উন্মত্ত, ৩য়াতৎ। বিণ।

মদ্গুর—মাগুর মাছ; ডুবুরি। মদ্+উরচ্ কর্তৃ (গ-আগম)। বি; পুং।

মদ্দ—বীর; পুরুষ। <ফা 'মর্দ্'। বি।

মদ্দা—পুরুষজাতীয়। <ফা 'মর্দ্'। বিণ।

মদ্দানি, মর্দানি—বীরত্ব; পুরুষত্ব। ফা-মু। বি।

মদ্দানী—যাহার চালচলন পুরুষের মতো এরূপ নারী; পুং-স্বভাবযুক্তা স্ত্রী। ফা-মু। বি বা বিণ; স্ত্রী।

মদ্য—মদ, মদিরা, সুরা। মদ্+যৎ করণ। বি; ক্লী।

মদ্যপ—সুরাপায়ী, যে মদ্যপান করে এরূপ। উপতৎ; মদ্য—পা+ক কর্তৃ। বিণ।

মদ্যপায়ী (-পায়িন্)—মদখোর, মাতাল। উপতৎ; মদ্য—পা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -পায়িনী।

মধু—১। মৌ; পুষ্পরস; সুরা; মধুররস; মিষ্টদ্রব্য। বি; পুং বা ক্লী। ২। জল। বি; ক্লী। ৩। চৈত্রমাস; বসন্তকাল ("পঞ্চবটীবনচর মধু নিরবধি"—মাইকেল)। বি; পুং। ৪। স্বাদু, মিষ্ট। মন্+উ করণ (ন-স্থানে ধ)। বিণ।

মধুক—১। মহুয়াফুল; যষ্টিমধু। বি; ক্লী। ২। মহুয়াগাছ। মধু—কৈ+ক কর্তৃ। বি; পুং।

মধুকণ্ঠ—১। কোকিল। বি; পুং। ২। মধুর-কণ্ঠ-স্বরযুক্ত। বহু। বিণ।

মধুকর—১। ভ্রমর; প্রণয়ী; কামুক ব্যক্তি; ভৃঙ্গরাজ-বৃক্ষ। উপতৎ; মধু—কৃ+ট কর্তৃ। বি; পুং। স্ত্রী, -করী। ২। চাঁদ সওদাগরের ডিঙ্গা বিঃ; সুদৃশ্য নৌকা বিঃ। বাংপ্র। বি।

মধুকরী—ভ্রমরী। মধুকর+ঈপ্। বি; স্ত্রী।

মধুকাল—বসন্তকাল ("মধুকালে বনস্থলী কুসুম-কুন্তলা—মাইকেল")। মধুময় কাল, মধ্যপ। বি; পুং।

মধুকোষ—১। মৌচাক। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। পাঁঠা প্রঃর অণ্ডকোষ। বাংপ্র। বি।

মধুক্রম, -চক্র—মৌচাক। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।

মধুচন্দ্র, -চন্দ্রমা—বিবাহের পর নবদম্পতি প্রথম যে কয়টি রজনী একত্র যাপন করে তাহা। <ইং 'honey-moon'. বি।

মধুজা—পৃথিবী। উপতৎ; মধু—জন্+ড কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

মধুতৃণ—ইক্ষু। মধু (মিষ্ট) তৃণ, কর্মধা। বি; ক্লী।

মধুনিশি—১। বসন্তের রাত্রি। ৬ষ্ঠীতৎ। ২। আনন্দ-দায়িনী রাত্রি। কর্মধা (বাংপ্র)। বি।

মধুপ—১। মধুকর। বি; পুং। ২। মধুপায়ী। উপতৎ; মধু—পা+ক কর্তৃ। বিণ।

মধুপর্ক—মধু দধি ঘৃত শর্করা জল এই পাঁচটি মিশ্রণে জাত পূজাদি কার্যে ব্যবহার্য দ্রব্য বিঃ। মধু—পৃচ্+ঘঞ্ অধি। বি; পুং।

মধুপায়ী (-পায়িন্—১। ভ্রমর। বি; পুং। ২। মধুপানকারী। উপতৎ; মধু—পা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -পায়িনী। [স্ত্রী।

মধুপুর, -পুরী—মথুরা নগরী। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী,

মধুবন—বৃন্দাবনস্থ বন বিঃ; মথুরার অন্তর্গত বন বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মধুবর্ষী (-বর্ষিন্)—যাহা হইতে মধু ক্ষরিত হয় এমন; অতি মধুর। উপতৎ; মধু—বৃষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বর্ষিণী।

মধুব্রত—ভ্রমর। মধুই ব্রত যাহার, বহু। বি; পুং।

মধুমক্ষিকা—মৌমাছি। মধুসংগ্রাহিকা। মক্ষিকা, মধ্যপ। বি; স্ত্রী। [বিণ। স্ত্রী, -য়ী।

মধুময়—মধুর, মধুপূর্ণ। মধু+ময়ট্ ব্যাপ্ত্যর্থে।

মধুমাধব—চৈত্র ও বৈশাখ মাস। দ্বন্দ্ব। বি; পুং।
মধুমান্ (-মৎ)—মাধুর্যযুক্ত; মধুযুক্ত। মধু+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-মতী**।
মধুমাস—চৈত্রমাস; বসন্তকাল ("মধুমাসে কত মুগ্ধ হৃদয় স্বর্গ মেনেছে এ দেহখানি"—রবীন্দ্র)। কর্মধা। বি; পুং।
মধুযামিনী—১। বসন্তরজনী। ৬ষ্ঠীতৎ। ২। অতি সুন্দর রাত্রি।. মধু (মধুময়ী) যামিনী, কর্মধা। বি; স্ত্রী।
মধুর—১। মিষ্টরসযুক্ত; মনোহর; মাধুর্যযুক্ত; প্রিয়-দর্শন, সৌম্য; প্রীতিজনক। বিণ। ২। মিষ্টরস; মাধুর্যগুণ। মধু—রা+ক কর্তৃ; কিংবা, মধু+র আছে অর্থে। বি; পুং।
মধুরতা, -ত্ব—মনোহারিত্ব, মাধুর্য। মধুর+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।
মধুরভাষী (-ভাষিন্)—প্রিয়বাদী, যে মিষ্ট কথা বলে এমন। উপতৎ; মধুর—ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভাষিণী**।
মধুরাই—মধুরতা। প্রা কপ্র। বি।
মধুরাতি—১। বসন্তের রাত্রি। ৬ষ্ঠীতৎ। ২। মনো-রম রাত্রি। কর্মধা (বাংপ্র)। বি। [পুং।
মধুরিপু—বিষ্ণু। মধুর রিপু (শত্রু), ৬ষ্ঠীতৎ। বি;
মধুরিম—মাধুর্যপূর্ণ। কপ্র। বিণ।
মধুরিমা (-মন্)—মাধুর্য। মধুর+ইমন্ ভাবে। বি; পুং।
মধুলিট্ (-লিহ্), **-লেহ, -লেহী** (-লেহিন্)—মধুকর, ভ্রমর। উপতৎ; মধু—লিহ্+ক্বিপ্, অণ্, ণিন্ কর্তৃ। বি; পুং।
মধুলুব্ধ—মধুপ্রাপ্তির অভিলাষী। ৭মীতৎ। বিণ।
মধুসখ—মদন; কোকিল। ৬ষ্ঠীতৎ (টচ্ সমাসান্ত)। বি; পুং।
মধুসূদন—নারায়ণ, হরি। উপতৎ; মধু—সূদি+অন কর্তৃ। বি; পুং। [বি; পুং।
মধুস্বর—১। কোকিল। বহু। ২। মিষ্ট রব। কর্মধা।
মধূক—১। গুড়পুষ্প; মহুয়াগাছ। বি; পুং। ২। যষ্টিমধু; মহুয়াফল। মন্+উক করণ (ন-স্থানে ধ)। বি; ক্লী। [বি; ক্লী।
মধূত্থ—মোম। উপতৎ; মধু—উৎ—স্থা+ক কর্তৃ।
মধূৎসব—হোলি, বসন্তোৎসব। মধুতে (মধুমাসে) উৎসব, ৭মীতৎ। বি; পুং।
মধ্বাসব—মধু হইতে প্রস্তুত মদ্য। মধুজাত আসব, মধ্যপ। বি; পুং।
মধ্য—১। মাঝের, মধ্যম ('— পন্থা'); প্রান্ত হইতে সমদূরবর্তী, কেন্দ্রস্থ; উপযুক্ত, ন্যায্য। বিণ ▸ ২। পশ্চিমদিক্; কেন্দ্র, মাঝখান; কটিদেশ; দেহ-মধ্যভাগ; অভ্যন্তর; অন্তরাল, অবসর। বি; পুং বা ক্লী। ৩। অবসান, বিরাম; সংখ্যা বিঃ; নৃত্য বিঃ; তাল বিঃ। মা (সৌন্দর্য)—ধা+যক্ কর্তৃ; অথবা, মহ্+যক্ কর্ম (নিপা)। বি; পুং।
মধ্যগ—মধ্যবর্তী। উপতৎ; মধ্য—গম্+ড কর্তৃ। বিণ।
মধ্যদিন—মধ্যাহ্ন দুপুরবেলা ("মধ্যদিনের রক্তনয়ন অন্ধ করিল কে?"—মোহিত)। দিনের মধ্য, এক-দেশী (বাংপ্র)। বি; ক্লী।
মধ্যদেশ—মধ্যভাগ; ভিতর; প্রাচীন দেশ বিঃ [ইহার উত্তরে হিমালয়, দক্ষিণে বিন্ধ্যগিরি, পশ্চিমে বিনশন এবং পূর্বে প্রয়াগ]। কর্মধা। বি; পুং।
মধ্যন্দিন—দিনের মধ্যভাগ, মধ্যাহ্ন। দিনের মধ্য, এক-দেশী (নিপা)। বি; ক্লী।
মধ্যপদলোপী (-লোপিন্)—ব্যাকরণপ্রসিদ্ধ মধ্যপদ-লোপযুক্ত সমাস, শাকপার্থিবাদি (শাক-প্রিয় পার্থিব) সমাস। মধ্যপদলোপ+ইন্ আছে অর্থে। বি; পুং। [বি, পুং।
মধ্যপ্রদেশ—মধ্যস্থল; ভারতের একটি রাজ্য। কর্মধা।
মধ্যবয়স্ক—আধাবয়সের, প্রৌঢ়। মধ্য বয়ঃ (বয়স্) যাহার, বহু (ক-সমাসান্ত)। বিণ।
মধ্যবর্তিতা—মধ্যস্থতা, সালিসি; মধ্যে অবস্থান। মধ্যবর্তিন্+তা ভাবে। বি; স্ত্রী।
মধ্যবর্তী (-বর্তিন্)—১। মধ্যস্থিত। বিণ। স্ত্রী, **-বর্তিনী**। ২। সালিস। উপতৎ; মধ্য—বৃত্+ণিন্ কর্তৃ। বি; পুং।
মধ্যবিত্ত—যে বড়লোক নয়, আবার খুব গরিবও নয় এমন, মধ্যম অবস্থাপন্ন। বহু। বিণ।
মধ্যবিধ—মাঝারি রকমের। মধ্য বিধা যাহার, বহু। বিণ।
মধ্যবিন্দু—কেন্দ্রস্থিত বিন্দু। কর্মধা। বি; পুং।
মধ্যম—১। কটিদেশ। বি; পুং বা ক্লী। ২। সপ্ত-স্বরের অন্তর্গত ক্রৌঞ্চস্বরতুল্য চতুর্থ স্বর, 'সা-রে-গা-মা'-র মা; রাগ বিঃ; দ্বিতীয় পাণ্ডব ভীম; মৃগ বিঃ; মধ্যদেশ; উপপতি বিঃ; গ্রহগণের সাময়িক সংজ্ঞা বিঃ। বি; পুং। ৩। মধ্যস্থিত; মাঝারি, মাঝামাঝি, intermediate; মেঝো। মধ্য+ম ভবার্থে। বিণ।
মধ্যমণি—হার প্রঃব মধ্যস্থলে গ্রথিত মণি। মধ্যপ। বি; পুং।
মধ্যমপাণ্ডব—ভীম, বৃকোদর। কর্মধা। বি; পুং।
মধ্যমসংগ্রহ—অন্যের স্ত্রীর সহিত গোপনে প্রণয় করা এবং অলংকার গন্ধমালা প্রঃ দ্বারা তাহাকে প্রলো-ভিত করা। কর্মধা। বি; পুং।
মধ্যমা—১। মাঝের আঙুল; নবরজস্বলা যুবতী। বি; স্ত্রী। ২। মধ্যস্থিতা; মেঝো। মধ্যম+আপ্। বিণ; স্ত্রী।
মধ্যমান—সংগীতের ষোড়শমাত্রিক তাল বিঃ। মধ্যে মান (সম) যাহার বহু (বাংপ্র)। বি।
মধ্যরাত্র—অর্ধরাত্র, নিশীথ। রাত্রির মধ্য, একদেশী (অচ্-সমাসান্ত)। বি; পুং।
মধ্যরেখা—যে কল্পিত রেখা দ্রষ্টার মাথার উপর দিয়া আকাশকে পূর্বভাগ ও পশ্চিমভাগে বিভক্ত করে, যাম্যোত্তরবৃত্ত, meridian. কর্মধা। বি; স্ত্রী।
মধ্যশরীর—ধড়, trunk. একদেশী। বি; ক্লী।
মধ্যস্থ—১। মধ্যে স্থিত; উদাসীন, যে কোন পক্ষেই লিপ্ত নয় এমন। বিণ। ২। সালিস, arbitration. উপতৎ; মধ্য—স্থা+ক কর্তৃ। বি; পুং।

মধ্যস্থতা—ঔদাসীন্য; সালিসি; মধ্যবর্তিতা। মধ্যস্থ+তা ভাবে। বি; স্ত্রী।
মধ্যস্থল, -স্থলী—কটিদেশ; মধ্যভাগ; মাঝখান; কেন্দ্র। কর্মধা। বি; ক্লী, স্ত্রী।
মধ্যস্থালি—মধ্যস্থতা। মধ্যস্থ+আলি কর্মার্থে (বাংপ্র)। বি।
মধ্যস্থিত—ভিতরে অবস্থিত। ৭মীতৎ। বিণ।
মধ্যা—১। কটিদেশ; নবযৌবনা নায়িকা; মাঝের আঙ্গুল; ছন্দো বিঃ; গ্রহের গতি বিঃ। বি; স্ত্রী। ২। অভ্যন্তরস্থিতা; মধ্যমা। মধ্য+আপ্। বিণ; স্ত্রী।
মধ্যাহ্ন—দুপুরবেলা, দিবসের অষ্টম মুহূর্ত; (শ্রুতিমতে) দিবসের তিনভাগের মধ্যভাগ; (স্মার্তমতে) দিবসের পঞ্চভাগের তৃতীয়ভাগ। অহনের (অর্থাৎ দিনের) মধ্য, একদেশী (টচ্-সমাসান্ত, অহন্‌স্থানে অহ্ন)। বি; পুং।
মন—১। পরিমাণ বিঃ, চল্লিশ সের। মা+ডন করণ। বি; পুং। ২। চিত্ত, অন্তঃকরণ; পছন্দ ('মনে ধরা'); বোধ, বিবেচনা ('আমার মনে হয়'); স্মৃতি; সংকল্প ('—করা'); ইচ্ছা, প্রবৃত্তি ('—হওয়া'); হৃদয় ('—ভুলানো')। < মনস্। বি। **মন উঠা**—সন্তুষ্ট হওয়া। **মন করা**—ইচ্ছা করা। **মন খোলা**—মনের কথা খুলিয়া বলা। **মন টেকা**—থাকিবার জন্য আগ্রহ বর্তমান থাকা। **মন পড়া**—স্নেহ-ভালবাসার সঞ্চার হওয়া। **মন পাওয়া**—অনুগ্রহ-ভাজন হওয়া। **মন বসা**—মনোযোগ হওয়া; পছন্দ হওয়া। **মন ভাঙ্গা**—ইচ্ছা দূর হওয়া; মনোমালিন্য হওয়া। **মন মানা**—সান্ত্বনা পাওয়া। **মন যোগানো**—খোসামুদি করা, মন যাহাতে সন্তুষ্ট হয় এবং প্রসন্ন থাকে সেইরূপ কার্য করা। **মনে করা**—স্মরণ করা। **মনে ধরা**—পছন্দ হওয়া। **মনের ঝাল ঝাড়া**—আক্রোশ মিটানো। **মনের মানুষ**—প্রিয়জন, পছন্দসই মানুষ। **মনে রাখা**—স্মরণ রাখা।
মনঃ (-মনস্), **মন**—অন্তঃকরণ, চিত্ত; সর্বেন্দ্রিয়-প্রবর্তক অন্তরিন্দ্রিয়; সংকল্প-বিকল্পাত্মক অন্তঃকরণবৃত্তি; তৃপ্তি; প্রবৃত্তি; বুদ্ধি; অভিলাষ। মন্+অসুন্ করণ। বি; ক্লী।
মনঃকল্পিত—অবাস্তব, অলীক, শুধু কল্পনাপ্রসূত। ৩য়াতৎ। বিণ।
মনঃকষ্ট—মনের দুঃখ, মর্মবেদনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
মনঃক্ষুন্ন—মনে মনে দুঃখিত। ৭মীতৎ। বিণ।
মনঃপীড়া—মর্মবেদনা, আন্তরিক কষ্ট। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
মনঃপূত—মন দ্বারা যাহাকে পবিত্র করা হইয়াছে এমন; মনোমত, পছন্দমত। ৩য়াতৎ। বিণ।
মনঃপ্রাণ—অন্তঃকরণ ও প্রাণ; সর্ব অন্তঃকরণ। দ্বন্দ্ব। বি; পুং।
মনঃশিল, -সিল, -শিলা, -সিলা—রক্তবর্ণ পর্বতীয় ধাতু বিঃ, মনছাল, realgar. মনোহর শিল, সিল, শিলা, সিলা, মধ্যপ। বি; পুং, পুং, স্ত্রী, স্ত্রী।
মনঃসংযোগ—অভিনিবেশ, মনোযোগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মনঃস্থ, মনস্থ—১। সংকল্পিত, মনে স্থিত। উপতৎ; মনস্—স্থা+ক কর্তৃ। বিণ। ২। সংকল্প, অভিপ্রায় ('—করা')। বাংপ্র। বি।
মনকষাকষি—অবনিবনাও, পরস্পরের মনের অমিল। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
মনক্কা—বড় শুকনো আঙ্গুর, raisins. < আ 'মুনক্কা'। বি।
মনখোলা—উদার; সরল। বহু (বাংপ্র)। বিণ।
মনগড়া—কল্পনা দ্বারা কৃত, কল্পিত; মিথ্যা ('—কথা')। ৩য়াতৎ (বাংপ্র)। বিণ।
মনচোর, -চোরা—১। হৃদয় মুগ্ধকারী, চিত্তাপহারক। বিণ। ২। ভালবাসার জন, প্রণয়ী। উপতৎ (বাংপ্র)। বি।
মনছাল— < মনঃশিলা। বি।
মনন—অনুমান; অনবরত অনুচিন্তন; বোধন; ধারণা করণ; ইচ্ছা করণ। মন্+অনট্ ভাব। বি; ক্লী।
মননীয়—চিন্তনীয়। মন্+অনীয় কর্ম। বিণ।
মনমরা—বিমর্ষ; উৎসাহশূন্য। ৭মীতৎ (বাংপ্র)। বিণ।
মনরক্ষা—মনোমত কার্য দ্বারা প্রীতিসম্পাদন, মন রাখা, তোষামোদ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি; স্ত্রী।
মনরাখা—তোষামুদে, যাহাতে একজন অসন্তুষ্ট না হয় এমন ('—কথা')। মন—রাখ্+আ করণ (বাংপ্র)। বিণ।
মনশ্চক্ষু— < মনশ্চক্ষুঃ। বি।
মনশ্চক্ষুঃ (-ক্ষুস্)—অন্তর্দৃষ্টি; কল্পনা। মনোরূপ চক্ষুঃ, রূপক কর্মধা। বি; ক্লী।
মনসবদার—উপাধি বিঃ [প্রধান সুবাদারের অধীনে যাহারা শত সৈন্যের নেতা তাহারা উক্ত সম্মানের যোগ্য]। মনসব+দার বিশিষ্টার্থে (আ-মু)। বি।
মনসা—১। সর্পের দেবী, বাসুকির ভগিনী। মন—সো+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী। ২। সিজ গাছ। বাংপ্র। বি।
মনসিজ—১। কামদেব। বি; পুং। ২। কল্পনা হইতে উদ্ভূত; মন হইতে জাত। অলুক উপতৎ; মনসি (মনে)—জন্+ড কর্তৃ। বিণ। স্ত্রী, -জা।
মনসূবা—বুদ্ধি, অভিপ্রায়। বৈদে। বি।
মনস্কাম, মনস্কামনা—মনোবাঞ্ছা, মনের অভিলাষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী।
মনস্তাপ—অনুতাপ; মানসিক কষ্ট। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; স্ত্রী।
মনস্তুষ্টি—মনের প্রীতি; সন্তোষসাধন। ৬ষ্ঠীতৎ।
মনস্তৃপ্তি—মনের সন্তোষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
মনস্থ—'মনঃস্থ' দ্রঃ।
মনস্বিতা—প্রশস্তচিত্ততা, স্থিরচিত্ততা; বীরত্ব; সম্মান। মনস্বিন্+তা ভাবে। বি; স্ত্রী।
মনস্বী (-স্বিন্)—মহামনাঃ, উদারচিত্ত; ধীর, স্থিরচিত্ত; মানী; বীর। মনস্+বিন্ প্রশংসার্থে। বিণ। স্ত্রী, -স্বিনী।

মনান্তর—মনোমালিন্য, অপ্রীতি; কলহ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি। [ঈপ্। বি; স্ত্রী।
মনাষী, মনায়ী—মনুর পত্নী। মনু (মুনি বিঃ)+
মনি-অর্ডার—ডাকযোগে টাকা পাঠানো। <ইং 'money-order'. বি।
মনিত—১। জ্ঞাত, বিদিত; চিন্তিত। মন্+ক্ত কর্ম। বিণ। ২। জ্ঞান; চিন্তা; রতকূজিত বিঃ। মন্+ক্ত ভাব। বি; ক্লী।
মনিব—প্রভু, কর্তা। <আ 'মুনিব'। বি।
মনিবগিরি, মনিবানা—মনিবের পদ; প্রভুত্ব। মনিব+গিরি, আনা ভাবে, কর্মার্থে। আ-ম্। বি।
মনিব্যাগ—টাকা রাখিবার ছোট থলি বিঃ। <ইং 'money b g'. বি।
মনিষ্যি—মানুষ। <মনুষ্য। বি।
মনিহারী—শৌখিন জিনিস বিক্রেতা বা তৎ সম্বন্ধীয়। বাংপ্র। বিণ।
মনীষা—বুদ্ধি, প্রজ্ঞা। মনের ('মনস্' শব্দ) ঈষা (গমন), ৬ষ্ঠীতৎ (নিপা)। বি; স্ত্রী।
মনীষিতা—১। বাঞ্ছিতা। মনীষিত+আপ্। বিণ। ২। বুদ্ধিমত্তা। মনীষিন্+তা ভাবার্থে। বি: স্ত্রী।
মনীষী (-ষিন্)—১। ধীর; বুদ্ধিমান্; জ্ঞানী; চিন্তাশীল। বিণ। স্ত্রী, -ষিণী। ২। পণ্ডিত ব্যক্তি, বিদ্বান্ লোক। মনীষা+ইন্ আছে অর্থে। বি; পুং।
মনু—ব্রহ্মার পুত্র, মনুষ্য জাতির আদি পুরুষ, ধর্ম-শাস্ত্র-প্রণেতা মুনি বিঃ (প্রতিকল্পে স্বায়ম্ভুব, স্বারোচিষ, উত্তম, তামস, রৈবত, চাক্ষুষ, বৈবস্বত, সার্বর্ণি, দক্ষসার্বর্ণি, ব্রহ্মসার্বর্ণি, ধর্মসার্বর্ণি; রুদ্র-সার্বর্ণি, দেবসার্বর্ণি ও ইন্দ্রসার্বর্ণি—এই চতুর্দশ মনু হইয়া থাকেন: এক্ষণে বৈবস্বত মনুর অধিকার চলিতেছে); মন্ত্র। মন্+উ কর্তৃ। বি; পুং।
মনুজ, মনুষ্য—মানুষ, মনুর অপত্য, মানব। উপতৎ; মনু—জন্+ড কর্তৃ; মনু+যৎ অপত্যার্থে (ষ-আগম)। বি: পুং।
মনুষী—নারী, স্ত্রীলোক। মনুষ্য+ঈপ্। বি; স্ত্রী।
মনুষ্য—'মনুজ' দ্রঃ।
মনুষ্যত্ব—মানুষের স্বভাব; মানুষের ধর্ম; মনুষ্যো-চিত সদ্‌গুণ; সভ্যতা। মনুষ্য+ত্ব ভাবে। বি; ক্লী।
মনুসংহিতা—মনুকৃত ধর্মশাস্ত্র। মনুপ্রণীতা সংহিতা, মধ্যপ। বি: স্ত্রী।
মনোগত—১। যাহা মনে রহিয়াছে এমন। বিণ। ২। চিন্তা; অনুভব; অভিলাষ। ২য়াতৎ। বি: ক্লী।
মনোজ—১। মদন, কামদেব। বি; পুং। ২। মনো-জাত। উপতৎ; মনস্—জন্+ড কর্তৃ। বিণ।
মনোজগৎ—অন্তঃকরণরূপ জগৎ, চিন্তারাজ্য, সব মানসিক ব্যাপার। রূপক কর্মধা। বি; ক্লী।
মনোজব—মনের তুল্য দ্রুতগামী, সাতিশয় বেগবান্। মনের জবের (বেগের) ন্যায় জব (বেগ) যাহার, বহু। বিণ। [কর্তৃ। বিণ। বি—মনোজ্ঞতা।
মনোজ্ঞ—মনোহর, রমণীয়। উপতৎ; মনস্—জ্ঞা+ক
মনোদুঃখ—শোক; মানসিক কষ্ট; অনুশোচনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
মনোনয়ন—পছন্দকরণ; অনেক লোকের মধ্য হইতে একজনকে বাছিয়া লওয়া, nomination. মনস্—নী+অনট্ ভাব। বি; ক্লী। [পুং।
মনোনিবেশ—অভিনিবেশ, মনোযোগ। ৬ষ্ঠীতৎ। বি;
মনোনীত—অভিলষিত, মনোমত, যাহাকে বহুজনের মধ্য হইতে বাছিয়া লওয়া হইয়াছে এমন, nominated; পছন্দ। ৭মীতৎ বা ৩য়াতৎ। বিণ।
মনোবাঞ্ছা, -বাসনা—মনের অভিলাষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
মনোবিকলন—মনস্তত্ত্ব-বিশ্লেষণ, psycho-analysis.
মনোবিকার—মনের ব্যাধি, মনের রোগ; চিত্তের অস্থিরতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মনোবিজ্ঞান—মনের ক্রিয়া স্বভাব ইঃ বিষয়ক শাস্ত্র বা জ্ঞান, psychology. মধ্যপ। বি; ক্লী।
মনোবৃত্তি—মানসিক প্রবৃত্তি; চিত্তবৃত্তি; চিন্তা স্মরণ কল্পনা প্রঃ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
মনোবেদনা, মনোব্যথা—মানসিক কষ্ট, মনের দুঃখ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি; পুং।
মনোভঙ্গ—বিষাদ; অনুৎসাহ; নৈরাশ্য। ৬ষ্ঠীতৎ।
মনোভব—কাম। মনঃ ভব (উৎপত্তিস্থান) যাহার, বহু। বি; পুং। [বি; পুং।
মনোভাব—মনের অভিপ্রায়; মনের অবস্থা। ৬ষ্ঠীতৎ।
মনোভিলাষ—মনের বাসনা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মনোমত—পছন্দসই, মনের মতন। মন দ্বারা ('মনস্' শব্দ) মত, ৩য়াতৎ। বিণ।
মনোময়—মনঃস্বরূপ; মানস; কল্পনা বা চিন্তা দ্বারা সৃষ্ট। মনস্+ময়ট্ স্বরূপাদি অর্থে। বিণ। স্ত্রী, -ময়ী।
মনোমালিন্য—বিরোধ; অসদ্ভাব। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
মনোমোহন—মনোহর, রমণীয়। ৬ষ্ঠীতৎ। বিণ।
মনোমোহিনী—রম্যা; মনোমোহকারিণী; উপতৎ; মনস্—মুহ্+ণিচ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী।
মনোযোগ—অভিনিবেশ, মনের একাগ্রতা; মনো-নিবেশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মনোযোগী (-গিন্)—অভিনিবিষ্ট, যে একমনে কোন কাজ করে এমন। মনোযোগ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -যোগিনী।
মনোরঞ্জক—মনের সন্তোষসাধক, মনোরম। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -রঞ্জিকা।
মনোরঞ্জন—১। চিত্তের তৃপ্তিকর, মনোরঞ্জক। বিণ। ২। মনের সন্তোষ-সাধন, মনস্তুষ্টি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। স্ত্রী, -রঞ্জিনী।
মনোরথ—ইচ্ছা, মনের বাসনা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মনোরম—রমণীয়; সন্তোষদায়ক। মনস্+রম্+ণিচ্+অচ্ কর্তৃ। বিণ।
মনোরাজ্য—অন্তঃকরণরূপ সাম্রাজ্য, চিন্তারাজ্য। রূপক কর্মধা। বি; ক্লী।
মনোলোভা—রমণীয়া; যাহা মনের মধ্যে লোভের সৃষ্টি করে এমন। উপতৎ: মনস্—লুভ্+ণিচ্+অচ্ কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী।
মনোহর, -হারী (-হারিন্)—সুন্দর, রমণীয়, চিত্তা-

কর্তৃক। উপতৎ; মনস্—হৃ+অচ্, ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -হরা, -হারিণী। [বি; ক্লী।

মনোহরণ—মনকে মুগ্ধ করণ, চিত্তাকর্ষণ। ৬ষ্ঠীতৎ।

মনোহরশাহী—বর্ধমান বিভাগের উত্তরার্ধে জাত এবং প্রচলিত উচ্চাঙ্গ কীর্তনের রীতি বিঃ। বাংপ্র। বি।

মনোহরা—১। সুন্দরী। মনোহর+আপ্। বিণ; স্ত্রী। ২। চিনির আবরণযুক্ত একপ্রকার সন্দেশ। বাংপ্র। বি। [ভাবে। বি; ক্লী।

মনোহারিত্ব—রমণীয়তা; সৌন্দর্য। মনোহারিন্+ত্ব

মনোহারী (-হারিন্)—'মনোহর' দ্রঃ।

মন্তব্য—১। মননীয়, চিন্তনীয়; বিবেচনীয়। বিণ। ২। মতামত; অভিমত, remark; টিপ্পনী, note. মন্+তব্য কর্ম। বি; ক্লী।

মন্তা (-ন্তৃ)—চিন্তক; মন্ত্রণাদাতা। মন্+তৃন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী—মন্ত্রী।

মন্ত্র—১। যে-কোন জীবের বশীকরণসাধন তন্ত্রোক্ত বাক্য; দেবতা বিঃর উপাসনার উপযোগী বাক্য বা শ্লোক বা পদ; গুরুদত্ত বাক্য; ব্রত বা কর্মের মূল নীতি; মন্ত্রণা; ঋগ্-যজুরাদি; রহস্য। মন্ত্+ঘঞ্ কর্ম। ২। মন্ত্রণা, পরামর্শ; বিচার। মন্ত্+ঘঞ্ ভাব। বি; পুং।

মন্ত্রকুশল—মন্ত্রণাবিষয়ে সুদক্ষ। ৭মীতৎ। বিণ।

মন্ত্রগুপ্তি—পরামর্শ-গোপন, নিজের গোপনীয় কথা-বার্তা প্রকাশ না করা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মন্ত্রগৃহ, -ভবন—পরামর্শ করিবার গৃহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মন্ত্রণ, মন্ত্রণা—গোপনে পরামর্শ করা; মন্ত্রকরণ; পরামর্শ। মন্ত্+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী। [স্বন্দ্ব। বি; ক্লী।

মন্ত্রতন্ত্র—মন্ত্র এবং মন্ত্র সম্বন্ধীয় ব্যাপারাদি।

মন্ত্রদাতা (-দাতৃ)—মন্ত্রদান-কর্তা, গুরু; পরামর্শ-দায়ক। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -দাত্রী।

মন্ত্রপূত—মন্ত্র দ্বারা পবিত্রীকৃত ('—জল')। ৩য়া-তৎ। বিণ।

মন্ত্রবল—মন্ত্রের শক্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মন্ত্রভবন—'মন্ত্রগৃহ' দ্রঃ।

মন্ত্রমুগ্ধ—মন্ত্রবলে মোহিত। ৩য়াতৎ। বিণ।

মন্ত্রসাধন—সিদ্ধিলাভের জন্য মন্ত্রজপ; মন্ত্রসিদ্ধির উপায়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মন্ত্রসিদ্ধ—যে মন্ত্রসাধনা দ্বারা সিদ্ধিলাভ করিয়াছে এমন, মন্ত্রের উপাসনাবলে সিদ্ধিপ্রাপ্ত। ৭মীতৎ। বিণ। [সংস্কৃত। মন্ত্+ক্ত কর্ম। বিণ।

মন্ত্রিত—পরামর্শপূর্বক স্থিরীকৃত; মন্ত্র দ্বারা

মন্ত্রিত্ব—মন্ত্রীর পদ বা কার্য। মন্ত্রিন্+ত্ব ভাবে। বি; ক্লী।

মন্ত্রী (মন্ত্রিন্)—১। পরামর্শদাতা। বিণ। স্ত্রী—মন্ত্রিণী। ২। অমাত্য, সচিব, minister. মন্ত্+ণিন্ কর্তৃ। বি; পুং।

মন্থ—১। মন্থনদণ্ড। মন্থ্+ঘঞ্ করণ। ২। মন্থন; বিনাশ। মন্থ্+ঘঞ্ ভাব। ৩। মথিত বস্তু। মন্থ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। মথনদণ্ড। মন্থ্+অনট্ করণ। বি; ক্লী। [বি; স্ত্রী।

মন্থন—১। আলোড়ন, বিলোড়ন; বিনাশ। মন্থ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। মথনদণ্ড। মন্থ্+অনট্ করণ। বি; ক্লী।

মন্থনী—মন্থনদণ্ড, মন্থনী, মন্থনাধার। মন্থন+ঈপ্।

মন্থর—১। মন্দগামী; অলস; প্রকাণ্ড; ভারী; নম্র; নত; বক্র। মন্থ্+অরন্ কর্তৃ। বিণ। ২। মন্থন-দণ্ড; বাধা। মন্থ্+অরন্ করণ। বি; পুং।

মন্থরগতি—১। ধীরে ধীরে গমন। কর্মধা। বি; স্ত্রী। ২। ধীরগতিযুক্ত। মন্থরা গতি যাহার, বহু। বিণ।

মন্থরগামী (-গামিন্)—যে ধীরে ধীরে গমন করে এমন, মন্থরগতি। উপতৎ; মন্থর—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -গামিনী, -গী।

মন্থরা—১। দশরথপত্নী কৈকেয়ীর দাসী। বি; স্ত্রী। ২। ধীরা, ধীরগতিযুক্তা। মন্থর+আপ্। বিণ; স্ত্রী। [বিণ; পুং। স্ত্রী—মন্থিনী।

মন্থী (-ন্থিন্)—মন্থনকারী। মন্থ্+ণিন্ কর্তৃ।

মন্দ—খারাপ; অশুভ ('—খবর'); অসৎ ('—লোক'); অসুস্থ ('—দেহ'); অলস; মৃদু; অল্প; মত্ত; নীচ; হতভাগ্য; অতীক্ষ্ণ; খল; অপটু; ক্ষীণ। মন্দ্+অচ্ কর্তৃ। বিণ।

মন্দগ, -গামী (-মিন্)—মৃদুগামী, মৃদুগমনশীল। উপতৎ; মন্দ—গম্+ড, ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -গা, -গামিনী।

মন্দগতি—১। মন্থর গমন, ধীর গতি। কর্মধা। বি; স্ত্রী। ২। ধীরগতিবিশিষ্ট। বহু। বিণ।

মন্দন—হ্রাস; বেগ ও গতির ক্রমিক হ্রাস, retardation. মন্দ+ক্বিপ্ (নামধাতু)+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—মন্দিত।

মন্দবুদ্ধি—জড়বুদ্ধি, স্থূলবুদ্ধি, নির্বোধ; ক্রূর-মতি। মন্দা বুদ্ধি যাহার, বহু। বিণ।

মন্দভাগ, -ভাগ্য—১। হতভাগ্য, দুরদৃষ্ট। বহু। বিণ। ২। খারাপ অদৃষ্ট, পোড়া কপাল। কর্মধা। বি; ক্লী। [আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

মন্দভাগিনী—দুর্ভাগিনী, দুরদৃষ্টা। মন্দভাগ+ইন্

মন্দভাগ্য—'মন্দভাগ' দ্রঃ।

মন্দমন্দ—ধীরে ধীরে; অল্পে অল্পে। ক্রি-বিণ।

মন্দা—১। যাহাতে ক্রয়বিক্রয়ের অভাব ঘটে এমন। বিণ। ২। হ্রাস কমতি, ঘাটতি। বাংপ্র। বি।

মন্দাকিনী—স্বর্গগঙ্গা; সংক্রান্তি বিঃ; দ্বাদশাক্ষর-পাদক ছন্দো বিঃ। মন্দ—অক্+ণিন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

মন্দাক্রান্তা—সতের অক্ষর ও সাতাশ মাত্রাযুক্ত সংস্কৃত ছন্দ বিঃ। মন্দ আক্রান্ত (গতি) যাহার, বহু+আপ্। বি; স্ত্রী। [অজীর্ণ। কর্মধা। বি; পুং।

মন্দাগ্নি—জঠরাগ্নির ক্ষীণতা; ক্ষুধা প্রঃব অল্পতা;

মন্দানিল—ধীরে ধীরে প্রবাহিত বায়ু। কর্মধা। বি; পুং।

মন্দার—স্বর্গীয় দেবতরু বিঃ; মাদারগাছ; ধুতুর; তীর্থ বিঃ; অর্কবৃক্ষ। মন্দ্+আরক্ করণ। বি; পুং।

মন্দির—১। দেবগৃহ; গৃহ; ভবন; নগর, পুর। বি;

ক্লী। ২। সমুদ্র; জানুর পশ্চাদ্ভাগ। মন্দ্+কিরচ্ অধি। বি; পুং।

মন্দিরা—কাঁসা বা পিতলের তৈয়ারী বাদ্যযন্ত্র বিঃ, ছোট খঞ্জনি, cymbals. <মঞ্জীর। বি।

মন্দীভূত—অল্পীভূত, যাহা কম হইয়া গিয়াছে এরূপ; জড়ীভূত। মন্দ+অভূততদ্ভাবার্থে চ্বি (=মন্দী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

মন্দুরা—অশ্বশালা; মাদুর। মন্দ+উরচ্ অধি+আপ্। বি; স্ত্রী।

মন্দোদরী—রাবণের স্ত্রী; ক্ষীণোদরী স্ত্রী। মন্দ (অল্প) উদর যাহার, বহু+ঈপ্। বি; স্ত্রী।

মন্দ্র—১। বাদ্যযন্ত্র বিঃ; মৃদঙ্গ; গম্ভীরধ্বনি। মন্দ্ +রক্ করণ। বি; পুং। ২। গম্ভীর। মন্দ্র+অচ্ আছে অর্থে। বিণ।

মন্বন্তর—১। এক এক মনুর রাজ্যশাসনকাল, দেবতাদের একাত্তর যুগ। মনুর অন্তর যাহাতে, বহু। বি; ক্লী। ২। দেশব্যাপী ভীষণ দুর্ভিক্ষ। বাংপ্র। বি। [কর্তৃ। বি; পুং।

মন্মথ—কন্দর্প, মদন। মৎ (চেতনা)—মথ্+অচ্

মন্যু—শোক; দুঃখ; দৈন্য; ক্রোধ; অহংকার; যজ্ঞ। মন্+যু কর্ম। বি; পুং।

মফস্বল—শহরের বাহিরের স্থান; সম্মুখের বিপরীত ('কাপড়ের সদর—')। <আ 'মুফস্বল'। বি বা বিণ।

মবলগ—নগদ টাকা; মোট। আ। বি।

মম—আমার। <সং ষষ্ঠ্যন্ত 'অস্মদ্'। কপ্র। সর্ব।

মমতা, মমত্ব—আমার বলিয়া জ্ঞান; আসক্তি; মায়া; অহংকার; স্নেহ। মম+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

ময়—১। দানবগণের শিল্পী। ময়্+অচ্ কর্তৃ। বি; পুং। ২। বিশিষ্ট পূর্ণ নির্মিত ইঃ বাচক সংস্কৃত প্রত্যয়। ৩। ব্যাপিয়া এই অর্থবাচক বাং প্রত্যয়।

ময়দা—গোধূমচূর্ণ, আটা। <ফা 'মইদা'। বি।

ময়দান—ক্ষেত্র, মাঠ। ফা। বি।

ময়না—১। শালিকজাতীয় পাখি বিঃ; মদন-পাখি; কুটনী। <মদন বা মর্দনিকা। ২। একরকম গাছ; একরকম ঘাস। বাংপ্র। বি। ৩। অপমৃত্যু সম্বন্ধে পরিদর্শন ও অনুসন্ধান (যথা—ময়না তদন্ত)। <মুয়ায়নহ্। বি।

ময়রা—মিষ্টান্ন প্রস্তুতকারী জাতি বিঃ, মোদক; মিষ্টান্নপ্রস্তুতকারী। <মদক। বি। স্ত্রী—**ময়রানী**।

ময়লা—১। অপরিষ্কৃত; মন্দ, কুটিল ('—মন'); শ্যামল, যাহা গৌরবর্ণ নয় এমন। বিণ। ২। বিষ্ঠা; মালিন্য ('মনের —')। <মল। বি।

ময়ান—লুচি প্রঃ প্রস্তুত করিবার পূর্বে ময়দার সহিত যে ঘি মিশানো হয়। বাংপ্র। বি। [বি।

ময়াল—একপ্রকার বৃহদাকার সর্প। <মহাকাল।

ময়ূখ—দীপ্তি, কিরণ; শোভা; জ্বালা। মা+উখ কর্তৃ (ম-স্থানে ময়্)। বি; পুং।

ময়ূখমালা—দীপ্তিসমূহ, কিরণজাল। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ময়ূখমালী (-লিন্)—সূর্য। ময়ূখমালা+ইন্ আছে অর্থে। বি; পুং।

ময়ূর—পক্ষী বিঃ, শিখী, কলাপী। মহী—রু+ড কর্তৃ (নিপা)। বি; পুং।

ময়ূরকণ্ঠী—একপ্রকার রঙিন শাড়ী; লাল ও সবুজের মিশ্রণজাত বর্ণযুক্ত, ময়ূরের গলার রঙের ন্যায় রং বিশিষ্ট। বাংপ্র। বি বা বিণ।

ময়ূরপঙ্খী—ময়ূরের মত আকৃতিবিশিষ্ট নৌকা বা যান। বাংপ্র। বি। [অচ্ কর্তৃ। বিণ।

মর—১। মরণ। মৃ+অপ্ ভাব। ২। মরণশীল। মৃ+

মরক—মারী, মড়ক। মর্+কন্ স্বার্থে। বি; পুং।

মরকত—হরিদ্বর্ণ মণি বিঃ, পান্না, emerald. মরক —ত্যু+ড করণ। বি; ক্লী।

মরজগৎ—পৃথিবী, মরণশীল বিশ্ব। মরদিগের জগৎ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মরণ—মৃত্যু, জীবননাশ। মৃ+অনট্ ভাব। বি; ক্লী।

মরণধর্মশীল—নশ্বর, যাহার স্বভাবই ধ্বংসে হওয়া এমন। মরণই ধর্ম, কর্মধা; মরণধর্ম শীল যাহার, বহু। বিণ।

মরণধর্মা (-ধর্মন্)—মরণশীল; নশ্বর। মরণ ধর্ম যাহার, বহু (অনিচ্-সমাসান্ত)। বিণ।

মরণধর্মী (-ধর্মিন্)—নাশশীল, নশ্বর। মরণধর্ম+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -ধর্মিণী।

মরণশীল—নশ্বর, যাহার স্বভাবই মরিয়া যাওয়া এমন। বহু। বিণ। [২য়াতৎ। বিণ।

মরণাপন্ন—মৃতকল্প, মৃতপ্রায়; মরণদশায় পতিত।

মরণাশৌচ—আত্মীয়ের মৃত্যুজন্য অশৌচ, মৃতাশৌচ। মরণজনিত অশৌচ, মধ্যপ। বি; ক্লী।

মরণোন্মুখ—যাহার মৃত্যু ঘনাইয়া আসিয়াছে এমন, মুমূর্ষু; মরণোদ্যত। মরণে উন্মুখ, ৭মীতৎ। বিণ। স্ত্রী, -খী, -খা।

মরত—১। মরণ, মৃত্যু, দেহবিনাশ, মরা। মৃ+অতচ্ ভাব। বি; পুং। ২। পৃথিবী। <মর্ত্য। বি।

মরদ, মরদা—১। মদ্দ, পুরুষ; যুবক। বি। ২। পুরুষজাতীয়; বলবান্। <ফা 'মর্দ'। বিণ।

মরদানা—পুরুষত্ব; বীরত্ব। মরদ+আনা ভাবে (ফা-মু)। বি।

মরম—শরীরের সন্ধিস্থান; হৃদয়াদি জীবস্থান; অন্তঃকরণ। <মর্ম। বি।

মরমর—মৃতপ্রায়, মরণাপন্ন। বাংপ্র। বিণ।

মরমিয়া—দরদী; স্থূলবুদ্ধির অতীত; গূঢ়; ভগবদ্-বিষয়ক। মরম+ইয়া সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।

মরমী—যে মনের কথা জানে এমন; দরদী; যে মর-মিয়া তত্ত্ব আলোচনা করে এমন, mystic <মর্মী। বিণ।

মরসুম—ঋতু, season; অধিক বিক্রয়ের সময়, সুবিধার সময়; সুযোগ। <আ 'মৌসিম'। বি।

মরসুমী—ঋতু বিশেষে উৎপন্ন। আ-মু। বিণ।

মরা—১। মৃত, গতাসু; ক্ষীণ, মন্দস্রোতা ('—গাঙ'); যাহাতে খাদ আছে এমন ('—সোনা')। মর্+আ কর্তৃ। বিণ। ২। মরিয়া যাওয়া; কমিয়া যাওয়া;

কষ্ট পাওয়া। ক্রি। ৩। লাস, শব। মর্‌+আ কর্তৃ (বাংপ্র)। বি।
মরাই—ধান্যের গোলা। <মরার। বি।
মরাঞ্চে—মৃতবৎসা। বাংপ্র। বিণ; স্ত্রী।
মরামাস—খুশকি, মস্তকচর্মের রোগ বিঃ, dandruff. বহু। বি। [হাঁস। বি; পুং। স্ত্রী, -লী।
মরাল—রাজহংস, swan (বা flamingo); পাতি-
মরালগমনা, -গামিনী—রাজহংসবৎ রমণীয়গতিযুক্তা। মরালের গমনের ন্যায় গমন যাহার, বহু+আপ্; উপতৎ; মরাল—গম্‌+ণিন্ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী। [সূচক শব্দ। বাংপ্র। অ।
মরি, মরিমরি—বিস্ময়যুক্ত আনন্দ, সমবেদনা ইঃ
মরিচ, মরীচ—একপ্রকার গোলাকার ঝাল ফল, গোলমরিচ; লঙ্কামরিচ। মৃ+ইচ করণ (নিপা বিকল্পে দীর্ঘ)। বি; পুং। [বি।
মরিচা—লৌহমল, ধাতুমল, জং। <ফা 'মোর্চহ্'।
মরিয়া—জীবনের প্রতি মায়াশূন্য; জীবনে হতাশ হইয়া বিপদের সম্মুখে অগ্রসর ('—হইয়া')। বাংপ্র। বিণ।
মরীচি—কিরণ, রশ্মি; মরীচিকা; ব্রহ্মার মানসপুত্র। মৃ+ঈচি করণ। বি; পুং বা স্ত্রী।
মরীচিকা—মৃগতৃষ্ণা, মরুভূমিতে সূর্যকিরণে জলভ্রম, mirage. মরীচিতে ক (জল) যাহাতে, বহু+আপ্। বি; স্ত্রী।
মরীচিমালী (-মালিন্)—১। সূর্য। বি; পুং। ২। কিরণমালাবিশিষ্ট। মরীচিমালা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -লিনী।
মরু—জলতৃণাদিশূন্য বালুকাময় প্রদেশ; পর্বত। মৃ +উ অধি। বি; পুং।
মরুৎ—দেবতা; বায়ু। মৃ+উতি করণ। বি; পুং।
মরুৎপতি—নারায়ণ। মরুৎ অর্থাৎ দেবতার পতি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মরুত্ত—বায়ু। মরুৎ—দা+ক্ত কর্তৃ। বি; পুং।
মরুদ্বীপ—মরুভূমিমধ্যস্থ উর্বর প্রদেশ, মরুদ্যান। মরুস্থ দ্বীপ, মধ্যপ। বি; পুং বা ক্লী।
মরুভূ, মরুভূমি—জলতৃণাদিবিহীন বালুকাপূর্ণ বিশাল ভূমি। মরুই ভূ, ভূমি, কর্মধা। বি; স্ত্রী।
মরুস্থল, -স্থলী—মরুভূমি। কর্মধা। বি; ক্লী, স্ত্রী।
মরুদ্যান—মরুদ্বীপ, মরুভূমির মধ্যবর্তী গাছপালা জলাশয় সমন্বিত স্থান, oasis. মরুস্থ উদ্যান, মধ্যপ। বি; ক্লী।
মর্কট—ক্ষুদ্রজাতীয় বানর; হাড়গিলা-পক্ষী; মাকড়সা, বিষ বিঃ। মর্ক্‌+অটন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, -টী। <ইং 'morgue'. বি।
মর্গ—শবব্যবচ্ছেদাগার; মৃতদেহ সনাক্ত করণের স্থান।
মর্জি—ইচ্ছা, সম্মতি। <আ 'মর্জী'। বি।
মর্ত, মর্ত্য—১। মানব। মৃ+তন কর্তৃ; মর্ত+যৎ স্বার্থে। ২। মধ্যমলোক, পৃথিবী। মৃ+তন্ অধি; মর্ত+যৎ ভবার্থে। বি; পুং।
মর্তমান—একপ্রকার কলা, শবরী কলা; মার্তাবানদ্বীপজাত কলা। <মার্তাবান। বি।
মর্ত্য—'মর্ত' দ্রঃ।
মর্ত্যধাম (-ধামন্)—পৃথিবী। ৬ষ্ঠীতৎ বা কর্মধা। বি; ক্লী। [পুং।
মর্ত্যলোক—মনুষ্যলোক, পৃথিবী। ৬ষ্ঠীতৎ। বি;
মর্দ—১। মর্দন। মৃদ্‌+ঘঞ্ ভাব। বি; পুং। ২। মর্দনশীল। মৃদ্‌+অচ্ কর্তৃ। বিণ। ৩। পুরুষ; যুবক; শক্তিমান্ পুরুষ। <ফা 'মর্দ্'। বি।
মর্দন—১। অঙ্গমর্দন, গা-টেপা; পেষণ; দলন; চূর্ণন; সংবাহন। মৃদ্‌+অনট্ ভাব। বি; ক্লী। ২। দলনকারী; পেটক। মৃদ্‌+অন কর্তৃ। বিণ।
মর্দল—বাদ্যযন্ত্র বিঃ; মাদল। মর্দ—লা+ক কর্তৃ। বি; পুং।
মর্দা—পুরুষ। <ফা 'মর্দ্'। বি।
মর্দানা—পুরুষত্ব; বীরত্ব। মর্দ+আনা ভাবে (ফা-মু)। বি।
মর্দানি—পৌরুষ, সাহস; পুরুষালি। ফা-মু। বি।
মর্দানী—পুংস্বভাব-নারী। ফা-মু। বি; স্ত্রী।
মর্দিত—পিষ্ট; দলিত; চূর্ণিত। মৃদ্‌+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ।
মর্ম (মর্মন্)—তাৎপর্য; উদ্দেশ্য, অভিপ্রায়; সারতত্ত্ব; গূঢ়কথা, রহস্য; শরীরের সন্ধিস্থান, শরীরের যে-সব স্থানে আঘাত করিলে সহজে মৃত্যু হইতে পারে, vital part; স্বরূপ; তত্ত্ব; অন্তর। মৃ+মনিন্ অপা। বি; ক্লী।
মর্মকথা—মনের কথা; গূঢ় রহস্য। ৬ষ্ঠীতৎ বা কর্মধা। বি; স্ত্রী। [ক্লী।
মর্মগ্রহণ—রহস্যবোধ; তাৎপর্য বুঝা। ৬ষ্ঠীতৎ। বি;
মর্মগ্রাহী (-গ্রাহিন্)—রহস্যবোদ্ধা; যে ভাবার্থ বা তাৎপর্য বুঝে এমন। উপতৎ; মর্মন্—গ্রহ্‌+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -হিণী।
মর্মঘাতী (-ঘাতিন্)—হৃদয়বিদারক; অন্তরে ব্যথাদায়ক। উপতৎ; মর্মন্—হন্‌+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ঘাতিনী।
মর্মন্তুদ—হৃদয়বিদারক, অন্তরে ব্যথাদায়ক। উপতৎ; মর্মন্—তুদ্‌+খচ্ কর্তৃ (সংস্কৃত 'অরুন্তুদ' শব্দের অনুকরণে গঠিত)। বিণ।
মর্মপীড়ক—মর্মান্তিক, হৃদয়ে ব্যথাদায়ক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -পীড়িকা। [স্ত্রী।
মর্মপীড়া—হৃদয়ের ব্যথা, মর্মযাতনা। ৬ষ্ঠীতৎ। বি;
মর্মবেদনা, -ব্যথা—হৃদয়ের ব্যথা, আন্তরিক কষ্ট। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
মর্মভেদী (-ভেদিন্)—মর্মপীড়ক, আন্তরিক ব্যথাদায়ক। উপতৎ; মর্মন্+ভিদ্‌+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ভেদিনী।
মর্মর—১। বস্ত্র এবং শুষ্কপত্রাদির অব্যক্তধ্বনি, মড়মড় শব্দ; ধ্বন্যাত্মক শব্দ। বাংপ্র। বি; পুং। ২। মসৃণ শ্বেত প্রস্তর। <ইং 'marble'. বি।
মর্মরধ্বনি—অস্ফুট শব্দ; মরমর শব্দ। কর্মধা। বি; পুং। [মর্মরনামক প্রস্তর, মধ্যপ। বি; পুং।
মর্মরপ্রস্তর—মসৃণ শ্বেত প্রস্তর, মার্বেল পাথর।

মর্মরা—মরমর্ শব্দ করা। কপ্র ("এ যেন পবনে তপোবন-তরু মর্মরিছে"—ওগো মল্লিকা)। ক্রি।

মর্মস্থল, -স্থান—অন্তঃকরণ, জীবস্থান, যেস্থানে আঘাত করিলে প্রাণনাশ হইতে পারে তাহা। কর্মধা, অথবা ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মর্মস্পর্শী (-স্পর্শিন্)—হৃদয়ে ব্যথাদায়ক; মর্মান্তিক; হৃদয়ে করুণ ভাবের আবেগজনক। উপতৎ; মর্মন্—স্পৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -স্পর্শিনী।

মর্মাঘাত—মর্মপীড়া, অন্তরের ব্যথা, আঁতে ঘা। মর্মে আঘাত, ৭মীতৎ। বি; পুং।

মর্মান্তিক—মর্মপীড়ক, হৃদয়বিদারক। মর্মের অন্ত (নাশ, পীড়ন), ৬ষ্ঠীতৎ; মর্মান্ত+ইক (ঠন্) আছে অর্থে। বিণ।

মর্মার্থ—তাৎপর্য· গূঢ়ার্থ; প্রকৃত অর্থ। মধ্যপ। বি; পুং। [৭মীতৎ। বিণ।

মর্মাহত—হৃদয়ে ব্যথাপ্রাপ্ত; আন্তরিক দুঃখপ্রাপ্ত।

মর্মী (মর্মিন্)—তাৎপর্যবোদ্ধা; গূঢ় ভগবত্তত্ত্বের আলোচনাকারী; দরদী। মর্মন্+ইন্ জ্ঞাতার্থে। বিণ। স্ত্রী—**মর্মিণী**।

মর্মোদ্ঘাটন, -ভেদ—রহস্য আবিষ্কার; তাৎপর্য-নির্ণয়; তত্ত্বপ্রকাশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং।

মর্যাদা—১। মান, সম্ভ্রম, গৌরব, সম্মান; ন্যায়পথে স্থিতি; ন্যায়সংগত নিয়ম; সদাচার। পরি—আ—দা +অঙ্ কর্ম, ভাব+আপ্ (নিপা)। ২। সীমা; তীর। মর্য্যা (সীমা)—দা+অঙ্ কর্ম+আপ্। বি; স্ত্রী।

মর্ষ, মর্ষণ—সহন, ক্ষমা; নাশন। মৃষ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী। বিণ—**মর্ষিত, মৃষ্ট**।

মল—১। বিষ্ঠা মূত্র রক্ত শ্লেষ্মা পুঁজ প্রঃ শরীরের ময়লা; গাদ কাইট শিটা মরিচা পচা জিনিস প্রঃ; বাত; পিত্ত; কফ; পাপ; কলঙ্ক; স্বেদাদি। মল্+অচ্ কর্তৃ। বি; পুং। ২। পায়ের বলয়াকার অলংকার। বাংপ্র। বি।

মলত্যাগ—বিরেচন, বিষ্ঠাত্যাগ, পুরীষোৎসর্গ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মলদ্বার—পায়ু, গুহ্যদ্বার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মলন—মর্দন, পেষণ; বিলেপন। মল্+অনট্ ভাব। বি; ক্লী। [মধ্যপ। বি; স্ত্রী।

মলনালী—মলদ্বারের উপরিস্থ নালী, rectum.

মলভাণ্ড—মল রাখিবার পাত্র; বৃহদন্ত্র, large intestine. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মলম—প্রলেপ দিবার ঘন ঔষধ বিঃ। < আ 'মর্হম্'। বি। [বাংপ্র। বি।

মলমল—মিহি সুতায় প্রস্তুত একপ্রকার কাপড়।

মলমাস—অধিমাস, অমাবস্যাদ্বয়যুক্ত রবিসংক্রান্তি-রহিত মাস। মলযুক্ত মাস, মধ্যপ। বি; পুং।

মলম্বা—তামার পাতের উপর সোনার পাত দিয়া ঢাকা বা গিলটি-করা এমন। < আ 'মুলম্মা'। বিণ।

মলয়—১। পশ্চিমঘাটপর্বত, চন্দনাদ্রি; মালাবার উপদ্বীপ বিঃ। মল্+কয়ন্ কর্তৃ। বি; পুং। ২। স্নিগ্ধ দক্ষিণা বাতাস। লাক্ষণিক অর্থে কপ্র। বি।

মলয়জ—১। চন্দন; চন্দনকাষ্ঠ। বি; ক্লী। ২। মলয়জাত বায়ু, দক্ষিণা বাতাস ('—শীতলাং')। বি; পুং। ৩। মলয়জাত। উপতৎ; মলয়—জন্+ড কর্তৃ। বিণ।

মলয়জশীতল—দক্ষিণা বাতাসে ঠাণ্ডা, মলয়বায়ুর সংস্পর্শে শীতল। ৩য়াতৎ। বিণ।

মলয়-পবন, -বায়ু, মলয়ানিল—দক্ষিণবায়ু, দক্ষিণা বাতাস। মলয়াগত পবন, বায়ু, অনিল, মধ্যপ। বি; পুং।

মলা—১। ময়লা। < মল। বি। ২। মোচড়ানো ('কান —'); মর্দন করা, ডলা; রগড়ানো; ঘর্ষণ বা আঘাত দ্বারা মিশানো ('তামাক —')। বাংপ্র। ক্রি [, বি]।

মলাই—মলন, পেষণ, দলন। বাংপ্র। বি।

মলাট—পুস্তকাদির উপরের আবরণ। < মলপট্ট। বি।

মলিদা—পশমী বস্ত্র বিঃ। < ফা 'মলীদহ্'। বি।

মলিন—ফরসা নয় এমন, ময়লা ('—গায়ের রং'); অপরিচ্ছন্ন, মলযুক্ত; বিষণ্ন, ম্লান, পাপিষ্ঠ; নিত্য-নৈমিত্তিক-ক্রিয়াত্যাগী। মল্+ইনন্ কর্তৃ। বিণ।

মলিনতা, -ত্ব—মালিন্য। মলিন+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

মল্ল—১। বাহুযোদ্ধা; কুস্তিগির; মালা। বি; পুং। ২। বলিষ্ঠ। মল্ল্+অচ্ কর্তৃ। বিণ।

মল্লযুদ্ধ—বাহুযুদ্ধ, হাতাহাতি লড়াই; মল্লগণের সংগ্রাম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মল্লার—রাগ বিঃ। উপতৎ; মল্ল—ঋ+অণ্ কর্তৃ। বি; পুং। [ঈপ্। বি; স্ত্রী।

মল্লি, মল্লী—বেলফুল, মল্লিকা। মল্ল+ইন্ কর্তৃ; পক্ষে

মল্লিক—উপাধি বিঃ। মল্লি+কন্ স্বার্থে। বি; পুং।

মল্লিকা—বেলফুল। মল্লিক+আপ্। বি; স্ত্রী।

মশ, মশক—মশা; আঁচিল। মশ্+অচ্, অক (বুন্) কর্তৃ। বি; পুং। [বি।

মশক—ভিস্তি, জল বহিবার চামড়ার বড় থলে। ফা।

মশগুল—বিহ্বল, বিভোর। আ। বিণ।

মশমশ—নূতন জুতার চামড়ার শব্দ; অনুকার-শব্দ। বাংপ্র। অ।

মশা—দংশক পতঙ্গ বিঃ। < মশক। বি।

মশাই, মশায়—শ্রদ্ধেয় ব্যক্তি। < মহাশয়। বি।

মশাই-মশাই, মশায়-মশায়—তোষামোদ। বাংপ্র। বি।

মশান, মসান—সমাধিস্থান; প্রেতভূমি; বধ্যভূমি। < শ্মশান। বি। **মশান গাওয়া**—(প্রাচীনকালে) অপরাধীর শিরশ্ছেদ করিবার জন্য তাহাকে মশানে লইয়া যাইবার পথে চৌমাথা বা জনবহুল স্থানে দোষীর অপরাধ ঘোষণা করা।

মশারি—মশকনিবারক ফাঁক-বুনানি কাপড়ের তৈয়ারী শয্যাবরণ বিঃ। মশের অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মশাল—ছোট লাঠি বা দণ্ডের অগ্রভাগে তৈলাক্ত কাপড় জড়াইয়া যে আলো জ্বালাইয়া হাতে করিয়া লইয়া যাওয়া হয়। < আ 'মশ্‌অল্'। বি।

মশালচী—মশালধারী। মশাল (আ)+চী (তুর্কী) ধারকার্থে। বি।

মশি, মশী, মসি, মসী—কালি। মশ্, মস্+ই কর্তৃ; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

মসজিদ—মুসলমানদিগের উপাসনাগৃহ। আ। বি।

মসনদ—রাজার আসন, সিংহাসন। আ। বি।

মসলন্দ—কারুকার্যযুক্ত সূক্ষ্ম মাদুর বিঃ। <আ 'মস্‌নদ্'। বি।

মসলা—উপকরণ ('বারুদের —'); ব্যঞ্জনের স্বাদজনক হরিদ্রা মরিচ প্রঃ বস্তু। <আ 'মসালহ্'। বি।

মসি—'মশি' দ্রঃ।

মসিজীবী, মসীজীবী (-জীবিন্)—কেরানী; লিপিকর। উপতৎ: মসি, মসী—জীব্+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -জীবিনী।

মসিনা, মসনে—তৈলপ্রদ শস্য বিঃ, তিসি। <মসীনা। বি।

মসী—'মশি' দ্রঃ।

মসীনা—তৈলপ্রদ শস্য বিঃ, তিসি। মস্+ঈনচ্ কর্তৃ +আপ্। বি; স্ত্রী।

মসীনিন্দিত, -লাঞ্ছিত—কালির চেয়েও কাল। মসী নিন্দিত, লাঞ্ছিত যৎকর্তৃক, বহু। বিণ।

মসীলিপ্ত—কালিতে লেপা; বিবাদাচ্ছন্ন। ৩য়াতৎ। বিণ। [+উরন্, উরন্ কর্ম। বি; পুং।

মসুর, মসূর—মসুরি কলাই দাল বিঃ, lentil. মস্

মসুরিকা—বসন্তরোগ। মসূরী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী। [উরচ্ কর্তৃঈ+প্। বি; স্ত্রী।

মসূরী—বসন্তরোগ; বালিশ; কুট্টিনী; বেশ্যা। মস্

মসৃণ—স্নিগ্ধ; চকচকে; তেলা; কোমল; যাহার উপরিভাগ সমান এরূপ। মস্—ঋণ্+ক কর্তৃ (নিপা)। বিণ। বি, -তা।

মস্করা—ঠাট্টা, পরিহাস ('—করা'); গল্পকারক, পরিহাসক; ভণ্ড। <আ 'মস্‌খরহ্'। বি।

মস্ত—১। শিরঃ, মাথা; অগ্রভাগ। মস্+ত কর্ম। বি; পুং বা ক্লী। ২। প্রকাণ্ড; বৃহৎ; অত্যধিক; বলিষ্ঠ। বাংপ্র। বিণ।

মস্তক—শিরঃ; মুণ্ড, মাথা; অগ্রভাগ। মস্ত+কন্ স্বার্থে। বি; পুং বা ক্লী।

মস্তকচ্যুত—যাহা মাথা হইতে পড়িয়া গিয়াছে এমন। ৫মীতৎ। বিণ।

মস্তানি, মস্তানী—মদোন্মত্তা; প্রগল্‌ভা ("কুটিলী গস্তানী বড় যে মস্তানী"—ভারত)। প্রা কপ্র। বিণ; স্ত্রী। [কর্তৃ। (নিপা)। বি; ক্লী।

মস্তিষ্ক—মাথার ঘি, মগজ। মস্ত—ইষ্+ক (উণাদি)

মস্যাধার—দোয়াত। মসির বা মসীর আধার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মহকুমা—জেলার ভাগ, ডেপুটি-ম্যাজিস্ট্রেটের এলাকা; মুনসেফী আদালত। <আ 'মহ্‌কুমহ্'। বি।

মহড়া—মহলা, আসরে গাহিবার পূর্বে গান বাজনার তালিম বা অভ্যাস; অগ্রভাগ; যুদ্ধাদির অগ্রে অবস্থান। <মুখ। বি।

মহৎ—বৃহৎ, বড়; প্রধান, শ্রেষ্ঠ; উদার; প্রবল; অধিক। মহ+অৎ কর্ম। বিণ; ক্লী। পুং—মহান্। স্ত্রী—মহতী।

মহত্তম—সবচেয়ে বড়; সর্বাপেক্ষা মহৎ। মহৎ+তমপ্ অতিশয়ার্থে। বিণ।

মহত্তর—১। গ্রামের মুখ্য ব্যক্তি। বি; পুং। ২। অতিশয় মহৎ। মহৎ+তরপ্ অতিশয়ার্থে। বিণ।

মহত্তরান—পারিতোষিক বা সম্মানস্বরূপ প্রাপ্ত নিষ্কর জমি। <মহত্তর। বি।

মহত্ত্ব—প্রাধান্য; বৃহত্ত্ব; প্রকর্ষ; আধিক্য; ঔদার্য। মহৎ+ত্ব ভাবে। বি; ক্লী।

মহদাশয়—মহান্, সদাশয়, উদারচেতাঃ। মহতের আশয়ের ন্যায় আশয় যাহার, বহু। বিণ।

মহদাশ্রয়—মহৎ লোকের শরণ, মহৎ ব্যক্তির আনুগত্য। মহতের আশ্রয়; ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মহনীয়—পূজনীয়, মান্য। মহ্+অনীয় কর্ম। বিণ।

মহন্ত—মোহন্ত, দেবমন্দিরের অধ্যক্ষ সন্ন্যাসী। বাংপ্র। বি।

মহম্মদীয়—ইসলামের প্রবর্তক হজরত মহম্মদ সম্বন্ধীয়; মুসলমান। মহম্মদ+ঈয় সম্বন্ধার্থে। বিণ বা বি।

মহরম—মুসলমানদিগের একটি মাসের নাম; মুসলমানদের একটি পর্বের নাম। <আ 'মুহর্‌রম্'। বি।

মহর্লোক—সপ্তস্বর্গের অন্তর্গত চতুর্থ লোক। মহঃই যে লোক, কর্মধা। বি; পুং।

মহর্ষি—প্রধান ঋষি, শ্রেষ্ঠ ঋষি; সাত প্রকার ঋষির অন্যতম, ব্যাস প্রঃ মুনি। মহান্ ('মহৎ' শব্দ) ঋষি, কর্মধা (মহৎ-স্থানে মহা)। বি; পুং।

মহল—ঘর; বাসস্থান; প্রকোষ্ঠ; বাড়ির অংশ; বাজারের এক একটি বিশেষ বিশেষ দ্রব্যবিক্রয়ের স্থান; জমিদারির এক একটি অংশ, তালুক। <আ 'মহল্লহ্'। বি।

মহলা—আখড়াই; শিক্ষার পরিচয়; গান প্রঃ আসরে গাহিবার পূর্বে ঠিক করিয়া লওয়া, অভিনয়াদি অভ্যাস, rehearsal. আ-মু। বি।

মহলানবিস—মহল বা পাড়ার হিসাবরক্ষক; উপাধি বিঃ। মহলার নবিস (লিপিকার), ৬ষ্ঠীতৎ (আ-মু)। বি। [<আ 'মহল্লহ্'। বি।

মহল্লা—নগর বা শহরের এক খণ্ডাংশ, পল্লী, পাড়া।

মহা—অত্যধিক; প্রবল। <মহান্। বিণ।

মহাকবি—মহাকাব্য-রচয়িতা; শ্রেষ্ঠ কবি। মহান্ যে কবি, কর্মধা। বি; পুং।

মহাকরণ—রাজধানীস্থ সরকারী কেন্দ্রীয় অফিস, secretariat. কর্মধা। বি; ক্লী।

মহাকর্ষ—জড় বস্তুর পরস্পরের প্রতি আকর্ষণ; মাধ্যাকর্ষণ, gravitation. কর্মধা। বি; পুং।

মহাকাব্য—কোন দেবতা কিংবা সদ্বংশজাত অশেষগুণসম্পন্ন ক্ষত্রিয়ের অথবা একবংশোদ্ভব বহু নৃপতির বৃত্তান্ত লইয়া যে কাব্য রচিত হয় তাহা, epic. মহৎ কাব্য, কর্মধা। বি; ক্লী।

মহাকায়—১। প্রকাণ্ড-শরীরবিশিষ্ট। মহান্ কায় যাহার, বহু। বিণ। ২। প্রকাণ্ড শরীর। মহান্ যে কায়, কর্মধা। বি; পুং।

মহাকাল—রুদ্র, শিব; ভৈরব বিঃ; প্রমথগণ বিঃ। মহান্ কাল, কর্মধা। বি; পুং।

মহাকালী—মহাকাল-পত্নী, রুদ্রাণী। মহাকাল+ঈপ্। বি; স্ত্রী।

মহাগুরু—পুরুষের পিতা, মাতা এবং আচার্য; বিবাহিতা নারীর পতি এবং অবিবাহিতা কন্যার পিতা ও মাতা। কর্মধা। বি; পুং।

মহাগুরুনিপাত—মহাগুরুর মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [পুং।

মহাগ্রন্থ—বৃহৎ ধর্মপুস্তক; ঋগ্বেদ। কর্মধা। বি;

মহাঘোর—অতি ভয়ংকর। মহৎ ঘোর, কর্মধা। বিণ।

মহাজন—১। সাধু, ধার্মিক; বাণিজ্যকারী, বণিক্; জনসমূহ; বিখ্যাত ব্যক্তি; প্রসিদ্ধ প্রাচীন পদকর্তা। কর্মধা। বি; পুং। ২। উত্তমর্ণ, যে-ব্যক্তি সুদ গ্রহণ করিয়া টাকা কর্জ দেয়। বাংপ্র। বি।

মহাজনি—ধারের কারবার, তেজারতী কারবার; বৈষ্ণব সাধু ব্যক্তির রচিত। মহাজন+ই সম্বন্ধাদি অর্থে (বাংপ্র)। বি বা বিণ।

মহাজনী—বৈষ্ণব সাধু ব্যক্তির রচিত; তেজারতী কারবার সম্বন্ধীয়। মহাজন+ঈ সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ। [কর্মধা। বি; স্ত্রী।

মহাজাতি—শ্রেষ্ঠ জাতি, শ্রেষ্ঠ বর্ণ। মহতী জাতি,

মহাজ্ঞানী (-জ্ঞানিন্)—তত্ত্বজ্ঞ; অত্যধিক জ্ঞানসম্পন্ন। কর্মধা। বিণ। স্ত্রী, **-জ্ঞানিনী**।

মহাজ্যোতিষিক—নিকৃষ্ট জ্যোতির্বিদ্। কর্মধা। বি; পুং।

মহাঢ্য—অতিশয় ধনী। মহৎ আঢ্য, সুপ্। বিণ; পুং।

মহাতপাঃ (-তপস্)—কঠোর তপস্যাকারী। বহু। বিণ।

মহাতেজস্বী (-স্বিন্)—অত্যধিক তেজোযুক্ত। মহাতেজস্+বিন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-স্বিনী**। [বিণ।

মহাতেজাঃ (-তেজস্)—অতিশয় তেজস্বী। বহু।

মহাতৈল—মানুষের চর্বি। কর্মধা। বি; ক্লী।

মহাত্মা (-ত্মন্)—মহাশয়, মহামনাঃ, উদার; বদান্য। বহু। বিণ।

মহাদেব—শিব। মহান্ দেব, কর্মধা। বি; পুং। স্ত্রী, **-বী**।

মহাদেশ—অনেক রাজ্যাদিবিশিষ্ট নানাজাতি লোকের বসতিপূর্ণ অতি বিস্তীর্ণ ভূভাগ, বহুদেশের সমষ্টি। কর্মধা। বি; পুং।

মহাদ্বিজ—হীন ব্রাহ্মণ; চণ্ডাল। কর্মধা। বি; পুং।

মহাদ্বীপ—বৃহৎ দ্বীপ; পৃথিবীর পৌরাণিক সপ্ত মহাদ্বীপ; অনেক রাজ্যাদিবিশিষ্ট নানাজাতীয় লোকের বাসস্থান, মহাদেশ, continent. কর্মধা। বি; পুং বা ক্লী।

মহাদ্রাবক—গন্ধকাম্ল। কর্মধা। বি; ক্লী।

মহাধন—ধনাঢ্য, অতিশয় ধনশালী; বহুমূল্য। মহৎ ধন যাহার, বহু। বিণ।

মহান্—'মহৎ' শব্দে দ্রঃ।

মহানন্দ—১। অতিশয় আনন্দ; মুক্তি; মোক্ষ। কর্মধা। বি; পুং। ২। অতিশয় আনন্দযুক্ত, খুব খুশী। বহু। বিণ।

মহানবমী—আশ্বিনী শুক্লা নবমী, শারদীয় দুর্গোৎসবের নবমী তিথি। মহতী নবমী, কর্মধা। বি; স্ত্রী।

মহানিদ্রা—মৃত্যু, মরণ; নিমীলন। কর্মধা। বি; স্ত্রী।

মহানিশা—মধ্যরাত্র, রাত্রির মধ্যপ্রহরদ্বয়। কর্মধা। বি; স্ত্রী।

মহানুভব, -ভাব—১। উদারস্বভাব; মহাপ্রাণ। মহান্ অনুভব, অনুভাব (আশয়, মহিমা) যাহার, বহু। বিণ। বি, -তা, -ত্ব। ২। অতিশয় উদারতা। মহান্ অনুভব, অনুভাব, কর্মধা। বি; পুং।

মহান্ত—দেবমন্দির বা মঠের অধ্যক্ষ সন্ন্যাসী। বাংপ্র। বি।

মহাপাতক, -পাপ—অত্যন্ত পাপ; ব্রহ্মহত্যা সুরাপান ব্রাহ্মণের স্বর্ণচুরি এবং গুরুভার্যাহরণ ও ইহাদের সংসর্গজন্য পাপ—এই পঞ্চবিধ পাপ। কর্মধা। বি; পুং বা ক্লী, ক্লী। বিণ—**মহাপাতকী** (-কিন্)।

মহাপাত্র—প্রধান মন্ত্রী; উপাধি বিঃ। কর্মধা। বি; পুং।

মহাপাপ—'মহাপাতক দ্রঃ।

মহাপাপী (-পাপিন্)—গুরুতর ধর্মবিগর্হিত কার্যকারী। কর্মধা। বি; পুং. বা বিণ। স্ত্রী, **-পাপিনী**।

মহাপুরাণ—অষ্টাদশ প্রধান পুরাণ [ব্রহ্ম, পদ্ম, বিষ্ণু, শিব, ভাগবত, নারদ, মার্কণ্ডেয়, অগ্নি, ভবিষ্য, ব্রহ্মবৈবর্ত, লিঙ্গ, বরাহ, স্কন্দ, বামন, কূর্ম, মৎস্য, গরুড়, ব্রহ্মাণ্ড]। কর্মধা। বি; ক্লী।

মহাপুরুষ—পুরুষোত্তম, নারায়ণ; শ্রেষ্ঠপুরুষ; অসামান্য শক্তিশালী সাধুব্যক্তি। কর্মধা। বি; পুং।

মহাপুরুষলক্ষণ—ধৃতি ক্ষমা দম অস্তেয় সত্য ইন্দ্রিয়-নিগ্রহ প্রঃ গুণ, মহাপুরুষের চিহ্ন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মহাপ্রভু—শিব; পরমেশ্বর; ইন্দ্র; মুনি; রাজা; শ্রীগৌরাঙ্গদেব। কর্মধা। বি; পুং।

মহাপ্রয়াণ—মৃত্যু বা তদুদ্দেশ্যে যাত্রা। কর্মধা। বি; ক্লী।

মহাপ্রলয়—সৃষ্টিকর্তা ব্রহ্মা ও তাঁহার সৃষ্ট সমস্ত ব্রহ্মাণ্ডের বিনাশ; সর্বভূতক্ষয়কাল; দারুণ প্রাকৃতিক দুর্যোগ। কর্মধা। বি; পুং।

মহাপ্রসাদ—জগন্নাথদেবের প্রসাদ; দেবোদ্দেশে নিবেদিত দ্রব্য। কর্মধা। বি; পুং।

মহাপ্রস্থান—১। মৃত্যুর জন্য গমন। কর্মধা। ২। মহাভারতের একটি পর্ব। মহৎ প্রস্থান যাহাতে, বহু। বি; ক্লী।

মহাপ্রাণ—১। বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ এবং শ ষ স হ, aspirate; দাঁড়কাক। বি; পুং। ২। উদারচেতাঃ; উচ্চারণকালে অতিরিক্ত বাধাপ্রাপ্ত ('—ধ্বনি', '—বর্ণ')। মহান্ প্রাণ যাঁহার, বহু। বিণ। বি, -তা।

মহাপ্রাণী—জীবাত্মা, প্রাণ। বাংপ্র। বি।

মহাফল—১। বিল্ববৃক্ষ। বি; পুং। ২। মহাফল-

যুক্ত। মহৎ ফল যাহার, বহু। বিণ। ৩। উত্তম ফল; বিশেষ উপকার; মহাপুণ্য। কর্মধা। বি; ক্লী।

মহাফেজ—মকদ্দমার দলিল ও কাগজপত্রাদি যাহার নিকট থাকে সেই কর্মচারী, record-keeper. < আ 'মুহাফিজ্'। বি।

মহাফেজখানা—যে-স্থানে মহাফেজের জিম্মায় কাগজ-পত্র থাকে তাহা। ৬ষ্ঠীতৎ (আ-মু)। বি।

মহাবল—১। অতিশয় বলবান্। বহু। বিণ। ২। অধিক শক্তি। কর্মধা। বি; ক্লী।

মহাবাক্য—বাক্যসমূহ; বৃহৎবাক্য; অনেক বাক্য; ব্রহ্মপ্রতিপাদক বাক্য, "ওঁ তৎসৎ" দানাদিকালে সংকল্পবাক্য। কর্মধা। বি; ক্লী।

মহাবাহু—১। শ্রীকৃষ্ণ। বি; পুং। ২। বিশাল ভুজদ্বয়যুক্ত। মহান্ বাহু যাহার, বহু। বিণ।

মহাবিদ্যা—দেবী বিঃ; কালী তারা ষোড়শী ভুবনেশ্বরী ভৈরবী ছিন্নমস্তা ধূমাবতী বগলা মাতঙ্গী ও কমলা—এই দশ। কর্মধা। বি; স্ত্রী।

মহাবিষুব—রবির মেষে সংক্রমণ। মহৎ বিষুব (মেষ-সংক্রান্তি), কর্মধা। বি; ক্লী।

মহাবীর—১। অতিবলবান্ ব্যক্তি; লক্ষ্মণ; হনুমান্; ভীম। বি; পুং। ২। অত্যন্ত পরাক্রমশালী। কর্মধা। বিণ।

মহাবীর্য—১। অতিশয় বলবান্। বিণ। ২। ব্রহ্মা; পরমাত্মা। মহৎ বীর্য যাহার, বহু। বি; পুং।

মহাবৈদ্য—হাতুড়ে ডাক্তার; যম। কর্মধা। বি; পুং।

মহাবোধি—বুদ্ধ। মহান্ বোধি (শিক্ষক), কর্মধা। বি; পুং।

মহাব্যাধি—কুষ্ঠ রোগ। কর্মধা। বি; পুং।

মহাভাগ—মহাশয়; অতিশয় সৌভাগ্যশালী; দয়াদি-অষ্টগুণযুক্ত। মহান্ ভাগ (ভাগ্য) যাহার, বহু। বিণ।

মহাভারত—বেদব্যাসপ্রণীত কুরুপাণ্ডবের উপাখ্যান-মূলক মহাগ্রন্থ। ভরত+অণ্ অধিকার করিয়া কৃত অর্থে = ভারত; মহান্ বা মহৎ ভারত, কর্মধা [মহত্ত্ব ও ভারতবংশবর্ণনহেতুক ইহার নাম মহা-ভারত']। বি; পুং বা ক্লী। বিণ—**মহাভারতীয়**।

***মহাভূত**—প্রধান ভূত; ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ও ব্যোম—এই পঞ্চ; শ্রেষ্ঠজীব; পরমেশ্বর। কর্মধা। বি; ক্লী।

মহামণ্ডল—বৃহৎ সমবায় বা সংঘ। কর্মধা। বি; ক্লী।

মহামতি—অতি বুদ্ধিমান্; অত্যুন্নত-স্বভাব। মহতী মতি যাঁহার, বহু। বিণ।

মহামনাঃ (-মনস্)—মহাত্মা, মনস্বী; উদারচিত্ত। বহু। বিণ।

মহামহিম (-মন্)—অতিশয় মহিমান্বিত, অতি মহত্ত্ব-বান্। মহান্ মহিমা (মহিমন্), কর্মধা+অচ্ আছে অর্থে। বিণ।

মহামহিমান্বিত—অতিশয় গৌরবান্বিত। ৩য়াতৎ। বিণ। [বিঃ। কর্মধা। বি; পুং।

মহামহোপাধ্যায়—সংস্কৃত-শাস্ত্রবিৎ পণ্ডিতের উপাধি

মহামাংস—নরমাংস। কর্মধা। বি; ক্লী।

মহামাত্র—প্রধান মন্ত্রী; মাহুত; ধনাঢ্য ব্যক্তি। মহতী মাত্রা (ধন বা হস্তী অশ্ব রথ প্রঃ) যাহার, বহু। বি; পুং।

মহামান্য—অত্যধিক গৌরবযুক্ত; অতিশয় সম্মানার্হ। মহৎ অথচ মান্য, কর্মধা। বিণ।

মহামায়া—দুর্গা; জগৎ-কারণভূতা অবিদ্যা; সংসার-ভ্রম। কর্মধা। বি; স্ত্রী।

মহামারী, -মারি—অতিশয় মড়ক, মারাত্মক ব্যাধির ব্যাপকভাবে প্রকাশ; মহাকালী। কর্মধা। বি; স্ত্রী।

মহামাষ—বরবটি কলায়। কর্মধা। বি; পুং।

মহামূল্য—যাহার মূল্য খুব বেশী এমন, অতিশয় মূল্যবান্। মহৎ মূল্য যাহার, বহু। বিণ।

মহামোহ—বিষয়বাসনারূপ অজ্ঞানতা বা মোহ। কর্মধা। বি; পুং।

মহাযজ্ঞ—হোম বেদাধ্যয়ন অতিথিপূজা তর্পণ ও জীবগণকে খাদ্যদান—এই পঞ্চপ্রকার যজ্ঞ। মহান্ যজ্ঞ, কর্মধা। বি; পুং।

মহাযাত্রা—মৃত্যুর জন্য যাত্রা। কর্মধা। বি; স্ত্রী।

মহাযুদ্ধ—ভীষণ সংগ্রাম। কর্মধা। বি; ক্লী।

মহারণ্য—বৃহৎ এবং গভীর বন। কর্মধা। বি; ক্লী।

মহারত্ন—গোমেদ নীলকান্ত প্রবাল পান্না মুক্তা হীরক বৈদূর্য পদ্মরাগ পুষ্পরাগ—এই নয়টি রত্ন। কর্মধা। বি; ক্লী।

মহারথ—১। দশসহস্র ধনুর্ধারীর সহিত যুদ্ধক্ষম যোদ্ধা; আপনাকে সারথিকে ও অশ্বসকলকে রক্ষা করিয়া যুদ্ধকারী ব্যক্তি; একমাত্র রথ লইয়া সাহং-কারে শত্রুমধ্যে বিচরণপূর্বক যুদ্ধকারী ব্যক্তি। মহান্ রথ যাহার, বহু। বি; পুং, বা বিণ। ২। বৃহৎ রথ। কর্মধা। বি; পুং।

মহারথী—অসামান্য যুদ্ধকুশলী বীর। বাংপ্র। বি।

মহারাজ—সম্রাট্, প্রধান রাজা; মহারাজা; পূর্বজন বিঃ। মহান্ রাজা, কর্মধা (সমাসান্ত টচ্)। বি; পুং।

মহারাজা—জমিদারের উপাধি বিঃ; সামন্তরাজ। বাংপ্র। বি; পুং। স্ত্রী, **-রাণী**, **-রানী**।

মহারাজাধিরাজ—সর্বপ্রধান রাজা; সার্বভৌম। মহারাজমধ্যে অধিরাজ (প্রধান রাজা), ৭মীতৎ। বি; পুং। [বি; পুং।

মহারানা—উদয়পুরের নৃপতিগণের উপাধি। কর্মধা।

মহারানী—মহারাজের স্ত্রী। কর্মধা। বি; স্ত্রী।

মহারাষ্ট্র—মারাঠাদেশ; ভারতের একটি রাজ্য। কর্মধা। বি; ক্লী। বিণ, **-রাষ্ট্রীয়**।

মহারাষ্ট্রী (-ষ্ট্রিন্)—মহারাষ্ট্রদেশীয় ভাষা; মহারাষ্ট্র-বাসী; মারাঠী। মহারাষ্ট্র+ইন্ ভবাদ্যর্থে। বি বা বিণ।

মহারুদ্র—মহাদেব। কর্মধা। বি; পুং।

মহারোগ—উদরী অশ্মরী ত্বগ্‌দোষ উন্মাদ রাজযক্ষ্মা শ্বাস মধুমেহ ভগন্দর—এই আটরকম রোগ; কুষ্ঠ-ব্যাধি। মহান্ রোগ, কর্মধা। বি; পুং।

মহার্ঘ, -র্ঘ্য—মহামূল্য, অতিশয় মূল্যবান্। মহৎ অর্ঘ, অর্ঘ্য (মূল্য) যাহার, বহু। বিণ।

মহার্ণব—মহাসমুদ্র। মহান্ অর্ণব (সমুদ্র), কর্মধা। বি; পুং। [যাহার, বহু। বিণ।
মহার্ঘ—মহামূল্য, খুব দামী। মহতী অর্ঘা (মূল্য)
মহাল—ভূসম্পত্তি; যে ভূসম্পত্তির রাজস্ব গভর্ণমেণ্টকে দেওয়া যায় ও যাহা কালেক্টরির তৌজিতে রেজেস্টারিভুক্ত থাকে তাহা; জমিদারির বা তালুকের অংশ। আ। বি। [কর্মধা। বি; স্ত্রী।
মহালক্ষ্মী—দেবী বিঃ, শ্রীরাধা; নারায়ণী শক্তি।
মহালয়া—আশ্বিনমাসের কৃষ্ণপক্ষের অমাবস্যা। মহান্ লয় যাহাতে, বহু+আপ্। বি; স্ত্রী।
মহাশক্তি—১। অত্যন্ত পরাক্রমশালী। বহু। বিণ। ২। অতিশয় পরাক্রম; ভগবতী। কর্মধা। বি; স্ত্রী।
মহাশঙ্খ—মড়ার মাথার খুলি; বৃহৎ শঙ্খ। কর্মধা। বি; পুং।
মহাশয়—১। মহামনাঃ; উদারচিত্ত; মহাত্মা। বহু। বিণ। ২। সম্মানসূচক নামান্ত বা সম্বোধন। বাংপ্র। বি। [কর্মধা। বি; স্ত্রী।
মহাশয্যা—সিংহাসন; বড় বিছানা। মহতী শয্যা,
মহাশ্বেতা—দুর্গা; সরস্বতী; কাদম্বরী গ্রন্থের এক উপনায়িকা, প্রসিদ্ধ নগরী বিঃ। মহতী শ্বেতা, কর্মধা; অথবা, মহান্ শ্বেত যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।
মহাশ্মশান—কাশী; যে স্থানে অবিশ্রান্ত বহু শবদাহ করা হয় তাহা, বড় ধরনের মড়া পোড়াইবার স্থান। কর্মধা। বি; ক্লী। [বি; স্ত্রী।
মহাষষ্ঠী—দুর্গা। মহতী ষষ্ঠী (দেবী বিঃ), কর্মধা।
মহাষ্টমী—আশ্বিনী শুক্লা অষ্টমী। কর্মধা। বি; স্ত্রী। [কর্মধা। বি; পুং।
মহাসমারোহ—অত্যধিক ঘটা; অতিশয় জাঁকজমক।
মহাসমুদ্র, -সাগর—যে অতি বিস্তীর্ণ লবণময় জলভাগ পৃথিবীকে বেষ্টন করিয়া আছে তাহা। কর্মধা। বি, পুং।
মহি—পৃথিবী; গো। মহ্+ইন্ কর্ম। বি; স্ত্রী।
মহিমময়—গৌরবযুক্ত, মাহাত্ম্যপূর্ণ; সম্মানযুক্ত। মহিমন্+ময়ট্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -য়ী।
মহিমা (-মন্)—মাহাত্ম্য, গৌরব; ঐশ্বর্য; উৎকর্ষ; স্বীয় শরীরকে স্থূল করিবার ক্ষমতা; শক্তি। মহৎ+ইমন্ ভাবে। বি; পুং।
মহিমার্ণব—যাঁহার মাহাত্ম্য অথবা গৌরব সমুদ্রজলের ন্যায় অপরিমেয় এমন। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ।
মহিলা—১। নারী; রাজমহিষী। মহ্+ইলচ্ কর্ম+আপ্। বি; স্ত্রী। ২। ভদ্র নারী। বাংপ্র। বি।
মহিষ—গোজাতীয় পশু বিঃ। মহ্+টিষচ্ কর্ম। বি; পুং।
মহিষধ্বজ, -বাহন—যম, অন্তক। বহু। বি, পুং।
মহিষমর্দিনী—মহিষাসুরবিনাশিনী দুর্গা; অষ্টাক্ষরী বিদ্যা। ৬ষ্ঠীতৎ। বি, স্ত্রী।
মহিষাসুর—রম্ভাসুরপুত্র। মহিষাকৃতি অসুর, মধ্যপ। বি; পুং।
মহিষী—স্ত্রীমহিষ, কৃতাভিষেকা রাজ্ঞী; ব্যভিচারিণী স্ত্রী। মহিষ+ঈপ্। বি; স্ত্রী।
মহী—পৃথিবী। মহ্+ইন্ কর্ম+ঈপ্। বি; স্ত্রী।
মহীধর—পর্বত। ৬ষ্ঠীতৎ। বি, পুং।
মহীপ—ভূপতি, রাজা। উপতৎ; মহী—পা+ক কর্তৃ। বি; পুং।
মহীপতি—রাজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মহীপাল—রাজা। উপতৎ; মহী—পা+ণিচ্+অণ্ কর্তৃ। বি; পুং।
মহীয়ান্ (-য়স্)—মহাত্মা; অতি মহৎ; উত্তম। মহৎ+ঈয়সু অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, -য়সী।
মহীরুহ—বৃক্ষ, গাছ। মহী—রুহ্+ক কর্তৃ। বি; পুং।
মহীলতা—কেঁচো। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
মহুয়া—মউল গাছ বা ফুল। <মধূক। বি।
মহেন্দ্র—বিষ্ণু; ইন্দ্র; পুরাণোক্ত জম্বুদ্বীপের পর্বত বিঃ, পূর্বঘাট পর্বতমালা। মহান্ ইন্দ্র, কর্মধা। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
মহেন্দ্রনগরী—দেবপুরী, অমরাবতী, ইন্দ্রপুরী।
মহেন্দ্রাণী—ইন্দ্রপত্নী, শচী। মহতী ইন্দ্রাণী, কর্মধা। বি; স্ত্রী।
মহেশ, মহেশ্বর—মহাদেব, শিব। মহান্ ঈশ, ঈশ্বর, কর্মধা। বি; পুং। স্ত্রী, -শী, -রী।
মহেষ্বাস—১। মহাধনুর্ধর। বহু। বিণ। ২। বৃহৎ ধনু। কর্মধা। বি; পুং।
মহোৎসব—অতিশয় আনন্দজনক ব্যাপার। মহান্ উৎসব, কর্মধা। বি; পুং।
মহোদধি—সমুদ্র; মহাসমুদ্র। মহান্ উদধি, কর্মধা। বি; পুং।
মহোদয়—অতিসমৃদ্ধ; অত্যুন্নত; সদাশয়, মহাত্মা। মহান্ উদয় যাহার বা যাহাতে, বহু। বিণ।
মহোপকারী (-রিন্)—অত্যন্ত হিতকর, অত্যন্ত উপকারী। মহৎ উপকারী, সুপ্। বিণ। স্ত্রী, -কারিণী। [ঔষধ, কর্মধা। বি; ক্লী।
মহৌষধ—উত্তম ঔষধ; রসুন; শুঁঠ; পিপুল। মহৎ
মহৌষধি, -ধী—রাত্রিকালে দীপ্তিশীল তৃণ-লতাদি; উত্তমভেষজগুণসম্পন্ন উদ্ভিদ্; দূর্বা। মহতী ওষধি, ওষধী, কর্মধা। বি; স্ত্রী।
মা—১। মাতা; লক্ষ্মী। মা+ক কর্তৃ+আপ্। ২। পরিমাণ; জ্ঞান; দীপ্তি। মা+ক্বিপ্ ভাব। ৩। জননী, মাতৃস্থানীয়া বা কন্যাস্থানীয়ার সম্বোধন শব্দ। <মাতৃ। বি; স্ত্রী। ৪। সুরসপ্তকের মধ্যম বা চতুর্থ সুর (সা, রে, গা, মা)। <মধ্যম। বি। ৫। বিস্ময় ভয় কষ্ট ইঃ সূচক ('ওমা', 'মাগো')। অ।
মাই—স্তন; স্তনদুগ্ধ। বাংপ্র। বি।
মাইতি—হিন্দুজাতি বিঃর উপাধি। বাংপ্র। বি।
মাইদুধ—স্তন্য, স্তনের দুধ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি। [বি।
মাইনা, মাইনে—মাসের বেতন। <আ 'মাহানাহ্'।
মাইনাদার, মাইনেদার—১। ভৃত্য। বি। ২। বেতনগ্রহণ কারী। মাইনা, মাইনে+দার গ্রাহক অর্থে (আ-মু)। বিণ।

মাইপোশ—যে খাটে বিছানার নীচে গুপ্ত যন্ত্র থাকে তাহা; শিশুদিগকে দুধ খাওয়াইবার একপ্রকার বোতল, feeding bottle. বাংপ্র। বি।
মাইফেল—নৃত্যগীতাদির মজলিস বা অনুষ্ঠান, soiree. <আ 'মহ্‌ফিল'। বি।
মাইরি—শপথ করিতে প্রযুক্ত শব্দ; সত্যি। <ইং 'By Mary', বা পো 'Maria'. অ।
মাইল—১৭৬০ গজ পরিমাণ দূরত্ব, প্রায় অর্ধক্রোশ। <ইং 'mile'. বি।
মাংস—পিশিত, শরীরের চর্ম ও অস্থির মধ্যবর্তী কোমল অংশ। মন্‌+স কর্ম। বি; ক্লী।
মাংসপেশি, -পেশী—যে যন্ত্র দ্বারা ইচ্ছামাত্র শরীরের ভিন্ন ভিন্ন স্থানের সঞ্চালনক্রিয়া সমাধা হয় তাহা, শরীরের বিভিন্ন মাংসগুচ্ছ, মাংসপিণ্ড, muscle. মাংসগঠিতা পেশি, পেশী, মধ্যপ। বি; স্ত্রী।
মাংসভোজী (-ভোজিন্)—মাংসাশী, যে মাংস ভোজন করে এমন। উপতৎ; মাংস—ভুজ্‌+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভোজিনী**।
মাংসল—বলবান্; স্থূল; প্রচুর মাংসযুক্ত, fleshy. মাংস+লচ্ আছে অর্থে। বিণ।
মাংসাদ—মাংসভোজী, মাংসখাদক। উপতৎ; মাংস—অদ্‌+অণ্ কর্তৃ। বিণ।
মাংসাশী (-শিন্)—মাংসভক্ষক। উপতৎ; মাংস—অশ্‌+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শিনী**।
মাংসিক—মাংসবিক্রয়ী, কসাই। মাংস+ইক পণ্যার্থে। বি; পুং। স্ত্রী, ক্লী।
মাকড়—মাকড়সা; বানর। বাংপ্র। বি।
মাকড়সা, মাকসা—লূতা, ঊর্ণনাভ, spider. <মর্কট। বি।
মাকড়ি—একপ্রকার কর্ণভূষণ, ear-ring. <মকর-কুণ্ডল। বি।
মাকনা—যাহার দাঁত উঠে নাই এমন হস্তিশিশু। বাংপ্র। বি।
মাকাল—ফল বিঃ, রাখালশসা, ইন্দ্রবারুণী, colocynth; মৎস্যের দেবতা। <মহাকাল। বি।
মাকু—কাপড় বুনিবার যন্ত্র বিঃ; তুরি, shuttle. বাংপ্র। বি।
মাকুন্দ, মাকুন্দা—শ্মশ্রুবিহীন পুরুষ, যাহার দাড়ি-গোঁফ উঠে নাই এমন পুরুষ। <মৎকুণ। বি বা বিণ।
মাক্ষিক—১। মক্ষিকা হইতে জাত বা প্রাপ্ত। বিণ। স্ত্রী—**মাক্ষিকী**। ২। মধু; খনিজ উপধাতু বিঃ, pyrite. মক্ষিকা+অণ্ জাতার্থে। বি; ক্লী।
মাখন—নবনীত, ননী, butter. <ম্রক্ষণ। বি।
মাখা—লেপন করা ('তেল —'); মর্দন বা মিশ্রণ করা ('ময়দা —')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
মাখানো—মিশ্রিত করা বা করানো; লেপন করা বা করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
মাখামাখি—ঘনিষ্ঠভাব; পারস্পরিক লেপন; অত্যধিক লেপন। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।
মাগ—পত্নী। <মার্গ। বি।
মাগধ—১। স্তুতিপাঠক, বন্দী; ভাট। বি, পুং। ২। মগধদেশোৎপন্ন। মগধ+অণ্ জাতার্থে। বিণ। স্ত্রী, **-ধী**।
মাগধী—১। মগধরাজকন্যা; মগধদেশীয় ভাষা। বি; স্ত্রী। ২। মগধদেশোৎপন্না। মাগধ+ঈপ্। বিণ; স্ত্রী।
মাগন, মাংগন—কোন পূজা বা বারোয়ারী কাজের জন্য প্রত্যেক বাড়ি হইতে গৃহীত চাউল প্রঃ; ভিক্ষা করণ। বাংপ্র। বি। [বিণ।
মাগনকুড়ে—ভিক্ষুক; যে মাগিয়া খায় এমন। বাংপ্র।
মাগনা, মাঙনা, মাংগনা—বিনামূল্যে; বিনা কারণে। বাংপ্র। ক্রি-বিণ। [ক্রি।
মাগা, মাংগা—ভিক্ষা করা, চাওয়া, প্রার্থনা করা। কপ্র।
মাগী—বুড়ী; বৃদ্ধা স্ত্রী; রক্ষিতা; বেশ্যা। <মার্গ। বি। [বাংপ্র। বি।
মাগীবাড়ি—বেশ্যাবাড়ি, পতিতালয়। ৬ষ্ঠীতৎ।
মাগুর—catfish জাতীয় মৎস্য বিঃ। <মদ্‌গুর। বি। [পত্নী। বাংপ্র। বি: স্ত্রী।
মাগোসাই—শিষ্যবৃন্দকে স্বয়ং মন্ত্রদাত্রী গোস্বামি-
মাগ্‌গি—অতি মূল্যবান্; দুষ্প্রাপ্য। <মহার্ঘ। বিণ।
মাগ্‌গিভাতা—জিনিসপত্র দুর্মূল্য হওয়ায় বেতনের অতিরিক্ত যাহা দেওয়া হয়; দুর্মূল্যতাহেতু প্রদত্ত বৃত্তি, dearness allowance. মাগ্‌গি হেতু ভাতা, ৩য়াতৎ (বাংপ্র)। বি।
মাঘ—বাংলা বৎসরের দশম মাস; প্রাচীন কবি বিঃ। মঘা+অণ্ তদ্‌যুক্তার্থে+ঈপ্; মাঘী+অণ্ তদযুক্ত-মাসার্থে। বি; পুং।
মাঘী—১। মাঘমাস সম্বন্ধীয়া। বিণ; স্ত্রী। ২। মঘা-নক্ষত্রযুক্তা পূর্ণিমা। মঘা+অণ্ যুক্তার্থে+ঈপ্। বি; স্ত্রী।
মাংগন—'মাগন' দ্রঃ।
মাংগনা—'মাগনা' দ্রঃ।
মাংগলিক, মাংগল্য—১। মংগলকর। বিণ। ২। শুভ, মঙ্গল। মঙ্গল+ইক, ষ্যঞ্ হিতার্থে, স্বার্থে। বি: ক্লী। [হি। ক্রি।
মাংগা—১। দুর্মূল্য। <মহার্ঘ। বিণ। ২। চাওয়া।
মাংগানো—চাওয়ানো; আনয়ন করানো। হি-মূ। ক্রি [, বি, বিণ]।
মাচা, মাচান—বাঁশের তৈয়ারী উচ্চস্থান। <মঞ্চ। বি।
মাছ—মীন। <মৎস্য। বি।
মাছরাংগা, -রাঙা—একপ্রকার মৎস্যাশী ক্ষুদ্র পক্ষী, king-fisher. <মৎস্যরঙ্গ। বি।
মাছি—পতঙ্গ বিঃ; নিশানা করিবার জন্য বন্দুকের নলের উপরিস্থিত চিহ্ন বিঃ, sight <মক্ষি। বি।
মাছিমারা—যে নকল করিবার সময় মরা মাছিটির অনুরূপ মাছি রাখিয়া দেয় এমন; যাহার স্বাধীন বুদ্ধি মোটেই নাই এমন, যে শুধু নকলে তৎপর এমন ('— কেরানী')। উপতৎ (বাংপ্র)। বিণ।
মাজ—বৃক্ষকাণ্ডের মধ্যভাগ; মাঝ। <মজ্জা। বি।
মাজন—ঘর্ষণ; মাজিয়া পরিষ্কার করিবার গুঁড়া

('দাঁতের —')। মাজ্+অন ভাব, করণ (বাংপ্র)। বি।

মাজা—১। ঘষিয়া পরিষ্কার করা; বিলেপন দ্বারা মসৃণ করা। ক্রি। ২। ঘৃষ্ট; মার্জিত। মাজ্+আ কর্ম (বাংপ্র)। বিণ। ৩। মধ্যস্থান; কটিদেশ। <মধ্য। বি। [ক্রি [, বি, বিণ]।

মাজাঘষা—উত্তমরূপে ঘষিয়া পরিষ্কার করা। বাংপ্র।

মাজানো—ঘর্ষণ করানো; মার্জিত করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [gull-nut. ফা-মূ। বি।

মাজুফল—বড় বড় গাছে কীটনির্মিত কষায় দ্রব্য বিঃ,

মাঝ—মধ্যস্থল; ভিতর। <মধ্য। বি। **মাঝে মাঝে**—মধ্যে মধ্যে; কিছুকাল অন্তর; কিছুদূর অন্তর।

মাঝখান—মধ্যস্থল। কর্মধা (বাংপ্র)। বি।

মাঝামাঝি—প্রায় মধ্যস্থলে; প্রায় সমদূরবর্তী স্থানে; মধ্যবর্তী; মধ্যম রকমের। বাংপ্র। অ, বি বা বিণ।

মাঝার, মাঝারে—ভিতরে, মধ্যে। কপ্র। বি।

মাঝারি—মধ্যম-প্রকারের, ছোট বড় বা ভালমন্দের মাঝামাঝি, middling. বাংপ্র। বিণ।

মাঝি, মাঝী—নৌচালক, কর্ণধার; সাঁওতাল পল্লীর প্রধান ব্যক্তি। বাংপ্র। বি।

মাঝিগিরি, মাঝীগিরি—মাঝির কাজ। বাংপ্র। বি।

মাঝিমাল্লা, মাঝীমাল্লা—নৌকাচালকগণ। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

মাঞ্জা—ঘুড়ির সুতায় ধার করিবার জন্য তাহাতে প্রদত্ত কাই ইত্যাদির প্রলেপ। বাংপ্র। বি।

মাটকলাই, -কড়াই—চীনাবাদাম। বাংপ্র। বি।

মাটকোঠা—মৃত্তিকানির্মিত দ্বিতল গৃহ। মাটির তৈয়ারী কোঠা, মধ্যপ (বাংপ্র)। বি।

মাটাপালাম—একপ্রকার মোটা সুতার কাপড়। <তেলেগু 'মাটাপোল্লাম'। বি।

মাটাম—১। যে যন্ত্রদ্বারা সমকোণ নির্ধারিত হয় তাহা, trysquare. বি। ২। সমকোণে স্থাপিত। বাংপ্র। বিণ। [(বাংপ্র)। বিণ।

মাটামসই, -সহি—সমকোণে স্থাপিত। ৭মীতৎ

মাটি—১। ভূমি; অপদার্থ সারহীন বস্তু। বি। ২। নষ্ট, পণ্ড। <মৃত্তিকা। বিণ। **মাটি করা**—পণ্ড করা, নষ্ট করা। **মাটি খাওয়া**—এমন অন্যায় বা অনুচিত কার্য করা যাহার জন্য পশ্চাতে দুঃখ করিতে হয়। **মাটি দেওয়া**—কবরস্থ করা। **মাটি মাটি করা**—অসুস্থ বোধ করা। **মাটি মাড়ানো**—যাওয়া-আসা করা; আসা। **মাটির দর**—সামান্য দর। **মাটির মানুষ**—অতিশয় নিরীহ প্রকৃতির লোক। (লজ্জায়) **মাটির সহিত মিশিয়া যাওয়া**—অত্যন্ত লজ্জিত হওয়া। **মাটি হওয়া**—পণ্ড হওয়া, নষ্ট হওয়া।

মাটো—অলস, কর্মে শিথিল, মন্থর। <মন্দ। বিণ।

মাঠ—১। ময়দান, প্রান্তর; গোচারণ-ভূমি। বাংপ্র। বি। ২। বর্ত্ম, পথ। মঠ্+ঘঞ্ অধি। বি; পুং। **মাঠে মারা যাওয়া**—বৃথা নষ্ট হওয়া।

মাঠা—ননী, নবনীত; মাখনশূন্য ঘোল। <মৃষ্ট। বি।

মাড়—তণ্ডুলাদির কাথ; ফেন, কাই-এর মত জিনিস, size. <মণ্ড। বি।

মাড়া—পেষণ করা; শীষ হইতে শস্য খসানোর জন্য শস্যের স্তূপীকৃত আঁটিকে গরু মহিষ প্রঃ দ্বারা পদদলিত করানো। <মর্দন। ক্রি [, বি, বিণ]।

মাড়াই—মাড়ানোর কাজ। বাংপ্র। বি।

মাড়ানো—পদদলিত করা; মর্দিত করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

মাড়ি—১। মাড়, ফেন; তাল প্রঃ ফলের ঘন রস। <মণ্ড। ২। দন্তমূল; দন্তমূলের বেষ্টনী। <মাঢ়ী। বি।

মাড়ুয়া—millet জাতীয় শস্য বিঃ। বাংপ্র। বি।

মাড়োয়ারি—রাজস্থানের লোক বা ভাষা, মাড়োয়ারের লোক বা ভাষা। বাংপ্র। বি। বিণ—**মাড়োয়ারী।**

মাঢ়ী—দন্তমূল, দাঁতের মাড়ি, gum. মহ্+ক্তি কর্ম +ঈপ। বি; স্ত্রী।

মাণবক—ছোকরা, বালক; বামন, ছোট মানুষ, manikin. মনু+কন্ স্বার্থে। বি; পুং।

মাণিক—পদ্মরাগমণি, চুনি, ruby; আদরের ধন। <মাণিক্য। বি।

মাণিকজোড়—অতি অন্তরঙ্গ বন্ধুদ্বয়; অতি অন্তরঙ্গ মস্ত ব্যক্তিদ্বয় (ব্যঙ্গার্থে)। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

মাণিক্য—রত্ন বিঃ, মণি, মাণিক, পদ্মরাগ, ruby. মণি—কৈ+ক কর্তৃ; মণিক+ষ্যঞ্ স্বার্থে। বি; ক্লী।

মাত—১। দধি প্রঃর সারভাগ; চিটাগুড়; তরল অংশ; অসার ভাগ। <মস্ত। ২। দাবা খেলায় রাজার বন্দী অবস্থা। বি। ৩। তরল; হতবুদ্ধি; মুগ্ধ ('গানে —'); বিভোর; পরাজিত, জিত ('বাজি —')। আ। বিণ।

মাতগুড়—চিটাগুড়। কর্মধা (বাংপ্র)। বি।

মাতঙ্গ—হস্তী, হাতি। মতঙ্গ+অণ্ ভবার্থে, স্বার্থে। বি; পুং।

মাতঙ্গিনী—হস্তিনী। বাংপ্র। বি।

মাতঙ্গী—হস্তিনী; দশমহাবিদ্যার অন্তর্গত নবম মহাবিদ্যা। মাতঙ্গ+ঈপ্। বি; স্ত্রী।

মাতন—মাতোয়ারা হওয়া; মৃদঙ্গের বাদ্য বিঃ। মাত্ +অন ভাব, করণ (বাংপ্র)। বি।

মাতব্বর—প্রধান ব্যক্তি, মান্যগণ্য ব্যক্তি; পল্লীর প্রধান ব্যক্তি। <আ 'মুতবর'। বি বা বিণ। ভাববাচক বি—**মাতব্বরি।**

মাতলামি, মাতলামো—মত্ততাপ্রকাশ, মদ্যপানোন্মত্ত ব্যক্তির ন্যায় আচরণ। মাতাল+আমি, আমো ভাবে (বাংপ্র)। বি।

মাতা (মাতৃ)—জননী, মা; সপ্তমাতা (যথা—জননী, গুরুপত্নী, ব্রাহ্মণী, রাজপত্নী, গাভী, ধাত্রী, পৃথিবী); ব্রাহ্মী মাহেশ্বরী ঐন্দ্রী বারাহী বৈষ্ণবী কৌমারী চামুণ্ডা চর্চিকা—এই অষ্টশক্তি; গর্ভধারিণী স্তন্যদাত্রী আচার্যপত্নী গুরুপত্নী পিতার পত্নী শ্বশ্রূ পিতামহী মাতামহী ক্ষেত্রদানকারিণী অগ্রজা মাতৃষ্বসা পিতৃষ্বসা মাতুলানী ভ্রাতৃজায়া

কন্যা পুত্রবধূ—এই ষোল জন; পৃথিবী; গো; লক্ষ্মী; ধাত্রী। মা+তৃচ্ কর্তৃ। বি; স্ত্রী।

মাতানো—১। মত্ত করা। ক্রি [, বি]। ২। (অন্য শব্দের পরে হইলে) যাহা মত্ত উৎসাহিত বা অত্যধিক আনন্দিত করে এমন ('প্রাণ —')। মাতা+ন কর্তৃ (বাংপ্র)। বিণ।

মাতাপিতা (-পিতৃ)—জননী ও জনক, মা-বাপ। মাতা এবং পিতা, দ্বন্দ্ব। বি; পুং।

মাতাপিতৃহীন—যাহার জননী ও জনক উভয়েই মৃত হইয়াছেন এরূপ, জনকজননীশূন্য। মাতাপিতা ('মাতাপিতৃ' শব্দ) দ্বারা হীন, ৩য়াতৎ। বিণ।

মাতামহ—মাতার পিতা। মাতৃ+ডাকহচ্ তৎপিত্রর্থে। বি; পুং। স্ত্রী, **-হী**।

মাতামাতি—পরস্পরের প্রতি মত্ততা বা অনুরাগের আতিশয্য-প্রকাশ; একত্র মত্ততা প্রকাশ, মত্তবৎ আচরণ। বাংপ্র। বি। [<মত্ত। বিণ।

মাতাল—মদ্যপায়ী; মদ্যপানে উন্মত্ত, মত্ততাবিশিষ্ট।

মাতুঃস্বসা (-সৃ), **-ষ্বসা** (-সৃ)—মাসী। ৬ষ্ঠীতৎ (সংস্কৃতে ৬ষ্ঠী বিভক্তির অলুক্, বিকল্পে ষত্ব)। বি; স্ত্রী। [বি; পুং।

মাতুল—মাতার ভ্রাতা, মামা। মাতৃ+ডুল ভ্রাতা অর্থে।

মাতুলা, মাতুলানী, মাতুলী—মাতুলের ভার্যা, মামী। মাতুল+আপ্, আনীপ্, ঈপ্। বি; স্ত্রী।

মাতুলালয়—মামার বাড়ি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মাতৃক—মাতৃ সম্বন্ধীয়, মাতা হইতে আগত। মাতৃ+ক (ঠঞ্) আগতার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

মাতৃকা—মাতা; ধাত্রী; মাতার মাতা; অ আ ক খ প্রঃ বর্ণ; পদ্মা গৌরী শচী মেধা বিজয়া সাবিত্রী জয়া দেবসেনা শান্তি স্বাহা স্বধা পুষ্টি ধৃতি তুষ্টি আত্মদেবতা ও কুলদেবতা—এই ষোড়শ দেবী; করণ; মূল, কারণ; স্বর। মাতৃ+কন্ স্বার্থে, প্রতিকৃতার্থে +আপ্। বি; স্ত্রী।

মাতৃঘাতক, -ঘাতী (-ঘাতিন্)—মাতার প্রাণনাশকারী। ৬ষ্ঠীতৎ; উপতৎ; মাতৃ—হন্+ণিন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, **-ঘাতিকা, -ঘাতিনী**।

মাতৃদশা—মাতার মৃত্যুর পর অশৌচান্ত পর্যন্ত সময়। মাতৃজনিতা দশা, মধ্যপ (বাংপ্র)। বি।

মাতৃদায়—মাতার মৃত্যুজনিত বিপদ্; মাতার শ্রাদ্ধাদিরূপ কঠিন কর্তব্য। মাতৃ সম্বন্ধীয় দায়, মধ্যপ (বাংপ্র)। বি।

মাতৃদুগ্ধ—মায়ের দুধ, মাতৃস্তন্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

মাতৃপক্ষ—মাতার সহিত সম্পর্কযুক্ত আত্মীয়স্বজন।

মাতৃপূজা—মায়ের সেবা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মাতৃবিয়োগ—মায়ের মরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মাতৃভক্ত—মাতার প্রতি শ্রদ্ধাপরায়ণ ও সেবাপরায়ণ। ৬ষ্ঠীতৎ। বিণ।

মাতৃভক্তি—মাতার প্রতি শ্রদ্ধা। ৭মীতৎ। বি; স্ত্রী।

মাতৃভাষা—স্বজাতীয় ভাষা, জন্মের পর হইতে যে ভাষা শিখা যায় তাহা, mother tongue. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মাতৃভূমি—স্বদেশ; জন্মস্থান। মাতৃসদৃশী ভূমি, মধ্যপ। বি; স্ত্রী।

মাতৃশ্রাদ্ধ—মৃতা মাতার আত্মার সদ্গতির জন্য পিণ্ডদানাদি কার্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মাতৃষ্বসা (-সৃ)—মাতার ভগিনী, মাসী। মাতার স্বসা, ৬ষ্ঠীতৎ (ষত্ব)। বি; স্ত্রী।

মাতৃষ্বসেয়, -ষ্বস্রীয়, -ষ্বস্রেয়—মাসতুতো ভাই। মাতৃষ্বসৃ+এয়, এয়, এয় অপত্যার্থে। বি; পুং। স্ত্রী **-য়ী, -য়া, -য়ী**।

মাতৃস্তন্য—মায়ের দুধ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মাতৃহত্যা—জননীর প্রাণ বিনাশ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [পুং। স্ত্রী, **-স্ত্রী**।

মাতৃহন্তা (-ন্তৃ)—মাতার প্রাণনাশক। ৬ষ্ঠীতৎ। বি;

মাতৃহীন—যাহার মা নাই এমন। ৩য়াতৎ। বিণ।

মাতোয়ারা, -লা—প্রমত্ত; বিহ্বল। হি। বিণ।

মাতোয়ালী—মুসলমানদিগের ধর্মার্থে নিয়োজিত সম্পত্তির তত্ত্বাবধায়ক। <আ 'মুতবল্লী'। বি।

মাত্র—১। কেবল; সাফল্য; পরিমাণ; সকল লোক। মা+ত্রন্ ভাব। বি; ক্লী। ২। অমনি; কেবল; পর্যন্ত। বাংপ্র। অ।

মাত্রা—১। অল্প পরিমাণ; প্রতিবারে সেব্য ঔষধের পরিমাণ; অংশ; ধন; সন্ন্যাসী; পরিচ্ছেদ; অক্ষরের মাথার রেখা; ছন্দ অনুযায়ী সংগীতের সময় বিভাগের একক; পাঁচ বা মতান্তরে চার লঘু অক্ষরের উচ্চারণকাল; একটি হ্রস্বস্বরের উচ্চারণকাল [ইহা চারিপ্রকার—হ্রস্ব, দীর্ঘ, প্লুত এবং ব্যঞ্জনরূপ। এক মাত্রা হ্রস্ব, দ্বি মাত্রা দীর্ঘ, ত্রিমাত্রা প্লুত এবং অর্ধমাত্রা ব্যঞ্জন]; কর্ণভূষণ; পরিমাণ; দৈর্ঘ্য প্রস্থ ও বেধ, dimension. মা+ত্রন্ করণ+আপ্। ২। ইন্দ্রিয়বৃত্তি; অবিচ্ছেদ। মা+ত্রন্ ভাব+আপ্। বি; স্ত্রী। বিণ—**মাত্রিক**।

মাত্রাবৃত্ত—আর্যাদি ছন্দো বিঃ; যাহাতে লঘুগুরু স্বরের বিচার করিয়া ছন্দোনির্ণয় হয় তাহা। মাত্রাসাধ্য বৃত্ত, মধ্যপ। বি; ক্লী।

মাৎসর্য—অন্যশুভদ্বেষ; পরশ্রীকাতরতা। মৎসর (শুভদ্বেষ্টা)+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

মাৎস্যন্যায়—অরাজকতা; মাছের মত পরস্পরকে হত্যা; দুর্বলের উপর সবলের অত্যাচার। বি; পুং।

মাথট—মাথাপিছু চাঁদা, বহুলোকের নিকট হইতে অর্থসংগ্রহ। <মস্তকবৃত্ত। বি।

মাথা—শির; চূড়া; উপরিভাগ; প্রধানব্যক্তি; মুহূর্ত; সারভাগ; অগ্র। <মস্তক। বি। **মাথা উঁচু করা**—সম্মান বৃদ্ধি করা। **মাথা করা**—পণ্ড করা; কিছুই করিতে না পারা। **মাথা কাটা যাওয়া**—অপমান বা লজ্জায় মস্তক অবনত হওয়া। **মাথা কেনা**—কোন কিছু উপকার করিয়াই প্রভুত্বের সম্পূর্ণ অধিকার লাভ করা। **মাথা কোটাকুটি বা খোঁড়াখুঁড়ি করা**—নির্বন্ধাতিশয্যে অনুরোধ করা। **মাথা খাওয়া**—ভবিষ্যৎ নষ্ট করা। **মাথা খাটানো**—মস্তিষ্কের পরিচালনা করা; বুদ্ধি বাহির করা। **মাথা খারাপ** বা **গরম করা**—ক্রুদ্ধ হওয়া। **মাথা ঘামানো**—অত্য-

ধিক মস্তিষ্ক চালনা করা। **মাথা চুলকানো**—সমস্যায় পড়া। **মাথা দেওয়া**—মরা; ভারগ্রহণ করা। **মাথা মুড় খোঁড়া**—ভূমিতে মাথা ঠোকা। **মাথা মুণ্ড বুঝিতে না পারা**—একদম বুঝিতে না পারা। **মাথায় ওঠা, মাথায় চড়া**—প্রশ্রয় পাইয়া অবাধ্য হওয়া। **মাথায় জল পড়া**—বিবাহ হওয়া। **মাথায় হাত বুলানো**—ঠকানো, ফাঁকি দিয়া কার্যসিদ্ধি করা। **মাথার উপর**—স্বর্গে; অভিভাবকরূপে। **মাথার ঘাম পায়ে ফেলা**—গুরুতর পরিশ্রম করা। **মাথার দিব্য**—শপথ। **মাথা হেঁট করানো**—লজ্জা দেওয়া। **মাথা হেঁট হওয়া**—অখ্যাতি কুৎসা প্রঃর জন্য অতিশয় লজ্জা পাওয়া। **রাগের মাথায়**—হঠাৎ রাগান্বিত হইয়া।

মাথা-ওয়ালা—প্রতিভাসম্পন্ন, তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন। মাথা ওয়ালা বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।

মাথা-খারাপ—১। মস্তিষ্কের বিকৃত অবস্থা। খারাপ মাথা, কর্মধা। বি। ২। বিকৃতমস্তিষ্ক। বহু (বাংপ্র)। বিণ।

মাথা-গরম—১। মানসিক উত্তেজনা; ক্রোধ। গরম মাথা, কর্মধা (বাংপ্র)। বি। ২। ক্রুদ্ধ। বহু (বাংপ্র)। বিণ। [সুগন্ধি মসলা। বাংপ্র। বি।

মাথা-ঘষা—চুলে লাগাইবার বা তেলে মিশাইবার

মাথাঘোরা—মস্তকঘূর্ণন, শিরোঘূর্ণন। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি। [বিণ।

মাথা-ঠাণ্ডা—স্থির-মস্তিষ্ক; শান্ত। বহু (বাংপ্র)।

মাথাধরা—মাথাব্যথা, শিরঃপীড়া। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি। [পাগলাটে : বাংপ্র। বিণ।

মাথা-পাগলা—ঈষৎ পাগল, কতকটা পাগল,

মাথা-ব্যথা—শিরঃপীড়া; অত্যধিক গরজ; সহানুভূতি; জ্বালা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

মাথাল, -লো—প্রতিভাশালী; প্রধান; সর্দার। মাথা+ল, লো বিশিষ্টার্থে, স্থিতার্থে (বাংপ্র)। বিণ।

মাথাল, মাথালি—টোকা; বাঁশের শলা এবং তালপাতা দিয়া তৈয়ারী ছাতা। বাংপ্র। বি।

মাথি—তালগাছ খেজুরগাছ প্রঃর মাথার ভিতরের কোমল অংশ। বাংপ্র। বি।

মাথুর—১। মথুরা সম্বন্ধীয়; মথুরা হইতে আগত; মথুরাদেশজাত। মথুরা+অণ্ ভবাদি অর্থে। বিণ। স্ত্রী, -রী। ২। কীর্তনগানে শ্রীকৃষ্ণের মথুরালীলা-বর্ণন। মথুরা+অণ্ সম্বন্ধার্থে। বি।

মাদক—১। মত্ততাজনক। বিণ। স্ত্রী—মাদিকা। বি, -তা, -ত্ব। ২। মদ্য প্রঃ মত্ততাজনক দ্রব্য. মদ্+ণিচ্+ণক কর্তৃ। বি; পুং বা ক্লী।

মাদকসেবী (-সেবিন্)—নেশাখোর, যে মদ গাঁজা প্রঃ খায়। উপতৎ; মাদক—সেব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -সেবিনী।

মাদল—মৃদঙ্গ বিঃ, ঢোল বিঃ। ＜মর্দল। বি।

মাদা, মাদি—স্ত্রী-জাতীয়। ＜ফা 'মাদহ্'। বিণ।

মাদার—১। একপ্রকার গাছ; লকুচ। ＜মন্দার। ২। মুসলমানদিগের পর্ব বিঃ। আ। বি।

মাদী—স্ত্রী-জাতীয়। ＜ফা মাদহ্'। বিণ।

মাদুর—তৃণাদিনির্মিত আস্তরণ বিঃ। ＜মন্দুরা। বি।

মাদুলি—কবচ; কণ্ঠভূষণ বিঃ। বাংপ্র। বি।

মাদৃশ—আমার মত। অস্মৎ—দৃশ্+কঞ্ কর্ম। বিণ। স্ত্রী, -শী।

মাদ্রাজ—ভারতীয় যুক্তরাষ্ট্রের রাজ্য বিঃ ও তাহার প্রধান নগর। অসং। বি।

মাদ্রাজী—১। মাদ্রাজ সম্বন্ধীয়। বিণ। ২। মাদ্রাজের অধিবাসী। অসং। বি।

মাদ্রাসা—মুসলমানদিগেব উচ্চশ্রেণীর বিদ্যালয়। ＜আ 'মদ্রসহ'। বি।

মাদ্রী—পাণ্ডু রাজাব কনিষ্ঠা স্ত্রী। মদ্র (সেই দেশের অধিপতি)+অণ্ অপত্যার্থে+ঈপ্। বি; স্ত্রী।

মাধব—১। শ্রীবিষ্ণু। মার (লক্ষ্মীর) ধব (স্বামী), ৬ষ্ঠীতৎ। ২। বৈশাখ মাস। মধু+অণ্ হিতার্থে। ৩। বসন্তকাল। মধু+অণ্ স্বার্থে। বি পুং। ৪। মধু সম্বন্ধীয়। মধু+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -বী।

মাধবপ্রিয়া—লক্ষ্মী, কমলা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মাধবিকা, মাধবী—বাসন্তী লতা; মদিরা; মধুশর্করা। মাধব+কন্ স্বার্থে+আপ্; মাধব+ঈপ্। বি; স্ত্রী।

মাধাই—মাধব। বাংপ্র। বি।

মাধুকরী—ভিক্ষোপজীবীর পাঁচ জায়গা হইতে ভিক্ষা-হরণ। মধুকর+অণ্ সম্বন্ধার্থে+ঈপ্। বি; স্ত্রী।

মাধুরী—১। মিষ্টতা, মধুরতা; সৌন্দর্য; উত্তমতা; ধীরতা; হৃদয়গ্রাহিতা। মধুর (মিষ্ট)+অণ্ ভাবে+ঈপ্। ২। মদ্য। মধুর+অণ্ সম্বন্ধার্থে+ঈপ্। বি; স্ত্রী। ৩। মধুররসজাতা। মধুর+অণ্ জাতার্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

মাধুর্য—মিষ্টতা, মধুরতা; সৌন্দর্য; কাব্যের গুণ বিঃ, যে গুণ থাকিলে কাব্য শ্রবণমাত্র চিত্তকে দ্রবীভূত করে তাহা [ইহাতে রচনা মধুর হইবে এবং সমাসরহিত বা অল্পসমাসযুক্ত পদাদি থাকিবে। যথা—

"সই কেবা শুনাইল
শ্যাম-নাম,
কানের ভিতর দিয়া মরমে
পশিল গো
আকুল করিল মোর প্রাণ।"
—চণ্ডীদাস]।

মধুর+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

মাধ্বী—মধু হইতে উৎপন্ন মদ্য। মধু+অণ্ ভবার্থে+ঈপ্। বি; স্ত্রী।

মাধ্বীক—মধু হইতে উৎপন্ন মদ্য; মহুয়ার মদ্য; দ্রাক্ষামদ্য; মধু। মাধ্বী+কন্। বি; ক্লী।

মাধ্যন্দিন—মধ্যাহ্ন সম্বন্ধীয়। মধ্যন্দিন+অণ্ সম্বন্ধার্থে। বিণ। **মাধ্যন্দিন রেখা**—সূর্যের মাধ্যাহ্নিক গমনপথের কল্পিত রেখা, meridian.

মাধ্যম—বাহন, যাহার সাহায্যে বা মধ্যবর্তিতায় কোন কাজ সাধন করা হয়, medium. মধ্যম+অণ্ স্বার্থে। বি; ক্লী।

মাধ্যমিক—দুই শ্রেণীর অন্তর্বর্তী, intermediate. মধ্যম+ইক স্থিতার্থে। বিণ। স্ত্রী, -কী। **মাধ্যমিক শিক্ষা**—প্রাথমিক পাঠশালার পরবর্তী ও কলেজের পূর্ববর্তী বিদ্যালয়সমূহের শিক্ষা।

মাধ্যাকর্ষণ—পৃথিবীর যে আকর্ষণ-শক্তি বশতঃ শূন্যে উৎক্ষিপ্ত বস্তু পৃথিবীতে পতিত হয় তাহা, gravitation. মাধ্য আকর্ষণ, কর্মধা। বি; ক্লী।

মাধ্যাহ্নিক—মধ্যাহ্নকাল সম্বন্ধীয়; মধ্যাহ্নকালীন। মধ্যাহ্ন+ইক সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী, -কী।

মান—১। হস্তাদি দ্বারা পরিচ্ছেদ, মাপ; দাঁড়ী তুলাদি দ্বারা পরিমাণ। মা+অনট্ ভাব। ২। যাহা দ্বারা মাপা যায়, measure, standard; (সংগীত) সম। মা+অনট্ করণ। বি; ক্লী। ৩। সম্মান, পূজা। মান্+ঘঞ্ ভাব। ৪। অহংকার; ধনাদিহেতু চিত্তের উন্নতি; অভিমান; সম্ভ্রম। মন্+ঘঞ্ ভাব। বি; পুং। **মান ভাঙ্গা**—সাধ্য-সাধনা করিয়া কাহারও অভিমান দূর করা। **মান রাখা**—সম্ভ্রম বজায় রাখা। **মানে মানে সরিয়া পড়া**—অপমানিত হইবার পূর্বে স্থানত্যাগ করা।

মানকচু—বৃহৎ কন্দ ও পত্রবিশিষ্ট একপ্রকার কচু। মান (< মানক)-নামক কচু (< কচ্বী), মধ্যপ। বি।

মানকলি—স্ত্রী-পুরুষের অভিমানজাত কলহ। মানজ কলি (< কলহ), মধ্যপ। বি।

মানচিত্র—ম্যাপ, পৃথিবীর বা তাহার নানা স্থানের নকশা। মানসূচক চিত্র, মধ্যপ। বি; ক্লী।

মানত—দেবতার অনুগ্রহলাভার্থ তাঁহাকে কোন বস্তু প্রদানের জন্য মনে মনে অঙ্গীকার। < মনস্থ। বি।

মানদ—সম্মানপ্রদ, মানরক্ষক। উপতৎ; মান—দা+ক কর্তৃ। বিণ। [পুং।

মানদণ্ড—পরিমাণ-দণ্ড, মাপকাঠি। ৬ষ্ঠীতৎ। বি;

মানন, মাননা—আদরকরণ; সম্মানকরণ। মান্+অনট্ ভাব, অন ভাব+আপ্। বি; ক্লী; স্ত্রী।

মাননীয়—পূজনীয়, মান্য, সম্মানার্হ। মান্+অনীয় কর্ম। বিণ। **মাননীয়েষু**—পত্রের সম্মানজনক পাঠ বিঃ (স্ত্রী—**মাননীয়াসু**)।

মানপত্র—সম্মানজনক প্রশংসাপত্র বা অভিনন্দনপত্র। মানসূচক পত্র, মধ্যপ। বি; ক্লী।

মানব—মনুষ্য; পুরুষ। মনু+অণ্ অপত্যার্থে। বি; পুং। বিণ—**মানবীয়**। [ভাবে। বি; স্ত্রী।

মানবতা—মনুষ্যত্ব, মনুষ্যোচিত গুণাবলী। মানব+তা

মানবলীলা—সংসারে জন্মগ্রহণপূর্বক সাংসারিক-কার্য-সম্পাদন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মানবলীলাসংবরণ—মৃত্যু, পরলোকগমন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি; পুং।

মানবসমাজ—মনুষ্যসমূহ, মনুষ্যসম্প্রদায়। ৬ষ্ঠীতৎ;

মানবী—১। স্ত্রীলোক, নারী। বি; স্ত্রী। ২। মনু-সম্বন্ধীয়া। মানব+ঈপ্। বিণ; স্ত্রী।

মানভঞ্জন—শপথবাক্য চাটুবাক্য ও পায়ে ধরা প্রঃর দ্বারা ক্রুদ্ধ প্রণয়ী বা প্রণয়িনীর রাগ ভাঙ্গা, মান ভাঙ্গা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মানমন্দির—যে স্থান হইতে গ্রহ-নক্ষত্রাদি পর্যবেক্ষণ করা যায় তাহা, গ্রহনক্ষত্রাদির পর্যবেক্ষণাগার, observatory. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মানস—১। চিত্ত; ইচ্ছা; চিত্তবোধ। মনস্+অণ্ স্বার্থে, ভবার্থে। ২। তিব্বতদেশের হ্রদ বিঃ। মনস্+অণ্ নির্মিতার্থে। বি; ক্লী। ৩। মনঃ সম্বন্ধীয়, মানসিক। মনস্+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -সী। [মানস+তা ভাবে। বি; স্ত্রী।

মানসতা—মনের স্বভাব বা বৈশিষ্ট্য, mentality.

মানসনেত্র—অন্তঃকরণরূপ চক্ষু; ধ্যান; কল্পনা; চিন্তা; জ্ঞান। রূপক কর্মধা। বি; ক্লী।

মানসপট—অন্তঃকরণরূপ চিত্রপট (যাহাতে কোন বস্তু বা ব্যক্তির রূপ অঙ্কিত থাকে)। রূপক কর্মধা। বি; পুং। [কর্মধা। বি; পুং।

মানসপুত্র—মন হইতে উৎপন্ন পুত্র ('ব্রহ্মার —')।

মানসপূজা—অন্তরে রচিত পূজার উপকরণ প্রঃ দ্বারা পূজা। মানসী পূজা, কর্মধা। বি; স্ত্রী।

মানসম্ভ্রম—সম্মান ও প্রতিপত্তি। প্রায় একার্থক শব্দদ্বয়ের দ্বন্দ্ব। বি; পুং। [বি; স্ত্রী।

মানসসিদ্ধি—উদ্দেশ্যসাফল্য, ইষ্টলাভ। ৬ষ্ঠীতৎ।

মানসাঙ্ক—মৌখিক অঙ্ক, না লিখিয়া মুখে মুখে হিসাব করিয়া যে অঙ্কের উত্তর দেওয়া হয় তাহা। কর্মধা। বি; পুং।

মানসিক—১। আন্তরিক, মনোগত, mental. মনস্+ইক কৃতার্থে, ভবার্থে। বিণ। স্ত্রী, -কী। ২। মানত; যাহা মানত করা হইয়াছে এমন। বাংপ্র। বি বা বিণ।

মানসী—১। মনোভবা, মন হইতে উৎপন্না, মনো-জাতা। বিণ; স্ত্রী। ২। কল্পিতা সুন্দরী প্রণয়িনী। মনস্+অণ্ ভবার্থে+ঈপ্। বি; স্ত্রী।

মানহানি—সম্ভ্রমের ক্ষতি, মর্যাদানাশ, defamation. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মানা—১। বারণ, নিষেধ। < আ 'মন্অ'। বি। ২। সম্মান করা, respect; গ্রাহ্য করা; মানত করা; স্বীকার করা; পালন করা ('আদেশ —', 'কথা —'); বিশ্বাস করা; মনে করা; নাম নির্দেশ করা ('সাক্ষী —')। বাংপ্র। ক্রি।

মানানসই, -সহি—উপযুক্তরূপ; যাহা ভাল মতে খাপ খাইয়াছে এমন; অনুরূপ। ৭মীতৎ (বাংপ্র)। বিণ।

মানান—১। শোভন; উপযুক্ত। বিণ। ২। উপযুক্ততা, খাপ; শোভা। বাংপ্র। বি।

মানানো—১। স্বীকার করানো; বাধ্য করানো; মান্য করানো; শান্ত করা; শোভা পাওয়া; খাপ খাওয়া; উপযুক্ত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]। ২। উপযুক্ত, শোভন। বিণ।

মানিক—মাণিক (তাহা দ্রঃ)।

মানিকজোড়—মাণিকজোড় (তাহা দ্রঃ)।

মানিত—সম্মানিত, আদৃত। মান্+ক্ত কর্ম। বিণ।

মানী (মানিন্)—অভিমানী; মনস্বী, প্রশস্তমনাঃ; সম্ভ্রমশালী। মান+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—মানিনী। বি—**মানিতা**।

মানুখ—মানুষ। প্রা কপ্র। বি।
মানুষ—১। মনুষ্য, নর; ব্যক্তি, person. মনু+অণ্ অপত্যার্থে (স-আগম)। বি; পুং। ২। মানুষোচিত গুণসম্পন্ন; মনুষ্যবিষয়ক, human. মানুষ+অণ্ যোগ্যার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -ষী। ৩। লালনপালন। বাংপ্র। বি। **মানুষ করা**—লালন-পালন করিয়া বড় করা। **মানুষ হওয়া**—লালিত-পালিত হইয়া বড় হওয়া; মনুষ্যোচিত গুণের অধিকারী হওয়া।
মানুষিক—মনুষ্য সম্বন্ধীয়; মনুষ্যোচিত, human. মানুষ+ইক সম্বন্ধাদি অর্থে। বিণ। স্ত্রী, -কী।
মানুষী—১। নারী; চিকিৎসা বিঃ। বি; স্ত্রী। ২। মনুষ্যসম্বন্ধিনী। মানুষ+ঈপ্। বিণ; স্ত্রী।
মানে—অর্থ; তাৎপর্য, meaning; অভিপ্রায়। < আ 'মানী'। বি। [বিণ, -নী।
মানোয়ার—যুদ্ধজাহাজ। < ইং 'man-of-war'. বি।
মান্দার—মাদার; ডেহুয়া গাছ; ডেহুয়া ফল। < মন্দার। বি।
মান্দাস—ভেলা। বাংপ্র। বি।
মান্দ্য—অল্পতা; আলস্য, জড়তা; হানি; বিষাদ; রোগ, পীড়া; মন্দত্ব। মন্দ+ব্যঞ্ ভাবে। বি; ক্লী।
মান্ধাতা (মান্ধাতৃ)—সূর্যবংশীয় নৃপতি বিঃ। মাম্ (=আমাকে অর্থাৎ ইন্দ্রকে)—ধে+তৃন্ কর্তৃ। বি; পুং। মান্ধাতার আমল—অতি প্রাচীনকাল।
মান্য—১। পূজ্য; মাননীয়; আদরণীয়; বিশ্বাসের যোগ্য। মান+যৎ অর্হার্থে বা সাধ্বর্থে। বিণ। স্ত্রী —মান্যা। ২। সমাদর; সম্মান; অনুবর্তন, পালন। বি। ৩। শিরোধার্য। বাংপ্র। বিণ।
মান্যবর—মান্য ব্যক্তিগণের মধ্যে অধিক সম্মানভাজন, শ্রেষ্ঠ; চিঠির মধ্যে সম্মানজনক পাঠ বিঃ। কর্মধা। বিণ। **মান্যবরেষু**—পত্রের সম্মানজনক পাঠ বিঃ। (স্ত্রী—**মান্যবরাসু**।)
মাপ—১। ওজন, পরিমাণ, measurement; পরিমাপ; measure, dimension; পরিমাণ-নির্ধারণ। < ণিজন্ত মা-ধাতু। ২। ক্ষমা; ছাড়, রেহাই। < আ 'মুআফ'। বি।
মাপক—পরিমাপকারী। বাংপ্র। বি।
মাপকাটি, -কাঠি—মানদণ্ড, measure, standard. ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি। [(বাংপ্র)। বি।
মাপজোখ—পরিমাণ আকার প্রঃ নির্ধারণ। দ্বন্দ্ব
মাপন—পরিমাণকরণ, তৌলকরণ। মা+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। [বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
মাপা—ওজন করা, পরিমাণ নির্ধারণ করা, measure.
মাপানো—ওজন করানো, পরিমাণ নির্ধারণ করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
মাফ—ক্ষমা; ছাড়; ছাড়ান। < আ 'মুআফ'। বি।
মাফিক—১। উপযুক্ত; সমান, তুল্য। বিণ। ২। অনুসারে। < আ 'মবাফিক'। অ।
মা-বাপ—মাতাপিতা; মাতাপিতার ন্যায় রক্ষক ও প্রতিপালক ('গরিবের —')। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
মাভৈঃ—ভয় নাই বলিয়া আশ্বাস দান। সংস্কৃত বাক্য।
মামড়ি—ক্ষতস্থানের শুষ্ক চর্ম; নাসিকামল। বাংপ্র। বি। [দীপ্ত। বিণ।
মামদো—মৃত মুসলমানদিগের প্রেতাত্মা। < মহম্ম-
মা-মরা—মৃতমাতৃক, মাতৃহীন। বহু (বাংপ্র)। বিণ।
মামলা—মকদ্দমা, litigation. < আ 'মুআমলহ্'। বি।
মামলাবাজ—মকদ্দমা করিতে পটু; মকদ্দমাপ্রিয়। মামলা+বাজ আসক্তার্থে (আ-মু)। বিণ।
মামা—মাতুল, মাতার ভ্রাতা। < মামক। বি।
মামাতো—মাতুল-সম্পর্কীয়; মামার সন্তান হিসাবে সম্পর্কিত। মামা+তো পুত্রার্থে (বাংপ্র)। বিণ।
মামাশ্বশুর—স্বামী বা স্ত্রীর মাতুল। বাংপ্র। বি।
মামী—মাতুলপত্নী। বাংপ্র। বি।
মামীশাশুড়ী—স্বামী বা স্ত্রীর মাতুল পত্নী। বাংপ্র। বি; স্ত্রী।
মামুলী—চিরপ্রচলিত প্রথামত; সাধারণ। মামুল+ঈ অনুগতার্থে (আ-মু)। বিণ।
মায়—সহিত, একত্র। < আ 'মঅ'। অ।
মায়া—মমতা; মোহ; চাতুরী; ইন্দ্রজাল; ছদ্মবেশ; অবিদ্যা; মিথ্যাবুদ্ধিহেতু অজ্ঞান বিঃ; ভ্রান্তি, illusion. মা+যৎ কর্তৃ, করণ+আপ্। বি; স্ত্রী।
মায়াকান্না—ছলপূর্বক ক্রন্দন, কপট ক্রন্দন; কপটতাপূর্বক কারুণ্য ও দীনতা প্রকাশ। মায়াশ্রিত কান্না, মধ্যপ (বাংপ্র)। বি।
মায়াঘোর—মায়াজনিত মোহ; মায়াকানন; মায়ার ঘূর্ণীপাক। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
মায়াজাল—মায়াপাশ; মায়ার কুহক। রূপক কর্মধা। বি; ক্লী। [(বাংপ্র)। বি।
মায়াডোর—মায়ার বন্ধন, মায়াপাশ। রূপক কর্মধা
মায়াত্মক—ভ্রমাত্মক; অলীক; মিথ্যা; অবাস্তব। বহু। বিণ। স্ত্রী, -ত্মিকা।
মায়াধর—ঐন্দ্রজালিক। ৬ষ্ঠীতৎ। বিণ।
মায়াধারী (-ধারিন্)—জাদুকর, কুহকী। উপতৎ; মায়া—ধৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ধারিণী।
মায়াপটু—ঐন্দ্রজালিক; ভ্রান্তিজনক। ৭মীতৎ। বিণ।
মায়াপাশ—মমতার বন্ধন; মায়ার জাল। রূপক কর্মধা। বি; পুং।
মায়াপুরী—কল্পিতা নগরী, মায়াপ্রভাবে রচিতা নগরী। মায়াকল্পিতা নগরী, মধ্যপ। বি; স্ত্রী।
মায়াবতী—মায়াবিনী, কুহকিনী; মায়াযুক্ত; স্নেহশীলা। মায়াবৎ+ঈপ্। বিণ; স্ত্রী।
মায়াবী (-বিন্), **মায়িক, মায়ী** (-য়িন্)—ঐন্দ্রজালিক, কুহকী; কপটাচারী; মায়াবিশিষ্ট; কৃত্রিম মমতাপ্রদর্শক। মায়া+বিনি, ইক (ঠন্), ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**মায়াবিনী, মায়িকা, মায়িনী**।
মায়াময়—মায়াদ্বারা পরিব্যাপ্ত, ছলনাপূর্ণ। মায়া+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, -য়ী।
মায়ামৃগ—মায়াপ্রভাবে সৃষ্ট হরিণ; হরিণের আকৃতিধারী মারীচনামক রাক্ষস। মায়াসৃষ্ট মৃগ, মধ্যপ। বি; পুং।
মায়ামোহ—মায়াজনিত অজ্ঞানতা। মধ্যপ। বি; পুং।

মায়ারথ—জাদুবিদ্যার প্রভাবে রচিত রথ। মায়ারচিত রথ, মধ্যপ। বি; পুং।
মায়ারজ্জু—মমতার বন্ধন, মায়াজাল; মায়াবলে সৃষ্ট রজ্জু, ভ্রান্তিহেতু দৃষ্ট কল্পিত রজ্জু। রূপক কর্মধা, মধ্যপ। বি; স্ত্রী।
মায়া-সীতা—বানর সৈন্যদের ঠকাইবার জন্য ইন্দ্রজিতের যোগবলে অগ্নিকৃত সীতার প্রতিমূর্তি। মায়াকৃতা সীতা, মধ্যপ। বি; স্ত্রী।
মায়িক, মায়ী (মায়িন্)—'মায়াবী' দ্রঃ।
মার—১। কন্দর্প; বুদ্ধদেবের তপোবিঘ্নকারক অসুর বিঃ; বিঘ্ন। মৃ+ণিচ্+অচ্ কর্তৃ। ২। মরণ। মৃ+ঘঞ্ ভাব। ৩। মারণ, বধ। মৃ+ণিচ্+অচ্ ভাব। বি; পুং। ৪। প্রহার, আঘাত; নাশ, অপব্যয় ('টাকা — যাওয়া')। ⟨ মা'ই'র ⟨ মারি (=মার্+ই ভাব)। বি। ৫। প্রহার কর। বাংপ্র। ক্রি।
মারক—হত্যাকারী; বিনাশক। মৃ+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**মারিকা**।
মারকুটে, -কুটো—যে সামান্য বিষয় লইয়াই মারিতে উদ্যত হয় এমন। বাংপ্র। বিণ।
মারণ—১। হনন, হত্যা, বিনাশ; অভিচার বিঃ। মৃ+ণিচ্+অনট্ ভাব, করণ। বি; ক্লী। ২। ঔষধ প্রঃ খলে পেষণ; ধাতু ইঃ ভস্মীকরণ। বাংপ্র। বি।
মারধর—মারা ও ধরা; প্রহারাদি; দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
মারপিট—প্রহার; অনেকের সম্মিলিত প্রহার। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
মারপেঁচ, -প্যাঁচ—কুটিলতা; জটিলতা; কায়দা। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
মারফত—দ্বারা; সঙ্গে; নিকট। ⟨আ 'মারিফৎ'। অ।
মারবাড়ী—মারোয়াড়ী (তাহা দ্রঃ)।
মারবেল—মার্বেল (তাহা দ্রঃ)।
মারমুখ, -মুখো—মারিতে উদ্যত; বদমেজাজী। মারে মুখ যাহার, বহু; মারে মুখ, ৭মীতৎ+ও (⟨ উয়া) বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, -**মুখী**।
মারমূর্তি—রণমূর্তি; প্রহারোন্মুখ চেহারা। বাংপ্র। বি।
মারহাট্টা—মহারাষ্ট্রজাতি। ⟨ মহারাষ্ট্র। বি।
মারা—প্রহার করা, আঘাত করা; হত্যা করা ('পাখি —'); লাভ করা; চুরি করা ('পকেট —'); পাইতে না দেওয়া ('অন্ন —'); দূর করা ('রস —'); প্রয়োগ করা; হঠাৎ লাভ করা; খুব খাওয়া ('দই —'); করা ('ফূর্তি —'); অকর্মণ্য করা; নষ্ট করা; পরাস্ত করা; সম্ভোগ করা; লাগানো; ঠুকিয়া বসানো ('পেরেক —'); শূন্য করা; ভন করা। ⟨'মারি'-ধাতু। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। **মারা যাওয়া**—মৃত্যুমুখে পতিত হওয়া, মরা।
মারাঠা, মারাঠী—মহারাষ্ট্র দেশের অধিবাসী; মহারাষ্ট্র দেশের ভাষা। মারাঠা (⟨মহারাষ্ট্র)+আ, ঈ নিবাসার্থে, তাহার ভাষা অর্থে। বি।
মারাত্মক—প্রাণনাশক; সাংঘাতিক। মার আত্মা যাহার, বহু (ক-আগম)। বিণ। স্ত্রী, -**ত্মিকা**।
মারানো—প্রহার বধ ইঃ করানো ('মারা' দ্রঃ)। বাংপ্র। ক্রি [, বি]।
মারামারি—পরস্পরকে প্রহার; দাঙ্গা; হাঙ্গামা। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।
মারি, মারী—জনক্ষয়, মড়ক। মৃ+ণিচ্ (মারি= মরানো)+ই ভাব; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
মারিত—হত, বিনাশিত। মৃ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
মারুত—পবন। মরুৎ (বায়ু)+অণ্ স্বার্থে। বি; পুং।
মারোয়াড়ী—মারবাড়-দেশবাসী। অসং বি বা বিণ।
মার্কণ্ড, মার্কণ্ডেয়—কল্পান্তজীবী মুনি বিঃ। মৃকণ্ডু+অণ্, এয় অপত্যার্থে (নিপা)। বি; পুং।
মার্কা—চিহ্ন, mark. ⟨পো 'marca'. বি।
মার্কামারা—চিহ্নিত; সর্বজন-পরিচিত; প্রসিদ্ধ, শ্রেষ্ঠ। বহু (পো-মূ)। বিণ।
মার্কিন—আমেরিকার যুক্তরাষ্ট্র সম্বন্ধীয়; আমেরিকার যুক্তরাষ্ট্র; একপ্রকার মোটা কাপড়। ⟨ইং 'American'. বিণ বা বি। বিণ, -**নী**।
মার্কেট—বাজার। ⟨ইং 'market'. বি।
মার্গ—১। রাস্তা, পথ; পায়ু; গুহ্য। মার্গ্+ঘঞ্ কর্ম। ২। অন্বেষণ। মার্গ্+ঘঞ্ ভাব। ৩। অগ্রহায়ণ মাস। মার্গী+অণ্ তদ্‌যুক্তার্থে। ৪। মৃগশিরা নক্ষত্র। মৃগ+অণ্ স্বার্থে। বি; পুং।
মার্গণ—অনুসন্ধান; প্রণয়; প্রার্থনা। মার্গ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**মার্গিত**।
মার্গশীর্ষ—অগ্রহায়ণ মাস। মার্গশীর্ষী+অণ্ তদ্‌যুক্তার্থে। বি; পুং।
মার্গসংগীত—গন্ধর্ব সংগীত; প্রাচীন ঋষিদের উচ্চাঙ্গ সংগীত বিঃ। মার্গাশ্রিত সংগীত, মধ্যপ। বি; ক্লী।
মার্গী (মার্গিন্)—প্রাচীন-ঋষিগণ-প্রবর্তিত সংগীত-পদ্ধতি। মার্গ+ইন্ বিশিষ্টার্থে। বি; পুং।
মার্চ—ইংরেজী বৎসরের তৃতীয় মাস। ⟨ইং 'March'. বি।
মার্জন, মার্জনা—প্রক্ষালন, পরিষ্করণ; মাজা; পোঁছা; দোষক্ষালন; ক্ষমা; মৃদঙ্গধ্বনি; ব্রাহ্মণের সন্ধ্যাবন্দনার অঙ্গ বিঃ। মার্জ্+অনট্+ভাব; মার্জ্+অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
মার্জনী—খেঙরা; বুরুশ। মার্জ্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।
মার্জনীয়—ক্ষমার যোগ্য; মার্জনার যোগ্য। মার্জ্+অনীয় কর্ম। বিণ। [পুং। স্ত্রী, -**রী**।
মার্জার—বিড়াল; খট্টাস। মৃজ্+আরন কর্তৃ। বি;
মার্জিত—পরিষ্কৃত; প্রক্ষালিত; নির্দোষীকৃত; সংস্কৃত, চর্চার ফলে উৎকর্ষপ্রাপ্ত ('— বুদ্ধি')। মার্জ্+ক্ত কর্ম। বিণ।
মার্জিতরুচি—১। শিক্ষা সঙ্গ প্রঃর গুণে সভ্যজনোচিত প্রবৃত্তিযুক্ত। বহু। বিণ। ২। সভ্যজনোচিত প্রবৃত্তি বা ইচ্ছা। কর্মধা। বি; স্ত্রী।
মার্তণ্ড—সূর্য; ভানু; শূকর; আকন্দগাছ। মৃতণ্ড (মৃত+অণ্ড)+অণ্ ভবার্থে; মার্তণ্ড+অচ্ জাতার্থে। বি; পুং।

মার্দব—মৃদুতা; কোমলত্ব। মৃদু+অণ্ ভাবে। বি; ক্লী।

মার্বেল—শ্বেতপ্রস্তর; পাথরের তৈরী এক প্রকার ছোট খেলিবার গুলি। < ইং 'marble'. বি।

মাল—১। অসভ্য জাতি বিঃ; সাপের ওঝা; সর্প দ্বারা ক্রীড়াপ্রদর্শক। মল+অণ্ আছে অর্থে। বি; পুং। ২। উন্নত ক্ষেত্র, মালভূমি, plateau. মা+রন্ করণ। ৩। কাপট্য, ছলনা। মা+রন্ ভাব। বি; ক্লী। ৪। ধন, সম্পত্তি, অর্থ; যাত্রীর সংগের জিনিসপত্র; পণ্যদ্রব্য; গভর্নমেণ্টে রাজস্ব-দেওয়া ভূমি; জমিদারের অধীন জমি; মদ; রাজস্ব। আ। ৫। কুস্তিগির, পালোয়ান। < মল্ল। বি। **মাল টানা**—জিনিসপত্র বা বোঝা বহন করা; মদ্যপান করা (ব্যঙ্গার্থে)।

মালকোঁচা—পালোয়ানের ন্যায় কোঁচা, পিছনদিকে আঁটিয়া কাপড় পরা। < মল্লকচ্ছ। বি।

মালকোশ—রাগ বিঃ, কৌশিকরাগ। < মালকৌশ। বি; পুং। [খানা। ৬ষ্ঠীতৎ (আ-মু)। বি।

মালখানা—বহুমূল্য দ্রব্যাদি রাখিবার ঘর; খাজনা-

মালগাড়ি—রেলগাড়ির যেগুলিতে শুধু মালপত্র বোঝাই করা হয় তাহা; ময়লাটানা গাড়ি (ব্যঙ্গার্থে)। মালটানা গাড়ি, মধ্যপ (আ-মু)। বি।

মালগুজার—ভূমির করদাতা। আ-ফা। বি।

মালগুজারদার—যে ব্যক্তি মালগুজারি দিয়া থাকে সে। মালগুজার+দার (আ-ফা)। বি।

মালগুজারি—ভূমিকর, খাজনা। মালগুজার+ই (আ-ফা-মু)। বি।

মালগুদাম—যে ভাণ্ডাবগৃহে মালপত্র রাখা হয় তাহা। ৬ষ্ঠীতৎ (আ-মু)। বি। [(আ)। বি।

মালজমি—জমিদারের অধীন খাজনার জমি। কর্মধা

মালঝাঁপ—বাংলা কবিতার ছন্দ বিঃ। বাংপ্র। বি।

মালঞ্চ—পুষ্পোদ্যান, পুষ্পবাটিকা, ফুলের বাগান। < মালামঞ্চ। বি।

মালতী—জাতীলতা; চামেলী; চন্দ্রিকা; রাত্রি; যুবতী; কলিকা; দ্বাদশাক্ষরপাদক ছন্দ বিঃ। মাল—তন্+ড কর্তৃ+ঈপ্; অথবা, মা—লত্+অচ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী। [ক্লী।

মালতীফল—জাতীফল, জায়ফল। ৬ষ্ঠীতৎ। বি;

মালপুয়া, মালপো—একপ্রকার তৈলপক্ক বা ঘৃতপক্ক ময়দা গুড় ইঃর পিষ্টক বিঃ। বাংপ্র। বি।

মালব—১। মধ্যভারতের প্রাচীন অবস্থিত দেশ, মালোয়া। মাল—বা+ক অধি। ২। রাগ বিঃ; মতবিশেষে ষড়্‌রাগের অন্তর্গত প্রথম রাগ। মাল—বা +ক কর্তৃ। বি; পুং।

মালবৈদ্য—মাল, সাপের ওঝা। বাংপ্র। বি।

মালভূমি—পর্বতের উপরিস্থ বিশাল সমতল ভূভাগ, উচ্চভূমি, plateau. কর্মধা। বি; স্ত্রী।

মালমসলা—উপকরণ। দ্বন্দ্ব (আ-মু)। বি।

মালসা—মাটির পাত্র বিঃ। বাংপ্র। বি।

মালসাট—বাহ্বাস্ফোট, তালঠোকা ('—মারা')। বাংপ্র। বি।

মালসাভোগ—দেবতাকে নিবেদিত মালসায় স্থাপিত চিড়া মুড়ি দই সন্দেশ প্রঃ। ৭মীতৎ (বাংপ্র)। বি।

মালসাভোগী—মালসাভোগ পাইবার অধিকারী। মালসাভোগ+ঈ অধিকারী অর্থে (বাংপ্র)। বিণ।

মালা—১। সমূহ; শ্রেণী, সারি; মাল্য; ছন্দ বিঃ। মা+রন্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী। ২। জাতি বিঃ। < মাল। ৩। নারিকেলের খোল, মালা। < মালক। বি।

মালাই—দুধেব সর, cream. < ফা 'বালা'। বি।

মালাইকারি—গরমমসল্লাদি দ্বারা রান্নাকরা চিংড়ি মাছ প্রঃর ব্যঞ্জন বিঃ। বাংপ্র। বি।

মালাইচাকি—জানুর অস্থি, হাঁটুব হাড়, knee-cap. বাংপ্র। বি।

মালাইবরফ—দুধ-জমানো বরফ। মধ্যপ (বাংপ্র)। বি।

মালাকর, -কার—১। মালী। বি; পুং। ২। মাল্যনির্মাণকারী, যে ফুলের মালা তৈয়ার করে এমন। উপতৎ; মালা—কৃ+ট, অণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।

মালাবদল—বিবাহে ববকন্যার একেব মালা অন্যকে প্রদান। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

মালিক—১। মালী। বি; পুং। ২। মালাকাব। মাল্য+ইক করে অর্থে। বিণ। স্ত্রী, -কী। ৩। অধিকারী, স্বামী; প্রভু। আ। বি।

মালিকা—মালা, মাল্য; মল্লিকা। মালা+কন্ স্বার্থে +আপ্। বি; স্ত্রী।

মালিকানা, -কানি—১। স্বামিত্ব; মালিকের প্রাপ্য লভ্যাংশ। বি। ২। মালিকের প্রাপ্য; মালিক সম্বন্ধীয় ('—স্বত্ব')। মালিক+আনা, আনি সম্বন্ধাদি অর্থে (আ-মু)। বিণ।

মালিনী—১। মালাকারপত্নী; মাল্যবর্চয়িত্রী; দুর্গা; ছন্দো বিঃ। বি; স্ত্রী। ২। মাল্যযুক্তা; মাল্যধারিণী। মালা+ইন্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী। ৩। উদ্যানপালিকা। বাংপ্র। বি; স্ত্রী।

মালিন্য—মলিনতা, ময়লা; অপ্রীতি; বিষণ্ণতা। মলিন +ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

মালিশ—মর্দন করিয়া লাগানো; মর্দন করিয়া লাগাইবার ঔষধ। ফা। বি।

মালী (মালিন্)—১। মালাকাব। বি; পুং। ২। মাল্যকার; মালাযুক্ত। মালা+ইন্ আছে অর্থে। বিণ। ৩। বাগানের গাছপালা প্রঃর দেখাশোনার কাজে নিযুক্ত ভৃত্য। বাংপ্র। বি। স্ত্রী—মালিনী।

মালুম—বুঝা; জানা, অবগত হওয়া। আ। বি।

মালো—১। জেলে, ধীবর। বাংপ্র। বি। ২। নিম্ন; সমতল। প্রাদে। বিণ।

মালোপমা—কাব্যালংকার বিঃ [এক উপমেয়ের একাধিক উপমান থাকিলে উক্ত অলংকার হয়। যথা —"মলিন-বদনা দেবী; হায় রে যেমতি খনির তিমির গর্ভে (না পারে পশিতে সৌরকররাশি যথা) সূর্যকান্তমণি; কিম্বা বিম্বাধরা রমা অম্বুরাশিতলে"— মাইকেল]। বহু+আপ্। বি; স্ত্রী।

মাল্য—মালা; পুষ্প; পুষ্পমালা। মালা+যৎ হিতার্থে, ষ্যঞ্ স্বার্থে। বি; ক্লী।

মাল্যদান—গলায় মালা পরানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
মাল্যবিনিময়—মালাবদল, বরকন্যার পরস্পরকে মালা-প্রদান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মাল্লা—নৌকাচালক, মাঝি; জাতি বিঃ। আ। বি।
মাষ, মাস—মাষকলায়; স্বর্ণাদির পরিমাণ বিঃ, ৫ বা ১০ কুঁচ পরিমাণ, মাষা; মূর্খ। মষ্, মস্+ণ কর্তৃ, সংজ্ঞার্থে। বি; পুং।
মাষক—পাঁচরতি। মাষ+কন্ স্বার্থে। বি; পুং।
মাষা—মাষকলায়ের ন্যায় ওজন, ১/১২ বা ১/১৬ বা ১/৮ তোলা ওজন। <মাষক। বি।
মাস—১। বৎসরের বার ভাগের একভাগ। মাস (চন্দ্র) +অণ্ সম্বন্ধার্থে (চান্দ্রমাসের এই ব্যুৎপত্তি; (সৌরমাসপক্ষে) মস্+ঘঞ্ করণ। ২। পরিমাণ বিঃ, মাষা। মস্+ঘঞ্ করণ। বি; পুং। ৩। পিশিত। <মাংস। বি। [পুং।
মাসক—এক মাষা পরিমাণ। মাস+কন্ স্বার্থে। বি;
মাসকাবার—মাসের শেষদিন; মাসের শেষে আয়ব্যয়ের হিসাব। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
মাসতুতা, মাসতুতো—মাতৃষ্বসার সন্তান হিসাবে সম্পর্কিত, মাসীর সন্তান হিসাবে সম্পর্কিত। বাংপ্র। বিণ।
মাসমাহিনা—একমাসের বেতন, একমাসের পারিশ্রমিক; মাসিক-বেতনহিসাবের অঙ্ক। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি। [স্ত্রী।
মাসশাশুড়ী—স্বামী বা স্ত্রীর মাসী। বাংপ্র। বি;
মাসশ্বশুর—স্বামী বা স্ত্রীর মেসো। বাংপ্র। বি।
মাসহরা, -হারা—মাসিক বেতন বা প্রাপ্য অর্থ। <মাস-হার। বি।
মাসাশ—স্বামী বা স্ত্রীর মাসী। 'মাসশাশুড়ী' শব্দের সংক্ষেপ। বি।
মাসিক—১। মাসে মাসে কর্তব্য বা দেয়; প্রতিমাসে যাহা প্রকাশিত হয় এমন ('— পত্রিকা')। বিণ। স্ত্রী, -কী। ২। প্রেতের সংবৎসরাভ্যন্তরে প্রতিমাসীয় মৃতসজাতীয়তিথিকর্তব্য শ্রাদ্ধ; প্রতিমাসকর্তব্য কৃষ্ণপক্ষনিমিত্তক শ্রাদ্ধ। মাস+ইক নির্বৃত্তার্থে, দেয়ার্থে। বি; ক্লী। ৩। স্ত্রীলোকের ঋতুকাল; স্ত্রী-রজঃ। বাংপ্র। বি। [স্ত্রী।
মাসী, মাসি—মাতার ভগিনী। <মাতৃষ্বসৃ। বি;
মাসুল—কর; শুল্ক; বহনের ভাড়া ('মনি-অর্ডারের —')। <আ 'মহসূল'। বি।
মাস্টার—প্রভু; শিক্ষক। <ইং 'master'. বি।
মাস্টারি—শিক্ষকতা। মাস্টার+ই কর্মার্থে (ইং-মূ)। বি।
মাস্তুল—জাহাজের উপরিস্থ উচ্চস্তম্ভ; নৌকার পাল খাটাইবার দন্ড। <পো 'mastro'. বি।
মাহ—মাস; মাঝ, মধ্যে। <ফা 'মাহ্' অথবা <মাস বা মধ্য। বি বা অ।
মাহা—মাস। ফা-মূ। বি।
মাহাজনিক—মহাজন সম্বন্ধীয়। মহাজন+ইক সম্বন্ধার্থে। বিণ।
মাহাত্ম্য—মহানুভবতা; মহত্ত্ব, মহাত্মতা, মহিমা; কীর্তি, গৌরব। মহাত্মন্+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
মাহিনা—মাসিক বেতন; বেতন; মাস। <ফা 'মাহ্-নাহ্'। বি।
মাহিয়ানা—মাসিক বেতন; বেতন। ফা। বি।
মাহিষ্য—১। কৈবর্ত জাতি। মহিষী+ষ্যঞ্ ভবার্থে। বি; পুং। ২। মহিষোদ্ভব; মহিষ সম্বন্ধীয়। মহিষ+ষ্যঞ্ ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -ষী।
মাহুত—হস্তিচালক। <মহামাত্র। বি।
মাহেন্দ্র—১। ইন্দ্র সম্বন্ধীয়। বিণ। স্ত্রী, -ন্দ্রী। ২। শুভ-যোগ বা ক্ষণ বিঃ। মহেন্দ্র+অণ্ সম্বন্ধার্থে। বি; পুং।
মাহেশ্বর—১। মহেশ্বরসম্বন্ধীয়। মহেশ্বর+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -রী। ২। শিবোপাসক। মহেশ্বর+অণ্ উপাসক অর্থে। বি; পুং।
মিউ, মিউ মিউ—বিড়ালের শব্দ। বাংপ্র। অ।
মিউনিসিপ্যালিটি—পৌরসভা। <ইং 'municipality'. বি। বিণ—**মিউনিসিপ্যাল**।
মিছরি—গুড় বা চিনি হইতে জাত স্ফটিকতুল্য খাদ্য বিঃ। <আ 'মিস্‌রী'। বি। **মিছরির ছুরি**—যাহার চালচলন বা কথাবার্তা মিছরির মত মধুর কিন্তু অন্তর ছুরির মত সাংঘাতিক; মুখে মিষ্টি কিন্তু অন্তরে বিষ এমন আচরণ।
মিছা, মিছে—অসত্য, অনৃত; নিষ্ফল; অনর্থক। <মিথ্যা। বিণ।
মিছামিছি—বৃথা; বিনা কারণে, নিরর্থক; মিথ্যা করিয়া; কোন লাভ না পাইয়া। বাংপ্র। ক্রি-বিণ।
মিছিল—শোভাযাত্রা; আদালতের কাগজপত্র, নথি। <আ 'মিস্‌ল্'। বি।
মিজরাব—সেতার ইঃ বাজাইবার জন্য আঙ্গুলে যে তারের অঙ্কুশ পরা হয় তাহা। আ। বি।
মিঞা—মুসলমান ভদ্রলোককে সম্বোধন করিবার শব্দ; মহাশয়। ফা-মূ। বি।
মিট—মিল। বাংপ্র। বি।
মিটমাট—নিষ্পত্তি। বাংপ্র। বি।
মিটমিট—চক্ষু পুনঃ পুনঃ উন্মীলন ও নিমীলন; ক্ষীণভাবে জ্বলা। বাংপ্র। অ।
মিটমিটে—মৃদু, ক্ষীণ, অস্পষ্ট, যাহা মিটমিট করে এমন ('— আলো'); প্রচ্ছন্ন ('— ডাইন')। মিটমিট +এ করে অর্থে (বাংপ্র)। বিণ।
মিটা—নিষ্পত্তি হওয়া; শেষ হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
মিটানো—শেষ করা; চরিতার্থ করা; নিষ্পত্তি করা; থামানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
মিটিমিটি—ক্ষীণভাবে, মিটমিট করিয়া। বাংপ্র। ক্রি-বিণ।
মিঠা—১। মিষ্ট, মধুর। বিণ। ২। মিষ্টত্ব। <মিষ্ট। বি।
মিঠাই—মিষ্টদ্রব্য; মোদক, ডালম্বারা প্রস্তুত লাড়ু বিঃ। মিঠা+ই আছে অর্থে। <মিষ্টান্ন। বি।
মিঠে-কড়া—মধুর অথচ ঝাঁজযুক্ত; দোরসা; সম-

পরিমাণে মৃদু ও কটু; নরমগরম ('— চিঠি')। মিঠে অথচ কড়া, কর্মধা (বাংপ্র)। বিণ।

মিড়—সংগীতে এক স্বর হইতে অবিচ্ছিন্নভাবে অন্য স্বরে আরোহণ বা অবরোহণ। বাংপ্র। বি।

মিত—সংযত; কম; পরিমিত; ওজন-করা। মা+ক্ত কর্ম। বিণ।

মিতবর—বিবাহার্থ গমনকারী বরের সহযাত্রী বালক। < মিত্রবর। বি। [অনুরূপ—মিতকনে।]

মিতবাক্ (-বাচ্)—যে প্রয়োজনাধিক কথা বলে না এমন, মিতভাষী। মিতা বাক্ যাহার, বহু। বিণ।

মিতব্যয়—পরিমাণমত খরচ। কর্মধা। বি; পুং।

মিতব্যয়িতা—সংযতভাবে খরচ করিবার স্বভাব। মিতব্যয়িন্+তা ভাবে। বি; স্ত্রী।

মিতব্যয়ী (-ব্যয়িন্)—অল্পব্যয়ী; পরিমিত ব্যয়কারী। মিতব্যয়+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-ব্যয়িনী**।

মিতভাষী (-ভাষিন্)—যে অল্প কথা বলে এমন। উপতৎ; মিত—ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভাষিণী**। বি, **-ভাষিতা**।

মিতহাসিনী—সংযতভাবে হাস্যকারিণী, মৃদুহাসিনী। উপতৎ; মিত—হস্+ণিন্ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী।

মিতা—১। সখা, বন্ধু। < মিত্র। বি। ২। পরিমিতা। মিত+আপ্। বিণ; স্ত্রী।

মিতাক্ষর—যে ছন্দের দুই চরণের শেষে অক্ষরের মিল আছে। < মিত্রাক্ষর। বি।

মিতাক্ষরা—বিজ্ঞানেশ্বর-প্রণীত স্মৃতিগ্রন্থ বিঃ (বিশেষতঃ, উত্তরাধিকার-নির্ণায়ক)। বি; স্ত্রী।

মিতাচার—সংযত ব্যবহার; পানভোজনাদি সম্বন্ধে সংযম। কর্মধা। বি; পুং। বিণ—**মিতাচারী** (-রিন্)। [বি।

মিতালি—বন্ধুত্ব, মিত্রতা। মিতা+লি ভাবে (বাংপ্র)।

মিতাশন—পরিমিত আহার। কর্মধা। বি; ক্লী।

মিতাশী (-শিন্)—মিতাহারী। উপতৎ; মিত—অশ্+ণিন্ কর্তৃ। বিণ; পুং।

মিতাহার—পরিমিত আহার। কর্মধা। বি; পুং।

মিতাহারী (-রিন্)—পরিমিত আহারকারী। উপতৎ; মিত—আ—হৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-হারিণী**।

মিতি—জ্ঞান; পরিমাণ; পরিমাপ। মা+ক্তি ভাব। বি; স্ত্রী। [বি।

মিতিন—মিতের স্ত্রী; স্ত্রীবন্ধু। মিতা+ইন্ (বাংপ্র)।

মিতে—মিতা। < মিত্র। বি।

মিত্র—১। বন্ধু, সখা, সুহৃদ্। মি+ত্র কর্তৃ। বি; ক্লী। ২। সূর্য; বাঙালী কায়স্থ বংশের উপাধি বিঃ। মি+ত্র কর্তৃ। বি; পুং।

মিত্রতা, মিত্রত্ব—বন্ধুত্ব, সৌহার্দ; সন্ধি। মিত্র+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

মিত্রলাভ—বন্ধুপ্রাপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মিত্রাক্ষর—পদ্যে চরণে চরণে শেষবর্ণের যে মিল থাকে সেই মিলযুক্ত ছন্দ। মিত্র অক্ষর যাহাতে, বহু। বি; ক্লী। [পুং।

মিত্রাবরুণ—আদিত্যবরুণ। মিত্র এবং বরুণ, দ্বন্দ্ব। বি;

মিথুন—১। স্ত্রীপুরুষের যুগল, couple; যোড়; মেষাদি দ্বাদশ রাশির অন্তর্গত তৃতীয় রাশি। মিথ্+উনন্ কর্তৃ। ২। স্ত্রীসংসর্গ; মিলন; সংযোগ। মিথ্+উনন্ ভাব। বি; ক্লী।

মিথ্যা—অসত্য, মিছা; বৃথা; কাল্পনিক; কপট। মিথ্+ক্যপ্ কর্ম+আপ্। অ; বিণ।

মিথ্যাচরণ—মিছা কথা বলা; কপট ব্যবহার। মিথ্যা-যুক্ত আচরণ, মধ্যপ। বি; ক্লী।

মিথ্যাচারী (-চারিন্)—মিথ্যাবাদী; কপটাচারী। উপতৎ; মিথ্যা—আ—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চারিণী**। বি, **-চারিতা**।

মিথ্যাবাদী (-বাদিন্)—যে মিথ্যা বলে এমন, অসত্য-বাদী। উপতৎ; মিথ্যা—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিনী**। বি, **-বাদিতা**।

মিথ্যাভাষী (-ভাষিন্)—মিথ্যাবাদী। উপতৎ; মিথ্যা—ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। বি, **-ভাষিতা**। স্ত্রী, **-ভাষিণী**। [বিণ।

মিথ্যুক—মিথ্যাবাদী। মিথ্যা+উক শীলার্থে (বাংপ্র)।

মিথ্যে—মিছা। < মিথ্যা। বাং। অ। **মিথ্যের জাহাজ, মিথ্যের ঝুড়ি**—অতিশয় মিথ্যাবাদী।

মিনতি—প্রার্থনা, অনুনয়-বিনয়। < বিনতি বা বিজ্ঞপ্তি। বি।

মিনমিন—ক্ষীণতা বা দুর্বলতা প্রকাশ। বাংপ্র। অ।

মিনমিনে—১। হাম রোগ বিঃ। বি। ২। যে অতি ধীরে ধীরে কথা বলে এমন; যে অতি নিরীহ এবং শান্ত বলিয়া অনুমিত হয় এমন। মিনমিন+এ করে অর্থে (বাংপ্র)। বিণ। [< মানুষ। বি।

মিনসে—মানব; পুরুষ; বয়স্থ লোক (অবজ্ঞায়)।

মিনা, মিনে—ধাতুদ্রব্যের উপর কাচের মত মসৃণ আস্তর, enamel. < ফা 'মীনা'। বি।

মিনার—উচ্চ ভজনালয় বা তাহার চূড়া। ফা। বি।

মিনি—বিনি (তাহা দ্রঃ)। [বি।

মিনিট—ঘণ্টার ষষ্টিতম ভাগ। < ইং 'minute'.

মিয়া—মুসলমান ভদ্রলোক। < উ 'মিয়ান'। বি।

মিয়াদ, মেয়াদ—কয়েদ, কারাভোগ; নির্দিষ্ট সময়। আ। বি।

মিয়াদী, মেয়াদী—নির্দিষ্টকাল ব্যাপিয়া স্থায়ী; অল্পকালস্থায়ী। মিয়াদ, মেয়াদ+ঈ স্থায়ী অর্থে (আ-মৃ)। বিণ।

মিয়ানো, মিয়নো—১। ভিজা; বাসী; যাহা কড়কড়ে নহে এমন। বিণ। ২। বাসী হওয়া; নরম হওয়া, কড়কড়ে না থাকা। বাংপ্র। ক্রি [, বি]।

মির, মীর—সর্দার, প্রধান ব্যক্তি। আ। বি।

মিরগেল—একপ্রকার মাছ। < মৃগেল। বি।

মির্জা—মুসলমানদিগের পদবী বিঃ। ফা। বি।

মিল—১। বন্ধুত্ব, প্রণয়; খাপ; একরূপ; তুলনা; সাদৃশ্য; পদ্যের দুই চরণের শেষে অক্ষরসাম্য; সংগতি। < মিল্-ধাতু। ২। কল। < ইং 'mill'. বি।

মিলন—ঐক্য; সংযোগ; সাক্ষাৎকার; কলহের শেষে পুনরায় সম্ভাব; মিশ্রণ; মিত্রাক্ষর। মিল্+অনট্ ভাব। বি; ক্লী।

মিলনসংগীত—মিলনবিষয়ক গান; রাধাকৃষ্ণের মিলন-বিষয়ক সংগীত। মধ্যপ। বি; ক্লী।

মিলনসাধন—সংযোগসাধন; সংযোগসাধনোপায়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মিলনান্ত—যে নাটকাদির শেষে নায়ক-নায়িকার মিলন হয় এমন ('— নাটক')। মিলনে অন্ত যাহার, বহু। বিণ। [(বাংপ্র)। বি।

মিলমালিক—কলকারখানার স্বত্বাধিকারী। ৬ষ্ঠীতৎ

মিলমিলে—শিশুর হাম রোগ। বাংপ্র। বি।

মিলা—একত্র হওয়া; একরূপ হওয়া; সদৃশ হওয়া; যোগদান করা; ঠিক হওয়া, খাপ খাওয়া; জুটা, যোগাড় হওয়া; উন্মীলন করা। বাংপ্র। ক্রি। [প্রা কপ্র—**মিলব**—মিলিবে। **মিলাওল**—মিলাইয়া গেল; মিলিল। **মিলায়ত**—মিলায়। **মিলু**—মিলে। **মিলু**—মিলি।]

মিলানো—জুটানো; সংগ্রহ করা; একরূপ করা; একরূপ আছে কিনা পরীক্ষা করা; রুজু দেওয়া; নরম হওয়া; অদৃশ্য হওয়া; উন্মীলিত করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

মিলামিশা, মেলামেশা—ঘনিষ্ঠতা; সঙ্গ করা; একত্র মিলানো। দ্বন্দ্ব (বাংপ্র)। বি বা ক্রি।

মিলিত—সংযুক্ত, মিশ্রিত; একত্রিত; সম্বন্ধবিশিষ্ট; প্রাপ্ত; উপস্থিত। মিল্+ক্ত কর্তৃ। বিণ।

মিশ—১। মিলন, ঐক্য; মিশ্রণ; অনুরূপভাব। < মিশ্র। ২। কালি। < মসি। বি।

মিশকালো—মিশির মত কালো। মিশসদৃশ কালো, উপমান কর্মধা (বাংপ্র)। বিণ।

মিশনো, মিশানো—মিলানো, এক করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। < মিশ্রণ।

মিশমিশ, মিসমিস—ঘোর কৃষ্ণবর্ণ প্রকাশ। বাংপ্র। অ।

মিশমিশে, মিসমিসে—ঘোর কালো। বাংপ্র। বিণ।

মিশা—যোগ দেওয়া; সঙ্গে থাকা। বাংপ্র। ক্রি।

মিশামিশি মেশামেশি—ঘনিষ্ঠতা; একত্র মিশ্রণ। বাংপ্র। বি। [(বাংপ্র)। বি।

মিশাল, মিশল—ভেজাল, মিশ্রণ। মিশা+ল ভাব

মিশুক—যে সহজেই কাহারও সঙ্গে মিলিত হইতে বা প্রীতি স্থাপন করিতে পারে এমন। মিশ্+উক কর্তৃ (বাংপ্র)। বিণ।

মিশ্র—১। মিলিত, সংযুক্ত। মিশ্র+ঘঞ্ কর্ম। ২। (শব্দের পরবর্তী হইলে) শ্রেষ্ঠ; মান্য, পূজ্য। বিণ। ৩। ব্রাহ্মণের উপাধি বিঃ; উদগ্রাদি সপ্ত-গণান্তর্গত সপ্তম গণ; গজজাতি বিঃ। মিশ্র্+অচ্ কর্তৃ। ৪। মিশ্রিত দ্রব্য, "মিকশ্চার"। মিশ্র-+ঘঞ্ কর্ম। বি; পুং।

মিশ্রক—যে মিশাল বা ভেজাল দেয় এরূপ, মিশ্রণ-কারী। মিশ্র+কন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**মিশ্রিকা**।

মিশ্রণ—ঐক্য; ভেজাল; মিশানো; মিলন, যোগ; একত্রীকরণ; সংকলন। মিশ্র্+অনট্ ভাব। বি, ক্লী।

মিশ্রপদার্থ—যে সকল পদার্থ বিভিন্ন প্রকৃতির পরমাণুর যোগে উৎপন্ন হয় তাহা। কর্মধা। বি; পুং। [বি; ক্লী।

মিশ্রললিত—বাঙ্গালা কবিতার ছন্দো বিঃ। কর্মধা।

মিশ্রিত—যুক্ত, মিলিত; মিশানো। মিশ্র্+ক্ত কর্ম। বিণ।

মিষ্ট—১। মিষ্টান্ন। বি; ক্লী। ২। সুস্বাদ, মধুর; প্রীতিপ্রদ; সময়োচিত। বিণ। ৩। মধুর রস। মিষ্+ক্ত কর্ম। বি; পুং।

মিষ্টমুখ, মিষ্টিমুখ—মিষ্টান্ন দ্বারা সামান্য জল-যোগ; গৃহস্থের সন্তোষের জন্য গৃহাগত ব্যক্তির সামান্য মিষ্টান্ন ভক্ষণ; মিষ্টবাক্য। কর্মধা (বাংপ্র)। বি।

মিষ্টান্ন—সুস্বাদু বস্তু, মধুর দ্রব্য; পায়স; মিঠাই। • মিষ্ট অন্ন, কর্মধা। বি; ক্লী।

মিষ্টান্নভোজী (-ভোজিন্)—মিষ্টান্নভক্ষণকারী। উপতৎ; মিষ্টান্ন—ভুজ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভোজিনী**।

মিসমিস—'মিশমিশ' দ্রঃ।

মিসমিসে—'মিশমিশে' দ্রঃ।

মিসর—ঈজিপ্ট। < আ 'মিস্‌র্'। বি।

মিসি—দাঁত কাল করিবার মাজন। < ফা 'মিসী'। বি।

মিসিবাবা—(খানসামা ইঃর ভাষায়) ইঙ্গভারতীয় কুমারী। < ইং 'miss'. বি।

মিস্ত্রী—কারিকর; রাজ; ছুতার; কুমার; সূত্রধর। < পো 'mestre'. বি।

মিহি—সরু, সূক্ষ্ম। < ফা 'মহীন্'। বিণ।

মিহিদানা—একপ্রকার মিঠাই, মোতিচুর। কর্মধা। (ফা-মু)। বি।

মিহির—সূর্য। মিহ্+কিরচ্ কর্তৃ। বি; পুং।

মীন—মৎস্য; রাশি বিঃ; বিষ্ণুর প্রথম অবতার। মী+নক্ কর্তৃ। বি; পুং।

মীনকেতন, -ধ্বজ—কামদেব। বহু। বি; পুং।

মীনাক্ষী—১। দেবী বিঃ। বি; পুং। ২। **মৎস্যাক্ষী**, মৎস্যের অক্ষির ন্যায় অক্ষিযুক্তা। মীনের অক্ষির ন্যায় অক্ষি যাহার, বহু (ষচ্ সমাসান্ত)+ঈপ্। বিণ; স্ত্রী। [বিণ।

মীমাংসক—মীমাংসাকারী। মান্+সন্+ণক কর্তৃ।

মীমাংসা—১। সিদ্ধান্ত, নিষ্পত্তি; পূর্বাপর-বিরোধ-পরিহার। মান্+সন্ স্বার্থে+অ ভাব+আপ্। বিণ—**মীমাংসিত**। ২। ষড় দর্শনের অন্তর্গত জৈমিনি-মুনি-প্রণীত দর্শনশাস্ত্র; বেদান্তশাস্ত্র। মান্+সন্ স্বার্থে+অ করণ+আপ্। বি; স্ত্রী।

মীল, মীলন—মুদ্রিতকরণ, বুজা, সংকোচন। মীল্+ঘঞ্ অনট্ ভাব। বি; পুং, ক্লী।

মীলিত—মুদ্রিত; অপ্রফুল্ল, অবিকসিত; সংকুচিত। মীল্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

মুই—আমি। প্রা কপ্র; প্রাদে। সর্ব।

মুকুট—কিরীট, শিরোভূষণ। মন্‌ক্+উটন্ কর্তৃ (নিপা)। বি; পুং।

মুকুতা—মতি। < মুক্তা। বি।

মুকুন্দ—মুক্তিদাতা নারায়ণ, শ্রীবিষ্ণু। মুকু (মোক্ষ)—দা+ক কর্তৃ (নিপা)। বি; পুং।
মুকুর—দর্পণ, আর্শি। মন্‌ক্‌+উরচ্‌ কর্তৃ (নিপা)। বি; পুং। [পুং বা ক্লী।
মুকুল—কলিকা, কুঁড়ি। মন্‌ক্‌+উলচ্‌ কর্তৃ। বি;
মুকুলিত—অর্ধমুদিত; আধফুটন্ত; যাহাতে কুঁড়ি ধরিয়াছে এমন; মুকুলযুক্ত। মুকুল+ইতচ্‌ জাতার্থে। বিণ।
মুক্ত—১। মোক্ষপ্রাপ্ত। মুচ্‌+ক্ত কর্মকর্তৃ। ২। উন্মুক্ত; অবন্ধ, অবারিত; খালাস; মোক্ষপ্রাপ্ত; নিষ্কৃতিপ্রাপ্ত; পরিষ্কৃত; উদ্ধৃত; বিসৃষ্ট; ত্যক্ত; আনন্দিত; নির্মল। মুচ্‌+ক্ত কর্ম। বিণ।
মুক্তকচ্ছ—যাহার কাছা খোলা এমন, বেসামাল, যত্নহীন। বহু। বিণ।
মুক্তকণ্ঠ—খোলা গলা, জোর গলা; যাহার বাক্‌ সংকোচ দূর হইয়াছে এমন। বহু। বিণ, বা বি; পুং। [ভাবে। বহু। ক্রি-বিণ।
মুক্তকণ্ঠে—খোলা গলায়; জোর গলায়; দ্বিধাশূন্য-
মুক্তকেশ—১। খোলা চুল। কর্মধা। বি; পুং। ২। যাহার চুল খুলিয়া গিয়াছে এমন। বহু। বিণ। স্ত্রী, -শা, -শী।
মুক্তপুরুষ—যিনি সংসারের মায়া-মোহ কাটাইয়া সত্যজ্ঞান লাভ করিয়াছেন। কর্মধা। বি; পুং।
মুক্তবেণী—খোলা চুলের বেণী; উন্মুক্ত নদীস্রোতঃ; হুগলীর ত্রিবেণী। কর্মধা। বি; স্ত্রী।
মুক্তহস্ত—দানশীল, বদান্য, দানে অকুণ্ঠ; যে খুব খরচ করে এমন। বহু। বিণ।
মুক্তা—১। মৌক্তিক, মোতি, শুক্তিগর্ভে জাত রত্ন। মুচ্‌+ক্ত কর্ম+আপ্‌। বি; স্ত্রী। ২। উন্মুক্তা; মুক্তিপ্রাপ্তা। মুক্ত+আপ্‌। বিণ; স্ত্রী।
মুক্তি—মোচন; পরিত্রাণ; অপবর্গ; পাপ হইতে ত্রাণ; সংসারবন্ধনহীনতা; ব্রহ্মস্বরূপ-প্রাপ্তি; দেহের ইন্দ্রিয়াদি হইতে বন্ধনশূন্যত্ব। মুচ্‌+ক্তি ভাব। বি; স্ত্রী।
মুক্তিদাতা (-দাতৃ)—পরিত্রাণকারী; মোক্ষপ্রদানকারী; সংসারদুঃখনাশক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -দাত্রী।
মুক্তিনামা—কারামোচন বা বন্ধনমোচনের আদেশযুক্ত পত্র; ছাড়পত্র; বন্ধকী বিষয়-সম্পত্তি ছাড় দেওয়ার পত্র। মুক্তি+নামা লিপি অর্থে (বাংপ্র)। বি।
মুক্তিপত্র—ছাড়পত্র, মুক্তিনামা। মুক্তিবিজ্ঞাপক পত্র, মধ্যপ। বি; ক্লী।
মুক্তিপ্রার্থী (-প্রার্থিন্‌)—পরিত্রাণ পাইতে ইচ্ছুক, যে মুক্তি চায় এমন। উপতৎ; মুক্তি—প্র—অর্থ্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী, -প্রার্থিনী।
মুক্তিফৌজ, -সেনা—খ্রীষ্টীয় ধর্মসম্প্রদায় বিঃ, salvation army. ৪র্থীতৎ। বি; স্ত্রী। (সংস্কৃত ও ফা মিশ্র।)
মুক্তিমণ্ডপ—কাশীর বিশ্বেশ্বরের দক্ষিণপার্শ্বস্থ মণ্ডপ। পুরীর জগন্নাথমন্দিরের দক্ষিণপার্শ্বস্থ মণ্ডপ। মুক্তিপ্রদ মণ্ডপ, মধ্যপ। বি; পুং বা ক্লী।
মুক্তিসেনা—'মুক্তিফৌজ' দ্রঃ।

মুখ—১। আনন, বদন; মুখমণ্ডল; মুখগহ্বর; মোহানা; গৃহাদির দ্বার; গৃহাঙ্গনাদির নিঃসরণপথ; নিঃসরণ; আরম্ভ; অগ্রভাগ; সম্মুখভাগ; অভিমুখ; উপায়; নাটক; নাটকাদির সন্ধি বিঃ; বাক্‌, শব্দ। খন্‌+অল্‌ বা অচ্‌ কর্মবা। বি; ক্লী। **কোন্‌ মুখে আবার আসিয়াছ**—আসিতে তোমার লজ্জা হওয়া উচিত ছিল। **তোমার মুখে ফুল-চন্দন পড়ুক**—প্রিয়সংবাদদাতাকে আশীর্বাদ। **তোর মুখে আগুন**—তুই মর্‌ (গালি)। **মুখ আলগা করা**—অসংযত ভাষায় কথা বলা। **মুখ আলো করা**—শ্মশানে মুখাগ্নি-প্রদান করা; গৌরবান্বিত করা। **মুখ উজ্জ্বল করা**—গৌরবান্বিত করা। **মুখ করা**—গালি দেওয়া, বকাঝকা। **মুখ কালো করা**—বিষণ্ণ হওয়া, দুঃখের ভাব জানানো। **মুখ খাওয়া**—বকুনি খাওয়া ("তা না হলে মায়ের কাছে মুখ খেতে খেতে প্রাণ যাইত"—টেকচাঁদ)। **মুখ খারাপ করা**—কুৎসিত ভাষায় গালাগালি করা। **মুখ খিঁচানো**—মুখ-ভেঙ্‌চি করা; বকাবকি করা। **মুখ গোঁজ করা**—চুপ করিয়া ক্রোধসূচক মুখভঙ্গী করা। **মুখ চলা**—কথা বা গালি চলিতে থাকা। **মুখ চাওয়া**—মুখাপেক্ষা করা, কাহারও উপর নির্ভর করা। **মুখ চুন হওয়া**—লজ্জা নৈরাশ্য প্রঃ কারণে মুখ বিবর্ণ হওয়া। **মুখ ছুটানো**—অসংযত ভাষা ব্যবহার করা; গালি দেওয়া; যা-তা বকা। **মুখ তুলিয়া চাওয়া**—প্রসন্ন হওয়া। **মুখ থাকা**—সম্মান বজায় থাকা। **মুখ পোড়া**—কলঙ্ক-জন্য সম্মান নষ্ট হওয়া। **মুখ পোড়ানো**—কলঙ্কলেপনপূর্বক সম্মান নষ্ট করা। **মুখ ফুটানো**—অসংযত ভাষা ব্যবহার করা; গালি দেওয়া। **মুখ বন্ধ করা**—কথা বলিতে না দেওয়া। **মুখ বাঁকানো**—অপ্রসন্ন ভাব দেখানো। **মুখ ভার করা বা হওয়া**—মুখের অপ্রসন্ন বা বিষণ্ণভাব করা বা হওয়া। **মুখ ভেঙানো, মুখ ভেঙ্‌চানো**—পরিহাসার্থ কাহারও মুখভঙ্গির বিকৃতি অনুকরণ করা। **মুখ মারা**—রসনার স্বাদগ্রহণ-ক্ষমতা নষ্ট হওয়া। **মুখ রাখা**—মান বা গৌরব রক্ষা করা। **মুখ সামলানো**—রসনা সংযত করা। **মুখে ছাই দেওয়া**—(শত্রু প্রঃর) অনিষ্টকামনা ব্যর্থ করা। **মুখে মুখে**—মুখস্থ রূপে; কানায় কানায়। **মুখের উপর**—সাক্ষাতেই। **মুখের কথায়**—লিখিত আদেশ বা অনুরোধ ব্যতীতই। **মুখের ভাত**—আহারের নিমিত্ত সম্মুখে আনীত অন্ন। ২। আদ্য; প্রধান। খন্‌+অচ্‌ কর্ম (নিপা)। বিণ।
মুখকমল—পদ্মের মত সুন্দর মুখ, বদনকমল। মুখ কমলসদৃশ, উপমিত কর্মধা। বি; পুং।
মুখকান্তি—মুখের শোভা, মুখের দীপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
মুখগহ্বর—মুখবিবর (তাহা দ্রঃ)।
মুখচন্দ্র—চাঁদমুখ, চাঁদের মত সুন্দর মুখ। রূপক কর্মধা; অথবা, মুখ চন্দ্রসদৃশ, উপমিত কর্মধা। বি; পুং। [দৃষ্টিবিনিময়। বাংপ্র। বি।
মুখচন্দ্রিকা—বিবাহকালে বধূবরের পরস্পরের সহিত

মুখচুন—লজ্জা নৈরাশ্য ইঃর জন্য ফ্যাকাশে মুখ। বাংপ্র। বিণ; স্ত্রী।
মুখচোরা—কথা বলিতে লাজুক; ন্যায্য কথা বলিতে সংকুচিত। মুখ (বাক্য)-বিষয়ে চোরা, ৭মীতৎ (বাংপ্র)। বিণ। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
মুখচ্ছবি—মুখশ্রী, মুখের শোভা; মুখের আকৃতি।
মুখঝামটা—মুখ বিকৃত করিয়া তিরস্কার (সাধারণতঃ স্ত্রীলোকের)। ৩য়াতৎ (বাংপ্র)। বি।
মুখটি—ব্রাহ্মণের উপাধি বিঃ; মুখ্যবংশজাত ব্রাহ্মণ। বাংপ্র। বি।
মুখড়— < মুখর। বিণ।
মুখনাড়া—মুখঝামটা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
মুখনো, মুখানো—উদ্‌গ্রীব হওয়া, অগ্রবর্তী হইয়া থাকা। বাংপ্র। ক্রি [, বি]।
মুখপত্র—কাহারও প্রতিনিধিস্বরূপে কথা বলিবার অনুমতিসূচক পত্র; প্রতিনিধিস্থানীয় পত্র; ভূমিকা। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ। বি; ক্লী।
মুখপদ্ম—পদ্মফুলের ন্যায় সুন্দর মুখ। উপমিত বা রূপক কর্মধা। বি; ক্লী।
মুখপাত—ভূমিকা; উপরিভাগ; প্রথম অংশ; আরম্ভ; প্রথম পত্র। < 'মুখপত্র'। বি।
মুখপাত-দোরস্ত—আদব-কায়দাবিষয়ে ত্রুটিহীন; বাহ্য-অনুষ্ঠান-বিষয়ে ত্রুটিহীন। বহু (বাংপ্র)। বিণ। [ক্লী।
মুখপাত্র—প্রধান নায়ক; শ্রেষ্ঠ ব্যক্তি। কর্মধা। বি;
মুখপোড়া—গালি বিঃ, বাঁদর। বহু (বাংপ্র)। বি।
মুখফোড়, -ফোঁড়—যাহার কোন কথা বলিতে মুখে বাধে না এমন, স্পষ্টবক্তা; উচিতবক্তা। বহু (বাংপ্র)। বিণ। [বংশ। কর্মধা। বি; পুং।
মুখবংশ—কুলীন বংশ; প্রধান বংশ; মুখোপাধ্যায়
মুখবন্ধ—প্রস্তাবনা; ভূমিকা। মুখের বন্ধ যদ্দ্বারা, বহু। বি; পুং।
মুখবিবর—মুখের গর্ত। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
মুখব্যাদান—হাঁ করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
মুখভংগী—মুখের বিকৃতি; মুখের বিকৃত অবস্থার প্রকার। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
মুখভার—অভিমান কোপ বা দুঃখের জন্য গম্ভীর মুখ। বাংপ্র। বি। [কর্মধা। বি; ক্লী।
মুখমণ্ডল—বদনমণ্ডল, সমগ্র মুখ। মুখই মণ্ডল,
মুখমিষ্ট—মধুরভাষী। বহু (বাংপ্র)। বিণ।
মুখর—অতিশয় বক্তা, বাচাল; দুর্মুখ; অপ্রিয়ভাষী; যে অগ্রে বলে এরূপ; অগ্রবর্তী; শব্দায়মান। মুখ—রা+ক কর্তৃ। বিণ। [বি; স্ত্রী।
মুখরক্ষা—মান বাঁচানো, saving face. ৬ষ্ঠীতৎ।
মুখরিত—শব্দায়মান, ধ্বনিত। মুখর+ণিচ্ (=মুখরি নামধাতু)+ক্ত কর্ম। বিণ। [স্ত্রী।
মুখরুচি—মুখের শোভা, মুখকান্তি। ৬ষ্ঠীতৎ। বি;
মুখরোচক—রসনার তৃপ্তিজনক, যাহা খাইতে বা বলিতে ভাল লাগে এমন, সুস্বাদু। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -রোচিকা।
মুখশশী (-শশিন্)—চন্দ্রের ন্যায় মনোহর মুখ। রূপক কর্মধা; অথবা, মুখ শশীর ন্যায়, উপমিত কর্মধা। বি; পুং।
মুখশুদ্ধি—১। মুখপ্রক্ষালন; দন্তধাবন; আহারের পর পান-সুপারি ইঃ খাওয়া। ৬ষ্ঠীতৎ। ২। ভোজন ও আচমনের পরে মুখশোধনীয় হরীতকী সুপারি প্রঃ দ্রব্য। বহু। বি; স্ত্রী।
মুখশোষ—মুখের শুষ্কভাব ("সীতা লক্ষ্মণের মুখশোষ ও স্বর-বৈলক্ষণ্য দর্শনে"—বিদ্যাসাগর)। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; স্ত্রী।
মুখশ্রী—মুখের শোভা, মুখের কান্তি। ৬ষ্ঠীতৎ।
মুখসর্বস্ব—কথায় পটু কিন্তু কাজ করিতে পারে না এমন। বহু। বিণ। [+ক কর্তৃ। বিণ।
মুখস্থ—মুখে অবস্থিত; কণ্ঠস্থ। উপতৎ; মুখ—স্থা
মুখাকৃতি—মুখের চেহারা, মুখের গঠন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [মধ্যপ। বি; পুং।
মুখাগ্নি—শবমুখে প্রদত্ত অগ্নি। মুখদত্ত অগ্নি,
মুখানো—'মুখনো' দ্রঃ।
মুখাপেক্ষা—অনুরোধ; পক্ষপাত; অনুগ্রহ-প্রত্যাশা, কাহারও মুখ চাহিয়া আশায় থাকা। মুখের অপেক্ষা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
মুখাপেক্ষিতা—অন্যের অনুগ্রহ-প্রত্যাশা; পক্ষপাতিতা। মুখাপেক্ষিন্+তা ভাবে। বি; স্ত্রী।
মুখাপেক্ষী (-ক্ষিন্)—অনুগ্রহাশায় প্রতীক্ষাকারী, অন্যসাহায্য-প্রত্যাশী; পক্ষপাতী; মুখনিরীক্ষক। মুখ—অপ—ঈক্ষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ক্ষিণী।
মুখাবয়ব—মুখাকৃতি, মুখের গঠন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মুখামুখি, মুখোমুখি—১। সামনাসামনি। ক্রি-বিণ। ২। সামনা-সামনি অবস্থিত। বিণ। ৩। পরস্পর কথা-কাটাকাটি বা গালিপ্রদান। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।
মুখামৃত—থুতু, মুখের লালা। মুখনিঃসৃত অমৃত, মধ্যপ। বি; ক্লী।
মুখি—কচু প্রঃর গেঁড় বা অঙ্কুর। মুখ+ই সদৃশার্থে (বাংপ্র)। বি।
-মুখী, -মুখো—(দিগ্-বাচক শব্দের পরবর্তী হইলে) অভিমুখী; (অন্য শব্দের পরবর্তী হইলে) মুখবিশিষ্ট। মুখ+ঈ, ও (< উয়া) বিশিষ্টার্থে। বিণ।
মুখুজ্জে— < মুখোপাধ্যায়। বি।
মুখুটি—ব্রাহ্মণের উপাধি বিঃ; মুখোপাধ্যায়-বংশ। বাংপ্র। বি।
মুখোপাধ্যায়—রাঢ়ী শ্রেণীর কুলীন ব্রাহ্মণের উপাধি বিঃ। মুখ (প্রধান) যে উপাধ্যায় (গুরু অর্থাৎ ব্রাহ্মণ), কর্মধা। বি; পুং।
মুখোশ—মুখাবরণ; মুখের উপরিস্থিত কৃত্রিম মুখ। < মুখকোশ। বি।
মুখ্য—১। প্রধান, শ্রেষ্ঠ। মুখ+যৎ সদৃশার্থে। ২। প্রথম; আদিম। মুখ+যৎ ভবার্থে। বিণ।
মুগ—মুগ কলাই, একপ্রকার দাল। < মুদ্গ। বি।
মুগা—একপ্রকার মোটা রেশম; প্রবাল। বাংপ্র। বি।

মুগুর—গদা; কাঠের তৈরী বড় হাতুড়ি বিঃ। <মুদ্গর। বি।

মুগ্ধ—মোহিত; মূঢ়; মোহবশ; সুন্দর; নূতন; সরল; অল্পবুদ্ধি; নিবিষ্ট; আত্মহারা, বিভোর। মুহ্+ক্ত কর্তৃ। বিণ।

মুগ্ধদৃষ্টি—১। মনোহর চক্ষুঃ; বিমোহিত দৃষ্টি। কর্মধা। বি; স্ত্রী। ২। বিমোহিত নয়নবিশিষ্ট। মুগ্ধা দৃষ্টি যাহার, বহু। বিণ।

মুগ্ধনয়ন, -নেত্র, -লোচন—১। বিমোহিত চক্ষুঃ বা দৃষ্টি। কর্মধা। বি; ক্লী। ২। বিমোহিত-দৃষ্টি-যুক্ত। বহু। বিণ।

মুগ্ধা—১। মুগ্ধ (সকল অর্থে)। বিণ; স্ত্রী। ২। সরলস্বভাবা নায়িকা, নায়কের প্রতি অনুরক্তা এবং বিশ্বস্তা নায়িকা। মুগ্ধ+আপ্। বি; স্ত্রী।

মুঘল—মোগল (তাহা দ্রঃ)।

মুচকানো—সামান্য বিকশিত করা। বাংপ্র। ক্রি [, বি]। **মুচকিয়া হাসা, মুচকে হাসা**—স্মিত হাস্য করা।

মুচকি—ঈষৎ; চাপা; সামান্যভাবে লক্ষিত (—হাসি')। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।

মুচড়নো, মুচড়ানো—বাঁকানো, ঘোরানো, পেঁচানো, দুমড়ানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

মুচমুচ—মচমচ (তাহা দ্রঃ)।

মুচলেকা—দণ্ডের সহিত অঙ্গীকারপত্র; 'এইরূপ কার্য আর হইলে আমি দণ্ডগ্রহণে বাধ্য থাকিব' এইরূপ প্রতিশ্রুতিযুক্ত পত্র, bond. <তু 'মুচল্‌-চাহ্'। বি।

মুচি—১। নবজাত নারিকেল ইঃ ফল, মোচার মত ফল। বাংপ্র। ২। ধাতু গলাইবার পাত্র, crucible; মাটির ক্ষুদ্র সরা। <মূষা। বি।

মুচী, মুচি—জুতা তৈয়ার ও মেরামতকারী জাতি বিঃ। প্রাচীন ইরানীয় 'মুচ'। বি।

মুচুকুন্দ—গাছ বা ফুল বিঃ। মুচু (মুচ্+কু) কুন্দ সদৃশ, উপমিত। বি; পুং।

মুচ্ছুদ্দী—কার্যালয়ের তত্ত্বাবধায়ক বা প্রধান কর্তা; লেখক। <আ 'মুচ্‌সদ্দী'। বি।

মুছলমে—মোটেই, একেবারেই। <আ 'মুসল্লম্'। ক্রি-বিণ।

মুছা—মোছা (তাহা দ্রঃ)।

মুছানো—মোছানো (তাহা দ্রঃ)।

মুজরা—নাচগান; নাচগানের প্রতিযোগিতা; রফা; বাদ: পারিশ্রমিক; প্রাপ্য টাকা হইতে ছাড়; পারি-তোষিক। আ। বি। [অচ্ কর্তৃ। বি; ক্লী।

মুঞ্জ—দাঁড় তৈয়ার করিবার একপ্রকার তৃণ। মুন্‌জ+

মুঞ্জকেশী (-কেশিন্)—শ্রীবিষ্ণু, নারায়ণ। মুঞ্জ সদৃশ কেশ, মধ্যপ; মুঞ্জকেশ+ইন্ আছে অর্থে। বি: পুং।

মুঞ্জরিত—যাহাতে কচি পাতা বা কুঁড়ি গজাইতেছে এমন, মুকুলিত। মুঞ্জর+ইতচ্ জাতার্থে। বিণ।

মুঞ্জরী—তুলসীপুষ্প; শীর্ষ; পদ্মকেশর। মুঞ্জ্+অরন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

মুটিয়া—মোটবাহক, ভারিক। মোট+ইয়া বাহকার্থে (বাংপ্র)। বি।

মুঠ—বাঁট, হাতল; মুঠি। <মুষ্টি। বি।

মুঠা, মুঠি, মুঠো—১। আঙ্গুলমোড়া হাত; আয়ত্ত ('মুঠা'র মধ্যে)। বি। ২। মুঠার মধ্যে যত ধরে এমন ('দু-মুঠো' চাল)। <মুষ্টি। বিণ।

মুড়—মস্তক। <মুণ্ড। বি।

মুড়কি—গুড় বা চিনি মাখানো খই। <মুটি। বি।

মুড়মুড়—চিবাইবার শব্দ। বাংপ্র। অ।

মুড়মুড়ে—কড়কড়ে, যাহা নরম হইয়া যায় নাই, এমন। বাংপ্র। বিণ।

মুড়া, মুড়ো—১। জলহীন ('— মাখন'); শক্ত; সূক্ষ্ম-অগ্রভাগযুক্ত; মুণ্ডিত; ক্ষয়প্রাপ্ত। বিণ। ২। মস্তক; লাঙ্গলের যে কাষ্ঠখণ্ডে ফলা লাগানো হয় তাহা। <মুণ্ড। বি।

মুড়া, মোড়া—১। দোমড়ানো; ভাঁজ করা; আবৃত করা; মোড়ক করা। বাংপ্র। ক্রি [, বি]।

মুড়ানো, মুড়নো, মোড়ানো—আবৃত করানো; মোড়ক করানো; মুণ্ডন করানো; অগ্রভাগ কাটিয়া ফেলা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

মুড়ি—১। ফাঁপা হালকা ভাজা চাউল। বাংপ্র। ২। মস্তক। <মুণ্ড। ৩। বস্ত্র প্রঃর আবরণ বা কিনারা। <মুড়্-ধাতু। বি।

মুড়িঘণ্ট—মৎস্যাদির মস্তক দ্বারা প্রস্তুত ব্যঞ্জন বিঃ। ষষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

মুড়ো—'মুড়া' দ্রঃ। [বি; পুং বা ক্লী।

মুণ্ড—শিরঃ, মস্তক। মুণ্ড্+ঘঞ্ কর্ম, সংজ্ঞার্থে।

মুণ্ডন—মাথা মুড়ানো, কামানো। মুন্‌ড্+অনট্ ভাব। বি; ক্লী। [বি; পুং।

মুণ্ডপাত—মাথা কাটা; শাস্তি; লাঞ্ছনা। ষষ্ঠীতৎ।

মুণ্ডি—ছোট মুণ্ডা, ক্ষুদ্রাকার মিষ্টান্ন বিঃ। মোণ্ডা+ই ক্ষুদ্রার্থে। বাংপ্র। বি।

মুণ্ডিত—বাপিত, মুড়ানো। মুন্‌ড্+ক্ত কর্ম। বিণ।

মুত—মূত্র, প্রস্রাব। <মূত্র। বি। [বিণ।

মুতফর্কা—নগণ্য; বিবিধ। <আ 'মুতফর্‌রিক'।

মুতা—প্রস্রাব করা। বাংপ্র। ক্রি [, বি]।

মুতানো—প্রস্রাব করানো। বাংপ্র। ক্রি [, বি]।

মুৎসুদ্দী—লেখক; বাণিজ্যাগার প্রঃর তত্ত্বাবধায়ক; ভারপ্রাপ্ত কর্মচারী, agent. <আ 'মুত্‌সদ্দী'। বি। [<মুস্তক বি।

মুথা, মুথো—একপ্রকার সুগন্ধিমূলযুক্ত তৃণ।

মুদা—নিমীলিত করা, বুজা। কপ্র। ক্রি [, বি]।

মুদি, মুদী—নানাদ্রব্য-ব্যবসায়ী; দোকানী। <মোদক। বি। [(বাংপ্র)। বি।

মুদিখানা, মুদীখানা—মুদির দোকান। ষষ্ঠীতৎ

মুদিত—১। নিমীলিত। <মুদ্রিত। বিণ। ২। প্রীত; হৃষ্ট। মুদ্+ক্ত কর্তৃ। বিণ। ৩। আলিঙ্গন বিঃ। মুদ্+ক্ত করণ। বি; ক্লী।

মুদ্গ—শস্য বিঃ, মুগ কলাই। মুদ্+গক্ করণ। বি; ক্লী। [ক্লী।

মুদ্গর—মুগুর, গদা। মুদ্—গৄ+অচ্ কর্তৃ। বি;

মুদ্দই—শত্রু; বাদী, বিচারপ্রার্থী। আ। বি।
মুদ্দত—নির্ধারিত সময়, মেয়াদ। আ। বি। বিণ—**মুদ্দতী**।
মুদ্দা—লাস, শব। ফা-মু। বি।
মুদ্দাফরাশ—শহরে অর্থগ্রহণ-পূর্বক শবদাহ করে ও শব বহন করে এমন জাতি বিঃ। ⟨ফা 'মুর্দা-ফারোশ'। বি।
মুদ্রণ, মুদ্রণা—মুদ্রিতকরণ; ছাপানো; চাপ দিয়া নির্দিষ্ট আকারে গঠন; অঙ্গুলি-মুদ্রা। মুদ্রা+ণিচ্ (=মুদ্রি নামধাতু)+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
মুদ্রা—১। মোহর, সীলমোহর, ছাপ. print, impression. মুদ্রা+ণিচ্+অচ্ করণ+আপ্। ২। মোহর করা; ছাপা, মুদ্রণ; প্রত্যয় করণ। মুদ্রা+ণিচ্+অচ্ ভাব+আপ্। ৩। চিহ্ন; ছাপার অক্ষর; ক্ষোদিত লিপি; ক্ষোদিত লিপিযুক্ত অঙ্গুরীয়ক। মুদ্রা+ণিচ্+অচ্ কর্ম+আপ্। ৪। বিন্যাস; নিয়মন; তূষ্ণীম্ভাব। মুদ্+রক্ ভাব+আপ্। ৫। মোহর; টাকাপয়সা প্রঃ; মদের চাট; আকার; সীমা; গানাদি-সময়ে হস্তমুখাদির ভঙ্গী; দেবপূজাকালে অঙ্গুলি বিন্যাস বিঃ (মুদ্রা বহু প্রকার। যথা—অঙ্কুশমুদ্রা, অবগুণ্ঠনমুদ্রা, অভয়মুদ্রা, আবাহনীমুদ্রা, কূর্ম-মুদ্রা, গদামুদ্রা, চক্রমুদ্রা, ত্রিশূলমুদ্রা, পদ্মমুদ্রা, শঙ্খমুদ্রা, ইঃ)। মুদ্+রক্ করণ+আপ্। বি; স্ত্রী।
মুদ্রাকর—মুদ্রক, মুদ্রণকার্য যাহার তত্ত্বাবধানে পরিচালিত হয়, printer. উপতৎ; মুদ্রা—কৃ+ট কর্তৃ। বি; পুং।
মুদ্রাকর-প্রমাদ—ছাপার ভুল; মুদ্রণকারীর অসাবধানতাবশতঃ মুদ্রিত পুস্তকাদিতে যে ভুল থাকে তাহা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; পুং।
মুদ্রাক্ষর—পুস্তকাদি ছাপিবার সীসার অক্ষর, type.
মুদ্রাঙ্কন—মুদ্রিত করণ, ছাপানো, ছাপ লাগানো। ৩য়াতৎ। বি; ক্লী। [বিণ।
মুদ্রাঙ্কিত—মুদ্রাচিহ্নিত; ছাপা; মোহরকরা। ৩য়াতৎ।
মুদ্রাতত্ত্ব—মুদ্রাবিজ্ঞান, প্রাচীন মুদ্রা দৃষ্টে প্রাচীন ইতিহাস নিরূপণ-বিষয়িণী বিদ্যা, numismatics. মুদ্রা বিষয়ক তত্ত্ব, মধ্যপ। বি; ক্লী।
মুদ্রাদোষ—স্বভাবগত অঙ্গভঙ্গী প্রঃ; অনন্যসাধারণ অভ্যাসাদি। মধ্যপ (বাংপ্র)। বি। [বি; ক্লী।
মুদ্রাযন্ত্র—মুদ্রাকরণের যন্ত্র, ছাপার কল। ৬ষ্ঠীতৎ।
মুদ্রালিপি—ছাপার অক্ষর, lithograph. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [⟨মুদ্দারশৃঙ্গ। বি।
মুদ্রাশঙ্খ—একপ্রকার সীসকভস্ম, litharge.
মুদ্রিত—১। ছাপানো; সংকুচিত; নিমীলিত; ত্যক্ত। মুদ্রি (নামধাতু)+ক্ত কর্ম। ২। মুদ্রাচিহ্নিত। মুদ্রা+ইতচ্ জাতার্থে। বিণ।
মুনফা, মুনাফা—লাভ। আ। বি।
মুনশী—কেরানী; লেখক; বিদ্বান্; হিন্দী বা উর্দু শিক্ষক। আ। বি।
মুনশীখানা—যে গৃহে বসিয়া মুনশী কাজ করে তাহা। ৬ষ্ঠীতৎ (আ-মু)। বি।
মুনশীগিরি—মুনশীর কার্য; মুনশীয়ানা। আ-মু। বি।
মুনশীয়ানা—পাণ্ডিত্য; দক্ষতা; লিপিচাতুর্য; মাতব্বরি; পাণ্ডিতম্মন্য ভাব। আ-মু। বি।
মুনসেফ—দেওয়ানী আদালতের বিচারক বিঃ। ⟨আ 'মুনসিফ্'। বি।
মুনি—১। ঋষি, তপস্বী। বি; পুং। ২। জ্ঞানী; মননশীল। মন্+ই কর্তৃ (অ-স্থানে উ)। বিণ।
মুনিব—মনিব (তাহা দ্রঃ)। [বি।
মুনিয়া—বিবিধ বর্ণের একপ্রকার ছোট পাখি। বাংপ্র।
মুনীন্দ্র—ঋষিশ্রেষ্ঠ; বুদ্ধদেব। মুনিমধ্যে ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭মীতৎ; অথবা, মুনি ইন্দ্রসদৃশ, উপমিত কর্মধা। বি; পুং। [বিণ।
মুফৎ, মুফ্ত—শুধু শুধু, বিনা মূল্যে। আ। ক্রি-
মুফতি—মুসলমানদিগের সামাজিক ও ধর্মবিষয়ক ব্যবস্থাদায়ক ব্যক্তি। আ। বি।
মুমুক্ষু—সংসারবন্ধন হইতে মুক্তিকামী; মোক্ষেচ্ছু। মুচ্+সন্ ইচ্ছার্থে+উ কর্তৃ। বিণ। [স্ত্রী।
মুমূর্ষা—মরণেচ্ছা। সনন্ত মৃ+অ ভাব+আপ্। বি;
মুমূর্ষু—মৃতপ্রায়, মরণোন্মুখ; মরিতে ইচ্ছুক। মৃ+সন্ ইচ্ছার্থে+উ কর্তৃ। বিণ।
মুয়াজ্জিন—যিনি মসজিদ হইতে উচ্চকণ্ঠে মুসলমানদের নমাজের জন্য আহ্বান করেন। আ। বি।
মুরাগ, মুর্গি—কুক্কুট বা কুক্কুটী। ⟨ফা 'মুর্গ'। বি।
মুরগী, মুর্গী—কুক্কুটী। ⟨ফা 'মুর্গ'। বি; স্ত্রী।
মুরছা, মুরছা—মূর্ছিত হওয়া। বাংপ্র। ক্রি।
মুরছিত—⟨মূর্ছিত। বিণ। [পুং।
মুরজ—মৃদঙ্গ। উপতৎ; মুর—জন্+ড কর্তৃ। বি;
মুরতি, মুরতি—⟨মূর্তি। বি।
মুরদ—সামর্থ্য; ক্ষমতা। ⟨আ 'মুরাদ'। বি।
মুরব্বী, মুরুব্বী—মাতব্বর; প্রাচীন লোক; উপদেষ্টা; নেতা; সহায়; অভিভাবক, রক্ষক। আ। বি।
মুরব্বীয়ানা, মুরুব্বীয়ানা—মাতব্বরি; প্রভুত্ব; অভিভাবকত্ব। আ-মু। বি। [বি; স্ত্রী।
মুরলী—বাঁশী। উপতৎ; মুর—লা+ক কর্তৃ+ঈপ্।
মুরলীধর—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মুরলীধারী (-ধারিন্)—শ্রীকৃষ্ণ। উপতৎ; মুরলী—ধৃ+ণিন্ কর্তৃ। বি; পুং।
মুরারি—শ্রীকৃষ্ণ। মুরের (তন্নামক দৈত্যের) অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মুরি—নরদমা, জলনালী। বাংপ্র। বি।
মুরুব্বী—'মুরব্বী' দ্রঃ।
মুরুব্বীয়ানা—'মুরব্বীয়ানা' দ্রঃ।
মুর্দা—মড়া, শব। ⟨ফা 'মুর্দহ্'। বি।
মুর্দাফরাশ—মুদ্দাফরাশ (তাহা দ্রঃ)।
মুর্মুর—তুষানল, তুষের আগুন। মুর্+ক কর্তৃ (নিপা দ্বিত্ব)। বি; পুং।
মুলতবী—স্থগিত; জমা। আ। বিণ।
মুলতান—রাগিণী বিঃ। বাংপ্র। বি।
মুলা, মুলো—কন্দ বিঃ, radish. ⟨মূলক। বি।

মুলাকাত—সাক্ষাৎ। অ। বি। [বিণ]।
মুলানো—দর করা; খরিদ করা। হি। ক্রি [, বি,
মুলুক, মুল্লুক—দেশ, রাজ্য। ⟨আ 'মুল্‌ক্'। বি।
মুশকিল—ঝঞ্ঝাট, বিপদ্, সংকট। আ। বি।
মুশল, মুষল, মুসল—লোহাগ্র কাষ্ঠখণ্ড, ঢেঁকির মোনা প্রঃ; হামানদিস্তার ডাঁটি; মুগ্দর। মুশ্, মুষ্, মুস্+কল কর্তৃ। বি; পুং বা ক্লী।
মুষড়ানো, মুষড়ুনো, মোষড়ানো—উৎসাহহীন হওয়া; বিমর্ষ হওয়া; ম্লান হওয়া; নীরস হওয়া; শুষ্ক-প্রায় হওয়া। বাংপ্র' ক্রি [, বি]। [বিণ।
মুষলধার—যাহার ধারা মুষলের ন্যায় এমন। বহু। **মুষলধারায়**—মুষলধারে (তাহা দ্রঃ)। ক্রি-বিণ।
মুষলধারে—মুষলের ন্যায় ধারাযুক্ত হইয়া, বড় বড় ফোঁটায়, অজস্র ধারে ('— বৃষ্টি হওয়া')। বহু। ক্রি-বিণ। [বি; পুং।
মুষলী (-লিন্)—বলরাম। মুষল+ইন্ আছে অর্থে।
মুষা, মূষা—ধাতু গলাইবার পাত্র; মুচি। মুষ্, মূষ্+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
মুষ্ক—অণ্ডকোষ। মুষ্+কক্ কর্তৃ। বি; পুং।
মুষ্কচ্ছেদ—খাসী করণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মুষ্টামুষ্টি—কিলাকিলি। বাংপ্র। বি।
মুষ্টি—১। মুঠা; কুঞ্চিতপাণি; মুগ; কিল; ঘুষি; খড়্গাদির বাঁট; হাতল, hilt; চারিতোলা; পলপরি-মাণ। মুষ্+ক্তিচ্ কর্তৃ। বি; স্ত্রী। ২। মুষ্টিমেয়, মুষ্টিতে যত ধরে তত ('এক—')। বাংপ্র। বিণ।
মুষ্টিবন্ধ—যাহা মুঠাতে রাখা হইয়াছে এমন। ৭মী-তৎ। বিণ।
মুষ্টিভিক্ষা—একমুষ্টি চাউল ভিক্ষা। মুষ্টিমিতা ভিক্ষা, মধ্যপ। বি; স্ত্রী।
মুষ্টিমেয়—অল্পপরিমাণ, মুষ্টি দ্বারা পরিমেয়; অল্পসংখক। ৩য়াতৎ। বিণ।
মুষ্টিযোগ—টোটকা ঔষধ বা তদ্দ্বারা রোগ সারাইবার প্রক্রিয়া; (ব্যঙ্গার্থে) ঘুঁষি মারা। বাংপ্র। বি; পুং।
মুসব্বর—গন্ধদ্রব্য বিঃ। আ। বি।
মুসলমান—ইসলাম-ধর্মাবলম্বী জাতি বা তৎসম্ব-ন্ধীয়। ফা। বি বা বিণ।
মুসলমানী—১। মুসলমান সম্বন্ধীয়। মুসলমান+ঈ সম্বন্ধার্থে। বিণ। ২। মুসলমান স্ত্রীলোক। ফা-ম্। বি; স্ত্রী।
মুসলিম, মোসলেম—মুসলমান। আ। বি।
মুসাফির, মুসাফের—ভ্রমণকারী; পথিক; বিদেশী। আ। বি। [বি।
মুসাফিরখানা—পান্থনিবাস। ৬ষ্ঠীতৎ। (আ-ফা)।
মুসাবিদা—পাণ্ডুলিপি; খসড়া। ⟨আ 'মুসবব-দহ্'। বি।
মুস্ত, মুস্তক, মুস্তা—মূল বিঃ, মুথা। মুস্ত্+অচ্ কর্তৃ; ৩য় পক্ষে আপ্; ২য় পক্ষে মুস্ত+কন্ স্বার্থে। বি; পুং, পুং বা ক্লী, স্ত্রী।
মুহুঃ (মুহুস্)—বারংবার, পুনঃ পুনঃ; অত্যন্ত; সদ্যঃ; তৎক্ষণাৎ। মুহ্+উস্ কর্তৃ। অ।
মুহরি, মুহুরি—মুরি, ঝাঁজরি, জলনালী; পেঁচের মুখে যে ধাতুখণ্ড আঁটা হয়, nut; বিঁধ করা বা টোপ তোলার জন্য সচ্ছিদ্র লৌহ। বাংপ্র। বি।
মুহরী, মুহুরী—কেরানী বিঃ, হিসাবের খাতা প্রঃর লেখক। ⟨আ 'মহর্‌রির'। বি। ভাব বি, -গিরি।
মুহু (মুহুস্), **মুহুর্মুহুঃ** (-হুস্)—বারংবার, পুনঃ পুনঃ; ঘন ঘন। মুহ্+উস্ কর্তৃ; দ্বিতীয় পক্ষে দ্বিত্ব। অ।
মুহূর্ত—দিবারাত্রির ৩০ ভাগের একভাগ, প্রায় দুই দণ্ড; অত্যল্প কাল। হূর্ছ্ (বক্র হওয়া)+ক্ত কর্তৃ (মু-আগম)। বি; পুং বা ক্লী।
মুহ্যমান—যাহার চিত্ত বিকৃত বা অভিভূত হইয়াছে এমন; মূঢ়-অবস্থাপ্রাপ্ত। মুহ্+শানচ্ কর্তৃ। বিণ।
মূক—বোবা, বাক্‌শক্তিরহিত, দীন, দরিদ্র। মূ+কক্ কর্তৃ। বিণ।
মূঢ়—মূর্খ, অনভিজ্ঞ, নির্বিবেক; অসভ্য; জড়; তন্দ্রা-গ্রস্ত; ভ্রান্ত; অব্যাপৃত। মুহ্+ক্ত কর্তৃ। বিণ।
মূঢ়তা—মূর্খতা, অনভিজ্ঞতা; জড়তা; তন্দ্রাগ্রস্ত ভাব; ভ্রান্তি। মূঢ়+তা ভাবে। বি; স্ত্রী।
মূত্র—প্রস্রাব, মুত। মূত্র্+ঘঞ্ কর্ম। বি; ক্লী।
মূত্রকৃচ্ছ্র—একপ্রকার রোগ (যাহাতে অতিকষ্টে মূত্র-ত্যাগ হয়)। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
মূত্রগ্রন্থি—১। মূত্রাশয়ের মুখপ্রদেশে মূত্রনিরোধ। মূত্রের গ্রন্থি অর্থাৎ নিরোধ, ৬ষ্ঠীতৎ। ২। মূত্রা-ধার। মূত্রের গ্রন্থি যদ্দ্বারা, বহু। বি; পুং।
মূত্রদোষ—মেহ, মূত্রের সহিত রেতঃক্ষরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মূত্রনালী—মূত্রপথ, যে ছিদ্র দ্বারা মূত্র নির্গত হয় তাহা, urethra. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
মূত্রাশয়—উদরের নিম্নের যে থলিতে মূত্র সঞ্চিত হয়, বস্তি, bladder. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মূরছা—মূর্ছিত হওয়া। ক-প্র। ক্রি।
মূরতি—⟨মূর্তি। বি।
মূর্খ—মূঢ়; অজ্ঞ, বোকা। মুহ্+খ অপা (মুহ্-স্থানে মূর্)। বিণ।
মূর্ছন, মূর্ছনা—মূর্ছা, অচৈতন্য অবস্থা; সপ্তস্বরের আরোহণ বা অবরোহণ; পরিসমাপ্তির বাদ্য; প্রতি-ফলন; ঔষধের সংস্কার বিঃ; মিশ্রণ; সাক্ষাৎকারণ। মূর্ছ্+অনট্ ভাববা; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
মূর্ছা—অচৈতন্য, মোহ; বৃদ্ধি; প্রতিফলন; প্রসার, ব্যাপ্তি। মূর্ছ্+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।
মূর্ছিত—মূর্ছাগত; উন্নত; বর্ধিত; ব্যাপ্ত; প্রতি-ফলিত; দীর্ঘ। মূর্ছ্+ক্ত কর্তৃ; অথবা, মূর্ছ্+ ইতচ্ জাতার্থে। বিণ। [ক্ত কর্তৃ। বিণ।
মূর্ত—সাকার, মূর্তিমান্; মূর্ছিত; কঠিন। মূর্ছ্+
মূর্তি—আকৃতি; কায়, শরীর; অঙ্গ, অবয়ব; প্রতিমা; দ্রব্য; পঞ্চভূত; স্বরূপ। মূর্ছ্+ক্তিচ্ কর্তৃ। বি; স্ত্রী।
মূর্তিপূজা—প্রতিমা-পূজা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
মূর্তিভেদ—আকৃতি বা মূর্তির পার্থক্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মূর্তিমান্ (-মৎ)—১। মূর্তিবিশিষ্ট, শরীরী; প্রত্যক্ষ, সাক্ষাৎ; কঠিন। বিণ। স্ত্রী, -মতী। ২। নিন্দিত পুরুষ (ব্যঙ্গে)। বাংপ্র। বি।

মূর্ধন্য—বক্র জিহবাগ্র তালুতে স্পৃষ্ট করিয়া উচ্চার্য, cerebral; মূর্ধজ, মস্তকোৎপন্ন। মূর্ধন্+যৎ ভবার্থে। বিণ।

মূর্ধা (মূর্ধন্), **মূর্দ্ধা** (মূর্দ্ধন্)—মস্তক; অগ্রের উপরিভাগ। মূর্ব্+কনিন্ অধি (ব-স্থানে ধ)। বি; পুং।

মূর্বা, মূর্বী—গুল্ম বিঃ; মুরগা গাছ (ছালে ধনুর্গুণ হয়), bowstring hemp. মূর্ব্+অচ্ করণ+আপ্, ঈপ্। বি; স্ত্রী।

মূল—১। শিকড়, গাছের গোড়া; পুঁজি; নিদান; স্বনগর; নিকুঞ্জ; চরণ; প্রথম গ্রন্থ; কোন রাশি আপনা দ্বারা একবার বা বহুবার গুণিত হইলে যে যে রাশি উৎপন্ন হয় প্রথমোক্ত রাশিটি সেই উৎপাদিত রাশিগুলির মূল, root. বি; ক্লী। ২। প্রথম, আদ্য, original; প্রধান; নিকট। মূল্+ক কর্তৃ। বিণ। ৩। দাম। <মূল্য। বি।

মূলক—মূলা। মূল+কন্ সংজ্ঞার্থে। বি; ক্লী।

-মূলক—মূল বা হেতুবিশিষ্ট; ভিত্তিযুক্ত ('ভ্রান্তি—', 'ধর্ম—')।

মূলকর্ম (-কর্মন্)—অভিচারার্থ অর্থাৎ শত্রু বধ বা কাহাকেও বশীকরণ ইঃ করার জন্য মন্ত্রতন্ত্রাদির যোজনা; জাদু করা। মূলবিষয়ক কর্ম, মধ্যপ। বি; ক্লী। [(বাংপ্র)। বি।

মূলগায়েন—গানের দলের প্রধান গায়ক। কর্মধা

মূলচ্ছেদ, -ছেদন—গোড়া কাটিয়া ফেলা। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী। [rootcap. বহু। বি; পুং।

মূলত্রাণ—শিকড়ের ডগায় বর্তমান কঠিন আবরণ,

মূলদ—(গণিত) যাহার মূল নির্ণীত হয় এমন। উপতৎ; মূল—দা+ক কর্তৃ। বিণ।

মূলধন—পুঁজি, যে অর্থ লইয়া ব্যবসা-বাণিজ্য শুরু করা হয়, capital. মূলীভূত ধন, মধ্যপ। বি; ক্লী।

মূলপ্রকৃতি—ত্রিগুণাত্মিকা আদ্যা শক্তি; দুর্গা। কর্মধা। বি; স্ত্রী। [মন্ত্র। কর্মধা। বি; পুং।

মূলমন্ত্র—শ্রেষ্ঠ উদ্দেশ্য, প্রধান সংকল্প; ক্লীং হ্রীং প্রঃ

মূলা—১। শতাবরী; নক্ষত্র বিঃ। মূল+আপ্। বি; স্ত্রী। ২। কন্দ বিঃ। <মূলক। বি।

মূলাধার—১। গুহ্য ও লিঙ্গের মধ্যবর্তী অঙ্গুলি-দ্বয়পরিমিত স্থান। কর্মধা। বি; পুং। ২। মূল কারণ, আদি কারণ। কর্মধা (বাংপ্র)। বি।

মূলীভূত—হেতুভূত; নিদানস্বরূপ। মূল+অভূত-তদ্ভাবার্থে চ্বি (=মূলী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

মূলোচ্ছেদ—শিকড় তুলিয়া ফেলা; সমূলে নাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মূলোৎপাটন—গোড়া তুলিয়া ফেলা; সমূলে বিনাশ।

মূল্য—দাম; ভাড়া; মজুরি; বেতন। মূল+যৎ যোগ্যার্থে। বি; ক্লী।

মূল্যবান্ (-বৎ)—দামী; বহুমূল্য। মূল্য+মতুপ্ আছে অর্থে (অতিশায়নে)। বিণ।

মূল্যহীন—যাহার কোন দাম নাই এমন; তুচ্ছ, হেয়। ৩য়াতৎ। বিণ।

মূষা, মূষী—স্বর্ণাদি গলাইবার পাত্র; মুচি; মহা-মূষিক। মূষ্+ক কর্তৃ+আপ্, ঈপ্। বি; স্ত্রী।

মূষিক—উন্দুর, ইন্দুর, rat, mouse. মূষ্ কিকন্ কর্তৃ (উ-স্থানে উ)। বি; পুং। স্ত্রী—মূষিকা।

মৃগ—হরিণ; পশু (শাখা—); শিকার। মৃগ্+ক কর্ম। বি; পুং।

মৃগতৃষা, -তৃষ্ণা, -তৃষ্ণিকা—মরীচিকা, মরুভূমিতে সূর্যকিরণে উজ্জ্বল বালুকাতে জলভ্রম। মৃগের তৃষা, তৃষ্ণা, তৃষ্ণিকা যাহাতে, বহু+আপ্। বি; স্ত্রী।

মৃগনয়না—হরিণের ন্যায় মনোমোহকরনয়নবিশিষ্টা। বহু+আপ্। বিণ; স্ত্রী।

মৃগনয়নী—মৃগনয়না। বাংপ্র। বিণ; স্ত্রী।

মৃগনাভি—কস্তুরী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মৃগনেত্রা—মৃগনয়না (তাহা দ্রঃ)।

মৃগমদ—মৃগনাভি, কস্তুরী। মৃগের মদ যাহা হইতে, বহু। বি; পুং।

মৃগয়া—শিকার, বনের মধ্যে ইতস্ততঃ ঘুরিয়া পশু-পাখি হত্যা; লক্ষ্যে শরক্ষেপ। মৃগ—যা+ক ঘঞর্থে ভাব+আপ্। বি; স্ত্রী।

মৃগরাজ—সিংহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মৃগলাঞ্ছন—মৃগাঙ্ক, চন্দ্র; মৃগশিরা নক্ষত্র। মৃগ লাঞ্ছন (চিহ্ন) যাঁহার, বহু। বি; পুং।

মৃগশিরা, মৃগশিরাঃ (-শিরস্), **-শীর্ষ**—সাতাশ নক্ষত্রের পঞ্চম নক্ষত্র। মৃগের শির, শিরঃ, শীর্ষ (মস্তক)-তুল্য শির, শিরঃ, শীর্ষ যাহার, বহু; ১ম পক্ষে আপ্। বি; স্ত্রী, পুং বা স্ত্রী, পুং বা ক্লী।

মৃগাক্ষী—মৃগনয়না স্ত্রী। বহু (ষচ্-সমাসান্ত)+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।

মৃগাঙ্ক—১। মৃগচিহ্ন। কর্মধা। ২। চন্দ্র। মৃগ অঙ্ক বা অঙ্কে যাঁহার, বহু। বি; পুং।

মৃগাঙ্কশেখর—চন্দ্রচূড়, শিব। বহু। বি; পুং।

মৃগী—হরিণী; পুলহভার্যা; ত্র্যক্ষরপাদকচ্ছন্দো বিঃ; অপস্মাররোগ, epilepsy. মৃগ+ঈপ্। বি; স্ত্রী।

মৃগেন্দ্র—সিংহ। ৭মীতৎ। বি; পুং।

মৃগেল—একপ্রকার মাছ। বাংপ্র। বি।

মৃণাল—পদ্ম-নাল; পদ্মের ডাঁটা; পদ্মনালস্থ সূত্র। মৃণ্+কালন্ কর্ম। বি; পুং বা ক্লী।

মৃণালিনী—পদ্ম; পদ্মের ঝাড়। মৃণাল+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

মৃৎ (মৃদ্)—মাটি। মৃদ্+কিপ্ কর্ম। বি; স্ত্রী।

মৃত—১। মৃত্যুপ্রাপ্ত, গতপ্রাণ। মৃ+ক্ত কর্তৃ। বিণ। ২। মরণ; যাচ্ঞা-বৃত্তি। মৃ+তন্ ভাব, করণ। বি; ক্লী।

মৃতকল্প—মৃতপ্রায়, মৃততুল্য। মৃত+কল্পপ্ ঈষদূনার্থে। বিণ।

মৃতদার—বিপত্নীক। বহু। বিণ। [ক্লী।

মৃতদেহ—জীবনহীন শরীর। কর্মধা। বি; পুং বা

মৃতবৎসা—মৃতাপত্যা, যে স্ত্রীর সন্তান জীবিত থাকে না। মৃত হয় বৎস যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।

মৃতসঞ্জীবনী—যে বিদ্যাবলে মৃত ব্যক্তি জীবনপ্রাপ্ত হয় তাহা; গোরক্ষদুগ্ধা। মৃতের সঞ্জীবনী (জীবন-দায়িনী), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
মৃতাপত্যা—মড়ঞ্চে, যে স্ত্রীর সন্তান বাঁচে না এমন। মৃত হয় অপত্য যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।
মৃতাশৌচ—মরণাশৌচ। মধ্যপ। বি; ক্লী।
মৃত্তিকা—মাটি; গঙ্গামাটি; ভূমি। মৃদ্+তিকন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
মৃৎপাত্র—মাটির বাসন, মাটির ভাণ্ড। মৃদ্বিকার পাত্র, মধ্যপ। বি; ক্লী।
মৃত্যু—১। প্রাণবিয়োগ, মরণ।। মৃ+ত্যুক্ ভাব। ২। যম। মৃ+ত্যুক্ অপা। বি; পুং।
মৃত্যুগ্রাস, -মুখ—যমের কবল। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী। **মৃত্যুমুখে পতিত হওয়া**—মরা। [পুং।
মৃত্যুঞ্জয়—শিব। উপতৎ; মৃত্যু—জি+খচ্ কর্তৃ। বি;
মৃত্যুনাশক—মরণনিবারক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -নাশিকা।
মৃত্যুশয্যা—যে বিছানায় মরণ হয় তাহা, মরিবার সময় যে শয্যায় শয়ন করা হয় তাহা। মৃত্যুকালীনা শয্যা, মধ্যপ। বি; স্ত্রী।
মৃদঙ্গ—মুরজ, পাখওয়াজ; খোল; পটহ। মৃৎ অঙ্গ যাহার, বহু; অথবা, মৃদ্+অঙ্গাচ্ কর্ম। বি; পুং।
মৃদঙ্গার—পাথুরিয়া কয়লা। মৃদ্-নিহিত অঙ্গার, মধ্যপ। বি; পুং।
মৃদু—কোমল, নরম; ধীর, অদ্রুত ('—গতি'); শান্ত ('—স্বভাব'); অতীক্ষ্ণ; মন্দ; আর্দ্র। মৃদ্+কু কর্তৃ। বিণ। স্ত্রী—**মৃদ্বী**। বি—**মৃদুতা**।
মৃদুগতি—১। মন্থর, ধীরগতিযুক্ত। বহু। বিণ। ২। ধীর গতি। কর্মধা। বি; স্ত্রী।
মৃদুগমনা—মন্দগামিনী, মন্থরগতিবিশিষ্টা। মৃদু গমন যাহার, বহু+আপ্। বিণ; স্ত্রী।
মৃদুগামী (-গামিন্)—যে ধীরে ধীরে গমন করে এমন। উপতৎ; মৃদু—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -গামিনী।
মৃদুজল—যে জলে খনিজ পদার্থ মিশ্রিত নাই, soft water. কর্মধা। বি; ক্লী।
মৃদুমন্দ—অতিশয় ধীর। মৃদুও যাহা মন্দও তাহা, কর্মধা। বিণ।
মৃদুল—কোমল, নরম। মৃদ্+কুলচ্ কর্ম। বিণ।
মৃদুস্পর্শ—১। কোমলস্পর্শযুক্ত। বহু। বিণ। ২। কোমল স্পর্শ। কর্মধা। বি; পুং।
মৃন্ময়—মৃত্তিকানির্মিত, মেটে। মৃদ্+ময়ট্ বিকারার্থে। বিণ। স্ত্রী, -য়ী।
মৃষ্ট—মার্জিত; শোধিত। মৃষ্+ক্ত কর্ম। বিণ।
মে—ইংরেজী বৎসরের পঞ্চম মাস। <ইং 'May'. বি।
মেওয়া—বাদাম পেস্তা বেদানা ইঃ। <ফা 'মওআ'। বি।
মেকদার—সদৃশ, মতন। আ-মু। বিণ।
মেকী—কৃত্রিম; নকল, জাল। আ-মু। বিণ।
মেখলা—কটিসূত্র; কটিভূষণ, girdle; চন্দ্রহার গোট প্রঃ; হস্তিবন্ধন; পর্বতের নিতম্বদেশ; খড়্গ-বন্ধ, sword-belt. মা—খল্+ক কর্ম+আপ্। বি; স্ত্রী।
মেঘ—জলধর, নীরদ, বারিদ, ঘন। মিহ্+অচ্ কর্তৃ। বি; পুং।
মেঘকজ্জল—কাজলের মত ঘন কাল মেঘে ঢাকা। [বাংপ্র। বিণ।
মেঘজ—মেঘ হইতে উৎপন্ন। উপতৎ; মেঘ—জন্+ড কর্তৃ। বিণ।
মেঘজাল—মেঘমালা, মেঘরাশি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
মেঘডম্বর—মেঘাড়ম্বর, মেঘগর্জন; শাড়ি বিঃ। মেঘের ডম্বর (আড়ম্বর), ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মেঘদীপ—বিদ্যুৎ, তড়িৎ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মেঘনাদ—১। ইন্দ্রজিৎ। বহু। ২। মেঘধ্বনি। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; পুং।
মেঘনির্ঘোষ—মেঘের ডাক, মেঘের গুরুগুরু শব্দ।
মেঘবহ্নি—বিদ্যুতের চমক, বজ্রাগ্নি। মেঘজাত বহ্নি, মধ্যপ। বি; পুং।
মেঘমন্দ্র—মেঘের গম্ভীর গর্জন; মেঘের শব্দের ন্যায় গম্ভীর শব্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মেঘমন্দ্রস্বর—মেঘের গর্জনের ন্যায় গম্ভীর শব্দ। মধ্যপ। বি; পুং।
মেঘমল্লার—সংগীতের মিশ্র রাগ বিঃ। বি; পুং।
মেঘলা—মেঘে পরিপূর্ণ; মেঘাচ্ছন্ন। মেঘ+লা আচ্ছন্নার্থে (বাংপ্র)। বিণ।
মেঘাগম—বর্ষাকাল; মেঘ ঘনাইয়া আসা। মেঘের আগম হয় যে সময়ে, বহু। বি; পুং।
মেঘাচ্ছন্ন—মেঘে ঢাকা। ৩য়াতৎ। বিণ।
মেঘাড়ম্বর—মেঘের ঘটা; মেঘের ডাক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মেঘাত্যয়, মেঘান্ত—শরৎকাল। মেঘের অত্যয়, অন্ত হয় যে সময়ে, বহু। বি; পুং।
মেচেতা, মেছেতা—মুখের কাল কাল দাগ, freckles. বাংপ্র। বি।
মেছুনী—মৎস্যবিক্রেত্রী, মৎস্যজীবিনী। মেছুয়া বা মেছো+নী (বাংপ্র)। বি; স্ত্রী।
মেছুয়া, মেছো—১। মৎস্য সম্বন্ধীয়; মৎস্যতুল্য; মৎস্যভক্ষক ('—কুমির')। বিণ। ২। মৎস্যজীবী, জেলে। মাছ+উয়া, ও সম্বন্ধাদি অর্থে (বাংপ্র)। বি।
মেছোবাজার, -হাট, -হাটা—মৎস্যবিক্রয়ের বাজার; হট্টগোলের স্থান। কর্মধা (বাংপ্র)। বি।
মেজ—টেবিল। ফা। বি।
মেজাজ—শরীরের অবস্থা; মনের অবস্থা; প্রকৃতি, temper. <আ 'মিজাজ'। বি। **মেজাজ দেখানো**—রাগ দেখানো।
মেজাজী—দাম্ভিক; মেজাজওয়ালা। মেজাজ+ঈ বিশিষ্টার্থে (আ-মু)। বিণ।
মেজে, মেঝে—গৃহাদির তল। বাংপ্র। বি।
মেজো, মেঝো—মধ্যম, দ্বিতীয়। <মধ্য। বিণ।
মেট—সহকারী। <ইং 'mate'. বি।
মেটা, মেটান—'মিটা', 'মিটানো' দ্রঃ।
মেটুলি—পশুর যকৃৎ। বাংপ্র। বি।
মেটে—১। মাটির; মৃন্ময়; মৃত্তিকাতুল্য। মাটি+এ নির্মিতার্থে, তুল্যার্থে। বিণ। ২। ছাগ প্রঃ পশুর যকৃৎ। বাংপ্র। বি।
মেঠাই—মিঠাই। বাংপ্র। বি।

মেঠো—মাঠ সম্বন্ধীয়, মাঠের ('— হাওয়া')। মাঠ+ও (<উয়া) সম্বন্ধার্থে। বিণ। [বি।
মেড়া—ভেড়া, মেষ; ভেড়ার তুল্য বোকা। <মেঢ্র। বি।
মেড়াপোড়া—নেড়াপোড়া। বাংপ্র। বি।
মেডেল—প্রশংসাসূচক পদক। <ইং 'medal'. বি।
মেঢ্র—শিশ্ন; মেষ। মিহ্+ষ্ট্রন্ কর্তৃ। বি; পুং।
মেথর—পায়খানা-পরিষ্কারক জাতি; ঝাড়ুদার। <ফা 'মিহ্তর'। বি; পুং। স্ত্রী—**মেথরানী**।
মেথি—১। একপ্রকার বীজ, মসলা বিঃ, fenugreek. <মেথী। ২। মাথি। বাংপ্র। বি।
মেদ, মেদঃ (মেদস্)—চর্বি, অস্থির মজ্জা, বসা। মিদ্+ঘঞ্, অসুন্ করণ। বি; পুং, ক্লী।
মেদা—অকেজো, নিস্তেজ, অকর্মণ্য। বাংপ্র। বিণ।
মেদামারা—মেদা। বাংপ্র। বিণ।
মেদি—মেহেদি। বাংপ্র। বি।
মেদিনী—পৃথিবী। মেদ (মধুকৈটভ-নামক দৈত্য-দ্বয়ের মেদ)+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।
মেদুর—কোমল; মৃদু; স্নিগ্ধ; চিক্কণ; শ্যামবর্ণ, ঘোর; উদ্ভট; পূর্ণ। মিদ্+ঘুরচ্ কর্তৃ শীলার্থে। বিণ। [পুং।
মেধ—যজ্ঞ, যাগ ('অশ্ব —')। মেধ্+ঘঞ্ অধি। বি;
মেধা—বুদ্ধি; বুঝিবার ও ধারণা করিবার ক্ষমতা; স্মৃতিশক্তি; মেধাকর ঔষধ। মেধ্+অঙ্ করণ+আপ্। বি; স্ত্রী।
মেধাবান্ (-বৎ)—মেধাবিশিষ্ট, স্মরণশক্তিবিশিষ্ট; জ্ঞানী, বুদ্ধিমান্। মেধা+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**বতী**।
মেধাবী (-বিন্)—জ্ঞানী; স্থিরবুদ্ধি; পণ্ডিত; মেধাবিশিষ্ট। মেধা+বিন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**বিনী**। [যোগ্যার্থে। বিণ।
মেধ্য—যজ্ঞের উপযুক্ত, যজ্ঞীয়; পবিত্র। মেধ+যৎ
মেনকা, মেনা—১। হিমালয়পত্নী, উমার মাতা। মি+ন কর্তৃ+কন্ স্বার্থে+আপ্; মন্+ইনচ্ কর্তৃ+আপ্। ২। সর্বেশ্যা বিঃ, শকুন্তলার জননী। মি+নক্ কর্তৃ+আপ্; মন্+ইনচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
মেনা—১। 'মেনকা' দ্রঃ। ২। মাতৃ-স্তন। বি। ৩। শৃঙ্গহীন; ক্ষুদ্র-শৃঙ্গবিশিষ্ট। বাংপ্র। বিণ।
মেনী—স্ত্রীজাতীয় বিড়াল। বাংপ্র। বি।
মেনীমুখো—লাজুক, যে কথা বলিতে সংকুচিত হয় এমন। মেনীর মুখ, ৬ষ্ঠীতৎ+ও (<উয়া) বিশিষ্টার্থে। বিণ।
মেনে—মনে হয়; কথার মাত্রা। বাংপ্র। অ।
মেম—ইওরোপীয় স্ত্রীলোক। <ইং 'madam'. বি।
মেমসাহেব—(সসম্মানে) মেম (তাহা দ্রঃ)।
মেয়—পরিমাপের যোগ্য। মা+যৎ কর্ম। বিণ।
মেয়াদ—'মিয়াদ' দ্রঃ।
মেয়ে—১। স্ত্রীলোক; কন্যা; বালিকা ('কলেজের —')। বাংপ্র। বি। ২। স্ত্রী ('— লোক')। বিণ।
মেয়েলী—স্ত্রীলোক সম্বন্ধীয়; স্ত্রীলোকের ন্যায়। মেয়ে+লী উচিতার্থে (বাংপ্র)। বিণ।

মেরজাই—একপ্রকার ছোট জামা। <ফা 'মীরজাই'। বি।
মেরাপ—মণ্ডপ; আচ্ছাদন। <আ 'মিহ্রাব'। বি।
মেরামত—ভাঙাচোরা সারা, জীর্ণ সংস্কার। <আ 'মরম্মৎ'। বি।
মেরামতি—জীর্ণসংস্কার-কার্য, মেরামতের কাজ। মেরামত+ই স্বার্থে (আ-মূ)। বি।
মেরু—হেমাদ্রি; পৃথিবীর উত্তর এবং দক্ষিণ প্রান্ত, pole; খড়্গাদির মুষ্টিপ্রদেশ; পিঠের দাঁড়া; জপ-মালার উপরিস্থ প্রধান বীজ; করমালার অঙ্গুলি-পর্ব বিঃ। মি+রু কর্তৃ। বি; পুং।
মেরুদণ্ড—কোন ঘূর্ণমান পদার্থের বা পৃথিবীর উভয় কেন্দ্রভেদী কাল্পনিক সরলরেখা, axis; পিঠের শিরদাঁড়া, backbone. মেরুযোজক দণ্ড, মধ্যপ। বি; পুং।
মেরুদণ্ডী (-দণ্ডিন্)—শিরদাঁড়াযুক্ত, vertebrate. মেরুদণ্ড+ইন্ আছে অর্থে। বিণ।
মেরুরেখা—কোন ঘূর্ণমান পদার্থের বা পৃথিবীর কেন্দ্ররেখা, axis. কর্মধা। বি; স্ত্রী।
মেল—১। মিলন, ঐক্য; জনতা; মসী; অঞ্জন। মিল্+ণিচ্+ঘঞ্ ভাব, অধি; অথবা, অচ্ কর্তৃ। বি; পুং। ২। আদিকুল; বিবাহে কুলের মিল ('ফুলিয়া —'); কীর্তনে সমস্ত গায়কের কণ্ঠ মিল করিবার জন্য সুর ভাঁজা; সংগীতে সুরের শ্রেণী বা ঠাট। বাংপ্র। ৩। ডাক ('— ট্রেন')। <ইং 'mail'. বি।
মেলক—মিলনকারক; ঐক্যসংস্থাপক। মেলি+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**মেলিকা**।
মেলন—মিলিত হওয়া; সভাদিতে লোক সমাগম; একত্রকরণ। মিল্+অনট্ ভাব। বি; ক্লী।
মেলা—১। বিশেষ উপলক্ষে কোন স্থানে বহুলোকের সমাগম, সাময়িক বাজার; প্রদর্শনী; সমাজ; সভা। বি। ২। অনেক; প্রশস্ত। বিণ। ৩। মিশিয়া যাওয়া; মিলিত হওয়া; প্রাপ্ত হওয়া ('চাকরি —'); খাপ খাওয়া ('জোড় —'); ঠিক হওয়া ('অঙ্ক —'); উন্মীলিত করা ('চোখ —'); শুকাইবার জন্য ছড়াইয়া দেওয়া ('কাপড় —'); মিলবিশিষ্ট হওয়া। বাংপ্র। ক্রি।
মেলানো—১। মিলিত করা; মিশানো; তুলনা করা; লীন হওয়া; মিল করা। ক্রি [, বি]। ২। মিলিত; মিশ্রিত; তুলিত; লীন; মিল হইয়াছে এমন। বাংপ্র। বিণ।
মেলামেশা—সংস্পর্শ, সাক্ষাৎকার ও সঙ্গ। বাংপ্র। বি।
মেশা—ঘনিষ্ঠ হওয়া; মিলিত হওয়া; সংসর্গে আসা; মিশ্রিত হওয়া। বাংপ্র। <মিশ্র। ক্রি [, বি]।
মেশানো—১। মিশ্রিত করা; মিলানো। ক্রি [, বি]। ২। যাহা মিশ্রিত করা হইয়াছে এরূপ। বাংপ্র। বিণ।
মেশামেশি—সংসর্গ, ঘনিষ্ঠতা। বাংপ্র। বি।
মেষ—ভেড়া; দ্বাদশরাশির অন্তর্গত প্রথম রাশি; লগ্ন বিঃ। মিষ্+অচ্ কর্তৃ। বি; পুং। স্ত্রী—**মেষী**।
মেস—নানাস্থানের বহুলোকের একত্রে বাস ও আহারের স্থান। <ইং 'mess'. বি।

মেশিন—যন্ত্র, কল। <ইং 'machine'. বি।
মেসো—মাসীর স্বামী। মাসী+ও স্বামী অর্থে (বাংপ্র)। বি।
মেহ—১। মূত্র। মিহ্+ঘঞ্ কর্ম। বি; পুং। ২। মূত্ররোগ বিঃ, প্রমেহ মধুমেহ ইঃ। মিহ্+ঘঞ্ করণ। ৩। মেঘ। প্রা কপ্র। বি।
মেহগনি—একপ্রকার দামী কাঠ ও তাহার গাছ। <ইং 'mahagony'. বি।
মেহনত—পরিশ্রম, খাটুনি। <আ 'মিহ্নৎ'। বি।
মেহনতি, মেহনতানা—পারিশ্রমিক; বেতন। আ-মু। বি।
মেহনতী—মজুরশ্রেণীর। আ-মু। বিণ।
মেহমান—অতিথি, আগন্তুক। ফা। বি।
মেহেদি—মেদিগাছ; হেনা; দাড়ি, চুল প্রঃ রং করিবার বৃক্ষজাত ক্ষুদ্র ফল বিঃ। <হি 'মেহ্দি'। বি।
মেহেরবান—দয়াল; <ফা 'মিহ্র্বান্'। বিণ।
মেহেরবানি—দয়া। ফা-মু। বি।
মৈত্র—১। সৌহার্দ; মিত্রতা; সংসর্গ। মিত্র+অণ্ ভাবে। বি; ক্লী। ২। মিত্র; ব্রাহ্মণ। মিত্র+অণ্ স্বার্থে। ৩। বারেন্দ্র ব্রাহ্মণের উপাধি বিঃ। বি; পুং। ৪। মিত্র সম্বন্ধীয়। মিত্র+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—**মৈত্রী**।
মৈত্রাবরুণ, মৈত্রাবরুণি—বশিষ্ঠ-মুনি; অগস্ত্য; কুম্ভসম্ভব। মিত্র (সূর্য) ও বরুণ = মিত্রাবরুণ; তদপত্যে অণ্, ইঞ্ অপত্যার্থে। বি; পুং।
মৈত্রী, মৈত্র্য—সৌহার্দ, মিত্রতা; সংসর্গ, সহযোগ। মিত্র+অণ্ ভাবে+ঈপ্; মিত্র+ষ্যঞ্ ভাবে। বি; স্ত্রী, ক্লী।
মৈত্রীকরণ—মিত্রতা-স্থাপন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
মৈত্রেয়—১। মিত্র সম্বন্ধীয়। মিত্র+এয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -য়ী। ২। বারেন্দ্র ব্রাহ্মণের উপাধি বিঃ; ঋষি বিঃ; বুদ্ধ। বি।
মৈত্র্য—'মৈত্রী' দ্রঃ।
মৈথিল—১। মিথিলারাজ। মিথিলা+অণ্ অধিপতি অর্থে। বি; পুং। ২। মিথিলা+অণ্ সম্বন্ধীয়ার্থে। বিণ।
মৈথিলী—১। সীতা; ভাষা বিঃ। বি; স্ত্রী। ২। মিথিলাদেশ সম্বন্ধীয়; মিথিলাদেশজাত। মিথিলা+অণ্ ভবার্থে, নিবাসার্থে, সম্বন্ধার্থে+ঈপ্। বিণ; স্ত্রী। **মৈথিলী ভাষা**—মিথিলার ভাষা (কবি বিদ্যাপতি এই ভাষায় কবিতা লিখিয়াছেন)।
মৈথুন—সুরত, রতিক্রিয়া। মিথুন+অণ্ সম্বন্ধার্থে, নির্বৃত্তার্থে। বি; ক্লী।
মোকররী—নির্দিষ্ট খাজনায় চিরভোগ্য ('—জমি')। <আ 'মুকর্রর্'। বিণ।
মোকাবিলা—বোঝাপড়া; সাক্ষাৎ। <আ 'মুকাবলহ্'। বি বা অ।
মোকাম—আড্ডা; ব্যবসায়স্থান; গৃহ; ঠিকানা; গন্তব্য-স্থান; (সংগীতে) সম। <আ 'মুকাম'। বি।
মোক্তা (-ক্তৃ)—মুক্তিদাতা ত্রাণকর্তা। মুচ্+তৃন্ কর্তৃ। বিণ।
মোক্তার—আদালতের কার্য সম্পন্ন করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি, attorney; ফৌজদারী মকদ্দমাকারী সর্বনিম্ন ব্যবহারজীব। <আ 'মুখ্তার্'। বি।
মোক্তারনামা—মোক্তার নিযুক্ত করিবার পত্র, power of attorney. আ-মু। বি।
মোক্ষ—কৈবল্য, অপবর্গ; মোচন; পরিত্রাণ; মৃত্যু। মোক্ষ্+ঘঞ্ ভাব। বি; পুং।
মোক্ষণ—মোচন, উদ্ধারকরণ; বাহির করিয়া দেওয়া ('রক্ত—')। মোক্ষ+অনট্ ভাব। বি; ক্লী।
মোক্ষদা—১। মুক্তিদায়িনী। বিণ; স্ত্রী। ২। দুর্গা। উপতৎ; মোক্ষ—দা+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
মোক্ষধাম (-ধামন্)—কৈবল্যধাম, নির্বাণাশ্রম। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী। [বি; পুং।
মোক্ষপদ—মুক্ত ব্যক্তির অবস্থা, মুক্তিপদ। ৬ষ্ঠীতৎ।
মোক্কম—শক্ত, দৃঢ়; নির্ঘাত। <আ 'মহ্কম্'। বিণ।
মোক্ষলাভ—মুক্তিপ্রাপ্তি; জন্মমৃত্যুর বন্ধন হইতে অব্যাহতিলাভ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মোখাদিম—মুসলমান গুরু; দৃঢ়মূল ব্যক্তি ("সে যে মোখাদিম, নহে তো বেতস"—কুমুদ)। আ। বি।
মোগল—বাবর কর্তৃক ভারতে প্রতিষ্ঠিত রাজবংশ; তাতার জাতির শাখা বিঃ। <ফা 'মুঘল'। বি।
মোগলাই—১। মোগল সম্বন্ধীয়। বিণ। ২। ব্যঞ্জন বিঃ। ফা-মু। বি। [বিণ।
মোঘ—ব্যর্থ, নিষ্ফল ('অমোঘ')। মুহ্+অচ্ কর্তৃ।
মোচ—১। কদলীফল। মুচ্+ণিচ্+অচ্ কর্মবা। বি; ক্লী। ২। কলম অথবা এইরূপ অন্য বস্তুর অগ্রভাগ, নিব। বাংপ্র। ৩। গোঁফ। <শ্মশ্রু। বি।
মোচড—পাক, twist. বাংপ্র। বি।
মোচডানো—পাক দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
মোচন—১। মুক্তি। মুচ্+অনট্ ভাব। ২। মুক্তকরণ; পরিত্রাণকরণ; ত্যাগকরণ; খোলা, উদ্ঘাটন; অপনোদন। মুচ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ —**মোচিত**।
মোচা—১। কদলীবৃক্ষ; শাল্মলীবৃক্ষ। মোচ+আপ্। ২। কলার ফুল, কলার ফলের মঞ্জরী। <মোচ। বি।
মোচ্য, মোচনীয়—ছাড় পাওয়ার উপযুক্ত, মুক্তিযোগ্য। মুচ্+ণ্যৎ, অনীয় কর্ম। বিণ।
মোছ—গোঁফ। <শ্মশ্রু। বি।
মোছা—পোঁছা। <প্র-উঞ্ছ্-ধাতু। ক্রি [, বি, বিণ]।
মোছানো—পোঁছানো; মুছাইয়া দেওয়া। বাংপ্র। ক্রি [বি, বিণ]।
মোজা—পায়ে পরিবার সুতা পশম ইঃর আবরণ। <ফা 'মোজহ্'। বি।
মোট—১। মস্তক দ্বারা বহনীয় বস্তু; ভার, বোঝা। বি। ২। একুন, সমুদায়। বাংপ্র। বিণ। **মোটের উপর**—সমস্ত বিচার করিয়া।
মোটন—মটকানো। মুট+অনট ভাব। বি; ক্লী।
মোটর—হাওয়াগাড়ি; অন্য যন্ত্র চালনাকারী বৈদ্যুতিক যন্ত্র বিঃ। <ইং 'motor'. বি।

মোটরগাড়ি—হাওয়াগাড়ি, মোটরকার। মোটর-চালিত গাড়ি, মধ্যপ। ইং-মূ। বি।
মোটা—মাংসল, স্থূল; ভোঁতা; মিহি নয় এমন, অসূক্ষ্ম; যাহাতে নৈপুণ্য নাই এমন; সাদাসিধা; বড়, প্রচুর; অধিক ('— বেতন', '— টাকা')। বাংপ্র। বিণ।
মোটামুটি—গড়ে; স্থূল হিসাবে, স্থূল বিচারে; এক-রূপ; মোটের উপর। বিণ বা ক্রি-বিণ।
মোটালোটা—হৃষ্টপুষ্ট। বাংপ্র। বিণ।
মোটে—একেবারে; আদতে; সম্পূর্ণরূপে; সর্ব-সাকল্যে; কেবল। ক্রি-বিণ। [বাংপ্র। বি।
মোড়—রাস্তা ঘুরিবার জায়গা, বাঁক (রাস্তার —')।
মোড়ক—পুরিয়া, কাগজ ইঃর আবরণ। বাংপ্র। বি।
মোড়ন—বক্রকরণ; আচ্ছাদন। বাংপ্র। বি।
মোড়ল—প্রধান ব্যক্তি, মাতব্বর প্রজা। < মণ্ডল। বি।
মোড়লি—মোড়লের কাজ; মাতব্বরি। মোড়ল+ই ভাবে বা কর্মার্থে। বি।
মোড়া—১। বংশ বা বেত্র নির্মিত উঁচু আসন বিঃ; আলস্য-ভঙ্গ; মোড়ক; পাক, মোচড়। বি। ২। আবৃত। বাংপ্র। বিণ।
মোড়া, মোড়ানো—ঘুরানো; নষ্ট করা; পরিত্যাগ করা; আবৃত করা; মোড়ক করা। বাংপ্র। ক্রি।
মোতা—প্রস্রাব করা। বাংপ্র। ক্রি।
মোতানো—প্রস্রাব করানো। বাংপ্র। ক্রি [, বি]।
মোতাবেক—সামনাসামনি; মিলযুক্ত। < আ 'মুতাবিক'। বিণ। [< আ 'মুতআইন'। বিণ।
মোতায়েন—কোন স্থানবিশেষে নিযুক্ত; স্থিরীকৃত।
মোতি, মোতিম—মুক্তা, মৌক্তিক। বাংপ্র। বি।
মোতিচুর—মিহিদানা। বাংপ্র। বি। [বি।
মোতিয়া—একপ্রকার বড় ধরনের বেলফুল। বাংপ্র।
মোদক—১। মোয়া, নাড়ু; কবিরাজী বাজীকরণ ঔষধ বিঃ। বি; পুং বা ক্লী। ২। ময়রা, জাতি বিঃ। বি; পুং। ৩। আহ্লাদজনক। মুদ্+ণিচ্ (=মোদি—হৃষ্ট করা)+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—মোদিকা।
মোদন—আহ্লাদ, হর্ষ। মুদ্+অনট্ ভাব। বি; ক্লী।
মোদিত—আনন্দিত। মুদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
মোদিনী—হর্ষদায়িকা; আনন্দযুক্তা। মোদিন্+ঈপ্। বিণ; স্ত্রী।
মোদী—'মুদি' দ্রঃ।
মোদের—আমাদের; আমাদিগকে। কপ্র। সর্ব।
মোদ্দা—আসল; সার; কিন্তু; মোট। < আ 'মুদ্দআ'। বিণ বা অ। [বাংপ্র। বি।
মোনা—ঢেঁকির মুষলের অগ্রভাগের লৌহবলয়।
মোম—সিক্থ, মৌচাকজাত বস্তু। < মধুখ। বি।
মোমছালা—মনঃশীলা। বাংপ্র। বি।
মোমজামা—মোম ইঃ মাখানো যে কাপড় জলে ভিজিয়া যায় না। বাংপ্র। বি।
মোমবাতি—চর্বি বা মোমে প্রস্তুত বাতি। বাংপ্র। বি।
মোমিন—গোঁড়া মুসলমান সম্প্রদায় বিঃ। আ। বি।
মোয়া—মুড়ি খই প্রঃর লাড়ু। < মোদক। বি।
মোর—আমার। কপ্র। সর্ব।

মোরগ—কুক্কুট। < ফা 'মুর্গ'। বি; পুং। স্ত্রী—মুরগী, মুর্গী। [আ 'মুরব্বা'। বি।
মোরব্বা—চিনির রসে পাক-করা ফলের মিঠাই।
মোরা—আমরা। কপ্র। সর্ব।
মোরে—আমাকে। কপ্র। সর্ব। [কাত'। বি।
মোলাকাত—সাক্ষাৎকার, দেখাশুনা। < আ 'মুলা-
মোলায়েম—নরম। < আ 'মুলাইম'। বিণ।
মোল্লা—মুসলমান পুরোহিত। < আ 'মুল্লা'। বি।
মোষ— < মহিষ। বি।
মোষড়ানো—মুষড়ানো (তাহা দ্রঃ)।
মোসলেম—'মুসলিম' দ্রঃ।
মোসাহেব—চাটুকার; বড়লোকের খোশামুদে সঙ্গী। < আ 'মুসাহিব'। বি।
মোসাহেবি—স্বার্থসিদ্ধির জন্য হীন ভাবে আনুগত্য প্রকাশ; চাটুকারিতা। মোসাহেব+ই ভাবে, কর্মার্থে। আ-মূ। বি।
মোহ—অচৈতন্য, মূর্ছা; মূর্খতা; অজ্ঞতা; মায়া; অবিবেক; অবুদ্ধি। মুহ্+ঘঞ্ ভাব। বি; পুং।
মোহঘোর—মোহজনিত ভ্রম; অত্যধিক মোহ। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।
মোহড়া—'মহড়া' দ্রঃ।
মোহন—১। মোহজনক, মোহকারক; মনোহর ('মদন —')। মুহ্+ণিচ্+অন কর্তৃ। বিণ। ২। মুগ্ধ-করণ। মোহি+অনট্ ভাব। বি; ক্লী।
মোহনভোগ—সুজি চিনি ঘি-এর মিষ্টান্ন বিঃ; হালুয়া। কর্মধা (বাংপ্র)। বি। [স্ত্রী।
মোহনমালা—একপ্রকার সোনার হার। বাংপ্র। বি;
মোহনা, মোহানা—নদীমুখ, সাগরাদিতে নদীর পতন-স্থান। < 'মুখ'। বি।
মোহনিদ্রা—১। মোহরূপ সুপ্তি। রূপক কর্মধা। ২। মায়াজনিত সুপ্তি। মধ্যপ। বি; স্ত্রী।
মোহনিয়া—মনোমোহকর নায়ক। কপ্র। বি।
মোহন্ত—মঠ বা দেবালয়ের অধ্যক্ষ। বাংপ্র। বি।
মোহবদ্ধ—মায়ার বন্ধনে বাঁধা। ৩য়াতৎ। বিণ।
মোহবন্ধন—মায়াপাশ; অজ্ঞানরূপ বন্ধন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি; পুং।
মোহমদ—অজ্ঞানজনিত গর্ব। মোহজনিত মদ, মধ্যপ।
মোহময়—মায়াপূর্ণ; অজ্ঞানে আচ্ছন্ন। মোহ+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, -ময়ী।
মোহমুগ্ধ—অজ্ঞানহেতু মুগ্ধ, অজ্ঞানতায় বিভোর। ৩য়াতৎ। বিণ। [বি।
মোহর—স্বর্ণমুদ্রা; মুদ্রা, ছাপ। < ফা 'মুহ্‌র্'।
মোহরত—ব্যবসায়ীর নূতন খাতা পত্তন। < আ 'মোহলৎ'। বি।
মোহানা—'মোহনা' দ্রঃ।
মোহিত—১। মোহপ্রাপ্ত। মোহ+ইতচ্ জাতার্থে। ২। মোহপ্রাপিত, যাহাকে মুগ্ধ করা হইয়াছে এমন। মুহ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
মোহিনী—১। মোহকারিণী ('— বিদ্যা'); যে মন মুগ্ধ করে এমন ('— নারী')। বিণ; স্ত্রী। ২। স্বর্বেশ্যা বিঃ; অসুর প্রতারণার উদ্দেশ্যে গৃহীত বিষ্ণুর

নারীরূপ বিঃ; তন্ত্রোক্ত বিদ্যা বিঃ। মোহ+ইন্ আছে অর্থে; অথবা, মোহি+ণিন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

মোহ্যমান—অভিভূত, কাতর, মোহপ্রাপ্ত। বিণ।

মৌক্তিক—মুক্তা, মোতি। মুক্তা+ইক স্বার্থে। বি; ক্লী।

মৌখিক—বাহ্য, যাহা আন্তরিক নয় এমন; মুখ সম্বন্ধীয়; কাল্পনিক; বাচনিক; কথ্য। মুখ+ইক সম্বন্ধীয়ার্থে, কৃতার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

মৌচাক—মধুচক্র, মধুক্রম। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

মৌজা—গ্রাম। আ। বি।

মৌতাত—নেশা, মাদক-সেবন; নেশা করার আগ্রহ; নিয়মিত সময়ে মাদকদ্রব্য সেবনের অত্যধিক ইচ্ছা। <মওতা। বি। **মৌতাত চড়ানো**—ঠিক সময়ে নেশা করা। **মৌতাত ধরা**—শরীরে মাদকদ্রব্যের ক্রিয়া আরম্ভ হওয়া। **মৌতাত লাগা**—নেশা লাগা; নেশার সময়ে মাদক দ্রব্য সেবনের ইচ্ছা জাগা।

মৌন—১। তূষ্ণীভাব, অভাষণ; চুপ। মুনি+অণ্ ভাবে। বি; ক্লী। ২। নীরব; নিঃশব্দ ('হের মৌন নভস্তল'—রবীন্দ্র)। বাংপ্র। বিণ।

মৌনব্রত—নীরব থাকিবার নিয়ম। মৌনই ব্রত (নিয়ম), কর্মধা। বি; ক্লী।

মৌনব্রতী (-ব্রতিন্)—মৌনী, মৌনাবলম্বী, যে কথা বলে না এমন। মৌনব্রত+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-ব্রতিনী**।

মৌনভঙ্গ—প্রথম কথা বলা; চুপ করিয়া থাকার পর কথা বলা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মৌনভাব—চুপ করিয়া থাকা। কর্মধা। বি; পুং।

মৌনাবলম্বন—নীরব হওয়া, চুপ করিয়া থাকা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

মৌনী (মৌনিন্)—১। মুনি, তপস্বী। বি; পুং। ২। মৌনব্রতধারী, যে কথা কহে না এমন। মৌন+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**মৌনিনী**।

মৌমাছি—মধুমক্ষিকা, bee. মধ্যপ (বাংপ্র)। বি।

মৌরলা—একপ্রকার ক্ষুদ্র মৎস্য। <মুরলা। বি।

মৌরি—মসলা বিঃ; মউরি, aniseed. <মধুরিকা। বি।

মৌরুসী—পুরুষানুক্রমে ভোগ্য। আ। বিণ।

মৌর্বী—ধনুকের ছিলা। মুর্বা+অণ্ নির্মিতার্থে+ঈপ্। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

মৌর্যবংশ—চন্দ্রগুপ্তের প্রতিষ্ঠিত মগধের রাজবংশ।

মৌল—১। আদ্য; মূল সম্বন্ধীয়; আদিম; মোড়ল; মূলাগত। মূল+অণ্ সম্বন্ধীয়ার্থে। বিণ। স্ত্রী—**মৌলী**। ২। কেবল এক পরমাণুর সমবায়ে উৎপন্ন বস্তু, element. ৩। মহুয়া গাছ ও তাহার ফল। বাংপ্র। বি।

মৌলবী—মুসলমান ধর্মশাস্ত্রবিৎ পণ্ডিত। ফা। বি।

মৌলানা—মুসলমান পণ্ডিতের উপাধি বিঃ। আ। বি।

মৌলি—চূড়া; খোঁপা; মুকুট; মস্তক; অগ্রভাগ। মূল+ইঞ্ অদূরভবার্থে। বি; পুং।

মৌলিক—১। মূল সম্বন্ধীয়; মূলীভূত, প্রধানস্বরূপ; প্রথমে উদ্ভাবিত; অনন্যতন্ত্র; আদিম। বিণ। স্ত্রী, **-কী**। ২। অকুলীন, বংশজ। মূল+ইক সম্বন্ধার্থে, ভবার্থে। বি; পুং।

মৌলী—১। কিরীট; অগ্রভাগ; মস্তক; সংযত কেশ, চূড়া বাঁধা চুল; কেশ; ভূমি। মৌলি+ঈপ্। বি; স্ত্রী। ২। মূল সম্বন্ধীয়া। মৌল+ঈপ্। বিণ; স্ত্রী।

মৌষল—১। মুষলসদৃশ। বিণ। স্ত্রী, **-লী**। ২। মহাভারতান্তর্গত ষোড়শ পর্ব। মুষল+অণ্ সদৃশার্থে, সম্বন্ধার্থে। বি; ক্লী।

মৌসুম—ভারতমহাসাগর ও দক্ষিণ এশিয়ার বর্ষা-সৃষ্টিকারী বায়ুপ্রবাহ, monsoon; কাল, ঋতু; মরসুম, বেশী ক্রয়-বিক্রয়ের সময়। <আ 'মৌসিম'। বি। [বিণ।

মৌসুমী—ঋতুগত, মরসুমী; বর্ষাকালীন। আ-মু।

ম্যাও—বিড়ালের ডাক; ঝুঁকি; ঝঞ্ঝাট ('—ধরা')। বাংপ্র। বি। [বিণ।

ম্যাগাজিন—সাময়িক পত্রিকা। <ইং 'magazine'.

ম্যাচ—দিয়াশলাই; ক্রীড়া প্রতিযোগিতা। <ইং 'match'. বি। [-জে।

ম্যাজম্যাজ—ঈষৎ অসুস্থতার ভাব। বাংপ্র। অ। বিণ,

ম্যাজিস্ট্রেট—জিলার শাসনকর্তা। <ইং 'magistrate'. বি।

ম্যাজেণ্টা—খুনখারাবি রং, ঈষৎ বেগুনী আভাযুক্ত লাল রং বিঃ। <ইং 'magenta'. বি।

ম্যাড়ম্যাড়—উজ্জ্বলতার অভাব প্রকাশ। বাংপ্র। বি। বিণ, -ড়ে। [ger'. বি।

ম্যানেজার—প্রধান পরিচালক, অধ্যক্ষ। <ইং 'mana-

ম্যাপ—মানচিত্র। <ইং 'map'. বি। [বি।

ম্যালেরিয়া—একপ্রকার কম্পজ্বর। <ইং 'malaria'.

ম্রক্ষণ—১। মিশ্রণ, মিশানো; লেপন। ম্রক্ষ্+অনট্ ভাব। ২। তৈল। ম্রক্ষ্+অনট্ করণ। বি: ক্লী।

ম্রিয়মাণ—দুঃখিত; মৃতপ্রায়; অবসন্ন। মৃ+শানচ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ণা**।

ম্লান—বিষণ্ণ; ক্লান্তিহীন; মলিন; বিশীর্ণ; দুর্বল; নির্লজ্জ; ক্লান্ত। ম্লৈ+ক্ত কর্তৃ। বিণ। বি, -তা, -ত্ব, ম্লানি, ম্লানিমা (-মন্)।

ম্লানমুখ—১। বিষাদযুক্ত বদন। কর্মধা। বি; ক্লী। ২। বিষণ্ণবদন। বহু। বিণ। স্ত্রী, **-খা, -খী**।

ম্লানায়মান—যাহা ম্লান হইতেছে এমন। ম্লান+ক্যঙ্+শানচ্ কর্তৃ। বিণ। [ক্তি ভাব। বি; স্ত্রী।

ম্লানি—মালিন্য, কান্তিক্ষয়; বিষাদ; গ্লানি। ম্লৈ+

ম্লেচ্ছ—১। অসভ্য জাতি বিঃ; কিরাত, শবর; যবন, অহিন্দু। বি; পুং। ২। পাপিষ্ঠ, পাপী। ম্লেচ্ছ্+অচ্ কর্তৃ। বিণ। ৩। অপশব্দ। ম্লেচ্ছ্+ঘঞ্ ভাব। বি; পুং।

ম্লেচ্ছাচার—ম্লেচ্ছজাতির ব্যবহার; কদাচার। ৬ষ্ঠীতৎ; অথবা, ম্লেচ্ছোচিত আচার, মধ্যপ। বি; পুং।

ম্লেচ্ছাচারী (-চারিন্)—ম্লেচ্ছের ন্যায় কদাচার-পরায়ণ। ম্লেচ্ছাচার+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-চারিণী**।

[য]

য—১। ষড়্‌বিংশ ব্যঞ্জনবর্ণ [ইহার উচ্চারণস্থান তালু; বাংলায় উচ্চারণভেদে ইহার দুই রূপ য=জ এবং য়=ইয়]। ২। 'যত'র সংক্ষেপ ('য বার,' 'য টা')। বাংপ্র। ৩। 'যব'-এর সংক্ষেপ ('য জানে জাঁতা জানে, যে পেষে সে জানে'—প্রবাদ); এক ইঞ্চির এক-চতুর্থাংশ ('এক য পেরেক')। ৪। প্রাচীন বাংলার ৭মী বিভক্তির চিহ্ন (বনয়=বনে)।

যক—ধনাধিপতি কুবের; ভূগর্ভপ্রোথিত ধনরাশির রক্ষক ভূতযোনিপ্রাপ্ত বালক; অতিশয় কৃপণ ব্যক্তি। ＜যক্ষ। বি। **যক আগলানো**—কার্পণ্য করা। **যকের ধন**—অতি কৃপণের অর্থ; যকদেওয়া অর্থ।

যকার—'য' এই বর্ণ। য+কার স্বার্থে। বি; পুং।

যকৃৎ—কুক্ষিমধ্যে দক্ষিণভাগস্থ পিত্তনিঃসারক গ্রন্থিময় যন্ত্র, পিত্তাশয়, liver ; রোগ বিঃ। য (যম্+ক্বিপ্) —কৃ+ক্বিপ্ কর্তৃ। বি; ক্লী।

যক্ষ—দেবযোনি বিঃ, কুবেরের অনুচর; ধনরক্ষক; কুবের; কুবেরের ধন; ইন্দ্রভবন; (ব্যঙ্গার্থে) অতি কৃপণ ব্যক্তি। যক্ষ্+ঘঞ্ কর্ম। বি; পুং।

যক্ষরাজ—কুবের। ৬ষ্ঠীতৎ (টচ্-সমাসান্ত)। বি; পুং।

যক্ষিণী—যক্ষভার্যা; কুবেরের পত্নী; পিশাচী; বিদ্যাধরী। যক্ষ্+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

যক্ষ্মা (যক্ষ্মন্)—ক্ষয়রোগ, phthisis. যক্ষ্+মনিন্ অধি। বি; পুং। [＜যৎক্ষণ। অ।

যখন—যে সময়, যৎকালে; যে অবস্থায়; যেহেতু।

যখনকার—যে সময়ের, যৎকালীন। যখন+কার ৬ষ্ঠী স্থানে (বাংপ্র)। বিণ।

যখন-তখন—প্রায় সব সময়; ঘন-ঘন; অনির্দিষ্ট বা অসংগত সময়ে; মাঝে মাঝে। বাংপ্র। ক্রি-বিণ।

যজন—পূজন; যজ্ঞকরণ, যাগকরণ। যজ্+অনট্ ভাব। বি; ক্লী।

যজনীয়—যজনযোগ্য, যাগকরণের উপযুক্ত। যজ্+অনীয় কর্ম। বিণ।

যজমান—যজ্ঞকারক, যষ্টা, যজ্ঞাদির অনুষ্ঠাপক, ব্রতী; যে ব্যক্তি দক্ষিণা দিয়া কর্ম করায়। যজ্+শানচ্ কর্তৃ। বি; পুং।

যজানো—পৌরোহিত্য করা; সব বর্ণকে একাকার করা; যাজন করা; বাড়ানো; তুষ্ট করা; অপবিত্র করা; একত্র করা। বাংপ্র। ক্রি [, বি]।

যজুঃ (যজুস্)—বেদ বিঃ, দ্বিতীয় বেদ। যজ্+উসি করণ। বি; ক্লী।

যজুর্বেদ—শতশাখাযুক্ত বেদ বিঃ। যজুর্নামক বেদ, মধ্যপ। বি; পুং। বিণ, -**র্বেদীয়**।

যজুর্বেদী (-দিন্)—যজুর্বেদবেত্তা; যজুর্বেদানুসারে কর্মকারী। উপতৎ; যজুস্—বিদ্+ণিন্ কর্তৃ অথবা যজুর্বেদ+ইন্। বি; পুং, বা বিণ।

যজ্ঞ—ক্রতু, যাগ, অধ্বর, হোম। যজ্+নঙ্ ভাব। বি; পুং। [বা ক্লী।

যজ্ঞকুণ্ড—যজ্ঞ করিবার আধার। ৬ষ্ঠীতৎ। বি; পুং

যজ্ঞডুমুর—একপ্রকার বড় ডুমুর বা ঐ গাছ। ＜যজ্ঞোডুম্বর। বি।

যজ্ঞবেদি, -বেদিকা, -বেদী—যজ্ঞ সম্পাদনের মৃন্ময় মঞ্চ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

যজ্ঞসূত্র—যজ্ঞোপবীত, পৈতা। মধ্যপ। বি; ক্লী।

যজ্ঞিয়—যজ্ঞকর্মের যোগ্য; যজ্ঞের হিতকারী। যজ্ঞ+ইয় হিতার্থে যোগ্যার্থে। বিণ।

যজ্ঞীয়—যজ্ঞ সম্বন্ধীয়। যজ্ঞ+ঈয় সম্বন্ধার্থে, প্রয়োজনার্থে। বিণ। [বি; পুং।

যজ্ঞেশ্বর—শ্রীবিষ্ণু, নারায়ণ। যজ্ঞের ঈশ্বর, ৬ষ্ঠীতৎ।

যজ্ঞোডুম্বর—স্বনামপ্রসিদ্ধ বৃক্ষ, যজ্ঞডুমুর। যজ্ঞ-প্রয়োজনীয় উড়ুম্বর, মধ্যপ। বি; পুং।

যজ্ঞোপবীত—পৈতা। যজ্ঞ-সংস্কৃত উপবীত, মধ্যপ। বি; ক্লী।

যৎ—১। যেহেতু, যেমন; যাহাতে। যম্+ক্বিপ্ কর্ম। অ। ২। তবলার অষ্টমাত্রিক (মতান্তরে সপ্ত-মাত্রিক) তাল বিঃ। বাংপ্র। বি।

যত—১। সংযত, বদ্ধ; নিগৃহীত; অনুষ্ঠিত; নিয়-মিত। যম্+ক্ত কর্ম। বিণ। ২। সংযম। যম্+ক্ত ভাব। বি; ক্লী। ৩। যে-পরিমাণ, যাহা কিছু, সমস্ত। ＜যতি। বিণ।

যতকিছু—সব কিছু, যত রকম আছে সব; যে-পরিমাণ। বাংপ্র। বিণ।

যতন—চেষ্টা, উদ্যম। ＜যত্ন। বি; ক্লী।

যতমান—যত্নশীল, যত্ন করিতেছে এমন। যত্+শানচ্ কর্তৃ। বিণ।

যতি—১। মুনি, তপস্বী; ভিক্ষু। যত্+ইন্ কর্তৃ। বি; পুং। ২। শ্লোকাদির স্বরবিচ্ছেদস্থান; পাঠ-বিচ্ছেদ, pause, caesura ; ক্রোধ; সন্ধি; অনুভূতি। যম+ক্তি অধি। বি; স্ত্রী।

যতিচিহ্ন—উচ্চারণের বিরামনির্দেশক কমা দাঁড়ি প্রঃ চিহ্ন, punctuation. যতিসূচক চিহ্ন, মধ্যপ। বি; ক্লী। [তৎ। বি; পুং।

যতিপাত -ভঙ্গ—যতি না থাকায় ছন্দঃ পতন। ৬ষ্ঠী-

যতী (যতিন্)—সন্ন্যাসী; জিতেন্দ্রিয় মুনি। যত (যম+ক্ত ভাব)+ইন আছে অর্থে। বি; পুং।

যতীন্দ্র—শ্রেষ্ঠ জিতেন্দ্রিয় পুরুষ। ৭মীতৎ। বি; পুং, বা বিণ।

যতেক—সমস্ত; যে-পরিমাণ; যতগুলি। কপ্র। বিণ।

যৎকিঞ্চিৎ—কিয়ৎপরিমাণ, কিছু, যৎসামান্য। সুপ্। অ, বিণ।

যত্ন—১। চেষ্টা, উদ্যোগ; প্রয়াস; সেবা, শুশ্রূষা; ঐকান্তিক মনোযোগ ও চেষ্টা; প্রবৃত্তি; পরিশ্রম;

উদ্যম; গুণ বিঃ। যত্‌+নঙ ভাব। বি; পুং। ২। আদর; সাবধানতা। বাংপ্র। বি।

যত্নপূর্বক—যত্নের সহিত; সাবধানে। বহু (ক-সমাসান্ত)। ক্রি-বিণ।

যত্নবান্ (-বৎ)—সচেষ্ট, চেষ্টান্বিত, উদ্যমযুক্ত। যত্ন +মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -বতী।

যত্নশীল—যত্নবান্, চেষ্টান্বিত। বহু। বিণ।

যৎপরিমিত—যে পরিমাণ, যতটা। ৩য়াতৎ। বিণ।

যৎপরোনাস্তি—যার-পর-নাই। যৎ+পরঃ+ন+অস্তি। সংস্কৃত বাক্য। বিণ।

যত্র—১। যথায়, যেখানে; যে বিষয়ে। যদ্+ত্র (সপ্তমী-স্থানে)। অ। ২। যে-পরিমাণ ('যত্র আয় তত্র ব্যয়')। বাংপ্র। বিণ।

যত্রতত্র—যেখানে-সেখানে। যত্র+তত্র। অ।

যৎসামান্য—যৎকিঞ্চিৎ। বাংপ্র। বিণ।

যথা—সাদৃশ্য; যেমন; যৎপরিমাণ; যেমন-সেইরূপ; নির্দিষ্ট; যে স্থানে বা যে বিষয়ে; দৃষ্টান্তসূচক; যোগ্য; যেখানে; বীপ্সা; সত্য; অনতিক্রম; স্বার্থ। যদ্+থাল্ প্রকারার্থে। অ।

যথাকর্তব্য—যেমন করা উচিত তেমন। সুপ্। বিণ।

যথাক্রম, যথাক্রমে—ক্রমানুসারে, পর্যায়মত। ক্রমকে অতিক্রম না করিয়া, অব্যয়ী। অ, ক্রি-বিণ।

যথাজাত—মূর্খ; নীচ। সুপ্। বিণ।

যথাতথ—যথার্থ, accurate ; সত্য। অ।

যথাতথা—যেখানে-সেখানে; যেরূপে-সেরূপে। বাংপ্র। অ, ক্রি-বিণ।

যথাদিষ্ট—আদেশ-অনুযায়ী। সুপ্। বিণ।

যথানিয়মে—ঠিক নিয়মমত; নিয়মানুসারে। নিয়মকে অতিক্রম না করিয়া, অব্যয়ী। ক্রি-বিণ।

যথাপূর্ব—পূর্বানুরূপ, পূর্বমত। অব্যয়ী। ক্রি-বিণ।

যথাবৎ—বিধিমত; যথার্থ; অপরিবর্তিত। যথা+বৎ। অ।

যথাবিধি—বিধানানুসারে। বিধিকে অতিক্রম না করিয়া, অব্যয়ী। ক্রি-বিণ।

যথাবিহিত—বিধানানুরূপ। সুপ্। বিণ।

যথাযথ—যথাক্রম, যথার্থ; যথাযোগ্য। 'যথা' শব্দের দ্বিত্ব (নিপা)। অ, বিণ বা ক্রি-বিণ।

যথাযোগ্য—ঠিক উপযুক্তমত; যেরূপ উচিত সেইরূপ। সুপ্। বিণ।

যথারীতি—রীতি-অনুসারে, রীতিমত। রীতিকে অতিক্রম না করিয়া, অব্যয়ী। ক্রি-বিণ।

যথার্থ—সত্য; যোগ্য। যথা (যথাভূত) অর্থ (সত্য) যাহাতে, বহু। বিণ।

যথার্থতঃ (-তস্)—ন্যায়তঃ; প্রকৃতপক্ষে। যথার্থ+তস্। অ।

যথাশক্তি—শক্তি-অনুসারে, যথাসাধ্য। শক্তিকে অতিক্রম না করিয়া, অব্যয়ী। ক্রি-বিণ।

যথাসময়ে—ঠিক সময়ে, উপযুক্তকালে। অব্যয়ী। অ, ক্রি-বিণ।

যথাসম্ভব—যতটা হইতে পারে; সম্ভবমত। সম্ভবকে অতিক্রম না করিয়া, অব্যয়ী। অ, ক্রি-বিণ।

যথাসর্বস্ব—যাহা কিছু ধনসম্পদ্ সব। অব্যয়ী। অ বা বি।

যথাসাধ্য—ক্ষমতানুসারে, যথাশক্তি। সাধ্যকে অতিক্রম না করিয়া, অব্যয়ী। অ, ক্রি-বিণ।

যথাস্থান—উপযুক্ত জায়গা; নির্দিষ্ট স্থান। সুপ্। বি; ক্লী।

যথেচ্ছ—১। ইচ্ছামত, যেরূপ ইচ্ছা সেইরূপ। যথা ইচ্ছা যাহাতে, বহু। বিণ। ২। ইচ্ছানুসারে। ইচ্ছাকে অতিক্রম না করিয়া, অব্যয়ী। অ, ক্রি-বিণ।

যথেচ্ছাচার—স্বেচ্ছাচার, আপনার ইচ্ছানুসারে আচরণ; অসংযত চালচলন। কর্মধা। বি; পুং।

যথেচ্ছাচারিতা—উচ্ছৃঙ্খলতা, স্বেচ্ছাচারিতা। যথেচ্ছাচারিন্+তা ভাবে। বি; স্ত্রী।

যথেচ্ছাচারী (-রিন্)—উচ্ছৃঙ্খল, যে কাহারও বিধি-নিষেধ মানে না এমন, স্বেচ্ছাচারী। উপতৎ; যথেচ্ছ—আ—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -চারিণী।

যথেষ্ট—১। প্রচুর, বহুতর, অনেক। বাংপ্র। বিণ। ২। ইচ্ছানুরূপ। ইষ্টকে অতিক্রম না করিয়া, অব্যয়ী। ক্রি-বিণ।

যথোক্ত—যেরূপ বলা হইয়াছে সেইরূপ। সুপ্। বিণ।

যথোচিত—১। উপযুক্তরূপে। অব্যয়ী। ক্রি-বিণ। ২। যথোপযুক্ত, যথাযোগ্য। সুপ্। বিণ।

যথোপযুক্ত—যথোচিত, যেরূপ উচিত সেইরূপ। সুপ্। বিণ।

যদ্—যাহা। যজ্+ডদ্ কর্ম। সর্ব।

যদবধি—যে সময় হইতে; যে স্থান হইতে; যে স্থান বা সময় পর্যন্ত। যৎ+অবধি। অ, ক্রি-বিণ।

যদা—যৎকালে, যখন, যে সময়ে; যেহেতু। যদ্+দাচ্ কালার্থে। অ।

যদি—একক্রিয়াতে অন্যের অপেক্ষাসূচক সম্ভাবনা; সংশয়; অনবধারণ; পক্ষান্তর। যত্‌+ইন্ ভাব (ত-স্থানে দ)। অ।

যদিই—নিতান্ত যদি, সংশয়াধিক্যে। বাংপ্র। অ।

যদিও—সত্ত্বেও, যদিচ। বাংপ্র। অ।

যদিবা—যদিই; অথবা যদি। বাংপ্র। অ।

যদুকুল—যদুবংশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

যদুনাথ, -পতি—শ্রীকৃষ্ণ, নারায়ণ। যদুদিগের নাথ, পতি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

যদুবংশ—যদুকুল (তাহা দ্রঃ)।

যদৃচ্ছা—স্বাতন্ত্র্য, স্বেচ্ছা; অনায়াস; ক্রম; ঘটন, chance ; স্বৈরবৃত্তি। যদ্—ঋচ্ছ্+অ ভাব+আপ্; অথবা, যাহা ইচ্ছা এই বাক্যে, যদৃচ্ছা, কর্মধা। বি; স্ত্রী।

যদৃচ্ছাক্রমে—নিজের ইচ্ছামত, স্বাধীনভাবে। যদৃচ্ছার ক্রম, ৬ষ্ঠীতৎ, তাহাতে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।

যদ্দিন— ⟨ যতদিন। বি।

যদ্ভবিষ্য—ভাগ্যাপেক্ষী। যৎ ভবিষ্য (ভবিষ্যৎ) যাহার, বহু। বিণ।

যদ্যপি—যদিও; যদিই। যদি+অপি। অ।

যন্ত্র—কল, কৌশলে কোন কর্ম নির্বাহার্থ নির্মিত বস্তু, machine, apparatus ; শরীরের অন্তর্গত ক্রিয়াসাধক অঙ্গ, organ ; (জ্যোতিষ) গ্রহনক্ষত্রাদির অবস্থানচিত্র; শিল্পসাধন সরঞ্জাম, tools, instru-

ment; ইন্দ্রিয়; অগ্নিযন্ত্র; যাঁতা; পদার্থ-নিরূপণ-সামগ্রী; যদ্দ্বারা একস্থানে প্রযুক্ত শক্তি স্থানান্তরে ভিন্নরূপে কার্যকরী হয় তাহা; দেবাদির অধিষ্ঠান-চক্র; বাদ্য। যন্ত্রি+অচ্ করণ। বি; ক্লী।
যন্ত্রকর্মকার—যান্ত্রিক, machinist. ৭মীতৎ। বি; পুং।
যন্ত্রগৃহ—কলঘর, manufactory; যে স্থানে যন্ত্র রক্ষিত এবং পরিচালিত হয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
যন্ত্রণ—পীড়ন, ক্লেশ দেওয়া। যন্ত্র্+অনট্ ভাব। বি; ক্লী। [অন ভাব+আপ্। বি; স্ত্রী।
যন্ত্রণা—যাতনা, ক্লেশ, pain; শরপত্ররচনা। যন্ত্রি+
যন্ত্রতন্ত্র, -পাতি—হাতিয়ারপাতি, যত সব যন্ত্র। যন্ত্র +তন্ত্র, পাতি (সহগ)। বি।
যন্ত্রদানব—দৈত্যের ন্যায় অদ্ভুত কর্মসাধক যন্ত্র। কর্মধা। বি; পুং।
যন্ত্রপেষণী—কলের যাঁতা, grinding mill. যন্ত্র-চালিত পেষণী, মধ্যপ। বি; স্ত্রী।
যন্ত্রবিজ্ঞান, -বিদ্যা—কলের নির্মাণ গঠন প্রয়োগ প্রঃ-সম্বন্ধীয় বিদ্যা, mechanics. মধ্যপ। বি; ক্লী, স্ত্রী।
যন্ত্রবিৎ (-বিদ্)—যন্ত্রবিশারদ, যন্ত্রের গঠন ও প্রয়োগে অভিজ্ঞ। উপতৎ; যন্ত্র—বিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ। [কর্মধা। বি; পুং।
যন্ত্রমানব—মনুষ্যবৎ 'কার্যকরী যন্ত্র বিঃ, robot.
যন্ত্রযুগ—যে সময়ে যন্ত্রই কার্যসাধনের প্রধান উপায়-রূপে গৃহীত হয় তাহা, বিংশ শতাব্দী। যন্ত্রপ্রধান যুগ, মধ্যপ। বি; পুং।
যন্ত্রশালা—কলকারখানা; যে গৃহে কলে কার্য হয় তাহা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
যন্ত্রশিল্প—যন্ত্রসাধক বস্তুনির্মাণ কার্য। মধ্যপ। বি; ক্লী।
যন্ত্রশিল্পী (-শিল্পিন্)—যন্ত্রপ্রয়োগে দক্ষ ব্যক্তি, mechanic. ৭মীতৎ। বি; পুং।
যন্ত্রসংগীত—সেতার একতারা প্রভৃতি যন্ত্রের সাহায্যে কৃত সংগীত, instrumental music. যন্ত্র-সাধ্য সংগীত, মধ্যপ। বি; ক্লী।
যন্ত্রসভ্যতা—যে সভ্যতা প্রধানতঃ যন্ত্রের সাহায্যে গড়িয়া উঠিয়াছে। যন্ত্র-প্রভাবিতা সভ্যতা, মধ্যপ। বি; স্ত্রী।
যন্ত্রিত—দমিত, বদ্ধ; যন্ত্রে স্থাপিত। যন্ত্র্ বা যন্ত্র +ণিচ্+ক্ত কর্ম। বিণ।
যন্ত্রী (-ন্ত্রিন্)—যন্ত্রযুক্ত; ষড়যন্ত্রকারী; শিল্পকার; যাহারা যন্ত্র বাদন করে, বাদ্যকর; যন্ত্রবিশারদ; গুণী; ধূর্ত। যন্ত্র+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী—যন্ত্রিণী।
যব—১। শস্য বিঃ; চারিধান-পরিমাণ, ½ বা ⅓ ইঞ্চি; অঙ্গুলিস্থ যবাকার. চিহ্ন বিঃ। যু+অচ্ কর্তৃ। ২। বেগ। যু+অপ্ ভাব। বি; পুং। ৩। যখন ("যব গোধূলি সময় বেলি"—বিদ্যা)। প্রা কপ্র। অ।
যবক্ষার—ক্ষার বিঃ, carbonate of potash. যবজাত ক্ষার, মধ্যপ। বি; পুং।
যবক্ষারজান—রাসায়নিক মৌলিক পদার্থ বিঃ, nitrogen. বি; পুং।
যবদ্বীপ—ভারত মহাসাগরস্থ দ্বীপ বিঃ, Java. যব নামক দ্বীপ, মধ্যপ। বি; পুং।
যবন—বিধর্মী; অসদাচারী; গ্রীক্‌জাতি; ম্লেচ্ছজাতি; আরব দেশ; তুরস্ক দেশ; বেগবান্ অশ্ব। যু+অন কর্তৃ। বি; পুং। [স্ত্রী।
যবনানী—যবনজাতির লিপিসমূহ। যবন+ঈপ্। বি;
যবনারি—শ্রীকৃষ্ণ। যবনের অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
যবনিকা—পর্দা, কানাত; রংগমঞ্চের পট, drop-scene; যবন-স্ত্রী। যু+অনট্ অধি+ঈপ্; যবনী+ কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
যবনিকাপতন, -পাত—নাটকাভিনয়ের শেষে পর্দা পড়িয়া যাওয়া; শেষ; সমাপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং।
যবনী—১। যবন-স্ত্রী। যবন+ঈপ্। ২। পর্দা। যু+ অনট্ অধি+ঈপ্। বি; স্ত্রী।
যবস্থব—যাহার মীমাংসা বা নিষ্পত্তি হয় নাই এমন। বাংপ্র। বিণ।
যবহু—যখনই। প্রা কপ্র। অ। [স্ত্রী।
যবাগূ—জাউ, যবের মণ্ড। যু+আগূচ্ কর্ম। বি;
যবানিকা, যবানী—ঔষধ বিঃ, যোয়ান। দুষ্ট যব এই অর্থে যব+ঈপ্ (আনুক্-আগম); ১ম পক্ষে+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
যবিষ্ঠ—কনিষ্ঠ; অতি তরুণ; অতি যুবা। যুবন্+ ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ।
যবীয়ান্ (-য়স্)—কনিষ্ঠ; অতি যুবা; অতি তরুণ। যুবন্+ঈয়সু অতিশয়ার্থে। বিণ। স্ত্রী—যবীয়সী।
যবুথবু—চলিতে অক্ষম; অকর্মণ্য। বাংপ্র। বিণ।
যবে—যখন, যে দিনে, যে সময়ে। বাংপ্র। অ।
যবোদর—এক ইঞ্চির আটভাগের এক ভাগ-পরিমাণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
যম—১। ধর্মরাজ; শমন। বি; পুং। ২। যমজ, যুগ্মজাত। যম্+ণিচ্+অচ্ কর্তৃ। বিণ। ৩। সংযম; অন্তঃকরণের বহির্বৃত্তি নিবারণ করিয়া কেবল ঈশ্বরে নিয়োগ; অহিংসা সত্যাদি; সহিষ্ণুতা; মৃত্যু; উৎসব বিঃ; যোগ। যম্+ঘঞ্ ভাব। বি; পুং।
যমক—১। শব্দালংকার বিঃ, সমোচ্চার্য শব্দের পুনরাবৃত্তি [যথা—"পাইয়া চরণ-তরি তরি ভবে আশা।" তরি (১)=নৌকা। তরি (২)=উত্তীর্ণ হই]। বি; ক্লী। ২। একগর্ভে একদা উৎপন্ন সন্তানদ্বয়, যমজ; জুড়ি। যম+কন্ স্বার্থে। বি; পুং।
যমকিংকর—যমদূত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
যমজ—একগর্ভে একসংগে উৎপন্ন; সহজাত; তুল্য। যম—জন্+ড কর্তৃ। বিণ।
যমজাঙ্গাল—ছায়াপথ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
যমদণ্ড—মৃত্যু; মৃত্যুর পর যমের নিকট পাপহেতু যে শাস্তি পাওয়া যায় তাহা; যমের আয়ুধ (জ্যোতিষে) বাস্তুদোষ বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
যমদূত—যমের আজ্ঞাবহ ভৃত্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

যমদ্বার—যমালয়ের দরজা; যমালয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
যমদ্বিতীয়া—কার্তিকী শুক্লা দ্বিতীয়া, ভ্রাতৃদ্বিতীয়া। যমবারণী দ্বিতীয়া, মধ্যপ। বি; স্ত্রী।
যমপুকুর—অবিবাহিতা কন্যাদের ব্রত বিঃ। বাংপ্র। বি।
যমপুরী—যমের বাড়ি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। **যমপুরী দেখাইয়া আনা**—প্রায় মারিয়া ফেলা; প্রায় মৃত্যুর পথে লওয়া।
যমভগিনী—যমুনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
যমযন্ত্রণা—মৃত্যুরূপ দুঃখ; যমের দেওয়া দুঃখ। যম-প্রদত্তা যন্ত্রণা, মধ্যপ। বি; স্ত্রী।
যমরাজ—শমন, যম। যমই রাজা, কর্মধা (টচ্-সমাসান্ত)। বি; পুং।
যমল—যুগ্ম; জোড়া। যম—লা+ক কর্তৃ। বি; ক্লী। **যমল গান**—দুইজনে মিলিয়া গান, জুড়ী গান, duet.
যমলার্জুন—যুগ্ম অর্জুনবৃক্ষরূপী নলকুবর ও মণিগ্রীব নামক কুবেরের শাপভ্রষ্ট পুত্রদ্বয়। যমল অর্জুন কর্মধা। বি; পুং।
যমানিক, যমানী—যবানী, যোয়ান। যম্+অনট্ করণ +ঈপ্; ১ম পক্ষ যমানী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী। [পুং।
যমালয়—যমের বাড়ি। যমের আলয়, ৬ষ্ঠীতৎ। বি;
যমুনা—উত্তর ভারতের নদী বিঃ, কালিন্দী নদী; বাংলার কয়েকটি নদী; যমভগিনী। যম্+উনন্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
যশঃ (যশস্)—সুখ্যাতি; জীবিতের খ্যাতি। অশ্ –অসুন্ কর্তৃ (নিপা)। বি; ক্লী। [ক্লী।
যশঃকীর্তন—প্রশংসাবাদ, গুণগান। ৬ষ্ঠীতৎ। বি;
যশ— < যশঃ।
যশদ—দস্তা। অশ্ (ব্যাপা)+অদ কর্তৃ। বি; পুং।
যশস্কর—যশঃসাধন, সুখ্যাতিজনক। উপতৎ; যশস্ —কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।
যশস্কাম—যশঃপ্রার্থী। বহু। বিণ।
যশস্বী (-স্বিন্)—কীর্তিমান্, বিখ্যাত। যশস্+বিন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -স্বিনী।
যশোগাথা—কীর্তিগাথা, সুনাম। মধ্যপ। বি; স্ত্রী।
যশোগান, -গীতি—গুণাখ্যান, গুণকীর্তন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।
যশোদ—১। পারদ। বি; পুং। ২। কীর্তিপ্রদ, যশঃপ্রদ। উপতৎ; যশস্—দা+ক কর্তৃ। বিণ।
যশোদা—১। শ্রীকৃষ্ণের পালনকারিণী মাতা, নন্দগোপপত্নী। বি; স্ত্রী। ২। কীর্তিদায়িনী। যশস্—দা+ক কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী।
যশোধন—যশস্বী। বহু। বিণ।
যশোভাগ্য—খ্যাতিলাভের ভাগ্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
যশোমতী—যশোদা, শ্রীকৃষ্ণের পালনকারিণী মাতা। যশস্+মতুপ্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।
যশোলিপ্সা—কীর্তিলাভের আকাঙ্ক্ষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
যশোলিপ্সু—কীর্তিলাভ করিতে ইচ্ছুক। যশঃকে লিপ্সু, ২য়াতৎ। বিণ।
যষ্টি—১। লাঠি; তন্তু; ধ্বজাদি দণ্ড; ছড়া। বি; স্ত্রী। ২। ভুজদণ্ড। যক্ষ্+ক্তি কর্ম (ক-এর লোপ)। বি; পুং।
যষ্টিমধু—বৃক্ষ বিশেষের শুষ্ক মিষ্ট মূল বিঃ, liquorice. যষ্টিতে মধু (মিষ্টরস) যাহার, বহু। বি; পুং।
যহিঁ—যাহাতে, যেখানে। প্রা কপ্র। অ।
যহুঁক—যাহার ("যহুঁক বিরহভয়ে উরে হার না দেলা"—বিদ্যা)। প্রা কপ্র। সর্ব।
যা—১। পতির ভ্রাতৃজায়া। < যাতৃ। বি; স্ত্রী। ২। গমন কর্। < যা-ধাতু। ক্রি। ৩। যে বস্তু বা বিষয়। < যাহা। সর্ব
যাই—১। গমন করি। ক্রি। ২। যখনই, যে-মুহূর্তে; যেহেতু। বাংপ্র। অ।
যাউ—যবমণ্ড, মাড়। < যবাগূ। বি।
যাওয়া—গমন করা; চলা; কোন অবস্থায় আসা বা থাকা; প্রয়োজন সাধন করা; শেষ হওয়া; কাজ চলা; যোজন সাধন করা; টেকা; নষ্ট হওয়া; কোন কিছু ঘটা; কিছু করা বা হওয়া। বাংপ্র। ক্রি। [প্রা কপ্র—**যাইহ**—যাইও। **যাওত**—যায়। **যাওব**—যাইব। **যাওবি**—যাইবে। **যাতা**—যাইতেছে। **যায়ব**—যাইব; যাইবে। **যায়ল**—গেল। **যাসি**—যাইতেছ। **যাহ**—যাও।]
যাঁহা—যেখানে; যেইমাত্র। প্রা কপ্র। অ।
যাক—গমন করুক; প্রসঙ্গ থাকুক। বাংপ্র। ক্রি।
যাগ—যজ্ঞ, হোম। যজ্+ঘঞ্ ভাব। বি; পুং।
যাচক—প্রার্থী, ভিক্ষুক। যাচ্+ণক কর্তৃ। বিণ।
যাচন, যাচনা—যাচ্ঞা, ভিক্ষা, প্রার্থনা। যাচ্+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
যাচনদার—যে যাচাই করে। যাচন+দার কর্তা অর্থে (বাংপ্র)। বি।
যাচনা—'যাচন' দ্রঃ। [বিণ।
যাচনীয়—ভিক্ষণীয়, প্রার্থনীয়। যাচ্+অনীয় কর্ম।
যাচমান—যে প্রার্থনা করিতেছে এমন। যাচ্+শানচ্ কর্তৃ। বিণ।
যাচা—১। প্রার্থনা করা, চাওয়া; যাচাই করা, পরীক্ষা বা অনুসন্ধান দ্বারা মূল্য নির্ধারণ করা। ক্রি। ২। যাহা যাচিয়া দেওয়া হয় এমন। যাচ্+আ কর্ম (বাংপ্র)। বিণ।
যাচাই—পরীক্ষা; অনুসন্ধান; নানাস্থানে জানিয়া মূল্য নির্ধারণ; মূল্য-নির্ধারণার্থ নানাস্থানে কোন জিনিসের মূল্য জিজ্ঞাসা; জিজ্ঞাসা করিয়া খাদ্য বিতরণ। যাচা+আই ভাব (বাংপ্র)। বি।
যাচানো—যাচাই করানো। বাংপ্র। ক্রি [, বি]।
যাচিত—প্রার্থিত। যাচ্+ক্ত কর্ম। বিণ।
যাচ্ছেতাই—অতি খারাপ, কদর্য। যা+ইচ্ছে+তা+ই (< যাহা ইচ্ছা তাহাই) (বাংপ্র)। বিণ।
যাচ্ঞা—ভিক্ষা, প্রার্থনা। যাচ্+নঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

যাচ্য—চাহিবার মত, প্রার্থনীয়। যাচ্+ন্যৎ কর্ম। বিণ। [এমন। যাচ্+শানচ্ কর্ম। বিণ।
যাচমান—যাহার নিকট বা যাহা চাওয়া হইতেছে
যাজক—ঋত্বিক্; পুরোহিত; যাজ্ঞিক। যজ্+ণক কর্তৃ। বি; পুং। স্ত্রী—**যাজিকা**।
যাজন—পৌরোহিত্য; যাগ করানো। যজ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
যাজী (-জিন্)—যজ্ঞকারী, যাজক। যজ্+ণিন্ কর্তৃ। বিণ বা বি; পুং। স্ত্রী—**যাজিনী**।
যাজ্ঞবল্ক্য—সংহিতাকার ও যজুর্বেদপ্রযোক্তা মুনি বিঃ। যজ্ঞবল্ক+যঞ্ অপত্যার্থে। বি; পুং।
যাজ্ঞসেনী—দ্রৌপদী। যজ্ঞসেন+ইঞ্ অপত্যার্থে+ঈপ্। বি; স্ত্রী।
যাজ্ঞিক—১। যাজক, পুরোহিত; যজ্ঞকর্তা। যজ্ঞ+ইক করে অর্থে। বি; পুং। ২। যজ্ঞীয়। যজ্ঞ+ইক প্রয়োজনার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**।
যাজ্ঞিকান্ন—যজ্ঞের চরু। যাজ্ঞিক অন্ন, কর্মধা। বি; ক্লী।
যাজ্য—যাজনযোগ্য, যাজনীয়; যজ্ঞক্রিয়ার যোগ্য; যাহার জন্য যাগ করা যায়। যজ্+ণিচ্+যৎ কর্ম। বিণ।
যাত—১। গত, অতীত। যা+ক্ত কর্তৃ। ২। লব্ধ; জ্ঞাত। যা+ক্ত কর্ম। বিণ।
যাতনা—যন্ত্রণা, তীব্র বেদনা। যত্+ণিচ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।
যাতব্য—যেখানে যাইতে হইবে; গমনযোগ্য; অভিযান-যোগ্য; আক্রমণীয়। যা+তব্য কর্ম। বিণ।
যাতা (-তৃ)—১। গমনকর্তা; রথচালক। যা+তৃন্ -কর্তৃ। বিণ। স্ত্রী—**যাত্রী**। ২। স্বামীর ভ্রাতার পত্নী, জা। যা+তৃচ্ কর্তৃ। বি; স্ত্রী।
যা-তা—অতি তুচ্ছ; অতি খারাপ; একথা-সেকথা; যেমন-তেমন। বাংপ্র। বি বা বিণ।
যাতায়াত—গমনাগমন। দ্বন্দ্ব। বি; ক্লী।
যাত্রা—১। প্রস্থান, গমন; যুদ্ধার্থ নির্গমন; দেবতার উৎসব বিঃ; যাপন; তীর্থগমন: নির্বাহ। যা+ত্রন্ ভাব+আপ্। বি; স্ত্রী। ২। দফা, বার ('এ —'); মিছিল, procession; দৃশ্যপটহীন গীতি-নাট্যাভিনয়। বাংপ্র। বি।
যাত্রাওয়ালা—গীতিনাট্য-দলের মালিক বা অভিনেতা। যাত্রা+ওয়ালা অধিকারী প্রঃ অর্থে। বি।
যাত্রাগান—দৃশ্যপটহীন নাট্যগীতি বিঃ। কর্মধা (বাংপ্র)। বি; ক্লী। [বি।
যাত্রাদল—গীতিনাট্যাভিনয়ের দল। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)।
যাত্রিক—১। যাত্রা সম্বন্ধীয়; যাত্রার উপযুক্ত; যথায় বা যাহাতে দেওয়া যাইতে পারে এমন। যাত্রা+ইক সম্বন্ধার্থে, যোগ্যার্থে। বিণ। স্ত্রী, **-কী**। ২। পাথেয়, পথখরচ। যাত্রা+ইক প্রয়োজনার্থে। বি; ক্লী। ৩। উৎসব; উপায়। যাত্রা+ইক স্বার্থে। ৪। পথিক। যাত্রা+ইক আছে অর্থে। বি; পুং।
যাত্রী (যাত্রিন্)—যাত্রাকারী, পথিক; তীর্থযাত্রী। যাত্রা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**যাত্রিণী**।

যাত্রী—গমনকারিণী। যাতৃ+ঈপ্। বিণ; স্ত্রী।
যাথাতথ্য—সত্যতা, যাথার্থ্য; প্রকৃত তত্ত্ব। যথাতথা+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লী।
যাথার্থ্য—সত্যতা, যথার্থতা, প্রকৃততত্ত্ব। যথার্থ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
যাদঃপতি—বরুণদেব; সাগর ("যাদঃপতিরোধ যথা চলোর্মি আঘাতে"—মাইকেল)। যাদঃ (জলজন্তু) যাহাদের পতি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
যাদব—১। শ্রীকৃষ্ণ। যদু+অণ্ গোত্রাপত্যার্থে। বি; পুং। ২। যদুবংশীয়; যদুসম্বন্ধীয়। যদু+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-বী**। ৩। যদুবংশীয় ব্যক্তি। যদু+অণ্ অপত্যার্থে। বি; পুং।
যাদু—১। বশীকরণ-বিদ্যা, মোহিনী। ফা। ২। বাছা, ধন। <ফা 'জাদ'। বি। ৩। বশীকৃত। ফা। বিণ।
যাদুকর—মায়াবী; বশীকারক। ফা-মু। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-রী**।
যাদুঘর—যে গৃহে নানাদেশীয় শিল্পজাত দ্রব্যের নিদর্শন এবং পুরাতত্ত্ব-সংক্রান্ত বস্তুসমূহ রক্ষিত হয় তাহা, museum. ৬ষ্ঠীতৎ (ফা-মু)। বি।
যাদুধন, -মণি—পরমস্নেহ ও আদরের পাত্র। কর্মধা (ফা-মু)। বি।
যাদুবল—ভেল্কি দেখাইবার শক্তি; কুহকপ্রভাব; বশীকরণ-শক্তি। ৬ষ্ঠীতৎ (ফা-মু)। বি।
যাদুবিদ্যা—ভেল্কি, কুহকবিদ্যা; যে বিদ্যাবলে অলৌকিক ব্যাপারসমূহ সম্পাদন করা হয় তাহা। ৬ষ্ঠীতৎ (ফা-মু)। বি; স্ত্রী।
যাদুমণি—'যাদুধন' দ্রঃ।
যাদৃশ—যেরূপ, যেমন। যদ্—দৃশ্+কঞ্ কর্ম। বিণ। স্ত্রী—**যাদৃশী**।
যান—১। বাহন, যাহাতে চড়িয়া যাওয়া যায়, হস্তী অশ্বশকট নৌকা প্রঃ বাহন। যা+অনট্ করণ। ২। আক্রমণ; গমন; শত্রুর প্রতিকূলে যাত্রা। যা+অনট্ ভাব। বি; ক্লী। ৩। গমন করুন বা করেন। বাংপ্র। ক্রি।
যান্ত্রিক—১। যন্ত্রী, যন্ত্রবিশারদ। বি: পুং। ২। যন্ত্রকুশল; যন্ত্রনির্মাণে বা চালনে সুদক্ষ: যন্ত্র সম্বন্ধীয় ('— সভ্যতা')। যন্ত্র+ইক কুশলাদি অর্থে। বিণ। স্ত্রী, **-কী**। **যান্ত্রিক শক্তি**—যন্ত্রের ক্ষমতা, mechanical power.
যাপক—যে যাপন করে বা কাটায় এমন; অতিবাহক। যা+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**যাপিকা**।
যাপন—সময় কাটানো; অবস্থান; নিরসন; অপ-সারণ। যা+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
যাপনীয়—অতিবাহনীয়, অপসারণীয়, ক্ষেপণীয়। যা+ণিচ্+অনীয় কর্ম। বিণ।
যাপা—যাপন করা। কপ্র। ক্রি।
যাপিত—অতিবাহিত; অপসারিত। যা+ণিচ্ (=যাপি)+ক্ত কর্ম। বিণ।
যাপ্য—যাপনীয়, ক্ষেপণীয়; নিন্দনীয়; গোপনীয়; আবরণীয়; নিঃশেষে অপ্রতিকার্য। যা+ণিচ্+যৎ কর্ম। বিণ।

যাবচ্চন্দ্রদিবাকর—চন্দ্র ও সূর্যের প্রকাশকাল পর্যন্ত, যতদিন চন্দ্রসূর্য আছে, চিরকাল। চন্দ্র ও দিবাকর, দ্বন্দ্ব; চন্দ্রদিবাকর পর্যন্ত, অব্যয়ী। ক্রি-বিণ।

যাবজ্জীবন—জীবিতকাল পর্যন্ত, যতকাল জীবিত থাকা যায় ততকাল ('—কারাবাস', '—দ্বীপান্তর')। যাবৎ জীবন, সুপ্। বিণ বা ক্রি-বিণ।

যাবৎ—১। যত, যৎপরিমাণ; পর্যন্ত; যতক্ষণ পর্যন্ত; সমস্ত; যৎসংখ্যক; যতটুকু। যদ্+মতুপ্ পরিমাণার্থে। বিণ। ২। সীমা; সমূহ; অধিকার; পরিমাণ। যা+বতিচ ভাব। অ।

যাবতীয়—সমুদয়, যত আছে তত। যাবৎ+ঈয় স্বার্থে। বিণ। [বিণ। স্ত্রী, -কী।

যাবনিক—যবন সম্বন্ধীয়। যবন+ইক সম্বন্ধার্থে।

যাবনী—১। যবন সম্বন্ধীয়। বিণ। ২। যবনের ভাষা ("অতএব কহি ভাষা যাবনী মিশাল"—ভারত)। যবন+ষ্ণ সম্বন্ধাদ্যর্থে+ঈপ্ স্ত্রী। বি; স্ত্রী।

যাম—১। দিবা বা রাত্রির চারিভাগের একভাগ কাল; প্রহরপরিমিত কাল; সময়। যা+ম কর্তৃ। ২। সংযম। যম্+ঘঞ্ ভাব। বি; পুং।

যামঘোষ—শৃগাল; মোরগ; ঘটিকাযন্ত্র, যামে (প্রহরে) ঘোষ (শব্দ) যাহার, বহু। বি; পুং।

যামল—যুগল; তন্ত্রশাস্ত্র বিঃ। যমল+অণ্ স্বার্থে। বি; পুং।

যামার্ধ—অর্ধপ্রহর; দিনমান বা রাত্রিমানের অষ্টমাংশ (প্রায় ১॥ ঘণ্টা সময়)। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

যামিত্র—লগ্ন হইতে সপ্তম রাশি। যামি—ত্রৈ+ক কর্তৃ। বি; ক্লী।

যামিনী—রাত্রি; হরিদ্রা। যাম+ইনু আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

যামিনীভূষণ—চন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

যাম্য—১। যম সম্বন্ধীয়। যম+ষ্যঞ্ সম্বন্ধার্থে। ২। দক্ষিণ; দক্ষিণদেশীয়। যামী+যৎ ভবার্থে সম্বন্ধার্থে। বিণ।

যাম্যোত্তরবৃত্ত—আকাশের দক্ষিণ হইতে উত্তর ব্যাপী কল্পিত মধ্যরেখা, meridian. যাম্য (দক্ষিণ) হইতে উত্তর, ৫মীতৎ; সেইরূপ বৃত্ত, কর্মধা। বি; ক্লী।

যাযাবর—১। যাহাদিগের নিয়মিত বাসস্থান নাই তাহারা, nomads; নিয়ত নানা স্থানে পরিভ্রমণকারী তপস্বী; ব্রাহ্মণ; পর্যটক; সন্ন্যাসী। বি; পুং। ২। সদা ভ্রমণকারী। যাযা (যা+যঙ্ = পুনঃ পুনঃ যাওয়া)+বরচ্ কর্তৃ, শীলার্থে। বিণ।-

যার-পর-নাই—অত্যধিক, অতিশয়, যৎপরোনাস্তি। বাংপ্র। বিণ।

যাহা—যে বস্তু বা বিষয়। <যদ্। সর্ব।

যাহা-তাহা—অনির্দিষ্ট, অনির্বাচিত বা মন্দ কিছু। বাংপ্র। সর্ব।

যিনি—যে মান্য বা সম্ভ্রান্ত লোক। <যদ্। সর্ব।

যীশু—খ্রীষ্টানধর্মের প্রবর্তক যীশুখ্রীষ্ট। <পো 'Jesu'। বি।

যুঁই—যূথিকা-পুষ্প, মালতী ফুল। <যূথিকা। বি।

যুক্ত—ন্যায্য, উপযুক্ত; নিযুক্ত; অবশিষ্ট; ব্যাপৃত; আসক্ত; মিলিত; যোগরত; যাহা যোগ হইয়াছে এমন, plus. যুজ্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

যুক্তকর—১। যোড়হাত, কৃতাঞ্জলি। বহু। বিণ। ২। যোড়-করা হাত, বদ্ধ অঞ্জলি। কর্মধা। বি; পুং।

যুক্তবেণী—বাঁধা খোঁপা; নদী-প্রবাহের একত্র-সম্মেলন; ত্রিবেণী। কর্মধা। বি; স্ত্রী।

যুক্তরাজ্য—গ্রেট ব্রিটেন ও উত্তর আয়ার্লণ্ড, United Kingdom. কর্মধা। বি; ক্লী।

যুক্তরাষ্ট্র—উত্তর আমেরিকার সুবিখ্যাত দেশ, মার্কিন যুক্তরাষ্ট্র, United States of America. কর্মধা। বি; ক্লী। [পুং।

যুক্তাক্ষর—মিলিত বর্ণ, সংযুক্ত বর্ণ। কর্মধা। বি;

যুক্তি—১। রীতি; ন্যায়; বিচার, reason; মিলন; অনুমান; লোকব্যবহার। যুজ্+ক্তি ভাব। ২। মন্ত্রণা, কারণ; উপায়; সিদ্ধান্ত। যুজ্+ক্তি করণ। বি; স্ত্রী।

যুক্তিতর্ক—ন্যায় হেতু ইঃর প্রদর্শন এবং তৎসম্পর্কীয় বিশেষ আলোচনা। দ্বন্দ্ব। বি; পুং।

যুক্তিবিরুদ্ধ—অযৌক্তিক; যাহা যুক্তিতে টেকে না এমন। ৬ষ্ঠীতৎ। বিণ।

যুক্তিযুক্ত—ন্যায্য; পরামর্শসিদ্ধ। ৩য়াতৎ। বিণ।

যুক্তিসংগত, -সম্মত—পরামর্শসিদ্ধ; ন্যায্য; উপযুক্ত। ৩য়াতৎ। বিণ।

যুক্তিসিদ্ধ—মীমাংসিত; মন্ত্রণা দ্বারা স্থিরীকৃত; যুক্তিযুক্ত; যুক্তিসম্পন্ন। ৩য়াতৎ। বিণ।

যুগ—১। সত্য ত্রেতা দ্বাপর কলি এই চারিকাল; নির্দিষ্টকাল পরিমাণ, আমল। যুজ্+ঘঞ্ কর্ম (নিপা)। বি; ক্লী। ২। যুগল, যোড়া, একজোড়া। <যুগ্ম। বি; পুং।

যুগজীবন—কালবিশেষে জনসাধারণের জীবনযাত্রা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

যুগধর্ম—কালোপযোগী ধর্ম; সময়োচিত চাল-চলন। মধ্যপ। বি; পুং।

যুগন্ধর—যুগকাষ্ঠে যে কাষ্ঠ সংলগ্ন থাকে; লাঙ্গলের ঈষা; গাড়ির বোম প্রঃ; কূবর; পর্বত বিঃ। উপতৎ; যুগ—ধৃ+খচ্ কর্তৃ। বি; পুং।

যুগপৎ—একদা, এককালে; একযোগে, simultaneously. যুগ—পদ্+ক্বিপ্ কর্তৃ। অ। বি—যুগপত্তা, যৌগপদ্য।

যুগপ্রবর্তক—যিনি নূতন যুগ অর্থাৎ ভাবধারা ও মতবাদবিশিষ্ট কালের প্রবর্তন করেন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

যুগযুগান্তর—বহুযুগ, বর্তমানযুগ এবং অন্য যুগ। দ্বন্দ্ব। বি; ক্লী। [ক্লী।

যুগল—যুগ্ম, যোড়া। যুগ+লচ্ আছে অর্থে। বি;

যুগলমন্ত্র—লক্ষ্মীনারায়ণাদি-মন্ত্র। কর্মধা। বি; পুং।

যুগসন্ধি—দুই যুগের মিলন, একযুগের শেষ ও অন্য যুগের আরম্ভ, transition period. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

যুগানো, যোগানো—সংগ্রহ হওয়া বা করা; জুটানো; সরবরাহ করা; যোগ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

যুগান্ত—প্রলয়কাল, যুগের অবসান। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ক্লী।

যুগান্তর—অন্য যুগ; যুগ-পরিবর্তন। নিত্য। বি;

যুগাবতার—সময়বিশেষে আবির্ভূত মানব-জাতির পরিত্রাণকারী মহাপুরুষ ('—শ্রীরামকৃষ্ণ')। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

যুগোপযোগী (-যোগিন্)—যে যুগে যাহা উচিত তদ্রূপ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-যোগিনী**।

যুগ্ম—১। জোড়া, even; সহযোগী। বিণ। ২। যুগল, যোড়া। যুজ+মক্ কর্ম। ৩। একসঙ্গে অন্বিত দুইটি শ্লোক; মেলন। যুজ্+মক ভাব। বি; ক্লী।

যুগ্মক—যুগল। যুগ্ম+কন্ স্বার্থে। বি; ক্লী। **যুগ্মক সংগীত**—যুগল সংগীত, duet.

যুগ্য—১। বাহন, যান। বি; ক্লী। ২। যুগবাহী। ('—পশু')। যুগ+যৎ যোগ্যার্থে, বহন করে অর্থে। বিণ। [ক্রি।

যুঝা—যুদ্ধ করা; বুঝাপড়া করা; তর্ক করা। বাংপ্র।

যুত—১। যুক্ত; মিলিত; সংপৃক্ত। যু+ক্ত কর্তৃ, কর্ম। বিণ: বি—**যুতি**। ২। কায়দা; সুবিধা, যো। বাংপ্র। বি। [৭মীতৎ। বিণ।

যুতসই—সুবিধামত, যাহাতে ঠিক কায়দা হয় এমন।

যুদ্ধ—সংগ্রাম, সমর; বিবাদ; দ্বন্দ্ব ('মল্ল —'); গ্রহ-দিগের পরস্পর মিলন। যুধ্+ক্ত ভাব। বি; ক্লী।

যুদ্ধকৌশল—লড়াই করিবার কায়দা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

যুদ্ধনীতি—যুদ্ধের নিয়ম। মধ্যপ। বি; স্ত্রী।

যুদ্ধপোত—যুদ্ধ করিবার জাহাজ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

যুদ্ধবিগ্রহ—সমর এবং বিবাদ। দ্বন্দ্ব। বি; পুং।

যুদ্ধবিদ্যা—রণবিদ্যা, সমরশাস্ত্র; যুদ্ধকৌশল। মধ্যপ। বি; স্ত্রী।

যুদ্ধবিশারদ—রণনিপুণ। ৭মীতৎ। বিণ।

যুদ্ধযাত্রা—যুদ্ধের নিমিত্ত গমন; অভিযান। ৪র্থীতৎ। বি; স্ত্রী।

যুদ্ধাজীব—যোদ্ধা। যুদ্ধ আজীব (জীবিকা) যাহার, বহু। বি; পুং।

যুধিষ্ঠির—পঞ্চ পাণ্ডবের জ্যেষ্ঠ, ধর্মপুত্র। যুধি (যুদ্ধে) স্থির, অলুক্ ৭মীতৎ। বি; পুং।

যুধ্যমান—যুদ্ধকারী; যে যুদ্ধ করিতেছে এমন। যুধ্ +শানচ্ কর্তৃ। বিণ।

য়ুনানী—গ্রীসদেশীয়, যাবনিক; ইউনানী। <ইং 'Ionian' বা আ। বিণ। **য়ুনানী চিকিৎসা**—গ্রীস-দেশীয় চিকিৎসাশাস্ত্রমতে চিকিৎসা।

যুবক—যুবা, তরুণ, প্রাপ্তযৌবন। যুবন্+কন্ স্বার্থে। বি; পুং, বা বিণ।

যুবজানি—যাহার স্ত্রী যুবতী এমন ("পাঁচ পুত্র নৃপতির সবে যুবজানি"—ভারত)। যুবতী জায়া যাহার, বহু (জায়া-স্থানে জানি)। বিণ; পুং।

যুবতি, যুবতী—তরুণী, প্রাপ্তযৌবনা, ষোড়শবর্ষ হইতে ত্রিংশদ্বর্ষবয়স্কা; নবযৌবনা; হরিদ্রা। যুবন্ +তি, পক্ষে+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।

যুবরাজ—রাজপুত্র, রাজকুমার; রাজ্যের উত্তরাধিকারী এবং রাজকার্যে রাজার সাহায্যকারী রাজপুত্র। যুবা রাজা, কর্মধা (টচ্-সমাসান্ত)। বি; পুং।

যুবা (যুবন্)—তরুণ, ১৬ অবধি ৪০ বর্ষ পর্যন্ত বয়স্ক; বলবান্; সুন্দর। যু+কনিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী—**যূনী, যুবতি, যুবতী**।

যুযুৎসা—যুদ্ধাভিলাষ, সমরেচ্ছা। সনন্ত যুধ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

যুযুৎসু—১। ধৃতরাষ্ট্রের ঔরসে তাঁহার বৈশ্যা-পত্নীর গর্ভে জাত ধার্মিক পুত্র বিঃ। বি; পুং। ২। যুদ্ধ করিতে ইচ্ছুক, যুদ্ধেচ্ছু। যুধ্+সন্ ইচ্ছার্থে+উ কর্তৃ। বিণ।

যুযুধান—যুদ্ধকারী, যোদ্ধা। যুধ্+কান কর্তৃ। বিণ।

যুষ্মদীয়—তোমাদের সম্বন্ধীয়, তোমাদের। যুষ্মদ্+ ঈয় সম্বন্ধার্থে। বিণ।

যূথ—পশুপক্ষীর স্বজাতীয় পাল বা সমূহ। যু+থক্ কর্তৃ (উ-স্থানে ঊ)। বি; ক্লী।

যূথচর, যূথচারী (-রিন্)—দল বাঁধিয়া বিচরণকারী, gregarious ('—প্রাণী'). উপতৎ; যূথ—চর্+ট কর্তৃ; যূথ—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চরী, -চারিণী**। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

যূথপতি—বন্য হস্তিদলের বা পশুদলের প্রধান।

যূথভ্রষ্ট—দলছাড়া, দলচ্যুত। ৫মীতৎ। বিণ।

যূথিকা, যূথী—মাগধীকুসুম, জুঁইফুল। যূথী+কন্ স্বার্থে+আপ্; যু+থক্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

যূনী—যুবতী। যুবন্+স্ত্রী ঈপ্। বিণ।

যূপ—যজ্ঞস্তম্ভ। যু+পক্ অধি (নিপা)। বি; পুং।

যূপকাষ্ঠ—হাড়িকাঠ (বলি দিবার); জয়স্তম্ভ। কর্মধা। বি; ক্লী। [বি; পুং বা ক্লী।

যূষ—ঝোল, মাংস ডাল প্রভৃতির ক্বাথ। যূষ্+ক কর্তৃ।

যে—১। ব্যক্তি বস্তু বিষয় ইত্যাদি নির্দেশক; যাহা। সর্ব, বিণ। ২। বাক্য বা বিষয় উল্লেখে, that; হেতু-নির্দেশে, since, because; আধিক্যসূচক; অসম্ভাবিত ঘটনায় বিস্ময়প্রকাশে। বাংপ্র। অ।

যেই—১। যে। কপ্র। বিণ। ২। যখনই, যৎক্ষণাৎ। বাংপ্র। অ। [সর্ব।

যেখানে—যেস্থানে, যত্র, যে অবস্থায়। <যৎস্থান।

যেখানে-সেখানে—অনির্দিষ্ট স্থানে বা অবস্থায়, যত্র-তত্র। বাংপ্র। সর্ব।

যেথা, যেথায়—যেখানে। কপ্র। অ।

যেন—যথা, যেরূপ; যেরূপে; যাহাতে; উপমান-নির্দেশক শব্দ; উৎপ্রেক্ষাবাচক শব্দ। বাংপ্র। অ।

যেন-তেন—যেমন-তেমন। বাংপ্র। বিণ।

যেন-তেন-প্রকারেণ—যেমন করিয়াই হউক; ছলে বলে অথবা কৌশলে। বাংপ্র। ক্রি-বিণ।

যেমত, যেমতি—যেমন, যেরূপ। প্রা কপ্র। বিণ।

যেমন—যদ্রূপ, যেমত, যেরূপ; যেমনি, যেই; দৃষ্টান্তে যথা। যদ্+মন সদৃশার্থে (বাংপ্র)। অ।

যেমনই, যেমনি—ঠিক যেমন; যে প্রকারেই; যেইমাত্র। যেমন+ই অবধারণার্থে (বাংপ্র)। অ।

যেমন-তেমন—যে কোনও রকম, সামান্য। বাংপ্র। বিণ।

যেমনি, যেম্‌নি—যেমন; যেই, যখনই; ঠিক যে রকম। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।

যে-সে—যে-কোন ব্যক্তি; কোন নগণ্য ব্যক্তি। বাংপ্র। সর্ব।

যেহেতু—যে কারণ; কারণ (অনুবন্ধী শব্দ 'কাজেই' 'সুতরাং')। বাংপ্র। অ। [অ।

যৈছন—১। যেরূপে। ক্রি-বিণ। ২। যেমন। প্রা কপ্র।

যৈছে, যৈসে—যেরূপে। প্রা কপ্র। অ।

যো—যে ("যো হাম মান বহুত করি মানলু"—গোবিন্দ)। প্রা কপ্র। সর্ব বা বিণ।

যোক্তা (-ক্তৃ)—যোজনকর্তা, সংযোগকারক। যুজ্+তৃন্ কর্তৃ। বিণ; পুং। স্ত্রী—**যোক্ত্রী**।

যোক্ত্র—গরু বাঁধিবার জোতদড়ি। যুজ্+ত্র করণ। বি; ক্লী।

যোগ—১। মিলন; ঐক্য; সম্বন্ধ; সম্ভাব; প্রয়োগ; যম নিয়ম ধ্যান ধারণা আসন প্রাণায়াম প্রত্যাহার ও সমাধি এই অষ্টাঙ্গ যোগ; চিত্তবৃত্তিনিরোধ; ধ্যান; ধর্মবন্ধন; দেহস্থৈর্য; অপূর্ব অর্থপ্রাপ্তি; লাভ; শুভকাল; প্রণিধি; নৌকাদি যান; দুই বা ততোধিক রাশির সমষ্টিকরণ; নিয়ম; উপযুক্ততা। যুজ্+ঘঞ্ ভাব। ২। সাঁজোয়া; প্রধান নক্ষত্র। যুজ্+ঘঞ্ কর্ম। ৩। উপায়; বশীকরণোপায়; বিষ্কুম্ভাদি; শকট; যুক্তি; কৌশল; ছল, প্রতারণা; ঔষধ; পরিণাম। যুজ্+ঘঞ্ করণ। বি; পুং। **যোগে যাগে**—কলে-কৌশলে।

যোগক্ষেম—অলব্ধ বস্তু লাভ ও লব্ধ বস্তু রক্ষণ ("যোগক্ষেমং বহাম্যহম্"—গীতা)। সমাহার দ্বন্দ্ব। বি; ক্লী। [বি; ক্লী।

যোগদান—সংযুক্ত হওয়া, মিলিত হওয়া। ৬ষ্ঠীতৎ।

যোগনিদ্রা—(অনন্ত শয়নে বিষ্ণুর) নিদ্রাতুল্য যোগাবস্থা। রূপক কর্মধা। বি; স্ত্রী।

যোগনিষ্ঠ—ধ্যানপরায়ণ। যোগে নিষ্ঠা যাহার, বহু। বিণ। [তৎ। বি; পুং বা ক্লী।

যোগপীঠ—যোগাসন। যোগের পীঠ (আসন), ৬ষ্ঠী-

যোগবল—যোগপ্রভাব, যোগের শক্তি। যোগজনিত বল, মধ্যপ। বি; ক্লী।

যোগভ্রষ্ট—যে যোগকার্য সাধনে অক্ষম হইয়াছে এমন। ৫মীতৎ। বিণ। বি, -ভ্রংশ।

যোগমায়া—১। দুর্গা। যোগরূপা মায়া যাহার, বহু+আপ্। ২। ভগবানের জগৎসৃজনকারিণী শক্তি; সংসারমায়া। যোগরূপা মায়া, রূপক কর্মধা। বি; স্ত্রী।

যোগারূঢ়—অবয়বশক্তি ও সমুদায় শক্তি দ্বারা অর্থ-বোধক, যৌগিক অথচ রূঢ় (যেমন 'পঙ্কজ')।

যোগরূঢ়—অবয়বশক্তি ও সমুদায় শক্তি দ্বারা অর্থ-

যোগ-সাজশ—দুষ্কার্যে সহযোগিতা। বাংপ্র। বি।

যোগসাধন, -সাধনা—যোগাভ্যাস, যম নিয়ম প্রাণায়াম প্রঃ অভ্যাস। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।

যোগসিদ্ধ—যোগ-সাধনায় যে সিদ্ধিলাভ করিয়াছে এমন। ৭মীতৎ। বিণ।

যোগাকর্ষণ—যে গুণ দ্বারা একাধিক পরমাণু একত্রিত হইয়া থাকে—পরস্পর বিচ্ছিন্ন হয় না তাহা; পরমাণু-সমূহের সমষ্টিকরণশক্তি। ৩য়াতৎ। বি; ক্লী।

যোগাড়—কর্মনির্বাহের উপায়, কর্মের উদ্‌যোগ; সংগ্রহ; সরবরাহ; সাহায্য। < যোগ। বি।

যোগাড়যন্ত্র—কার্যসম্পাদনের আয়োজন। বাংপ্র। বি।

যোগাড়ে—সাহায্যকারী; সংগ্রহ বা যোগাড়-বিষয়ে দক্ষ। যোগাড়+এ নিপুণার্থে (বাংপ্র)। বিণ।

যোগান—সাহায্য; সংগ্রহ; সরবরাহ। বাংপ্র। বি।

যোগানো—সরবরাহ করা, অভাব পূরণ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [চক্রান্ত। বি।

যোগাযোগ—পরস্পর মিলন; সংপ্রব; সামঞ্জস্য;

যোগারূঢ়—যোগে নিবিষ্ট বা সিদ্ধ। ২য়াতৎ। বিণ।

যোগাসন—ধ্যানাসন, যোগসাধনার্থ উপবেশন বিঃ; ব্রহ্মাসন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

যোগাসীন—যোগসাধনার্থ উপবিষ্ট। ৪র্থীতৎ। বিণ।

যোগিনী—যোগকারিণী নারী; দুর্গার ৬৪ সখী; তিথি বিঃ। যোগিন্+ঈপ্। বি; স্ত্রী।

যোগিনীচক্র—বিশেষ তিথিতে যোগিনীর বিশেষ দিকে অবস্থান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

যোগী (-যোগিন্)—তপস্বী; সন্ন্যাসী; যোগনিষ্ঠ উপাসক। যুজ্+ঘিনুণ্ কর্তৃ, শীলার্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী—**যোগিনী**।

যোগীন্দ্র—মহাদেব; শ্রেষ্ঠ যোগী। ৭মীতৎ। বি; পুং।

যোগীশ, যোগীশ্বর—শিব; বিষ্ণু; যাজ্ঞবল্ক্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

যোগেশ, যোগেশ্বর—শ্রীবিষ্ণু; শিব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

যোগ্য—উপযুক্ত; সমর্থ; প্রবীণ; নিপুণ; পবিত্র; প্রত্যক্ষ; যোগার্হ। যুজ্+ণ্যৎ কর্ম। বিণ।

যোগ্যতা—উপযুক্ততা; ক্ষমতা; পবিত্রতা; পদার্থ-সকলের পরস্পর সম্বন্ধে বাধা না থাকা [যেমন—"অগ্নিদ্বারা শীতল করিতেছে"—এখানে অগ্নি-দ্বারা শীতল করা অসম্ভব সুতরাং পরস্পর সম্বন্ধে বাধা হইল ও যোগ্যতা হইল না]। যোগ্য+তা ভাবে। বি; স্ত্রী।

যোজক—১। সংযোগকারক, মেলক। বিণ। স্ত্রী—**যোজিকা**। ২। যে সংকীর্ণ ভূভাগ দুই বৃহৎ ভূভাগকে পরস্পর সংযুক্ত করে, isthmus. যুজ্+ণিচ্ (=যোজি—যোগ করানো)+ণক কর্তৃ। বি; পুং।

যোজন—১। চারিক্রোশ পরিমাণ। যুজ্+অনট্ অধি। ২। একত্রকরণ; যোগ; সংঘটন। যুজ্+অনট্ ভাব। বি; ক্লী।

যোজনগন্ধা—সত্যবতী; সীতা; কস্তুরী। যোজন-ব্যাপী গন্ধ যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।

যোজনা—একত্রকরণ; মেলন; সংঘটন। যুজ্+ণিচ্ +অন ভাব+আপ্। বি; স্ত্রী।

যোজনীয়—যোজনযোগ্য। যুজ্+অনীয় কর্ম। বিণ।
যোজিত—মেলিত, একত্রীকৃত; নিয়মিত; রচিত। যুজ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। [বি; পুং।
যোটক—যোটন, মেলন। যু+ট ভাব+কন্ স্বার্থে।
যোত্র—লাঙ্গলাদিবাহী বৃষাদির স্কন্ধস্থ কাষ্ঠদণ্ড বিঃ; যুগাদিবন্ধনরজ্জু; জোতদড়ি; সম্পত্তি। যু +ষ্ট্রন্ করণ। বি; ক্লী। [তৎ। বিণ।
যোত্রহীন—সংস্থানশূন্য, নিঃস্ব, সম্পত্তিশূন্য। ৩য়া-
যোদ্ধা (যোদ্ধৃ)—যুদ্ধকারক; সৈন্য। যুধ্+তৃন্ কর্তৃ। বি; পুং। [বি; পুং।
যোদ্ধৃবর্গ—যুদ্ধকারী ব্যক্তিগণ; সেনাগণ। ৬ষ্ঠীতৎ।
যোদ্ধৃবেশ—যোদ্ধার পোশাক, সৈনিকের পরিচ্ছদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
যোধ—১। যুদ্ধ। যুধ্+ঘঞ্ ভাব। ২। যোদ্ধা। যুধ্+অচ্ কর্তৃ। বি; পুং।
যোধন—১। যুদ্ধ। যুধ্+অনট্ ভাব। ২। যুদ্ধাস্ত্র। যুধ্+অনট্ করণ। বি; ক্লী। ৩। যোদ্ধা। যুধ্+অন কর্তৃ। বি; পুং, বা বিণ।
যোধী (যোধিন্)—যোদ্ধা, যুদ্ধকারী। যুধ্ (যুদ্ধ করা)+ণিন্ কর্তৃ। বি; পুং।
যোনি—স্ত্রীজননেন্দ্রিয়, ভগ; উৎপত্তিস্থান; কারণ; জাতি, জন্ম ('প্রেত—')। যু+নি কর্তৃ। বি; পুং বা স্ত্রী।
যোনিজ—যোনিপথে জাত। উপতৎ; যোনি—জন্+ড কর্তৃ। বিণ।
যোয়ান—যবানী। <যমানী। বি।
যোয়াল—ভূমিকর্ষণহেতু বা শকটচালনহেতু পশুদ্বয়ের স্কন্ধে স্থাপিত কাষ্ঠখণ্ড, যুগকাষ্ঠ। <যোক্ত্র। বি।
যোষা—নারী। যুষ্+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
যোষিৎ, যোষিতা—নারী। যুষ্+ইতি কর্তৃ; পক্ষে আপ্। বি; স্ত্রী।
যৌ—লাক্ষা, লা। <যাবক। বি।
যৌক্তিক—প্রামাণিক; যুক্তিসিদ্ধ; যুক্তিকারী। যুক্তি +ইক আগতার্থে। বিণ। স্ত্রী, -কী।
যৌগপদ্য—এককালীনতা, সমসাময়িকত্ব। যুগপৎ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
যৌগিক—যোগজাত; যোগ সম্বন্ধীয় ('—ব্যায়াম'); সংযোগ দ্বারা উৎপন্ন; প্রকৃতিপ্রত্যয় যোগে গঠিত ('—শব্দ')। যোগ+ইক ভবার্থে। বিণ। স্ত্রী, -কী। **যৌগিক ক্রিয়া**—বাঙ্গালায় দুইটি শব্দ দ্বারা প্রকাশ-যোগ্য ক্রিয়া [যেমন—শুইয়া পড়া, বসিয়া পড়া, খাইয়া ফেলা ইঃ]। **যৌগিক পদার্থ**—একাধিক মৌলিক পদার্থের সংমিশ্রণে উৎপন্ন দ্রব্য, compound.
যৌতক, যৌতুক—বিবাহকালে দম্পতির লব্ধ ধন; অন্নপ্রাশনাদি সংস্কারকালে দত্ত ধন। যুত+অণ্ সম্বন্ধার্থে+কন্ স্বার্থে; ২য় পক্ষে নিপাতনে 'ত'-স্থানে তু। বি; ক্লী।
যৌথ—মিলিত, সমবেত, বহুলোক মিলিয়া যাহা করে এমন, joint. যূথ+অণ্ ভবার্থে বা সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—যৌথী।
যৌন—যোনিজাত; যোনি সম্বন্ধীয় ('—ব্যাধি'); কাম বা স্ত্রীপুরুষের মিলন সম্বন্ধীয়, sexual ('—সম্বন্ধ'); বিবাহ সম্বন্ধীয়। যোনি+অণ্ সম্বন্ধাদ্যর্থে। বিণ।
যৌবন—তারুণ্য, তরুণাবস্থা, ১৬ বৎসর হইতে ৪০ বৎসর পর্যন্ত বয়স। যুবন্+অণ্ ভাবে। বি; ক্লী।
যৌবনকণ্টক—বয়সফোড়া, যৌবন বয়সে মুখে যে ব্রণ দেখা দেয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
যৌবনলক্ষণ—যৌবনচিহ্ন, যৌবনকালীন দৈহিক পরিবর্তনাদি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
যৌবনশ্রী—তরুণ বয়সের স্বাভাবিক সৌন্দর্য। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।
যৌবরাজ্য—যুবরাজের পদ, পিতা বর্তমানে পুত্রের রাজপদ। যুবরাজ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

[র]

র—১। সপ্তবিংশ ব্যঞ্জনবর্ণ [ইহা মূর্ধা হইতে উচ্চারিত হয়]। ২। থাম্; অপেক্ষা কর্। 'রহ'-শব্দজ। বাংপ্র। ক্রি। ৩। সম্বন্ধ পদের বিভক্তি।
রই—১। থাকি। বাংপ্র। ক্রি। ২। রহিয়া, থাকিয়া। কৃপ্র। অস-ক্রি।
রইরই—হইহই, কোলাহল। বাংপ্র। বি।
রওনা, রওয়ানা—১। যাত্রা, গমন। বি। ২। প্রস্থিত, যাত্রার জন্য নিষ্ক্রান্ত; প্রেরিত। <ফা 'রবানহ'। বিণ।
রওয়া—রহা (তাহা দ্রঃ)।
রওয়াব—ভয়; গাম্ভীর্য। আ। বি।
রং, রঙ—বর্ণ; রঞ্জক পদার্থ; তাসের মধ্যে যে জাতীয় তাস এক একবার প্রধান হয় তাহা; তাসের চিহ্ন-ভেদ; মজা, পরিহাস। <রঙ্গ। বি।
রং-চং—নানাপ্রকার রং। বাংপ্র। বি।
রংচঙা, -চঙে—চিত্র-বিচিত্র, নানা রঙের। রংচঙ্+আ, এ (<ইয়া) বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।
রং-তং—হাস্য পরিহাস কৌতুকাদি। বাংপ্র। বি।
রংবেরং—নানাবর্ণের; বিচিত্র। বাংপ্র। বিণ।
রক, রোয়াক—পাকা বারান্দা; দাওয়া; দালান; শান। <আ 'রিবাক'। বি।
রকম—প্রকার, মত; রীতি, ধরন; অঙ্করাশি। আ।

রকমওয়ারি, রকমারি, রকম-রকম—নানা রকমের। বাংপ্র। বিণ।

রকম-সকম—হাবভাব, ভংগী। বাংপ্র। বি।

রকমারি—'রকমওয়ারি' দ্রঃ।

রক্ত—১। শোণিত; কুঙ্কুম; তাম্র; পদ্মক; সিন্দুর; হিংগুল। বি; ক্লী। ২। লোহিতবর্ণ। রন্‌জ্‌+ক্ত করণ। বি; পুং। ৩। অনুরক্ত; ক্রীড়াসক্ত; রঞ্জিত; মধুর; লোহিত, লাল। রন্‌জ্‌+ক্ত কর্তৃ, কর্ম। বিণ। **বুকের রক্ত**—কষ্টার্জিত ধন। **বুকের রক্ত জল করা**—অত্যধিক পরিশ্রম করা।

রক্তক—রক্তবস্ত্র, লালকাপড়; শোণিত। রক্ত—কৈ+ক কর্তৃ। বি; ক্লী।

রক্তকমল—রক্তবর্ণ পদ্ম। কর্মধা। বি; ক্লী।

রক্তক্ষয়ী (-য়িন্)—যাহাতে বহু লোকের রক্তপাত অর্থাৎ বিনাশ হয় এমন ('— সংগ্রাম')। উপতৎ; রক্ত—ক্ষি+ণিন্ কর্তৃ। বিণ।

রক্তগংগা—অত্যধিক রক্তস্রোতঃ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রক্তচন্দন—রক্তবর্ণ চন্দনকাষ্ঠ। কর্মধা। বি; ক্লী।

রক্তজবা—লাল জবাফুল। কর্মধা (বাংপ্র)। বি; স্ত্রী।

রক্তজবারাগ—অত্যধিক রক্তবর্ণ; লাল জবাফুলের বর্ণ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি; পুং।

রক্তজিহ্ব—যাহার জিব লাল বা রক্তমাখা এমন। রক্ত জিহ্বা যাহার, বহু। বিণ।

রক্তদুষ্টি, -দোষ—রক্তের সহিত চর্মরোগজনক বীজাণুর মিশ্রণ; রক্তের খারাপ অবস্থা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, পুং।

রক্তনেত্র—১। লাল চোখ। কর্মধা। বি; ক্লী। ২। যাহার চোখ লাল এমন। বহু। বিণ।

রক্তপ—১। রাক্ষস। বি; পুং। ২। রক্তপানকারী। উপতৎ; রক্ত—পা+ক কর্তৃ। বিণ।

রক্তপাত—হত্যা; দেহ হইতে শোণিত ক্ষরণ; রক্ত পড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রক্তপান—শোণিত-পান, রক্ত খাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রক্তপায়ী (-পায়িন্)—১। যে-সকল জীব রক্ত পান করে তাহারা; মৎকুণ; ছারপোকা। বি; পুং। ২। রক্তপানকারী। উপতৎ; রক্ত—পা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -পায়িনী।

রক্তপিত্ত—রোগ বিঃ; অকস্মাৎ রক্তবমন। রক্তদূষক পিত্ত যাহাতে, বহু। বি; ক্লী।

রক্তপিপাসা—রক্তপানের ইচ্ছা; হত্যা করিবার প্রবৃত্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রক্তপিপাসু—রক্তপান করিতে ইচ্ছুক; অত্যধিক হত্যা-প্রবৃত্তিযুক্ত। ২য়াতৎ। বিণ।

রক্তবর্ণ—১। লাল রং। কর্মধা। বি; পুং। ২। যাহার রং লাল এমন। বহু। বিণ।

রক্তবহ—শোণিতবহনকারী; যাহা দ্বারা শোণিত সঞ্চালিত হয় এমন। রক্ত—বহ্+অচ্ কর্তৃ। বিণ।

রক্তবাহী (-বাহিন্)—শোণিতবাহক, যাহার ভিতর দিয়া শোণিত প্রবাহিত হয় এমন ('— শিরা')। উপতৎ; রক্ত—বহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বাহিনী।

রক্তবীজ—অসুর বিঃ, শুম্ভনিশুম্ভের সেনাপতি; একধরনের দাড়িম। রক্ত (শোণিত) বীজ যাহার সে, বহু। বি; পুং।

রক্তমাংস—শোণিত ও মাংস। দ্বন্দ্ব। বি; ক্লী। **রক্ত-মাংসের শরীর**—সহজে আঘাত অনুভব করে এমন কোমল মনুষ্যদেহ; সুখ-দুঃখ প্রঃ অনুভবক্ষম মানুষ।

রক্তমোক্ষণ—বৈদ্যকমতে শরীর হইতে রক্ত বাহির করিয়া দেওয়া; শোণিতস্রাব। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রক্তলোচন—১। যাহার চক্ষু লাল এমন। বহু। বিণ। ২। লাল চোখ। কর্মধা। বি; ক্লী।

রক্তশোষক—শোণিত-শোষণকারী, যে নিঃশেষে রক্ত চুষিয়া খায় এমন; শ্রমিক বা দরিদ্রদিগের অর্থ শোষণকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -শোষিকা।

রক্তশোষণ—রক্ত চুষিয়া খাওয়া; নিঃশেষে রক্ত-পান; অর্থশোষণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রক্তশোষা—কৃকলাস, বহুরূপী। উপতৎ (বাংপ্র)। বি।

রক্তশোষী (-শোষিন্)—রক্তশোষক, রক্তশোষণকারী। উপতৎ; রক্ত—শুষ্+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -শোষিণী।

রক্তস্রাব—রক্ত বাহির হওয়া; শোণিতনিঃসরণ। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

রক্তস্রোতঃ (স্রোতস্)—শোণিতপ্রবাহ; দেহের শিরা ও ধমনীতে প্রবাহিত রক্তধারা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রক্তাক্ত—শোণিতমিশ্রিত; শোণিতলিপ্ত; রুধির-রঞ্জিত। রক্ত দ্বারা অক্ত, ৩য়াতৎ। বিণ।

রক্তাতিসার—বৃক্ত আমাশয় রোগ। রক্তমিশ্রিত অতিসার (উদরাময়), মধ্যপ। বি; পুং।

রক্তাভ—ঈষৎ লাল, রক্তবর্ণ। রক্ত আভা যাহার, বহু। বিণ।

রক্তাম্বর—১। কাষায়বস্ত্র। রক্ত অম্বর (পরিধেয়), কর্মধা। বি; ক্লী। ২। যে লাল রঙের কাপড় পরি-য়াছে এমন। বহু। বিণ।

রক্তারক্তি—পরস্পরের রক্তপাত, খুনাখুনি; রক্তের ছড়াছড়ি। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।

রক্তি—১। রং করা; অনুরাগ; রঞ্জকতা। রন্‌জ্‌+ক্তি ভাব। ২। গুঞ্জা, কুঁচ; রতি। রন্‌জ্‌+ক্তি কর্ম। বি; স্ত্রী।

রক্তিম—লাল; ঈষৎ লাল। বাংপ্র। বিণ।

রক্তিমা (-মন্)—শোণিতবর্ণ, লাল বং। রক্ত (শোণিত) +ইমন্ ভাবে। বি; পুং।

রক্তোৎপল—লাল পদ্ম, কোকনদ। রক্ত যে উৎপল, কর্মধা। বি; ক্লী।

রক্ষঃ (রক্ষস্), **রক্ষ**—রাক্ষস। রক্ষ্+অসুন্ অপা। বি; ক্লী।

রক্ষক—রক্ষাকর্তা, পালনকর্তা; বিপদ হইতে ত্রাণ-কর্তা; যে রাখে। রক্ষ্+ণক কর্তৃ। বিণ।

রক্ষণ—১। পালন; পরিত্রাণ। রক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। রক্ষক; পালনকারী। রক্ষ্+অনট্ করণ। বিণ। স্ত্রী, -ণী।

রক্ষণাবেক্ষণ—প্রতিপালন এবং তত্ত্বাবধান; দেখাশোনা করিয়া রক্ষা করা। দ্বন্দ্ব। বি; ক্লী।

রক্ষণীয়—রক্ষা করিবার যোগ্য, রক্ষণযোগ্য। রক্ষ্+অনীয় কর্ম। বিণ।

রক্ষা—১। পালন। রক্ষ্+অ ভাব+আপ্। ২। রাখী; ভস্ম; লাক্ষা। রক্ষ্+অ করণ+আপ্। বি; স্ত্রী। ৩। পালনকারিণী (—কালী')। রক্ষ+আপ্। বিণ; স্ত্রী। [বি; ক্লী।
রক্ষাকবচ—বিপদে আপদে রক্ষাকারী মাদুলি। মধ্যপ।
রক্ষিণী—রক্ষাকারিণী। রক্ষ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী। [বিঃ। রক্ষ্+ত্ত কর্ম। বি; পুং।
রক্ষিত—১। পরিত্রাত; পালিত। বিণ। ২। উপাধি
রক্ষিতা—১। পালিতা; পরিত্রাতা। বিণ; স্ত্রী। ২। উপপত্নী, অর্থাদি দ্বারা পোষিতা বেশ্যা। রক্ষিত +আপ্। বি; স্ত্রী।
রক্ষিতা (-তৃ)—রক্ষাকারী ("এমন বিপদে কেবা আমার রক্ষিতা"—কৃত্তি)। রক্ষ্+তৃচ্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, -ত্রী। [ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ।
রক্ষী (রক্ষিন্)—রক্ষাকারী; প্রহরী, guard. রক্ষ্+
রক্ষোনাথ—রাক্ষসদিগের রাজা, রাবণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রক্ষোরাজ—রাক্ষসরাজ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রক্ষ্য—রক্ষণীয়; বারণীয়। রক্ষ্+ণ্যৎ কর্ম। বিণ।
রগ—কপালের পার্শ্বদেশ। ফা। বি।
রগচটা—যে সহজেই চটিয়া যায় এমন, ক্রোধনস্বভাব; রুক্ষপ্রকৃতি। বহু (বাংপ্র)। বিণ।
রগড়—রহস্য, তামাশা; বাদ্যের শব্দ; ঢক্কাদিতে আঘাতের উপক্রম; মর্দন, ডলা, পেষণ; বড় ঢাক। <দ্রগড়। বি।
রগড়ানো—ঘর্ষণ করা; মর্দন করা; একবিষয়ের অত্যধিক আলোচনা করা। বাংপ্র। ক্রি [, বি]।
রগরগ—উজ্জ্বলতা-প্রকাশ। বাংপ্র। অ। বিণ—**রগরগে**। [প্রিয়ার্থে (বাংপ্র)। বিণ।
রগুড়ে—কৌতুকপ্রিয়; কৌতুককারী। রগড়+এ
রঘু—রামচন্দ্রের প্রপিতামহ। রঘ্+কু কর্তৃ। বি; পুং।
রঘুকুল—সূর্যবংশীয় রাজা রঘুর বংশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।
রঘুকুলতিলক—রঘুবংশীয় শ্রেষ্ঠ ব্যক্তি; শ্রীরামচন্দ্র।
রঘুনন্দন—শ্রীরামচন্দ্র; স্মৃতিসংগ্রাহক পণ্ডিত বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রঘুনাথ, -পতি, -বর, -মণি—রামচন্দ্র। রঘুদের নাথ, পতি, ৬ষ্ঠীতৎ; রঘুদের মধ্যে বর, মণি, ৭মীতৎ। বি; পুং।
রঙ—'রং' দ্রঃ।
রঙানো, রঙ্গানো—১। রঞ্জিত, ছোবানো। বিণ। ২। রং দেওয়া, রঞ্জিত করা। বাংপ্র। ক্রি [, বি]।
রঙিন, রঙীন, রঙ্গিন, রঙ্গীন—রঞ্জিত, নানা রং দ্বারা চিত্রবিচিত্র। রঙ্, রঙ্গ+ইন, ঈন বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।
রঙ্কু—একধরনের হরিণ। রম্+কু কর্তৃ। বি; পুং।
রঙ্গ—১। রঞ্জকদ্রব্য; টঙ্কণ, খদিরসার; তামাশা, রগড়; আমোদ; লীলা; পরিহাস; নাট্য-নৃত্য-গীত-অভিনয়াদি। রন্জ্+ঘঞ্ করণ। ২। আমোদ-পূর্বক হেলিয়া-দুলিয়া ভাবভঙ্গী প্রকাশ করা। রন্জ্+ঘঞ্ ভাব। ৩। নাট্যশালা; ব্যায়ামাদি প্রদর্শনভূমি, arena; রণভূমি। রন্জ্+ঘঞ্ অধি। বি; পুং। ৪। রাঙ্ ধাতু। রন্জ্+ঘঞ্ করণ। বি; পুং বা ক্লী।
রঙ্গক—এলামাটি, ভুসাকালি প্রঃ অদ্রাব্য রং, pigment. বি।
রঙ্গচঙ্গ, রংঢং—নানাবিধ অঙ্গভঙ্গী; হাসিঠাট্টা। বাংপ্র। বি।
রঙ্গচঙ্গে, রংচঙে—নানা রঙে রঙানো, চিত্রবিচিত্র। রঙ্গচঙ্গ+এ (<ইয়া) করে অর্থে (বাংপ্র)। বিণ।
রঙ্গচিঙ্গা—ঢেঙ্গড়া ছেলে, যাহারা রঙ্গ দেখিতে ভালবাসে এমন বালকবৃন্দ ("শিব এল বলে ধায় যত রঙ্গচিঙ্গা"—ভারত)। প্রা কপ্র। বি।
রঙ্গদার, রংদার—কৌতুককারী; মজাদার। রঙ্গ+দার কর্তা অর্থে, বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।
রঙ্গন—রং করা, চিত্রকরণ; একপ্রকার ফুল, ixona. বাংপ্র। বি।
রঙ্গপ্রিয়—কৌতুকপ্রিয়। বহু। বিণ।
রঙ্গভঙ্গ—কৌতুকজনক ভাবভঙ্গী। রঙ্গজনক ভঙ্গ (ভঙ্গী), মধ্যপ। বি; পুং।
রঙ্গভূমি—রণস্থল; মল্লভূমি, কুস্তির আড্ডা; তামাশা দেখাইবার স্থান; নাট্যশালা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
রঙ্গমঞ্চ—স্টেজ, অভিনয়ের নিমিত্ত উন্নত স্থান, অভিনয়মঞ্চ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রঙ্গমহল—মুসলমান সম্রাট্ এবং বড়লোকদিগের প্রমোদভবন, বেগমখানা। ফা। বি।
রঙ্গরস—কৌতুক-পরিহাসাদি। মধ্যপ। বি; পুং।
রঙ্গশালা—রঙ্গভূমি, অভিনয়গৃহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
রঙ্গস্থল—রঙ্গভূমি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
রঙ্গানো—'রঙানো' দ্রঃ। [পুং।
রঙ্গালয়—অভিনয়গৃহ, নাট্যশালা। ৬ষ্ঠীতৎ। বি;
রঙ্গিণী—হাস্যপরিহাসযুক্তা রমণী; মত্তা রঙ্গ-বিশিষ্টা। রঙ্গিন্+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।
রঙ্গিত—ভূষিত; রাঙ্গানো। রঙ্গ+ইতচ্ যুক্তার্থে। বিণ।
রঙ্গিন, রঙ্গীন—'রঙিন' দ্রঃ। [বিণ।
রঙ্গিয়া—রঙিন; রঙ্গরসে মত্ত; রসিক। প্রা কপ্র।
রঙ্গিল, রঙ্গিলা, রঙ্গীলা—*মজাদার; নাগর বা লম্পট-*স্বভাব; আমোদপ্রিয়; রঙ্গদার, রঙ্গিন। হি। বিণ।
রঙ্গী (রঙ্গিন্)—রঞ্জিত; অনুরাগী। রঙ্গ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**রঙ্গিণী**।
রঙ্গীন—'রঙিন' দ্রঃ। [**রচিকা**।
রচক—রচনাকারী। রচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—
রচন, রচনা—নির্মাণ; গঠন; সাজানো; গ্রন্থন; অর্পণ; কেশবিন্যাস; ভূষণ; স্থাপন; প্রবন্ধাদি লিখিত বিষয়। রচ্+ণিচ্+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
রচনা-কৌশল—প্রণয়ন-চাতুর্য; নির্মাণের অসাধারণ উপায়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
রচনাপদ্ধতি, -প্রণালী—গঠনরীতি, তৈরি করিবার ধারা; রচনা করিবার নিয়ম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রচনা-শৈলী—রচনা-রীতি, লিখিবার বিশিষ্ট ধারা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রচনীয়—রচনার যোগ্য; যাহা রচনা করিতে হইবে এমন। রচ্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।

রচয়িতা (-য়িতৃ)—রচনাকর্তা; নির্মাতা। রচ্+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**য়িত্রী**।

রচা—১। নির্মিত; কল্পিত। রচ্+আ কর্ম। বিণ। ২। রচনা করা; কল্পনা করা। কপ্র। ক্রি [প্রা কপ্র—**রচই, রচন্তাহি, রচয়ে**—রচনা করে। **রচহ**—রচনা কর]।

রচিত—নির্মিত, কৃত; শোভিত; গ্রথিত; বিন্যস্ত; অর্পিত; পরিষ্কৃত। রচ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

রজ, রজঃ (রজস্)—ধূলা; পুষ্পরেণু; স্ত্রীকুসুম; ইচ্ছা; দ্বেষ-রাগ-অহংকারাদিজনক গুণ বিঃ। রন্জ্+ক, অসুন্ কর্তৃ। বি; পুং, ক্লী।

রজক—ধোপা, বস্ত্রপরিষ্কারক; জাতি বিঃ; রং-কারক। রন্জ্+অক (ষ্বুন্) কর্তৃ, শিল্পী অর্থে। বি; পুং।

রজকিনী—ধোপানী, রজকী ("রজকিনী প্রেম নিকষিত হেম"—চণ্ডী)। কপ্র। বি; স্ত্রী।

রজকী—ধোপানী; রঙ্গকারিণী। রজক+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।

রজত—১। রৌপ্য; স্বর্ণ; হস্তিদন্ত; হার; শোণিত; হ্রদ। রন্জ্+অতচ্ অধি, কর্ম। বি; ক্লী। ২। শুভ্রবর্ণ। রন্জ্+অতচ্ কর্তৃ। বিণ।

রজতগিরি, রজতাচল, রজতাদ্রি—সাদা পাহাড়, ধবলগিরি। কর্মধা। বি; পুং।

রজতগিরিনিভ—রৌপ্যবর্ণ বা রূপার পর্বতের ন্যায়। রজতগিরির তুল্য এই বাক্যে, নিত্য। বিণ।

রজতধবল, -শুভ্র—রূপার ন্যায় সাদা। রজতের ন্যায় ধবল, শুভ্র, উপমান কর্মধা। বিণ।

রজন—চির গাছের শুকনো আঠা। < ইং 'rosin'. বি।

রজনী—রাত্রি। রন্জ্+অনি অধি+ঈপ্। বি; স্ত্রী।

রজনীগন্ধা—শ্বেতবর্ণ সুগন্ধ পুষ্প বিঃ, tuberose. রজনীতে গন্ধ যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।

রজস্বলা—ঋতুমতী। রজস্+বলচ্ আছে অর্থে+আপ্। বিণ; স্ত্রী।

রজোদর্শন—আদ্যঋতু; যৌবনাগমে প্রথম ঋতুস্রাব। রজের (রজস্) দর্শন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রজ্জু—দড়ি, বন্ধনী; বেণী। সৃজ্+উ কর্ম (নিপা)। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

রজ্জুভ্রম—দড়ি ভিন্ন অন্য বস্তুকে দড়ি বলিয়া ভুল।

রঞ্জক—১। রঞ্জন দ্রব্য, হলুদ ম্যাজেণ্টা প্রঃ দ্রাব্য রং, dye. বি; ক্লী। ২। অনুরাগজনক, প্রীতিকারক; বস্ত্রাদির রংকারক। রন্জ্+ণিচ্+ণক্ কর্তৃ। বিণ। স্ত্রী—**রঞ্জিকা**। ৩। বারুদ। বাংপ্র। বি।

রঞ্জক-ঘর—বারুদখানা; প্রাচীন কামান-বন্দুকাদির যে ছিদ্রমুখে আগুন দেওয়া হইত, touch-hole. বাংপ্র। বি।

রঞ্জন—১। অন্তঃকরণে অনুরাগ উৎপাদন, সন্তুষ্টকরণ; রং করা। রন্জ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। প্রীতিকর; রাগজনক। রন্জ্+ণিচ্+অনট্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**নী**।

রঞ্জনরশ্মি—জার্মান বিজ্ঞানী রোণ্টগেনের আবিষ্কৃত আলোক বিঃ, X-ray. মধ্যপ (বাংপ্র)। বি।

রঞ্জিত—যাহা রং-করা হইয়াছে এমন; রঙানো, ছোবানো; তর্পিত, সন্তোষিত। রন্জ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

রটন, রটনা—প্রচার; ঘোষণা; বিবরণ; কথন; খ্যাতি। রট্+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী। [বি; স্ত্রী।

রটন্তী—মাঘ মাসের কৃষ্ণা চতুর্দশী। রট্+শতৃ+ঈপ্।

রটা—প্রচার হওয়া, রাষ্ট্র হওয়া; রব করা; প্রার্থনা করা। বাংপ্র। ক্রি [,বি, বিণ] [প্রা-কপ্র—**রটই, রটিত**—শব্দ করে; বাজায়; বাজে। **রটত, রটন্তাহি**—ধ্বনি করে; উচ্চারণ করে]।

রটানে—রটনাকারী। রটা+নে কর্তৃ (বাংপ্র)। বি বা বিণ। [বিণ।

রটানো—প্রচার করা, রাষ্ট্র করা। বাংপ্র। ক্রি [,বি,

রটিত—প্রচারিত; খ্যাত; কথিত। রট্+ক্ত কর্ম। বিণ।

রড়—রথ কিংবা শকটাদির দ্রুতগমন-শব্দ; দ্রুতগমন, দৌড়। প্রা কপ্র। বি।

রণ—১। সমর, যুদ্ধ, সংগ্রাম; কলহ। রণ্+অপ্ অধি। বি; পুং বা ক্লী। ২। শব্দ। রণ্+অপ্ ভাব। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রণকৌশল—সমরনৈপুণ্য, যুদ্ধ করিবার কায়দা।

রণক্ষেত্র—সমরভূমি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রণজয়ী (-জয়িন্)—যে যুদ্ধে জয়লাভ করে এমন। ৭মীতৎ। বিণ। স্ত্রী, -**জয়িনী**।

রণজিৎ—যুদ্ধজয়কারী। উপতৎ; রণ—জি+ক্বিপ্ কর্তৃ। বিণ।

রণৎ—শব্দায়মান। রণ+শতৃ কর্তৃ। বিণ।

রণৎকার—ঝনঝন শব্দ ঝনৎকার। রণৎ—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

রণতরি, -তরী—যুদ্ধজাহাজ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রণদেবতা—যুদ্ধের অধিষ্ঠাত্রী দেবতা; রণসংঘটক দেব; যুদ্ধনায়ক। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রণন—রুনুরুনু শব্দ, ধ্বনন। রণ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**রণিত**। [স্ত্রী।

রণনীতি—যুদ্ধকৌশল, সমরপ্রথা। ৬ষ্ঠীতৎ। বি;

রণনৈপুণ্য—যুদ্ধবিষয়ে দক্ষতা। ৭মীতৎ। বি; ক্লী।

রণবাদ্য—যুদ্ধের বাজনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রণমত্ত—যুদ্ধোন্মত্ত। ৭মীতৎ। বিণ।

রণমাতঙ্গ—যুদ্ধের হাতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রণমুখো—যুদ্ধগমনে উদ্যত; মারমুখো। রণে মুখ, ৭মীতৎ+ও (< উয়া) বিশিষ্টার্থে। বিণ।

রণরঙ্গ—যুদ্ধোন্মাদনা; যুদ্ধরূপ আমোদ। ৭মীতৎ বা রূপক কর্মধা। বি; পুং।

রণরঙ্গিণী—যুদ্ধোন্মত্তা; ভীষণভাবে কলহে ব্যাপৃতা (ব্যঙ্গার্থে)। রণরঙ্গ+ইন্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

রণসজ্জা—যুদ্ধোপযোগী বেশ। রণোচিতা সজ্জা, মধ্যপ। বি; স্ত্রী।
রণস্থল—যুদ্ধক্ষেত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
রণাংগন—সমরক্ষেত্র, যুদ্ধভূমি। রণের অঙ্গন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
রণ্ড—ধূর্ত; আশ্রমহীন; কর্মবিহীন; অর্ধাবিরব; বন্ধ্য; যে বৃক্ষলতার ফল হয় না এমন, রাঁড়া। রণ্+ড কর্তৃ। বিণ।
রণ্ডা—১। বেশ্যা; বিধবা। বি; স্ত্রী। ২। ধূর্তা; বন্ধ্যা। রণ্+ড কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী।
রত—১। রতি, রমণ। রম্+ক্ত ভাব। বি; ক্লী। ২। নিযুক্ত; আসক্ত। রম্+ক্ত কর্তৃ। বিণ।
রতি—১। কামপত্নী। রম্+ক্তিচ্ কর্তৃ। ২। অনুরাগ; ক্রীড়া; রমণ; সন্তোষ। রম্+ক্তি ভাব। বি; স্ত্রী। ৩। এক কুঁচ পরিমাণ; অতি অল্প পরিমাণ। <রত্তি। বি।
রতিক্রিয়া—স্ত্রী-পুরুষের যৌনসম্ভোগ, মৈথুন। কর্মধা। বি; স্ত্রী।
রতিপতি—কন্দর্প। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রতিবন্ধ—রমণের ষোড়শ-প্রকার শয়নভেদ। রতির বন্ধ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রত্তি—বিন্দু; অতি অল্প মাত্রা। বাংপ্র। বি।
রত্ন—মণি মুক্তা স্বর্ণাদি বহুমূল্য উৎকৃষ্ট বস্তু; মাণিক্য; বজ্র; যে-কোন-জাতীয় বস্তুর মধ্যে উৎকৃষ্ট; শ্রেষ্ঠবস্তু। রম্+ন কর্তৃ (ম-স্থানে ত)। বি; ক্লী।
রত্নখচিত—যাহার মধ্যে মণিমাণিক্য বসানো আছে [এমন। ৩য়াতৎ। বিণ।
রত্নগর্ভা—সৎপুত্রবতী নারী; পৃথিবী। রত্ন গর্ভে যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।
রত্নজীবী (-জীবিন্), **-বণিক্** (-বণিজ্)—জহরী, মণিকার। উপতৎ; রত্ন—জীব্+ণিন্ কর্তৃ; ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রত্নপ্রসূ—মণিমাণিক্য প্রঃ উৎপাদনকারিণী; সৎপুত্রপ্রসবিনী। ৬ষ্ঠীতৎ। বিণ; স্ত্রী।
রত্নবণিক্(জ্)—'রত্নজীবী' দ্রঃ।
রত্নমণ্ডিত—রত্ন দ্বারা ভূষিত। ৩য়াতৎ। বিণ।
রত্নাকর—সমুদ্র; রত্নখনি; কৃত্তিবাসী রামায়ণে উক্ত বাল্মীকির পূর্ব নাম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রত্নাবলী—রত্নশ্রেণী; রত্নহার। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
রত্নাভরণ—১। মণিময় অলংকার, জড়োয়া গহনা। রত্নখচিত আভরণ, মধ্যপ। ২। মণিমাণিক্য ও অলংকার। দ্বন্দ্ব। বি; ক্লী।
রত্নি—কনুই হইতে বদ্ধমুষ্টি হস্তাগ্র পর্যন্ত পরিমাণ, সঠাম হাত। ঋ+ক্তিন্ কর্তৃ। বি; পুং বা স্ত্রী।
রথ—চক্রযুক্ত যুদ্ধযান, স্যন্দন; শকটাদি; বাহন; শরীর; চরণ। রম্+ক্থন্ করণ, অধি। বি; পুং।
রথযন্তা (-যন্তৃ)—রথের নিয়ামক, সারথি ("কেবল থাকহ তুমি রথযন্তা হ'য়ে"—কাশী)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রথযাত্রা—আষাঢ় মাসের শুক্লা দ্বিতীয়াতে অনুষ্ঠিত রথবাহিত দেবমূর্তির (বিশেষতঃ জগন্নাথদেবের) উৎসব বিঃ। রথসম্বন্ধীয়া যাত্রা (উৎসব), মধ্যপ। বি; স্ত্রী।
রথাংগ—১। চক্র, চাকা। রথের অঙ্গ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। চক্রবাকপক্ষী। রথের ন্যায় অঙ্গ যাহার, বহু। বি; পুং।
রথাঙ্গপাণি—চক্রপাণি, শ্রীবিষ্ণু। রথাঙ্গ (চক্র) পাণিতে যাঁহার, বহু। বি; পুং।
রথারূঢ়—রথে উপবিষ্ট; যে রথে চড়িয়াছে এমন। ৭মীতৎ বা ২য়াতৎ। বিণ।
রথিক, রথী (-থিন্)—রথারূঢ় ব্যক্তি; রথস্বামী, রথস্থ যোদ্ধা। রথ+ইক (ঠন্), ইন্ আছে অর্থে। বি; পুং।
রদ—১। দন্ত ('দ্বিরদ রদ নির্মিত')। রদ্+অচ্ কর্তৃ। ২। খনন। রদ্+ক ঘঞর্থে ভাব। বি; পুং। ৩। পরিবর্তিত; রহিত; খারিজ। আ। বি বা বিণ।
রদন—১। দন্ত, দাঁত ("বদনে রদন নড়ে"—ভারত)। রদ্+অনট্ করণ। বি; পুং। ২। ছেদন; খনন। রদ্+অনট্ ভাব। বি; ক্লী।
রদী—অপকৃষ্ট; বাতিল; অকর্মণ্য; পরিত্যক্ত। <আ 'রদ'। বিণ।
রন-পা—পায়ে লাগাইয়া হাঁটিবার নিমিত্ত বংশদণ্ড, [stilt. বাংপ্র। বি।
রন্ধন—পাক, রান্না। রন্ধ্+অনট্ ভাব। বি; ক্লী।
রন্ধনকর্তা (-কর্তৃ)—পাচক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-কর্ত্রী**।
রন্ধনশালা—রান্নাঘর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
রন্ধনাগার—রান্নাঘর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
রন্ধিত—কৃতরন্ধন, যাহা রন্ধন করা হইয়াছে এমন। রন্ধ্+ক্ত কর্ম। বিণ।
রন্ধ্র—ছিদ্র; গর্ত; কুক্ষি; অন্যায়; আলস্যাদি দোষ; ছল, লগ্ন হইতে অষ্টমস্থান; মারাত্মক স্থান। রম্+ক্বিপ্ ভাব=রম্; রম্—ধা+ক কর্তৃ। বি; ক্লী।
রন্ধ্রগত—ছিদ্রে উপস্থিত; মারাত্মক স্থানে উপস্থিত ('— শনি')। ২য়াতৎ। বিণ।
রপ্ত—অভ্যস্ত। <আ 'রব্‌ৎ'। বিণ। **রপ্তে রপ্তে**—ধীরে ধীরে, অভ্যাস দ্বারা ক্রমে ক্রমে।
রপ্তানি—বিদেশে চালান। <ফা 'রফতনী'। বি।
রপ্তানী—রপ্তানি-করা, বিদেশে চালান দেওয়া। <ফা 'রফতনী'। বিণ।
রফা—ঝগড়া মিটানো; শান্তি; শেষ আপস; আপসচুক্তি। আ। বি। **দফা রফা**—সর্বনাশ; অত্যধিক হয়রানি বা ক্ষতি; বিনাশ।
রব—ধ্বনি, শব্দ, গোলমাল। রু+অপ্ ভাব। বি; পুং।
রবাব—প্রাচীন ভারতের বাদ্যযন্ত্র বিঃ; রুদ্রবীণা। ফা। [বি।
রবার—একপ্রকার গাছের আঠা হইতে প্রস্তুত স্থিতিস্থাপক দ্রব্য। <ইং 'rubber' বি।
রবাহূত—যে বিনা নিমন্ত্রণে ভোজ-ব্যাপারে যোগদান করিয়াছে এমন, অনাহূত, আগন্তুক। ৩য়াতৎ। বিণ।
রবি—সূর্য; নায়ক; ভট্টারকবার, সপ্তাহের বার বিঃ। রু+ই কর্ম বি; পুং।

রবিকর—রৌদ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রবিখন্দ—বসন্তকালের ফসল। রবি <আ রবী= বসন্ত)+খন্দ (<কন্দ)। বি।
রবিচ্ছবি—সূর্যের দীপ্তি; সূর্যের শোভা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
রবিবার, -বাসর—সোমবারের আগের দিন, শনিবারের পরের দিন। ৬ষ্ঠীতৎ। বি; পুং, পুং বা ক্লী।
রবিশস্য—বসন্তকালীন ফসল। রবিপক্ক শস্য, মধ্যপ। বি; ক্লী।
রভস—১। ঔৎসুক্য; বেগ, শীঘ্রতা; রসাবেশ; হর্ষ; শোক; অনুতাপ; পূর্বাপরবিবেচনা; কার্যকারণ-গবেষণা; বলাৎকার। রভ্+অসচ্ ভাব। বি; পুং। ২। রহস্য; সম্ভোগ; কেলিবিলাস। প্রা কপ্র। বি।
রমজান—মুসলমান সনের নবম মাস, রোজা পালনের মাস। আ। বি।
রমণ—১। পতি; কন্দর্প। বি; পুং। ২। প্রিয়; সন্তোষ-বিধানকারী। রম্+ণিচ্+অন, অনট্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ণী। ৩। সুরত, রতি, মৈথুন; ক্রীড়া। রম্+অনট্ ভাব। বি; ক্লী। [স্ত্রী।
রমণী—সুন্দরী স্ত্রী; পত্নী; নারী। রমণ+ঈপ্। বি;
রমণীয়, রম্য—সুন্দর, মনোরম। রম্+অনীয় কর্তৃ, বৎ করণ, অধি। বিণ। [বিণ।
রমণীসুলভ—স্ত্রীলোকের পক্ষে স্বাভাবিক। ৭মীতৎ।
রমা—১। লক্ষ্মী; উপপত্নী; প্রিয়া; শোভা। রম্+ণিচ্+অচ্ কর্তৃ+আপ্। ২। উপভোগ করা, বিহার করা; ক্রীড়া করা। কপ্র। ক্রি [প্রা কপ্র—**রমই**—রমণ করে। **রমইতে**—রমণ করিতে। **রময়ে**—রমণ করে; তুষ্ট করে। **রমহ**—রমণ কর]।
রমাকান্ত, -নাথ, -পতি—বিষ্ণু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রমারম—জাঁকজমকের সহিত; অতিরিক্ত ভাবে; সোজা-সুজি। বাংপ্র। ক্রি-বিণ।
রমিত—শোভান্বিত; কৃতরমণ; রতিপ্রাপিত; ক্রীড়িত। রম্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
রমেন্দ্র, রমেশ, রমেশ্বর—রমাপতি, নারায়ণ। রমার ইন্দ্র, ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রম্ভা—কদলী; অপ্সরা বিঃ; গৌরী; বেশ্যা। রন্‌ভ্+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
রম্ভোরু—যে স্ত্রীর উরু কদলীবৃক্ষের ন্যায় সুগঠিত। রম্ভার ন্যায় উরু যাহার, বহু। বি বা বিণ: স্ত্রী।
রম্য—'রমণীয়' দ্রঃ।
রয়—১। প্রবাহ; বেগ। রয়্+অচ্ করণ। বি; পুং। ২। রহে, থাকে; শোভা পায়। বাংপ্র। ক্রি।
রলা—শাল ইঃ গাছের সরু গুঁড়ি। বাংপ্র। বি।
রশনা—জিহ্বা; চন্দ্রহার গোট প্রঃ। রশ্+অন কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
রশা—দড়া, কাছি। বাংপ্র। বি।
রশি—দড়ি, রজ্জু। <রশ্মি। বি।
রশুন—পিঁয়াজজাতীয় তীব্রগন্ধ সাদা কন্দ বিঃ, লশুন। <রসুন। বি।
রশ্মি—কিরণ, ray; লাগাম; রজ্জু; নেত্রলোম। অশ্+মি কর্তৃ (অ-স্থানে র)। বি; পুং।
রস—রসনেন্দ্রিয়গ্রাহ্য মাধুর্যাদিগুণ, আস্বাদ; কটু তিক্ত কষায় লবণ অম্ল মধুর—এই ছয়; কাব্যশাস্ত্রের সারভূত মনঃপ্রীতি বিঃ [সহৃদয় জনসমূহের মনে রতি প্রঃ স্থায়িভাব বিভাবাদি দ্বারা পরিপুষ্ট হইয়া আনন্দজনক হইলে তাহাকে রস বলে, ইহা শৃঙ্গার বীর করুণ অদ্ভুত হাস্য ভয়ানক বীভৎস রৌদ্র শান্ত—এই নয় প্রকার; কেহ কেহ বাৎসল্যকেও রস বলিয়া থাকেন, তাঁহাদের মতে রস দশ প্রকার]; নিঃস্রাব; আর্দ্রতা; কৌতুক, মজা; আনন্দ; যে গুণে চিত্ত আকৃষ্ট হয়; অনুরাগ; অভিপ্রায়; সম্ভোগ; যূষ; দ্রববস্তু; জল; ভোগ্যবস্তু; আস্বাদ্য যে কোন বস্তু বা বিষয়; বিষ; সুবর্ণ; পারদ; দেহস্থ ধাতু বিঃ; শ্লেষ্মা; শুক্রধাতু। রস্+ক ঘঞর্থে। কর্ম। বি; পুং। [লাড়ু। বাংপ্র। বি।
রসকরা—চিনির রসে পাক-করা একপ্রকার নারিকেলের
রসকর্পূর—পারদঘটিত ঔষধ বিঃ, mercury perchloride. বাংপ্র। বি। [বি।
রসকলি—বৈষ্ণবদিগের ললাটস্থ সরু তিলক। বাংপ্র।
রসকষ—সামান্যমাত্রও রস বা স্বাদ। বাংপ্র। বি।
রসগর্ভ—সরস, যাহাতে খুব রস আছে এমন। রস গর্ভে যাহার, বহু। বিণ।
রসগোল্লা—ছানায় প্রস্তুত গোলাকার মিষ্টদ্রব্য বিঃ। রসযুক্ত গোল্লা, মধ্যপ (বাংপ্র)। বি।
রসগ্রাহী (-গ্রাহিন্)—যে রস উপলব্ধি করে এমন; যাহাতে রসের পরিচয় দেওয়া হইয়াছে এমন ('—আলোচনা')। উপতৎ; রস—গ্রহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -গ্রাহিণী।
রসঘন—অত্যধিক রসবিশিষ্ট, রসে পরিপূর্ণ। রস-হেতু ঘন, ৩য়াতৎ। বিণ।
রসজ্ঞ—রসিক; ভাবুক; স্বাদগ্রাহী, সমঝদার, connoiseur; সামাজিক। উপতৎ; রস—জ্ঞা+ক কর্তৃ। বিণ। বি, -জ্ঞা।
রসতড়কা—শিশুদিগের একপ্রকার খেঁচুনি রোগ। বাংপ্র। বি। [ফা। বি।
রসদ—সৈন্যদিগের আহারীয় দ্রব্য, ration; খাদ্য।
রসন—১। জিহ্বা। রস্+অনট্ করণ। ২। রসগ্রহণ, আস্বাদন; শব্দ; ধ্বনি; ধ্বনন। রস্+অনট্ ভাব। বি; ক্লী। ৩। মেখলা, কটিভূষণ। প্রা কপ্র। বি।
রসনা—জিহ্বা; মেখলা; রজ্জু। রসন+আপ্। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
রসনেন্দ্রিয়—জিহ্বা। রসনের (আস্বাদনের) ইন্দ্রিয়,
রসপ্রিয়—রসিক। বহু। বিণ।
রসবড়া—কলা প্রঃ দ্বারা প্রস্তুত চিনির রসে পাক-করা পিঠা। মধ্যপ (বাংপ্র)। বি।
রসবড়ি—বিষ ঔষধ, পারামিশ্রিত ঔষধ বিঃ। মধ্যপ (বাংপ্র)। বি। [ঈপ্। বিণ; স্ত্রী।
রসবতী—রসজ্ঞা, রসিকা। রস+মতুপ্ আছে অর্থে+
রসবেত্তা (-তৃ)—রসজ্ঞ, সমঝদার। রস—বিদ্+তৃন্ কর্তৃ। বিণ; পুং। স্ত্রী, -বেত্রী।
রসবোধ—রসজ্ঞান, রস উপলব্ধি ও উপভোগ করিবার শক্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রসভঙ্গ—রসের উপভোগে বাধা; রসবর্ণনায় একভাবে অন্যভাব আনয়নহেতু রসহানি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রসভরা—সরস, রসপূর্ণ। ৩য়াতৎ (বাংপ্র)। বিণ।
রসময়—রসস্বরূপ; রসাত্মক; রসিক। রস+ময়ট্ স্বরূপার্থে। বিণ। স্ত্রী, -ময়ী।
রসমরা—শুষ্ক। বহু (বাংপ্র)। বিণ।
রসরঙ্গ—কৌতুকাদি। মধ্যপ। বি; পুং।
রসরাজ—১। রসাঞ্জন; পারদ। রস (দ্রবপদার্থ)-মধ্যে রাজা (শ্রেষ্ঠ), ৭মীতৎ (টচ্ সমাসান্ত)। ২। রসিকশ্রেষ্ঠ; শ্রীকৃষ্ণ। রসবিষয়ে রাজা (শ্রেষ্ঠ), ৭মীতৎ (টচ্)। বি; পুং। [মধ্যপ। বি; ক্লী।
রসসিন্দূর—হিঙ্গুল, cinnabar. রসজাত সিন্দুর,
রসস্থ—কফে ভারাক্রান্ত; শ্লেষ্মাযুক্ত। উপতৎ; রস—স্থা+ক কর্তৃ। বিণ।
রসা—১। রসনা। রস+অচ্ আছে অর্থে+আপ্। বি; স্ত্রী। ২। রসযুক্ত, জলো; অল্প পচা। রস+আ বিশিষ্টার্থে। বিণ। ৩। রসযুক্ত হওয়া, আর্দ্র হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
রসাঞ্জন—একপ্রকার গন্ধক-ঘটিত রাসায়নিক পদার্থ, stibnite. মধ্যপ। বি; ক্লী।
রসাতল—পাতাল, সপ্তবিধ অধোভুবনের মধ্যে সর্বনিম্নস্থ ভুবন; ভূতল। রসার (পৃথিবীর) তল (অধোভাগ), ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
রসাত্মক—সরস, রসগর্ভ। রস আত্মা যাহার, বহু (ক সমাসান্ত)। বিণ। স্ত্রী, -ত্মিকা।
রসাধিক্য—রসবৃদ্ধি, রসের বাহুল্য; শ্লেষ্মাবৃদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
রসান—অলংকার প্রঃ ঘষিয়া উজ্জ্বল করিবার পাথর বা জল; যাহা রসে ভাবনা দেওয়া হয়; উৎসাহবাক্য; উত্তেজক ঔষধ বিঃ। <রসায়ন। বি।
রসানো—রসযুক্ত করা, আর্দ্র করা ('মন —')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
রসাবেশ—রসের উদ্রেক বা তজ্জনিত বিহ্বলতা। ৬ষ্ঠীতৎ বা রসজনিত আবেশ, মধ্যপ। বি; পুং।
রসাভাস—নীচরস; রসবিচ্যুতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রসায়ন—১। জরা ও ব্যাধি-নাশক দীর্ঘ জীবনকর ঔষধ বিঃ; আনন্দজনক বা রসে পূর্ণ বস্তু; বিষ বিঃ। রসের অয়ন যদ্দ্বারা, বহু। বি; পুং। ২। বস্তুর উপাদান ধর্ম ও সম্বন্ধ বিষয়ক বিদ্যা, chemistry. রসের অয়ন (কার্য) আছে যাহাতে, বহু। বি; ক্লী।
রসায়নবিদ্যা, -শাস্ত্র—যে বিদ্যা অধ্যয়ন করিলে রূঢ় পদার্থ সকলের গুণ এবং তাহাদের পরস্পর সংযোগ ও বিয়োগের বিষয় ও তৎসম্ভূত ক্রিয়াবিকারাদি জানিতে পারা যায় তাহা, chemistry. রসায়নসম্বন্ধীয় বিদ্যা, শাস্ত্র, মধ্যপ। বি; স্ত্রী, ক্লী।
রসারসি—দড়িদড়া। ফা-মূ। বি।
রসাল—১। আম্রবৃক্ষ; পনস বৃক্ষ; ইক্ষু। বি; পুং। ২। রসযুক্ত। রস—আ—লা+ক কর্তৃ। বিণ।
রসালাপ—রসিকতাপূর্ণ বা সরস বাক্য, রসপূর্ণ কথোপকথন; সরস প্রেমালাপ। মধ্যপ। বি; পুং।
রসাস্বাদ, -স্বাদন—রস উপভোগ; রসের স্বাদগ্রহণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।
রসিক—রসজ্ঞ, রসবোধবিশিষ্ট; রঙ্গকুশল; স্বাদগ্রাহী। রস+ইক (ঠন্) জ্ঞাতার্থে। বিণ। স্ত্রী, -কা।
রসিকতা—রঙ্গরস; আদিরস বা হাস্যরসের উত্থাপন; কৌতুক। রসিক+তা ভাবে। বি; স্ত্রী।
রসিকেশ্বর—শ্রীকৃষ্ণ। রসিকদের (ভগবৎপ্রেমিকদের) ঈশ্বর (প্রভু, উপাস্য), ৬ষ্ঠীতৎ। বি, পুং।
রসিদ—অর্থ বা কোন বস্তুর প্রাপ্তিস্বীকারসূচক পত্র। <ফা 'রসীদ'। বি।
রসুই—রন্ধন। <রসবতী। বি।
রসুন, রসুন, রসোন—পিঁয়াজজাতীয় তীব্রগন্ধ কন্দ বিঃ; লসুন। রস্+উন, উন কর্ম, ৩য় পক্ষে রস্—উন্+ঘঞ্ কর্ম। বি; পুং।
রসুয়ে—পাচক। রসুই+এ করে অর্থে (বাংপ্র)। বিণ।
রসুল—পয়গম্বর; আল্লাহ্‌র বাণী-প্রচারক। <আ 'রসূল'। বি। **রসুলে করিম**—আল্লাহ্‌র রসুল, হজরত মোহাম্মদ (দঃ)। [পুং।
রসেন্দ্র—পারদ। রসমধ্যে ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি;
রসোত্তীর্ণ—আরব্ধ রসের বর্ণনা বা পরিবেষণে সার্থক বা সফল। ২য়াতৎ। বিণ।
রসোদ্গার—অন্তরঙ্গ ব্যক্তির নিকট নায়ক বা নায়িকার প্রিয়সমাগম ও সম্ভোগাদির বিষয় বর্ণন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রহ—১। গোপনীয় ধর্মতত্ত্ব; মৈথুন। রহ্+ক ঘঞর্থে কর্ম। বি; পুং। ২। থাম; রাখ; থাক। বাংপ্র। ক্রি।
রহঃ (-স্)—১। সুরত, শৃঙ্গার। রম্+অস্ ভাব। ২। নির্জনে। রম্+অস্ অধি ('ম'-স্থানে 'হ')। অ। ৩। নির্জন, গোপনীয় (বিষয়)। বিণ।
রহমত—করুণা। আ। বি।
রহসি—১। নির্জনে ("তেঁই তু ভজইতে বৈঠনু রহসি"—মাধব)। সংস্কৃত 'রহস্' শব্দের ৭মীর একবচন। প্রা কপ্র। অ। ২। আছ, রহিয়াছ। প্রা কপ্র। ক্রি।
রহস্য—১। গোপনীয়; নির্জনভব। বিণ। ২। গুপ্তবিষয়; মর্ম, গূঢ়তত্ত্ব; পরিহাস, রসিকতা, কৌতুক। রহস্+যৎ ভবার্থে। বি; ক্লী।
রহস্যভেদ—গোপনীয় বিষয় জানা; দুর্বোধ্য বিষয় বুঝা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রহস্যালাপ—গোপনে কথাবার্তা; পরিহাসপূর্ণ কথাবার্তা; সুরত-বিষয়ক কথা। কর্মধা বা ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রহা—থামা, সবুর করা; থাকা; শোভা পাওয়া। বাংপ্র। ক্রি [প্রা কপ্র—**রহ, রহত, রহই**—রহে। **রহন্**—'রহল' দ্রঃ। **রহব**—রহিবে। **রহবি**—থাকিবি। **রহয়ে**—রহে। **রহল**—রহিল। **রহলা**—রহিল। **রহলু, রহলুঁ, রহনু**—রহিলাম। **রহু, রহুঁ**—রহ; রহে; রহুক।] [বিণ।
রহিত—ত্যক্ত, বর্জিত, বিহীন, শূন্য। রহ্+ক্ত কর্ম।
রহিম—দয়াময় ঈশ্বর। আ। বি।

রা—শব্দ; সাড়া। < রাব। বি।
রাই—১। একপ্রকার কাল সরিষা। < রাজিকা। ২। রাধা। < রাধিকা। বি।
রাও—১। রাত্রি। প্রা কপ্র। ২। উপাধি বিঃ। বাংপ্র। বি।
রাং, রাঙ—১। ধাতু বিঃ। < রঙ্গ। ২। পশু বা পাখির ছাল-ছাড়ানো ঠ্যাং। < ফা 'রান'। বি।
রাংচিতা—একপ্রকার ছোট গাছ, রক্তচিত্রক। < রঙ্গ-চিত্র। বি।
রাংঝাল, -লা—ধাতুর বাসন মেরামতের জন্য রাং-সীসা-মিশ্রিত পাইন। বাংপ্র। বি।
রাংতা—রাঙের পাত। বাংপ্র। বি।
রাঁড়—বিধবা; বেশ্যা; রক্ষিতা। < রণ্ডা। বি।
রাঁড়া—ফলহীন; বাঁজা, বন্ধ্যা। < রণ্ড। বিণ বা বি।
রাঁড়ী—বিধবা। < রণ্ডা। বি।
রাঁধনি, রাঁধুনি—১। পাচক। রাধ্+অনি, উনি কর্তৃ। বি বা বিণ। ২। মসলা বিঃ। < রন্ধনিকা। বি।
রাঁধা, রান্ধা—১। যাহা রন্ধন করা হইয়াছে এমন। বিণ। ২। রান্না করা, পাক করা। বাংপ্র। ক্রি [, বি]।
রাকা—নবঋতুমতী স্ত্রী; প্রতিপদযুক্তা পূর্ণিমা তিথি। রা+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
রাক্ষস—১। নিশাচর, কর্বুর, রক্ষ; কুবেরের ধন-রক্ষক। রক্ষ্+অস্ অপা; রক্ষস্+অণ্ স্বার্থে। ২। বলপূর্বক বিবাহ। বি; পুং। ৩। অস্ত্র-চিকিৎসা। বি; ক্লী। ৪। রক্ষঃ সম্বন্ধীয়। রক্ষস্+অণ্ সম্বন্ধার্থে। স্ত্রী,-সী। ৫। যে অত্যধিক ভোজন করে এমন। বাংপ্র। বিণ।
রাক্ষুসে—অতি বড়; রাক্ষসের ন্যায়; প্রচণ্ড ('— খিদে')। রাক্ষস+ < এ (< ইয়া) তুল্যার্থে। বিণ।
রাখা—পালন করা; আশ্রয় দেওয়া; স্থাপন করা; পোষণ করা; বাঁচানো; পূর্বে সম্পন্ন করা; নিযুক্ত করা; স্থগিত করা; রক্ষা করা; অনুবর্তী হওয়া; দেওয়া; নিবারণ করা; চুপ করা; দাঁড় করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [প্রা কপ্র—**রাখই, রাখত, রাখয়ে**—রাখে। **রাখনু, রাখলুঁ**—রাখিলাম। **রাখব**—রাখিবে। **রাখবি**—রাখিবি; রাখিব। **রাখল**—রাখিল]। [বি।
রাখাল—গোরক্ষক। রাখ্+আল কর্তৃ বা (বাংপ্র)।
রাখালরাজ—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রাখালি—রাখালের কাজ। রাখাল+ই কর্মার্থে (বাংপ্র)। বি।
রাখালিয়া—রাখাল সম্বন্ধীয়; রাখালের মত। রাখাল+ইয়া সম্বন্ধার্থে, সদৃশার্থে (বাংপ্র)। বিণ।
রাখি—রক্ষা-কবচ বা রক্ষাসূত্র; মাঙ্গলিক সূত্র। বাংপ্র। বি। [বি।
রাখিপূর্ণিমা—ঝুলন-পূর্ণিমা। মধ্যপ (বাংপ্র)।
রাখিবন্ধন—ঝুলন-পূর্ণিমা-দিনে প্রিয়জনের হাতের কবজিতে রক্ষাসূত্র বন্ধন। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
রাগ—১। অনুরাগ; সন্তোষ; ইচ্ছা; কামবিহ্বলতা; ক্রোধ; বিষয়েচ্ছা; রঞ্জন; উৎসাহ; মাৎসর্য; দ্বেষ। রন্জ্+ঘঞ্ ভাববা। ২। রক্তবর্ণ; রঞ্জকদ্রব্য; নৃপ; চন্দ্র; ভৈরব মালব সারঙ্গ হিন্দোল দীপক মেঘ—এই ছয় স্বর; স্বর। রন্জ্+ঘঞ্ করণ। বি; পুং।
রাগচূর্ণ—ফাগ, লালবর্ণ গুঁড়া। রাগযুক্ত (রক্তবর্ণ) চূর্ণ, মধ্যপ। বি; পুং।
রাগত—১। ক্রোধযুক্ত, কুপিত। রাগ+ত বিশিষ্টার্থে। ২। ক্রোধভরে। রাগ+ত ক্রি-বিণ অর্থে (বাংপ্র)। ক্রি-বিণ।
রাগদ্বেষ—অনুরাগ ও বিরাগ। দ্বন্দ্ব। বি; পুং।
রাগমালিকা—বিভিন্ন সুরের একত্র সন্নিবেশে রচিত গীত। রাগের মালিকা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
রাগরঙ্গ—ক্রোধের অভিব্যক্তি; রঙ্গের খেলা ('আছে মেঘ, নেই সে রাগরঙ্গ'—জাগে শর্বরী)। ৬ষ্ঠী-তৎ (বাংপ্র)। বি।
রাগরাগিণী—বসন্ত শ্রী প্রঃ রাগ এবং ভৈরবী বাগেশ্রী প্রঃ রাগিণী। দ্বন্দ্ব। বি; স্ত্রী। [ক্রি [, বি]।
রাগা—রাগ করা, ক্রুদ্ধ হওয়া, কুপিত হওয়া। বাংপ্র।
রাগানো—ক্রুদ্ধ করা। বাংপ্র। ক্রি [, বি]।
রাগান্ধ—ক্রোধে হিতাহিত-জ্ঞানশূন্য। ৩য়াতৎ। বিণ।
রাগান্বিত—ক্রুদ্ধ, কুপিত; অনুরাগযুক্ত। ৩য়াতৎ। বিণ।
রাগিণী—১। এক এক রাগের অন্তর্গত স্বরবিন্যাসের প্রকারভেদ, ছয়রাগের পত্নীস্বরূপ ছত্রিশ স্বর। রাগ+ইণী। ২। অনুরক্তা স্ত্রী; সুরতনিপুণা স্ত্রী। রাগিন্+ঈপ্। বি; স্ত্রী।
রাগী (রাগিন্)—রাগযুক্ত, অনুরক্ত; কামুক; ক্রোধী, কোপনস্বভাব; রঞ্জনকারী। রাগ+ইন্ আছে অর্থে; অথবা, রন্জ্+ঘিনুণ্ কর্তৃ, শীলার্থে। বিণ। স্ত্রী—**রাগিণী**।
রাঘব—১। রঘুবংশীয় নৃপ; রামচন্দ্র। বি, পুং। ২। রঘুবংশীয়। রঘু+অণ্ অপত্যার্থে। বিণ। স্ত্রী, **-বী**। **রাঘব-বোয়াল**—বড় মাছ বিঃ, যাহার লোভ অত্যন্ত বেশী এবং সব গ্রাস করিতে চায়।
রাঘববাঞ্ছা—সীতাদেবী ("কাঁদেন রাঘববাঞ্ছা আঁধার কুটিরে"—মাইকেল)। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
রাঘবীয়—রঘুবংশীয়দিগের সম্পর্কিত; রাঘবের, রামচন্দ্রের। রাঘব+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
রাঙ—'রাং' (তাহা দ্রঃ)।
রাঙতা—'রাংতা' (তাহা দ্রঃ)।
রাঙা—লাল। < রঙ্গ। বিণ। **রাঙা আলু**—লাল-বর্ণের সুমিষ্ট মূল বিঃ।
রাঙানো, রাঙ্গানো—১। লাল করা ('চোখ —'); লাল রঙে ছোবানো, রঙানো। ক্রি [, বি]। ২। রঞ্জিত। বাংপ্র। বিণ।
রাঙ্গা—লালবর্ণ, রক্তবর্ণ। < রঙ্গ। বিণ। **রাঙ্গা বাস**—গেরুয়া কাপড়। **রাঙ্গা মূলো**—নির্গুণ সুন্দর পুরুষ।
রাঙ্গানো—'রাঙানো' দ্রঃ।
রাজ—ইষ্টকালয়নির্মাতা; রাজমিস্ত্রী; রাজ্য; রাজ্য-শাসন-পদ্ধতি। বাংপ্র। বি।

রাজ—রাজকীয়, royal; রাজা উপাধিধারী ব্যক্তি সম্বন্ধীয় ('রাজ —'); সরকারী, দেশশাসনবিষয়ক ('—নীতি'); শ্রেষ্ঠতাসূচক ('—হংস')।

-রাজ—রাজা ('মহা—')। [রাজন্ সমাসে টচ্ প্রত্যয়যোগে রাজ।]

রাজক—১। দীপ্তিশালী; শাসক। রাজ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**রাজিকা**। ২। রাজসমূহ। রাজন্+কন্ সমূহার্থে। বি; ক্লী। ৩। রাজা। রাজন্+কন্ স্বার্থে। বি; পুং। [স্ত্রী।

রাজকন্যা—নৃপসুতা; কেবিকাপুষ্প। ৬ষ্ঠীতৎ। বি;

রাজকবি—রাজার নিকট সম্মানপ্রাপ্ত ও রাজনিযুক্ত কবি, poet-laureate. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজকর—রাজস্ব, খাজনা। রাজপ্রাপ্য কর, মধ্যপ। বি; পুং।

রাজকীয়—সরকারী; রাজ্য সম্বন্ধীয়, royal. রাজক সংক্রান্ত কাজ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রাজকর্মচারী (-চারিন্)—রাজকীয় বিভাগের চাকুরিয়া; রাজপুরুষ। ৬ষ্ঠীতৎ। বি, পুং।

রাজকীয়—সরকারী; রাজ্য সম্বন্ধীয়, royal. রাজক (শাসনকর্তা)+ঈয় সম্বন্ধার্থে; অথবা, রাজন্+ঈয় (ক-আগম)। বিণ।

রাজকুমার—অপ্রাপ্তবয়স্ক যুবরাজ; রাজপুত্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী, **-কুমারী**।

রাজকুলসম্ভব—রাজবংশজাত। রাজকুলে সম্ভব যাহার, বহু। বিণ।

রাজকোষ—রাজার ধনভাণ্ডার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজগদি—রাজার সিংহাসন; রাজার পদ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

রাজগি—রাজ্য; রাজপদ। হি। বি।

রাজগুরু—রাজার আচার্য অর্থাৎ দীক্ষাদাতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজগৃহ—রাজার বাড়ি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রাজচক্রবর্তী (-বর্তিন্)—সর্বশ্রেষ্ঠ নৃপতি; যাঁহার অধীনে আরও বহু রাজা আছেন এমন রাজা; সম্রাট্। উপতৎ; রাজচক্র—বৃত্+ণিন্ কর্তৃ। বি; পুং। [তৎ। বি; ক্লী।

রাজচ্ছত্র—রাজার মাথায় যে ছাতা ধরা হয়। ৬ষ্ঠী-

রাজটিকা—রাজার ললাটস্থ তিলক; অভিষেক-সময়ে রাজললাটে যে তিলক দেওয়া হয়। মধ্যপ (বাংপ্র)। বি। [রাজন্য। বাংপ্র। বি।

রাজড়া—সামন্ত নৃপতি; সম্রাটের অধীন নৃপতি,

রাজত—রৌপ্যনির্মিত; রজতময়। রজত+অণ্ বিকারার্থে। বিণ।

রাজতক্ত—রাজসিংহাসন। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

রাজতন্ত্র—যাহাতে রাজাই সর্বেসর্বা এমন রাজ্যশাসন-প্রণালী; রাজার অধীন শাসনপদ্ধতি বা রাষ্ট্র, monarchy. রাজনিয়ন্ত্রিত তন্ত্র, মধ্যপ। বি; ক্লী।

রাজত্ব—রাজপদ, রাজ্যশাসন; রাজার অধীন দেশ, রাজ্য; সর্বময় আধিপত্য। রাজন্+ত্ব ভাবে। বি; ক্লী।

রাজদণ্ড—১। রাজদত্ত শাস্তি। রাজদত্ত দণ্ড, মধ্যপ। ২। রাজার হস্তস্থিত যষ্টি, sceptre. রাজার দণ্ড, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজদত্ত—রাজার দেওয়া। ৩য়াতৎ। বিণ।

রাজদন্ত—দুই পাটির সামনের চার দাঁত; উপর পাটির মাঝের দুই দাঁত। দন্তদিগের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজদম্পতি—রাজা এবং রাজ্ঞী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজদরবার—রাজসভা; আদালত। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

রাজদূত—রাজার চর বা সংবাদবাহক; পররাজ্যে রাজ-প্রতিনিধি, রাষ্ট্রদূত, ambassador. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজদ্বার—রাজবাটীর প্রবেশপথ; রাজসান্নিধান; বিচারালয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রাজদ্রোহ, -দ্রোহিতা—রাজার বা রাজশক্তির বিরুদ্ধাচরণ বা অমর্যাদা, treason, sedition. ৬ষ্ঠীতৎ; রাজদ্রোহিন্+তা ভাবে। বি; পুং, স্ত্রী।

রাজদ্রোহী (-দ্রোহিন্)—রাজার বা রাজশক্তির বিরুদ্ধাচরণকারী। উপতৎ; রাজন্—দ্রুহ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-দ্রোহিণী**।

রাজধর্ম—রাজার কর্তব্যকর্ম, প্রজাপালনাদি কর্ম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজধানী—রাজার প্রধান নগরী, যে স্থানে রাজা বা রাজপ্রতিনিধি বাস করেন তাহা, যে নগর রাজ্য-শাসনের কেন্দ্রস্থল, capital. রাজন্—ধা+অনট্ অধি+ঈপ্। বি; স্ত্রী।

রাজনন্দন—রাজপুত্র, রাজার ছেলে। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী—**রাজনন্দিনী**।

রাজনীতি—রাজ্যশাসন-নীতিশাস্ত্র, যে নীতিশাস্ত্র দ্বারা রাজকার্য নির্বাহ হয়; রাষ্ট্রপরিচালনের বিধিবিধান, politics. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজনীতিক—১। রাজনীতিজ্ঞ ব্যক্তি; যে ব্যক্তি রাজ-নীতির চর্চা করে। বি; পুং। ২। রাজনীতি সম্বন্ধীয়। রাজনীতি+ইক (ঠন্) সম্বন্ধার্থে। বিণ।

রাজনীতিজ্ঞ, -বিৎ (বিদ্), **-বিশারদ**—রাজনীতিতে অভিজ্ঞ। উপতৎ; রাজনীতি—জ্ঞা+ক কর্তৃ; রাজ-নীতি—বিদ্+ক্বিপ্ কর্তৃ; রাজনীতিতে বিশারদ, ৭মীতৎ। বিণ।

রাজনৈতিক—রাজনীতি সম্বন্ধীয়; রাজনীতিজ্ঞ। রাজনীতি+ইক সম্বন্ধার্থে, জ্ঞাতার্থে। বিণ। স্ত্রী, **-নৈতিকী**।

রাজন্য—রাজপুত্র; রাজবংশীয় ব্যক্তি; ইংরেজ আমলে ভারতের দেশীয় রাজা; ক্ষত্রিয়; অগ্নি। রাজ্+অন্য কর্তৃ। বি; পুং।

রাজন্যক—রাজন্যবর্গ। রাজন্য+কন্ সমূহার্থে। বি; ক্লী। [পুং।

রাজপট্ট—রাজসনন্দ; রাজসিংহাসন। ৬ষ্ঠীতৎ। বি;

রাজপথ—সরকারী রাস্তা, রাজমার্গ; অতি প্রশস্ত রাস্তা, বড় রাস্তা। পথের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজপদ—রাজার আসন; রাজার অধিকার; রাজত্ব। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রাজপুত—রাজপুতানার (বর্তমান রাজস্থানের) অধিবাসী, জাতি বিঃ। বাংপ্র। ⟨রাজপুত্র। বি।

রাজপুত্র, -পুত্র—রাজকুমার, যুবরাজ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী, -পুত্রী, -পুত্রী।

রাজপুর—রাজবাড়ি, রাজভবন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রাজপুরপ্রবেশন্যায়—ন্যায় বিঃ [রক্ষীরা লোকদিগকে রাজপুরে বিশৃঙ্খলভাবে প্রবেশ করিতে দেয় না, এজন্য লোকে তথায় যেরূপ শ্রেণীবদ্ধ হইয়া প্রবেশ করে, সেইরূপে কার্যকরণের দৃষ্টান্ত প্রদর্শন এই ন্যায়ের বিষয়বস্তু]। রাজার পুর, ৬ষ্ঠীতৎ; তাহাতে প্রবেশ, ৭মীতৎ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

রাজপুরী—রাজার বাড়ি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজপুরুষ—শান্তিরক্ষক; রাজকর্মচারী; রাজবংশীয় পুরুষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজপ্রমুখ—ভারতীয় যুক্তরাষ্ট্রের অধীন কতকগুলি সংযুক্ত রাজ্যের প্রধানরূপে নিযুক্ত একজন রাজা (বর্তমানে বিলুপ্ত)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজপ্রাসাদ—রাজবাড়ি, রাজার ও রাজপরিবারের বাসভবন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রাজবংশ—নৃপতির কুল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজবর্ত্ম (-বর্ত্মন্)—রাজপথ। বর্ত্মের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রাজবল্লভ—রাজার প্রিয়পাত্র, রাজানুগৃহীত ব্যক্তি। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজবাটী—রাজার প্রাসাদ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজবাড়ি—⟨রাজবাটী। ৬ষ্ঠীতৎ। বি।

রাজবিধি—আইন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজবেশ—রাজার বা রাজার উপযুক্ত পোশাক। রাজার বেশ, ৬ষ্ঠীতৎ; অথবা, রাজযোগ্য বেশ, মধ্যপ। বি; পুং।

রাজভক্তি—রাজার প্রতি শ্রদ্ধা এবং অনুরক্তি। ৭মী-তৎ। বি; স্ত্রী। বিণ, -ভক্ত।

রাজভাষা—রাজার ভাষা; আইন আদালতে এবং সরকারী অফিসসমূহে ব্যবহৃত ভাষা, রাষ্ট্রভাষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজভোগ—১। রাজার আহার্য বা অন্য ভোগ্য বস্তু; রাজার উপযুক্ত আহার্য বা অন্যান্য সুখভোগ ইঃ। ৬ষ্ঠীতৎ; বা রাজযোগ্য ভোগ, মধ্যপ। বি; পুং। ২। বড় রসগোল্লা। বাংপ্র। বি।

রাজমজুর—রাজমিস্ত্রীর সাহায্যকারী মজুর। বাংপ্র। বি।

রাজমন্ত্রী (-মন্ত্রিন্)—রাজার অমাত্য; রাজাকে রাজকার্যবিষয়ে মন্ত্রণা-দানকারী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজমহিষী—রাজার প্রধানা স্ত্রী, যিনি রাজার পার্শ্বে সিংহাসনে উপবেশন করেন তিনি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজমার্গ—রাজপথ। মার্গের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; [পুং।

রাজমিস্ত্রী—ইষ্টকালয়-নির্মাতা। বাংপ্র। বি।

রাজমুকুট—রাজার শিরোভূষণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রাজযক্ষ্মা (-যক্ষ্মন্)—ক্ষয়রোগ, যক্ষ্মা। রাজার (চন্দ্রের) যক্ষ্মা (ক্ষয়রোগ), ৬ষ্ঠীতৎ; কিংবা, যক্ষ্মাসমূহের (রোগসমূহের; যক্ষ্মন্=রোগ) রাজা, ৬ষ্ঠীতৎ ('যক্ষ্মন্'-শব্দের পরনিপাত)। বি; পুং।

রাজযোগ—যোগের পদ্ধতি বিঃ। যোগের রাজা, ৬ষ্ঠীতৎ ('যোগ'-শব্দের পরনিপাত—রাজদন্তাদি)। বি; পুং।

রাজযোটক—বরকন্যার বিবাহোপযোগী রাশির সর্বোৎকৃষ্ট যোগ বিঃ। যোটকের রাজা, ৬ষ্ঠীতৎ ('যোটক'-শব্দের পরনিপাত)। বি; পুং।

রাজরাজ—সম্রাট্, একচ্ছত্র রাজা; কুবের। রাজাদের রাজা, ৬ষ্ঠীতৎ (টচ্ সমাসান্ত)। বি; পুং।

রাজরাজেশ্বর—সার্বভৌম নৃপতি; শালগ্রাম বিঃ। রাজাদের রাজা, ৬ষ্ঠীতৎ+টচ্; রাজরাজগণের ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজরাজেশ্বরী—দশমহাবিদ্যার অন্তর্গত দেবী বিঃ, কমলা। রাজরাজদের ঈশ্বরী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজরাণী, -রানী—রাজ্ঞী, রাজার পত্নী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজর্ষি—সীরধ্বজ জনক; যে রাজা ঋষিবৎ আচরণ করেন তিনি; রাজশ্রেষ্ঠ। রাজা অথচ ঋষি, কর্মধা। বি; পুং।

রাজলক্ষ্মী—রাজশোভা; রাজ্যের অধিষ্ঠাত্রী এবং সৌভাগ্যপ্রদাত্রী দেবী। রাজার লক্ষ্মী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজশক্তি—রাজার বা সরকারের শাসনক্ষমতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজস, রাজসিক—১। রজোগুণপ্রধান। বিণ। স্ত্রী, -সী, -কী। ২। মান পূজা সম্ভ্রমার্থ বা দম্ভবশতঃ যে কার্য করা হয় তাহা। রজস্+অণ্, ইক সম্বন্ধার্থে। বি; ক্লী।

রাজসভা—নৃপতিসমূহের সভা; রাজদরবার। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজসর্প—রাজসাপ। ৬ষ্ঠীতৎ (পরনিপাত)। বি; [পুং।

রাজসর্ষপ—রাইসরিষা। সর্ষপসমূহের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজসাক্ষী (-ক্ষিন্)—অপরাধীদের দলভুক্ত হইয়াও যে সরকারের নিকট আত্মসমর্পণ করিয়া দলের গোপন কথা বলিয়া দেয়, সরকারী সাক্ষী, approver. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজসাপ—শঙ্খচূড় সাপ। বাংপ্র। বি।

রাজসিংহ—সিংহসদৃশ বিক্রমশালী নৃপতি। রাজা সিংহসদৃশ উপমিত কর্মধা। বি; পুং।

রাজসিক—'রাজস' দ্রঃ।

রাজসী—১। রজোগুণময়ী দুর্গা। রজস্+অণ্ স্বরূপার্থে+ঈপ্। বি; স্ত্রী। ২। রজোগুণ-সম্বন্ধিনী। রাজস+ঈপ্। বিণ; স্ত্রী।

রাজসূয়—সম্রাটের সম্পাদ্য বেদবিহিত যজ্ঞ বিঃ; পর্বত বিঃ; পদ্ম; ধান্য বিঃ। রাজন্—সু+ক্যপ্ কবণ (নিপা)। বি; পুং।

রাজসেবা—রাজকীয় বিভাগে চাকরি; রাজার পরিচর্যা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
রাজস্থান—পূর্বতন রাজপুতানা, ভারতীয় যুক্তরাষ্ট্রের অন্তর্গত রাষ্ট্র বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
রাজস্ব—রাজকর, রাজপ্রাপ্য ধন। রাজপ্রাপ্য স্ব, মধ্যপ। বি; ক্লী।
রাজস্বসচিব—রাজ্যের আয়ব্যয়-সংক্রান্ত বিষয়ের মন্ত্রী। মধ্যপ। বি; পুং।
রাজহংস—১। মরাল, লালরঙের ঠোঁট ও পা বিশিষ্ট এক জাতের বড় সাদারঙের হাঁস; কলহংস। হংসদিগের রাজা, ৬ষ্ঠীতৎ ('হংস'-শব্দের পরনিপাত; রাজদন্তাদি)। ২। রাজশ্রেষ্ঠ। রাজা হংসসদৃশ, উপমিত কর্মধা। বি; পুং।
রাজহন্তা (-হন্তৃ)—রাজার প্রাণবিনাশকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-হন্ত্রী**।
রাজহস্তী (-হস্তিন্)—১। রাজার প্রধান হাতি। ৬ষ্ঠীতৎ। ২। শ্রেষ্ঠ গজ। হস্তীর রাজা (হস্তী-শব্দের পরনিপাত)। বি; পুং।
রাজহাঁস—মরাল। <রাজহংস। বি।
রাজা (রাজন্)—নৃপতি; প্রভু; ক্ষত্রিয়; চন্দ্র; যক্ষ; (শব্দের পূর্বে বা পরে থাকিলে) শ্রেষ্ঠ; উপাধি বিঃ (আদিতে পৃথুরেই রাজা নাম ছিল)। রন্জ্ বা রাজ্+কনিন্ কর্তৃ। বি; পুং (তৎপুরুষ সমাসে পরপদ হইলে 'রাজন্'-শব্দ-স্থানে 'রাজ' হয়)। **রাজা করা**—রাজা বা রাজার মত ঐশ্বর্যশালী বা সুখী করা। [কপ্র। ক্রি।
রাজা—বিরাজ করা; অবস্থান করা; শোভা পাওয়া।
রাজাজ্ঞা—রাজার হুকুম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
রাজাদেশ—রাজার আজ্ঞা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রাজাধিরাজ—সার্বভৌম, সম্রাট্; উপাধি বিঃ। রাজাদের অধিরাজ (সম্রাট্), ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রাজানুচর—রাজার ভৃত্য। রাজার অনুচর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রাজান্তঃপুর—রাজার ভিতর-বাড়ি, রাজার অন্দরমহল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
রাজি, রাজী—শ্রেণী, সমূহ, সারি; রেখা। রাজ্+ই কর্তৃ; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
রাজিত—সুন্দরভাবে অবস্থিত; শোভমান। রাজ্+ক্ত কর্তৃ। বিণ।
রাজীনামা—সম্মতিপত্র। ফা-আ। বি।
রাজী—১। রাজি দ্রঃ। ২। সন্তুষ্ট; সম্মত, অনুমোদনযুক্ত, স্বীকৃত। আ। বিণ।
রাজীব—পদ্ম। রাজী+ব আছে অর্থে। বি; ক্লী।
রাজীবলোচন—১। যাহার চক্ষু পদ্মফুলের পাপড়ির মত সুন্দর এমন। বিণ। ২। শ্রীরামচন্দ্র। রাজীবসদৃশ লোচন যাঁহার, বহু। বি; পুং।
রাজেন্দ্র—শ্রেষ্ঠ রাজা, প্রধান রাজা, সম্রাট্। রাজাদের মধ্যে ইন্দ্র (প্রধান), ৭মীতৎ; অথবা, রাজা ইন্দ্রসদৃশ, উপমিত কর্মধা। বি; পুং। স্ত্রী—**রাজেন্দ্রাণী**।
রাজোপাধি—১। রাজার দেওয়া খেতাব। রাজদত্ত উপাধি, মধ্যপ। ২। রাজা এই উপাধি। কর্মধা। বি; পুং।
রাজ্ঞী—রানী; রাজমহিষী। রাজন্+ঈপ্। বি; স্ত্রী।
রাজ্য—১। রাজার অধিকৃত দেশ; স্বতন্ত্রশাসনব্যবস্থাসমন্বিত প্রদেশ, state; রাজত্ব। রাজন্+যক্ সম্বন্ধার্থে। ২। রাজকার্য; লক্ষগ্রামের আধিপত্য। রাজন্+যৎ, যক্ কার্যার্থে। বি; ক্লী।
রাজ্যচ্যুত, -ভ্রষ্ট—যাহার নিকট হইতে রাজ্য কাড়িয়া লওয়া হইয়াছে এমন, যে রাজ্য হারাইয়াছে এমন। ৫মীতৎ। বিণ।
রাজ্যপাল—রাজ্যের বা প্রদেশের শাসনকর্তা, governor. উপপতৎ; 'রাজ্য—পা+ণিচ্+অণ্ কর্তৃ। ৬ষ্ঠীতৎ। বি, পুং।
রাজ্যভার—রাজত্ব চালাইবার দায়িত্ব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রাজ্যভ্রষ্ট—'রাজ্যচ্যুত' দ্রঃ।
রাজ্যশাসন—রাজ্যের রক্ষণ পালন প্রঃ কার্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
রাজ্যলক্ষ্মী, রাজ্যশ্রী—রাজ্যের অধিষ্ঠাত্রীদেবী।
রাজ্যাধিকার—রাজ্যদখল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রাজ্যাভিষেক—পবিত্রজলে স্নান করিয়া সিংহাসনে আরোহণ; সিংহাসনারোহণের উৎসব, রাজপদে প্রতিষ্ঠিত হইবার অনুষ্ঠান। রাজ্যের (জন্য) অভিষেক, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রাজ্যেশ্বর—রাজা। রাজ্যের ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রাঢ়—বাঙ্গালার অন্তর্গত গঙ্গার পশ্চিমদিক্স্থ দেশ। <গঙ্গারিরাষ্ট্র। বি। বিণ—**রাঢ়ীয়, রাঢ়ী**।
রাঢ়ীয়—রাঢ়দেশীয়। রাঢ়+ঈয় সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।
রাণী, রানী, রানি—মহিষী। <রাজ্ঞী; মতান্তরে 'রায়'-শব্দের স্ত্রীলিঙ্গ। বি; স্ত্রী।
রাণ্ডী—রাঁড়ী, বিধবা। প্রা কপ্র। বি।
রাত—রজনী। <রাত্রি। বি। **রাত করা**—কোন কাজ করিতে অধিক রাত্রি পর্যন্ত বিলম্ব করা।
রাতকানা—যে রাত্রিতে চোখে দেখে না এমন, রাত্র্যন্ধ। ৭মীতৎ। বিণ।
রাতদিন—সর্বদা; দিবারাত্র। দ্বন্দ্ব। বি।
রাতভোর—সমস্ত রাত্রি ব্যাপিয়া। বাংপ্র। ক্রি-বিণ।
রাতা—রক্তবর্ণ। প্রা কপ্র। বিণ।
রাতারাতি—রাত্রির ভিতরে। বাংপ্র। অ, ক্রি-বিণ।
রাতি—রাত, রজনী। <রাত্রি। বি।
রাতিয়া—রাত্রি। প্রা কপ্র। বি।
রাতুল—রাঙ্গা ('—চরণ')। <রক্ত। বিণ।
রাত্রি, রাত্রী—নিশা, রজনী, যামিনী; হরিদ্রা। রা+ত্রিপ্ কর্তৃ; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
রাত্রিকর—চন্দ্র, নিশাকর। উপতৎ; রাত্রি—কৃ+ট কর্তৃ,
রাত্রিকর—চন্দ্র, নিশাকর। উপতৎ; রাত্রি—কৃ+ট কর্তৃ; বি; পুং।
রাত্রিচর, -ঞ্চর—১। নিশাচর, রাক্ষস; চোর, তস্কর। বি; পুং। ২। রাত্রিতে গমনকারী। উপতৎ; রাত্রি

—চর্+ট কর্তৃ, (বিকল্পে ম-আগম)। বিণ। স্ত্রী, -রী।

রাত্রিবাসঃ (-বাসস্)—১। অন্ধকার। রাত্রির বাসঃ (বস্ত্র, অর্থাৎ আবরণ), ৬ষ্ঠীতৎ। ২। রাত্রিতে শয়নকালে পরিধেয় বস্ত্র। রাত্রিপরিধেয় বাসঃ, মধ্যপ। বি; ক্লী।

রাত্রিবাস—১। <রাত্রিবাসঃ। ২। রজনী-যাপন; রজনীতে অবস্থান ("চোরের রাত্রিবাসই লাভ।"—প্রবাদ)। ৭মীতৎ। বি; পুং।

রাত্র্যন্ধ—রাতকানা। রাত্রিতে অন্ধ, ৭মীতৎ। বিণ।

রাধা, রাধিকা—শ্রীকৃষ্ণপ্রেয়সী, বৃষভানুনন্দিনী; বিশাখা নক্ষত্র। রাধ্+অচ্ কর্তৃ+আপ্; রাধ্ +ণক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

রাধাকান্ত, -নাথ, -বল্লভ—শ্রীকৃষ্ণ। রাধার কান্ত, নাথ, বল্লভ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাধাকৃষ্ণ—১। শ্রীরাধা এবং শ্রীকৃষ্ণ। দ্বন্দ্ব। বি; পুং। ২। ঘৃণাপ্রকাশক শব্দ। বাংপ্র। অ।

রাধাচক্র—১। শ্রীকৃষ্ণের সুদর্শনচক্র। রাধাপ্রিয় চক্র, মধ্যপ। বি; ক্লী। ২। কার্নিভ্যাল্ মেলা প্রঃতে আরোহীদিগকে শূন্যে ঘুরাইবার জন্য চক্র বিঃ, merry-go-round. বাংপ্র। বি।

রাধানাথ—'রাধাকান্ত' দ্রঃ।

রাধাপদ্ম—বড় সূর্যমুখী ফুল; এক ধরনের লতার সুগন্ধি ফুল। রাধা প্রিয় পদ্ম, মধ্যপ। বি; ক্লী।

রাধাবল্লভ—'রাধাকান্ত' দ্রঃ। [বি।

রাধাবল্লভী—মসলা-সংযুক্ত একপ্রকার পুরী। বাংপ্র।

রাধামাধব, -শ্যাম—১। শ্রীরাধা এবং শ্রীকৃষ্ণ। দ্বন্দ্ব। বি; পুং। ২। ঘৃণাপ্রকাশক শব্দ (প্রথমটি)। বাংপ্র। অ।

রাধিকা—'রাধা' দ্রঃ।

রাধিকারঞ্জন, -রমণ, -বল্লভ—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ত্যার্থে। বি; পুং।

রাধেয়—কর্ণ। রাধা (অধিরথ-পত্নী)+এয় অপ-

রাধেশ—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রানা—১। পাকাঘাটের চাতাল। ফা 'রান্' শব্দজ। ২। রাজপুত রাজার উপাধি বিঃ। <রাজন্। বি।

রানী—'রাণী' দ্রঃ।

রান্ধনি—রাঁধনি (তাহা দ্রঃ)।

রান্ধা—'রাঁধা' দ্রঃ।

রান্না—অন্নাদি পাককরণ। রাঁধ্+না ভাব (বাংপ্র)। বি। [বি।

রান্নাঘর—রন্ধনশালা, পাকঘর। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)।

রাব—শব্দ, রব। রু+ঘঞ্ ভাব। বি; পুং।

রাব—মাতগুড়, তামাক মিশাইবার আলকাতরার মত ঝোলা গুড়। হি। বি। [দুগ্ধ। হি। বি।

রাবড়ি—কাটা কাটা পুরু সরযুক্ত চিনিমিশানো ঘন

রাবণ—লঙ্কাধিপতি দশানন। রু+ণিচ্+অন কর্তৃ অথবা বিশ্রবস্+অণ্ অপত্যার্থে। বি; পুং।

রাবণের চিতা—চিরপ্রজ্বলিত চিতা; (লক্ষণার্থে) চিরস্থায়ী অশান্তি।

রাবণারি—রাবণহন্তা শ্রীরামচন্দ্র। রাবণের অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [পুং।

রাবণি—মেঘনাদ। রাবণ+ইঞ্ অপত্যার্থে। বি;

রাবিশ—আবর্জনা, জঞ্জাল; ভাঙ্গা কোঠা বাড়ির ইট সুরকি প্রঃ। <ইং 'rubbish'. বি।

রাম—১। রাজা দশরথের জ্যেষ্ঠ পুত্র; বলরাম; পরশুরাম। রম্+ণ কর্তৃ। বি; পুং। ২। মনোহর, রমণীয়। রম্+ঘঞ্ অধি। বিণ। ৩। (শব্দের পূর্বে থাকিলে) বৃহৎ, বড় ('—ছাগল'); (শব্দের পরে থাকিলে) ব্যঙ্গার্থক ('বোকা—')। বাংপ্র। বিণ।

রামচন্দ্র—দশরথের পুত্র; শ্রীরাম। রামই চন্দ্র (চন্দ্রের ন্যায় আহ্লাদক), কর্মধা। বি; পুং।

রামছাগল—বৃহদাকৃতি ছাগ বিঃ। বাংপ্র। বি।

রামধনু, -ধনুক—ইন্দ্রধনু, আকাশের মেঘে নানা-রঙের ধনুরাকৃতি সমাবেশ, rainbow. বাংপ্র। বি।

রামধুন—শ্রীরামচন্দ্রের গুণকীর্তন। হি। বি।

রামনবমী—চৈত্রমাসের শুক্লা নবমী, শ্রীরামচন্দ্রের জন্মদিন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রামপাখি—মুরগি। বাংপ্র। বি।

রামযাত্রা—রামের কাহিনী লইয়া অনুষ্ঠিত যাত্রা-গান। রাম-বিষয়িণী যাত্রা, মধ্যপ। বি; স্ত্রী।

রামরাজত্ব, -রাজ্য—রামের রাজ্য; রামের রাজ্যের ন্যায় সুখশান্তিপূর্ণ রাজ্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রামলীলা—শ্রীরামচন্দ্রের চরিত্র বিষয়ক অভিনয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বাংপ্র। বি।

রামশালিক—দীর্ঘ চঞ্চুযুক্ত বৃহদাকৃতি পক্ষী বিঃ।

রামশিঙ্গা—বড় শিঙ্গা বা তুরী বিঃ। <রামশৃঙ্গ। বি। [বি; স্ত্রী।

রামা—সুন্দরী নারী। রম্+ণিচ্+অচ্ কর্তৃ+আপ্।

রামাইত—রামায়েত (তাহা দ্রঃ)।

রামায়ণ—বাল্মীকিপ্রণীত শ্রীরামচন্দ্রের উপাখ্যানঘটিত মহাকাব্য। রাম+আয়ন অধিকারপূর্বক কৃত অর্থে। বি; ক্লী। [বাংপ্র। বি।

রামায়েত, রামাত—বৈষ্ণব সম্প্রদায়বিশেষের নাম।

রায়—১। উপদেশ; বিচারকের বিচারফলজ্ঞাপক পত্র বা বাক্য। আ। ২। রাজা; উপাধি বিঃ। <রাজন্। বি।

রায়জাদা—রায়ের পুত্র; রাজপুত্র। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি। [বি।

রায়ত, রাইয়ত—জমিদারের প্রজা। <আ 'রইয়ৎ'।

রায়তী—প্রজা বিষয়ক, প্রজা সম্বন্ধীয় ('— স্বত্ব')। রায়ত+ঈ সম্বন্ধার্থে (আ-মূ)। বিণ।

রায়বাঁশ—বাঁশের লম্বা লাঠি বিঃ। বাংপ্র। বি।

রায়বেঁশে—লাঠিয়াল; নৃত্য বিঃ। রায়বাঁশ+এ প্রযোক্তা বা সম্বন্ধ অর্থে (বাংপ্র)। বি।

রায়বাঘিনী—বড় বাঘিনী; উগ্রস্বভাবা স্ত্রী। বাংপ্র। বি; স্ত্রী।

রায়বার—যশোবার্তা; দৌত্য; বন্দী; স্তুতিপাঠক; যশঃ। <রাজবার্তা। বি।

রায়বাহাদুর, রায়সাহেব—রাজদত্ত উপাধি বিঃ। বাংপ্র। বি।

রায়ান—শ্রীরাধার স্বামী আয়ান ঘোষ। প্রা কপ্র। বি। [বি।

রাশ—স্তূপ, গাদা; জন্মরাশি, প্রকৃতি। < রাশি।

রাশনাম—জন্মকালীন রাশি অনুসারে রাখা নাম। রাশ (রাশি)-দত্ত নাম, মধ্যপ (বাংপ্র)। বি।

রাশপাতলা—ছেবলা। বহু (বাংপ্র)। বিণ।

রাশভারী—গম্ভীর-প্রকৃতি-বিশিষ্ট। বহু (বাংপ্র)। বিণ। [বিণ।

রাশহালকা—ছেবলা, লঘুপ্রকৃতি। বহু (বাংপ্র)।

রাশি—পুঞ্জ, গাদা; নক্ষত্রপুঞ্জস্বরূপ মেষাদি দ্বাদশ; অঙ্ক; সংখ্যা, number, quantity. অশ্+ইন্ কর্তৃ (নিপা)। বি; পুং।

রাশিচক্র—মেষাদি-দ্বাদশ-রাশিযুক্ত বৃত্ত, মেষাদি-দ্বাদশ-রাশিঘটিত কল্পিত চক্র; জ্যোতিশ্চক্র, ভচক্র, zodiac; অঙ্কশাস্ত্রের সংখ্যা; ভাজ্য বা ভাজক। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

রাশীকৃত—পুঞ্জীকৃত, স্তূপাকার-করা, গাদাকরা। রাশি+অভূততদ্ভাবার্থে চ্বি (=রাশী)—কৃ (করা) +ক্ত কর্ম। বিণ।

রাষ্ট্র—১। একই শাসনতন্ত্রের অন্তর্ভুক্ত রাজ্য, state; প্রদেশ; দেশ। রাজ্+ষ্ট্রন্ কর্তৃ। বি; পুং বা ক্লী। ২। প্রচার, প্রকাশ, বহুবিদিত। বাংপ্র। বি; ক্লী।

রাষ্ট্রগুরু—রাজ্যবাসী লোকদের উপদেষ্টা ('—সুরেন্দ্রনাথ')। ৬ষ্ঠীতৎ। বি।

রাষ্ট্রনায়ক—রাজ্যের পরিচালক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাষ্ট্রনীতি—রাজ্য-পরিচালন-সম্বন্ধীয় নীতি, politics. রাষ্ট্রসম্বন্ধিনী নীতি, মধ্যপ। বি; স্ত্রী।

রাষ্ট্রপতি—রাজ্যের পরিচালক; সাধারণতন্ত্র-রাষ্ট্রের নির্বাচিত অধিনায়ক, president. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাষ্ট্রপাল—দেশের প্রধান শাসনকর্তা, governor-general. উপতৎ; রাষ্ট্র—পালি+অণ কর্তৃ। বি; পুং।

রাষ্ট্রবিপ্লব—রাজ্যশাসনের প্রচলিত প্রণালীর পরিবর্তন; রাজবিদ্রোহ। রাষ্ট্রের বিপ্লব, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বিণ। স্ত্রী, -কী।

রাষ্ট্রিক—রাষ্ট্র সম্বন্ধীয়। রাষ্ট্র+ইক সম্বন্ধার্থে।

রাষ্ট্রিয়, রাষ্ট্রীয়—রাজ্য সম্বন্ধীয়, রাষ্ট্র সম্বন্ধীয়। রাষ্ট্র+ইয়, ঈয় সম্বন্ধার্থে। বিণ।

রাস—১। কার্তিকী পূর্ণিমায় শ্রীকৃষ্ণের লীলা বিঃ। রস্+ঘঞ্ অধি। ২। শব্দ; কোলাহল, গোলমাল; ক্রীড়া বিঃ। রস্+ঘঞ্ ভাব। বি; পুং। ৩। লাগাম, বলগা। < রশ্মি। বি। [বিণ।

রাসন—রসনা সম্বন্ধীয়। রসনা+অণ্ সম্বন্ধার্থে।

রাসপূর্ণিমা—কার্তিকী পূর্ণিমা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাসবিহারী (-রিন্)—শ্রীকৃষ্ণ। উপতৎ; রাস—বি—হৃ+ণিন্ কর্তৃ। বি; পুং।

রাসভ—গর্দভ। রাস্+অভচ্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, -ভী।

রাসমণ্ডপ—শ্রীকৃষ্ণের রাসক্রীড়ার স্থান; যেস্থানে শ্রীকৃষ্ণের রাসলীলার অনুষ্ঠান হয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী।

রাসরসময়—শ্রীকৃষ্ণ। রাসরস+ময়ট্ ব্যাপ্তি অর্থে। বি; পুং। স্ত্রী, -ময়ী (রাধা)।

রাসলীলা—রাসক্রীড়া। কর্মধা। বি; স্ত্রী।

রাসায়নিক—রসায়ন-বিদ্যা সম্বন্ধীয়, chemical; রসায়নশাস্ত্রবেত্তা। রসায়ন+ইক সম্বন্ধার্থে, জ্ঞাতার্থে। বিণ। স্ত্রী, -কী।

রাস্তা—পথ, মার্গ, বর্ত্ম। < বথ্যা বা ফা 'রস্তহ্'। বি।

রাস্না—লতা বিঃ; orchid জাতীয় পরগাছা বিঃ; গন্ধদ্রব্য বিঃ। রস্+নক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

রাহা—১। রাস্তা, পথ। < ফা 'রাহ্'। ২। উপাধি বিঃ। বাংপ্র। বি।

রাহাখরচ—পথখরচ। ৬ষ্ঠীতৎ (ফা-মু)। বি।

রাহাজান—রাস্তার ডাকাত। ফা-মু। বি।

রাহাজানি—পথে দস্যুতা, রাস্তায় ডাকাইতি। ফা-মু। বি। [ভাবে। বি; ক্লী।

রাহিত্য—অভাব, হীনতা, শূন্যতা। রহিত+ষ্যঞ্

রাহী—পথিক। ফা। বি।

রাহু—সিংহিকার পুত্র; কেতুর মস্তক; গ্রহণের সময়ে চন্দ্রের উপর পতিত পৃথিবীর ছায়া বা পৃথিবী হইতে সূর্যমণ্ডল আবরণকারী চন্দ্র; চন্দ্রের দ্বারা সূর্যমণ্ডল আবরণ; (ভারতীয় জ্যোতিষে) অষ্টম গ্রহ। রহ্+উণ্ কর্তৃ। বি; পুং। **রাহুর দশা**—অত্যধিক দুরবস্থা।

রাহুগ্রস্ত—গ্রহণযুক্ত (চন্দ্র বা সূর্য)। রাহু দ্বারা গ্রস্ত, ৩য়াতৎ। বিণ।

রাহুভেদী (-দিন্)—বিষ্ণু। উপতৎ; রাহু—ভিদ্+ণিন্ কর্তৃ। বি; পুং।

রি, রে—সুরসপ্তকের দ্বিতীয় সুর, ঋষভ। < 'ঋ'। বি। [বি।

রিং—চাবির গোছা রাখিবার বলয়। < ইং ring'.

রিক্ত—শূন্য; যাহার মধ্যে বায়ু পর্যন্ত নাই এমন, vacuous; দরিদ্র; নিষ্ফল। রিচ্+ক্ত কর্ম। বিণ।

রিক্তহস্ত—শূন্যহস্ত; নির্ধন। বহু। বিণ।

রিক্তা—চতুর্থী নবমী ও চতুর্দশী তিথি। রিক্ত+আপ্। বি; স্ত্রী।

রিক্থ—ধন; সম্পত্তি, উত্তরাধিকারসূত্রে লভ্য ধন-সম্পত্তি। রিচ্+থক কর্ম। বি; ক্লী।

রিক্শ, রিক্শা—মানুষে টানে এমন একপ্রকার দ্বিচক্রযান। < জাপানী 'জিন রিক্শা'। বি।

রিঠা, রিঠে—বস্ত্রাদি পরিষ্কার করিবার একপ্রকার ফল, scapnut. < অরিষ্ট। বি।

রিপিট—উভয় প্রান্তে স্থূল এমন ধাতুনির্মিত দীপক; নাচি। < ইং 'rivet'. বি।

রিপু—বিপক্ষ, শত্রু; কাম ক্রোধ লোভ মোহ মদ

মাৎসর্য—এই ছয়টি দুষ্প্রবৃত্তি; লগ্নষষ্ঠ স্থান। রূপ্ +উ কর্তৃ (অ-স্থানে ই)। বি; পুং।
রিপুজয়, -দমন—শত্রুকে হারাইয়া দেওয়া; কাম-ক্রোধাদি ছয়টি দুষ্প্রবৃত্তির দমন। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।
রিফু—ছিন্ন বস্ত্রাদি ছুঁচ সুতা দিয়া বুনিয়া মেরামত করা। <আ 'রফু'। বি।
রিমঝিম—কম বৃষ্টি পড়ার শব্দ; শারীরিক অসুস্থতাহেতু কর্ণের মধ্যে শ্রুত একপ্রকার শব্দ। বাংপ্র। অ। [কপ্র। ক্রি-বিণ।
রিমিঝিমি—রিমঝিম শব্দ করিয়া (বৃষ্টি পড়া)।
রিরংসা—মৈথুনেচ্ছা, রমণেচ্ছা। রম+সন্+অ ভাব +আপ্। বি; স্ত্রী। বিণ—**রিরংসু**।
রি-রি—রোষ হর্ষ প্রঃর ভাব-প্রকাশক শব্দ। বাংপ্র। অ।
রিষ, রীষ—প্রতিহিংসা; দ্বেষ; আক্রোশ। <ঈর্ষা। বি।
রিষারিষি—<রেষারেষি।
রিষ্ট—১। (অদৃষ্ট জন্য) শুভ, কল্যাণ; পাপ; অশুভ; গ্রহদোষ। রিষ্+ক্ত করণ। বি; ক্লী। ২। নাশ; অভাব। রিষ্+ক্ত ভাব। ৩। পারদ। রিষ্+ক্ত কর্তৃ। বি; পুং। ৪। পাপজনক; অশুভযুক্ত; অশুভদায়ক। রিষ্+ক্ত কর্তৃ। বিণ।
রিষ্টি—কল্যাণ; শুভ; অশুভ; অসৌভাগ্য। রিষ্+ক্তি ভাব। বি; স্ত্রী। ['রিসালহ্'। বি।
রিসালা, রেসালা—অশ্বারোহী সেনাদল। <আ
রীত—ব্যবহার; স্বভাব; প্রথা। <রীতি। বি।
রীতি—১। ধারা; পদ্ধতি; ক্রম, স্বভাব; দেশ-বিদেশের আচার-ব্যবহার। রী+ক্তি করণ। ২। গমন, গতি; স্বাভাবিক ধর্ম; গুণ বা প্রবৃত্তি; কাব্যের রসাদির উপকারক পদসংঘটনা বিঃ; রচনার ধারা, style. রী+ক্তি ভাব। বি; স্ত্রী।
রীতিনীতি—আচার-ব্যবহার, ধারাপদ্ধতি। দ্বন্দ্ব। বি; স্ত্রী।
রীতিবিরুদ্ধ—প্রথাবহির্ভূত। ৬ষ্ঠীতৎ। বিণ।
রীতিমত—১। নিয়মানুযায়ী। ক্রি-বিণ। ২। পর্যাপ্ত, যথেষ্ট। রীতির মত, ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বিণ।
রীম—কাগজের ২০ দিস্তা। <ইং 'ream'. বি।
রীল—ছিপের সুতা গুটাইবার চাকা; সুতা জড়ানো কাঠের বা পিচবোর্ডের নলী; ফিতা গুটাইবার ধাতুর চাকা। <ইং 'reel'. বি।
রুই—১। তুলা। হি। ২। উইপোকা। প্রাদে। ৩। রোহিত। মৎস্য। <রোহিত। বি।
রুইতন—চতুষ্কোণ লালচিহ্নযুক্ত তাস। <ওলন্দাজ 'ruiten'. বি।
রুক্ষ—কঠিন; কর্কশ; খসখসে; তীব্র; নিষ্ঠুর; ঘৃততৈলাদিশূন্য। রুহ্+ক্স+কর্তৃ। বিণ।
রুখা, রোখা—১। থামানো, সংযত করা; ক্রোধ করা; উদ্যত হওয়া। বাংপ্র। ক্রি। ২। অমসৃণ; শুষ্ক; তৈলহীন। <রুক্ষ। বিণ।
রুখু, রুখো—রুক্ষ; অমসৃণ; তৈলঘৃতশূন্য; খাড়া; যাহাকে খোরাক দিতে হয় না এমন। <রুক্ষ। বিণ।
রুগী—রুগ্ণ ব্যক্তি। <রোগিন্। বি।
রুগ্ণ—অসুস্থ, পীড়িত; আহত; বক্র। রুজ্+ক্ত কর্তৃ। বিণ।
রুচা—রোচা (তাহা দ্রঃ)।
রুচি, রুচী—স্পৃহা, অভিলাষ, প্রবৃত্তি; প্রীতি; অনুরাগ; পছন্দ; শোভা, লাবণ্য, দীপ্তি; আস্বাদ; বুভুক্ষা; আলিঙ্গন বিঃ; গোরোচনা। রুচ্+কি ভাব; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
রুচিকর—আস্বাদজনক; অনুরাগজনক; প্রীতিকর। উপতৎ; রুচি—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, **-রী**।
রুচিবিরুদ্ধ—যাহাতে প্রবৃত্তি হয় না এমন; যাহা পছন্দ হয় না এমন। ৬ষ্ঠীতৎ। বিণ।
রুচিভেদ—রুচির পার্থক্য, স্পৃহার বিভিন্নতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রুচির—মধুর ('—পদ'); সুন্দর; উজ্জ্বল; রুচ +কির কর্তৃ; অথবা, রুচি—রা+ক কর্তৃ। বিণ।
রুচিরা—ত্রয়োদশাক্ষরপাদক ছন্দ বিঃ; গোরোচনা। রুচির+আপ্। বি; স্ত্রী। [বিণ।
রুচ্য—রুচিকারক; সুন্দর। রুচি+যৎ হিতার্থে।
রুজি—দৈনিক আয়; উদরান্ন। <হি 'রোজী'। স্থি। [হি-মু। বি।
রুজি-রোজগার—খাওয়া-পরার ব্যবস্থা, জীবিকার্জন।
রুজু—১। দায়ের, দাখিল; আরম্ভ। আ। বি। ২। সামনা-সামনি; খাড়া, সোজা; সমান, হিসাবের এক এক দফার সহিত মিল; মোকাবেলা। <ঋজু। বি বা বিণ। [পাঁউরুটি। <রোটিকা। বি।
রুটি—আটা-ময়দার তৈরী আগুনে সেঁকা চাকতি;
রুদিত—১। রোদনকারী, যে কাঁদিয়াছে এমন। রুদ্ +ক্ত কর্তৃ। বিণ। ২। রোদন। রুদ্+ক্ত ভাব। বি; ক্লী। [কর্ম। বিণ।
রুদ্ধ—বেষ্টিত; বন্ধ; প্রতিহত; আটক। রুধ্+ক্ত
রুদ্ধশ্বাস—১। দেহের ভিতরে বদ্ধ শ্বাসবায়ু। কর্মধা। বি, পুং। ২। যাহার শ্বাসবায়ু বদ্ধ হইয়াছে এমন। বহু। বিণ।
রুদ্ধশ্বাসে—শ্বাস বন্ধ করিয়া, দম আটকাইয়া। বহু। ক্রি-বিণ।
রুদ্র—১। শিব; একাদশবিধ গণদেবতা বিঃ। রুদ্ +রক্ কর্তৃ। বি; পুং। স্ত্রী—**রুদ্রাণী**। ২। ভীষণ, ভয়ংকর। রুদ্+রক কর্তৃ (ণিজর্থ অন্তর্ভূত)। বিণ।
রুদ্রমূর্তি—১। ভয়ংকর চেহারা, ক্রোধোদ্দীপ্ত আকৃতি। কর্মধা। বি; স্ত্রী। ২। ভয়ংকর-আকৃতিযুক্ত। রুদ্র মূর্তি যাহার, বহু। বিণ।
রুদ্রাক্ষ—১। বৃক্ষ বিঃ। বি; পুং। ২। রুদ্রাক্ষ-বৃক্ষের ফল। রুদ্রাক্ষি (রুদ্রের অক্ষি)+অচ্ কারণরূপে আছে অর্থে। বি; ক্লী।
রুদ্রাণী—দুর্গা। রুদ্র+আনীপ্। বি; স্ত্রী।
রুধির—১। রক্ত, শোণিত; কুঙ্কুম। বি; ক্লী। ২। মঙ্গলগ্রহ; মণি বিঃ; রক্তবর্ণ। রুধ্+কিরচ্ কর্তৃ।

বি; পুং। ৩। রক্তবর্ণযুক্ত। রুধির+অচ্ আছে অর্থে। বিণ। ৪। মদ্য; টাকা (রূপকার্থে)। বি; ক্লী। [৩য়াতৎ। বিণ।
রুধিরাক্ত—রক্তরঞ্জিত, রক্তাক্ত। রুধিব দ্বারা অক্ত,
রুনুঝুনু, রুনুরুনু—ঘুঙুর চুড়ি ইঃর শব্দ। বাংপ্র। অ।
রুমাল—যাহা দ্বারা মুখ মোছা যায় এরূপ ক্ষুদ্র বস্ত্রখণ্ড; গামছা, শাল বিঃ। ফা। বি।
রুয়া, রোয়া—রোপণ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
রুরু—একপ্রকার মৃগ। রু+ক্রুন্ কর্তৃ। বি; পুং।
রুল—খাতার উপরে পেনসিল বা কালি দিয়া টানা রেখা; ঐরূপ রেখা টানিবার দণ্ড, ruler; নজীর; উচ্চ আদালতের আদেশ; নিয়ম; আইন। <ইং 'rule'. বি।
রুলি—হাতের গহনা বিঃ, সরু বালা। বাংপ্র। বি।
রুষ্ট—ক্রুদ্ধ। রুষ্+ক্ত কর্তৃ। বিণ।
রুহিদাস, রুইদাস—মুচিজাতির শাখা বিঃ। <রোহিতাশ্ব। বি।
রুক্ষ—কর্কশ: নির্দয়; স্নেহশূন্য; কঠিন; কঠোর-ব্রতধারী; বন্ধুর; অননুকূল; অচিক্কণ। রুক্ষ+অচ্ কর্তৃ। বিণ।
রুক্ষভাষী (-ভাষিন্)—অপ্রিয়বাদী; কঠোরভাষী। উপতৎ; রুক্ষ—ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভাষিণী**।
রূঢ়—১। কর্কশ, অপ্রীতিকর। বাংপ্র। বিণ। ২। উৎপন্ন; প্রবৃদ্ধ; প্রসিদ্ধ; ব্যুৎপত্তিলভ্য অর্থের অর্থাৎ প্রকৃতি-প্রত্যয়সিদ্ধ অর্থের অপেক্ষা না করিয়া অন্যার্থপ্রকাশক ('— শব্দ')। রুহ্+ক্ত কর্তৃ। বিণ। বি—**রূঢ়ি**। **রূঢ় পদার্থ**—যে সকল পদার্থ অন্য পদার্থের পরমাণুযোগে উৎপন্ন হয় না সেই-গুলি, মৌলিক পদার্থ।
রূপ—১। সৌন্দর্য, স্বরূপ; স্বভাব; শরীর; আকৃতি; প্রকার; রং; বিভক্তিযুক্ত শব্দ বা ধাতু; গ্রন্থাদির আবৃত্তি; নাম; শ্লোক; দৃশ্যকাব্য। বি; ক্লী। ২। (শব্দের পরবর্তী হইলে) তৎসদৃশ, তুল্য। রূপ্+ক ঘঞর্থে কর্ম। বিণ।
রূপক—১। আকৃতি; গঠন; সংগীতের সপ্তমাত্রিক বা মতান্তরে ষাণ্মাত্রিক দুই তাল ও এক ফাঁকযুক্ত তাল বিঃ; দৃশ্যকাব্য বিঃ; কাব্যের অলংকার বিঃ, metaphor. [উপমানের সহিত উপমেয়ের অভেদত্ব-স্থাপন দ্বারা এই অলংকার হয়। যথা—
"বঙ্গবাসীর চিত্তগগনে অভিনব ভাস্কর।
মানস-কমল, নব আনন্দে, ফুটাও নিরন্তর॥"]
রূপ্+ণিচ্+ণক কর্তৃ। বি; ক্লী। ২। মূর্ত। রূপ +কন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**রূপিকা**।
রূপকথা—উপকথা; ভূতপ্রেত প্রঃর গল্প; ছেলে-ভুলানো অসম্ভব গল্প। <উপকথা। বি।
রূপক-নাট্য—যে-নাট্যের প্রত্যক্ষ বিষয়বস্তু অপর এক অপ্রত্যক্ষ বিষয়বস্তুর রূপক মাত্র। রূপকাশ্রিত নাট্য, মধ্যাপ। বি; ক্লী। [বি; পুং।
রূপকার—সজ্জাকর। উপতৎ; রূপ—কৃ+অণ্ কর্তৃ।
রূপগুণ—চেহারার সৌন্দর্য ও মনের বিনয় দয়া প্রঃ। দ্বন্দ্ব। বি; পুং।
রূপচাঁদ—রৌপ্যমুদ্রা। বাংপ্র। বি।
রূপজ—সৌন্দর্যজনিত ('—মোহ')। উপতৎ; রূপ —জন্+ড কর্তৃ। বিণ।
রূপতৃষ্ণা—রূপ-উপভোগের আকাঙ্ক্ষা। রূপের তৃষ্ণা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
রূপদক্ষ—অঙ্গসজ্জায় নিপুণ। ৭মীতৎ। বিণ।
রূপণ—বর্ণন; নিরূপণ; অভিনয়। ণিজন্ত রূপ্ (=রূপি)+অনট্ ভাব। বি; ক্লী।
রূপদস্তা—সীসা ইঃ মিশ্রিত রাং, pewter. বাংপ্র। বি।
রূপবন্ত—সুরূপ, সুন্দর। রূপ+বন্ত বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।
রূপবান্ (-বৎ)—সুন্দর; সাকার; শুক্লাদিবর্ণযুক্ত। রূপ+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বতী**।
রূপমাধুরী—রূপের শোভা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
রূপমোহ—শারীরিক সৌন্দর্যের প্রতি আকর্ষণ, সৌন্দর্যদর্শনে মুগ্ধতা। রূপজনিত মোহ, মধ্যাপ। বি; পুং।
রূপলাবণ্য—১। সৌন্দর্য ও কমনীয়তা। দ্বন্দ্ব। ২। সৌন্দর্যের মাধুরী। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
রূপসী—রূপবতী। <রূপীয়সী। বিণ; স্ত্রী।
রূপা, রূপো—রজত, চাঁদি। <রৌপ্য। বি।
রূপাজীবা—বেশ্যা, গণিকা। রূপ আজীব যাহার, বহু +আপ্। বি; স্ত্রী।
রূপান্তর—ভিন্ন আকার; ভিন্ন রূপ; অবস্থান্তর। অন্য রূপ, নিত্য। বি; ক্লী।
রূপান্তরিত—অন্য রূপ বা অবস্থায় পরিণত। রূপা-ন্তর+ইতচ্ জাতার্থে। বিণ।
রূপায়ণ—রূপদান, অমূর্ত বিষয়ের প্রকাশ; ভূমিকায় অভিনয় করণ। রূপ+ক্যঙ্ (সংস্কৃতের অনুকরণে) +অনট্ ভাব। বি; ক্লী।
রূপায়িত—যাহাকে নূতন রূপ দেওয়া হইয়াছে এমন, মূর্ত। রূপ্+ক্যঙ্ (সংস্কৃতের অনুকরণে)+ক্ত কর্ম। বিণ।
রূপালি, রূপালী, রূপোলী—রূপার মত সাদা ও চকচকে; রূপার পাত বা তাহা দিয়া মোড়া। বাংপ্র। বিণ বা বি।
রূপী (রূপিন্)—সৌন্দর্যশালী, রূপবিশিষ্ট; সাকার। রূপ+ইন্ আছে অর্থে বিণ। স্ত্রী—**রূপিণী**।
রূপী—লালমুখ বানর। বাংপ্র। বি।
রূপ্য—১। রজত; স্বর্ণ; অলংকারাদি নির্মাণার্থ স্বর্ণ বা রৌপ্য। রূপ+যৎ আহৃতার্থে বা স্বার্থে। বি; ক্লী। ২। রূপবান্, সুন্দর। রূপ+যৎ আছে অর্থে। বিণ।
রে—সম্বোধন (নিকৃষ্টকে, বাৎসল্যে, ভর্ৎসনায়); বিস্ময়ে বা খেদে। রু+ডে ভাব। অ।
রে, রি—স্বরগ্রামের দ্বিতীয় স্বর ঋষভের সংকেত। <ঋষভ। বি।

রেউচিনি—একপ্রকার গাছের শুকনো মূল, rhubarb <ফা 'রেবংগ্-ই-চীনী'। বি।
রেউলা—অন্তঃপুর, অন্দরমহল ("মহিষীদিগের ন্যায় তোমার পৃথক্ রেউলা হইবে"—বঙ্কিম)। হি-মূ। বি।
রেওয়া—কৈফিয়ত দেওয়া; বৎসরের শেষ দেনা-পাওনার হিসাব। ফা। বি।
রেওয়াজ—রীতি, পদ্ধতি, চলন; অভ্যাস। <আ 'রিবাজ্'। বি।
রেঁদা—কাষ্ঠ মসৃণ-করণার্থ অস্ত্র বিঃ। <ফা। বি।
রেক—শস্য মাপিবার পাত্র বিঃ। বাংপ্র। বি।
রেকর্ড—নথি; দলিল-দস্তাবেজ; (গ্রামোফোনে) গানের চাকতি। <ইং 'record'. বি।
রেকাব—ঘোড়ার জিন বা গদি হইতে দুই পাশে ঝুলানো পাদানি। <আ 'রিকাব'। বি।
রেকাব, রেকাবি—ছোট থালা। <আ 'রিকাব'। বি।
রেখা—বিস্তৃতিহীন দীর্ঘ চিহ্ন, line; লম্বাকৃতি চিহ্ন "।" দাঁড়ি "—" কষি; রাজি, শ্রেণী, সারি; আভোগ; অল্পমাত্রা; সম্পূর্ণতা; ছল; শরীরস্থ শুভাশুভ লক্ষণচিহ্ন। লিখ্+অঙ্ কর্ম+আপ্ (ল-স্থানে র)। বি; স্ত্রী।
রেখাক্ষরিক—দ্রুত অনুলিপিকরণে দক্ষ ব্যক্তি, shorthand-writer, stenographer. রেখাই অক্ষর, কর্মধা=রেখাক্ষর; তদুত্তরে ইক নিপুণার্থে। বি; পুং।
রেখাগণিত—জ্যামিতি। মধ্যপ। বি; ক্লীব।
রেখাঙ্কিত—রেখাচিহ্নযুক্ত। ৩য়াতৎ। বিণ।
রেখাচিত্র—কেবল রেখাদ্বারা অঙ্কিত চিত্র, line-drawing. মধ্যপ। বি; ক্লী।
রেখাপাত—দাগ কাটা; লাইন টানা, রেখা দেওয়া; মনে স্থায়ী কোন ভাবের সৃষ্টি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রেচক—১। ভেদকারক। রিচ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**রেচিকা**। ২। প্রাণায়ামকালে দেহাভ্যন্তর হইতে প্রাণবায়ুর নিঃসারণ, নিঃশ্বাসমোচন। রিচ্+ণিচ্+ঘঞ্ ভাব+কন্ স্বার্থে। বি; পুং।
রেচন—১। বিরেচন, ভেদ; দাস্ত। রিচ্+ণিচ্+অনট্ ভাবব। বি; ক্লীব। ২। ভেদক, যাহাতে দাস্ত হয় এমন। রিচ্+ণিচ্+অন কর্তৃ। বিণ।
রেজগি—সিকি দশ নয়া পয়সা, পাঁচ নয়া পয়সা প্রঃ টাকার ভাংগানি (এক নয়া পয়সাকে রেজগি বলা হয় না)। <ফা 'রেজগী'। বি।
রেজা—(লেখা) কাটিয়া দেওয়া; দাগ দেওয়া। বাংপ্র। ক্রি।
রেজাই—একপ্রকার রং-করা শীতের কাপড়; পাতলা লেপ, বালাপোশ। <ফা 'রজাই'। বি।
রেজিস্ট্রি, রেজিস্টারি—সরকারী পাকা খাতায় লিখন, নিবন্ধন, registration; দলিলপত্র পাকা করা। <ইং 'registry'. বি। বিণ, **-স্ট্রী, -স্টারী**।
রেড়ি—ভেরেন্ডা, এরণ্ডগাছ, castor. <এরণ্ড। বি।
রেডিও—বেতার-যন্ত্র, বেতার বা বিদ্যুৎতরঙ্গ দ্বারা কথা সংগীত ইঃর সম্প্রচার। <ইং 'radio'. বি।
রেণু—পরাগ; গুঁড়া; ধূলি। রী+নু কর্তৃ। বি; পুং বা স্ত্রী।
রেণুকা—মরিচাকৃতি সুগন্ধি দ্রব্য বিঃ। রেণু+কন্ আছে অর্থে+আপ্। বি; স্ত্রী।
রেতঃ (রেতস্)—বীর্য, শুক্র, semen; **শিববীর্য**; পারদ, পারা। রী+অসুন্ কর্তৃ (ত-আগম)। বি; ক্লী।
রেত—<রেতঃ।
রেতি—উখা। হি। বি।
রেফ—র, ´, ূ; র-বর্ণ। র+ইফ স্বার্থে। বি; পুং।
রেবতী—সাতাশ নক্ষত্রের শেষ নক্ষত্র; গাভী; দুর্গা। রেব্+অতচ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
রেবতীরমণ—বলরাম; চন্দ্র। রেবতীর (বলরামপত্নীর, রেবতীনক্ষত্রের) রমণ (পতি), ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রেবা—নর্মদা নদী; রতি; দুর্গা; নীলীগাছ। রেব্+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
রেয়াত—দয়া, অনুগ্রহ, কৃপা; অব্যাহতিদান; মাফ; পূর্বনির্ধারিত হার বা মূল্যের কম লওয়া, concession. <আ 'রিয়াঅৎ'। বি।
রেয়ো—রবাহূত, বিনা নিমন্ত্রণে আগত। রা+ও (<উয়া) প্রাপ্ত অর্থে। বিণ।
রেয়োভাট—শ্রাদ্ধাদিতে আগত রবাহূত যাচক, ভিক্ষুক বিঃ। কর্মধা (বাংপ্র)। বি।
রেল—লোহার রাস্তা, রেলগাড়ি চলিবার রাস্তা, লোহবর্ত্ম; রেলগাড়ি। <ইং 'rail'. বি।
রেল-কর্মচারী (-রিন্)—রেলগাড়ি পরিচালনার বিভাগে নিযুক্ত চাকুরিয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রেলগাড়ি—লোহবর্ত্মে চলে এমন বাষ্পীয় শকট। মধ্যপ। (বাংপ্র)। বি।
রেললাইন—লোহবর্ত্ম, রেলপথ। <ইং 'rail-line'. [বি।
রেলা—জনতা; বাদ্যে প্রতিমাত্রায় এক বা যুগ্ম-সংখ্যক বাণীযুক্ত বোল বিঃ। বাংপ্র। বি।
রেলিং—লোহার বেড়া; লোহা প্রঃ ধাতুর গরাদে। <ইং 'railing'. বি।
রেশ—শব্দের ঝংকার; কোন শব্দ উত্থিত হইবার পরে কিয়ৎকাল পর্যন্ত তাহার যে স্থিতি হয় তাহা। (বাংপ্র)। বি। [কৌষেয়সূত্র। ফা। বি।
রেশম—গুটিপোকার লালাজাত তন্তু বা সুতা,
রেশমী—রেশমজাত, রেশম দ্বারা নির্মিত। রেশম+ঈ নির্মিতার্থে। বিণ।
রেষণ—হ্রেষারব; বৃকের গর্জন। রেষ্+অনট্ ভাব। বি; ক্লী।
রেষারিষি—<রেষারেষি।
রেষারেষি—পরস্পর বিদ্বেষ; প্রতিদ্বন্দ্বিতা। ব্যতীহার বহুব্রী (বাংপ্র)। বি।
রেস—জুয়াখেলার জন্য ঘোড়দৌড়; বেগের প্রতিযোগ। <ইং 'race'. বি।
রেস্ত—পুঁজি: নগদ টাকাকড়ি। <পো 'resto'. বি।

রেহাই—মুক্তি; অব্যাহতি; ক্ষমা। <ফা 'রিহাঈ'। বি।

রেহান—বন্ধক। <আ 'রিহন্'। বি।

রৈখিক—রেখা সম্বন্ধীয়। রেখা+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**। [বাংপ্র। অ।

রৈ-রৈ—কোলাহল; হই-চই; ভয়ানক চিৎকার।

রোঁদ—পালা; পাহারা দিবার জন্য পালাক্রমে ঘুরিয়া ঘুরিয়া ভ্রমণ। <ইং 'round'. বি।

রোঁয়া—লোম। <'রোমন্'। বি।

রোক—১। নগদ। বিণ। ২। নগদ টাকাকড়ি; যাইবার দিক্। বাংপ্র। ৩। প্রহার করিবার উপক্রম; আক্রোশ; তেজ; সাহস; রোখ। <রোষ। বি।

রোকড়—নগদ টাকাকড়ি; নগদ টাকাকড়ির হিসাব; সোনারুপার গহনাদি। হি-মু। বি।

রোকশোধ—অনুমতি; বিদায়; সমস্ত পরিশোধ। ৬ষ্ঠীতৎ বা কর্মধা (বাংপ্র)। বি।

রোকা—চিঠিপত্র, চিঠা। <আ 'রুক্ক'। বি।

রোখ—উদ্যম; সাহস; ক্রোধ; জেদ। <রোষ। বি।

রোখা—১। রোধ করা; থামানো; রাখা। বাংপ্র। ক্রি [, বি]। ২। উৎসাহী; তেজী; দুর্দান্ত; নগদ; জেদী। রোখ+আ বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ। [প্রা-কপ্র—**রোখই**—রাগ করে। **রোখলি**—রাগ করিলি।]

রোখালো—তেজস্বী; উদ্যমশীল; যাহার জেদ আছে এমন। রোখ+আলো আছে অর্থে (বাংপ্র)। বিণ। [পুং।

রোগ—ব্যাধি, পীড়া। রুজ্+ঘঞ্ ভাব। বি;

রোগক্লিষ্ট—রোগে ব্যথিত। ৩য়াতৎ। বিণ।

রোগগ্রস্ত—পীড়িত। ৩য়াতৎ। বিণ।

রোগঘ্ন—১। রোগনাশক। বিণ। স্ত্রী, **-ঘ্নী** ২। ঔষধ। রোগ—হন্+টক্ কর্তৃ। বি; ক্লী। ৩। চিকিৎসক, বৈদ্য। রোগ—হন্+ক কর্তৃ। বি; পুং।

রোগপ্রতিষেধক—রোগ-নিবারণকারী; পূর্ব হইতে যাহার ব্যবহার করিলে রোগ হওয়ার সম্ভাবনা থাকে না এমন। ৬ষ্ঠীতৎ। বিণ।

রোগমুক্ত—যে আরোগ্যলাভ করিয়াছে এমন। ৩য়াতৎ বা ৫মীতৎ। বিণ।

রোগমুক্তি—আরোগ্যলাভ। ৫মীতৎ। বি; স্ত্রী।

রোগযন্ত্রণা, -যাতনা—পীড়া-জনিত কষ্ট। মধ্যপ। বি; স্ত্রী।

রোগশান্তি—ব্যাধির উপশম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রোগশীর্ণ—ব্যাধিহেতু কৃশ। ৩য়াতৎ। বিণ।

রোগা—পীড়িত; কৃশ, কাহিল। রোগ+আ বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ। [৩য়াতৎ। বিণ।

রোগাক্রান্ত—ব্যাধিগ্রস্ত, পীড়িত। রোগদ্বারা আক্রান্ত,

রোগাটে—রোগার মত; শীর্ণদেহ। রোগা+টে (<টিয়া) ঈষদর্থে। বিণ।

রোগী (রোগিন্)—পীড়িত, রুগ্ণ। রোগ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**রোগিণী**।

রোগ্য—রোগজনক; রোগ সম্বন্ধীয়। রোগ+য সম্বন্ধার্থে। বিণ।

রোচক—১। রুচিকারক; দীপ্তিপ্রদ। বিণ। স্ত্রী—**রোচিকা**। ২। ক্ষুধা; চাটনি। রুচ্+ণিচ্+ণক কর্তৃ। বি; পুং।

রোচন—রোচক, রুচিকারক; বলকারক; দীপ্তিপ্রদ। রুচ্+ণিচ্+অন কর্তৃ। বিণ।

রোচনা—১। উত্তম স্ত্রী; বর্ণ-দ্রব্য বিঃ; গোরোচনা; হরিদ্রা; রক্তকহ্লার। বি; স্ত্রী। ২। রুচিকারিকা; দীপ্তিপ্রদা। রুচ্+ণিচ্ বা রুচ্+অন কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী। [ক্রি [, বি]।

রোচা—মুখে ভাল লাগা, রুচিকর হওয়া। বাংপ্র।

রোজ—তারিখ; দিবস। ফা। বি।

রোজকার—প্রতিদিনের। ফা-মু। বিণ।

রোজগার—আয়, উপার্জন। ফা। বি।

রোজগারী—উপার্জক। বাংপ্র। বিণ।

রোজগেরে—যে উপার্জন করে এমন; অর্থ-উপার্জন-কারী। রোজগার+এ (<ইয়া) করে অর্থে (বাংপ্র)। বিণ।

রোজনামচা, -নামা—দৈনিক হিসাবের বহি; যে বহিতে দৈনিক বিবরণ লেখা যায় তাহা, diary. ফা। বি।

রোজা—১। মুসলমানদিগের উপবাসের পর্ব বিঃ; রোজার মাসে মুসলমানদিগের উপবাস। <ফা 'রোজহ্'। ২। ঝাড়নদার; সাপের ওঝা; ভূতের ওঝা। <উপাধ্যায়। বি।

রোটি, রোটিকা—রুটি; চাপাটি; পাঁউরুটি। রুট্+ই কর্তৃ; রুট্+ণক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

রোডসেস—সরকারী রাস্তার নির্মাণ ও মেরামতের জন্য সরকারকে যে খাজনা দিতে হয় তাহা। <ইং 'road-cess'. বি।

রোত্তো, রোদ্দো—বাতিল; ওঁচা; খারাপ। বাংপ্র। বিণ।

রোদ—সূর্যের কিরণ। <রৌদ্র। বি।

রোদন—ক্রন্দন। রুদ্+অনট্ ভাব। বি; ক্লী।

রোদ্ধা (রোদ্ধৃ)—রোধকারী, প্রতিরোধক। রুধ্+তৃন্ কর্তৃ। বিণ।

রোধ—বাধা; অবরোধন; গতিবেগের ব্যাঘাতকারী শক্তি; resistance. রুধ্+ঘঞ্ ভাব। বি; পুং। [রুধ্+অস্ করণ। বি; ক্লী।

রোধঃ (রোধস্)—তীর, তট ('যাদঃপতিরোধঃ')।

রোধক—নিবারণ-কর্তা; প্রতিরোধকারী। রুধ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**রোধিকা**।

রোধন—১। বাধা, আটক। রুধ্+অনট্ ভাব। বি; ক্লীব। ২। রোধকর্তা। রুধ্+অন কর্তৃ। বিণ।

রোধা—ফিরানো; রোধ করা; বাধা দেওয়া; বন্ধ করা। বাংপ্র। ক্রি [, বি]।

রোপণ—বুনন, গাছের চারা রোয়া; উৎপাদন, জনন; স্থাপন, অর্পণ; আরোপ। রুহ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

রোপা—রোপণ করা; পোঁতা। বাংপ্র। ক্রি [, বি]।

রোপিত—যাহা রোপণ করা হইয়াছে এমন; অর্পিত; আরোপিত; প্রোত; প্রোথিত, পোঁতা। রুহ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

রোম (রোমন্)—লোম, রোঁয়া; পশম; জল। রু+মন্ কর্তৃ। বি; ক্লী।
রোমক—১। রোম; Rome. বি। ২। রোমবাসী; রোমদেশীয়, Roman. বিণ।
রোমকূপ—রোমবিবর, রোমের গোড়ায় যে ছিদ্র থাকে তাহা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রোমন্থ, রোমন্থন—উদ্গীর্ণচর্বণ, জাবরকাটা। রোগ—মন্থ্+ঘঞ্, অনট্ করণ। বি; পুং, ক্লীব।
রোমন্থক—যে সকল পশু ভুক্ত বস্তু উদ্গীর্ণ করিয়া তাহা পুনরায় চর্বণ করে, ruminant. রোমন্থ—কৃ+ড কর্তৃ। বি; পুং।
রোমন্থন—'রোমন্থ' দ্রঃ।
রোমশ—অধিক রোমযুক্ত। রোমন্+শ আছে অর্থে। বিণ। [বি; পুং।
রোমহর্ষ—রোমাঞ্চ; গায়ে কাঁটা দেওয়া। ৬ষ্ঠীতৎ।
রোমহর্ষণ—১। রোমহর্ষ (তাহা দ্রঃ)। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। ভয়ানক; বীভৎস। রোমের হর্ষণ হয় যদ্দ্বারা, বহু। বিণ।
রোমাঞ্চ—পুলক; রোমোদ্গম; শরীরে কাঁটা দিয়া উঠা। রোমের অঞ্চ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রোমাঞ্চকর—রোমহর্ষণ; ভয়ানক বীভৎস। উপতৎ; রোমাঞ্চ—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।
রোমাঞ্চিত—রোমাঞ্চযুক্ত; পুলকিত। রোমাঞ্চ+ইতচ্ জাতার্থে। বিণ।
রোমান—রোমদেশীয়। <ইং Roman. বিণ।
রোমাবলি, রোমাবলী—রোমরেখা; নাভির ঊর্ধ্বভাগে উদরমধ্যস্থ রোমশ্রেণী। রোমের আবলি, আবলী (শ্রেণী), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
রোমীয়—রোম-দেশবাসী; রোমদেশীয়; Roman. রোম (Rome)+ঈয় নিবাসার্থে, সম্বন্ধার্থে। বিণ।
রোমোদ্গম, রোমোদ্ভেদ—শিহরন; লোম জন্মা। রোমের উদ্গম, উদ্ভেদ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রোয়া—১। রোপণ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। ২। ক্রন্দন করা। ক্রি। [প্রা কপ্র—**রোয়ই, রোয়ত**—ক্রন্দন করে। **রোয়সি**—ক্রন্দন করিতেছ। **রোয়ে**—ক্রন্দন করে।]
রোয়াক—'রক' দ্রঃ।
রোরুদ্যমান—পুনঃ পুনঃ রোদনশীল; যে অত্যন্ত কাঁদিতেছে এমন। রুদ্+যঙ্+শানচ্ কর্তৃ। বিণ।
রোল—রব, চিৎকার; ক্ষোভ; কোলাহল। রোড়্+অচ্ কর্তৃ (ড়-স্থানে ল)। বি।
রোশন, রোশনাই, রোশনি—আলোক; আলোকপ্রদানোৎসব; উজ্জ্বল বস্তু; জ্যোৎস্না। <ফা 'রোশনী'। বি।
রোশনগীর—আলোকের তত্ত্বাবধায়ক; যে জমিদারবাড়িতে আলোদানের ব্যবস্থা করে সে। রোশন (<রোশ্নী)+গীর নিযুক্তার্থে। বি।
রোশনচৌকি—ঢোল বাঁশি ও মন্দিরার ঐকতান বাদ্য। <ফা 'রৌশনচৌকি'। বি।
রোশনাই, রোশনি—'রোশন' দ্রঃ।
রোষ—ক্রোধ; রাগ। রুষ্+ঘঞ্ ভাব। বি; পুং।
রোষকষায়িত—রাগে লাল ('—লোচন')। ৩য়াতৎ। বিণ। [বিণ।
রোষণ—রাগী, ক্রোধশীল, ক্রোধন। রুষ্+অন কর্তৃ।
রোষপ্রদীপ্ত—যে রাগিয়া আগুন হইয়াছে এমন, ক্রোধোদ্দীপ্ত। ৩য়াতৎ। বিণ।
রোষাগ্নি, রোষানল—ক্রোধরূপ বহ্নি; রাগের আগুন। রূপক কর্মধা। বি; পুং।
রোস—থাক; সবুর কর। বাংপ্র। ক্রি।
রোহ, রোহণ—আরোহণ। রুহ্+অচ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।
রোহিণী—১। নক্ষত্র বিঃ; বিদ্যুৎ। বি; স্ত্রী। ২। উৎপত্তিশীলা; আরোহণকারিণী। রুহ্+ণিন্ কর্তৃ +ঈপ্। বিণ, স্ত্রী।
রোহিত, রোহিতক—১। রুইমাছ। রুহ্+ইতন্ কর্তৃ; পক্ষে কন্ স্বার্থে। বি; পুং। ২। রক্তবর্ণবিশিষ্ট। লোহ+ইতচ্ জাতার্থে; পক্ষে কন্ স্বার্থে (ল-স্থানে র)। বিণ। স্ত্রী, -তা বা -ণী, -তিকা।
রোহিতাশ্ব—১। হরিশ্চন্দ্র-শৈব্যার পুত্র; অগ্নি। রোহিত (রক্তবর্ণ) অশ্ব যাহার, বহু। ২। প্রাচীন স্থান বিঃ (বর্তমান নাম—রোটাসগড়)। বি; পুং।
রৌদ্র—১। সূর্যকিরণ; আতপ; ক্রোধ। বি; ক্লী। ২। যম; ঋতু; শৃঙ্গারাদি; নয় রসের মধ্যে এক রস [যথা—

"অধীর হইলা প্রভু! গর্বজিলা ভালে
চিত্রভানু, ধক্‌ধকি উজ্জ্বল জ্বলনে!
—মাইকেল]।

বি; পুং। ৩। ভয়ানক; তীব্র; উগ্র; প্রচণ্ড; রুদ্র সম্বন্ধীয়। রুদ্র+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—রৌদ্রী। [পোড়া। ৩য়াতৎ। বিণ।
রৌদ্রদগ্ধ—সূর্যকিরণে অতিশয় তাপিত; রোদে
রৌদ্রোজ্জ্বল—১। ভীষণ এবং দীপ্তিমান্। রৌদ্র অথচ উজ্জ্বল, কর্মধা। ২। সূর্যকিরণে দীপ্তিমান্। ৩য়াতৎ। বিণ।
রৌপ্য—রজত। রূপ্য+অণ্ স্বার্থে। বি; ক্লী।
রৌপ্যমুদ্রা—টাকা আধুলি সিকি প্রঃ। রৌপ্যনির্মিত মুদ্রা, মধ্যপ। বি; স্ত্রী।
রৌরব—নরক বিঃ। রু+যঙ্ (=রোরূয়)+ক্বিপ্ অধি =রোরু; রোরু+অণ্ স্বার্থে। বি; পুং।
র‍্যাপার—গায়ে দিবার শীতবস্ত্র বিঃ। <ইং 'wrapper'. বি।

[ল]

ল—১। অষ্টাবিংশ ব্যঞ্জনবর্ণ [ইহা দন্ত হইতে উচ্চারিত হয়]। ২। বর্তমান বা অদ্যতন অতীত-কালের ক্রিয়া-বিভক্তি (করি-'ল'); প্রাচীন বাংলায় অতীতকালের ক্রিয়া-বিভক্তি (কর 'ল'); যুক্তার্থক বা অস্ত্যর্থক প্রত্যয় (মুখ'ল')।

লওয়া—গ্রহণ করা; আয়াস স্বীকার করা; অবলম্বন করা; ঔষধাদি সেবন করা; সংগ্রহ করা; অনুসরণ করা; স্মরণ করা; ধারণ করা; সহ্য করা; পছন্দ করা; আনা; সঙ্গে রাখা; খাওয়া; উচ্চারণ করা; বোধ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ] [প্রা কপ্র —লব—লইবে। লেই—লইয়া; লয়। লেও—লইও। লেওত—লয়। লেয়ব—লইবে। লেয়ল—লইল]।

লওয়াজিম—দরকারী জিনিস। আ। বি।

লওয়ানো—গ্রহণ করানো; ধারণ করানো; প্রবৃত্ত করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

লংক্লথ—একপ্রকার খাপী সুতী সাদা কাপড়। < ইং 'long-cloth'. বি। ['নথ'। বি।

লক—ঘুড়ি উড়াইবার রেশমী সুতা বিঃ। < ফা

লকট, লকেট—একপ্রকার ফল, loquat. চীনা। বি।

লকড়ি—কাঠ, জ্বালানি কাঠ। হি। বি।

লকপক—লোভপ্রকাশ; লম্বমান অবস্থায় কাঁপা; অশক্ত অবস্থায় দাঁড়াইয়া চঞ্চলতা প্রকাশ। বাংপ্র। অ।

লকলক—প্রসারিত ও আন্দোলিত হওয়ার অবস্থা; লালসার ভাব প্রকাশ। বাংপ্র। অ।

লকলকে—যাহা লকলক করিতেছে এমন। লকলক+এ (< ইয়া) করে অর্থে। বিণ।

লকুচ—মাদার ফল বা গাছ। বাংপ্র। বি।

লকেট—১। ঘড়িব চেনেব সহিত অথবা হারেব সহিত ঝুলাইবার সুবর্ণপদক। < ইং 'locket'. বি। ২। 'লকট' দ্রঃ।

লক্কা—বিস্তৃত পুচ্ছযুক্ত একপ্রকাব পায়রা; ফতো-নবাব। আ। বি।

লক্ষ—১। শরবা, লক্ষ্য; নিশানা, aim; নজব, দৃষ্টি; শতসহস্র সংখ্যা; চাতুবী, প্রবঞ্চনা। বি; ক্লী। ২। লক্ষ-সংখ্যক। লক্ষ্+ঘঞ্ কর্ম। বিণ।

লক্ষণ—১। নাম; চিহ্ন, sign, symptom. লক্ষ্+অনট্ করণ। ২। স্বরূপ; ব্যাকবণসূত্র। লক্ষ্+অনট্ কর্ম। ৩। পরিচ্ছেদকরণ; পবিচয়; অবধারণ; স্বজাতীয়ব্যবচ্ছেদ। লক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী।

লক্ষণা—কোন শব্দেব মুখ্য অর্থ ছাড়া অন্য অর্থ বুঝাইবার শক্তি [মুখ্য অর্থের বাধা হইলে যে শক্তি দ্বারা বহু প্রয়োগবশতঃ মুখ্যার্থেব অতিরিক্ত অন্য অর্থেব বোধ হয় তাহাব নাম লক্ষণা; যথা—তিনি গঙ্গাবাসী হইয়াছেন। এস্থলে 'গঙ্গা'-শব্দেব প্রকৃত অর্থ না বুঝাইয়া গঙ্গাতীর এই অর্থ বুঝাইতেছে]। লক্ষ্+অনট্ করণ+আপ্। বি; স্ত্রী।

লক্ষণাক্রান্ত—লক্ষণযুক্ত। ৩য়াতৎ। বিণ।

লক্ষণীয়—দর্শনীয়; লক্ষ্য করিবার যোগ্য, অনু-ভবনীয়। লক্ষ্+অনীয় কর্ম। বিণ।

লক্ষপতি—যাহার লক্ষ টাকা আছে এমন, লক্ষ মুদ্রার মালিক। ৬ষ্ঠীতৎ। বিণ।

লক্ষিত—দৃষ্ট; জ্ঞাত; উদ্দিষ্ট; লক্ষণাবৃত্তি দ্বারা জ্ঞাত, signified; অনুমিত; অনুভূত; আলোচিত। লক্ষ্+ক্ত কর্ম। বিণ।

লক্ষ্মণ—১। রামের ভ্রাতা। বি; পুং। ২। শ্রীমান্; সৌভাগ্যশালী। লক্ষ্মী+ন আছে অর্থে (নিপাতনে ঈকার-স্থানে অকার)। বিণ।

লক্ষ্মী—১। কমলা, রমা, ইন্দিরা; দুর্গা; রাজশ্রী; শোভা; সম্পত্তি। লক্ষ্+ঈ কর্মবা (ম-আগম)। ২। সংস্বভাবা ও গৃহকার্যনিপুণা কুলবধূ ('ঘরের —')। বি; স্ত্রী। ৩। শান্ত, সুবোধ, সংস্বভাব ('— ছেলে')। বাংপ্র। বিণ।

লক্ষ্মীকান্ত—বিষ্ণু; রাজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লক্ষ্মীছাড়া—হতভাগ্য; দুর্ভাগ্য; লক্ষ্মীকর্তৃক পরিত্যক্ত; দুষ্ট; হতচ্ছাড়া। লক্ষ্মী কর্তৃক ছাড়া, ৩য়াতৎ। বিণ।

লক্ষ্মীজনার্দন—১। কমলা এবং নারায়ণ। দ্বন্দ্ব। ২। শালগ্রাম বিঃ। মধ্যপ। বি; পুং।

লক্ষ্মীতাল—মৃদঙ্গের আঠার মাত্রার তাল বিঃ। বি; পুং।

লক্ষ্মীনারায়ণ—১। কমলা ও জনার্দন। দ্বন্দ্ব। ২। শালগ্রাম বিঃ। লক্ষ্মীপ্রিয় নারায়ণ, মধ্যপ। বি; পুং। [বন্ত, মন্ত বিশিষ্টার্থে। বিণ।

লক্ষ্মীবন্ত, -মন্ত—ধনবান্; সৌভাগ্যবান্। লক্ষ্মী+

লক্ষ্মীবান্ (-বৎ)—শ্রীমান্; সম্পত্তিশালী; সৌভাগ্য-শালী। লক্ষ্মী+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -বতী। [মধ্যপ। বি; পুং।

লক্ষ্মীবার—বৃহস্পতিবার। লক্ষ্মী-অধিষ্ঠিত বার,

লক্ষ্মীশ্রী—সৌভাগ্যজনিত শোভাসম্পৎ; লক্ষ্মীর শোভার ন্যায় শোভা; লক্ষ্মীর অবস্থান বা আবির্ভাবজনিত শোভা। লক্ষ্মীজনিতা শ্রী, মধ্যপ। বি; স্ত্রী।

লক্ষ্মীস্বরূপিণী—লক্ষ্মীর ন্যায় গুণবতী। লক্ষ্মীর স্বরূপ, ৬ষ্ঠীতৎ; তদুত্তবে ইন্ আছে অর্থে; তদুত্তরে+ঈপ্। বিণ; স্ত্রী।

লক্ষ্য—১। বিদ্ধ করিবার জন্য যাহাকে তাক করা হয়; চিহ্ন; ছল; চাতুরী। বি; ক্লী। ২। দ্রষ্টব্য, দর্শন-যোগ্য; বেধ্য; শরব্য; জ্ঞেয়; অনুমেয়; উদ্দেশ্য; লক্ষণাশক্তি দ্বারা বোধ্য। লক্ষ্+ণ্যৎ কর্ম। বিণ।

লক্ষ্যচ্যুত, -ভ্রষ্ট—অভিপ্রায় হইতে স্খলিত, উদ্দেশ্য হইতে বিচ্যুত; বেধ করিবার বস্তু বেধ করিতে অসমর্থ। ৫মীতৎ। বিণ।

লক্ষ্যবেধ, -ভেদ—শর প্রভৃতি দ্বারা লক্ষিত বস্তুকে বিদ্ধকরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লক্ষ্যভ্রষ্ট—'লক্ষ্যচ্যুত' দ্রঃ।

লক্ষ্যস্থল—উদ্দিষ্ট স্থান; নিশানা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বিণ।

লক্ষ্যহীন—অভিপ্রায়বিহীন, উদ্দেশ্যশূন্য। ৩য়াতৎ।

লখ—লক (তাহা দ্রঃ)।

লগ—সঙ্গ; সংস্পর্শ। প্রা কপ্র। বি।

লগন—বিবাহকালীন অনুষ্ঠান বিঃ; জ্যোতিষমতে নির্ধারিত সময় বা শুভ সময়; গাত্রহরিদ্রার তত্ত্ব। < লগ্ন। বি।

লগনসা—যে সময়ে পূজা বিবাহ ইঃর অনেক লগ্ন পড়ে। < লগ্ন। বি।

লগা—বৃক্ষ হইতে ফুল পল্লব প্রঃ পাড়িবার বাঁশ, আঁকশি; নৌকা ঠেলিবার বাঁশ ইঃ। বাংপ্র। বি।

লগি—নৌকা প্রঃ ঠেলিয়া চালাইবার বাঁশ; লগা। বাংপ্র। বি।

লগুড়—লাঠি, ঠেঙ্গা; লোহময় মুদ্গর। লগ্+উলচ্ কর্তৃ (ল-স্থানে ড়)। বি; পুং।

লগ্ন—১। সূর্যের রাশি-সংক্রমণ-মুহূর্ত; মেষাদি রাশির উদয়কাল। লস্‌জ্+ক্ত অধি। বি; ক্লী। ২। সংযুক্ত, সংলগ্ন; আসক্ত। লগ্+ক্ত কর্তৃ। বিণ।

লগ্নি—সুদে টাকা খাটানো। বাংপ্র। বি।

লঘিমা (-মন্)—ভারহীনতা, লঘুত্ব; অগৌরব; যোগলব্ধ ঐশ্বর্য বিঃ, স্বীয় শরীরকে লঘু করিবার ক্ষমতা। লঘু+ইমন্ ভাবে। বি; পুং।

লঘিষ্ঠ, লঘীয়ান্ (-য়স্)—অতিলঘু; অতিক্ষুদ্র। লঘু+ইষ্ঠ, ঈয়স্, অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, **-ষ্ঠা, -য়সী**।

লঘু—১। হালকা; অসার; নিষ্পৌরুষ; নিস্তেজঃ; শুষ্ক; গাম্ভীর্যশূন্য; সহজসাধ্য; সহজপাঠ্য; গৌরবহীন; ক্ষুদ্র; হ্রস্ব; অল্প; ক্ষিপ্র, ত্বরিত; সংক্ষিপ্ত; সুন্দর, মনোজ্ঞ; সূক্ষ্ম; ইষ্ট, বাঞ্ছিত; হ্রস্বমাত্রাবিশিষ্ট, একমাত্রাযুক্ত ('— অক্ষর')। বিণ। বিকল্পে স্ত্রী—**লঘু, -লঘ্বী**। ২। হ্রস্বস্বর; একমাত্রা; সংগীতে পাঁচ বা চার লঘু অক্ষরে গঠিত মাত্রা। লন্‌ঘ্+কু কর্তৃ। বি; পুং। ৩। মৃদঙ্গ-বাদ্যের তালের অঘোষ-বর্ণবহুল অংশ। বাংপ্র। বি বা বিণ।

লঘুগামী (-মিন্)—দ্রুত ও স্বচ্ছন্দগামী; সানন্দভাবে গমনকারী। উপতৎ; লঘু—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী**। [বি; স্ত্রী।

লঘুচতুষ্পদী—বাঙ্গালা কবিতার ছন্দ বিঃ। কর্মধা।

লঘুচিত্ত, -চেতাঃ (-তস্)—অনুদারহৃদয়, যাহার মন সংকীর্ণ এমন; যাহার মন হালকা এমন। লঘু চিত্ত, চেতঃ যাহার, বহু। বিণ।

লঘুচেতা— < লঘুচেতাঃ।

লঘুত্রিপদী—বাঙ্গালা কবিতার ছন্দ বিঃ। কর্মধা। বি; স্ত্রী। [এমন। বহু। বিণ।

লঘুপাক—সহজপাচ্য, যাহা অতি সহজে হজম হয়

লঘুপাপ—১। সামান্য অপরাধ; সামান্য পাপ। কর্মধা। বি; ক্লী। ২। যাহার পাপ সামান্য এমন। বহু। বিণ।

লঘুললিত—প্রাচীন ভঙ্গললিত। কর্মধা। বি; ক্লী।

লঘুললিতচতুষ্পদী—বাঙ্গালা কবিতার ছন্দ বিঃ। কর্মধা। বি; স্ত্রী।

লঘুলিপিকা—সাংকেতিক সংক্ষিপ্ত লিখন, shorthand. কর্মধা। বি; স্ত্রী। [বহু। বিণ।

লঘুহস্ত—শীঘ্রকারী; পটু; শীঘ্রবাণনিক্ষেপকারী।

লঘূকরণ—উচ্চশ্রেণীর রাশিকে নিম্নশ্রেণীর ও নিম্নশ্রেণীর রাশিকে উচ্চশ্রেণীর রাশিতে পরিবর্তন, জটিল বিষয়কে সরল করণ; ভারী জিনিসকে হালকা করা, কমানো। লঘু+অভূততদ্ভাবার্থে চ্বি (=লঘূ)—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।

লঘ্বী, লঘু—১। ভারহীনা ইঃ (লঘু দ্রঃ)। বিণ। ২। অতি মৃদুপ্রকৃতি কৃশাঙ্গী রমণী। লঘু শব্দ+ঈপ্, উপ্। বি; স্ত্রী।

লঙ্কা—১। সিংহলদ্বীপ। রম্+ক অধি+আপ্ (নিপা)। বি; স্ত্রী। ২। লম্বা মরিচ, ঝাল। বাংপ্র। বি।

লঙ্কাকাণ্ড—১। রামায়ণের সপ্তকাণ্ডের অন্যতম। মধ্যপ। বি; পুং। ২। তুমুল অগ্নিকাণ্ড; হুলস্থূল ব্যাপার। বাংপ্র। বি।

লঙ্কাদাহী (-হিন্)—লঙ্কাদাহকারী হনুমান্। উপতৎ; লঙ্কা+দহ্+ণিন্ কর্তৃ। বি; পুং।

লঙ্কেশ, লঙ্কেশ্বর—রাবণ। লঙ্কার ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লঙ্গরখানা—বিনামূল্যে বা অল্প মূল্যে খাদ্য লাভের স্থান, canteen. অসং। বি।

লঙ্ঘন—অতিক্রম; অতিবাহন; উপবাস; আক্রমণ; লাফানো; অভিঘাত; অন্যথাচরণ; অশ্বের তৃতীয় গতি। লন্‌ঘ্+অনট্ ভাব। বি; ক্লী।

লঙ্ঘনীয়—অতিক্রমণীয়; যাহা পার হওয়া যায় এমন; যাহা পার হইতে হইবে এমন; যাহা পার হওয়া উচিত এমন; অন্যথাচরণযোগ্য। লন্‌ঘ্+অনীয় কর্ম। বিণ।

লঙ্ঘা—লঙ্ঘন করা। কপ্র। ক্রি।

লঙ্ঘিত—অতিক্রান্ত; যাহা অমান্য করা হইয়াছে এমন। লন্‌ঘ্+ক্ত কর্ম। বিণ।

লজেঞ্জুস—চিনির চাকতি গুলি বিঃ। < ইং 'lozenges'. বি।

লজ্জমান—লজ্জাযুক্ত, যে লজ্জা পাইতেছে এমন। লস্‌জ্+শান কর্তৃ। বিণ। স্ত্রী, **-মানা**।

লজ্জা—ব্রীড়া, লাজ; সম্ভ্রমনাশ; শ্লীলতাহানি। লস্‌জ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

লজ্জাকর, -জনক—যাহাতে লাজ হয় এমন, লজ্জার উৎপাদক। উপতৎ; লজ্জা—কৃ+ট কর্তৃ; ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-করী, -জনিকা**।

লজ্জাজনিত—লজ্জা হইতে জাত, লজ্জাহেতুক। ৩য়াতৎ। বিণ।

লজ্জানত—যে লাজে নুইয়া পড়িয়াছে এমন; লজ্জায় যে ঈষৎ নুইয়া পড়িয়াছে এমন। ৩য়াতৎ। বিণ।

লজ্জানম্র—যে লাজে নুইয়া পড়িয়াছে এমন, লজ্জাহেতু অবনত। ৩য়াতৎ। বিণ।

লজ্জাবতী—১। লজ্জাশীলা। বিণ; স্ত্রী। পুং। -বান্। ২। একপ্রকার ক্ষুদ্র গুল্ম, sensitive plant. লজ্জা+মতুপ্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

লজ্জাবনত—লজ্জাহেতু নত, যে লাজে নুইয়া পড়িয়াছে এমন। লজ্জায় অবনত, ৩য়াতৎ। বিণ।

লজ্জালু—১। লজ্জাশীল, লাজুক। বিণ। ২। লতা বিঃ। লজ্জা—লা+কু কর্তৃ, শীলার্থে। বি; স্ত্রী।

লজ্জাশীল—লাজুক, লজ্জাবান্। বহু। বিণ।

লজ্জাশীলতা—লাজুকতা। লজ্জাশীল+তা ভাবে। বি; স্ত্রী।

লজ্জাহীন—নির্লজ্জ। ৩য়াতৎ। বিণ।

লজ্জিত—লজ্জাযুক্ত। লজ্জা+ইতচ্ জাতার্থে। বিণ।

লঝড়—অসার; বাজে; অলস; অপদার্থ; কৃপণ। বাংপ্র। বিণ। [বিণ]।

লটকানো—টাঙানো; ঝুলানো। বাংপ্র। ক্রি [, বি,

লটঘট—অসৎ সম্বন্ধ; অবৈধ প্রণয়। বাংপ্র। বি।

লটপট—১। ঝুলিয়া থাকিবার অবস্থা। অ। ২। যাহা লটপট করিয়া ঝুলিতেছে এমন। বাংপ্র। বিণ।

লটপটে—যাহা ঝুলিতেছে এমন। লটপট+এ (<ইয়া) করে অর্থে। বিণ।

লটবহর—সঙ্গের জিনিসপত্র। বাংপ্র। বি।

লড়ন—স্পন্দন, দোলন। লড়্+অনট্ ভাব। বি; ক্লী।

লড়া—যুদ্ধ করা। বাংপ্র। ক্রি [, বি]।

লড়াই—রণ, যুদ্ধ, সংগ্রাম। লড়া+ই ভাবে (বাংপ্র)। বি।

লড়ানো—যুদ্ধ করানো। বাংপ্র। ক্রি [, বি]।

লড়ায়ে, লড়িয়ে—যোদ্ধা; যুদ্ধপ্রিয়। লড়াই+এ প্রিয়ার্থে; লড়্+ইয়ে কর্তৃ (বাংপ্র)। বিণ।

লড্ডু, লড্ডুক, লড্ডুকা—মোদক, লাড়ু। লস্জ্+ডু কর্তৃ; লড্ডু+কন্ স্বার্থে; লড্ডুক+আপ্। বি; পুং, পুং, স্ত্রী।

লণ্ঠন—কাচের চিমনি-দেওয়া বাতি। <ইং 'lantern'. বি। [বিণ।

লণ্ডভণ্ড—ব্যতিব্যস্ত, উচ্ছিন্ন; বিশৃঙ্খল। বাংপ্র।

লতা, লতিকা—১। ব্রততী, বল্লরী, বল্লী, লতানে গাছ; শাখা; শাখারহিত মৃদুবল্লী; সূত্র; নারী। লৎ+অচ কর্তৃ+আপ্; লতা+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী। ২। সাপ। বাংপ্র। বি।

লতাগৃহ—লতাপাতার বেড়া-দেওয়া এবং ছাওয়া ঘর; কুঞ্জ। লতানির্মিত গৃহ, মধ্যপ। বি; ক্লী।

লতানে—লতাসদৃশ; লতার ন্যায় প্রসারিত বা প্রসরণশীল। লতা+নে কর্তৃ (বাংপ্র)। বিণ।

লতানো—লতার ন্যায় প্রসারিত হওয়া বা করা। বাংপ্র। ক্রি [, বি]। [মণ্ডপ, মধ্যপ। বি; পুং।

লতাবিতান, -মণ্ডপ—কুঞ্জ। লতারচিত বিতান,

লতায়িত—লতার ন্যায় প্রসারিত। লতা+ইত কর্তৃ। বিণ!

লতিকা—'লতা' দ্রঃ।

লপটানো—জড়ানো; জড়িত করা বা হওয়া; লিপ্ত করা বা হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

লপসি—জেলে কয়েদীদের খাদ্য বিঃ; ময়দা ইঃর মণ্ড; একধরনের শরবৎ। <লপ্সিকা। বি।

লপেট—লিপ্ত; ঘনসংলগ্ন। বাংপ্র। বিণ।

লপেটা—একপ্রকার হালকা নাগরা জুতা। বাংপ্র। বি।

লপ্ত—সংলগ্নতা; লাগালাগি অবস্থান; সুবিধামত স্থানে অবস্থান। <লিপ্ত। বি।

লপ্সিকা—হালুয়া, মোহনভোগ। লিপ্স্+ইক কর্ম+আপ্ (নিপা)। বি; স্ত্রী।

লব—১। বিনাশ, ছেদন; উচ্ছেদ; বিলাস। লু+অপ্ ভাব। ২। পুষ্পরেণু; বিন্দু; অত্যল্প অংশ; সূক্ষ্ম সময় বিঃ; পক্ষ; লবণ; বিভাজ্য অঙ্ক, ভগ্নাংশে সমান অংশে বিভক্ত রাশির যে কয়েক অংশ গৃহীত হয় তাহা, numerator, dividend; লাবানামক পক্ষী। লু+অপ্ কর্ম। বি; পুং।

লবঙ্গ—১। বৃক্ষ বিঃ। বি; পুং। ২। দেবকুসুম, লঙ্গ। লু+অঙ্গচ্ কর্ম। বি; ক্লী।

লবঙ্গলতা—পুষ্প বিঃ। লবঙ্গপ্রসূ লতা, মধ্যপ। বি; স্ত্রী।

লবঙ্গলতিকা—ভিতরে ক্ষীরের পুর-দেওয়া ময়দার প্রস্তুত মিষ্টান্ন বিঃ; একধরনের লতানে গাছ ও তাহার ফুল। বাংপ্র। বি।

লবণ—১। ক্ষাররসসংযুক্ত দ্রব্য বিঃ, নুন। বি; ক্লী। ২। লোনা; লাবণ্যযুক্ত। লু+অন কর্তৃ; অথবা, লবণ +অচ্ আছে অর্থে। বিণ।

লবণাক্ত—লোনা। লবণ দ্বারা অক্ত, ৩য়াতৎ। বিণ।

লবণাম্বু—লবণাক্ত জল, লোনা জল। লবণ যে অম্বু, কর্মধা; অথবা লবণাক্ত যে অম্বু, মধ্যপ। বি; ক্লী।

লবণাম্বুধি, লবণাম্বুরাশি—লবণ-সাগর, লোনাজলযুক্ত সমুদ্র। লবণাম্বু—ধা+কি অধি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লবনচুষ—লজেঞ্জুস্। <ইং 'lozenges'. বি।

লবেজান—হয়রান, ব্যাকুল; যাহার প্রাণ ওষ্ঠাগত হইয়াছে এমন। <ফা 'লব্-ই-জান'। বিণ।

লব্ধ—প্রাপ্ত; গৃহীত; উপার্জিত। লভ্+ক্ত কর্ম। বিণ। [কর্তৃক, বহু। বিণ।

লব্ধপ্রতিষ্ঠ—খ্যাতিমান্; প্রসিদ্ধ। লব্ধা প্রতিষ্ঠা যৎ-

লব্ধপ্রবেশ—কৃতপ্রবেশ, যে প্রবেশ করিতে পারিয়াছে এমন। বহু। বিণ।

লভ্য—১। প্রাপ্য; লাভযোগ্য; ন্যায্য, উপযুক্ত। লভ্+যৎ কর্ম। বিণ। ২। লাভ। বাংপ্র। বি।

লভ্যাংশ—লাভের ভাগ; প্রাপ্য অংশ। ৬ষ্ঠীতৎ, কর্মধা। বি; পুং।

লম্প—কেরোসিনের বাতি, ডিবা। <ইং 'lamp'. বি।

লম্পট—কামুক; আসক্ত; লোচ্চা; পরস্ত্রীলোলুপ। রম্+অটন্ কর্তৃ (প-আগম, র-স্থানে ল)। বিণ।

লম্ফ—উল্লম্ফন, লাফানো। রনফ্+ঘঞ্ ভাব (র-স্থানে ল)। বি; পুং।
লম্ফ-ঝম্প—লাফালাফি; বীরত্ব বা ক্রোধপ্রকাশ, আস্ফালন। দ্বন্দ্ব। বি; পুং। [ক্লী।
লম্ফন—লম্ফ দেওয়া, লাফ। রন্ফ+অনট্ ভাব। বি;
লম্ব—১। দণ্ডায়মান, খাড়া, plumb, vertical; লম্বা; বিস্তৃত, প্রসারিত; ঝোলানো; দোলায়মান; সমকোণে অবস্থিত। বিণ। ২। দীর্ঘ রেখা; দৈর্ঘ্য; ত্রিভুজ ক্ষেত্রের লম্বমান রেখা; এক সরল রেখার উপর ঠিক খাড়া হইয়া অন্য যে সরল রেখা থাকে তাহা, perpendicular. লন্ব্+অচ্ কর্তৃ। ৩। অবলম্বন। লন্ব্+ঘঞ্ ভাব। বি; পুং।
লম্বকর্ণ—১। গণেশ; ছাগল; রাক্ষস; হস্তী; শশক। বি; পুং। ২। যাহার কান লম্বা এমন। বহু। বিণ। ৩। লম্বা কান, দীর্ঘ শ্রোত্র। কর্মধা। বি; পুং।
লম্বকায়—দীর্ঘদেহবিশিষ্ট। লম্ব কায় যাহার, বহু। বিণ।
লম্বন—অবলম্বন, আশ্রয়গ্রহণ; ঝুলন; দোলন, suspension. লন্ব্+অনট্ ভাব। বি; ক্লী।
লম্বমান—দোলায়মান; ঝোলানো। লন্ব্+শানচ্ কর্তৃ। বিণ।
লম্বা—১। দৈর্ঘ্য। বি। ২। দীর্ঘ; বিস্তৃত; মাটিতে শয়ান। ‹লম্ব। বিণ। ৩। দীর্ঘা; দোলায়মানা। লম্ব+আপ্। বিণ; স্ত্রী। **লম্বা করা**—(ভীষণভাবে প্রহার করিয়া) লম্বমান অবস্থায় ভূপাতিত করা। **লম্বা দেওয়া**—দৌড়াইয়া পলায়ন করা। **লম্বা লম্বা**—বড়মানুষী; অবস্থার অতিরিক্ত; উদ্ধত। **লম্বা হওয়া**—হাত পা ছড়াইয়া শয়ন করা।
লম্বাই—দীর্ঘত্ব, দৈর্ঘ্য। লম্বা+ই ভাবে (বাংপ্র)। বি।
লম্বাই-চওড়াই—দৈর্ঘ্য এবং প্রস্থ; দাম্ভিকতাপূর্ণ বাক্য। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
লম্বাটে—লম্বা রকমের, কিছু লম্বা। লম্বা+টে (‹টিয়া) সদৃশার্থে। বিণ।
লম্বালম্বি—দীর্ঘলভাবে, যে দিকে দৈর্ঘ্য সেইদিকে। বাংপ্র। ক্রি-বিণ।
লম্বিত—দোলিত; অবলম্বিত; যাহা ঝুলিতেছে এমন। লন্ব্+ক্ত কর্ম, কর্তৃ। বিণ।
লম্বোদর—১। গণেশ। বি; পুং। ২। পেটুক; দীর্ঘোদর। লম্ব (বিস্তৃত)। উদর যাহার, বহু। বিণ। ৩। মোটা পেট। লম্ব উদর, কর্মধা। বি; ক্লী।
লয়—১। তালক্রিয়াসমূহের অন্তঃস্থিত বিশ্রামকালের পরিমাণ, গীতবাদ্যাদির তাল বা সমান সময়, tempo; প্রলয়কাল; অভিনয়; ঈশ্বর; আবাস। লী+অচ্ অধি। ২। বৃহৎ সত্তার সহিত মিল হওয়ায় স্বাতন্ত্র্যলোপ; লীন হওয়া, মিশিয়া যাওয়া; সংশ্লেষ; প্রলয়; বিনাশ; ক্রীড়া; বিলাস। লী+অচ্ ভাব। বি; পুং। ৩। মৃদঙ্গবাদ্যের ঠেকা। বাংপ্র। বি।
লয়নৃত্য—[ইহা হইতে গ্রাম্যভাষায় নইনেত্তর, নয়-নেত্য] একপ্রকার তাণ্ডব নৃত্য। **লয়কালীন নৃত্য**, মধ্যপ। বি; ক্লী।
ললৎ—লেহনকারী; কম্পমান, দোলায়মান; বিলাস-যুক্ত। লল্+শতৃ কর্তৃ। বিণ।
ললনা—পত্নী, স্ত্রী; রমণী; জিহ্বা। লল্+অন কর্তৃ +আপ্। বি; স্ত্রী।
ললনাপ্রিয়—১। রমণীর প্রীতিকর; রমণীর প্রীতি-ভাজন। ৬ষ্ঠীতৎ। ২। রমণীর প্রতি প্রীতিযুক্ত। বহু। বিণ। [অণ্ কর্তৃ। বি; ক্লী।
ললাট—কপাল, ভাল; ভাগ্য, অদৃষ্ট। লল—অট্+
ললাটলিখন, -লিপি—কপালের লেখা; অদৃষ্ট। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।
ললাম—ললাটের ভূষণ; ভূষণ; ললাটস্থ চিহ্ন; শুভ চিহ্ন; শৃঙ্গ। লল—অম্+অণ্ কর্তৃ। বি; পুং বা ক্লী।
ললিত—১। বিলাস, স্ত্রীজাতির শৃঙ্গারভাবজনিত ক্রিয়া বিঃ; স্ত্রীনৃত্য; ক্রীড়া; চলন। লল্ বা লড়্+ক্ত ভাব। বি; ক্লী। ২। রাগ বিঃ; বাঙ্গালা ছন্দ বিঃ। বি; পুং। ৩। কোমল; সুন্দর; মধুর; প্রিয়; বাঞ্ছিত; চঞ্চল। লল্ বা লড়্+ক্ত কর্ম। বিণ। **ললিত চতুষ্পদী**—বাঙ্গালা কবিতার ছন্দ বিঃ। **ললিত ত্রিপদী**—বাঙ্গালা কবিতার ছন্দ বিঃ।
ললিতা—১। রাধিকার সখী বিঃ; দুর্গা; নারী; কামুকী নারী। লল্+ক্ত কর্তৃ+আপ্। বি; স্ত্রী। ২। সুন্দরী; প্রিয়া; চঞ্চলা। ললিত+আপ্। বিণ; স্ত্রী। **ললিতা পঞ্চমী**—আশ্বিনের শুক্লপঞ্চমী। **ললিতা সপ্তমী**—ভাদ্রমাসের শুক্লসপ্তমী।
লশকর, লস্কর—সেনা; পদাতিক সৈন্য; জাহাজের খালাসী; উপাধি বিঃ। ফা। বি।
লশুন—কন্দ বিঃ, রশুন। অশ্+উন কর্ম (নিপা)। বি; ক্লী।
লহ—ধর, গ্রহণ কর। কপ্র। ক্রি।
লহনা—বন্ধকী কারবার; তেজারতি, ঋণদান ব্যবসায়; দেনা-পাওনা; খাজনা ছাড়া অন্য পাওনা। বাংপ্র। বি। [বি।
লহমা—অতি অল্প সময়, মুহূর্ত। ‹আ 'লম্‌হহ্'।
লহর—ঢেউ; ধারা; শ্রেণী ('তিন—হার'); তাল-বাদ্যের অলংকার (পেরন) বিঃ। বাংপ্র। বি।
লহরি, লহরী—তরঙ্গ, ঢেউ। ল—হ+ইন্ কর্ম, পক্ষে +ঈপ্। বি; স্ত্রী।
লহরীলীলা—ঢেউয়ের খেলা, তরঙ্গভঙ্গ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
লহু—১। গ্রহণ কর, ধর। প্রা কপ্র। ক্রি। ২। রক্ত; অশ্রু। হি। বি। ৩। লঘু, ধীরে। প্রা কপ্র। ক্রি-বিণ।
লা—গালা, জতু। lac. ‹লাক্ষা। বি।
লাইন—সারি; পঙ্‌ক্তি; রেখা; রেলপথ। ‹ইং 'line'. বি।
লাইনিং—কোট প্রঃর ভিতরের দিক্‌কার কাপড়ের আস্তরণ। ‹ইং 'lining'. বি।
লাইব্রেরি—গ্রন্থাগার, পুস্তকালয়; পাঠাগার। ‹ইং 'library'. বি।
লাইসেন্স—রাজানুমতি; কোন দ্রব্য রাখিবার বা ব্যব-

হার করিবার জন্য সরকারী অনুমতি। <ইং 'licence'. বি।

লাউ—তুম্বী, অলাবু, কদুফল। <লাবু। বি।

লা-ওয়ারিশ—যাহার কোন মালিক নাই এমন; যাহার উত্তরাধিকারী নাই এমন। আ। বিণ।

লাক্ষণিক—১। লক্ষণযুক্ত; দৈবজ্ঞ; লক্ষণ সম্বন্ধীয়; লক্ষণজ্ঞের। লক্ষণ+ইক জানে অর্থে, সম্বন্ধার্থে। ২। লক্ষণা দ্বারা অর্থ-প্রতিপাদক। লক্ষণা+ইক প্রতিপাদ্য অর্থে। বিণ। স্ত্রী, -কী।

লাক্ষা—গালা, জৌ, লা, lac. লক্ষ্+অ করণ+আপ্। বি; স্ত্রী। [পুং।

লাক্ষাতরু—পলাশগাছ। লাক্ষাদায়ক তরু, মধ্যপ। বি;

লাক্ষারস—অলক্তকরস, আলতা। লাক্ষা নিঃসৃত রস, মধ্যপ। বি; পুং।

লাখ—শতসহস্র সংখ্যা, দশ অযুত। <লক্ষ। বিণ।

লাখপতি—লক্ষ টাকার মালিক, খুব বড়লোক। ৬ষ্ঠী-তৎ (বাংপ্র)। বি বা বিণ।

লাখরাজ, লাখেরাজ—যাহার জন্য কর দিতে হয় না এমন ('—জমি'); নিষ্কর। <আ 'লা-খিরাজ'। বিণ। [ধাতু। বি।

লাগ—সঙ্গ; ছোঁওয়া; নাগাল; নৈকট্য। <'লগ্'-

লাগসই—উপযুক্ত। বাংপ্র। বিণ।

লাগা—সংযুক্ত হওয়া; বেদনা পাওয়া; ভিড়া, থামা; আবশ্যক হওয়া; ব্যয় হওয়া; আঘাত পাওয়া; স্পর্শ করা; তুলনীয় হওয়া; আরম্ভ হওয়া; নিযুক্ত হওয়া; শত্রুতা করিবার চেষ্টা করা; যন্ত্রণা বোধ হওয়া; মিল হওয়া; খাপ খাওয়া; অনুভূত হওয়া; আঘাত দেওয়া; খরচ পড়া; আটকানো; বন্ধ হওয়া। বাংপ্র। ক্রি [, বি] [প্রা কপ্র—লাগ—লাগে। লাগন্ন, লাগরে—লাগে; লাগিবে। লাগল—লাগিল]। **উঠে পড়ে লাগা**—বিশেষরূপে উদ্যমের সহিত কোন কার্যে প্রবৃত্ত হওয়া। **তাক লাগা**—অবাক্ হওয়া। **তালা লাগা**—সাময়িকভাবে শ্রবণশক্তি নষ্ট হওয়া। **পিছু বা পিছনে লাগা**—ক্রমাগত দোষ ধরা; অনিষ্ট করিবার চেষ্টা করা। **মনে লাগা**—পছন্দ হওয়া।

লাগসই—মানানযোগ্য; জুতমত। বাংপ্র। বিণ।

লাগাও—পাশাপাশি অবস্থিত, লগ্ন। বাংপ্র। বিণ।

লাগাড়—১। নিরবচ্ছিন্ন। বিণ। ২। অবিরামতা। বাংপ্র। বি।

লাগানি—নিন্দা; কাহারও অসাক্ষাতে অন্যের নিকট তাহার নিন্দা। লাগা+নি ভাব (বাংপ্র)। বি।

লাগানি-ভাঙানি—গোপনে নিন্দা করিয়া বা গুপ্তকথা বলিয়া মনোমালিন্যের সৃষ্টি করা। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

লাগানে—কুমন্ত্রণা-দাতা; পরোক্ষে অন্যের নিকট নিন্দাকারী; যে কাহারও গুপ্তকথা অসাক্ষাতে অন্যের নিকট প্রকাশ করে এমন; কুমন্ত্রণা-পটু; সর্বদা অবিচ্ছিন্ন। লাগা+নে কর্তৃ। বিণ।

লাগানো—সংলগ্ন করা; স্পর্শ করানো; সেবন করা; মাখানো; ভিড়ানো; ব্যয় করা; প্রহার করা; বাধাইয়া দেওয়া; আটকানো; রোপণ করা; খাটানো; প্রয়োগ করা; আড়ালে কাহারও নিকটে কাহারও নিন্দা করা; মন্দ পরামর্শ দেওয়া; আরোপ করা; বোধ করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। **তাক লাগানো**—অবাক্ করা। **লাগানো ভাঙানো**—একের নিকট অপরের নিন্দা করিয়া উভয়ের মধ্যে সদ্ভাব নষ্ট করা।

লাগাম—অশ্বরশ্মি, ঘোড়ার মুখের বল্গা। ফা। বি।

লাগায়েত—অবধি; পর্যন্ত। <আ 'লিগাইৎ'। অ।

লাগি—১। মত্ততা, নেশা। বি। ২। জন্য। কপ্র। অ। ৩। লগ্ন। প্রা কপ্র। বিণ।

লাগিয়া—১। জন্য। কপ্র। অ। ২। সংলগ্ন হইয়া। বাংপ্র। অস-ক্রি। [<ইং 'luggage'. বি।

লাগেজ—ভার; বোঝা; পুঁটলি; সঙ্গের মালপত্র।

লাঘব—ভাররাহিত্য, লঘুত্ব; অগৌরব, মানহানি; আরোগ্য, স্বাস্থ্য; ক্লৈব্য; শীঘ্রতা; পটুতা। লঘু+অণ্ ভাবে। বি; ক্লী।

লাঙ্গল—ভূমিকর্ষণ-যন্ত্র বিঃ, হল; লিঙ্গ; গৃহদারু। লন্‌গ্+কলচ্ কর্তৃ। বি; ক্লী।

লাঙ্গলদণ্ড—লাঙ্গলের মধ্যস্থ কাষ্ঠ, লাঙ্গলের ঈশা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লাঙ্গলপদ্ধতি—লাঙ্গলের রেখা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

লাঙ্গুল—পুচ্ছ, লেজ। লন্‌গ্+উলচ্ কর্তৃ (নিপা)। বি; ক্লী।

লাচাড়ী, নাচাড়ী—বাঙ্গালা কবিতার ত্রিপদী ছন্দ বিঃ। বাংপ্র। বি। [হি। বিণ।

লাচার—নিরুপায়; উপায়হীন; অপারক; দুর্দশাগ্রস্ত।

লাজ—১। ভৃষ্ট ধান্য, খই; শস্য; আতপ তণ্ডুল; আর্দ্র তণ্ডুল, ভিজা চাউল। বি; পুং। ২। উশীর, বেণার মূল। লাজ্+ঘঞ্ কর্ম। ৩। শরম, ব্রীড়া। <লজ্জা। বি।

লাজা—১। খই; আতপ চাউল। লাজ+আপ্। বি; স্ত্রী। ২। লজ্জিত হওয়া; লজ্জার ভাব প্রকাশ করা। প্রা কপ্র। ক্রি।

লাজাবন্ধনন্যায়—ন্যায় বিঃ [এক ক্ষুধিত ব্যক্তি এক থামে হেলান দিয়া ভাবিতেছিল। এমন সময় একজন দয়ালু ব্যক্তি লাজা অর্থাৎ খই আনিয়া তাহাকে লইতে বলিল। লোকটি অতিশয় ব্যস্ত হইয়া থামটির দুই পাশ দিয়া দুই হাত বাড়াইয়া অঞ্জলি পাতিল। ফলে সে সেই অঞ্জলির খই খাইতে পারিল না, হাতও সরাইয়া লইতে পারিল না। এদিকে খই-গুলি বাতাসে উড়িয়া যাইতে লাগিল। খই খাইবার মিথ্যা আশায় সে এইভাবে আটক হইয়া রহিল। এইপ্রকারে মানুষ অতি তুচ্ছ সাংসারিক সুখভোগের মিথ্যা আশায় দুঃখভোগ করিয়া থাকে]। লাজা-হেতুক বন্ধন, মধ্যপ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

লাজুক—লজ্জাশীল; লজ্জাযুক্ত; মুখচোরা। লাজ+উক বিশিষ্টার্থে। বাংপ্র। বিণ।

লাঞ্ছন—১। কলঙ্ক; চিহ্ন; ধ্বজ; নাম; উপাধি। লান্‌ছ্+অনট্। করণ। ২। অঙ্কন। লান্‌ছ্+অনট্ ভাব। বি; ক্লী।

লাঞ্ছনা—তিরস্কার; নিগ্রহ; উৎপীড়ন; অবমাননা। লান্ছ্+অন ভাব+আপ্। বি; স্ত্রী।
লাঞ্ছিত—কলঙ্কিত; ভর্ৎসিত, নিন্দিত, চিহ্নিত; ধ্বজযুক্ত; নামযুক্ত; অপদস্থ; উৎপীড়িত; তিরস্কৃত; অবমানিত। লান্ছ্+ক্ত কর্ম। বিণ।
লাট—১। পুরাতন; ব্যবহৃত; বিশ্রী, মলিন; জীর্ণ। লট্+ঘঞ্ কর্ম। বিণ। ২। শাসনকর্তা; রাজ্যপাল, গভর্নর। <ইং 'lord'. ৩। বিক্রয়ের তালিকা; খাজনা দিবার এক এক তোক; জমিদারির অংশ নিলামে একসঙ্গে বিক্রয় করিবার জিনিসপত্র, lot; স্তম্ভ। বি। ৪। নোংরা; পাটভাঙ্গা। বাংপ্র। বিণ।
লাটিম, লাটু, লাট্টু—কাঠের তৈয়ারী যে খেলনা দড়ি দিয়া ঘুরানো যায়। <লট্ব। বি।
লাঠালাঠি—যষ্টি দ্বারা পরস্পরকে আঘাত, লাঠি দ্বারা মারামারি। ব্যতীহার বহু (বাংপ্র)। বি।
লাঠি—দণ্ড, বাড়ি। <যষ্টি। বি।
লাঠিয়াল, লেঠেল—যষ্টিধারী, যোদ্ধা; লাঠি চালাইতে সুপটু ব্যক্তি। লাঠি+আল, এল চালকার্থে (বাংপ্র)। বি। [<লড্ডুক। বি।
লাড়ু, নাড়ু—মিষ্টদ্রব্য বিঃ, গোলাকার খাদ্য বিঃ।
লাড়ু গোপাল—লাড়ু প্রার্থী শিশু শ্রীকৃষ্ণ; বিদ্যালয়ের ছাত্রদের দণ্ড বিঃ। বাংপ্র। বি।
লাথি—পদাঘাত, পাদপ্রহার। হি-মু। বি।
লাদ—ছাগল গরু প্রঃ পশুর বিষ্ঠা। বাংপ্র। বি। **লাদ টানা**—বিনা লাভে শ্রমজনক এবং হেয় কার্য সম্পাদন করা।
লাদা—বোঝাই করা, ভার চাপানো। বাংপ্র। ক্রি।
লাদাই—বোঝাই। লাদা+ই ভাবে (বাংপ্র)। বিণ।
লাফ—পায়ের ঠেলা দিয়া ভূমি হইতে সহসা উত্থান। <লম্ফ। বি।
লাফড়া, লাবড়া—সাধারণতঃ বৈষ্ণবদের মহোৎসবোপলক্ষে বহুবিধ তরকারি সংযোগে প্রস্তুত একপ্রকার ব্যঞ্জন। বাংপ্র। বি।
লাফানো—কুর্দন করা; লম্ফ প্রদান করা; উৎসাহ বা আকুলতা প্রকাশ করা। বাংপ্র। ক্রি [, বি]।
লাফালাফি—আস্ফালন; পুনঃপুনঃ লম্ফ প্রদান; উৎসাহ বা আকুলতা প্রকাশ। বাংপ্র। বি।
লাব—১। লাওয়া পাখি, বটের পাখি। লু+ঘঞ্ কর্তৃ। ২। ছেদন। লু+ঘঞ্ ভাব। বি; পুং।
লাবণ—লবণমিশ্রিত, লবণযুক্ত; লবণ সম্বন্ধীয়, saline. লবণ+অণ্ সম্বন্ধার্থে। বিণ। বি—**লাবণতা** (salinity).
লাবণি—কান্তি, সৌন্দর্য। <লাবণ্য। বি।
লাবণিক—১। লবণ ব্যবসায়ী। বি; পুং। ২। লবণ সম্বন্ধীয়; লবণযুক্ত। লবণ+ইক সম্বন্ধার্থে। বিণ।
লাবণ্য—সৌন্দর্য, কান্তি; মুক্তার অভ্যন্তরে দৃষ্ট সুন্দর তরল ছায়া; চাকচক্য; লবণত্ব। লবণ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
লাবণ্যময়—কান্তিযুক্ত, সৌন্দর্যশালী। লাবণ্য+ময়ট্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -ময়ী।
লাভ—১। প্রাপ্তি; উপার্জন। লভ্+ঘঞ্ ভাব। ২। উপস্বত্ব; ধন; আয়। লভ্+ঘঞ্ কর্ম। বি; পুং।
লাভজনক—সুবিধাজনক, যাহাতে খুব লাভ হয় এমন ('—ব্যবসায়')। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -জনিকা।
লামা—তিব্বতীয় বৌদ্ধ পুরোহিত। তিব্বতীয়। বি।
লাম্পট্য—লম্পটতা; কামুকতা। লম্পট+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [বিণ।
লায়েক—উপযুক্ত, সমর্থ; সাবালক। <আ 'লাইক'।
লাল—১। থুথু, মুখামৃত। <লালা। বি। ২। রক্তবর্ণ; সুন্দর; ধনী; প্রিয়। বাংপ্র। বিণ। ৩। অশ্বাদির ক্ষুরসংলগ্ন লৌহপাদুকা। <আ। বি।
লালচ—লোভ। <লালসা। বি।
লালচে—ঈষৎ লাল; লালসাযুক্ত। লাল+চে ঈষদর্থে (বাংপ্র)। বিণ।
লালন—সস্নেহ পালন, অতিশয় যত্নের সহিত পালন। লল্+ণিচ্ স্বার্থে+অনট্ ভাব। বি; ক্লী। **লালন পালন**—প্রতিপালন [সমার্থক পদদ্বয়]।
লালমোহন—একপ্রকার লাল পাখি; একপ্রকার মিষ্টান্ন, পান্তুয়া। বাংপ্র। বি।
লালস—১। লোলুপ; জড়িত। লালসা+অচ্ আছে অর্থে। বিণ। ২। লোলুপতা, লিপ্সা। <লালসা। বি।
লালসা—স্পৃহা, লিপ্সা; আশা; চঞ্চলতা; ঔৎসুক্য; গর্ভিণীর অভিলাষ; মৈথুনেচ্ছা; যাচ্ঞা। যঙ্-লুগন্ত লস্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।
লালসানি—পিচ্ছিল ক্লেদ; লালযুক্ত জল। বাংপ্র। বি।
লালা—১। মুখজাত জল, লাল। লল্+ণিচ্+অচ্ কর্তৃ+আপ্। ২। সম্ভ্রান্ত ব্যক্তি; ধনী ব্যক্তি; পশ্চিমা কায়স্থের উপাধি বিঃ। হি। বি।
লালায়িত—আগ্রহান্বিত; লালসাযুক্ত; পাইবার জন্য অত্যধিক অভিলাষী; লালযুক্ত। লালা+ক্যঙ্ (=লালায় নামধাতু)+ক্ত কর্তৃ। বিণ।
লালিত—সেবিত; পোষিত; প্রতিপালিত। লল্+ণিচ্ স্বার্থে+ক্ত কর্ম। বিণ।
লালিত্য—মধুরতা, সৌন্দর্য; সুরসতা; কোমলতা; রম্যতা, মনোহারিত্ব। ললিত+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [ব্যক্তির দেহ। ফা। বি।
লাশ—মৃতদেহ; যাহাকে খুন করা হইয়াছে এমন
লাস—স্ত্রীলোকের নৃত্য; নৃত্য। লস্+ঘঞ্ ভাব। বি; পুং।
লাস্য—নৃত্য; স্ত্রীলোকের নৃত্য; ভাবাশ্রয় নৃত্য; তাললয়াশ্রয় নৃত্য। লস্+ণ্যৎ ভাব। বি; ক্লী।
লাহা—এক শ্রেণীর হিন্দু পদবী বিঃ। বাংপ্র। বি।
লিকলিক—সূক্ষ্মতা এবং দীর্ঘতার ভাবপ্রকাশক শব্দ ('কৃমি — করিতেছে')। বাংপ্র। অ।
লিকলিকে—যাহা লিকলিক করিতেছে এমন ('—বেত')। লিকলিক+এ (<ইয়া) করে অর্থে। বিণ।
লিখন—১। আঁচড়ানো; লেখন; অক্ষরবিন্যাস চিত্রকরণ। লিখ্+অনট্ ভাব। ২। লিপি, পত্র। লিখ্+অনট্ কর্ম। বি; ক্লী।

লিখা, লেখা—১। লিপিবন্ধ করা; অঙ্কন করা। ক্রি [, বি]। ২। লিখিত। লিখ্+আ কর্ম (বাংপ্র)। বিণ।

লিখিত—১। লেখা পত্রাদি। লিখ্+ক্ত কর্ম। ২। লিখন। লিখ্+ক্ত ভাব। বি; ক্লী। ৩। যাহা লেখা হইয়াছে এমন; চিত্রিত, অঙ্কিত। লিখ্+ক্ত কর্ম। বিণ।

লিখিতব্য—যাহা লেখা যায় এমন, লিখিবার যোগ্য; যাহা লিখিতে হইবে এমন। লিখ্+তব্য কর্ম। বিণ।

লিখিয়ে—লিপিদক্ষ; উত্তম লেখক। লিখ্+ইয়ে কর্তৃ (বাংপ্র)। বি বা বিণ।

লিঙ্গ—১। শিশ্ন, উপস্থ; হেতু; শিবের মূর্তি বিঃ, phallus. লিন্‌গ্+অচ্ কর্তৃ। ২। অনুমান। লিন্‌গ্+ঘঞ্ ভাব। ৩। অনুমানসাধন; সামর্থ্য; অর্থপ্রকাশক সামর্থ্য; (ব্যাক) শব্দের স্ত্রীপুরুষাদি ভাব, gender; পুংস্ত্ব বা স্ত্রীত্ব, sex; সাংখ্যোক্ত প্রকৃতি। লিন্‌গ্+ঘঞ্ করণ। বি; ক্লী।

লিঙ্গদেহ, -শরীর—সূক্ষ্মদেহ; যোগপ্রভাবে পরিণমনীয় শরীরের সূক্ষ্মাবস্থা। মধ্যপ। বি; পুং বা ক্লী, ক্লী। [বিঃ। বাংপ্র। বি।

লিঙ্গায়েত—দাক্ষিণাত্যের শিবলিঙ্গোপাসক সম্প্রদায়

লিচু—ফল বিঃ। চীনা। বি।

লিজ্জে—লউন। বাংপ্র। ক্রি।

লিপি, লিপী—১। লিখিত পত্রাদি, চিঠি। লিপ্+ই কর্ম; পক্ষে ঈপ্। ২। লেখন, অক্ষরবিন্যাস; চিত্র; বর্ণমালার লেখ্যরূপ; বর্ণলিপি। লিপ্+ই ভাব; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

লিপিকর, -কার—লেখক; যে লেখা নকল করে; চিত্রকর। উপতৎ; লিপি—কৃ+ট, অণ্ কর্তৃ। বি; পুং।

লিপিকরপ্রমাদ—লিপিকার্যে ভুল। লিপিকর কৃত প্রমাদ, মধ্যপ। বি; ক্লী।

লিপিচাতুর্য—লিখনকৌশল; লিখনপটুতা। ৭মীতৎ। বি; ক্লী। [বিণ।

লিপিবন্ধ—অক্ষর দ্বারা বিন্যস্ত, লিখিত। ৩য়াতৎ।

লিপী—'লিপি' দ্রঃ।

লিপ্ত—মিলিত; সংযুক্ত; মাখানো; জড়িত, চন্দনাদি দ্বারা লেপিত; বিষাক্ত; ভুক্ত। লিপ্+ক্ত কর্মকর্তৃ, কর্ম। বিণ।

লিপ্তপাদ—যাহার (যে জীবের) পায়ের আঙুল জোড়া (যেমন—হাঁস), জালপাদ, web-footed বহু। বিণ।

লিপ্যন্তর—এক ভাষার অক্ষর অন্য ভাষার অক্ষরে লিখন; প্রতিবর্ণীকরণ, transliteration. অন্য লিপি, নিত্য। বি; পুং।

লিপ্সা—স্পৃহা; বাঞ্ছা; কামনা; লোভ। লভ্+সন্ ইচ্ছার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

লিপ্সু—লাভেচ্ছু, লুব্ধ; লোভী। লভ্+সন্ ইচ্ছার্থে +উ কর্তৃ। বিণ। [বি।

লিভার—যকৃৎ; যকৃৎ বৃদ্ধি রোগ। < ইং 'liver'.

লিস্ট—তালিকা। < ইং 'list'. বি।

লীঢ়—লেহন-করা, চাটা; স্পৃষ্ট; আস্বাদিত; ভক্ষিত। লিহ্+ক্ত কর্ম। বিণ।

লীন—লয়প্রাপ্ত, মিলিত; শয়িত; সংসক্ত; লুপ্ত। লী+ক্ত কর্তৃ। বিণ।

লীলা—ক্রীড়া; খেলা; কেলি, শৃঙ্গারভাবজাত চেষ্টা বিঃ, অঙ্গ বেশ অলংকার প্রীতিবাক্যাদি দ্বারা প্রিয়তমের মনোরঞ্জন; বিলাস; শোভা; ভঙ্গী; হাব-ভাব; জীবের বা দেবতার দশাবিশেষে আচরণ বা কর্ম। লী+ক্বিপ্ ভাব=লী; লী—লা+ক ভাব+আপ্। বি; স্ত্রী।

লীলা-কমল, -পদ্ম—ক্রীড়ার্থে হস্তে ধৃত পদ্মফুল; পদ্মফুলের আকৃতিযুক্ত খেলনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [ক্লী।

লীলাকানন—ক্রীড়াকানন; উদ্যান। ৬ষ্ঠীতৎ। বি;

লীলাক্ষেত্র—ক্রীড়ার স্থান; দেবতার পৃথিবীতে আগমনপূর্বক মাহাত্ম্য-প্রকাশের স্থান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [স্ত্রী।

লীলাখেলা—ক্রীড়া-কৌতুক; কার্যকলাপ। দ্বন্দ্ব। বি;

লীলাগৃহ, লীলাগার—খেলার ঘর; আমোদপ্রমোদের গৃহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং বা ক্লী।

লীলাচঞ্চল—অস্থির ভাবযুক্ত। ৩য়াতৎ। বিণ।

লীলাপদ্ম—'লীলাকমল' দ্রঃ।

লীলাবতী—১। বিলাসবতী; হাবভাবশালিনী। লীলা +মতুপ্ আছে অর্থে। বিণ; স্ত্রী। ২। ভাস্করাচার্য-কৃত গ্রন্থ বিঃ; ভাস্করাচার্যের কন্যা। বি; স্ত্রী।

লীলাবসান—অবতার প্রভুর দেহত্যাগ বা অপ্রকট হওয়া; তিরোধান। লীলার অবসান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

লীলাভূমি—ক্রীড়ার স্থান; লীলাক্ষেত্র। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

লীলাময়—ক্রীড়াপরায়ণ; সর্বসময়ে নানাবিধ ক্রীড়ায় ব্যাপৃত। লীলা+ময়ট্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-ময়ী**।

লীলায়িত—মনোহর-ভঙ্গিযুক্ত; লীলাবিশিষ্ট। লীলা +ক্যঙ্ (=লীলায় নামধাতু)+ক্ত কর্তৃ। বিণ।

লীলা-সংবরণ—খেলা-শেষকরণ, ক্রীড়াসমাপ্তি; মরণ, মৃত্যু; অবতার ইশ্বর তিরোধান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [হি। বি।

লু—পশ্চিমাঞ্চলে গ্রীষ্মকালীন অত্যুষ্ণ বায়ুপ্রবাহ বিঃ।

লুই, লোই, লোহি—পশুলোমনির্মিত শীতবস্ত্র বিঃ। < লোমন্। বি।

লুকাচুরি, লুকোচুরি—পুনঃপুনঃ পলায়ন; চোর সাজিয়া পলায়নরূপ খেলা; পরস্পরের মধ্যে গোপন-শীলতা। বাংপ্র। বি।

লুকাছাপা—১। গুপ্ত; অজানা। কর্মধা (বাংপ্র)। বিণ। ২। সম্পূর্ণরূপে বা আংশিকভাবে গোপন। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

লুকানো, লুকনো—১। গুপ্ত, লুক্কায়িত। বিণ। ২। গোপন করা; গোপন হওয়া। বাংপ্র। ক্রি [, বি]। [প্রা কপ্র—**লুকাওয়ে**—লুকায়। **লুকাওল**—লুকাইল। **লুকায়নু**—লুকাইলাম, গোপন করিলাম। **লুকায়লি**—লুকাইল, লুকাইলে।]

লুকোচুরি—'লুকাচুরি' দ্রঃ।

লুক্কায়িত—গুপ্ত, অন্তর্হিত; প্রচ্ছন্ন; অদৃষ্ট।

লুনচ্+ক্বিপ্ কর্তৃ=লুক্; লুক্ কায় যাহার, বহু=লুক্কায়; লুক্কায়+ক্বিপ্=লুক্কায় নামধাতু; তদুত্তরে ক্ত কর্তৃ। বিণ।

লুঙ্গি—পুরুষের কাছা-কোঁচাশূন্য পরিধেয় বিঃ। [<বর্মী 'লোঁজি'। বি। [বাংপ্র। বি।

লুচি—ঘিয়ে-ভাজা ময়দার পাতলা চাকতি বিঃ।

লুট, লুঠ—বলপূর্বক অপহরণ; লুণ্ঠন; দেবতার প্রসাদ ছড়ানো। <চৌর্যার্থ 'লুঠ'-ধাতু। বি।

লুট-তরাজ, -পাট—লুণ্ঠন; বহুলোক কর্তৃক এক-যোগে বলপূর্বক অপহরণ। বাংপ্র। বি।

লুটা—লুণ্ঠন করা; গড়াগড়ি দেওয়া। বাংপ্র। ক্রি [, বি]। [প্রা কপ্র—**লুটই, লুঠই**—গড়াগড়ি যায়। **লুটল, লুঠল**—লুঠ করিল। **লুঠত**—লুণ্ঠিত হয়। **লুঠয়ে**—লুটাইয়া পড়ে।]

লুটানো, লোটানো—গড়াগড়ি দেওয়া; লুণ্ঠন করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

লুটাপুটি, লুটোপুটি—গড়াগড়ি। বাংপ্র। বি।

লুটেরা লুঠেরা, লুটেল, লুঠেল—লুণ্ঠনকারী; দস্যু। লুট, লুঠ+এরা, এল কর্তৃ (বাংপ্র)। বি।

লুণ, লুন—লবণ। বাংপ্র। বি।

লুণ্ঠক—লুটকারী, যে লুট করে প্ররূপ। লুনঠ+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**লুণ্ঠিকা**।

লুণ্ঠন—অপহরণ, লুঠ; ভূমিতে লোটা। লুনঠ্+অনট্ ভাব। বি; ক্লী।

লুণ্ঠিত—১। লুঠিত; অপহৃত; বলপূর্বক গৃহীত। লুনঠ্+ক্ত কর্ম। ২। ভূলুণ্ঠিত, মাটিতে পতিত। লুনঠ্+ক্ত কর্তৃ। বিণ।

লুপ্ত—১। নষ্ট, লোপপ্রাপ্ত; কৃশ। লুপ্+ক্ত কর্তৃ। ২। ছিন্ন; অপহৃত; বিনাশিত। বিণ। ৩। অপহৃত ধন, চুরি করা বস্তু। লুপ্+ক্ত কর্ম। বি; ক্লী।

লুপ্তপ্রায়—যাহা প্রায় বিনষ্ট হইয়াছে এমন, যাহা প্রায় লোপ পাইয়াছে এমন। প্রায় লুপ্ত, সুপ্। বিণ।

লুব্ধ—১। ব্যাধ; নক্ষত্রমণ্ডল বিঃ। বি; পুং। ২। লোভী, লোলুপ; লম্পট। লুভ্+ক্ত কর্তৃ। বিণ। [লুব্ধ+কন্ স্বার্থে। বি; পুং।

লুব্ধক—ব্যাধ; লম্পট; নক্ষত্রমণ্ডল বিঃ, Sirius.

লুব্ধদৃষ্টি—লালসাপূর্ণ চাহনি, লোলুপ দৃষ্টি। কর্মধা। বি, স্ত্রী।

লুব্ধনেত্রে—লালসাপূর্ণ দৃষ্টিতে। লুব্ধ নেত্র, কর্মধা, তাহাতে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।

লূতা, লূতিকা—মাকড়সা। লূ+তক্ কর্তৃ+আপ্; লূতা+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

লূতাতন্তু—মাকড়সার জাল। লূতার তন্তু, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লূতাতন্তুন্যায়—ন্যায় বিঃ [লূতা (মাকড়সা) আপন দেহ হইতে সূত্রজাল বাহির করিয়া জাল বুনিয়া থাকে এবং সময়ে সে-ই আবার তাহার নিজের গড়া জাল নষ্ট করিয়া দিয়া থাকে। সেইরূপ বিশ্বস্রষ্টা আপনার শক্তিপ্রভাবে এই জগতের সৃষ্টি করেন এবং তিনিই সময়ে জগৎ ধ্বংস করেন]। লূতার তন্তু, ৬ষ্ঠীতৎ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

লূতিকা—'লূতা' দ্রঃ।

লেই—ময়দা ইঃর কাই, মণ্ড, মাড়। <লেপ। বি।

লেংচা—একপ্রকার মিঠাই, লম্বা পান্তুয়া। বাংপ্র। বি।

লেংচানো, নেংচানো—খোঁড়াইয়া হাঁটা। বাংপ্র। ক্রি [, বি]।

লেংটা—উলঙ্গ। <নগ্নবস্ত্র, নগ্নাট। বিণ।

লেংটি—কৌপীন। <লিঙ্গপট্ট। বি।

লেংড়া—১। একজাতীয় আম। হি। বি। ২। খোঁড়া। বাংপ্র। বিণ।

লেখ—১। লিখন। লিখ্+ঘঞ্ ভাব। ২। লিপি, পত্র; লিখিত বিষয়; রেখা। লিখ্+ঘঞ্ অধি। বি; পুং।

লেখক—লিপিকর; চিত্রকারক। লিখ্+ণক কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী—**লেখিকা**।

লেখন—১। অক্ষরবিন্যাস, লিখন; অঙ্কন; জিভ আঁচড়ানো। লিখ্+অনট্ ভাব। ২। লিখনপত্র। লিখ্+অনট্ অধি। বি; ক্লী।

লেখনী—কলম; তুলি। লিখ্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী। [কর্ম। বিণ।

লেখনীয়—লিখিতব্য, লিখনযোগ্য। লিখ্+অনীয়

লেখা—১। লিখন; রেখা, দাগ ("নাহি পৃষ্ঠে অগ্র-লেখা"—মাইকেল)। লিখ্+অঙ্ ভাব, কর্ম+আপ্। ২। লিপি; স্থলী। লিখ্+ঘঞ্ কর্ম+আপ্। বি; স্ত্রী। ৩। লিপিবদ্ধ করা, অক্ষরবিন্যাস করা; চিঠি দেওয়া; আঁকা। ক্রি। ৪। লিখিত; অঙ্কিত। লিখ্ +আ কর্ম (বাংপ্র)। বিণ। [বি।

লেখাজোখা—গণাগণতি, সীমাসংখ্যা; হিসাব। বাংপ্র।

লেখাপড়া—বিদ্যাভ্যাস; লিখন ও পঠন; আইন-অনু-সারে লিখিয়া লইয়া কোন কার্যকরণ। দ্বন্দ্ব। বি।

লেখালেখি—পুনঃপুনঃ চিঠি দেওয়া; পত্রযোগে বা সংবাদপত্রাদিতে দুঃখ দৈন্য ও অভিযোগ প্রঃ জানানো। বাংপ্র। বি।

লেখ্য—১। লিখিত পত্রাদি বা চিত্রাদি; দলিল-দস্তাবেজ। বি; ক্লী। ২। লেখনীয়, লিখনযোগ্য। লিখ্+ণ্যৎ কর্ম। বিণ।

লেখ্যপত্র—লিখিত পত্র , দলিল-দস্তাবেজ; তাল-পাতা। কর্মধা। বি; ক্লী।

লেখ্যোপকরণ—কালি কলম কাগজ প্রঃ লিখিবার জিনিস। লেখ্য উপকরণ, কর্মধা। বি; ক্লী।

লেঙ্গট, লেঙট—কৌপীন, নেংটি। <লিঙ্গপট্ট। বি।

লেঙ্গড়া—লেংড়া (তাহা দ্রঃ)।

লেঙ্গুড়, লেঙুড়, লেজুড়—লেজ; প্রয়োজনীয় বিষয় বস্তু বা ব্যক্তির সহিত উপস্থিত অপ্রয়োজনীয় গোলযোগ-সৃষ্টিকারী বাজে বিষয় বস্তু বা ব্যক্তি। <লাঙ্গুল। বি।

লেচি—লুচি কচুরি ইঃ বেলিবার জন্য জল দিয়া মাখা ময়দা প্রঃর পিণ্ড। বাংপ্র। বি।

লেজ—পুচ্ছ, লাঙ্গুল। <লঞ্জ। বি। **লেজ গুটানো**—কুকুরের মত হার স্বীকার করা, পশ্চাৎপদ হওয়া। **লেজ ধরে চলা**—বড়লোকদের নির্বিরোধে অনুসরণ করা। **লেজ মোটা হওয়া**—দেমাক বাড়িয়া যাওয়া।

লেজে খেলা—চতুরতার সহিত কাজ করা, কৌশলে কাজ করা।
লেজঝোলা—যাহার লেজ লম্বমান অবস্থায় ঝোলে এরূপ ('— পাখি')। বহু (বাংপ্র)। বিণ।
লেজা—কাটা মাছের লেজ; কোঁচা, মাছ ধরিবার টেঁটা; পুচ্ছযুক্ত বাণ; শেষভাগ। লেজ+আ স্বার্থে (বাংপ্র)। বি।
লেজামুড়া—মাছের লেজ ও মস্তক; কোন বিষয়ের আগা ও গোড়া, কোন কাজের আরম্ভ ও শেষ। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
লেজুড়—'লেংগুড়' দ্রঃ।
লেঠা—গোলযোগ; উৎপাত; মুশকিল; সংকট; একপ্রকার ক্ষুদ্র মৎস্য। বাংপ্র। বি।
লেঠেল—'লাঠিয়াল' দ্রঃ।
লেডিকেনি—একপ্রকার মিঠাই, গোল পানতুয়া। <ইং 'Lady Canning'. বি। [ভূতপূর্ব বড়লাট-পত্নী লেডি ক্যানিং-এর নামানুযায়ী এই মিষ্টান্নের নাম হয়।]
লেতি, লেত্তি—লাটিম ঘুরাইবার দড়ি। বাংপ্র। বি।
লেদাড়ে—অকর্মণ্য; দীর্ঘসূত্রী; অলস। বাংপ্র। বিণ।
লেন-দেন, লেনা-দেনা, লেনি-দেনি—দেনা-পাওনা; দেওয়া বা নেওয়ার পারস্পরিক আদান-প্রদান; কারবার। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।
লেপ—১। লেপন, লেপা; বন্ধন। লিপ্+ঘঞ্ ভাব। ২। লেপন-সাধন বস্তু, লেই আঁটিবার উপকরণ; বিলেপন; চূর্ণ; চূণ। লিপ্+ঘঞ্ করণ। ৩। প্রলেপ; ভক্ষ্যদ্রব্য। লিপ্+ঘঞ্ কর্ম। বি; পুং। ৪। তুলায় পরিপূর্ণ গাত্রাবরণ। বাংপ্র। বি।
লেপক—লেপনকারক। লিপ্+ণক কর্তৃ। বিণ; পুং। স্ত্রী—**লেপিকা**।
লেপটানো—১। লেপন করা; জড়িত হওয়া। ক্রি [, বি]। ২। লিপ্ত। বাংপ্র। বিণ।
লেপন—১। লেপা, বিলেপন। লিপ্+অনট্ ভাব। ২। যাহা দ্বারা লেপন করা যায় তাহা। লিপ্+অনট্ করণ। বি; ক্লী।
লেপনীয়—লেপন করিবার যোগ্য, যাহা লেপন করা উচিত এমন। লিপ্+অনীয় কর্ম। বিণ।
লেপা—নিকানো; বিলেপন করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
লেপানো—লেপিত করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
লেপাপোঁছা—যাহা উত্তমরূপে নিকানো হইয়াছে এমন; যাহার কোথাও উঁচুনীচু নাই সব জায়গাই সমান এমন। বাংপ্র। বিণ।
লেফাফা—মোড়ক, খাম। <ফা লিফাফহ্'। বি।
লেফাফা-দুরস্ত—ভিতরে সারপদার্থ না থাকিলেও বাহাদৃষ্টিতে সুন্দর, যাহার বাহ্যরূপ নির্দোষ এমন। বহু (ফা-মূ)। বিণ।
লেবু—জম্বীর ফল, নেবু। <নিম্বুক। বি।
লেবেল—কোন বস্তুর উপর তাহার পরিচয় নিরূপণার্থ আঁটা ক্ষুদ্র কাগজের টুকরা; কোন বস্তুর পরিচায়ক-লিপি। <ইং 'label'. বি।
লেমোনেড—মিষ্ট ও অম্লস্বাদযুক্ত সোডা ওয়াটার। <ইং 'lemonade'. বি।
লেলাক্ষেপা—বোকা; বোকা এবং পাগলাটে; যে কিঞ্চিৎ উন্মত্ত ও নির্বোধ এবং যাহার মুখ দিয়া লালা পড়ে এমন। কর্মধা (বাংপ্র)। বিণ।
লেলানো—আক্রমণার্থ উত্তেজনা-প্রদান; (কুকুরকে) লে লে করিয়া পশ্চাদ্ধাবনে উত্তেজিত করা। বাংপ্র। ক্রি [, বি]।
লেলিহান—বারংবার লেহনকারী, লকলকে জিহ্বা বা শিখাবিশিষ্ট ('— অগ্নিশিখা')। লিহ্+যঙ্+শানচ্ কর্তৃ। বিণ। [অচ্ কর্তৃ। বি; পুং।
লেশ—অল্প, সামান্য, কিঞ্চিৎ; কণা, বিন্দু। লিশ্+
লেশমাত্র—অতি সামান্য; বিন্দুমাত্র। কেবল লেশ এই বাক্যে, নিত্য; অথবা, লেশ+মাত্রচ্ পরিমাণার্থে। বিণ [<ইং 'lace'. বি।
লেস—জুতা বাঁধিবার ফিতা; সরু সূতার জাল।
লেহ—১। প্রণয়; প্রেম। <স্নেহ। বি। ২। লও। প্রা কপ্র। ক্রি।
লেহন, লেহ—আস্বাদন, জিহ্বা দ্বারা রসগ্রহণ, চাটা; ভক্ষণ। লিহ্+অনট্, ঘঞ্ ভাব। বি; ক্লী, পুং।
লেহনীয়—চাটিয়া খাইবার উপযুক্ত, লেহনযোগ্য। লিহ্+অনীয় কর্ম। বিণ।
লেহী (লেহিন্)—লেহনকারী, যে চাটে। লিহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**লেহিনী**।
লেহ্য—আস্বাদ্য, লেহনীয়। লিহ্+ণ্যৎ কর্ম। বিণ।
লৈখিক—লিখন সম্বন্ধীয়, লেখা বিষয়ক। লেখ+ইক। বিণ। [সম্বন্ধার্থে। বিণ।
লৈংগ, লৈংগিক—লিঙ্গ সম্বন্ধীয়। লিঙ্গ+অণ্, ইক
লো—স্ত্রীলোকের প্রতি তুচ্ছার্থক সম্বোধন; (পদ্যে) স্ত্রীলোকের প্রতি কোমল আমন্ত্রণ, স্ত্রীলোকের প্রতি প্রণয়সূচক সম্বোধন। <হলা। অ।
লোক—মানুষ, মনুষ্য; ভুবন, জগৎ; স্বর্গ মর্ত্য পাতাল—এই ত্রিলোক; ভূঃ ভুবঃ স্বঃ মহঃ জনঃ তপঃ সত্য—এই সপ্ত লোক; জনসাধারণ; সমূহ। লোক্+ঘঞ্ কর্ম। বি; পুং।
লোকগণনা—আদমশুমারি, জনসংখ্যানিরূপণ, census. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
লোকচক্ষুঃ (-চক্ষুস্), (<-চক্ষু), **-লোচন**—১। দিবাকর, ভানু, সূর্য। লোকের (জগতের) চক্ষুঃ, লোচন অর্থাৎ তৎস্বরূপ, ৬ষ্ঠীতৎ। ২। মানুষের নেত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
লোকচরিত্র—মানবের স্বভাব; মানবের গূঢ় মনোবৃত্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
লোকতঃ (-তস্)—মানবের দৃষ্টিতে, মানবসমাজের বিচারে; সমাজের সমক্ষে; সমাজ। লোক+তস্। অ। সম্বন্ধে।
লোকনাথ—ব্রহ্মা; শ্রীবিষ্ণু; শিব; অবলোকিতেশ্বর; রাজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
লোকনিন্দা—সর্বসাধারণ্যে রটিত অপবাদ; জনসাধারণকৃত নিন্দা। লোককৃতা নিন্দা, মধ্যপ। বি; স্ত্রী।

লোকনৃত্য—গ্রামাঞ্চলে জনসাধারণের মধ্যে প্রচলিত নৃত্য, folk-dance. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
লোকপরম্পরা—পর পর এক একটি লোক, পর্যায়ক্রমে এক একটি লোক; (গৌণার্থে) কিংবদন্তী, জনশ্রুতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
লোকপাবনী—১। ত্রিভুবন পবিত্রকারিণী। বিণ; স্ত্রী। পুং, **-পাবন**। ২। গঙ্গা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
লোকপাল—নৃপতি, রাজা; ইন্দ্র অগ্নি যম নির্ঋতি বরুণ বায়ু কুবের শিব—এই আটজন দিক্‌পাল। উপতৎ; লোক—পা+ণিচ্‌+অণ্‌ কর্তৃ। বি; পুং।
লোকপিতামহ—ব্রহ্মা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
লোকপ্রবাদ, -বাদ—জনশ্রুতি, যাহা সচরাচর লোকে বলিয়া থাকে তাহা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
লোকপ্রসিদ্ধ-বিখ্যাত, সর্বজনপরিচিত। ৭মীতৎ। বিণ। [বিণ।
লোকপ্রিয়—সকল লোকের ভালবাসার পাত্র। ৬ষ্ঠীতৎ।
লোকবৎসল—মানুষের প্রতি স্নেহপরায়ণ। ৭মীতৎ। বিণ। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
লোকবসতি—মনুষ্যের বাস; জনসংখ্যার পরিমাণ।
লোকবাদ—'লোকপ্রবাদ' দ্রঃ।
লোকবাহ্য—লোকবহির্ভূত, লোকাচারবর্জিত। ৬ষ্ঠীতৎ। বিণ।
লোকব্যবহার—লোকাচার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
লোকভাষা—জনসাধারণের কথিত ভাষা, vernacular. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
লোকমত—জনসাধারণের অভিপ্রায়, জনসাধারণের ইচ্ছা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
লোকমাতা—ত্রিলোকের জননী; লক্ষ্মী, ইন্দিরা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
লোকযাত্রা—সংসারযাত্রা। ৭মীতৎ। বি; স্ত্রী।
লোকরঞ্জক—লোকের প্রীতিসাধনকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-রঞ্জিকা**।
লোকরঞ্জন—১। লোকের প্রীতিসম্পাদন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। লোকের মনোরঞ্জনকারী। লোকের রঞ্জন (রঞ্জক), ৬ষ্ঠীতৎ। বিণ।
লোকলজ্জা—মানব-সমাজের নিকট লজ্জা, মানুষের নিন্দার ভয়ে সংকোচ। ৫মীতৎ। বি; স্ত্রী।
লোকলীলা—মনুষ্যলীলা; সংসারের খেলা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
লোকলোচন—'লোকচক্ষুঃ' দ্রঃ।
লোকশিক্ষা—সর্বসাধারণের জ্ঞানলাভ; জনসাধারণকে ধর্ম নীতি প্রঃ বিষয়ে উপদেশপ্রদান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
লোকশিল্প—সাধারণ লোকের মধ্যে বহুকাল হইতে প্রচলিত শিল্প। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
লোকসংখ্যা—যতগুলি মানুষ আছে তাহার পরিমাণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
লোকসংগীত—গ্রামাঞ্চলে জনসাধারণের মধ্যে প্রচলিত গান, folk-song. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
লোকসমাগম—ভিড় হওয়া, লোক জড় হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
লোকসমাজ—মনুষ্যগোষ্ঠী, মানব-সমাজ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
লোকসান—ক্ষতি। <আ 'নুক্‌সান'। বি।
লোকসাহিত্য—গ্রামাঞ্চলে জনসাধারণের মধ্যে প্রচলিত সাহিত্যিক আবেদনযুক্ত ছড়া গান ইঃ। ৬ষ্ঠীতৎ। বি। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
লোকহিত—মানবের উপকার; জগতের কল্যাণ।
লোকাচার—জনসাধারণের মধ্যে প্রচলিত রীতিনীতি, সামাজিক প্রথা। লোকের আচার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
লোকাতীত—লোকবহির্ভূত, অলৌকিক, লোকোত্তর। লোককে অতীত, ২য়াতৎ। বিণ।
লোকান্তর—পরলোক, পরজগৎ। অন্য লোক, নিত্য। বি; ক্লী।
লোকান্তরগমন, -প্রাপ্তি—মৃত্যু, পরলোকে গমন। ৭মীতৎ বা ২য়াতৎ। বি; ক্লী, স্ত্রী।
লোকান্তরিত—মৃত। লোকান্তরকে ইত (প্রাপ্ত), ২য়াতৎ। বিণ।
লোকাপবাদ—লোকনিন্দা। মধ্যপ। বি; পুং।
লোকাভাব—সাহায্যকারী লোকের অভাব; মানুষের অভাব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
লোকায়ত—১। চার্বাকমত, নাস্তিক্য। বি; ক্লী। বিণ, **-তিক**। ২। নাস্তিক; ধর্মনিরপেক্ষ, যেখানে ধর্মের জন্য পার্থক্য করা হয় না এমন, secular. ৭মীতৎ। বিণ।
লোকারণ্য—বিশাল জনসমবায়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
লোকালয়—মনুষ্যের আবাসস্থান; জনবাস। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৫মীতৎ। বিণ।
লোকোত্তর—অতিমানুষিক, অসাধারণ ('—প্রতিভা')।
লোচন—নয়ন, নেত্র, চক্ষু। লোচ্‌+অনট্‌ করণ। বি; ক্লী। ['লুচ্চা'। বি বা বিণ।
লোচ্চা—লম্পট, কামুক; বেশ্যার উপপতি। <হি
লোচ্চামি, লোচ্চামো—লাম্পট্য। লোচ্চা+মি, মো ভাবে (বাংপ্র)। বি।
লোটন—গড়াগড়ি; ঢিলা করিয়া বাঁধা খোঁপা বিঃ; একজাতীয় পায়রা। লুট্‌+অন ভাব (বাংপ্র)। বি।
লোটা—১। লুণ্ঠিত হওয়া, লুট করা। বাংপ্র। ক্রি [, বি]। ২। ঘটি। হি। বি।
লোটানো—ভূলুণ্ঠিত করা; ভূলুণ্ঠিত হওয়া, গড়াগড়ি দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
লোধ, লোধ্র—শ্বেতবর্ণ বৃক্ষ বিঃ, লোধ গাছ। রুধ্‌+অচ্‌ রন্‌ কর্তৃ (র-স্থানে ল)। বি; পুং।
লোনা, নোনা—১। লবণাক্ত। লুন, নুন+আ বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ। ২। মাটির যে লবণের ভাগ দেওয়াল প্রঃর উপর ফুটিয়া বাহির হয় তাহা; জলে বা মাটিতে স্বাস্থ্যহানিকর ভাবে লবণের আধিক্য। লুন, নুন+আ আধিক্যার্থে (বাংপ্র)। বি।
লোপ—তিরোধান, অন্তর্ধান, অদর্শন; অপচয়; ভ্রংশ; বিনাশ, নাশ; ছেদন; অভাব; অদর্শনরূপ বর্ণনাশ। লুপ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং।
লোপাট—১। সমস্ত আত্মসাৎ করণ; সমূলে বিনাশ।

বি। ২। লুণ্ঠিত; নিঃশেষে ব্যয়িত। <লুপ্ত। বিণ।

লোফা—১। শূন্য হইতে পতিত বস্তু ধরা। ক্রি [, বি]। ২। দুই তাল ও দুই ফাঁকযুক্ত ষাণ্মাত্রিক (মতান্তরে সপ্তমাত্রিক বা অষ্টমাত্রিক) তাল বিঃ। বাংপ্র। বি।

লোবান—ধূনার ন্যায় গন্ধযুক্ত একপ্রকার নির্যাস, [benzoin. আ। বি।

লোভ—পরদ্রব্যগ্রহণে অভিলাষ, লিপ্সা, আকাঙ্ক্ষা; স্বার্থত্যাগে একান্ত অনিচ্ছা; বিষয়তৃষ্ণা। লুভ্+ঘঞ্ ভাব। বি; পুং।

লোভন—১। লোভজনক। লুভ্+ণিচ্+অন কর্তৃ। বিণ। ২। প্রলুব্ধ করণ; প্রলোভন। লুভ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

লোভনীয়—লোভজনক, স্পৃহণীয়। লুভ্+ণিচ্+অনীয় কর্তৃ। বিণ।

লোভী (লোভিন্)—লোলুপ, লুব্ধ। লোভ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**লোভিনী**।

লোভ্য—লোভনীয়। লুভ্+যৎ করণ। বিণ।

লোম (লোমন্)—শরীরজাত কেশ, রোঁয়া। লূ+মনিন্ কর্ম। বি; ক্লী।

লোমকূপ—রোমাধার, লোমমূলে বিন্দুর আকার গর্ত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লোমফোঁড়া—লোমের গোড়ায় যে ফোঁড়া উঠে তাহা। লোমের ফোঁড়া, ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

লোমশ—লোমবিশিষ্ট। লোমন্+শ আছে অর্থে। বিণ।

লোমহর্ষ—রোমাঞ্চ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লোমহর্ষণ—১। রোমাঞ্চ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। রোমাঞ্চকারক; ভয়ানক। বহু। বিণ।

লোর—অশ্রু। কপ্র। বি।

লোরা—অশ্রু, চোখের জল ("ঢরি ঢরি পড়ু লোরা"—বিদ্যা)। প্রাঃ কপ্র। বি।

লোল—শিথিল; চঞ্চল; চালিত; সতৃষ্ণ; লোলুপ, লোভী; ইচ্ছুক। লোড্+অচ্ কর্তৃ (ড-স্থানে ল)। বিণ। [লোলা জিহ্বা যাহার, বহু। বিণ।

লোলজিহ্ব—যাহার জিভ লকলক করিতেছে এমন।

লোলনি—চাঞ্চল্য। প্রা কপ্র। বি।

লোলা—চঞ্চল করা বা হওয়া। প্রা কপ্র। ক্রি।

লোলায়মান—দোলায়মান, লকলকে। লোল শব্দ+কাঙ্-লোলায় (নামধাতু), তদুত্তরে শানচ্ কর্তৃ। বিণ।

লোলিত—চালিত; কম্পিত; শ্লথ; শিথিলীকৃত। ণিজন্ত লুল্ (= লোলি)+ক্ত কর্ম। বিণ।

লোলুপ—অতিলোভী; অভিলাষী, ইচ্ছুক; আসক্ত। লুভ্+যঙ্ (লুক্)+অচ্ কর্তৃ (ভ-স্থানে প)। বিণ।

লোষ্ট্র, লোষ্ট—ডেলা, মৃৎখণ্ড; ঢিল। লোষ্ট্+র, অচ্ কর্তৃ। বি; পুং বা ক্লী।

লোহ—১। লৌহ, লোহা; রক্তচন্দন; ধাতু। রুহ্+অচ্ কর্তৃ (র-স্থানে ল)। ২। রক্ত। লূ+হ কর্ম। বি; ক্লী। ৩। অশ্রু। প্রা কপ্র। বি।

লোহা—লৌহ; নোয়া। <লোহ। বি।

লোহার—কামার। <লোহকার। বি।

লোহালক্কড়—লোহা এবং কাঠ প্রঃ দ্রব্য। বাংপ্র। বি।

লোহি—পশমী চাদর বিঃ, লুই। হি। বি।

লোহিত—১। রক্তবর্ণযুক্ত। বিণ। স্ত্রী—**লোহিতা, লোহিণী**। ২। রক্তবর্ণ; রক্তাভ। রুহ্+ইতন্ কর্তৃ (র-স্থানে ল)। বি; পুং।

লোহু—১। লাল। বিণ। ২। রক্ত। <লোহিত। বি।

লৌকতা—সামাজিক সম্মান প্রদর্শনার্থ দান; সামাজিকতা। <লৌকিকতা। বি।

লৌকিক—মানুষিক, লোক সম্বন্ধীয়; জনসাধারণ সম্বন্ধীয়; সামাজিক; পার্থিব; সাংসারিক। লোক+ইক ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী, **-কী**।

লৌকিকতা—১। সামাজিকতা। লৌকিক+তা ভাবে। বি; স্ত্রী। ২। বিবাহাদির সময়ে আত্মীয় কুটুম্ব ও অভ্যাগত ব্যক্তিগণ কর্তৃক অর্থবস্ত্রাদি-দান। বাংপ্র। বি।

লৌল্য—লোলতা; লোলুপতা। লোল+ষ্যঞ্ [ভাবার্থে। বি; ক্লী।

লৌহ—১। ধাতু বিঃ, লোহা। লোহ+অণ্ স্বার্থে। বি; পুং। ২। লৌহনির্মিত। লোহ+অণ্ বিকারার্থে। বিণ।

লৌহকণ্টক—নশ্তর। মধ্যপ। বি; পুং বা ক্লী।

লৌহকার—কামার। উপতৎ; লৌহ—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং।

লৌহবর্ত্ম (-বর্ত্মন্)—লৌহনির্মিত পথ, রেলের রাস্তা, রেলওয়ে। লৌহময় বর্ত্ম ('বর্ত্মন্' শব্দ=পথ), মধ্যপ। বি; ক্লী।

লৌহমল—লোহার মরিচা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লৌহিত্য—লাল রং, রক্তিমা। লোহিত+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

ল্যাংড়া—আম বিঃ। বাংপ্র। বি।

ল্যাংবোট—জাহাজের পশ্চাদ্বদ্ধ নৌকা; অনুচর; পার্শ্বচর (উপহাসার্থে)। বাংপ্র। বি।

ল্যাজ—লেজ (তাহা দ্রঃ)।

ল্যাঠা—এক ধরনের ছোট মাছ; দায়, হাঙ্গামা, ঝামেলা ("এলে পরে সব ঘুচে যেত ল্যাঠা"—মুকুন্দ)। বাংপ্র। বি।

ল্যাভেন্ডার—একধরনের সুগন্ধি নির্যাস বা উক্ত নির্যাসদ্বারা সুগন্ধি জল। <ইং 'lavender'. বি।

[শ]

শ—১। ত্রিংশ ব্যঞ্জনবর্ণ [ইহা তালু হইতে উচ্চারিত হয় বলিয়া তালব্য, কিন্তু বাংলায় ইহা মূর্ধা হইতে উচ্চারিত হয় এবং 'ষ'-এর মত শুনায়, র-ফলা ও ল-ফলা-যোগে 'শ'-এর উচ্চারণ প্রায়শঃ 'স'-এর মত হয়]। ২। শত সংখ্যা; শতসংখ্যক। < শত। বি বা বিণ।

শংকর—'শঙ্কর' দ্রঃ।

শংকরী—'শঙ্করী' দ্রঃ।

শংসন, শংসা—প্রশংসা; কথন, উল্লেখ। শন্স্+অনট্ ভাব; শন্স্+অ ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী বিণ—**শংসিত**।

শংসাপত্র—প্রমাণপত্র, certificate. মধ্যপ। বি; ক্লী।

শক—শকাব্দপ্রবর্তক রাজা; শালিবাহন রাজা; শকরাজ প্রবর্তিত অব্দ (বঙ্গাব্দের ৫১৫ বৎসর পূর্ব হইতে শকাব্দ প্রচলিত); জাতি বিঃ, Scythian; দেশ বিঃ; শকদেশীয় লোক। শক্+অচ্ কর্তৃ। বি; পুং।

শকট—গাড়ি। শক্+অটন্ কর্তৃ। বি; পুং বা ক্লী।

শকটিকা, শকটী—কাষ্ঠাদিনির্মিত খেলিবার গাড়ি; ছোট গাড়ি। শকট্+কন্ হ্রস্বার্থে+আপ্; শকট+ঈপ্। বি; স্ত্রী।

শকতি—শক্তি, ক্ষমতা। কপ্র। বি।

শকরকন্দ—রাঙ্গা আলু, মিষ্ট লম্বা আলু। < শর্করাকন্দ। বি।

শকল—১। শল্ক, মাছের আঁশ; ছাল, চর্ম। বি; ক্লী। ২। অংশ, খণ্ড। শক্+কল করণ। বি; ক্লী বা পুং।

শকলী (-লিন্)—আঁশযুক্ত। শকল+ইন্ আছে অর্থে। বিণ।

শকাব্দ—আনুমানিক ৭৮ খ্রীষ্টাব্দ হইতে প্রচলিত অব্দ বিঃ (শক দ্রঃ)। শক (নৃপতি)-প্রবর্তিত অব্দ, মধ্যপ। বি; পুং।

শকারি—রাজা বিক্রমাদিত্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শকুন—১। গৃধ্র, vulture; চিল; পক্ষী। বি; পুং। ২। শুভাশুভসূচক চিহ্ন। শক্+উন কর্তৃ। বি; ক্লী।

শকুনজ্ঞ—কাকচরিত্রজ্ঞ, নিমিত্তজ্ঞ, চিহ্নজ্ঞ। উপতৎ; শকুন (চিহ্ন)—জ্ঞা+ক কর্তৃ। বিণ।

শকুনি—পক্ষী; গৃধ্র পক্ষী, vulture; চিল; দুর্যোধনাদির মাতুল, সুবল রাজার পুত্র। শক্+উনি কর্তৃ। বি; পুং।

শকুনী—পক্ষী বিঃ, শ্যামা পাখি। শকুনি+ঈপ্ সংজ্ঞার্থে। বি; স্ত্রী।

শকুন্ত, শকুন্তি—পক্ষী; শকুনি; ভাসপক্ষী; কীট বিঃ। শক্+উন্ত, উন্তি কর্তৃ। বি; পুং।

শকুন্তলা—দুষ্মন্তরাজের মহিষী। উপতৎ; শকুন্ত—লা+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

শক্ত—১। সমর্থ, ক্ষমতাবান্; পরিশ্রমী; প্রিয়ংবদ। শক্+ক্ত কর্তৃ। ২। কঠিন; মজবুত; দুর্বোধ্য, জটিল। < ফা 'সখৎ'। বিণ।

শক্তি—১। ক্ষমতা, বল, পরাক্রম; হোমিওপ্যাথি-ঔষধের ক্রম, dilution. শক্+ক্তি ভাব। ২। প্রভাবজ উৎসাহজ মন্ত্রজ—এই ত্রিবিধ রাজশক্তি; ওজনহীন ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়, energy; (বীজগণিত) ঘাত, power; ক্ষেপণীয় যুদ্ধাস্ত্র বিঃ; শব্দাদির বৃত্তি বিঃ [ইহা ত্রিবিধ—অভিধা, লক্ষণা ও ব্যঞ্জনা]। শক্+ক্তি করণ। ৩। প্রকৃতি; গৌরী; লক্ষ্মী; স্ত্রী-দেবতা; দেবী বিঃ; পরাক্রমশালী স্বাধীন রাষ্ট্র ('মিত্র—')। শক্+ক্তিচ্ কর্তৃ। বি; স্ত্রী।

শক্তিধর—শক্তিযুক্ত; কার্তিকেয়। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

শক্তিপূজক—শাক্ত, দুর্গা কালী প্রঃ দেবীর উপাসক।

শক্তিপূজা—দুর্গাদেবীর অর্চনা; শক্তির আরাধনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [স্ত্রী।

শক্তিমত্তা—বলবত্তা; ক্ষমতা। শক্তিমৎ+তা ভাবে। বি;

শক্তিমন্ত্র—শক্তিপূজার মন্ত্র; শক্তিলাভের উদ্দীপনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

শক্তিমান্ (-মৎ)—শক্তিবিশিষ্ট; বলবান্। শক্তি+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-মতী**।

শক্তিশালী (-শালিন্)—বলবান্। উপতৎ; শক্তি—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শালিনী**।

শক্তিশেল—রাবণের অস্ত্র বিঃ। শক্তিপ্রদত্ত শেল, মধ্যপ (বাংপ্র)। বি।

শক্তিসঞ্চয়—বললাভ; বলবৃদ্ধি; রাজার সৈন্য অর্থ ও অস্ত্রশস্ত্র সংগ্রহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শক্তিসম্পন্ন—সামর্থ্যযুক্ত, বলবান্। ৩য়াতৎ। বিণ।

শক্তিহীন—দুর্বল, ক্ষমতাশূন্য। ৩য়াতৎ। বিণ।

শক্তিহ্রাস—বল কমিয়া যাওয়া, ক্ষমতার লাঘব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শক্তু—যবাদিচূর্ণ, ছাতু। শচ্+তুন্ কর্তৃ। বি; পুং।

শক্য—সম্ভব, যাহা করিতে পারা যায় এমন। শক্+যৎ কর্ম। বিণ। [পুং।

শক্র—ইন্দ্র; পেচক; জ্যেষ্ঠানক্ষত্র। শক্+র কর্তৃ। বি;

শখ—অভিরুচি, সাধ ('—হওয়া'); অভিলষণীয় বিষয় বা তাহাতে আসক্তি ('ছবি আঁকার—')। < আ 'শৌক'। বি। [বিণ।

শঙ্কনীয়—ভয় পাইবার যোগ্য। শন্ক্+অনীয় কর্ম।

শঙ্কর, শংকর—১। শিব; শঙ্করাচার্য। বি; পুং। ২। শুভকারক। উপতৎ; শম্—কৃ+ট কর্তৃ। বিণ।

শঙ্ক(ংক)রাচার্য—বেদান্তভাষ্যকর্তা অদ্বৈতবাদী আচার্য বিঃ। শঙ্করই আচার্য, কর্মধা। বি; পুং।

শঙ্করী, শংকরী—১। দুর্গা, শিবানী। বি; স্ত্রী। ২। শুভদায়িনী। শঙ্কর+ঈপ্। বিণ; স্ত্রী।

শঙ্কা—আশঙ্কা; ভয়; সন্দেহ; সম্ভাবনা; বিতর্ক। শন্‌ক্‌+অ ভাব+আপ্‌। বি; স্ত্রী।
শঙ্কাতারণ—ভয়দূরকারী। ৬ষ্ঠীতৎ। বিণ।
শঙ্কানিবৃত্তি—সন্দেহভঞ্জন; ভয়দূরীকরণ। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী। [তৎ। বিণ।
শঙ্কান্বিত—সন্দেহপূর্ণ; আশঙ্কাযুক্ত; ভীত। ৩য়া-
শঙ্কাহর, -হরণ—ভয়নাশক, ভয়দূরকারী। উপতৎ; শঙ্কা—হৃ+অচ্‌ কর্তৃ; ৬ষ্ঠীতৎ। বিণ।
শঙ্কিত—ভীত; সন্দিগ্ধ; অবিশ্বস্ত। শঙ্কা+ইতচ্‌ জাতার্থে। বিণ।
শঙ্কিল—শঙ্কাযুক্ত, ভীত। কপ্র। বিণ।
শঙ্কী (-ঙ্কিন্‌)—যে ভয় করে এমন; সংশয়ী। শঙ্কা +ইন্‌ অস্ত্যর্থে বা শন্‌ক্‌+ণিন্‌ কর্তৃ। বিণ।
শঙ্কু—শল্য, শেল; বর্শা, সড়কি; সূর্যচ্ছায়া মাপিবার দ্বাদশাঙ্গুল কাঠি, style, gnomon; কীলক, গোঁজ; মুড়াগাছ; শিব; বিক্রমাদিত্যের নবরত্নের মধ্যে এক রত্ন; পাপ; পুং-চিহ্ন; পত্রের শিরাসমূহ; ভয়। শন্‌ক্‌+উ অপা। বি; পুং। [বি; ক্লী।
শঙ্কুপট্ট—সূর্যঘড়ি, sundial. শঙ্কুযুক্ত পট্ট, মধ্যপ।
শঙ্খ—১। সমুদ্রজাত দ্রব্য বিঃ, শাঁখ। বি; পুং বা ক্লী। ২। গলদেশ; ললাটের অস্থি; কুবেরের নিধি বিঃ; লক্ষকোটী; নখী; রণঢক্কা; হস্তিদন্তদ্বয়ের মধ্যভাগ; শাঁখা, স্ত্রীলোকের হাতের শঙ্খবলয়। শম্‌ +খ কর্তৃ। বি; পুং।
শঙ্খকার—শাঁখারি, শঙ্খব্যবসায়ী। উপতৎ; শঙ্খ—কৃ+অণ্‌ কর্তৃ। বি; পুং।
শঙ্খচক্রগদাপদ্ম—শ্রীবিষ্ণুর চারি হস্তের চারি আভরণ। দ্বন্দ্ব। বি; ক্লী।
শঙ্খচক্রগদাপদ্মধারী (-ধারিন্‌)—শ্রীবিষ্ণু। উপতৎ; শঙ্খচক্রগদাপদ্ম—ধৃ+ণিন্‌ কর্তৃ। বি; পুং।
শঙ্খচিল—সাদা বক্ষোযুক্ত একপ্রকার চিল। < শঙ্খ-চিল্ল। বি। [চিল্ল, মধ্যপ। বি; পুং।
শঙ্খচিল্ল—একপ্রকার শ্বেত বক্ষোযুক্ত চিল। শঙ্খযুক্ত
শঙ্খচূড়—একপ্রকার বিষধর সাপ, রাজসাপ, king-cobra; জনৈক অসুর। শঙ্খ চূড়াতে যাহার, বহু। বি; পুং।
শঙ্খচূর্ণী—সধবা স্ত্রীলোকের প্রেতাত্মা, শাঁখচুন্নী। শঙ্খ—চূর্ণ্‌+অচ্‌ কর্তৃ+ঈপ্‌। বি; স্ত্রী।
শঙ্খবণিক্‌ (-বণিজ্‌)—শাঁখারী। শঙ্খনির্মাতা বণিক্‌, মধ্যপ। বি; পুং।
শঙ্খবিষ—সেঁকো বিষ। বাংপ্র। বি।
শঙ্খবেলান্যায়—ন্যায় বিঃ [শঙ্খধ্বনি দ্বারা নির্দিষ্ট বেলা নির্ণয় করার মত (আজকাল যেমন স্কুল প্রঃতে বাঁশী ঘণ্টা প্রঃর দ্বারা বেলা নির্ণয় করা হয়) কোন শব্দাদি দ্বারা কোন অর্থবিশেষের জ্ঞাপন এই ন্যায়ের বিষয়বস্তু]। শঙ্খ (অর্থাৎ শঙ্খধ্বনি)-নির্দেশিত বেলা, মধ্যপ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।
শঙ্খিনী—১। চতুর্বিধ স্ত্রী-জাতির মধ্যে একপ্রকার স্ত্রীজাতি; শাঁখচুন্নী; একজাতীয় সাপ। বি; স্ত্রী। ২। শঙ্খযুক্তা। শঙ্খ+ইন্‌ আছে অর্থে+ঈপ্‌। বিণ; স্ত্রী।

শচি, শচী—ইন্দ্রাণী; শ্রীগৌরাঙ্গের জননী। শচ্‌+ই কর্তৃ; পক্ষে ঈপ্‌। বি; স্ত্রী।
শচীন্দ্র—দেবরাজ ইন্দ্র। শচীর ইন্দ্র (পতি), ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শচীপতি—ইন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শচীশ—ইন্দ্র। শচীর ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শজারু—গায়ে কাঁটাযুক্ত ক্ষুদ্র জন্তু বিঃ, শল্লকী। < শল্লকরূপ। বি। [< শোভাঞ্জন। বি।
শজিনা, শজনে—একপ্রকার বৃক্ষ ও তাহার ফল বিঃ।
শটকে—১ হইতে ১০০ পর্যন্ত গণনা। < শতকিয়া। বি। [**শটিত**।
শটন—পচিয়া যাওয়া। শট্‌+অনট্‌ ভাব। বি। বিণ—
শটি, শটী—হরিদ্রাজাতীয় উদ্ভিদ্‌ বিঃ, zedoary. শট্‌+ই কর্তৃ; পক্ষে ঈপ্‌। বি; স্ত্রী।
শঠ—খল, ধূর্ত; পাজি; মূর্খ; নিষ্কর্মা; যে এক পত্নীকে বাহ্য প্রণয় প্রদর্শন করে কিন্তু বাস্তবিক অন্যকে ভালবাসে এমন। শঠ্‌+অচ্‌ কর্তৃ। বিণ।
শঠতা—ধূর্ততা; খলতা; ক্রূরতা; দুষ্টামি; প্রতারণা। শঠ+তা ভাবে। বি; স্ত্রী।
শণ—শণ গাছ, ছোট গাছ বিঃ, san hemp. শণ্‌+অচ্‌ কর্তৃ, সংজ্ঞার্থে। বি; ক্লী।
শত—দশগুণিত দশসংখ্যা, ১০০; ১০০-সংখ্যক। শো+ডত কর্তৃ। বি বা বিণ; ক্লী।
শতক—১। শতসংখ্যাবিশিষ্ট; শত শ্লোকে নিবন্ধ। শত+কন্‌ পরিমাণার্থে। বিণ। স্ত্রী—**শতিকা**। ২। শতসংখ্যা। শত+কন্‌ স্বার্থে। বি; ক্লী। ৩। শতাব্দী। বাংপ্র। বি।
শতকরা—প্রতি এক শতের মধ্যে, প্রতি শতের অনু-পাতে, per cent. প্রতি শতে এই বাক্যে, অব্যয়ী (বাংপ্র)। অ। [মু। বি।
শতকিয়া—এক হইতে একশত পর্যন্ত গণনা। হি-
শতক্রতু—শতাশ্বমেধ যজ্ঞকারী ইন্দ্র। বহু। বি; পুং।
শতখাগী, শতেকখাগী—যাহার একশত প্রিয়জনের বা প্রণয়ীর মৃত্যু হইয়াছে এমন (স্ত্রী)। শত, শতেক—খা+কো (< উকা) কর্তৃ+ঈ (বাংপ্র)। বি বা বিণ; স্ত্রী।
শতগ্রন্থি—১। দূর্বা। শত গ্রন্থি যাহার, বহু। বি; স্ত্রী। ২। একশত গেরো, একশত গাঁইট। কর্মধা। বি; পুং। ৩। একশত গ্রন্থি বা গেরোযুক্ত; একশ জায়গায় ছেঁড়া। শত গ্রন্থি যাহাতে, বহু। বিণ।
শতঘ্নী—শতপুরুষ-ঘাতক অস্ত্র বিঃ, চতুঃশত লৌহ-কণ্টকব্যাপ্ত যষ্ট্যাকার অস্ত্র; আধুনিক কামান। উপতৎ; শত—হন্‌+টক্‌ কর্তৃ+ঈপ্‌। বি; স্ত্রী।
শততম—একশত সংখ্যার পূরক। শত+তমট্‌ পূরণার্থে। বি। স্ত্রী, -মী।
শততারা—(জ্যোতিষ) শতভিষানক্ষত্র। শত তারা যাহাতে, বহু+আপ্‌। বি; স্ত্রী।
শতদল—১। একশত পাপড়িযুক্ত। বিণ। ২। পদ্ম। বহু। বি; ক্লী।
শতদলবাসিনী—কমলা, লক্ষ্মী। উপতৎ; শতদল—বস্‌+ণিন্‌ কর্তৃ+ঈপ্‌। বি; স্ত্রী।

শতদ্রু—পঞ্জাবের অন্তর্গত পঞ্চনদের একটি। -শত—দ্রু+কু কর্তৃ। বি; স্ত্রী।

শতধা—১। শতপ্রকারে; শতবার। শত+ধাচ্ প্রকারার্থে অ। ২। দূর্বা। শত (শতগ্রন্থি)—ধা+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

শতধার—১। বজ্র, অশনি, কুলিশ। বি। ২। একশত-ধারাবিশিষ্ট। বহু। বিণ।

শতধারে—অজস্রধারায়। শত ধারা যাহাতে, বহু, এরূপে। ক্রি-বিণ।

শতপত্র—১। পদ্মপুষ্প; একশত পাতা। বি; ক্লী। ২। ময়ূর; কাঠঠোকরা; শুকপক্ষী; সারস। বহু। বি; পুং।

শতপত্রভেদ-ন্যায়—ন্যায় বিঃ [একশত পত্র উপর্যুপরি রাখিয়া সূচীদ্বারা বিদ্ধ করিলে একই সময়ে সবগুলিই বিদ্ধ হইল বলিয়া মনে হয়। কিন্তু বাস্তবিক তাহা ভুল। পত্রগুলি একটির পর একটি করিয়াই বিদ্ধ হয়। এই ন্যায় এইরূপ ভুলের একটি উদাহরণ]। শতপত্রের ভেদ, ৬ষ্ঠীতৎ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

শতপথ—যজুর্বেদাংশ বিঃ; বেদের অংশ ব্রাহ্মণ বিঃ। বহু। বি; পুং। [বহু। বি; ক্লী।

শতপদ—নামকরণার্থ প্রথম বর্ণসূচক চক্রচিহ্ন বিঃ।

শতপদী—কর্ণকীটী, কানকোটারী, কেন্নো; বৃশ্চিক, বিছা। শতপদ+ঈপ্। বি; স্ত্রী।

শতঘরিয়া—শতসংখ্যক পরস্ত্রীগামী, লম্পট ('আওত পরবঞ্চক শঠ নাগর শতঘরিয়া')। প্রা কপ্র। বিণ।

শতভিষক্ (-ভিষজ্), **-ভিষা**—অশ্বিনী প্রঃ নক্ষত্রের চতুর্বিংশ নক্ষত্র। শত ভিষক্ (ভিষগের ন্যায় তারা) যাহাতে, বহু; ২য় পক্ষে শত ভিষ যাহাতে, বহু+আপ্। বি; স্ত্রী।

শতমারী (-মারিন্)—১। উত্তম চিকিৎসক। বি; পুং। ২। শত লোকের প্রাণ বিনাশকারী; যে একশত বার পারদ জারণ করিয়া অভিজ্ঞতা লাভ-পূর্বক বৈদ্য বলিয়া পরিগণিত হইয়াছে এমন; যাহার হাতে একশত রোগীর মৃত্যু হওয়াতে প্রত্যেকটির মৃত্যুর কারণ নির্ধারণ করিয়া যে অভিজ্ঞতালাভ করিয়াছে এরূপ। উপতৎ; শত—মৃ+ণিচ্+ণিন্ কর্তৃ। বি বা বিণ। স্ত্রী, **-মারিণী**।

শতমুখ—১। একশত-মুখযুক্ত। বহু। বিণ। স্ত্রী, **-খা, -খী**। ২। যে উৎসাহের সহিত কোনও বিষয় সম্বন্ধে বার বার কথা বলে এমন। বাংপ্র। বিণ।

শতমুখী—১। সম্মার্জনী; ঝাঁটা। বি; স্ত্রী। ২। একশত-মুখবিশিষ্টা; অত্যন্ত মুখরা। শতমুখ +ঈপ্। বিণ; স্ত্রী।

শতমূলা—দূর্বা; বচা। বহু+আপ্। বি; স্ত্রী।

শতমূলী—স্বনামপ্রসিদ্ধ লতা বিঃ, asparagus. শত মূল যাহার, বহু+ঈপ্। বি; স্ত্রী।

শতরঞ্চ—দাবাবোড়ে খেলা। <আ 'শৎরঞ্জ'। বি।

শতরঞ্জি—বিচিত্র সূত্রনির্মিত মোটা আস্তরণ বিঃ, দরি। <আ 'শৎরঞ্জি'। বি।

শতশঃ (-শস্)—শত শত করিয়া। শত+শস্। অ।

শতসহস্র—১। লক্ষসংখ্যা। শতগুণিত সহস্র, মধ্যপ। বি; ক্লী। ২। অসংখ্য। বাংপ্র। বিণ।

শতাংশ—১। একশত ভাগ। শত অংশ, কর্মধা। বি; পুং। ২। একশত ভাগের একভাগ। বাংপ্র। বি।

শতাবধি—একশতের কাছাকাছি, প্রায় একশত। শত অবধি যাহার, বহু। বিণ।

শতাব্দ, শতাব্দী—শতবৎসর-পরিমিত কাল, century. শত অব্দের সমাহার, সমা দ্বিগু; পক্ষে+ঈপ্। বি; ক্লী, স্ত্রী। [বহু। বিণ।

শতায়ুঃ (-য়ুস্)—শতবর্ষজীবী। শত আয়ুঃ যাহার,

শতেক—একশত; প্রায় একশত। এক শত যাহাতে, বহু (এক শব্দের পরনিপাত ও বাংলা নিয়মে সন্ধি)। বিণ।

শতেকখাগী—'শতখাগী' দ্রঃ।

শত্রু—অরি, বিপক্ষ, রিপু; লগ্ন হইতে অষ্টম স্থান; কামাদি ষড়রিপু। শদ্+রু কর্তৃ। বি; পুং।

শত্রুঘ্ন—১। সুমিত্রাপুত্র, রামের বৈমাত্রেয় ও লক্ষ্মণের সহোদর ভ্রাতা। বি; পুং। ২। শত্রুনাশক। উপতৎ; শত্রু—হন্+ক কর্তৃ। বিণ।

শত্রুঞ্জয়—শত্রুজয়কারী, রিপুজয়ী। উপতৎ; শত্রু—জি+খ কর্তৃ। বিণ।

শত্রুপক্ষ—১। বিপক্ষের অন্তর্ভুক্ত, শত্রু। শত্রু পক্ষ যাহার, বহু। বিণ। ২। শত্রুর দল, বৈরিদল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শনাক্ত—নিশানদিহি, পরিচিত বলিয়া নির্দেশ, identification. <ফা 'শিনাখৎ'। বি।

শনি—সপ্তম গ্রহ; Saturn; দেবতা বিঃ; শনিবার। শো+অনিক্ কর্তৃ। বি; পুং।

শনৈঃ (শনৈস্)—অল্পে অল্পে, ক্রমে ক্রমে। শণ্+ডৈসি কর্তৃ (নিপা)। অ।

শনৈশ্চর—শনি। শনৈস্—চর্+অচ্ কর্তৃ। বি; পুং।

শপ—একপ্রকার লম্বা মাদুর। বাংপ্র। বি।

শপতি—দিব্য, শপথ ("আমার শপতি লাগে"—যাদবেন্দ্র)। প্রা রূপ্র। বি।

শপথ—দিব্য, oath; প্রতিজ্ঞা; গালি। শপ্+অথন্ ভাব। বি; পুং।

শপথপত্র—প্রতিজ্ঞাপূর্বক কোন বিষয়কে সত্য বলিয়া স্বীকার করিয়া যে দলিল লিখিয়া দেওয়া হয়, affidant. শপথজ্ঞাপক পত্র, মধ্যপ। বি; ক্লী।

শপ্ত—শাপগ্রস্ত; অভিশপ্ত। শপ্+ক্ত কর্ম। বিণ।

শফ—পশ্বাদির খুর; বৃক্ষমূল। শম্+অচ্ কর্তৃ (ম-স্থানে ফ)। বি; পুং বা ক্লী।

শফর—বাণিজ্যার্থ যাত্রা; বিদেশভ্রমণ। আ। বি।

শফর, শফরী—প্রোষ্ঠী, পুঁটিমাছ। শফ—রা+ক কর্তৃ; পক্ষে ঈপ্। বি; পুং, স্ত্রী।

শব—মৃতদেহ, মড়া। শব্+অচ্ কর্তৃ। বি; পুং বা ক্লী। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং।

শবদহন, -দাহ—মড়া পোড়ানো; মৃতদেহ-সৎকার।

শবদেহ—মৃতদেহ, প্রাণহীন শরীর। কর্মধা। বি; পুং বা ক্লী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

শবব্যবচ্ছেদ—মৃতদেহ কাটা, মড়া কাটা, dissection.

শবর—কিরাত, ব্যাধ। শব—রা+ক কর্তৃ। বি; পুং; স্ত্রী, -রী। [বিণ। স্ত্রী—**শবলা**।

শবল—নানাবর্ণযুক্ত; কর্বুরবর্ণ। শব্+কলচ্ কর্ম।

শবশোভাযাত্রা—মৃতদেহ লইয়া বহু লোকজনের পথ দিয়া গমন। শবানুগামিনী শোভাযাত্রা, মধ্যপ। বি; স্ত্রী।

শবসংস্কার—মড়া পোড়ানো। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শবসাধন, -সাধনা—শবের উপরে বসিয়া জপ করা। শব দ্বারা বা শবোপরি সাধন, সাধনা, ৩য়াতৎ বা ৭মীতৎ। বি; ক্লী, স্ত্রী।

শবাচ্ছাদন—মড়া ঢাকিবার কাপড়। শবের আচ্ছাদন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

শবাধার—যে বাক্সে মড়া রাখিয়া কবর দেওয়া হয় তাহা, coffin. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শবাসন—১। মড়ার মত অবস্থান। শবতুল্য আসন, মধ্যপ। ২। শবরূপ আসন। শবই আসন, কর্মধা। বি; ক্লী।

শবাসনা—মৃতদেহোপরি আসীনা; কালী। শব আসন যাঁহার, বহু+আপ্। বিণ বা বি; স্ত্রী।

শবেবরাত—শ্রাবণ মাসের চতুর্দশ দিবস। আ। বি।

শব্দ—১। ধ্বনি, নাদ, শ্রবণেন্দ্রিয়গ্রাহ্য পদার্থ, আওয়াজ; অর্থবোধক ধ্বনি বা অক্ষরসমষ্টি বা অক্ষর, word; বিভক্তিরহিত নাম; নাম। শব্দ্+অচ্ ভাব। ২। বাচক বর্ণ; যশঃ। শব্দ্+অচ্ কর্ম। বি; পুং।

শব্দকোষ—অভিধান, শব্দার্থপ্রকাশক গ্রন্থ, dictionary. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শব্দতরঙ্গ—ধ্বনির তরঙ্গ; শব্দ উচ্চারিত হইলে বায়ুমণ্ডলে যে কম্পন হয় তাহা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শব্দবহ—১। বায়ু; আকাশ। বি; পুং। ২। ধ্বনিবহনকারী। শব্দ—বহ্+অচ্ কর্তৃ। বিণ।

শব্দবিন্যাস—বাক্যমধ্যে শব্দের সন্নিবেশ, শব্দ-ব্যবহার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শব্দবেধী (-বেধিন্), **-ভেদী** (-ভেদিন্)—১। শব্দানুসারে বিদ্ধকারী। বিণ। ২। অর্জুন; দশরথ; বাণ বিঃ। উপতৎ; শব্দ—ব্যধ্, ভিদ্+ণিন্ কর্তৃ। বি; পুং। [মধ্যপ। বি; ক্লী।

শব্দব্রহ্ম (-ব্রহ্মন্)—শব্দাত্মক ব্রহ্ম; বেদ; শ্রুতি।

শব্দশক্তি—অভিধা লক্ষণা ব্যঞ্জনা প্রঃ শব্দের অর্থ-বোধক বৃত্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শব্দশঃ (-শস্)—শব্দ অনুসারে, verbatim. শব্দ +শস্। অ।

শব্দশাস্ত্র—ব্যাকরণাদি শাস্ত্র। মধ্যপ। বি; ক্লী।

শব্দাতীত—শব্দ দ্বারা প্রকাশের অযোগ্য। ২য়াতৎ। বিণ।

শব্দায়মান—শব্দকারী, যে শব্দ করিতেছে এমন। শব্দ+ক্যঙ্ (=শব্দায় নামধাতু)+শানচ্ কর্তৃ। বিণ।

শব্দার্থ—শব্দের মানে; শব্দের ত্রিবিধ অর্থ (যথা—শক্যার্থ, লক্ষ্যার্থ ও ব্যঙ্গার্থ)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শব্দালঙ্কার, শব্দালংকার—নানাভাবে শব্দ যোজনা দ্বারা বাক্যের শোভাসম্পাদনরূপ অলংকার, যমক শ্লেষ অনুপ্রাস বক্রোক্তি প্রঃ অলংকার। মধ্যপ। বি; পুং।

শব্দিত—ধ্বনিত; উচ্চারিত; আহূত। শব্দ+ক্ত কর্ম; অথবা, শব্দ+ইতচ্ জাতার্থে, প্রাপ্তার্থে। বিণ।

শম—১। নিরুপদ্রব, শান্তি; মনঃসংযম; ক্ষমা; মোক্ষ; নিবৃত্তি, উপশম। শম্+ঘঞ্ ভাব। ২। তিরস্কার; উপচার; হস্ত। শম্+ঘঞ্ করণ। বি; পুং।

শমতা—শান্তি, উপশম, নিবৃত্তি। শম+তা ভাবে। বি; স্ত্রী।

শমন—১। যম; কৃতান্ত। শম্+ণিচ্+অন কর্তৃ। বি; পুং। ২। যজ্ঞার্থ পশুবধ; উপশম; শান্তিসম্পাদন; হিংসা; তিরস্কার; শাপ; চর্বণ; আঘাত; ক্ষতি; দমন। শম্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ৩। তলব; বিচারালয়ে উপস্থিত হইবার পত্র। <ইং 'summons'. বি।

শময়িতা (-তৃ)—দমনকারক; নিবারক; বিনাশক। ণিজন্ত শম্ (=শমি)+তৃন্ কর্তৃ। বিণ; পুং। স্ত্রী —**শময়িত্রী**।

শমি, শমী—শাঁইগাছ; কলাই প্রঃব শুঁটি। শম্+ইন্ কর্তৃ; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

শমিত—দমিত; বিনাশিত। শম্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। [কর্তৃ। বিণ; পুং।

শমী (শমিন্)—সংযমী, ধীর; শান্ত। শম্+ণিন্

শমীগর্ভ—১। ব্রাহ্মণ। শমীর গর্ভের ন্যায় (শমীমধ্যে অগ্নি আছে ইহাই প্রসিদ্ধি) গর্ভ (অর্থাৎ দেহা-ভ্যন্তর) যাঁহার, বহু। ২। অগ্নি। শমীই গর্ভ (উৎপত্তিস্থান) যাহার, বহু। বি; পুং।

শম্পা—তড়িৎ, বিদ্যুৎ; দক্ষিণ হস্তের বাম করতলের আঘাত দ্বারা প্রকাশিত মার্গসংগীতের তালাঘাত। শম্—পা+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

শম্বর—১। ধন; জল। বি; ক্লী। ২। মৃগ বিঃ; মৎস্য বিঃ; অসুর বিঃ। শম্ব্+অরন্ কর্তৃ। বি; পুং।

শম্বরারি—শ্রীকৃষ্ণপুত্র প্রদ্যুম্ন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শম্বু, শম্বূ, শম্বুক, শম্বূক—শামুক; গজকুম্ভাগ্র; শঙ্খ; ক্ষুদ্র শঙ্খ; দৈত্য বিঃ; রাম কর্তৃক নিহত শূদ্র মুনি বিঃ। শম্ব্+উন্, কূ কর্তৃ; শম্বু, শম্বূ +কন্ স্বার্থে। বি; পুং।

শম্ভু—শিব; ব্রহ্মা; বিষ্ণু; বুদ্ধ। শম্—ভূ+ডু কর্তৃ। বি; পুং।

শয়তান—ইহুদী, খ্রীষ্টান ও মুসলমান শাস্ত্রে উক্ত ঈশ্বরবিরোধী অপদেবতা বিঃ; ক্রুর ও দুষ্ট ব্যক্তি। আ। বি। বিণ—**শয়তানী**।

শয়তানি—দুষ্টামি, শয়তানের ন্যায় কার্য। আ-মু। বি। [স্ত্রী।

শয়তানী—স্ত্রী-শয়তান; দুষ্টা নারী। আ-মু। বি;

শয়ন—১। শোওয়া; নিদ্রা; স্ত্রী-সঙ্গ। শী+অনট্ ভাব। ২। শয্যা, বিছানা; খট্বা। শী+অনট্ অধি। বি; ক্লী। [পুং, ক্লী।

শয়ন-কক্ষ, -মন্দির—শুইবার ঘর। ৬ষ্ঠীতৎ। বি;

শয়নবাস—ঘুমাইবার পোশাক, sleeping garment. শয়নোচিত বাস, মধ্যপ। বি; ক্লী।
শয়নীয়—১। শোওয়ার জায়গা, বিছানা, শয্যা। বি; ক্লী। ২। শয়নযোগ্য। শী+অনীয় অধি। বিণ।
শয়নৈকাদশী—শ্রীহরির শয়নের তিথি, আষাঢ় মাসের শুক্লা একাদশী। শয়নের একাদশী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
শয়ান—যে শয়ন করিয়া আছে এরূপ; নিদ্রিত। শী+শানচ্ কর্তৃ। বিণ।
শয়ালু—নিদ্রাশীল, নিদ্রালু। শী+আলু কর্তৃ। বিণ।
শয়িত—যে শয়ন করিয়াছে এরূপ; নিদ্রিত, সুপ্ত। শী+ক্ত কর্তৃ। বিণ।
শয্যা—১। বিছানা, তল্প; খট্বা; শব্দগুম্ফ। শী+ক্যপ্ অধি+আপ্। ২। শয়ন। শী+ক্যপ্ ভাব+আপ্। বি; স্ত্রী।
শয্যাগত—(রোগাদির জন্য) শয্যায় শয়ান; উত্থানশক্তিরহিত, যে বিছানা হইতে উঠিতে পারে না এমন। ২য়াতৎ। বিণ।
শয্যাগুরু—স্বামী, পতি। ৭মীতৎ। বি; পুং।
শয্যাগৃহ—শুইবার ঘর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শয্যাশায়ী (-শায়িন্)—যে বিছানায় শুইয়া আছে এমন; (রোগাদির জন্য) উত্থানশক্তিরহিত। উপতৎ; শয্যা—শী+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শায়িনী**।
শয্যাসঙ্গিনী—পত্নী। ৭মীতৎ। বি; স্ত্রী।
শর, সর—১। ইষু, বাণ; খাগড়া গাছ, reed. শৄ+অপ্ করণ; সৃ+অচ্ কর্তৃ। বি; পুং। ২। দধিদুগ্ধের অগ্রভাগ। শৄ, সৃ+অচ্ কর্তৃ। বি; ক্লী।
শরক্ষেপ, -ক্ষেপণ, -নিক্ষেপ—বাণছোড়া, তীর-নিক্ষেপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।
শরচ্চন্দ্র—শরৎকালের চন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শরজাল—তীরসমূহ; একবারে নিক্ষিপ্ত অসংখ্য তীর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শরণ—১। আশ্রয়; রক্ষা। শৄ+অনট্ ভাব। ২। গৃহ; রক্ষক। শৄ+অন কর্তৃ। বি; ক্লী।
শরণস্থল—আশ্রয়-স্থান; যে আশ্রয় দান করিবে এমন ব্যক্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শরণাগত—শরণাপন্ন, রক্ষার্থী। ২য়াতৎ। বিণ।
শরণাপন্ন—আশ্রিত, রক্ষার্থী। ২য়াতৎ। বিণ।
শরণার্থী (-র্থিন্)—রক্ষাপ্রার্থী; অভয়যাচক; আশ্রয়-প্রার্থী, refugee. উপতৎ; শরণ (রক্ষা)—অর্থ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-র্থিনী**।
শরণি, শরণী—পথ, রাস্তা; পৃথ্বী। শৄ+অনি করণ, অধি; ২য় পক্ষে+ঙীপ্। বি; স্ত্রী।
শরণ্য—১। রক্ষাকর্তা; রক্ষণসমর্থ। শরণ+যৎ সাধু অর্থে। ২। রক্ষণীয়। শরণ+যৎ যোগ্যার্থে। বিণ। ৩। আশ্রয়; গৃহ। বি; ক্লী।
শরৎ (শরদ্)—ঋতু বিঃ, ভাদ্র আশ্বিন—এই দুই মাস। শৄ+অদি কর্তৃ। বি; স্ত্রী।
শরৎকাল—শরৎ ঋতু, ভাদ্র আশ্বিন—এই দুই মাস-কাল। কর্মধা। বি; পুং।
শরৎকালীন—শরৎকালজাত; শরৎকাল সম্বন্ধীয়। শরৎকাল+ঈন ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ।
শরদ—একপ্রকার বীণাযন্ত্র; সরোদ। <শারদ। বি।
শরদিন্দু—শরৎকালের চন্দ্র। শরতের ইন্দু, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শরদিন্দুনিভাননা—শরৎকালের চাঁদের মত সুন্দর মুখবিশিষ্টা। বহু+আপ্। বিণ; স্ত্রী।
শরবণ—নলখাগড়ার ঝাড়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শরবৎ—১। তীরের ন্যায়। শর+বতিচ্ তুল্যার্থে। অ; ক্রি-বিণ।
শরবত—চিনি মিছরি বা ফলের রস প্রঃর পানা। আ। [বি।
শরবিদ্ধ—তীর দ্বারা আহত, তীর দ্বারা বিদীর্ণ। ৩য়াতৎ। বিণ।
শরভ—উষ্ট্র, পুরাণবর্ণিত অষ্টপাদ মৃগ বিঃ; করিশাবক; শলভ; বানর বিঃ। শৄ+অভচ্ কর্তৃ। বি; পুং।
শরম—লজ্জা, ব্রীড়া। <ফা 'শর্ম্'। বি।
শরযোজন, -যোজনা—নিক্ষেপ করিবার উদ্দেশ্যে ধনুকে শরস্থাপন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।
শরসন্ধান—নিক্ষেপ করিবার জন্য ধনুকে তীর-স্থাপন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি।
শরা—মৃৎপাত্র বিঃ; মাটির ঢাকনা বিঃ; <শরাব।
শরাঘাত—তীর দ্বারা বিদ্ধ করণ। ৩য়াতৎ। বি; পুং।
শরাব—১। মৃৎপাত্র বিঃ; শরা। শর—অব্+অণ্ কর্তৃ। বি; পুং। ২। মদ্য। আ। বি।
শরাশ্রয়—তীর রাখিবার পাত্র, শরধি, তূণ। শরের আশ্রয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শরাসন—কার্মুক, ধনুক। ৬ষ্ঠীতৎ অথবা শর—অস্+অনট্ করণবা। বি; ক্লী।
শরাহত—তীর দ্বারা বিদ্ধ। ৩য়াতৎ। বিণ।
শরিক—ভাগী; অংশীদার। ফা। বি। বিণ—**শরিকী, শরিকানী**। [বি।
শরিকানা—অংশানুযায়ী প্রাপ্য বস্তু বা অর্থ। ফা।
শরিয়ত, শরীয়ত—মুসলমানদিগের ধর্মসংক্রান্ত আইন; মুসলমান ধর্মশাস্ত্র। আ। বি।
শরীর—দেহ, কায়; স্বাস্থ্য ('— রক্ষা')। শৄ+ঈরন্ কর্ম বা কর্তৃ (যে রোগাদি দ্বারা শীর্ণ হয়)। বি; ক্লী।
শরীরধারী (-ধারিন্)—মূর্তিবিশিষ্ট; দেহবিশিষ্ট। উপতৎ; শরীর—ধৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ধারিণী**।
শরীরপতন, -পাত—মৃত্যু; অনশন পরিশ্রম প্রঃর জন্য স্বাস্থ্যহানি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং।
শরীররক্ষী (-রক্ষিন্)—দেহরক্ষী, শত্রু প্রঃ হইতে রক্ষাকারী অনুচর। শরীররক্ষা+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-রক্ষিণী**।
শরীরী (-রিন্)—১। আত্মা, জীবাত্মা; প্রাণী, জীব, জন্তু; মনুষ্য। বি; পুং। ২। দেহবিশিষ্ট। শরীর+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-রিণী**।
শর্করা—চিনি; খোলামকুচি; কাঁকর; খণ্ড; দানা। শৄ+করন্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
শর্ত—কড়ার; প্রতিশ্রুতি; নির্ধারণ, নিয়ম। <আ 'শর্ত্'। বি।

শর্ব—শিব। শৃ+বন্ কর্তৃ। বি; পুং।
শর্বরী—রজনী; নারী; হরিদ্রা। শৃ+ষ্বরচ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
শর্বাণী—পার্বতী, দুর্গা। শর্ব+ঈপ্ (আনুক্-আগম)। বি; স্ত্রী। [বি; ক্লী।
শর্ম—সুখ, স্বাচ্ছন্দ্য; কল্যাণ। শৃ+মনিন্ কর্তৃ।
শর্মা (শর্মন্)—ব্রাহ্মণমাত্রের উপনাম; ব্রাহ্মণত্বসূচক উপাধি। শৃ+মনিন্ কর্তৃ। বি; পুং।
শলভ—পতঙ্গ, ফড়িং; পঙ্গপাল। শল্+অভচ্ কর্তৃ। বি; পুং।
শলা—শিক; সরু শলাকা, probe. <শলাকা। বি।
শলাকা—শলা; ক্ষুদ্রযষ্টি; কাঁটা; নল; বাণ; অঙ্কুর, তুলিজ প্রঃ; হাড়; শল্লকী; শেল; ছাতার সিক; খাঁচার কাটি; দাঁতনকাঠি; দেশলাই; ময়নাগাছ; খড়কে; কুফন; খেলার পাশা; শারিকা; বচ। শল্+আকন্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
শল্ক—মাছের আঁশ; বল্কল। শল্+ক কর্তৃ। বি; ক্লী।
শল্কী (-ল্কিন্)—যাহার আঁশ আছে এমন। শল্ক+ইন্ আছে অর্থে। বিণ।
শল্য—১। শঙ্কু, শলাকা, কীলক, শেল। বি; পুং বা ক্লী। ২। তোমর, লৌহশাবল; বাণ; বিষ; দুর্বাক্য; অস্থি; কণ্টক; ভাগাড়। শল্+যক্ কর্তৃ। বি; ক্লী।
শল্যবিদ্যা—যে শাস্ত্রে জ্ঞান থাকিলে দেহবিদ্ধ কণ্টকাদি অথবা দেহের অপ্রয়োজনীয় অংশ দূর করা যায় তাহা, surgery. মধ্যপ। বি; স্ত্রী।
শল্যোদ্ধার—শরীর হইতে বাণ ইঃ তুলিয়া ফেলা; বাস্তুভূমি হইতে অস্থি উত্তোলন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শল্ল, শল্লক—ত্বক্; শল্কে, আঁশ। শল্ল+অচ্ কর্তৃ; শল্ল+কন্। বি; ক্লী।
শল্লকী (-কিন্)—শজারু। শল্লক+ইন্ আছে অর্থে। বি; পুং।
শশ, শশক—খরগোশ; চন্দ্রের লাঞ্ছন; চতুর্বিধ পুরুষের অন্তর্গত একবিধ পুরুষ। শশ্+অচ্ কর্তৃ; পক্ষে স্বার্থে কন্। বি; পুং।
শশধর, শশলাঞ্ছন, শশাঙ্ক, শশী (শশিন্)—চন্দ্র, মৃগাঙ্ক; কর্পূর (চন্দ্রনামত্ব হেতু)। শশের ধর, ৬ষ্ঠীতৎ; শশ লাঞ্ছন যাঁহার, বহু; শশ অঙ্ক বা অঙ্কে যাঁহার, বহু; শশ+ইন্ আছে অর্থে। বি; পুং।
শশবিষাণ—শশক-শৃঙ্গ (অতি অসম্ভব বিষয় সম্বন্ধে প্রযুক্ত); অলীক বস্তু। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শশব্যস্ত—অত্যন্ত ত্বরান্বিত, অতি ব্যস্ত। শশবৎ ব্যস্ত, উপমান কর্মধা। বিণ।
শশলাঞ্ছন—'শশধর' দ্রঃ।
শশাঙ্ক—'শশধর' দ্রঃ।
শশিকলা—পঞ্চ দশাক্ষর-পাদক ছন্দো বিঃ; চন্দ্রের অংশ। শশীর কলা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
শশিকান্ত—১। কুমুদ। বি; ক্লী। ২। চন্দ্রকান্ত মণি। বহু। বি; পুং।
শশিভূষণ, -শেখর—শিব, চন্দ্রচূড়, মহাদেব। শশী ভূষণ যাঁহার, বহু; শশী শেখর যাঁহার, বহু। বি; পুং।
শশিমুখী—চন্দ্রবদনা, চাঁদবদনী। শশীর ন্যায় মুখ যাহার, বহু+ঈপ্। বিণ; স্ত্রী।
শশী (শশিন্)—'শশধর' দ্রঃ।
শশ্বৎ—সর্বদা, নিরন্তর। শশ্+বৎ কর্ম। অ।
শষ্প, শস্প—কচিঘাস। শষ্, শস্+পক্ কর্ম। বি; ক্লী
শসা—একপ্রকার ফল, ক্ষীরিকা, cucumber. বাংপ্র। বি।
শস্ত্র—আয়ুধ, অস্ত্র; যাহা হস্তে ধারণ করিয়া প্রহার করা যায় তাহা, খড়্গাদি [যাহা নিক্ষেপ করা যায় তাহার নাম অস্ত্র; যেমন—বল্লম, তীর প্রঃ]; লৌহ; লৌহাদিনির্মিত শিল্পসাধিত্র, tool; চিকিৎসার অস্ত্র। শস্+ষ্ট্রন্ করণ। বি; ক্লী।
শস্ত্রকার—শস্ত্রনির্মাণকারী। উপতৎ; শস্ত্র—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং। [বিণ।
শস্ত্রপাণি—যাহার হাতে শস্ত্র আছে এমন। বহু।
শস্ত্রবিদ্যা—শস্ত্রাদির চালন সম্বন্ধীয় বিজ্ঞান। শস্ত্র-সম্বন্ধীয়া বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।
শস্ত্রী (শস্ত্রিন্)—শস্ত্রধারী। শস্ত্র+ইন্ আছে অর্থে। স্ত্রী—শস্ত্রিণী।
শস্প—'শষ্প' দ্রঃ।
শস্য—বৃক্ষাদির ফল; কৃষিকার্য দ্বারা উৎপন্ন ধান্যাদি; ফলের সারাংশ, শাঁস; সদ্গুণ। শস্+যৎ কর্ম। বি; ক্লী।
শস্যক্ষেত্র—ফসলের ক্ষেত। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শস্যমঞ্জরী—ধান প্রঃর শীষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
শস্যশালী (-শালিন্)—প্রচুরশস্যযুক্ত। উপতৎ; শস্য—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -শালিনী।
শস্যশ্যামল—প্রচুর ধান্যাদি শস্য থাকাতে সবুজবর্ণ। ৩য়াতৎ। বিণ।
শস্যাগার—ফসলের ভাণ্ডার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শহর—নগর; রাজধানী। ফা। বি।
শহরত—খ্যাতি, প্রসিদ্ধি; ঘোষণা। ফা। বি।
শহরতলি—নগরের পার্শ্ববর্তী অঞ্চল, suburb. ফা-মু। বি।
শহিদ, শহীদ—ধর্মের জন্য প্রাণদাতা, ন্যায় ধর্ম বা স্বদেশহিত প্রঃ কার্যের জন্য যিনি মৃত্যুবরণ করিয়াছেন। আ। বি।
শহুরে—শহর সম্বন্ধীয়; শহরবাসী। শহর+এ (<ইয়া) সম্বন্ধার্থে (ফা-মু)। বিণ।
শাংকর—'শাঙ্কর' দ্রঃ।
শাঁ, শাঁই-শাঁই—ক্ষিপ্রতা, দ্রুততা। বাংপ্র। অ।
শাঁই—১। ক্ষিপ্রতা। বাংপ্র। অ। ২। শমীবৃক্ষ। <শমী। বি।
শাঁক, শাঁখ—কম্বু। <শঙ্খ। বি।
শাঁখ-আলু—একপ্রকার মিষ্ট আলু, শরবতে আলু। বাংপ্র। বি। [চিল্ল। বি।
শাঁখচিল—শুভ্রলক্ষণযুক্ত সাদা চিল বিঃ। <শঙ্খ-
শাঁখচুন্নী, শাঁকচুন্নী, শাঁখচুর্ণী, শাঁকচুর্ণী—সধবা

স্ত্রীলোকের প্রেতাত্মা, পেতনী। < শঙ্খচূর্ণী। বি। [< শঙ্খ। বি।

শাঁখা—স্ত্রীলোকদিগের শঙ্খনির্মিত বলয় বিঃ।

শাঁখারী—শঙ্খকার, শঙ্খবণিক্। শাঁখা+রী নির্মাতা অর্থে (বাংপ্র)। বি।

শাঁখিনী, শাঁকিনী—শাঁকচুন্নী (তাহা দ্রঃ)। < শঙ্খিনী। বি।

শাঁড়া—বাঁজা, যাহাতে ফল বা ফুল হয় না এমন। < শণ্ড। বিণ।

শাঁপ—শামা (তাহা দ্রঃ)।

শাঁস—ফলাদির সারভাগ। < শস্য। বি।

শাঁসালো—শাঁসযুক্ত; ধনবান্। শাঁস+আলো বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।

শাক—১। গাছের পাতা প্রঃ, পত্র পুষ্প বৃন্ত মূল প্রঃ; তরকারি, vegetable; কোমলকাণ্ড ক্ষুদ্র উদ্ভিদ্, herb. ২। পুরাণোক্ত ষষ্ঠদ্বীপ। শক্+ঘঞ্ কর্ম; অথবা, শো+ক কর্তৃ। ৩। শক্তি। শক্+ঘঞ্ ভাব। ৪। সেগুনগাছ। শক্+ঘঞ্ কর্ম। ৫। গণনীয় বৎসর; কোন সুপ্রসিদ্ধ রাজার অধিকার অথবা কোন সুপ্রসিদ্ধ ঘটনা অবলম্বন করিয়া যে বৎসর গণনা করা যায় তাহা [যথা—সংবৎ, শকাব্দ প্রঃ]; শকজাতির দেশ। শক+অণ্ স্বার্থে। বি; পুং। [ও (ফা) সবজি, স্বন্দ্ব। বি।

শাকসবজি—শাক আনাজ তরকারি প্রঃ। (সং) শাক

শাকান্ন—শাকভাত; অতি সাধারণ খাদ্য। মধ্যপ। বি; ক্লী।

শাকান্নভোজী (-ভোজিন্)—যে সামান্য শাকভাত মাত্র আহার করে এমন; দরিদ্র। উপতৎ; শাকান্ন—ভুজ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**ভোজিনী**।

শাকুন—১। পক্ষী সম্বন্ধীয় ('— বিদ্যা'); কাকচরিত্রাভিজ্ঞ। শকুন+অণ্ জ্ঞানার্থে। বিণ। ২। শকুনসমূহ। শকুন+অণ্ সমূহার্থে। বি; ক্লী।

শাকুনিক—১। পাখি-মারা ব্যাধ। শকুন+ইক হননার্থে। ২। প্রকৃতির নানা লক্ষণ পক্ষী প্রভৃর গতিবিধি ও শব্দ হইতে যে ভবিষ্যৎ ভালমন্দ জানিতে পারে। শকুন+ইক জ্ঞানার্থে। বি; পুং।

শাক্ত—শক্তির উপাসক, তান্ত্রিক সম্প্রদায় বিঃ। শক্তি+অণ্ তদ্দেবতার্থে। বি; পুং।

শাক্তধর্ম (-ধর্মন্)—তান্ত্রিক মতবাদ; শক্তিদেবতার উপাসনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

শাক্তিক—শক্তির উপাসক; শক্তিধারী যোদ্ধা। শক্তি+ইক ইহার দেবতা বা অস্ত্র এই অর্থে। বি; পুং।

শাক্য, শাক্যমুনি, শাক্যসিংহ—বুদ্ধদেব। শক+ষ্যঞ্ ভবার্থে; শাক্যই মুনি, কর্মধা; শাক্যমধ্যে সিংহ (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি; পুং।

শাখা—বিটপ, ডাল; প্রধান বিষয় হইতে নির্গত অঙ্গ, অংশ; বেদের অংশ বিঃ; একদেশ; বাহু; গ্রন্থ-পরিচ্ছেদ; অন্তিক, সমীপ; পক্ষান্তর। শাখ্+অচ্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

শাখানদী—একটি নদী হইতে বহির্গত অন্য নদী। শাখারূপা নদী, মধ্যপ। বি; স্ত্রী।

শাখামৃগ—বানর, বাঁদর। শাখাবিহারী মৃগ (পশু), মধ্যপ। বি; পুং।

শাখী (শাখিন্)—১। বৃক্ষ; গাছ। বি; পুং। ২। শাখাযুক্ত। শাখা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী —**শাখিনী**।

শাখোট—শেওড়াগাছ। শাখ্+ওটন্ কর্তৃ। বি; পুং।

শাগরেদ—ওস্তাদের চেলা, শিষ্য; ছাত্র। < ফা 'শার্গির্দ'। বি।

শাগরেদি—শিষ্যগিরি। শাগরেদ+ই ভাবে, কর্মার্থে (ফা-মু)। বি।

শাঙন—শ্রাবণ। কপ্র। বি।

শাঙ্কর, শাংকর—শঙ্করাচার্য সম্বন্ধীয়; শংকরাচার্য কর্তৃক প্রণীত বা কথিত ('— ভাষ্য')। শঙ্কর, শংকর+অণ্ সম্বন্ধাদি অর্থে। বিণ।

শাঙ্গা—বিধবার বা সধবার পুনর্বিবাহ; মেটে ঘরের কাঁড়কাঠ; দ্রব্যাদি রাখিবার নিমিত্ত কাঁধে আবদ্ধ সমান্তরাল কাষ্ঠদ্বয়। বাংপ্র। বি।

শাজাদা—শাহজাদা (তাহা দ্রঃ)।

শাট—পরিধেয় বস্ত্রাদি ('— পটাবৃত')। শট্+ঘঞ্ কর্ম। বি; পুং।

শাটী—শাড়ী। শট্+ঘঞ্ কর্ম+ঈপ্। বি; স্ত্রী।

শাঠ্য—খলতা; শঠতা, ধূর্ততা। শঠ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

শাড়ী, শাড়ি—স্ত্রীলোকের পরিধেয় বসন। < শাটী। বি।

শাণ—১। কষ্টিপাথর; শাণপাথর। করাত। শণ্+ঘঞ্ কর্ম। বি; পুং। ২। শণসূত্রনির্মিত বস্ত্র। শণ+অণ্ নির্মিত অর্থে। বি; ক্লী।

শাণিত—তীক্ষ্ণীকৃত, ধারালো। শাণ+ইতচ্ সংজ্ঞাতার্থে; অথবা, শণ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

শাদি—বিবাহ। ফা। বি।

শাদ্বল—১। নবতৃণে আচ্ছাদিত স্থান। বি; ক্লী। ২। নবতৃণদ্বারা হরিদ্বর্ণ ('— স্থান', '— প্রদেশ', '— স্থলী')। শাদ (নবতৃণ)+ড্বলচ্ আছে অর্থে। বিণ।

শান—১। নিশান, তীক্ষ্ণ করণ। বি; ক্লী। শো+অনট্ ভাব। ২। কর্ষণযন্ত্র। শো+অনট্ করণ। ৩। শানপাথর। শো+অনট্ অধি। বি; পুং। ৪। ইট; ইটে বাঁধানো মেঝে। বাংপ্র। বি।

শানা—১। ক্ষুধাতৃষ্ণা কমিয়া যাওয়া; পরিতৃপ্ত হওয়া; পর্যাপ্ত হওয়া; শান দেওয়া, ধার দেওয়া। ক্রি। ২। তাঁতের শলাকা; চিরুনি। বাংপ্র। বি।

শানানো—১। ধার দেওয়া, শান দেওয়া; পর্যাপ্ত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।

শানিত—শাণিত (তাহা দ্রঃ)।

শান্ত—১। শমগুণবিশিষ্ট; জিতেন্দ্রিয়; সৌম্য; শিষ্ট, বিনীত; শমতাপ্রাপ্ত; নিবৃত্ত; বিনষ্ট; মৃত; বিশুদ্ধীকৃত। শম্+ক্ত কর্তৃ। ২। শান্তিপ্রাপিত, দমিত। শম্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। ৩। কাব্যের নবরসের এক রস [যেখানে সুখ দুঃখ রাগ দ্বেষ

প্রঃ কোন অনুভূতি না থাকে, শম প্রধান হয়, তাহাকে শান্তরস বলে। যথা—
"গৌরাঙ্গের দুটি পদ যার ধনসম্পদ,
সে জানে ভক্তি-রস সার।"]।
বি; পুং।

শান্তমূর্তি—১। ধীর আকৃতি। কর্মধা। বি; স্ত্রী। ২। শান্ত-আকৃতিবিশিষ্ট। বহু। বিণ।

শান্তি—চিত্তের স্থিরতা; শমগুণ; সৌভাগ্য; মুক্তি; উপশম ('রোগের —'); নিরুপদ্রবতা, peace; বিশ্রাম; বিষয়াদি হইতে ইন্দ্রিয়ের নিবৃত্তি; মঙ্গল; বিঘ্ননাশ; তৃষ্ণাক্ষয়; বিনাশ। শম্+ক্তি ভাব। বি; স্ত্রী।

শান্তিজল—আপদ্বিনাশক মন্ত্রপূত জল; অশৌচান্তে গাত্রে সেচনীয় মন্ত্রপূত জল। শান্তিজনক জল, মধ্যপ। বি; ক্লী।

শান্তিনিকেতন—শান্তিময় বা বিঘ্নশূন্য স্থান। রবীন্দ্রনাথের প্রতিষ্ঠিত বোলপুরে অবস্থিত শিক্ষা-প্রতিষ্ঠান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

শান্তিপ্রদ—শান্তিজনক, শান্তিকর। উপতৎ; শান্তি —প্র—দা+ক কর্তৃ। বিণ।

শান্তিপ্রিয়—কলহবিমুখ, যে বিবাদ প্রঃ ভালবাসে না এমন। বহু। বিণ। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

শান্তিভঙ্গ—অশান্তির সৃষ্টি, উপদ্রবের সৃষ্টি।

শান্তিময়—মঙ্গলময়; শান্তিপূর্ণ। শান্তি+ময়ট্ পূর্ণার্থে। বিণ। স্ত্রী, -য়ী।

শান্তিরক্ষক—পুলিসের কর্মচারী; যে উপদ্রব নিবারণ করে; যে দাঙ্গাহাঙ্গামা চুরি ডাকাতি প্রঃ থামায় এরূপ ব্যক্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শান্তিরক্ষা—চুরি-ডাকাতি দাঙ্গা-হাঙ্গামা প্রঃ উপদ্রবের নিবারণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শান্তিস্থাপন—গোলযোগ-দূরীকরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [হোমাদি কার্য। মধ্যপ। বি; ক্লী।

শান্তিস্বস্ত্যয়ন—বিপদ্ দূর করিবার জন্য পূজা

শান্তিহীন—অশান্ত; শান্তিশূন্য। ৩য়াতৎ। বিণ।

শাপ—শপথ; দিব্য; অভিসম্পাত, অভিশাপ; নিন্দা। শপ্+ঘঞ্ ভাব। বি; পুং।

শাপগ্রস্ত—অভিশপ্ত। ৩য়াতৎ। বিণ।

শাপনিবৃত্তি—অভিশপ্ত অবস্থার শেষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শাপভ্রষ্ট—অভিশাপহেতু হীনজন্মপ্রাপ্ত। শাপহেতু ভ্রষ্ট, ৩য়াতৎ। বিণ। [৫মীতৎ। বিণ।

শাপমুক্ত—অভিশপ্ত অবস্থা হইতে উদ্ধারপ্রাপ্ত।

শাপমুক্তি, -মোক্ষ—অভিশপ্ত অবস্থা হইতে উদ্ধার-লাভ। ৫মীতৎ। বি; স্ত্রী, পুং।

শাপলা—জলজ পুষ্প বিঃ, শালুক ফুল। বাংপ্র। বি।

শাপশাপান্ত—নানারূপ অভিসম্পাতপ্রদান। বাংপ্র। বি।

শাপান্ত—১। অভিশপ্ত অবস্থার শেষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। অভিসম্পাত প্রদান। বাংপ্র। বি।

শাপিত—যাহাকে শাপ দেওয়া হইয়াছে এমন। ণিজন্ত শপ্ (=শাপি)+ক্ত কর্ম। বিণ।

শাপোদ্ধার—শাপমুক্তি। ৫মীতৎ। বি; পুং।

শাব, শাবক—বৎস, ছানা; শিশু। শব্+অণ্ কর্তৃ; পক্ষে কন্ স্বার্থে। বি; পুং।

শাবল—খনিত্র, বড় খন্তা; দণ্ডাকার খননাস্ত্র। <শর্বলা। বি।

শাবাশ—বলিহারি, প্রশংসাসূচক উক্তি। ফা। অ।

শাব্দ—শব্দ সম্বন্ধীয়। শব্দ+অণ্ সম্বন্ধার্থে। বিণ।

শাব্দিক—১। শব্দশাস্ত্রবেত্তা পণ্ডিত, বৈয়াকরণ। শব্দ +ইক জানে অর্থে। বি; পুং। ২। শব্দ সম্বন্ধীয়। শব্দ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

শামলা—১। শ্যামবর্ণ, কৃষ্ণবর্ণ। <শ্যামল। বিণ। ২। উকিলের পাগড়ি। ফা। বি।

শামা—প্রদীপ। আ। বি।

শামা, শামি—লাঠি দা প্রঃর বাঁটের মুখের লৌহ-বেষ্টনী, ferrule; অস্ত্র প্রঃর বাঁট। <শম্ব। বি।

শামাদান—প্রদীপের গাছা, কোষ। আ-ফা। বি।

শামিয়ানা—আচ্ছাদন; চাঁদোয়া। <ফা 'শামিয়ানহ্'। বি।

শামিল—অন্তর্গত; সদৃশ। আ। বিণ।

শামুক—জলশুক্তি। <শম্বুক। বি।

শাম্বুক, শাম্বূক—শামুক। শম্বুক, শম্বূক+অণ্ স্বার্থে। বি; পুং।

শায়ক—তীর, শর, বাণ। শো+ণক কর্তৃ। বি; পুং।

শায়িত—যাহাকে শোওয়ানো হইয়াছে এমন; পাতিত। শী+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

শায়ী (শায়িন্)—(সমাসে অধিকরণ-বাচক শব্দের পরে হইলে) শয়নকারী। শী+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**শায়িনী**। ['শইস্তহ্'। বিণ।

শায়েস্তা—দমিত, সংযত, শাসিত; বিনীত। <ফা

শারঙ্গ—১। নানাবর্ণ। বিণ। স্ত্রী, -ঙ্গা, -ঙ্গী। ২। মৃগ; হস্তী; ভ্রমর; চাতক; ময়ূর। শার (নানাবর্ণ) হইয়াছে অঙ্গ যাহার, বহু। বি; পুং।

শারঙ্গী—১। বাদ্যযন্ত্র বিঃ শারেং। বি; স্ত্রী। ২। বহুবর্ণযুক্তা। শার অঙ্গ যাহার, বহু+ঈপ্। বিণ; স্ত্রী। পুং—**শারঙ্গ**।

শারদ—১। কাল; বৎসর; বি; পুং। ২। শ্বেতপদ্ম; শস্য। বি; ক্লী। ৩। শরৎকালীন; নূতন; বিনীত; প্রশস্ত; অপ্রতিভ। শরদ্ (বৎসর, শরৎকাল)+অণ্ ভবার্থে। বিণ। স্ত্রী, -দী।

শারদা—দুর্গা; সরস্বতী; বীণা বিঃ। শারদ (শ্বেত-পদ্মাদি)+অচ্ আছে অর্থে+আপ্। বি; স্ত্রী।

শারদী—কোজাগর পূর্ণিমা; সপ্তপর্ণ। শারদ+ঈপ্। বি; স্ত্রী।

শারদীয়—শরৎকালীন, শরৎকাল সম্বন্ধীয়। শরদ্+ ঈয় ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী—**শারদীয়া**।

শারি, শারিকা, শারী—১। শালিক, ময়না; পাশক-ক্রীড়াদির বল, গুটি; বীণাদি বাজাইবার যষ্টি। শৃ+ ইঞ্ কর্তৃ; ৩য় পক্ষে ঈপ্; ২য় পক্ষে শারি+কন্ স্বার্থে+আপ্। ২। গীত বিঃ; কপটতা। শৃ+ইঞ্ করণ; ৩য় পক্ষে ঈপ্; ২য় পক্ষে কন্ স্বার্থে+ আপ্। বি; স্ত্রী। ৩। শুকের পত্নী। বাংপ্র। বি।

শারিরিন, শারিণী—শারী, স্ত্রীশুক। প্রা কপ্র। বি; স্ত্রী।
শারিফল, -ফলক—পাশার ছক। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শারী—'শারি' দ্রঃ।
শারীর—শরীর সম্বন্ধীয় ('— বিদ্যা'); শরীর হইতে উৎপন্ন। শরীর+অণ্ সম্বন্ধাদ্যর্থে। বিণ।
শারীরক—১। দেহ সম্বন্ধীয়, কায়িক। শারীর+কন্। বিণ। ২। শঙ্করাচার্য কৃত বেদান্ত ভাষ্য; সুশ্রুতের চিকিৎসাগ্রন্থের অংশ বিঃ। বি; পুং বা ক্লী।
শারীরতত্ত্ব, -স্থান—শরীরের তত্ত্বনির্ণায়ক শাস্ত্র, physiology. শরীর তত্ত্ব, স্থান, কর্মধা; তদ্বত্তরে অচ্ আছে অর্থে। বি; ক্লী।
শারীরবিধান—যাবতীয় সজীব পদার্থ যে যে নিয়মে অবস্থিতি করে এবং উৎপন্ন ও বৃদ্ধিপ্রাপ্ত হয় সেই সেই নিয়মবিধায়ক শাস্ত্র, anatomy. শারীর বিধান, কর্মধা; তদ্বত্তরে অচ্ আছে অর্থে। বি; ক্লী।
শারীরস্থান—শারীরবিধান (তাহা দ্রঃ)।
শারীরিক—দৈহিক, কায়িক। শরীর+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী। [সম্বন্ধার্থে। বিণ।
শার্কর—শর্করাযুক্ত; দানাদার; শর্করা+অণ্
শার্ঙ্গ—১। ধনুক; বিষ্ণুর ধনুঃ। বি; পুং। ২। আদা। বি; ক্লী। ৩। শৃঙ্গ সম্বন্ধীয়; শৃঙ্গ-নির্মিত। শৃঙ্গ+অণ্। বিণ। স্ত্রী—শার্ঙ্গী।
শার্ঙ্গধর—ধনুর্ধর; বিষ্ণু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শার্ঙ্গপাণি—ধনুর্ধর; বিষ্ণু। শার্ঙ্গ পাণিতে যাহার, বহু। বিণ বা বি; পুং।
শার্ট—কামিজ, জামা বিঃ। < ইং 'shirt'. বি।
শার্দূল—ব্যাঘ্র (কোন শব্দের পরে থাকিলে) শ্রেষ্ঠ। শৃ+উলচ্ কর্তৃ (দ-আগম)। বি; পুং। স্ত্রী, -লী।
শার্দূল বিক্রীড়িত—উনিশ অক্ষরের একপ্রকার ছন্দ। বি; ক্লী।
শাল—১। বৃক্ষ; সর্জবৃক্ষ। শল্+ঘঞ্ কর্ম। বি; পুং। ২। বৎসর; একপ্রকার আলোয়ান। ফা। ৩। শেল, শল্য; একপ্রকার মাছ। বাংপ্র। ৪। গৃহ ('কামার —')। < শালা। বি।
শালগম—ভক্ষণীয় কন্দ বিঃ, turnip. ফা। বি।
শালগ্রাম—কীটচ্ছিদ্রিত চক্রযুক্ত গণ্ডকীতীর্থজাত শিলাখণ্ড বিঃ, বিষ্ণুর মূর্তিভেদ। শালগ্রাম (পর্বত বিঃ)+অণ্ ভবার্থে। বি; পুং।
শালতি—সরু নৌকা বা ডিঙা। বাংপ্র। বি।
শালনির্যাস—ধুনা, সর্জরস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শালপ্রাংশু—শাল গাছের মত লম্বা, খুব লম্বা ('— মহাভুজ')। শালের ন্যায় প্রাংশু, উপমান কর্মধা। বিণ।
শালভঞ্জি, -ভঞ্জিকা, -ভঞ্জী—১। কাঠের পুতুল। শাল—ভন্জ্+ই, অক্, ক করণ (২য় ও ৩য় পক্ষে আপ্, ঈপ্)। ২। গণিকা, বেশ্যা। ব্যুৎপত্তি পূর্ব-বৎ কিন্তু কর্তৃ। বি; স্ত্রী।
শালা—১। গৃহ; গৃহের একদেশ; বড় ডাল। শাল+অচ কর্তৃ+আপ্। বি; স্ত্রী। ২। স্ত্রীর ভাই। < শ্যালক। বি।
শালাজ—শ্যালকপত্নী। < শ্যালকজায়া। বি; স্ত্রী।
শালি—হৈমন্তিক ধান্য; কলমাদি ধান্য; ষষ্টিকাদি ধান্য। শল্+ণিচ্+ইন্ কর্ম; বি; পুং।
শালিক—পাখি বিঃ। < শারিকা। বি।
শালিবাহন—শকাব্দনামক সংবৎসরের প্রবর্তক প্রসিদ্ধ রাজা। শালি (সিংহরূপী যক্ষ) বাহন যাঁহার, বহু। বি; পু।
শালিয়ানা—বাৎসরিক, বার্ষিক। ফা-মু। বিণ।
শালী—ভার্যার ভগিনী। < শ্যালী। বি; স্ত্রী।
শালীন—সলজ্জ; বিনীত; সদৃশ। শালা-প্রবেশের যোগ্য এই অর্থে শালা+ঈন (খঞ্)। বিণ।
শালীনতা—শোভনতা; ভব্যতা, শিষ্টতা; সলজ্জতা। শালীন+তা ভাবে। বি; স্ত্রী।
শালীপো—শালীর ছেলে। ৬ষ্ঠীতৎ। (বাংপ্র)। বি।
শালু—১। শালুক; শালুকের গোড়া। শল্+উণ্ কর্তৃ। বি; ক্লী। ২। লাল রঙের বস্ত্র বিঃ। বাংপ্র। বি।
শালুক, শালূক—১। জায়ফল; পদ্মাদির মূল। শল্+উকঞ্, ঊকঞ কর্তৃ। বি; ক্লী। ২। কুমুদ, নাল ফুল। বাংপ্র। বি।
শাল্মল, শাল্মলি, শাল্মলী—শিমুলগাছ; সপ্তদ্বীপের এক দ্বীপ। শাল্+মলচ্, মলিচ্ কর্তৃ; ৩য় পক্ষে শাল্মল+ঈপ্। বি; পুং।
শাশুড়ী—শ্বশুরের পত্নী। < শ্বশ্রূ। বি।
শাশ্বত, শাশ্বতিক—নিত্য; অবিনশ্বর। শশ্বৎ+অণ্, ইক ভবার্থে। বিণ। স্ত্রী, -তী, -কী।
শাসক—শাসনকর্তা; শাস্তা; উপদেশদানকারী; আদেশদানকারী। শাস্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—শাসিকা।
শাসন—১। প্রতিপালন; পরিচালন; দণ্ড, দমন; আজ্ঞা; উপদেশ। শাস্+অনট্ ভাব। ২। লিখিত-পত্র; আজ্ঞাপত্র, সনন্দ; শাস্ত্র। শাস্+অনট্ করণ। ৩। রাজদত্ত ভূমি। শাস্+অনট্ কর্ম। বি; ক্লী।
শাসনকর্তা (-কর্তৃ)—কোন অঞ্চলের শাসনকার্য পরি-চালনার ভারপ্রাপ্ত ব্যক্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী, -কর্ত্রী।
শাসনতন্ত্র—রাজ্যশাসনপ্রণালী। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শাসনপ্রণালী—রাজ্যশাসনের রীতি, রাজকার্য-নির্বা-হের পদ্ধতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
শাসনাধীন—অধিকারভুক্ত; আদেশপালক, যে শাসন মানিয়া চলে এমন। শাসনের অধীন, ৬ষ্ঠীতৎ। বিণ।
শাসনীয়—শাসনের যোগ্য; দমনীয়; শিক্ষণীয়। শাস্+অনীয় কর্ম। বিণ।
শাসা—শাসন করা। কপ্র। ক্রি।
শাসানো—ভয় প্রদর্শন করা; শাসন করা; প্রতিশোধ লইবার বা শাস্তি দিবার ভয় দেখানো। বাংপ্র। ক্রি [, বি]।
শাসি—কাচের কপাট, sash. < ফ্রেঞ্চ 'chassis'. বি।
শাসিত—পরিচালিত, নিয়ন্ত্রিত; দণ্ডিত; প্রতি-পালিত; শিক্ষিত। শাস্+ক্ত কর্ম। বিণ।

শাসিতা (শাসিতৃ)—শাসনকর্তা; উপদেশক; গুরু; শিক্ষক। শাস্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**শাসিত্রী**।
শাস্তা (শাস্তৃ)—শাসনকর্তা; উপদেষ্টা; শিক্ষয়িতা। শাস্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**শাস্ত্রী**।
শাস্তি—শাসন, দণ্ড, নিগ্রহ; নিয়ম। শাস্+ক্তি ভাব। বি; স্ত্রী।
শাস্তিপত্রী—শাস্তির বিবরণ-সংবলিত লিপি। ৬ষ্ঠী- [তৎ। বি; স্ত্রী।
শাস্তিবিধান—দণ্ডের ব্যবস্থা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শাস্ত্র—মুনিপ্রণীত গ্রন্থ, বেদ তন্ত্র পুরাণ দর্শনাদি; বিশেষ বিশেষ নির্দেশ বা তত্ত্বে পূর্ণ পুস্তকাদি; মান্য প্রাচীন সংস্কৃত গ্রন্থ; বিদ্যাবিষয়ক গ্রন্থ; ধর্মবিষয়ক প্রাচীন গ্রন্থ, scripture. শাস্+ষ্ট্রন্ করণ। বি; ক্লী।
শাস্ত্রকার—ধর্মগ্রন্থপ্রণেতা, শাস্ত্রগ্রন্থপ্রণেতা। উপতৎ; শাস্ত্র—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং।
শাস্ত্রচর্চা—শাস্ত্রের আলোচনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
শাস্ত্রজ্ঞ, শাস্ত্রদর্শী (-দর্শিন্), **শাস্ত্রবিৎ** (-বিদ্)—যে শাস্ত্র জানে এমন, শাস্ত্রে পারদর্শী; গণক। উপতৎ; শাস্ত্র—জ্ঞা+ক কর্তৃ; শাস্ত্র—দৃশ্+ণিন্ কর্তৃ; শাস্ত্র—বিদ্+ক্বিপ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-জ্ঞা** (১ম পক্ষে), **-দর্শিনী** (২য় পক্ষে)।
শাস্ত্রজ্ঞান—শাস্ত্র জানা, শাস্ত্রবিষয়ে জানাশুনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শাস্ত্রতত্ত্ব—শাস্ত্রের রহস্য, শাস্ত্রের তথ্য। ৬ষ্ঠীতৎ, বা, মধ্যপ। বি; ক্লী।
শাস্ত্রদর্শী (-দর্শিন্)—'শাস্ত্রজ্ঞ' দ্রঃ।
শাস্ত্রবল—শাস্ত্রজ্ঞানের ক্ষমতা; শাস্ত্রের প্রভাব। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শাস্ত্রবিধি—শাস্ত্রের বিধান, শাস্ত্রের নিয়ম। ৬ষ্ঠীতৎ। [বি; পুং।
শাস্ত্রবিশারদ—শাস্ত্রজ্ঞানী, শাস্ত্রে পারদর্শী। ৭মীতৎ। বিণ।
শাস্ত্রবিহিত—শাস্ত্রবিধানসম্মত, শাস্ত্রনির্দিষ্ট। ৩য়া- [তৎ। বিণ।
শাস্ত্রব্যাখ্যা—শাস্ত্রের অর্থ করা, শাস্ত্রার্থকথন। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।
শাস্ত্রমর্ম (-মর্মন্)—শাস্ত্রের তাৎপর্য। ৬ষ্ঠীতৎ। [বি; ক্লী।
শাস্ত্রসংগত, শাস্ত্রসংগত—শাস্ত্রসম্মত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, **-তা**।
শাস্ত্রসম্মত—শাস্ত্রনির্দিষ্ট, শাস্ত্রকথিত। ৩য়াতৎ। [বিণ।
শাস্ত্রহীন—শাস্ত্রজ্ঞানশূন্য; শাস্ত্রশূন্য। ৩য়াতৎ। বিণ।
শাস্ত্রানুমোদিত—শাস্ত্রবিহিত, শাস্ত্রসম্মত। ৩য়াতৎ। বিণ।
শাস্ত্রানুশীলন—শাস্ত্রচর্চা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শাস্ত্রালাপ—শাস্ত্রের বিষয়ে কথাবার্তা, শাস্ত্রালোচনা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শাস্ত্রী (শাস্ত্রিন্)—১। পণ্ডিতের উপাধি বিঃ; পণ্ডিত, শাস্ত্রদর্শী। বি; পুং। ২। শাস্ত্রজ্ঞ। শাস্ত্র+ইন্ জ্ঞাতার্থে। বিণ।
শাস্ত্রীয়—শাস্ত্রসম্মত, শাস্ত্রসিদ্ধ। শাস্ত্র+ঈয় বিহি- [তার্থে। বিণ।
শাহ্—মুসলমান রাজা; মুসলমান ফকিরের উপাধি বিঃ। ফা। বি।
শাহজাদা—মুসলমান রাজপুত্র। ফা। বি; পুং। স্ত্রী, [-**জাদী**।
শাহানশাহ—রাজাধিরাজ, সম্রাট্। ফা। বি।
শাহানা—রাগিণী বিঃ। ফা। বি।
শিউরনো, শিউরানো—শিহরিয়া উঠা, ভয়ে বিস্ময়ে কণ্টকিত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
শিউলি—শেফালিকা পুষ্প। < শেফালী। বি।
শিং, শিঙ—বিষাণ। < শৃঙ্গ। বি।
শিংশপা—শিশুগাছ। শীঘ্র বা শীর্ষ—পা+ক কর্তৃ+আপ্ (নিপা)। বি; স্ত্রী।
শিকড়—গাছের মূল। বাংপ্র। বি। **শিকড় গাড়া**—দৃঢ়মূল হওয়া, স্থায়ী হওয়া।
শিকনি—নাকের শ্লেষ্মা, পোঁটা। < শিংঘান। বি।
শিকল, শিকলি— < শৃঙ্খল। বি।
শিকা, শিকে, সিকা, সিকে—জিনিসপত্র রাখিবার জন্য পাট বা দাঁড় দিয়া প্রস্তুত একপ্রকার ঝুলানো পাত্র। < শিক্য। বি। **শিকায় উঠা**—স্থগিত বা সমাপ্ত হওয়া (ক্রোধ, বিরক্তি, ব্যঙ্গ বুঝাইতে)। **শিকায় তোলা**—দূর ভবিষ্যতের জন্য স্থগিত রাখা।
শিকার—মৃগয়া; বধ্য প্রাণী; মৃগয়াদি দ্বারা লব্ধ জীব। ফা। বি।
শিকারী—শিকার করিতে সমর্থ; যে শিকার করে সে। শিকার+ঈ করে অর্থে (ফা-মু)। বিণ বা বি।
শিকে—'শিকা' দ্রঃ।
শিক্ষক—শিক্ষাদায়ক, অধ্যাপক, গুরু, মাস্টার; শাসিতা। শিক্ষ্+ণিচ্+ণক কর্তৃ; অথবা, শিক্ষা+অক (বুন্) জ্ঞাতার্থে। বিণ। স্ত্রী—**শিক্ষিকা**।
শিক্ষকতা—শিক্ষকের কার্য। শিক্ষক+তা কর্মার্থে। বি; স্ত্রী।
শিক্ষণ—১। অধ্যয়ন, শিক্ষা, অভ্যাস। শিক্ষ্+অনট্ ভাব। ২। দমন; অধ্যাপন। শিক্ষ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
শিক্ষণীয়—শিক্ষা করিবার যোগ্য; উপদেষ্টব্য; শিক্ষা দানের যোগ্য; যাহাকে শিক্ষা দেওয়া উচিত এমন। শিক্ষ্ বা শিক্ষ+ণিচ্+অনীয় কর্ম। বিণ।
শিক্ষয়িতা (-য়িতৃ)—যিনি শিক্ষা দেন এরূপ, শিক্ষক, অধ্যাপক। শিক্ষ্+ণিচ্+তৃন্ কর্তৃ। বি; পুং বা বিণ।
শিক্ষয়িত্রী—শিক্ষাদাত্রী। শিক্ষয়িতৃ+ঈপ্। বি; স্ত্রী।
শিক্ষা—পড়াশুনা, অধ্যয়ন; অভ্যাস; বিনয়; উপদেশ; দমন; অভিজ্ঞতা; আক্কেল; উচ্চারণবোধক বেদাঙ্গ গ্রন্থ বিঃ। শিক্ষ্ বা শিক্ষি+অচ্ ভাব+আপ্। বি; স্ত্রী।
শিক্ষা-অধিকার—দেশের শিক্ষা পরিচালনের ভারপ্রাপ্ত বিভাগ, Education Directorate. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শিক্ষাকেন্দ্র—নানা দিগ্‌দেশাগত ব্যক্তির শিক্ষালাভের স্থান, বিশ্ববিদ্যালয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শিক্ষাগুরু—বিদ্যাদাতা, গুরু, শিক্ষক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শিক্ষাদাতা (-দাতৃ)—উপদেষ্টা, শিক্ষক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-দাত্রী**।
শিক্ষাধীন—কোন বিষয়ে যে প্রথম শিক্ষা গ্রহণ করে

এমন; প্রথম শিক্ষার্থী, apprentice. ৬ষ্ঠীতৎ। বিণ।
শিক্ষানবিস—প্রথম শিক্ষার্থী, apprentice. ৭মী-তৎ। বাংপ্র। বি বা বিণ। বি, -**নবিসি**।
শিক্ষানৈপুণ্য—শিক্ষাবিষয়ে পটুতা। ৭মীতৎ। বি; ক্লী।
শিক্ষাপদ্ধতি—শিক্ষাদানের প্রণালী, শিক্ষাদানের পদ্ধতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
শিক্ষাপ্রণালী—অধ্যয়নের (তাহা হইতে অধ্যাপনের)
শিক্ষাপ্রদ—জ্ঞানজনক, উপদেশাত্মক। উপতৎ; শিক্ষা—প্র—দা+ক কর্তৃ। বিণ।
শিক্ষাবিভাগ—সরকারের যে দপ্তর দেশে শিক্ষা-সংক্রান্ত কার্যাদি করে, education department. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শিক্ষাবিস্তার—শিক্ষার প্রসার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শিক্ষাব্রতী (-ব্রতিন্)—শিক্ষক, শিক্ষাদান যিনি জীবনের ব্রতরূপে গ্রহণ করিয়াছেন এরূপ। শিক্ষাই ব্রত, কর্মধা; তদুত্তরে ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**ব্রতিনী**।
শিক্ষামন্ত্রী—শিক্ষাবিষয়ে সরকারের মন্ত্রী, Education Minister. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শিক্ষার্থী (শিক্ষার্থিন্)—শিক্ষালাভ করিতে ইচ্ছুক, বিদ্যালাভেচ্ছু। উপতৎ; শিক্ষা—অর্থ্+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, -**র্থিনী**।
শিক্ষিত—লেখাপড়া জানা, educated; শিক্ষাপ্রাপ্ত, trained; যাহা শেখা হইয়াছে এমন; কৃতবিদ্য; উপদিষ্ট; দক্ষ; বিনীত; বশ্য। শিক্ষ্+ক্ত কর্ম; অথবা, শিক্ষা+ইতচ্ প্রাপ্তার্থে। বিণ।
শিখ—গুরু নানকের ধর্মমতাবলম্বী সম্প্রদায় বিঃ; গুরু গোবিন্দ সিংহের শিষ্যসম্প্রদায়। < শিষ্য। বি।
শিখণ্ড, শিখণ্ডক—চূড়া, শিখা; ময়ূরপুচ্ছ; ময়ূর। শিখা—অম্+ড কর্তৃ; পক্ষে কন্। বি; ক্লী, পুং।
শিখণ্ডী (-ণ্ডিন্)—ময়ূর; কুক্কুট; বাণ; দ্রুপদরাজের পুত্র। শিখণ্ড+ইন্ আছে অর্থে। বি; পুং।
শিখর—পর্বতের শৃঙ্গ; অগ্রভাগ; বৃক্ষাগ্র; রোমাঞ্চ, পুলক। শিখা+র আছে অর্থে। বি; পুং বা ক্লী।
শিখরবাসিনী—দুর্গা। উপতৎ; শিখর—বস্+ণিন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
শিখরী (শিখরিন্)—১। বৃক্ষ; পর্বত ("কোথায় তোমার অস্ত-শিখরী?"—রবীন্দ্র); পর্বতদুর্গ। বি; পুং। ২। অগ্রভাগবিশিষ্ট। শিখর+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**রিণী**।
শিখা—মস্তকস্থ কেশগুচ্ছ, টিকি; চূড়া; কিরীট; শিখিমৌলি; আগুনের শিষ, flame. শী+খক্ কর্তৃ+আপ্ (শী-স্থানে শি)। বি; স্ত্রী।
শিখানো—১। শিক্ষা দেওয়া। বাংপ্র। ক্রি [, বি]। ২। যাহা বা যাহাকে শিখাইয়া দেওয়া হইয়াছে এমন। শিখা+নো কর্ম (বাংপ্র)। বিণ।
শিখিধ্বজ—ধূম; কার্তিকেয়। শিখী (অগ্নি, ময়ূর) ধ্বজ যাহার, বহু। বি; পুং।
শিখিবাহন—কার্তিকেয়। শিখী বাহন যাহার, বহু। বি; পুং।
শিখী (শিখিন্)—১। ময়ূর; অগ্নি; গিরি; শর; কুক্কুট; বৃক্ষ। বি; পুং। ২। শিখাযুক্ত। শিখা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**শিখিনী**।
শিঙ্—'শিং' দ্রঃ।
শিঙা, শিংগা—ভেঁপু; বাদ্যযন্ত্ররূপে ব্যবহৃত শৃঙ্গ বা ধাতুনির্মিত শুষির বাদ্যযন্ত্র বিঃ, horn, trumpet. < শৃঙ্গ। বি। **শিঙা ফোঁকা**—(পরিহাসার্থে) মরা।
শিঙাড়া, শিংগাড়া—পানিফল; পানিফলের আকৃতি-বিশিষ্ট ময়দায় ভাজা খাদ্য বিঃ। < শৃঙ্গাট। বি।
শিঙি, শিংগি—মাগুর মাছের মত একপ্রকার মাছ। < শৃঙ্গী। বি।
শিংগা—'শিঙা' দ্রঃ।
শিঞ্জন—অলংকার-ধ্বনি, শিঞ্জিত। শিন্জ্+অনট্ ভাব। বি; ক্লী।
শিঞ্জিত—১। অলংকারের (সাধারণতঃ নূপুরের) আওয়াজ, ভূষণধ্বনি ('নূপুর —'); অব্যক্ত ধ্বনি। শিন্জ্+ক্ত ভাব। বি; ক্লী। ২। মুখর, শব্দকারী। শিঞ্জা+ইতচ্ জাতার্থে। বিণ।
শিঞ্জিনী—ধনুর্গুণ, ধনুকের ছিলা; নূপুর; আঙটা। শিন্জ্+ণিন্ কর্তৃ+ঈপ্। বি· স্ত্রী।
শিটা, শিটে—গাদ, ছিবড়া, মলা, কাইট। < শিষ্ট। বি।
শিটি—বাঁশির শব্দ, whistle; শিস। বাংপ্র। বি।
শিতি—১। কৃষ্ণবর্ণযুক্ত; শুক্লবর্ণযুক্ত। বিণ। ২। কৃষ্ণবর্ণ; শুক্লবর্ণ। শি+তিক্ কর্তৃ। বি; পুং।
শিতিকণ্ঠ—শিব; ময়ূর। শিতি (কৃষ্ণ বা নীলবর্ণ) কণ্ঠ যাহার, বহু। বি; পুং।
শিথান—শিয়র; মাথার বালিশ। < শিরঃস্থান। বি।
শিথিল—১। আলগা, শ্লথ; ঢিলা; অলস; জড়; ক্লান্ত; অবসন্ন; ক্ষীণ, ক্ষয়প্রাপ্ত; দুর্বল। শ্লথ্+কিলচ্ কর্তৃ (নিপা)। ২। পরিত্যক্ত; যাহা ঝাড়িয়া ফেলা হইয়াছে এমন। শ্লথ্+কিলচ্ কর্ম (নিপা)। বিণ।
শিথিলতা—দুর্বলতা; শৈথিল্য; ঢিলামো, শ্লথভাব। [শিথিল+তা ভাবে। বি; স্ত্রী।
শিথিলপ্রযত্ন—যাহার উদ্যম হ্রাস পাইয়াছে এমন। বহু। বিণ।
শিথিলবসন—যাহার পরিধেয় বস্ত্র ঢিলা হইয়াছে এমন। বহু। বিণ।
শিন্নি—শিরনি (তাহা দ্রঃ)।
শিপ্রা—উজ্জয়িনীর নদী বিঃ। শি+রক্ কর্তৃ+আপ্ (নিপা)। বি; স্ত্রী।
শিব—১। মহাদেব, মহেশ্বর, ঈশান, পশুপতি, শংকর, শম্ভু; শিবলিঙ্গ। বি; পুং। ২। মঙ্গল; অদ্বৈত-ব্রহ্ম। শী+বন্ করণ। বি; ক্লী। ৩। শুভদ; রম্য; সুখদ। শিব+অচ্ আছে অর্থে। বিণ।
শিবচতুর্দশী—ফাল্গুন মাসের কৃষ্ণা চতুর্দশী। শিব-প্রিয়া চতুর্দশী, মধ্যপ। বি; স্ত্রী।
শিবজ্ঞান—১। শিব বলিয়া মনে করা; কল্যাণ-বোধ। ৬ষ্ঠীতৎ। ২। শুভাশুভ কালবোধক শাস্ত্র। শিবের জ্ঞান হয় যদ্দ্বারা, বহু। বি; ক্লী।
শিবত্ব—শিবের সাযুজ্য, শিবের অবস্থা; শিবের পদ। শিব+ত্ব ভাবে। বি; ক্লী।
শিবনেত্র—১। যাহার চক্ষুর তারকা ঊর্ধ্বদিকে গিয়া

স্থির হইয়া রহিয়াছে (ইহা মৃত্যুর লক্ষণ); ঊর্ধ্বচক্ষু। শিবের নেত্রের ন্যায় নেত্র যাহার, বহু। বিণ। ২। স্থির চক্ষু; ঊর্ধ্ব নেত্র। ৬ষ্ঠীতৎ সদৃশার্থে। বি; ক্লী। [বি; স্ত্রী।
শিবপুরী—বারাণসী, কাশী। শিবের পুরী, ৬ষ্ঠীতৎ।
শিবরাত্রি—শিবচতুর্দশী, ফাল্গুনের কৃষ্ণচতুর্দশী-রাত্রি। শিবপ্রিয়া রাত্রি, মধ্যপ। বি; স্ত্রী।
শিবলিংগ—শিবের প্রস্তর-মৃত্তিকাদিময় লিঙ্গমূর্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শিবা—১। দুর্গা; শৃগালী; মোক্ষ। বি; স্ত্রী। ২। শুভদায়িকা। শিব+আপ্। বিণ; স্ত্রী।
শিবানী—শিবপত্নী। শিব—অন্+ণিচ্+অণ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শিবালয়—শিবের মন্দির; শ্মশান। শিবের আলয়,
শিবিকা—পাল্কি, ডুলি, মহাপায়া। শিব+ণিচ্ (=শিবি নামধাতু)+ণক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
শিবির—সেনানিবেশ, ছাউনি; পটাবাস; শস্য বিঃ। শো+কিরচ্ অধি (ব-আগম)। বি; ক্লী।
শিবিরসন্নিবেশ—ছাউনি ফেলা, তাঁবু ফেলা। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।
শিম—একপ্রকার তরকারি। < শিম্ব। বি।
শিমুল—বৃক্ষ বিঃ, silk-cotton tree. < শাল্মলী। বি।
শিম্ব, শিম্বা—শিমগাছ; শিম; শুঁটি, pod. শম্+ডম্বচ্ কর্তৃ (নিপা); পক্ষে আপ্। বি; পুং, স্ত্রী।
শিম্বি, শিম্বিকা, শিম্বী—শিমগাছ। শম্+বি কর্তৃ; শিম্বি+কন্ স্বার্থে+আপ্; শিম্বি+ঈপ্। বি; স্ত্রী। [< শিখর। বি।
শিয়র—শয়নকারীর মস্তক-অবস্থানের স্থান।
শিয়া—মুসলমানদিগের একটি সম্প্রদায়। [চতুর্থ খলিফা আলীর অনুবর্তিগণ।] < আ 'শীঅহ্'। বি।
শিয়াল, শেয়াল—ফেরু, শিবা। < শৃগাল। বি।
শিয়ালকাঁটা—একরকমের কাঁটাগাছ। < শৃগাল-কণ্টক। বি।
শির—১। মস্তক, মাথা। শৃ+ক কর্ম। বি; পুং। ২। পাতার ভিতরের রেখা, rib; রগ; নাড়ী। < 'শিরা'। বি। **শিরে সংক্রান্তি**—আসন্ন বা আগত বিপদ্ বা ঝঞ্ঝাট।
শিরঃ (শিরস্)—মস্তক; অগ্রভাগ; বৃক্ষাগ্র; সৈন্যের অগ্রবর্তী দল; প্রধান অধ্যক্ষ। শ্রি+অসুন্ কর্ম। বি; ক্লী। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
শিরঃপীড়া—মাথা ধরা বা মাথার ব্যথাজনক রোগ।
শিরঃশূল—মাথার তীব্র বেদনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শিরদাঁড়া—মেরুদণ্ড। বাংপ্র। বি।
শিরনামা—শিরোনাম (তাহা দ্রঃ)।
শিরনি শিন্নি—পীরের দরগায় প্রদত্ত ভোগ; সত্য-নারায়ণ দেবের উদ্দেশে নিবেদিত ময়দা দুগ্ধ কলা চিনি প্রঃর মিশ্রণে প্রস্তুত ভোগ। < ফা 'শিরীনী'। বি।
শিরপা—১। অশ্বের অগ্রপদ উত্তোলন। < শিরঃ-পদ। ২। পারিতোষক, বক্‌শিস্। < ফা 'সর-ও-পা'। বি।
শিরপেচ—একপ্রকার পাগড়ি। < ফা 'সর-পেচ'। বি।
শিরসিজ—কেশ, মাথার চুল। অলুক্ উপতৎ; শিরসি—জন্+ড কর্তৃ। বি; ক্লী।
শিরস্ক—শিরস্ত্রাণ। শিরস্—কৈ+ক কর্তৃ। বি; ক্লী।
শিরস্ত্র, শিরস্ত্রাণ—উষ্ণীষ, পাগড়ি; টুপি; ধাতু-নির্মিত মস্তকাবরণ, helmet. শিরস্—ত্রৈ+ক কর্তৃ; অথবা শিরের (শিরস্ শব্দ) ত্রাণ যাহা হইতে, বহু। বি; ক্লী।
শিরা—শির, নাড়ী, যে সকল নাড়ী দ্বারা সঞ্চালিত রক্ত পুনর্বার হৃদয়ে আনীত হয় তাহা, vein; উচ্চ রেখা, শির, nib. শৃ+ক কর্ম+আপ্। বি; স্ত্রী।
শিরাল—শিরাবিশিষ্ট। শিরা+ল যুক্তার্থে। বিণ।
শিরীষ—১। বৃক্ষ বিঃ। বি; পুং। ২। শিরীষ ফুল। শৃ+ঈষন্ কর্ম। বি; ক্লী।
শিরোদেশ, শিরোভাগ—অগ্রভাগ; মস্তক। শিরঃই ('শিরস্' শব্দ) দেশ, ভাগ, কর্মধা। বি; পুং।
শিরোধার্য—মস্তকে ধারণীয়; অতিশয় মান্য। ৭মী-তৎ। বিণ। **আদেশ শিরোধার্য করা**—আদেশ মানিয়া লওয়া অর্থাৎ পালন করিতে স্বীকৃত হওয়া।
শিরোনাম—পত্রের উপরি লিখিত নামঠিকানা। < ফা 'সরনামহ্'। বি।
শিরোপা—১। উষ্ণীষ, পাগড়ি। শিরস্—পা+ক কর্তৃ +আপ্। বি; স্ত্রী। ২। পুরস্কার। < ফা 'সর-ও-পা'। বি।
শিরোবেষ্ট, -বেষ্টন—উষ্ণীষ, পাগড়ি। শিরের বেষ্ট, বেষ্টন, ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।
শিরোভাগ—'শিরোদেশ' দ্রঃ।
শিরোমণি, -রত্ন—মস্তকস্থ রত্নভূষণ; পণ্ডিতের উপাধি বিঃ; (বাক্যের শেষে থাকিলে) শ্রেষ্ঠ বা প্রধান (যথা—ধূর্ত-শিরোমণি)। শিরের অর্থাৎ মস্তকের বা শিরে অর্থাৎ মস্তকে (যে) মণি, রত্ন, ৬ষ্ঠীতৎ বা ৭মীতৎ। বি; পুং, ক্লী।
শিরোরুহ—মস্তকের কেশ। উপতৎ; শিরস্—রুহ্+ক কর্তৃ। বি; পুং। [পাথর। < শিলা। বি।
শিল—হিমশিলা, করকা; মসলা পিষিবার পাথর; শান
শিলা—প্রস্তর, পাষাণ; মনঃশিলা; গোবরাট; খুঁটি বা থামের মাথা; থামের পাড়; কর্পূর। শিল্+ক কর্ম+আপ্। বি; স্ত্রী।
শিলাজ, শিলাজতু—পর্বতে প্রাপ্য শিলীভূত জান্তব পদার্থ বিঃ (কৃষ্ণবর্ণ ও মোমসদৃশ)। শিলা—জন্+ড কর্তৃ; শিলা-নিঃসৃত জতু (লাক্ষা), মধ্যপ। বি; ক্লী।
শিলাতল—পাথরের উপরিভাগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শিলাপট্ট—পাথরের পাটা; বাটিবার শিল। শিলাময় পট্ট, মধ্যপ। বি; পুং।
শিলারস—একপ্রকার বৃক্ষের সুগন্ধি নির্যাস, storax. < শিহ্লরস। বি।
শিলাবৃষ্টি—করকাবর্ষণ, বৃষ্টিসহ শিল পতন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শিলালিপি—প্রস্তরে ক্ষোদিত বাক্য। ৭মীতৎ। বি; স্ত্রী।

শিলীন্ধ্র—১। ব্যাঙের ছাতা; মৎস্য বিঃ; ভূমিকদলী। বি; পুং। ২। কলার ফুল, মোচা। শিলী—ধ্+ক কর্তৃ (নিপা)। বি; ক্লী। [স্ত্রী।

শিলীন্ধ্রী—মৃত্তিকা; কেঁচো। শিলীন্ধ্র+ঈপ্। বি;

শিলীভূত—প্রস্তরে পরিণত, প্রস্তরীভূত, petrified. শিলী—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

শিলীমুখ—যুদ্ধ; বাণ; ভ্রমর। শিলীর ন্যায় মুখ যাহার, বহু। বি; পুং।

শিল্প—১। বস্তু-নির্মাণাদি কর্ম, কারুকর্ম, arts and crafts; industry. শিল্+প ভাব। ২। বেণু-বীণাদিবাদ্য, নৃত্যগীতবাদ্যাদি। শিল্+প কর্ম। বি; ক্লী।

শিল্পকর্ম (-কর্মন্)—শিল্পকার্য (তাহা দ্রঃ)।

শিল্পকার্য—ছবি আঁকা জিনিস তৈয়ারি প্রঃ কাজ। কর্মধা। বি; ক্লী।

শিল্পকুশল—শিল্পকার্যে দক্ষ। ৭মীতৎ। বিণ।

শিল্পকৌশল—শিল্পকার্যে দক্ষতা। ৭মীতৎ। বি; ক্লী।

শিল্পজীবী (-জীবিন্)—কারিকর। উপতৎ; শিল্প—জীব্+ণিন্ কর্তৃ। বি; পুং।

শিল্পবিদ্যা—দ্রব্যাদির নির্মাণ-বিদ্যা, শিল্পকার্য। মধ্যপ। বি; স্ত্রী।

শিল্পশালা—শিল্পকর্ম করিবার ঘর, কারখানা ঘর, workshop; চিত্রকরের ছবি আঁকার ঘর; জাদুঘর, museum. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শিল্পালয়—কারুকার্য শিখিবার বিদ্যালয়। শিল্প-শিক্ষার আলয়, মধ্যপ। বি; পুং।

শিল্পিক, শিল্পী (শিল্পিন্)—শিল্পকর্মকারী, কারিকর; রসস্রষ্টা; কলাদক্ষ। শিল্প+ইক (ঠন্), ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**শিল্পিকা, শিল্পিনী।**

শিল্পোন্নতি—কারুকর্মের উৎকর্ষ, industrial development. শিল্পের উন্নতি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শিশা—কাচ। <ফা 'শীশহ্'। বি।

শিশি—কাচের ছোট বোতল। <ফা 'শীশহ্'। বি।

শিশির—১। নিশাজল, হিম, dew (—পাত); তুষার, frost. বি; ক্লী। ২। শীতকাল, পৌষ-মাঘ মাস। শশ্+কিরচ্ অধি (অ-স্থানে ই)। বি; পুং বা ক্লী।

শিশির-সিক্ত, -স্নাত—শিশিরে ভিজা, শিশিরে ধৌত। ৩য়াতৎ। বিণ।

শিশু—১। ৮ বৎসরের অনধিকবয়স্ক; বালক; শাবক; ডিম্ব। শো+ক কর্তৃ (দ্বিত্ব)। বি; পুং, বা বিণ। ২। একপ্রকার বৃক্ষ। <'শিংশপা'। বি। ৩। অত্যল্পবয়স্ক, কর্মদিনের। বাংপ্র। বিণ।

শিশুক—শুশুক, porpoise, dolphin. শিশু+কন্। বি; পুং।

শিশুকাল—শৈশব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শিশুপাঠ্য—ছোট ছেলেমেয়ের পড়ার উপযোগী। ৬ষ্ঠীতৎ বা ৩য়াতৎ। বিণ।

শিশুভাব—শিশুর মত সরল মনোভাব, শিশুত্ব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শিশুমার—শুশুক; তারাচক্র বিঃ। শিশু—মৃ+ণিচ্+অণ্ কর্তৃ। বি; পুং।

শিশুসাহিত্য—ছোট ছেলেমেয়েদের মনোরঞ্জক গল্পাদি। মধ্যপ। বি; ক্লী।

শিশু-সাহিত্যিক—১। শিশু-সাহিত্যের রচনাকারী। শিশুসাহিত্য+ইক নিপুণ অর্থে। ২। অল্পবয়স্ক সাহিত্য-রচনাকারী। কর্মধা। বি; পুং।

শিশ্ন—পুরুষ-চিহ্ন, লিঙ্গ। শশ্+নক্ কর্তৃ (নিপা)। বি; পুং।

শিশ্নোদরপরায়ণ—কেবল স্ত্রীসম্ভোগ ও ভোজনে আসক্ত। শিশ্ন ও উদর, দ্বন্দ্ব; শিশ্নোদর পর অয়ন যাহার, বহু। বিণ।

শিষ, শীষ—ধান্যাদির শীর্ষ, মঞ্জরী ('ধানের —'); শিখা ('প্রদীপের —'); অগ্নিশিখা। <শীর্ষ। বি।

শিষ্ট—১। ধীর, শান্ত, সুশীল; ভদ্র; সংস্কৃতি-সম্পন্ন; বিনীত; নীতিজ্ঞ; বশতাপন্ন; আজ্ঞপ্ত; পোষ্য; প্রধান; বিখ্যাত। শাস্+ক্ত কর্ম। ২। অব-শিষ্ট। শিষ্+ক্ত কর্তৃ। বিণ।

শিষ্টতা—ধীরতা, নম্রতা; শিষ্টের ধর্ম; বশীভূততা; শৈষ্ট্য। শিষ্ট+তা ভাবে। বি; স্ত্রী।

শিষ্টাচার—সাধুব্যবহার, ভদ্রতা, etiquette. শিষ্ট আচার, কর্মধা। বি; পুং।

শিষ্য—১। ছাত্র, চেলা। বি; পুং। ২। শিক্ষণীয়; শাসনযোগ্য; উপদেষ্টব্য। শাস্+ক্যপ্ কর্ম। বিণ।

শিস—ওষ্ঠাধর কুঞ্চিত করিয়া তদ্দ্বারা উচ্চারিত বংশীধ্বনির ন্যায় শব্দ। বাংপ্র। বি।

শিহরন—পুলক, রোমাঞ্চ। বাংপ্র। বি।

শিহরা, শিহরানো—রোমাঞ্চিত হওয়া, পুলকিত হওয়া; কম্পিত হওয়া। বাংপ্র। ক্রি।

শিহরিত—কম্পযুক্ত; রোমাঞ্চিত; পুলকযুক্ত। বাংপ্র। বিণ।

শীকর—বায়ুচালিত জলবিন্দু, জলকণা; সূক্ষ্ম বৃষ্টি; বায়ু; সরল বৃক্ষ। শীক্+অর কর্তৃ। বি; পুং।

শীগগির—তাড়াতাড়ি, দ্রুত। <শীঘ্র। ক্রি-বিণ।

শীঘ্র—১। অবিলম্বে, দ্রুত, সত্বর। শিন্ঘ্+রক্ কর্ম (নিপা)। ক্রি-বিণ। ২। সত্বর, শীঘ্রতাযুক্ত, ত্বরিত। শিন্ঘ্+রক্ কর্তৃ। বিণ।

শীঘ্রগতি—১। দ্রুতগামী। বহু। বিণ। ২। দ্রুত গমন। কর্মধা। বি; স্ত্রী।

শীঘ্রগামী (-গামিন্)—ত্বরিত-গমনকারী। উপতৎ; শীঘ্র—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**গামিনী।**

শীত—১। শৈত্যগুণযুক্ত, ঠাণ্ডা, শীতল; অলস; জড়; ক্কাথিত, সিদ্ধ। শ্যৈ+ক্ত কর্তৃ। বিণ। ২। শৈত্যগুণ, শীতলতা। শীত+অচ আছে অর্থে। ৩। শীতকাল। শ্যৈ+ক্ত কর্ম। বি; ক্লী।

শীত-কর, -রশ্মি, শীতাংশু—চন্দ্র; কর্পূর। বহু। বি; পুং।
শীতকাতুরে—শীতে যে অত্যন্ত কাতর হইয়া পড়ে এমন। বাংপ্র। বিণ। [বি; পুং।
শীতকাল—শৈত্যযুক্ত ঋতু, পৌষ ও মাঘ মাস। কর্মধা।
শীতপ্রধান—যেখানে শীতকাল বেশীদিন স্থায়ী এমন; অধিক শীতযুক্ত। শীত প্রধান যেখানে, বহু। বিণ।
শীতবস্ত্র—শীতের কাপড়, শীতনিবারক গরম কাপড়। শীতবারক বস্ত্র, মধ্যপ। বি; ক্লী।
শীতরশ্মি—'শীতকর' দ্রঃ।
শীতল—১। ঠান্ডা, শৈত্যগুণযুক্ত; দুঃখহীন; শান্ত। শীত+লচ্ আছে অর্থে। বিণ। ২। বিকালবেলায় দেবতাকে নিবেদ্য ভোগ। বাংপ্র। বি।
শীতলতা—শৈত্য, শীতভাব। শীতল+তা ভাবে। বি; স্ত্রী। [(বাংপ্র)। বি।
শীতলপাটি—একপ্রকার মসৃণ চেটাই। কর্মধা
শীতলা—১। বসন্তরোগের দেবী। বি; স্ত্রী। ২। শীতযুক্তা। শীতল+আপ্। বিণ; স্ত্রী।
শীতাংশু—'শীতকর' দ্রঃ।
শীতাগম—শীত পড়া, শীতকালের আবির্ভাব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শীতাতপ—শীত ও গ্রীষ্ম, শীত ও রৌদ্র। দ্বন্দ্ব। বি; পুং।
শীতাতপসহিষ্ণু—শীত গ্রীষ্ম সহ্য করিতে সমর্থ, ঠান্ডা ও গরম সহনকারী। শীতাতপকে সহিষ্ণু, ২য়াতৎ। বিণ।
শীতার্ত, শীতালু—শীতপীড়িত, শীতকাতর। শীত দ্বারা ঋত কিংবা আর্ত, ৩য়াতৎ; শীত+আলু আছে অর্থে। বিণ।
শীতোষ্ণ—১। ঠান্ডা অথচ গরম। শীতও যাহা উষ্ণও তাহা, কর্মধা। বিণ। ২। শীতগ্রীষ্ম। দ্বন্দ্ব। বি; পুং।
শীৎকার, -কৃতি—রতিকালীন অব্যক্ত মুখশব্দ, "ইস্" এই শব্দ; শ্ ধ্বনি; শিহরন। শী—কৃৎ+ ঘঞ্, ক্তি ভাব। বি; পুং, স্ত্রী।
শীধু, সীধু—পক্ব-ইক্ষুরসজাত মদ্য বিঃ; মধু। শী, সী+ধুক্ করণ। বি; পুং বা ক্লী।
শীর্ণ—কৃশ, ক্ষীণ; শুষ্ক; পতিত; ছিন্ন। শ+ক্ত কর্তৃ। বিণ।
শীর্ণকায়, -দেহ—১। যাহার শরীর শুকাইয়া গিয়াছে এমন; কৃশদেহ। বহু। বিণ। ২। কৃশ দেহ। কর্মধা। বি; পুং।
শীর্ণতা—ক্ষীণতা, কৃশতা। শীর্ণ+তা ভাবে। বি; স্ত্রী।
শীর্ণদেহ—'শীর্ণকায়' দ্রঃ।
শীর্ষ—মস্তক, মাথা। শ+ক কর্তৃ (নিপা)। বি; ক্লী।
শীর্ষক—১। মস্তক; টোপর; পাগড়ি; মাথার খুলি; জয়পরাজয়ের নিদর্শনপত্র। বি; ক্লী। ২। (বহুব্রীহি সমাসের পরপদ হইলে) মস্তকবিশিষ্ট; আখ্যাযুক্ত, নামক, শিরোনামযুক্ত। বিণ। স্ত্রী—**শীর্ষিকা**।
শীর্ষস্থান—সর্বোচ্চস্থান; মস্তক। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [ভবার্থে। বিণ।
শীর্ষস্থানীয়—প্রথম; সর্বপ্রধান। শীর্ষস্থান+ঈয়
শীল—১। স্বভাব; চরিত্র; সচ্চরিত্র; সাধু আচরণ; উপাধি বিঃ। বি; ক্লী। ২। বিশিষ্ট, যুক্ত। শীল্+ অচ্ কর্তৃ। বিণ। স্ত্রী—**শীলা**।
শীলতা—ভদ্রতা, সৌজন্য। <শ্লীলতা। বি।
শীলন—অভ্যাস; আলোচনা; প্রবর্তন; অতিশায়ন; পরিদর্শন। শীল্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**শীলিত**।
শীষ—'শিষ' দ্রঃ।
শুঁখা, শোঁখা—গন্ধ লওয়া; শ্বাস লওয়া। বাংপ্র। ক্রি।
শুঁখানো, শোঁখানো—গন্ধ লওয়ানো, আঘ্রাণ করানো। বাংপ্র। ক্রি।
শুঁটকা, -কো—শুকনা; শীর্ণ। <শুষ্কবৃত্ত। বিণ।
শুঁটকী—শুকানো; শুকানো মাছ। <শুষ্কবৃত্ত। বি বা বিণ। [বাংপ্র। বি।
শুঁটি—কড়াইশুঁটি; লম্বা বীজকোষ, শিম্ব, pod.
শুঁঠ—শুকনা আদা। <শুণ্ঠী। বি।
শুঁড়—হাতির শুঁড়; চিঙড়ীমাছ ও ভ্রমর প্রঃর মুখ-লগ্ন আঁশ। <শুণ্ড বা শুঙ্গ। বি।
শুঁড়ী—মদ্যবিক্রেতা; জাতি বিঃ। <শৌণ্ডিক। বি।
শুঁয়া, শুঁয়ো—ধান্যাদির অগ্রভাগ; বৃক্ষপত্রাদিতে বর্তমান রোম। <শূক। বি।
শুঁয়াপোকা, শুঁয়োপোকা—শূককীট, caterpillar; জ্বালাকর শুঁয়াযুক্ত কীট। শুঁয়াযুক্ত পোকা, মধ্যপ (বাংপ্র)। বি।
শুক—টিয়াপাখি। শুচ্+কক্ কর্তৃ। বি; পুং।
শুকতারা—সূর্যোদয়ের পূর্বে পূর্বাকাশে এবং সূর্যাস্তের পরে পশ্চিমাকাশে উদিত তারা, শুক্রগ্রহ। <শুক্রতারা। বি।
শুকনা, শুকনো—শুষ্ক, নীরস, ম্লান। বাংপ্র। বিণ।
শুকানো, শুখানো—শুষ্ক হওয়া বা করা; জীর্ণ হওয়া; উপবাস করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
শুকাইয়া মরা—না খাইতে পাইয়া কষ্টভোগ করা।
শুকুটি—অগ্নিতাপে বা রৌদ্রে শুকানো ('—মাছ')। <শুষ্ক। বি বা বিণ।
শুক্ত—১। ব্যঞ্জন বিঃর যূষ; তিক্ত ব্যঞ্জন বিঃ; কাঞ্জিক; আমানি; দুর্বাক্য। বি; ক্লী। ২। পবিত্র, পরিষ্কৃত; বিকৃত হইয়া অম্লযুক্ত; দুর্জন; নিষ্ঠুর; পর্যুষিত; শ্লিষ্ট। শুচ্+ক্ত কর্তৃ। বিণ।
শুক্তা—তিক্ত ব্যঞ্জন বিঃ। শুক্ত+আপ্। বি; স্ত্রী।
শুক্তি—ঝিনুক, oyster. শুচ্+ক্তিচ্ কর্তৃ। বি; স্ত্রী।
শুক্তিকা—শুক্তি, ঝিনুক। শুক্তি+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
শুক্র—১। বীর্য, রেতঃ; তেজঃ। বি; ক্লী। ২। গ্রহ বিঃ, Venus; সপ্তাহের বার বিঃ; দৈত্যদের গুরু, ভার্গব; বিষ্কুম্ভাদি যোগের অন্তর্গত যোগ বিঃ; অগ্নি। শুচ্+রক্ কর্তৃ। বি; পুং।
শুক্রবার, -বাসর—সপ্তাহের ষষ্ঠ দিবস। শুক্রাধিষ্ঠিত বার, বাসর, মধ্যপ। বি; পুং।

শুক্রাচার্য—দৈত্যগুরু। শুক্রই আচার্য, কর্মধা। বি; পুং।
শুক্ল—১। শ্বেতবর্ণবিশিষ্ট, সাদা; শুদ্ধ। বিণ। ২। শ্বেতবর্ণ, সাদা রং; শুক্লপক্ষ। শুচ্+রন্ কর্তৃ (নিপা)। বি; পুং।
শুক্লতিথি, -পক্ষ—শুক্লপ্রতিপদ হইতে পূর্ণিমা পর্যন্ত পঞ্চদশ তিথি। কর্মধা। বি; স্ত্রী, পুং।
শুক্লা—১। সরস্বতী; শর্করা। বি; স্ত্রী। ২। শুভ্রা। শুক্ল+আপ্। বিণ; স্ত্রী।
শুক্লিমা (-মন্)—সাদা রং, শ্বেতত্ব। শুক্ল+ইমন্ ভাবার্থে। বি; পুং।
শুখতা, শুখাঁত—শুখাইবার ফলে পণ্যদ্রব্যের ওজনের যে কম হয়। বাংপ্র। বি।
শুখনো, শুকনা—শুষ্ক। বাংপ্র। বিণ।
শুখা, শুখো—১। বৃষ্টির অভাব ('হাজা —')। বি। ২। যাহাতে মাহিনার বেশী খোরাক-পোশাক নাই এমন ('— মাহিনার চাকর')। <শুষ্ক। বিণ।
শুংগ, শুংগা—ধান্যাদির শুঁয়া। শম্+গ কর্তৃ (নিপা); শুংগ+আপ্। বি; পুং, স্ত্রী।
শুচি—নির্দোষ; পবিত্র; অনুপহত; নির্মল; শুভ্র; অনুকূল। শুচ্+কি কর্তৃ। বিণ।
শুচিতা—পবিত্রতা; শুদ্ধতা, নির্মলতা। শুচি+তা ভাবে। বি; স্ত্রী।
শুচিবাই, -বায়ু—শুচিতা-রক্ষার বাতিক, মনের রোগ বিঃ। <শুচি-বাতিক। বি।
শুচিস্মিত—বিশুদ্ধ হাস্যযুক্ত, বিমল হাসিতে ভরা। শুচি স্মিত (হাস্য) যাহার, বহু। বিণ। স্ত্রী, -তা।
শুণ্ঠি, শুণ্ঠিকা, শুণ্ঠী—শুকনো আদা, শুঁঠ। শুন্ঠ্+ইন্ করণ; পক্ষে কন্ স্বার্থে+আপ্; ৩য় পক্ষে শুণ্ঠি+ঈপ্। বি; স্ত্রী।
শুণ্ড—করিহস্ত, হাতির শুঁড়, trunk, proboscis. শুন্+ড কর্তৃ। বি; পুং।
শুণ্ডধর—হস্তী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শুণ্ডী (শুণ্ডিন্)—শুঁড়ী, মদ্যপ্রস্তুতকারী; হস্তী। শুণ্ডা, শুণ্ড+ইন্ আছে অর্থে। বি; পুং।
শুদ্ধ—কেবল; পবিত্র; উজ্জ্বল; স্বচ্ছ; শোধিত; নির্মল; নির্দোষ; ভ্রমশূন্য; অমিশ্রিত, খাঁটি; ক্ষমতাপ্রাপ্ত; উদ্ধৃত; শুভ্র। শুধ্+ক্ত কর্তৃ। বিণ। বি, -তা, -ত্ব।
শুদ্ধচারিতা—নিষ্কলঙ্ক চরিত্র; বিশুদ্ধ-চরিত্রের ভাব। শুদ্ধচারিন্+তা ভাবে। বি; স্ত্রী।
শুদ্ধচারী (-চারিন্)—নির্মলচরিত্র, নির্দোষ; যাহার আচার আচরণ পবিত্র এমন। উপতৎ; শুদ্ধ—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -চারিণী।
শুদ্ধচৈতন্য—সত্য বিষয়ের প্রকৃত বোধ; ব্রহ্মজ্ঞান। কর্মধা। বি; পুং।
শুদ্ধমতি—১। পবিত্রবুদ্ধি। কর্মধা। বি; স্ত্রী। ২। শুদ্ধবুদ্ধিবিশিষ্ট। বহু। বিণ।
শুদ্ধসত্ত্ব—পবিত্র-অন্তঃকরণবিশিষ্ট। শুদ্ধ সত্ত্ব যাহার, বহু। বিণ। স্ত্রী, -সত্ত্বা।
শুদ্ধাচার—বিশুদ্ধ আচরণ। কর্মধা। বি; পুং।
শুদ্ধাচারী (-চারিন্)—পবিত্র আচারযুক্ত। শুদ্ধাচার+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -চারিণী।
শুদ্ধান্ত—অন্তঃপুর; অন্তঃপুরস্ত্রী; অশৌচান্ত। বহু। বি; পুং।
শুদ্ধাশুদ্ধ—পবিত্র অথবা অপবিত্র; ভুল অথবা নির্ভুল। দ্বন্দ্ব অথবা কর্মধা। বিণ।
শুদ্ধি—১। শোধন, শুদ্ধতা; স্বচ্ছতা, নির্মলতা; ভ্রমশূন্যতা; পবিত্রতা; ধর্মচ্যুতকে হিন্দুধর্মে দীক্ষাদান; মার্জনা। শুধ্+ক্তি ভাব। ২। দুর্গা। শুধ্+ক্তি করণ। বি, স্ত্রী।
শুদ্ধিপত্র—যে পাতায় সমগ্র পুস্তকের ভুলগুলি শুদ্ধ করিয়া দেওয়া হয় তাহা। শুদ্ধিপ্রদর্শক পত্র, মধ্যপ। বি; ক্লী।
শুধরনো, শুধরানো—সংস্কার করা; সংশোধন করা, শুদ্ধ করা। বাংপ্র। ক্রি [, বি]।
শুধা, শোধা—পরিশোধ করা। বাংপ্র। ক্রি।
শুধানো—জিজ্ঞাসা করা। কপ্র। বি।
শুধু—কেবল, শূন্য, রিক্ত। <শুদ্ধ। ক্রি-বিণ।
শুধুশুধু—মিছামিছি, অনর্থক, বৃথা। বাংপ্র। ক্রি-বিণ।
শুন—১। শ্রবণ কর। বাংপ্র। ক্রি। ২। কুকুর। শুন্ (গমন করা)+ক কর্তৃ। বি; পুং।
শুনক—কুকুর; মুনি বিঃ। শুন+কন্। বি; পুং।
শুনা—শ্রবণ করা। বাংপ্র। ক্রি। [প্রা কপ্র—**শুনই**—শুনিতে; শুনিয়া। **শুনতহি**—শুনিয়া; শুনে। **শুনলুঁ**—শুনিলাম।]
শুনানি—বিচারালয়ে বাদী ও বিবাদীর বক্তব্য শ্রবণ, hearing. শুন্+আনি (বাংপ্র)। বি।
শুনানো—শ্রবণ করানো। বাংপ্র। ক্রি।
শুনি—১। শ্রবণ করি। বাংপ্র। ক্রি। ২। কুকুর, কুকুরী। শুন+ইক্ কর্তৃ। বি; পুং বা স্ত্রী।
শুনী—কুকুরী। শ্বন্+ঈপ্। বি; স্ত্রী।
শুবা—সন্দেহ। <আ 'শুবহা'। বি।
শুভ—১। মঙ্গল, কল্যাণ; ক্ষেম; সুখ। বি; ক্লী। ২। মঙ্গলদায়ক; সুখী; সুন্দর; কুশলী। শুভ্+ক কর্তৃ। বিণ।
শুভকর, শুভঙ্কর, শুভংকর—মঙ্গলজনক, মঙ্গলকর। উপতৎ; শুভ—কৃ ট কর্তৃ, শুভম্—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।
শুভক্ষণ—মঙ্গলজনক মুহূর্ত। কর্মধা। বি; পুং।
শুভংকর, শুভঙ্কর—১। 'শুভকর' দ্রঃ। ২। স্বনামখ্যাত অঙ্কশাস্ত্রকার; প্রসিদ্ধ সংগীতশাস্ত্রকার। শুভম্—কৃ+ট কর্তৃ। বি; পুং।
শুভংকরী—১। পার্বতী। শুভম্—কৃ+ট কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী। ২। শুভংকর-প্রবর্তিত পাটীগণিতের অঙ্ক-সমাধানের কয়েকটি নিয়ম। শুভংকর+ঈ প্রণীতার্থে (বাংপ্র)। বি।
শুভদ—১। শুভদায়ক, মঙ্গলজনক। বিণ। ২। অশ্বত্থবৃক্ষ। উপতৎ; শুভ—দা+ক কর্তৃ। বি; পুং। [কর্মধা। বি; স্ত্রী।
শুভদৃষ্টি—বিবাহকালে বরকন্যার দৃষ্টিবিনিময়।

শুভযোগ—(জ্যোতিষ) ক্রিয়াকর্মের পক্ষে সুফলদায়ক তেরটি বিভিন্নপ্রকার সময়। কর্মধা। বি; পুং।

শুভা—১। কান্তি; শোভা; ইচ্ছা। শুভ্+ক ঘঞর্থে ভাব+আপ্। বি; স্ত্রী। ২। মঙ্গলজনিকা। শুভ্+ক কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী।

শুভাকাঙ্ক্ষা—মঙ্গল কামনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শুভাকাঙ্ক্ষী (-কাঙ্ক্ষিন্)—হিতৈষী, কল্যাণকামী। উপতৎ; শুভ—আ—কান্ক্ষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কাঙ্ক্ষিণী**।

শুভাগমন—মঙ্গলজনক উপস্থিতি, হিতকর আগমন। শুভ আগমন, কর্মধা। বি; ক্লী।

শুভানুধ্যান—কল্যাণ-কামনা। শুভের অনুধ্যান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

শুভানুধ্যায়ী (-ধ্যায়িন্)—মঙ্গলকামী, হিতাভিলাষী। উপতৎ, শুভ—অনু—ধ্যৈ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ধ্যায়িনী**।

শুভাশীর্বাদ—কল্যাণকর আশীর্বচন। কর্মধা। বি; পুং। [ক্লী।

শুভাশুভ—ভালমন্দ; মঙ্গল ও অমঙ্গল। দ্বন্দ্ব। বি;

শুভ্র—১। শুক্ল বর্ণ, সাদা, শ্বেত চন্দন। বি; পুং। ২। শুক্লবর্ণবিশিষ্ট, উদ্দীপ্ত। শুভ্+রক্ কর্তৃ। বিণ। স্ত্রী—**শুভ্রা**। বি, **-তা**, **-ত্ব**।

শুম্ভ—চণ্ডী কর্তৃক নিহত অসুর বিঃ। শুন্ভ্+অচ্ কর্তৃ। বি; পুং।

শুম্ভঘাতিনী, -মর্দিনী—শুম্ভনামক দৈত্যনিধনকারিণী দুর্গা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শুয়া—শুকপাখি। < শুক। বি।

শুয়ার, শুওর, শুয়োর—বরাহ। < শূকর। বি।

শুরু—আরম্ভ। আ। বি। [বি।

শুরুয়া—মাংসের একপ্রকার ক্বাথ। < ফা 'শোরবা'।

শুল্ক—কর বিঃ, মাসুল; বিবাহের পণ; যৌতুক; পণ, বাজি; মূল্য। শুল্ক্+ঘঞ্ কর্ম। বি; পুং বা ক্লী। [smuggling. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

শুল্কখণ্ডন—পণ্যদ্রব্য বাবদ দেয় শুল্কে ফাঁকি দেওয়া,

শুল্কশালা, -স্থান—পণ্যদ্রব্যের উপর যে রাজকর ধার্য হয় তাহা আদায় করিবার স্থান, custom-house. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, ক্লী।

শুলপী—বেধনাস্ত্র বিঃ, বল্লম। < শূল। বি।

শুলফা, শুলফো—একপ্রকার শাক; শতপুষ্প, dill. < শতপুষ্পা। বি।

শুশুক—জলচর স্তন্যপায়ী মৎস্যাকার জীব বিঃ, porpoise or dolphin. < শিশুক। বি।

শুশ্রূষা—শ্রবণেচ্ছা; পরিচর্যা, সেবা; কথন। শ্রু+সন্ ইচ্ছার্থে, উপাসনার্থে+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

শুশ্রূষু—সেবা করিতে ইচ্ছুক; শুনিতে অভিলাষী। সনন্ত শ্রু+উ কর্তৃ। বিণ।

শুষা—শোষণ করা। বাংপ্র। ক্রি।

শুষির—১। ছিদ্র; বংশী প্রঃ বাদ্য, যে যন্ত্র ফুঁ দিয়া বাজাইতে হয়, wind-instrument; অবকাশ; বি; ক্লী। ২। সচ্ছিদ্র, রন্ধ্র যুক্ত; ঝাঁজরা। শুষি+র আছে অর্থে। বিণ।

শুষ্ক—নীরস; শীর্ণ; ক্লান্ত; বিষণ্ণ; নিরর্থক। শুষ্+ক্ত কর্তৃ। বিণ।

শুষ্ককণ্ঠ—১। যাহার গলা শুকাইয়া গিয়াছে এমন। বহু। বিণ। স্ত্রী, **-ণ্ঠা**, **-ণ্ঠী**। ২। নীরস গলা। কর্মধা। বি; পুং।

শূক—শুঁয়া, awn, beard; শিখা; কৃমিদশাপ্রাপ্ত অপূর্ণ পতঙ্গাদি, larva. শো+উকক্ কর্তৃ (নিপা)। বি; পুং বা ক্লী।

শূককীট—শুঁয়াপোকা; caterpillar; রেশম-উৎপাদক পোকা; কীটের জীবনের দ্বিতীয় অবস্থা। মধ্যপ। বি; পুং। [ধান্য, মধ্যপ। বি; ক্লী।

শূকধান্য—শুঁয়াযুক্ত শস্য (যব, গম ইঃ)। শূকযুক্ত

শূকর—শুয়োর, বরাহ। শূক+র আছে অর্থে; অথবা, শূ—কৃ+ট কর্তৃ। বি; পুং। স্ত্রী, **-রী**।

শূদ্র—ব্রাহ্মণাদি চতুর্বর্ণের অন্তর্গত চতুর্থ বর্ণ। শুচ্+রক্ কর্তৃ (উ-স্থানে ঊ, চ-স্থানে দ)। বি; পুং।

শূদ্রধর্ম—শূদ্রের কর্তব্য; পরসেবা; দাসত্ব। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [স্ত্রী।

শূদ্রা—শূদ্রজাতীয়া স্ত্রীলোক। শূদ্র+আপ্। বি;

শূদ্রাণী, শূদ্রী—শূদ্রের পত্নী। শূদ্র+আনীপ্, ঈপ্। বি; স্ত্রী (সং ব্যাকরণমতে 'শূদ্রাণী' অশুদ্ধ।)

শূন্য—১। গগন; বিন্দু, '0' এই চিহ্ন; অনস্তিত্ব; অভাব। বি; ক্লী। ২। রিক্ত; রহিত; খালি, যাহাতে কিছু নাই এমন; তুচ্ছ; নির্জন। শুনা (প্রাণিবধ)+যৎ হিতার্থে। বিণ। [বিণ।

শূন্যগর্ভ, -মধ্য—ফাঁকা; অন্তঃসারশূন্য। বহুব্রী।

শূন্যদৃষ্টি—১। আকাশের দিকে চাওয়া। ৭মীতৎ। ২। অর্থহীন দৃষ্টি, উদাস দৃষ্টি, ফ্যাল্ফ্যাল্ করিয়া চাওয়া। কর্মধা। বি; স্ত্রী।

শূন্যবাদ—জগতের অনস্তিত্ব-প্রচারক বৌদ্ধ ধর্মমত। শূন্য সম্বন্ধীয় বাদ, মধ্যপ। বি; ক্লী।

শূন্যবাদী (-বাদিন্)—নাস্তিক বিঃ; বৌদ্ধ। উপতৎ; শূন্য—বদ্+ণিন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, **-বাদিনী**।

শূন্যমনা—দুঃখিত হৃদয়, ব্যথিতচিত্ত। বাংপ্র। বিণ।

শূন্যমনাঃ (-মনস্)—মনোযোগহীন, অমনোযোগী। শূন্য মনঃ যাহার, বহু (বাংলায় বিকল্পে বিসর্গ লোপ)। বিণ।

শূন্যহস্ত—১। অভাবগ্রস্ত; যাহার হাত খালি এমন। বহু। বিণ। ২। খালি হাত; শূন্য অবস্থা। কর্মধা। বি; পুং।

শূপকার—শূদ্রের পাচক। উপতৎ; শূপ—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং। [বিণ।

শূর—বীর, সাহসী; বলবান্। শূর্+অচ্ কর্তৃ।

শূরণ—ওল প্রঃ; শ্যোনাক বৃক্ষ। শূর্+অন কর্তৃ। বি; পুং।

শূরোচিত—বীরোচিত, বীরের উপযুক্ত। শূরে উচিত, ৭মীতৎ। বিণ।

শূর্প, সূর্প—কুলা; দ্রোণদ্বয়পরিমাণ। শূর্প্+ঘঞ্ করণ (নিপা শ-স্থানে স)। বি; পুং।

শূর্পণখা, সূর্পণখা—রাবণ-ভগিনী। শূর্পের, সূর্পের ন্যায় নখ যাহার, বহু। বি; স্ত্রী।

শূর্পী, সূর্পী—ছোট কুলা। শূর্প, সূর্প+ঈপ্। বি; স্ত্রী।
শূল—উদরজাত বেদনা-রোগ বিঃ; ব্যথা; **শূলাকৃতি** অস্ত্র, pike; ত্রিশূল; শলাকা, সিক, spit. শূল্+ক কর্তৃ। বি; পুং বা ক্লী।
শূলদণ্ড—১। শূলের কাষ্ঠখণ্ড। ৬ষ্ঠীতৎ। ২। শূলে দেওয়া রূপ শাস্তি। কর্মধা। বি।
শূলধর—ত্রিশূলধারী শিব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শূলপাণি, -ভৃৎ—১। শিব। বি; পুং। ২। দুর্গা। বহু; উপতৎ; শূলে—ভৃ+ক্বিপ্ কর্তৃ। বি; স্ত্রী।
শূলানি, শূলনি—কনকন, কটকট, ব্যথা। বাংপ্র। বি।
শূলানো—শূলেবৎ যন্ত্রণা হওয়া; কটকট করা। বাংপ্র। ক্রি [, বি]।
শূলী (-শূলিন্)—১। শিব। বি; পুং। ২। শূলধারী; শূলরোগী। শূল+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**শূলিনী**।
শূল্য—শলাকাপক্ব ('— মাংস')। শূল+যৎ। বিণ।
শৃগাল—১। শিয়াল, শিবা। বি; পুং। স্ত্রী, **-লী**। ২। নিষ্ঠুর; খল। অসৃজ্—লা+ক কর্তৃ (নিপা)। বিণ।
শৃগালী, শৃগালিকা—খেঁকশিয়ালী; স্ত্রী-শৃগাল। শৃগাল+ঈপ্; শৃগালী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
শৃঙ্খল, শৃঙ্খলা—লৌহময় পাদবন্ধনী, শিকল, নিগড়; বন্ধন; পুরুষের কটিভূষণ; পুরুষের কটিবস্ত্রবন্ধ; রীতিপরম্পরা, sequence; বন্ধনী, ব্র্যাকেটচিহ্ন। শৃঙ্গ—স্থল্+অচ্ কর্তৃ (নিপা); পক্ষে আপ্। বি; পুং, স্ত্রী।
শৃঙ্খলা—নিয়মানুবর্তিতা (অন্যান্য অর্থ সম্বন্ধে 'শৃঙ্খল' দ্রঃ)। শৃঙ্খল+আপ্। বি; স্ত্রী।
শৃঙ্খলাবদ্ধ—নিগড়বদ্ধ, শিকল দিয়া বাঁধা; সুবিন্যস্ত, সুশৃঙ্খলাযুক্ত। ৩য়াতৎ। বিণ।
শৃঙ্খলিত—শৃঙ্খলবদ্ধ, নিগড়িত; সুবিন্যস্ত, নিয়মিত। শৃঙ্খল+ইতচ্ জাতার্থে। বিণ।
শৃঙ্গ—বিষাণ, শিং; শিখর; ধনুকাদির অগ্র; প্রভাব; প্রভুত্ব; প্রাধান্য; চিহ্ন; পিচকারি; শিঙ্গা; তীক্ষ্ণ অগ্রভাগ; পদ্ম; কৃত্রিম ফোয়ারা। শৃ+গন্ কর্তৃ (নিপা)। বি; ক্লী।
শৃঙ্গগ্রাহিতান্যায়—কোন দূরায়ত্ত বিষয়ের একদেশ আয়ত্ত করিয়া ক্রমে তাহা সম্পূর্ণরূপে আয়ত্ত করার প্রসঙ্গে উপস্থাপিত ন্যায়, কৌশলে মহিষাদির এক শৃঙ্গ গ্রহণপূর্বক পরে অন্য শৃঙ্গ ধারণ করিয়া তাহাকে বশে আনয়ন করার দৃষ্টান্ত। শৃঙ্গগ্রাহিতাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।
শৃঙ্গধর—পর্বত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শৃঙ্গবের—আদা; শুঠ; গুহক চণ্ডালের পুরী। শৃঙ্গ হইয়াছে বের (শরীর, আকৃতি) যাহার, বহু। বি; ক্লী। [কর্তৃ স্বার্থে কন্। বি; ক্লী।
শৃঙ্গাটক—পানিফল; শিঙ্গাড়া। শৃঙ্গ—অট্+অন্
শৃঙ্গার—রমণ; আদ্যরস [ইহাতে রতি স্থায়িভাব, নায়ক-নায়িকা আলম্বন বিভাব, চন্দ্রচন্দনাদি উদ্দীপন বিভাব, ভ্রূবিক্ষেপ ও কটাক্ষাদি অনুভাব। ইহা দ্বিবিধ—বিপ্রলম্ভ ও সম্ভোগ। উদাহরণ; যথা—

(ক) "নিন্দুকের মুখে অনল ভেজাই
যাইব বন্ধুয়া পাশে।"
(খ) "তনু তনু পরশে হরষে মন মাতল
দুঁহু পড়, দুঁহু পর মাতি।"
—উদ্ধবদাস]

গজভূষণ; সিন্দুরচন্দনাদি দ্বারা অঙ্গরাগ; রতিক্রীড়া। উপতৎ; শৃঙ্গ (কামোদ্রেক)—ঋ+অণ্ করণ। বি; পুং।
শৃঙ্গিণ, শৃঙ্গী—শিঙ্গী মাছ; স্বর্ণ; লতা বিঃ। শৃঙ্গ+অচ্ আছে অর্থে+ঈপ্ (প্রথম পক্ষে নিপা ঈ-কারের হ্রস্বত্ব)। বি; স্ত্রী।
শৃঙ্গী (শৃঙ্গিন্)—শৃঙ্গবিশিষ্ট। শৃঙ্গ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**শৃঙ্গিণী**।
শৃঙ্গী—'শৃঙ্গিণ' দ্রঃ।
শেওড়া—শাখোট বৃক্ষ। < শাখোট। বি।
শেওলা—জলজ উদ্ভিদ্ বিঃ, পানা ইঃ, lichen, moss. < শৈবাল। বি।
শেঁকো—একপ্রকার তীব্র বিষ, সাদা আর্সেনিক। বাংপ্র। বি। [< আ 'শহ্‌খ'। বি।
শেখ—মুসলমানদিগের সম্মানসূচক উপাধি বিঃ।
শেখর—চূড়া; কিরীট; কিরীটস্থ পুষ্প; শিখাস্থিত মালা। শিন্‌খ্+অরন্ কর্তৃ। বি; পুং।
শেখা—শিক্ষা করা, অভ্যাস করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
শেখানো—১। উপদিষ্ট, শিক্ষাপ্রাপ্ত। বিণ। ২। অভ্যাস করানো, শিক্ষা দেওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
শেজ—১। দীপাধারে কাচের আবরণীর মধ্যে অবস্থিত বাতি, শামাদান। ২। বিছানা। < শয্যা। বি।
শেজতুলানি, -তোলানি—বরবধূর বিশ্রামান্তে ফুলশয্যা-উত্তোলনের পুরস্কারস্বরূপ প্রদত্ত অর্থ। শেজ-তোলা+নি দেয়ার্থে (বাংপ্র)। বি।
শেজ-তুলনী—বরবধূর বিশ্রামান্তে ফুলশয্যা-উত্তোলনকারিণী। উপতৎ; শেজ—তুল্+নী কর্তৃ (বাংপ্র)। বি; স্ত্রী। [বি।
শেঠ—বণিক্‌জাতির উপাধি বিঃ; বণিক্। < শ্রেষ্ঠী।
শেফালি, শেফালিকা, শেফালী—শিউলি ফুল বা গাছ; নীলসিন্ধুবার। শেফ (শয়নকারী) অলি (ভ্রমর) যাহাতে, বহু। ৩য় পক্ষে ঈপ্; ২য় পক্ষে শেফালী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
শেমিজ—শাড়ির নীচে পরিবার ঘাগরাযুক্ত জামা, chemise. ইং। বি।
শেমুষী—প্রজ্ঞা, বুদ্ধি। শে—মুষ্+ক কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
শেয়াকুল—কুলজতীয় বন্য কাঁটাগাছ বিঃ। বাংপ্র। বি।
শেয়ার—কারবারের অংশ, share. ইং বি।
শেয়াল—'শিয়াল' দ্রঃ।

শেয়ালকাঁটা—শৃগাল-কণ্টক, একপ্রকার উদ্ভিদ্। <শৃগাল-কণ্টক। বি।

শের—ব্যাঘ্র। ফা। বি। **শেরে বাংলা**—বাংলার বাঘ।

শেরিফ—হাইকোর্টের আইনজারি করিবার উচ্চপদস্থ কর্মচারী বিঃ। <ইং 'sheriff'. বি.

শেল—শল্যনামক অস্ত্র বিঃ ('শক্তি—')। <শূল। বি।

শেষ—১। বিনাশ, ধ্বংস; নিষ্পত্তি; অন্ত; অবশেষ। শিষ্+ঘঞ্ ভাব। ২। অনন্তদেব; বাসুকি। বি; পুং। ৩। পূর্বকথিত ভিন্ন অন্য বস্তু। বি; পুং বা ক্লী। ৪। সমাপ্ত; অবশিষ্ট; পরিত্যক্ত; উচ্ছিষ্ট। শিষ+অচ্ কর্তৃ। বিণ।

শেষকাল—পরিণাম, বৃদ্ধাবস্থা; মৃত্যুকাল। ৬ষ্ঠীতৎ বা কর্মধা। বি; পুং।

শেষরাত্রি—রাত্রির শেষ ভাগ। মধ্যপ। বি; স্ত্রী।

শেষাবস্থা—পরিণাম; বৃদ্ধাবস্থা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শেষাশেষি—শেষের দিকে, শেষ বেলায়। বাংপ্র। ক্রি-বিণ। [বিণ।

শেষোক্ত—সর্বশেষে কথিত। শেষে উক্ত, ৭মীতৎ।

শেহলা, শেহালি—শেওলা, শৈবাল। প্রা কপ্র। বি।

শেহা—দৈনিক আয়ব্যয়ের হিসাব কাটার কাগজ। <ফা 'সিয়াহা'। বি। **শেহার খতিয়ান**—শেহা হইতে ওয়াশিল বাকী প্রঃ যে কাঁচা খাতায় তোলা হয় তাহা। [ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

শৈত্য—শীতলতা, শীতের ভাব। শীত (শীতল)+

শৈথিল্য—শিথিলতা, ঢিলার ভাব; অসম্বরতা; অবসন্নতা, আলগা দেওয়া। শিথিল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

শৈব—১। শিবভক্ত, শিবের উপাসক। বি; পুং। ২। শিবপুরাণ। বি; ক্লী। ৩। শিব সম্বন্ধীয়। শিব+অণ্ সম্বন্ধদ্যার্থে। বিণ। স্ত্রী—**শৈবী**।

শৈবল, শৈবাল—১। পদ্মকাষ্ঠ। বি; ক্লী। ২। শেওলা। শী+বলঞ্, বালঞ্ কর্তৃ। বি; পুং।

শৈবলিনী—তটিনী, নদী। শৈবল+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

শৈবাল—'শৈবল' দ্রঃ।

শৈল—১। পর্বত। শিলা+অণ্ আছে অর্থে। বি; পুং। ২। শৈলেয় গন্ধদ্রব্য; শিলাজতু। শৈল+অণ্ ভবার্থে। বি; ক্লী। ৩। শিলা সম্বন্ধীয়; পর্বতজাত। শিলা+অণ্ সম্বন্ধার্থে, ভবার্থে। বিণ। স্ত্রী—**শৈলী**।

শৈলজা—১। দুর্গা। বি; স্ত্রী। ২। পর্বতোৎপন্না। উপতৎ; শৈল—জন্+ড কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী। পুং—**শৈলজ**।

শৈলনিবাস—পর্বতের উপরিস্থ বসতি, hill-resort. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শৈলবাস—শৈলনিবাস (তাহা দ্রঃ)।

শৈলরাজ—নগশ্রেষ্ঠ, হিমাচল, হিমালয় পর্বত। শৈল-সমূহের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শৈলশিরা—শিরার আকারে শ্রেণীবদ্ধ পর্বতসমূহ, ridge. শৈল শিরাপ্রায়, উপমিত কর্মধা। বি; স্ত্রী।

শৈলসুতা—দুর্গা; গঙ্গা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শৈলী—১। সূত্রব্যাখ্যার সংক্ষিপ্ত প্রণালী; স্বভাব; কৌশল, কায়দা; ধারা, রীতি, style. শীল+অণ্ স্বার্থে+ঈপ্। বি; স্ত্রী। ২। শিলাজাতা; শিলা সম্বন্ধীয়া। শিলা+অণ্ ভবার্থে, সম্বন্ধার্থে+ঈপ্। বিণ; স্ত্রী। [পুং।

শৈলেন্দ্র—হিমালয়-পর্বত; পর্বতশ্রেষ্ঠ। ৭মীতৎ। বি;

শৈলেশ—হিমালয়-পর্বত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শৈশব—শিশুত্ব, বাল্যাবস্থা, বাল্যকাল। শিশু+অণ্ ভাবে। বি; ক্লী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

শৈশবকাল—শিশুবয়স, শিশু-অবস্থা। কর্মধা বা

শোক—প্রিয়বিরহজনিত দুঃখ; প্রিয় ব্যক্তির মৃত্যু অথবা দুঃখাদিহেতুক চিত্তের বিকলতা; মনোদুঃখ। শুচ্+ঘঞ্ ভাব। বি; পুং।

শোকগাথা, -গীতি, -সংগীত—প্রিয়বিয়োগাদিজনিত দুঃখসূচক গান। মধ্যপ। বি; স্ত্রী, ক্লী।

শোকগ্রস্ত—প্রিয়বিয়োগজনিত দুঃখে কাতর। ৩য়াতৎ। বিণ।

শোকজর্জরিত—প্রিয়বিয়োগজনিত দুঃখে অত্যধিক কাতর; পুনঃ পুনঃ শোকপ্রাপ্ত। ৩য়াতৎ। বিণ।

শোকতাপ—১। ইষ্টবিয়োগজনিত দুঃখ এবং আধ্যাত্মিক আধিভৌতিক ও আধিদৈবিক দুঃখ। দ্বন্দ্ব। ২। শোকজনিত মনঃপীড়া। মধ্যপ। বি; পুং।

শোকবিহ্বল—শোকাকুল, শোকহেতু অত্যধিক কাতর। ৩য়াতৎ। বিণ।

শোকসংগীত—'শোকগাথা' দ্রঃ।

শোকসন্তপ্ত—শোকে কাতর। ৩য়াতৎ। বিণ।

শোকসভা—কোন বিশিষ্ট ব্যক্তির মৃত্যুতে শোকপ্রকাশার্থ বহুলোকের সম্মেলন। শোকপ্রকাশিকা সভা, মধ্যপ। বি; স্ত্রী।

শোকাকুল—প্রিয়বিয়োগজনিত দুঃখে কাতর। ৩য়াতৎ। বিণ। [তৎ। বিণ।

শোকাতুর—প্রিয়বিয়োগজনিত দুঃখে কাতর। ৩য়া-

শোকানল—শোকরূপ অগ্নি অর্থাৎ অত্যধিক মনস্তাপজনক শোক। রূপক কর্মধা। বি; পুং।

শোকান্বিত—শোকাকুল, শোকসন্তপ্ত। ৩য়াতৎ। বিণ।

শোকাপনোদন—শোকপ্রশমন, শোকদূরীকরণ। ৩য়াতৎ। বি; ক্লী।

শোকাপহ—শোকপ্রশমনকারী, শোকনিবারক। উপতৎ; শোক—অপ—হন্+ড কর্তৃ। বিণ।

শোকাবিষ্ট—শোককাতর, শোকাতুর। ৩য়াতৎ। বিণ।

শোকাবেগ—উচ্ছ্বসিত শোক; শোকজনিত অধীরতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শোকার্ত—প্রিয়বিয়োগজনিত দুঃখে কাতর। শোকদ্বারা ঋত বা আর্ত, ৩য়াতৎ। বিণ।

শোকী (-কিন্)—শোকার্ত, শোকপীড়িত। শোক+ইন্ আছে অর্থে। বিণ।

শোকোচ্ছ্বাস—শোকজনিত দীর্ঘশ্বাস; শোকাবেগ; শোকের আধিক্য। মধ্যপ অথবা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শোচন, শোচনা—শোক করা; বিলাপ; অনুতাপ।

শুচ্‌+অনট্‌ ভাব; পক্ষে অন ভাব+আপ্‌। বি; ক্লী, স্ত্রী।

শোচনীয়, শোচ্য—যাহাকে উদ্দেশ করিয়া শোক করা যায় এমন; অনুকম্পা; শোকযোগ্য। শুচ্‌+অনীয়, ণ্যৎ কর্ম। বিণ।

শোচিত—যাহার জন্য শোক করা হইয়াছে এমন; শোকপ্রাপ্ত। শুচ্‌+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ।

শোণ—১। লাল রং, রক্তবর্ণ; পাটনার নিকটস্থ নদ বিঃ, হিরণ্যবাহু; মঙ্গলগ্রহ। বি; পুং। ২। রক্ত; সিন্দুর। বি; ক্লী। ৩। লাল, রক্তবর্ণ। শোণ্‌+অচ্‌ কর্তৃ। বিণ।

শোণিত—১। রক্ত, রুধির; কুঙ্কুম। বি; ক্লী। ২। রক্তবর্ণ; লোহিত। শোণ (রক্তবর্ণ)+ইতচ্‌ জাতার্থে। বিণ। [বি; ক্লী।

শোণিত-মোক্ষণ—রক্তপড়া, রুধির-স্রোত। ৬ষ্ঠীতৎ।

শোণিতশোষণ—রক্ত চুষিয়া লওয়া; (রূপকার্থে) অর্থশোষণ; সার পদার্থ হইতে বঞ্চিত করণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

শোণিতাক্ত—রক্তাক্ত, রক্তে ভিজা। ৩য়াতৎ। বিণ।

শোণিমা (শোণিমন্‌)—রক্তিমা, রক্তত্ব। শোণ+ইমন্‌ ভাবে। বি; পুং।

শোথ, শোথক—স্ফীততা রোগ, ফোলা রোগ, dropsy; গোদ। শু+থন্‌ কর্তৃ; পক্ষে+কন্‌ স্বার্থে। বি; পুং।

শোধ—পরিশোধ ('ঋণ—'); শোধন; প্রতিশোধ ('—তোলা')। শুধ্‌+ঘঞ্‌ ভাব। বি; পুং। **শোধ তোলা শোধ লওয়া**—প্রতিহিংসাসাধন করা। **শোধ দেওয়া**—পরিশোধ করা। **শোধ যাওয়া**—পরিশোধ হওয়া।

শোধক—শোধনকারক, পাবন। শুধ্‌+ণিচ্‌ (=শোধি—নির্মল করা)+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**শোধিকা**।

শোধন—১। শুদ্ধি, শুদ্ধ হওয়া; নির্দোষ হওয়া। শুধ্‌+অনট্‌ ভাব। ২। নির্দোষ করণ, ভুল শুধরানো; পরিশোধ; প্রতিদান; অপহৃত দ্রব্যের সংখ্যানির্ণয়; ধাতু নির্দোষ করণ; ভাগকরণ; পরিষ্করণ; অপনয়ন; বিরেচন। শুধ্‌+ণিচ্‌+অনট্‌ ভাব। বি; ক্লী। ৩। বিশুদ্ধতাজনক। শুধ্‌+ণিচ্‌+অন কর্তৃ। বিণ।

শোধনীয়, শোধ্য—শোধনের যোগ্য; পরিশোধযোগ্য। শুধ্‌+ণিচ্‌ (=শোধি)+অনীয়, যৎ কর্ম। বিণ।

শোধরানো—শুধরনো (তাহা দ্রঃ)।

শোধা—পরিশোধ করা; শোধন করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

শোধিত—পরিষ্কৃত, মার্জিত; অপনীত; পরিশোধিত। শুধ্‌+ণিচ্‌ (=শোধি)+ক্ত কর্ম। বিণ।

শোধ্য—'শোধনীয়' দ্রঃ।

শোনা—১। শ্রুত; মানা। বিণ। ২। শ্রবণ করা; পালন করা, মানা। বাংপ্র। ক্রি [, বি]।

শোভন—সুন্দর, মনোজ্ঞ; শোভাযুক্ত; শোভাজনক; যাহা ভাল দেখায় বা মানায়, becoming. শুভ্‌+অন কর্তৃ। বিণ। স্ত্রী, **-না**।

শোভনীয়—সুন্দর, মনোরম; উপযুক্ত। শুভ্‌+অনীয় কর্তৃ। বিণ।

শোভমান—শোভাশীল। শুভ্‌+শানচ্‌ কর্তৃ। বিণ।

শোভা—১। সৌন্দর্য; কান্তি; দীপ্তি। শুভ্‌+অ ভাব+আপ্‌। বি; স্ত্রী। ২। সুন্দরভাবে বিরাজ করা। কপ্র। ক্রি। **শোভা পাওয়া**—সুন্দরভাবে বিরাজ করা; ভাল দেখানো, মানানো; উপযুক্ত হওয়া।

শোভাকর—সৌন্দর্যজনক। উপতৎ; শোভা—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, **-করী**।

শোভাঞ্জন—শজিনাগাছ। শোভা—অন্‌জ্‌+অনট্‌ কর্ম। বি; পুং। [বিণ। স্ত্রী, **-ময়ী**।

শোভাময়—সৌন্দর্যশালী। শোভা+ময়ট্‌ পূর্ণ অর্থে।

শোভাযাত্রা—মিছিল; বহুলোকের একসঙ্গে সজ্জা এবং আড়ম্বরের সহিত গমন, procession. শোভাযুক্তা যাত্রা, মধ্যপ। বি; স্ত্রী।

শোভিত—শোভাযুক্ত, ভূষিত। শোভা+ইতচ্‌ বিশিষ্টার্থে। বিণ।

শোভী (শোভিন্‌)—সুন্দর, শোভাযুক্ত। শুভ্‌+ণিন্‌ কর্তৃ। বিণ। স্ত্রী—**শোভিনী**।

শোয়া—শয়ন করা। বাংপ্র। ক্রি [, বি]।

শোয়ানো—শয়ন করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

শোর, শোরগোল—কোলাহল, হাঁকাহাঁকি। ফা শোর= চিৎকার। বি।

শোরা—লবণজাতীয় দ্রব্য বিঃ, nitre. ফা। বি।

শোল—একজাতীয় মাছ। < শকুল। বি।

শোলা—জলজ উদ্ভিদ্‌ বিঃ ও তাহার নরম কাঠ। বাংপ্র। বি।

শোষ—১। নীরসতা; শুষ্ক করণ। শুষ্‌+ঘঞ্‌ ভাব। ২। রসাকর্ষণ; যক্ষ্মা রোগ। শুষ্‌+ণিচ্‌+ঘঞ্‌ ভাব, করণ। বি; পুং। ৩। নালী-ঘা, sinus. বাংপ্র। বি।

শোষক—শোষণকর্তা; রসাকর্ষক; (রূপকার্থে) জোর জবরদস্তি করিয়া অর্থ আদায়কারী। শুষ্‌+ণিচ্‌+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**শোষিকা**।

শোষণ—১। রসাকর্ষণ, শুষ্ক করা, শুষিয়া লওয়া, absorption. শুষ্‌+ণিচ্‌+অনট্‌ ভাব। বি, ক্লী। ২। শোষণকর্তা। শুষ্‌+ণিচ্‌+অন কর্তৃ। বিণ।

শোষা—শোষণ করা। বাংপ্র। ক্রি [, বি]।

শোষিত—নীরসীকৃত, যাহা শুষ্ক করা হইয়াছে এমন। শুষ্‌+ণিচ্‌+ক্ত কর্ম। বিণ।

শোহন—শোভন, শোভাযুক্ত। প্রা কপ্র। বিণ।

শোহরত—ঘোষণা, প্রচার ('ঢোল—')। < আ 'শুহরত'। বি। [হওয়া। প্রা কপ্র। ক্রি।

শোহা—১। শোভা। বি। ২। শোভা করা; শোভিত

শোহিনী—রাগিণী বিঃ; শোভাযুক্তা; হৃষ্টা। < শোভিনী। বি বা বিণ।

শৌকর—শূকর সম্বন্ধীয়। শূকর+অ ইদমর্থে। বিণ।

শৌকর্য—শূকরত্ব, শূকরপনা। শূকর+ষ্যঞ্‌ ভাবার্থে। বি; ক্লী। [বি; ক্লী।

শৌক্ল্য—শুক্লতা, শুভ্রতা। শুক্ল+ষ্যঞ্‌ ভাবার্থে।

শৌখিন, শৌখীন—সুরুচিসম্পন্ন, বিলাসী, যাহার

শখ আছে এমন; যাহাতে শখ মেটে এমন, কমনীয় ('— জিনিস')। আ-মনু। বিণ। বি, -তা।
শৌচ—পবিত্রতা, শুদ্ধি, শুচিতা, নির্মলতা; দেহ-শুদ্ধি; মলমূত্রাদি-ত্যাগান্তে জলমৃত্তিকাদি দ্বারা অঙ্গশোধন, ছোঁচানো। শুচি+অণ্ ভাবে। বি; ক্লী।
শৌণ্ড—মত্ত, মাতাল; অত্যাসক্ত; বিখ্যাত। শুণ্ডা (মদ্য)+অণ্ আসক্তার্থে। বিণ। স্ত্রী—**শৌণ্ডী**।
শৌণ্ডিক—মদ্য-বিক্রেতা, শুঁড়ি। শুণ্ডা+ইক পণ্যার্থে। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; পুং'
শৌণ্ডিকালয়—শুঁড়ির দোকান; মদের দোকান।
শৌরি—শূরসেন বংশীয় শ্রীকৃষ্ণ। শূর+ইঞ্। বি; পুং।
শৌর্য—বীরত্ব, বীর্য; সাহস; বল, পরাক্রম। শূর+ষ্যঞ্ ভাবে, কর্মার্থে। বি; ক্লী।
শৌর্যশালী (-শালিন্)—বলশালী; বীর; তেজস্বী। উপতৎ; শৌর্য—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শালিনী**।
শ্বঃ (-শ্বস্)—আগামী দিনে ('পরশ্বঃ')। আগামী অহন্ (দিন) এই অর্থে নিপাতনে। অ।
শ্ববৃত্তি—খোসামোদ। শ্বার বৃত্তি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শ্বব্যাঘ্র—চিতাবাঘ। শ্বসদৃশ ব্যাঘ্র, মধ্যপ। বি; পুং।
শ্বশুর—পতির বা পত্নীর পিতা; মান্য ব্যক্তি। আশু—অশ্+উরন্ কর্তৃ (নিপা)। বি; পুং।
শ্বশুরবাড়ি—পত্নীর পিত্রালয়; পতিগৃহ; (ব্যঙ্গার্থে) জেলখানা। ৬ষ্ঠীতৎ (লোপ্র)। বি।
শ্বশুরালয়—শ্বশুরবাড়ি। ৬ষ্ঠীতৎ। বি, পুং।
শ্বশ্রূ—পতির বা পত্নীর মাতা, শাশুড়ী। শ্বশুর+ঊঙ্ পত্নী অর্থে (উকারের লোপ)। বি; স্ত্রী।
শ্বসন—নিশ্বাস, শ্বাসগ্রহণ ও ত্যাগ; জীবন। শ্বস্+অনট্ ভাব। বি; ক্লী।
শ্বসমান—যে নিশ্বাস প্রশ্বাস ফেলে ও টানে এমন। শ্বস্+চানশ্ কর্তৃ, শীলার্থে। বিণ।
শ্বা (শ্বন্)—কুকুর। শ্বি+কনিন্ কর্তৃ (নিপা)। বি; পুং। স্ত্রী—**শুনী**।
শ্বাদন্ত—কুকুরের দন্ত; যে দন্ত কুকুরের দন্তের ন্যায় তাহা, canine tooth. শ্বার ('শ্বন্' শব্দ) দন্ত, ৬ষ্ঠীতৎ (নিপা)। বি; পুং।
শ্বাপদ—শিকারী জন্তু; যে সকল পশু মাংস ভক্ষণ করিয়া প্রাণধারণ করে। শ্বার ('শ্বন্' শব্দ) পদের ন্যায় পদ যাহার, বহু (নিপা)। বি; পুং।
শ্বাপদসংকুল—ব্যাঘ্র প্রঃ হিংস্র জন্তুতে পরিপূর্ণ। ৩য়াতৎ। বিণ।
শ্বাস—১। প্রশ্বাস, নাসিকা দ্বারা বায়ু গ্রহণ। শ্বস্+ঘঞ্ ভাব। ২। বায়ু; শ্বাসকাসরোগ; মৃত্যুর পূর্বের শ্বাস ('রোগীর — ওঠা')। শ্বস্+ঘঞ্ করণ। বি; পুং।
শ্বাসকষ্ট—শ্বাসগ্রহণে ও ত্যাগে ক্লেশবোধ। শ্বাস-জনিত কষ্ট, মধ্যপ। বি; ক্লী।
শ্বাসক্রিয়া—নিঃশ্বাস-প্রশ্বাসের কার্য। শ্বাসই ক্রিয়া, কর্মধা। বি; স্ত্রী।
শ্বাসনালী—যে নালী দিয়া নাসিকা হইতে ফুসফুসে বায়ু চলে, wind-pipe. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
শ্বাসরোধ—দম বন্ধ হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শ্বাসারি—শ্বাসকষ্ট নিবারণকারী। শ্বাসের (হাঁপানির) অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ।
শ্বিত্র—ধবল রোগ। শ্বিত্+রক্ করণ। বি; ক্লী।
শ্বেত—১। শুক্লবর্ণবিশিষ্ট, সাদা। বিণ। ২। শুক্ল-বর্ণ। শ্বিৎ+অচ্ কর্তৃ। বি; পুং।
শ্বেতকুষ্ঠ—শ্বেতী রোগ, ধবল, leucoderma. কর্মধা। বি; ক্লী।
শ্বেতদ্বীপ—পুরাণোক্ত দ্বীপ বিঃ; চন্দ্রদ্বীপ; (ব্যঙ্গে) বিলাত, ইংল্যান্ড। মধ্যপ। বি; পুং বা ক্লী।
শ্বেতনীল—১। শুক্ল ও নীলবর্ণ। শ্বেত এবং নীল, দ্বন্দ্ব। বি; পুং। ২। সাদা অথচ নীল। কর্মধা। বিণ।
শ্বেতপিঙ্গল—১। সাদা অথচ পিঙ্গলবর্ণ। কর্মধা। বিণ। ২। শুক্লপীতবর্ণ। দ্বন্দ্ব; অথবা মধ্যপ। বি; পুং।
শ্বেতপ্রদর—স্ত্রীরোগ বিঃ, যোনি হইতে শ্বেতবর্ণ পদার্থের স্রাবজনক রোগ, leucorrhoea কর্মধা। বি; পুং।
শ্বেতরক্ত—১। পাটলবর্ণ, গোলাপী রং। মধ্যপ। বি; পুং। ২। পাটলবর্ণবিশিষ্ট। কর্মধা। বিণ।
শ্বেতসার—খাদ্যাদির মধ্যস্থ তুষারের ন্যায় শ্বেতবর্ণ পদার্থ, starch কর্মধা। বি; পুং।
শ্বেতাঙ্গ—১। গৌরবর্ণ। বিণ। স্ত্রী—**শ্বেতাঙ্গী**, (প্রচলিত) **শ্বেতাঙ্গিনী**। ২। ইওরোপীয় জাতি-সমূহ। শ্বেত অঙ্গ যাহার, বহু। বি; পুং।
শ্বেতি, শ্বেতী—ধবল, শ্বেতকুষ্ঠ। <শ্বিত্র। বি।
শ্বৈত্য—শুক্লত্ব, শুভ্রত্ব। শ্বেত+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লী।
শ্মশান—প্রেতভূমি, শবদাহস্থান। শ্মার (শ্মন্' শব্দ=মড়া) বা শবের শান (স্থান), ৬ষ্ঠীতৎ (নিপা); অথবা, শ্মন্ (শব)—শী-ডানচ্ অধি। বি, ক্লী। **শ্মশান জাগানো**—অমাবস্যার রাত্রিতে শ্মশানে মড়ার উপর বসিয়া তন্ত্রিকমতে সাধনা করা।
শ্মশানকালী—শ্মশানস্থ কালী বিঃ। শ্মশানবাসিনী কালী, মধ্যপ। বি; স্ত্রী।
শ্মশানবাসী (-বাসিন্)—১। শিব; ভূত; প্রেত। বি; পুং। ২। যে শ্মশানে বাস করে এমন। উপতৎ; শ্মশান—বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাসিনী**।
শ্মশানবৈরাগ্য—শ্মশানদর্শনে সংসারাসক্ত ব্যক্তির মনে উদিত সাময়িক এবং অল্পকালস্থায়ী ঔদাসীন্য; সাময়িক সংসারবিতৃষ্ণা। শ্মশানজাত বৈরাগ্য, মধ্যপ। বি; ক্লী।
শ্মশ্রু—মুখরোম, গোঁফদাড়ি। শ্মন্ (মুখ)—শ্রি+ডুন্ কর্তৃ। বি; ক্লী।
শ্মশ্রুমণ্ডিত—যাহাতে গোঁফদাড়ি আছে এমন ('— মুখ')। ৩য়াতৎ। বিণ।

শমশ্রুল—শমশ্রুযুক্ত; গোঁফদাড়িবিশিষ্ট। শমশ্রু+ল আছে অর্থে। বিণ।
শ্যাম—১। কৃষ্ণবর্ণ; শ্যামল বর্ণ; মেঘবর্ণ; শ্রীকৃষ্ণ। বি; পুং। ২। কৃষ্ণবর্ণবিশিষ্ট, অসিত, ফরসা নয় এমন; সবুজ। শ্যৈ+মক কর্তৃ। বিণ।
শ্যামকান্তি—১। যাহার শরীরের রং সবুজ বা শ্যাম এমন। বহু। বিণ। ২। শ্যামবর্ণ শোভা। কর্মধা। বি; স্ত্রী।
শ্যামবর্ণ—১। সবুজ রং-বিশিষ্ট। বহু। বিণ। ২। সবুজ রং। কর্মধা। বি; পুং।
শ্যামর, শ্যামরু—শ্যামবর্ণ। প্র কপ্র। বিণ।
শ্যামল—১। কৃষ্ণ বর্ণ; হরিৎ বর্ণ। বি; পুং। ২। কৃষ্ণবর্ণবিশিষ্ট; হরিদ্বর্ণবিশিষ্ট। উপতৎ; শ্যাম—লা+ক কর্তৃ; অথবা, শ্যাম+লচ্ আছে অর্থে। বিণ। বি, -তা, -ত্ব। [ভাবে। বি; পুং।
শ্যামলিমা (-মন্)—শ্যামত্ব; কৃষ্ণত্ব। শ্যামল+ইমন্
শ্যামলী—কাল গরুর নাম। বাংপ্র। বি; স্ত্রী।
শ্যামশ্রী—সবুজ অথবা কৃষ্ণবর্ণ শোভা। কর্মধা। বি; স্ত্রী। [পুং।
শ্যামসুন্দর—শ্রীকৃষ্ণ। শ্যাম অথচ সুন্দর, কর্মধা। বি;
শ্যামা—১। দেবী বিঃ, কালিকা; কৃষ্ণবর্ণা স্ত্রী; শ্যামাপাখি; লতা বিঃ, প্রিয়ংগু। বি; স্ত্রী। ২। শ্যামবর্ণা, শ্যামাঙ্গী; মধ্যযৌবনী; তপ্তকাঞ্চন-বর্ণা সুখস্পর্শাঙ্গী ('—যুবতী')। শ্যাম+আপ্। বিণ; স্ত্রী। [পুং।
শ্যামাক—ধান্য বিঃ। শ্যামা+কন্ সংজ্ঞার্থে। বি;
শ্যামাঙ্গ—১। যাহার শরীর কৃষ্ণবর্ণ এমন। শ্যাম অঙ্গ যাহার, বহু। বিণ। স্ত্রী, **-ঙ্গী**। ২। শ্যামবর্ণ দেহ। কর্মধা। বি; ক্লী।
শ্যামাপোকা—সবুজ পোকা বিঃ, দেওয়ালিপোকা। বাংপ্র। বি।
শ্যাল, শ্যালক—পত্নীর ভ্রাতা, শালা। শ্যৈ+কালন্ কর্তৃ; পক্ষে কন্ স্বার্থে। বি; পুং।
শ্যালিকা শ্যালী—পত্নীর ভগিনী, শালী। শ্যালক+আপ্; শ্যাল+ঈপ্। বি; স্ত্রী।
শ্যেন—বাজপক্ষী; যজ্ঞ বিঃ। শ্যৈ+ইনন্ কর্তৃ। বি; পুং। [স্ত্রী।
শ্যেনী—বাজপক্ষিণী। শ্যেন+ঈপ্। বি বা বিণ;
শ্যোনাক—শোনাগাছ। শ্যৈ+ওনাক কর্তৃ। বি; পুং।
শ্রদ্ধধান—শ্রদ্ধান্বিত; ভক্তিমান্; বিশ্বাসী। শ্রৎ—ধা+শানচ্ কর্তৃ। বিণ।
শ্রদ্ধা—সসম্মান, প্রীতি; ভক্তি; ধর্মকার্যে দৃঢ় বিশ্বাস; বিশ্বাস, প্রত্যয়; নিষ্ঠা; আদর; মনের নির্মলতা; রুচি; ইচ্ছা। শ্রৎ—ধা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।
শ্রদ্ধাবান্ (-বৎ)—শ্রদ্ধাযুক্ত; ভক্তিমান্। শ্রদ্ধা+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বতী**।
শ্রদ্ধাভাজন—শ্রদ্ধাস্পদ (তাহা দ্রঃ)।
শ্রদ্ধালু—শ্রদ্ধাবিশিষ্ট, ভক্তিমান্। শ্রৎ—ধা+আলুচ্ কর্তৃ, শীলার্থে। বিণ।
শ্রদ্ধাস্পদ—ভক্তিভাজন; মান্য ব্যক্তি। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ। [সংস্কৃতে আস্পদ ও ভাজন ক্লী, বাংলায় শ্রদ্ধাস্পদা ইত্যাদি স্ত্রীলিঙ্গ।]
শ্রদ্ধাস্পদেষু, শ্রদ্ধাভাজনেষু—শ্রদ্ধেয় ব্যক্তির নিকট লিখিত চিঠির পাঠ। গৌরবে সংস্কৃত ৭মী বিভক্তির বহুবচন।
শ্রদ্ধেয়—শ্রদ্ধার্হ; মাননীয়; ভক্তিভাজন। শ্রৎ—ধা+যৎ কর্ম। বিণ। স্ত্রী, **-য়া**।
শ্রবণ—১। শ্রবণেন্দ্রিয়, কর্ণ। শ্রু+অনট্ করণ। ২। শোনা, আকর্ণন। শ্রু+অনট্ ভাব। বি; ক্লী।
শ্রবণপথ, -বিবর, শ্রবণেন্দ্রিয়—কর্ণ, কান। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী, ক্লী।
শ্রবণা—অশ্বিন্যাদি নক্ষত্রের অন্তর্গত দ্বাবিংশ নক্ষত্র। শ্রু+অন কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
শ্রবণাতীত—যাহা শোনা যায় নাই বা যায় না এমন। শ্রবণের অতীত, ২য়াতৎ। বিণ।
শ্রবণীয়, শ্রব্য, শ্রোতব্য—শ্রবণোপযোগী; যাহা শোনা যাইতে পারে এমন, audible. শ্রু+অনীয়, যৎ, তব্য কর্ম। বিণ।
শ্রবণেন্দ্রিয়—'শ্রবণপথ' দ্রঃ।
শ্রব্য—'শ্রবণীয়' দ্রঃ। **শ্রব্য কাব্য**—যে কাব্য শুধু শ্রবণের যোগ্য কিন্তু অভিনয়ের যোগ্য নহে তাহা, নাটক ভিন্ন অন্য কাব্য।
শ্রম—পরিশ্রম, শ্রান্তি; খেদ; তপঃ; শাস্ত্রাভ্যাস। শ্রম্+ঘঞ্ ভাব। বি; পুং।
শ্রমকাতর—যে পরিশ্রম করিতে কষ্টবোধ করে এমন, অলস। ৭মীতৎ। বিণ।
শ্রমজল, -বারি—পরিশ্রমজনিত ঘর্ম। শ্রমজনিত জল, বারি, মধ্যপ। বি; ক্লী।
শ্রমজীবী (-জীবিন্)—যে খাটিয়া খায় এরূপ, পরিশ্রম দ্বারা জীবিকানির্বাহকারী, শ্রমিক। উপতৎ; শ্রম্—জীব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-জীবিনী**।
শ্রমণ—১। বৌদ্ধ সন্ন্যাসী, ভিক্ষু। বি; পুং। ২। শ্রমিক, শ্রমজীবী; ঘৃণিত, নীচ। শ্রম্+অন কর্তৃ। বিণ। স্ত্রী, **-ণা**।
শ্রমবারি—'শ্রমজল' দ্রঃ।
শ্রমবিভাগ—কোন কর্ম কেবল এক ব্যক্তির শ্রম দ্বারা সম্পাদিত না করিয়া ভিন্ন ভিন্ন ব্যক্তি দ্বারা তাহার এক এক অংশ সম্পাদিত করিবার ব্যবস্থা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শ্রমলব্ধ—পরিশ্রম দ্বারা প্রাপ্ত। ৩য়াতৎ। বিণ।
শ্রমশিল্প—শ্রমসাধ্য কারুকার্য; কারখানায় শ্রমিকদের দ্বারা প্রস্তুত দ্রব্যাদি। মধ্যপ। বি। [বিণ।
শ্রমসাধ্য—পরিশ্রম দ্বারা সম্পাদনযোগ্য। ৩য়াতৎ।
শ্রমসাপেক্ষ—শ্রমসাধ্য। শ্রমের সাপেক্ষ, ৬ষ্ঠীতৎ। বিণ। [তৎ। বি; পুং।
শ্রমস্বীকার—পরিশ্রম করা; শ্রমপ্রবৃত্ত হওয়া। ৬ষ্ঠী-
শ্রমাপনোদন—শ্রান্তি দূর করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শ্রমিক—শ্রমজীবী, মজুর। শ্রম+ইক (ঠন্) করে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-কা**।
শ্রমী (শ্রমিন্)—শ্রমশীল, পরিশ্রমকারী। শ্রম+ইন্ আছে অর্থে। বিণ; পুং; স্ত্রী—**শ্রমিণী**।

শ্রমোপজীবী (-জীবিন্)—পরিশ্রমকারী; পরিশ্রম দ্বারা জীবিকানির্বাহকারী। উপতৎ; শ্রম—উপ—জীব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-জীবিনী।**

শ্রয়, শ্রয়ণ—অবলম্বন, আশ্রয়। শ্রি+অচ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

শ্রাদ্ধ—১। শ্রদ্ধাযুক্ত, শ্রদ্ধায় যাহা দেওয়া হয় এরূপ। বিণ। **২।** পিতৃকৃত্য, একোদ্দিষ্ট পার্বণাদি। শ্রদ্ধা+অণ্ যুক্তার্থে, দেয়ার্থে। বি; ক্লী। **কাহারও শ্রাদ্ধ করা**—কাহাকেও নির্যাতন করা। **শ্রাদ্ধ করা**—একেবারে নষ্ট বা পণ্ড করা; অত্যধিক অপপ্রয়োগাদি দ্বারা নষ্ট করা; অপব্যয় করা ('টাকার —')। **শ্রাদ্ধ গড়ানো**—কোন মন্দ ব্যাপার আরও গুরুতর হওয়া, বিশৃঙ্খল কাণ্ড ঘটা। **শ্রাদ্ধের চাল চড়ানো**—শ্রাদ্ধের যোগাড় করা; (গালিতে) মৃত্যু-কামনাসূচক উক্তি।

শ্রাদ্ধিক—শ্রাদ্ধ সম্বন্ধীয়; শ্রাদ্ধভোজী। শ্রাদ্ধ+ইক। বিণ। স্ত্রী, **-কী।**

শ্রাদ্ধীয়—শ্রাদ্ধ সম্বন্ধীয়, শ্রাদ্ধোপযুক্ত। শ্রাদ্ধ+ঈয় সম্বন্ধার্থে, যোগ্যার্থে। বিণ।

শ্রান্ত—ক্লান্ত, শ্রমযুক্ত; অঙ্গীভূত; নিবৃত্ত; খিন্ন; ভোগতৃপ্ত। শ্রম্+ক্ত কর্তৃ। বিণ।

শ্রান্তি—শ্রম; শ্রমের জন্য ক্লান্তি; বিরাম, বিশ্রাম; খেদ। শ্রম্+ক্তি ভাব। বি; স্ত্রী।

শ্রান্তিবোধ—ক্লান্তির অনুভব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শ্রান্তিহর—ক্লান্তিনাশক। উপতৎ; শ্রান্তি—হৃ+অচ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -রা। [বিণ।

শ্রান্তিহীন—বিশ্রামশূন্য; ক্লান্তিশূন্য। ৩য়াতৎ।

শ্রাবক—শ্রোতা। শ্রু+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**শ্রাবিকা।**

শ্রাবণ—১। বৈশাখাদি দ্বাদশ মাসের অন্তর্গত চতুর্থ মাস। শ্রাবণী (শ্রবণানক্ষত্রযুক্তা পৌর্ণমাসী)+অণ্ তদ্‌যুক্তার্থে। বি; পুং। **২।** শ্রবণেন্দ্রিয়গ্রাহ্য, auditory ('— জ্ঞান', '— প্রত্যক্ষ'); কর্ণ সম্বন্ধীয়; পাষণ্ড, পামর। শ্রবণ+অণ্ সম্বন্ধার্থে, জ্ঞাতার্থে। বিণ। [+ঈপ্। বি; স্ত্রী।

শ্রাবণী--শ্রাবণ-মাসের পূর্ণিমা। শ্রবণা+অণ্ যুক্তার্থে

শ্রাবণে, শ্রাবুণে—শ্রাবণমাসে জাত; শ্রাবণমাস সম্বন্ধীয়। শ্রাবণ+এ (বাংপ্র)। বিণ।

শ্রাবয়িতা (-তৃ)—যে শোনায়। শ্রু+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িত্রী।**

শ্রাবিত—যাহা শোনানো হইয়াছে এমন। ণিজন্ত শ্রু বা শ্রাবি+ক্ত কর্ম। বিণ।

শ্রাব্য—১। অবশ্য শ্রোতব্য। শ্রু+ণ্যৎ কর্ম, আবশ্যক অর্থে। **২।** শুনাইবার যোগ্য। শ্রু+ণিচ্+যৎ কর্ম। বিণ। [বিণ।

শ্রিত—অবলম্বিত; আশ্রিত। শ্রি+ক্ত কর্ম বা কর্তৃ।

শ্রী—১। লক্ষ্মী; সম্পত্তি; শোভা; লাবণ্য; বেশবিন্যাস; কীর্তি; সরস্বতী; দীপ্তি; প্রকার; উপকরণ; ত্রিবর্গ; বিভূতি; বৃদ্ধি; সিদ্ধি; সরলবৃক্ষ; নামের চিহ্ন বিঃ (সাধারণতঃ জীবিত ব্যক্তির নামের পূর্বে ইহার প্রয়োগ হয়)। বি; স্ত্রী। **২।** রাগ বিঃ। শ্রি+ক্বিপ্ কর্ম। বি; পুং।

শ্রীকণ্ঠ—শিব; কবি ভবভূতির উপনাম। শ্রী (নীলবর্ণের শোভা) কণ্ঠে যাহার বা যাহাতে, বহু। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

শ্রীকান্ত, শ্রীনাথ, শ্রীপতি—লক্ষ্মীপতি, শ্রীবিষ্ণু।

শ্রীকৃষ্ণ—বসুদেবনন্দন, হৃষীকেশ। শ্রীযুক্ত কৃষ্ণ, মধ্যপ। বি; পুং।

শ্রীক্ষেত্র—পুরীধাম। শ্রীযুক্ত ক্ষেত্র, মধ্যপ। বি; ক্লী।

শ্রীখণ্ড—চন্দন কাঠ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী বা পুং।

শ্রীঘর—(ব্যঙ্গার্থে) জেলখানা। শ্রীবিশিষ্ট ঘর, মধ্যপ (বাংপ্র)। বি।

শ্রীচরণ, শ্রীপদ—শোভাযুক্ত পদ। মধ্যপ। বি; ক্লী।

শ্রীচরণকমল—শ্রীসম্পন্ন এবং পদ্মসদৃশ পদ। চরণরূপ কমল, রূপক কর্মধা; শ্রীযুক্ত চরণকমল, মধ্যপ। বি; ক্লী।

শ্রীচরণকমলেষু, শ্রীচরণেষু—পূজনীয় ব্যক্তির নিকট লিখিত চিঠির পাঠ। গৌরবে সংস্কৃত ৭মী বিভক্তির বহুবচন।

শ্রীছাঁদ—সুন্দর ধরনধারণ, বাহ্যসৌন্দর্য। বাংপ্র। বি।

শ্রীধর—বিষ্ণু; শালগ্রামমূর্তি বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শ্রীনাথ—'শ্রীকান্ত' দ্রঃ।

শ্রীনিকেতন—লক্ষ্মীর আলয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

শ্রীনিবাস—বিষ্ণু; লক্ষ্মীর আলয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শ্রীপঞ্চমী—মাঘী শুক্লা পঞ্চমী (যে দিন সরস্বতী পূজা হয়)। শ্রীপ্রিয়া পঞ্চমী, মধ্যপ। বি; স্ত্রী।

শ্রীপতি—'শ্রীকান্ত' দ্রঃ।

শ্রীপদ—'শ্রীচরণ' দ্রঃ।

শ্রীপদপঙ্কজ—শ্রীচরণরূপ পদ্ম, চরণকমল। পদরূপ পঙ্কজ, রূপক কর্মধা; শ্রীযুক্ত পদপঙ্কজ, মধ্যপ। বি; ক্লী।

শ্রীপদপল্লব—শ্রীচরণরূপ পল্লব, শোভা বা কল্যাণের নিধানস্বরূপ পদপল্লব। পদরূপ পল্লব, রূপক কর্মধা; শ্রীযুক্ত পদপল্লব, মধ্যপ। বি; ক্লী।

শ্রীফল—১। বিল্ববৃক্ষ। শ্রীযুক্ত ফল যাহার, বহু। বি; পুং। **২।** বেল। শ্রীযুক্ত ফল, মধ্যপ। বি; ক্লী।

শ্রীবৎস—১। শ্রীবিষ্ণু; অযোধ্যার জনৈক প্রাচীন নরপতি, চিন্তার স্বামী। শ্রীযুক্ত বৎস (বক্ষঃস্থল) যাহার, বহু। **২।** বিষ্ণুর বক্ষঃস্থলস্থ রোমাবর্ত বিঃ। শ্রীযুক্ত বৎস যাহা হইতে, বহু। বি; পুং।

শ্রীবৎসলাঞ্ছন—শ্রীবিষ্ণু, নারায়ণ। শ্রীবৎস লাঞ্ছন (চিহ্ন) যাঁহার, বহু। বি; পুং।

শ্রীবাস—১। সরলবৃক্ষের নির্যাস, টার্পিন। শ্রীতে (সরল বা দেবদারু বৃক্ষে) বাস (স্থিতি) যাহার, বহু। **২।** পদ্ম; বিষ্ণু; শিব। শ্রীর (লক্ষ্মীর) বাস, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শ্রীবিষ্ণু—নারায়ণ। শ্রীযুক্ত বিষ্ণু, মধ্যপ। বি; পুং।

শ্রীবৃদ্ধি—উন্নতি; সৌভাগ্যবৃদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শ্রীভ্রষ্ট—যাহার সৌন্দর্য ও কান্তি নষ্ট হইয়াছে এমন। ৫মীতৎ। বিণ।

শ্রীমতী—১। শ্রীবিশিষ্টা। বিণ; স্ত্রী। ২। রাধিকা। শ্রীমৎ+ঈপ্। বি; স্ত্রী।
শ্রীমন্ত—১। কান্তিযুক্ত; সৌভাগ্যবান্। শ্রী+মন্ত অস্ত্যর্থে (বাংপ্র)। বিণ। ২। কবিকঙ্কণচণ্ডীর একটি উপাখ্যানের নায়ক। বাংপ্র। বি।
শ্রীমান্ (-মৎ)—১। শ্রীযুক্ত (স্নেহভাজনের নামের পূর্বে যুক্ত শব্দ); ঐশ্বর্যশালী; ধনী; সুন্দর, সুশ্রী। বিণ। ২। বিষ্ণু; শিব। শ্রী+মতুপ্ আছে অর্থে। বি; পুং।
শ্রীমুখ—১। পত্রপৃষ্ঠে 'শ্রী'-শব্দলিখন। শ্রী মুখ (প্রধান) যাহাতে, বহু। বি; পুং। ২। শোভাযুক্ত আনন। শ্রীযুক্ত মুখ, মধ্যপ। বি, ক্লী।
শ্রীমুখপঙ্কজ—প্রস্ফুটিত পদ্মের ন্যায় সুন্দর মুখ। মুখরূপ পঙ্কজ, রূপক কর্মধা; শ্রীযুক্ত মুখপঙ্কজ, মধ্যপ। বি; ক্লী। [মধ্যপ। বি; স্ত্রী।
শ্রীমূর্তি—দেববিগ্রহ; বিষ্ণুপ্রতিমা। শ্রীযুক্তা মূর্তি,
শ্রীযুক্ত, শ্রীযুত—শ্রীমান্, লক্ষ্মীবান্; শোভাযুক্ত, শোভিত; জীবিত ব্যক্তির নামের পূর্বে প্রযুক্ত শব্দ। ৩য়াতৎ। বিণ।
শ্রীরাগ—ছয় রাগের মধ্যে তৃতীয় রাগ। শ্রীনামক রাগ, মধ্যপ। বি; পুং।
শ্রীরামনবমী—চৈত্রশুক্লনবমী। মধ্যপ। বি; স্ত্রী।
শ্রীল—শ্রীযুক্ত, সৌভাগ্যবান্, লক্ষ্মীবান্। শ্রী+লচ্ আছে অর্থে। বিণ।
শ্রীশ—বিষ্ণু। শ্রীর (লক্ষ্মীর) ঈশ (ঈশ্বর, পতি), ৬ষ্ঠীতৎ। বি; পুং। [শব্দ। বাংপ্র। বি।
শ্রীশ্রী—দেবতা বা মহাপুরুষদের নামের পূর্বে ব্যবহৃত
শ্রীহীন—কান্তিহীন, শোভাশূন্য; সৌভাগ্যবঞ্চিত; দুর্ভাগা। ৩যাতৎ। বিণ।
শ্রুত—১। আকর্ণিত, যাহা শ্রবণ করা হইয়াছে এমন; জ্ঞাত; প্রসিদ্ধ। বিণ। ২। বেদ; শাস্ত্র; শাস্ত্রজ্ঞান। শ্রু+ক্ত কর্ম। বি; ক্লী।
শ্রুতকীর্তি—১। বিখ্যাত; কীর্তিযুক্ত। বিণ। ২। শত্রুঘ্নের পত্নী। শ্রুতা কীর্তি যাহার, বহু। বি; স্ত্রী।
শ্রুতধর—'শ্রুতিধর' দ্রঃ।
শ্রুতলিখন—শুনিয়া লেখা, ডিক্টেশন লেখা, dictation-writing. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শ্রুতি—১। কর্ণ ("পদ্মপত্র যুগ্মনেত্র পরশয়ে শ্রুতি" —কাশী)। শ্রু+ক্তি করণ। ২। শ্রবণ। শ্রু+ক্তি ভাব। ৩। বেদ; কিংবদন্তী; পুরুষপরম্পরাগত প্রবাদ; বাচক শব্দ; শ্রুত বাক্যাদি; সংগীতে এক ষড়্‌জ হইতে পরবর্তী ষড়্‌জ পর্যন্ত দ্বাবিংশতি সূক্ষ্ম স্বরাংশ, microtone. শ্রু+ক্তি কর্ম। বি; স্ত্রী।
শ্রুতিকটু—১। শুনিতে বিরস। শ্রুতিতে কটু, ৭মীতৎ। বিণ। ২। (অলংকারে) 'কার্তার্থা' প্রঃ শব্দের প্রয়োগজনিত দুঃশ্রবতা, cacophony. শ্রুতিবিষয়ে কটু (কর্কশ), ৭মীতৎ। বি; পুং।
শ্রুতিকঠোর—শুনিতে কর্কশ। ৭মীতৎ। বিণ।
শ্রুতিগম্য, -গোচর—যাহা শোনা যায় বা যাইতে পারে এমন। ৩য়াতৎ; ২য় পক্ষে ৬ষ্ঠীতৎ। বিণ।
শ্রুতিধর, শ্রুতধর—শ্রবণমাত্র অভ্যাসকারক, কোন কিছু একবার শুনিয়াই যে তাহা মনে রাখিতে পারে এমন। ৬ষ্ঠীতৎ। বিণ।
শ্রুতিপথ, -পুট—কর্ণ, কান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
শ্রুতিবেধ—কানবিঁধানো রূপ সংস্কার। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বিণ।
শ্রুতিমধুর, -মনোহর—শুনিতে মিষ্ট। ৭মীতৎ।
শ্রুতিলিখন—শুনিয়া লেখা, ডিক্টেশন লেখা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
শ্রুতিসুখ—কর্ণের প্রীতি, কানে ভাল লাগা। শ্রুতিগত সুখ, মধ্যপ। বি; ক্লী।
শ্রুতিসুখকর—শুনিতে মধুর। উপতৎ; শ্রুতিসুখ—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।
শ্রুতিস্মৃতি—বেদ এবং মনু প্রঃ দ্বারা প্রণীত শাস্ত্র। দ্বন্দ্ব। বি; স্ত্রী। [কর্ম। বিণ।
শ্রূয়মাণ—যাহা শোনা যাইতেছে এমন। শ্রু+শানচ্
শ্রেণি, শ্রেণী—পঙ্‌ক্তি; সারি, দল; ক্লাস, মান, class; সেচনপাত্র; জাতি, সমধর্মবিশিষ্ট বস্তু বা ব্যক্তি-সমূহ ('— বিভাগ', 'উচ্চ —'); কারুসংহতি। শ্রি+নি কর্তৃ; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
শ্রেণীবদ্ধ—সারি-বাঁধা; দল-বাঁধা; সারি সারি ভাবে অবস্থিত। ৭মীতৎ। বিণ।
শ্রেণীভূক্ত—শ্রেণীতে গৃহীত; শ্রেণীর অন্তর্গত। ৩য়াতৎ বা ৭মীতৎ। বিণ।
শ্রেয়ঃ (শ্রেয়স্)—১। ধর্ম, পুণ্য; মোক্ষ, মুক্তি; সৌভাগ্য; সুখ; শুভ। বি; ক্লী। ২। শ্রেষ্ঠ; শুভকর; অতিপ্রশস্ত। প্রশস্য+ঈয়সু অত্যর্থে (প্রশস্য-স্থানে শ্র)। বিণ; ক্লী। পুং—**শ্রেয়ান্**। [শ্রেয়— < শ্রেয়ঃ।]
শ্রেয়সী—শ্রেষ্ঠা; শুভকরী। শ্রেয়স্+ঈপ্। বিণ; স্ত্রী।
শ্রেয়স্কর—শুভকর, মঙ্গলজনক। উপতৎ; শ্রেয়স্—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।
শ্রেয়ান্ (শ্রেয়স্)—'শ্রেয়ঃ' শব্দে (২) দ্রঃ।
শ্রেষ্ঠ—অতি প্রশস্ত; সর্বপ্রধান; উত্তম। প্রশস্য+ইষ্ঠ অত্যর্থে (প্রশস্য-স্থানে শ্র)। বিণ।
শ্রেষ্ঠতা, -ত্ব—প্রাধান্য, উৎকর্ষ; উত্তমতা। শ্রেষ্ঠ+তা, ত্ব ভাবে। বি, স্ত্রী, ক্লী।
শ্রেষ্ঠী (শ্রেষ্ঠিন্)—বণিক্, শেঠ। শ্রেষ্ঠ (প্রধান বস্তু) +ইন্ আছে অর্থে। বি; পুং।
শ্রোণি, শ্রোণী—কটিদেশ; নিতম্ব; পথ। শ্রোণ্+ইন্ কর্তৃ; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
শ্রোতব্য—'শ্রবণীয়' দ্রঃ।
শ্রোতা (শ্রোতৃ)—শ্রবণকর্তা, যে শোনে এমন। শ্রু+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**শ্রোত্রী**।
শ্রোতৃবর্গ -মণ্ডলী—শ্রবণকারীর দল, শ্রোতার দল, audience. ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী।
শ্রোত্র—১। কান। শ্রু+ত্র করণ। ২। শ্রুতি, বেদ। শ্রু+ত্র কর্ম। বি; ক্লী।
শ্রোত্রিয়—১। বেদাধ্যায়ী ব্রাহ্মণ; বেদজ্ঞ বিপ্র; সচ্চরিত্র ব্রাহ্মণ। বি; পুং। ২। সুশীল, সচ্চরিত্র; সৎকুল-

জাত। ছন্দস্ (বেদ)+ইয় অধ্যয়নার্থে (ছন্দস্-স্থানে শ্রোত্র)। বিণ।

শ্রৌত—বেদবিহিত, বেদ সম্বন্ধীয়। শ্রুতি+অণ্ সম্বন্ধার্থে। বিণ।

শ্লথ—অদৃঢ়, শিথিল, ঢিলা; দুর্বল। শ্লথ্+অচ্ কর্তৃ। বিণ।

শ্লাঘনীয়—'শ্লাঘ্য' দ্রঃ।

শ্লাঘা—প্রশংসা; আত্মগৌরব, নিজগুণখ্যাপন। শ্লাঘ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

শ্লাঘাজনক—প্রশংসাজনক, গৌরবজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -**জনিকা**।

শ্লাঘ্য, শ্লাঘনীয়—স্পৃহণীয়; ধন্য, প্রশংসনীয়; প্রশস্ত। শ্লাঘ্+ণ্যৎ, অনীয় কর্ম। বিণ।

শ্লিষ্ট—শ্লেষযুক্ত; সংসৃষ্ট; সংযুক্ত; আলিঙ্গিত। শ্লিষ্+ক্ত কর্ম। বিণ।

শ্লিষ্টার্থ—স্পষ্টতঃ যে অর্থের বোধ হয় তদ্ভিন্ন অন্য অর্থ। কর্মধা। বি; পুং।

শ্লীপদ—পায়ের শোথরোগ, গোদ, elephantiasis. শ্রীযুক্ত (বৃদ্ধিযুক্ত) পদ যাহা হইতে, বহু (র-স্থানে ল)। বি; ক্লী।

শ্লীপদী (-দিন্)—চরণে শোথযুক্ত, গোদা। শ্লীপদ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**দিনী**।

শ্লীল—শ্রীযুক্ত; সৌভাগ্যশালী; ভদ্র; সভ্য; সাধু। শ্রী+লচ্ আছে অর্থে (র-স্থানে ল)। বিণ।

শ্লীলতা—ভদ্রতা; সভ্যতা। শ্লীল+তা ভাবে। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শ্লীলতাহানি—অভদ্র ব্যবহার; বলাৎকারের চেষ্টা।

শ্লেট—লিখিবার কাল প্রস্তর-ফলক। <ইং 'slate'. বি।

শ্লেষ—১। যোগ, সংযোগ; আলিঙ্গন; দাহ; কাব্যালংকার বিঃ, pun. [একই শব্দের একাধিক অর্থসংগতি হইলে এই অলংকার হয়; যথা—

১। "গোত্রের প্রধান পিতা মুখবংশজাত"
—ভারতচন্দ্র।

গোত্র=(১) বংশ, (২) পর্বত। মুখবংশজাত=(১) মুখোপাধ্যায়, (২) শ্রেষ্ঠবংশে উৎপন্ন অর্থাৎ ব্রহ্মার মানসজাত।

২। "গৌরি শ্যামনট নহ তব দূরঘট"
—রাধামোহন।

গৌরি=(১) গৌরী রাগিণী, (২) হে গৌরবর্ণে রাধিকে। শ্যামনট=(১) শ্যাম, নটনারায়ণ রাগ, (২) শ্যামনাগর। নহ তব দূরঘট=(১) তোমার নিকট কঠিন নহে, (২) তোমার পক্ষে দুর্লভ নহে]। শ্লিষ্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। বিদ্রূপ, পরিহাসসূচক বক্রোক্তি। বাংপ্র। বি।

শ্লেষ্মা (শ্লেষ্মন্)—কফ, phlegm; গয়ের, শিকনি, mucus. শ্লিষ্+মনিন্ কর্তৃ। বি; পুং।

শ্লৈষ্মিক—শ্লেষ্মা সম্বন্ধীয়। শ্লেষ্মন্+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—**শ্লৈষ্মিকী**। **শ্লৈষ্মিক অন্তস্ত্বক্, শ্লৈষ্মিক ঝিল্লী**—ত্বকের যে ভাগ দ্বারা শরীরের অভ্যন্তর ভাগ আবৃত থাকে তাহা, mucuous membrane.

শ্লোক—পদ্য, কবিতা, ছন্দোবদ্ধ বাক্য; সুখ্যাতি, যশঃ। শ্লোক্+ঘঞ্ কর্ম, কর্তৃ। বি; পুং।

শ্লোকময়, শ্লোকাত্মক—শ্লোকে রচিত, পদ্যে রচিত। শ্লোক+ময়ট্ স্বরূপার্থে; শ্লোক আত্মা (আত্মন্=স্বরূপ) যাহার, বহু (ক-আগম)। বিণ। স্ত্রী, -**য়ী**, -**ত্মিকা**।

[ষ]

ষ—একত্রিংশ ব্যঞ্জনবর্ণ (ইহার উচ্চারণস্থান মূর্ধা)। বি; ক্লী।

ষকার—'ষ' এই বর্ণ। ষ+কার স্বার্থে। বি; পুং।

ষট্ (ষষ্)—ছয়, ৬। ষো+ক্বিপ্ কর্তৃ (নিপা)। বিণ। [ক্লী।

ষট্ক—ছয় সংখ্যা, ৬। ষষ্ (ছয়)+কন্ স্বার্থে। বি;

ষট্‌কর্ম (-কর্মন্)—যজন যাজন অধ্যয়ন অধ্যাপন দান প্রতিগ্রহ—ব্রাহ্মণের এই ছয় কর্ম; (তন্ত্রে) শান্তি বশীকরণ স্তম্ভন বিদ্বেষণ উচ্চাটন মারণ—এই ছয় কর্ম। মধ্যপ। বি; ক্লী।

ষট্‌কর্মা (-কর্মন্)—যজনাদি কর্মকারী ব্রাহ্মণ। বহু। বি; পুং।

ষট্‌কর্মান্বিত—যজন যাজন ইঃ অনুষ্ঠানকারী। ৩য়াতৎ। বিণ।

ষট্‌কোণ—১। বজ্র; লগ্ন হইতে ষষ্ঠ স্থান; ষড়্‌ভুজ ক্ষেত্র, hexagon. বি; ক্লী। ২। যাহার ছয়টি কোণ আছে এমন। বহু। বিণ।

ষট্‌চক্র—যোগশাস্ত্রোক্ত দেহমধ্যস্থ সুষুম্নানাড়ীতে অবস্থিত পদ্মাকার ছয়টি চক্র (যথা—মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপুর, অনাহত, বিশুদ্ধ ও আজ্ঞা)। দ্বিগু। বি; ক্লী।

ষট্‌চত্বারিংশ, -চত্বারিংশত্তম—ছেচল্লিশ সংখ্যার পূরক বা স্থানীয়। ষট্‌চত্বারিংশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -**শী**, -**মী**।

ষট্‌চত্বারিংশৎ—ছেচল্লিশ সংখ্যা, ৪৬; ৪৬-সংখ্যক। ষড়ধিকা চত্বারিংশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।

ষট্‌চত্বারিংশত্তম—'ষট্‌চত্বারিংশ' দ্রঃ।

ষট্‌ত্রিংশ, -ত্রিংশত্তম—ছত্রিশ সংখ্যার পূরক বা স্থানীয়। ষট্‌ত্রিংশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -**শী** -**মী**।

ষট্‌ত্রিংশৎ—ছত্রিশ সংখ্যা, ৩৬; ৩৬-সংখ্যক। ষড়ধিকা ত্রিংশৎ (ত্রিশ), মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।
ষট্‌ত্রিংশত্তম—'ষট্‌ত্রিংশ' দ্রঃ।
ষট্‌পঞ্চাশ, -পঞ্চাশত্তম—ছাপান্ন সংখ্যার পূরক বা স্থানীয়। ষট্‌পঞ্চাশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-শী, -মী।**
ষট্‌পঞ্চাশৎ—ছাপান্ন সংখ্যা, ৫৬; ছাপান্ন-সংখ্যক। ষড়ধিকা পঞ্চাশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।
ষট্‌পঞ্চাশত্তম—'ষট্‌পঞ্চাশ' দ্রঃ।
ষট্‌পদ—ভ্রমর; যাহার ছয় পা আছে। বহু। বি; পুং।
ষট্‌পদী—উকুন; ভ্রমরী; ষট্‌চরণযুক্ত ছন্দঃ। ষট্‌পদ +ঈপ্। বি; স্ত্রী।
ষট্‌ষষ্ট—ছেষট্টি সংখ্যার পূরক বা স্থানীয়। ষট্‌ষষ্টি +ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-ষ্টী।**
ষট্‌ষষ্টি—ছেষট্টি সংখ্যা, ৬৬; ছেষট্টি-সংখ্যক। ষড়ধিকা ষষ্টি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।
ষট্‌ষষ্টিতম—ছেষট্টি সংখ্যার পূরক বা স্থানীয়। ষট্‌ষষ্টি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-মী।**
ষট্‌সপ্ততি—সাতাত্তর সংখ্যা, ৭৭; সাতাত্তর-সংখ্যক। ষড়ধিকা সপ্ততি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।
ষট্‌সপ্তত, ষট্‌সপ্ততিতম—সাতাত্তর সংখ্যার পূরক বা স্থানীয়। ষট্‌সপ্ততি+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-তী, -মী।**
ষড়ঙ্গ—১। হস্তদ্বয় পদদ্বয় কটি মস্তক—দেহের এই ছয় অংগ; হৃদয়াদি ষট্ অবয়ব; শিক্ষা কল্প ব্যাকরণ নিরুক্ত ছন্দঃ জ্যোতিষ—বেদের এই ছয়টি অংগ; গোমূত্র গোময় ক্ষীর সর্পি দধি রোচনা—এই ছয় গব্য; মৌল ভৃত্য সুহৃৎ শ্রেণী দ্বিষৎ আটবিক—এই ছয় প্রকার সেনাংগ; আদ্যশ্রাদ্ধে—পীঠাদি ষট্। ষট্ (ছয়) অংগের (অবয়বের, অংশের) সমাহার, সমা-দ্বিগু। বি; ক্লী। ২। ছয় অংগবিশিষ্ট। বহু। বিণ। স্ত্রী, **-ঙ্গা, -ঙ্গী।**
ষড়ভিজ্ঞ—দিব্যচক্ষুঃ শোত্র (বেদ) পরচিত্তজ্ঞান (পরের মনের কথা জানা) পূর্বজন্মস্মরণ আত্মজ্ঞান বিয়দ্‌গতি (আকাশে গমন করিবার ক্ষমতা) কায়-ব্যূহসিদ্ধি (যে কোন দেহধারণ করিবার ক্ষমতা)—এই ছয় বিষয়ে অভিজ্ঞ। ষট্ অভিজ্ঞ, ৭মীতৎ। বিণ।
ষড়যন্ত্র—কুচক্রান্ত, গুপ্ত কুমন্ত্রণা। ＜ষড়্‌যন্ত্র। বি।
ষড়শীত -শীতিতম—ছিয়াশী সংখ্যার পূরক বা স্থানীয়। ষড়শীতি+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-তী, -মী।**
ষড়শীতি—ছিয়াশী সংখ্যা, ৮৬; সংক্রান্তি-বিঃ; মিথুন কন্যা ধনু ও মীনরাশিতে সূর্যের সংক্রমণ; ছিয়াশী-সংখ্যক। ষড়ধিকা অশীতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী। [বি; পুং।
ষড়ানন—স্কন্দ, কার্তিকেয়। ষট্ আনন যাহার, বহু।
ষড়্‌ঋতু—গ্রীষ্ম বর্ষা শরৎ হেমন্ত শীত ও বসন্ত—বৎসরের এই ছয়টি কাল-বিভাগ। মধ্যপ। বি; পুং।
ষড়ৈশ্বর্য—ঐশ্বর্য বীর্য যশঃ শ্রী জ্ঞান ও বৈরাগ্য এই ছয় গুণ। ষট্ ঐশ্বর্যের সমাহার, সমা দ্বিগু। বি; ক্লী।
ষড়ৈশ্বর্যশালী (-লিন্)—১। শ্রীভগবান্। বি। ২। ছয়টি গুণের অধিকারী। ষড়ৈশ্বর্য—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-লিনী।**
ষড়্‌গুণ—১। সন্ধি বিগ্রহ যান আসন দ্বৈধ আশ্রয়—রাজাদিগের এই ছয়টি শত্রুদমনযোগ্য নীতি। ষট্-সংখ্যক গুণ, মধ্যপ। বি; পুং। ২। ছয় সংখ্যা দ্বারা গুণিত। ষট্ গুণ যাহাতে, বহু। বিণ।
ষড়্‌জ—সংগীতেব প্রথম স্বর, সা (নাসা, কণ্ঠ, উরঃ, তালু, জিহ্বা ও দন্ত—এই ছয় স্থান হইতে ইহা উৎপন্ন হয়)। উপতৎ; ষষ্—জন্+ড কর্তৃ। বি; পুং।
ষড়্‌দর্শন—পূর্বমীমাংসা বেদান্ত সাংখ্য পাতঞ্জল ন্যায় বৈশেষিক—এই ছয় দর্শনশাস্ত্র। ষট্ দর্শনের সমাহার, সমা-দ্বিগু। বি; ক্লী। [অ।
ষড়্‌ধা—ছয় প্রকাব; ছয় বাব। ষষ্+ধাচ্ প্রকাবার্থে।
ষড়্‌বর্গ—কাম ক্রোধ লোভ মোহ মদ মাৎসর্য—এই ছয়। ষটের (ছয়েব) বর্গ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ষড়্‌বিধ—ছয়প্রকার। ষট্ বিধা যাহার, বহু। বিণ।
ষড়্‌ভুজ—১। ছয়হস্তযুক্ত। বিণ। স্ত্রী, **-জা।** ২। ছয়টি বাহু দ্বারা বদ্ধ ক্ষেত্র, hexagon. ষট্ ভুজ যাহার, বহু। বি; ক্লী। [ক্লী।
ষড়্‌যন্ত্র—গুপ্ত কুমন্ত্রণা, কু-চক্রান্ত। মধ্যপ। বি;
ষড়্‌রস—মধুর তিক্ত কষায় অম্ল কটু লবণ—এই ছয়। ষট্ (ছয়) রসের সমাহার, সমা-দ্বিগু। বি; ক্লী।
ষণ্ড—স্বাধীন বৃষ, ষাঁড়; ক্লীব, নপুংসক; প্রহ্লাদের গুরু; বৃক্ষ। ষণ্+ড কর্তৃ। বি; পুং।
ষণ্ডা—বৃষের ন্যায় বলশালী দুর্দান্ত ও উচ্ছৃঙ্খল; একগুঁয়ে। ＜ষণ্ড। বিণ।
ষণ্ডামার্ক—ষণ্ড ও অমার্ক নামক প্রহ্লাদের গুরু-দ্বয় (ব্যঙ্গার্থে) দুর্দান্ত বলিষ্ঠ ও উচ্ছৃঙ্খল-স্বভাব ব্যক্তি। দ্বন্দ্ব। বি; পুং।
ষণ্ডামার্কা—গুণ্ডাপ্রকৃতি। ষণ্ডা মার্কা (＜mark= চিহ্ন) যাহার, বহু। বিণ।
ষণ্ণবতি—ছিয়ানব্বই সংখ্যা; ৯৬; ছিয়ানব্বই-সংখ্যক। ষড়ধিকা নবতি, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।
ষণ্ণবতিতম—ছিয়ানব্বই সংখ্যার পূরক। ষণ্ণবতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-মী।**
ষণ্মুখ—ষড়ানন, কার্তিকেয়। ষট্ মুখ যাহার, বহু। বি; পুং।
ষত্ব—মূর্ধন্য ষ-কারের ভাব; ব্যাকরণের বিধানে 'ষ' হওয়া। ষ+ত্ব ভাবে। বি; ক্লী।
ষত্ববিধান, -বিধি—দন্ত্য 'স'-স্থানে মূর্ধন্য 'ষ' হওয়ার নিয়ম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, পুং।
ষষ্টি—ষাট সংখ্যা, ৬০; ৬০-সংখ্যক। ষড় গুণিত দশতি, মধ্যপ (নিপা)। বি বা বিণ; স্ত্রী।
ষষ্টিক—১। ধান্য বিঃ, ৬০ রাত্রিতে যে ধান্য পক্ক হয় তাহা। ষষ্টি+কন্ নিষ্পন্নার্থে। বি; পুং।
ষষ্টিতম—ষাটের পূরক। ষষ্টি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-মী।**

ষষ্ঠ, ষষ্ঠক—ছয়ের পূরক। ষষ্ +অট্ পূরণার্থে (থ-আগম); ষষ্ঠ+কন্ স্বার্থে। বিণ। স্ত্রী—**ষষ্ঠী, ষষ্ঠিকা।**

ষষ্ঠিকা, ষষ্ঠী—১। দেবী বিঃ; দুর্গা; তিথি বিঃ; মাতৃকা বিঃ। বি; স্ত্রী। ২। ছয়ের স্থানীয়া। ষষ্ঠ+ঈপ্; ১ম পক্ষে ষষ্ঠী+কন্ স্বার্থে+আপ্। বিণ; স্ত্রী।

ষষ্ঠীতৎপুরুষ—সমাস বিঃ [পূর্বপদে ষষ্ঠী বিভক্তির লোপ হইয়া যে তৎপুরুষ সমাস হয় তাহা]। ষষ্ঠী-নির্দিষ্ট তৎপুরুষ, মধ্যপ। বি; পুং।

ষষ্ঠীতলা—ষষ্ঠীদেবীর মন্দির বা অধিষ্ঠানস্বরূপ বৃক্ষের সমীপবর্তী চতুষ্পার্শ্বস্থ স্থান। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

ষষ্ঠীবাটা—জামাইষষ্ঠীর তত্ত্ব। < ষষ্ঠীব্রত। বি।

ষাঁড়—পুরুষজাতীয় গরু। < ষণ্ড। বি। **ষাঁড়ের গোবর**—অকর্মণ্য অকেজো লোক বা বস্তু।

ষাঁড়াষাঁড়ি—দুই ষাঁড়ের লড়াই। বহু (বাংপ্র)। বি। **ষাঁড়াষাঁড়ির বান**—গঙ্গার জোয়ার বিঃ [এই জোয়ারের সময় গঙ্গায় প্রবল বান আসে]।

ষাট—ষষ্ঠীদেবী। < ষষ্ঠী। বি। **ষাট ষাট**—স্বস্তি স্বস্তি, শিশু সন্তানের অমঙ্গল নিবারণার্থ বা তাহার ক্রন্দন নিবারণ ও ভয়াদি দূর করিবার জন্য 'ষষ্ঠী'-দেবীর নামোচ্চারণ। **ষাটের কোলে**—ষষ্ঠী-দেবীর কৃপায়।

ষাট, ষাটি—৬০-সংখ্যা; ৬০-সংখ্যক। < ষষ্টি। বি বা বিণ।

ষাণ্মাসিক—ষণ্মাস সম্বন্ধীয়; ছয় মাসে সাধ্য বা করণীয়; ছয় মাসে প্রকাশ্য। ষণ্মাস+ইক ভবার্থে, কর্তব্যার্থে। বিণ। স্ত্রী, -**কী**।

ষেটেরা—শিশুর কল্যাণার্থ তাহার জন্মের পর ষষ্ঠ রাত্রিতে করণীয় পূজা বিঃ। বাংপ্র। বি।

ষোড়শ—ষোল সংখ্যার পূরক। ষোড়শন্+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -**শী**।

ষোড়শ (-শন্)—ষোল-সংখ্যা, ১৬; ১৬-সংখ্যক। মধ্যপ। বি বা বিণ।

ষোড়শক, -দান—ভূমি আসন অন্ন বস্ত্র জল তাম্বুল প্রদীপ ছত্র গন্ধ মাল্য শয্যা পাদুকা গো কাঞ্চন রজত—শ্রাদ্ধাদিকালে এই ষোড়শপ্রকার দ্রব্য দান। ষোড়শন্+কন্ পরিমাণ অর্থে; ২য় পক্ষে কর্মধা। বি; ক্লী।

ষোড়শমাতৃকা—ষোড়শসংখ্যক দেবী বিঃ [যথা—গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, শান্তি, পুষ্টি, ধৃতি, তুষ্টি, আত্মদেবতা, কুলদেবতা]। কর্মধা। বি; স্ত্রী।

ষোড়শাঙ্গ—১। ষোল-অঙ্গ-বিশিষ্ট। বিণ। স্ত্রী, -**ঙ্গা, -ঙ্গী**। ২। গুগ্গুলু দারু পত্র চন্দন সরল হ্রীবের অগুরু কুষ্ঠ গুড় সর্জরস ঘন হরীতকী নখী লাক্ষা জটামাংসী শৈলেয়—এই ষোল প্রকার সুগন্ধিদ্রব্যমিশ্রিত ধূপ। বহু। বি; পুং। [পুং।

ষোড়শাবর্ত—শঙ্খ। ষোড়শ আবর্ত যাহার, বহু। বি;

ষোড়শী—১। কালী তারা প্রঃ দশ মহাবিদ্যার মধ্যে এক মহাবিদ্যা; ষোল বৎসরের যুবতী। বি বা বিণ; স্ত্রী। ২। ষোল সংখ্যার পূরিকা। ষোড়শ+ঈপ্। বিণ; স্ত্রী।

ষোড়শোপচার—আসন স্বাগত পাদ্য অর্ঘ্য আচমনীয় মধুপর্ক পুনরাচমনীয় স্নান বসন আভরণ চন্দন পুষ্প ধূপ দীপ নৈবেদ্য ও বন্দন—পূজার এই ১৬ উপচার; (শক্তিপূজায়) পাদ্য অর্ঘ্য স্নান আচমনীয় বসন ভূষণ গন্ধ পুষ্প ধূপ দীপ নৈবেদ্য আচমন মদ্য তাম্বুল তর্পণ ও নতি—এই ১৬। ষোড়শসংখ্যক উপচার, মধ্যপ। বি; পুং।

ষোল—১৬ সংখ্যা; ১৬-সংখ্যক। < ষোড়শন্। বি বা বিণ। **ষোল আনা**—পুরাপুরি এক টাকা; সম্পূর্ণ, সমগ্র। **ষোল কলা**—চাঁদের ষোলটি অংশ।

ষ্ঠীবন—থুৎকার, থুথু-ফেলা। ষ্ঠিব্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**ষ্ঠ্যূত**।

[স]

স—১। দ্বাত্রিংশ ব্যঞ্জনবর্ণ (ইহার উচ্চারণস্থান দন্ত)। ২। (বহুব্রীহি সমাসে বিশেষ্যবাচক শব্দের পূর্বে থাকিলে) তৎসহিত। সহ স্থানে আদেশ।

সই—১। সহচরী, স্ত্রী-বন্ধু। < সখী। বি; স্ত্রী। ২। সহ্য করি। বাংপ্র। ক্রি। ৩। মাপমত, পুরোপুরি। বিণ। ৪। স্বীকার, সম্মতি। বাংপ্র। অ। ৫। স্বাক্ষর, দস্তখত। < সহি। বি। **সই পাতানো**—একটি মেয়ের সহিত অন্য মেয়ের সখীত্বস্থাপন।

সইস, সহিস—অশ্বপাল। < আ 'সাইস'। বি।

সই-সাঙাতি—সখীদের দল। বাংপ্র। বি।

সওগাত—উপহার, তত্ত্ব। তু। বি।

সওদা—বাণিজ্য, ব্যবসায়; বাণিজ্যদ্রব্য; কেনা জিনিস; লাভজনক ক্রয় বা বিক্রয়। ফা। বি।

সওদাগর, সদাগর—বণিক্, বাণিজ্যকারী, ব্যবসায়ী। ফা। বি।

সওদাগরি—বাণিজ্য, ব্যবসায়। সওদাগর+ই কর্মার্থে। বি।

সওদাগরী—সওদাগর সম্বন্ধীয়। সওদাগর+ঈ সম্বন্ধার্থে। বিণ।

সওয়া—১। সহ্য করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। ২। এক এবং এক-চতুর্থাংশ পূর্ণ সংখ্যা বা মাত্রা হইতে চতুর্থাংশ বেশী। < সপাদ। বিণ।

সওয়াইয়া—সওয়া দ্বারা গুণ করিবার নামতা। বাংপ্র। বি।

সওয়ায়—ছাড়া, ব্যতীত। < আ 'সিবা'। অ।

সওয়ার—চড়নদার, আরোহী। < ফা 'সবার'। বি।

সওয়ারি—যানবাহন। < ফা 'সবার'। বি।

সওয়ারী—আরোহী। < ফা 'সবার'। বি বা বিণ।

সওয়াল—প্রশ্ন, জিজ্ঞাসা; অনুরোধ; পূর্বপক্ষ। < আ 'সুআল'। বি।

সওয়ালজবাব—প্রশ্নোত্তর; মকদ্দমায় বাদ-প্রতিবাদ। দ্বন্দ্ব (ফা-আ-মু)। বি।

সং, সঙ—নটাদির কৌতুকাবহ বেশ; রঙ্গ; কৌতুক; বিদূষক; হাস্যজনক বেশধারী ব্যক্তি। < স্বাঙ্গ। বি।

সংকট—সঙ্কট (তাহা দ্রঃ)।

সংকটকাল—সঙ্কটকাল (তাহা দ্রঃ)।

সংকটত্রাণ—সঙ্কটত্রাণ (তাহা দ্রঃ)।

সংকটময়, -পূর্ণ, -সংকুল—সঙ্কটময় (তাহা দ্রঃ)।

সংকটস্থল—সঙ্কটস্থল (তাহা দ্রঃ)।

সংকটাপন্ন—সঙ্কটাপন্ন (তাহা দ্রঃ)।

সংকর, সংকার—সঙ্কর (তাহা দ্রঃ)।

সংকর্ষণ—সঙ্কর্ষণ (তাহা দ্রঃ)।

সংকলক—সঙ্কলক (তাহা দ্রঃ)।

সংকলন—সঙ্কলন (তাহা দ্রঃ)।

সংকলয়িতা—সঙ্কলয়িতা (তাহা দ্রঃ)।

সংকলিত—সঙ্কলিত (তাহা দ্রঃ)।

সংকল্প—সঙ্কল্প (তাহা দ্রঃ)।

সংকল্পবিকল্প—সঙ্কল্পবিকল্প (তাহা দ্রঃ)।

সংকল্পসিদ্ধি—সঙ্কল্পসিদ্ধি (তাহা দ্রঃ)।

সংকল্পিত—সঙ্কল্পিত (তাহা দ্রঃ)।

সংকাশ—সঙ্কাশ (তাহা দ্রঃ)।

সংকীর্ণ—সঙ্কীর্ণ (তাহা দ্রঃ)।

সংকীর্ণচিত্ত—সঙ্কীর্ণচিত্ত (তাহা দ্রঃ)।

সংকীর্ণচেতা—সঙ্কীর্ণচেতা (তাহা দ্রঃ)।

সংকীর্ণতা—সঙ্কীর্ণতা (তাহা দ্রঃ)।

সংকীর্ণমনাঃ—সঙ্কীর্ণমনাঃ (তাহা দ্রঃ)।

সংকীর্ণহৃদয়—সঙ্কীর্ণহৃদয় (তাহা দ্রঃ)।

সংকীর্তন—সঙ্কীর্তন (তাহা দ্রঃ)।

সংকীর্তিত—সঙ্কীর্তিত (তাহা দ্রঃ)।

সংকুচিত—সঙ্কুচিত (তাহা দ্রঃ)।

সংকুল—সঙ্কুল (তাহা দ্রঃ)।

সংকুলান—যাহাতে কুলায় এমন অবস্থা, পর্যাপ্তি। বাংপ্র। বি।

সংকেত—সঙ্কেত (তাহা দ্রঃ)।

সংকেতগৃহ, -নিকেতন—সঙ্কেতগৃহ (তাহা দ্রঃ)।

সংকেতস্থান—সঙ্কেতস্থান (তাহা দ্রঃ)।

সংকোচ—সঙ্কোচ (তাহা দ্রঃ)।

সংকোচন—সঙ্কোচন (তাহা দ্রঃ)।

সংকোচনীয়—সঙ্কোচনীয় (তাহা দ্রঃ)।

সংক্রম, সংক্রমণ, সংক্রাম—১। প্রাপ্তি; গমন, প্রবেশ; সংক্রান্তি; সূর্যাদির অন্য রাশিতে প্রবেশ; রোগাদির সঞ্চার, infection. সম্—ক্রম্+অচ্, অনট্, ঘঞ্ ভাব। ২। সোপান; সেতু, সাঁকো; উপায়। সম্—ক্রম্+ঘঞ্, অনট্, ঘঞ্ করণ। (ঘঞ্ প্রত্যয়ে বিকল্পে বৃদ্ধি)। বি; পুং, ক্লী, পুং।

সংক্রমিত, সংক্রামিত—নিবেশিত, স্থাপিত; প্রবেশিত; গমিত; প্রতিবিম্বিত। সম্—ক্রম্+ণিচ্+ক্ত কর্ম (বিকল্পে বৃদ্ধি)। বিণ।

সংক্রান্ত—প্রতিবিম্বিত; সংক্রমণবিশিষ্ট; সম্বন্ধীয়; গত; প্রাপ্ত; যুক্ত; প্রবিষ্ট; সঞ্চারিত; ব্যাপ্ত। সম্—ক্রম্+ক্ত কর্তৃ। বিণ।

সংক্রান্তি—সঞ্চার, গমন; প্রতিবিম্বন; ব্যাপ্তি। সম্—ক্রম্+ক্তি ভাব। বি; স্ত্রী। **শিরে সংক্রান্তি**—আসন্ন বা সমাগত বিপদ্।

সংক্রামক—এক স্থান হইতে অন্য স্থানে প্রবেশ কারক; যাহা কোন বস্তুর সংস্রবে উৎপন্ন হয় এমন; ব্যাপক। সম্—ক্রম্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-মিকা**।

সংক্রামিত—'সংক্রমিত' দ্রঃ।

সংক্ষিপ্ত—ছোট-করা, অল্পীকৃত; পরিত্যক্ত; নিক্ষিপ্ত; গৃহীত; সঞ্চিত; আটক-করা; পূর্বরাগের পর বালা নায়িকার সহিত সংঘটিত ('— সম্ভোগ')। সম্—ক্ষিপ্+ক্ত কর্ম। বিণ।

সংক্ষিপ্তসার—১। সারসংক্ষেপ, সারমর্ম। কর্মধা। বি; ক্লী। ২। যাহার সারভাগকে সংক্ষিপ্ত করা হইয়াছে এমন। সংক্ষিপ্ত (সংগৃহীত) সার যাহার বা যাহাতে, বহু। বিণ।

সংক্ষুব্ধ—সঞ্চালিত, বিলোড়িত; আকুল। সম্—ক্ষুভ্+ক্ত কর্ম, কর্তৃ। বিণ।

সংক্ষেপ—অল্পীকরণ, কমানো, চুম্বক, abridgement, abstract; সংকোচ। সম্—ক্ষিপ্+ঘঞ্ ভাব। বি; পুং।

সংক্ষেপতঃ (-তস্)—সংক্ষেপে, সংক্ষিপ্তভাবে, অল্প কথায়। সংক্ষেপ+তস্। অ।

সংক্ষোভ—চাঞ্চল্য; আলোড়ন; সঞ্চালন; ভয়চকিত ভাব; আকুলতা; গর্ব, অহমিকা; ধর্ষণ; অতিক্ষোভ। সম্—ক্ষুভ্+ঘঞ্ ভাব। বি; পুং।

সংখ্যা—১। গণনা, একত্বাদি, number; অঙ্ক, figure; বিচার, বিচারণা। সম্—খ্যা+অঙ্ ভাব +আপ্। ২। বুদ্ধি। সম্—খ্যা+অঙ্ করণ+আপ্। বি; স্ত্রী।

সংখ্যাগরিষ্ঠ—সংখ্যায় সবচেয়ে বেশী। ৩যাতৎ। বিণ।

সংখ্যাত—গণিত, গণনা-করা; বিচারিত। সম্—খ্যা+ক্ত কর্ম। বিণ।

সংখ্যাতীত—অসংখ্য, অগণিত। ২যাতৎ। বিণ।

সংখ্যাধিক্য—সংখ্যায় বেশী হওয়া। ৩যাতৎ। বি, ক্লী। [বি· ক্লী।

সংখ্যান—গণনা, গনা; ধ্যান। সম্—খ্যা+অনট্ ভাব।

সংখ্যাপন—নির্ধারণ। সম্—ণিজন্ত খ্যা (=খ্যাপি)+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-পিত**।

সংখ্যাবাচক—যাহাতে এক দুই প্রঃ সংখ্যা বুঝায় এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। বি, **-বাচিকা**।

সংখ্যালঘিষ্ঠ—সংখ্যায় সবচেয়ে কম। ৩যাতৎ। বিণ।

সংখ্যালঘু—সংখ্যায় কম। ৩যাতৎ। বিণ।

সংখ্যেয়—গণ্য, গণনীয়, সংখ্যাযোগ্য। সম্—খ্যা+যৎ কর্ম। বিণ।

সংগঠন—সম্যক্‌রূপে গঠন, বিভিন্ন অংশের সংযোগ-সাধন, organizing. ✓'সংগ্রথন' বা 'সংঘটন'। বি; ক্লী।

সংগত—সংগত (তাহা দ্রঃ)।

সংগতি—সঙ্গতি (তাহা দ্রঃ)।

সংগতিপন্ন—সঙ্গতিপন্ন (তাহা দ্রঃ)।

সংগতিশালী—সঙ্গতিশালী (তাহা দ্রঃ)।

সংগম—সঙ্গম (তাহা দ্রঃ)।

সংগীত—সংগীত (তাহা দ্রঃ)।

সংগীতজ্ঞ—সঙ্গীতজ্ঞ (তাহা দ্রঃ)।

সংগীতবিদ্যা—সঙ্গীতবিদ্যা (তাহা দ্রঃ)।

সংগীতবিশারদ—সঙ্গীতবিশারদ (তাহা দ্রঃ)।

সংগীতি—সংগীতি (তাহা দ্রঃ)।

সংগৃহীত—সংকলিত; আহৃত; যাহা নানাস্থান হইতে যোগাড় করা হইয়াছে এমন। সম্—গ্রহ্+ক্ত কর্ম। বিণ।

সংগোপন—সম্পূর্ণরূপে গোপন, লুকানো। সম্ (সম্যক্) গোপন, প্রাদি। বি; ক্লী।

সংগোপিত—লুক্কায়িত। সম্—গুপ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ

সংগ্রহ, সংগ্রহণ—একত্রীকরণ; সঞ্চয়; সংকলন; গ্রহণ; আলিঙ্গন; মুষ্টিবন্ধ; সংক্ষেপ; উচ্চতা; স্বীকার; মহান্ উদ্যোগ। সম্—গ্রহ্+অপ্, অনট্ ভাব, কর্ম, করণ। বি; পুং, ক্লী।

সংগ্রহগ্রন্থ—নানা স্থান হইতে আহৃত গল্পপ্রবন্ধাদিতে পূর্ণ পুস্তক। সংগ্রহনিষ্পন্ন গ্রন্থ, মধ্যপ। বি; পুং।

সংগ্রহণ—'সংগ্রহ' দ্রঃ।

সংগ্রহীতা (-হীতৃ), **সংগ্রাহক**—সংগ্রহকর্তা, সংকলয়িতা। সম্—গ্রহ্+তৃন্, ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-হীত্রী, -হিকা**। [পুং।

সংগ্রাম—যুদ্ধ, সমর, রণ। সংগ্রাম্+ঘঞ্ ভাব। বি;

সংগ্রাহক—'সংগ্রহীতা' দ্রঃ।

সংঘ—'সঙ্ঘ' দ্রঃ। [দ্রঃ।

সংঘট সংঘট্ট, সংঘটন, সংঘট্টন, সংঘটনা—'সঙ্ঘট' ইঃ

সংঘটিত—সংঘটিত (তাহা দ্রঃ)।

সংঘর্ষ, সংঘর্ষণ—'সঙ্ঘর্ষ', 'সঙ্ঘর্ষণ' দ্রঃ।

সংঘাত—সঙ্ঘাত (তাহা দ্রঃ)।

সংঘারাম—সঙ্ঘারাম (তাহা দ্রঃ)।

সংজ্ঞাপিত—বিজ্ঞাপিত। সম্—জ্ঞা+ণিচ্+ক্ত কর্ম। বিণ। বি, **-পন**।

সংজ্ঞা—আখ্যা, নাম; বুদ্ধি; চৈতন্য, জ্ঞান; সংকেত; সূর্যপত্নী; গায়ত্রী; বিশেষ্যপদ। সম্—জ্ঞা+অঙ্ করণ+আপ্। বি; স্ত্রী।

সংজ্ঞান—সংকেত, স্পষ্ট জ্ঞান, awareness; চেতনা, consciousness. সম্—জ্ঞা+অনট্ ভাব। বি; ক্লী।

সংজ্ঞাবিঘাতী (-তিন্)—চৈতন্যলোপকারী; মোহকর। উপতৎ, সংজ্ঞা—বি—হন্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-তিনী**।

সংজ্ঞার্থ—পারিভাষিক অর্থ, definition. ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বিণ।

সংজ্ঞাহীন—অচৈতন্য, মূর্ছিত; নামবিহীন। ৩য়াতৎ।

সংজ্ঞিত—আখ্যাত, কথিত। সংজ্ঞা+ইত। বিণ।

সংবৎ—বৎসর; বিক্রমাদিত্য-প্রবর্তিত অব্দ বিঃ (খ্রীঃ পূঃ ৫৬ বা ৫৭ অব্দ হইতে এই বৎসরের গণনা আরম্ভ হইয়াছে।। সম্—বদ্ বা বয়্+ক্বিপ্ কর্তৃ। অ। [পুং।

সংবৎসর—বৎসর, বর্ষ। সম্—বস্+সরন্ অধি। বি,

সংবরণ—নিবারণ, বারণ; বরমাল্য-দান; সম্পাদন, (বসনাদি) দেহের যথাস্থানে স্থাপন; সংগোপন; আবরণ। সম্—বৃ+অনট্ ভাব। বি; ক্লী।

সংবারিত—গোপিত, আচ্ছাদিত; নিবারিত। সংবর+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

সংবর্ত—১। মহাপ্রলয়। সম্—বৃত্+ণিচ্+অচ্ ভাব। ২। প্রলয়কালীন মেঘ; স্মৃতিকারক মুনি বিঃ। সম্—বৃত্+অচ্ কর্তৃ। বি; পুং।

সংবর্তক—প্রলয়কালীন মেঘ; বলদেবের লাঙ্গল। সম্—ণিজন্ত বৃত্ বা বর্তি+ণক কর্তৃ। বি; পুং।

সংবর্ধক—বৃদ্ধিকারক; সম্মানকারক। সম্—বৃধ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-র্ধিকা**।

সংবর্ধন, সংবর্ধনা—১। বাড়ানো; সম্মানন। সম্—বৃধ্+ণিচ্+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। ২। বৃদ্ধি। সম্—বৃধ্+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

সংবর্ধিত—বাড়ানো; সম্মানিত। সম্—বৃধ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

সংবলিত—মিশ্রিত; সহিত; মিলিত; চালিত; যোজিত; চূর্ণিত; বেষ্টিত। সম্—বল্+ক্ত কর্ম। বিণ।

সংবহন—এক স্থান হইতে প্রবাহিত হইয়া পুনরায় সেই স্থানে আগমন, circulation. সম্—বহ্+অনট্ ভাব। বি, ক্লী।

সংবাদ—সমাচার, খবর; বৃত্তান্ত। সম্—বদ্+ঘঞ্ ভাব। বি, পুং।

সংবাদদাতা (-দাতৃ)—সংবাদপত্রের সংবাদ-সরবরাহ-কারী, reporter. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সংবাদপত্র—খবরের কাগজ। সংবাদযুক্ত পত্র, মধ্যপ। বি; ক্লী।

সংবাদবাহক—দূত; যে খবর লইয়া যায় সে। ৬ষ্ঠী-তৎ। বি; পুং। স্ত্রী, **-বাহিকা**।

সংবাহ, সংবাহন—অঙ্গমর্দন, গা টেপা, massage; ভারাদিবহন। সম্—বহ্+ণিচ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

সংবাহক—অঙ্গমর্দনকারী, যে গা টিপিয়া দেয় এমন; বাহক। সম্—বহ্+ণিচ্ বা বহ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-হিকা**।

সংবাহন—'সংবাহ' দ্রঃ।

সংবাহিত—মর্দিত ('—অঙ্গ')। সম্—বহ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। [কর্তৃ। বিণ।

সংবিগ্ন—উদ্বিগ্ন, ত্রস্ত; চকিত। সম্—বিজ্+ক্ত

সংবিৎ (সংবিদ্), **সংবিদা**—বুদ্ধি; জ্ঞান; সংজ্ঞা; নিয়ম; আচার; সন্তোষ; সম্ভাষণ; কর্মসম্পাদন ইত্যাদির জন্য চুক্তি, contract. সম্—বিদ্+ক্বিপ্ ভাব; পক্ষে আপ্। বি, স্ত্রী।

সংবিদিত—পরিজ্ঞাত; অবগত; প্রতিজ্ঞাত। সম্—বিদ্+ক্ত কর্ম বা কর্তৃ। বিণ।

সংবিধান—১। রচনা; সংঘটন; আয়োজন। সম্—বি—ধা+অনট্ ভাব। ২। সেবা-সামগ্রী; রাষ্ট্রের সংগঠন ও পরিচালনপদ্ধতি, constitution. সম্—বি—ধা+অনট্ করণ। বি; ক্লী।

সংবিভক্ত—পুরোপুরি ভাগ-করা, সম্পূর্ণরূপে পৃথক্-কৃত। সম্—বি—ভজ্+ক্ত কর্ম। বিণ। বি, **-বিভাগ**।

সংবিষ্ট—নিবিষ্ট; সুপ্ত। সম্—বিশ্+ক্ত কর্তৃ। বিণ।

সংবীক্ষণ—খোঁজ, অন্বেষণ; বিশেষভাবে বা নানা-ভাবে দর্শন। সম্—বি—ঈক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-বীক্ষিত**।

সংবৃত—আবৃত; গোপিত; গুপ্ত; লুক্কায়িত; সংকুচিত। সম্—বৃ+ক্ত কর্ম। বিণ।

সংবৃতি—গোপন, আবরণ। সম্—বৃ+ক্তি ভাব। বি; স্ত্রী।

সংবৃত্ত—নিষ্পন্ন; জাত। সম্—বৃত্+ক্ত কর্তৃ। বিণ।

সংবেগ—ভীতি; উদ্বেগ; আবেগ; অতিবেগ। সম্—বিজ্+ঘঞ্ ভাব। বি; পুং। [পুং।

সংবেদ—অনুভব, বোধ। সম্—বিদ্+ঘঞ্ ভাব। বি;

সংবেদন, সংবেদনা—অনুভব, বোধ, sensation. সম্—বিদ্+অনট্ ভাব, অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী। [বিণ।

সংবেদনশীল—অনুভূতিপ্রবণ, sensitive. বহু।

সংবেদ্য—অনুভবযোগ্য, জ্ঞেয়। সম্—বিদ্+ণ্যৎ কর্ম। বিণ।

সংবেশ, সংবেশন—উপবেশন; নিদ্রা, শয়ন; রতিকালীন আসন বা অবস্থান। সম্—বিশ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

সংযত—বদ্ধ, রুদ্ধ; কৃতসংযম; নিয়মিত; পরিমিত; শান্ত। সম্—যম্+ক্ত কর্ম। বিণ।

সংযতচিত্ত—১। বশীভূত মন, শান্ত মন। কর্মধা। বি; ক্লী। ২। মনকে যে স্থির করিয়াছে এমন, শান্তমনাঃ। বহু। বিণ। [বহু। বিণ।

সংযতবাক্ (-বাচ্)—অল্পভাষী। সংযতা বাক্ যাহার,

সংযতাচার—১। শুদ্ধ-আচারসম্পন্ন, যে সংযমের সহিত কার্য করে এমন। বহু। বিণ। ২। সংযমপূর্ণ ব্যবহার, নিয়মিতভাবে চলাফেরা। কর্মধা। বি; পুং।

সংযম—সমাধি, যোগ, ধ্যান; বন্ধন; ইন্দ্রিয়নিগ্রহ; ব্রতাদির পূর্বদিনে করণীয় উপবাসাদি ব্রত, নিয়ম। সম্—যম্+ঘঞ্ ভাব। বি; পুং।

সংযমন—দমন; নিয়মন; ব্রতাদি পালন। সম্—যম্+অনট্ ভাব। বি; ক্লী।

সংযমিত—কৃতসংযম; বদ্ধ; দমিত; নিয়মিত। সম্—যম্+ণিচ্ (=যমি, নিবৃত্ত করা)+ক্ত কর্ম। বিণ।

সংযমী (-মিন্)—১। জিতেন্দ্রিয় ব্যক্তি; মুনি। বি; পুং। ২। সংযত, ইন্দ্রিয়-সংযমযুক্ত, সংযমশীল; নিয়মবান। সংযম+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-মিনী**।

সংযুক্ত, সংযুত—সংযোগবিশিষ্ট, সংলগ্ন; একত্রিত, মিলিত। সম্—যুজ্, যু+ক্ত কর্ম। বিণ।

সংযোগ—মিলন, মিশ্রণ; সম্পর্ক। সম্—যুজ্+ঘঞ্ ভাব। বি; পুং। [৬ৎ। বি; ক্লী।

সংযোগসাধন—মিলন ঘটানো, মিলনসম্পাদন। ৬ষ্ঠী-

সংযোগিত, সংযোগী (-গিন্)—সংযোগবিশিষ্ট, সংযোগ (মিলন)+ইতচ্, ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-গিতা, -গিনী**। [ভাব। বি; ক্লী।

সংযোজন—মিশ্রণ, একত্রিত করণ। সম্—যুজ্+অনট্

সংযোজিত—সংমেলিত, মিশ্রীকৃত, একত্রীকৃত। সম্—যুজ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

সংরক্ষণ—পরিত্রাণ, রক্ষণ; তত্ত্বাবধান; কাহারও জন্য পৃথক্ করিয়া রাখা, reservation; সম্যক্ রক্ষা, preservation. সম্—রক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী। [কর্ম। বিণ।

সংরক্ষণীয়—সংরক্ষণের যোগ্য। সম্—রক্ষ্+অনীয়

সংরক্ষা—সংরক্ষণ। সম্—রক্ষ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী। [বিণ।

সংরক্ষিত—পালিত; পরিত্রাত। সম্—রক্ষ্+ক্ত কর্ম।

সংরাব—নাদ, শব্দ। সম্—রু+ঘঞ্ ভাব। বি; পুং।

সংরাবী (-বিন্)—উচ্চ-শব্দবিশিষ্ট, শব্দবিশিষ্ট; শব্দকারক। সম্—রু+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী,—**-বিণী**। [বিণ।

সংরুদ্ধ—প্রতিরুদ্ধ; প্রতিবদ্ধ। সম্—রুধ্+ক্ত কর্ম।

সংরোধ—অবরোধ, প্রতিবন্ধ। সম্—রুধ্+ঘঞ্ ভাব। বি; পুং। [কর্তৃ। বিণ।

সংলগ্ন—সংযুক্ত; সংগত; একত্রীভূত। সম্—লগ্+ক্ত

সংলাপ—পরস্পর কথাবার্তা; অভিনয়ে উক্তিপ্রত্যুক্তি-ভাবে পরস্পর কথোপকথন। সম্—লপ্+ঘঞ্ ভাব। বি; পুং।

সংশপ্তক—যে সকল সৈন্য প্রতিজ্ঞা বা সংগ্রাম হইতে বিচলিত হয় না, দৃঢ়প্রতিজ্ঞ বীর; নারায়ণী সেনা। সম্ (সম্যক্) শপ্ত (প্রতিজ্ঞা) যাহাদের, বহু+ক সমাসান্ত। বি; পুং। [বি; পুং।

সংশয়—সন্দেহ, দ্বৈধজ্ঞান। সম্—শী+অচ্ ভাব।

সংশয়প্রবণ—সন্দিগ্ধচিত্ত। ৭মীতৎ। বিণ।

সংশয়াকুল—সন্দেহ দ্বারা চঞ্চল। ৩য়াতৎ। বিণ।

সংশয়ান—সংশয়যুক্ত, সন্দিগ্ধ; সংশয়কারী। সম্—শী+শান কর্তৃ। বিণ।

সংশয়ান্বিত—সন্দেহযুক্ত, সন্দিগ্ধ। ৩য়াতৎ। বিণ।

সংশয়াপন্ন—সন্দিগ্ধ। ২য়াতৎ। বিণ।

সংশয়াবিষ্ট—সন্দেহ দ্বারা অভিভূত। ৩য়াতৎ। বিণ।

সংশয়ালু—সংশয়কারী; সংশয়যুক্ত। সম্—শী+আলু কর্তৃ। বিণ।

সংশয়িত—সন্দিগ্ধ। সংশয়+ইতচ্ বিশিষ্টার্থে। বিণ।

সংশয়িতা (-তৃ)—সন্দিগ্ধ; সংশয়কারী। সম্—শী+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িত্রী**।

সংশয়ী (-য়িন্)—সন্দেহকারী; সন্দিগ্ধ। সংশয়+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-য়িনী**।

সংশিত—সুতীক্ষ্ণ; নির্বাহিত; নির্ধারিত। সম্—শো+ক্ত কর্ম। বিণ।

সংশুদ্ধি, সংশোধন—মার্জন, পরিষ্করণ, সম্যক্ শোধন; দেহমার্জন। সম্—শুধ্+ক্তি, অনট্ ভাব। বি; স্ত্রী, ক্লী।

সংশোধক—সংশোধনকারী, পরিষ্কারক; শোধনকর্তা। সম্—শুধ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -**ধিকা**।

সংশোধন—'সংশুদ্ধি' দ্রঃ।

সংশোধিত—পরিষ্কৃত, মার্জিত; পরিশোধিত। সম্—শুধ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

সংশ্রব, সংশ্রাব—আদেশানুবর্তিতা; প্রতিজ্ঞা; অঙ্গীকার। সম্—শ্রু+অপ্, ঘঞ্ ভাব। বি; পুং।

সংশ্রয়—১। ব্যাপ্তি; প্রাপ্তি। সম্—শ্রি+অচ্ ভাব। ২। আশ্রয়; কারণ। সম্—শ্রি+অচ্ কর্ম। বি; পুং। [কর্তৃ। বিণ।

সংশ্রিত—আশ্রিত, শরণাপন্ন; ব্যাপ্ত। সম্—শ্রি+ক্ত

সংশ্লিষ্ট—মিলিত, যুক্ত; আলিঙ্গিত, সম্বন্ধ; (রসায়ন) মিশ্রণের ফলে সৃষ্ট, synthetic. সম্—শ্লিষ্+ক্ত কর্ম। বিণ।

সংশ্লেষ—আলিঙ্গন; মিলন; সম্পর্ক। সম্—শ্লিষ্+ঘঞ্ ভাব। বি; পুং।

সংসক্ত—সংলগ্ন; সম্পৃক্ত; সংসৃষ্ট; মিলিত; আসক্ত; বিস্তীর্ণ। সম্—সন্জ্+ক্ত কর্তৃ। বিণ।

সংসক্তি—১। সমজাতীয় বস্তু পরস্পর সংবন্ধ হইয়া থাকার শক্তি বা প্রভাব, cohesion ; যে গুণ থাকাতে সন্নিকৃষ্ট পদার্থদিগের পরমাণুসকল সংসক্ত অর্থাৎ মিলিত হয় তাহা, chemical affinity. সম্—সনজ্+ক্তি করণ। ২। পরস্পর সংযোগ, মিলন। সম্—সনজ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

সংসক্তিপ্রবণ, -শীল—যাহারা পরস্পর হইতে বিচ্ছিন্ন হইয়া থাকিতে পারে না এমন। সংসক্তিতে প্রবণ, ৭মীতৎ; সংসক্তি শীল যাহার, বহু। বিণ।

সংসৎ (সংসদ্)—সমিতি, সমাজ; ভারতের কেন্দ্রীয় বিধানসভা, লোকসভা, parliament. সম্—সদ্+ক্বিপ্ অধি। বি; স্ত্রী।

সংসর্গ—একত্র অবস্থান; সহবাস। সম্—সৃজ্+ঘঞ্ ভাব। বি; পুং।

সংসর্গজ—মিলন বা একত্রাবস্থান হইতে উৎপন্ন, সঙ্গজনিত। উপতৎ: সংসর্গ—জন+ড কর্তৃ। বিণ।

সংসর্গলিপ্সা—একত্র অবস্থানের ইচ্ছা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সংসর্গী (সংসর্গিন্)—সংসর্গবিশিষ্ট, সম্বন্ধী; সহবাসী। সংসর্গ+ইন্ আছে অর্থে; অথবা, সম্—সৃজ্+ঘিনুণ্ কর্তৃ, শীলার্থে। বিণ। স্ত্রী, -**র্গিণী**।

সংসর্প—সম্যক্ প্রকার গমন; সর্পাদির ন্যায় গতি। সম্—সৃপ্+ঘঞ্ ভাব। বি; পুং।

সংসর্পী (-সর্পিণ্)—সর্বতোভাবে গমনশীল; প্রসরণশীল। সম্-সৃপ্+ণিন্ কর্তৃ, শীলার্থে। বিণ। স্ত্রী, -**সর্পিণী**।

সংসার—১। জগৎ, পৃথিবী, মর্ত্যলোক; মায়াজন্য বাসনা, অবিদ্যাবন্ধন; গার্হস্থ্যব্যাপার; পরিবার। সম্—সৃ+ঘঞ্ অধি, করণ। বি; পুং। ২। বিবাহ ("বাপু, তোমার তিন সংসার"—বঙ্কিম)। বাংপ্র। বি। **সংসার চালানো**—পরিবারের ভরণপোষণ নির্বাহ করা।

সংসারত্যাগ—সংসারের মায়াবন্ধন ছেদন; সন্ন্যাসগ্রহণ; গৃহ ও পরিজনবর্গকে ছাড়িয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সংসারধর্ম—জাগতিক কর্তব্য, গৃহী ব্যক্তির কর্তব্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সংসারযাত্রা—পরিবার-প্রতিপালন, পরিবারের ভরণপোষণাদি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সংসারযাত্রা-নির্বাহ—পরিবারের খরচপত্র চালানো; পরিবারের ভরণপোষণাদি সম্পাদন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সংসার-সমুদ্র, -সাগর—সুখদুঃখ-উত্থান-পতনাদি সংবলিত দুস্তর সমুদ্রের ন্যায় সংসার। রূপক কর্মধা। বি; পুং।

সংসারী (-রিন্)—গৃহস্থ; সংসারাসক্ত, পরিবারী। সংসার+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -**রিণী**।

সংসিদ্ধ—স্বভাবসিদ্ধ; সুনিষ্পন্ন। সম্—সিধ্+ক্ত কর্তৃ। বিণ। বি, -**সিদ্ধি**।

সংসৃতি—সংসার; প্রবাহ; সঙ্গে গমন। সম্—সৃ+ক্তি ভাব। বি; স্ত্রী। বিণ -**সৃত**।

সংসৃষ্ট—সংসর্গবিশিষ্ট, মিলিত। সম্—সৃজ্+ক্ত কর্তৃ। বিণ।

সংসৃষ্টি—মিলন, সংসর্গ, সহবাস উপমাদি; অলংকারের মধ্যে দুই বা বহু অলংকারের প্রধানভাবে একত্র অবস্থান [যথা—

"ও-মুখমণ্ডল জিনি শারদ সুধাকর (ব্যতিরেক)
তনুরুচি তরুণ তমাল।" (উপমা)
—গোবিন্দ।

এখানে ব্যতিরেক ও উপমা অলংকারের তিলতণ্ডুলবৎ স্বতন্ত্রভাবে মিশ্রণহেতু সংসৃষ্টি হইয়াছে]। সম্—সৃজ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

সংস্করণ—সংশোধন; সংশোধনপূর্বক পুনর্বার মুদ্রণ; কোন পুস্তক সম্পাদনপূর্বক প্রথমবারে যেগুলি মুদ্রিত হয় অথবা পরে বার বার সংশোধন করিয়া এক এক বারে যেগুলি মুদ্রিত হয় তাহা, edition. সম্—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।

সংস্কর্তা (-র্তৃ)—সংস্কারকারী। সম্—কৃ+তৃন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী—**সংস্কর্ত্রী**।

সংস্কার—পূর্বকর্মবাসনা; পূর্বকৃত কর্মের স্মরণজনক শক্তি বিঃ; শাস্ত্রাভ্যাসজনিত বাসনা; সহজাত প্রবৃত্তি বা বুদ্ধি, instinct, intuition : বহুকালের অভ্যাসজাত মনের ধারণা এবং প্রবৃত্তি; বিবাহ গর্ভাধান পুংসবন সীমন্তোন্নয়ন জাতকর্ম নামকরণ অন্নপ্রাশন চূড়াকরণ উপনয়ন সমাবর্তন—এই দশবিধ শুদ্ধিজনক কার্য; শুদ্ধি; নির্মলী করণ; ভূষিত করণ; মেরামত; ব্যাকরণাদি-শুদ্ধি; ব্যাকরণাদি-শাস্ত্রে ব্যুৎপত্তি; প্রস্তুত করণ; উদ্দীপ্ত করণ;

মার্জন; মন্ত্রাদি দ্বারা শোধন; প্রোক্ষণ; শাস্ত্রাভ্যাস-জন্য ব্যুৎপত্তি; পাক; বেগ; স্থিতিস্থাপক গুণ; ছাপ, impression; ঝোঁক, tendency; গড়ন। সম্—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।
সংস্কারক—সংস্কারকারক; শোধক; পরিষ্কারক; পাচক। সম্—কৃ+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-রিকা।**
সংস্কারসাধন—জীর্ণোদ্ধারকরণ, সংস্কারকরণ, মেরামত করা; পরিষ্কারকরণ; ভুলত্রুটি ইঃর সংশোধন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
সংস্কৃত—১। শোধিত; সজ্জিত, ভূষিত; মন্ত্রপূত; পক্ব; বিশুদ্ধরূপে প্রস্তুত; পরিষ্কৃত; নির্মলীকৃত। বিণ। **২। লক্ষণাধীন সাধনাযুক্ত শব্দ**; ভারতীয় আর্যদিগের ব্যবহৃত প্রাচীন ভাষা বিঃ; পবিত্রভাষা, দেববাণী। সম্—কৃ+ক্ত কর্ম। বি; ক্লী।
সংস্কৃতি—সভ্যতাজনিত উৎকর্ষ, শিক্ষা বা চর্চালব্ধ বিদ্যাবুদ্ধির উৎকর্ষ, culture. সম্—কৃ+ক্তি ভাব। বি; স্ত্রী। [আপ্। বি; স্ত্রী।
সংস্ক্রিয়া—সংস্কার, শোধন। সম্—কৃ+শ ভাব+
সংস্তুত—স্তব দ্বারা বন্দিত; প্রশংসিত। সম্—স্তু+ক্ত কর্ম। বিণ।
সংস্থা—স্থিতি; জীবনকাল; ন্যায়পথে স্থিতি; সচ্চরিত্রতা; ব্যবস্থা; ব্যক্তি; নিত্য নৈমিত্তিক প্রাকৃতিক আত্যন্তিক—এই চতুর্বিধ প্রলয়; প্রকাশ; মূর্তি, আকৃতি; সভা, সমাজ, সমিতি, প্রতিষ্ঠান; রাজাজ্ঞা; কোন অফিসের নিয়োগ বহাল ইঃ সংক্রান্ত বিভাগ, establishment. সম্—স্থা+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।
সংস্থান—১। অবয়ব-সংঘাত, আকৃতি, form; নাশ, মৃত্যু; নির্মাণ; সঞ্চয়, ব্যবস্থা, provision; স্থিতি; রাশি; চিহ্ন; সন্নিবেশ, বিন্যাস; গঠনের বৈশিষ্ট্য, structure; চতুষ্পথ। সম্—স্থা+অনট্ ভাব, অধি। বি; ক্লী।
সংস্থাপক, সংস্থাপয়িতা (-য়িতৃ)—সংস্থাপনকারী। সম্—স্থা+ণিচ্+ণক, তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-পিকা, -য়িত্রী।**
সংস্থাপন—স্থাপিত করা, রাখা; স্থিরীকরণ। সম্—স্থা+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
সংস্থাপয়িতা (-য়িতৃ)—'সংস্থাপক' দ্রঃ।
সংস্থাপিত—যাহা স্থাপন করা হইয়াছে এমন। সম্—স্থা+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
সংস্থিত—স্থিত; সন্নিবিষ্ট; মৃত; সমাপ্ত। সম্—স্থা+ক্ত কর্তৃ। বিণ।
সংস্থিতি—১। মৃত্যু; সংস্থান; অবস্থান। সম্—স্থা+ক্তি ভাব। ২। গৃহ। সম্—স্থা+ক্তি অধি। বি; স্ত্রী।
সংস্পর্শ—সম্যক্ স্পর্শ, ত্বগিন্দ্রিয়গ্রাহ্য গুণ বিঃ, ছোঁয়া। সম্—স্পৃশ্+ঘঞ্ ভাব। বি; পুং।
সংস্পৃষ্ট—সম্যক্-স্পর্শবিশিষ্ট, সংযুক্ত। সম্—স্পৃশ্+ক্ত কর্ম। বিণ।
সংস্মৃতি—সংস্মরণ, মনে রাখা। সম্—স্মৃ+ক্তি ভাব। বি; স্ত্রী।

সংস্রব, সংস্রাব—সম্পর্ক, সম্বন্ধ; মিলন। সম্—স্রু+অপ্, ঘঞ্ ভাব। বি; পুং।
সংহত—দৃঢ়বদ্ধ; মিলিত; সঞ্চিত; আঘাতপ্রাপ্ত; জমাট, ঘনীভূত, compact. সম্+হন্+ক্ত কর্ম। বিণ।
সংহতি—১। সংঘ, সমূহ, একত্র মিলন; সমষ্টি, সংঘাত; নীরন্ধ্রতা; নিবিড়সংযোগ; সম্যক্ বধ। সম্—হন্+ক্তি ভাব। **২।** যে গুণ থাকাতে স্ব-জাতীয় অণুসমূহ পরস্পরকে আকর্ষণ করিয়া একত্র হইয়া থাকে তাহা, molecular attraction—এই শক্তির আধিক্যে জড়পদার্থের কাঠিন্যের আধিক্য ও অল্পতায় তাহার অল্পতা, এবং অল্পতার অত্যাধিক্যে তরলতা উপস্থিত হয়। সম্—হন্+ক্তি করণ। বি; স্ত্রী। [অনট্ ভাব। বি; ক্লী।
সংহনন—সংঘাত; সম্যক্ আঘাত, বধ। সম্—হন্+
সংহরণ—সংহার, বিনাশ; সংগ্রহ; সংক্ষেপ; সংকোচ। সম্—হৃ+অনট্ ভাব। বি; ক্লী।
সংহার—বিনাশ; ধ্বংস; প্রলয়; সংক্ষেপ; সংগ্রহ; সঞ্চয়; সংকোচ; প্রত্যাকর্ষণ। সম্—হৃ+ঘঞ্ ভাব। বি; পুং। [স্ত্রী, **-রিকা।**
সংহারক—বিনাশকারী। সম্—হৃ+ণক কর্তৃ। বিণ।
সংহারমুদ্রা—মুদ্রা বিঃ। সংহারাখ্য মুদ্রা, মধ্যপ। বি; স্ত্রী।
সংহিত—১। মিলিত; সংগৃহীত; একত্রীকৃত; একত্রীভূত। সম্—ধা+ক্ত কর্ম, কর্তৃ। বিণ। ২। যোগচিহ্ন, '+' এই চিহ্ন। সম্—ধা+ক্ত কর্ম। বি; ক্লী।
সংহিতা—১। বেদের মন্ত্রভাগ; স্মৃতিশাস্ত্র, code; সংকলন। বি; স্ত্রী। ২। 'সংহিত' (১) দ্রঃ।
স'পা—সমর্পণ করা। কপ্র। ক্রি।
সকড়ি—এঁটো; ভাত প্রঃ যে সকল বস্তু নীচজাতীয় লোকের স্পর্শে অপবিত্র হয় তাহা। <সংকট। বি। [বিণ।
সকণ্টক—কণ্টকযুক্ত। কণ্টকের সহিত বর্তমান, বহু।
সকরকন্দ—আলুর ন্যায় একপ্রকার মিষ্ট মূল, রাঙা আলু। <শর্করাকন্দ। বি।
সকরুণ—দয়ালু; করুণাপূর্ণ; যাহাতে করুণার উদ্রেক হয় এমন। করুণার সহ বর্তমান, বহু। বিণ।
সকর্মক—কর্মযুক্ত, যাহার কর্ম আছে এরূপ, transitive; কর্মান্বয়িক্রিয়ার্থক। বহু (ক-আগম)। বিণ। স্ত্রী—**সকর্মিকা।**
সকল—১। সমুদায়, সমস্ত, সমগ্র, কলাসহ। কলার সহ বর্তমান, বহু। বিণ। ২। সমস্ত লোক। বাংপ্র। বি।
সকাম—কামনাবিশিষ্ট, সাভিলাষ। কামের সহিত বর্তমান, বহু। বিণ।
সকাল—১। শীঘ্র, অবিলম্ব। বিণ। ২। পূর্বাহ্ণ, প্রাতঃকাল। <সুকাল। বি। **সকাল সকাল**—শীঘ্র করিয়া; সময়মত।
সকাশ—১। নিকট। সহ—কাশ্+অচ্ কর্তৃ। বি; পুং। ২। কাশযুক্ত। কাশের সহ বর্তমান, বহু। বিণ।

সকুল্য—সমান কুলজাত; সপিণ্ডের ঊর্ধ্ব তিন পুরুষ ও অধঃ তিন পুরুষ। সমান কুল যাহাদের=সকুল; বহু; সকুল+য তদ্ভাবার্থে। বিণ বা বি; পুং।
সকৃৎ—একবার ('— গর্ভা')। এক+সুচ্ নিপা। অ।
সকৌতুক—কৌতূহলপূর্ণ; আমোদজনক। বহু। বিণ। [বিণ।
সক্ত—আসক্ত; সংলগ্ন, অভিনিবিষ্ট। সন্জ্+ক্ত কর্তৃ।
সক্তু—যবাদিচূর্ণ, ছাতু। সন্জ্+তুন্ কর্ম। বি; পুং বা ক্লী। [অধি। বি; ক্লী।
সক্থি—উরু; শকটের অঙ্গ বিঃ। সন্জ্+ক্থিন্
সক্রিয়—কর্মক্ষম; ক্রিয়ান্বিত, active; শুধু কথায় নহে কার্যের সহিত যুক্ত ('— সাহায্য')। ক্রিয়ার সহ বর্তমান, বহু। বিণ। [বিণ।
সক্ষম—১। সমর্থ। বাংপ্র। ২। ক্ষমাশীল। বহু।
সক্ষোভ—মনস্তাপযুক্ত; দুঃখপূর্ণ। ক্ষোভের সহ বর্তমান, বহু। বিণ।
সখ—খেয়াল; রুচি; পছন্দ। <আ 'শৌক'। বি। **সখের দল**—(যাত্রা ইঃ) যে দল সংগীত ও অভিনয়াদি করিলেও উহা দ্বারা অর্থ উপার্জন করে না, amateur party.
সখা (সখি)—মিত্র, বয়স্য, সুহৃৎ; সহচর, সহায়। সহ—খ্যা+ডিন্ কর্ম। বি; পুং।
সখিত্ব—সখ্য, সৌহৃদ্য। সখি+ত্ব ভাবার্থে। বি; ক্লী।
সখী—সহচরী, বয়স্যা। সখি+ঈপ্। বি; স্ত্রী।
সখী-সংবাদ—বৃন্দাবন-পরিত্যাগ-পূর্বক মথুরাগত শ্রীকৃষ্ণের সহিত শ্রীরাধার দূতী বৃন্দার কথোপকথন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সখ্য—মিত্রতা, বন্ধুত্ব। সখি+যৎ ভাবে। বি; ক্লী।
সখ্য-স্থাপন, -সংস্থাপন—বন্ধুত্বকরণ, মিতালি পাতানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
সগর—সূর্যবংশীয় একজন রাজা, বাহু রাজার পুত্র। গরের সহ বর্তমান, বহু। বি; পুং।
সগুণ—গুণযুক্ত; ছিলাযুক্ত ('— ধনু'); সত্ত্ব, রজঃ ও তমঃ এই ত্রিগুণযুক্ত ('— ব্রহ্ম')। বহু। বিণ।
সগুণোপাসনা—সত্ত্ব, রজঃ ও তমোগুণান্বিত ব্রহ্মের অর্থাৎ সাকার ভগবানের আরাধনা। সগুণের উপাসনা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
সগোত্র—১। জ্ঞাতি, একবংশোৎপন্ন। সমান গোত্র (বংশ) যাহার, বহু (সমানস্থানে স)। বি পুং। ২। এক বংশ। সমান গোত্র, নিত্য। বি; ক্লী।
সঘন—১। নিরন্তর, ঘন ঘন। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ; (বিকল্পে রূপ **সঘনে**।) ২। মেঘাবৃত। বহু। বিণ।
সঘর—যে ঘরে বা বংশে বিবাহাদি কার্য চলে। বাংপ্র (অঘর শব্দের বিপরীত)। বি।
সঙ—'সং' দ্রঃ।
সঙিন, সঙীন, সঙ্গিন, সংগীন—১। সাংঘাতিক, ঘোরতর; ভীষণ। <ইং 'sanguine'. বিণ। ২। বন্দুকের আগায় লাগানো ছোরা, bayonet. ফা। বি।
সঙ্কে—সঙ্গে। প্রা কপ্র। বি।

সংকট—১। দুঃখ, ক্লেশ; জনতা, ভিড়; বিপদ্। বি; ক্লী। ২। সংকীর্ণ, অল্পপ্রস্থ; আপজ্জনক; জনতাযুক্ত; নিবিড়; অভেদ্য; অপার; অনুত্তার্য। সম্—কট্+অচ্ কর্তৃ। বিণ।
সংকটকাল—বিপদের সময়; সন্ধিক্ষণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ক্লী।
সংকটত্রাণ—বিপদ্ হইতে উদ্ধার। ৫মীতৎ। বি,
সংকটময়, -পূর্ণ, -সংকুল, -সমাকুল—বিপদে পরিপূর্ণ। সংকট+ময়ট্ ব্যাপ্ত্যর্থে; সংকট দ্বারা পূর্ণ, সংকুল, সমাকুল, ৩য়াতৎ। বিণ।
সংকটস্থল—১। যোজক, ভূকন্ধরা, isthmus. কর্মধা। ২। বিপদের স্থান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
সংকটাপন্ন—বিপন্ন, বিপদে পতিত। ২য়াতৎ। বিণ।
সংকর—১। ঝাঁটানো ধুলা, অবস্কর; বর্ণসংকর জাতি। সম্—কৃ+অপ্ কর্ম। ২। পরস্পরবিরুদ্ধ পদার্থের একত্রাবস্থান; মিশ্রণ, মিলন; কাব্যের একাধিক অলংকারের ক্ষীরনীরবৎ অর্থাৎ সাপেক্ষভাবে মিশ্রণ। যথা—
"কোন গুণ নাই তব কপালে আগুন"
—ভারতচন্দ্র।
এখানে গুণ=(১) বিদ্যাবিনয়াদি, (২) সত্ত্ব, রজঃ ও তমঃ। তার কপালে আগুন=(১) সে হতভাগ্য, (২) তাঁহার নেত্রে অর্থাৎ কপালের চোখে কামদাহকারী অনল বর্তমান। এখানে শ্লেষ ও ব্যাজস্তুতি নামক অলংকারদ্বয় অবিচ্ছেদ্যভাবে বর্তমান থাকায় উভয়ের সংকর হইয়াছে। সম্—কৃ+অপ্ ভাব। বি; পুং।
সংকর্ষণ—১। সজোরে টানিয়া আনা; কৃষিকর্ম। সম্—কৃষ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। বলরাম। সম্—কৃষ্+অন কর্তৃ বা অনট্ কর্ম। বি; পুং।
সংকলক—সংগ্রহকারক। সম্—কল+ণক কর্তৃ। বি; পুং।
সংকলন—সংগ্রহ, compilation. যোগ, মিলন; অংকযোগ, ঠিক দেওয়া। সম্—কল+অনট্ ভাব। বি; ক্লী।
সংকলয়িতা—সংগ্রহকারী। সম্—কল+ণিচ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী -য়িত্রী।
সংকলিত—একত্রিত; সংগৃহীত, যোজিত, যাহা যোগ করা হইয়াছে এমন; ঠিক দেওয়া ('— অংক')। সম্—কল+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
সংকল্প—মানসকর্ম; মনোরথ; অভিলাষ, ইচ্ছা; সভা হইতে গৃহীত প্রস্তাব, resolution; ধর্মকর্ম করিবার প্রতিজ্ঞা; যে উদ্দেশ্যে পূজা ও অন্যান্য কাজ করা হয়। সম্—কৢপ্+ঘঞ্ ভাব। বি; পুং।
সংকল্পবিকল্প—নিশ্চয় ও সন্দেহ। দ্বন্দ্ব। বি; পুং।
সংকল্পসিদ্ধি—অভিলাষপূরণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
সংকল্পিত—অভিপ্রেত, ইষ্ট; কর্তব্যরূপে স্থিরীকৃত; চিন্তিত। সম—কৢপ্+ক্ত কর্ম। বিণ।
সংকাশ—সমীপবর্তী, নিকটস্থ; (শব্দের পরবর্তী হইলে) তুল্যবর্ণ-বিশিষ্ট। সম্—কাশ্+অচ্ কর্তৃ। বিণ।

সংকীর্ণ—১। অপ্রশস্ত; বহুলোকসমাকীর্ণ; সমাকীর্ণ, ব্যাপ্ত; নানাবিধবস্তুসমন্বিত; বর্ণসংকর, অপবিত্র; সংকুচিত; পরস্পরবিজাতীয়, মিশ্রিত; সংকটাপন্ন। বিণ। ২। বর্ণসংকর জাতি; মিশ্র রাগ। সম্—কৄ+ক্ত কর্ম। বি; পুং।
সংকীর্ণচিত্ত—১। অনুদার মন। কর্মধা। বি; ক্লী। ২। নীচমনাঃ, অনুদার-অন্তঃকরণবিশিষ্ট। বহু। বিণ।
সংকীর্ণচেতাঃ (-চেতস্) (>-চেতা), **-মনাঃ** (-মনস্) (> -মনা)—অনুদার অন্তঃকরণবিশিষ্ট। বহু। বিণ। [তা ভাবে। বি; স্ত্রী।
সংকীর্ণতা—অনুদারতা; ক্ষুদ্রতা; জনতা। সংকীর্ণ+
সংকীর্ণমনাঃ (-মনস্)—'সংকীর্ণচেতাঃ' দ্রঃ।
সংকীর্ণহৃদয়—১। অনুদার মন। কর্মধা। বি; ক্লী। ২। অনুদার-অন্তঃকরণবিশিষ্ট। বহু। বিণ।
সংকীর্তন—সম্যগ্‌রূপে গুণাদিকথন; সম্যক্ প্রকারে দেবতাদের নামোচ্চারণ; গান দ্বারা দেবগুণাদিবর্ণন; বর্ণনা; উচ্চারণ; সমবেত বৈষ্ণবদিগের ভজনসংগীত। সম্—কৄৎ+ণিচ্+অনট্ ভাবে। বি; ক্লী।
সংকীর্তিত—বর্ণিত; উচ্চারিত, সংস্তুত। সম্—কৄ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
সংকুচিত—নিমীলিত, মুদ্রিত, অপ্রফুল্ল, অপ্রসারিত, contracted; কুণ্ঠিত, লজ্জিত; সংক্ষিপ্ত। সম্—কুচ্+ক্ত কর্তৃ। বিণ। [সংকীর্ণ। বিণ।
সংকুল—তুমুল, বহুলোক-সমাকীর্ণ; ব্যাপ্ত মিশ্রিত;
সংকেত—১। ইঙ্গিত, ইশারা, চিহ্ন; বোধ; নিয়ম, formula; সন্ধান, সূত্র; নিয়োগ, চুক্তি; শব্দের অর্থবোধনশক্তি, অভিধা। সম্—কিত্+ঘঞ্ ভাব। ২। গুপ্তস্থান, প্রিয়সঙ্গমের নিরূপিত স্থান, tryst. সম্—কিত্+ঘঞ্ অধি। বি; পুং।
সংকেতগৃহ, -নিকেতন—নায়কনায়িকার মিলনস্থান। সংকেতনির্দিষ্ট গৃহ, নিকেতন, মধ্যপ। বি; ক্লী।
সংকেতস্থান—নায়কনায়িকার মিলনস্থান। সংকেতনির্দিষ্ট স্থান, মধ্যপ। বি; ক্লী।
সংকোচ—বহুবিষয়ক বাক্যার্থের অল্প বিষয়ে স্থাপন; সংক্ষেপ; হ্রস্বীকরণ, contraction; সামান্যবিষয়ে বিশেষকরণ; বন্ধন; মুদ্রণ; প্রস্ফুটিত না হওয়া; জড়ীভাব। সম্—কুচ্+ঘঞ্ ভাব। বি; পুং।
সংকোচন—সংকোচকরণ। সম্—কুচ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
সংকোচনীয়—সংকোচনযোগ্য, মুদ্রণীয়। সম্—কুচ্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।
সংক্ষিপ্ত—সংক্ষিপ্ত (তাহা দ্রঃ)।
সংক্ষিপ্তসার—সংক্ষিপ্তসার (তাহা দ্রঃ)।
সংক্ষুব্ধ—সংক্ষুব্ধ (তাহা দ্রঃ)।
সংক্ষেপ—সংক্ষেপ (তাহা দ্রঃ)।
সংক্ষেপণ—সংক্ষেপণ (তাহা দ্রঃ)।
সংক্ষেপতঃ—সংক্ষেপতঃ (তাহা দ্রঃ)।
সংক্ষোভ—সংক্ষোভ (তাহা দ্রঃ)।
সংখ্যা—সংখ্যা (তাহা দ্রঃ)।
সংখ্যাগরিষ্ঠ—সংখ্যাগরিষ্ঠ (তাহা দ্রঃ)।
সংখ্যাত—সংখ্যাত (তাহা দ্রঃ)।
সংখ্যাতীত—সংখ্যাতীত (তাহা দ্রঃ)।
সংখ্যাধিক্য—সংখ্যাধিক্য (তাহা দ্রঃ)।
সংখ্যান—সংখ্যান (তাহা দ্রঃ)।
সংখ্যাবাচক—সংখ্যাবাচক (তাহা দ্রঃ)।
সংখ্যালঘিষ্ঠ—সংখ্যালঘিষ্ঠ (তাহা দ্রঃ)।
সংখ্যালঘু—সংখ্যালঘু (তাহা দ্রঃ)।
সংখ্যেয়—সংখ্যেয় (তাহা দ্রঃ)।
সংগ—সংসর্গ, সহবাস; অনুরাগ; প্রতিবন্ধ; বিষয়ানুরাগ; মিলন; সম্বন্ধ, বন্ধুত্ব; বাসনা; আসক্তি। সন্‌জ্+ঘঞ্ ভাব। বি, পুং। **সংগে সংগে**—তৎক্ষণাৎ, একই সময়ে; কাছে কাছে।
সংগত—১। উপযুক্ত, যুক্তিযুক্ত, সম্বন্ধ, মিলিত, সাক্ষাৎকৃত, সঞ্চিত; মৈথুনব্যাপৃত; দৃষ্ট। সম্—গম্+ক্ত কর্তৃ। বিণ। ২। মিত্রতা; মিলন; যোগ; গ্রহগণের সমসূত্রে অবস্থিতি। সম্—গম্+ক্ত ভাব। বি; ক্লী। ৩। গীতের সংগে বাদ্যের মিল, সংগীতের সংগে তবলা ইঃ বাদ্যযন্ত্র বাদন (উচ্চারণ—সংগৎ)। <সংগতি। বি।
সংগতি—১। সংস্থান, সঞ্চয়; মিলন; যোগ; মিল, উপযুক্ততা, consistency, propriety; সংগম, সম্বন্ধ; জ্ঞান। সম্—গম্+ক্তি ভাব। ২। [illegible] ভিধান-প্রয়োজক জিজ্ঞাসাজনক জ্ঞানবিষয়। সম্—গম্+ক্তি কর্ম। বি; স্ত্রী।
সংগতিপন্ন—ধনবান্, ধনী। সংগতিকে পন্ন (প্রাপ্ত), ২যাতৎ। বিণ।
সংগতিশালী (-শালিন্)—ধনবান্। উপতৎ সংগতি—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শালিনী**।
সংগদোষ—সংসর্গজনিত দোষ। মধ্যপ। বি, পুং।
সংগম—স্ত্রীপুরুষের সংযোগ, সহবাস, সম্ভোগ; নদ্যাদির মিলন। সম্—গম্+অপ্ ভাব। বি, পুং।
সাংগন, সংগীন—'সাঙন' দ্রঃ।
সংগী (সংগিন্)—সহচর, সমভিব্যাহারী; আসক্ত, সংসক্ত। সংগ+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী—**সংগিনী**।
সংগীত—১। গান, গীত, নৃত্য-গীত-বাদ্য। সম্—গৈ+ক্ত ভাব। বি; ক্লী। ২। সম্যক্ গীত। সম্—গৈ+ক্ত কর্ম। বিণ।
সংগীতজ্ঞ—সংগীত-বিষয়ে অভিজ্ঞ, যে গীতবাদ্য জানে এমন। উপতৎ, সংগীত—জ্ঞা+ক কর্তৃ। বিণ।
সংগীতবিদ্যা—নৃত্য-গীত-বাদ্যরূপ কলা। মধ্যপ। বি; স্ত্রী।
সংগীতবিশারদ—সুনিপুণ গায়ক বা বাদক, সংগীতশাস্ত্রে পারদর্শী। ৭মীতৎ। বিণ।
সংগীতি—সংগীত; কথোপকথন। সম্—গৈ+ক্তি ভাব। বি; স্ত্রী।
সংগোপন—'সংগোপন' দ্রঃ।
সংগোপিত—'সংগোপিত' দ্রঃ।
সংঘ—রাশি, সমূহ; গণ, দল। সম্—হন্+অপ্ ভাব (নিপা)। বি; পুং।
সংঘট, সংঘট্ট, সংঘটন, সংঘট্টন, সংঘটনা—মেলন,

যোজন; গোপনে মিলন; গঠন; সংঘর্ষ, পরস্পর ঘর্ষণ; ঘটনা; ঘোটন। সম্—ঘট, ঘট্ট+ণিচ্+ঘঞ্, অনট্; শেষপক্ষে অন ভাব+আপ্। বি; পুং, পুং, ক্লী, ক্লী, স্ত্রী।
সংঘটিত, সংঘট্টিত—সংযোজিত; গঠিত; পরস্পর মর্দিত; নির্মিত; চালিত; ঘর্ষিত। সম্—ঘট্, ঘট্ট্ +ণিচ্+ক্ত কর্ম। বিণ।
সংঘর্ষ, সংঘর্ষণ—পরস্পর স্পর্ধা; আত্মপ্রাধান্যসূচক অহংকারবাক্য; ঘর্ষণ; মর্দন; বাজি রাখা; ঘোটন; ধাবে ধাবে গমন; বাহিয়া যাওয়া; ঠোকা-ঠুকি, clash. সম্—ঘৃষ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।
সংঘাত—সমষ্টি, সমূহ; কফ; আঘাত; হত্যা, বধ। সম্—হন্+ঘঞ্ কর্ম, ভাব। বি; পুং।
সংঘারাম—বৌদ্ধ-আশ্রম। ৬ষ্ঠীতৎ। বি, পুং।
সচকিত—সভয়, চমকিত। চকিতের (ভয়ের) সহ বর্তমান, বহু। বিণ। [বিণ।
সচন্দন—চন্দন-মাখানো। চন্দনের সহ বর্তমান, বহু।
সচরাচর—১। সর্বসাধারণ, স্থাবরজঙ্গমসহ। বিণ। ২। স্থাবরজঙ্গমাত্মক জগৎ। চর এবং অচর, দ্বন্দ্ব; চরাচরের সহিত বর্তমান, বহু। বি; ক্লী। ৩। সাধারণতঃ, প্রায়শঃ। বাংপ্র। ক্রি-বিণ।
সচল—চলচ্ছক্তিবিশিষ্ট, চলন্ত ('অচল'-এর বিপরীত)। বাংপ্র। বিণ।
সচিত্র—প্রতিকৃতিযুক্ত, ছবিযুক্ত। বহু। বিণ।
সচিব—কর্মসম্পাদক, secretary; অমাত্য, মন্ত্রী; সহায়, সংগী। সচি—বা+ক কর্তৃ। বি; পুং।
সচেতন—চৈতন্যবিশিষ্ট, চেতনাযুক্ত, জীবন্ত। বহু। বিণ।
সচেল—বস্ত্রপরিহিত। বহু। বিণ। ক্রি-বিণ—**সচেলে** 'পবপুরুষের পবন পবশে সচেলে সিনান করি'—গোবিন্দ)।
সচেষ্ট—উদ্যোগী, চেষ্টাযুক্ত, চেষ্টিত। বহু। বিণ।
সচ্চরিত্র—১। সৎস্বভাব, সাধুচরিত, সদাচারী। সৎ চরিত্র যাহার, বহু। বিণ। বি, -তা। ২। সাধু চরিত্র। কর্মধা। বি; ক্লী।
সচ্চিদানন্দ—১। নিত্যজ্ঞানসুখস্বরূপ ব্রহ্ম; জগদীশ্বর। বি; পুং। ২। নিত্যজ্ঞানসুখময়। সৎ (নিত্য) চিৎ (জ্ঞানময়) অথচ আনন্দ (সুখময়), কর্মধা। বিণ।
সচ্চিন্তা—ভাল বিষয়ের ভাবনা, সৎ বিষয়ের চিন্তা। সতের (সদ্বিষয়ের) চিন্তা, ৬ষ্ঠীতৎ; অথবা, সতী চিন্তা, কর্মধা। বি; স্ত্রী।
সচ্ছল—অভাবশূন্য; যাহার অনটন নাই এমন, দাতা, বদান্য; উদার। <সৎশীল। বিণ।
সচ্ছিদ্র—রন্ধ্রযুক্ত, porous. বহু। বিণ।
সজনী—সখী; রমণী; প্রণয়িনী। <স্বজনী। বি; স্ত্রী।
সজল—জলপূর্ণ; জলযুক্ত, ভিজা; অশ্রুপূর্ণ। বহু। বিণ।
সজলনয়ন, -নেত্র, -লোচন—১। জলভরা চোখ। কর্মধা। বি; ক্লী। ২। যাহার চোখ জলে ভরিয়া গিয়াছে এমন, অশ্রুপূর্ণনেত্র। বহু। বিণ।
সজাগ—জাগ্রৎ; ঈষৎ নিদ্রাযুক্ত; সতর্ক, হুঁশিয়ার। জাগের (জাগরণের) সহ বর্তমান, বহু (বাংপ্র)। বিণ।
সজাত—একজাতীয়। <স্বজাতীয়। বিণ।
সজাতি—১। সমানশ্রেণীস্থ; একজাতীয়। বিণ। ২। একজাতীয় স্ত্রী-পুরুষের সন্তান। সহ (সমান) জাতি যাহার, বহু। বি; পুং।
সজাতীয়—একজাতীয়; সমধর্মী; একশ্রেণীভুক্ত; একবিধ; সদৃশ, তুল্য। সমান জাতীয়, সুপ্‌সুপা (সমান-স্থানে স)। বিণ।
সজারু—কণ্টকপূর্ণ-গাত্রবিশিষ্ট জীব বিঃ, শল্লকী। <শল্যকরূপ। বি।
সজীব—জীবিত; স্ফূর্তিযুক্ত। বহু। বিণ। **সজীব আগ্নেয়গিরি**—যে আগ্নেয়গিরি হইতে অগ্ন্যুৎপাত হয়, active volcano.
সজোরে—জোরের সহিত, খুব জোর দিয়া। বহু (বাংপ্র)। ক্রি-বিণ।
সজ্জন—১। সৎকুলোদ্ভব ব্যক্তি; সাধু, সুজন, ভাল লোক। সৎ (= সাধু) জন (লোক), কর্মধা। বি; পুং। ২। সাজানো, সজ্জা। সস্‌জ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
সজ্জা—বেশ, ভূষা; সাজ; সাঁজোয়া; আয়োজন; সরঞ্জাম, equipment. সস্‌জ্+অ করণ, ভাব+ আপ্। বি; স্ত্রী।
সজ্জাগৃহ—সাজঘর, প্রসাধনকক্ষ, পোশাক পরিচ্ছদ পরিবার ঘর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
সজ্জিত—১। ভূষিত; সাজানো; আয়োজিত। সস্‌জ্ +ণিচ্+ক্ত কর্ম। ২। বর্মিত; উদ্যুক্ত। সস্‌জ্+ ক্ত কর্তৃ কিংবা, সজ্জা+ইতচ্ জাতার্থে। বিণ।
সজ্ঞান—চেতনাযুক্ত, জ্ঞানযুক্ত। বহু। বিণ।
সঞে—সংগে, সহিত ("তা সঞে রভস কবহঁ নাহি হোয়"—বিদ্যা); হইতে ("দেব-দেয়াসিনি ঘর সঞে নিকসল"—কবিশেখর); দ্বারা। প্রা কপ্র। অ।
সঞ্চয়—সংগ্রহ; পুঁজি, সম্বল; সমূহ; রাশি। সম্ —চি+অচ্ ভাব, কর্ম। বি; পুং।
সঞ্চয়ন—সংগ্রহ করণ, সঞ্চয় করণ। সম্—চি+অনট্ ভাব। বি; ক্লী।
সঞ্চয়ী (-য়িন্)—সংগ্রহকারক। সঞ্চয়+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-য়িনী**।
সঞ্চর, সঞ্চরণ—১। গমন, চলন; কম্পন। সম্—চর্+ ক ঘঞর্থে, অনট্ ভাব। ২। সেতু, সাঁকো; স্থান; পথ; শরীর। সম্—চর্+ঘ, অনট্ করণ, অধি। বি; ক্লী, পুং।
সঞ্চরমাণ—গমনশীল, যে সঞ্চরণ করিতেছে এমন। সম্—চর্+শানচ্ কর্তৃ। বিণ।
সঞ্চরিত—প্রচলিত; প্রস্থিত; গত। সম্—চর্+ক্ত কর্তৃ। বিণ।
সঞ্চলন—দোলন, কম্পন, নড়াচড়া; প্রচলন। সম্— চল্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**সঞ্চলিত**।

সঞ্চার—বৃদ্ধি; গতি; গ্রহাদির রাশ্যন্তরে সংক্রমণ; বিস্তার; কণ্ঠগতি; কষ্ট; বিপদ্; উত্তেজন; চালন; উদ্রেক; জন্মানো; পথপ্রদর্শন; সংক্রমণ; চেষ্টা, যত্ন। সম্—চর্ বা চর্+ণিচ্+ঘঞ্ ভাব। বি; পুং।

সঞ্চারক—উত্তেজক; চালক। সম্—চর্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, -রিকা।

সঞ্চারিত—ইতস্ততঃ চালিত। সম্—চর্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

সঞ্চারী (-রিন্)—১। নির্বেদ অসূয়া প্রঃ ব্যভিচারী ভাব; বায়ু; ধূপ; সংগীতের রাগ বা রাগিণীর তৃতীয় চরণ। বি; পুং। ২। সঞ্চরণশীল; গমনশীল; অস্থায়ী; আগন্তুক। সম্—চর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -রিণী।

সঞ্চালন—দোলানো; স্থানচ্যুত করণ; নাড়াচাড়া। সম্—চল্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

সঞ্চালিত—স্বস্থান হইতে অপসারিত; চালিত; সংক্রামিত। সম্—চল্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

সঞ্চিত—সংগৃহীত, সঞ্চয়-করা; সম্ভৃত; রাশীকৃত। সম্—চি+ক্ত কর্ম। বিণ।

সঞ্চীয়মান—যাহা সঞ্চয় করা হইতেছে এমন, উপচীয়মান। সম্—চি+শানচ্ কর্ম। বিণ।

সঞ্চেয়—আহরণীয়, সঞ্চয়যোগ্য। সম্—চি+যৎ কর্ম। বিণ।

সঞ্জনন, সঞ্জননা—উৎপাদন; জন্মদান। সম্—জন্+ণিচ্+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

সঞ্জননা—'সঞ্জনন' দ্রঃ।

সঞ্জাত—১। জাত, উৎপন্ন। সম্—জন্+ক্ত কর্তৃ। বিণ। ২। সংযম, ক্ষমা। প্রা কপ্র। বি।

সঞ্জাব—কাপড়ের সেলাই-করা পটির পাড়। <ফা 'সঞ্জাফ'। বি।

সঞ্জীবন—১। জীবনদানকারী। সম্—জীব্+ণিচ্+অনট্ করণ। বিণ। স্ত্রী, -নী। ২। জীবনধারণ। সম্—জীব্+অনট্ ভাব। বি; ক্লী।

সঞ্জীবনী—জীবনদায়িনী। সম্—জীব্+ণিচ্+অনট্ করণ+ঈপ্। বিণ; স্ত্রী।

সট্, সড়াক, সড়াৎ—দ্রুততা, তাড়াতাড়ি। বাংপ্র। অ।

সটকা—তামাকু সেবন করিবার লম্বা নল, আলবলার নল। বাংপ্র। বি।

সটকানো—পলায়ন করা, গোপনে সরিয়া পড়া। বাংপ্র। ক্রি [, বি]।

সটান—১। দীর্ঘ, লম্বা। বিণ। ২। লম্বা হইয়া; সোজাসুজি। বহু (বাংপ্র)। ক্রি-বিণ।

সটীক—টীকাসহিত, যাহার টীকা আছে এমন। বহু। বিণ।

সঠিক—যথার্থ, ঠিকমত। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ।

সড়—ষড়যন্ত্র, গোপন পরামর্শ, সাট। বাংপ্র। বি।

সড়ক—রাস্তা; বড় রাস্তা। <সরক। বি।

সড়কি—বল্লম। বাংপ্র। বি।

সড়গড়—আয়ত্ত, অভ্যস্ত; মুখস্থ। বাংপ্র। বিণ।

সড়সড়—কাতুকুতু লাগা; শিহরন চুলকানি ইঃর অনুভূতি; সাপ প্রঃর চলার অনুকরণ-শব্দ। বাংপ্র। অ।

সড়াক, সড়াৎ—'সট্' দ্রঃ।

সডাক—ডাকখরচ সমেত। বহু (বাংপ্র)। বিণ।

সৎ—১। সত্য; প্রশস্ত; উত্তম; বিদ্যমান; নিত্য, চিরস্থায়ী; শোভন; সাধু; বিদ্বান্; মান্য, পূজ্য; জ্ঞানী, বিচক্ষণ। বিণ। স্ত্রী—সতী। ২। ব্রহ্ম; অস্তিত্বমাত্র। অস্+শতৃ কর্তৃ। বি; ক্লী। ৩। (অন্য শব্দের পূর্বে) বিমাতা-সংক্রান্ত ('— ভাই')। বাংপ্র। বিণ। [সম্—তন্+ক্ত ভাব, কর্ম। বি; ক্লী।

সতত—১। নিরন্তর, সর্বদা। ক্রি-বিণ। ২। ক্রিয়া বিঃ।

সততা—সাধুতা। <সত্তা। বি।

সতন্ত্র—স্বাধীন। <স্বতন্ত্র। বিণ। স্ত্রী, -ন্ত্রী।

সতর, সতরো—১৭ সংখ্যা; ১৭-সংখ্যক। <সপ্তদশন্। বি বা বিণ।

সতরই, সতরোই—মাসের সপ্তদশ দিবস। সতর, সতরো+ই তারিখ অর্থে। বাংপ্র। বি বা বিণ।

সতরো—'সতর' দ্রঃ।

সতর্ক—তর্কযুক্ত; সাবধান। বহু। বিণ।

সতা—সপত্নী ("গঙ্গা নামে সতা তার তরঙ্গ এমনি" —ভারত)। বাংপ্র। বি; স্ত্রী।

সতাই—বিমাতা ("শ্রীরাম বলেন শুন সুমিত্রা সতাই" —কৃত্তি)। প্রা কপ্র। বি; স্ত্রী।

সতাতো—বৈমাত্রেয়। সতা+তো পুত্রার্থে (বাংপ্র)। বিণ। [বি; স্ত্রী।

সতিন, সতীন—এক স্বামীর ভার্যা। <সপত্নী।

সতী—১। সাধ্বী রমণী, পতিব্রতা স্ত্রী; ভবানী; পতির সহমৃতা স্ত্রী। বি; স্ত্রী। ২। পতিব্রতা, সাধ্বী। অস্+শতৃ কর্তৃ+ঈপ্। বিণ; স্ত্রী।

সতীগিরি—(ব্যঙ্গার্থে) মিথ্যা সতীত্বের গর্ব। সতী+গিরি ভাবে (বাংপ্র)। বি। **সতীগিরি ফলানো**—সতীত্বের ভান করা, নিজেকে সতী বলিয়া জাহির করা।

সতীচ্ছদ—কুমারী-ঝিল্লী, যাহার রজোদর্শন বা পুরুষসহবাস হয় নাই সেইরূপ নারীর যোনিমুখ আবরণকারী অর্ধচন্দ্রাকার পাতলা পর্দা, hymen. সতীনির্ণায়ক ছদ (আবরণ), মধ্যপ। বি; পুং।

সতীত্ব—পাতিব্রত্য, সতী স্ত্রীর ধর্ম। সতী+ত্ব ভাবে। বি; ক্লী।

সতীদাহ—মৃত স্বামীর প্রজ্বলিত চিতায় পতিব্রতা পত্নীর দেহত্যাগ, সহমরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সতীধর্ম—পাতিব্রত্য, সতীত্ব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সতীন—'সতিন' দ্রঃ। [স্ত্রী।

সতীন-ঝি—সপত্নীকন্যা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি;

সতীন-পো—সপত্নীপুত্র। ৬ষ্ঠীতৎ। (বাংপ্র)। বি; পুং।

সতীপতি, সতীশ—মহাদেব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সতীপনা—সতীগিরি (তাহা দ্রঃ)।

সতীর্থ, সতীর্থ্য—সমকালে একগুরুর শিষ্য; সহাধ্যায়ী, সমপাঠী। স (সমান) তীর্থ (গুরু) যাহার, বহু; সতীর্থ+যৎ বাসার্থে। বি; পুং।

সতীলক্ষ্মী—সাধ্বী এবং সুলক্ষণা স্ত্রী। সতী যে লক্ষ্মীও সে, কর্মধা। বি; স্ত্রী।
সতীশ—'সতীপতি' দ্রঃ।
সতুষ—তুষযুক্ত। বহু। বিণ।
সতৃষ্ণ—পিপাসিত; অভিলাষী; সস্পৃহ। বহু। বিণ।
সতৃষ্ণ-দৃষ্টি, -নয়ন, -নেত্র—১। অভিলাষব্যঞ্জক চক্ষু; স্পৃহাযুক্ত চাহনি। কর্মধা। বি; স্ত্রী, ক্লী, ক্লী। ২। আকাঙ্ক্ষাপূর্ণদৃষ্টিযুক্ত, যে লালসা বা অভিলাষের সহিত চাহিতেছে এমন। বহু। বিণ।
সতেজ—তেজোযুক্ত, তেজঃপূর্ণ, বলবান্। বহু (সংস্কৃত মতে সতেজাঃ)। বিণ।
সৎকর্ম (-কর্মন্), **-কার্য**—ভাল কাজ; পুণ্যকার্য; বেদবিহিত ক্রিয়া। কর্মধা। বি; ক্লী।
সৎকার, -কৃতি, -ক্রিয়া—শবদাহাদি কার্য; সমাদর, পূজা, সম্মান; পুরস্কার; মঙ্গল। সৎ—কৃ+ঘঞ্, ক্তি ভাব; ৩য় পক্ষে+শ ভাব+আপ্। বি; পুং, স্ত্রী, স্ত্রী।
সৎকার্য—'সৎকর্ম' দ্রঃ।
সৎকৃত—পূজিত; সমাদৃত; পুরস্কৃত; সুসম্পন্ন; সৎকারপ্রাপিত। সৎ—কৃ+ক্ত কর্ম। বিণ।
সৎকৃতি, -ক্রিয়া—'সৎকার' দ্রঃ।
সত্তম—অতি উত্তম; পূজ্যতম। সৎ+তম অতিশয়ার্থে। বিণ। [বিণ।
সত্তর—৭০ সংখ্যা; ৭০-সংখ্যক। < সপ্ততি। বি বা
সত্তা—স্থিতি, অস্তিত্ব; বিদ্যমানতা; উৎপত্তি; উৎকর্ষ; সাধুতা। সৎ+তা ভাবে। বি; স্ত্রী।
সত্ত্ব—১। প্রাণী, জন্তু। বি; পুং বা ক্লী। ২। প্রকৃতির তিনগুণের মধ্যে প্রধান গুণ; পদার্থ; মনঃ; স্বভাব; স্বাভাবিক অবস্থা; শক্তি, পরাক্রম; ধৈর্য; উৎসাহ; বিদ্যমানতা, সত্তা, অস্তিত্ব; ধন; প্রাণ, জীবন; চৈতন্য; আত্মা; সাহস। সৎ+ত্ব ভাবে। বি; ক্লী। ৩। রৌদ্রে শুকানো আম প্রঃর রস; নির্যাস। বাংপ্র। বি।
সত্র—যজ্ঞ; বহুদিনব্যাপী যজ্ঞ; গৃহ; অরণ্য; আচ্ছাদন; সদাদান; সদাব্রত, ছত্র, অন্নজলাদি-বিতরণ স্থান; কৈতব; ধন; সরোবর; দায়রা। সদ্+ত্র অধি। বি; ক্লী।
সৎপথ—সাধুমার্গ, ধর্মপথ। কর্মধা। বি; পুং।
সৎপুত্র—উত্তম সন্তান; বেদাদিবিহিত পিত্রাদি-কার্যকর্তা। কর্মধা। বি; পুং।
সৎপ্রতিগ্রহ—সাধু ব্যক্তির নিকট হইতে দান-গ্রহণ। ৫মীতৎ। বি; পুং।
সত্বর—১। শীঘ্র। ক্রি বিণ। ২। ত্বরাযুক্ত। বহু। বিণ।
সৎ-মা—বিমাতা। বাংপ্র। বি; স্ত্রী।
সত্য—১। প্রকৃত, যথার্থ; বাস্তব। বিণ। ২। যাথার্থ্য, অমিথ্যা; নিত্যতা ('—স্বরূপ'); সত্যযুগ; শপথ; প্রতিজ্ঞা। সৎ+যৎ হিতার্থে। বি; ক্লী।
সত্যকথন, -ভাষণ—সত্য কথা বলা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
সত্যগ্রহ, সত্যাগ্রহ—ধর্ম ন্যায় বা সত্যের জন্য উদ্দেশ্য-সিদ্ধি না হওয়া পর্যন্ত সমস্ত অত্যাচার বা প্রতিকূল অবস্থার বিরুদ্ধে প্রতিজ্ঞা-পূর্বক শেষ পর্যন্ত অটলভাবে অবস্থান। ৬ষ্ঠীতৎ বা ৭মীতৎ। বি; পুং। [পুং।
সত্যনারায়ণ—দেবতা বিঃ; সত্যপীর। কর্মধা। বি;
সত্যনিষ্ঠ—সত্যবাদী; সত্যে শ্রদ্ধাসম্পন্ন বা অনুরাগী, সত্যপরায়ণ। বহু। বিণ।
সত্যনিষ্ঠা—১। সত্যের প্রতি অনুরাগ। ৭মীতৎ। বি; স্ত্রী। ২। সত্যে নিষ্ঠাবতী। সত্যনিষ্ঠ+আপ্। বিণ; স্ত্রী।
সত্যপালন—প্রতিজ্ঞা-রক্ষা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
সত্যপীর—সত্যনারায়ণ (হিন্দু-মুসলমানের মিলনের প্রতীক দেবতা)। মধ্যপ (বাংপ্র)। বি।
সত্যপ্রতিজ্ঞ—দৃঢ়প্রতিজ্ঞাযুক্ত, স্থিরসংকল্প। সত্য হইয়াছে প্রতিজ্ঞা যাহার, বহু। বিণ। বি, **-প্রতিজ্ঞা**।
সত্যবাদী (-বাদিন্)—সত্যবক্তা, যে সত্যবাক্য বলে এরূপ। উপতৎ; সত্য—বদ্+ণিন্ কর্তৃ, শীলার্থে। বিণ। স্ত্রী, **-দিনী**। বি, **-দিতা**।
সত্যব্রত—সত্যনিষ্ঠ; সত্যপরায়ণ। বহু। বিণ।
সত্যভঙ্গ—প্রতিজ্ঞার অপালন, প্রতিজ্ঞামত কার্য না করা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সত্যভাষণ—'সত্যকথন' দ্রঃ।
সত্যযুগ—প্রথমযুগ, কৃতযুগ। সত্যপ্রধান যুগ, মধ্যপ। বি; ক্লী।
সত্যলোক—সপ্তলোকের একটি। সত্যনামক লোক, মধ্যপ। বি; পুং।
সত্যসন্ধ—সফলপ্রতিজ্ঞ, সত্যপ্রতিজ্ঞ। সত্যা সন্ধা যাহার, বহু। বিণ।
সত্যাগ্রহ—'সত্যগ্রহ' দ্রঃ।
সত্যাগ্রহী (-হিন্)—সত্যাগ্রহকারী। সত্যাগ্রহ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-গ্রাহিণী**।
সত্যানুসন্ধান—প্রকৃত তথ্যের খোঁজ করণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
সত্যাশ্রয়—সত্যাগ্রহ (তাহা দ্রঃ)।
সত্যাশ্রয়ী (-য়িন্)—সত্যাগ্রহী (তাহা দ্রঃ)।
সত্যাসত্য—সত্য এবং মিথ্যা; সত্য বা মিথ্যা। দ্বন্দ্ব। বি; ক্লী। [অ।
সত্যি—১। সত্য। বি। ২। নিশ্চয়ই, ঠিকই। বাংপ্র।
সত্যিকার, -কারের—প্রকৃত, যথার্থ। সত্যি+কার, সত্যি+কার+এর সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ।
সৎসাহস—প্রতিকূল অবস্থার বিরুদ্ধে সৎকাজ করিবার বা সত্য কথা বলিবার সাহস, নৈতিক সাহস। কর্মধা। বি; ক্লী। [ক্লী।
সদন—গৃহ, বাড়ি; নিকট। সদ+অনট্ অধি। বি;
সদনুষ্ঠান—ভাল কাজ, সৎ কাজ; পরোপকার। কর্মধা। বি; ক্লী। [বিণ।
সদয়—দয়ালু; অনুকূল। দয়ার সহ বর্তমান, বহু।
সদর—১। প্রকাশ্য; মুখ্য; প্রধান-জেলাবিষয়ক; জেলার প্রধান নগরে অবস্থিত; বাহিরের; প্রধান। বিণ। ২। বাহিরের দিক্; বাহিরের পিঠ; বাহির-বাড়ি; জেলার প্রধান নগর। < আ 'সদ্র্'। বি।
সদর-আলা—জেলার প্রধান বিচারকের নিম্নতন

বিচারক, সবজজ। সদর+আলা (<ওয়ালা) সম্বন্ধার্থে। বি।
সদর্প—অহংকারযুক্ত; দম্ভপূর্ণ। বহু। বিণ।
সদসৎ—ভাল ও মন্দ; যাহা আছে এবং যাহা নাই তাহা; ন্যায় ও অন্যায়; ধার্মিক ও পাপী। সৎ এবং অসৎ, দ্বন্দ্ব। বি বা বিণ।
সদসদ্বিবেচনা—ভাল-মন্দের বিচার, ন্যায় ও অন্যায়ের পার্থক্যবোধ; কোন্‌টা ভাল কোন্‌টা মন্দ তাহা বোঝা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
সদস্য—১। সভ্য; যজ্ঞাদিস্থলে বিধিদর্শক, যজ্ঞাদি কর্মে নিযুক্ত কার্যকারীদিগের ভ্রমসংশোধনকারী। বি; পুং। ২। সামাজিক, সভাসদ্। সদস্ (সভা)+যৎ সাধু অর্থে। বিণ।
সদা—সর্বদা, নিয়ত, অবিশ্রান্ত, সর্বকালে। সর্ব+দাচ্ কালার্থে (নিপা)। অ।
সদাগতি—১। সূর্য; বায়ু; আত্মা; জগদীশ্বর। বি; পুং। ২। সর্বদা গমনশীল। সদা গতি যাহার, বহু। বিণ।
সদাগর—'সওদাগর' দ্রঃ।
সদাচার—উত্তম আচার, শুদ্ধ আচরণ, সাধু ব্যবহার। সন্ (সাধু) আচার. কর্মধা। বি; পুং।
সদাচারী (-চারিন্)—সাধু-আচারসম্পন্ন, সদাচারবান্। সদাচার+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-চারিণী।** [বহু। বিণ; পুং বা স্ত্রী।
সদাত্মা (-ত্মন্)—সদাশয়। সন্ (সৎ) আত্মা যাহার,
সদানন্দ—১। শিব। বি; পুং। ২। সদাপ্রফুল্ল। বহু। বিণ। [অন্নসত্র। বহু। বি; ক্লী।
সদাব্রত—সর্বদা যেখানে অন্ন দান করা হয় তাহা,
সদালাপ—সাধু বিষয়ে কথোপকথন। কর্মধা। বি; পুং। বিণ, **-লাপী** (-পিন্)।
সদালাপী (-পিন্)—মিষ্টভাষী; সাধু বিষয়ে কথোপকথনকারী। সদালাপ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-পিনী।**
সদাশয়—মহৎ, উদারচেতাঃ। বহু। বিণ।
সদাশিব—মহাদেব। সদা শিব যাহা হইতে, বহু। বি; পুং। [বি; স্ত্রী।
সদিচ্ছা—সদভিপ্রায়; সাধু মতি। সতী ইচ্ছা, কর্মধা।
সদুত্তর—যথার্থ উত্তর, ঠিকমত জবাব। সৎ উত্তর, কর্মধা। বি; ক্লী।
সদুদ্দেশ্য—সাধু অভিপ্রায়, ভাল কাজ করিবার ইচ্ছা। কর্মধা। বি; ক্লী।
সদুপায়—সাধু পন্থা। কর্মধা। বি; পুং।
সদৃশ—সমান, অনুরূপ; তুল্য; উপযুক্ত, যোগ্য। সমান—দৃশ্+কঞ্ কর্ম। বিণ। স্ত্রী, **-শী।**
সদোষ—দোষযুক্ত। দোষের সহ বর্তমান, বহু। বিণ।
সদ্গতি—মুক্তি; উত্তম পরিণাম; উত্তম গতি; মোক্ষ; নির্বাণ; সদ্ব্যবহার, উত্তম বিধান। সতী গতি, কর্মধা। বি; স্ত্রী।
সদ্গুণ—উত্তম গুণ; বিদ্যা বিনয় দয়া প্রঃ গুণ। সন্ (সৎ) গুণ, কর্মধা। বি; পুং।
সদ্গুরু—যিনি শিষ্যকে উন্নতির পথে চালিত করেন এরূপ শিক্ষক বা দীক্ষাদাতা। সন্ (সৎ-শব্দ) গুরু, কর্মধা। বি; পুং। [বি।
সদ্গোপ—হিন্দুর জলাচরণীয় উপজাতি বিঃ। বাংপ্র।
সদ্বংশ—উচ্চ কুল, সম্ভ্রান্ত বংশ। কর্মধা। বি; পুং।
সদ্ব্যবহার—সাধু আচরণ; ভদ্র আচরণ; ভাল কাজে লাগানো। কর্মধা। বি; পুং।
সদ্ব্যয়—ভাল কাজে খরচ; ধর্মকার্যে ব্যয়। সন্ (সৎ) ব্যয়, কর্মধা। বি; পুং।
সদ্ভাব—সাধুতা; সৌহার্দ্য; ভাল মেজাজ; স্থিতি, বিদ্যমানতা। সতের (সাধুর) ভাব, ৬ষ্ঠীতৎ; অথবা, সন্ (সৎ) ভাব, কর্মধা। বি; পুং।
সদ্ম (সদ্মন্)—গৃহ, আবাস ("যোগ্য সদ্ম চঞ্চলা পদ্মার"—কালিদাস)। সদ্ (গমন করা)+মনিন্ অধি। বি; ক্লী।
সদ্য— <সদ্যঃ।
সদ্যঃ (সদ্যস্)—তৎক্ষণে; তখনই; বর্তমান সময়ে, উপস্থিত দিবসে; যাহা বাসি নহে এমন। সমে অহনি অর্থাৎ এই দিনে—এই অর্থে, সদ্যস্ (নিপা)। অ।
সদ্যঃপাতী (-পাতিন্)—তৎক্ষণাৎ পতনশীল; যাহা এখনই পড়িয়া যাইবে এমন। উপতৎ; সদ্যস্—পত্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-পাতিনী।**
সদ্যঃপ্রসূত—যে সবেমাত্র জন্মিয়াছে এমন, সদ্যোজাত। সুপ্। বিণ। [সুপ্। বিণ।
সদ্যঃস্নাত—যে সবেমাত্র স্নান করিয়াছে এমন।
সদ্যোজাত—তৎক্ষণাৎ উৎপন্ন, সবেমাত্র জাত। সুপ্। বিণ। [আপ্। বি বা বিণ; স্ত্রী।
সধবা—পতিবত্নী, যাহার পতি আছে এরূপ। বহু+
সধর্ম—একধর্ম, তুল্যধর্ম। সমান ধর্ম, কর্মধা (সমান-স্থানে স)। বি; পুং।
সধর্মা (-ধর্মন্)—একধর্মাক্রান্ত; সমরূপ; সদৃশ, তুল্য। সমান ধর্ম যাহার, বহু (অনিচ্ সমাসান্ত, সমান-স্থানে স)। বিণ।
সধর্মচারিণী—স্ত্রী, ভার্যা, পত্নী। সধর্ম—আ—চর্+ণিন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
সধর্মী (-র্মিন্)—একধর্মাক্রান্ত; সদৃশ, তুল্য। সধর্ম+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-র্মিণী।**
সন—সাল; অব্দ; বৎসর। আ। বি।
সনদ—সনন্দ, উপাধিপত্র; দলিল; কোন বিশেষ ক্ষমতা প্রদানার্থ প্রদত্ত পত্র। আ। বি।
সনন্দ—১। আনন্দযুক্ত; নন্দসহিত। বহু। বিণ। ২। অনুমতিপত্র; প্রমাণস্বরূপ লিখিত পত্রাদি। <আ 'সনদ'। বি।
সনসন—বেগে গমনের ভাব বা শব্দ। বাংপ্র। অ।
সনাক্ত—কোন বস্তু বা ব্যক্তিকে দেখিয়া তাহার নাম বা পরিচয়ের নির্দেশ; নিশানাদিহি। <ফা 'শিনাখ্‌ৎ'। বি।
সনাতন—১। সদাতন, চিরস্থায়ী, নিত্য। বিণ। স্ত্রী, **-নী।** ২। ব্রহ্মা, মহেশ্বর; পরমভক্ত বৈষ্ণব বিঃ। সনা+তন (ট্যু+তুট) ভবার্থে। বি; পুং। **সনাতন ধর্ম**—চিরস্থায়ী ধর্ম; বেদোক্ত ধর্ম।

সনাতনী—১। চিরস্থায়িনী, চিরকাল বর্তমানা। সনাতন+ঈপ্। বিণ; স্ত্রী। ২। সনাতন-ধর্মাচারাদির পরিবর্তনবিরোধী, গোঁড়া; প্রাচীনপন্থী। সনাতন+ঈ (বাংপ্র)। বি বা বিণ।
সনির্বন্ধ—অত্যধিক আগ্রহসূচক। বহু। বিণ।
সনে—সহিত, সঙ্গে। কপ্র। অ।
সনেট—একপ্রকার চতুর্দশপদী কবিতা। <ইং 'sonnet'. বি।
সন্ত—সাধু, সন্ন্যাসী। হি। বি।
সন্তত—বিস্তীর্ণ, ব্যাপ্ত; অবিরত, অবিচ্ছিন্ন, continuous. সম্—তন্+ক্ত কর্ম। বিণ।
সন্ততি—১। পুত্র বা কন্যা, সন্তান। সম্—তন্+ক্তি করণ। বি; স্ত্রী। ২। ব্যক্তি; ধারা; শ্রেণী, পারম্পর্য; বিস্তার, ব্যাপ্তি; অবিচ্ছেদ, continuum. সম্—তন্+ক্তি ভাব। বি; স্ত্রী।
সন্তপ্ত—সন্তাপযুক্ত, ক্লিষ্ট; উত্তপ্ত; অগ্নিবিশুদ্ধ। সম্—তপ্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।
সন্তরণ—সাঁতার; পারগমন। সম্—তৄ+অনট্ ভাব। বি; ক্লী।
সন্তরণপটু—সাঁতার কাটিতে নিপুণ। ৭মীতৎ। বিণ।
সন্তর্পণ—১। তৃপ্তিকর, প্রীতিজনক; সাবধান। সম্—তৃপ্+ণিচ্+অন কর্তৃ। বিণ। ২। তৃপ্তিকরণ। সম্—তর্পি+অনট্ ভাব। বি; ক্লী।
সন্তর্পণে—সাবধানে, সতর্ক হইয়া। বাংপ্র। ক্রি-বিণ।
সন্তান—পুত্রকন্যা, অপত্য; বংশ। সম্—তন্+ণ কর্তৃ। বি; পুং।
সন্তান-সন্ততি—পুত্রকন্যাগণ, বংশধরগণ। একার্থক শব্দদ্বয়ের দ্বন্দ্ব। বি; স্ত্রী।
সন্তাপ—১। মনস্তাপ; দুঃখ; রিপু; অনুতাপ। সম্—তপ্+ঘঞ্ করণ। ২। উষ্ণতা, উত্তাপ। সম্—তপ্+ঘঞ্ ভাব। বি; পুং।
সন্তাপন—১। সন্তাপজনক। সম্—তপ্+ণিচ্+অন কর্তৃ বা অনট্ করণ। বিণ। স্ত্রী, -না, -নী। ২। তাপদান। সম্—তাপি+অনট্ ভাব। বি; ক্লী।
সন্তাপিত—সন্তপ্ত; সন্তাপযুক্ত; দুঃখিত; উত্তপ্ত, উষ্ণ। সন্তাপ+ইতচ্ জাতার্থে। বিণ।
সন্তাপী (-পিন্)—সন্তাপযুক্ত; দুঃখপ্রাপ্ত। সন্তাপ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-পিনী**।
সন্তুষ্ট—তৃপ্ত; আহ্লাদিত। সম্—তুষ্+ক্ত কর্তৃ। বিণ।
সন্তুষ্টি—সন্তোষ, তৃপ্তি, হর্ষ। সম্—তুষ্+ক্তি ভাব। বিণ—সন্তুষ্ট। [বি; পুং।
সন্তোষ—তৃপ্তি; আহ্লাদ। সম্—তুষ্+ঘঞ্ ভাব।
সন্তোষজনক—তৃপ্তিদায়ক, প্রীতিকর; যাহাতে মনের সন্দেহ প্রভৃতি দূর হয় এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -জনিকা।
সন্ত্রস্ত—অত্যন্ত ভীত; শঙ্কিত। সম্—ত্রস্+ক্ত কর্তৃ। বিণ।
সন্ত্রাস—অত্যধিক ভয়; শঙ্কা। সম্—ত্রস্+ঘঞ্ ভাব। বি; পুং।
সন্ত্রাসবাদ—বিপ্লববাদ, ভীতিমূলক রাজদ্রোহবাদ, terrorism. সন্ত্রাসমূলক বাদ, মধ্যপ। বি; পুং।
সন্দ—সংশয়। <সন্দেহ। বি।
সন্দংশ—কামড়। সম্—দন্শ্+অচ্ কর্তৃ। বি; পুং।
সন্দংশ, সন্দংশিকা, সন্দংশী—কাঁচি; সাঁড়াশি; জাঁতি; চিমটা। সম্—দন্শ্+অচ্ কর্তৃ; সন্দংশ+কন্ স্বার্থে+আপ্; সন্দংশ+ঈপ্। বি; পুং, স্ত্রী, স্ত্রী।
সন্দংশপ্রাপিতন্যায়—ন্যায় বিঃ [সাঁড়াশির দুই দিক্ চাপিয়া ধরিয়া কোন জিনিস ধরা হয়। এইরূপ ক্ষেত্রে প্রযোজ্য ন্যায়]। মধ্যপ। বি; পুং।
সন্দর্ভ—প্রবন্ধ, পরম্পরান্বিত রচনা; সংগ্রহ; বিস্তার। সম্—দৃভ্+ঘঞ্ কর্ম, ভাব। বি; পুং।
সন্দর্শন—১। ভালরূপে দেখা, পরীক্ষা; অবলোকন, নিরীক্ষণ; জ্ঞান। সম্—দৃশ্+অনট্ ভাব। ২। আকৃতি, মূর্তি, চেহারা। সম্—দৃশ্+অনট্ কর্ম। ৩। দেখানো। সম্—দৃশ্+ণিচ্ (=দর্শি)+অনট্ ভাব। বি; ক্লী।
সন্দষ্ট—সংশ্লিষ্ট, সংলগ্ন; যাহা সাঁড়াশি দিয়া ধরা হইয়াছে এমন; যাহাকে কামড়ানো হইয়াছে এমন। সম্—দন্শ্+ক্ত কর্ম। বিণ। [কর্তৃ। বিণ।
সন্দিগ্ধ—সন্দেহযুক্ত; সংশয়িত। সম্—দিহ্+ক্ত
সন্দিগ্ধচিত্ত—১। সন্দেহযুক্ত মন। কর্মধা। বি; ক্লী। ২। যাহার মন সন্দেহে পূর্ণ এমন। বহু। বিণ।
সন্দিগ্ধমনাঃ (-মনস্)—সন্দিগ্ধচিত্ত। বহু। বিণ।
সন্দিগ্ধমনা—<সন্দিগ্ধমনাঃ।
সন্দিহান—সংশয়যুক্ত, সন্দেহান্বিত, সংশয়ী। সম্—দিহ্+শানচ্ কর্তৃ। বিণ।
সন্দীপন—১। প্রজ্বলন; জ্বালানো; উৎসাহদান, প্রোৎসাহন। সম্—দীপ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। প্রজ্বালক; উৎসাহক। সম্—দীপ্+ণিচ্+অনট্ করণ। বিণ। স্ত্রী, -নী।
সন্দীপিত—প্রজ্বলিত, প্রোৎসাহিত। সম্—দীপ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
সন্দেশ—১। বার্তা, খবর, সংবাদ; আদেশ। সম্—দিশ্+ঘঞ্ কর্ম, ভাব। বি; পুং। ২। চিনির সহিত পাক করা ছানার মিষ্টান্ন বিঃ। বাংপ্র। বি।
সন্দেশবহ—দূত, বার্তাবহ। সন্দেশ—বহ্+অচ্ কর্তৃ। বি; পুং।
সন্দেহ—সংশয়, দ্বৈধজ্ঞান; অর্থালংকার বিঃ। সম্—দিহ্+ঘঞ্ ভাব। বি; পুং।
সন্দেহজনক—সংশয়জনক, যাহাতে সন্দেহ জন্মায় এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-জনিকা**।
সন্দেহভঞ্জন—সন্দেহ দূর করা; সন্দেহ দূর হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
সন্ধাতব্য—যাহার সহিত সন্ধি করা কর্তব্য এমন। সম্—ধা+তব্য কর্ম। বিণ।
সন্ধান—অন্বেষণ; বাঞ্ছা; মিলন; মিশ্রণ; প্রাপ্তি; বন্ধন; পালন; সংযোজন; সংঘটন; রহস্য, তত্ত্ব ('—জানা'); ধনুকে বাণযোজনা; মদ্যে পরিণত করা, গাঁজানো, fermentation; চাট, আচার, pickle. সম্—ধা+অনট্ ভাব। বি; ক্লী।

সন্ধানিত—সংঘটিত; সংযোজিত। সন্ধান+ইতচ্ সংজ্ঞাতার্থে। বিণ।

সন্ধানী (-নিন্)—যে খোঁজ খবর রাখে এমন; সন্ধানকারী। সন্ধান+ইন্ আছে অর্থে। বিণ।

সন্ধি—১। (ব্যাক) দুই বর্ণের সংযোগ বিঃ; মিলন; যুদ্ধরত দুই দলের বিশেষ শর্ত মানিয়া লইয়া মিটমাট, peace. treaty; বিশ্রাম। সম্—ধা+কি ভাব। ২। শরীরের অস্থি প্রঃ মিলনস্থান, জোড়; গাঁট; রাত্রিদিন বা দুই তিথির মিলনকাল; সত্য-ত্রেতাদি যুগের মধ্য সময়; কবজা; সিঁধ; সুড়ঙ্গ; যোনিদ্বার; নাটক-গ্রন্থের অংশ বিঃ; সাধন; কারণ। সম্—ধা+কি অধি, করণ। বি; পুং।

সন্ধিক্ষণ—সংক্রমণকাল; একতিথি শেষ হইয়া অন্যতিথি আরম্ভ হইবার সময়; দুইটি বিষয়ের মিলন-সময়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সন্ধিচোর—সিঁধেল চোর। সন্ধি (সিঁধ)-কারী চোর, মধ্যপ। বি; পুং।

সন্ধিত—বদ্ধ, মিলিত; মদ্যে পরিণত, fermented. সন্ধা+ইতচ্ যুক্তার্থে। বিণ।

সন্ধিৎসু—সন্ধান করিতে ইচ্ছুক। সম্—ধা+সন্ ইচ্ছার্থে+উ কর্তৃ। বিণ। বি—**সন্ধিৎসা**।

সন্ধিপদ—(জীববিদ্যা) যে-সব জীবের পায়ে গাঁট থাকে (যেমন—চিংড়ি, কাঁকড়া ইঃ), anthropod. সন্ধিযুক্ত পদ যাহাদের, বহু। বি; পুং।

সন্ধিপূজা—অষ্টমীর শেষদণ্ড ও নবমীর আদ্যদণ্ডে পূজা। সন্ধিতে পূজা, ৭মীতৎ। বি; স্ত্রী।

সন্ধিবদ্ধ—১। মিলিত; সংযোগস্থলে বদ্ধ। সন্ধিতে বদ্ধ, ৭মীতৎ। ২। সন্ধির শর্ত-অনুসারে আটক, সন্ধিসূত্রে আবদ্ধ। ৩য়াতৎ। বিণ।

সন্ধিবাত—গেঁটেবাত, কোমর হাঁটু প্রঃ সন্ধিস্থলে জাত বাত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সন্ধিসূত্র—পরস্পরের সহিত সম্পাদিত সন্ধি। রূপক কর্মধা। বি; ক্লী।

সন্ধুক্ষিত—উদ্দীপিত; উত্তেজিত; প্রজ্বলিত। সম্—ধুক্ষ্+ক্ত কর্ম। বিণ। বি—**সন্ধুক্ষণ**।

সন্ধেয়—সন্ধি বা সন্ধান করিবার যোগ্য। সম্—ধা+যৎ কর্ম। বিণ।

সন্ধ্যা—১। দিবারাত্রির মিলনকাল, প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যা; তৎকালে উপাস্য মন্ত্ররূপ দেবতা; যুগ-সন্ধি; কাল; সীমা। সম্—ধ্যৈ+অঙ্ অধি, কর্ম+আপ্। ২। চিন্তা; উপাসনা; সন্ধ্যাবন্দনা; প্রতিজ্ঞা। সম্—ধ্যৈ+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

সন্ধ্যাতারা—সূর্যাস্তের পরক্ষণেই যে তারাকে দেখা যায় তাহা; সাঁঝতারা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সন্ধ্যাদীপ—সাঁঝের বাতি। মধ্যপ। বি; পুং।

সন্ধ্যাবন্দনা—সন্ধ্যাকালীন গায়ত্রীপাঠ প্রঃ উপাসনা। মধ্যপ। বি; স্ত্রী।

সন্ধ্যারাগ—সন্ধ্যাকালের অস্তগমনোন্মুখ সূর্যের লোহিত কিরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সন্ধ্যাহ্নিক—সন্ধ্যা এবং পূজা প্রঃ। সন্ধ্যা এবং আহ্নিক, দ্বন্দ্ব। বি; ক্লী।

সন্নত—বিনত; প্রণত; ধ্বনিত। সম্—নম্+ক্ত কর্তৃ। বিণ। বি—**সন্নতি**।

সন্নদ্ধ—বর্মিত; অস্ত্র-সজ্জিত; ব্যূহবিন্যাসযুক্ত; শ্রেণীবদ্ধ; উৎপন্ন; আততায়ীকে বধোদ্যত; বদ্ধ; মন্ত্রাদিযুক্ত। সম্—নহ্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

সন্না—চিমটার ন্যায় একপ্রকার যন্ত্র; ছোট চিমটা, forceps. < সন্দংশ। বি।

সন্নাহ—বর্ম, সাঁজোয়া; রণসজ্জা; পরিচ্ছদ। সম্—নহ্+ঘঞ্ করণ। বি; পুং।

সন্নিকট—অত্যন্ত নিকট। সম্ (সম্যক্) নিকট, প্রাদি। বি; পুং, বা বিণ।

সন্নিকর্ষ—১। সান্নিধ্য, নৈকট্য; ইন্দ্রিয়গোচর বিষয় ও ইন্দ্রিয়ের সম্বন্ধ। সম্—নি—কৃষ্+ঘঞ্ ভাব। ২। সামান্যলক্ষণা জ্ঞানলক্ষণা ও যোজক—এই ত্রিবিধ অলৌকিক প্রত্যক্ষসাধন উপায়। সম্—নি—কৃষ্+ঘঞ্ করণ। বি; পুং।

সন্নিকৃষ্ট—নিকটবর্তী; ইন্দ্রিয়সম্বন্ধবিষয়ক। সম্—নি—কৃষ্+ক্ত কর্ম। বিণ।

সন্নিধান, সন্নিধি—সামীপ্য, নৈকট্য; আবির্ভাব; স্থিতি; আশ্রয়; ইন্দ্রিয়বিষয়; সমাগম। সম্—নি—ধা+অনট্, কি কর্ম। বি; ক্লী, পুং।

সন্নিপাত, -পাতন—ত্রিদোষজ বিকাররোগ বিঃ; সংগ্রাম, যুদ্ধ; সম্যক্‌প্রকারে পতন; নাশ; তাল বিঃ, উভয় হস্ত সম্মুখে আনিয়া করতালি; উপস্থিতি; অবতরণ। সম্—নি—পত্+ঘঞ্, অনট্ ভাব। বি, পুং, ক্লী।

সন্নিবদ্ধ—দৃঢ়বদ্ধ; গ্রথিত, রচিত। সম্—নি—বন্ধ্+ক্ত কর্ম। বিণ। বি, **-বন্ধ, -বন্ধন**।

সন্নিবিষ্ট—নিকটস্থ; সম্মুখে উপস্থিত; উপবিষ্ট, সংক্রান্ত। সম্—নি—বিশ্+ক্ত কর্তৃ। বিণ।

সন্নিবেশ—১। সংযোগ; মিলন; ভিতরে প্রবেশ করানো; সমষ্টি; সংগ্রহ; স্থাপন; বিন্যাস। সম্—নি—বিশ্+ণিচ্+ঘঞ্ ভাব। ২। আশ্রম; স্থান; নিকট; নগরাদির বহিঃস্থিত বিহারভূমি; পুর বহিঃস্থপ্রদেশ। সম—নি—বিশ্+ঘঞ্ অধি। বি, পুং।

সন্নিভ—(অন্য শব্দের পরে প্রযুক্ত) সদৃশ, তুল্য। সম—নি—ভা+ক কর্তৃ। বিণ।

সন্নিহিত।—১। নিকটবর্তী; সম্যক্ স্থাপিত। সম—নি—ধা+ক্ত কর্তৃ, কর্ম। বিণ। ২। সন্নিধান। সম্—নি—ধা+ক্ত ভাব। বি; ক্লী।

সন্ন্যাস—১। ভিক্ষুধর্ম, চতুর্থ আশ্রম; সংসারের কামনা-পরিত্যাগ; ত্যাগ; গচ্ছিত রাখা; হঠাৎ মৃত্যু; সমর্পণ। সম্—নি—অস্+ঘঞ্ ভাব। ২। একধরনের রোগ যাহাতে হঠাৎ সংজ্ঞালোপ ও দেহ জড়ীভূত হয়, apoplexy. সম্—নি—অস্+ঘঞ্ করণ। বি; পুং।

সন্ন্যাসগ্রহণ—গৃহত্যাগ করিয়া সন্ন্যাসধর্মে দীক্ষিত হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

সন্ন্যাসধর্ম—ভিক্ষুধর্ম, গৃহ এবং সংসারবাসনা ত্যাগ-রূপ ধর্ম। কর্মধা। বি; পুং।

সন্ন্যাসী (-সিন্)—ভিক্ষু, চতুর্থাশ্রমী, যে সন্ন্যাস আশ্রম অবলম্বন করিয়াছে এরূপ। সন্ন্যাস+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-সিনী**।
সন্মার্গ—ধর্মের পথ, সৎপথ; সৎ চরিত্র। সন্ (সৎ) মার্গ, কর্মধা। বি; পুং।
সন্মার্গগামী (-গামিন্)—সৎপথ-অবলম্বনকারী। উপতৎ; সন্মার্গ—গম্+ণিন্, কর্তৃ। বিণ। স্ত্রী, **-গামিনী**।
সপ—বড় কাঠির লম্বা মাদুর। < আ 'সফ'। বি।
সপক্ষ—১। একপক্ষাবলম্বী, সহায়, অনুকূল; তুল্য। সমান পক্ষ যাহার, বহু। ২। যাহার পক্ষ অর্থাৎ ডানা আছে এমন, পাখাযুক্ত। পক্ষের সহ বর্তমান, বহু। বিণ; পুং বা ক্লী। [পুং।
সপত্ন—বিপক্ষ, শত্রু। সহ শব্দ—পত্+ন কর্তৃ। বি;
সপত্নী—সমানপতিকা স্ত্রী, সতীন। সহ (সমান) পতি যাহার, বহু+ঈপ্। বি; স্ত্রী। [ক্রি-বিণ।
সপত্নীক—পত্নীযুক্ত। বহু (ক-সমাসান্ত)। বিণ বা
সপরিবার—পরিজন-সমন্বিত, পত্নীপুত্রাদিসহিত। বহু। বিণ। [-সপে।
সপসপ—আর্দ্রতার লক্ষণপ্রকাশ। বাংপ্র। অ। বিণ,
সপাং, **সপাৎ**—দ্রুত ও জোরে বেত্র চালনার বা প্রহারের শব্দ। বাংপ্র। অ। [বর্তমান, বহু। বিণ।
সপাদ—চতুর্থাংশ সমেত, সওয়া; পদযুক্ত। পাদের সহ
সপাসপ—দ্রুত ডাল ভাত প্রঃ মাখিবার ও খাইবার শব্দ; দ্রুত বেত্রাঘাতের শব্দ। বাংপ্র। অ।
সপিণ্ড—সনাভি, সপ্তম পুরুষান্তর্গত জ্ঞাতি। বহু। বি; পুং।
সপিণ্ডীকরণ—মৃত্যুর একবৎসরান্তে কর্তব্য শ্রাদ্ধ, প্রেতত্ব-বিমোচনার্থ করণীয় শ্রাদ্ধ, পিতৃপিণ্ডের সহিত প্রেতপিণ্ডের মিশ্রণ, একত্র পিণ্ডভোজন করানো। সপিণ্ড (সনাভি)+অভূততদ্ভাবার্থে চ্বি (=সপিণ্ডী)—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।
সপিনা, সপীনা, সফিনা—বিচারালয়ে উপস্থিত হইবার পত্র। < আ 'সফীনা'। বি।
সপেটা—একপ্রকার ফল, sapota. < পো 'zapota'. বি। [কর্ম। বি বা বিণ।
সপ্ত (সপ্তন্)—৭-সংখ্যা; ৭-সংখ্যক। সপ্+তন্
সপ্তক—১। সপ্তসংখ্যাবিশিষ্ট। সপ্তন্+কন্ প্রমাণার্থে। বিণ। ২। সপ্তসংখ্যা, ৭; সংগীতে—স ঋ গ ম প ধ নি এই কয়েকটি স্বরের সমষ্টি। সপ্তন্+কন্ অবয়বার্থে। বি; ক্লী।
সপ্তগ্রাম—১। বঙ্গদেশের একটি প্রাচীন গ্রাম। বি। ২। স ঋ গ ম প ধ নি এই সাতটি স্বর। সপ্ত গ্রামের সমাহার, সমা দ্বিগু। বি; ক্লী।
সপ্তচত্বারিংশ, সপ্তচত্বারিংশত্তম—সাতচল্লিশ সংখ্যার পূরক বা স্থানীয়। সপ্তচত্বারিংশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-শী, -মী**।
সপ্তচত্বারিংশৎ—সাতচল্লিশ, ৪৭; ৪৭-সংখ্যক। সপ্তাধিকা চত্বারিংশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।
সপ্তচত্বারিংশত্তম—'সপ্তচত্বারিংশ' দ্রঃ।
সপ্ততি—সত্তর সংখ্যা, ৭০, ৭০-সংখ্যক। সপ্তন্+দশতি (নিপা); অথবা সপ্তগুণিত দশ, মধ্যপ (নিপা)। বি বা বিণ; স্ত্রী।
সপ্ততিতম—সপ্ততি-সংখ্যার পূরক। সপ্ততি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-মী**।
সপ্তত্রিংশ—৩৭ সংখ্যার পূরক বা স্থানীয়। সপ্তত্রিংশৎ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-শী**।
সপ্তত্রিংশৎ—৩৭ সংখ্যা; ৩৭-সংখ্যক। সপ্তাধিকা ত্রিংশৎ, মধ্যপ। বি বা বিণ; স্ত্রী।
সপ্তত্রিংশত্তম—৩৭ সংখ্যার পূরক। সপ্তত্রিংশৎ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-মী**।
সপ্তদশ—সতর সংখ্যার পূরক। সপ্তদশন্+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-শী**।
সপ্তদশ (-দশন্)—১৭ সংখ্যা; ১৭-সংখ্যক। সপ্ত (সাত)-অধিক দশ, মধ্যপ। বি বা বিণ।
সপ্তদ্বীপ—১। সাতটি দ্বীপযুক্ত। বহু। বিণ। ২। জম্বু প্লক্ষ শাল্মলী কুশ ক্রৌঞ্চ শাক ও পুষ্কর —এই সাতটি মহাদ্বীপ। মধ্যপ। বি; পুং।
সপ্তধা—সাতপ্রকার; সাতবার; সাতভাগে; সাতপ্রকারে; সাতদিকে। সপ্তন্+ধাচ্ প্রকারার্থে। অ।
সপ্তধাতু—শরীরের সাতটি ধাতু (রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা ও শুক্র)। মধ্যপ। বি; পুং।
সপ্তপত্র—সপ্তচ্ছদ, ছাতিম। সপ্ত পত্র যাহার, বহু। বি; পুং।
সপ্তপদী—বিবাহে বরকন্যার একসঙ্গে সপ্তপদ গমন। সপ্ত পদের সমাহার, সমা-দ্বিগু। বি; স্ত্রী।
সপ্তপর্ণ—সপ্তচ্ছদ, ছাতিম গাছ। সপ্ত পর্ণ যাহার, বহু। বি; পুং।
সপ্তপাতাল—অতল বিতল সুতল তলাতল মহাতল রসাতল ও পাতাল—এই সাতটি অধোলোক। কর্মধা। বি; পুং।
সপ্তম—সাতের পূরক। সপ্তন্ (সাত)+মট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-মী**।
সপ্তমী—১। তিথি বিঃ। বি; স্ত্রী। ২। সাতের পূরণী। সপ্তম+ঈপ্। বিণ; স্ত্রী।
সপ্তরথী (-থিন্)—দ্রোণ কর্ণ শকুনি দুঃশাসন কৃপ অশ্বত্থামা ও দুর্যোধন—একযোগে অভিমন্যুবধকারী এই সাতজন। কর্মধা। বি; পুং।
সপ্তর্ষি—সপ্ত নক্ষত্র; মরীচি অত্রি অঙ্গিরা পুলস্ত্য পুলহ ক্রতু বশিষ্ঠ—এই সাত ঋষি। সপ্ত ঋষি, কর্মধা। বি; পুং।
সপ্তর্ষিমণ্ডল—উত্তরাকাশে বৃহৎ ভল্লুকাকারে বর্তমান সাতটি নক্ষত্র, Great Bear. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
সপ্তলোক, -স্বর্গ—ভূঃ ভুবঃ স্বঃ মহঃ জন তপঃ সত্য —উপর্যুপরিস্থ এই সাত লোক। মধ্যপ। বি; পুং।
সপ্তসমুদ্র—সপ্তসাগর, লবণ ইক্ষু সুরা সর্পিঃ দধি দুগ্ধ জল—এই সাত বিভিন্ন পদার্থময় সমুদ্র। কর্মধা। বি; পুং।
সপ্তস্বর—ষড়্‌জ ঋষভ গান্ধার মধ্যম পঞ্চম ধৈবত নিষাদ—এই সাত সংগীত স্বর। কর্মধা। বি; পুং।
সপ্তস্বরা—প্রাচীন বাদ্যযন্ত্র বিঃ। বাংপ্র। বি।

সপ্তাশ্ব—১। সূর্য। সপ্ত অশ্ব যাঁহার, বহু। ২। সাত অশ্ব। সপ্তসংখ্যক অশ্ব, মধ্যপ। বি; পুং।
সপ্তাহ—সাতদিন; হপ্তা। সপ্ত অহন্ (দিন)-এর সমাহার, সমা দ্বিগু (সমাসান্ত টচ্)। বি; পুং।
সপ্রতিভ—প্রতিভান্বিত, অসাধারণবুদ্ধিসম্পন্ন; সংকোচহীন। বহু। বিণ [বিণ।
সপ্রমাণ—প্রমাণিত, প্রমাণ দ্বারা সমর্থিত। বহু।
সফর—বিদেশ-ভ্রমণ; রাজকর্মচারীদিগের শহর হইতে এলাকাধীন স্থানপরিদর্শনার্থ গমন; শহর। আ। বি। [সফর+ঈপ্। বি; পুং, স্ত্রী।
সফর, সফরী—পুঁটিমাছ। স্ফুর্+অচ্ কর্তৃ (নিপা);
সফল—ফলবিশিষ্ট; সুসিদ্ধ, কৃতকার্য; লাভজনক। বহু। বিণ। [কৃতার্থ। বহু। বিণ।
সফলকাম—যাহার মনোবাঞ্ছা পূর্ণ হইয়াছে এমন;
সফলতা—কৃতকার্যতা, সিদ্ধি। সফল+তা ভাবে। বি; স্ত্রী।
সফিনা—'সপিনা' দ্রঃ।
সফেদ—শুভ্র, সাদা। ফা। বিণ।
সফেদা—একপ্রকার খরমুজ; একপ্রকার মিষ্ট ফল; চাউলের গুঁড়া; সীসা হইতে প্রস্তুত একপ্রকার সাদা রং, whitelead. ফা-মু। বি।
সফেন—ফেনাযুক্ত ('—তরঙ্গ'); মাড়সমেত ('—অন্ন')। বহু। বিণ।
সব—সকল, সমস্ত। < সর্ব। বিণ।
সবংশ—বংশের সকলের সহিত বর্তমান। বংশের সহ বর্তমান, বহু। বিণ।
সবজান্তা—যে সকল জানে এমন; যে সব জানে বলিয়া গর্ব করে এমন। হি-মু। বিণ।
সবজি—শাক, কাঁচা তরকারি। < ফা 'সব্‌জ্'। বি।
সবর্ণ—১। সমানবর্ণ; সমানজাতি; স্থান এবং প্রযত্ন দ্বারা তুল্যতাবিশিষ্ট বর্ণ বা অক্ষর (স্থান দ্বারা; যেমন—ক ও গ। প্রযত্ন দ্বারা; যেমন—চ ও ক ইঃ)। সমান বর্ণ, কর্মধা (সমান-স্থানে স)। বি; পুং। ২। সমানবর্ণযুক্ত; সদৃশ। সমান বর্ণ যাহার, বহু (সমান-স্থানে স)। বিণ। [বিণ।
সবল—বলশালী, সামর্থ্যবান্; সৈন্যযুক্ত। বহু।
সবলতা—শক্তিমত্তা; সামর্থ্য। সবল+তা ভাবে। বি; স্ত্রী। [যাহাতে, বহু, সেরূপে। ক্রি-বিণ।
সবলে—সজোরে, জোরের সহিত। বলের সহ বর্তমান
সবহারা—নিঃস্ব; হৃতসর্বস্ব। উপতৎ (বাংপ্র)। বিণ।
সবহু—সকলই। প্রা কপ্র। সর্ব।
সবাই—সকলে। < সর্বে। সর্ব।
সবাক্ (-বাচ্)—বাক্যযুক্ত। বাকের সহ বর্তমান, বহু। বিণ। [talkie. কর্মধা। বি; ক্লী।
সবাক্‌চিত্র—বাক্যযুক্ত চলচ্চিত্র, টকি বায়োস্কোপ,
সবিতা (-তৃ)—সূর্য, দিবাকর; অর্কবৃক্ষ; পরমেশ্বর। সূ+তৃন্ কর্তৃ। বি; পুং।
সবিত্রী—১। জননী, মাতা; গাভী। বি; স্ত্রী। ২। প্রসবকারিণী, উৎপাদয়িত্রী। সবিতৃ+ঈপ্। বিণ; স্ত্রী।

সবিনয়—বিনীত, বিনয়যুক্ত। বিনয়ের সহ বর্তমান, বহু। বিণ।
সবিরাম—বিরামযুক্ত; যাহা থামিয়া থামিয়া হয় এরূপ, একটানা নয়, intermittent. বহু। বিণ।
সবিশেষ—সম্যক্‌প্রকার; বিশেষরূপ, অসাধারণ। বিশেষের সহ বর্তমান, বহু। বিণ।
সবিস্তর—প্রচুর, অধিক। বিস্তরের সহ বর্তমান, বহু। বিণ।
সবিস্তার—অসংক্ষিপ্ত; বিস্তারযুক্ত। বহু। বিণ।
সবিস্ময়—বিস্ময়যুক্ত। বহু। বিণ।
সবুজ—১। হরিৎ, সবুজবর্ণ। বি। ২। হরিদ্বর্ণ। < ফা 'সব্‌জ্'। বিণ।
সবুর—সহ্যকরণ; অপেক্ষা, ধৈর্যধারণ, দেরি; সহিষ্ণু। < ফা 'সবুর্'। বি বা বিণ।
সবে—১। এইমাত্র; মোটে; কেবল। অ। ২। সকলে। বাংপ্র। সর্ব।
সব্য—বাম। সূ+যৎ কর্ম। বিণ।
সব্যসাচী (-সাচিন্)—১। অর্জুন। বি; পুং। ২। উভয় হস্তে বাণ-ক্ষেপণ-সমর্থ; যাহার দুই হাতে সমান জোর এমন, ambidexter. উপতৎ; সব্য (বাম)—সচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-সাচিনী**।
সভঙ্গ—(উদ্ভিদ্‌বিদ্যা) যে-পাতার কিনারার দাঁত-গুলি গোল এমন। ভঙ্গের সহিত বর্তমান, বহু। বিণ।
সভয়—ভয়যুক্ত। বহু। বিণ।
সভর্তৃকা—পতিযুক্তা, সধবা। বহু। বিণ।
সভা—কোন কার্যের নিমিত্ত যেখানে বহু লোক একত্র হয় তাহা, সম্মেলন; পরিষদ্, assembly; সমাজ; দরবার; জনতা; গৃহ। সহ—ভা+ক্বিপ্ অধি। বি; স্ত্রী।
সভাজন—১। সৎকার, পূজা; কুশলাদিপ্রশ্ন-জিজ্ঞাসা; আনন্দ। সভাজ্+অনট্ ভাব। বি; ক্লী। ২। সভ্য, সভাসদ্। সভাস্থ জন (লোক), মধ্যপ। বি; পুং।
সভাতল—সভার স্থান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
সভানায়ক—সভাপতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সভানেতা (-নেতৃ)—সভাপতি, সভার পরিচালক। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী, **-নেত্রী**।
সভানেতৃত্ব—সভাপতির কার্য বা পদ। সভানেতৃ+ত্ব ভাবে। বি; ক্লী। [তৎ। বি; স্ত্রী।
সভানেত্রী—সভার পরিচালিকা; স্ত্রী-সভাপতি। ৬ষ্ঠী-
সভাপতি—সভার কর্তা, সভাতে প্রধানরূপে নির্বাচিত এবং শ্রেষ্ঠ আসনে প্রতিষ্ঠিত ব্যক্তি, president, chairman. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সভাপতিত্ব—সভাপতির কার্য পদ বা অধিকার। সভাপতি+ত্ব ভাবে। বি; ক্লী।
সভাভঙ্গ—সভার কার্য-শেষে সকলের প্রস্থান। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।
সভারম্ভ—সভার কাজ শুরু, সভার কার্য আরম্ভ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সভাসদ্—সভ্য, সদস্য; সভায় উপস্থিত ব্যক্তি; বিজ্ঞ। সভা—সদ্+ক্বিপ্ কর্তৃ। বি; পুং, বা বিণ।

সভাসমিতি—ছোট বড় সভা। একার্থক শব্দদ্বয়ের দ্বন্দ্ব। বি; স্ত্রী।

সভাসীন—সভাতে উপবিষ্ট। ৭মীতৎ। বিণ।

সভাস্থল—সভাস্থান, সভাক্ষেত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

সভ্য—১। সাধু, সজ্জন; শিষ্ট; ভদ্র; সামাজিক, সভাসদ্; সদ্বংশজাত; যাহার সমাজ বা জীবন-যাত্রা উন্নত, civilized; সভা সম্বন্ধীয়; বিশ্বস্ত; বিজ্ঞ; দ্যূতকার। সভা+যৎ সাধু অর্থে। বিণ। ২। সদস্য, সংঘ সমিতি পরিষদ্ ইঃর অন্তর্ভুক্ত প্রত্যেক ব্যক্তি, member. বাংপ্র। বি।

সভ্যজগৎ—জগতের সভ্য জাতিগণ বা ব্যক্তিগণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

সভ্যতা—শিষ্টতা, সামাজিকতা, ভদ্রতা; জীবনযাত্রা-প্রণালীর উৎকর্ষ, civilization. সভ্য+তা ভাবে। বি; স্ত্রী। [বিণ।

সভ্যভব্য—পরিষ্কার-পরিচ্ছন্ন; ভদ্রতাসম্পন্ন। কর্মধা।

সম্—সংযোগ, সম্যক্; সমূহ; সৌন্দর্য; সঙ্গ, মিলন; সংগত; শোভন; আশ্লেষ; সমান, তুল্য; প্রকর্ষ; প্রকৃষ্ট; সমুচ্চয়; নৈরন্তর্য; ঔচিত্য; আভিমুখ্য। সো+ডম্ কর্তৃ। অ।

সম—১। সদৃশ, তুল্য, সমান, একবিধ, uniform; সমগ্র; সাধু; অবন্ধুর; চোস্ত। বিণ। ২। বর্গ-মূল আনয়নার্থ অঙ্কোপরি দত্ত ঋজুরেখা; যুগ্ম; গীতবাদ্যাদির মানের সাম্য; তালের যে স্থানে সর্বাপেক্ষা অধিক প্রস্বন হয় তাহা; অর্থালংকার বিঃ। সম্+অচ্ কর্তৃ। বি; ক্লী।

সমকক্ষ—তুল্য প্রতিযোগী; তুল্যবল। সমা কক্ষা (স্থান) যাহাদের, বহু। বিণ।

সমকাল—এক সময়। কর্মধা। বি; পুং।

সমকালীন—একসময়ে বর্তমান বা উৎপন্ন। সমকাল+ঈন ভবার্থে। বিণ।

সমকোণ—এক সরল রেখার উপর অন্য এক সরল রেখা লম্বভাবে পতিত হইলে পার্শ্বদ্বয়ে যে কোণ দুইটি উৎপন্ন হয় তাহাদের প্রত্যেকটি, right angle. কর্মধা। বি; পুং।

সমক্ষ—১। চক্ষুঃসমীপ। অক্ষির সমীপ বা অভিমুখ এই বাক্যে, অব্যয়ী। অ। ২। সম্মুখস্থ; অগ্রবর্তী। সমক্ষ+অচ্ আছে অর্থে। বিণ।

সমগুণশ্রেঢ়ী—যে-সকল রাশির প্রত্যেকেই স্ব স্ব পরবর্তী রাশির সহিত সমান অনুপাতযুক্ত, geometrical progression. সমগুণা শ্রেঢ়ী, কর্মধা। বি; স্ত্রী।

সমগ্র—সকল, সম্পূর্ণ। সম্—গ্রহ্+ড কর্তৃ। বিণ।

সমচতুর্ভুজ—বর্গক্ষেত্র, square. সম চতুর্ভুজ যাহার, বহু। বি; পুং। [ভবার্থে। বিণ।

সমজাতীয়—তুল্যজাতীয়, একশ্রেণীর। সমজাতি+ঈয়

সমজানো—বুঝিতে পারা; বুঝানো। হি-মূ। ক্রি।

সমঝ—জ্ঞান; বোধ; বিবেচনা। হি। বি।

সমঝদার—বোদ্ধা; জ্ঞানী; রসগ্রাহী, connoisseur. সমঝ+দার আছে অর্থে (হি-মূ)। বিণ।

সমঝা—বুঝা। হি-মূ। ক্রি।

সমঝানো—বুঝানো; বুঝা। হি-মূ। ক্রি [, বি]।

সমঞ্জস—১। উচিত; উপযুক্ত; যথার্থ, নির্ভুল, সত্য; অভ্যস্ত; পরিচিত; সদৃশ; সাধু; সমীচীন, উত্তম। সম্ (সম্মত) অঞ্জস্ (তত্ত্ব) যাহার, বহু (সমাসান্ত অ)। বিণ। ২। উপযুক্ততা, যোগ্যতা। প্রাদি। বি; ক্লী।

সমতল, -দেশ—সমানভূমি, যাহা উঁচুনীচু নহে এমন; অবন্ধুর, plain. বহু। বিণ।

সমতা, সমত্ব—তুল্যতা, সাদৃশ্য; একরূপতা; ঋজুতা অবন্ধুরতা। সম+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

সমতীত—গত, সম্যক্ অতীত। সম্—অতি—ই+ক্ত কর্তৃ। বিণ।

সমতুল—তুল্য, সমকক্ষ। বহু। বিণ।

সমতুল্য—সমান, সমকক্ষ। 'সমতুল'-শব্দের অপপ্রয়োগ। বিণ।

সমত্রিভুজ—যে ত্রিভুজের তিনটি বাহুই পরস্পর সমান তাহা, equilateral triangle. সম ত্রি ভুজ যাহার, বহু। বি; ক্লী।

সমদর্শন, -দৃষ্টি, -দর্শী (-দর্শিন্)—যে সকলকে একরূপ দেখে, সমদর্শক; পণ্ডিত; তত্ত্বজ্ঞানী; বিবেকী, আত্মবোধ-সম্পন্ন। সম দর্শন, দৃষ্টি যাহার, বহু; উপতৎ; সম—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ।

সমদর্শন, -দৃষ্টি—সর্বত্র তুল্যজ্ঞান। কর্মধা। বি; ক্লী, স্ত্রী।

সমদর্শিতা—সর্বত্র তুল্যজ্ঞান, নিরপেক্ষতা; তত্ত্বজ্ঞানিতা। সমদর্শিন্+তা ভাবে। বি; স্ত্রী।

সমধিক—অত্যধিক, বহু, প্রচুর। সম্ (সম্যক্) অধিক, প্রাদি। বিণ। [< ইং 'summons'. বি।

সমন—আদালতে উপস্থিত হইবার নিমিত্ত আদেশপত্র।

সমন্ততঃ (-তস্), সমন্তাৎ—সকল দিকে, সর্বত্র। সমন্ত+তস্, আৎ ৭মী-স্থানে। অ।

সমন্বয়—সংযোগ, মিলন; অবিরোধ; প্রাকৃতিক কার্য-কারণপ্রবাহ। সম্ (সম্যক্) অন্বয়, প্রাদি। বি; পুং। [কর্তৃ। বিণ।

সমন্বিত—মিলিত; অবিরুদ্ধ। সম্—অনু—ই+ক্ত

সমপদস্থ—একইরূপ পদে অধিষ্ঠিত। উপতৎ; সম-পদ—স্থা+ক কর্তৃ। বিণ।

সমপৃষ্ঠ—অবন্ধুর, যাহা উচ্চনীচ নয় এরূপ, সমতল। বহু। বিণ।

সমপ্রাণ—অভিন্নহৃদয়; সখা। বহু। বি বা বিণ।

সমবয়সী—সমান বয়সবিশিষ্ট। সমবয়স+ঈ বিশিষ্টার্থে। বিণ।

সমবয়স্ক—সমান বয়ঃক্রমবিশিষ্ট। সম বয়ঃ ('বয়স্'-শব্দ) যাহার, বহু (ক-আগম)। বিণ।

সমবায়—মিলন, union; নিত্যসম্বন্ধ; গণ; সমূহ; যৌথ অনুষ্ঠান, co-operation. সম্—অব—ই+অচ্ ভাব, কর্ম। বি; পুং।

সমবায়-সমিতি—অনেকে মিলিত হইয়া পরস্পরকে সাহায্য করিবার নিমিত্ত গঠিত সভা, co-operative society. সমবায়গঠিতা সমিতি, মধ্যপ। বি; স্ত্রী।

সমবায়ী (-বায়িন্)—গঠনকারী; উপাদানস্বরূপ

('— কারণ'); নিত্য সম্বন্ধ। সম্—অব—ই+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িনী**।

সমবেত—মিলিত; একত্রীকৃত বা একত্রীভূত; সঞ্চিত; যুক্ত; একশ্রেণীভুক্ত। সম্—অব—ই+ক্ত কর্তৃ। বিণ।

সমবেদনা, -ব্যথা—অন্যের দুঃখে দুঃখানুভূতি। কর্মধা। বি; স্ত্রী।

সমভাব—সাদৃশ্য, একরূপতা। কর্মধা। বি; পুং।

সমভিব্যাহার—সঙ্গ, একত্রাবস্থান। সম্—অভি—বি—আ—হৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

সমভিব্যাহারী (-হারিন্)—সঙ্গী, সাথী। সম্—অভি—বি—আ—হৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-রিণী**।

সমমণ্ডল—গ্রীষ্মমণ্ডলের উত্তর ও দক্ষিণে উত্তরবৃত্ত ও দক্ষিণবৃত্ত পর্যন্ত দুই ভূভাগ, temperate zone. বি; ক্লী।

সময়—কাল; যোগ্যকাল, সুযোগ; অবসর; আচার; চিরাচরিত নিয়ম; চুক্তি; প্রতিজ্ঞা; সংকেত; সীমা; প্রথা, convention; নির্দেশ; উপদেশ; কার্যনির্বাহ; বাক্য; ধর্ম; মৃত্যুকাল। সম্—ই+অচ্ কর্তৃ। বি; পুং।

সময়নিষ্ঠ—নির্দিষ্ট সময়ে কার্যকারী, যে নির্দিষ্ট সময়ে আসে, punctual, সময়ে নিষ্ঠা যাহার, বহু। বিণ। বি, **-নিষ্ঠা**।

সময়সেবক, -সেবী (-সেবিন্)—সময়ানুযায়ী কার্যকারী; যে সময়ের মূল্য বুঝিয়া তাহার সদ্ব্যবহার করে এমন, time-server. ৬ষ্ঠীতৎ; ২য় পক্ষে উপতৎ; সময়—সেব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-সেবিকা, -সেবিনী**।

সময়ানুবর্তী (-বর্তিন্), **সারী** (-সারিন্)—সময়ের উপযোগী, যে কালের ধারা মানিয়া চলে এমন। উপতৎ; সময়—অনু—বৃৎ, সৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বর্তিনী, -সারিণী**।

সময়ান্তর—কালান্তর, অন্য সময়। নিত্য। বি; ক্লী।

সময়োচিত, সময়োপযোগী (-গিন্)—সময়ানুরূপ; যে কালের যাহা উপযুক্ত ঠিক সেইরূপ। ৭মীতৎ। বিণ। স্ত্রী, **-তা, -গিনী**। [বি; পুং বা ক্লী।

সমর—রণ, সংগ্রাম। সম্ (একসঙ্গে)—ঋ+অপ্ অধি।

সমরকৌশল—যুদ্ধবিষয়ে দক্ষতা। ৭মীতৎ। বি; ক্লী।

সমরজয়ী (-য়িন্)—যুদ্ধে জয়লাভকারী। উপতৎ; সমর—জি+ইন্ তাচ্ছীল্যার্থে। বিণ। স্ত্রী, **-জয়িনী**।

সমরপোত—যুদ্ধজাহাজ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সমরবিজ্ঞান—যুদ্ধকৌশল, strategy. মধ্যপ। বি; ক্লী।

সমরভূমি—যুদ্ধক্ষেত্র। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সমরশয্যা—(যুদ্ধে মৃত ব্যক্তির) যুদ্ধক্ষেত্ররূপ বিছানা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সমরসচিব—যুদ্ধমন্ত্রী, যুদ্ধবিষয়ে পরামর্শদাতা। মধ্যপ। বি; পুং।

সমরাঙ্গন—যুদ্ধক্ষেত্র, রণস্থল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

সমরাশি—যুগ্মসংখ্যা, যে রাশি দুই দ্বারা নিঃশেষে বিভক্ত হইতে পারে তাহা, even number (যথা, ২, ৪, ৬, ৮, ১০ প্রঃ)। কর্মধা। বি; পুং।

সমর্থ—১। বলবান্; সক্ষম; ক্ষমতাবান্; যোগ্য, উপযুক্ত; যুক্তিসংগত। সম্—অর্থি+অচ্ কর্তৃ। ২। তুল্যার্থক, এক-অর্থবিশিষ্ট। সম (তুল্য) অর্থ যাহার, বহু (নিপা)। বিণ।

সমর্থক—সমর্থনকারী, যে কোন কিছুর পক্ষে মত দেয় এমন। সম্—অর্থি+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-র্থিকা**।

সমর্থন, সমর্থনা—মতানুবর্তন, কাহারও মতে বা কাজে মত দেওয়া; প্রতিপোষণ, supporting ('প্রস্তাব — করা'); মীমাংসা; মানা; বিবেচনা; সম্ভাবনা; উৎসাহ; অসাধ্য বিষয়ের অনুষ্ঠানার্থ উৎসাহ; "ইহা উচিত, ইহা অনুচিত" এইরূপ নিশ্চয়, সামর্থ্য; দৃঢ়ীকরণ; বিবাদ-ভঙ্গ করা। সম্—অর্থ্+অনট্ ভাব, পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী। [অর্থ+ক্ত কর্ম। বিণ।

সমর্থিত—দৃঢ়ীকৃত; বিবেচিত; মীমাংসিত। সম্—

সমর্পণ—দান, প্রদান, অর্পণ; স্থাপন। সম্—ঋ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

সমর্পণীয়—দেয়; স্থাপনযোগ্য। সম্—ঋ+ণিচ্+অনীয় কর্ম। বিণ। [ক্ত কর্ম। বিণ।

সমর্পিত—অর্পিত, দত্ত; স্থাপিত। সম্—ঋ+ণিচ্+

সমশ্রেণী—একসারি; একজাতি; একদল। কর্মধা। বি; স্ত্রী। [৩য়াতৎ বা ৭মীতৎ। বিণ।

সমশ্রেণীভুক্ত—একজাতীয়, একশ্রেণীর অন্তর্গত।

সমষ্টি—সম্যক্ ব্যাপ্তি; সমস্ততা, সামগ্র্য; একত্রিত সমস্ত পদার্থ; যোগফল। সম্—অশ্+ক্তি ভাব, কর্ম। বি; স্ত্রী।

সমসংস্থান—উভয়দিকে ভারের সমতা, equilibrium. সম সংস্থান, কর্মধা। বি; ক্লী।

সমসাময়িক—এককালীন; একই সময়ে বর্তমান বা জাত। সমসময়+ইক জাতার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

সমস্ত—সমুদয়; সম্পূর্ণ, একত্রীকৃত; সঞ্চিত; যুক্ত; সংক্ষিপ্ত; কৃতসমাস, সমাসবদ্ধ ('— পদ')। সম্—অস্+ক্ত কর্ম। বিণ।

সমস্যমান—যাহাদের সমাস করা হইতেছে এরূপ, সমাসের অংশীভূত। সম্—অস্+শানচ্ কর্ম। বিণ।

সমস্যা—সমাধানের জন্য প্রদত্ত জটিল বিষয়; শ্লোক-সম্পূরণার্থ প্রশ্ন; শ্লোকের পাদপূরণার্থে প্রশ্ন; কিংকর্তব্যবিমূঢ়তা। সম্—অস্+ণ্যৎ কর্ম+আপ্। বি; স্ত্রী। [ক্লী।

সমস্যাপূরণ—জটিল প্রশ্নের মীমাংসা। ৬ষ্ঠীতৎ। বি;

সমাওত—সময়াত, সমাগত ("তোহে জনমি পুন তোহে সমাওত"—বিদ্যা)। প্রা কপ্র। ক্রি।

সমাংশ—তুল্য অংশ, সমান খণ্ড। কর্মধা। বি; পুং।

সমাকর্ষী (-কর্ষিন্)—সম্যক্ আকর্ষণকারী। সম্—আ—কৃষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কর্ষিণী**।

সমাকীর্ণ—ছড়ানো, আস্তীর্ণ। সম্—আ—কৄ+ক্ত কর্ম। বিণ।

সমাকুল—ব্যাকুল, কাতর; ব্যাপ্ত ('অশ্রু—'); সন্দিগ্ধ; হতবুদ্ধি। সম্—আ—কুল্+ক কর্তৃ। বিণ।

সমাক্রান্ত—আক্রান্ত; ব্যাপ্ত, বিস্তৃত; গৃহীত; অধিষ্ঠিত। সম্—আ—ক্রম্+ক্ত কর্ম। বিণ।
সমাগত—উপস্থিত, মিলিত; প্রত্যক্ষ, সাক্ষাৎপ্রাপ্ত। সম্—আ—গম্+ক্ত কর্তৃ। বিণ।
সমাগতি সমাগম—উপস্থিতি; মিলন, সঙ্গম। সম্—আ—গম্+ক্তি, অপ্ ভাব। বি; স্ত্রী, পুং।
সমাচার—১। উত্তম আচরণ। সম্—আ—চর্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। সংবাদ। বাংপ্র। বি।
সমাচ্ছন্ন—আবৃত, ঢাকা। সম্—আ—ছদ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
সমাজ—সভা, পরিষদ্; বৈষ্ণবদিগের সমাধিস্থান; পরস্পর নির্ভরশীল জনসমূহ বা প্রাণিসমূহ, society; সমূহ, দল, গণ; সম্প্রদায়, সংঘ, সভা। সম্—অজ্+ঘঞ্ অধি। বি; পুং।
সমাজচ্যুত, -পতিত, -ভ্রষ্ট—নিজ সম্প্রদায় হইতে দূরীভূত; একঘরে। ৫মীতৎ। বিণ।
সমাজতন্ত্র—রাজ্যের সকল ব্যক্তিই সব বিষয়ে সমান অধিকারী এবং সমস্ত ব্যক্তিই সর্বজনীন সুবিধার জন্য নিজ নিজ ব্যক্তিগত বিশেষ ক্ষমতা বা অধিকারকে বিসর্জন করিবে এইরূপ রাষ্ট্রনীতি, socialism. সমাজ তন্ত্র (প্রধান) যাহাতে, বহু। বি; ক্লী।
সমাজতন্ত্রী (-তন্ত্রিন্)—সমাজতন্ত্র-মতাবলম্বী, socialist. সমাজতন্ত্র+ইন্ আছে অর্থে। বিণ।
সমাজনীতি—সমাজবিষয়ক নিয়ম। মধ্যপ। বি; স্ত্রী।
সমাজপতি—সমাজের নেতা; ব্রাহ্মণের উপাধি বিঃ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সমাজপতিত—'সমাজচ্যুত' দ্রঃ।
সমাজবন্ধ—সংঘবদ্ধ। ৩য়াতৎ। বিণ।
সমাজবহির্ভূত—অসামাজিক; যাহা সমাজে চলে না এমন। ৫মীতৎ। বিণ। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
সমাজশাসন—সামাজিক নিয়ম; সামাজিক শাস্তি।
সমাজসংস্কার—সমাজের কুপ্রথা প্রঃ দূর করিয়া তাহার উন্নতি-বিধান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সমাজসংস্কারক—সমাজের উন্নতিবিধানকারী। সমাজের কুরীতি দূর করিয়া সুরীতির প্রবর্তন-কারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -**সংস্কারিকা**।
সমাজহিতৈষী (-ষিন্)—সমাজের উন্নতিকামী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -**ষিণী**।
সমাদর—সম্মান, সম্যক্ আদর, সংবর্ধনা। প্রাদি। বি; পুং। [অনীয় কর্ম। বিণ।
সমাদরণীয়—সম্যক্ আদরের যোগ্য। সম্—আ—দৃ+
সমাদৃত—সম্মানিত, আদরপ্রাপ্ত; অত্যাদৃত। সম্ (সম্যক্) আদৃত, প্রাদি। বিণ।
সমাদ্দার—উপাধি বিঃ। বাংপ্র। বি।
সমাধা, সমাধান—সিদ্ধান্ত; নিষ্পত্তি; বিরোধভঞ্জন; নিয়ম; তপস্যা; অনুসন্ধান; সমর্থন; চিত্তের একাগ্রতা; প্রতীকার; ধ্যান। সম্—আ—ধা+অঙ্, অনট্ ভাব; ১ম পক্ষে আপ্। বি; স্ত্রী, ক্লী।
সমাধি—১। বদ্ধমূল ধ্যান; নিয়ম; নিদ্রা; নিবেশ; যোগ, ধ্যান; ইন্দ্রিয়ের নিরোধন; ভূগর্ভে শবনিধান; মৌনভাব; কাব্যের অলংকার বিঃ [আরব্ধ কার্যের সহিত অন্য কারণের সংযোগ হওয়াতে কার্য সুকর হইলে উক্ত অলংকার হয়; যথা—
"ও চাঁদ মুখের হাসি, জীব হেন নাহি বাসি, আর তাহে পিরীতি চাহনি"]। সম্—আ—ধা+কি ভাব। ২। সমাধেয় বিষয়, যাহাতে মন সমাহিত করা যায় তাহা; শব প্রোথিত করিবার স্থান, কবর। সম্—আ—ধা+কি অধি। বি; পুং।
সমাধিক্ষেত্র, -স্থান—যে স্থানে মৃতদেহ ভূগর্ভে নিহিত করা হয়, গোরস্থান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
সমাধিমগ্ন—ধ্যান করিতে করিতে যাহার ইন্দ্রিয়ের বাহ্যবৃত্তি লোপ পাইয়াছে এমন। ৭মীতৎ। বিণ।
সমাধি-মন্দির, -সৌধ—সমাহিত মৃতদেহের বা প্রোথিত চিতাভস্মের উপর নির্মিত মন্দির। মধ্যপ। বি; ক্লী। [মধ্যপ। বি; পুং।
সমাধিস্তম্ভ—ভূগর্ভনিহিত শবোপরি নির্মিত স্তম্ভ।
সমাধিস্থ—সমাধিযুক্ত, সমাধিমগ্ন। উপতৎ; সমাধি—স্থা+ক কর্তৃ। বিণ।
সমাধিস্থান—'সমাধিক্ষেত্র' দ্রঃ।
সমাধ্যায়ী (-য়িন্)—সহপাঠী। সম্—অধি—ই+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**য়িনী**।
সমান—১। তুল্য, সদৃশ; অভিন্ন, একরূপ। সহ (সমান) মান (পরিমাণ) যাহার, বহু। বিণ। ২। শরীরান্তর্গত নাভিস্থিত বায়ু বিঃ; একস্থান হইতে উচ্চার্য বর্ণ। সম্—অন্+ঘঞ্ করণ। বি; পুং। [—নী+অনট্ ভাব। বি; ক্লী।
সমানয়ন—সম্মেলন; সংগতিকরণ, মেলন। সম্—আ
সমানাধিকরণ—১। সমান সম্বন্ধ; জাতীয় সাধারণ গুণ; একই অবস্থায় অবস্থান; যাহাতে সমজাতীয় কোন পদার্থেরই ব্যাবৃত্তি থাকে না এরূপ একধর্ম। কর্মধা। বি; ক্লী। ২। একই আধারবিশিষ্ট; একই পদার্থ যাহাদের আশ্রয়; বিশেষ্য বিশেষণ সম্বন্ধযুক্ত। বহু। বিণ। **সমানাধিকরণ বহুব্রীহি**—যে বহুব্রীহি সমাসের সমস্যমান পদগুলির বিভক্তি এক।
সমানুপাত—দুই অথবা বহুসংখ্যক অনুপাতের সমানত্ব-সম্বন্ধ, proportion. সম অনুপাত, কর্মধা। বি; পুং।
সমান্তর—সর্বত্র সমব্যবধানযুক্ত, সর্বত্র সমদূরবর্তী, parallel; সমান পরিমাণভেদবিশিষ্ট (যথা—৩, ৬, ৯)। সম অন্তর যাহাদের এরূপ, বহু। বিণ।
সমান্তরাল—সর্বত্র সমব্যবধানযুক্ত, সমান্তর, parallel. সম অন্তরাল যাহাদের, বহু। বিণ। **সমান্তরাল সরলরেখা**—একই সমতলক্ষেত্রের উপর অবস্থিত যে দুই সরল রেখা উভয় পার্শ্বে অবিশ্রান্ত বৃদ্ধি পাইলেও পরস্পর স্পর্শ করে না সেই রেখাদ্বয়, parallel straight lines.
সমান্তরিক—যে চতুর্ভুজ ক্ষেত্রের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান্তর তাহা, parallelogram. সমান্তর +ইক (ঠন্) আছে অর্থে। বি; ক্লী।
সমাপক—সমাপ্তিকারক, সম্পূর্ণকারী। সম্+ণিজন্ত আপ্=আপি (পাওয়ানো)+ণক কর্তৃ। বিণ।

সমাপন—সমাপ্তি; শেষ; সম্পূরণ; পরিচ্ছেদ, সমাধান; বধ; লাভ। সম্—আপ্+অনট্ ভাব। বি; ক্লী।

সমাপন্ন—১। সমাপ্ত; সাধিত; আপদ্গ্রস্ত; হত। সম্—আ—পদ্+ক্ত কর্তৃ, কর্ম। ২। প্রাপ্ত। সম্—আ—পদ্+ক্ত কর্ম। বিণ।

সমাপিকা—সম্পূর্ণকারিণী; বাক্যসমাপনকারিণী; যাহাতে বাক্য শেষ হয় এমন ('—ক্রিয়া')। সম্—আপ্+ণিচ্+ণক কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী।

সমাপিত—সম্পাদিত; নিষ্পাদিত; সম্পূর্ণ; শোধিত; মারিত। সম্—আপ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

সমাপ্ত—সম্পূর্ণ; সম্প্রাপ্ত। সম্—আপ্+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

সমাপ্তি—সমাপন, শেষ; বিরোধভঞ্জন; প্রাপ্তি। সম্—আপ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

সমাবরণ—একগ্রহের পিছনের দিক্ দিয়া অন্য গ্রহের গমন, occulation. সম্—আ—বৃ+অনট্ ভাব। বি; ক্লী।

সমাবর্তন—ব্রহ্মচর্যের পর গৃহধর্মে প্রবেশ; অধীতবিদ্য ছাত্রের গুরুগৃহ হইতে প্রত্যাগমন; প্রত্যাগমন। সম্—আ—বৃত্+অনট্ ভাব। বি; ক্লী। **সমাবর্তন উৎসব**—(বিশ্ববিদ্যালয়ের) উপাধিবিতরণ উপলক্ষে অনুষ্ঠান, পদবীসম্মানবিতরণোপলক্ষে সভার অধিবেশন, convocation.

সমাবিষ্ট—আক্রান্ত; অভিনিবিষ্ট; সংপ্রবিষ্ট। সম্—আ—বিশ্+ক্ত কর্ম, কর্তৃ। বিণ।

সমাবৃত—পরিবেষ্টিত, সম্যক্ আবৃত। সম্—আ—বৃ+ক্ত কর্ম। বিণ।

সমাবেশ—১। একত্র অবস্থান; সংপ্রবেশ; সংস্থিতি; মনোযোগ। সম্—আ—বিশ্+ঘঞ্ ভাব। ২। একত্র স্থাপন, সংস্থান। সম্—আ—বিশ্+ণিচ্+ঘঞ্ ভাব। বি; পুং।

সমাবেশিত—প্রবেশিত; স্থাপিত; অভিনিবেশিত; একত্র অবস্থিত। সম্—আ—বিশ্+ণিচ্+ক্ত কর্ম, বা সমাবেশ+ইতচ্ সংজাতার্থে। বিণ।

সমায়াত—সমাগত, উপস্থিত। সম্—আ—যা+ক্ত কর্তৃ। বিণ।

সমারম্ভ—আরম্ভ; অনুষ্ঠান; আড়ম্বর। সম্—আ—রভ্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ, **-রব্ধ**।

সমারূঢ়—যে আরোহণ করিয়াছে এমন। সম্—আ—রুহ্+ক্ত কর্তৃ। বিণ। বি, **-রোহণ**।

সমারোহ—আড়ম্বর; অত্যুন্নতি; আরোহণ; সম্মত হওয়া। সম্—আ—রুহ্+ঘঞ্ ভাব। বি; পুং।

সমার্থ, **সমার্থক**—সমান অর্থবিশিষ্ট, যাহার একই মানে এরূপ। বহু। বিণ।

সমালোচক—দোষগুণের বিচারকারী, সমালোচনাকারী। সম্—আ—লোচি+ণক কর্তৃ। বি; পুং, বা বিণ।

সমালোচনা—দোষগুণের বিচার, criticism. সম্যক্ আলোচনা, প্রাদি। বি; স্ত্রী।

সমালোচিত—যাহার দোষগুণের বিচার করা হইয়াছে এমন, কৃতসমালোচন। সম্ (সম্যক্) আলোচিত, প্রাদি। বিণ।

সমালোচ্য—সমালোচনার যোগ্য, যাহার দোষগুণ বিচার করা উচিত বা করিতে হইবে এমন। সম্—আ—লোচি+যৎ কর্ম। বিণ।

সমাশ্রয়—আশ্রয়, অবলম্বন; রক্ষা। সম্—আ—শ্রি+অচ্ ভাব। বি; পুং।

সমাস—বিভক্তিলোপ দ্বারা দুই বা বহু পদের একপদীকরণ; সংক্ষেপ; সংগ্রহ; সমর্থন; সমাহার, মেলন। সম্—অস্+ঘঞ্ ভাব। বি; পুং।

সমাসক্ত—সংলগ্ন; যুক্ত; অভিনিবিষ্ট; বশীভূত; অত্যাসক্ত; লব্ধ। সম্—আ—সন্জ্+ক্ত কর্তৃ। বিণ। বি, **-ক্তি**।

সমাসঙ্গ—অত্যাসক্তি· অভিনিবেশ; সংযোগ। সম্—আ—সন্জ্+ঘঞ্ ভাব। বি; পুং।

সমাসন্ন—১। নিকটবর্তী। সম্—আ—সদ্+ক্ত কর্তৃ। ২। প্রাপ্ত। সম্—আ—সদ্+ক্ত কর্ম। বিণ।

সমাসীন—উপবিষ্ট, আসীন। সম্—আস্+শানচ্ কর্তৃ। বিণ।

সমাসোক্তি—কাব্যের অলংকার বিঃ, personification. [যেখানে উপমানের উল্লেখ থাকে না অথচ উপমেয়ের বিশেষণ ক্রিয়া ইঃ হইতে উপমান অনুমান করিয়া লওয়া যায় সেখানে এই অলংকার হয়। যথা—

"আইলেন প্রভঞ্জন সিংহনাদ করি ঘন"

—মাইকেল]।

সমাসযুক্তা উক্তি, মধ্যপ। বি; স্ত্রী।

সমাহত—বিশেষভাবে আহত বা তাড়িত। সম্—আ—হন্+ক্ত কর্ম। বিণ।

সমাহরণ—সংগ্রহ, সঞ্চয়, একত্রীকরণ; সংক্ষেপ। সম্—আ—হৃ+অনট্ ভাব। বি; ক্লী।

সমাহর্তা (-হর্তৃ)—সমাহরণকারী; রাজস্ব আদায়ের ভারপ্রাপ্ত রাজকর্মচারী। সম্—আ—হৃ+তৃন্ কর্তৃ। বি; পুং।

সমাহার—মেলন; সংগ্রহ; সংক্ষেপ; সমূহ; দ্বিগু-দ্বন্দ্বসমাস বিঃ। সম্—আ—হৃ+ঘঞ্ ভাব, কর্ম, করণ। বি; পুং।

সমাহিত—সমাধিনিষ্ঠ; অভ্রান্তচিত্ত; দৃঢ়; অবিচলিত; একাগ্রচিত্ত; অঙ্গীকৃত; মীমাংসিত; স্থাপিত; নিষ্পাদিত; সঞ্চিত; সমাধিক্ষেত্রে নিহিত; বিশোধিত। সম্—আ—ধা+ক্ত কর্তৃ, কর্ম। বিণ।

সমাহৃত—সংগৃহীত, একত্রীভূত; সংক্ষিপ্ত; আনীত, আয়োজিত। সম্—আ—হৃ+ক্ত কর্তৃ, কর্ম। বিণ। বি, **-হৃতি**।

সমিৎ (সমিধ্)—অগ্নি জ্বালাইবার তৃণাদি; হোমের আগুন জ্বালিবার কাঠ প্রঃ। সম্—ইন্ধ্+ক্বিপ্ করণ। বি; স্ত্রী।

সমিতি—সভা; সংগ। সম্ (সহিত)—ই+ক্তি অধি। বি; স্ত্রী। [+ক্ত কর্ম। বিণ।

সমিদ্ধ—দীপিত, জ্বালিত; উত্তেজিত। সম্—ইন্ধ্

সমিধ—১। অগ্নি। সম্—ইন্ধ্+ক কর্তৃ। ২। যজ্ঞকাষ্ঠ। সম্—ইন্ধ্+ক করণ। বি; পুং।

সমীকরণ—(গণিতে) কোন ব্যক্ত রাশি অবলম্বন করিয়া তত্তুল্য কোন অব্যক্ত রাশির পরিমাণ-নির্ণয়-করণ, equation; একজাতীয়করণ, সদৃশীকরণ; অনুরূপ করা। সম+অভূততদ্ভাবার্থে চ্বি (=সমী)—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।

সমীক্ষণ—দৃষ্টি, দর্শন; যত্ন; অন্বেষণ; পূর্বাপর বিবেচনা; আলোচনা; সম্যক্ জ্ঞান। সম্—ঈক্ষ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**সমীক্ষিত**।

সমীক্ষা—১। সমীক্ষণ, বিশেষরূপে আলোচনা। সম্—ঈক্ষ্+অ ভাব+আপ্। ২। সাংখ্যোক্ত চতুর্বিংশতিতত্ত্ব; বুদ্ধি; প্রকৃতি। সম্—ঈক্ষ্+অ করণ। বি; স্ত্রী।

সমীক্ষ্যকারী (-কারিন্)—যে পূর্বাপর বিবেচনা করিয়া কার্য করে এরূপ। সমীক্ষ্য—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিণী**। বি, **-কারিতা**।

সমীচীন—১। সত্য, যথার্থ; উত্তম; উপযুক্ত। সম্যচ্ (সত্য ইঃ)+ঈন সম্বন্ধার্থে। বিণ। ২। সত্য। সম্যচ্-ঈন স্বার্থে। বি; ক্লী।

সমীপ—নিকট, অন্তিক, সন্নিধি। সম্ (সংগত) অপ্ যেখানে, বহু (অ-সমাসান্ত)। বি; ক্লী।

সমীপবর্তী (-বর্তিন্)—নিকটস্থ। উপতৎ; সমীপ—বৃৎ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বর্তিনী**।

সমীপস্থ—নিকটবর্তী। উপতৎ; সমীপ—স্থা+ক কর্তৃ। বিণ।

সমীর, সমীরণ—১। বায়ু; শমীবৃক্ষ। সম্—ঈর্+অচ্, অন কর্তৃ। ২। প্রেরণ। সম্—ঈর্+ক, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

সমীহ—খাতির; সম্মান; গ্রাহ্যকরণ; মান্যব্যক্তির সমক্ষে সংকোচ। < সমীহা। বি।

সমীহা—উদ্যোগ, চেষ্টা; সন্ধান; ইচ্ছা। সম্—ঈহ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

সমুখ—১। বক্তা; যাহার মুখ আছে এমন। মুখের সহ বর্তমান, বহু। বিণ। স্ত্রী, **-খা, -খী**। ২। সম্মুখ। বাংপ্র। বি।

সমুচিত—উপযুক্ত; যোগ্য; সমঞ্জস। সম্ (সম্যক্) [ঔচিত, প্রাদি। বিণ।

সমুচ্চ—অত্যন্ত উঁচু। প্রাদি। বিণ।

সমুচ্চয়—সমূহ, রাশি; সমাহার; মিলন; অনেক পদার্থের এক ক্রিয়াতে অন্বয়; অর্থালংকার বিঃ [একই কর্তার মনোহরভাব-প্রকাশক একাধিক ক্রিয়া অথবা একই বিশেষ্যের সৌন্দর্যসূচক একাধিক বিশেষণাদি একত্র থাকিলে উক্ত অলংকার হয়। যথা—

"মধুরিম হাসিনী কমল বিকাশিনী
মোতিম হারিণী কম্বুকণ্ঠিনী।"
—গোবিন্দ]।

সম্—উৎ—চি+অচ্ ভাব। বি; পুং।

সমুচ্ছেদ—সম্যক্ উচ্ছেদ, বিনাশ; ধ্বংস। প্রাদি। বি; পুং।

সমুচ্ছ্বাস—নিশ্বাসপ্রশ্বাস; স্ফূর্তি; প্রবল আবেগ; অত্যধিক স্ফীতি। সম্—উৎ—শ্বস্+ঘঞ্ ভাব। বি; পুং। বিণ—**সমুচ্ছ্বসিত**।

সমুজ্জ্বল—বিশেষরূপে দীপ্তিশালী। প্রাদি। বিণ।

সমুঝা—বুঝা। হি-মু। ক্রি (ণিজন্ত—সমুঝানো)। [প্রা কপ্র—**সমুঝনু**—বুঝিলাম। **সমুঝব**—বুঝিবে। **সমুঝাই**—বুঝাও; বুঝাইয়া।]

সমুৎকীর্ণ—ক্ষোদিত, বিদীর্ণ; ভগ্ন; বিদ্ধ। সম্—উৎ—কৄ+ক্ত কর্ম। বিণ।

সমুত্থান—১। উঠা; উত্থান; উৎপত্তি। সম্—উৎ—স্থা+অনট্ ভাব। ২। উত্তোলন; কার্যারম্ভ; উদ্যোগ; রোগনির্ণয়; রোগমুক্তি। সম্—উৎ—স্থা (ণিচের অর্থযুক্ত)+অনট্ ভাব। বি; ক্লী।

সমুত্থিত, সমুত্থ—উৎপন্ন; জাত; উত্থিত; উদিত। সম্—উৎ—স্থা+ক্ত, ক কর্তৃ। বিণ।

সমুৎপত্তি—সম্যক্ উদ্ভব। সম্—উৎ—পদ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

সমুৎপন্ন—উৎপন্ন; জাত; ঘটিত; প্রবৃত্ত; উদ্গত। সম্—উৎ—পদ্+ক্ত কর্তৃ। বিণ।

সমুৎপাটন—উন্মূলন। সম্—উৎ—পট্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

সমুৎপাটিত—উন্মূলিত। সম্—উৎ—পট্+ণিচ্+ক্ত [কর্ম। বিণ।

সমুৎফুল্ল—অত্যধিক আনন্দিত; সম্যক্ প্রস্ফুটিত। সম্ (সম্যক্) উৎফুল্ল, প্রাদি। বিণ।

সমুৎসুক—উৎকণ্ঠিত; চিন্তিত; ইষ্টলাভের জন্য আগ্রহযুক্ত; অতিশয় উৎসুক। সম্ (সম্যক্) উৎসুক, প্রাদি। বিণ।

সমুদয়—সমগ্র, সমস্ত, সকল, সমূহ। সম্—উৎ—ই+অচ্ কর্তৃ। বিণ।

সমুদায়—সমগ্র, সমস্ত, উদয়, উন্নতি। সম্—উৎ—ই+ঘঞ্ কর্তৃ, ভাব। বি; পুং, বা বিণ।

সমুদিত—১। আবির্ভূত; উত্থিত; উন্নত; উৎপন্ন। সম্—উৎ—ই+ক্ত কর্তৃ। ২। সম্যক্ কথিত। সম্—বদ্+ক্ত কর্ম। বিণ।

সমুদ্ধরণ, সমুদ্ধার—উদ্ধার; মোচন; বমন; উত্তোলন; উন্মূলন। সম্—উৎ—ধৃ+অনট্, ঘঞ্ ভাব। বি, ক্লী, পুং।

সমুদ্ধৃত—মোচিত, উদ্ধার-করা; উত্তোলিত; উদ্ধৃত; বান্ত; উন্মূলিত; অসদ্ব্যবহারপ্রাপ্ত; গৃহীত; অধিকৃত; অংশ করিয়া গৃহীত; অংশীকৃত। সম্—উৎ—ধৃ বা হৃ+ক্ত কর্ম। বিণ।

সমুদ্ভব—১। উৎপত্তি; জন্ম। সম্—উৎ—ভূ+অপ্ ভাব। ২। কারণ। সম্—উৎ—ভূ+অপ্ করণ। বি; পুং। ৩। জাত, উদ্ভূত। সম্—উৎ—ভূ+অচ্ কর্তৃ। বিণ।

সমুদ্ভাসিত—শোভিত; উজ্জ্বলীভূত; প্রদীপ্ত। [সম্—উৎ—ভাস্+ক্ত কর্তৃ। বিণ।

সমুদ্ভূত—উৎপন্ন; সঞ্জাত। সম্—উৎ—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

সমুদ্যত—সম্যক্ উদ্যত; সম্যক্ উদ্যুক্ত। সম্ (সম্যক্) উদ্যত (উদ্যুক্ত), প্রাদি। বিণ।

সমুদ্যম—সম্যক্ উদ্যোগ, প্রচেষ্টা। সম্—উৎ—যম্+ঘঞ্ ভাব। বি; পুং।

সমুদ্র—১। সাগর, জলধি, পারাবার, সিন্ধু। সম্ (সম্যক্) উৎ (উদ্গত) র (অগ্নি) যাহাতে, বহু; অথবা, মুদ্রার (রত্নাদির) সহ বর্তমান, বহু; অথবা,

সম্—উন্দ্+রক্ কর্তৃ। বি, পুং। ২। মুদ্রিত; ছাপা। মুদ্রার (ছাপার) সহ বর্তমান, বহু। বিণ।
সমুদ্রতল—সমুদ্রের তলদেশ, ocean floor. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সমুদ্রবায়ু—সমুদ্রের দিক্ হইতে প্রবাহিত বায়ু, sea-breeze. ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সমুদ্রমন্থন—ক্ষীর সমুদ্র হইতে লক্ষ্মীকে তুলিবার জন্য দেবতা ও অসুরগণ কর্তৃক ক্ষীরসমুদ্রের মন্থন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
সমুদ্রমেখলা—১। যাহার চারিদিকে সমুদ্র এমন, সমুদ্রবেষ্টিতা ('— পৃথ্বী')। বিণ। ২। পৃথিবী। সমুদ্র মেখলা যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।
সমুদ্রযান—অর্ণবপোত, জাহাজ। সমুদ্রগামী যান, মধ্যপ। বি, ক্লী।
সমুন্নত—উন্নতিবিশিষ্ট; বৃদ্ধিযুক্ত; মহৎ; উচ্চ; সম্যক্ উন্নত। সম্—উৎ—নম্+ক্ত কর্তৃ। বিণ।
সমুন্নতি—সম্যক্ উন্নতি, বৃদ্ধি, উচ্চতা; মহত্ত্ব; উচ্চপদ। সম্—উৎ—নম্+ক্তি ভাব। বি; স্ত্রী।
সমুন্নয়ন, সমুন্নয়—উন্নতিসাধন; উৎক্ষেপণ; লাভ; উদ্ভাবন। সম্—উৎ—নী+অনট্, অচ্ ভাব। বি; ক্লী, পুং।
সমূল, সমূলক—মূল-সহিত, কারণযুক্ত; সহেতুক। মূলের সহ বর্তমান, বহু; ২য় পক্ষে ক সমাসান্ত। বিণ।
সমূহ—১। সমুদয়, সকল, গণ; রাশি। সম্—ঊহ্+ঘঞ্ কর্ম। ২। সম্যক্ বিতর্ক। সম্—ঊহ্+ঘঞ্ ভাব। বি; পুং।
সমৃদ্ধ—সমৃদ্ধিযুক্ত, prosperous; বৃদ্ধিযুক্ত; উৎপন্ন; সম্পত্তিশালী। সম্—ঋধ্+ক্ত কর্তৃ। বিণ।
সমৃদ্ধি—উন্নতি; বৃদ্ধি; সম্পত্তি; মঙ্গল; কৃতকার্যতা; প্রভাব, আধিপত্য। সম্—ঋধ্+ক্তি ভাব। বি; স্ত্রী।
সমৃদ্ধিমান্ (-মৎ)—সমৃদ্ধিযুক্ত; সুদীর্ঘ মিলনের পর সংঘটিত বলিয়া পরম উল্লাসময় ('— সম্ভোগ')। সমৃদ্ধি+মতুপ্। বিণ।
সমৃদ্ধিশালী (-শালিন্)—ঐশ্বর্যসম্পন্ন; ধনবান্। উপতৎ; সমৃদ্ধি—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-শালিনী**।
সমৃদ্ধিসম্পন্ন—ধনবান্, ঐশ্বর্যশালী। ৩য়াতৎ। বিণ।
সমেত—সহিত; সংযুক্ত; মিলিত; প্রাপ্ত; উপস্থিত; সংগত। সম্—আ—ই+ক্ত কর্তৃ। বিণ।
সম্পৎ (সম্পদ্), **সম্পত্তি**—ধন; ঐশ্বর্য; লক্ষ্মী; শোভা; উৎকর্ষ; গুণোৎকর্ষ; গৌরব। সম্—পদ্+ক্বিপ্, ক্তি করণ। বি; স্ত্রী।
সম্পদ্— < সম্পৎ।
সম্পন্ন—১। যুক্ত; সমগ্র; সম্পূর্ণ; নিষ্পন্ন সহিত। সম্—পদ্+ক্ত কর্ম। ২। সম্পত্তিযুক্ত; ঐশ্বর্যবিশিষ্ট, যাহার অবস্থা ভাল; স্বল্প বিরহের পর উৎকণ্ঠিত নায়ক-নায়িকার মিলনে সংঘটিত ('— সম্ভোগ')। সম্—পদ+ক্ত কর্তৃ। বিণ।
সম্পর্ক—সম্বন্ধ; সংসর্গ; সংযোগ; স্ত্রীসংসর্গ। সম্—পৃচ্+ঘঞ্ ভাব। বি; পুং।
সম্পর্কিত—সম্বন্ধযুক্ত। সম্পর্ক+ইতচ্ বিশিষ্টার্থে। বিণ। [সম্পর্ক+ইন্ আছে অর্থে। বিণ।
সম্পর্কী (-র্কিন্)—সম্পর্কবিশিষ্ট; সম্পর্কশালী।
সম্পর্কীয়—সম্বন্ধীয়; সম্পর্কিত, সংক্রান্ত। সম্পর্ক+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
সম্পাত—পতন; ওড়া; গমন; প্রবেশ। সম্—পত্+ঘঞ্ ভাব। বি; পুং।
সম্পাদক—নিষ্পাদক; কার্যনির্বাহক; গ্রন্থাদির রচনাকারী বা সংকলয়িতা; সংবাদপত্রের সংবাদসংকলয়িতা ও মন্তব্য-লেখক, editor. সম্—পদ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-দিকা**।
সম্পাদকীয়—সম্পাদক কর্তৃক লিখিত; সম্পাদক সম্বন্ধীয়, editorial. সম্পাদক+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
সম্পাদন, সম্পাদনা—নির্বাহ, সমাপন; উপার্জন। সম্—পদ্+ণিচ্+অনট্ ভাব, অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী। [ক্ত কর্ম: বিণ।
সম্পাদিত—নির্বাহিত, সমাপিত। সম্—পদ্+ণিচ্+
সম্পাদ্য—১। সম্পাদন করিবার যোগ্য, নিষ্পাদ্য। বিণ। ২। (জ্যামিতি) যে প্রতিজ্ঞার অভীষ্ট ক্রিয়া সম্পাদন করিতে হয়, problem. সম্—পদ্+ণিচ্+যৎ কর্ম। বি; ক্লী। [অনট্ ভাব। বি; ক্লী।
সম্পীড়ন—ক্লেশ দেওয়া, কষ্ট দেওয়া। সম্—পীড়্+
সম্পুট, সম্পুটক—১। ঠোঙ্গা; কৌটা; খুঙ্গী পেঁটরা-প্রঃ। সম্—পুট্+ক কর্তৃ; পক্ষে কন্ স্বার্থে। ২। একজাতীয় পদার্থের মধ্যে ভিন্নজাতীয় পদার্থের সম্যক্ ব্যাপ্তি। সম্—পুট্+ক ভাব; পক্ষে কন্ স্বার্থে। বি; পুং।
সম্পূরক—১। যাহা সম্পূর্ণ করে এমন। বিণ। ২। কোনও কোণের সঙ্গে যে কোণ যোগ করিলে দুই সমকোণ হয়, supplement. সম্—পূর্+ণক কর্তৃ। বি; পুং। [ভাব। বি; ক্লী।
সম্পূরণ—পরিপূরণ; সমাপন। সম্—পূরি+অনট্
সম্পূর্ণ—১। সমাপ্ত; পরিপূর্ণ; সমগ্র। বিণ। ২। রাগের জাতি বিঃ, যে রাগ সপ্তস্বরবিশিষ্ট তাহা। সম্—পূর্ব+ক্ত কর্ম। বি; পুং।
সম্পৃক্ত—সম্বদ্ধ; মিলিত, মিশ্রিত; খচিত; গ্রথিত। সম্—পৃচ্+ক্ত কর্ম। বিণ।
সম্পোষ্য—১। পোষণের যোগ্য; অভাবপূরণের যোগ্য; কুলাইবার মত। সম্—পুষ্+ণ্যৎ কর্ম। বিণ। ২। কুলানো, অভাবপূরণের যোগ্যতা বা ক্ষমতা। বাংপ্র। বি।
সম্প্রচার—সকল স্থানে প্রচার বা বাক্যাদি প্রেরণ, রেডিওতে প্রচার, broadcast. সম্যক্ প্রচার, প্রাদি। বি; পুং।
সম্প্রতি—অধুনা, ইদানীং, এক্ষণে। অ।
সম্প্রদাতা (-দাতৃ)—সম্প্রদানকর্তা, যে দান করে এমন। সম্—প্র—দা+তৃন্ কর্তৃ। বিণ।
সম্প্রদান—১। স্বত্বত্যাগপূর্বক দান। সম্—প্র—দা+

অনট্ ভাব। ২। দানীয় ব্যক্তি, যাহাকে কোন বস্তু দান করা যায় সে; কারক বিঃ, dative. সম্—প্র—দা+অনট্ সম্প্রদান। বি; ক্লী।

সম্প্রদায়—সমাজ; দল, সংঘ, sect, community; গুরুপরম্পরাগত সদুপদেশ। সম—প্র—দা+ঘঞ্ কর্ম। বি; পুং।

সম্প্রদায়ভুক্ত—কোন বিশেষ দলের অন্তর্গত; সমাজভুক্ত। ৩য়াতৎ বা ৭মীতৎ। বিণ।

সম্প্রয়োগ—১। অর্থাদি-প্রয়োগ, খাটানো; সম্পর্ক; রমণ; সাপেক্ষতা; ইন্দ্রজাল'। সম্—প্র—যুজ্+ঘঞ্ ভাব। ২। ইন্দ্রিয়বিষয়সম্বন্ধ। সম্—প্র—যুজ্+ঘঞ্ কর্ম। বি; পুং।

সম্প্রসারক—বিবর্ধক, যাহা প্রসারিত করে, adjunct. সম্—প্র—সৃ+ণিচ্+ণক কর্তৃ। বি বা বিণ।

সম্প্রসারণ—বিস্তারণ; ব্যাকরণের সংজ্ঞা বিঃ, য-ব-র-ল-স্থানে যথাক্রমে ই উ ঋ ৯ হওয়া, মুগ্ধবোধে—'জি' সংজ্ঞা। সম্—প্র—সৃ+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, **-সারিত**।

সম্প্রাপ্ত—১। সম্যক্রূপে লব্ধ। সম্—প্র—আপ্+ক্ত কর্ম। ২। আগত; ফলিত। সম্—প্র—আপ্+ক্ত কর্তৃ। বিণ। [ক্তি ভাবে। বি; স্ত্রী।

সম্প্রীতি—সম্যক্ প্রণয়; হর্ষ; সন্তোষ। সম্—প্রী+

সম্বদ্ধ—১। সম্বন্ধযুক্ত; সংযুক্ত, মিলিত। সম্—বন্ধ্+ক্ত কর্তৃ। ২। দৃঢ়বদ্ধ। সম্—বন্ধ্+ক্ত কর্ম। বিণ।

সম্বন্ধ—১। সম্পর্ক, relation; সংযোগ, connection; সৌভাগ্য, সমৃদ্ধি; যোগ্যতা; সংঘটন; সমীচীনতা, উপযুক্ততা। সম্—বন্ধ্+ঘঞ্ ভাব। ২। সখ্য; কুটুম্বিতা; ব্যাকরণে—জন্যজনকত্বাদি, possessive case. সম্—বন্ধ্+ঘঞ্ করণ। বি; পুং। ৩। শক্ত, সমর্থ; উপযুক্ত, সমীচীন; মিলিত। সম্—বন্ধ্+অচ্ কর্তৃ। বিণ। ৪। বিবাহের প্রস্তাব। বাংপ্র। বি।

সম্বন্ধী (-ন্ধিন্)—১। সম্বন্ধবিশিষ্ট, সম্পর্কী, কুটুম্ব; সদ্‌গুণবিশিষ্ট; বিদ্বান্; সুদৃশ্য। সম্বন্ধ+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-ন্ধিনী**। ২। শ্যালক। বাংপ্র। বি।

সম্বন্ধীয়—বিষয়ক; সম্পর্কীয়। সম্বন্ধ+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

সম্বরণ—সংবরণ (তাহা দ্রঃ)।

সম্বরা—১। সংযত করা; ক্রোধ প্রঃ দমন করা; সাঁতলানো। কপ্র। ক্রি। ২। ফোড়ন। বাংপ্র। বি।

সম্বরারি—কামদেব, কন্দর্প। সম্বরের (সম্বর দৈত্যের) অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সম্বর্ধক—সংবর্ধক (তাহা দ্রঃ)।

সম্বর্ধন, সম্বর্ধনা—সংবর্ধন, সংবর্ধনা (তাহা দ্রঃ)।

সম্বর্ধিত—সংবর্ধিত (তাহা দ্রঃ)।

সম্বল—পাথেয়, পথ-খরচ; সংস্থান, পুঁজি; অবলম্বন। সম্—বল্+ক ঘঞর্থে। বি; পুং বা ক্লী।

সম্বলশূন্য, -হীন—সংস্থানশূন্য, উপায়হীন। ৩য়াতৎ। বিণ।

সম্বলিত—সংবলিত (তাহা দ্রঃ)।

সম্বাধ—১। বাধা; সংকট; ভয়; সংঘর্ষ; ভিড়। সম্—বাধ্+অচ্ ভাব। বি; পুং। ২। অপ্রশস্ত, সংকীর্ণ, সরু। সম্ (সম্যক্) বাধা যাহাতে, বহু। বিণ।

সম্বিৎ—সংবিৎ (তাহা দ্রঃ)।

সম্বুদ্ধ—জাগরিত; চেতনাযুক্ত; প্রবুদ্ধ। সম্ (সম্যক্) বুদ্ধ, প্রাদি। বিণ।

সম্বুদ্ধি, সম্বোধন—আহ্বান; আমন্ত্রণ; অভিভাষণ; অভিমুখীকরণ, দর্শন; বিশেষণ; বিভক্তি বিঃ। সম্—বুধ্+ক্তি, অনট্ ভাব। বি; স্ত্রী, ক্লী।

সম্বোধি—পরম জ্ঞান। সম্—বুধ্+ইন্ ভাব। বি; পুং।

সম্ভব—১। সম্ভাবনা; জন্ম; যোগ্যতা; উপায়; যুক্তি; সংকেত; ক্ষতি; সমীচীনতা; উপযুক্ততা; পরিচয়; সখ্য; শক্তি, ক্ষমতা। সম্ (সম্যক্)—ভূ+অপ্ ভাব। ২। হেতু, কারণ। সম্—ভূ+অপ্ করণ। ৩। সম্ভাব্য, হইবার বা ঘটিবার যোগ্য, সম্ভবপর। সম্—ভূ+অচ্ কর্তৃ। বিণ।

সম্ভবপর, -যোগ্য—সম্ভাবনাযুক্ত; যাহা হইতে পারে এমন। সম্ভব (উৎপত্তি) পর (প্রধান) যাহাতে, বহু; সম্ভবের যোগ্য, ৬ষ্ঠীতৎ। বিণ।

সম্ভবাতীত—অসম্ভব, যাহা হইতে পারে না এমন। সম্ভবকে অতীত, ২য়াতৎ। বিণ।

সম্ভাবন, সম্ভাবনা—হইবে এইরূপ জ্ঞান, expectation; সম্ভবপরতা-জ্ঞান, probability; অনুগ্রহ; যশঃ; পূজা; যোগ্যতা; সম্মান; স্বীকার; চিন্তা; সম্পাদন; অভিসন্ধি;' কাব্যালংকার বিঃ; 'ক্রিয়াতে যোগ্যতার অধ্যবসায়রূপ লিঙ্গার্থ বিঃ। সম্—ভূ+ণিচ্+অনট্ ভাব, পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।

সম্ভাবনীয়—সম্ভাব্য, probable. সম্—ভূ+ণিচ্+অনীয় কর্ম। বিণ।

সম্ভাবিত—সম্ভাবনার যোগ্য, expected; পূজিত; সম্মানিত; অনুগৃহীত; প্রসিদ্ধ; নিশ্চয়প্রধান; চিন্তিত; তর্কিত; বহুমত। সম্—ভূ+ণিচ্+ক্ত কর্ম। বিণ।

সম্ভাব্য—যাহা হইতে পারে এমন; প্রশংসনীয়; প্রতর্ক্য। সম্—ভূ+ণিচ্+যৎ কর্ম। বিণ।

সম্ভার—১। সংগ্রহ; সরবরাহ; পরিপূর্ণতা; পুষ্টিসাধন; আয়োজন। সম্—ভৃ+ঘঞ্ ভাব। ২। সমূহ, রাশি; উপকরণ। সম্—ভৃ+ঘঞ্ কর্ম। বি; পুং।

সম্ভাষ, সম্ভাষণ, সম্ভাষা—পরস্পর কথোপকথন, আলাপ; অভিভাষণ, সম্বোধন। সম্—ভাষ্+ঘঞ্, অনট্ ভাব; ৩য় পক্ষে অ ভাব+আপ্। বি; পুং, ক্লী, স্ত্রী। বিণ, **সম্ভাষিত**।

সম্ভাষা—আলাপ করা। প্রা কপ্র। ক্রি। [রূপঃ—**সম্ভাষই**—আলাপ করে। **সম্ভাষসি**—আলাপ করিতেছ ইঃ।]

সম্ভূত—উৎপন্ন, জাত। সম্—ভূ+ক্ত কর্তৃ। বিণ।

সম্ভূয়সমুত্থান—সমবেত প্রচেষ্টা; অংশীদিগের

মিলিয়া বাণিজ্য, সমবায়-বাণিজ্য; তদ্ঘটিত বিবাদ। সম্ভূয়—সম্—উৎ—স্থা+অনট্ ভাব। বি; ক্লী।
সম্ভোগ—উপভোগ, সুখাস্বাদন; রতিক্রিয়া। সম্—ভুজ্+ঘঞ্ ভাব, অপা। বি; পুং।
সম্ভ্রম—সম্মান, গৌরব; আদর; ভয়; ভ্রান্তি; ঘূর্ণন; ভয়াদিজনিত ত্বরা; আনন্দ বা ভয়াদিজনিত ব্যস্ততা, আবেগ; খাতির দেখানোর জন্য ব্যস্ততা। সম্—ভ্রম্+ঘঞ্ ভাব। বি; পুং।
সম্ভ্রান্ত—গৌরবান্বিত, সম্ভ্রমশালী; আদরণীয়; সম্যক্ ভ্রান্ত; ত্বরাবিশিষ্ট। সম্—ভ্রম্+ক্ত কর্তৃ। বিণ। [aristocracy. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
সম্ভ্রান্ততন্ত্র—সম্ভ্রান্ত ব্যক্তিদের হস্তগত রাজ্যশাসন,
সম্মত—অনুমত; অভিপ্রেত, সম্মতিযুক্ত। সম্—মন্+ক্ত কর্ম, কর্তৃ। বিণ।
সম্মতি—মত, অভিমত; অনুমতি; আজ্ঞা; অভিপ্রায়; বাসনা; সম্মান; ঐকমত্য; আত্মবোধ। সম্—মন্+ক্তি ভাব। বি; স্ত্রী।
সম্মান—পূজা; সমাদর, খাতির, মর্যাদা; গৌরব। সম্—মান্+ঘঞ্ ভাব। বি; পুং।
সম্মানন, সম্মাননা—সম্মান প্রদর্শন, সংবর্ধনা। সম্—মান্+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী। [বি; ক্লী।
সম্মানাস্পদ—শ্রদ্ধাভাজন, সম্মানের পাত্র। ৬ষ্ঠীতৎ।
সম্মানিত—সমাদৃত; পূজিত। সম্—মান্+ক্ত কর্ম। বিণ।
সম্মার্জক—১। পরিষ্কারক। সম্—মৃজ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-র্জিকা**। ২। সম্মার্জনী। সম্—মৃজ্+ঘঞ্ করণ+কন্ স্বার্থে। বি; পুং।
সম্মার্জন—শোধন, পরিষ্করণ। সম্—মৃজ্+অনট্+ঈপ্। বি; স্ত্রী। [ভাব। বি; ক্লী।
সম্মার্জনী—মার্জনী, ঝাঁটা। সম্—মৃজ্+অনট্ করণ
সম্মিত—সদৃশ; অনুযায়ী; তুল্য-পরিমাণ। সম্—মা+ক্ত কর্ম। বিণ।
সম্মিলন—মিলন, সংযোগ, union; একত্র হওয়া; সাক্ষাৎকার, meeting. সম্—মিল্+অনট্ ভাব। বি; ক্লী (মতান্তরে সম্মেলন)। [স্ত্রী।
সম্মিলনী—সমিতি, সংঘ, সভা। সম্মিলন+ঈপ্। বি;
সম্মিলিত—সংযুক্ত, একত্রিত। সম্—মিল্+ক্ত কর্তৃ। বিণ।
সম্মিশ্রণ, সংমিশ্রণ—যোগ; মিলন: ভালরূপে মিশানো। সম্—মিশ্র্+অনট্ ভাব। বি; ক্লী।
সম্মুখ—১। আভিমুখ্য। মুখের সমীপ, অব্যয়ী। বি; ক্লী। ২। সমক্ষ, অভিমুখ; মুখামুখি। সামনেকার। সংগত মুখকে, প্রাদি। বিণ।
সম্মুখবর্তী (-বর্তিন্)—সম্মুখে অবস্থিত। উপতৎ; সম্মুখ—বৃৎ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বর্তিনী**।
সম্মুখ-সংগ্রাম, -সমর—সামনাসামনি যুদ্ধ। মধ্যপ। বি; পুং। [ক কর্তৃ। বিণ।
সম্মুখস্থ—সম্মুখে বর্তমান। উপতৎ; সম্মুখ—স্থা+
সম্মুখীন—অভিমুখে স্থিত, সম্মুখবর্তী; অভিমুখ। সম্মুখ+ঈন বিদ্যমানার্থে। বিণ।
সম্মূঢ়—অতিশয় মোহবিশিষ্ট; সম্মোহিত। সম্—মুহ্+ক্ত কর্তৃ। বিণ।
সম্মেলন—একত্র হওয়া; সমিতি সভা প্রঃতে লোকের একত্র হওয়া, meeting, gathering; জনসমূহকে একত্র করা। সম্—মিল্ বা মিল্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। [ঘঞ্ ভাব। বি; পুং।
সম্মোহ—মুগ্ধ করণ, অতিশয় মোহ। সম্—মুহ্+
সম্মোহন—১। মোহজনক, মোহকারক। বিণ। ২। কন্দর্পের বাণ বিঃ। সম্—মুহ্+ণিচ্+অন কর্তৃ। বি; পুং। ৩। মুগ্ধকরণ, fascination. সম্—মুহ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
সম্মোহিত—অতিশয় মোহপ্রাপ্ত, বিমোহিত। সম্ (সম্যক্) মোহিত, প্রাদি। বিণ।
সম্যক্ (চ্)—১। সর্বপ্রকারে; সমগ্ররূপে; উত্তমরূপে। সম্—অন্চ্+ক্বিপ্ কর্তৃ। অ। ২। সমুদয়, সম্পূর্ণ; সত্য, যথার্থ; সহিত; শুদ্ধ; সুন্দর; উপযুক্ত; যোগ্য। সম্—অন্চ্+ক্বিপ্ কর্তৃ। বিণ। স্ত্রী—**সমীচী**।
সম্রাজ্ঞী—১। মহারানী, রাজরাজেশ্বরী। সম্ (সম্যক্) রাজ্ঞী, প্রাদি (সংস্কৃত-মতে সংরাজ্ঞী)। ২। সম্রাটের পত্নী। বাংপ্র। বি; স্ত্রী।
সম্রাট্ (সম্রাজ্)—একচ্ছত্র রাজা, সার্বভৌম, রাজাধিরাজ। সম্—রাজ্+ক্বিপ্ কর্তৃ (নিপা)। বি, পুং।
সয়—সহ্য করে বা হয়। বাংপ্র। ক্রি।
সযত্ন—চেষ্টাযুক্ত; যত্নসহিত। যত্নের সহ বর্তমান, বহু। বিণ। [(বাংলা)। বি; পুং।
সয়া—সখীর স্বামী; সখা। সই+আ স্বামী অর্থে
সর—১। দুগ্ধ দধি প্রঃর সার; লবণ; বাণ। বি; পুং। ২। সরোবর; ভূষণ বিঃ; মাল্য, ছড়া; মধু; জল। বি; ক্লী। ৩। ঝরনা। বি, পুং। ৪। গমনকারী (এই অর্থে অন্য শব্দের পরে ব্যবহৃত হয়। যথা—অগ্রসর)। সৃ+অচ্ বা ট কর্তৃ। বিণ। স্ত্রী—**সরা, সরী**।
সরঃ (সরস্)—১। সরোবর। সৃ+অস্ অধিবা। ২। জল; গতি; বাণ; লবণ; দধ্যগ্র। বি; ক্লী। ৩। সারক; গমনকর্তা। বিণ। ৪। নির্ঝর। সৃ+অস্ কর্তৃ। বি; পুং বা স্ত্রী।
সর— < সরঃ।
সরকার—শাসকসম্প্রদায়, গভর্নমেন্ট; মালিক; গোমস্তা, হিসাবরক্ষক; কবিগানের কবিতারচনাকারী; উপাধি বিঃ; রাজস্ব আদায়ের বিভাগস্বরূপ কয়েকটি পরগনার সমষ্টি। ফা। বি। বিণ—**সরকারী**। কর্মবাচক বি—**সরকারি**।
সরখেল—উপাধি বিঃ। ফা-মু। বি।
সরগরম—উষ্ণ; উৎসাহশীল; গুলজার। < ফা 'সরগর্ম'। বিণ। [অকুস্থান। ফা। বি।
সরজমিন, সরেজমিন—কোন ঘটনার স্থান,
সরঞ্জাম—উপকরণ; আসবাবপত্র, হাতিয়ারপাতি। ফা। বি। [পদ্যপাঠ)। সৃ+অনট্ কর্তৃ। বি; পুং।
সরট—কৃকলাস ("সরট-শরীর-সম দীর্ঘ ক্ষীণকায়"—
সরণ—১। গমন। সৃ+অনট্ ভাবরা। বি: ক্লী। ২। গমনশীল। সৃ+অন কর্তৃ। বিণ।

সরণি, সরণী—পথ, বর্ত্ম; সারি, শ্রেণী; রীতি পদ্ধতি। সৃ+অনি করণ; পক্ষে+ঈপ্। বি; স্ত্রী।
সরপোশ—গেলাস ইঃর ঢাকনি। ফা। বি।
সরফরাজ—১। দম্ভ; প্রশংসা; মোড়লি; স্পর্ধা। বি। ২। মোড়ল, নেতা, কর্তা, প্রধান। ফা। বিণ। ভাববাচক বি—**সরফরাজি।**
সরবৎ—মিষ্ট পানীয়; চিনি প্রঃ মিশ্রিত ঠাণ্ডা জল। < আ 'শরবত'। বি।
সরবতী—১। সরবৎ সম্বন্ধীয়, সরবতের; সরবতের জন্য আবশ্যক। বিণ। ২। লেবু বিঃ। সরবৎ+ঈ সম্বন্ধাদি অর্থে (আ-মু)। বি।
সরবরাহ—যোগান, আয়োজন। ফা। বি।
সরভাজা—ঘৃতে দুধের সর ভাজিয়া প্রস্তুত মিষ্টান্ন বিঃ। ভাজা সর, কর্মধা (বাংপ্র)। বি।
সরম—লজ্জা, লাজ। < ফা 'শর্ম'। বি।
সরমা—বিভীষণ-পত্নী; কশ্যপ-কন্যা; কুক্কুরী। সৃ+অম কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
সরল—১। সোজা, ঋজু; অকপট; উদার; সাধু; সুবোধ্য; সুসাধ্য; সাদাসিধে, অনাড়ম্বর। বিণ। ২। দেবদারু বৃক্ষ; শালগাছ। সৃ+অলচ্ কর্তৃ। বি; পুং।
সরলচিত্ত—১। অকপট মন, উদার অন্তঃকরণ। কর্মধা। বি; ক্লী। ২। যাহার মন কপটতাশূন্য এমন। বহু। বিণ। [ভাবে। বি; স্ত্রী।
সরলতা—অকপট ভাব, উদারতা; ঋজুতা। সরল+তা
সরলপ্রকৃতি, -স্বভাব—১। অকপট স্বভাব। কর্মধা। বি; স্ত্রী, পুং। ২। যাহার স্বভাব উদার এমন। বহু। বিণ।
সরলপ্রাণ—১। যাহার মনে কপটতা নাই এমন। বহু। বিণ। ২। অকপট মন। কর্মধা। বি; পুং।
সরলবর্গীয়—পাইন ফার প্রঃ বৃক্ষের শ্রেণীভুক্ত, coniferous. সরলবর্গ+ঈয় সম্বন্ধার্থে। বিণ।
সরলবৃক্ষ—দেবদারু সদৃশ বৃক্ষ বিঃ, চিরগাছ, pine. কর্মধা। বি; পুং।
সরলমতি—১। অকপট হৃদয়। কর্মধা। বি; স্ত্রী। ২। যাহার হৃদয় অকপট এমন। বহু। বিণ।
সরলরৈখিক—যাহা সরল রেখায় গমন করে এমন; সরলরেখা সম্বন্ধীয়, rectilinear. সরলরেখা+ইক সম্বন্ধার্থে। বিণ।
সরষে—সর্ষপ। < সরিষা। বি।
সরস—১। রসযুক্ত, সুস্বাদ; মধুর; নূতন; কাব্যরসযুক্ত, ভাবপূর্ণ; চিত্তাকর্ষক; উত্তম। বহু। বিণ। ২। সরোবর। সৃ+অস্ অধি। বি; ক্লী।
সরসতা—মধুরত্ব; রসপূর্ণতা। সরস+তা ভাবে। বি; স্ত্রী। [ড কর্তৃ। বি; ক্লী।
সরসিজ—সরোজ, পদ্ম। অলুক্ উপতৎ; সরসি—জন্
সরসী—সরোবর। সৃ+অস্ অধি+ঈপ্। বি; স্ত্রী।
সরস্বতী—বাগ্দেবী, ভারতী, বীণাপাণি; বাণী; নদী। সরস্বৎ+ঈপ্। বি; স্ত্রী।
সরহদ্দ—সীমানা। < ফা-আ 'সর্-হদ্দ'। বি।
সরা—১। মাটির ঢাকনি। < সরাব। বি। ২। গমন করা; চলা; নির্গত হওয়া ('কথা —'); ব্যবহার করা। বাংপ্র। ক্রি [, বি]।
সরাই—পান্থশালা, পথিকদিগের থাকিবার স্থান, পথে যাত্রীদিগের বিশ্রাম করিবার স্থান, inn. ফা। বি।
সরানো—অন্য জায়গায় নেওয়া, নাড়া, চালানো; গোপনে লইয়া যাওয়া, চুরি করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
সরাসরি—১। সোজাসুজি, direct; সংক্ষিপ্ত, summary. বিণ। -২। মোটামুটিভাবে, সংক্ষিপ্ত বা স্থূলভাবে। < ফা 'সর্সারী'। ক্রি-বিণ।
সরিৎ—নদী। সৃ+ইত কর্তৃ। বি; স্ত্রী।
সরিষা—তৈলপ্রদ শস্য বিঃ, সরষে। < সর্ষপ। বি।
সরীসৃপ—যাহারা বুকে ভর দিয়া যায় তাহারা; সর্প কুম্ভীর কচ্ছপ ইঃ, reptile; মীন বৃশ্চিক কর্কটরাশি। সৃপ্+যঙলুক্+অচ্ কর্তৃ। বি; পুং।
সরু—১। মিহি, সূক্ষ্ম; পাতলা; ক্ষীণ; কম চওড়া, সংকীর্ণ। বিণ। ২। খড়্গের মুষ্টি। সৃ+উ কর্তৃ। বি; পুং।
সরুচাকলি—চাল কলাইবাটা প্রঃ দ্বারা প্রস্তুত রুটির মত পাতলা খাদ্যদ্রব্য বিঃ। বাংপ্র। বি।
সরূপ—সমানরূপ; সদৃশ রূপযুক্ত। বহু। বিণ।
সরেজমিন—'সরজমিন' দ্রঃ।
সরেস—উত্তম, উৎকৃষ্ট। < সরস। বিণ।
সরোজ—১। পদ্ম। বি; ক্লী। ২। সরোবরে জাত। উপতৎ; সরস্—জন্+ড কর্তৃ। বিণ।
সরোজিনী—পদ্মিনী, পদ্মের ঝাড়; পদ্মবহুল পুষ্করিণী। সরোজ+ইন্ সমূহার্থে, আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী। [< সারদা বা ফা। বি।
সরোদ—একপ্রকার তারের বাদ্যযন্ত্র, বীণা বিঃ।
সরোবর—পদ্মাদিযুক্ত পুষ্করিণী; বড় পুকুর; হ্রদ। সরস্ (পুষ্করিণী)-মধ্যে বর (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি; পুং। [ক কর্তৃ। বি; ক্লী।
সরোরুহ—পঙ্কজ, পদ্ম। সরস্ (সরোবর)—রুহ্+
সরোষ—ক্রুদ্ধ। বহু। বিণ।
সর্গ—অধ্যায়, গ্রন্থের পরিচ্ছেদ; নির্মাণ; উৎপাদন; নিয়ম; মোহ; স্বভাব; মোক্ষ; যত্ন, চেষ্টা; উৎসাহ; অনুমতি; বস্তুর প্রবণতা; মত; চুক্তি; মলত্যাগ; পরিত্যাগ। সৃজ্+ঘঞ্ ভাব। বি; পুং।
সর্জ—শালগাছ। সৃজ্+অচ্ কর্তৃ। বি; পুং।
সর্জন—সৃষ্টি; ত্যাগ। সৃজ্+অনট্ ভাব। বি; ক্লী।
সর্জরস—ধুনা, শালগাছের আঠা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সর্ত—শর্ত (তাহা দ্রঃ)। [সর্দারনী।
সর্দার—নেতা, দলপতি। ফা। বি; পুং। স্ত্রী—
সর্দারি—মোড়লি, সর্দারের কার্য বা পদ; সর্দারের ন্যায় আচরণ। সর্দার (ফা)+ই কর্মার্থে। বি।
সর্দি—কফজ রোগ, cold, catarrh; ঠাণ্ডা; আর্দ্রতা। ফা। বি।
সর্দিগরমি—অতিশয় উত্তাপ ভোগজনিত অবসন্নতা, sunstroke; শীতগ্রীষ্ম। দ্বন্দ্ব (ফা-মু)। বি।

সর্প—সাপ, নাগ, ফণী, ভুজঙ্গ। (সং) সৃপ্+অচ্ কর্তৃ। বি; পুং। স্ত্রী—সর্পী, সর্পিণী (বাং)।
সর্পণ—বক্র গমন; গতি। সৃপ্+অনট্ ভাব। বি; ক্লী।
সর্পরাজ—বাসুকি, অনন্তদেব। সর্পদিগের রাজা, ৬ষ্ঠীতৎ (টচ্ সমাসান্ত)। বি; পুং।
সর্পাঘাত—সাপের কামড়। সর্পকৃত আঘাত, মধ্যপ। বি; পুং। [কর্তৃ। বি; ক্লী।
সর্পিঃ (সর্পিস্)—আজ্য, ঘৃত, হবিঃ। সৃপ্+ইস্
সর্পিল—সাপের গতির ন্যায় আঁকাবাঁকা; স্ক্রুর শিরার তুল্য, spiral; জটিল; কুটিল। সৃপ্+ইলচ্ কর্তৃ। বিণ।
সর্পী (সর্পিন্)—বিসর্পণশীল, গমনশীল। সৃপ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—সর্পিণী।
সর্পী—স্ত্রীজাতীয় সর্প। সর্প+ঈপ্। বি; স্ত্রী।
সর্ব—১। সমুদয়, সমগ্র, সকল। সর্ব; বিণ। ২। শিব; বিষ্ণু। সর্ব+অচ্ কর্তৃ। বি; পুং।
সর্বংসহা—১। বসুমতী, পৃথিবী। বি; স্ত্রী। ২। সমস্ত সহ্য করিতে অভ্যস্তা। সর্ব—সহ্+খচ্ কর্তৃ+আপ্। বিণ; স্ত্রী। [বিণ।
সর্বগ—সর্বত্রগামী; সর্বব্যাপী। সর্ব—গম্+ড কর্তৃ।
সর্বজনীন—সর্বলোকের হিতকর, সকলের হিতকারী; বিখ্যাত; সর্বসাধারণের অনুষ্ঠিত। সর্বজন+ঈন হিতার্থে। বিণ।
সর্বজ্ঞ—যে সকল জানে এরূপ; দৈবজ্ঞ। উপতৎ; সর্ব—জ্ঞা+ক কর্তৃ। বিণ।
সর্বতঃ (-তস্)—সকলদিকে; সকলপ্রকারে; সকল বিষয়ে, সম্পূর্ণরূপে। সর্ব+তস্ (৭মী বা ৩য়া-স্থানে)। অ।
সর্বতোভদ্র—পূজাদি কর্মে ঘটাধার চতুষ্কোণ মণ্ডল বি; ধনীদিগের চতুর্দিকে দ্বারযুক্ত গৃহ বিঃ; জ্যোতিষে শুভাশুভ নির্ণয়ার্থ মণ্ডল বা চিত্র বিঃ। সর্বতঃ ভদ্র, ৭মীতৎ। বিণ।
সর্বতোভাবে—সকল রকমে, সর্ব প্রকারে। সর্বতঃ ভাব, সুপ্, তাহাতে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।
সর্বতোমুখ—সর্বদিগাভিমুখ; সর্বদিগ্‌বর্তী; সকল বিষয়ে স্থিত, versatile. বহু। বিণ। স্ত্রী, -খা, -খী।
সর্বত্যাগী (-ত্যাগিন্)—যে সমস্ত বর্জন করিয়াছে এমন। সর্ব—ত্যজ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ত্যাগিনী।
সর্বত্র—সকলস্থানে; সকল দিকে; সকল কালে; সকল বিষয়ে। সর্ব (সকল)+৭মী-স্থানে ত্র। অ।
সর্বথা—সকল প্রকারে। সর্ব (সকল)+থাল্ প্রকারার্থে। অ।
সর্বদর্শী (-দর্শিন্)—সর্বদ্রষ্টা, যিনি সমুদয় দর্শন করেন এমন; অভিজ্ঞ। উপতৎ; সর্ব—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -দর্শিনী।
সর্বদা—সদা, সকল সময়ে। সর্ব+দাচ্ কালার্থে। অ।
সর্বনাম (-নামন্)—সকলের সংজ্ঞা; ব্যাকরণের সংজ্ঞা বিঃ; বিশেষ্যের পরিবর্তে যাহা ব্যবহৃত হয় তাহা, pronoun. সর্বের নাম, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
সর্বনাশ—সমস্ত ক্ষয়, সকল ধ্বংস; ভীষণ অনিষ্টপাত, মহাবিপদ্। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সর্বনাশা—সর্বনাশকারী। উপতৎ; সর্ব—নাশ্+আ কর্তৃ (বাংপ্র)। বিণ। স্ত্রী, -নাশী।
সর্বনাশী (-শিন্)—সকল ধ্বংসকারী। উপতৎ; সর্ব—নশ্+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -নাশিনী।
সর্বনিয়ন্তা (-ন্তৃ)—সকলের নিয়ামক, সকলের পরিচালক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -ন্ত্রী।
সর্বপ্রথম—সকলের অগ্রবর্তী। ৬ষ্ঠীতৎ। বিণ।
সর্বপ্রধান—সকলের মধ্যে শ্রেষ্ঠ। সর্বমধ্যে প্রধান, ৭মীতৎ। বিণ।
সর্ববাদিসম্মত—সকল সম্প্রদায়ের অনুমোদিত, সকল লোক-কর্তৃক স্বীকৃত। সর্ববাদী (সকলপ্রকার মতবাদী) কর্তৃক সম্মত, ৩য়াতৎ। বিণ।
সর্বব্যাপক—সর্বত্র ব্যাপ্তিশীল, যাহা সব জায়গা বা বস্তু জুড়িয়া রহিয়াছে এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -ব্যাপিকা।
সর্বব্যাপী (-পিন্)—সর্বত্র ব্যাপ্তিশীল, সর্বব্যাপক, all-pervading. উপতৎ; সর্ব—বি—আপ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ব্যাপিনী, -ণী।
সর্বমঙ্গলময়—১। ঈশ্বর। বি; পুং। ২। সমস্তপ্রকার কল্যাণের আধার। সর্বমঙ্গল+ময়ট্ স্বরূপার্থে। বিণ। স্ত্রী, -য়ী। [আপ্। বি; স্ত্রী।
সর্বমঙ্গলা—দুর্গা। সর্ব মঙ্গল যাঁহা হইতে, বহু+
সর্বময়—১। সর্বাত্মক, সকলস্বরূপ, বিরাট্‌রূপী। বিণ। স্ত্রী, -য়ী। ২। ঈশ্বর। সর্ব+ময়ট্ অপৃথগ্-ভাবার্থে। বি; পুং। **সর্বময় কর্তা**—সর্বেসর্বা, সর্বাধিনায়ক। [চশস্। অ।
সর্বশঃ (-শস্)—সর্ববিষয়ে, সকলপ্রকারে। সর্ব+
সর্বশক্তিমান্ (-মৎ)—১। সকলপ্রকার-ক্ষমতাসম্পন্ন, যাহা ইচ্ছা তাহাই করিতে সমর্থ, omnipotent. বিণ। স্ত্রী, -মতী। বি, -মত্তা। ২। ঈশ্বর। সর্বশক্তি +মতুপ্ আছে অর্থে। বি; পুং।
সর্বশেষ—সকলের অন্ত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সর্বশ্রেষ্ঠ—সর্বোত্তম, সকলের মধ্যে উৎকৃষ্ট। ৭মীতৎ। বিণ। [অর্থে ৭মী।
সর্বসমক্ষে—সকলের সম্মুখে। ৬ষ্ঠীতৎ। ক্রি-বিণ
সর্বসম্মত—সকল লোক কর্তৃক অনুমোদিত। ৩য়াতৎ। বিণ। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
সর্বসম্মতি—সকলের অনুমোদন, unanimity.
সর্বসম্মতিক্রমে—সমস্ত লোকের মত-অনুসার, সকলের অনুমোদন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সর্বসাধারণ—সমস্ত লোক, ছোট বড় সকল লোক। কর্মধা। বি; পুং। [কর্মধা। বি; ক্লী।
সর্বস্ব—সমুদয় ধন, সকল সম্পত্তি। সর্ব স্ব (ধন),
সর্বস্বান্ত—১। সমস্ত ধনসম্পদের বিনাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। যাহার সর্ব ধনসম্পদ্ শেষ হইয়াছে এমন। বহু। বিণ।
সর্বাঙ্গ—সকল অবয়ব। কর্মধা। বি; ক্লী।
সর্বাঙ্গসুন্দর—সকল অংশে বা সকল বিষয়ে উত্তম; সর্বাংশে পরিপাটি। সর্ব অঙ্গ, কর্মধা; তদ্দ্বারা বা

তাহাতে সুন্দর, ৩য়াতৎ বা ৭মীতৎ। বিণ। স্ত্রী, -রী।
সর্বাঙ্গীণ—সকল অঙ্গ সম্বন্ধীয়; সর্বাঙ্গব্যাপক; সকল অবয়বের হিতকারী; সম্পূর্ণ, নিখুঁত। সর্বাঙ্গ+ঈন ব্যাপ্ত্যাদি অর্থে। বিণ। স্ত্রী, -ণা।
সর্বাণী—ভবানী, দুর্গা। সর্ব (শিব)+ঈপ্ (আনুক্-আগম)। বি; স্ত্রী।
সর্বাধিকারী (-কারিন্)—যাহার সকল বিষয়ে অধিকার আছে এরূপ, মন্ত্রী প্রঃ; কায়স্থদের উপাধি বিঃ। সর্ব যে অধিকার, কর্মধা; তদুত্তরে ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী, -কারিণী।
সর্বার্থসাধিকা—১। দুর্গা। বি; স্ত্রী। ২। সকল প্রয়োজন সম্পাদনকারিণী। সর্ব অর্থ, কর্মধা; সর্বার্থের সাধিকা, ৬ষ্ঠীতৎ। বিণ; স্ত্রী।
সর্বেশ্বর—১। শিব; সার্বভৌম, সকলের রাজা। বি; পুং। ২। সকলের প্রভু। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -রী।
সর্বেসর্বা—সকলের উপরিতন কর্তা, একমাত্র কর্তা, all in all ; ইচ্ছামত কার্য করিতে সমর্থ। বাংপ্র। বিণ।
সর্বোত্তম—সকলের চেয়ে ভাল। ৭মীতৎ। বিণ।
সর্বোপরি—সকলের উপর। ৬ষ্ঠীতৎ। অ।
সর্ষপ—সরিষা, rape-seed, mustard. সৃ+অপ্ অপা (স্-আগম)। বি; পুং।
সলজ্জ—সব্রীড়, লজ্জাযুক্ত। বহু। বিণ।
সলা—পরামর্শ। <আ 'সলাহ্'। বি।
সলাজ—লজ্জাযুক্ত। বহু। <সলজ্জ। বিণ।
সলিতা—প্রদীপের বর্তিকা, সরু পলতে। বাংপ্র। বি।
সলিল—বারি, জল। সল্+ইলচ্ কর্তৃ। বি; ক্লী।
সলিলক্রিয়া—তর্পণাদি; জলম্বারা চিতা ধৌতকরণ। ৩য়াতৎ। বি; স্ত্রী।
সলিলসমাধি—জলে ডুবিয়া বিনাশ। ৭মীতৎ। বি; [পুং।
সলীল—লীলাযুক্ত; কৌতুকী। বহু। বিণ।
সল্লকী—শজারু; বাবলা গাছ। সল্+অক কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
সশঙ্ক—ভীত, ত্রস্ত। বহু। বিণ।
সশঙ্কচিত্ত—১। ভয়যুক্ত মন। কর্মধা। বি; ক্লী। ২। যাহার মনে ভয় আছে এমন। বহু। বিণ।
সশঙ্কিত—শঙ্কাযুক্ত। অশুপ্র। বিণ।
সশব্দ—শব্দসহিত। শব্দের সহ বর্তমান, বহু। বিণ।
সশব্দে—শব্দ করিয়া। বহু। ক্রি-বিণ।
সশরীরে—স্বয়ং; মূর্তিধারণ করিয়া। বহু। ক্রি-বিণ।
সশস্ত্র—শস্ত্রধারী, যাহার হাতে শস্ত্র রহিয়াছে এমন, armed বহু। বিণ।
সসত্ত্বা—গর্ভবতী। সত্ত্ব অর্থাৎ প্রাণীর সহ বর্তমান, বহু+আপ্। বিণ; স্ত্রী।
সসম্ভ্রম—গৌরবযুক্ত; ত্বরান্বিত, দ্রুত; সম্মানসূচক-ভাবযুক্ত। বহু। বিণ।
সসম্মান—সম্মানসূচক-ভাবযুক্ত। বহু। বিণ।
সসম্মানে—সম্মানের সহিত, সম্মানপ্রদর্শনপূর্বক। বহু। ক্রি-বিণ।
সসাগরা—সমুদ্রসমেতা, সাগরপরিবেষ্টিতা ('—পৃথিবী')। বহু+আপ্। বিণ; স্ত্রী।
সসীম—সীমাযুক্ত, finite. সীমার সহ বর্তমান, বহু। বিণ।
সমোমিরা—সংকটজনক অবস্থা; কঠিন সমস্যা (একটি সংস্কৃত শ্লোকের চার চরণের প্রথম অক্ষর)। বি।
সসৈন্য—সেনাসমন্বিত, সৈন্যযুক্ত। বহু। বিণ।
সস্তা—সুলভ, যাহার দাম কম এমন, কমদামী। বাংপ্র। বিণ। [আগম)। বিণ বা ক্রি-বিণ।
সস্ত্রীক—স্ত্রীসহিত, সপত্নীক, ভার্যার সহ। বহু (ক-
সস্নেহ—স্নেহযুক্ত; বাৎসল্যযুক্ত। বহু। বিণ। ক্রি-বিণ—সস্নেহে। [বর্তমান, বহু। বিণ।
সস্পৃহ—অভিলাষপূর্ণ, স্পৃহাযুক্ত। স্পৃহার সহিত
সস্মিত—ঈষৎ হাস্যযুক্ত; সহাস্য। বহু। বিণ।
সহ—সহিত; সাহিত্য; সাকল্য; সাদৃশ্য; বিদ্যমানতা; সমৃদ্ধি; সম্বন্ধ। অ।
সহকর্মী (-কর্মিন্)—একত্র কার্যকারী, colleague. সুপ্। বি; পুং, বা বিণ। স্ত্রী, -কর্মিণী। বি, -কর্মিতা।
সহকার—১। সহায়তা, সাহায্য। সহ—কৃ+ঘঞ্ ভাব। ২। আম্রবৃক্ষ। সহ—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং।
সহকারিতা—সাহায্য, সহকারীর কার্য। সহকারিন্+তা ভাবে। বি; স্ত্রী।
সহকারী (-কারিন্)—সহায়, সাহায্যকারী। সহ—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -কারিণী।
সহগমন—সহমরণ; সহিত গমন। সহ—গম্+অনট্ ভাব। বি; ক্লী।
সহগামী (-গামিন্)—সঙ্গী; অনুবর্তী; সঙ্গে গমনকারী। উপতৎ; সহ—গম্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -গামিনী।
সহচর—সঙ্গী; বন্ধু, সখা; জামিন, প্রতিভূ। সহ—চর্+অচ্ কর্তৃ। বি; পুং বা বিণ। স্ত্রী, -রী।
সহজ—স্বাভাবিক; সুলভ; অনায়াসসিদ্ধ; সুবোধ্য; সরল; যাহা কঠিন নহে এমন, সুকর; সহজাত; প্রাকৃতিক। সহ—জন্+ড কর্তৃ। বিণ।
সহজজ্ঞান, -প্রবৃত্তি—জন্মগতবোধ, সহজাত সংস্কার, instinct. কর্মধা। বি; ক্লী, স্ত্রী।
সহজলব্ধ—অনায়াসে প্রাপ্ত। সহজে লব্ধ, সুপ্। বিণ। [সময়ে উৎপন্ন। সুপ্। বিণ।
সহজাত—জন্মসহ উৎপন্ন ('কর্ণের — কুণ্ডল'); একই
সহজাতসংস্কার—সহজজ্ঞান; সহজপ্রবৃত্তি। কর্মধা। বি; পুং। [আনন্দ। কর্মধা। বি; পুং।
সহজানন্দ—(বৌদ্ধ সম্প্রদায় বিঃর মতে) পারমার্থিক
সহজিয়া—১। বৈষ্ণবসম্প্রদায় বিঃ; বৈষ্ণবসাধনার পদ্ধতি বিঃ। বি। ২। প্রাকৃতিক। বাংপ্র। বিণ।
সহদেব—মাদ্রীর গর্ভজাত পাণ্ডুর কনিষ্ঠ পুত্র। দেবের (ক্রীড়ার, বা দেবতাদের) সহিত বর্তমান, বহু। বি; পুং।
সহধর্মিণী—ভর্তার সহিত ধর্মানুষ্ঠানকারিণী, পত্নী; ভার্যা। সহ ধর্ম, সুপ্; তদুত্তরে ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

সহন—১। **সহিষ্ণু**। সহ্+অন কর্তৃ। বিণ। ২। সহ্য করা; **ক্ষমা**। সহ্+অনট্ ভাব। বি; ক্লী।

সহনীয়—সহ্য করিবার যোগ্য। সহ্+অনীয় কর্ম। বিণ।

সহপাঠী (-পাঠিন্)—এক বিদ্যালয়ে বা এক গুরুর নিকট এক শ্রেণীতে বা একত্র অধ্যয়নকারী। উপ-তৎ; সহ—পঠ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-পাঠিনী**।

সহবত—সঙ্গ; সঙ্গজনিত শিক্ষা। < আ 'সুহ্‌বৎ'। বি।

সহবাস—একত্র অবস্থিতি, একসঙ্গে বাস; স্বামী-স্ত্রীরূপে বাস; স্ত্রীপুরুষের যোগ, যৌন সম্ভোগ। সহ—বস্+ঘঞ্ ভাব। বি; পুং।

সহমরণ—অনুমরণ; মৃত পতির সহিত মরণ। সহ—মৃ+অনট্ ভাব। বি; ক্লী।

সহমৃতা—যে স্ত্রী মৃত স্বামীর চিতায় প্রাণত্যাগ করে এমন। সহ (সহিত) মৃতা সুপ্। বিণ; স্ত্রী।

সহযাত্রা—একসঙ্গে প্রস্থান। সুপ্। বি; স্ত্রী।

সহযাত্রী (-যাত্রিন্)—একসঙ্গে গমনকারী। সহ যাত্রী, সুপ্। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-যাত্রিণী**।

সহযোগ—সংযোগ, মিলন; সাহায্য, সহকারিতা, co-operation. সহ—যুজ্+ঘঞ্ ভাব। বি; পুং।

সহযোগিতা—একসঙ্গে কার্যকরণ; সহকারিতা, co-operation. **সহযোগিন্**+তা ভাবে। বি; স্ত্রী।

সহযোগী (-যোগিন্)—সাহায্যকারী; একসঙ্গে কার্যকারী। সহযোগ+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-যোগিনী**।

সহর—'শহর' শব্দের আগেকার বানান।

সহর্ষ—হৃষ্ট, হর্ষযুক্ত, আহ্লাদিত; অবিমর্ষ। হর্ষের সহ বর্তমান, বহু। বিণ। স্ত্রী, **-র্ষা**।

সহসা—হঠাৎ, অকস্মাৎ, শীঘ্র। সহ—সো+ডা কর্তৃ। অ।

সহস্র—হাজার, দশশত সংখ্যা; ১০০০-সংখ্যক। সহ—হস্+র কর্তৃ। বি বা বিণ; ক্লী।

সহস্রতম—হাজার সংখ্যার পূরক। সহস্র+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, **-মী**।

সহস্রধা—সহস্রবার; সহস্রপ্রকার। সহস্র+ধাচ্ প্রকারার্থে। অ। [চশস্ বীপ্সার্থে। অ।

সহস্রশঃ (-শস্)—সহস্র সহস্র, বহুসংখ্যক। সহস্র+

সহস্রাধিক—হাজারের বেশী। ৫মীতৎ। বিণ।

সহস্রার—শিরোমধ্যস্থ সুষুম্নানাড়ীস্থিত সহস্রদল-পদ্ম। সহস্র অর (দল) যাহার, বহু। বি; ক্লী।

সহা—সহ্য করা; সহ্য হওয়া। < সহ্-ধাতু। বাংপ্র। ক্রি [, বি]।

সহাধ্যায়ী (-য়িন্)—সহপাঠী, একই সময়ে এক গুরুর শিষ্য। সহ (সহিত)—অধি—ই+ণিন্ কর্তৃ। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-য়িনী**।

সহানুভূতি—অন্যের সুখদুঃখাদিতে তাদৃশ সুখ-দুঃখাদির অনুভব। সহ—অনু—ভূ+ক্তি ভাব। বি; স্ত্রী।

সহানো—সহ্য করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

সহায়—১। সাহায্যকারী, যে আনুকূল্য করে এমন, সহকারী; পৃষ্ঠপোষক; বিণ। ২। সহচর। সহ (সহিত)—ই+অচ্ কর্তৃ। বি; পুং।

সহায়ক—সাহায্যকারী, পরিপোষক, পৃষ্ঠপোষক। সহ—ই+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িকা**।

সহায়তা—সাহায্য, আনুকূল্য। সহায়+তা ভাবে। বি; স্ত্রী।

সহাস, সহাস্য—হাস্যযুক্ত। বহু। বিণ।

সহাস্যবদন—১। হাসিভরা মুখ। কর্মধা। বি; ক্লী। ২। হাসিমাখামুখযুক্ত। বহু। বিণ।

সহি—১। সহ্য করি। কপ্র। ক্রি। ২। সখী। প্রা কপ্র। ৩। দস্তখত, স্বাক্ষর। < আ 'সহীহ্'। বি। ৪। অনুযায়ী; সমান; প্রমিত; সম্মত। আ-মু। অ। ৫। প্রামাণিক, স্বীকার্য। বাংপ্র। বিণ।

সহিত—১। সঙ্গে; সংযুক্ত। সহ্ (সহ্য করা)+ক্ত কর্তৃ (ই-আগম)। ২। হিতকর, ইষ্টসাধক। বহু। বিণ। [ইষ্ণু কর্তৃ, শীলার্থে। বিণ।

সহিষ্ণু—সহনশীল, ক্ষমাবান্; প্রতীক্ষাশীল। সহ্+

সহিষ্ণুতা—ক্ষমা, সহনশীলতা। সহিষ্ণু+তা ভাবে। বি; স্ত্রী। ['সাইস'। বি।

সহিস—অশ্বপাল, ঘোড়ার পরিচারক। < আ

সহৃদয়—দয়ালু, হৃদয়বান্; প্রশস্তচিত্ত, সদন্তঃকরণ; আন্তরিক; সামাজিক; রসজ্ঞ; বিদ্বান্। বহু। বিণ। বি, **-তা**।

সহোক্তি—কাব্যের অলংকার বিঃ [ইহা অতিশয়োক্তি অলংকারের প্রকারভেদ মাত্র। সহার্থক শব্দের বলে এক বস্তু উভয়ের বাচক হইলে এই অলংকার হয়। এই স্থলে যে অতিশয়োক্তি হয়, তাহা ভেদসত্ত্বেও অভেদ কল্পনা দ্বারা অথবা কার্যকারণের পৌর্বাপর্য বিপর্যয় দ্বারা সংঘটিত হয়। এই অভেদ কল্পনা আবার শ্লেষমূলক বা অশ্লেষমূলক হইতে পারে। যথা—"ধৈরয লাজ মান সঞে ভাগল।"—গোবিন্দ।] সহ উক্তি, সুপ্। বি; স্ত্রী।

সহোদর—এক মাতার গর্ভজাত ভ্রাতা, সোদর; তুল্য ব্যক্তি। সহ (সমান) উদর (মাতৃগর্ভ) যাহার, বহু। বি; পুং। স্ত্রী, **-রা**।

সহ্য—১। সহনীয়, সহনযোগ্য; উপযুক্ত; সমান; প্রচুর; মিষ্ট; মনোজ্ঞ; শক্ত, সমর্থ। সহ্+যৎ কর্ম। বিণ। ২। পশ্চিমঘাট পর্বতের উত্তরাংশ। সহ্+যৎ কর্তৃ। বি, পুং। ৩। বরদাস্ত, সহন। বাংপ্র। বি। **সহ্য করা**—সহা, বরদাস্ত করা। **সহ্য হওয়া**—সহিয়া যাওয়া।

সা—১। সংগীতে ষড়্‌জ-শব্দের সংক্ষেপ। < স। বি। ২। বণিগ্‌জাতির উপাধি বিঃ। < সাহা। বি।

সাইকেল—দ্বিচক্রযান। < ইং 'cycle'. বি।

সাউ—বৈশ্যজাতি বিঃ, উপাধি বিঃ। < সাধু। বি।

সাউকার—বণিক্, মাতব্বর, সাধু। বাংপ্র। বি।

সাউখড়, সাউখর—দাতা; দেনাশোধ সম্বন্ধে যাহার কথার ঠিক থাকে এমন। বাংপ্র। বিণ। বি—**সাউ-খুড়ি সাউখুরি**।

সাংকর্ষ, সাঙ্কর্ষ—সংকরতা, মিশ্রণ। সংকর, সঙ্কর+ষ্যঞ্ ভাবার্থে। বি, স্ত্রী।

সাংকেতিক—সাঙ্কেতিক (তাহা দ্রঃ)।
সাংখ্য—সাঙ্খ্য (তাহা দ্রঃ)।
সাংগ্রামিক—১। সেনাপতি। বি; পুং। ২। যুদ্ধ সম্বন্ধীয়; যুদ্ধোপযোগী; রণকুশল। সংগ্রাম+ইক সম্বন্ধার্থে। বিণ।
সাংঘাতিক—'সাঙ্ঘাতিক' দ্রঃ।
সাংবৎসরিক, সাংবৎসর—সংবৎসর সম্বন্ধীয়; বার্ষিক; প্রতিবর্ষকর্তব্য ('— শ্রাদ্ধ')। সংবৎসর+ইক, অণ্ ভবার্থে, কর্তব্যার্থে। বিণ। স্ত্রী, -কী, -রী।
সাংবাদিক—সংবাদদাতা; সংবাদপত্রের লেখক ইঃ; সংবাদ সম্বন্ধীয়। সংবাদ+ইক আছে অর্থে, সামর্থ্য অর্থে। বি; পুং, বা বিণ।
সাংশয়িক—সন্দিহান, সংশয়যুক্ত; সংশয় সম্বন্ধীয়। সংশয়+ইক সম্বন্ধার্থে। বিণ।
সাংসর্গিক—সংসর্গজাত। সংসর্গ+ইক সম্বন্ধার্থে। বিণ।
সাংসারিক—সংসার সম্বন্ধীয়; সংসারোপযোগী; পারিবারিক; সংসারে আসক্ত। সংসার+ইক সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী, -কী। বি, -তা।
সাঁ, সাঁই—দ্রুত চলনের অব্যক্ত অনুকরণশব্দ। বাংপ্র। অ। [বিণ।
সাঁইত্রিশ—৩৭; ৩৭-সংখ্যক। <সপ্তত্রিংশৎ। বি বা
সাঁওতাল—সাঁওতাল পরগনার আদিম অধিবাসী, আদিম জাতি বিঃ। <সামন্তপাল। বি। বিণ, -লী।
সাঁকো—সেতু, পুল। <সংক্রম। বি।
সাঁচা, সাচ্চা—যথার্থ; সত্য; অকৃত্রিম। হি। বিণ।
সাঁজ—'সাঁঝ' দ্রঃ। [বিঃ। বাংপ্র। বি।
সাঁজসেঁজুতি—বালিকাদের সন্ধ্যাকালে করণীয় ব্রত
সাঁজা—দই জমাইবার জন্য সঞ্চিত অম্ল, দম্বল। <সন্ধান। বি।
সাঁজাল—গরু ঘোড়া প্রঃ মশকোপদ্রবনিবারণ জন্য ঘুঁটে পোড়াইয়া যে ধূম উৎপন্ন করা হয় তাহা। বাংপ্র। বি।
সাঁজো, সাঁজা—টাটকা। বাংপ্র। বিণ।
সাঁজোয়া—বর্ম, অস্ত্রাঘাতনিবারণার্থ কবচ। <সংযোগ। বি।
সাঁঝ, সাঁজ—সন্ধ্যাকাল। <সন্ধ্যা। বি।
সাঁঝবাতি—সন্ধ্যার লোকচলাচল-নিয়ামক আইন, curfew order. ষষ্ঠীতৎ (বাংপ্র)। বি।
সাঁট, সাট—সংক্ষেপ, সংকেত, ইশারা। বাংপ্র। বি।
সাঁতরানো—সন্তরণ করা। 'সম্—তৃ'-ধাতুজ। বাংপ্র। ক্রি [, বি]।
সাঁতলানো—তরকারি মাছ প্রঃ তৈলে ঈষৎ ভাজিয়া লওয়া করা; সম্বরা দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বিঃ, tongs. <সন্দংশিক। বি।
সাঁড়াশি—বড় চিমটা, গরম জিনিস ইঃ ধরিবার যন্ত্র
সাঁতার—জলের উপরে ভাসা বা ভাসিয়া চলিতে থাকা। <সন্তরণ। বি।
সাঁতারু—সন্তরণকারী। সাঁতার+উ নিপুণ অর্থে বা কর্তা অর্থে (বাংপ্র)। বিণ।
সাকল্য—সমুদায়; সম্পূর্ণতা; সমষ্টি। সকল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
সাকাঙ্ক্ষ—আকাঙ্ক্ষাযুক্ত। বহু। বিণ।
সাকার—আকৃতিবিশিষ্ট, যাহার আকার আছে এরূপ। বহু। বিণ। স্ত্রী, -রা।
সাকারবাদ—ঈশ্বরের মূর্তি আছে বা উপাসনায় মূর্তি কল্পনার প্রয়োজন আছে এরূপ। ষষ্ঠীতৎ। বি; পুং।
সাকারবাদী (-দিন্)—সাকারোপাসক, যে ঈশ্বরের মূর্তি বা কোন আকৃতি কল্পনার সমর্থক। উপতৎ; সাকার—বদ্+ণিন্ কর্তৃ। বিণ।
সাকারোপাসক—প্রতিমাপূজক; ঈশ্বরের মূর্তি-কল্পনাপূর্বক তাঁহার উপাসনাকারী। ষষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -সিকা।
সাকারোপাসনা—মূর্তিপূজা। সাকারের উপাসনা, ষষ্ঠীতৎ। বি; স্ত্রী।
সাকিন—নিবাসস্থান, ঠিকানা। আ। বি।
সাকী—মদ্য পরিবেশনকারী। আ। বি।
সাক্ষর—অক্ষরযুক্ত; বিদ্যাবান্। অক্ষরের সহ বর্তমান, বহু। বিণ।
সাক্ষাৎ—১। প্রত্যক্ষীভূত; সম্মুখ, প্রত্যক্ষ; মূর্তিমান্; তুল্য, সদৃশ; স্বয়ং। সাক্ষ—অত্+ক্বিপ্ কর্তৃ। অ। ২। দেখা, মোলাকাত; সমক্ষ। বাংপ্র। বি।
সাক্ষাৎকার—প্রত্যক্ষ করা; দেখা করা। সাক্ষাৎ—কৃ+ ঘঞ্ ভাব। বি; পুং। [বি; পুং।
সাক্ষাৎসম্বন্ধ—বাহ্যসম্বন্ধ, প্রত্যক্ষসম্বন্ধ। সুপ্।
সাক্ষি—সাক্ষ্য। <সাক্ষিন্। বি।
সাক্ষিসাবুদ—সাক্ষী এবং তাহার প্রদত্ত সাক্ষ্য; সাক্ষীর কথা এবং অন্যান্য প্রমাণ। বাংপ্র। বি।
সাক্ষী (সাক্ষিন্)—প্রত্যক্ষদর্শী, স্বয়ংদ্রষ্টা; যে এজাহার দেয়, যাহার কোনও ঘটনা বা বিষয় জানা আছে; উপদেষ্টা; বৃত্তান্তজ্ঞ। সাক্ষাৎ+ইনি 'দ্রষ্টা' অর্থে (নিপা)। বি; পুং, বা বিণ। **সাক্ষী মানা**—'আমি যাহা বলিতেছি সেই বিষয়ে অমুক সাক্ষী' এই কথা বলা।
সাক্ষীগোপাল—পুরীধামের নিকটস্থ শ্রীকৃষ্ণবিগ্রহ বিঃ, পুরীর নিকটস্থ স্থান বিঃ; (ব্যঙ্গার্থে) নিশ্চেষ্টভাবে অবস্থিত ব্যক্তি। বাংপ্র। বি।
সাক্ষ্য—সাক্ষীর কর্ম, প্রমাণ দেওয়া; এজাহার। সাক্ষিন্+ষ্যঞ্ ভাবে বা কর্মার্থে। বি; ক্লী।
সাগর—সমুদ্র, সিন্ধু, অর্ণব, দশপদ্ম সংখ্যা। সগর+ অণ্ সম্বন্ধার্থে বা নির্বৃত্তার্থে। বি; পুং।
সাগরসংগম—সাগরের সহিত নদীর মিলনস্থান। ষষ্ঠীতৎ। বি; পুং। [ভবাদ্যর্থে। বিণ।
সাগরিক—সাগরজাতি; সমুদ্রসংক্রান্ত। সাগর+ইক
সাগু—সাবু, বৃক্ষজাত খাদ্য বিঃ, রোগীর পথ্য বিঃ, sago. মালয়ী। বি।
সাগ্নিক—যে ব্যক্তি সতত যাগশীল ও যাঁহার যজ্ঞাগ্নি নির্বাপিত হয় না এমন; অগ্নিহোত্রী দ্বিজ। অগ্নির সহ বর্তমান, বহু (ক-আগম)। বি; পুং, বা বিণ।
সাংকা—'সাংকা' দ্রঃ।

সাঙা—সাঙ্গা (২, ৩) (তাহা দ্রঃ)।

সাঙ্কেতিক—১। সংকেত-কারক। বিণ। স্ত্রী—**সাঙ্কেতিকী**। ২। সংক্ষিপ্ত উপায় অবলম্বন করিয়া অঙ্ক কষিবার প্রক্রিয়া বিঃ, practice. সংকেত+ইক সম্বন্ধার্থে। বি; স্ত্রী।

সাংখ্য—কপিলমুনি-প্রণীত দর্শনশাস্ত্র। সংখ্যা (সম্যক্‌জ্ঞান)+অণ্‌ আছে অর্থে। বি; স্ত্রী।

সাংগ—১। অঙ্গযুক্ত, সম্পূর্ণ; যাহার সমুদয় অংগ সম্পূর্ণ—কোন অঙ্গই বিকল হয় নাই এমন, পূর্ণাঙ্গ। অঙ্গের সহ বর্তমান, বহু। ২। সমাপ্ত। বাংপ্র। বিণ। [বি; স্ত্রী।

সাংগতা—পরিপূর্ণতা; সমাপ্তি। সাংগ+তা ভাবে।

সাংগা—১। অঙ্গযুক্তা। সাঙ্গ+আপ্‌। বিণ; স্ত্রী। ২। নিম্নশ্রেণীর হিন্দুর বিবাহ বিঃ, (প্রায়ই) বিধবার পুনর্বিবাহ। ＜সঙ্গ। ৩। বাঁশ ইঃর আলনা বা জিনিসপত্র রাখিবার তাক। বাংপ্র। বি।

সাঙ্গাত, সাঙ্গাতি, সাঙাত, সেংগাত, সেঙাত—সখা, মিত্র। বাংপ্র। বি।

সাংগোপাংগ—১। সদলবল। অংগ ও উপাংগ, দ্বন্দ্ব, অঙ্গোপাঙ্গের সহ বর্তমান, বহু। বিণ। ২। দলবল; অনুবর্তিগণ। বাংপ্র। বি।

সাংঘাতিক—মারাত্মক, প্রাণনাশক। সংঘাত+ইক হিতার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

সাচি—বক্র, তির্যক্‌। সচ্‌+ইঞ্‌ কর্তৃ। অ।

সাচীকৃত—বক্রীকৃত, বাঁকানো। সাচি+চ্বি—কৃ+ক্ত কর্ম। বিণ।

সাচ্চা—'সাঁচ্চা' দ্রঃ।

সাজ—বেশ, ভূষণদ্রব্য; অস্ত্রশস্ত্রাদি, সরঞ্জাম। ＜সজ্জা। বি। [বাংপ্র। বি।

সাজগোজ—পোশাক-পরিচ্ছদ; পোশাক-পরিধান।

সাজঘর—থিয়েটার বা যাত্রার অভিনেতাদিগের সাজিবার ঘর, green-room. ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

সাজন্ত—মানানসই; শোভন; সাজানো। সাজ্‌+অন্ত কর্তৃ (বাংপ্র)। বিণ। [(বাংপ্র)। বি।

সাজপোশাক—বেশভূষা, সজ্জা ও পরিচ্ছদ। দ্বন্দ্ব

সাজশ—খারাপ কাজে সাহায্য, কুকর্মে সহযোগ, collusion. ＜আ 'সাজিশ'। বি।

সাজ-সরঞ্জাম—বিবিধ উপকরণ; সাজপোশাক; কোন কার্যের প্রয়োজনীয় যন্ত্রপাতি ও উপকরণসমূহ। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

সাজা—১। দধি প্রস্তুত করিবার অম্ল, দম্বল। ＜সন্ধান। বি। ২। সেবনযোগ্য করা; ভান করা; সজ্জিত হওয়া বা করা; মানানো; শোভা পাওয়া। বাংপ্র। ক্রি। ৩। শাস্তি। ＜ফা 'সজা'। বি। ৪। টাটকা ('—দই')। ＜সদ্য। বিণ। **তামাক সাজা**—কলিকাতে তামাক আগুন প্রঃ দিয়া তাহা সেবনোপযোগী করা।

সাজাত্য—সজাতীয়তা; একধর্মাক্রান্ততা; একবিধতা। সজাতি+ষ্যঞ্‌ ভাবে। বি; স্ত্রী।

সাজানো—১। বিন্যস্ত; সজ্জিত; কল্পিকায় বর্ণিত। বিণ। ২। বিন্যস্ত করা; সজ্জিত করা। বাংপ্র। ক্রি।

সাজি—১। পুষ্পচয়ন-পাত্র। বাংপ্র। ২। **সাজিমাটি**। ＜সর্জিকা। বি। ৩। সজ্জিত হইয়া। কপ্র। অসক্রি। [＜সর্জিকা। বি।

সাজিমাটি—বস্ত্রাদি-পরিষ্কারক একপ্রকার মাটি।

সাজো—টাটকা। ＜সদ্য। বিণ।

সাজোয়ান—খুব জোয়ান। বাংপ্র। বিণ।

সাট—সংক্ষেপ, স্বল্পতা; পর পর সামঞ্জস্য; মিল; গুপ্ত মন্ত্রণা; ইশারা, সংকেত। বাংপ্র। বি।

সাটিন—একপ্রকার চিক্কণ রেশমী কাপড়। ইং। বি।

সাড়—স্পন্দন, চৈতন্য; শব্দ; উত্তর; প্রতিক্রিয়া, response; কোলাহল, হাঁকডাক; বাক্য। ＜সাড়া। বি।

সাড়ম্বর—জাঁকাল, জাঁকজমকযুক্ত। বহু। বিণ।

সাড়া—শব্দ, উত্তর; চেতনা; ঠার; বাক্য; ডাক। বাংপ্র। বি। [বাচ্য। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

সাড়াশব্দ—উত্তর এবং শব্দ; কোন প্রকার শব্দ; উচ্চ-

সাড়ে—অর্ধের সহিত। ＜সার্ধ। বিণ।

সাত—৭; ৭-সংখ্যক। ＜সপ্তন্‌। বি বা বিণ। **সাত খুন মাপ**—কাহারও আদরের পাত্র বলিয়া অথবা ক্ষমতা পদবী ইঃর জন্য গুরুতর অন্যায় অপরাধ করিলেও শাস্তি তিরস্কার ইঃ না পাওয়া। **সাত জন্মে**—কোন কালেও, জীবনে কখনও। **সাত তাড়াতাড়ি**—অতিশয় দ্রুত। **সাত সমুদ্র তের নদী পার**—রূপকথায় বর্ণিত সাত সমুদ্র ও তের নদী ছাড়াইয়া; বহুদূরবর্তী। **সাতেও নাই পাঁচেও নাই**—কোন সংস্রবে নাই।

সাতচল্লিশ—৪৭; ৪৭-সংখ্যক। ＜সপ্তচত্বারিংশৎ। বি বা বিণ। [বি; স্ত্রী।

সাতত্য—অবিচ্ছেদ, অবিরতি। সতত+ষ্যঞ্‌ ভাবে।

সাত-নর, -নরী—একপ্রকার হার। বহু; ২য় পক্ষে কর্মধা+ঈ বিশিষ্টার্থে (বাংপ্র)। বি।

সাত-পাঁচ—১। নানাবিষয়। বি। ২। বহুবিধ, নানাপ্রকার। দ্বন্দ্ব। বিণ। [কর্মধা। বি; পুং।

সাতপুরুষ—পিতা পিতামহ প্রঃ ঊর্ধ্বতন সপ্তপুরুষ।

সাতষট্টি—৬৭; ৬৭-সংখ্যক। ＜সপ্তষষ্টি। বি বা বিণ। [বি।

সাতা—সাতটি ফোঁটাযুক্ত তাস। সাত+আ (বাংপ্র)।

সাতাইশ, সাতাশ—২৭ সংখ্যা; ২৭-সংখ্যক। ＜সপ্তবিংশতি। বি বা বিণ।

সাতাইশে, সাতাশে—মাসের সপ্তবিংশতিতম দিবস। সাতাইশ, সাতাশ+এ তারিখ অর্থে। বি বা বিণ।

সাতাত্তর—৭৭; ৭৭-সংখ্যক। ＜সপ্তসপ্ততি। বি। বা বিণ।

সাতানব্বই—৯৭-সংখ্যা; ৯৭-সংখ্যক। ＜সপ্তনবতি। বি বা বিণ। [বি বা বিণ।

সাতান্ন—৫৭-সংখ্যা; ৫৭-সংখ্যক। ＜সপ্তপঞ্চাশৎ।

সাতাশ—'সাতাইশ' দ্রঃ।

সাতাশি, **সাতাশী**—৮৭-সংখ্যা; ৮৭-সংখ্যক। ＜সপ্তাশীতি। বি বা বিণ।

সাতাশে—'সাতাইশে' দ্রঃ।
সাতিশয়—অধিক, অত্যন্ত। বহু। বিণ।
সাত্ত্বিক—১। ব্রহ্মা; অন্তঃকরণের ভাব বিঃ; মুক্তসঙ্গ অহংবাদশূন্য ধৃতিমান্ উৎসাহী সিদ্ধাসিদ্ধবিষয়ে নির্বিকার ব্যক্তি; প্রণয় ইঃ জনিত মনের ভাব বিঃ (স্তম্ভ, স্বেদ, রোমাঞ্চ, স্বরভঙ্গ, বেপথু, বৈবর্ণ্য, অশ্রু, প্রলয় বা মূর্ছা—এই অষ্টবিধ অবস্থা)। বি; পুং। ২। সত্ত্বগুণজাত; সত্ত্বগুণ সম্বন্ধীয়; ফলাকাঙ্ক্ষাশূন্য ('—কর্ম'); সত্য, যথার্থ; সাধু, সৎ। সত্ত্ব+ইক সম্বন্ধার্থে, উৎপন্নার্থে। বিণ। স্ত্রী, -**কী**।
সাত্ত্বিকাহার—সত্ত্বগুণবর্ধক খাদ্য; মাছ মাংস পেঁয়াজ প্রঃ শূন্য খাদ্য; আয়ুঃ বল সুখ ও চিত্তশান্তিবর্ধক খাদ্য। কর্মধা। বি; পুং।
সাথ—সহিত। < সার্থ। অ।
সাথী—সঙ্গী, সহচর। < সার্থিক। বি।
সাদর—আদরসহিত, আদরযুক্ত। আদরের সহ বর্তমান, বহু। বিণ।
সাদরে—আদরের সহিত। আদরের সহিত বর্তমান, বহু, এরূপে। ক্রি-বিণ।
সাদা—শ্বেত; সরল ('—প্রাণ'); যাহাতে লেখা হয় নাই এমন ('—কাগজ'); সহজ; স্ট্যাম্পহীন; স্পষ্ট; অরঞ্জিত, আড়ম্বরশূন্য। < ফা 'সাদহ্'। বিণ। [কর্মধা (বাংপ্র)। বিণ।
সাদাসিধা, -সিধে—আড়ম্বরশূন্য, সরল; সোজাসুজি।
সাদি—বিবাহ। < ফা 'শাদি'। বি।
সাদী (-সাদিন্)—অশ্বারোহী; রথারোহী; গজারোহী। সদ্+ণিন্ কর্তৃ। বি; পুং।
সাদৃশ্য—তুল্যতা, সাম্য। সদৃশ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
সাধ—বাসনা, অভিলাষ; শখ; গর্ভিণীর ইচ্ছামত ভোজন, দোহদ, দোহদ সম্বন্ধীয় অনুষ্ঠান বিঃ। < শ্রদ্ধা। বি।
সাধক—সাধনকর্তা, নিষ্পাদক; সহায়ক; আরাধক, সেবক; একনিষ্ঠ চেষ্টাযুক্ত। সিধ্+ণিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**সাধিকা**।
সাধন—১। করণকারক বিঃ; উপায়; সহায়, কারণ, হেতু; সৈন্য, বাহন; সম্পত্তি; প্রমাণ; উপকরণ; যুদ্ধোপকরণ, সাধিত্র, instrument, tool; **শিশ্ন**। সিধ্+ণিচ্ (=সাধি—নিষ্পন্ন করা)+অনট্ করণ। ২। মন্ত্রসিদ্ধিকরণ; সিদ্ধি; আরাধনা; গমন; অনুগমন; বিনাশন; হত্যা, বধ; দাপন; পারদাদিশোধন, অন্ত্যেষ্টিক্রিয়া-নিষ্পাদন। সিধ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
সাধনভজন—উপাসনা ও পূজা। দ্বন্দ্ব। বি, ক্লী।
সাধনা—আরাধনা; অভ্যাস, শিক্ষা, উপাসনা; একনিষ্ঠ প্রযত্ন। সিধ্+ণিচ্+অন ভাব+আপ। বি; স্ত্রী। [+ণিচ্+অনীয় কর্ম। বিণ।
সাধনীয়—সাধনযোগ্য, নিষ্পাদ্য; আরাধনীয়। সিধ্
সাধর্ম্য—সমধর্মত্ব; সাম্য, সমতা; সাদৃশ্য। সধর্ম+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
সাধা—১। সম্পাদন করা, পূর্ণ করা; ক্রোধনিবৃত্তির উদ্দেশ্যে অনুনয় করা; অনুনয় করা; সমাধান করা; সিদ্ধিলাভের জন্য অভ্যাস করা ('গলা—'); উপযাচক হইয়া বা গায়ে পড়িয়া কিছু করিতে বা দিতে যাওয়া। বাংপ্র। ক্রি। ২। অভ্যাস দ্বারা নিপুণতাপ্রাপ্ত ('—গলা')। সাধ্+আ কর্ম (বাংপ্র)। বিণ। **বাদ সাধা**—বাধা জন্মাইয়া পণ্ড করা; শত্রুতা করিয়া অভীষ্টলাভে বঞ্চিত করা। **সাধা লক্ষ্মী পায়ে ঠেলা**—বিনা চেষ্টায় আপনা হইতে সমাগত সৌভাগ্যকে ত্যাগ বা উপেক্ষা করা।
সাধারণ—১। সকল ব্যক্তি। বি। ২। তুল্য, একবিধ; যাহা সকলেরই আছে এমন; বিশিষ্টতাহীন; সর্বজনীন; নির্বিশেষ; সামান্য, বর্গের সকলের, common, general; অনেকের সম্বন্ধীয়। ধারণার সহ বর্তমান, বহু=সধারণ; সধারণ+অণ্ স্বার্থে। বিণ। স্ত্রী, -**ণী**। [বিশেষণার্থে। অ।
সাধারণতঃ (-তস্)—সচরাচর। সাধারণ+তস্ ক্রিয়া-
সাধারণতন্ত্র—যেখানে রাজা নাই এবং সর্বসাধারণ লোকের মতানুসারে যাবতীয় রাজকার্য নির্বাহ হয়, republic. সাধারণ-পরিচালিত তন্ত্র, মধ্যপ। বি; ক্লী।
সাধারণধর্ম—চতুর্বর্ণের কর্তব্য ধর্ম; উপমান ও উপমেয় এই উভয় মধ্যে বর্তমান গুণ বা ধর্ম। কর্মধা। বি; পুং।
সাধারণীকরণ—দেশকাল নিরপেক্ষভাবে সর্বলোকের নিকট আদরণীয় করা। সাধারণ—অভূততদ্ভাবার্থে চ্বি—কৃ+অনট্ ভাব। বি; ক্লী।
সাধারণ্য—সাধারণের ধর্ম, যাহা সকলের মধ্যে আছে তাহা; সাধারণের সমবায়। সাধারণ+ষ্যঞ্ ভাবে, কার্যার্থে। বি; ক্লী।
সাধাসাধি—পুনঃ পুনঃ অনুরোধ। বাংপ্র। বি।
সাধিকা—'সাধক' দ্রঃ।
সাধিত—সম্পাদিত; দণ্ডিত; পরিশোধিত, যাহা দেওয়ানো যায় এমন, প্রমাণাদি দ্বারা উদ্ভাবিত; বিনাশিত; পরিশোধিত; অর্থদণ্ডে দণ্ডিত। সিধ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ। [ক্লী।
সাধিষ্ঠান—দেহস্থ ষট্চক্রমধ্যে একচক্র। বহু। বি;
সাধু—১। সৎ; উত্তম; মহৎ; সুন্দর; হিত; সদ্বংশজাত; সমর্থ; উপযুক্ত; উচিত; নিপুণ; সুদখোর। বিণ। স্ত্রী—**সাধ্বী**। ২। মুনি; বণিক্। সাধি+উ কর্তৃ। বি; পুং।
সাধুতা—সৌজন্য, শিষ্টতা, ভদ্রতা; সজ্জনতা, honesty. সাধু+তা ভাবে। বি; স্ত্রী।
সাধুবাদ—"সাধু" এই কথা বলা, প্রশংসা; ধন্যবাদ। সাধু—বদ্+ঘঞ্ ভাব। বি; পুং।
সাধুভাষা—ব্যাকরণ-সম্মত ভাষা; বিশুদ্ধ ভাষা; বহুকাল ধরিয়া পুস্তকাদিতে ব্যবহৃত ভাষা। কর্মধা। বি; স্ত্রী।
সাধুসম্মত—ধার্মিক ব্যক্তিগণের অনুমোদিত; বিশুদ্ধ ('—ভাষা')। তৎপুং। বিণ। [ঈপ্। বিণ; স্ত্রী।
সাধ্বী—পতিব্রতা, সতী, সচ্চরিত্রা; উত্তমা। সাধু+
সাধ্য—১। সাধনীয়, নিষ্পাদ্য, শক্য, জ্ঞেয়; প্রতি-

বিধেয়; নিবর্তনীয়; জ্ঞেয়, প্রতিপাদ্য। সিধ্+ণিচ্+যৎ কর্ম। বিণ। ২। সামর্থ্য, শক্তি; যোগ্যতা। সিধ্+ণিচ্+যৎ করণ। বি; ক্লী।

সাধ্যমত—যথাসাধ্য, ক্ষমতানুরূপ। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। ক্রি-বিণ। [বাংপ্র। বি।

সাধ্যসাধনা, সাধ্যিসাধনা—অনুনয়বিনয়, সাধাসাধি।

সাধ্যাতিরিক্ত—ক্ষমতার অতীত: অসাধ্য। ৫মীতৎ। বিণ। [বিণ।

সাধ্যাতীত—সাধ্যাতিরিক্ত, ক্ষমতার বাহির। ২যাতৎ।

সাধ্যানুসারে—যথাসাধ্য, ক্ষমতানুযায়ী। সাধ্যের অনুসার, ৬ষ্ঠীতৎ, তাহাতে। বি: ক্রি-বিণ অর্থে ৭মী।

সাধ্যাসাধ্য—শক্য ও অশক্য। দ্বন্দ্ব। বি; ক্লী, বা বিণ।

সাধ্যি—ক্ষমতা, শক্তি; যোগ্যতা। <সাধ্য। বি।

সান—চেতনা, স্পর্শবোধ। <সংজ্ঞা। বি।

সানক, সানকি—চিনামাটি বা এনামেলের থালা। <আ 'সহ্‌নক'। বি।

সানন্দ—সহর্ষ; আহ্লাদিত। বহু। বিণ।

সানা—১। তাঁতের মধ্যে যাহার ভিতর দিয়া টানার সুতাগুলি একটি একটি করিয়া প্রসারিত থাকে তাহা। বি। ২। চটকাইয়া মাখা; চৈতন্য হওয়া; শান্ত হওয়া। বাংপ্র। ক্রি।

সানাই—এক প্রকার বাঁশি। < ফা 'শহ্‌নাঈ' বা 'সানেয়িকা', 'সানেয়ী'। বি।

সানিকা, সানেয়িকা, সানেয়ী—বংশী; সানাই। সন্+ণক কর্তৃ+আপ্; সন্+ঘঞ্ ভাব, সান+এয় করে অর্থে, সানেয়+কন্ স্বার্থে+আপ্; সানেয়+ঈপ্। বি; স্ত্রী।

সানু—পর্বতের উপরিস্থ সমান ভূমি, গিরিতট, অধিত্যকা; অগ্রভাগ, চূড়া; বন; বাত্যা; পথ; পল্লব। সন্+ঞুণ্ কর্তৃ। বি, পুং বা ক্লী।

সানুজ—ছোট ভাই-এর সহিত, অনুজসহিত। অনুজের সহ বর্তমান, বহু। বিণ।

সানুদেশ—পর্বতের উপরের সমতল স্থান। কর্মধা। বি; পুং। [সহ বর্তমান, বহু। বিণ।

সানুনয়—সবিনয়; বিনয়পূর্ণ; অনুনয়যুক্ত। অনুনয়ের

সানুনয়ে—অনুনয়পূর্বক, বিনয়সহকারে। অনুনয়ের সহিত বর্তমান, বহু, এবংপে। ক্রি-বিণ।

সানুবন্ধ—নির্বন্ধযুক্ত ('—অনুরোধ'); নিরন্তর; (ব্যাক) ইৎ-যুক্ত। অনুবন্ধের সহ বর্তমান, বহু। বিণ। [বি; পুং।

সানুমান্ (-মৎ)—পর্বত। সানু+মতুপ্ আছে অর্থে।

সান্ত—সীমাযুক্ত; সসীম, finite. অন্তের সহিত বর্তমান, বহু। বিণ। [করা। বহু। বিণ।

সান্তর—ব্যবধানবিশিষ্ট, বিরল; তফাত; সচ্ছিদ্র, গর্ত-

সান্তরতা—যে গুণ থাকাতে জড় বস্তুর পরমাণুগণের মধ্যে কিঞ্চিৎ কিঞ্চিৎ অবকাশ বা অন্তর থাকে তাহা। সান্তর+তা ভাবে। বি; স্ত্রী।

সান্তারা—একপ্রকার কমলা লেবু। <পো 'cintra'. বি।

সান্ত্বন, সান্ত্বনা—প্রিয়বাক্য দ্বারা প্রবোধ দেওয়া, শান্ত করা; প্রণয়; সাম, সন্ধি; সস্নেহ সাদর সম্ভাষণ ও কুশল প্রশ্ন। সান্ত্ব্+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্ বি; ক্লী, স্ত্রী।

সান্ত্বিত—যাহাকে সান্ত্বনা দেওয়া হইয়াছে এমন। সান্ত্বনা+ইতচ্ যুক্তার্থে। বিণ। [বি।

সান্ত্রী—প্রহরী; পাহারাদার সৈন্য। <ইং 'sentry'

সান্দ্র—১। নিবিড়, ঘন: তরল ও গাঢ়, viscous; মৃদু, মনোজ্ঞ; প্রবন্ধ। বিণ। ২। বন। সহ—অন্দ্+রক্ কর্তৃ। বি; ক্লী।

সান্ধ্য—সন্ধ্যাকালীন; সন্ধ্যা সম্বন্ধীয়। সন্ধ্যা+অণ্ ভবার্থে। বিণ। **সান্ধ্য আইন**—সন্ধ্যার পর লোক-চলাচল-নিয়ন্ত্রক আইন, curfew order.

সান্ধ্যগগন—সন্ধ্যাকালীন আকাশ। কর্মধা। বি; ক্লী।

সান্ধ্যতারা, -নক্ষত্র—সূর্যাস্তের পর প্রথম দৃষ্ট নক্ষত্র, সন্ধ্যাকালে উদিত নক্ষত্র। কর্মধা। বি; স্ত্রী, ক্লী।

সান্ধ্যদীপ, -প্রদীপ—সন্ধ্যাকালে প্রজ্বলিত দীপ। কর্মধা। বি; পুং। [বি; ক্লী।

সান্নিধ্য—সন্নিধান, সামীপ্য। সন্নিধি+ষ্যঞ্ স্বার্থে।

সান্নিপাতিক—ত্রিদোষজ; বাত-পিত্ত-কফজ; সাংঘাতিক; মিশ্রিত। সন্নিপাত+ইক জাতার্থে, কোপনার্থে। বিণ। [বহু। বিণ

সান্বয়—বংশসহিত; গদ্যসহ। অন্বয়ের সহ বর্তমান,

সাপ—অহি। <সর্প। বি। স্ত্রী—**সাপিনী**। **সাপে নেউলে**—ভীষণ শত্রুতা। **সাপের হাঁড়ি**—অতি ক্রুদ্ধস্বভাবা নারী।

সাপট—দম্ভ, আস্ফালন, তড়পানো। বাংপ্র। বি।

সাপটা—১। সাধারণ; যেরূপ জোটে সেইরূপ, যাহাতে ইতরবিশেষ নাই এমন; বাছাই-না-করা। বিণ। ২। মোটামুটি। বাংপ্র। ক্রি-বিণ।

সাপটানো—ঠিক করিয়া গুছানো; জড়াইয়া ধরা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [মান, বহু। বিণ।

সাপরাধ—দোষী, অপরাধী। অপরাধের সহিত বর্ত-

সাপুড়িয়া, সাপুড়ে—যাহারা সাপ লইয়া খেলা করে বা সাপ ধরে। সাপ +উড়িয়া, উড়ে (বাংপ্র)। বি।

সাপেক্ষ—অপেক্ষাযুক্ত; পরস্পরাপেক্ষী, dependent; সাকাঙ্ক্ষ। বহু। বিণ।

সাফ—স্পষ্ট; সাদা; নির্মল, পরিষ্কৃত; নির্দোষ, নিষ্কলঙ্ক। আ। বিণ।

সাফকবালা—সম্পূর্ণ স্বত্বত্যাগপূর্বক বিক্রয়ের পত্র। কর্মধা (আ-মু)। বি।

সাফল্য—সফলতা, ফলোৎপত্তি; লাভজনকতা। সফল ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

সাফা—সাফ। আ-মু। বিণ।

সাফাই—দোষক্ষালন; পরিষ্কার করা। আ-মু। বি। **সাফাই গাওয়া**—স্বয়ং বা অমুক নির্দোষ এইরূপ বলিয়া বেড়ানো। **সাফাই সাক্ষী**—যে সাক্ষী ঘটনার প্রত্যক্ষদর্শী না হইলেও আদালতে উপস্থিত হইয়া অভিযুক্ত ব্যক্তির স্বভাব-বিষয়ে সাক্ষ্যদান করে এবং তৎকর্তৃক কোন অন্যায় কার্য হইতে পারে না এরূপ বলে; আসামী পক্ষের সাক্ষী।

সাবকাশ—অবসরবিশিষ্ট; যাহাতে ফাঁক আছে এমন। বহু। বিণ।

সাবধান—১। সতর্ক, অবহিত, হুঁশিয়ার। অবধানের সহ বর্তমান, বহু। বিণ। ২। খুব হুঁশিয়ার থাকিও, take care. বাংপ্র। অ।

সাবধানতা—সতর্কতা। সাবধান+তা ভাবে। বি; স্ত্রী।

সাবধানী—সতর্ক, হুঁশিয়ার। সাবধান+ঈ স্বার্থে (বাংপ্র)। বিণ।

সাবন—এক সূর্যোদয় হইতে অপর সূর্যোদয় পর্যন্ত কাল অনুসারে গণিত ('—দিন', '—মাস', '—বৎসর')। সবন+অণ্। বিণ। স্ত্রী, -নী।

সাবয়ব—অবয়ববিশিষ্ট। বহু। বিণ।

সাবর্ণি—১। সূর্যপুত্র, অষ্টম মনু। সবর্ণা (সূর্যের পত্নী)+ইঞ্ অপত্যার্থে। ২। গোত্র বিঃ। সাবর্ণ (অষ্টম মনু)+ইঞ্ গোত্রাপত্য অর্থে। বি; পুং।

সাবলীল—স্বাচ্ছন্দ্যপূর্ণ, অবাধ, অনায়াসকৃত। বহু। বিণ। [বাংপ্র। বিণ।

সাবাড়—সমাপ্ত; নিঃশেষিত, শেষ; ধ্বস্ত, বিনষ্ট।

সাবান—গাত্র ও বস্ত্রাদি পরিষ্কার করিবার ক্ষারদ্রব্য বিঃ, soap; ফেনক। <পো 'sabao' বা ফ্রে 'savon'. বি।

সাবালক—প্রাপ্তবয়স্ক, প্রাপ্তব্যবহার, major. আ-মু। বিণ। [অ।

সাবাস—প্রশংসাসূচক ধ্বনি; বেশ। <ফা 'শাবাশ'।

সাবু— <সাগু। বি।

সাবুদ—সাক্ষ্য, প্রমাণ। <আ 'সুবুৎ'। বি।

সাবেক—অবশিষ্ট; পুরাতন, আগেকার, প্রাচীন; পূর্বতন। <আ 'সাবিক'। বিণ।

সাব্যস্ত—মীমাংসিত, নির্ধারিত; স্থিরীকৃত। <সব্যবস্থ। বিণ।

সাম (সামন্)—সামবেদ; সামবেদের মন্ত্র; রাজনীতি বিঃ; তোষণ বা সন্ধি; সান্ত্বনা; প্রিয় বচন; গান বিঃ। সো+মন্ কর্তৃ। বি; ক্লী।

সামগ্রী, সামগ্র্য—১। সাকল্য; সমুদয়। সমগ্র+ষ্যঞ্ ভাবে; ১ম পক্ষে তদুত্তরে ঈপ্। ২। কারণকলাপ; দ্রব্য, বস্তু; দলবল; অস্ত্রশস্ত্র; ভাণ্ডার। সমগ্র+ষ্যঞ্ স্বার্থে; ১ম পক্ষে তদুত্তরে ঈপ্। বি; স্ত্রী, ক্লী।

সামঞ্জস্য—সমীচীনতা, উৎকর্ষ; ঔচিত্য, উপযুক্ততা; মিল। সমঞ্জস+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

সামঞ্জস্যবিধান, -সম্পাদন, -সাধন—মিল করা; সমীচীন করা; সংগতিবিধান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

সামনা— <'সম্মুখ'। বি।

সামনা-সামনি—মুখামুখি; সমক্ষে। বাংপ্র। অ।

সামনে—সমক্ষে, সম্মুখে। <সম্মুখ। অ।

সামন্ত—সমীপস্থ রাজা; সামান্য রাজা; অধীন রাজা; অধিনায়ক; প্রতিবেশী; শ্রেষ্ঠ প্রজা ('—মণ্ডল'); উপাধি বিঃ। সমন্ত+অণ্ হিতার্থে। বি; পুং।

সামবাদ—প্রিয়বাক্য। সামসূচক বাদ, মধ্যপ। বি; পুং।

সাময়িক—সময়োচিত; নিয়মানুযায়ী; যাহা চিরস্থায়ী নহে এমন; হঠাৎ উদ্ভূত এবং অল্পকালস্থায়ী ('—উত্তেজনা', '—ক্রোধ')। সময়+ইক যোগ্যার্থে, জাতার্থে। বিণ। স্ত্রী, -কী।

সামরিক—যুদ্ধ সম্বন্ধীয়; যুদ্ধোপযোগী। সমর+ইক সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী, -কী। **সামরিক আইন**—সমরবিভাগে প্রচলিত কঠোর দণ্ডাদি বিধানের আইন, martial law. **সামরিক বিচারালয়**—অপরাধী সৈন্যদের বিচারার্থ সমরবিভাগের আদালত। court martial.

সামর্থ্য—বল; যোগ্যতা; এক শব্দের অন্য শব্দের সহিত যোগ্যতা ও অন্বয়, সংগতার্থতা। সমর্থ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

সামলানো—গোপন করা; সংবরণ করা; বারণ করা; সাবধান হওয়া; প্রকৃতিস্থ হওয়া বা করা; সহ্য করা; প্রতিরোধ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

সামসময়িক—সমকালীন। সমসময়+ইক জাতার্থে। বিণ।

সামাজিক—১। সমাজ সম্বন্ধীয়; সমাজবন্ধ; সহৃদয়; মিশুক; রসজ্ঞ। সমাজ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী। ২। সভ্য, সভাসদ্। সমাজ (সভা)+ইক সাধু অর্থে। বি; পুং। ৩। লৌকিকতা, কাজেকর্মে প্রদেয় উপঢৌকনাদি। বাংপ্র। বি।

সামাজিকতন্ত্র—দেশের উৎপন্ন দ্রব্য বিলি ও ভোগের অধিকার ব্যক্তিগত নহে—সমাজগত এই মতবাদ, socialism. সামাজিক তন্ত্র, কর্মধা। বি; ক্লী।

সামাজিকতা—১। সভ্যতা; রসজ্ঞতা। সামাজিক+তা ভাবে। বি; স্ত্রী। ২। লৌকিকতা, লোকাচার, সমাজব্যবহার। বাংপ্র। বি।

সামাজিকমৃত্যু—রাজদ্রোহ প্রঃ উৎকট অপরাধে অপরাধীর সমাজ হইতে বহিষ্করণ। কর্মধা। বি; পুং।

সামান্য—১। সাধারণ, বিশিষ্টতাহীন; বর্গের সকলের, যাহা সকলের আছে এমন, common, general, generic; সর্ব বিষয়ক। সমান+ষ্যঞ্ স্বার্থে। বিণ। ২। বর্গের সাধারণ লক্ষণসমূহ, সাধর্ম্য, generic properties. সমান+ষ্যঞ্ ভাবে। ৩। অল্প, কিঞ্চিৎ; অতি তুচ্ছ। বাংপ্র। বিণ।

সামান্যতঃ (-তস্)—সচরাচর, সাধারণতঃ; সামান্যরূপে। সামান্য+তস্। অ।

সামাল—১। আত্মসংবরণ, সাবধানতা; গোপন। বি। ২। সাবধান হও; রক্ষা কর। <সম্ভার। অ।

সামিয়ানা—চাঁদোয়া, চন্দ্রাতপ, পাইল [নূতন বানান 'শামিয়ানা']। <ফা 'শামিয়ানহ্'। বি।

সামিল—অন্তর্গত; সংক্রান্ত; অন্তর্ভুক্ত, একসঙ্গের [নূতন বানান 'শামিল']। <আ 'শামিল'। বিণ।

সামীপ্য—নৈকট্য, সান্নিধ্য। সমীপ+ষ্যঞ্ স্বার্থে বা ভাবে। বি; ক্লী।

সামুদ্র—১। সমুদ্রফেন; সমুদ্রলবণ; শরীরস্থ চিহ্ন; দেহস্থ-চিহ্নঘটিত শুভাশুভ লক্ষণসূচক শাস্ত্র। সমুদ্র+অণ্ ভবাদ্যর্থে। বি; ক্লী। ২। সমুদ্রজাত; সমুদ্র সম্বন্ধীয়। সমুদ্র+অণ্ সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী, -দ্রী।

সামুদ্রিক—১। শরীরচিহ্নের শুভাশুভ-প্রকাশক দৈবজ্ঞ। সমুদ্র (চিহ্ন)+ইক জ্ঞাতার্থে। বি; পুং। ২। শরীরচিহ্ন সম্বন্ধীয় (শাস্ত্রাদি); সমুদ্র

সম্বন্ধীয়। সমুদ্র+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী।**

সামূহিক—সমষ্টিগত, collective. সমূহ+ইক সম্বন্ধাদ্যর্থে। বিণ।

সাম্পান—ছোট নৌকা বিঃ, sampan। চীনা। বি।

সাম্প্রতিক—আজকালকার, কিছুকাল পূর্বের; বর্তমান ('—কাল')। সম্প্রতি+ইক ভবার্থে। বিণ। স্ত্রী, **-কী।**

সাম্প্রদায়িক—সম্প্রদায় সম্বন্ধীয়; বিভিন্ন দল-সংক্রান্ত, দলাদলিঘটিত। সম্প্রদায়+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী।**

সাম্প্রদায়িকতা—স্ব স্ব সম্প্রদায়ের প্রতি পক্ষপাতিত্ব। সাম্প্রদায়িক+তা ভাবার্থে। বি; স্ত্রী।

সাম্প্রদায়িকতাবাদী (-দিন্)—যে সাম্প্রদায়িকতা প্রচার করে। উপতৎ; সাম্প্রদায়িকতা—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। [ভাবে। বি; ক্লী।

সাম্য—তুল্যতা, সমতা, সাদৃশ্য। সম (তুল্য)+ষ্যঞ্

সাম্যবাদ—গণ-সাম্যবাদ, মার্কস-এর গণতান্ত্রিকনীতি (যাহা ব্যক্তিগত মালিকানা লোপ ও দেশের সম্পদ সমবন্টনের পক্ষপাতী), communism. ৬ষ্ঠীতৎ। বি; পুং। বিণ, **-বাদী।** (-বাদিন্)।

সাম্যভাব—স্থিরাবস্থা, equilibrium. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সাম্যসংস্থাপন—ধনী দরিদ্র প্রঃর ভেদাভেদ দূর করিয়া সমাজে সমতার প্রতিষ্ঠা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

সাম্রাজ্য—সম্রাটের শাসনাধীন রাজ্য, সর্বপ্রধান রাজ্য; সার্বভৌমত্ব। সম্রাজ্+ষ্যঞ্ অধিকারার্থে, ভাবাদ্যর্থে। বি; ক্লী।

সাম্রাজ্যবাদ—সাম্রাজ্যরক্ষার নীতি, imperialism. সাম্রাজ্যসম্বন্ধীয় বাদ, মধ্যপ। বি; পুং। বিণ, **বাদী** (-দিন্)।

সায়—১। সায়ংকাল, দিনান্ত; শর, বাণ। সো+ণ কর্তৃ। ২। শেষ; নাশ; অবসান। সো+ঘঞ্ ভাব। বি; পুং। ৩। স্বীকার, সম্মতি; সাড়া। বাংপ্র। বি।

সায়ংকাল—সন্ধ্যাকাল। কর্মধা। বি; পুং।

সায়ং—সায়ম্ (তাহা দ্রঃ)। [বি; ক্লী।

সায়ংকৃত্য—সন্ধ্যাকালে করণীয় আহ্নিকাদি। সুপ্।

সায়ংসন্ধ্যা—সন্ধ্যাকালীন আহ্নিক। সায়ংকৃত্যা সন্ধ্যা, মধ্যপ। বি; স্ত্রী। [স্বার্থে। বি; পুং।

সায়ক—খড়্গ; বাণ, শর। সো+ঘঞ্ করণবা+কন্

সায়ন্তন—সন্ধ্যাকালীন। সায়ম্+তন (ট্যুল্, তুট্) ভবার্থে। বিণ। স্ত্রী, **-নী।**

সায়ম্, সায়াহ্ন—সন্ধ্যাকাল, দিনান্ত; দিনকে পাঁচ-ভাগ করিলে তাহার পঞ্চমভাগ। সো+এম্ কর্তৃ; অহঃ অর্থাৎ দিনের ('অহন্'-শব্দ) সায়, একদেশী (টচ্ সমাসান্ত ও অহন্-স্থানে অহ্ন)। অ, বি; পুং।

সায়র—সমুদ্র; বৃহৎ জলাশয়। < সাগর। বি।

সায়া—স্ত্রীলোকদিগের শাড়ির নীচে পরিধেয় ঘাঘরা। < পো 'saia'. বি।

সায়াহ্ন—'সায়ম্' দ্রঃ।

সায়াহ্নকৃত্য—সায়ংকৃত্য (তাহা দ্রঃ)।

সাযুজ্য—সাম্য, সাদৃশ্য; সহযোগ, অভেদ; পঞ্চপ্রকার মুক্তির অন্তর্গত মুক্তি বিঃ। সযুজ্ (যুক্ত)+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

সার—১। শ্রেষ্ঠাংশ; বৃক্ষের মজ্জা; তত্ত্বার্থ; সংক্ষেপ; মজ্জা; বায়ু; বল; তেজ; পীড়া; নবনীত, সর। সৃ+ঘঞ্ কর্তৃ। ২। কাঠিন্য, দৃঢ়তা; উৎকর্ষ। সৃ+ঘঞ্ ভাব। বি; পুং। ৩। ধন; জল; উপযুক্ততা; মৃত্তিকার উর্বরতাসাধক বস্তু, manure; রহস্য; অর্থালংকার বিঃ। বি; ক্লী। ৪। শ্রেষ্ঠ, উৎকৃষ্ট; স্থায়ী; ন্যায্য; নানাবর্ণ, চিত্রবিচিত্র; সংক্ষিপ্ত ('—কথা')। সৃ+ঘঞ্ কর্ম। বিণ।

সারক—বিরেচক, ভেদ-কারক। সৃ+ণিচ্+ণক কর্তৃ। বিণ। [কৃৎ। বিণ।

সারগর্ভ—সারপূর্ণ, যাহার ভিতরে সার আছে এমন।

সারগ্রাহী (-গ্রাহিন্)—শ্রেষ্ঠাংশ গ্রহণকারী। সার—গ্রহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গ্রাহিণী।** বি, **-গ্রাহিতা।**

সারঙ্গ—বেহালাজাতীয় বাদ্যযন্ত্র বিঃ; সারঙ্গী; স্বর্ণ; ধনুক; চন্দন; কর্পূর; মৃগ, spotted deer; হস্তী; ময়ূর, ভ্রমর; চাতক। সৃ+অঙ্গচ্ কর্তৃ অথবা সার (চিত্রবিচিত্র) অঙ্গ যাহার, বহু। বি; ক্লী। [স্ত্রী।

সারঙ্গী—তারের বাদ্যযন্ত্র বিঃ। সারঙ্গ+ঈপ্। বি;

সারণ—অপসারণ, চালন। ণিজন্ত সৃ (= সারি)+অনট্ ভাব। বি; ক্লী।

সারণি—পথ। সারি+অণি কর্তৃ। বি; স্ত্রী।

সারণিক—পথিক। সরণি+ইক। বি; পুং।

সারণী, -ণি—তালিকা, table; ছোট নদী। ণিজন্ত সৃ (=সারি)+অনট্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

সারথি—রথাদিচালক; সহায়। সৃ+অথিণ্ কর্তৃ। বি; পুং।

সারথ্য—রথাদিচালন; সারথির কার্য; সাহায্য, যান। সারথি+ষ্যঞ্ কার্য অর্থে। বি; ক্লী।

সারদা—দুর্গা; সরস্বতী; লক্ষ্মী। উপতৎ; সার—দা+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী। [বি, স্ত্রী।

সারবত্তা—শ্রেষ্ঠত্ব, সারপূর্ণতা। সারবৎ+তা ভাবে।

সারবন্দী—শ্রেণীবদ্ধ। ৭মীতৎ (বাংপ্র)। বিণ।

সারবান্ (-বৎ)- উৎকৃষ্ট; সারপূর্ণ। সার+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বতী।**

সারভূত—শ্রেষ্ঠ; সারত্বপ্রাপ্ত। সার—ভূ+ক্ত কর্তৃ। বিণ। [পুং।

সারমর্ম (-মর্মন্)—সংক্ষিপ্ত তাৎপর্য। কর্মধা। বি;

সারমেয়—কুক্কুর। সরমা (কুক্কুরী)+এয় অপত্যার্থে। বি; পুং। [ক্লী।

সারল্য—সরলতা, অকাপট্য। সরল+ষ্যঞ্ ভাবে। বি;

সারস—১। স্বনামপ্রসিদ্ধ জলচর পক্ষী; হংস। বি; পুং। ২। সরোবর সম্বন্ধীয়। সরস্+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-সী।**

সারসংগ্রহ, -সংকলন—চুম্বককরণ; সারাংশের আহরণ; মর্মগ্রহণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।

সারস্বত—১। ব্রাহ্মণের শ্রেণী বিঃ। বি, পুং। ২। **সরস্বতী** সম্বন্ধীয়; বিদ্বান্। সরস্বতী (বাগ্-দেবী)+অণ্ সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী, -তী।
সারহীন—অসার; বাজে, অকেজো। ৩য়াতৎ। বিণ।
সারা—১। সংশোধন করা; আরোগ্য লাভ করা; মেরামত করা; (ব্যঙ্গার্থে) দুর্দশাগ্রস্ত করা; সম্পূর্ণরূপে নষ্ট করা। বাংপ্র। ক্রি [, বি]। ২। সম্পূর্ণ। <সমগ্র। ৩। ক্লান্ত, হয়রান; বিপন্ন। বাংপ্র। বিণ। [পুং।
সারাংশ—মর্ম; প্রধানভাগ; শ্রেষ্ঠাংশ। কর্মধা। বি;
সারানো—মেরামত করানো; সমাপ্ত করানো; আরোগ্য করা; সংশোধন করানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
সারার্থ—প্রধান অর্থ; সারমর্ম। কর্মধা। বি; পুং।
সারাল—সারযুক্ত, সারবান্। সার+আল বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ।
সারি—শ্রেণী, পঙ্‌ক্তি; সমবেত মাঝীদের গান বিঃ। বাংপ্র। বি। **সারি সারি**—শ্রেণীবদ্ধভাবে, অনেকগুলি সারিতে।
সারি, সারী—শালিকপক্ষিণী [বাংলায় শুকের পত্নী]; পাশক, পাশকগুটিকা। সৃ+ইঞ্ কর্তৃ; পক্ষে+ঈপ্। বি; স্ত্রী।
সারিগামা, সারেগামা—সুরসপ্তকের সংক্ষিপ্ত রূপ; আরম্ভ। <স্বরগ্রাম বা সরিগম। বি।
সারিবন্দী—শ্রেণীবদ্ধ। ৭মীতৎ। বিণ।
সারিভারি—ষড়যন্ত্র ("ভরতের সনে তব আছে সারিভারি"—কৃত্তি)। প্রা কপ্র। বি।
সারী—সারি (তাহা দ্রঃ)।
সারূপ্য—সমানরূপতা; যাহাতে ঈশ্বরের তুল্যরূপ হওয়া যায় এরূপ মুক্তি। সরূপ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [কর্ণধার। <ইং 'serang' বি।
সারেঙ্গ, সারেং, সারেঙ—জাহাজের প্রধান চালক বা
সারোদ্ধার—প্রকৃত তাৎপর্য নিরূপণ; সংক্ষিপ্ত সত্য বিবরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সার্কাস—ক্রীড়াচক্র, ব্যায়ামকৌশল ও সিংহ-ব্যাঘ্রাদির ক্রীড়াপ্রদর্শন। <ইং 'circus'. বি।
সার্জ—একপ্রকার পশমী বস্ত্র। <ইং 'serge'. বি।
সার্জন—১। ইওরোপীয় পুলিস পাহারাদার। <ইং 'sergeant'. ২। ইওরোপীয় প্রণালীতে অস্ত্রচিকিৎসক। <ইং 'surgeon'. বি।
সার্টিফিকেট—প্রশংসাপত্র; প্রমাণপত্র। <ইং 'certificate'. বি।
সার্থ—১। বণিক্‌সমূহ; দল; সমূহ; সঙ্গী। বি; পুং। ২। ধনবান্; অর্থ (মানে) যুক্ত। বহু। বিণ।
সার্থক—অর্থযুক্ত; অন্বর্থ; সফল। বহু (ক-আগম)। বিণ। [ভাবে। বি; স্ত্রী।
সার্থকতা—উদ্দেশ্যযুক্ততা; সফলতা। সার্থক+তা
সার্থকনামা (-নামন্)—নামানুরূপ কর্মকারী; যশস্বী। বহু। বিণ। স্ত্রী, -নাম্নী।
সার্থবাহ—বণিক্, দলবদ্ধ হইয়া বাণিজ্যকারী; পথদর্শক। উপতৎ; সার্থ (সমূহ)—বহ্+অণ্ কর্তৃ। বি; পুং।
সার্ধ—অর্ধযুক্ত, অর্ধ-সহিত। বহু। বিণ।
সার্ব—সর্বহিতকর; সর্ব সম্বন্ধীয়। সর্ব+অণ্ হিতার্থে, সম্বন্ধার্থে। বিণ।
সার্বকালিক—যাহা সকল সময়ে হয় এমন। সর্বকাল+ইক ভবার্থে। বিণ। স্ত্রী, -কী।
সার্বজনীন—সর্বলোকবিদিত; সর্বলোকহিতকর; সর্বজনের ইষ্টসাধক; সর্বজনের প্রয়োজনীয় বা উপযুক্ত। সর্বজন+ঈন (খঞ্) সম্বন্ধাদি অর্থে। বিণ। [বিণ। স্ত্রী, -কী।
সার্বত্রিক—সর্বস্থানব্যাপী। সর্বত্র+ইক ব্যাপ্ত্যর্থে।
সার্বদেশিক—সকল দেশের উপযোগী; সকলদেশ সম্বন্ধীয়। সর্বদেশ+ইক সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী, -কী।
সার্বভৌম—১। চক্রবর্তী, সম্রাট্। সর্বভূমি+অণ্ ঈশ্বরার্থে। বি; পুং। ২। জগদ্‌ব্যাপী; জগদ্বিখ্যাত। সর্বভূমি+অণ্ ব্যাপ্ত্যাদ্যর্থে। বিণ। স্ত্রী, -মী।
সার্বলৌকিক—সর্বলোকসম্বন্ধীয়; সর্বত্র প্রসিদ্ধ; সর্বজনবিদিত। সর্বলোক+ইক সম্বন্ধাদ্যর্থে, জ্ঞাতার্থে। বিণ।
সাল—১। বৃক্ষ; সর্জবৃক্ষ; প্রাচীর। সল্+ঘঞ্ অধি। বি; পুং। ২। বৎসর। ফা। বি।
সালংকার, সালঙ্কার—অলংকারযুক্ত, আভরণভূষিত। বহু। বিণ। স্ত্রী, -রা। [বি।
সালতামামি—সাংবৎসরিক বিবরণ; বৎসরান্ত। ফা।
সালতি—একপ্রকার সরু নৌকা, সালকাঠের ছোট নৌকা। বাংপ্র। বি।
সালনির্যাস, সালান—সর্জরস; ধুনা; সালের নির্যাস। ৬ষ্ঠীতৎ; সাল—আ—নী+ড কর্ম। বি; পুং।
সালপানি—কবিরাজী ঔষধে ব্যবহৃত কন্দ বিঃ। আ। বি।
সালসা—রক্ত-পরিষ্কারক ঔষধ বিঃ; রসায়ন ঔষধ। <পো 'salsa'; ইং 'sarsa'. বি।
সালিয়ানা—বার্ষিক। <ফা 'সালানহ্'। বিণ।
সালিস—মধ্যস্থ ব্যক্তি; arbitrator. আ। বি।
সালিসি—মধ্যস্থতা। সালিস+ই কর্মার্থে (আ-মু)। বি।
সালিসী—মধ্যস্থ সম্বন্ধীয়; মধ্যস্থ দ্বারা কৃত। সালিস+ঈ সম্বন্ধাদি অর্থে (আ-মু)। বিণ।
সালু—একপ্রকার সুতী লাল কাপড়। বাংপ্র। বি।
সালোক্য—মুক্তি বিঃ; ইষ্টদেবতার লোকে বাস। সহ যে লোক, কর্মধা; তদুত্তরে ষ্যঞ্। বি; ক্লী।
সাশ্রয়—ব্যয়সংক্ষেপ; খরচ বাঁচা। বাংপ্র। বি।
সাশ্রু—অশ্রুপূর্ণ। বহু। বিণ।
সাশ্রুনয়নে, -নেত্রে, -লোচনে—সজল নয়নে। বহু। ক্রি-বিণ।
সাষ্টাঙ্গ—অষ্টাঙ্গযুক্ত, জানু পদ পাণি বক্ষ মস্তক দৃষ্টি বুদ্ধি বাক্য—এই অষ্ট অঙ্গের সহিত ('—প্রণাম')। বহু। বিণ। [স্ত্রী।
সাস্না—গলকম্বল। সস্+নণ্ কর্তৃ+আপ্। বি;
সাহংকার—অহংকৃত; গর্বিত। বহু। বিণ। স্ত্রী, -রা।

সাহচর্য—সংসর্গ; সঙ্গ, সহচরত্ব; সহায়তা; একাধারে থাকা। সহচর+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
সাহজিক—স্বাভাবিক। সহজ+ইক। বিণ।
সাহস—নির্ভয়তা; অন্তঃকরণের বিক্রম; উৎসাহ; দ্বেষ; অনৌচিত্য; দণ্ড; দস্যুবৃত্তি; অত্যাচার। সহসা+অণ্ কৃত অর্থে, সম্বন্ধার্থে। বি; ক্লী।
সাহসিক, সাহসী (-সিন্)—সাহসের কর্মকারী; নির্ভীক; নির্ভয়। সাহস+ইক, ইন্ আছে অর্থে বা প্রসৃতার্থে। বিণ। স্ত্রী, **-সিকী, -সিনী**।
সাহসিকতা—সাহসিকের ভাব; নির্ভীকতা; ভয়শূন্য হইয়া কোন বিপজ্জনক কার্য সম্পাদনে প্রবৃত্ত হওয়া। সাহসিক+তা ভাবে। বি; স্ত্রী।
সাহসী (-সিন্)—'সাহসিক' দ্রঃ।
সাহা—বণিগ্‌জাতির উপাধি বিঃ। <সাধু। বি।
সাহানা—রাগিণী বিঃ। <ফা 'শাহানা'। বি।
সাহায্য—আনুকূল্য; সহায়তা। সহায়+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
সাহায্যকারী (-রিন্)—সহায়ক; পৃষ্ঠপোষক, সহায়তাকারী। উপতৎ; সাহায্য—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিণী**।
সাহায্যপ্রার্থী (-প্রার্থিন্)—সহায়তা-প্রার্থনাকারী; যে সাহায্য চায় এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-প্রার্থিনী**।
সাহায্যার্থী (-র্থিন্)—সহায়তা-প্রার্থনাকারী, সাহায্য-প্রার্থী। উপতৎ; সাহায্য—অর্থ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-র্থিনী**।
সাহিত্য—**১**। কাব্যশাস্ত্র; চিত্তাকর্ষক রচনা, belles-letters; কবিতা গল্প প্রবন্ধ উপন্যাস আখ্যায়িকা প্রঃ রচনা, literature. সহিত+ষ্যঞ্ করে অর্থে। **২**। সংসর্গ; মিলন; সম্বন্ধ বিঃ, একক্রিয়ান্বয়িত্ব; বুদ্ধি বিঃ। সহিত+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
সাহিত্যকর্ম (-কর্মন্)—সাহিত্য-সৃষ্টি, কবিতা গল্প উপন্যাস ইঃ রচনা। সাহিত্যবিষয়ক কর্ম, মধ্যপ। বি; ক্লী; [স্ত্রী।
সাহিত্যচর্চা—সাহিত্যের আলোচনা। ৬ষ্ঠীতৎ। বি;
সাহিত্যরথী (-রথিন্)—শ্রেষ্ঠ সাহিত্যিক। ৭মীতৎ। বিণ। স্ত্রী, **-রথিনী**।
সাহিত্য-সম্রাট্ (-সম্রাজ্)—সাহিত্যের সকল শাখায় যিনি শ্রেষ্ঠতা লাভ করিয়াছেন এমন ব্যক্তি। ৭মীতৎ। বি; পুং।
সাহিত্যসেবক, -সেবী (-সেবিন্)—কাব্যশাস্ত্র প্রণয়ন-কারী; নিরন্তর সাহিত্যের রচনা ও আলোচনাকারী। ৬ষ্ঠীতৎ; উপতৎ; সাহিত্য—সেব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-সেবিকা, -সেবিনী**।
সাহিত্যসেবা—সাহিত্যের আলোচনা ও প্রণয়ন। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।
সাহিত্যসেবী (-বিন্)—'সাহিত্যসেবক' দ্রঃ।
সাহিত্যামোদী (-মোদিন্)—সাহিত্যের প্রতি অনুরাগ-যুক্ত। ৩য়া বা ৭মীতৎ। বিণ। স্ত্রী, **-দিনী**।
সাহিত্যালোচনা—সাহিত্য-চর্চা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
সাহিত্যিক—সাহিত্য-প্রণয়নকারী; সাহিত্য সম্বন্ধীয়। সাহিত্য+ইক করে অর্থে, সম্বন্ধার্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-কী**।
সাহুকার, সাউকার—বড় মহাজন যে হুণ্ডির কাজ করে। বাংপ্র। বি। বি, **-কারি**।
সাহেব—ইওরোপীয় ব্যক্তি; নকল ইওরোপীয় বা বিদেশী লোক; সম্ভ্রান্ত ব্যক্তি; মহাশয়; প্রধান ব্যক্তি; প্রভু; মুসলমান ভদ্রলোকের উপনাম বিঃ, রাজার ছবিযুক্ত তাস বিঃ, king <আ 'সাহিব'। বি।
সাহেবি, সাহেবি-আনা—সাহেবের মত চালচলন। সাহেব+ই ভাবে; ২য় পক্ষে সাহেবি+আনা স্বার্থে (অ.-মু.)। বি। [মু.)। বিণ।
সাহেবী—সাহেবের ন্যায়। সাহেব+ঈ সদৃশার্থে (অ।
সিউনি—জল-সেচন-পাত্র বিঃ। <সেচনী। বি।
সিউলী—খেজুরের গুড় প্রস্তুতকারী জাতি বিঃ। বাংপ্র। বি।
সিংদরজা—<সিংহদরজা।
সিংহ—পশুরাজ; মৃগেন্দ্র; পঞ্চম রাশি; (কোন শব্দের পরে থাকিলে) শ্রেষ্ঠ। হিন্স্+অচ্ কর্তৃ বা সিচ্+ক কর্তৃ (নিপা)। বি; পুং। স্ত্রী—**সিংহী**।
সিংহগ্রীব—সিংহের গ্রীবার ন্যায় গ্রীবাবিশিষ্ট ("সিংহগ্রীব বন্ধুজীব অধরের তুল"—কাশী)। বহু। বিণ। [মধ্যপ (বাংপ্র)। বি।
সিংহদরজা—সিংহদ্বার; ফটক। সিংহচিহ্নিত দরজা,
সিংহদ্বার—সিংহমূর্তি-চিহ্নিত প্রবেশদ্বার, ফটক, সিংহদরজা। সিংহাঙ্কিত দ্বার (দরজা), মধ্যপ। বি, ক্লী।
সিংহধ্বনি, -নাদ—**১**। যোদ্ধাদিগের আস্ফালনসূচক শব্দ, বীরগর্জন। সিংহের ধ্বনি, নাদ, (তুল্যার্থে) ৬ষ্ঠীতৎ। **২**। সিংহের ডাক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সিংহবাহনা—দুর্গা, ভগবতী। সিংহ বাহন যাঁহার, বহু+আপ্। বি; স্ত্রী।
সিংহবাহিনী—দুর্গা, ভগবতী। সিংহবাহ+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।
সিংহশিশু—সিংহের শাবক; পরাক্রান্ত ও নির্ভীক শিশু; বীরপুরুষের সন্তান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সিংহাবলোকন-ন্যায়—ন্যায় বিঃ [শিকারের চেষ্টায় অগ্রসর হইবার সময়ে সিংহ তাহার নাগালের মধ্যে কোন শিকার আছে কিনা জানিবার জন্য পুনঃ পুনঃ পশ্চাতে দৃষ্টিপাত করে। এইরূপ কোন কাজ করিতে করিতে মাঝে মাঝে গত বিষয়ের আলোচনা এই ন্যায়ের বিষয়]। সিংহের অবলোকন, ৬ষ্ঠীতৎ, তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।
সিংহাসন—রাজাসন; রাজার বসিবার আসন। সিংহ-চিহ্নিত আসন, মধ্যপ। বি; ক্লী।
সিংহাসনচ্যুত—রাজ্যভ্রষ্ট। ৭মীতৎ। বিণ।
সিঁড়ি—সোপান; মই। <শ্রেণী। বি।
সিঁথা, সিঁথি—সীমন্ত। বাংপ্র। বি।
সিঁথি, সিঁথিপাটি—মস্তকের স্বর্ণাভরণ বিঃ। বাংপ্র। বি।
সিঁদুর—রক্তবর্ণ চূর্ণ বিঃ। <সিন্দুর। বি।

সিঁধ—সুড়ঙ্গ; চুরি করিবার উদ্দেশ্যে গৃহের ভিত্তিতে বা প্রাচীরে কৃত গর্ত। <সন্ধি। বি।
সিঁধকাটি—সিঁধ কাটিবার ছোট শাবল। বাংপ্র। বি।
সিঁধাল, সিঁধেল—যে সিঁধ কাটে এমন; সন্ধিখননকারী। সিঁধ+আল, এল খনকার্থে (বাংপ্র)। বিণ।
সিক—শলাকা; ছড়, সরু দণ্ড। <ফা 'সীখ'। বি।
সিকতা—১। বালুকা। সিক্+অতচ্ কর্তৃ+আপ্। ২। বালুকাময় দেশ। সিকতা+অচ্ আছে অর্থে+আপ্। বি; স্ত্রী।
সিকস্ত—১। ভাঙ্গন; ধ্বংস। বি। ২। হতাশ, ভগ্নোদ্যম। ফা। বিণ।
সিকা, সিকে—১। হাঁড়ি প্রঃ ঝুলাইয়া রাখিবার রজ্জুনির্মিত আধার। <সিক্যা। ২। চারি আনা; টাকার চতুর্থ ভাগ; সিকি। <সপাদিকা। বি।
সিকি—মুদ্রার চারিভাগের এক ভাগ; চারি আনা; চতুর্থাংশ, পোয়া; চতুর্থাংশপরিমিত। <সপাদিকা। বি বা বিণ।
সিক্কা—বাদশাহী বা কোম্পানির আমলের পূর্ণ এক তোলা ওজনের টাকা; একতোলা। <আ 'সিক্ক'। বি। [হইয়াছে এমন। সিচ্+ক্ত কর্ম। বিণ।
সিক্ত—আর্দ্রীকৃত; ভিজা; যাহার উপর জল বর্ষণ করা
সিক্থ—মোম। সিচ্+থক্ কর্তৃ। বি; ক্লী।
সিগারেট—পাতলা কাগজে মোড়া ক্ষুদ্র ক্ষুদ্র চুরুট। <ইং 'cigarette'. বি।
সিজ—মনসা গাছ। বাংপ্র। বি।
সিঝা—জলে সিদ্ধ হওয়া। বাংপ্র। ক্রি।
সিঝানো—জলে সিদ্ধ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
সিঞ্চন—সেচন। কপ্র। বি।
সিঞ্চা, সিঁচা, সেঁচা—সেচন করা। কপ্র। ক্রি।
সিঞ্চিত—সিক্ত, যাহা বা যাহাতে সেচন করা হইয়াছে এমন। কপ্র। বিণ।
সিটকানো, সিটকনো—কুঞ্চিত হওয়া; ঘৃণাদি হেতু নাসিকা কুঞ্চিত করা। বাংপ্র। ক্রি [, বি]।
সিটি—বাঁশির শব্দ। বাংপ্র। বি।
সিড়সিড—সড়সড, সুড়সুড়; শিহরন চুলকানো কাতুকুতু ইত্যাদি অনুভূতি। বাংপ্র। অ।
সিণ্ডিকেট—বিশ্ববিদ্যালয়ের পরিচালকসমিতি। <ইং 'syndicate'. বি।
সিত—১। শুক্লবর্ণ; শুক্রাচার্য; শর, বাণ। বি; পুং। ২। শুক্লবর্ণযুক্ত, সাদা। সো+ক্ত কর্তৃ। ৩। সম্পন্ন; সমাপ্ত; জ্ঞাত। সি+ক্ত কর্তৃ। বিণ।
সিতরশ্মি—চন্দ্র। বহু। বি; পুং।
সিতি—১। শুক্লবর্ণ; কৃষ্ণবর্ণ। সি+তিক্ কর্তৃ। বি; পুং। ২। সাদা; কাল; নীল। বিণ। ৩। বন্ধন। সি+ক্তি ভাব। বি; স্ত্রী।
সিতিকণ্ঠ—নীলকণ্ঠ; মহেশ্বর; শিব; ময়ূর; দাত্যূহপক্ষী, ডাকপাখি। সিতি (কৃষ্ণবর্ণ) কণ্ঠ যাঁহার, বহু। বি; পুং।
সিতিমা (-মন্)—শুক্লত্ব; নীলিমা; কৃষ্ণত্ব। সিতি+ইমন্ ভাবার্থে। বি; পুং।
সিথান—মাথার বালিশ; শিয়র। প্রা কপ্র। বি।
সিদ্ধ—১। সম্পন্ন; প্রমাণীকৃত; তপ্ত জলাদিতে পক্ব; সাধনায় উত্তীর্ণ; মন্ত্রশক্তিযুক্ত; ফলিত; প্রসিদ্ধ; বিচারিত; নিত্য; মুক্ত; নিপুণ; পারদর্শী; কৃতবিদ্য; প্রতিপন্ন; প্রতিপাদিত; প্রস্তুত; মিশ্রিত; দীপ্তিশীল; পরিশোধিত। সিধ্+ক্ত কর্ম (ণিজর্থ অন্তর্ভূত) কর্তৃ। বিণ। **সিদ্ধ পুরুষ**—মুক্ত মানব; যাঁহার সাধনা দ্বারা ভগবৎপ্রাপ্তি হইয়াছে এমন পুরুষ। ২। দেবযোনি বিঃ; মুনি; কালত্রয়দর্শী ঋষি; যোগী; বিষ্কুম্ভাদি যোগের অন্তর্গত যোগ বিঃ; ঐন্দ্রজালিক; ঔষধগুল্ম বিঃ। বি; পুং। ৩। সৈন্ধবলবণ। সিধ্+ক্ত কর্তৃ। বি; ক্লী।
সিদ্ধকাম, -মনোরথ—সফলকাম; যাহার মনোবাঞ্ছা পূর্ণ হইয়াছে এমন। বহু। বিণ।
সিদ্ধপীঠ—যে-স্থানে লক্ষ বলি কোটিসংখ্যক হোম ও তৎপরিমিত মহাবিদ্যা-জপ হইয়াছে সেই স্থান। কর্মধা। বি; পুং বা ক্লী।
সিদ্ধপুরুষ—মুক্ত মানব, সাধনা দ্বারা যাঁহার ভগবৎপ্রাপ্তি হইয়াছে এমন পুরুষ। কর্মধা। বি; পুং।
সিদ্ধরস—পারদ। সিদ্ধ রস, কর্মধা। বি; পুং।
সিদ্ধাচার্য—বৌদ্ধযুগের তান্ত্রিক সন্ন্যাসী বিঃ। কর্মধা। বি; পুং।
সিদ্ধান্ত—১। পূর্বপক্ষ নিরসনপূর্বক সিদ্ধপক্ষস্থাপন, মীমাংসা। সিদ্ধ অন্ত যাহা হইতে, বহু। ২। জ্যোতিঃশাস্ত্র বিঃ। সিদ্ধ অন্ত যদ্দ্বারা, বহু। বি; পুং।
সিদ্ধার্থ—১। বুদ্ধদেব। সিদ্ধ অর্থ যাহার বা যদ্দ্বারা, বহু। ২। প্রতিপাদিত অর্থ। সিদ্ধ অর্থ, কর্মধা। বি; পুং। ৩। কৃতার্থ; সফলকাম। সিদ্ধ অর্থ যাহার, বহু। বিণ।
সিদ্ধি—১। সফলতা; নিষ্পত্তি; মুক্তি; মোক্ষ; যোগ বিঃ; শুভ; পাক; ঐশ্বর্য; জ্ঞান; শুদ্ধি; বৃদ্ধি;- অন্তর্ধান; জয়লাভ, প্রভাবসিদ্ধি মন্ত্রসিদ্ধি উৎসাহসিদ্ধি—রাজাদিগের এই ত্রিবিধ সিদ্ধি; অণিমাদি অষ্টবিধ ঐশ্বর্য; পুরুষার্থ। সিধ্+ক্তি ভাব। ২। মাদক-দ্রব্য বিঃ; ভাঙ্গ। সিধ্+ক্তি করণ। বি; স্ত্রী।
সিদ্ধিদাতা (-দাতৃ)—১। সফলতাপ্রদানকারী। বিণ। স্ত্রী, -দাত্রী। ২। গণেশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সিদ্ধিযোগ—জ্যোতিষোক্ত যোগ বিঃ। সিদ্ধিনামক বা সিদ্ধিদায়ক যোগ, মধ্যপ। বি; পুং।
সিদ্ধেশ্বরী—দেবী বিঃ। সিদ্ধা ঈশ্বরী (দেবী), কর্মধা। বি; স্ত্রী।
সিধা—১। সরল, সোজা; শাসিত। <সিদ্ধ। বিণ। ২। কাহারও ভোজনার্থ প্রদত্ত অরন্ধিত চাউল ডাল লবণ প্রঃ; চাউলী। হি। বি।
সিনান—স্নান। প্রা কপ্র। বি। [বি।
সিনেমা—বায়োস্কোপ, চলচ্চিত্র। <ইং 'cinema'
সিন্দুক—বড় বাক্স। <আ 'সন্দুক'। বি।
সিন্দূর—রক্তবর্ণ চূর্ণ বিঃ, সিঁদুর। স্যন্দ্+উরন্ কর্তৃ। বি; ক্লী।
সিন্ধু—১। সমুদ্র। স্যন্দ্+উ কর্তৃ (নিপা)।

২। সিন্ধুনামক নদ; পাকিস্তানের অন্তর্গত প্রদেশ বিঃ। বি; পুং। ৩। নদী; রাগিণী বিঃ। স্যন্দ্+উ কর্তৃ, অপা, অধি। বি; স্ত্রী।

সিপাই, সিপাহী—সৈনিক, পদাতিক; প্রহরী, রক্ষী। ফা। বি।

সিপ্রা—উজ্জয়িনীর সমীপে প্রবাহিতা নদী; স্ত্রীলোকের কটিবন্ধ। সিপ্+রক্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

সিম—শুঁটিযুক্ত তরকারি বিঃ। <সিম্বা। বি।

সিমেন্ট—বিলাতী মাটি; মৃত্তিকাচূর্ণ প্রস্তর প্রঃ মিশাইয়া এবং পোড়াইয়া প্রস্তুত চূর্ণ বিঃ। <ইং 'cement'. বি।

সিয়ন—সূচীকর্ম। <সীবন। বি।

সিরকা—সির্কা (তাহা দ্রঃ)।

সিরসির—শিহরনসূচক শব্দ। বাংপ্র। অ।

সিরিশ—পশুর খুর ও শিং পোড়াইয়া বা গলাইয়া প্রস্তুত আঠা। <ফা 'সরেশ'। বি। **সিরিশ কাগজ**—কাঠ রবার প্রঃ পালিশ করিবার জন্য সিরিশ ও কাচের গুঁড়া মাখানো একপ্রকার কাগজ।

সির্কা—গুড় প্রঃ-র অম্লীভূত রস, vinegar. ফা। বি। [বি।

সিল্ক—রেশম; রেশমনির্মিত বস্ত্র। <ইং 'silk'.

সিসৃক্ষা—সৃষ্টি করিবার ইচ্ছা। সনন্ত সৃজ্+অ ভাব +আপ্। বি; স্ত্রী। [কর্তৃ। বিণ।

সিসৃক্ষু—সৃষ্টি করিতে ইচ্ছুক। সনন্ত সৃজ্+উ

সীতা—লাঙ্গলপদ্ধতি, লাঙ্গলচিহ্নিত রেখা; রামচন্দ্রের পত্নী, জানকী, বৈদেহী। সি+ক্ত কর্ম, সংজ্ঞার্থে+আপ্ (নিপাতনে ই-কার দীর্ঘ)। বি; স্ত্রী।

সীতাকান্ত, -নাথ, -পতি—রামচন্দ্র, রঘুনাথ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সীতাকুণ্ড—চন্দ্রনাথ পাহাড় ও মুঙ্গেরের তীর্থস্থানের উষ্ণ প্রস্রবণ বিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সীতাভোগ—ভাতের মত দেখিতে মিষ্টান্ন বিঃ। বাংপ্র। বি।

সীৎকার, -কৃতি—অব্যক্ত মুখশব্দ বিঃ, রতিকালে স্ত্রীলোকদের সুখব্যঞ্জক শব্দ বিঃ। সীৎ—কৃ+ঘঞ্, ক্তি ভাব। বি; পুং, স্ত্রী।

সীধু—মদিরিক্লা; মদ্য; গুড়জ মদ্য। সিধ্+উ কর্ম (নিপা)। বি; পুং। [বি।

সীন—থিয়েটারের দৃশ্যপট বা দৃশ্য। <ইং 'scene'.

সীবন—সূচীকর্ম, সেলাই। সিব্+অনট্ ভাব। বি; ক্লী। [স্ত্রী।

সীবনী—ছুঁচ। সিব্+অনট্ করণ, কর্ম+ঈপ্। বি;

সীমন্ত—১। কেশবীথি, সিঁথি, ঝাপটা। সীমার (সীমন্ শব্দ) অন্ত, ৬ষ্ঠীতৎ (নিপা)। ২। সীমন্তোন্নয়ন। সীমন্—তন্+ড অধি (নিপা)। বি; পুং বা ক্লী। [ইতচ্ যুক্তার্থে। বিণ।

সীমন্তিত—সীমন্তবিশিষ্ট, সিঁথি-কাটা। সীমন্ত+

সীমন্তিনী—স্ত্রী, সধবা নারী; বধূ। সীমন্ত+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

সীমন্তোন্নয়ন—গর্ভিণী স্ত্রীর চতুর্থ বা ষষ্ঠ বা অষ্টম মাসে করণীয় সংস্কার বিঃ। সীমন্তের উন্নয়ন যাহাতে, বহু। বি; ক্লী।

সীমা (সীমন্)—অন্ত, অবধি, প্রান্তভাগ; ক্ষেত্র; ঘাড়। সি+ইমন্ কর্তৃ। বি; স্ত্রী।

সীমা—অবধি, অন্ত, প্রান্তভাগ; মর্যাদা; স্থিতি, ক্ষেত্র; মুষ্ক; অণ্ডকোষ; সমুদ্রবেলা; তীর। সীমন্ +ডাপ্। বি; স্ত্রী। [<সীমন্। বি।

সীমানা—অবধি; জমির প্রান্ত, boundary.

সীমান্ত—শেষসীমা, সীমা; শেষ। ৬ষ্ঠীতৎ। বি, পুং।

সীমান্তপ্রদেশ—কোন দেশের সীমার নিকটবর্তী অঞ্চল, frontier. সীমান্তবর্তী প্রদেশ, মধ্যপ। বি; পুং।

সীমাবদ্ধ, -বিচ্ছিন্ন—সীমাযুক্ত, সসীম। সীমাদ্বারা বদ্ধ, অবচ্ছিন্ন, ৩য়াতৎ। বিণ। [বিণ।

সীমাবিহীন, -শূন্য, -হীন—অসীম, অনন্ত। ৩য়াতৎ।

সীমিত—সীমাবিশিষ্ট; অল্প। সীমন্+ইত যুক্তার্থে। বিণ। [ঈ)। বি; পুং।

সীর—হল, লাঙ্গল; সূর্য। সি+রক্ কর্তৃ (ই-স্থানে

সীরধ্বজ—মিথিলাধিপতি, জনকরাজ। সীর ধ্বজ যাহার, বহু। বি; পুং।

সীল—জলজন্তু বিঃ। <ইং 'seal'. বি।

সীল, সীলমোহর—গলিত গালা ইঃ-র উপর নামাঙ্কিত ছাপ, নামমুদ্রা। <ইং 'seal'. বি।

সীস, সীসক—সীসাধাতু, lead. সী—সো+ক কর্তৃ, সীস+কন্ স্বার্থে। বি; ক্লী।

সু—উত্তম; শুভ; শোভন, সুন্দর; অতিশয়, অত্যন্ত; অনায়াস; সৌন্দর্য; পূজা; উৎকর্ষ; অনুমতি, সমৃদ্ধি; কষ্ট; হর্ষ। সু+ডু ভাব। অ।

সুঁড়ি—অপ্রশস্ত পথ, গলিপথ। বাংপ্র। বি।

সুঁতী—ক্ষুদ্র খাল, নালা, ক্ষুদ্র জলপথ। <স্রোতস্। বি। [কাষ্ঠ। <সুন্দরী। বি।

সুঁদরি—সুন্দরবনের একপ্রকার বৃক্ষ এবং তজ্জাত

সুঁদি—শ্বেতোৎপল, কুমুদ। <সৌগন্ধিক। বি।

সুকঠিন—দুরূহ; অতিদৃঢ়, দুষ্কর। সু (অত্যন্ত) কঠিন, প্রাদি। বিণ।

সুকণ্ঠ—১। মধুর-কণ্ঠস্বরবিশিষ্ট। সু (উত্তম) কণ্ঠ যাহার, বহু। বিণ। স্ত্রী, -ণ্ঠী, -ণ্ঠা। ২। মধুর কণ্ঠস্বর। প্রাদি। বি, পুং।

সুকর—অক্লেশসাধ্য, সুসাধ্য, অনায়াসসাধ্য; সুখকর। সু—কৃ+খল্ কর্ম। বিণ।

সুকর্মা (-কর্মন্)—১। কর্মঠ; সৎক্রিয়ান্বিত। বিণ। ২। বিশ্বকর্মা। বহু। বি; পুং।

সুকুমার—অতি মৃদু, অতি কোমল; অতি বালক; কান্ত ('—কলা')। প্রাদি। বিণ। স্ত্রী, -রী।

সুকুমারবিদ্যা—সাহিত্য কাব্য নৃত্য গীত চিত্রাঙ্কন প্রঃ বিদ্যা। সুকুমারী বিদ্যা, কর্মধা। বি; স্ত্রী।

সুকুমারবৃত্তি—চিত্রাঙ্কন নৃত্য গীত কাব্যাদিরূপ জীবিকা, কোমল স্বভাব। কর্মধা। বি; স্ত্রী।

সুকুমারমতি—১। সরল-হৃদয়; কোমল-স্বভাব। বহু। বিণ। ২। কোমল অন্তঃকরণ। কর্মধা। বি; স্ত্রী।

সুকৃত—১। পুণ্য, ধর্ম; শুভ; দান; ভাগ্য; পুরস্কার; দয়া; বদান্যতা। সু (শুভ) কৃত (কর্ম), প্রাদি।

বি; ক্লী। ২। পুণ্যবান্, ধার্মিক; সুনির্মিত; ভাগ্যবান্। বহু। ৩। যাহা উত্তমরূপে করা হইয়াছে এমন, সুনির্মিত। সু (উত্তমরূপে) কৃত, প্রাদি। বিণ। [প্রাদি। বি; স্ত্রী।

সুকৃতি—সৎকর্ম; অদৃষ্ট, ভাগ্য; পুণ্য, ধর্ম; শুভ।

সুকৃতী (-কৃতিন্)—ভাগ্যবান্, সৌভাগ্যশালী; ধার্মিক, পুণ্যবান্; শুভযুক্ত। সুকৃত (পুণ্য)+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী. **-কৃতিনী।**

সুকেশ—মনোহর-কেশরাশিবিশিষ্ট, সুন্দরকেশযুক্ত। বহু। বিণ। স্ত্রী, **-শী, -শা,** (কপ্র) **-শিনী।**

সুকৌশল—উত্তম উপায় বা নৈপুণ্য। প্রাদি। বি; ক্লী। [তিক্ত। বি।

সুক্ত, সুক্তান, সুক্তা—ঝালশূন্য তিক্ত ব্যঞ্জন। ⟨সু-

সুখ—আনন্দ, প্রীতি, হর্ষ। সু (উত্তম) খ (জ্ঞানেন্দ্রিয়) যাহা হইতে, বহু; অথবা সুখ্+ক ঘঞর্থে ভাব। বি; ক্লী। **সুখের পায়রা**—সুদিনের বন্ধু, শুধু সুখভোগের জন্য বন্ধু।

সুখকর—১। সুখজনক। উপতৎ; সুখ—কৃ+ট কর্তৃ। ২। সুসাধ্য। **সুখ**—কৃ+অপ্ কর্ম। বিণ। স্ত্রী, **-রী, -রা।** [চর্মাস্তরণ। বাংপ্র। বি।

সুখতলা, সুকতলা—চর্মপাদুকার ভিতরের কোমল

সুখদ—সুখদায়ক, হর্ষপ্রদ। উপতৎ; সুখ—দা+ক কর্তৃ। বিণ। [স্ত্রী, **-দায়িকা।**

সুখদায়ক—আনন্দপ্রদ; সুখজনক। ৬ষ্ঠীতৎ। বিণ।

সুখদুঃখ—আনন্দ ও নিরানন্দ। সমা দ্বন্দ্ব। বি; ক্লী।

সুখবর—সুসংবাদ। প্রাদি (বাংপ্র)। বি।

সুখভোগ—আনন্দ উপভোগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সুখময়—সুখপূর্ণ, আনন্দময়। সুখ+ময়ট্। বিণ। স্ত্রী, **-য়ী।** [বি; পুং।

সুখলেশ—বিন্দুমাত্র সুখ, সামান্য সুখ। ৬ষ্ঠীতৎ।

সুখশয্যা—সুখজনক বিছানা। কর্মধা। বি; স্ত্রী।

সুখশ্রাব্য—শুনিতে মধুর, শ্রুতিসুখজনক। সুখে শ্রাব্য, সুপ্। বিণ। [স্ত্রী।

সুখসম্পৎ (-সম্পদ্)—আনন্দ ও ঐশ্বর্য। দ্বন্দ্ব। বি;

সুখসাধ্য—সুকর, যাহা সহজে সম্পন্ন করা যায় এমন। সুপ্। বিণ।

সুখসুপ্ত—সুখে নিদ্রিত। সুপ্। বিণ।

সুখসেব্য—যাহা সেবনে আরাম এবং তৃপ্তি হয় এমন। সুপ্। বিণ।

সুখস্পর্শ—যাহার স্পর্শে আরাম হয় এমন। সুখজনক স্পর্শ যাহার, বহু। বিণ।

সুখস্বচ্ছন্দতা, -স্বাচ্ছন্দ্য—আনন্দ ও চিত্তের সুস্থ এবং স্বাধীন ভাব। দ্বন্দ্ব। বি; স্ত্রী, ক্লী।

সুখস্বপ্ন—আনন্দজনক স্বপ্ন, স্বপ্নাবস্থায় সুখলাভের অনুভূতি। মধ্যপ। বি; পুং।

সুখাদ্য—উত্তম আহার্য; মধুরাস্বাদ এবং স্বাস্থ্যপ্রদ ভোজ্য। প্রাদি। বি; ক্লী।

সুখাবহ—সুখজনক। ৬ষ্ঠীতৎ। বিণ।

সুখাসীন—আরামের সহিত উপবিষ্ট। সুখে আসীন। সুপ্। বিণ।

সুখিত—**সুখী।** সুখ+ইতচ্ বিশিষ্টার্থে। বিণ।

সুখী (সুখিন্)—প্রীতিমান্, সুখবিশিষ্ট, সন্তুষ্ট। বিণ। স্ত্রী—**সুখিনী।**

সুখৈশ্বর্য—সুখসম্পদ্। দ্বন্দ্ব। বি; ক্লী।

সুখোষ্ণ—ঈষৎ তপ্ত, যাহাতে আরাম হয় এমন উষ্ণ। সুপ্। বিণ।

সুখ্যাতি—প্রশংসা। প্রাদি। বি; স্ত্রী।

সুগঠিত—উত্তমরূপে নির্মিত; সুন্দর গঠনবিশিষ্ট, সুন্দর-অবয়বাদিবিশিষ্ট। প্রাদি (বাংপ্র)। বিণ।

সুগত—বুদ্ধদেব। সু (সুন্দর) গত (জ্ঞান) যাহার, বহু। বি, পুং।

সুগন্ধ—১। সুগন্ধযুক্ত, উত্তমগন্ধবিশিষ্ট। বহু। বিণ। ২। উত্তম গন্ধ। প্রাদি। বি; পুং।

সুগন্ধি—১। গন্ধদ্রব্য। বি; পুং। ২। উত্তম স্বাভাবিক গন্ধবিশিষ্ট; সুগন্ধযুক্ত, সুরভি। বহু (ই-আগম)। বিণ। [বিণ।

সুগভীর—অত্যধিক গভীর, গভীরতাযুক্ত। প্রাদি।

সুগম—যেখানে যাওয়া সহজ এমন; অনায়াসলভ্য; সহজবোধ্য; অনায়াসসাধ্য; সুগম্য। সু—গম্+খল্ কর্ম। বিণ। [বিণ।

সুগম্ভীর—অতীব গাম্ভীর্যপূর্ণ। সু গম্ভীর, প্রাদি।

সুগম্য—সুগম। সু গম্য, সুপ্। বিণ।

সুগৃহীতনামা (-নামন্)—পুণ্যশ্লোক, প্রাতঃস্মরণীয়। সু (শুভজনকভাবে) গৃহীত হয় নাম যাহার, বহু। বিণ; পুং।

সুচ—'সূচ' দ্রঃ।

সুচরিত, সুচরিত্র—১। সাধু আচরণ। প্রাদি। বি; ক্লী। ২। সচ্চরিত্র। বহু। বিণ। স্ত্রী, **-তা, -ত্রা।**

সুচারু—অতিশয় মনোহর, অতি সুন্দর। প্রাদি। বিণ। [বহু। ক্রি-বিণ।

সুচারুরূপে—উত্তমরূপে; নিখুঁতভাবে; সুন্দরভাবে।

সুচিক্কণ—খুব চকচকে, অত্যন্ত পালিশকরা। প্রাদি। বিণ। [কালস্থায়ী। প্রাদি। বিণ।

সুচির—১। অতি দীর্ঘকাল। বি; ক্লী। ২। দীর্ঘ-

সুচেতাঃ (-তস্)—সন্তুষ্টচিত্ত, হৃষ্টমনাঃ; সতর্ক। সু চেতঃ যাহার, বহু। বিণ; পুং বা স্ত্রী।

সুজন—সজ্জন, সাধুব্যক্তি, ধার্মিক লোক। প্রাদি। বি; পুং। বি, **-তা।**

সুজনি—একপ্রকার মোটা এবং কারুকার্যযুক্ত বিছানার চাদর। বাংপ্র। বি।

সুজলা—সুস্বাদ-জলবিশিষ্টা; বহুনদীযুক্তা, নদীমাতৃকা। সু (উত্তম, প্রচুর) জল যাহাতে, বহু+আপ্। বিণ; স্ত্রী।

সুজাত—১। সৎকুলজাত; শাস্ত্রসম্মতভাবে পিতা কর্তৃক উৎপাদিত; সুন্দর। সু (উত্তমরূপে) জাত; প্রাদি; অথবা, সু (উত্তম) জাত (জন্ম) যাহার, বহু। বিণ। স্ত্রী, **-তা।** ২। সৎকুলে জন্ম; পিতার শাস্ত্রসম্মত পত্নীর গর্ভে জন্ম। প্রাদি। বি; ক্লী।

সুজি—গমের মোটা গুঁড়া। বাংপ্র। বি।

সুট—পরিচ্ছদ; একসঙ্গে পরিধেয় পরিচ্ছদের প্রস্থ; কোটপ্যান্ট; মকদ্দমা। ⟨ইং 'suit'. বি।

সুটকেস—পোশাক পরিচ্ছদাদি রাখিবার পেটিকা বিঃ;

চামড়া প্রঃ দ্বারা প্রস্তুত একপ্রকার বহনযোগ্য বাক্স। <ইং 'suitcase'. বি।

সুঠাম—মনোহর-ভঙ্গীবিশিষ্ট; সুগঠিত; সুন্দর। বহু (বাংপ্র)। বিণ।

সুড়ঙ্গ—সন্ধি, সিঁধ; গর্ত; মাটির নীচ দিয়া কাটা পথ; ছিদ্র কাটিয়া পর্বতের মধ্য দিয়া নির্মিত রাস্তা, tunnel. <সুরঙ্গ। বি।

সুড়সুড়—সরীসৃপ প্রঃর গতির অনুকারশব্দ; শিহরন; কাতুকুতু বা চুলকানি অনুভব; তীব্র লালসা অনুভব। বাংপ্র। অ।

সুড়সুড়ানো—কাতুকুতু বা চুলকানি অনুভব করা; কোন কিছুর জন্য হস্তাদি ইন্দ্রিয়ের অত্যধিক লালসাযুক্ত হওয়া; চুলবুল করা। বাংপ্র। ক্রি [, বি]। [ভাবে (বাংপ্র)। বি।

সুড়সুড়ি—কাতুকুতু, রোমাঞ্চকর স্পর্শ। সুড়সুড়+ই

সুডোল, সুডৌল, সু-চপ—সুন্দর-অবয়ববিশিষ্ট। বহু (বাংপ্র)। বিণ।

সুত—১। পুত্র। বি; পুং। ২। উৎপন্ন; নিষ্পীড়িত; সম্বন্ধ। সু+ক্ত কর্ম। বিণ। [ক্লী।

সুতক—জননাশৌচ। সুত+কন্ আগতার্থে। বি;

সুতরাং—অগত্যা; কাজেকাজেই; অবশ্য; অত্যন্ত; অবধারিত; ঔচিত্য। সু+চতরাম্ স্বার্থে। অ।

সুতলি, সুতুলি—সরু দড়ি। বাংপ্র। বি।

সুতহিবুকযোগ—বিবাহ-বিষয়ক যোগ। সুতহিবুকে যোগ যাহাতে, বহু। বি; পুং।

সুতা—১। কন্যা, দুহিতা। বি: স্ত্রী। ২। সম্বন্ধা; জাতা। সুত+আপ্। বি; স্ত্রী। ৩। কার্পাস সূত্র। <সূত্র। বি।

সুতার—সুস্বাদু। বহু (বাংপ্র)। বিণ।

সুতিক্ত—খুব তিতো। অত্যন্ত তিক্ত। প্রাদি। বিণ।

সুতী—কার্পাসসূত্রে প্রস্তুত। বাংপ্র। বিণ।

সুতীক্ষ্ণ—১। অতি তীক্ষ্ণ, অতিশয় ধারালো। প্রাদি। বিণ।

সুতীব্র—অতিশয় তীক্ষ্ণ: অত্যন্ত ঝাঁজযুক্ত; অত্যন্ত কর্কশ বা উগ্র। প্রাদি। বিণ।

সুতুলি—'সুতলি' দ্রঃ। [ফা। বি।

সুদ—বৃদ্ধি, ধনপ্রয়োগের লাভ, কুসীদ, interest.

সুদক্ষ—অতিশয় নিপুণ। প্রাদি। বিণ।

সুদখোর—কুসীদজীবী; অতিরিক্ত সুদ আদায়কারী। সুদ+খোর আসক্তার্থে (বাংপ্র)। বিণ।

সুদতী—সুদশনা, উত্তমদন্তযুক্তা। সু (উত্তম) দন্ত যাহার, বহু+ঈপ্। বিণ, স্ত্রী। পুং—সুদন্ (সুদৎ)।

সুদর্শন—১। বিষ্ণুর চক্রনামক অস্ত্র: সুমেরু; শর্করা। সু—দৃশ্+অনট্ কর্ম। বি; পুং। ২। সুদৃশ্য, দেখিতে উত্তম। সু (উত্তম) দর্শন (আকৃতি) যাহার, বহু। বিণ। স্ত্রী, -না। ৩। উত্তম দর্শন। সু—দৃশ্+অনট্ ভাব। বি; ক্লী।

সুদিন—শুভদিন; সুখের সময়; সম্পৎকাল। প্রাদি। বি: ক্লী।

সুদীর্ঘ—অতি দীর্ঘ; অতি লম্বা। প্রাদি। বিণ।

সুদুর্লভ—অত্যন্ত দুষ্প্রাপ্য। প্রাদি। বিণ।

সুদুষ্কর—অত্যন্ত দুঃসাধ্য, অত্যন্ত দুষ্কর। সু (অত্যন্ত) দুষ্কর (দুঃসাধ্য), প্রাদি। বিণ।

সুদুস্তর—অতি দুস্তর, যাহা পার হওয়া দুঃসাধ্য এমন। সু (অত্যন্ত) দুস্তর (দুরতিক্রম), প্রাদি। বিণ। [(অসন্নিকৃষ্ট), প্রাদি। বিণ।

সুদূর—অতি দূরবর্তী, বহুদূরে। সু (অত্যন্ত) দূর

সুদূরপরাহত—অতি দূরে নিবাকৃত; একান্ত নিরস্ত; যাহা হইতে বহু দেরি এমন, যাহা হওয়া একরূপ অসম্ভব এমন। সুদূরে পরাহত, ৭মীতৎ। বিণ।

সুদৃঢ়—অতিদৃঢ়, অত্যন্ত কঠিন। সু দৃঢ় (কঠিন), -প্রাদি। বিণ।

সুদৃশ্য—সুন্দর, দেখিতে সুশ্রী। সু দৃশ্য (দর্শনীয়), প্রাদি; অথবা, সু দৃশ্য (রূপ) যাহার, বহু। বিণ।

সুধন্বা (-ন্বন্)—উত্তম ধনুর্বিশিষ্ট। সু ধনুঃ যাহার, বহু+অন্। বিণ।

সুধা—অমৃত, পীযূষ; বিদ্যুৎ; চুন ('—ধবল'); চন্দ্রিকা। সু (সুখে)—ধে কিংবা ধা+অঙ্ কর্ম+আপ্। বি; স্ত্রী।

সুধা, সুধানো—শুধা, শুধানো (তাহা দ্রঃ)।

সুধাংশু, সুধাকর—চন্দ্র, শশী। সুধাময় অংশু যাহার, বহু; সুধার আকর, ৬ষ্ঠীতৎ। বি, পুং।

সুধাধবলিত—চুনকাম-করা। ৩য়াতৎ। বিণ।

সুধাধার, -নিধি—চন্দ্র, শশী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সুধানিস্যন্দী (-ন্দিন্)—যাহা হইতে সুধা ক্ষরিত হয় এমন; অমৃতবর্ষী, মধুর। উপতৎ; সুধা—নি—স্যন্দ্+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -ন্দিনী।

সুধাপাত্র—অমৃতভাণ্ড। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

সুধাময়—১। অমৃতময়; চূর্ণময়। বিণ। স্ত্রী, -য়ী। ২। প্রাসাদ, অট্টালিকা। সুধা+ময়ট্ আছে অর্থে। বি, পুং।

সুধাসিন্ধু—অমৃতসমুদ্র। ৬ষ্ঠীতৎ। বি, পুং।

সুধী—১। পণ্ডিত, বিদ্বান্; সাতিশয় বুদ্ধিমান্ ব্যক্তি। বি; পুং। ২। সুবুদ্ধি। সু (শোভনা) ধী যাহার, বহু। বিণ।

সুধীর—অতি ধীর, সুশান্ত। প্রাদি। বিণ।

সুনন্দা—পার্বতী; পার্বতীর সখী বিঃ, ইন্দুমতীর সখী; নারী। সুনন্দ+আপ্। বি; স্ত্রী।

সুনয়ন—১। মৃগ। বি; পুং। ২। উত্তমনেত্রযুক্ত। বহু। বিণ। স্ত্রী, -না, (কপ্র) -নী।

সুনাম (-মন্)—যশঃ, সুখ্যাতি। প্রাদি। বি: ক্লী।

সুনাসীর—দেবরাজ ইন্দ্র। সু নাসীর (অগ্রবর্তী সৈন্য) যাহার, বহু। বি; পুং।

সুনিদ্রা—তৃপ্তিদায়ক গাঢ় নিদ্রা। কর্মধা। বি, স্ত্রী।

সুনিপুণ—সুদক্ষ। সু (অতিশয়) নিপুণ প্রাদি। বিণ। [নির্দিষ্ট, প্রাদি। বিণ।

সুনির্দিষ্ট—উত্তমরূপে স্থিরীকৃত। সু (উত্তমরূপে)

সুনির্মল—অতীব পবিত্র; অতিস্বচ্ছ। সু (উত্তমরূপে) নির্মল, প্রাদি। বিণ।

সুনিশ্চয়—অবশ্য; সঠিক। বাংপ্র। ক্রি-বিণ।

সুনিশ্চিত—অবধারিত, স্থিরীকৃত। প্রাদি। বিণ।

সুনীতি—১। উত্তম নীতি, সদাচরণ। প্রাদি। বি; স্ত্রী। ২। নীতিমান্; নীতিমতী। বহু। বিণ; পুং বা স্ত্রী।
সুনীল—গাঢ় নীলবর্ণ। সু নীল, প্রাদি। বিণ।
সুনীলবরণী—গাঢ় নীলবর্ণা, ঘন নীল রঙের। কপ্র। বিণ। [স্ত্রী, -ণা, -ণী।
সুন্দর—সুশ্রী, মনোহর। সু—দ্+অপ্ কর্ম। বিণ।
সুন্দরী—রূপবতী; সুরূপা স্ত্রী; অর্ধসম ছন্দ বিঃ; সুঁদরি গাছ। সুন্দর+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।
সুন্নত—মুসলমান ও ইহুদীদিগের পুরুষাঙ্গের অগ্রভাগের ত্বকছেদন-রূপ সংস্কার, circumcision. আ। বি।
সুন্নী—মুসলমান সম্প্রদায় বিঃ, যাহারা আলীর পূর্ববর্তী তিন খলিফাকে মানে। আ। বি।
সুপক্ক—১। উত্তমরূপে পরিপক্ক; সুপরিণত, সুসিদ্ধ। বিণ। ২। সুগন্ধি আম। সু (উত্তম) পক্ক, প্রাদি। বি; পুং।
সুপচ—যাহা সহজে পরিপাক হয়, লঘুপাক ('—দ্রব্য')। সু—পচ্+খল্ কর্ম। বিণ।
সুপণ্ডিত—অতিশয় বিদ্বান্। সু (অতিশয়) পণ্ডিত, প্রাদি। বিণ।
সুপথ—সুন্দর পথ; সুরীতি; সদাচার। সু (উত্তম) পন্থা (রাস্তা), প্রাদি (অ সমাসান্ত)। বি; পুং।
সুপর্ণ—উত্তম পক্ষবিশিষ্ট পাখি; গরুড়ের নাম। বহু। বি; পুং। [প্রাদি। বি।
সুপাত্র—উপযুক্ত পাত্র, যোগ্য ব্যক্তি; উত্তম ভাজন।
সুপারি, সুপুরি—গুবাক ফল, গুয়া, পূগ। বাংপ্র। বি। [বি।
সুপারিশ—উপরোধ, অনুরোধ। <ফা 'সিফারিশ'।
সুপুরুষ—সুশ্রী ব্যক্তি; সুন্দর-আকৃতিবিশিষ্ট পুরুষ। প্রাদি। বি; পুং।
সুপুষ্ট—উত্তমরূপে বর্ধিত, সম্যক্ পরিপুষ্ট। সু (উত্তমরূপে) পুষ্ট, প্রাদি। বিণ।
সুপ্ত—নিদ্রিত; শায়িত; ইন্দ্রিয়জ্ঞানশূন্য। স্বপ্+ক্ত কর্তৃ। বিণ। [ক্তি ভাব। বি; স্ত্রী।
সুপ্তি—নিদ্রা, ঘুম; শয়ন; স্বপ্ন; বিশ্বাস। স্বপ্+
সুপ্তোত্থিত—নিদ্রা হইতে জাগরিত। পূর্বে সুপ্ত পশ্চাৎ উত্থিত, কর্মধা: বিণ।
সুপ্রতিষ্ঠ—সুপ্রসিদ্ধ, অতিশয় প্রতিষ্ঠাযুক্ত। সু (অতিশয়) প্রতিষ্ঠা যাহার, বহু। বিণ।
সুপ্রতিষ্ঠা—১। যশঃ, খ্যাতি। সু (শোভনা) প্রতিষ্ঠা, প্রাদি। বি, স্ত্রী। ২। সুপ্রসিদ্ধা। সুপ্রতিষ্ঠ+আপ্। বিণ, স্ত্রী।
সুপ্রতিষ্ঠিত—উত্তমরূপে স্থাপিত; উত্তমরূপে প্রতিষ্ঠিত। সু (উত্তমরূপে) প্রতিষ্ঠিত, প্রাদি। বিণ।
সুপ্রভ—সুন্দর প্রভাযুক্ত, সু প্রভা যাহার, বহু। বিণ।
সুপ্রভা—১। সুন্দর দীপ্তি। সু (উত্তমা) প্রভা, প্রাদি। বি; স্ত্রী। ২। উত্তম দীপ্তিবিশিষ্টা। বহু। বিণ; স্ত্রী।
সুপ্রভাত—শুভসূচক প্রাতঃকাল; প্রাতঃপ্রণাম। <ইং 'good morning' শব্দের নকল। প্রাদি। বি; পুং।
সুপ্রযুক্ত—ঠিকমত যাহার প্রয়োগ করা হইয়াছে এমন। প্রাদি। বিণ। [প্রাদি। বিণ।
সুপ্রশস্ত—অত্যুত্তম; সুযোগ্য; সর্বতোভাবে শ্রেষ্ঠ।
সুপ্রসন্ন—সাতিশয় প্রসন্ন। প্রাদি। বিণ।
সুপ্রসিদ্ধ—সুবিখ্যাত। প্রাদি। বিণ।
সুফল—বিল্ব, বেল; দাড়িম্ব; উত্তম পরিণাম; উত্তম ক্রিয়া; গয়াদি তীর্থদর্শনের ফললাভের নিমিত্ত পাণ্ডার আশীর্বাদ। প্রাদি। বি; ক্লী।
সুফলা—উত্তমফলযুক্তা; প্রচুর শস্যশালিনী ('—বঙ্গভূমি')। সুফল+আপ্। বিণ; স্ত্রী।
সুফী—মুসলমান ধার্মিক সম্প্রদায় বিঃ। আ। বি।
সুবচনী—১। শক্তির ভেদ বিঃ, দেবী বিঃ। সু (শুভ) বচন যাঁহার, বহু+ঈপ্। ২। শোভন কথার সমষ্টি-গ্রন্থ। বি; স্ত্রী। ৩। সুমধুরভাষিণী। সুবচন+ঈপ্। বিণ; স্ত্রী।
সুবদন—১। সুন্দর-মুখবিশিষ্ট। বহু। বিণ। স্ত্রী, -না, (কপ্র) -নী। ২। মনোহর বদন। প্রাদি। বি; ক্লী।
সুবর্ণ—১। স্বর্ণ; ১৬ মাষা-পরিমিত সোনা; হরিচন্দন; ধন, সম্পত্তি। বি; ক্লী। ২। মোহর; কর্ষ-পরিমাণ। বি; পুং বা ক্লী। ৩। সুরূপ; সুন্দর-বর্ণযুক্ত; সুন্দর অক্ষরযুক্ত; শ্রেষ্ঠ জাতিতে উৎপন্ন। বিণ। ৪। যজ্ঞ বিঃ; গিরিমাটি। বহু। ৫। উত্তম বর্ণ। সু (উত্তম) বর্ণ, প্রাদি। বি; পুং।
সুবর্ণকদলী—চাঁপা-কলার গাছ; চাঁপা-কলা। সুবর্ণবর্ণা কদলী, মধ্যপ। বি; স্ত্রী।
সুবর্ণকার, -কৃৎ—স্বর্ণকার, সেকরা। উপতৎ; সুবর্ণ—কৃ+অণ্, কিপ্ কর্তৃ। বি; পুং।
সুবর্ণখচিত—যাহাতে মাঝে মাঝে সোনা বসানো হইয়াছে এমন। ৩য়াতৎ। বিণ।
সুবর্ণপ্রতিমা—সোনার প্রতিমূর্তি। সুবর্ণনির্মিতা প্রতিমা, মধ্যপ। বি; স্ত্রী।
সুবর্ণবণিক (-বণিজ্)—জাতি বিঃ, সোনার-বেণে। সুবর্ণ-ব্যবসায়ী বণিক্ (বেণিয়া), মধ্যপ। বি; পুং।
সুবর্ণসুযোগ—অতি উত্তম সুযোগ, কোন কাজ করিবার সর্বাপেক্ষা সুবিধাজনক সময়, golden opportunity. সুবর্ণ-সদৃশ (উত্তম) সুযোগ, মধ্যপ। বি; পুং।
সুবলিত—সুগঠিত; সরল। প্রাদি। বিণ।
সুবহ—১। অনায়াসে বহনীয়, সুখবাহ্য। সু—বহ্+খল্ কর্ম। ২। যে অনায়াসে বহন করিতে পারে এমন; ধৈর্যশালী। সু—বহ্+অচ্ কর্তৃ। বিণ।
সুবা—বাদশাহী আমলে রাজ্যের অন্তর্গত প্রদেশ, province. আ। বি।
সুবাদ—দূর সম্পর্ক, গ্রাম্য সম্পর্ক। বাংপ্র। বি।
সুবাদার—প্রদেশের শাসনকর্তা; দেশীয় সৈন্যগণের নেতা। সুবা (আ)+দার অধিকৃতার্থে। বি।
সুবাস—১। সৌরভ; সুখে বাস; উত্তম নিবাস; উত্তম বাসস্থান। প্রাদি। বি; পুং। ২। সুগন্ধযুক্ত। বহু। বিণ।

সুবাসিত—সুবাসযুক্ত, সৌরভযুক্ত। সুবাস+ইতচ্ জাতার্থে। বিণ। [ঈপ্। বিণ; স্ত্রী।

সুবাসিনী—সৌরভযুক্তা। সুবাস+ইন্ আছে অর্থে+

সুবিচার—উত্তম বিচার, সূক্ষ্ম মীমাংসা; পক্ষপাতশূন্য ন্যায়বিচার। প্রাদি। বি; পুং।

সুবিচারক—পক্ষপাতশূন্য বিচারক, ন্যায়বিচারক, প্রাদি। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-চারিকা**।

সুবিদিত—উত্তমরূপে জ্ঞাত, যে ভালরকম জানে এমন। প্রাদি। বিণ। [প্রাদি। বি; স্ত্রী।

সুবিধা—উত্তম উপায় বা ব্যবস্থা, সুযোগ; সুসময়।

সুবিশাল—প্রকাণ্ড, অতি বৃহৎ। প্রাদি। বিণ।

সুবিস্তীর্ণ, -বিস্তৃত—অতি বৃহৎ, অতিশয় প্রসারযুক্ত। প্রাদি। বিণ।

সুবুদ্ধি—১। উত্তম বুদ্ধিশালী। বহু। বিণ। ২। উত্তম বোধশক্তি, শুভবুদ্ধি। প্রাদি। বি; স্ত্রী।

সুবৃহৎ—অতি প্রকাণ্ড। প্রাদি। বিণ।

সুবেশ—১। উত্তম সজ্জা। প্রাদি। বি; পুং। ২। উত্তমবেশযুক্ত। বহু। বিণ। স্ত্রী, **-শা**।

সুবোধ—১। উত্তম বুদ্ধিশালী, অত্যন্ত বুদ্ধিমান্; যাহাকে অনায়াসে বুঝানো যায় এমন; যে শীঘ্র বুঝিতে পারে এমন। বহু। বিণ। ২। জ্ঞান; জাগবণ। প্রাদি। বি; পুং।

সুবোধ্য—যাহা সহজে বুঝা যায় এমন। প্রাদি। বিণ।

সুব্যবস্থা—ভাল বন্দোবস্ত। প্রাদি। বি; স্ত্রী।

সুভগ—১। সুন্দর; লোচনানন্দদায়ক; যাহাকে স্ত্রীগণ কামনা করে এমন; ভাগ্যবান্; সুখদ; প্রিয়। বিণ। ২। অশোকবৃক্ষ; চম্পক। সু (উত্তম, শ্রেষ্ঠ) ভগ (ভাগ্য) যাহার, বহু। বি; পুং।

সুভগা—স্বামীর সোহাগিনী রমণী; সম্ভ্রান্তা গৃহিণী; ভাগ্যবতী। সুভগ+আপ্। বি বা বিণ; স্ত্রী। [বচন। প্রাদি। বি; ক্লী।

সুভাষিত—১। উত্তমরূপে কথিত। বিণ। ২। সু-

সুভিক্ষ—প্রচুর ভক্ষ্যবিশিষ্ট; যেখানে সহজেই ভিক্ষা মিলিয়া থাকে এমন। সু ভিক্ষা আছে যাহাতে, বহু। বিণ।

সুভ্রূ—১। সুন্দরী নারী, সুন্দরভ্রূবিশিষ্টা রমণী। বি; স্ত্রী। ২। সুন্দর ভ্রূযুক্ত। বহু। বিণ।

সুমতি—১। সুবুদ্ধি; বন্ধুত্ব; দয়া। প্রাদি। বি; স্ত্রী। ২। সুন্দরমতিযুক্ত। বহু। বিণ।

সুমধুর—অতিমধুর, অতিশয় মিষ্ট। সু (অতিশয়) মধুর, প্রাদি। বিণ।

সুমধ্যমা—যাহার কটিদেশ উত্তম এরূপ রমণী। বহু+আপ্। বি; স্ত্রী।

সুমনঃ (-মনস্)—পুষ্প, ফুল। সু মনঃ যাহাতে, বহু। বি; ক্লী।

সুমনাঃ (-মনস্)—১। বিদ্বান্, পণ্ডিত; দেবতা; পুষ্প। বি; পুং। ২। মহামনাঃ; প্রীত। সু (উত্তম) মনঃ (মনস্) যাহা হইতে, বহু। বিণ।

সুমনা—< সুমনাঃ।

সুমন্দ—মৃদুমন্দ। প্রাদি। বিণ।

সুমুখ—১। সুন্দর মুখবিশিষ্ট; বিদ্বান্। বহু। বিণ। স্ত্রী, **-খা, -খী**। ২। সম্মুখ, সমুখ। বাংপ্র। বি।

সুমেরু—পৃথিবীর মধ্যস্থ (অনেকের মতে চীন-তুর্কিস্থানে) কল্পিত পর্বত বিঃ; পৃথিবীর উত্তর প্রান্ত; জপমালাসীমাস্থ গুটিকা। সু (উত্তম)—মি +রু কর্ম। বি; পুং।

সুমেরুবৃত্ত—উত্তর মেরু হইতে ২৩½° ডিগ্রি অক্ষাংশ অন্তরে স্থিত রেখা, arctic circle. সুমেরুস্থ বৃত্ত (মণ্ডল), মধ্যপ। বি; ক্লী।

সুমেরুসমুদ্র—পৃথিবীর উত্তরমেরুর চতুষ্পার্শ্ববর্তী সমুদ্র, Arctic Ocean. সুমেরুস্থ সমুদ্র, মধ্যপ। বি; পুং। [ভগা। বিণ।

সুয়া, সুয়ো—সোহাগিনী, প্রিয়া ('—রানী')। < সু-

সুযুক্তি—ভাল পরামর্শ। প্রাদি। বি; স্ত্রী।

সুযোগ—সুসময়; সুবিধা; সদুপায়। প্রাদি। বি; পুং।

সুযোগ্য—বিশেষরূপে উপযুক্ত। প্রাদি। বিণ।

সুর—১। দেবতা, অমর; সূর্য; পণ্ডিত। সু—রা+ক কর্তৃ; অথবা, সু (উত্তমরূপে)—রাজ্+ড কর্তৃ। বি; পুং। ২। কণ্ঠস্বর; সংগীতের সা রে গা মা ইঃর স্বর, note, tone, key; রাগিণী, tune. < স্বর। বি। **সুর বদলানো, সুর পালটানো**—পূর্বের কথা, প্রতিশ্রুতি বা মত পরিবর্তন করা।

সুরকি, সুর্কি—ইটের গুঁড়া, ইষ্টকচূর্ণ। < ফা 'সুর্খ্'। বি। [প্রাদি। বিণ।

সুরক্ষিত—উত্তমরূপে পালিত সঞ্চিত বা রক্ষিত।

সুরগুরু—বৃহস্পতি, দেবাচার্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সুরঙ্গ—সুড়ঙ্গ, গর্ত বিঃ; আলতা। সু—রন্জ্+ঘঞ্ অধি, করণ [অথবা গ্রীক syrinx হইতে সংস্কৃত]। বি; পুং ২য় অর্থে ক্লী।

সুরঞ্জিত—উত্তমরূপে রং-করা। প্রাদি। বিণ।

সুরত—১। রতিক্রীড়া। সু—রম্+ক্ত ভাব। বি; ক্লী। ২। চেহারা, ভাব; রকম; উপায়; সুযোগ। আ। বি।

সুরত-হাল—শব-পরীক্ষা; নিহত ব্যক্তির মৃতদেহ পরীক্ষা; আদালতে এজাহার; তদন্ত। আ। বি।

সুরতি, সুর্তি—১। চাঁদা তুলিয়া জুয়াখেলা বা ভাগ্যপরীক্ষা বিঃ, lottery. < পো 'sorte'. ২। পানের সঙ্গে খাইবার তামাকের সুগন্ধ গুঁড়া বা গুলি। হি। বি।

সুরধুনী, -নদী—দেবনদী, গঙ্গা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সুরপতি—দেবরাজ, ইন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সুরবালা—দেবকন্যা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সুরবাহার—তারের বাদ্যযন্ত্র বিঃ। বাংপ্র। বি।

সুরবোধ—'সারেগামার' জ্ঞান, সংগীত-সুরের জ্ঞান, গানের সুর ঠিক হইল কিনা বুঝিতে পারা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

সুরভি—১। সুবাস। বি; পুং। ২। সুগন্ধি; পণ্ডিত, জ্ঞানী; মনোরম; প্রিয়; ধার্মিক; বিখ্যাত। সু—রভ্+ইন্ কর্তৃ। বিণ।

সুরভি, সুরভী—দেবগবী, নন্দিনীর মাতা; পৃথিবী; তুলসী। সু—রভ্+ই কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।

সুরভিত—সৌরভযুক্ত, গন্ধবিশিষ্ট; খ্যাত। সুরভি+ইতচ্ জাতার্থে; অথবা, সু—রভ্+ক্ত কর্ম। বিণ।

সুরভূমি—স্বর্গ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সুরম্য—অতি মনোহর; অতি সুন্দর। প্রাদি। বিণ।

সুরলোক—দেবলোক, স্বর্গ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সুরশিল্পী (-শিল্পিন্)—১। যিনি সংগীতে সুরদান করেন; সুগায়ক। ৬ষ্ঠীতৎ। ২। দেবশিল্পী বিশ্বকর্মা। কর্মধা। বি; পুং।

সুরস—১। সুস্বাদু; স্বাদু; মিষ্টরসযুক্ত। বহু। বিণ। ২। সুন্দর রস। প্রাদি। বি; ক্লী।

সুরসিক—অতি রসজ্ঞ; রসালাপে সুপটু; রসের অবতারণায় সুদক্ষ। প্রাদি। বিণ।

সুরসুন্দরী, সুরাঙ্গনা—স্বর্গবেশ্যা; অপ্সরা; দুর্গা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

সুরা—মদ্য, মদ; চুয়ানো মদ, spirits. সু+রক্

সুরাঙ্গনা—'সুরসুন্দরী' দ্রঃ।

সুরাজীব, -জীবী (-বিন্)—শুঁড়ী। সুরা হইয়াছে আজীব (জীবিকা) যাহার, বহু; সুরা—জীব্+ণিন্ কর্তৃ। বি; পুং।

সুরাপান—মদ্যপান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

সুরাপায়ী (-য়িন্)—মদ্যপানকারী। উপতৎ; সুরা—পা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-পায়িনী, -পায়িণী।**

সুরাসার—মদ্যের সারাংশ, শোধিত মদ্য, কোহল, স্পিরিট, alcohol. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সুরাসুর—দেবতা ও দানব। দ্বন্দ্ব। বি; পুং।

সুরাহা—সুবিধা; সমাধান। (সং) সু+(ফা) রাহা (পথ)। বি।

সুরু—আরম্ভ। আ। বি। ['সুরাগ'। বি।

সুরুক, সুলুক—টের; খেই, সূত্র, clue. <ফা

সুরুচি—১। সদ্বিষয়ে অনুরাগ; মার্জিত রুচি; সভ্যজনোচিত প্রবৃত্তি; যাহাতে অশ্লীলতা নাই এমন বিষয়ে রুচি। প্রাদি। বি; স্ত্রী। ২। উত্তম-রুচিবিশিষ্ট। বহু। বিণ।

সুরুচিসংগত—শ্লীলতাযুক্ত, অশ্লীলতাবর্জিত; শিষ্টতাযুক্ত; সুরুচির অনুমোদিত। ৩য়াতৎ। বিণ।

সুরুচিসম্পন্ন—সভ্যজনোচিত প্রবৃত্তিবিশিষ্ট। ৩য়াতৎ। বিণ। ['শোরবা'। বি।

সুরুয়া—ঝোল, যূষ, মাংস ইঃ-র ক্বাথ। <ফা

সুরূপ—১। উত্তমরূপবিশিষ্ট; রূপবান্; বিচক্ষণ; জ্ঞানী; পণ্ডিত। বহু। বিণ। ২। উত্তম শ্রী। প্রাদি। বি; ক্লী। [বি; পুং।

সুরেন্দ্র, সুরেশ, সুরেশ্বর—দেবরাজ, ইন্দ্র। ৬ষ্ঠীতৎ।

সুরেশ্বরী—গঙ্গা; দুর্গা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সুর্কি—'সুরকি' দ্রঃ।

সুর্তি—'সুরতি' দ্রঃ। [বি।

সুর্মা—চক্ষুর একপ্রকার অঞ্জন, রসাঞ্জনচূর্ণ। ফা।

সুর্পা, সুর্পো—যে আংটায় শিকল বা আলতারাফ আটকানো হয়। বাংপ্র। বি।

সুলক্ষণ—১। উত্তমলক্ষণাক্রান্ত, সুন্দর-লক্ষণযুক্ত। বহু। বিণ। স্ত্রী, **-ণা**। ২। উত্তম চিহ্ন, শুভলক্ষণ। প্রাদি। বি; ক্লী। [পুং। স্ত্রী, -না।

সুলতান—মুসলমান নৃপতির উপাধি বিঃ। তু। বি;

সুলভ—অনায়াসলভ্য, সুখলভ্য; অযত্নসিদ্ধ; সস্তা। সু—লভ্+খল্ কর্ম। বিণ। [বিণ।

সুললিত—অতিশয় মধুর; অতি রমণীয়। প্রাদি।

সুলেখক—উত্তম-গল্প-প্রবন্ধাদি-রচয়িতা; উত্তম লিপিকর। প্রাদি। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-লেখিকা।**

সুলোচন—উত্তমচক্ষুবিশিষ্ট। বহু। বিণ।

সুশাসন—উত্তমরূপে রক্ষণাবেক্ষণ; ভালরূপে প্রজাপালন। প্রাদি। বি; ক্লী। [প্রাদি। বিণ।

সুশাসিত—উত্তমরূপে দমিত; উত্তমরূপে পালিত।

সুশিক্ষা—উত্তমরূপে অধ্যয়ন বা অভ্যাস; উত্তমরূপে উপদেশদান। প্রাদি। বি; স্ত্রী।

সুশিক্ষিত—উত্তমরূপে শিক্ষাপ্রাপ্ত। প্রাদি। বিণ।

সুশীতল, সুশীত—অতি শীতল। প্রাদি। বিণ।

সুশীল—সচ্চরিত্র, সৎস্বভাব। বহু। বিণ। স্ত্রী, **-লা।**

সুশীলতা—বিনয়, নম্রতা; সংস্বভাব। সুশীল+তা ভাবে। বি; স্ত্রী। [বহু। বিণ।

সুশৃঙ্খল—সুব্যবস্থিত। সু (উত্তম) শৃঙ্খলা যাহাতে,

সুশৃঙ্খলা—১। উত্তম বন্দোবস্ত। প্রাদি। বি; স্ত্রী। ২। সুব্যবস্থিতা। সুশৃঙ্খল+আপ্। বিণ; স্ত্রী।

সুশোভন—অতি সুন্দর। প্রাদি। বিণ। স্ত্রী, **-না।**

সুশোভিত—অতি সুন্দর, অত্যধিক শোভাযুক্ত। প্রাদি। বিণ।

সুশ্রাব্য—উত্তমরূপে শ্রবণযোগ্য, সুমধুর। প্রাদি। বিণ।

সুশ্রী—শ্রীযুক্ত, শ্রীমান্, সুন্দর, সুরূপ। বহু। বিণ।

সুষনি, সুষুনি—একপ্রকার জলজাত শাক। <সুনিষণ্ণ। বি।

সুষমা—পরম শোভা, উৎকৃষ্ট সৌন্দর্য। সু(সুন্দররূপে) সম (সমান) যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।

সুষি, সুষির—গর্ত, ছিদ্র; বংশী বিঃ, বায়ুর সাহায্যে বাদিত যন্ত্র, wind instrument. শুষ্+ইন্, কিরচ্ কর্তৃ (শ-স্থানে স)। বি; স্ত্রী, ক্লী।

সুষুনি—'সুষনি' দ্রঃ।

সুষুপ্ত—১। গভীর-নিদ্রায় নিদ্রিত; অজ্ঞ, আত্মবোধ-শূন্য। বিণ। ২। সুষুপ্তি, গভীর নিদ্রার অবস্থা। প্রাদি। বি; ক্লী। [ভাব। বি; স্ত্রী।

সুষুপ্তি—সুনিদ্রা, অচেতন নিদ্রা। সু—স্বপ্+ক্তি

সুষুম্না—শাস্ত্রোক্ত শরীরস্থ নাড়ী বিঃ, মেরুদণ্ডের বহির্ভাগে ঈড়া পিঙ্গলা নাড়ীর মধ্যবর্তী নাড়ী; সূর্যরশ্মি। সু-ষু—ম্না+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

সুষুম্নাকাণ্ড—মেরুমজ্জা, spinal cord. কর্মধা। বি, পুং বা ক্লী।

সুষ্ঠু—অতিশয় সুন্দর; শ্রেষ্ঠ; সত্য; চমৎকারভাবে, নিখুঁতভাবে। সু—স্থা+কু কর্তৃ। বিণ বা ক্রি-বিণ।

সুসংগত—সর্বতোভাবে। যুক্তিযুক্ত। প্রাদি বিণ।

সুসংবাদ—ভাল খবর। প্রাদি। বি; পুং।

সুসংস্কৃত—উত্তম-সংস্কারবিশিষ্ট, বিলক্ষণব্যুৎপন্ন; ঘৃতাদি দ্বারা উত্তমরূপে পক্ব। প্রাদি। বিণ।

সুসংহত—আঁটসাট, সুদৃঢ়; উত্তমরূপে ঘনীভূত বা গ্রথিত। প্রাদি। বিণ।
সুসজ্জ—সুসজ্জিত। সু—সজ্জ্+অচ্ কর্ম, অথবা সু সজ্জা যাহার, বহু। বিণ।
সুসজ্জিত—উত্তমরূপে সাজানো; চমৎকারভাবে বিন্যস্ত। প্রাদি। বিণ। [প্রাদি। বিণ।
সুসভ্য—উত্তমরূপে শিক্ষাপ্রাপ্ত; অতিশয় ভদ্র।
সুসময়—ভাল সময়; সম্পৎকাল। প্রাদি। বি; পুং।
সুসমৃদ্ধ—অতিশয় সমৃদ্ধিশালী। প্রাদি। বিণ।
সুসম্পন্ন—অতিশয় সমৃদ্ধিশালী; উত্তমরূপে নিষ্পন্ন; অতি ধনাঢ্য। প্রাদি। বিণ।
সুসাধ্য—অনায়াসসাধ্য; সহজসাধ্য। প্রাদি। বিণ।
সুসার—কুলানো, প্রতুল; সচ্ছল অবস্থা; সুবিধা। বাংপ্র। বি।
সুস্থ—নীরোগ; স্বাস্থ্যযুক্ত; স্বচ্ছন্দ; সুখী; সুস্থির; সুন্দর। সু—স্থা+ক কর্তৃ। বিণ।
সুস্থকায়, -দেহ—১। নীরোগ; ব্যাধিশূন্যদেহ। বহু। বিণ। ২। নীরোগ দেহ। কর্মধা। বি; পুং।
সুস্থচিত্ত—১। স্থিরমনাঃ; শান্ত-অন্তঃকরণবিশিষ্ট। বহু। বিণ। ২। স্থিরমন; উদ্বেগশূন্য মন। কর্মধা। বি; ক্লী। [স্ত্রী।
সুস্থতা—স্বাস্থ্য, আরোগ্য। সুস্থ+তা ভাবে। বি;
সুস্থদেহ—'সুস্থকায়' দ্রঃ।
সুস্থির—অতিস্থির; অচঞ্চল, শান্ত; দৃঢ়; বদ্ধমূল; সুস্থ। প্রাদি। বিণ।
সুস্নিগ্ধ—অতিশয় শীতল। প্রাদি। বিণ।
সুস্পষ্ট—অতি স্ফুট; অতিশয় স্পষ্ট। প্রাদি। বিণ।
সুস্বর—১। মধুর স্বর। প্রাদি। বি; পুং। ২। মধুর-স্বরযুক্ত। বহু। বিণ।
সুস্বাদ—১। উত্তম-আস্বাদযুক্ত। বহু। বিণ। ২। উত্তম আস্বাদ। প্রাদি। বি; পুং।
সুস্বাদু—উত্তম আস্বাদযুক্ত। প্রাদি। বিণ।
সুস্মিত—সুন্দর ও ঈষৎ হাস্যযুক্ত, সু স্মিত যাহার, বহু। বিণ।
সুহৃদ্—বন্ধু, সখা; সাহায্যকারী; সহায়; সহৃদয় ব্যক্তি; লগ্ন হইতে চতুর্থ স্থান। সু (উত্তম) হৃদয় যাহার, বহু (হৃদয়-স্থানে-হৃৎ)। বি; পুং।
সুহৃদয়—প্রশস্তমনাঃ, সদন্তঃকরণবিশিষ্ট; শুদ্ধচিত্ত। বহু। বিণ।
সুহৃদ্বর—শ্রেষ্ঠ মিত্র। সুহৃৎ-সকলের মধ্যে বর (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বিণ। **সুহৃদ্বরেষু**—বন্ধু বা অন্তরঙ্গ ব্যক্তির নিকট লিখিত চিঠির পাঠ। স্ত্রী, **-রাসু**।
সূক্ত—সমীচীনবাক্য, সদ্বচন; বেদোক্ত স্তোত্র-মন্ত্রাদি। প্রাদি। বি; ক্লী। [বি; স্ত্রী।
সূক্তি—বেদবচন, বেদমন্ত্র; সদ্বচন। সু উক্তি, প্রাদি।
সূক্ষ্ম—১। ক্ষুদ্র; অল্প; ক্ষীণ, সরু; অতীন্দ্রিয়। বিণ। ২। অণু। সূচ্+মন্ কর্ম (স-আগম)। বি; পুং।
সূক্ষ্মকোণ—১। সমকোণ অপেক্ষা ক্ষুদ্রতর কোণ, acute angle. কর্মধা। বি; পুং।
সূক্ষ্মদর্শী (-দর্শিন্)—অতিশয় বুদ্ধিমান্; সূক্ষ্ম-বিচারক্ষম; সকল বিষয়ের ভিতরে প্রবেশ করিয়া বুঝিবার ক্ষমতাযুক্ত। উপতৎ; সূক্ষ্ম—দৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-দর্শিনী**। বি, **-দর্শিতা**।
সূক্ষ্মবুদ্ধি—১। পুঙ্খানুপুঙ্খরূপে বুঝিবার বা বিচার করিবার মত ধীশক্তি, তীক্ষ্মবুদ্ধি। কর্মধা। বি; স্ত্রী। ২। তীক্ষ্মবুদ্ধিসম্পন্ন। বহু। বিণ।
সূক্ষ্মভূত—ক্ষিত্যাদি পঞ্চভূতের সূক্ষ্মাংশ বিঃ। সূক্ষ্ম ভূত, কর্মধা। বি; ক্লী।
সূক্ষ্মশরীর—পঞ্চপ্রাণ দশ ইন্দ্রিয় মনঃ ও বুদ্ধি—আত্মার ভোগসাধন এই সপ্তদশ; জড়ধর্মবর্জিত দেহ। কর্মধা। বি; ক্লী।
সূক্ষ্মাগ্র—তীক্ষ্ম-অগ্রভাগবিশিষ্ট। বহু। বিণ।
সূচ—ছুঁচ। <সূচী। বি।
সূচক—১। কথক; জ্ঞাপক; প্রকাশক। সূচ্+ণিচ্ (=সূচি—জানানো)+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**সূচিকা**। ২। বৈষ্ণব মহাজনদের তিরোভাব উৎসব বা গীত। বাংপ্র। বি।
সূচন, সূচনা—জ্ঞাপন; কথন; অঙ্গভঙ্গী দ্বারা জানানো; সংকেত বা চিহ্নাদি দ্বারা জানানো; বিদ্ধ-করণ; হিংসন; দুষ্টামি; দৃষ্টি; অভিনয়; দোষা-বিষ্করণ। সূচ্+অনট্ ভাব; পক্ষে অন ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী। [কর্ম। বিণ।
সূচনীয়, সূচ্য—জ্ঞাপনীয়, কথনীয়। সূচ+অনীয়, য
সূচি, সূচী—সীবনী, ছুঁচ; জ্ঞাপনী; সূক্ষ্ম অগ্র-ভাগ; নর্তকী বা গায়কদিগের করাদ্যভিনয়; তালিকা; পুস্তকের বিষয়সমূহের পৃষ্ঠাঙ্কিত তালিকা, index. সূচ্ (ছিদ্রিত করা; সূচনা করা, নির্দেশ করা)+ণিচ্+ইন্ করণ; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
সূচিকা—১। জ্ঞাপিকা; প্রকাশিকা। সূচক+আপ্। বিণ। ২। সূচী, ছুঁচ। সূচী+কন্+আপ্। বি; স্ত্রী।
সূচিকাভরণ—সূচ্যগ্র পরিমাণ সর্পবিষঘটিত আয়ুর্বে-দীয় ঔষধ বিঃ। সূচিকা দ্বারা ভরণ যাহার, বহু। বি; ক্লী। [ক্ত কর্ম। বিণ।
সূচিত—কথিত; জ্ঞাপিত; হিংসিত; যোগ্য। সূচ্+
সূচী—'সূচি' দ্রঃ।
সূচীকটাহন্যায়—ন্যায় বিঃ [একটি ছুঁচ তৈয়ার করিতে অতি অল্প সময় লাগে (যেমন পাঁচ মিনিট), আর একটি কড়া তৈয়ার করিতে তাহার অপেক্ষা অনেক বেশী সময় লাগে (যেমন দুই ঘণ্টা); কর্মকার যদি আগে ছুঁচ তৈয়ার করে তবে পাঁচ মিনিটে ছুঁচ হইয়া গেলে তারপর সে দুই ঘণ্টা বসিয়া কড়া তৈয়ার করিতে পারে। কিন্তু আগে কড়া তৈয়ার করিলে কড়া হইতে ত দুই ঘণ্টা লাগিবেই, আবার ছুঁচের জন্যও দুই ঘণ্টার বেশী বসিয়া থাকিতে হইবে। সুতরাং পূর্বে ছুঁচ অর্থাৎ অল্পসময়সাধ্য কাজটি শেষ করিয়া পরে কড়া অর্থাৎ অধিকসময়-সাধ্য কাজটি আরম্ভ করাই বিধেয়]। সূচী এবং কটাহ, দ্বন্দ্ব; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

সূচীজীবী (-বিন্)—দরজী, সীবনকার্য দ্বারা জীবিকানির্বাহকারী। উপতৎ; সূচী—জীব্+ণিন্ কর্তৃ। বি; পুং বা বিণ। স্ত্রী, **-জীবিনী**।

সূচীপত্র—পুস্তকের যে পাতায় পুস্তকের বিষয়-সমূহের তালিকা এবং পৃষ্ঠাঙ্ক থাকে তাহা। মধ্যপ। বি; ক্লী।

সূচীভেদ্য—সূচী দ্বারা বিদ্ধ করিবার যোগ্য; জমাট-বাঁধা ('— অন্ধকার')। ৩য়াতৎ। বিণ।

সূচীমুখ—১। ব্যূহ বিঃ। সূচীর মুখের ন্যায় মুখ যাহার, বহু। বি; পুং। ২। সরমুখ। মধ্যপ। ৩। ছুঁচের মুখ, ছুঁচের ডগা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

সূচ্যগ্র—ছুঁচের আগা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

সূচ্যগ্রপরিমিত—ছুঁচের আগার সমান; অতি সামান্য-মাত্র। ৩য়াতৎ। বিণ।

সূত—১। সারথি; সূর্য; ছুতার; ব্রাহ্মণীর গর্ভে ক্ষত্রিয়ের ঔরসে উৎপন্ন প্রতিলোমজ সংকর জাতি; স্তুতিপাঠক। সূ+ক্ত কর্তৃ। বি; পুং। ২। জাত, প্রসূত, উৎপন্ন; উৎপাদিত; প্রেরিত। সূ+ক্ত কর্ম। বিণ। [স্বার্থে, আগতার্থে। বি; ক্লী।

সূতক—জন্ম; সন্তানজন্ম জন্য অশৌচ। সূত+কন্

সূতকাশৌচ—জননাশৌচ। সূতক (জন্ম) জনিত অশৌচ, মধ্যপ। বি; ক্লী।

সূতপুত্র—কর্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সূতা, সূতিকা—নবপ্রসূতা স্ত্রী। সূ+ক্ত কর্তৃ+আপ্; পক্ষে কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

সূতি—প্রসব; জন্ম; সন্তান; সূচীকার্য। সূ+ক্তি ভাব, কর্ম। বি; স্ত্রী।

সূতিকা—সদ্যঃপ্রসূতা নারী; (তাহা হইতে) সদ্যঃ-প্রসূতা নারীর উদরাময়। সূত+ইক (ঠন্) আছে অর্থে+আপ্। বি; স্ত্রী।

সূতিকাগার, -গৃহ, -ভবন—প্রসবগৃহ, আঁতুড়ঘর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

সূত্র—তন্তু, সুতা; বিধি, নিয়ম, rule, formula; উপবীত, পইতা; শাস্ত্র; দর্শনশাস্ত্র ধর্মশাস্ত্র নীতিশাস্ত্র বা শব্দশাস্ত্রের প্রথম প্রণেতার গ্রথিত সংক্ষিপ্ত বাক্য, aphorism; নাট্যশাস্ত্রের উপক্রম; আইনবিষয়ক মত বা নিষ্পত্তি। সিব্+ষ্ট্রন্ করণ (সিব্-স্থানে সূ); অথবা, সূত্র+ঘঞ্ করণ। বি; ক্লী।

সূত্রকার—মূল-সূত্রগ্রন্থের প্রণেতা, সূত্ররচয়িতা ('বেদান্ত —')। উপতৎ; সূত্র—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং।

সূত্রধর—কাষ্ঠতক্ষক জাতি বিঃ; ছুতার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সূত্রধার—সূত্রধর জাতি; ছুতার; নাট্যপ্রস্তাবক প্রধান নট; সূত্রপ্রণয়নকর্তা। উপতৎ; সূত্র—ধৃ+অণ্ কর্তৃ। বি; পুং।

সূত্রপাত—আরম্ভ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সূদন—১। বিনাশক, হন্তা। ণিজন্ত সূদ্=সূদি (বধ করা)+অন কর্তৃ। বিণ। ২। হনন, বধ। সূদি+অনট্ ভাব। বি; ক্লী।

সূনু—১। পুত্রী, কন্যা। বি; স্ত্রী। ২। পুত্র; অনুজ; সূর্য; দৈত্য। সূ+নুক্ কর্ম। বি; পুং।

সূনৃ—কন্যা। সূনু+ঊপ্। বি; স্ত্রী। [ক্লী।

সূনৃত—সত্যপ্রিয় বাক্য। সূ—নৃত্+ক কর্তৃ। বি;

সূপ—১। ঝোল, সুরুয়া; রান্না ডাল; ভাণ্ড; বাণ। সূ+পক্ কর্ম। বি; পুং। ২। পাচক। সূ+পক্ কর্তৃ। বি; পুং, বা বিণ।

সূপকার—রন্ধনকারী। উপতৎ; সূপ—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং। স্ত্রী, **-রী**।

সূরি—১। পণ্ডিত, বিদ্বান্; শ্রীকৃষ্ণ। সূর্+ই কর্তৃ। ২। সূর্য। সূ+ক্রি কর্তৃ। বি; পুং।

সূরী (সূরিন্)—পণ্ডিত, জ্ঞানী, বিদ্বান্। সূর্+ণিন্ কর্তৃ। বি বা বিণ; পুং। স্ত্রী—**সূরিণী**।

সূর্প—তণ্ডুলাদিপরিষ্করণপাত্র, শূর্প কুলা। সূর্প্+ঘঞ্ করণ, অথবা শৄ+প কর্তৃ (শৄ-স্থানে সূর্)। বি; পুং বা ক্লী।

সূর্পণখা—রাবণের ভগিনী। সূর্পের (কুলার) ন্যায় নখ যাহার, বহু+আপ্। বি; স্ত্রী।

সূর্য—দিবাকর, ভানু। সৃ+ক্যপ্ কর্তৃ (নিপা)। বি; পুং।

সূর্যকর—রৌদ্র, সূর্যের কিরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সূর্যকরোজ্জ্বল—সূর্যের কিরণে উদ্ভাসিত, রৌদ্র দ্বারা প্রকাশিত। সূর্যকর দ্বারা উজ্জ্বল, ৩য়াতৎ। বিণ। [তৎ। বি; পুং।

সূর্যকান্ত—আতশী কাচ বা তদ্রূপ স্ফটিক। ৬ষ্ঠী-

সূর্যগ্রহণ—রাহু বা ভূচ্ছায়া কর্তৃক সূর্যের গ্রাস [জ্যোতিষ-মতে চন্দ্র পৃথিবী ও সূর্যের মধ্যবর্তী হইলে পৃথিবী হইতে সূর্য দৃষ্ট না হওয়াতে সূর্য-গ্রহণ হয়]। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

সূর্যঘড়ি—ছায়া দ্বারা সময়নিরূপক যন্ত্র, sun-dial. সূর্য-নিয়ন্ত্রিত ঘড়ি, মধ্যপ (বাংপ্র)। বি।

সূর্যবংশ—সূর্য হইতে জাত বংশ (সগর দশরথ শ্রীরামচন্দ্র প্রঃ সূর্যবংশ-জাত)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সূর্যমণ্ডল—সূর্যের চতুর্দিকস্থ মালাকারবেষ্টনীর অভ্যন্তরভাগ; সূর্য। ৬ষ্ঠীতৎ বা কর্মধা। বি; ক্লী।

সূর্যমুখ, -মুখী—পুষ্প, sun-flower. সূর্য প্রতি মুখ যাহার, বহু; পক্ষে ঈপ্। বি; ক্লী, স্ত্রী।

সূর্যসারথি—অরুণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সূর্যালোক—রৌদ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সূর্যাস্ত—দিবাবসানে সূর্যের পশ্চিম দিক্‌চক্রবালের নীচে অন্তর্ধান, সূর্যের ডুবিয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

সূর্যোদয়—দিবসাগমে সূর্যদেবের পূর্বদিক্-চক্রবাল রেখার উপরে আবির্ভাব, প্রাতঃকালে সূর্যের পূর্বাকাশে প্রকাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সৃক্কণী, সৃক্কনী—কষ, ঠোঁটের ধার। সৃজ্+কনিন্, বনিন্ কর্তৃ+স্ত্রী ঈপ্। বি; স্ত্রী।

সৃজন—সৃষ্টি, নির্মাণ; বর্ষণ। সৃজ্+অনট্ ভাব (ব্যাকরণমতে 'সর্জন')। বি; ক্লী। বিণ—**সৃজিত** (বাং)।

সৃপ্ত—স্খলিত, slipped. সৃপ্+ক্ত কর্তৃ। বিণ।
সৃষ্ট—নির্মিত; কৃত; পরিত্যক্ত; ভূষিত; মিলিত; নির্ণীত। সৃজ্+ক্ত কর্ম। বিণ।
সৃষ্টি—১। নির্মাণ, রচনা। সৃজ্+ক্তি ভাব। ২। জগৎ; স্বভাব; শিল্প। সৃজ্+ক্তি কর্ম। বি; স্ত্রী।
সৃষ্টিকর্তা (-কর্তৃ)—১। ভগবান্; ব্রহ্মা। বি; পুং। ২। নির্মাণকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -ত্রী।
সৃষ্টিনাশ, -লোপ—জগতের ধ্বংস, প্রলয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
সৃষ্টিরক্ষা—বিশ্বের পালন; জগতের রক্ষাকার্য।
সৃষ্টিস্থিতিপ্রলয়—বিশ্বের উৎপত্তি অবস্থিতি এবং নাশ, নির্মাণ রক্ষণ এবং সংহার। দ্বন্দ্ব। বি; পুং।
সে—১। সেই। (নির্দেশক) বিণ। ২। মনুষ্যাদি সূচক সর্বনাম। < সঃ। সর্ব।
সেই—পূর্বোক্ত; তাহাই। বাংপ্র। বিণ বা সর্ব।
সেউঁনি—সেচনী। প্রা কপ্র। বি।
সেওয়ার—ব্যতীত, ছাড়া। < আ 'সিরা'। অ।
সেঁউতি—নৌকার জল ফেলিবার জন্য কাঠের বাঁশের বেতের বা লৌহাদিনির্মিত পাত্র। < সেচনী। বি।
সেঁওতি, সেঁউতি—দেশী সাদা গোলাপ ফুল বিঃ। < সেবন্তী। বি।
সেঁকা, সেকা—অগ্নিতাপ-প্রয়োগ করা, উত্তাপ দেওয়া; অগ্নিতাপে পাক করা ('রুটি —')। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [< পো 'arsenico'. বি।
সেঁকো, শেঁকো, সেঁকোবিষ—শঙ্খবিষ, arsenic.
সেঁজুতি—সন্ধ্যাদীপ, সাঁঝের বাতি। < সন্ধ্যাবর্তি। বি। [বাংপ্র। বিণ।
সেঁতসেঁতে, স্যাঁতসেঁতে—ঈষৎ ভিজা, সিক্তপ্রায়।
সেঁতানো—ভিজা; ভিজানো; ঈষৎ আর্দ্র হওয়া; স্যাঁতসেতে হওয়া। < সিক্ত। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
সেক—১। জলপ্রক্ষেপ; ভিজানো। সিচ্+ঘঞ্ ভাব। বি; পুং। ২। শরীরে তাপ প্রয়োগ, fomentation. < স্বেদ। বি।
সেকরা—স্বর্ণজীবী জাতি বিঃ, সোনারূপার গহনা নির্মাণকারী। প্রাচীন পারসীক। বি।
সেকাল—প্রাচীন কাল; অতীত সুখের সময়; যখন অবস্থা অন্যরূপ ছিল সেই সময়। কর্মধা (বাংপ্র)। বি। [< ইং 'second'. বি।
সেকেণ্ড—এক মিনিটের ষাট ভাগের এক ভাগ।
সেকেন্দর—আলেকজান্ডার। ফা-ম্। বি।
সেকেন্দরী—সেকেন্দরের সময়ের; সেকেন্দর সম্বন্ধীয়। সেকেন্দর (ফা)+ঈ সম্বন্ধার্থে। বিণ।
সেকেলে—প্রাচীনকালে প্রচলিত অধুনা অপ্রচলিত; প্রাচীন কালের। সেকাল+এ (< ইয়া) ভবার্থে। বিণ। [বিণ। স্ত্রী—সেক্ত্রী।
সেক্তা (সেক্তৃ)—সেচক, সেচনকারী। সিচ্+তৃন্ কর্তৃ।
সেক্রেটারি—সম্পাদক, কার্যনির্বাহক, সচিব, চিঠিপত্র লেখা হিসাব রাখা ইঃ বিষয়ক সহকারী। < ইং 'secretary'. বি।
সেখান—সেইস্থান, সেই জায়গা। বাংপ্র। বি।
সেখানকার—সেই স্থানের, তথাকার। বাংপ্র। বিণ।
সেগুন—গাছ বা কাঠ বিঃ, teak. বাংপ্র। বি।
সেঙাত, সেংগাত—'সাঙ্গাত' দ্রঃ।
সেচ—জলসেচন। 'সিচ্' ধাতুজ। বি।
সেচক—সেচনকারী। সিচ্+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—সেচিকা।
সেচন—সেক, আর্দ্রীকরণ; জল ছিটানো; ক্ষরণ। সিচ্+অনট্ ভাব। বি; ক্লী।
সেচনী—সেকপাত্র, জলসেচনপাত্র। সিচ্+অনট্ করণ +ঈপ্। বি; স্ত্রী। [বিণ]।
সেচা—সেচন করা; পুকুর ছেঁচা। বাংপ্র। ক্রি [, বি,
সেজা, সেঝা—জলে সিদ্ধ হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
সেজানো, সেঝানো—সিদ্ধ করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
সেজো, সেজ—তৃতীয় ('— ছেলে')। বাংপ্র। বিণ।
সেট—দ্রব্যাদির প্রস্থ বা সমবায়; তাসখেলায় প্রতিপক্ষের সহিত জয় বা পরাজয়সূচক পাঁচ ফোঁটা বা ছয় ফোঁটার তাসের সবগুলি ফোঁটা। < ইং 'set'. বি। [বি।
সেতার—বীণাজাতীয় বাদ্যযন্ত্র বিঃ, ত্রিতন্ত্রী। ফা।
সেতু—সাঁকো, পুল; ক্ষেত্রাদির আলি, জাঙ্গাল; মর্যাদা। সি+তুন্ করণ। বি; পুং।
সেতুবন্ধ—ভারতবর্ষের দক্ষিণ প্রান্ত হইতে লঙ্কাদ্বীপ পর্যন্ত শ্রেণীবদ্ধ প্রবালদ্বীপশ্রেণী; পুল, সেতু। সেতুই বন্ধ, কর্মধা। বি; পুং।
সেথা, সেথায়—সেখানে। বাংপ্র। বি।
সেথো—সঙ্গী। সাথ+ও (< উয়া) স্থিতার্থে। বি।
সেদিন—সেই দিন; অনতিপূর্ব কোন দিন। বাংপ্র। বি।
সেন—বৈদ্য জাতির উপাধি বিঃ। বাংপ্র। বি।
সেনা—সৈন্য; সৈন্যদল। সি+ন কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
সেনাধ্যক্ষ, সেনানী, সেনাপতি—সৈন্যাধ্যক্ষ; কার্তিকেয়। ৬ষ্ঠীতৎ; উপতৎ; সেনা—নী+ক্বিপ্ কর্তৃ; সেনাদের পতি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সেনানায়ক—সেনাপতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সেনানিবাস -নিবেশ—ছাউনি, শিবির। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সেনামুখ—৩ হস্তী ৩ রথ ৯ অশ্ব ১৫ পদাতি—এতৎসংখ্যক সৈন্য; সেনাগ্রভাগ; পুরদ্বারের সম্মুখবর্তী পথ। সেনার মুখ (সম্মুখাংশ), ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
সেপাই—দেশীয় সৈন্য। < ফা 'সিপাহী'। বি।
সেপ্টেম্বর—ইংরেজী বৎসরের নবম মাস। < ইং 'September'. বি।
সেবক—১। দাস, ভৃত্য; পরিচারক; সেবাকারী; অনুজীবী। সেব্+ণক কর্তৃ। ২। সীবনকর্তা, দরজী প্রঃ। সিব্+ণক কর্তৃ। বি; পুং।
সেবন—১। উপভোগ; সেবা; উপাসনা। সেব্+অনট্ ভাব। ২। সেলাই। সিব্+অনট্ ভাব। বি; ক্লী।

সেবনী—সূচী, ছুঁচ। সিব্+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী। [এমন। সেব্+অনীয় কর্ম। বিণ।
সেবনীয়—সেবনযোগ্য; যাহা সেবন করিতে হইবে
সেবমান—যে সেবা করিতেছে এমন, সেবায় ব্যাপৃত। সেব্+শানচ্ কর্তৃ। বিণ।
সেবা—উপভোগ; শুশ্রূষা; আশ্রয়; উপাসনা। সেব্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।
সেবাইত, সেবায়ত, সেবায়েত—পূজারী, পূজক; পাণ্ডা; দেবমন্দিরের তত্ত্বাবধায়ক ও পূজাকারী। সেবা+ইত, অত, এত করে অর্থে (বাংপ্র)। বি।
সেবাদাসী—পরিচর্যাকারিণী, ভৃত্যা; সন্ন্যাসী ইঃর দাসী বা উপপত্নী। সেবাকারিণী দাসী, মধ্যপ। বি; স্ত্রী।
সেবাব্রত—১। একনিষ্ঠভাবে পরিচর্যায় রত। বহু। বিণ। ২। পরিচর্যারূপ পুণ্যকার্য। কর্মধা। বি; পুং বা ক্লী।
সেবাব্রতী (-ব্রতিন্)—সেবাকারী; স্বেচ্ছাসেবক। সেবাব্রত+ইন্ আছে অর্থে। বি; পুং, বা বিণ। স্ত্রী, **-ব্রতিনী**।
সেবায়ত, সেবায়েত—'সেবাইত' দ্রঃ। [বিণ; স্ত্রী।
সেবিকা—সেবাকারিণী; দাসী। সেবক+আপ্। বি বা
সেবিত—উপভুক্ত; উপাসিত, আরাধিত; আশ্রিত; রক্ষিত; অভ্যস্ত; ব্যবহৃত। সেব্+ক্ত কর্ম। বিণ।
সেবী (-বিন্)—(সমাসে অন্য পদের শেষে) যে সেবন করে, উপভোক্তা ('গাঁজিকা —'); সেবক। সেব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**সেবিনী**।
সেব্য—সেবনীয়; আরাধ্য; উপাস্য; অভ্যাস অনুশীলন বা ব্যবহার করিবার উপযুক্ত; যত্ন করিবার যোগ্য। সেব্+ণ্যৎ কর্ম। বিণ।
সেব্যমান—আরাধ্যমান, যাহাকে সেবা করা হইতেছে এমন। সেব্+শানচ্ কর্ম। বিণ।
সেমই, সেমুই—ময়দায় প্রস্তুত সূত্রাকার খাদ্য বিঃ, vermicelli. <সেবিকা। বি।
সেমতি—সেইরূপ। প্রা কপ্র। বিণ।
সেমিকোলন—কমা হইতে দীর্ঘস্থায়ী ছেদচিহ্ন বিঃ। <ইং 'semi-colon'. বি।
সেয়াই—লিখিবার কালি। <ফা 'সিআহী'। বি।
সেয়ান, সেয়ানা—বয়ঃপ্রাপ্ত; বর্ধিত; জ্ঞানবান্; চতুর। <সজ্ঞান। বিণ।
সের—লীলাবতীতে উক্ত পরিমাণ বিঃ, ওজন বিঃ, এক-মনের চল্লিশ ভাগের এক ভাগ। বি; পুং।
সেরা—প্রধান, উৎকৃষ্ট। <শ্রেষ্ঠ। বিণ।
সেরা, সেরী—(সংখ্যাবাচক শব্দের পরে যুক্ত হইলে) তত সের ওজনের, তত সের পরিমাণের। সের+আ, ঈ পরিমাণার্থে (বাংপ্র)। বিণ।
সেরূপ—সেইরকম। সে রূপ যাহার, বহু (বাংপ্র)। বিণ।
সেরেফ—কেবল, শুধু। <আ 'সিফ্‌র্'। বিণ।
সেরেস্তা—অফিস, দপ্তর। <ফা 'সর্‌রিশ্‌তহ্'। বি।
সেরেস্তাদার—অফিসের বড় কেরানী। সেরেস্তা+দার অধিকৃতার্থে (ফা-মু)। বি।
সেলাই—সূচীকর্ম, সীবন। বাংপ্র। বি।
সেলাখানা, সেলেখানা—অস্ত্রগৃহ, অস্ত্রাগার। <আ সিল্‌হ্+ফা খানহ্। বি।
সেলাম—ডান হাত কপালে তুলিয়া নমস্কার। <আ 'সলাম'। বি। [আ-মু। বি।
সেলাম-আলেকম—নমস্কার, আপনার কুশল হউক।
সেলামী—জমি ইঃ জমা লইবার কালে মালিককে প্রদেয় অর্থ; নজরানা, প্রভু ইঃকে উপঢৌকন। আ-মু। বি।
সেলেখানা—'সেলাখানা' দ্রঃ।
সেলেট—লিখিবার প্রস্তরফলক। <ইং 'slate'. বি।
সেসন—দায়রা, ফৌজদারী মকদ্দমার বিচারার্থ জজের অধিবেশন; স্কুল-কলেজের অধ্যয়নের নির্দিষ্টকাল। <ইং 'session'. বি।
সেহ—সেই; সে-ও, সেই লোকও। প্রা কপ্র। সর্ব।
সেহা—খাজনা আদায়ের দৈনিক হিসাব বা হিসাবের খাতা। ফা। বি।
সৈকত—১। পুলিন, বালুকাময় তট। বি; ক্লী। ২। বালুকাময় ('— ভূমি'), বালিময়। সিকতা+অণ্ ব্যাপ্ত্যর্থে, সম্বন্ধার্থে। বিণ।
সৈনাপত্য—১। সেনাপতি সম্বন্ধীয়। বিণ। ২। (সেনাপতির) কার্য বা পদ। সেনাপতি+ষ্যঞ্। বি; ক্লী।
সৈনিক—১। সৈন্য, প্রহরী, সেপাই; সেনারক্ষক; সেনাশ্রেণী; মিলিত হস্ত্যশ্বরথপদাতি; সেনাভুক্ত পুরুষাদি। সেনা+ইক সমবেতার্থে। বি; পুং। ২। সেনা সম্বন্ধীয়। সেনা+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, **-কী**।
সৈনিকপুরুষ—যোদ্ধা। কর্মধা। বি; পুং।
সৈনিকবেশ—যোদ্ধার পোশাক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সৈন্ধব—১। সিন্ধুদেশজাত লবণ। বি; ক্লী। ২। সিন্ধুদেশীয়; সমুদ্রজাত। সিন্ধু+অণ্ জাতার্থে, নিবাসার্থে। বিণ। স্ত্রী, **-বী**। **সৈন্ধব লবণ**—পাথরের তুল্য খনিজ লবণ, rock salt.
সৈন্য—১। অস্ত্রধারী সেপাই, সেনা। সেনা+ঞ্য তত্র সমবেতার্থে। বি; পুং। ২। শ্রেণীবদ্ধ যোদ্ধা। সেনা+ষ্যঞ্ সমুদায়ার্থে। বি; ক্লী।
সৈন্যচালন, -চালনা, -পরিচালন—সেনাদিগকে যুদ্ধার্থ অগ্রসর করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী, ক্লী।
সৈন্য-সমাবেশ—সেনাদের একত্র হওয়া বা করা। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।
সৈন্য-সামন্ত—সেনা এবং অধীন নৃপতিবৃন্দ। দ্বন্দ্ব। বি; পুং।
সৈন্যাধ্যক্ষ—সেনাপতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সৈয়দ—মহম্মদের দৌহিত্র হোসেনের বংশজ ব্যক্তির উপাধি; প্রধান ব্যক্তি। আ। বি।
সৈরন্ধ্রী, সৈরিন্ধ্রী—পরগৃহবাসিনী স্বাধীনা শিল্প-কারিণী; পরগৃহস্থিতা স্ববশা শিল্পকারিণী; দ্রৌপদী। সীরন্ধ্র (কৃষক)+অণ্ যোগ্যার্থে = সৈরন্ধ্র; সৈরন্ধ্র+অচ্ আছে অর্থে+ঈপ্, পক্ষে ই-কার-আগম (নিপা)। বি; স্ত্রী।

সো—সে; সেই ("সো বর নাগর রাজ"—যদুনন্দন)। প্রা কপ্র। সর্ব।
সোঁ—বেগে গমন করার অনুকার-শব্দ। বাংপ্র। অ।
সোঁটা—লাঠি। বাংপ্র। বি।
সোঁতা—প্রবাহ। <স্রোত। বি।
সোঁদা—শুষ্কভূমিতে জল পড়িলে যে গন্ধ হয় তাহা বা তদ্রূপ গন্ধ; যাহার বসন্ত ইঃ রোগের টিকা হয় নাই। <সুগন্ধ। বি বা বিণ।
সোঁদাল—আরগ্বধ, কর্ণিকার। বাংপ্র। বি।
সোঙরা—স্মরণ করা। প্রা কপ্র। ক্রি।
সোচ্ছ্বাস—আবেগযুক্ত; দীর্ঘশ্বাসযুক্ত। উচ্ছ্বাসের সহ বর্তমান, বহু। বিণ।
সোজা—সরল, অকুটিল; ঋজু, অবক্র; অকঠিন, সুসাধ্য, সুবোধ্য। <সহজ। বিণ।
সোজাসুজি—বরাবর; সরলভাবে। বাংপ্র। ক্রি-বিণ।
সোডা—একপ্রকার ক্ষার, সর্জিকা, bicarbonate বা carbonate of soda. <'soda'. বি।
সোডা-ওআটার—কার্বন-ডাই-অক্সাইড্ নামক বায়বীয় পদার্থপূরিত জল। <ইং soda-water'. বি।
সোণা—সুবর্ণ, কনক, হিরণ্য। <স্বর্ণ। বি।
সোৎকণ্ঠ—উৎকণ্ঠাযুক্ত। উৎকণ্ঠার সহ বর্তমান, বহু। বিণ।
সোৎপ্রাস—১। উপহাসযুক্ত। বিণ। ২। উপহাস, শ্লেষবাক্য। সহ—উৎ—প্র—অস্+ঘঞ্ ভাব। বি; পুং।
সোৎসাহ—উৎসাহযুক্ত। বহু। বিণ।
সোদর—একগর্ভজ ভ্রাতা। সহ (সমান) উদর (মাতৃগর্ভ) যাহার, বহু। বি; পুং। স্ত্রী, **-রা**।
সোদর্য—সহোদর। সোদর+যৎ স্বার্থে। বি; পুং। স্ত্রী, **-র্যা**। [বিণ।
সোদ্বেগ—উৎকণ্ঠাযুক্ত। উদ্বেগের সহ বর্তমান, বহু।
সোনা—১। সুবর্ণ। <স্বর্ণ। ২। বাছা, জাদু। বি। ৩। স্বর্ণবর্ণ। বাংপ্র। বিণ। **সোনা ফলা**—অতি উৎকৃষ্ট দ্রব্য প্রসূত হওয়া; অত্যধিক অর্থ ও সম্পদ্ বা ফসল লাভ হওয়া। **সোনায় সোহাগা**—যাহা নিজেই উৎকৃষ্ট তাহার সহিত অন্য অধিকতর উৎকর্ষজনক বস্তুর সমাবেশ।
সোনামুখী—পত্র বিঃ, senna. বাংপ্র। বি। [বি।
সোনামুগ—একপ্রকার উৎকৃষ্ট মুগ কলাই। বাংপ্র।
সোনার-বেনে—সুবর্ণ-বণিক্, হিন্দুজাতি বিঃ। <সুবর্ণ-বণিক্। বি।
সোনালী—স্বর্ণবর্ণ, সোনার ন্যায় বর্ণবিশিষ্ট; স্বর্ণমণ্ডিত। সোনা+লী সদৃশার্থে (বাংপ্র)। বিণ।
সোপকরণ—ব্যঞ্জনাদি-উপকরণ-সমেত। বহু। বিণ।
সোপচার—উপচার-সমেত। বহু। বিণ।
সোপরদ্দ—বিচারার্থ প্রেরণ বা প্রেরিত ('দায়রায় —')। <ফা 'সুপুর্দ'। বি বা বিণ।
সোপাধি, সোপাধিক—উপাধিবিশিষ্ট; সগুণ। বহু। বিণ।
সোপান—আরোহণী, সিঁড়ি। উপ (ঊর্ধ্ব)—অন্+ঘঞ্ করণ; উপানের সহ বর্তমান, বহু। বি; ক্লী।
সোপান-শ্রেণী—সিঁড়িসমূহ, ধাপ সকল। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [স্ত্রী।
সোপানাবলী, -বলি—সোপানশ্রেণী। ৬ষ্ঠীতৎ। বি;
সোম—১। চন্দ্র; সপ্তাহের বার বিঃ; বেদোক্ত লতা বিঃ। বি; পুং। ২। সৌম্য, মনোহর। সু+মন্ কর্তৃ। বিণ।
সোমতীর্থ—ভারতবর্ষের পশ্চিমপ্রদেশস্থ পুণ্যস্থান বিঃ, প্রভাসতীর্থ। সোমপ্রিয় তীর্থ (পুণ্যস্থান), মধ্যপ। বি; ক্লী।
সোমত্ত—পূর্ণযৌবনবিশিষ্টা; বয়স্কা; স্ফুট-যৌবনলক্ষণা। <সমর্থ। বিণ; স্ত্রী।
সোমপ, সোমপা—যজ্ঞে সোমরসপায়ী ব্রাহ্মণ। উপতৎ; সোম—পা+ক, ক্বিপ্ কর্তৃ। বি; পুং।
সোমবার, -বাসর—সপ্তাহের দ্বিতীয় দিবস। সোমাধিষ্ঠিত বার, বাসর, মধ্যপ। বি; পুং।
সোমযাগ—যাহাতে সোমলতারস পান করিতে হয় এমন বর্ষত্রয়সাধ্য যজ্ঞ বিঃ। সোম (সোমপান)-যুক্ত যাগ, মধ্যপ। বি; পুং।
সোমযাজী (-যাজিন্)—সোমযাগকর্তা। উপতৎ; সোম—যজ্+ণিন্ কর্তৃ। বি; পুং।
সোমরস—ভেষজ মদ্য বিঃ; সোমনামক লতার রস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সোমরাজী (-রাজিন্)—ওষধি বিঃ, সোমরাজের গাছ। সোম—রাজ্+ণিন্ কর্তৃ। বি; পুং।
সোমলতা, -লতিকা—বেদোক্ত মাদকরসযুক্ত লতা বিঃ। সোমাখ্যা লতা, লতিকা, মধ্যপ। বি; স্ত্রী।
সোয়াতি—স্বাতী নক্ষত্র। <স্বাতী। বি।
সোয়াদ—আস্বাদন। <স্বাদ। বি।
সোয়ামী—পতি। <স্বামী। বি।
সোয়ার—অশ্বারোহী সেনা; আরোহী। ফা। বি।
সোয়ারি—আরোহী; তানপুরা ইঃ বাদ্যযন্ত্রের যে কাষ্ঠখণ্ডের উপরে তার থাকে তাহা; তাল বিঃ। ফা। বি।
সোয়াস্তি—সুখ; শান্তি; অবসর। <স্বস্তি। বি।
সোর, সোরগোল—শোরগোল (তাহা দ্রঃ)।
সোরা—শোরা (তাহা দ্রঃ)।
সোরাই—জলের কুঁজা। <আ 'সুরাহী'। বি।
সোলা—জলজ উদ্ভিদ্ বিঃ বা তাহার কাঠ। বাংপ্র। বি।
সোলে—উভয় পক্ষের রফা। <আ 'সুলহ্'। বি।
সোলেনামা—আপস-মীমাংসাপত্র। আ-মু। বি।
সোসর—তুল্য, সদৃশ, সমান; সাহায্যকারী। <সোদর। বি বা বিণ।
সোসাইটি—সমিতি, সংঘ। <ইং 'society'. বি।
সোঽহং (-হম্)—ব্রহ্ম ও আমি অভিন্ন; তিনিই আমি। সঃ+অহম্।
সোঽহং-তত্ত্ব—ব্রহ্মের সহিত আত্মার অভিন্নতা রূপ রহস্য। মধ্যপ। বি; ক্লী।
সোহাগ—১। আদর। <সৌভাগ্য। বি। ২। কন্যার বিবাহদিনে এয়োস্ত্রী এবং কুমারীগণের সহিত কন্যার জননীর প্রতিবেশিনীগণের নিকট হইতে

তণ্ডুলাহরণ। বাংপ্র। বি। **সোহাগ মাগা, সোহাগ সাধা**—সোহাগের তণ্ডুল আহরণ করা।
সোহাগা—ক্ষারলবণ বিঃ, টঙ্কন, borax. বাংপ্র। বি।
সোহাগিনী, সোহাগী—আদরিণী। সোহাগিয়া+ইনী, ঈ (বাংপ্র)। বি বা বিণ। [(বাংপ্র)। বিণ।
সোহাগে—সোহাগকারী; সোহাগপ্রাপ্ত। সোহাগ+এ
সোহায়ল—শোভা করিল ("বদন সোহায়ল শ্রমজল-বিন্দু"—বিদ্যা)। প্রা কপ্র। বি।
সোহিনী—শোহিনী (তাহা দ্রঃ)।
সৌকর্য—সুসাধ্যতা; সুবিধা, অনায়াস। সু—কৃ+খল্ কর্ম; সুকর+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
সৌকুমার্য—কোমলত্ব, লালিত্য। সুকুমার+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [ক্লী।
সৌক্ষ্ম্য—সূক্ষ্মতা। সূক্ষ্ম+ষ্যঞ্ ভাবার্থে। বি;
সৌখিন—শৌখিন (তাহা দ্রঃ)।
সৌগত—বুদ্ধ। সুগত+অণ্ স্বার্থে। বি; পুং।
সৌগন্ধ, সৌগন্ধ্য—সুগন্ধ, সৌরভ। সুগন্ধ+অণ্, ষ্যঞ্ স্বার্থে। বি; ক্লী। [পুং।
সৌচিক—দরজী, সূচীব্যবসায়ী। সূচি+ইক। বি;
সৌজন্য—সাধুতা, ভদ্রতা, সদ্ব্যবহার। সুজন (সজ্জন)+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
সৌজাত্য—জন্মের উৎকর্ষ। সুজাত+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লী।
সৌত্র, সৌত্রিক—১। ব্রাহ্মণ; সংস্কৃত ব্যাকরণে যে ধাতু গণ-পাঠে নাই অথচ কোন বিশেষ শব্দের ব্যুৎপত্তির জন্য সূত্রে উল্লিখিত হয় তাহা। সূত্র+অণ্, ইক ধারণার্থে। বি; পুং। ২। সূত্র সম্বন্ধীয়, সূত্রানুযায়ী; সূত্রে উল্লিখিত। সূত্র+অণ্, ইক সম্বন্ধার্থে, অনুসারার্থে। বিণ। স্ত্রী, **-ত্রী, -কী**।
সৌদামিনী—১। তড়িৎ, বিদ্যুৎ। সুদামন্+অণ্ ভবার্থে+ঈপ্ (অ-স্থানে ই, নিপা)। ২। অপ্সরা বিঃ; ঐরাবত-পত্নী। সুদামন্+অণ্ স্বার্থে+ঈপ্; পক্ষে অ-স্থানে ই (নিপা)। বি; স্ত্রী।
সৌধ—রাজসদন, প্রাসাদ; অট্টালিকা, হর্ম্য, কোঠা-বাড়ি; সুধাধবলিত গৃহ। সুধা+অণ্ রঞ্জিতার্থে। বি; পুং বা ক্লী।
সৌধকিরীটিনী—বহু উন্নত ও মনোহর অট্টালিকা-পরিশোভিতা ('—নগরী')। সৌধরূপ কিরীট, রূপক কর্মধা; তদুত্তরে ইন্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী। [বি; স্ত্রী, ক্লী।
সৌধ-চূড়া, -শিখর—প্রাসাদের উপরিভাগ। ৬ষ্ঠীতৎ।
সৌধ-মালা, -রাজি, -শ্রেণী—প্রাসাদের শ্রেণী, সারি সারি অট্টালিকা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
সৌধ-শিখর—'সৌধচূড়া' দ্রঃ।
সৌধশ্রেণী—'সৌধ-মালা' দ্রঃ।
সৌন্দর্য—রূপ, সুন্দরতা, সুরূপতা। সুন্দর+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী। [ভবার্থে। বি; ক্লী।
সৌবর্চল—লবণ বিঃ, ক্ষার; শোরা। সুবর্চল+অণ্
সৌবীর, সৌবীর্য—১। সিন্ধুনদের নিকটবর্তী দেশ বিঃ। বি; পুং। ২। বদর, কুল; কাঞ্জিক, আমানি, সুবীর+অণ্, ষ্যঞ্ স্বার্থে, ভবার্থে। বি; ক্লী।
সৌভাগিনেয়—সুভগা স্ত্রীর পুত্র। সুভগা+এয় অপত্যার্থে। বি; পুং।
সৌভাগ্য—শুভাদৃষ্ট; মনোহরত্ব; সৌন্দর্য; সুভগত্ব; প্রিয়ত্ব; যোগ বিঃ। সুভগ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
সৌভাগ্যক্রমে—শুভাদৃষ্টবশতঃ, কপালের জোরে। বহু। ক্রি-বিণ।
সৌভাগ্যবশতঃ (-তস্)—সৌভাগ্যক্রমে। সৌভাগ্যের বশ, ৬ষ্ঠীতৎ; তদুত্তরে তস্ পঞ্চম্যর্থে। অ।
সৌভাগ্যবান্ (-বৎ), **-শালী** (-শালিন্)—শুভাদৃষ্ট-যুক্ত, যাহার কপাল ভাল এমন। সৌভাগ্য+মতুপ্ আছে অর্থে; উপতৎ; সৌভাগ্য—শাল্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বতী, -শালিনী**।
সৌভ্রাত্র—সুভ্রাতৃত্ব, ভ্রাতৃবর্গের পরস্পরের প্রতি স্নেহ। সুভ্রাতৃ+অণ্ ভাবে। বি; ক্লী।
সৌমিত্র, সৌমিত্রি—লক্ষ্মণ, শত্রুঘ্ন। সুমিত্রা+অণ্, ইঞ্ অপত্যার্থে। বি; পুং।
সৌম্য—১। চন্দ্রপুত্র, বুধ। সোম+ষ্যঞ্ অপত্যার্থে। বি; পুং। ২। শান্তমূর্তি; সুন্দর, সুদৃশ্য; প্রসন্ন; সাধু; নিপুণ; সোমদৈবত। সোম+ট্যণ্ সাদৃশ্যাদি অর্থে। বিণ। স্ত্রী—**সৌমী, সৌম্যা**।
সৌম্যভাব—প্রশান্তভাব। কর্মধা। বি; পুং।
সৌম্যমূর্তি, সৌম্যাকৃতি—১। প্রশান্ত-আকৃতি-বিশিষ্ট; সুন্দর-দেহ-বিশিষ্ট। বহু। বিণ। ২। প্রশান্ত আকৃতি, মনোহর দেহ। কর্মধা। বি; স্ত্রী।
সৌর—১। যম; শনি; বালী; সুগ্রীব; কর্ণ। সূর+অণ্ অপত্যার্থে। বি; পুং। ২। সূর্য সম্বন্ধীয়, solar। সূর+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী—**সৌরী**। **সৌরজগৎ**—সূর্য ও তাহার চতুর্দিকে পরিভ্রমণকারী গ্রহগণ এবং তাহাদের পারিপার্শ্বিক—এই সমস্ত solar system. **সৌর বৎসর**—৩৬৫¼ দিনে পরিগণিত বৎসর।
সৌরকর, -কিরণ—সূর্যরশ্মি, রৌদ্র। কর্মধা। বি; পুং। [পুং।
সৌরকররাশি—সূর্যরশ্মিসমূহ। ৬ষ্ঠীতৎ। বি;
সৌরকরোজ্জ্বল, সৌরকরোদ্ভাসিত—সূর্যকিরণে উজ্জ্বল, রৌদ্রদীপ্ত। ৩যাতৎ। বিণ।
সৌরভ—১। সুগন্ধ; সৌন্দর্য। সুরভি+অণ্ ভাবে। ২। কুঙ্কুম। সৌরভ+অচ্ আছে অর্থে। বি; ক্লী।
সৌরমণ্ডল—সূর্যের পরিবেশ। কর্মধা। বি; ক্লী।
সৌরমাস—সূর্যের এক রাশিতে স্থিতি দ্বারা নির্দিষ্ট মাস। কর্মধা। বি; পুং।
সৌরি—১। যম; শনি। সূর+ইঞ্ অপত্যার্থে। ২। শ্রীকৃষ্ণ। সূরি+ইঞ্। বি; পুং।
সৌরিক—সুরা সম্বন্ধীয়; মদ্যবিক্রেতা। সুরা+ইক। বিণ।
সৌষ্ঠব—সৌন্দর্য, সুন্দরতা; সামঞ্জস্য; উৎকর্ষ; আধিক্য, প্রাচুর্য; লঘুতা; ক্ষিপ্রতা। সুষ্ঠু+অণ্ ভাবে। বি; ক্লী।
সৌসাদৃশ্য—উত্তমসাদৃশ্য, সম্পূর্ণ মিল। সুসদৃশ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

সৌহার্দ, সৌহার্দ্য—বন্ধুত্ব, সখ্য, প্রণয়; সৌজন্য। সুহৃদ+অণ্, ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
সৌহৃদ, সৌহৃদ্য—সৌহার্দ্য। সুহৃদ্+অণ্, ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
স্কন্ধ—অংস, কাঁধ; গাছের গুঁড়ি; দেহ; গ্রন্থের পরিচ্ছেদ; অংশ; ব্যূহ; সেনাবিভাগ; যুদ্ধ। স্কন্দ্+ঘঞ্ কর্ম (দ-স্থানে ধ)। বি; পুং।
স্কন্ধদেশ—অংস, কাঁধ; হস্তিস্কন্ধ। কর্মধা। বি; পুং। [ব্+ঘঞ্ কর্তৃ। বি; পুং।
স্কন্ধাবার—শিবির, ছাউনি; সৈন্যদল। স্কন্ধ—আ—
স্কলারশিপ—ছাত্রবৃত্তি, কৃতিত্বের সহিত উত্তীর্ণ ছাত্রছাত্রীদিগকে যে বৃত্তি দেওয়া হয়। <ইং 'scholarship'. বি।
স্কুল—বিদ্যালয়। <ইং 'school'. বি।
স্ক্রু—ইস্ক্রুপ; পেঁচ। <ডাচ 'schroef'. বি।
স্খলন—ভ্রংশ, পতন, চ্যুতি; মোচন; হোঁচট খাওয়া; পিছলানো; ধর্ম হইতে পতন; প্রতিঘাত; ধাক্কা; ভ্রম হওয়া; ক্ষোভ; বিকৃতি; বাক্যের অর্ধ উচ্চারণ; প্রলাপ; আঘাতাদির দ্বারা চাঞ্চল্য; স্থানচ্যুতি; বিরুদ্ধাচরণ; বিফল হওয়া। স্খল্+অনট্ ভাব। বি; ক্লী।
স্খলিত—১। পতিত, চ্যুত, ভ্রষ্ট; গত, চলিত, কুণ্ঠিত; অর্ধোচ্চারিত; প্রতিহত; বিকৃত; মত্ত; বিচলিত। স্খল্+ক্ত কর্তৃবা। বিণ। ২। স্খলন; পতন; চলন; যুদ্ধে কূটপ্রয়োগ। স্খল্+ক্ত ভাব। বি; ক্লী।
স্খলিতচরণ, -পদ—যাহার পা যথাস্থানে পড়িতেছে না এমন, যাহার পা পিছলাইতেছে এমন। বহু। বিণ। ক্রি-বিণ, **-চরণে, -পদে**।
স্খলিত-বসন—যাহার কাপড় খুলিয়া পড়িয়াছে এমন। বহু। বিণ। [বি।
স্টীমার—বাষ্পচালিত জাহাজ। <ইং 'steamer'.
স্টেশন—রেলগাড়ি প্রঃ থামিবার জায়গা ও তাহার বাড়ি। <ইং 'station'. বি।
স্ট্যাম্প—চিঠি ইঃর টিকিট। <ইং 'stamp'. বি।
স্তন—পয়োধর, কুচ, মাই। স্তন্+অচ্ কর্তৃ। বি; পুং।
স্তনন—শব্দ; মেঘধ্বনি; কাতরধ্বনি। স্তন্+অনট্ ভাব। বি; ক্লী।
স্তনন্ধয়, স্তনপ—স্তন্যপায়ী শিশু। স্তন—ধে+খশ্ কর্তৃ, স্তন--পা+ক কর্তৃ। বি; পুং। স্ত্রী, **-য়ী, -পা**।
স্তনমুখ -বৃন্ত, -শিখা, স্তনাগ্র—কুচাগ্র, স্তনের বোঁটা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, ক্লী, স্ত্রী, ক্লী।
স্তনিত—১। শব্দিত, গর্জিত। স্তন্+ক্ত কর্তৃ। বিণ। ২। গর্জন; বজ্রধ্বনি; মেঘধ্বনি; রতিশব্দ; করতালি শব্দ। স্তন্+ক্ত ভাব। বি; ক্লী।
স্তন্য—স্তনদুগ্ধ, মাইদুধ। স্তন+যৎ উৎপন্নার্থে। বি; ক্লী।
স্তন্যজীবী (-বিন্), **স্তন্যপায়ী** (-পায়িন্)—যাহারা স্তন্যপান করিয়া বর্ধিত হয় এমন, mammal. উপতৎ; স্তন্য—জীব্+ণিন্ কর্তৃ; স্তন্য—পা+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-জীবিনী, -পায়িনী**।
স্তন্যপান—মায়ের বুকের দুধ খাওয়া, স্তন-দুগ্ধ-সেবন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
স্তব, স্তবন—স্তুতি, প্রশংসা, গুণবর্ণন, গুণকথন। স্তু+অপ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।
স্তবক—১। গুচ্ছ, থলো; সমূহ; গ্রন্থের পরিচ্ছেদ। স্থা+অবক কর্তৃ (নিপা)। ২। স্তব। স্তব+কন্ স্বার্থে। বি; পুং। ৩। স্তবকারক। স্তু+অচ্ কর্তৃ +কন্ স্বার্থে। বিণ।
স্তবকিত—গুচ্ছীকৃত, তোড়া-বাঁধা। স্তবক+ইতচ্ জাতার্থে। বিণ।
স্তবগাথা—স্তুতিপূর্ণ কবিতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
স্তবগীতি—স্তুতিপূর্ণ গান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
স্তবস্তুতি—স্তুতি ও অনুনয়বিনয়। একার্থক শব্দ-দ্বয়ের দ্বন্দ্ব। বি; স্ত্রী।
স্তব্ধ—স্তম্ভিত, নিস্পন্দ; মূর্ছিত; দৃঢ়ীভূত; বধির। স্তন্ভ্+ক্ত কর্তৃ। বিণ। বি—**স্তব্ধতা**।
স্তব্ধীকৃত—নিস্পন্দীকৃত, যাহাকে স্তব্ধ করা হইয়াছে এমন। স্তব্ধ+চ্বি অভূততদ্ভাবার্থে (=স্তব্ধী)—কৃ+ক্ত কর্ম। বিণ।
স্তব্ধীভূত—জড়ীভূত; দূরীভূত; নিশ্চল, যে নিস্পন্দ হইয়াছে এমন। স্তব্ধ+চ্বি অভূত-তদ্ভাবার্থে (=স্তব্ধী)—ভূ+ক্ত কর্তৃ। বিণ।
স্তম্ব—তৃণাদির গুচ্ছ; কাণ্ডহীন বৃক্ষ। স্থা+অম্বচ্ কর্তৃ। বি; পুং।
স্তম্ভ—১। খুঁটি, থাম; বৃক্ষকাণ্ড। স্তন্ভ্+অচ্ কর্তৃ। ২। অচঞ্চলতা, স্থিরীভাব; জড়ীভাব, stupor; প্রতিবন্ধ, বোধ; রোগাদিহেতু অজ্ঞান অবস্থা; ইন্দ্রজাল দ্বারা চেষ্টারোধ; শীতাদি-নিবন্ধন জড়তা। স্তন্ভ্+ঘঞ্ ভাব। বি; পুং।
স্তম্ভন—১। নিবারণ, থামানো; অবরোধ; স্থিরী-করণ; দৃঢ়ীকরণ; জড়ীকরণ, stupefaction; গতিরোধ; ইন্দ্রজাল দ্বারা চেষ্টারোধ; ষট্কর্মান্ত-র্গত অভিচার বিঃ। স্তন্ভ্+অনট্ ভাব। ২। জড়ীকরণসাধন। স্তন্ভ্+অনট্ করণ। বি; ক্লী। ৩। কামদেবের পঞ্চবাণান্তর্গত বাণ। স্তন্ভ্+ণিচ্+অল্ কর্তৃ। বি; পুং।
স্তম্ভিত—বিস্ময়াদিহেতু জড়ীকৃত; স্থিরীকৃত; নিবারিত; দৃঢ়ীকৃত; অবরুদ্ধ। স্তন্ভ্+ণিচ্+ক্ত কর্ম। বিণ।
স্তর—তবক, থাক; উপর্যুপরি সন্নিস্থিত মৃত্তিকা-প্রস্তরাদির বিভাগ, stratum, layer, পলি; তল্প, শয্যা। স্তৃ+অপ্ কর্ম। বি; পুং।
স্তরীভূত—স্তরে পরিণত, stratified. স্তর+চ্বি অভূততদ্ভাবার্থে—ভূ+ক্ত কর্তৃ। বিণ।
স্তাবক—স্তুতিকারক, গুণগায়ক। স্তু+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**স্তাবিকা**।
স্তিমিত—১। স্থির, জড়, নিশ্চল; আর্দ্র। স্তিম্+ক্ত কর্তৃ। বিণ। ২। আর্দ্রতা; জড়তা, নিশ্চলতা। স্তিম্+ক্ত ভাব। বি; ক্লী।

স্তুত—প্রশংসিত, সংকীর্তিত, যাহার স্তব করা হইয়াছে এমন। স্তু+ক্ত কর্ম। বিণ।
স্তুতি—স্তব; প্রশংসা, গুণকথন। স্তু+ক্তি ভাব। বি; স্ত্রী।
স্তুতিপাঠক—রাজাদের যাত্রাকালীন বীরত্বাদির স্তব-কর্তা, বন্দী; সূত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
স্তুতিবাক্য—প্রশংসা-বাক্য। স্তুতিসূচক বাক্য, মধ্যপ। বি; ক্লী।
স্তুতিবাদ—প্রশংসা-বাক্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
স্তুত্য—স্তোত্রার্হ, স্তবের যোগ্য। স্তু+ক্যপ্ কর্ম। বিণ।
স্তূপ—রাশি, সমূহ; ঢিবি; রাশীকৃত দ্রব্য; ঢিপির মত চৈত্যমন্দিরাদি। স্তূপ্+অচ্ কর্তৃ। বি; পুং।
স্তূপাকার, -কৃতি—গাদা-করা, রাশীকৃত। স্তূপসদৃশ আকার, আকৃতি যাহার, বহু। বিণ।
স্তূপীকৃত—গাদা-করা, রাশীকৃত। স্তূপ+চ্বি অভূত-তদ্ভাবার্থে (=স্তূপী)—কৃ+ক্ত কর্ম। বিণ।
স্তূয়মান—যাহার স্তব করা হইতেছে এমন। স্তু+শানচ্ কর্ম। বিণ।
স্তেন—১। তস্কর, চোর। স্তেন্+অচ্ কর্তৃ। ২। চৌর্য, চুরি। স্তেন্+ঘঞ্ ভাব। বি; পুং।
স্তেয়—চৌর্য, পরস্বাপহরণ। স্তেন+যৎ ভাবে (ন-লোপ)। বি; ক্লী। <ভাবার্থে। বি; ক্লী।
স্তৈন, স্তৈন্য—চুরি, চৌর্য। স্তেন+অণ্, ষ্যঞ্
স্তোক—অল্প, ঈষৎ। স্তুচ্+ঘঞ্ কর্ম। বিণ।
স্তোকবাক্য—তোষামোদ, প্রীতিপূর্ণ বাক্য। <স্তোভবাক্য। বি।
স্তোতা (-তৃ)—স্তাবক, স্তুতিকারক। স্তু+তৃন্ কর্তৃ। বিণ; পুং। স্ত্রী—**স্তোত্রী**। [বি; ক্লী।
স্তোত্র—স্তব, স্তুতি, প্রার্থনাবাক্য। স্তু+ষ্ট্রন্ ভাব।
স্তোত্রপাঠ—স্তবের আবৃত্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
স্তোভ—স্তম্ভন; নিরর্থক বাক্য; বৃথা আশ্বাস। স্তুভ্+অচ্ ভাব। বি; পুং।
স্তোম—১। রাশি, সমূহ; যজ্ঞ। স্তোম্+ঘঞ্ কর্ম। ২। স্তব। স্তোম্+ঘঞ্ ভাব। বি; পুং।
স্ত্রী—পত্নী, ভার্যা; স্ত্রীজাতি, নারী, বামা, রমণী। স্তৃ+ড্রট্ কর্ম+ঈপ্। বি; স্ত্রী।
স্ত্রী-আচার—বিবাহকালীন স্ত্রীদিগের ব্যবহারের অঙ্গ বিঃ। ৬ষ্ঠীতৎ (শ্রুতিকটুতা হেতু সন্ধি-নিষেধ)। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
স্ত্রীচরিত্র—নারীর স্বভাব; নারীর অন্তঃকরণরহস্য।
স্ত্রীচিহ্ন—ভগ, যোনি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
স্ত্রীজাতি—নারীজাতি; স্ত্রীলোকমাত্র; সমস্ত স্ত্রী-লোক। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
স্ত্রীজিত—স্ত্রৈণ। স্ত্রী কর্তৃক জিত, ৩য়াতৎ। বিণ।
স্ত্রীদ্বেষী (-দ্বেষিন্)—রমণীদ্বেষী, misogamist. উপতৎ; স্ত্রী—দ্বিষ্+ঘিনুণ্ কর্তৃ। বি; পুং।
স্ত্রীধন—নারীর নিজ সম্পত্তি; বিবাহকালীন প্রাপ্ত সম্পত্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
স্ত্রীধর্ম—ঋতু, রজঃ; স্ত্রীলোকের কর্তব্যকর্ম। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।
স্ত্রীধর্ষণ—স্ত্রীলোকের উপর বলপ্রয়োগ, বলাৎকার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি; পুং।
স্ত্রীপুরুষ—নারী ও পুরুষ; স্বামী ও স্ত্রী। দ্বন্দ্ব।
স্ত্রীপ্রত্যয়—(ব্যাক) কোন শব্দকে স্ত্রীলিঙ্গে পরি-বর্তিত করিবার জন্য যে বর্ণ বা বর্ণসমষ্টি যোগ করা হয় তাহা। মধ্যপ। বি; পুং।
স্ত্রীবশ—স্ত্রৈণ, স্ত্রীর বশীভূত পুরুষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
স্ত্রীবুদ্ধি—স্ত্রীলোকের বিবেচনা; স্ত্রীলোকের উপ-দেশ। ৬ষ্ঠীতৎ, বা স্ত্রী হইতে লব্ধা বুদ্ধি, মধ্যপ। বি; স্ত্রী। [তৎ। বি; ক্লী।
স্ত্রীরত্ন—উত্তমা স্ত্রী, নারীশ্রেষ্ঠ। স্ত্রীমধ্যে রত্ন, ৭মী-
স্ত্রীলিঙ্গ—ব্যাকরণ-সংস্কারযুক্ত স্ত্রীবাচক শব্দ। বহু। বি; পুং।
স্ত্রীলোক—নারীজাতি, নারীমাত্র। কর্মধা। বি; পুং।
স্ত্রীশিক্ষা—মেয়েদের লেখাপড়া শেখা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; পুং।
স্ত্রীসঙ্গ, -সঙ্গম, -সংসর্গ, -সম্ভোগ—সম্ভোগ, রমণ।
স্ত্রীসুলভ—মেয়েলী, নারীস্বভাবসিদ্ধ। ৭মীতৎ। বিণ।
স্ত্রীস্বাধীনতা—মেয়েদের পুরুষের অধীন না হইয়া স্ব স্ব ইচ্ছামত চলিবার ক্ষমতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
স্ত্রৈণ—১। স্ত্রীর বশীভূত। বিণ। ২। স্ত্রী সম্বন্ধীয়। স্ত্রী+নঞ্ অধীন, সমূহ ইঃ অর্থে। বিণ।
স্ত্রৈণতা—স্ত্রীবশতা, স্ত্রীর বশীভূততা। স্ত্রৈণ+তা ভাবে। বি; স্ত্রী।
স্থ—(অধিকরণ-বাচক শব্দের পর) যাহা বর্তমান আছে বা রহিয়াছে; অবস্থিত। স্থা+ক কর্তৃ। বিণ।
স্থকিত—স্তব্ধ, নিশ্চল, গতিশূন্য। কপ্র। বিণ।
স্থগন—নিবর্তন; গোপন; আচ্ছাদন। স্থগ্+অনট্ ভাব। বি; ক্লী।
স্থগিত—নিবৃত্ত; আবৃত; তিরোহিত; অবরুদ্ধ; যাহা পরে কোন সময়ে করা হইবে বলিয়া এখন বন্ধ করা হইয়াছে এমন, মুলতবী। স্থগ্+ক্ত কর্ম। বিণ।
স্থণ্ডিল—যজ্ঞার্থ প্রস্তুত পরিষ্কৃত ভূমি; সমান ভূমি; সীমা; বালুকাদি-প্রস্তুত হোমার্থ মণ্ডল বিঃ। স্থল্+ইলচ্ অধি (নিপা)। বি; ক্লী।
স্থপতি—শিল্পী; ঘরামি; রাজমিস্ত্রী; নগরের গৃহ-নির্মাণাদির প্রধান তত্ত্বাবধায়ক, city architect; সূত্রধর; সারথি; কঞ্চুকী; বার্হস্পত্য-যাগ-কর্তা; অধিপতি; মন্ত্রী; বৃহস্পতি; কুবের। স্থ'র (স্থিতির) পতি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
স্থপতি-বিজ্ঞান, -বিদ্যা—ইষ্টকালয় প্রঃ নির্মাণের বিদ্যা বা তৎসম্বন্ধে সবিশেষ জ্ঞান। মধ্যপ। বি; ক্লী, স্ত্রী।
স্থবির—১। বৃদ্ধ, বুড়া, প্রাচীন; জীর্ণ; অচল, স্থির। বিণ। বি. -তা। স্ত্রী, -রা। ২। ব্রহ্মা; বৃদ্ধ ব্যক্তি; বৌদ্ধসন্ন্যাসী বিঃ। স্থা+কিরচ্ কর্তৃ (স্থা-স্থানে স্থব)। বি; পুং।
স্থবিরলগুড়ন্যায়—ন্যায় বিঃ [বৃদ্ধের হাতের লাঠি

কখন লক্ষ্যস্থানে পড়ে, কখনও বা নাও পড়ে। সেই-রূপ লক্ষ্যস্থানে লক্ষণের প্রবেশ না হওয়া এই ন্যায়ের বিষয়বস্তু]। স্থবিরের লগুড়, ৬ষ্ঠীতৎ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ। বি; পুং।

স্থল—জলশূন্য অকৃত্রিম ভূমি, ডাঙ্গা; স্থান, দেশ; ক্ষেত্র, অবস্থা; পদ, পরিবর্ত; পাত্র, আধার; থলী; থাল্লী; থাল। স্থল্+অচ্ কর্তৃ। বি; ক্লী। স্ত্রী—**স্থলী**। [পুং।

স্থলকন্দ—বুনো ওল। স্থলজাত কন্দ, মধ্যপ। বি;

স্থলকমল, -কমলিনী—স্থলপদ্ম। মধ্যপ। বি; ক্লী, স্ত্রী।

স্থলচর—যাহারা স্থলে বাস করে তাহারা। উপতৎ; স্থল—চর্+ট কর্তৃ। বিণ। স্ত্রী, **-রী**।

স্থলজ—স্থলে উৎপন্ন, ডাঙ্গায় জাত। উপতৎ; স্থল—জন্+ড কর্তৃ। বিণ।

স্থলপথ—ডাঙ্গার রাস্তা। স্থলে পন্থা, ৭মীতৎ (অসমাসান্ত)। বি; পুং। [মধ্যপ। বি; ক্লী।

স্থলপদ্ম—স্বনামপ্রসিদ্ধ পুষ্প বিঃ। স্থলজাত পদ্ম,

স্থলবায়ু—স্থলভাগ হইতে সমুদ্রের দিকে প্রবাহিত বায়ু, land breeze. স্থলাগত বায়ু, মধ্যপ। বি; পুং। [৭মীতৎ। বিণ।

স্থলাভিষিক্ত—প্রতিনিধিস্বরূপ, অন্যের স্থলীয়।

স্থলীয়—স্থল সম্বন্ধীয়, স্থানীয়। স্থল+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

স্থাণু—১। শিব ("স্থাপিলা বিধুরে বিধি স্থাণুর ললাটে"—মাইকেল); খোঁটা; কীলক; স্তম্ভ; বর্শা; সড়কি; বল্মীক। বি; পুং। ২। মুড়োগাছ, stump. বি; পুং বা ক্লী। ৩। স্থির; স্থবির। স্থা+নু কর্তৃ। বিণ।

স্থাণুবৎ—স্থাণুসদৃশ; নিশ্চল, নিস্পন্দ। স্থাণু+বতিচ্ তুল্যার্থে। অ; বিণ।

স্থাতব্য—স্থিতিযোগ্য, স্থেয়, থাকিবার উপযুক্ত। স্থা+তব্য অধি। বিণ।

স্থাতা (স্থাতৃ)—স্থিতিকারী, যে থাকে এমন। স্থা+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**স্থাত্রী**।

স্থান—ঠাঁই, জায়গা; ক্ষেত্র, অবস্থা; পদ, পরিবর্ত; পাত্র, আধার; কারণ; অবকাশ; বাড়ি; গৃহ; নিকট; নগর; কার্য; ব্যবসায়; গ্রন্থসন্ধি। স্থা+অনট্ অধি। বি; ক্লী। **স্থানে অস্থানে**—স্থান কাল পাত্র বিচার না করিয়া।

স্থান-চ্যুত, -ভ্রষ্ট—পদচ্যুত; অবস্থিতির স্থান হইতে বিচলিত। ৫মীতৎ। বিণ।

স্থানত্যাগ—পদত্যাগ, চাকরি ছাড়া; কোন স্থান হইতে চলিয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্থানদান—আশ্রয় দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

স্থানভ্রষ্ট—'স্থানচ্যুত' দ্রঃ।

স্থানমাহাত্ম্য—কোন স্থান বিঃ বা তীর্থক্ষেত্রে লক্ষিত দৈব প্রভাব; স্থানের বৈশিষ্ট্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

স্থানসংকুলান—জায়গা হওয়া; কোন বিশেষ লোক-সমষ্টি বা বস্তুসমষ্টিকে ধারণ করিবার মত জায়গা হওয়া। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

স্থানান্তর—অন্য জায়গা। অন্য স্থান, নিত্য। বি; ক্লী।

স্থানান্তরিত—অন্যস্থানে গত বা নীত। স্থানান্তর+ইতচ্ জাতার্থে, বা স্থানান্তরকে ইত (প্রাপ্ত), ২য়াতৎ। বিণ। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্থানাভাব—জায়গার অসংকুলান, জায়গা কম পড়া।

স্থানাভাববশতঃ (-তস্)—পর্যাপ্ত স্থান না থাকাতে। স্থানাভাবের বশ, ৬ষ্ঠীতৎ; তদুত্তরে তস্ হেত্বর্থে। অ।

স্থানিক—স্থানীয়। স্থান+ইক। বিণ।

স্থানীয়—১। স্থিতিযোগ্য; স্থানস্থিত। স্থা+অনীয় অধি। ২। স্থান সম্বন্ধীয়। স্থান+ঈয় সম্বন্ধার্থে। বিণ। **স্থানীয় মান**—কোন সংখ্যার একক দশক স্থানে থাকার জন্য তাহার যে মূল্য হয় তাহা, local value [যেমন,—৪৫ সংখ্যায় চারের স্থানীয় মান ৪০ এবং পাঁচের স্থানীয় মান শুধু ৫]।

স্থাপক—সংস্থাপনকারী, যে রাখে এমন; মন্দিরাদি-প্রতিষ্ঠাকর্তা। স্থা+ণিচ্ (=স্থাপি—রাখা)+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**স্থাপিকা**।

স্থাপত্য—১। অন্তঃপুররক্ষক। স্থপতিদিগের (অন্তঃ-পুরচারী ব্যক্তিগণের) পতি (প্রভু), ৬ষ্ঠীতৎ; স্থপতি+যক্ স্বার্থে। বি; পুং। ২। স্থপতির কর্ম। স্থপতি+যক্ কার্য অর্থে। বি; ক্লী।

স্থাপন, স্থাপনা—অর্পণ; রাখা; নিবেশন; প্রতিষ্ঠা ('মন্দির —'); নিয়োগকরণ; আরোপণ; পুংসবন; আলয়; সমাধি। স্থা+ণিচ্+অনট্ ভাব, অধি; পক্ষে অন ভাব, অধি+আপ্। বি; ক্লী, স্ত্রী।

স্থাপনীয়—স্থাপনযোগ্য। স্থা+ণিচ্+অনীয় কর্ম। বিণ। [কর্তৃ। বিণ। স্ত্রী, **-য়িত্রী**।

স্থাপয়িতা (-য়িতৃ)—স্থাপনাকারী। স্থা+ণিচ্+তৃন্

স্থাপিত—অর্পিত; রক্ষিত; প্রতিষ্ঠিত; নিবেশিত; গচ্ছিত; ন্যস্ত; আরোপিত; নিশ্চিত। স্থা+ণিচ্ (=স্থাপি)+ক্ত কর্ম। বিণ।

স্থাপ্য—স্থাপনযোগ্য। স্থা+ণিচ্+যৎ কর্ম। বিণ।

স্থাবর—স্থিতিশীল; অচল, immovable; অচেতন। স্থা+বরচ্ কর্তৃ, শীলাদ্যর্থে। বিণ। স্ত্রী, **-রা, -রী**।

স্থাবরজঙ্গম—চল এবং অচল, স্থিতিশীল ও গতি-শীল। দ্বন্দ্ব। বিণ।

স্থাবর-সম্পত্তি—গৃহ ভূমি প্রঃ যে সকল সম্পত্তিকে স্থানান্তরিত করা যায় না তাহা। কর্মধা। বি; স্ত্রী।

স্থায়িতা, স্থায়িত্ব—স্থিরতা, স্থিতিশীলতা। স্থায়িন্+তা, ত্ব ভাবে। বি; ক্লী।

স্থায়িভাব—শোক রতি হাস ক্রোধ উৎসাহ ভয় জুগুপ্সা বিস্ময় শম—শৃঙ্গারাদি রসের এই কয়টি ভাব। স্থায়ী (স্থায়িন্-শব্দ) ভাব (গুণ), কর্মধা। বি; পুং।

স্থায়ী (স্থায়িন্)—১। স্থিতিশীল; অচল, স্থির। বিণ। স্ত্রী—**স্থায়িনী**। ২। (অলংকারে) রসানু-কূল রত্যাদিভাব। স্থা+ণিন্ কর্তৃ। বি; পুং।

স্থালী—হাঁড়ি, পাকপাত্র, থালী; পাটলাবৃক্ষ। স্থাল+ঈপ্। বি; স্ত্রী।

স্থিত—বিদ্যমান; অবধারিত, স্থির; ঘটিত; উপ-

স্থিত; অভিযুক্ত; আক্রান্ত; দণ্ডায়মান; স্থিতিশীল; প্রতিজ্ঞাবিশিষ্ট। স্থা+ক্ত কর্তৃ। বিণ। স্ত্রী—স্থিতা।

স্থিতি—অবস্থান, position.; বিদ্যমানতা, থাকা, stay, existence; অবধারণ; স্থিরতা; অবস্থা, দশা; মর্যাদা; সীমা; পালন; নিবৃত্তি; নিষ্পত্তি। স্থা+ক্তি ভাব। বি; স্ত্রী।

স্থিতিবিদ্যা—কোন স্থির বস্তুর উপর প্রযুক্ত বল-সম্বন্ধীয় বিদ্যা, মধ্যপ। বি; স্ত্রী।

স্থিতিশীল—যাহা একস্থানে থাকে নড়ে না এমন। বহু। বিণ।

স্থিতিস্থাপক—যাহা প্রসারণ সংনমন বা বক্রণের পর পূর্বাবস্থা পায় এমন, elastic (যেমন—রবার, স্প্রিং প্রঃ)। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -স্থাপিকা।

স্থিতিস্থাপকতা—পূর্বস্থানে স্থাপনকারী গুণ বিঃ; আকুঞ্চন প্রসারণ ও অভিঘাতাদি করিলেও বস্তু সকল যে নৈসর্গিক গুণপ্রভাবে পুনর্বার পূর্বভাব প্রাপ্ত হয় তাহা, elasticity. স্থিতিস্থাপক+তা ভাবে। বি; স্ত্রী।

স্থির—ধীর; অচঞ্চল; নিয়ত; বিশ্বাসযোগ্য; স্থায়ী; বাক্য মন বা কর্ম দ্বারা নিশ্চল; নিশ্চিত; দৃঢ়, কঠিন। স্থা+কিরচ্ কর্তৃ। বিণ। স্ত্রী—স্থিরা।

স্থিরতা, স্থিরত্ব—স্থৈর্য; অবধারণ; দৃঢ়তা। স্থির+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

স্থিরদৃষ্টি, -নেত্র—১। অচঞ্চল দৃষ্টি। কর্মধা। বি; স্ত্রী, ক্লী। ২। অচঞ্চল দৃষ্টিযুক্ত। বহু। বিণ।

স্থিরনিশ্চয়—১। দৃঢ়প্রতিজ্ঞ। বহু। বিণ। ২। দৃঢ় সংকল্প। কর্মধা। বি; পুং।

স্থিরনেত্র—'স্থিরদৃষ্টি' দ্রঃ।

স্থিরপ্রজ্ঞ—ধীরবুদ্ধি, বিবেচক। স্থিরা প্রজ্ঞা যাহার, বহু। বিণ। [বহু। বিণ।

স্থিরপ্রতিজ্ঞ—দৃঢ়সংকল্প। স্থিরা প্রতিজ্ঞা যাহার,

স্থিরযৌবন—চিরযৌবনবিশিষ্ট। বহু। বিণ।

স্থিরীকরণ—নির্ণয়, অবধারণ, দৃঢ়ীকরণ। স্থির+অভূততদ্ভাবার্থে চ্বি (=স্থিরী)—কৃ+অনট্ ভাব। বি; ক্লী। বিণ, -কৃত।

স্থূল—১। মোটা ('—কায়'); পুরু ('—বস্ত্র'); ইন্দ্রিয়গ্রাহ্য; পুষ্ট; মন্দ; প্রকাণ্ড; মূর্খ। বিণ। ২। রাশি, সমূহ। স্থূল্+অচ্ কর্তৃ। বি; ক্লী।

স্থূলকায়—১। স্থূলাঙ্গ, মোটা শরীর। কর্মধা। বি; পুং। ২। মোটা-শরীরবিশিষ্ট। বহু। বিণ।

স্থূলকোণ—সমকোণ অপেক্ষা বৃহত্তর কোণ, obtuse angle. কর্মধা। বি; পুং।

স্থূলতা -ত্ব—পীনতা; পুষ্টতা; মোটার ভাব; আধিক্য; বৃহত্ত্ব। স্থূল+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

স্থূলদেহ—১। ধ্বংসশীল রক্তমাংস অস্থি প্রঃ বিশিষ্ট দেহ। কর্মধা। বি। ২। মোটা-সোটা। বহু। বিণ; পুং বা ক্লী।

স্থূলবুদ্ধি—১। কোন বিষয় গভীর ভাবে বুঝিতে অক্ষম, সূক্ষ্ম বিচারে অসমর্থ; মোটা বুদ্ধিযুক্ত। স্থূলা বুদ্ধি যাহার, বহু। বিণ। ২। মোটা বুদ্ধি। কর্মধা। বি; স্ত্রী।

স্থূলাঙ্গ—১। যাহার শরীর মোটা এমন। স্থূল অংগ যাহার, বহু। বিণ। স্ত্রী, -ঙ্গা, -ঙ্গী। ২। মোটা শরীর। কর্মধা। বি; ক্লী।

স্থূলোদর—১। বৃহৎ উদর। কর্মধা। বি; ক্লী। ২। বৃহৎ উদরযুক্ত। বহু। বিণ। স্ত্রী, -রা, -রী।

স্থৈর্য—দৃঢ়তা; স্থিরতা; অবধারণ। স্থির+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

স্থৌল্য—স্থূলতা। স্থূল+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।

স্নাত—যে স্নান করিয়াছে এমন। স্না+ক্ত কর্তৃ। বিণ। স্ত্রী—স্নাতা।

স্নাতক—ব্রহ্মচর্য সমাধানপূর্বক গৃহাশ্রমে প্রবিষ্ট; ব্রহ্মচর্যানন্তর সমাবর্তন-সময়ে স্নানকারী; ডিগ্রী উপাধিধারী ব্যক্তি; স্নানার্থী ব্যক্তি ("সরোবরে স্নাতক দেখি না।"—বঙ্কিম)। স্নাত+কন্ স্বার্থে। বি; পুং।

স্নাতকোত্তর—বিশ্ববিদ্যালয়ে প্রথম উপাধিলাভের পরবর্তী, post-graduate. স্নাতক হইতে উত্তর (পরবর্তী), ৫মীতৎ। বিণ।

স্নান—সর্বাঙ্গ-প্রক্ষালন, নাওয়া; অবগাহন, মজ্জন। স্না+অনট্ ভাব। বি; ক্লী।

স্নানযাত্রা—জ্যৈষ্ঠ-পূর্ণিমায় জগন্নাথদেবের মহাস্নান-রূপ উৎসব। স্নানের যাত্রা (উৎসব), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্নানাগার—স্নান করিবার ঘর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

স্নানীয়—স্নানোপযুক্ত, স্নানযোগ্য; স্নান সম্বন্ধীয়। স্নান+ঈয় হিতার্থে। বিণ।

স্নাপক—যে স্নান করায় এমন। ণিজন্ত স্না (=স্নাপি)+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—স্নাপিকা।

স্নাপন—স্নান করানো। স্না+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। [বিণ। স্ত্রী, -কী।

স্নায়বিক—স্নায়ু সম্বন্ধীয়। স্নায়ু+ইক সম্বন্ধার্থে।

স্নায়ী (-য়িন্)—যে স্নান করে এমন, স্নানকারী। স্না+ণিন্ কর্তৃ। বিণ; পুং। স্ত্রী—স্নায়িনী।

স্নায়ু—দেহবর্তী সূত্রবৎ সূক্ষ্ম তন্তু, সর্বশরীর-ব্যাপী সূত্রবৎ সূক্ষ্ম বস্তু বিঃ, nerve. স্না+উণ্ কর্তৃ। বি; স্ত্রী।

স্নায়ুকেন্দ্র—যে স্থান হইতে সর্ব শরীরে স্নায়ু সকল গিয়াছে তাহা; মস্তিষ্ক; মেরুমজ্জা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। [বি; ক্লী।

স্নায়ুমণ্ডল—সর্বশরীরব্যাপী স্নায়ুসমূহ। ৬ষ্ঠীতৎ।

স্নায়ুশূল—রোগ বিঃ, স্নায়ুকেন্দ্রে অনুভূত তীব্র বেদনা, neuralgia. ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

স্নিগ্ধ—কোমল, সুখস্পর্শ; মধুর; চিক্কণ; নিবিড়; সুশ্রাব্য; শীতলতাকারক, যাহা শীতল করে এমন ('—বায়ু'); মসৃণ, তৈলতুল্য; তৈলাক্ত; স্নেহযুক্ত ('—সেবা'); রম্য। স্নিহ্+ক্ত কর্তৃ। বিণ। বি, -তা।

স্নিগ্ধকান্তি—১। রমণীয় শোভা। কর্মধা। বি; স্ত্রী। ২। রমণীয়-লাবণ্যযুক্ত। বহু। বিণ।

স্নিগ্ধদৃষ্টি—১। মধুরদৃষ্টিসম্পন্ন; স্নেহপূর্ণ চাহনিযুক্ত। বিণ। ২। স্নেহপূর্ণ বা মধুর চাহনি। কর্মধা। বি; স্ত্রী।

স্নুষা—পুত্রবধূ। স্নু+সক্ কর্তৃ+আপ্। বি; স্ত্রী।

স্নেহ—১। ভালবাসা, বাৎসল্য, দয়া। স্নিহ্+ঘঞ্ ভাব। ২। তৈলাদি দ্রববস্তু; চিক্কণতা; গুণ বিঃ। স্নিহ্+ঘঞ্ করণ। বি; পুং।

স্নেহপরায়ণ—অত্যধিক বাৎসল্যযুক্ত। বহু। বিণ।

স্নেহপুত্তলি—অত্যধিক স্নেহের পাত্র। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [অর্থে। বিণ। স্ত্রী, -বতী।

স্নেহবান্ (-বৎ)—স্নেহযুক্ত। স্নেহ্+মতুপ্ আছে

স্নেহভাজন—স্নেহের পাত্র। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ।

স্নেহময়—বাৎসল্যপূর্ণ; তৈলাদিযুক্ত। স্নেহ+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, -য়ী।

স্নেহহীন—বাৎসল্যশূন্য; প্রীতিশূন্য; স্নেহশূন্য। ৩য়াতৎ। বিণ।

স্নেহার্দ্র—স্নেহহেতু কোমল, স্নেহমাখা। ৩য়াতৎ। বিণ। [পুং।

স্নেহাশীর্বাদ—স্নেহযুক্ত মঙ্গলকামনা। মধ্যপ। বি;

স্নেহাস্পদ—স্নেহভাজন। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ।

স্নেহোপহার—স্নেহের নিদর্শনস্বরূপ প্রদত্ত বস্তু বা যৌতুক। স্নেহসূচক উপহার, মধ্যপ। বি; পুং।

স্পন্দ, স্পন্দন—পর্যায়ক্রমে চলন ও বিরাম, স্ফুরণ, ঈষৎ কম্পন, vibration. স্পন্দ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী।

স্পন্দিত—১। কম্পিত, স্ফুরিত। স্পন্দ্+ক্ত কর্তৃ। বিণ। ২। স্পন্দন, কম্পন। স্পন্দ্+ক্ত ভাব। বি; ক্লী।

স্পর্ধনা, স্পর্ধা—প্রতিযোগিতা; মাৎসর্য প্রকাশ; অহংকার; সাদৃশ্য; সংঘর্ষ; ক্রমশঃ উন্নতি; সদৃশী-করণ; ভিড়। স্পর্ধ+অন, অ ভাব+আপ্। বি; স্ত্রী।

স্পর্ধী (স্পর্ধিন্)—স্পর্ধাযুক্ত; সদৃশ। স্পর্ধা+ইন্ আছে অর্থে অথবা, স্পর্ধ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**স্পর্ধিনী**।

স্পর্শ—১। স্পর্শন, ছোঁয়া; ত্বগিন্দ্রিয়-গ্রাহ্য গুণ বিঃ, ত্বকের অনুভূতি। স্পৃশ্+ঘঞ্ ভাব। ২। বর্গীয় পঞ্চবিংশতি বর্ণ; যোগ; বায়ু; পদার্থ; প্রণিধি। স্পৃশ্+অচ্ কর্তৃ। বি; পুং।

স্পর্শক, স্পর্শজ্যা—যে সরল রেখা বৃত্তের পরিধিকে স্পর্শ করে কিন্তু কখনও ছেদ করে না, tangent. স্পৃশ্+ণক কর্তৃ; স্পর্শকারিণী জ্যা, মধ্যপ। বি; পুং বা ক্লী, স্ত্রী।

স্পর্শক্রামী (-মিন্), **-ক্রামক**—ছোঁয়াচে, যাহা স্পর্শ দ্বারা সংক্রমিত হয় এমন। ৩য়াতৎ। বিণ।

স্পর্শন—১। স্পর্শ, ছোঁয়া; গ্রহণ। স্পৃশ্+অনট্ ভাব। ২। বিতরণ, দান। স্পৃশ্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী। ৩। বায়ু। স্পৃশ্+অন কর্তৃ। বি; পুং।

স্পর্শবর্ণ—ক হইতে ম পর্যন্ত অক্ষর। স্পর্শোচ্চারিত বর্ণ, মধ্যপ। বি; পুং। [মধ্যপ। বি; পুং।

স্পর্শমণি—পরশপাথর। স্পর্শপ্রসিদ্ধ মণি (পাথর),

স্পর্শসুখ—স্পর্শজনিত আরাম। মধ্যপ। বি; ক্লী।

স্পর্শী (স্পর্শিন্)—১। স্পর্শকারী। স্পৃশ্+ণিন্ কর্তৃ। ২। স্পর্শযুক্ত। স্পর্শ+ইন্ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী—**স্পর্শিনী**।

স্পর্শেন্দ্রিয়—ত্বক্। মধ্যপ। বি; ক্লী।

স্পষ্ট—পরিস্ফুট, ব্যক্ত, প্রকাশিত; খোলাখুলি। স্পশ্+ক্ত কর্ম। বিণ।

স্পষ্টবক্তা (-বক্তৃ)—উচিতবক্তা, স্পষ্টভাষী। সুপ্। বিণ। স্ত্রী, **-বক্ত্রী**।

স্পষ্টবাদিতা, -বাদিত্ব—স্পষ্টবাক্য-কথন, স্পষ্ট-ভাষিতা। স্পষ্টবাদিন্+তা, ত্ব ভাবে' বি; স্ত্রী, ক্লী।

স্পষ্টবাদী (-বাদিন্)—সুব্যক্তকথনশীল, স্পষ্টভাষী; উচিতবক্তা। উপতৎ; স্পষ্ট—বদ্+ণিন্ কর্তৃ। বি। স্ত্রী, **-বাদিনী**।

স্পষ্টভাষী (-ভাষিন্)—স্পষ্টবক্তা; উচিতবক্তা, যে নিঃসংকোচে উচিত কথা বলিতে পারে এমন। উপ-তৎ; স্পষ্ট—ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভাষিণী**।

স্পিরিট—সুরাসার। < ইং 'spirit'. বি।

স্পৃশ্য—স্পর্শযোগ্য, স্পর্শনীয়। স্পৃশ্+ক্যপ্ কর্ম। বিণ। [ব্যাপ্ত। স্পৃশ্+ক্ত কর্ম। বিণ।

স্পৃষ্ট—যাহা স্পর্শ করা হইয়াছে এমন, ছোঁয়া;

স্পৃষ্টি—স্পর্শন, ছোঁয়া। স্পৃশ্+ক্তি ভাব। বি; স্ত্রী।

স্পৃহণীয়—বাঞ্ছনীয়; লোভনীয়; আশ্চর্য; শ্লাঘ্য। স্পৃহ্+ণিচ্+অনীয় কর্ম। বিণ।

স্পৃহা—বাঞ্ছা, কামনা; গ্রহণেচ্ছা; লোভ; গণনা। স্পৃহ্+অঙ্ ভাব+আপ্। বি; স্ত্রী।

স্প্রিং—তারের স্থিতিস্থাপক কুণ্ডলী, কামানি। < ইং 'spring'. বি।

স্ফটিক—অতিস্বচ্ছ শুভ্রবর্ণ প্রস্তর বিঃ, ফটিক, rock-crystal. স্ফট্+ইক কর্ম। বি; পুং। বিণ—**স্ফাটিক**।

স্ফটিকারি—ফটকিরি। স্ফটিকের অরি (প্রতিদ্বন্দ্বী), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্ফারণ, স্ফার—বিকাশ; স্ফূর্তি; বিস্তার। ণিজন্ত স্ফর্ (=স্ফারি)+অনট্ ভাব; স্ফর্+ঘঞ্ ভাব। বি; ক্লী। বিণ—**স্ফারিত**।

স্ফীত—প্রবৃদ্ধ, বর্ধিত; ফুলা; ফাঁপা; অধিক; পদোন্নতিপ্রাপ্ত; হৃষ্ট। স্ফায়্+ক্ত কর্তৃ। বিণ।

স্ফীতি—প্রবৃদ্ধি, বৃদ্ধি; ফুলিয়া উঠা। স্ফায়্+ক্তি ভাব। বি; স্ত্রী।

স্ফীতোদর—১। যাহার পেট ফুলা বা প্রশস্ত। স্ফীত উদর যাহার, বহু। বিণ। ২। স্থূল পেট বা অভ্যন্তর। কর্মধা। বি; ক্লী।

স্ফুট—বিকশিত; স্পষ্ট, ব্যক্ত; যেমনটি দেখা যায় এমন, apparent; প্রফুল্ল; দীপ্ত, প্রদীপ্ত; নির্মল; বিদীর্ণ, ফুটা ('দন্ত—'); বিশদ; নিশ্চিত; শুভ্র; জ্ঞাত; বিস্তৃত। স্ফুট্+ক কর্তৃ। বিণ।

স্ফুটন—বিকশন; ব্যক্ত হওয়া; ফোটা, তাপের ফলে বাষ্পের বুদ্‌বুদ নিঃসারণ, boiling; বিদলিত হওয়া। স্ফুট্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**স্ফুটিত**।

স্ফুটনাঙ্ক—যে তাপে কোন তরল পদার্থ ফোটে, boiling point. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্ফুটনোন্মুখ—অর্ধবিকশিত; যাহা শীঘ্রই ফুটিবে এমন। ৭মীতৎ। বিণ। স্ত্রী, **-খী, -খা।**

স্ফুৎকার—ফুৎকার, ফুঁ দেওয়া। স্ফুৎ—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।

স্ফুরণ—স্পন্দন, ঈষৎ কম্পন; দীপ্তি। স্ফুর্+অনট্ ভাব বি; ক্লী।

স্ফুরিত—১। কম্পিত; দীপ্ত; প্রতিবিম্বিত। স্ফুর্+ক্ত কর্তৃ। বিণ। ২। কম্পন; উদ্রেক; দীপ্তি; প্রতিবিম্বন। স্ফুর্+ক্ত ভাব। বি; ক্লী।

স্ফুলিঙ্গ—অগ্নিকণা, আগুনের ফিনকি, spark. স্ফু—লিন্গ্+অচ্ কর্তৃ। বি; পুং।

স্ফূর্ত—স্ফূর্তিযুক্ত; বিকাশপ্রাপ্ত। স্ফুর্+ক্ত কর্তৃ। বিণ।

স্ফূর্তি—হর্ষ, সানন্দ উৎসাহ; কম্প; স্পন্দন, কম্পন; প্রতিভা; বিকাশ, অভিব্যক্তি, উচ্চারণ ('বাক্য —')। স্ফুর্+ক্তি ভাব (উ স্থানে ঊ)। বি; স্ত্রী।

স্ফূর্তিজনক—আমোদজনক; উৎসাহপ্রদ; আনন্দপ্রদ। ৬ষ্ঠীতৎ। বিণ।

স্ফূর্তিব্যঞ্জক—আনন্দসূচক। ৬ষ্ঠীতৎ। বিণ।

স্ফূর্তিলাভ—আনন্দ পাওয়া; বিকাশপ্রাপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্ফোটক—ফোড়া, boil. স্ফুট্+ণক কর্তৃ। বি; পুং।

স্ফোটন—বিদারণ; ভঙ্গ; বিকাশন, প্রকাশন। স্ফুট্+ণিচ্+অনট্ ভাব। বি; ক্লী।

স্ফোটনী—ছিদ্রকারক অস্ত্র, বেধনী। ণিজন্ত স্ফুট্ (=স্ফোটি)+অনট্ করণ+ঈপ্। বি; স্ত্রী।

স্ব—১। আত্মা; স্বয়ং; আত্মীয়। সর্ব। ২। জ্ঞাতি। বি; পুং। ৩। যে দ্রব্যে স্বামিত্ব আছে, ধন। স্বন্ (শব্দ করা)+ড কর্তৃ, কর্ম। বি; ক্লী। ৪। স্বকীয়, নিজের ('— চক্ষে', '— জাতি')। বিণ। **স্ব স্ব**—নিজ নিজ; পৃথক্ পৃথক্ ('— প্রধান')।

স্বঃ (স্বর্), স্ব—স্বর্গ, সুরলোক; পরলোক; আকাশ; প্রভা, সৌন্দর্য; সূর্য ও ধ্রুব নক্ষত্রের মধ্যস্থান; নিরবচ্ছিন্ন সুখ। স্বৃ (শব্দ করা)+বিচ্ কর্তৃ (ঋ-স্থানে অব্)। অ।

স্বকীয়—স্বীয়, নিজ। স্ব+ঈয় সম্বন্ধার্থে (ক-আগম)। বিণ। [বিণ।

স্বকৃত—নিজেব করা, নিজেব অনুষ্ঠিত। ৩য়াতৎ।

স্বকৃতভঙ্গ—কুলীন বংশে যে প্রথম কুলপ্রথা ভঙ্গ করিয়াছে এমন, স্বয়ং কুলপ্রথা লঙ্ঘনকারী। বহু। বিণ।

স্বখাত—নিজের খোঁড়া; নিজের খনিত ('— সলিল')। ৩য়াতৎ। বিণ।

স্বখাতসলিল—নিজের কাটা জলাশয়ের জল; নিজকৃত কর্মের ফল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

স্বখাদ—নিজের কাটা খাল। < স্বখাত। বি।

স্বখাদসলিল—< স্বখাতসলিল। বি।

স্বগত—১। আত্মগত, আত্মনিষ্ঠ; মনোগত। বিণ। ২। অভিনয়কালে কোন নট সন্নিহিত ব্যক্তিবর্গের নিকট গোপন করিবার নিমিত্ত রঙ্গভূমিতে সমাগত জনগণের শ্রবণযোগ্যভাবে বিষয়-বিশেষের মনে মনে আন্দোলন-সূচক যে ভঙ্গী করে তাহা। স্বকে গত, ২য়াতৎ। বি; ক্লী।

স্বগতোক্তি—নাট্যাভিনয়ে মনে মনে বলা, soliloquy. স্বগতা উক্তি, কর্মধা। বি; স্ত্রী।

স্বগৃহ—নিজের বাড়ি। স্ব গৃহ, কর্মধা; বা স্বর গৃহ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

স্বচ্ছ—১। নির্মল, কলুষরহিত; প্রতিবিম্বধারণক্ষম; যাহার ভিতর দিয়া দেখা যায় এমন, transparent; শুভ্র, শুক্ল; সুস্থ, নীরোগ। বিণ। ২। স্ফটিক। সু (অতিশয়) অচ্ছ (নির্মল), প্রাদি। বি; পুং। **স্বচ্ছ কাগজ**—যে কাগজের মধ্য দিয়া দৃষ্টি চলে, tracing paper.

স্বচ্ছন্দ—১। সুস্থ; স্বাধীন, স্বেচ্ছানুবর্তী, অবাধিত; অযত্নজাত। স্ব ছন্দ (অভিলাষ) যাহার, বহু। বিণ। ২। স্বেচ্ছা; স্বেচ্ছাচার; স্বাস্থ্য ('সুখ —')। স্ব ছন্দ, কর্মধা; বা স্বর ছন্দ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বজন—আত্মীয়, বন্ধু, কুটুম্ব। কর্মধা। বি; পুং।

স্বজনপ্রীতি—আত্মীয়স্বজনের প্রতি ভালবাসা। ৭মীতৎ। বি; স্ত্রী।

স্বজনী—সখী, সজনী। বাংপ্র। বি; স্ত্রী।

স্বজাতি—নিজশ্রেণী। স্ব (আপন) জাতি, কর্মধা; অথবা, স্বর জাতি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্বজাতীয়—নিজের জাতির অন্তর্ভুক্ত। স্বজাতি+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

স্বতঃ (স্বতস্)—নিজ হইতে, আপনা হইতে, স্বয়ং। স্ব (আপনি)+তস্ পঞ্চমীস্থানে। অ।

স্বতঃপ্রবৃত্ত—স্বয়ংপ্রবৃত্ত, স্বেচ্ছানুসারে কোন কার্যে ব্যাপৃত। সুপ্। বিণ।

স্বতঃসিদ্ধ—যাহা কোন প্রমাণসাপেক্ষ নহে, স্বতঃ-প্রমাণ, self-evident. সুপ্। বিণ।

স্বতঃস্ফূর্ত—আপনা-আপনি সঞ্জাত বা বিকাশপ্রাপ্ত। সুপ্। বিণ।

স্বতন্ত্র—স্বাধীন, আত্মবশ; অন্যের সহিত অসম্বন্ধ, পৃথক্। স্বব তন্ত্র (প্রাধান্য) যাহার বা যাহাতে, বহু। বিণ। বি, **-তা।**

স্বত্ব—অধিকার; ধনাদিতে প্রভুত্ব; দাবি। স্ব (আপন) +ত্ব ভাবে। বি; ক্লী।

স্বত্বসাব্যস্ত—স্বামিত্বনির্ধারণ, অধিকারস্থিরীকরণ। ৬ষ্ঠীতৎ। বি।

স্বত্বাধিকার—ভোগদখলের অধিকার; স্বামিত্ব এবং দখল। স্বত্ব এবং অধিকার, দ্বন্দ্ব। বি; পুং।

স্বত্বাধিকারী (-রিন্)—মালিক, স্বামী, proprietor. স্বত্বাধিকার+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-রিণী।**

স্বদেশ—নিজের মাতৃভূমি; নিজের দেশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বদেশদ্রোহ, -দ্রোহিতা—নিজের জন্মভূমির অনিষ্টাচরণ। ৭মীতৎ; স্বদেশদ্রোহিন্+তা ভাবে। বি; পুং, স্ত্রী।

স্বদেশদ্রোহী (-হিন্)—নিজ দেশের অনিষ্টসাধনকারী। উপতৎ; স্বদেশ—দ্রুহ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-দ্রোহিণী**।

স্বদেশপ্রীতি, -প্রেম (-প্রেমন্), **-বাৎসল্য**—মাতৃভূমির প্রতি অনুরাগ। ৭মীতৎ। বি; স্ত্রী, ক্লী।

স্বদেশপ্রেমিক, -বৎসল—মাতৃভূমির প্রতি অনুরক্ত। ৭মীতৎ। বিণ।

স্বদেশসেবক, -সেবী (-সেবিন্)—মাতৃভূমির হিতসাধক, নিজ দেশের পরিচর্যাকারী। ৬ষ্ঠীতৎ; উপতৎ; স্বদেশ—সেব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী- **-সেবিকা, -সেবিনী**।

স্বদেশহিতৈষী (**-ষিন্**)—মাতৃভূমির মঙ্গলকামী। উপতৎ; স্বদেশহিত—ইষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ষিণী**।

স্বদেশানুরক্তি, -রাগ—মাতৃভূমির প্রতি আসক্তি, নিজের দেশকে ভালবাসা। ৭মীতৎ। বি; স্ত্রী, পুং।

স্বদেশী (-শিন্)—১। নিজ দেশীয়; নিজদেশবাসী। বিণ। ২। স্বদেশবাসী। স্বদেশ+ইন্। বি; পুং।

স্বদেশীয়—নিজের দেশে উৎপন্ন; নিজ দেশ সংক্রান্ত, নিজদেশীয়। স্বদেশ+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

স্বধর্ম—নিজ ধর্ম নিজ জাতি সমাজ বা প্রকৃতির অনুকূল ধর্ম। স্ব ধর্ম, কর্মধা। বি; পুং।

স্বধর্মত্যাগ—নিজের ধর্ম বর্জন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বধা—১। দেবোদ্দেশে হবির্দান; পিতৃলোকের উদ্দেশে পিন্ডাদি-দান। স্বদ্+আ কর্ম (দ-স্থানে ধ)। ২। ঘৃত বা পিন্ডদানের মন্ত্র; পিন্ডোদকাদি। স্বদ্+আ করণ (দ-স্থানে ধ)। অ। ৩। দেবী বিঃ, অগ্নিপত্নী: পিতৃলোকের পত্নী। স্ব -ধা+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী। [ভাব। বি; পুং, ক্লী

স্বন, স্বনন—ধ্বনি, শব্দ, স্বর। স্বন্+অপ্, অনট্

স্বনাম (-মন্)—নিজের নাম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

স্বনামখ্যাত—নিজের গুণ এবং কীর্তির জন্য সর্বত্র পরিচিত, নিজ কীর্তির জন্য প্রশংসিত। ৩য়াতৎ। বিণ। [৩য়াতৎ। বিণ।

স্বনামধন্য—নিজের কীর্তি ও গুণের জন্য প্রশংসনীয়।

স্বনিত—শব্দিত। স্বন্+ক্ত কর্ম। বিণ।

স্বপক্ষ—নিজের পক্ষ, নিজের দল; নিজের মত বা স্বার্থ (স্বপক্ষে উক্তি')। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বপন—স্বপ্ন। স্বপ্+অনট্ ভাব। বি।

স্বপ্ন—নিদ্রা; নিদ্রিত ব্যক্তির বিজ্ঞান, নিদ্রিতাবস্থায় বিষয়ানুভব। স্বপ্+নন্ ভাব। বি; পুং।

স্বপ্নঘোর—স্বপ্নজনিত মোহ বা ভ্রম। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি। [স্বপ্নচারিন্+তা। বি; স্ত্রী।

স্বপ্নচারিতা—নিদ্রাবস্থায় বিচরণ, somnambulism.

স্বপ্নতত্ত্ব—স্বপ্নের প্রকৃত অর্থ; স্বপ্নরহস্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

স্বপ্নদোষ—নিদ্রিত অবস্থায় স্বপ্নাবেশে রেতঃস্খলন, সুপ্তিস্খলন। ৭মীতৎ। বি; পুং।

স্বপ্নরাজ্য, -লোক—স্বপ্নদৃষ্ট রাজ্য; কল্পিতরাজ্য; অমূলক কল্পনা। স্বপ্নদৃষ্ট রাজ্য, মধ্যপ। বি; ক্লী; পুং।

স্বপ্নলব্ধ—স্বপ্নাবস্থায় প্রাপ্ত; স্বপ্নাবস্থায় দেবতা বা মহাপুরুষ কর্তৃক প্রদত্ত (ঔষধ মাদুলী উপদেশ প্রঃ)। ৭মীতৎ। বিণ।

স্বপ্নাদেশ—স্বপ্নাবস্থায় লব্ধ দেবতা বা মহাপুরুষের উপদেশ বা আদেশ। ৭মীতৎ। বি; পুং।

স্বপ্নাদ্য—স্বপ্নলব্ধ; স্বপ্নমূলক। স্বপ্ন আদ্য যাহার, বহু। বিণ।

স্বপ্নাবস্থা—স্বপ্নদর্শন-সময়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্বপ্নাবিষ্ট—স্বপ্নঘোরে আচ্ছন্ন; স্বপ্নাভিভূত; যে স্বপ্ন দেখিতেছে এমন। ৩য়াতৎ। বিণ।

স্বপ্নাবেশ—স্বপ্নের ঘোর; স্বপ্নের আবির্ভাব। স্বপ্নজনিত আবেশ, মধ্যপ; বা, স্বপ্নের আবেশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বপ্নোত্থিত—স্বপ্ন দেখিবার পর বা নিদ্রা হইতে জাগরিত। ৫মীতৎ। বিণ।

স্ববশ—স্বায়ত্ত, স্বাধীন, আত্মবশ। ৬ষ্ঠীতৎ। বিণ।

স্বভাব—আত্মভাব, স্বরূপ; মেজাজ; প্রকৃতিগত ধর্ম; নিসর্গ, প্রকৃতি; স্বাভাবিক অবস্থা; উদ্দেশ্য, অভিপ্রায়। কর্মধা বা ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বভাবকুলীন—যে কুলীনবংশে কখনও কুলপ্রথা লঙ্ঘিত হয় নাই এমন। মধ্যপ। বিণ।

স্বভাবগত—স্বাভাবিক, প্রকৃতিগত। ২য়াতৎ। বিণ।

স্বভাবগুণ—স্বভাবের উৎকর্ষ; প্রকৃতিসিদ্ধ গুণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [জন্+ড কর্তৃ। বিণ।

স্বভাবজ—স্বাভাবিক, স্বভাবজাত। উপতৎ; স্বভাব্—

স্বভাবজাত—স্বভাবজ; প্রকৃতিগত। ৩য়াতৎ। বিণ।

স্বভাবতঃ (-তস্)—স্বাভাবিকরূপে। স্বভাব+তস্ ৩য়াস্থানে। অ।

স্বভাববিরুদ্ধ—স্বভাবের বিপরীত, অস্বাভাবিক। ৬ষ্ঠীতৎ। বিণ। [স্ত্রী

স্বভাবশোভা—প্রাকৃতিক সৌন্দর্য। ৬ষ্ঠীতৎ। বি;

স্বভাবসিদ্ধ—প্রকৃতিবশে উৎপন্ন, প্রকৃতিনিষ্পন্ন, প্রকৃতিগত। স্ব ভাব, কর্মধা; তদ্দ্বারা সিদ্ধ, ৩য়াতৎ। বিণ।

স্বভাবসুলভ—স্বাভাবিক, স্বভাবজাত। ৭মীতৎ। বিণ।

স্বভাবী (-বিন্)—স্বভাবানুযায়ী, normal. স্বভাব+ইন্। বিণ।

স্বভাবোক্তি—স্বভাবকথন; কাব্যের অলংকার বিঃ [কবির সূক্ষ্ম পর্যবেক্ষণমূলক পদার্থের রূপগুণ-অবস্থাদির বর্ণনায় এই অলংকার হয়। যথা—

"শোভে বনমাঝে বিচিত্র তড়াগ
প্রসারি বিপুল কায়,
মেঘের সদৃশ সলিল তাহাতে
দুলিছে মৃদুল বায়।
বারি শোভা করি কমল কুমুদ
কত যে তড়াগে ভাসে,
কত জলচর করি কলধ্বনি
নিয়ত খেলে উল্লাসে।
ভ্রমে রাজহংস সুখে কণ্ঠ তুলি
মৃণাল উপাড়ি খায়,

রৌদ্র সহ মেঘ তড়াগের নীরে
ডুবিয়া প্রকাশ পায়।"
—হেমচন্দ্র]।

স্বভাবের উক্তি (কথন), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্বয়ং—'স্বয়ম্' দ্রঃ।

স্বয়ংবর—স্বয়ং অর্থাৎ নিজে পতিকে বরণ, সভা করিয়া তন্মধ্য হইতে কুমারী কর্তৃক স্বয়ং পতি-নির্বাচন। স্বয়ম্—বৃ+অপ্ ভাব। বি; পুং।

স্বয়ংবরা—স্বয়ং পতিগ্রাহিণী স্ত্রী। স্বয়ম্—বৃ+অচ্ কর্তৃ+আপ্। বি বা বিণ; স্ত্রী।

স্বয়ংসম্পূর্ণ—আপনা হইতেই সম্পূর্ণ, যাহা সম্পূর্ণ হইতে অন্যের অপেক্ষা রাখে না এমন। সুপ্। বিণ।

স্বয়ংসিদ্ধ—আপনা হইতে সিদ্ধ, কেবল নিজের চেষ্টায় সিদ্ধিপ্রাপ্ত। সুপ্। বিণ।

স্বয়ম্, স্বয়ং—আপনি, নিজে। সু—অয় (গমন করা) +অম্ কর্তৃ। অ।

স্বয়ম্ভু, স্বয়ম্ভূ—১। ব্রহ্মা; ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর—এই ত্রিমূর্তি। বি; পুং। ২। স্বভাবজাত। স্বয়ম্—ভূ+ডু, ক্বিপ্ কর্তৃ। বিণ।

স্বয়ম্ভুব—ব্রহ্মা; প্রথম মনু; ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর। স্বয়ম্—ভূ+ক কর্তৃ। বি; পুং।

স্বর—স্বন, শব্দ; উদাত্ত অনুদাত্ত স্বরিত—এই ত্রিবিধ কণ্ঠধ্বনি; অ আ প্রঃ স্বতঃ উচ্চারিত বর্ণ; প্রাণাদি-বায়ুর ব্যাপার বিঃ; সুর, ষড়্জ ঋষভ গান্ধার মধ্যম পঞ্চম ধৈবত নিষাদ—এই সপ্তবিধ গানাঙ্গধ্বনি, স ঋ গ ম প ধ নি, note; প্রাণাদি-বায়ুর কার্য বিঃ; প্রয়োজনবশতঃ বর্ণ বা শব্দবিশেষের গুরু উচ্চারণ। স্বৃ+অপ্ ভাব। বি; পুং।

স্বরগ্রাম—সংগীতের সুরসপ্তক, সা রে গা মা পা ধা নি। স্বরের গ্রাম (সমূহ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বরচিত—আত্মকৃত, নিজের তৈয়ারী; নিজের লেখা। ৩য়াতৎ। বিণ।

স্বরধরযন্ত্র—যাহাতে মনুষ্যকণ্ঠোত্থিত বা যন্ত্রোত্থিত স্বরকে গ্রহণ করিয়া পুনর্বার তাহা অবিকল উৎপাদন করা যায় সেই যন্ত্র, phonograph, gramophone. স্বরের ধর, ৬ষ্ঠীতৎ; তাদৃশ যন্ত্র, কর্মধা। বি; ক্লী। [কর্মধা। বি; পুং।

স্বরবর্ণ—(ব্যাক) অ আ হইতে ঔ পর্যন্ত বর্ণসমূহ।

স্বরভঙ্গ—সাত্ত্বিক ভাব বিঃ; গলা ভাঙ্গা, গলার আওয়াজ বিকৃত হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বরভঙ্গী—স্বরের মাধুর্য, সংগীতে স্বরবিস্তার-কৌশল; স্বরচাতুরী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্বরলিপি—সংগীতস্বরের সাংকেতিক লিপি। স্বর-সূচিকা লিপি, মধ্যপ। বি; স্ত্রী।

স্বরসন্ধি—অত্যধিক সন্নিকর্ষ হেতু স্বরবর্ণের সহিত স্বরবর্ণের মিলন এবং তাহাদের স্থানে নূতন স্বরের উৎপত্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বরাজ—স্বায়ত্তশাসন; বিজেতার অধীনে থাকিয়া বিজিত জাতিকর্তৃক নিজের দেশ শাসন। ‹স্ব-রাজ্য। বি।

স্বরাজ্য—১। নিজের রাজ্য। ৬ষ্ঠীতৎ। ২। প্রজাগণ কর্তৃক শাসিত রাজ্য। স্বশাসিত রাজ্য, মধ্যপ। বি; ক্লী। [স্ব—রাজ্+ক্বিপ্ কর্তৃ। বি; পুং।

স্বরাট্ (স্বরাজ্)—স্বয়ংদীপ্ত ব্রহ্ম; বেদের ছন্দ বিঃ।

স্বরাষ্ট্রসচিব—নিজের রাজ্যের আভ্যন্তরিক বিষয়-সমূহের নিয়ন্ত্রণকারী অমাত্য। স্বরাষ্ট্রবিষয়ে সচিব, ৭মীতৎ। বি; পুং।

স্বরিত—১। তৃতীয় স্বর, লঘুগুরুমিলিত স্বর, উদাত্ত অনুদাত্তের মধ্যবর্তী কণ্ঠস্বর। বি; পুং। ২। স্বর-যুক্ত; ধ্বনিত; উচ্চারিত। স্বর+ইতচ্ সংজ্ঞাতার্থে। বিণ। [বি; পুং।

স্বরীশ্বর—দেবরাজ, ইন্দ্র। স্বর্-এর ঈশ্বর, ৬ষ্ঠীতৎ।

স্বরূপ—১। প্রকৃতি, স্বভাব; স্বাভাবিক অবস্থা। স্বর রূপ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী। ২। সদৃশ। স্ব—রূপ্+ণিচ্+অচ্ কর্তৃ। বিণ।

স্বরূপতঃ (-তস্)—যথার্থতঃ। স্বরূপ+তস্ অ।

স্বরূপনির্ণয়—যাথার্থ্য-নিরূপণ; প্রকৃত অবস্থা বা রূপ স্থিরীকরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বর্গ—সুরলোক, দেবনগরী; ভূঃ ভুবঃ স্বঃ মহঃ জন তপঃ সত্য—এই সপ্ত; নিরবচ্ছিন্ন সুখ। সু—ঋজ্ +ঘঞ্ অধি; অথবা, স্বর্—গৈ+ক কর্ম। বি; পুং।

স্বর্গগত—পরলোকগত, মৃত। ২য়াতৎ। বিণ।

স্বর্গগঙ্গা, স্বর্গঙ্গা—মন্দাকিনী, সুরনদী। স্বর্গের গঙ্গা, স্বর্-এর অর্থাৎ স্বর্গের গঙ্গা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্বর্গত—যে স্বর্গে গমন করিয়াছে, মৃত। স্বর্ অর্থাৎ স্বর্গকে গত, সুপ্। বিণ। বি, -তি।

স্বর্গধাম (-ধামন্)—সুরলোক, স্বর্গ। কর্মধা। বি; ক্লী। [তৎ। বি; পুং।

স্বর্গবাস—স্বর্গধাম, স্বর্গে অবস্থান। কর্মধা বা ৭মী-

স্বর্গবাসী (-বাসিন্)—সুরলোকে অবস্থানকারী। উপতৎ; স্বর্গ—বস্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -বাসিনী। [বি; পুং

স্বর্গলাভ—মৃত্যু; স্বর্গে গমন। ৬ষ্ঠীতৎ বা ২য়াতৎ।

স্বর্গসুখ—স্বর্গবাসজনিত সুখ; পবিত্র আনন্দ; অত্যধিক আনন্দ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

স্বর্গারূঢ়—মৃত; স্বর্গগত। স্বর্গকে আরূঢ়, ২য়াতৎ। বিণ।

স্বর্গারোহণ—স্বর্গগমন; মৃত্যু। ৭মীতৎ। বি; ক্লী।

স্বর্গীয়—স্বর্গ সম্বন্ধীয়; স্বর্গসুখজনক। স্বর্গ+ঈয় সম্বন্ধাদ্যর্থে। বিণ।

স্বর্ণ—সুবর্ণ; সোনা। সু—ঋণ্+অচ্ কর্তৃ; অথবা, সু অর্ণ যাহা দ্বারা, বহু। বি; ক্লী।

স্বর্ণকার—সেকরাজাতি, যে অলংকারাদি গড়ে। উপ-তৎ; স্বর্ণ—কৃ+অণ্ কর্তৃ। বি; পুং।

স্বর্ণ-খচিত—মাঝে মাঝে সোনা-বসানো। ৩য়াতৎ। বিণ। [মধ্যপ। বি; স্ত্রী।

স্বর্ণপ্রতিমা—সোনার মূর্তি, সুবর্ণময়ী প্রতিকৃতি।

স্বর্ণপ্রসূ—সুবর্ণ-উৎপাদনকারিণী; অতিশয় উর্বরা; প্রচুর-ধনরত্নপ্রসবকারিণী। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; স্ত্রী।

স্বর্ণবর্ণ—১। সোনালী রঙের। স্বর্ণের বর্ণের ন্যায়

বর্ণ যাহার, বহু। বিণ। ২। সোনালী রং; সোনার রং। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
স্বর্ণমণ্ডিত—সুবর্ণখচিত; সোনায় মোড়া; সুবর্ণে ভূষিত। ৩য়াতৎ। বিণ।
স্বর্ণময়—সুবর্ণনির্মিত, কাঞ্চনময়। স্বর্ণ+ময়ট্ বিকারার্থে। বিণ। স্ত্রী, **-য়ী** [স্ত্রী।
স্বর্ণমুদ্রা—গিনি, মোহর। স্বর্ণময়ী মুদ্রা, মধ্যপ। বি;
স্বর্ণমৃগ—সীতাহরণকালে শ্রীরামচন্দ্রের ছলনার্থ মারীচ রাক্ষস কর্তৃক গৃহীত সুবর্ণময় হরিণের রূপ; (রূপকার্থে) প্রলোভনকর বস্তু। স্বর্ণময় মৃগ, মধ্যপ। বি; পুং।
স্বর্ণসিন্দুর—মকরধ্বজনামক ঔষধ। স্বর্ণঘটিত সিন্দুর, মধ্যপ। বি; ক্লী।
স্বর্ণাক্ষর—উজ্জ্বল অক্ষর, গৌরবের পরিচায়ক উজ্জ্বল বর্ণ। স্বর্ণময় অক্ষর, মধ্যপ। বি; পুং।
স্বর্ণাঙ্গুরীয়, স্বর্ণাঙ্গুরীয়ক—সোনার আংটি। মধ্যপ। বি; ক্লী। [মধ্যপ। বি; পুং।
স্বর্ণালংকার—সোনার গহনা। স্বর্ণময় অলংকার,
স্বর্বধূ, স্বর্বেশ্যা—অপ্সরা। স্বর্-এর (স্বর্গের) বধূ, বেশ্যা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
স্বর্বৈদ্য—স্বর্গের চিকিৎসক, অশ্বিনী কুমারদ্বয়। স্বর্-এর (স্বর্গের) বৈদ্য (চিকিৎসক), ৬ষ্ঠীতৎ। বি; পুং। [লোক কর্মধা। বি; পুং।
স্বর্লোক—স্বর্গলোক, দেবলোক। স্বঃ (স্বর্গ) যে
স্বল্প—অতি অল্প; অতি ক্ষুদ্র। সু অল্প, প্রাদি। বিণ। [দর্শী। বহু। বিণ।
স্বল্পদৃষ্টি—যাহার দৃষ্টিশক্তি ক্ষীণ এমন; অদূর-
স্বল্পভাষী (-ষিন্)—যে অতি কম কথা বলে এমন। উপতৎ; স্বল্প—ভাষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **ভাষিণী**। বি, **-ভাষিতা**।
স্বশাসন—দেশবাসী কর্তৃক শাসন, autonomy. ৩য়াতৎ। বি; ক্লী।
স্বসা (স্বসৃ)—ভগিনী, বোন। সু—অস্+ঋণ্ কর্তৃ। বি; স্ত্রী।
স্বস্তি—আশীর্বাদ; ক্ষেম, শুভ, মঙ্গল; পুণ্যাদি; স্বীকার, হাঁ; শান্তি, সোয়াস্তি। সু—অস্+ক্তি ভাব। অ। **স্বস্তির নিঃশ্বাস ফেলা**—কোন ঝঞ্ঝাট ভয় উদ্বেগ ইঃর অবসানে শান্তিলাভ করা।
স্বস্তিক—শুভসূচক বজ্রচিহ্ন বিঃ; চতুষ্পথযুক্ত নগর বিঃ; বারান্দাযুক্ত প্রাসাদ বিঃ; পিটুলিনির্মিত মাঙ্গল্য দ্রব্য বিঃ; শ্রী; মাঙ্গলিক চিহ্ন বিঃ; আসন বিঃ। স্বস্তি+কন্ আছে অর্থে। বি, পুং।
স্বস্তিবাচন—মঙ্গলকার্যারম্ভে মঙ্গলকথন, স্বস্তি-শব্দের উচ্চারণ করানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
স্বস্ত্যয়ন—গ্রহ-শান্তির নিমিত্ত মঙ্গলকর্মানুষ্ঠান; দানগ্রহীতা ব্রাহ্মণগণের আশীর্বাদ। স্বস্তির (মঙ্গলের) অয়ন (আগমন) যাহা হইতে বা যদ্দ্বারা, বহু। বি; ক্লী।
স্বস্থ—সুস্থ, নীরোগ; নিরুদ্বিগ্ন, নিঃসন্দিগ্ধচিত্ত; স্থির; বিনা আয়াসে সুখে অবস্থিত; সন্তুষ্টচিত্ত; সমাহিত-চিত্ত। উপতৎ; স্ব—স্থা+ক কর্তৃ। বিণ।

স্বস্রীয়—১। ভাগিনেয়। বি, পুং। ২। ভগিনী সম্বন্ধীয়। স্বসৃ+ঈয়। বিণ। স্ত্রী, **-য়া**।
স্বাক্ষর—সহি, দস্তখত। স্বর অক্ষর, ৬ষ্ঠীতৎ। বি; পুং। বিণ—**স্বাক্ষরিত**।
স্বাগত—কুশল ('—প্রশ্ন'); শুভাগমন, welcome. সু (শুভ) আগত (আগমন), প্রাদি। বি; ক্লী।
স্বাগতপ্রশ্ন—কুশলজিজ্ঞাসা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
স্বাচ্ছন্দ্য—সুস্থতা, স্বাস্থ্য; স্বচ্ছন্দতা, স্বাধীনতা। স্বচ্ছন্দ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
স্বাজাতিক—স্বজাতি বা স্বদেশবাসী সম্বন্ধীয়; স্বদেশবাসীর হিতৈষী। স্বজাতি+ইক। বিণ। বি, -তা। [ভাবে। বি; ক্লী।
স্বাতন্ত্র্য—স্বতন্ত্রতা, স্বাধীনতা। স্বতন্ত্র+ষ্যঞ্
স্বাতি, স্বাতী—নক্ষত্র বিঃ। সু (শোভন)—অৎ (গমন করা)+ইন্ কর্তৃ; পক্ষে ঈপ্। বি; স্ত্রী।
স্বাদ—১। রস, আস্বাদ। স্বদ্+ঘঞ্ কর্ম। ২। রসানুভব, লেহন; প্রীতি। স্বদ্+ঘঞ্ ভাব। বি; পুং।
স্বাদগ্রহণ—আস্বাদ লওয়া; খাইয়া বা উপভোগ করিয়া দেখা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
স্বাদন—১। রসানুভব, চাকা। স্বাদ্+অনট্ ভাব। ২। রস। স্বাদ্+অনট্ কর্ম। বি; ক্লী।
স্বাদিত—ভক্ষিত, আস্বাদিত; পীত। স্বাদি+ক্ত কর্ম। বিণ। [কর্ম। বিণ। স্ত্রী—**স্বাদ্বী**।
স্বাদু—মিষ্ট, মধুর, সুস্বাদু; মনোজ্ঞ। স্বদ্+উণ্
স্বাধিকার—নিজ অধিকার, নিজ কর্তব্য। স্বর অধিকার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
স্বাধিকার-বর্জন—নিজের অধিকার বা দাবি ত্যাগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
স্বাধিষ্ঠান—লিঙ্গমূলস্থ সুষুম্না নাড়ীর অন্তর্গত ষড়্‌দল পদ্ম। স্বর অধিষ্ঠান যাহাতে, বহু। বি; ক্লী। [৬ষ্ঠীতৎ। বিণ।
স্বাধীন—আত্মবশ, যে পরাধীন নয় এমন, স্বতন্ত্র।
স্বাধীনতা—স্বতন্ত্রতা, আত্মবশতা। স্বাধীন+তা ভাবে। বি; স্ত্রী।
স্বাধ্যায়—১। বেদাধ্যয়ন, বেদপাঠ। স্ব—অধি—ই+ঘঞ্ অথবা, সু—আ—অধি—ই+ঘঞ্ ভাব। বি; পুং। ২। বেদাংশ বিঃ। সু—আ—অধি—ই+ঘঞ্ কর্ম। বি; পুং।
স্বাধ্যায়ী (-য়িন্)—বেদপাঠক; অধ্যেতা। স্বাধ্যায়+ইন্ আছে অর্থে। বিণ; পুং।
স্বাবমাননা—আত্মাবমাননা; নিজের অপমান, self-contempt. ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
স্বাবলম্বন—নিজের পায়ে নিজে দাঁড়ানো, নিজ প্রয়োজনের জন্য পরমুখাপেক্ষী না হওয়া, আত্মনির্ভর। স্ব-অব—লন্ব্+অনট্ ভাব। বি; ক্লী।
স্বাবলম্বী (-লম্বিন্)—আত্মনির্ভরশীল। স্ব—অব—লন্ব্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-লম্বিনী**।
স্বাভাবিক—স্বভাবজাত, নৈসর্গিক, natural; স্বভাব সম্বন্ধীয়; প্রকৃতিগত; অবিকৃত, normal. স্বভাব+ইক ভবার্থে। বিণ। স্ত্রী, **-কী**।

স্বামিত্ব—প্রভুত্ব, কর্তৃত্ব; স্বত্ব, অধিকার। স্বামিন্+ত্ব ভাবে। বি; ক্লী।
স্বামী (স্বামিন্)—১। পতি; প্রভু; রাজা; গুরু; সন্ন্যাসী; বিষ্ণু; শিব। বি; পুং। ২। প্রভু, অধিকারী। স্ব+আমিন্ ঐশ্বর্যার্থে। বিণ। স্ত্রী—**স্বামিনী**।
স্বায়ত্ত—নিজের অধীন। স্বর আয়ত্ত, ৬ষ্ঠীতৎ। বিণ।
স্বায়ত্তশাসন—নিজের দেশের শাসনকার্য নিজেরা চালানো। স্বায়ত্ত যে শাসন, কর্মধা। বি; ক্লী।
স্বায়ম্ভুব—১। স্বয়ম্ভুর (ব্রহ্মার) পুত্র, প্রথম মনু। বি; পুং। ২। স্বয়ম্ভু সম্বন্ধীয়। স্বয়ম্ভু+অণ্। বিণ। স্ত্রী, -**বী**।
স্বারাজ্য—১। ঈশ্বরত্ব। স্বরাজ+ষ্যঞ্ ভাবে। ২। স্বর্গরাজ্য; ইন্দ্রত্ব। স্বরাজ+ষ্যঞ্ সম্বন্ধার্থে। বি; ক্লী। [ত্যার্থে। বি; পুং।
স্বারোচিষ—দ্বিতীয় মনু। স্বরোচিস্+অণ্ অপ-
স্বার্জিত—নিজের উপার্জিত। স্ব কর্তৃক অর্জিত, ৩য়াতৎ। বিণ।
স্বার্থ—স্বকার্য, নিজ প্রয়োজন; নিজের লাভ, নিজের ইষ্ট; স্বীয় অর্থ; লিঙ্গার্থ বিঃ; বিশেষণ। স্বর অর্থ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
স্বার্থত্যাগ—নিজের লাভ ছাড়িয়া দেওয়া; নিজের ইষ্ট-বিসর্জন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
স্বার্থত্যাগী (-গিন্)—আপনার ইষ্ট-বিসর্জনকারী; যে পরার্থে নিজের লাভ বা হিত ত্যাগ করে এমন। উপতৎ; স্বার্থ—ত্যজ্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**ত্যাগিনী**।
স্বার্থপর, -পরায়ণ—স্বকার্যসাধনে তৎপর, কেবল নিজ ইষ্টসাধনে তৎপর, কেবল নিজপ্রয়োজনসিদ্ধি-বিষয়ে ব্যগ্র। স্বার্থ পর, পর অয়ন যাহার, বহু। বিণ।
স্বার্থবিসর্জন—স্বার্থত্যাগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
স্বার্থসাধন—শুধু নিজের ইষ্টসাধন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
স্বার্থসিদ্ধি—নিজের ইষ্টলাভ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
স্বার্থান্ধ—নিজের ইষ্টলাভের চেষ্টায় যে অন্যের ক্ষতিবৃদ্ধি একেবারে ভুলিয়া যায় এমন। ৩য়াতৎ। বিণ।
স্বার্থান্বেষণ—শুধু নিজের ইষ্টানুসন্ধান, শুধু নিজ লাভের খোঁজ করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
স্বার্থান্বেষী (-ষিন্)—আপনার ইষ্টানুসন্ধানকারী। স্বার্থ—অনু—ইষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী -**ষিণী**।
স্বাস্থ্য—সুস্থতা, নীরোগতা, আরোগ্য; সন্তোষ; অনুদ্বেগ, নিরুদ্বেগতা, নিশ্চিন্ততা; সুখ; (বাংপ্র) শারীরিক অবস্থা ('— খারাপ যাচ্ছে')। স্বস্থ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লী।
স্বাস্থ্যকর—আরোগ্যজনক, যাহাতে শরীর সুস্থ থাকে এমন। উপতৎ; স্বাস্থ্য—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -**রী**।
স্বাস্থ্যরক্ষা—শরীরকে নীরোগ বা প্রকৃতিস্থ অবস্থায় রাখা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
স্বাস্থ্যহানি, -ভঙ্গ—সুস্থতা নাশ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, পুং।
স্বাহা—১। দেবোদ্দেশে অগ্নিতে ঘৃতপ্রদান; তদ্দানের মন্ত্র। সু—আ—হ্বে+ড করণ+আপ্ অথবা স্বদ্+ড করণ (দ-স্থানে হ)+আপ্। অ। ২। দক্ষ-রাজের কন্যা, অগ্নিদেবের ভার্যা; মাতৃকা বিঃ। সু—আ—হ্বে+ড কর্ম+আপ্ (নিপা)। বি; স্ত্রী।
স্বীকার—অঙ্গীকার, প্রতিজ্ঞা; পরিগ্রহ; প্রতিগ্রহ; গ্রহণ; আয়ত্তীকরণ; বশীকরণ। স্ব (আপন)+চ্বি অভূততদ্ভাবার্থে (=স্বী)—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।
স্বীকারোক্তি—স্বীকারসূচক বাক্য। মধ্যপ। বি; স্ত্রী।
স্বীকার্য—যাহা অবশ্যই মানিয়া লইতে হইবে বা লওয়া উচিত এমন। স্ব+চ্বি অভূততদ্ভাবার্থে (=স্বী)—কৃ+ণ্যৎ কর্ম। বিণ।
স্বীকৃত—সম্মত; অঙ্গীকৃত; পরিগৃহীত; প্রতি-গৃহীত, গৃহীত; আয়ত্তীকৃত। স্ব+চ্বি; অভূত-তদ্ভাবার্থে (=স্বী)—কৃ+ক্ত কর্ম। বিণ।
স্বীকৃতি—স্বীকার, মানা। স্ব+চ্বি অভূততদ্ভাবার্থে (=স্বী)—কৃ+ক্তি ভাব। বি; স্ত্রী। [বিণ।
স্বীয়—নিজ, স্বকীয়, আপনার। স্ব+ঈয় সম্বন্ধার্থে।
স্বীয়া—১। স্বামীর প্রতি অনুরক্তা নারী। বি; স্ত্রী। ২। স্বকীয়া। স্ব+ঈয়+আপ্। বিণ; স্ত্রী।
স্বেচ্ছা—আপনার ইচ্ছা, যদৃচ্ছা, স্বচ্ছন্দ। স্বর ইচ্ছা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
স্বেচ্ছাকৃত—নিজের ইচ্ছায় অনুষ্ঠিত। স্বেচ্ছায় কৃত, সুপ্। বিণ। [বি; পুং।
স্বেচ্ছাক্রম—নিজের ইচ্ছা। স্বেচ্ছার ক্রম, ৬ষ্ঠীতৎ।
স্বেচ্ছাচার—নিজ বাসনানুসারে কার্য করণ; স্বাধী-নতা অবাধ্যতা। স্বেচ্ছা—চর্+ঘঞ্ ভাব। বি, পুং।
স্বেচ্ছাচারিতা—স্বাধীনতা; উচ্ছৃঙ্খলতা; অবাধ্যতা। স্বেচ্ছাচারিন্+তা ভাবে। বি; স্ত্রী।
স্বেচ্ছাচারী (-চারিন্)—স্বাধীন, যে আপন ইচ্ছানু-রূপ আচরণ করে এমন; অবাধ্য, উচ্ছৃঙ্খল। স্বেচ্ছা—আ—চর্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**চারিণী**।
স্বেচ্ছাধীন—স্বাধীন; আপন ইচ্ছানুযায়ী; স্বচ্ছন্দানু-বর্তী। ৬ষ্ঠীতৎ। বিণ।
স্বেচ্ছানুবর্তিতা—স্বেচ্ছাচার, নিজের ইচ্ছামত চলা; অবাধ্যতা। স্বেচ্ছানুবর্তিন্+তা ভাবে। বি; স্ত্রী।
স্বেচ্ছানুবর্তী (-বর্তিন্)—অবাধ্য; স্বাধীন। স্বেচ্ছা—অনু—বৃত্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, -**বর্তিনী**।
স্বেচ্ছাপ্রণোদিত—নিজের ইচ্ছা দ্বারা প্রবর্তিত; অন্যের প্রবর্তনা ব্যতীত নিজের ইচ্ছায় প্রবৃত্ত। ৩য়াতৎ। বিণ।
স্বেচ্ছামৃত্যু—১। ভীষ্ম। স্বেচ্ছায় মৃত্যু যাঁহার, বহু। ২। আপন ইচ্ছায় মরণ। স্বেচ্ছায় মৃত্যু, সুপ্। বি; পুং।
স্বেচ্ছাসেবক—আপন ইচ্ছায় বিনা বেতনে সেবাকারী, volunteer. স্বেচ্ছাপ্রণোদিত সেবক, মধ্যপ। বি; পুং। স্ত্রী, -**সেবিকা**।

স্বেদ—ঘর্ম, ঘাম; ক্লেদ; তাপ; বাষ্প; উষ্মা। স্বিদ্ (ঘর্মাক্ত হওয়া ইঃ)+ঘঞ্ ভাব। বি; পুং।

স্বেদজ—উষ্মজাত; ঘাম হইতে উৎপন্ন। উপতৎ; স্বেদ—জন্+ড কর্তৃ। বিণ।

স্বেদন—ঘর্মনিঃসরণ; ভাপরা দেওয়া। ণিজন্ত স্বিদ্ (=স্বেদি)+অনট্ ভাব। বি; ক্লী।

স্বৈর—১। স্বাধীন, আত্মবশ, স্বচ্ছন্দ; অসংযত; মন্দ, জড়। স্বর্—ঈ+অচ্ কর্তৃ (নিপা)। বিণ। ২। যথেচ্ছাচার; স্বাধীনতা। স্ব—ঈর্+ক ভাব। বি; ক্লী।

স্বৈরচার, স্বৈরাচার—স্বেচ্ছাচার, যদৃচ্ছা ব্যবহার, যথেচ্ছাচার। স্বৈর—চর্, আ—চর্+ঘঞ্ ভাব। বি; পুং।

স্বৈরচারী (-চারিন্), **স্বৈরাচারী** (-চারিন্)—স্বেচ্ছাচারী, অবাধ্য, উচ্ছৃঙ্খল। স্বৈর—চর্, আ—চর্+ঘিনুণ্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-চারিণী**। বি, **-চারিতা**।

স্বৈরতা, স্বৈরিতা—স্বাধীনতা, যথেচ্ছাচারিতা। স্বৈর, স্বৈরিন্+তা ভাবে। বি; স্ত্রী।

স্বৈরিণী—স্বেচ্ছাচারিণী; অবাধ্যা; ব্যভিচারিণী; চতুঃপুরুষগামিনী। স্বৈরিন্+ঈপ্। বিণ; স্ত্রী।

স্বৈরিতা—'স্বৈরতা' দ্রঃ।

স্বৈরিন্ধ্রী—পরগৃহবাসিনী যে নারী শিল্পাদিদ্বারা জীবিকানির্বাহ করে। স্বৈর—ধৃ+ক কর্তৃ+ঈপ্ (নিপা)। বি; স্ত্রী।

স্বৈরী (স্বৈরিন্)—স্বেচ্ছাচারী, অবাধ্য; উচ্ছৃঙ্খল। স্ব—ঈর্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**স্বৈরিণী**।

স্বোদরপূর্তি—নিজের পেট ভরা; নিজের স্বার্থসাধন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্বোপার্জিত—স্বার্জিত, নিজের অর্জিত। ৩য়াতৎ। বিণ। [বি; পুং।

স্মর—কামদেব, মদন। স্মৃ (স্মরণ করা)+অপ্ কর্ম।

স্মরগরল—কামবিষ, তীব্রসম্ভোগেচ্ছা। মধ্যপ। বি; পুং।

স্মরণ—ধ্যান, চিন্তা; স্মৃতি, মনে করা, পূর্বানুভূত বিষয়ের জ্ঞান। স্মৃ+অনট্ ভাব। বি; ক্লী।

স্মরণশক্তি—মনে রাখিবার ক্ষমতা, স্মৃতিশক্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্মরণাতীত—যে পর্যন্ত মনে করা যায় তাহারও পূর্ববর্তী, স্মৃতির অতিরিক্ত, অতি প্রাচীন। স্মরণকে অতীত, ২য়াতৎ। বিণ।

স্মরণিক—যাহা স্মৃতিরক্ষা করে এমন, memorial. বিণ। [বিণ।

স্মরণীয়—স্মরণের যোগ্য, স্মর্তব্য। স্মৃ+অনীয় কর্ম।

স্মরদশা—মদনাবস্থা, কামদশা, নয়নপ্রীতি চিত্তাসঙ্গ সংকল্প অনিদ্রা ক্ষীণতা বিষয়বৈরাগ্য ত্রপানাশ উন্মাদ মূর্ছা ও মৃত্যু—এই দশ দশা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্মরপ্রিয়া—রতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্মরহর, স্মরারি—শিব, মহাদেব। স্মরের হর, অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বিণ।

স্মর্তব্য—স্মৃতিযোগ্য, স্মরণীয়। স্মৃ+তব্য কর্ম।

স্মারক—স্মৃতিজনক, যাহা স্মরণ করাইয়া দেয় এমন, reminder. memento. স্মৃ+ণিচ্ (=স্মারি—স্মরণ করানো)+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**স্মারিকা**।

স্মারকলিপি—যে চিঠি বা লেখা দেখিয়া কোন কিছু মনে পড়ে তাহা, কোন বিষয় মনে করাইবার উদ্দেশ্যে লিখিত পত্র, memorandum. কর্মধা। বি; স্ত্রী।

স্মারণ—মনে করানো। স্মারি+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**স্মারিত**।

স্মার্ত—১। স্মৃতি সম্বন্ধীয়; স্মৃতিশাস্ত্রোক্ত। বিণ। ২। স্মৃতিশাস্ত্রে পণ্ডিত ব্যক্তি। স্মৃতি+অণ্ জ্ঞাতার্থে, অধীতার্থে। বি; পুং।

স্মিত—১। ঈষৎ হাস্য। স্মি+ক্ত ভাব। বি; ক্লী। ২। ঈষৎ হাস্যযুক্ত ('—মুখ'); বিস্মিত; বিকশিত। স্মি+ক্ত কর্তৃ। বিণ।

স্মৃত—স্মরণের বিষয়ীভূত; যাহার স্মরণ হইয়াছে এমন। স্মৃ+ক্ত কর্ম। বিণ।

স্মৃতি—১। স্মরণ, পূর্বানুভূত বিষয়ের জ্ঞান। স্মৃ+ক্তি ভাব। ২। মন্বাদি মুনিপ্রণীত ধর্মশাস্ত্র, ধর্মসংহিতা; ভান; বুদ্ধি; ইচ্ছা। স্মৃ+ক্তি কর্ম। বি; স্ত্রী।

স্মৃতি-চিহ্ন, -নিদর্শন—যাহা দেখিলে কোন কিছু মনে পড়ে এমন বস্তু। স্মৃতিজনক চিহ্ন, নিদর্শন, মধ্যপ। বি; ক্লী।

স্মৃতিপট—স্মরণরূপ আলেখ্য—যাহাতে কোন কিছু অঙ্কিত থাকে। রূপক কর্মধা। বি; পুং।

স্মৃতিপথ—স্মরণমার্গ; যে সকল বস্তু মনে উদিত হইতেছে তাহাদের পরম্পরা। রূপক কর্মধা বা ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্মৃতিমন্দির—স্মরণসূচক মন্দির, মৃতের স্মরণার্থ নির্মিত মন্দির। মধ্যপ। বি; ক্লী।

স্মৃতিরক্ষা—যাহাতে কোন বস্তু বা ব্যক্তির বিষয় লোকের মনে থাকে তাহার ব্যবস্থা করা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [তৎ। বি; স্ত্রী।

স্মৃতিশক্তি—মনে রাখিবার ক্ষমতা, স্মরণশক্তি। ৬ষ্ঠী-

স্মৃতিশাস্ত্র—মনু অত্রি বিষ্ণু হারীত প্রঃ কৃত ব্যবস্থা ও নিয়ম-জ্ঞাপক শাস্ত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

স্মৃতিস্তম্ভ—মৃত ব্যক্তি বা কোন প্রসিদ্ধ ঘটনার স্মৃতি চিরস্থায়ী করিবার উদ্দেশ্যে নির্মিত স্তম্ভ। মধ্যপ। বি; পুং। [বি; পুং।

স্যন্দ—ক্ষরণ; গলন; গমন; বেগ। স্যন্দ্+ঘঞ্ ভাব।

স্যন্দন—১। রথ; বায়ু। স্যন্দ্+অন কর্তৃ। বি; পুং। ২। ক্ষরণ; গতি, গমন; বেগ। স্যন্দ্+অনট্ ভাব। বি; ক্লী। [বিণ; পুং।

স্যন্দী (-ন্দিন্)—ক্ষরণশীল। স্যন্দ্+ণিন্ কর্তৃ।

স্যমন্তক—শ্রীকৃষ্ণের ভূষণ মণি। স্যম্+অন্ত কর্ম+কন্। বি; পুং।

স্যাঁৎসেঁতে—ভিজা ভিজা। বাংপ্র। বিণ।

স্যূত—বোনা; সেলাই-করা; রিপু-করা; সুতা-বসানো; গ্রথিত। সিব্+ক্ত কর্ম। বিণ। বি—**স্যূতি**।

স্রংসন—স্খলন, পতন। স্রন্স্+অনট্ ভাব। বি; ক্লী।

স্রক্ (স্রজ্)—মালা, হার। সৃজ্+ক্বিপ্ কর্ম (সৃজ্-স্থানে 'স্রজ্')। বি; স্ত্রী।
স্রষ্টা (স্রষ্টৃ)—১। বিধাতা, ব্রহ্মা; মহাদেব, শিব। বি; পুং। ২। সৃষ্টিকর্তা। সৃজ্+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**স্রষ্ট্রী**।
স্রস্ত—স্খলিত, চ্যুত। স্রন্স্+ক্ত কর্তৃ। বিণ।
স্রাব—ক্ষরণ। স্রু+ঘঞ্ ভাব। বি; পুং।
স্রাবক—ক্ষরণকারক, যাহা ক্ষরণ করায় এমন। স্রু+ণক কর্তৃ। বিণ। [স্রুতি।
স্রুত—চুয়ানো, ক্ষরিত। স্রু+ক্ত কর্তৃ। বিণ। বি—
স্রোত, স্রোতঃ (স্রোতস্)—১। জল-প্রবাহ। স্রু+তচ্, অসচ্ কর্তৃ (ত-আগম)। ২। ইন্দ্রিয়। স্রু+তচ্, অসচ্ অপা (ত-আগম)। বি; ক্লী।
স্রোতস্বতী, -স্বিনী—১। নদী। বি; স্ত্রী। ২। স্রোতোযুক্তা। স্রোতস্+মতুপ্, বিন্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।
স্রোতোগতা—তালের যতিবিশেষ যাহাতে লয় ক্রমে বাড়ে। ২য়াতৎ বা মধ্যপ। বি; স্ত্রী।
স্রোতোজল—স্রোতের জল, প্রবাহবিশিষ্ট জল। স্রোতের ('স্রোতস্' শব্দ) জল, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
স্রোতোবহা—নদী। স্রোতস্—বহ্+অচ্ কর্তৃ+আপ্। বি, স্ত্রী।
স্রোতোহীন—প্রবাহশূন্য, স্থির। ৩য়াতৎ। বিণ।
স্লেট—সেলেট, লিখিবার পাথর ইঃর ফালি। <ইং 'slate'. বি।

[হ]

হ—১। ত্রয়স্ত্রিংশ ব্যঞ্জনবর্ণ [ইহা কণ্ঠ হইতে উচ্চারিত হয়]। ২। অবিশ্বাসসূচক শব্দ; হাঁ, হ্যাঁ। বাংপ্র। ৩। যদিও; তবুও; এবং। প্রা কপ্র। অ।
হইচই, হইহই—গোলমাল, চিৎকার। বাংপ্র। বি।
হইতে—অপেক্ষা, চেয়ে; থেকে; অবধি। বাংপ্র। অ।
হইয়া—১। হইবার পর। অস-ক্রি। ২। পক্ষে বা প্রতিনিধিরূপে ('তাহার —'); মধ্য দিয়া, *via* ('কলিকাতা —')। বাংপ্র। অ।
হওন—হওয়া। বাংপ্র। বি।
হওয়া—ঘটা; জমা; পর্যাপ্ত হওয়া; শেষ হওয়া; বিদ্যমান থাকা; প্রতিনিধিরূপে থাকা, অবস্থা প্রাপ্ত হওয়া; সম্বন্ধযুক্ত হওয়া; জন্মানো; উৎপন্ন হওয়া; বৃদ্ধি পাওয়া। বাংপ্র। ক্রি। **হচ্ছে হবে করা**—কোন কাজ নিয়া গড়িমসি করা বা দেরি করা। **হয় হয় করা**—কাহারও কথায় সায় দিয়া যাওয়া [প্রা কপ্র—**হৈঞা**—হইয়া। **হোই**—হইয়া। **হোয়ত**—হয়। **হোয়ব**—হইবে। **হোয়ল**—হইল]।
হংস—১। হাঁস; তপস্বী। হন্+স কর্ম। ২। (শব্দের পরবর্তী হইলে) শ্রেষ্ঠ, উৎকৃষ্ট, প্রধান। হন্+স কর্তৃ। বি; পুং।
হংসগামিনী—হাঁসের মত হেলিয়া দুলিয়া গমনকারিণী নারী। উপতৎ; হংস—গম্+ণিন্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
হংসী—স্ত্রী-হংস। হংস+ঈপ্। বি; স্ত্রী।
হক—১। যথার্থ, ন্যায্য। বিণ। ২। স্বত্ব, ন্যায্য অধিকার। <আ 'হক্ক'। বি।
হককথা—উচিত কথা; খাঁটি সত্য বিষয়। কর্মধা (আ-মূ)। বি।
হকদার—ন্যায্য পাওনাদার। আ-মূ। বি।
হকার—১। হ এই বর্ণ। হ+কার স্বার্থে। বি; পুং। ২। ফেরিওয়ালা। <ইং 'hawker'. বি।
হকি—একপ্রকার খেলা। <ইং 'hockey'. বি।
হকিকত—সত্যতা; সত্য বিবরণ। আ। বি।
হজ, হজ্জ—মুসলমানদিগের মক্কাতীর্থ দর্শন। <আ 'হজ্জ্'। বি।
হজম—পরিপাক; আত্মসাৎ করা। আ। বি। **অপমান হজম করা**—অপমানিত হইয়া প্রতিশোধ না লওয়া। **কথা হজম করা**—গোপনীয় কথা কাহারও নিকট না বলিয়া থাকা। [মূ)। বিণ।
হজমী—পরিপাকজনক। হজম+ঈ কারক অর্থে (আ-
হজরত—প্রভু, মহাপুরুষ; পীর। আ। বি বা বিণ।
হটা—পশ্চাৎ গমন করা; পরাস্ত হওয়া; নিরস্ত হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
হটানো—পিছনে যাইতে বাধ্য করা; পরাস্ত করা; নিরস্ত করা। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।
হট্ট—ক্রয়-বিক্রয়স্থান, হাট। হট্+ট কর্তৃ। বি; পুং।
হট্টগোল—কোলাহল, হইচই। হট্টোচিত গোল, মধ্যপ (বাংপ্র)। বি।
হট্টবিলাসিনী—বারাঙ্গনা, বেশ্যা। হট্ট—বি—লস্+ঘিনুণ্ কর্তৃ+ঈপ্। বি; স্ত্রী।
হট্টমন্দির—(ব্যঙ্গার্থে) বাজারের চালা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
হঠ—১। বলপ্রয়োগ; অবিবেচনা; পশ্চাদ্গতি। হঠ্+ঘ করণ। বি; পুং। ২। বলের সহিত অনুষ্ঠিত ("হঠ পরিরম্ভণে নহি নহি বোল"—বিদ্যা)। প্রা কপ্র। বিণ।
হঠকারিতা—অবিমৃষ্যকারিতা, অবিবেকিতা। হঠ-কারিন্+তা ভাবে। বি; স্ত্রী।

হঠকারী (-রিন্)—অবিবেকী, অবিমৃষ্যকারী; গোঁয়ার; বলপ্রয়োগকারী। উপতৎ; হঠ—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিণী**।

হঠযোগ—নেতি ধৌতি বস্তি প্রঃ কৃচ্ছ্রসাধ্য যোগ-প্রক্রিয়া। হঠসম্পাদ্য যোগ, মধ্যপ। বি; পুং।

হঠাৎ—অকস্মাৎ, দৈবাৎ, সহসা; বিবেচনা না করিয়া; সবলে। হঠ+৫মী ১ব-স্থানে আৎ। ক্রি-বিণ; অ।

হড়কা—পিচ্ছিল। বাংপ্র। বিণ।

হড়কানো—পিছলাইয়া যাওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। [বাংপ্র। অ।

হড়বড়—ব্যস্ততা; বিশৃঙ্খল ব্যস্তভাব, তাড়াতাড়ি।

হড়বড়ে—ব্যস্ততা-পরায়ণ, ব্যস্তবাগীশ। হড়বড়+এ (<ইয়া) করে অর্থে। বিণ। [বাংপ্র। অ।

হড়হড়—পিচ্ছিলতার লক্ষণ প্রকাশ, গড়াইবার ভাব।

হড়হড়ে—পিচ্ছিল; গড়াইয়া যাইবার ভাবযুক্ত। হড়হড় (পিচ্ছিলতার ভাব প্রকাশ)+এ (<ইয়া) করে অর্থে। বিণ।

হণ্ডা—হাঁড়ি। হন্+ডা কর্তৃ। বি; স্ত্রী।

হণ্ডিকা, হণ্ডী—মৃৎপাত্র বিঃ, হাঁড়ি। হণ্ডা+কন স্বার্থে+আপ্, হণ্ডা+ঈপ্। বি; স্ত্রী।

হত—১। বিনাশপ্রাপ্ত, বিনষ্ট; ব্যাহত, প্রতিহত; গুণিত; কুৎসিত; তুচ্ছ; দগ্ধ। হন্+ক্ত কর্ম। বিণ। ২। হনন। হন্+ক্ত ভাব। বি; ক্লী।

হতগৌরব—গৌরবহীন। বহু। বিণ।

হতচেতন—সংজ্ঞাশূন্য, মূর্ছাগত, মূর্ছিত। হতা চেতনা যাহার, বহু। বিণ। [বিণ।

হতচ্ছাড়া—হতভাগা; পাজী; লক্ষ্মীছাড়া। <হতশ্রী।

হতজ্ঞান—জ্ঞানশূন্য, জ্ঞানহারা। বহু। বিণ।

হতপ্রায়—মৃতপ্রায়, প্রায় নিহত, নষ্টপ্রায়। ৬ষ্ঠীতৎ। বিণ।

হতবল—১। বলহীন; নষ্টশক্তি। বহু। বিণ। ২। লুপ্ত শক্তি। কর্মধা। বি, ক্লী।

হতবুদ্ধি—স্তম্ভিত, জ্ঞানহারা, কিংকর্তব্যবিমূঢ়, ভেবাচাকা। হতা বুদ্ধি যাহার, বহু। বিণ।

হতভম্ব—হতবুদ্ধি। বাংপ্র। বিণ।

হতভাগা—ভাগ্যহীন, পোড়াকপালে; গালি বিঃ। হত ভাগ (ভাগ্য), কর্মধা+আ বিশিষ্টার্থে (বাংপ্র)। বিণ। স্ত্রী, **-ভাগী**।

হতভাগিনী—দুর্ভাগা, ভাগ্যহীনা। হত ভাগ (ভাগ্য), কর্মধা+ইন্ আছে অর্থে+ঈপ্। বিণ, স্ত্রী।

হতভাগী—হতভাগিনী। বাংপ্র। বিণ; স্ত্রী।

হতশ্রদ্ধ—বীতশ্রদ্ধ, যাহার শ্রদ্ধা দূরীভূত হইয়াছে এমন। হতা শ্রদ্ধা যাহার, বহু। বিণ। বি—**হতশ্রদ্ধা** (অবজ্ঞা)।

হতশ্রী—শোভাশূন্য, শ্রীহীন। বহু। বিণ।

হতাদর—যাহার খাতির বা আদর নষ্ট হইয়াছে এমন। বহু। বিণ।

হতাশ—নিরাশ, আশাহীন; নির্দয়, দুষ্ট; নিষ্ফল; বন্ধ্য; দুর্বল। হতা আশা যাহার, বহু। বিণ।

হতাশা—১। নৈরাশ্য। হতা আশা, কর্মধা। বি, স্ত্রী। ২। আশাশূন্যা। হতাশ+আপ্। বিণ; স্ত্রী।

হতে—হইতে (তাহা দ্রঃ)।

হত্তুকি—<হরীতকী। বি।

হত্তেল—<হরিতাল। বি।

হত্যা—১। বধ, হনন, বিনাশ; হিংসা। হন্+ক্যপ্ ভাব+আপ্। বি; স্ত্রী। ২। অভীষ্ট সিদ্ধির জন্য বা প্রত্যাদেশ-লাভের জন্য দেবতার মন্দিরে ধরনা ('— দেওয়া')। বাংপ্র। বি। [ক্লী।

হত্যাকাণ্ড—হত্যারূপ ব্যাপার। কর্মধা। বি; পুং বা

হত্যাকারী (-কারিন্)—ঘাতক; প্রাণনাশকারী। উপ-তৎ; হত্যা—কৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-কারিণী**।

হত্যাপরাধ—বধজনিত পাপ; বধ করা-রূপ দোষ। মধ্যপ বা কর্মধা। বি; পুং।

হদিস, হদীস—হিসাব, সন্ধান; হজরত মোহাম্মদের উপদেশাবলী; মহম্মদীয় ব্যবস্থাশাস্ত্র। আ। বি।

হদ্দ—চূড়ান্ত; শেষ; সীমা। <আ 'হদ্দ'। বি।

হদ্দমুদ্দ—বড় জোর, খুব বেশী হয় তো। আ-মু। অ।

হনন—হত্যা, বধ; পূরণ। হন্+অনট্ ভাব। বি; ক্লী।

হননীয়—বধযোগ্য। হন্+অনীয় কর্ম। বিণ।

হনহন—গমনের দ্রুততা-বোধক শব্দ। বাংপ্র। অ।

হনু, হনূ—১। গণ্ডদেশের উপবিভাগ চোয়াল। হন্+উ কর্ম, পক্ষে উঙ্। বি, পুং বা স্ত্রী, স্ত্রী। ২। রামায়ণোক্ত হনুমান্। কপ্র। বি।

হনুমান্ (-মৎ), **হনূমান্** (-মৎ)—একশ্রেণীর বড় কালমুখ বানর, langur, শ্রীরামচন্দ্রের সেবক বানর। হনু, হনূ+মতুপ, আছে অর্থে। বি; পুং।

হনুমান—<হনুমান্। বি।

হন্ত—খেদ; বিষাদ; অনুকম্পা, করুণা, সম্ভ্রম; বাক্যারম্ভ, হর্ষ। হন্+ত ভাব। অ।

হন্তদন্ত—ব্যস্ত ও উদ্‌ভ্রান্ত। বাংপ্র। বিণ।

হন্তব্য—হননীয়, বধযোগ্য; গুণ্য। হন্+তব্য কর্ম। বিণ। [কর্তৃ। বিণ। স্ত্রী—**হন্ত্রী**।

হন্তা (হন্তৃ)—হননকর্তা, বধকারক। হন্+তৃন্

হন্তারক—প্রতিবন্ধক; বিঘ্নকারী, হত্যাকারী। <অন্তরায়। বি বা বিণ।

হন্দর—১। ১১২ পাউন্ড, প্রায় ১ মণ ১৫ সের ওজন। <ইং 'hundredweight' ২। তাসখেলায় ক্রমিক তাসসমষ্টি বিঃ। <ইং 'hundred'. বি।

হন্যমান—যাহাকে হনন করা হইতেছে এরূপ। হন্+শানচ্ কর্ম। বিণ।

হন্যা, হন্যে—ক্ষিপ্তভাবে ইতস্ততঃ ধাবমান; ক্ষিপ্ত। বাংপ্র। বিণ।

হপ্তা—সপ্তাহ। <ফা 'হফ্‌তহ্'। বি।

হবচন্দ্র—'হবুচন্দ্র' দ্রঃ।

হবন—হোম, যজ্ঞ। হু+অনট্ অধি, ভাব। বি, পুং।

হবনী—হোমকুণ্ড। হু+অনট্ অধি+ঈপ্। বি, স্ত্রী।

হবনীয়—১। হোমযোগ্য। হু+অনীয় কর্ম। বিণ। ২। হোমার্থ বস্তু। হু+অনীয় করণ। বি, ক্লী।

হবা—ইহুদী খ্রীষ্টান ও মুসলমানের পুরাণে উল্লিখিত আদি মানবী, Eve. আ। বি।

হবি—<হবিঃ।

হবিঃ (হবিস্)—১। ঘৃত; হব্য ঘৃত; হবনীয়

দ্রব্যমাত্র; জল। হু+ইস্ করণ। ২। হোম। হু+ইস্ ভাব। বি; ক্লী।

হবিষ্য—১। ঘৃতান্ন; ঘৃতমিশ্রিত নিরামিষ আতপান্ন। হবিস্+যৎ স্বার্থে। ২। পক্বনবনীত, ঘৃত। হবিস্+যৎ হিতার্থে। **হবিষ্য করা**—ব্রতাদি উদ্‌যাপনে বা মহাগুরু-নিপাতে হবিষ্যান্ন ভোজন।

হবিষ্যান্ন—ঘৃতমিশ্রিত নিরামিষ আতপতণ্ডুলান্ন, হবিষ্যি ভাত। হবিষ্য অন্ন, কর্মধা। বি; ক্লী।

হবু—ভাবী, যে হইবে এমন। বাংপ্র। বিণ।

হবুচন্দ্র, হবচন্দ্র—১। প্রবাদোক্ত মূর্খ নৃপতি বিঃ ('হবুচন্দ্র রাজার গবুচন্দ্র মন্ত্রী')। বি। ২। নিরেট বোকা, হাঁদা। বাংপ্র। বিণ।

হব্য—১। ঘৃত, হবিঃ; চরু প্রঃ, ঘৃতাদি হবনীয় বস্তু, হোমার্থ দ্রব্য। হু+যৎ করণ। ২। হোম। হু+যৎ ভাব। বি; ক্লী। ৩। হোমযোগ্য। হু+যৎ কর্ম। বিণ। [স্বন্দ্র। বি; ক্লী।

হব্যকব্য—দেবতা ও পিতৃপুরুষের জন্য পক্ব অন্ন।

হব্যবাহ, -বাহন—অগ্নি, বহ্নি। হব্য—বহ্+অণ্, বহ্+ণিচ্+অন কর্তৃ। বি; পুং।

হয়—১। অশ্ব, ঘোটক। হয়্ বা হি+অচ্ কর্তৃ। বি; পুং। ২। দুইটি বৈকল্পিক শব্দের প্রথমটির পূর্বে ব্যবহৃত শব্দ [পরের শব্দটির পূর্বে 'নয়' বসানো হয়]। বাংপ্র। অ। ৩। ঘটে; থাকে, জন্মায়। বাংপ্র। ক্রি। **হয়কে নয় করা**—সত্যকে মিথ্যা প্রমাণিত করা।

হয়তো—সম্ভবতঃ। বাংপ্র। অ।

হ-য-ব-র-ল—১। বিশৃঙ্খলা। বি। ২। বিশৃঙ্খল। বাংপ্র। বিণ। [-বানি।

হয়রান—নাকাল, উত্ত্যক্ত, লাঞ্ছিত। আ। বিণ। বি,

হয়ে—হইয়া (তাহা দ্রঃ)।

হর—১। মহাদেব, শিব; ভাজক অঙ্ক, ভগ্নাংশ সম্বন্ধীয় রাশি যত সমান অংশে বিভক্ত হয় সেই-গুলি, denominator. বি; পুং। ২। বহনকারক, যে লইয়া যায়; হরণকারী। হৃ+অচ্ কর্তৃ। বিণ। ৩। হরণ। হৃ+অপ্ ভাব। ৪। ভাগ। হৃ+অপ্ কর্ম। বি; পুং। ৫। অনেক; নানারকমের; প্রত্যেক। ফা। বিণ।

হরকত—বাধা, প্রতিবন্ধক। অ। বি।

হরকরা—পত্রাদিবাহক, পিয়ন ('ডাক —'); চর, দূত। <ফা 'হরকারহ্'। বি।

হরগৌরী—১। অর্ধনারীশ্বর রূপ, শিবপার্বতীর মূর্তি বিঃ। হর অথচ গৌরী, কর্মধা, অথবা হরসহিতা গৌরী, মধ্যপ। ২। শিব এবং পার্বতী। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

হরজ—ক্ষতি। <আ 'হর্জ্'। বি।

হরণ—অপহরণ, চুরি; নাশন, অপনোদন; গ্রহণ; বহন; ভাগকরণ। হৃ+অনট্ ভাব। বি; ক্লী।

হরতন—লাল রঙের বোঁটাশূন্য পানের আকৃতিযুক্ত তাসের চিহ্ন। <ও 'harten'. বি।

হরতাল—কোন কিছুর প্রতিবাদকল্পে কাজকর্ম হাট-বাজার প্রঃ বন্ধ করা। গুজরাটী। বি।

হরদম—অনবরত, সর্বদা। ফা। অ।

হরনেত্র—সংখ্যাত্রয়; শিবচক্ষুঃ, অর্ধনিমীলিত এবং ঊর্ধ্বগততারকাযুক্ত চক্ষুঃ; মৃতের বা মৃতপ্রায় ব্যক্তির চক্ষু। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

হরফ—বর্ণমালার অক্ষর; টাইপ; পদাতিক। <আ 'হর্ফ্'। বি।

হরবোলা—যে নানারকম বুলি বলে, mimic. হর (অনেক) বোল (ভাষা) যাহার, বহু (বাংপ্র)। বি বা বিণ।

হরমনোরমা—শিবপ্রিয়া, কালী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

হররা—আনন্দসূচক চিৎকার-ধ্বনি বিঃ। <ইং 'hurrah'. অ।

হরষ—আহ্লাদ। <হর্ষ। বি। বিণ, -ষিত।

হরষিত—আনন্দিত, হৃষ্ট। কপ্র। বিণ।

হরা—হরণ করা, চুরি করা; ভাগ করা। বাংপ্র। ক্রি [, বি]।

হরি—১। শ্রীবিষ্ণু; শ্রীকৃষ্ণ; মহাদেব; ব্রহ্মা; ইন্দ্র; যম; বায়ু; অগ্নি; সূর্য; চন্দ্র; সিংহ; অশ্ব; শুক-পক্ষী; বানর; রশ্মি; কিরণ; পদ্ম; হংস; সর্প; ভেক; কোকিল, ময়ূর; প্রাচীনকালের বিভাগানু-সারে পৃথিবীর নববর্ষের মধ্যে একটি বর্ষ। হৃ+ই কর্তৃ। বি; পুং। ২। হরণ করি বা করিয়া। কপ্র। ক্রি। **বল হরি**—মৃতের সদ্‌গতির উদ্দেশ্যে উচ্চারিত হরিধ্বনি।

হরিচন্দন—১। দেবতরু বিঃ। হরি—চন্দ্+অন কর্তৃ। ২। পীতবর্ণ সুগন্ধি কাষ্ঠ বিঃ, গোশীর্ষনামক শ্বেত চন্দন। হরিপ্রিয় চন্দন, মধ্যপ। বি; পুং বা ক্লী। ৩। কুঙ্কুম; জ্যোৎস্না; পদ্মকেশর। উপতৎ; হরি—চন্দ্+অন কর্তৃ। বি; ক্লী।

হরিজন—অস্পৃশ্য জাতি (মহাত্মা গান্ধী প্রদত্ত নাম)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হরিণ—মৃগ, কুরঙ্গ, deer, antelope; শ্রীবিষ্ণু; শিব, সূর্য; হংস; জগতের ক্ষুদ্রতর বিভাগ বিঃ; পাণ্ডুবর্ণ। হৃ+ইনন্ কর্তৃ। বি; পুং। স্ত্রী—**হরিণী**।

হরিণাক্ষী—মৃগনয়নতুল্য-নয়নবিশিষ্টা নারী; হট্ট-বিলাসিনী। হরিণের অক্ষির ন্যায় অক্ষি যাহার, বহু (ষচ্ সমাসান্ত)+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।

হরিৎ—১। সবুজবর্ণ। বি; পুং। ২। ঘাস, সবুজ-বর্ণ দূর্বাদি। বি; পুং বা ক্লী। ৩। হরিদ্রা। বি; স্ত্রী। ৪। হরিদ্বর্ণবিশিষ্ট। হৃ+ইৎ কর্তৃ। বিণ।

হরিত—১। সবুজবর্ণ; সিংহ। বি; পুং। ২। সবুজ-বর্ণবিশিষ্ট। হৃ+ইতন্ কর্তৃ। বিণ।

হরিতাল—১। সেঁকো-গন্ধক-যুক্ত পীতবর্ণ দ্রব্য বিঃ; হর্তেল, orpiment. বি; ক্লী। ২। পীতবর্ণ পক্ষী বিঃ, হরিয়াল। হরিত (কপিলবর্ণের) তাল (প্রতিষ্ঠা) যাহাতে, বহু। বি; পুং।

হরিতালী, -তালিকা—দূর্বাঘাস; দক্ষিণোত্তরব্যাপিনী আকাশস্থ রেখা, ছায়াপথ; ভাদ্রের শুক্লা চতুর্থী; ব্রত বিঃ। হরিতাল+ঈপ্; হরিতাল+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

হরিদ্বার—হিমালয়প্রদেশস্থ নগর ও তীর্থ বিঃ। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লী।
হরিদ্রা—হলুদ। হরি—দ্+ক কর্তৃ+আপ্। বি; স্ত্রী।
হরিদ্রাভ—১। কর্পূরক; পীতবর্ণ। হরিদ্রা—আ—ভা+ক কর্তৃ। বি; পুং। ২। পীতবর্ণ। হরিদ্রাবৎ আভা যাহার, বহু। বিণ।
হরিধ্বনি—উচ্চৈঃস্বরে হরিনাম-উচ্চারণ। হরি এই ধ্বনি, কর্মধা। বি; পুং।
হরিপ্রিয়া—লক্ষ্মী; তুলসী; দ্বাদশীতিথি; পৃথিবী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [ক্লী।
হরিবংশ—মহাভারতের পরিশিষ্ট পুরাণ বিঃ। বি;
হরিবর্ষ—প্রাচীন কালের বিভাগানুসারে পৃথিবীর নববর্ষের এক বর্ষ। হরির (বিষ্ণুর) বর্ষ (পৃথিবীর একদেশ), ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
হরিবাসর—১। একাদশীযুক্ত দিন; দ্বাদশীর প্রথম পাদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লী। ২। (ব্যঙ্গার্থে) সমস্ত দিন উপবাস। বাংপ্র। বি।
হরিবোল—হরিধ্বনি, 'হরি' এই কথা। বাংপ্র। বি। **গোলে হরিবোল দেওয়া**—গোলমালের সুযোগে কাজে ফাঁকি দেওয়া বা যেন-তেন প্রকারে কাজ সারা। [বি; পুং, বা বিণ।
হরিভক্ত—হরিসেবক; হরির প্রতি শ্রদ্ধাযুক্ত। ৬ষ্ঠীতৎ।
হরিভক্তি—হরির প্রতি প্রেম ও শ্রদ্ধা। ৭মীতৎ। বি; স্ত্রী। [বি।
হরিমটর—(ব্যঙ্গার্থে) সমস্ত দিন উপবাস। বাংপ্র।
হরিয়াল—ঘুঘুজাতীয় পাখি বিঃ। <হরিতাল। বি।
হরিলুট—শ্রীহরিকে নিবেদিত বাতাসা ছড়ানো বা বিতরণ করা। বাংপ্র। বি।
হরিষ—হর্ষ; আনন্দ। <হর্ষ। বি।
হরিসংকীর্তন—শ্রীহরির নামোচ্চারণ। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ। বি; ক্লী।
হরিসভা—কীর্তনাদির দ্বারা শ্রীহরির মাহাত্ম্য-বর্ণনাকারী সম্মেলন। মধ্যপ। বি; স্ত্রী।
হরিহর—সংযুক্ত হরিহরমূর্তি। হরিযুক্ত হর, মধ্যপ অথবা দ্বন্দ্ব। বি; পুং।
হরিহরাত্মা—একপ্রাণ, অতিঘনিষ্ঠ সম্বন্ধ বা বন্ধুত্ব-যুক্ত। বাংপ্র। বি বা বিণ।
হরীতকী—বৃক্ষ বিঃ ও তাহার কষায় ফল, হত্তুকি। হরিকে (পীতবর্ণ) ইত (প্রাপ্ত), ২য়াতৎ+কন্ সংজ্ঞার্থে+ঈপ্। বি; স্ত্রী।
হরেক—প্রত্যেক; বিবিধ। ফা-মূ। বিণ।
হর্তা (হর্তৃ)—হরণকারক; সংহার-কারক; গ্রহণকারক; বহনকারক। হৃ+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**হর্ত্রী**।
হর্তা-কর্তা-বিধাতা—সর্বময় কর্তা, সর্বেসর্বা। বাংপ্র। বিণ।
হর্ম্য—ধনীদের বাসভবন, প্রাসাদ, ইষ্টকাদিরচিত গৃহ। হৃ+যক্ কর্তৃ (ম-আগম)। বি; ক্লী।
হর্যক্ষ—সিংহ ("চৌদিকে আইল ধাই হর্যক্ষ আস্ফালি পুচ্ছ"—মাইকেল); কুবের। হরি (পিঙ্গলবর্ণ) অক্ষি (চক্ষু) যাহার, বহু (ষচ্ সমাসান্ত)। বি; পুং।
হর্যশ্ব—বাসব, ইন্দ্র। হরি (হরিদ্বর্ণ) অশ্ব যাহার, বহু। বি; পুং। [পুং।
হর্ষ—আনন্দ, সুখ, আমোদ। হৃষ্+ঘঞ্ ভাব। বি;
হর্ষণ—১। হর্ষজনক। ণিজন্ত হৃষ্ (=হর্ষি)+অন কর্তৃ। বিণ। ২। হর্ষ, আনন্দ। হৃষ্+অনট্ ভাব। বি; ক্লী। বিণ—**হর্ষিত**।
হর্ষোৎফুল্ল—আনন্দে প্রফুল্ল। ৩য়াতৎ। বিণ।
হল্—ব্যঞ্জনবর্ণ। বি; পুং।
হল—১। লাঙ্গল, হাল। হল্+অচ্ কর্তৃ। বি; ক্লী। ২। দীর্ঘায়তন কোঠা, ঘেরা দালান। <ইং 'hall' ৩। সোনালী রুপালী প্রঃ চাকচিক্যযুক্ত রঙের প্রলেপ। আ। বি। [বি; ক্লী।
হলকর্ষণ—লাঙ্গল দ্বারা ভূমি চাষ করা। ৩য়াতৎ।
হলকা—উত্তাপ; ঘোড়ার গলায় পরাইবার চামড়ার বেষ্টনী; ঢেউ; অগ্নিশিখা; দল। আ। বি।
হলঘর—লম্বা বড় ঘর, ঘেরা দালান। কর্মধা (ইং-মূ)। বি।
হলচালক—কৃষক, চাষী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
হলচালন, -চালনা—ভূমিকর্ষণ, লাঙ্গল চালানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী।
হলদী—হলুদ। <হলদ্দী। বি।
হলদে—হরিদ্রাবর্ণের; গাঢ় পীত বর্ণযুক্ত। হলুদ+এ (<ইয়া) সদৃশার্থে। বিণ।
হলধর—বলদেব; লাঙ্গলী, কৃষক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
হলন্ত—ব্যঞ্জনান্ত ('— অক্ষর')। হল্ অন্তে যাহার, বহু। বি; পুং, বা বিণ।
হলফ—শপথ, দিব্য। <আ 'হল্ফ্'। বি।
হলহল—ঢিলে অবস্থা। বাংপ্র। অ। বিণ, **-হলে**।
হলায়ুধ—বলরাম। হল (লাঙ্গল) আয়ুধ (অস্ত্র) যাহার, বহু। বি; পুং।
হলাহল—বিষ বিঃ, কালকূট। হল—আ—হল্+অচ্ কর্তৃ। বি; পুং বা ক্লী।
হলী (-লিন্)—লাঙ্গলধারী; বলরাম; কৃষক। হল+ইন্ আছে অর্থে। বি বা বিণ; পুং।
হলুদ—<হরিদ্রা। বি।
হল্য—কর্ষণযোগ্য। হল+যৎ যোগ্যার্থে। বিণ।
হল্লা—গোলমাল, কোলাহল, চেঁচামেচি; আক্রমণ। বাংপ্র। বি।
হস্—ব্যঞ্জনবর্ণ। বি; পুং।
হসন্ত—১। ব্যঞ্জনান্ত। হস্ (ব্যঞ্জন) অন্তে যাহার, বহু। বিণ। ২। '্' এই চিহ্ন। বাংপ্র। বি।
হসন্তিকা, হসন্তী—হাস্যকারিণী। হস্+শতৃ কর্তৃ+ঈপ্, পক্ষে কন্ স্বার্থে+আপ্। বিণ; স্ত্রী।
হসিত—১। সহাস্য; বিকশিত। হস্+ক্ত কর্তৃ। বিণ। ২। হাস্য। হস্+ক্ত ভাব। বি; ক্লী।
হস্ত১—হাত, কর, মণিবন্ধ হইতে অঙ্গুল্যগ্র পর্যন্ত, hand; বাহু, ভুজ, arm; হস্তিশুণ্ড; চতুর্বিংশতি অঙ্গুলি পরিমাণ; (কেশবাচক শব্দের পরবর্তী হইলে) গুচ্ছ। হস্+তন্ কর্তৃ। বি; পুং।
হস্ত২, **হস্তা**—অষ্টাবিংশতি নক্ষত্রান্তর্গত ত্রয়োদশ

নক্ষত্র; সমূহ। হস্+তন্ কর্তৃ; পক্ষে আপ্। বি; পুং, স্ত্রী।

হস্তকণ্ডূয়ন, -কণ্ডূতি—হাত চুলকানো; কোন কার্য করিবার জন্য হস্তের চঞ্চলতাপ্রকাশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী, স্ত্রী। [বি; ক্লী।

হস্তকৌশল—হাত চালানো বিষয়ে দক্ষতা। ৬ষ্ঠীতৎ।

হস্তক্ষেপ, -ক্ষেপণ—হাত দেওয়া; আরম্ভ করা; হাত চালানো; কোন কাজ করিবার জন্য তাহাতে হাত দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লী।

হস্তগত—আয়ত্ত, অধিকৃত; হস্তে লব্ধ। ২য়াতৎ। বিণ। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

হস্তচালনা—কৌশলসাপেক্ষ কার্যে হাত চালানো।

হস্তপ্রসারণ—হাত বাড়ানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

হস্তবুদ—আগেকার ও বর্তমানের হিসাব, জমাবন্দি। <ফা 'হস্ত্-ও-বুদ্'। বি।

হস্তরেখা—করতলের রেখা—যাহা দেখিয়া অদৃষ্ট গণনা করা যায়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

হস্তরেখা-বিচার—হাতের রেখা দেখিয়া অদৃষ্টের শুভাশুভ নির্ণয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হস্তলাঘব—হাতের কৌশল, হস্তের ক্ষিপ্রতা, হাত-সাফাই। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হস্তলিখিত—হাতে লেখা। ৩য়াতৎ। বিণ।

হস্তলিপি—হাতের লেখা; হস্তাক্ষর। ৬ষ্ঠীতৎ। বি, স্ত্রী।

হস্তা—'হস্ত' ২নং দ্রঃ।

হস্তাক্ষর—হাতের লেখা। হস্তলিখিত অক্ষর, মধ্যপ। বি; পুং।

হস্তান্তর—অন্য হাত; অন্যের অধিকার; জমি প্রভৃ মালিকের পরিবর্তন। অন্য হস্ত, নিত্য। বি; ক্লী।

হস্তান্তরিত—পরহস্তগত; অন্য ব্যক্তির অধিকারে প্রদত্ত। হস্তান্তর+ইতচ্ জাতার্থে। বিণ।

হস্তামলক—করতলে অবস্থিত আমলকী ফল, শংকরাচার্যকৃত গ্রন্থ বিঃ; অনায়াসে দর্শনীয় ও বোধগম্য বস্তু। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

হস্তার্পণ—হস্তক্ষেপ, হাত দেওয়া; আরম্ভ করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

হস্তিদন্ত—হাতির দাঁত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হস্তিনী—স্ত্রীজাতীয় হস্তী; চতুর্বিধ স্ত্রীজাতির অন্যতম, স্থূলকায়া অত্যধিক কামুকী ও ভোজন-শীলা স্ত্রী। হস্তিন্+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।

হস্তিপ, হস্তিপক—হস্তিপালক, মাহুত। উপতৎ; হস্তিন্- পা+ক কর্তৃ; পক্ষে কন্ স্বার্থে। বি; পুং। [বি; পুং।

হস্তিমূর্খ—আকাটমূর্খ। হস্তিসদৃশ মূর্খ মধ্যপ।

হস্তিশালা—হাতিশাল, হাতি রাখিবার জায়গা, বারি। হস্তীর শালা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

হস্তী (হস্তিন্)—করী, হাতি, গজ, কুঞ্জর, বারণ, মাতঙ্গ। হস্ত+ইন আছে অর্থে। বি; পুং।

হস্ত্যায়ুর্বেদ—হস্তিচিকিৎসাশাস্ত্র। মধ্যপ কর্মধা। বি; পুং।

হা—হায়; বিষাদ শোক দুঃখ পীড়া আরাম ইঃ-সূচক বা আনন্দসূচক অব্যয় শব্দ; কুৎসা। হা+কা ভাব। অ।

হাই—জৃম্ভণ, মুখব্যাদান। <হাফিকা। বি। **হাই আমলা**—কন্যাকর্তৃক বরের বশীকরণার্থ প্রস্তুত মেথী আমলকী প্রভৃ পিণ্ড।

হাইকোর্ট—রাষ্ট্রের সর্বশ্রেষ্ঠ বিচারালয়। <ইং 'High-Court'. বি। [gen. বি।

হাইড্রোজেন—মৌলিক গ্যাস বিঃ। <ইং 'Hydro-

হাইফেন—দুইটি সমাসবদ্ধ শব্দের সংযোগসাধক চিহ্ন (-)। <ইং 'hyphen'. বি।

হাইল—নৌকাদণ্ড, বহিত্র। বাংপ্র। বি।

হাউই—আতশবাজি বিঃ। <আ 'হবাঈ'। বি।

হাউচাউ, -মাউ—চিৎকারধ্বনি; বহুলোকের সমবেত আর্তনাদ; হইচই। বাংপ্র। বি। [বি।

হাওদা—হস্তিপৃষ্ঠে বসিবার আসন বা চৌকি। আ।

হাওয়া—বাতাস, বায়ু; হালচাল, সাধারণের মতিগতি। <আ 'হবা'। বি। **হাওয়া খাওয়া**—শরীরে বিশুদ্ধ বাতাস লাগানো এবং প্রশ্বাসরূপে গ্রহণ। **হাওয়া বদলানো**—স্বাস্থ্যোন্নতির জন্য স্থান-পরিবর্তন।

হাওয়া-অফিস—আবহাওয়ার অবস্থা নির্ণয়ের কার্যালয়, meteorological office. বাংপ্র। বি।

হাওয়াই—বায়ুসংক্রান্ত। হাওয়া+ই (আ-মু)। বিণ।

হাওয়াগাড়ি—মোটরগাড়ি। হাওয়ার ন্যায় দ্রুতগামী গাড়ি, মধ্যপ (আ-মু)। বি।

হাওলা—তত্ত্বাবধান, জিম্মা। <আ 'হবালৎ'। বি।

হাওলাত—ধার; আমানত। <আ 'হবালৎ'। বি।

হাওলাতী—যাহা ধার করা হইয়াছে বা নিজের কাছে আমানত রাখা হইয়াছে এমন। হাওলাত+ঈ সম্বন্ধার্থে (আ-মু)। বিণ।

হাঁ—১। মুখব্যাদান। বি। ২। স্বীকার বা সম্মতি-সূচক শব্দ। বাংপ্র। অ।

হাঁক, হাঁকার—দীর্ঘ চিৎকার; ডাক। <হুঙ্কার। বি।

হাঁকডাক—প্রতিষ্ঠা, খ্যাতি; আস্ফালনসূচক চিৎকার। দ্বন্দ্ব (বাংপ্র)। বি।

হাঁকপাঁক, হাঁকুপাঁকু—ব্যস্ততা বা ব্যাকুলতা-প্রকাশ। বাংপ্র। অ। [ক্রি [, বি]।

হাঁকা—চিৎকার করা, ডাকা, হাঁক দেওয়া। বাংপ্র।

হাঁকানো—চালানো ('গাড়ি —')। বাংপ্র। ক্রি [, বি]।

হাঁকাহাঁকি—পুনঃপুনঃ ডাকাডাকি। বাংপ্র। বি।

হাঁচা—ক্ষুৎকার করা। বাংপ্র। ক্রি [, বি]।

হাঁচি—ক্ষুৎ, হাঁচা। <হঞ্জি। বি।

হাঁটকানো—তন্ন তন্ন করিয়া খোঁজা। বাংপ্র। ক্রি [, বি]।

হাঁটা—চলা, গমন করা। বাংপ্র। ক্রি [, বি]।

হাঁটাহাঁটি—পুনঃপুনঃ যাতায়াত। বাংপ্র। বি।

হাঁটু—জানুসন্ধি। <অষ্ঠীবৎ। বি।

হাঁটুনি—পদব্রজে চলন। বাংপ্র। বি।

হাঁড়া—বৃহৎ মৃৎপাত্র বিঃ। <হণ্ডা। বি।

হাঁড়ি—মৃত্তিকাপাত্র বিঃ। <'হণ্ডী' বা 'হণ্ডিকা'। বি। **মুখ হাঁড়ি করা**—মুখভার করা।

হাঁড়িকুঁড়ি—হাঁড়ি এবং অন্যান্য রন্ধনপাত্র। বাংপ্র। বি।
হাঁড়িখাকী—গালি বিঃ; গোপনে হাঁড়ি হইতে ভোজন-কারিণী। ৫মীতৎ (বাংপ্র)। বিণ; স্ত্রী।
হাঁড়িচাঁচা—'magpie'-জাতীয় কাল-ধূসর রঙের পাখি বিঃ। বাংপ্র। বি।
হাঁদা—বোকা; মোটা। হি-মূ। বিণ।
হাঁদারাম—বোকারাম, বোকার হদ্দ। বাংপ্র। বিণ।
হাঁপ—শ্বাসত্যাগ; শ্রমজন্য দীর্ঘনিঃশ্বাস; হাঁপানি। বাংপ্র। বি। [ভাব (বাংপ্র)। বি।
হাঁপানি—একপ্রকার শ্বাসরোগ, asthma. হাঁপা+নি
হাঁপানো—গুরু পরিশ্রমে অত্যধিক ক্লান্ত হওয়া; ব্যস্ত বা উদ্বিগ্ন হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।
হাঁপাহাঁপি—ব্যস্ততা; ত্বরা। বাংপ্র। বি।
হাঁফ—হাঁপ (তাহা দ্রঃ)।
হাঁস—মরাল, হংস। < হংস। বি।
হাঁসকল—চৌকাঠের উপরে সংলগ্ন কপাট ঝুলাইবার লোহদণ্ড বিঃ। হাঁস-সদৃশ কল, মধ্যপ (বাংপ্র)। বি। [বি. < ইং 'hospital'.
হাঁসপাতাল, হাসপাতাল—সাধারণের চিকিৎসার স্থান।
হাঁসফাঁস—হাঁপানির ভাব; কষ্টশ্বাসের লক্ষণ প্রকাশ। বাংপ্র। বি।
হাঁসুলি, হেঁসো—অর্ধচন্দ্রাকৃতি হার বিঃ। বাংপ্র। বি।
হাকিম—বিচারক; ইউনানীমতে চিকিৎসক। < আ 'হকীম'। বি।
হাকিমী—বিচারকের উপযুক্ত ('— চাল'); ইউনানী চিকিৎসা-প্রণালী-সংক্রান্ত ('— দাওয়াই')। হাকিম +ঈ যোগ্যার্থে, সম্বন্ধার্থে (আ-মূ)। বিণ।
হা-ঘরে—গৃহহীন; নিরাশ্রয়; অতি দরিদ্র। ঘরের অভাব, অব্যয়ী=হা-ঘর; তদুত্তরে এ (< ইয়া)। বি বা বিণ। [+ক কর্তৃ। বি; পুং।
হাঙর—হিংস্র বৃহৎ মাছ বিঃ, shark. হা—অঙ্গ—রা
হাঙ্গাম, হাঙ্গামা—দাঙ্গা, লড়াই; গোলমাল; চিৎকার; ফেসাদ, ঝঞ্ঝাট; আক্রমণ। ফা। বি।
হাজত—বিচারাধীন ব্যক্তির কারা। আ। বি।
হাজরা—জাতীয় উপাধি বিঃ; সহস্র সৈন্যের নায়ক। বাংপ্র। বি। [ই ভাবে (আ-মূ)। বি।
হাজরি—উপস্থিতি; ইওরোপীয়ের ভোজন। হাজির+
হাজা—১। জলপ্লাবনে বিনষ্ট। বিণ। ২। জলে ভিজিয়া নষ্ট হওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]। ৩। বর্ষাহেতু জাত পায়ের ক্ষত বিঃ। বাংপ্র। বি।
হাজার—১। সহস্র, দশশত, ১০০০; সহস্র-সংখ্যক। < ফা 'হজার'। বি বা বিণ। ২। যথেষ্ট; অত্যধিক; যথাসম্ভব। বাংপ্র। ক্রি-বিণ। **হাজার হউক**—বিপক্ষে যত কারণই থাকুক।
হাজার-করা—প্রতি সহস্রে। প্রতি হাজারে, অব্যয়ী (ফা-মূ)। অ।
হাজারী—সহস্র সৈন্যের নায়ক; জাতিগত উপাধি বিঃ। হাজার+ঈ নায়কার্থে (ফা-মূ)। বি।
হাজী—মক্কায় তীর্থযাত্রা করিয়া তথা হইতে প্রত্যাবৃত্ত, যে হজ করিয়াছে। আ। বি বা বিণ।
হাজির—উপস্থিত; প্রস্তুত; ইচ্ছুক। আ। বিণ।
হাজিরা, হাজিরি—উপস্থিতি; উপস্থিতির হিসাব-বহি, attendance register; এক একবারের ভোজন। হাজির+আ, ই সম্বন্ধাদি অর্থে (আ-মূ)। বি।
হাট—বাজার, ক্রয়বিক্রয়-স্থান; নির্দিষ্ট দিবসে বা তারিখে যে সাময়িক বাজার বসে তাহা। < হট্ট। বি। **হাট বসানো**—অনেকে মিলিয়া গণ্ডগোল করা। **হাটে হাঁড়ি ভাঙ্গা**—গুপ্ত বিষয় সর্বসমক্ষে প্রকাশ করিয়া দেওয়া।
হাটহদ্দ—সমস্ত ব্যাপার বা খবর। বাংপ্র। বি।
হাটুরিয়া, হাটুরে—১। হাটের বিক্রেতা। বি। ২। হাটে বিক্রেয় দ্রব্যাদির বহনকারী। হাট+উরিয়া, উরে (বাংপ্র)। বিণ।
হাড়—অস্থি। < হড্ড। বি। **হাড় জুড়ানো**—জ্বালাতনকারী ব্যক্তির সঙ্গ হইতে মুক্তিলাভ ইঃ হেতু প্রাণে স্বস্তি অনুভব হওয়া। **হাড় ভাজা-ভাজা হওয়া**—অত্যধিক জ্বালাতন হওয়া; উপদ্রব ইঃতে জর্জরিত হওয়া। **হাড়ে দূর্বা গজানো**—একান্ত আলস্য হেতু অবসাদ আসা। **হাড়ে নাড়ে জ্বালানো**—হাড় ও নাড়ী পর্যন্ত পোড়ানো; অতিশয় জ্বালাতন করিয়া অতিষ্ঠ করা। **হাড়ে হাড়ে**—অত্যধিক মাত্রায় ('— পাজী'); পুঙ্খানুপুঙ্খরূপে, নাড়ীনক্ষত্রসমেত ('— চেনা')।
হাড়কাট, হাড়িকাট, হাড়িকাঠ—পশুবলিদানের যূপ-কাষ্ঠ। < হড়িকাষ্ঠ। বি।
হাড়গিলা—শকুনির তুল্য পাখি বিঃ, adjutant. হাড় গিলে যে, উপতৎ (বাংপ্র)। বি।
হাড়গোড়—অস্থিপঞ্জরাদি। বাংপ্র। বি।
হাড়-ভাঙ্গা—যাহাতে অস্থি চূর্ণ হইয়া যায় এমন; অতি কঠোর ('—খাটুনি')। হাড় ভাঙ্গে যাহা, উপতৎ (বাংপ্র)। বিণ।
হাড়হদ্দ—আমূল; নাড়ীনক্ষত্র পর্যন্ত। বাংপ্র। বিণ বা ক্রি-বিণ। [বিণ।
হাড়হাবাতে—অতি দরিদ্র, সম্পূর্ণ নিঃস্ব। বাংপ্র।
হাড়াই-ডোমাই—হাড়ি-ডোমের আচরণ, ইতরামি ("হাড়াই-ডোমাই ভাল দেখায় না।"—দীনবন্ধু)। বাংপ্র। বি।
হাড়িকাঠ—'হাড়কাট' দ্রঃ। [হড়ি। বি।
হাড়ী—অবনত হিন্দু জাতি বিঃ। < চণ্ডিক বা
হাডুডু, হাডুডুডু—গ্রাম্য ক্রীড়া বিঃ, কপাটি খেলা। বাংপ্র। বি।
হাড্ডি—হাড়। হি। বি।
হাড্ডিসার—কঙ্কালসার; বিশীর্ণ। বহু (বাংপ্র)। বিণ।
হাত—ভুজ, পাণি; ২৪ অঙ্গুলি পরিমাণ দৈর্ঘ্য; অভ্যাস, নিপুণতা; কর্তৃত্ব; ক্ষমতা, অধিকার। < হস্ত। বি। **হাত আসা**—অভ্যাস হওয়া। **হাত করা**—বাধ্য বা আয়ত্ত করা। **হাত খালি করা**—হাতের কাজ শেষ করা; হাতের টাকা নিঃশেষে ব্যয় করা। **হাত গুটানো**—কার্য হইতে নিরস্ত হওয়া। **হাত চালা**—অপহৃত বস্তুর সন্ধানার্থ মন্ত্রবলে হস্তের চালন। **হাত চালানো**—তাড়াতাড়ি করা,

ক্ষিপ্রতার সহিত কোন কার্য করা। **হাত চুলকানো**—কিছু করিবার জন্য ব্যগ্রতা হওয়া। **হাত জোড় করা**—নমস্কার অনুরোধ বা ক্ষমা-প্রার্থনা করা। **হাত দেখা**—করেরেখা দেখিয়া অদৃষ্ট বিচার করা; হাতের নাড়ীর স্পন্দন অনুভব করা। **হাত দেওয়া**—(কার্য) আরম্ভ করা; সাহায্য করা; স্পর্শ করা। **হাত পাতা**—প্রার্থনা করা। **হাত-পা বাঁধা থাকা**—কোন কিছু করিবার স্বাধীনতা না থাকা। **হাতে কলমে**—কার্যতঃ, practically. **হাতে খড়ি**—শিক্ষার আরম্ভ মাত্র। **হাতে থাকা**—সঞ্চিত থাকা; বাধ্য বা আয়ত্ত থাকা; (অঙ্কে) প্রতিঘরের সংখ্যাসমূহের যোগের বা বিয়োগের পর পরবর্তী ঘরে লইবার জন্য থাকা। **হাতে নাতে ধরা পড়া**—চুরি প্রঃ করিবার সময়েই ধরা পড়া। **হাতের পাঁচ**—শেষ সম্বল। **হাতে হাতে**—সদ্যঃ সদ্যঃ; সঙ্গে সঙ্গে।

হাতকড়ি—হস্তবন্ধনের শৃঙ্খল; অপরাধীর হাত বাঁধিবার শৃঙ্খলিত লোহার বালা, hand-cuff. ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

হাতকর্জা—অল্পস্বল্প ধার। বাংপ্র। বি।

হাতকষা—ব্যয়কুণ্ঠ, কৃপণ। বহু (বাংপ্র)। বিণ।

হাতকাটা—কর্তিতবাহু; আস্তিনশূন্য ('—জামা')। বহু (বাংপ্র)। বিণ।

হাতখরচ—জল খাওয়া পান খাওয়া ইঃর জন্য সামান্য ব্যয়; ব্যক্তিগত ব্যয়। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

হাতখালি—কপর্দকশূন্য; অর্থহীন; যাহার হাতে কাজ নাই এমন। বহু (বাংপ্র)। বিণ।

হাতছাড়া—আয়ত্তের বহির্ভূত। ৫মীতৎ (বাংপ্র)। বিণ।

হাতছানি—হাত নাড়িয়া ইশারা। বাংপ্র। বি।

হাতছেঁচড়া—যে পাওনাদারকে টাকা দিতে ঘুরায় এমন। বাংপ্র। বিণ। [(বাংপ্র)। বি।

হাতটান—চুরি করার অভ্যাস; কার্পণ্য। ৬ষ্ঠীতৎ

হাতঠার—হাতের ইশারা। ৩য়াতৎ (বাংপ্র)। বি।

হাতড়ানো—না দেখিয়া হাত দিয়া খোঁজা। বাংপ্র। ক্রি [,বি] [শব্দ। ৩য়াতৎ (বাংপ্র)। বি।

হাততালি—করতালি, উভয় করতলের আঘাতে উৎপন্ন

হাততোলা—অনুগ্রহপ্রদত্ত; কৃপা করিয়া দেওয়া জিনিস; খামখেয়ালি মত দেওয়া। ৩য়াতৎ (বাংপ্র)। বিণ বা বি। **হাততোলা হইয়া থাকা**—পরের উপরে নির্ভর করিয়া থাকা; একান্ত পরবশ থাকা।

হাত-ধরা—আয়ত্ত; বাধ্য, অনুগত। হাত ধরিয়াছে যে, উপতৎ (বাংপ্র)। বিণ।

হাত-ফের—হাত বদলানো। বাংপ্র। বি।

হাতভারী—কৃপণ। বহু (বাংপ্র)। বিণ।

হাতমোজা—দস্তানা। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

হাতযশ—দক্ষতা; সফলতার খ্যাতি। ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

হাতল—ধরিবার কড়া; অস্ত্র ও যন্ত্রাদির যে অংশ হাতে বা মুঠাতে ধরা হয় তাহা। বাংপ্র। বি।

হাতসই—হস্তপ্রমিত; একহাত মাপের। ৭মীতৎ (বাংপ্র)। বিণ।

হাত-সাফাই—ক্ষিপ্রহস্ততা; চমৎকার হস্তকৌশল, sleight of hand. ৬ষ্ঠীতৎ (বাংপ্র)। বি।

হাতা—ডাল ইঃ পরিবেশন করিবার দর্বী; জামার হাত। হাত+আ সদৃশার্থে (বাংপ্র)। বি।

হাতানো—হস্তগত করা, বাগানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

হাতাহাতি—১। তাড়াতাড়ির জন্য অনেকে মিলিয়া (কোন কাজ করা)। ক্রি-বিণ। ২। হস্তদ্বারা পরস্পরকে প্রহার। বহু (বাংপ্র)। বি।

হাতি—< হস্তী। বি।

হাতিয়ার—যন্ত্র; অস্ত্র। হি। বি। [বাংপ্র। বি।

হাতিয়ারপাতি—সমস্ত যন্ত্র, যন্ত্রপাতি; অস্ত্রশস্ত্র।

হাতিশাল—< হস্তিশালা। বি।

হাতী—১। গজ, করী। < হস্তী (হস্তিন্)। বি। ২। (সংখ্যাবাচক শব্দের পরে থাকিলে) ততহস্ত-প্রমিত। হাত+ঈ প্রমাণার্থে (বাংপ্র)। বিণ। **হাতীর খোরাক**—যাহার জন্য প্রচুর ব্যয় হয় তাহার ব্যয়। **হাতী পোষা**—অতি ব্যয়সাধ্য কাজ করা। **হাতীর গলায় ঘণ্টা**—অতি বৃহতের সঙ্গে অতি ক্ষুদ্রের সংযোগ।

হাতীকাঁদা—যাহাতে হাতী কাঁদে অর্থাৎ অতিশয় কাদায় ভরা ('— পথ')। উপতৎ (বাংপ্র)। বিণ।

হাতুড়ি—পেরেক প্রঃ ঠুকিয়া বসাইবার যন্ত্র বিঃ; লোহা প্রঃ পিটাইবার হাতলযুক্ত লোহার মুগুর বিঃ। বাংপ্র। বি।

হাতুড়ে—মূর্খ বৈদ্য, কুচিকিৎসক। বাংপ্র। বি বা বিণ।

হানা—১। অস্ত্রদ্বারা আঘাত; আক্রমণ; জলস্রোতে নদীর পাড় ইঃর ভাঙ্গন। বি। ২। আঘাত করা; নাশ করা; নিক্ষেপ করা; ক্ষতি করা; হত্যা করা। ক্রি। ৩। ভূতাশ্রিত ('—বাড়ি')। বাংপ্র। বিণ।

হানাদার—আক্রমণকারী। হানা+দার (বাংপ্র)। বি।

হানি—১। ক্ষতি, অপচয়; ত্যাগ; নাশ। হা+নি ভাব। ২। গতি। হা+ক্তি ভাব (নিপা)। বি; স্ত্রী।

হানিকর—ক্ষতিকর, অনিষ্টজনক। উপতৎ; হানি—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, -রী।

হাপর—ধাতু গলাইবার পাত্র; ভস্ত্রা; সেকরার অগ্নি-কুণ্ড; কাদায় ভরা ছোট ডোবা। বাংপ্র। বি।

হাপরানো—সশব্দে ক্ষীর দধি প্রঃ ভক্ষণ করা। বাংপ্র। ক্রি [, বি]। [বাংপ্র। অ।

হাপুস—দধি ক্ষীর প্রঃ ভক্ষণের শব্দ; অশ্রুপূর্ণ।

হাফ—অর্ধ। < ইং 'half'. বিণ।

হাফহাতা—কনুই পর্যন্ত হাতাযুক্ত ('—জামা')। বহু (বাংপ্র)। বিণ।

হাব—স্ত্রীলোকের শৃঙ্গারভাবজাত বিলাস প্রঃ। হু+ঘঞ্ অধি বা করণ। বি; পুং।

হাব-ভাব—১। রকমসকম; ভাবভঙ্গী। বাংপ্র। বি। ২। নারীদের শৃঙ্গারভাবজনিত মানসিক বিক্রিয়া ও ছলাকলা ইঃ। দ্বন্দ্ব। বি; পুং।

হাবলা—বোকা ভেবলা। বাংপ্র। বিণ।

হাবশী—আবিসিনিয়াবাসী। < আ 'হবশ'। বি বা বিণ।

হাবা—বোবা; জড়; বোকা; পাগলা, idiot. বাংপ্র। বিণ।

হাবাতে—হতভাগ্য, দুর্ভাগ্য; নির্ধন; যে অন্নাভাবে হা [অন্ন হা অন্ন করে। বাংপ্র। বিণ।

হাবিলদার—ভারতীয় সিপাহীদিগের নায়ক বিঃ। <আ-ফা 'হাবালহ্'+'দার'। বি।

হাবুজখানা—জেলখানা ("সে এখন হাবুজখানায় আছে"—বঙ্কিম)। <আ 'হব্স্'+ফা 'খানা'। বি।

হাবুডুবু—নাকানিচোবানি, জলে পুনঃ পুনঃ ভাসা এবং ডোবা। বাংপ্র। বি।

হাভাত—অত্যধিক অন্নকষ্ট; দারিদ্র্যের চূড়ান্ত। ভাতের অভাব, অব্যয়ী (বাংপ্র)। বি।

হাভাতে—অন্নের কাঙাল, হতভাগ্য। ভাতের অভাব, অব্যয়ীভাব+এ (<ইয়া) আছে অর্থে। বিণ।

হাম—১। গুটিকাযুক্ত রোগ বিঃ, মিনমিনে. measles. বাংপ্র। বি। ২। আমি। হি। কপ্র। সর্ব।

হামড়ি—উপুড়; অতিশয় আগ্রহ; হামাগুড়ি। বাংপ্র। বি বা বিণ।

হামবড়া—আত্মাভিমান; আত্মগরিমা। হাম (আমি)+ [বড়া (প্রধান)। হি। বি।

হামলা—চড়াও, আক্রমণ। <আ 'হম্লহ্'। বি।

হামলানো—হাম্বা রব করা, বৎসের জন্য উতলা হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।

হামা, হামাগুড়ি—জানু এবং করতলে ভর দিয়া চলা। [বাংপ্র। বি।

হামানদিস্তা—ঔষধাদি চূর্ণ করিবার লৌহ বা প্রস্তরের উদূখলমুষল। <ফা 'হাবনদস্তহ্'। বি।

হামাম—উষ্ণ জলযুক্ত স্নানাগার। <আ 'হাম্মাম'। বি।

হামি—সাহায্যকারী; পৃষ্ঠপোষক; রক্ষক ("আমি ম'লে এ মহলে আর নাই হামি"—রামপ্রসাদ)। আ। বি।

হামেশা—সর্বদা, অনবরত; ক্রমাগত; চিরকাল; সর্ব- [অবস্থায়। ফা-মু। অ।

হামেহাল—সর্বদা। <ফা-আ 'হম্অ'+'হাল'। অ।

হাম্বা—গাভীর রব। বাংপ্র। অ।

হাম্বির—রাগিণী বিঃ। বাংপ্র। বি।

হায়—খেদপ্রকাশক শব্দ। <হা। অ।

হায়ন—১। বৎসর, বর্ষ। বি; পুং বা ক্লী। ২। ধান্য বিঃ; অগ্নিশিখা। হা+অনট্ কর্তৃ (য-আগম, নিপা)। বি; পুং।

হায়া—লজ্জা, সরম। <আ 'হয়া'। বি।

হার—১। মুক্তাদির মালা। হৃ (মন ইঃ হরণ করা)+ ঘঞ্ করণ। ২। যুদ্ধ; ভাগ। হৃ+ঘঞ্ ভাব। বি; পুং। ৩। ভাজক; হারক; বাহক। হৃ+ণ কর্তৃ। বিণ। ৪। দর ইঃর হিসাব, rate; পরাজয়। বাংপ্র। বি।

হারক—১। ভাজক অঙ্ক; কিতব; চৌর। বি; পুং। ২। বাহক; হরণকারী; দ্যূতকার। হৃ+ণক কর্তৃ। বিণ। স্ত্রী—**হারিকা**।

হারমাদ—পোর্তুগিজ জলদস্যুর যুদ্ধজাহাজ; পোর্তুগিজ জলদস্যু। <পো 'armada'. বি।

হারমোনিয়ম—বাদ্যযন্ত্র বিঃ। <ইং 'harmonium'. [বি।

হারা—১। (কর্মবাচক উপপদের পরে থাকিলে) যে হারাইয়াছে এমন, বিহীন ("জল'হারা' মেঘ আঁচলে খচিত"—রবীন্দ্র)। বিণ। ২। অকৃতকার্য হওয়া; পরাজিত হওয়া; রোগা হওয়া। বাংপ্র। ক্রি [, বি]।

হারাকিরি—উদর চিরিয়া আত্মহত্যা। জাপানী। বি।

হারাধন, -নিধি—হারানো ধন; হারানো প্রিয়পাত্র। কর্মধা (বাংপ্র)। বি।

হারানিধি—'হারাধন' দ্রঃ।

হারানো—পরাজিত করা; পরাস্ত করা; অজ্ঞাতসারে হস্তভ্রষ্ট করা; খুঁজিয়া না পাওয়া; নিরুদ্দেশ হওয়া; নষ্ট হইতে দেওয়া, খোয়ানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

হারাম—মুসলমানদিগের অস্পৃশ্য জন্তু, শূকর; অসদ্ভাবে উপার্জিত সুতরাং শূকর (মুসলমানদের অখাদ্য)-সদৃশ খাদ্য। <আ 'হরাম'। বি। **হারাম খাওয়া**—মুসলমানদের গালিতে বা শপথে উক্ত বাক্য বিঃ।

হারামজাদ, -জাদা—গালি বিঃ; শূকরের বাচ্চা। <আ 'হরাম'+ফা 'জাদহ্'। বি বা বিণ। স্ত্রী. **-জাদী**।

হারাহারি—মোটামুটি; গড়পড়তা। বাংপ্র। অ।

হারি—পরাজয়, পরাভব। হৃ+ইঞ্ ভাব। বি; স্ত্রী।

হারিকেন—একপ্রকার লণ্ঠন। <ইং 'hurricane'. বি।

হারিত—১। পরাজিত; অপহারিত। হৃ+ণিচ্+ক্ত কর্ম। ২। হরিদ্বর্ণযুক্ত। হরিত+অণ্ স্বার্থে। বিণ। [স্ত্রী। স্ত্রী, -দ্রী।

হারিদ্র—হরিদ্রাবর্ণ। হরিদ্রা+অণ্ যুক্তার্থে। বিণ;

হারী (-রিন্)—(কর্মবাচক পদের পর) হরণ বা গ্রহণকারী। হৃ+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**হারিণী**।

হার্দ, হার্দ্য—১। আন্তরিক; মনোজ্ঞ। বিণ। ২। হৃদ্যতা, স্নেহ, প্রীতি। হৃদ্+অণ্, ষ্যঞ্। বি, ক্লী।

হার্য—হরণীয়, গ্রহণীয়; নিবার্য; বিভাজ্য। হৃ+ণ্যৎ [কর্ম। বিণ।

হাল—১। লাঙ্গল। হল্+ঘঞ্ করণ। ২। অবস্থা; বর্তমান সময়। বি। ৩। আধুনিক; নূতন। আ। বিণ। ৪। নৌকাদির কর্ণ; লোহার লম্বা পাটি; গাড়ির চাকার লোহার বেড়। বাংপ্র। বি। **হালে পানি পাওয়া**—শেষ রক্ষা করা।

হালকা—লঘু, গুরুত্বহীন। <লঘুক। বিণ।

হালখাতা—নব বৎসরের হিসাবের খাতা; নব বৎসরের হিসাবের খাতায় উৎসবানুষ্ঠানপূর্বক লেখা আরম্ভ। বাংপ্র। বি।

হালত—অবস্থা। আ। বি।

হালফিল—ফিলহাল, বর্তমানে, এখন। আ-মু। অ।

হালাক—১। বধ। বি। ২। হয়রান; কাহিল; নষ্ট। <আ 'হলাক'। বিণ।

হালাল—বৈধ, ধর্মসম্মত; মুসলমানধর্মের নিয়মানুযায়ী পশু-পক্ষ্যাদির কণ্ঠচ্ছেদন। <আ 'হলাল'। বিণ বা বি।

হালি—১। নবোৎপন্ন; এবছরের, নূতন; একেলে। হাল+ই ভবার্থে, সম্বন্ধার্থে (বাংপ্র)। বিণ। ২। নৌকাদণ্ড, বহিত্র; আঁটি, তড়পা। বাংপ্র। বি।

হালুইকর—মিষ্টান্নপ্রস্তুতকারক, মিঠাইওয়ালা। আ-মু। বি বা বিণ।

হালুম—বাঘের ডাক। বাংপ্র। বি।
হালুয়া—ঘৃত চিনি ও সুজি দ্বারা প্রস্তুত মিষ্টান্ন বিঃ, মোহনভোগ। ＜আ 'হল্‌বা'। বি।
হাশিয়া—শাল ইঃর পাড়। ＜আ 'হাশিঅহ্'। বি।
হাস—হাস্য। হস্‌+ঞ্ ভাব। বি; পুং।
হাসই, হাসত—হাসে। প্রা কপ্র। ক্রি।
হাসনুহানা—হাসনুহোহানা (তাহা দ্রঃ)।
হাসপাতাল—'হাসপাতাল' দ্রঃ।
হাসা—হাস্য করা। বাংপ্র। ক্রি [, বি]।
হাসানো—হাস্য করানো। বাংপ্র। ক্রি [, বি]।
হাসাহাসি—কয়েক জনের মিলিত হাস্য-পরিহাস; বিদ্রূপাত্মক হাস্য-পরিহাস। বাংপ্র। বি।
হাসি—১। হাস। ＜হাস্য। বি। ২। হাস্য করিয়া। কপ্র। অস-ক্রি।
হাসিখুশি—সহাস্য আনন্দ। বাংপ্র। বি।
হাসিল—১। আদায়; সিদ্ধি। বি। ২। লভ্য; উৎপন্ন; আবাদী; নিষ্পাদিত, সিদ্ধ; সম্পন্ন। আ। বিণ।
হাসিহাসি—সহাস্য, প্রফুল্ল। বাংপ্র। বিণ।
হাসনুহোহানা—(শ্বেতবর্ণ ছোট সুগন্ধি পুষ্প বিঃ। জাপানী (=পদ্মফুল)। বি।
হাস্য—১। হাসি। হস্‌+ণ্যৎ ভাব। বি; ক্লী। ২। কাব্যের রস বিঃ। হাস্য+অচ্ বিশিষ্টার্থে। বি; পুং। ৩। পরিহসনীয়, উপহসনীয়। হাস+যৎ যোগ্যার্থে। বিণ।
হাস্যকর—যাহাতে হাসি পায় এমন; উপহাসের উপযুক্ত। উপতৎ; হাস্য—কৃ+ট কর্তৃ। বিণ। স্ত্রী, **-রী**।
হাস্যকৌতুক—হাস্য-পরিহাস, হাসিঠাট্টা। দ্বন্দ্ব। বি; ক্লী।
হাস্যজনক—হাস্যকর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-জনিকা**।
হাস্যপরিহাস—হাসি-তামাশা। দ্বন্দ্ব। বি।
হাস্যময়—হাসিতে ভরা। হাস্য+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, **-য়ী**।
হাস্যমুখ—১। হাসিমাখা বদন। মধ্যপ। বি; ক্লী। ২। যাহার মুখে হাসি আছে এমন; স্মিতানন। হাস্যপূর্ণ মুখ যাহার, বহু। বিণ। স্ত্রী, **-খা, -খী**।
হাস্যরস—কাব্যের হাস্যজনক রস [ইহাতে স্থায়িভাব হাস্য; হাস্যজনক অঙ্গবিকৃতি ও বাক্যাদি ইহাতে আলম্বন। যথা—
"নামটি আমার গডাচর সবাই ডাকে গডা।
সারা ডিনটা রোডে টো-টো গায়ে চলো কাড়া।
ডাডা বল্লে গাচা টুই লিখবি পড়বি নে।
অমনি আমি কেঁডে ডিলুম এঁ হেঁ হেঁ হেঁ হেঁ।"]
হাস্যনামক রস, মধ্যপ। বি; পুং।
হাস্যরসাত্মক—যাহাতে হাস্যরস আছে এমন; হাস্যরসযুক্ত। হাস্যরস আত্মা (আত্মন্=স্বরূপ) যাহার, বহু+কন্ সমাসান্ত। বিণ। স্ত্রী, **-ত্মিকা**।
হাস্যরসিক—হাস্যরসের উত্থাপনে নিপুণ; যে হাসাইতে পারে এমন। হাস্যরস+ইক (ঠন্) আছে অর্থে। বিণ। স্ত্রী, **-কা**।
হাস্যসংবরণ—হাসি থামানো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
হাস্যালাপ—হাস্যপরিহাস; রসালাপ। মধ্যপ। বি; পুং। [তৎ। বি বা বিণ।
হাস্যাস্পদ—উপহাসের পাত্র। হাস্যের আস্পদ, ৬ষ্ঠী-
হাস্যোদ্দীপক—হাস্যকর; যাহাতে হাসিবার অত্যধিক প্রবৃত্তি হয় এমন। হাস্যের উদ্দীপক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-পিকা**।
হাস্যোদ্দীপন—বাক্য এবং আচরণাদি দ্বারা হাসির উদ্রেক করা। হাস্যের উদ্দীপন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।
হাহা—১। দুঃখ শোক বিস্ময় ও সম্ভ্রমসূচক শব্দ; খেদজনক শব্দ; শোকধ্বনি; আশ্চর্য; শোক; কষ্ট। দ্বিরুক্ত হা। অ। ২। পুরাণোক্ত গন্ধর্ব বিঃ। হা শব্দ—হা+ক্বিপ্ কর্তৃ+আপ্। বি; পুং।
হাহাকার—শোকধ্বনি; কলরব; কাতরতাজন্য কলরব; যুদ্ধকলরব; অশ্বাদিপ্রেরণধ্বনি। হাহা—কৃ+ঘঞ্ ভাব। বি; পুং।
হিং, হিঙ্—বৃক্ষ বিঃর উগ্রগন্ধ নির্যাস বিঃ। ＜হিঙ্গু। বি। [বাংপ্র। বি।
হিংলী—একপ্রকার তামাক গাছ ও তাহার পাতা।
হিংসক—১। দ্বেষ্টা, হিংসাকারক, ঘাতক। বিণ। স্ত্রী —**হিংসিকা**। ২। হিংস্রজন্তু; শত্রু; অথর্ব বেদবেত্তা ব্রাহ্মণ। হিন্‌স্‌+ণক কর্তৃ। বি; পুং।
হিংসন, হিংসা—বধ, হত্যা, হনন; অপকার, ক্ষতি; পরানিষ্টসাধনপ্রবৃত্তি, দ্বেষ; ঈর্ষ্যা। হিন্‌স্‌+অনট্ ভাব; হিন্‌স্‌+অ ভাব+আপ্। বি; ক্লী, স্ত্রী।
হিংসালু—হিংসাশীল, হিংসাপ্রকৃতিক, ঘাতক; অপকারক, হিংসা করা যাহার স্বভাব এমন। হিন্‌স্‌+আলুচ্ কর্তৃ, শীলার্থে। বিণ।
হিংসিত—যাহাকে হিংসা করা হয় এরূপ; হত, নাশিত। হিন্‌স্‌+ক্ত কর্ম। বিণ।
হিংসুক—পরশ্রীকাতর; হিংসাশীল। হিন্‌স্‌+উক কর্তৃ, শীলার্থে। বিণ। [বিণ।
হিংসুটে—হিংসুক, ঈর্ষাপরায়ণ। ＜হিংসাবৃত্ত।
হিংস্য—হিংসাযোগ্য। হিন্‌স্‌+ণ্যৎ কর্ম। বিণ।
হিংস্র, হিংস্রক—১। হিংসাশীল, হননকারক, ঘাতুক; অপকারক। বিণ। স্ত্রী, **-স্রা, -স্রিকা**। ২। হিংসাকারক জন্তু। হিন্‌স্‌+র কর্তৃ, শীলাদ্যর্থে; হিংস্র+কন্ স্বার্থে। বি; পুং। [বিণ।
হিংস্রপ্রকৃতি—অত্যন্ত হিংসুক; হিংসাশীল। বহু।
হিঁচড়নো, হিঁচড়ানো—জোরে টানা; বলপূর্বক আকর্ষণ করা; কেশমার্জন করা। বাংপ্র। ক্রি।
হিঁদু—＜ফা 'হিন্দু'। বি।
হিঁদুয়ানি—হিন্দুর আচার-ব্যবহার, হিন্দুর চালচলন। হিঁদু+(＜ফা 'হিন্দু') আনি ভাবে। বি।
হিকমত—ফিকির; চাতুরী; কৌশল; জ্ঞান। আ। বি।
হিক্কা—রোগের উপসর্গ বিঃ; হেঁচকি। হিক্‌+অ ভাব +আপ্। বি; স্ত্রী। [(নিপা)। বি; পুং বা ক্লী।
হিঙ্গু—নির্যাস বিঃ; হিং। হিম্—গম্‌+ডু কর্তৃ
হিঙ্গুল—পারদ-গন্ধক ঘটিত ঘোর রক্তবর্ণ দ্রব্য বিঃ, রসসিন্দুর, cinnabar. হিঙ্গু—লা+ক কর্তৃ। বি; পুং বা ক্লী। [বি।
হিজড়া, হিজড়ে—ক্লীব, নপুংসক; খোজা। বাংপ্র।

হিজরত—পলায়ন। আ। বি।

হিজরা—মুসলমানদের প্রচলিত শক [হজরত মোহাম্মদের মক্কা হইতে মদিনায় পলায়নের সময় অর্থাৎ ৬২২ খ্রীষ্টাব্দ হইতে এই সনের গণনা আরম্ভ হইয়াছে]। আ। বি।

হিজরী—হিজরা। ⟨আ 'হিজর'। বি।

হিজল—একপ্রকার বৃক্ষ। ⟨হিজ্জল। বি।

হিজলিবাদাম—কাজুবাদাম। বাংপ্র। বি।

হিজিবিজি—১। কালির অর্থহীন এলোমেলো রেখা। বি। ২। আঁকা-বাঁকা; বোধাতীত। বাংপ্র। বিণ।

হিজ্জ, হিজ্জল—বৃক্ষ বিঃ; হিজলগাছ। হি+ক্বিপ্ কর্তৃ—হিৎ; হিৎ জল যাহাতে, বহু; ১ম পক্ষে হিৎ—জন্+ড কর্তৃ। বি, পুং। [মোচিকা। বি।

হিঞ্চা, হিঞ্চে—জলজ তিক্ত শাক বিঃ। ⟨হিলমোচিকা। বি।

হিড়হিড়—গড়াইয়া পড়িবার বা টানিবার অনুকার-শব্দ। বাংপ্র। অ। [বাংপ্র। বি।

হিড়িক—সুযোগ; ভিড়; ঠেলা; চাপ; হাঙ্গামা।

হিত—১। কল্যাণকর, যোগ্য; প্রিয়; পথ্য; গত; অনুকূল, ধৃত; ব্যবহার্য। ধা+ক্ত কর্ম। বিণ। ২। কল্যাণ; উপকার। হি+ক্ত ভাব। বি; ক্লী।

হিতকর, -কারী (-রিন্)—মঙ্গলজনক; উপকারক। উপতৎ; হিত (মঙ্গল)—কৃ+ট, ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-রী, -কারিণী।**

হিতকাম—হিতৈষী; মঙ্গলকামী। বহু। বিণ।

হিতবাদী (-বাদিন্)—হিতকথনশীল; সৎপরামর্শ-দায়ক। উপতৎ; হিত—বদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বাদিনী।**

হিতসাধন—মঙ্গলসাধন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

হিতাকাঙ্ক্ষা—মঙ্গলকামনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

হিতাকাঙ্ক্ষী (-ঙ্ক্ষিন্)—হিতৈষী; শুভার্থী। উপতৎ; হিত—আ—কান্ক্ষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ঙ্ক্ষিণী।**

হিতার্থী (-র্থিন্)—মঙ্গলপ্রার্থী; শুভানুধ্যায়ী। উপতৎ, হিত—অর্থ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-র্থিনী।**

হিতাশী—হিতৈষী ("বাঁচাও হিতাশী মাসী উপায় বলিয়া"—ভারত)। প্রা কপ্র। বিণ।

হিতাহিত—ন্যায়ান্যায়; ভালমন্দ; শুভাশুভ। হিত ও অহিত, দ্বন্দ্ব। বি; ক্লী, বা বিণ।

হিতৈষণা, হিতৈষা—হিতেচ্ছা, পরের উপকার সাধনের চেষ্টা। হিতের এষণা, এষা, (ইচ্ছা, চেষ্টা), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

হিতৈষী (-ষিন্)—শুভানুধ্যায়ী; হিতাভিলাষী। হিত—ইষ্+ণিন্ কর্তৃ; অথবা হিতৈষা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-ষিণী।**

হিতোক্তি—প্রিয়বচন, হিতকর বাক্য। হিতা উক্তি, কর্মধা। বি; স্ত্রী।

হিতোপদেশ—১। সৎপরামর্শদান। কর্মধা। ২। বিষ্ণুশর্মার কৃত মিত্রলাভ সুহৃদ্ভেদ বিগ্রহ ও সন্ধিনামক কথাচতুষ্টয়াত্মক নীতিগ্রন্থ বিঃ। বহু। বি; পুং।

হিন্তাল, হীন্তাল—তালবর্গীয় গাছ বিঃ; হেঁতালগাছ। হীন (অধম) তাল, কর্মধা (নিপা)। বি; পুং।

হিন্দী—উত্তর ভারতের ভাষা বিঃ। ফা। বি।

হিন্দু—হিঁদু; বৈদিক ধর্মাচারী ভারতবাসী, সনাতন-পন্থী ভারতীয় জাতি ('—ধর্ম')। ফা। বি।

হিন্দুত্ব—হিন্দুর আচার-ব্যবহার চালচলন প্রঃ; হিন্দুর ভাব। হিন্দু (ফা)+ত্ব ভাবে। বি; ক্লী।

হিন্দুধর্ম—হিন্দুজাতির আচরিত ধর্ম। হিন্দু (ফা)-সেবিত ধর্ম, মধ্যপ। বি; পুং।

হিন্দুয়ানি—হিন্দুর আচার-ব্যবহার ও চালচলন। হিন্দু (ফা)+আনি (বাং)। বি।

হিন্দুসমাজ—ভারতের হিন্দুজাতি। ৬ষ্ঠীতৎ (ফা-মু)। বি, পুং। [স্তান'। বি।

হিন্দুস্থান—ভারতবর্ষ; উত্তরভারত। ⟨ফা 'হিন্দু-স্তান'। বি।

হিন্দুস্থানী—১। ভারতবাসী; উত্তর ভারতের অধিবাসী, উত্তর ভারতের ভাষা বিঃ। বি। ২। ভারত সংক্রান্ত; উত্তরভারত সম্বন্ধীয়। হিন্দুস্থান (⟨ফা 'হিন্দুস্তান')+ঈ নিবাসাদি অর্থে। বিণ।

হিন্দোল, হিন্দোলা—১। দোলা; ঝুলন; ঝুলনযাত্রা। হি—দুল্+ঘঞ্ ভাব; অথবা, হিল্লোল্+ঘঞ্ ভাব (নিপা); পক্ষে আপ্। ২। যান বিঃ। হি—দুল্+ঘঞ্ অধি; অথবা, হিল্লোল্+ঘঞ্ অধি (নিপা); পক্ষে আপ্। ৩। সংগীতের রাগ বিঃ। হি—দুল্+অচ্ কর্তৃ; অথবা হিল্লোল্+অচ্ কর্তৃ (নিপা); পক্ষে আপ্। বি; পুং, স্ত্রী।

হিন্দোলী—ডুলি, দোলা। হিন্দোল+ঈপ্। বি; স্ত্রী।

হিবুক—লগ্নের চতুর্থ স্থান। হিন্ব্+উকক্ কর্তৃ। বি; ক্লী। [হিব্রু। বি।

হিব্রু—ইহুদীজাতি; প্রাচীন ইহুদীদের ভাষা।

হিম—১। তুষার; নীহার; চন্দন; চন্দনদ্রব্য; শৈত্য, শীতলতা; শীতলস্পর্শ; মুক্তা; পথ; নবনীত। বি; ক্লী। ২। হিমাগিরি; চন্দ্র; নন্দনবৃক্ষ; শীত ঋতু ('হিমাগম')। বি; পুং। ৩। শীতল, ঠাণ্ডা। হন্ বা হি+মক্ কর্তৃ (হন্-স্থানে হি)। বিণ।

হিমকটিবন্ধ, -মণ্ডল—উদীচ্যবৃত্ত ও উদীচ্যেতরবৃত্ত হইতে যথাক্রমে উত্তর ও দক্ষিণ মেরু পর্যন্ত দুই ভূভাগ, Arctic Zone. হিমময় কটিবন্ধ, মণ্ডল, মধ্যপ। বি; পুং, ক্লী।

হিমকর—১। চন্দ্র। বি; পুং। ২। শীতস্পর্শবিশিষ্ট। বহু। বিণ। [পুং।

হিমগিরি—হিমালয়-পর্বত। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ। বি;

হিমধামা (-মন্)—চন্দ্র ("হরিণীহীন হিমধামা"—বিদ্যাপতি)। হিম ধাম যাহার, বহু। বি, পুং।

হিমনিষ্পত্র—যাহারা শীতকালে পত্রত্যাগ করে এমন। হিমে নিষ্পত্র, ৭মীতৎ। বিণ।

হিমবর্ষী (-র্ষিন্)—যাহা হইতে তুষারবর্ষণ হয় এমন। উপতৎ: হিম—বৃষ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-বর্ষিণী।**

হিমবান্ (-বৎ)—১। হিমালয় পর্বত। বি; পুং। ২। শীতল, ঠাণ্ডা; শৈত্যগুণযুক্ত। হিম+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বতী।**

হিমবাহ—অতিধীরগতিবিশিষ্ট, তুষারস্রোত, glacier. ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হিমমণ্ডল—'হিমকটিবন্ধ' দ্রঃ।
হিমরেখা—চিরতুষাররেখা, অত্যুচ্চ পর্বতের যে সীমার উপরে চিরদিন বরফ জমিয়া থাকে, snowline. মধ্যপ। বি; স্ত্রী।
হিমশিলা—তুষার, বরফ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
হিমশৈল—হিমালয় পর্বত। হিমপ্রধান শৈল (পর্বত), মধ্যপ। বি; পুং।
হিমশিম—১। দুঃসাধ্য কার্যে শ্রান্তিবোধ। বি। ২। হয়রান; ক্লান্ত; জব্দ। বাংপ্র। বিণ। **হিমশিম খাওয়া**—বিশেষ পরিশ্রান্ত হওয়া।
হিমাংশু—শশী, চন্দ্র। বহু। বি; পুং।
হিমাঙ্ক—যে তাপমাত্রায় জল জমিয়া বরফ হয়, freezing point. মধ্যপ। বি; পুং।
হিমাচল—হিমালয় পর্বত। হিমপ্রধান অচল, মধ্যপ। বি; পুং। [৩য়াতৎ। বিণ।
হিমাচ্ছন্ন—তুষারাবৃত, বরফে ঢাকা। হিমে আচ্ছন্ন,
হিমাদ্রি—হিমালয় পর্বত। হিমের অদ্রি (পর্বত), ৬ষ্ঠীতৎ; অথবা, হিমময় অদ্রি, মধ্যপ। বি; পুং।
হিমানী—হিমসংহতি, তুষারসমূহ; বরফ। হিম+ঈপ্ সংহতি অর্থে (আনুক্-আগম)। বি; স্ত্রী।
হিমালয়—ভারতবর্ষের উত্তর সীমায় স্থিত পূর্ব-পশ্চিম ব্যাপী পর্বত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
হিম্মত—পৌরুষ, সাহস, বীরত্ব। আ। বি।
হিম্মতওয়ালা—মনস্বী; শক্তিমান্; সাহসী। হিম্মত (আ)+ওয়ালা। বিশিষ্টার্থে। বিণ।
হিয়া—হৃদয়। কপ্র। বি।
হিরণ—সোনা, স্বর্ণ। হৃ+অন (ক্য) কর্ম (ঋ-স্থানে ইর্)। বি; ক্লী। [বিণ।
হিরণ-কিরণ—সুবর্ণের ন্যায় দ্যুতিবিশিষ্ট। বহু।
হিরণ্ময়—১। স্বর্ণময়। বিণ। স্ত্রী, -য়ী। ২। নয়টি বর্ষের একটি বর্ষ। হিরণ্য+ময়ট্ বিকারাদ্যর্থে (য-কারের লোপ)। বি; ক্লী। [ক্লী।
হিরণ্য—স্বর্ণ; রৌপ্য; ধন। হিরণ+যৎ স্বার্থে। বি;
হিরণ্যগর্ভ—ব্রহ্মা। হিরণ্য গর্ভ (উৎপত্তিকারণ) যাঁহার, বহু [সুবর্ণময় অণ্ড হইতে ব্রহ্মার উৎপত্তি]। বি; পুং।
হিরণ্যবাহ, -বাহু—শোণ নদ; মহাদেব। হিরণ্য—বহ্ +ঘঞ্, উণ্ কর্তৃ। বি; পুং। [বাংপ্র। বি।
হিরাকস—কষায় দ্রব্য বিঃ; কাসীস, iron sulphate.
হিলিমিলি—ঢেউ-খেলানো, আঁকাবাঁকা। বাংপ্র। বিণ।
হিলোল—তরঙ্গ। < হিল্লোল। বি।
হিল্লা, হিল্লে—উপায় ('—করা'); আশ্রয়। < আ 'হিলহ্'। বি।
হিল্লোল—১। দোলন। হিল্লোল্+ঘঞ্ ভাব। ২। তরঙ্গ, ঢেউ। হিল্লোল্+অচ্ কর্তৃ। বি; পুং।
হিসাব, হিসেব—গণনা; হার; আয়ব্যয়াদি-স্থিরী-করণ; বিচার। আ। বি।
হিসাবনবিস—জমাখরচ-লেখক। হিসাবের নবিস (লিপিকার), ৬ষ্ঠীতৎ (আ-মু)। বি।
হিসাব-নিকাশ—আয়-ব্যয়াদির হিসাব স্থিরীকরণ। ৬ষ্ঠীতৎ (আ-মু)। বি।
হিসাবী, হিসেবী—হিসাব সম্বন্ধীয়; বিমৃষ্যকারী; মিতব্যয়ী। হিসাব+ঈ সম্বন্ধার্থে, শীলার্থে (আ-মু)। বিণ।
হিস্টিরিয়া—একপ্রকার মূর্ছারোগ। < ইং 'hysteria'. বি। [বি।
হিস্‌সা, হিস্‌সে—অংশ, ভাগ। < আ 'হিস্‌সহ্'।
হিস্‌সাদার—অংশীদার। হিস্‌সা (< আ 'হিস্-সহ্')+দার (ফা) আছে অর্থে। বিণ।
হিহি—শীতার্তের শব্দ; আনন্দসূচক শব্দ; হাস্য-শব্দ। বাংপ্র। অ।
হীন—নিন্দনীয়, নীচ, অধম ('—প্রবৃত্তি'); দীন, দুর্দশাপন্ন ('—বেশ'); অতি বিনীত; ক্ষীণ ('—প্রভ'); শূন্য, বিরহিত। হা+ক্ত কর্ম। বিণ।
হীনচেতাঃ (-চেতস্)—নীচমনাঃ, সংকীর্ণমনাঃ। বহু। বিণ।
হীনচেতা—< হীনচেতাঃ।
হীনতা—নীচতা; ক্ষুদ্রতা। হীন+তা ভাবে। বি; স্ত্রী।
হীনপ্রকৃতি—১। নীচমনাঃ, ক্ষুদ্রাশয়। বহু। বিণ। ২। নীচ স্বভাব; নীচ মন। কর্মধা। বি; স্ত্রী।
হীনপ্রভ—যাহার দীপ্তি কমিয়া গিয়াছে এমন। হীনা প্রভা যাহার, বহু। বিণ।
হীনপ্রাণ—দুর্বল; নীচমনাঃ; ক্ষুদ্রচেতাঃ। বহু। বিণ। স্ত্রী, -ণা ('—হরিণী')।
হীনবল—দুর্বল। বহু। বিণ।
হীনবুদ্ধি—১। নীচবুদ্ধি; অল্পধী; অল্পবুদ্ধি-বিশিষ্ট। হীনা বুদ্ধি যাহার, বহু। বিণ। ২। অল্প বুদ্ধি। কর্মধা। বি; স্ত্রী।
হীনমতি—নীচমনাঃ। হীনা মতি যাহার, বহু। বিণ।
হীনশক্তি—দুর্বল। হীনা শক্তি যাহার, বহু। বিণ।
হীনাঙ্গ—বিকলাঙ্গ, অঙ্গহীন। হীনা অঙ্গ যাহার, বহু। বিণ। স্ত্রী, -ঙ্গী, -ঙ্গা।
হীনাবস্থ—দরিদ্র, দৈন্যদশাগ্রস্ত। হীনা অবস্থা যাহার, বহু। বিণ।
হীন্তাল—'হিন্তাল' দ্রঃ।
হীরক—রত্ন বিঃ; হীরা, হীরে; বজ্রমণি, diamond. হীর+কন্ স্বার্থে। বি; ক্লী। [৩য়াতৎ। বিণ।
হীরকখচিত—মাঝে মাঝে হীরার টুকরাবসানো।
হীরকজুবিলি—ষাট বৎসর পূর্ণ হইলে অনুষ্ঠেয় উৎসব বিঃ, diamond jubilee. হীরকাখ্য জুবিলি, মধ্যপ (সং-ইং)। বি।
হীরকাঙ্গুরীয়ক—হীরার আংটি। মধ্যপ। বি; ক্লী।
হীরা—রত্ন বিঃ, হীরে। < হীরক। বি।
হীরামন, হীরেমন—একজাতীয় তোতা পাখি। বাংপ্র। বি।
হুইল—চক্র, চাকা; বঁড়শি প্রঃব সুতা গুটাইবার চাকা। < ইং 'wheel'. বি।
হুঁ—স্বীকারবোধক শব্দ; সম্মতিসূচক শব্দ; সন্দেহ-প্রকাশক শব্দ; প্রতিজ্ঞাসূচক শব্দ; ভয়প্রদর্শন-সূচক শব্দ। < হুম্। অ।
হুঁকা—নারিকেলের খোলে নলিচা লাগানো তামাক খাইবার যন্ত্র বিঃ। < আ 'হুক্কহ্'। বি।

হুংকারি—তামাকখোর ("বাবুরাম বাবু ঘোর হুংকারি"—টেকচাঁদ)। হুকা (<আ 'হুক্কহ্')+রি আসক্তার্থে। বিণ।
হুংপো—চিচিংগা। বাংপ্র। বি।
হুঁশ—সংজ্ঞা, চৈতন্য; সতর্কতা। <ফা 'হোশ'। বি।
হুঁশিয়ার—সাবধান, সতর্ক; চালাক; চেতনাবিশিষ্ট। <ফা 'হোশিয়ার'। বিণ। বি, -রি। [বি; পুং।
হুংকার—হুম্ শব্দ, গর্জন। হুম্—কৃ+ঘঞ্ ভাব।
হুক—কোন কিছু আটকাইবার বক্রাগ্রলৌহ; বঁড়শি। <ইং 'rook'. বি। [বি।
হুকুম—আদেশ, আজ্ঞা, অনুমতি। <আ 'হুক্ম্'।
হুকুমত—প্রভুত্ব। আ। বি।
হুকুমদার—১। কে আসিতেছে। 'Who comes there' কথার বিকৃত উচ্চারণ। ২। আদেশকারী। হুকুম (<আ 'হুক্ম্')+দার (ফা) কর্তা অর্থে। বি বা বিণ। [(আ-মু)। বি।
হুকুমনামা—আদেশপত্র। হুকুম+নামা লিপি অর্থে
হুকুমবরদার—আজ্ঞাপালক, আজ্ঞাধীন। আ-মু। বিণ।
হুঙ্কার—হুংকার (তাহা দ্রঃ)।
হুজুক, হুজুগ—সাময়িক গোলযোগ, আন্দোলন, গুজব, মজা প্রঃ। আ-মু। বি।
হুজুকপ্রিয়—যে সহজেই হুজুকে মাতিয়া উঠে এমন; কোন বিষয়ে সাময়িকভাবে অতিরিক্ত হই-চই যাহার ভাল লাগে এমন। বহু (আ-মু)। বিণ।
হুজুকে—হুজুকপ্রিয়। হুজুক+এ (<ইয়া) প্রিয়ার্থে (আ-মু)। বিণ।
হুজুর—মনিব, প্রভু। <আ 'হুজুর'। বি।
হুজ্জত—বচসা, তর্ক; কোলাহল। আ। বি। বিণ—**হুজ্জতে**।
হুট—হট, হঠাৎ; অবিবেচনা। বাংপ্র। অ।
হুটোপাটি—হুড়াহুড়ি, লাফালাফি; কোলাহল। বাংপ্র। বি।
হুড়—ভর্ৎসনা; ঠেলাঠেলি; বিবাদ; ভিড়। বাংপ্র। বি।
হুড়কা—১। দ্বার বন্ধ করিবার কাষ্ঠ। <'হুড়ুক'। বি। ২। পতিসংসর্গত্যাগিনী; পতিসংসর্গ-ভীতা। <উৎকা। বিণ; স্ত্রী।
হুড়মুড়—বৃহৎ এবং ভারী বস্তুর পতনাদিজনিত শব্দ; অনেক জিনিস একসংগে পড়ার শব্দ। বাংপ্র। অ। [অ।
হুড়হুড়—বেগে বৃষ্টিজলাদির পতন শব্দ। বাংপ্র।
হুড়া, হুড়ো—ঠেলা তাগাদা। বাংপ্র। বি।
হুড়াহুড়ি, হুড়োহুড়ি—ঠেলাঠেলি; হুটোপাটি; মারামারি। বাংপ্র। বি।
হুড়ুম—মুড়ি। বাংপ্র। বি।
হুণ্ডি—অর্থ সম্বন্ধীয় চিঠি: টাকা দিবার বরাতী চিঠি; অপরের পাওনা টাকা শোধ করিবার প্রতিশ্রুতি পত্র ('—কাটা')। বাংপ্র। বি।
হুত—১। দেবোদ্দেশে মন্ত্রোচ্চারণপূর্বক অগ্নিক্ষিপ্ত ('—ঘৃতাদি'); তর্পিত। বিণ। স্ত্রী—**হুতা**। ২। হোম-করা অগ্নি। হু+ক্ত কর্ম। বি; পুং। ৩। হোম। হু+ক্ত ভাব। বি; ক্লী।
হুতাশ—নৈরাশ্য; আতঙ্ক। <হতাশ। বি।
হুতাশ, হুতাশন—অগ্নি; হোমঘৃতাদিভক্ষক। উপতৎ; হুত—অশ্+অণ্ কর্তৃ; হুত অশন যাহার, বহু। বি; পুং।
হুতি—হবন, হোম। হু+ক্তি ভাব। বি; স্ত্রী।
হুতুম, হুতোম—বড় পেঁচা বিঃ। বাংপ্র। বি।
হুদ্দা, হুদ্দো—এলাকা, অধিকারের বা কার্যক্ষেত্রের সীমানা। বাংপ্র। বি।
হুনরী, হুনুরী—১। শিল্প বিষয়ক। বিণ। ২। সুদক্ষ শিল্পী। <ফা 'হুনর্'। বি।
হুপ—বানরের ডাক। বাংপ্র। বি।
হুবহু—ঠিক ঠিক; অবিকল; সম্পূর্ণরূপে। <আ-ফা-আ 'হুঅ'+'ব'+'হুঅ'। ক্রি-বিণ।
হুম্, হুম্—সম্মতি স্বীকার নিষেধ স্মৃতি সংশয় অসূয়া বিতর্ক প্রশ্ন প্রঃসূচক শব্দ। হেব+ডুম্, ডুম্ করণ। অ। [বি।
হুমকি—হুংকার; ভয় দেখানো, তর্জন। <হুঙ্কার।
হুমড়ি—কিছু লইবার জন্য আগ্রহাতিশয্য দেখানো; হামাগুড়ি। বাংপ্র। বি।
হুরী—পরী। <আ 'হুর্'। বি।
হুল—সূক্ষ্মাগ্রভাগ; ভ্রমর বোলতা প্রঃর সূক্ষ্ম বেধনাস্ত্রবৎ অংগ। <অল। বি। [বি।
হুলস্থূল, হুলুস্থূল—গোলযোগ, গোলমাল। বাংপ্র।
হুলা, হুলো—পুরুষজাতীয়: মদ্দা বিড়াল। হোল (মুষ্ক)+আ, ও (<উয়া) বিশিষ্টার্থে। বিণ বা বি।
হুলাহুলী—স্ত্রীলোকদিগের মংগলসূচক মুখ-শব্দ, হুলুধ্বনি। হুল্+ক কর্তৃ, দ্বিত্ব+ঈপ্। বি; স্ত্রী।
হুলিয়া—পলাতক আসামীর চেহারার বর্ণনা। <আ 'হুলিয়হ্'। বি।
হুলু—স্ত্রীলোকদিগের মুখোচ্চারিত মংগলধ্বনি বিঃ। <হুলাহুলী। বি।
হুল্লোড়—দলবদ্ধভাবে আমোদ-প্রমোদ ও কোলাহল। বাংপ্র। বি।
হুশিয়ার—হুঁশিয়ার (তাহা দ্রঃ)। বি, -রি।
হুস—পাখি ইঃ তাড়াইবার বা উড়িয়া যাইবার শব্দ। বাংপ্র। বি।
হুসহুস—অনুকার শব্দ বিঃ। বাংপ্র। অ।
হুহু—বাতাসের বা আগুন জ্বলার শব্দ; যন্ত্রণা-সূচক। বাংপ্র। অ। [ভাব। বি; পুং।
হুহুংকার, হুহুঙ্কার—হুংকার। হুহুম্—কৃ+ঘঞ্
হুঙ্কার—হুংকার (তাহা দ্রঃ)।
হূত—১। আহূত। হেব+ক্ত কর্ম। বিণ। ২। আহ্বান। হেব+ক্ত ভাব। বি; ক্লী।
হূতি—আহ্বান, ডাক। হেব+ক্তি ভাব। বি; স্ত্রী।
হূন, হূণ—ভারতের প্রাচীন জাতি বিঃ, Hun. বি।
হূয়মান—যাহাকে আহ্বান করা হইতেছে এমন। হেব+শানচ্ কর্ম। বিণ।
হূহূ—গন্ধর্ব বিঃ। হেব+ডু কর্ম, দ্বিত্ব। বি; পুং।
হৃৎ (-দ্)—বক্ষঃস্থল; চিত্ত, মন; জীবস্থান। হৃ+ক্বিপ্ কর্ম। বি; ক্লী। [বিণ।
হৃত—অপহৃত; আকৃষ্ট; আনীত; ছিন্ন। হৃ+ক্ত কর্ম।

হৃতসর্বস্ব—যাহার সমস্ত অপহৃত হইয়াছে এমন, যাহার সব হরণ করা হইয়াছে এমন। বহু। বিণ।

হৃৎকমল, -পদ্ম—(আরাধ্য দেবতার চরণ-স্থাপনোপযোগী) অন্তঃকরণরূপ পদ্ম। রূপক কর্মধা। বি; ক্লী।

হৃৎকম্প—হৃৎস্পন্দন; ভয়াদি হেতু হৃদয়ের দ্রুত স্পন্দন। হৃদের কম্প, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হৃৎপিঞ্জর—(স্নেহভাজনের বিষয় বা অন্য স্মর্তব্য বিষয় আবদ্ধ করিয়া রাখিবার উপযোগী) মনোরূপ পিঞ্জরা। রূপক কর্মধা। বি; ক্লী।

হৃৎপিণ্ড—বক্ষস্থ স্পন্দনশীল রক্তসঞ্চালক যন্ত্র, heart. ৬ষ্ঠীতৎ বা কর্মধা। বি; পুং।

হৃদয়—বক্ষঃস্থল; চিত্ত, মনঃ, জীবস্থান। হৃ+কয়ন্ কর্ম (দ-আগম)। বি; ক্লী। [পুং বা ক্লী।

হৃদয়কন্দর—অন্তঃকরণরূপ গুহা। রূপক কর্মধা। বি;

হৃদয়গ্রন্থি—মনের বাঁধন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হৃদয়গ্রাহী (-গ্রাহিন্)—মনোহারী, মনোজ্ঞ। উপতৎ; হৃদয়—গ্রহ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-গ্রাহিণী**। বি, -গ্রাহিতা।

হৃদয়ংগম—হৃদ্য, হৃদয়গত, হৃদ্গত, মনোগত; উপযুক্ত; মনোহর; উপলব্ধ। উপতৎ; হৃদয়—গম্+খচ্ কর্তৃ। বিণ।

হৃদয়তন্ত্রী—(মধুরভাবে বা ভগবানের নামে ঝংকৃত হইবার উপযোগী) অন্তঃকরণরূপ তার। রূপক কর্মধা। বি; স্ত্রী।

হৃদয়পট—(আরাধ্য দেবতা বা প্রীতিভাজনের মূর্তি অঙ্কিত হইয়া থাকিবার উপযোগী) অন্তঃকরণ-রূপ বস্ত্র। রূপক কর্মধা। বি; পুং।

হৃদয়বল্লভ—প্রাণপ্রিয়; পতি; প্রেমাস্পদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ।

হৃদয়বান্ (-বৎ)—মনস্বী; সদন্তঃকরণ; প্রশস্তমনাঃ। হৃদয় (অন্তঃকরণ)+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, **-বতী**।

হৃদয়বিদারক—মর্মান্তিক; মর্মভেদী; অতীব দুঃখজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, **-রিকা**।

হৃদয়ভেদী (-দিন্)—মর্মান্তিক, মর্মঘাতী; অতীব দুঃখজনক। উপতৎ; হৃদয়—ভিদ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-ভেদিনী**।

হৃদয়মন্দির—(আরাধ্য দেবতা বা প্রেমাস্পদের স্থিতিযোগ্য) অন্তঃকরণ-রূপ দেবালয়। রূপক কর্মধা। বি; ক্লী। [(বাংপ্র)। বি; স্ত্রী।

হৃদয়রাণী, -রানী—হৃদয়েশ্বরী, প্রিয়তমা। ৬ষ্ঠীতৎ

হৃদয়সর্বস্ব—অন্তঃকরণের একমাত্র প্রভু; প্রিয়তম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

হৃদয়স্পর্শী (-র্শিন্)—মর্মস্পর্শী; যাহাতে অন্তঃকরণে করুণাবেগের সঞ্চার হয় এমন। উপতৎ; হৃদয়—স্পৃশ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী, **-স্পর্শিনী**।

হৃদয়হীন—নির্দয়; কঠোর অন্তঃকরণবিশিষ্ট; যাহার অন্তঃকরণে ভাবাবেগ নাই এমন। ৩য়াতৎ। বিণ।

হৃদাকাশ—অন্তঃকরণরূপ গগন। রূপক কর্মধা। বি; ক্লী।

হৃদি—হৃদয়। কপ্র। বি।

হৃদিপট—হৃদয়পট। কপ্র। বি।

হৃদিপদ্ম—হৃদয়কমল। কপ্র। বি।

হৃদ্গত—মনোগত; হৃদয়ংগম; চিত্তস্থ। হৃৎকে গত, ২য়াতৎ। বিণ।

হৃদ্য—বাঞ্ছিত; হৃদয়ঙ্গম; মনোগত; হৃদ্গত; মনোজ্ঞ; প্রিয়। হৃদ্+যৎ প্রাপ্ত অর্থে। বিণ।

হৃদ্‌যন্ত্র—হৃৎপিণ্ড, হৃদয়। হৃদ্‌রূপ যন্ত্র, রূপক কর্মধা। বি; ক্লী। হৃদ্য+তা ভাবে। বি; স্ত্রী।

হৃদ্যতা—প্রণয়, প্রেম; সদ্ভাব, সৌহার্দ্য; আন্তরিকতা।

হৃদ্রোগ—হৃৎপিণ্ডের দুর্বলতাজনিত ব্যাধি বিশেষ, heart-disease. হৃদের রোগ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হৃষিত—পুলকিত, হর্ষপ্রাপ্ত। হৃষ্+ক ভাব+ইত জাতার্থে। বিণ। [ক্লী।

হৃষীক—ইন্দ্রিয়, জ্ঞানেন্দ্রিয়। হৃষ্+ঈকক্ কর্তৃ। বি;

হৃষীকেশ—শ্রীবিষ্ণু, নারায়ণ; পরমাত্মরূপ। হৃষীকের (ইন্দ্রিয়ের) ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হৃষ্ট—আনন্দিত; প্রীত, সন্তুষ্ট; পুলকিত; মুদিত; বিস্মিত। হৃষ্+ক্ত কর্তৃ। বিণ।

হৃষ্টচিত্ত—১। প্রফুল্ল মন। কর্মধা। বি; ক্লী। ২। প্রফুল্ল-অন্তঃকরণবিশিষ্ট। বহু। বিণ।

হৃষ্টপুষ্ট—মোটাসোটা; আনন্দিত ও বৃদ্ধিপ্রাপ্ত। হৃষ্টও যে পুষ্টও সে, কর্মধা। বিণ।

হৃষ্টমনাঃ (-মনস্)—প্রফুল্লমনাঃ। বহু। বিণ।

হৃষ্টমনা— < হৃষ্টমনাঃ।

হৃষ্টরোমা (-রোমন্)—রোমাঞ্চিত, পুলকিত। হৃষ্ট রোম যাহার, বহু। বিণ।

হৃষ্টান্তঃকরণ—হৃষ্টচিত্ত (তাহা দ্রঃ)। [বি; স্ত্রী।

হৃষ্টি—হর্ষ, পুলক, আনন্দ; গর্ব। হৃষ্+ক্তি ভাব।

হে—আহ্বানসূচক শব্দ, ওহে। হা+ডে ভাব। অ।

হেঁ—হাঁ। বাংপ্র। অ।

হেঁই—অনুনয়সূচক শব্দ। বাংপ্র। অ।

হেঁচকা—১। ঝাকানি, হঠাৎ সজোরে আকর্ষণ। বি। ২। সহসা এবং সজোরে কৃত ('—টান')। বাংপ্র। বিণ।

হেঁচকানি—হঠাৎ জোরে টান, ঝাঁকানি। বাংপ্র। বি।

হেঁচকি—হিক্কা। বাংপ্র। বি।

হেঁচড়ানো—হিঁচড়নো (তাহা দ্রঃ)।

হেঁজিপেঁজি—তুচ্ছ, নগণ্য। বাংপ্র। বিণ।

হেঁট—অধঃকৃত; নম্র। < অধস্তাৎ। বিণ।

হেঁটমুখ—অধোবদন; লজ্জিত। বহু (বাংপ্র)। বিণ।

হেঁড়ে—হাঁড়ির মত, প্রকাণ্ড। হাঁড়ি+এ (< ইয়া) সদৃশার্থে (বাংপ্র)। বিণ।

হেঁতাল—হিন্তাল-বৃক্ষ। < হিন্তাল। বি।

হেঁয়ালি—প্রহেলিকা, সমস্যা। < হেমালিকা। বি।

হেঁশেল—রন্ধনাগার, রান্নাঘর। < হাঁড়িশাল। বি।

হেঁসো—হাঁসুলি; কাস্তের ন্যায় অস্ত্র। বাংপ্র। বি।

হেট—গরু প্রঃকে চালাইবার শব্দ। বাংপ্র। অ।

হেড—প্রধান; মাথা। < ইং 'head'. বি বা বিণ।

হেডক্লার্ক—প্রধান করণিক; আফিসের বড়বাবু। < ইং 'head clerk'. বি।

হেডপণ্ডিত—প্রধান পণ্ডিত। বাংপ্র। বি।

হেডমাস্টার—প্রধান শিক্ষক। <ইং 'headmaster'. বি। [কর্তৃ। বি; পুং।

হেতু—কারণ; প্রয়োজন; উদ্দেশ্য; যুক্তি। হি+তুন্

হেতুক—১। কারণ। হেতু+কন্ স্বার্থে। বি; পুং। ২। হেতু সম্বন্ধীয়। হেতু+কন্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কা।

হেতের—হাতিয়ার। বাংপ্র। বি।

হেত্বাভাস—নিকৃষ্ট হেতু; প্রকৃত বিষয়ের বাস্তবিক সাধক না হইলেও আপাততঃ সাধক বলিয়া যাহাকে বোধ হয় তাহা; অসিদ্ধি ব্যভিচার বিরুদ্ধতা সৎ-প্রতিপক্ষতা বাধ—এই পাঁচ হেতু-দোষ, fallacy. হেতুর আভাস, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হেথা—এখানে। <অত্র। অ।

হেদানো, হেদনো—খেদ প্রকাশ করা; প্রিয়জনের বিরহে কাতরতা প্রকাশ করা। বাংপ্র। ক্রি [, বি]।

হেদে—সম্বোধনসূচক অব্যয়, ওহে। বাংপ্র। অ।

হেন—এমন, ঈদৃশ। কপ্র। অ। [কস্থা। বি।

হেনস্তা, -স্থা—দুর্দশা; নাকাল অবস্থা: <হীনা-

হেনা—মেহেদি গাছ; হাসনুহানা ফুল। <আ 'হিনা'। বি। ['হিফাজৎ'। বি।

হেপাজত—জিম্মা, তত্ত্বাবধান, রক্ষণাবেক্ষণ। <আ

হেম, হেম (হেমন্)—স্বর্ণ, সুবর্ণ; কেশর; মাষক-পরিমাণ। হি+ম, মনিন্, কর্তৃ। বি; ক্লী।

হেমকান্তি—১। স্বর্ণবর্ণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। ২। স্বর্ণবর্ণযুক্ত। হেমের কান্তির ন্যায় কান্তি যাহার, বহু। বিণ।

হেমন্ত—হিমসময়, হিমঋতু, কার্তিক ও অগ্রহায়ণমাস (শাস্ত্রমতে অগ্রহায়ণ পৌষ); হিমালয়-পর্বত। হিমের অন্ত যাহাতে, বহু (নিপা); অথবা, হি+অন্ত (ঝচ্) কর্তৃ (ম-আগম)। বি; পুং বা ক্লী।

হেমময়—সুবর্ণময়, সোনায় গড়া। হেম+ময়ট্ বিকারার্থে। বিণ। স্ত্রী, -য়ী। [বি।

হেমলক—একপ্রকার বিষবৃক্ষ। <ইং 'hemlock'.

হেমহার—স্বর্ণহার। হেমনির্মিত হার, মধ্যপ। বি; পুং।

হেমাঙ্গ—স্বর্ণময় দেহবিশিষ্ট; স্বর্ণকান্তি। বহু। বিণ। স্ত্রী—**হেমাঙ্গী; হেমাঙ্গিনী** (বাংপ্র)।

হেমাদ্রি—সুমেরু-পর্বত। হেমের (স্বর্ণের) অদ্রি (পর্বত), ৬ষ্ঠীতৎ; বা, হেমময় অদ্রি, মধ্যপ। বি; পুং।

হেয়—ত্যাজ্য; তুচ্ছ। হা+যৎ কর্মবা। বিণ।

হেয়জ্ঞান—তাচ্ছীল্য; অবজ্ঞা। হেয় এইরূপ জ্ঞান, সুপ্। বি; ক্লী।

হেরফের—অদলবদল; গোলমাল। হি-মূ। বি।

হেরম্ব—গণেশ। হে—রন্ব্+অচ্ কর্তৃ। বি; পুং।

হেরা—দেখা। কপ্র। ক্রি। [প্রা কপ্র—**হেরই**—দেখে; দেখিয়া। **হেরইতে**—দেখিতে, দেখিয়া। **হেরত**—দেখিতেছে। **হেরব**—দেখিবে; দেখিব। **হেরয়ে**—দেখে; দেখিতে পায়। **হেরল**—দেখিল। **হেরলি**—দেখিল; দেখিলে। **হেরলু, হেরলুঁ**—দেখিলাম। **হেরসি**—দেখিতেছ। **হেরহ**—দেখ। **হেরহু**—দেখ। **হেরিলোঁ**—দেখিলাম ("কি হেরিলোঁ অপরূপ গোরী"—বিদ্যা)। **হেরু**—দেখে ("গলার উপর মণিময় হার গগনমণ্ডল হেরু"—চণ্ডী)]।

হেলঞ্চা—হিলমোচিকা, হেলেঞ্চা, জলজ তিক্ত শাক বিঃ। হেল—চি+ড কর্তৃ+আপ্ (নিপা)। বি; স্ত্রী।

হেলন—অসম্মান, অবজ্ঞা; অনাদর। হেড্+অনট্ ভাব। বি; ক্লী।

হেলা—১। অবহেলা; অবজ্ঞা; অবলীলা। হেড্+অ ভাব+আপ্। ২। লীলা, স্ত্রীলোকের ভাব বিঃ। হিল্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী। ৩। ঝুঁকিয়া পড়া; ঠেস দেওয়া। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

হেলান—ঠেস। হেল্+আন ভাব (বাংপ্র)। বি।

হেলানো—বক্র করা, নোয়ানো; দোলানো। বাংপ্র। ক্রি [, বি, বিণ]।

হেলাফেলা—১। তুচ্ছ-তাচ্ছীল্যকরণ। বি। ২। তুচ্ছ-তাচ্ছীল্যের উপযোগী। বাংপ্র। বিণ।

হেলে—১। হেলিয়া, বাঁকিয়া। বাংপ্র। অস-ক্রি। ২। লাঙ্গল-আকর্ষণকারী। বিণ। ৩। হালের বলদ। হাল+এ (<ইয়া) আকর্ষণকারী অর্থে। ৪। নির্বিষ সর্প বিঃ। বাংপ্র। বি।

হেলেঞ্চা—হিঞ্চা (তাহা দ্রঃ)।

হেষা—অশ্বধ্বনি, ঘোড়ার ডাক। হেষ+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

হেষানি—ঘোড়ার ডাক ("তোমারে দেখিয়া বাজী জানাবে হেষানি"—ঘন)। প্রা কপ্র। বি।

হেস্তনেস্ত—চরম· চূড়ান্ত-নিষ্পত্তি, শেষ মীমাংসা ('—করা')। <ফা 'হস্ত্নীস্ত্'। বি।

হৈ—সম্বোধন; আহ্বান; নিষেধ; পাদপূরণার্থ শব্দ। হা+ডৈ ভাব। অ।

হৈচৈ—কোলাহল, সোরগোল। বাংপ্র। বি।

হৈম—১। হেম সম্বন্ধীয়; হিরণ্ময়। হেমন+অণ্ সম্বন্ধার্থে, বিকারার্থে। বিণ। স্ত্রী—**হৈমী**। ২। হিমভব জল, শিশির। হিম+অণ্ ভবার্থে। বি; ক্লী।

হৈমদ্যুতি—স্বর্ণকান্তি। কর্মধা। বি; স্ত্রী।

হৈমন্ত, হৈমন্তিক—১। শালি ধান্য, আমন ধান। বি; ক্লী। ২। হিমকালীন; হেমন্ত সম্বন্ধীয়। হেমন্ত+অণ্, ইক ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -ন্তী, -কী।

হৈমবত—১। ভারতবর্ষ। বি; ক্লী। ২। হিমালয় সম্বন্ধীয়। হিমবৎ+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -তী।

হৈমবতী—গৌরী, দুর্গা; গঙ্গা। হিমবৎ+অণ্ অপত্যার্থে, ভবার্থে+ঈপ্। বি; স্ত্রী।

হৈহয়, হৈহেয়—দেশ বিঃ; তদ্দেশীয় রাজা কার্ত-বীর্য। হৈহয়, হৈহেয়+অণ্ তদধিপতি অর্থে। বি; পুং। [বিস্ময়। হা+ডো ভাব। অ।

হো—সম্বোধনসূচক শব্দ; আহ্বান; সম্বোধন;

হোঁচট—পায়ে ঠোকর লাগা, উঁচট ('—খাওয়া')। <উচ্চাট। বি।

হোঁতকা—মূর্খ; গোঁয়ার; মোটা। বাংপ্র। বিণ।

হোঁদল—পেট-মোটা, ভুঁড়ে। বাংপ্র। বিণ।

হোঁপা—চিচিংগা। বাংপ্র। বি।

হোগল, হোগলা—একপ্রকার উদ্ভিদ্ ও তাহার পাতায় নির্মিত ছই। বাংপ্র। বি।

হোটেল—মূল্যদান করিয়া ভোজন করিবার কিংবা আহার ও বাস করিবার স্থান, যেখানে রাঁধা খাবার বিক্রয় করা হয়। ⟨ইং 'hotel'. বি।

হোড়—১। হুড় বা ভড় নৌকা; মৌলিক কায়স্থের উপাধি বিঃ। হোড়্+ঘঞ্ করণ। বি; পুং। ২। কর্দমকুণ্ড; পাঁক। বি। ৩। কাদাময়; জলময়; একাকার; বিশৃংখল। বাংপ্র। বিণ।

হোতা (হোতৃ)—১। পুরোহিত; যজ্ঞাদিস্থলে ঋক্-প্রযোক্তা; ঋগ্-বেদজ্ঞ; যজমান। বি; পুং। ২। যজ্ঞ-কর্তা। হু+তৃন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**হোত্রী।**

হোত্র—১। হোম। হু+ষ্ট্রন্ ভাব। ২। হবিঃ, যজ্ঞের ঘৃত। হু+ষ্ট্রন্ করণ। বি; ক্লী।

হোত্রী (হোত্রিন্)—হোমকারক, যাজ্ঞিক। হোত্র+ইন্ আছে অর্থে। বি; পুং।

হোত্রী—যজ্ঞকারিণী। হোতৃ+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।

হোত্রীয়—১। হোতৃ সম্বন্ধীয়। হোতৃ+ঈয় সম্বন্ধার্থে। ২। হোত্র সম্বন্ধীয়। হোত্র+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

হোথা—সেখানে, ওখানে। বাংপ্র। অ।

হোম—দেবোদ্দেশে মন্ত্রোচ্চারণপূর্বক অগ্নিতে ঘৃতাদি-ক্ষেপণ; মন্ত্রপাঠপূর্বক শ্রাদ্ধীয় অগ্রভাগ শ্রাদ্ধীয় ব্রাহ্মণকে দান। হু+ম ভাব। বি; পুং।

হোমকুণ্ড—যজ্ঞার্থ কুণ্ড। ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

হোমরাই-চোমরাই—মাতব্বরি; আস্ফালন। আ-মূ। বি।

হোমরা-চোমরা—সম্ভ্রান্ত; জাঁকজমকশালী; মাতব্বর। ⟨আ 'আমীর-উমরাহ্'। বিণ। [পুং।

হোমাগ্নি, হোমানল—যজ্ঞের আগুন। ৬ষ্ঠীতৎ। বি;

হোমিওপ্যাথি—হানিমান সাহেবের উদ্ভাবিত সদৃশ-বিধান চিকিৎসা-প্রণালী। ⟨ইং 'Homoeopathy'. বি। বিণ, **-প্যাথিক।**

হোমী (-মিন্)—যজ্ঞকারী। হোম+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**হোমিনী।**

হোয়, হোয়ে—হইয়া থাকে; হয়। প্রা কপ্র। ক্রি। [**হোয়ন্ত**—হয়। **হোয়ব**—হইবে। **হোয়বি**—হইবি। **হোয়ল**—হইল।]

হোরা—লগ্ন; আড়াইদণ্ড-পরিমিত কাল; ইংরেজী একঘণ্টা; রাশিপরিমাণের অর্ধাংশ; রেখা-শাস্ত্র বিঃ। হোড়+অচ্ কর্তৃ+আপ্ (ড-স্থানে র), বা হু+রন্ অধি+আপ্ [গ্রীক hora হইতে সং]। বি; স্ত্রী। [মধ্যপ। বি; ক্লী।

হোরাবিজ্ঞান—জ্যোতির্বিক কালনিরূপণাত্মক শাস্ত্র।

হোরি—দোল উৎসব। ⟨হোলাকা। বি।

হোলা—মালসা ("পান্ত খাবার হোলা গেল"—কবি-কঙ্কণ)। প্রা কপ্র। বি।

হোলি—দোলযাত্রা, বসন্তোৎসব। ⟨হোলাকা। বি।

হৌজ—বড় চৌবাচ্চা; ক্ষুদ্র জলাশয়; পুকুর। আ। বি।

হৌস—বাণিজ্যাগার; বণিক্-সংঘ; কারবার, firm. ⟨ইং 'house'. বি।

হ্যাংলা—অতিলোভী; যে হীনভাবে লোভ জানায় এমন। বাংপ্র। বিণ।

হ্যাঁ—সম্মতিসূচক শব্দ; হাঁ। বাংপ্র। অ।

হ্যাঁগা—প্রশ্নার্থ সম্বোধনসূচক শব্দ। বাংপ্র। অ।

হ্যাঁচকা—হঠাৎ জোরে আকৃষ্ট; ঝটকা। বাংপ্র। বিণ।

হ্যাঁচকানো—ঝটকা মারা; হঠাৎ জোরে টানা। বাংপ্র। ক্রি [, বি]। [বি।

হ্যাট—সাহেবদিগের পরিধেয় টুপি। ⟨ইং 'hat'.

হ্যাণ্ডনোট—ঋণস্বীকারপত্র। ⟨ইং 'hand-note'. বি। [ক্রি।

হ্যাদানো—ব্যাকুল হওয়া; শোকে অধীর হওয়া। কপ্র।

হ্রদ—অকৃত্রিম সুবৃহৎ জলাশয়, lake. হ্রাদ্+অচ্ কর্তৃ (নিপা)। বি; পুং।

হ্রসিমা (-মন্)—লঘুতা; ক্ষুদ্রতা; হ্রস্বতা। হ্রস্ব+ইমন্ ভাবে। বি; পুং।

হ্রস্ব—১। লঘু, ক্ষুদ্র, খর্ব, ছোট; খাটো। বিণ। ২। একমাত্রা-কাল-উচ্চার্য স্বর (যথা—অ, ই, উ); বামন, বেঁটে। হ্রস্+বন্ কর্তৃ। বি; পুং।

হ্রস্বতা, -ত্ব—খর্বতা, ক্ষুদ্রতা; লঘুতা। হ্রস্ব+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লী।

হ্রস্বতেজাঃ (-তেজস্)—ক্ষীণদীপ্তিবিশিষ্ট। হ্রস্ব তেজঃ (তেজস্) যাহার, বহু। বিণ।

হ্রস্বতেজা— ⟨হ্রস্বতেজাঃ।

হ্রস্বদীপ্ত—ক্ষীণজ্যোতিঃ; হ্রস্বতেজাঃ। বহু। বিণ।

হ্রস্বদীর্ঘ-জ্ঞান—সাধারণ জ্ঞান; সামান্যমাত্র বিদ্যা। হ্রস্ব ও দীর্ঘ, দ্বন্দ্ব; তাহার জ্ঞান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লী।

হ্রাদ—শব্দ, নাদ, ধ্বনি। হ্রাদ+অচ্ ভাব। বি; পুং।

হ্রাদিনী—১। শব্দকারিণী। বিণ; স্ত্রী। ২। বজ্র; বিদ্যুৎ; নদী। হ্রাদ+ইন্ আছে অর্থে। বি; স্ত্রী।

হ্রাস—ক্ষয়; ক্ষীণতা; অল্পতা। হ্রস্+ঘঞ্ ভাব। বি; পুং। [২য়াতৎ। বিণ।

হ্রাসপ্রাপ্ত—ক্ষয়প্রাপ্ত; যাহা কমিয়া গিয়াছে এমন।

হ্রাসবৃদ্ধি—কমতি ও বাড়তি, কমা-বাড়া। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

হ্রী—ব্রীড়া, ত্রপা, লজ্জা। হ্রী+ক্বিপ্ ভাব। বি; স্ত্রী।

হ্রীমান্—লজ্জিত; লজ্জাবিশিষ্ট। হ্রী+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী—**হ্রীমতী।**

হ্রেষা—অশ্বধ্বনি, ঘোটকের শব্দ, ঘোড়ার ডাক। হ্রেষ্+অ ভাব+আপ্। বি; স্ত্রী।

হ্লাদ, হ্লাদন—আহ্লাদ, আনন্দ। হ্লাদ্+ঘঞ্, অনট্ ভাব। বি; পুং, ক্লী। বিণ—**হ্লাদিত।**

হ্লাদিনী—১। বজ্র; বিদ্যুৎ; শক্তি বিঃ। 'হ্রাদিনী'-শব্দের র-স্থানে ল। বি; স্ত্রী। ২। আহ্লাদযুক্তা; আনন্দদায়িনী ('—শক্তি')। হ্লাদিন্+ঈপ্। বিণ; স্ত্রী।

হ্লাদী (হ্লাদিন্)—আহ্লাদযুক্ত; আনন্দদায়ক। হ্লাদ+ইন্ আছে অর্থে, বা হ্লাদ্+ণিচ্+ণিন্ কর্তৃ। বিণ। স্ত্রী—**হ্লাদিনী।**

চরিতাবলী

[সংকেত ঃ—রাম=রামায়ণ। ভারত=মহাভারত। হরি=হরিবংশ। ভাগ=শ্রীমদ্ভাগবতপুরাণ। অগ্নি=অগ্নিপুরাণ, কল্কি=কল্কিপুরাণ, বিষ্ণু=বিষ্ণুপুরাণ, কূর্ম=কূর্মপুরাণ, লিংগ=লিংগপুরাণ, শিব=শিবপুরাণ, ব্রহ্মবৈ=ব্রহ্মবৈবর্তপুরাণ ইত্যাদি। সং=সংহিতা। অথ=অথর্ববেদ, ঋক্=ঋগবেদ ইত্যাদি। ঈশ=ঈশোপনিষৎ, কঠ=কঠোপনিষৎ ইঃ। গ্রীক পুঃ=গ্রীক পুরাণ।]

অ

অংশুবর্মা—(আঃ ৬০৮—৬২৫ খ্রীঃ)। নেপালের বিখ্যাত শাসনকর্তা। হিউএনসাং-এর বিবরণী হইতে জানা যায়, তিনি একখানি সংস্কৃত ব্যাকরণ রচনা করেন।

অংশুমান—(রাম) সূর্যবংশীয় রাজা সগরের পৌত্র এবং অসমঞ্জের পুত্র। রাজা সগরের ষষ্টিসহস্র পুত্র কপিল-মুনির কোপানলে ভস্মীভূত হইলে সগর তাঁহাদের সন্ধানে পৌত্র অংশুমানকে পাতালে প্রেরণ করেন। অংশুমান কপিল মুনিকে স্তব দ্বারা তুষ্ট করিয়া যজ্ঞীয় অশ্বসহ প্রত্যাগমন করিলে সগরের অশ্বমেধযজ্ঞ সমাপ্ত হয়। সগরের পর ইনি রাজা হন।

অক্টারলোনি, স্যার ডেভিড (Ochterlony, Sir David)—(১৭৫৮—১৮২৫ খ্রীঃ) ইনি ১৮ বৎসর বয়সে সৈন্যরূপে ভারতে আসেন এবং ১৮০৩ খ্রীঃ লেফ্‌টেন্যাণ্ট কর্নেল হন। ১৮১৪ ও ১৮১৫ খ্রীষ্টাব্দের যুদ্ধে ইনি নেপাল-সেনাপতি অমরসিংহকে পরাজিত করেন। কলিকাতার গড়ের মাঠের অক্টারলোনি মনুমেণ্ট ইঁহারই স্মৃতিস্তম্ভ। বর্তমানে ইহা শহিদ মীনার নামে খ্যাত।

অক্রূর—বৃষ্ণিবংশজাত এক সাধু পুরুষ। পিতা শ্বফল্ক, মাতা গান্দিনী। ইনি শ্রীকৃষ্ণের পিতৃব্য। কংস ধনুর্যজ্ঞের অনুষ্ঠান করিয়া শ্রীকৃষ্ণ ও বলরামকে আনিবার জন্য ইঁহাকে বৃন্দাবনে প্রেরণ করিয়াছিলেন। শ্রীকৃষ্ণের মায়ায় যখন যদুবংশ নির্মূল হয়, তখন ইঁহারও দেহাবসান ঘটে (হরি)।

অকল্যাণ্ড, আর্ল অভ (Earl of Auckland)—(১৭৮৪—১৮৪৯ খ্রীঃ)। ভারতবর্ষের ভূতপূর্ব গভর্নর জেনারেল (১৮৩৬—৪২ খ্রীঃ)। প্রথম আফগানযুদ্ধ ইঁহার শাসনকালের প্রধান ঘটনা।

অক্ষয়কুমার দত্ত—(১৮২০—১৮৮৬ খ্রীঃ)। জন্মস্থান নদীয়া জেলার চুপীগ্রাম। পিতা পীতাম্বর দত্ত, মাতা দয়াময়ী। প্রথমে তিনি শিক্ষকতা করিতেন। পরে 'তত্ত্ববোধিনী'-পত্রিকার সম্পাদনভার প্রাপ্ত হন (১৮৪৩ খ্রীঃ)। তিনি ব্রাহ্ম ধর্মাবলম্বী ছিলেন। তিন ভাগ 'চারুপাঠ', দুই ভাগ 'ভারতবর্ষীয় উপাসক-সম্প্রদায়', 'পদার্থবিদ্যা', 'বাহ্যবস্তুর সহিত মানব-প্রকৃতির সম্বন্ধ-বিচার', 'ধর্মনীতি' প্রঃ গ্রন্থ তাঁহার রচিত। কবি সত্যেন্দ্রনাথ দত্ত তাঁহার পৌত্র।

অক্ষয়কুমার বড়াল—(১৮৬৫—১৯১৮ খ্রীঃ)। জন্মস্থান চোরবাগান, কলিকাতা। আদি নিবাস ফরাসডাঙ্গা। পিতা কালীচরণ বড়াল। ১৮৮২ খ্রীষ্টাব্দ হইতে ক্রমে দুই বৎসর অন্তর অন্তর 'বংগদর্শন'-পত্রিকায় তাঁহার রচিত 'প্রদীপ', 'কনকাঞ্জলি' এবং 'ভুল'-নামক কাব্যগ্রন্থগুলির কবিতাসমূহ প্রকাশিত হয়। ১৯০৬ খ্রীষ্টাব্দে তাঁহার পত্নী-বিয়োগ হইলে স্বর্গগতা পত্নীর উদ্দেশে তিনি 'এষা' কাব্যগ্রন্থ রচনা করেন। 'শঙ্খ', 'প্রদীপ', 'কনকাঞ্জলি', 'ফুল' প্রঃ কাব্যগ্রন্থ তাঁহার রচিত।

অক্ষয়কুমার মৈত্রেয়, বি-এল, সি-আই-ই—(১৮৬২—১৯৩০ খ্রীঃ)। জন্মস্থান নদীয়া জেলার অন্তর্গত সিমলা গ্রাম। পিতা মথুরানাথ, মাতা সৌদামিনী। তিনি রাজসাহীতে ওকালতি করিতেন। ঐতিহাসিক গবেষণার জন্যই তিনি সমধিক প্রসিদ্ধ। 'বঙ্গবিজয়'-নামক কাব্যগ্রন্থ তাঁহার প্রথম রচনা। তাঁহার প্রণীত 'রানী ভবানী', 'সিরাজউদ্দৌলা', 'সীতারাম', 'মীরকাসিম', 'ফিরিঙ্গি বণিক্' প্রভৃতি ইতিহাস-গ্রন্থসমূহ সর্বজনসমাদৃত। তিনি সিরাজ-চরিত্রের দোষ-ক্ষালন এবং অন্ধকূপহত্যা অমূলক বলিয়া প্রতিপাদন করিবার চেষ্টা করিয়াছেন। তিনি 'এসিয়াটিক সোসাইটি'র পত্রিকায় লক্ষ্মণসেনের তাম্রশাসন প্রকাশ করেন। 'বরেন্দ্র-অনুসন্ধান সমিতি'র প্রতিষ্ঠা-কার্যে এবং 'পাহাড়পুরে'র আবিষ্কারকার্যে তিনি যথেষ্ট পরিশ্রম করেন।

অক্ষয়চন্দ্র চৌধুরী—(১৮৫০—১৮৯৮ খ্রীঃ)। তিনি আন্দুলের বিখ্যাত চৌধুরীবংশে জন্মগ্রহণ করেন। পিতা মিহিরচন্দ্র চৌধুরী। শরৎকুমারী চৌধুরানীর সহিত তাঁহার বিবাহ হয়। তিনি জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের সহপাঠী এবং রবীন্দ্রনাথের বাল্যবয়সের সাহিত্য-শিক্ষাদাতা। 'উদাসিনী', 'সাগরসংগমে', 'ভারতগাথা' প্রঃ তাঁহার কাব্যগ্রন্থ।

অক্ষয়চন্দ্র সরকার, বি-এল—(১৮৪৬—১৯১৭ খ্রীঃ)। জন্মস্থান হুগলী জেলার চুঁচুড়া। পিতা গঙ্গাচরণ সরকার। তিনি 'সাধারণী'-নামক সাপ্তাহিক পত্রিকার এবং 'নবজীবন'-নামক মাসিক পত্রিকার সম্পাদক ছিলেন। তাঁহার রচিত 'প্রাচীন-কাব্য-সংগ্রহ', 'কবি হেমচন্দ্র', 'মহাপূজা', 'সনাতনী', 'রূপক ও রহস্য' প্রঃ তাঁহার অপূর্ব প্রতিভার পরিচয় দান করিতেছে।

অগস্ত্য—মিত্রাবরুণের তেজে যজ্ঞকুণ্ড হইতে ইঁহার উদ্ভব হয়। ইনি বাতাপি-নামক দানবকে উদরস্থ করিয়া জীর্ণ করেন। ইনি দেবগণের অনুরোধে এক গণ্ডূষে সমুদ্র শোষণ করিলে দেবগণ সমুদ্র-গর্ভে লুক্কায়িত কালকেয়নামক দৈত্যগণকে নিহত করেন। ইঁহার অভিশাপে রাজা নহুষ সর্পরূপ প্রাপ্ত হইয়াছিলেন। ইনি বিন্ধ্যপর্বতের গুরু। সূর্যের গতিরোধকারী বিন্ধ্যপর্বত ইঁহাকে প্রণাম করিলে ইনি তাঁহাকে নিজের প্রত্যাবর্তনকাল পর্যন্ত তদবস্থায় থাকিতে বলিয়া ভাদ্রের প্রথম দিনে চির-তরে দাক্ষিণাপথে গমন করেন। পণ্ডিতগণের অনুমান, ইনিই দক্ষিণ-ভারতে আর্য-সভ্যতার প্রবর্তন করেন। (ভারত)।

অগাস্টাস কেয়াস অক্টেভিয়ানাস (Augustus Caius Octavianus)—(খ্রীঃ পূঃ ৬৩—১৪ খ্রীঃ)। খ্রীঃ পূঃ ৩০ অব্দে তিনি রোমের সম্রাট্ হন। তাঁহার সময়ে রোম সর্ববিষয়ে উন্নত হইয়াছিল। তিনি হোরেস ও ভার্জিল-নামক প্রসিদ্ধ কবিদ্বয়ের পৃষ্ঠপোষক ছিলেন।

অগাস্টিন, সেন্ট—(Augustine, St.)—বিখ্যাত খ্রীষ্টান ধর্মযাজক। তিনি ৫৯৭ খ্রীষ্টাব্দে পোপ গ্রেগরি দি গ্রেট কর্তৃক খ্রীষ্টান-ধর্ম প্রচারের জন্য ব্রিটেনে প্রেরিত হন। তিনি রাজা ইথেলবার্টকে খ্রীষ্টধর্মে দীক্ষিত করেন এবং পরে ক্যান্টারবারির প্রথম আর্চবিশপ হন। ৬০৪ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়।

অগ্নি—মহাভারত মতে ধর্মের ঔরসে বসুভার্যার গর্ভে অগ্নির জন্ম হয়। ঋগ্বেদ-মতে তিনি পরম পুরুষের মুখ হইতে উৎপন্ন। আবার মতান্তরে তিনি কশ্যপের ঔরসে অদিতির গর্ভে জাত। তাঁহার পত্নীর নাম স্বাহা। তিনি পূর্ব-দক্ষিণ কোণের অধিপতি এবং পিতৃলোকাধিপতি। ঋগ্বেদে তাঁহাকে দেবতাদের যজ্ঞভাগ বহনকারী এবং দূতরূপে বর্ণনা করা হইয়াছে। (ঋক্)

অগ্নিবেশ—প্রাচীনকালের বিশিষ্ট আয়ুর্বেদশাস্ত্রী। তাঁহার রচিত 'অগ্নিবেশ সংহিতা'র উপর ভিত্তি করিয়াই মহর্ষি চরক 'চরকসংহিতা' রচনা করেন।

অগ্নিমিত্র—বিদিশা-নামক স্থানের শুঙ্গবংশীয় এক প্রাচীন নরপতি। পিতা পুষ্যমিত্র। তিনি খ্রীঃ পূঃ দ্বিতীয় শতকে বর্তমান ছিলেন। পণ্ডিতগণ অনুমান করেন যে, তিনি কালিদাস-প্রণীত 'মালবিকাগ্নিমিত্র'-নাটকের নায়ক।

অঙ্গুলিমাল—বুদ্ধদেবের সমকালীন প্রসিদ্ধ দস্যু। বুদ্ধদেবের উপদেশে তাঁহার জীবনধারা পরিবর্তিত হয় এবং তিনি তাঁহার শিষ্য হন।

অচিন্ত্যকুমার সেনগুপ্ত—(জন্ম ১৩১১ বঙ্গাব্দ)। প্রখ্যাত সাহিত্যিক। আদিনিবাস নোয়াখালি। তিনি কল্লোল যুগের অন্যতম স্রষ্টা। 'অমাবস্যা', 'প্রিয়া ও পৃথিবী', 'ইন্দ্রাণী', 'বেদে', 'নেপথ্য', 'ছিনি-মিনি', 'পরমপুরুষ রামকৃষ্ণ', 'কবি শ্রীশ্রীরামকৃষ্ণ' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

অজাতশত্রু—মগধের শিশুনাগ-বংশীয় বিখ্যাত নৃপতি। ৫৫৪ খ্রীঃ পূর্বাব্দে তিনি পিতা বিম্বিসারকে হত্যা করিয়া রাজা হন। তিনি বৌদ্ধ-বিদ্বেষী ছিলেন। বিখ্যাত মগধ-সাম্রাজ্যের তিনিই প্রতিষ্ঠাতা।

অজিতকুমার চক্রবর্তী—(১৮৮৬—১৯১৮ খ্রীঃ)। বিশিষ্ট শিক্ষাবিদ্ ও গ্রন্থকার। জন্মস্থান ফরিদপুর জেলার মঠবাড়ি গ্রাম। পিতা শ্রীচরণ চক্রবর্তী। শান্তিনিকেতন ব্রহ্মচর্যাশ্রমে বহুদিন শিক্ষকতা করেন। রচিত গ্রন্থ—রবীন্দ্রনাথ, কাব্যপরিক্রমা, বাতায়ন, মহর্ষি দেবেন্দ্রনাথ ইঃ।

অটোলিকাস (Autolycus)—খ্রীঃ পূঃ চতুর্থ শতাব্দীর প্রসিদ্ধ গ্রীক্ গণিতবিদ্ ও জ্যোতির্বিদ্ পণ্ডিত।

অতীশ দীপংকর—দীপংকর (তাহা দ্রঃ)।

অতুলচন্দ্র গুপ্ত—(১৮৮৪—১৯৬১ খ্রীঃ)। জন্মস্থান ময়মনসিংহ জেলার টাঙ্গাইল গ্রাম। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে আইনের অধ্যাপক, পরে হাইকোর্টের প্রখ্যাত আইনজীবী। রচিত গ্রন্থ—'কাব্যজিজ্ঞাসা', 'শিক্ষা ও সভ্যতা', 'ইতিহাসের মুক্তি'।

অতুলপ্রসাদ সেন—(১২৭৮—১৩৪১ বঙ্গাব্দ)।

বিখ্যাত গীতি-রচয়িতা কবি। তাঁহাকে 'চারণ-কবি' বলা হয়। 'কয়েকটি গান'-নামক পুস্তক তাঁহার রচিত। তিনি একজন ব্যারিস্টার ও 'উত্তরা'-পত্রিকার সম্পাদক ছিলেন।

অত্রি—সপ্তর্ষির অন্যতম সংহিতাকার ঋষি। সোম, দত্তাত্রেয় ও দুর্বাসা তাঁহার পুত্র। (কূর্ম)

অদিতি—(পুরাণ) দক্ষ প্রজাপতির কন্যা ও মহর্ষি কশ্যপের পত্নী।

অদ্বৈত, অদ্বৈতাচার্য, অদ্বৈতপ্রভু—শ্রীচৈতন্যদেবের সহচর প্রসিদ্ধ বৈষ্ণব। জন্মস্থান শ্রীহট্ট জেলার নবগ্রাম। তাঁহার পিতা কুবের তর্কপঞ্চানন নদীয়া জেলার শান্তিপুরে আসিয়া বাস করেন। তিনি বৈষ্ণব সমাজে মহাবিষ্ণুর অবতার বলিয়া খ্যাত।

অদ্বৈতদাস বাবাজী (পণ্ডিত বাবাজী)—(১২০৬—১৩৩৬ বঙ্গাব্দ)। প্রসিদ্ধ বৈষ্ণব ও কীর্তন-গায়ক। জন্মস্থান পাবনা জেলার চাড়িয়াগ্রাম। পূর্বাশ্রমের নাম ভীমকিশোর রক্ষিত।

অধিরথ (পুরাণ)—কর্ণের পালক পিতা। তাঁহার পত্নীর নাম রাধা।

অনঙ্গপাল—এই নামে তোমরবংশীয় দুইজন রাজপুত রাজা ছিলেন। প্রথম অনঙ্গপাল ৭২৬ খ্রীষ্টাব্দে দিল্লী-নগরীর সংস্কার করিয়া তথায় আপন রাজ্য প্রতিষ্ঠিত করেন। এই বংশের শেষ নৃপতি দ্বিতীয় অনঙ্গপাল ১১৫১ খ্রীষ্টাব্দে চৌহান-বংশীয় রাজা বিশালদেব কর্তৃক পরাজিত হন এবং দৌহিত্রকে সিংহাসন প্রদান করিবেন এই শর্তে তাঁহার পুত্র সোমেশ্বরের সহিত নিজ কন্যার বিবাহ দেন। দিল্লীর শেষ হিন্দু সম্রাট্ পৃথ্বীরাজ এই কন্যার গর্ভজাত।

অনঙ্গ ভীমদেব (তৃতীয়)—উড়িষ্যার (ওড়িশার) চোলবংশীয় পঞ্চম রাজা। ১১৭৪ খ্রীষ্টাব্দে তিনি সিংহাসনে আরোহণ করেন। তিনি এই বংশের প্রথম রাজা অনন্তবর্মা কর্তৃক আরব্ধ জগন্নাথ-মন্দির নির্মাণ সম্পূর্ণ করেন।

অনন্ত—পাতালের সর্পরাজ। পিতা কশ্যপ, মাতা কদ্রু। তাঁহার অসংখ্য ফণা। (পুরাণ)

অনন্তদাস—প্রসিদ্ধ বৈষ্ণব পদকর্তা। তিনি খ্রীষ্টীয় ষোড়শ শতাব্দীতে বর্তমান ছিলেন বলিয়া পণ্ডিত-গণের অনুমান।

অনসূয়া—১। অত্রিমুনির পত্নী। পিতা দক্ষ প্রজাপতি, মাতা প্রসূতি (মতান্তরে পিতা কর্দম, মাতা দেবহূতি)। ২। কণ্বমুনির আশ্রমে পালিত এক ঋষিকন্যা। শকুন্তলার সখী।

অনাথ গোপাল সেন—(১৮৯৬—১৯৪৫ খ্রীঃ)। জন্ম ময়মনসিংহের অষ্টগ্রামে। পিতা সাব জজ হরিশ্চন্দ্র। উকিল ছিলেন। তাঁহার রচনা—'টাকার কথা', 'করনীতি', 'যুদ্ধের দক্ষিণা', 'জাগতিক পরিবেশ', 'গান্ধীজীর অর্থনীতি'। তিনি কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের অধ্যাপক ছিলেন।

অনিরুদ্ধ—শ্রীকৃষ্ণের পৌত্র ও প্রদ্যুম্নের পুত্র। তাঁহার প্রথমা পত্নী রাজা রুক্মীর পৌত্রী সুভদ্রা। তাঁহার দ্বিতীয়া পত্নী শোণিতপুরের রাজা বাণের কন্যা ঊষা। (ভাগ, বিষ্ণু)

অনুরূপা দেবী—(১৮৮২—১৯৫৮ খ্রীঃ) উপন্যাস-সম্রাজ্ঞী। পিতা রায় মুকুন্দদেব মুখোপাধ্যায় বাহাদুর, পিতামহ প্রসিদ্ধ গ্রন্থকার ভূদেব মুখোপাধ্যায় এবং স্বামী শেখরনাথ বন্দ্যোপাধ্যায় (উকিল, মজঃফরপুর)। 'পোষ্যপুত্র', 'মন্ত্রশক্তি', 'মা', 'মহানিশা' প্রঃ বহু উপন্যাস-গ্রন্থ প্রণয়ন করিয়া তিনি যশস্বিনী হইয়াছেন।

অন্ধ (অন্ধক)—অযোধ্যার সরযূতীরবাসী বৈশ্য-জাতীয় মুনি। শূদ্রকন্যাকে বিবাহ করিয়া তিনি বনে পত্নীর সঙ্গে আশ্রমবাসী ছিলেন। তাঁহারা উভয়েই অন্ধ ছিলেন। তাঁহাদের একমাত্র পুত্র একদিন কলসীতে জল পূর্ণ করিতেছিলেন। সেই সময় রাজা দশরথ হস্তিভ্রমে শব্দভেদী বাণ নিক্ষেপ করিয়া তাঁহাকে নিহত করিলে শোকে অভিভূত মাতাপিতা হুতাশনে প্রাণত্যাগ করেন। (রাম)

অন্ধক—দৈত্য বিশেষ। কশ্যপের ঔরসে ও দিতির গর্ভে জন্ম। এই অসুর দেবতামাত্রেরই উপর অত্যাচার শুরু করাতে মহাদেব মন্দার-পর্বতে উপস্থিত হইয়া তাঁহাকে বধ করেন। (হরি)

অন্নদাশঙ্কর রায়—(১৫ই মার্চ, ১৯০৪ খ্রীঃ)। কবি ও ঔপন্যাসিক। জন্ম—উড়িষ্যার (ওড়িশার) ঢেনকানল রাজ্যে। শিক্ষালাভ—ঢেনকানল, কটক ও পাটনা। ১৯২৭ সালে এলাহাবাদে অনুষ্ঠিত আই. সি. এস. পরীক্ষায় প্রথম হন। ১৯৩৬ সালে তিনি জেলা ম্যাজিস্ট্রেট ও ১৯৪০ সালে জেলা জজ হন। ১৯৫০ সালে পশ্চিমবঙ্গের বিচার বিভাগের সেক্রেটারী নিযুক্ত হন। ১৯৫১ সালে তিনি অবসর গ্রহণ করিয়া শান্তিনিকেতনে যান। 'পথে প্রবাসে', 'সত্যাসত্য', 'বিনুর বই', 'ইশারা', 'জাপানে' প্রঃ তাঁহার রচিত উল্লেখযোগ্য পুস্তক।

অন্নপূর্ণা—ভগবতীর মূর্তি বিশেষ। একদিন মহাদেব ভগবতীর সঙ্গে কলহ করিয়া ভিক্ষার বাহির হইলেন। তাঁহার কাঁধে ঝুলি। কিন্তু ভগবতীর মায়ায় তাঁহার ভিক্ষা কোথাও মিলিল না। এদিকে দেবী ভগবতী অন্নপূর্ণা রূপ গ্রহণ করিয়া কাশীতে জনসাধারণকে অন্ন দান করিতে লাগিলেন। মহাদেব অন্নপূর্ণার নিকট উপস্থিত হইয়া অন্ন গ্রহণ করিলেন। (অন্নদামঙ্গল)

অপরেশচন্দ্র মুখোপাধ্যায়—(১৮৭৫—১৯৩৪ খ্রীঃ)। প্রসিদ্ধ নাট্যকার। নিবাস—কলিকাতা। পিতা বিপ্রদাস মুখোপাধ্যায়। মিনার্ভা ও স্টার থিয়েটারের ম্যানেজাররূপে কাজ করিয়া তিনি সুনাম অর্জন করিয়াছিলেন। 'কর্ণার্জুন', 'ইরানের রানী' 'ছিন্নহার' ইঃ তাঁহার রচিত বিখ্যাত নাটক।

অবধূত বন্দ্যোপাধ্যায়—(১২৬৭—১৩৫০ বঙ্গাব্দ)। জন্মস্থান—বর্ধমান জেলার চাকটা গ্রামে। পিতা রামলাল বন্দ্যোপাধ্যায়। তিনি দামোদর কুণ্ডু নামক কীর্তনাচার্যের নিকট কীর্তন গান শিক্ষা করিয়া তাহাতে এমন পারদর্শিতা অর্জন করেন যে তাঁহার

নামে প্রায় সকল কীর্তনগায়ক ও কীর্তনরসিক শ্রদ্ধায় মস্তক অবনত করিতেন।

অবনীন্দ্রনাথ ঠাকুর—(৭ই অগস্ট, ১৮৭১—৫ই ডিসেম্বর, ১৯৫১ খ্রীঃ)। প্রসিদ্ধ চিত্রশিল্পী ও সাহিত্যিক। জোড়াসাঁকোর ঠাকুর-পরিবারে জন্ম। পিতা গুণেন্দ্রনাথ ঠাকুর। চিত্রশিল্পী হিসাবে তাঁহার জগৎজোড়া নাম. কথাশিল্পী হিসাবেও তাঁহার যথেষ্ট খ্যাতি আছে। 'নির্বাসিত যক্ষ', 'সাজাহানের মৃত্যু', 'বুদ্ধ ও সুজাতা', 'কচ ও দেবযানী', 'ওমর খৈয়াম' প্রঃ তাঁহার অঙ্কিত চিত্রগুলি বিশেষ প্রসিদ্ধ। 'শকুন্তলা', 'ক্ষীরের পুতুল', 'রাজকাহিনী', 'নালক', 'বুড়ো আংলা' পুস্তকগুলি তাঁহার সাহিত্যিক অবদান। ১৯০৫ হইতে ১৯১৬ খ্রীঃ পর্যন্ত অবনীন্দ্রনাথ গভর্নমেন্ট আর্ট স্কুলের সহকারী অধ্যক্ষ ও কিছুকাল অধ্যক্ষ ছিলেন। বহুকাল কলিকাতা বিশ্ববিদ্যালয়েও কলাবিদ্যায় অধ্যাপনা করেন।

অবলা বসু—(১৮৬৫—১৯৫১ খ্রীঃ)। আচার্য জগদীশচন্দ্র বসুর পত্নী, দুর্গামোহন দাসের কন্যা, দেশবন্ধু চিত্তরঞ্জনের ভগিনী। তিনি নারীশিক্ষার একজন একনিষ্ঠ কর্মী ছিলেন।

অবলোকিতেশ্বর—গৌতমবুদ্ধের তিরোভাব ও মৈত্রেয় বুদ্ধের আবির্ভাবের অন্তর্বর্তী কালে মহাযানী বোধিসত্ত্ব অবলোকিতেশ্বরের আবির্ভাব ঘটে। ভারতে ও নেপালে তাঁহার বহু মূর্তি পাওয়া গিয়াছে।

অভিমন্যু—তৃতীয় পাণ্ডব অর্জুনের পুত্র। শ্রীকৃষ্ণের ভগিনী সুভদ্রা তাঁহার মাতা। বিরাটরাজকন্যা উত্তরাকে বিবাহ করেন। কুরুক্ষেত্রের যুদ্ধে ষোল বছরের এই বীরের নিকট কৌরবদের প্রধান প্রধান যোদ্ধারা পরাজিত হন। দ্রোণ-রচিত চক্রব্যূহে প্রবেশ করিলে কর্ণ, কৃপ ইঃ সপ্তরথী তাঁহাকে অন্যায় সমরে বধ করেন। তাঁহার পুত্র পরীক্ষিৎ হইতেই পাণ্ডবদের বংশরক্ষা হয়। (ভারত)

অভেদানন্দ, শ্রীমৎ স্বামী—(২রা অক্টোবর, ১৮৬৬—৮ই সেপ্টেম্বর, ১৯৩৯ খ্রীঃ)। শ্রীশ্রীরামকৃষ্ণ পরমহংসদেবের স্বনামখ্যাত শিষ্য। পূর্বনাম কালীপ্রসাদ চন্দ্র। পিতা রসিকলাল চন্দ্র, মাতা নয়নতারা। মাত্র চৌদ্দ বৎসর বয়সে শ্রীশ্রীরামকৃষ্ণ ঠাকুরের সংস্পর্শে আসেন। ১৮৮৭ খ্রীষ্টাব্দে সন্ন্যাস গ্রহণ করিয়া বিভিন্ন তীর্থ দর্শন করেন এবং ১৮৯৬ খ্রীষ্টাব্দে লণ্ডন যাত্রা করেন এবং পরবৎসর আমেরিকায় যান। ১৯৩৭ সালে কলিকাতার টাউন হলে তিনি 'পার্লামেন্ট অব রিলিজন'-এর উদ্বোধন করেন। 'India and Her People', 'Gospel of Ramkrishna Reincarnation' ইঃ তাঁহার রচিত পুস্তক।

অমরদাস—(১৫০৯—১৫৭৪ খ্রীঃ)। শিখদের তৃতীয় ধর্মগুরু।

অমরসিংহ—১। হিন্দু কবি। খ্রীষ্টপূর্ব পঞ্চাশ অব্দে বর্তমান ছিলেন। অনেকের মতে তিনি খ্রীষ্টীয় পঞ্চম শতকে বর্তমান ছিলেন। প্রবাদ, উজ্জয়িনীর রাজা বিক্রমাদিত্যের নবরত্নের অন্যতম। তিনি 'অমরকোষ'-নামক অভিধান প্রণয়ন করিয়াছিলেন। তিনি বৌদ্ধ ছিলেন। ২। রাজপুত বীর প্রতাপ সিংহের পুত্র। ১৬১৪ সালে রাজকুমার খুররম (শাহজাহান) অমর সিংহকে আত্মসমর্পণ করিতে বাধ্য করেন। ইহার ফলে তিনি মোগল সম্রাট্ জাহাঙ্গীরের সহিত সন্ধিসূত্রে আবদ্ধ হন। ৩। গুর্খা সেনাপতি। ১৮১৫ সালে তিনি স্যর অক্টারলোনির নিকট পরাজিত হন। ৪। রাজকোটের বিখ্যাত ক্রিকেট খেলোয়াড় (১৯১০—১৯৪০ খ্রীঃ)।

অমরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়—(১৮৮০—১৯৫৭ খ্রীঃ) খ্যাতনামা বিপ্লবী। অরবিন্দ, বারীন্দ্র ঘোষ প্রভৃতির সহকর্মী ছিলেন।

অমরেন্দ্রনাথ দত্ত—(১৮৭৬—১৯১৬ খ্রীঃ)। নাট্যকার। তিনি সুনিপুণ নাট্যাধ্যক্ষ ও অভিনেতা ছিলেন। তিনি 'রংগালয়' নামে একখানি সাপ্তাহিক পত্র প্রবর্তন করেন। বংগমঞ্চ সম্পর্কে ইহাই প্রথম সাময়িক পত্র। তিনি 'ক্লাসিক থিয়েটার' নামে একটি বংগমঞ্চের প্রতিষ্ঠা করিয়াছিলেন। তিনি 'নির্মলা', 'প্রণয় না বিষ', 'জীবনে-মরণে' প্রঃ কয়েকখানি নাটিকা লিখিয়া বিশেষ প্রসিদ্ধি লাভ করেন।

অমূল্যচরণ বিদ্যাভূষণ—(১৮৭৭—৪ঠা এপ্রিল, ১৯৪০ খ্রীঃ)। প্রসিদ্ধ ভাষাতত্ত্ববিদ্ পণ্ডিত। পিতা উদয়নাথ ঘোষ মজুমদার। অমূল্যচরণের পালি ও প্রাকৃত ভাষায় অসাধারণ জ্ঞান ছিল। ১৯০৫ সালে বিদ্যাসাগর কলেজের অধ্যাপক হন। 'ভারতবর্ষ' পত্রিকার তিনি দ্বিজেন্দ্রলাল রায়ের সংগে যুগ্ম-সম্পাদক ছিলেন। তিনি 'বাণী'-নামক একখানি বাংলা পত্রিকা ও 'Indian Academy' নামক ইংরেজী পত্রিকার সম্পাদনাও করিয়াছিলেন। তাহার পর 'পঞ্চপুষ্প'-নামক মাসিক পত্রিকাখানির সম্পাদকও হন। 'জৈনজাতক', 'শ্রীকৃষ্ণবিলাস', 'শ্রীকৃষ্ণকর্ণামৃত' প্রঃ তাঁহার রচিত প্রসিদ্ধ পুস্তক।

অমৃতলাল বসু—(১৭ই এপ্রিল, ১৮৫৩—২রা জুলাই, ১৯২৯ খ্রীঃ)। প্রসিদ্ধ নাট্যশিল্পী। পিতা কৈলাসচন্দ্র বসু। ১৮৭২ সালের ৭ই ডিসেম্বর অমৃতলাল ন্যাশন্যাল থিয়েটারে যোগদান করেন। ইহার পর তিনি গ্রেট ন্যাশন্যাল, বেংগল, স্টার, মিনার্ভা প্রঃ থিয়েটারের সংগে নানাভাবে যুক্ত ছিলেন। নাট্যজীবনে অমৃতলালের প্রথম গুরু অর্ধেন্দুশেখর মুস্তোফী। কলিকাতা বিশ্ববিদ্যালয় তাঁহাকে 'জগত্তারিণী' সুবর্ণ পদক দান করেন। রসরচনার জন্য তিনি 'রসরাজ' নামে অভিহিত। তাঁহার রচিত 'বিজয় বসন্ত', 'হরিশচন্দ্র', 'তরুবালা', 'বিবাহবিভ্রাট', 'অবতার', 'খাসদখল' ইঃ বিশেষ প্রসিদ্ধ গ্রন্থ।

অম্বা—কাশীরাজের জ্যেষ্ঠা কন্যা। ভীষ্ম তাঁহাকে ও তাঁহার অপর দুই কনিষ্ঠা ভগিনীকে স্বয়ম্বর-সভা হইতে হরণ করিয়া আনেন। অম্বা শাল্বকে পতিত্বে বরণ করিয়াছেন জানিয়া ভীষ্ম তাঁহাকে ছাড়িয়া

দেন, কিন্তু শাল্ব অম্বাকে গ্রহণ করিলেন না। পরজন্মে অম্বা শিখণ্ডীরূপে ধারণ করিয়া ভীষ্মের প্রাণবধের কারণ হন। (ভারত)

অম্বালিকা, অম্বিকা—কাশীরাজের কনিষ্ঠা ও মধ্যমা কন্যা। স্বয়ম্বর-সভা হইতে ভীষ্ম তাঁহাদের হরণ করেন। বিচিত্রবীর্যের সহিত তাঁহাদের বিবাহ হয়। অম্বিকার গর্ভে ধৃতরাষ্ট্র ও অম্বালিকার গর্ভে পাণ্ডু নামক পুত্র জন্মে।

অম্বিকাচরণ মজুমদার—(১৮৫১—১৯২২ খ্রীঃ)। বিশিষ্ট কংগ্রেসকর্মী। জন্মস্থান—ফরিদপুর জেলার সেনদিয়া গ্রাম। ১৯১৬ খ্রীষ্টাব্দে লক্ষ্ণৌ কংগ্রেসে তিনি সভাপতি নির্বাচিত হন। তিনি 'Indian National Evolution' নামে পুস্তকখানির প্রণেতা।

অযোধ্যানাথ গোস্বামী—'আজু গোসাঁই' দ্রঃ।

অরবিন্দ ঘোষ—(১৫ই অগস্ট, ১৮৭২—৫ই নভেম্বর, ১৯৫০ খ্রীঃ)। 'শ্রীঅরবিন্দ' নামে সমধিক পরিচিত। স্বনামখ্যাত দার্শনিক ও সাধক। জন্ম—কলিকাতায়। পিতা ডাক্তার কে. ডি. ঘোষ। তাঁহার মাতামহ ছিলেন রাজনারায়ণ বসু। তিনি বরোদা কলেজের সহকারী অধ্যক্ষ নিযুক্ত হন। বঙ্গভঙ্গ আন্দোলনের সময় তিনি ঐ কাজ ছাড়িয়া দেন এবং জাতীয় বিদ্যালয়ের অধ্যক্ষ হন। এই সময় তিনি 'বন্দে মাতরম্' নামক পত্রিকাটির সম্পাদনা করিতে থাকেন। ১৯০৮ খ্রীষ্টাব্দে তাঁহাকে বিপ্লববাদী বলিয়া অভিযুক্ত করা হয় কিন্তু বিচারে তিনি মুক্তি পান। পরে তিনি পণ্ডিচেরীতে আশ্রম স্থাপন করেন এবং এইখানেই জীবন কাটাইতে থাকেন। 'The Hero and the Nymph', 'Urvasie', 'Songs to Myrtilla and other Poems', 'গীতার ভাষা', 'The Life Divine' প্রঃ তাঁহার নানা গ্রন্থ আছে।

অরিলিয়াস মার্কাস অ্যান্টোনিনাস (Aurelius Marcus Antoninus)—(১২১—৮০ খ্রীঃ পূঃ)। রোমক সম্রাট্। তিনি Stoic-দর্শনের মত পোষণ করিতেন। 'Meditations' নামে পুস্তকে তিনি তাঁহার চিন্তাধারা লিপিবদ্ধ করিয়া যান।

অরুণ—গরুড়ের জ্যেষ্ঠ ভ্রাতা। পিতা মহর্ষি কশ্যপ, মাতা বিনতা। তিনি সূর্যের সারথি হন। তাঁহার পত্নীর নাম শ্যেনী। সম্পাতি ও জটায়ু তাঁহার দুই পুত্র।

অরুন্ধতী—১। বশিষ্ঠপত্নী। তিনি প্রজাপতি কর্দম মুনির কন্যা। মাতা দেবহূতি। তিনি পতিব্রতার আদর্শস্থানীয়া বলিয়া জগতে প্রসিদ্ধ। বশিষ্ঠের ন্যায় তিনিও নক্ষত্রলোকে স্থান পাইয়াছেন। (ভারত) ২। দক্ষ প্রজাপতির কন্যা ও ধর্মের পত্নী। (হরি)

অরোরা (Aurora)—গ্রীক পুরাণের ঊষাদেবী। পিতা হাইপেরিয়ন (Hyperion) ও মাতা থিয়া (Thia). স্বামী টিথোনাস (Tithonus).

অর্জুন—তৃতীয় পাণ্ডব। পিতা পাণ্ডু, মাতা কুন্তী। অর্জুন দ্রোণাচার্যের সর্বশ্রেষ্ঠ ও প্রিয়তম শিষ্য। কুরুক্ষেত্রের যুদ্ধকালে শ্রীকৃষ্ণ তাঁহার সারথি ছিলেন। তিনি ব্রাহ্মণবেশে দ্রৌপদীর স্বয়ম্বর-সভায় উপস্থিত হন এবং লক্ষ্য বিদ্ধ করিয়া দ্রৌপদীকে লাভ করেন। পরে নাগকন্যা উলূপী, মণিপুর-রাজকন্যা চিত্রাঙ্গদা ও শ্রীকৃষ্ণের ভগিনী সুভদ্রার সহিত তাঁহার বিবাহ হয়। দ্রৌপদী, উলূপী, সুভদ্রা ও চিত্রাঙ্গদার গর্ভে তাঁহার যথাক্রমে শ্রুতকর্মা, ইলাবন্ত, অভিমন্যু ও বভ্রুবাহন নামক পুত্রগণ জন্মগ্রহণ করে। শ্রীকৃষ্ণের সাহায্যে অর্জুন খাণ্ডববন দগ্ধ করেন। কুরুক্ষেত্রের যুদ্ধের পর যুধিষ্ঠির অশ্বমেধ যজ্ঞ করিলে অর্জুন সেই অশ্ব লইয়া বহু দেশ জয় করেন। পরে তিনি ভ্রাতৃগণ ও পত্নী দ্রৌপদীর সঙ্গে মহাপ্রস্থান করেন। সুমেরু পর্বতে তাঁহার দেহপাত হয়।

অর্ধেন্দুশেখর মুস্তোফী—(১২৫৮—১৩১৫ বঙ্গাব্দ)। নাট্যশিল্পী। জন্মস্থান—কলিকাতা। ১২৭৯ সালে রঙ্গালয়ে অবতীর্ণ হইয়া সারাজীবন অভিনয় করিয়া কাটান।

অর্ফিউস (Orpheus)—গ্রীক পুরাণের বিখ্যাত সংগীতজ্ঞ। সূর্যদেবের কাছে একটি বীণা পাইয়া অর্ফিউস তাহাতে যে সুর তুলিতেন, তাহা বন্যজন্তু ও পর্বতাদি মন্ত্রমুগ্ধের মত শুনিত। তিনি ইউরিডিসিকে বিবাহ করেন।

অলম্বুষা—১। অপ্সরা বিঃ। কশ্যপ হইতে দক্ষকন্যা কপিলার গর্ভে জন্ম। (ভারত) ২। রাজা ইক্ষ্বাকুর পত্নী। তাঁহার গর্ভে বিশাল নামে এক পুত্র জন্মগ্রহণ করে। (রাম)

অলিম্পাস (Olympus)—জুপিটারের অন্য নাম। অলিম্পাস পর্বতে তাঁহার সিংহাসন প্রতিষ্ঠিত ছিল।

অশোক—(রাজত্বকাল খ্রীঃ পূঃ ২৭৩—২৩২)। মগধের বিখ্যাত সম্রাট্। তাঁহার সম্পূর্ণ নাম 'অশোকবর্ধন'। পিতা বিন্দুসার, পিতামহ চন্দ্রগুপ্ত, মাতা সুভদ্রাঙ্গী। রাজা হইবার ১২ বৎসর পরে তিনি কলিঙ্গ রাজ্য আক্রমণ করেন। ঐ কলিঙ্গযুদ্ধে নরহত্যার নিষ্ঠুর লীলা দেখিয়া তাঁহার মনোভাবের পরিবর্তন হয় এবং তিনি উপগুপ্ত-নামক বৌদ্ধ সন্ন্যাসীর নিকট বৌদ্ধধর্মে দীক্ষিত হন। তখন তিনি রাজ্যবিজয়ের পরিবর্তে 'ধর্মবিজয়ে' আত্মনিয়োগ করেন। বৌদ্ধধর্ম প্রচারের জন্য তিনি নানাস্থানে ধর্মপ্রচারক প্রেরণ করেন। অশোক বহু পান্থশালা ও ধর্মমন্দির নির্মাণ করেন এবং অসংখ্য কূপ খনন করেন। তাঁহার সময়ে তৃতীয় বৌদ্ধধর্ম-মহাসভার অধিবেশন হয়।

অশ্বঘোষ—প্রসিদ্ধ বৌদ্ধ কবি। তিনি খ্রীষ্টীয় প্রথম শতাব্দীর শেষভাগে জন্মগ্রহণ করেন এবং দ্বিতীয় শতাব্দীর প্রথমভাগে মহারাজ কনিষ্কের সভাকবি হন। তিনি প্রথম জীবনে ব্রাহ্মণ ছিলেন কিন্তু পরে বৌদ্ধ হন। তাঁহার রচিত প্রায় দ্বাদশখানি গ্রন্থের মধ্যে 'বুদ্ধচরিত', 'মহাযানশ্রদ্ধোৎপাদশাস্ত্রম্' পুস্তক শ্রেষ্ঠ। তিনি একাধারে কবি, দার্শনিক ও সংগীতজ্ঞ ছিলেন।

অশ্বত্থামা—দ্রোণাচার্যের পুত্র। মাতার নাম কৃপী।

জন্মকালে অশ্বের মত শব্দ করাতে তাঁহার নাম হয় অশ্বত্থামা। অশ্বত্থামা দ্রোণের নিকট অস্ত্রশিক্ষা লাভ করেন। সাতজন অমর ব্যক্তির মধ্যে তিনি একজন। অপর ছয় জনের নাম—বলি, ব্যাস, হনুমান, বিভীষণ, কৃপ ও পরশুরাম। (ভারত)

অশ্বপতি—মদ্রের অধিপতি, সাবিত্রীর জনক। (ভারত)

অশ্বিনী—দক্ষপ্রজাপতির কন্যা ও চন্দ্রের প্রথমা পত্নী। (শিব)

অশ্বিনীকুমার—ঘোটকীরূপধারিণী সংজ্ঞার গর্ভে অশ্বরূপধারী সূর্যের ঔরসে জাত যমজ স্বর্গবৈদ্য। (ভারত) অশ্বিনীকুমার দুইজন 'চিকিৎসা সার-তন্ত্র' নামে একখানি গ্রন্থ রচনা করেন। (ব্রহ্মবৈ)

অশ্বিনীকুমার দত্ত—(২০শে জানুআরি, ১৮৫৬—৭ই নভেম্বর, ১৯২৩ খ্রীঃ)। বরিশালের প্রসিদ্ধ জননেতা, সাহিত্যিক, রাজনীতিক এবং অধ্যাপক। পিতা ব্রজমোহন দত্ত। জন্মস্থান—বাটাজোড়। ব্রজমোহন বিদ্যালয়ে অধ্যাপকের কার্য গ্রহণ করেন। পরে তিনি এই বিদ্যালয়টি কলেজে পরিণত করেন। ১৯০৫ খ্রীষ্টাব্দে তিনি বঙ্গভঙ্গ-আন্দোলনে যোগদান করেন এবং ১৯০৭ খ্রীষ্টাব্দে দ্বীপান্তরিত হন। তাঁহার প্রণীত 'ভক্তিযোগ', 'প্রেম' ও 'দুর্গোৎসব-তত্ত্ব' নামক পুস্তকাদি প্রসিদ্ধ।

অষ্টক—পুণ্যবান্ রাজা। পিতা বিশ্বামিত্র, মাতা যযাতির কন্যা মাধবী।

অষ্টাবক্র—১। প্রকৃত নাম দেবল। মহর্ষি অসিতের পুত্র। একদা গন্ধমাদন-পর্বতের গহ্বরে তিনি যখন তপস্যা করিতেছিলেন তখন রম্ভা সম্ভোগের নিমিত্ত মুনিবরকে অনুরোধ করেন। মুনিবর তাহা প্রত্যাখ্যান করিলে রম্ভার অভিশাপে তাঁহার দেহ অষ্টবক্র হয়। (ব্রহ্মবৈ) ২। মহর্ষি উদ্দালকের শিষ্য কাহোড়ের পুত্র। মাতার নাম সুজাতা। গর্ভে অবস্থানকালেই তিনি পিতার বেদ পাঠে ভ্রম প্রদর্শন করিলে কাহোড় ক্রোধে তাঁহাকে অভিশাপ দেন। ফলে তাঁহার অষ্টস্থান বক্র হয়। সমঙ্গা নদীতে স্নানের পর তাঁহার দেহ সুন্দর হয়। অষ্টাবক্র রাজর্ষি জনককে যে উপদেশ প্রদান করিয়াছিলেন, তাহা 'অষ্টাবক্র-সংহিতা' নামে খ্যাত। (ভারত)

অসিতকুমার হালদার—(১৮৯০—১৯৬৪ খ্রীঃ)। প্রখ্যাত চিত্রশিল্পী ও সাহিত্যিক। পিতা সুকুমার হালদার এবং মাতা মহর্ষি দেবেন্দ্রনাথের দৌহিত্রী সুভদ্রা দেবী। শান্তিনিকেতনের কলাভবনের ভূতপূর্ব অধ্যক্ষ। তিনি লক্ষ্ণৌ শিল্প মহাবিদ্যালয়েরও অধ্যক্ষ (১৯২৫—১৯৪৫) ছিলেন।

অসমঞ্জ, অসমঞ্জস—রাজা সগরের জ্যেষ্ঠ পুত্র। মাতা কেশিনী। পাপাচারী ছিলেন বলিয়া তিনি তাঁহাকে ত্যাগ করেন। তাঁহার পুত্র অংশুমান্ (অংশুমান্ দ্রঃ)। [রাম]

অস্কার, ওয়াইল্ড (Wilde. Oscar Fingal O' Flahertie Wills)—(১৮৫৪—১৯০০ খ্রীঃ)। বিখ্যাত আইরিশ কবি ও নাট্যকার। 'The Picture of Dorian Grey' তাঁহার একখানি বিখ্যাত উপন্যাস। 'Ballad of Reading Gaol' ও 'De Profundis' নামে তিনি যে দুইখানি পুস্তক রচনা করেন, তাহা বিশেষ প্রসিদ্ধি লাভ করিয়াছে। 'Lady Windermere's Fan'. 'A Woman of No Importance', 'Salome' ইঃ তাঁহার অন্যান্য পুস্তক।

অস্টেন, জেন (Austen, Jane)—(১৭৭৫—১৮১৭ খ্রীঃ)। ইংরাজ উপন্যাস-লেখিকা। ইংলণ্ডের হ্যাম্পশায়ারে তাঁহার জন্ম। 'Sense and Sensibility', 'Pride and Prejudice', 'Mansfield Park', 'Emma' ইঃ তাঁহার রচিত উপন্যাস।

অস্তি—মগধরাজ জরাসন্ধের কন্যা। তাঁহার ভগ্নীর নাম প্রাপ্তি। দুই বোনই কংসের পত্নী ছিলেন। (বিষ্ণু, হরি)

অহল্যা—মহর্ষি গৌতমের পত্নী। পিতা বৃদ্ধাশ্ব। দেবরাজ ইন্দ্র গৌতমের রূপ ধরিয়া তাঁহার ধর্ম নষ্ট করেন। ইহাতে গৌতম রুষ্ট হইয়া ইন্দ্রকে শাপ দেন। গৌতম অহল্যাকেও অভিশাপ দেন। তাঁহার শাপে অহল্যা বাতভক্ষ্যা, নিরাহারা, অনুশোচনাপরায়ণা, ভস্মলিপ্তা ও সকল জীবের অদৃশ্যা হইলেন। কালে রামচন্দ্র যখন আশ্রমে আসিয়া অহল্যাকে এই অবস্থায় দেখিলেন, তখন অহল্যা শাপমুক্তা হইলেন। (রাম)

অহল্যাবাঈ—(১৭৩৫—১৭৯৫ খ্রীঃ)। প্রাতঃস্মরণীয়া মারাঠী মহিলা। তাঁহার শ্বশুর মলহব রাও হোলকার ও স্বামী খান্দে রাও। স্বামী ও শ্বশুরের মৃত্যুতে ৩১ বৎসর বয়সে তিনি রাজ্যের ভার গ্রহণ করেন। তিনি দান-ধ্যানে ও প্রজার হিতকর কার্যে জীবন উৎসর্গ করিয়াছিলেন। কাশীর অন্নপূর্ণা-মন্দির, কলিকাতা হইতে কাশীধাম পর্যন্ত রাজপথ ও গয়ার বিষ্ণুপদমন্দির তাঁহার প্রধান কীর্তি।

অহীন্দ্র চৌধুরী—(১৮৯৫—? খ্রীঃ)। প্রখ্যাত অভিনেতা। তিনি পশ্চিমবঙ্গের সংগীত নৃত্য নাট্য আকাদমীর নাট্যবিভাগের অধিকর্তা হন।

অ্যাকিলিজ (Achilles)—অজেয় বীর। ট্রোজান যুদ্ধে প্যারিস তাঁহাকে নিহত করেন। (গ্রীক পুঃ)

অ্যাকুইনাস, টমাস (Aquinas, Thomas)—(১২২৫—১২৭৪ খ্রীঃ)। দক্ষিণ ইটালীর দার্শনিক পণ্ডিত। তাঁহার ধর্ম ও দর্শনশাস্ত্র-বিষয়ক বহু পুস্তক আছে। তাঁহাকে নীতি-শাস্ত্রের জনক আখ্যা দেওয়া হয়।

অ্যাকটিয়ন (Actæon)—বিখ্যাত শিকারী। স্নানরতা ডায়েনাকে দেখিয়া মৃগে পরিণত হন এবং তাঁহার নিজের কুকুরগণ দ্বারা বিনষ্ট হন। (গ্রীক পুঃ)

অ্যাগামেমনন (Agamemnon)—মেনেলাউসের ভ্রাতা ও আর্গসের রাজা। তিনি ট্রয়ের বিরুদ্ধে প্রেরিত গ্রীকবাহিনীর অধ্যক্ষ ছিলেন। স্ত্রী ক্লাইটেমেনেস্ট্রা ও তাঁহার প্রেমিক কর্তৃক তিনি নিহত হন।

অ্যাটালান্টা (Atalanta)—বিখ্যাত ব্যাধ রমণী।

তাঁহার অপরূপ সৌন্দর্য ছিল। অনেকেই তাঁহাকে বিবাহ করিতে চান। তিনি তখন স্থির করেন যে, যে তাঁহাকে দৌড়ে হারাইতে পারিবে, তাহারই গলায় তিনি বরমাল্য দিবেন। মিলানিয়ন নামে একজন গ্রীক যুবক দৌড়াইবার সময় পথে ভেনাস-প্রদত্ত স্বর্ণময় আপেল ফেলিয়া তাঁহাকে পরাস্ত করিলে, তিনি তাঁহাকে বিবাহ করেন। (গ্রীক পুঃ)

অ্যাটিলা (Attila)—(৪০৬—৪৫৩ খ্রীঃ)। হূন-দিগের রাজা। রোমকদিগের সঙ্গে যুদ্ধ করিয়া তাহাদের উপর অনেক অত্যাচার করেন।

অ্যাটলাস (Atlas)—অতিমানব বিঃ। পারসিউস গর্গনের মাথা দেখাইয়া তাঁহাকে অ্যাটলাস পর্বতে পরিবর্তিত করেন। তিনি ভূমণ্ডলের ভার স্কন্ধে বহন করিয়াছেন। (গ্রীক পুঃ)

অ্যাটলি (Rt. Hon. Clement R. Attlee)—(জন্ম ১৮৮৩ খ্রীঃ—)। ইংলণ্ডের ভূতপূর্ব প্রধান মন্ত্রী। অ্যাটলির মন্ত্রিত্বকালে ভারতবর্ষ স্বাধীনতা লাভ করে। ১৯৪৫ সাল হইতে ১৯৫১ সালের অক্টোবর পর্যন্ত তিনি ইংলণ্ডের প্রধান মন্ত্রী ছিলেন।

অ্যাডিসন, জোসেফ (Addison, Joseph)—(১৬৭২—১৭১৯ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ লেখক ও কবি। তাঁহার রচিত 'The Campaign' নামক কবিতা বিশেষ খ্যাতিলাভ করে। তাঁহার সবচেয়ে বিখ্যাত বই 'Coverley Essays' নামে একটি প্রবন্ধ-পুস্তক।

অ্যাডোনিস (Adonis)—একজন রূপবান্ যুবক। তিনি ভেনাসের প্রিয়পাত্র ছিলেন। একটি বন্য বরাহ কর্তৃক তিনি নিহত হন। কিন্তু প্রোসার্পাইন তাঁহার সহিত বৎসরে ছয় মাস কাটাইবার শর্তে অ্যাডো-নিসকে জীবন দান করেন। (গ্রীক পুঃ)

অ্যান্টনি, মার্ক (Antony, Mark)—(আনুমানিক ৮৩—৩০ খ্রীঃ পূঃ)। বিখ্যাত রোমক সেনাপতি ও জুলিয়াস সীজারের প্রধান অনুচর। সীজারের মৃত্যুর পর রোমে যে বিবাদের সূত্রপাত হয়, তাহাতে তিনি লিপ্ত হইয়া পড়েন এবং ব্রুটাস ও কেসিয়াস নামক দুই সেনাপতিকে অক্টেভিয়াস অগাস্টাসের সাহায্যে পরাজিত করেন। তাহার পর মিশরের রানী ক্লিওপেট্রার রূপমুগ্ধ হইয়া তিনি সেস্থানেই বসবাস করিতে থাকেন। অক্টেভিয়াস কর্তৃক যুদ্ধে পরাস্ত হইয়া তিনি আত্মহত্যা করেন।

অ্যান্টনি, সেন্ট (Antony, St.)—(আনুমানিক ২৫১—৩৫৬ খ্রীঃ)। প্রসিদ্ধ খ্রীষ্টান সন্ন্যাসী। ১৭ই জানুআরি তাঁহার পর্বদিন।

অ্যান্টোনিনাস, পিউস (Antoninus, Pius)—(৮৬—১৬১ খ্রীঃ)। রোমক সম্রাট্। ১৩৮ হইতে ১৬১ খ্রীষ্টাব্দ পর্যন্ত রোমে রাজত্ব করিয়াছিলেন।

অ্যান্ডারসন (Anderson. Hans Christian)—(১৮০৫—১৮৭৫ খ্রীঃ)। বিখ্যাত দিনেমার লেখক। উপকথা ও রূপকথার রচনায় বিশেষ প্রসিদ্ধি লাভ করেন। 'The Ugly Duckling', 'The Little Mermaid', 'The Little Matchseller' প্রভৃতি তাঁহার লিখিত পুস্তক।

অ্যান্ড্রুজ দীনবন্ধু, সি, এফ,—'দীনবন্ধু' দ্রঃ।

অ্যান্ড্রোমেকি (Andromache)—ট্রোজান যোদ্ধা হেকটরের স্ত্রী। নেপচুন-পুত্র হারকিউলিস তাঁহাকে হত্যা করেন। (গ্রীক পুঃ)

অ্যান্ড্রোমেডা—ইথিওপিয়ার রাজা সিফিউসের কন্যা। মাতা ক্যাসিওপীয়া। (গ্রীক পুঃ)

অ্যান (Queen Anne)—(১৬৬৪—১৭১৪ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা দ্বিতীয় জেমসের কন্যা। ১৭০২—১৪ তিনি ইংলণ্ডের রানী ছিলেন। তাঁহার রাজত্ব-কালে ইংরেজী সাহিত্যের বিশেষ উন্নতি হয়।

অ্যান বোলিন (Anne Boleyn)—(১৫০৭—১৫৩৬ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা অষ্টম হেনরীর অন্যতমা পত্নী ও রানী এলিজাবেথের জননী। রাজদ্রোহের অভিযোগে তাঁহার শিরশ্ছেদ হয়।

অ্যানাক্রিয়ন (Anacreon)—বিখ্যাত গ্রীক কবি। অনুমান ৫৬০ হইতে ৪৭৫ খ্রীঃ পূঃ অব্দ পর্যন্ত বর্তমান ছিলেন।

অ্যানাক্সাগোরাস (Anaxagoras)—(খ্রীঃ পূঃ ৫০০—৪২৮)। প্রসিদ্ধ গ্রীক দার্শনিক। সক্রেটিস, পেরিক্লিস প্রঃ বিশিষ্ট ব্যক্তিগণ তাঁহার ছাত্র ছিলেন।

অ্যানাক্সিম্যান্ডার (Anaximander)—(খ্রীঃ পূঃ ৬১১—৫৪৭)। গ্রীক পণ্ডিত। 'সূর্যের আলোকরেখা-পাতে চন্দ্র দীপ্তি প্রকাশ করে' ইহা তিনিই প্রথম আবিষ্কার করেন। মানচিত্রের উদ্ভাবক বলিয়াও তিনি খ্যাত।

অ্যাপলো (Apollo)—সূর্যদেব বলিয়া গ্রীক ও রোমানরা তাঁহার পূজা করিতেন। তিনি সংগীত ও কাব্যের দেবতা বলিয়াও পূজিত।

অ্যাফ্রোডাইট (Aphrodite)—ভেনাসের অন্য নাম।

অ্যাম্পিয়ার, আঁদ্রে মেরি (Ampere, Andre' Marie)—(১৭৭৫—১৮৩৬ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী গণিতজ্ঞ। তড়িৎ-বিজ্ঞানে তাঁহার দান অমূল্য। তিনি 'ইলেকট্রো-ডাইন্যামিক' (Electro-dynamic) সূত্রের আবিষ্কারক।

অ্যাম্ফিয়ন (Amphion)—থিবস্-দেশীয় রাজপুত্র। তাঁহার বীণাবাদনে পাষাণসমূহ একত্র হইয়া প্রাচীরে পরিণত হইয়াছিল। (গ্রীক পুঃ)

অ্যারাইয়ন (Arion)—প্রসিদ্ধ সেতারবাদক। তাঁহাকে নাবিকেরা সমুদ্রে ফেলিয়া দিলে একটি সমুদ্র-রাক্ষস তাঁহার বাদ্যে মুগ্ধ হইয়া তাঁহাকে তীরে পৌঁছাইয়া দিয়াছিল। (গ্রীক পুঃ)

অ্যারিথিউসা (Arethusa)—ডায়েনার সহচরী জল-কন্যা; জলদেবতা অ্যাল্ফিউস অসৎ উদ্দেশ্যে তাঁহার অনুসরণ করিলে তিনি নির্ঝররূপ ধারণ করেন। (গ্রীক পুঃ)

অ্যারিয়াড্নি (Ariadne)—ক্রীট্‌রাজ মাইনসের কন্যা। ['থিসিউস' দ্রঃ] (গ্রীক পুঃ)

অ্যারিস্টটল (Aristotle)—(খ্রীঃ পূঃ ৩৮৪—৩২২)। প্রসিদ্ধ গ্রীক পণ্ডিত। গ্রীসের তৎকালীন শ্রেষ্ঠ

পণ্ডিত প্লেটো তাঁহার অধ্যাপক। অ্যারিস্টটল মহাবীর আলেকজাণ্ডারের শিক্ষক নিযুক্ত হন। 'Ethics', 'Poetics', 'Politics' প্রঃ তাঁহার রচিত প্রসিদ্ধ পুস্তক।

অ্যারিস্টাইডিস (Aristides)—(খ্রীঃ পূঃ ৫৩০—৪৬৭)। এথেনিয়ান সেনাপতি। খ্রীঃ পূঃ ৪৯০ অব্দে পারসীকদের সহিত ম্যারাথন ক্ষেত্রে যুদ্ধ করিয়া তিনি প্রসিদ্ধি লাভ করেন। অত্যন্ত সৎ ছিলেন বলিয়া তাঁহাকে 'The Just' আখ্যা দেওয়া হয়।

অ্যারিস্টিপাস (Aristippus)—খ্রীঃ পূঃ ৪২৮—৩৫৬ পর্যন্ত তিনি বর্তমান ছিলেন। তিনি মিশরের অধিবাসী ছিলেন; কিন্তু সক্রেটিসের ছাত্র হইয়া এথেন্সে বসবাস করিতেন। আনন্দ উপভোগই জীবনের চরম উদ্দেশ্য—ইহাই ছিল তাঁহার দর্শন-শাস্ত্রের মূল নীতি।

অ্যারিস্টোফেনিস (Aristophanes)—(খ্রীঃ পূঃ ৪৪৪—৩৮০)। গ্রীসের সর্বশ্রেষ্ঠ প্রহসন-রচয়িতা। তাঁহার গ্রন্থগুলি গ্রীসের তৎকালীন রাজনীতি ও সমাজনীতির বিরুদ্ধে ব্যঙ্গোক্তিতে পূর্ণ। 'Knights', 'Clouds', 'Peace' ইঃ তাঁহার বহু পুস্তক আছে।

অ্যারাক্নি (Arachne)—লিডিয়া-দেশের কুমারী। উত্তম সূচীকার্য জানিতেন বলিয়া গর্ব করাতে মিনার্ভা কর্তৃক মাকড়শায় পরিবর্তিত হন। (গ্রীক পুঃ)

অ্যাল্‌ফ্রেড, দি গ্রেট (Alfred, the Great)—(৮৪৯—৯০১ খ্রীঃ)। ইংলণ্ডের প্রসিদ্ধ রাজা। তিনি ৮৭১—৯০১ খ্রীষ্টাব্দ পর্যন্ত ওয়েস্ট স্যাক্সনদের রাজা ছিলেন। ব্রিটিশ নৌবহরের পত্তনের জন্য তাঁহাকে 'ব্রিটিশ নৌবাহিনীর জনক' বলা হয়। তাঁহার সংকলিত 'অ্যাংলো-স্যাক্সন ক্রনিকল্‌' ইতিহাসের দিক্‌ দিয়া অতি মূল্যবান্‌।

অ্যালসিবিয়াডিস (Alcibiades)—(আনুমানিক ৪৫০—৪০৪ খ্রীঃ পূঃ)। এথেন্সের বিখ্যাত রাজনীতিক ও সেনাপতি। তিনি সক্রেটিসের ছাত্র ও বন্ধু ছিলেন।

অ্যাসকুইথ (Asquith, Earl of Oxford and,)—(১৮৫২—১৯২৮ খ্রীঃ)। ১৯০৮ হইতে ১৯১৬ খ্রীঃ পর্যন্ত ইংলণ্ডের প্রধান মন্ত্রী। তাঁহার মন্ত্রিত্বের কালে আয়ার্ল্যাণ্ডের স্বায়ত্তশাসন আইন পাকা হয় এবং বিগত প্রথম ইওরোপীয় মহাযুদ্ধ বাধে।

আ

আইও (Io)—দেবী বিঃ। পিতা ইনেকাস, মাতা ইসমিনি। জুপিটার তাঁহার প্রণয়ে মুগ্ধ হইয়া পত্নী জুনোর ভয়ে তাঁহাকে গাভীতে রূপান্তরিত করেন। পরে মিশরদেশে ভ্রমণকালে পূর্বরূপ প্রাপ্ত হইয়া তিনি তথাকার রাজা অসাইরিসকে বিবাহ করেন। (গ্রীক পুঃ)

আইকেরাস (Icarus)—ডীড্যালাসের পুত্র। তিনি পিতার সহিত ক্রীট্‌ হইতে সিসিলি দ্বীপে উড়িয়া যাইবার কালে সমুদ্রে নিমজ্জিত হন। (গ্রীক পুঃ)

আইটো, হিরোবুমি (Ito, Hirobumi, Prince)—(১৮৪১—১৯০৯ খ্রীঃ)। জাপানের বিখ্যাত রাজনীতিক। উনবিংশ শতকের শেষভাগে তিনি জাপানের সামাজিক জীবনে আমূল পরিবর্তন আনিয়াছিলেন। তিনি চারিবার প্রধান মন্ত্রী হইয়াছিলেন।

আইনস্টাইন (Einstein, Prof. Albert)—(১৮৭৯—১৯৫৫ খ্রীঃ)। বিখ্যাত বিজ্ঞানী। জার্মানীর উলম (Ulm) নামক স্থানে জন্ম। পিতার নাম হেরম্যান আইনস্টাইন। 'আপেক্ষিক তত্ত্ব' আবিষ্কার করিয়া তিনি বিশ্ববিখ্যাত হইয়াছেন। তিনি বার্লিনের 'The Kaiser Wilhelm Physical Institute'-এর অধ্যক্ষ ছিলেন। তিনি জাতিতে ইহুদী। হিটলার ইহুদী নির্যাতন আরম্ভ করিলে তিনি নির্বাসিত হন এবং ১৯৩৩ সাল হইতে যুক্তরাষ্ট্রের নিউ জার্সির প্রিন্সটন শহরে পদার্থবিজ্ঞানের অধ্যাপক নিযুক্ত হন। আইনস্টাইন সংগীতজ্ঞ ও নিপুণ বেহালাবাদক ছিলেন। ১৯২১ খ্রীষ্টাব্দে তিনি নোবেল পুরস্কার লাভ করেন।

আইভ্যান দি গ্রেট (Ivan, the Great)—(১৪৪০—১৫০৫ খ্রীঃ)। রুশ-সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। রুশিয়া যখন তাতারগণের অধীন ছিল, তখন তিনি মস্কো শহরের গ্র্যাণ্ড ডিউক (Grand Duke) ছিলেন। ক্রমে সৈন্য ও অর্থ সংগ্রহ করিয়া তিনি তাতারগণের অধীনতাপাশ ছিন্ন করেন এবং মস্কোর নিকটবর্তী প্রদেশগুলি জয় করিয়া আপনাকে রুশিয়ার স্বাধীন সম্রাট্‌ বলিয়া ঘোষণা করেন।

আইরিস (Iris)—টমাস ও ইলেক্টার কন্যা। তিনি জুনোদেবীর সংবাদবাহিকা ছিলেন এবং তাঁহার দ্বারা ইন্দ্রধনুতে রূপান্তরিত হইয়াছিলেন। (গ্রীক পুঃ)

আইসিস (Isis)—আইওদেবীর মিশরীয় নাম।

আইসেনহাওয়ার, জেনারেল (Eisenhower, General Dwight D.,)—(১৮৯০—১৯৬৯ খ্রীঃ)। যুক্তরাষ্ট্রের ভূতপূর্ব রাষ্ট্রপতি। ১৯৫০ হইতে ১৯৫২ সাল পর্যন্ত তিনি পশ্চিম ইওরোপের মিত্রশক্তির সেনাপতি ছিলেন।

আউটরাম (Outram, Sir James)—(১৮০৩—১৮৬৩ খ্রীঃ)। বিখ্যাত সেনাপতি। জন্মস্থান ইংলণ্ডের ডার্বিশায়ার। পিতা বেনজামিন আউটরাম। সাধারণ সৈনিকরূপে ভারতে আসিয়া আউটরাম বিভিন্ন রাজপদ পান এবং সিপাহী-বিদ্রোহ দমনে কৃতিত্ব দেখাইয়া লেফ্‌টেন্যান্ট-জেনারেলের পদ পান।

আউলিয়া মনোহর দাস—(১৬ শতক)। প্রসিদ্ধ বৈষ্ণব-পদ রচয়িতা ও সংকলয়িতা। প্রথমে তিনি বিষ্ণুপুরের রাজার গ্রন্থাগারের অধ্যক্ষ ছিলেন; পরে হুগলী জেলার বদনগঞ্জ নামক স্থানে আগমন করিয়া আমরণ তথায় বাস করেন। তিনি 'পদ-সমুদ্র'-নামক গ্রন্থ সংকলন ও 'দিনমণি চন্দ্রোদয়'-নামক গ্রন্থ প্রণয়ন করেন।

আউলেচাঁদ—(১৬৮৬—১৭৬৯ খ্রীঃ)। কর্তাভজা-নামক বৈষ্ণব সম্প্রদায়ের প্রবর্তক। নদীয়া জেলার উলাগ্রামের মহাদেব বারুইএর পালিত পুত্র। পূর্ব-নাম পূর্ণচন্দ্র। তিনি ফুলিয়া গ্রামে প্রসিদ্ধ বৈষ্ণব বলরাম দাসের নিকট দীক্ষা গ্রহণ করিয়া 'আউলেচাঁদ' নাম প্রাপ্ত হন।

আওরংগজেব—(১৬১৮—১৭০৭ খ্রীঃ)। মোগল-সাম্রাজ্যের অন্যতম শ্রেষ্ঠ সম্রাট্। সম্রাট্ শাহ্‌জাহানের তৃতীয় পুত্র। আওরংগজেবের রাজত্বকাল ১৬৫৯—১৭০৭ খ্রীঃ। ভ্রাতাদের মধ্যে দারা ও মোরাদকে হত্যা করিয়া তিনি দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। ইহার পূর্বে তিনি পিতা শাহ্‌জাহানকে বন্দী করিয়া রাখিয়াছিলেন। সম্রাট্ হইয়া তিনি আলমগীর নাম ধারণ করেন। তাঁহার সময়ে মোগলসাম্রাজ্য সর্বাপেক্ষা অধিক বিস্তৃতি লাভ করে। তিনি পরধর্মের প্রতি বিদ্বেষী ছিলেন এবং হিন্দুদের উপর জিজিয়া কর স্থাপন করিয়াছিলেন বলিয়া রাজপুতগণ বিদ্রোহী হয়। মারাঠা বীর শিবাজীকে দমন করিবার জন্য বহু চেষ্টা করিয়াও তিনি কৃতকার্য হন নাই। শিবাজীর মৃত্যুর পর শম্ভুজীকে তিনি নিষ্ঠুরভাবে হত্যা করেন। তাঁহার নীতি মোগলসাম্রাজ্যের পতনের অন্যতম কারণ। তিনি গোঁড়া মুসলমান ছিলেন এবং সরল জীবন-যাপন করিতেন। তিনি কাহাকেও বিশ্বাস করিতেন না।

আকবর—(১৫৪২—১৬০৫ খ্রীঃ)। দিল্লীর তৃতীয় এবং শ্রেষ্ঠ মোগল সম্রাট্। মোগল সম্রাট হুমায়ুন যখন শের খাঁ কর্তৃক রাজ্য হইতে বিতাড়িত হইয়া নানাস্থানে ভ্রমণ করিতেছিলেন, তখন অমরকোট নগরে হুমায়ুন-পত্নী হামিদা বেগমের গর্ভে আকবরের জন্ম হয়। ১৫৫৬—১৬০৫ খ্রীঃ আকবরের রাজত্বকাল। মন্ত্রী ও অভিভাবক বৈরাম খাঁর সাহায্যে তিনি পাণিপথের দ্বিতীয় যুদ্ধে (১৫৫৬ খ্রীঃ) প্রবল প্রতিদ্বন্দ্বী হিমুকে পরাজিত ও বন্দী করেন। আকবর রাজপুতদের সহিত বিবাহ-সম্পর্ক স্থাপন করিয়া তাহাদিগকে স্ববশে আনয়ন করেন। শুধু চিতোরের রানা প্রতাপসিংহকে তিনি স্ববশে আনয়ন করিতে পারেন নাই। তিনি জিজিয়া কর রহিত করিয়াছিলেন এবং রাজপুতদের রাজকার্যে নিযুক্ত করিয়াছিলেন। তাঁহার রাজস্ব-সচিব টোডরমল্ল এবং সেনাপতি মানসিংহ বহুকাল বংগদেশ শাসন করিয়াছিলেন। তাঁহার সভায় বীরবল, তানসেন, আবুল ফজল প্রঃ অনেক গুণী-ব্যক্তি উপস্থিত থাকিতেন।

আগা খাঁ, সুলতান সার মহম্মদ শাহ্—(১৮৭৭—১৯৫৭ খ্রীঃ)। ভারতীয় খোজা মুসলমান সম্প্রদায়ের ধর্মগুরু। জন্ম করাচীতে। তাঁহার পিতা হুসেন আলি খাঁ পারস্য হইতে আসিয়া ভারতে বসতি করেন। তিনি আফগান যুদ্ধে ও সিন্ধু বিদ্রোহে ইংরেজ গভর্নমেণ্টের সাহায্য করিয়া বংশানুক্রমিক হিজ হাইনেস (His Highness) উপাধি লাভ করেন। রেসের ঘোড়ার মালিক হিসাবে ও ডার্বি রেসে কয়েকবার জয়লাভ করিয়া তাঁহার নাম প্রসিদ্ধি লাভ করে। মুসলীম লীগের প্রতিষ্ঠার তিনি অন্যতম উদ্যোক্তা।

আজমল খাঁ, হাকিম—(১৮৪২—১৯২৭ খ্রীঃ)। বিখ্যাত চিকিৎসক ও শিক্ষাব্রতী। পিতা হাকিম মামুদ খাঁ। তিনি মুসলীম লীগের ভাইস্-প্রেসিডেণ্ট ছিলেন। ১৯১৮ খ্রীষ্টাব্দে তিনি আমেদাবাদ কংগ্রেসের সভাপতি হন।

আজু গোসাঁঞি—সাধক কবি। প্রকৃত নাম অযোধ্যা-নাথ গোস্বামী। তিনি রামপ্রসাদের সমসাময়িক ছিলেন।

আন্টুনি—ফরাসডাঙ্গা-নিবাসী প্রসিদ্ধ কবিওয়ালা। তিনি জাতিতে ফরাসী, (কাহারও মতে) পোর্তুগিজ ছিলেন। কোন ব্রাহ্মণরমণীকে ভালবাসিয়া তিনি হিন্দু ভাবাপন্ন হইয়া উঠেন এবং উত্তমরূপে বাঙ্গালা ভাষা শিক্ষা করেন। সে সময়ে তাঁহার রচিত পদগুলি বিশেষ প্রসিদ্ধি লাভ করিয়াছিল।

আদম (Adam)—বাইবেল ও কোরান অনুসারে মানবজাতির আদিপুরুষ। বিশ্ব-সৃষ্টির পর ঈশ্বর প্রথমে আদমকে এবং পরে তাঁহার পাঁজর হইতে ইভ বা হবা বিবিকে সৃষ্টি করেন। তাঁহারা স্বর্গের নন্দন কাননে বাস করিতেন এবং নগ্ন অবস্থায় বিচরণ করিতেন। ঐ কাননে জ্ঞানবৃক্ষের ফল খাইতে ঈশ্বর তাঁহাদিগকে নিষেধ করেন। কিন্তু সর্পরূপী শয়তানের প্ররোচনায় ঈশ্বরের আদেশ লঙ্ঘন করিয়া ঐ ফল খাইলে আদম ও ইভের নগ্নতার জন্য লজ্জাবোধ হইতে লাগিল! ঈশ্বর ইহা জানিতে পারিয়া তাঁহাদিগকে নন্দন কানন হইতে বিতাড়িত করেন এবং পৃথিবীতে পাঠাইয়া দেন।

আদিশূর—বঙ্গদেশের প্রাচীনকালের প্রসিদ্ধ নৃপতি। প্রকৃত নাম বীরসেন বা শূরসেন। বাংলার সেন রাজাগণের আদি রাজা বলিয়া তাঁহার ঐ নাম হয়। ৭০০ খ্রীষ্টাব্দের কাছাকাছি কোন সময়ে তিনি রাজত্ব করিতেন বলিয়া অনুমান। তাঁহার রাজধানী ছিল গৌড় বা লক্ষ্মণাবতী। তিনি একবার যজ্ঞ সম্পাদনের জন্য উত্তর-পশ্চিম অঞ্চল হইতে পাঁচ জন ব্রাহ্মণ আনয়ন করেন। তাঁহারাই বারেন্দ্র শ্রেণীর ব্রাহ্মণগণের পূর্বপুরুষ এবং তাঁহাদের কায়স্থ ভৃত্য-গণ উত্তররাঢ়ী কায়স্থগণের আদিপুরুষ। কিছুকাল পরে তিনি পুত্র লাভের জন্য কান্যকুব্জ হইতে পাঁচ জন ব্রাহ্মণকে আনাইয়া পুত্রেষ্টি যজ্ঞ সম্পাদন করেন। ঐ ব্রাহ্মণগণ রাঢ়ী শ্রেণীর ব্রাহ্মণগণের আদিপুরুষ। তাঁহাদের সঙ্গে যে পাঁচ জন কায়স্থ আসেন, তাঁহারা দক্ষিণ রাঢ়ীয় কায়স্থগণের আদি-পুরুষ বলিয়া জনশ্রুতি আছে।

আনন্দ—বুদ্ধের জ্ঞাতিভ্রাতা ও সহচর। ভক্তি ও নিঃস্বার্থ সেবার জন্য তিনি প্রসিদ্ধ।

আনন্দ গিরি—(৯ শতক) শংকরাচার্যের শিষ্য। তিনি 'শংকরবিজয় জয়ন্তী'-নামক গ্রন্থ এবং 'শ্রীমদ্ভগবদ্-গীতা'র শাংকরভাষ্যের টীকা প্রণয়ন করিয়া খ্যাতি-লাভ করেন।

আনন্দচন্দ্র মিত্র—(১৮৫৪—১৯০৩ খ্রীঃ)। সুকবি। নিবাস ঢাকা-বিক্রমপুরের বজ্রযোগিনী গ্রাম। পিতা বঙ্গচন্দ্র মিত্র। তাঁহার রচিত কাব্যগ্রন্থগুলির মধ্যে 'হেলেনা কাব্য', 'ভাবতমঙ্গল', 'মিত্রকাব্য' উল্লেখ-যোগ্য। এছাড়া তিনি কিছু উপন্যাস, নাটক ও পাঠ্যপুস্তক রচনা করিয়া গিয়াছিলেন।

আনন্দ চার্লু—(১৮৪২—১৯০৭ খ্রীঃ)। শিক্ষাবিদ্ ও কংগ্রেসসেবক। ১৮৯১ খ্রীষ্টাব্দে কংগ্রেসের নাগপুর অধিবেশনে তিনি সভাপতিত্ব করেন।

আনন্দ, মুল্করাজ—(জন্ম ১৯০৫ খ্রীঃ)। বিখ্যাত ভারতীয় লেখক। 'Coolie', 'Untouchable' 'Two Leaves and a Bud' ইঃ তাঁহার প্রসিদ্ধ পুস্তক।

আনন্দমোহন বসু—(১৮৪৭—১৯০৬ খ্রীঃ)। শিক্ষা-বিদ ও কংগ্রেসসেবক। জন্মস্থান ময়মনসিংহ জেলার জয়সিদ্ধি গ্রাম। তিনি বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষায় প্রথম স্থান অধিকার করেন এবং প্রেমচাঁদ-রায়চাঁদ বৃত্তি লাভ করিয়া বিলাতে গমন করেন। কেম্ব্রিজ হইতে গণিতে র‍্যাংলার উপাধি লাভ করিয়া এবং পরে আইনের পরীক্ষায় উত্তীর্ণ হইয়া স্বদেশে ফিরিয়া কলিকাতা হাইকোর্টে আইন-ব্যবসায় আরম্ভ করেন। কলিকাতার সিটি কলেজ এবং ময়মনসিংহের আনন্দমোহন কলেজ তাঁহার প্রতিষ্ঠিত। কলিকাতা সাধারণ ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠারও তিনি একজন প্রধান উদ্যোক্তা ছিলেন। তিনি কংগ্রেসের পৃষ্ঠপোষক ছিলেন এবং ১৮৯৮ খ্রীষ্টাব্দে মাদ্রাজ কংগ্রেসে সভাপতিত্ব করেন।

আনন্দরাম ঢেকিয়াল ফুকন—(১৮২৯—১৮৫৯ খ্রীঃ)। আসামী লেখক ও সংস্কারক। গৌহাটীতে তাঁহার জন্ম। তাঁহার চেষ্টায় আসামের অফিস আদালতে বঙ্গভাষার পরিবর্তে আসামী ভাষা প্রচলিত হয়। তিনি বহু পাঠ্যপুস্তক লিখিয়াছিলেন, তাহার মধ্যে 'অসমীয়া লরার মিত্র'-নামক পুস্তকখানি সর্ব-শ্রেষ্ঠ।

আনন্দরাম বড়ুয়া—(১৮৫০—১৮৮৯ খ্রীঃ)। গৌহাটিতে এক সম্ভ্রান্তবংশে জন্ম। তিনি একজন আই সি এস ও ব্যারিস্টার ছিলেন। রচনা—Practical English-Sanskrit Dictionary.

আনারকলি—অপর নাম নাদিরা বেগম। কথিত আছে, যুবরাজ সেলিমের (পরে সম্রাট্ জাহাঙ্গীরের) দাসী ছিলেন। কথিত আছে, তাঁহার সহিত সেলিমের প্রণয় ঘটাতে সম্রাট্ আকবর তাঁহাকে জীবন্ত কবর দেন।

আন্সারি—গজনীর রাজসভার একজন প্রসিদ্ধ জ্ঞানী ব্যক্তি। তিনি কবি ও দার্শনিক ছিলেন। ১০৪০ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়।

আন্সারি, ডাক্তার—(১৮৮০—১৯৩৬ খ্রীঃ)। বিখ্যাত চিকিৎসক। জন্মস্থান বিহার-গাজীপুর। ১৯২০ খ্রীষ্টাব্দে তিনি মুসলীম লীগের সভাপতিত্ব লাভ করেন। ১৯২৭ খ্রীষ্টাব্দে তিনি মাদ্রাজ কংগ্রেসের সভাপতিত্ব করেন।

আপস্তম্ব—অষ্টাদশ ধর্মশাস্ত্রকারদের অন্যতম। তাঁহার রচিত সংহিতা দশ অধ্যায়ে সম্পূর্ণ।

আফজল খাঁ—বিজাপুরের শাসনকর্তার অধীন বিখ্যাত মুসলমান সেনাপতি। তিনি শিবাজীকে আক্রমণ করিবার জন্য প্রেরিত হন এবং শিবাজী কর্তৃক নিহত হন।

আবদুল কাদের জিলানী, হজরত—(১০৭৮—১১৬৬ খ্রীঃ)। পারস্য দেশের জিলান নামক স্থানে জন্ম। ১৭ বৎসর বয়সে বিদ্যাশিক্ষার্থ বোগদাদ গমনকালে জননী তাঁহার জামার আস্তরণের ভিতর ৪০টি স্বর্ণমুদ্রা সেলাই করিয়া দিয়াছিলেন এবং প্রাণান্তেও মিথ্যা কথা বলিতে নিষেধ করিয়া দিয়াছিলেন। পথে দস্যুগণ কর্তৃক আক্রান্ত হইয়া জিজ্ঞাসিত হইলে তিনি নিজের গুপ্তমুদ্রার সন্ধান বলিয়া দিলেন। বালকের সত্যবাদিতায় মুগ্ধ হইয়া দস্যু-গণ দস্যুবৃত্তি পরিত্যাগ করিয়া সাধু জীবন যাপনের সংকল্প করে।

আবদুল গফুর খাঁ—জন্মস্থান পেশোয়ার। তিনি কংগ্রেসসেবী ও মহাত্মা গান্ধীর একজন প্রধান অনু-চর ছিলেন। তিনি ১৯১২ খ্রীষ্টাব্দে দেশহিতকর কাজে যোগদান করেন। তিনি ১৯২২ খ্রীষ্টাব্দে তিন বৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হন। তিনি 'খুদা-ই-খিদমৎগার' নামক স্বেচ্ছাসেবকবাহিনীর সংগঠক। তিনি সাধারণের নিকট 'সীমান্ত গান্ধী' নামে পরিচিত। 'স্বাধীন পাখ্তুন' আন্দোলনের প্রধান সমর্থক বলিয়া তাঁহাকে পাকিস্তান সরকার বন্দী করিয়া রাখেন।

আবদুল লতিফ নবাব—(১৮২৮—১৮৯৩ খ্রীঃ)। শিক্ষাব্রতী। ফরিদপুর জেলার এক সম্ভ্রান্ত মুসল-

মান বংশে তাঁহার জন্ম। প্রেসিডেন্সি কলেজ স্থাপনে তিনি একজন প্রধান উদ্যোক্তা ছিলেন। কিছুকাল তিনি ভূপাল রাজ্যের প্রধান মন্ত্রীর পদে নিযুক্ত হন।

আবদুল্লা—(?—৫৭০ খ্রীঃ)। মুসলমানধর্মের প্রবর্তক মোহাম্মদের পিতা। তাঁহার পত্নীর নাম আমিনা।

আবুবকর সিদ্দিক—(৫৭৩—৬৩৪ খ্রীঃ)। প্রথম মুসলমান খলিফা। প্রকৃত নাম আবডেল্ কাবা। জন্ম মক্কায়। হজরত মোহাম্মদের পত্নী আয়েশার পিতা। মোহাম্মদ তাঁহাকে খলিফা নিযুক্ত করিয়া যান। কিন্তু মোহাম্মদের জামাতা আলি তাঁহার দাবি অগ্রাহ্য করেন। আবুবকরের অনুচরগণ সুন্নী সম্প্রদায় নামে অভিহিত। সত্যবাদিতার জন্য তিনি 'সিদ্দিক' নামে অভিহিত হইতেন।

আবু মাসার—(৮০৫—৮৮৫ খ্রীঃ)। বিখ্যাত আরবীয় জ্যোতির্বিদ্। তাঁহার প্রণীত জ্যোতির্বিদ্যা-বিষয়ক পুস্তকের নাম 'কিতাব-উল্-উল্ফ'। তিনি ঐ বিষয়ে আরও অনেক গ্রন্থ রচনা করিয়াছিলেন। ঐ পুস্তকগুলি ১৮৫৬ খ্রীঃ ভিনিস নগরে লাটিন অক্ষরে মুদ্রিত হইয়াছিল। মধ্য এশিয়ার ওয়াসিদ নামক স্থানে তিনি মারা যান।

আবু-অনসুর জাফরাল সুফী—(? ৯৫০)। আরব-দেশের রসায়ন শাস্ত্র তাঁহার দ্বারা উদ্ভাবিত হইয়াছিল। রসায়ন সম্বন্ধে তিনি বহু প্রবন্ধ লেখেন। ৫৮৫ রকম ঔষধের কথা তিনি লিখিয়া গিয়াছেন।

আবুল কালাম আজাদ, মৌলানা—(১৮৮৯—১৯৫১ খ্রীঃ)। ভারতীয় যুক্তরাষ্ট্রের ভূতপূর্ব শিক্ষামন্ত্রী। জন্মস্থান মক্কায়। পিতা মৌলানা মহম্মদ খৈয়রুদ্দীন। তিনি ১৮৯৮ সালে ভারতবর্ষে আসেন। তিনি কায়রোতে 'আল্-আজ্হার' বিশ্ববিদ্যালয় হইতে ধর্মবিজ্ঞানে শিক্ষালাভ করেন এবং 'আল্ হিলাল' নামে একখানি উর্দু পত্রিকা কলিকাতায় প্রকাশ করেন। আজাদ খিলাফৎ আন্দোলনের এক-জন প্রসিদ্ধ নেতা ছিলেন। ১৯২৩ সালে দিল্লীতে কংগ্রেসের বিশেষ অধিবেশনে তিনি সভাপতিত্ব করেন। ১৯৩০ সালে তিনি আবার সভাপতি হন। ১৯৪৭ সালে ভারতীয় যুক্তরাষ্ট্রের শিক্ষামন্ত্রী নিযুক্ত হন।

আবুল ফজল—(১৫৫১—১৬০২ খ্রীঃ)। ভারতীয় ঐতিহাসিক। জন্মস্থান আগ্রা। পিতার নাম মুবারিক। তিনি সম্রাট্ আকবরের সভাসদ্ ছিলেন। 'আকবরনামা' ও 'আইন-ই-আকবরি' নামক প্রসিদ্ধ গ্রন্থদ্বয় তাঁহার প্রণীত। জাহাঙ্গীর তাঁহাকে হত্যা করেন।

আবুল ফৈজী—সম্রাট্ আকবরের প্রধান অমাত্য এবং প্রসিদ্ধ পারসিক কবি। আবুল ফজল তাঁহার কনিষ্ঠ সহোদর।

আবু সীনা—(৯৮০—১০৩৭ খ্রীঃ)। বিখ্যাত মুসলমান দার্শনিক ও চিকিৎসক। বুখারা নগরে জন্ম। তিনি বাগদাদের সুলতানের চিকিৎসকের পদ লাভ করেন। তিনি দর্শন, গণিত, জ্যামিতি প্রঃ বিষয়ক শতাধিক পুস্তক রচনা করেন।

আব্বাস—(৫৬৬—৬৫২ খ্রীঃ)। মুসলমান-ধর্মপ্রবর্তক মোহাম্মদের পিতৃব্য। আবুল আব্বাস নামে তাঁহার এক বংশধর বাগদাদে খলিফা হন। জগদ্বিখ্যাত হারুন্-অর্-রশীদ তাঁহারই বংশধর ছিলেন।

আব্বাস, দ্বিতীয়—(১৮৭৪—১৯২৩ খ্রীঃ)। মিশরের ভূতপূর্ব শাসনকর্তা। ১৮৯২ সালে ক্ষমতাপ্রাপ্ত হন এবং ১৯১৪ সালে পদত্যাগ করিতে বাধ্য হন।

আমহার্স্ট লর্ড (Amherst, Lord)—(১৭৭৩—১৮৫৭ খ্রীঃ)। ভারতের প্রাক্তন বড়লাট। ১৮২৩ খ্রীষ্টাব্দ হইতে ১৮২৮ খ্রীষ্টাব্দ পর্যন্ত তিনি ভারতের গভর্নর-জেনারেলের পদে অধিষ্ঠিত ছিলেন।

আমাণ্ডসেন, ক্যাপ্টেন রোয়াল্ড (Amundsen, Captain Roald)—(১৮৭২—১৯২৮ খ্রীঃ)। নরওয়ে দেশীয় আবিষ্কারক। ১৯১০ খ্রীষ্টাব্দে তিনি দক্ষিণ-মেরু আবিষ্কারের নিমিত্ত গমন করেন এবং ১৯১১ খ্রীষ্টাব্দের ১৬ই ডিসেম্বর দক্ষিণ-মেরুতে পেঁছান। ১৯২৫ খ্রীষ্টাব্দে তিনি উড়ো-জাহাজে উত্তর-মেরুতে পেঁাছিবার নিমিত্ত যাত্রা করেন এবং ১৯২৬ খ্রীষ্টাব্দে উত্তর-মেরুর উপর দিয়া উড়িয়া যান। নোবাইল অভিযানকারী-দের খুঁজিতে গিয়া তিনি উত্তর-মেরুতে মারা যান।

আমানুল্লা—(জন্ম ১৮৯২ খ্রীঃ)। আফগানিস্তানের আমীর বা রাজা। ১৯১৯ খ্রীষ্টাব্দে তাঁহার পিতা আমীর হবিবুল্লা গুপ্তঘাতকের হস্তে নিহত হইলে তাঁহার খুড়া নাসিরুল্লা আমীর হন। কিন্তু অল্প-কাল পরে আমানুল্লা সিংহাসন লাভ করেন। তিনি ১৯২৮ খ্রীষ্টাব্দে পত্নী সৌরীয়াকে সঙ্গে লইয়া ইওরোপে বেড়াইতে যান এবং তথা হইতে ফিরিয়া আসিয়া স্বদেশে শিক্ষাবিস্তার ও মেয়েদের পর্দা-প্রথার লোপ প্রঃ প্রবর্তনের চেষ্টা করেন। তাঁহার এই সংস্কার-চেষ্টায় গোঁড়া সম্প্রদায় বিদ্রোহী হইয়া উঠে। এই গোলযোগে বাচ্চা-ই-সাক্কাও নামে এক দস্যুসর্দার তাঁহার সৈন্যদলকে আক্রমণ ও পরাজিত করে। ১৯২৯ সালে তিনি সিংহাসন ত্যাগ করিতে বাধ্য হন।

আমীনচাঁদ (আমীরচাঁদ)—সিরাজউদ্দৌলার সময়ের একজন শিখ। অপর নাম 'উমিচাঁদ'। তিনি তেজারতি ব্যবসায় করিতেন। রাজদ্রোহী ষড়যন্ত্র-কারীদের সহিত ক্লাইভের গুপ্তসন্ধির কথা তিনি জানিতেন বলিয়া ক্লাইভ প্রচুর অর্থ দিয়া তাঁহার মুখ বন্ধ করিতে চেষ্টা করেন। পরে অবশ্য এক জাল সন্ধিপত্রের বলে তাঁহাকে তাহা হইতে বঞ্চিত করেন।

আমীন পাশা—(১৮৪০—১৮৯২ খ্রীঃ)। আফ্রিকা-দেশীয় বিখ্যাত আবিষ্কারক। কিছুকাল তিনি সুদানের শাসনকার্যের সহিত সংশ্লিষ্ট ছিলেন। তিনি ১৮৮৩ খ্রীষ্টাব্দে মিশর হইতে বিতাড়িত হইয়া আফ্রিকার বাহিরে চলিয়া যান। পরে পুনরায়

আফ্রিকায় ফিরিয়া আসিলে আরবেরা তাঁহাকে হত্যা করে।

আমীর আলি, সৈয়দ—(৬ই এপ্রিল, ১৮৪৯—৩রা অগস্ট, ১৯২৮ খ্রীঃ)। প্রথম ভারতীয় প্রিভি কাউন্সিলার। জন্মস্থান হুগলী জেলার চুঁচুড়া। ১৮৮৪ খ্রীষ্টাব্দে তিনি ঠাকুর-আইনের অধ্যাপক নিযুক্ত হন। ১৮৯০ হইতে ১৯০৪ খ্রীষ্টাব্দ পর্যন্ত তিনি হাইকোর্টের অন্যতম বিচারপতির পদে অধিষ্ঠিত ছিলেন। ১৯০৯ খ্রীষ্টাব্দে প্রিভি কাউন্সিলের সদস্য হইয়া বিলাতে যান ও সেইখানেই মারা যান। মুসলমান আইন সম্বন্ধে তাঁহার কতকগুলি মূল্যবান্ গ্রন্থ আছে।

আমীর খুসরু—সুলতান গিয়াসুদ্দীন বলবনের সভাকবি। তাঁহার লিখিত বৃত্তান্ত হইতে সে সময়কার অনেক ঘটনা জানা যায়।

আমেরিগো ভেসপুচি (Amerigo Vespucci)—(১৪৫১—১৫১২ খ্রীঃ)। ইতালীয় নাবিক। জন্মস্থান ইতালীর ফ্লোরেন্স শহর। ১৪৯৯ খ্রীষ্টাব্দে তিনি দক্ষিণ আমেরিকায় উপস্থিত হইয়া ঐ স্থানের বহু তথ্য সংগ্রহ করেন। ইহার পূর্বেই ক্রিস্টোফার কলম্বস নামে ইতালীর অপর এক নাবিক আমেরিকা মহাদেশের সন্নিহিত অঞ্চলে যান এবং সাধারণতঃ তাঁহাকেই এই নূতন মহাদেশের আবিষ্কর্তা বলিয়া গণ্য করা হয়। কিন্তু নানা কারণে পরবর্তী আবিষ্কর্তা আমেরিগোর নামানুসারেই নূতন আবিষ্কৃত মহাদেশের নাম হয় আমেরিকা।

আম্বেদকর, ডাঃ ভীমরাও রামজী—ভারতীয় যুক্তরাষ্ট্রের পূর্বতন আইনমন্ত্রী ও ভারতীয় সংবিধানের খসড়ালেখক। ১৯২৩ খ্রীষ্টাব্দে আইন ব্যবসায়ে যোগ দেন। ব্রিটিশ-রাজত্বকালে তিনি অনুন্নত হিন্দু সম্প্রদায়ের প্রতিনিধিরূপে বিলাতের গোলটেবিল বৈঠকে যোগদান করিয়াছিলেন। ১৯৪৭ খ্রীষ্টাব্দে তিনি স্বাধীন ভারতের আইনমন্ত্রী হন এবং ১৯৪৯ খ্রীষ্টাব্দে তিনি ভারতীয় সংবিধানের খসড়া রচনা করেন।

আয়ান—বৃন্দাবনবাসী গোপ বিঃ। তিনি শ্রীকৃষ্ণের মাতুল ও শ্রীরাধার লৌকিক স্বামী। তিনি ক্লীব ছিলেন। (হরি)

আয়েঙ্গার, গোপালস্বামী—'গোপালস্বামী আয়েঙ্গার' দ্রঃ।

আয়েশা—(? ৬১১—৬৭৮ খ্রীঃ)। মুসলমান ধর্মপ্রবর্তক মোহাম্মদের তৃতীয় পত্নী ও হজরত আবুবকরের কন্যা।

আয়োদধৌম্য—বিখ্যাত প্রাচীন ঋষি বিঃ। তাঁহার আরুণি, উপমন্যু ও বেদ নামে তিনজন বিখ্যাত শিষ্য ছিলেন। (ভারত)

আরবী পাশা—(১৮৩৯—১৯১১ খ্রীঃ)। মিশরের জাতীয়তাবাদী নেতা। প্রকৃত নাম আরবী আমেদ। ১৮৮২ খ্রীষ্টাব্দের মিশরীয় বিদ্রোহে তিনি নেতৃত্ব গ্রহণ করেন এবং মিশরে সর্বপ্রকার ইওরোপীয় হস্তক্ষেপের বিরুদ্ধে বিরোধিতা করেন। কিন্তু ব্রিটিশ নৌ-সেনার সঙ্গে যুদ্ধে পরাস্ত হইয়া তিনি সিংহলে নির্বাসিত হন। ১৯০১ খ্রীষ্টাব্দে মুক্তিলাভ করিয়া তিনি মিশরে ফিরিয়া আসেন।

আরুণি—মহর্ষি আয়োদধৌম্যের শিষ্য। নিবাস পাঞ্চালদেশ। তিনি গুরুর আদেশে ক্ষেত্রের জল বন্ধ করিতে যান, কিন্তু বাঁধ দিতে পারিলেন না। তখন আলের উপর শয়ন করিয়া নিজের শরীর দ্বারা জল নিরোধ করিলেন। সন্ধ্যা হইয়া যাইতেছে, অথচ আরুণি ফিরিলেন না দেখিয়া ক্ষেত্রের নিকট গিয়া গুরু তাঁহার নাম ধরিয়া ডাকিতে লাগিলেন। আরুণি কাদা-মাখা দেহে আল হইতে উঠিয়া আসিলেন। গুরু তাঁহাকে আশীর্বাদ করিয়া জানাইলেন যে, অতঃপর তাঁহার নাম উদ্দালক হইবে। (ভারত)

আর্করাইট (Arkwright, Sir Richard)—(১৭৩২—১৭৯২ খ্রীঃ)। ইংরেজ আবিষ্কারক। জন্ম ইংলণ্ডের ল্যাঙ্কাশায়ারের অন্তর্গত প্রেস্টনে। প্রথম জীবনে তিনি নাপিতের কাজ করিতেন। তিনি বয়নযন্ত্র-নির্মাণের চেষ্টা করিতে থাকেন এবং ফলে জল দ্বারা চালিত এক অভিনব বয়নযন্ত্রের আবিষ্কার করেন। ১৭৬৭ খ্রীষ্টাব্দে তিনি বয়নযন্ত্রের প্রথম পেটেন্ট গ্রহণ করিয়াছিলেন। ১৭৮৬ খ্রীষ্টাব্দে তিনি 'নাইট' উপাধিতে ভূষিত হন।

আর্কিমীডীস (Archimedes)—(? ২৭২—২১২ খ্রীঃ পূঃ)। প্রসিদ্ধ গ্রীক গণিতবেত্তা। সিসিলি দ্বীপের সাইরাকিউস নগর তাঁহার জন্মস্থান। গণিত ও দর্শনশাস্ত্রে তাঁহার অগাধ পাণ্ডিত্য ছিল। আপেক্ষিক গুরুত্ব (Specific Gravity)-তত্ত্বের তিনি আবিষ্কার করেন। তাহা ছাড়া 'লিভার' (Lever) এবং 'আর্কিমীডীয়ান্ স্ক্রু' (Archimedean Screw) তাঁহার আবিষ্কৃত। কথিত আছে, একবার কাচ হইতে সূর্যকিরণ প্রতিফলিত করিয়া তিনি সাইরাকিউস-আক্রমণকারী রোমীয় নৌবাহিনী ভস্মসাৎ করেন। তারপর রোমীয় সৈন্যগণ খ্রীঃ পূঃ ২১২ অব্দে সাইরাকিউস অধিকার করে এবং গবেষণানিরত আর্কিমীডীসকে হত্যা করে।

আর্গাস (Argus)—একশত চক্ষুবিশিষ্ট দেবতা বিঃ। তিনি পর্যায়ক্রমে দুইটি করিয়া চক্ষু বন্ধ করিয়া নিদ্রা যাইতেন। (গ্রীক পুঃ)

আর্টাজারক্সেজ (Artaxerxes)—পারস্যে এই নামের তিনজন রাজা রাজত্ব করেন। প্রথম আর্টাজারক্সেজের পিতা সম্রাট্ জারক্সেজ খ্রীঃ পূঃ ৫ম শতাব্দীতে গ্রীস দেশ জয় করেন। শেষ আর্টাজারক্সেজ খ্রীঃ পূঃ তৃতীয় শতাব্দীতে মিডিয়া রাজ্য জয় করেন।

আর্থার (Arthur)—খ্রীষ্টীয় ষষ্ঠ শতাব্দীর ইংলণ্ডের এক প্রসিদ্ধ রাজা। তাঁহার সম্বন্ধে অনেক গল্প প্রচলিত আছে। কথিত আছে, তাঁহার সময়ে একশত জন প্রসিদ্ধ নাইট লইয়া 'রাউণ্ড টেবিল' নামক বীরসম্প্রদায় গঠিত হইয়াছিল।

আর্নল্ড, এডুইন (Arnold, Sir Edwin)—(১৮৩২—১৯০৪ খ্রীঃ)। ইংরেজ কবি। ইংলণ্ডের

গ্রেভ্‌স্ এণ্ড-নামক স্থানে জন্ম। তাঁহার বই-গুলির মধ্যে 'লাইট অব এশিয়া' ও 'লাইট অব দি ওয়ার্ল্ড' বিশেষ প্রসিদ্ধ।

আর্নল্ড, ম্যাথ্যু (Arnold, Matthew)—(১৮২২—১৮৮৮ খ্রীঃ)। ভিক্টোরিয়া যুগের প্রসিদ্ধ ইংরেজ কবি ও সমালোচক। পিতা টমাস আর্নল্ড, তাঁহার প্রণীত 'সোরাব অ্যাণ্ড রুস্তম'-নামক কাব্যগ্রন্থ এবং 'এজেস ইন্ ক্রিটিসিজ্‌ম্'-নামক সমালোচনাগ্রন্থ বিখ্যাত।

আর্ভিং ওয়াশিংটন (Irving, Washington)—(১৭৮৩—১৮৫৯ খ্রীঃ)। প্রখ্যাত সাহিত্যিক ও জীবনীলেখক। জন্মস্থান নিউইয়র্ক শহর। গোল্ড-স্মিথ্ ও কলম্বস, মোহাম্মদ ও জর্জ ওয়াশিংটনের জীবনী লিখিয়া খ্যাতি লাভ করেন। তাঁহার রচিত 'Widow and Her Son', 'Rip van Winkle' প্রঃ গল্প বিশেষ প্রসিদ্ধ।

আর্যভট্ট—(জন্ম ৪৭৬ খ্রীঃ)। প্রাচীন ভারতের প্রসিদ্ধ জ্যোতির্বেত্তা গাণিতিক। তিনি পৃথিবীর আহ্নিক গতির কথা জানিতেন। 'সূর্যসিদ্ধান্ত' ও 'বীজ-গণিত'-নামক দুইখানি প্রসিদ্ধ গ্রন্থ তিনি রচনা করিয়া গিয়াছেন।

আলতামাস—'ইলতুৎমিস' দ্রঃ।

আলপ্তগীন—গজনী রাজ্যের প্রতিষ্ঠাতা। তিনি প্রথমে খোরাসান ও বোখারার সামানী-বংশীয় কোন নৃপতির ক্রীতদাস ছিলেন। আনুমানিক ৯৬২ খ্রীষ্টাব্দে তিনি কাবুল ও কান্দাহারের মধ্যে একটি ক্ষুদ্র রাজ্যের প্রতিষ্ঠা করেন।

আলফন্সো (Alfonso, the Wise)—(১২২১—১২৮৪ খ্রীঃ)। স্পেনের লিঁয় ও কাস্টাইলের প্রসিদ্ধ বিদ্বান্ নরপতি। তিনি 'আলফন্সো দশম' নামে খ্যাত। তাঁহার রাজত্বকাল ১২৫২ হইতে ১২৮৪ খ্রীষ্টাব্দ পর্যন্ত। তিনি রসায়ন ও দর্শন শাস্ত্রের অনেকগুলি গ্রন্থ রচনা করেন, বহু আইন বিধিবদ্ধ করেন এবং তাঁহারই পৃষ্ঠপোষকতায় স্পেনের একটি ইতিহাস রচিত হয়।

আলফন্সো দোদে (Alphonse Daudet)—(১৮৪০—১৮৯৭ খ্রীঃ)। ফরাসী ঔপন্যাসিক। রসরচনায় তিনি সিদ্ধহস্ত ছিলেন। 'Tartarin de Tarascon' লিখিয়া তিনি বিশেষ প্রসিদ্ধ হন।

আলবার্ট (Albert, Prince Francis Augustus Charles Emmanuel)—(১৮১৯—১৮৬১ খ্রীঃ)। মহারানী ভিক্টোরিয়ার স্বামী। জাতিতে জার্মান।

আলবার্ট (Albert, King of Belgium)—(১৮৭৫—১৯৩৪ খ্রীঃ)। বেলজিয়ামের রাজা। প্রথম বিশ্বযুদ্ধের প্রারম্ভে জার্মানী সন্ধির শর্ত অমান্য করিয়া বেলজিয়ামের ভিতর দিয়া সৈন্য চালনা করিতে গেলে তিনি বাধা দেন।

আলবুকার্ক (Albuquerque)—(১৪৫৩—১৫১৫ খ্রীঃ)। পোর্তুগিজ রাজপ্রতিনিধি। তাঁহার চেষ্টায় ভারতবর্ষের গোয়ায় পোর্তুগালের শাসন সুপ্রতি-ষ্ঠিত হয়।

আলবেরুনি—বিখ্যাত গণিতজ্ঞ ও জ্যোতির্বিৎ। তাঁহার অপর নাম আবু রিহান। তিনি সুলতান মামুদের সহিত ভারতে আগমন করেন। তিনি সংস্কৃত শিক্ষা করেন এবং দর্শন, জ্যোতিষতত্ত্ব ও গণিত অধ্যয়ন করেন। ১০৩০ খ্রীষ্টাব্দে তিনি আরবীয় ভাষায় ভারত সম্বন্ধে এক মূল্যবান্ ঐতি-হাসিক গ্রন্থ রচনা করেন।

আলমগীর ১ম—'আওরংগজেব' দ্রঃ।

আলমগীর ২য়—১৭৫৪ হইতে ১৭৫৯ খ্রীষ্টাব্দ পর্যন্ত তিনি দিল্লীর সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। তাঁহার শাসনকালে আহ্‌মদ শাহ্ আবদালী দুই-বার ভারত আক্রমণ করেন।

আলাউদ্দীন খাঁ (ওস্তাদ)—বিখ্যাত সংগীতজ্ঞ। জন্মস্থান ত্রিপুরা। নিবাস মাইহার রাজ্য। পিতার নাম সদু খাঁ। মাতার নাম সুন্দরী। তাঁহার পূর্ব-পুরুষ ছিলেন বাঙ্গালী ব্রাহ্মণ, নাম দীননাথ শর্মা। তিনি উদয়শংকরের নেতৃত্বে ইওরোপের বিভিন্ন স্থানে পরিভ্রমণ করেন। বিখ্যাত স্বরোদ-বাজিয়ে তিমিরবরণ তাঁহার শিষ্য।

আলাউদ্দীন খিলজি—ভারতের অত্যাচারী ও নৃশংস মুসলমান (তুর্কি-আফগান) সম্রাট্। খুল্ল-তাত জালালউদ্দীন খিলজির সেনাপতি হইয়া তিনি দেবগিরি ও মহারাষ্ট্র জয় করেন। খুল্লতাত জালালউদ্দীনের মৃত্যুর পর তিনি সুলতান হন। ১২৯৬ হইতে ১৩১৬ খ্রীষ্টাব্দ পর্যন্ত তিনি সুলতান ছিলেন। ১২৯৭ খ্রীষ্টাব্দে তিনি গুজরাট জয় করেন এবং ১৩০৩ খ্রীষ্টাব্দে চিতোর আক্রমণ ও জয় করেন ('পদ্মিনী' দ্রঃ)। তাঁহার সময়ে মোগলগণ পাঁচবার ভারত আক্রমণের চেষ্টা করিয়া প্রতিহত হয়। ১৩১৬ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়।

আলাওল সাহেব, সৈয়দ—(সপ্তম শতাব্দী)। বঙ্গীয় মুসলমান কবি। ফরিদপুর জেলার জালালপুর গ্রামে তাঁহার জন্ম হয়। আরাকানের বৌদ্ধ রাজা শ্রীচন্দ্র সুধর্মার আশ্রয়ে থাকিয়া তিনি হিন্দী 'পদুমাবৎ' কাব্যের আদর্শে বাঙলা ভাষায় 'পদ্মা-বতী' কাব্য রচনা করেন। তিনি 'সৈফুল মুলুক্ বদিউজ্জমাল', 'দারা সিকন্দর নামা' প্রভৃতি কয়েক-খানি ফার্সী গ্রন্থের বাঙ্গালা কবিতায় অনুবাদ করেন। ইহা ছাড়া কৃষ্ণলীলাবিষয়ক বহু কবিতা তিনি রচনা করিয়াছেন।

আলি হজরত—(৬০০—৬৬১ খ্রীঃ)। চতুর্থ খলিফা। হজরত মোহাম্মদের শিষ্য এবং জামাতা। তিনি মোহাম্মদের পিতৃব্য আবুতালিবের পুত্র। তাঁহার ঔরসে মোহাম্মদের কন্যা ফাতেমা বিবির গর্ভে হাসেন ও হোসেন নামে দুই পুত্র জন্মগ্রহণ করেন। তৃতীয় খলিফা ওসমানের মৃত্যুর পর ৬৫৬ খ্রীষ্টাব্দে তিনি খলিফার পদ লাভ করেন এবং ৬৬১ খ্রীষ্টাব্দে গুপ্তঘাতক কর্তৃক আহত হইয়া মারা যান।

আলীবর্দী খাঁ—(১৬৭৬—১৭৫৬ খ্রীঃ)। নবাব

সিরাজউদ্দৌলার পূর্ববর্তী নবাব ও তাঁহার মাতামহ। প্রকৃত নাম আল্লাবর্দী খাঁ। আলীবর্দী সরফরাজকে আক্রমণ ও নিহত করিয়া বাংলার মসনদ অধিকার করেন। তাঁহার সময়ে বাংলায় বর্গীর হাংগামা হয়। তিনি চক্রান্ত করিয়া বর্গীনেতা ভাস্কর পণ্ডিতের প্রাণনাশ করেন। ইহাতে বর্গীরা বাংলায় অমানুষিক অত্যাচার করে। পর বৎসরে বার লক্ষ টাকা চৌথ দিবার অংগীকার করিয়া এবং উড়িষ্যা প্রদেশ ছাড়িয়া দিয়া তিনি বর্গীদিগের হস্ত হইতে বাংলাকে রক্ষা করেন। তাঁহারই অনুমতিক্রমে কলিকাতাবাসী ইংরেজগণ বর্গীদের প্রতিরোধকল্পে 'মারহাট্টা ডিচ্'-নামক খাল খনন করেন।

আলেকজান্ডার, দি গ্রেট (Alexander, the Great) —(৩৫৬—৩২৩ খ্রীঃ পূঃ)। পিতা গ্রীসদেশের অন্তর্গত মাসিডনের রাজা ফিলিপ, মাতা ওলিম্পিয়া। তিনি প্রসিদ্ধ পণ্ডিত অ্যারিস্টটলের নিকট শিক্ষালাভ করেন। বিশ বৎসর বয়সে তিনি সিংহাসনে আরোহণ করেন। তিনি দিগ্বিজয়ে বাহির হইয়া পারস্য, ডামস্কস, বেবিলন ও মুসা নগর এবং মিশর অধিকার করেন। টায়ার নগরী, তুরস্কের রাজধানী পার্সিপলিস নগর ধ্বংস করেন, আলেকজান্দ্রিয়া নগরী স্থাপিত করেন এবং ৩২৬ খ্রীঃ পূঃ অব্দে ভারতে আসিয়া পুরুর সহিত যুদ্ধ করেন। পুরু পরাজিত হন [কোন কোন ঐতিহাসিকের মতে পুরুর নিকট তিনিই পরাজিত হন]। অতঃপর সৈন্যগণ স্বদেশগমনের জন্য অস্থির হওয়াতে তিনি স্বদেশাভিমুখে প্রস্থান করেন। পথে বেবিলনে তাঁহার মৃত্যু হয়।

আলেকজান্ডার দ্বিতীয় (Alexander II, Czar)—(১৮১৮—১৮৮১ খ্রীঃ)। রুশ সম্রাট্। ১৮৬১ সালে তিনি ২ কোটি ৩০ লক্ষ ক্রীতদাসকে মুক্তি দেন। তাঁহার সময়ে পোল্যান্ডে যে গণবিদ্রোহ ঘটে, তাহাও তাঁহার রাজত্বকালের একটি উল্লেখযোগ্য ঘটনা।

আশানন্দ ঢেঁকি—খ্রীষ্টীয় ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগের বাংগালী ব্রাহ্মণ বীর। জন্মস্থান নদীয়া জেলার শান্তিপুর গ্রাম। তিনি অত্যন্ত শক্তিশালী ছিলেন বলিয়া জমিদারগণ তাঁহার মারফত কালেক্টরিতে টাকা পাঠাইতেন। একদিন এইভাবে জমিদারের টাকা লইয়া কোন আত্মীয়ের গৃহে রাত কাটাইবার সময় তিনি একদল দস্যু কর্তৃক আক্রান্ত হইয়া ঢেঁকির প্রহারে তাহাদিগকে তাড়াইয়া দেন। এই জন্য তাঁহার পদবী ঢেঁকি হয়।

আশাপূর্ণা দেবী—(জন্ম ১৯০৯ খ্রীঃ)। পৈতৃক বাস হুগলী জেলার বেগমপুর গ্রাম। পিতা হরেন্দ্রনাথ গুপ্ত। ১৯২৪ খ্রীষ্টাব্দে শ্রীকালিদাস গুপ্তের সহিত তাঁহার বিবাহ হয়। তিনি ১৯৫৪ খ্রীষ্টাব্দে লীলা পুরস্কার লাভ করেন। কয়েকটি গ্রন্থ—'জল আর আগুন', 'অনির্বাণ', 'বলয়গ্রাস', 'অগ্নিপরীক্ষা', 'শোন শোন গল্প শোন' ইত্যাদি।

আশুতোষ (দেব) মজুমদার—(১৮৬৭—১৯৪০ খ্রীঃ)। খ্যাতনামা গ্রন্থ-রচয়িতা ও পুস্তক-প্রকাশক। পিতা বরদাপ্রসন্ন (দেব) মজুমদার। দেব সাহিত্য কুটীর প্রাইভেট লিমিটেড নামক বিখ্যাত পুস্তক প্রকাশন ব্যবসায়ের প্রতিষ্ঠাতা। বহু অভিধান ও অর্থপুস্তক প্রকাশ করিয়া তিনি বিশেষ প্রশংসা অর্জন করেন।

আশুতোষ দেব—(১৮০৫—১৮৫৬ খ্রীঃ)। তিনি ছাতুবাবু নামেই অধিক পরিচিত। তিনি দাতা, বিদ্যোৎসাহী ও পরোপকারী ছিলেন। তিনি সংগীতজ্ঞ ছিলেন।

আশুতোষ মুখোপাধ্যায়—(২৯শে জুন, ১৮৬৪ —২৫শে মে, ১৯২৪ খ্রীঃ)। বিশিষ্ট আইনজ্ঞ ও শিক্ষাব্রতী। পিতা ডাক্তার গংগাপ্রসাদ মুখোপাধ্যায়। জন্ম কলিকাতার ভবানীপুরে। তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের জন্য প্রাণপাত পরিশ্রম করিয়া গিয়াছেন। ২৫ বৎসর বয়সে বিশ্ববিদ্যালয়ের সদস্য নিযুক্ত এবং পর পর চারিবার তাহার ভাইস্-চ্যান্সেলার মনোনীত হন। ১৯০৮ খ্রীষ্টাব্দে তিনি এসিয়াটিক সোসাইটির সভাপতি হন। ১৯০৪ খ্রীষ্টাব্দে তিনি হাইকোর্টের অন্যতম বিচারপতির ও ১৯২০ খ্রীষ্টাব্দে কিছুকালের জন্য প্রধান বিচারপতির পদ লাভ করেন। ১৯২৩ খ্রীষ্টাব্দে বিচারপতির পদ হইতে অবসর গ্রহণ করিয়া কিছুকাল পরে বিখ্যাত ডুমরাঁও মামলায় ডুমরাঁওয়ের রাজার পক্ষে নিযুক্ত হইয়া তিনি পাটনায় গমন করেন। সেই সময়ে হঠাৎ অন্ত্রস্ফীতিরোগে তাঁহার প্রাণবিয়োগ হয়।

আসানুল্লা খাজা, নবাব—(১৮৪৬—১৯০১ খ্রীঃ)। দানবীর। ঢাকার নবাব বাহাদুর খাজা আবদুল গণির পুত্র। তিনি ১১ লক্ষ টাকার অধিক দান করিয়া গিয়াছেন।

আস্তিক, আস্তীক—জরৎকারু মুনির পুত্র। মাতা সর্পরাজ বাসুকীর ভগিনী মনসাদেবী। রাজা জনমেজয় তক্ষকদংশনে মৃত পিতা পরীক্ষিতের মৃত্যুর প্রতিশোধের জন্য সর্পযজ্ঞ করেন। আস্তিক যজ্ঞস্থানে গিয়া পূর্ণাহুতি প্রার্থনা করিয়া সর্পকুলকে রক্ষা করেন। (ব্রহ্মবৈ, ভারত)

আহ্মদ শাহ আবদালী—সাধারণতঃ তিনি আহ্মদ শাহ্ দুররানী' নামে পরিচিত। তিনি পারস্যের বিখ্যাত রাজা নাদির শাহের সৈন্যবিভাগের পদস্থ কর্মচারী ছিলেন। ১৭৬১ খ্রীষ্টাব্দে পানিপথের তৃতীয় যুদ্ধে তিনি মারাঠাদের পরাজিত করিয়া শাহ্ আলমকে দিল্লীর সিংহাসনে বসাইয়া চলিয়া যান। ১৭৭২ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়।

আহ্মদ, সৈয়দ—(১৮১৭—১৮৯৮ খ্রীঃ)। উত্তর প্রদেশের একটি সম্ভ্রান্ত পরিবারে তাঁহার জন্ম হয়। ১৮৭৮ খ্রীষ্টাব্দ হইতে চারি বৎসর আহ্মদ বড়লাটের শাসন-পরিষদের অতিরিক্ত সদস্য ছিলেন। আলিগড় কলেজ তাঁহারই প্রতিষ্ঠিত।

ই

ইউক্লিড (Euclid)—প্রসিদ্ধ গ্রীক জ্যামিতিক। তিনি খ্রীষ্টপূর্ব তৃতীয় শতাব্দীতে বর্তমান ছিলেন। প্রথম টমেলির সময়ে (৩২৩—২৮৩ খ্রীঃ পূঃ) তিনি আলেকজান্দ্রিয়াতে বাস করিতেন। তাঁহার রচিত জ্যামিতি পৃথিবীপ্রসিদ্ধ। তিনি থেলিজ (Thales), পিথাগোরাস (Pythagoras) প্রভৃতি গণিতজ্ঞ পণ্ডিতগণের জ্যামিতিক প্রতিজ্ঞাগুলি সংক্ষিপ্ত ও সহজ করিয়া প্রকাশ করেন।

ইউটার্পি (Luterpe)—সংগীত ও গীতি-কবিতার দেবী (গ্রীক পুঃ)।

ইউফ্রসিনি (Euphrosyne)—সৌন্দর্য ও লাবণ্যের অন্যতম দেবী (গ্রীক পুঃ)।

ইউরিডিস (Eurydice)—প্রসিদ্ধ বংশীবাদক অর্ফিউসের (তাহা দ্রঃ) পত্নী (গ্রীক পুঃ)।

ইউরিপিডিস (Euripides)—(৪৮০—৪০৬ খ্রীঃ পূঃ)। প্রাচীনকালের সর্বশ্রেষ্ঠ গ্রীক 'ট্র্যাজেডি'-রচয়িতা। তিনি নব্বইখানি নাটক রচনা করেন। তাহার মধ্যে 'মিডিয়া', 'অরিস্টিস', 'ইফিজেনাইয়া অ্যামাং দি টাউরি' ও 'অ্যালসেস্টিস' অন্যতম।

ইউরেনাস (Uranus)—আকাশের দেবতা। তিনি পৃথিবীদেবীকে বিবাহ করেন। স্যাটার্নের পিতা (গ্রীক পুঃ)।

ইউরেনিয়া (Urania)—জ্যোতির্বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী (গ্রীক পুঃ)।

ইউরোপা (Europa)—অ্যাগীনরের কন্যা, জুপিটারের প্রণয়পাত্রী। জুপিটার শ্বেতবৃষের রূপ ধারণ করিয়া তাঁহাকে ক্রীট দ্বীপে লইয়া যান। সেখানে জুপিটারের ঔরসে তাঁহার গর্ভে মাইনস, সার্পিডন ও রাডাম্যান্থাসের জন্ম হয় (গ্রীক পুঃ)।

ইউলিসিস [Ulysses (গ্রীক **ওডিসিউস**)]—লায়ের্টিসের পুত্র, পেনিলপির স্বামী ও টেলিমেকাসের পিতা। তিনি ইথাকার রাজা ছিলেন। ট্রয়-যুদ্ধের পর তিনি গৃহাভিমুখে প্রত্যাবর্তনকালে দীর্ঘকাল ধরিয়া যে ইতস্ততঃ ভ্রমণ করিতে বাধ্য হইয়াছিলেন, তাহা লইয়াই হোমারের 'অডিসী' মহাকাব্য রচিত হয়। গৃহে ফিরিয়া তিনি পেনিলপির প্রণয়াকাঙ্ক্ষিগণকে হত্যা করেন। তিনি সেকালের সর্বশ্রেষ্ঠ বাগ্মী ও রাজনীতিবিৎ ছিলেন (গ্রীক পুঃ)।

ইউসুফ আদিল শাহ—প্রকৃত নাম ইউসুফ আদিল খাঁ। দাক্ষিণাত্যের বিজাপুররাজ্যের আদিলশাহী বংশের প্রতিষ্ঠাতা। বাহমনী-রাজ্যের বিখ্যাত মন্ত্রী মাহমুদ গাওয়ান তাঁহাকে ক্রীতদাসরূপে ক্রয় করেন। ক্রমে তিনি রাজ্যের উচ্চপদে অধিষ্ঠিত হন। বাহমনী-রাজ্যের পতন হইলে তিনি বিজাপুর-রাজ্যের গঠন করেন। গোয়া উদ্ধারের জন্য আলবুকার্কের সঙ্গে তাঁহার যুদ্ধ সে-সময়কার বিশিষ্ট ঘটনা। তিনি ৭৪ বৎসর বয়সে ১৫১০ খ্রীষ্টাব্দে পরলোকগমন করেন।

ইকবাল—'মোহাম্মদ ইকবাল' দ্রঃ।

ইকো (Echo)—পরী। ইকো জুনোকে অন্যমনস্ক রাখিতেন। সেই সুযোগে জুপিটার অন্যান্য পরীদের সহিত প্রেমচর্চা করিতেন। জুনো ইহা জানিতে পারিয়া তাঁহাকে প্রতিধ্বনিতে পরিণত করেন (গ্রীক পুঃ)।

ইক্ষ্বাকু—সূর্যবংশীয় প্রথম রাজা। বৈবস্বত মনুর পুত্র। মাতা শ্রদ্ধা। অযোধ্যার প্রথম রাজা ও রামচন্দ্রের পূর্বপুরুষ।

ইখ্‌তিয়ার উদ্দীন মোহাম্মদ—কুতুবুদ্দীনের একজন সেনাপতি। পিতার নাম বখ্‌তিয়ার খিলজী। তিনি পালবংশীয় রাজাকে পরাজিত করিয়া পূর্বে বিহার এবং লক্ষ্মণ সেনকে কৌশলে বিতাড়িত করিয়া বঙ্গদেশের কিয়দংশ অধিকার করেন।

ইছাই ঘোষ—অজয় নদের তটস্থিত ঢেকুর-নামক স্থানের রাজা। তিনি জাতিতে গোয়ালা ও শক্তির উপাসক ছিলেন। তিনি প্রথমে পালবংশীয় গৌড়েশ্বরের অধীন ছিলেন, পরে স্বাধীনতা ঘোষণা করেন। ফলে গৌড়েশ্বর তাঁহার বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন। যুদ্ধে তাঁহার জয় হয়। ইহার বহুদিন পরে গৌড়েশ্বরের ভাগিনেয় মহাবীর লাউসেনের সহিত যুদ্ধে তিনি পরাজিত ও নিহত হন।

ইজাবেলা অব ক্যাস্টাইল (Isabella of Castille)—(১৪৫১—১৫০৪ খ্রীঃ)। স্পেনের রানী। তিনি তাঁহার স্বামী পঞ্চম ফার্ডিনাণ্ডের সহিত একযোগে ৩০ বৎসর কাল রাজত্ব করেন। এই সময়ে স্পেন উন্নতির সর্বোচ্চ শিখরে আরোহণ করে। কলম্বস কর্তৃক আমেরিকা-আবিষ্কার, গ্রানাডা-অধিকার, মুরদিগকে স্পেন হইতে বহিষ্কার প্রঃ তাঁহার সময়ের উল্লেখযোগ্য ঘটনা।

ইড়া—১। বৈবস্বত মনুর কন্যা। বুধ এই কন্যাকে বিবাহ করেন এবং তাঁহার গর্ভে এক পুত্র জন্মে। পুত্রের নাম পুরূরবা (পদ্ম)। ২। দক্ষের অন্যতমা কন্যা। কশ্যপের সহিত তাঁহার বিবাহ হয়। ইড়া হইতে তৃণ, বৃক্ষ, লতা ইত্যাদি জন্মে (বায়ু)।

ইডিপাস (Œdipus)—থিবসের রাজা লেয়াসের পুত্র। মাতা জোকাস্টা। দৈববাণীতে লেয়াস জানিতে পারেন যে, নিজের ছেলের হাতে তাঁহার মৃত্যু হইবে। পুত্র ইডিপাসকে তিনি গাছে ঝুলাইয়া রাখেন। কিন্তু কোনও মেষপালক তাঁহাকে রক্ষা করে। পরবর্তী জীবনে না জানিয়া ইডিপাস লেয়াসকে হত্যা করেন ও থিবসে আসিয়া স্ফিংক্সের হেঁয়ালির সমাধান করেন। পরে তিনি নিজ মাতা

জোকাস্টাকে বিবাহ করেন। মাতার গর্ভে তাঁহার কয়েকটি সন্তান হয় পরে সব কথা জানিতে পারিলে ইডিপাস ক্ষোভে উন্মত্ত হইয়া নিজ চক্ষু উৎপাটিত করিয়া ফেলেন এবং জোকাস্টা আত্মহত্যা করেন। এথেন্সের নিকটে কলোনসে তাঁহার মৃত্যু হয় (গ্রীক পুঃ)।

ইনোনি (Œnone)—ইডা পর্বতের এক পরী। প্যারিসের সঙ্গে তাঁহার বিবাহ হয়। প্যারিসের মৃত্যু হইলে তিনি আত্মহত্যা করেন (গ্রীক পুঃ)।

ইন্দিরা গান্ধী—(জন্ম ১৯১৭ খ্রীঃ)। ভারতের প্রখ্যাত মহিলা। জন্মস্থান এলাহাবাদ। পিতা জওহরলাল নেহেরু। স্বামী ফিরোজ গান্ধী (১৯৬০ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়)। তিনি একাধিকবার জাতীয় কংগ্রেসের সভাপতি হন। ১৯৬৬ খ্রীষ্টাব্দে তিনি ভারতের প্রধানমন্ত্রী হন। সেই হইতে প্রধানমন্ত্রী আছেন। তিনি সামরিক সাহায্য দিয়া বাংলাদেশকে স্বাধীন রাষ্ট্রে পরিণত করেন।

ইন্দিরা দেবী—সাহিত্যিক। মুকুন্দদেব মুখোপাধ্যায়ের জ্যেষ্ঠা কন্যা। পিতামহ স্বনামপ্রসিদ্ধ ভূদেব মুখোপাধ্যায়। স্বামী হুগলীর ললিতমোহন বন্দ্যোপাধ্যায়। তাঁহার রচিত পুস্তক 'স্পর্শমণি', 'পরাজিতা', 'স্রোতের গতি', 'প্রত্যাবর্তন', 'সৌধ-রহস্য', 'নির্মাল্য', 'কেতকী', 'মাতৃহীন' ও 'ফুলের তোড়া'।

ইন্দিরা দেবী চৌধুরানী—(২৯শে ডিসেম্বর, ১৮৭৩—১২ই অগস্ট, ১৯৬০ খ্রীঃ)। জন্ম—বিজাপুরের অন্তর্গত কালাত্গীতে। পিতা মহর্ষি দেবেন্দ্রনাথের দ্বিতীয় পুত্র সত্যেন্দ্রনাথ। তিনি রবীন্দ্র-সংগীত, পাশ্চাত্য সংগীত ও হিন্দুস্থানী সংগীতে বিশেষ পারদর্শিনী ছিলেন। 'নারীর উক্তি' তাঁহার একমাত্র প্রকাশিত গ্রন্থ। তাঁহার বিবাহ হয় প্রমথ চৌধুরী বা বীরবলের সঙ্গে।

ইন্দুমতী—বিদর্ভরাজ কন্যা। অজের স্ত্রী ও দশরথের মাতা। তিনি স্বয়ংবর-সভায় অজের গলায় মালা দেন। বিবাহের পর একদা তিনি স্বামীর সঙ্গে বাগানে বেড়াইতেছিলেন, সেই সময় আকাশগামী নারদের বীণা হইতে পারিজাত-মালা তাঁহার গায়ে আসিয়া পড়ে। তৎক্ষণাৎ তিনি প্রাণত্যাগ করেন এবং অপ্সরামূর্তি ধরিয়া স্বর্গে প্রস্থান করেন। (রাম)।

ইন্দ্র—দেবরাজ। মাতা অদিতি, পিতা মহর্ষি কশ্যপ। তিনি পুলোমা দানবের কন্যা শচীকে বিবাহ করেন। ইন্দ্র পূর্বদিকের অধিপতি। ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর এই তিনজন ব্যতীত অন্যান্য সকল দেবতাই তাঁহার অধীন বলিয়া তাঁহাকে দেবরাজ ইন্দ্র বলা হয়। তাঁহার রাজ্য অমরাবতী, উদ্যান নন্দন, প্রাসাদ বৈজয়ন্ত, হস্তী ঐরাবত, অশ্ব উচ্চৈঃশ্রবা, রথ বিমান, সারথি মাতলি, ধনু ইন্দ্রচাপ, অস্ত্র বজ্র। পুত্রের নাম জয়ন্ত। তৃতীয় পাণ্ডব অর্জুন তাঁহার ঔরসে কুন্তীর গর্ভে জন্মগ্রহণ করেন। বালিও তাঁহার পুত্র। রাবণের পুত্র মেঘনাদ তাঁহাকে পরাজিত করেন বলিয়া তাঁহার নাম ইন্দ্রজিৎ হয়। ইন্দ্র দধীচির অস্থি দ্বারা বজ্র নির্মাণ করাইয়া বৃত্রাসুরের সংহার করেন (ঋক্, রাম)।

ইন্দ্রজিৎ—রাবণের পুত্র। প্রকৃত নাম মেঘনাদ। দেবরাজ ইন্দ্রকে পরাজিত করিয়া মেঘনাদ এই নাম প্রাপ্ত হন। ইন্দ্রজিতের পত্নীর নাম প্রমীলা। তিনি মেঘের আড়ালে থাকিয়া যুদ্ধ করিতেন। বিভীষণের সাহায্যে নিকুম্ভিলা যজ্ঞে বিঘ্ন ঘটাইয়া লক্ষ্মণ ইঁহাকে যজ্ঞস্থলে নিহত করেন (রাম)।

ইন্দ্রদ্যুম্ন—১। পরম বিষ্ণুভক্ত রাজা বিঃ। তিনি অশ্বমেধ যজ্ঞ করেন ও শ্রীক্ষেত্রে বিষ্ণুমন্দির নির্মাণ করাইয়া দেন (বিষ্ণু)। ২। স্বায়ম্ভুব মনুবংশীয় নরপতি তৈজসের পুত্র। তিনি শ্বেতদ্বীপের অধিপতি ছিলেন (কূর্ম)। ৩। ভাল্লবী ঋষির পুত্র ইন্দ্রদ্যুম্ন (ভাল্লবেয়) কেকয়নন্দন অশ্বপতির কাছে ব্রহ্মবিদ্যা শিক্ষা করেন (ছান্দো)।

ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়—(১৮৪৯—২৩শে মার্চ, ১৯১১ খ্রীঃ)। প্রসিদ্ধ ব্যঙ্গরচনার সিদ্ধহস্ত লেখক। পিতা পূর্ণিয়ার প্রসিদ্ধ উকিল বামাচরণ বন্দ্যোপাধ্যায়। জন্ম বর্ধমান জেলার পাণ্ডুগ্রাম। নিবাস—গঙ্গাটিকুরি, কাটোয়ার নিকটবর্তী স্থান। তাঁহার শ্লেষব্যঙ্গপূর্ণ রচনা 'পঞ্চানন্দ' মাসিক পত্রিকায় প্রকাশিত হইত। তিনি 'পঞ্চানন্দ' নামে পরিচিত ছিলেন। 'উৎকৃষ্ট কাব্যম্' তাঁহার প্রথম রচনা। 'হাতে হাতে ফল' (প্রহসন) 'পাঁচুঠাকুর', 'খাজনার আইন', 'ক্ষুদিরাম' (গালগল্প) তাঁহার অন্যান্য রচনা।

ইবসেন, হেনরিক (Ibsen, Henrik)—(১৮২৮—১৯০৬ খ্রীঃ)। নরওয়েবাসী বিখ্যাত নাট্যকার। 'Brand' ও 'Peer Gynt' তাঁহার রচিত দুইটি বিখ্যাত গীতিনাট্য। ইহার পর তিনি যে কয়টি সমস্যামূলক নাটক লেখেন তাহার মধ্যে 'A Doll's House', 'Ghosts', 'Rosmer Sholm', 'Hedda Gabler', 'When We Dead Awake' প্রঃ প্রসিদ্ধ।

ইবন বতুতা—প্রসিদ্ধ মিশরীয় পর্যটক। জন্ম আফ্রিকার মরক্কো দেশে। তিনি মহম্মদ তোগলকের আমলে ভারতে আসেন এবং নিজ ভ্রমণবৃত্তান্ত একখানি গ্রন্থে লিপিবদ্ধ করেন। মহম্মদ তোগলকের অধীনে আট বৎসর কাজীর কাজ করিয়া তিনি চীনদেশে দূতরূপে যান। তাঁহার লিখিত পুস্তকের নাম 'সফরনামা'।

ইব্রাহিম লোদী—লোদী-বংশের শেষ নরপতি। সিকন্দর লোদীর তৃতীয় পুত্র। ১৫১৭ খ্রীষ্টাব্দে সিকন্দরের মৃত্যু হইলে তিনি দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। তাঁহার সময়ে শক্তিশালী ওমরাহ্-গণ প্রায়ই বিদ্রোহ করিতেন। দেশে অশান্তির অবস্থা দেখিয়া পাঞ্জাবের শাসনকর্তা দৌলত খান লোদী কাবুলের মোগলরাজ বাবরকে ভারতবর্ষ আক্রমণ করিবার জন্য আহ্বান করেন। ১৫২৬ খ্রীঃ পানিপথ-

নামক স্থানে বাবরের সহিত যুদ্ধে ইব্রাহিম পরাজিত ও নিহত হন।

ইভ (Eve)—(বাইবেল মতে) সৃষ্টির প্রথম নারী। তাঁহার স্বামী আদম (তাহা দ্রঃ)।

ইমার্সন, রাল্‌ফ ওয়াল্‌ডো (Emerson, Ralph, Waldo)—(১৮০৩—১৮৮২ খ্রীঃ)। বিখ্যাত আমেরিকান কবি, প্রবন্ধকার ও দার্শনিক। বোস্টন নগরে তাঁহার জন্ম। ১৮৫৬ খ্রীষ্টাব্দে তাঁহার 'English Traits' নামক পুস্তক প্রকাশিত হয়। ইহার পর তিনি 'The Conduct of Life', 'Society and Solitude', 'Letters and Social Aims', 'Essays' প্রভৃতি গ্রন্থ রচনা করেন।

ইম্পে, ইলাইজা (Impey, Sir Elijah)—(১৭৩২-১৮০৯ খ্রীঃ)। গভর্নর জেনারেল ওয়ারেন হেস্টিংসের সতীর্থ ও বিখ্যাত বিচারপতি। তিনি ১৭৭৪ খ্রীষ্টাব্দে ভারতীয় সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতিরূপে ভারতে আগমন করেন। তিনি ১৭৭৫ খ্রীষ্টাব্দে নন্দকুমারের প্রতি প্রাণদণ্ডের আদেশ দেন ('নন্দকুমার' দ্রঃ)।

ইম্যানুয়েল, ১ম (Emmanuel I)—(১৪৯৫-১৫২১ খ্রীঃ)। পোর্তুগালের বিখ্যাত রাজা। তাঁহার সময়ে পোর্তুগাল বিশেষ উন্নতি লাভ করে। তাঁহার সময়ে ভাস্কো ডা গামা ভারতের বাণিজ্যপথ আবিষ্কার করেন, কাব্রাল (Cabral) ব্রেজিল আবিষ্কার করেন এবং আলবুকার্ক তাঁহার দলবলসহ ভারতের নিকটবর্তী বহু স্থান অধিকার করেন।

ইয়ংহাজব্যান্ড, কর্নেল ফ্রান্সিস (Younghusband, Col. Sir Francis)—(১৮৬৩—১৯৪২ খ্রীঃ)। বিখ্যাত ধর্মপ্রাণ ইংরেজ। তিনি বহু দেশ পরিভ্রমণ করিয়াছেন। ১৯১৯ খ্রীঃ তিনি রয়্যাল জিওগ্রাফিক্যাল সোসাইটির সভাপতি হন।

ইয়েট্‌স, উইলিয়াম বাটলার (Yeats, William Butler)—(১৮৬৫—১৯৩৯ খ্রীঃ)। বিখ্যাত আইরিশ কবি, নাট্যকার ও প্রবন্ধলেখক। ডাবলিনের নিকটবর্তী স্যান্ডিমাউন্ড নামক স্থানে জন্ম। তিনি ১৯২৩ খ্রীষ্টাব্দে সাহিত্যে নোবেল পুরস্কারলাভ করেন। 'Poems' ও 'The Wind Among the Reeds'—এই দুইখানির মধ্যে কবির সর্বশ্রেষ্ঠ কবিতাগুলি সংকলিত হইয়াছে। 'The Secret Rose', 'The Shadowy Waters' প্রঃ তাঁহার অন্যান্য পুস্তক।

ইরা—কশ্যপের ধর্মপত্নীগণের মধ্যে একজন। বৃক্ষ, লতা, বল্লী ও সমস্ত তৃণ ইরা হইতে উৎপন্ন হইয়াছে (ভাগ, হরি)।

ইরাবতী—১। ভব নামক রুদ্রের পত্নী। ২। উগ্রসেনের কন্যা ইরাবতী। তাঁহাকে অভিমন্যুর পুত্র পরীক্ষিৎ বিবাহ করেন। ইরাবতীর গর্ভে জনমেজয়, শ্রুতসেন, ভীমসেন ও উগ্রসেন নামে চারি পুত্র জন্মে (ভাগ)।

ইরাবান্ (ইলাবন্ত)—অর্জুনের পুত্র। তিনি নাগরাজ-কন্যা উলূপীর গর্ভে অর্জুনের ঔরসে জন্মগ্রহণ করেন (ভারত)।

ইরেজমাস, ডেজিডেরিয়াস—(Erasmus, Desiderius)—(১৪৬৬—১৫৩৬ খ্রীঃ)। বিখ্যাত ওলন্দাজ দার্শনিক ও লেখক। পঞ্চদশ ও ষোড়শ শতাব্দীতে ইওরোপে ধর্মজগতে যে বিপ্লব ঘটে, তাহাতে তাঁহার প্রভাব যথেষ্ট ছিল। তাঁহারই প্রদর্শিত পথে মার্টিন লুথার ইত্যাদি সংস্কারকগণ ধর্ম-সংস্কার করিয়াছিলেন। 'Novum Instrumentum', 'Institutio Christiani Principles' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

ইল—বৈবস্বত মনুর সর্বজ্যেষ্ঠ পুত্র। তাঁহার হস্তে রাজ্যভার দিয়া মনু নন্দনবনে গমন করেন। ইলের নামানুসারে তাঁহার বর্ষ ইলাবৃত নামে উক্ত হইয়া থাকে (ভাগ)।

ইলতুৎমিস (আলতামাস)—দিল্লীর দাসবংশীয় তৃতীয় সম্রাট। তিনি জাতিতে তুর্কী ছিলেন। রাজত্বকাল ১২১১ হইতে ১২৩৬ খ্রীষ্টাব্দ। তিনি প্রথমে কুতুবুদ্দীনের ক্রীতদাস ছিলেন ও পরে জামাতা ও সুলতান হন। তিনি মালবের রাজধানী উজ্জয়িনী অধিকার করেন এবং মহাকালের মন্দির বিধ্বস্ত করেন (১২৩২ খ্রীঃ)। তাঁহার সময়ে চেঙ্গিস খাঁ ভারতে আসেন।

ইলা—১। বৈবস্বত মনুর কন্যা। তিনি বিষ্ণুর বরে পুরুষভাবাপন্ন হইয়া সুদ্যুম্ন নামে খ্যাত হন। ২। কর্দম প্রজাপতির পুত্র ইল কার্তিকের জন্মস্থানে গিয়া স্ত্রীভাব প্রাপ্ত হইলে তিনি ইলা নামে খ্যাত হন। পরে ভগবতীর পূজা করিয়া এক মাস স্ত্রী-ভাব ও এক মাস পুরুষভাব পান।

ইলাবৃত—অগ্নীধ্রের স্বনামখ্যাত পুত্র। তাঁহার পত্নীর নাম লতা। তিনি পিতার নিকট হইতে ইলাবৃত বর্ষ লাভ করিয়াছিলেন (অগ্নি, ভাগ)।

ইলিয়ট, জর্জ (Eliot, George)—(১৮১৯—১৮৮০ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ উপন্যাস-লেখিকা। মেরিয়ান ইভান্স (Marian Evans) নামে তিনি খ্যাত। 'Adam Bede', 'The Mill on the Floss', 'Silas Marner', 'Middlemarch', 'Daniel Deronda', 'Romola' প্রঃ তাঁহার প্রসিদ্ধ উপন্যাস।

ইলিয়ট, টমাস স্টার্নস (Eliot, Thomas Stearns)—(১৮৮৮—১৯৬৫ খ্রীঃ)। বিংশ শতাব্দীর বিখ্যাত গীতিকবি। যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণ করিয়া ১৯২৭ সালে ইংলন্ডের নাগরিক অধিকার লাভ করেন। ১৯৪৮ সালে তিনি সাহিত্যে নোবেল পুরস্কার পান। 'The Waste Land', 'Ash Wednesday', 'The Hollow Men', 'Four Quarters' প্রঃ তাঁহার বিখ্যাত কাব্যগ্রন্থ; 'Murder in the Cathedral' তাঁহার বিখ্যাত নাটক।

ইলিয়াস শাহ্—গৌড়ের স্বাধীন নরপতি। পূর্ণ নাম

সুলতান সামসুদ্দীন ইলিয়াস শাহ্। গৌড়ের স্বাধীন নরপতি আলাউদ্দীন ইলিয়াস শাহের তিনি ধাত্রী-পুত্র। তিনি পিতাকে নিহত করিয়া গৌড়ের সিংহাসনে আরোহণ করে (১৩৪২ খ্রীঃ)।

ইল্বল—দৈত্য বিঃ। বাতাপী-নামক দানব এই দৈত্যের কনিষ্ঠ ভ্রাতা। পিতা বিপ্রচিত্তি, মাতা সিংহিকা। বাসস্থান মণিমতীপুর। বাতাপী মায়াবলে মেষরূপ ধারণ করিত আর তাহাকে কাটিয়া মুনিদের খাওয়ানো হইত। তারপর ইল্বল বাতাপীর নাম ধরিয়া ডাকিলে বাতাপী মুনিদের উদর বিদীর্ণ করিয়া বাহির হইয়া আসিত। কিন্তু অগস্ত্য বাতাপীকে ভক্ষণ করিয়া উদরে জীর্ণ করিয়া ফেলেন। তখন ইল্বল ভীত হইয়া অগস্ত্যকে প্রচুর অর্থ দিয়া সন্তুষ্ট করে (রাম, বিষ্ণু)।

ইসমাইল পাশা—(১৮৩০—১৮৯৫ খ্রীঃ)। মিশরের বিখ্যাত খেদিব। তাঁহার প্রচেষ্টায় মিশর তুরস্কের অধীনতা হইতে মুক্তিলাভ করে এবং ১৮৭৩ খ্রীষ্টাব্দে তুরস্কের সুলতান তাঁহাকে খেদিব উপাধি দেন। তিনি ১৮৭৯ খ্রীষ্টাব্দে সিংহাসন ত্যাগ করেন এবং তাঁহার পুত্র তিউফিক রাজা হন।

ঈওলাস (Aeolus)—হিপ্পোটিসের পুত্র। বায়ু-দেবতা (গ্রীক পুঃ)।

ঈজিয়াস (Aegeus)—এথেন্সের রাজা। থিসিউসের পিতা (থিসিউস দ্রঃ) (গ্রীক পুঃ)।

ঈজিস্থাস (Aegisthus)—আর্গসের রাজা। তিনি অ্যাগ্যামেমননের পত্নী 'ক্লাইটেম্‌নেস্ট্রা'র (তাহা দ্রঃ) প্রেমে পড়িয়াছিলেন (গ্রীক পুঃ)।

ঈনিয়াস (Aeneas)—ঈনিড মহাকাব্যের নায়ক, ট্রোজান যোদ্ধা। অ্যান্‌কিসেস ও ভেনাসের পুত্র। ট্রোজান যুদ্ধের শেষে তিনি পিতা ও পুত্রের সঙ্গে পলায়ন করেন, কিন্তু তাঁহার স্ত্রী হারাইয়া যান। তাঁহার কাহিনী ভার্জিল প্রমুখ বিভিন্ন ল্যাটিন গ্রন্থকারের বিষয়বস্তু।

ঈশপ (Æsop)—(৬২০—? ৫৬০ খ্রীঃ পূঃ)। প্রসিদ্ধ গ্রীক নীতি-গল্প-লেখক। প্রথম জীবনে তিনি ক্রীতদাস ছিলেন। রাজা ক্রীসাসের অনুগ্রহ লাভ করিয়া তিনি এক কার্য উপলক্ষে ডেলফিতে প্রেরিত হন। তাঁহার শ্লেষপূর্ণ মন্তব্যে ক্রুদ্ধ হইয়া পুরোহিতগণ তাঁহাকে পর্বত হইতে নিম্নে নিক্ষেপ করে।

ঈশা খাঁ—বারভুঁইয়ার সর্বপ্রধান ভুঁইয়া। তাঁহার পূর্বপুরুষেরা হিন্দু ছিলেন। তাঁহার পিতামহ কালিদাস গজদানী অযোধ্যা হইতে বাঙ্গালায় আসেন। কালিদাস বা তাঁহার পুত্র মুসলমান হন। পুত্রের নাম হয় সুলেমান খাঁ। ঈশা খাঁ সুলেমানের পুত্র। বর্তমান নারায়ণগঞ্জের অপর পারে শীতলক্ষা নদীর তীরে খিজিরপুর-নামক স্থানে তাঁহার রাজধানী ছিল। তিনি স্বাধীনতা ঘোষণা করিলে আকবর তাঁহার সহিত যুদ্ধের জন্য শাহ্‌বাজ খাঁকে পাঠান (১৫৮৫ খ্রীঃ)। ঈশা খাঁ প্রথমে পরাজিত হইলেও পরে শাহ্‌বাজকে পরাজিত করেন। যুদ্ধের ফলে রাজধানী খিজিরপুর বিধ্বস্ত হওয়ায় তিনি সুবর্ণগ্রামে নূতন রাজধানী স্থাপন করেন। আকবর পুনরায় মানসিংহকে তাঁহার বিরুদ্ধে যুদ্ধার্থে প্রেরণ করেন (১৫৯৫ খ্রীঃ)। ঘোরতর যুদ্ধের পর মানসিংহ তাঁহার সহিত সন্ধি করেন। তিনি আগ্রায় আকবরের সহিত সাক্ষাৎ করিলে আকবর তাঁহাকে সম্মানজনক উপাধিতে ভূষিত করেন এবং বাইশটি পরগনার আধিপত্য প্রদান করেন। তিনি বার-ভূঁইয়ার অন্যতম চাঁদরায়ের বিধবা কন্যা সোনামনিকে হরণ করিয়া বিবাহ করেন।

ঈশানচন্দ্র ঘোষ—(১২৬৭—১৩৪২ বঙ্গাব্দ)। জন্মস্থান যশোহর। তিনি শিক্ষাবিভাগের সহকারী ডিরেকটার ছিলেন। পালিভাষায় রচিত বৌদ্ধ জাতকগুলির বাংলা অনুবাদ রচনাই তাঁহার সাহিত্য জীবনের শ্রেষ্ঠ কীর্তি।

ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায়—(১৫ই মার্চ, ১৮৫৬—১২ই জুন, ১৮৯৭ খ্রীঃ)। কবি কবি হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের অনুজ। 'চিত্তমুকুর', 'বাসন্তী', 'যোগেশকাব্য', 'চিন্তা' প্রঃ তাঁহার রচিত কাব্যগ্রন্থ।

ঈশ্বরচন্দ্র গুপ্ত—(২৫শে ফাল্গুন, ১২১৮—১০ই মাঘ, ১২৬৫ বঙ্গাব্দ)। প্রসিদ্ধ বাঙ্গালী কবি। তিনি কাঁচড়াপাড়ার হরিনারায়ণ গুপ্তের দ্বিতীয় পুত্র। মাতার নাম শ্রীমতী দেবী। তিনি ঠাকুরবাড়ির যোগেন্দ্রমোহন ঠাকুরের সহায়তায় ১২৩৭ বঙ্গাব্দে সাপ্তাহিক 'সংবাদ-প্রভাকর' বাহির করেন। তিনি বিদ্যাসাগর মহাশয়ের বিধবা-বিবাহের আন্দোলনের বিরোধী ছিলেন। 'সংবাদ-প্রভাকর' ছাড়াও 'সংবাদ রত্নাবলী', 'পাষণ্ডপীড়ন' প্রঃ তাঁহার পরিচালিত সাময়িক পত্রাদি ছিল। তিনি বঙ্কিমচন্দ্র ও দীনবন্ধুর সাহিত্যগুরু। 'প্রবোধপ্রভাকর', 'হিতপ্রভাকর', 'বোধেন্দুবিকাশ' প্রঃ তাঁহার রচিত গ্রন্থ।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (বন্দ্যোপাধ্যায়)—(২৬শে সেপ্টেম্বর, ১৮২০—২৯শে জুলাই, ১৮৯১ খ্রীঃ)। বাঙ্গালার সর্বজনপূজ্য মহামনীষী। জন্মস্থান মেদিনীপুরের (তখন হুগলীর) বীরসিংহ গ্রাম।

পিতা ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায়, মাতা ভগবতী দেবী। ১৮২৯ হইতে ১৮৪১ খ্রীষ্টাব্দ পর্যন্ত তিনি সংস্কৃত কলেজে ব্যাকরণ, সাহিত্য, অলংকার, বেদান্ত, স্মৃতি ও ন্যায় অধ্যয়ন করেন। হিন্দু-ল-কমিটি তাঁহাকে যে প্রশংসাপত্র দিয়াছিলেন, তাহাতে 'বিদ্যাসাগর' এই উপাধি দেখা যায়। ১৮৪১ সালের ২৯শে ডিসেম্বর তিনি ফোর্ট উইলিয়ম কলেজের প্রধান পণ্ডিত নিযুক্ত হন। তিনি ক্রমে ক্রমে ইংরেজী ও হিন্দী ভাষা শিক্ষা করেন। তিনি ১৮৫১ খ্রীষ্টাব্দে সংস্কৃত কলেজের সাহিত্যের অধ্যাপক ও পরে অধ্যক্ষ হন। তিনি যখন অধ্যক্ষ-হিসাবে ৩০০, টাকা বেতন পাইতেছিলেন, সেই সময়ে বিশেষ-বিদ্যালয় পরিদর্শক হইয়া সরকারের নিকট হইতে অতিরিক্ত ২০০, টাকা পাইতে থাকেন। ঈশ্বরচন্দ্র বহু চেষ্টায় ১৮৫৬ খ্রীষ্টাব্দে গভর্নমেণ্টের দ্বারা বিধবা-বিবাহের আইন বিধিবদ্ধ করিয়া লন। ১৮৭৩ খ্রীষ্টাব্দে তিনি মেট্রোপলিটান ইন্‌স্টিটিউসনকে কলেজে পরিণত করেন; ইহাই বর্তমান 'বিদ্যাসাগর কলেজ'। ঈশ্বরচন্দ্রের প্রথম বাংগালা গদ্যগ্রন্থ 'বাসুদেবচরিত' মুদ্রিত হয় নাই। তাঁহার দ্বিতীয় রচনা 'বেতাল পঞ্চবিংশতি' ১৮৪৭ খ্রীঃ মুদ্রিত হয়। ইহাই প্রথম মুদ্রিত গ্রন্থ। 'সীতার বনবাস', 'শকুন্তলা', 'কথামালা', 'বোধোদয়', 'চরিতাবলী', 'আখ্যানমঞ্জরী', 'উপক্রমণিকা', 'ব্যাকরণ-কৌমুদী', 'ঋজুপাঠ' প্রঃ তাঁহার রচিত বহু গ্রন্থ আছে। তাঁহাকে আধুনিক বাংগালা গদ্য-সাহিত্যের জনক বলা হয়। তাঁহার চরিত্রের বিশেষত্ব তাঁহার অজেয় পৌরুষ ও অক্ষয় মনুষ্যত্ব।

ঈশ্বর পুরী—মাধবেন্দ্র পুরীর শিষ্য। শ্রীচৈতন্যদেব তাঁহার নিকট দীক্ষা গ্রহণ করেন।

ঈস্কাইলাস (Aeschylus)—(৫২৫—৪৫৬ খ্রীঃ পূঃ)। বিখ্যাত এথেনিয়ান কবি। বিয়োগান্ত নাটক ও কবিতা লিখিয়া তিনি যশস্বী হন। তাঁহাকে গ্রীক 'বিয়োগান্ত নাটকের জনক' এই আখ্যা দেওয়া হয়।

উ

উইক্লিফ, জন (Wyclif, John)—(? ১৩২০—১৩৮৪ খ্রীঃ)। প্রসিদ্ধ ইংরেজ ধর্মসংস্কারক। রোমান ক্যাথলিক ধর্মের দোষগুলির বিরুদ্ধে তিনি দৃঢ়মত প্রকাশ করেন। তাঁহার বিখ্যাত বই De Dominio Divino ধর্মজগতে বিপ্লব আনয়ন করে।

উইলকিন্স, সার চার্লস—(Wilkins, Sir Charles) —(১৭৫০—১৮৩৮ খ্রীঃ)। ইংরেজ শিক্ষাব্রতী। তিনি ঈস্ট ইণ্ডিয়া কোম্পানির কাজে ১৭৭০ খ্রীষ্টাব্দে ভারতে আসেন। ইংরেজদের মধ্যে সংস্কৃত ভাষা ও শিক্ষার প্রচারে তাঁহার যথেষ্ট উদ্যম ছিল। তাঁহারই চেষ্টায় গীতা ইংরেজীতে অনূদিত এবং ১৭৮৫ খ্রীষ্টাব্দে ইংলণ্ডে মুদ্রিত হয়। ১৭৭৯ খ্রীষ্টাব্দে তিনি একখানি সংস্কৃত ব্যাকরণ প্রকাশ করেন।

উইলবারফোর্স, উইলিয়াম (Wilberforce, William) —(১৭৫৯—১৮৩৩ খ্রীঃ)। ইংলণ্ডের বিখ্যাত মনীষী। ১৭৮৯ খ্রীষ্টাব্দে তিনি হাউস-অব-কমন্সে ক্রীতদাস প্রথার উচ্ছেদমূলক প্রস্তাব আনয়ন করেন। ১৮০৭ খ্রীষ্টাব্দে প্রস্তাবটি আইনে পরিণত হয়।

উইলসন, উড্রো (Wilson, Woodrow)—(১৮৫৬—১৯২৪ খ্রীঃ)। যুক্তরাষ্ট্রের প্রসিদ্ধ রাষ্ট্রপতি। তিনি ১৯১৩ হইতে ১৯২১ খ্রীঃ পর্যন্ত আমেরিকার যুক্তরাষ্ট্রের প্রেসিডেণ্ট ছিলেন।

উইলসন, হোরেস হেম্যান (Wilson, Horace Hayman)—(১৭৮৬—১৮৬০ খ্রীঃ)। সংস্কৃত-ভাষাভিজ্ঞ একজন ইংরেজ পণ্ডিত। তাঁহার লিখিত একখানি সংস্কৃত-ইংরেজী অভিধান আছে। তিনি কালিদাসের 'মেঘদূত'-নামক কাব্য এবং 'মৃচ্ছকটিক', 'মালতীমাধব', 'উত্তররামচরিত', 'বিক্রমোর্বশী', 'রত্নাবলী' ও 'মুদ্রারাক্ষস'—এই কয়খানি সংস্কৃত নাটক ইংরেজীতে অনূদিত করেন। তিনি ঋগ্বেদের ইংরেজী অনুবাদও করেন। 'থিয়েটার অব্ দি হিণ্ডুস্'-নামক গ্রন্থখানি তাঁহার রচিত।

উইলিংডন, ১ম আর্ল অব্ (Willingdon, 1st Earl of)—(১৮৬৬—১৯৪১ খ্রীঃ)। ১৯৩১ হইতে ১৯৩৬ খ্রীষ্টাব্দ পর্যন্ত ভারতের গভর্নর-জেনারেল ছিলেন।

উইলিয়াম, ১ম (William I)—(১০২৭—১০৮৭ খ্রীঃ)। ইনি বিজেতা উইলিয়ম বা 'William the Conqueror' নামে সুপরিচিত। তিনিই ইংলণ্ডের প্রথম নর্মান অধিপতি। [উইলিয়াম নামে আরও তিনজন রাজা ইংলণ্ডের সিংহাসনে আরোহণ করেন। দ্বিতীয় উইলিয়াম প্রথম উইলিয়ামের পুত্র। তৃতীয় উইলিয়াম প্রথমে হল্যাণ্ডের অধিবাসী ছিলেন এবং পরে ইংলণ্ডের রাজা হন। চতুর্থ উইলিয়াম মহারানী ভিক্টোরিয়ার জ্যেষ্ঠতাত।]

উইলিয়াম, ১ম (William I, of Prussia)—(১৭৯৭—১৮৮৮ খ্রীঃ)। বিখ্যাত জার্মান সম্রাট্। তিনি ১৮৬১ খ্রীষ্টাব্দে প্রুসিয়ার রাজা হন। মন্ত্রী বিস্‌মার্কের সাহায্যে তিনি সমগ্র জার্মানী রাজ্যকে

একনায়কের অধীনে আনেন এবং ফ্রান্স ও অষ্ট্রিয়াকে যুদ্ধে পরাজিত করিয়া ১৮৭১ খ্রীষ্টাব্দে জার্মানীর সম্রাট্ হন।

উইলিয়াম, ২য় (William II) –(১৮৫৯ ১৯৪১ খ্রীঃ)। জার্মানীর নির্বাসিত সম্রাট্। তিনি 'কাইজার' নামে পরিচিত। গত প্রথম মহাসমরের জন্য তিনিই কতকটা দায়ী। ১৯১৮ খ্রীষ্টাব্দে যখন জার্মানী যুদ্ধে পরাস্ত হইল এবং সন্ধিপত্রে স্বাক্ষর করিতে বাধ্য হইল, তখন তিনি রাজ্য হইতে পলাইয়া হল্যান্ডে যান। তিনি মৃত্যুকাল পর্যন্ত সেখানকার ডুর্ন প্রাসাদে সপরিবারে নির্বাসিত অবস্থায় বাস করিতে থাকেন।

উগ্রচণ্ডা—ভগবতীর মূর্তি বিঃ। তাঁহার অষ্টাদশ ভুজ। এই মূর্তি ধরিয়া সতী দক্ষযজ্ঞ ধ্বংস করেন ['দক্ষ' দ্রঃ]।

উগ্রতারা—ভগবতীর মূর্তি বিঃ। এই মূর্তির অপর নাম মাতঙ্গী (কালিকা)।

উগ্রসেন—কংসের পিতা। পিতা আহুক মাতা কাশ্যা। তিনি শ্রীকৃষ্ণের মাতামহ দেবকের ভ্রাতা (বিষ্ণু)।

উজ্জ্বল দত্ত—প্রসিদ্ধ সংস্কৃতজ্ঞ পণ্ডিত। তিনি উণাদি-সূত্রের বৃত্তিকার।

উড্, মিসেস হেনরী (Wood, Mrs. Henry)—(১৮১৪—১৮৮৭ খ্রীঃ)। ভিক্টোরিয়া যুগের একজন বিখ্যাত ইংরেজ উপন্যাস লেখিকা। 'Danesbury House', 'East Lynne' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

উতথ্য—প্রাচীন ঋষি। পিতা অঙ্গিরা মাতা শ্রদ্ধা। পত্নীর নাম মমতা। তাঁহার কনিষ্ঠ ভ্রাতা দেবগুরু বৃহস্পতি।

উত্তর—মৎস্যরাজ বিরাটের পুত্র। পাণ্ডবদের অজ্ঞাতবাসকালে দুর্যোধনাদি বিরাটরাজের উত্তর গোগৃহ আক্রমণ করেন। উত্তর দুর্যোধনের বিরুদ্ধে যুদ্ধযাত্রায় যান, কিন্তু বিশাল কৌরবসৈন্য দেখিয়া রথ ছাড়িয়া পলায়ন করিতে চাহেন। তখন বৃহন্নলা নামধারী অর্জুন সেই রথের সারথি ছিলেন। তিনি আত্মপরিচয় দিয়া স্বয়ং রথী হইয়া যুদ্ধে গমন করিলেন। উত্তর অর্জুনের সারথি হইলেন। তিনি অর্জুনের সাহায্যে জয়লাভ করিলেন। কুরুক্ষেত্র যুদ্ধের প্রথম দিন উত্তর শল্য কর্তৃক নিহত হন (ভারত)।

উত্তরা—বিরাটরাজের কন্যা। উত্তরের ভগিনী ও অভিমন্যুর পত্নী। পুত্রের নাম পরীক্ষিৎ (ভারত)।

উত্তানপাদ—স্বয়ম্ভুর মনুর পুত্র ও হরিভক্ত ধ্রুবের পিতা। তাঁহার দুই পত্নী—সুরুচি ও সুনীতি। সুরুচির গর্ভে উত্তম ও সুনীতির গর্ভে ধ্রুব নামে পুত্রের জন্ম হয় (বিষ্ণু)।

উদয়ন—নৃসিংহ পুরাণমতে তাঁহার পিতার নাম শতানীক। পত্নী বাসবদত্তা। পুত্রের নাম নরবাহন। মতান্তরে তিনি শতানীকের পৌত্র। অপর পত্নীর নাম রত্নাবলী। কৌশাম্বী নগরী তাঁহার রাজধানী ছিল। কাহারও কাহারও মতে বুদ্ধদেব তাঁহার ধর্মশিক্ষক ছিলেন।

উদয়নাচার্য—প্রসিদ্ধ দার্শনিক ও সংস্কৃতজ্ঞ পণ্ডিত। তিনি খ্রীষ্টীয় দ্বাদশ শতাব্দীতে আবির্ভূত হন। মিথিলা তাঁহার জন্মস্থান। তিনি 'কুসুমাঞ্জলি'-নামক ন্যায়গ্রন্থের প্রণেতা।

উদয়নাচার্য ভাদুড়ী—খ্রীষ্টীয় চতুর্দশ শতাব্দীতে বারেন্দ্রব্রাহ্মণবংশে তাঁহার জন্ম হয়। রাজসাহী (কাহারও মতে ঢাকা জেলা) তাঁহার জন্মস্থান। দর্শনশাস্ত্রে তাঁহার অসাধারণ ব্যুৎপত্তি ছিল। তিনি 'কিরণাবলী', 'আত্মতত্ত্ববিবেক', 'কণাদসূত্রের টীকা' প্রঃ গ্রন্থের প্রণেতা। মনুসংহিতার টীকাকার কুল্লুক ভট্ট তাঁহার সমসাময়িক। বারেন্দ্র কুলীন-সমাজে তিনি পরিবর্ত-প্রথার প্রবর্তন করেন।

উদয়নারায়ণ (রাজা)—১। রাজসাহীর জমিদার রাজা। তিনি খ্রীষ্টীয় অষ্টাদশ শতাব্দীতে বর্তমান ছিলেন। তখন মুর্শিদকুলি খাঁ বাংলার নবাব। রাজা উদয়নারায়ণের জন্ম মুর্শিদাবাদের বড়নগরের নিকটে বিনোদ নামক গ্রামে। বড়নগরই ছিল তাঁহার রাজধানী। রাজসাহী বিভাগের দুই একটি জেলা এবং মুর্শিদাবাদ, বীরভূম, সাঁওতাল পরগনা প্রঃ তাঁহার জমিদারির অন্তর্গত ছিল। নবাবের সঙ্গে উদয়নারায়ণের যে যুদ্ধ হয়, তাহাতে রাজা নবাবের হস্তে বন্দী হন। সেই অবস্থায় তাঁহার মৃত্যু ঘটে। ২। অষ্টাদশ শতাব্দীতে এই নামে পূর্ববঙ্গের আর একজন রাজা ছিলেন। উকাইল গ্রাম তাঁহার জন্মস্থান ছিল। তিনি খুব বীরপুরুষ ছিলেন এবং ব্যাঘ্রের সহিত মল্লযুদ্ধ করিতেন।

উদয়শংকর—(জন্ম ১৯০০ খ্রীঃ)। পৃথিবী-বিখ্যাত নৃত্যশিল্পী। পুরা নাম উদয়শংকর চৌধুরী। যশোহর জেলার কালিয়া গ্রামে তাঁহার পূর্বপুরুষগণ বাস করিতেন। উদয়পুরে তাঁহার জন্ম হয়। সুপ্রসিদ্ধ রুশ নর্তকী অ্যানা প্যাভলোভা তাঁহার গুণমুগ্ধ ছিলেন। প্রাচ্য নৃত্যকলা তাঁহারই প্রচেষ্টায় সমগ্র বিশ্বে বিশিষ্ট আসন লাভ করিয়াছে। আলমোড়ায় নৃত্যশিল্পের একটি কেন্দ্র স্থাপন ও 'কল্পনা'-নামক ছায়াচিত্র প্রযোজনা তাঁহার উল্লেখযোগ্য কীর্তি। নৃত্যশিল্পী অমলাশংকর তাঁহার শিষ্যা ও পত্নী। ১৯৫৫ খ্রীঃ পশ্চিম বঙ্গের সংগীত নৃত্য নাটক আকাদমীর নৃত্যবিভাগের আচার্যরূপে মনোনীত হন।

উদয়সিংহ—মেবারের রানা সংগ্রামসিংহের পুত্র এবং রানা প্রতাপসিংহের পিতা। ১৫৬৭ খ্রীষ্টাব্দে তিনি চিতোরে রাজত্ব করিতেন। বাল্যকালে তাঁহাকে কাকা বনবীর মারিয়া ফেলিতে গেলে পান্না নামে ধাত্রী তাঁহাকে রক্ষা করে বলিয়া কাহিনী প্রচলিত আছে। উদয়সিংহ রাজ্য লাভ করিয়া আকবরের সহিত যুদ্ধে প্রবৃত্ত হন। তিনি উদয়পুর-নামক নগরের প্রতিষ্ঠা করেন। ১৫৭২ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়।

উদয়াদিত্য—১। যশোহরের মহারাজ প্রতাপাদিত্যের

পুত্র। মানসিংহের যশোহর আক্রমণকালে উদয়াদিত্য যুদ্ধে অশেষ বীরত্ব দেখান। অবশ্য শেষ পর্যন্ত তিনি ঐ যুদ্ধে মারা যান। ২। মালবের রাজা ভোজরাজের পুত্র। ১০৯২ খ্রীষ্টাব্দে তিনি মালবের রাজা হন। চেদি ও চালুক্যগণ তাঁহার পিতার শত্রু ছিল বলিয়া তিনি তাহাদিগকে রাজ্য হইতে দূর করিয়া দেন।

উদ্দালক—১। মুনি। শিষ্য যাজ্ঞবল্ক্য, পুত্র শ্বেতকেতু। ২। আয়োদধৌম্য ঋষির শিষ্য আরুণি (তাহা দ্রঃ) (ভারত)।

উদ্ধব—কৃষ্ণমাতুল। যাদব বিং। তিনি সত্যকের পুত্র ও বৃহস্পতির শিষ্য। তাঁহার আর একটি নাম দেবশ্রবাঃ। তিনি অন্তিমদশায় বদরিকাশ্রমে অবস্থিতি করেন। শ্রীকৃষ্ণ তাঁহার নিকট জ্ঞানোপদেশ বর্ণনা করেন (হরি)।

উদ্ধবদাস—ভক্ত বৈষ্ণব কবি। মুর্শিদাবাদের টেঞা-গ্রামে ১৮শ শতাব্দীর প্রারম্ভে জন্ম। প্রকৃত নাম কৃষ্ণকান্ত মজুমদার। তিনি রাধামোহন ঠাকুরের মন্ত্রশিষ্য।

উদ্ধারণ দত্ত—(১৪০৭—১৪৬৩ শকাব্দ)। সপ্তগ্রামে তাঁহার জন্ম হয়। পিতার নাম শ্রীকর দত্ত ও মাতার নাম ভদ্রাবতী। তিনি চৈতন্যদেবের প্রধান ভক্ত এবং দ্বাদশ গোপালের অন্যতম। তিনি প্রভু নিত্যানন্দের পারিষদ ছিলেন।

উপকীচক—রাজা বিরাটের শ্যালক কীচকের ছোট ভাই।

উপগুপ্ত—বিশিষ্ট বৌদ্ধধর্ম প্রচারক ও মহারাজ অশোকের দীক্ষাদাতা। তিনি বুদ্ধের নির্বাণলাভের পর কালাশোকের সময়ে বর্তমান ছিলেন। তিনি শূদ্র ছিলেন। তিনি মথুরায় প্রায় ১৮ লক্ষ লোককে বৌদ্ধধর্মে দীক্ষা দেন।

উপবর্ষ—জনৈক ঋষি। কাত্যায়ন, পাণিনি প্রঃ পণ্ডিতগণের অধ্যাপক।

উপমন্যু—আয়োদধৌম্য মুনির শিষ্য। তিনি অতিশয় গুরুভক্ত ছিলেন। গুরুর আদেশে গোচারণ করিতেন এবং ভিক্ষা করিয়া জীবনধারণ করিতেন। তাঁহার গুরুভক্তিতে অশ্বিনীদ্বয় সন্তুষ্ট হইয়া বর দেন যে, সকল বেদ ও সকল ধর্মশাস্ত্র উপমন্যুর স্মরণে থাকিবে (কূর্ম, লিঙ্গ, বায়ু)।

উপসুন্দ—১। নরকাসুরের সেনাপতি। তিনি শ্রীকৃষ্ণের হস্তে নিহত হন। ২। নিকুম্ভ-নামক দৈত্যের পুত্র। তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতার নাম সুন্দ। এক নারীকে লাভ করিবার জন্য দুই ভ্রাতা পরস্পর মারামারি করিয়া নিহত হয় (ভারত)।

উপেন্দ্রকিশোর রায় চৌধুরী—(১৮ই বৈশাখ, ১২৭০—৪ঠা পৌষ, ১৩২২ বঙ্গাব্দ)। ময়মনসিংহ জেলার মসুয়া গ্রামে তাঁহার জন্ম হয়। শিশু-সাহিত্যিক। তিনি 'সন্দেশ'-নামক মাসিক পত্রিকা প্রতিষ্ঠা করিয়াছিলেন। প্রসিদ্ধ শিশু-সাহিত্যিক স্বর্গীয় সুকুমার রায় চৌধুরী তাঁহার পুত্র। তিনি 'টুনটুনির বই', 'ছেলেদের রামায়ণ', 'ছেলেদের মহাভারত' প্রঃ রচনা করিয়া গিয়াছেন।

উপেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়—(১২ই অক্টোবর, ১৮৮১ খ্রীঃ)। বিখ্যাত ঔপন্যাসিক। জন্ম ভাগলপুরে। তিনি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের মাতুল। ১৯২৫—৭৩ খ্রীঃ 'বিচিত্রা'র সম্পাদনা কার্যে নিযুক্ত থাকিয়া সুনাম অর্জন করেন। 'রাজপথ', 'অমলে তরু', 'অমলা', 'অভিজ্ঞান', 'দিক্‌শূল' প্রঃ তাঁহার রচিত উপন্যাস। সম্প্রতি তাঁহার মৃত্যু হইয়াছে।

উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়—(১৮৭৯—৫ই এপ্রিল, ১৯৫১ খ্রীঃ)। বিপ্লবী। চন্দননগরের গোন্দলপাড়ার বিখ্যাত বন্দ্যোপাধ্যায় পরিবারে জন্ম। তিনি 'বন্দে-মাতরম্' পত্রিকায় ও বিপ্লবী দল 'যুগান্তরে' যোগ দেন। শ্রীঅরবিন্দ, বারীন্দ্র প্রঃর সঙ্গে তিনি ধরা পড়েন। বিচারে তাঁহার যাবজ্জীবন দ্বীপান্তর হয়। ১৯০৯ সালে তাঁহাকে আন্দামানে পাঠানো হয়। ১৯২০ সালে তিনি ছাড়া পান এবং স্বরাজ পার্টিতে যোগদান করেন। ১৯২৩ সালে আবার তিনি জেলে যান। তাঁহার রচিত পুস্তকগুলির মধ্যে 'নির্বাসিতের আত্মকথা', 'ঊনপঞ্চাশী', 'পথের সন্ধান' ইঃ প্রসিদ্ধ। তিনি মৃত্যুর পূর্ব পর্যন্ত 'দৈনিক বসুমতী'র সম্পাদক ছিলেন।

উপেন্দ্রনাথ ব্রহ্মচারী, স্যর—(১৮৭৫—১৯৪৬ খ্রীঃ)। কলিকাতার প্রসিদ্ধ চিকিৎসক। কালাজ্বরের ঔষধ আবিষ্কার করিয়াছিলেন।

উপেন্দ্রনাথ মুখোপাধ্যায়—(১৮৬১—১৯১৯ খ্রীঃ)। জন্মস্থান কলিকাতা। 'সাপ্তাহিক বসুমতী', 'দৈনিক বসুমতী' ও 'বসুমতী' সাহিত্য মন্দিরে'র প্রতিষ্ঠাতা।

উভয়ভারতী—শংকরাচার্যের বিদুষী শিষ্যা।

উমা—মহাদেবের পত্নী। অপর নাম পার্বতী। হিমালয়ের কন্যা। মেনকা তাঁহার মাতা। পূর্বজন্মে তিনি প্রজাপতি দক্ষের কন্যা ছিলেন।

উমাপতি ধর—প্রাচীন বঙ্গের একজন খ্যাতনামা কবি। জয়দেবের গীতগোবিন্দে তাঁহার উল্লেখ আছে। তিনি একাধিক সেনরাজের মন্ত্রিত্ব করেন। তাঁহার রচিত কোন কাব্য পাওয়া যায় নাই।

উমিচাঁদ—'আমীনচাঁদ' দ্রঃ।

উমেশচন্দ্র বটব্যাল—(৩০শে অগস্ট, ১৮৫২—১৬ই জুলাই, ১৮৯৮ খ্রীঃ)। বিশিষ্ট পণ্ডিত ও সাহিত্যিক। হুগলী জেলার খানাকুলের অন্তর্গত রামনগর গ্রামে জন্ম। পিতা দুর্গাচরণ বটব্যাল। 'বৈদিক সোম'-নামক গ্রন্থ তাহার প্রথম রচনা।

উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (W. C. Bonnerji)—(১৮৪৪—১৯০৬ খ্রীঃ)। বিখ্যাত ব্যারিস্টার ও কংগ্রেসেবক। জন্ম খিদিরপুরে। তিনি ১৮৮৫ ও ১৮৯২ খ্রীষ্টাব্দে জাতীয় মহাসমিতির সর্বপ্রথম সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। ইংলণ্ডে কংগ্রেস কমিটি তিনিই স্থাপন করেন। তিনি বিলাতে মারা যান।

উর্বশী—অপ্সরা। বিখ্যাত স্বর্বেশ্যা। উর্বশীর জন্ম-সম্বন্ধে নানা মত আছে। কাহারও কাহারও মতে তিনি নারায়ণের উরু ভেদ করিয়া বাহির হন, এই কারণে তাঁহার নাম উর্বশী হয় (ভারত)।

উলসী, কার্ডিনাল টমাস (Wolsey, Cardinal Thomas)—(১৪৭১—১৫৩০ খ্রীঃ)। রাজা অষ্টম হেনরীর পরামর্শদাতা। তিনি প্রথমে ইংলণ্ডের রাজা অষ্টম হেনরীর ধর্মযাজক ছিলেন, পরে মন্ত্রী হইয়া প্রজাদের উপরে অত্যাচার করেন। তিনি 'Balance of Power' নামে রাজনীতির প্রবর্তক।

উলূক (উলুক)—১। শকুনির পুত্র। তিনি ভারত-যুদ্ধের পূর্বে কুরুপক্ষ হইতে দূতরূপে যুধিষ্ঠিরাদির নিকট প্রেরিত হইয়াছিলেন। পাণ্ডবগণ তখন বিরাটভবনে অজ্ঞাতবাস করিতেছিলেন। তিনি সহদেব কর্তৃক নিহত হন (ভারত)। ২। বৈশেষিক-দর্শন-প্রণেতা। তাঁহার অপর নাম কণাদ। এজন্য বৈশেষিক-দর্শনকে উলূক্য-দর্শন বা কণাদ-দর্শনও বলা হইয়া থাকে।

উলূপী—কৌরব্য-নামক নাগরাজের কন্যা। অর্জুনের সঙ্গে তাঁহার বিবাহ হয়। পুত্র বভ্রুবাহনের হাতে অর্জুন যুদ্ধে পরাজিত ও চেতনাশূন্য হইলে উলূপী নাগলোক হইতে মৃতসঞ্জীবনী আনাইয়া অর্জুনের চৈতন্য সঞ্চার করেন (ভারত, বিষ্ণু)।

উল্ফ, চার্লস (Wolfe, Charles)—(১৭৯১—১৮২৩ খ্রীঃ)। আয়ার্ল্যাণ্ডের ধর্মযাজক। 'The Burial of Sir John Moore'-নামক কবিতাটি লিখিয়া প্রসিদ্ধিলাভ করেন।

উল্ফ, ভার্জিনিয়া (Woolf, Virginia)—(১৮৮২—১৯৪১ খ্রীঃ)। ইংরেজ মহিলা সাহিত্যিক। পিতা সার লেসলি স্টিফেন। আধুনিক ইংরেজী উপন্যাসের নূতন ধারার প্রবর্তক বলিয়া তিনি প্রসিদ্ধ। 'Jacob's Room', 'Mrs Dalloway', 'Orlando' এবং 'The Waves' তাঁহার বিখ্যাত বই।

উশীনর—চন্দ্রবংশীয় বিখ্যাত রাজা। পিতা মহামনা, পুত্র শিবি। জলা ও উপজলা নামে যমুনা নদীর দুই শাখা যেখানে প্রবহমান, সেইখানে রাজা উশীনর যজ্ঞ সম্পাদন করিয়া ইন্দ্র হইতেও শ্রেষ্ঠত্ব লাভ করেন (ভারত)।

ঊরু—চাক্ষুষ মনুর দশপুত্রের অন্যতম। পত্নী আগ্নেয়ী। তাঁহার ছয় পুত্রের নাম—অঙ্গ, সুমনা, স্বাতি, ক্রতু, অঙ্গিরা ও শিব (হরি)।

ঊর্জ—দ্বিতীয় মন্বন্তরের সপ্তর্ষির মধ্যে একজন। বশিষ্ঠের পত্নী ঊর্জা হইতে তাঁহার জন্ম হয় (হরি)।

ঊর্জস্বতী—১। দক্ষের কন্যা, ধর্মের পত্নী। ২। রাজা প্রিয়ব্রতের কন্যা। তিনি শুক্রাচার্যের পত্নী ছিলেন। তাঁহার গর্ভে দেবযানীর জন্ম হয় (ভাগ)।

ঊর্ব—মুনি। তিনি নিজ ঊরুর উপরে অগ্নি রাখিয়া অগ্নিসদৃশ এক পুত্র লাভ করেন। তাঁহার পুত্র ঔর্ব। [ঔর্ব দ্রঃ] (হরি)।

ঊর্ধশ—ভরতবংশীয় মহাবীর্যের পুত্র।

ঊর্মিলা—মিথিলার রাজা সীরধ্বজ জনকের কন্যা, লক্ষ্মণের পত্নী এবং অঙ্গদ ও চন্দ্রকেতুর মাতা (রাম)।

ঊর্মিলা দেবী—(১৮৮৩—১৯৫৬ খ্রীঃ)। জন্মস্থান ঢাকা জেলার তেলিরবাগ গ্রাম। দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের ভগিনী। তিনি স্বাধীনতা আন্দোলনে যোগ দেন। তাঁহার রচিত গল্পের বই-এর নাম 'পুষ্প-হার'।

ঊষা—১। ভব-নামক রুদ্রের পত্নী। ২। বাণের কন্যা, অনিরুদ্ধের পত্নী (বিষ্ণু)।

ঊষানাথ সেন—(১৮৮০—১৯৫৯ খ্রীঃ)। জন্মস্থান চব্বিশ পরগনার নৈহাটী (গরিফা)। বিশিষ্ট সাংবাদিক। তিনি 'সি. বি. ই' ও 'নাইট' উপাধিতে ভূষিত হন।

ঋ

ঋক্ষ—১। কুরুবংশীয় অরিহ রাজার পুত্র। মাতা সুদেবা। ঋক্ষ তক্ষকের কন্যা জ্বালাকে বিবাহ করেন (ভারত)। ২। পৌরব বিদূরথের পুত্র। ৩। পুরুবংশীয় অজমীঢ় রাজার পুত্র (হরি)।

ঋক্ষরাজ—বানর বিঃ। তাহার দেহ এক সুন্দরী রমণী-মূর্তিতে পরিণত হয়। তাহার গর্ভে এবং ইন্দ্র ও সূর্যের ঔরসে যথাক্রমে বালী ও সুগ্রীবের জন্ম হয়। ইহার পর ঋক্ষরাজ পূর্বের মূর্তি ফিরিয়া পাইল ও দুই পুত্রকে লইয়া ব্রহ্মার নিকটে আসিল। ব্রহ্মা তাহাকে কিষ্কিন্ধ্যা নগরীতে বাসস্থান নির্দেশ করিয়া দিলেন (রাম)।

ঋচীক—ঔর্ব-নামক ঋষির বিখ্যাত পুত্র। পত্নীর নাম

সত্যবতী। তাঁহার একশত পুত্র জন্মে; তাহার মধ্যে জমদগ্নি জ্যেষ্ঠ। শুনঃশেফ ও শুনঃপুচ্ছ তাঁহার অপর দুই পুত্র। জমদগ্নির ঔরসে পরশুরামের জন্ম হয় (ভারত)।

ঋতধ্বজ—১। রঘুবংশে রিপুজিৎ নামে এক রাজা ছিলেন। তাঁহার পুত্র ঋতধ্বজ। তিনি কুবলয়-নামক অশ্বে আরোহণ করিয়া বজ্রকেতুর পুত্র পাতালকেতুকে বধ করেন এবং তৎকর্তৃক অপহৃতা মদালসাকে বিবাহ করেন (রাম)। ২। প্রতর্দনের অপর নাম।

ঋতপর্ণ (বা **ঋতুপর্ণ**)—সূর্যবংশীয় রাজা। পিতার নাম অযুতাশ্ব। অযোধ্যানগরী তাঁহার রাজধানী ছিল। নল রাজা কলি কর্তৃক আক্রান্ত হইয়া বাহুকবেশে তাঁহার কাছে আশ্রয় লন (ভাগ)।

ঋষভ—নারায়ণের দ্বাবিংশতি অবতারের মধ্যে অষ্টম অবতার। তিনি নাভির পত্নী মেরুদেবীর গর্ভে জন্মগ্রহণ করেন। রাজা নাভি পুত্রের হস্তে রাজ্য-ভার দিয়া বদরিকা আশ্রমে গমন করিলেন। তখন ইন্দ্র জয়ন্তী নামে একটি কন্যার সহিত তাঁহার বিবাহ দেন। জয়ন্তীর গর্ভে ঋষভের একশত পুত্র জন্মে। তাহার মধ্যে ভরত সর্বজ্যেষ্ঠ। ভরতের নামেই ভারতবর্ষ হইয়াছে (ভাগ)।

ঋষ্যশৃঙ্গ—মুনি বিঃ। তাঁহার পিতার নাম বিভাণ্ডক। তাঁহার মাথায় শৃঙ্গ ছিল। তিনি জিতেন্দ্রিয় ছিলেন। একসময়ে দশরথের বন্ধু অঙ্গরাজ রোম-পাদের রাজ্যে অনাবৃষ্টি হয়। ব্রাহ্মণগণ বলেন, ঋষ্যশৃঙ্গকে রাজ্যে আনিতে পারিলেই বৃষ্টি হইবে। কতকগুলি গণিকাকে পাঠাইয়া তাঁহাকে ভুলাইয়া রাজ্যে আনা হইল। সঙ্গে সঙ্গে বৃষ্টি হইল। ইহার পর রোমপাদ পালিতা কন্যা শান্তার সঙ্গে তাঁহার বিবাহ দেন। এই শান্তা রাজা দশরথের কন্যা। দশরথ ঋষ্যশৃঙ্গের দ্বারা পুত্রেষ্টি যজ্ঞ করিলে রামাদি চারি পুত্রের জন্ম হয় (রাম)।

এ

একচূর্ণী—মুনি বিঃ। তিনি তৈত্তিরীয় যজুর্বেদের একখানি টীকা রচনা করেন বলিয়া প্রসিদ্ধি আছে।

একজটা—চণ্ডীতে বর্ণিত পার্বতীর রূপ বিঃ। তিনি কৃষ্ণবর্ণা, চতুর্ভুজা ও তাঁহার গলায় মুণ্ডমালা বিরাজ করে। তাঁহার শিরে জটা। তাঁহার আটটি যোগিনী (কালিকা)।

একনাথ স্বামী—(১৫২৮—১৬০৩ খ্রীঃ)। মহারাষ্ট্র-বাসী প্রসিদ্ধ সাধুপুরুষ। মহারাষ্ট্র জাতিকে ধর্ম-শিক্ষা দিবার জন্য তিনি রামায়ণ, শ্রীমদ্ভাগবত ও ভগবদ্গীতা প্রঃ গ্রন্থ সাধারণের উপযোগী করিয়া অনুবাদ করেন।

একপর্ণা—হিমালয়ের কন্যা। মাতা মেনকা ও স্বামী অসিত দেবল। তিনি একটি পত্র বা পর্ণ ভক্ষণ করিয়া তপস্যা করিতেন বলিয়া তাঁহার উক্ত নাম হয় ['উমা' দ্রঃ] (হরি)।

একপটলা, একপাটলা—হিমালয়ের কন্যা। তাঁহার মাতা মেনকা, ভগ্নী অপর্ণা ও স্বামী জৈগীষব্য। তিনি প্রত্যহ একটি পাটল ভক্ষণ করিয়া তপস্যা করিতেন বলিয়া তাঁহার উক্ত নাম হয় ['উমা' দ্রঃ]।

একলব্য—ব্যাধরাজ হিরণ্যধনুর পুত্র। তিনি ধনু-র্বিদ্যা শিক্ষার জন্য দ্রোণের নিকটে যান, কিন্তু ব্যাধ বলিয়া দ্রোণ তাঁহাকে শিক্ষা দিতে রাজী হইলেন না। তখন তিনি বনে গমন করিয়া দ্রোণের একটি মূর্তি প্রস্তুত করান এবং তাহার সম্মুখে ধনুর্বিদ্যা শিক্ষা করেন। একলব্য দ্রোণাচার্যকে গুরু বলিয়া স্বীকার করিলে, দ্রোণ গুরুদক্ষিণা চাহেন। একলব্য দক্ষিণা দিতে উদ্যত হইলে দ্রোণ তাঁহার ডান হাতের বুড়া-আঙ্গুল কাটিয়া দিতে বলেন। ধনু-চালনা করিবার শক্তি হারাইতে হইবে জানিয়াও এক-লব্য তাহাই করেন। ইহাতে তাঁহার শরনিক্ষেপের শক্তি কমিয়া যায়।

এখেনেণ্টন (Akhenanton)—প্রায় ১৩৭৫ খ্রীষ্ট-পূর্বাব্দে তিনি মিশরের সম্রাট্ (ফেরো) হন। তিনি তৃতীয় অ্যামেনহটেপের পুত্র।

এজিদ—ইসলামের পঞ্চম খলিফা। হজরত মোহাম্মদের দৌহিত্র এমাম হাসান ও এমাম হোসেনকে নিহত করিয়া তিনি খলিফার পদ লাভ করেন।

এজাক্স (Ajax)—১। স্যালামিসের রাজা। টেলামনের পুত্র। তিনি ট্রোজান যুদ্ধের একজন প্রসিদ্ধ বীর। অ্যাকিলিস প্রাণত্যাগ করিলে তিনি তাঁহার অস্ত্র অধিকার করিতে যান, কিন্তু ইউলিসিস তাহা অধিকার করেন। তখন তিনি ক্রোধান্ধ হইয়া এক মেষপালককে হত্যা করেন এবং নিজের বুকে ছুরি মারিয়া আত্মহত্যা করেন। ২। অয়েলিউসের পুত্র। তিনি ট্রোজান যুদ্ধে চল্লিশটি জাহাজ লইয়া যান। বাড়ি ফেরার পথে তাঁহার জাহাজডুবি হয় এবং তিনি মারা যান।

এঙ্গেলস, ফ্রিডারিষ (Engles, Friedrich)—(১৮২০—১৮৯৫ খ্রীঃ)। তিনি জাতিতে জার্মান। প্রসিদ্ধ দার্শনিক কার্ল মার্কস-এর সহিত যুগ্ম-ভাবে সমাজতান্ত্রিক মতবাদের প্রতিষ্ঠা করেন (১৮৪৮ খ্রীঃ)।

এঞ্জেলিকো, ফ্রা (Angelico, Fra)—(? ১৩৮৭—১৪৫৫ খ্রীঃ)। বিখ্যাত ইটালিয়ান চিত্রকর।

টাস্কানিতে তাঁহার জন্ম। 'Madonna of the Linen Weavers', 'Deposition', 'The Last Judgment' প্রঃ তাঁহার বিখ্যাত চিত্র।

এটলী (C. R. Attlee)—(জন্ম ১৮৮৩ খ্রীঃ)। ১৯৪৫ খ্রীষ্টাব্দে তিনি ইংলণ্ডের প্রধানমন্ত্রী হন। তাঁহার সময়ের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ঘটনা ভারতের স্বাধীনতালাভ।

এডিসন, টমাস আলভা (Edison, Thomas Alva) —(১৮৪৭—১৯৩১ খ্রীঃ)। আমেরিকার সুবিখ্যাত বিজ্ঞানী। প্রথম জীবনে তিনি টেলিগ্রাফ অফিসে কাজ করিতেন, পরে টেলিগ্রাফ ও বৈদ্যুতিক বহু যন্ত্রের উদ্ভাবন করেন। গ্রামোফোন, বৈদ্যুতিক বাতি, সিনেম্যাটোগ্রাফ প্রঃ আবিষ্কারের জন্য তিনি চিরকাল বিখ্যাত হইয়া থাকিবেন। প্রায় ১৩০০ যন্ত্র তাঁহার দ্বারা রেজেষ্ট্রীকৃত হয়।

এড্ওয়ার্ড, ১ম (Edward I)—(১২৩৯—১৩০৭ খ্রীঃ)। তিনি ১২৭২ হইতে ১৩০৭ খ্রীঃ পর্যন্ত ইংলণ্ডের রাজা ছিলেন। তিনি ওয়েল্স্ প্রদেশ জয় করিয়া নিজ রাজ্যের অন্তর্ভুক্ত করেন এবং শিশু-পুত্রকে ওয়েলসের রাজা বলিয়া ঘোষণা করিয়া দেন। সেই হইতে ইংলণ্ডের যুবরাজ মাত্রেরই নাম Prince of Wales হইয়া থাকে।

এডওয়ার্ড, ৩য় (Edward III)—(১৩১২—১৩৭৭ খ্রীঃ)। বিশেষ ক্ষমতাশালী রাজা ছিলেন। তাঁহার রাজত্বকালে ফ্রান্স ও স্কটল্যাণ্ডের সহিত যে দীর্ঘ কালব্যাপী যুদ্ধ বাধে, তাহা ইতিহাসে 'Hundred Years War' নামে অভিহিত। তাঁহারই পুত্রের নাম The Black Prince

এড্ওয়ার্ড, ৬ষ্ঠ (Edward VI)—(১৫৩৭—১৫৫৩ খ্রীঃ)। দশ বৎসর বয়সে ইংলণ্ডের সিংহাসন লাভ করেন এবং ষোড়শ বর্ষ বয়সে মৃত্যুমুখে পতিত হন।

এড্ওয়ার্ড, ৭ম (Edward, VII)—(১৮৪১—১৯১০ খ্রীঃ)। মহারানী ভিক্টোরিয়ার জ্যেষ্ঠ পুত্র, ইংলণ্ডের রাজা ও ভারতের সম্রাট্ ছিলেন। ১৯০১ খ্রীষ্টাব্দে তিনি সিংহাসন লাভ করেন। পরলোকগত সম্রাট্ পঞ্চম জর্জ তাঁহার দ্বিতীয় পুত্র।

এড্ওয়ার্ড, ৮ম (Edward, VIII)—(জন্ম ১৮৯৪ খ্রীঃ)। সম্রাট্ পঞ্চম জর্জের জ্যেষ্ঠ পুত্র। পিতার মৃত্যুর পর ১৯৩৬ খ্রীষ্টাব্দে ২০শে জানুয়ারি তিনি ইংলণ্ডের রাজা হন। কিন্তু বিবাহ-ব্যাপারে মন্ত্রিসভার সহিত তাঁহার মতভেদ ঘটায় তিনি সিংহাসন ত্যাগ করেন। তাঁহার বর্তমান উপাধি ডিউক অব উইণ্ডসর।

এড্ওয়ার্ড দি কন্ফেসর (Edward the Confessor)—ইংলণ্ডের ধার্মিক রাজা। অনুমান ১০০৪ হইতে ১০৬৬ খ্রীষ্টাব্দ পর্যন্ত তিনি বর্তমান ছিলেন। 'Westminster Abbey' তাঁহারই প্রতিষ্ঠিত।

এণ্ড্রুজ, সি. এফ. (Andrews, C. F.)—(১৮৭১—১৯৪১ খ্রীঃ)। তিনি ভারতবাসীদিগের দুঃখ-মোচনের জন্য নানাভাবে চেষ্টা করেন। মহাত্মা গান্ধী, রবীন্দ্রনাথ প্রঃ মনীষীদিগের সম্বন্ধে তিনি বহু পুস্তক লিখিয়াছেন। ভারতবাসী শ্রদ্ধার সহিত তাঁহাকে 'দীনবন্ধু' আখ্যা দিয়াছিল।

এণ্ড্রিয়া ডেল সার্টো—(Andrea Dell Sarto)—(১৪৮৭—১৫৩১ খ্রীঃ)। বিখ্যাত ইটালিয়ান চিত্রকর। জন্ম ফ্লোরেন্সে। Madonna di San Francesco তাঁহার সর্বশ্রেষ্ঠ চিত্র বলিয়া বিবেচিত হয়।

এথিনা (Athena)—প্রাচীন গ্রীকদিগের জ্ঞান বুদ্ধি ও চারুশিল্পের দেবী (গ্রীক পুঃ)।

এপিউস (Epeus)—প্যানোপিয়াসের পুত্র—ট্রয়বিজয়-সহায়ক কাষ্ঠঘোটকের নির্মাতা (গ্রীক পুঃ)।

এপিকিউরাস (Epicurus)—(খ্রীঃ পূঃ ৩৪১—২৭০)। বিখ্যাত গ্রীক দার্শনিক। বিশ্বের উৎপত্তি সম্বন্ধে তিনি পরমাণুবাদী ছিলেন এবং সুখই জীবনের চরম মঙ্গল বলিয়া মনে করিতেন। তিনি নাস্তিক্যবাদের সমর্থক ছিলেন।

এপিক্টেটাস্ (Epictetus)—প্রাচীন গ্রীসের একজন বিখ্যাত দার্শনিক। তিনি খ্রীষ্টীয় প্রথম শতাব্দীর লোক। তাঁহার মতে সহনশীলতা ও সংযমই মানুষের ধর্ম।

এব্রাহাম—ইহুদীজাতির প্রতিষ্ঠাতা। খ্রীঃ পূঃ ২০০০ হইতে ১৮০০ অব্দের মধ্যে তিনি বর্তমান ছিলেন। বেবিলনের কাল্ডিয়া-নামক নগরের উর-নামক স্থানের তিনি বাসিন্দা ছিলেন। তাঁহার পিতার নাম টেরা, তাঁহার স্ত্রীর নাম সারা ও পুত্রের নাম আইজাক। ইহুদী ও আরবদের আদিপুরুষ বলিয়া তিনি প্রসিদ্ধ।

এব্রাহাম লিঙ্কন (Abraham Lincoln)—(১৮০৯—১৮৬৫ খ্রীঃ)। আমেরিকার যুক্তরাষ্ট্রের মহাপ্রাণ মনীষী। তিনি ১৮৬১ খ্রীষ্টাব্দে আমেরিকার যুক্তরাষ্ট্রের ষোড়শ রাষ্ট্রপতি নির্বাচিত হন। তাঁহার সময়ে দাসপ্রথা আমেরিকা হইতে উঠিয়া যায় এবং আমেরিকায় গৃহযুদ্ধ বাধে। তাঁহার বিচক্ষণতায় সেই যুদ্ধ সহজেই বন্ধ হয় এবং যুক্তরাষ্ট্রের রাষ্ট্রগুলি প্রকৃতই যুক্ত হয়। ১৮৬৪ খ্রীষ্টাব্দে তিনি পুনরায় রাষ্ট্রপতি নির্বাচিত হন, কিন্তু পর বৎসর বুথ নামে একজন লোক তাঁহাকে হত্যা করে।

এব্রাহিম—প্রাচীন আরবের একজন মহাপুরুষ। তিনি বেবেল-নামক নগরে বাস করিতেন। তিনি একেশ্বরবাদী ও প্রতিমা-পূজার বিরোধী ছিলেন। সারা ও হাজেরা নামে তাঁহার দুই পত্নী ছিল। সারার গর্ভে ইহুদী-বংশের আদিপুরুষ এসাহক ও হাজেরার গর্ভে মুসলমান-জাতির আদিপুরুষ ইসমাইলের জন্ম হয়। এব্রাহিমের দ্বারাই মক্কা নগর প্রতিষ্ঠিত হইয়াছিল। এখানে তিনি 'কাবা'-নামক প্রসিদ্ধ মসজিদও স্থাপিত করেন।

এম্পিডোক্লিস্ (Empedocles)—বিখ্যাত গ্রীক

দার্শনিক। খ্রীঃ পূঃ ৪৪৪ অব্দের কাছাকাছি সময়ে তাঁহার আবির্ভাব হয়। সিসিলিতে তাঁহার জন্ম। মৃত্যুর পরে মানুষের আত্মার ভবিষ্যৎ সম্পর্কে তিনি গবেষণা করিতেন। আগ্নেয়গিরি এট্‌নার গহ্বরের মধ্যে ঝাঁপ দিয়া তিনি আত্মহত্যা করেন।

এয়ার্ড, স্যার জন (Aird, Sir John)—(১৮৩০—১৯১১ খ্রীঃ)। বিখ্যাত এঞ্জিনিয়ার। নীলনদের বাঁধ তাঁহার সর্বশ্রেষ্ঠ কীর্তি।

এরিবাস (Erebus)—কেওসের পুত্র এবং যমপুরীর অন্যতম দেবতা (গ্রীক পুঃ)।

এর‍্যাটো (Erato)—গীতিকাব্য ও প্রণয়-সংগীতের অধিষ্ঠাত্রী নয়জন দেবীর অন্যতমা (গ্রীক পুঃ)।

এলগিন, লর্ড (Elgin, Lord)—১। (১৮১১—১৮৬৩ খ্রীঃ)। ১৮৬২ খ্রীষ্টাব্দে তিনি ভারতের গভর্নর জেনারেল হন। ২। (১৮৪৯—১৯১৭ খ্রীঃ)। ১৮৯৩ খ্রীষ্টাব্দে তিনি ভারতের গভর্নর জেনারেল হন।

এলিজাবেথ, রানী (Elizabeth, Queen)—(১৫৩৩—১৬০৩ খ্রীঃ)। ইংলণ্ডের রানী। ২৫ বৎসর বয়সে ১৫৫৮ খ্রীষ্টাব্দে তিনি সিংহাসনে আরোহণ করেন এবং ৪৫ বৎসর রাজত্ব করেন। তাঁহার সময়ে প্রোটেস্টান্ট ধর্ম ইংলণ্ডের রাজধর্ম বলিয়া গৃহীত হয়। স্পেনীয় রণতরী 'আর্মাডা'র পরাজয়, স্কটল্যাণ্ডের রানী মেরী স্টুয়ার্টের প্রাণদণ্ড, উপনিবেশ স্থাপনের চেষ্টা এবং শেক্‌স্‌পীয়রপ্রমুখ নব সাহিত্যিকবৃন্দের অভ্যুদয় তাঁহার রাজত্বকালের উল্লেখযোগ্য ঘটনা। ১৫৯৯ খ্রীষ্টাব্দে ঈস্ট ইণ্ডিয়া কোম্পানি তাঁহার নিকট হইতে অনুমতিপত্র লইয়া প্রথম ভারতে বাণিজ্য করিতে আসে। রানী এলিজাবেথ বিবাহ করেন নাই।

এলিজাবেথ, ২য় (Elizabeth II)—(জন্ম ১৯২৬ খ্রীঃ)। তিনি তাঁহার পিতা ষষ্ঠ জর্জের মৃত্যুর পর ১৯৫২ খ্রীষ্টাব্দে ইংলণ্ডের সিংহাসনে আরোহণ করেন। তাঁহার স্বামী ফিলিপ।

এলিস, হেনরী হ্যাভলক (Ellis, Henry Havelock)—(১৮৫৯—১৯৩৯ খ্রীঃ)। বিখ্যাত যৌনতত্ত্ববিৎ। তিনি যৌনসম্পর্কীয় বহু প্রামাণিক পুস্তক প্রণয়ন করিয়া খ্যাতিলাভ করেন।

এলেনবরা, লর্ড (Ellenborough, Lord)—(১৭৯০—১৮৭১ খ্রীঃ)। তিনি ১৮৪২ খ্রীষ্টাব্দে ভারতের গভর্নর-জেনারেল হন।

এশিয়া (Asia)—ওশিয়ানাস ও থিটিসের কন্যা। তাঁহার নাম হইতে এশিয়া মহাদেশের নামকরণ হইয়াছে (গ্রীক পুঃ)।

ঐতরেয়—১। বিষ্ণুভক্ত ব্রাহ্মণকুমার। তিনি বিষ্ণুভক্তির বলে সকলশাস্ত্রবিশারদ হইয়াছিলেন (লিঙ্গ)। ২। মহর্ষি মহীদাসের অপর নাম। তাঁহার জননীর নাম ইতরা ছিল বলিয়া তিনি ঐতরেয় নামে খ্যাত ছিলেন (ছান্দো)।

ঐল—১। মনুবংশীয় নরপতি সুদ্যুম্নের পুত্র। ঐল জন্মিবার পর সুদ্যুম্ন মারা যান (হরি)। ২। মহর্ষি ইলের পুত্র। তিনি ঐল পুরূরবা নামে খ্যাত ছিলেন (ভারত)।

ঐলবিল—১। বিশ্রবা মুনির অপর নাম (লিঙ্গ)। ২। ইক্ষ্বাকুবংশীয় দশরথের পুত্র। দশরথ ছিলেন মূলকের পুত্র (গরুড়)। ৩। ইক্ষ্বাকুবংশীয় শতরথের পুত্র (বায়ু)।

ও

ও'কনেল, ডেনিয়েল (O'Connel, Daniel)—(১৭৭৫—১৮৪৭ খ্রীঃ)। বিখ্যাত আইরিশ দেশপ্রেমিক, বক্তা ও ব্যারিস্টার। তিনি আয়ার্ল্যাণ্ডের স্বাধীনতা-আন্দোলনের অন্যতম বিশিষ্ট নেতা ছিলেন।

ওম, জর্জ সাইমন (Ohm, George Simon)—(১৭৮৭—১৮৫৪ খ্রীঃ)। গণিতজ্ঞ ও বিজ্ঞানী। গবেষণা করিয়া তিনি তড়িৎ-বিজ্ঞানে যে নিয়মের আবিষ্কার করেন, তাহার নাম 'Ohm's Law'। তাঁহার নাম হইতেই বিদ্যুৎ-বিজ্ঞানে 'Ohm' শব্দ প্রচলিত হইয়াছে।

ওমর, ১ম—(৫৮১—৬৪৪ খ্রীঃ)। হজরত মোহাম্মদের প্রিয় শিষ্য। হজরতের মৃত্যুর পর তিনি দ্বিতীয় খলিফা হন। তিনি সিরিয়া, মেসোপটেমিয়া, পারস্য, মিশর ও প্যালেস্টাইন প্রঃ দেশ জয় করেন এবং ৬৩৪—৬৪৪ খ্রীঃ পর্যন্ত রাজত্ব করেন। তিনি তাঁহার এক ক্রীতদাসের হস্তে নিহত হন।

ওমর খৈয়াম—পারস্য-দেশীয় বিখ্যাত কবি ও জ্যোতির্বিদ্। একাদশ শতাব্দীর শেষভাগে খোরাসানের নৈশাপুরে জন্ম। তাঁহার প্রণীত কাব্যগ্রন্থ 'রুবাইয়াৎ' ১৮৫৯ খ্রীষ্টাব্দে এড্‌ওয়ার্ড ফিট্‌জেরাল্ড কর্তৃক ইংরেজীতে অনূদিত হইয়াছিল।

ওয়াইল্ড, অস্কার—'অস্কার ওয়াইল্ড' দ্রঃ।

ওয়াগ্‌নার, উইলহেল্‌ম রিচার্ড (Wagner, Wilhelm

Richard)—(১৮১৩—১৮৩৮ খ্রীঃ)। জার্মান গীতিকবি ও সুরকার। গীতিকাব্য রচনায় তিনি নূতন [illegible] প্রবর্তন করিয়া বিখ্যাত হন।

ওয়াজিদ আলি শাহ্—অযোধ্যার শেষ নবাব। তাঁহার সময়ে অযোধ্যার শাসন-ব্যাপারে বিশৃঙ্খলা উপস্থিত হয় এই অজুহাতে ভারতের তৎকালীন গভর্নর-জেনারেল লর্ড ডালহৌসী ১৮৫৬ খ্রীষ্টাব্দে অযোধ্যা ভারত-সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করেন এবং ওয়াজিদ আলিকে বার লক্ষ টাকা বৃত্তির বন্দোবস্ত করিয়া দেন।

ওয়াট, জেমস্ (Watt, James)—(১৭৩৬—১৮১৯ খ্রীঃ)। বাষ্পচালিত এঞ্জিনের আবিষ্কারক।

ওয়াভেল, স্যর আর্চিবল্ড (Wavell, Sir Archibald)—(১৮৮২—১৯৫০ খ্রীঃ)। তিনি ১৯৪৩ হইতে ১৯৪৭ খ্রীষ্টাব্দ পর্যন্ত ভারতের বড়লাট ছিলেন।

ওয়ারেন হেস্টিংস (Warren Hastings)—(১৭৩২—১৮১৮ খ্রীঃ)। কুখ্যাত গভর্নর-জেনারেল। তিনি ১৭৭৪ খ্রীষ্টাব্দে ভারতের প্রথম গভর্নর-জেনারেল হন। তাঁহার সময়ে 'সুপ্রীম কোর্ট' ও 'চীফ-জাস্টিসে'র পদ গঠিত হয়। মহারাজ নন্দকুমারের ফাঁসি তাঁহার সময়কার প্রসিদ্ধ ঘটনা।

ওয়ার্ড, রেভারেন্ড উইলিয়াম (Ward, Rev. William)—(১৭৬৯—১৮২৩ খ্রীঃ)। বিখ্যাত খ্রীষ্টধর্মপ্রচারক (মিশনারী)। মার্শম্যান ও কেরীর সহিত একযোগে শ্রীরামপুরে তিনি একটি মিশন প্রতিষ্ঠা করেন। এই মিশনে ছাপাখানার কার্যও হইত। এইখানেই তিনি বাইবেলের বাংলাভাষায় অনুবাদ ও কুড়িখানির বেশী খ্রীষ্টধর্মবিষয়ক গ্রন্থ বাংলাভাষায় প্রকাশ করেন। ১৮১১ খ্রীষ্টাব্দে তিনি হিন্দুদিগের ইতিহাস, সাহিত্য, ধর্ম ও পুরাণবিষয়ক একখানি গ্রন্থ প্রকাশ করেন।

ওয়ার্ডস্ওয়ার্থ, উইলিয়াম (Wordsworth, William)—(১৭৭০—১৮৫০ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ কবি। ইংলন্ডের ককারমাউথ নামক স্থানে জন্ম। তাঁহার প্রসিদ্ধ কবিতাগুলির মধ্যে 'Duty', 'The Prelude', 'Lucy Gray', 'Ruth', 'On Intimations of Immortality', 'Excursion' ইঃ প্রধান। ১৮০২ খ্রীষ্টাব্দে মেরি হাচিন্সনকে তিনি বিবাহ করেন। ১৮৪৩ খ্রীষ্টাব্দে তিনি রাজকবি (Poet Laureate) হন।

ওয়ালেস, এডগার (Wallace, Edgar)—(১৮৭৫—১৯৩২ খ্রীঃ)। ইংরেজ ঔপন্যাসিক ও নাট্যকার। রোমাঞ্চকর গোয়েন্দাকাহিনী লিখিয়া তিনি বিশেষ নাম করেন। তিনি ১৫০ খানি উপন্যাস রচনা করেন। 'The Four Just Men', 'Sanders of the River', 'The Angel of Terror' ইঃ তাঁহার প্রসিদ্ধ রচনা।

ওয়াশিংটন, জর্জ (Washington, George)—(১৭৩২—১৭৯৯ খ্রীঃ)। যুক্তরাষ্ট্রের প্রথম রাষ্ট্রপতি (President)। আমেরিকার অন্তঃপাতী ভার্জিনিয়া প্রদেশে তাঁহার জন্ম।

ওয়াশিংটন, বুকার টি. (Washington, Booker T.)—(১৮৫৮—১৯১৫ খ্রীঃ)। বিখ্যাত নিগ্রো শিক্ষাব্রতী। নিগ্রো ক্রীতদাসের গৃহে তাঁহার জন্ম। আমেরিকায় দাসত্বপ্রথা উঠিয়া গেলে তিনি মুক্তিলাভ করেন এবং নিজের চেষ্টায় প্রভূত বিদ্যা অর্জন করেন। তাঁহার লিখিত আত্মজীবনী (Up from Slavery) বিশেষ সমাদর লাভ করিয়াছে।

ওয়াহাব—বিখ্যাত মুসলমান সাধুপুরুষ। তিনি ১৬৯১ খ্রীষ্টাব্দে আরবদেশে জন্মগ্রহণ করেন। তাঁহার প্রচলিত একটি ধর্মমত আছে। মুসলমানেরা সেই মতকে 'ওয়াহাবী মত' বলেন।

ওয়েবের (Weber, Albrecht Friedrick Von)—(১৮২৫—১৯০১ খ্রীঃ)। সংস্কৃতজ্ঞ জার্মান পণ্ডিত। তিনি শুক্ল যজুর্বেদ ও অন্যান্য অনেক সংস্কৃত পুস্তকের বিশুদ্ধ সংস্করণ প্রকাশ করেন। প্রাকৃত ভাষা, ভারতীয় ইতিহাস, জৈন ধর্ম প্রঃ নানা বিষয়ে তাঁহার পুস্তক ও প্রবন্ধ আছে।

ওয়েব্‌স্টার, নোয়া (Webster, Noah)—(১৭৫৮—১৮৪৩ খ্রীঃ)। আমেরিকার প্রসিদ্ধ বৈয়াকরণিক ও অভিধান-সংকলয়িতা। তাঁহার সংকলিত 'Dictionary of the English Language' বিশেষ বিখ্যাত।

ওয়েলিংটন, ডিউক অব (Arthur Wellesley, Duke of Wellington)—(১৭৬৯—১৮৫২ খ্রীঃ)। ভারতের গভর্নর-জেনারেল লর্ড ওয়েলেসলির ভ্রাতা। তিনি ১৮১৫ খ্রীষ্টাব্দে নেপোলিয়নকে ওয়াটার্লু ক্ষেত্রে যুদ্ধে পরাস্ত করেন। ১৮২৮ খ্রীষ্টাব্দে তিনি রাজমন্ত্রী হন।

ওয়েলেস্‌লি, মার্কুইস অব (Wellesley, Richard Colley: Marquis of)—(১৭৬০—১৮৪২ খ্রীঃ)। তিনি ডিউক অব ওয়েলিংটনের জ্যেষ্ঠ ভ্রাতা। ১৭৯৭ খ্রীষ্টাব্দে গভর্নর-জেনারেল-রূপে ভারতে আগমন করেন।

ওয়েল্‌স্, এইচ, জি (Wells, Herbert George)—(১৮৬৬—১৯৪৬ খ্রীঃ)। প্রসিদ্ধ ইংরেজ সাহিত্যিক ও ঐতিহাসিক। তাঁহার 'Outline of History' নামক পুস্তকখানি বিশ্বসাহিত্যে অপরূপ দান। 'The Wonderful Visit', 'The History of Mr. Polly', 'Kipps', 'The shape of things to come' প্রঃ তাঁহার রচিত বিখ্যাত পুস্তক।

ওরাইয়ন (Orion)—বিখ্যাত শিকারী দৈত্য। মৃত্যুর পর তিনি নক্ষত্রমণ্ডলে স্থান পান। ভারতে এই নক্ষত্রপুঞ্জ 'কালপুরুষ' নামে খ্যাত (গ্রীক পুঃ)।

ওশিয়ানাস (Oceanus)—অতি প্রাচীন সমুদ্র-দেবতা। ইনি নির্ঝর ও নদ-নদীর অধিষ্ঠাত্রী দেবীদের পিতা। (গ্রীক পুঃ)

ঔ

ঔর্ব—১। ঋষি বিঃ। প্রাচীনকালে কৃতবীর্য নামে এক রাজা ছিলেন। তাঁহার বংশধরগণ তাঁহাদের পুরোহিত ভৃগুবংশীয়দের বধ করিতে থাকেন। ভৃগুবংশীয় এক বিধবার উরুভেদ করিয়া এক ঋষির জন্মলাভ হয়। এই ঋষিই ঔর্ব নামে খ্যাত। তিনি রাজপুত্রদের প্রথমে অন্ধ করিয়া দেন। তারপর তিনি সমস্ত পৃথিবী দগ্ধ করিতে উদ্যত হইলে, তাঁহার পিতৃপুরুষগণ বাধা দেন। তিনি তাঁহাদের অগ্নি সমুদ্রে নিক্ষেপ করেন। এই অগ্নি বাড়বানল নামে প্রসিদ্ধি লাভ করিয়াছে (ভারত)। ২। দেবাসুরে যুদ্ধ বাধিলে হিরণ্যকশিপুর অনুরোধে ঔর্ব কঠোর তপস্যা করিতে থাকেন. ফলে সমগ্র জগৎ উত্তপ্ত হইল। মহর্ষিগণ তাঁহাকে তখন বিবাহ করিতে বলিলেন। কিন্তু তিনি সম্মত হন নাই। তিনি হুতাশনে উরু প্রবেশ করাইয়া তপস্যা করিতেছিলেন। হঠাৎ সেই উরু ভেদ করিয়া এক অনল উঠিল। এই ঔর্বজাত অগ্নি পৃথিবী ধ্বংস করিতে উদ্যত হইলে ব্রহ্মা তাহাকে সমুদ্রে নিক্ষেপ করেন। এই অগ্নি বাড়বানল (পদ্ম)।

ক

কংস—ভোজবংশীয় রাজা। তিনি মথুরার রাজা উগ্রসেনের পুত্র। দানবরাজ দ্রুমিলের ঔরসে উগ্রসেনের পত্নীর গর্ভে তাঁহার জন্ম। মগধরাজ জরাসন্ধের অস্তি ও প্রাপ্তি নামে দুই কন্যাকে তিনি বিবাহ করেন। তিনি পিতাকে বন্দী করিয়া রাজা হন। তিনি দেবকীর সঙ্গে বসুদেবের বিবাহ দেন। শ্রীকৃষ্ণের হস্তে তিনি নিহত হন (হরি)।

কংসবতী, কংসাবতী—মথুরার রাজা উগ্রসেনের অন্যতমা কন্যা ['উগ্রসেন' দ্রঃ]।

কক, রবার্ট (Koch, Robert)—(১৮৪৩—১৯১০ খ্রীঃ)। প্রসিদ্ধ জীবাণুতত্ত্ববিদ্। যক্ষ্মা রোগের জীবাণু লইয়া তিনি অনেক মূল্যবান্ তথ্য আবিষ্কার করেন। এশিয়াটিক কলেরা ও বিউবোনিক প্লেগ সম্বন্ধেও তিনি অনেক গবেষণা করিয়াছিলেন।

ককুৎস্থ—সূর্যবংশীয় রাজা। অপর নাম পুরঞ্জয়। পিতা শশাদ। দেবগণের সঙ্গে অসুরদের যখন যুদ্ধ হয়, তখন বৃষরূপধারী ইন্দ্রের ককুৎ অর্থাৎ স্কন্ধে আরোহণ করিয়া যুদ্ধ করিয়াছিলেন বলিয়া তাঁহার নাম ককুৎস্থ হয়। তাঁহার অপর নাম ইন্দ্রবাহ (দেবীভাগ)।

কঙ্ক—১। কংসের ভ্রাতা ও উগ্রসেনের পুত্র (হরি)। ২। বসুদেবের অন্যতম ভ্রাতা। তিনি কংসের ভগিনী কঙ্কাকে বিবাহ করেন (হরি)। ৩। মহারাজ যুধিষ্ঠির বিরাটরাজভবনে এক বৎসরকাল কঙ্ক নামে আত্মগোপন করিয়াছিলেন (ভারত)।

কচ—দেবগুরু বৃহস্পতির জ্যেষ্ঠ পুত্র। (ভারত)।

কচু রায়—রাজা প্রতাপাদিত্যের পিতৃব্য বসন্ত রায়ের পুত্র। প্রতাপাদিত্যের ক্রোধ হইতে আত্মরক্ষার নিমিত্ত কচু বনে লুকাইয়া ছিলেন বলিয়া তাঁহার এইরূপ নাম হয়। তিনি দিল্লীর সম্রাট্ জাহাঙ্গীরের সভায় গমন করেন এবং জাহাঙ্গীরকে সব কথা জানাইয়া মানসিংহকে লইয়া বঙ্গদেশে আগমন করেন। তাঁহার মন্ত্রণার ফলে মানসিংহ কর্তৃক প্রতাপাদিত্য যুদ্ধে পরাস্ত ও বন্দী হন। মানসিংহ কচু রায়কে যশোহরের রাজা করিয়া চলিয়া যান।

কটন, হেনরী (Cotton, Sir Henry)—(১৮৪৫—১৯১৫ খ্রীঃ)। ভারতীয় কংগ্রেসের অন্যতম সভাপতি (১৯০৪ খ্রীঃ)। 'New India' নামক গ্রন্থ তাঁহার ভারত-হিতৈষিতার পরিচায়ক।

কঠ—১। ব্রহ্মনিষ্ঠ ঋষি (হরি)। ২। বশিষ্ঠবংশীয় গোত্রপ্রবর্তক ঋষি (ভাগ)।

কণাদ—প্রাচীন ঋষি। তিনি ষড়্দর্শনের অন্তর্গত বৈশেষিক-দর্শনের প্রণেতা। পরমাণুর সমবায়ে বিশ্বব্রহ্মাণ্ডের উৎপত্তি এবং তাপ ও আলোক একই মূল পদার্থের রূপান্তর—এই তত্ত্ব সর্বপ্রথম তিনিই প্রচার করেন এবং এইজন্য কণাদ নাম প্রাপ্ত হন। অবশ্য এই ঋষির প্রকৃত নাম উলূক বা উলুক। এই কারণে কণাদ-দর্শনের অপর নাম ঔলুক্য বা উলুক্য-দর্শন (কূর্ম, পদ্ম)।

কণ্ব—১। পুরুবংশীয় রাজা অপ্রতিরথের পুত্র। কণ্বের পুত্র মেধাতিথি (হরি)। ২। জনৈক মহর্ষি। তিনি মহর্ষি বিশ্বামিত্রের ঔরসে মেনকার গর্ভজাত কন্যা শকুন্তলাকে প্রতিপালন করিয়াছিলেন (রাম)। ['শকুন্তলা' দ্রঃ]

কদফিস্, ১ম (Kadphises I)—কুষান রাজা। তিনি গ্রীক ও পহ্লবগণকে পরাজিত করিয়া আফগানিস্তান ও উত্তর-পশ্চিম ভারতের কিছু অধিকার করেন। তিনিই ভারতবর্ষে কুষান অধিকার স্থাপন করিয়াছিলেন। তিনি খ্রীঃ পূঃ প্রথম শতাব্দীতে বর্তমান ছিলেন।

কদফিস, ২য়. (Kadphises II)—প্রথম কদফিসের পুত্র। তিনি ভারতবর্ষের কতকাংশ জয় করিয়াছিলেন। তিনি বারাণসী পর্যন্ত আগমন করেন।

কদ্রু, কদ্রূ—দক্ষ প্রজাপতির কন্যা। মহর্ষি কশ্যপের পত্নী। কদ্রুর সহস্র অণ্ড হইতে নাগগণ জন্মগ্রহণ করে (ভারত)।

কন্‌গ্রিভ, উইলিয়াম (Congreve, William)—(১৬৭০—১৭২৯ খ্রীঃ)। ইংলণ্ডের নাট্যকার। বিখ্যাত লেখক সুইফ্‌টের সতীর্থ ছিলেন। ১৬৯৩ খ্রীষ্টাব্দে 'The Old Bachelor'-নামক নাটক লিখিয়া সহসা প্রসিদ্ধ হন। 'The Double Dealer', 'Love for Love', 'The Way of the World' তাঁহার অন্যান্য নাটক।

কনফ্যুশিয়াস—(খ্রীঃ পূঃ ৫৫০ বা ৫৫১—৪৭৮)। চৈনিক রাজনীতিবিদ্‌ ও সংস্কারক। তাঁহার চৈনিক নাম 'খুঙ-ফু-ৎসে'। তাঁহার মতবাদ ও উক্তিগুলি তাঁহার শিষ্যেরা লিপিবদ্ধ করিয়াছেন। তিনি নিজে কিছুই লিখিয়া যান নাই। মৃত্যুকালে তাঁহার প্রায় ৩৫ কোটি শিষ্য ছিল।

কন্‌স্ট্যানটাইন, দি গ্রেট (Constantine, the Great)—(২৭৪—৩৩৭ খ্রীঃ)। বিখ্যাত রোমক সম্রাট্‌। ৩০৬ খ্রীঃ হইতে তিনি রোমের সম্রাট্‌ ছিলেন। তাঁহার নামানুসারেই কন্‌স্ট্যান্‌টিনোপল শহরটির নামকরণ হইয়াছে। তাঁহার আসল নাম ফ্লেভিয়াস ভ্যালেরিয়াস কন্‌স্ট্যান্টিনাস্‌।

কনিষ্ক—কুষান-বংশীয় সর্বশ্রেষ্ঠ রাজা। পুরুষপুর (বর্তমান পেশোয়ার) তাঁহার রাজধানী ছিল। খ্রীষ্টীয় দ্বিতীয় শতাব্দীর প্রথম ভাগ তাঁহার রাজত্বকাল। তিনি বৌদ্ধধর্মাবলম্বী ছিলেন। তাঁহার সময়েই মহাযান মতের প্রচলন হয়। তাঁহার সভায় অশ্বঘোষ, নাগার্জুন, চরক প্রঃ পণ্ডিতগণ বিদ্যমান ছিলেন। অনেকের মতে কনিষ্ক শকাব্দের প্রবর্তক।

কন্দর্প—কামদেবের অপর নাম। কন্দর্প ব্রহ্মার মানসপুত্র। কন্দর্পের স্ত্রীর নাম রতি।

কন্দর্পনারায়ণ রায়—বাংগালার বারভূঁইয়াদের অন্যতম। তিনি বাকলা চন্দ্রদ্বীপের রাজা ছিলেন। তাঁহার পৌনে আট ফুট দীর্ঘ পিত্তল-নির্মিত একটি কামান এখনও দেখিতে পাওয়া যায়।

কন্দলী—ব্রহ্মার পৌত্রী ও ঊর্বের কন্যা। দুর্বাসার সহিত তিনি পরিণীতা ও পরে ভস্মীকৃতা হন (ব্রহ্মবৈ)।

কপর্দী—একাদশ রুদ্রের অন্যতম। ঋগ্বেদ্‌-অনুসারে তিনি বায়ুর জনক।

কপিল—প্রসিদ্ধ সাংখ্যদর্শন-প্রণেতা মুনি। ভাগবত মতে তিনি নারায়ণের পঞ্চম অবতার। পিতা কর্দম প্রজাপতি, মাতা দেবহূতি। তিনি সগর রাজার ষষ্টিসহস্র পুত্রকে ভস্মীভূত করিয়া ফেলেন (হরি)। ['অংশুমান' দ্রঃ]

কপিলা—১। দক্ষের ষাট কন্যার মধ্যে অন্যতমা। মহর্ষি কশ্যপের স্ত্রী। কপিলা হইতে অলম্বুষা প্রঃ অপ্সরাগণ, তুম্বুরু প্রঃ গন্ধর্বগণ ও গো, অমৃত প্রঃ জন্মগ্রহণ করে (ভারত)। ২। মহর্ষি আসুরির পত্নী। তিনি পঞ্চশিখ-নামক এক বালককে নিজের পুত্রের ন্যায় স্তন্যদান করিয়া প্রতিপালন করেন (ভারত)।

কবন্ধ—দিতির এক পুত্র। তাঁহার পূর্ব নাম দনু। স্থূলশিরা মুনির শাপে তিনি রাক্ষসে পরিণত হন। সুগ্রীবের সংগে বন্ধুত্ব করিয়া সীতার উদ্ধার করিতে কবন্ধ রামচন্দ্রকে পরামর্শ দিয়াছিলেন (রাম)।

কবিরঞ্জন—তাঁহাকে ছোট বিদ্যাপতি বলা হয়। তিনি শ্রীখণ্ডের অধিবাসী ছিলেন। তিনি কয়েকটি বৈষ্ণব-পদ রচনা করেন।

কবীর—(১৫০০ শতক)। রামানন্দের সর্বপ্রধান শিষ্য। মুসলমানের গৃহে কবীরের জন্ম হয়। হিন্দু ও মুসলমান ধর্মের কোন পার্থক্য নাই—ইহাই তিনি প্রচার করিতেন। তাঁহার শিষ্যগণকে কবীরপন্থী বলে।

কবীর, হুমায়ুন—'হুমায়ুন কবীর' দ্রঃ।

কমলা—লক্ষ্মীদেবীর নামান্তর ['লক্ষ্মী' দ্রঃ]।

কমলাকর পিপ্‌লাই—(৮৯১—৯৭০? বংগাব্দ)। চৈতন্যদেবের ভক্ত। জন্মস্থান সুন্দরবনের নিকট 'খালিজুলি' গ্রামে। শ্রীচৈতন্য-ভাগবতে তাঁহার নাম কমলাকান্ত পিপ্‌লাই বলা হইয়াছে।

কমলাকর ভট্ট—বিখ্যাত পণ্ডিত। তিনি ১৫৩৪ খ্রীষ্টাব্দে বর্তমান ছিলেন। তিনি একজন বিখ্যাত স্মার্ত পণ্ডিত। তাঁহার রচিত 'তত্ত্বকমলাকর', 'পূর্তকমলাকর' প্রঃ পুস্তক আছে।

কমলাকান্ত ভট্টাচার্য—গীতকার ও পণ্ডিত। তিনি ১২১৬ বংগাব্দে বর্তমান ছিলেন। তিনি তৎকালীন বর্ধমান মহারাজের সাধক সভাপণ্ডিত ছিলেন। বর্ধমান মহারাজের পৃষ্ঠপোষকতায় তিনি প্রতিবৎসর কোটালহাট-গ্রামে শ্যামাপূজা করিতেন। তাঁহার শ্যামাসংগীত রামপ্রসাদের পদাবলীর মতই সুমিষ্ট ও চিত্তাকর্ষক।

কমলা দেবী—গুজরাটরাজ দ্বিতীয় কর্ণদেবের মহিষী। তাঁহার সৌন্দর্যের খ্যাতি শুনিয়া কুখ্যাত অত্যাচারী সম্রাট্‌ আলাউদ্দীন খিলজী গুজরাট আক্রমণ করিয়া তাঁহাকে রাজধানীতে লইয়া যান। পরে তিনি আলাউদ্দীনের মহিষী হন।

কয়াধু—হিরণ্যশিপুর স্ত্রী ও বিষ্ণুভক্ত প্রহ্লাদের জননী। পিতা জম্ভাসুর। তাঁহার গর্ভে সংহ্লাদ ও হ্লাদ জন্মগ্রহণ করেন (ভাগ)।

করমেতি বাঈ—উত্তর-পশ্চিম প্রদেশের বিশিষ্ট ধার্মিক মহিলা। তিনি পরশুরাম-নামক রাজপুরোহিতের কন্যা।

করুণানিধান বন্দ্যোপাধ্যায়—(১৮৭৭—১৯৫৫ খ্রীঃ)। দরদী কবি। নদীয়া জেলার শান্তিপুর গ্রাম তাঁহার জন্মস্থান। 'ঝরা ফুল', 'শান্তিজল', 'ধানদুর্বা', 'শতনরী' প্রঃ তাঁহার রচিত কাব্যগ্রন্থ। ১৯৫১ খ্রীষ্টাব্দে কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে তিনি 'জগত্তারিণী স্বর্ণপদক' লাভ করেন।

করেণুমতি—পাণ্ডুপুত্র নকুলের স্ত্রী। তাঁহার পুত্রের নাম নিরমিত্র (ভারত)।

করেলি, মেরী (Corelli, Marie)—(১৮৫৪—১৯২৪ খ্রীঃ)। অতি জনপ্রিয় উপন্যাস-লেখিকা। তাঁহার লিখিত উপন্যাসগুলির মধ্যে 'A Romance of Two Worlds', 'The Sorrows of Satan' প্রঃ বিশেষ উল্লেখযোগ্য।

কর্কোট, কর্কোটক—নাগ বিঃ। পিতার নাম কশ্যপ, মাতা কদ্রু। কর্কোটকের দংশনে নলের শরীরস্থ কলি কষ্ট পাইবে বলিয়া তিনি নলকে দংশন করিয়াছিলেন (ভারত)।

কর্ণ—সূর্যের অনুগ্রহ জাত কুন্তীর কানীন পুত্র। সূত অধিরথ এবং তাঁহার স্ত্রী রাধা তাঁহাকে লালনপালন করেন। এই জন্য কর্ণকে সূতপুত্র ও রাধেয় বলা হইত। কর্ণের আদি নাম ছিল বসুষেণ। দুর্যোধন তাঁহাকে বন্ধু বলিয়া গ্রহণ করেন এবং অঙ্গরাজ্যে অভিষিক্ত করেন। কর্ণের বিবাহ হয় পদ্মাবতীর সঙ্গে। পদ্মাবতীর গর্ভে কর্ণের বৃষসেন, বৃষকেতু, চিত্রসেন প্রঃ পুত্র জন্মে। প্রার্থনামাত্রই ইন্দ্র কর্ণের কবচ ও কুণ্ডল লাভ করিলে ইন্দ্র তাঁহাকে শক্তি-অস্ত্র প্রদান করেন। কুরুক্ষেত্রের যুদ্ধে তিনি ঐ অস্ত্রের দ্বারা ঘটোৎকচকে বধ করেন। যুদ্ধের ষোড়শ দিবসে তিনি প্রধান সেনাপতিপদে বৃত হন। তিনি অর্জুনের হস্তে নিহত হন। (ভারত)

কর্ণপুর, কবি—(১৫২৪—খ্রীঃ—?) বৈষ্ণব কবি ও পদকর্তা। প্রকৃত নাম পরমানন্দ সেন। পিতার নাম শিবানন্দ সেন। নিবাস কাঞ্চনপল্লী বা কাঁচড়াপাড়া। চৈতন্যদেব তাঁহাকে পুরীদাস বলিয়া ডাকিতেন। তিনি 'চৈতন্য-চরিত', 'অলংকার-কৌস্তুভ', 'আর্য-শতক', 'আনন্দ-বৃন্দাবন-চম্পু', 'গৌর-গণোদ্দেশ-দীপিকা' প্রঃ পুস্তক রচনা করেন।

কর্ণবতী—চিতোরের রানা সংগ্রামসিংহের রাজকার্য-নিপুণা বুদ্ধিমতী পত্নী। বাহাদুর শাহ্ মালব আক্রমণ করিলে সংগ্রামসিংহ তাঁহাকে বাধা দেন। সেই ক্রোধে তিনি সংগ্রামসিংহের মৃত্যুর পর চিতোর অবরোধ করেন। কর্ণবতী তখন সম্রাট্ হুমায়ুনের নিকট রাখী প্রেরণ করিয়া তাঁহার সাহায্য চাহেন। হুমায়ুন বাহাদুর শাহ্‌কে যুদ্ধে পরাস্ত করিয়া তাড়াইয়া দেন।

কর্দম—ঋষি বিঃ। তিনি প্রজাপতিদের অন্যতম। পিতার নাম কীর্তিমান্। তিনি মনুর অন্যতমা কন্যা দেবহূতিকে বিবাহ করেন। দেবহূতির গর্ভে মহাত্মা কপিল জন্মগ্রহণ করিয়াছিলেন (ভারত)।

কর্নওয়ালিস (Cornwallis, Lord)—(১৭৩৮—১৮০৫ খ্রীঃ)। ভারতের ভূতপূর্ব গভর্নর-জেনারেল। তিনি ১৭৮৬ খ্রীষ্টাব্দে প্রথম শাসন-কর্তা হইয়াছিলেন। ১৮০৪ খ্রীষ্টাব্দে তিনি পুনরায় গভর্নর-জেনারেলরূপে ভারতে আসেন।

কর্মদেবী—চিতোরের রানা সমরসিংহের অন্যতমা রানী। মহম্মদ শিহাবুদ্দিন ঘোরীর সহিত তরাই-নামক স্থানের যুদ্ধে সমরসিংহ ও তাঁহার শ্যালক পৃথ্বীরাজ নিহত হইলে মহম্মদ ঘোরীর সেনাপতি কুতুবউদ্দীন মেবার আক্রমণ করিতে আসেন। সেই সময় শৌর্যবতী ও বুদ্ধিমতী কর্মদেবী পুরুষের বেশে সমগ্র রাজপুতনার সেনাপতিত্ব গ্রহণ করেন এবং, কুতুবউদ্দীনকে পরাস্ত করেন। কর্মদেবী জহরব্রত পালন করিয়া আত্মবিসর্জন করেন।

কলম্বস, ক্রিস্টোফার (Columbus, Christopher)—(? ১৪৪৭—১৫০৬ খ্রীঃ)। প্রসিদ্ধ ইটালীয় নাবিক। ইটালীর অন্তর্গত জেনোয়া নগরে তাঁহার জন্ম হয়। স্পেনের রাজদম্পতি ফার্ডিনাণ্ড ও ইজাবেলার সহায়তায় তিনি ১৪৯২ খ্রীষ্টাব্দে প্রথম সমুদ্রযাত্রা করেন। প্রথমে তিনি কিউবা, বাহামা প্রঃ দ্বীপ আবিষ্কার করেন এবং ক্রমশঃ জ্যামেকা (১৪৯৮ খ্রীঃ), আমেরিকা ও ত্রিনিদাদ প্রঃ আবিষ্কার করিয়াছিলেন।

কলি—যুগপ্রবর্তক দেবতা বিঃ। কলির পিতা ক্রোধ, মাতা হিংসা। পুত্রের নাম ভয়, কন্যার নাম মৃত্যু। কলির অত্যাচারে নিষধরাজ নল পত্নী দময়ন্তীর সংগে অশেষ কষ্টভোগ করিয়াছিলেন (কল্কি)।

কলিংগ—বলিরাজের ক্ষেত্রজ পুত্র। বলিরাজের মহিষী সুদেষ্ণার গর্ভে ও মহর্ষি দীর্ঘতমার ঔরসে কলিংগ জন্মগ্রহণ করেন। তাঁহার অধিকৃত রাজ্যের নাম কলিংগ (বাম)।

কলিন্স, মাইকেল—(Collins, Michael)—(১৮৯০ ১৯২২ খ্রীঃ)। আয়ার্ল্যাণ্ডের সিন্ ফিন্ আন্দোলনের প্রধান নেতা। তিনি আততায়ীর গুলিতে নিহত হন।

কল্কি, কল্কী—বিষ্ণুর দশম অবতার। এই অবতারে ব্রাহ্মণগণ অস্ত্রধারণ করিয়া যুদ্ধে গমন করিবেন এবং শূদ্র ও ম্লেচ্ছগণকে নিধন করিবেন (ভাগ, অগ্নি)।

কশ্যপ—সুবিখ্যাত ঋষি। তিনি ব্রহ্মার পৌত্র ও মরীচির মানসপুত্র। অন্যমতে মরীচির ঔরসে কলা নামে পত্নীর গর্ভে জন্ম।

কহোড়—মুনি বিঃ। উদ্দালক মুনির শিষ্য। উদ্দালকের কন্যা সুজাতাকে তিনি বিবাহ করেন। এই সুজাতার গর্ভে অষ্টাবক্র ঋষির জন্ম হয় (ভারত)। ['অষ্টবক্র' দ্রঃ।]

কহ্লণ—কাশ্মীর-দেশীয় পণ্ডিত। তিনি কাশ্মীর রাজগণের ইতিহাস কবিতায় লিখিয়া প্রসিদ্ধিলাভ করেন। এই ইতিহাস-গ্রন্থের নাম 'রাজতরঙ্গিণী'। তিনি ১১৪৯ খ্রীষ্টাব্দে ঐ গ্রন্থ রচনা করেন।

কাউয়ার্ড, নোয়েল (Coward, Noel)—(জন্ম ১৮৯৯ খ্রীঃ)। বিখ্যাত নাট্যকার ও নট। তাঁহার লিখিত পুস্তকগুলির মধ্যে 'Hay Fever', 'Private Lives', 'Calvalcade', 'Bitter Sweet' প্রঃ বিশেষ উল্লেখযোগ্য।

কাঙাল হরিনাথ—(১৮৩৩—১৮৯৬ খ্রীঃ)। জন্মস্থান নদীয়া জেলার কুমারখালি গ্রাম। প্রকৃত নাম হরিনাথ মজুমদার। বাউলগান রচনার জন্য তাঁহার নাম সুপ্রসিদ্ধ।

কাজী নজরুল ইসলাম—'নজরুল' দ্রঃ।

কাঠিয়া বাবা—(?—১৩১৬ বঙ্গাব্দ)। সিদ্ধপুরুষ। পঞ্জাবের এক ব্রাহ্মণ পরিবারে জন্ম। তিনি আসমুদ্রহিমাচল পদব্রজে ভ্রমণ করেন।

কান্ট, ইম্যানুয়েল (Kant, Immanuel)—(১৭২৪—১৮০৪ খ্রীঃ)। জার্মানীর প্রসিদ্ধ দার্শনিক। তাঁহার রচিত 'Critique of Pure Reason' এবং 'Critique of Practical Reason' বিশেষ প্রসিদ্ধি লাভ করিয়াছে।

কাত্যায়ন—১। বৈয়াকরণ মুনি। পাণিনিসূত্রের বার্তিক তাঁহারই রচিত। তিনি কাত্যায়ন বররুচি নামে খ্যাত (কথাসরিৎসাগর)। ২। প্রাচীন ভারতের অন্যতম মহর্ষি। পিতা মহর্ষি যাজ্ঞবল্ক্য, মাতা কাত্যায়নী। বেদসূত্রের প্রণেতা বলিয়া বিখ্যাত।

কানাইলাল দত্ত—(৩১শে অগস্ট, ১৮৮৭—১০ই নভেম্বর, ১৯০৮ খ্রীঃ)। বিখ্যাত শহীদ। বারীন্দ্র, সত্যেন্দ্রনাথ প্রভৃতির সঙ্গে কানাইলালও গ্রেফতার হন এবং তাঁহাদের জেলে বিচারাধীন অবস্থায় রাখা হয়। এই সময় তাঁহাদের দলের নরেন গোসাঁই নামে একজন যুবক রাজসাক্ষী বা 'অ্যাপ্রুভার' হয়। কানাইলাল এই নরেন গোসাঁইকে জেলে হত্যা করিয়া তাঁহার বিশ্বাসঘাতকতার শাস্তি দেন। পরে তাঁহার ফাঁসি হয়।

কানিংহাম, আলেকজাণ্ডার (Cunninghum, Sir Alexander)—(১৮১৪—১৮৯৩ খ্রীঃ)। সুবিখ্যাত ঐতিহাসিক। তিনি একজন প্রসিদ্ধ পুরাতত্ত্ববিদ্ ছিলেন। 'The Book of Indian Eras' তাঁহার বিখ্যাত পুস্তক।

কান্তবাবু—কাশিমবাজার রাজবাড়ির প্রতিষ্ঠাতা। প্রকৃত নাম রামকান্ত নন্দী। মহারাজা মণীন্দ্রচন্দ্র নন্দীর প্রমাতামহ এই কান্তবাবুর পুত্র। রানী স্বর্ণময়ী এই বংশেরই বধূ।

কান্তিচন্দ্র ঘোষ—(১৮৮৬—১৯৪৮ খ্রীঃ)। বাংলায় 'রোবাইয়াৎ-ই-ওমর খৈয়াম' রচনা করিয়া বিখ্যাত হন।

কামদেব—ব্রহ্মার মানসপুত্র। তাঁহার অপর নাম কন্দর্প।

কামা ভিকাজি রুস্তম—(১৮৬১—১৯৩৬ খ্রীঃ)। জন্ম বোম্বাই শহরে। তিনি ভারতের বাহিরে বহু সংগঠন গড়িয়া ভারতীয় স্বাধীনতা আন্দোলনে বিশেষভাবে সাহায্য করেন।

কামাল পাশা—'কেমাল্ আতাতুর্ক' দ্রঃ।

কামিনী রায়—(১২ই অক্টোবর, ১৮৬৪—২৭শে সেপ্টেম্বর, ১৯৩৩ খ্রীঃ)। মহিলা কবি। পিতার নাম চণ্ডীচরণ সেন এবং স্বামীর নাম কেদারনাথ রায়। তিনি 'আলো ও ছায়া', 'দীপ ও ধূপ', 'পৌরাণিকী', 'অশোকসংগীত', 'জীবনপথে' প্রভৃতি কাব্যগ্রন্থ রচনা করেন।

কায়কোবাদ, সুলতান—দাসবংশের শেষ রাজা। তিনি গিয়াসুদ্দীন বলবনের পৌত্র ও বঘরা খাঁর পুত্র। জালালউদ্দীন খিলজী তাঁহাকে নিহত করিয়া তাঁহার রাজ্য অধিকার করেন।

কারমাইকেল (Carmichael, Lord)—(১৮৫৯—১৯১৬ খ্রীঃ)। বাংলার ভূতপূর্ব শাসনকর্তা (১৯১২ খ্রীঃ)।

কার্জন (Curzon, Lord)—(১৮৫৯—১৯২৫ খ্রীঃ)। ভারতের রাজপ্রতিনিধি হিসাবে তাঁহার নাম বিশেষ খ্যাত। ১৮৯৯ খ্রীষ্টাব্দে তিনি 'ভাইসরয়' হইয়া ভারতে আসেন। উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ গঠন, পুরাতত্ত্ববিভাগের কার্যের প্রসার ও বঙ্গব্যবচ্ছেদ তাঁহার সময়ের উল্লেখযোগ্য ঘটনা। ভারত-সচিবের সঙ্গে মতের অনৈক্য হওয়াতে তিনি ১৯০৫ খ্রীষ্টাব্দে পদত্যাগ করেন।

কার্টরাইট, এডমাণ্ড (Cartwright, Edmund)—(১৭৪৩-১৮২৩ খ্রীঃ)। যন্ত্রচালিত তাঁতের আবিষ্কর্তা। ১৭৯০ খ্রীষ্টাব্দে তাঁহার যন্ত্র আবিষ্কৃত হয়।

কার্তবীর্য—হৈহয় দেশের অধিপতি ও বিখ্যাত বীর। কার্তবীর্যার্জুন নামেই অধিক পরিচিত। মাহিষ্মতী নগরী তাঁহার রাজধানী ছিল। একবার রাবণের সঙ্গে তাঁহার যুদ্ধ হয়। সে-যুদ্ধে রাবণ পরাজিত ও বন্দী হইয়াছিলেন।

কার্তিক, কার্তিকেয়—শিবের পুত্র।

কার্নার্ভন, আর্ল অব (Carnarvon, Earl of)—(১৮৬৬—১৯২৩ খ্রীঃ)। ইংরেজ পুরাতত্ত্ববিদ্। ১৯২৩ খ্রীষ্টাব্দে তিনি রাজা তুতেন খামেনের কবর আবিষ্কার করেন।

কার্নেগী, এন্ড্রু (Carnegie, Andrew)—(১৮৩৫—১৯১৯ খ্রীঃ)। দানবীর। জন্ম স্কটল্যাণ্ডের ডানফার্মলাইনে। তিনি 'লৌহ-ব্যবসায়ের রাজা' বলিয়া পরিচিত। তিনি নানা জনহিতকর প্রতিষ্ঠানে প্রায় ৭০,০০০,০০০ পাউণ্ড দান করেন।

কার্ভে, ডাঃ ধুন্ধু কেশব—(১৮৫৮—১৯৬২ খ্রীঃ)। প্রসিদ্ধ মারাঠা শিক্ষাব্রতী ও সমাজ সংস্কারক। নারীশিক্ষার ও নারী সমাজের উন্নতির জন্য তিনি আজীবন চেষ্টা করিয়া গিয়াছেন। তিনি ১৯৫৮ খ্রীষ্টাব্দে 'ভারতরত্ন' উপাধি পান।

কার্লাইল, টমাস (Carlyle, Thomas) (১৭৯৫—১৮৮১ খ্রীঃ)। প্রসিদ্ধ দার্শনিক ও লেখক। স্কটল্যাণ্ডের ডামফিশায়ার নামক স্থানে জন্ম। তাঁহার পুস্তকগুলির মধ্যে 'Sartor Resartus', 'Past and Present', 'French Revolution', 'Frederick the Great' প্রভৃতি উল্লেখযোগ্য।

কালকেতু—চণ্ডীমঙ্গল কাব্যে বর্ণিত ব্যাধ। ইন্দ্রের

পুত্র নীলাম্বর মহাদেবের শাপে পৃথিবীতে ধর্মকেতু-নামক ব্যাধের পুত্র হইয়া জন্মগ্রহণ করেন। তিনিই কালকেতু।

কালকেয়—বৃত্রাসুরের অনুচর দৈত্যগণ। অগস্ত্য সমুদ্র পান করিয়া এই দৈত্যদের বিনাশ সাধন করেন (রাম, স্কন্দ)।

কালনেমি—রাবণের মাতুল। হনুমান বিশল্যকরণী আনিতে গন্ধমাদন পর্বতে গেলে তিনি হনুমানকে মারিতে চেষ্টা করেন, কিন্তু পরে তাঁহারই হস্তে নিহত হন (কৃত্তিবাস)।

কালপুরুষ—ব্রহ্মার পৌত্র ও সূর্যের পুত্র। যম নামেও তিনি অভিহিত (রাম)।

কালভৈরব—শিবের অংশে জাত দেবতা। এই ভৈরবের হাতে কাশীরক্ষার ভার ছিল। ব্রহ্মা কাশীর মধ্যে প্রবেশ করিলে তিনি তাঁহার একটি মুখ কাটিয়া লন। সেইদিন হইতে পঞ্চমুখ ব্রহ্মা চতুর্মুখ হন। সেই মুণ্ড যে স্থানে পড়ে, তাহা কপালমোচনতীর্থ নামে খ্যাত হয় (কূর্ম)।

কালযবন—মহর্ষি গার্গ্যের পুত্র (বিষ্ণু)। তিনি যবন-রাজের দ্বারা প্রতিপালিত হন বলিয়া কালযবন নামে খ্যাত হন (হরি)।

কালাপাহাড়—মুসলমান সেনাপতি। তাঁহার প্রকৃত নাম রাজচন্দ্র বা রাজকৃষ্ণ বা রাজনারায়ণ। তিনি প্রথমে ব্রাহ্মণ ছিলেন, পরে মুসলমান হন। তিনি অত্যন্ত হিন্দুবিদ্বেষী ছিলেন। বাংলা, আসাম, উড়িষ্যা প্রঃ স্থানের বহু দেবালয় তিনি ভগ্ন করিয়া-ছিলেন। তিনি প্রথমে বাংলার নবাব সুলেমান কররানীর, ও পরে দায়ুদের সেনাপতি ছিলেন। তিনি ১৫৬৮ খ্রীষ্টাব্দে উড়িষ্যার রাজা মুকুন্দ-দেবকে যুদ্ধে পরাজিত ও নিহত করিয়া জগন্নাথ-দেবের বিগ্রহ ধ্বংস করেন।

কালিদাস—ভারতবর্ষের বিখ্যাত সংস্কৃত কবি। তাঁহার রচিত 'অভিজ্ঞান-শকুন্তলম্' নাটক বিশ্ববিখ্যাত। 'বিক্রমোর্বশী', 'মালবিকাগ্নিমিত্র', 'রঘুবংশ', 'কুমারসম্ভব', 'মেঘদূত' ও 'ঋতুসংহার' প্রঃ প্রসিদ্ধ পুস্তক তাঁহার রচিত। তাঁহাকে মহারাজ বিক্রমা-দিত্যের (২য় চন্দ্রগুপ্তের) সভার নবরত্নের অন্যতম বলিয়া অনেকে স্বীকার করেন। কিন্তু অনেকে আবার তাঁহাকে প্রথম কুমারগুপ্তের সমসাময়িক বলেন।

কালিদাস নাগ—(১৮৯২—১৯৬৬ খ্রীঃ)। বিখ্যাত শিক্ষাব্রতী ও সংস্কৃতিবিদ্। স্কটিশ চার্চ্ কলেজে ও কলিকাতা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন।

কালিদাস রায়, কবিশেখর—(৯ই জুলাই, ১৮৮৯ খ্রীঃ)। কবি ও লেখক। নিবাস—বর্ধমান জেলার কড়ুই গ্রাম। তাঁহার রচিত 'পর্ণপুট', 'বল্লরী', 'ঋতুমঙ্গল', 'ব্রজবেণু', 'ক্ষুদকুঁড়া', 'রসকদম্ব', 'লাজাঞ্জলি' প্রঃ কবিতা-পুস্তক আছে। 'আহরণ' ও 'আহরণী' তাঁহার নির্বাচিত কবিতার চয়নিকা।

কালিন্দী—১। মনুবংশীয় রাজা অসিতের অন্যতমা পত্নী। কালিন্দীর পুত্র গর বা বিষের সহিত জন্ম-গ্রহণ করেন বলিয়া সগর নামে খ্যাত (রাম)। ২। শ্রীকৃষ্ণের পত্নী, সূর্যের কন্যা। তিনি নদীতে পরিণতা হন (ভাগ)।

কালিয়—কালিন্দী হ্রদবাসী নাগ বা সর্প। গরুড়ের সঙ্গে যুদ্ধে হারিয়া গিয়া এই নাগ কালিন্দী-হ্রদে বাস করিতে থাকে। শ্রীকৃষ্ণ কালিয়কে দমন করেন (ব্রহ্মবৈ)।

কালী—ভগবতীর অপর রূপ। তিনি শুম্ভ-নিশুম্ভ যুদ্ধে দুর্গাদেবীর ললাট হইতে উৎপন্ন হন। তিনি রক্তবীজ দৈত্যের রক্তপান করিয়া তাহাকে বিনাশ করেন।

কালীকৃষ্ণ ঠাকুর—(১৮৪১—১৯০৫ খ্রীঃ)। খ্যাতনামা দানবীর। কলিকাতা পাথুরিয়াঘাটার ঠাকুরবংশে তাঁহার জন্ম। ডাক্তার মহেন্দ্রলাল সরকারের প্রতিষ্ঠিত 'বিজ্ঞান-পরিষদে'র উন্নতিকল্পে তিনি প্রভূত অর্থ দান করেন।

কালীকৃষ্ণ দেব—(১৮০৮—১৮৭৪ খ্রীঃ)। সাহিত্যিক ও শিক্ষাব্রতী। শোভাবাজার রাজবংশে তাঁহার জন্ম হয়। 'Rasselas', 'Gay's Fables' প্রঃ কয়েকখানি গ্রন্থের বাঙ্গালা অনুবাদ করিয়া তিনি খ্যাতিলাভ করেন। তিনি স্ত্রীশিক্ষার প্রচারকল্পে প্রভূত অর্থব্যয় করেন।

কালীনাথ রায়—(১৮৭৭—১৯৪৫ খ্রীঃ)। প্রসিদ্ধ সাংবাদিক। জন্মস্থান যশোহর। তিনি লাহোরের 'দি ট্রিবিউন' পত্রিকার সম্পাদক ছিলেন।

কালীপ্রসন্ন কাব্যবিশারদ—(৯ই জুন, ১৮৬১—৪ঠা জুলাই, ১৯০৭ খ্রীঃ)। ঊনবিংশ শতাব্দীর বিশিষ্ট লেখক ও কবি। সাংবাদিকরূপেও তিনি প্রখ্যাত। কলিকাতার অন্তর্গত ভবানীপুরে জন্ম। পিতার নাম রাখালচন্দ্র বন্দ্যোপাধ্যায়। আদি নিবাস ইচ্ছাপুর (২৪ পরগনা)। তিনি বার বৎসরকাল 'হিতবাদী' পত্রিকার সম্পাদক ছিলেন। তিনি 'এণ্টি ক্রিস্টিয়ান', 'কসমোপোলিটান' প্রঃ পত্রিকারও সম্পাদনা করেন। তাঁহার রচনাবলীর মধ্যে 'দেশাচার', 'মিঠেকড়া', 'রুচিবিকার', 'স্বদেশ-সংগীত' ইঃ প্রসিদ্ধ।

কালীপ্রসন্ন ঘোষ, রায় বাহাদুর, বিদ্যাসাগর—(২৩শে জুলাই, ১৮৪৩—২৯শে জুলাই, ১৯১০ খ্রীঃ)। প্রসিদ্ধ গদ্য-সাহিত্যিক ও চিন্তাশীল প্রবন্ধলেখক। ঢাকা জেলার বিক্রমপুরের অন্তর্গত ভরাকর গ্রামে জন্ম। পিতার নাম শিবনাথ ঘোষ। 'প্রভাত-চিন্তা', 'নিশীথ-চিন্তা', 'নিভৃত-চিন্তা' তাঁহার রচিত পুস্তকগুলির মধ্যে প্রসিদ্ধ।

কালীপ্রসন্ন সিংহ—(২৩শে ফেব্রুয়ারী, ১৮৪০—২৪শে জুলাই, ১৮৭০ খ্রীঃ)। লেখক ও বাঙ্গালা গদ্যে মহাভারতকার। জোড়াসাঁকোর প্রসিদ্ধ কায়স্থ জমিদারবংশে জন্ম; পিতা নন্দলাল। 'হুতোম পেঁচার নক্সা' নামক পুস্তকখানি তাঁহার রচিত। তবে সংস্কৃত মহাভারতের বাঙ্গালা গদ্যে অনুবাদই তাঁহার অক্ষয় কীর্তি।

কাশীরাম দাস (দেব)—(১৬শ শতকের শেষার্ধ)।

'ভারত-পাঁচালী' কাব্যের কবি। বাঙ্গালা পদ্যে সংস্কৃত মহাভারতের কিয়দংশ তিনি অনুবাদ করেন। জাতি কায়স্থ, পিতা কমলাকান্ত। জন্ম—বর্ধমান জেলার সিঙ্গিগ্রাম। কমলাকান্ত সপরিবারে উড়িষ্যাতেই বাস করিতেন। কাশীরামেরা তিন ভাই—কৃষ্ণদাস বা শ্রীকৃষ্ণকিঙ্কর, কাশীরাম ও গদাধর। তিনজনেই কবি ছিলেন। কাশীরাম আদিপর্ব, সভাপর্ব, বনপর্ব ও বিরাটপর্বের কতকাংশ লিখিয়া মারা যান।

কাশ্যপ—১। বিখ্যাত মুনি। পুত্র বিভাণ্ডক। বিভাণ্ডকের পুত্র ঋষ্যশৃঙ্গ (রাম)। ২। মহর্ষি কাশ্যপ বিষ বিদ্যায় পারদর্শী ছিলেন। রাজা পরীক্ষিৎকে তিনি তক্ষক-দংশন হইতে রক্ষা করিতে যাইতেছিলেন, পথে ব্রাহ্মণবেশী তক্ষক অর্থদানে তাঁহাকে রাজার নিকট যাইতে নিবৃত্ত করেন (ভারত)।

কিংস্‌লে, চার্লস্‌ (Kingsley, Charles)—(১৮১৯—১৮৭৫ খ্রীঃ)। ইংরেজ ধর্মযাজক, ঔপন্যাসিক ও কবি। তাঁহার লিখিত 'Westward Ho', 'Hereward the Wake', 'Hypatia' বিশেষ প্রসিদ্ধ। তাঁহার 'The Heroes' নামে বইখানি শিশুদের জন্য রচনা।

কিচেনার অব খার্টুম, আর্ল (Kitchener of Khartoum, Earl)—(১৮৫০—১৯১৬ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ সেনাপতি। তিনি ১৯০২ হইতে ১৯০৯ খ্রীঃ পর্যন্ত ভারতের কমাণ্ডার-ইন-চীফ বা প্রধান সেনাপতি ছিলেন। রাশিয়া যাওয়ার পথে 'হ্যাম্পসায়ার্' জাহাজ টর্পেডোর আঘাতে ডুবিয়া গেলে জলমগ্ন হইয়া তাঁহার মৃত্যু ঘটে।

কিপলিং, রুডিয়ার্ড (Kipling, Rudyard)—(১৮৬৫—১৯৩৬ খ্রীঃ)। কবি ও ঔপন্যাসিক। জন্ম বোম্বাই শহরে। পিতার নাম জন লকউড কিপলিং। 'The Jungle Book', 'Kim' প্রঃ তাঁহার রচিত পুস্তক। ১৯০৭ খ্রীষ্টাব্দে তিনি নোবেল পুরস্কার লাভ করেন।

কিরণচাঁদ দরবেশ—(জন্ম ১২২৫ বংগাব্দ)। জন্মস্থান ফরিদপুর জেলার অন্তর্গত খালিয়া গ্রাম। বিজয়কৃষ্ণ গোস্বামীর সন্ন্যাসধর্মাবলম্বী শিষ্য। তিনি একজন সুকবি। 'মন্দির', 'মনের খাতা', 'কাবেরী', 'জপজী' প্রঃ তাঁহার রচিত গ্রন্থ।

কিরণধন চট্টোপাধ্যায়—(১৮৮৩—১৯৫৪ খ্রীঃ)। বিখ্যাত কবি। জন্মস্থান হুগলী জেলার উত্তরপাড়া। তিনি প্রথমে ওকালতি পরে অধ্যাপনা করিতেন। তাঁহার একমাত্র কাব্যগ্রন্থ 'নতুন খাতা'।

কির্মীর—বকবাক্ষসের ভ্রাতা। কির্মীর কাম্যকবনে বাস করিতেন। ঐ বনে পাণ্ডবেরা কির্মীর কর্তৃক আক্রান্ত হইলে ভীম তাঁহাকে বধ করেন (ভারত)।

কীচক—বিরাটরাজের শ্যালক, কেকয়রাজের পুত্র। স্ত্রীবেশধারী ভীমসেনের সহিত মল্লযুদ্ধে তিনি নিহত হন।

কীট্‌স্‌, জন (Keats John)—(১৭৯৫—১৮২১ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ কবি। কবি শেলীর সঙ্গে তাঁহার অন্তরঙ্গতা ছিল। তিনি যক্ষ্মারোগে ইটালীতে মারা যান। 'Isabella', 'The Eve of St. Agnes', 'Endymion', 'Hyperion' ও বিভিন্ন Odes তাঁহার রচিত কাব্য। তাঁহাকে 'সৌন্দর্যের কবি' বলা হইয়া থাকে।

কুইলার-কাউচ (Quiller-Couch, Sir Arthur Thomas)—(১৮৬৩—১৯৪৪ খ্রীঃ)। ইংরেজ ঔপন্যাসিক ও প্রবন্ধলেখক। 'কিউ' (Q) এই ছদ্মনামেই তাঁহার অধিকাংশ রচনা প্রকাশিত হয়। 'Dead Man's Rock', 'Troy Town', 'Studies in Literature' ইত্যাদি তাঁহার উল্লেখযোগ্য গ্রন্থ।

কুইস্‌লিং (Quisling, Vidkum)—(১৮৮৭—১৯৪৫ খ্রীঃ)। নরওয়ের বিশ্বাসঘাতক মন্ত্রী। তিনি নরওয়ের প্রতিরক্ষা মন্ত্রী হন (১৯৩১—১৯৩৩ খ্রীঃ)। হিটলারের আমলে তিনি নরওয়ের সর্বময় কর্তা হইয়া জার্মানীকে দেশ অধিকার করিতে দেন। ঘরের শত্রু বিভীষণ রূপে তাঁহার নাম চিরকাল স্মরণীয় হইয়া থাকিবে। ঐ অর্থে আজকাল quisling কথাটির প্রচলন আছে।

কুক (Cook, Captain James)—(১৭২৮—১৭৭৯ খ্রীঃ)। অতি সাহসী নাবিক। গ্রেট্ ব্রিটেনের নামে তিনি স্যাণ্ডউইচ দ্বীপপুঞ্জ ও অন্যান্য স্থান আবিষ্কার করেন। তাঁহার লিখিত 'Voyages Round the World' একখানি বিশেষ প্রসিদ্ধ পুস্তক।

কুটিলা—শ্রীরাধার ননদিনী। শ্রীকৃষ্ণের প্রতি অনুরাগ দেখানোর জন্য তিনি রাধাকে পীড়ন করিতেন।

কুণাল—মহারাজ অশোকের পুত্র। পত্নীর নাম কাঞ্চনমালা। রূপবান্ কুণালকে দেখিয়া মহারাজ অশোকের বিমাতা তিষ্যরক্ষা তাঁহার প্রতি আকৃষ্ট হইয়াছিল। কুণাল তাহার প্রেমনিবেদন প্রত্যাখ্যান করায় তিষ্যরক্ষা অশোকের নিকট হইতে এক-সপ্তাহের জন্য রাজ্যশাসনের অধিকার গ্রহণ করে। তিষ্যরক্ষার আদেশে কুণালের চক্ষু উৎপাটিত হয়। অশোক সমস্ত বিষয় জানিতে পারিয়া তিষ্যরক্ষার প্রতি প্রাণদণ্ডের আদেশ দেন, কিন্তু কুণালের অনুরোধে তাহাকে ক্ষমা করেন (বুদ্ধচরিত)।

কুতব-উদ্দীন আইবেক—দিল্লীর প্রথম মুসলমান সুলতান (রাজত্বকাল ১২০৬—১২১১ খ্রীঃ)। তিনি তুর্কীজাতীয়। প্রথমে তিনি মহম্মদ ঘোরীর ক্রীতদাস ছিলেন। পরে তাঁহার সেনাপতি ও প্রতিনিধি নিযুক্ত হন। ঘোরীর মৃত্যুর পর তিনি দিল্লীর স্বাধীন সুলতান হন এবং ক্রমে ভারতের নানাপ্রদেশ আপন রাজ্যভুক্ত করেন। তিনি ফকীর কুতুব-উদ্দীন উশীর নামে দিল্লীর কুতুবমিনার ও কুতব মস্‌জিদ্ নির্মাণ করেন।

কুন্তী—পাণ্ডবজননী। পিতা যদুবংশীয় শূরসেন। পিতৃদত্ত নাম পৃথা। রাজা কুন্তিভোজের নিকট

পালিত হইয়াছিলেন বলিয়া তাঁহার নাম কুন্তী হয় (হরি)।

কুপার, উইলিয়াম—(Cowper, William)—(১৭৩১—১৮০০ খ্রীঃ)। ইংলন্ডের প্রসিদ্ধ ইংরেজ কবি। তাঁহার লিখিত 'Task' অষ্টাদশ শতাব্দীর একটি উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ। তাঁহার লিখিত পত্রাবলী বিশেষ প্রসিদ্ধ।

কুবলাই খাঁ—(১২১৬—১২৯৪ খ্রীঃ)। বিখ্যাত মোঙ্গল সম্রাট্। চেঙ্গিজ খাঁর বংশধর। তিনি মোঙ্গল-সাম্রাজ্য প্রভূত পরিমাণে বিস্তৃত করিয়া প্রায় সমগ্র চীন অধিকার করিয়াছিলেন। তিনি খুব জাঁকজমকের সহিত থাকিতেন। তিনি বৌদ্ধধর্ম গ্রহণ করেন।

কুবের—যক্ষরাজ। পিতা বিশ্রবা মাতা বরবর্ণিনী। ব্রহ্মার বরে তিনি অমর ও উত্তরদিকের অধিপতি হন। তিনি প্রথমে লঙ্কায় বাস করিতেন, কিন্তু বৈমাত্রেয় ভ্রাতা রাবণ তাঁহাকে তাড়াইয়া দিলে তিনি হিমালয়ে অলকাপুরীতে বাস করিতে থাকেন (রাম)।

কুব্জা—১। কংসের পরিচারিকা। মাল্যচন্দন লইয়া রাজবাড়িতে যাইবার সময়ে শ্রীকৃষ্ণ উহা প্রার্থনা করিলে কুব্জা অত্যন্ত সমাদরে উহা তাঁহাকে দান করেন। কৃষ্ণ কুব্জার বক্রপৃষ্ঠে হাত দিলে উহার বক্রতা নষ্ট হইয়া যায় (হরি)। ২। কুব্জা পূর্ব-জন্মে শূর্পণখা ছিল। রামকে পাইবার জন্য তপস্যা করিলে ব্রহ্মা তাহাকে বর দেন যে, জন্মান্তরে সে রামরূপী কৃষ্ণকে পাইবে (ব্রহ্মবৈ)।

কুভিয়ে (Cuvier, George)—(১৭৬৯—১৮৩২ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী প্রকৃতিতত্ত্ববিদ্ ও শরীর-তত্ত্ববিদ্। তিনি 'The Animal Kingdom Distributed according to its Organisation' নামক প্রসিদ্ধ পুস্তকের রচয়িতা।

কুমার গুপ্ত, মহেন্দ্রাদিত্য—(৪১৪—৪৫৫ খ্রীঃ)। গুপ্তবংশীয় নরপতি। পিতা চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্য। তাঁহার শাসনকালে গুপ্তসাম্রাজ্য যথেষ্ট সমৃদ্ধিশালী হইয়াছিল। হূণ-আক্রমণে কুমার গুপ্তকে বিশেষ বিপন্ন হইতে হয়।

কুমারজীব—(৩৩২—৪১৩ খ্রীঃ)। বৌদ্ধ পণ্ডিত। মধ্য এশিয়ায় কুচাদেশে জন্ম। পিতা ভারতীয় কুমারায়ণ ও মাতা কুচাদেশের রাজার ভগ্নী জীবা। তিনি চীনের সম্রাটের আদেশে ৪৩১ খণ্ডে ৯৮ খানি বৌদ্ধগ্রন্থ সংস্কৃত হইতে চীনাভাষায় অনুবাদ করেন।

কুমারিল ভট্ট—আসামের অধিবাসী পণ্ডিত ব্রাহ্মণ। খ্রীষ্টীয় অষ্টম শতাব্দীতে বৌদ্ধধর্মের প্রভাব যখন সমগ্র দেশকে আচ্ছন্ন করিয়াছিল, সেই সময় তিনি বৈদিকধর্ম প্রচারের চেষ্টা করেন। তিনি শঙ্করাচার্যের সমসাময়িক লোক।

কুমুদরঞ্জন মল্লিক—(জন্ম ১লা [২রা] মার্চ, ১৮৮৩ খ্রীঃ—)। আধুনিক শ্রেষ্ঠ বাঙালী কবিদের অন্যতম। নিবাস—শ্রীখণ্ড, জন্ম— কোগ্রাম, বর্ধমান। 'শতদল', 'উজানী', 'একতারা', 'নূপুর', 'রজনীগন্ধা', 'অজয়াবতী', 'বনতুলসী' প্রঃ তাঁহার রচিত কাব্যগ্রন্থ।

কুম্ভ, রানা—(১৪০৯—১৪৬৯ খ্রীঃ)। মেবারের রানা হাম্মিরের বংশধর ও মুকুলের পুত্র। তিনি ১৪১৯ খ্রীষ্টাব্দে মেবারের সিংহাসনে আরোহণ করেন। তাঁহার রাজত্বকালে মেবার অত্যন্ত সমৃদ্ধিশালী হইয়া উঠে। তাঁহার পৌত্র রানা সংগ্রাম সিংহ।

কুম্ভকর্ণ—রাবণের মধ্যম ভ্রাতা। পিতা বিশ্রবা, মাতা কৈকসী বা নিকষা। পত্নী দৈত্যরাজ বলির কন্যা বজ্রজ্বালা। রাম-রাবণের যুদ্ধে লঙ্কা বীরশূন্য হইলে তাঁহাকে জাগানো হয় এবং তিনি যুদ্ধে নিহত হন (রাম)।

কুম্ভীনসী, কুম্ভীনসী—১। রাক্ষসী। পিতা রাক্ষস-রাজ সুমালী, মাতা কেতুমতী। মতান্তরে, পিতা রাক্ষসরাজ মাল্যবান্, মাতা অনলা (রাম)। ২। বাণাসুরের ভগিনী। বাণের স্ত্রীর প্রতি তিনি খুবই অত্যাচার করিতেন (মৎস্য)।

কুরি, পিয়ারে—(Curie, Pierre)—(১৮৫৯—১৯০৬ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী বিজ্ঞানী। তিনি প্যারিস বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন। তিনি তাঁহার স্ত্রীর সহিত একযোগে পোলোনিয়াম ও রেডিয়াম আবিষ্কার করেন। তিনি ১৯০৩ খ্রীষ্টাব্দে পদার্থবিদ্যায় 'নোবেল পুরস্কার' পান।

কুরি, ম্যাডাম (Curie, Madame Marrie S.)—(১৮৬৭—১৯৩৪ খ্রীঃ)। প্রসিদ্ধ মহিলা বিজ্ঞানী। তিনি জাতিতে পোল। তাঁহার সহিত অধ্যাপক কুরির বিবাহ হয়। তিনি তাঁহার স্বামীর সহিত একযোগে পোলোনিয়াম ও রেডিয়াম আবিষ্কার করেন। তিনি স্বামীর মৃত্যুর পর প্যারিস বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞানের অধ্যাপনা করেন। তিনি ১৯০৩ খ্রীষ্টাব্দে পদার্থবিদ্যায় (স্বামীর সহিত একযোগে) ও ১৯১১ খ্রীষ্টাব্দে রসায়নে নোবেল পুরস্কার পান।

কুরু—চন্দ্রবংশীয় রাজা। কুরুর নামানুসারেই তাঁহার বংশধরগণদের কৌরব বলা হয় (হরি)।

কুরোপ্যাট্‌কিন (Kuropatkin, Alexei Nikollaie-vich)—(১৮৪৮—১৯২১ খ্রীঃ)। বিখ্যাত রুশীয় সেনাপতি। ১৯০৪—১৯০৫ খ্রীষ্টাব্দে জাপানের সহিত রুশিয়ার যে সংঘর্ষ উপস্থিত হয়, তাহাতে তিনি মাঞ্চুরিয়াস্থ রুশীয় সৈন্যদলের প্রধান সেনাপতি ছিলেন।

কুলদারঞ্জন রায়—(১৮৭৬—১৯৫০ খ্রীঃ)। জন্মস্থান ময়মনসিংহ জেলার মসুয়া গ্রাম। তিনি বিখ্যাত ক্রীড়াবিদ্। আলোকচিত্রশিল্পী ও শিশুসাহিত্যিক ছিলেন। উপেন্দ্রকিশোর রায়চৌধুরী ও ক্রীড়াবিদ্ সারদারঞ্জন রায় তাঁহার ভ্রাতা। তিনি 'কথা সরিৎসাগর', 'রবিন হুড', 'পুরাণের গল্প' প্রভৃতি বহু বই রচনা করেন।

কুল্লুক ভট্ট—(১৩শ শতক)। মনু-সংহিতার প্রসিদ্ধ টীকাকার। পিতার নাম দিবাকর ভট্ট। তিনি

বারেন্দ্রশ্রেণীর ব্রাহ্মণ ও রাজসাহী জেলার অধিবাসী ছিলেন। তিনি কাশীধামে সংস্কৃত শিক্ষা করেন।

কুশ—রামচন্দ্রের পুত্র। সীতার বনবাসকালে বাল্মীকির আশ্রমে তিনি পালিত হন। সীতার অন্তর্ধানে রামচন্দ্র কুশকে রাজত্ব করিতে আদেশ দেন।

কুশধ্বজ—মিথিলার নরপতি হ্রস্বরোমানের কনিষ্ঠ পুত্র। জ্যেষ্ঠ ভ্রাতা সীরধ্বজ। কুশধ্বজ কন্যা মাণ্ডবীর সংগে ভরতের ও শ্রুতকীর্তির সংগে শত্রুঘ্নের বিবাহ দেন (রাম)।

কুশনাভ—প্রাচীন রাজা। পিতা কুশরাজ, মাতা বৈদর্ভী। কুশনাভের পুত্র গাধি, গাধির পুত্র বিশ্বামিত্র (রাম)।

কূর্ম—বিষ্ণুর দ্বিতীয় অবতার। এই অবতারে বিষ্ণু কূর্মশরীর ধারণ করেন। কূর্মরূপী ভগবান্ সমুদ্রমন্থনকালে মন্দরশৈল পৃষ্ঠে ধারণ করিয়াছিলেন (ভাগ)।

কৃতবর্মা—একজন যাদব। হৃদিকের পুত্র। কুরুক্ষেত্রে যুদ্ধে তিনি কুরুপক্ষ অবলম্বন করেন। প্রভাস ক্ষেত্রে বাসুদেবের খড়্গদ্বারা সাত্যকি তাঁহাকে নিহত করেন (ভারত)।

কৃতবীর্য—চন্দ্রবংশীয় রাজা। তিনি মহর্ষি জমদগ্নিকে বধ করেন। জমদগ্নির পুত্র পরশুরাম কৃতবীর্যের পুত্র কার্তবীর্যার্জুনকে বধ করেন (ভারত)।

কৃত্তিবাস ওঝা (উপাধ্যায়)—প্রসিদ্ধ রামায়ণ পাঁচালীকার। ১৩৮৫ খ্রীষ্টাব্দে নদীয়া জেলার ফুলিয়া গ্রামে তাঁহার জন্ম হয়। তিনি জাতিতে ব্রাহ্মণ ছিলেন। পিতামহ মুরারি ওঝা। পিতা বনমালী, মাতা মানিকা (বা মেনকা)। কবিরা ছিলেন ছয় ভাই। তিনি বাল্মীকি রামায়ণের সুললিত পদ্যানুবাদ করিয়া চিরস্মরণীয় হইয়া আছেন।

কৃপ—গৌতম মুনির পুত্র। কৃপ ধনুর্বিদ্যায় বিশেষ পারদর্শী হইয়া উঠেন ও পরে কৌরবপক্ষে যুদ্ধে যোগদান করেন। কৌরবকুল ধ্বংসের পর তিনি পাণ্ডবদের সংগে যোগ দেন। তিনি পরীক্ষিৎকে অস্ত্রবিদ্যা শিক্ষা দেন (ভারত)।

কৃপী—কৃপের ভগিনী। দ্রোণাচার্যের পত্নী ও অশ্বত্থামার মাতা (ভারত)।

কৃষ্ণ—নারায়ণের অষ্টম অবতার (ভাগবতমতে বিংশ অবতার)। পিতা বসুদেব, মাতা কংস-ভগিনী দেবকী। তিনি দেবকীর অষ্টম গর্ভের পুত্র। দ্বাপর যুগের শেষভাগে ভাদ্র-রোহিণীনক্ষত্রে তাঁহার জন্ম। তিনি কংস ও কংসের অনুচরদিগকে নিহত করেন। তিনি কালিয়নামক সর্পকেও দমন করিয়াছিলেন। বৃষভানুনন্দিনী শ্রীরাধিকা কৃষ্ণগতপ্রাণা হইয়া উঠেন। রাধাকৃষ্ণের প্রেম লইয়াই বৈষ্ণব সাহিত্যের সৃষ্টি। তিনি বিদর্ভ-রাজকন্যা রুক্মিণীকে হরণ করিয়া বিবাহ করেন। তাঁহার সহিত অর্জুনের বিশেষ সৌহার্দ্য ছিল। তাঁহার কৌশলে ভীম কর্তৃক মগধরাজ জরাসন্ধ নিহত হন। তাঁহার ভগিনী সুভদ্রা। কুরুপাণ্ডবের যুদ্ধে তিনি অর্জুনের সারথি ছিলেন। যদুবংশ-ধ্বংসের পর তিনি বনগমন করেন। সমাধিস্থ অবস্থায় তাঁহাকে জরা নামক এক ব্যাধ মৃগভ্রমে শরদ্বারা বিদ্ধ করিয়া ফেলে। তাহাতেই তাঁহার দেহত্যাগ হয়।

কৃপালনী, আচার্য—(১৮৮৮— খ্রীঃ)। প্রাক্তন কংগ্রেস সভাপতি। জন্ম হায়দরাবাদ (সিন্ধু)। তিনি নয়বার কারাবরণ করেন। তিনি বহু পুস্তক রচনা করেন। তাঁহার পত্নী সুচেতা কৃপালনী।

কৃষ্ণকুমার মিত্র—(১৮৫২—১৯৩৭ খ্রীঃ)। সমাজসেবক। নিবাস টাঙ্গাইল মহকুমার বাঘিল গ্রাম। পিতা গুরুচরণ। তিনি ব্রাহ্ম সমাজের কর্মী ও 'সঞ্জীবনী' পত্রিকার সম্পাদকরূপে বিখ্যাত। তিনি নারীরক্ষা সমিতির প্রতিষ্ঠা করেন। স্বদেশীযুগে তিনি সরকারী কোপে পড়িয়া নির্বাসিত হন (১৯০৮ খ্রীঃ)।

কৃষ্ণকুমারী—মেবারের রাণা ভীমসিংহের কন্যা। তিনি বিশেষ সুন্দরী ছিলেন বলিয়া তাঁহাকে 'রাজস্থানের কুসুম' বলা হইত। মানসিংহ তাঁহাকে বিবাহ করিতে চাহিলে নানা গণ্ডগোলের সৃষ্টি হয়। তিনি রাজ্যের ও আত্মীয়স্বজনের বিপদ্ দূর করিবার জন্য সহাস্যে বিষ পান করিয়া আত্মহত্যা করেন।

কৃষ্ণচন্দ্র দাস—বৈষ্ণব কবি। 'বিলাপ-কসুমাঞ্জলি' নামক সংস্কৃত গ্রন্থের বাংলা অনুবাদক। তাঁহার অনুবাদ-গ্রন্থের নাম 'বিলাপ-বিবৃতিমালা' (১৭১৩ খ্রীঃ)।

কৃষ্ণচন্দ্র মজুমদার—(১৮৩৭—১৯০৬ খ্রীঃ)। স্বভাব-কবি। জন্মস্থান খুলনার অন্তর্গত সেনহাটী গ্রাম। তিনি যশোহর জেলা-স্কুলের হেড পণ্ডিত ছিলেন। তিনি 'ঢাকা প্রকাশ', 'বিজ্ঞাপনী', 'দ্বৈভাষিকী' প্রঃ পত্রিকার সম্পাদকতা করিতেন। তিনি ফার্সীতে সুপণ্ডিত ছিলেন। হাফিজের কবিতাগুলির অনুবাদ করিয়া তিনি 'সদ্ভাব শতক' নাম দিয়া একখানি কবিতা-পুস্তক প্রকাশিত করেন। তিনি 'রাসের ইতিবৃত্ত', 'মোহভোগ' ও 'কৈবল্যতত্ত্ব' এই কয়খানি পুস্তক প্রকাশ করেন।

কৃষ্ণচন্দ্র রায়, মহারাজ—(১৭১০—১৭৮০ খ্রীঃ)। নবদ্বীপের রাজা। রাজা রঘুরাম রায় তাঁহার পিতা। তিনি ভবানন্দ মজুমদারের বংশধর। তিনি প্রজাবৎসল এবং গুণগ্রাহী রাজা ছিলেন। তিনিই কবি ভারতচন্দ্রকে নিজের সভাকবি করেন। কবি রামপ্রসাদ সেন, জ্যোতির্বিৎ অনুকূল বাচস্পতি ও বাণেশ্বর বিদ্যালংকার তাঁহার সভাসদ্ ছিলেন। গোপাল ভাঁড় তাঁহারই সভায় বিদূষক ছিলেন। তিনি ক্লাইবের পক্ষ হইয়া সিরাজউদ্দৌলার বিপক্ষতা করেন।

কৃষ্ণচন্দ্র সিংহ—তিনি সাধারণতঃ 'লালাবাবু' নামে পরিচিত। তিনি পাইকপাড়া রাজবংশের আদিপুরুষ দেওয়ান গংগাগোবিন্দ সিংহের পৌত্র। ত্রিশ বৎসর বয়সে সংসার ত্যাগ করিয়া মথুরায় যান। লালাবাবু বহু লক্ষ মুদ্রা ব্যয় করিয়া বৃন্দাবনে এক মন্দির স্থাপন করেন এবং তথায় এক বিগ্রহ প্রতিষ্ঠিত

করেন। এই মন্দির ও তৎসংলগ্ন অন্নসত্র "লালাবাবুর কুঞ্জ" নামে খ্যাত।

কৃষ্ণদাস কবিরাজ—(১৪৯৬—১৫৮৩ খ্রীঃ)। চৈতন্যপ্রভুর বিখ্যাত জীবনীকার। জন্মস্থান বর্ধমান জেলার ঝামটপুর গ্রাম। পিতা ভগীরথ, মাতা সুনন্দা। বৈষ্ণবধর্মের প্রবর্তক চৈতন্যদেবের জীবনচরিত-প্রণেতা হিসাবে তিনি অমর হইয়া রহিয়াছেন। তিনি রূপ গোস্বামীর ছাত্র ছিলেন। তাঁহার রচিত গ্রন্থখানির নাম 'চৈতন্যচরিতামৃত'।

কৃষ্ণদাস পাল—(১৮৩৮—১৮৮৪ খ্রীঃ)। বাগ্মী ও লেখক। 'হিন্দু পেট্রিয়ট' নামক পত্রিকার সম্পাদকরূপে প্রসিদ্ধ। জন্ম কলিকাতায়। পিতা ঈশ্বরচন্দ্র পাল।

কৃষ্ণদাস বাবাজী—হিন্দী 'ভক্তমাল' গ্রন্থের বাংলা অনুবাদক। অপর নাম লালাদাস বাবাজী। এতদ্ব্যতীত ব্রজমণ্ডলে আরও দুইজন কৃষ্ণদাস বাবাজী বর্তমান ছিলেন। এই তিনজন সিদ্ধ বৈষ্ণবই বহু গ্রন্থ রচনা করিয়া গিয়াছেন।

কৃষ্ণ-দ্বৈপায়ন—'ব্যাস' দ্রঃ।

কৃষ্ণপান্তী—(১৭৪৯—১৮০৯ খ্রীঃ) রানাঘাটের বিখ্যাত 'পাল চৌধুরী' বংশের আদিপুরুষ। প্রথম জীবনে পান বিক্রয় করিয়া জীবিকা নির্বাহ করিতেন বলিয়া তিনি 'পান্তী' আখ্যা লাভ করেন। ক্রমে তিনি ছোলা, মটর ও লবণের ব্যবসায় আরম্ভ করেন এবং ক্রোড়পতি হন। তিনি অসাধারণ সত্যবাদী ছিলেন।

কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়—(২৪শে মে, ১৮১৩—১১ই মে, ১৮৮৫ খ্রীঃ)। প্রখ্যাত শিক্ষাব্রতী ও ধর্মীয় লেখক। জন্ম কলিকাতায়। পিতা জীবনকৃষ্ণ। তিনি সাধারণতঃ রেভাঃ কে. এম. ব্যানার্জী নামে পরিচিত। মাইকেল মধুসূদন তাঁহার সহায়তায় খ্রীষ্টধর্মে দীক্ষিত হন। তিনি ফার্সী, সংস্কৃত, উর্দু, হিন্দী, গ্রীক, হিব্রু, ল্যাটিন, উড়িয়া প্রঃ নানা ভাষা জানিতেন। 'ষড়দর্শন সংবাদ', 'উপদেশ-কথা', 'The Persecuted', 'Dialogues on the Hindu Philosophy' ইঃ পুস্তক তাঁহার রচিত।

কৃষ্ণরাম দাস—(১৭শ শতকের শেষার্ধ)। প্রসিদ্ধ পাঁচালীকার। নিবাস ২৪ পরগনার নিমতা গ্রাম। পিতার নাম ভগবতী দাস। 'কালিকামঙ্গল', 'রায়মঙ্গল', 'ষষ্ঠীমঙ্গল' ও 'শীতলামঙ্গল' কবির লিখিত পাঁচালী। 'রায়মঙ্গল' ১৬০৮ শাক (১৬৮৬ খ্রীঃ) রচিত হয়।

কৃষ্ণ সিংহ—কৃষ্ণচন্দ্র সিংহ (তাহা দ্রঃ)।

কৃষ্ণা—'দ্রৌপদী' দ্রঃ।

কৃষ্ণানন্দ আগমবাগীশ—(১৬—১৭ শতক)। বিখ্যাত তান্ত্রিক সাধক এবং 'তন্ত্রসারসাধক' নামক প্রসিদ্ধ তান্ত্রিক গ্রন্থের সংগ্রহকার। পিতার নাম গৌড়াচার্য মহেশ্বর। নবদ্বীপে জন্ম। তাঁহার প্রবর্তিত রীতি অনুসারেই শ্যামাপূজার অনুষ্ঠান হইয়া থাকে।

কেকয়ী—কেকয়বংশের কন্যা দশরথের মধ্যমা স্ত্রী ('কৈকেয়ী' দ্রঃ)।

কেটো, মার্কাস (Cato, Marcus Porcius)—(২৩৪—১৪৯ খ্রীঃ পূঃ)। রোমক রাজনীতিবিদ্। সুলেখক হিসাবে তিনি যশস্বী ছিলেন। সাধারণতঃ 'Cato the Censor' নামে তিনি পরিচিত।

কেতকাদাস—(জীবৎকাল ১৭দশ শতাব্দীর কাছাকাছি)। মনসামঙ্গল পাঁচালীর বিখ্যাত কবি। তিনি 'মনসার ভাসান'-নামক পালা গানের পুস্তকখানি লিখিয়াছিলেন। তাঁহার প্রকৃত নাম ক্ষেমানন্দ বা ক্ষমানন্দ। পিতার নাম শঙ্কর মণ্ডল, ভাই অভিরাম। নিবাস ছিল বর্তমান বর্ধমান জেলায়।

কেদমন (Cædmon)—প্রথম ইংরেজ কবি। তিনি খ্রীষ্টীয় সপ্তম শতাব্দীতে বর্তমান ছিলেন।

কেদারনাথ দাস, ডাঃ—(১৮৬৭—১৯৩৬ খ্রীঃ)। ধাত্রীবিদ্যাবিশারদ। পিতা যাদবকৃষ্ণ। নিবাস কলিকাতা। ১৮৯৪ খ্রীষ্টাব্দে এম. ডি. উপাধি পান। তিনি Das Forceps নামক প্রসব-যন্ত্রের আবিষ্কর্তা।

কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—(১৫ই ফেব্রুয়ারি, ১৮৬৩—২৯শে নভেম্বর, ১৯৪৯ খ্রীঃ)। বিখ্যাত হাস্যরসিক ও ঔপন্যাসিক। নিবাস দক্ষিণেশ্বর, ২৪ পরগনা। পিতা গঙ্গানারায়ণ বন্দ্যোপাধ্যায়। তাঁহার রচনাগুলির মধ্যে 'কাশীর কিঞ্চিৎ' (রসরচনা), 'কোষ্ঠীর ফলাফল' (উপন্যাস), 'আই হ্যাজ' (উপন্যাস) বিশেষ বিখ্যাত।

কেদার রায়—বিখ্যাত বারভূঁইয়ার অন্যতম চাঁদ রায়ের পুত্র (কাহারও মতে ভ্রাতা)। ঈশা খাঁ চাঁদ রায়ের বিধবা কন্যাকে হরণ করিলে তিনি তাঁহাকে আক্রমণ করেন। তিনি মোগলের অধীনতা অস্বীকার করেন এবং সন্দ্বীপ নামক স্থান মোগলের হাত হইতে কাড়িয়া লন। ১৬০৩ খ্রীষ্টাব্দে মানসিংহ তাঁহাকে শাস্তি দিবার জন্য বাংলায় আসিলে তিনি বহু সৈন্যসামন্ত ও যুদ্ধজাহাজ লইয়া যুদ্ধ করেন, কিন্তু মানসিংহ কর্তৃক পরাজিত হন পরে একজন হিন্দু কর্তৃক নিহত হন।

কেনেডি, জন ফিট্সজেরাল্ড—(১৯১৭—১৯৬৩ খ্রীঃ)। মার্কিন যুক্তরাষ্ট্রের পঞ্চত্রিংশৎ প্রেসিডেন্ট (১৯৬০ খ্রীঃ)। তিনি গুপ্ত ঘাতকের হস্তে নিহত হন।

কেপলার, জোহান (Kepler, Johann)—(১৫৭১—১৬৩০ খ্রীঃ)। প্রসিদ্ধ জার্মান জ্যোতির্বিদ। গ্রহগণের গতিবিধি সম্বন্ধে তিনি অনেক তথ্য আবিষ্কার করেন। তাঁহার সেই তথ্যগুলি 'Kepler's Laws' নামে আখ্যাত হইয়াছে।

কেমাল আতাতুর্ক—(১৮৮১—১৯৩৮ খ্রীঃ)। নব্য তুরস্কের নেতা ও সাধারণতন্ত্রের প্রেসিডেন্ট। ১৯২২ খ্রীষ্টাব্দে তিনি গ্রীকদিগকে এশিয়া মাইনর হইতে বিতাড়িত করেন এবং ১৯২৩ খ্রীষ্টাব্দে তুরস্ক সাধারণতন্ত্রের প্রথম প্রেসিডেন্ট হন। তিনি খলিফার পদ তুলিয়া দেন।

কেরি, উইলিয়াম, ডি. ডি.—(Carey, William, D. D.)—(১৭৬১—১৮৩৪ খ্রীঃ)। বাংলা গদ্য-

সাহিত্যের উৎসাহদাতা ইংরেজ মিশনারি। জন্ম ইংলণ্ডে। ১৭৯৪ খ্রীষ্টাব্দে তিনি ব্যাপ্টিস্ট মিশন প্রতিষ্ঠা করিয়া কলিকাতায় আসেন। ১৭৯৯ খ্রীষ্টাব্দে তিনি শ্রীরামপুরে একটি 'মিশন' প্রতিষ্ঠা করেন এবং তাঁহারই চেষ্টায় ঐস্থলে একটি মুদ্রাযন্ত্র স্থাপিত হয়। তিনি বাংলা ব্যাকরণ, বাংলা-ইংরেজী অভিধান (১৮২৫ খ্রীঃ) ও রামায়ণের একটি সংস্করণ প্রকাশিত করেন। তিনি মহাপ্রাণ ও পরোপকারী ছিলেন।

কেলভিন, উইলিয়াম টমসন, ব্যারন (Kelvin, William Thomson, Baron) (১৮২৪-১৯০৭ খ্রীঃ)। স্কটদেশীয় বিজ্ঞানী। তিনি গ্লাসগো বিশ্ববিদ্যালয়ের পদার্থ-বিজ্ঞানের অধ্যাপক ছিলেন। তাপের গতি সম্বন্ধে ইহার গবেষণা অতি মূল্যবান। আটলান্টিক মহাসাগরের তলদেশে টেলিগ্রাফের তার সংস্থাপনের কার্য তাঁহার গবেষণার ফলে সফল হয়।

কেলগ, ফ্রাঙ্ক বিলিংস (Kellog, Hon. Frank Billings, LL. D.)—(১৮৫৬-১৯৩৭ খ্রীঃ)। রাজনীতিবিদ্। তিনি হেগ শহরে প্রতিষ্ঠিত 'Permanent Court of International Justice' এর ১৯৩০ হইতে ১৯৩৫ খ্রীঃ পর্যন্ত বিচারক ছিলেন। 'কেলগ চুক্তি' তাঁহারই দ্বারা সম্পাদিত হয়। শান্তির জন্য তিনি ১৯২৯ খ্রীষ্টাব্দে নোবেল পুরস্কার লাভ করেন।

কেশব কাশ্মীরী—প্রসিদ্ধ দিগ্বিজয়ী পণ্ডিত। তিনি শ্রীনিম্বার্ক বৈষ্ণব সম্প্রদায়ী ছিলেন। নিবাস কাশ্মীর। নবদ্বীপে আসিয়া তিনি শ্রীচৈতন্য মহাপ্রভুর সঙ্গে বিচারে পরাস্ত হন এবং প্রভুপদে আত্মসমর্পণ করেন। তাঁহার লিখিত পুস্তক 'বেদান্তভাষ্য' ও 'ভূচক্রাদিগ্বিজয়ী'।

কেশবচন্দ্র সেন—(১৮৩৮-১৮৮৪ খ্রীঃ)। ব্রাহ্মসমাজের প্রসিদ্ধ নেতা। নিবাস হুগলী জেলার গরিফা। জন্মস্থান কলিকাতার কলুটোলা। পিতার নাম প্যারীমোহন সেন, পিতামহ রামকমল সেন। রাজনারায়ণ বসু লিখিত 'বক্তৃতা' নামক পুস্তকখানি পড়িয়া তাঁহার মন ব্রাহ্মধর্মের দিকে আকৃষ্ট হয় এবং ১৮৫৭ খ্রীষ্টাব্দে ব্রাহ্ম ধর্ম গ্রহণ করেন। ১৮৭৮ খ্রীষ্টাব্দে তাঁহার কন্যার সহিত কুচবিহারের মহারাজার বিবাহ হয়। এই বিবাহ ব্যাপার লইয়া ব্রাহ্মসমাজে তুমুল কলহের সৃষ্টি হয়। তিনি এই সময় ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ ত্যাগ করিয়া 'নববিধান ব্রাহ্মসমাজ' গঠন করেন এবং 'নববিধান' নামে এক পত্রিকা প্রকাশিত করিয়া নূতন ধর্মমত প্রচারে ব্যাপৃত হন। 'জীবনবেদ'-নামক পুস্তকখানি অনেকটা আত্মজীবনীর মত।

কেশব ভারতী—বৈষ্ণব সন্ন্যাসী। শ্রীচৈতন্যদেব তাঁহার নিকট সন্ন্যাসধর্মে দীক্ষা গ্রহণ করেন। তাঁহার পূর্বনাম কালীনাথ আচার্য। নিবাস—কাটোয়ার নিকটবর্তী কুলিয়া। তিনি মাধবেন্দ্র পুরীর শিষ্য ছিলেন।

কৌশলী—বিদর্ভরাজের কন্যা। তিনি রাজা সগরের অন্যতমা পত্নী ছিলেন। তাঁহার গর্ভজাত সন্তান অসমঞ্জস (দ্রঃ)।

কেশী—দৈত্য বিঃ। কংসের অনুচর। শ্রীকৃষ্ণ হস্ত মুখমধ্যে হস্ত প্রবেশ করাইয়া তাহাকে মারিয়া ফেলেন (ভাগ, হরি)।

কৈকয়ী, কৈকেয়ী—কেকয়রাজকন্যা। দশরথের মধ্যমা রাণী ও ভরতের মাতা। তিনি দশরথের নিকট হইতে প্রাপ্ত বরের সাহায্যে নিজ পুত্র ভরতকে রাজ্য ও রামকে বনে নির্বাসিত করেন। রামের অযোধ্যায় ফিরিবার পর কৈকেয়ীর মৃত্যু হয় (রাম)।

কৈকসী—সুমালী রাক্ষসের কন্যা ও বিশ্রবা মুনির পত্নী। রাবণ, কুম্ভকর্ণ ও বিভীষণ তাঁহার তিন পুত্র। নিকষা নামেও তিনি পরিচিতা (রাম)।

কৈটভ—নারায়ণের কর্ণমল হইতে মধু ও কৈটভ নামে দুই দানবের সৃষ্টি হয়। তাহারা অত্যাচারী ছিল। নারায়ণ তাহাদের ধ্বংস করেন। মধু ও কৈটভের মেদ পৃথিবী ব্যাপ্ত হইয়াছিল বলিয়া পৃথিবীর নাম হয় মেদিনী (মার্ক)।

কোপার্নিকাস, নিকোলাস (Copernicus, Nicolas) (১৪৭৩-১৫৪৩ খ্রীঃ)। বিখ্যাত জ্যোতির্বিদ্ ও গণিতজ্ঞ। তিনি জাতিতে পোল। পাশ্চাত্য জগতে তিনিই প্রথম প্রকাশ করেন যে, সূর্য সৌরজগতের কেন্দ্র এবং পৃথিবী ও অন্যান্য গ্রহ সূর্যের চারিদিকে পরিভ্রমণ করিতেছে।

কোমটে অগস্ট (Comte, Auguste)—(১৭৯৮-১৮৫৭ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী দার্শনিক। বহু বৎসর পরিশ্রম করিয়া ১৮৪২ খ্রীষ্টাব্দে তিনি ছয় খণ্ডে তাঁহার 'Positive Philosophy' (পজিটিভ ফিলজফি) নামক অমর গ্রন্থ প্রকাশ করেন। তাঁহার প্রবর্তিত মতবাদ Positivism নামে খ্যাত।

কোরেশী মাগন—মহাকবি চন্দ্রাবতী কাব্যের কবি। তিনি আরাকানের অন্তর্গত রোসাঙ্গের রাজদরবারের একজন বিশেষ গণ্যমান্য ব্যক্তি ছিলেন। তিনি জাতিতে মগ। তাঁহার নামের শেষে ঠাকুর এই পদ দেখা যায়। তিনি কবি আলাওলের সমসাময়িক ছিলেন। বহু কবি ও গুণী তাঁহার পৃষ্ঠপোষকতায় রোসাঙ্গ রাজসভায় প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন।

কোর্টেস (Cortes Hernando)—(১৪৮৫-১৫৪৭ খ্রীঃ)। স্পেনীয় নেতা। মেক্সিকো বিজেতা রূপে তাঁহার নাম প্রসিদ্ধ।

কোলব্রুক, হেনরী টমাস (Colbrook, Henry Thomas) (১৭৬৫-১৮৩৭ খ্রীঃ)। বিখ্যাত সংস্কৃতজ্ঞ পণ্ডিত। ১৮০১ খ্রীষ্টাব্দে তিনি কলিকাতা হাইকোর্টের বিচারপতি এবং ফোর্ট উইলিয়াম কলেজের সংস্কৃতের অবৈতনিক অধ্যাপক নিযুক্ত হন। ১৮০৫ খ্রীষ্টাব্দে তিনি সংস্কৃত ব্যাকরণ ইংরেজী ভাষায় প্রকাশিত করেন। 'Digest of the

Hindu Law on Contracts and Succession' তাঁহারই লিখিত (১৭৯১ খ্রীঃ)।

কোলরিজ, স্যামুয়েল টেলর (Coleridge, Samuel Taylor)—(১৭৭২—১৮৩৪ খ্রীঃ)। প্রসিদ্ধ ইংরেজ কবি। তিনি Robert Southey ও Wordsworth-এর অন্তরঙ্গ বন্ধু ছিলেন। 'Ancient Mariner', 'Kublai Khan' প্রঃ তাঁহার উল্লেখযোগ্য রচনা। তাঁহার লিখিত 'Biographia'-নামক সমালোচনা পুস্তক ইংরেজী সাহিত্যে একটি বিশেষ অবদান।

কোল্ট, স্যামুয়েল (Colt, Samuel)—(১৮১৪—১৮৬২ খ্রীঃ)। তিনি রিভলভারের উদ্ভাবন করিয়া বিখ্যাত হন।

কৌটিল্য (চাণক্য)—(জীবৎকাল খ্রীঃ পূঃ তৃতীয় শতাব্দী)। মৌর্যবংশের প্রথম রাজা চন্দ্রগুপ্তের প্রধান মন্ত্রী। তিনি জাতিতে ব্রাহ্মণ। তিনি চাণক্য বা বিষ্ণুগুপ্ত নামেও অভিহিত হন। তাঁহার সাহায্যে চন্দ্রগুপ্ত তাঁহার রাজ্য উত্তমরূপে শাসন করিতে সমর্থ হইয়াছিলেন। রাজনীতি-সম্বন্ধে লিখিত 'অর্থশাস্ত্র' নামে তাঁহার একখানি পুস্তক আছে।

কৌশল্যা—দশরথের প্রধানা রানী ও রামচন্দ্রের জননী। দক্ষিণ কোশলের রাজার কন্যা বলিয়া তাঁহার নাম কৌশল্যা হইয়াছে। রামচন্দ্রের অশ্বমেধ যজ্ঞের পর তিনি দেহত্যাগ করেন (রাম)।

ক্যাক্সটন, উইলিয়াম (Caxton, William)—(১৪২২—১৪৯১ খ্রীঃ)। মুদ্রাযন্ত্রের প্রবর্তক। ইংলণ্ডের অন্তর্গত কেণ্টে জন্ম। তিনি ইংলণ্ডে মুদ্রাযন্ত্রের প্রবর্তন করেন।

ক্যাড্‌মাস (Cadmus)—ফিনিসিয়ার রাজার ছেলে। তাঁহার ভগ্নীর নাম ইউরোপা। তিনি গ্রীক বর্ণমালার প্রবর্তক বলিয়া খ্যাত (গ্রীক পুঃ)।

ক্যাথারিন অব অ্যারাগন (Catherine of Aragon)—(১৪৮৫—১৫৩৬ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা অষ্টম হেনরীর প্রথমা পত্নী। পূর্বে হেনরীর জ্যেষ্ঠ ভ্রাতার সহিত তাঁহার বিবাহ হয়। তাঁহাকে হেনরী ত্যাগ করিতে চাহিলে পোপ তাঁহার মত দেন নাই। ফলে, হেনরী ইংলণ্ডে 'Reformation' আন্দোলনের সৃষ্টি করেন। ১৫২৬ খ্রীষ্টাব্দে তাঁহাদের বিবাহ-বিচ্ছেদ হয়।

ক্যাথারিন ডি মেডিচি (Catherine de' Medici)—(১৫১৯—১৫৮৯ খ্রীঃ)। ফ্রান্সের রাজা দ্বিতীয় হেনরীর রানী। তিনি অতি শক্তিমতী মহিলা ছিলেন। স্বামীর মৃত্যুর পর তাঁহার নাবালক পুত্র নবম চার্ল্‌সের হইয়া তিনি রাজকার্য পরিচালনা করেন।

ক্যাথারিন, ২য় (Catherine II, Empress of Russia)—(১৭২৯—১৭৯৬ খ্রীঃ)। তিনি রাশিয়ার রাজা তৃতীয় পিটারের রানী। স্বামীর মৃত্যুর পর রাজ্যের শাসনভার তাঁহার উপর পতিত হয়। তিনি প্রথমে উত্তমরূপে শাসনকার্য চালাইলেও পরে অত্যন্ত ব্যভিচারিণী হইয়া উঠেন। তাঁহাকে সেমি-র‍্যামিস অব দি নর্থ (Semiramis of the North) বলা হয়।

ক্যাথারিন, সেণ্ট (Catherine, St.)—আলেকজাণ্ড্রিয়া নগরীর বিখ্যাত ধর্মপ্রাণা কুমারী। তিনি খ্রীষ্টধর্ম প্রচার করিবার জন্য ৩০৭ খ্রীষ্টাব্দে বিশেষ উৎপীড়িতা হন। তাঁহাকে মৃত্যুদণ্ডে দণ্ডিত করিবার পূর্বে লোহার সিকবিশিষ্ট চাকায় ফেলিয়া যন্ত্রণা দেওয়া হয় বলিয়া লোকের বিশ্বাস। ইহা হইতে 'সেণ্ট ক্যাথারিনের চক্র' (St. Catherine's Wheel) নাম হইয়াছে।

ক্যানিউট দি গ্রেট (Canute the Great)—(৯৯৫—১০৩৫ খ্রীঃ)। ডেনমার্কের রাজা। তিনি সৈন্যদলসহ ডেনমার্ক হইতে ইংলণ্ড আক্রমণ করেন এবং ইংলণ্ডের রাজা Ethelred the Unready-কে সিংহাসনচ্যুত করিয়া তাঁহার পিতা সোয়েইনকে রাজা করেন। ১০১৪ খ্রীষ্টাব্দে পিতার মৃত্যুর অনেক দিন পরে তিনি রাজা হন।

ক্যানিং, আর্ল অব (Canning, Earl of)—(১৮১২—১৮৬২ খ্রীঃ)। ভারতবর্ষের প্রথম রাজপ্রতিনিধি (Viceroy)। ক্যানিং ১৮৫৬ খ্রীষ্টাব্দে গভর্নর জেনারেল হইয়া ভারতে আসেন। তাঁহার শাসনভার গ্রহণের দুই বৎসরের মধ্যেই সিপাহী-বিদ্রোহ ঘটে। তাঁহার শাসনকালে কলিকাতা, বোম্বাই ও মাদ্রাজ নগরে একটি করিয়া বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়।

ক্যাবট, সিবাস্টিয়ান (Cabot, Sebastian)—(১৪৭৪—১৫৫৭ খ্রীঃ)। বিখ্যাত ইতালীয় নাবিক ও আবিষ্কারক। তিনি ইতালীয় নাবিক জন ক্যাবটের পুত্র। ১৪৯৭ খ্রীষ্টাব্দে তিনি লাব্রাদর আবিষ্কার করেন। পরে তিনি আমেরিকার উপকূল-ভাগের ১৮০০ মাইল জরিপ করেন।

ক্যামিলাস, মার্কাস ফিউরিয়াস (Camillus, Marcus Furius)—(৪৪৬—৩৬৫ খ্রীঃ পূঃ)। বিখ্যাত রোমক সেনাপতি। তিনি রোমের গণতন্ত্রের পাঁচবার 'ডিক্টেটর' হন।

ক্যামেরন, ভার্নে লাভেট (Cameron, Varney Lovett)—(১৮৪৪—১৮৯৪ খ্রীঃ)। প্রসিদ্ধ আবিষ্কারক। তিনিই প্রথম পূর্ব হইতে পশ্চিমে আফ্রিকা অতিক্রম করিয়াছিলেন। তিনি ট্যাঙ্গানাইকা হ্রদের আবিষ্কারক।

ক্যাম্বেল, জর্জ (Campbell, Sir George)—(১৮২৪—১৮৯২ খ্রীঃ)। বাংলার পঞ্চম গভর্নর। ১৮৭১ খ্রীষ্টাব্দে তিনি বাংলার গভর্নর নিযুক্ত হন। রোডসেস্-নামক কর-প্রথা, কয়েদীদের সশ্রম কারাদণ্ড, প্রেসিডেন্সি কলেজ নির্মাণ, সবডেপুটি কালেক্টরের পদ সৃষ্টি তাঁহার শাসনকালের ঘটনা। তিনি 'Statistics', 'Ethnology', 'A Hand-Book of the Eastern Questions' প্রঃ পুস্তক প্রকাশ করেন।

ক্যাম্বেল, টমাস (Campbell, Thomas)—(১৭৭৭—১৮৪৪ খ্রীঃ)। ইংরেজ কবি। 'Ye Mariners of England', 'Hohenlinden',

'The Battle of the Baltic' প্রঃ কবিতা এবং 'The Pleasures of Hope' নামক কাব্য তাঁহার রচনা।

ক্যাম্বেল, ম্যাল্কম (Campbell, Sir Malcolm)—(১৮৮৫—১৯৪৮ খ্রীঃ)। দ্রুত মোটরগাড়ি চালনার জন্য প্রসিদ্ধ। ১৯৩২ খ্রীষ্টাব্দে তিনি ডেটোনা সমুদ্রতীরে ঘণ্টায় ২৫৩·৯ মাইল বেগে গাড়ি চালনা করেন। ১৯৩৩ খ্রীষ্টাব্দে তিনি ঘণ্টায় ২৭২·১০৮ মাইল বেগে মোটর চালান। তাঁহার সর্বোচ্চ 'রেকর্ড' ঘণ্টায় ৩০১·১৩০৭ মাইল (১৯৩৫)।

ক্যারিব্ডিস (Charybdis)—কলহপ্রিয়া রমণী। জুপিটার কর্তৃক সিসিলীর নিকটে ঘূর্ণাবর্তে পরিণতা হন (গ্রীক পুঃ)।

ক্যারোল, লুইস (Carroll, Lewis)—(১৮৩২—১৮৯৮ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ সাহিত্যিক। প্রকৃত নাম চার্লস ডজসন (Dodgson)। তিনি 'Alice in Wonderland' ও 'Alice through the Looking-glass' রচনা করেন।

ক্যালিগুলা (Caligula, Caius Cæsar)—তৃতীয় রোমক সম্রাট্। তিনি প্রথমে শান্তির সহিত রাজত্ব করেন। শেষে তাঁহাকে নানা অশান্তিতে কাটাইতে হয়। প্রজারা তাঁহার কার্যে অসন্তুষ্ট হয়। পরে তিনি খ্রীঃ পূঃ ৪১ অব্দে নিহত হন।

ক্যালিপ্সো (Calypso)—জাহাজ জলমগ্ন হইলে ইউলিসিস যে দ্বীপে আশ্রয় গ্রহণ করেন, তিনি সেই অগিগিয়া দ্বীপের জলদেবী। তিনি ইউলিসিসের প্রেমমুগ্ধ হইয়া তাঁহাকে সাত বৎসর আটক করিয়া রাখেন (গ্রীক পুঃ)।

ক্যাসাবিয়াঙ্কা (Casabianca, Louis)—(১৭৫৫—১৭৯৮ খ্রীঃ)। আবুকিরের যুদ্ধে ফরাসী জাহাজ 'লা ওরিয়েণ্টে'র কাপ্তেন। ইংরেজদের হাতে যাহাতে জাহাজটি না পড়ে, সেই কারণে তিনি জাহাজটি উড়াইয়া দেন এবং তাঁহার ছোট ছেলেটির সঙ্গে মারা যান। ঐ ছেলেটির নামও ছিল ক্যাসাবিয়াঙ্কা। ছেলেটির অপূর্ব পিতৃভক্তি, সাহস ও কর্তব্যবোধ সম্বন্ধে ইংরেজী সাহিত্যে একটি চমৎকার কবিতা আছে।

ক্যাসিওপি (Cassiope, Cassiopea)—সিফিয়াসের পত্নী ও অ্যাণ্ড্রোমিডার জননী। জলপরীদের অপেক্ষা আপনাকে অধিকতর সুন্দরী বলিয়া তিনি গর্ব করিতেন (গ্রীক পুঃ)।

ক্যাসিয়াস (Cassius, Longinus)—(মৃত্যু ৪২ খ্রীঃ পূঃ)। জুলিয়াস সীজারের সমসাময়িক এবং তৎকালীন বিখ্যাত সেনাপতি। সীজারকে হত্যা করার ষড়যন্ত্রে তিনি লিপ্ত ছিলেন। মার্ক অ্যাণ্টনি তাঁহাকে যুদ্ধে পরাজিত করেন।

ক্রতু—ব্রহ্মার মানসপুত্র। তিনি কর্দম পত্নী দেবহূতির গর্ভজাত কন্যা ক্রিয়াকে বিবাহ করেন। ক্রিয়া হইতে ষাট হাজার বালখিল্য ঋষি জন্মগ্রহণ করেন (ভাগ)।

ক্রমওয়েল, অলিভার (Cromwell Oliver)—(১৫৯৯—১৬৫৮ খ্রীঃ)। বিখ্যাত ব্রিটিশ যোদ্ধা ও রাজনীতিবিদ্। ইংলণ্ডের প্রথম রাজা চার্লস্ যথেচ্ছাচার করিতে আরম্ভ করিলে তিনি তাহার তীব্র প্রতিবাদ করেন এবং পরে সৈন্য সংগ্রহ করিয়া রাজার বিরুদ্ধে যুদ্ধ করেন ও রাজাকে পরাস্ত করেন। পার্লামেণ্টে 'রাউণ্ডহেড্স্' দলের তিনি নেতা ছিলেন। রাজার মৃত্যুদণ্ডের পর তিনি ইংলণ্ডে সাধারণতন্ত্র প্রবর্তন করেন। ইতিহাসে তাঁহাকে 'লর্ড প্রটেক্টর' আখ্যা দেওয়া হইয়া থাকে। তাঁহাকে প্রোটেস্ট্যাণ্ট ধর্মমতের ত্রাণকর্তারূপে অভিহিত করা হয়।

ক্রম্টন, স্যামুয়েল (Crompton, Samuel)—(১৭৫৩—১৮২৭ খ্রীঃ)। বয়নযন্ত্রের আবিষ্কারক। তিনি বোল্টনের দরিদ্র তন্তুবায় ছিলেন।

ক্রিমার (Cremer, Sir W. R.)—(১৮৩৮—১৯০৮ খ্রীঃ)। তিনি আন্তর্জাতিক পার্লামেণ্টারী সভার প্রতিষ্ঠাতা। ১৯০৩ খ্রীষ্টাব্দে তিনি বিশ্ব-শান্তির প্রচেষ্টার জন্য 'নোবেল পুরস্কার' পান।

ক্রুক্স্ (Crookes, Sir William)—(১৮৩২—১৯১৯ খ্রীঃ)। বিখ্যাত ব্রিটিশ বিজ্ঞানী। রসায়ন-শাস্ত্রে ও তাড়িৎ-বিজ্ঞানে তাঁহার দান অপূর্ব। 'থেলিয়াম'-নামক রাসায়নিক পদার্থের তিনি আবিষ্কারক ও 'রেডিওমিটারের' উদ্ভাবক।

ক্রুপ (Krupp, Alfred)—(১৮১২—১৮৮৭ খ্রীঃ)। বিখ্যাত জার্মান এঞ্জিনীয়ার। ইসেন-নামক স্থানে তাঁহার স্থাপিত কয়েকটি কামানের কারখানা জগতের বিখ্যাত কারখানাগুলির অন্যতম। তাঁহার পুত্র ফ্রেডারিক আলফ্রেড ক্রুপ (১৮৫৪—১৯০২ খ্রীঃ)।

ক্রোন্জে (Cronje)—(১৮৪০—১৯১১ খ্রীঃ)। প্রসিদ্ধ বুয়র-সেনাপতি। বুয়র যুদ্ধে লর্ড রবার্ট্স্ ইংরেজদিগের সেনাপতি ছিলেন ও ক্রোন্জে বুয়র-দের সেনাপতি ছিলেন। বন্দী হইয়া তিনি সেণ্ট হেলেনা দ্বীপে নির্বাসিত হন। ইংরেজদিগের সহিত বুয়রদের সন্ধি হইলে তিনি মুক্তি পান।

ক্রোপোট্কিন, প্রিন্স পিটার (Kropotkin, Prince Peter)—(১৮৪২—১৯২১ খ্রীঃ)। রাশিয়ার বিপ্লবী লেখক। তিনি রাশিয়ার বিদ্রোহে যোগদান করেন এবং শ্রমিকদের উত্তেজিত করার অপরাধে বন্দী হন এবং পলাইয়া ইংলণ্ডে যান। পরে ১৯১৭ খ্রীষ্টাব্দে রাশিয়ায় ফিরিয়া যান। 'The French Revolution', 'Memoirs of a Revolutionary' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

ক্লডিয়াস, ১ম (Claudius I)—(১০—৫৪ খ্রীঃ)। রোমক সম্রাট্। তাঁহার সময়ে ব্রিটেনের কিছুটা রোমের অধিকারে আসে। তাঁহার স্ত্রী অ্যাগ্রিপিনা তাঁহাকে বিষপ্রয়োগে হত্যা করে।

ক্লাইও (Clio)—ইতিহাসের অধিষ্ঠাত্রী দেবী (গ্রীক পুঃ)।

ক্লাইটেম্নেস্ট্রা (Clytaemnestra)—স্পার্টার রাজা অ্যাগামেমননের পত্নী। টিনডারিউস ও লেডার কন্যা।

ক্লাইভ, লর্ড (Clive, Lord)—(১৭২৫—১৭৭৪ খ্রীঃ)। ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। ১৭৪২ খ্রীষ্টাব্দে তিনি মাদ্রাজে ইস্ট ইণ্ডিয়া কোম্পানির কেরানী হইয়া আসেন। ১৭৪৮ খ্রীষ্টাব্দে তিনি সৈনিক-বিভাগের কর্মচারী হন। তিনি ১৭৫৭ খ্রীষ্টাব্দে পলাশীর যুদ্ধে বাঙ্গালার নবাব সিরাজউদ্দৌলাকে পরাজিত করেন। নবাবের হত্যার পর ক্লাইভ মীরজাফরকে বঙ্গের নবাবি দিয়া ইংলণ্ডে ফিরিয়া যান এবং 'Baron Clive of Plassey' নামে সম্মানিত হন। ইহার পর তিনি বাঙ্গালার গভর্নর হইয়া এদেশে পুনরায় আগমন করেন। ১৭৬৫ হইতে ১৭৬৭ খ্রীঃ পর্যন্ত চেষ্টা করিয়া তিনি কোম্পানির রাজত্ব দৃঢ় করেন। পরে দেশে ফিরিয়া তিনি আত্মহত্যা করেন।

ক্লিওপেট্রা (Cleopatra)—(খ্রীঃ পূঃ ৬৮—৩০)। মিশরের প্রসিদ্ধ সুন্দরী রানী। পিতা মিশরের রাজা টলেমি ঔলেটিজ। জুলিয়াস সীজার তাঁহার রূপে মুগ্ধ হইয়াছিলেন। পরে মার্ক অ্যান্টনি তাঁহার রূপমুগ্ধ হইয়া মিশরেই তাঁহার সহিত বাস করিতে থাকেন। অগাস্টাস সীজারের সহিত যুদ্ধে অ্যান্টনির মৃত্যু হইলে তিনি অ্যাস্প-নামক বিষধর সর্প নিজের বক্ষে রাখেন এবং এইভাবে আত্মহত্যা করেন।

ক্ষপণক—বিক্রমাদিত্যের সভার নবরত্নের অন্যতম। বৈয়াকরণ ও আভিধানিক বলিয়া তাঁহার প্রসিদ্ধি আছে।

ক্ষিতিমোহন সেন শাস্ত্রী—(১৮৮০—১৯৬০ খ্রীঃ)। লেখক ও শিক্ষাবিদ্। তিনি কাশীতে শিক্ষালাভ করেন। তিনি বহু ভাষায় সুপণ্ডিত ছিলেন। ১৯০৮ খ্রীষ্টাব্দে তিনি শান্তিনিকেতনে যোগ দেন এবং বিদ্যাভবনের অধ্যক্ষ নিযুক্ত হন। ১৯৫৩ খ্রীষ্টাব্দে তিনি বিশ্বভারতীর উপাচার্য হন। 'কবীর', 'ভারতীয় সাধনার ধারা', 'বলাকা কাব্য-পরিক্রমা', 'চিন্ময় বঙ্গ', 'প্রাচীন ভারতে নারী' ইঃ কয়েকখানি বই তাঁহার রচিত। সম্প্রতি তাঁহার মৃত্যু হইয়াছে। তিনি বিশ্বভারতী হইতে 'দেশিকোত্তম' উপাধি লাভ করেন।

ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর—(১৮৬৯—১৯৩৭ খ্রীঃ)। রবীন্দ্রনাথের ভ্রাতুষ্পুত্র। তিনি কম পক্ষে ত্রিশখানি গ্রন্থের রচয়িতা।

ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ—(১২ই এপ্রিল, ১৮৬৩—৪ঠা জুলাই, ১৯২৭ খ্রীঃ)। প্রসিদ্ধ নাট্যকার। পিতার নাম গুরুচরণ ভট্টাচার্য শিরোমণি। জন্মস্থান ২৪ পরগনার খড়দহ গ্রাম। তাঁহার পুস্তকগুলির মধ্যে 'আলিবাবা', 'সাবিত্রী', 'বঙ্গেশ্বর প্রতাপাদিত্য', 'প্রমোদরঞ্জন', 'নারায়ণী', 'রত্নাবতী', 'পদ্মিনী', 'নন্দকুমার', 'চাঁদবিবি', 'দাদা ও দিদি', 'আলমগীর', 'গুহামুখে', 'নিবেদিতা', 'পতিতার সিদ্ধি' (শেষ তিনটি উপন্যাস, অন্যগুলি নাটক) ইঃ সবিশেষ প্রসিদ্ধি লাভ করিয়াছে।

ক্ষুদিরাম বসু—(৩রা ডিসেম্বর, ১৮৮৯—১১ই অগস্ট, ১৯০৮ খ্রীঃ)। বীর-বিপ্লবী। জন্মস্থান মেদিনীপুর জেলার মৌবানি গ্রাম। পিতা ত্রৈলোক্যনাথ। ক্ষুদিরাম তাঁহার জ্যেষ্ঠা ভগিনীর নিকট থাকিয়া পড়াশোনা করেন। ১৯০২ খ্রীষ্টাব্দে মেদিনীপুরে একটি গুপ্তসমিতি গঠিত হয়। সমিতির কর্তা সত্যেন্দ্রনাথ এই সমিতির মধ্যে ক্ষুদিরামকে টানিয়া লইলেন। ১৯০৮ খ্রীষ্টাব্দে ক্ষুদিরামকে যুগান্তর আফিসে পাঠানো হয় এবং সেখান হইতে মজঃফরপুরে পাঠানো হইল। তাঁহার সঙ্গী ছিলেন প্রফুল্ল চাকী। উদ্দেশ্য ছিল ভূতপূর্ব প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট কিংসফোর্ডকে হত্যা করা। ৩০শে এপ্রিল, ১৯০৮ তারিখে ক্ষুদিরাম ও চাকী ভুলবশতঃ অন্য একটি গাড়িতে বোমা ছোড়েন। সে গাড়িতে ছিলেন মিসেস ও মিস কেনেডী। বিচারে তাঁহার ফাঁসি হয়।

ক্ষেমানন্দ বা **ক্ষমানন্দ**—'মনসার ভাসান' প্রণেতা কায়স্থ গ্রন্থকার। তাঁহার অপর নাম কেতকাদাস।

খ

খগেন্দ্রনাথ মিত্র, রায় বাহাদুর—(১৮৮০—১৯৬১ খ্রীঃ)। লেখক ও শিক্ষাব্রতী। যশোহর জেলার ধুলগ্রামে জন্ম। পিতা দীননাথ মিত্র। তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের (বাংলা ভাষায়) রামতনু লাহিড়ী অধ্যাপক হন। শিক্ষিত সমাজে তিনি উচ্চাঙ্গ কীর্তনের প্রবর্তক। বৈষ্ণব-সাহিত্যে ইনি সুপণ্ডিত। 'বিবিবউ', 'কানের দুল', 'সুখদুঃখ', 'পদামৃত মাধুরী' প্রঃ বহু গ্রন্থ তিনি রচনা করিয়াছেন।

খনা—মহিলা জ্যোতির্বিদ্। জ্যোতিষ বিষয়ে তাঁহার রচিত ছন্দোবদ্ধ নির্দেশসমূহ 'খনার বচন' নামে খ্যাত। খনা সম্বন্ধে যে প্রবাদ আছে তাহা এই :—খনা সিংহলের রাজকন্যা। জ্যোতির্বিদ্ বরাহের সিংহলপ্রবাসী পুত্র খনাকে বিবাহ করিয়া উজ্জয়িনীতে আসেন। খনার জ্ঞানের পরিচয় পাইয়া বিক্রমাদিত্য তাঁহাকে রাজসভার সভাসদ করিয়া দেন। ইহাতে বরাহ ঈর্ষান্বিত হন। তিনি পুত্রকে খনার জিহ্বা ছেদন করিতে বলিলে খনা স্বেচ্ছায় নিজের জিহ্বা কাটিয়া প্রাণত্যাগ করেন।

খর—রাক্ষস বিঃ। পিতা বিশ্রবা মুনি, মাতা রাকা। খরের অপর ভ্রাতার নাম দূষণ। ভগ্নী শূর্পণখা। শূর্পণখার নাসিকা ও কর্ণ লক্ষ্মণ কর্তৃক ছিন্ন হইলে

খর নামের বিরুদ্ধে যুদ্ধ করিতে গিয়া নিহত হন (বঙ্গ)।

খা জাহান (হোসেন কুলি খাঁ)—(১৫৭৬—১৫৭৯ খ্রীঃ)। সম্রাট্ আকবর বাংলা অধিকার করিলে খাঁ জাহান প্রথম সুবাদার হন। দাউদ খাঁ ও তাঁহার সেনাপতি কালাপাহাড়কে তিনি পরাজিত ও নিহত করেন।

খাফি খাঁ—অষ্টাদশ শতাব্দীর প্রসিদ্ধ মুসলমান ঐতিহাসিক। প্রকৃত নাম মোহাম্মদ হাশিম। তিনি 'মুন্তাখিব-উল্-লুবাব'-নামক প্রসিদ্ধ গ্রন্থে বাবর হইতে মোহাম্মদ শাহ্ পর্যন্ত সমস্ত মোগল সম্রাটের রাজ্যকাহিনী বর্ণনা করিয়া গিয়াছেন।

খিজির খাঁ—১। মুলতানের শাসনকর্তা। পরে দৌলত খাঁ লোদীর নিকট হইতে দিল্লী রাজ্য অধিকার করেন (১৪১৪ খ্রীঃ)। তিনি তৈমুরলঙের নামে রাজ্যশাসন করিতেন। তাঁহার স্থাপিত বংশের নাম সৈয়দ বংশ। ২। দিল্লীর সম্রাট্ আলাউদ্দীন খিলজীর জ্যেষ্ঠ পুত্র এবং চিতোরের শাসনকর্তা। তিনি আলাউদ্দীন কর্তৃক গুজরাট বিজয়ের পরে গুজরাটরাজ দ্বিতীয় কর্ণদেবের কন্যা দেবলাকে বিবাহ করেন।

খুদাবক্স, খানবাহাদুর—(১৮৪২—১৯০৮ খ্রীঃ)। ছাপরা জিলায় জন্ম। তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সদস্য ও নিজাম রাজ্যের প্রধান বিচারপতি ছিলেন। তাঁহার স্থাপিত পাটনার খুদাবক্স লাইব্রেরী ভারতবিখ্যাত।

খুররম—'শাহজাহান' দ্রঃ।

খুল্লনা—শাপভ্রষ্টা রত্নমালা নামে অপ্সরা। পিতা লক্ষপতি সওদাগর এবং পতি ধনপতি সওদাগর। পতি বাণিজ্যের জন্য বিদেশে গমন করিলে তিনি সপত্নী কর্তৃক উৎপীড়িতা হন। পরে পুত্র শ্রীমন্ত মাতার দুঃখ দূর করিবার উদ্দেশ্যে পিতার অনুসন্ধানে বাহির হন। ধনপতির প্রত্যাগমনে তাঁহার দুঃখ দূরীভূত হয় (চণ্ডীমঙ্গল কাব্য)।

খুসরু—জাহাঙ্গীরের জ্যেষ্ঠ পুত্র। খুসরু জাহাঙ্গীরের বিরুদ্ধে বিদ্রোহ করেন এবং লাহোর অধিকার করেন। এই বিদ্রোহী পুত্রকে জাহাঙ্গীর যুদ্ধে পরাস্ত করিয়া বন্দী করিয়া রাখেন। দরবারী ষড়যন্ত্রের ফলে তাঁহাকে পরে গলায় ফাঁস দিয়া হত্যা করা হয়।

খ্যাতি—১। ভৃগুমুনির পত্নী। পিতা মহর্ষি কর্দম, মাতা দেবহূতি। খ্যাতির ধাতা ও বিধাতা নামে দুই পুত্র ও শ্রী নামে এক কন্যা জন্মগ্রহণ করে। ২। দক্ষের অন্যতম কন্যা (ভাগ)।

গ

গগনেন্দ্রনাথ ঠাকুর—প্রসিদ্ধ চিত্রশিল্পী। রবীন্দ্রনাথ ঠাকুরের ভ্রাতুষ্পুত্র ও অবনীন্দ্রনাথ ঠাকুরের জ্যেষ্ঠ ভ্রাতা। পিতা গুণেন্দ্রনাথ ঠাকুর। 'কিউবিজম', 'ফ্রেস্কো' ও 'ওয়াটার কলার পেণ্টিং'এ তিনি যথেষ্ট দক্ষতার পরিচয় দিয়াছেন। 'অদ্ভুতলোক', 'বিরূপবজ্র', 'নবহুল্লোড়' নামে তিনি তিনখানি ব্যঙ্গচিত্রের বই লেখেন। ১৯৩৮ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়।

গঙ্গা—১। গিরিরাজ হিমালয়ের কন্যা। মাতা সুমেরুর কন্যা মেনা। মহাদেব গঙ্গার স্বামী (রাম)। ২। গঙ্গা বিষ্ণুর দেহ হইতে উৎপন্ন হন এবং বিষ্ণুরই স্ত্রী (ব্রহ্মবৈ)। ৩। রাজর্ষি জহ্নুর যজ্ঞস্থল প্লাবিত করিয়াছিলেন বলিয়া তিনি গঙ্গাকে পান করিয়া ফেলেন। তখন মহর্ষিগণ গঙ্গাকে তাঁহার কন্যারূপে স্থির করেন। সেই দিন হইতে গঙ্গা জাহ্নবী-নামে খ্যাত (হরি)। ৪। গঙ্গার এক নাম বিষ্ণুপদী। গঙ্গা বিষ্ণুর পাদপদ্ম হইতে বহির্গত হইয়াছিলেন বলিয়া উক্ত নাম। শ্রীকৃষ্ণের প্রতি সকামা গঙ্গাকে দেখিয়া রাধিকা তাঁহাকে পান করিতে উদ্যত হন। তখন গঙ্গা শ্রীকৃষ্ণের চরণে আশ্রয় লন। জলাভাবে সমুদয় ধ্বংস হইবার উপক্রম হইলে শ্রীকৃষ্ণ তাঁহার পদাঙ্গুষ্ঠে নখাগ্র হইতে গঙ্গাকে বহির্গত করেন (ব্রহ্মবৈ)।

গঙ্গাকিশোর ভট্টাচার্য—প্রথম বাঙালী সাংবাদিক। নিবাস শ্রীরামপুরের নিকটে বহরা গ্রাম। বাংলা ভাষায় ইংরেজী ব্যাকরণ, 'ভগবদ্গীতা', 'দ্রব্যগুণ ভাষা', 'চিকিৎসার্ণব' তাঁহার প্রকাশিত পুস্তক। তিনি ১৮১৭ খ্রীষ্টাব্দে বাঙ্গালা প্রেস বা বাংলা যন্ত্র নামে ছাপাখানা স্থাপন করেন ও ১৮১৮ খ্রীষ্টাব্দে 'বাঙ্গালা গেজেট' নামে সাপ্তাহিক সংবাদপত্র প্রকাশ করেন।

গঙ্গাগোবিন্দ সিং, দেওয়ান—(১৭৪৯—১৭৯৩ খ্রীঃ)। পাইকপাড়া রাজবংশের প্রতিষ্ঠাতা। আদিনিবাস মুর্শিদাবাদের কাঁদি। তিনি গভর্নর-জেনারেল ওয়ারেন হেস্টিংসের বিশেষ প্রিয়পাত্র ছিলেন এবং রাজস্ব কাউন্সিলারের দেওয়ান নিযুক্ত হইয়াছিলেন। সুপ্রসিদ্ধ লালাবাবু (কৃষ্ণচন্দ্র) তাঁহার পৌত্র।

গঙ্গাধর সেন রায়, কবিরাজ—(১৭৯৮—১৮৮৫ খ্রীঃ)। খ্যাতনামা বিশিষ্ট কবিরাজ। জন্মস্থান যশোহর জেলার মাগুরা গ্রাম। পিতা ভবানীপ্রসাদ। গঙ্গাধর মুগ্ধবোধের টীকা রচনা করিয়াছিলেন এবং 'লোকালোকপুরুষীয়' ও 'দুর্গবধকাব্য' নামে দুইখানি কাব্যগ্রন্থ রচনা করিয়াছিলেন। ইহা ছাড়া চরকের টীকা (টীকা জল্পকল্পতরু), উপনিষদের

তিনখানি ভাষ্য, পাতঞ্জল দর্শনের ভাষ্য, 'প্রাতপ্রভা' (অলংকারশাস্ত্র), ভগবদ্গীতা ব্যাখ্যান, পদ্যে সংস্কৃত ব্যাকরণ, 'হর্ষোদয়' (চিত্রকাব্য) প্রঃ বহু সংস্কৃত গ্রন্থও রচনা করিয়াছিলেন।

গঙ্গাপ্রসাদ মুখোপাধ্যায়—(১৮৩৬—১৮৮৯ খ্রীঃ)। বিখ্যাত চিকিৎসক এবং স্বর্গীয় সার আশুতোষ মুখোপাধ্যায়ের পিতা। পিতার নাম বিশ্বনাথ। জন্মস্থান হুগলী জেলার অন্তর্গত জিরাট-বলাগড় গ্রাম। 'মাতৃ-শিক্ষা', 'চিকিৎসাপ্রকরণ' প্রঃ তাঁহার রচিত গ্রন্থ।

গঙ্গু (হাসান)—মহম্মদ বিন তোগলকের সমসাময়িক এক আফগান শাসনকর্তা। তিনি দাক্ষিণাত্যের বাহমণি রাজ্যের প্রতিষ্ঠাতা।

গজাসুর—১। অসুর বিঃ। দেবাসুর সংগ্রামে তিনি একাদশ রুদ্রের অন্যতম কপিল কর্তৃক আক্রান্ত হইয়া নিহত হন। **২**। মহিষাসুরের অন্যতম পুত্র (স্কন্দ)।

গড্উইন-অস্টেন (Godwin-Austen)—(১৮৩৪—১৯২৬ খ্রীঃ)। ভারতের ভূতত্ত্ব-বিভাগের কর্মচারী ও হিমালয়ের গড্উইন অস্টেন শৃঙ্গের আবিষ্কর্তা। উহার উচ্চতা ২৮,২৫০ ফুট।

গণেন্দ্রনাথ ঠাকুর—(১৮৪১—১৮৬৯ খ্রীঃ)। দেশ-সেবক ও লেখক। পিতা গিরীন্দ্রনাথ ঠাকুর। দেবেন্দ্রনাথ ঠাকুরের ভ্রাতুষ্পুত্র। জোড়াসাঁকো নাট্য-শালা গঠনে ও চৈত্রমেলা (পরে উহার নাম হিন্দুমেলা হয়) সংগঠনে তিনি প্রতিভার পরিচয় দিয়া গিয়াছেন। এই চৈত্রমেলাই জাতীয় কংগ্রেসের অগ্রদূত। তাঁহার 'বিক্রমোর্বশী নাটক' ও 'জ্ঞান ও ধর্মের সামঞ্জস্য' নামে দুইখানি বই আছে।

গণেশ—হর-পার্বতীর জ্যেষ্ঠপুত্র। তিনি সর্বসিদ্ধি-দাতা। মূষিক তাঁহার বাহন। ব্যাসদেবের মহাভারত রচনায় তিনি লিপিকার ছিলেন।

গণেশ, রাজা—(১৫শ শতকের প্রারম্ভ)। দিনাজপুর ও ভাতুরিয়ার রাজা। মুসলমান ইতিহাসে রাজা 'কানস' নামে পরিচিত। বাংলার সুলতান গিয়াস-উদ্দীন আদিল শাহের (১৩৮৯—১৩৯৬ খ্রীঃ)। রাজত্বকালে রাজস্ব ও শাসন-বিভাগের তিনি কর্তা ছিলেন। সুলতান শামসউদ্দীনকে হত্যা করিয়া তিনি রাজা হন। দনুজমর্দনকে অনেকে রাজা গণেশের সঙ্গে অভিন্ন বলেন।

গদাধর চট্টোপাধ্যায়—রামকৃষ্ণ পরমহংসের পূর্বনাম ['রামকৃষ্ণ' দ্রঃ]।

গদাধর ভট্টাচার্য—(? ১৬৫০ খ্রীঃ)। প্রসিদ্ধ নৈয়ায়িক পণ্ডিত। পিতা জীবাচার্য। জন্মস্থান বগুড়া জেলা। রচনা—'কুসুমাঞ্জলি ব্যাখ্যা', 'মুক্তাবলী টীকা', 'তত্ত্বচিন্তামণি দীধিতি', 'দীধিতির ব্যাখ্যা' ও 'ব্রহ্মনির্ণয়'। ন্যায়শাস্ত্রে তাঁহার টীকার নাম গদাধরী টীকা।

গবাক্ষ—বানর দলপতি। সুগ্রীব সীতার অন্বেষণের কথা ঘোষণা করিলে এই বানরপ্রধান বহু সহস্র বানর লইয়া কিষ্কিন্ধ্যায় আসেন (রাম)।

গভিল—মহর্ষি বিঃ ['গোভিল' দ্রঃ]।

গয়—১। রাজা বিঃ। মনুবংশীয় রাজা সুদ্যুম্নের পুত্র পিতা। গয়ের অধিকারে গয়াপুরী ছিল (হরি)। **২**। বানর দলপতি। সুগ্রীবের সহিত সীতা উদ্ধারের জন্য মিলিত হন (রাম)।

গরুড়—বিখ্যাত পক্ষী। পিতা কশ্যপ, মাতা দক্ষের অন্যতমা কন্যা বিনতা (ভারত)। মহাদেবের বরে গরুড় বিষ্ণুর বাহন হইয়াছিলেন (কূর্ম)।

গর্কী, ম্যাক্সিম (Gorkey, Maxim)—(১৮৬৮—১৯৩৬ খ্রীঃ)। বিখ্যাত রুশ ঔপন্যাসিক। আসল নাম Alexie Maximovitch Peshkov. তাঁহার রচনা—'মাদার' (Mother), 'মাই চাইল্ডহুড' (My Childhood), 'বাইস্ট্যান্ডার' (Bystander), 'টোয়েন্টি-সিক্স মেন অ্যান্ড ওয়ান ওম্যান' (Twenty-six Men and One Woman), 'স্যাটার্ডে নাইট' (Saturday Night) ইঃ বিখ্যাত।

গর্গ—জনৈক জ্যোতির্বিদ্ ঋষি। তিনি যাদবগণের কুলগুরু ছিলেন। তাঁহার পুত্র গার্গ্য এবং কন্যা গার্গী।

গল্স্ওয়ার্দী, জন (Galsworthy, John)—(১৮৬৭—১৯৩৩ খ্রীঃ)। খ্যাতনামা ইংরেজ লেখক। তাঁহার উপন্যাসগুলির মধ্যে 'ফোরসাইট সাগা' (Foresite Saga) বিশেষ বিখ্যাত। তাঁহার নাটকগুলির মধ্যে 'জাস্টিস' (Justice) ও 'স্ট্রাইফ' (Strife), 'The Man of Property'-র নাম উল্লেখযোগ্য। ১৯৩২ খ্রীষ্টাব্দে তিনি 'নোবেল পুরস্কার' লাভ করেন।

গাধি—১। রাজা কুশের পুত্র। গাধির পুত্র মহর্ষি বিশ্বামিত্র ও কন্যা সত্যবতী (রাম)। **২**। চন্দ্রবংশীয় রাজা কুশের পুত্র কুশাশ্ব। কুশাশ্বের পুত্র গাধি। ইন্দ্র কুশাশ্বের তপস্যায় প্রীত হইয়া গাধিরূপে জন্ম-গ্রহণ করেন (বিষ্ণু)।

গান্ধারী—দুর্যোধনাদির জননী। গান্ধার-দেশের রাজা সুবলের কন্যা। গান্ধারীর ভ্রাতার নাম শকুনি। অন্ধ ধৃতরাষ্ট্রের সহিত গান্ধারীর বিবাহ হয়। তিনি শতপুত্রের জননী ছিলেন। স্বামী অন্ধ ছিলেন বলিয়া গান্ধারী নিজের চোখ সর্বদা একখণ্ড বস্ত্র দিয়া বাঁধিয়া রাখিতেন। কুরুক্ষেত্র যুদ্ধের পর গান্ধারী ধৃতরাষ্ট্র ও কুন্তীর সঙ্গে বনগমন করেন এবং সেখানে দাবানলে প্রাণবিসর্জন দেন (ভারত)।

গান্ধী, মহাত্মা মোহনদাস করমচাঁদ—(২রা অক্টোবর, ১৮৬৯—৩০শে জানুয়ারী, ১৯৪৮ খ্রীঃ)। ভারতের রাজনৈতিক আন্দোলনের সর্বশ্রেষ্ঠ নেতা। তাঁহাকে 'জাতির জনক' এই আখ্যা দেওয়া হয়। জন্মস্থান গুজরাটের কাথিয়াবারের পোরবন্দর। পিতা করম-চাঁদ, মাতা পুতলী বাঈ। গান্ধীজী যখন দক্ষিণ আফ্রিকায় অবস্থান করিতেছিলেন, সেই সময় তথাকার গভর্নমেণ্ট এসিয়া-বাসীদের বহিষ্কারের জন্য একটি আইন বিধিবদ্ধ করেন। গান্ধীজী এই আইনের বিরুদ্ধে প্রবল আন্দোলন চালাইয়াছিলেন। ১৮৯৭ খ্রীষ্টাব্দে

তিনি নাটালে ভারতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা করেন। ১৮৯৯ খ্রীষ্টাব্দে বুয়র-যুদ্ধের সময় তিনি সৈনিকদের শুশ্রূষার জন্য একটি সেবাদল গঠন করিয়াছিলেন। ভারতে ফিরিবার পর তিনি ১৯১৬ খ্রীষ্টাব্দে চম্পারণ সত্যাগ্রহ পরিচালনা করেন। জালিয়ান-ওয়ালাবাগ-হত্যাকাণ্ডের প্রতিবাদ-কল্পে তিনি অসহযোগ আন্দোলন আরম্ভ করেন। ১৯২০ খ্রীষ্টাব্দে তিনি মুসলমানদের খিলাফৎ আন্দোলনে যোগদান করেন। তিনি আমেদাবাদে সবরমতী আশ্রম স্থাপন এবং 'ইয়ং ইণ্ডিয়া' (ইংরেজী) ও 'নবজীবন' (হিন্দী) পত্রিকা প্রবর্তন করিয়াছিলেন। 'ইয়ং ইণ্ডিয়া'য় রাজদ্রোহজনক প্রবন্ধ-প্রকাশের অভিযোগে তিনি ১৯২২ খ্রীষ্টাব্দে ৬ বৎসর বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত হন। কিন্তু দুই বৎসর পরে সরকার তাঁহাকে মুক্তিদান করেন। বেলগাঁওতে কংগ্রেসের পূর্ণ অধিবেশন হইলে তিনি তাহার সভাপতি নির্বাচিত হন (১৯২৪)। ইহার পর (১৯২৯) পণ্ডিত জওহরলাল নেহরুর সভাপতিত্বে কংগ্রেসে পূর্ণ স্বাধীনতার প্রস্তাব গৃহীত হইলে গান্ধীজী আইন-অমান্য আন্দোলন আরম্ভ করেন। তিনি স্বয়ং একদল অনুচর লইয়া ভারতের পশ্চিম উপকূলে ডাণ্ডিতে লবণ-আইন অমান্য করিতে বহির্গত হন (১৯৩০)। আইন অমান্য প্রচারের অভিযোগে তাঁহাকে গ্রেফতার করা হয়। মুক্তিলাভের পর তিনি গান্ধী-আরউইন চুক্তিতে স্বাক্ষর করেন (১৯৩১ খ্রীঃ)। চুক্তির ফলে রাজনৈতিক আন্দোলন সম্পর্কে দণ্ডিত ব্যক্তিদিগকে মুক্তিদান করা হয় এবং ১৯৩১ খ্রীষ্টাব্দে ভারতীয় কংগ্রেসের মুখপাত্রস্বরূপ দ্বিতীয় গোল টেবিল বৈঠকে যোগদানের জন্য ইংলণ্ড গমন করেন। ভারতে প্রত্যাবর্তনের পর তিনি পুনরায় গ্রেফতার হন। তাঁহাকে যারবেদা জেলে কারারুদ্ধ করা হয়। ১৯৩৪ খ্রীষ্টাব্দে কংগ্রেসের ৪৮তম অধিবেশনে তিনি কংগ্রেস ত্যাগ করেন। অতঃপর কংগ্রেসের সদস্য না হইলেও তিনিই কংগ্রেসের কর্ণধার ও প্রধান পরামর্শদাতা ছিলেন। প্রধানতঃ তাঁহারই প্রচেষ্টায় ব্রিটিশ সরকার ও কংগ্রেসের মধ্যে মন্ত্রিত্ব গ্রহণে আপস সম্ভব হয় (১৯৩৭ খ্রীঃ)। ১৯৪২ খ্রীষ্টাব্দে তিনি 'ভারত ছাড়' অভিযান চালান এবং ইহার ফলে কংগ্রেসের সকল নেতৃবৃন্দ গ্রেফতার হন। ইহার পর যুদ্ধশেষে তাঁহাদের ছাড়িয়া দেওয়া হয় ও তিনি রাজনৈতিক সকল সংস্রব প্রায় পরিত্যাগ করেন। ১৯৪৬ সালের সাম্প্রদায়িক গোলযোগকালে উভয় সম্প্রদায়ের মধ্যে সম্প্রীতি বর্ধনের জন্য নোয়াখালি সফর তাঁহার অন্যতম প্রধান কাজ। 'My Experiments with Truth' নামক তাঁহার আত্মজীবনী পৃথিবীবিখ্যাত। 'Young India', 'Navajivan', 'Harijan' তাঁহার পরিচালিত পত্রিকা। ১৯৪৮ খ্রীষ্টাব্দের ৩০শে জানুয়ারি দিল্লীতে আততায়ীহস্তে তিনি নিহত হন।

গায়ত্রী—১। ব্রহ্মার পত্নী। জপে নিরত ব্রহ্মার দেহ ভেদ করিয়া অর্ধ স্ত্রীরূপ ও অর্ধ পুরুষরূপের উদ্ভব হয়: স্ত্রীরূপার্ধ শতরূপা নামে প্রসিদ্ধ। এই শতরূপাই সাবিত্রী, গায়ত্রী, সরস্বতী ও ব্রহ্মাণী নামে বিখ্যাত (ভাগ)। ২। গায়ত্রী নামে এক গোপ-কন্যাকে ব্রহ্মা গান্ধর্বমতে বিবাহ করিয়াছিলেন (পদ্ম)।

গারফিল্ড—জেম্স্ এব্রাহাম গারফিল্ড ['এব্রাহাম' দ্রঃ]।

গার্গী—১। প্রাচীনকালের বিদুষী মহিলা। মহর্ষি যাজ্ঞবল্ক্যের অন্যতমা স্ত্রী। ২। অপর নাম বাচক্নবী। বচক্নু ঋষির কন্যা বলিয়া উক্ত নাম। মহর্ষি জনকের সভায় সবচেয়ে শ্রেষ্ঠ ব্রহ্মিষ্ঠ বলিয়া যাজ্ঞবল্ক্য নিজেকে প্রচার করেন। গার্গী তখন তাঁহাকে বার বার প্রশ্ন করেন এবং তাহাতেই প্রমাণ হয় যে, যাজ্ঞবল্ক্যই সর্বশ্রেষ্ঠ ব্রহ্মবিদ্ (বৃহদারণ্যক)।

গার্গ্য—মহর্ষি বিঃ। পিতার নাম অঙ্গিরা (বাম)। তিনি বেদজ্ঞ, ব্রহ্মনিষ্ঠ ও ব্রহ্মপরায়ণ ছিলেন। তাঁহার রচিত জ্যোতিষ-গ্রন্থের নাম 'গার্গ্যসংহিতা' (প্রশ্নোপনিষদ্)।

গালব—১। মহর্ষি বিঃ। তিনি মহর্ষি বিশ্বামিত্রের শিষ্য ছিলেন। (ভারত)। ২। বিশ্বামিত্রের অন্যতম পুত্র। ৩। বৈয়াকরণ বিশেষ। পাণিনি সূত্রে তাঁহার নাম পাওয়া যায়।

গিয়াসউদ্দিন তোগলক—(রাজত্বকাল ১৩২০—১৩২৫ খ্রীঃ)। দিল্লীর তুগলকবংশের প্রতিষ্ঠাতা। খিলিজী-বংশের শেষ সুলতানকে হত্যা করিয়া তিনি সম্রাট্ হন। তাঁহার সময়ে বাংলায় একটি বিদ্রোহ হয়। সেই বিদ্রোহ দমন করিয়া ফিরিবার পথে তাঁহার পুত্র জুনা খাঁ তাঁহাকে বিশেষরূপে অভিনন্দিত করেন। অভিনন্দনের জন্য জুনা খাঁ যে তোরণদ্বার নির্মাণ করিয়াছিলেন তাহার পতনে তাঁহার মৃত্যু হয়। এই জুনা খাঁই ইতিহাস-প্রসিদ্ধ মহম্মদ বিন তোগলক।

গিয়াসউদ্দীন বলবন—(রাজত্বকাল ১২৬৬—১২৮৭ খ্রীঃ)। দাসরাজবংশের অন্যতম রাজা। আসল নাম উলুঘ খাঁ। সম্রাট্ নাসিরুদ্দীনের শ্বশুর ও তাঁহার রাজত্বকালে প্রকৃত শাসক। তিনি মোঙ্গলদের আক্রমণ হইতে সীমান্ত রক্ষার ব্যবস্থা দৃঢ় করিয়াছিলেন।

গিরিশচন্দ্র ঘোষ—(১৮৪৪—১৯১২ খ্রীঃ)। বঙ্গের প্রসিদ্ধ নাট্যকার ও অভিনেতা। জন্ম কলিকাতায়। পিতা নীলকমল। গিরিশচন্দ্র প্রায় ৭০ খানি নাটক, প্রহসন ও গীতিনাট্য রচনা ও বঙ্কিমচন্দ্রের কয়েকখানি উপন্যাস নাটকে রূপান্তরিত করিয়াছিলেন। তিনি শেক্স্পীয়রের ম্যাকবেথ অনুবাদ করেন। তিনি সুদক্ষ অভিনেতা ছিলেন। লোকে তাঁহাকে বাঙ্গালার 'গ্যারিক' বলিত। 'প্রফুল্ল', 'জনা', 'বলিদান', 'মীরকাসিম', 'সিরাজদ্দৌলা', 'পাণ্ডবের অজ্ঞাতবাস', 'অশোক', 'আশাতরু', 'তপোবল' প্রঃ তাঁহার রচিত গ্রন্থ।

গিরিশচন্দ্র বসু—(১৮৫৩—১৯৩৮ খ্রীঃ)। কলিকাতার বঙ্গবাসী কলেজের স্থাপয়িতা ও অধ্যক্ষ।

বর্ধমান জেলার বেড়ুগ্রামে জন্ম। তিনি উদ্ভিদ্ ও বিজ্ঞানসম্বন্ধীয় বহু পুস্তক রচনা করিয়াছেন। তাঁহার রচিত 'A Manual of Indian Botany' একটি অতিশয় তথ্যপূর্ণ গ্রন্থ।

গিরিশচন্দ্র বিদ্যারত্ন—(২৬শে সেপ্টেম্বর, ১৮২২—৩রা ডিসেম্বর, ১৯০৩ খ্রীঃ)। সংস্কৃত পণ্ডিত। ২৪ পরগনার রাজপুর গ্রামে জন্ম। পিতা রামধন বিদ্যাবাচস্পতি। বাংলা অনুবাদসহ 'দশকুমারচরিত', 'বিধবা বিষম বিপদ' (নাটক), 'শব্দসাগর' (অভিধান) ইঃ গ্রন্থের তিনি রচয়িতা।

গিরীন্দ্রমোহিনী দাসী—(১৮ই অগস্ট, ১৮৫৮—১৬ই অগস্ট, ১৯২৪)। মহিলা কবি। জন্ম—কলিকাতা ভবানীপুরে। পিতা হারাণচন্দ্র মিত্র। আদিনিবাস পানিহাটি। তিনি 'অশ্রুকণা', 'অর্ঘ্য' 'সন্ন্যাসিনী', 'সিন্ধুগাথা', 'স্বদেশিনী', 'ভারত-কুসুম' প্রঃ বহু পুস্তক রচনা করিয়াছেন। 'কবিতা-হার' তাঁহার প্রকাশিত প্রথম কাব্যগ্রন্থ।

গিরীন্দ্রশেখর বসু—(১৮৮৭—১৯৫৩ খ্রীঃ)। বিখ্যাত মনস্তত্ত্ববিদ্। জন্ম দ্বারভাঙ্গা। পিতা চন্দ্রশেখর বসু। রাজশেখর বসু (পরশুরাম) তাঁহার অন্যতম ভ্রাতা। তিনি মানসিক রোগগ্রস্তদের জন্য 'লুম্বিনী পার্ক' নামে হাসপাতাল স্থাপন করেন। তিনি 'Everyday Psycho-analysis', 'পুরাণ-প্রবেশ', 'স্বপনতত্ত্ব' ইঃ বহু গ্রন্থের রচয়িতা।

গুটেনবের্গ (Gutenberg) (১৪০০—১৪৬৮ খ্রীঃ)। মুদ্রাযন্ত্রের আবিষ্কর্তা। জার্মানীর মেনজ শহরে জন্ম। পিতার নাম গানজ্ ফ্লাইশ। ১৪৫৫ খ্রীষ্টাব্দে তিনি প্রথম লাতিন বাইবেল প্রকাশ করেন।

গুডইয়ার (Goodyear)—(১৮০০—১৮৬০ খ্রীঃ)। রবারশিল্পের প্রসিদ্ধ ব্যবসায়ী। রবার হইতে তিনিই প্রথম মোটর টায়ার আবিষ্কার করেন।

গুড়গুড়ে ভট্টাচার্য—'গৌরীশংকর ভট্টাচার্য' দ্রঃ।

গুডিভ চক্রবর্তী—(১৮২৭—১৮৭৫ খ্রীঃ)। জন্মস্থান শ্রীহট্ট জেলা। কলিকাতা মেডিক্যাল কলেজের বিখ্যাত অধ্যাপক।

গুণরাজ খাঁ—'মালাধর বসু' দ্রঃ।

গুরুগোবিন্দ সিংহ—(১৬৬২—১৭০৮ খ্রীঃ)। শিখ-সম্প্রদায়ের দশম বা শেষ গুরু (১৬৭৫ খ্রীঃ)। পিতা নবম গুরু তেগবাহাদুর। জন্ম পাটনায়। শিখ-সম্প্রদায়ের মধ্যে জাতিভেদ উঠাইয়া খালসা-প্রথা প্রবর্তন তাঁহার জীবনের প্রধান ঘটনা। শিখদিগের ধর্মগ্রন্থ 'গ্রন্থসাহেবের' তিনি প্রণেতা। দাক্ষিণাত্যে নান্দের নামক স্থানে এক আফগান কর্তৃক তিনি নিহত হন।

গুরুদাস বন্দ্যোপাধ্যায়—(১৮৪৪—১৯১৮ খ্রীঃ)। বিশিষ্ট শিক্ষাব্রতী। তিনি কলিকাতা হাইকোর্টের জজ নিযুক্ত হন (১৮৮৮—১৯০৪ খ্রীঃ)। তিনি দুই বার কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার নিযুক্ত হন। তাঁহার রচিত গ্রন্থাবলীর মধ্যে 'কর্ম ও জ্ঞান' এবং 'A Few Thoughts on Education' উল্লেখযোগ্য।

গুরুসদয় দত্ত—ব্রতচারী নৃত্যের প্রবর্তক। শ্রীহট্ট জেলায় জন্ম। পিতার নাম রামকৃষ্ণ দত্ত চৌধুরী। তিনি 'রাইবেঁশে'-লোক-নৃত্য পুনঃ প্রচলন করেন। তাঁহার স্ত্রীর নাম সরোজনলিনী দত্ত। তিনি শিশুদের জন্য 'ভজার বাঁশী', 'পাগলামির পুঁথি' প্রঃ কবিতা রচনা করেন।

গুলাব সিং (গোলাপ সিংহ)—আধুনিক কাশ্মীর-রাজ্যের প্রতিষ্ঠাতা। রণজিৎ সিংহের ভ্রাতা তাঁহার পিতামহ। ইংরেজদের ৭৫ লক্ষ টাকা দিয়া তিনি লর্ড হার্ডিঞ্জের আমলে জম্মুর অধিকার প্রাপ্ত হন।

গুস্টেভ ফ্লবার্ট (Gustave Flaubert)—(১৮২১—১৮৮০ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী সাহিত্যিক। রুয়েঁ সহরে জন্ম। ১৮৫০ হইতে ১৮৬০ খ্রীষ্টাব্দের মধ্যে তিনি 'ম্যাডাম বোভারী' রচনা করেন। তাঁহার অন্যান্য গ্রন্থের মধ্যে 'টেম্পটেশান অভ সেন্ট এণ্টনী' ও 'সালাম্বো'র নাম সবিশেষ উল্লেখযোগ্য।

গুহ, গুহক—নিষাদরাজ। শ্রীরামচন্দ্রের মিত্র। বনবাস-কালে রামচন্দ্র তাঁহার গৃহে অতিথি হন। বনবাস হইতে ফিরিবার কালে রামচন্দ্র গুহকের সংগে সাক্ষাৎ করিয়া আসিয়াছিলেন (রাম)।

গে, জন (Gay, John)—(১৬৮৫—১৭৩২ খ্রীঃ)। ইংরেজ কবি ও নাট্যকার। ১৭১৬ খ্রীষ্টাব্দে 'Trivia' নামক কাব্য প্রকাশিত হয়। তাঁহার 'Fables' অত্যন্ত জনপ্রিয় হয়। 'Beggar's Opera' নামক গীতিনাট্যখানি তাঁহাকে প্রসিদ্ধ করে।

গোঁজলা গুই—(১৮শ শতক)। প্রাচীনকালের কবি-ওয়ালা।

গোকুলচন্দ্র নাগ—লেখক। ডক্টর কালিদাস নাগের কনিষ্ঠ ভ্রাতা। 'কল্লোল'-নামক মাসিক পত্রিকাখানির গোকুলচন্দ্র ছিলেন অন্যতম প্রতিষ্ঠাতা ও সম্পাদক। মাত্র ২৬ বৎসর বয়সে যক্ষ্মা রোগে দার্জিলিঙে তাঁহার মৃত্যু হয়। মৃত্যুর অল্পকাল পূর্বে তিনি 'পথিক' নামে একখানি সুদীর্ঘ উপন্যাস শেষ করিয়াছিলেন। তাঁহার অন্য গ্রন্থগুলির মধ্যে 'ঝড়ের দোলা' ও 'মায়া-মুকুলে'র নাম উল্লেখযোগ্য।

গোখলে, গোপালকৃষ্ণ—(১৮৬৬—১৯১৫ খ্রীঃ)। রাজনীতিক ও লেখক। জন্মস্থান কোলাপুর। ১৯০৫ খ্রীষ্টাব্দে তিনি ভারতীয় কংগ্রেসের বারাণসীর অধিবেশনে সভাপতিত্ব করিয়াছিলেন। এই বৎসর ভারত সেবক সমিতি (Servants of India Society) তাঁহারই উদ্যোগে প্রতিষ্ঠিত হয়।

গোগোল, নিকোলাই ভ্যাসিলিয়েভিচ (Gogol, Nikolai Vasilievich)—(১৮০৯—১৮৫২ খ্রীঃ)। প্রসিদ্ধ রুশ সাহিত্যিক। তাঁহার উপন্যাস 'ডেড সোলস্' ও নাটক 'The Inspector General' বিশ্বসাহিত্যে শ্রেষ্ঠ অবদান।

গোপবন্ধু দাস—(১৮৭৭—১৯২৮ খ্রীঃ)। উড়িষ্যার (ওড়িশার) খ্যাতনামা জননায়ক। জন্মস্থান পুরী। তিনি জাতীয় কংগ্রেসের সহিত সংযুক্ত ছিলেন এবং উড়িষ্যা বিধান সভার সদস্য ছিলেন।

গোপা—কলিঙ্গদেশের রাজা দণ্ডপাণির কন্যা, গৌতম বুদ্ধের পত্নী। তাঁহার গর্ভে বুদ্ধদেবের রাহুল নামে এক পুত্র জন্মে।

গোপাল—শ্রীকৃষ্ণের অন্য নাম। ব্রজধামে নন্দালয়ে পালিত বলিয়া তিনি নন্দনন্দনরূপে পরিচিত হন। ['কৃষ্ণ' দ্রঃ।]

গোপাল—(? ৭৬৫— ?)—পালবংশের প্রতিষ্ঠাতা। অষ্টম শতাব্দীতে বঙ্গদেশ যখন অরাজক হয়, সেই সময় লোকে তাঁহাকে রাজা করে। পত্নী মদ্রদেশের কন্যা দেদ্দা দেবী। পুত্র ধর্মপাল বিখ্যাত রাজা ছিলেন।

গোপাল দাস—পদকর্তা। অপর নাম রামগোপাল রায় চৌধুরী। পিতা শ্যাম রায়। জন্মস্থান বর্ধমানের শ্রীখণ্ড গ্রাম। 'রসকথাবল্লী', 'রসরতি', 'মঞ্জরী', 'রতিশাস্ত্র' ইঃ তাঁহার রচিত পুস্তক।

গোপাল ভট্ট গোস্বামী—(১৫০০—১৫৭৮ খ্রীঃ)। বৃন্দাবনের ষড়্‌গোস্বামীর অন্যতম। দ্রাবিড়দেশীয় ব্রাহ্মণ। পিতা বেঙ্কট ভট্ট। তিনি শ্রীচৈতন্যদেবের প্রধান ভক্তদের অন্যতম। তিনি 'হরিভক্তি বিলাস'-নামক একখানি পুস্তক সংকলন করেন। 'কৃষ্ণ-কর্ণামৃত' গ্রন্থের টীকা ও 'বৃন্দাবন যমক' গ্রন্থের তিনি প্রণেতা।

গোপাল ভাঁড়—কৃষ্ণনগরের মহারাজ কৃষ্ণচন্দ্রের বয়স্য। তাঁহার কৌতুককর গল্প রচনা করিয়া বলিবার অসাধারণ ক্ষমতা ছিল। এই কৌতুকপ্রিয়তার জন্যই তিনি গোপাল ভাঁড় নামে খ্যাত হইয়াছেন। তিনি জাতিতে নাপিত ছিলেন।

গোপালী—অপ্সরা বিঃ। মহর্ষি গার্গ্যের পত্নী। পুত্রের নাম কালযবন। ['কালযবন' দ্রঃ।]

গোপীনাথ কবিরাজ, মহামহোপাধ্যায়—(জন্ম ১৮৮৭ খ্রীঃ)। সংস্কৃত সাহিত্যে ও দর্শনে অগাধ পণ্ডিত। তিনি এলাহাবাদ বিশ্ববিদ্যালয়, সংস্কৃত কলেজ, ও বারাণসী বিশ্ববিদ্যালয়ের সহিত যুক্ত ছিলেন। ১৯৬৪ খ্রীষ্টাব্দে ভারত সরকার তাঁহাকে 'পদ্ম-বিভূষণ' উপাধি দেন।

গোপীনাথ বড়দলৈ—দেশসেবক ও আসামের প্রাক্তন মুখ্যমন্ত্রী। ১৯৩৬ খ্রীষ্টাব্দে তিনি আসামের মুখ্যমন্ত্রী হন। তিনি দুইবার কারাবরণ করেন। ১৯৪৬ খ্রীষ্টাব্দে তিনি আসামের প্রধান মন্ত্রী হন। সংবিধান সভার তিনি সভ্য ছিলেন। ১৯৫১ খ্রীষ্টাব্দে তিনি মারা যান।

গোপীনাথ সাহা—প্রসিদ্ধ বিপ্লবী যুবক। তাঁহার পিতার নাম বিজয়কৃষ্ণ সাহা। ১৯২৪ খ্রীষ্টাব্দে পুলিশ কমিশনার টেগার্ট ভ্রমে তিনি আর্নেস্ট ডে নামে এক ইংরেজকে গুলি করিয়া হত্যা করেন। বিচারে তাঁহার ফাঁসি হয়।

গোপীমোহন ঠাকুর—(?—১৮১৮ খ্রীঃ)। কলিকাতা পাথুরিয়াঘাটার ঠাকুরবংশের প্রতিষ্ঠাতা দর্পনারায়ণ ঠাকুরের মধ্যম পুত্র। তিনি বহুভাষাবিৎ এবং দান-দাক্ষিণ্যের জন্য বিখ্যাত ছিলেন। তিনি বহু অর্থ ব্যয় করিয়া মূলাজোড় গ্রামে দ্বাদশটি শিবলিঙ্গ ও ব্রহ্মময়ী দেবীর মূর্তি প্রতিষ্ঠা করেন। প্রসন্নকুমার ঠাকুর তাঁহার পুত্র।

গোবর—(জন্ম ১৩ই মার্চ, ১৮৯৪ খ্রীঃ—)। কলিকাতার প্রসিদ্ধ ব্যায়ামবীর। তাঁহার প্রকৃত নাম যতীন্দ্রনাথ গুহ। তিনি ১৯২১ খ্রীষ্টাব্দে স্যান্-ফ্রান্সিস্কোর মল্লযোদ্ধা অ্যাড্ স্যান্টেলকে পরাজিত করিয়া সেই সময়ের সর্বশ্রেষ্ঠ মল্লযোদ্ধা বলিয়া পরিগণিত হন।

গোবিন্দচন্দ্র দাস—(৪ঠা মাঘ, ১২৬১—১৩ই আশ্বিন, ১৩২৫ বঙ্গাব্দ)। ভাওয়ালের প্রসিদ্ধ স্বভাব-কবি। জন্ম ভাওয়ালের জয়দেবপুরে। পিতা রামনাথ দাস। তাঁহাকে আজীবন দারিদ্র্য ও দুঃখের মধ্যে জীবন যাপন করিতে হয়। তাঁহার রচনা—'প্রেম ও ফুল', 'কুঙ্কুম', 'কস্তুরী', 'চন্দন', 'ফুলরেণু' ইঃ।

গোবিন্দচন্দ্র রায়—(১৮৩৮—১৯১৭ খ্রীঃ)। কবি। পিতা গৌরসুন্দর রায়। নিবাস ফরিদপুর জেলার দক্ষিণপাড় গ্রাম। বিজয়কৃষ্ণ গোস্বামীর প্রভাবে আসিয়া তিনি ব্রাহ্মধর্ম অবলম্বন করেন এবং পিতৃ-গৃহ হইতে বহিষ্কৃত হন। তিনি "নির্মল সলিলে বহিছ সদা তটশালিনী সুন্দর যমুনে ও", "কতকাল পরে বল ভারত রে, দুখ সাগর সাঁতারি পার হবে" প্রঃ কতকগুলি প্রসিদ্ধ কবিতা ও সংগীত রচনা করিয়া গিয়াছেন। 'গীতি-কবিতা', 'রোমিও জুলিয়েট', 'ভিষক-দুহিতা' ইঃ তাঁহার উল্লেখযোগ্য পুস্তক।

গোবিন্দ দাস—(১৫৩৫—১৬১৩ খ্রীঃ)। বিখ্যাত বৈষ্ণব পদরচয়িতা। জন্মস্থান শ্রীখণ্ড। পিতা চিরঞ্জীব, মাতা সুনন্দা। বৈষ্ণব কবিতাগুলি ব্যতীত তিনি সংস্কৃতে 'সংগীতমাধব' (নাটক) ও 'কর্ণামৃত' নামে দুইখানি গ্রন্থ রচনা করেন।

গোবিন্দদাস চক্রবর্তী—(১৫৮৩ ?)। বৈষ্ণব পদকর্তা। গোবিন্দ দাসের সমকালীন কবি। তিনি শ্রীনিবাস আচার্যের শিষ্য ছিলেন। তাঁহার পদাবলীর সহিত গোবিন্দদাসের পদাবলী অনেক মিশিয়া গিয়াছে। তবে গোবিন্দদাস চক্রবর্তী ব্রজবুলিতে লেখেন নাই, বাংলায় পদ রচনা করিয়া গিয়াছেন।

গোবিন্দবল্লভ পন্থ, পণ্ডিত—(১৮৮৭—১৯৬১ খ্রীঃ)। উত্তরপ্রদেশের অধিবাসী ভারত বিখ্যাত জননেতা। পিতা মনোহর পন্থ। তিনি বহুবার উত্তর-প্রদেশের মুখ্যমন্ত্রী হন; পরে কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রী হন। ১৯৫৭ খ্রীষ্টাব্দে তিনি 'ভারত-রত্ন' উপাধি পান।

গোবিন্দমাণিক্য—ত্রিপুরার বিখ্যাত রাজা। পিতা কল্যাণমাণিক্য। তাঁহার সময়ে মোগলেরা ত্রিপুরা অধিকার করে। তিনি চন্দ্রনাথ পাহাড়ের শিবলিঙ্গের প্রতিষ্ঠাতা। গোবিন্দমাণিক্য কনিষ্ঠ ছত্রমাণিক্যের চক্রান্তে পড়িয়া কিছুকাল রাজ্যচ্যুত হইয়াছিলেন।

গোবিন্দ সিংহ—'গুরু গোবিন্দ' দ্রঃ।

গোভিল—মহর্ষি বিঃ। তিনি বিখ্যাত ধর্মশাস্ত্রপ্রণেতা ছিলেন। তাঁহার রচিত সংহিতা 'গোভিল গৃহসূত্র' নামে প্রসিদ্ধ। তাঁহার পুত্র কাত্যায়ন।

গোরক্ষনাথ (গোরখনাথ)—(জীবৎকাল ৮ম—১১শ শতাব্দী)। বিখ্যাত সিদ্ধপুরুষ। তাঁহাকে যোগী বা নাথ-সম্প্রদায়ের গুরু বলা হয়। জন্মস্থান জলন্ধর (পঞ্জাব)।

গোল্ডস্টুকার, থিয়োডোর (Goldstucker, Theodore)—(১৮২১—১৮৭২ খ্রীঃ)। প্রসিদ্ধ সংস্কৃতজ্ঞ জার্মান পণ্ডিত। জন্মস্থান জার্মানীর কনিগস্‌বের্গ। তিনি লন্ডন ইউনিভার্সিটি কলেজে সংস্কৃত ভাষার অধ্যাপক ছিলেন এবং সংস্কৃত গ্রন্থাবলী প্রকাশের জন্য একটি সমিতি গঠন করিয়াছিলেন। ১৮৬১ খ্রীষ্টাব্দে তিনি পাণিনি সম্বন্ধে একখানি গ্রন্থ রচনা ও প্রকাশ করেন।

গোল্ডস্মিথ, অলিভার (Goldsmith Oliver)—(১৭২৮—১৭৭৪ খ্রীঃ)। অষ্টাদশ শতাব্দীর বিখ্যাত ইংরেজ সাহিত্যিক। তাঁহার রচনা—'দি ভাইকার অব অয়েক্‌ফিল্ড', 'দি ডেজার্টেড ভিলেজ', 'দি ট্র্যাভেলার' এবং 'দি স্টুপস্‌ টু কন্‌কার' প্রঃ।

গৌতম—১। মহর্ষি বিঃ। গৌতম মুনির পুত্র। স্ত্রী অহল্যা (রাম)। গৌতম ধর্মশাস্ত্রপ্রণেতা ছিলেন। তাঁহার রচিত সংহিতা 'গৌতমসংহিতা' নামে খ্যাত। ২। কৃপাচার্যের নামান্তর। তিনি গৌতম গোত্রীয় শরদ্বানের পুত্র বলিয়া গৌতম নামে অভিহিত। ৩। ভরদ্বাজ মুনির নামান্তর। মহর্ষি গৌতমের পুত্র। তিনি গোত্রপ্রবর্তক ঋষি। ৪। বুদ্ধদেবের অপর নাম।

গৌতমী বা **গোতমী**—শাক্যসিংহের জ্ঞাতিকন্যা। শাক্যসিংহ বুদ্ধত্ব লাভ করিলে তিনি তাঁহার নিকট নিজ মৃত পুত্রের প্রাণ ভিক্ষা করিতে গিয়াছিলেন। কিন্তু বুদ্ধদেব কৌশলে তাঁহার ভ্রম-নিরসন করেন। তিনি অত্যন্ত ক্ষীণকায়া ছিলেন; সেজন্য তিনি জাতকগ্রন্থে 'কিশা' বা 'কৃশা গোতমী' নামে পরিচিতা।

গৌতমীপুত্র শাতকর্ণী—শাতবাহন বংশের সর্বশ্রেষ্ঠ রাজা। তিনি দাক্ষিণাত্য হইতে শকদিগকে বিতাড়িত করেন এবং শকরাজ্যের কিয়দংশ অধিকার করেন। তাঁহার রাজ্য উত্তরে মালব হইতে দক্ষিণে কর্ণাটক পর্যন্ত বিস্তৃত ছিল।

গৌরীশঙ্কর দে—(১১ই ফেব্রুয়ারি, ১৮৫৫—৪ঠা এপ্রিল, ১৯১৪ খ্রীঃ)। বিখ্যাত গণিতবিদ। জন্মস্থান কলিকাতা। গণিতে তাঁহার কয়েকখানি উৎকৃষ্ট পুস্তক আছে।

গৌরীশঙ্কর ভট্টাচার্য, তর্কবাগীশ (গুড়্‌গুড়ে ভট্টাচার্য)—(১২০৭—১২৬৫ বঙ্গাব্দ)। খ্যাতনামা সাংবাদিক। জন্মস্থান শ্রীহট্ট। তিনি মুর্শিদাবাদের তৎকালীন 'রসরাজ'-নামক পত্রিকার সম্পাদক ছিলেন। ঈশ্বরচন্দ্র গুপ্তের 'প্রভাকর' পত্রের সহিত এই পত্রের কবিতাযুদ্ধ চলিত। পরে তিনি স্বয়ং 'সংবাদভাস্কর' নামে একখানি সংবাদপত্র প্রকাশ করেন। তাঁহার রচনা—'গৌরীশঙ্কর ভূগোল', 'জ্ঞান-প্রদীপ' ১ম ও ২য় ভাগ।

গৌরী সেন—বাঙ্গালার দানবীররূপে খ্যাত প্রসিদ্ধ ব্যবসায়ী। নিবাস বহরমপুরে। তিনি আনুমানিক আড়াই শত বৎসর পূর্বে বালির সুবর্ণ বণিক পরিবারে জন্মগ্রহণ করিয়াছিলেন। তাঁহার দান ও দাক্ষিণ্যের অন্ত ছিল না। বোধ হয়, এই জন্যই তাঁহার সম্বন্ধে 'লাগে টাকা দেবে গৌরী সেন' প্রবাদটি প্রচলিত হইয়াছে।

গ্যায় দ্য মোপাসাঁ (Guy de Maupassant)—'মোপাসাঁ' দ্রঃ।

গ্যারিক, ডেভিড (Garric, David)—(১৭১৭—১৭৭৯ খ্রীঃ)। ইংলন্ডের বিখ্যাত অভিনেতা। করুণরসাত্মক নাটকের চরিত্রাভিনয়ে তিনি অদ্বিতীয় ছিলেন। Druny Lane থিয়েটারের তিনি মালিক ছিলেন।

গ্যারিবল্ডি (Garibaldi, Giuseppe)—(১৮০৭—১৮৮২ খ্রীঃ)। ইটালীর প্রসিদ্ধ সৈনিক ও দেশপ্রেমিক। সরকারের বিরুদ্ধে বিদ্রোহ করিবার অভিযোগে ১৮৩৪ খ্রীষ্টাব্দে মৃত্যুদণ্ডাজ্ঞাপ্রাপ্ত হন এবং দক্ষিণ আমেরিকায় পলায়ন করেন। ১৮৪৮ খ্রীষ্টাব্দে তিনি ইটালীতে প্রত্যাবর্তন করেন। ১৮৬০ খ্রীষ্টাব্দে তিনি এক বিরাট সৈন্যবাহিনীর পরিচালকরূপে ইটালীর স্বাধীনতা অর্জন করেন। তাহার স্বেচ্ছাসেবকবাহিনীর নাম ছিল লালকোর্তা (Redshirt)।

গ্যালভানি (Galvani Luigi)—(১৭৩৭—১৭৯৮ খ্রীঃ)। বিখ্যাত ইটালীয় বিজ্ঞানী। তিনি বোলোগ্‌নায় দীর্ঘকাল গবেষণার ফলে জীবদেহে বৈদ্যুতিক শক্তি-ক্রিয়া ধরা আবিষ্কার করেন। তাহারই নাম অনুসারে 'গ্যালভানিজ্‌ম' শব্দের উৎপত্তি হইয়াছে।

গ্যালিলিও, গ্যালিলি (Galileo, Galilei)—(১৫৬৪-১৬৪২ খ্রীঃ)। বিখ্যাত ইটালিয়ান জ্যোতির্বিদ। পিসা নগরে তাঁহার জন্ম হয়। পেণ্ডুলামের গতি-নিয়ম নির্ণয় ও দূরবীক্ষণ যন্ত্র উদ্ভাবন করিয়া তিনি খ্যাতিলাভ করিয়াছেন। তিনিই সর্বপ্রথম পৃথিবীর গতি নির্ণয় করিয়া সূর্যকে সৌরমণ্ডলের কেন্দ্র বলিয়া প্রচার করেন।

গেটে, জোহান উল্‌ফ্‌গ্যাং ফোন (Goethe, Johann Wolfgang von)—(১৭৪৯—১৮৩২ খ্রীঃ)। বিখ্যাত জার্মান কবি ও নাট্যকার। তিনি 'ফ্রাঙ্কফোর্ট অন-দি মেন' শহরে জন্মগ্রহণ করেন। ২৪ বৎসর বয়সে তিনি বিশ্ববিখ্যাত নাটক 'ফাউস্ট' (Faust) রচনা আরম্ভ করেন। উহা শেষ হইতে ৫৮ বৎসর সময় লাগিয়াছিল। তাঁহার গদ্য রচনা Wilhelm Meister's Lehrjahre' শেষ হইতে ৪৪ বৎসর সময় লাগিয়াছিল।

গ্রহবর্মা—(৭ম শতক)। মৌখরি রাজবংশের রাজা ও সম্রাট হর্ষবর্ধনের ভগিনীপতি। পত্নীর নাম রাজশ্রী। মালবরাজ দেবগুপ্ত গ্রহবর্মাকে হত্যা ও রাজ্যশ্রীকে বন্দী করিয়াছিলেন।

গ্রাণ্ট (Grant)—(১৮০৭—১৮৯৩ খ্রীঃ)। ব্রিটিশ শাসক ও রাজনীতিক। জন্ম ইংলন্ড। পিতা স্যর পিটার গ্রাণ্ট। তিনি মধ্যপ্রদেশের ও বাংলার ছোট-

লাট হন। নীলকরের অত্যাচার ও হাঙ্গামা তাঁহার শাসনকালের উল্লেখযোগ্য ঘটনা।

গ্রিফিথ, আর্থার (Griffith, Arthur)—(১৮৭২—১৯২২ খ্রীঃ)। আয়ার্ল্যাণ্ডের 'সিন্ ফিন' পত্রিকার প্রতিষ্ঠাতা ও উক্ত আন্দোলনের প্রবর্তক। জন্ম ডাবলিনে। ১৯২১ খ্রীষ্টাব্দে তিনি 'আইরিশ ফ্রী ষ্টেটে'র প্রেসিডেণ্ট হন।

গ্রিফিথ, রাল্ফ (Griffith, Ralph Thomas Hotchkin)—সংস্কৃতজ্ঞ ইংরেজ পণ্ডিত। সংস্কৃত রামায়ণের ও অন্যান্য সংস্কৃত বইয়ের অনুবাদ তিনি ইংরেজীতে প্রকাশ করেন। 'পণ্ডিত'-নামক মাসিক পত্রিকার তিনি সম্পাদক ছিলেন। তাঁহার নাম অনুসারে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে 'গ্রিফিথ পুরস্কার' দেওয়া হয়।

গ্রিয়ারসন, স্যার জর্জ (Grierson, Sir George)—ইংরেজ ভাষাতত্ত্ববিদ্। 'Introduction to Maithili Language', 'Kaithi Character', 'The Linguistic Survey of India' তাঁহার রচিত গ্রন্থাদির অন্যতম।

গ্রে, উইলিয়াম—(Gray, Sir William)—(১৮১৮—১৮৭৮ খ্রীঃ)। ১৮৬৭ খ্রীঃ হইতে ১৮৭১ খ্রীঃ পর্যন্ত বঙ্গের ছোট লাট ছিলেন। পলতা হইতে কলিকাতায় জল সরবরাহের ব্যবস্থা ও হাওড়া-পুল নির্মাণ তাঁহার শাসনকালের উল্লেখযোগ্য ঘটনা।

গ্রেগরি দি গ্রেট (Gregory the Great)—(৫৪০—৬০৪ খ্রীঃ)। প্রাচীন রোমের সর্বশ্রেষ্ঠ ধর্মযাজক। গ্রেগরি নামে সেকালে ১৬ জন পোপ ছিলেন; তিনি তাঁহাদের সর্বপ্রথম। তিনি স্তোত্র পাঠের বিশেষ একটি পদ্ধতি প্রবর্তন করিয়াছিলেন। ত্রয়োদশ গ্রেগরি (১৫০২—১৫৮৫ খ্রীঃ) একপ্রকার দিনপঞ্জীর প্রচলন করিয়া গিয়াছেন।

গ্রে, টমাস (Gray Thomas)—(১৭১৬—১৭৭১ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ কবি। কর্নহীলে জন্ম। তাঁহার লিখিত 'এলিজি রিটন্ ইন্ এ কাণ্ট্রি চার্চইয়ার্ড' (Elegy Written in a Country Churchyard) সুপ্রসিদ্ধ কবিতা। এই কবিতা ১৭৪২ খ্রীষ্টাব্দে লেখা আরম্ভ হয় এবং ১৭৪৯ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়। 'ওড টু স্প্রিং' (Ode to Spring), 'হীম' (Hymn), 'ওড টু অ্যাড্‌-ভার্সিটী' (Ode to Adversity) প্রঃ তাঁহার বিখ্যাত রচনা।

গ্ল্যাড্‌স্টোন (Gladstone, Rt. Hon. William Ewart)—(১৮০৯—১৮৯৮ খ্রীঃ)। ইংলণ্ডের প্রসিদ্ধ রাজনীতিবিদ্। ১৮৬৮ খ্রীষ্টাব্দে তিনি ইংলণ্ডের প্রধান মন্ত্রী হন। ১৮৮০ খ্রীষ্টাব্দে তিনি দ্বিতীয়বার ইংলণ্ডের প্রধান মন্ত্রী হন। ছয় বৎসর পরে তিনি তৃতীয়বার ইংলণ্ডের মন্ত্রী হইয়াছিলেন। তিনি 'The State in its Relations with the Church' নামক গ্রন্থের রচয়িতা।

ঘ

ঘটকর্পর—সংস্কৃত কবি। মহারাজ বিক্রমাদিত্যের নবরত্ন-সভার অন্যতম রত্ন বলিয়া খ্যাত।

ঘটোৎকচ—ভীমের রাক্ষসপুত্র। মাতা হিড়িম্বা রাক্ষসী। কুরুক্ষেত্রের যুদ্ধে ঘটোৎকচ কৌরবদের বিপক্ষে যুদ্ধ করেন। কর্ণ তাঁহাকে বধ করেন (ভারত)।

ঘণ্টাকর্ণ—১। মহাদেবের অনুচর বিঃ। এই দৈত্য অন্ধকাসুরের সঙ্গে যুদ্ধ করেন (কূর্ম)। ২। দেবাসুর যুদ্ধে মহাদেব ঘণ্টাকর্ণকে প্রেরণ করিয়াছিলেন (ভারত)। ৩। ঘণ্টাকর্ণ বিষ্ণুদ্বেষী ছিলেন। হরিনাম যাহাতে কানে না যায়, এইজন্য তিনি সর্বদা কানে ঘণ্টা বাঁধিয়া রাখিতেন (হরি)।

ঘণ্টেশ্বর (ঘেঁটু ঠাকুর)—১। মঙ্গলের পুত্র (ব্রহ্মবৈ)। ২। ঘণ্ট নামে মহাদেবের অনুচর এক শিবলিঙ্গ প্রতিষ্ঠা করেন, তাহার নাম ঘণ্টেশ্বর (স্কন্দ)। ৩। গ্রাম্য দেবতা।

ঘনরাম—(১৬৬৯—?) ধর্মমঙ্গল কাব্যের প্রাচীন কবি। বর্ধমান জেলার কৃষ্ণপুর গ্রামে তাঁহার জন্ম। পিতা গৌরীকান্ত চক্রবর্তী, মাতা সীতা দেবী। তিনি গুরুর আদেশে 'শ্রীধর্মমঙ্গল' নামে একখানি মহা-কাব্য রচনা করেন (১৭১১ খ্রীঃ)। উপাধি 'কবি-রত্ন'। বর্ধমানের রাজা কীর্তিচন্দ্রের তিনি রাজকবি ছিলেন।

ঘনশ্যাম—বৈষ্ণব কবি। পিতা দিব্যদাস। তিনি বিখ্যাত বৈষ্ণব কবি গোবিন্দ দাসের পৌত্র। তিনি 'গোবিন্দরতিমঞ্জরী'-নামক কাব্যগ্রন্থের রচয়িতা।

ঘনশ্যামদাস বিড়লা—(১৮৯৪—)। সুবিখ্যাত ব্যব-সায়ী। জন্ম জয়পুর রাজ্যে। তিনি বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ের সভ্য ও Indian Chamber of Commerce-এর সভাপতি ছিলেন। তিনি দ্বিতীয় গোল টেবিল বৈঠকে যোগদান করেন।

ঘূর্ণিকা—শুক্রাচার্যের কন্যা দেবযানীর পরিচারিকা (ভারত)। এই পরিচারিকাই দেবযানীর কূপে পড়িবার সংবাদ শুক্রাচার্যকে প্রদান করেন (মৎস্য)।

ঘৃতাচী—১। অপ্সরা বিঃ। রাজা কুশনাভের ঔরসে তাঁহার গর্ভে শত কন্যা জন্মগ্রহণ করেন (রাম)।

২। এই অপ্সরা হইতে চ্যবন ঋষির পুত্র প্রমতির রুরু নামে এক পুত্র জন্মে। আবার তাঁহার গর্ভে মহর্ষি ভরদ্বাজের ঔরসে দ্রোণাচার্যের জন্ম হয়। ব্যাসদেবের ঔরসে তাঁহার গর্ভে শুকদেব গোস্বামীর জন্ম হয় (ভারত)।

ঘোষা—কক্ষীবান্ ঋষির কন্যা। ঋক্-মন্ত্র-রচয়িত্রী। তাঁহার কুষ্ঠরোগ হওয়াতে কেহ তাঁহাকে বিবাহ করেন নাই। পরে অশ্বিনীকুমারদ্বয়ের স্তুতি করিলে এই রমণী রোগমুক্ত হন এবং তাঁহার বিবাহ হয়। পুত্রের নাম সুহস্তী (ঋক্)।

চ

চক্রধ্বজ সিংহ—আসামের রাজা। তিনি অহোম-বংশীয়। প্রকৃত নাম সুপুং মুংকা। মোগলদের সঙ্গে যুদ্ধে তিনি জয়ী হন। তাঁহার ভ্রাতা সুন্যাংকা ১৬৬৮ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হইলে উদয়াদিত্য নামে রাজা হন।

চক্রপাণি দত্ত—বিখ্যাত পণ্ডিত। জন্মস্থান বীরভূম। পিতা নারায়ণ। তিনি 'চক্রদত্ত' নামে একখানি বৈদ্যক গ্রন্থের রচনা করেন। তিনি খ্রীষ্টীয় একাদশ শতাব্দীতে বর্তমান ছিলেন।

চণ্ড—১। দৈত্য বিঃ। মহিষাসুরের অমাত্য। চণ্ড ও অপর অমাত্য মুণ্ড কৌশিকীহস্তে নিহত হন (বামন)। ২। দেবসেনাপতি স্কন্দের অপর নাম। মহাদেবের অন্যতম অনুচর। ৩। চণ্ড—হাম্বিরের নাতি লখারাণার (লক্ষ্মণের) পুত্র। চণ্ড বিবাহ করেন নাই। বিমাতার ছেলে মুকুল ছোট ছিল বলিয়া তিনি রাজকার্য পরিচালনা করিতেন। কিন্তু বিমাতা তাঁহাকে পছন্দ করিতেন না। তাই তিনি চিতোর ত্যাগ করিয়া চলিয়া যান। পরে যখন শত্রুরা চিতোর গ্রাস করিতে আসে, তখন তিনি মেবারে আসিয়া শত্রুদের হাত হইতে চিতোর উদ্ধার করেন।

চণ্ডাশোক—রাজা অশোকের অপর নাম [অশোক' দ্রঃ]।

চণ্ডী—দুর্গার অন্য নাম। শুম্ভাসুরের সেনানী চণ্ড ও মুণ্ডকে বধ করিয়া তিনি এই নাম প্রাপ্ত হন (মার্কণ্ডেয়)।

চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়—(১২৬৪—১৩২৩ বঙ্গাব্দ)। ব্রাহ্মসমাজের বিশিষ্ট ব্যক্তি ও লেখক। তিনি বিদ্যাসাগর মহাশয়ের জীবনী সংকলন করিয়া বিশেষ প্রশংসা অর্জন করেন। 'কমলকুমার', 'মনোরমার গৃহ', 'পাপীর নবজীবন লাভ' ইঃ পুস্তকগুলি তাঁহার রচিত।

চণ্ডীচরণ সেন—(১৮৪৫—১৯০৬ খ্রীঃ)। সাহিত্যিক। 'Uncle Tom's Cabin'-নামক ইংরেজী পুস্তক অবলম্বনে 'টম কাকার কুটীর'-নামক পুস্তকখানি রচনা করিয়া তিনি বিশেষ নাম করেন। জন্মস্থান—বাসণ্ডা, বাখরগঞ্জ। পিতার নাম নিমচাঁদ। 'জীবন-গতি নির্ণয়', 'লঙ্কাকাণ্ড', 'মহারাজ নন্দকুমার', 'দেওয়ান গঙ্গাগোবিন্দ সিংহ', 'ঝান্সীর রাণী', 'অযোধ্যার বেগম', 'এই কি রামের অযোধ্যা', 'চল্লিশ বৎসর' প্রঃ তাঁহার লিখিত পুস্তক। মহিলা কবি কামিনী রায় তাঁহার কন্যা।

চণ্ডীদাস—(১৪১৭—১৪৭৭ খ্রীঃ)। বিখ্যাত বৈষ্ণব কবি। তিনি কবি বিদ্যাপতির সমসাময়িক। বীরভূম জেলার নান্নুর গ্রামে তাঁহার জন্ম হয়। তাঁহার পিতার নাম দুর্গাদাস বাগচী। তিনি ব্রাহ্মণ ছিলেন এবং বিবাহ করেন নাই। তিনি বাশুলী বা বিশালাক্ষী দেবীর পূজারী ছিলেন। রামী নামে একজন রজককন্যা এই বাশুলী দেবীর মন্দিরের সেবিকা ছিল। তাহার সঙ্গে চণ্ডীদাসের প্রেম হয়। চণ্ডীদাসের জীবনকাহিনী ও কাল সম্বন্ধে পণ্ডিতদের মধ্যে মতভেদ দেখা যায়। অনেকে বলেন, তিনজন চণ্ডীদাস ছিলেন—বড়ু চণ্ডীদাস, দীন চণ্ডীদাস ও দ্বিজ চণ্ডীদাস। চৈতন্য-পূর্ববর্তী যুগের চণ্ডীদাসকে বড়ু চণ্ডীদাস বলা হয়। তিনি 'শ্রীকৃষ্ণকীর্তন' রচনা করেন। চৈতন্য-পরবর্তী যুগে দীন চণ্ডীদাসের আবির্ভাব হয়।

চন্দ্র—১। ব্রহ্মার পৌত্র, অত্রির পুত্র। দেবগুরু বৃহস্পতির পত্নী তারাকে চন্দ্র হরণ করিয়াছিলেন। তারার গর্ভে চন্দ্রের ঔরসে বুধের জন্ম হয় (বিষ্ণু)। দক্ষপ্রজাপতির সাতাশটি কন্যাকে চন্দ্র বিবাহ করেন। তাহার মধ্যে তিনি রোহিণীর প্রতি বিশেষ আসক্ত ছিলেন বলিয়া অপর কন্যারা পিতার নিকট অভিযোগ করেন। দক্ষ চন্দ্রকে শাপ দেন যে, তিনি দিন দিন ক্ষয়প্রাপ্ত হইবেন (ব্রহ্মবৈ)। পরে অবশ্য সকল পত্নীর প্রতি সমান যত্ন দেখানোর ফলে ঐ রোগ পক্ষব্যাপী হয় (পদ্ম)। সেই দিন হইতে চন্দ্রের এক পক্ষে ক্ষয় এবং অপর পক্ষে বৃদ্ধি হয়। ২। সমুদ্রমন্থনকালে চন্দ্রের উদ্ভব হয়, এ মতও আছে।

চন্দ্রকান্ত তর্কালংকার, মহামহোপাধ্যায়—(১৮৩৬—১৯১০ খ্রীঃ)। বেদজ্ঞ পণ্ডিত। জন্ম ময়মনসিংহের সেরপুরে। পিতার নাম রাধাকান্ত তর্কবাগীশ। সভাষ্য 'গোভিল গৃহ্যসূত্র' প্রকাশ করিয়া তিনি যশস্বী হন। ১৮৯৭ খ্রীষ্টাব্দে তিনি মহামহোপাধ্যায় উপাধি প্রাপ্ত হন। 'সতীপরিণয়', 'সত্যবতী চম্পূ', 'প্রবোধষট্ক', 'যুবরাজ-প্রশস্তি', 'কৌমুদী-সুধাকর', 'আনন্দ-তরঙ্গিণী', 'শ্রাদ্ধকল্প

ভাষ্য' ইঃ তাঁহার বহু পুস্তক আছে।

চন্দ্রকেতু—১। লক্ষ্মণের পুত্র। অপর ভ্রাতার নাম অঙ্গদ (রাম)। ২। বীর রাজা। তিনি দুর্যোধনের পক্ষে থাকিয়া কুরুক্ষেত্রে যুদ্ধ করেন এবং অভিমন্যুর হস্তে নিহত হন (ভারত)।

চন্দ্রগুপ্ত, ১ম—(জীবৎকাল ৩২০ খ্রীঃ)। গুপ্তরাজবংশের প্রতিষ্ঠাতা। পাটলিপুত্রের (বর্তমান পাটনা) নিকটে কোনও স্থানের অতি ক্ষুদ্র রাজা ছিলেন, কিন্তু তিনি লিচ্ছবিবংশের এক রাজকন্যা কুমারদেবীকে বিবাহ করিয়া বিশেষ শক্তিশালী হইয়া উঠেন এবং রাজ্যের সীমা বর্ধিত করেন। তাঁহার সিংহাসনে আরোহণের দিন হইতেই গুপ্তাব্দ (৩১৯ বা ৩২০ খ্রীঃ) আরম্ভ হয়।

চন্দ্রগুপ্ত, ২য়—(রাজত্বকাল ৩৮০—৪১৪ খ্রীঃ)। গুপ্তরাজ্যের প্রতিষ্ঠাতা প্রথম চন্দ্রগুপ্তের পৌত্র। তাঁহাকেই গুপ্তবংশের সর্বশ্রেষ্ঠ রাজা বলা হয়। তাঁহার সময়ে গুপ্তরাজ্য শক্তি ও সম্পদে বিশেষ উন্নতি লাভ করে। তিনি 'বিক্রমাদিত্য' ও 'শকারি' নামে পরিচিত। তাঁহার রাজধানী প্রথমে ছিল পাটলিপুত্রে, পরে তিনি উজ্জয়িনীতে তাঁহার রাজধানী সরাইয়া লইয়া যান। প্রবাদ আছে, তাঁহার সভায় কালিদাস, বররুচি প্রঃ নয়জন বিখ্যাত পণ্ডিত ছিলেন বলিয়া উক্ত সভাকে নবরত্নের সভা বলা হইত।

চন্দ্রগুপ্ত মৌর্য—(জীবৎকাল খ্রীঃ পূঃ ৩২১ শতক)। মগধের প্রাচীন হিন্দু রাজা ও মৌর্যবংশের প্রতিষ্ঠাতা। মগধের নন্দবংশীয় রাজার বিদ্বেষভাজন হইয়া তিনি পঞ্জাবে গ্রীকবীর আলেকজাণ্ডারের সহিত সাক্ষাৎ করেন। পরে তিনি কূটনীতিক চাণক্যের সাহায্যে নন্দবংশের উচ্ছেদসাধন করিয়া ৩২২ বা ৩২১ খ্রীঃ পূঃ অব্দে মগধের রাজা হন। তিনি উত্তরকালে প্রায় সমগ্র ভারতবর্ষে রাজ্য বিস্তার করেন। তাঁহার পুত্র বিন্দুসার ও পৌত্র অশোক।

চন্দ্রনাথ বসু—(১৮৪০—১৯২৪ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ লেখক। হুগলী জেলার কৈকালা গ্রামে জন্ম। 'ফুল ও ফল', 'চন্দ্রকণা', 'শকুন্তলা-তত্ত্ব', 'ত্রিধারা', 'পশুপতি-সংবাদ', 'সাবিত্রী-তত্ত্ব', 'হিন্দুতত্ত্ব', 'কঃ পন্থাঃ' প্রঃ তাঁহার রচিত গ্রন্থ।

চন্দ্রশেখর মুখোপাধ্যায়—(২৭শে অক্টোবর, ১৮৪৯—১৯শে অক্টোবর, ১৯২২ খ্রীঃ)। খ্যাতনামা সাহিত্যিক। নিবাস নদীয়ায়। পিতা বিশ্বেশ্বর। তিনি খাগড়ায় বাস করিতেন। তিনি সাহিত্যসেবায় বঙ্কিমচন্দ্রের সহযোগী ছিলেন। সুবিখ্যাত গদ্যকাব্য 'উদ্‌ভ্রান্ত প্রেম' তাঁহার রচনা। অন্যান্য পুস্তক—'মশলা বাঁধা কাগজ', 'স্ত্রী-চরিত্র', 'কুঞ্জলতার মনের কথা' ইত্যাদি।

চন্দ্রসেন—রাজা বিঃ। পিতা সমুদ্রসেন। তিনি বঙ্গদেশের রাজা ছিলেন। পাণ্ডবপক্ষে যোগদান করিয়া তিনি দ্রোণাচার্যের বিরুদ্ধে যুদ্ধ করেন। অশ্বত্থামার হস্তে তিনি নিহত হন (ভারত)।

চন্দ্রহাস—কেরল দেশের রাজা। মাতাপিতৃহীন হইয়া তিনি কুলিন্দ কর্তৃক পালিত হন। পরে কুন্তলপতির মন্ত্রী ধৃষ্টবুদ্ধির কন্যাকে বিবাহ করেন (গর্গ-সং)।

চন্দ্রাপীড়—১। রাজা জনমেজয়ের পুত্র। মাতা কাশ্যা। তাঁহার অপর ভ্রাতার নাম সূর্যাপীড় (হরি)। ২। কাশ্মীরের রাজা (৬৮৪—৬৯৩ খ্রীঃ)। পিতা প্রতাপাদিত্য। পত্নীর নাম প্রকাশা। নিজের ভ্রাতা তারাপীড়ের অনুচর কর্তৃক তিনি নিহত হন।

চন্দ্রাবতী—(১৫৫০ খ্রীঃ)। ময়মনসিংহের মহিলা কবি। জন্ম কিশোরগঞ্জ মহকুমার পাটবাড়ী। পিতা 'মনসাভাসান' রচয়িতা বংশীদাস, মাতা সুলোচনা। 'রামায়ণ-গীত', 'দস্যু কেনারাম' ইঃ রচয়িত্রী।

চন্দ্রাবলী—শ্রীকৃষ্ণ ও শ্রীরাধার প্রিয়সখী গোপী। পিতা চন্দ্রভানু, মাতা বিন্দুমতী। গোবর্ধন মল্ল তাঁহার স্বামী। তিনি শ্রীকৃষ্ণকে অত্যন্ত ভক্তি করিতেন ও ভালবাসিতেন (বৃন্দাবনলীলা)।

চম্পতিপতি—(১৭শ শতক)। বিখ্যাত বৈষ্ণব কবি। তাঁহার উপাধি 'বিদ্যাপতি'। তিনি ব্রজবুলিতে পদ রচনা করিতেন। তিনি উৎকলের রাজা প্রতাপরুদ্রের মহাপাত্র এবং গৌরাঙ্গ মহাপ্রভুর ভক্ত ছিলেন।

চরক—বিখ্যাত আয়ুর্বেদিক গ্রন্থ 'চরক-সংহিতা'র প্রণেতা। অনন্তদেব চররূপে পৃথিবীতে আসিয়া দেখেন যে, লোকে অশেষ ব্যাধিতে ভুগিতেছে। চররূপে নামিয়াছিলেন বলিয়া তাঁহার নাম চরক হয়। অত্রিপুত্র ভরদ্বাজের নিকট চরক আয়ুর্বেদ শিক্ষা করেন।

চসার, জিওফ্রে (Chaucer, Geoffrey)—(? ১৩৪০—১৪০০ খ্রীঃ)। প্রথম ইংরেজ কবি। তিনি রাজা তৃতীয় এডওয়ার্ডের সমসাময়িক ছিলেন। তাঁহার বিখ্যাত কাব্য 'ক্যাণ্টারবেরি টেলস্' (Canterbury Tales)।

চাঁদ কবি—(১২শ শতক)। বিখ্যাত হিন্দী কবি। তিনি দিল্লীর শেষ হিন্দু রাজা পৃথ্বীরাজের সভাকবি ছিলেন। 'পৃথ্বী রায় রাসো' নামক তাঁহার একটি হিন্দী কাব্যগ্রন্থ পাওয়া যায়।

চাঁদ কাজি—(১৫শ শতক)। বৈষ্ণব কবি। কেহ কেহ বলেন, তাঁহার নাম গোরাই কাজি। তাঁহার 'বাঁশী বাজানো জান না' কবিতাটি সুপ্রসিদ্ধ।

চাঁদবিবি—দাক্ষিণাত্যের মুসলমান বীর রমণী। চাঁদ সুলতানা নামেও পরিচিতা। পিতা আহমদনগররাজ হুসেন নিজাম শাহ স্বামী বিজাপুররাজ আলি আদিল শাহ। তিনি অপূর্ব শৌর্যবতী ছিলেন। তিনি শত্রুহস্তে নিহত হন।

চাঁদরায়—বারভূঁইয়ার অন্যতম। শ্রীপুর তাঁহার রাজধানী ছিল। তিনি অসাধারণ বীর ও নৌ-যুদ্ধে অতীব পারদর্শী ছিলেন। তিনি অনেক শিবমন্দিরের স্থাপনা করিয়াছিলেন। সুবর্ণগ্রামের শাসনকর্তা ঈশা খাঁ তাঁহার বন্ধু ছিলেন। তাঁহার বিধবা কন্যাকে (কাহারও মতে ভগিনীকে) ঈশা খাঁ

হরণ করিয়া লইয়া যান। সেই শোকে তাঁহার মৃত্যু ঘটে।

চাঁদ-সদাগর—চম্পাই নগরের বিখ্যাত বণিক্‌। তিনি মনসা-বিদ্বেষী ছিলেন বলিয়া নানাপ্রকার দুঃখকষ্ট ভোগ করেন। মনসাদেবীর কোপে তাঁহার ছয় পুত্রের মৃত্যু হইলে সর্বকনিষ্ঠ পুত্র লক্ষ্মীন্দর বিবাহ-রাত্রিতে সর্পদষ্ট হয়। পুত্রবধূ বেহুলা স্তব করিলে মনসাদেবী তাঁহার পুত্রগণকে বাঁচাইয়া দেন। ইহাতে চাঁদ সদাগর মনসাদেবীর পূজা করিতে রাজী হন (মনসামঙ্গল)।

চাক্ষুষ মনু—১। চতুর্দশ মনুর অন্যতম চক্ষুর পুত্র (ভাগ)। ষষ্ঠ মন্বন্তরে চাক্ষুষ নামে মনু ছিলেন (বিষ্ণু)। ২। স্বায়ম্ভুব মনুর বংশধর রিপুর পুত্র (কূর্ম)।

চাটার্টন (Chatterton)—(১৭৫২—১৭৭০ খ্রীঃ)। ইংরেজ কবি। Thomas Rowley এই নামের ১৫শ শতকের এক কবির লেখা বলিয়া নিজের লেখা প্রকাশিত করেন। ইহা ছাড়া তিনি নিজের নামেও অনেক কবিতা লেখেন। 'The Revenge' তাঁহার রচিত একখানি প্রহসন।

চাণক্য—চন্দ্রগুপ্ত মৌর্যের মন্ত্রী। ['কৌটিল্য' দ্রঃ।]

চামুণ্ডা—১। শক্তির মূর্তি বিঃ। মহিষাসুরের অমাত্য চণ্ড ও মুণ্ডকে বধ করিয়া এই দেবী তাহাদের মস্তকের মালা গলায় পরেন। এইজন্য তাঁহার নাম হয় চামুণ্ডা (রাম)। ২। মহিষাসুর দৈত্যকে বধ করিবার জন্য ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরের মিলিত দৃষ্টি হইতে এক বৈষ্ণবী মূর্তির সৃষ্টি হয়। এই মূর্তি ব্রাহ্মী, বৈষ্ণবী ও রৌদ্রী এই তিন ভাগে বিভক্ত হন। রৌদ্রী মূর্তি রুরু নামে দৈত্যকে বিনাশ করিয়া চামুণ্ডা নামে খ্যাত হন (বরাহ)।

চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়—(১৮৭৭—১৯৩৮ খ্রীঃ)। বিখ্যাত সাহিত্যিক। মালদহ জেলার চাঁচল গ্রামে জন্ম। পিতা গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়, মাতা মুক্তকেশী দেবী। তিনি 'হাইফেন', 'দোটানা', 'মুক্তিস্নান', 'স্রোতের ফুল', 'পরগাছা', 'নষ্টচন্দ্র', 'যমুনা-পুলিনে ভিখারিণী', 'চোরকাটা', 'বিদ্যাপতি চণ্ডীদাস' ও অন্যান্য বৈষ্ণব 'মহাজন গীতিকা' প্রঃ বহু পুস্তক রচনা করিয়াছেন। কলিকাতা বিশ্ব-বিদ্যালয় হইতে প্রকাশিত 'রবিরশ্মি' রবীন্দ্রকাব্য সমালোচনা-মূলক তাঁহার একখানি প্রসিদ্ধ গ্রন্থ।

চার্চিল, রাইট অনারেবল উইন্সটন এস্‌ (Churchill, Rt. Hon. Winston S.)—(১৮৭৪—১৯৬৫ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ রাজনীতিবিশারদ। তিনি লর্ড র্যাণ্ডলফ চার্চিলের পুত্র। ১৯৪০—১৯৪৫ খ্রীষ্টাব্দে তিনি ইংলণ্ডের প্রধান মন্ত্রী ছিলেন। তিনি সুবক্তা। ১৯৫১ খ্রীষ্টাব্দে তিনি আবার প্রধান মন্ত্রীর পদ লাভ করেন। তাঁহার রচিত কয়েকখানি পুস্তক দেশ-বিদেশে খ্যাতি লাভ করিয়াছে।

চার্বাক—নাস্তিক ঋষি বিঃ। বৃহস্পতির শিষ্য বলিয়া কথিত। চার্বাক মতে আত্মা বা পরলোক বলিয়া কিছু নাই। যাগযজ্ঞ ইঃ শুধুই প্রতারণা। প্রত্যক্ষ ছাড়া কোনো প্রমাণ নাই।

চার্লস্‌, ১ম (Charles I)—(১৬০০—১৬৪৯ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা প্রথম জেম্‌সের পুত্র। অন্যায়ভাবে করবৃদ্ধি (যেমন, Ship money), ক্যাথলিক ধর্মের প্রতি বিশেষ পক্ষপাতিত্ব ইঃ ঘটনার জন্য তাঁহার সময়ে গৃহযুদ্ধ ঘটে (১৬৪২ খ্রীঃ)। এই যুদ্ধে তিনি পরাজিত ও বন্দী হন। বিচারে তাঁহার প্রাণদণ্ড হয়।

চার্লস্‌, ২য় (Charles II)—(১৬৬০—১৬৮৫ খ্রীঃ)। প্রথম চার্লসের পুত্র। গৃহ-বিপ্লবের সময় তিনি দেশ ছাড়িয়া চলিয়া যান। ক্রমওয়েলের মৃত্যুর পর লোকে তাঁহাকে ফিরাইয়া আনে এবং রাজতন্ত্রের পুনঃপ্রবর্তন ঘটে।

চার্লস্‌, ৫ম (Charles V)—(১৫০০—১৫৫৮ খ্রীঃ)। পবিত্র রোমক সাম্রাজ্যের (Holy Roman Empire) সম্রাট্‌। জন্মস্থান বেলজিয়ামের ঘেণ্ট। পিতামহ সম্রাট্‌ ম্যাক্সিমিলিয়ান। স্পেনের ফার্দিনান্দ ও ইসাবেলা তাঁহার মাতামহ ও মাতামহী। তিনি নেদারল্যাণ্ড, অস্ট্রিয়া ও স্পেনের রাজা ছিলেন। তাঁহার বিশাল সাম্রাজ্যকে Holy Roman Empire বলা হইত।

চিত্তরঞ্জন দাশ (দেশবন্ধু)—(৫ই নভেম্বর ১৮৭০—১৬ই জুন, ১৯২৫ খ্রীঃ)। ভারতের সুপ্রসিদ্ধ দেশসেবক ও রাজনীতিবিদ্‌। আদি নিবাস ঢাকা জেলার তেলিরবাগ গ্রাম। পিতা ভুবনমোহন দাশ। চিত্তরঞ্জন কলিকাতা হাইকোর্টে ব্যারিস্টারি করিতেন। আলিপুর বোমার মামলায় তিনি অরবিন্দ ঘোষের পক্ষে দাঁড়াইয়া সুনাম অর্জন করেন। তিনি সুকবি ও সাহিত্যিক ছিলেন। তাঁহার রচিত 'সাগর-সংগীত', 'মালঞ্চ', 'মালা', 'অন্তর্যামী' প্রঃ বিখ্যাত কাব্যগ্রন্থ। তিনি 'নারায়ণ'-নামক একখানি মাসিক পত্রিকার পরিচালনা ও সম্পাদনা করিতেন। তিনি মহাত্মা গান্ধীর প্রবর্তিত অসহযোগ-নীতি অবলম্বন করেন এবং আইন-ব্যবসায় পরিত্যাগ করেন। ১৯২১ খ্রীষ্টাব্দে তিনি কারাদণ্ডে দণ্ডিত হন। ১৯২২ খ্রীষ্টাব্দে তিনি গয়া কংগ্রেসের বিশেষ সভাপতি হন। তিনি 'স্বরাজ্য পার্টি' গঠন করেন এবং প্রথমে 'ফরোয়ার্ড' ও পরে 'লিবার্টি' নামক কাগজ প্রকাশ করিয়া তাঁহার নূতন দলের মতবাদ প্রচার করিতে থাকেন। তিনি পিতার কৃত চল্লিশ হাজার টাকা ঋণ দেউলিয়া হওয়ার পরও শোধ দিয়া অপূর্ব সাধুতা ও পিতৃভক্তির পরিচয় প্রদান করেন। কলিকাতা কর্পোরেশনের তিনিই প্রথম মেয়র। তাঁহারই বাসভবনে 'চিত্তরঞ্জন সেবাসদন' নামে হাসপাতাল প্রতিষ্ঠিত হইয়াছে।

চিত্রগুপ্ত—১। যমের প্রধান কর্মচারী। তাঁহার অধীনে নিযুক্ত লোকেরা কর্মানুসারে পরলোকবাসীদের শাস্তি দেন (বরাহ)। ২। ব্রহ্মার অঙ্গজাত পুত্র। তিনি দোয়াত ও কলম হস্তে উদ্ভূত হন।

ব্রহ্মার আদেশে চিত্রগুপ্ত যমের বাড়ি যান ও পাপ-পুণ্যের হিসাব রাখিতে থাকেন। পাপপুণ্যের চিত্র-বিচিত্র হিসাব রাখা হয় বলিয়া তাঁহার এই নাম হয় (ভবিষ্য)। তিনি মানুষের কপালে শুভাশুভ ফল লিখিয়া থাকেন (পদ্ম)।

চিত্রভানু—১। মহিষাসুরের অন্যতম সেনাপতি। তিনি পার্বতীর হস্তে নিহত হন (স্কন্দ)। ২। মণিপুরের রাজা। তাঁহার কন্যা চিত্রাঙ্গদাকে অর্জুন বিবাহ করেন (ভারত)।

চিত্ররথ—১। রাজা বিঃ। পিতা ধর্মরথ। চিত্ররথ বিষ্ণুপদ পর্বতে যজ্ঞ করিয়া ইন্দ্রের সঙ্গে সোমপান করেন। চিত্ররথের পুত্র লোমপাদ (হরি)। ২। গন্ধর্ব বিঃ। পিতা কশ্যপ, মাতা দক্ষকন্যা। প্রকৃত নাম অঙ্গারপর্ণ। পত্নীর নাম কুম্ভীনসী। পাণ্ডবগণের বনবাসকালে চিত্ররথ অর্জুন কর্তৃক পরাস্ত ও বন্দী হন। যুধিষ্ঠিরের দয়ায় চিত্ররথ মুক্তিলাভ করেন (ভারত)।

চিত্রলেখা—বাণরাজার কন্যা উষার সহচরী। পিতা বাণরাজার মন্ত্রী কুম্ভাণ্ড। চিত্রলেখার সাহায্যে উষা অনিরুদ্ধকে নিজের গৃহে আনিতে পারিয়াছিলেন (ভাগ)।

চিত্রসেন—গন্ধর্ব বিঃ। পিতা গন্ধর্বরাজ বিশ্বাবসু। অর্জুন চিত্রসেনের নিকট হইতে নৃত্য, গীত ও বাদ্য শিক্ষা করেন। এই গন্ধর্ব দুর্যোধনকে তাঁহার ভ্রাতাদের সঙ্গে বন্দী করিয়া লইয়া যাইতেছিলেন। কিন্তু অর্জুনের অনুরোধে তাঁহাদের ছাড়িয়া দেন (ভারত)।

চিত্রা—চন্দ্র হইতে ঘৃতাচীর গর্ভে চিত্রা নামে এক কন্যার জন্ম হয়। এই চিত্রাকে চন্দ্রের পুত্র বুধ বিবাহ করেন এবং চিত্রা হইতে চৈত্র নামে এক পুত্র জন্মে (ব্রহ্মবৈ)।

চিত্রাঙ্গদ—১। শান্তনুর পত্নী সত্যবতীর গর্ভে চিত্রাঙ্গদ ও বিচিত্রবীর্য নামে দুই পুত্র জন্মে। শান্তনুর মৃত্যুর পর চিত্রাঙ্গদ রাজা হন৷ কিন্তু গন্ধর্বরাজ চিত্রাঙ্গদের সঙ্গে তাঁর যুদ্ধ হয় এবং সেই যুদ্ধে তিনি মারা যান। ২। গন্ধর্বরাজ বিঃ (ভারত)।

চিত্রাঙ্গদা—মণিপুর রাজকন্যা। বনবাসকালে অর্জুন চিত্রাঙ্গদাকে বিবাহ করেন এবং তাঁহার গর্ভে বভ্রুবাহন নামে পুত্র জন্মে (ভারত)।

চিনকুলি খাঁ—'আসফ খাঁ' দ্রঃ।

চিন্তা—শ্রীবৎস রাজার পত্নী। ইনি শনিগ্রস্ত পতির সহিত অশেষ যন্ত্রণা সহ্য করিয়াছিলেন (ভারত)।

চিয়াং-কাই-শেক (Chiang-Kai-Shek)—(১৮৮৭—১৯৭৫ খ্রীঃ)। খ্যাতনামা চৈনিক সেনাপতি ও রাজনীতিবিশারদ। নিংপো-নামক স্থানে জন্ম। সান-ইয়াৎ-সেনের মৃত্যুর পর তিনি চীনের প্রধান সেনাপতি হন। ১৯২৮ খ্রীঃ হইতে তিনি চীন-দেশের জাতীয় শাসনতন্ত্রের সভাপতিরূপে নিযুক্ত ছিলেন। তিনি কমিউনিস্টবিরোধী ছিলেন। মাও-সে-তুং চীন অধিকার করিলে তিনি তাইপেতে (ফরমোজা) চলিয়া যান এবং সেখানে এক নূতন সরকার গঠন করেন।

চিরঞ্জীব শর্মা—(১৮ শতক)। বিখ্যাত সংস্কৃত পণ্ডিত। তাঁহার প্রকৃত নাম ত্রৈলোক্যনাথ সান্যাল। তিনি রামকৃষ্ণ পরমহংসের অত্যন্ত প্রিয় ছিলেন। তিনি নববিধান ব্রাহ্মসমাজভুক্ত। 'গীত-রত্নাবলী', 'অমৃতে গরল', 'ভক্তি-চৈতন্যচন্দ্রিকা' প্রঃ তাঁহার রচিত সংগীত-পুস্তক।

চেঙ্গিস খাঁ—(১১৬২—১২২৭ খ্রীঃ)। বিখ্যাত মোঙ্গল সেনাপতি। জন্ম মঙ্গোলিয়ায়। পূর্ব নাম তেমুচিন। প্রথমে তিনি চীন জয় করেন। পরে খারিজম রাজ্য জয় করিয়া তিনি ভারত সীমান্ত পর্যন্ত আসেন। সেসময় দাসবংশের দ্বিতীয় রাজা আলতামাস রাজত্ব করিতেন। তিনি ঘোরতর অত্যাচার করিয়া কুকীর্তি অর্জন করেন ও ভারতবর্ষ আংশিক জয় করেন।

চেম্বারলেন, নেভিল (Chamberlain, Neville)—(১৮৬৯—১৯৪০ খ্রীঃ)। ইংরেজ রাজনীতিবিদ্। জোসেফ চেম্বারলেনের দ্বিতীয় পুত্র। তিনি ১৯৩৭—৪০ খ্রীঃ ইংলণ্ডের প্রধান মন্ত্রী ছিলেন।

চেম্সফোর্ড, ভাইকাউন্ট (Chelmsford, Viscount)—(শাসনকাল ১৯১৬—১৯২১ খ্রীঃ)। ভারতের ভূতপূর্ব বড়লাট। তাঁহার শাসনকালে 'Rowlatt Act'-নামক একটি কুখ্যাত আইন বিধিবদ্ধ এবং জালিয়ানওয়ালাবাগের নিষ্ঠুর হত্যাকাণ্ড সাধিত হয়। তাঁহার সময়ে 'Montague-Chelmsford Reform'-নামক নূতন শাসন-বিধি গঠিত হয়।

চেস্টারটন, গিলবার্ট কীথ (Chesterton, Gilbert Keith)—(১৮৭৪—১৯৩৬ খ্রীঃ)। বর্তমান যুগের বিখ্যাত লেখক। তাঁহার লিখিত গ্রন্থাদি—(উপন্যাস) 'The Napoleon of Notting Hill', 'The Flying Inn', 'Father Brown Stories'; (কবিতা) 'The Ballad of the White Horse', 'Wine, Water and Song', 'Poems'; (প্রবন্ধ) 'Generally Speaking', 'What's Wrong with the World'.

চেস্টারফিল্ড, আর্ল অব (Chesterfield, Earl of)—(১৬৯৪—১৭৭৩ খ্রীঃ)। ইংরেজ রাজনীতিবিদ্। কিন্তু লেখক হিসাবেই তিনি স্মরণীয়। তাঁহার 'Letters to his Son'-এর জন্য তিনি প্রসিদ্ধি লাভ করেন।

চৈতন্যদেব—(১৪৮৬—১৫৩৩ খ্রীঃ)। আধুনিক প্রেমভক্তিমূলক বৈষ্ণব মতের প্রবর্তক। পিতা জগন্নাথ মিশ্র, মাতা শচীদেবী। জন্মস্থান—নবদ্বীপ। তাঁহার অনেক নাম ছিল; যথা, নিমাই, গৌরাঙ্গ, বিশ্বম্ভর ইঃ। সন্ন্যাসগ্রহণের পর তাঁহার নাম হয় শ্রীকৃষ্ণ চৈতন্য। তাঁহার দুইবার বিবাহ হয়। প্রথমা স্ত্রী লক্ষ্মী, দ্বিতীয়া স্ত্রী বিষ্ণুপ্রিয়া। তিনি ঈশ্বরপুরীর নিকট দীক্ষা লন। দণ্ডী কেশব ভারতীর নিকট তিনি সন্ন্যাসধর্ম গ্রহণ করেন এবং পরে নীলাচলে যাত্রা করেন। সেখানে সার্বভৌম

পণ্ডিতের সহিত তাঁহার বন্ধুত্ব হয়। পাণ্ডিত্যে তাঁহাকে পরাজিত করিয়া তিনি তাঁহাকে নিজের শিষ্য করিয়া লন। ইহার পর তিনি কাশী, বৃন্দাবন প্রঃ তীর্থে গমন করেন। কথিত আছে, একদা চন্দ্রালোকে সমুদ্রের নীল জলরাশিকে শ্রীকৃষ্ণের রূপরাশি ভাবিয়া আলিঙ্গন করিতে ছুটিয়া গেলে তিনি সমুদ্রের তরঙ্গে ভাসিয়া যান।

চৈৎ সিং, রাজা—বারাণসীর রাজা। পিতা রাজা বলবন্ত সিংহ। তিনি ইংরেজদিগের অধীন ছিলেন এবং ইংরেজ সরকারকে ২২½ লক্ষ টাকা বার্ষিক কর দিতেন। ওয়ারেন হেস্টিংস ঐ কর ব্যতীত পাঁচ লক্ষ টাকা বেশী দাবি করেন। একবার হেস্টিংস ৫০ লক্ষ টাকা দাবি করেন। এই টাকা আদায় করিবার জন্য হেস্টিংস তাঁহাকে আক্রমণ করিতে আসিলে তিনি পলায়ন করেন। ১৮১০ খ্রীষ্টাব্দে তিনি গোয়ালিয়রে মারা যান।

চোর কবি—১। প্রসিদ্ধ কবি। তিনি কাঞ্চীপুরের রাজা গুণসিন্ধুর পুত্র এবং বর্ধমানরাজ বীরসিংহের জামাতা। তাঁহার প্রকৃত নাম সুন্দর। তিনি বর্ধমান রাজকুমারী বিদ্যার গৃহে সুড়ঙ্গপথে গোপনে গমন করিয়া তাঁহাকে বিবাহ করেন। সংস্কৃত 'চৌরপঞ্চাশিকা' কাব্য তাঁহার রচিত। ২। প্রকৃত নাম বিহ্লন। লক্ষ্মীমন্দির-নামক নগরের রাজা মগনাভিরাম ও রানী মন্দারমালা বিহ্লনকে নিজ কন্যার শিক্ষক নিযুক্ত করেন। পর্দার আড়ালে থাকিয়া বিহ্লন রাজকুমারীকে শিক্ষা দিতেন। পরে গোপনে তাঁহাকে বিবাহ করেন। প্রাণদণ্ডের আদেশ দিলেও রাজা কবির কবিত্বের জন্য তাঁহাকে ক্ষমা করেন।

চ্যবন—মহর্ষি বিঃ। পিতা ভৃগু মুনি, মাতা পুলোমা। পুলোমা যখন গর্ভবতী, তখন এক রাক্ষস তাঁহাকে হরণ করিয়া লইয়া যাইতেছিল, সেই সময় চ্যবন জন্মগ্রহণ করেন। মাতৃগর্ভ হইতে চ্যুত হওয়ায় তাঁহার নাম চ্যবন হয় (ভারত)। বৈদ্যকশাস্ত্রমতে যে ঔষধ সেবনে তাঁহার চিরযৌবন লাভ হয়, তাহা 'চ্যবনপ্রাশ' নামে বিদিত (মহা)।

চ্যাটাম, উইলিয়াম পিট—'পিট' দ্রঃ।

চ্যাপম্যান, জর্জ (Chapman, George)—(? ১৫৫৯—১৬৩৪ খ্রীঃ)। ইংরেজ কবি ও নাট্যকার। তিনি ইংলণ্ডের রানী এলিজাবেথের সময়ে বর্তমান ছিলেন। হোমারের কাব্য ইংরেজীতে অনুবাদ করিয়া তিনি প্রসিদ্ধি লাভ করেন।

চ্যাপলিন, চার্লি স্পেন্সার (Chaplin, Charlie Spencer)—১৮৮৯ খ্রীষ্টাব্দে লণ্ডনে জন্ম। প্রসিদ্ধ ইংরেজ ছায়াচিত্রাভিনেতা। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে বাস করেন।

ছ

ছত্রশাল—(১৭শ শতক)। সম্রাট্ আওরঙ্গজেবের সামরিক কর্মচারী ও বুন্দেলখণ্ড-নামক রাজ্যের প্রতিষ্ঠাতা। পিতা চম্পৎ রায় সম্রাটের বিরুদ্ধে যুদ্ধ করিয়া বন্দী হইবার আশঙ্কায় আত্মহত্যা করেন। ছত্রশাল হিন্দুধর্মের রক্ষক হইয়া মোগলদের বিরুদ্ধে যুদ্ধ করেন এবং অনেক যুদ্ধে জয়ী হন। তিনি শিবাজীর সঙ্গেও যোগ দিতে চাহিয়াছিলেন, কিন্তু এই প্রস্তাবে শিবাজী রাজী হন নাই। তিনি মৃত্যুর পূর্বে বুন্দেলখণ্ড নামক রাজ্যের প্রতিষ্ঠা করেন।

ছায়া—সূর্যের পত্নী। সূর্যের প্রথমা পত্নী সংজ্ঞা স্বামীর তেজ সহ্য করিতে অসমর্থ হইয়া ছায়াকে নিজ দেহ হইতে সৃষ্টি করেন এবং নিজে পিত্রালয়ে চলিয়া যান। তিনি সূর্যের সহিত পত্নীভাবে থাকিতে লাগিলেন এবং সংজ্ঞার যমাদি পুত্রদিগকে লালনপালন করিতে লাগিলেন। নিজের গর্ভে শনি নামে এক পুত্র জন্মিলে ছায়া সপত্নীপুত্রদিগকে অবহেলা করিতে লাগিলেন। ইহাতে যম ক্রুদ্ধ হইয়া তাঁহাকে পদাঘাত করিতে উদ্যত হন। ছায়া 'পদহীন হও' বলিয়া শাপ দিলে যম সূর্যের শরণাপন্ন হন। তখন সকল কথা প্রকাশ হইয়া যায় এবং সূর্য সংজ্ঞার অনুসন্ধানে যান (হরি)।

ছিন্নমস্তা—দশমহাবিদ্যার এক মহাবিদ্যা। নিজের মস্তক ছিন্ন করিয়া তিনি বাম করে ধরিয়া থাকেন এবং স্কন্ধ হইতে নির্গত রক্তধারা পান করেন (দেবী-ভা)।

জ

জওহরলাল নেহ্‌রু, পণ্ডিত—(১৮৮৯—১৯৬৪ খ্রীঃ)। ভারতের বিশিষ্ট দেশসেবক, জননায়ক ও স্বাধীনতার সূচনা হইতে ভারতের প্রধান মন্ত্রী। জন্মস্থান এলাহাবাদ। পিতা বিখ্যাত দেশকর্মী ও রাজনীতিক পণ্ডিত মতিলাল নেহ্‌রু। তাঁহারা কাশ্মীরী ব্রাহ্মণ। পত্নী কমলা দেবী এবং কন্যা ইন্দিরা গান্ধী। তিনি বিভিন্ন সময়ে কারারুদ্ধ হন এবং মোট নয়বার জেলভোগ করেন। ১৯২৯-৩০, ১৯৩৬, ১৯৩৭ ও ১৯৪৬ খ্রীষ্টাব্দে তিনি কংগ্রেসের সভাপতি হন। তিনি বিশ্বভারতীর প্রধান আচার্য বা চ্যান্সেলার ছিলেন। ১৯৫১ খ্রীষ্টাব্দে তিনি পুনরায় কংগ্রেস সভাপতি নির্বাচিত হন। তাঁহার লিখিত গ্রন্থ—'Autobiography', 'Glimpses of World History', 'Soviet Russia', 'Discovery of India' উল্লেখযোগ্য।

জং বাহাদুর (Jung Bahadur, Maharaja Sir)—(১৮১৮—১৮৭৭ খ্রীঃ)। নেপালের ভূতপূর্ব প্রধানমন্ত্রী। ১৮৪৪ খ্রীষ্টাব্দে তিনি নেপালের প্রধান সেনাপতি হন। ১৮৪৬ খ্রীষ্টাব্দে তিনি প্রধান মন্ত্রীর পদ লাভ করেন।

জখনাচার্য—মহীশূরের রাজা ও প্রসিদ্ধ শিল্পী। তিনি খ্রীষ্টীয় দ্বাদশ শতাব্দীতে বর্তমান ছিলেন। মহীশূরের প্রধান দেবালয়গুলি তাঁহারই নির্মিত।

জগৎশেঠ, মহতাব রায়—মুর্শিদাবাদের প্রসিদ্ধ বণিক্। জগৎশেঠ তাঁহার উপাধিমাত্র। পিতা আনন্দচাঁদ, পিতামহ ফতেচাঁদ। ১৭৪৯ খ্রীষ্টাব্দে আলিবর্দী খাঁ ইংরেজদিগের কাশিমবাজারস্থ কুঠী আক্রমণ করিলে, তিনি তাহাদিগকে বহু লক্ষ টাকা দিয়া সাহায্য করেন। বাংলার অত্যাচারী নবাব সিরাজ-দ্দৌলার দুর্ব্যবহারে একান্ত বিরক্ত হইয়া জগৎশেঠ ইংরেজদিগের সাহায্যে সিরাজকে সিংহাসনচ্যুত করিবার নিমিত্ত মীরজাফরকে পরামর্শ দেন। পরে তিনি মীরকাশিমের হস্তে বন্দী হন। ইংরেজদিগের সহিত মিত্রতা থাকিবার জন্য মীরকাশিম তাঁহাকে হত্যা করেন।

জগদানন্দ রায়—(১৮৬৯—১৯৩৩ খ্রীঃ)। লব্ধপ্রতিষ্ঠ বিজ্ঞান-লেখক। কৃষ্ণনগর তাঁহার জন্মস্থান। কৃষ্ণ-নগরের জমিদার-বংশে তাঁহার জন্ম। ১৯০১ সাল হইতে তিনি রবীন্দ্রনাথের ব্রহ্মচর্যাশ্রমের অধ্যাপক ছিলেন। তিনি শান্তিনিকেতনে মারা যান। 'প্রকৃতি-পরিচয়', 'বৈজ্ঞানিকী', 'প্রাকৃতিকী', 'গ্রহনক্ষত্র', 'জগদীশচন্দ্রের আবিষ্কার', 'শব্দ', 'আলো' প্রঃ পুস্তক তাঁহার রচিত।

জগদিন্দ্রনাথ রায়, মহারাজা—(১৮৬৮—১৯২৬ খ্রীঃ)। নাটোরের (বড় তরফ) মহারাজা। তিনি সুসাহিত্যিক ছিলেন। ১৯০৫ খ্রীষ্টাব্দে তিনি বঙ্গবিচ্ছেদ আন্দোলনে যোগদান করেন। 'মানসী ও মর্মবাণী'-নামক মাসিক পত্রিকাখানির তিনি সম্পাদক ছিলেন। 'সন্ধ্যাতারা', 'শ্রুতিস্মৃতি', 'দারার অদৃষ্ট', 'নুরজাহান' প্রঃ পুস্তক তাঁহার রচিত।

জগদীশচন্দ্র বসু, আচার্য—(৩০শে নভেম্বর, ১৮৫৮—২৩শে নভেম্বর, ১৯৩৭ খ্রীঃ)। পৃথিবী-প্রসিদ্ধ বিজ্ঞানী। ঢাকা জেলার রাঢ়ীখাল-নামক গ্রামে তাঁহার জন্ম। পিতা ভগবান চন্দ্র বসু। তিনিই বেতারযন্ত্রের উদ্ভাবন করেন। তাঁহার উদ্ভাবিত তথ্যের সাহায্যে মার্কনি বেতারযন্ত্র নির্মাণে সমর্থ হন। তিনি পেটেণ্ট লন নাই বলিয়া মার্কনি বেতারযন্ত্রের উদ্ভাবক বলিয়া পৃথিবীতে খ্যাত হইয়াছেন। তিনি উদ্ভিদ্‌বিদ্যায় পৃথিবীর শ্রেষ্ঠ বিজ্ঞানী। উদ্ভিদের প্রাণ সম্পর্কে তাঁহার গবেষণা অত্যন্ত মূল্যবান্। এ সম্পর্কে তাঁহার উদ্ভাবিত যন্ত্র ক্রেসকোগ্রাফ (Crescograph) নামে পরিচিত। কলিকাতায় আপার সার্কুলার রোডের (বর্তমান আচার্য প্রফুল্লচন্দ্র রোড) উপরে তাঁহার বৈজ্ঞানিক গবেষণাগার 'বসু-বিজ্ঞান-মন্দির' (Bose Institute) নামে খ্যাত। ফলতায় গঙ্গার ধারে তাঁহার একটি সুরম্য উদ্যান ও বিজ্ঞানাগার আছে। বঙ্গভাষায় তিনি বহু প্রবন্ধ লিখিয়াছেন। 'Response in the Living and Non-living', 'Plant Response' ইঃ তাঁহার রচিত পুস্তক। বাংলায় 'অব্যক্ত' নামে তাঁহার একখানি পুস্তক আছে।

জগদীশ তর্কালংকার—(১৬—১৭ শতক)। বিখ্যাত নৈয়ায়িক পণ্ডিত। নবদ্বীপে তাঁহার জন্ম হয়। পিতা যাদবচন্দ্র বিদ্যাবাগীশ। তিনি জাতিতে ব্রাহ্মণ ছিলেন। ন্যায়শাস্ত্রে অতি অল্পকালমধ্যে ব্যুৎপত্তি লাভ করিয়া 'তর্কালংকার' উপাধি লাভ করেন এবং পরে নবদ্বীপে চতুষ্পাঠী স্থাপন করিয়া শিক্ষাদান করিতে থাকেন। 'দীধিতি' গ্রন্থের টীকা রচনা করিয়া তিনি যশস্বী হন।

জগদীশ্বর গুপ্ত—(১৮৪৬—১৮৯২ খ্রীঃ)। নদীয়ার বৈষ্ণব লেখক। মেহেরপুরে জন্ম। 'লীলাস্তবক', 'চৈতন্য-লীলামৃত' প্রঃ তাঁহার লিখিত পুস্তক। সটীক চৈতন্য-চরিতামৃত তিনি প্রকাশ করেন।

জগদ্ধর ঠাকুর—(১৩শ শতক)—প্রসিদ্ধ টীকাকার। সম্ভবতঃ মিথিলায় তাঁহার জন্ম হয়। পিতা রত্নধর। তিনি মিথিলারাজের বিচারক ছিলেন। 'তত্ত্বদীপনী' (বাসবদত্তার টীকা), 'রসদীপিকা' (মেঘদূতের টীকা), 'গীত-প্রদীপ' (ভগবদ্গীতার টীকা), 'মার্কণ্ডেয় পুরাণের অন্তর্গত দেবী-মাহাত্ম্যের দুর্গাটীকা' তাঁহার রচিত। 'মালতী-মাধবে'র টীকা তাঁহার সর্বোৎকৃষ্ট রচনা।

জগদ্ধাত্রী—ভগবতী দুর্গার মূর্তি বিঃ। তাঁহার চারিখানি হাত ও তিনটি চক্ষু এবং তিনি সিংহ-বাহিনী।

জগন্নাথ—পুরীক্ষেত্রের পুরুষোত্তম। রাজা ইন্দ্রদ্যুম্নের ইচ্ছানুসারে ব্রাহ্মণবেশী বিশ্বকর্মা শ্রীকৃষ্ণ, বলরাম ও সুভদ্রার মূর্তি গঠন করিতে থাকেন। বিশ্বকর্মা রাজাকে এই প্রতিজ্ঞা করাইয়া লন যে, যতদিন তিনি নির্মাণকার্যে নিযুক্ত থাকিবেন, ততদিন যেন রাজা মূর্তি দর্শন না করেন। পঞ্চদশ দিবস অতীত হইলে রাজা কৌতূহলবশে বিশ্বকর্মার অজ্ঞাতে মূর্তি দেখিয়া ফেলিলেন। ইহাতে বিশ্বকর্মা কাজ ছাড়িয়া দিলেন। তখনও মূর্তির হাত পা নির্মিত হয় নাই। ব্রহ্মার আদেশে মূর্তি ঐরূপই রহিল। তদবধি জগন্নাথদেব হস্তপদহীন। ঐতিহাসিক মতে জগন্নাথ বৌদ্ধবিগ্রহ। মন্দিরস্থিত শ্রীকৃষ্ণ বলরাম ও সুভদ্রাদেবীর মূর্তি বলিয়া কথিত মূর্তিত্রয় যথাক্রমে 'বুদ্ধ', 'ধর্ম' ও 'সংঘে'র প্রতীক। শ্রীক্ষেত্রে জাতিভেদ নাই।

জগন্নাথ—বৈষ্ণব কবি। রসময় কবিতা লিখিতে সিদ্ধহস্ত ছিলেন। 'পদকল্পতরু'তে তাঁহার মাত্র ৯টি পদ আছে।

জগন্নাথ তর্কপঞ্চানন—(১৬৯৫—১৮০৬ খ্রীঃ)। বিখ্যাত নৈয়ায়িক পণ্ডিত। ত্রিবেণী গ্রামে ব্রাহ্মণকুলে জন্ম। পিতা রুদ্রদেব তর্কবাগীশ। তিনি 'ব্রহ্মোত্তর' লাভে ধনী হইয়া উঠেন। তিনি 'অষ্টাদশ বিবাদের বিচারগ্রন্থ' ও 'বিবাদ-ভঙ্গার্ণব'-নামক দুইখানি পুস্তক সংকলন করিয়া গভর্নমেন্ট হইতে বহু টাকা প্রাপ্ত হন। ইহা ছাড়া, তাঁহার দুই-একখানি সংস্কৃত নাটক ও কয়েকখানি সংগ্রহ-পুস্তক আছে। তাঁহার অসাধারণ স্মৃতিশক্তির সম্বন্ধে অনেক গল্প প্রচলিত আছে।

জগন্নাথ পণ্ডিত—(১৬২০—১৬৬০ খ্রীঃ)। অন্ধ পণ্ডিত, আলংকারিক বলিয়া প্রসিদ্ধ। 'ভামিনী-বিলাস' ও 'রসগঙ্গাধর' (অলংকার শাস্ত্র) তাঁহার রচিত গ্রন্থ।

জগন্নাথ মিশ্র—(১৫ শতক)। শ্রীচৈতন্যপ্রভুর পিতা। নিবাস নবদ্বীপ, আদি নিবাস শ্রীহট্ট। পিতা নীলকণ্ঠ ও মাতা শোভা দেবী। পত্নী শচী দেবী।

জগলুল পাশা—(১৮৫৭—১৯২৭ খ্রীঃ)। মিশরের রাজনীতিক। ১৯০৬ খ্রীস্টাব্দে তিনি মিশরের শিক্ষামন্ত্রী নিযুক্ত হন। ইংরেজদের সঙ্গে মতবিরোধ হওয়ায় তাঁহার মন্ত্রিত্ব যায় ও দুইবার কারারুদ্ধ হন। অবশেষে মুক্তিলাভ করিয়া ১৯২৪ খ্রীস্টাব্দে তিনি প্রধান মন্ত্রী হন।

জটায়ু—পক্ষি বিঃ। পিতা অরুণ, মাতা শ্যেনী। তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতার নাম সম্পাতি। দশরথ জটায়ুর বন্ধু ছিলেন। রাবণ যখন সীতাকে হরণ করিয়া লইয়া যাইতেছিল, তিনি তখন বাধা দিতে গিয়া আহত হন (রাম)।

জটাসুর—রাক্ষস বিঃ। পাণ্ডবেরা যখন বদরিকাশ্রমে ছিলেন, তখন এই রাক্ষস ব্রাহ্মণের বেশে পাণ্ডবদের নিকটে যায় এবং যুধিষ্ঠির, নকুল, সহদেব ও দ্রৌপদীকে লইয়া প্রস্থান করে। ভীম পথিমধ্যে তাহাকে এভাবে পাইয়া বধ করেন (ভারত)।

জটিলা—গোপী। গোল-নামক গোপ তাঁহার স্বামী। তাঁহার গর্ভে আয়ান (শ্রীরাধার লৌকিক স্বামী) ও দুর্মদ নামে দুই পুত্র ও কুটিলা নামে এক কন্যা জন্মগ্রহণ করে (বৃন্দাবনলীলা)।

জড়ভরত—পূর্বে তাঁহার নাম ছিল রাজা ভরত একটি পালিত মৃগশাবকের বিষয় চিন্তা করিতে করিতে মৃত্যুমুখে পতিত হন বলিয়া তিনি জন্মান্তরে জাতিস্মর মৃগ হন। পুনরায় পরজন্মেও তিনি ব্রাহ্মণ হইয়া জন্মগ্রহণ করেন। এ জন্মে তিনি জড়ের ন্যায় অবস্থান করিতেন বলিয়া তাঁহার নাম জড়ভরত হয় (বিষ্ণু)।

জন (John)—(১১৬৭—১২১৬ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা। ২য় হেনরীর পুত্র। তিনি অত্যাচারী ও অপরিণামদর্শী রাজা ছিলেন। দেশের লোক ১২১৫ খ্রীস্টাব্দে ম্যাগ্‌না কার্টা (Magna Charta) নামক দলিলে তাঁহাকে সহি করিতে বাধ্য করে।

জনক—১। নিমির পৌত্র, মিথির পুত্র। তিনি বিদেহের 'জনক'-উপাধিধারী রাজবংশের প্রতিষ্ঠাতা। তাঁহার পুত্রের নাম উদাবসু। ২। সাধারণতঃ জনক বলিলে সীতার পালক পিতা সীরধ্বজ জনককে (তাহা দ্রঃ) বুঝাইয়া থাকে। (বিষ্ণু মতে) ও ভাগবত মতে তিনি নিমির পুত্র এবং তাঁহার অপর নাম মিথিল ও বৈদেহ।)

জনমেজয়—অর্জুনের প্রপৌত্র ও পরীক্ষিতের পুত্র। কলিযুগের আরম্ভকালে তিনি রাজত্ব করিতেন। তক্ষক-দংশনে তাঁহার পিতার মৃত্যু হয় বলিয়া তিনি সর্পযজ্ঞের ব্যবস্থা করেন। তিনি বৈশম্পায়ন মুনির নিকটে সমগ্র অষ্টাদশপর্ব মহাভারত শ্রবণ করেন (ভারত)।

জনসন, ডাঃ স্যামুয়েল (Johnson, Dr. Samuel)—(১৭০৯—১৭৮৪ খ্রীঃ)। বিখ্যাত অভিধান-সংকলক ও গ্রন্থকার। বিলাতের লিচ্‌ফিল্‌ড-নামক স্থানে জন্ম। তাঁহার 'Dictionary' ১৭৫৫ খ্রীস্টাব্দে প্রকাশিত হয়। তিনি 'Vanity of Human Wishes', 'Rasselas' (১৭৫৯), 'Lives of the poets' (১৭৮১), 'The Idler' প্রঃ গ্রন্থের রচয়িতা।

জনসন, বেন (Johnson, Benjamin)—(১৫৭২—১৬৩৭ খ্রীঃ)। বিখ্যাত কবি ও নাট্যকার। 'বেন জনসন' নামে তিনি পরিচিত। তিনি সেক্সপিয়ারের বন্ধু ছিলেন। তিনি ১৬১৯ খ্রীস্টাব্দে রাজকবি (Poet Laureate) হন। 'Every Man in his Humour' এবং 'The Alchemist' তাঁহার সর্বশ্রেষ্ঠ নাটক।

জনসন, লিন্ডন (Johnson, Lyndon)—(জন্ম ১৯০৮ খ্রীঃ)। ১৯৬৩ খ্রীস্টাব্দে মার্কিন যুক্তরাষ্ট্রের সভাপতি হন।

জন, সেন্ট, দি ইভানজেলিস্ট (John St., the

Evangelist)—যীশুর বার জন প্রধান ভক্তের অন্যতম। তাঁহার পিতা জেবেদি ও ভ্রাতা জেমস্‌। তাঁহার লিখিত উপদেশাবলী 'The Gospel of St. John' নামে খ্যাত।

জন, সেণ্ট, দি ব্যাপ্‌টিস্ট (John, St. the Baptist)—ধর্মপ্রাণ ইহুদী। জন্ম জুডিয়ায়। তিনি যীশুর পূর্ববর্তী লোক। ২৮ খ্রীষ্টাব্দে রাজা হিরোদ তাঁহার মস্তক ছেদন করেন। শিশু যীশুকে জর্ডন নদীর জল দ্বারা তিনিই শুদ্ধ করিয়াছিলেন।

জন, স্টুয়ার্ট মিল—'মিল, জন স্টুয়ার্ট' দ্রঃ।

জনা—নীলধ্বজ রাজার মহিষী ও বিখ্যাত বীর প্রবীরের জননী। প্রবীর পাণ্ডবদিগের অশ্বমেধ যজ্ঞের অশ্ব ধৃত করিয়া সমরে নিহত হইলে এবং তাঁহার স্বামী অর্জুনের সংগে আপস করিলে তিনি পুত্রশোকে গংগাজলে দেহ বিসর্জন করেন (জৈমিনী ভারত)।

জনার্দন কর্মকার—প্রাচীনকালের বিখ্যাত বাঙ্গালী কর্মকার। তিনি মুর্শিদাবাদের ২১২ মন ওজনের ও ১২ হাত দৈর্ঘ্যের বিখ্যাত 'জাহানকোষা'-নামক কামানের নির্মাতা। তিনি শ্রীহট্ট জেলার অধিবাসী ছিলেন। বাদশাহ্‌ শাহ্‌জাহানের আমলে জাহাংগীর-নগরে (ঢাকায়) ইসলাম খাঁর শাসনকালে তিনি বর্তমান ছিলেন।

জব চার্নক—(?—১৬৯২ খ্রীঃ)। কলিকাতা নগরীর প্রতিষ্ঠাতা। ১৬৫৫—৫৬ খ্রীষ্টাব্দে তিনি ইংলণ্ড হইতে এদেশে আগমন করেন এবং কাশিমবাজারের কুঠীর অধ্যক্ষ হন। তিনি বড়িষার সাবর্ণ চৌধুরীদের নিকট হইতে কালীকোঠা বা কালীঘাট, গোবিন্দপুর ও সুতানটি এই তিনখানি গ্রাম ক্রয় করিয়া কলিকাতা নগরীর পত্তন করেন। তিনি এক হিন্দু বিধবাকে বিবাহ করেন।

জবালা—মহর্ষি সত্যকামের মাতা (ছান্দোগ্য)।

জমদগ্নি—গোত্রপ্রবর্তক মুনি। তিনি পরশুরামের পিতা। রাজকন্যা রেণুকা তাঁহার স্ত্রী। জমদগ্নি প্রত্যেক পুত্রকে মাতার মস্তক ছিন্ন করিতে আদেশ করেন। কেহই সম্মত হন না। কিন্ত পরশুরাম মাতার শিরশ্ছেদন করেন। মুনি বর দিতে চাহিলে পরশুরাম মাতার পুনর্জীবন কামনা করেন। মুনির বরে রেণুকা বাঁচিয়া উঠেন। রাজা কার্তবীর্যার্জুন জমদগ্নিকে বধ করেন (ভারত)।

জয়—বিষ্ণুর একজন পার্শ্বচর। তিনি এবং বিজয় নামে অপর পার্শ্বচর সনকাদি ঋষিগণকে হরি-দর্শনে বাধা প্রদান করেন। ফলে তাঁহাদের শাপে তিনি হিরণ্যাক্ষ, পরে রাবণ ও তৎপরে শিশুপাল হইয়া, এবং বিজয় প্রথমে হিরণ্যকশিপু, পরে কুম্ভকর্ণ ও তৎপরে দন্তবক্র হইয়া সত্য, ত্রেতা এবং দ্বাপর এই তিন যুগে জন্মগ্রহণ করেন (ভাগ)।

জয়গোপাল গোস্বামী—(১২৩৬—১৩২৩ বংগাব্দ)। পণ্ডিত ও লেখক। জন্ম শান্তিপুরে। পিতা রামনাথ। তাঁহার গ্রন্থাদি—'গণিত বিজ্ঞান', 'সীতাহরণ', 'শৈবলিনী' ও 'রত্নযুগল' (উপন্যাস), (কাহারও কাহারও মতে) 'গোবিন্দদাসের কড়চা' ইঃ।

জয়গোপাল তর্কালংকার—(১৭৭৫—১৮৪৪ খ্রীঃ)। বিখ্যাত সংস্কৃতজ্ঞ পণ্ডিত। যশোহর জেলার বজরা-পুর গ্রামে জন্ম। পিতা কেবলরাম তর্কপঞ্চানন। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, তারাশংকর, মদনমোহন প্রঃ মনীষিগণ তাঁহার ছাত্র ছিলেন। কেরি ও মার্শম্যান সাহেব তাঁহারই সাহায্যে কৃত্তিবাসের রামায়ণ ও কাশীরামের মহাভারত বাংলা ভাষায় প্রকাশিত করেন। তিনি বিল্বমংগলের রচিত সংস্কৃত কবিতা-গুলির বংগানুবাদ এবং পারসী অভিধান সংকলন করেন।

জয়চন্দ্র—প্রকৃত নাম 'জয়চ্চন্দ্র' বা 'জয়চাঁদ'। তিনি কনৌজের অধিপতি। জয়চন্দ্র দিল্লী ও আজমীরের রাজা পৃথ্বীরাজের বিরুদ্ধে বিষম বিদ্বেষ পোষণ করিতে থাকেন। শিহাবুদ্দীন ঘোরী পৃথ্বীরাজের রাজ্য আক্রমণ করিলে জয়চন্দ্র পৃথ্বীরাজকে কোন সাহায্য করেন নাই। তিনি মহম্মদ ঘোরী কর্তৃক এটোয়া-নামক জেলায় পরাজিত ও নিহত হন (১১৯৪ খ্রীঃ)।

জয়ৎসেন—পাণ্ডুর চতুর্থ পুত্র নকুল বিরাট রাজার আলয়ে ছদ্মবেশে অবস্থান কালে এই নাম গ্রহণ করেন (ভারত)।

জয়দেব—(১২শ শতক)। 'গীতগোবিন্দ'-নামক সুমধুর সংস্কৃত গীতি-কাব্যের রচয়িতা। বীরভূম জেলার অন্তর্গত কেন্দুবিল্ব গ্রামে তাঁহার জন্ম। পিতার নাম ভোজদেব। তিনি কিছুকাল লক্ষ্মণ-সেনের সভায় রাজকবি ছিলেন, পরে উৎকল-রাজের সভাপণ্ডিত হন। তাঁহার পত্নীর নাম পদ্মাবতী। তাঁহার গীতগোবিন্দের 'দেহি পদপল্লবমুদারম্‌'—ছত্রটি স্বয়ং শ্রীকৃষ্ণের রচনা বলিয়া কিংবদন্তী আছে।

জয়দ্বল—পঞ্চম পাণ্ডব সহদেব বিরাটভবনে অবস্থান-কালে এই নাম ধারণ করেন (ভারত)।

জয়দ্রথ—সিন্ধুদেশের অধিপতি। দুর্যোধনের ভগিনী দুঃশলার সহিত তাঁহার বিবাহ হয়। কুরুক্ষেত্র যুদ্ধে অন্যায় সমরে যখন অভিমন্যু নিহত হন, তখন তিনি কৌরবগণের ব্যূহদ্বারে থাকিয়া পাণ্ডবপক্ষীয় বীরগণকে ব্যূহপ্রবেশে বাধা দেন। এই জন্য অর্জুন জয়দ্রথের মস্তক ছিন্ন করেন (ভারত)।

জয়নারায়ণ ঘোষাল—(১৭৫১—১৮৩৫ খ্রীঃ)। ভূ-কৈলাসের রাজা। হেস্টিংসের সাহায্যে তিনি 'মহারাজ বাহাদুর' উপাধি পান। সৎকর্মে দানের জন্য তাঁহার নাম বিখ্যাত। 'কাশী পরিক্রমা' 'শংকরী গীতা', কাশীখণ্ডের বাংলা অনুবাদ প্রঃ বহু গ্রন্থ তিনি রচনা করেন।

জয়নারায়ণ তর্কপঞ্চানন—(১৮০৬—১৮৭২ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ নৈয়ায়িক ও অলংকারশাস্ত্রবিৎ পণ্ডিত। ২৪ পরগনা জেলার মুচাদিপুর গ্রামে তাঁহার জন্ম হয়। পিতার নাম হরিশ্চন্দ্র বিদ্যাসাগর। তাঁহারা বৈদিক ব্রাহ্মণ ছিলেন। সংস্কৃত ভাষায় রচিত ১১

খানি দর্শনশাস্ত্রের গ্রন্থ এবং 'সর্বদর্শনসংগ্রহ'-নামক গ্রন্থের বাংলা অনুবাদ তাঁহার প্রণীত পুস্তকগুলির মধ্যে বিশেষ প্রসিদ্ধ।

জয়ন্ত—স্বর্গের অধিপতি ইন্দ্রের পুত্র। মাতা শচী (রাম)।

জয়পাল—পঞ্জাব প্রদেশের নৃপতি। সিন্ধুর অপর তীরস্থ পেশোয়ার পর্যন্ত ভূভাগ তিনি অধিকার করিয়াছিলেন। ১০০১ খ্রীষ্টাব্দে সবুক্তিগিনের পুত্র সুলতান মামুদ ভারত আক্রমণ করিলে জয়পাল তাঁহার হস্তে বন্দী হন। মামুদ মুক্তিপণ লইয়া জয়পালকে ছাড়িয়া দেন। তিনি তখন পুত্র আনন্দপালকে রাজ্যভার দিয়া নিজে আত্মহত্যা করেন।

জয়প্রকাশ নারায়ণ—বিশিষ্ট সমাজতন্ত্রী নেতা। বিহারের সারণ জেলায় তাঁহার জন্ম। তিনি ভূদান-আন্দোলনের সহিত যুক্ত হন। ১৯৬৫ খ্রীষ্টাব্দে তিনি 'রমন ম্যাগসাইসাই' পুরস্কার লাভ করেন।

জয়মল্ল—চিতোরের রানা উদয়সিংহের সেনাপতি। ১৫৬৭ খ্রীষ্টাব্দে আকবর চিতোর আক্রমণ করিলে রানা উদয়সিংহ উদয়পুরে পলায়ন করেন। জয়মল্ল যুদ্ধ করিয়া প্রাণ বিসর্জন দেন।

জয়সিংহ—১। 'রাজা' উপাধিধারী সেনাপতি। অম্বররাজ মানসিংহের ভ্রাতুষ্পুত্র। তিনি মোগল সম্রাট্ আওরংগজেবের সেনাপতি ছিলেন। তিনিই শিবাজীকে আওরংগজেবের সংগে সাক্ষাৎ করিতে আগ্রায় আনেন। পুত্র কিরাতসিংহ তাঁহাকে বিষ-প্রয়োগে হত্যা করেন (১৬৬৭ খ্রীঃ)। ২। (১৬৯৯—১৭৪৩ খ্রীঃ)। অম্বরের প্রসিদ্ধ ভূপতি। তিনি গণিত ও জ্যোতিষ বিদ্যার অনুশীলনের জন্য উজ্জয়িনী, বারাণসী, মথুরা ও দিল্লী প্রঃ স্থানে কয়েকটি মানমন্দির প্রতিষ্ঠা করিয়াছিলেন। তিনি বর্তমান জয়পুর নগর নির্মাণ করেন।

জয়াকর মুকুন্দ রাময়াও—তিলকের রাজনৈতিক শিষ্য ও বিশিষ্ট রাজনীতিবিদ। তিনি রাজনৈতিক সমাধানের জন্য কংগ্রেস ও গভর্নমেণ্টের মধ্যে সাপ্রুর সহিত একযোগে কথাবার্তা চালান। ১৯৪৮ খ্রীষ্টাব্দে তিনি পুনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিযুক্ত হন।

জরৎকারু—প্রসিদ্ধ মুনি। তিনি প্রথম জীবনে বিবাহ করেন নাই। পরে নিজের নামীয় কোন কন্যাকে বিবাহ করিতে মনস্থ করিলে তিনি নাগরাজ বাসুকির ভগিনী মনসাদেবীকে (জরৎকারুকে) বিবাহ করেন। এই জরৎকারুর পুত্র বিখ্যাত আস্তিক মুনি।

জরা—১। রাক্ষসী বিঃ। তিনি জরাসন্ধের অর্ধ কলেবরদ্বয় যোজনা করিয়া তাঁহাকে জীবিত করেন (ভারত)। ২। ব্যাধ বিঃ। শ্রীকৃষ্ণ যখন যদুবংশের ধ্বংসের পর বৃক্ষমূলে তপস্যা করিতেছিলেন, সেই সময়ে এই ব্যাধ মৃগভ্রমে তাঁহাকে বধ করে। এই ব্যাধ দ্বাপরে অংগদ ছিল (ভাগ)।

জরাসন্ধ—বৃহদ্রথ রাজার পুত্র মগধের রাজা। পিতার মৃত্যুর পর তিনি মগধের রাজা হন। তিনি কর্ণের নিকট পরাস্ত হন। জরাসন্ধ কংসের শ্বশুর। কংস নিহত হইলে বহুবার তিনি মথুরা আক্রমণ করিয়া শ্রীকৃষ্ণের সহিত যুদ্ধ করেন। ভীম দ্বন্দ্বযুদ্ধে জরাসন্ধকে দুইভাগে বিভক্ত করিলে তাঁহার মৃত্যু হয় (ভারত)।

জর্জ ৩য় (George III)—(১৭৩৮—১৮২০ খ্রীঃ)। গ্রেট ব্রিটেনের রাজা। রাজত্বকাল ১৭৬০—১৮২০ খ্রীঃ। তাঁহার সময়ে উত্তর আমেরিকার যুক্তরাষ্ট্র স্বাধীন হয়, ফ্রান্সের সহিত ব্রিটেনের যুদ্ধ বাধে (১৭৯৩—১৮১৫ খ্রীঃ), নেপোলিয়ন পরাস্ত হন এবং ভারতে ব্রিটিশ রাজত্ব সুদৃঢ় হয়।

জর্জ ৫ম (George V)—(১৮৬৫—১৯৩৬ খ্রীঃ)। ব্রিটিশ সাম্রাজ্যের সম্রাট্ সপ্তম এডওয়ার্ডের দ্বিতীয় পুত্র। মাতা আলেক্জান্ড্রা। ১৯১১ খ্রীষ্টাব্দে তাঁহার রাজ্যাভিষেক হয়। সেই বৎসর তিনি সম্রাজ্ঞী মেরী সহ ভারতে আগমন করেন। এই সময়ে 'দিল্লীর দরবার' উল্লেখযোগ্য ঘটনা।

জর্জ ৬ষ্ঠ (George VI)—(১৮৯৫—১৯৫২ খ্রীঃ) ইংলণ্ডের রাজা। পঞ্চম জর্জের দ্বিতীয় পুত্র। জ্যেষ্ঠ ভ্রাতা Duke of Windsor (অষ্টম এড্-ওয়ার্ড) সিংহাসন ত্যাগ করিলে তিনি ১৯৩৭ খ্রীষ্টাব্দে রাজা হন।

জলধর সেন—(১৩ই মার্চ, ১৮৬০—১৫ই মার্চ ১৯৩৯ খ্রীঃ)। নদীয়া জেলার কুমারখালি গ্রামে তাঁহার জন্ম হয়। পিতা হলধর সেন। তিনি 'ভারতবর্ষ' পত্রিকার সম্পাদক হন। তাঁহার কয়েকটি গ্রন্থ—'প্রবাসচিত্র', 'হিমালয়', 'পথিক', 'বিশুদাদা', 'অভাগী', 'কাঙ্গাল হরিনাথ', 'পাগল', 'দক্ষিণাপথ', 'কিশোর' ইঃ।

জলন্ধর—ব্রহ্মার বরে তিনি অসুরের রাজা এবং শিব ভিন্ন অন্য সকলের অবধ্য হন। কালনেমির কন্যা বৃন্দার সহিত তাঁহার বিবাহ হয়। তিনি শিবের হাতে নিহত হন (পদ্ম-লিংগ-বিষ্ণু)।

জলি, জুলিয়াস ই. (Jolly, Julius E.)—বিখ্যাত জার্মান পণ্ডিত। ১৮৪৯ খ্রীষ্টাব্দে হাইডেলবার্গ নামক নগরে তাঁহার জন্ম হয়। ভাষাতত্ত্ব, প্রাচ্যভাষা ও ব্যবহারশাস্ত্রে তিনি সুপণ্ডিত। তিনি হিন্দু স্মৃতিশাস্ত্র-বিশারদ। 'মানবধর্ম-শাস্ত্র', 'নারদ-সংহিতা', 'বিষ্ণু-সংহিতা' প্রঃ পুস্তকের তিনি অনুবাদ করিয়াছেন।

জসীমউদ্দিন—শক্তিশালী মুসলমান কবি। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন। রচনা—নক্সী-কাঁথার মাঠ রাখালী ইঃ।

জহ্নু—মুনি বিঃ। ভগীরথ যখন গংগা আনিতেছিলেন তখন গংগা এই মুনির তপোবন জলে প্লাবিত করেন। জহ্নু সমুদয় জল ক্রোধে পান করিয়া ফেলিলেন। পরে দেবতাদের অনুরোধে তিনি গংগাকে কর্ণ দিয়া বাহির করিয়া ফেলেন। এই জন্য গংগার জাহ্নবী অর্থাৎ জহ্নুকন্যা এই নাম হয় (রাম)।

জাজলি—ঋষি বিঃ। বায়ুমাত্র খাইয়া, ও কাষ্ঠ ও

স্তম্ভের ন্যায় দাঁড়াইয়া থাকিয়া তিনি তপস্যা করিতেন (ভারত)।

জাতূকর্ণ—ঋষি বিঃ। তিনি আয়ুর্বেদ-সংহিতা রচনা করেন। তিনি আত্রেয় পুনর্বসুর শিষ্য।

জাতূকর্ণী—কবি ভবভূতির জননী।

জাকির হোসেন, ডক্টর—(১৮৯৯—১৯৬৯ খ্রীঃ)। ভারতের ভূতপূর্ব রাষ্ট্রপতি (১৯৬৭ খ্রীঃ)। ১৯৬৩ খ্রীষ্টাব্দে তিনি 'ভারত রত্ন' উপাধিতে ভূষিত হন।

জানকী—সীতার অপর নাম। জনক সীরধ্বজের কন্যা ['সীতা' দ্রঃ]।

জানকীনাথ বসু—(১৮৬০—১৯৩৫ খ্রীঃ)। বিশিষ্ট উকিল ও নেতাজী সুভাষচন্দ্রের পিতা। জন্মস্থান চব্বিশ পরগনার হরিনাভি গ্রাম।

জানকীরাম, রাজা—আলিবর্দী খাঁ নাজিম হইলে তিনি প্রথমে দেওয়ান-ই-তন্ পরে প্রধান যুদ্ধ-সচিব হন। প্রকৃতপক্ষে তিনি আলিবর্দীর প্রধান মন্ত্রী ছিলেন। ১৭৫২ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়। তাঁহার জ্যেষ্ঠ পুত্রের নাম দুর্লভ।

জানপদী—অপ্সরা বিঃ। জানপদীর গর্ভে গৌতম শরদ্বানের কৃপ ও কৃপী নামে এক পুত্র ও এক কন্যা জন্ম হয় (ভারত)।

জাবালি—১। রাজা দশরথের অন্যতম ব্রাহ্মণ মন্ত্রী। রামের বনবাসকালে ভরত যখন রামকে পুনরায় রাজ্যগ্রহণ করিতে বলেন, সেই সময় জাবালিও রামকে অনুরোধ করিবার জন্য যান (রাম)। ২। সত্যকামের অপর নাম ['জেবালা' দ্রঃ]।

জামদগ্ন্য—পরশুরামের অপর নাম।

জামসেদজী টাটা—'টাটা' দ্রঃ।

জামসেদজী টাটা, জীজী ভাই—(১৭৮৩—১৮৫৯ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ বণিক্। বরোদাব নওসরি গ্রামে জন্ম। তিনি ২৮ বৎসর ব্যবসায় করিয়া দুই কোটির উপব টাকা সঞ্চয় করেন। তিনি জনসাধারণের হিতার্থে পনের লক্ষাধিক টাকা দান করিয়া গিয়াছেন।

জাম্ববতী—ভল্লুকরাজ জাম্ববানের কন্যা এবং শ্রীকৃষ্ণের পত্নী। শ্রীকৃষ্ণের ঔরসে তাঁহার গর্ভে শাম্ব প্রঃ দশটি পুত্রের জন্ম হয়। শ্রীকৃষ্ণ দেহত্যাগ করিলে তিনি জ্বলন্ত চিতায় জীবন বিসর্জন দেন (হরি)।

জাম্ববান্—১। ভল্লুকদিগের রাজা এবং সুগ্রীবের মন্ত্রী। লঙ্কাসমরে তিনি রামচন্দ্রের পক্ষে থাকিয়া যুদ্ধ করিয়াছিলেন (রাম)। ২। ভল্লুকদিগের শক্তিশালী রাজা ও শ্রীকৃষ্ণের শ্বশুর (হরি)।

জারক্সেস—(Xerxes)—(খ্রীঃ পূঃ ৫১৯—৪৬৫ ?)। পারস্যের দিগ্বিজয়ী রাজা ও সুপ্রসিদ্ধ সেনাপতি। পিতা দরায়ুস। খ্রীঃ পূঃ ৪৮১ অব্দে তিনি গ্রীসের বিরুদ্ধে অভিযান করেন। থার্মাপিলি-নামক গিরিসংকটে তিনি গ্রীকদিগকে পরাজিত করেন। কিন্তু স্যালামিস-নামক স্থানের নৌ-যুদ্ধে তিনি পরাজিত হন। তিনি খ্রীঃ পূঃ ৪৮৫ হইতে ৪৬৫ অব্দ পর্যন্ত রাজত্ব করেন।

জালালউদ্দীন খিলজী—(রাজত্বকাল ১২৯০—১২৯৬ খ্রীঃ)। দিল্লীর খিলজী রাজবংশের প্রতিষ্ঠাতা। তাঁহার ভ্রাতুষ্পুত্র আলাউদ্দীন খিলজী তাঁহাকে হত্যা করিয়া রাজা হন বলিয়া কিংবদন্তী আছে।

জাহাঙ্গীর—(১৫৬৮—১৬২৭ খ্রীঃ)। দিল্লীর সম্রাট্। বিখ্যাত মোগল-সম্রাট্ আকবরের জ্যেষ্ঠ পুত্র। রাজত্বকাল ১৬০৫—১৬২৭ খ্রীঃ। পূর্ব নাম সেলিম। তিনি নূরজাহান নামে এক পারস্যদেশীয়া রমণীর স্বামীকে হত্যা করাইয়া তাঁহাকে বিবাহ করেন। সার টমাস রো, হকিন্স ও এড্ওয়ার্ডস্-নামক ইংরেজদের আগমন তাঁহার রাজত্বকালের উল্লেখযোগ্য ঘটনা।

জাহান-আরা, বেগম (১৬১৪—১৬৮০ খ্রীঃ)। দিল্লীর সম্রাট্ শাহ্জাহানের কন্যা। মাতা মমতাজমহল। তিনি বন্দী পিতার সহিত আগ্রায় অবস্থান করেন। তিনি চিরকুমারী ছিলেন। কথিত আছে, তিনি একবার অগ্নিদগ্ধ হন। সে সময় এক ইংরেজ ডাক্তার তাঁহাকে আরোগ্য করেন। সেই ডাক্তারের অনুরোধে সম্রাট্ শাহ্জাহান ইস্ট ইণ্ডিয়া কোম্পানিকে সাম্রাজ্যের সর্বত্র বিনা শুল্কে বাণিজ্য করিতে দেন।

জাহ্নবী—গঙ্গার অপর নাম ['জহ্নু' দ্রঃ]।

জিউস (Zeus)—জুপিটারের গ্রীক নাম (গ্রীক পুঃ)।

জিতেন্দ্রলাল বন্দ্যোপাধ্যায়—(১৮৮২—১৯৪০ খ্রীঃ)। প্রসিদ্ধ অধ্যাপক, বাগ্মী ও দেশসেবক। পিতা অনন্তনারায়ণ বন্দ্যোপাধ্যায়। তিনি বিদ্যাসাগর কলেজের অধ্যাপক ছিলেন।

জিন—(খ্রীঃ পূঃ ৬ষ্ঠ শতক)। জৈনধর্মের প্রবর্তক। প্রকৃত নাম বর্ধমান মহাবীর। ইনি চতুর্বিংশতি তীর্থংকরের একজন। তিনি বৈশালীর রাজার অমাত্যের পুত্র ছিলেন। বর্তমান পাটনা জেলার পাবা-নামক স্থানে তিনি ৫২৭ (কাহারও মতে ৪৬৭) অব্দে প্রাণত্যাগ করেন।

জিনোভিভ, গ্রিগরী ই. এ. (Zinoviev, Grigory E. A.)—(১৮৮৩—১৯৩৬ খ্রীঃ)। বলশেভিক শাসনতন্ত্র প্রবর্তনকালের বিখ্যাত রুশীয় রাজনীতিক। সোভিয়েটের বিরুদ্ধে ষড়যন্ত্র করার অপরাধে তাঁহাকে প্রাণদণ্ড দেওয়া হয়।

জিন্না, মহম্মদ আলী—(১৮৭৬—১৯৪৮ খ্রীঃ)। প্রসিদ্ধ মুসলমান ব্যারিস্টার ও রাজনীতিবিদ্। করাচীতে তাঁহার জন্ম হয়। তিনি কংগ্রেসে যোগদান করেন এবং লর্ড চেম্স্ফোর্ড কর্তৃক 'Rowlatt Act' বিধিবদ্ধ হইলে তাহার প্রতিবাদকল্পে ব্যবস্থা-পরিষদের সভ্যের পদ ত্যাগ করেন। হিন্দু-মুসলমান চুক্তি সম্পর্কে তাঁহার উদ্ভাবিত চৌদ্দ দফা নামে শর্তাবলী ইতিহাস-প্রসিদ্ধ। ১৯৩৪ খ্রীষ্টাব্দে তিনি 'Moslem League'-এর সভাপতি হন। তাঁহার প্রচেষ্টাতেই পাকিস্তান গঠিত হয়। ১৯৪৭ খ্রীষ্টাব্দে তিনিই পাকিস্তানের প্রথম গভর্নর-জেনারেল হন।

জীন্স্, জেম্স্ (Jeans, Sir James)—(১৮৭৭—১৯৪৬ খ্রীঃ)। প্রসিদ্ধ ইংরেজ গণিতজ্ঞ ও

জ্যোতির্বিদ্‌। তিনি 'The Universe Around Us', 'The Mysterious Universe' প্রঃ প্রসিদ্ধ পুস্তকের রচয়িতা।

জীব গোস্বামী—(?—১৬১৮ খ্রীঃ)। প্রসিদ্ধ বৈষ্ণব কবি। তিনি শ্রীচৈতন্যদেবের ষড়্‌গোস্বামীর একজন। বাংলা চন্দ্রদ্বীপে জন্ম। তিনি রূপ ও সনাতনের কনিষ্ঠ ভ্রাতা বল্লভ গোস্বামীর পুত্র। তাঁহার প্রকৃত নাম অনুপম। তাঁহার বহু গ্রন্থের মধ্যে 'ষট্‌সন্দর্ভ', 'ক্রমসন্দর্ভ', 'মাধবমহোৎসব' প্রঃ বিশেষ উল্লেখযোগ্য। গৌড়ীয় বৈষ্ণব মত তাঁহার দ্বারাই দার্শনিক তত্ত্বের আসনে স্থান পাইয়াছে।

জীমূতবাহন—(১২শ শতক)। প্রসিদ্ধ স্মার্ত পণ্ডিত। মনুসংহিতার ভাষ্যকার হিসাবে তাঁহার নাম প্রসিদ্ধ। জন্মস্থান—বর্ধমান জেলার পারিগ্রাম। তাঁহার 'ধর্মগ্রন্থ' নামে একখানি পুস্তক আছে।

জুডাস্ ইস্‌কারিয়ট (Judus Iscariot)—যীশু-খ্রীষ্টের অন্যতম শিষ্য। বিশ্বাসঘাতকতা করিয়া যীশুকে ধরাইয়া দিবার জন্য তাঁহার নাম কুখ্যাত। পরে তিনি আত্মহত্যা করেন।

জুনো (Juno)—স্বর্গের রানী, জুপিটারের পত্নী। তিনি অত্যন্ত ঈর্ষাপরায়ণা ছিলেন। মার্স, হিবি, লুসিনিয়া, ভল্কান প্রঃ তাঁহার পুত্র। ট্রোজান-যুদ্ধে তিনি গ্রীকদের সাহায্য করেন।

জুপিটার (Jupiter)—স্বর্গের রাজা। পত্নী জুনো। মানুষ ও দেবতাগণের তিনি পিতা। তিনি প্রাচীন রোমের দেবতা ছিলেন। গ্রীক 'জিউস' (Zeus)-এর সহিত তাঁহার সাদৃশ্য আছে।

জুল, জেমস্ প্রেসকট (Joule, James Prescott)—(১৮১৮—১৮৮৯ খ্রীঃ)। ইংরেজ পদার্থতত্ত্ববিদ্‌। বৈদ্যুতিক শক্তি মাপিবার সূত্র (Joule's Law) আবিষ্কারের জন্য তাঁহার নাম বিখ্যাত।

জুলফিকার খাঁ—বাহাদুর শাহের প্রতিপত্তিশালী অমাত্য। সম্রাট্ বাহাদুর শাহের মৃত্যুর পর তিনি তাঁহার অন্যতম পুত্র জাহান্দার শাহকে সিংহাসনে বসাইতে চেষ্টা করেন।

জুলিয়ান (Julian)—(৩৩১—৩৬৩ খ্রীঃ)। রোমক সম্রাট্। তিনি পারস্যের বিরুদ্ধে অভিযানকালে এক শত্রুর আঘাতে নিহত হন।

জুলিয়াস সীজার—'সীজার' দ্রঃ।

জেনার, এড্‌ওয়ার্ড (Jenner, Edward)—(১৭৪৯—১৮২৩ খ্রীঃ)। ইংরেজ ডাক্তার। বসন্তের টিকার প্রবর্তক।

জেনো (Zeno)—(খ্রীঃ পূঃ ৪ শতক)। গ্রীক দার্শনিক। স্টোইক (Stoic)-দর্শনের প্রবর্তক।

জেনোক্রাটিজ (Xenocrates)—(খ্রীঃ পূঃ ৩৯৬—৩১৭)। প্রসিদ্ধ গ্রীক দার্শনিক। তিনি প্লেটোর (Plato) শিষ্য ছিলেন।

জেনোফোন (Xenophon)—(? খ্রীঃ পূঃ ৪৩০—৩৫৫)। প্রসিদ্ধ গ্রীক সেনাপতি। তিনি সক্রেটিসের শিষ্য ছিলেন। স্পার্টা ও পারস্যের যুদ্ধের সময়ে তিনি নিজ দেশের বিরুদ্ধে বিদ্রোহী হন বলিয়া নির্বাসিত হন। 'Anabasis' 'Hellenica', 'Cycropædia' তাঁহার লিখিত পুস্তক।

জেপেলিন (Zeppelin, Count Ferdinand von)—(১৮৩৮—১৯১৭ খ্রীঃ)। 'জেপেলিন'-নামক বিখ্যাত উড়োজাহাজের উদ্ভাবক।

জেফারসন, টমাস (Jefferson, Thomas)—(১৭৪৩—১৮২৬ খ্রীঃ)। আমেরিকার যুক্তরাষ্ট্রের সভাপতি। একবার ১৮০১ খ্রীষ্টাব্দে ও আর একবার ১৮০৫ খ্রীষ্টাব্দে—এই দুইবার তিনি সভাপতি হন।

জেব্‌উন্নিসা—(১৬৩৯—১৭০৯ খ্রীঃ)। সম্রাট্ ঔরংগজেবের দুহিতা। তিনি পারসীক ও আরবীয় ভাষায় বিদুষী ছিলেন এবং তাঁহার অসাধারণ কবিত্বশক্তি ছিল।

জেভিয়ার, সেণ্ট (Xavier, St.)—(১৫০৬—১৫৫২ খ্রীঃ)। প্রসিদ্ধ ধর্মযাজক। তিনি 'Ignatius de Loyola'র অনুচর ছিলেন। প্রাচ্যে তিনি ধর্মপ্রচারকার্যে নিযুক্ত থাকিতেন। ১৬৬২ খ্রীষ্টাব্দ হইতে তিনি 'অবতার' বলিয়া পূজিত হন। চীনে তাঁহার মৃত্যু হয়।

জেমস্, ১ম (James I)—(১৫৬৬—১৬২৫ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা। তিনি প্রথমে স্কট্‌ল্যাণ্ডের রাজা ছিলেন। এলিজাবেথের মৃত্যুর পর ১৬০৩ খ্রীষ্টাব্দে তিনি ইংলণ্ডের রাজা হন।

জেমস্, ২য় (James II)—(১৬৩৩—১৭০১ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা। তিনি ১৬৮৫—১৬৮৮ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করিয়াছিলেন। তাঁহার সময়েই ১৬৮৮ খ্রীষ্টাব্দে 'Glorious Revolution' হয় এবং ইহার ফলে রাজাও পার্লামেণ্ট মহাসভার অধীন এই নীতি স্বীকৃত হয়।

জেরোম, জেরোম ক্লাপ্‌কা (Jerome, Jerome Klapka)—(১৮৫৯—১৯২৭ খ্রীঃ)। ইংরেজ লেখক ও সংবাদপত্রসেবী। 'Three Men in a Boat'-নামক হাস্য-রসপ্রধান পুস্তকখানি লিখিয়া তিনি বিশেষ প্রসিদ্ধিলাভ করেন।

জেলালউদ্দীন রুমি—পারসী কবি। জন্মস্থান—খোরাসানের বল্‌খ নগরী। তিনি সুফী কবি ছিলেন। তিনি 'দরবেশ' নামে ফকির সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা।

জেসন (Jason)—বিখ্যাত বীর। পিতা ঈসন (Aeson)। মিডিয়াকে তিনি বিবাহ করেন কিন্তু পরে ত্যাগ করিয়া চলিয়া যান (গ্রীক পুঃ)।

জৈগীষব্য—ঋষি বিঃ। তিনি আদিত্য-তীর্থে অসিত-দেবল ঋষির আশ্রমে গিয়া তপস্যা করিয়া সিদ্ধিলাভ করেন। তিনি অসিতদেবলকে মোক্ষধর্ম সম্বন্ধে উপদেশ প্রদান করেন (ভারত)।

জৈত্রপাল—দেবগিরির রাজা। তিনি শ্রীকৃষ্ণরাজের পিতা। হেমাদ্রি-প্রণীত 'চতুর্বর্গ চিন্তামণি'-তে তাঁহার বিবরণ পাওয়া যায়।

জৈমিনি—মুনি বিঃ। তিনি পূর্বমীমাংসাদর্শন প্রণয়ন করেন। তিনি বেদব্যাসের শিষ্য ছিলেন। তাঁহার প্রণীত জৈমিনির দর্শন বা পূর্ব-মীমাংসা ও জৈমিনি-ভারত বিশেষ প্রসিদ্ধ (ভারত, বিষ্ণু)।

জোন্স (Jones, Sir William)—(১৭৪৬—১৭৯৪ খ্রীঃ)। সংস্কৃতজ্ঞ ইংরেজ পণ্ডিত। তিনি ১৭৮৩ খ্রীষ্টাব্দে কলিকাতার সুপ্রিম কোর্টের জজ নিযুক্ত হন। পর বৎসর তিনি এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠা করেন এবং চিরজীবন উহার সভাপতি ছিলেন। তিনি 'গীতগোবিন্দ', 'শকুন্তলা', 'হিতোপদেশ' প্রঃ সংস্কৃত পুস্তকের ইংরেজী অনুবাদ প্রকাশ করেন।

জোয়ান অব আর্ক (Joan of Arc)—(১৪১২—১৪৩১ খ্রীঃ)। প্রকৃত নাম জীন ডার্ক। প্রসিদ্ধ ফরাসী বীরবালিকা। তিনি এক দরিদ্র কৃষকের কন্যা ছিলেন। তাঁহার শৌর্যে ও উদ্দীপনায় ফরাসীরা ইংরেজদিগকে অর্‌লিয়েন্স হইতে দূর করিয়া দেয় এবং চার্লস্ রাজা হন (১৪২৯ খ্রীঃ)। পরে রাজনৈতিক দল বার্গেণ্ডিরা তাঁহাকে আহত অবস্থায় ধৃত করিয়া ইংরেজদের নিকট বিক্রয় করে। ইংরেজেরা তাঁহাকে নৃশংসভাবে পুড়াইয়া মারে (১৪৩১ খ্রীঃ)।

জোরোয়াস্তার, জরথুস্ত্র (Zoroaster)—পারসীকদিগের ধর্মপ্রবর্তক। খ্রীঃ পূঃ ১০০০ হইতে ৮০০ অব্দের মধ্যে তিনি আবির্ভূত হন। তিনি প্রথমে 'আবেস্তা'-নামক গ্রন্থ রচনা করেন। তাহা কেহ বুঝিতে না পারায় পুনরায় 'জেন্দ' নামে আর একখানি পুস্তক রচনা করেন।

জোলা, এমিল (Zola, Emile)—(১৮৪০—১৯০২ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী ঔপন্যাসিক। তাঁহার লিখিত 'নানা', 'ভিক্ষুক' প্রঃ উপন্যাসগুলি অতি জনপ্রিয়।

জো লুই, বি (Joe Louis, B.)—(জন্ম ১৯১৪ খ্রীঃ)। আমেরিকার বিখ্যাত নিগ্রো মুষ্টিযোদ্ধা। ১৯৩৭—১৯৪৮ সাল পর্যন্ত তিনি পঁচিশবার মুষ্টিযুদ্ধের প্রতিযোগিতায় জয়লাভ করেন।

জোসেফ (Joseph)—যীশুখ্রীষ্টের পালক পিতা। তিনি বেথলেহেমে বাস করিতেন। তিনি ছুতার ছিলেন।

জোসেফাইন, সম্রাজ্ঞী (Josephine, Empress)—(১৭৬৩—১৮১৪ খ্রীঃ)। নেপোলিয়ন বোনাপার্টের প্রথমা স্ত্রী। নেপোলিয়ন তাঁহাকে ১৮০৯ খ্রীষ্টাব্দে ত্যাগ করেন। তিনি নেপোলিয়নকে বিবাহের পূর্বে আর একবার বিবাহ করেন এবং সে বিবাহের ফলে তাঁহার দুইটি সন্তান হইয়াছিল।

জ্ঞানচন্দ্র ঘোষ—(১৮৯৪—১৯৫৮ খ্রীঃ)। বিখ্যাত বিজ্ঞানী। রাসায়নিক হিসাবে তিনি বিশেষ নাম করেন। ১৯২১—১৯৩৯ সাল পর্যন্ত তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের ভারপ্রাপ্ত অধ্যাপক ছিলেন। তিনি বাঙ্গালোরে বিজ্ঞান প্রতিষ্ঠানের ডিরেক্টর হন।

জ্ঞানদাস—(১৫৩০—?)। প্রসিদ্ধ বৈষ্ণব পদ-কর্তা। বর্ধমান জেলার কাঁদড়া-নামক গ্রামে এক মঙ্গল-ব্রাহ্মণ পরিবারে তাঁহার জন্ম হয়। তিনি 'মাথুর' ও 'মুরলীশিক্ষা'-নামক দুইখানি সুমধুর গীতিকাব্যের রচয়িতা।

জ্ঞানেন্দ্রমোহন দাস—(? ১৮৭২—১৯৩৯ খ্রীঃ)। সাহিত্যসেবক ও বিখ্যাত অভিধানকার। কলিকাতার শিকদারবাগানে জন্ম। 'বাংলা ভাষার অভিধান', 'বঙ্গের বাহিরে বাঙালী', 'প্রাণীদের অন্তরের কথা' ইঃ তাঁহার রচিত গ্রন্থ।

জ্বর—দৈত্যরাজ বাণের সেনাপতি। তাঁহার তিনটি মস্তক, নয়টি চক্ষু, ছয়খানি হস্ত ও তিনখানি পদ।

জ্বালা—তক্ষকের কন্যা। ঋক্ষ জ্বালাকে বিবাহ করেন (ভারত)।

জ্যান্থিপী (Xanthippe)—গ্রীক দার্শনিক সক্রেটিসের স্ত্রী। তিনি অত্যন্ত কোপনস্বভাবা নারী ছিলেন।

জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর—(৪ঠা মে, ১৮৪৯—৪ঠা মার্চ, ১৯২৫ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ সাহিত্যিক ও কবি। পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর। তিনি রবীন্দ্রনাথের অন্যতম ভ্রাতা। সংগীত-বিজ্ঞানে তিনি বিশেষ পারদর্শী ছিলেন। তিনি উত্তম সংগীত রচনা করিতে পারিতেন। কিছুকাল তিনি 'তত্ত্ববোধিনী' ও 'সংগীত-প্রকাশিকা'-নামক পত্রিকার সম্পাদকতা করেন। তিনি 'ভারতী' পত্রিকার প্রতিষ্ঠাতা। তিনি অনেকগুলি নাটক রচনা করেন, তাহার মধ্যে কয়েকটি সংস্কৃত ও ফরাসী নাটকের অনুবাদ। 'অশ্রুমতী', 'পুরুবিক্রম', 'সরোজিনী' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

জ্যোতিষ্মান্—কুশদ্বীপের নৃপতি। প্রিয়ব্রতের পুত্র (লিঙ্গ)।

ঝ

ঝাঁসির রাণী—'লক্ষ্মীবাঈ' দ্রঃ।

ঝিন্দনকুমারী—পঞ্জাবকেশরী রণজিৎ সিংহের মহিষী এবং দলীপ সিংহের জননী। ১৮৪৩ খ্রীষ্টাব্দে রাজ্যভার গ্রহণ করিয়া পুত্রের নাবালক অবস্থায় তিনি তাঁহার অভিভাবিকা হইয়া রাজকার্য নির্বাহ করেন। ১ম শিখযুদ্ধের পরে ইংরেজদিগের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হইলে তাঁহাকে রাজকার্য হইতে অপসারিত করা হয় এবং দলীপ সিংহের বয়ঃপ্রাপ্তি পর্যন্ত পঞ্জাবের শাসনভার ইংরেজ গভর্নমেণ্টের হস্তে যায়। অতঃপর তিনি ইংরেজদিগের বিরুদ্ধে আরও কয়েকটি ষড়যন্ত্রে লিপ্ত হন। ইহার ফলে তাঁহাকে নির্বাসিত করা হয়। ২য় শিখযুদ্ধ তাঁহারই নির্বাসনের ফল। তাঁহাকে নির্বাসিত করিবার ফলে চিলিয়ানওয়ালার যুদ্ধে শিখদিগের নিকট ইংরেজগণের পরাজয় হয়। শেষজীবন তিনি ইংলণ্ডে অতিবাহিত করেন। ১৮৬৪ খ্রীষ্টাব্দে লণ্ডনে তাঁহার মৃত্যু হয়।

ট

টড, কর্নেল জেমস্ (Tod, Col. James)—(১৭৮২—১৮৩৫ খ্রীঃ?)। ব্রিটিশ গভর্নমেণ্টের রাজপুতানার রেসিডেণ্ট। তিনি ১৮১২—২৩ সাল পর্যন্ত রাজপুতানার রেসিডেণ্ট ছিলেন। রাজপুতানার ইতিহাস লিখিয়া তিনি প্রসিদ্ধিলাভ করেন। তাঁহার লিখিত গ্রন্থখানির নাম 'Annals and Antiquities of Rajasthan'.

টড্হাণ্টার, আইজাক (Todhunter, Isaac)—(১৮২০—১৮৮৪ খ্রীঃ)। বিখ্যাত গণিতজ্ঞ। 'Researches on the Calculus of Variations' এবং History of the Theory of Elasticity and the Strength of Materials' তাঁহার প্রসিদ্ধ পুস্তক।

টনি, চার্লস্ (Tawney, Charles)—(১৮৩৭—১৯২২ খ্রীঃ)। শিক্ষাব্রতী। তিনি কলিকাতার প্রেসিডেন্সি কলেজের অধ্যক্ষ হইয়াছিলেন। সংস্কৃত ভাষায় তিনি বিশেষ অভিজ্ঞ ছিলেন এবং 'উত্তররামচরিত', 'কথাসরিৎসাগর' প্রঃ কয়েকখানি সংস্কৃত গ্রন্থের ইংরেজী অনুবাদ করিয়াছিলেন।

টম্সন, জেমস্ (Thomson, James)—(১৭০০—১৭৪৮ খ্রীঃ)। স্কটল্যাণ্ডের বিখ্যাত কবি। তাঁহার রচিত 'The Seasons', 'The Castle of Indolence', 'Liberty', 'Alfred' প্রঃ কবিতাগুলি প্রসিদ্ধ। 'Rule Britannia' কবিতাটি 'Alfred'-নামক কবিতাপুস্তকে আছে।

টম্সন, জোসেফ (Thomson, Sir Joseph)—(১৮৫৬—১৯৪০ খ্রীঃ)। প্রসিদ্ধ রসায়নবিদ্। তাঁহার লিখিত পদার্থ-বিজ্ঞান, গতি-বিজ্ঞান ও চুম্বকের আকর্ষণশক্তি সম্বন্ধে সুচিন্তিত প্রবন্ধসমূহ গভীর পাণ্ডিত্যের নিদর্শন। ১৯০৬ খ্রীষ্টাব্দে তিনি পদার্থবিদ্যায় 'নোবেল পুরস্কার' প্রাপ্ত হন।

টমসন, ফ্রান্সিস (Thompson Francis)—(১৮৫৯—১৯০৭ খ্রীঃ)। ইংরেজ কবি। ১৮৯৩ খ্রীষ্টাব্দে তাঁহার কাব্যগ্রন্থ 'Poems' প্রকাশিত হয়। 'Sister Songs' ও 'New Poems' তাঁহার উল্লেখযোগ্য গ্রন্থ।

টমাস মান (Thomas Mann)—(১৮৭৫—১৯৫৫ খ্রীঃ)। বিখ্যাত জার্মান ঔপন্যাসিক। তিনি বহু ছোট গল্প ও উপন্যাস লিখিয়াছেন। 'Buddenbrooks'-নামক পুস্তকখানি লিখিয়া তিনি ১৯২৯ খ্রীষ্টাব্দে 'নোবেল পুরস্কার' প্রাপ্ত হন।

টমাস রো, সার (Thomas Roe, Sir)—(১৫৬৮—?)। ইংরেজ রাজনীতিজ্ঞ। তিনি ইংলণ্ডের রাজা জেমসের দূতরূপে ১৬১৬ খ্রীষ্টাব্দে সম্রাট্ জাহাঙ্গীরের রাজসভায় উপস্থিত হন। তাঁহার কার্যে সন্তুষ্ট হইয়া সম্রাট্ ইস্ট ইণ্ডিয়া কোম্পানিকে সুবিধাজনক শর্তে বংলা ও অন্যান্য স্থানে বাণিজ্য করিতে অনুমতি দেন।

টরিসেলি, ইভানজেলিস্টা (Torricelli, Evangelsia)—(১৬০৮—১৬৪৭ খ্রীঃ)। বিখ্যাত ইটালীয় বিজ্ঞানী ও আবিষ্কারক। তিনি গ্যালিলিওর ছাত্র ছিলেন। 'ব্যারোমিটার' বা অবহাওয়ানিরূপণ যন্ত্র তিনি আবিষ্কার করেন। তিনি অণুবীক্ষণ যন্ত্রের ও দূরবীক্ষণ যন্ত্রের অনেক উন্নতি সাধন করেন।

টলস্টয়, কাউণ্ট লিও (Tolstoi, Count Leo)—(১৮২৮—১৯১০ খ্রীঃ)। রাশিয়ার খ্যাতনামা সাহিত্যিক ও রাজনীতিক। যুদ্ধের বীভৎসতা তাঁহাকে অহিংস করিয়া তুলে। তিনি গ্রন্থরচনায় মন দেন। ভগবানে বিশ্বাস ও মানবপ্রেম তাঁহার সকল রচনার মূলসূত্র। তাঁহার রচিত পুস্তকগুলির মধ্যে 'War and Peace', 'Anna Karenina', 'The Cossacks', 'Resurrection' প্রঃ অতি জনপ্রিয়। এ ছাড়াও তাঁহার লিখিত অনেক বই আছে।

টলেমি (Ptolemy)—আলেকজাণ্ডারের প্রসিদ্ধ সেনাপতি। আলেকজাণ্ডারের মৃত্যুর পর তিনি মিশরে রাজত্ব করেন (খ্রীঃ পূঃ ৩২৩—২৮৫)। তাঁহার রাজত্বকালে ইউক্লিড জীবিত ছিলেন।

টলেমি, ক্লডিয়াস টলেমিয়াস (Ptolemy, Claudius Ptolemaeus)—(১৩৯—১৬১ খ্রীঃ)। মিশরদেশীয় বিখ্যাত গ্রীক গণিতজ্ঞ ও জ্যোতির্বিদ্। তিনি ১৩ খণ্ডে ভূগোল, জ্যোতিষ সম্বন্ধে গ্রন্থ রচনা করিয়া যান। তাঁহার মতে পৃথিবীকে কেন্দ্র করিয়া সূর্যাদি পরিভ্রমণ করে।

টাইটান (Titan)—মহাশক্তিশালী কয়েকজন দৈত্য। তাহারা উরেনাস ও গীর সন্তান। সংখ্যায় তাহারা বার জন। ছয়টি পুত্র ও ছয়টি কন্যা (গ্রীক পুঃ)।

টাইটাস (Titus)—(৪০—৮১ খ্রীঃ)। তিনি রোমের সম্রাট্ ভেসপাসিয়ানের পুত্র। ইহুদীদিগকে পরাজিত করিয়া তিনি জেরুজালেম ধ্বংস করেন। তিনি ভেসপাসিয়ানের বৃহৎ রঙ্গভূমির (Colosseum) নির্মাণকার্য শেষ করেন।

টাইলার, ওয়াট (Tyler, Wat)—(?—১৩৮১ খ্রীঃ)। কৃষক-বিদ্রোহের নেতা। ইংলণ্ডরাজ দ্বিতীয় রিচার্ডের সময় Poll Tax-এর বিরুদ্ধে যে আন্দোলন হয়, তিনি তাহার নেতা ছিলেন। লণ্ডনের লর্ড মেয়র সার উইলিয়াম ওয়ালওয়ার্থ তরবারির আঘাতে তাঁহাকে নিহত করেন।

টাটা, জামসেদজী—(১৮৩৯—১৯০৪ খ্রীঃ)। বিপুল অর্থব্যয় করিয়া তিনি বাঙ্গালোরে একটি গবেষণাগার স্থাপন করিবার সংকল্প করেন। তাঁহার মৃত্যুর পর উক্ত স্থানে এই গবেষণাগার প্রতিষ্ঠিত

হয়। সাকচীর লোহ-কারখানা (টাটানগর) তাঁহার সর্বপ্রধান কীর্তি। তাঁহার মৃত্যুর পর ১৯০৭ খ্রীষ্টাব্দ হইতে ইহার কার্যারম্ভ হয়। তাঁহার আর একটি কাজ 'লোনাভ্‌লা হাইড্রো-ইলেকট্রিক স্কীম'। জার্মানীতে তিনি মারা যান।

টাটা, জাজীভাই—'জাজীভাই' দ্রঃ।

টাভার্নিয়ার (Tavernier, Jeane Baptist)—(১৬০৫—১৬৮৯ খ্রীঃ)। ফরাসী বণিক্‌ ও পরিব্রাজক। প্যারিসে জন্ম। ভারতে অবস্থানকালে তিনি মোগল-সাম্রাজ্যের বহু বিবরণ লিপিবন্ধ করিয়াছিলেন।

টারকুইন, দি এল্‌ডার (Tarquin, the Elder)—রোমের পঞ্চম নৃপতি। Ancius Mastius-এর পর তিনি রাজা হন (খ্রীঃ পূঃ ৬১৫)। তিনি দেশের সকল আইন সংশোধিত করেন। তাঁহার সময়ে রোমনগরী অপূর্ব শ্রীসম্পন্ন হইয়া উঠে। গুপ্ত-ঘাতকের হস্তে তিনি নিহত হন।

টারকুইন, সুপারবাস (Tarquin, Superbus)—রোমের শেষ রাজা। খ্রীঃ পূঃ ৫১০ খ্রীষ্টাব্দে তিনি রোম হইতে নির্বাসিত হন। তাঁহার সিংহাসনচ্যুতির পর হইতেই রোমে কন্‌সাল-শাসিত শাসনপ্রণালী প্রবর্তিত হয়।

টার্নার (Turner, Joseph Mallord William)—(১৭৭৫—১৮৫১ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ চিত্র-শিল্পী। তিনি লন্ডনের এক নাপিতের পুত্র। তাঁহার অঙ্কিত চিত্রগুলির মধ্যে 'The Sun rising through Vapour', 'Crossing the Brook' প্রঃ বিশেষ উল্লেখযোগ্য।

টাসো (Tasso, Torquato)—(১৫৪৪—১৫৯৫ খ্রীঃ)। বিখ্যাত ইতালীয় কবি। ভেনিসে জন্ম। 'Jerusalem Delivered' তাঁহার একখানি বিখ্যাত বই।

টিকেন্দ্রজিৎ সিংহ—(১৮৫৮—১৮৯১ খ্রীঃ)। মণি-পুরের রাজা কীর্তিচন্দ্রের পুত্র। ইংরেজদিগের সহিত যুদ্ধে তিনি ধৃত হন এবং বিচারে তাঁহার ফাঁসি হয়।

টিটো, মার্শাল (Tito, Marshal)—(জন্ম ১৮৯২ খ্রীঃ)। ১৯৪৫ খ্রীষ্টাব্দ হইতে তিনি যুগো-স্লাভিয়ার প্রেসিডেণ্ট।

টিণ্ডেল, উইলিয়ম (Tyndale, William)—(১৪৯০—১৫৩৬ খ্রীঃ)। ইংরেজ ধর্মতত্ত্বজ্ঞ। প্রচলিত ধর্মমতের বিরুদ্ধমত প্রচার করার জন্য তাঁহাকে জীবন্ত দগ্ধ করা হয়। সে-সময় ইংলণ্ডের রাজা ছিলেন অষ্টম হেনরী।

টিণ্ড্যাল, জন (Tyndall, John)—(১৮২০—১৮৯৩ খ্রীঃ)। বিখ্যাত ব্রিটিশ বিজ্ঞানী। আয়ার্ল্যাণ্ডে জন্ম। তিনি বিখ্যাত বিজ্ঞানী Faraday-র সহকর্মী ছিলেন। বিজ্ঞান সম্বন্ধে তাঁহার অনেক রচনা আছে। 'The Glaciers of the Alps'-নামক গ্রন্থখানি আল্পস-পর্বতে তাঁহার গবেষণার ফল।

টিপু সুলতান—মহীশূরের রাজা। মহীশূরের সুবিখ্যাত রাজা ও প্রসিদ্ধ সেনাপতি হায়দার আলির পুত্র। পিতার মৃত্যুর পর ১৭৮২ খ্রীষ্টাব্দে টিপু 'সুলতান' উপাধি ধারণ করিয়া মহীশূরের সিংহাসনে আরোহণ করেন। ওয়ারেন হেস্টিংসের সময়ে ইংরেজরা তাঁহার রাজ্য আক্রমণ করে। পরে ইংরেজরা আত্মসমর্পণ করিতে বাধ্য হয়। টিপু ইংরেজদিগের আশ্রিত ত্রিবাঙ্কুর রাজ্য আক্রমণ করিলে ইংরেজদিগের সহিত তাঁহার যুদ্ধ উপস্থিত হয়। এই সময়ে নিজাম ও মারাঠাগণের সহিত ইংরেজদিগের সন্ধি স্থাপিত হইল। ফলে যুদ্ধের চতুর্থ বৎসরে টিপুর রাজধানী শ্রীরঙ্গপত্তন চতুর্দিক হইতে আক্রান্ত হইল। টিপু নিরুপায় হইয়া গবর্নর-জেনারেল লর্ড কর্নওয়ালিসের সহিত সন্ধি করিলেন। টিপুর দুই পুত্রকে প্রতিভূস্বরূ ইংরেজ শিবিরে থাকিতে হইল। টিপু ইংরেজ, নিজাম ও মারাঠাদিগকে নগদ তিন কোটি টাকা ও রাজ্যের অর্ধাংশ ছাড়িয়া দিলেন। পরে লর্ড কর্নওয়ালিস টিপুর রাজ্য আক্রমণ করেন (১৭৯৯ খ্রীঃ)। টিপু প্রাণপণে রাজধানী রক্ষা করিতে চেষ্টা করিলেন। এই যুদ্ধে টিপু নিহত হইলেন এবং তাঁহার রাজ্য ইংরেজদিগের হস্তগত হইল।

টুর্গেনিভ, আইভান সার্ভেভিচ (Turgenev, Ivan Serveyvich)—(১৮১৮—১৮৮৩ খ্রীঃ)। বিখ্যাত রুশ লেখক। তিনি গোগোল ও টলস্টয়ের বন্ধু ছিলেন। 'Nihilist' কথাটির তিনিই উদ্ভাবক। 'A Nest of Gentlefolk', 'Fathers and Sons', 'Smoke' ও 'Virgin Soil' ইঃ তাঁহার উল্লেখযোগ্য গ্রন্থ।

টেকচাঁদ ঠাকুর—আসল নাম প্যারীচাঁদ মিত্র (তাহা দ্রঃ)।

টেনিসন, অ্যালফ্রেড, লর্ড (Tennyson, Alfred, Lord)—(৬ই অগস্ট, ১৮০৯—৬ই অক্টোবর, ১৮৯২ খ্রীঃ)। প্রসিদ্ধ ইংরেজ কবি। ১৮৫০ খ্রীষ্টাব্দে তিনি রাজকবি (Poet Laureate) হন। ১৮৫৫ খ্রীষ্টাব্দে তাঁহার প্রণীত 'Maud'-নামক পুস্তকখানি প্রকাশিত হয়। তাঁহার প্রণীত পুস্তক-গুলির মধ্যে 'The Idylls of the King', 'The May Queen', 'Enoch Arden' প্রঃ গ্রন্থগুলি সবিশেষ প্রসিদ্ধ।

টেরিয়ুস (Tereus)—থ্রেসদেশীয় রাজা। তিনি এথেন্সের প্যাণ্ডিয়নের কন্যা প্রোকুইকে বিবাহ করেন (গ্রীক পুঃ)।

টেরেসা, সেণ্ট (Teresa, St. or Theresa, St.)—(১৫১৫—১৫৮২ খ্রীঃ)। স্পেনীয় সন্ন্যাসিনী। তাঁহার লিখিত কতকগুলি ধর্মপুস্তক আছে। তন্মধ্যে 'The Way of Perfection' ও 'The Castle of the Soul' বিখ্যাত।

টেল, উইলিয়ম (Tell, William)—(১৩-১৪শ শতক)। সুইজারল্যাণ্ডের প্রসিদ্ধ দেশভক্ত বীর। কথিত আছে, রাজার আদেশে তিনি স্বীয় পুত্রের

মাথায় একটি আপেল রাখিয়া উহা লক্ষ্য করিয়া তীর ছুড়িতে বাধ্য হন।

টেলার, জেরেমি (Taylor, Jeremy)—(১৬১৩—১৬৬৭ খ্রীঃ)। একজন প্রতিভাবান ও প্রতিপত্তিশালী ইংরেজ ধর্মবেত্তা। তাঁহার লিখিত গ্রন্থসমূহের মধ্যে 'Holy Living and Holy Dying' সর্বাপেক্ষা প্রসিদ্ধ।

টেলার, বেয়ার্ড (Taylor, Bayard)—(১৮২৫—১৮৭৮ খ্রীঃ)। আমেরিকা মহাদেশের একজন প্রসিদ্ধ পর্যটক ও সুলেখক।

টেলার, ব্রুক (Taylor, Brook)—(১৬৮৫—১৭৩১ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ গণিতজ্ঞ। 'Taylors Theorem'-এর আবিষ্কর্তা বলিয়া প্রসিদ্ধ।

টেলিমেকাস (Telemachus)—ট্রোজানযুদ্ধের বিজয়ী বীর ইউলিসিসের পুত্র। মাতার নাম পেনিলোপি। ট্রোজান-যুদ্ধের পরে পিতার অনুপস্থিতিকালে তিনি রাজ্যশাসন করিয়াছিলেন।

টোডরমল, রাজা—সম্রাট আকবরের রাজস্ব-সচিব। পঞ্জাবের অন্তর্গত লাহোর নগরে তাঁহার জন্ম। ১৫৭৪ খ্রীষ্টাব্দে গুজরাট জয় করিলে আকবর তাঁহাকে রাজস্ব-সচিব করেন। ১৫৭৬ খ্রীষ্টাব্দে তিনি বঙ্গ বিজয় করেন। আকবরের সাম্রাজ্যের সমগ্র ভূমি জরিপ করাইয়া তিনি করসংগ্রহের যে নূতন প্রণালী স্থির করেন, তাহা বহুদিন পর্যন্ত স্থায়ী হইয়াছিল।

টোয়েন, মার্ক (Twain, Mark)—(১৮৩০—১৯১০ খ্রীঃ)। বিখ্যাত মার্কিন হাস্যরসাত্মক লেখক। প্রকৃত নাম Samuel Langhorne Clemens. তাঁহার লিখিত 'Tom Sawyer', 'Innocents Abroad', 'A Tramp Abroad' প্রভৃতি বিখ্যাত পুস্তক।

ট্যান্টালাস (Tantalus)—জুপিটারের পুত্র। পিতার গোপনীয় তথ্য প্রকাশ করায় তিনি এই শাস্তি পান যে, সর্বদা অদম্য ক্ষুধা ও তৃষ্ণায় কাতর হইবেন (গ্রীক পুঃ)।

টাসম্যান (Tasman, Abel J.)—(? ১৬০২—১৬৫৯ খ্রীঃ)। বিখ্যাত ওলন্দাজ নাবিক। ১৬৪২ খ্রীষ্টাব্দে তিনি ট্যাসমেনিয়া-নামক দ্বীপ আবিষ্কার করেন। ইহার কিছুদিন পরেই তিনি নিউজিল্যাণ্ড আবিষ্কার করেন। ১৬৪৪ খ্রীষ্টাব্দে তিনি অস্ট্রেলিয়ার দিকে গমন করেন এবং কার্পেন্টারিয়া-নামক উপসাগর আবিষ্কার করেন। তিনি ব্যাটেভিয়ায় প্রাণত্যাগ করেন।

ট্যাসিটাস, কেয়াস (Tacitus, Caius Cornelius)—(৫৮—১২০ খ্রীঃ)। প্রাচীন রোমের বিখ্যাত ঐতিহাসিক। তিনি বহু গ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন। তন্মধ্যে 'Life of Agricola' ও 'Annales' বিশেষ প্রসিদ্ধ।

ট্যাসিটাস, মার্কাস (Tacitus, Marcus Claudius) অরিলিয়াসের পর তিনি রোমের সিংহাসনে আরোহণ করেন। তাঁহার রাজত্ব অল্পকাল স্থায়ী হইলেও ঐ সময় দেশ বিশেষ সমৃদ্ধ ছিল।

ট্রট্স্কি, লিও (Trotsky, Leon)—(১৮৭৯—১৯৪০ খ্রীঃ)। প্রসিদ্ধ কমিউনিস্ট নেতা। প্রকৃত নাম Lev Davidovich Bronstein. ১৮৭৯ খ্রীষ্টাব্দে রাশিয়ায় তাঁহার জন্ম হয়। তিনি লেনিনের মতবাদের দৃঢ় সমর্থক। ১৯২৫ খ্রীষ্টাব্দে তাঁহাকে কমিউনিস্ট সম্প্রদায় হইতে বহিষ্কৃত করিয়া পরবর্তী বৎসর নির্বাসিত করা হয়। ১৯২৯ খ্রীষ্টাব্দে মেক্সিকোতে তিনি নির্বাসনে থাকেন এবং সেখানেই তাঁহাকে হত্যা করা হয়।

ট্রাইটন (Triton)—সমুদ্রের দেবতা, নেপচুনের পুত্র। তিনি ভেরী বাজাইয়া সমুদ্রের তরঙ্গকে শান্ত করেন (গ্রীক পুঃ)।

ট্রুম্যান (Truman, Harry S.)—(জন্ম ১৮৮৪)। মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাক্তন রাষ্ট্রপতি। ১৯৪৪ খ্রীষ্টাব্দে তিনি উপ-রাষ্ট্রপতি ও ১৯৪৫ খ্রীষ্টাব্দে রুজভেল্টের মৃত্যুর পর রাষ্ট্রপতি হন। ১৯৪৮ খ্রীষ্টাব্দেও তিনি রাষ্ট্রপতি নির্বাচিত হইয়াছিলেন।

ঠ

ঠাকুরদাস চক্রবর্তী—১২০৯ বঙ্গাব্দে নদীয়ায় মাতুলালয়ে জন্ম। ২৭।২৮ বৎসর বয়সে তিনি ভোলা ময়রা, আন্টুনি ফিরিঙ্গি প্রঃ কবিওয়ালাদের সহিত পরিচিত হন এবং কবিগান রচনা করিয়া বিভিন্ন দলে দিতে থাকেন। প্রায় ৬০ বৎসর বয়সে তাঁহার মৃত্যু হয়।

ঠাকুরদাস দত্ত—(? ১৮০১—১৮৭৬ খ্রীঃ)। পাঁচালীকার। হাওড়ার অন্তর্গত ব্যাটরায় তাঁহার জন্ম। পিতা রামমোহন দত্ত। তিনি এক পাঁচালীর দল গঠন করিয়া তাহাতে গান করিতেন। তাঁহার রচিত কয়েকটি গ্রন্থের নাম—'সাহিত্যমঙ্গল', 'সাতনরী', 'উদ্ভটকাব্য', 'বিজনবালা', 'মালঞ্চ', 'শারদীয় সাহিত্য'।

ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায়—স্বর্গীয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের পিতা। পত্নীর নাম ভগবতী দেবী। মেদিনীপুরের অন্তর্গত বীরসিংহ গ্রামে তিনি এক নিষ্ঠাবান ব্রাহ্মণ-পরিবারে জন্মগ্রহণ করেন ['ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' দ্রঃ]।

ড

ডগের (Daguerre, Louis Jacques Mande)—(১৭৮৯—১৮৫১ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী শিল্পী। তাঁহাকে 'ফটোগ্রাফি'র উদ্ভাবক বলা হয়।

ডব্লিউ. সি. ব্যানার্জী—উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (তাহা দ্রঃ)।

ডয়েল, কোনান (Doyle Sir A. Conan)—(১৮৫৯—১৯৩০ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ লেখক। তিনি ডিটেক্টিভ উপন্যাস লিখিয়া বিখ্যাত হইয়াছেন। তাঁহার প্রত্যেক ডিটেক্টিভ উপন্যাসে 'শার্লক হোমস্' প্রধান চরিত্র।

ডস্টয়েভ্স্কি (Dostoievsky, Feodor Mikhailovitch)—(১৮২১—১৮৮১ খ্রীঃ)। বিখ্যাত রুশ ঔপন্যাসিক। জন্মস্থান মস্কো। ১৮৪৬ খ্রীষ্টাব্দে তাঁহার প্রথম উপন্যাস 'Poor People' বাহির হয়। 'Crime and Punishment' তাঁহার একখানি প্রসিদ্ধ পুস্তক। রাজনৈতিক কার্যকলাপের জন্য তিনি ১৮৪৯ খ্রীষ্টাব্দে সাইবেরিয়ায় নির্বাসিত হন। 'The Idiot', 'The Possessed' ইঃ তাঁহার লিখিত অন্যান্য পুস্তক।

ডাইওক্লিসিয়ান (Diocletian)—(২৪৫—৩১৩ খ্রীঃ)। তিনি ২৮৪ হইতে ৩০৫ খ্রীঃ পর্যন্ত রোমের সম্রাট্ ছিলেন। তাঁহার সময়ে রোম সাম্রাজ্য চারি অংশে বিভক্ত হইয়া চারিজন সম্রাটের শাসনাধীন হয়। তিনি পূর্বাংশের অধিপতি হন।

ডাইডো (Dido)—রাজা বেলাসের কন্যা। তিনি ট্রয়যুদ্ধের বীর ইনিয়াসের প্রতি অনুরাগিণী ছিলেন, কিন্তু ভালবাসার প্রতিদান না পাইয়া আত্মহত্যা করেন।

ডাইয়জেনীজ (Diogenes)—(খ্রীঃ পূঃ ৪১২—?)। বিখ্যাত গ্রীক দার্শনিক। কৃষ্ণসাগর তীরে ইউক্‌স্যাইন দেশে জন্ম। তিনি একটি মাটির জালার মধ্যে বাস করিতেন। তাঁহাকে জলদস্যুরা অপহরণ করিয়া লইয়া 'করিন্থ'-এ ক্রীতদাসরূপে বিক্রয় করে। কিন্তু পরে তিনি মুক্তিলাভ করেন। এখানেই তাঁহার মহাবীর আলেকজাণ্ডারের সঙ্গে সাক্ষাৎ হয়।

ডাইয়নাইসাস (Dionysus)—'ব্যাকাস'-এর অপর নাম। সুরার অধিষ্ঠাত্রী গ্রীক দেবতা। জীউস ও সেমিলির পুত্র (গ্রীক পুঃ)।

ডাউডেন (Dowden, Edward)—(১৮৪৩—১৯১৩ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ সমালোচক। ইংরেজ কবিদের সমালোচনা লিখিয়া তিনি বিশেষ যশস্বী হন।

ডানটন (Danton, Georges Jacques)—(১৭৫৯—১৭৯৪ খ্রীঃ)। ফরাসী-বিদ্রোহের অন্যতম নেতা। সর্বসাধারণের নিরাপত্তার জন্য যে সমিতি আহ্বান করা হয়, তিনি তাঁহার সভাপতি ছিলেন। কিন্তু পরে Robespiere তাঁহাকে সরাইয়া দেন। তাঁহাকে মৃত্যুদণ্ডে দণ্ডিত করা হয়।

ডানলপ (Dunlop, John Boyd)—(১৮৪০—১৯২১ খ্রীঃ)। টায়ারের আবিষ্কারক। নিউমেটিক টিউব ও টায়ার আবিষ্কার করিয়া তিনি প্রসিদ্ধ হন।

ডাফ (Rev. Dr. Alexander Duff)—(১৮০৬—১৮৭৮ খ্রীঃ)। স্কট্‌ল্যাণ্ডের মিশনারী। ১৮২৯ খ্রীষ্টাব্দে তিনি কলিকাতায় আগমন করেন। 'Calcutta Review'-নামক পত্রিকার তিনি অন্যতম প্রতিষ্ঠাতা ও সম্পাদক। তাঁহার নামে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে কিছু বৃত্তি আছে।

ডাফরিন (Dufferin, and Ava, Marquis of)—(১৮২৬—১৯০২ খ্রীঃ)। ব্রিটিশ রাজনীতিক। তিনি ১৮৮৪ খ্রীষ্টাব্দ হইতে ১৮৮৮ খ্রীষ্টাব্দ পর্যন্ত ভারতবর্ষের গভর্নর-জেনারেল ছিলেন। তাঁহার সহধর্মিণী এদেশের নানাস্থানে স্ত্রী-চিকিৎসালয় স্থাপন করেন। ঐগুলির মধ্যে কলিকাতার 'Lady Dufferin Hospital বিশেষভাবে পরিচিত।

ডায়েনা (Diana)—মৃগয়া ও সতীত্বধর্মের দেবী। তাঁহার পিতা জুপিটার। অ্যাপলো (Apollo) তাঁহার যমজ ভ্রাতা। তাঁহাকে আলোকের অধিষ্ঠাত্রী দেবীও বলা হয় (গ্রীক পুঃ)।

ডারুইন (Darwin, Charles Robert)—(১৮০৯—১৮৮২ খ্রীঃ)। বিবর্তনবাদ প্রবর্তনের জন্য বিখ্যাত। উদ্ভিদ্‌বিজ্ঞানী ইরাসমাস ডারুইনের তিনি পৌত্র। তাঁহার বিখ্যাত বই 'On the Origin of Species by means of Natural Selection' ১৮৫৯ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়।

ডার্ন্‌লে, আর্ল অব (Darnley, Earl of)—(১৫৪৫—১৫৬৭ খ্রীঃ)। স্কট্‌ল্যাণ্ডের রানী মেরীর দ্বিতীয় স্বামী। 'মেরী স্টুয়ার্ট'-এর সহিত তাঁহার ১৫৬৫ খ্রীষ্টাব্দে বিবাহ হয়। বথ্‌ওয়েলের (Bothwell) সহিত মেরী ষড়যন্ত্রে লিপ্ত হইলে ডার্নলেকে হত্যা করা হয়।

ডার্লিং, গ্রেস (Darling, Grace)—(১৮১৫—১৮৪২ খ্রীঃ)। ফার্ন দ্বীপের একটি লাইট্‌হাউস হইতে তিনি পিতার সহিত একখানি ক্ষুদ্র তরণীতে আরোহণ করিয়া ভীষণ ঝটিকার মধ্যে পোতমগ্ন নাবিকদিগকে উদ্ধার করিয়া বিশেষ প্রসিদ্ধি লাভ করেন।

ডালহাউসী (Dalhousie, Marquis of)—(১৮১২—১৮৬০ খ্রীঃ)। ভারতবর্ষের গভর্নর-জেনারেল (১৮৪৮—১৮৫৬ খ্রীঃ)। তাঁহার শাসন-সময়ে ২য়

শিখবন্ধ এবং ২য় ব্রহ্মযুদ্ধ সংঘটিত হয়। তাঁহার সময়ে কলিকাতা, মাদ্রাজ, বোম্বাইতে বিশ্ববিদ্যালয় স্থাপন ও বাংলা পৃথক্ ছোটলাটের অধীন হয়। এদেশে টেলিগ্রাফ, ডাকঘর ও রেলপথ স্থাপন তাঁহার প্রধান কীর্তি।

ডাল্টন, জন (Dalton, John)—(১৭৬৬—১৮৪৪ খ্রীঃ)। বিখ্যাত গণিত ও রসায়নশাস্ত্রবিদ্। 'New System of Chemical Philosophy'-নামক সুবিখ্যাত গ্রন্থের রচয়িতা। এই পুস্তকে তিনি সর্বপ্রথম আণবিক তত্ত্বের গবেষণা করেন।

ডি' আনুনজিও (D' Anuunzio Gabriele)—(১৮৬৩—১৯৩৮ খ্রীঃ)। ইতালীয় কবি ও সাহিত্যিক। মুসোলিনীর উত্থানের সঙ্গে সঙ্গে তাঁহার রাজনৈতিক জীবনের অবসান ঘটে।

ডিউকেলিয়ন (Deucalion)—প্রমিথিউসের পুত্র। তিনি পিরাকে বিবাহ করেন (গ্রীক পুঃ)।

ডিওয়ার (Dewar, Sir James)—(১৮৪২—১৯২৩ খ্রীঃ)। ব্রিটিশ বিজ্ঞানী। করডাইট নামে মারাত্মক বিস্ফোরক আবিষ্কারের জন্য তিনি বিখ্যাত। বর্ণালী সম্বন্ধেও তাঁহার অনেক গবেষণা আছে। তিনি থার্মোফ্লাস্ক (thermoflask) আবিষ্কার করেন।

ডি কুইন্সি (De Quincey, Thomas)—(১৭৮৫—১৮৫৯ খ্রীঃ)। প্রসিদ্ধ ইংরেজ প্রবন্ধলেখক ও সমালোচক। তিনি কোলরীজ, ওয়ার্ডস্ওয়ার্থ, সাদে প্রঃ কবির বন্ধু ছিলেন। 'Confessions of an Opium-eater' ও 'On Murder as one of the Fine Arts' তাঁহার লিখিত প্রসিদ্ধ পুস্তক।

ডিকেন্স, চার্লস্ (Dickens, Charles)—(১৮১২—১৮৭০ খ্রীঃ)। উনবিংশ শতাব্দীর শ্রেষ্ঠ উপন্যাস রচয়িতা। তিনি 'Pickwick Papers', 'A Tale of Two Cities', 'David Copperfield' প্রঃ বহু গ্রন্থ প্রণয়ন করেন।

ডিগবি, উইলিয়াম (Digby, William)—(১৮৪৯—১৯০৪ খ্রীঃ)। ভারতহিতৈষী ইংরেজ ও বিশিষ্ট সাংবাদিক। ভারতবর্ষ সম্বন্ধে তাঁহার কতকগুলি পুস্তক আছে। তন্মধ্যে 'Prosperous British India' নামক পুস্তকখানি বিশেষ প্রসিদ্ধ।

ডিজরেলি, বেঞ্জামিন (Disraeli Benjamin, Lord of Beaconsfield)—(১৮০৪—১৮৮১ খ্রীঃ)। ইহুদিজাতীয় এক বিখ্যাত ইংরেজ রাজনীতিজ্ঞ। তিনি লর্ড বেকন্স্ফিল্ড নামেই অধিক পরিচিত। এক সময়ে তিনি ইংলণ্ডের প্রধানমন্ত্রী রূপে রাজনীতিক্ষেত্রে বিশেষ প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন। তাঁহার লিখিত 'Vivian Grey' একখানি নামজাদা উপন্যাস।

ডিজেল (Diesel, Rudolf)—(১৮৫৮—১৯১৩ খ্রীঃ)। যন্ত্রবিদ্। তিনি ডিজেল এঞ্জিন নির্মাণ করিয়া খ্যাতিলাভ করেন।

ডিফো ড্যানিয়েল (Defoe, Daniel)—(? ১৬৬০—১৭৩১ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ লেখক। জন্ম লণ্ডনে। পিতা জেম্স্ ফো কসাই ছিলেন। তিনি ডিফো নামে নিজ নাম পরিবর্তন করেন। 'রবিনসন ক্রুসো' তাঁহার লিখিত বিখ্যাত বই। এ ছাড়া তিনি প্রায় ২৫০খানি পুস্তক ও পুস্তিকা রচনা করেন।

ডি ভ্যালেরা, ইয়ামন (De Valera, Eamon)—(১৮৮২—১৯৭৫ খ্রীঃ)। আয়ার্ল্যাণ্ডের বিখ্যাত স্বদেশহিতৈষী নেতা। তিনি নিউইয়র্কে জন্মলাভ করেন। তিনি সিন্ফিন দলের সভাপতি হন। ১৯৩২—৩৭ খ্রীঃ তিনি স্বাধীন আয়ার্ল্যাণ্ডের রাষ্ট্রপতি ছিলেন। ১৯৫১ সালের জুন হইতে তিনি আয়ারের প্রধান মন্ত্রী হন।

ডি মর্গান (De Morgan, William Fraud)—(১৮৩৯—১৯১৭ খ্রীঃ)। ইংরেজ সাহিত্যিক। 'Joseph Vance'-নামক উপন্যাসখানি লিখিয়া প্রসিদ্ধিলাভ করেন। তাঁহার লিখিত আরও কয়েকখানি গ্রন্থ আছে।

ডিরোজিও, হেনরি লুই ভিভিয়ান (Derozio, Henry Louis Vivian)—(১৮০৯—১৮৩১ খ্রীঃ)। ইংরেজ মনীষী ও কবি। কলিকাতায় জন্ম। কিছুকাল তিনি কলিকাতা হিন্দু কলেজের অধ্যাপক ছিলেন। তাঁহার সংস্পর্শে আসিয়া অনেক বাঙালী ছাত্র নাস্তিকভাবাপন্ন হয়। তিনি অনেক প্রবন্ধ ও কবিতা লিখিয়াছিলেন। 'East Indian' নামে একখানি পত্রিকা তিনি প্রকাশ করিতেন।

ডিস্নে, ওয়াল্ট (Disney, Walt)—(১৯০১—১৯৬৬ খ্রীঃ)। 'মিকি মাউস' (Mickey Mouse)-নামক কার্টুন ফিল্মের আবিষ্কারক। তিনি কালিফর্ণিয়া শহরে গিয়া সিনেমার জন্য 'মিকি মাউসে'র পরিকল্পনা করেন।

ডীড্যালাস (Dædalus)—এথেন্সবাসী বিখ্যাত শিল্পী। তিনি ক্রীটের গোলকধাঁধা নির্মাণ করেন। তিনি দুইটি পাখা প্রস্তুত করিয়া ঈজিয়ান সমুদ্র উড়িয়া পার হইয়াছিলেন।

ডু শেলু, পল (Du Chaillu, Paul)—(১৮৩৫—১৯০৩ খ্রীঃ)। বিখ্যাত পর্যটক। তিনি আফ্রিকার বহু দুর্গম স্থান পরিভ্রমণ করিয়া তাঁহার ভ্রমণ-কাহিনী লিখিয়া গিয়াছেন। গরিলা সম্বন্ধে তাঁহার আলোচনা বিশেষ চিত্তাকর্ষক।

ডুপ্লে (Dupleix, Joseph Francois)—(১৬৯৭—১৭৬৩ খ্রীঃ)। ফরাসী ভারতের ভূতপূর্ব গভর্নর-জেনারেল। ১৭১৫ খ্রীষ্টাব্দে তিনি ভারতে আসেন। ক্লাইভের সহিত প্রতিযোগিতায় তিনি ভারতে ফরাসী অধিকার বিস্তারে প্রয়াসী ছিলেন, কিন্তু ক্লাইভের সঙ্গে তিনি পারিয়া উঠেন নাই ['ক্লাইভ' দ্রঃ]।

ডুমা, আলেকজাঁদ্রে (Dumas, Alexandre)—(১৮০৩—১৮৭০ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী ঔপন্যাসিক ও নাটক-লেখক। সমসাময়িক লেখকদিগের মধ্যে তিনি সর্বাপেক্ষা অধিকসংখ্যক গ্রন্থ লিখিয়াছিলেন। তাঁহার রচিত 'Monte Cristo' ও 'The Three Musketeers' নামক উপন্যাস সুপ্রসিদ্ধ।

ডেকার্ট, রেনি (Descartes, René)—(১৫৯৬—১৬৫০ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী দার্শনিক। 'আমি চিন্তা করিতে পারি, অতএব আমার অস্তিত্ব আছে'—ইহাই তাঁহার দর্শনের মূল ভিত্তি। তাঁহার 'Meditations'-নামক পুস্তকখানি বিশেষ প্রসিদ্ধ।

ডেজানিরা (Dejanira)—হারকিউলিসের পত্নী। তিনি নেসাস-নামক পৌরাণিক রাক্ষসের রক্তসিক্ত জামা স্বামীকে পরাইলে তাঁহার শরীরে বিষ প্রবেশ করে। হারকিউলিস যন্ত্রণায় পুড়িয়া মারা যান। পরে তিনি আত্মহত্যা করেন (গ্রীক পুঃ)।

ডেভিড, ১ম (David I)—(১০৮৪—১১৫৩ খ্রীঃ)। স্কটল্যান্ডের নৃপতি। ইংলন্ডের সিংহাসন লইয়া ১ম হেনরীর কন্যা ম্যাটিল্ডার সহিত স্টিফেনের বিবাদ উপস্থিত হইলে তিনি ম্যাটিল্ডার পক্ষে স্টিফেনের বিরুদ্ধে অস্ত্রধারণ করেন।

ডেভিড, ২য় (David II)—(১৩২৪—১৩৭১ খ্রীঃ)। রবার্ট ব্রুসের পুত্র। ১৩৩০ হইতে ১৩৭০ খ্রীষ্টাব্দ পর্যন্ত স্কটল্যান্ডের রাজা ছিলেন। ইংরেজ-সেনার বিরুদ্ধে নেভিল্স্ ক্রসের যুদ্ধে তিনি রাজ্ঞী ফিলিপ্পা কর্তৃক বন্দী হন।

ডেভিড হেয়ার (David Hare)—(১৭৭৫—১৮৪২ খ্রীঃ)। বিখ্যাত ছাত্রবন্ধু ও ভারতহিতৈষী মনীষী। তিনি স্কটল্যান্ডের এক ঘড়ি-নির্মাতার পুত্র। অল্পবয়সে তিনি অর্থোপার্জনের জন্য কলিকাতায় আসেন এবং ঘড়ির ব্যবসায় করিয়া প্রায় এক লক্ষ টাকা উপার্জন করেন। কিন্তু এই সমস্ত অর্থই শেষে তিনি এদেশীয় বালকগণের বিদ্যাশিক্ষার জন্য ব্যয় করিয়াছিলেন। মহাত্মা হেয়ার যে সকল বিদ্যালয় প্রতিষ্ঠা করিয়াছিলেন, তাহার মধ্যে আধুনিক 'হেয়ার স্কুল' অন্যতম। সে সময়কার ছাত্রেরা তাঁহার নিকট হইতে নানাভাবে সাহায্য পাইত। তিনি স্ত্রীশিক্ষার এবং এদেশে ইংরেজী শিক্ষার প্রবর্তনের বিশেষ চেষ্টা করেন।

ডেভিস, জন (Davis, John)—(১৫৫০—১৬০৫ খ্রীঃ)। ইংলন্ডের রানী এলিজাবেথের সময়কার এক প্রসিদ্ধ আবিষ্কারক। তিনি আটলান্টিক ও উত্তর মহাসাগরের মধ্যবর্তী 'ডেভিস প্রণালী' আবিষ্কার করেন।

ডেভি, হাম্‌ফ্রি (Davy, Sir Humphry)—(১৭৭৮—১৮২৯ খ্রীঃ)। প্রসিদ্ধ রাসায়নিক। তিনি Safety-lamp ও নাইট্রিক অক্সাইড (Nitric Oxide) অথবা লাফিং গ্যাস (Laughing gas)-এর আবিষ্কারক।

ডেমোক্রিটাস (Democritus)—(খ্রীঃ পূঃ ৪৬০—৩৫৭ অব্দ)। প্রসিদ্ধ গ্রীক দার্শনিক ও পরমাণু-তত্ত্বের আবিষ্কারক।

ডেমোস্থিনিস—(খ্রীঃ পূঃ ৩৮৫—৩২২)। প্রাচীন গ্রীসের প্রসিদ্ধ বক্তা। তিনি গ্রীসের সর্বশ্রেষ্ঠ বাগ্মী বলিয়া প্রসিদ্ধ হন। তাঁহার বক্তৃতায় উত্তেজিত হইয়া গ্রীকগণ ফিলিপের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে। তিনি বিষপানে আত্মহত্যা করেন।

ডেরিয়াস, ১ম, ২য়, ৩য়—(Darius I, II, III)—'দরায়ুস, ১ম, ২য়, ৩য়' দ্রঃ।

ডে লা মেয়ার, ওয়াল্টার (De La Mare, Walter)—(১৮৭৩—১৯৫৬ খ্রীঃ)। ইংরেজ লেখক ও কবি। 'The Return', 'Songs of Childhood', 'Henry Brocken' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

ডেলেড্ডা, গ্রেজিয়া (Deledda, Grazia)—ইটালীয় বিখ্যাত লেখিকা। তিনি ১৯২৭ খ্রীষ্টাব্দে 'নোবেল প্রাইজ' প্রাপ্ত হন। তাঁহার 'The Mother'-নামক পুস্তকখানি বিশেষ প্রসিদ্ধ।

ডোমিটিয়ান (Domitian)—(৫২—৯৬ খ্রীঃ)। রোমের সম্রাট্। তাঁহার অত্যাচারে প্রপীড়িত হইয়া প্রজারা বিদ্রোহী হইয়া তাঁহাকে নিহত করে।

ড্যানেই (Danae)—জুপিটারের ঔরসে ও তাঁহার গর্ভে পার্সিউসের জন্ম হয় (গ্রীক পুঃ)।

ড্যাফ্‌নি (Daphne)—পরী বিঃ। গ্রীকদেবতা অ্যাপলোর প্রণয়িনী। তিনি লরেল বৃক্ষে পরিণত হন।

ড্যামোক্লিজ (Damocles)—সাইরাকিউসের অত্যাচারী রাজা ডাইয়নাইসিয়াসের অনুচর।

ড্যাম্পিয়র, উইলিয়ম (Dampier, William)—(১৬৫২—১৭১৫ খ্রীঃ)। আবিষ্কারক। তিনি ড্যাম্পিয়র প্রণালীর নিকটস্থ নিউ ব্রিটেন আবিষ্কার করেন। তিনি 'Voyages and Descriptions' 'A Voyage to New Holland'-নামক দুইখানি নানাতথ্যপূর্ণ পুস্তক রচনা করিয়াছিলেন।

ড্রাইডেন, জন (Dryden, John)—(১৬৩১—১৭০০ খ্রীঃ)। ইংলন্ডের বিখ্যাত কবি ও নাট্যকার। ১৬৭০ হইতে ১৬৮৮ খ্রীঃ পর্যন্ত তিনি ইংলন্ডের রাজ-কবি ছিলেন। 'All for Love', 'Rehearsal' প্রঃ তাঁহার রচিত বহু পুস্তক আছে।

ড্রাকো (Draco)—গ্রীসের প্রথিতনামা আইনকর্তা। তিনি (খ্রীঃ পূঃ ৬২৩) ম্যাজিস্ট্রেটের পদে অধিষ্ঠিত হন এবং সকল অপরাধের জনাই মৃত্যুদণ্ডের ব্যবস্থা করেন। এক সাধারণ সভায় জনসাধারণ তাঁহার উপর এত অধিক কোট ও টুপি নিক্ষেপ করেন যে, তাহার চাপে তাঁহার প্রাণবায়ু বহির্গত হয়।

ড্রেক ফ্রান্সিস (Drake, Sir Francis)—(১৫৪০—১৫৯৬ খ্রীঃ)। রাজ্ঞী এলিজাবেথের সমসাময়িক ইংলন্ডের সুবিখ্যাত নৌ-সেনাপতি। তিনি বিখ্যাত স্পেনীয় নৌবাহিনী আর্মাডার ধ্বংস-সাধনে (১৫৮৮) একটি প্রধান অংশ গ্রহণ করেন।

ত

তক্ষ—ভরতপুত্র। তিনি গান্ধারের রাজা ছিলেন। তক্ষশিলা তাঁহার রাজধানী ছিল (ভারত)।

তক্ষক—স্বনামপ্রসিদ্ধ নাগ। মহর্ষি কশ্যপ পিতা এবং কদ্রু মাতা। খাণ্ডববনে তাঁহার বাসস্থান ছিল। অগ্নিদেব শ্রীকৃষ্ণ ও অর্জুনের সহায়তায় খাণ্ডববন দগ্ধ করিলে তাঁহার স্ত্রী ও পুত্র মৃত্যুমুখে পতিত হয়। জনমেজয় যখন সর্পযজ্ঞ করেন, তখন তিনি প্রাণভয়ে দেবরাজ ইন্দ্রের শরণাপন্ন হন। কিন্তু ইন্দ্র তাঁহাকে পরিত্যাগ করিলে নাগরাজ বাসুকির অনুরোধে আস্তিক মুনি সর্পযজ্ঞ রহিত করিয়া তাঁহাকে রক্ষা করেন (ভারত)।

তপতী—সূর্যকন্যা। রাজা সম্বরণের শুশ্রূষায় সন্তুষ্ট হইয়া সূর্যদেব তাঁহাকে তাঁহার সহিত বিবাহ দেন। তিনি সাবিত্রীর অনুজা এবং কুরুরাজের মাতা (ভারত)।

তরণীসেন—বিভীষণের পুত্র। তিনি রাবণপক্ষে থাকিলেও আসলে ছিলেন রামভক্ত। তিনি যুদ্ধে রামচন্দ্রের হস্তে মৃত্যু বরণ করেন।

তরু দত্ত—(১৮৫৬—১৮৭৭ খ্রীঃ)। বিখ্যাত মহিলা কবি। পিতার নাম গোবিন্দচন্দ্র দত্ত। কলিকাতার রামবাগানে তাঁহার জন্ম হয়। তিনি অনেক ফরাসী গীতি-কবিতার ইংরেজী অনুবাদ করিয়াছিলেন। 'A Sheaf Gleaned from French Fields' তাঁহার রচিত কবিতাগ্রন্থ। তিনি ফরাসী ভাষায় একখানি উপন্যাসও রচনা করেন।

তাইমুর লংগ—(১৩৩৫—১৪০৫ খ্রীঃ)। সমরখন্দের বিখ্যাত বীর ও প্রসিদ্ধ ভারত-আক্রমণকারী। তিনি চেংগিস খাঁর বংশধর। পিতা আমীর তুরাঘাই। জন্ম মধ্য এশিয়ার সগর্দোনিয়ার কুশনগরে। তিনি সমগ্র এশিয়া মাইনর, স্মার্না প্রঃ রাজ্য জয় করেন। দিল্লীর সম্রাট্ মাহমুদ তোগলকের সময় তিনি দিল্লী আক্রমণ করিয়া পথ-ঘাট নররক্তে ভাসাইয়া বিপুল ধনরত্ন লুণ্ঠন করেন। তিনি খঞ্জ ছিলেন বলিয়া লোকে তাঁহাকে তাইমুর লংগ বলিত।

তাজবিবি—মমতাজ মহল (তাহা দ্রঃ)।

তাড়কা—রাক্ষসী। সুকেতু নামক যক্ষের কন্যা ও সুন্দ নামক অসুরের স্ত্রী। অগস্ত্য ঋষির শাপে সুন্দ নিহত হইলে তাড়কা পুত্র মারীচকে লইয়া ঋষিকে বধ করিতে উদ্যত হয়। তখন অগস্ত্যের অভিশাপে উহারা রাক্ষস হয়। অনন্তর তপোবনে যজ্ঞবিঘ্ন করিতে থাকিলে বিশ্বামিত্রের উপদেশে রামচন্দ্র উহাদিগকে নিহত করেন (রাম)।

তাঁতিয়া তোপী—(১৮১৯—১৮৫৯ খ্রীঃ)। সিপাহী-বিদ্রোহের অন্যতম নেতা। মহারাষ্ট্রে ব্রাহ্মণবংশে তাঁহার জন্ম। সিপাহী-বিদ্রোহের সময় নানাসাহেবের অধীনে তিনি ইংরেজদিগের বিরুদ্ধে বিদ্রোহে যোগদান করেন। ঝাঁসীর রানীর সহিত মিলিত হইয়া তিনি ইংরেজ-সেনার বিরুদ্ধে অগ্রসর হন। তাঁহার প্ররোচনায় কানপুরের হত্যাকাণ্ড সংঘটিত হয়। তিনি যুদ্ধে পরাজিত হইয়া বুন্দেলখণ্ডের বনে পলাইয়া যান। মেজর মীডস্ তাঁহাকে বহু চেষ্টার পর গ্রেফতার করেন। বিচারে তাঁহার ফাঁসি হয়।

তানসেন—(১৫৪৮—১৫৯৬ খ্রীঃ)। বিখ্যাত গায়ক। হরিদাস স্বামীর সংগীত শিষ্য। তিনি আকবরের সভার সভ্য ছিলেন। তাঁহার নিবাস ছিল গোয়ালিয়রে। পূর্বে তিনি হিন্দু ছিলেন। নাম ছিল রত্নাকর পাণ্ডে। পিতার নাম মকরন্দ পাণ্ডে। এক মুসলমান রমণী- প্রেমে পড়িয়া তিনি মুসলমানধর্ম গ্রহণ করেন। প্রথমে তিনি বাঘেলার রাজা রামচন্দ্রের সভার সভ্য ছিলেন। পরে আকবরের সভায় যান।

তামস—চতুর্দশ মনুর চতুর্থ মনু।

তারক—অসুর বিঃ। দেবগণের উপর দৌরাত্ম্য করিতে থাকিলে ব্রহ্মার পরামর্শে দেবতারা মহাদেবের শরণ লন। অতঃপর মহাদেবের ঔরসে কার্তিকেয় জন্মগ্রহণ করিয়া তারকাসুরকে বধ করেন (ভাগ)।

তারকনাথ গঙ্গোপাধ্যায়—(৩১শে অক্টোবর, ১৮৪৩—২২শে সেপ্টেম্বর, ১৮৯১ খ্রীঃ)। বিখ্যাত বাংলা ঔপন্যাসিক। 'স্বর্ণলতা' নামে উপন্যাস লিখিয়া তিনি যশস্বী হন। নিবাস যশোহর বনগ্রাম। পিতার নাম মহানন্দ। তাঁহার উপন্যাস 'স্বর্ণলতা' প্রথমে 'জ্ঞানাঙ্কুর' নামে মাসিক পত্রিকায় প্রকাশিত হয়। 'অদৃষ্ট', 'হরিষে বিষাদ', 'ললিত সৌদামিনী' তাঁহার রচিত অন্যান্য গ্রন্থ।

তারকনাথ পালিত—(১৮৩১—১৯১৪ খ্রীঃ)। বিখ্যাত ব্যারিস্টার ও বিদ্যোৎসাহী। বিজ্ঞানচর্চার জন্য তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের হস্তে পনর লক্ষ টাকা দান করেন।

তারকনাথ বিশ্বাস—(১২৬৪—১৩৪৪ বঙ্গাব্দ)। প্রসিদ্ধ গ্রন্থকার। হুগলি জেলার বালোড় গ্রামে জন্ম। পিতা দিগম্বর। 'মহামায়া', 'রাণা প্রতাপসিংহ', 'The Registration Act' ইঃ ইংরেজী ও বাংলায় মিলিয়া তাঁহার সর্বশুদ্ধ ৬০ খানি পুস্তক আছে।

তারা—১। বৃহস্পতির ভার্যা। চন্দ্র তাঁহাকে হরণ করেন এবং চন্দ্রের ঔরসে তারার গর্ভে বুধের জন্ম হয় (হরি)। ২। বালির ভার্যা। রামচন্দ্র বালিকে বধ করিলে তিনি দেবর সুগ্রীবকে পতিত্বে বরণ করেন (রাম)। ৩। দশমহাবিদ্যার মূর্তি বিঃ (স্কন্দ)। ৪। (বৌদ্ধ মতে) বৌদ্ধদেবী বিঃ। অবলোকিতেশ্বরের স্ত্রী।

তারাকুমার কবিরত্ন—সংস্কৃতজ্ঞ পণ্ডিত ও গ্রন্থকার।

২৪ পরগনার অন্তর্গত চাংগড়িপোতায় জন্ম। পিতা কৃষ্ণমোহন শিরোমণি। তিনি রাজসাহী ও মেট্রোপলিটান কলেজের সংস্কৃতাধ্যাপক ছিলেন। 'পদ্মামৃত', 'তারা মা', 'শিবশতকম্', 'নীতিমালা' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

তারানাথ তর্কবাচস্পতি—(১৮০৬—১৮৮৫ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ পণ্ডিত ও অভিধানকার। পিতার নাম কালিদাস সার্বভৌম। নিবাস যশোহর। 'বাচস্পত্য অভিধান' তাঁহার অক্ষয় কীর্তি। তিনি 'শব্দস্তোম-মহানিধি', 'আশুবোধ ব্যাকরণ', 'বহুবিবাহবাদ' প্রঃ অন্যান্য বহু গ্রন্থ প্রণয়ন করিয়া গিয়াছেন। তিনি বিধবা-বিবাহ প্রচলনে বিদ্যাসাগর মহাশয়ের সহায় ছিলেন।

তারা বাঈ—১। শিবাজীর পৌত্র সাহু বা দ্বিতীয় শিবাজীর অভিভাবক রাজারামের পত্নী। মোগল সম্রাট্ আওরংজেবের উৎপীড়নে তাঁহাকে পুত্রসহ দুর্গ হইতে দুর্গান্তরে আশ্রয় লইয়া বেড়াইতে হয়। শেষে তাঁহার অতুল বীরত্ব ও কৌশলে বহু-সংখ্যক দুর্গ তাঁহার অধিকারে আসে। ২। রাজপুত বীরনারী। তোড়াটঙ্কের রাজা রাও শুরেতান তাঁহার পিতা। চিতোরের রানা জয়মল্লের পুত্র পৃথ্বীরাজ তোড়াটঙ্ক উদ্ধার করিয়া তাঁহাকে বিবাহ করেন। ৩। গোয়ালিয়রের রাজা জনকজী সিন্ধিয়ার পত্নী। তিনি লর্ড এলেনবরার মনোনীত ইংরেজ অভি-ভাবককে গোয়ালিয়রে কর্তৃত্ব করিতে দিতে চান নাই বলিয়া ইংরেজদের সংগে তাঁহার যুদ্ধ হয়। সেই যুদ্ধে তিনি পরাস্ত হন।

তারাশংকর তর্করত্ন—(?—১৮৫৮ খ্রীঃ)। পণ্ডিত ও সাহিত্যিক। পিতার নাম মধুসূদন চট্টোপাধ্যায়। নদীয়া জেলার কাঁচফুলি গ্রামে তাঁহার জন্ম। 'কাদম্বরী'র বংগানুবাদ তাঁহার সর্বোৎকৃষ্ট রচনা। 'ভারতবর্ষীয় স্ত্রীগণের বিদ্যাশিক্ষা', 'রাসেলাস' তাঁহার অন্যান্য পুস্তক।

তারাশংকর বন্দ্যোপাধ্যায়—(২৩শে জুলাই, ১৮৯৮ খ্রীঃ—১৪ই সেপ্টেম্বর, ১৯৭১ খ্রীঃ)। প্রখ্যাত ঔপন্যাসিক। বীরভূম জেলার লাভপুর গ্রামে জন্ম। 'হাঁসুলী বাঁকের উপকথা' লিখিয়া তিনি শরৎচন্দ্র স্বর্ণপদক লাভ করেন। 'গণদেবতা', 'পঞ্চগ্রাম', 'কবি', 'ধাত্রী দেবতা', 'দুই পুরুষ', 'সন্দীপন পাঠশালা' ইঃ তাঁহার রচিত উপন্যাস। তাঁহার 'কালিন্দী' ও 'দুই পুরুষ' নাটক, 'যাদুকরী', 'তিনশূন্য' প্রঃ গল্প প্রসিদ্ধ। তিনি ১৯৫৫ খ্রীষ্টাব্দে রবীন্দ্র পুরস্কার, ১৯৫৬ খ্রীষ্টাব্দে সাহিত্য আকাদমি পুরস্কার, ১৯৬৭ খ্রীষ্টাব্দে জ্ঞানপীঠ সাহিত্য পুরস্কার লাভ করেন।

তারিক বিন্ জিয়াদ—বিখ্যাত আরব সেনাপতি। তিনি ৭১১-এ স্পেন দেশ জয় করেন। তিনি ফ্রান্সেরও দক্ষিণাংশ জয় করিয়াছিলেন। তিনি স্পেনের দক্ষিণভাগে যে স্থানে অবতরণ করেন, তাহার নাম হয় 'জবলুল তারিক'। আধুনিক জিব্রাল্টার এই 'জবলুল তারিক'-এর অপভ্রংশ।

তিলক, বালগংগাধর—(২৩শে জুলাই, ১৮৫৭—৩১শে জুলাই, ১৯২০ খ্রীঃ)। বিখ্যাত রাজনীতিক ও পণ্ডিত। দাক্ষিণাত্যের অন্তর্গত রত্নগিরি-নামক স্থানে তাঁহার জন্ম হয়। পিতা গংগাধর রামচন্দ্র। তিনি 'মারাঠা' ও 'কেশরী'-নামক দুইখানি সংবাদ-পত্র বাহির করেন। তিনি শিবাজী উৎসবের প্রবর্তক (১৮৯৭)। ১৯০৭ খ্রীষ্টাব্দে তিনি কংগ্রেসের মধ্যে চরমপন্থী দল গঠন করেন। ১৯০৮ খ্রীষ্টাব্দে তাঁহাকে রাজদ্রোহাত্মক অপরাধে কারাবরণ করিতে হয়। ১৯১৪ খ্রীষ্টাব্দে তিনি মুক্তিলাভ করেন। তাঁহার লিখিত 'গীতা-রহস্য' ও 'The Arctic Home in the Vedas' এই দুইখানি গ্রন্থ সাহিত্যের অমূল্য সম্পদ্।

তিলোত্তমা—স্বর্গবেশ্যা। সুন্দ ও উপসুন্দ-নামক দৈত্যদ্বয় দেবগণের উপর অত্যাচার করিতে থাকিলে ব্রহ্মা তিল তিল করিয়া রূপ লইয়া তাঁহাকে সৃষ্টি করেন। তাই তিলোত্তমা নাম হয়। পরে ব্রহ্মা তিলোত্তমাকে উক্ত অসুরদ্বয়ের নিকট প্রেরণ করেন। তিলোত্তমা উপস্থিত হইলে অসুরদ্বয় তাঁহাকে লাভ করার জন্য পরস্পর যুদ্ধ করিয়া উভয়েই নিহত হয় (ভারত)।

তুকাজী হোলকার—ইন্দোরের রাজা। তিনি অহল্যা বাঈ-এর বিশ্বস্ত সেনাপতি ছিলেন।

তুকারাম—(১৫৮৮—১৬৫৯ খ্রীঃ)। বিখ্যাত মারাঠা সাধু। পুনার নিকটবর্তী দেহু-নামক স্থানে জন্ম। তিনি শিবাজীর শ্রদ্ধার পাত্র ছিলেন। তুকারামের গীতকে 'অভংগ' বলে। তিনি শ্রীকৃষ্ণকে বিঠলদেব নামে পূজা করিতেন।

তুগ্রিল খাঁ—বাংলার শাসনকর্তা। গিয়াসউদ্দীন বলবন্ তাঁহাকে নিযুক্ত করিয়াছিলেন। প্রথম জীবনে তিনি ক্রীতদাস ছিলেন, পরে সুলতানের প্রিয়পাত্র হন। তিনি বিদ্রোহী হইলে বলবন্ তাঁহাকে পরাজিত ও নিহত করেন।

তুতেনখামেন—(? জীবৎকাল খ্রীঃ পূঃ ১৩৫০)। মিশরের একজন ফেরো (রাজা)। ১৯২২ খ্রীষ্টাব্দে কার্টার সাহেব তাঁহার কবর আবিষ্কার করেন। কবরে এই রাজার দেহ 'মামি'র আকারে পাওয়া যায়। ১৮ বৎসর বয়সে তিনি মারা যান।

তুম্বুরু—সংগীতজ্ঞ গন্ধর্ব বিঃ। তিনি বিষ্ণুর অতি প্রিয় ছিলেন (ভারত)।

তুর্বসু—যযাতির পুত্র। মাতার নাম দেবযানী (ভারত)।

তুলসী—রাধিকার সখী। রাধিকার শাপে ধর্মধ্বজ রাজার কন্যা হইয়া জন্মগ্রহণ করিলে শংখচূড় দৈত্যের সহিত তাঁহার বিবাহ হয়। শংখচূড়ের রূপ ধরিয়া আসিয়া কৃষ্ণ তাঁহার সতীত্ব নষ্ট করিলে শিব শংখচূড়কে নিহত করেন। অতঃপর সমস্ত বিষয় অবগত হইয়া তিনি সহমৃতা হন। কৃষ্ণের বরে তাঁহার কেশ হইতে তুলসীবৃক্ষের জন্ম হয় (ব্রহ্মবৈ)।

তুলসীদাস (গোস্বামী)—(? ১৫৩৩—১৬২৪ খ্রীঃ)। প্রসিদ্ধ হিন্দী কবি ও সাধক। তিনি জাতিতে

ব্রাহ্মণ। উত্তর প্রদেশের বাঁদা জেলার রাজপুর গ্রামে তাঁহার জন্ম হয়। পিতা আত্মারাম দুবে। তিনি আকবরের সমসাময়িক কবি। তিনি হিন্দীভাষায় রামচরিত রচনা করেন; ইহা 'তুলসীদাস রামায়ণ' নামে প্রসিদ্ধ। তাঁহার প্রণীত 'দোঁহাবলী' অতি অমূল্য গ্রন্থ।

তেগ বাহাদুর—সুবিখ্যাত নবম শিখগুরু। পিতা গুরু হরিকিষণ রায়। পুত্র গুরু গোবিন্দ। তিনি আওরঙ্গজেবের কুদৃষ্টিতে পড়েন। কাশ্মীরী পণ্ডিতদের উপরে আওরঙ্গজেব অত্যাচার করিতে আরম্ভ করিলে তিনি প্রতিবাদ করেন। ফলে তাঁহাকে বন্দী করা হয়। সম্রাট্ তাঁহাকে মুসলমান ধর্ম গ্রহণ করিতে বলেন। কিন্তু তিনি তাহা করেন নাই বলিয়া তাঁহার শিরশ্ছেদ হয় (১৬৭৫ খ্রীঃ)। তাঁহার বিখ্যাত উক্তি 'শির দিয়া, সের নাহি দিয়া'।

তেলাংগ—কাশীনাথ ত্রিম্বক' দ্রঃ।

তৈমুর লংগ—তাইমুর লংগ (তাহা দ্রঃ)।

তৈলংগস্বামী—'ত্রৈলিংগ স্বামী' দ্রঃ।

তোডরমল্ল—'টোডরমল্ল' দ্রঃ।

ত্যাগরাজা—(১৭৫৯—১৮৪৭ খ্রীঃ)। দাক্ষিণ ভারতীয় সংগীত জগতের শ্রেষ্ঠ পুরুষ। এক তেলেগু ব্রাহ্মণ পরিবারে তাঁহার জন্ম হয়। কর্ণাটীয় সংগীতে তাঁহাকে বিঠোফেনের সম্মান দান করা হয়। তিনি ২৪০০০ কীর্তন রচনা করেন। অনেকে তাঁহাকে বাল্মীকির অবতার বলেন।

ত্রিগুণা সেন, ডক্টর—(জন্ম ১৯০৫ খ্রীঃ)। একজন বিশিষ্ট শিক্ষাবিদ্। শ্রীহট্ট জেলায় জন্ম। তিনি দীর্ঘকাল যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছিলেন। কলিকাতা কর্পোরেশনের প্রাক্তন মেয়র। ১৯৬৭ খ্রীষ্টাব্দে তিনি কেন্দ্রীয় সরকারের শিক্ষা-মন্ত্রী হন।

ত্রিজটা—রাক্ষসী বিঃ। সীতা রাবণ কর্তৃক অবরুদ্ধা হইলে এই রাক্ষসী তাঁহাকে প্রায়ই সান্ত্বনা ও আশ্বাস প্রদান করিত (রাম)।

ত্রিপুরারি—মহাদেব। তারকাক্ষ, কমলাক্ষ ও বিদ্যুন্মালী নামক অসুরত্রয় দেবগণের উপর অত্যাচার করিতে থাকিলে মহাদেব ঐ তিন অসুরের পুরী ধ্বংস করিয়া এই নাম প্রাপ্ত হন (ভাগ)।

ত্রিশঙ্কু—অযোধ্যার অধিপতি সূর্যবংশীয় নৃপতি। বিশ্বামিত্রের সহায়তায় তিনি সশরীরে স্বর্গে গমন করিলে দেবরাজ ইন্দ্র তাঁহাকে স্বর্গচ্যুত করেন। ত্রিশঙ্কু বিশ্বামিত্রের শরণাপন্ন হইলে বিশ্বামিত্র দ্বিতীয় স্বর্গ সৃষ্টি করিতে প্রবৃত্ত হন। দেবগণ তখন তাঁহাকে নক্ষত্রবেষ্টিত হইয়া স্বর্গ ও মর্ত্যের মধ্যপথে অবস্থিতি করিতে দেন (রাম)।

ত্রিশিরা—ত্বষ্টা নামে প্রজাপতির পুত্র। তিনি একবদনে বেদাধ্যয়ন, অন্য বদনে সুরাপান ও তৃতীয় বদনে সমুদয় পৃথিবী গ্রাস করিতে যান। ইন্দ্র তাঁহার বিনাশ সাধন করেন ও কুঠার দ্বারা মস্তক তিনটি কাটিয়া ফেলেন (ভারত)।

ত্রৈলিংগ (তৈলংগ) স্বামী—(১৬০৭—১৮৮৭ খ্রীঃ)। কাশীর প্রসিদ্ধ সন্ন্যাসী ও যোগী। দাক্ষিণাত্যের এক ব্রাহ্মণ পরিবারে এই মহাপুরুষের আবির্ভাব হয়। তিনি জীবন্মুক্ত পুরুষ ছিলেন এবং সুখদুঃখের অতীত হইয়া অবস্থান করিতেন। যোগবলে তিনি দীর্ঘজীবন লাভ করিয়াছিলেন। ২৮০ বৎসর বয়সে কাশীধামে যোগাসনে এই মহাত্মার তিরোধান হয়।

ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়—(১৮৪৭—১৯১৩ খ্রীঃ)। গ্রন্থকার। শ্যামনগরের নিকট রাহুতা গ্রামে জন্ম। পিতার নাম বিশ্বম্ভর। 'বিশ্বকোষ'-নামক অভিধান তাঁহার প্রচেষ্টাতেই আরম্ভ হয়। বিখ্যাত শিশু উপন্যাস 'কঙ্কাবতী', 'ভূত না মানুষ', 'ফোকলা দিগম্বর', 'মুক্তামালা', 'ময়না কোথায়' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

থ

থর্নিক্রফ্ট্ (Thornycroft, Sir John Isaac)—(১৮৪৩—১৯২৮ খ্রীঃ)। বিখ্যাত জাহাজনির্মাতা। রোমনগরে জন্ম। টর্পেডো-বোট টারবাইন-প্রোপেলার ইঃ প্রবর্তক। মোটর-এঞ্জিন নির্মাণেও তিনি পারদর্শিতা দেখান।

থিউকিডিডিজ (Thucydides)—(খ্রীঃ পূঃ ৪৭১—৪০১)। গ্রীক ঐতিহাসিক। 'History of the Peloponnesian War' তাঁহার রচিত ইতিহাস।

থিওক্রিটাস (Theocritus)—(খ্রীঃ পূঃ ২৮৫—২৪৭)। প্রসিদ্ধ গ্রীক কবি। সাইরাকিউসে তাঁহার জন্ম। তাঁহার 'Idylls' ও 'Epigrams'-নামক দুইখানি কাব্যগ্রন্থ বিশ্ববিশ্রুত।

থিওডোর পার্কার (Theodore Parker)—(১৮১০—১৮৬০ খ্রীঃ)। বিখ্যাত মানবপ্রেমিক। আমেরিকার ইউনাইটেড স্টেটসের অন্তর্গত লেক্সিংটন-নামক গ্রামে জন্ম। দাসব্যবসায় এবং খ্রীষ্টানধর্মের প্রচলিত ভ্রান্ত মতসমূহের বিপক্ষে তিনি প্রবল আন্দোলন উপস্থিত করেন।

থিওডোর, রাজা (Theodore, King)—(১৮১৮—১৮৬৮ খ্রীঃ)। আবিসিনিয়ার রাজা। বিখ্যাত সেনাপতি নেপিয়ার ১৮৬৮ খ্রীষ্টাব্দে মাগডালা দুর্গ ধ্বংস করেন। এই পরাজয়ের দুঃখে তিনি আত্মহত্যা করেন।

থিওডোরিক দি গ্রেট (Theodoric the Great)—

(৪৫৪—৫২৬ খ্রীঃ)। প্রসিদ্ধ রাজা। প্যানোনিয়ায় জন্ম। ইটালীর অস্ট্রোগথিক রাজ্য তাঁহার দ্বারাই প্রতিষ্ঠিত হয়।

থিটিস (Thetis)—বিখ্যাত গ্রীক বীর অ্যাকিলিসের মাতা। তাঁহার বিবাহের সময় কলহদেবী বিবাহ-সভায় একটি আপেল ফেলেন এবং সেই আপেলের উপরে ইহাই লিখিত থাকে যে, যে সর্বশ্রেষ্ঠ সুন্দরী তাহারই এই আপেল ফল প্রাপ্য।

থিবো (Thibaut, George Frederick William) —(১৮৪৮—১৯১৫ খ্রীঃ)। সংস্কৃতজ্ঞ জার্মান পণ্ডিত। জার্মানিতে হাইডেলবার্গ নগরে জন্ম। তিনি ইংরেজী ভাষায় একখানি সংস্কৃত ব্যাকরণ লেখেন। বোধায়ন-প্রণীত শুল্বসূত্র, অর্থসংগ্রহ, বরাহ-মিহির প্রণীত সিদ্ধান্তিকা, শাঙ্করভাষ্য সহিত বেদান্তসূত্র, রামানুজ-ভাষ্য সহিত বেদান্তসূত্র ইঃ তাঁহার রচিত গ্রন্থ।

থিমিস্টক্লিজ (Themistocles)—(খ্রীঃ পূঃ ৫২০—৪৪৯)। এথেন্সের বিখ্যাত সেনাপতি ও রাজনীতিবিশারদ। যখন পারসিক রাজা জারক্সেজ (Xerxes) এথেন্স আক্রমণ করেন, সে-সময় তিনি গ্রীক নৌ-বাহিনীর সেনাপতি ছিলেন। তাঁহার পরিচালনার জন্যই স্যালামিজে গ্রীকদের জয়লাভ হয়।

থিসিউস (Theseus)—বিখ্যাত গ্রীক বীর। এথেন্সের রাজা ঈজিউস তাঁহার পিতা। মাতার নাম আইথা (গ্রীক পুঃ)।

থিস্‌বি (Thisbe)—ব্যাবিলনদেশের কুমারী। পিরামাস তাঁহাকে ভালবাসিতেন (বৈদে পুঃ)।

থীব, রাজা (Theebaw, King)—ব্রহ্মদেশের রাজা। পিতা মিনডন। ১৮৭৮ খ্রীষ্টাব্দে তিনি রাজা হন। মান্দালয়ে তাঁহার রাজধানী ছিল।

থেলাইয়া (Thalia)—প্রহসনের অধিষ্ঠাত্রী দেবী। তিনি নয়জন সংগীতদেবীর অন্যতমা (বৈদে পুঃ)।

থেলিজ (Thales)—(? খ্রীঃ পূঃ ৬৪০—৫৮৬)। গ্রীক দার্শনিক। তিনি প্রাচীন গ্রীসের সাতজন জ্ঞানী লোকের অন্যতম। খ্রীঃ পূঃ ৫৮৫ অব্দে যে সূর্য-গ্রহণ হয়, তিনি তাহা পূর্বেই গণনা করিয়া বলেন।

থ্যাকারে, উইলিয়াম মেক্‌পিস (Thackeray, William Makepeace)—(১৮১১—১৮৬৩ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ ঔপন্যাসিক। তিনি কলিকাতায় ফ্রী স্কুল স্ট্রীটে জন্মগ্রহণ করেন। ১৮৪৬ হইতে ১৮৪৮ খ্রীষ্টাব্দের মধ্যে তাঁহার 'Vanity Fair' নামক পুস্তকখানি রচিত হইয়াছিল। 'Yellow-Papers' ও 'The Book of Snobs' তাঁহার দুইখানি বিশেষ প্রসিদ্ধ গ্রন্থ।

[দ]

দংশ—অসুর বিঃ। ভৃগুর পত্নীকে চুরি করার জন্য তিনি কীট হন। ইহার পর তিনি যখন পরশুরামের গৃহে কর্ণের ঊরু ভেদ করেন, তখন তিনি মুক্ত হন (ভাবত)।

দক্ষ প্রজাপতি—ব্রহ্মার পুত্র। স্ত্রীর নাম প্রসূতি। দক্ষেব বহু কন্যা ছিল। কনিষ্ঠা কন্যা সতীর সহিত শিবের বিবাহ হয়। দক্ষযজ্ঞের সময়ে সতী পিতার মুখে পতিনিন্দা শ্রবণে যজ্ঞস্থলে দেহত্যাগ করেন। ইহাতে শিব কুপিত হইলে তাঁহার অনুচরগণ দক্ষের যজ্ঞ নষ্ট করিয়া তাঁহার ছিন্ন মুণ্ড অগ্নিতে নিক্ষেপ করে। অনন্তর প্রসূতির অনুরোধে শিব দক্ষের স্কন্ধে ছাগমুণ্ড যোজনা করিয়া তাঁহাকে পুনর্জীবিত করেন (ভাগ)।

দক্ষসাবর্ণি—ব্রহ্মার মানসপুত্র। সংহিতাশাস্ত্রকার। প্রতি কল্পে যে চৌদ্দজন মনু আবির্ভূত হইয়া পৃথিবী শাসন করেন, তিনি তাঁহাদের মধ্যে নবম (ভাগ)।

দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার—বিখ্যাত কথা-সাহিত্যিক। তাঁহার 'ঠাকুরমার ঝুলি', 'ঠাকুরদাদার ঝুলি' ইঃ উপকথার বই বিশেষ উপভোগ্য।

দত্তাত্রেয়—মুনি বিঃ। বিষ্ণুর অংশে জন্ম। পিতার নাম অত্রি। দৈত্যপতি প্রহ্লাদ তাঁহার নিকট অধ্যাত্মবিদ্যার উপদেশ গ্রহণ করেন (বিষ্ণু)।

দধিমুখ—সুগ্রীবের মাতুল। তিনি বানররাজের অধিকৃত মধুবনের রক্ষক ছিলেন (রাম)।

দধীচি—স্বনামপ্রসিদ্ধ ঋষি। বেদমতে অথর্বা ঋষির পুত্র। পুরাণমতে মহর্ষি ভৃগু বা চ্যবনের পুত্র। তিনি শিবের পরম ভক্ত ছিলেন। দেবরাজ ইন্দ্রের প্রার্থনা অনুসারে বৃত্রবধার্থে তিনি স্বীয় অস্থি দেবতাদের প্রদান করেন। ঐ অস্থি হইতে নির্মিত বজ্রাস্ত্র প্রহারে ইন্দ্র বৃত্রকে নিহত করেন (ভারত)।

দনু—দক্ষকন্যা, কশ্যপের পত্নী। ইঁহার পুত্রগণ দানব নামে খ্যাত (ভারত)।

দনুজমর্দন—(? জীবৎকাল ১৪১৭)। মুসলমান শাসনযুগের এক রাজার নাম। তিনি চন্দ্রদ্বীপের রাজা ছিলেন। অনেকের মতে দনুজমর্দন ও রাজা গণেশ অভিন্ন।

দন্তবক্র—চেদীরাজ দমঘোষের কনিষ্ঠ পুত্র এবং শিশুপালের কনিষ্ঠ ভ্রাতা। শ্রীকৃষ্ণের পদাঘাতে তিনি নিহত হন (ভাগ)।

দম—সূর্যবংশীয় রাজা। মরুত্ত তাঁহার পিতামহ তিনি মাতৃগর্ভে নয় বৎসর অবস্থান করিয়াছিলেন

দমঘোষ—চেদীরাজ। যদুবংশীয় বসুদেবের ভগিনী শ্রুতশ্রবার সহিত তাঁহার বিবাহ হয়। তাঁহার শিশুপাল ও দন্তবক্র নামে দুই মহাবল পুত্র জন্মে। তিনি মগধরাজ জরাসন্ধের পক্ষভুক্ত ছিলেন (হরি)।

দময়ন্তী—নিষধরাজ নলের মহিষী এবং বিদর্ভরাজ ভীমের কন্যা। স্বয়ংবরসভায় দেবগণকে উপেক্ষা করিয়া তিনি নলকে পতিত্বে বরণ করিলে কলি অত্যন্ত ক্রুদ্ধ হন এবং তাঁহার চক্রান্তে দময়ন্তী স্বামীর সহিত রাজ্যভ্রষ্ট হইয়া অশেষ ক্লেশ ভোগ করেন (ভারত)।

দয়ানন্দ ঠাকুর (১৮৮১—১৯৩৭ খ্রীঃ)। বিশ্বশান্তির প্রচারক। শ্রীহট্টের হবিগঞ্জে বামৈ গ্রামে জন্ম। সংসারী নাম গুরুদাস চৌধুরী। পিতা গুরুচরণ। দেওঘরে লীলামন্দির নামে তিনি আশ্রম স্থাপন করেন।

দয়ানন্দ সরস্বতী—(১৮২৪—১৮৮৩ খ্রীঃ)। বৈদিক ধর্ম-সংস্কারক সন্ন্যাসী। আর্যসমাজের প্রতিষ্ঠাতা। কাথিয়াবাড় প্রদেশে জন্ম। প্রকৃত নাম মূলশঙ্কর। পিতা অম্বাশঙ্কর। বৈদিক ধর্মের পুনঃ প্রচারের জন্য তিনি আর্যসমাজের প্রতিষ্ঠা করেন। 'ঋগ্বেদ-ভাষ্য' ও 'সত্যার্থ-প্রকাশ'-নামক দুইখানি গ্রন্থে তাঁহার মতবাদ প্রকাশিত আছে।

দয়ালহরি মুখোপাধ্যায়, বিদ্যারত্ন—(জন্ম ১৮৮৬ খ্রীষ্টাব্দের ৯ই নভেম্বর, মৃত্যু ১৯৫৭ খ্রীষ্টাব্দের ১০ই জানুয়ারি)। ইতিহাস, দর্শন, জ্যোতির্বিদ্যা, গণিতশাস্ত্র প্রঃ বিষয়ে অসাধারণ পণ্ডিত। ল্যাটিন, গ্রীক প্রঃ বহু ভাষায় তাঁহার অপরিসীম জ্ঞান ছিল। কথা-সাহিত্যিক শরৎচন্দ্র তাঁহার নিকট হইতে তাঁহার বহু গল্পের ভাব ও ভাষা সংগ্রহ করিয়াছিলেন। তাঁহার 'রঘুবংশের' অনুবাদ ও অসংখ্য গান ও কবিতা একসময়ে দেশবাসীর গভীর শ্রদ্ধা অর্জন করিয়াছিল।

দরায়ুস ১ম (Darius I)—(? খ্রীঃ পূঃ ৫৫৮—? ৪৮৫)। পারস্যের সুপ্রসিদ্ধ সম্রাট। তিনি গান্ধার ও তাহার নিকটবর্তী কয়েকটি স্থান অধিকার করেন। গ্রীকগণ তাঁহাকে ম্যারাথনের যুদ্ধে পরাভূত করে।

দরায়ুস, ২য় (Darius II)—তিনি পারস্যরাজ আর্টা জারক্সেজের পুত্র। ভ্রাতাকে হত্যা করিয়া তিনি খ্রীঃ পূঃ ৪২৪ হইতে ৪০৫ অব্দ পর্যন্ত রাজত্ব করেন।

দরায়ুস, ৩য় (Darius III)—পারস্যের শেষ রাজা। খ্রীঃ পূঃ ৩৩৬ হইতে ৩৩১ অব্দ পর্যন্ত রাজত্ব করেন। গ্রীকবীর আলেকজাণ্ডার তাঁহার রাজ্য আক্রমণ করিয়া তাঁহাকে পরাজিত করেন। ইহার কিছুদিন পরে তিনি ঘাতকের হস্তে নিহত হন।

দর্পনারায়ণ ঠাকুর—পাথুরিয়াঘাটার ঠাকুর পরিবারের প্রতিষ্ঠাতা। পিতা জয়রাম ঠাকুর কোম্পানির কাজ করিয়া প্রভূত অর্থ উপার্জন করেন। দর্পনারায়ণের জ্যেষ্ঠ ভ্রাতা জোড়াসাঁকোর নীলমণি ঠাকুর রবীন্দ্র-নাথের পূর্বপুরুষ।

দলীপ সিংহ, মহারাজ বাহাদুর—(১৮৩৭—১৮৯৩ খ্রীঃ)। পঞ্জাব-কেশরী রণজিৎ সিংহের পুত্র। মাতার নাম ঝিন্দনকুমারী (তাহা দ্রঃ)।

দশরথ—অযোধ্যার অধিপতি সূর্যবংশীয় নৃপতি। বিষ্ণুর অংশে তাঁহার রাম, লক্ষ্মণ, ভরত ও শত্রুঘ্ন নামে চারি পুত্রের জন্ম হয়। সত্যরক্ষার জন্য অনিচ্ছাসত্ত্বেও তিনি প্রাণাধিক প্রিয়পুত্র রামচন্দ্রকে চৌদ্দ বৎসরের জন্য বনে প্রেরণ করেন। কিন্তু পুত্রশোক সহ্য করিতে না পারায় অচিরেই তিনি দেহত্যাগ করেন (রাম)।

দাদাজী কোণ্ডদেব—(?—১৬৪৭ খ্রীঃ)। মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ। শিবাজী বাল্যকালে তাঁহার নিকটে থাকিতেন। তাঁহার কাছে শিবাজী রামায়ণ মহা-ভারতের কাহিনী শুনিতেন।

দাদাভাই নওরোজী (Dadabhai Naoroji)—(১৮২৫—১৯১৭ খ্রীঃ)। বিখ্যাত রাজনীতি-বিশারদ। বোম্বাই নগরে এক প্রসিদ্ধ পার্শী পুরোহিত পরিবারে জন্ম। ১৮৮৬, ১৮৯৩, ১৯০৬ খ্রীষ্টাব্দে তিনি কংগ্রেসের সভাপতি হন। 'Grand Old Man of India' বলিয়া লোকে তাঁহাকে অশেষ শ্রদ্ধার চক্ষে দেখিত। ১৮৯২ খ্রীষ্টাব্দে তিনি ইংলণ্ডের পার্লামেন্ট মহাসভারও সভ্যপদে নির্বাচিত হন।

দাদূ—(১৫৪৪—১৬০৩ খ্রীঃ)। কাশীর সন্নিকটে এক মুচির ঘরে তাঁহার জন্ম হয়। সাধনার বলে তিনি একজন সাধকে পরিণত হন। সম্ভবতঃ তাঁহার পূর্বাশ্রমের নাম ছিল মহাবলী।

দান্তে (Dante Alighieri)—(১২৬৫—১৩২১ খ্রীঃ)। ইটালির সর্বশ্রেষ্ঠ কবি। তাঁহার 'La Divina Commedia'-নামক পৃথিবী-বিখ্যাত গ্রন্থের বহুবার বহু ভাষায় অনুবাদ হইয়াছে। তাঁহার প্রণয়িনী 'বিয়াত্রিচ'-এরও নাম জগতে স্মরণীয় হইয়া আছে।

দামোদর মুখোপাধ্যায়—(১৮৫৩—১৯০৭ খ্রীঃ)। প্রসিদ্ধ উপন্যাস-লেখক। মাতুল লোহারাম শিরো-রত্নের বাড়িতে নদীয়ার কৃষ্ণনগরে জন্ম। 'জ্ঞানাঙ্কুর' ও 'প্রবাহ' পত্রিকার সম্পাদক ছিলেন। তিনি বঙ্কিমচন্দ্রের বৈবাহিক ছিলেন। 'মৃন্ময়ী' তাঁহার প্রথম উপন্যাস। ইহা কপালকুণ্ডলার উপসংহার। তাঁহার রচিত 'নবাব-নন্দিনী' বঙ্কিমের দুর্গেশ-নন্দিনীর উপসংহার। 'মা ও মেয়ে', 'দুই ভগিনী', 'বিমলা' প্রঃ অনেক উপন্যাসের তিনি প্রণেতা।

দায়ুদ খাঁ—(?—১৫৭৬ খ্রীঃ)। বাংলার শাসনকর্তা। মোগলসম্রাট আকবরের সময়ে তিনি রাজত্ব করিতেন। সম্রাটের অধীনতা অস্বীকার করিলে তাঁহার বিরুদ্ধে আকবর যুদ্ধ ঘোষণা করেন। তিনি যুদ্ধে পরাজিত ও নিহত হন।

দারা শিকো—(১৬১৫—১৬৫৯ খ্রীঃ)। দিল্লীশ্বর শাহজাহানের জ্যেষ্ঠ পুত্র। তিনি ফার্সী ভাষায় উপনিষদের অনুবাদ প্রকাশ করিয়াছিলেন।

আওরঙ্গজেব দারাকে যুদ্ধে পরাজিত করিয়া বন্দী ও হত্যা করেন।

দারুক—শ্রীকৃষ্ণের প্রিয় সারথি (ভাগ)।

দাশরথি রায়—(১৮০৪—১৮৫৭ খ্রীঃ)। বিখ্যাত পাঁচালী-লেখক। দাশু রায় নামেই সাধারণ্যে পরিচিত। বর্ধমান জেলার অন্তর্গত বাঁদমুড়া গ্রামে ব্রাহ্মণ-বংশে জন্মগ্রহণ করেন। গান ও ছড়া বাঁধিতে তাঁহার অসামান্য শক্তি ছিল। তাঁহার ৬০ খানি পালা মুদ্রিত আছে।

দাহীর—(?—৭১২ খ্রীঃ)। সিন্ধুদেশের রাজা। মহম্মদ-বিন্-কাসিম নামে একজন আরব সেনাপতি যখন ভারত আক্রমণ করেন, তখন তিনি তাঁহার হস্তে নিহত হন। তাঁহার রাজ্য মুসলমানেরা অধিকার করে।

দিগম্বর মিত্র, রাজা—(১৮১৭—১৮৭৯ খ্রীঃ)। কলিকাতার প্রথম বাঙ্গালী শেরীফ। হুগলীর অন্তর্গত কোন্নগর গ্রামে জন্ম। ক্রমে তিনি বাংলার বিভিন্ন জেলায় বহু জমিদারি কেনেন। রেল-কিস্তাবের ফলে যে ম্যালেরিয়া বৃদ্ধি পাইতেছে, একথা তিনিই প্রথমে বলিয়াছিলেন।

দিতি—দক্ষের কন্যা ও কশ্যপের ভার্যা। তাঁহার পুত্রগণ দৈত্য নামে খ্যাত (ভাগ)।

দিনকর ভট্ট—প্রাচীন গ্রন্থকার। তিনি 'ন্যায়মুক্তাবলী'র টীকা রচনা করেন।

দিনশা এদুলজী ওয়াচা (Dinshaw Edulji Wacha)—পার্শী নেতা। তিনি বোম্বাই কর্পোরেশনের কমিশনার ও কংগ্রেস সভাপতি (১৯০১ খ্রীঃ)। হন।

দিনেন্দ্রনাথ ঠাকুর—(১৮৮২—১৯৩৫ খ্রীঃ)। রবীন্দ্র-সংগীতের স্বরলিপিকার। মহর্ষি দেবেন্দ্রনাথের জ্যেষ্ঠপুত্র দ্বিজেন্দ্রনাথের পৌত্র ও দীপেন্দ্রনাথের পুত্র। তিনি রবীন্দ্রনাথের শান্তিনিকেতনে ২৫ বৎসর সংগীতাধ্যাপক ছিলেন। তিনি রবীন্দ্রনাথের অধিকাংশ গানের স্বরলিপি করিয়াছিলেন। তাঁহার রচিত গান ও কবিতা-পুস্তকের নাম 'বীণ'।

দিবোদাস—১। কাশীরাজ। সুদেবের পুত্র। তিনি বারাণসী নগরীর স্থাপয়িতা (ভারত)। ২। চিকিৎসক। তিনি ভাস্করের নিকট আয়ুর্বেদ অধ্যয়ন করেন। তিনি 'চিকিৎসাদর্শন' নামে একখানি আয়ুর্বেদীয় গ্রন্থ রচনা করিয়াছিলেন (ব্রহ্মবৈ)।

দিব্বোক, দিব্য—(১১শ শতক)। প্রসিদ্ধ মাহিষ্য বীর। তিনি পালবংশীয় দ্বিতীয় মহীপালের অন্যতম সচিব ছিলেন। উত্তরবঙ্গে তিনি রাজ্য-প্রতিষ্ঠা করিয়াছিলেন। তাঁহার পুত্র রুদ্র, রুদ্রের পুত্র ভীম।

দিলীপ—সূর্যবংশীয় নৃপতি। তিনি সর্বগুণে বিভূষিত আদর্শ ভূপতি ছিলেন। কামধেনু নন্দিনীর সেবা করিয়া তিনি পুত্র রঘুকে লাভ করেন (হরি)।

দিলীপকুমার রায়—(জন্ম ১৮৯৭ খ্রীঃ)। লেখক ও সংগীতজ্ঞ। পিতা স্বনামখ্যাত দ্বিজেন্দ্রলাল রায়। ১৯২৭ খ্রীষ্টাব্দে তিনি যোগ-সাধনার জন্য শ্রীঅরবিন্দের পণ্ডিচেরী আশ্রমে যোগ দেন। তাঁহার 'সাঙ্গীতিকী' পুস্তকখানি সংগীত সম্বন্ধে লিখিত একটি উল্লেখযোগ্য বই। 'ভ্রাম্যমাণের দিনপঞ্জী', 'অঘটন আজো ঘটে', 'মনের পরশ', 'রঙের পরশ', 'তীর্থংকর', 'অনামী', 'সূর্যমুখী' (কাব্য) প্রঃ তাঁহার লিখিত পুস্তক।

দিলু—নৃপতি বিঃ। খ্রীষ্টীয় ১ম শতাব্দীতে তিনি রাজত্ব করেন। প্রাচীন ইন্দ্রপ্রস্থের নিকটে তাঁহার রাজধানী ছিল। এই স্থান তাঁহার নাম অনুসারে দিল্লী বলিয়া অভিহিত হয়।

দীনবন্ধু অ্যাণ্ড্রুজ (C. F. Andrews)—(১৮৭১—১৯৪১ খ্রীঃ)। ভারতহিতৈষী ও সমাজসেবী। কেম্ব্রিজের পেম্ব্রোক কলেজে শিক্ষালাভ করিয়া পেম্ব্রোক কলেজ মিশনের নেতা হন। ১৯০৪ খ্রীষ্টাব্দে কেম্ব্রিজ ভ্রাতৃ-সংঘে যোগদান করেন। পরে ভারতে আসেন ও তিনি দিল্লী সেণ্ট-ষ্টিফেন্স কলেজে অধ্যাপনা করিতে থাকেন। পরে পঞ্জাব বিশ্ববিদ্যালয়ের ফেলো হন (১৯০৮—১৩ খ্রীঃ)। ইহার পর তিনি রবীন্দ্রনাথ ঠাকুরের শান্তিনিকেতনে যোগ দেন ও স্মাটস গান্ধী মিলন ব্যাপারে দক্ষিণ আফ্রিকা যাত্রা করেন। তিনি রবীন্দ্রনাথ ও গান্ধীর পরম বন্ধু ছিলেন। ভারতীয় সমাজের সেবার কাজে তিনি আত্মনিয়োগ করিয়াছিলেন।

দীনবন্ধু মিত্র—(১৮৩০—১৮৭৩ খ্রীঃ)। প্রসিদ্ধ নাট্যকার। তাঁহার পিতার নাম কালাচাঁদ মিত্র। নদীয়ার অন্তর্গত চৌবেড়িয়া গ্রামে জন্ম। তাঁহার লিখিত 'নীলদর্পণ' নাটকের ইংরেজী অনুবাদ হয় এবং ইহার ফলে নীলকর সাহেবদিগের অত্যাচার বহু পরিমাণে নিবারিত হয়। তিনি কবি ঈশ্বরচন্দ্র গুপ্তের সমসাময়িক। তাঁহার প্রণীত 'নবীন তপস্বিনী', 'সধবার একাদশী', 'কমলে কামিনী', 'লীলাবতী', 'বিয়ে পাগলা বুড়ো', 'জামাই বারিক' প্রঃ পুস্তক আছে। তিনি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের অন্তরঙ্গ বন্ধু ছিলেন।

দীনেন্দ্রকুমার রায়—(২৬শে আগস্ট, ১৮৬৯—২৭শে জুন, ১৯৪৩ খ্রীঃ)। সাহিত্যিক, বিশেষতঃ ডিটেক্-টিভ উপন্যাস রচনায় সিদ্ধহস্ত। নদীয়া জেলার মেহেরপুরে এক সম্ভ্রান্ত তিলি পরিবারে তাঁহার জন্ম। পিতা ব্রজনাথ। তিনি বরোদা রাজ্যে শ্রীঅরবিন্দের বাংলা শিক্ষক হইয়া যান। পরে সাপ্তাহিক 'বসুমতী'র সহকারী সম্পাদক ও 'নন্দন-কানন'এর সম্পাদক হন। তিনি 'রহস্যলহরী' নামে গোয়েন্দা-কাহিনীর সম্পাদক। ঐ সিরিজে ২১৭ খানি উপন্যাস মুদ্রিত হয়। তাঁহার রচিত 'নেপোলিয়ন বোনাপার্ট', 'পল্লীচিত্র', 'পল্লীকথা', 'অরবিন্দ-প্রসঙ্গ', 'নানা সাহেব' বিশেষ উল্লেখযোগ্য।

দীনেশচন্দ্র গুপ্ত—(?—১৯৩১ খ্রীঃ)। শহীদ যুবক। ১৯৩০ খ্রীষ্টাব্দে রাইটার্স বিল্ডিং-এ কারাবিভাগের ইন্সপেক্টর-জেনারেল মিঃ সিম্পসনকে হত্যা করার অপরাধে তাঁহাকে বিনয় বসুর সঙ্গে গ্রেফতার করা

হয়। আলীপুরের প্রেসিডেন্সি জেলে তাঁহার ফাঁসি হয়।

দীনেশচন্দ্র সেন, রায় বাহাদুর—(৩রা নভেম্বর, ১৮৬৬—২০শে নভেম্বর, ১৯৩৯ খ্রীঃ)। নিবাস সুয়াপুর, ঢাকা। পিতার নাম ঈশ্বরচন্দ্র। তিনিই সর্বপ্রথম কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বঙ্গভাষা ও সাহিত্যে 'রামতনু লাহিড়ী অধ্যাপক'-পদ অলংকৃত করেন। ১৮৯৬ খ্রীষ্টাব্দে তাঁহার 'বঙ্গভাষা ও সাহিত্য' প্রকাশিত হয়। তাঁহার লিখিত 'বেহুলা', 'সতী', 'ফুল্লরা', 'রামায়ণী কথা' প্রঃ পুস্তকগুলি বঙ্গ-ভাষার সম্পদ যথেষ্ট বৃদ্ধি করিয়াছে। পূর্ব-বঙ্গের লৌকিক গীতিকাব্যগুলি তিনি যত্নের সঙ্গে প্রকাশ করিয়া বাংলা সাহিত্যের শ্রীবৃদ্ধি সাধন করিয়াছেন।

দীনেশচরণ বসু—(১৮৫১—১৮৯৮ খ্রীঃ)। কবি। জন্মস্থান ঢাকা-মাণিকগঞ্জ, শ্রীবাড়ী। পিতা অভয়া-চরণ। জন্ম পুর্ণিয়ায়। তিনি 'চারুবাদ' ও 'ঢাকা প্রকাশে'র সম্পাদনা করেন। কালীপ্রসন্ন ঘোষ তাঁহার উৎসাহদাতা ছিলেন। তাঁহার রচিত 'কবিকাহিনী', 'মহাপ্রস্থান', 'কুলকলঙ্কিনী', 'নিরাশ-প্রণয়' (উপন্যাস) প্রঃ গ্রন্থগুলি উল্লেখযোগ্য।

দীপঙ্কর শ্রীজ্ঞান অতীশ—(৯৮০—? ১০৫৩ খ্রীঃ)। বিক্রমশীলার জগদ্বিখ্যাত মহাবিহারের অধ্যক্ষ। বিক্রমপুরে জন্ম। পিতার নাম কমলশ্রী, মাতার নাম প্রভাবতী। শৈশবের নাম চন্দ্রগর্ভ। শীলরক্ষিতের নিকট দীক্ষা গ্রহণ করিবার পর তিনি 'শ্রীজ্ঞান' আখ্যায় প্রসিদ্ধ হন। তিনি বিক্রমশীলার মহা-বিহারের অধ্যক্ষের পদ গ্রহণ করেন। ১০৪২ খ্রীষ্টাব্দের কিছু পরে তিনি তিব্বত গমন করেন ও সেখানকার প্রচলিত বৌদ্ধধর্মের সংস্কার করেন। তিব্বতের লাসা হইতে কিছু দূরে এক স্থানে তিনি দেহত্যাগ করেন। তিব্বতে তিনি 'অতীশ' নামে পরিচিত ছিলেন।

দীর্ঘতমা—বৃহস্পতির ভ্রাতা উতথ্যের পুত্র। তিনি জন্মান্ধ ছিলেন। স্ত্রীর নাম প্রদ্বেষী। তিনি গৌতম প্রঃ ঋষির জনক (ভাগ)।

দুঃখী শ্যামদাস—(১৬শ শতক)। কবি। জন্মস্থান মেদিনীপুরে হরিহরপুর গ্রাম। পিতার নাম শ্রীমুখ। শ্রীকৃষ্ণের লীলামাধুরী বর্ণনা করিয়া তিনি 'গোবিন্দমঙ্গল' নামে একখানি উৎকৃষ্ট গ্রন্থ রচনা করিয়াছিলেন।

দুঃশলা—ধৃতরাষ্ট্রের কন্যা, দুর্যোধনের ভগিনী। সিন্ধুরাজ জয়দ্রথের সহিত তাঁহার বিবাহ হয়। কুরুক্ষেত্র-যুদ্ধে জয়দ্রথ নিহত হইলে তিনি শিশু-পুত্র সুরথের অভিভাবিকা হইয়া রাজ্যশাসন করেন (ভারত)।

দুঃশাসন—ধৃতরাষ্ট্রের দ্বিতীয় পুত্র, দুর্যোধনের ভ্রাতা। তিনি পাণ্ডবগণের বিপক্ষে দুর্যোধনকে অসৎ মন্ত্রণা দান করিতেন। যুধিষ্ঠির দ্রৌপদীকে পণ রাখিয়া অক্ষক্রীড়ায় পরাজিত হইলে তিনি দুর্যো-ধনের আদেশে দ্রৌপদীকে কেশে ধরিয়া রাজসভায় আনয়ন করেন এবং বিবস্ত্রা করিতে চেষ্টা করেন। তাঁহার এই অপরাধের নিমিত্ত ভীম কুরুক্ষেত্রযুদ্ধে তাঁহার বক্ষঃস্থল বিদীর্ণ করিয়া নিহত করেন ও তাঁহার রক্ত পান করেন (ভারত)।

দুর্গা—মহামায়া ভগবতী। দুর্গাসুরকে বধ করিয়া তিনি এই নাম প্রাপ্ত হন। রাজা সুরথ সর্বপ্রথম তাঁহার পূজা পৃথিবীতে প্রচলিত করিয়াছেন। তার-পর রামচন্দ্র রাবণ বধের নিমিত্ত শরৎকালে তাঁহার অর্চনা করেন। সে সময় হইতে তিনি শারদীয়া নামে অভিহিত হইয়া শরৎকালে পূজিতা হইয়া থাকেন (স্কন্দ)।

দুর্গাদাস—বিখ্যাত রাজপুতবীর। আওরঙ্গজেব যখন যশোবন্ত সিংহের বিধবা পত্নী ও শিশুপুত্র অজিতসিংহকে বন্দী করিবার চেষ্টা করেন, তখন তাঁহার প্রচেষ্টায় তাঁহারা পলায়ন করিতে সমর্থ হন।

দুর্গাদাস বন্দ্যোপাধ্যায়—(১৮৯২—১৯৪৩ খ্রীঃ)। জনপ্রিয় নট। ২৪ পরগনার কালিকাপুরের জমিদার-বংশে জন্ম। চিত্রশিল্পীরূপে ষ্টার থিয়েটারে যোগ দেন ও পরে রঙ্গমঞ্চে ও পর্দায় নটরূপে খ্যাতিলাভ করেন।

দুর্গাদাস লাহিড়ী—(১২৬০—১৩৩৯ বঙ্গাব্দ)। সাহিত্যসেবী। বর্ধমান জেলার অন্তর্গত চক ব্রাহ্মণ-গড়িয়া গ্রামে জন্ম। সুধারাম লাহিড়ীর পুত্র। তাঁহার রচিত 'পৃথিবীর ইতিহাস', 'স্বাধীনতার ইতিহাস', 'রাণীভবানী', 'শিখযুদ্ধের ইতিহাস' প্রঃ পুস্তকগুলি বিশেষ উল্লেখযোগ্য। ৪০ খণ্ডে বেদের মূল, ভাষ্য, ব্যাখ্যা প্রকাশ তাঁহার সর্বপ্রধান কীর্তি।

দুর্গাবতী রানী—(১৬শ শতক)। সুপ্রসিদ্ধ বীর নারী। তিনি চন্দেল রাজপুত মাহোবারাজের কন্যা এবং গড়মন্ডলের অধিপতি দলপত শা'র পত্নী। তিনি বিবাহের অল্প পরেই বিধবা হন। অনন্তর শিশুপুত্রের অভিভাবিকা হইয়া রাজ্যভার গ্রহণ করেন। আকবরের সৈন্যগণ রাজধানী সিংহগড় আক্রমণ করিলে তিনি অসামান্য বীরত্বের সহিত যুদ্ধ করেন কিন্তু জয়ের আশা না থাকায় আত্মহত্যা করেন।

দুর্বাসা—স্বনামপ্রসিদ্ধ ঋষি। পিতা মহর্ষি অত্রি। তিনি অতিশয় ক্রোধপরায়ণ বলিয়া কুখ্যাতি ছিল। তিনি পত্নী কন্দলীকে অভিশাপে ভস্ম করিয়া-ছিলেন। তাঁহারই কারণে রামচন্দ্র লক্ষ্মণকে বর্জন করিতে বাধ্য হন এবং দুর্বাসার ক্রোধ উদ্রিক্ত করিয়াই যদুবংশ ধ্বংস হয় (ভারত)।

দুর্মুখ—অযোধ্যাপতি মহারাজ রামচন্দ্রের গুপ্তচর। তাঁহারই প্রদত্ত সংবাদ অনুসারে সীতাদেবী নির্বাসিতা হন (রাম)।

দুর্যোধন—ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠ পুত্র। তিনি অত্যধিক অভিমানী ও ঈর্ষাপরায়ণ ছিলেন। বিনা যুদ্ধে দুর্যোধন পাণ্ডবদের রাজ্য দিতে অস্বীকার করেন। ফলে কুরুক্ষেত্রের যুদ্ধ হয়। কৌরবেরা পরাজিত হইলে দুর্যোধন দ্বৈপায়ন হ্রদে পালান, কিন্তু ভীম

তাঁহাকে গদাযুদ্ধে অন্যায়ভাবে গুরুতর আহত করেন। ইহার অল্পকাল পরেই তিনি মারা যান। দুর্যোধনের দুই স্ত্রী ছিলেন—চিত্রাঙ্গদা ও ভানুমতী (ভারত)।

দুর্লভচন্দ্র ভট্টাচার্য—১২৭৮ বঙ্গাব্দে কলিকাতায় জন্ম। পিতা নন্দলাল বিদ্যারত্ন। ১৩০০ বঙ্গাব্দ হইতে তিনি মুরারি গুপ্তের নিকট মৃদঙ্গবাদ্য (পাখোয়াজ) শিক্ষা করিতে আরম্ভ করেন। বর্তমান যুগে তিনি একজন শ্রেষ্ঠ মৃদঙ্গবাদক ছিলেন।

দুষ্মন্ত, দুষ্যন্ত—চন্দ্রবংশীয় প্রসিদ্ধ নৃপতি। মৃগয়া উপলক্ষে একবার বনে গিয়া তিনি কণ্বমুনির আশ্রমে বিশ্রামের জন্য উপস্থিত হন। সেখানে কণ্বের পালিতা কন্যা শকুন্তলাকে দেখিয়া মুগ্ধ হন। অতঃপর শকুন্তলার সহিত তাঁহার বিবাহ হয়। তাঁহার পুত্রের নাম ভরত (ভারত)।

দূষণ—রাক্ষস বিঃ। তিনি রাবণের মাসীর পুত্র ছিলেন। তিনি রামের হস্তে নিহত হন (রাম)।

দেবকী, দৈবকী—কৃষ্ণের জননী, বসুদেবের ভার্যা এবং কংসের ভগিনী।

দেবকুমার রায় চৌধুরী—(১৮৮৪—১৯২৯ খ্রীঃ)। কবি ও সাহিত্যিক। বরিশাল জেলার লাখুটিয়া গ্রামে জন্ম। পিতা রাখালচন্দ্র। 'অরুণ', 'মাধবী', 'দেবদূত', 'ধারা' প্রঃ তাঁহার রচিত কাব্যগ্রন্থ। তাঁহার 'দ্বিজেন্দ্রলালের জীবনী' একটি অপূর্ব গ্রন্থ।

দেবদত্ত—বুদ্ধদেবের জ্ঞাতিভ্রাতা। তিনি বৌদ্ধসংঘ-ভেদের চেষ্টা করেন ও নূতন সম্প্রদায় গঠন করেন।

দেবদাস গান্ধী—(১৯০০—১৯৫৬ খ্রীঃ)। মহাত্মা গান্ধীর কনিষ্ঠ পুত্র। তিনি দিল্লীর 'হিন্দুস্থান টাইমস্'-এর প্রধান সম্পাদক ছিলেন। 'Memories of Bapu', 'India reconciled' প্রঃ তাঁহার রচিত গ্রন্থ।

দেব পাল—(৮১৫—৮৫৪ খ্রীঃ)। পাল-বংশের তৃতীয় নৃপতি। পিতা ধর্মপালের রাজত্বকালে পাল-সাম্রাজ্য সমগ্র উত্তর ভারতে বিস্তৃত হইয়াছিল। তিনি উৎকল, দ্রাবিড় ও গুর্জরগণকে পরাজিত করিয়া রাজ্য নিষ্কণ্টক করিয়াছিলেন।

দেবপ্রসাদ ঘোষ—(জন্ম ১৮৯৪ খ্রীঃ)। জন্মস্থান বরিশাল। তিনি দীর্ঘকাল রংপুর কারমাইকেল কলেজের অধ্যক্ষ ছিলেন। তিনি বহুদিন জনসংঘের সহিত সংশ্লিষ্ট ছিলেন। 'হিন্দু কোন্ পথে', 'সতের বৎসর পরে' প্রঃ তাঁহার রচিত গ্রন্থ।

দেবপ্রসাদ সর্বাধিকারী—(১৮৬২—১৯৩৫ খ্রীঃ)। বিখ্যাত মনীষী। হাওড়া জেলার বামুনপাড়া গ্রামে জন্ম। সূর্যকুমার সর্বাধিকারীর দ্বিতীয় পুত্র। তিনি কিছুকাল কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলারের পদে অধিষ্ঠিত ছিলেন। 'ইওরোপে তিন মাস' নামে তাঁহার লিখিত একখানি গ্রন্থ আছে।

দেবযানী—দৈত্যগুরু শুক্রাচার্যের কন্যা। বৃহস্পতির পুত্র কচ সঞ্জীবনী মন্ত্র শিক্ষার্থে শুক্রাচার্যের শিষ্যত্ব গ্রহণ করিলে তিনি তাঁহার প্রতি অনুরাগিণী হন। পরে যযাতির সহিত তাঁহার বিবাহ হয় (ভারত)।

দেবল—ঋষি। তিনি অসিত ঋষির পুত্র। তিনি জৈগীষব্যের সহিত একই আশ্রমে যোগাভ্যাস করিতেন (ঋক্)।

দেবলাদেবী—গুজরাট রাজকন্যা। পিতা করণরায়। মাতা কমলাদেবী। দেবলাদেবীর সহিত খিজির খাঁর (আলাউদ্দীন খিলজীর পুত্র) বিবাহ হয়।

দেবসেনা—প্রজাপতির কন্যা এবং কার্তিকেয়ের ভার্যা। অপর নাম মহাষষ্ঠী (ভারত)।

দেবহূতি—স্বায়ম্ভুব মনু পিতা এবং কর্দম প্রজাপতি স্বামী। তিনি পুত্র কপিল এবং অরুন্ধতী প্রঃ নয়টি কন্যার জননী (ভারত)।

দেবী সিংহ, মহারাজ বাহাদুর—(?—১৮০৫ খ্রীঃ)। নসীপুর রাজবংশের প্রতিষ্ঠাতা। তাঁহার পূর্ব-পুরুষগণ পাণিপথ হইতে আগমন করিয়া এদেশে বাস করিয়াছিলেন। দেবী সিংহ ইস্ট ইণ্ডিয়া কোম্পানির শাসনসময়ে রাজস্ব-বিভাগের ইজারাদার ছিলেন।

দেবেন্দ্রনাথ ঠাকুর, মহর্ষি—(১৫ই মে, ১৮১৭—১৯শে জানুয়ারি, ১৯০৫ খ্রীঃ)। স্বনামপ্রসিদ্ধ মনীষী। প্রিন্স দ্বারকানাথ ঠাকুরের পুত্র এবং রবীন্দ্রনাথের পিতা। তিনি 'তত্ত্ববোধিনী' নামে সভা, পাঠশালা ও মাসিক পত্রিকার প্রতিষ্ঠাতা ও পরিচালক ছিলেন। দেবেন্দ্রনাথের প্রচেষ্টায় ব্রাহ্মসভায় উপাসনার প্রবর্তন হয়। তিনি বহু লক্ষ টাকা দান করিয়া যান। শান্তিনিকেতন আশ্রমের তিনি প্রতিষ্ঠাতা।

দেবেন্দ্রনাথ সেন—(১৮৫৮—২১শে নভেম্বর, ১৯২০ খ্রীঃ)। কবি। উত্তরপ্রদেশের গাজিপুরে জন্ম। পিতার নাম লক্ষ্মীনারায়ণ সেন। আদি নিবাস হুগলী জেলার বলাগড় গ্রাম। 'গোলাপগুচ্ছ', 'অশোকগুচ্ছ', 'শেফালিগুচ্ছ', 'পারিজাতগুচ্ছ' প্রঃ তাঁহার রচিত কাব্যপুস্তক।

দৈত্যসেনা—প্রজাপতির কন্যা এবং কেশীনামক দানবের ভার্যা।

দৌলৎ কাজী—(১৭শ শতক)। মুসলমান কবি। 'সতী ময়না', 'লোরচন্দ্রালী' ('চন্দ্রাণী' অপপাঠ) নামে একখানি সুললিত কাব্যগ্রন্থ তিনি রচনা করেন। তিনি চট্টগ্রামের অধিবাসী ছিলেন।

দৌলৎ খাঁ লোদী—(১৩শ শতক)। সুলতান ইব্রাহিম লোদীর সময়ে পঞ্জাবের শাসনকর্তা। তাঁহারই আমন্ত্রণে বাবর ভারতবর্ষ আক্রমণ করেন। পরে দৌলৎ বাবরের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়া বন্দী হন। বন্দী অবস্থায় তাঁহার মৃত্যু ঘটে।

দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়—(২০শে এপ্রিল, ১৮৪৪—২৭শে জুন, ১৮৯৮ খ্রীঃ)। বিখ্যাত সাহিত্যিক ও কর্মবীর। ঢাকা জেলার মাগুরখণ্ড গ্রামে জন্ম। পিতা কৃষ্ণপ্রাণ গাঙ্গুলী। "না জাগিলে সব ভারত ললনা" গানটি তাঁহার রচিত। 'পদ্যমালা', 'জাতীয় সংগীত', 'কবিগাথা', 'কবিতামালা' তাঁহার লিখিত

কাব্যগ্রন্থ এবং 'সুরুচির কুটীর' তাঁহার লিখিত উপন্যাস।

দ্বারকানাথ ঠাকুর, প্রিন্স—(১৭৯৪—১৮৪৬ খ্রীঃ)। বিখ্যাত মনীষী। কলিকাতার জোড়াসাঁকোর ঠাকুর-বংশের প্রতিষ্ঠাতা নীলমণি ঠাকুরের পুত্র। তাঁহার লণ্ডন শহরে মৃত্যু হয়। তাঁহাকে 'Indian Prince' এই আখ্যা দেওয়া হয়। ভারতের মধ্যে তিনিই প্রথম 'Justice of the Peace'. তাঁহার জ্যেষ্ঠপুত্র মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর, পৌত্র কবি রবীন্দ্রনাথ। তিনি রামমোহন রায়ের বিশেষ বন্ধু ছিলেন।

দ্বারকানাথ মিত্র—(১৮৩৬—১৮৭৪ খ্রীঃ)। কলিকাতার বিখ্যাত বিচারপতি। হুগলী জেলার আগুন্সী গ্রামে জন্ম। ১৮৬৭ খ্রীষ্টাব্দে তিনি হাইকোর্টের বিচারপতি নিযুক্ত হন।

দ্বারকানাথ সেন, মহামহোপাধ্যায়—(১৮৪৫—১৯০৯ খ্রীঃ)। আয়ুর্বেদীয় শাস্ত্রজ্ঞ পণ্ডিত ও বিখ্যাত কবিরাজ। ফরিদপুরের খান্দারপাড়া গ্রামে জন্ম। ১৯০৬ খ্রীষ্টাব্দে কবিরাজদিগের মধ্যে তিনিই প্রথম 'মহামহোপাধ্যায়' উপাধি পান।

দ্বিজেন্দ্রনাথ ঠাকুর—(১১ই মার্চ, ১৮৪০—১৯শে জানুয়ারি, ১৯২৬ খ্রীঃ)। কবি ও সাধক। মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের জ্যেষ্ঠপুত্র এবং রবীন্দ্রনাথের জ্যেষ্ঠাগ্রজ। স্বদেশীমেলার তিনি একজন উদ্যোক্তা ছিলেন। অনেক দিন পর্যন্ত 'তত্ত্ববোধিনী' এবং 'ভারতী' পত্রিকা তাঁহার সম্পাদনায় প্রকাশিত হয়। 'ভারতী'র তিনি প্রথম সম্পাদক। 'হিতবাদী' পত্রিকার তিনি অন্যতম প্রতিষ্ঠাতা। 'মেঘদূত', 'স্বপ্নপ্রয়াণ', 'ব্রহ্মজ্ঞান ও ব্রহ্মসাধন', 'কাব্যমালা' ইঃ তাঁহার কয়েকখানি গ্রন্থ।

দ্বিজেন্দ্রলাল রায় (ডি. এল. রায়)—(১৯শে জুলাই, ১৮৬৩—১৭ই মে, ১৯১৩ খ্রীঃ)। কবি ও নাট্যকার। রসরচনায় সিদ্ধহস্ত। কৃষ্ণনগরে জন্ম। পিতা দেওয়ান কার্তিকেয় চন্দ্র রায়। তাঁহার নাটক, স্বদেশ-সংগীত ও হাসির গান বিশেষ প্রসিদ্ধ। 'হাসির গান', 'আষাঢ়ে', 'ত্র্যহস্পর্শ', 'মেবার পতন', 'সাজাহান', 'চন্দ্রগুপ্ত', 'পুনর্জন্ম', 'পরপারে' প্রঃ তাঁহার রচিত পুস্তক। ইংরেজীতেও তিনি 'Lyrics of Ind' ও 'Crops of Bengal' নামে দুইখানি পুস্তক রচনা করেন। 'ভারতবর্ষ'-নামক মাসিক পত্রিকার তিনি প্রতিষ্ঠাতা।

দ্বৈপায়ন—ব্যাসদেবের অপর নাম। দ্বীপে জন্ম হয় বলিয়া তিনি এই নামেও অভিহিত হইয়া থাকেন (ভারত)।

দ্যুমৎসেন—শাল্বদেশের অধিপতি, সত্যবানের পিতা ['সত্যবান', 'সাবিত্রী' দ্রঃ]।

দ্রুপদ—চন্দ্রবংশীয় নৃপতি। দ্রৌপদীর পিতা। কুরুক্ষেত্র-যুদ্ধে তিনি পাণ্ডবপক্ষে থাকিয়া যুদ্ধ করেন। পঞ্চদশ দিবসের যুদ্ধে দ্রোণ তাঁহাকে নিহত করেন (ভারত)।

দ্রোণ—ভরদ্বাজ মুনির পুত্র। তিনি অশ্বত্থামার পিতা। পরশুরামের নিকট তিনি ধনুর্বেদ শিক্ষা করেন। কুরুক্ষেত্র-যুদ্ধে তিনি দুর্যোধনের পক্ষ অবলম্বন করেন। অর্জুনের সহিত যুদ্ধ করিবার কালে কৃষ্ণের কৌশলে তিনি ধৃষ্টদ্যুম্নের হস্তে নিহত হন (ভারত)।

দ্রৌপদী—পঞ্চালরাজ দ্রুপদের কন্যা এবং পাণ্ডবরাজ-মহিষী। স্বয়ংবর-সভায় তৃতীয় পাণ্ডব অর্জুন লক্ষ্যবেধ করিয়া তাঁহাকে লাভ করেন। পরে যুধিষ্ঠিরাদি পঞ্চপাণ্ডবের সহিত তাঁহার বিবাহ হয়। কুরুক্ষেত্র-যুদ্ধে পাণ্ডবগণের হস্তে কৌরবগণ নিহত হইলে তিনি পতিগণের সহিত কিছুদিন রাজ্যসুখ ভোগ করেন। অতঃপর পাণ্ডবগণ মহা-প্রস্থান করিলে তিনি তাঁহাদের অনুগমন করিয়া স্বর্গের পথে মৃত্যুমুখে পতিত হন (ভারত)।

ধ

ধনগোপাল মুখোপাধ্যায়—(১৮৯০—১৯৩৬ খ্রীঃ)। তিনি অল্পবয়সেই শিল্পশিক্ষার জন্য প্রথমে জাপান, পরে মার্কিন যুক্তরাষ্ট্রে যান। ১৯২৪ খ্রীষ্টাব্দে 'গে-নেক' (চিত্রগ্রীব) নামক পুস্তক রচনা করিয়া বিখ্যাত হন। তাঁহার রচিত অন্যান্য গ্রন্থ 'Kari the Elephant' 'Chief of the Herd' প্রঃ।

ধন্বন্তরী—১। দেবতাদিগের চিকিৎসক। সমুদ্রমন্থনের সময় তিনি উদ্ভূত হইয়াছিলেন। ভাস্করের নিকট তিনি আয়ুর্বেদ শিক্ষা করেন। 'চিকিৎসাতত্ত্ব বিজ্ঞান' তাঁহার প্রণীত পুস্তক (ভাগ, ব্রহ্মবৈ)। ২। একজন বিশিষ্ট পণ্ডিত। বিক্রমাদিত্যের সভার নবরত্নের অন্যতম। নবরত্নের নামের আদিতে তাঁহার নাম পাওয়া যায়।

ধনমাণিক্য—ত্রিপুরার অধিপতি। পত্নী কমলাদেবীর নামে তিনি কৈলাসগড়ে কমলাসাগর নামে এক দীঘি খনন করান।

ধর্মপাল—(রাজত্বকাল ৭৭০—৮১০ খ্রীঃ)। পাল-বংশীয় দ্বিতীয় রাজা। তিনি পূর্বদিকে কামরূপ পর্যন্ত রাজ্যের বিস্তার-সাধন করিয়াছিলেন। তিনি বৌদ্ধধর্ম-মতাবলম্বী ছিলেন।

ধর্মব্যাধ—মিথিলাবাসী ব্যাধ। তিনি মাত্র মাতাপিতার সেবা করিয়া ধার্মিক পুরুষ হন (ভারত)।

ধর্মমাণিক্য—ত্রিপুরার অধিপতি। কুমিল্লায় ধর্মসাগর নামে এক দীঘি তিনি খনন করান।

ধান্যমালিনী—রাবণের অন্যতমা পত্নী (রাম)।

ধাবক—কবি। তিনি কালিদাসের পূর্ববর্তী কবি। তিনি একশত সর্গে 'নৈষধ-চরিত' রচনা করেন। তিনি 'রত্নাবলী' নাটকেরও রচয়িতা।

ধীমান্—চিত্রশিল্পী। খ্রীষ্টীয় নবম শতাব্দীতে বর্তমান ছিলেন। রাজা ধর্মপাল ও দেবপালের সময়ে তিনি জন্মগ্রহণ করেন। ভাস্কর্যেও তিনি বিশেষ নিপুণ ছিলেন।

ধুন্ধু—অসুর বিঃ। মধুকৈটভের পুত্র। কুবলয়াশ্ব রাজা কর্তৃক তিনি নিহত হন (ভাগ)।

ধুমাবতী—দুর্গার অপর নাম। তিনি দশমহাবিদ্যার অন্যতমা (বৃহদ্ধর্ম)।

ধূম্রলোচন—অসুর বিঃ। দৈত্যরাজ শুম্ভের সেনাপতি। অম্বিকার সহিত ধূম্রলোচনের যুদ্ধ হইলে তিনি নিহত হন (রাম)।

ধূম্রাক্ষ—রাবণের রাক্ষস সেনাপতি। সুমালীর অন্যতম পুত্র। লংকাযুদ্ধে তিনি হনুমান কর্তৃক নিহত হন (রাম)।

ধৃতবর্মা—ত্রিগর্তের রাজা সূর্যবর্মার কনিষ্ঠ ভ্রাতা। অর্জুন যখন দিগ্বিজয়ে বাহির হন, তখন ধৃতবর্মার সহিত তাঁহার যুদ্ধ হয়। ধৃতবর্মা সেই যুদ্ধে হত হন।

ধৃতরাষ্ট্র—দুর্যোধনাদির পিতা ও যুধিষ্ঠিরাদির জ্যেষ্ঠতাত। ব্যাসদেবের ঔরসে বিচিত্রবীর্যের স্ত্রী অম্বিকার গর্ভজাত পুত্র। জন্মান্ধ ছিলেন বলিয়া তাঁহার কনিষ্ঠ ভ্রাতা পাণ্ডু রাজা হন। স্ত্রী গান্ধারীর গর্ভে দুর্যোধনাদি শত পুত্রের জন্ম হয়। কুরুক্ষেত্র-যুদ্ধের শেষে তিনি সস্ত্রীক বনে যান। সেখানে দাবাগ্নিতে তাঁহার মৃত্যু ঘটে (ভারত)।

ধৃষ্টকেতু—শিশুপালের পুত্র। কুরুক্ষেত্রের যুদ্ধে তিনি পাণ্ডবপক্ষ অবলম্বন করেন এবং দ্রোণের হস্তে নিহত হন (ভারত)।

ধৃষ্টদ্যুম্ন—রাজা দ্রুপদের পুত্র। তিনি দ্রোণকে খড়্গাঘাতে হত্যা করেন। পরে অশ্বত্থামা ধৃষ্টদ্যুম্নকে বধ করেন (ভারত)।

ধেনুক—অসুর বিঃ। বৃন্দাবনে তাহার বাস ছিল। বলরাম তাহাকে বধ করেন (বিষ্ণু, ব্রহ্মবৈ)।

ধোয়ী—(১২শ শতক)। বাঙ্গালী কবি। তিনি জয়দেবের সমসাময়িক ছিলেন। 'পবনদূত'-নামক কাব্য তিনি রচনা করেন।

ধৌম্য—অসিত ঋষির পুত্র। কুরুক্ষেত্র-যুদ্ধের শেষে যুধিষ্ঠির সিংহাসনে বসিয়া ধৌম্যকে প্রধান পুরোহিতের পদে বরণ করিয়াছিলেন (ভারত)।

ধ্রুব—রাজা উত্তানপাদের পুত্র ও শ্রেষ্ঠ বিষ্ণুভক্ত। তিনি সুনীতির গর্ভজাত। তিনি পাঁচ বৎসর বয়সে হরির আরাধনা করিয়া তাঁহার সাক্ষাৎলাভ করেন। উত্তানপাদের পর তিনি রাজা হন। দেহত্যাগের পর তিনি ধ্রুবলোকে গমন করেন (ভাগ, বিষ্ণু)।

ন

নকিব খাঁ—(?—১৬১৪ খ্রীঃ)। পারস্যদেশীয় পণ্ডিত। আসল নাম গিয়াসউদ্দীন আলী। তাঁহার পূর্বপুরুষের নিবাস পারস্যের অন্তর্গত বেগয়াজবিন্। পিতার নাম আবদুল লতিফ। সম্রাট্ আকবর সংস্কৃত মহাভারতের ফারসী ভাষায় অনুবাদ করাইতে আরম্ভ করিলে তিনি সে-বিষয়ে অধ্যক্ষতা করেন।

নকুল—চতুর্থ পাণ্ডব। পাণ্ডুপত্নী মাদ্রীর গর্ভে অশ্বিনীকুমারের ঔরসে জন্ম। কুরুক্ষেত্র-যুদ্ধান্তে রাজ্যভোগ করিয়া ভ্রাতৃগণের সহিত তিনি মহাপ্রস্থান করেন, কিন্তু নিজ রূপের গর্ব করিতেন বলিয়া সশরীরে স্বর্গগমন করিতে অসমর্থ হন (ভারত)।

নখিন্দর—চাঁদ সদাগর বা চন্দ্রধরের পুত্র। মাতা সনকা ও পত্নী বেহুলা (মনসামঙ্গল)।

নগেন্দ্রনাথ বসু, প্রাচ্যবিদ্যামহার্ণব—(১৮৬৬—১৯৩৮ খ্রীঃ)। সুপণ্ডিত। জন্ম কলিকাতায়। তিনি 'লাউসেন', 'শঙ্করাচার্য' প্রঃ নাটক রচনা করেন। বহু প্রাচীন তত্ত্ব আবিষ্কার করিয়া এবং 'রসমঞ্জরী', 'চৈতন্যমঙ্গল' প্রঃ প্রাচীন গ্রন্থ সম্পাদন করিয়া তিনি 'প্রাচ্যবিদ্যামহার্ণব' উপাধি লাভ করিয়াছেন। কিন্তু বঙ্গ-সাহিত্য-ভাণ্ডারে তাঁহার সর্বশ্রেষ্ঠ অবদান 'বিশ্বকোষ' ও 'বঙ্গের জাতীয় ইতিহাস'।

নগেন্দ্রনাথ সোম, কবিশেখর, কাব্যালংকার—(১৮৭০—১৯৪০ খ্রীঃ)। সাহিত্যিক। পিতা... জন্মস্থান হুগলীর সরিষা গ্রাম। 'মধুস্মৃতি'-নামক মাইকেলের জীবনচরিত, 'বারাণসী'-নামক ভ্রমণ-বৃত্তান্ত এবং 'প্রেমপ্রকৃতি' ও 'শ্মশানসন্ধ্যা'-নামক কাব্যগ্রন্থদ্বয় তাঁহার প্রণীত গ্রন্থসমূহের মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য।

নচিকেতা—'নাচিকেতা' দ্রঃ।

নজরুল ইসলাম, কাজী—(২৪শে মে, ১৮৯৯ খ্রীঃ)। প্রসিদ্ধ বাঙ্গালী কবি। বর্ধমানের চুরুলিয়া গ্রামে জন্ম। তাঁহার সম্পাদিত 'নবযুগ', 'ধূমকেতু', 'লাঙ্গল' প্রঃ পত্রিকা রাজরোষে পড়িয়া অকালে বন্ধ হইয়া যায়। তাঁহার রচনা:—ছোটগল্প—'ব্যথার দান', 'রিক্তের বেদন',; উপন্যাস—'বাঁধনহারা', 'মৃত্যুক্ষুধা'; নাটক—'আলেয়া', 'ঝিলিমিলি'; কবিতাগ্রন্থ—'অগ্নিবীণা', 'বিষের বাঁশী', 'দোলন-

চাঁপা', 'ছায়ানট'; গীতিগ্রন্থ—'বুলবুল' প্রঃ। কয়েক বৎসর যাবৎ তিনি মস্তিষ্ক-বিকৃতি রোগে ভুগিতেছেন।

ননীগোপাল আইচ—(জন্ম ১৩১৫ বঙ্গাব্দে)। ঔপন্যাসিক, কবি ও গীতিকার। দৈনিক বসুমতীর সহকারী সম্পাদক ও পরে বার্তা-সম্পাদক হন। 'কিশোর' ও 'ছায়াপথে'র সম্পাদক ছিলেন। তাঁহার রচিত দুই সহস্রাধিক সংগীত আছে। এই সংগীতগুলি 'ননীগোপাল-সংগীত' নামে খ্যাত। তাঁহার রচিত গ্রন্থ—'শ্রাবণ রজনী', 'এল ঝড়', 'জাগে শর্বরী', 'স্বর কল্লোল', 'অরণ্য-দুহিতা', 'ওগো মল্লিকা'; 'শ্যামল বনানী', 'আজকে শ্রাবণে' ইঃ।

নন্দ—১। ব্রজগোপগণের অধিপতি ও শ্রীকৃষ্ণের পালক পিতা। তিনি ও তাঁহার পত্নী যশোদা শ্রীকৃষ্ণকে নিজের সন্তান বলিয়া জানিতেন (ভাগ)। ২। মগধের নন্দবংশের প্রতিষ্ঠাতা। সম্পূর্ণ নাম মহাপদ্ম নন্দ। শিশুনাগবংশীয় মহানন্দের ঔরসে শূদ্রা দাসীর গর্ভে আনুমানিক খ্রীষ্টপূর্ব পঞ্চম শতাব্দীর শেষভাগে জন্ম।

নন্দকুমার রায়, মহারাজ—(১৭০৪—১৭৭৫ খ্রীঃ)। নিবাস বীরভূম জেলার ভদ্রপুরে। পিতা পদ্মনাভ রায়। হেস্টিংসের বিরুদ্ধে নন্দকুমার ঘুষ নেওয়ার অভিযোগ করেন। এই অভিযোগ প্রমাণিত হয় নাই। পরে হেস্টিংস মোহনপ্রসাদকে দিয়া নন্দ-কুমারের বিরুদ্ধে জালিয়াতির অভিযোগ আনেন। বিচারে নন্দকুমারের ফাঁসি হয়। সুপ্রিম কোর্টে তাঁহার বিচার হইয়াছিল। সার ইলাইজা ইম্পে ছিলেন প্রধান বিচারপতি।

নন্দলাল বসু—(১৮৮৩—১৯৬৬ খ্রীঃ)। বিশ্বভারতী কলাভবনের অধ্যক্ষ ও বিখ্যাত চিত্রশিল্পী। আদি নিবাস—হাওড়ার বাণীপুর গ্রাম। পিতা পূর্ণচন্দ্র। তিনি কাশী হিন্দু বিশ্ববিদ্যালয়, কলিকাতা বিশ্ববিদ্যালয় ও বিশ্বভারতী হইতে ডি. লিট উপাধি লাভ করেন। ইংরেজী ও বাংলা ভাষায় তিনি অনেক বই লিখিয়া গিয়াছেন। তিনি 'পদ্ম-বিভূষণ' উপাধি লাভ করেন।

নন্দিনী—বশিষ্ঠের কামধেনু। মাতা সুরভি। অপর নাম শবলা। নন্দিনীর দেহ-নিঃসৃত সৈন্যগণ বিশ্বামিত্রের সৈন্যগণকে পরাস্ত করে (ভারত)।

নন্দী—শিবের প্রধান অনুচর ও দ্বারপাল। শালঙ্কায়ন মুনির দক্ষিণ অঙ্গ হইতে তিনি উৎপন্ন হন। দধীচি মুনি তাঁহার গুরু (স্কন্দ, কূর্ম)।

নফরচন্দ্র কুণ্ডু—(?—১৯০৭ খ্রীঃ)। আত্মত্যাগী। কলিকাতার অন্তর্গত ভবানীপুর নিবাসী সামান্য ব্যক্তি। ১৯০৭ খ্রীষ্টাব্দে আফিসে যাইবার সময় পথিমধ্যে নর্দমায় পতিত দুইটি কুলির প্রাণরক্ষা করিতে গিয়া বিষাক্ত গ্যাসে শ্বাসরোধ হইয়া তাঁহার মৃত্যু হয়। তাঁহার নামে ঐ স্থানে 'নফর কুণ্ডু লেন' নামে একটি রাস্তা ও একটি স্মৃতিস্তম্ভ নির্মিত হয়।

নবকৃষ্ণ দেব বাহাদুর—(১৭৩২—১৭৯৮ খ্রীঃ)। কলিকাতার শোভাবাজার-রাজবংশের প্রতিষ্ঠাতা। পিতা রামচরণ। বাংলার অত্যাচারী নবাব সিরাজ-উদ্দৌলার বিরুদ্ধে ক্লাইভকে তিনি সাহায্য করেন। জগন্নাথ তর্কপঞ্চানন এবং বাণেশ্বর বিদ্যালংকার প্রঃ পণ্ডিতবর্গ তাঁহার সভাসদ্ ছিলেন।

নবকৃষ্ণ ভট্টাচার্য—(২৯শে এপ্রিল, ১৮৫৯—৪ঠা সেপ্টেম্বর, ১৯৩৯ খ্রীঃ)। কবি। জন্ম হাওড়া জেলার অন্তর্গত আমতার নিকটবর্তী নারিট গ্রামে। পিতা রাজনারায়ণ তর্কবাচস্পতি। 'প্রচার'-নামক পত্রিকায় তাঁহার 'গোকুলে মধু ফুরায়ে গেল' কবিতাটি বাহির হয়। 'ছেলেখেলা', 'টুকটুকে রামায়ণ', 'ছবির ছড়া', 'পুষ্পাঞ্জলি' তাঁহার রচিত কাব্যগ্রন্থ।

নবগোপাল মিত্র—হিন্দুমেলার প্রতিষ্ঠাতা।

নবদুর্গা—কালী, কাত্যায়নী, ঈশানী, মুণ্ডমর্দিনী, চামুণ্ডা, ভদ্রকালী, ভদ্রা, ত্বরিতা ও বৈষ্ণবী—এই নয় জন নবদুর্গা। দক্ষযজ্ঞ বিনাশের সময় তাঁহারা বীরভদ্রের সঙ্গে যান (স্কন্দ)।

নবদ্বীপচন্দ্র ব্রজবাসী—(?—১৯৫২ খ্রীঃ)। বিখ্যাত কীর্তনীয়া। পিতৃদত্ত নাম পূরণচন্দ্র ব্রজবাসী। জন্ম বৃন্দাবনধামে। পিতা প্রসিদ্ধ কীর্তন-গায়ক কৃষ্ণদাস ব্রজবাসী। প্রেমানন্দ গোস্বামী তাঁহার দীক্ষাগুরু। ১৩২০ বঙ্গাব্দে তিনি কলি-কাতায় আগমন করিলে তাঁহার গীতবাদ্যে মুগ্ধ হইয়া রায় বাহাদুর খগেন্দ্রনাথ মিত্র তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিয়া শিক্ষিত সমাজে কীর্তনের প্রবর্তন করেন। তাঁহার অন্যতম শিষ্য প্রখ্যাত সংগীতশিল্পী পরেশচন্দ্র মজুমদার 'রবীন্দ্র ভারতী'র কীর্তন বিভাগের অধ্যাপক।

নবীনচন্দ্র দাস, কবি-গুণাকর—(২৭শে ফেব্রুয়ারি, ১৮৫৩—২১শে ডিসেম্বর, ১৯১৪ খ্রীঃ)। জন্মস্থান চট্টগ্রাম জেলার আলমপুর গ্রাম। পিতা মাগন দাস। তিব্বত-ফেরত শরৎচন্দ্র দাসের তিনি কনিষ্ঠ ভ্রাতা। তিনি 'আকাশ-কুসুম'-নামক কাব্যগ্রন্থ ও 'রঘুবংশ', 'কিরাতার্জুন', 'শিশুপাল-বধ' প্রঃ গ্রন্থের বাংলা পদ্যানুবাদ প্রণয়ন করিয়াছেন।

নবীনচন্দ্র সেন—(১০ই ফেব্রুয়ারি, ১৮৪৭—২৩শে জানুয়ারি, ১৯০৯ খ্রীঃ)। বাঙ্গালার স্বনামধন্য কবি। জন্মস্থান চট্টগ্রাম জেলার নয়াপাড়া গ্রাম। পিতার নাম গোপীমোহন। তাঁহার প্রথম প্রকাশিত কবিতা-পুস্তকের নাম 'অবকাশরঞ্জিনী'। ১৮৭৬ খ্রীষ্টাব্দে তাঁহার 'পলাশীর যুদ্ধ'-নামক কাব্য প্রকাশিত হয়। তাঁহার প্রণীত গ্রন্থ 'কুরুক্ষেত্র', 'রৈবতক', 'প্রভাস', 'অমিতাভ', 'রঙ্গমতী' প্রঃ কাব্য এবং 'আমার জীবন', 'প্রবাসের পত্র', 'গীতা ও চণ্ডীর অনুবাদ' প্রঃ গদ্যগ্রন্থ।

নভগ—বৈবস্বত মনুর পুত্র।

নয়পাল—(রাজত্বকাল ১০৪০—১০৫৫ খ্রীঃ)। পাল-বংশীয় রাজা। তিনি বাংলার পাল রাজাদের মধ্যে

দশম। পিতা ১ম মহীপাল। তাঁহার রাজ্য মগধ ও উত্তরবঙ্গে বিস্তৃত ছিল।

নয়েস (Noyes, Alfred)—(জন্ম ১৮৮০ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ কবি ও সমালোচক। তাঁহার 'The Loom of Years' মাত্র একুশ বৎসর বয়সের রচনা। 'A Salute from the Fleet'-নামক তাঁহার একখানি বিখ্যাত পুস্তক আছে।

নরক—প্রাগ্‌জ্যোতিষপুরের রাজা। পত্নী বিদর্ভরাজনন্দিনী মায়া। তাঁহার গর্ভে ভগদত্ত, মহাশীর্ষ, মদবন্ত ও সুমালী নামে নরকের চারি পুত্র জন্মে। শ্রীকৃষ্ণ তাঁহাকে হত্যা করেন (ভাগ)।

নরনারায়ণ সিংহ—(রাজত্বকাল ১৫২৫—১৫৮৪ খ্রীঃ)। কামরূপের রাজা। অত্যধিক বলশালী বলিয়া তাঁহার অন্য নাম ছিল মল্লনারায়ণ। তিনি কালাপাহাড় কর্তৃক বিধ্বস্ত কামাখ্যাদেবীর মন্দির নির্মাণ করাইয়া দেন।

নরসিংহ—বিষ্ণুর অবতার। হিরণ্যকশিপুর প্রাণবধ করেন (ভাগ)।

নরহরি চক্রবর্তী—(১৮ শতক)। প্রসিদ্ধ বৈষ্ণব কবি। পিতার নাম জগন্নাথ চক্রবর্তী। 'ভক্তিরত্নাকর', 'গীতচন্দ্রোদয়', 'ছন্দঃসমুদ্র', 'প্রক্রিয়াপদ্ধতি', 'নরোত্তমবিলাস' প্রঃ গ্রন্থ এবং রাধাকৃষ্ণ ও গৌরাঙ্গ বিষয়ক বহু পদাবলী তিনি রচনা করিয়াছেন। তিনি বিনয়-প্রকাশের নিমিত্ত নিজেকে 'নরহরি দাস' বলিয়া পরিচয় দিয়াছেন।

নরহরি সরকার, ঠাকুর—(১৪৭১—১৫৪০ খ্রীঃ)। প্রসিদ্ধ বৈষ্ণব কবি। পিতার নাম নারায়ণ। জন্মস্থান বর্ধমান জেলার শ্রীখণ্ড গ্রাম। তিনি শ্রীগৌরাঙ্গের সহচর ছিলেন এবং সখীভাবে তাঁহার ভজনা করিতেন। 'ভক্ত-অমৃতাষ্টক' ও 'ভক্তিচন্দ্রিকা-পটল'-নামক গ্রন্থদ্বয় তাঁহার প্রণীত। 'চৈতন্যমঙ্গল'-প্রণেতা লোচনদাস তাঁহার শিষ্য ছিলেন।

নরীম্যান কে এফ—(১৮৮৫—১৯৩৯ খ্রীঃ)। বোম্বাইয়ের এক পার্শী পরিবারের সন্তান। দীর্ঘকাল তিনি ভারতের জাতীয় আন্দোলনের সহিত যুক্ত ছিলেন। ১৯৩৫ খ্রীষ্টাব্দে তিনি বোম্বাইয়ের মেয়র হন।

নরেন্দ্রনাথ দত্ত—'বিবেকানন্দ' দ্রঃ।

নরেশচন্দ্র সেনগুপ্ত—(জন্ম ১৮৮৩ খ্রীঃ)। বিশিষ্ট সাহিত্যিক। জন্মস্থান ময়মনসিংহ জেলার টাঙ্গাইল মহকুমায়। তাঁহার রচিত 'অগ্নিসংস্কার', 'শান্তি', 'সর্বহারা', 'পাপের ছাপ', 'বিপর্যয়' ও 'রাজগী' প্রঃ পুস্তক বিশেষ উল্লেখযোগ্য।

নরোত্তম দাস—(? ১৫৪০—১৬০৭ খ্রীঃ?)। বিখ্যাত বৈষ্ণব পদকর্তা। বৈষ্ণব-সাহিত্যে নরোত্তম দাস, নরোত্তম দাস-ঠাকুর বা দাস-ঠাকুর নামে প্রসিদ্ধ। জন্মস্থান রাজসাহী জেলার খেতরী গ্রাম। পিতার নাম কৃষ্ণানন্দ এবং মাতার নাম নারায়ণী। তিনি খেতরীতে শ্রীচৈতন্যদেবের বিগ্রহ স্থাপন করেন। নরোত্তম 'হাটপত্তন', 'প্রেমভক্তি-চন্দ্রিকা', 'প্রার্থনা', 'স্মরণমঙ্গল', 'কুঞ্জবর্ণন' প্রঃ গ্রন্থ রচনা করেন। তিনি 'গরাণহাটী' কীর্তনের প্রবর্তক।

নর্থব্রুক, লর্ড (Northbrook, Thomas George Baring, First Earl of)—(১৮২৬—১৯০৪ খ্রীঃ)। ১৮৭২—১৮৭৬ খ্রীঃ পর্যন্ত ভারতের বড়লাট ছিলেন।

নল—১। নিষধদেশের রাজা। পিতা বীরসেন। বিদর্ভ রাজকুমারী দময়ন্তী তাঁহাকে বিবাহ করেন ['দময়ন্তী' দ্রঃ]। কলির কোপে পড়িয়া তিনি সস্ত্রীক বহু কষ্ট ভোগ করেন (ভারত)। **২**। বিশ্বকর্মার পুত্র নল নামে বানর। নল রামচন্দ্রের লঙ্কা গমনের জন্য সমুদ্র বন্ধন করে (রাম)।

নলিনীরঞ্জন সরকার—(১৮৮৮—২৫শে জানুয়ারি, ১৯৫৩ খ্রীঃ)। বিখ্যাত অর্থনীতিবিদ্‌ ও রাষ্ট্রনীতিক। জন্ম ময়মনসিংহ জেলার সাজিকুড়া। হিন্দুস্থান কো-অপারেটিভ বীমা কোম্পানির সভাপতি হন। কিছুকাল বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্সের সভাপতি ছিলেন। ১৯৩৪—৩৫ খ্রীষ্টাব্দে কলিকাতা কর্পোরেশনের মেয়র হন। প্রায় মৃত্যুকাল পর্যন্ত পশ্চিম বঙ্গের অর্থমন্ত্রী ছিলেন।

নশরত শাহ্—(শাসনকাল ১৫১৯—১৫৩৩ খ্রীঃ)। বাঙ্গালার রাজা হোসেন শাহের পুত্র। তিনি বঙ্গসাহিত্যের একজন প্রধান পৃষ্ঠপোষক ছিলেন।

নহুষ—চন্দ্রবংশীয় নৃপতি বিঃ। পিতা আয়ু, মাতা স্বর্ভানবী। পত্নী বিরজার গর্ভে যযাতি প্রঃ তাঁহার ছয় পুত্র জন্মে। তিনি অগস্ত্যমুনির শাপে সর্পরূপ প্রাপ্ত হন। পরে যুধিষ্ঠিরের সহায়তায় শাপমুক্ত হন।

নাইটিংগেল, ফ্লোরেন্স (Nightingale Florence)—(১৮২০—১৯১০ খ্রীঃ)। বিখ্যাত মানবহিতৈষিণী মহিলা। ইটালীর অন্তর্গত ফ্লোরেন্স নগরে জন্ম হওয়াতে তাঁহার নাম হয় ফ্লোরেন্স। জনকজননী ইংরেজ। ক্রিমিয়ার যুদ্ধে সৈনিকদের শুশ্রূষার জন্য তাঁহার নাম জগৎ-প্রসিদ্ধ।

নাগার্জুন—মহারাজ কনিষ্কের সময়ের প্রসিদ্ধ বৌদ্ধাচার্য। তিনি মহাযান মত ও বৌদ্ধ-তান্ত্রিকতার প্রবর্তক। তাঁহাকে সিদ্ধ নাগার্জুন বলা হয়। রাজা শালিবাহন বরাহমূল পর্বতে তাঁহার আশ্রম নির্মাণ করিয়া দেন।

নাগেশ ভট্ট—(১৭শ—১৮শ শতক)। সুবিখ্যাত বৈয়াকরণ পণ্ডিত। পাণিনি-ব্যাকরণের ভাষা বিবরণাদিযুক্ত 'পরিভাষেন্দুশেখর' ও 'লঘুশব্দেন্দুশেখর'-নামক গ্রন্থদ্বয় লেখেন।

নাচিকেতা, নচিকেতা—১। উদ্দালক ঋষির পুত্র। পিতার অভিশাপে যমদর্শন হইলে যমের আদেশে তিনি ফিরিয়া আসেন। নাচিকেতা যমালয়ে পুণ্যলোক দেখিয়া ফিরেন (ভারত)। **২**। গৌতমবংশীয় বাজশ্রবার পুত্র। তিনি যমসদনে উপস্থিত হইয়া ত্রিরাত্রি অনাহারে কাটাইবার পর যমের দর্শন পান এবং শেষ পর্যন্ত দুইটি বর ও পরমাত্মবিষয়ক জ্ঞানলাভ করিয়া স্বগৃহে প্রত্যাবর্তন করেন।

নাদির শাহ্—(১৬৬৮—১৭৪৭ খ্রীঃ)। দিগ্বিজয়ী অতি নিষ্ঠুর পারস্য সেনাপতি। তিনি ১৭৩৪ খ্রীষ্টাব্দে পারস্যের সিংহাসনে আরোহণ করেন। তিনি কাবুল ও কান্দাহার অধিকার করেন। ১৭৩৮ খ্রীষ্টাব্দে তিনি ভারত আক্রমণ করেন। দিল্লীর বহু সহস্র লোককে হত্যা করিয়া ও ৩০ কোটির অধিক সুবর্ণমুদ্রা ও ময়ূরসিংহাসন প্রঃ গ্রহণপূর্বক সিন্ধুর পশ্চিমে অবস্থিত সমগ্র মোগল রাজ্যের অধিকার পাইয়া নাদির স্বদেশে প্রত্যাবর্তন করেন (১৭৩৯ খ্রীঃ)। উৎপীড়িত দেশবাসিগণ কর্তৃক তিনি নিহত হন।

নানক—(১৪৬০—১৫৩১ খ্রীঃ)। গুরু নানক নামে প্রসিদ্ধ। শিখধর্মের প্রবর্তক। জন্মস্থান লাহোরের নিকটবর্তী তালবন্ডী (আধুনিক নানকানা) গ্রাম। পিতার নাম কালু, মাতার নাম ত্রিপতা। ২৭ বৎসর বয়সে তিনি গৃহত্যাগ করিয়া সন্ন্যাসী হন। সদ্‌গুরুর উপদেশ অবলম্বনই তাঁহার প্রবর্তিত ধর্মের মূলনীতি। তাঁহার প্রবর্তিত ধর্মই শিখধর্ম।

নানসেন (Nansen, Fridtjof)—(১৮৬১—১৯৩০ খ্রীঃ)। নরওয়ে দেশের প্রসিদ্ধ আবিষ্কারক। দুই তিন বার গ্রীনল্যান্ডে অভিযানের পর ১৮৯৩ খ্রীষ্টাব্দে উত্তরমেরু আবিষ্কারে যাত্রা করেন। তিন বৎসর পরে ফিরিয়া আসিয়া তিনি 'Farthest North'-নামক গ্রন্থে তাঁহার আবিষ্কারকাহিনী প্রকাশ করেন। ১৯২২ খ্রীষ্টাব্দে 'শান্তি' বিষয়ক প্রবন্ধ লিখিয়া তিনি নোবেল পুরস্কার লাভ করেন।

নানা ফড়নবিশ—(১৭৪১—১৮০০ খ্রীঃ)। রাজনীতি-বিশারদ মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ। প্রকৃত নাম বালাজী জনার্দন। তাঁহাকে সকলে 'নানা' বলিয়া ডাকিত। পেশোয়ার অধীনে তিনি ফর্দনবিশের কাজ করিতেন বলিয়া তাঁহার নাম নানা ফড়নবিশ হয়। তৃতীয় মহীশূর যুদ্ধে ইংরেজের সহযোগিতা করিয়া নানা মহীশূর রাজ্যের কিছুটা লাভ করেন। তাঁহার জীবদ্দশায় পেশোয়া ইংরেজদের অধীনতামূলক মিত্রতা (Subsidiary Alliance) মানিয়া লন নাই।

নানাসাহেব—সিপাহী-বিদ্রোহের প্রধান নেতা। প্রকৃত নাম ধুন্ধুপন্থ। তিনি ২য় পেশোয়া বাজী রাওয়ের দত্তক পুত্র। তিনি অযোধ্যার বেগম ও বেরেলীর নবাবের সঙ্গে যোগদান করেন। বিদ্রোহের শান্তি হইলে তিনি নেপালে পলায়ন করেন, কিন্তু তথায় আশ্রয় না পাইয়া ইংরেজের ভয়ে অরণ্যবাসী হন। তাঁহার মৃত্যুকাল অজ্ঞাত।

নাভাগ—১। মহারাজ দিষ্টের পুত্র। বৈশ্যকন্যার পাণি-গ্রহণ করিয়া তাঁহার ক্ষত্রিয়ত্ব নষ্ট হয় এবং তিনি জনৈক মুনির বরে পুনরায় ক্ষত্রিয়ত্ব লাভ করেন (মার্ক)। ২। সূর্যবংশীয় যযাতি রাজার পুত্র। তাঁহার পুত্রের নাম অজ (রাম)।

নাভাজী—(১৬শ শতক)। হিন্দী লেখক। দাক্ষিণাত্যের এক ডোমের ঘরে জন্ম। তিনি ১০৮ শ্লোকে ব্রজভাষায় 'ভক্তমাল' গ্রন্থ প্রণয়ন করেন।

নারদ—ব্রহ্মার মানসপুত্র ও দেবর্ষি। তিনি বীণাযন্ত্রের উদ্ভাবনকারী। 'নারদীয় পুরাণ', 'নারদ সংহিতা', 'নারদ পঞ্চরাত্র' প্রঃ গ্রন্থ তাঁহার প্রণীত।

নারায়ণচন্দ্র ভট্টাচার্য, বিদ্যাভূষণ—(?—১৯২৭ খ্রীঃ)। পণ্ডিত ও ঔপন্যাসিক। জন্মস্থান হুগলী জেলার পোলাগ্রাম। পিতার নাম পীতাম্বর। তিনি সংস্কৃত ভাষায় বিশেষ ব্যুৎপন্ন ছিলেন। তিনি হেমচন্দ্রের 'অভিধান চিন্তামণি'র মূল ও বাংলা অনুবাদ প্রকাশ করেন। তিনি বহু উপন্যাস ও গল্প প্রণয়ন করিয়াছেন।

নারায়ণ রাও—(মৃত্যু ১৭৭৩ খ্রীঃ)। ৫ম পেশোয়া। পেশোয়া মাধব রাও-এর কনিষ্ঠ ভ্রাতা। মাধব রাও-এর পরে তিনি পেশোয়া হন এবং খুড়া রঘুনাথ রাওকে কারারুদ্ধ করেন। রঘুনাথ তাঁহাকে হত্যা করেন।

নার্সিসাস (Narcissus)—জনৈক সুরূপ যুবা। পিতা সেফিসাস, মাতা লিরিয়োপী। তাঁহার রূপমুগ্ধা ইকো প্রত্যাখ্যাত হইলে কুপিতা ভেনাসের প্রভাবে তিনি ঝরনার জলে নিজের প্রতিবিম্ব দর্শনে মুগ্ধ হইয়া বিশীর্ণ দেহে প্রাণত্যাগ করেন এবং নার্সিসাস নামে পুষ্পে পরিণত হন (গ্রীক পুঃ)।

নাসিরুদ্দীন—দিল্লীর দাসবংশীয় সুলতান। ১২৪৬ হইতে ১২৬৬ খ্রীঃ পর্যন্ত তাঁহার রাজত্বকাল। তাঁহার মন্ত্রী গিয়াসুদ্দীন বলবনই রাজ্যের প্রকৃত শাসনকর্তা ছিলেন। নাসিরুদ্দীনের সভায় মিনহাজ-ই-সিরাজ-নামক পণ্ডিত 'তবকত'-ই-নাসিরি-নামক ইতিহাসগ্রন্থ প্রণয়ন করেন।

নিউটন (Sir Isaac Newton)—(১৬৪২—১৭২৭ খ্রীঃ)। প্রখ্যাত বিজ্ঞানী। ইংলন্ডের অন্তর্গত উল্‌সথর্প-নামক স্থানে জন্ম। তিনি স্বহস্তে একটি দূরবীক্ষণ যন্ত্র নির্মাণ করেন। ১৬৮৬ খ্রীষ্টাব্দে তিনি গণিত ও জ্যোতির্বিদ্যা সম্বন্ধে ল্যাটিন ভাষায় 'প্রিন্সিপিয়া'-নামক পুস্তক প্রকাশ করেন। তিনি চিরকুমার ছিলেন। কথিত আছে, বৃক্ষ হইতে আপেল ফলের পতন দেখিয়া তিনি মাধ্যাকর্ষণ-তত্ত্বের আবিষ্কার করেন।

নিউফিল্ড, লর্ড (Nuffiled, Lord)—(১৮৭৭—১৯৬৩ খ্রীঃ)। বিখ্যাত মোটরকার-নির্মাতা। পূর্ব নাম স্যার উইলিয়াম মরিস। তিনি মরিস (Morris) মোটরকার কোম্পানির সভাপতি ছিলেন। তিনি বিভিন্ন প্রতিষ্ঠানে ৩২ কোটি ৫০ লক্ষ টাকা দান করিয়াছেন।

নিকষা—রাক্ষসরাজ রাবণের মাতা (রাম)।

নিকুম্ভ—কুম্ভকর্ণের পুত্র। মাতার নাম বজ্রজ্বালা (রাম)।

নিকোলাস, ১ম (Czar Nicholas, I)—(১৭৯৬—১৮৫৫ খ্রীঃ)। রাশিয়ার ক্ষমতাশালী সম্রাট। পিতা সম্রাট পল। ক্রিমিয়ার যুদ্ধের পূর্ব পর্যন্ত তিনি ইংল্যান্ডের সহিত মিত্রভাবাপন্ন ছিলেন, পরে ঘোর শত্রু হইয়া দাঁড়ান।

নিকোলাস, ২য় (Czar Nicholas II)—(১৮৬৮—১৯১৮ খ্রীঃ)। রুশীয় সম্রাট। ১৮৯৪ খ্রীষ্টাব্দে তিনি সিংহাসনে আরোহণ করেন। প্রথম

মহাসমরে তিনি ইংরেজ ও ফরাসীর সহিত মিত্রতা করেন। ১৯১৭ খ্রীষ্টাব্দে রাশিয়ায় যে রাষ্ট্র-বিপ্লব হয় তাহাতে তিনি রাজ্যচ্যুত হন এবং পর বৎসর সপরিবারে নিহত হন। তাঁহারই সময় ভণ্ড সন্ন্যাসী অর্ধ উন্মাদ রাসপুটিন রাজসভায় আধিপত্য বিস্তার করে।

নিকোলাস, সেণ্ট (Nicholas, St.)—(? ৪র্থ শতক)। রাশিয়ার বিখ্যাত সাধু। তিনি সাণ্টা ক্লস (Santa Claus) নামে পরিচিত।

নিখিলনাথ রায়—(১৮৬৫—১৯৩২ খ্রীঃ)। প্রসিদ্ধ ঐতিহাসিক। জন্মস্থান ২৪ পরগনা জেলার পুঁড়া গ্রাম। পিতার নাম জানকীনাথ। 'অশ্রুহার' (কাব্য), 'মুর্শিদাবাদ-কাহিনী', 'মুর্শিদাবাদের ইতিহাস', 'প্রতাপাদিত্য', 'জগৎ শেঠ' (ঐতিহাসিক চিত্র), 'সমাধান' (উপন্যাস) ইঃ তাঁহার রচিত পুস্তক।

নিজাম-উদ্দীন আউলিয়া—(১২৩৮—১৩২৫ খ্রীঃ)। বিখ্যাত দরবেশ। প্রকৃত নাম মোহম্মদ ইবনে আহম্মদ ইবনে আলী বুখারী আল বদাঘুনী। জন্ম বদাঘুনে। দিল্লীতে যে-স্থানে তিনি থাকিতেন সেই স্থানকে 'নিজামুদ্দীন আউলিয়া কি বস্তী' বলে। 'ফাওয়ায়ে দুল ফুয়াদ' ও 'রাহাতুল মুহিব্বীন' তাঁহার দুইখানি বই।

নিজাম-উল-মুলুক, চিন কিলিজ খাঁ—(১৬৪৫—১৭৪৮ খ্রীঃ) হায়দরাবাদ রাজ্যের প্রতিষ্ঠাতা। ১৭২৩ খ্রীষ্টাব্দে তিনি দাক্ষিণাত্যে স্বাধীন রাজ্য স্থাপন করেন। তিনি আসফ খাঁ নামেও পরিচিত।

নিত্যানন্দ (১৪৭৩—১৫৩২ খ্রীঃ)। শ্রীগৌরাঙ্গদেবের প্রসিদ্ধ সহচর। বীরভূমের একচক্রা গ্রামে জন্ম। পিতা হাড়াই পণ্ডিত, মাতা পদ্মাবতী। আদি নাম কুবের। চৈতন্যদেবের সহিত তাঁহার মিলন হয়। 'নিতাই-গৌর' বলিলে নিত্যানন্দকে বুঝায়। খড়দহের গোস্বামীরা তাঁহার বংশধর।

নিৎসে (Nietzsche, Friedrich Wilhelm)—(১৮৪৪—১৯০০ খ্রীঃ)। বিখ্যাত জার্মান দার্শনিক। 'Thus Spake Zarathustra', 'Beyond Good and Evil', 'The Will to Power' ইঃ তাঁহার পুস্তক (ইংরেজী অনুবাদ)। মৃত্যুর ১১ বৎসর পূর্বে তিনি উন্মাদ হইয়া যান।

নিধুবাবু—(১৭৪১—১৮৩৪ খ্রীঃ)। আসল নাম নিধিরাম গুপ্ত বা রামনিধি গুপ্ত। জন্মস্থান হুগলী জেলার চাঁপতা গ্রাম। টপ্পা জাতীয় গান রচনার জন্য প্রসিদ্ধ। তাঁহারই রচিত গীতসমূহ 'নিধুবাবুর টপ্পা' নামে প্রসিদ্ধ।

নিনাস (Ninus)—অ্যাসিরিয়ার রাজা ও নিনেভা নগরীর প্রতিষ্ঠাতা। পত্নীর নাম সেমিরামিস।

নিনিয়াস (Ninyas)—অ্যাসিরিয়ার রাজা নিনাসের পুত্র।

নিবেদিতা, ভগিনী—(২৮শে অক্টোবর, ১৮৬৭—১৩ই অক্টোবর, ১৯১১ খ্রীঃ)। রামকৃষ্ণ-বিবেকানন্দের ভক্ত শিষ্যা। জন্মস্থান ডাঙ্গানন, ব্রিটেন। পূর্বে নাম মিস মার্গারেট এলিজাবেথ নোবল। ১৮৯৬ খ্রীষ্টাব্দে স্বামী বিবেকানন্দ ইংলণ্ড গমন করিলে তিনি তাঁহার শিষ্যা হন এবং উক্ত নাম গ্রহণ করেন। অতঃপর তিনি কলিকাতায় অবস্থান করেন। দার্জিলিং-এ জগদীশচন্দ্র বসুর গৃহে তাঁহার মৃত্যু হয়। তিনি 'The Master as I Saw Him', 'The Cradle Tales of Hindusthan', 'An Indian Study of Love and Death' প্রঃ অনেকগুলি গ্রন্থ প্রণয়ন করেন।

নিমাই—চৈতন্যদেব (তাহা দ্রঃ)।

নিমি—সূর্যবংশের নৃপতি। পিতা ইক্ষ্বাকু। তাঁহার মৃতদেহ মন্থনে মিথিলা বা বিদেহের উৎপত্তি হয় (ভাগ)।

নিম্বার্ক—বৈষ্ণব সম্প্রদায় বিশেষের প্রবর্তক। অন্য নাম নিম্বাদিত্য। খ্রীষ্টীয় দ্বাদশ শতাব্দী আবির্ভাবকাল। জয়দেব গোস্বামী তাঁহার সম্প্রদায়-ভুক্ত ছিলেন। তাঁহার প্রণীত অনেকগুলি পুস্তক পরধর্মদ্বেষী আওরঙ্গজেব কর্তৃক দগ্ধ হয়।

নিয়তি—অদৃষ্টদেবী। তিনি মেরুর কন্যা ও বিধাতার পত্নী (ভাগ)।

নিরুপমা দেবী—বিখ্যাত লেখিকা। 'দিদি' লিখিয়া তিনি প্রসিদ্ধিলাভ করেন। 'অন্নপূর্ণার মন্দির' তাঁহার প্রথম উপন্যাস। তাঁহার আরও কয়েকখানি পুস্তক আছে।

নিরো (Nero, Claudius Cæsar)—(৩৭—৬৮ খ্রীঃ)। রোমের এক অত্যাচারী লম্পট সম্রাট। তিনি নিজের জননী, দুই পত্নী এবং অন্যান্য বহু লোককে হত্যা করেন। রোম নগর দগ্ধ করাতে তিনি বহু খ্রীষ্টানকে হত্যা করেন এবং নূতন করিয়া রোম নগর নির্মাণ করেন। তিনি রোম হইতে পলায়ন করিয়া অবশেষে আত্মহত্যা করেন।

নিশুম্ভ—দৈত্যরাজ শুম্ভের অনুজ। পিতা কশ্যপ, মাতা দনু। দেবীযুদ্ধে রক্তবীজের পরে এই দৈত্য নিহত হয় (রাম, চণ্ডী)।

নীল—১। মাহিষ্মতীপুরীর রাজা। অগ্নিদেব তাঁহার কন্যাকে বিবাহ করেন। ২। সুগ্রীবের কপিবাহিনীর অন্তর্গত রামচন্দ্রের সাহায্যকারী বানর (রাম)।

নীলকণ্ঠ মুখোপাধ্যায়—(১৮৬১—১৯১৩ খ্রীঃ)। প্রসিদ্ধ যাত্রাওয়ালা। জন্মস্থান বর্ধমান জেলার ধরণীগ্রাম। তাঁহার ভক্তিমাখা গান সর্বজনপ্রিয় ছিল।

নীলরতন সরকার (১৮৬১—১৯৪৩ খ্রীঃ)। প্রসিদ্ধ চিকিৎসক। জন্মস্থান ২৪ পরগনা জেলার দক্ষিণ ন্যাতড়া গ্রাম। মেডিকেল কলেজ হইতে এম. বি. পাস করেন। ১৯১৯—১৯২১ খ্রীঃ পর্যন্ত তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস্-চ্যান্সেলার ছিলেন। কলিকাতার একটি বিখ্যাত মেডিকেল কলেজ ও হাসপাতাল তাঁহার স্মৃতি বহন করিতেছে।

নীহাররঞ্জন গুপ্ত—(জন্ম ১৯১১ খ্রীঃ)। রহস্য উপন্যাস রচনায় তিনি অদ্বিতীয়। 'রক্তমুখী ড্রাগন', 'নিশির ডাক', 'রাতের আতঙ্ক' প্রঃ তাঁহার বহু পুস্তক আছে।

নূরজাহান—(? ১৬৪৬ খ্রীঃ)। মোগল সম্রাট

জাহাঙ্গীরের মহিষী। বাল্যনাম মেহেরউন্নিসা। পিতা মির্জা ঘিয়াস পারস্যের অধিবাসী ছিলেন। জাহাঙ্গীর বাদশাহ হইয়া মেহেরউন্নিসার প্রথম স্বামী শের আফ্‌গানকে নিহত করাইয়া তাঁহাকে বিবাহ করেন। এই সময় মেহেরউন্নিসা 'নূরজাহান' বা জগজ্জ্যোতি উপাধিতে ভূষিত হইয়া সম্রাটের মহিষী হন। জাহাঙ্গীরের জীবিতকালে প্রকৃতপক্ষে তিনিই সাম্রাজ্যের কর্ণধার ছিলেন।

নৃসিংহ—'নরসিংহ' দ্রঃ।

নেপচুন (Neptune)—সমুদ্রের রাজা এবং অশ্বগণের দেবতা। পিতা স্যাটার্ন, মাতা রিয়া। জুপিটার এবং প্লুটো তাঁহার ভ্রাতা (গ্রীক পুঃ)।

নেপোলিয়ন বোনাপার্ট (Napoleon Bonaparte)—(১৭৬৯—১৮২১ খ্রীঃ)। মহাবীর ফরাসী সম্রাট্। কর্‌সিকার অন্তর্গত এজাসো শহরে জন্ম। ১৮০৪ খ্রীষ্টাব্দে তিনি ফ্রান্সের রাজা হন। তিনি বহু যুদ্ধে জয়লাভ করিয়া প্রায় সমগ্র ইওরোপের অধীশ্বর হন। প্রথমা পত্নী জোসেফাইন, দ্বিতীয়া পত্নী মেরিয়া লুইসা। ১৮১২ খ্রীষ্টাব্দে রাশিয়া জয় করিতে গিয়া দারুণ বিপর্যয় ভোগ করিয়া মস্কো হইতে ফিরিয়া আসিতে বাধ্য হন। ইহার পর বিভিন্ন দেশের রাজারা সম্মিলিত হইয়া ফ্রান্স আক্রমণ করিলে তিনি সিংহাসন ত্যাগ করিয়া এল্‌বা দ্বীপে চলিয়া যান (১৮১৪ খ্রীঃ)। এক বৎসর পরে তিনি এল্‌বা হইতে ফিরিয়া আসেন এবং বিনা রক্তপাতে সম্রাট হন। ১৮১৫ খ্রীষ্টাব্দে তিনি জার্মান-সৈন্য বিপর্যস্ত করিয়া ইংরেজের সহিত যুদ্ধ করেন এবং ওয়াটার্লুর যুদ্ধে ডিউক অব ওয়েলিংটন কর্তৃক পরাস্ত হন। পরে তাঁহাকে সেণ্ট হেলেনা দ্বীপে অবরুদ্ধ করিয়া রাখা হয়। তথায় নির্বাসিত অবস্থায় তাঁহার মৃত্যু হয়।

নেল্‌সন, হোরেসিও, ভাইকাউণ্ট (Nelson, Horatio Viscount)—(১৭৫৮—১৮০৫ খ্রীঃ)। ইংলণ্ডের বিখ্যাত নৌ-সেনাপতি। ইংলণ্ডের অন্তর্গত নরফোক নামক স্থানে জন্ম। ক্যালভির যুদ্ধে তাঁহার দক্ষিণ চক্ষু এবং স্যাণ্টাক্রুজের যুদ্ধে তাঁহার দক্ষিণ হস্ত নষ্ট হয়। সুপ্রসিদ্ধ ট্রাফাল-গার যুদ্ধে তিনি ফরাসী যুদ্ধজাহাজগুলিকে বিধ্বস্ত করিয়া বিজয়লাভ করেন, কিন্তু যুদ্ধের সময়ে আহত হওয়ায় তাঁহার মৃত্যু হয়।

নেস্টর (Nestor)—বুদ্ধিমত্তা এবং বাগ্মিতার জন্য খ্যাত গ্রীসের অন্তর্গত পাইলসের রাজা। ট্রয়যুদ্ধে তাঁহার পরামর্শ গ্রহণ করিয়া গ্রীকগণ বিশেষ লাভবান হয় (গ্রীক পুঃ)।

নোবেল, আলফ্রেড (Nobel, Dr. Alfred Bernhard)—(১৮৩৩—১৮৯৬ খ্রীঃ)। সুইডেনের বিখ্যাত রাসায়নিক পণ্ডিত ও যন্ত্রশিল্পী। ডিনামাইট-নামক বিস্ফোরক পদার্থ আবিষ্কার করিয়া তিনি প্রভূত অর্থ উপার্জন করেন। তিনি মৃত্যুকালে স্বীয় সম্পত্তির অধিকাংশ পদার্থবিদ্যা, রসায়নশাস্ত্র, চিকিৎসাশাস্ত্র, সাহিত্য ও শান্তিবাণী প্রচারে শ্রেষ্ঠ ব্যক্তিগণকে প্রতি বৎসর পুরস্কার দিবার জন্য দান করিয়া যান। এই পুরস্কারই 'নোবেল পুরস্কার' নামে পৃথিবীবিখ্যাত।

নোয়া (Noah)—ইহুদিদের মতে লামেখের পুত্র। ঈশ্বরের আদেশে তিনি মহাপ্লাবন (the Deluge) ঘটিবার পূর্বেই এক বিরাট নৌকা প্রস্তুত করেন এবং তাহাতে পৃথিবীর প্রত্যেক জাতীয় প্রাণীর একজোড়া করিয়া লইয়া যান। প্রলয়ের শেষে তাঁহার পুত্রাদি হইতে মানব জাতি ও ঐ প্রাণীগুলি হইতে জীবজগতের উৎপত্তি হয় (বৈদে পুঃ)।

প

পওহারী বাবা—(১৮৪০—১৮৯৮ খ্রীঃ)। প্রসিদ্ধ যোগী। জৌনপুর জেলার প্রেমারপুর গ্রামে জন্ম। পিতা অযোধ্যা তেওয়ারী। বেদান্তদর্শনে তাঁহার অগাধ পাণ্ডিত্য ছিল। তিনি দ্বার রুদ্ধ করিয়া পনর বৎসর ছিলেন। তিনি যজ্ঞাগ্নিতে দেহ বিসর্জন দেন। ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন ও স্বামী বিবেকানন্দ তাঁহার দর্শন পাইয়াছিলেন।

পক্ষধর মিশ্র—(১৫শ শতক)। মিথিলাবাসী বিখ্যাত পণ্ডিত। যথার্থ নাম জয়ধর মিশ্র তর্কালংকার। নবদ্বীপের বাসুদেব সার্বভৌম ও রঘুনাথ শিরোমণি তাঁহার ছাত্র ছিলেন।

পঞ্চজন—অসুর বিঃ। হিরণ্যকশিপুর পুত্র সংহ্লাদ পিতা ও মতি মাতা। শ্রীকৃষ্ণ এই অসুরকে হত্যা করেন। তাহার অস্থি হইতেই শ্রীকৃষ্ণের 'পাঞ্চজন্য শঙ্খ' প্রস্তুত হয় (ভাগ)।

পঞ্চানন তর্করত্ন—(১৮৪৬—১৯০৪ খ্রীঃ)। ভট্টপল্লী-নিবাসী বিখ্যাত পণ্ডিত। পিতা নন্দলাল বিদ্যারত্ন। 'সাংখ্যতত্ত্ব-কৌমুদীর পূর্ণিমা টীকা', 'অমর-মঙ্গল', 'ধর্মসিদ্ধান্ত' প্রঃ অনেক পুস্তক রচনা করেন।

পতঞ্জলি—(? জীবৎকাল খ্রীঃ পূঃ ১৫০)। বিখ্যাত যোগশাস্ত্র-প্রণেতা ও দার্শনিক। 'পাতঞ্জল দর্শন'-

নামক যোগশাস্ত্রের রচয়িতা। পাণিনির প্রসিদ্ধ মহাকাব্যও তিনিই রচনা করেন। কেহ কেহ বলেন, পাণিনি-ভাষ্যকার পতঞ্জলি ও যোগশাস্ত্র-সূত্রকার পতঞ্জলি একই লোক কিনা সে বিষয়ে সন্দেহ আছে। তিনি পুষ্পমিত্র সুঙ্গের সমসাময়িক।

পদ্মনাভ—নাগ বিঃ। তিনি অত্যন্ত ধার্মিক ছিলেন। তিনি গোমতীর তীরে 'নাগপুর'-নামক পুরীতে বাস করিতেন।

পদ্মাবতী—১। কবি জয়দেবের পত্নী। ২। কর্ণের পত্নী। ৩। নিত্যানন্দ প্রভুর মাতা।

পদ্মিনী—(১৩শ শতক) বিখ্যাত রাজপুত-সতী। পিতা হামির শঙ্খ, স্বামী মেবারের রানা রতনসিংহ। তাঁহার সৌন্দর্যের কাহিনী শুনিয়া চরম অত্যাচারী সুলতান আলাউদ্দীন খিলিজী তাঁহাকে পাইবার জন্য চিতোর আক্রমণ করেন। চিতোর বিধ্বস্ত হয়। পদ্মিনী ও অন্যান্য রাজপুত মহিলারা সতীত্ব রক্ষার জন্য জ্বলন্ত চিতায় ঝাঁপ দেন।

পবন—বাতাসের অধিষ্ঠাত্রী দেবতা। অঞ্জনার গর্ভে তাঁহার পুত্র হনুমান, কুন্তীর গর্ভে তাঁহার পুত্র ভীম জন্মে। তিনি উত্তর-পশ্চিম দিকের রাজা। উনপঞ্চাশ বায়ু তাঁহার অধীন (রাম)।

পম্পে দি গ্রেট (Pompey the Great)—(খ্রীঃ পূর্ব ১০৬—৪৮)। বিখ্যাত রোমক সেনাপতি। তিনি সীজারের সহিত মিলিত হইয়া রোমের শাসনকার্য পরিচালনা করেন। রোমে অন্তর্বিপ্লব উপস্থিত হইলে তিনি সীজার কর্তৃক পরাজিত হইয়া মিশরে পলায়ন করেন এবং তথায় নিহত হন।

পরমানন্দ, কবিকর্ণপুর—(১৫২৪—? খ্রীঃ)। প্রসিদ্ধ বৈষ্ণব কবি ['কর্ণপুর' দ্রঃ]।

পরমার্থ—(৬ষ্ঠ শতক)। বৌদ্ধ ভিক্ষু। পূর্বনাম কুলনাথ। তিনি উজ্জয়িনীর শ্রমণ ছিলেন। বহুদেশ ঘুরিয়া তিনি পাটলীপুত্রে আসেন। সেই সময় চীনদেশ হইতে পণ্ডিতের খোঁজে লোক আসিলে সম্রাট্ কুমারগুপ্ত তাঁহাকে পাঠান। চীনদেশে গিয়া তিনি ৭০ খানি বৌদ্ধ সংস্কৃত গ্রন্থ অনুবাদ ও রচনা করিয়াছিলেন।

পরমেশ্বর—(১৫শ শতক)। 'পরাগলী মহাভারতে'র প্রণেতা। গৌড়ের বাদ্‌শা হুসেন শাহের সেনাপতি পরাগল খাঁর আদেশে আঠার পর্ব মহাভারত রচনা করেন বলিয়া তাঁহার মহাভারত 'পরাগলী মহাভারত' নামে পরিচিত। 'পরমেশ্বর-দাস', 'কবীন্দ্র' ইঃ নামেও তিনি পরিচিত।

পরশুরাম—প্রসিদ্ধ মুনি। পিতা জমদগ্নি, মাতা রেণুকা। পরশুরাম তাঁহাদের কনিষ্ঠ পুত্র। প্রথমে তাঁহার নাম ছিল রাম। পরশু অস্ত্র ধারণ করিবার জন্য তাঁহার নাম হয় পরশুরাম। পিতার আদেশে মাতৃহত্যা করাতে তাঁহার হস্তে কুঠার আবদ্ধ হইয়া থাকে। পরে মানস সরোবরে স্নান করিয়া তিনি পাপমুক্ত হন। কার্তবীর্যার্জুন তাঁহার পিতাকে হত্যা করায় তিনি একবিংশতিবার পৃথিবীকে ক্ষত্রিয়শূন্য করেন। ভীষ্ম, দ্রোণ ও কর্ণ তাঁহার নিকট অস্ত্রবিদ্যা শিক্ষা করেন। একবার ভীষ্মের সহিত তাঁহার যুদ্ধ হয়। তিনি সে যুদ্ধে পরাজিত হন (ভারত)।।

পরাশর—পরাশরের পিতা বশিষ্ঠপুত্র শক্তি, মাতা অদৃশ্যন্তী। পরাশর হইতে মৎস্যগন্ধার (সত্যবতী) গর্ভে কৃষ্ণদ্বৈপায়ন জন্মগ্রহণ করেন (লিঙ্গ)। পরাশর এক সংহিতা রচনা করেন। তাহা পরাশর সংহিতা' নামে বিদিত।

পরীক্ষিৎ—অর্জুনের পৌত্র। পিতা অভিমন্যু, মাতা উত্তরা। কৃপাচার্য তাঁহাকে অস্ত্রবিদ্যা শিক্ষা দেন। পাণ্ডবগণ মহাপ্রস্থানে চলিয়া গেলে তিনি হস্তিনাপুরের রাজা হন। শমীক মুনির পুত্র শৃঙ্গীর অভিশাপে তক্ষকের দংশনে তাঁহার মৃত্যু হয় (ভারত)।

পল, ১ম (Paul I)—(১৭৫৪—১৮০১ খ্রীঃ)। রাশিয়ার জার। তাঁহার নিষ্ঠুর ব্যবহারের জন্য অমাত্যেরা তাঁহাকে গলা টিপিয়া মারিয়া ফেলেন। তিনি নেপোলিয়নের পক্ষে যোগদান করিয়াছিলেন।

পল, সেন্ট (Paul, Saint)—যীশুর বারজন শিষ্যের তিনি অন্যতম। এশিয়া মাইনরের অন্তর্গত তার্সস নগরে তিনি জন্মগ্রহণ করেন।

পলিফেমাস (Polyphemus)—নেপচুনের একচক্ষু পুত্র এবং সাইক্লোপদিগের সর্দার (গ্রীক পুঃ)।

পসাইডোন (Poseidon)—সমুদ্রদেবতা নেপচুনের অন্য নাম (গ্রীক পুঃ)।

পাঁচকড়ি দে—(১২৮০—১৩৫২ বঙ্গাব্দ)। বাংলা ভাষায় গোয়েন্দাগল্প লেখকদের অগ্রণী। 'নীলবসনা সুন্দরী', 'হত্যাকারী কে' প্রভৃতি অনেক পুস্তক তিনি রচনা করিয়াছেন।

পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়—(২০শে ডিসেম্বর, ১৮৬৬—১৫ই নভেম্বর, ১৯২০ খ্রীঃ)। সুবিখ্যাত সাংবাদিক। জন্মস্থান ভাগলপুরে। পৈতৃক বাসস্থান ২৪ পরগনা জেলার হালিসহর। পিতা বেণীমাধব। 'বসুমতী', 'বঙ্গবাণী', 'হিতবাদী', 'নায়ক', 'সাহিত্য' ও 'রঙ্গালয়' পত্রিকা তিনি সম্পাদন করেন। 'চৈতন্য-চরিতামৃত'-নামক বৈষ্ণব গ্রন্থের একখানি সংস্করণ এবং 'আইন-ই-আকবরী'-নামক গ্রন্থের বঙ্গানুবাদ তিনি প্রকাশ করেন। 'রূপ-লহরী', 'উমা' প্রঃ উপন্যাসগ্রন্থ, 'সিপাহী যুদ্ধের ইতিহাস' ইঃ তাঁহার অন্যান্য গ্রন্থ।

পাক—অসুর বিঃ। এই অসুরকে হত্যা করিয়া দেবরাজ ইন্দ্র 'পাকশাসন' নামে আখ্যাত হইয়াছেন (রাম)।

পাণিনি—(খ্রীঃ পূঃ ৬ষ্ঠ শতক?)। বিখ্যাত বৈয়াকরণ। পঞ্জাবের অন্তর্গত শলাতুর গ্রামে জন্ম। এই কারণে তাঁহাকে শলাতুরীয় বলা হইত। পিতার নাম দেবল, মাতার নাম দাক্ষী দেবী। এই কারণে তিনি দাক্ষীপুত্র বা দাক্ষেয় নামেও খ্যাত ছিলেন। তাঁহার প্রণীত ব্যাকরণ পাণিনি-ব্যাকরণ নামে প্রসিদ্ধ। 'ধাতুপাঠ', 'গণপাঠ-শিক্ষা' ইঃ তাঁহারই প্রণীত।

পাণ্ডু—যুধিষ্ঠিরাদির পিতা। লৌকিক পিতা বিচিত্রবীর্য, মাতা অম্বালিকা। ব্যাসদেবের ঔরসে তাঁহার জন্ম। তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা ধৃতরাষ্ট্র জন্মান্ধ ছিলেন বলিয়া তিনি রাজা হন। কুন্তী ও মাদ্রী নামে তাঁহার দুই স্ত্রী ছিল। কুন্তীর গর্ভে যুধিষ্ঠির, ভীম ও অর্জুন এবং মাদ্রীর গর্ভে নকুল ও সহদেব জন্মগ্রহণ করেন (ভারত)।

পাতাউদি, নবাব (Pataudi, Nawab of)—(১৭ই মার্চ, ১৯১০—৫ই জানুয়ারি, ১৯৫২ খ্রীঃ)। বিখ্যাত ক্রিকেট খেলোয়াড়।

পান্না—স্বার্থত্যাগিনী রাজপুত রমণী। তিনি সংগ্রামসিংহের পুত্র উদয়সিংহের ধাত্রী ছিলেন। উদয়সিংহ বনবীর কর্তৃক নিহত হইতে পারে ভাবিয়া তিনি নিজের পুত্রের প্রাণ দিয়া উদয়সিংহের প্রাণ বাঁচান।

পামারস্টন, ভাইকাউণ্ট হেনরী জন টেম্পল (Palmerston Viscount Henry John Temple)—(১৭৮৪—১৮৬৫ খ্রীঃ)। ইংরেজ রাজনীতিবিশারদ। তিনি ১৮৫৫ ও ১৮৫৯ খ্রীষ্টাব্দে প্রধান মন্ত্রী হন।

পার্ক, মাংগো (Park, Mungo)—(১৭৭১—১৮০৬ খ্রীঃ)। বিখ্যাত ব্রিটিশ পর্যটক। তিনি আফ্রিকা দেশে ভ্রমণ করেন। 'Travels in the Interior of Africa'-নামক তাঁহার রচিত পুস্তকখানি বিশেষ প্রসিদ্ধ।

পার্থ—অর্জুনের অপর নাম। কুন্তীর প্রকৃত নাম পৃথা। পৃথার গর্ভে জন্ম বলিয়া পার্থ বলিতে অর্জুনকেই বুঝাইয়া থাকে (ভারত)।

পার্বতী—দুর্গার অপর নাম। হিমালয় পর্বতের কন্যা বলিয়া তাঁহার অপর নাম পার্বতী হইয়াছে।

পার্শ্বনাথ—(? জীবৎকাল খ্রীঃ পূঃ ৮০০)। জৈন তীর্থংকরদিগের অন্যতম এবং জৈনধর্মের প্রকৃত প্রবর্তক বলিয়া কথিত। ইক্ষ্বাকুবংশীয় কাশীরাজ বিশ্বসেনের ঔরসে ব্রাহ্মীর গর্ভে তাঁহার জন্ম হয়। তিনি প্রায় ১০০ বৎসর বয়সে পরেশনাথ পর্বতে দেহত্যাগ করেন।

পার্সিউস (Perseus)—পিতা জুপিটার, মাতা ডেন্যাই। তিনি মেডুসা-নামক দৈত্যের মাথা কাটিয়া নিজের বীরত্বের পরিচয় দেন। তিনি অ্যান্ড্রোমিডাকে জলরাক্ষসের হাত হইতে রক্ষা করিয়া বিবাহ করেন (গ্রীক পুঃ)।

পাস্কাল, ব্লেইজ (Pascal, Blaise)—(১৬২৩—১৬৬২ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী দার্শনিক ও গণিতজ্ঞ। তাঁহার রচিত 'Provincial Letters' একখানি প্রসিদ্ধ পুস্তক।

পাস্তুর, লুই (Pasteur, Louis)—(১৮২২—১৮৯৫ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী রসায়নশাস্ত্রবিদ্। উদ্ভিজ্জ-রস গাঁজাইয়া উঠিবার কারণ সম্বন্ধে গবেষণা করিয়া তিনি প্রথমে প্রসিদ্ধ হন। কলেরা ও অন্যান্য রোগেরও জীবাণু সম্বন্ধে তিনি অনেক গভীর গবেষণা করেন।

পাস্তেরনাক, বোরিস লেওনিদোভিচ (Pasternak, Boris Leonidovich)—(১৮৯০—১৯৬০ খ্রীঃ)। রুশীয় সাহিত্যিক। ১৯৫৮ খ্রীষ্টাব্দে তাঁহাকে তাঁহার বিখ্যাত পুস্তক 'Dr. Zhivago'-র জন্য নোবেল পুরস্কার দেওয়ার প্রস্তাব হয়। তিনি পুরস্কার গ্রহণ করেন নাই।

পিকক, বার্নস (Peacock, Sir Barnes)—কলিকাতা সুপ্রীম কোর্টের শেষ বিচারপতি। তিনি কলিকাতা হাইকোর্টেরও প্রথম ও প্রধান বিচারপতি হন। তিনিই ভারতবর্ষীয় ফৌজদারী দণ্ডবিধি লিপিবদ্ধ করেন।

পিগমেলিয়ন (Pygmalion)—সাইপ্রাস (Cyprus) দ্বীপের একজন বিখ্যাত ভাস্কর। তিনি হস্তিদন্ত দ্বারা একটি সুন্দর প্রতিমূর্তি নির্মাণ করেন। দেবী ভেনাস (Venus) এই মূর্তিটিতে প্রাণসঞ্চার করিয়া দেন। পরে এই প্রাণময়ী মূর্তিকে তিনি বিবাহ করেন (গ্রীক পুঃ)।

পিজারো, ফ্রান্সিস্কো (Pizarro, Francisco)—(১৪৭৫—১৫৪১ খ্রীঃ)। দুঃসাহসিক স্পেনীয় সেনাপতি। কলম্বস কর্তৃক আমেরিকা আবিষ্কৃত হইলে তিনি দক্ষিণ আমেরিকায় গমন করেন এবং পেরু-নামক স্থানের অধিপতি হন। তিনি নিজেরই সৈন্যগণ কর্তৃক নিহত হন।

পিট, উইলিয়াম (Pitt, William)—(১৭৫৯—১৮০৬ খ্রীঃ)। ইংলণ্ডের বিখ্যাত মন্ত্রী। পিতা আর্ল অব চ্যাটাম। তিনি ১৭৮২ খ্রীষ্টাব্দে চ্যান্সেলার অব দি এক্সচেকার হন। মাত্র ২৪ বৎসর বয়সে তিনি প্রধান মন্ত্রীর পদ লাভ করেন। তাঁহারই সময়ে ফরাসী-বিদ্রোহ ঘটে।

পিটম্যান, সার আইজাক (Pitman, Sir Isaac)—(১৮১৩—১৮৯৭ খ্রীঃ)। পিটম্যান-নামক শর্ট-হ্যাণ্ড লিপি-পদ্ধতির উদ্ভাবক।

পিয়াজি, গুইসেপ্পি (Piazzi, Giuseppe)—(১৭৪৬—১৮২৬ খ্রীঃ)। ইতালীয় জ্যোতির্বিদ্। 'সিরিজ'-নামক ক্ষুদ্র গ্রহ তিনি আবিষ্কার করেন।

পিয়ারী, রবার্ট এডুইন (Peary, Robert Edwin)—(১৮৫৬—১৯২০ খ্রীঃ)। আমেরিকান আবিষ্কারক। ৬ই এপ্রিল ১৯০৯ খ্রীষ্টাব্দে তিনি উত্তরমেরুবিন্দুতে পৌঁছান।

পিরানদেলো, এল (Pirandello, L.)—(১৮৬৭—১৯৩৬ খ্রীঃ)। ইতালীয় নাট্যকার, ঔপন্যাসিক ও ছোটগল্পলেখক। ১৯৩৪ খ্রীষ্টাব্দে তিনি সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।

পিলসুড্স্কি (Pilsudski, Marshal Joseph)—(১৮৬৭—১৯৩৫ খ্রীঃ)। পোল্যাণ্ডের বিখ্যাত রাজনীতিক। তিনি ১৯২০ খ্রীষ্টাব্দ হইতে মরণকাল পর্যন্ত পোল্যাণ্ডের সর্বময় কর্তা ছিলেন।

পীটার গ্রাণ্ট (Peter Grant, Sir John)—(১৮০৭—১৮৯৩ খ্রীঃ)। তিনি ১৮৫৯ খ্রীষ্টাব্দে বাংলার লেফটেন্যাণ্ট গভর্নর হন। নীল-চাষীদের বিদ্রোহ তাঁহার শাসনকালের উল্লেখযোগ্য ঘটনা।

পীটার দি গ্রেট (Peter the Great)—(১৬৭২—

১৭২৫ খ্রীঃ)। রাশিয়ার সুপ্রসিদ্ধ সম্রাট্। বাণিজ্য-জাহাজ নির্মাণ, নৌ-সৈন্য গঠন, দেশের মধ্যে শিক্ষার বিস্তার, সেণ্ট পিটার্সবার্গ নগরীর পত্তন (১৭০৩ খ্রীঃ) ইঃ তাঁহার সময়ের উল্লেখযোগ্য ঘটনা।

পীটার দি হার্মিট (Peter the Hermit)—(? ১০৫০—১১১৫ খ্রীঃ)। ফরাসী ধর্মযাজক। তাঁহার বক্তৃতায় উত্তেজিত হইয়া লোকে প্রথম ক্রুসেডের যুদ্ধ আরম্ভ করে। জেরুসালেম খ্রীষ্টানদের দ্বারা অধিকৃত হইবার পর তিনি মারা যান।

পীতাম্বর সিদ্ধান্তবাগীশ—কামরূপরাজের সভা-পণ্ডিত। তিনি প্রায় তিনশত বৎসর পূর্বে জন্মগ্রহণ করেন। 'শ্রাদ্ধ-কৌমুদী', 'তিথি-কৌমুদী' প্রঃ তাঁহার রচিত গ্রন্থ। 'দায়-কৌমুদী'-নামক পুস্তকখানি টোল পরীক্ষায় আজিও পাঠ্যপুস্তক হিসাবে ব্যবহৃত হয়।

পীথাগোরাস (Pythagoras)—(? খ্রীঃ পূঃ ৫৮২—৫০০)। বিখ্যাত গ্রীক দার্শনিক ও গণিতজ্ঞ। আত্মা একদেহ হইতে অন্যদেহে গমন করিয়া থাকে, এই মতবাদের প্রবর্তক। তাঁহার জ্যোতিষের মতবাদ কোপার্নিকাসের মতবাদের অনুরূপ।

পীরন, ইভা (Perón, Eva)—(১৯১৯—১৯৫২ খ্রীঃ)। দক্ষিণ আমেরিকার আর্জেনটাইনা রাজ্যের রাষ্ট্রপতি কর্নেল পীরনের পত্নী। শ্রমিক ও জনসাধারণের তিনি অত্যন্ত প্রিয় ছিলেন।

পীল, রবার্ট (Peel, Sir Robert)—(১৭৮৮—১৮৫০ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ রাজনীতিবিদ্। ১৮৩৪ খ্রীষ্টাব্দে তিনি প্রথম প্রধান মন্ত্রীর পদে অধিষ্ঠিত হন এবং ১৮৪১ খ্রীষ্টাব্দে পুনরায় ঐ পদে নিযুক্ত হন।

পীল, লরেন্স (Peel, Sir Lawrence)—(১৭৯৯—১৮৮৪ খ্রীঃ)। কলিকাতা সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি।

পুণ্ডরীক—প্রাচীনকালের বিষ্ণুভক্ত ব্রাহ্মণ। তিনি প্রথমে অসংযমী ও যথেচ্ছাচারী ছিলেন। পরে তাঁহার তপস্যায় সন্তুষ্ট হইয়া বিষ্ণু তাঁহাকে মোক্ষলাভের বর দেন (পদ্ম)।

পুত্ত—(১৬শ শতক)। প্রসিদ্ধ রাজপুতবীর। ১৫৬৭ খ্রীষ্টাব্দে আকবর চিতোর আক্রমণ করেন এবং উদয়সিংহ, জয়মল্ল প্রঃ বীরপুরুষদের মৃত্যু হইলে চিতোর প্রায় মুসলমানদিগের হস্তগত হয়। সেই সময় পুত্তের বয়স মাত্র ষোড়শ বৎসর। মাতা কর্মদেবী পুত্র পুত্তকে রণসাজে সাজাইয়া হাসিমুখে বিদায় দেন। পুত্ত যুদ্ধ করিতে করিতে প্রাণত্যাগ করেন।

পুরু—১। চন্দ্রবংশীয় বিখ্যাত রাজা। পিতা যযাতি, মাতা শর্মিষ্ঠা। যযাতি জরাগ্রস্ত হইলে তিনি নিজের যৌবন পিতাকে দান করিয়া নিজে পিতার জরা গ্রহণ করেন। বহুকাল পরে তিনি পিতার নিকট হইতে নিজ যৌবন প্রাপ্ত হন ও সিংহাসনে আরোহণ করেন (ভারত, হরি)। ২। ভারতবর্ষীয় বীর রাজা। তিনি শতদ্রু ও চন্দ্রভাগা নদীর মধ্যবর্তী স্থানের রাজা ছিলেন। তাঁহার সহিত মহাবীর আলেক্জাণ্ডারের যুদ্ধ হয়। তিনি পরাজিত হইলেও গ্রীকবীর তাঁহার বীরত্ব দেখিয়া মুগ্ধ হইয়াছিলেন [কোন কোন ঐতিহাসিকের মত, আলেক্জাণ্ডারই পরাজিত হন]।

পুরূরবা—চন্দ্রবংশের প্রথম রাজা। চন্দ্রের পুত্র বুধ পিতা, ইলা মাতা। ইন্দ্র তাঁহার বন্ধু ছিলেন। উর্বশী শাপগ্রস্ত হইয়া মানবী হইলে তিনি তাঁহাকে বিবাহ করেন (হরি, ভারত)।

পুরোচন—দুর্যোধনের মন্ত্রী। তিনি জাতিতে যবন ছিলেন। বারণাবতে পাণ্ডবগণকে বিনাশ করিবার জন্য তিনি দুর্যোধন কর্তৃক তথায় প্রেরিত হন এবং তথায় জতুগৃহ নির্মাণ করেন। তখন ভীম জতুগৃহে অগ্নি প্রদান করেন। সেই অগ্নিতেই তিনি পুড়িয়া মারা যান (ভারত)।

পুলকেশী, ২য়—দাক্ষিণাত্যের প্রসিদ্ধ শক্তিশালী রাজা। হর্ষ যে সময় উত্তর ভারতের একচ্ছত্র রাজা, তিনি তখন দাক্ষিণাত্যের একচ্ছত্র অধিপতি। তিনি ৬০৮—৬৪২ খ্রীঃ পর্যন্ত রাজত্ব করেন। নাসিক তাঁহার রাজধানী ছিল।

পুলস্ত্য—সপ্তর্ষির অন্যতম। তিনি ব্রহ্মার মানস-পুত্র। হবির্ভূর গর্ভে তাঁহার একটি পুত্র হয়। তাঁহার নাম বিশ্রবাঃ। এই বিশ্রবাঃ রাবণের পিতা (রাম)।

পুলহ—সপ্তর্ষির অন্যতম। তিনি কপিল মুনির ভগিনী গতিকে বিবাহ করেন (ভাগ)।

পুলিৎজার, যোশেফ—(১৮৪৭—১৯১১ খ্রীঃ)। জার্মান-আমেরিকান সাংবাদিক। তাঁহার ইচ্ছাপত্রের পরিপূরণে 'পুলিৎজার প্রাইজ' এবং 'আমেরিকান স্কুল অব জার্নালিজম' প্রতিষ্ঠিত হয়।

পুলোমা (পুলোমন্)—দৈত্য বিঃ। কশ্যপ মুনির পুত্র। কন্যা ইন্দ্রের পত্নী শচীদেবী। ইন্দ্র তাঁহাকে নিহত করেন (রাম)।

পুলোমা—ভৃগুমুনির পত্নী ও চ্যবন ঋষির জননী (ভারত)।

পুশকিন আলেক্জাণ্ডার (Pushkin, Alexander)—(১৭৯৯—১৮৩৭ খ্রীঃ)। রুশীয় কবি। তাঁহার রচিত Eugene Onegin ও Boris Godunove দুইখানি প্রসিদ্ধ পুস্তক।

পুষ্যমিত্র সুঙ্গ—(খ্রীঃ পূঃ ৩য় শতক)। মগধের রাজা। সুঙ্গবংশের প্রতিষ্ঠাতা। মৌর্যবংশের শেষ রাজা বৃহদ্রথকে হত্যা করিয়া তিনি মগধের সিংহাসনে আরোহণ করেন।

পুতনা—এক দানবী। কংসের নির্দেশে শিশু শ্রীকৃষ্ণকে বিষাক্ত স্তন্য পান করাইতে গিয়া কৃষ্ণের স্তনাকর্ষণেই তাহার মৃত্যু হয় (ভাগ)।

পূর্ণানন্দ পরমহংস—১৬শ শতাব্দীর প্রথমভাগে ময়মনসিংহ জেলার নেত্রকোণা মহকুমার অন্তর্গত কাটিহালি গ্রামে জন্ম। পূর্ণানন্দ পরমহংস গুরুপ্রদত্ত নাম। গার্হস্থ্য নাম জগদানন্দ। তিনি

কামাখ্যাতীর্থের উদ্ধার সাধন করেন। 'যোগ চিন্তামণি', 'শ্যামারহস্য', 'শাক্তক্রম', 'শ্রীতত্ত্বচিন্তামণি' ও 'তত্ত্বানন্দ-তরঙ্গিণী'-নামক তাঁহার প্রণীত কয়েকখানি প্রসিদ্ধ সাধন-গ্রন্থ আছে।

পৃথা—১। কুন্তীর অপর নাম। ২। দিল্লীর শেষ হিন্দু রাজা পৃথ্বীরাজের ভগিনী। তাঁহার সহিত চিতোরের রানা সমরসিংহের বিবাহ হয়।

পৃথু—বেণ রাজার পুত্র। তিনি বাহুবলে পৃথিবীর সকল রাজাকে পরাস্ত করেন (ভারত)।

পৃথ্বীরাজ (পৃথ্বীরায়)—(১১৫৯—১১৯২ খ্রীঃ)। দিল্লীর সর্বশেষ হিন্দু রাজা। পিতা সোমেশ্বর। মাতামহ দিল্লীশ্বর অনঙ্গপাল। অনঙ্গপাল ও সোমেশ্বরের মৃত্যুতে তিনি আজমীর ও দিল্লীর রাজা হন। কান্যকুব্জের রাজা জয়চন্দ্র তাঁহার মাসতুত ভাই ছিলেন। পৃথ্বীরাজ যখন দিল্লীর রাজা, তখন মহম্মদ ঘোরী দিল্লী আক্রমণ করেন। জয়চন্দ্র মহম্মদ ঘোরীর সহিত মিলিত হন। ১১৯১ খ্রীষ্টাব্দে থানেশ্বরের নিকটে তরাইন প্রান্তরে দুই সৈন্যদলের সাক্ষাৎ হয়। মুসলমানেরা সম্পূর্ণরূপে পরাজিত হয়। পর বৎসর মুসলমানেরা আবার দিল্লী আক্রমণ করে। এবারে পৃথ্বীরাজ পরাজিত ও নিহত হন।

পেট্রার্ক, ফ্রান্সেস্কো (Petrarch, Francesco)—(১৩০৪—১৩৭৪ খ্রীঃ)। প্রসিদ্ধ ইতালীয় কবি। 'To Laura'-নামক তাঁহার কাব্যগ্রন্থ বিশেষ প্রসিদ্ধ।

পেনেলোপি (Penelope)—গ্রীকবীর ইউলিসিস (Ulysses)-এর পত্নী। তিনি অত্যন্ত পতিগতপ্রাণ ছিলেন (গ্রীক পুঃ)।

পেরিক্লিস (Pericles)—(খ্রীঃ পূঃ ৪৯৫—৪২৯)। এথেন্সের বিখ্যাত সেনাপতি ও রাজনীতিবিশারদ। তাঁহারই সময়ে এথেন্সে সম্পূর্ণরূপে গণতন্ত্র (Democracy) প্রতিষ্ঠিত হয়।

পো, এড্‌গার অ্যালান (Poe, Edgar Allan)—(১৮০৯—১৮৪৯ খ্রীঃ)। মার্কিন কবি। বোস্টনে জন্ম। ইংলণ্ডে আসিয়া তাঁহার শিক্ষা আরম্ভ হয়। 'Tamberlane, and other poems' তাঁহার প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ। 'The Raven' (কবিতা), 'The Bells', 'The Masque of the Red Death', 'Annabel Lee', 'Tales of Mystery' ইঃ তাঁহার লিখিত প্রসিদ্ধ গ্রন্থ।

পোপ, আলেক্‌জান্ডার (Pope, Alexander)—(১৬৮৮—১৭৪৪ খ্রীঃ)। অষ্টাদশ শতাব্দীর বিখ্যাত কবি। তিনি গ্রীক কবি হোমারের কাব্য-গ্রন্থ ইংরেজীতে অনুবাদ করেন। 'Essay on Criticism', 'Essay on Man', 'The Rape of the Lock' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

পোলো, মার্কো (Polo, Marco)—(১২৫৪—১৩২৪ খ্রীঃ)। ইতালীয় পর্যটক। ভেনিসের উচ্চবংশে জন্ম। কুবলাই খাঁর দরবারে তিনি ১৭ বৎসর কাজ করেন।

প্যান্ডোরা (Pandora)—জুপিটারের আদেশে ভল্‌কান কর্তৃক সৃষ্ট পরমা সুন্দরী প্রথমা নারী (গ্রীক পুঃ)।

প্যান (Pan)—মেষপালকগণের দেবতা। তিনি মধুমক্ষিকা-রক্ষক এবং মৎস্য ও পক্ষী শিকারের পৃষ্ঠপোষক। তিনি শৃঙ্গধারী, ছাগের ন্যায় পদ ও লাঙ্গুলবিশিষ্ট মানব (গ্রীক পুঃ)।

প্যাবলো পিকাসো (Pablo Picasso)—(জন্ম ২৫শে অক্টোবর, ১৮৮১ খ্রীঃ)। বিখ্যাত চিত্রকর। জন্ম স্পেনের মালাগা-নামক স্থানে। 'কিউবিজম'-নামক চিত্রাঙ্কনের তিনি অন্যতম স্রষ্টা।

প্যাভ্‌লোভা, অ্যানা (Pavlova, Anna)—(১৮৮৫—১৯৩১ খ্রীঃ)। রাশিয়ার বিখ্যাত নর্তকী। তিনি বিশ্বের মধ্যে সর্বশ্রেষ্ঠ নর্তকী বলিয়া পরিগণিত হইয়াছিলেন।

প্যারিস (Paris)—ট্রয়রাজ প্রায়ামের পুত্র। জুনো, মিনার্ভা ও ভেনাসের রূপ প্রতিযোগিতায় ভেনাসকে শ্রেষ্ঠা সুন্দরী বলায় তিনি তাঁহার সাহায্যে প্রধানা রূপসী হেলেনকে হরণ করিয়া লইয়া যান। এই হেলেন হরণেই ট্রোজান যুদ্ধের সূত্রপাত হয় (গ্রীক পুঃ)।

প্যারীচরণ সরকার—(১৮২৩—১৮৭৫ খ্রীঃ)। প্রসিদ্ধ ইংরেজী পাঠ্যপুস্তক রচয়িতা। কলিকাতা চোর-বাগানে জন্ম। তিনিই বাঙ্গালীর মধ্যে প্রথম প্রেসিডেন্সি কলেজে ইংরেজী সাহিত্যের অধ্যাপনা করেন। তিনি শিশুপাঠ্য ইংরেজী পুস্তক 'First Book' ও 'Second Book' রচনা করিয়া বিশেষ প্রসিদ্ধিলাভ করেন।

প্যারীচাঁদ মিত্র—(২২শে জুলাই, ১৮১৪—২৩শে নভেম্বর, ১৮৮৩ খ্রীঃ)। বিখ্যাত প্রাচীন লেখক। টেকচাঁদ ঠাকুর নামে বিখ্যাত। কলিকাতার নিমতলায় জন্ম। পিতা রামনারায়ণ। 'আলালের ঘরের দুলাল', 'মদ খাওয়া বড় দায়', 'জাত থাকার কি উপায়', 'আধ্যাত্মিকা' প্রঃ গ্রন্থ তাঁহার রচিত।

প্যালগ্রেভ (Palgrave, Francis Turner)—(১৮২৪—১৮৯৭ খ্রীঃ)। ইংরাজ কবি ও সমালোচক। 'Idylls and Songs' (১৮৫৪), 'Essays on Art' (১৮৬৬), 'Lyrical Poems' (১৮৭১) ইঃ তাঁহার রচিত পুস্তক।

প্রকাশানন্দ সরস্বতী—বেদান্ত-দর্শনবিদ্ পণ্ডিত। তিনি চৈতন্যদেবের সমসাময়িক, পরে শিষ্য। তিনি কাশীবাসী ও মায়াবাদী ছিলেন।

প্রণবানন্দ আচার্য স্বামী—(১৮৯৬—১৯৪০ খ্রীঃ)। ভারত সেবাশ্রম সঙ্ঘের প্রতিষ্ঠাতা, হিন্দু জাতি সংগঠন ও সমাজসংস্কারক। আজন্ম কঠোর তপস্বী, ব্রহ্মচারী ও আত্মসমাহিত পুরুষ ছিলেন। ১৯১৮ খ্রীষ্টাব্দে তিনি নিজ গ্রাম ফরিদপুরের বাজিতপুর গ্রামে একটি আশ্রম প্রতিষ্ঠা করেন। তিনি বাংলার বিভিন্ন স্থানে ৫০০ শত মিলন-মন্দির স্থাপন করেন ও ৩৫০০০ হিন্দু তাঁহার সেবাব্রত গ্রহণ করে।

প্রতাপচন্দ্র মজুমদার—(১৮৪০—১৯০৫ খ্রীঃ)। কেশবচন্দ্রের সমসাময়িক ধর্মপ্রচারক। জন্মস্থান হুগলী জেলার বাঁশবেড়িয়া গ্রাম। তিনি কেশবচন্দ্র সেনের বন্ধু এবং ব্রাহ্মধর্ম প্রচারে প্রধান সহায়ক ছিলেন। 'Heartbeats', 'Spirit of God', 'Oriental Christ' এবং 'Life and Teachings of Keshab Chandra Sen'-নামক তাঁহার প্রণীত পুস্তকগুলি প্রসিদ্ধ।

প্রতাপ রুদ্র—(১৪শ শতক)। ১। কাকতেয় বংশের রাজা। ওরঙ্গল নগরে তাঁহার রাজধানী ছিল। বাহমনিরাজ আহম্মদ শাহের সহিত তাঁহার যুদ্ধ হয়। সেই যুদ্ধে তিনি মারা যান। ২। উড়িষ্যা দেশের স্বাধীন রাজা। পিতা পুরুষোত্তম দেব, মাতা পদ্মাবতী। তিনি শ্রীগৌরাঙ্গদেবের সমসাময়িক ছিলেন। 'শ্রীসরস্বতীবিলাস', 'প্রতাপমার্তণ্ড', 'নির্ণয়সংগ্রহ' ও 'কৌতুকচিন্তামণি' তাঁহার রচিত গ্রন্থ।

প্রতাপসিংহ—(?—১৫৯৭ খ্রীঃ)। মেবারের প্রসিদ্ধ মহারানা। পিতা উদয়সিংহ। তিনি পিতার সহিত উদয়পুরে গমন করেন। পিতার মৃত্যুর পর তিনি আকবরের অধীনতা অস্বীকার করেন। আকবরের সেনাপতি হিন্দুকুলকলঙ্ক মানসিংহ মোগলদের সহিত বিবাহ-সূত্রে আবদ্ধ হইয়া সর্বপ্রকারে তাঁহার বিরোধিতা করেন। হলদীঘাট-নামক গিরিসংকটে মোগল-সৈন্যের সহিত যুদ্ধে প্রতাপ পরাজিত হন। মোগল-সৈন্য রাজধানী ও দুর্গ সকল অধিকার করে। পরে ১৫৭৭—১৫৮০ খ্রীঃ পর্যন্ত তিনি যুদ্ধ করিয়া পৈতৃক রাজ্যের অধিকাংশ উদ্ধার করেন। তিনি এই সময়ে মানসিংহের রাজ্য জয়পুর বিধ্বস্ত করিয়া তাঁহার শত্রুতার প্রতিশোধ লন। চিতোর উদ্ধার তাঁহার পণ ছিল। কিন্তু তিনি তাহা পারিয়া উঠেন নাই। তাঁহার একটি প্রিয় অশ্ব ছিল। তাহার নাম চৈতক। রানা প্রতাপের ন্যায় স্বদেশপ্রাণ ব্যক্তি জগতের ইতিহাসে বিরল।

প্রতাপাদিত্য রায়—(১৬শ শতক)। যশোহরের সুবিখ্যাত বীর রাজা। পিতা বিক্রমাদিত্য রায়। তিনি সুন্দরবন অঞ্চলে রাজার ন্যায় বসবাস করিতেন। পিতার মৃত্যুর পর তিনি রাজা হন এবং মোগলসম্রাট্‌কে রাজস্ব দিতে অস্বীকার করেন। রাজপুতকুলকলঙ্ক মানসিংহ তাঁহাকে পরাজিত ও বন্দী করেন। বন্দী অবস্থায় তিনি মারা যান। প্রতাপের রাজধানী এখন সুন্দরবন-নামক মহারণ্যে পরিণত।

প্রতীপ—চন্দ্রবংশীয় রাজা। তিনি রাজা শান্তনুর পিতা ও ভীষ্মদেবের পিতামহ।

প্রতুলচন্দ্র সরকার [জাদুসম্রাট্‌ পি. সি. সরকার]—(১৯১৩—১৯৭১ খ্রীঃ)। বিখ্যাত জাদুকর। ময়মনসিংহের টাঙ্গাইল-নামক স্থানে জন্ম। পিতার নাম ভগবানচন্দ্র। তিনি নিউ ইয়র্ক শহর হইতে জাদুবিদ্যার সর্বশ্রেষ্ঠ পুরস্কার 'Sphinx' পান। জার্মানীতেও তিনি অনেক পুরস্কার লাভ করেন। জাদুসম্বন্ধে তাঁহার বহু পুস্তক আছে।

প্রদ্যুম্ন—শ্রীকৃষ্ণের পুত্র। তিনি রুক্মিণীর গর্ভে জন্মগ্রহণ করেন। পূর্বজন্মে তিনি কামদেব ছিলেন। কৃষ্ণ তাঁহার সহিত মায়াবতীর বিবাহ দেন। তাঁহার পুত্রের নাম অনিরুদ্ধ। যদুবংশের ধ্বংসের সময় তিনি নিহত হন।

প্রফুল্লচন্দ্র রায় (ডাঃ স্যার পি. সি. রায়)—(১৮৬১—১৯৪৪ খ্রীঃ)। সুবিখ্যাত রসায়নবিদ্‌ ও দেশসেবক। জন্ম খুলনা জেলার রাড়ুলি গ্রামে। প্রেসিডেন্সি কলেজের অধ্যাপক ছিলেন, পরে (১৯১৫—৩৭ খ্রীঃ) বিজ্ঞান কলেজের অধ্যক্ষ হন। বেঙ্গল কেমিক্যাল রসায়ন কারখানার প্রতিষ্ঠাতা। বাঙ্গালীর শিল্প ও বাণিজ্যে যাহাতে উৎসাহ আসে, সেজন্য তিনি অনেক চেষ্টা করিয়াছেন। 'হিন্দু রসায়নের ইতিহাস' তাঁহার একখানি মূল্যবান্‌ গ্রন্থ। 'বাঙ্গালীর মস্তিষ্ক ও তাহার অপব্যবহার' এবং 'অন্নসমস্যায় বাঙ্গালীর পরাজয় ও তাহার প্রতীকার' তাঁহার অন্যতম গ্রন্থ।

প্রফুল্ল চাকী—স্বাধীনতার প্রথম শহীদ। নিবাস রংপুর। ১৯০৬—১৯০৮, এপ্রিল যত গুপ্ত বৈপ্লবিক কর্মতৎপরতা অনুষ্ঠিত হইয়াছিল, তাহার প্রত্যেকটির সঙ্গেই প্রফুল্ল চাকীর যোগাযোগ ছিল। তিনি মজঃফরপুরে কিংসফোর্ডকে হত্যা করিতে গিয়া মিসেস ও মিস কেনেডিকে হত্যা করেন। পুলিসের হাতে তিনি ধরা না দিয়া ১৯০৮ খ্রীষ্টাব্দের ১লা মে আত্মহত্যা করেন।

প্রবীর—নীলধ্বজ রাজার পুত্র। তিনি অর্জুনের অশ্ব ধরিলে তাঁহার সহিত অর্জুনের যুদ্ধ হয় এবং যুদ্ধে প্রবীর নিহত হন (ভারত)।

প্রবোধকুমার সান্যাল—(জন্ম ১৯০৭ খ্রীঃ)। প্রখ্যাত ঔপন্যাসিক। 'প্রিয় বান্ধবী', 'মহাপ্রস্থানের পথে' 'সরল রেখা', 'নদ ও নদী', 'দেবতাত্মা হিমালয়' ইঃ তাঁহার রচিত উপন্যাস।

প্রবোধচন্দ্র মজুমদার—(১৮৯৯—১৯২৮ খ্রীঃ)। বিখ্যাত পুস্তক-প্রকাশক ও গ্রন্থকার। পৈতৃক নিবাস হাওড়া জেলার পাতিহাল গ্রাম। কলিকাতার ঝামাপুকুরে জন্ম। ষোড়শ বৎসরে তিনি ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তীর্ণ হইয়া সাহিত্য-সেবায় ব্রতী হন। তিনি মেধাবী ও প্রতিভাশালী ছিলেন। দানশীল হিসাবেও তাঁহার খ্যাতি ছিল। তিনি অত্যন্ত অনাড়ম্বর ও বিলাসবাসনশূন্য ছিলেন। তিনি বিখ্যাত পুস্তক-প্রকাশকদের অন্যতম। 'দেব-সাহিত্য-কুটীর' নামে প্রসিদ্ধ পুস্তক-প্রতিষ্ঠানের তিনি প্রতিষ্ঠাতা। তাঁহার লিখিত কয়েকখানি গ্রন্থ আছে।

প্রভাতকুমার মুখোপাধ্যায়—১। (৩রা ফেব্রুয়ারি, ১৮৭৩—৫ই এপ্রিল, ১৯৩২ খ্রীঃ)। প্রখ্যাত গল্প-লেখক। জন্মস্থান ধাত্রীগ্রাম, বর্ধমান। আদি নিবাস হুগলী জেলার গুরুপ। পিতা জয়গোপাল। 'মানসী ও মর্মবাণী'র তিনি বহুকাল সম্পাদকতা

করেন। তাঁহার 'সিন্দুর-কৌটা', 'নবীন সন্ন্যাসী', 'সত্যবালা', 'গল্পবীথি', 'দেশী ও বিলাতি' প্রঃ বহু পুস্তক বঙ্গসাহিত্যে সুপরিচিত। ২। (জন্ম ১৮৯২ খ্রীঃ)। দীর্ঘকাল শান্তিনিকেতনে শিক্ষক ও গ্রন্থাগারিকের কাজ করিয়াছেন। তাঁহার রচিত 'রবীন্দ্রজীবনী' ১৯৫৭ খ্রীষ্টাব্দে রবীন্দ্র পুরস্কার লাভ করে। ১৯৬১ খ্রীষ্টাব্দে সাহিত্য আকাদমী কর্তৃক রবীন্দ্রশতবার্ষিকী পুরস্কারে ভূষিত হন।

প্রভাবতী দেবী সরস্বতী (১৯০৫—১৯৭২ খ্রীষ্টাব্দ)। প্রথিতযশা ঔপন্যাসিক। তিনি 'মাটির দেবতা', 'ঘূর্ণী হাওয়া', 'পথের শেষে', 'ব্রতচারিণী' প্রঃ অসংখ্য উপন্যাস রচনা করেন।

প্রমথ চৌধুরী—(১৮৬৮—১৯৪৬ খ্রীঃ)। বিখ্যাত সাহিত্যিক ও সমালোচক। বঙ্গসাহিত্যে 'বীরবল' নামে প্রখ্যাত। পাবনা জেলা আদি বাসস্থান। ঐ জেলার হরিপুর গ্রামে জন্ম। তিনি 'সবুজ পত্রে'র সম্পাদক হন। তিনি কথ্যভাষায় একটি মার্জিত লেখ্যরূপ সৃষ্টি করিয়াছিলেন। 'নানাকথা', 'পদচারণ', 'চারইয়ারী কথা', 'আহুতি' প্রঃ তাঁহার রচিত গ্রন্থ।

প্রমথনাথ তর্কভূষণ—প্রসিদ্ধ সংস্কৃতজ্ঞ পণ্ডিত। বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ের সংস্কৃতের অধ্যাপক ছিলেন। তাঁহার লিখিত বহু পুস্তক ও প্রবন্ধ আছে।

প্রমথনাথ বসু—(১৮৫৫—১৯৩৪ খ্রীঃ)। তিনি ওড়িশার গরুমহিষানী অঞ্চলে লৌহখনি আবিষ্কার করেন। তাহার ফলেই টাটার লৌহকারখানা গড়িয়া ওঠে। আসামের তৈলখনিও তাঁহার আবিষ্কার। লেডি প্রতিমা মিত্র ও মধু বসু তাঁহার সন্তান।

প্রমথনাথ বিশী—জন্ম ১৯০২ খ্রীঃ রাজসাহীতে। তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন। তাঁহার 'কেরী সাহেবের মুন্সী' ১৯৬০ খ্রীষ্টাব্দে রবীন্দ্র পুরস্কার লাভ করে। তাঁহার রচিত বহু গ্রন্থ আছে।

প্রমথনাথ রায় চৌধুরী—(১৮৭২—১৯৪৯ খ্রীঃ)। সুকবি। ময়মনসিংহ জেলার সন্তোষ-নামক স্থানের জমিদার ছিলেন। 'গৈরিক', 'পদ্মা', 'গৌরব-গীতিকা' প্রঃ কাব্যগ্রন্থ তাঁহার প্রণীত। তিনি 'ভাগ্যচক্র', 'জয়পরাজয়', 'চিতোরোদ্ধার' প্রঃ নাটকের রচয়িতা।

প্রমদ্বরা—রুরু মুনির পত্নী। পিতা গন্ধর্বরাজ বিশ্বাবসু। মাতা অপ্সরা মেনকা (ভারত)।

প্রমিথিউস (Prometheus)—প্রাচীন কবিগণ কর্তৃক বর্ণিত সর্বাপেক্ষা জ্ঞানী মানব। তিনি মাটির মানবমূর্তি প্রস্তুত করিয়া স্বর্গ হইতে আহৃত অগ্নি দ্বারা তাহাতে জীবনীশক্তি প্রদান করিতেন (গ্রীক পুঃ)।

প্রমীলা—রাবণের পুত্রবধূ, মেঘনাদের পত্নী (রাম)।

প্রলম্ব—দানব বিঃ। তিনি গোপবেশ ধারণ করিয়া শ্রীকৃষ্ণ, বলরাম ও অন্যান্য গোপগণের সহিত ভাণ্ডির বনে খেলা করিতে আরম্ভ করেন। তাঁহাকে বলরামের মুষ্টির আঘাতে প্রাণত্যাগ করিতে হয় (বিষ্ণু, ভাগ)।

প্রশান্তচন্দ্র মহলানবীশ—(জন্ম ১৮৯৩ খ্রীঃ)। সুবিখ্যাত শিক্ষাব্রতী ও বিজ্ঞানী। তিনি বিশ্ব-ভারতীর সম্পাদক ছিলেন (১৯২১—৩১ খ্রীঃ)। বিভিন্ন সময়ে গঠিত পরিসংখ্যান কমিটি-সমূহের তিনি উপদেষ্টা ছিলেন। তিনি এফ. আর. এস. হন (১৯৪৫ খ্রীঃ) ও ভারতীয় বিজ্ঞান কংগ্রেসের সভাপতি হন (১৯৫০ খ্রীঃ)। 'সাংখ্য' পত্রিকা তিনি কয়েক বৎসর সম্পাদনা করেন।

প্রসন্নকুমার ঠাকুর—(১৮০০—১৮৬৮ খ্রীঃ)। বিদ্যোৎ-সাহী ও দাতা। লেখকরূপেও তিনি প্রসিদ্ধ ছিলেন। পাথুরিয়াঘাটার গোপীমোহন ঠাকুরের কনিষ্ঠ পুত্র। মৃত্যুকালে উইল করিয়া তিনি ৩ লক্ষ টাকা আইনশিক্ষার জন্য দিয়া গিয়াছেন। ঐ টাকাতেই বিশ্ববিদ্যালয়ের ঠাকুর-ল-লেকচারের ব্যয় নির্বাহিত হয়। তিনি সংস্কৃত দায়ভাগ গ্রন্থ সংকলন করিয়াছেন। 'ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিয়েশন' তাঁহার যত্নে প্রতিষ্ঠিত হয়।

প্রসন্নচন্দ্র বিদ্যারত্ন (মহামহোপাধ্যায়)—(১৮৪২—১৯১৪ খ্রীঃ)। প্রসিদ্ধ পণ্ডিত। জন্মস্থান বিক্রমপুরের আটপাড়া। পিতার নাম স্বরূপচন্দ্র চক্রবর্তী। তিনি ঢাকা সারস্বত সমাজের সম্পাদক এবং প্রতিষ্ঠাতা ছিলেন। বঙ্গীয় সংস্কৃত পরীক্ষা-সমিতির তিনি একজন সভ্য ছিলেন।

প্রসার্পাইন (Proserpine)—কৃষিকার্যের অধিষ্ঠাত্রী দেবী 'সিরিজ' (Ceres)-এর কন্যা (গ্রীক পুঃ)।

প্রসূতি—অপর নাম মেনকা। সতীর জননী। পিতা স্বায়ম্ভুব মনু, মাতা শতরূপা, স্বামী দক্ষ প্রজাপতি। দক্ষের ঔরসে তাঁহার গর্ভে ষষ্টি কন্যার জন্ম হয়। সতী সর্বকনিষ্ঠা (কূর্ম, বিষ্ণু) ['দক্ষ' দ্রঃ]।

প্রহ্লাদ—বিষ্ণুভক্ত বালক। পিতা দৈত্যরাজ হিরণ্যকশিপু। তিনি বাল্যকাল হইতেই হরিভক্ত ছিলেন। সর্বদাই হরিনাম কীর্তন করিতে তিনি বড় ভালবাসিতেন। হিরণ্যকশিপু অত্যন্ত বিষ্ণুদ্বেষী ছিলেন। তিনি প্রহ্লাদের উপর নানা অত্যাচার করিয়াও তাঁহার হরিনাম কীর্তন ছাড়াইতে পারেন নাই। শেষে বিষ্ণু নরসিংহমূর্তি ধারণ করিয়া হিরণ্যকশিপুকে হত্যা করেন। তারপর প্রহ্লাদ রাজা হন (ভাগ)।

প্রায়াম (Priam)—শেষ ট্রয়রাজ। তিনি লেওমেডনের পুত্র এবং হেক্‌টর, প্যারিস প্রভৃতির পিতা ও হেকুবার স্বামী (গ্রীক পুঃ)।

প্রিন্সেপ, জেম্‌স্‌ (Prinsep, James)—(১৭৯৯—১৮৪০ খ্রীঃ)। পণ্ডিত ও পুরাতত্ত্ববিদ্‌। কুড়ি বছর বয়সে তিনি কলিকাতায় আসেন। ১৮৩২ হইতে ১৮৩৩ খ্রীঃ পর্যন্ত তিনি কলিকাতা এসিয়াটিক সোসাইটির অধ্যক্ষ ছিলেন। অশোকের বহু শিলালিপির পাঠ তিনি উদ্ধার করিয়াছেন।

কলিকাতার প্রিন্সেপ ঘাট তাঁহার নামানুসারে হইয়াছে।

প্রিয়ম্বদা—শকুন্তলার সখী। তিনি ও অনসূয়া নাম্নী আর একজন সখী রাজা দুষ্মন্তের নিকট শকুন্তলার মনের কথা নানা ছলে জানাইয়া দেন।

প্রিয়ম্বদা দেবী—(১৮৭১—১৯৩৪ খ্রীঃ)। সুপ্রসিদ্ধা মহিলা কবি। জন্ম পাবনার গুনাইগাছা গ্রামে। পিতা কমলকৃষ্ণ বাগচী। মাতা প্রসন্নময়ী, স্বামী মধ্যপ্রদেশের ব্যবহারাজীব তারাদাস বন্দ্যোপাধ্যায়। রেখা', 'পত্রপুষ্প', 'রেণু' প্রঃ কাব্যগ্রন্থ তাঁহার রচিত।

প্রীতিলতা ওয়াদ্দার—(?—১৯৩২ খ্রীঃ)। বীর মহিলা শহীদ। চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের তিনি অন্যতম নায়িকা ছিলেন। বি. এ. পরীক্ষায় উত্তীর্ণ হইয়া মাস্টার-দার (সূর্য সেন) কাছে বৈপ্লবিক শিক্ষালাভ করেন এবং তাঁহারই নেতৃত্বে এই বীর রমণী চট্টগ্রামের ইওরোপীয় ক্লাবের উপরে বোমা ফেলিয়া পুলিসের সংগে যুদ্ধে প্রাণ দেন।

প্রেমচাঁদ রায়চাঁদ—বোম্বাই-এর এক শিক্ষানুরাগী দানশীল ব্যক্তি। শিক্ষার উন্নতিকল্পে তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে দুই লক্ষ টাকা দান করেন। মৌলিক গবেষণার জন্য এই টাকা হইতে বৃত্তি দান করা হয়। এই বৃত্তিই 'প্রেমচাঁদ রায়চাঁদ' বৃত্তি নামে খ্যাত।

প্রেমদাস—(১৭শ শতক)। বৈষ্ণব কবি। আদি নাম পুরুষোত্তম মিশ্র। পদবী ছিল সিদ্ধান্তবাগীশ। নবদ্বীপের নিকটবর্তী ফুলিয়া গ্রামে জন্ম। পিতার নাম গঙ্গাদাস মিশ্র। তিনি ১৭১২ খ্রীষ্টাব্দে কবি-কর্ণপুরের 'চৈতন্য-চন্দ্রোদয়' নাটকের পদ্যানুবাদ করেন। ১৭১৬ খ্রীষ্টাব্দে তিনি 'বংশীশিক্ষা'-নামক কাব্য রচনা করেন।

প্রেমাঙ্কুর আতর্থী—(১৮৯০—১৯৬৪ খ্রীঃ)। প্রসিদ্ধ সাহিত্যিক। মহাস্থবির ছদ্ম নামে তিনি যে 'মহাস্থবির জাতক' গ্রন্থত্রয় রচনা করেন, তাহাই তাঁহার শ্রেষ্ঠ সাহিত্যকীর্তি। তাঁহার অন্যান্য রচনা—'চাষার মেয়ে', 'ঝড়ের পাখি', 'স্বর্গের চাবি' ইঃ।

প্রেমেন্দ্র মিত্র—(জন্ম ১৯০৪ খ্রীঃ)। প্রখ্যাত সাহিত্যিক ও বিশিষ্ট কবি। নিবাস কলিকাতা। কল্লোলযুগের তিনি অন্যতম প্রবর্তক। 'উপনয়ন', 'কালো-ছায়া', 'ভাবীকাল', 'ড্রাগনের নিশ্বাস', 'দাবী', 'পঞ্চশর', 'বেনামী বন্দর' (গল্পগুচ্ছ), 'মিছিল', 'বাঁকা লেখা', 'ফেরারী ফৌজ' (কাব্যগ্রন্থ), ভয়ংকর' (শিশু উপন্যাস); 'সরস ও বিরস নাটক' (বার্নার্ড শ'র অনুবাদ) ইঃ তাঁহার উল্লেখযোগ্য গ্রন্থ।

প্লিনি (Pliny)—প্লিনি দুইজন। বড় জন প্রাচীনকালের বিখ্যাত স্বভাবতত্ত্ববিদ্। তিনি ২৩ হইতে ৭৯ খ্রীঃ পর্যন্ত বর্তমান ছিলেন। ছোট জন বড়রই একজন আত্মীয়; তিনি কয়েকটি ধারাবাহিক ঐতিহাসিক পত্র লেখেন। এই পত্রগুলি সে সময়কার বহু ঐতিহাসিক তথ্যের সমাবেশে পূর্ণ।

প্লুটার্ক (Plutarch)—(? ৫০—১২০ খ্রীঃ)। বিখ্যাত জীবনী-লেখক। তিনি গ্রীসে জন্মগ্রহণ করিলেও জীবনের অধিকাংশ সময় রোমে অতিবাহিত করেন। তাঁহার লিখিত 'Lives'-নামক পুস্তকখানি অপূর্ব। শেকস্‌পীয়র প্রমুখ বহু লেখক তাঁহার নিকট ঋণী।

প্লুটাস (Plutus)—হিন্দু পুরাণের কুবেরের সংগে তুলনীয় ধনের দেবতা।

প্লুটো (Pluto)—পাতালপুরীর অধীশ্বর। তিনি স্যাটার্ন ও ওপ্‌সের পুত্র। তিনি জুপিটার ও নেপচুনের ভ্রাতা এবং প্রোসারপাইনের স্বামী ছিলেন (গ্রীক পুঃ)।

প্লেটো (Plato)—(খ্রীঃ পূঃ ৪২৯—৩৪৭)। বিশ্ববিশ্রুত গ্রীক দার্শনিক। তাঁহার প্রকৃত নাম 'অ্যারিস্টক্লিস' (Aristocles)। তিনি সক্রেটিসের শিষ্য ও অ্যারিস্টটলের শিক্ষক ছিলেন। তাঁহার 'Republic' ও 'Dialogues'-নামক দুইখানি বই আছে।

ফ

ফকনার (Falkner or Faulkner, William)—(জন্ম ১৮৯৭ খ্রীঃ)। দক্ষিণ আমেরিকার প্রখ্যাত ঔপন্যাসিক ও নোবেল পুরস্কারধারী (১৯৪৯ খ্রীঃ)। জন্ম মিসিসিপি রাজ্যের নিউ অ্যালবানি। 'Soldiers' Pay' (কবিতা), 'The Sound and the Fury', 'Sanctuary', 'Sartoris' ইঃ তাঁহার রচিত পুস্তক।

ফণিভূষণ তর্কবাগীশ (মহামহোপাধ্যায়)—(১৮৭০—১৯৪২ খ্রীঃ)। বাংলার সুপ্রসিদ্ধ নৈয়ায়িক পণ্ডিত। তিনি বহুবৎসর পাবনা ও কাশীতে ন্যায় ও অন্যান্য দর্শনশাস্ত্রের অধ্যাপনা করেন। কলিকাতা সংস্কৃত কলেজে তিনি কিছুকাল ন্যায়ের অধ্যাপক ছিলেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়েরও তিনি অধ্যাপক নিযুক্ত ছিলেন।

ফতেমা বিবি—মুসলমান ধর্মপ্রবর্তক মহাপুরুষ মোহাম্মদের কন্যা এবং সুপ্রসিদ্ধ হাসান হোসেনের জননী।

ফশ, ফার্ডিন্যান্ড (Foch, Ferdinand)—(১৮৫১—১৯২৯ খ্রীঃ)। মহাযুদ্ধের সময় ফ্রান্সে অবস্থিত মিত্রশক্তির সৈন্যদলের অধিনায়ক (১৯১৮, মার্চ)।

তাঁহার নিকট জার্মানী ভীষণভাবে পরাজিত হয়।

ফারেনহাইট (Fahrenheit, Gabriel Daniel)—(১৬৮৬—১৭৩৬ খ্রীঃ)। প্রসিদ্ধ জার্মান বিজ্ঞানী। ডানজিগে জন্ম। তিনি তাপনির্ণয় যন্ত্রে (Thermometer) পারদ ব্যবহার করেন। তাঁহার উদ্ভাবিত তাপনির্ণয় যন্ত্রকে 'ফারেনহাইট থার্মোমিটার' বলে।

ফার্ডিন্যান্ড, পঞ্চম (Ferdinand V)—(১৪৫২—১৫১৬ খ্রীঃ)। স্পেনের রাজা। স্পেনের রাজকুমারী ইসাবেলাকে বিবাহ করেন। তিনি স্পেনে বহু বৎসর রাজত্ব করেন। কলম্বসের আমেরিকা-অভিযান ও আবিষ্কার তাঁহার রাজত্বকালের সবচেয়ে বড় ঘটনা। তিনি স্পেন হইতে মুরদিগকে দূরীভূত করেন।

ফার্নান্ডেজ, জুয়ান (Fernandez, Juan)—স্পেনীয় নাবিক। দক্ষিণ প্রশান্ত সাগরে তিনি যে দ্বীপগুলি আবিষ্কার করেন, সেইগুলির নাম 'জুয়ান ফার্নান্ডেজ'। এই দ্বীপপুঞ্জের একটি দ্বীপে আলেকজান্ডার সেলকার্ক বাস করিতেন।

ফার্মি (Fermi, Eurico)—(জন্ম ২৯শে সেপ্টেম্বর, ১৯০১ খ্রীঃ)। সুবিখ্যাত ইতালীয় পদার্থবিদ্। জন্ম রোমে। পিসা বিশ্ববিদ্যালয় হইতে ১৯২২-এ ডিগ্রী লইয়া তিনি ফ্লোরেন্স বিশ্ববিদ্যালয়ে কাজ লন। পরে তিনি মুসোলিনীর রোম হইতে যুক্তরাষ্ট্রে চলিয়া যান। তিনিই প্রথম অণু বিভক্ত করিয়া ১৯৪২ খ্রীষ্টাব্দে আণবিক বোমার নির্মাণ সম্ভব করেন।

ফা হিয়েন (Fa Hien)—(৪র্থ-৫ম শতক)। চীনদেশীয় বৌদ্ধ পরিব্রাজক। তিনি ৩৯৯ হইতে ৪১৫ পর্যন্ত ভারত পর্যটন করেন। তিনি একটি ভ্রমণবৃত্তান্ত রাখিয়া গিয়াছেন, ঐখানির নাম 'ফো-কুওকি' (Fo-Kuoki)। তিনি দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বের সময় তাঁহার রাজ্যে ৪০৫—৪১০ খ্রীঃ পর্যন্ত বাস করিয়াছিলেন।

ফিটজেরাল্ড, এডওয়ার্ড (Fitzgerald, Edward)—(১৮০৯—১৮৮৩ খ্রীঃ)। ইংরেজ কবি। পিতা জন পার্সেল (John Purcell); তিনি পত্নীর ফিট্‌জেরাল্ড উপাধি গ্রহণ করেন। 'ওমর খৈয়ামের রুবাইয়াৎ' অনুবাদ করিয়া তিনি যশস্বী হন।

ফিডিয়াস (Phidias)—বিখ্যাত গ্রীক ভাস্কর। খ্রীঃ পূঃ ৪৯০ হইতে ৪৩২ পর্যন্ত তিনি বর্তমান ছিলেন। তাঁহার ভাস্কর্যের নমুনা ব্রিটিশ মিউজিয়ামে রক্ষিত গ্রীক মন্দিরের (Parthenon) ভগ্নাবশেষ হইতে দেখিতে পাওয়া যায়।

ফিবাস (Phoebus)—অ্যাপলো (Apollo) দেবের অপর নাম (গ্রীক পুঃ)।

ফীবি (Phœbe)—ডায়েনার অপর নাম। এই নামে ডায়েনাকে শুধু যশের অধিষ্ঠাত্রী দেবী বুঝায় (গ্রীক পুঃ)।

ফিরদৌসী—(৯৩৭—১০২০ খ্রীঃ)। গজনীর মামুদের সভাকবি। আসল নাম মুহম্মদ আবুল কাসিম। 'ফিরদৌসী' কবির উপাধি। উহার অর্থ স্বর্গীয়। ইরানের অন্তর্গত তুস-নামক স্থানে জন্ম। প্রাচীন ইরানের গৌরবময় কাহিনী লইয়া তিনি 'শাহ্‌নামা' নামে বিখ্যাত কাব্য রচনা করেন।

ফিরোজ তোগলক (মোয়াজ্জিম ফিরোজউদ্দিন তোগলক)—(১২৯৮—১৩৮৮ খ্রীঃ)। দিল্লীর সুলতান। দিল্লীর প্রসিদ্ধ পাঠান সম্রাট্ মহম্মদ তোগলকের ভ্রাতুষ্পুত্র। তিনি ১৩৫১ খ্রীষ্টাব্দে সিংহাসনে আরোহণ করেন।

ফিলিপ, ২য় (Philip II)—(১১৮০—১২২৩ খ্রীঃ)। ফ্রান্সের রাজা। তৃতীয় ক্রুসেড (Crusade)-নামক যে ধর্মযুদ্ধ হয়, তিনি সেই ধর্মযুদ্ধে ইংলন্ডের রাজা প্রথম রিচার্ডের সহিত যোগদান করেন।

ফিলিপ, ২য় (Philip II)—(খ্রীঃ পূঃ ৩৮২—৩৩৬ খ্রীঃ)। গ্রীসের ম্যাসিডোনিয়া-নামক স্থানের রাজা। সমগ্র গ্রীস জয় করিয়া পারস্যে যাইবার কল্পনা করিলে তিনি গোপনে নিহত হন। বিশ্ববিখ্যাত বীর আলেকজান্ডার তাঁহার পুত্র।

ফিলিপ, ২য় [স্পেন-সম্রাট্] (Philip II of Spain)—(১৫২৭—১৫৯৮ খ্রীঃ)। স্পেনের সম্রাট্। তিনি পঞ্চম চার্লসের পুত্র। তাঁহার অন্যতমা পত্নী মেরী ইংলন্ডের রানী হইয়াছিলেন। মেরীর মৃত্যুর পর তিনি ইংলন্ডের চিরশত্রু হইয়াছিলেন। তিনি প্রসিদ্ধ 'আর্মাডা' (The Spanish Armada) অভিযান করিয়া ইংলন্ডকে বিধ্বস্ত করার চেষ্টা করেন, কিন্তু পরাজিত হন।

ফিলিপ, ৫ম (Philip V)—(১৬৮৩—১৭৪৬ খ্রীঃ)। স্পেনের রাজা। তিনি ফ্রান্সের রাজা চতুর্দশ লুইয়ের পৌত্র এবং স্পেনের রানী মেরিয়া টেরেসার পুত্র।

ফুল্টন, রবার্ট (Fulton, Robert)—(১৭৬৫—১৮১৫ খ্রীঃ)। আমেরিকাবাসী এঞ্জিনীয়ার। ১৮০৭ খ্রীষ্টাব্দে তিনি হাডসন নদীতে 'Clermont' নামক জাহাজ বাষ্প দ্বারা চালিত করেন।

ফেবিয়াস (Fabius Maximus)—(?—খ্রীঃ পূঃ ২০৩)। বিখ্যাত রোমক সেনাপতি। তিনি কার্থেজের বীর যোদ্ধা হানিবলের সহিত যুদ্ধ করেন। অবশেষে হানিবল পরাস্ত হন। তাঁহার নাম হইতে 'Fabian Policy' কথাটি আসিয়াছে।

ফৈজল (Feisal Al Husain)—(১৮৮৩—১৯৩৩ খ্রীঃ)। ইরাকের ভূতপূর্ব রাজা। রাহাব-নামক স্থানে জন্ম। পিতা হেজাজের রাজা হুসেন আলি। ইংরেজ কর্তৃত্বাধীনে তাঁহাকে ইরাকের রাজা (২৩শে অগস্ট, ১৯২১) বলিয়া ঘোষণা করা হয়।

ফৈজী—প্রখ্যাত পারসীক কবি। তিনি ষোড়শ শতাব্দীর শেষভাগে আকবরের সভাকবি ছিলেন। তিনি ভাস্করাচার্যের 'বীজগণিত' ও 'লীলাবতী' এবং কয়েকখানি সংস্কৃত কাব্য ও দর্শনশাস্ত্রের ফারসীভাষায় অনুবাদ করিয়া গিয়াছেন।

ফোর্ড, হেনরী (Ford, Henry)—(১৮৬৩—

১৯৪৭ খ্রীঃ)। ফোর্ড-নামক মোটর-কোম্পানির প্রতিষ্ঠাতা। প্রসিদ্ধ কর্মবীর।

ফ্যারাডে, মাইকেল (Faraday, Michael)—(১৭৯১—১৮৬৭ খ্রীঃ)। খ্যাতনামা ইংরেজ-বিজ্ঞানী। পদার্থবিদ্যায় ও রসায়নশাস্ত্রে তাঁহার দান উল্লেখযোগ্য। বিদ্যুৎ (Electricity) সম্বন্ধে পরীক্ষা করিয়া তিনি অনেক নূতন তথ্য প্রচার করেন।

ফ্রবিশার, মার্টিন (Frobisher, Sir Martin)—(১৫৩৫—১৫৯৪ খ্রীঃ)। ব্রিটিশ নাবিক। ভারতবর্ষে আসিবার উত্তর-পশ্চিমের পথ তিনিই প্রথম আবিষ্কার করেন। তাঁহার স্মরণার্থ বেফিন দ্বীপের দক্ষিণে অবস্থিত প্রণালীকে ফ্রবিশার প্রণালী বলে।

ফ্রয়েড, সিগমন্ড (Freud, Sigmund)—(১৮৫৬—১৯৩৭ খ্রীঃ)। প্রসিদ্ধ মনস্তত্ত্ববিদ্। তিনি অস্ট্রিয়াবাসী। মানবের স্নায়বিক ও মানসিক ব্যাধি সম্বন্ধে গবেষণা করিয়া যশস্বী হন। মনঃসমীক্ষণ বিজ্ঞানের তিনি প্রবর্তক। তাঁহার বহু পুস্তক রহিয়াছে—তাহার মধ্যে 'Interpretation of Dreams' উল্লেখযোগ্য।

ফ্রাঙ্কো (Franco, General)—(জন্ম ১৮৯২)। বিখ্যাত স্পেনীয় সৈনিক ও রাষ্ট্রনায়ক। ১৯৩৬—৩৯ খ্রীষ্টাব্দে স্পেনীয় গৃহযুদ্ধে তিনি জাতীয় বাহিনীর সর্বাধিনায়ক ছিলেন। ১৯৩৯ খ্রীষ্টাব্দ হইতে তিনি স্পেনের রাষ্ট্রপতি।

ফ্রান্স, আনাতোলে (France, Anatole)—(১৮৪৪—১৯২৪ খ্রীঃ)। ফ্রান্সের সর্বশ্রেষ্ঠ ঔপন্যাসিক-গণের অন্যতম। তাঁহার প্রকৃত নাম Jacques Anatole Thibault. 'থেই', 'রেড্ লিলি' প্রঃ তাঁহার বিখ্যাত পুস্তক।

ফ্রাবেল (Frœbel, Friedrich)—(১৭৮২—১৮৫২ খ্রীঃ)। প্রসিদ্ধ জার্মান শিক্ষা-সংস্কারক। তিনি কিণ্ডারগার্টেন শিক্ষাপ্রণালীর প্রবর্তক।

ফ্রেডারিক দি গ্রেট (Frederick the Great)—(১৭১২—১৭৮৬ খ্রীঃ)। প্রুশিয়ার প্রসিদ্ধ রাজা। তিনি ১৭৪০ হইতে মৃত্যুকাল পর্যন্ত রাজা ছিলেন। তিনি সুপণ্ডিত ছিলেন এবং অন্ততঃ ত্রিশখানি গ্রন্থ রচনা করিয়া গিয়াছেন।

ফ্র্যাংকলিন, বেঞ্জামিন (Franklin, Benjamin)—(১৭০৬—১৭৯০ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ আমেরিকান দার্শনিক ও রাজনীতিজ্ঞ পণ্ডিত। তিনি 'Poor Richard's Almanac'-নামক গ্রন্থ প্রণয়ন করিয়া প্রথম সাধারণের দৃষ্টি আকর্ষণ করেন। ইহার পর তিনি বৈজ্ঞানিক গবেষণায় রত থাকিয়া 'Lightning Conductor' আবিষ্কার করেন।

ফ্লেমিং, আলেকজাণ্ডার (Fleming, Sir Alexander)—(১৮৮১—১৯৫৫ খ্রীঃ)। ব্রিটিশ চিকিৎসা-বিজ্ঞানী ও পেনিসিলিনের আবিষ্কারকরূপে খ্যাত। জন্ম স্কট্ল্যাণ্ডের ডাবভেন নামে এক স্থানে। তিনি ১৯৪৫ খ্রীষ্টাব্দে 'নোবেল পুরস্কার' লাভ করেন।

ফ্লেমিং, অ্যামব্রোজ (Fleming, Sir Ambrose)—(১৮৪৯—১৯৪৫ খ্রীঃ)। ইংরেজ বিজ্ঞানী। ল্যাংকাস্টারে জন্ম। তিনি Thermionic Valve আবিষ্কার করেন।

ব

বংশীদাস চক্রবর্তী—(১৬শ শতক ?)। 'মনসামঙ্গলের' গীতিকার। 'দ্বিজ বংশীদাস' নামেই অধিক পরিচিত। ময়মনসিংহ জেলার কিশোরগঞ্জ মহকুমার পাটবাড়ি বা পাতুয়ারী গ্রামে নিবাস ছিল। পিতা যাদবানন্দ। তাঁহার কন্যার নাম চন্দ্রাবতী (তাহা দ্রঃ)।

বক—১। কংসানুচর দৈত্য বিঃ। পূতনার ভ্রাতা। বিশালকায় বকরূপে শ্রীকৃষ্ণকে গ্রাস করিতে গিয়া নিহত হয় (ভাগ)। ২। একচক্রা নগরের নিকটবর্তী স্থানের অধিবাসী রাক্ষস বিঃ। ভীমের হাতে বক নিহত হয় (ভারত)।

বখতিয়ার খিলজি—গৌড়বিজেতা ইখতিয়ার উদ্দীন মহম্মদের পিতা।

বঘ্রা খাঁ—(১৩শ শতক)। সুলতান গিয়সুদ্দীন বলবনের দ্বিতীয় পুত্র। তিনি বাঙ্গালার শাসন-কর্তা ছিলেন (১২৮৭ খ্রীঃ)।

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়—(২৬শে জুন, ১৮৩৮—৮ই এপ্রিল, ১৮৯৪ খ্রীঃ)। সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী ঔপন্যাসিক। জন্মস্থান নৈহাটির নিকটবর্তী কাঁঠালপাড়া। পিতা যাদবচন্দ্র চট্টোপাধ্যায়। ১৮৫৮ খ্রীষ্টাব্দে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সর্ব-প্রথম বি. এ. পরীক্ষায় বঙ্কিমচন্দ্র প্রথম স্থান লাভ করেন। ছাত্রজীবন শেষ করিয়াই তিনি ডেপুটী ম্যাজিস্ট্রেটের পদ লাভ করেন এবং ১৮৯১ খ্রীষ্টাব্দে অবসর গ্রহণ করেন। বঙ্গসাহিত্যে তাঁহার অবদান অতুলনীয়। তাঁহাকে বাঙ্গালার সাহিত্যসম্রাট্ বলা হয়। 'দুর্গেশনন্দিনী' তাঁহার প্রথম উপন্যাসগ্রন্থ। 'কপালকুণ্ডলা', 'বিষবৃক্ষ', 'কৃষ্ণকান্তের উইল', 'দেবী চৌধুরানী', 'আনন্দমঠ' প্রঃ উপন্যাস, 'কমলাকান্তের দপ্তর', 'লোকরহস্য', 'বিবিধ প্রবন্ধ', 'কৃষ্ণচরিত্র' প্রঃ প্রবন্ধ পুস্তক তাঁহার রচিত। তিনি 'বন্দে মাতরম্' মন্ত্রের স্রষ্টা। 'বঙ্গদর্শন'-নামক পত্রিকা তিনি প্রতিষ্ঠা করিয়াছিলেন।

বংগ—চন্দ্রবংশীয় বলিরাজের ক্ষেত্রজ পুত্র। তাঁহার রাজ্যের নাম বংগ।

বজ্রজ্বালা—বলির দৌহিত্রী। রাবণ তাঁহাকে চুরি করিয়া কুম্ভকর্ণের সহিত বিবাহ দেন (রাম)।

বজ্রনাভ—ব্রহ্মার বরে দেবগণের অবধ্য দেবপীড়ক দৈত্য। শ্রীকৃষ্ণের পুত্র প্রদ্যুম্ন অনুচরগণসহ গোপনে তাহার পুরীতে গিয়া তাহার কন্যা প্রভাবতীকে বিবাহ করেন (হরি)।

বটকৃষ্ণ পাল—(১৮৩৫—১৯১৪ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ ঔষধ ব্যবসায়ী। জন্ম শিবপুরে (হাওড়া)। তিনি সর্বশ্রেষ্ঠ ঔষধ-বিক্রেতা হইয়া প্রচুর অর্থ লাভ করেন। স্যার হরিশংকর পাল তাঁহার অন্যতম পুত্র ছিলেন।

বতিচেলি (Botticelli, Sandro)—(১৪৪৪—১৫১০ খ্রীঃ)। ইটালীর প্রসিদ্ধ চিত্রশিল্পী। তাঁহার অঙ্কিত 'The Adoration of the Magi', 'The Birth of Venus', 'The Virgin with the Pomegranate' প্রঃ চিত্র জগদ্বিখ্যাত।

বৎসাচার্য—বিখ্যাত জ্যোতির্বিদ্। রাজসাহী জন্মস্থান। তিনি পুঁটিয়ার রাজবংশের পূর্বপুরুষ।

বৎসাসুর—কংসের অনুচর দৈত্য। বৎসরূপে শ্রীকৃষ্ণের নিধন চেষ্টায় গমন করিয়া শ্রীকৃষ্ণ কর্তৃক নিহত হয় (ভাগ)।

বদরুদ্দীন তায়াবজী—(১৮৪৪—১৯০৯ খ্রীঃ)। বোম্বাইয়ের প্রথম ব্যারিস্টার ও কংগ্রেস-সেবক। তায়াবজী ভাই মিঞাসাহেব নামে আরবদেশের অধিবাসী এক ধনী ব্যক্তি তাঁহার পিতা। ১৮৮৭ খ্রীষ্টাব্দে তিনি ভারতের জাতীয় মহাসভার মাদ্রাজ অধিবেশনে সভাপতি হন। ১৮৯৫ খ্রীষ্টাব্দে তিনি বোম্বাই হাইকোর্টের বিচারকের পদ লাভ করেন।

বনফুল—'বলাইচাঁদ মুখোপাধ্যায়' দ্রঃ।

বভ্রুবাহন—মণিপুরের রাজা। পিতা অর্জুন, মাতা চিত্রাংগদা (ভারত)।

বয়েড-অর (Boyd-orr, John)—(জন্ম ১৮৮০ খ্রীঃ)। বিখ্যাত বিজ্ঞানী ও কৃষিবিদ্যায় সুপণ্ডিত। ১৯৪৯ খ্রীষ্টাব্দে শান্তি প্রচেষ্টার নিমিত্ত তিনি 'নোবেল পুরস্কার' পান।

বয়েল, রবার্ট (Boyle, Robert)—(১৬২৭—১৬৯১ খ্রীঃ)। ইংলণ্ডের প্রসিদ্ধ বিজ্ঞানী। তিনি 'Air Pump' যন্ত্রের উন্নতি সাধন করেন এবং 'Boyle's Law'-নামক বাষ্পবিষয়ক তত্ত্বের আবিষ্কার করেন।

বর—(Bohr, Niels Henrik David)—(জন্ম ১৮৮৫ খ্রীঃ)। প্রখ্যাত পদার্থবিদ্। আধুনিক পারমাণবিক তত্ত্বের জনক। জন্মস্থান কোপেনহাগেন ডেনমার্ক। পারমাণবিক তথ্য সম্বন্ধে আবিষ্কারের জন্য তিনি ১৯২২ খ্রীষ্টাব্দে নোবেল পুরস্কার পান।

বরদাপ্রসাদ মজুমদার—(১৮৩২—১৯১২ খ্রীঃ)। বিশিষ্ট পুস্তকব্যবসায়ী। পিতা হাওড়া জেলার পাতিহালনিবাসী উমাচরণ মজুমদার। শৈশবে পিতৃহীন হইয়া মাতা ব্রহ্মময়ীর সহিত তিনি কাশীতে বাস করেন, পরে বয়ঃপ্রাপ্ত হইয়া কলিকাতায় আসেন। তিনি বি. পি. এম. প্রেসের প্রতিষ্ঠাতা। তারানাথ তর্কবাচস্পতি প্রঃ প্রসিদ্ধ পণ্ডিতগণের সহযোগিতায় তিনি 'কাব্য প্রকাশিকা' নাম দিয়া সংস্কৃত পুস্তকসমূহ প্রকাশ করিতে আরম্ভ করেন। বাংলা, ইংরেজী ও সংস্কৃত ব্যাখ্যা-পুস্তকের তিনিই প্রবর্তক।

বররুচি—১। পাণিনি ব্যাকরণের বৃত্তিকার কাত্যায়নের নামান্তর। ২। উজ্জয়িনীরাজ বিক্রমাদিত্যের নবরত্নের অন্যতম। তিনি একখানি সংস্কৃত অভিধান, 'প্রাকৃত প্রকাশ'-নামক ব্যাকরণ এবং 'নীতিরত্ন' নামে গ্রন্থ প্রণয়ন করেন।

বরাহ—ভগবান্ বিষ্ণুর তৃতীয় অবতার (ভাগ)।

বরাহ, বরাহমিহির—উজ্জয়িনীর প্রসিদ্ধ রাজা বিক্রমাদিত্যের নবরত্নের অন্যতম প্রসিদ্ধ জ্যোতির্বিদ্ পণ্ডিত। তিনি আর্যভট্টের নির্ণীত পৃথিবীর আহ্নিকগতি স্বীকার করেন নাই। তিনি অবন্তী-নগরবাসী ছিলেন ['খনা' দ্রঃ]।

বরুণ—১। সমুদ্রের এবং পশ্চিমদিকের অধিপতি দেবতা। অগ্নি তাঁহার সখা। খাণ্ডবদাহের সময়ে তিনি শ্রীকৃষ্ণকে সুদর্শনচক্র ও কৌমোদকী গদা এবং অর্জুনকে গাণ্ডীব ধনু, অক্ষয় তূণ ও কপিধ্বজ রথ দান করেন (ভাগ, ভারত)। ২। আর্য ঋষিদের এক প্রধান দেবতা। নৈশ আকাশকেই তাঁহারা বরুণ বলিয়া পূজা করিতেন। অনেক স্থলে মিত্র ও বরুণকে একত্রে মিত্রাবরুণ নামে পূজা করা হয় (ঋক্)।

বর্ধমান—(? খ্রীঃ পূঃ ৫২৭ বা ৪৬৮)। জৈনধর্মের সর্বশেষ বা চতুর্বিংশ তীর্থংকর। তাঁহার বাল্যকালের নাম বর্ধমান। পরে তাঁহার নাম হয় মহাবীর। তিনি উত্তর বিহারে (বর্তমান মজঃফরপুর জেলার অন্তর্গত) বৈশালীনগরীর নিকটে জন্মলাভ করেন। তাঁহার পত্নীর নাম যশোদা। তাঁহার একটি কন্যাও জন্মগ্রহণ করিয়াছিল। ত্রিশ বৎসর পর্যন্ত গার্হস্থ্য জীবন যাপন করিবার পর তিনি সংসার ত্যাগ করেন। তিনি 'জিন' (বা রিপুজয়ী) এবং 'নির্গ্রন্থ' (বা সংসারবন্ধন বিমুক্ত) নামে পরিচিত হন। 'মহাবীর' নামেও এই সময়ে অভিহিত হন। বর্তমান পাটনা জেলার অন্তর্গত পাবা নামে এক স্থানে তিনি দেহত্যাগ করেন।

বর্নুফ, এমিল লুই (Burnouf, Emele Louis)—প্রসিদ্ধ প্রাচ্যভাষাবিদ্ ফরাসী পণ্ডিত। তিনি এবং লিউপল-নামক পণ্ডিত মিলিত হইয়া ১৮৬৫ খ্রীষ্টাব্দে সংস্কৃত হইতে ফরাসী ভাষায় একখানি অভিধান প্রণয়ন করেন।

বলবন গিয়াসুদ্দীন—(রাজত্বকাল ১২৬৬—১২৮৬ খ্রীঃ)। দিল্লীর দাসবংশীয় পাঠান সম্রাট্। প্রথমে তিনি ইলতুৎমিসের ক্রীতদাস ছিলেন। ক্রমে ক্ষমতা লাভ করিয়া নাসিরুদ্দীনের রাজপ্রতিনিধিস্বরূপ

রাজ্যশাসন করেন এবং তাঁহার মৃত্যুর পর সিংহাসনে উপবেশন করেন।

বলরাম—বিষ্ণুর অষ্টম অবতার। পিতা বসুদেব, মাতা রোহিণী। তিনি সান্দীপনি মুনির শিষ্য, লাঙ্গল তাঁহার অস্ত্র। কংসের ধনুর্যজ্ঞে তিনি ও কৃষ্ণ নীত হইলে উভয়ে কংসকে বিনাশ করেন। তিনি বলভদ্র নামেও পরিচিত (বিষ্ণু, ভাগ)।

বলরাম দাস—(১৫৩৭—?)। বৈষ্ণব সাহিত্যে একাধিক বলরামের নাম পাওয়া যায়। 'প্রেমবিলাস'-প্রণেতা নিত্যানন্দ দাসই সম্ভবতঃ এই নামের পদাবলী রচয়িতা হিসাবে খ্যাত। পিতা আত্মারাম দাস। 'প্রেমবিলাস', 'রসকল্পসার', 'গৌরাঙ্গাষ্টক', 'কৃষ্ণলীলামৃত', 'বীরচন্দ্র-চরিত', 'হাটবন্দনা' প্রঃ তাঁহার রচনা।

বলাইচাঁদ মুখোপাধ্যায় (বনফুল)—১৮৯৯ খ্রীষ্টাব্দের ১৯শে জুলাই পূর্ণিয়া জেলার মনিহারী গ্রামে জন্ম। আদি নিবাস হুগলী জেলার শিয়াখোলা। তিনি কর্মজীবনে ভাগলপুরের একজন খ্যাতনামা চিকিৎসক। বহু গ্রন্থের রচয়িতা। 'সপ্তর্ষি', 'মৃগয়া', 'শ্রীমধুসূদন', 'তৃণখণ্ড', 'বিদ্যাসাগর' প্রঃ তাঁহার রচনা।

বলি—দানবীর দৈত্য। পিতা বিরোচন, পিতামহ প্রহ্লাদ। তপঃপ্রভাবে তিনি ত্রিভুবন জয় করিলে বামনরূপী বিষ্ণু তাঁহার নিকট গমন করিয়া ত্রিপাদ ভূমি প্রার্থনা করেন। তিনি তাহাতে স্বীকৃত হইলে বিষ্ণু দুই পদ দ্বারা স্বর্গ ও মর্ত্য আবৃত করিয়া নাভি-নির্গত তৃতীয় পদ তাঁহার মস্তকে স্থাপন করেন এবং তাঁহাকে পাতালে প্রেরণ করেন (ভাগ)।

বলেন্দ্রনাথ ঠাকুর—(৬ই নভেম্বর, ১৮৭০—২০শে অগস্ট, ১৮৯৯ খ্রীঃ)। বিখ্যাত সাহিত্যিক। জোড়াসাঁকোর বিখ্যাত ঠাকুরবংশে জন্ম। পিতা বীরেন্দ্রনাথ মহর্ষি দেবেন্দ্রনাথের চতুর্থ পুত্র। 'চিত্র ও কাব্য' (নিবন্ধ), 'মাধবিকা' (কাব্য), 'শ্রাবণী' (কাব্য) তাঁহার গ্রন্থ। প্রবন্ধ-সাহিত্যে বলেন্দ্রনাথ এক নূতন আদর্শ স্থাপন করিয়া গিয়াছেন।

বল্‌ডুইন (Baldwin, Rt. Hon. Stanley)—(১৮৬৭—১৯৪৭ খ্রীঃ)। বিশিষ্ট ইংরেজ রাজনীতিক। ১৯২৩ খ্রীষ্টাব্দে তিনি প্রধান মন্ত্রীর পদ লাভ করেন। আবার ১৯২৪—১৯২৯ ও ১৯৩৫—১৯৩৭ খ্রীষ্টাব্দে তিনি প্রধান মন্ত্রী নির্বাচিত হন।

বল্লভভাই প্যাটেল, সর্দার—(১৮৭৫—১৫ই ডিসেম্বর, ১৯৫০ খ্রীঃ)। বিশিষ্ট দেশকর্মী ও রাজনীতিক। তিনি কয়রা সত্যাগ্রহ, বরদোলী সত্যাগ্রহ ইঃতে যোগ দেন। তিনি ১৯৩৩ খ্রীষ্টাব্দে করাচী কংগ্রেসের সভাপতি হন। ১৯৪৭ খ্রীঃ হইতে তিনি স্বাধীন ভারতের সহকারী প্রধান মন্ত্রী হন এবং মৃত্যু পর্যন্ত ঐ পদেই ছিলেন। সহকারী প্রধান মন্ত্রী রূপে দেশীয় রাজ্যগুলিকে ভারতীয় যুক্তরাষ্ট্রের অন্তর্ভুক্তিকরণ তাঁহার প্রধানতম কাজ। অসাধারণ দৃঢ়চিত্ততার জন্য তিনি 'লৌহ-মানব' নামে খ্যাত ছিলেন।

বল্লাল সেন—(১২শ শতক)। বঙ্গের সেনবংশীয় প্রসিদ্ধ রাজা। পিতা বিজয় সেন, মাতা বিলাস দেবী। কথিত আছে, তিনি আচার, বিনয়, বিদ্যা ইত্যাদি নয়টি গুণানুসারে ব্রাহ্মণ ও কায়স্থগণের মধ্যে কৌলীন্য প্রথার প্রবর্তন করেন। রাঢ় (বর্ধমান বিভাগ), বরেন্দ্র (রাজসাহী বিভাগ), বাগড়ি (প্রেসিডেন্সি বিভাগ), বঙ্গ (ঢাকা ও চট্টগ্রাম বিভাগ) এবং মিথিলা এই পাঁচ ভাগে স্বীয় রাজ্যকে বিভক্ত করিয়া এবং নবদ্বীপ, রামপাল ও গৌড় এই তিন স্থানে রাজধানী স্থাপন করিয়া তিনি ১১১৮ (?) খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। 'দানসাগর' ও 'অদ্ভুত-সাগর' নামে দুইখানি গ্রন্থ তিনি প্রণয়ন করেন।

বশিষ্ঠ—ব্রহ্মার মানসপুত্র ও সপ্তর্ষির অন্যতম। পত্নীর নাম অরুন্ধতী। বশিষ্ঠ ইক্ষ্বাকু কর্তৃক সূর্যবংশের পুরোহিত নিযুক্ত হন। 'বশিষ্ঠ সংহিতা' তাঁহার প্রণীত (ভারত)। ঋগ্বেদে তিনি মন্ত্রদ্রষ্টা ঋষি।

বসওয়েল, জেম্‌স্‌—(Boswell, James)—(১৭৪০—১৭৯৫ খ্রীঃ)। স্কটিশ লেখক। তাঁহার 'The Life of Dr. Johnson' একটি অত্যুৎকৃষ্ট জীবনী-গ্রন্থ।

বসন্ত রায়—১। নরোত্তম ঠাকুরের শিষ্য এবং পদাবলী রচয়িতা। 'পদকল্পতরু'তে তাঁহার ৫১টি পদ আছে। ২। যশোহরাধিপতি প্রতাপাদিত্যের খুল্লতাত। তিনি এবং প্রতাপাদিত্যের পিতা বিক্রমাদিত্য উভয়ে মিলিয়া রাজ্যাধিকারের সনন্দ লাভ করেন। পরে দৈবক্রমে তিনি প্রতাপাদিত্যের হস্তে নিহত হন। কথিত আছে, কালীঘাটের কালীমন্দির তাঁহার নির্মিত।

বসুদেব—শ্রীকৃষ্ণের জনক। পত্নী রোহিণীর গর্ভে তাঁহার বলরাম এবং দেবকীর অষ্টম গর্ভে শ্রীকৃষ্ণের জন্ম হয়। বসুদেব যদুবংশ ধ্বংসের পর যোগবলে দেহত্যাগ করেন (ভাগ)।

বাক, পার্ল (Buck, Pearl Syndenstricker)—(জন্ম ১৮৯২ খ্রীঃ)। বিখ্যাত মার্কিন মহিলা সাহিত্যিক। তাঁহার শৈশব চীনদেশে কাটে। যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষা লাভ করিয়া তিনি আবার চীনদেশে ফিরিয়া যান এবং নানকিং বিশ্ববিদ্যালয়ে অধ্যাপিকা নিযুক্ত হন। তাঁহার তৃতীয় উপন্যাস 'The Good Earth'. চিত্রনাট্য হিসাবে ১৯৪০ খ্রীষ্টাব্দে ইহার বিশেষ প্রসিদ্ধি হয়, এবং এই বই লিখিয়া তিনি Pullitzer Prize পান। ১৯৩৮ খ্রীষ্টাব্দে তাঁহাকে সাহিত্যকৃতির জন্য নোবেল পুরস্কার দেওয়া হয়।

বাঘা যতীন—'যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়' দ্রঃ।

বাজশ্রবা—গোতমবংশীয় মহর্ষি। নচিকেতা তাঁহার পুত্র ['নচিকেতা' দ্রঃ]।

বাজী রাও, ১ম—(১৭২০—১৭৪০ খ্রীঃ)।

মহারাষ্ট্রের দ্বিতীয় পেশোয়া। পেশোয়া বালাজী বিশ্বনাথ তাঁহার পিতা। পেশোয়াগণের মধ্যে তিনি ছিলেন সর্বশ্রেষ্ঠ। মারাঠা সাম্রাজ্যের ভিত্তি-স্থাপন তাঁহার অক্ষয় কীর্তি।

বাজী রাও, ২য়—(১৭৯৬--১৮৫৮ খ্রীঃ)। মহারাষ্ট্রের অষ্টম বা শেষ পেশোয়া। তিনি ইংরেজের বিরুদ্ধে অস্ত্রধারণ করিলে তৃতীয় মারাঠাযুদ্ধ (১৮১৭—১৯ খ্রীঃ) ঘটে এবং ঐ যুদ্ধে তিনি পরাজিত হন। পরে তিনি ইংরেজের বৃত্তিভোগী হইয়া কানপুরের নিকটে বিঠুরে বাস করিতে থাকেন। ১৮৫২ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়।

বাটা (Bata, Thomas)—(১৮৭৬—১৯৩১ খ্রীঃ)। বিখ্যাত পাদুকা-ব্যবসায়ী। তিনি চেকোশ্লোভাকিয়ার অধিবাসী ছিলেন। সমস্ত পৃথিবীতে তাঁহার কারখানা স্থাপিত হয়। ১৯৩৩ খ্রীষ্টাব্দে বাটার কারখানার ভারতীয় শাখা স্থাপিত হয়।

বাট্লার, স্যামুয়েল (Butler, Samuel)--(১৮৩৫—১৯০২ খ্রীঃ)। ভিক্টোরিয়া যুগের প্রসিদ্ধ ইংরেজ সাহিত্যিক। 'The Way of All Flesh' তাঁহার আত্মকথামূলক উপন্যাস।

বাণ—বলির জ্যেষ্ঠ পুত্র। রাজধানী শোণিতপুর। শ্রীকৃষ্ণ ও বলরামের সঙ্গে তাঁহার যুদ্ধ হয়। মহাদেবকে সহায় পাইয়াও তাঁহার পরাজয় হয়; কিন্তু শ্রীকৃষ্ণের বরে তিনি মহাকাল নামে মহাদেবের পার্শ্বচর হন।

বাণভট্ট—(৭ম শতাব্দী)। প্রসিদ্ধ কবি। তিনি মহারাজ হর্ষবর্ধনের সভাকবি ছিলেন। তাঁহার প্রণীত 'হর্ষচরিত' ও 'কাদম্বরী' প্রসিদ্ধ।

বাণেশ্বর বিদ্যালংকার—নবদ্বীপাধিপতি কৃষ্ণচন্দ্রের সভাসদ্ ও প্রসিদ্ধ পণ্ডিত। জন্মস্থান হুগলী জেলার গুপ্তপল্লী গ্রাম। পিতার নাম রামদেব তর্কবাগীশ। তিনি অন্য কয়েকজন পণ্ডিতের সহিত মিলিত হইয়া ওয়ারেন হেস্টিংসের জন্য 'বিবাদার্ণব সেতু'-নামক স্মৃতিগ্রন্থ সংকলন করেন। তিনি মুখে মুখে বহু সংস্কৃত শ্লোক রচনা করিয়াছেন।

বাতাপি—ইল্বলের ভ্রাতা ['ইল্বল' দ্রঃ]।

বাৎস্যায়ন—১। ঋষি। তিনি ভৃগুবংশীয় ছিলেন। সম্ভবতঃ কামসূত্র তিনিই রচনা করেন। ২। কশ্যপ-বংশীয় ঋষি (মৎস্য)। তাঁহার কন্যার নাম ধর্মিষ্ঠা।

বানিয়ান, জন (Bunyan, John)—(১৬২৮—১৬৮৮ খ্রীঃ)। শক্তিশালী ইংরেজ লেখক। তাঁহার লিখিত পুস্তকগুলির মধ্যে 'The Pilgrims Progress' এবং 'The Holy War' বিশেষ প্রসিদ্ধ।

বান্দা—(১৮শ শতক)। বিখ্যাত শিখনেতা। গুরু গোবিন্দ সিংহের মৃত্যুর পর তিনি শিখদিগের নেতা হন। ১৭১৫ খ্রীষ্টাব্দে তিনি ফরুরুখ্সিয়রের মোগল বাহিনী কর্তৃক গুরুদাসপুরের দুর্গে অবরুদ্ধ হন। দিল্লীতে আনিয়া তাঁহাকে সদলে এবং সপুত্রক নিষ্ঠুর ভাবে হত্যা করা হয় (১৭১৬ খ্রীঃ)।

বান্সেন (Bunsen, Robert Wilhelm von)—(১৮১১—১৮৯৯ খ্রীঃ)। জার্মান রসায়নবিদ্। তিনি 'সিজিয়াম' ও 'রুবিডিয়াম'-নামক ধাতুর আবিষ্কর্তা (১৮৬০) এবং বান্সেন বার্নার, ব্যাটারী ও পাম্পের উদ্ভাবক।

বাপ্পা রাও—চিতোরের রানা বংশের প্রতিষ্ঠাতা। পিতা ভীলরাজ নাগাদিত্য। তিনি ক্রীড়াচ্ছলে শোলাঙ্কী রাজকুমারীর পাণিগ্রহণ করেন। অতঃপর মাতুলকে বিতাড়িত করিয়া তিনি চিতোরের সিংহাসনে আরোহণ করেন। শেষ বয়সে তিনি খোরাসান জয় করিয়া তথাকার রাজকন্যাকে বিবাহ করেন। একশত বর্ষ বয়সে তাঁহার মৃত্যু হয়।

বাবর—(১৪৮২—১৫৩০ খ্রীঃ)। দিল্লীর প্রথম মোগল সম্রাট্। পিতা তৈমুরলঙ্গের বংশীয় মধ্য এসিয়ার ফরগনা-নামক স্থানের অধিপতি ওমর সেখ মির্জা। চেঙ্গিস খাঁর বংশ তাঁহার মাতৃকুল। পানিপথের প্রথম যুদ্ধে দিল্লীর পাঠান সম্রাট্ ইব্রাহিম লোদীকে পরাভূত ও নিহত করিয়া দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। (১৫২৬ খ্রীঃ)

বামন—বিষ্ণুর পঞ্চম অবতার। পিতা কশ্যপ, মাতা অদিতি। দেবপীড়ক ও নির্গর্বিত বলির যজ্ঞে উপস্থিত হইয়া তিনি তাঁহাকে পাতালে প্রেরণ করেন (বাম)।

বামা ক্ষেপা—(১২৪১—১৩১৮ বঙ্গাব্দ)। জন্মস্থান বীরভূম জেলার তারাপুর গ্রাম। পিতা সর্বানন্দ চট্টোপাধ্যায়। তাঁহার প্রকৃত নাম বামাচরণ। নিজ গ্রামের নিকটে তারাপুরের তারাপীঠে পৌরোহিত্য আরম্ভ করেন। লোকে ক্রমে তাঁহাকে সিদ্ধপুরুষ বলিয়া জানিতে পারে।

বায়রন (Byron, George Gordon, Lord)—(১৭৮৮—১৮২৪ খ্রীঃ)। প্রসিদ্ধ ইংরেজ কবি। তাঁহার বহু কবিতা ও কাব্যগ্রন্থের মধ্যে 'Childe Haroldis Pilgrimage' ও 'Don Juan' সর্বশ্রেষ্ঠ।

বারীন্দ্রকুমার ঘোষ (বারীন ঘোষ)—(১৮৮০—১৯৫৯ খ্রীঃ)। সুবিখ্যাত বিপ্লবী নেতা। পিতা কে. ডি. ঘোষ। তিনি অরবিন্দ ঘোষের ছোট ভাই। তিনি বিপ্লবীদলে যোগদান করেন। মানিকতলার মুরারিপুকুর লেনে তাঁহার কেন্দ্র ছিল। তিনি 'যুগান্তর'-নামক কাগজখানির প্রতিষ্ঠাতা ছিলেন। ক্ষুদিরাম ও প্রফুল্ল চাকী কর্তৃক কিংসফোর্ডকে হত্যা-প্রচেষ্টার পরে তিনি গ্রেফতার হন এবং বিচারে শেষ পর্যন্ত আন্দামানে দ্বীপান্তরিত হন। দ্বীপান্তর হইতে ফিরিয়া আসিয়া তিনি সাংবাদিকতা করিতে থাকেন। তিনি 'দৈনিক বসুমতী'র সম্পাদক ছিলেন।

বার্ক, এডমান্ড (Burke, Edmund)—(১৭২৯—১৭৯৭ খ্রীঃ)। বিখ্যাত আইরিশ রাজনীতিক ও বাগ্মী। 'On American Taxation' নামে তাঁহার

বক্তৃতা ও ওয়ারেন হেস্টিংসের বিরুদ্ধে তাঁহার অভিযোগ আনয়ন বার্কের জীবনের সর্বশ্রেষ্ঠ ঘটনা। দাস-ব্যবসায় রহিতের ব্যাপারে তাঁহার প্রচেষ্টা বিশেষ উল্লেখযোগ্য। 'Reflections on the French Revolution' তাঁহার বিখ্যাত পুস্তক।

বার্কেনহেড (Birkenhead, Earl of)—(১৮৭২—১৯৩০ খ্রীঃ)। ইংরেজ রাষ্ট্রনীতিক। ১৯২৪ হইতে ১৯২৮ খ্রীঃ পর্যন্ত ভারতসচিব ছিলেন।

বার্গস', অঁরি (Bergson, Henri)—(১৮৫৯—১৯৪১ খ্রীঃ)। সুবিখ্যাত ফরাসী দার্শনিক। তাঁহার দার্শনিক মতবাদকে Vitalism বা প্রাণবাদ বলা হয়। কর্মই চরম মঙ্গল—এই নীতি তিনি পোষণ করেন। সাহিত্যকৃতির জন্য ১৯২৭-এ তিনি নোবেল পুরস্কার পান। 'Matter and Memory', 'Creative Evolution' ইঃ তাঁহার রচিত গ্রন্থ।

বার্টন (Burton, Sir Richard Francis)—(১৮২১—১৮৯০ খ্রীঃ)। ইংলণ্ডের প্রসিদ্ধ আবিষ্কর্তা। তিনি আফ্রিকার সোমালিল্যাণ্ড, ভিক্টোরিয়া নিয়াঞ্জা ও ট্যাঙ্গানাইকা হ্রদ আবিষ্কার করেন। ১৬ খণ্ডে আরব্য উপন্যাস ইংরেজীতে অনুবাদ করিয়া তিনি বিশেষ প্রসিদ্ধি লাভ করেন।

বার্নার্ড শ—'শ' দ্রঃ।

বার্নার্ড, সেণ্ট (Bernard, St.)—(১০৯১—১১৫৩ খ্রীঃ)। সুবিখ্যাত ধর্মযাজক। ১১৪৬ খ্রীষ্টাব্দে ধর্মযুদ্ধের (Crusade) একজন সংগঠনকারী। তিনি এক বিশিষ্ট যাজকসম্প্রদায় গঠন করেন। এই যাজক-সম্প্রদায় 'Bernardines' নামে খ্যাত।

বার্নিয়ে, ফ্রঁশোয়া (Bernier, Francois)—(১৬২০—১৬৮৮ খ্রীঃ)। প্রসিদ্ধ ফরাসী পরিব্রাজক ও চিকিৎসক। জন্মস্থান ফরাসীদেশের মাঞ্জুপ্রদেশের জোই-নামক স্থান। সম্রাট শাহজাহানের পুত্র দারার আমেদাবাদে পলায়নকালে তিনি তাঁহার পত্নীকে চিকিৎসা করেন। ১৬৬৩ খ্রীষ্টাব্দে তিনি দিল্লীতে আসিয়া মোগল সম্রাটের গৃহ-চিকিৎসক নিযুক্ত হন। ১৬৬৭-এ তিনি স্বদেশে গমন করেন এবং স্বীয় ভ্রমণকাহিনী প্রকাশিত করেন। তাঁহার ভ্রমণবৃত্তান্ত হইতে মোগলসাম্রাজ্যের বহু ঐতিহাসিক তথ্যের সন্ধান পাওয়া যায় এবং মোগল অন্তঃপুরের বিষয়ও জানা যায়।

বার্লো (Barlow, Sir George)—রাজনীতিক। লর্ড কর্নওয়ালিসের মৃত্যুর পর লর্ড মিণ্টোর আগমন পর্যন্ত (১৮০৫ হইতে ১৮০৭ খ্রীঃ) বড়লাট হইয়াছিলেন।

বালখিল্য—অঙ্গুষ্ঠ-প্রমাণ ষাট হাজার ঋষি। তাঁহাদের তপঃপ্রভাবে কশ্যপপত্নী বিনতার গর্ভে অরুণ ও গরুড়ের উৎপত্তি হয় (ভারত)।

বালাজী বাজী রাও—(শাসনকাল ১৭৪০—১৭৬১ খ্রীঃ)। তৃতীয় পেশোয়া। তিনি প্রথম বাজী রাও-এর পুত্র। তাঁহার সময়ে মারাঠারাজ্য সবচেয়ে বিস্তার লাভ করে। তিনি নিজামকে পরাজিত করেন (১৭৬০ খ্রীঃ)। পানিপথের ৩য় যুদ্ধে তাঁহার সেনাদল সম্পূর্ণ বিনষ্ট হয়। দুঃখে ও মর্মবেদনায় তিনি প্রাণত্যাগ করেন।

বালাজী বিশ্বনাথ, পেশোয়া—কংকণবাসী ব্রাহ্মণ এবং পেশোয়া-বংশের প্রতিষ্ঠাতা। তিনি প্রথম পেশোয়া (১৭১৪—২০ খ্রীঃ)। মহারাষ্ট্র-রাজ শাহুর মন্ত্রি-স্বরূপেই তিনি 'পেশোয়া' উপাধি লাভ করেন। ১৭২০-এ তাঁহার মৃত্যু হয়।

বালি, বালী—ইন্দ্রের ঔরসজাত কিষ্কিন্ধ্যাধিপতি বানর। পত্নী তারা, পুত্র অঙ্গদ, কনিষ্ঠ ভ্রাতা সুগ্রীব। রামচন্দ্র অলক্ষ্যে অবস্থান করিয়া তাঁহাকে শরবিদ্ধ করিয়া হত্যা করেন (রাম)।

বালজাক, হনরী ডি (Balzac, Honore de)—(১৭৯৯—১৮৫০ খ্রীঃ)। প্রসিদ্ধ ফরাসী ঔপন্যাসিক। তিনি আশিখানিরও বেশী উপন্যাস রচনা করেন। 'The Chouans' (১৮২৯), 'The Wild Ass's Skin' (১৮৩১) প্রঃ তাঁহার রচিত। 'The Human Comedy' তাঁহার সর্বশ্রেষ্ঠ রচনা।

বাল্মীকি—১। 'রামায়ণ'-প্রণেতা ভারতের আদি কবি। পিতা চ্যবন মুনি। যৌবনে তাঁহার নাম ছিল রত্নাকর এবং তিনি দস্যুবৃত্তি দ্বারা পরিবার প্রতিপালন করিতেন। নারদ তাঁহাকে 'রামায়ণ' গ্রন্থ প্রণয়নের উপদেশ দেন (কৃত্তিবাসী রামায়ণ)। কামমোহিত ক্রৌঞ্চমিথুনের একটিকে ব্যাধশরে নিহত হইতে দেখিয়া গভীর শোকে তিনি ব্যাধকে অভিশাপ দিলে সেই অভিশাপবাণী শ্লোকাকারে উচ্চারিত হয়। অতঃপর তিনি কবিতায় (অনুষ্টুপছন্দে) রামায়ণ রচনা করেন (রাম)।

বাসবদত্তা—উজ্জয়িনীরাজ প্রদ্যোতনের কন্যা ও কৌশাম্বীরাজ উদয়নের পত্নী।

বাসুকি, বাসুকেয়—পাতালের সর্পরাজ। পিতা কশ্যপ, মাতা কদ্রু। তাঁহার রাজধানী ভোগবতী।

বাসুদেব কাণ্ব—তিনি সুঙ্গবংশের শেষ রাজার মন্ত্রী ছিলেন এবং আনুমানিক খ্রীঃ পূঃ ২৭ অব্দে তাঁহাকে হত্যা করিয়া সিংহাসন অধিকার করেন। তাঁহার বংশ কাণ্ব বংশ নামে খ্যাত।

বাসুদেব ঘোষ—শ্রীচৈতন্যদেবের সমসাময়িক প্রসিদ্ধ বৈষ্ণব কবি। তমলুকে তাঁহার বাসস্থান আছে। তাঁহার পদাবলী সুমধুর। 'গৌরাঙ্গ-চরিত' ও 'নিমাই সন্ন্যাস' নামে দুইখানি গ্রন্থ তিনি রচনা করিয়াছিলেন বলিয়া মেদিনীপুরের ইতিহাসে লিখিত আছে।

বাসুদেব সার্বভৌম—১। (১৫শ শতক)। শ্রীচৈতন্যদেব ও পণ্ডিত রঘুনাথ শিরোমণির শিক্ষক, নদীয়ার প্রসিদ্ধ নৈয়ায়িক পণ্ডিত। পিতার নাম মহেশ্বর ভট্টাচার্য। বাসুদেব মিথিলার পক্ষধর মিশ্রের শিষ্য। তাঁহাকে উড়িষ্যার রাজা প্রতাপরুদ্র দেব রাজসভার পণ্ডিত নিযুক্ত করিয়াছিলেন। 'সার্বভৌম-নিরুক্ত' তাঁহার রচনা। ২। পুরীধাম-নিবাসী প্রসিদ্ধ বাঙ্গালী পণ্ডিত। শ্রীচৈতন্যদেব

সন্ন্যাসধর্ম অবলম্বন করিয়া নীলাচলে গমন করিলে তিনি তাঁহার শিষ্যত্ব গ্রহণ করেন (চৈতন্যচরিতামৃত)।

বাহাদুর শাহ, ১ম—(রাজত্বকাল ১৭০৭—১৭১২ খ্রীঃ)। দিল্লীর সপ্তম মোগল সম্রাট্। অপর নাম শাহ্ আলম। তিনি আওরংগজেবের জ্যেষ্ঠপুত্র। পূর্বনাম মুয়াজ্জম।

বাহাদুর শাহ্, ২য়—(শাসনকাল ১৮৩৭—১৮৫৮ খ্রীঃ)। শেষ মোগল সম্রাট্। বিদ্রোহী সিপাহীগণ ১৮৫৭ খ্রীষ্টাব্দে দিল্লীতে ইওরোপীয়গণকে হত্যা করিয়া তাঁহাকে সম্রাট্ বলিয়া ঘোষণা করে। বিদ্রোহ দমিত হইলে তিনি রেংগুনে নির্বাসিত হন।

বাহুক—ঋতুপর্ণ রাজার সারথি-বেশধারী নল রাজা (ভারত)।

বিকর্ণ—দুর্যোধনের ধর্মপ্রাণ ভ্রাতা। তিনি দুর্যোধনের অন্যায় কার্যাবলীর প্রতিবাদ করিতেন (ভারত)।

বিক্রমাদিত্য—উজ্জয়িনী বা অবন্তীর প্রসিদ্ধ রাজা ও বিক্রম সংবৎ-নামক বর্ষ-গণনার প্রবর্তক। তাঁহার সভায় কালিদাস প্রঃ নবরত্ন বর্তমান ছিলেন বলিয়া প্রসিদ্ধি আছে। পিতা গন্ধর্ব সেন। গুপ্তবংশের রাজা দ্বিতীয় চন্দ্রগুপ্ত সম্ভবতঃ এই বিক্রমাদিত্য।

বিগ্রহপাল—পালবংশীয় রাজা। তিনি দেবপালের ভ্রাতুষ্পুত্র এবং নারায়ণপালের পিতা। বাংগালায় তিনিই সর্বপ্রথম টাকা চালাইতে চেষ্টা করেন।

বিচিত্রবীর্য—কুরুবংশীয় নৃপতি বিঃ। পিতা শান্তনু, মাতা সত্যবতী (ভারত)।

বিজয়—ভ্রাতা জয়ের সহিত তিনি বিষ্ণুর দ্বাররক্ষক ছিলেন। বিষ্ণুর সহিত সাক্ষাৎকামী সনকাদি ঋষিগণকে বাধা দিয়া তাঁহাদের শাপে তাঁহাকে সত্যযুগে হিরণ্যকশিপু, ত্রেতাযুগে কুম্ভকর্ণ ও দ্বাপরে দন্তবক্ররূপে জন্মগ্রহণ করিতে হয় (ব্রহ্মবৈ)।

বিজয়কৃষ্ণ গোস্বামী—(১৮৪১—১৮৯৯ খ্রীঃ)। বিখ্যাত পণ্ডিত ও ধর্মপ্রচারক। নদীয়া জেলার শান্তিপুরে প্রসিদ্ধ অদ্বৈতাচার্যের বংশে জন্ম। পিতার নাম আনন্দকৃষ্ণ। তিনি ব্রাহ্মধর্ম গ্রহণ করিয়া প্রচারকার্য আরম্ভ করেন। পরে কেশবচন্দ্রের সহিত তাঁহার মতানৈক্য ঘটিলে তিনি সাধারণ ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠা করেন। পরে আবার গয়াধামে এক যোগীর নিকট দীক্ষা গ্রহণ করিয়া উপবীত গ্রহণ করেন। শেষে আবার উপবীত পরিত্যাগ করেন। শেষ জীবন তিনি পুরীধামে অতিবাহিত করেন। ঐ সময়ে তিনি পরম হরিভক্ত হইয়াছিলেন।

বিজয়গুপ্ত—'মনসামঙ্গল' রচয়িতা কবি। সম্ভবতঃ তিনি পঞ্চদশ শতকের কবি। তাঁহার নিবাস ছিল বাখরগঞ্জ জেলার গৈলা গ্রামের কাছে ফুল্লশ্রী নামে এক স্থানে। তাঁহার 'মনসামঙ্গল' প্রথম ছাপা হয় বরিশালে (১৮৯৬ খ্রীঃ)।

বিজয়চন্দ্র মজুমদার—(১৮৬১—১৯৪২ খ্রীঃ)। কবি। ফরিদপুর জেলার খানাকুল গ্রামে জন্ম। তিনি তামিল, তেলেগু, উড়িয়া প্রঃ বহু ভাষা জানিতেন। তিনি সুকবি, ভাষাতত্ত্ববিৎ ও নৃতত্ত্ববিৎ ছিলেন। শেষ জীবনে তিনি অন্ধ হন। তিনি ব্রাহ্ম-ধর্মাবলম্বী ছিলেন। 'যজ্ঞ ও তপস্যার ফল', 'গীত-গোবিন্দ', 'থেরীগাথা' প্রঃ পুস্তক তাঁহার রচিত।

বিজয়চাঁদ মহাতাব—বর্ধমানের মহারাজা। পিতা রাজা বনবিহারী কাপুর। তিনি বর্ধমানের রাজা আফতাবচাঁদের দত্তক পুত্র। 'Studies', 'বিজয়-গীতিকা' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

বিজয়রত্ন সেন, কবিরঞ্জন, মহামহোপাধ্যায়—(১৮৫৮—১৯১১ খ্রীঃ)। সুবিখ্যাত কবিরাজ। জন্মস্থান ঢাকা জেলার কাঁচাদিয়া গ্রাম। পিতার নাম জগচ্চন্দ্র। ভারতীয় রাজন্যবর্গ তাঁহাকে সর্বদা চিকিৎসার জন্য আহ্বান করিতেন। আয়ুর্বেদীয় 'অষ্টাঙ্গ-হৃদয়'-নামক গ্রন্থ মূল ও টীকাসহ তিনি প্রকাশ করিয়াছিলেন।

বিজয় সিংহ—বাংলার রাজা। (কাহারও মতে গুজরাটের রাজা) সিংহবাহুর পুত্র। তিনি লংকাদ্বীপে গিয়া অনার্য জাতিদিগকে যুদ্ধে পরাস্ত করেন এবং তথাকার রাজা হন। সিংহবংশের রাজ্য বলিয়া লংকার নাম 'সিংহল'। তিনি নিজে বৌদ্ধধর্ম গ্রহণ করিয়া সিংহলেও উহা প্রচার করেন।

বিজয় সেন—(শাসনকাল ১০৯৫—১১৫৮ খ্রীঃ)। বঙ্গের সেন-বংশীয় রাজা। পিতা হেমন্ত সেন, মাতা যশোদেবী। তাঁহার পিতামহ সামন্ত সেন কর্ণাট হইতে বাংগালায় আসেন। তিনি পালবংশীয় শেষ নৃপতিকে পরাস্ত করিয়া গৌড় অধিকার করেন এবং কলিংগ, কামরূপ, ত্রিহুত প্রভৃতি জয় করিয়া বিজয়পুর নামে এক নগর প্রতিষ্ঠা করেন। প্রসিদ্ধ বল্লাল সেন তাঁহার পুত্র।

বিঠলদাস, জবেরি প্যাটেল (V. J. Patel)—(২৭শে সেপ্টেম্বর, ১৮৭৩—২২শে অক্টোবর, ১৯৩৩ খ্রীঃ)। বিখ্যাত দেশকর্মী। জন্ম নদীয়াদে। তিনি সর্দার প্যাটেলের ভাই। তিনি ব্যবস্থা-পরিষদে প্রবেশ করেন এবং তাহার সভাপতি নির্বাচিত হন। ১৯৩০ খ্রীষ্টাব্দে কংগ্রেসের নেতৃগণ কারারুদ্ধ হইলে তিনি সভাপতির পদ ত্যাগ করেন। দেশের জন্য তিনি দুই লক্ষ টাকা উইল করিয়া সুভাষচন্দ্র বসুর নিকট দিয়া যান। কিন্তু (সর্দার) প্যাটেল সেই টাকার ব্যাপারে মকদ্দমা চালান এবং সুভাষ-বাবুর হাত হইতে নিজে উহা লইয়া কংগ্রেসে দেন।

বিডন (Beadon Sir Cecil)—(শাসনকাল ১৮৬২—১৮৬৯ খ্রীঃ।) বঙ্গের তৃতীয় লেফ্টেন্যান্ট গভর্নর। পিতার নাম রিচার্ড বিডন। চৈত্র-সংক্রান্তিতে সন্ন্যাসীদের চড়কে আরোহণ বন্ধ করা, এদেশে জুরির বিচারের প্রবর্তন, বর্তমান মিউনিসি-প্যালিটি এবং কলিকাতায় জলের কলের প্রতিষ্ঠা, হাইকোর্ট প্রতিষ্ঠা তাঁহার শাসনকালের উল্লেখযোগ্য ঘটনা।

বিদুর—রাজা বিচিত্রবীর্যের দাসীর গর্ভে ব্যাসদেবের ঔরসে জন্ম। তিনি দেবক-রাজকন্যাকে বিবাহ করেন। তিনি ধর্মপ্রাণ ও শান্তস্বভাব ছিলেন।

কুরুক্ষেত্র-যুদ্ধের পর ধৃতরাষ্ট্র প্রঃর বানপ্রস্থ অবলম্বনকালে যুধিষ্ঠিরকে আলিঙ্গন করিয়া তিনি দেহত্যাগ করেন (ভারত)।

বিদ্যাপতি—(? ১৪০০—১৫০৬ খ্রীঃ)। প্রসিদ্ধ বৈষ্ণবকবি। অনেকের মতে তিনি মিথিলা-প্রবাসী বাঙ্গালী। তিনি পদাবলী মৈথিলী বাংলায় রচনা করিতেন। তিনি মিথিলার রাজা শিবসিংহের সভাকবি ছিলেন। অনেকের মতে বিদ্যাপতি নামে একাধিক কবি বর্তমান ছিলেন। 'পুরুষ-পরীক্ষা', 'দুর্গাভক্তি-তরঙ্গিণী', 'বিবাদ-সার' প্রঃ পুস্তক তাঁহার প্রণীত।

বিদ্যাপতি, কবিরঞ্জন—(১৬শ শতক)। বর্ধমান জেলার শ্রীখণ্ডবাসী বৈষ্ণবকবি। রঘুনন্দন ঠাকুর তাঁহার গুরু। তিনি 'ছোট বিদ্যাপতি' নামে প্রসিদ্ধ।

বিধানচন্দ্র রায়—(১৮৮২—১লা জুলাই, ১৯৬২ খ্রীঃ)। সুবিখ্যাত ডাক্তার ও রাজনীতিক। জন্মস্থান বাঁকীপুর, পাটনা। আদি নিবাস খুলনা জেলার টাকি-শ্রীপুর। পিতা প্রকাশচন্দ্র রায়। ১৯১৬ খ্রীঃ হইতে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত ও পরে উহার উপাচার্য হন (১৯৪২—৪৪ খ্রীঃ)। তিনি দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের প্রবর্তিত স্বরাজ্য পার্টিতে যোগদান করেন ও সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়কে ভোটে পরাজিত করিয়া বঙ্গীয় ব্যবস্থা-পরিষদের সভ্য হন। তিনি কলিকাতা কর্পোরেশনের ভূতপূর্ব মেয়র ছিলেন। স্বাধীন ভারতের নূতন সংবিধান অনুসারে তিনি পশ্চিম বঙ্গের মুখ্য মন্ত্রী নিযুক্ত হন (১৯৫১ খ্রীঃ)। ১৯৬১ খ্রীষ্টাব্দে তিনি 'ভারতরত্ন' উপাধি লাভ করেন।

বিনতা—দক্ষ প্রজাপতির কন্যা, কশ্যপের পত্নী, অরুণ ও গরুড়ের মাতা ['অরুণ' ও 'গরুড়' দ্রঃ]।

বিনয়কুমার সরকার (১৮৮৭—১৯৪৯ খ্রীঃ)। শিক্ষাব্রতী ও লেখক। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব অর্থশাস্ত্রের অধ্যাপক। তিনি 'ধন-বিজ্ঞান পরিষদে'র প্রতিষ্ঠাতা ও 'আর্থিক উন্নতি'-নামক মাসিক পত্রের সম্পাদক ছিলেন। 'নিগ্রোজাতির কর্মবীর', 'বর্তমান জগৎ', 'চীনা সভ্যতার অ আ ক খ' 'Creaitve India' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

বিনয়কৃষ্ণ দেব, রাজা বাহাদুর—(১৮৬৬—১৯১২ খ্রীঃ)। সুসাহিত্যিক ও জমিদার। পিতা মহারাজ কমলকৃষ্ণ দেব। প্রপিতামহ মহারাজ নবকৃষ্ণ দেব। তাঁহার 'আর্লি হিস্টরি অ্যান্ড গ্রোথ অব ক্যালকাটা'-নামক পুস্তক তাঁহার প্রগাঢ় পাণ্ডিত্য ও চিন্তাশীলতার পরিচায়ক।

বিনোবা ভাবে, আচার্য—(জন্ম ১১ই সেপ্টেম্বর, ১৮৯৫ খ্রীঃ)। বিখ্যাত দেশহিতৈষী ও জননায়ক। জন্ম মহারাষ্ট্রে। বরোদা কলেজে শিক্ষালাভ করিয়া রাজনৈতিক আন্দোলনে যোগ দেন (১৯১৫ খ্রীঃ) ও মহাত্মা গান্ধীর প্রভাবে আসেন (১৯১৬ খ্রীঃ)। "সর্বোদয়" আন্দোলন তাঁহার শ্রেষ্ঠ কাজ। ১৯৫১ খ্রীষ্টাব্দে তিনি 'ভূদান' যজ্ঞের সূচনা করেন।

বিন্দুসার, অমিত্রঘাত—(৩য় শতক খ্রীঃ পূঃ)। মগধের রাজা। চন্দ্রগুপ্ত তাঁহার পিতা এবং অশোক তাঁহার পুত্র। তাঁহার উপাধি ছিল অমিত্রঘাত বা শত্রু-হন্তা। তিনি বিশাল সাম্রাজ্যের অধিকারী হন।

বিপিনচন্দ্র পাল—(১৮৫৫—১৯৩২ খ্রীঃ)। বাঙ্গালার প্রসিদ্ধ দেশনেতা ও বিশিষ্ট বক্তা। জন্মস্থান শ্রীহট্ট জেলায়। তিনি বহু সংবাদপত্রের সম্পাদনা করিয়াছেন, তন্মধ্যে *Bengalee* বিশেষ উল্লেখযোগ্য। তিনি সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের সহকর্মী ছিলেন। যাঁহারা ভারতে রাজনৈতিক আন্দোলন জাগাইয়াছেন, বিপিনচন্দ্র তাঁহাদের অন্যতম। বঙ্গভঙ্গ আন্দোলনের তিনি একজন প্রধান নেতা ছিলেন।

বিবেকানন্দ, স্বামী—(১২ই জানুয়ারি, ১৮৬৩—২রা জুলাই, ১৯০২ খ্রীঃ)। সুবিখ্যাত ধর্ম-প্রচারক ও সন্ন্যাসী। জন্ম কলিকাতায় বিখ্যাত দত্ত পরিবারে। পিতা বিশ্বনাথ দত্ত। মাতা ভুবনেশ্বরী। শৈশবের নাম ছিল বীরেশ্বর বা বিলে। অন্নপ্রাশনের সময় নাম রাখা হয় নরেন্দ্রনাথ। ঠাকুর রামকৃষ্ণের সহিত তাঁহার সাক্ষাৎ হইলে উভয়ে উভয়কে দেখিয়া আকৃষ্ট হন এবং তিনি ঠাকুরের নিকট দীক্ষাগ্রহণ করেন। রামকৃষ্ণদেবের মৃত্যুর পর তিনি মঠের সন্ন্যাসী-সংঘের পরিচালক হইয়া স্বামী বিবেকানন্দ নাম গ্রহণ করেন। ১৮৯৩ খ্রীষ্টাব্দে হিন্দুধর্মের প্রতিনিধি স্বরূপে আমেরিকার শিকাগো শহরে 'Parliament of Religions'-নামক ধর্ম-মহাসভায় যোগদান করেন। ১৮৯৬ খ্রীষ্টাব্দে তিনি ইংলণ্ডে গেলে মিস মার্গারেট নোব্‌ল্ (সিস্টার নিবেদিতা) তাঁহার শিষ্যত্ব গ্রহণ করেন। ঐ বৎসর দেশে ফিরিয়া তিনি বেলুড়মঠ ও আলমোড়া ব্রহ্মচর্য-বিদ্যালয় স্থাপন করেন এবং 'রামকৃষ্ণ মিশন' গঠন করেন। 'Reincarnation', 'জ্ঞানযোগ', 'রাজযোগ' প্রঃ বহু পুস্তক তিনি রচনা করিয়া গিয়াছেন।

বিভাণ্ডক—ঋষি। মহর্ষি কশ্যপের পুত্র। এক মৃগীর গর্ভে তাঁহার যে পুত্র জন্মে, তাঁহার নাম ঋষ্যশৃঙ্গ (ভারত)।

বিভীষণ—রাবণের কনিষ্ঠ ভ্রাতা। পিতা বিশ্রবা, মাতা কৈকসী। তাঁহারই মন্ত্রণায় রাম রাবণকে সবংশে নিধন করিতে সমর্থ হন। পত্নী সরমার গর্ভে তরণীসেন নামে তাঁহার পুত্র হয়। রাবণের মৃত্যুর পর বিভীষণ লঙ্কার রাজা হন। তিনি অমর (রাম)।

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়—(১২ই সেপ্টেম্বর, ১৮৯৪—১লা নভেম্বর, ১৯৫০ খ্রীঃ)। প্রখ্যাত সাহিত্যিক ও গল্পলেখক। জন্মস্থান কাঁচড়াপাড়া-হালিশহরের নিকটে মুরাতিপুর গ্রাম। পিতা মহানন্দ। মাতা মৃণালিনী দেবী। আদি নিবাস যশোহরের বনগ্রাম। 'পথের পাঁচালী' ছাড়া

'অপরাজিত', 'দৃষ্টিপ্রদীপ', 'আরণ্যক', 'অনুবর্তন', 'আদর্শ হিন্দু হোটেল', 'ইচ্ছামতী' ইঃ তাঁহার উল্লেখযোগ্য পুস্তক।

বিভূতিভূষণ মুখোপাধ্যায়—(জন্ম ১৮৯৬ খ্রীঃ)। প্রসিদ্ধ ঔপন্যাসিক। পিতা বিপিনবিহারী মুখোপাধ্যায়। 'রাণুর প্রথম ভাগ, দ্বিতীয় ভাগ, তৃতীয় ভাগ', 'বর্ষায়', 'স্বর্গাদপি গরিয়সী' প্রঃ তাঁহার রচিত গ্রন্থ।

বিম্বিসার—১। (খ্রীঃ পূঃ ৬ষ্ঠ শতক)। হর্যংক-বংশীয় বুদ্ধদেবের সমসাময়িক রাজা। তিনি মগধে রাজত্ব করিতেন। রাজগৃহে তিনি নূতন রাজধানী স্থাপন করেন। বিহারের পূর্বভাগে অবস্থিত অংগ-রাজ্য জয় তাঁহার প্রধান কীর্তি। ২। (জীবৎকাল ৫৮২ খ্রীঃ পূঃ)। মগধের শিশুনাগ-বংশের পঞ্চম রাজা। তিনি বুদ্ধদেবের শিষ্য ছিলেন। তাঁহার পুত্র অজাতশত্রু তাঁহাকে হত্যা করেন (পুরাণ)। পুরাণের কথা ঐতিহাসিকেরা স্বীকার করেন নাই।

বিরাট—মৎস্যদেশের রাজা। পত্নী সুদেষ্ণা, পুত্র উত্তর, কন্যা উত্তরা, শ্যালক কীচক। পাণ্ডবগণ অজ্ঞাতবাসকালে তাঁহার ভবনে অবস্থান করেন। কুরুক্ষেত্র-যুদ্ধের পঞ্চদশ দিবসে দ্রোণাচার্যের হস্তে তিনি নিহত হন (ভারত)।

বিরোচন—প্রহ্লাদের অন্যতম পুত্র। বিরোচনের পুত্র দানবীর বলি (ভাগ)।

বিল্বমংগল—দাক্ষিণাত্যবাসী প্রসিদ্ধ সাধুপুরুষ। তিনি 'কৃষ্ণকর্ণামৃত' ও 'বিল্বমংগল'-নামক গ্রন্থের রচয়িতা।

বিশাখদত্ত—(১০ম-১১শ শতক)। রাজা পৃথুর পুত্র। প্রসিদ্ধ 'মুদ্রারাক্ষস'-নামক নাটক তাঁহার প্রণীত।

বিশাখা—শ্রীরাধার সহচরী। তিনি শ্রীরাধাকে চিত্রপটে শ্রীকৃষ্ণের রূপ দেখান ও যমুনাতীরে কদম্বতলে শ্রীকৃষ্ণকে দেখান (বৃন্দাবনলীলা)।

বিশুদ্ধানন্দ সরস্বতী, স্বামী—(১৮২০—১৮৯৯ খ্রীঃ)। প্রসিদ্ধ পণ্ডিত সন্ন্যাসী। তিনি কনোজীয় ব্রাহ্মণ। তাঁহার গার্হস্থ্যনাম বংশীধর। পাণিনি-ব্যাকরণে এবং দর্শনশাস্ত্রে তিনি অদ্বিতীয় পণ্ডিত ছিলেন। তিন বৎসর হরিদ্বারে অবস্থানের পর তিনি কাশীতে আগমন করেন এবং সন্ন্যাসধর্ম গ্রহণপূর্বক বিশুদ্ধানন্দ নাম গ্রহণ করেন।

বিশ্বকর্মা—দেবশিল্পী। পিতা অষ্টবসুর অন্যতম প্রভাস ও মাতা বৃহস্পতির ভগিনী বরবর্ণিনী। তাঁহার দুই কন্যা ছায়া ও সংজ্ঞাকে সূর্য বিবাহ করেন। বিশ্বকর্মা দেবগণের বিমান-নির্মাতা ও সহস্র প্রকার শিল্পের কর্তা ছিলেন (ভাগ, হরি)।

বিশ্বনাথ কবিরাজ—(১৫শ শতক)। সুপ্রসিদ্ধ 'সাহিত্য-দর্পণ'-নামক সংস্কৃত অলংকার-শাস্ত্র-প্রণেতা।

বিশ্বনাথ চক্রবর্তী—(? ১৬৬৪—?)। জন্ম মুর্শিদা-বাদ জেলার দেবগ্রামে। পিতার নাম রামনারায়ণ। শ্রীমদ্ভাগবতের 'সারার্থ-দর্শিনী' টীকা তাঁহারই রচিত। তিনি বহু সংস্কৃত গ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন। তন্মধ্যে 'মাধুর্য-কাদম্বিনী', 'স্তবামৃত-লহরী', 'শ্রীকৃষ্ণ-ভাবনামৃত', 'চমৎকার-চন্দ্রিকা', 'ঐশ্বর্য-কাদম্বিনী', 'উজ্জ্বল কিরণ', 'রাগবর্ত্ম-চন্দ্রিকা', 'ক্ষণদাগীত-চিন্তামণি' প্রঃ বিশেষ উল্লেখযোগ্য।

বিশ্বম্ভর জ্যোতিষার্ণব—(১৮৫৭—১৯১২ খ্রীঃ)। সুবিখ্যাত পণ্ডিত। জন্মস্থান চব্বিশ পরগনা জেলার খানাকুল। পিতার নাম পীতাম্বর বিদ্যা-বাগীশ। মহামহোপাধ্যায় সতীশচন্দ্র বিদ্যাভূষণ তাঁহারই সহোদর ছিলেন। তিনি 'বিদগ্ধতোষিণী' এবং 'রবি-সিদ্ধান্ত-মঞ্জরী'-নামক দুইখানি জ্যোতিষ-গ্রন্থ প্রণয়ন করেন।

বিশ্বামিত্র—রাজা গাধির পুত্র। তিনি তপস্যায় নিরত হইয়া রাজর্ষি হন এবং তপঃপ্রভাবে ত্রিশংকুকে নক্ষত্রলোকে প্রেরণ করেন। মেনকা নামে অপ্সরা ইন্দ্র কর্তৃক প্রেরিত হইয়া তাঁহার তপোভঙ্গ করে এবং তাঁহার ঔরসে শকুন্তলার জন্ম হয়। তিনি হরিশ্চন্দ্রের ধর্মপরীক্ষা করেন। তিনি রামকে মন্ত্রবিদ্যা শিখান। রামলক্ষ্মণকে মিথিলায় লইয়া গিয়া তাঁহাদের পরিণয় সংঘটন করান (রাম, ভারত)।

বিশ্রবা—মুনি বিঃ। পিতা পুলস্ত্য, মাতা হবির্ভূ। পত্নী ইলবিলার গর্ভে তাঁহার পুত্র কুবেরের জন্ম হয় এবং কৈকসীর গর্ভে রাবণ, কুম্ভকর্ণ ও বিভীষণের জন্ম হয়। রাকা-নাম্নী পত্নীর গর্ভে তাঁহার খর-নামক পুত্র জন্মে (রাম)।

বিষ্ণু—১। জগৎপালনকর্তা। পিতা কশ্যপ, মাতা অদিতি। পত্নী লক্ষ্মী ও সরস্বতী। মৎস্য, কূর্ম, বরাহ প্রঃ তাঁহার দশ অবতার। ২। স্মৃতিশাস্ত্র-প্রণেতা ঋষি বিঃ। 'বিষ্ণু-সংহিতা' তাঁহার প্রণীত।

বিষ্ণুগুপ্ত—চাণক্যের অপর নাম ['চাণক্য' দ্রঃ]।

বিষ্ণুপ্রিয়া দেবী—গৌরাংগদেবের দ্বিতীয়া পত্নী। পিতা সনাতন মিশ্র। মতান্তরে তিনি দুর্গাদাস মিশ্রের কন্যা।

বিষ্ণু শর্মা—'পঞ্চতন্ত্র'-গ্রন্থের রচয়িতা। চারিটি রাজপুত্রের শিক্ষাকল্পে তিনি মিত্রলাভ, সুহৃদ্ভেদ প্রঃ পাঁচটি বিষয় অবলম্বনপূর্বক নীতিপূর্ণ 'পঞ্চতন্ত্র' গ্রন্থ রচনা করেন। বিদর্ভ তাঁহার জন্মস্থান।

বিষ্ণুস্বামী—(১৫৭৮ ?)। বেদের ভাষ্যকার বিঃ। তিনি 'রুদ্রসম্প্রদায়'-নামক বৈষ্ণব সম্প্রদায়ের প্রবর্তক।

বিস্মার্ক (Bismark, Prince Otto Eduard Leopold von)—(১৮১৫—১৮৯৮ খ্রীঃ)। প্রসিদ্ধ রাজনীতিবিদ্ এবং জার্মান সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। ১৮৬২ খ্রীষ্টাব্দে তিনি প্রুসিয়ার রাজা প্রথম উইলিয়ামের প্রধান মন্ত্রীর পদ লাভ করেন। ১৮৬৬ খ্রীষ্টাব্দে অস্ট্রিয়াকে এবং ১৮৭০ খ্রীষ্টাব্দে

ফ্রান্সকে পরাভূত করিয়া তিনি নূতন জার্মান রাজ্যের সংগঠন করেন এবং উইলিয়াম ও ফ্রেডারিকের রাজত্বকাল ব্যাপিয়া ঐ রাজ্যের চ্যান্সেলার বা প্রধান মন্ত্রীর পদে অধিষ্ঠিত থাকেন।

বিহারিলাল চক্রবর্তী—(২১শে মে, ১৮৩৫—২৪শে মে, ১৮৯৪ খ্রীঃ)। আধুনিক গীতিকাব্যের জনক ও রবীন্দ্রনাথের কাব্যগুরু। তিনি 'পূর্ণিমা', 'সাহিত্য-সংক্রান্তি', 'অবোধ-বন্ধু' ইঃ কয়েকখানি পত্রিকা পরিচালন করেন। 'সংগীত-শতক', 'বঙ্গ-সুন্দরী', 'সারদা-মঙ্গল' ইঃ তাঁহার রচিত কাব্যগ্রন্থ।

বিহারীলাল চট্টোপাধ্যায়—(১৮৪০—১৯০১ খ্রীঃ)। প্রসিদ্ধ নাট্যকার এবং অভিনেতা। জন্মস্থান কলিকাতা তারক চ্যাটার্জির লেন। তাঁহার প্রথম দুইটি রচনা 'মেঘনাদবধ ব্যংগকাব্য' (১৮৭৮ খ্রীঃ) এবং 'আচাভুয়ার বোম্বাচাক' (১৮৮০ খ্রীঃ) নাদাপেটা হাঁদারাম এই ছদ্মনামে প্রকাশিত হয়। 'প্রভাস-মিলন', 'সীতা-স্বয়ংবর', 'বাণযুদ্ধ', 'নন্দবিদায়' প্রঃ কয়েকখানি নাটক তিনি রচনা করিয়াছিলেন।

বিহারীলাল সরকার—(১৮৫৫—১৯২১ খ্রীঃ)। সাহিত্য-সেবক। জন্মস্থান হাওড়া জেলার আন্দুল গ্রাম। পিতার নাম উমাচরণ। তিনি 'শকুন্তলাতত্ত্ব', 'তিতুমীর', 'বিদ্যাসাগরের জীবনচরিত', 'ইংরাজের জয়' প্রঃ কয়েকখানি গ্রন্থ রচনা করিয়াছেন।

বিহ্লণ—খ্রীষ্টীয় ষষ্ঠ বা সপ্তম শতাব্দীর প্রসিদ্ধ কবি। তিনি মহাপঞ্চালের রাজা মদনাভিরামের কন্যা যামিনীপূর্ণতিলকার শিক্ষক নিযুক্ত হন। পরে উভয়ের গান্ধর্বমতে বিবাহ হয়। রাজা এই বিষয় জানিয়া তাঁহার প্রাণদণ্ডের আদেশ দিলে তিনি মশানে দ্ব্যর্থক শ্লোকে কালীর স্তব (অন্য অর্থে রাজকন্যার রূপগুণের বর্ণনা) করেন। তাহাই 'চৌর পঞ্চাশৎ কাব্য' নামে প্রসিদ্ধ। তাঁহাকে 'দ্বিতীয় চৌর কবি' বলা হয়।

বীচ্‌ক্রফ্‌ট্‌ (Beachcroft, Charles Porten)—(১৮৭১—)। সুবিখ্যাত বিচারক। তিনি কলিকাতা হাইকোর্টের একজন বিখ্যাত বিচারক ছিলেন। আলিপুরে সেসন জজ হইয়া তিনি প্রসিদ্ধ মুরারিপুকুর বোমার মকদ্দমার বিচার করেন। তাঁহার বিচারে অরবিন্দ ঘোষ এবং আরও কতিপয় ব্যক্তি মুক্তিলাভ করেন। ১৯১২ খ্রীষ্টাব্দে তিনি হাইকোর্টের বিচারপতি হন।

বীটপাল—(৯ম শতাব্দী)। বাঙ্গালী চিত্রশিল্পী। পিতা ধীমান্‌। তিনিও একজন বিখ্যাত চিত্রশিল্পী ছিলেন। ধর্মপাল ও দেবপাল-নামক রাজার সময়ে তিনি প্রাদুর্ভূত হন। ভাস্কর-হিসাবেও তাঁহার বিশেষ খ্যাতি ছিল।

বীরবল, রাজা—সম্রাট্ আকবরের সভাকবি ও প্রসিদ্ধ হাস্যরসিক। পূর্বে নাম মহেশদাস। 'রাজা' উপাধি লাভ করিবার পর পঞ্চ সহস্র সৈন্যের অধিনায়ক হইয়া তিনি ইউসুফজাই-বিদ্রোহ দমন করিতে গিয়া নিহত হন। তাঁহার জন্মস্থান ছিল কাল্পী এবং তিনি জাতিতে ব্রাহ্মণ ছিলেন।

বীরবাহু—রাবণের পুত্র। রামের সহিত যুদ্ধে তাঁহার মৃত্যু হয় (রাম)।

বীরভদ্র—দক্ষযজ্ঞে সতী দেহত্যাগ করিলে ক্রুদ্ধ মহাদেবের ছিন্ন জটা হইতে তাঁহার উদ্ভব হয় এবং তিনি দক্ষযজ্ঞ নাশ করেন (ভাগ)।

বুথ, "জেনারেল" উইলিয়াম (Booth, "General" William)—(১৮২৯—১৯১২ খ্রীঃ)। খ্রীষ্টান ধর্মপ্রচারক। তিনি ১৮৭৮ খ্রীষ্টাব্দে খ্রীষ্টান ধর্মপ্রচারক সংঘ গঠন করিয়া ঐ সংঘকেই পরে Salvation Army (মুক্তিফৌজ) নাম দিয়া তাহার সেনাপতি হন।

বুদ্ধদেব—(?—৫৪৪ বা ৪৮৬ খ্রীঃ ?)। বৌদ্ধধর্মের প্রবর্তক পুরাণমতে তিনি বিষ্ণুর নবম অবতার। তিনি শাক্যবংশীয় কপিলবস্তুর রাজা শুদ্ধোদনের পুত্র। কপিলবস্তুর নিকটে লুম্বিনি (বর্তমান নেপালের অন্তর্গত রুম্মিনদেঈ) গ্রামের উদ্যানে ভূমিষ্ঠ হন। মাতা মায়া দেবী। বিমাতা ও মাতৃষ্বসা গৌতমী তাঁহাকে লালনপালন করেন। ষোল বৎসর বয়সে তাঁহার বিবাহ হয়। পত্নীর নাম যশোধরা। পুত্রের নাম রাহুল। তাঁহার বাল্যনাম সিদ্ধার্থ, গৌতম ও শাক্যসিংহ। তিনি ২৯ বৎসর বয়সে সংসারত্যাগী হন। বুদ্ধগয়ার বোধিবৃক্ষমূলে গভীর ধ্যানমগ্ন হইয়া পরতত্ত্ব বিষয়ে জ্ঞানলাভ করিয়া তিনি 'বুদ্ধ' নাম প্রাপ্ত হন। কুশী নগরে প্রায় ৮০ বৎসর বয়সে তাঁহার জীবলীলার অবসান হয়।

বুদ্ধদেব বসু—(১৯০৮—১৯৭৪ খ্রীঃ)। বিখ্যাত সাহিত্যিক ও কবি। জন্মস্থান কুমিল্লা। তিনি ত্রৈমাসিক 'কবিতা' পত্রিকার সম্পাদক। 'অসূর্য-ম্পশ্যা', 'সাড়া', 'হঠাৎ আলোর ঝলকানি', 'সমুদ্র-তীর', 'বন্দীর বন্দনা', 'মনের মত মেয়ে', 'তুমি কি সুন্দর', 'ক্ষণিকের বন্ধু' ইঃ তাঁহার উল্লেখযোগ্য রচনা। ১৯৫৪ খ্রীষ্টাব্দে তিনি ফুলব্রাইট পুরস্কার লাভ করেন।

বুধ—গ্রহ বিঃ। চন্দ্রের ঔরসে বৃহস্পতি পত্নী তারার গর্ভে তাঁহার জন্ম হয়। তাঁহার ঔরসে ইলার গর্ভে পুরূরবার জন্ম হয়। তিনি চন্দ্রবংশের আদি-পুরুষ।

বৃত্র—শিব-বরে অজেয় দৈত্য বিঃ। তাঁহার পত্নীর নাম ঐন্দ্রিলা। দধীচি মুনির অস্থিতে নির্মিত বজ্র দ্বারা ইন্দ্র তাঁহাকে বধ করেন। (পদ্ম, ভারত)

বৃন্দা—শ্রীরাধার সখী। তিনি শ্রীরাধার বার্তা লইয়া মথুরায় কৃষ্ণসকাশে গমন করিয়াছিলেন।

বৃন্দাবন দাস, ঠাকুর—(১৫০৭—১৫০৯ খ্রীঃ)। প্রসিদ্ধ 'শ্রীচৈতন্যভাগবত'-গ্রন্থ-প্রণেতা। জন্ম হালিসহরের নতিগ্রাম। তিনি বর্ধমান জেলার দেনুড় গ্রামে বাস করিতেন। আদি নিবাস শ্রীহট্ট। পিতার নাম বৈকুণ্ঠনাথ বিপ্র, মাতা শ্রীবাস পণ্ডিতের ভ্রাতুষ্পুত্রী নারায়ণী। 'নিত্যানন্দ-বংশ-বিস্তার', 'চৈতন্যলীলামৃত', 'ভক্তিচিন্তামণি', 'ভজন-নির্ণয়' ইঃ তাঁহার প্রণীত পুস্তক।

বৃষকেতু—কর্ণের পুত্র। মাতার নাম পদ্মাবতী। কুরুক্ষেত্র-যুদ্ধের 'পরে তিনি পাণ্ডবদের সহিত মিলিত হন (ভারত)।

বৃষপর্বা—দৈত্যরাজ। শর্মিষ্ঠার পিতা (ভারত)।

বৃষভানু—শ্রীরাধার পিতা (ভাগ)।

বৃষ্ণি—যদুবংশীয় অনমিত্রের পুত্র (ভাগ)।

বৃহদ্বল—সূর্যবংশীয় রাজা। কুরুক্ষেত্র-যুদ্ধে তিনি অভিমন্যুর হস্তে নিহত হন (ভারত)।

বৃহদ্রথ—মগধের রাজা। তিনি কাশীরাজের যমজ কন্যাকে বিবাহ করেন। চণ্ডকৌশিক নামে ঋষির প্রদত্ত ফল খাইয়া তাঁহার দুই পত্নী যে সন্তান প্রসব করেন, তাহার নাম হয় জরাসন্ধ (ভারত)।

বৃহন্নলা—ছদ্মবেশী অর্জুন ['অর্জুন' দ্রঃ]।

বৃহস্পতি—দেবগুরু। অঙ্গিরা তাঁহার পিতা। তিনি 'বৃহস্পতি-সংহিতা' প্রণয়ন করেন। পত্নী তারার গর্ভে তাঁহার কচ ও ভরদ্বাজ নামে দুই পুত্র হয়।

বেকন, ফ্রান্সিস (Bacon, Francis)—(১৫৬১—১৬২৬ খ্রীঃ)। সুবিখ্যাত ইংরেজ রাজনীতিক ও লেখক। পিতা সার নিকোলাস বেকন। তিনি লর্ড চ্যান্সেলার (১৬১৮ খ্রীঃ) হন। 'The Advancement of Learning', 'Novum Organum', 'Essays' ইঃ তাঁহার বিখ্যাত রচনা।

বেকন, রোজার (Bacon, Roger)—(? ১২১৪—১২৯৪ খ্রীঃ)। ইংরেজ বিজ্ঞানী ও দার্শনিক। তিনি ফ্রায়ার বেকন ('Friar' Bacon) নামেও পরিচিত। তিনি অতসী কাচ, বায়ুনিষ্কাষণ যন্ত্র এবং বারুদের ন্যায় একপ্রকার পদার্থের উদ্ভাবক। ইংরেজী দর্শন-শাস্ত্রের জনক বলিয়া তাঁহাকে অভিহিত করা হয়।

বেকার, স্যামুয়েল হোয়াইট (Baker, Sir Samuel White)—(১৮২১—১৮৯৩ খ্রীঃ)। পর্যটক ও লেখক। তিনি মধ্য-আফ্রিকায় আলবার্ট নায়েঞ্জা-নামক হ্রদ আবিষ্কার করেন।

বেকেট, টমাস—(Becket, Thomas)—(১১১৮—১১৭০ খ্রীঃ)। ইংলণ্ডের রাজনীতিবিদ্ ধর্মযাজক। রাজা দ্বিতীয় হেনরী তাঁহাকে ক্যান্টারবারির আর্চবিশপ নিযুক্ত করেন। রাজার আদেশে চারিজন 'নাইট' তাঁহাকে গির্জার মধ্যে হত্যা করিয়াছিল।

বেকেট স্যামুয়েল (Beckett, Samuel)—(জন্ম ১৯০৬ খ্রীঃ)। আইরিশ গ্রন্থকার। ডাবলিনে জন্ম। ১৯৬৯ খ্রীষ্টাব্দে তিনি নোবেল পুরস্কার লাভ করেন।

বেটোভেন (Beethoven, Ludwig von)—(১৭৭০—১৮২৭ খ্রীঃ)। সুবিখ্যাত সুরকার। জার্মানীর বন শহরে তিনি জন্মগ্রহণ করেন। তিনি বিখ্যাত বাদক ও গীত-রচয়িতা মোজার্টের নিকট শিক্ষা লাভ করেন।

বেডেন-পোয়েল (Baden-Powell, Lord)—(১৮৫৭—১৯৪১ খ্রীঃ)। 'Boy Scout' আন্দোলনের প্রবর্তক। ১৯০৮ খ্রীষ্টাব্দে তিনি ইহার প্রবর্তন করেন।

বেণ—অঙ্গরাজের পুত্র। মাতার নাম সুনীথা (হরি, ভাগ)।

বেণ্টলী, জন (Bentely, John)—উনবিংশ শতাব্দীর জনৈক শ্রেষ্ঠ ইংরেজ প্রাচ্যভাষাবিৎ ও গণিতবিৎ। তিনি 'সূর্যসিদ্ধান্ত'কে অতি আধুনিক গ্রন্থ বলিয়া প্রতিপন্ন করিতে চেষ্টা করেন। 'হিস্টরিক্যাল ভিউ অব হিন্দু এস্ট্রনমি' এবং 'প্রিন্সিপ্যাল্ এরাজ এণ্ড্ ডেট্স্ অব দি এন্শ্যেণ্ট হিন্ডুজ' তাঁহার প্রণীত দুইখানি প্রসিদ্ধ গ্রন্থ।

বেণ্টিঙ্ক, লর্ড উইলিয়াম (Bentinck, Lord William)—(১৭৭৪—১৮৩৯ খ্রীঃ)। ভারতের প্রসিদ্ধ গভর্নর-জেনারেল (১৮২৮—১৮৩৫ খ্রীঃ)। কর্নেল শ্লীম্যানের সহকারিতায় তিনি ঠগী দস্যুদিগকে দমন করেন। তিনি আইন করিয়া সতীদাহ, গঙ্গাসাগরে সন্তান বিসর্জন, উড়িষ্যাবাসীর ধরিত্রী-দেবীর উদ্দেশ্যে নরবলি এবং রাজপুতদিগের কন্যানিধন প্রঃ কুপ্রথা রহিত করেন। ১৮৩৫ খ্রীষ্টাব্দে কলিকাতার মেডিক্যাল কলেজ তিনি স্থাপন করেন।

বেতালভট্ট—রাজা বিক্রমাদিত্যের নবরত্নের অন্যতম। 'বেতাল-পঞ্চবিংশতি' ও 'নীতিপ্রদীপ'-নামক গ্রন্থদ্বয় তাঁহার প্রণীত।

বেথুন (Bethune, John Elliot Drink-water)—(১৮০১—১৮৬২ খ্রীঃ)। সুবিখ্যাত শিক্ষাব্রতী। তিনি 'বেথুন বালিকা বিদ্যালয়' স্থাপন করেন। কালে উহাই 'বেথুন কলেজে' রূপান্তরিত হয়।

বেদবতী—মহারাজ কুশধ্বজের কন্যা। তিনি জন্মান্তরে রাবণের ধ্বংসের কারণ সীতারূপে জন্মগ্রহণ করেন (রাম)।

বেনেট, আর্নল্ড (Bennett, Enoch Arnold)—(১৮৬৭—১৯৩১ খ্রীঃ)। ইংলণ্ডের বিখ্যাত ঔপন্যাসিক, নাট্যকার ও সাংবাদিক। তাঁহার 'The Old Wives' Tales', 'A Man from the North' প্রঃ পুস্তকগুলি উল্লেখযোগ্য।

বেন্থাম, জেরিমি (Bentham, Jeremy)—(১৭৪৮—১৮৩২ খ্রীঃ)। বিখ্যাত রাজনীতি-শাস্ত্রবিদ্ ও দার্শনিক। তাঁহার প্রচারিত নীতিকে Utilitarianism বা উপযোগবাদ বলে। জন স্টুয়ার্ট মিল তাঁহারই ভাবশিষ্য। তাঁহার লিখিত 'A Fragment on Government', 'Introduction to the Principles of Morals and Politics' পুস্তকগুলি উল্লেখযোগ্য।

বেফিন, উইলিয়াম (Baffin, William)—(১৫৮৪—১৬২২ খ্রীঃ)। বিখ্যাত নাবিক ও আবিষ্কর্তা। উত্তর আমেরিকা ও গ্রীনল্যাণ্ডের মধ্যস্থিত সমুদ্রপথটি তিনি আবিষ্কার করেন বলিয়া ঐ উপসাগরের নাম 'বেফিন উপসাগর' হইয়াছে।

বেয়ার্ড (Baird, John L.)—(১৮৮৮—১৯৪৬ খ্রীঃ)। টেলিভিসন যন্ত্রের উদ্ভাবক। ১৯২৩ খ্রীষ্টাব্দে তিনি তড়িতের সাহায্যে চিত্র প্রেরণ করিতে আরম্ভ করেন।

বেরিং, ভিটাস (Behring, Vitus)—(১৬৮০—১৭৪১ খ্রীঃ)। ডেনমার্কের প্রসিদ্ধ নাবিক ও আবিষ্কারক। রুশিয়ার নৌবিভাগে চাকরি করিবার সময়ে তিনি বেরিং প্রণালী আবিষ্কার করেন।

বেল, আলেকজাণ্ডার গ্র্যাহাম (Bell, Alexander Graham)—(১৮৪৭—১৯২২ খ্রীঃ)। টেলিফোনের আবিষ্কারক। এডিনবরায় জন্ম। ১৮৭৬ খ্রীষ্টাব্দে তিনি যে 'ফটোফোন' যন্ত্রটির উদ্ভাবন করেন, টেলিফোন যন্ত্র তাহারই পরিণতি।

বেলশাজার (Belshazzar)—ব্যাবিলনের সর্বশ্রেষ্ঠ রাজা। ব্যাবিলন ধ্বংসের সময় তিনি নিহত হন (৫৩৮ খ্রীঃ পূঃ)।

বেলিয়ল, জন (Baliol, John)—(১২৪৯—১৩১৫ খ্রীঃ)। তিনি স্কটল্যাণ্ডের সিংহাসন দাবি করিয়া রবার্ট ব্রুসের সঙ্গে বিবাদে প্রবৃত্ত হন। ইংলণ্ডের রাজা প্রথম এডওয়ার্ড তাঁহার স্বপক্ষে মত দেন। মাত্র চারি বৎসর রাজত্বের পর তিনি এডওয়ার্ড কর্তৃক সিংহাসনচ্যুত ও নির্বাসিত হন।

বেলোনা (Bellona)—গ্রীক দেবতা। মার্সের ভগিনী। তিনি যুদ্ধের অধিষ্ঠাত্রী দেবী। পিতা ফরসিস্, মাতা সিটো (গ্রীক পুঃ)।

বেশান্ত, মিসেস অ্যানি (Besant, Mrs. Annie)—(১লা অক্টোবর, ১৮৪৭—১৯৩৩ খ্রীঃ)। ভারত-হিতৈষিণী ইংরেজ রমণী ও ব্রহ্মবাদিনী। পিতার নাম উইলিয়ম পেজউড। তিনি ম্যাডাম ব্লাভাস্কির শিষ্যা হন ও তাঁহার সমর্থিত ব্রহ্মবিদ্যা প্রচার করিতে থাকেন। তিনি কাশীর সেণ্ট্রাল হিন্দু বিশ্ববিদ্যালয় স্থাপন করেন (১৮৯৮ খ্রীঃ)। ১৯০৭ খ্রীষ্টাব্দে তিনি থিয়জফিক্যাল সোসাইটির সভানেত্রী হন। তিনি ভারতীয় জাতীয় মহাসভার প্রেসিডেণ্টের আসন লাভ করেন (১৯১৭ খ্রীঃ)।

বেসেমার—(Bessemer, Sir Henry)—১৮১৩—১৮৯৮ খ্রীঃ)। বিখ্যাত বিজ্ঞানী। গলিত লৌহ হইতে ইস্পাত তৈয়ারি করিবার উপায় উদ্ভাবন করিয়া তিনি যশস্বী হন। এইরূপে ইস্পাত তৈয়ারি করিবার প্রণালীকে 'বেসেমার' প্রণালী বলে।

বেহুলা—মনসামঙ্গল কাব্যের চাঁদ সদাগরের পুত্র নখিন্দরের পত্নী। সায় সদাগর তাঁহার পিতা ['নখিন্দর' দ্রঃ]।

বৈরাম খাঁ—(?—১৫৬১ খ্রীঃ)। মোগল সম্রাট্ হুমায়ুনের বন্ধু ও পরে নাবালক সম্রাট্ আকবরের অভিভাবক। তিনি নিষ্ঠুর-প্রকৃতির ছিলেন এবং হিমুকে পরাজিত ও বন্দী করিয়া হত্যা করেন। পরে বিদ্রোহী হইয়া তিনি বন্দী হন। আকবর তাঁহাকে ক্ষমা করিয়া ও বৃত্তির ব্যবস্থা করিয়া মক্কায় প্রেরণ করেন। পথিমধ্যে মুবারিক খাঁ লোহানি কর্তৃক তিনি নিহত হন (১৫৬১ খ্রীঃ)।

বৈশম্পায়ন, বৈশাম্পায়ন—ব্যাসদেবের শিষ্য। জনমেজয়ের সর্পযজ্ঞকালে তিনি মহাভারত পাঠ করিয়াছিলেন (ভারত)।

বোকাচিও, জিওভানি (Boccaccio, Giovanni)—(১৩১৩—১৩৭৫ খ্রীঃ)। প্রসিদ্ধ ইতালীয় গ্রন্থকার। তাঁহাকে উপন্যাস-রচনার জনক বলা হয়। 'Decameron' তাঁহার একখানি বিখ্যাত পুস্তক।

বোনাপার্ট—'নেপোলিয়ান বোনাপার্ট' দ্রঃ।

বোপদেব—(৭-৮ম শতক)। 'মুগ্ধবোধ' ব্যাকরণ প্রণেতা। তাঁহার পিতা ভিষক্ কেশব বগুড়া জেলার মহাস্থানের অধিবাসী ছিলেন। কাহারও মতে তিনি দাক্ষিণাত্যবাসী মহারাষ্ট্র ব্রাহ্মণ। মতান্তরে তিনি দেবগিরিরাজ মহাদেবের সভাপণ্ডিত ছিলেন এবং খ্রীষ্টীয় ৭ম শতাব্দীর শেষ ও ৮ম শতাব্দীর প্রথম ভাগে বর্তমান ছিলেন। তিনি 'মুগ্ধবোধ', 'বোপদেবশতক', 'সিদ্ধমন্ত্রপ্রকাশ', 'কাব্যকামধেনু', 'হরিলীলা', 'শ্রাদ্ধকাণ্ড-দীপিকা' প্রঃ বহু গ্রন্থ প্রণয়ন করেন।

বোমণ্ট, ফ্রান্সিস (Beaumont, Francis)—(১৫৮৪—১৬১৬ খ্রীঃ)। প্রসিদ্ধ ইংরেজ নাট্যকার। জন ফ্লেচারের সহযোগিতায় তিনি 'The Woman Hater', 'The Maid's Tragedy' এবং 'The Knight of the Burning Pestle' প্রঃ নাটক প্রণয়ন করেন।

বোয়াডিসিয়া (Boadicea)—ইংলণ্ডের রানী। তিনি ব্রিটনদিগকে রোমকদিগের বিরুদ্ধে উত্তেজিত করিয়া রোমকদিগকে পরাজিত করেন। ৬১ খ্রীষ্টাব্দে সুইটোনিয়ান পলিনিয়াস কর্তৃক পরাজিত হইয়া তিনি বিষপানে আত্মহত্যা করেন।

ব্যাকাস (Bacchus)—রোমকদের মদ্যদেবতা। গ্রীক নাম ডাইওনিসাস। পিতা জুপিটার, মাতা সেমেলি (বৈদে পুঃ)।

ব্যাণ্টিং, ফ্রেডারিক গ্র্যাণ্ট (Banting, Frederick Grant)—(১৮৯১—১৯৪১ খ্রীঃ)। বিখ্যাত চিকিৎসক ও ইনসুলিনের আবিষ্কারক।

ব্যারি, জেম্স্ ম্যাথু (Barrie, Sir James Matthew)—(১৮৬০—১৯৩৭ খ্রীঃ)। সুবিখ্যাত ইংরেজ সাহিত্যিক। নাট্যকাররূপে তাঁহার সবচেয়ে মৌলিক গ্রন্থ 'Quality Street' (১৯০১ খ্রীঃ)। পরে 'Peter Pan' লিখিয়া তিনি বিশেষ জনপ্রিয় হন। 'Sentimental Tommy', 'My Lady Nicotine', 'Peter and Wendy' তাঁহার অন্যান্য উল্লেখযোগ্য গ্রন্থ।

ব্যালফুর, আর্ল অব (Balfour, Earl of)—(১৮৪৮—১৯৩০ খ্রীঃ)। সুবিখ্যাত ইংরেজ রাজনীতিক। তিনি ইংলণ্ডের প্রধান মন্ত্রীর পদে অধিষ্ঠিত ছিলেন (১৯০২—০৫ খ্রীঃ)। (Defence of Philosophic Doubt' ও 'Foundations of Belief' তাঁহার লিখিত পুস্তক।

ব্যাসদেব—মহাভারত ও অষ্টাদশ পুরাণ-প্রণেতা এবং বেদবিভাগকর্তা মুনি। তিনি কৃষ্ণদ্বীপে ধীবর কন্যা মৎস্যগন্ধার (সত্যবতী) গর্ভে পরাশরের ঔরসে জন্মগ্রহণ করেন। কৃষ্ণদ্বীপে জন্মগ্রহণ

করাতে তাঁহার নাম কৃষ্ণদ্বৈপায়ন এবং বেদ বিভাগ করাতে তাঁহার নাম বেদব্যাস হয়। তাঁহার ঔরসে বিচিত্রবীর্যের পত্নীদ্বয়ের গর্ভে ধৃতরাষ্ট্র ও পাণ্ডুর এবং দাসীগর্ভে বিদুরের জন্ম হয়। তাঁহার বরে সঞ্জয় দিব্যদৃষ্টি লাভ করিয়া ধৃতরাষ্ট্রকে কুরুক্ষেত্র-যুদ্ধের বিবরণ বলেন (ভারত)।

ব্যোমকেশ মুস্তোফী—(১৮৬৮—১৯১৬ খ্রীঃ)। প্রসিদ্ধ অভিনেতা অর্ধেন্দুশেখর মুস্তোফীর পুত্র। তিনি 'তপস্বিনী' ও 'ভারত'-নামক পত্রিকা প্রকাশ করেন। 'বিশ্বকোষ'-সংকলনে নগেন্দ্রনাথ বসুকে তিনি যথেষ্ট সাহায্য করেন।

ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়—(২১শে সেপ্টেম্বর, ১৮৯১—৩রা অক্টোবর, ১৯৫২ খ্রীঃ)। সুবিখ্যাত গবেষক-লেখক সাহিত্যিক। জন্মস্থান হুগলী বালীকাঠ-গড়া লেনের এক দরিদ্র ব্রাহ্মণ পরিবারে। পিতা উমেশচন্দ্র। গবেষণামূলক রচনার জন্য তিনি প্রসিদ্ধি লাভ করেন। বঙ্গীয় সাহিত্য-পরিষদের তিনি সম্পাদক ছিলেন। 'সংবাদপত্রে সেকালের কথা', 'বঙ্গীয় নাট্যশালার ইতিহাস', 'সাহিত্যসাধক চরিতমালা' প্রঃ তাঁহার সম্পাদিত গ্রন্থ বিশেষ প্রসিদ্ধ।

ব্রজেন্দ্রনাথ শীল, এম. এ., পি-এইচ. ডি., ডি. এস্-সি.—(১৮৬৪—১৯৩৮ খ্রীঃ)। সুবিখ্যাত দার্শনিক। তিনি বহুকাল মহীশূর বিশ্ববিদ্যালয়ে ভাইস-চ্যান্সেলার ছিলেন। তিনি কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ে দর্শনশাস্ত্রের অধ্যাপক হন। তাঁহার আদর্শ চরিত্রের জন্য দেশবাসী তাঁহাকে "আচার্য" বলিয়া অভিহিত করে।

ব্রহ্মবান্ধব উপাধ্যায়—(১৮৬১—১৯০৭ খ্রীঃ)। বিখ্যাত সাংবাদিক ও দেশসেবক। পিতা দেবীচরণ বন্দ্যোপাধ্যায়। জন্মস্থান কলিকাতা। বাল্যনাম ভবানীচরণ। ১৯০৫ খ্রীষ্টাব্দে বঙ্গভঙ্গ আন্দোলন-কালে তিনি 'সন্ধ্যা'-নামক দৈনিক পত্র বাহির করেন।

ব্রহ্মা—জগৎ সৃষ্টিকর্তা। সাবিত্রী তাঁহার পত্নী এবং দেবসেনা ও দৈত্যসেনা তাঁহার কন্যা। মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ট, ভৃগু, দক্ষ ও নারদ তাঁহার এই দশজন মানসপুত্র।

ব্রহ্মানন্দ, স্বামী—(২১শে জানুয়ারি, ১৮৬৩—১২ই এপ্রিল, ১৯২২ খ্রীঃ)। বিখ্যাত সন্ন্যাসী ও রামকৃষ্ণ মিশনের প্রথম সভাপতি। পূর্বনাম রাখাল-চন্দ্র ঘোষ। জন্ম বসিরহাট মহকুমার শিকরা-কুলীন গ্রামে। পিতা আনন্দমোহন ঘোষ। বিবেকানন্দ স্বামীই তাঁহাকে সংঘনায়কের পদ দেন।

ব্রাইট, জন (Bright, John)—(১৮১১—১৮৮৯ খ্রীঃ)। বিখ্যাত রাজনীতিবিদ্ ও বক্তা। তাঁহার চেষ্টায় ইংলণ্ডে অবাধ-বাণিজ্যের প্রবর্তন হয়।

ব্রাউনিং, এলিজাবেথ ব্যারেট (Browning, Elizabeth Barret)—(১৮০৬—১৮৬১ খ্রীঃ)। ইংরেজ মহিলা কবি। ১৮৪৬ খ্রীষ্টাব্দে কবি রবার্ট ব্রাউনিং-এর সহিত তাঁহার বিবাহ হয়। 'Sonnets from the Portuguese', 'The Cry of the Children' এবং 'Aurora Leigh' প্রঃ কাব্য ও কবিতাগ্রন্থ তাঁহার লিখিত।

ব্রাউনিং, রবার্ট (Browning, Robert)—(১৮১২—১৮৮৯ খ্রীঃ)। প্রসিদ্ধ ইংরেজ কবি। ১৮৪৬ খ্রীষ্টাব্দে তিনি এলিজাবেথ ব্যারেট নামে মহিলা কবিকে বিবাহ করেন। 'Christmas Eve', 'Man and Woman', 'Pippa Passes'. 'Pauline', 'Dramatis Personae' প্রঃ কাব্য তাঁহার রচিত।

ব্রুটাস, মার্কাস জুনিয়াস (Brutus, Marcus Junius)—(৮৫—৪২ খ্রীঃ পূঃ)। বিখ্যাত রোমক সেনাপতি সীজারের অন্যতম সহকারী। যাঁহারা সীজারকে হত্যা করিয়াছিলেন তাঁহাদের মধ্যে ব্রুটাস অন্যতম। পরে অক্টেভিয়ান ও অ্যাণ্টনির সঙ্গে ফিলিপির (৪২ খ্রীঃ পূঃ) যুদ্ধে ব্রুটাস আত্মহত্যা করেন।

ব্রুস, রবার্ট (Bruce, Robert)—(১২৭৪—১৩২৯ খ্রীঃ)। তিনি ১৩০৬ খ্রীষ্টাব্দে স্কটল্যাণ্ডের রাজা হন। ১৩১৪ খ্রীষ্টাব্দে ইংলণ্ডের রাজা দ্বিতীয় এডওয়ার্ডের সহিত যুদ্ধ করিয়া তিনি জয়ী হন।

ব্রেনান, লুই (Brennan, Louis C. B.)—(১৮৫৩—১৯৩২ খ্রীঃ)। বৈজ্ঞানিক আবিষ্কারক হিসাবে তাঁহার নাম খ্যাত। তাঁহার আবিষ্কৃত টর্পেডোর জন্য তিনি ব্রিটিশ গভর্নমেণ্ট হইতে ১১০,০০০ পাউণ্ড প্রাপ্ত হন। তিনি 'Gyroscope Railway'রও উদ্ভাবক।

ব্র্যাগ, উইলিয়াম হেনরী (Bragg, Sir William Henry)—(১৮৬২—১৯৪২ খ্রীঃ)। রসায়ন ও পদার্থশাস্ত্রের বিখ্যাত অধ্যাপক। তিনি পুত্রের সহিত একযোগে পদার্থশাস্ত্রে 'নোবেল প্রাইজ' পান (১৯১৫ খ্রীঃ)। 'এক্স-রে'-নামক রশ্মির পরিমাপের প্রণালী তিনি উদ্ভাবন করেন।

ব্র্যাড্ম্যান, ডোনাল্ড জি. (Bradman, Donald G.)—(জন্ম ১৯০৯ খ্রীঃ)। অস্ট্রেলিয়াবাসী বিখ্যাত ক্রিকেট-খেলোয়াড়। তিনি সিডনীর নিকটবর্তী কুটামুণ্ডা-নামক স্থানে জন্মগ্রহণ করেন। তাঁহার দল কখনও পরাজিত হয় নাই।

ব্লেক, উইলিয়াম (Blake, William)—(১৭৫৭—১৮২৭ খ্রীঃ)। প্রসিদ্ধ ইংরেজ কবি। 'Songs of Innocence' (১৭৮৯ খ্রীঃ) নামে কাব্যগ্রন্থে তিনি নিজেই ছবি আঁকিয়াছেন। 'Songs of Experience' তাঁহার আর একখানি অপূর্ব কাব্যগ্রন্থ। 'Tiger! Tiger! burning bright' নামে কবিতাটি শেষোক্ত পুস্তকের অন্তর্গত।

ব্লেক, রবার্ট (Blake, Robert)—(১৫৯৯—১৬৫৭ খ্রীঃ)। ক্রমওয়েলের প্রসিদ্ধ নৌসেনানী। তিনি জার্সি ও সিসিল দ্বীপ অধিকার করেন এবং ওলন্দাজগণের সহিত কয়েকবার যুদ্ধ করেন।

ব্ল্যাক প্রিন্স (Black Prince)—(? ১৩৩০—

১৩৭৬ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা তৃতীয় এডওয়ার্ডের পুত্র। তিনি মাত্র ষোল বৎসর বয়সে ১৩৫৬ খ্রীষ্টাব্দে ১২,০০০ সৈন্য লইয়া পইটিয়ার্সের যুদ্ধে ফরাসীদিগের ৬০,০০০ সৈন্যকে পরাজিত করেন।

ব্ল্যাভাট্স্কি (Blavatsky, Helena Petrovna)—(১৮৩১—১৮৯১ খ্রীঃ)। সুবিখ্যাত ব্রহ্মবাদী। জন্মস্থান রাশিয়া। তিনি কর্নেল অলকটের সহযোগিতায় 'থিয়জফিক্যাল সোসাইটি'র প্রতিষ্ঠা করেন। তিনি 'Secret Doctrine', 'Isis Unveiled' প্রঃ পুস্তক প্রণয়ন করেন।

ভ

ভগৎ সিং—সুবিখ্যাত শহীদ্। জাতিতে তিনি পাঞ্জাবী ছিলেন। 'লাহোর ষড়্যন্ত্র-মামলা'য় তিনি বটুকেশ্বর দত্তের সহিত জড়িত হইয়া পড়েন (১৯২৯ খ্রীঃ)। ১৯৩০ খ্রীষ্টাব্দে তাঁহার ফাঁসি হয়।

ভগদত্ত—কামরূপের রাজা। পিতা নরকরাজের নিকটে প্রাপ্ত বৈষ্ণবাস্ত্রপ্রভাবে তিনি সকলের অজেয় ছিলেন। শেষে অর্জুনের হস্তে তিনি নিহত হন (ভারত)।

ভগবান্ দাস, রাজা—মোগল সম্রাট্ আকবরের সময়ের এক রাজপুত রাজা। পিতা অম্বররাজ বিহারী মল্ল। তিনি আকবরের সহিত নিজ ভগিনীর বিবাহ দিয়া তাঁহার অধীনে উচ্চ রাজকার্যে প্রতিষ্ঠিত হন। তাঁহার ভ্রাতুষ্পুত্র রাজা মানসিংহ তাঁহার দত্তকপুত্র ছিলেন।

ভগীরথ—দিলীপের পুত্র ও অংশুমানের পৌত্র। কপিলশাপে ভস্মীভূত সগরপুত্রগণের উদ্ধারের জন্য তিনি কঠোর তপস্যা করিয়া স্বর্গ হইতে গঙ্গাকে পৃথিবীতে আনয়ন করেন।

ভট্টনারায়ণ—আদিশূর কর্তৃক কান্যকুব্জ হইতে আনীত পঞ্চব্রাহ্মণের অন্যতম এবং কৃষ্ণনগরের রাজবংশের পূর্বপুরুষ। তিনি সংস্কৃত 'বেণী-সংহার' নামে প্রসিদ্ধ নাটকের রচয়িতা।

ভট্টি—প্রসিদ্ধ 'ভট্টিকাব্যে'র ('রাবণ-বধ' মহাকাব্য) রচয়িতা। এই নামধারী একাধিক পণ্ডিত ছিলেন বলিয়া মনে হয়। কোন কোন ঐতিহাসিকের মতে তিনি খ্রীষ্টীয় ৫ম শতাব্দীর শেষভাগে এবং ৬ষ্ঠ শতাব্দীর প্রথম ভাগে বর্তমান ছিলেন। ভরত মল্লিকের মতে রাজা ভর্তৃহরি আর ভট্টি এক ব্যক্তি। ভট্টির পিতার নাম শ্রীধর স্বামী।

ভট্টোজী দীক্ষিত—পাণিনি-ব্যাকরণের প্রসিদ্ধ বৃত্তি-কার। পিতা লক্ষ্মীধর সূরি, পুত্র ভানুজী দীক্ষিত। পাণিনির অষ্টাধ্যায়ীর সূত্রগুলিকে তিনি নূতনভাবে সাজাইয়া তাহার 'সিদ্ধান্ত-কৌমুদী' নাম প্রদান করিয়াছেন। তিনি সমুদয়ে ৩৪ খানি গ্রন্থ প্রণয়ন করেন। তাঁহার 'প্রৌঢ়-মনোরমা', 'আহ্নিককারিকা', 'অশৌচ-নির্ণয়', 'তিথি-নির্ণয়', 'ধাতুপাঠ', 'মাস-নির্ণয়', 'লিঙ্গানুশাসন সূত্রবৃত্তি' প্রঃ পুস্তক বিশেষ উল্লেখযোগ্য।

ভদ্রকালী—ভগবতীর মূর্তি বিঃ। দক্ষযজ্ঞে দেবীর ক্রোধ হইতে উৎপন্ন হইয়া তিনি দক্ষযজ্ঞ নাশ করেন।

ভবভূতি, শ্রীকণ্ঠ—(৮ম শতক)। সংস্কৃত ভাষার প্রসিদ্ধ নাট্যকার। পিতা নীলকণ্ঠ, পিতামহ গোপাল ভট্ট, মাতা জাতুকর্ণী; জন্মস্থান দক্ষিণা-পথের অন্তর্গত বিদর্ভ প্রদেশের পদ্মপুর নগর। ভবভূতি কনোজরাজ যশোবর্মন্-এর সভাকবি ছিলেন এবং পরে কাশ্মীরের রাজা ললিতাদিত্যের সভাকবি হইয়াছিলেন। তাঁহার প্রণীত 'মালতী-মাধব', 'বীরচরিত' এবং 'উত্তরচরিত'-নামক তিন-খানি নাটক পাওয়া যায়।

ভবানন্দ মজুমদার—কৃষ্ণনগর রাজবংশের প্রতিষ্ঠাতা। পিতা ভট্টনারায়ণের বংশজাত রামচন্দ্র। সম্রাট্ জাহাঙ্গীর তাঁহাকে বাঙ্গালার চতুর্দশ পরগনার ফরমান প্রদান করেন (১৬০৬ খ্রীঃ)। তিনি মাটীয়ারি-নামক স্থানে রাজধানী স্থাপন করেন।

ভবানন্দ রায়—ঢাকা জেলার দোহারের প্রসিদ্ধ রায়-বংশের পূর্বপুরুষ। তিনি আকবরের সময়ে বর্তমান ছিলেন।

ভবানী, রানী—(১৮ শতক)। নাটোরের জমিদার রামকান্তের পত্নী। পিতা রাজসাহী (বর্তমান বগুড়া) জেলার ছাতিম গ্রামের আত্মারাম চৌধুরী, মাতা কস্তুরী দেবী। ১১৫৩ বঙ্গাব্দে ৩২ বৎসর বয়সে স্বামী মারা গেলে তিনি বার্ষিক দেড় কোটি টাকা আয়ের বিপুল সম্পত্তির অধিকারিণী হন। দানে এবং মন্দির ও পুষ্করিণী প্রভৃতির প্রতিষ্ঠায় তিনি ৫০ কোটি টাকার অধিক ব্যয় করিয়াছেন। ৭৯ বৎসর বয়সে বড়নগরে রানী ভবানীর মৃত্যু হয়।

ভরত—১। অযোধ্যার রাজা দশরথের কৈকেয়ী-গর্ভজাত পুত্র। তিনি ভ্রাতৃভক্তি ও সাধুতার আদর্শ। পত্নী রাজর্ষি জনকের ভ্রাতা কুশ-ধ্বজের কন্যা মাণ্ডবী, পুত্র তক্ষ ও পুষ্কর। রামচন্দ্র বনবাস হইতে অযোধ্যায় ফিরিলে তিনি তাঁহাকে রাজ্য ফিরাইয়া দেন (রাম)। ২। চন্দ্র-বংশীয় রাজা দুষ্মন্তের পুত্র। শকুন্তলা তাঁহার জননী (ভারত)। ৩। রাজা প্রিয়ব্রতের বংশজাত

জনৈক রাজা। জন্মান্তরে তাঁহার নাম ছিল জড়ভরত।

ভরত মল্লিক—বিখ্যাত সংস্কৃত টীকাকার ও বৈয়াকরণ। পিতার নাম গৌরাঙ্গ মল্লিক। তিনি ১৭৫৮ শকাব্দে বর্তমান ছিলেন। তাঁহার প্রণীত পুস্তকের মধ্যে 'মুগ্ধবোধ', 'ভট্টিকাব্য', 'কিরাতার্জুনীয়', 'নলোদয়' ও 'কুমারসম্ভবে'র টীকা এবং 'উপসর্গবৃত্তি' ও 'দ্রুতবোধ ব্যাকরণ' সবিশেষ প্রসিদ্ধ।

ভরদ্বাজ—১। সুপ্রসিদ্ধ মুনি। বৃহস্পতির ঔরসে তিনি জন্মলাভ করেন (বিষ্ণু, বায়ু)। ২। ভরদ্বাজের এক পুত্র দ্রোণ।

ভর্তৃহরি—'শৃঙ্গারশতক', 'নীতিশতক' ও 'বৈরাগ্য শতক' নামে তিনটি গ্রন্থের রচয়িতা। তিনি বিক্রমাদিত্যের পিতা গন্ধর্বসেনের দাসীপুত্র। কেহ কেহ বলেন ভর্তৃহরিরই সংক্ষিপ্ত নাম ভট্টি। পতঞ্জলির পাণিনি মহাভাষ্যের 'বাক্যপ্রদীপ'-নামক টীকা তাঁহার রচিত।

ভল্টেয়ার (Voltaire, Francois Maire Arouet de)—(১৬৯৪—১৭৭৮ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ ফরাসী দার্শনিক ও লেখক। ভল্টেয়ার 'Discourses on Man', 'Essay on the Morals and Spirit of Nations' প্রঃ পুস্তক রচনা করেন।

ভাণ্ডারকর, রামকৃষ্ণ গোপাল—(১৮৩৭—১৯১৫ খ্রীঃ)। দাক্ষিণাত্যের স্বনামধন্য অধ্যাপক। পিতা বিখ্যাত প্রত্নতত্ত্ববিদ্ সার রামকৃষ্ণ ভাণ্ডারকর। তিনি বোম্বাই বিশ্ববিদ্যালয়ের ভাইস্-চ্যান্সেলার হইয়াছিলেন। তিনি সংস্কৃত ভাষায় কয়েকখানি উৎকৃষ্ট পুস্তক রচনা করিয়াছিলেন।

ভাতখণ্ডে, বিষ্ণুনারায়ণ—(১৮৬০—১৯৩৬ খ্রীঃ)। সুবিখ্যাত সংগীতজ্ঞ। বোম্বাই-এর নিকটবর্তী বালকেশ্বর-নামক স্থানে তাঁহার জন্ম। তিনি 'অষ্টোত্তর শততাললক্ষণম্', 'অভিনব-তালমঞ্জরী' প্রঃ বহু সংগীতগ্রন্থের সংকলন ও প্রণয়ন করিয়াছেন এবং সংগীতগ্রন্থের রচনা ও প্রচারকল্পে একটি ট্রাস্ট গঠন করিয়া গিয়াছেন।

ভানুমতী—১। ভোজরাজের কন্যা ও বিক্রমাদিত্যের পত্নী। তিনি জাদুবিদ্যায় পারদর্শিনী ছিলেন। এইজন্য জাদুবিদ্যার কৌশল-প্রদর্শনকে ভানুমতীর খেলা বলা হয়। ২। দুর্যোধনের পত্নী। তাঁহার গর্ভে লক্ষ্মণ নামে পুত্র ও লক্ষ্মণা নামে কন্যার জন্ম হয় (ভারত)। ৩। যদুবংশীয় ভানুর কন্যা ও সহদেবের পত্নী (ভাগ)।

ভাম শাহ—প্রসিদ্ধ রাজপুতবীর প্রতাপসিংহের বৃদ্ধ মন্ত্রী। তিনি নিজের সারা জীবনের ও পূর্বপুরুষগণের সঞ্চিত বিপুল অর্থ প্রতাপকে দান করেন।

ভারতচন্দ্র রায় গুণাকর—(১৭১২—১৭৬০ খ্রীঃ)। সুবিখ্যাত কবি। পৈতৃক নিবাস ভুরশিট পরগনায় পেঁড়ো-বসন্তপুর গ্রাম। তাঁহারা মুখুজ্জে বামুন, জমিদার বংশ। পিতা নরেন্দ্রনারায়ণ, মাতা ভবানী। মহারাজ কৃষ্ণচন্দ্র তাঁহাকে রাজসভার সভাকবি করেন। তাঁহার প্রণীত 'অন্নদামঙ্গল' ও 'বিদ্যাসুন্দর' শ্রবণে প্রীত হইয়া মহারাজ কৃষ্ণচন্দ্র তাঁহাকে 'রায় গুণাকর' উপাধি প্রদান করেন। তিনি 'রসমঞ্জরী'-নামে আর একখানি গ্রন্থ প্রণয়ন করেন।

ভারবি—খ্রীষ্টীয় চতুর্থ শতাব্দীর প্রসিদ্ধ সংস্কৃত কবি। 'কিরাতার্জুনীয়ম্' নামে প্রসিদ্ধ কাব্যগ্রন্থ তাঁহার প্রণীত।

ভার্জিল (Virgil)—(খ্রীঃ পূঃ ৭০—১৯)। বিখ্যাত রোমীয় কবি। বিখ্যাত 'ইনিড' কাব্য তাঁহার রচিত। তাঁহার অন্য দুইটি প্রসিদ্ধ গ্রন্থ 'Georgics' ও 'Ecloges'।

ভার্নে, জুলে (Verne, Jules)—(১৮২৮—১৯০৫ খ্রীঃ)। ইওরোপের জনপ্রিয় অদ্ভুত গল্প-লেখক। 'Five Weeks in a Balloon', 'Twenty Thousand Leagues under the Sea' এবং 'Round the World in Eighty Days' প্রঃ গল্পপুস্তক লিখিয়া তিনি প্রসিদ্ধ হইয়াছেন।

ভালকান (Vulcan)—ধাতুদ্রব্যশিল্পিগণের ও অগ্নির দেবতা। পিতা জুপিটার, মাতা জুনো। তাঁহার গ্রীক নাম হেফেস্টস (বৈদে পুঃ)।

ভাস—(? চতুর্থ শতক)। প্রসিদ্ধ সংস্কৃত নাট্যকার। তিনি কালিদাসের বহুপূর্ববর্তী এবং সম্ভবতঃ দাক্ষিণাত্যবাসী ছিলেন। তিনি দশখানি নাটক প্রণয়ন করেন; তন্মধ্যে 'স্বপ্নবাসবদত্তা' শ্রেষ্ঠ।

ভাস্কর পণ্ডিত—(১৭-১৮শ শতক)। সুবিখ্যাত মারাঠা সেনাপতি। তিনি নাগপুরেরাজ রঘুজী ভোঁসলার দেওয়ান ছিলেন। নবাব আলীবর্দি খাঁর সময়ে তিনি বাঙ্গালা আক্রমণ করেন এবং জগৎশেঠের আড়াই কোটি টাকা লুণ্ঠন করেন। তিনি আলীবর্দির কৌশলে গুপ্তঘাতক কর্তৃক নিহত হন।

ভাস্করাচার্য—(?—১১১৪)। প্রাচীন জ্যোতির্বিদ্। দাক্ষিণাত্যের বীজ্জলবীড় গ্রামে জন্ম হয়। পিতা মহেশ দৈবজ্ঞ। তিনি 'সিদ্ধান্ত শিরোমণি-নামক গ্রন্থ প্রণয়ন করিয়া প্রসিদ্ধ হইয়াছেন। তিনি তাঁহার বিদুষী কন্যা লীলাবতীর নামে এই গ্রন্থের প্রথম অধ্যায়ের নাম দেন 'লীলাবতী'। 'গোলাধ্যায়'-নামক গ্রন্থে তিনি পৃথিবীর গোলত্ব ও মাধ্যাকর্ষণ-শক্তির কথা বর্ণনা করিয়াছেন।

ভাস্কো ডা গামা (Vasco da Gama)—(১৪৬০—১৫২৪ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ পোর্তুগিজ নাবিক। আফ্রিকার দক্ষিণস্থ উত্তমাশা অন্তরীপ ঘুরিয়া তিনি ১৪৯৮ খ্রীষ্টাব্দে ভারতবর্ষের কালিকট বন্দরে পৌঁছান। তিনি কালিকটের জামোরিন উপাধিধারী রাজার নিকট হইতে ভারতে ব্যবসায় করিবার জন্য এক সনন্দপত্র প্রাপ্ত হন।

ভিক্টর ইমানুয়েল, ২য় (Victor Emmanuel II)—(১৮২০—১৮৭৮ খ্রীঃ)। তিনি ১৮৪৯ হইতে ১৮৬১ খ্রীষ্টাব্দ পর্যন্ত সার্ডিনিয়ার রাজা ছিলেন। পরে তিনি ১৮৭০ খ্রীষ্টাব্দে ইটালীর রাজা হন।

ভিক্টর হিউগো—'হিউগো, ভিক্টর' দ্রঃ।

ভিক্টোরিয়া, আলেকজেণ্ড্রিনা (Victoria. Alexandrina)—(১৮১৯—১৯০১ খ্রীঃ)। ইংলণ্ডের সুপ্রসিদ্ধা রানী। পিতা এডওয়ার্ড (ডিউক অব কেণ্ট), মাতা ভিক্টোরিয়া লুইসা। পিতৃব্য চতুর্থ উইলিয়ম নিঃসন্তান অবস্থায় পরলোকগমন করিলে তিনি ইংলণ্ডের সিংহাসনে আরোহণ করেন (১৮৩৭ খ্রীঃ)। তিন বৎসর পরে প্রিন্স অ্যালবার্টের সহিত তাঁহার বিবাহ হয়। সিপাহী-বিদ্রোহের পরে তিনি ভারতের শাসনভার স্বহস্তে গ্রহণ করেন। সম্রাট্ সপ্তম এড্ওয়ার্ড তাঁহার দ্বিতীয় সন্তান। বুয়র-যুদ্ধ, ভারতীয় সিপাহীবিদ্রোহ, ক্রিমিয়া-যুদ্ধ তাঁহার রাজত্বকালের উল্লেখযোগ্য ঘটনা।

ভি. ভি. গিরি—(জন্ম ১৮৯৪ খ্রীঃ)। দীর্ঘকাল ভারতের শ্রমিক আন্দোলনের সহিত যুক্ত ছিলেন। ১৯৬৯ খ্রীষ্টাব্দে তিনি ভারতের রাষ্ট্রপতি হন।

ভীম, ১ম—(রাজত্বকাল ১০২২—১০৬৪ খ্রীঃ)। গুজরাটের বিখ্যাত রাজা। তিনি চৌলুক্য বংশের প্রথম পরাক্রান্ত রাজা। তিনি অন্যান্য রাজাদের সঙ্গে পরমাররাজ ভোজকে পরাজিত করেন।

ভীম ভবানী—(১২৮৯—১৩২৯ বঙ্গাব্দ)। বিখ্যাত ব্যায়ামবীর। প্রকৃত নাম ভবেন্দ্র। পিতা কলিকাতার বিডন স্ট্রীটনিবাসী উপেন্দ্রনাথ সাহা। রসরাজ অমৃতলালের নিকট 'ভীম ভবানী' নাম লাভ করেন। নানাস্থানে সার্কাস দেখাইয়া তিনি ১২০টি স্বর্ণ ও রৌপ্য পদক লাভ করেন। তিনি তিনখানি মোটর গাড়ি রোধ করিতে পারিতেন ও বুকের উপর বিশাল হস্তী ধারণ করিতে পারিতেন।

ভীমসেন—দ্বিতীয় পাণ্ডব। পাণ্ডুপত্নী কুন্তীর গর্ভে পবনদেবের ঔরসে তাঁহার জন্ম হয়। তিনি অযুত হস্তীর বল ধারণ করিতেন। কৃপাচার্য ও দ্রোণাচার্য তাঁহার অস্ত্রগুরু। তাঁহার গদা-শিক্ষার গুরু বলরাম। হিড়িম্বভগিনী হিড়িম্বাকে তিনি বিবাহ করেন। ঐ হিড়িম্বার গর্ভে মহাবল ঘটোৎকচের জন্ম হয়। যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞকালে তিনি জরাসন্ধকে নিহত করেন। পাশাখেলায় যুধিষ্ঠির সর্বস্বান্ত হইলে ও দ্রৌপদী সভামধ্যে লাঞ্ছিতা হইলে তিনি দুঃশাসনের রক্তপান ও দুর্যোধনের ঊরুভঙ্গ করিবার প্রতিজ্ঞা করেন এবং কুরুক্ষেত্র যুদ্ধকালে ঐ প্রতিজ্ঞা পূর্ণ করেন। যুধিষ্ঠিরের রাজ্যভোগের পর তিনি তাঁহার সঙ্গে মহাপ্রস্থান করিয়া অতিভোজন পাপে সশরীরে স্বর্গগমনে অক্ষম হইয়া সুমেরু-শিখরে পতিত হন (ভারত)।

ভীষ্ম—রাজা শান্তনুর ঔরসে গঙ্গার গর্ভে জন্ম। কুরুক্ষেত্র-যুদ্ধে তিনি কৌরবপক্ষের সর্বপ্রথম সেনাপতি ছিলেন। দশম দিবসে অর্জুন স্বীয় রথাগ্রে শিখণ্ডীকে স্থাপন করিয়া যুদ্ধ করাতে ভীষ্ম নপুংসকের শরীরে অস্ত্রাঘাত হইবার ভয়ে বাণনিক্ষেপে বিরত হন এবং শরবিদ্ধ হইয়া রথ হইতে পতিত ও শরশয্যায় শায়িত হন। পিতৃবরে মৃত্যু তাঁহার ইচ্ছাধীন ছিল বলিয়া উত্তরায়ণ-সংক্রান্তি পর্যন্ত অপেক্ষা করিয়া তিনি স্বর্গারোহণ করেন।

ভুবনমোহন দাশ—(১৮৪৪—১৯১৪ খ্রীঃ)। দেশবন্ধু চিত্তরঞ্জনের পিতা। তিনি স্বদেশপ্রেমিক এবং সুলেখক ছিলেন। তিনি 'ব্রাহ্ম পাব্লিক ওপিনিয়ন' ও 'বেঙ্গল পাব্লিক ওপিনিয়ন'-এর সম্পাদক ছিলেন।

ভূদেব মুখোপাধ্যায়—(১৮২৭—১৮৯৪ খ্রীঃ)। বিখ্যাত শিক্ষাব্রতী ও গদ্য-লেখক। জন্মস্থান কলিকাতা। পিতা বিশ্বনাথ তর্কভূষণ। আদি নিবাস হুগলি জেলার নতিবপুর গ্রাম। মাইকেল মধুসূদন তাঁহার সহপাঠী ছিলেন। কিছুকাল তিনি বঙ্গের Director of Public Instruction ছিলেন। তিনি বহু পুস্তক প্রণয়ন করেন। তন্মধ্যে 'পারিবারিক প্রবন্ধ', 'সামাজিক প্রবন্ধ', 'আচার প্রবন্ধ', 'পুষ্পাঞ্জলি' ও বিদ্যালয়পাঠ্য 'প্রাকৃতিক বিজ্ঞান', 'ক্ষেত্রতত্ত্ব', 'পুরাবৃত্তসার', 'ইংলণ্ডের ইতিহাস' এবং 'রোমের ইতিহাস' প্রঃ উল্লেখযোগ্য। কিছুকাল তিনি 'এডুকেশন গেজেট' ও 'শিক্ষাদর্পণ ও সংবাদ সার' পত্রিকার সম্পাদকতা করিয়াছিলেন।

ভূপেন্দ্রনাথ দত্ত—(১৮৮০—১৯৬১ খ্রীঃ)। দার্শনিক ও লেখক। জগদ্বিখ্যাত স্বামী বিবেকানন্দের কনিষ্ঠ ভ্রাতা। পিতার নাম বিশ্বনাথ দত্ত। জন্ম কলিকাতায়। তিনি বারীন্দ্র ঘোষের সহায়তায় 'যুগান্তর' পত্র প্রকাশ করিয়া ২৭ বৎসর বয়সে এক বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হন। তিনি শিকাগো ও হ্যামবুর্গ বিশ্ববিদ্যালয় হইতে পি-এইচ. ডি. উপাধি লাভ করেন।

ভূপেন্দ্রনাথ বসু—(১৮৫৯—১৯২৪ খ্রীঃ)। সুবিখ্যাত রাজনীতিক। পৈতৃক বাসস্থান হুগলি জেলার খানাকুল কৃষ্ণনগর। তিনি মাদ্রাজ কংগ্রেসের (১৯১৪ খ্রীঃ) সভাপতি হইয়াছিলেন এবং কলিকাতা কংগ্রেসের (১৯১১ খ্রীঃ) অভ্যর্থনা-সমিতির সভাপতি হইয়াছিলেন। বঙ্গভঙ্গ-আন্দোলনেও তিনি একজন অগ্রণী ছিলেন। আশুতোষ মুখার্জির মৃত্যুর পর তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হইয়াছিলেন।

ভূরিশ্রবা—কুরুবংশীয় রাজপুত্র। দুর্যোধনের পক্ষে যুদ্ধ করিয়া তিনি সাত্যকিকে পরাজিত ও পদাহত করিলে অর্জুন তাঁহার বাহুচ্ছেদ করেন এবং অতঃপর সাত্যকি তাঁহাকে হত্যা করেন (ভারত)।

ভৃগু—ব্রহ্মার মানসপুত্র মহর্ষি বিঃ। পত্নী দক্ষকন্যা খ্যাতির গর্ভে তাঁহার ধাতা ও বিধাতা নামে পুত্রদ্বয় ও লক্ষ্মীনাম্নী কন্যা জন্মগ্রহণ করে। তিনি ধনুর্বিদ্যার প্রবর্তক। বিষ্ণু পদাঘাতচিহ্ন চিরকাল বক্ষে ধারণ করেন এবং তিনিও বিষ্ণুকে সর্বদেবশ্রেষ্ঠ বলিয়া স্বীকার করেন ['পুলোমা' দ্রঃ]।

ভেনাস (Venus)—রোমকদের প্রণয় ও সৌন্দর্যের দেবী। তাঁহার গ্রীক্ নাম অ্যাফ্রোডাইট। পিতা জুপিটার, মাতা ডায়োনি (বৈদে পুঃ)।

ভেস্টা (Vesta)—গৃহ এবং মেষপাল প্রঃর অধিষ্ঠাত্রী দেবী। স্যাটার্ন তাঁহার পিতা ও জুপিটার তাঁহার ভ্রাতা (গ্রীক পুঃ)।

ভেস্‌পুচি, আমেরিগো—'আমেরিগো ভেস্‌পুচি' দ্রঃ।

ভোজদেব—১। (রাজত্বকাল ১০১০—১০৫৫ খ্রীঃ)। প্রাচীন ভারতের অন্যতম শ্রেষ্ঠ নরপতি। তিনি মালবের রাজা ছিলেন। তিনি পরমারবংশের প্রতিষ্ঠাতা মুঞ্জের ভ্রাতুষ্পুত্র। তাঁহার রাজধানী ছিল ধারানগরী। ২। (রাজত্বকাল ৮৩৬—৮৮৫ খ্রীঃ)। কনৌজের রাজা মিহির। ভোজ নামেই অধিক পরিচিত।

ভোলা ময়রা—(১৮৮৯ ?)। কলিকাতা বাগবাজারের প্রসিদ্ধ কবিওয়ালা' পিতা কৃপারাম, মাতা গংগা-মণি। তিনি কবির দল করিবার পূর্বেও বহু রসপূর্ণ কবিতা রচনা করিয়াছিলেন।

ভোল্টা (Volta, Count Alessandro)—(১৭৪৫—১৮২৭ খ্রীঃ)। তড়িৎ-বিজ্ঞানী। তিনি 'ভোল্টাইক পাইল' এবং 'ভোল্ট'-নামক বৈদ্যুতিক এককের উদ্ভাবন করেন।

ভ্যাংকুভার, জর্জ (Vancouver, George)—(১৭৫৮—১৭৯৮ খ্রীঃ)। ক্যাপ্টেন কুকের অধীন ইংরেজ নাবিক। তিনি ভ্যাংকুভার দ্বীপ, জর্জিয়া উপসাগর প্রঃ আবিষ্কার করেন।

ম

মইনুদ্দিন চিশ্তি—(১১৪২—১১৯২ খ্রীঃ)। প্রসিদ্ধ মুসলমান সাধু। জন্মস্থান সিস্তান। তিনি ভারতে আসিয়া আজমীরের রাজার আশ্রয়ে বাস করিতে আরম্ভ করেন। পরে শিহাবুদ্দীন মহম্মদ ঘোরী তাঁহাকে বন্দী করিয়া লইয়া যান ও নিহত করেন।

মংগলফিয়ে, জোসেফ মাইকেল (Montgolfier, Joseph Michael)—(১৭৪০—১৮১০ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী বৈমানিক। ভ্রাতার নাম Montgolfier, Jacques Etienne. তিনি ভ্রাতার সংগে বেলুনে করিয়া আকাশে উড়িতেন। তাঁহাকে বর্তমান বিমানবিদ্যার জনক বলা হয়।

মংতে, মাইকেল দ্য (Montaigne, Miche de)—(১৫৩৩—১৫৯২ খ্রীঃ)। ফরাসী প্রবন্ধকার। ইওরোপীয় প্রবন্ধ লেখকদের মধ্যে তাঁহার স্থান সর্বাগ্রে। ইওরোপীয় ভাষায় Essay (Essais) শব্দটিও তিনিই প্রথম বর্তমানে প্রচলিত অর্থে প্রয়োগ করেন।

মণিমান্—কুবেরের বন্ধু। তিনি ভীমের হস্তে নিহত হন (ভারত)।

মণিলাল গংগোপাধ্যায়—(১৮৮৮—১৯২৯ খ্রীঃ)। বিখ্যাত ছোট-গল্পলেখক। তিনি অবনীন্দ্রনাথ ঠাকুরের জামাতা। তিনি অধুনালুপ্ত 'ভারতী'র সম্পাদক ছিলেন। তিনি 'জলছবি', 'মনে মনে', 'মহুয়া', 'জাপানী ফানুস' ইঃ গ্রন্থের রচয়িতা।

মণীন্দ্রচন্দ্র নন্দী, মহারাজা—(১৮৬০—১৯৩০ খ্রীঃ)। কাশিমবাজারের বিখ্যাত দানশীল জমিদার। কলিকাতার শ্যামবাজার অঞ্চলে জন্ম। পিতা নবীনচন্দ্র নন্দী। তিনি মহারানী স্বর্ণময়ীর স্বামী রাজা কৃষ্ণনাথ রায় বাহাদুরের ভাগিনেয়। ১৮৯৮ খ্রীষ্টাব্দে তিনি 'মহারাজা' উপাধি পান। তাঁহারই অর্থে টাউন হল এবং বংগীয় সাহিত্য-পরিষদের গৃহ নির্মিত হয়। ১৯১০ খ্রীষ্টাব্দে তিনি বংগীয় ব্যবস্থাপক সভার সভ্য হন। তিনি জনসাধারণের মংগলের জন্য বহু লক্ষ টাকা দান করিয়া গিয়াছেন।

মণ্টেগু (Montague, Edwin Samuel)—(১৮৭৯—১৯২৪ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ রাজনীতিবিদ্। পিতা লর্ড সোয়েদোলিং। তিনি ভারত-সচিব (১৯১৭ খ্রীঃ) হন। ঐ সময় লর্ড চেম্‌স্‌ফোর্ড ভারতের বড়লাট ছিলেন। তিনি লর্ড চেম্‌স্‌-ফোর্ডের সহিত একযোগে দশ বৎসরের জন্য 'মণ্টেগু-চেম্‌স্‌ফোর্ড'-নামক নূতন শাসনতন্ত্র-প্রণালী রচনা করেন।

মণ্টেসরি, ডাঃ মেরিয়া (Montessori, Dr. Maria)—(১৮৭২—১৯৫৩ খ্রীঃ)। অভিনব শিক্ষাপ্রণালীর প্রবর্তনকারিণী। ১৯০৯ খ্রীষ্টাব্দে তাঁহার শিক্ষা-প্রণালীর পুস্তক 'The Montessori Method' প্রকাশ করেন।

মতংগ—মুনি বিঃ। ঋষ্যমূক পর্বতে তাঁহার আশ্রম ছিল (রাম)।

মতিলাল ঘোষ—(১২৫২—১৩২৯ বঙ্গাব্দ)। বিখ্যাত 'অমৃতবাজার পত্রিকা'র প্রতিষ্ঠাতা ও ভূত-পূর্ব সম্পাদক। জন্মস্থান যশোহর জেলার অমৃত-বাজার-নামক গ্রাম। তিনি স্বদেশী আন্দোলন প্রঃতে চরমপন্থী রাষ্ট্রনৈতিক হিসাবে যোগদান করিয়া নির্বাসনদণ্ড ভোগ করেন।

মতিলাল নেহরু, পণ্ডিত—(৬ই মে, ১৮৬১—৬ই ফেব্রুয়ারি, ১৯৩১ খ্রীঃ)। প্রসিদ্ধ দেশসেবক ও আইনজীবী। জন্মস্থান দিল্লী। স্বনামখ্যাত শ্রীজওহরলাল নেহরু তাঁহার পুত্র। তিনি কাশ্মীরী সারস্বতবংশীয় ব্রাহ্মণ ছিলেন। তিনি দুইবার কংগ্রেসের সভাপতি হন—একবার অমৃতসরে ও আর একবার কলিকাতায় (১৯১৯, ১৯২৮ খ্রীঃ)। তিনি ১৯২১ ও ১৯৩০ খ্রীষ্টাব্দে কারারুদ্ধ হইয়াছিলেন।

মতিলাল রায়—১। (১৮৪২—১৯০৮ খ্রীঃ)। কবি ও

নাট্যকার। পিতা মনোহর রায়। বর্ধমান জেলার ভাতশালা গ্রামে জন্ম। তিনি জেনারেল পোস্ট অফিসে চাকরি করিতেন। 'সীতাহরণ', 'নিমাই সন্ন্যাস', 'কর্ণবধ', 'ভীষ্মের শরশয্যা' ইঃ তাঁহার রচিত গীতাভিনয়। ২। প্রবর্তক সংঘের প্রতিষ্ঠাতা। তিনি প্রথম জীবনে বিপ্লবী রূপে চন্দননগরে ছিলেন। পরে তিনি প্রবর্তক সংঘের প্রতিষ্ঠা করেন।

মতিলাল শীল—(১৭৯১—১৮৫৪ খ্রীঃ)। দানবীর। পিতা চৈতন্যচরণ। জন্মস্থান কলিকাতার কলুটোলা। কলিকাতা 'শীল্‌স্‌ ফ্রি কলেজ' তাঁহার উল্লেখযোগ্য কীর্তি।

মৎস্য—বিষ্ণুর প্রথম অবতার। মৎস্যরূপে বিষ্ণু হয়-গ্রীবকে নিধন করিয়া ব্রহ্মাকে বেদ প্রদান করেন। মৎস্যাবতারে বিষ্ণুর শঙ্খচক্রগদাপদ্ম-শোভিত চারিটি বাহু, বর্ণ শ্যাম, মস্তক শৃঙ্গধারী মৎস্য-সদৃশ, সর্বগাত্রে পদ্মচিহ্ন, নাভির নিম্ন হইতে মৎস্যাকৃতি এবং কণ্ঠ পর্যন্ত মনুষ্যাকৃতি (অগ্নি, ভারত, রাম)।

মৎস্যগন্ধা—'সত্যবতী' দ্রঃ।

মদনমোহন তর্কালংকার—(১৮১৭—১৮৫৮ খ্রীঃ)। বিখ্যাত কবি ও পণ্ডিত। নদীয়া জেলার বিল্বগ্রামে জন্ম। পিতা রামধন চট্টোপাধ্যায়। 'শিশুশিক্ষা'-নামক পুস্তকখানি তাঁহার রচিত। 'রসতরঙ্গিণী' ও 'বাসবদত্তা' তাঁহার আরও দুইখানি কাব্যগ্রন্থ।

মদনমোহন মালব্য, পণ্ডিত—(২৫শে ডিসেম্বর, ১৮৬১—১২ই নবেম্বর, ১৯৪৬ খ্রীঃ)। প্রসিদ্ধ দেশনেতা। নিষ্ঠাবান্ হিন্দু এবং প্রসিদ্ধ সমাজ-সংস্কারক। এলাহাবাদ শহরে জন্ম। পিতা পণ্ডিত ব্রজনাথ। আদিনিবাস মালব দেশ। কাশীর হিন্দু বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা তাঁহার বিরাট কীর্তি। তিনি 'হিন্দুস্থান', 'ইণ্ডিয়ান ইউনিয়ন' ও হিন্দী 'অভ্যুদয়' নামে পত্রিকাগুলির সম্পাদনা করিয়াছিলেন (১৮৮৫—১৯০৭ খ্রীঃ)। ১৯০৯ খ্রীষ্টাব্দে তিনি লাহোর কংগ্রেসের সভাপতি হন। পরে তিনি ১৯১৮ খ্রীষ্টাব্দে দিল্লী কংগ্রেসের সভাপতি হন। তিনি হিন্দু মহাসভার সভাপতিও হইয়াছিলেন (১৯২০, ১৯২৪, ১৯৩৬ খ্রীঃ)।

মধু—দৈত্য বিঃ। তিনি প্রলয়পয়োধিশায়ী বিষ্ণুর কর্ণমল হইতে উদ্ভূত হন। তিনি সহজাত কৈটভের সহিত বিষ্ণুকে আক্রমণ করেন এবং শেষে উভয়েই বিষ্ণুর হস্তে নিহত হন। তাঁহাদের মেদ হইতে উৎপন্ন বলিয়া পৃথিবীর নাম হইয়াছে মেদিনী (বিষ্ণু, রাম)।

মধুকৈটভ—দুইজন বিখ্যাত অসুর ['মধু' দ্রঃ]।

মধুসূদন দত্ত, মাইকেল—(২৫শে জানুয়ারি, ১৮২৪—২৯শে জুন, ১৮৭৩ খ্রীঃ)। বাংলা ভাষায় প্রথম অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক বিখ্যাত কবি। যশোহরের সাগরদাঁড়ী গ্রামে জন্ম। পিতা রাজনারায়ণ, মাতা জাহ্নবী। ১৮৪৩ খ্রীষ্টাব্দে তিনি খ্রীষ্টধর্ম অবলম্বন করেন। এই সময় হইতেই মধুসূদনের উপাধি 'মাইকেল' হয়। বঙ্গভাষায় তিনিই প্রথম 'চতুর্দশপদী কবিতা' লিখিয়া সনেট (sonnet) রচনার প্রচেষ্টা করেন। তিনি অত্যন্ত দুরবস্থায় হাসপাতালে মারা যান। তাঁহার রচিত বাংলা ও ইংরেজী গ্রন্থ ঃ—শর্মিষ্ঠা, একেই কি বলে সভ্যতা, বুড় শালিকের ঘাড়ে রোঁ, পদ্মাবতী নাটক, তিলোত্তমাসম্ভব কাব্য, মেঘনাদবধ কাব্য, ব্রজাঙ্গনা কাব্য, কৃষ্ণকুমারী নাটক, বীরাঙ্গনা কাব্য, চতুর্দশপদী কবিতাবলী, হেকটর-বধ, মায়া-কানন; The Captive Ladie, The Anglo-Saxon and the Hindu, Ratnavali, Sarmista, Nil Durpun or the Indigo Planting Mirror.

মধুসূদন দেব—বিশিষ্ট সাহিত্যিক। ভারতের শ্রেষ্ঠ শিশুমাসিক 'শুকতারা'র সম্পাদক ও 'নব কল্লোল'-নামক বড়দের মাসিক পত্রিকার সহ-সম্পাদক। 'জনসেবক বিধানচন্দ্র', 'মহাপ্রাণ হরেন্দ্রকুমার' প্রঃ তাঁহার বহু পুস্তক আছে। 'দৃষ্টিহীন' ছদ্মনামে তিনি গল্প, উপন্যাস লিখিয়া থাকেন।

মধ্বাচার্য—(? ১২১৯—?)। বিখ্যাত দার্শনিক ও বৈষ্ণবদের ব্রহ্ম-সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা। অপর নাম পূর্ণপ্রজ্ঞ। প্রথম নাম বসুদেবাচার্য। জন্মস্থান দাক্ষিণাত্যের তুলব-নামক স্থান। পিতার নাম মধিজী ভট্ট। 'পূর্ণপ্রজ্ঞ-দর্শন' তাঁহার প্রণীত দার্শনিক গ্রন্থ। তিনি 'গীতাভাষ্য', 'ঋগ্‌ভাষ্য', 'সূত্রভাষ্য', 'তন্ত্রসার' প্রঃ ৩৭ খানি গ্রন্থ ও অসংখ্য টীকার রচয়িতা।

মনসা—১। কশ্যপ ঋষির মানসী কন্যা (মতান্তরে শিবের কন্যা)। বাসুকির ভগিনী ও আস্তিকের মাতা (দেবীভা)। ২। মনসার অপর নাম জরৎকারু। জরৎকারু নামে এক মুনিও ছিলেন। তিনি মনসাকে বিবাহ করেন (ভারত)।

মনিয়ার-উইলিয়াম্‌স্‌ (Monier-Williams, Sir)—(১৮১৯—১৮৯৯ খ্রীঃ)। প্রাচ্য ভাষার বিখ্যাত পণ্ডিত। জন্মস্থান বোম্বাই। পিতা বোম্বাই-এর তৎকালীন সার্ভেয়ার-জেনারেল কর্নেল মনিয়ার-উইলিয়াম্‌স্‌। 'Brahminism', 'Hinduism', 'Buddhism', 'Indian Epic Poetry', 'Indian Wisdom', একখানি সংস্কৃত ব্যাকরণ, একখানি ইংরেজী-সংস্কৃত অভিধান ও একখানি সংস্কৃত-ইংরেজী অভিধান তিনি রচনা করেন।

মনু—১। বিভিন্ন পুরাণে মনুর নাম ও সংখ্যা বিভিন্ন দেওয়া আছে। (ক) স্বায়ম্ভুব, স্বারোচিষ, ঔত্তম, তামস, রৈবত, চাক্ষুষ ও বৈবস্বত—এই সাতজন অতীত এবং সাবর্ণি, দক্ষসাবর্ণি, ব্রহ্মসাবর্ণি, ধর্মসাবর্ণি, রুদ্রসাবর্ণি, রৌচ্য ও ভৌত্য—এই সাতজন ভবিষ্যৎ। মোট চৌদ্দজন (বিষ্ণু)। (খ) স্বায়ম্ভুব হইতে বৈবস্বত এই সাতজন ও পরে মেরুসাবর্ণি, দক্ষসাবর্ণি, রুদ্রসাবর্ণি এই তিনজন এবং ভৌত্য ও রৌচ্য মনু (হরি)। ২। দক্ষের

অন্যতমা কন্যা। তিনি কশ্যপের পত্নী ছিলেন (রাম)।

মনোজ বসু—জন্ম ১৯০১ খ্রীষ্টাব্দে যশোহরের ডোঙ্গাঘাট গ্রামে। 'প্লাবন', 'বনমর্মর', 'ভুলি নাই', 'জলকল্লোল' প্রঃ বহু গ্রন্থের লেখক।

মনোমোহন বসু—(১৪ই জুলাই, ১৮৩১—৪ঠা ফেব্রুয়ারি, ১৯১২ খ্রীঃ)। নাট্যকার ও কবি। জন্ম যশোহর জেলার নিশ্চিন্তপুর গ্রাম। পিতা দেবনারায়ণ বসু। নিবাস চব্বিশ পরগনা জেলার ছোট জাগুলিয়া গ্রাম। 'রামাভিষেক', 'প্রণয়পরীক্ষা' ও 'হরিশ্চন্দ্র' প্রঃ নাটক এবং 'পদ্যমালা' প্রঃ বিদ্যালয়পাঠ্য পুস্তক তাঁহার রচিত।

মন্থরা—দশরথের দ্বিতীয়া পত্নী কৈকেয়ীর দাসী। তাহার পিঠে একটি বড় কুঁজ ছিল বলিয়া তাহার নাম কুঁজী। তাহারই কুপরামর্শে কৈকেয়ী স্বামীর নিকট বর চাহিয়া রামকে বনে পাঠান (রাম)।

মন্দোদরী—রাবণের পত্নী। ময়দানবের ঔরসে ও হেমা নামে অপ্সরার গর্ভে জন্ম। পুত্র মেঘনাদ। রাবণের মৃত্যুর পর তিনি বিভীষণকে বিবাহ করেন (রাম)।

মন্মথ রায়—(জন্ম ১৮৯৯ খ্রীঃ)। সুবিখ্যাত নাট্যকার। জন্ম বালুরঘাটে। একাঙ্কক নাটকের তিনি প্রবর্তক। তাঁহার লিখিত নাটকগুলির মধ্যে 'চাঁদ সদাগর', 'অশোক', 'কারাগার', 'মীরকাসিম', 'রাজনটী' ইঃ উল্লেখযোগ্য।

মনরো, জেম্স্—(Monroe, James)—(১৭৫৮—১৮৩১ খ্রীঃ)। আমেরিকার যুক্তরাষ্ট্রের পঞ্চম সভাপতি। তিনি দুইবার যুক্তরাষ্ট্রের সভাপতি হন। তিনি Monroe Doctrine-নামক নীতির প্রবর্তক।

মনরো, টমাস (Munro, Sir Thomas)—(১৭৬১—১৮২৭ খ্রীঃ)। ব্রিটিশ সৈনিক। পিণ্ডারী যুদ্ধে (১৮১৭ খ্রীঃ) তিনি পিণ্ডারীদের দমন করেন ও যুদ্ধশেষে তিনি মাদ্রাজের গভর্নর হন (১৮১৯—১৮২৭ খ্রীঃ)।

মমতাজমহল—মোগল সম্রাট শাহজাহানের প্রিয়তমা ভার্যা। তাঁহারই সমাধির উপর জগদ্বিখ্যাত তাজমহল নির্মিত হইয়াছে। তাঁহার পিতা নুরজাহানের ভ্রাতা আসফ খাঁ। তাঁহার বাল্যনাম আর্জমন্দবানু।

মম, সমারসেট (Maugham, William Somerset)—(১৮৭৪—১৯৬৫ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ ব্রিটিশ নাট্যকার ও ঔপন্যাসিক। 'Human Bondage', 'Cakes and Ale', 'Rajor's Edge'. 'Points of View' প্রঃ তাঁহার রচিত প্রসিদ্ধ গ্রন্থ।

মমসেন, থিওডোর (Momsen, Theodore)—(১৮১৭—১৯০৩ খ্রীঃ)। বিখ্যাত জার্মান ঐতিহাসিক ও লেখক। তিনি ১৯০২ খ্রীষ্টাব্দে সাহিত্যে নোবেল পুরস্কার পান। 'Roman History', 'History of the Roman Coinage' এবং 'Roman Provinces' তাঁহার বিখ্যাত রচনা।

ময়দানব—দানবশিল্পী। রাবণ-পত্নী মন্দোদরীর পিতা। পাণ্ডবদিগের জন্য ইন্দ্রপ্রস্থ নগর নির্মাণ করিয়াছিলেন (ভারত)।

ময়রা, আর্ল অব (Moira, Earl of)—(১৭৫৪—১৮২৬ খ্রীঃ)। ভারতের প্রাক্তন বড়লাট (১৮১৩—১৮২৩ খ্রীঃ)। তিনি মার্কুইস অব হেস্টিংস নামে অধিক পরিচিত।

ময়ূরভট্ট—ধর্মমঙ্গল কাব্যের আদি কবি।

মরীচি—সপ্তর্ষির অন্যতম। তিনি ব্রহ্মার মানসপুত্র। তিনি কর্দম প্রজাপতির কন্যা কলাকে বিবাহ করেন। তাঁহার পুত্র মহামুনি কশ্যপ।

মর্লি ভাইকাউন্ট অব ব্ল্যাকবার্ন (Morley, Viscount of Blackburn)—(১৮৩৮—১৯২৩ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ রাজনীতিবিদ্। তিনি ভারত-সচিব ছিলেন (১৯০৫—১৯১০ খ্রীঃ)। তিনি তৎকালীন গভর্নর জেনারেল লর্ড মিণ্টোর সহযোগে ভারতের শাসন-প্রণালীর সংস্কার সাধন করেন। ভারতের সেই নবপ্রবর্তিত শাসনপ্রণালী 'Morley-Minto Reforms' নামে অভিহিত। 'The Life of Gladstone', 'The Life of Cobden' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

মর্স, স্যামুয়েল ফিনলে বি (Morse, Samuel Finley B.)—(১৭৯১—১৮৭২ খ্রীঃ)। প্রসিদ্ধ আমেরিকান বিজ্ঞানী। বৈদ্যুতিক টেলিগ্রাফিতে কতকগুলি হ্রস্ব দীর্ঘ শব্দ সমবায়ের সাহায্যে (টরে টক্কা) বার্তা প্রেরণ করিবার সংকেত তিনি উদ্ভাবন করেন। এই প্রণালীতে টেলিগ্রাফ প্রেরণ করাকে মর্স প্রথা বা Morse Code বলে।

মলহর রাও হোলকার—(?—১৭৬৫ খ্রীঃ)। বিখ্যাত মারাঠা বীর। তিনি পেশোয়া প্রথম বাজী রাও-এর অধীনে কর্মচারী ছিলেন এবং পুরস্কারস্বরূপ মালবদেশ প্রাপ্ত হন। তিনি রাজ্যের শাসনভার তাঁহার পুত্রবধূ প্রাতঃস্মরণীয়া অহল্যা বাঈ-এর হস্তে দান করেন।

মল্লিনাথ—(১৪শ শতক?)। প্রসিদ্ধ পণ্ডিত এবং সংস্কৃত গ্রন্থের টীকাকার। প্রকৃত নাম কোলাচল মল্লিনাথ। ডাকনাম পেডড ভট্ট। তিনি 'ভট্টিকাব্য', 'শিশুপাল-বধ', 'কিরাতার্জুনীয়ম্', 'রঘুবংশম্', 'কুমারসম্ভবম্' এবং 'অমরকোষের' টীকাকার। 'রাজমৃগাঙ্ক'-নামক বৈদ্যশাস্ত্রটীকা, 'একাবলী'-নামক অলংকারশাস্ত্রটীকা এবং 'তার্কিক রক্ষা'-নামক ন্যায়শাস্ত্রটীকাও তাঁহার প্রণীত। তাঁহার পিতার নাম নরসিংহ ভট্ট, মাতার নাম নাগম্মা এবং জন্মস্থান দাক্ষিণাত্যের ত্রিভুবন-নামক নগর।

মহম্মদ (হজরত)—(৫৭০—৬৩২ খ্রীঃ)। ইসলাম ধর্মের প্রবর্তক। আরবদেশের মক্কা নগরে সুপ্রসিদ্ধ কোরেশ-বংশে জন্ম। পিতা আবদাল্লা, মাতা আমিনা। তিনি স্বর্গীয় দূত জিব্রায়েলের নিকট ধর্মকথা শ্রবণ করেন। সেই ধর্মকথা লিপিবদ্ধ আকারে 'কোরান-শরীফ' নামে প্রকাশিত

হয়। ৪০ বৎসর বয়সের সময় তিনি একেশ্বরবাদ প্রচার করিতে আরম্ভ করেন। তাঁহার মৃত্যুর পূর্বে প্রায় সমগ্র আরব ইসলাম ধর্ম গ্রহণ করে।

মহম্মদ আলি, করিম চাগলা—(জন্ম ১৯০০ খ্রীঃ)। খ্যাতনামা আইনজ্ঞ রাজনীতিক। প্রথম জীবনে অধ্যাপক ছিলেন। তিনি বোম্বাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, বোম্বাই হাইকোর্টের প্রধান বিচারপতি ছিলেন। তিনি কেন্দ্রীয় মন্ত্রিসভায় শিক্ষামন্ত্রী ও পরে পররাষ্ট্রমন্ত্রীর পদ লাভ করেন।

মহম্মদ আলি, মৌলানা—সুবিখ্যাত খিলাফত-নেতা। মোসলেম লীগের তিনি অন্যতম প্রতিষ্ঠাতা। তিনি কোকনদের কংগ্রেসের সভাপতি হন।

মহম্মদ ইকবাল—(১৮৭৬—১৯৩৮ খ্রীঃ)। প্রসিদ্ধ স্বভাবকবি ও অধ্যাপক। জন্মস্থান শিয়ালকোট। এলাহাবাদের লীগ অধিবেশনে তিনিই প্রথম 'পাকিস্তান পরিকল্পনা' পেশ করেন। সেই অধিবেশনে (১৯৩০ খ্রীঃ) তিনি সভাপতি হন। ফার্সী কবিতা 'আসরার-ই খুদী' (আত্মার রহস্য) রচনা করিয়া তিনি দেশেবিদেশে প্রসিদ্ধ হন।

মহম্মদ ঘোরী—(১২শ শতক)। ইতিহাসে তিনি শিহাবুদ্দীন বা মুইজুদ্দীন মহম্মদ-বিন-সাম নামেও পরিচিত। তিনি ঘোররাজ আলাউদ্দীনের ভ্রাতুষ্পুত্র ও ভারতে মুসলমান সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। তিনি ৬ বার ভারত আক্রমণ করেন এবং ভারতে মুসলমান রাজ্যের প্রতিষ্ঠা করিয়া কুতবউদ্দীন আইবেককে ভারতের শাসনকর্তা নিযুক্ত করেন। সিন্ধুনদের তীরে অসভ্যজাতি কর্তৃক আক্রান্ত ও নিহত হন।

মহম্মদ বিন কাসিম—ভারত আক্রমণকারী প্রথম মুসলমান সেনাপতি। তিনি জাতিতে আরব। তিনি ৭১২ খ্রীষ্টাব্দে মাত্র ১৭ বৎসর বয়সে সিন্ধুদেশ আক্রমণ করেন। সিন্ধুরাজ দাহীরের সঙ্গে তাঁহার যুদ্ধ হয়। সেই যুদ্ধে তিনি জয়লাভ করেন। অতঃপর স্বদেশের শত্রুগণের ষড়্‌যন্ত্রে খলিফার আদেশে তাঁহার মৃত্যুদণ্ড হয়।

বিন তোগ্‌লক—(রাজত্বকাল ১৩২৫—১৩৫১ খ্রীঃ)। তোগ্‌লকবংশীয় দিল্লীর সুলতান। রাজা হইবার পূর্বে তাঁহার নাম ছিল জুনা খাঁ। দিল্লী হইতে দেবগিরিতে রাজধানী পরিবর্তন, তামার নোটের প্রবর্তন, খোরাসান ও ইরাক জয়ের চেষ্টা তাঁহার রাজত্বকালের উল্লেখযোগ্য ঘটনা। ইবনবাতুতা-নামক পর্যটক তাঁহার দরবারে বহুদিন কাটাইয়া যান।

মহম্মদ মহসীন, হাজী—(১৭৩২—১৮১২ খ্রীঃ)। দানশীল মুসলমান। হুগলী নগরীতে জন্ম। ১৮০৬ খ্রীঃ তিনি এক লক্ষ ছাপান্ন হাজার টাকা আয়ের এক সম্পত্তি শিক্ষার উন্নতির জন্য উইল করিয়া দেন। তাঁহার অর্থে হুগলীর ইমামবারা, হুগলী কলেজ, মাদ্রাসা, মহসীন-বৃত্তি প্রঃ স্থাপিত হইয়াছে।

মহম্মদ শাহ—(রাজত্বকাল ১৭১৯—১৭৪৮ খ্রীঃ)। আওরঙ্গজেবের পরবর্তী ৬ষ্ঠ মোগল সম্রাট্। চীনকুলি খাঁ তাঁহার প্রধান মন্ত্রী ছিলেন। তাঁহার সময়ে হায়দরাবাদ রাজ্য ও রোহিলখণ্ডে স্বাধীন রাজ্য স্থাপিত হয়।

মহাতাব চাঁদ—(১৮২০—১৮৭৯ খ্রীঃ)। বর্ধমানের মহারাজা। তিনি বর্ধমানের রাজা তেজচন্দ্রের দত্তকপুত্র। তিনি বহু কবি-পণ্ডিতের আশ্রয়দাতা ছিলেন। তিনি রামায়ণের পদ্যানুবাদ, রামায়ণ-মহাভারতের গদ্যানুবাদ, 'চাহার দরবেশ', 'হাতেম তাই' ইঃ ফারসী গল্পের বঙ্গানুবাদ করান। তাঁহার রচিত বিবিধ বিষয়ক গান প্রকাশিত হইয়াছে।

মহাদাজী সিন্ধিয়া—(?—১৭৯৪ খ্রীঃ)। মারাঠা সামন্ত রাজগণের মধ্যে সর্বাপেক্ষা পরাক্রান্ত রাজা। তিনি পানিপথের ৩য় যুদ্ধে অতি কষ্টে প্রাণরক্ষা করেন। দিল্লী-আগ্রা অধিকার করিয়া তিনি সম্রাট্ দ্বিতীয় শাহ্ আলমকে আশ্রয় দেন। তিনি হোলকারকে পরাজিত করেন (১৭৯৩ খ্রীঃ)।

মহাদেব—তিনজন শ্রেষ্ঠ দেবতার অন্যতম। তিনি ভগবানের সংহাররূপ। মহামুনি অত্রি তাঁহার গুরু। নন্দী তাঁহার অনুচর। তাঁহার অস্ত্র ত্রিশূল, তাঁহার ধনু পিনাক। তাঁহার পাশুপত অস্ত্রও বিখ্যাত।

মহাপদ্ম নন্দ—মগধের রাজা ও নন্দবংশের প্রতিষ্ঠাতা। কোন কোন ঐতিহাসিকের মতে তিনিই ভারতের প্রথম সার্বভৌম সম্রাট্।

মহাবীর—'বর্ধমান' দ্রঃ।

মহামায়া—বুদ্ধদেবের মাতা।

মহিষমর্দিনী—দেবী ভগবতী বা দুর্গার অপর নাম। তিনি মহিষাসুরকে বধ করিয়া ঐ নাম প্রাপ্ত হন।

মহিষাসুর—রম্ভ-নামক অসুরের পুত্র। দেবগণের তেজ হইতে দেবী ভগবতী উৎপন্ন হইয়া যুদ্ধে মহিষাসুরকে নিহত করেন (দেবীভাগ)।

মহীপাল—১। **প্রথম মহীপাল**—(রাজত্বকাল ৯৮৮—১০৩৮ খ্রীঃ)। পালবংশীয় দশম রাজা। তিনি পশ্চিমে বারাণসী পর্যন্ত তাঁহার প্রভাব বিস্তার করেন। ২। **দ্বিতীয় মহীপাল**—(রাজত্বকাল ১০৭০—১০৭৫ খ্রীঃ) পালবংশীয় ত্রয়োদশ রাজা। তাঁহার সময়ে কৈবর্তজাতীয় দিব্য বা দিব্বোক উত্তরবঙ্গের প্রজাগণের অধিনায়ক হইয়া বিদ্রোহী হন এবং মহীপালকে পরাজিত ও নিহত করিয়া উত্তরবঙ্গের শাসনভার গ্রহণ করেন।

মহেন্দ্র—মহারাজ অশোকের ভ্রাতা। কাহারও মতে তিনি অশোকের পুত্র। অশোক কন্যা (মতান্তরে ভগিনী) সংঘমিত্রার সহিত তাঁহাকে বৌদ্ধধর্ম প্রচারের নিমিত্ত সিংহলে প্রেরণ করেন।

মহেন্দ্রলাল সরকার, ডাক্তার—(১৮৩৩—১৯০৪ খ্রীঃ)। বিখ্যাত চিকিৎসক। তিনি (কলিকাতা) 'Indian Association for the Cultivation of Science' নামে শিক্ষালয় স্থাপিত করেন।

মাইকেলএঞ্জেলো (Michaelangelo Buonarroti)—(১৪৭৫—১৫৬৪ খ্রীঃ)। ইতালীর প্রসিদ্ধ চিত্র-শিল্পী ও ভাস্কর। জন্মস্থান ফ্লোরেন্স। ১৫০৮ খ্রীষ্টাব্দে তিনি রোমের সর্বশ্রেষ্ঠ প্রাচীরগাত্রের (ফ্রেস্কো) চিত্রশিল্পী বলিয়া খ্যাত হন।

মাইডাস (Midas)—ফ্রিজিয়ার রাজা। তিনি উৎসবের দেবতা (গ্রীক পুঃ)।

মাও-সে-তুং (Mao-Tse-Tung)—(জন্ম ১৯শে নভেম্বর, ১৮৯৩)। লাল চীনের নেতা। হুনান প্রদেশে জন্ম। চাষীর ছেলে। তিনি চিয়াং-এর জাতীয় সৈন্যদলকে সম্পূর্ণ বিধ্বস্ত করিয়া ১৯৪৯ খ্রীষ্টাব্দে (অক্টোবরে) লাল চীনে কমিউনিস্ট শাসনতন্ত্রের প্রবর্তন করেন।

মাখনলাল সেন—(১৮৮১—১৯৬৫ খ্রীঃ)। জন্মস্থান বিক্রমপুর। বঙ্গভঙ্গ আন্দোলনের সময় হইতেই স্বাধীনতা আন্দোলনে যোগদান করেন। পরবর্তী জীবনে সাংবাদিকতা করেন। তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ছিলেন।

মাঘ—প্রসিদ্ধ 'শিশুপালবধ'-নামক কাব্যের রচয়িতা। জন্মস্থান গুর্জর দেশের ভিন্নমালব গ্রাম। পিতার নাম শ্রীদত্তক সর্বাশ্রয়। কাহারও মতে তিনি ষষ্ঠ শতাব্দীর এবং কাহারও মতে নবম শতাব্দীর লোক। তিনি ধারা নগরীর রাজা ভোজদেবের সমসাময়িক ছিলেন।

মাণ্ডবী—ভরতের পত্নী। তিনি রাজর্ষি জনকের কনিষ্ঠ সহোদর কুশধ্বজের কন্যা (রাম)।

মাতঙ্গিনী হাজরা—সুবিখ্যাত মহিলা বিপ্লবী। জন্ম ১২৭৭ বঙ্গাব্দে তমলুক মহকুমার হোগলা গ্রামে। পিতা ঠাকুরদাস মাইতি। স্বামী ত্রিলোচন হাজরা। ১৯৪২ খ্রীষ্টাব্দে 'ভারত ছাড়' আন্দোলনে তিনি যোগদান করেন। মেদিনীপুরে তিনি ৭৩ বৎসর বয়সে সহস্র সহস্র জনগণকে চালনা করিয়া অসীম বীরত্বের পরিচয় দেন ও পুলিসের গুলিতে নিহত হন।

মাতলি—দেবরাজ ইন্দ্রের সারথি। সুধর্মা তাঁহার ভার্যা। তাঁহার কন্যা গুণকেশী।

মাৎসিনি (Mazzini, Giuseppe)—(১৮০৫—১৮৭২ খ্রীঃ)। ইটালীর বিখ্যাত দেশসেবক। জন্ম জেনোয়াতে। ১৮৪৯ খ্রীষ্টাব্দে তিনি রোমীয় সাধারণতন্ত্রের ডিক্টেটর নির্বাচিত হন।

মাদ্রী—রাজা পাণ্ডুর দ্বিতীয়া পত্নী। তিনি মদ্রদেশের রাজকন্যা। অশ্বিনীকুমারদ্বয়ের ঔরসে তাঁহার গর্ভে নকুল ও সহদেব নামে দুই পুত্র জন্মে।

মাধবেন্দ্র পুরী—খ্রীষ্টীয় ১৪শ শতাব্দীর প্রসিদ্ধ বৈষ্ণব কবি। তিনি মহাপ্রভুর দীক্ষাগুরু ঈশ্বর-পুরীর এবং অদ্বৈতাচার্যের গুরু।

মাধাই—চৈতন্যদেবের বিখ্যাত শিষ্য। প্রকৃত নাম মাধব। তিনি নদীয়ায় বাস করিতেন। জগাই তাঁহার ভাই।

মান, টমাস (Mann, Thomas)—(১৮৭৫—১৯৫৫ খ্রীঃ)। প্রসিদ্ধ জার্মান ঔপন্যাসিক। তিনি ১৯২৯ খ্রীষ্টাব্দে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। 'Buddenbrooks', 'The Magic Mountain', 'Dr. Faustus' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

মানকুমারী বসু—(১৮৬৩—১৯৪৩ খ্রীঃ)। মহিলা কবি। জন্মস্থান সাগরদাঁড়ি, যশোহর। পিতা আনন্দমোহন দত্ত চৌধুরী। 'কাব্যকুসুমাঞ্জলি', 'কনকাঞ্জলি', 'সোনার সাথী' ইঃ কাব্যগ্রন্থ তিনি রচনা করেন।

মানবেন্দ্রনাথ রায়—(১৮৮৭—১৯৫৪ খ্রীঃ)। বিখ্যাত বামপন্থী নেতা ও র্যাডিক্যাল ডেমোক্রেটিক পার্টির প্রতিষ্ঠাতা। পূর্বনাম নরেন্দ্রনাথ ভট্টাচার্য। ১৯০৩ খ্রীষ্টাব্দে রাজনৈতিক ডাকাতির মামলায় জড়িত হন। পরে (১৯১৫ খ্রীঃ) আমেরিকায় যান ও 'কমিউনিস্ট ইণ্টারন্যাশনালে'র সদস্য হন। তিনি মস্কোর ইস্টার্ন ইউনিভারসিটির ভারতীয় শাখার সদস্য হন (১৯২৭)। রাশিয়া হইতে বিতাড়িত হইয়া পরে ভারতে আসেন ও কারারুদ্ধ হন। কারামুক্তির পর কংগ্রেসে যোগ দেন কিন্তু পরে (১৯৪০ খ্রীঃ) কংগ্রেস ত্যাগ করেন। তিনি 'New Humanism', 'Power, Politics and Party' প্রঃ বহু গ্রন্থের রচয়িতা।

মানসিংহ—অম্বরের রাজা ভগবান্ দাসের ভ্রাতা জগৎসিংহের পুত্র এবং ভগবান্ দাসের দত্তকপুত্র। সম্রাট্ আকবর তাঁহার পিসীকে এবং যুবরাজ সেলিম তাঁহার ভগিনীকে বিবাহ করেন। অতঃপর তিনি সম্রাট্ আকবরের সেনাপতি হইয়া বঙ্গদেশ হইতে কাবুল পর্যন্ত মোগল-সাম্রাজ্যভুক্ত করিয়াছিলেন। তিনি হলদিঘাটের যুদ্ধে প্রতাপসিংহকে পরাভূত করেন। তিনি যশোহরাধিপতি প্রতাপাদিত্যকে পরাভূত ও বন্দী করেন।

মান্ধাতা—ইক্ষ্বাকুবংশীয় রাজা যুবনাশ্বের পুত্র। মান্ধাতার পুত্র পুরুকুৎস ও মুচুকুন্দ (হরি)।

মামুদ, সুলতান—(৯৭১—১০৩০ খ্রীঃ)। গজনীর রাজা ও বিখ্যাত সেনাপতি। পিতা সবুক্তগীন। মুসলমান ইতিহাসে তিনিই প্রথম 'সুলতান' উপাধি গ্রহণ করেন। তিনি সর্বসুদ্ধ সতের বার ভারত আক্রমণ করেন। ১০২৪ খ্রীষ্টাব্দে গুজরাটের সোমনাথ দেবের মন্দির ধ্বংস করিয়া তিনি বহু মূল্যবান্ দ্রব্য লুণ্ঠন করিয়া লইয়া যান। কবি ফিরদৌসী ও আনসারী এবং বিখ্যাত পণ্ডিত আলবেরুণী তাঁহার রাজসভায় বিদ্যমান ছিলেন।

মায়াদেবী—বুদ্ধদেবের জননী।

মায়াবতী—রতির অপর নাম।

মারীচ—এক রাক্ষস। পিতা সুন্দ, মাতা তাড়কা রাক্ষসী। এই রাক্ষস রাবণের আদেশে স্বর্ণমৃগের রূপ ধারণ করিয়া রামের হস্তে নিহত হইয়াছিল।

মার্ক অ্যাণ্টনী—'অ্যাণ্টনি, মার্ক' দ্রঃ।

মার্কণ্ড—মৃকণ্ড নামে ব্রাহ্মণের পুত্র। তিনি স্বল্পায়ু হইবেন বলিয়া এক জ্যোতিষী জানাইয়া

যান। তখন ব্রহ্মার নিকট হইতে মার্কণ্ডের জন্য মহর্ষিগণ দীর্ঘজীবনের বর চাহিয়া লন (পদ্ম)।

মার্কণ্ডেয়—সুবিখ্যাত ঋষি। পিতা মৃকণ্ডু, মাতা দমোর্ন (ভারত), মূর্ধনা (বায়ু); পুত্র বেদশিরা। মার্কণ্ডেয় মহর্ষির ন্যায় আর কেহ এত দীর্ঘজীবী ছিলেন না।

মার্কারি (Mercury)—জুপিটারের অন্যতম পুত্র। তিনি জুপিটারের দূত ছিলেন (গ্রীক পুঃ)।

মার্কাস অরিলিয়াস (Marcus Aurelius)—'অরিলিয়াস, মার্কাস' দ্রঃ।

মার্কেটর, গার্হার্ড (Mercator Gerhard)—(১৫১২—১৫৯৪ খ্রীঃ)। বিখ্যাত ভূগোলতত্ত্ববিদ্। তিনি 'গ্লোব' (Globe)-এর উদ্ভাবক। অক্ষরেখা ও দ্রাঘিমার সাহায্যে ম্যাপ আঁকিবার পন্থা তিনিই আবিষ্কার করেন।

মার্কোনি, সিনেটর জি. (Marconi, Senator G.)—(১৮৭৪—১৯৩৭ খ্রীঃ)। বিখ্যাত ইতালীয় তড়িৎ-বিজ্ঞানবিদ্। বলোন নগরে জন্ম। ১৮৯৬ খ্রীষ্টাব্দে একটি বেতার-যন্ত্র আবিষ্কার করেন। ১৯০৯ খ্রীষ্টাব্দে তিনি পদার্থ-বিজ্ঞানে 'নোবেল প্রাইজ' পান।

মার্কো পোলো—'পোলো, মার্কো' দ্রঃ।

মার্ক্স্ কার্ল (Marx, Heinrich Karl)—(৫ই মে, ১৮১৮—১৪ই মার্চ, ১৮৮৩ খ্রীঃ)। কমিউনিজম্ বা সাম্যবাদের জনক। জার্মানীর ট্রেভ্স্-এ ইহুদী বংশে তাঁহার জন্ম। নির্বাসিত হইয়া তিনি ব্রাসেল্স্-এ যান ও এঞ্জেল্স্-এর সহযোগে 'Manifesto of the Communist Party' খসড়া করেন। তিনি দেশ হইতে বিতাড়িত হইয়া লণ্ডনে (১৮৪৯ খ্রীঃ) পরবর্তী জীবন কাটান। 'Critique of Political Economy' এইখানে লেখেন। তাঁহার প্রসিদ্ধ পুস্তক 'Das Capital' তাঁহার জীবদ্দশায় বাহির হয় নাই। উহা এঞ্জেল্স্ পরে প্রকাশ করেন।

মার্গারেট, সেণ্ট—(Margaret, St.)—(১০৪৭—১০৯৩ খ্রীঃ)। স্কটল্যাণ্ডের রানী। তিনি অত্যন্ত ধর্মপ্রাণা নারী ছিলেন। তিনি অনেক সৎকার্য করেন বলিয়া ১২৫০ খ্রীষ্টাব্দে তাঁহাকে একজন 'সেণ্ট' বলিয়া গণ্য করা হয়।

মার্ডক, উইলিয়াম (Mardock William)—(১৭৫৪—১৮৩০ খ্রীঃ)। গ্যাসের আবিষ্কারক। জন্ম স্কটল্যাণ্ডের এক নগণ্য পল্লীতে। কয়লা লইয়া পরীক্ষা করিতে করিতে তিনি গ্যাসের আবিষ্কার করেন। গ্যাসের আলোও তিনি আবিষ্কার করেন।

মার্লো, ক্রিস্টোফার (Marlowe, Christopher)—(১৫৬৪—১৫৯৩ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ নাট্যকার। তিনি শেক্সপীয়ারের সমসাময়িক। 'Dr. Faustus', 'Edward II', 'The Jew of Malta', প্রঃ তাঁহার বিখ্যাত রচনা।

মার্শাল, জর্জ (Marshall, George)—(জন্ম ১৮৮০ খ্রীঃ)। বিখ্যাত মার্কিন রাজনীতিক ও 'মার্শাল পরিকল্পনা'র রচয়িতা। পেন্সিল্ভ্যানিয়ার ইউনিয়ন টাউনে জন্ম। তিনি যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র-সচিব (১৯৪৭—৪৯ খ্রীঃ) ও প্রতিরক্ষা সচিব (১৯৫০—৫১ খ্রীঃ) ছিলেন। সমগ্র ইওরোপকে অর্থ দিয়া সাহায্যের জন্য তিনি যে পরিকল্পনার খসড়া করেন, উহা 'মার্শাল প্ল্যান' নামে পৃথিবী-বিখ্যাত।

মার্শম্যান (Marshman, John Clark)—(১৭৯৪—১৮৭৭ খ্রীঃ)। মিশনারী ও প্রাচ্যপণ্ডিত। পিতা রেভারেণ্ড ডক্টর যোশুয়া মার্শম্যানের সহিত ৫ বৎসর বয়সে শ্রীরামপুরে আগমন করেন। তিনি বাঙ্গালা ভাষায় সর্বপ্রথম মাসিক পত্র 'দিগ্দর্শন' বাহির করেন (১৮১৮ খ্রীঃ) এবং সাপ্তাহিক পত্র 'সমাচার-দর্পণের' প্রতিষ্ঠা করেন। 'হিস্টরি অব ইণ্ডিয়া', 'দি লাইফ অ্যাণ্ড টাইম্স্ অব কেরী মার্শম্যান অ্যাণ্ড ওয়ার্ড', 'গাইড টু সিভিল ল ইন দি প্রেসিডেন্সি অব ফোর্ট উইলিয়াম' প্রঃ গ্রন্থ তাঁহার প্রণীত। তাঁহার প্রতিষ্ঠিত 'ফ্রেণ্ড অব ইণ্ডিয়া' এক্ষণে 'স্টেট্স্ম্যানে'র সহিত সম্মিলিত হইয়াছে।

মার্স (Mars)—রণদেবতা। জুনো ও জুপিটারের পুত্র। তিনি ভেনাস দেবীকে ভালবাসিতেন বলিয়া অ্যাপলো ও ভল্কান তাঁহার সহিত শত্রুতা করেন (বৈদে পুঃ)।

মালাধর বসু—(১৫শ শতক)। প্রাচীন কাব্য-রচয়িতা, বর্ধমান জেলার কুলীনগ্রামে জন্ম। গৌড়ের সুলতানের একজন বিশিষ্ট কর্মচারী ছিলেন। তিনি 'শ্রীকৃষ্ণবিজয়' নামে ভাগবতের দশম ও একাদশ স্কন্ধের অনুবাদ বাহির করেন (১৫৭৩ খ্রীঃ)। কবিত্বের জন্য রুকনুদ্দীন বারবক শাহ্ তাঁহাকে 'গুণরাজ খাঁ' উপাধি প্রদান করিয়াছিলেন।

মালিক অম্বর—মোগল-সম্রাট্ জাহাঙ্গীরের রাজত্ব-কালে তিনি দাক্ষিণাত্যে আহ্মদনগরের মন্ত্রী ছিলেন। তিনি জাতিতে হাবসী ছিলেন।

মালিক কাফুর—আলাউদ্দীনের প্রসিদ্ধ সেনাপতি। তিনি প্রথমে গুজরাটের রাজা দ্বিতীয় কর্ণদেবের ক্রীতদাস ছিলেন।

মাল্যবান্—এক রাক্ষস। পিতা সুকেশ, মাতা বেদবতী (রাম)।

মিডিয়া (Medea)—এক গ্রীক রাজকন্যা। তিনি জেসনকে স্বর্ণময় মেষলোম গ্রহণ করিতে সাহায্য করেন। অতঃপর তিনি তাঁহার পত্নী হন (গ্রীক পুঃ)।

মিডিয়ুসা (Medusa)—দানবী বিঃ। তিনি পার্সিয়ুস (Perseus) কর্তৃক নিহত হন (গ্রীক পুঃ)।

মিণ্টো, লর্ড (Minto, Lord)—১। (১৭৫১—১৮১৪ খ্রীঃ)। ভারতের ভূতপূর্ব বড়লাট (১৮০৭—১৮১৩ খ্রীঃ)। প্রকৃত নাম জর্জ এলিয়ট। রণজিৎ সিংহের সহিত সন্ধিস্থাপন, কালঞ্জরদুর্গ

অধিকার, কলিকাতা হইতে বারাকপুর পর্যন্ত ট্রাঙ্ক রোড নির্মাণ তাঁহার শাসনকালের উল্লেখযোগ্য ঘটনা। ২। (১৮৪৫—১৯১৪ খ্রীঃ)। ভারতের বড়লাট (১৯০৫—১৯১০ খ্রীঃ)। ব্যবস্থাপক সভাগুলির সংস্কার এবং তাহাতে অধিকসংখ্যক ভারতবাসীকে গ্রহণ এবং ভারত সরকারের শাসন-পরিষদে সার এস্. পি. সিংহকে সচিবরূপে নিয়োগ তাঁহার শাসনকালের উল্লেখযোগ্য ঘটনা।

মিনার্ভা (Minerva)—জ্ঞান, যুদ্ধবিগ্রহ ও চারু-শিল্পের দেবী। পিতা জুপিটার। তিনি দেবদাসী ও চিরকুমারী (বৈদে পুঃ)।

মিনোটর (Minotaur)—বৃষের ন্যায় মস্তক ও মানবের ন্যায় দেহাবশিষ্ট দৈত্য (গ্রীক পুঃ)।

মিল, জন স্টুয়ার্ট (Mill, John Stuart)—(১৮০৬—১৮৭৩ খ্রীঃ)। প্রসিদ্ধ ইংরেজ দার্শনিক। তিনি ফরাসী দার্শনিক কোঁতের (Comte) মতাবলম্বী ছিলেন। তাঁহার অন্যান্য পুস্তকমধ্যে 'প্রিন্সিপ্‌ল্‌স্ অব পোলিটিক্যাল ইকনমি' এবং 'এসে অন লিবার্টি' বিশেষ প্রসিদ্ধ। ১৮৪৩ খ্রীষ্টাব্দে তিনি তাঁহার বিখ্যাত ন্যায়-গ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন।

মিল্টন, জন (Milton, John)—(১৬০৮—১৬৭৪ খ্রীঃ)। প্রসিদ্ধ ইংরেজ কবি। ১৬৫২ খ্রীষ্টাব্দে তিনি সম্পূর্ণরূপে অন্ধ হন। তিনি প্রসিদ্ধ 'প্যারাডাইজ লস্ট', 'প্যারাডাইজ রিগেণ্ড', এবং স্যাম্‌সন্ অ্যাগোনিস্টেস'-নামক তিনটি গ্রন্থ রচনা করেন। মুদ্রাযন্ত্রের স্বাধীনতা সম্বন্ধে তাঁহার পুস্তক 'Areopagitica' (১৬৪৫ খ্রীঃ) বিশেষ প্রসিদ্ধ।

মিস্ত্রাল, জি (Mistral, G.)—জন্ম ১৮৮৯ খ্রীঃ। চিলিদেশীয় মহিলা কবি। ১৯৪৫ খ্রীষ্টাব্দে তিনি সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।

মিস্ত্রাল, ফ্রেডারিক (Mistral, Frederic)—১৮৩০—১৯১৪ খ্রীঃ)। ফরাসী কবি ও লেখক। ১৯০৫ খ্রীষ্টাব্দে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।

মীর কাসিম—(শাসনকাল ১৭৬০—১৭৬৪ খ্রীঃ)। বাঙ্গালার নবাব। নবাব মীর জাফরের জামাতা। ইংরেজের সাহায্যে তিনি নবাবি লাভ করেন। তিনি ইংরেজের কর্তৃত্ব পছন্দ করিতেন না। তিনি ইংরেজের সঙ্গে যে সকল যুদ্ধ করেন তন্মধ্যে উধুয়ানালার যুদ্ধ অন্যতম। অতঃপর তিনি অযোধ্যার নবাব সুজাউদ্দৌলা ও মোগলসম্রাট্ শাহ্ আলমের সঙ্গে মিলিত হইয়া ১৭৬৪ খ্রীষ্টাব্দে বক্সারে পুনরায় ইংরেজের সহিত যুদ্ধ করেন। ঐ যুদ্ধে পরাভূত হইয়া তিনি নিরুদ্দেশ হন।

মীর জাফর—(শাসনকাল ১৭৫৭—১৭৬০ খ্রীঃ)। নবাব সিরাজদ্দৌলার সেনাপতি ও পরে মুর্শিদাবাদের নবাব। পলাশীর যুদ্ধের পরে মুর্শিদাবাদের নবাবি পান (১৭৫৭ খ্রীঃ)। কিন্তু ইস্ট ইণ্ডিয়া কোম্পানিকে অর্থদানে সন্তুষ্ট রাখিতে না পারায় ১৭৬০ খ্রীষ্টাব্দে তাঁহার নবাবি যায়। ১৭৮৩ খ্রীষ্টাব্দে মীর কাসিমের সহিত ইংরেজদের বিরোধ উপস্থিত হইলে তিনি পুনরায় নবাব হইয়া অনতিকাল পরেই মারা যান।

মীর জুমলা—(?—১৬৬৩ খ্রীঃ)। পারস্যদেশীয় বণিক্। বাণিজ্য ব্যাপারে ভারতে আসিয়া সম্রাট্ আওরঙ্গজেবের প্রিয়পাত্র হন এবং তদীয় সেনাপতির পদ লাভ করেন। পরে তিনি বাঙ্গালার সুবাদার হন।

মীর মদন—সিরাজদ্দৌলার সেনাপতি। মোহনলাল তাঁহার সহকারী ছিলেন। পলাশীর যুদ্ধক্ষেত্রে এই বীর যুবক প্রাণদান করেন।

মীর মশার্‌রফ হোসেন—(১৩ই নভেম্বর, ১৮৪৭—১৯১১ খ্রীঃ ?)। বিখ্যাত সাহিত্যিক। জন্মস্থান লাহিনীপাড়া, নদীয়া। পিতা মুয়াসুফ হোসেন। কাঙাল হরিনাথ তাঁহার সাহিত্যগুরু। তাঁহার সর্বশ্রেষ্ঠ গ্রন্থ 'বিষাদসিন্ধু'। এ ছাড়া 'জমিদার দর্পণ' (নাটক), 'উদাসীন পথিকের মনের কথা' (উপন্যাস) ইঃ গ্রন্থ আছে।

মীরাবাঈ—(১৫শ শতক)। ধর্মপরায়ণা রাজপুত রমণী। তিনি রাঠোরবংশের কন্যা। মেবারের রাজা রানা কুম্ভের সহিত তাঁহার বিবাহ হয়। তিনি অত্যন্ত বিষ্ণুভক্ত ছিলেন। তীর্থ পর্যটনে বাহির হইয়া তিনি দ্বারকায় আসিয়া প্রাণত্যাগ করেন। তিনি একজন সুগায়িকা ছিলেন। তাঁহার রচিত ভজনগানগুলি ভক্তজনের আদরের সামগ্রী।

মীরা বেন (Mira Ben)—(জন্ম ১৮৯২ খ্রীঃ)। মহাত্মা গান্ধীর ইংরেজ শিষ্যা। প্রকৃত নাম মিস্ ম্যাডেলিন স্লেড (Madeleine Slade)। পিতা অ্যাড্‌মিরাল এড্‌মণ্ড স্লেড (Edmond Slade)। তিনি রোমাঁ রোলাঁর সংস্পর্শে আসিয়া তাঁহার লিখিত 'মহাত্মা গান্ধী'-নামক পুস্তক পাঠ করিয়া গান্ধীজীর শিষ্যা হন।

মুকুন্দরাম চক্রবর্তী, কবিকঙ্কণ—(১৬শ শতক)। চণ্ডীকাব্য রচয়িতা। বর্ধমানের দামুন্যা গ্রামে জন্ম। পিতা হৃদয় মিশ্র। তিনি মেদিনীপুরের আড়রার রাজা বাঁকুড়া দেবের পুত্রের শিক্ষক হন। এখানেই তিনি চণ্ডীকাব্য রচনা করেন। এই রাজার নিকট হইতেই তিনি 'কবিকঙ্কণ' উপাধি পান। তাঁহার কাব্য 'কবিকঙ্কণ চণ্ডী' নামে খ্যাত।

মুকুন্দ রায়—(১৬শ শতক)। ফরিদপুরের নিকটে ভূষণার বিখ্যাত বীর রাজা। তাঁহার জীবনের শেষভাগে কেদার রায়ের সঙ্গে দ্বন্দ্ব হইয়াছিল বলিয়া মনে হয়। তাঁহার পুত্রের নাম শত্রুজিৎ।

মুকুলজি—মেবারের রানা লক্ষের পুত্র। তাঁহার বৈমাত্রেয় ভ্রাতা চণ্ড। সত্যরক্ষার জন্য চণ্ড সিংহাসন ত্যাগ করিলে তিনি পিতার মৃত্যুর পর মেবারের রানা হন।

মচুকুন্দ—মান্ধাতার পুত্র। শ্রীকৃষ্ণের কৌশলে

পড়িয়া কালযবন তাঁহার নিদ্রাভঙ্গ করিলে তিনি তাহাকে ভস্মীভূত করিয়া ফেলেন।

মুঞ্জে, ডাঃ বি. এস. (Moonje, Dr. B. S.)—হিন্দু নেতা ও দেশকর্মী। তিনি হিন্দু মহাসভার সভাপতি ছিলেন। তিনি আইন-অমান্য আন্দোলনে যোগদান করেন এবং কিছুকালের জন্য কারাভোগ করেন। হিন্দুদের সামরিক শিক্ষা দিবার জন্য তাঁহার উদ্যম প্রশংসনীয়।

মুর, টমাস (Moore, Thomas)—১। (১৭৭৯—১৮৫২ খ্রীঃ)। আয়ার্ল্যাণ্ডের সর্বশ্রেষ্ঠ কবি। তিনি ইংলণ্ডের কবি লর্ড বায়রনের বন্ধু ছিলেন। তিনি লর্ড বায়রনের জীবনীও লেখেন। 'Irish Melodies', 'The Epicurian' প্রঃ তাঁহার রচিত পুস্তক। ২। (More, Sir Thomas)—(১৪৭৮—১৫৩৫ খ্রীঃ)। ইংরেজ রাজনীতিক। ইংলণ্ডের রাজা অষ্টম হেনরীর আমলে Lord Chancellor হন, কিন্তু ধর্মবিষয়ে রাজার কর্তৃত্ব শপথ করিয়া স্বীকার করেন নাই বলিয়া তাঁহার প্রাণদণ্ড হয। 'Utopia' নামে তাঁহার রচিত বিশ্ববিখ্যাত গ্রন্থখানি তাঁহাকে অমর করিয়া রাখিবে।

মুরাদ—আকবরের দ্বিতীয় পুত্র। পিতার জীবিতকালেই তাঁহার মৃত্যু হয়।

মুরাদ বক্স—শাহ্‌জাহানের কনিষ্ঠ পুত্র। আওরঙ্গজেব বিশ্বাসঘাতকতা করিয়া তাঁহাকে বন্দী করেন এবং পরে মারিয়া ফেলেন।

মুরারি গুপ্ত—বিখ্যাত গৌরভক্ত কবি। শ্রীহট্টে তাঁহার জন্ম। পিতা অচ্যুতানন্দ। তিনি নবদ্বীপে চৈতন্যদেবের সহপাঠী ও সঙ্গী ছিলেন। তিনি সংস্কৃত ভাষায় 'শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃত' নামে 'চৈতন্য-চরিত' রচনা করেন। ইহা 'মুরারি গুপ্তের কড়চা' নামে খ্যাত।

মুরারি মিশ্র—তিনি 'অনর্ঘরাঘবম্' নামে একখানি সংস্কৃত নাটক প্রকাশ করেন।

মুরারিমোহন গুপ্ত—(? ১১২৮—১৩০৮ বঙ্গাব্দ)। জন্মস্থান মণিপুর। প্রসিদ্ধ মৃদঙ্গবাদক। পিতা কবিরাজ মধুসূদন গুপ্ত। প্রসিদ্ধ মৃদঙ্গবাদক দুর্লভচন্দ্র ভট্টাচার্য তাঁহারই ছাত্র ছিলেন।

মুর্শিদকুলি খাঁ—(—১৭২৫ খ্রীঃ ?)। মুসলমান যুগে বাংলার সুবাদার। তিনি বাংলার প্রাদেশিক শাসনকর্তা নিযুক্ত হন (১৭০৩—১৭০৪ খ্রীঃ)। তিনি বাংলার রাজধানী ঢাকা হইতে মুর্শিদাবাদে স্থানান্তরিত করেন।

মুলুকরাজ আনন্দ—(জন্ম ১৯০৩ খ্রীঃ)। বিখ্যাত সাহিত্যিক। ১৯৬৫ খ্রীষ্টাব্দে তিনি ললিতকলা আকাদমীর সভাপতি নির্বাচিত হন। 'Two Leaves and a Bud', 'Untouchable', 'Coolie' প্রভৃতি তাঁহার রচিত।

মুসা (মোজেস—Moses)—(খ্রীঃ পূঃ ১৫৭১—১৪৫১)। ইহুদীদের ধর্মপ্রচারক। মিশরে তাঁহার জন্ম। তিনি ঈশ্বরের আদেশে সিনাই পর্বতে আরোহণ করিলে ঈশ্বর তাঁহাকে ইহুদীদিগের পালনের জন্য কতকগুলি ধর্মবিধি বলিয়া দেন। ইহাই বাইবেলে দশাজ্ঞা (Ten Commandments) নামে খ্যাত।

মুসোলিনী, সিনর বেনিটো (Mussolini, Signor Benito)—(২৯শে জুলাই, ১৮৮৩—১৯৪৫ খ্রীঃ)। ইটালীর ডিক্টেটার ও ফ্যাসিস্ট দলের নেতা। ইটালীর ভেরিয়ার প্রিদাপ্পিও গ্রামে জন্ম। পিতার নাম আলেসান্দ্রো। ১৯১৭ খ্রীষ্টাব্দে তিনি ফ্যাসিস্ট পার্টি গঠন করেন। ১৯২২ খ্রীষ্টাব্দে তিনি প্রধান মন্ত্রী হন। তাঁহার প্ররোচনায় ইটালী আবিসিনিয়া অধিকার করে। তাঁহার প্রচেষ্টাতেই ইটালী প্রথম বিশ্বযুদ্ধে মিত্রশক্তির সঙ্গে যোগদান করে। ১৯৪০ খ্রীষ্টাব্দে তাঁহার নির্দেশে ইটালী জার্মানীর সঙ্গে যোগ দিয়া ব্রিটেন ও ফ্রান্সের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। পরে তিনি মিত্রশক্তির নিকট পরাজিত হন। অতঃপর তিনি পদচ্যুত ও বন্দী হন (২৫শে জুলাই, ১৯৪৩ খ্রীঃ)। কিন্তু কিছুকাল পরেই জার্মাণগণ কর্তৃক মুক্ত হইয়া ইটালীর শাসনভার গ্রহণ করেন। দুই বৎসর পরে তিনি আততায়ী কর্তৃক নিহত হন।

মৃত্যুঞ্জয় বিদ্যালংকার—(?—১৮১০ খ্রীঃ)। প্রসিদ্ধ পণ্ডিত। তিনি ফোর্ট উইলিয়াম কলেজে ইংরেজদিগকে বঙ্গভাষা শিক্ষা দিতেন। তিনি কয়েকখানি বাংলা গদ্যগ্রন্থ প্রণয়ন করেন। তন্মধ্যে 'প্রবোধচন্দ্রিকা' সর্বাপেক্ষা উল্লেখযোগ্য।

মেকলে, টমাস ব্যাবিংটন, লর্ড (Macaulay, Thomas Babington, Lord)—(১৮০০—১৮৫৯ খ্রীঃ)। ভিক্টোরিয়াযুগের বিখ্যাত ইংরেজ ঐতিহাসিক ও কবি। 'Essays', 'Lays of Ancient Rome', 'History of England' প্রঃ তাঁহার রচিত পুস্তক। তিনি অত্যন্ত ভারতবিদ্বেষী ছিলেন।

মেকিয়াভেলি, নিকোলো (Machiavelli, Niccolo)—(১৪৬৯—১৫২৭ খ্রীঃ)। ফ্লোরেন্স নিবাসী বিখ্যাত রাজনীতিবিশারদ ও ঐতিহাসিক। তাঁহার লিখিত 'The Prince'-নামক পুস্তকখানি জগদ্বিখ্যাত।

মেগাস্থিনিস (Megasthenes)—চন্দ্রগুপ্ত মৌর্যের সভায় প্রেরিত আলেকজাণ্ডারের সেনাপতি সেলুকাসের দূত। তাঁহার লিখিত বিবরণ হইতে সেকালের রাজনৈতিক ও সামাজিক অবস্থা অবগত হওয়া যায়।

মেঘনাদ—ইন্দ্রজিৎ (তাহা দ্রঃ)।

মেঘনাদ সাহা, ডাঃ—(১৮৯৩—১৯৫৬ খ্রীঃ)। সুবিখ্যাত বাঙ্গালী বিজ্ঞানী। ঢাকা জেলায় জন্ম। পিতা যোগেন্দ্রনাথ। তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের 'পালিত অধ্যাপক' হন। তিনি ভারতীয় বিজ্ঞান কংগ্রেসের ভূতপূর্ব সভাপতি (১৯৩৪) ও 'সায়েন্স অ্যাণ্ড কাল্‌চার' পত্রিকার প্রতিষ্ঠাতা ও সম্পাদক ছিলেন।

মেচনিকফ, ইলিয়া (Mechnikov, Ilya)—(১৮৪৫

—১৯১৬ খ্রীঃ)। বিখ্যাত রুশীয় প্রাণিতত্ত্ববিদ্‌। ১৯০৮ খ্রীষ্টাব্দে তিনি ভৈষজ্যতত্ত্বের গবেষণা করিয়া 'নোবেল পুরস্কার' প্রাপ্ত হন।

মেটকাফ, চার্লস্‌ (Metcalfe, Sir Charles)—(১৭৮৫—১৮৪৬ খ্রীঃ)। ভারতের ভূতপূর্ব বড়লাট (১৮৩৫ খ্রীঃ)। তিনিই দেশীয় মুদ্রাযন্ত্রের স্বাধীনতা প্রদান করিয়াছিলেন।

মেটারলিঙ্ক, কাউন্ট মরিস (Maeterlinck, Count Maurice)—(১৮৬২—১৯৪৯ খ্রীঃ)। বেলজিয়ামের প্রসিদ্ধ কবি ও নাট্যকার। তাঁহাকে বেলজিয়ামের শেক্‌স্‌পীয়র বলা হইয়া থাকে। 'La Princesse Maleinne', 'Palleas et Melisande', 'L' 'Gisean Blen' প্রভৃতি তাঁহার বিখ্যাত রচনা। ১৯১১ খ্রীষ্টাব্দে তিনি 'নোবেল প্রাইজ' পান।

মেণ্টর (Mentor)—ইউলিসিসের পুত্র টেলিমেকাসের শিক্ষক (গ্রীক পুঃ)।

মেনকা—পার্বতীর মাতা ও গিরিরাজ হিমালয়ের পত্নী (লিঙ্গ)।

মেনা হাতি—রাজা সীতারাম রায়ের মহাবল সেনাপতি। নবাব-সৈন্যের সহিত যুদ্ধে তিনি নিহত হন।

মেনেলাউস (Menelaus)—স্পার্টার রাজা। তাঁহার ভ্রাতা অ্যাগামেমনন (Agamemnon)। তিনি হেলেনের স্বামী (গ্রীক পুঃ)।

মেয়ো, লর্ড (Mayo, Lord)—(১৮২২—১৮৭২ খ্রীষ্টাব্দ)। ভারতের ভূতপূর্ব বড়লাট। ১৮৭২ খ্রীষ্টাব্দে তিনি আন্দামানে গমন করেন এবং শের আলি নামে এক অন্তরীণ মুসলমান কর্তৃক ছুরিকাঘাতে নিহত হন।

মেরিয়া টেরেসা (Maria Theresa)—(১৭১৭—১৭৮০ খ্রীঃ)। জার্মানীর সম্রাজ্ঞী। তাঁহার পিতা ষষ্ঠ চার্লস্‌। সিংহাসন লইয়া তাঁহার সহিত অন্যান্য রাজার যে যুদ্ধ হয়, তাহা 'War of the Austrian Succession' নামে ইতিহাসে প্রসিদ্ধ।

মেরিয়া, লুইসা (Maria, Lousia)—(১৭৯১—১৮৪৭ খ্রীঃ)। অস্ট্রিয়ার রাজা ১ম ফ্রান্সিসের কন্যা। নেপোলিয়ন বোনাপার্টের সহিত তাঁহার বিবাহ হয়।

মেরিয়াস কেয়াস (Marius Caius)—(খ্রীঃ পূঃ ১৫৫—৮৬)। রোমের সুপ্রসিদ্ধ সেনাপতি ও কন্‌সাল। তিনি ছয়বার কন্‌সাল হন। তিনি খ্রীষ্টপূর্ব ১১৪ অব্দে স্পেনের Propraetor নিযুক্ত হন।

মেরী (Mary, Queen of Scots)—(১৫৪২—১৫৮৭ খ্রীঃ)। স্কট্‌ল্যাণ্ডের রাজকন্যা ও রানী এলিজাবেথের প্রতিদ্বন্দ্বিনী। স্কট্‌ল্যাণ্ডের ৫ম জেম্‌সের কন্যা। ২য় ফ্রান্সিসের সহিত তাঁহার বিবাহ হয় এবং ফলে তিনি ফ্রান্সের রাজমহিষী হন। স্বামীর মৃত্যুর পর লর্ড ডার্নলের সহিত পরিণয়সূত্রে আবদ্ধ হন। ডার্নলে নিহত হইলে (১৫৬৭ খ্রীঃ) তিনি লর্ড বথওয়েলকে বিবাহ করেন। 'ব্যাবিংটন ষড়যন্ত্রে' লিপ্ত ছিলেন বলিয়া অভিযুক্ত হইয়া তিনি প্রাণদণ্ডে দণ্ডিত হন (১৫৮৬ খ্রীঃ)।

মেরী, ১ম (Mary I)—(১৫১৬—১৫৫৮ খ্রীঃ)। ইংলণ্ডের রানী। অষ্টম হেন্‌রীর ঔরসে ক্যাথারিনের গর্ভে তাঁহার জন্ম হয়। ১৫৫৩ খ্রীষ্টাব্দে তিনি ইংলণ্ডের সিংহাসনে আরোহণ করেন' স্পেনের রাজা ২য় ফিলিপের সহিত পর বৎসর তাহার বিবাহ হয়।

মেরী, ২য় (Mary II)—(১৬৬২—১৬৯৪ খ্রীঃ)। তিনি ইংলণ্ডের রানী ও ২য় জেম্‌সের কন্যা। প্রিন্স অব অরেঞ্জ উইলিয়ামকে বিবাহ করিয়া তিনি ১৬৮৮ খ্রীষ্টাব্দে স্বামীর সহিত গ্রেট ব্রিটেনের সিংহাসনে আরোহণ করেন।

মেরী আণ্টোয়ানেট (Marie Antoinettee)—(১৭৫৫—১৭৯৩ খ্রীঃ)। ফরাসী-সম্রাট্‌ ষোড়শ লুই-এর পত্নী। তিনি সম্রাট্‌ ১ম ফ্রান্সিসের কন্যা। ফরাসী বিপ্লবের সময়ে ধৃত হইয়া তিনি নিহত হন।

মেরী, কুমারী (Mary, Virgin)—খ্রীষ্টধর্মের প্রবর্তক যীশুখ্রীষ্টের মাতা। কুমারী অবস্থায় তাঁহার গর্ভে যীশুর জন্ম হয়।

মেস্‌ফিল্ড, জন এড্‌ওয়ার্ড (Masefield, John Edward)—(জন্ম ১৮৭৮ খ্রীঃ)। ইংরেজ কবি, নাট্যকার ও ঔপন্যাসিক। তিনি ১৯৩০ খ্রীষ্টাব্দে রাজকবি হন। তাঁহার 'Salt Water Ballads', 'The Everlastin Mercy', প্রঃ রচনা প্রসিদ্ধ। তাঁহার 'Good Friday', 'Pompey the Great'-নামক নাটক এবং 'Captain Margaret', 'The Hawbucks' প্রঃ উপন্যাস প্রসিদ্ধ।

মেস্‌মের, ফ্রিডরিক আনটোম (Mesmer, Friedrich Antom)—(১৭৩৩—১৮১৫ খ্রীঃ)। জার্মান ডাক্তার। তিনি সম্মোহনবিদ্যার উদ্ভাবন করেন এবং এই বিদ্যার সাহায্যে বহু রোগ আরোগ্য করেন।

মোজার্ট, উল্‌ফ্‌গাঙ অ্যামেডিউস (Mozart, Wolfgang Amadeus)—(১৭৫৬—১৭৯১ খ্রীঃ)। অস্ট্রিয়াবাসী সুপ্রসিদ্ধ সুরকার ও গীত-রচয়িতা। জন্ম সালজবুর্গ-নামক স্থানে। 'The Impresario', 'The Marriage of Figass' ইঃ তাঁহার বিখ্যাত সুর-রচনা।

মোহনপ্রসাদ—ওয়ারেন হেস্টিংসের সময়ের লোক। তিনি মহারাজ নন্দকুমারের নামে জাল করার অভিযোগ আনয়ন করেন।

মোহনলাল, মহারাজ—(১৮শ শতক) সিরাজদ্দৌলার অতি বিশ্বস্ত সেনাপতি। পলাশীর যুদ্ধে তিনি অদ্ভুত বীরত্ব প্রদর্শন করেন। পরে তিনি শত্রু-হস্তে বিনষ্ট হন।

মোহিতলাল মজুমদার—(১৮৮৮—১৯৫২ খ্রীঃ)। সুবিখ্যাত কবি ও সাহিত্যসমালোচক। জন্মস্থান কাঁচড়াপাড়া। পৈতৃক নিবাস হুগলী জেলার বলাগড়। তিনি বঙ্কিমচন্দ্র-সম্পাদিত 'বঙ্গদর্শন' পত্রিকা তৃতীয় পর্যায়ে প্রকাশ ও সম্পাদনা করেন।

'স্বপনপসারী', 'বিস্মরণী', 'স্মরগরল', 'সাহিত্য-বিতান', 'রবি-প্রদক্ষিণ', 'কবি শ্রীমধুসূদন' ইঃ তাঁহার রচিত গ্রন্থ।

মোঁপাসাঁ (Maupassant, Guy de)—(১৮৫০—১৮৯৩ খ্রীঃ)। প্রখ্যাত ফরাসী কথা-সাহিত্যিক ও ছোট গল্পলেখক। 'Boule deuf' তাঁহার ছোট-গল্পের সর্বশ্রেষ্ঠ পুস্তক। 'Bel Ami', 'Une Vie' ইঃ তাঁহার অন্যান্য উল্লেখযোগ্য রচনা।

ম্যাক্‌ডোনাল্ড, র‍্যাম্‌জে (MacDonald, Ramsay)—(১৮৬৬—১৯৩৭ খ্রীঃ)। ইংলণ্ডের ভূতপূর্ব প্রধান মন্ত্রী। তিনি স্কট্‌ল্যাণ্ডের লোক। ১৯২৪ খ্রীষ্টাব্দে তিনি প্রধান মন্ত্রী হন। ১৯২৯ খ্রীষ্টাব্দে তিনি পুনরায় প্রধান মন্ত্রী হন। 'Socialism and Society', 'The Awakening of India', 'Parliament and Revolution' প্রঃ তাঁহার রচিত গ্রন্থ।

ম্যাক্‌বেথ (Macbeth)—(?—১০৫৭ খ্রীঃ)। স্কট্‌ল্যাণ্ডের রাজা। তিনি ডান্‌কানকে হত্যা করিয়া রাজা হন (১০৪০ খ্রীঃ)। ডান্‌কানের পুত্র তৃতীয় ম্যালকল্‌ম (Malcolm) কর্তৃক তিনি নিহত হন।

ম্যাক্সমূলার—(১৮২৩—১৯০০ খ্রীঃ)। বিখ্যাত ভাষাতত্ত্ববিদ্‌ জার্মান পণ্ডিত। পূর্ণ নাম ফ্রেড্‌রিক ম্যাক্সিমিলান মূলার (Friedrich Maximilian Muller)। Dessaw নগরে জন্ম। তিনি সায়নাচার্যের ভাষ্য সহিত ঋগ্বেদের এক-খানি সংস্করণ প্রকাশ করেন তিনি অক্সফোর্ডে আধুনিক ভাষার অধ্যাপক নিযুক্ত হন। সংস্কৃত ভাষা সম্বন্ধে তাঁহার অগাধ পাণ্ডিত্য ছিল। 'History of Ancient Sanskrit Literature', 'Sacred Books of the Past', 'Science of Languages' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

ম্যাক্সিম গর্কী—'গর্কী, ম্যাক্সিম' দ্রঃ।

ম্যাগেলান, ফার্ডিন্যান্ড (Magellan, Ferdinand)—(১৪৮০—১৫২১ খ্রীঃ)। বিখ্যাত পোর্তুগিজ নাবিক। ১৫১৯ খ্রীষ্টাব্দে যে অভিযাত্রীর দল জাহাজে করিয়া পৃথিবী পরিভ্রমণ করিয়া আসে, তিনি সেই অভিযানের অধিনায়ক ছিলেন।

ম্যাটিল্ডা (Matilda)—(১১০২—১১৬৪ খ্রীঃ)। ইংলণ্ডের রানী। তিনি ১ম হেন্‌রীর কন্যা। ১১৪১ খ্রীষ্টাব্দে তিনি লিঙ্কনের যুদ্ধে হেন্‌রীর ভ্রাতুষ্পুত্র স্টিফেনকে পরাজিত করিয়া ইংলণ্ডের সিংহাসন অধিকার করেন।

ম্যালথাস, টমাস রবার্ট (Malthus, Thomas Robert)—(১৭৬৬—১৮৩৪ খ্রীঃ)। ইংরেজ পাদ্রী, রাজনীতিক ও অর্থশাস্ত্রবিদ্‌ পণ্ডিত। জনসংখ্যা-নিয়ন্ত্রণ সম্বন্ধে তিনি যে মতবাদ প্রকাশ করেন তাহা বিশিষ্ট পণ্ডিতদের মধ্যে তুমুল বাদবিতণ্ডার সৃষ্টি করে।

ম্যাসারিক, টমাস (Masaryk, Thomas)—(১৮৫০—১৯৩৭ খ্রীঃ)। চেকোশ্লোভেকিয়ার ভূতপূর্ব সভাপতি। চেকগণতন্ত্রের তিনিই প্রথম সভাপতি (১৯১৮ খ্রীঃ)।

য

যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়—(১৮৫৯—১৯২৫ খ্রীঃ)। পৈতৃক বাসস্থান হুগলী জেলার বেলেশিখরা গ্রাম। 'হিতবাদী' পত্রিকার আরম্ভ হইতে বহু-কাল তিনি তাহার সম্পাদক ছিলেন। তিনি টডের 'রাজস্থানের' বঙ্গানুবাদ, কাশীখণ্ড, মহাভারত, নারদীয় পুরাণ, শ্রীমদ্ভাগবত ও বরাহপুরাণের বঙ্গানুবাদ, 'বীরমালা', 'রক্তদন্তা' বা 'আমাদনগর পতন', 'জয়াবতী' ইত্যাদি বহু গ্রন্থ রচনা করেন।

যতীন্দ্রনাথ দাস—(১৯০৪, ১৩ই সেপ্টেম্বর,—১৯২৯ খ্রীঃ)। সুবিখ্যাত দেশসেবক। পিতা বঙ্কিমবিহারী দাস। তিনি লাহোর ষড়্‌যন্ত্র মামলার আসামী হিসাবে কারারুদ্ধ হন। কারা-রুদ্ধ বিপ্লবীদের কতকগুলি দাবি কর্তৃপক্ষ মানিয়া না লওয়াতে অন্যান্য সঙ্গীদের সঙ্গে তিনি অনশন আরম্ভ করেন এবং ৬৩ দিন এক-টানা উপবাসে থাকিয়া মৃত্যুবরণ করেন।

যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় (বাঘা যতীন)—(৯ই সেপ্টেম্বর, ১৮৮০—১৯১৫ খ্রীঃ)। সুবিখ্যাত বিপ্লবী। কুষ্টিয়া মহকুমার কয়া গ্রামে জন্ম। পিতা উমেশচন্দ্র। কুষ্টিয়ায় ছোরার আঘাতে একটি বাঘ মারেন বলিয়া তাঁহার নাম 'বাঘা যতীন' হয়। কানাইলালের ফাঁসির পর যতীন্দ্র-নাথই তৎকালীন অবিভক্ত বঙ্গদেশে বিপ্লবী দলের নেতৃত্ব করেন। তিনি জাপান ও জার্মানী হইতে অস্ত্রাদি আনিয়া ইংরেজদের সহিত যুদ্ধ করিবার পরিকল্পনায় অংশ গ্রহণ করেন। পুলিস সকল পরিকল্পনাই ধরিয়া ফেলে এবং বালেশ্বরের যতীন্দ্রনাথ যেখানে চারিজন সঙ্গীর সঙ্গে ছিলেন, তাহা ঘেরাও করিয়া ফেলে। এখানে যতীন্দ্রনাথ ট্রেঞ্চে থাকিয়া পুলিসের সঙ্গে যে যুদ্ধ করিয়াছিলেন তাহাই কোপতিপোদার যুদ্ধ নামে খ্যাত। এইস্থলে আহত হইয়া তিনি বালেশ্বর হাসপাতালে মারা যান।

যতীন্দ্রনাথ সেনগুপ্ত—(১৮৮৭—১৯৫৪ খ্রীঃ)। প্রসিদ্ধ কবি। বর্ধমানের পাতিলপাড়ায় মাতুলা-লয়ে জন্ম। 'মরীচিকা', 'মরুশিখা', 'ত্রিযামা', 'সায়ম্‌', 'মরুমায়া' প্রঃ পুস্তকের রচয়িতা।

যতীন্দ্রমোহন ঠাকুর, মহারাজা, স্যার—(১৮৩১—

১৯০৮ খ্রীঃ)। দানবীর ও বিদ্যোৎসাহী রাজা। কলিকাতার পাথুরিয়াঘাটার বিখ্যাত জমিদারবংশে জন্ম। পিতা হরকুমার ঠাকুর, মাতা শিবসুন্দরী দেবী। তাঁহার চেষ্টাতেই এদেশে প্রথম থিয়েটারের সূত্রপাত হয়। 'Settled Estates Act' তাঁহার উৎসাহেই এদেশে প্রচলিত হয়। তাঁহার উৎসাহেই মাইকেল 'তিলোত্তমাসম্ভব কাব্য' রচনা করেন এবং তিনিই সেই কাব্য নিজ ব্যয়ে মুদ্রিত করেন।

যতীন্দ্রমোহন বাগচী—(২৭শে নভেম্বর, ১৮৭৮—১লা ফেব্রুয়ারি, ১৯৪৮ খ্রীঃ)। সুবিখ্যাত কবি। নিবাস জমসেরপুর, নদীয়া। 'লেখা', 'রেখা', 'অপরাজিতা', 'মহাভারতী', 'কাব্য-মালঞ্চ', 'নাগ-কেশর' ইঃ তাঁহার রচিত কাব্যগ্রন্থ।

যতীন্দ্রমোহন সেনগুপ্ত—(১৮৮৫—১৯৩৩ খ্রীঃ)। বিখ্যাত দেশকর্মী। জন্মস্থান চট্টগ্রাম জেলার বরমা গ্রাম। পিতা যাত্রামোহন সেনগুপ্ত, মাতা বিনোদিনী দেবী। তিনি কেম্ব্রিজ হইতে বি. এ. (১৯০৮ খ্রীঃ) পাস দিয়া ১৯০৯ খ্রীষ্টাব্দে ব্যারিস্টার পরীক্ষায় উত্তীর্ণ হন। ঐ বৎসরই তিনি নেলী গ্রে নামে এক ইংরেজ মহিলাকে বিবাহ করেন। ১৯২৫—৩০ খ্রীঃ পর্যন্ত তিনি পাঁচবার কলিকাতা কর্পোরেশনের মেয়র হইয়াছিলেন। চিত্তরঞ্জনের মৃত্যুর পর হইতে ১৯২৯ খ্রীঃ পর্যন্ত তিনি বঙ্গীয় প্রাদেশিক রাষ্ট্রীয় সমিতির সভাপতি ছিলেন। রাঁচিতে তিনি মারা যান।

যদু—মহারাজ যযাতির জ্যেষ্ঠপুত্র। মাতা দেবযানী। তিনি যাদবদিগের আদিপুরুষ (ভারত)।

যদুগোপাল চট্টোপাধ্যায়—(১২৪৬—১৩০৭ বঙ্গাব্দ)। প্রসিদ্ধ কবি ও শিশুপাঠ্য-পুস্তক-প্রণেতা। হুগলী জেলার কোন্নগরে জন্ম। তাঁহার সংকলিত 'পদ্য-পাঠ' বিশেষ প্রসিদ্ধ।

যদুনাথ সরকার—(১৮৭০—১৯৫৮ খ্রীঃ)। সুবিখ্যাত ঐতিহাসিক ও অধ্যাপক। জন্মস্থান রাজসাহী জেলার করচমাড়িয়া গ্রাম। পিতার নাম রাজকুমার। তিনি ১৯২৬ খ্রীষ্টাব্দে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার হন। তিনি পাঁচ খণ্ডে আওরঙ্গজেবের বৃহৎ জীবনী এবং শিবাজীর জীবনী প্রণয়ন করিয়া অশেষ কীর্তি অর্জন করিয়াছেন। 'Fall of the Mughal Empire' তাঁহার অন্যতম উল্লেখযোগ্য পুস্তক।

যম—ধর্মরাজ। পিতা সূর্য, মাতা সংজ্ঞা। তিনি দক্ষিণদিকের অধিপতি।

যযাতি—রাজা নহুষের পুত্র। তিনি দেবযানী ও শর্মিষ্ঠাকে বিবাহ করেন। দেবযানীর পিতা শুক্রাচার্যের শাপে তিনি অকালে জরাগ্রস্ত হইলে শর্মিষ্ঠার পুত্র পুরু তাঁহার জরা গ্রহণ করেন (রাম, ভারত, ভাগ, বিষ্ণু)।

যযাতি কেশরী—(৫ম শতক)। উড়িষ্যার কেশরী-বংশীয় রাজাদের পূর্বপুরুষ। তিনি খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীতে বর্তমান ছিলেন।

যশোদা—গোপরাজ নন্দের পত্নী। গোকুলে তাঁহার নিবাস ছিল। যশোদা কৃষ্ণকে পুত্ররূপে পালন করেন (ভাগ, বিষ্ণু)।

যশোধর্মন—(৬ষ্ঠ শতক)। মালবের বিখ্যাত রাজা। তিনি মালবের অন্তর্গত দশপুর বা মন্দোসরে রাজত্ব করিতেন। হূনদিগের রাজা মিহিরগুলকে তিনি গুপ্তরাজ বালাদিত্যের সহিত মিলিত হইয়া করুর-নামক স্থানে পরাস্ত করেন।

যশোবন্ত রাও, হোলকার—(১৮শ—১৯শ শতক)। ইন্দোরের সুবিখ্যাত মারাঠা রাজা। তুকাজী হোলকারের পুত্র। দ্বিতীয় মারাঠা যুদ্ধে (১৮০৩—১৮০৫ খ্রীঃ) তিনি প্রথমদিকে নিরপেক্ষ ছিলেন, পরে যোগদান করেন। তিনি ইংরেজ সেনাপতি মন্সনকে পরাজিত করেন কিন্তু দীগের যুদ্ধে নিজে পরাজিত হন।

যশোবন্ত সিংহ, রাজা—(১৭শ শতক)। মাড়বারের অন্তর্ভুক্ত যোধপুরের বিখ্যাত রাজা। সম্রাট্ শাহ্জাহানের তিনি একজন বীর সেনাপতি ছিলেন। আওরঙ্গজেবের অধীনে কাজ করিবার সময়ে তিনি কাবুলে নিহত হন।

যশোবর্মন—(রাজত্বকাল ৭২৫—৭৫২ খ্রীঃ)। কান্য-কুব্জের বিখ্যাত রাজা। তিনি গৌড় জয় করেন। কাশ্মীরের রাজা ললিতাদিত্যের সহিত যুদ্ধে তিনি পরাজিত হন। কবি ভবভূতি বাক্‌পতিরাজ তাঁহার সভাকবি ছিলেন।

যশোরাজ খাঁ—বাঙ্গালী বৈষ্ণব কবি। ব্রজবুলিতে তিনিই সর্বপ্রথম পদ রচনা করেন। 'রসমঞ্জরী'তে তাঁহার পদ আছে।

যাজ্ঞবল্ক্য—ধর্মশাস্ত্র-প্রণেতা যজুর্বেদ-বক্তা ঋষি বিঃ। তিনি ঋষি বৈশম্পায়নের শিষ্য ['বৈশম্পায়ন' দ্রঃ]।

যাদবেশ্বর তর্করত্ন, মহামহোপাধ্যায়—(১৮৫০—১৯২৪ খ্রীঃ)। সুবিখ্যাত পণ্ডিত। জন্মস্থান রংপুর জেলার ইটাকুমারী গ্রাম। তিনি 'শিব-স্তোত্র', 'চন্দ্রদূত', 'সুভদ্রাহরণ', 'প্রশান্ত কুসুম', 'রত্নকোষ কাব্যম্', 'ভারতগাথা' প্রঃ সংস্কৃত গদ্য ও কাব্যগ্রন্থ রচনা করিয়া গিয়াছেন।

যামিনীভূষণ রায়, কবিরাজ—(১৮৭৯—১৯২৬ খ্রীঃ)। কলিকাতার বিখ্যাত কবিরাজ এবং যামিনীভূষণ অষ্টাঙ্গ আয়ুর্বেদ কলেজের প্রতিষ্ঠাতা। জন্মস্থান খুলনা জেলার পয়োগ্রাম। পিতার নাম পঞ্চানন রায় কবিচিন্তামণি।

যামিনী রায়—প্রখ্যাত চিত্রশিল্পী। ১৮৮৭ খ্রীষ্টাব্দে বাঁকুড়ার বেলেতোড় গ্রামে তাঁহার জন্ম হয়। পিতা রামতারণ রায় জমিদার ছিলেন। ১৯৭২ খ্রীষ্টাব্দে যামিনী রায়ের মৃত্যু হয়।

যীশু খ্রীষ্ট (Jesus Christ)—খ্রীষ্টধর্মের প্রবর্তক। তিনি ঈশ্বরের পুত্র বলিয়া আত্মপরিচয় দিয়াছেন। প্যালেস্টাইনে বেথলেহেম-নামক গ্রামে জন্ম। তাঁহার মাতা মেরী ও পিতা জোসেফ্। তিনি জনের নিকট জর্ডনের জলে দীক্ষিত হইয়া ধর্মপ্রচারে

মনোনিবেশ করেন। ৩০ বৎসর বয়সে তিনি খ্রীষ্টধর্মের প্রচার করেন। জুডাস ইস্‌কেরিয়ট নামে যীশুর একজন বিশ্বাসঘাতক শিষ্যের বিশ্বাসঘাতকতায় গেথসিমেন-নামক স্থানে তিনি বন্দী হন এবং রোমক রাজা হিরোদের অধীন শাসনকর্তা পাইলটের আদেশে তিনি ক্রুশবিদ্ধ হইয়া প্রাণত্যাগ করেন।

যুধিষ্ঠির—জ্যেষ্ঠ পাণ্ডব। যমের ঔরসে, পাণ্ডুপত্নী কুন্তীর গর্ভে জন্ম। কৃপাচার্য ও দ্রোণাচার্য তাঁহার অস্ত্রগুরু। শকুনির সহিত পাশাখেলায় হারিয়া তিনি সর্বস্বান্ত হন এবং খেলার শর্ত অনুযায়ী বার বৎসর বনবাস ও এক বৎসর অজ্ঞাতবাসে কাটান। অজ্ঞাতবাসের পরও তিনি রাজ্য না পাওয়াতে কুরুক্ষেত্রে আঠার দিন ধরিয়া মহাসমর হয় এবং তাহাতে জয়ী হইয়া তিনি রাজ্য লাভ করেন। পরে তিনি সশরীরে স্বর্গে গমন করেন (ভারত)।

যুবনাশ্ব—সূর্যবংশীয় রাজা। পিতা প্রসেনজিৎ। মান্ধাতা তাঁহার পুত্র (ভারত)।

যুযুৎসু—ধৃতরাষ্ট্রের শত পুত্রের একজন। তিনি পাণ্ডবদের প্রতি ন্যায় ব্যবহার করিবার জন্য দুর্যোধনকে অনুরোধ করিতেন। কুরুক্ষেত্রের যুদ্ধে তিনি পাণ্ডবপক্ষে থাকিয়া যুদ্ধ করেন (ভারত)।

যোগমায়া—যশোদার কন্যা। এই কন্যাকেই দেবকীর স্বামী বসুদেব চুরি করিয়া দেবকীর কাছে রাখিয়া দেন এবং শ্রীকৃষ্ণকে যশোদার কাছে রাখিয়া আসেন (বিষ্ণু)।

যোগীন্দ্রনাথ বসু, কবিভূষণ—(১৮৫৭—১৯২৭ খ্রীঃ)। জন্মস্থান চব্বিশ পরগনা জেলার নিতাড়া গ্রাম। তাঁহার লিখিত 'মাইকেল মধুসূদন দত্তের জীবনচরিত', 'পৃথ্বীরাজ', 'অহল্যাবাঈ', 'পতিব্রতা', 'শিবাজী', 'তুকারাম', 'দেববালা' প্রঃ গ্রন্থ বিশেষ প্রসিদ্ধ।

যোগীন্দ্রনাথ সমাদ্দার—(১৮৮৩—১৯২৮ খ্রীঃ)। ঐতিহাসিক লেখক। জন্মস্থান যশোহর জেলার কচুবাড়িয়া গ্রাম। পিতা বিপিনবিহারী। পাটনা মিউজিয়ম তাঁহারই চেষ্টায় স্থাপিত হয়। তাঁহার প্রণীত 'সমসাময়িক ভারত' (নয় খণ্ড), 'গ্লোরিজ অব মগধ', 'অর্থনীতি', 'সাহিত্যপঞ্জিকা', 'ইংরেজের কথা', 'চতুর্বেদ' (গল্প), 'পঞ্চবাণ' (গল্প), 'দেশভক্তি' (গল্প), 'ইকনমিক কন্‌ডিশন অব এনশেণ্ট ইণ্ডিয়া', 'ইকনমিক হিস্টরি অব বিহার' প্রঃ গ্রন্থ বিশেষ প্রসিদ্ধ।

যোগীন্দ্রনাথ সরকার—(১৮৬৬—১৯৩৭ খ্রীঃ)। প্রসিদ্ধ শিশু-সাহিত্যিক। বিখ্যাত চিকিৎসক সার নীলরতন সরকারের কনিষ্ঠ সহোদর। তাঁহার প্রণীত 'বনে-জঙ্গলে', 'রাঙা ছবি', 'পশুপক্ষী', 'হাসিরাশি', 'হিজিবিজি', 'জীবজন্তু', 'হাসিখুশী' প্রঃ পুস্তক বাঙ্গালার শিশুদের আনন্দের খনি।

যোগেন্দ্রচন্দ্র বসু—(১৮৫৪—১৯০৫ খ্রীঃ)। সাংবাদিক ও লেখক। জন্মস্থান বর্ধমান জেলার ইলসবা গ্রাম (মাতুলালয়)। পৈতৃক বাসস্থান বেড়ুগ্রাম। পিতার নাম মাধবচন্দ্র বসু। 'রাজলক্ষ্মী', 'মডেল ভগিনী', 'নেড়া হরিদাস', 'বাঙ্গালী চরিত' প্রঃ পুস্তকগুলি তাঁহার প্রণীত।

যোগেন্দ্রনাথ গুপ্ত—বিখ্যাত সাহিত্যিক। জন্ম ১৮৮৩ খ্রীষ্টাব্দে ঢাকা জেলার বিক্রমপুরে। 'বিক্রমপুরের ইতিহাস', 'শিশু ভারতী', 'হিমালয় অভিযান' প্রঃ তাঁহার উল্লেখযোগ্য পুস্তক। ১৯৬৫ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়।

যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ—(১৮৪৫—১৯০৪ খ্রীঃ)। সুবিখ্যাত সাহিত্য-সেবক। জন্ম রানাঘাট মহকুমার শিমহাট গ্রামে। পিতা উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়। নিবাস নদীয়া জেলার সুবর্ণপুর। 'ম্যাটসিনির জীবনবৃত্ত', 'গ্যারিবোল্ডের জীবনবৃত্ত', 'জন স্টুয়ার্ট মিলের জীবনবৃত্ত', 'কীর্তিমন্দির', 'আইনসংগ্রহ', 'মদনমোহন তর্কালংকারের জীবনবৃত্তান্ত', 'সমালোচনামালা', 'আত্মোৎসর্গ', 'প্রাণোচ্ছ্বাস' ইঃ তাঁহার রচিত গ্রন্থ।

যোগেশচন্দ্র রায়—(১৮৫৯—১৯৫৬ খ্রীঃ)। হুগলী জেলার আরামবাগের ৪ মাইল দক্ষিণে দেগড়া গ্রামে জন্ম। ১৯১০ খ্রীষ্টাব্দে পুরীর পণ্ডিতসভা তাঁহাকে 'বিদ্যানিধি' উপাধি দেন। 'পত্রালী', 'চণ্ডীদাস চরিত', 'সরল রসায়ন', 'আমাদের জ্যোতিষী ও জ্যোতিষ', 'বাংলা ভাষার ব্যাকরণ ও অভিধান' তাঁহার রচিত।

র

রক্তবীজ—শুম্ভনিশুম্ভের সেনাপতি এক দৈত্য। দেবী তাহাকে চামুণ্ডামূর্তিতে ধ্বংস করেন (রাম, দেবীভা, মার্ক)।

রক্‌ফেলার, জন ডি. (Rockfeller, John D.)—(১৮৩৯—১৯৩৭ খ্রীঃ)। একসময়ে পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ ধনী ছিলেন। পরিস্রুত তৈলের ব্যবসায় করিয়া তিনি প্রভূত অর্থ উপার্জন করিয়াছিলেন। তিনি শিক্ষা ও দাতব্য-প্রতিষ্ঠানসমূহের জন্য বহু কোটি ডলার দান করিয়া গিয়াছেন।

রঘু—সূর্যবংশীয় নৃপতি মহারাজ দিলীপের পুত্র। তাঁহার নাম অনুসারে অযোধ্যার সূর্যবংশ রঘুবংশ নামে খ্যাত হয় (রাম)।

রঘুজী ভোঁশলে—(১৭শ—১৮শ শতক)। মহারাষ্ট্রীয় নেতা। নাগপুরের ভোঁশলে রাজবংশের প্রতিষ্ঠাতা। তিনি শাহুর নিকটআত্মীয় ছিলেন। ১৭৫১ খ্রীষ্টাব্দে তিনি কটক জয় করেন এবং

বাঙ্গালার নবাবের নিকট হইতে ১২ লক্ষ টাকা চৌথ দাবি করেন।

রঘু ডাকাত—বঙ্গের বিখ্যাত দস্যুসর্দার। সুবিখ্যাত কাঞ্চন সর্দার তাঁহার শিষ্য। কথিত আছে, লুণ্ঠিত দ্রব্যের প্রায় সমুদয় অংশই তিনি দুঃখীর দুঃখ-মোচনে ব্যয় করিতেন।

রঘুনন্দন গোস্বামী—(১৭শ—১৮শ শতক)। বৈষ্ণব কবি। বর্ধমানের অন্তর্গত মাড়ো গ্রামে জন্ম। পিতা কিশোরীমোহন। 'রাম-রসায়ন', 'শ্রীগৌরাঙ্গ-চম্পূ', 'শ্রীগৌরাঙ্গ বিরুদাবলী', 'গীতমালা', 'দেশিক-নির্ণয়' ইঃ তাঁহার প্রণীত বহু গ্রন্থ আছে।

রঘুনন্দন ভট্টাচার্য—(১৫শ শতক)। বিখ্যাত স্মার্ত পণ্ডিত। নবদ্বীপে জন্ম। তিনি 'নব্য-স্মৃতি' নামে অভিহিত সুপ্রসিদ্ধ স্মৃতিগ্রন্থ রচনা করেন। পিতা হরিহর ভট্টাচার্য। 'অষ্টাবিংশতি-তত্ত্ব' নামে তাঁহার বিরাট স্মৃতিগ্রন্থ আছে।

রঘুনাথ দাস গোস্বামী—(১৪১৯—১৪২০ বা ২৮—১৫০৪ শকাব্দ)। শ্রীগৌরাঙ্গের ভক্ত বৈষ্ণব কবি। ইনি বৈষ্ণবদের ছয় গোস্বামীর অন্যতম। হুগলী জেলার কৃষ্ণপুর গ্রামে জন্ম। পিতা গোবর্ধন। তাঁহার রচনা—'স্তবাবলী', 'বিলাপ কুসুমাঞ্জলি', 'দানকেলিচিন্তামণি' ও 'মুক্তাচরিত'।

রঘুনাথ শিরোমণি—(? ১৪৭২—১৬শ শতকের মধ্যভাগ)। সুপ্রসিদ্ধ নৈয়ায়িক। তাঁহার পূর্ব-পুরুষগণ শ্রীহট্টের অধিবাসী ছিলেন। তিনি নবদ্বীপে বাসুদেব সার্বভৌমের ছাত্র ছিলেন। চৈতন্যদেব তাঁহার সমপাঠী ছিলেন। 'লীলাবতী টীকা', 'চিন্তামণি-দীধিতি', 'প্রামাণ্যবাদ' প্রঃ ৩৮-খানি প্রসিদ্ধ গ্রন্থ তিনি প্রণয়ন করেন।

রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়—(১৮২৭—১৮৮৭ খ্রীঃ)। কবি। বর্ধমান জেলার বাকুলিয়া গ্রামে জন্ম। তিনি রামেশ্বরপুরের রামনারায়ণ বন্দ্যোপাধ্যায়ের পুত্র। তাঁহার রচিত 'পদ্মিনী উপাখ্যান', 'কর্ম-দেবী', 'কাঞ্চীকাবেরী' ও 'শূরসুন্দরী' অতি উচ্চ-শ্রেণীর আখ্যান-কাব্য।

রজনীকান্ত গুপ্ত—(১৩ই সেপ্টেম্বর, ১৮৪৯—১৩ই জুন, ১৯০০ খ্রীঃ)। সুবিখ্যাত ঐতি-হাসিক-সাহিত্যিক। ঢাকা জেলার অন্তর্গত তেওতা গ্রামে নিবাস। জন্ম মানিকগঞ্জ মহকুমার মত্তগ্রামে। পিতা কমলাকান্ত। 'সিপাহীযুদ্ধের ইতিহাস', 'আর্যকীর্তি', 'বীরমহিমা', 'ভারত-প্রসঙ্গ', 'প্রতিভা' প্রঃ উৎকৃষ্ট পুস্তকসমূহ তাঁহার রচিত।

রজনীকান্ত সেন—(২৬শে জুলাই, ১৮৬৫—১৩ই সেপ্টেম্বর, ১৯১০ খ্রীঃ)। পাবনা জেলার অন্তর্গত ভাঙ্গাবাড়ি গ্রামে জন্ম। পিতা গুরু-প্রসাদ সেন। "মায়ের দেওয়া মোটা কাপড় মাথায় তুলে নেরে ভাই" বিখ্যাত গানটি তাঁহার রচনা। 'বাণী', 'কল্যাণী' প্রঃ কবিতা ও সংগীতপুস্তক-সমূহ তাঁহার রচনাশক্তির উৎকৃষ্ট নিদর্শন। তিনি 'কান্ত কবি' নামে লোকসমাজে খ্যাত।

রজিয়া—'রিজিয়া, সুলতানা' দ্রঃ।

রণজিৎ সিং, কুমার শ্রী—(১৮৭২—১৯৩৩ খ্রীঃ)। প্রসিদ্ধ ক্রিকেট খেলোয়াড়। নবনগরের মহারাজা জাম সাহেব। কাথিয়াবাড়ে তিনি জন্মগ্রহণ করেন। ক্রিকেট খেলায় নৈপুণ্য দেখাইয়া তিনি ইংলণ্ড ও অস্ট্রেলিয়ায় বিশেষ সুনাম অর্জন করিয়াছিলেন। সংক্ষেপে তিনি 'রঞ্জী' নামে খ্যাত।

রণজিৎ সিং—(১৭৮০—১৮০৯ খ্রীঃ)। 'পঞ্জাব-কেশরী' নামে পরিচিত বিখ্যাত শিখ রাজা। তিনি পঞ্জাবের অন্তর্গত গুজরান্‌ওয়ালায় জন্মগ্রহণ করেন। পিতা মহাসিংহ। পাঠানদিগকে পরাজিত করিয়া রণজিৎ পঞ্জাব প্রদেশ নিষ্কণ্টক করিয়া-ছিলেন। অতঃপর লাহোরে রাজধানী স্থাপন করিয়া তিনি 'মহারাজ' উপাধি গ্রহণ করেন। তিনি পেশোয়ার হইতে কাশ্মীর পর্যন্ত এক বিস্তীর্ণ রাজ্যের অধিপতি হন।

রন্টজেন (Rontgen, Conrad Wilhelm)—(১৮৪৫—১৯২৩ খ্রীঃ)। বিখ্যাত জার্মান বিজ্ঞানী। ১৮৯৫ খ্রীষ্টাব্দে তিনি রন্টজেন-রশ্মি (রঞ্জন-রশ্মি) আবিষ্কার করেন। এই রশ্মিকেই 'এক্স-রে' বলা হয়।

রতি—কামদেবের পত্নী। প্রজাপতি দক্ষের ঘর্ম হইতে জন্ম (কালিকা)।

রথ্‌স্‌চাইল্ড, অ্যান্‌সেল্ম মেয়ার (Rothschild, Anselm Meyer)—(১৭৪৩—১৮১২ খ্রীঃ)। রথ্‌স্‌চাইল্ড-নামক বিখ্যাত বংশের প্রতিষ্ঠাতা। 'ফ্রাঙ্কফোর্ট-অন-দি-মেইন'-এ তাঁহার জন্ম। ব্যাঙ্কের প্রতিষ্ঠা করিয়া তিনি খ্যাতি ও অর্থ দুই-ই উপার্জন করেন।

রব রয় (Rob Roy)—(১৬৭১—১৭৩৪ খ্রীঃ)। বিখ্যাত ব্রিটিশ দস্যুসর্দার। প্রকৃত নাম রবার্ট ম্যাক্‌গ্রীগর (Robert McGregor)। তিনি স্কট্‌-ল্যাণ্ডের এক বিখ্যাত দস্যু।

রবি বর্মা, রাজা—(১৮৪৮—১৯০৭ খ্রীঃ)। ভারতের অন্যতম শ্রেষ্ঠ চিত্রশিল্পী। ত্রিবান্দ্রম শহরের নিকট কিলিমানুর-নামক স্থানে জন্ম। ত্রিবাঙ্কুরের রাজ-পরিবারে তিনি বিবাহ করেন।

রবিশঙ্কর—(জন্ম ১৯২০ খ্রীঃ)। পৃথিবী-বিখ্যাত সেতার শিল্পী। জন্মস্থান বারাণসী। পিতা শ্যাম-শংকর চৌধুরী। তিনি উদয়শংকরের ভ্রাতা।

রবীন্দ্রনাথ ঠাকুর—(৭ই মে, ১৮৬১—৭ই অগস্ট, ১৯৪১ খ্রীঃ)। আধুনিক ভারতের সর্বশ্রেষ্ঠ কবি ও পৃথিবীর সর্বযুগের কবি-সমাজের অন্যতম প্রধান কবি। কলিকাতার জোড়াসাঁকো ঠাকুর পরিবারে জন্ম। পিতার নাম মহর্ষি দেবেন্দ্রনাথ। সাহিত্য, নাটক, কবিতা, উপন্যাস প্রঃ বাংলাভাষার সকল বিভাগেই তাঁহার প্রতিভা সমভাবে পরিস্ফুট। তিনি তিনশতেরও অধিক গ্রন্থ রচনা করিয়াছেন। তাঁহার রচিত 'গীতাঞ্জলি' কাব্য ইংরেজী ভাষায় অনূদিত হইলে তিনি সর্বশ্রেষ্ঠ কবি বলিয়া

'নোবেল পুরস্কার' প্রাপ্ত হন (১৯১৩ খ্রীঃ)। ভারত গভর্নমেণ্ট তাঁহাকে 'নাইট' (সার) উপাধি প্রদান করেন। কিন্তু জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে তিনি ইহা স্বেচ্ছায় পরিত্যাগ করেন। ৬৮ বৎসর বয়সে তিনি চিত্রাঙ্কন আরম্ভ করেন। স্বদেশী যুগের জাতীয়-আন্দোলনের তিনি অন্যতম উদ্যোগী ছিলেন। শান্তিনিকেতন ব্রহ্মচর্য বিদ্যালয়, বিশ্বভারতী ও শ্রীনিকেতন তাঁহার অবিস্মরণীয় কীর্তিরূপে বিরাজ করিতেছে।

রমণ, চন্দ্রশেখর বেঙ্কট—(৭ই নভেম্বর, ১৮৮৮ খ্রীঃ—২১শে নভেম্বর, ১৯৭০ খ্রীঃ)। বিখ্যাত বিজ্ঞানী। ত্রিচিনপল্লীতে জন্ম। পিতা চন্দ্রশেখর আয়ার। তিনি আলোক ও পরমাণু বিষয়ে গবেষণা করিয়া যে অভিনব তত্ত্বের উদ্ভাবন করেন, তাহা 'Raman Effect' নামে প্রসিদ্ধ হইয়াছে। তিনি ১৯৩০ খ্রীষ্টাব্দে পদার্থবিদ্যায় নোবেল পুরস্কার পাইয়াছেন।

রমণ মহর্ষি—(১৮৭৯—১৯৫০ খ্রীঃ)। দাক্ষিণাত্যের প্রসিদ্ধ সিদ্ধপুরুষ। পিতা সুন্দরম আইয়ার। তিনি দ্বিতীয় পুত্র। তাঁহার নাম ছিল বেঙ্কটরমণ। ১৮৯৬ খ্রীষ্টাব্দে তিনি গৃহত্যাগ করেন। পণ্ডিত গণপতি শাস্ত্রী তাঁহাকে মহর্ষি রমণ নামে আখ্যাত করেন।

রমেশচন্দ্র দত্ত—(১৩ই অগস্ট, ১৮৪৮—৩০শে নভেম্বর, ১৯০৯ খ্রীঃ)। কলিকাতার অন্তর্গত রাম-বাগানের প্রসিদ্ধ দত্তবংশে জন্ম। পিতার নাম ঈশানচন্দ্র দত্ত। তাঁহার লিখিত 'মাধবীকঙ্কণ', 'বঙ্গবিজেতা', 'মহারাষ্ট্র জীবনপ্রভাত', 'রাজপুত জীবনসন্ধ্যা' প্রঃ পুস্তক বাংলা সাহিত্যের অপূর্ব সম্পদ। 'Civilisation of Ancient India' তাঁহার একখানি উৎকৃষ্ট গ্রন্থ। তিনি ঋগ্বেদের একখানি বঙ্গানুবাদ প্রকাশ করেন। মৃত্যুর কিছু-কাল পূর্বে তিনি বরোদা রাজ্যের প্রধান মন্ত্রীর পদে নিযুক্ত হইয়াছিলেন।

রমেশচন্দ্র মজুমদার—(জন্ম ১৮৮৮ খ্রীঃ)। বিখ্যাত ঐতিহাসিক ও অধ্যাপক। তিনি প্রথম জীবনে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক (১৯১৪—১৯ খ্রীঃ) ছিলেন ও পরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন (১৯২১—৩৬ খ্রীঃ)। ১৯৩৭ খ্রীষ্টাব্দে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হইয়াছিলেন। তাঁহার রচিত কয়েকখানি ঐতিহাসিক গ্রন্থ আছে; তাহার মধ্যে বাংলাদেশের ইতিহাসের সংকলন তাঁহার অক্ষয় কীর্তি। ১৯৫৭ খ্রীষ্টাব্দে তিনি রবীন্দ্র পুরস্কার লাভ করেন।

রমেশচন্দ্র মিত্র—(১৮৪০—১৮৯৯ খ্রীঃ)। সুবিখ্যাত বিচারপতি। পিতা রামচন্দ্র মিত্র। বাজারহাট বিষ্ণুপুর গ্রামে জন্ম। তিনি দুইবার প্রধান বিচার-পতির পদে কার্য করিয়াছিলেন।

রম্ভা—একজন অপ্সরা। তিনি বিশ্বামিত্রের তপস্যা ভঙ্গ করিবার জন্য যান, কিন্তু তাঁহার শাপে শিলায় পরিণত হইয়াছিলেন (ভারত)।

রস, কর্নেল সার রোনাল্ড (Ross, Colonel Sir Ronald)—(১৮৫৭—১৯৩২ খ্রীঃ)। বিখ্যাত চিকিৎসক। গ্রীষ্মপ্রধান দেশের রোগ সম্বন্ধে তিনি একজন বিশেষজ্ঞ ছিলেন। ১৯০২ খ্রীষ্টাব্দে তিনি ঔষধ-বিজ্ঞানে 'নোবেল প্রাইজ' প্রাপ্ত হন।

রসিকচন্দ্র রায়—(১২২৭—১৩০০ বঙ্গাব্দ)। প্রসিদ্ধ সংগীত ও পাঁচালী রচয়িতা। পালাড়া গ্রামে জন্ম হয়। তিনি প্রসিদ্ধ পাঁচালীকার দাশরথি রায়ের সমসাময়িক ছিলেন। ১১ খানি পাঁচালীপুস্তক এবং বহু গান রচনা করিয়া তিনি বিশেষ প্রসিদ্ধ হন। 'বিজ্ঞান সাধুর বচন', 'হরিভক্তি চন্দ্রিকা', আদি রসাত্মক ও বহুজনপাঠ্য 'জীবনতারা' তাঁহার রচিত পুস্তক।

রসিকলাল দাস—(১২৪৮—১৩২২ বঙ্গাব্দ)। বর্ধমান জেলার দক্ষিণখণ্ড গ্রামের প্রসিদ্ধ মনোহর-সাই কীর্তনীয়া। পিতা শ্রীখোলবাদক ও কীর্তনীয়া অনুরাগী দাস।

রহিমতুল্লা, মহম্মদ সায়ানী—(১৮৪৭—১৯০২ খ্রীঃ)। কংগ্রেসকর্মী। বোম্বাই নগরে জন্ম। ভারতীয় মুসলমানগণের মধ্যে তিনিই প্রথম এম. এ.। ১৮৯৬ খ্রীষ্টাব্দে কলিকাতায় কংগ্রেসের অধিবেশন হইলে তিনি তাহার সভাপতি নির্বাচিত হন।

রাখালদাস বন্দ্যোপাধ্যায়—(১২৯২ — ১৩৩৭ বঙ্গাব্দ)। বিখ্যাত ঐতিহাসিক। 'কণিষ্ক' বিষয়ে তিনি যে প্রবন্ধ প্রকাশ করিয়াছিলেন, তাহা সর্ব-দেশীয় ঐতিহাসিকগণ প্রামাণ্য বলিয়া গ্রহণ করেন। বাংলার পালরাজগণের রাজত্বকালের অনেক ঘটনাও তিনি আবিষ্কার করিয়াছেন। 'ধর্মপাল', 'শশাঙ্ক', 'ময়ূখ', 'পাষাণের কথা' প্রঃ বহু ঐতিহাসিক গ্রন্থও তাঁহার রচনা। তিনি সুবিখ্যাত মাহেঞ্জোদড়ো এবং হরপ্পা গ্রাম খনন করাইয়া অতি প্রাচীনকালের বহু অভিনব বস্তু এবং সুপ্রাচীন ভারতীয় সভ্যতার বহু নিদর্শন জগতের সমক্ষে প্রচার করেন।

রাঘোবা—(শাসনকাল ১৭৭৩—১৭৭৪ খ্রীঃ)। ১ম বাজী রাওয়ের কনিষ্ঠ পুত্র। প্রকৃত নাম রঘুনাথ। ১৭৫৮ খ্রীষ্টাব্দে তিনি পঞ্জাব জয় করেন। ভ্রাতুষ্পুত্র নারায়ণ রাওকে হত্যা করিয়া তিনি পেশোয়ার সিংহাসন দাবি করেন।

রাজকৃষ্ণ মুখোপাধ্যায়—(৩১শে অক্টোবর, ১৮৪৫—১০ই অক্টোবর, ১৮৮৬ খ্রীঃ)। সুবিখ্যাত কবি ও সাহিত্যিক। নদীয়ার গোস্বামী-দুর্গাপুর গ্রামে জন্ম। পিতা আনন্দচন্দ্র। 'যৌবনোদ্যান', 'মিত্রবিলাপ' ও অন্যান্য কবিতাবলী, 'কাব্য-কলাপ', 'মেঘদূত', 'নানা প্রবন্ধ' ইঃ তাঁহার রচিত গ্রন্থ।

রাজকৃষ্ণ রায়—(২১শে অক্টোবর, ১৮৪৯—১১ই মার্চ, ১৯০৪ খ্রীঃ)। সুবিখ্যাত লেখক ও নাট্য-কার। বর্ধমানের অন্তর্গত মাহাতা রামচন্দ্রপুর গ্রামে জন্ম। তাঁহার রচিত নাট্যগ্রন্থ—'পতিব্রতা', 'নাট্যসম্ভব', 'তরণীসেন-বধ'; উপন্যাস—'লয়লা-মজনু', 'দ্বাদশ গোপাল' (১৮৭৮), 'বামনভিক্ষা' (১৮৮৫), 'হিরন্ময়ী', 'কিরন্ময়ী' ইঃ। তিনি

রামায়ণের (১৮৭৭—৮৫) ও মহাভারতের (১৮৮৬—৯১) পদ্যানুবাদ করিয়াছিলেন। 'গিরিসন্দর্শন', 'আগমনী', 'নিভৃত-নিবাস' ইঃ তাঁহার রচিত কাব্য-গ্রন্থ। ভঙ্গ-অমিত্রাক্ষরের তিনি অন্যতম স্রষ্টা।

রাজনারায়ণ বসু—(১৮২৬—১৮ই সেপ্টেম্বর, ১৮৯৯ খ্রীঃ)। প্রসিদ্ধ প্রবন্ধ-লেখক ও ভাষাতত্ত্ববিদ্। তিনি ব্রাহ্মধর্মে দীক্ষিত হইয়া আদি ব্রাহ্মসমাজে যোগদান করেন। 'সেকাল ও একাল', 'Science of Religion', 'Religion of Love' ও উপনিষদসমূহের ইংরেজী অনুবাদ তাঁহার রচিত গ্রন্থসমূহের মধ্যে উল্লেখযোগ্য।

রাজবল্লভ সেন, মহারাজ—(১৬৯৮—১৭৬৩ খ্রীঃ)। পূর্ববঙ্গের প্রসিদ্ধ রাজা। তিনি ঢাকা জেলার অন্তর্গত বলদারণীয়া-নামক স্থানের জমিদার ছিলেন। নবাব আলিবর্দী খাঁ তাঁহার কার্যে প্রীত হইয়া তাঁহাকে 'রাজা' উপাধি প্রদান করেন। তিনি অত্যাচারী নবাব সিরাজদ্দৌলার বিরুদ্ধে যোগদান করেন। দিল্লীর সম্রাট শাহ্ আলম তাঁহাকে মুঙ্গেরের সুবাদার নিযুক্ত করেন। কিছুদিন পরে নূতন নবাব মীর কাসেম তাঁহার উপর অসন্তুষ্ট হন। তিনি তাঁহার গলায় বালুকাপূর্ণ থলি বাঁধিয়া মুঙ্গেরের নিকটস্থ গঙ্গার নিক্ষেপ করেন। তাঁহার বিক্রমপুরস্থ রাজভবন এখন পদ্মাগর্ভে বিলীন হইয়াছে। পদ্মার এই অংশ এই কারণে কীর্তিনাশা নামে খ্যাত।

রাজশেখর—(৮ম—৯ম শতক)। প্রাচীনকালের এক প্রসিদ্ধ কবি ও নাট্যকার। 'কর্পূরমঞ্জরী', 'বিদ্ধশালভঞ্জিকা', 'বালভারত', 'বালরামায়ণ' ও অপর দুইখানি বৃহৎ নাটক তিনি রচনা করেন।

রাজশেখর বসু—(১৮৮৮—১৯৬০ খ্রীঃ)। প্রসিদ্ধ সাহিত্যিক ও ভাষাতত্ত্ববিৎ। জন্মস্থান বর্ধমান জেলার ব্রাহ্মণপাড়া গ্রাম। পিতা চন্দ্রশেখর বসু। কর্মজীবনে তিনি বেঙ্গল কেমিকেল অ্যান্ড ফার্মাসিউটিক্যাল ওয়ার্কস্-এর পরিচালক হিসাবে সুপ্রসিদ্ধ। সাহিত্য-জগতে 'পরশুরাম' এই ছদ্মনামে তিনি রসরচনায় যুগান্তর আনেন। 'গড্ডলিকা', 'কজ্জলী' প্রঃ হাস্যরসাত্মক গ্রন্থ, 'চলন্তিকা' নামে ক্ষুদ্র অথচ বিখ্যাত অভিধান ইঃ রচনা করিয়া তিনি বিশেষ খ্যাতিলাভ করেন। তিনি কলিকাতা ও যাদবপুর বিশ্ববিদ্যালয় হইতে ডি-লিট্ উপাধি লাভ করেন। তিনি রবীন্দ্র-পুরস্কার, জগত্তারিণী পদক, সরোজিনী পদক, পদ্মশ্রী উপাধিও লাভ করেন।

রাজসিংহ, রানা—(১৭শ শতক)। মেবারের মহারানা। ১৬৫৪ খ্রীষ্টাব্দে তিনি সিংহাসনে আরোহণ করেন। তাঁহার সহিত আওরঙ্গজেবের বিরোধ ঘটিলে তিনি সসৈন্যে পার্বত্য অঞ্চলে গিয়া যুদ্ধ চালাইতে থাকেন। তিনি বীর ও স্বদেশহিতৈষী নৃপতি ছিলেন।

রাজাগোপাল আচারিয়ার—(জন্ম ১৮৭৯ খ্রীঃ)। বিখ্যাত দেশসেবক। ১৯৪৮—৫০ খ্রীঃ তিনি ভারতের গভর্নর-জেনারেল হন ও পরে স্বরাষ্ট্র-সচিব নিযুক্ত হইয়াছিলেন (১৯৫১ খ্রীঃ)। সক্রেটিস, মার্কাস অরিলিয়াস, ভগবদ্গীতা ইঃ সম্বন্ধে তাঁহার তামিল ভাষায় বই আছে। তাঁহার 'Prohibition Manual' পুস্তক বিখ্যাত। তিনি 'স্বতন্ত্র' দলের প্রতিষ্ঠাতা।

রাজারাম—(?—১৭০০)। শিবাজীর দ্বিতীয় পুত্র। মাতার নাম সয়িরা বাঈ। শিবাজীর মৃত্যুর পর তাঁহার পুত্র শম্ভুজী আওরঙ্গজেবের হস্তে বন্দী ও নিহত হইলে তিনি মহারাষ্ট্র জাতির নেতা হন। আওরংগজেব তাঁহাকে কিছুতেই দমন করিতে পারেন নাই।

রাজেন্দ্র চোল, ১ম—(১১শ শতক)। দাক্ষিণাত্যের চোলবংশীয় প্রসিদ্ধ নরপতি। তাঁহার পিতার নাম রাজরাজ। সুপ্রসিদ্ধ রামানুজ স্বামী তাঁহার সভাপণ্ডিত ছিলেন।

রাজেন্দ্রনাথ গুহ ঠাকুরতা—(১৮৮৩—১৯৪৫ খ্রীঃ)। প্রসিদ্ধ ব্যায়াম শিক্ষক ও ব্যায়ামবীর। বরিশাল জেলায় বানরীপাড়া গ্রামে জন্ম। পিতার নাম বসন্তকুমার গুহ ঠাকুরতা। তিনি বুকের উপর হাতি, গরুর গাড়ি, রোলার লওয়া এবং মোটর থামানো প্রঃ কসরত দেখাইয়া প্রভূত যশ লাভ করিয়াছেন। 'All Bengal Physical Culture'-নামক সমিতি প্রতিষ্ঠিত করিয়া বাঙ্গালীদের মধ্যে শরীরচর্চা প্রচলিত করিতে তিনি আত্মনিয়োগ করিয়াছিলেন।

রাজেন্দ্রনাথ মুখোপাধ্যায়—(২৩শে জুন, ১৮৫৪—১৯৩৬ খ্রীঃ)। বিখ্যাত ব্যবসায়ী। ২৪ পরগনার বসিরহাট মহকুমার ভাবলা গ্রামে জন্ম। পিতা ভগবানচন্দ্র মুখোপাধ্যায়। কলিকাতার 'পল্তা ওয়াটার ওয়ার্কস্' ও 'ভিক্টোরিয়া মেমোরিয়াল হল' তাঁহার নির্মিত। মার্টিন কোম্পানির সহিত তাঁহার নাম চিরকাল যুক্ত থাকিবে। তিনি বার্ন কোম্পানি (Burn Co.) কিনিয়া লন।

রাজেন্দ্রপ্রসাদ—(জন্ম ৩রা ডিসেম্বর, ১৮৮৪—১৯৬৩ খ্রীঃ)। বিখ্যাত কংগ্রেসকর্মী ও ভারতীয় যুক্তরাষ্ট্রের প্রথম রাষ্ট্রপতি। বিহারের সারণ জেলার জিরাদেই গ্রামে জন্ম। ১৯১৯ খ্রীষ্টাব্দে তিনি মহাত্মা গান্ধীর সঙ্গে চম্পারণের সত্যাগ্রহে যোগ দেন। ১৯২০ খ্রীষ্টাব্দে তিনি অসহযোগ আন্দোলনে যোগদান করেন। তিনি দুইবার কংগ্রেসের প্রেসিডেন্ট হন (১৯৩৪ ও ১৯৪৭ খ্রীঃ)। ভারতীয় সংবিধান সভার তিনি সভাপতি হন (১৯৪৬—৪৯ খ্রীঃ)। ভারতীয় গণতন্ত্র প্রতিষ্ঠিত হইলে তিনি উহার রাষ্ট্রপতি নির্বাচিত হন (১৯৫০ খ্রীঃ)। 'India Divided', 'At the feet of Mahatma Gandhi', 'আত্মকথা' প্রভৃতি তাঁহার রচিত গ্রন্থ।

রাজেন্দ্র মল্লিক রাজা বাহাদুর—(১৮১৯—?)। দানবীর ধনী। তিনি কলিকাতার সুপ্রসিদ্ধ নীলমণি মল্লিকের দত্তকপুত্র ছিলেন। ১৮৬৬

খ্রীষ্টাব্দে উড়িষ্যায় ভীষণ দুর্ভিক্ষের সময় তিনি অন্নসত্র খুলিয়া কলিকাতায় সমাগত দুর্ভিক্ষপীড়িত নরনারীকে অন্নদান করিয়া প্রাণ-রক্ষা করিয়াছিলেন। তাঁহার চোরবাগানস্থ মর্মর প্রাসাদ এখনও কলিকাতার একটি দর্শনীয় বস্তু হইয়া রহিয়াছে।

রাজেন্দ্রলাল মিত্র, রাজা—(১৫ই ফেব্রুয়ারি, ১৮২৪—২৬শে জুলাই, ১৮৯১ খ্রীঃ)। বিখ্যাত প্রত্নতত্ত্ববিদ্ ও লেখক। ২৪ পরগনার সুঁড়ায় জন্ম। পিতা জনমেজয়। বাংলা, সংস্কৃত, ইংরেজী, ফার্সী, উর্দু, হিন্দী, গ্রীক, ল্যাটিন, ফরাসী, জার্মান প্রঃ বহু ভাষায় তিনি অভিজ্ঞ ছিলেন। তিনি ১২৮ খানি পুস্তক লিখিয়া গিয়াছেন; তন্মধ্যে 'বিবিধার্থ সংগ্রহ', 'মিবারের রাজেতিবৃত্ত', 'শিবাজীর জীবনী', 'রহস্য সন্দর্ভ', 'ব্যাকরণ-প্রবেশ' প্রঃ উল্লেখযোগ্য। প্রত্নতত্ত্বে তাঁহার অসাধারণ পাণ্ডিত্য ছিল।

রাজ্যপাল—(১০ম শতক)। কনৌজের রাজা। সুলতান মামুদ যখন ভারত আক্রমণ করেন, তখন তাঁহার সংগে রাজ্যপালের যুদ্ধ হয়। সেই যুদ্ধে তিনি পরাস্ত হন।

রাজ্যবর্ধন—(৭ম শতক)। থানেশ্বরেব রাজা প্রভাকরবর্ধনের জ্যেষ্ঠ পুত্র। পিতার মৃত্যুর পর তিনি সিংহাসনে আরোহণ করেন। তাঁহার ভগিনী রাজ্যশ্রীকে মালবরাজ দেবগুপ্তের হস্ত হইতে মুক্ত করিতে গিয়া বংগরাজ শশাঙ্কের হস্তে তাঁহার মৃত্যু হয়।

রাজ্যশ্রী—(৭ম শতক)। প্রভাকরবর্ধনের কন্যা ও মহারাজ হর্ষবর্ধনের ভগিনী। কান্যকুব্জের রাজা গ্রহবর্মার সহিত তাঁহার বিবাহ হয়। মালবরাজ দেবগুপ্ত তাঁহার স্বামীকে নিহত ও তাঁহাকে বন্দী করেন। তাঁহার ভ্রাতা রাজ্যবর্ধন তাঁহাকে মুক্ত করিতে গিয়া নিহত হন। বিন্ধ্যপর্বতের নিকটে অগ্নিতে প্রাণ বিসর্জন দিতে যাওয়ার সময় হর্ষবর্ধন তাঁহাকে রক্ষা করেন।

রাদার ফোর্ড, স্যার আর্নেস্ট (Rutherford, Sir Earnest)—(১৮৭১—১৯৩৭ খ্রীঃ)। বিখ্যাত বিজ্ঞানী। ১৮৭১ খ্রীষ্টাব্দে নিউজিল্যান্ডে তাঁহার জন্ম হয়। তাঁহার আণবিক গবেষণার উপর ভিত্তি করিয়া আধুনিক আণবিক গবেষণা চলিয়াছিল। ১৯০৮ খ্রীষ্টাব্দে তিনি রসায়নশাস্ত্রে 'নোবেল প্রাইজ' লাভ করেন।

রাধা—১। কর্ণের পালিকা মাতা। তিনি অধিরথ নামে এক সারথির পত্নী (ভারত)। ২। রাধিকার চলিত নাম [তাহা দ্রঃ]।

রাধাকান্ত দেব রাজা স্যার—(১৭৯৩—১৮৬৭ খ্রীঃ)। সুবিখ্যাত পণ্ডিত ও 'শব্দকল্পদ্রুম'-নামক বিখ্যাত অভিধানের সংকলক। তাঁহার পিতার নাম রাজা গোপীমোহন দেব। শিক্ষার উন্নতিকল্পে তিনি ডেভিড হেয়ারের সহযোগে 'স্কুলবুক সোসাইটী' স্থাপন করেন। 'হিন্দু স্কুল' স্থাপনের জন্য তিনি ডেভিড হেয়ারের সহিত বিশেষভাবে চেষ্টা করিয়াছিলেন।

রাধাকৃষ্ণন, সর্বপল্লী—(জন্ম ৫ই সেপ্টেম্বর, ১৮৮৮ খ্রীঃ)। সুবিখ্যাত দার্শনিক। জন্ম অন্ধ্রে। তিনি অন্ধ্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হন (১৯৩১ খ্রীঃ)। তিনি বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়েরও উপাচার্য হইয়াছিলেন (১৯৩৯—৪৮ খ্রীঃ)। 'Indian Philosophy', 'The Hindu View of Life', 'Kalki', 'India and China', 'The Philosophy of Rabindranath Tagore' ইঃ তাঁহার রচিত পুস্তক। পূর্বে ভারতীয় যুক্তরাষ্ট্রের উপ-রাষ্ট্রপতি (১৯৫০ খ্রীঃ) ছিলেন। পরে তিনি রাষ্ট্রপতি হন। ১৯৫৪ খ্রীষ্টাব্দে তিনি 'ভারতরত্ন' উপাধি লাভ করেন।

রাধানাথ শিকদার—(১৮১৩—১৮৭০ খ্রীঃ)। কলিকাতার শিকদারপাড়ায় তাঁহার জন্ম হয়। পিতা তিতুরাম শিকদার। তিনি গণিতশাস্ত্রে বিশেষ পণ্ডিত ছিলেন। প্যারীচাঁদ মিত্রের সহিত তিনি 'মাসিক পত্রিকা'-নামক মাসিক পত্রিকা বাহির করেন। তিনিই হিমালয়ের সর্বোচ্চ চূড়ার উচ্চতা মাপিয়া ২৯,০০২ ফুট স্থির করেন। কিন্তু অবসরপ্রাপ্ত সার্ভেয়ার-জেনারেল এভারেস্ট সাহেবের নামানুসারে চূড়াটির নাম 'মাউন্ট এভারেস্ট' হয়।

রাধাবিনোদ পাল, ডক্টর—(১৮৯৬—১৯৬৭ খ্রীঃ)। জন্মস্থান নদীয়া জেলার সেলিমপুর গ্রাম। তিনি একজন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আইনজীবী ছিলেন। তিনি কলিকাতা হাইকোর্টের বিচারপতি (১৯৪১—৪৩ খ্রীঃ) ও কলিকাতা বিশ্ববিদ্যালয়েব উপাচার্য (১৯৪৪—৪৬ খ্রীঃ) ছিলেন। তিনি দ্বিতীয় মহাযুদ্ধের অবসানে যুদ্ধাপরাধীদেব বিচারসভার বিচারকরূপে অসামান্য আইনজ্ঞানের পরিচয় দেন। তিনি ১৯৫৯ খ্রীষ্টাব্দে জাতীয় অধ্যাপক হন।

রাধিকা—লক্ষ্মীরূপিণী ব্রজ-গোপিকা। তাঁহার পিতার নাম বৃষভানু এবং মাতার নাম কলাবতী। আয়ান ঘোষ তাঁহার পতি ছিলেন। তিনি শ্রীকৃষ্ণকে পূর্ণব্রহ্ম জানিয়া তাঁহাতে স্বীয় চিত্ত সমর্পণ করেন (ভাগ)।

রাধিকাপ্রসাদ গোস্বামী—(১৮৬১—১৯২৫ খ্রীঃ)। সংগীতজ্ঞ। পিতা শ্রীনিবাস আচার্যেব বংশধর প্রসিদ্ধ মৃদংগবাদক জগচ্চন্দ্র গোস্বামী। বাল্যে তিনি যদু ভট্টের নিকট সংগীতশিক্ষা করেন, পরে কলিকাতার গুরুপ্রসাদ মিশ্রের নিকট খেয়াল ও শিবনারায়ণ মিশ্রের নিকট ধ্রুপদ গান শিক্ষা করেন।

রাবণ—লঙ্কার রাক্ষসরাজ। বিশ্রবা মুনি তাঁহার পিতা এবং নিকষা রাক্ষসী তাঁহার মাতা। তিনি কঠোর তপস্যায় ব্রহ্মাকে সন্তুষ্ট করিয়া দেবদানবের অবধ্য ও অজেয় হইবার বর প্রাপ্ত হন। সীতা-হরণের ফলে রামচন্দ্রের সহিত তাঁহার মহাসমর

উপস্থিত হয়। এই যুদ্ধে তাঁহার সবংশে নিধন ঘটে (রাম)।

রাবেয়া—(৭৫২ বা ৭৫৩ ?)। মুসলমান ধর্মে সুফী সম্প্রদায়ের ভক্ত মহিলা। পিতার নাম ইসমাইল। আরবের মরুভূমির একটি ক্ষুদ্র পল্লীতে জন্ম। তাঁহার সমাধি জেরুসালেমের পূর্বাংশে জেবেল-এৎ-তওর পর্বতের উপর বর্তমান ।

রাঁবো, জাঁ আর্থার—(১৮৫৪—১৮৯১ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী কবি।

রাম—বিষ্ণুর এক অবতার। তিনি অযোধ্যার রাজা দশরথের জ্যেষ্ঠ পুত্র, কৌশল্যা তাঁহার মাতা। তিনি সীরধ্বজ জনকের কন্যা সীতার বিবাহপণ হরধনুর্ভঙ্গ সম্পাদন করিয়া সীতাকে লাভ করেন। তিনি পিতৃসত্য পালনের জন্য বনে যাত্রা করেন। বনে থাকিবার সময় লঙ্কার রাজা রাবণ সীতাকে হরণ করিয়া লঙ্কায় লইয়া যান। রাবণকে সবংশে ধ্বংস করিয়া তিনি সীতাকে উদ্ধার করেন। তিনি অতি প্রজারঞ্জক নৃপতি ছিলেন। কুশ ও লব নামে তাঁহার দুই পরাক্রমশালী পুত্র ছিল। তাঁহাদের উপর রাজ্যের ভার দিয়া তিনি পরিণত বয়সে সরযূর জলে আত্মবিসর্জন করেন (রাম)।

রামকমল সেন—(১৭৮৩—১৮৪৪ খ্রীঃ)। শিক্ষাব্রতী। তিনি 'এগ্রিকালচারাল অ্যান্ড হর্টিকালচারাল সোসাইটি'র অন্যতম প্রতিষ্ঠাতা। তিনি ১৮৩৪ খ্রীষ্টাব্দে একটি প্রকান্ড ইংরেজী-বাংলা অভিধান প্রণয়ন করেন।

রামকান্ত মুন্সী—(১৭৪১—১৮০১ খ্রীঃ)। তিনি টাকীর রায়চৌধুরী-বংশীয় জমিদারগণের পূর্বপুরুষ।

রামকৃষ্ণ পরমহংস—(২০শে ফেব্রুয়ারি, ১৮৩৩—১৬ই অগস্ট, ১৮৮৬ খ্রীঃ)। সুবিখ্যাত কালীসাধক। হুগলী জেলার অন্তর্গত কামারপুকুর গ্রামে জন্ম। পিতার নাম ক্ষুদিরাম চট্টোপাধ্যায়, মাতা চন্দ্রমণি দেবী। পিতামাতার প্রদত্ত নাম গদাধর। রানী রাসমণি তাঁহাকে তাঁহার প্রতিষ্ঠিত দক্ষিণেশ্বর কালীবাড়ির মন্দিরের পৌরোহিত্যে নিযুক্ত করেন। সেখানে অবস্থান করিয়া তিনি কালীসাধনায় ব্রতী হন এবং সিদ্ধিলাভ করেন। স্বামী বিবেকানন্দ তাঁহার প্রধানতম ও প্রিয়তম শিষ্য।

রামকৃষ্ণ রায়, মহারাজ—(?—১৭৯৫ খ্রীঃ)। সুবিখ্যাত রানী ভবানীর দত্তক-পুত্র। তিনি রাজ্যভোগ পরিত্যাগ করিয়া নির্লিপ্তের ন্যায় জীবনযাপন করিতেন। তিনি কালী-উপাসক ছিলেন এবং নিয়ত ধ্যান-ধারণায় নিমগ্ন থাকিতেন।

রামগতি ন্যায়রত্ন—(১২৩৮—১৩০১ বঙ্গাব্দ)। সাহিত্য-সমালোচক। হুগলী জেলার অন্তর্গত ইলছোবা গ্রামে জন্ম হয়। তাঁহার রচিত 'বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্য বিষয়ক প্রস্তাব'-নামক গ্রন্থ বঙ্গসাহিত্যের প্রথম বিস্তৃত ইতিহাস।

রামগোপাল ঘোষ—(১৮১৫—১৮৬৮ খ্রীঃ)। বিখ্যাত ধনী ও জনসেবক। জন্মস্থান কলিকাতা। তিনি ডিরোজিও সাহেবের অন্যতম ছাত্র ছিলেন। তিনি একজন খ্যাতনামা বক্তা ছিলেন।

রামচন্দ্র কবিরাজ—(? ১৫০৬—১৬১২ খ্রীঃ)। শ্রীনিবাস আচার্য প্রভুর শিষ্য। পিতার নাম চিরঞ্জীব সেন। জন্মস্থান শ্রীখণ্ড গ্রাম। তিনি মুর্শিদাবাদে তিলিয়াবুধুরী গ্রামে বাস করিতেন। তিনি অষ্ট কবিরাজের অন্যতম। তাঁহার রচিত 'স্মরণ-দর্পণ', 'সাধনচন্দ্রিকা' ও শ্রীনিবাস আচার্যের জীবনচরিত আছে।

রামচন্দ্র খাঁন—১। চৈতন্যপ্রভুর সুবিখ্যাত ভক্ত। কৌলিক উপাধি ঘোষ। আদি নিবাস হাওড়া জেলার বালী গ্রামে। তিনি গৌড়ের বাদশাহ হোসেন শাহ্ কর্তৃক 'খাঁন' উপাধি পান। ২। হোসেন শাহের বাল্যবন্ধু ও বৈষ্ণব-বিদ্বেষী। বেনাপোল কাগজপুখুরিয়া গ্রামে জন্ম। প্রকৃত নাম শান্তিধর। উপাধি খাঁন। তিনি ব্রাহ্মণ জমিদার ছিলেন। তিনি হরিদাস ঠাকুর ও নিত্যানন্দপ্রভুকে অপমান করিয়াছিলেন। ৩। (১৬শ শতক) কবি। তিনি মহাভারতের অশ্বমেধপর্ব লেখেন। উহা জৈমিনি সংহিতার মর্মানুবাদ। এইজন্য উহা 'জৈমিনি মহাভারত' নামে পরিচিত।

রামচন্দ্র দত্ত—(১২৫৮—১৩০৫ বঙ্গাব্দ)। রামকৃষ্ণভক্ত। কলিকাতার নারিকেলডাঙ্গায় জন্ম। পিতার নাম নৃসিংহপ্রসাদ দত্ত। তিনি শ্রীরামকৃষ্ণদেবের উপদেশসমূহ ও সাধনপদ্ধতি কয়েকখানি গ্রন্থে লিপিবদ্ধ করিয়া প্রকাশ করেন। শ্রীরামকৃষ্ণদেবের তিরোধানের পর তাঁহার দেহাবশেষ বিভূতি তাঁহারই কাঁকুড়গাছির যোগোদ্যানে রক্ষিত হইয়াছে। তাঁহার এই উদ্যান এক্ষণে এক তীর্থে পরিণত হইয়াছে।

রামতনু লাহিড়ী—(১৮১৩—১৩ই অগস্ট, ১৮৯৮ খ্রীঃ)। ডিরোজিও সাহেবের শিক্ষার আদর্শে তিনি এদেশের সমাজসংস্কারে উদ্যোগী হন। পরে তিনি কিছুদিন কেশবচন্দ্র সেনের পক্ষ সমর্থন করিয়াছিলেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্যের অধ্যাপক পদের সহিত তাঁহার নাম সংশ্লিষ্ট।

রামদাস—চতুর্থ শিখ-গুরু। তিনি অমৃতসর নগর স্থাপন করিয়াছিলেন (১৫৩৪ খ্রীঃ)।

রামদাস স্বামী (সমর্থ রামদাস)—(১৬০৮—১৬৮১ খ্রীঃ)। দাক্ষিণাত্যের বিখ্যাত স্বদেশপ্রেমিক ও ধর্মপ্রচারক। গোদাবরী নদীর তীরস্থ জম্বুক্ষেত্রে এক ব্রাহ্মণের গৃহে জন্ম। মহারাষ্ট্রপতি শিবাজী তাঁহার পরামর্শ অনুসারে সমুদয় রাজকার্য নির্বাহ করিতেন।

রামদুলাল সরকার—(১৭৫২—১৮২৫ খ্রীঃ)। দমদমের নিকটবর্তী এক গ্রামের ধনী ও সহৃদয় ব্যক্তি। পিতা বলরাম সরকার। রামদুলাল নানা কারবার করিয়া কোটিপতি হন। তিনি দয়াবান্ ছিলেন এবং তাঁহার স্থাপিত বেলগাছিয়ার

অতিথিশালায় প্রত্যহ প্রায় সহস্র লোক আহার করিত।

রামনাথ তর্কসিদ্ধান্ত—বিখ্যাত নৈয়ায়িক। মহারাজ কৃষ্ণচন্দ্র ও তাঁহার পুত্র শিবচন্দ্রের সমকালীন। বনমধ্যে নির্জন স্থানে চতুষ্পাঠী স্থাপন করিয়াছিলেন বলিয়া তিনি 'বুনো রামনাথ' নামে পরিচিত হন। তৎকালে নবদ্বীপে তাঁহার তুল্য কোন নৈয়ায়িক বিদ্যমান ছিলেন না।

রামনারায়ণ তর্করত্ন—(২৬শে ডিসেম্বর, ১৮২২—১৯শে জানুয়ারি, ১৮৮৬ খ্রীঃ)। সর্বপ্রথম আধুনিক নাট্যকার। তিনি 'নাটুকে রামনারায়ণ' নামেই প্রসিদ্ধি লাভ করেন। পিতা রামধন শিরোমণি। ২৪ পরগনার অন্তর্গত হরিনাভি গ্রামে জন্ম। তাঁহার প্রথম নাটক 'কুলীন কুলসর্বস্ব' (১৮৫৪ খ্রীঃ) বাংলার আদি নাটক বলিয়া মর্যাদা পায়। 'বেণীসংহার নাটক', 'রত্নাবলী নাটক', 'অভিজ্ঞান শকুন্তলা নাটক', 'নব-নাটক', 'মালতী-মাধব নাটক' প্রঃ তাঁহার বাংলা ও 'আর্য-শতকম্', 'দক্ষযজ্ঞম্' ইঃ তাঁহার সংস্কৃত রচনা।

রামনিধি গুপ্ত—'নিধুবাবু' দ্রঃ।

রামপাল—(১১শ শতক)। পালবংশের শেষ রাজা। তিনি উত্তর বিহার জয় করেন।

রামপ্রসাদ সেন, "কবিরঞ্জন"—(১৭২৩—১৭৭৫ খ্রীঃ)। সুবিখ্যাত সাধক কবি। নিবাস হালিশহরের পাশে কুমারহট্ট গ্রামে। পিতার নাম রামরাম। তাঁহার রচিত শ্যামাবিষয়ক গান অদ্যাপি বাংলার সর্বত্র সাদরে গীত হইয়া থাকে। মহারাজ কৃষ্ণচন্দ্র তাঁহাকে একশত বিঘা নিষ্কর ভূমি দান করেন। তাঁহার রচিত 'বিদ্যাসুন্দর-কাব্য' ও 'কালীকীর্তন' নামে গ্রন্থ সুপরিচিত। 'কবিরঞ্জন' এই ভণিতা তাঁহার কাব্যের শেষে দেখা যায়।

রামপ্রাণ গুপ্ত—(১৮৬৯—১৯২৭ খ্রীঃ)। বিখ্যাত ঐতিহাসিক। ময়মনসিংহের অন্তর্গত কেদারপুর-নামক গ্রামে তিনি জন্মগ্রহণ করেন। 'মোগল বংশ', 'প্রাচীন ভারত', 'পাঠান রাজবৃত্ত', 'ইসলাম কাহিনী' প্রঃ কয়েকখানি উৎকৃষ্ট ঐতিহাসিক গ্রন্থ প্রণয়ন করিয়া তিনি যশস্বী হইয়াছেন।

রামমূর্তি নাইডু—(১৮৭৯—১৯৩৮ খ্রীঃ)। বিখ্যাত ব্যায়ামবীর। মাদ্রাজ প্রদেশে (বর্তমান তামিলনাড়ু রাজ্যে) জন্ম হয়। পিতার নাম নারায়ণ স্বামী। স্বদেশে ও বিদেশে বহু আশ্চর্য ব্যায়ামকৌশল ও কীর্তির পরিচয় দিয়া বিখ্যাত হন।

রামমোহন রায়, রাজা—(১০ই মে, ১৭৭৪—২৭শে সেপ্টেম্বর, ১৮৩৩ খ্রীঃ)। ব্রাহ্ম-সমাজের প্রতিষ্ঠাতা ও নবীন ভারতের মহামন্ত্রদাতা। হুগলী জেলার অন্তর্গত রাধানগর গ্রামে জন্ম। প্রকৃত উপাধি বন্দ্যোপাধ্যায়। তিনি ইংরেজী, উর্দু, হিব্রু, ফরাসী, গ্রীক ও ল্যাটিন ভাষা শিখিয়া বৈদেশিক ধর্মগ্রন্থ সকল হইতে নানা প্রবন্ধ বঙ্গভাষায় অনূদিত ও প্রচারিত করিয়াছিলেন। এই উদারহৃদয় মহাপুরুষ হিন্দু সমাজে বাল্যবিবাহ, কন্যাপণ ও সতীদাহ প্রথা নিবারণের জন্য সর্বপ্রথম আন্দোলন করেন। তিনি নিজ ধর্মমত প্রচারের জন্য প্রায় ৭০ খানি পুস্তক প্রকাশ করিয়াছিলেন। ১৮৩২ খ্রীষ্টাব্দে তিনি ফরাসী-দেশে যান, এবং সেখান হইতে ব্রিস্টলে আসিলে তাঁহার মৃত্যু হয়।

রামরাম বসু—(১৭৫৭—১৮১৩ খ্রীঃ)। জন্মস্থান চুঁচুড়া ও শিক্ষাস্থল ২৪ পরগনার নিমতা গ্রাম। তিনি কেরী সাহেবের মুন্সী হন। তিনি মিশনারীদের হইয়া একাধিক পুস্তক রচনা করেন। তাঁহার রচিত 'খ্রীষ্টবিবরণামৃতং' ও 'হরকরা' (গসপেল মেসেঞ্জার) মিশনারীদের ইচ্ছাক্রমেই রচিত হইয়াছিল। কেরীর নির্দেশে রামরাম বসু যে দুইখানি পুস্তক রচনা করেন, তাহা 'রাজা প্রতাপাদিত্য চরিত্র' (১৮০১) ও 'লিপিমালা' (১৮০২) নামে প্রসিদ্ধ।

রাম রায়—বিখ্যাত শিখগুরু। তিনি গুরু হররায়ের জ্যেষ্ঠ পুত্র। রাম রায় যোগাবলম্বনে দেহত্যাগ করেন।

রাম শাস্ত্রী—চতুর্থ পেশোয়া মাধব রাওয়ের প্রসিদ্ধ মিত্র ছিলেন। তিনি অতি ন্যায়পরায়ণ ও সৎসাহসী বিচারপতি ছিলেন।

রাম সরস্বতী—আসামের বিখ্যাত কবি। কামরূপ জেলার পচারিয়া গ্রামে জন্ম। তিনি শঙ্করদেব ও মাধবদেবের সমসাময়িক। তিনি মূল সংস্কৃত মহাভারত অসমিয়া ভাষায় পদ্যাকারে অনুবাদ করেন। তিনি রামায়ণ ও কতিপয় পুরাণেরও অনুবাদ করেন।

রামানন্দ—(১৪শ শতক)। তিনি একজন প্রসিদ্ধ বিষ্ণুভক্ত ও ধর্মপ্রচারক। কবীর তাঁহার শিষ্য। 'ভক্তমাল' গ্রন্থে তাঁহার জীবনী আছে।

রামানন্দ চট্টোপাধ্যায়—(১৮৬৫—১৯৪৩ খ্রীঃ)। বিখ্যাত সাংবাদিক ও সাহিত্যিক। বাঁকুড়া জেলায় জন্ম। পিতার নাম শ্রীনাথ চট্টোপাধ্যায়। তিনি 'প্রবাসী', 'দি মডার্ন রিভিয়ু' (The Modern Review) ও 'বিশাল ভারত'-নামক তিনখানি সুপ্রসিদ্ধ বাংলা, ইংরেজী ও হিন্দী মাসিক পত্রিকার প্রকাশক ও পরিচালক ছিলেন।

রামানুজ—(১১শ শতক)। দাক্ষিণাত্যের চোল রাজ্যে শ্রীপরম্বদুর গ্রামে তাঁহার জন্ম হয়। তিনি একজন বিখ্যাত বিষ্ণুভক্ত ও বৈষ্ণবধর্মের, বিশেষতঃ বিশিষ্টাদ্বৈতবাদের প্রচারক। রামানন্দ এবং কবীর তাঁহারই ধর্মমত অনুসরণ করিয়াছিলেন। দর্শনশাস্ত্র সম্বন্ধে তাঁহার ৪৭ খানি পুস্তক আছে। তাঁহার প্রচারিত দর্শনশাস্ত্রের নাম 'রামানুজদর্শন'।

রামী—(জীবৎকাল ১৪৫০ ?)। নাম রামমণি বা রামতারা। তিনি জাতিতে রজক ছিলেন। কথিত আছে, চণ্ডীদাস নান্নুর গ্রামে বাশুলীদেবীর পূজারী ছিলেন। তিনি সেই মন্দিরের পরিচারিকা ছিলেন। চণ্ডীদাস তাঁহার প্রেমে পড়েন এবং সহজ সাধনার নায়িকারূপে তাঁহাকে গ্রহণ

করেন। তিনি চণ্ডীদাসের কবিত্বের মূল উৎস ছিলেন। তাঁহার কয়েকটি পদ পাওয়া গিয়াছে। তাঁহাকে বঙ্গের আদি মহিলা কবি বলা হয়।

রামেন্দ্রসুন্দর ত্রিবেদী—(২০শে অগস্ট, ১৮৬৪—৬ই জুন, ১৯১৯ খ্রীঃ)। সুবিখ্যাত বৈজ্ঞানিক পণ্ডিত ও বিজ্ঞানবিষয়ক লেখক। পিতা গোবিন্দসুন্দর। নিবাস টেঞা-বৈদ্যপুর, মুর্শিদাবাদ। তাঁহার রচিত 'প্রকৃতি', 'জিজ্ঞাসা', 'কর্মকথা', 'চরিত-কথা', 'বিচিত্র-প্রসঙ্গ', 'নানা কথা' ইঃ গ্রন্থ সুপ্রসিদ্ধ।

রায় বাঘিনী—(১৬শ শতক)। বঙ্গ-বীরাঙ্গনা। রায় বাঘিনী তাঁহার উপাধি। আকবর যখন বাদশাহ্ তখন এই বীর রমণী পশ্চিম বাংলায় জন্মগ্রহণ করেন। আসল নাম ছিল 'রানী ভবশংকরী'। তাঁহার পিতা দীননাথ চৌধুরী পেঁড়োর গড়ের দুর্গরাজের অধীন একজন সর্দার ছিলেন। তাঁহার বিবাহ হয় ভুরসুট রাজ্যের মহারাজ রুদ্রনারায়ণের সঙ্গে। পাঠানদলের সর্দার ওসমান রানী ভবশংকরী ও তাঁহার শিশুপুত্রটির উপর প্রতিশোধ লইবার ইচ্ছা করিলে ওসমানের সহিত তাঁহার যে যুদ্ধ হয় তাহাতে রানী বিশাল বর্শা হস্তে যুদ্ধ পরিচালনা করিয়া বিজয়িনী হন। সেই যুদ্ধস্থল 'রায় বাঘিনীর গড়' নামে পরিচিত (তারকেশ্বর হইতে চার পাঁচ মাইল দূরে)। এই যুদ্ধে তাঁহার বীরত্বের কাহিনী শুনিয়া আকবর তাঁহাকে 'রায় বাঘিনী' উপাধি দেন।

রায়মল্ল—মেবারের রানা কুম্ভের পুত্র। তিনি অতিশয় বীর ছিলেন। তাঁহার তিন পুত্র—রানা সঙ্গ (সংগ্রামসিংহ), পৃথ্বীরাজ ও জয়মল্ল।

রাসপুটিন, গ্রেগরি এফিমোভিচ (Rasputin, Gregory Efimovitch)—(১৮৭১—১৯১৬ খ্রীঃ)। অর্ধোন্মাদ, নিষ্ঠুর-প্রকৃতি রুশীয় ধর্মযাজক। তিনি নিজের অসাধারণ ব্যক্তিত্বের প্রভাবে রাশিয়ার জার দ্বিতীয় নিকোলাসের পত্নীর এবং ধর্মের ও রাজ্যের উপরে অবাঞ্ছনীয় প্রভাব বিস্তার করিতে থাকেন। তাঁহাকে গুলি করিয়া হত্যা করা হয়।

রাসবিহারী ঘোষ—(১৮৪৫—১৯২১ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ ব্যবহারাজীব ও দানবীর। বর্ধমান জেলায় জন্মগ্রহণ করেন। কলিকাতা হাইকোর্টে তাঁহার ন্যায় আইনজ্ঞ ব্যক্তি অতি অল্পই ছিলেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ফণ্ডে তিনি বহু লক্ষ টাকা প্রদান করিয়া গিয়াছেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান কলেজেও তাঁহার অর্থ নিয়োগ করা হয়।

রাসবিহারী বসু—(১৮৮০—১৯৪৪ খ্রীঃ)। বিপ্লবী দেশসেবক। নিবাস বর্ধমান। লর্ড হার্ডিঞ্জের উপর বোমা নিক্ষেপ করিয়া তাঁহাকে তিনি হত্যা করিবার চেষ্টা করেন। কিন্তু তাঁহার প্রচেষ্টা ব্যর্থ হইয়াছিল। তিনি পুলিসের হাত এড়াইয়া জাপানে যান। সুভাষচন্দ্রের সঙ্গে তাঁহার যোগাযোগ ঘটে। তিনি আজাদ হিন্দ্ সরকারের উপদেষ্টা ছিলেন।

রাসমণি, রানী—(?—১৮৬১ খ্রীঃ)। ত্রিবেণীর নিকটস্থ কোনা-নামক গ্রামে এক কৃষকের গৃহে জন্ম। পিতার নাম হরেকৃষ্ণ দাস। কলিকাতায় প্রীতিরাম মাড়ের পুত্র রাজচন্দ্র মাড়ের সহিত তাঁহার বিবাহ হয়। ১৮৩৬ খ্রীষ্টাব্দে রাজচন্দ্রের মৃত্যু হইলে রাসমণি বিপুল ঐশ্বর্যের অধিকারিণী হন দক্ষিণেশ্বরের প্রসিদ্ধ দেবালয় ও অতিথিভবন তাঁহারই কীর্তি ও দয়ার নিদর্শন।

রাসেল, বার্ট্রাণ্ড আর্থার উইলিয়াম (Russell, Bertrand Arthur William)—(জন্ম ১৮৭২ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ লেখক, দার্শনিক ও গণিতজ্ঞ। পৃথিবীর চিন্তাশীল লেখকদের মধ্যে তিনি অন্যতম। জন্ম ইংলণ্ডের ট্রেলেক-নামক স্থানে। পিতা ভাইকাউণ্ট অ্যাম্বারলে। 'Mysticism and Logic', 'Principia Mathematica', 'The Analysis of Matter', 'Marriage and Morals' প্রঃ তাঁহার বিখ্যাত পুস্তক।

রাস্কিন, জন (Ruskin, John)—(১৮১৯—১৯০০ খ্রীঃ)। বিখ্যাত সমালোচক ও দার্শনিক। তিনি জাতিতে ইংরেজ। পিতা জন জেমস্। 'Modern Painters', 'The Seven Lamps of Architecture', 'The Stones of Venice' প্রঃ তাঁহার রচিত বিখ্যাত গ্রন্থ।

রাহুল—বুদ্ধদেব ও গোপার পুত্র। তিনি খ্রীষ্টপূর্ব ৫১১ অব্দে জন্মগ্রহণ করেন।

রিচার্ড, ১ম (Richard I)—(১১৫৭—১১৯৯ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা। তিনি Lion-hearted নামে খ্যাত। তিনি দ্বিতীয় হেনরীর পুত্র ছিলেন। 'ক্রুসেড'-নামক ধর্ম-যুদ্ধগুলির 'তৃতীয় ক্রুসেডে'র তিনি অন্যতম নায়ক ছিলেন। নর্মাণ্ডিতে Chaluz-নামক দুর্গ অবরোধ করিবার সময় তিনি যুদ্ধক্ষেত্রে নিহত হন।

রিচার্ড, ২য় (Richard II)—(১৩৬৭—১৪০০ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা ও ব্ল্যাক প্রিন্সের পুত্র। তাঁহার রাজত্বকাল বিশৃঙ্খলাপূর্ণ ছিল। ১৩৮১ খ্রীষ্টাব্দে প্রসিদ্ধ ওয়াট টাইলারের নেতৃত্বে এক ভীষণ বিদ্রোহ সংঘটিত হয়। অবশেষে হেনরী ল্যাঙ্কাস্টার তাঁহাকে সিংহাসন ত্যাগ করিতে বাধ্য করেন।

রিচার্ড, ৩য় (Richard III)—(১৪৫২—১৪৮৫ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা। ৫ম এড্ওয়ার্ডকে সিংহাসনচ্যুত করিয়া তিনি ইংলণ্ডের রাজা হন। বস্ওয়ার্থে তিনি নিহত হন।

রিজিয়া, সুলতানা—(রাজত্বকাল ১২৩৬—১২৪০ খ্রীঃ)। দিল্লীর সুলতানা। তিনি ছাড়া আর কোনো নারী দিল্লীর সিংহাসনে বসেন নাই। তাঁহার পুরা নাম রজিয়ৎ-উদ্-দীন। তিনি সুলতান ইলতুৎমিসের কন্যা। ইলতুৎমিস তাঁহাকে সিংহাসনে মনোনীত করিয়া যান। বিদ্রোহীরা তাঁহাকে ও তাঁহার স্বামীকে পরাজিত ও নিহত করে।

রিপন, লর্ড (Ripon, Lord)—(১৮২৭—১৯০৯

খ্রীঃ)। ভারতবর্ষের অন্যতম গভর্নর-জেনারেল। তিনি ১৮৮০ হইতে ১৮৮৪ খ্রীঃ পর্যন্ত ভারতের গভর্নর-জেনারেল ছিলেন। এদেশের উন্নতির জন্য তিনি শিক্ষা, শিল্প প্রঃ বহু জনহিতকর কার্য করিয়া গিয়াছিলেন।

রিসল্যু, আর্মান্ড জিন, কার্ডিনাল (Richelieu, Armand Jean, Cardinal)—(১৫৮৫—১৬৪২ খ্রীঃ)। প্রসিদ্ধ ফরাসী রাজনীতিবিশারদ। তিনি ফ্রান্সের রাজা ত্রয়োদশ লুইয়ের মন্ত্রী ছিলেন।

রুক্মিণী—বিদর্ভরাজ ভীষ্মকের দুহিতা, স্বয়ং লক্ষ্মীর অংশে অবতীর্ণা। শ্রীকৃষ্ণ বিদর্ভে আসিয়া তাঁহাকে হরণ করেন এবং দ্বারকায় লইয়া গিয়া তাঁহাকে বিবাহ করেন। শ্রীকৃষ্ণের দেহাবসানে তিনি চিতানলে প্রাণ বিসর্জন করেন (ভাগ, হরি)।

রুক্মী—ভীষ্মকরাজের জ্যেষ্ঠ পুত্র। তিনি স্বভাবতঃ কৃষ্ণদ্বেষী ছিলেন। বলরামের হস্তে তাঁহার মৃত্যু হয় (ভাগ)।

রুজভেল্ট, থিওডোর—(Roosevelt, Theodore) —(১৮৫৮—১৯১৯ খ্রীঃ)। আমেরিকার যুক্তরাষ্ট্রের সভাপতি। তাঁহার পূর্ববর্তী সভাপতি ১৯০১ খ্রীষ্টাব্দে নিহত হইলে তিনি দুইবার সভাপতি নির্বাচিত হন। বিশ্বশান্তির প্রচেষ্টার জন্য তাঁহাকে ১৯০৬ খ্রীষ্টাব্দে 'নোবেল প্রাইজ' দেওয়া হয়।

রুজভেল্ট, ফ্রাঙ্কলিন ডি. (Roosevelt, Franklin D.)—(১৮৮২—১৯৪৫ খ্রীঃ)। আমেরিকার যুক্তরাষ্ট্রের সভাপতি। ১৯৩২ খ্রীষ্টাব্দে তিনি প্রথম সভাপতি হন। ১৯৩৩ খ্রীঃ হইতে মৃত্যু পর্যন্ত তিনি যুক্তরাষ্ট্রের সভাপতি ছিলেন।

রুদ্র—ব্রহ্মার ললাট হইতে তাঁহার উৎপত্তি হয়। জন্মিবামাত্রই রোদন করিতে করিতে ভ্রমণ করিয়াছিলেন বলিয়া তিনি রুদ্র নামে খ্যাত হন (বায়ু, অগ্নি)।

রুদ্রসিংহ—অহোম রাজগণের মধ্যে তিনি সর্বশ্রেষ্ঠ ছিলেন। ১৬৯৫ খ্রীষ্টাব্দে তিনি রাজা হন। তিনি 'জয়সাগর' নামে এক সুবৃহৎ দীঘি খনন করান। ১৮ বৎসর ৬ মাস রাজত্ব করিবার পর তাঁহার মৃত্যু হয়।

রুরু—জনৈক ব্রাহ্মণ। চ্যবনপুত্র প্রমতি তাঁহার পিতা এবং অপ্সরা ঘৃতাচী তাঁহার মাতা। তিনি মেনকার কন্যা প্রমদ্বরাকে বিবাহ করেন (দেবীভা, ভারত)।

রুসো, জিন-জ্যাক (Rousseau, Jean-Jacques)—(১৭১২—১৭৭৮ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী দার্শনিক লেখক। জেনেভা নগরে জন্ম। তাঁহার মতবাদ ফরাসী-বিদ্রোহের অন্যতম কারণ বলা হয়। তাঁহার রচিত 'Social Contract', 'Confessions' ইঃ পুস্তক আছে।

রূপ গোস্বামী—(১৪৮৯—১৫৫৮ খ্রীঃ)। সুবিখ্যাত বৈষ্ণব আচার্য ও কবি। ইনি ষড়গোস্বামীর অন্যতম। নিবাস রামকেলি গ্রাম। পিতা মুকুন্দ। বিখ্যাত সনাতন গোস্বামীর ভ্রাতা। উভয়ে একত্র রূপ-সনাতন নামে খ্যাত। রূপ গোস্বামী চৈতন্যদেবের শিষ্যত্ব গ্রহণ করেন। তাঁহার রচিত গ্রন্থগুলির মধ্যে 'ভক্তিরসামৃত', 'উদ্ধবদূত', 'গঙ্গাষ্টক', 'বিদগ্ধ মাধব' ও 'ললিত-মাধব' নাটক 'শ্রীরূপ চিন্তামণি' ইঃ উল্লেখযোগ্য।

রেজা খাঁ—তিনি জাফর আলী খাঁর মৃত্যুর পর ইংরেজ কোম্পানির অনুমতিতে বঙ্গের প্রধান মন্ত্রী নিযুক্ত হন (১৭৬৪ খ্রীঃ)। তাঁহার আমলেই ছিয়াত্তরের মন্বন্তর হয়।

রেজা শাহ্ পহ্লবী—পারস্যের রাজা। ১৯২৫ খ্রীষ্টাব্দে তিনি পারস্যের রাজা হন। তাঁহারই প্রচেষ্টায় বর্তমান পারস্যের প্রভূত উন্নতি সাধিত হইয়াছে।

রেডিং, লর্ড (Reading, Lord)—১৯২১ হইতে ১৯২৬ খ্রীঃ পর্যন্ত তিনি ভারতবর্ষের গভর্নর জেনারেল ছিলেন।

রেণুকা—পরশুরামের মাতা। তিনি প্রসেনজিৎ রাজার কন্যা এবং জমদগ্নি মুনির পত্নী। স্বামী জমদগ্নির আদেশে পুত্র পরশুরামের হস্তে তাঁহার শিরশ্ছেদ হয়। পরে তিনি স্বামীর বরে পুনর্জীবিতা হন (কালিকা)।

রেবতী—রেবত রাজার কন্যা ও বলরামের পত্নী ['রেবত' দ্রঃ]।

রেমব্রাঁ (Rembrandt)—(১৬০৬—১৬৬৯ খ্রীঃ)। প্রসিদ্ধ ওলন্দাজ চিত্রকর। তাঁহার চিত্রে প্রাকৃতিক দৃশ্যের সজীব ভাবগুলি বেশ পরিস্ফুটভাবে অঙ্কিত হইয়াছে।

রেমার্ক, এরিক মারিয়া—(জন্ম ১৮৯৮ খ্রীঃ)। প্রসিদ্ধ জার্মান ঔপন্যাসিক। বিশ্ববিখ্যাত উপন্যাস 'All quiet on the Western Front'-এর লেখক।

রোজবেরী, আর্ল অব (Rosebery, Earl of)—(১৮৪৭—১৯২৯ খ্রীঃ)। ইংরেজ রাজনীতিবিদ্। ১৮৯৪ খ্রীষ্টাব্দে তিনি গ্ল্যাড্স্টোনের পরে ইংলণ্ডের প্রধান মন্ত্রী হন। তাঁহার পিট (Pitt), পিল (Peel), নেপোলিয়ন (Napoleon) প্রঃ জীবনবিষয়ক রচনা বিশেষ বিখ্যাত।

রো, টমাস (Roe, Sir Thomas)—'টমাস রো' দ্রঃ।

রোব্‌স্‌পিয়ার (Robespierre)—(১৭৫৮—১৭৯৪ খ্রীঃ)। ফরাসী-বিপ্লবের অন্যতম নেতা। ফরাসী-বিপ্লবের সময় তিনি 'জ্যাকোবিন' সম্প্রদায়ের সভ্য হন এবং অল্পদিনের মধ্যেই উক্ত সম্প্রদায়ের নেতৃত্ব লাভ করেন। বিচারে তাঁহার প্রাণদণ্ড হয় এবং গিলোটিন যন্ত্রের সাহায্যে তাঁহাকে বধ করা হয়।

রোলাঁ, রোমাঁ (Rolland, Romain)—(১৮৬৬—১৯৪৪ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী লেখক। ১৯১৫ খ্রীষ্টাব্দে তিনি সাহিত্যে 'নোবেল প্রাইজ' প্রাপ্ত হন। 'জাঁ ক্রিস্তফ' (Jean Christophe)-নামক তাঁহার পুস্তকখানি বিশ্ববিশ্রুত।

রোস্তম—পারস্যের প্রসিদ্ধ বীরপুরুষ। তাঁহার পত্নীর নাম তাহ্‌মিনা। দৈব দুর্বিপাকে স্বীয়

একমাত্র পুত্র সোরাব তাঁহার হস্তেই নিহত হয় (শাহ্‌নামা)।

রোহিণী—১। তিনি চন্দ্রের পত্নী এবং দক্ষ প্রজাপতির কন্যা। চন্দ্র রোহিণীর নিকট সর্বদা থাকিতেন বলিয়া দক্ষের শাপে চন্দ্র যক্ষ্মারোগে আক্রান্ত হন (কালিকা)। ২। বসুদেবের স্ত্রী। বলরাম তাঁহার পুত্র।

রোহিতাশ্ব—অযোধ্যার মহারাজ হরিশ্চন্দ্রের পুত্র। অপর নাম রোহিত। তিনি পিতার মৃত্যুর পর রাজা হন (বিষ্ণু)।

র‍্যাফেল, স্যান্জিও (Raphæl, Sanzio)—(১৪৮৩—১৫২০ খ্রীঃ)। বিশ্ববিখ্যাত ইতালীয় চিত্রকর। 'The Madonna', 'The Transfiguration' ইঃ তাঁহার সুপ্রসিদ্ধ চিত্র।

র‍্যালে, স্যার ওয়াল্টার (Raleigh, Sir Walter)—(১৫৫২—১৬১৮ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ সৈনিক, নাবিক ও রাজনীতিবিদ্। ভার্জিনিয়ার ও সুদূর পশ্চিমের উপনিবেশগুলির তিনি আবিষ্কর্তা। রাজা প্রথম জেম্‌সের আদেশে তাঁহার শিরশ্ছেদ হয়।

ল

লংফেলো, হেন্‌রী ওয়াড্‌স্‌ওয়ার্থ (Longfellow, Henry Wadsworth)—(১৮০৭—১৮৮২ খ্রীঃ)। প্রসিদ্ধ মার্কিন কবি। তাঁহার গদ্যে লিখিত রমন্যাস 'Hyperion' (১৮৩৯ খ্রীঃ) প্রথমে প্রকাশিত হয়। তাঁহার প্রকাশিত কবিতা-পুস্তক 'Voices of the Night' ও 'Ballads and Other Poems' (১৮৪১ খ্রীঃ) সুবিখ্যাত। 'Christus' (১৮৭২ খ্রীঃ) তাঁহার সর্বশ্রেষ্ঠ পুস্তক।

লক্ষ, রানা (? ১৩৮৩ খ্রীঃ)। লক্ষসিংহ নামেও অভিহিত। মিবারের রানা। রানা ক্ষেত্রসিংহের পুত্র। গয়াতীর্থে মুসলমানের উপদ্রব নিবারণ করিতে গিয়া তাঁহার মৃত্যু হয়।

লক্ষ্মণ—অযোধ্যার মহারাজ দশরথের পুত্র। ভ্রাতৃভক্তি ও বীরত্বের জন্য তিনি চিরস্মরণীয়। লঙ্কার মহাসমরে তিনি ইন্দ্রজিৎকে বধ করেন। তিনি সরযূতে দেহত্যাগ করেন (রাম)।

লক্ষ্মণমাণিক্য—(১৬শ শতক)। বাংলার প্রসিদ্ধ বারভূঁইয়ার একজন। ভুলুয়াতে তাঁহার রাজধানী ছিল। তিনি রাজা কন্দর্পনারায়ণের সমসাময়িক। লক্ষ্মণমাণিক্য চন্দ্রদ্বীপের রাজা রামচন্দ্র কর্তৃক কারারুদ্ধ ও নিহত হন।

লক্ষ্মণ সেন—(শাসনকাল ১১১৯—১২০৩ খ্রীঃ)। বাংলার সেনবংশীয় রাজা। পিতার নাম বল্লাল সেন। তিনি বাংলার শেষ হিন্দু রাজা। নবদ্বীপ তাঁহার রাজধানী ছিল। তাঁহার সভায় জয়দেব, শূলপাণি, হলায়ুধ, ধোয়ী প্রঃ পণ্ডিতগণ ছিলেন। কথিত আছে মহম্মদ-ই-বখ্‌তিয়ারের আক্রমণের সময় তিনি পলায়ন করেন।

লক্ষ্মী—সৌভাগ্যের অধিষ্ঠাত্রী দেবী। তিনি বিষ্ণুর পত্নী। পিতা মহর্ষি ভৃগু, মাতা খ্যাতি। দুর্বাসার অভিশাপে ত্রিলোক শ্রীহীন হইলে তিনি সমুদ্রে নিমজ্জিতা হন এবং পরে সমুদ্রমন্থনে উত্থিত হন (ব্রহ্মবৈ)।

লক্ষ্মী বাঈ—(শাসনকাল ১৮৫৩—১৮৫৮ খ্রীঃ)। ঝাঁসির রানী। স্বামী গঙ্গাধর রাওয়ের মৃত্যুর পর দত্তকপুত্রের নামে রাজ্যশাসন করিতে থাকেন। পরে ঝাঁসি উদ্ধারের জন্য ১৮৫৭ খ্রীষ্টাব্দে সিপাহী-বিদ্রোহে বিদ্রোহীপক্ষে যোগদান করেন ও ইংরেজের বিরুদ্ধে অস্ত্রধারণ করেন। তিনি ১৮৫৮ খ্রীষ্টাব্দে গোয়ালিয়র যুদ্ধক্ষেত্রে প্রাণত্যাগ করেন।

লজ, স্যার অলিভার (Lodge, Sir Oliver)—(১৮৫১—১৯৪০ খ্রীঃ)। বিখ্যাত পদার্থবিদ্। 'Faith and Science', 'The Survival of Man', 'The Reality of a Spiritual World' তাঁহার বিখ্যাত পুস্তক।

লব—শ্রীরামচন্দ্রের কনিষ্ঠ পুত্র। সীতাদেবী তপোবনে নির্বাসিতা হইয়া যমজপুত্র প্রসব করেন; কুশ জ্যেষ্ঠ, লব কনিষ্ঠ (রাম)।

লয়েড জর্জ, ডেভিড (Lloyd George, David)—(১৮৬৩—১৯৪৫ খ্রীঃ)। ওয়েলস্‌-নিবাসী রাজনীতিবিদ্। তিনি ১৯১৬ হইতে ১৯২২ খ্রীঃ পর্যন্ত ইংলণ্ডের প্রধান মন্ত্রী ছিলেন। লর্ড কিচেনার (Lord Kitchener)-এর মৃত্যুর পর তিনি সমরসচিব হন। তাঁহারই দক্ষতায় ইংলণ্ড যুদ্ধে জয়ী হয়।

লরেন্স, টমাস এডওয়ার্ড (Lawrence, Thomas Edward)—(১৮৮৮—১৯৩৫ খ্রীঃ)। ইংরেজ সৈনিক ও আবিষ্কারক। ১৯১৫ খ্রীষ্টাব্দে তিনি আরবে প্রেরিত হন। তাঁহারই বুদ্ধি-চাতুর্যে আরবে তুরস্কের প্রভাব বিনষ্ট হইয়া যায়। 'Revolt in the Desert' তাঁহার একখানি বিখ্যাত পুস্তক। তিনি 'লরেন্স অব আরেবিয়া' রূপে প্রসিদ্ধ।

লরেন্স, ডেভিড হারবার্ট (Lawrence, David Herbert)—(১৮৮৫—১৯৩০ খ্রীঃ)। আধুনিক শ্রেষ্ঠ ঔপন্যাসিকদের অন্যতম। 'The White Peacock' তাঁহার প্রথম রচনা। 'Sons and

Lovers', 'Lady Chatterley's Lover', 'The Escaped Cock' ইঃ তাঁহার রচিত পুস্তক।

ললিতকুমার বন্দ্যোপাধ্যায়—বিখ্যাত শিক্ষাব্রতী, হাস্যরসিক ও লেখক। তিনি বঙ্গবাসী কলেজের অধ্যাপক ছিলেন। 'ফোয়ারা', 'পাগলা ঝোরা', 'ব্যাকরণ-বিভীষিকা', 'বানানসমস্যা' প্রঃ তাঁহার রচিত প্রসিদ্ধ গ্রন্থ।

ললিতা—শ্রীরাধার প্রধান অষ্টসখীর একজন (ব্রহ্মবৈ)।

ললিতাদিত্য মুক্তাপীড়—(৭২৩—৭৬০ খ্রীঃ)। কাশ্মীরের প্রসিদ্ধ রাজা। হর্ষবর্ধনের সময়ে দুর্লভবর্ধন নামে একজন রাজা কাশ্মীরে রাজত্ব করিতেন। ললিতাদিত্য তাঁহারই পৌত্র। তিনি মালব, বঙ্গ, কামরূপ এবং কলিঙ্গও জয় করেন। তিনি কান্যকুব্জের রাজা যশোবর্মাকে পরাস্ত ও নিহত করেন।

লাইকারগাস (Lycurgus)—(জীবৎকাল ৮৪৪ খ্রীঃ পূঃ)। স্পার্টার বিখ্যাত আইন-প্রণেতা।

লাইব্‌নিৎস, গোট্‌ফ্রিড উইলহেল্ম (Leibniz, Gottfried Wilhelm)—(১৬৪৬—১৭১৬ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ জার্মান গণিতজ্ঞ ও দার্শনিক। নিউটনের সঙ্গে সঙ্গে তিনিও Infinitesimal Calculus আবিষ্কার করেন।

লাও-ৎসি (Lao-tzse)—(৬ষ্ঠ শতক খ্রীঃ পূঃ)। সুপ্রসিদ্ধ চৈনিক দার্শনিক ও ধর্ম-সংস্কারক। তাও-ধর্মের প্রবর্তকরূপে তিনি জগদ্‌বিখ্যাত। তিনি কন্‌ফিউসিয়াসের সমসাময়িক ছিলেন।

লাগেরলফ, সেল্‌মা (Lagerloff, Selma)—(২০শে নভেম্বর, ১৮৫৮—১৬ই মার্চ, ১৯৪০ খ্রীঃ)। সুইডেনবাসিনী প্রসিদ্ধ উপন্যাস রচয়িত্রী। জন্মস্থান সুইডেন। তিনি ১৯০৯ খ্রীষ্টাব্দে সাহিত্যে 'নোবেল' পুরস্কার লাভ করেন। 'Gosta Berling's Saga', 'Tale of a Manor' প্রঃ তাঁহার প্রসিদ্ধ রচনা।

লাজপৎ রায়, লালা—(১৮৫৬—১৯২৮ খ্রীঃ)। পঞ্জাবের ব্যবহারাজীব ও সুপ্রসিদ্ধ দেশসেবক। পঞ্জাবের জাগরাঁও গ্রামে তাঁহার জন্ম হয়। পিতা মুন্সী রাধাকিষণ। ১৯১৯ খ্রীষ্টাব্দে কলিকাতায় জাতীয় কংগ্রেসের যে বিশেষ অধিবেশন হয়, তিনি তাহার সভাপতি নির্বাচিত হন। তাঁহার লিখিত কয়েকখানি পুস্তক আছে। তাহার মধ্যে মিস্‌ মেয়োর লিখিত 'Mother India' পুস্তকের উত্তর 'The Unhappy India' পুস্তকখানি বিখ্যাত। সাইমন কমিশন বর্জন প্রসঙ্গে তিনি পুলিসের লাঠিতে আহত হন এবং পরে মৃত্যুমুখে পতিত হন।

লাপ্লাস (Laplace, Marquis de)—(১৭৪৯—১৮২৭ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী গণিতজ্ঞ ও জ্যোতির্বিদ্‌। তাঁহাকে ফ্রান্সের নিউটন বলা হয়।

লালচাঁদ বড়াল—(১৮৭৫—১৯০৭ খ্রীঃ)। বিখ্যাত সংগীতজ্ঞ। জন্মস্থান কলিকাতা। পিতা প্রেমচাঁদ বড়ালের পুত্র নবীনচাঁদ বড়াল। তিনি বিশ্বনাথ রাও, জগৎকরণ মিশ্র ও কাশীনাথ মিশ্রের নিকট ধ্রুপদ এবং নান্দে খাঁ ও গুরুপ্রসাদ মিশ্রের নিকট খেয়াল গান শিক্ষা করেন।

লালন ফকির—প্রসিদ্ধ দরবেশ। তিনি বহু বাউল গান রচনা করিয়াছেন।

লালবাহাদুর শাস্ত্রী—(১৯০৪—১৯৬৬ খ্রীঃ)। স্বাধীন ভারতের দ্বিতীয় প্রধান মন্ত্রী। তাসখন্দে তাঁহার মৃত্যু হয়।

লালবিহারী দে, রেভারেণ্ড—(১৮২৬—১৮৯৪ খ্রীঃ)। ইংরেজী ভাষায় সুপণ্ডিত। তাঁহার রচিত দুইখানি পুস্তক 'Bengal Peasant Life' বা Govinda Samanta' এবং 'Folk Tales of Bengal' তাঁহার ইংরেজী ভাষায় পাণ্ডিত্যের পরিচয় দেয়।

লালবিহারী সাহা—(১৮৬২—১৮৯২ খ্রীঃ)। বাংলা 'রেলের' প্রবর্তক। বেহালা অন্ধ বিদ্যালয়ের প্রতিষ্ঠাতারূপে বিখ্যাত।

লালাবাবু—কৃষ্ণচন্দ্র সিংহ (তাহা দ্রঃ)।

লিওনার্দো দ্য ভিঞ্চি (Leonardo da Vinci)—(১৪৫২—১৫১৯ খ্রীঃ)। ইটালীর সুপ্রসিদ্ধ চিত্রকর। তিনি পৃথিবীর সর্বশ্রেষ্ঠ চিত্রকর বলিয়া বর্ণিত। যীশু খ্রীষ্টের 'শেষ ভোজ' (Last Supper) চিত্র তাঁহার সর্বশ্রেষ্ঠ সৃষ্টি। তাঁহার 'The Virgin of the Rocks', 'Mona Lisa' সুপ্রসিদ্ধ চিত্র। তিনি একজন সংগীতজ্ঞ, বিজ্ঞানী ও লেখকও ছিলেন।

লিওনিডাস (Leonidas)—(?—৪৮০ খ্রীঃ পূঃ)। স্পার্টার রাজা। থারমোপিলি গিরিবর্ত্মে পারস্যের বিপুল বাহিনীর বিরুদ্ধে যুদ্ধে অসাধারণ বীরত্ব দেখাইয়া প্রসিদ্ধ হন। তিনি নিজের কোনও অনুচরের বিশ্বাসঘাতকতায় সসৈন্যে নিহত হন।

লিওপোল্ড, ১ম (Leopold I)—(১৬৪০—১৭০৫ খ্রীঃ)। ১। রোমের ধার্মিক সম্রাট্‌। তিনি ৩য় ফার্ডিনাণ্ডের পুত্র। তাঁহার রাজত্বের অধিকাংশ কাল চতুর্দশ লুইয়ের সহিত যুদ্ধবিগ্রহেই অতিবাহিত হয়। ২। (১৭৯০—১৮৬৫ খ্রীঃ)। বেলজিয়ামের রাজা। তিনি নেপোলিয়নের সহিত সংগ্রাম করেন।

লিঙ্কন, এব্রাহাম—'এব্রাহাম লিঙ্কন' দ্রঃ।

লিটন, এড্‌ওয়ার্ড বুল্‌ওয়ার, লর্ড (Lytton, Edward Bulwer, Lord)—(১৮০৩—১৮৭৩ খ্রীঃ)। প্রসিদ্ধ ইংরেজ লেখক। তাঁহার রচনার মধ্যে 'Eugene Aram', 'The Last Days of Pompeii' প্রঃ সুপ্রসিদ্ধ।

লিটন, এডওয়ার্ড রবার্ট, লর্ড (Lytton, Edward Robert, Lord)—(১৮৩১—১৮৯১ খ্রীঃ)। ভারতের ভূতপূর্ব গভর্নর-জেনারেল ও ভাইস্‌রয়। তিনি ১৮৭৬ হইতে ১৮৮০ খ্রীঃ পর্যন্ত ভারতের বড়লাট ছিলেন। তাঁহার পুত্র লর্ড লিটন ১৯২২ হইতে ১৯২৭ খ্রীঃ পর্যন্ত বঙ্গের শাসনকর্তা ছিলেন।

লিন্‌লিথগো, মার্কোয়েস্‌ অব (Linlithgow, Marquess of)—(১৮৭৭—১৯৫২ খ্রীঃ)। তিনি ১৯৩৬ খ্রীষ্টাব্দে ভারতবর্ষের গভর্নর-জেনারেল হন।

লিভি (Livy)—(খ্রীঃ পূঃ ৫৯—১৭ অব্দ)। রোমক ঐতিহাসিক। তাঁহার লিখিত 'History of Rome' ১৪২টি খণ্ডে সমাপ্ত। তাঁহার ভাষা অতি সরস।

লিভিংস্টোন, ডেভিড (Livingstone, David)—(১৮১৩—১৮৭৩ খ্রীঃ) প্রসিদ্ধ স্কটিশ ধর্মযাজক, আবিষ্কারক ও পর্যটক। তিনি ভিক্টোরিয়া জলপ্রপাত এবং নিয়াসা ও অন্যান্য হ্রদ আবিষ্কার করেন।

লিস্টার, জোসেফ (Leister, Joseph)—(১৮২৭—১৯১২ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ সার্জন ও বিজ্ঞানী। তিনি বিষ-প্রতিষেধক প্রণালীর (antiseptic system) উদ্ভাবন করিয়া চিকিৎসা-জগতে যুগান্তর আনয়ন করিয়াছেন।

লীলাবতী—বিখ্যাত জ্যোতির্বিদ্‌ ভাস্করাচার্যের কন্যা। তিনি 'লীলাবতী' নামে একখানি বীজগণিত প্রণয়ন করেন। ভাস্করাচার্যও 'লীলাবতী' নামে একখানি অঙ্কশাস্ত্র রচনা করিয়াছিলেন।

লুই, ৯ম (Louis IX)—(১২১৪—১২৭০ খ্রীঃ)। ফ্রান্সের রাজা। ইংলণ্ডের রাজা ৩য় হেনরীর বিরুদ্ধে তিনি যুদ্ধ করিয়াছিলেন। ১২৪৮—১২৫৪ খ্রীঃ পর্যন্ত তিনি ক্রুসেড যুদ্ধে লিপ্ত ছিলেন।

লুই, ১৩শ (Louis XIII)—(১৬০১—১৬৪৩ খ্রীঃ)। ফ্রান্সের রাজা, ৪র্থ হেনরীর পুত্র। তাঁহার মন্ত্রী রিসলুই প্রধানতঃ রাজকার্য পরিচালনা করিতেন।

লুই, ১৪শ (Louis XIV)—(১৬৩৮—১৭১৫ খ্রীঃ)। ফ্রান্সের রাজা, ত্রয়োদশ লুই-এর পুত্র। তিনি সুদীর্ঘ ৭২ বৎসরকাল রাজত্ব করিয়াছিলেন এবং তাঁহার সময়ে রাজনীতি, সাহিত্য, কলাবিদ্যা, সুরুচি, বিজ্ঞান প্রঃ সকল বিষয়েরই যথেষ্ট উন্নতি হইয়াছিল।

লুই, ১৬শ (Louis XVI)—(১৭৫৪—১৭৯৩ খ্রীঃ)। ফ্রান্সের রাজা। তিনি ১৫শ লুইয়ের পৌত্র। তাঁহার সময় হইতে রাজ্যের অবস্থা ক্রমশঃ খারাপ হইতে থাকে এবং ১৭৮৯ হইতে বিপ্লব আরম্ভ হয়। গিলোটিন যন্ত্রের সাহায্যে তাঁহার প্রাণদণ্ড হয়।

লুইপাদ—(১০ম—১১শ শতক)। বাঙ্গালী কবি-পণ্ডিত। তিনি বৌদ্ধ সিদ্ধাচার্যদিগের আদি-স্থানীয় ছিলেন। তাঁহার রচিত চর্যাপদ 'চর্যাচর্য বিনিশ্চয়' গ্রন্থে আছে।

লুই ব্রেল (Louis Braille)—(১৮০৯—১৮৫২ খ্রীঃ)। ফরাসী শিক্ষাবিদ্‌ মহিলা। অন্ধদের শিক্ষার জন্য তাঁহার উদ্ভাবিত প্রণালী জগদ্‌বিখ্যাত।

লুইস, সিনক্লেয়ার (Lewis, Sinclair)—(জন্ম ১৮৮৫ খ্রীঃ)। আমেরিকার লব্ধপ্রতিষ্ঠ লেখক। তাঁহাকে ১৯৩১ খ্রীষ্টাব্দে সাহিত্যের জন্য নোবেল পুরস্কার দেওয়া হয়। তিনি 'Babbitt', 'Main Street', 'Dodswarth', 'Our Mr. Wrenn', 'The Trail of the Hawk' প্রঃ বহু গ্রন্থের রচয়িতা।

লুক্রিসিয়া (Lucretia)—রোমের সম্ভ্রান্ত মহিলা। তিনি খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতাব্দীতে বর্তমান ছিলেন। তিনি লুসিয়াস টারকুইনাসের পত্নী ছিলেন। তদানীন্তন রোমসম্রাট্‌ মেকসাস টাকুইনাস তাঁহাকে ধর্ষণ করার ফলে রাজ্যচ্যুত হন এবং তখন রোমে সাধারণতন্ত্রের প্রতিষ্ঠা হয়। তাঁহার কাহিনী মহাকবি সেক্সপীয়রের 'Rape of Lucretia' নামক পুস্তকে লিপিবদ্ধ আছে।

লুথার, মার্টিন (Luther, Martin)—(১৪৮৩—১৫৪৬ খ্রীঃ)। জগদ্‌বিখ্যাত ধর্মসংস্কারক। তিনি এক নূতন ধর্মমতের প্রবর্তন করেন, তাহার নাম প্রোটেস্টান্ট মত।

লেনিন, ভ্লাডিমির ইলিইচ উলইয়ানোভ (Lenin, Vladimir Ilyich Ulianoff)—(১০ই এপ্রিল, ১৮৭০—২১শে জানুয়ারি, ১৯২৪ খ্রীঃ)। রুশ রাষ্ট্রনায়ক। সোভিয়েত-রাষ্ট্রের জনক। তিনি সিমবিরস্ক গ্রামে এক সম্ভ্রান্ত পরিবারে জন্মলাভ করেন। তিনি সিমবিরস্ক জিমন্যাসিয়াম বিদ্যালয়ে পড়িবার সময়েই কার্ল মার্কস-এর ভাবশিষ্য হন। তিনি নাদেজদা নামে এক মহিলাকে বিবাহ করেন। ১৯০৩ খ্রীষ্টাব্দে লণ্ডনের কংগ্রেসে তিনি বলশেভিক মতবাদ সুপ্রতিষ্ঠিত করেন। বহু ভাগ্যবিপর্যয়ের পর তাঁহার মতবাদের ফলে রাশিয়ার স্থলসৈন্য ও নৌ-সৈন্য বিদ্রোহী হয় এবং তিনি জনগণের প্রতিনিধি লইয়া নূতন শাসনতন্ত্র গঠন করেন (১৯১৭, ৮ই নভেম্বর)। এই সময় ১ম বিশ্বযুদ্ধের জন্য রাশিয়ার অবস্থা শোচনীয় ছিল; তাহার চারিদিকে শত্রু। কিন্তু লেনিন লালসৈন্যের সাহায্যে এই বিপদ্‌ হইতে দেশকে উদ্ধার করেন। ১৯২১ খ্রীঃ হইতে তিনি গঠনমূলক কাজে হাত দেন। ইহার কিছুকাল পরে তাঁহার পক্ষাঘাত রোগ হয় ও তাহাতেই তিনি মারা যান।

লেভেরিয়ার, আরবেন (Leverrier, Urbain)—(১৮১১—১৮৭৭ খ্রীঃ)। ফরাসী জ্যোতির্বিদ্‌। জন কাউচ আডমস্‌-এর সহিত মিলিত হইয়া তিনি নেপচুন-নামক গ্রহের আবিষ্কার করেন।

লোকনাথ ব্রহ্মচারী—(১৭৩০—১৮৯০ খ্রীঃ)। চব্বিশ পরগনার চৌরাশীকলা গ্রামে তাঁহার জন্ম। মাতা কমলা দেবী, পিতা রামনারায়ণ ঘোষাল। বহুদেশ পর্যটনের পর তিনি ঢাকা জেলার বারদী-নামক স্থানে বাস করিতে থাকেন। তদবধি তিনি 'বারদীর ব্রহ্মচারী' বলিয়া পরিচিত। ১৬০ বৎসর বয়সে তাঁহার মৃত্যু হয়।

লোকমান হাকিম—ধর্মশীল ব্যক্তি। ইহুদীদিগের রাজা ডেভিডের তিনি সমসাময়িক। তিনি বীভৎ

খ্রীষ্টের এক হাজার বৎসর পূর্বে বর্তমান ছিলেন। তাঁহার বিবরণ কোরানে লিখিত আছে। তিনি একজন ঈশ্বরপরায়ণ লোক বলিয়া খ্যাত ছিলেন।

লোচনদাস (ত্রিলোচন দাস)—(১৫২৩—১৫৮৯ খ্রীঃ)। বৈষ্ণব সাধক কবি। বর্ধমান জেলার মঙ্গলকোটের অন্তর্গত কোগ্রামের বৈদ্যবংশে তাঁহার জন্ম। পিতা কমলাকান্ত ঠাকুর। নরহরি দাসের তিনি মন্ত্রশিষ্য ছিলেন। তাঁহার কৃত 'চৈতন্যমঙ্গল' গ্রন্থ (১৫৩৭ খ্রীঃ) সুপ্রসিদ্ধ। তিনি বাংলা কথ্য ভাষায় সাহিত্য-রচনার এবং মাত্রা-বৃত্ত ছন্দের প্রবর্তক।

লোপা (লোপামুদ্রা)—মহর্ষি অগস্ত্যের পত্নী। কথিত আছে, অগস্ত্য পত্নীকামনায় এই অসামান্যা সুন্দরী সৃষ্টি করিয়া যথাকালে তাঁহাকে বিবাহ করেন (ভারত)।

লোমপাদ—অঙ্গদেশের নৃপতি। তিনি অযোধ্যাপতি দশরথের মিত্র ছিলেন। দশরথ স্বীয় কন্যা শান্তা-দেবীকে দত্তক কন্যা স্বরূপ তাঁহাকে প্রদান করিয়া-ছিলেন। তিনি ঋষ্যশৃঙ্গ মুনির দ্বারা যজ্ঞ করাইলে রাজ্যে বৃষ্টির অভাব দূরীভূত হয়। পরে তিনি ঋষ্যশৃঙ্গের সহিত শান্তার বিবাহ দেন (রাম)।

ল্যাং, এনড্রু (Lang, Andrew)—(১৮৪৪—১৯১২ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ স্কটিশ লেখক। 'Grass of Parnassus', 'History of Scotland', 'A Monk of Fife', 'Letters to Dead', 'Books and Bookmen' প্রঃ তাঁহার প্রসিদ্ধ পুস্তক। তিনি এনড্রু ল্যাং রূপে সমধিক পরিচিত।

ল্যান্সডাউন, মার্কোয়েস অব (Lansdowne, Marquess of)—(১৮৪৫—১৯১০ খ্রীঃ)। তিনি ১৮৮৮ হইতে ১৮৯৩ খ্রীঃ পর্যন্ত ভারতবর্ষের গভর্নর-জেনারেল ছিলেন।

ল্যাভইজিয়ে, অ্যান্টয়নে লরেন্ট (Lavoisier, Antoine Laurent)—(১৭৪৩—১৭৯৪ খ্রীঃ)। বিখ্যাত ফরাসী বিজ্ঞানী। প্যারিসে তাঁহার জন্ম হয়। দহনক্রিয়া যে রাসায়নিক ব্যাপার ইহা তিনিই প্রথম প্রমাণিত করেন। তাঁহাকে বর্তমান রসায়ন-শাস্ত্রের জনক বলা হয়।

ল্যাম্ব, চার্লস (Lamb, Charles)—(১৭৭৫—১৮৩৪ খ্রীঃ)। ইংলণ্ডের সুপ্রসিদ্ধ প্রবন্ধলেখক। তিনি গল্পের আকারে মহাকবি শেকস্‌পীয়রের নাটকাবলীর একটি প্রাঞ্জল সংস্করণ বাহির করেন। 'Essays of Elia' তাঁহার রচিত বিখ্যাত প্রবন্ধ-পুস্তক।

শ

শংকর—মহাদেবের অপর নাম।

শংকরণ নায়ার—(?—১৯৩৪ খ্রীঃ)। মাদ্রাজের দেশহিতৈষী ব্যবহারাজীব। তিনি অমরাবতীতে ভারতীয় কংগ্রেসের সভাপতি হন (১৮৯৭ খ্রীঃ)।

শংকর দেব—(১৪৪৯—১৫৬৮ খ্রীঃ)। আসামের বিখ্যাত ধর্মপ্রচারক। আসামের বারভূঞা বংশে বরদোয়া-নামক স্থানে জন্ম। শ্রীক্ষেত্রে চৈতন্যদেবের সহিত তাঁহার সাক্ষাৎ হয়। অতঃপর তীর্থভ্রমণ শেষ করিয়া তিনি দেশে ফিরেন এবং ধর্মপ্রচারে নিযুক্ত হন। তিনি ২৯ খানি ধর্মপুস্তক রচনা করেন, তন্মধ্যে 'কীর্তনঘোষা' সর্বশ্রেষ্ঠ।

শংকরাচার্য—(৭৮৮—৮২০ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ দার্শনিক পণ্ডিত। তিনি দাক্ষিণাত্যের মালাবার প্রদেশে কালাদি নামক স্থানে জন্মগ্রহণ করেন (অনেকের মতে ৬৮৬ খ্রীষ্টাব্দে শংকরের আবির্ভাবকাল)। পিতা শিবগুরু, মাতা সতীদেবী (অন্য মতে আর্যাম্বা)। জগন্নাথক্ষেত্র, দ্বারকা, বদরিকাশ্রম প্রঃ স্থানে মঠ স্থাপন করিয়া তিনি কৈলাসে গমন করেন। তিনি অপরাজেয় তার্কিক ও তীক্ষ্ণ মেধাবী পণ্ডিত ছিলেন। বেদান্তশাস্ত্রে তাঁহার প্রগাঢ় পাণ্ডিত্য ছিল। তাঁহার প্রণীত 'শারীরকভাষ্যম্' গ্রন্থ বেদব্যাসের উত্তর মীমাংসার ভাষ্য। তাঁহাকে শিবের অবতার বলিয়া অনেকে মনে করেন। 'অধ্যাত্মপ্রকাশ', 'আর্যাসপ্তশতি', 'উপনিষদ ও গীতার ভাষ্য', 'ভট্টিকাবটীকা', 'মোহমুদ্গর', 'শিবানন্দ-লহরী', 'স্বাত্মপূজা' ইঃ বহু গ্রন্থ শাংকর গ্রন্থ হিসাবে খ্যাত।

শকারি—রাজা দ্বিতীয় চন্দ্রগুপ্ত শকদিগকে দমন করিয়া 'শকারি' উপাধি ধারণ করেন।

শকুনি—রাজা ধৃতরাষ্ট্রের শ্যালক, গান্ধারীর ভ্রাতা। পিতা গান্ধাররাজ সুবল। তিনি স্বীয় ভাগিনের দুর্যোধনকে সদাই কুযুক্তি দিতেন। সহদেব পরে তাঁহাকে যুদ্ধক্ষেত্রে বধ করেন (ভারত)।

শকুন্তলা—চন্দ্রবংশীয় রাজা দুষ্মন্তের মহিষী। তিনি বিশ্বামিত্রের ঔরসে মেনকা-নাম্নী অপ্সরার গর্ভে জন্মিয়া মহর্ষি কণ্ব কর্তৃক লালিত হন। মহারাজ ভরত তাঁহার পুত্র (ভারত)।

শক্তি—সূর্যবংশের কুলপুরোহিত ঋষিশ্রেষ্ঠ বশিষ্ঠের পুত্র। মহামুনি পরাশর তাঁহার পুত্র (রাম)।

শংখচূড়—এক দৈত্য। সুদামা নামে গোপ শ্রীমতী রাধিকার শাপে দৈত্যবংশে জন্মগ্রহণ করেন ও শংখচূড় নামে খ্যাত হন। তিনি কঠোর তপস্যা দ্বারা তুলসীদেবীকে পত্নীরূপে প্রাপ্ত হন। মহাদেব শূলে দ্বারা শংখচূড়কে হত্যা করেন।

শচী—১। দেবরাজ ইন্দ্রের পত্নী। তিনি দানবপতি পুলোমার কন্যা। পুত্রের নাম জয়ন্ত (রাম, হরি)।

২। শ্রীগৌরাঙ্গদেবের জননী। তাহার পিতার নাম নীলাম্বর চক্রবর্তী। তাঁহাকে শ্রীহট্টের জগন্নাথ মিশ্র বিবাহ করেন এবং প্রসিদ্ধ নিমাই পণ্ডিত বা শ্রীচৈতন্যদেব তাহার গর্ভে জন্মগ্রহণ করেন।

শ', জর্জ বার্নার্ড (Shaw, George Bernard)—(১৮৫৬—১৯৫২ খ্রীঃ)। বিশ্ববিশ্রুত লেখক ও নাট্যকার। তিনি ব্রিটিশ ডাবলিনে জন্মগ্রহণ করেন। ১৯২৫ খ্রীষ্টাব্দে তিনি 'নোবেল পুরস্কার' পান। তাহার লিখিত বহু গ্রন্থ আছে, তাহার মধ্যে 'Widowers' Houses' (১৮৯৩ খ্রীঃ), 'Plays Pleasant and Unpleasant' (১৮৯৮ খ্রীঃ), 'Man and Superman' (১৯০৩ খ্রীঃ), 'The Doctor's Dilemma (১৯১১ খ্রীঃ), 'Androcles and the Lion' (১৯১৬ খ্রীঃ), 'Heartbreak House' (১৯১৯), 'Back to Methuselah' (১৯২১ খ্রীঃ), 'An Intelligent Woman's Guide to Socialism', 'The Apple Cart' প্রভৃতি বিশেষ উল্লেখযোগ্য।

শত্রুঘ্ন—শ্রীরামচন্দ্রের কনিষ্ঠ ভ্রাতা। তিনি সুমিত্রা-গর্ভজাত। তিনি সর্বদাই ভরতের অনুগত ছিলেন (রাম)।

শনি—(Saturn). নবগ্রহের অন্যতম। সূর্যের ঔরসে ছায়ার গর্ভে জন্ম।

শবরী—দণ্ডকারণ্যের এক সিদ্ধশ্রমণা। শ্রমণী নামেও তিনি পরিচিত। বনবাসকালে রামচন্দ্রের সহিত তাঁহার সাক্ষাৎকার হইলে তিনি তাঁহাকে আতিথ্যে তৃপ্ত করেন এবং অগ্নিতে প্রবেশ করিয়া দেহত্যাগ করেন (রাম)।

শমীক—এক শমপরায়ণ ঋষি। তাঁহার পুত্রের অভিশাপে রাজা পরীক্ষিতের সর্পাঘাতে মৃত্যু হয় (ভারত)।

শম্বর—অসুর বিঃ। প্রদ্যুম্নের হস্তে তাঁহার মৃত্যু হয় (হরি)।

শম্বুক (শম্বুক)—এক শূদ্র তপস্বী। রামহস্তে নিহত হইয়া তিনি দিব্যগতি প্রাপ্ত হন (রাম)।

শম্ভুনাথ পণ্ডিত—(১৮২০—১৮৬৭ খ্রীঃ)। খ্যাতনামা আইনজীবী। ভবানীপুরে (কলিকাতায়) জন্ম। আদি নিবাস কাশ্মীর। তাঁহার নামে ভবানীপুরে একটি রাস্তা ও হাসপাতাল আছে।

শরচ্চন্দ্র দাস, রায় বাহাদুর—(১৮৪৯—১৯১৭ খ্রীঃ)। তিব্বতী ভাষায় বিখ্যাত পণ্ডিত ও পর্যটক। নিবাস আলমপুর, চট্টগ্রাম। তিনি সিকিম এবং তিব্বতে ভ্রমণ করেন এবং অনেক ভৌগোলিক ও প্রত্নতাত্ত্বিক তথ্য সংগ্রহ করেন। তিনি ১৯০২ খ্রীষ্টাব্দে 'Tibetan English Dictionary' রচনা করেন। তিনি তিব্বতীয় ভাষা, সাহিত্য, ইতিহাস ও প্রত্নতত্ত্বে পারদর্শী ছিলেন।

শরৎকুমার রায়—(১৮৭৮—১৯৩৫ খ্রীঃ)। সাহিত্য-সেবক। বরিশালের তারপাশা গ্রামে তাঁহার জন্ম। পিতা হরকুমার রায়। 'শিবাজী ও মারাঠাজাতি', 'শিখগুরু ও শিখজাতি', 'বুদ্ধের জীবন ও বাণী' তাঁহার রচিত পুস্তক।

শরৎ চন্দ্র চট্টোপাধ্যায়—(১৫ই সেপ্টেম্বর, ১৮৭৬—১৬ই জানুয়ারি, ১৯৩৮ খ্রীঃ)। প্রখ্যাত কথা-সাহিত্যিক। তাঁহাকে কথাসাহিত্য-সম্রাট্ বলা হয়। হুগলী জেলার দেবানন্দপুর গ্রামে জন্ম। পিতা মতিলাল। চৌদ্দ হইতে বাইশ বৎসরের মধ্যে তিনি 'বড়দিদি', 'চন্দ্রনাথ' ও 'দেবদাস' রচনা করেন। 'ভারতী' পত্রিকায় প্রকাশিত (১৯০৭ খ্রীঃ) 'বড়দিদি' গল্পের জন্য তিনি সাহিত্যক্ষেত্রে বিশেষ পরিচিত হন। ইহাই তাঁহার প্রথম মুদ্রিত পুস্তক (১৯১৩ খ্রীঃ)। 'রামের সুমতি', 'পথ-নির্দেশ', 'বিন্দুর ছেলে', তাঁহার ৩৬ বৎসর বয়সে রচিত হয়। তাঁহার ভাষা অতি প্রাঞ্জল এবং মর্মস্পর্শী। 'চরিত্রহীন', 'গৃহদাহ', 'দত্তা', 'পল্লীসমাজ', 'দেবদাস', 'নববিধান', শেষ প্রশ্ন', 'পথের দাবি' ইঃ তাঁহার বহু গ্রন্থ আছে।

শরৎ চন্দ্র বসু—(৬ই সেপ্টেম্বর, ১৮৮৯—২০শে ফেব্রুয়ারি, ১৯৫০ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ ব্যারিস্টার ও স্বদেশসেবক। নিবাস প্রথমে কটক, পরে কলিকাতা। পিতা জানকীনাথ। সুভাষচন্দ্র বসু তাঁহার কনিষ্ঠ সহোদর। দেশবন্ধু যখন স্বরাজ্য দল গঠন করেন, তখন হইতেই তাঁহার রাজনৈতিক জীবন আরম্ভ হয়। তিনি কয়েকবার নিখিল ভারত রাষ্ট্রীয় মহাসভার কার্যকরী সমিতির সদস্য, বঙ্গীয় প্রাদেশিক রাষ্ট্রীয় সমিতির সভাপতি এবং বঙ্গীয় কংগ্রেস পার্লামেণ্টারি পার্টির নেতার পদ লাভ করিয়াছিলেন। তিনি রাজনৈতিক কারণে কয়েকবার কারারুদ্ধ হন।

শর্মিষ্ঠা—দৈত্যরাজ বৃষপর্বার কন্যা। তিনি পিতার আদেশে দৈত্যগুরুকন্যা দেবযানীর দাসী হইতে বাধ্য হন। যযাতি গোপনে তাঁহার পাণিগ্রহণ করেন (ভারত)।

শল্য—মদ্রদেশীয় এক রাজা। তিনি পাণ্ডুরাজের দ্বিতীয় মহিষী মাদ্রীদেবীর ভ্রাতা। তিনি কর্ণের সারথি হন এবং কর্ণের মৃত্যুর পর নিজে সেনাপতি হইয়া যুধিষ্ঠিরের হস্তে নিহত হন (ভারত)।

শশাঙ্ক—(৭ম শতক)। প্রাচীন বঙ্গের একজন প্রসিদ্ধ রাজা। তাঁহার রাজধানী ছিল কর্ণসুবর্ণ-নামক স্থানে। তিনি মালবরাজের বন্ধু ছিলেন এবং তাঁহার সহিত যোগ দিয়া থানেশ্বরের রাজা রাজ্যবর্ধনকে নিহত করেন। আনুমানিক ৬৩৭ খ্রীষ্টাব্দের কিছু পূর্বে কামরূপরাজ ভাস্করবর্মা তাঁহার রাজ্য অধিকার করেন।

শশিশেখর—(১৬শ শতক)। প্রসিদ্ধ বৈষ্ণব কবি। বর্ধমান জেলার পরাণ গ্রামে জন্ম। তিনি শ্রীখণ্ডের রঘুনন্দন ঠাকুরের শিষ্য। 'গোপাল বিজয়' তাঁহার রচনা।

শাকটায়ন—(খ্রীঃ পূঃ ৬ষ্ঠ শতক)। তিনি একজন প্রসিদ্ধ বৈয়াকরণ। তিনি পাণিনির পূর্ববর্তী।

পাণিনির সূত্রে (লঙ্ শাকটায়নস্য) তাঁহার নাম দেখা যায়।

শাক্যসিংহ (**শাক্যমুনি**)—বুদ্ধদেবের নামান্তর ['বুদ্ধদেব' দ্রঃ]।

শাণ্ডিল্য—জনৈক গোত্রপ্রবর্তক ঋষি। তিনি চারিবেদ অধ্যয়ন করেন, কিন্তু তাহাতেও পরমার্থ লাভ হয় না দেখিয়া তিনি 'ভক্তিসূত্র' প্রণয়ন করেন।

শান্তনু—হস্তিনাপুরের চন্দ্রবংশীয় সুবিখ্যাত রাজা। গঙ্গাদেবী অষ্টবসুর প্রতি কৃপাপরায়ণা হইয়া মর্ত্যলোকে আগমন করিয়া তাঁহার পত্নী হইয়া বসুগণকে গর্ভে ধারণ করেন। শান্তনু ধীবরকন্যা সত্যবতীকে বিবাহ করেন এবং সেই উপলক্ষে ভীষণ প্রতিজ্ঞা করিয়া গঙ্গাপুত্র দেবব্রত 'ভীষ্ম' নামে খ্যাত হন (ভারত)।

শান্তা—দশরথের কন্যা ও ঋষ্যশৃঙ্গের পত্নী। তিনি দশরথ কর্তৃক সখা লোমপাদের নিকট পোষ্য-পুত্রিকারূপে প্রেরিত হন (রাম)।

শাম্ব—শ্রীকৃষ্ণের মহিষী জাম্ববতীর গর্ভজাত পুত্র। তিনি বলরামের অস্ত্রশিষ্য ছিলেন। দুর্যোধনের কন্যা লক্ষ্মণাকে হরণ করিতে গিয়া তিনি বন্দী হন, পরে বলদেব তাঁহাকে হস্তিনাপুর হইতে মুক্ত করেন এবং ঐ কন্যার সহিত বিবাহ দেন (ভাগ)।

শায়েস্তা খাঁ—(১৬শ শতক)। সম্রাট্ আওরঙ্গজেবের মাতুল। তিনি সম্রাটের একজন বিশিষ্ট সেনাপতি ছিলেন। মহারাষ্ট্রবীর শিবাজীকে দমন করিবার জন্য সম্রাট্ তাঁহাকে প্রেরণ করেন। একদিন নৈশ আক্রমণে শিবাজী তাঁহার পুনাস্থিত দুর্গে হানা দেন এবং অল্পের জন্য তিনি জীবন লইয়া পলায়নে সমর্থ হন। পরে তিনি বহু বৎসর (১৬৬৩—১৬৮৯ খ্রীঃ) বাঙ্গালাদেশ শাসন করেন। ঢাকা তাঁহার রাজধানী ছিল। তাঁহার আমলে টাকায় আট মন চাউল পাওয়া যাইত বলিয়া প্রবাদ আছে।

শার্লেমেন (Charlemagne)—(৭৪২—৮১৪ খ্রীঃ)। ফ্রান্সের বিখ্যাত রাজা, সেনাপতি ও রাজনীতি-বিশারদ্। তিনি ফ্রান্স, ইটালী, স্পেন, জার্মান প্রভৃতি বহু দেশে রাজ্য স্থাপন করেন।

শালিবাহন—শকজাতীয় রাজা। তাঁহার প্রবর্তিত অব্দ 'শক' নামে অভিহিত।

শাল্ব—১। এক অসুর। তিনি শিশুপালের পরম মিত্র ছিলেন। শ্রীকৃষ্ণের হস্তে তিনি নিহত হন (ভাগ)। ২। মেরুপ্রদেশের রাজা। তিনি কাশী-রাজকন্যা অম্বার স্বয়ংবরসভায় উপস্থিত ছিলেন এবং অম্বা মনে মনে তাঁহাকে পতিত্বে বরণ করিয়া-ছিলেন। কিন্তু বীরবর ভীষ্ম স্বীয় ভ্রাতার জন্য অম্বা ও তাঁহার ভগিনীদ্বয়কে বলপূর্বক লইয়া যান। পরে অম্বা ভীষ্মকে স্বীয় অভিপ্রায় জ্ঞাপন করিলে তিনি শাল্বের নিকট অম্বাকে পাঠান, কিন্তু অম্বা হৃতা হইয়াছিলেন বলিয়া শাল্ব তাঁহাকে প্রত্যাখ্যান করেন (ভারত)।

শাহু বা দ্বিতীয় শিবাজী—(রাজত্বকাল ১৭০৮—১৭৪৯ খ্রীঃ)। শিবাজীর পৌত্র। পিতার নাম সাম্ভাজী। আওরঙ্গজেবের মৃত্যুর পর বাহাদুর শাহ্ সম্রাট্ হইলে তিনি সাতারা-নামক স্থানে রাজত্ব করিতে থাকেন। বালাজী বিশ্বনাথ তাঁহার মন্ত্রী ছিলেন।

শাহ্ আলম—(১৭২৮—১৮০৬ খ্রীঃ)। দিল্লীর সম্রাট্ ও দ্বিতীয় আলমগীরের পুত্র। ১৭৫৯ খ্রীষ্টাব্দে তিনি সিংহাসনে আরোহণ করেন। তিনি ১৭৬৫ খ্রীষ্টাব্দে ঈস্ট ইণ্ডিয়া কোম্পানিকে বাংলার দেওয়ানি সনন্দ দান করেন।

শাহজাহান—(রাজত্বকাল ১৬২৭—১৬৫৮ খ্রীঃ)। দিল্লীর মোগল-সম্রাট্। দিল্লীর মোগল-সম্রাট্ জাহাঙ্গীরের পুত্র। পিতার মৃত্যুর পর ১৬২৮ খ্রীষ্টাব্দে সম্রাট্ হন। তিনি স্বীয় পত্নী মমতাজ-মহলের সমাধির উপর বিশ্ববিখ্যাত তাজমহল নির্মাণ করেন। বিখ্যাত মতি মসজিদও তাঁহারই কীর্তি। তাঁহার ময়ূরসিংহাসন জগতে অতুলনীয়। তিনি শেষ জীবনে পুত্র আওরঙ্গজেবের হস্তে বন্দী হইয়া থাকেন (১৬৫৮—১৬৬৬ খ্রীঃ)।

শাহ্ মীর—কাশ্মীরের প্রথম মুসলমান অধিপতি। তিনি কাশ্মীরের রাজা রঞ্জনদেবের প্রধান মন্ত্রী ছিলেন। রঞ্জনদেবের পুত্র আনন্দদেবেরও তিনি মন্ত্রী হন। অতঃপর আনন্দদেবের সহিত তাঁহার যুদ্ধ হয়। সেই যুদ্ধে রাজা হত হন। রানীর নামে রাজকার্য চলিতে থাকে। তিনি রানীকে বিবাহ করেন এবং শাহ্ মীর সামাসুদ্দীন নাম গ্রহণ করিয়া রাজা হন। মতান্তরে রাজা আত্মহত্যা করিলে তিনি রাজা হন।

শাহ্ সুফী—বিখ্যাত মুসলমান সাধু। সম্রাট্ আকবরের সময় তিনি ভাবতবর্ষে আসেন। তিনি চান্দোয়ার রাজ্যে এক বনমধ্যে বাস করিতেন।

শিখণ্ডী—পঞ্চালরাজ দ্রুপদের পুত্র। কথিত আছে অম্বা ভীষ্মের উপর প্রতিশোধ গ্রহণার্থ ক্লীবরূপে জন্মগ্রহণ করেন। শ্রীকৃষ্ণের পরামর্শে তাঁহাকে সম্মুখভাগে রাখিয়া অর্জুন দুর্ধর্ষ যোদ্ধা ভীষ্মকে নিরস্ত্রাবস্থায় বাণবিদ্ধ করিয়া ভূপাতিত করেন। তিনি অশ্বত্থামার হাতে নৈশ আক্রমণে প্রাণ হারান (ভারত)।

শিব—হিন্দুদের অন্যতম শ্রেষ্ঠ দেবতা। শিব বিনাশের কর্তা বলিয়া পুরাণে বলা হইয়া থাকে।

শিবনাথ শাস্ত্রী—(১৮৪৭—১৯১৯ খ্রীঃ)। বিশিষ্ট লেখক ও ব্রাহ্মসমাজের নেতা। চব্বিশ পরগনার চাঙ্গড়িপোতা গ্রামে মাতুলালয়ে জন্ম হয়। কেশব-চন্দ্রের সহিত মতানৈক্য হওয়ায় তিনি 'সাধাবণ ব্রাহ্মসমাজ' নাম দিয়া নূতন একটি প্রতিষ্ঠান গঠন করেন এবং উহার সভাপতি হন। কয়েকখানি উৎ-কৃষ্ট উপন্যাস ব্যতীত তিনি 'রামতনু লাহিড়ীর জীবনচরিত'-নামক একখানি উৎকৃষ্ট জীবনী রচনা করিয়া গিয়াছেন।

শিবসিংহ—১। আসামের আহোম রাজা। তাঁহার নাম স্বর্গদেব শিবসিংহ। তিনি আহোম-রাজ রুদ্র-সিংহের পুত্র। তিনি গৌরীসাগর ও শিবসাগর

দীর্ঘিকা খনন করান। এই দীর্ঘিকার নাম অনুসারে জেলার নাম শিবসাগর হয়। ২। মিথিলার রাজা ও কবি। বিদ্যাপতির পৃষ্ঠপোষকরূপে প্রসিদ্ধ। তাঁহার পত্নীর নাম লছিমা দেবী।

শিবাজী—(১৬২৭ বা ১৬৩০—১৬৮০ খ্রীঃ)। মহারাষ্ট্র-রাজ্যের প্রতিষ্ঠাতা। পুনা জেলার শিবনের-নামক পার্বত্য দুর্গে তাঁহার জন্ম হয়। পিতা শাহজী আহম্মদনগরের অন্যতম সেনানায়ক ও জায়গীরদার ছিলেন। মাতার নাম জীজাবাঈ। তিনি মাওলি নামে এক পার্বত্য জাতিকে নিজ সমরকৌশলে শিক্ষিত করিয়া লন এবং পরে তাহাদের সাহায্যে মুসলমান অধিকারে অল্পাবিস্তর লুটপাট করিয়া দুর্গ ও অর্থাদি হস্তগত করেন। বিজাপুরের সেনাপতি আফজল খাঁ শিবাজীকে দমন করিতে গিয়া নিহত হন। আওরঙ্গজেব সম্রাট্ হইলে শিবাজীকে দমন করিতে শায়েস্তা খাঁকে পাঠান। তিনি প্রথমে জয়যুক্ত হন বটে কিন্তু হঠাৎ একদিন রাত্রিতে শিবাজী পুনা দুর্গে হানা দিয়া শায়েস্তা খাঁকে পলায়ন করিতে বাধ্য করেন। পরে সদ্ভাব দেখাইবার জন্য তিনি সম্রাটের রাজধানীতে সপুত্র গমন করিলে সম্রাট্ ছলে তাঁহাকে বন্দী করেন, কিন্তু তিনি কৌশলে মুক্ত হইয়া পুনর্বার সম্রাটের রাজ্যে উৎপাত ও লুণ্ঠন আরম্ভ করেন এবং সন্ধি করিতে সম্রাট্কে বাধ্য করেন। ১৬৭৪ খ্রীষ্টাব্দে রায়গড়ে তাঁহার রাজ্যাভিষেক হয়। তিনি 'ছত্রপতি' ও 'গোব্রাহ্মণ প্রতিপালক' উপাধি গ্রহণ করেন। শেষ পর্যন্ত বীরত্ব ও সম্মানের সহিত রাজত্ব করিয়া তিনি অপ্রবিণত-বয়সে মৃত্যুমুখে পতিত হন। তাঁহার শাসনপ্রণালী, অধ্যবসায়, প্রতিভা, ঐকান্তিক দেশভক্তি, মাতৃভক্তি, গুরুভক্তি, সর্বধর্মে শ্রদ্ধা, উপস্থিত বুদ্ধি সকলই অসাধারণ ছিল।

শিবি—প্রাচীন দানশীল রাজা। উশীনর রাজার পুত্র।

শিলাদিত্য—১। হর্ষবর্ধনের অপর নাম। ২। রাজপুতদের আদিপুরুষ, সূর্যদেবের বরপুত্র ও বাপ্পাদিত্যের পিতা।

শিলার (Schiller, Johann Christolph Friedrich)—(১৭৫৯—১৮০৫ খ্রীঃ)। খ্যাতনামা জার্মান কবি ও নাট্যকার। তাঁহার শ্রেষ্ঠ রচনা 'উইলহেলম্ টেল' (Wilhelm Tell) ১৮০৪ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়। তিনি 'Robbers', 'Don Carlos', 'History of the Thirty Year's War', 'The 'Maid of Orleans' প্রভৃতি গ্রন্থ রচনা করেন।

শিশিরকুমার ঘোষ—(১৮৪০—১০ই জানুয়ারি, ১৯১১ খ্রীঃ)। সুবিখ্যাত সাংবাদিক। এই মহাত্মা যশোহর জেলার পলুয়া-মাগুরা গ্রামে জন্মলাভ করেন। ঐ স্থানটির বর্তমান নাম অমৃতবাজার। পিতা হরিনারায়ণ ঘোষ। তিনি বিখ্যাত 'অমৃতবাজার পত্রিকা' প্রথম সম্পাদনা করেন। তখন ইহা বাংলা সাপ্তাহিক ছিল। তিনি বৈষ্ণব সাহিত্যে অনেক গ্রন্থ রচনা করেন, তন্মধ্যে 'অমিয় নিমাই চরিত', 'Lord Gouranga', 'কালাচাঁদ গীতা' প্রঃ অতি উৎকৃষ্ট গ্রন্থ। তাঁহার পুত্র তুষারকান্তি ঘোষ।

শিশিরকুমার ভাদুড়ী—(১৮৮৭—১৯৫৯)। বাংলার খ্যাতনামা অভিনেতা। বিদ্যাসাগর কলেজে ইংরেজী সাহিত্যের অধ্যাপক ছিলেন। ইহার পর তিনি অধ্যাপনা ছাড়িয়া ম্যাডান থিয়েটারে পেশাদার অভিনেতৃরূপে যোগদান করেন। ১৯৩১ খ্রীষ্টাব্দে তিনি আমেরিকায় ভারতীয় নাট্যকলা প্রদর্শন করিতে গমন করেন। তিনি নির্বাক ও সবাক্ বহু চলচ্চিত্রেও অবতীর্ণ হইয়াছেন। 'সীতা'য় রাম, 'আলমগীর'-এ আলমগীর, 'ষোড়শী'তে জীবানন্দ এবং 'দিগ্বিজয়ী'তে নাদির শাহের ভূমিকা অভিনয় তাঁহার শ্রেষ্ঠ কীর্তি।

শিশিরকুমার মিত্র—(১৮৯১—১৯৬২ খ্রীঃ)। বাংলার বিশিষ্ট বিজ্ঞানী। ১৯১৯ খ্রীষ্টাব্দে ডি. এস-সি উপাধি লাভ করেন। তিনি ১৯৬২ খ্রীষ্টাব্দে ভারতের জাতীয় অধ্যাপক নিযুক্ত হন। তিনি এশিয়াটিক সোসাইটির ভূতপূর্ব সভাপতি ও রয়্যাল সোসাইটির সভ্য ছিলেন। তিনি ভূপৃষ্ঠ হইতে ৬০ কিলোমিটার ঊর্ধ্বে 'ডি' স্তরের আবিষ্কর্তা।

শিশুনাগ—তিনি কাশীর রাজা ছিলেন। তিনি খুব সম্ভবতঃ খ্রী পূঃ ৬৪২ অব্দে রাজত্ব করিতেন। তিনি যে বংশ স্থাপন করেন, তাহা শিশুনাগ বংশ নামে খ্যাত। ঐ বংশের পঞ্চম রাজা বিম্বিসার (মৎস্য)।

শিশুপাল—চেদিবংশীয় এক রাজা। তিনি দমঘোষের পুত্র, শ্রীকৃষ্ণের পিতৃষ্বসা তাঁহার মাতা। যুধিষ্ঠিরের যজ্ঞে তাঁহার উপদ্রব ও লাঞ্ছনায় শ্রীকৃষ্ণ কুপিত হইয়া তাঁহাকে বধ করেন (ভারত)।

শীলভদ্র—(৭ম শতক)। সম্রাট্ হর্ষবর্ধনের সময় তিনি নালন্দা বিশ্ববিদ্যালয়ের প্রধান অধ্যাপক ছিলেন। তিনি একজন বাঙালী পণ্ডিত ছিলেন। তিনি সমতট রাজ্যের রাজপুত্র ছিলেন। তিনি মহাস্থবির শীলভদ্র নামে বিখ্যাত হন। প্রসিদ্ধ পরিব্রাজক হিউয়েন সাঙ্ তাঁহার ছাত্র হইয়া কিছুদিন অধ্যয়ন করেন।

শুক—বেদব্যাসের পুত্র এক মহর্ষি। তিনি মুক্তপুরুষ ছিলেন। মহারাজ পরীক্ষিৎ ব্রহ্মশাপগ্রস্ত হইলে তিনি তাঁহাকে মৃত্যুর পূর্বে 'শ্রীমদ্ভাগবত' শ্রবণ করান (ভারত)।

শুক্রাচার্য—দৈত্যগণের আচার্য। তিনি মহর্ষি ভৃগুর পুত্র। তাঁহার ষণ্ড ও অমর্ক নামে দুইটি পুত্র ও দেবযানী নামে এক কন্যা জন্মে। তিনি মৃতসঞ্জীবনী বিদ্যা প্রভাবে মৃত দৈত্যগণকে বাঁচাইতেন (রাম, ভারত)।

শুজা—সম্রাট্ শাহজাহানের দ্বিতীয় পুত্র। তিনি বাংলার সুবাদার নিযুক্ত ছিলেন। আওরংগজেবের কূটনীতিতে তিনি ১৬৬০ খ্রীষ্টাব্দে যুদ্ধে পরাস্ত হইয়া পলায়ন করিতে বাধ্য হন। তিনি আরাকানের

রাজার আশ্রয় গ্রহণ করেন। কিন্তু তাঁহার আচরণে তিনি আত্মহত্যা করেন, অথবা তাঁহাকে রাজা সপরিবারে হত্যা করেন।

শুজাউদ্দৌলা—(১৭৩১—১৭৭৫ খ্রীঃ)। ১৭৫৩ খ্রীষ্টাব্দে তিনি অযোধ্যার নবাব হন। তিনি মীর-কাশেমকে আশ্রয় দিয়া পরে বিশ্বাসঘাতকের ন্যায় তাঁহার সকল সম্পত্তি কাড়িয়া লইয়া তাঁহাকে তাড়াইয়া দেন।

শুদ্ধোদন—(খ্রীঃ পূঃ ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগ)। বুদ্ধদেবের পিতা, কপিলবাস্তুর প্রজাতন্ত্রের রাষ্ট্র-নায়ক। তাঁহার অন্যতমা স্ত্রী মহামায়া দেবীর গর্ভে বুদ্ধদেবের জন্ম হয়।

শুভংকর—১। বিখ্যাত বাঙ্গালী গণিতজ্ঞ পণ্ডিত। প্রকৃত নাম ভৃগুরাম দাস। উপাধি ছিল 'শুভংকর'। তিনি গণিতের অনেক জটিল নিয়ম সুগম সরল আর্যায় পরিণত করিয়া প্রবর্তিত করিয়া গিয়াছেন। ঐগুলি 'শুভংকরী আর্যা' নামে পরিচিত। ২। প্রসিদ্ধ 'সংগীত দামোদর' গ্রন্থের রচয়িতা। অনেকের মতে তিনি বাঙালী ছিলেন।

শুম্ভ—এক দেবদ্বেষী অসুর। তিনি ও তাঁহার ভ্রাতা নিশুম্ভ অতীব দুর্দান্ত হইয়া দেবগণের স্বর্গরাজ্য অধিকার করিয়া লন। দেবগণ দেবী ভগবতীর শরণাপন্ন হন এবং তিনি স্বয়ং যুদ্ধে অবতীর্ণা হইয়া তাঁহাকে ও অন্যান্য অসুরগণকে বধ করেন (চণ্ডী)।

শূদ্রক—'মৃচ্ছকটিকম্'-নামক একখানি শ্রেষ্ঠ সংস্কৃত নাটকের প্রণেতা এক রাজা। তিনি বিদিশার রাজা ছিলেন।

শূরসেন—যদুবংশীয় রাজা। তিনি শ্রীকৃষ্ণের পিতা-মহ। তাঁহার এক কন্যা কুন্তী পাণ্ডবগণের জননী; অপর কন্যা শ্রুতশ্রবা শিশুপালের জননী ছিলেন (ভারত)।

শূর্পণখা—রাক্ষসরাজ রাবণের ভগিনী। লক্ষ্মণ তাঁহার নাক ও কান কাটিয়া দেন (রাম)।

শেক্সপীয়র, উইলিয়াম (Shakespeare, William) —(১৫৬৪—১৬১৬ খ্রীঃ)। ইংলণ্ডের সর্বশ্রেষ্ঠ কবি ও নাট্যকার। তিনি পৃথিবীর সর্বকালের সর্বশ্রেষ্ঠ কবিগণের অন্যতম। তাঁহার জন্ম হয় এভন নদীর তীরে স্ট্র্যাটফোর্ড গ্রামে (Stratford-on-Avon)। তিনি ৩৮ খানি নাটক লিখিয়া গিয়াছেন। তাহার মধ্যে ঐতিহাসিক, মিলনান্ত ও বিয়োগান্ত, সব রকমই আছে। তাঁহার বিয়োগান্ত নাটকগুলি সর্বোৎকৃষ্ট। তাঁহার লিখিত কতকগুলি চতুর্দশপদী কবিতাও (sonnets) আছে। তাহা ছাড়া 'Rape of Lucretia'-নামক একখানি কাব্যও আছে।

শেকভ (Chekhov, Anton Pavlovich)—(১৮৬০—১৯০৪ খ্রীঃ)। রুশীয় নাট্যকার ও ঔপন্যাসিক। তাঁহার প্রথম রচিত নাটক 'Ivanov' (১৮৮৭ খ্রীঃ)। ইহার পর 'The Seagull', 'The Three Sisters', 'The Cherry Orchard' ইঃ নাটক প্রকাশিত হয়।

শেখর—(১৬শ শতক)। প্রসিদ্ধ বৈষ্ণব পদকর্তা। তাঁহার অনেকগুলি রচনা বিদ্যাপতির বলিয়া চলিত আছে অথবা বিদ্যাপতিই এই নামে বহু কবিতা রচনা করিয়াছেন। আসল নাম দৈবকীনন্দন সিংহ। পিতা চতুর্ভুজ। 'কবিশেখর-রায়' তাঁহার ছদ্মনাম। ভণিতায় তিনি কবিশেখর, শেখর, শেখর রায়, রায়শেখর ইঃ ব্যবহার করিয়াছেন। তাঁহার 'দণ্ডাত্মিকা' নামে গ্রন্থ পদাবলীতে পূর্ণ। তিনি সংস্কৃতে লেখেন 'গোপালচরিত' মহাকাব্য এবং 'গোপীনাথ-বিজয়' নাটক, আর বাংলায় লেখেন 'গোপালের কীর্তন অমৃত' ও 'গোপালবিজয়' পাঁচালী।

শের-আফগান খাঁ—তাঁহার প্রকৃত নাম আলিকুলী; তাঁহার উপাধি ছিল 'শের-আফগান খাঁ' (ব্যাঘ্র-নিক্ষেপকারী)। জাহাংগীর তাঁহাকে হত্যা করাইয়া তাঁহার পত্নী মেহেরউন্নিসাকে (নূরজাহান) বিবাহ করেন।

শেরশাহ্—(রাজত্বকাল ১৫৪৩—১৫৪৮ খ্রীঃ)। দিল্লীর পাঠান সম্রাট্। তাঁহার নাম ছিল ফরিদ। সম্রাট্ হওয়ার পর তিনি 'শেরশাহ্' নাম গ্রহণ করেন। তিনি ১৫৪০ খ্রীষ্টাব্দে কনৌজে হুমায়ুনকে পরাভূত করেন এবং ক্রমশঃ দিল্লী অধিকার করিয়া ১৫৪৩ খ্রীষ্টাব্দে নিজেকে সম্রাট্ বলিয়া ঘোষণা করেন। ১৫৪৮ খ্রীষ্টাব্দে তিনি কালিঞ্জরের দুর্গ জয় করিতে গিয়া বারুদে অগ্নি-সংযোগ হওয়ায় নিহত হন। তিনি 'গ্র্যাণ্ড ট্রাঙ্ক রোড'-নামক প্রসিদ্ধ রাস্তার আংশিক নির্মাণ করেন। ঘোড়ার ডাকের তিনি প্রথম প্রচলন করেন।

শেলিং ফ্রিড্রিক (Shelling Friedrich)—(১৭৭৫—১৮৫৪ খ্রীঃ)। সুবিখ্যাত জার্মান দার্শনিক। তিনি মিউনিক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন। তিনি শেষ জীবনে সুপ্রসিদ্ধ দার্শনিক হেগেলের বিরুদ্ধে মতবাদ প্রচার করিতে থাকেন।

শেলী, পার্সি বিশ (Shelley, Percy Bysshe)—(১৭৯২—১৮২২ খ্রীঃ)। উনবিংশ শতাব্দীর অন্যতম শ্রেষ্ঠ ইংরেজ কবি। তাঁহার কাব্যের মধ্যে 'Adonais' এবং 'Revolt of Islam' প্রথম শ্রেণীর। কবি বাইরন তাঁহার বন্ধু ছিলেন। তিনি ১৮১৮ খ্রীষ্টাব্দে ইংলণ্ড ছাড়িয়া ইটালীতে যান, এবং বিভিন্ন স্থানে ভ্রমণ করেন। এই সময় তিনি 'Prometheus Unbound' নামে তাঁহার বিখ্যাত গীতিকাব্য রচনা করেন। পিসায় থাকিবার সময় তিনি 'Ode to the West Wind', 'To a Sky-lark', 'The Cloud' প্রঃ তাঁহার শ্রেষ্ঠ গীতিকবিতা রচনা করেন। 'Defence of Poetry' (১৮২১ খ্রীঃ) তাঁহার আর একখানি বিখ্যাত পুস্তক। Speziaতে নৌকা করিয়া বেড়াইবার সময় জলমগ্ন হইয়া মারা যান।

শেষ নাগ—পাতালাধিপতি সর্পরাজ। মাতা কদ্রু।

সমুদ্রমন্থনকালে ইহাকেই রজ্জুরূপে ব্যবহার করা হইয়াছিল।

শৈব্যা—রাজা হরিশ্চন্দ্রের রানী। পুত্র রোহিতাশ্ব (দেবীভা, মার্ক)।

শৈলজানন্দ মুখোপাধ্যায়—(জন্ম ১৩০৭ বঙ্গাব্দ)। প্রখ্যাত কথা-সাহিত্যিক। শরৎ চন্দ্রের পর গল্প-লেখক হিসাবে তিনি বিশেষ খ্যাতি অর্জন করেন। 'ঝোড়ো হাওয়া', 'অভিশাপ', 'শহর থেকে দূরে', 'ব্লাইন্ড লেন' ইঃ তাঁহার রচিত পুস্তক ও চিত্রনাট্য।

শোপেনহাওয়ার (Schopenhauer, Arthur)—(১৭৮৮—১৮৬০ খ্রীঃ)। প্রখ্যাত জার্মান দার্শনিক। দুঃখবাদ (Pessimism) প্রচার করিয়া তিনি বিশ্ববিখ্যাত হন। 'The World Considered as Will and Idea' তাঁহার প্রসিদ্ধ গ্রন্থ। ঈশ্বর ও আত্মার অমরত্ব সম্বন্ধে তিনি অবিশ্বাসী ছিলেন।

শোভা সিংহ—(১৭শ শতক)। চেতোয়া বরদার ভূস্বামী। ইব্রাহিম খাঁর সুবাদারির সময় তিনি উড়িষ্যার সর্দার রহিম খাঁর সহিত মিলিত হইয়া বিদ্রোহী হন এবং হুগলী অধিকার করেন। আওরঙ্গজেবের পুত্র তাঁহাকে দমন করিয়াছিলেন।

শোর, জন (Shore, Sir John)—(শাসনকাল ১৭৯৩—১৭৯৮ খ্রীঃ)। ভারতের ভূতপূর্ব বড়লাট।

শোলোকভ, মিখায়েল আলেকজান্দ্রোভিচ (Sholokhov, Mikhail Aleksandrovich)—(জন্ম ১৯০৫ খ্রীঃ)। রাশিয়ার বিখ্যাত কথাসাহিত্যিক। তাঁহার বিখ্যাত বই 'And Quiet Flows the Don'. তিনি ১৯৬৫ খ্রীষ্টাব্দে নোবেল পুরস্কার লাভ করেন।

শৌরীন্দ্রমোহন ঠাকুর, রাজা—(১৮৪০—১৯১৪ খ্রীঃ)। সংগীতজ্ঞ ও সাহিত্যানুরাগী। হরকুমার ঠাকুরের কনিষ্ঠ পুত্র, কলিকাতায় তাঁহার নিবাস। ষোড়শ-বর্ষে তিনি 'মুক্তাবলী' নামে একখানি নাটিকা প্রণয়ন করেন। তিনি হিন্দু সংগীতের পুনরায় অভ্যুত্থানের জন্য অনেক চেষ্টা করেন। স্বদেশে তিনি 'রাজা' ও 'সার' উপাধি প্রাপ্ত হন।

শ্যাকল্‌টন, আর্নেস্ট হেনরি (Shackleton, Sir Ernest Henry)—(১৮৭৪—১৯২২ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ ইংরেজ পর্যটক ও নাবিক। ১৯০৭—১৯০৯ খ্রীষ্টাব্দে যে Antarctic অভিযান হয়, তিনি উহার নেতৃত্ব করেন। পরে ১৯১৪—১৭ খ্রীষ্টাব্দের অভিযানেরও তিনিই নেতা ছিলেন। তিনি ১৯২১ খ্রীষ্টাব্দে পুনরায় Antarctic অভিযানে বহির্গত হন এবং পথে ১৯২২ খ্রীষ্টাব্দে ইনফ্লুয়েঞ্জায় প্রাণ হারান।

শ্যামাকান্ত বন্দ্যোপাধ্যায়—(১৮৫৮—১৯১৮ খ্রীঃ)। বিখ্যাত মল্লবীর ও যোগী। ঢাকা জেলার বিক্রমপুরের আড়িয়ল গ্রামে জন্ম। শশিভূষণ বন্দ্যোপাধ্যায় তাঁহার পিতা। পাটনার নবাবের বাঘিনী 'বেগম'কে বশ করিয়া তিনি ঐ বাঘিনী ও দুই হাজার টাকা পুরস্কার পান। ১৮৯৪ খ্রীষ্টাব্দে তিনি ১৫০০ টাকা মাহিনায় ফ্রেড্‌কুকের ইংলিশ সার্কাসে হিংস্র জন্তুর খেলা দেখাইবার জন্য নিযুক্ত হন। এক বৎসর পরে তিনি উহা ছাড়িয়া নিজের সার্কাস দল গঠন করেন। তিনিই বাঙ্গালীর মধ্যে সর্বপ্রথম বুকে পাথর ভাঙ্গা দেখাইয়া নাম করেন। তিনি ৪২ বৎসর বয়সে কাশীতে 'তিব্বতী বাবা'র নিকট দীক্ষাগ্রহণ করেন ও 'সোহহংস্বামী' নামে পরিচিত হন। ১৯০৪ খ্রীষ্টাব্দে তিনি হিমালয়ের ভাওয়ালী-নামক স্থানে আশ্রম স্থাপন করেন। 'সোহহং গীতা', 'সোহহংতত্ত্ব', 'সোহহংসংহিতা', 'বিবেকগাথা', 'Truth' ইঃ কয়েকখানি বই তিনি লিখিয়া গিয়াছেন।

শ্যামাদাস কবিরাজ, বাচস্পতি—(১৮৬৫—১৯৩৪ খ্রীঃ)। কলিকাতার লব্ধপ্রতিষ্ঠ কবিরাজ। বর্ধমান জেলায় চুপী গ্রামে জন্ম। তিনি কলিকাতার একজন শ্রেষ্ঠ চিকিৎসক বলিয়া পরিগণিত হন। আয়ুর্বেদের উন্নতিকল্পে তিনি একটি কলেজ স্থাপন করিয়া গিয়াছেন, উহার নাম 'বৈদ্যশাস্ত্র-পীঠ'।

শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়—(১৯০১—২৩শে জুন, ১৯৫৩ খ্রীঃ)। সুবিখ্যাত শিক্ষাব্রতী, রাজনীতিজ্ঞ ও জননেতা। জন্ম কলিকাতায় (ভবানীপুরে)। পিতা সার আশুতোষ মুখোপাধ্যায়। ১৯৩৪ খ্রীষ্টাব্দে তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিযুক্ত হন। ১৯৩৬ খ্রীষ্টাব্দে পুনরায় তিনি উপাচার্য হন। নিখিল ভারত হিন্দু মহাসভার ভূতপূর্ব সভাপতি ছিলেন। তিনি স্বাধীন ভারতের শিল্প ও সরবরাহ বিভাগের প্রথম ভারপ্রাপ্ত মন্ত্রী হন, কিন্তু পূর্ববঙ্গের হিন্দুদের সমস্যা লইয়া মন্ত্রিসভার সহিত তাঁহার গুরুতর মতবিরোধ ঘটে এবং ১৯৫০ খ্রীষ্টাব্দের এপ্রিল মাসে তিনি পদত্যাগ করেন। ১৯৫০ খ্রীষ্টাব্দে তিনি নিখিল ভারত জনসংঘের সংগঠন করেন ও উহার সভাপতি হন। তিনি কাশ্মীর-জম্মু প্রজা-পরিষদের দাবি লইয়া মৃত্যুর কিছুকাল পূর্বে হইতেই আন্দোলন চালান এবং কাশ্মীরে যান। সেখানে আবদুল্লা সরকার তাঁহাকে কারারুদ্ধ করে। কারারুদ্ধ অবস্থায় তিনি মারা যান।

শ্রদ্ধানন্দ, স্বামী—(১৮৫৫—১৯২৬ খ্রীঃ)। আর্য-সমাজের একনিষ্ঠ ও উদ্যোগী প্রচারক। পঞ্জাবের জলন্ধর জেলায় জন্ম। তিনি আর্যসমাজে প্রবেশ করেন এবং ক্রমশঃ উহার নেতা হন। তিনি মহাত্মা গান্ধীর অসহযোগ আন্দোলনে যোগ দেন। হিন্দু-মুসলমান মিলনের জন্য তিনি যথেষ্ট চেষ্টা করিয়াছেন। তিনি খিলাফত-আন্দোলনেও যোগ দেন। তিনি হিন্দুধর্মে জাতিচ্যুত বা অপর সম্প্রদায়ভুক্ত লোককে হিন্দুধর্মে আনিবার জন্য শুদ্ধি-প্রথা প্রবর্তন করেন। আবদুল রসিদ নামে এক ব্যক্তি তাঁহাকে নিহত করে।

শ্রীকৃষ্ণ—'কৃষ্ণ' দ্রঃ।

শ্রীচন্দ্র—উদাসীন ধর্ম-সম্প্রদায় বিশেষ প্রবর্তক, শিখ-

সম্প্রদায়ের ধর্মগুরু শ্রদ্ধেয় নানকের পিতা।

শ্রীদাম—বৃন্দাবনের বেদবিৎ ব্রাহ্মণ বিঃ। শ্রীকৃষ্ণের সাতজন প্রধান সহচরের একজন।

শ্রীধর আচার্য—১। এক অতি প্রসিদ্ধ দার্শনিক পণ্ডিত। তিনি বৈশেষিক দর্শনের প্রশস্ত পাদ-ভাষ্যের 'ন্যায়-কন্দলী'-নামে একটি টীকা রচনা করেন। ঐ টীকাটি অতীব পাণ্ডিত্যপূর্ণ। হুগলী জেলার বলদেবাচার্য তাঁহার পিতা এবং মাতা অচ্ছোকাদেবী। ২। (৭৫০ খ্রীঃ)। গণিতজ্ঞ। বীজগণিতে তাঁহার প্রণালীকে অদ্যাপি শ্রীধরাচার্যের প্রণালী বা হিন্দু প্রণালী (Sridharacharyya's Method or Hindu Method) বলা হয়।

শ্রীধর কথক—বিশিষ্ট কথক ও সংগীত-রচয়িতা। তিনি নিধুবাবুর সমসাময়িক। হুগলী জেলায় বাঁশবেড়িয়া গ্রামে জন্ম। পিতা লালচাঁদ বিদ্যাভূষণ। 'ভালবাসিবে বলে৷ ভালবাসিনে' এই গানটি তাঁহার রচিত প্রসিদ্ধ গানগুলির অন্যতম।

শ্রীধর স্বামী—(১৪শ শতক)। গুজরাটের বলভী নগরে এই ক্ষণজন্মা পণ্ডিতের জন্ম হয়। তিনি শ্রীমদ্ভাগবতের ও শ্রীমদ্ভগবদ্গীতার টীকা লিখিয়া অমর হইয়াছেন। কথিত আছে, ভট্টিকাব্য রচয়িতা ভর্তৃহরি তাঁহারই পুত্র।

শ্রীনিবাস (আচার্যঠাকুর)—(১৫১৯ খ্রীঃ ?)। প্রসিদ্ধ গৌরাঙ্গভক্ত। নদীয়া জেলার চাকন্দী গ্রামে জন্ম। পিতা চৈতন্যদাস। গোপাল ভট্ট তাঁহার গুরু। পদাবলী সাহিত্যে তাঁহার কয়েকটি পদ আছে।

শ্রীবৎস—অযোধ্যার রাজা। তাঁহার নিকট কলহ-পরায়ণ শনি ও লক্ষ্মী উপস্থিত হইলে তিনি লক্ষ্মীকে শ্রেষ্ঠ দেবতা বলিলে শনি কুপিত হইয়া তাঁহার রাজ্যনাশ ও তাঁহাকে বহু কষ্ট প্রদান করেন (ভারত)।

শ্রীবাস পণ্ডিত—তিনি শ্রীগৌরাঙ্গের পিতা জগন্নাথ মিশ্রের বন্ধু ছিলেন বলিয়া তাঁহাকে শ্রীগৌরাঙ্গ-দেব শ্রদ্ধা ও ভক্তি করিতেন। তাঁহার পিতার নাম ছিল জলধর পণ্ডিত।

শ্রীহর্ষ—১। প্রাচীন কবি। তিনি কান্যকুব্জদেশীয় ব্রাহ্মণ। পিতার নাম শ্রীহরি এবং মাতার নাম মামল্লদেবী। 'নৈষধচরিত' নামে তিনি এক মনোরম ও পাণ্ডিত্যপূর্ণ মহাকাব্য লেখেন। ২। 'রত্নাবলী' ও 'নাগানন্দ'-নামক নাটক দুইটির রচয়িতা এক পণ্ডিত। কাহারও মতে, সম্রাট্ হর্ষবর্ধন এই পুস্তকগুলি রচনা করেন।

শ্রুতকীর্তি—দশরথপুত্র শত্রুঘ্নের পত্নী ও কুশধ্বজ জনকের কন্যা (রাম)।

ষ

ষণ্ড—দৈত্যগুরু শুক্রাচার্যের পুত্র, মহারাজ হিরণ্য-কশিপুর পুত্র ভক্ত প্রহ্লাদের শিক্ষাগুরু (হরি)।

ষষ্ঠীবর সেন—(১৬শ শতক)। বাঙ্গালী কবি। পূর্ববঙ্গে তাঁহার জন্ম হয়। তিনি সমগ্র মহাভারত ছন্দে রচনা করেন। তাহা ছাড়া, তিনি রামায়ণ, পদ্মপুরাণ প্রঃও রচনা করিয়া গিয়াছেন। তিনি স্বভাবকবি ছিলেন।

স

সংগ্রাম সিংহ—(১৬শ শতক)। সুবিখ্যাত রাজপুত বীর। তিনি মেবারের রানা ছিলেন। সংক্ষেপে তাঁহাকে রানা সঙ্গ বলা হয়। বাবর যখন ১৫২৬ খ্রীষ্টাব্দে ভারতবর্ষ হইতে আহূত হইয়া পাঠান-সম্রাট্ ইব্রাহিম লোদীকে আক্রমণ করেন, তখন তিনি হিন্দুরাজ্য স্থাপনের আশায় বাবরের বিরুদ্ধে অস্ত্রধারণ করেন নাই। কিন্তু পরে বাবর দিল্লীর সিংহাসনে বসিলে বাবরের সহিত তাঁহার বিরোধ উপস্থিত হয়। খানুয়ার যুদ্ধে বাবর সংগ্রাম সিংহকে পরাজিত করেন (১৫২৭ খ্রীঃ)। ইহার অল্পদিন পরেই তিনি মারা যান।

সংজ্ঞা—'ছায়া' দ্রঃ।

সংবরণ—চন্দ্রবংশীয় রাজা। তিনি প্রসিদ্ধ কুরু-বংশের প্রতিষ্ঠাতা কুরুর পিতা (ভারত)।

সংযুক্তা (সংযোগিতা)—(১১৭০—১১৯৩ খ্রীঃ)। কান্যকুব্জের রাজা জয়চন্দ্রের কন্যা ও পৃথ্বীরাজের মহিষী।

সক্রেটিস (Socrates)—(খ্রীঃ পূঃ ৪৬৯—৩৯৯

অব্দ)। বিশ্ববিখ্যাত গ্রীক দার্শনিক পণ্ডিত ও প্লেটোর গুরু। তিনি দেখিতে কুশ্রী ছিলেন ও তাঁহার স্ত্রী জ্যান্থিপি ছিলেন অত্যন্ত মুখরা স্ত্রীলোক। তিনি জ্ঞানী লোকদের সঙ্গে মিশিয়া তাঁহাদের মতের ভুল দেখাইয়া দিতেন। এইভাবে তিনি অনেকের শত্রু হন এবং মেলিটাস নামে একজন লোক তাঁহার বিরুদ্ধে নিরীশ্বরবাদ প্রচারের অভিযোগ আনে। বিচারে তাঁহার মৃত্যুদণ্ড হয় এবং তাঁহাকে হেমলক নামে বিষ পান করিতে দেওয়া হয়।

সখারাম গণেশ দেউস্কর—(১৮৬৯—১৯১২ খ্রীঃ)। বাংলাভাষার মহারাষ্ট্রীয় লেখক। বৈদ্যনাথে জন্মগ্রহণ করেন। তিনি মহারাষ্ট্রজাতীয় হইলেও চিরকালই বাংলায় কাটান। ১৯০৫ খ্রীষ্টাব্দে তিনি 'হিতবাদী'র সম্পাদক হন। তাঁহারই উদ্যোগে বাংলায় 'শিবাজী-উৎসব' প্রথম অনুষ্ঠিত হয়।

সগর—সূর্যবংশীয় এক রাজা। তাঁহার একটি পত্নীর গর্ভে ষষ্টি সহস্র পুত্র ও অপর পত্নীর গর্ভে অসমঞ্জ নামে একটি পুত্র জন্মে। রাজা সগরের নাম হইতেই সমুদ্রের নাম 'সাগর' (রাম)।

সজনীকান্ত দাস—(১৯০০—১৯৬২ খ্রীঃ)। প্রখ্যাত সাহিত্যিক, কবি ও সমালোচক। ১৯৫২ হইতে মৃত্যুকাল পর্যন্ত বঙ্গীয় সাহিত্য পরিষদের সভাপতি ছিলেন। জন্মস্থান বর্ধমান জেলার বেতালবন গ্রামে। পৈতৃক নিবাস বীরভূম জেলার রাইপুর গ্রাম। পিতা হরেন্দ্রলাল। তাঁহার পরিচালিত শনিরঞ্জন প্রেস, রঞ্জন প্রকাশালয় ও 'শনিবারের চিঠি' প্রসারলাভ করিয়াছে। 'অজয়' (উপন্যাস), 'পথ চলতে ঘাসের ফুল' (গীতিকাব্য), 'মনোদর্পণ' (ব্যঙ্গকবিতা), 'কেড্‌স্‌ ও স্যান্ডাল' (ব্যঙ্গকবিতা), 'পঁচিশে বৈশাখ' (কবিতা), 'রাজমোহনের স্ত্রী' (অনুদিত উপন্যাস), 'কলিকাল' (সচিত্র হাসির গল্প), 'বাংলার কবিগান', 'মৃত্যুদূত' (অনুদিত উপন্যাস), 'বাংলা সাহিত্যের ইতিহাস' (গদ্যের প্রথম যুগ), 'ভাব ও ছন্দ' (কাব্য) ইঃ তাঁহার রচিত গ্রন্থ।

সঞ্জয়—কুরুরাজ ধৃতরাষ্ট্রের মন্ত্রী। কুরুক্ষেত্রের যুদ্ধে অন্ধ ধৃতরাষ্ট্রকে যুদ্ধের বর্ণনা দিবার নিমিত্ত মহামুনি ব্যাসদেব তাঁহাকে দিব্যচক্ষু দান করেন (ভারত)।

সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়—(১৮৩৪—১৮৮৯ খ্রীঃ)। সুবিখ্যাত লেখক। সাহিত্য-সম্রাট বঙ্কিমচন্দ্রের অগ্রজ। জন্ম কাঁঠালপাড়ায়। পিতা যাদবচন্দ্র। তাঁহার প্রকৃত নাম সঞ্জীবনচন্দ্র, কিন্তু সঞ্জীবচন্দ্র নামই প্রচলিত। তাঁহার 'পালামৌ' গ্রন্থ প্রসিদ্ধ। তিনি কিছুদিন 'বঙ্গদর্শনে'র সম্পাদক, পরে সত্ত্বাধিকারী হন। তাঁহার রচিত 'জাল প্রতাপচাঁদ' একদিন বঙ্গসমাজে বিপুল আন্দোলন সৃষ্টি করিয়াছিল।

সতী—দক্ষপ্রজাপতির কন্যা, শিবের পত্নী। পিতার মুখে পতিনিন্দা শ্রবণে সতী দেহত্যাগ করেন (শিব)।

সতীনাথ ভাদুড়ী—(জন্ম ২৭শে সেপ্টেম্বর, ১৯০৬ খ্রীঃ)। প্রখ্যাত কথা-সাহিত্যিক। জন্মস্থান পূর্ণিয়া। পিতার নাম ইন্দুভূষণ ভাদুড়ী। তাঁহার কয়েকটি রচনা—'গণনায়ক', 'চিত্রগুপ্তের ফাইল' ও 'ঢোড়াই চরিতমানস' (১ম ও ২য় চরণ)। তাঁহার সুবিখ্যাত উপন্যাস 'জাগরী' ১৯৫০ খ্রীষ্টাব্দে রবীন্দ্র পুরস্কার লাভ করে।

সত্যচরণ শাস্ত্রী—(১৯শ শতক)। প্রসিদ্ধ ঐতিহাসিক পণ্ডিত। 'ছত্রপতি মহারাজ শিবাজীর জীবনচরিত' (১৮৯৫ খ্রীঃ), 'বঙ্গের শেষ স্বাধীন হিন্দু মহারাজ প্রতাপাদিত্যের জীবনচরিত' (১৮৯৬ খ্রীঃ), 'মহারাজ নন্দকুমার চরিত', 'ক্লাইভ চরিত' এবং 'ভারতে অলিকসন্দর' তাঁহার রচিত বিশিষ্ট গ্রন্থ।

সত্যজিৎ রায়—(জন্ম ১৯২১ খ্রীষ্টাব্দ)। পিতা প্রখ্যাত শিশু-সাহিত্যিক সুকুমার রায়। তিনি প্রথম জীবনে চিত্রশিল্পী ছিলেন। পরে চলচ্চিত্রশিল্পে যোগদান করিয়া আন্তর্জাতিক খ্যাতি লাভ করেন।

সত্যবতী—মহর্ষি ব্যাসদেবের জননী। পরাশরের ঔরসে কন্যাকালেই তাঁহার গর্ভে ব্যাসদেবের জন্ম হয়। পরে তিনি কুরুরাজ শান্তনুকে বিবাহ করেন। বিচিত্রবীর্য ও চিত্রাঙ্গদ নামে সত্যবতীর দুই পুত্র জন্মে (ভারত)।

সত্যবান্—এক রাজকুমার। পিতা দ্যুমৎসেন। পত্নী সাবিত্রীর তেজঃপ্রভাবে তাঁহার মৃত্যুর পর যমরাজ তাঁহাকে জীবলোকে ফিরাইয়া দিতে বাধ্য হন (ভারত)।

সত্যভামা—শ্রীকৃষ্ণের মহিষী এবং সত্রাজিতের কন্যা (হরি)।

সত্যেন বসু—(১৮৮২—১৯০৮ খ্রীঃ)। সুবিখ্যাত বিপ্লবী ও অগ্নিমন্ত্রের সাধক। জন্ম মেদিনীপুরে। পিতা অভয়চরণ, ঋষি রাজনারায়ণ বসুর ভাই। মেদিনীপুরে অরবিন্দ যে গুপ্তসমিতির প্রতিষ্ঠা করিয়াছিলেন তাঁহার নায়ক হন সত্যেন্দ্রনাথ। তিনি ক্ষুদিরামকে দলে আনেন এবং কিংসফোর্ড হত্যার মামলায় ক্ষুদিরাম ধরা পড়িলে পুলিস তাঁহাকেও গ্রেফতার করে। তিনি ও কানাইলাল নরেন গোসাঁইকে হত্যা করেন। বিচারে তাঁহার ফাঁসি হয়।

সত্যেন্দ্রনাথ ঠাকুর—(১লা জুন, ১৮৪২—৯ই জানুয়ারি, ১৯২৩ খ্রীঃ)। সুবিখ্যাত রাজকর্মচারী ও সাহিত্যসেবক। তিনি মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের মধ্যম পুত্র ও রবীন্দ্রনাথের অগ্রজ। তিনিই ভারতীয়দের মধ্যে সর্বপ্রথম সিভিলিয়ান। "মিলে সব ভারত সন্তান" নামে বিখ্যাত জাতীয় সংগীতটি তাঁহার রচিত। তাঁহার রচিত গ্রন্থাবলীর মধ্যে 'স্ত্রী-স্বাধীনতা', 'সুশীলা বীরসিংহ নাটক', 'বোম্বাই চিত্র', 'বৌদ্ধধর্ম' 'নবরত্নমালা', 'আমার বাল্যকথা' ও 'আমার বোম্বাই প্রবাস' ইঃ উল্লেখযোগ্য।

সত্যেন্দ্রনাথ দত্ত—(১২ই ফেব্রুয়ারি, ১৮৮২—২৫শে

জুন, ১৯২২ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ কবি। তিনি অক্ষয়কুমার দত্তের পৌত্র। নিবাস—চুপী, বর্ধমান। 'জন্ম-দুঃখী' (অনুদিত উপন্যাস), 'চীনের ধূপ' (নিবন্ধ), 'রঙ্গমল্লী' (অনুদিত নাটকাবলী) ও 'ধূপের ধোঁয়ায়' নাটিকা ছাড়া তিনি পনেরখানি কাব্যগ্রন্থ লেখেন। তিনি আধুনিক বাংলা পদ্যে নানা অভিনব ছন্দের প্রবর্তক। বৈদেশিক ভাষার কবিতা অনুবাদে তিনি সিদ্ধহস্ত ছিলেন। রবীন্দ্রনাথের শিষ্যগণের মধ্যে তিনি অগ্রগণ্য। 'তীর্থসলিল', 'অভ্র-আবীর', 'কুহু ও কেকা' ইঃ তাঁহার রচিত বিখ্যাত কাব্যগ্রন্থ।

সত্যেন্দ্রনাথ বসু—(জন্ম ১৮৯৪—১৯৭৪ খ্রীঃ)। সুবিখ্যাত পদার্থ-বিজ্ঞানী। গণিত ও পদার্থ-বিজ্ঞানে তাহার অনেক মূল্যবান্ গবেষণা আছে। তাঁহার "বসু-আইনস্টাইন তত্ত্ব" আধুনিক পদার্থ-বিজ্ঞানের শ্রেষ্ঠ অবদান। তিনি ভারতীয় বিজ্ঞান কংগ্রেসের মূল সভাপতি (১৯৪৪ খ্রীঃ) হন। তিনি ১৯৫৮ খ্রীষ্টাব্দে জাতীয় অধ্যাপক হন। কিছুকাল তিনি বিশ্বভারতীর উপাচার্য ছিলেন।

সত্যেন্দ্রপ্রসন্ন সিংহ, লর্ড—(১৮৬৩—১৯৩০ খ্রীঃ)। সুবিখ্যাত আইনজ্ঞ ও প্রথম ভারতীয় গভর্নর। বীরভূম জেলার রায়পুরে জন্ম। তিনি ভারতীয় জাতীয় মহাসমিতির সভাপতি নির্বাচিত হন (১৯১৫ খ্রীঃ)। ১ম মহাযুদ্ধের অবসানে তাঁহাকে লর্ড উপাধিতে বিভূষিত করা হয়। তখন তিনি সহকারী ভারত-সচিব নিযুক্ত হন। ১৯২০ খ্রীষ্টাব্দে শাসন-সংস্কার (Montague-Chelmsford Reform) অনুসারে তিনি বিহার ও উড়িষ্যার প্রথম গভর্নর নিযুক্ত হন।

সত্রাজিৎ—যদুবংশীয় নিঘ্নের পুত্র। তাঁহার কন্যা সত্যভামাকে কৃষ্ণ বিবাহ করেন। তাঁহার সেবায় সন্তুষ্ট হইয়া সূর্যদেব তাঁহাকে অমূল্য 'স্যমন্তক-মণি' দান করেন (ভাগ)।

সনক—পৌরাণিক ঋষি, ব্রহ্মার মানসপুত্র।

সনৎকুমার—প্রাচীন ঋষি, ব্রহ্মার মানসপুত্র (শিব)।

সনাতন—(?—১৫৮৮ খ্রীঃ)। খ্যাতনামা বৈষ্ণব ঠাকুর। তিনি গৌড়ের মুসলমান রাজার উচ্চপদস্থ কর্মচারী ছিলেন। তাঁহার রচিত বহু সংস্কৃত গ্রন্থ (বৈষ্ণব ধর্মসম্বন্ধীয়) আছে। বিখ্যাত রূপ গোস্বামী তাঁহার ভ্রাতা।

সফোক্লেজ (Sophocles)—(? খ্রীঃ পূঃ ৪৯৫—৪০৬ অব্দ)। সুবিখ্যাত গ্রীক নাট্যকার। তিনি প্রায় ১০০ খানি নাটক রচনা করিয়াছিলেন, তাঁহার মধ্যে ৭ খানি সম্পূর্ণ পাওয়া যায়। তাঁহার প্রথম রচনা 'Triptolemus'। তাঁহার রচনার মধ্যে যে কয়খানি সম্পূর্ণ পাওয়া যায় তন্মধ্যে 'Antigone', 'Oedipus Tyrannus' এবং 'Oedipus at Colonus' সর্বোৎকৃষ্ট।

সবুক্তগীন, আমীর—(শাসনকাল ৯৭৭—৯৯৮ খ্রীঃ)। ৯৭৭ খ্রীষ্টাব্দে তিনি গজনীর রাজা হন। প্রথমে তিনি ক্রীতদাস ছিলেন। ৯৮৬—৯৮৭ খ্রীষ্টাব্দে তিনি পঞ্জাবের রাজা জয়পালের সহিত যুদ্ধ করেন। এই যুদ্ধে তিনি জয়ী হন। পুত্রের নাম সুলতান মামুদ।

সমরসিংহ—চিতোরের রানা। তিনি বীরশ্রেষ্ঠ পৃথ্বীরাজের ভগিনীপতি ছিলেন। পৃথ্বীরাজের সহিত তিনি মহম্মদ ঘোরীর বিরুদ্ধে যুদ্ধ করেন ও দ্বিতীয়বারে পরাজিত ও নিহত হন।

সমরু—(১৭২০—১৭৭৮ খ্রীঃ)। মীরকাসিমের এক সৈনিক। তিনি একজন জার্মান কসাই-এর পুত্র বলিয়া বর্ণিত। তিনি ভারতের ফরাসী সৈন্যদলে প্রবেশ করিয়া Sumroo নাম গ্রহণ করেন। প্রকৃত নাম ছিল Walter Reinhard. নবাব মীর-কাসিমের অধীনে যখন তিনি কর্ম করেন, তখন বহু ইংরেজের প্রাণনাশ তাঁহার হস্তেই ঘটে।

সমরু, বেগম—এক খ্রীষ্টান রমণী। তিনি জার্মান সৈনিক সমরুর সহিত সরধানা দুর্গে বাস করিতেন। তিনি ইংরেজের বিরুদ্ধে স্বীয় সৈন্যদল লইয়া ১৮০৩ খ্রীষ্টাব্দে একবার যুদ্ধ করেন ও পরাভূত হইয়া আত্মসমর্পণ করেন।

সমরেন্দ্র সিংহ—ইতিহাসে শক্তসিংহ বলিয়া পরিচিত। তিনি চিতোরের বীরশ্রেষ্ঠ রানা প্রতাপ-সিংহের কনিষ্ঠ ভ্রাতা। কথিত আছে, তিনি হলদীঘাটে প্রতাপের বীরত্ব দর্শনে মুগ্ধ হন এবং যদিও তিনি প্রতাপ কর্তৃক নির্বাসিত হইয়াছিলেন, তথাপি প্রতাপের পশ্চাদ্ধাবনকারী সৈন্যগণের প্রাণসংহার করিয়া তাঁহার জীবনরক্ষা করেন। পরে উভয় ভ্রাতার পুনরায় মিলন হয়।

সমুদ্র গুপ্ত—(রাজত্বকাল ৩৩০—৩৭৫ খ্রীঃ)। গুপ্তবংশের দ্বিতীয় সম্রাট্। পিতার নাম চন্দ্র-গুপ্ত ও মাতার নাম কুমারদেবী। তিনি গুপ্ত-বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি। তিনি সমগ্র উত্তর ভারতবর্ষই জয় করিয়াছিলেন, কেবল দাক্ষিণাত্যে তিনি নিজ শাসন বিস্তৃত করেন নাই। কবি হরিষেণ তাঁহার সভাসদ্ ছিলেন।

সম্পাতি—জটায়ুর ভ্রাতা। অরুণের ঔরসে শ্যেনীর গর্ভে তাঁহার জন্ম হয় (রাম)।

সরফরাজ খাঁ—(শাসনকাল ১৭৩৯—১৭৪০ খ্রীঃ)। বাংলার নবাব মুর্শিদকুলি খাঁর দৌহিত্র। তিনি দুশ্চরিত্র ও দারুণ অত্যাচারী ছিলেন। তাঁহার শাসনে নির্যাতিত ও বিরক্ত হইয়া বাংলার বড় বড় লোক আলিবর্দী খাঁকে তাঁহার বিরুদ্ধে উত্তেজিত করেন। দিল্লীশ্বর আলিবর্দী খাঁকে বাংলার নবাবীর সনদ দেন। ১৭৪০ খ্রীষ্টাব্দে আলিবর্দীর সহিত যুদ্ধে সরফরাজ পরাজিত ও নিহত হন।

সরমা—গন্ধর্বরাজ শৈলুষের কন্যা, লঙ্কাধিপতি রাবণের ভ্রাতা বিভীষণের পত্নী (রাম)।

সরলা দেবী চৌধুরানী—(১৮৭৩—১৯৫০ খ্রীঃ)। মহিলা সাহিত্যিক ও বিশিষ্ট দেশকর্মী। প্রসিদ্ধ মহিলা ঔপন্যাসিক স্বর্ণকুমারী দেবীর কন্যা। পিতা জানকীনাথ ঘোষাল। তিনি একজন লব্ধ-প্রতিষ্ঠা লেখিকা। বাংলার অগ্নিযুগে তিনি ছিলেন একজন মহিলা কর্মী। 'বীরাষ্টমী ব্রত'

নামে যুব-আন্দোলনের তিনিই প্রবর্তন করেন। তিনি কিছুদিন 'ভারতী' পত্রিকা সম্পাদন করিয়াছিলেন। তাঁহার স্বামী পরলোকগত রামভুজ দত্ত চৌধুরী পঞ্জাবের অধিবাসী ছিলেন।

সরোজনলিনী দত্ত—প্রসিদ্ধ মহিলা কর্মী। 'সরোজনলিনী শিক্ষা-মন্দির' নামে একটি শিক্ষাপ্রতিষ্ঠান তাঁহার স্মৃতি বহন করিতেছে। গুরুসদয় দত্ত (ব্রতচারী নৃত্যের পুনঃপ্রবর্তক) তাঁহার স্বামী ছিলেন।

সরোজিনী নাইডু—(১৩ই ফেব্রুয়ারি, ১৮৭৯—১লা মার্চ, ১৯৪৯ খ্রীঃ)। বিখ্যাত বাঙ্গালী মহিলা কবি, রাজনীতিক ও দেশকর্মী। হায়দরাবাদে জন্ম। পিতার নাম অঘোরনাথ চট্টোপাধ্যায়। তিনি আজীবন পিতার সহিত হায়দরাবাদে বাস করেন। তিনি ডাঃ এম্. জি. নাইডু-নামক একজন মাদ্রাজীকে বিবাহ করেন। ১৯২৫ খ্রীষ্টাব্দে তিনি ভারতীয় জাতীয় মহাসমিতির কানপুরের অধিবেশনে সভানেত্রী নির্বাচিতা হন। ১৯৪৭ খ্রীষ্টাব্দে ভারত স্বাধীন হইলে তিনি উত্তরপ্রদেশের গভর্নর নিযুক্ত হন। তাঁহার কবিতা পুস্তকগুলির মধ্যে 'The Bird of Time', 'The Golden Threshold', 'The Broken Wing', 'Leili' ইঃ উল্লেখযোগ্য।

সলোমন (Solomon)—(মৃত্যু খ্রীঃ পূঃ ৯৩৭ অব্দে)। বাইবেল-বর্ণিত ইহুদীদের রাজা। পিতা ডেভিডের মৃত্যুর পর আনুমানিক খ্রীঃ পূঃ ৯৭৪ অব্দে তিনি রাজা হন।

সল্‌স্‌বেরি (Salisbury, Robert Cecil, Lord)—(১৮৩০—১৯০৩ খ্রীঃ)। প্রসিদ্ধ রক্ষণশীল রাজনীতিবিদ্। তিনি ইংলণ্ডের প্রধান মন্ত্রী হন (১৮৮৫ খ্রীঃ)।

সহদেব—মহারাজ পাণ্ডুর পঞ্চমপুত্র, মাদ্রীর গর্ভজাত। অশ্বিনীকুমারের ঔরসে তাঁহার জন্ম হয়। তিনি জ্যোতির্বিদ্যায় অসাধারণ নিপুণ ছিলেন (ভারত)।

সাইমন্‌, জন (Simon, Sir John Allsebrook)—(জন্ম ১৮৭৩ খ্রীঃ)। ইংরেজ রাজনীতিবিদ্ ও ব্যবহারাজীব। ভারতে যে রয়্যাল কমিশন আসে, উহার সভাপতি হইয়া ১৯২৭ খ্রীষ্টাব্দে ভারতে আগমন করেন। ঐ কমিশন সাইমন কমিশন নামে পরিচিত। ১৯৩১ খ্রীষ্টাব্দে তিনি পররাষ্ট্র-সচিব হন। পরে তিনি লর্ড চ্যান্সেলার হন (১৯৪০—১৯৪৫ খ্রীঃ)।

সাউদি, রবার্ট (Southey, Robert)—(১৭৭৪—১৮৪৩ খ্রীঃ)। প্রসিদ্ধ ইংরেজ লেখক ও কবি। 'Thalaba', 'Madoc', 'All for Love', 'Wat Tyler' (নাটক) ইঃ তাঁহার রচিত পুস্তক। তাঁহার রচিত 'Life of Nelson' (প্রসিদ্ধ নৌসেনাধ্যক্ষ নেলসনের জীবনী) প্রসিদ্ধ গ্রন্থ।

সাত্যকি—যদুবংশীয় বীর, শিনির পৌত্র, সত্যকের পুত্র। কৃষ্ণ ও অর্জুনের অস্ত্রশিষ্য ছিলেন (ভারত)।

সাদী (শেখ)—(১১৭৪—১২৯২ খ্রীঃ)। বিখ্যাত পারসিক কবি। সিরাজ নগরে জন্ম। তিনি সাধারণ্যে শেখ মস্‌লাহ উদ্দীন্ সাদী অল্ সিরাজী নামে পরিচিত ছিলেন। হিন্দু ও খ্রীষ্টান সম্প্রদায়ের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়াছিলেন। তাঁহার বহু কবিতা, গাথা ও গীত আছে। তাহার মধ্যে 'গুলিস্তান' ও 'বোস্তান' তাঁহার রচিত বিশেষ উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ।

সান ইয়াৎ সেন, ডাঃ (Sun Yat Sen, Dr.)—(১৮৬৬—১২ই মার্চ, ১৯২৫ খ্রীঃ)। বিশ্ববিশ্রুত চীনদেশীয় রাজনীতিবিদ্ ও নব্যচীনের জন্মদাতা। ক্যাণ্টনের চোয়েহাঙ গ্রামে জন্ম। বাল্যকালে নাম ছিল ওয়েন। তিনি কিছুদিন চীন গণতন্ত্রের প্রেসিডেণ্ট হন। মতভেদের ফলে তিনি কিছুকাল পরে পদত্যাগ করেন, কিন্তু ১৯১৭ খ্রীষ্টাব্দে দক্ষিণ চীনে সামরিক গভর্নমেণ্টের প্রেসিডেণ্ট হন। বহু বিপর্যয়ের পর অবশেষে ১৯২৩ খ্রীষ্টাব্দে তিনি ক্যাণ্টনে সুপ্রতিষ্ঠিত হন। এই সময় হইতেই কুওমিনটাং দলের অভ্যুত্থান হয়।

সান্দীপনি—কৃষ্ণ-বলরামের গুরু এক ঋষি (বিষ্ণু)।

সাপ্রু, তেজ বাহাদুর—(১৮৭৫—১৯৪৯ খ্রীঃ)। বিশিষ্ট ব্যবহারজীবী ও উদারনৈতিক নেতা। ১৯১০ খ্রীষ্টাব্দে তিনি কংগ্রেসের সম্পাদক হন। ১৯২০—১৯২২ খ্রীঃ পর্যন্ত তিনি বড়লাটের আইনসদস্য ছিলেন। তিনি প্রিভি কাউন্সিলের সভ্য ছিলেন। গান্ধী-আরউইন চুক্তির সময় তিনি ও ডাঃ জয়াকর মধ্যস্থতার অংশ গ্রহণ করেন।

সাবর্ণ (সাবর্ণি)—সূর্যপুত্র, অষ্টম মনু। প্রতি মন্বন্তরের প্রবর্তক এক একজন মনু থাকেন, তিনি তাঁহাদের অন্যতম।

সাবিত্রী—মদ্ররাজ অশ্বপতির কন্যা ও সত্যবানের পত্নী। স্বামী সত্যবানের মৃত্যুর পর নিজ সতীত্ব-তেজের প্রভাবে যমরাজের নিকট হইতে তাঁহাকে ফিরাইয়া আনেন এবং স্বীয় শ্বশুরের চক্ষু ও হৃতরাজ্য ফিরিয়া পাইবার ব্যবস্থা করেন (ভারত)।

সাভারকর, বিনায়ক দামোদর, বীর—(জন্ম ১৮৮৩—১৯৬৬ খ্রীঃ)। বহুনির্যাতিত দেশকর্মী ও অন্যতম শ্রেষ্ঠ হিন্দু নেতা। জন্ম নাসিকে। তিনি ইংলণ্ডে নাসিক ষড়যন্ত্র মামলায় দণ্ডিত হন ও তাঁহাকে গ্রেফতার করা হয়। তাঁহাকে ধরিয়া যখন ভারতে আনা হইতেছিল সেই সময় তিনি লাফ দিয়া ভূমধ্যসাগরে পড়েন এবং ফ্রান্সে উঠেন। পরে হেগের আন্তর্জাতিক বিচারে অপরাধী সাব্যস্ত হইলে ফরাসী সরকার তাঁহাকে ব্রিটিশ সরকারের হাতে দেন। তিনি বোম্বাই হাইকোর্টের বিচারে ৫০ বৎসরের জন্য নির্বাসিত হন। অতঃপর আন্দামান হইতে ১৪ বৎসর পরে তাঁহাকে রত্নগিরিতে আনিয়া আটক রাখা হয়। ১৯৩৭ খ্রীষ্টাব্দে বোম্বাই-এর অন্তর্বর্তীকালীন সরকার তাঁহাকে মুক্তি দেন।

তিনি পর পর সাতবার হিন্দু মহাসভার সভাপতি পদে নির্বাচিত হন। তিনি নানা ভাষাবিদ্, কবি ও প্রখ্যাত ঐতিহাসিক। গান্ধী-হত্যা মামলায় অন্যতম আসামী হিসাবে তাঁহাকে গ্রেফতার করা হয়। কিন্তু বিচারে তিনি সসম্মানে মুক্তি পান।

সামন্ত সেন—কর্ণাটের সামন্ত রাজা। তিনি কর্ণাটের রাজার কোপে পড়িয়া বাংলায় পলায়ন করেন এবং নবদ্বীপে রাজত্ব করেন। তিনি গৌড়ের সেনবংশের প্রতিষ্ঠাতা। তিনি রাজা হেমন্ত সেনের পিতা ও বিজয় সেনের পিতামহ।

সামারভিল, মেরী (Somerville, Mary)—(১৭৮০—১৮৭২ খ্রীঃ)। বৈজ্ঞানিক বিষয়ের বিখ্যাত গ্রন্থকর্ত্রী। বিজ্ঞানে তাঁহার যথেষ্ট জ্ঞান ছিল। অতি সহজ সরল ভাষায় বৈজ্ঞানিক বিষয়গুলি লিখিবার তাঁহার যথেষ্ট ক্ষমতা ছিল। 'Physical Geography', 'Molecular and Microscopic Science' তাঁহার রচিত পুস্তক।

সাম্ভাজী, ১ম—(রাজত্বকাল ১৬৮০—১৬৮৯ খ্রীঃ)। মহারাষ্ট্রবীর ছত্রপতি শিবাজীর জ্যেষ্ঠপুত্র। পিতার মৃত্যুর পর তিনি রাজা হন। আওরঙ্গজেব তাঁহাকে কঙ্কণ প্রদেশে বন্দী করেন এবং পরে তাঁহার চক্ষুর্দ্বয় ও জিহ্বা উৎপাটন করিয়া অতি নিষ্ঠুরভাবে নিহত করেন।

সাম্ভাজী, ২য়—(রাজত্বকাল ১৭১২—১৭৬০ খ্রীঃ)। মহারাষ্ট্রবীর ছত্রপতি মহারাজ শিবাজীর পৌত্র এবং রাজারামের দ্বিতীয় পুত্র। তিনি রাজপদ লাভ করিয়া শাহুর সহিত কলহে প্রবৃত্ত হন। পরে শাহু তাঁহার স্বাধীনতা স্বীকার করিলে তিনি কোলাপুরে নিজ রাজধানী স্থাপন করেন।

সায়নাচার্য—(মৃত্যু ১৩৮৭ খ্রীঃ)। বেদের প্রসিদ্ধ টীকাকার। মাধবাচার্য তাঁহার কনিষ্ঠ ভ্রাতা। পিতার নাম সায়ন। 'অষ্টক-টীকা', 'আচার মাধবীয়', 'কর্মকাল নির্ণয়' ইঃ বহু পুস্তকের তিনি প্রণেতা।

সায়েস্তা খাঁ—(মৃত্যু ১৬৯৪ খ্রীঃ)। বাংলার মোগল শাসনকর্তা। সম্রাট্ আওরঙ্গজেবের মাতুল। তাঁহার সময়ে ঢাকা বাংলার রাজধানী ছিল। তিনি এক সময়ে শিবাজীকে দমন করিতে গিয়া প্রাণ লইয়া পলাইয়া আসেন।

সারণ—লঙ্কাধিপতি রাবণের অন্যতম মন্ত্রী (রাম)।

সারদাচরণ মিত্র—(১৮৪৪—১৯১৭ খ্রীঃ)। ১৯০২—৩ খ্রীষ্টাব্দে তিনি হাইকোর্টের অস্থায়ী বিচারপতি নিযুক্ত হন। ১৯০৪ খ্রীষ্টাব্দ হইতে তিনি স্থায়ী বিচারপতি হন। তিনি 'বিদ্যাপতি'র পদাবলীর একটি সটীক সংস্করণ প্রকাশিত করেন।

সারে, হেন্‌রী হাউয়ার্ড (Surray, Henry Howard, Earl of)—(১৫১৬—১৫৪৭ খ্রীঃ)। অষ্টম হেন্‌রীর সভাসদ্ ও একজন বিশিষ্ট কবি। তিনি এবং Wyatt উভয়ে ইংরেজী ভাষায় 'সনেট' প্রবর্তিত করেন। তিনি অন্যায়ভাবে রাজদ্রোহের দায়ে অভিযুক্ত হইয়া প্রাণদণ্ডে দণ্ডিত হন।

সার্সি (Circe)—তিনি ইয়া দ্বীপের রানী। জাদুকরী বলিয়া তাঁহার খ্যাতি ছিল (গ্রীক পুঃ)।

সালাদীন—(১১৩৮—১১৯৩ খ্রীঃ)। মিশরের সুলতান। তিনি ১১৭৫ খ্রীষ্টাব্দে নিজকে সুলতান বলিয়া ঘোষণা করেন। তিনি উত্তর সিরিয়া জয় করিয়া পরে ক্রমশঃ জেরুজালেম জয় করেন (১১৮৭ খ্রীঃ)।

সালিবাহন—হিন্দু রাজা। তিনি শালিবাহন বা সাতবাহন নামেও পরিচিত ছিলেন।

সিংহবাহু—বাংলার এক রাজা। তাঁহার বিতাড়িত পুত্র বিজয় সিংহ লঙ্কাদ্বীপে উপনিবেশ সংস্থাপন করেন, তদবধি লঙ্কার নাম 'সিংহল' হয়।

সিড্‌নী, ফিলিপ (Sidney, Sir Philip)—(১৫৫৪—১৫৮৬ খ্রীঃ)। তিনি একাধারে কবি, রাজনীতিজ্ঞ ও যোদ্ধা ছিলেন। তিনি ইংলণ্ডের রানী এলিজাবেথের প্রিয়পাত্র ছিলেন। তাঁহার গ্রন্থরাজির মধ্যে 'Arcadia' শ্রেষ্ঠ। তিনি ১৫৮৬ খ্রীষ্টাব্দে জুটফেনের যুদ্ধে নিহত হন।

সিনক্লেয়ার, আপটন (Sinclair, Upton)—(১৮৭৮—১৯৬৮ খ্রীঃ)। প্রখ্যাত মার্কিন ঔপন্যাসিক। 'The Jungle' তাঁহার একখানি প্রসিদ্ধ পুস্তক।

সিন্ধু—অন্ধক মুনির পুত্র। সূর্যবংশীয় মহারাজ দশরথ হরিণ-ভ্রমে শব্দভেদী বাণে তাঁহাকে বধ করেন (রাম)।

সিমেন্স, উইলিয়াম (Siemens, Sir William)—(১৮২৩—১৮৮৩ খ্রীঃ)। বিখ্যাত জার্মান বৈজ্ঞানিক। তিনি পদার্থ-বিজ্ঞানে পারদর্শী ছিলেন। তাপ ও তড়িৎ বিষয়ে তাঁহার যথেষ্ট জ্ঞান ছিল।

সিম্‌সন, জেম্‌স্ ইয়ং (Simpson, Sir James Young)—(১৮১১—১৮৭০ খ্রীঃ)। বিখ্যাত চিকিৎসক। তিনি স্কট্‌ল্যাণ্ডে জন্মগ্রহণ করেন। ক্লোরোফর্মের যে বোধশক্তি নষ্ট করিবার শক্তি আছে, তাহা তিনিই প্রথম আবিষ্কার করেন।

সিরাজউদ্দৌলা—(১৭৩০—১৭৫৮ খ্রীঃ)। বাংলার নবাব। তিনি নবাব আলিবর্দী খাঁর দৌহিত্র। পিতা জইনউদ্দীন, মাতা আমিনা বেগম। তিনি ১৭৫৬ খ্রীষ্টাব্দে আলিবর্দীর মৃত্যুর পর বাংলার সিংহাসনে আরোহণ করেন। তাঁহার মত অত্যাচারী ও দুশ্চরিত্র নবাবের হাত হইতে বাংলা দেশকে বাঁচাইবার জন্য জগৎশেঠ, উমিচাঁদ, রাজবল্লভ প্রঃ যে চেষ্টা করেন, তাহার ফলেই ইংরেজের নিকট তাঁহার পরাজয় হয়। তিনি পলায়ন করিতে বাধ্য হন এবং ধৃত হইয়া নৃশংসভাবে নিহত হন।

সিরিজ (Ceres)—কৃষিকার্যের দেবী। তিনি জুপিটারের ভগিনী এবং প্রসার্পিনের মাতা (গ্রীক পুঃ)।

সিসেরো (Cicero, Marcus Tullius)—(খ্রীঃ পূঃ ১০৬—৪৩ অব্দ)। রোমের বাগ্মিশ্রেষ্ঠ দার্শনিক ও রাজনীতিবিদ্ পণ্ডিত। খ্রীঃ পূঃ ৬৩ অব্দে তিনি রোমের কন্‌সাল হন। সীজারের হত্যার

পর তাঁহাকে ষড়যন্ত্রকারীদের দলভুক্ত মনে করিয়া নিহত করা হয়।

সিস্টার নিবেদিতা—'নিবেদিতা, ভগিনী' দ্রঃ।

সীউকীউইচ, হেনরীক (Siewkiewicz, Henryk) —(১৮৪৬—১৯১৬ খ্রীঃ)। পোলাণ্ডের প্রসিদ্ধ ঔপন্যাসিক। তিনি ১৯০৫ খ্রীষ্টাব্দে সাহিত্যে 'নোবেল পুরস্কার' লাভ করেন। 'Quo Vadis' তাঁহার শ্রেষ্ঠ গ্রন্থ।

সীজার, জুলিয়াস (Cæsar, Julius)—(খ্রীঃ পূঃ ১০০—৪৪)। রোমের প্রসিদ্ধ রাষ্ট্রনেতা ও সেনাপতি। খ্রীঃ পূঃ ৬০ অব্দে তিনি রোমের বিখ্যাত ত্রয়ীর (Triumvirate) একজন ছিলেন। ত্রয়ীর অন্যতম Pompey-র সহিত তখন তাঁহার সদ্ভাব ছিল। Pompey-র মৃত্যুর পর তিনি রোমের একরূপ সর্বেসর্বা হন। মিশরের রানী তরুণী ক্লিওপেট্রার রূপ দেখিয়া তিনি মুগ্ধ হন এবং তাঁহাকে বিবাহ করেন। তিনি রোমে সাম্রাজ্যতন্ত্র প্রতিষ্ঠা করিতেছেন ভাবিয়া তাঁহার বিরুদ্ধে একটি ষড়যন্ত্র হয় এবং সেই ষড়যন্ত্রে তিনি নিহত হন।

সীতা—মহারাজ রামচন্দ্রের মহিষী ও মিথিলারাজ মহর্ষি জনকের পালিতা কন্যা। রামচন্দ্র হরধনু ভঙ্গ করিতে সমর্থ হওয়ায় তাঁহার সহিত তাঁহার বিবাহ হয়। রামচন্দ্র বনে গেলে তিনি স্বামীর অনুগামিনী হন, কিন্তু লঙ্কার রাক্ষসরাজ রাবণ তাঁহাকে হরণ করেন। রামচন্দ্র পরে রাবণকে বধ করিয়া তাঁহাকে উদ্ধার করেন। তাঁহার দুই পুত্র লব ও কুশ। অভিমানে তিনি জননী পৃথিবীর অভ্যন্তরে প্রবেশ করেন (রাম)।

সীতারাম রায়—(১৬৫৮—?)। মহম্মদপুরের রাজা। উহা ভূষণার অপর পারে মধুমতী নদীর তীরে অবস্থিত ছিল। পিতা উদয়নারায়ণ। তাঁহার সঙ্গে ভূষণার ফৌজদার আবু তোরাবের সংঘর্ষ বাধে। এক যুদ্ধে আবু তোরাব নিহত হইলে বাংলার নবাব মুর্শিদকুলি খাঁর সঙ্গে তাঁহার যুদ্ধ হয়। সেই যুদ্ধে সীতারামের প্রধান সেনাপতি মেনাহাতি নিহত হন। তিনি বন্দী হন ও নবাবের আদেশে মুর্শিদাবাদে তাঁহার প্রাণদণ্ড হয়।

সীল্‌ভাঁ লেভি (Sylvan Levy)—(১৮৬৩—১৯৩৫ খ্রীঃ)। প্রাচ্যশাস্ত্রবিদ্। প্যারিসে তাঁহার জন্ম হয়। সাহিত্য ও দর্শনের মধ্য দিয়া প্রাচীন ভারতের সম্বন্ধে তিনি গবেষণা করেন। বিশ্বভারতীর সহিত তিনি সংশ্লিষ্ট ছিলেন।

সুইনবার্ন, অ্যালজারনন চার্লস (Swinburne, Algernon Charles)—(১৮৩৭—১৯০৯ খ্রীঃ)। খ্যাতনামা ইংরেজ কবি। তাঁহার রচনার মধ্যে গীতিকবিতাগুলিই (Lyric) উৎকৃষ্ট। তাঁহার কয়েকখানি নাটকও আছে। 'Atalanta in Calydon', 'Songs before Sunrise', 'Mary Stuart' প্রভৃতি তাঁহার রচনা।

সুইফ্‌ট, জোনাথান (Swift, Jonathan)—(১৬৬৭—১৭৪৫ খ্রীঃ)। শক্তিশালী ইংরেজ লেখক। গালিভারের ভ্রমণকাহিনী লিখিয়া তিনি বিশ্ববিশ্রুত হন।

সুকান্ত ভট্টাচার্য—(৩০শে শ্রাবণ, ১৩৩৩—২৯শে বৈশাখ, ১৩৫৪)। নূতন যুগের কবি। ইংলণ্ডের বালককবি চাটার্টনের মত তাঁহার কবিতাতেও বিরাট সম্ভাবনার ইঙ্গিত ছিল। তাঁহার রচিত 'ছাড়পত্র' কবিতাগুচ্ছ বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ গ্রন্থ।

সুকুমার রায়—(১২৯৪—১৩৩০ বঙ্গাব্দ)। প্রসিদ্ধ শিশু সাহিত্যিক। জন্মস্থান ময়মনসিংহ জেলার মাশুয়া গ্রাম। পিতা উপেন্দ্রকিশোর রায়। 'হ-য-ব-র-ল', 'পাগলা দাশু', 'আবোল-তাবোল' প্রঃ তাঁহার রচিত।

সুগ্রীব—মহারাজ রামচন্দ্রের বন্ধু এক বানর-রাজ। সূর্যের ঔরসে জন্ম। তাঁহার অনুরোধে রামচন্দ্র বালীকে বধ করিয়া তাঁহাকে সিংহাসনে বসান। তিনিও রামচন্দ্রকে লংকাসমরে প্রাণপণে সহায়তা করেন। তদবধি তাঁহারা চিরমিত্র (রাম)।

সুদামা—কৃষ্ণ-বলরামের বাল্যসখা এক দরিদ্র ব্রাহ্মণ।

সুধন্বা—এক রাজকুমার। যুধিষ্ঠিরের অশ্বমেধ যজ্ঞের অশ্ব ধরিয়া তিনি অর্জুনের সহিত বীরের ন্যায় সংগ্রাম করিয়া সম্মুখসমরে প্রাণ দিয়াছিলেন (ভারত)।

সুধীন্দ্রনাথ দত্ত—(১৯০১—১৯৬০ খ্রীঃ)। প্রসিদ্ধ কবি। পিতা হীরেন্দ্রনাথ দত্ত। তিনি 'পরিচয়' পত্রিকার সম্পাদক ছিলেন। তিনি কিছুকাল শিকাগো বিশ্ববিদ্যালয় ও যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন। 'অর্কেস্ট্রা', 'ক্রন্দসী', 'তন্বী', 'কুলায়', 'কালপুরুষ' প্রভৃতি তাঁহার রচিত গ্রন্থ।

সুনির্মল বসু—(১৯০২—১৯৫৭ খ্রীঃ)। প্রসিদ্ধ শিশু-সাহিত্যিক। গিরিডিতে জন্ম। তাঁহার লিখিত 'হুলুস্থুলু', 'পাততাড়ি', 'বেড়ে মজা', 'ছানাবড়া', 'হাসিকান্না', 'ছোটদের চয়নিকা', 'ছোটদের গল্পসঞ্চয়ন' প্রঃ অসংখ্য বই আছে।

সুনীতি—ভক্তবর ধ্রুবের জননী, মহারাজ উত্তানপাদের মহিষী (বিষ্ণু)।

সুনীতিকুমার চট্টোপাধ্যায়, ডাঃ—(জন্ম ১৮৯০ খ্রীঃ)। বিখ্যাত ভাষাতত্ত্ববিদ্ ও জাতীয় অধ্যাপক। ১৯২৭ খ্রীষ্টাব্দে তিনি রবীন্দ্রনাথ ঠাকুরের সহিত পূর্বভারতীয় দ্বীপপুঞ্জে গমন করেন। তাঁহার রচিত পুস্তকগুলির মধ্যে 'The Origin and Development of the Bengali Language'-নামক পুস্তকখানি বিশেষ প্রসিদ্ধ।

সুন্দ—১। তাড়কা রাক্ষসীর স্বামী (রাম)। **২**। উপসুন্দের ভ্রাতা জনৈক দৈত্য। তিলোত্তমালাভের জন্য পরস্পর যুদ্ধ করিয়া উভয় ভ্রাতাই নিহত হন (হরি)।

সুন্দর—'চোর কবি' দ্রঃ।

সুন্দরীমোহন দাস, ডাঃ—(১৮৫৭—১৯৪৮ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ ডাক্তার ও জনসেবক। জন্ম শ্রীহট্টে। তিনি ৩০ বৎসর ন্যাশনাল মেডিকেল কলেজের অধ্যক্ষ ছিলেন।

সুপার্শ্ব—১। রাবণের এক ধার্মিক মন্ত্রী। রাবণ ইন্দ্রজিতের শোকে ক্ষিপ্ত হইয়া সীতাবধে উদ্যত হইলে তিনি তাঁহাকে বুঝাইয়া নিরস্ত করেন (রাম)। ২। সম্পাতির পুত্র। সম্পাতিকে তিনি প্রত্যহ বিন্ধ্যাচলে আহার যোগাইতেন (রাম)।

সুবল—১। গান্ধাররাজ্যের রাজা। তিনি দুর্যোধনের মাতামহ ছিলেন। সুবলের পুত্র শকুনি ও কন্যা গান্ধারী (ভারত)। ২। গোলোকে রাধিকার অন্যতম দ্বাররক্ষক (ব্রহ্মবৈ)। ৩। শ্রীকৃষ্ণের সখা (গর্গ)। ৪। 'বাসবদত্তা'-নামক কাব্যের লেখক। তিনি বিক্রমাদিত্যের নবরত্নের অন্যতম বররুচির ভাগিনেয়।

সুবোধচন্দ্র মল্লিক, রাজা—(১৮৭৯—১৯২০ খ্রীঃ)। তিনি বঙ্গভঙ্গ আন্দোলনের সময়ে সন্ত্রাসবাদীদের পৃষ্ঠপোষকতা করেন। তিনি জাতীয় বিশ্ববিদ্যালয় গঠনের জন্য ১ লক্ষ টাকা দান করেন। দেশবাসী তাঁহাকে 'রাজা' উপাধি দেয়।

সুভদ্রা—শ্রীকৃষ্ণের ভগিনী এবং অর্জুনের অন্যতমা পত্নী। তাঁহার গর্ভে অভিমন্যুর জন্ম হয় (ভারত)।

সুভাষচন্দ্র বসু—(২৩শে জানুয়ারি, ১৮৯৭—২৩শে অগস্ট, ১৯৪৫ খ্রীঃ ?)। বাংলার একনিষ্ঠ স্বদেশসেবক ও আজাদ হিন্দ্ সরকারের সংগঠক ও অধিনায়ক। তাঁহার পিতা জানকীনাথ বসু। ১৯২৮ খ্রীষ্টাব্দে তিনি কলিকাতা কর্পোরেশনের মেয়র নির্বাচিত হন। ১৯৩৮ খ্রীষ্টাব্দে তিনি হরিপুরা কংগ্রেসের সভাপতি নির্বাচিত হন। ১৯৩৯ খ্রীষ্টাব্দে সুভাষচন্দ্র গান্ধীজীর মনোনীত ডাঃ পট্টভি সীতারামিয়াকে বিপুল ভোটাধিক্যে পরাজিত করিয়া পুনরায় ত্রিপুরী কংগ্রেসের সভাপতি নির্বাচিত হন। ইহার পর সুভাষচন্দ্র ফরোয়ার্ড ব্লক গঠন করেন। তিনি নিজের গৃহেই অন্তরীণ অবস্থায় ১৯৪১ খ্রীষ্টাব্দের ২৬শে জানুয়ারি নিখোঁজ হন। ১৯৪২, ১৫ই জানুয়ারি হইতে ২৭শে মার্চের মধ্যে তিনি কাবুলে যান, উত্তমচাঁদের নিকট আশ্রয় পান ও পরে মস্কোর পথে বার্লিন গিয়া উপস্থিত হন। তাহার পর জাপানে গিয়া (১৯৪৩ খ্রীঃ) তিনি আজাদ হিন্দ্ গভর্নমেণ্টের প্রতিষ্ঠা করেন এবং ব্রিটেন ও যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। কিছুকাল পরে তাঁহার "দিল্লী চলো" অভিযান কিছুটা সার্থক হয় ও তিনি ভারতের মাটিতে স্বাধীনতার পতাকা উত্তোলন করেন (কোহিমা, ১৯৪৪ খ্রীঃ)। ১৯৪৫ খ্রীষ্টাব্দে টোকিও যাত্রার পর খবর পাওয়া যায় যে তিনি বিমান দুর্ঘটনায় মারা গিয়াছেন। ইওরোপে অবস্থানকালে তিনি এমিলি সেংকেল নামে একটি ইওরোপীয় রমণীকে বিবাহ করেন। তাঁহার কন্যার নাম অনীতা।

সুমালী—সুকেশ-নামক এক ধার্মিক রাক্ষসের পুত্র। তাঁহার কন্যা নিকষা রাবণের জননী (রাম)।

সুমিত্রা—মহারাজ দশরথের কনিষ্ঠা মহিষী এবং লক্ষ্মণ ও শত্রুঘ্নের মাতা (রাম)।

সুরথ—চৈত্রবংশীয় রাজা। কোলা তাঁহার অন্যতম রাজধানী। রাজ্য শত্রুহস্তগত হইলে তিনি মেধা মুনির আশ্রমে যান এবং চণ্ডীদেবীর উপাসনায় সিদ্ধিলাভ করিয়া রাজ্যাদি ফিরিয়া পান (মার্ক)।

সুরভি—দক্ষরাজের অন্যতমা কন্যা। মহর্ষি কশ্যপের সঙ্গে তাঁহার বিবাহ হয়।

সুরুচি—রাজা উত্তানপাদের মহিষী। তিনি ভক্তবর ধ্রুবের বিমাতা। তাঁহার পুত্রের নাম ছিল উত্তম (ভাগ)।

সুরেন্দ্রনাথ ঘোষ (দানীবাবু)—(১৮৬৮—১৯৩০ খ্রীঃ)। বাংলার শ্রেষ্ঠ নাট্যকার গিরিশ ঘোষের পুত্র। তিনি অতীব উচ্চ শ্রেণীর অভিনেতা ছিলেন। হাস্য, বীর, করুণ—সর্ববিধ রসের ভূমিকা অভিনয়েই তিনি নিপুণ ছিলেন।

সুরেন্দ্রনাথ দাশগুপ্ত—(১৮৮৭—১৯৫২ খ্রীঃ)। প্রখ্যাত দার্শনিক-অধ্যাপক। তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের দর্শন-বিভাগের ভূতপূর্ব অধ্যক্ষ ছিলেন। তাঁহার লিখিত সাহিত্য ও দর্শন-বিষয়ক অনেকগুলি পুস্তক আছে, তাহার মধ্যে 'History of Indian Philosophy' বিশেষ উল্লেখযোগ্য।

সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়—(১০ই নভেম্বর, ১৮৪৮—৬ই অগস্ট, ১৯২৫ খ্রীঃ)। কলিকাতা-নিবাসী ডাক্তার দুর্গাচরণের পুত্র। তিনি একজন প্রসিদ্ধ দেশ-সেবক ও খ্যাতনামা বাগ্মী ছিলেন। ১৮৮২ খ্রীষ্টাব্দে স্বপ্রতিষ্ঠিত একটি বিদ্যালয়ে (অধুনা সুরেন্দ্রনাথ কলেজ) অধ্যাপনা করেন। ১৮৭৮ খ্রীষ্টাব্দে তিনি 'বেঙ্গলী' পত্রের স্বত্ব কিনিয়া লন ও উহার সম্পাদকতা করেন। ১৮৭৬ খ্রীষ্টাব্দে তিনি 'Indian Association' প্রতিষ্ঠিত করেন। জাতীয় মহাসমিতি স্থাপনের তিনি একজন প্রধান উদ্যোগী ছিলেন এবং ১৮৯৫ খ্রীষ্টাব্দে পুনা অধিবেশনের সভাপতি হন। ১৯০২ খ্রীষ্টাব্দে অষ্টাদশ অধিবেশনে (আমেদাবাদে) তিনি পুনরায় সভাপতি হন। বঙ্গবিচ্ছেদ-আন্দোলনের তিনি একজন প্রসিদ্ধ নেতা ছিলেন। ১৯২০ খ্রীষ্টাব্দে তিনি বাংলা গভর্নমেণ্টের স্বাস্থ্য ও স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রী নিযুক্ত হন। তাঁহার সুবিখ্যাত পুস্তক 'A Nation in the Making' সে যুগের রাজনৈতিক ইতিহাসের নিখুঁত চিত্র।

সুরেন্দ্রনাথ মজুমদার—(১৮৩৮—১৮৭৮ খ্রীঃ)। কবি ও প্রবন্ধকার। জন্ম যশোহরের জগন্নাথপুর গ্রাম। পিতা প্রসন্ননাথ। তাঁহার রচিত গ্রন্থাবলীর মধ্যে 'সবিতা সুদর্শন' (কাব্য), 'বর্ষবর্ণন' (কাব্য), 'ষড়ঋতুবর্ণন' (কাব্য), 'রাজস্থানের ইতিবৃত্ত', 'বিশ্বরহস্য' প্রভৃতি পুস্তক উল্লেখযোগ্য।

সুরেশচন্দ্র বিশ্বাস, কর্নেল—(১৮৬১—১৯০৫ খ্রীঃ)। প্রসিদ্ধ বাঙ্গালী বীর। নদীয়া জেলার নাথপুর গ্রামে জন্ম। পিতার নাম গিরিশচন্দ্র বিশ্বাস। তিনি ব্রেজিলে যান ও রাজধানী রাইও-ডি-জেনেরিয়োর রাজকীয় পশুশালায় অধ্যক্ষের পদে নিযুক্ত হন। তথায় কিছুদিন পরে তিনি সেনা-বিভাগে যোগ দেন (১৮৮৭ খ্রীঃ)। ১৮৯৩ খ্রীষ্টাব্দে একটি বিদ্রোহ দমনে তিনি অসম সাহস দেখান এবং প্রথম লেফটেন্যাণ্টের পদে উন্নীত হন। মৃত্যুর কিছু পূর্বে তিনি কর্নেলের পদে উন্নীত হইয়াছিলেন। ১৯০৫ খ্রীষ্টাব্দে রাইও-ডি-জেনেরিয়ো নগরে তাঁহার মৃত্যু হয়।

সুরেশচন্দ্র মজুমদার—(১৮৮৮—১৯৫৪ খ্রীঃ)। প্রথম জীবনে সন্ত্রাসবাদীদের দলে যোগদান করেন। পরে সাংবাদিক হিসাবে খ্যাতিলাভ করেন। তিনি 'শ্রীগৌরাঙ্গ প্রেসে'র প্রতিষ্ঠাতা। তিনি বাংলায় লাইনোটাইপের উদ্ভাবন করেন এবং 'আনন্দবাজার পত্রিকা' প্রকাশে প্রধান অংশ গ্রহণ করেন। 'দেশ', 'Hindusthan Standard' পত্রিকারও তিনিই প্রতিষ্ঠাতা।

সুরেশচন্দ্র সমাজপতি—(১৮৭০—১৯২২ খ্রীঃ)। সাংবাদিক ও লেখক। কলিকাতায় তাঁহার জন্ম, পৈতৃক নিবাস নদীয়া জেলায় আঁশমালী গ্রামে। পিতা গোপালচন্দ্র ঘোষাল সমাজপতি। তিনি পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের দৌহিত্র (তাঁহার জ্যেষ্ঠা কন্যা হেমলতা দেবীর পুত্র)। তিনি 'সাহিত্য কল্পদ্রুম' পত্রিকার সম্পাদনা করিতে আরম্ভ করেন। তদবধি সেই পত্রিকার (পরে 'সাহিত্য' নাম দেওয়া হয়) তিনি আজীবন সম্পাদক ছিলেন। তিনি বিশিষ্ট বাগ্মী ছিলেন। 'রণভেরী', 'ইওরোপের মহাসমর', 'ছিন্নহস্ত', 'বঙ্কিম-প্রসঙ্গ' ইঃ তাঁহার রচিত পুস্তক।

সুরেশপ্রসাদ সর্বাধিকারী, ডাঃ—(১৮৬৫—১৯২০ খ্রীঃ)। কলিকাতার প্রসিদ্ধ অস্ত্র-চিকিৎসাবিশারদ ডাক্তার। হুগলী জেলার ভুরসুট-বামুনপাড়া গ্রামে জন্ম। তিনি বেলগাছিয়া মেডিক্যাল কলেজের (বর্তমানে আর. জি. কর হাসপাতালের) প্রবর্তকগণের অন্যতম। ইওরোপীয় মহাসমরে মেসপটেমিয়ার আহতগণের শুশ্রূষার জন্য 'বেঙ্গল অ্যাম্বুলেন্স কোর' (Bengal Ambulance Corps) নামে সেবকবাহিনী গঠন তাঁহারই উদ্যোগের ফল।

সুশ্রুত—চিকিৎসাশাস্ত্র-প্রণেতা ঋষি। ধন্বন্তরি সুশ্রুতকে বিবিধ রোগের চিকিৎসার কথা বলিয়া-ছিলেন (অগ্নি)। তাঁহার রচিত 'সুশ্রুত-সংহিতা' নামে গ্রন্থ আছে।

সুষেণ—কিষ্কিন্ধ্যাবাসী বানর-দলপতি ও চিকিৎসক। তিনি কিষ্কিন্ধ্যারাজ বালীর শ্বশুর ছিলেন (রাম)।

সূর্য—আদিত্যমণ্ডলের অধিষ্ঠাতা দেব। কশ্যপমুনির ঔরসে, অদিতির গর্ভে তাঁহার জন্ম। তাঁহার দুই পত্নী—সংজ্ঞা ও ছায়া (ভারত)।

সূর্য সেন—(?—২৪শে সেপ্টেম্বর, ১৯৩২ খ্রীঃ)। দুঃসাহসিক বিপ্লবী বীর। পিতা নোয়াপাড়া গ্রামের রাজমণি সেন। তিনি 'মাস্টার-দা' নামেই অধিক পরিচিত ছিলেন। ১৯২৯ খ্রীষ্টাব্দের ১৮ই এপ্রিল চট্টগ্রামে অস্ত্রাগার লুণ্ঠনের তিনিই নায়ক ছিলেন। প্রীতিলতা ওয়াদ্দার, লোকনাথ বল এবং আরও অনেকে তাঁহার সহকর্মী ছিলেন। ১৯৩৩ খ্রীষ্টাব্দে তিনি ধরা পড়েন ও বিচারে ১৯৩৪ খ্রীষ্টাব্দের ১২ই জানুয়ারি তাঁহার ফাঁসি হয়।

সেকেন্দর লোদী—(রাজত্বকাল ১৪৮৮—১৫১৭ খ্রীঃ)। পাঠান নৃপতি বহ্‌লুল লোদীর পুত্র। তিনি ১৪৮৮ খ্রীষ্টাব্দে পিতার মৃত্যুর পর দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। তিনি হিন্দুদ্বেষী ছিলেন।

সেকেন্দর শাহ—১। খ্রীষ্টীয় চতুর্দশ শতাব্দীর বাংলার স্বাধীন মুসলমান নৃপতি সামসুদ্দিন ইলিয়াসের পুত্র। তিনি ১৩৬১ খ্রীষ্টাব্দে পিতার সিংহাসনে আরোহণ করেন এবং গৌড় হইতে পাণ্ডুয়াতে রাজধানী স্থানান্তরিত করেন। তিনি পাণ্ডুয়ার বিখ্যাত 'আদিনা মসজিদ' নির্মাণ করেন। বৃদ্ধাবস্থায় বিদ্রোহী পুত্রের সহিত যুদ্ধে তাঁহার জীবনান্ত হয়। ২। গ্রীক্‌বীর আলেক্‌-জাণ্ডার ভারতে এই নামে প্রসিদ্ধ ['আলেক্‌জাণ্ডার' দ্রঃ]।

সেমিরামিস (Semiramis)—(জীবৎকাল খ্রীঃ পূঃ ২১৮২)। অ্যাসিরিয়ার (Assyria) রানী। তিনি 'নিনেভে' (Nineveh) নগরের প্রতিষ্ঠা করেন।

সেল্‌কার্ক, আলেকজাণ্ডার—(Selkirk, Alexander)—(১৬৭৬—১৭২১ খ্রীঃ)। স্কটিশ নাবিক। ১৭০৩ খ্রীষ্টাব্দে তিনি উইলিয়াম ড্যাম্‌পিয়ারের অধীনে দক্ষিণ সমুদ্রে গমন করেন, কিন্তু ক্যাপ্তেনের কথার অবাধ্য হওয়ার জন্য তাঁহাকে 'জুয়ান ফার্নাণ্ডেজ'-নামক স্থানে জাহাজ হইতে নামাইয়া দেওয়া হয়। তিনি সেই স্থানে চারি বৎসরের উপর থাকেন। এই ঘটনা হইতেই প্রসিদ্ধ লেখক 'ডিফো' (Defoe) 'রবিনসন্ ক্রুসো'র গল্প রচনা করেন।

সৈয়দ মর্তুজা—(১৬শ শতক)। বৈষ্ণব কবি। তিনি একজন মুসলমান ফকির ছিলেন। মুর্শিদাবাদ জেলায় জঙ্গীপুর বালিয়াঘাটায় জন্ম। 'পদকল্প-তরু'তে তাঁহার একটি পদ পাওয়া যায়।

সোম—১। চন্দ্রের এক নাম ['চন্দ্র' দ্রঃ]। ২। প্রাচীন ঋষি। পিতা অত্রি। তিনি বিষ্ণুর তপস্যা করিয়া বিষ্ণুকে সন্তুষ্ট করেন (স্কন্দ)।

সোমদত্ত—প্রাচীন রাজা। তাঁহার পুত্রের নাম ভূরিশ্রবা (ভারত)।

সোমদেব ভট্ট—(১০০০ শক ?)। 'কথাসরিৎসাগর'-নামক সংস্কৃত আখ্যায়িকার রচয়িতা। তিনি কাশ্মীরের রাজা অনন্তদেবের রানী সূর্যবতীর চিত্তবিনোদনের জন্য এই গ্রন্থ রচনা করেন।

সোমেশচন্দ্র বসু—(১৮৮৮—১৯৬০ খ্রীঃ)। অসাধারণ

মানসশক্তিসম্পন্ন ধীমান্ গণিতজ্ঞ। তাঁহার নিবাস ঢাকা জেলার বিক্রমপুরের বজ্রযোগিনী গ্রামে। এক-শত অঙ্কের সংখ্যাকে একশত অঙ্কের সংখ্যা দিয়া তিনি অত্যল্প সময়ের মধ্যে মুখে মুখে গুণফল বলিয়া দিতে পারিতেন। মৃত্যুকাল পর্যন্ত তাঁহার এই মানসশক্তি অক্ষুণ্ণ ছিল।

সোয়ান, জন (Soane, Sir John)—(১৭৫৩—১৮৩৭ খ্রীঃ)। প্রসিদ্ধ স্থপতি। তিনি নিজস্ব জাদুঘর, গ্রন্থাগার, চিত্রাবলী প্রঃ উইল করিয়া সাধারণের ব্যবহারের জন্য রাখিয়া যান। 'সার জন সোয়ান' জাদুঘর তাঁহার নিজ বসতবাটীতেই অবস্থিত।

সোরাব—ইরান দেশের বিখ্যাত বীর। পিতার নাম রুস্তম, মাতার নাম তাহ্মিনা। ঘটনাক্রমে রুস্তমের সহিত যুদ্ধে তাঁহার মৃত্যু হয়।

সোলোন (Solon)—(খ্রীঃ পূঃ ৬৩৮—৫৫৮ অব্দ)। এথেন্সের বিজ্ঞ-সপ্তকের অন্যতম এবং আইনজ্ঞ পণ্ডিত। সালামিস দ্বীপে জন্ম।

সৌকৎ আলি, মৌলানা—(১৮৭৩—?)। প্রসিদ্ধ রাজ-নীতিক। রামপুর রাজ্যে জন্ম। ১৯১৯—২০ খ্রীষ্টাব্দে তিনি খিলাফৎ আন্দোলনের একজন বিশিষ্ট নেতা ছিলেন। তিনি অসহযোগ আন্দো-লনেও যোগদান করেন। পরে কংগ্রেস ত্যাগ করিয়া তিনি ভারতীয় মোস্লেম লীগের নেতা হন।

সৌভরি—প্রাচীন মুনি। তিনি জলমধ্যে থাকিয়া অযুত বর্ষ তপস্যা করেন। পরে তিনি মহারাজ মান্ধাতার শতকন্যাকে বিবাহ করেন (ভাগ)।

সৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়—জন্ম ১৮৮৪ খ্রীষ্টাব্দে ২৪ পরগনার ইছাপুরে। তিনি দীর্ঘকাল ভারতী পত্রিকার সম্পাদক ছিলেন। 'আঁধি', 'কাজরী', 'বাবলা', 'পিয়ারী', 'নেপথ্যে' প্রঃ তাঁহার অসংখ্য গ্রন্থ আছে।

স্কট, ক্যাপ্টেন (Scott, Captain Robert Falcon) —(১৮৬৮—১৯১২ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ ইংরেজ নাবিক ও পর্যটক। তিনি ১৯০০ হইতে ১৯০৪ খ্রীষ্টাব্দ পর্যন্ত কুমেরু-অভিযানের নেতৃত্ব করেন। ১৯১০ খ্রীষ্টাব্দে কুমেরু অভিযানে বাহির হইয়া তিনি সফলকাম হন, কিন্তু ফিরিবার পথে সঙ্গী-দের সহিত মেরুপ্রদেশের দুঃসহ শীতে মৃত্যুমুখে পতিত হন।

স্কট, ওয়াল্টার (Scott, Sir Walter)—(১৭৭১—১৮৩২ খ্রীঃ)। স্কট্ল্যান্ডের অতি প্রসিদ্ধ ঔপন্যাসিক ও কবি। তাঁহার বহু প্রসিদ্ধ গ্রন্থ আছে, তন্মধ্যে 'Waverly Novels' অন্যতম। তাঁহার কবিতাগ্রন্থের মধ্যে 'Lady of the Lake' প্রঃ উৎকৃষ্ট। তাঁহার অন্যান্য রচনা—'The Lay of the Last Minstrel', 'Marmion' ইঃ।

স্কন্দগুপ্ত—(রাজত্বকাল ৪৫৫—৪৬৭ খ্রীঃ)। গুপ্ত-বংশীয় রাজা। পিতা প্রথম কুমারগুপ্ত। তিনি 'বিক্রমাদিত্য' উপাধি গ্রহণ করেন। বৈদেশিক আক্রমণ রোধ করিয়া যাঁহারা ভারতের স্বাধীনতা রক্ষা করিয়াছেন, তাঁহাদের মধ্যে স্কন্দগুপ্তের নাম উল্লেখযোগ্য।

স্টালিন (Stalin)—(২১শে ডিসেম্বর, ১৮৭৯—৫ই মার্চ, ১৯৫৩ খ্রীঃ)। সোভিয়েত রাশিয়ার ভূতপূর্ব রাষ্ট্রনেতা। পূর্বনাম জোসেফ ভিসারিও-নোভিচ জুগাস্ভিলি। ইস্পাতের মত কঠিন ছিলেন বলিয়া লেনিন নাকি তাঁহাকে স্টালিন নাম দেন। জর্জিয়া-অঞ্চলে গোয়া নামক শহরে জন্ম। ১৯১৩ খ্রীষ্টাব্দে তিনি 'প্রাভদার' সম্পাদক হন। পরে তিনি কারারুদ্ধ হইয়া সাইবেরিয়ায় নির্বাসিত হন। ১৯১৭ খ্রীষ্টাব্দে বিপ্লব-আন্দোলনের সফলতার ফলে তিনি নির্বাসন হইতে ফিরিয়া আসেন, এবং ১৯২১ খ্রীষ্টাব্দে লেনিন তাঁহাকে কমিউনিস্ট পার্টির সেক্রেটারি-জেনারেল করেন। লেনিনের মৃত্যুর পর তিনি কমিউনিস্ট পার্টির কর্মসচিব হন (১৯২৪—৪১ খ্রীঃ)। ১৯৪১ খ্রীষ্টাব্দে জার্মানি রাশিয়া আক্রমণ করিলে তিনি উহার প্রতিরোধ করেন।

স্টিফেন্সন, জর্জ (Stephenson, George)—(১৭৮১—১৮৪৮ খ্রীঃ)। লোকোমোটিভ এঞ্জিন-নির্মাতা। James Watt-এর স্টীম এঞ্জিনের পরেই তিনি লোকোমোটিভ এঞ্জিন নির্মাণ করিয়া বিখ্যাত হন।

স্টিভেন্সন, রবার্ট লুই (Stevenson, Robert Louis)—(১৮৫০—১৮৯৪ খ্রীঃ)। সুবিখ্যাত স্কট্ল্যান্ডদেশীয় কবি ও লেখক। 'Kidnapped', 'Treasure Island', 'Dr. Jekyll and Mr Hyde' (উপন্যাস), 'A Child's Garden of Verses' (কবিতা) তাঁহার বিখ্যাত গ্রন্থ।

স্টেফ্যান্সন (Stefansson, Vilhjalmur)—(জন্ম ১৮৭৯ খ্রীঃ)। বিখ্যাত মেরু-অভিযানকারী। নিবাস আইস্ল্যান্ড। তাঁহার পিতা প্রথমে ক্যানাডায়, পরে যুক্তরাষ্ট্রে বাস করেন। তিনি ১৯০৬ খ্রীষ্টাব্দে উত্তরমেরুর দিকে যাত্রা করেন এবং সারা শীতকাল এস্কিমোদের সহিত বাস করেন। এইখানে বাস-কালে তিনি ডাঃ এণ্ডার্সনের সহিত উত্তরমেরুতে চারি বৎসর কাটান।

স্টো, মিসেস হ্যারিয়েট বীচার (Stowe, Mrs. Harriet Elizabeth Beecher)—(১৮১১—১৮৯৬ খ্রীঃ)। সুবিখ্যাত মার্কিন মহিলা ঔপ-ন্যাসিক। তাঁহার বিখ্যাত দাসপ্রথাবিরোধী উপন্যাস 'Uncle Tom's Cabin' ('টম কাকার কুটির'—চণ্ডীচরণ সেন অনূদিত) ১৮৫১—৫২ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়।

স্পিক, ক্যাপ্টেন (Speke, Capt. John Hanning) —(১৮২৭—১৮৬৪ খ্রীঃ)। আবিষ্কারক। ১৮৬২ খ্রীষ্টাব্দে ক্যাপ্টেন গ্রান্টের সহিত শ্বেত নীলের প্রধান উৎপত্তিস্থল 'কাগেরা' (Kagera) আবিষ্কার করেন। তিনি আফ্রিকার 'ট্যাঙ্গানিইকা' হ্রদ (১৮৫৬ খ্রীঃ) ও 'ভিক্টোরিয়া নিয়াঞ্জা' হ্রদ (১৮৫৮ খ্রীঃ) আবিষ্কার করেন।

স্পেন্সার, হার্বার্ট (Spencer, Herbert)—(১৮২০—১৯০৩ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ দার্শনিক। তাঁহার গ্রন্থরাজির মধ্যে 'Principles of Psychology' এবং 'The System of Synthetic Philosophy' প্রসিদ্ধ। তিনি ক্রমবিবর্তন-বাদের উপর ভিত্তি করিয়া রচিত দর্শনশাস্ত্রের প্রতিষ্ঠাতা।

স্ফিংক্স (Sphinx)—এক রাক্ষস। এই রাক্ষস থিবসের নিকটে বসবাস করিত। ইহার নারীর ন্যায় মস্তক, সিংহের ন্যায় দেহ ও পক্ষীর ন্যায় পক্ষ ছিল (গ্রীক পুঃ)।

স্বর্ণকুমারী দেবী—(? ১৮৫৫—৩রা জুলাই, ১৯৩২ খ্রীঃ)। বাংলার বিদুষী উপন্যাস রচয়িত্রী। জন্ম কলিকাতায়। পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর। রবীন্দ্রনাথের সহোদরা। স্বামী জানকীনাথ ঘোষাল। তিনিই বাংলা সাহিত্যে সর্বপ্রথম যোগ্য মহিলা ঔপন্যাসিক। তিনি 'ভারতী'-নামক মাসিক পত্র বহুদিন সম্পাদনা করেন। তাঁহার প্রথম উপন্যাস 'দীপনির্বাণ' (১৮৭৬ খ্রীঃ)। 'ছিন্নমুকুল', 'মিবার-রাজ', 'কাহাকে?', 'বিচিত্রা', 'স্বপ্নবাণী', ও 'মিলন-রাত্রি' তাঁহার অন্যান্য রচনা। 'স্নেহলতা' তাঁহার সর্বশ্রেষ্ঠ উপন্যাস।

স্বর্ণময়ী, মহারানী—(১৮২৭—১৮৯৭ খ্রীঃ)। বাংলার অন্তর্গত কাশিমবাজারের প্রসিদ্ধ ভূস্বামিনী। তাঁহার জন্মস্থান বর্ধমান জেলার ভাটাকুল গ্রামে। কাশিমবাজারের রাজকুমার কৃষ্ণনাথের সহিত তাঁহার বিবাহ হয়। ১৮৪৫ খ্রীষ্টাব্দে তাঁহার স্বামী আত্মহত্যা করেন। তাঁহার দান ও পরোপকার লোক-প্রসিদ্ধ ছিল। তাঁহার গুণে মুগ্ধ হইয়া গভর্নমেণ্ট তাঁহাকে 'মহারানী' উপাধি দেন।

স্বাহা—অগ্নিপত্নী। তিনি দক্ষের অন্যতমা কন্যা ছিলেন (ভাগ, পদ্ম)।

স্মাইল্‌স্‌, ডক্টর স্যামুয়েল (Smiles, Dr. Samuel)—(১৮১২—১৯০৪ খ্রীঃ)। ইংরেজ লেখক। তিনি 'Self-help', 'Character' প্রঃ কয়েকখানি পুস্তক লিখিয়া যশস্বী হন।

স্মাট্‌স্‌, জেনারেল (Smuts, General Jan Christian)—(২৪শে মে, ১৮৭০—১১ই সেপ্টেম্বর, ১৯৫০ খ্রীঃ)। দক্ষিণ আফ্রিকার প্রসিদ্ধ রাজনৈতিক নেতা এবং প্রসিদ্ধ সৈনিক। তিনি জাতিতে বুয়র। তিনি ১৯১৯ হইতে ১৯২৪ খ্রীঃ পর্যন্ত দক্ষিণ আফ্রিকার ইউনিয়ন গভর্নমেণ্টে প্রধান মন্ত্রী ছিলেন।

স্মিথ, অ্যাডাম (Smith, Adam)—(১৭২৩—১৭৯০ খ্রীঃ)। স্কটল্যাণ্ডের প্রসিদ্ধ দার্শনিক ও অর্থনৈতিক মনস্বী। তাঁহার গ্রন্থের মধ্যে 'Wealth of Nations' সমধিক প্রসিদ্ধ এবং জগতের সর্বত্র সমাদৃত।

স্যাটার্ন (Saturn)—রোমকদের প্রাচীনতম দেবতা বিঃ। পত্নী রিয়া, পুত্র জুপিটার, নেপচুন ও প্লুটো (বৈদে পুঃ)।

স্যাণ্ডো, ইউজীন (Sandow, Eugene)—(১৮৬৭—১৯২৫ খ্রীঃ)। বিখ্যাত জার্মান কুস্তিগীর। তিনি ব্যায়ামবীর বলিয়া জগতে প্রসিদ্ধি লাভ করেন। ১৮৯১ খ্রীষ্টাব্দে তিনি পৃথিবীর ভারোত্তোলন-প্রতিযোগিতায় প্রথম হন। তিনি নিজ রচনাদ্বারা ব্যায়াম সম্বন্ধে অনেক প্রচারকার্য করেন। তিনি ৪৮ ইঞ্চি হইতে ৬২ ইঞ্চি পর্যন্ত বক্ষ বিস্তৃত করিতে পারিতেন।

স্লিমান, উইলিয়াম (Sleeman, Sir William)—ভারতের ঠগী দস্যুদের দমনকারী কর্মচারী। তিনি ভারতের গভর্নর-জেনারেল লর্ড উইলিয়াম বেণ্টিঙ্কের সময়ে একজন উচ্চপদস্থ কর্মচারী ছিলেন। তিনি ঠগী-নামক দস্যুদিগের দমন করেন।

হ

হথর্ন, ন্যাথানিয়েল (Hawthorne, Nathaniel)—(১৮০৪—১৮৬৪ খ্রীঃ)। প্রসিদ্ধ আমেরিকান ঔপন্যাসিক। 'The Scarlet Letter', 'The Horse of the Seven Gables' প্রঃ তাঁহার রচিত উৎকৃষ্ট গ্রন্থ।

হনুমান্‌—বানরজাতীয় মহাবীর। অঞ্জনা নামে বানরী তাঁহার মাতা, পবনদেব তাঁহার পিতা। তিনিই সুগ্রীবের সহিত রামের মিলন ঘটান। সীতার সন্ধান করিবার জন্য তিনি লঙ্কায় গমন করেন, এবং অশোকবনে সীতার সঙ্গে সাক্ষাৎ করেন। অগ্নিযুক্ত লাঙ্গুল দিয়া তিনি সমস্ত লঙ্কানগরী ভস্মীভূত করেন। তিনি রামের নিকট চিরায়ু হইবার বর পান (রাম)।

হবিবুল্লা খাঁ, আমীর—(১৮৭২—১৯১০ খ্রীঃ)। তিনি ১৯০১ খ্রীষ্টাব্দে কাবুলের সিংহাসনে আরোহণ করেন। পিতার নাম আমীর আব্দুর রহিম খাঁ। তিনি গুপ্তঘাতকের হস্তে নিহত হন।

হয়গ্রীব—অসাধারণ ক্ষমতাসম্পন্ন দৈত্য। এই দৈত্য বেদ হরণ করায় ভগবান্‌ মৎস্য-অবতাররূপে তাঁহাকে সংহার করেন (মৎস্য)।

হরদয়াল নাগ—(১৮৫৩—১৯৪২ খ্রীঃ)। আদি নিবাস ত্রিপুরা জেলা। তিনি জাতীয় কংগ্রেসের একজন বিশিষ্ট সদস্য ছিলেন।

হরপ্রসাদ শাস্ত্রী, মহামহোপাধ্যায়—(৬ই ডিসেম্বর, ১৮৫৩—১৭ই নভেম্বর, ১৯৩১ খ্রীঃ)। বাংলার বিখ্যাত পণ্ডিত। নিবাস নৈহাটি, ২৪

পরগনা। পিতার নাম কমললোচন ন্যায়রত্ন (ভট্টাচার্য)। প্রত্নতত্ত্বে তাঁহার অগাধ পাণ্ডিত্য ছিল। তিনি সংস্কৃত, ইংরেজী, পালি, জার্মান, তিব্বতীয় প্রঃ বহু ভাষায় সুপণ্ডিত ছিলেন। তিনি নেপাল প্রঃ স্থান হইতে বহু দুষ্প্রাপ্য পুঁথি সংগ্রহ করিয়াছিলেন। 'হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধ গান ও দোঁহা' তাঁহারই আবিষ্কার। 'বাল্মীকির জয়', 'ভারতমহিলা', 'মেঘদূত' (বঙ্গানুবাদ), 'বেণের মেয়ে' ইঃ তাঁহার লিখিত গ্রন্থ।

হরিদাস (ঠাকুর) সাধু—মুসলমান-জাতীয় প্রসিদ্ধ বৈষ্ণব। যশোহর জেলার বুড়ন গ্রামে জন্ম। (কাহারও মতে তিনি ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করেন। শৈশবে মাতাপিতার মৃত্যু হইলে প্রতিবেশী মুসলমান কর্তৃক প্রতিপালিত হন বলিয়া যবন-হরিদাস এই নাম হয়।) একমনে হরিনাম করিবার জন্য তিনি ফুলিয়া গ্রামে কুটীর নির্মাণ করেন এবং ভক্ত অদ্বৈতের নিকট ভক্তি-বিষয়ক উপদেশ গ্রহণ করেন। হরিদাসের সহিত চৈতন্যদেবেরও সাক্ষাৎ হয় এবং তাঁহারই সমক্ষে তিনি পুরীধামে পরলোকগমন করেন।

হরিদাস সিদ্ধান্তবাগীশ, মহামহোপাধ্যায়—(১৮৭৬—১৯৬১ খ্রীঃ)। সুবিখ্যাত সংস্কৃতজ্ঞ পণ্ডিত। জন্ম ফরিদপুর-কোটালিপাড়ায় ঊনশিয়া গ্রামে। পিতা গঙ্গাধর বিদ্যালংকার। 'স্মৃতিচিন্তামণি' (স্মৃতিগ্রন্থ), 'বঙ্গীয় প্রতাপ' (নাটক), 'কাব্য-কৌমুদী' (অলংকারগ্রন্থ), 'মিবার প্রতাপ' (নাটক) ইঃ বহু পুস্তক তিনি রচনা করেন। মহাভারতের (মূল, বঙ্গানুবাদ ও টীকাসহ) এক বিরাট সংস্করণ প্রকাশই তাঁহার অক্ষয় কীর্তি। ১৯৩৩ খ্রীষ্টাব্দে তিনি মহামহোপাধ্যায়, ১৯৬০ খ্রীষ্টাব্দে 'পদ্মভূষণ' উপাধি এবং ১৯৬১ খ্রীষ্টাব্দে রবীন্দ্র পুরস্কার লাভ করেন।

হরিদাস স্বামী—(১৬শ শতক)। নিম্বার্ক সম্প্রদায়ের ভক্ত। মুলতানের অন্তর্গত কোনো গ্রামে (মতান্তরে উচ্ছাগ্রামে) জন্ম। কৃষ্ণদাস গোস্বামী তাঁহার সংগীতগুরু বলিয়া শোনা যায়। তানসেন তাঁহার কাছে সংগীতবিদ্যা শিক্ষা করেন। আকবরও তানসেনের সঙ্গে বৃন্দাবনে তাঁহাকে দেখিতে যান। 'সাধারণ সিদ্ধান্ত' ও 'রসকে পদ' নামে হিন্দী ভাষায় লিখিত দুইখানি বই তাঁহার নামে পাওয়া যায়।

হরিনাথ দে—(১৮৭৭—১৯১১ খ্রীঃ)। বিখ্যাত ভাষাবিদ্। আড়িয়াদহে তাঁহার জন্ম। পিতা ভূতনাথ দে। তিনি বহু ভাষায় এম্. এ. পরীক্ষা পাস করেন। চীনদেশের প্রধান মন্ত্রী তাঁহার গৃহে আগমন করেন। তিনি প্রায় একলক্ষ টাকার স্কলারশিপ পান। তাঁহার পুস্তকাগারে প্রায় ষাট হাজার পুস্তক ছিল। তিনি সর্বসমেত ৩৪টি ভাষায় সুপণ্ডিত ছিলেন। তিনি 'Boswel's Life of Johnson' ও অন্যান্য অনেকগুলি পুস্তকের নোট তৈয়ারি করেন। তিনি তিব্বতীয় ও চৈনিক ভাষায় লিখিত 'নাগার্জুনীয়ম্' ও 'তাঞ্জোর'-নামক পুঁথির অনুবাদে নিযুক্ত ছিলেন।

হরিনাথ মজুমদার—(১৮৩৩—১৮৯৬ খ্রীঃ)। সুবিখ্যাত সাহিত্য-সাধক। তিনি 'কাঙ্গাল হরিনাথ' নামে পরিচিত ছিলেন। জন্মস্থান নদীয়া জেলার কুমারখালি গ্রাম। পিতা হলধর। 'বিজয়-বসন্ত', 'দক্ষযজ্ঞ', 'বিজয়া', 'মাতৃমহিমা', 'পরমার্থগাথা' প্রঃ কয়েকখানি গ্রন্থ তিনি রচনা করেন। তাঁহার বাউল-সংগীতগুলি "কাঙ্গাল-ফকিরচাঁদ ফকীরের গীতাবলী" নামে প্রকাশিত হয়।

হরিপদ চট্টোপাধ্যায়—সাহিত্যিক। হাওড়া জেলার কল্যাণপুর গ্রামে তাঁহার জন্ম। পিতা প্রেমচাঁদ চট্টোপাধ্যায়। 'জয়দেব', 'পদ্মিনী', 'খনাদেবী', 'জয়মতী' প্রঃ বহু নাটক তিনি প্রণয়ন করেন।

হরিশ্চন্দ্র—ত্রিশঙ্কু রাজার পুত্র। হরিশ্চন্দ্র বিশ্বামিত্রকে সমগ্র রাজ্যসম্পদ্ দান করেন এবং দক্ষিণার জন্য স্ত্রী শৈব্যাকে বিক্রয় করিয়া ও নিজে এক চণ্ডালের নিকট বিক্রীত হইয়া ঐ অর্থ দক্ষিণা বাবদ বিশ্বামিত্রের হস্তে অর্পণ করেন। পরে পুত্র রোহিতাশ্ব সর্পদষ্ট হইয়া মারা গেলে শৈব্যা মৃত পুত্রসহ শ্মশানে উপস্থিত হন। সেই স্থানে স্বামীর সহিত তাঁহার দেখা হয়। এদিকে বিশ্বামিত্র সেখানে আসিয়া রোহিতাশ্বকে জীবিত করেন এবং দানবীর হরিশ্চন্দ্রকে রাজ্য ফিরাইয়া দেন।

হরিশ্চন্দ্র মিত্র—(? ১৮৩৮—১৮৭২ খ্রীঃ)। বিখ্যাত কবি ও প্রহসন-লেখক। পিতা অভয়াচরণ। হাওড়া জেলার সালিখায় জন্মগ্রহণ করিলেও তিনি ঢাকাতেই থাকিতেন। 'নির্বাসিতা সীতা', 'পদ্য-কৌমুদী', 'বীরবাক্যাবলী', 'কবিরহস্য', 'ম্যাও ধরবে কে', 'জানকী-নাটক' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

হরিশ্চন্দ্র মুখোপাধ্যায়—(১৮২৪—১৮৬১ খ্রীঃ)। বিখ্যাত দেশ-সেবক। কলিকাতায় (ভবানীপুরে) জন্ম। পিতা রামধন। তিনি 'হিন্দু-পেট্রিয়ট'-নামক পত্রিকাখানির পরিচালনা ও সম্পাদনা করেন। প্রধানতঃ তাঁহার প্রতিবাদেই দেশে নীলকরদের অত্যাচার কমিয়া যায়।

হরিসাধন মুখোপাধ্যায়—(১৮৬২—১৯৩৮ খ্রীঃ)। ঔপন্যাসিক। জন্মস্থান খিদিরপুর ভূকৈলাসে। আদিনিবাস শান্তিপুর। পিতা গিরিশচন্দ্র। তাঁহার লিখিত বহু উপন্যাসের মধ্যে 'রঙ্গমহাল', 'শীশ্-মহল', 'নূরমহল' ইঃ উল্লেখযোগ্য।

হরিহর শেঠ—জন্ম ১২৮৫ বঙ্গাব্দের ২৫শে অগ্রহায়ণ চন্দননগরে। পিতা নিত্যগোপাল শেঠ। তিনি 'পুরাতনী', 'প্রাচীন কলিকাতা পরিচয়', 'স্রোতের ঢেউ', 'ঘরের কথা', 'প্রতিভা', 'প্রমাদ' প্রভৃতি বহু পুস্তকের রচয়িতা। তিনি বহু সমাজ-সেবা প্রতিষ্ঠানের সহিত জড়িত। তিনি পরোপকারী, দানশীল এবং স্বদেশসেবক ছিলেন। ১৯৭২ খ্রীষ্টাব্দে তিনি পরলোকগমন করেন।

হরেকৃষ্ণ মুখোপাধ্যায়—(জন্ম ২৫শে চৈত্র, ১২৯৬ বঙ্গাব্দ)। পিতা বনওয়ারীলাল। জন্মস্থান কুড়মিঠা, বীরভূম। বর্তমান বাংলায় বৈষ্ণব সাহিত্যে অন্যতম বিশেষজ্ঞরূপে সুপরিচিত। বঙ্গীয় সাহিত্য পরিষদ্ কর্তৃক প্রকাশিত 'চণ্ডীদাস' পদাবলী ডঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায় মহাশয়ের সহযোগিতায় সম্পাদন করিয়াছেন। তিন খণ্ড 'বীরভূম বিবরণ'-এ বীরভূম জেলার ইতিহাস রচনা করিয়াছেন। 'কবি জয়দেব ও শ্রীগীতগোবিন্দ' এবং 'পদাবলী পরিচয়' এই দুইখানি গ্রন্থ তাঁহাকে বাংলা সাহিত্যে চিরস্মরণীয় করিয়া রাখিবে।

হরেন্দ্রকুমার মুখোপাধ্যায়—(১৮৭৭—১৯৫৮ খ্রীঃ)। প্রখ্যাত শিক্ষাব্রতী ও রাজনীতিক। ১৯৫১ খ্রীষ্টাব্দে তিনি পশ্চিমবঙ্গের রাজ্যপাল নিযুক্ত হন। শিক্ষার উন্নতির জন্য তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে প্রভূত অর্থ দান করিয়াছেন।

হর্ষদেব—কাশ্মীরের রাজা। তিনি ১১১৩ হইতে ১১২৫ খ্রীঃ পর্যন্ত রাজত্ব করেন। তিনিই সুপ্রসিদ্ধ গ্রন্থ 'রত্নাবলী'র প্রণেতা।

হর্ষবর্ধন—(রাজত্বকাল ৬০৬—৬৪৭ খ্রীঃ)। ভারতবর্ষীয় সুবিখ্যাত রাজা। পিতা পুষ্যভূতি বংশীয় প্রভাকরবর্ধন। রাজ্যবর্ধন তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা এবং রাজ্যশ্রী ভগিনী। তাঁহার সময়ে চীনদেশীয় পরিব্রাজক হিউয়েন সাঙ্ ভারতবর্ষে আসিয়াছিলেন। কবি বাণভট্ট তাঁহার সভাপণ্ডিত ছিলেন। তিনি নিজেও 'রত্নাবলী' নামে নাটক রচনা করেন।

হলায়ুধ—(১১শ—১২শ শতক)। বিখ্যাত পণ্ডিত। তিনি কবি জয়দেবের সমসাময়িক। তিনি রাজা লক্ষ্মণসেনের সভাপণ্ডিত ছিলেন। 'ব্রাহ্মণ-সর্বস্ব', 'কবি-রহস্য' প্রঃ গ্রন্থ তিনি প্রণয়ন করেন।

হস্‌দ্রুবল (Hasdrubal)—(?—২০৭ খ্রীঃ পূঃ)। কার্থেজের বীর সেনাপতি হানিবলের কনিষ্ঠ সহোদর। তিনি স্পেন হইতে ইতালীতে আল্‌পস্ পর্বত উত্তীর্ণ হইয়া গমন করেন। তিনি কোন রোমীয় সেনাপতি কর্তৃক অতর্কিতভাবে আক্রান্ত হইয়া মারা যান।

হাইমেন (Hymen)—বিবাহের অধিষ্ঠাত্রী দেবতা (গ্রীক পুঃ)।

হাইয়াসিনথাস (Hyacinthus)—পরম সুন্দর গ্রীক যুবক। তিনি অ্যাপলো দেবের হস্তে দৈবক্রমে ক্রীড়ার সময় নিহত হন। তাঁহার শোণিত হইতে হাইয়াসিন্থ (Hyacinth) লতার উদ্ভব হয় (গ্রীক পুঃ)।

হাইলে সেলাসি, রাস তাফারি—(জন্ম ১৮৯১—১৯৭৪ খ্রীঃ)। ইথিওপিয়ার (আবিসিনিয়ার) রাজা। ১৯৩০ খ্রীষ্টাব্দে রাজ্যভার গ্রহণ করেন। ১৯৩৫ খ্রীষ্টাব্দে তিনি ইটালীর নিকট পরাজিত হইয়া পলায়ন করেন। ১৯৪১ খ্রীষ্টাব্দে তিনি পুনরায় স্বরাজ্যে প্রতিষ্ঠিত হন।

হাউপ্টমান, গেরহার্ট (Hauptmann, Gerhart)—(১৮৬২—১৯৪৬ খ্রীঃ)। জার্মান নাট্যকার। সাইলেসিয়ায় তাঁহার জন্ম। তিনি ১৯১২ খ্রীষ্টাব্দে সাহিত্যে 'নোবেল পুরস্কার' পান। 'Reconciliation', 'The Sunken Bell', 'Lonely Lives' প্রঃ তাঁহার উৎকৃষ্ট রচনা।

হাওয়ার্ড, ক্যাথারিন্ (Howard, Catherine)—(১৫২২—১৫৪২ খ্রীঃ)। অষ্টম হেনরীর পঞ্চম স্ত্রী। ১৫৪০ খ্রীষ্টাব্দে হেনরী তাঁহাকে গোপনে বিবাহ করেন। কিন্তু বিবাহের পরেই তাঁহাকে অন্যায় আচরণের জন্য দোষী সাব্যস্ত করা হয় এবং তাঁহার প্রতি মৃত্যুদণ্ডের আদেশ হয়।

হাক্সলে, অলডাস (Huxley, Aldous)—(জন্ম ১৮৯৪ খ্রীঃ)। ইংরেজ ঔপন্যাসিক ও প্রবন্ধ-লেখক। 'Point Counter-point', 'Eyeglass in Gaza', 'Brave New World', 'Ends and Means', 'Grey Eminence' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

হাক্সলে, জুলিয়ান সরেল (Huxley, Julian Sorrell)—(জন্ম ১৮৮৭ খ্রীঃ)। সুবিখ্যাত প্রাণিতত্ত্ববিদ্। UNESCO-এর তিনি ডিরেক্টর জেনারেল ছিলেন (১৯৪৬—৪৮ খ্রীষ্টাব্দ)। জীববিদ্যা সম্বন্ধে তাঁহার কয়েকখানি মূল্যবান্ পুস্তক আছে।

হাক্সলে, টমাস হেনরী (Huxley, Thomas Henry)—(১৮২৫—১৮৯৫ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ দার্শনিক ও লেখক। তিনি ডারুইনের মতবাদের সমর্থক ছিলেন। তাঁহার প্রণীত গ্রন্থাদির মধ্যে 'Man's Place in Nature', 'Lay Sermons, Addresses and Reviews', 'Essays upon Some Controverted Questions' ইঃ বিশেষ উল্লেখযোগ্য।

হাগিন্স, উইলিয়াম (Huggins, Sir William)—(১৮২৪—১৯১০ খ্রীঃ)। আধুনিক বিখ্যাত জ্যোতির্বিদ্‌দিগের অন্যতম। তিনি ১৮৭৬—৭৮ খ্রীঃ পর্যন্ত 'রয়্যাল অ্যাস্ট্রোনোমিক্যাল সোসাইটি'র, ১৮৯১ খ্রীষ্টাব্দে 'ব্রিটিশ এসোসিয়েশনে'র ও ১৯০০ খ্রীষ্টাব্দে 'রয়্যাল সোসাইটি'র সভাপতি হন।

হাড্‌সন, হেনরী (Hudson, Henry)—(? ১৫৫০—১৬১১ খ্রীঃ)। প্রসিদ্ধ ইংরেজ নাবিক ও আবিষ্কারক। তিনি কয়েকটি নদী ও জলপথ আবিষ্কার করেন। পরে ঐগুলি হাড্‌সন উপসাগর, হাড্‌সন নদী ও হাড্‌সন প্রণালী নামে পরিচিত হয়।

হাণ্টার উইলিয়াম (Hunter, Sir William)—(১৮৪০—১৯০০ খ্রীঃ)। স্কট্‌দেশীয় সাংবাদিক ও লেখক। ১৮৮৬ খ্রীষ্টাব্দে তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস্-চ্যান্সেলার হন। ভারতীয় ভাষার শব্দগুলি ইংরেজী অক্ষরে প্রতিলিপি করিবার যে প্রণালী তিনি উদ্ভাবিত করেন তাহা 'Hunterian System of Transliteration' নামে খ্যাত। 'Annals of Rural Bengal',

'Statistical Account of Bengal', 'Local Gazetteers' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

হ্যানিবল (Hannibal)—(খ্রীঃ পূঃ ২৪৭—১৮৩ অব্দ)। কার্থেজ নগরের সুপ্রসিদ্ধ বীর। খ্রীঃ পূঃ ২১৮ অব্দে তিনি 'আল্পস্' অতিক্রম করিয়া ইটালী আক্রমণ করেন। পরে ইটালিয়ানরা কার্থেজ আক্রমণ করিলে তিনি স্বদেশ রক্ষার্থ দেশে প্রত্যাবর্তন করেন। তিনি 'জামা'র যুদ্ধে 'Scipio' কর্তৃক পরাজিত হন এবং নির্বাসনে থাকিয়া বিষ-পানে আত্মহত্যা করিতে বাধ্য হন।

হ্যানিম্যান, স্যামুয়েল (Hahnemann, Samuel Christian Friedrich)—(১৭৫৫—১৮৪৩ খ্রীঃ)। হোমিওপ্যাথিক চিকিৎসার আবিষ্কর্তা। স্যাক্সনের অন্তর্গত মাইসেন নগরে তাঁহার জন্ম। তিনি ১৭৭৯ খ্রীষ্টাব্দে এম্. ডি. উপাধি লাভ করেন। তিনি 'Cullen's Materia Medica'-র অনুবাদ করিবার সময় পেরুভিয়ান বার্কের সম্বন্ধে পরস্পরবিরোধী গুণের বর্ণনা দেখিয়া প্রচলিত চিকিৎসা-প্রণালীর প্রতি বীতশ্রদ্ধ হন। পরে ১৭৯৬ খ্রীষ্টাব্দে নিজের চিকিৎসাবিষয়ক মত প্রকাশ করেন। তাঁহার বিভিন্ন গ্রন্থের মধ্যে 'অর্গ্যানন' (Organon) সুপ্রসিদ্ধ।

হাফিজ—(১৪শ শতক)। বিখ্যাত পারসিক কবি। তাঁহার প্রকৃত নাম সামসুদ্দিন মহম্মদ। ৭৯৪ হিজরীতে জন্মস্থান সিরাজ নগরে তাঁহার মৃত্যু হয়। 'দেওয়ান হাফিজ' তাঁহার প্রসিদ্ধ কাব্যগ্রন্থ।

হামসুন, নুট (Hamsun, Knut)—(১৮৫৯—১৯৫২ খ্রীঃ)। বিখ্যাত নরওয়েজীয় ঔপন্যাসিক, নাট্যকার ও কবি। ১৯২০ খ্রীষ্টাব্দে তিনি নোবেল পুরস্কার লাভ করেন। 'Hunger', 'Growth of the Soil' (Markens Grode) প্রঃ তাঁহার রচনা।

হামিদা বানু, বেগম—দ্বিতীয় মোগল বাদশাহ্ হুমায়ুনের পত্নী এবং বাদশাহ্ আকবরের মাতা।

হাম্মীর (হাম্বীর)—চিতোরের রানা ও ভীমসিংহের পৌত্র। মুসলমানগণ মেবার অধিকার করিলে তিনি স্বীয় বাহুবলে চিতোর পুনরুদ্ধার করেন।

হায়দার আলি—(১৭২২—১৭৮২ খ্রীঃ)। পিতা ফতে মহম্মদ। সৈন্যদলে যোগদান করিয়া উন্নতিলাভ করেন। তিনি মহীশূরের প্রধানমন্ত্রী নন্দরাজকে ও খণ্ডেরাও নামে অপর একজন পরাক্রান্ত ব্রাহ্মণ কর্মচারীকে বন্দী করিয়া রাজ্যের সর্বময় কর্তা হন। তিনি নিজে সিংহাসন গ্রহণ করেন নাই। প্রথম ও দ্বিতীয় মহীশূর যুদ্ধ তাঁহার সময়ে হয়। ১৭৮১ খ্রীষ্টাব্দে তিনি ইংরেজদের কাছে 'পোর্টে-নোভা'র যুদ্ধে পরাজিত হন।

হার্কিউলিজ (Hercules)—গ্রীসের বিখ্যাত বীর। জুপিটার তাঁহার পিতা, অ্যাল্কমিনি তাঁহার মাতা (গ্রীক পুঃ)।

হারগ্রিভ্স্, জেমস্ (Hargreaves, James)—(১৭২০—১৭৭৮ খ্রীঃ)। তুলা হইতে সুতা প্রস্তুত করিবার যন্ত্র আবিষ্কার করিয়া তিনি প্রসিদ্ধ হন। জাতিতে তিনি ইংরেজ। ইংলণ্ডের ল্যাঙ্কাশায়ার-নামক স্থানে তাঁহার জন্ম হয়।

হারাণ চক্রবর্তী, কবিরাজ, প্রাণাচার্য—(১৮৪৬—১৯০৫ খ্রীঃ)। খ্যাতনামা আয়ুর্বেদীয় চিকিৎসক। পাবনার অন্তর্গত নাকালিয়ায় জন্ম। নিবাস ছিল রাজশাহীর ঘোড়ামারা। পিতা আনন্দচন্দ্র। তিনি কলিকাতার অন্যতম শ্রেষ্ঠ চিকিৎসক বলিয়া পরিগণিত হন। তিনিই আধুনিক আয়ুর্বেদীয় শল্য-চিকিৎসার প্রবর্তক। তিনি সুশ্রুত সংহিতার একখানি টীকা রচনা করিয়া গিয়াছেন।

হারাণচন্দ্র রক্ষিত—(১৯শ শতক)। ঔপন্যাসিক। ২৪ পরগনার মজিলপুর গ্রামে জন্ম। পিতার নাম হরিদাস রক্ষিত। তিনি শেক্‌সপীয়রের গ্রন্থরাজি অনুবাদ করেন। 'রানী ভবানী', 'বঙ্গের শেষ বীর', 'মন্ত্রের সাধন', 'সাহিত্য-সাধনা' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

হারুন-অল্-রশিদ—(৭৬৬—৮০৯ খ্রীঃ)। বোগদাদের প্রসিদ্ধ খলিফা। পত্নীর নাম জোবায়েদা। গ্রীক্-রাজ নাইসিফোরাসকে তিনি পরাস্ত করেন এবং জার্মান সম্রাট্ শার্লিমেন ও চীন সম্রাটের সহিত সখ্য স্থাপন করেন।

হার্ডিঞ্জ অব পেন্‌শার্স্ট, লর্ড (Hardinge of Penshurst, Lord)—(১৮৫৮—১৯৪৪ খ্রীঃ)। ভারতের ভূতপূর্ব রাজপ্রতিনিধি ও গভর্নর-জেনারেল। ১৯১০—১৬ খ্রীষ্টাব্দে তিনি ভারতের রাজপ্রতিনিধি বা বড়লাট নিযুক্ত ছিলেন। তাঁহার সময়ে দ্বিধাবিভক্ত বঙ্গ পুনরায় সংযুক্ত হয়, ভারতের রাজধানী কলিকাতা হইতে দিল্লীতে স্থানান্তরিত হয় এবং বিহার ও উড়িষ্যা বাংলা দেশ হইতে বিচ্ছিন্ন হইয়া একটি স্বতন্ত্র প্রদেশ বলিয়া পরিগণিত হয়।

হার্ডিঞ্জ, লর্ড (Hardinge, Lord)—(১৭৮৫—১৮৫৭ খ্রীঃ)। ভারতের ভূতপূর্ব গভর্নর জেনারেল। ইংলণ্ডে জন্ম। ১৮৪৪—৪৮ খ্রীষ্টাব্দে তিনি ভারতের বড়লাট ছিলেন।

হার্ডি, টমাস (Hardy, Thomas)—(১৮৪০—১৯২৮ খ্রীঃ)। সুবিখ্যাত ইংরেজ ঔপন্যাসিক ও কবি। 'Far from the Madding Crowd', 'Mayor of Casterbridge', 'Jude the Obscure', 'A Pair of Blue Eyes', 'Desperate Remedies', 'The Dynasts' ইঃ তাঁহার বিখ্যাত পুস্তক।

হার্শেল, উইলিয়াম (Herschel, Sir William)—(১৭৩৮—১৮২২ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ জ্যোতির্বিদ্ ও দূরবীক্ষণ-যন্ত্র প্রস্তুতকারক। তিনি একটি নূতন গ্রহের আবিষ্কার করেন; সেই গ্রহটিকে আবিষ্কর্তার নামানুসারে হার্শেল (ইউরেনাস নামে পরিচিত) বলা হয়।

হাসান, এমাম—(? ৬২৫—৬৬৯ খ্রীঃ)। তিনি এবং তাঁহার ভ্রাতা হুসেন, হজরত মহম্মদের কন্যা ফতেমা বিবির পুত্র। তাঁহার পিতা আলির মৃত্যুর পর

খলিফা-পদের জন্য তাঁহার প্রতিদ্বন্দ্বী এজিদ তাঁহার অন্যতমা স্ত্রীর দ্বারা বিষাক্ত জল পান করাইয়া তাঁহার মৃত্যু ঘটায়, এইরূপ প্রবাদ আছে।

হিউগো, ভিক্‌টর মেরি (Hugo, Victor Marie)—(২৬শে ফেব্রুয়ারি, ১৮০২—২২শে মে, ১৮৮৫ খ্রীঃ)। প্রথিতযশা ফরাসী কবি, নাট্যকার ও ঔপন্যাসিক। 'Les Miserables', 'Notre Dame' প্রঃ তাঁহার প্রসিদ্ধ রচনা। ১৮৩১ খ্রীষ্টাব্দে 'Notre Dame' রচনা করিয়া তিনি ইওরোপে প্রথম প্রসিদ্ধি লাভ করেন।

হিউয়েন সাঙ্—(৭ম শতক)। বিখ্যাত চীনদেশীয় পরিব্রাজক। নানাস্থান ভ্রমণ করিয়া তিনি যখন ভারতে আগমন করেন তখন হর্ষবর্ধন উত্তর ভারতের রাজা। তিনি বৌদ্ধধর্ম গ্রহণ করেন এবং নালন্দা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন অধ্যক্ষ শীলভদ্রের নিকট বৌদ্ধদর্শন ও অন্যান্য শাস্ত্র অধ্যয়ন করেন। তিনি যে ভ্রমণকাহিনী লিখিয়া গিয়াছেন তাহাতে ভারতের তখনকার অবস্থা সম্বন্ধে বহু তথ্য পাওয়া যায়। ৬২৯ হইতে ৬৪৫ খ্রীঃ তাঁহার ভ্রমণকাল বলিয়া নির্ণীত হইয়াছে।

হিকিউবা (Hecuba)—ট্রয়রাজ প্রায়ামের পত্নী ও বীরশ্রেষ্ঠ হেক্‌টরের জননী (গ্রীক পুঃ)।

হিট্‌লার, হের আডোল্‌ফ (Hitler, Herr Adolf)—(২০শে এপ্রিল, ১৮৮৯—১৯৪৫ খ্রীঃ)। জার্মানীর চ্যান্সেলার ও প্রেসিডেণ্ট। জন্মস্থান উত্তর অস্ট্রিয়া। তিনি ১৯২৪ খ্রীষ্টাব্দে তাঁহার কর্মসূচী রচনা করেন ও পাঁচ বৎসর কাল নজরবন্দী থাকিবার সময় তাঁহার বিখ্যাত বই 'Mein Kampf' (My Struggle) রচিত হয়। কালক্রমে তিনি প্রেসিডেণ্ট হিণ্ডেনবুর্গের শর্তে সম্মত হইয়া চ্যান্সেলারের পদ গ্রহণ করেন (জানুয়ারি, ১৯৩৩ খ্রীঃ)। ১৯৩৪ খ্রীষ্টাব্দে হিণ্ডেনবুর্গের মৃত্যুর পর তিনি প্রেসিডেণ্ট ও চ্যান্সেলার হন এবং ফলতঃ জার্মানীর সর্বময় কর্তা হইয়া পড়েন। তিনি চেকোশ্লোভাকিয়া রাজ্য অধিকার করেন ও ১৯৩৯ খ্রীষ্টাব্দে পোল্যাণ্ড অধিকৃত ড্যান্‌জিগ্ শহর চাহিলে পোল্যাণ্ড উহা দিতে অস্বীকার করে। ফলে দ্বিতীয় মহাযুদ্ধ বাধে। তিনি এই যুদ্ধে প্রথম দিকে প্রায় সমগ্র ইওরোপ জয় করেন ও রাশিয়ার সঙ্গে যুদ্ধ বাধিলে তিনি প্রথম দিকে ইঙ্গ-মার্কিন ও সোভিয়েতবাহিনীকে পরাজিত করিলেও পরে পরাজিত হন। তিনি আত্মহত্যা করেন বলিয়া কথিত আছে।

হিড়িম্ব—এক রাক্ষস, হিড়িম্বার ভ্রাতা। ভীম দ্বন্দ্বযুদ্ধে তাহাকে পরাজিত ও নিহত করেন (ভারত)।

হিড়িম্বা—বিখ্যাত রাক্ষস হিড়িম্বের ভগিনী। ভীমসেনের সহিত তাঁহার বিবাহ হয়। তাঁহার পুত্র ঘটোৎকচ কুরুক্ষেত্রে পাণ্ডবপক্ষে প্রবল যুদ্ধ করিয়া নিহত হন (ভারত)।

হিণ্ডেনবুর্গ, প্রেসিডেণ্ট (Hindenburg, President Marshal Paul von)—(১৮৪৭—১৯৩৪ খ্রীঃ)। পোসেনে জন্ম। ১৯১৬ খ্রীষ্টাব্দে তিনি সমগ্র জার্মান সৈন্যের অধ্যক্ষ নিযুক্ত হন এবং ১৯১৯ খ্রীষ্টাব্দে ঐ পদ ত্যাগ করেন। ১৯২৫ হইতে ১৯৩৪ পর্যন্ত তিনি জার্মানীর রাষ্ট্রীয়-সভার সভাপতি ছিলেন।

হিপোক্রেটিজ (Hippocrates)—(খ্রীঃ পূঃ ৪৬০—৩৫৭ অব্দ)। বিখ্যাত গ্রীক চিকিৎসক। থেসালী তাঁহার জন্মভূমি। এথেন্সে তিনি চিকিৎসা করিতেন। তাঁহাকে ঔষধের জনক বলা হয়।

হিবি (Hebe)—জুপিটার ও জুনোর কন্যা (গ্রীক পুঃ)।

হিমালয়—পর্বতদিগের রাজা। তাঁহার সহিত ব্রহ্মার মানসকন্যা মেনকার বিবাহ হয়। তাঁহার কন্যা উমা ও গঙ্গা, পুত্রের নাম মৈনাক।

হিমু—(?—১৫৫৬ খ্রীঃ)। তিনি জাতিতে হিন্দু বেণিয়া। তিনি মহম্মদ আদিল শাহের মন্ত্রী ছিলেন। রাজার হাত হইতে তিনিই সমস্ত ক্ষমতা কাড়িয়া লন। আকবর যখন রাজা হন, তিনি তখন দিল্লী ও আগ্রা অধিকার করিয়া 'রাজা বিক্রমজিৎ' নাম গ্রহণ করেন। তাঁহার সহিত আকবরের পানিপথের বিখ্যাত ক্ষেত্রে যুদ্ধ হয়। সেই যুদ্ধে তিনি পরাজিত ও নিহত হন।

হিম্যান্স, ফেলিসিয়া ডোরোথিয়া (Hemans, Felicia Dorothea)—(১৭৯৩—১৮৩৫ খ্রীঃ)। বিখ্যাত ইংরেজ মহিলাকবি। তাঁহার ছোট ছোট কবিতাগুলি জনপ্রিয়। তাঁহার রচিত 'Casabianca', 'The Homes of England' ও 'The Better Land' নামে কবিতা বিশেষ প্রসিদ্ধ।

হিরণ্যকশিপু—বিখ্যাত দৈত্যরাজ। তাঁহার ভ্রাতা হিরণ্যাক্ষকে বিষ্ণু নিহত করায় তিনি রাজ্যমধ্যে হরিনাম উচ্চারণ বন্ধ করিয়া দেন। প্রহ্লাদ, সংহ্লাদ, হ্লাদ ও অনুহ্লাদ-নামক তাঁহার চারি পুত্র জন্মে। ভগবান্ নরসিংহরূপ ধারণ করিয়া এই দৈত্যরাজকে বধ করেন (হরি, বিষ্ণু)।

হিরণ্যাক্ষ—প্রসিদ্ধ দৈত্যরাজ হিরণ্যকশিপুর সহোদর। ভগবান্ বরাহরূপে তাহাকে সংহার করিয়া পৃথিবীদেবীকে উদ্ধার করেন (হরি)।

হিরোডোটাস (Herodotus)—(? খ্রীঃ পূঃ ৪৮৪—৪২৪ অব্দ)। সুপ্রসিদ্ধ গ্রীক ঐতিহাসিক। তাঁহাকে ইতিহাসের জনক বলা হয়। তিনি পারস্য, লিডিয়া ও মিশর সম্বন্ধে ৯খানি ইতিহাস রচনা করেন।

হিরোদ দি গ্রেট (Herod the Great)—(৭৩ বা ৭৪ খ্রীঃ পূঃ)। জুডিয়ার রোমক রাজা। ২৫ বৎসর বয়সে তিনি গ্যালিলির রাজা হন; পরে তাঁহাকে জুডিয়ার রাজা করা হয় (৪০ খ্রীঃ পূঃ)। তাঁহারই রাজত্বকালে যীশুখ্রীষ্ট জন্মগ্রহণ করেন।

হিরোহিতো (Hirohito)—(জন্ম ১৯০১ খ্রীঃ)। জাপানের সুপ্রসিদ্ধ সম্রাট্। ১৯২৬ খ্রীষ্টাব্দে তিনি রাজ্যলাভ করেন। দ্বিতীয় মহাযুদ্ধ ও জাপানের

পরাজয় তাঁহার রাজত্বকালের প্রসিদ্ধ ঘটনা।

হীরেন্দ্রনাথ দত্ত—(১৮৬৮—১৯৪২ খ্রীঃ)। দার্শনিক পণ্ডিত। কলিকাতার চোরবাগানে জন্ম। পিতা দ্বারকানাথ দত্ত। তিনি ১৩৩২ বঙ্গাব্দে বঙ্গীয় সাহিত্য পরিষদের সভাপতি হন। জাতীয় শিক্ষা-পরিষদের তিনি অন্যতম প্রতিষ্ঠাতা। 'বেঙ্গল থিয়সফিক্যাল সোসাইটি'র তিনি সভাপতি ছিলেন। 'গীতায় ঈশ্বরবাদ', 'বেদান্ত পরিচয়', 'শিক্ষা না সেবা' প্রঃ তাঁহার রচিত পুস্তক।

হুইট্‌ম্যান, ওয়াল্‌ট্‌ (Whitman, Walt)—(১৮১৯—১৮৯২ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ আমেরিকান কবি। গদ্যকবিতা লিখিয়া তিনি পৃথিবীবিখ্যাত হন। 'Leaves of Grass', 'Drum Taps', 'Democratic Views' তাঁহার প্রসিদ্ধ রচনা।

হুড, টমাস (Hood, Thomas)—(১৭৯৯—১৮৪৫ খ্রীঃ)। ইংরেজ কবি। তিনি হাস্যরসাত্মক ও গম্ভীর ভাবের কবিতা রচনা করিতে বিশেষ নিপুণ ছিলেন। 'The Song of the Shirt', 'The Dream of Eugene Aram' ও 'The Bridge of Sighs' প্রঃ কবিতায় তাঁহার গম্ভীর-ভাবের পরিচয় পাওয়া যায়।

হুভার, হার্বার্ট ক্লার্ক (Hoover, Herbert Clark)—(জন্ম ১৮৭৪ খ্রীঃ)। যুক্তরাষ্ট্রের ভূতপূর্ব সভাপতি। আইওয়া নগরে জন্ম। ১৯২৯—৩৩ খ্রীঃ পর্যন্ত তিনি যুক্তরাষ্ট্রের সভাপতি ছিলেন।

হুমায়ুন—(রাজত্বকাল ১৫৩০-৩৯, ১৫৫৫-৫৬ খ্রীঃ)। দ্বিতীয় মোগল-সম্রাট্‌। তাঁহার পিতা বাবর ও পুত্র আকবর। বাবরের মৃত্যুর পর তিনি দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। বক্‌সারের নিকটবর্তী চৌসা-নামক স্থানে তিনি শের খাঁর সহিত যুদ্ধে পরাজিত হন (১৫৩৯ খ্রীঃ)। তিনি পলাইয়া আত্মরক্ষা করেন। অবশেষে তিনি পারস্য-রাজের সভায় আশ্রয় পান। তাঁহার সাহায্যে তিনি পুনরায় নিজ রাজ্য উদ্ধার করেন (১৫৫৫ খ্রীঃ)।

হুমায়ুন কবীর—(১৯০৬—১৯৬৯ খ্রীঃ)। কবি ও অধ্যাপক। পিতা কবীরউদ্দিন আমেদ। 'স্বপ্ন-সাধ', 'ইমানুয়েল কাণ্ট', 'ধারাবাহিক', 'বাংলার কাব্য' ইঃ তাঁহার রচিত গ্রন্থ। তিনি কিছুকাল ভারত সরকারের একজন মন্ত্রী ছিলেন।

হুসেন, এমাম—(৬২৯—৬৮০ খ্রীঃ)। মুসলমান ধর্মপ্রবর্তক মহম্মদের কন্যা ফতেমা বিবির পুত্র। তিনি তাঁহাব ভ্রাতা হাসানের হত্যার পর হত্যা-কারীদের বিরুদ্ধে সংগ্রাম চালান, কিন্তু কারবালার প্রান্তরে শত্রুহস্তে অন্যায়ভাবে নিহত হন। তাঁহার মৃত্যু দিবস শিয়া-সম্প্রদায়ের মুসলমানগণের অতীব শোকের দিন। এই দিবস তাঁহাদের মহরম নামে সর্বশ্রেষ্ঠ পর্ব-দিবস।

হুসেন শাহ্‌—বঙ্গের পাঠান রাজা। ১৪৯৩—১৫১৮ খ্রীঃ পর্যন্ত তিনি রাজত্ব করেন। বাংলার সর্বশ্রেষ্ঠ মুসলমান রাজা বলিয়া তাঁহার খ্যাতি আছে।

হৃষীকেশ লাহা, রাজা—(১৮৫২—১৯০৫ খ্রীঃ)। বিখ্যাত জমিদার ও ব্যবসায়ী। চুঁচুড়াতে জন্ম। মহারাজ দুর্গাচরণ লাহা তাঁহার পিতা। তিনি ২৬ বৎসর বেঙ্গল ন্যাশন্যাল চেম্বার ও কমার্সের সভাপতি হইয়াছিলেন। তিনি বঙ্গীয় ব্যবস্থাপক সভার সভ্য ও কলিকাতার শেরিফ হন। তিনি চুঁচুড়া ওয়াটার ওয়ার্কসে ১ লক্ষ টাকা ও হিন্দু বিশ্ববিদ্যালয়ে ৭৫ হাজার টাকা দান করেন।

হেক্‌টর—ট্রয়রাজ প্রায়ামের পুত্র। তাঁহার মাতার নাম হিকিউবা। তিনি ট্রয়যুদ্ধে ট্রোজানদের সেনা-পতি ও সর্বশ্রেষ্ঠ বীর ছিলেন। তিনি একিলিসের হস্তে নিহত হন (গ্রীক পুঃ)।

হেগেল (Hegel George Wilhelm Friedrich)—(১৭৭০—১৮৩১ খ্রীঃ)। খ্যাতনামা জার্মান দার্শ-নিক। স্টাটগার্টে জন্ম। তাঁহার দার্শনিক গবেষণা ঊনবিংশ-শতাব্দীতে জার্মান চিন্তাধারাকে বিশেষ প্রভাবান্বিত করে। 'Phaenomenology of the Spirit', 'Logic', 'Philosophy of Right' তাঁহার বিখ্যাত গ্রন্থ।

হেডিন, স্বেন (Hedin, Sven)—(জন্ম ১৮৬৫ খ্রীঃ)। বিখ্যাত সুইডেনবাসী পর্যটক। মধ্য-এশিয়ায় তিনি আবিষ্কারকার্য চালনা করেন। তাঁহার গ্রন্থসমূহের মধ্যে 'Through Asia', 'Trans Himalaya' ইঃ উল্লেখযোগ্য।

হেণ্ডারসন, আর্থার (Henderson, Rt. Hon. Arthur)—(১৮৬৩—১৯৩৫ খ্রীঃ)। বিখ্যাত ব্রিটিশ রাজনীতিক। জন্ম গ্লাসগোতে। ১৯৩২—৩৩ খ্রীষ্টাব্দে তিনি 'World Disarmament Conference'-এর সভাপতি হন। বিশ্বশান্তি প্রচেষ্টার জন্য ১৯৩৪ খ্রীষ্টাব্দে তিনি 'নোবেল প্রাইজ' পান।

হেন্‌রী, ১ম (Henry I)—(১০৬৮—১১৩৫ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা। তিনি প্রথম উইলিয়ামের তৃতীয় পুত্র। তাঁহাকে ইংরেজ বিচার-প্রথার প্রতিষ্ঠাতা বলা যাইতে পারে।

হেন্‌রী, ২য় (Henry II)—(১১৩৩—১১৮৯ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা। ১১৫৪ খ্রীষ্টাব্দে তিনি ইংলণ্ডের রাজা হন। তিনি দেশের আইনের কিছু সংস্কার সাধন করিতে যান। এই সংস্কারকার্য হইতেই তাঁহার সহিত টমাস্‌ বেকেটের কলহ হয়।

হেন্‌রী, ৩য় (Henry III)—(১২০৭—১২৭২ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা। তিনি ব্যারনদের সহিত মিলিত হইয়া শাসনকার্য চালাইতে অক্ষম হন। ফলে তিনি লোকের বিরাগভাজন হন। সাইমন ডি মণ্ট্‌ফোর্ট তাঁহার নিকট হইতে ক্ষমতা কাড়িয়া লন এবং পার্লামেণ্টের সূত্রপাত করেন।

হেন্‌রী, ৪র্থ (Henry IV)—১। (১৩৬৭—১৪১৩ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা। তিনি দ্বিতীয় রিচার্ড কর্তৃক নির্বাসিত হন। কিছুকাল পরে তিনি দেশে ফিরিয়া আসেন এবং যুদ্ধে রিচার্ডকে পরাস্ত করিয়া রাজা হন। ২। (১৫৫৩—১৬১০

খ্রীঃ)। ফ্রান্সের রাজা। তিনি প্রথমে পোপের বিরুদ্ধবাদীদের দলভুক্ত ছিলেন, অতঃপর রোমান ক্যাথলিক বলিয়া নিজেকে জাহির করেন। ১৬১০ খ্রীষ্টাব্দে তাঁহাকে হত্যা করা হয়।

হেনরী, ৫ম (Henry V)—(১৩৮৭—১৪২২ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা। ১৪১৫ খ্রীষ্টাব্দে তিনি এজিনকোর্টের যুদ্ধে জয়ী হন এবং নর্মাণ্ডি জয় করেন।

হেনরী, ৬ষ্ঠ (Henry VI)—(১৪২১—১৪৭১ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা। ১৪২২ খ্রীষ্টাব্দে তিনি ইংলণ্ড ও ফ্রান্সের রাজা হন। তাঁহারই সময়ে 'গোলাপের যুদ্ধ' (Wars of the Roses)-নামক গৃহবিবাদ ঘটে। ১৪৫৩ খ্রীষ্টাব্দে তিনি উন্মাদ হইয়া যান।

হেনরী, ৭ম (Henry VII)—(১৪৫৭—১৫০৯ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা। বস্‌ওয়ার্থের যুদ্ধে তিনি তৃতীয় রিচার্ডকে পরাস্ত করিয়া সিংহাসন দাবি করেন। তিনি 'টিউডর' বংশের স্থাপন করেন।

হেনরী, ৮ম (Henry VIII)—(১৪৯১—১৫৪৭ খ্রীঃ)। ইংলণ্ডের সুবিখ্যাত টিউডর রাজা। তাঁহার রাজত্বকাল ১৫০৯—১৫৪৭। 'পোপের সঙ্গে তাঁহার বিবাদ ও ধর্মবিপ্লবে ইংলণ্ডের যোগদান তাঁহার সময়কার প্রসিদ্ধ ঘটনা। তাঁহার ছয় স্ত্রী ছিল। তাহার মধ্যে দুইজনকে মৃত্যুদণ্ড দেওয়া হয়।

হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়—(৬ই বৈশাখ, ১২৪৫—১০ই জ্যৈষ্ঠ ১৩১০ বঙ্গাব্দ)। বিখ্যাত স্বভাবকবি। হুগলী জেলার গুলিটা নামক গ্রামে জন্ম। পিতা কৈলাসচন্দ্র বন্দ্যোপাধ্যায়। তিনি শেষ বয়সে অন্ধ হইয়া যান (১৮০৭ খ্রীঃ)। 'চিন্তা-তরঙ্গিণী', 'বৃত্রসংহার কাব্য', 'বীরবাহু কাব্য', 'ছায়াময়ী' প্রঃ তাঁহার রচিত কাব্যগ্রন্থ।

হেমচন্দ্র সূরি—(১১শ শতক)। বিখ্যাত জৈন পণ্ডিত। গুজরাটে জন্ম। পিতা চাচিঙ্গ, মাতা পাহিনী। 'প্রাকৃত ব্যাকরণ', 'সিদ্ধ শব্দানুশাসন', 'অভিধান-চিন্তামণি' প্রঃ তাঁহার রচিত গ্রন্থ।

হেমিংওয়ে (Hemingway, Ernest)—(১৮৯৮—১৯৬১ খ্রীঃ)। প্রখ্যাত মার্কিন ঔপন্যাসিক। যুক্তরাষ্ট্রের ইলিনয়েস রাজ্যে ওক পার্কে জন্ম। তাঁহার লিখিত উপন্যাসগুলির মধ্যে 'The Sun Also Rises', 'A Farewell to Arms', 'For Whom the Bell Tolls', 'The Snows of Kilimanjero' বিশেষ প্রসিদ্ধ। তিনি ১৯৫৪ খ্রীষ্টাব্দে 'নোবেল পুরস্কার' পান।

হেমেন্দ্রকুমার রায়—(১৮৮৮—১৯৬৩ খ্রীঃ)। প্রসিদ্ধ সাহিত্যিক। 'অন্ধকারের বন্ধু', 'গুপ্তধনের দুঃস্বপ্ন', 'রাত্রীর যাত্রী', 'আলো দিয়ে গেল যারা', 'অমানুষিক মানুষ', 'দেড়শো খোকার কাণ্ড', 'কিংকং' প্রভৃতি বহু পুস্তক তিনি রচনা করেন।

হেমেন্দ্রনাথ মজুমদার—(১৮৯৭—১৯৪৮ খ্রীঃ)। বিখ্যাত চিত্রশিল্পী। তিনি পাতিয়ালার রাজা কর্তৃক রাজশিল্পী নিযুক্ত হইয়াছিলেন।

হেমেন্দ্রপ্রসাদ ঘোষ—(২৪শে সেপ্টেম্বর, ১৮৭৬—১৯৬২ খ্রীঃ)। বঙ্গের বিশিষ্ট সাংবাদিক। যশোহর জেলার চৌগাছা গ্রামে জন্ম। তাঁহার পিতার নাম গিরীন্দ্রপ্রসাদ ঘোষ। তিনি 'দৈনিক বসুমতী'র সম্পাদক ছিলেন। ১৯১৭ খ্রীষ্টাব্দে তিনি সাংবাদিক মণ্ডলীর সহিত মেসোপোটেমিয়ায় এবং ১৯১৮ খ্রীষ্টাব্দে ভারতীয় সংবাদপত্র-সেবীদের প্রতিনিধি হিসাবে মহাযুদ্ধের সঠিক বিবরণ অবগত হইতে ইংলণ্ডে গিয়াছিলেন। তাঁহার রচিত গ্রন্থাবলীর মধ্যে 'দগ্ধ হৃদয়', 'অধঃপতন', 'নাগপাশ', 'তুষানল', 'কংগ্রেসের ইতিহাস' এবং 'The Famine of 1770' প্রঃ উল্লেখযোগ্য।

হেমেন্দ্রলাল রায়—(১৮৯২—১৯৩৫ খ্রীঃ)। প্রসিদ্ধ কবি ও গল্পলেখক। পাবনা জেলার ফুলকোচা গ্রামে জন্ম। পিতার নাম ব্রজদুলাল রায়। তিনি 'বাঁশরী', 'মহিলা' ও 'রাষ্ট্রবাণী' প্রঃ পত্রিকার সম্পাদনা করেন। 'ফুলের ব্যথা', 'মায়াকাজল' ও 'মণিদীপা' তাঁহার কাব্য-পুস্তক। 'ঝড়ের দোলা' তাঁহার শ্রেষ্ঠ উপন্যাস। 'মায়ামৃগ' ও 'পাঁকের ফুল' তাঁহার গল্পগ্রন্থ। তিনি শিশু-সাহিত্যিক হিসাবেও নাম করেন। তাঁহার 'মায়াপুরী', 'গল্পের আলপনা' প্রঃ ছেলেদের বই।

হেয়ার, ডেভিড (Hare, Daivd)—'ডেভিড হেয়ার' দ্রঃ।

হেরম্বচন্দ্র মৈত্র—(১৮৫৭—১৯৩৮ খ্রীঃ)। কলিকাতার একজন বিশিষ্ট অধ্যাপক ও শিক্ষাব্রতী। তিনি বহুদিন City College-এর অধ্যক্ষপদে সমাসীন ছিলেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ইংরেজীর অধ্যাপকরূপে তিনি খ্যাতি অর্জন করিয়াছিলেন।

হেরোসিম লেবেডেক—রুশীয় বণিক। তিনি ১৭৯৫ খ্রীষ্টাব্দে বাংলা নাটক অভিনয়ের ব্যবস্থা করেন।

হের্ৎজ, হাইনরিখ রুডোল্‌ফ্‌ (Hertz, Heinrich Rudolf)—(১৮৫৭—১৮৯৪ খ্রীঃ)। সুপ্রসিদ্ধ জার্মান বিজ্ঞানী। তিনি বিদ্যুতের তরঙ্গ সম্বন্ধে যে-সব তথ্য আবিষ্কার করিয়া যান, তাহার উপরে ভিত্তি করিয়া জগদীশ বসু, লজ, ব্র্যানলি, মার্কনি প্রঃ বিজ্ঞানীরা বেতার-যন্ত্র উদ্ভাবনের চেষ্টা করেন।

হেলী, এডমাণ্ড (Halley, Edmund)—(১৬৫৬—১৭৪২ খ্রীঃ)। ইংরেজ জ্যোতির্বিদ্‌। ১৭২০ খ্রীঃ হইতে তিনি রাজজ্যোতির্বিদ্‌ ছিলেন। তিনি একটি ধূমকেতুর আবিষ্কার করেন। তাঁহার নামানুসারে উহার 'Halley's Comet' নাম হয়।

হেলেন (Helen)—গ্রীসদেশের তদানীন্তন সুন্দরী-শ্রেষ্ঠা। তিনি ল্যাসিডিমনের রাজা মেনেলাউসের পত্নী ছিলেন। তাঁহার রূপে আকৃষ্ট হইয়া ট্রয়রাজ-পুত্র প্যারিস তাঁহাকে ভুলাইয়া স্বদেশে লইয়া যান। তাঁহাকে অবলম্বন করিয়াই প্রসিদ্ধ ট্রয়-যুদ্ধ হয়। দশ বৎসর অবরোধের পর গ্রীক বীরগণ ট্রয় জয়

করেন এবং তাঁহার উদ্ধারসাধন করিয়া মেনেলাউসের হস্তে অর্পণ করেন (গ্রীক পুঃ)।

হেলেন কেলার (Hellen Keller)—(১৮৮০ খ্রীঃ)। বিখ্যাত মার্কিন লেখিকা। অসুস্থতার ফলে ১৯ মাস বয়সে তিনি অন্ধ ও মূক-বধির হইয়া যান। পরে তাঁহাকে লেখাপড়া শেখানো হয় ও তিনি সসম্মানে ডিগ্রী পরীক্ষা দেন। এইরূপ দৃষ্টান্ত ইতিহাসে বিরল। তিনি কয়েকখানি বই লিখিয়াছেন, তন্মধ্যে 'The Story of My Life', 'The World I live in', 'Mid-stream' ইঃ প্রসিদ্ধ।

হেলেনাস (Helenus)—ট্রয়রাজ প্রায়াম ও হিকিউবার পুত্র। তিনি হেক্‌টরের পত্নী অ্যান্‌ড্রোম্যাকির পাণিগ্রহণ করেন (গ্রীক পুঃ)।

হেস্টিংস্, ওয়ারেন (Hastings, Warren)—'ওয়ারেন হেস্টিংস' দ্রঃ।

হেস্টিংস, লর্ড (Hastings, Lord)—'ময়রা আর্ল অব্' দ্রঃ।

হৈহয়—এই শব্দদ্বারা মহারাজ কার্তবীর্যার্জুনকে বুঝায়। তিনি বিষ্ণুর বরে সহস্রহস্ত ছিলেন বলিয়া শোনা যায়। তিনি দৃপ্ত হইয়া জমদগ্নিকে নিহত করিলে তৎপুত্র পরশুরাম তাঁহাব সংহাব করেন (কল্কি)।

হোমার (Homer)—(জীবৎকাল ? ৮৫০ খ্রীঃ পূঃ)। গ্রীসদেশীয় সুপ্রসিদ্ধ কবি। মাতার নাম মিলানোপাস। তিনি মধ্যবয়সে অন্ধ হইয়া যান। অন্ধ হইলেও অদ্ভুত কবিতা-বচনা-শক্তি তাঁহার ছিল। তাঁহাব রচিত কাব্য 'ইলিয়ড্' ও 'অডিসি' তাঁহাকে চিরকাল অমর করিয়া রাখিবে।

হোরেস (Horace)—(৬৫—৮ খ্রীঃ পূঃ)। রোমের সুপ্রসিদ্ধ কবি ও সমালোচক। পূর্ণ নাম Flaccus Quintus Horatius. তিনি 'Satires', 'Epodes' ও 'Odes'-এর রচয়িতা।

হোসেন শাহ—'হুসেন' দ্রঃ।

হ্যাগার্ড (Haggard, Sir Henry Rider)—(১৮৫৬—১৯২৫ খ্রীঃ)। সুবিখ্যাত ইংরেজ ঔপন্যাসিক। ১৮৭৫—১৮৭৯ খ্রীঃ পর্যন্ত তিনি ট্রান্সভালে একজন উচ্চপদস্থ রাজকর্মচারী ছিলেন। 'She' ও 'King Solomon's Mines' প্রঃ তাঁহার প্রসিদ্ধ উপন্যাস।

হ্যাজলিট, উইলিয়াম (Hazlitt, William)—(১৭৭৮—১৮৩০ খ্রীঃ)। সুবিখ্যাত ইংরেজ প্রবন্ধলেখক। তিনি চিত্রকর হিসাবেও বিখ্যাত ছিলেন। 'My First Acquaintance with Poets', 'Characters of Shakespeare's Plays', 'Table Talk' ইঃ তাঁহার বিখ্যাত গ্রন্থ।

হ্যাম্‌সুন, নুট (Hamsun, Knut)—(১৮৫৯—১৮ই ফেব্রুয়ারি, ১৯৫২ খ্রীঃ)। নরওয়ের প্রখ্যাত কথাসাহিত্যিক। তিনি 'Growth of the Soil'-নামক পুস্তকের জন্য 'নোবেল প্রাইজ' লাভ করিয়াছিলেন (১৯২০ খ্রীঃ)।

হ্যারল্ড, ১ম (Harold I)—(রাজত্বকাল ১০৩০—১০৪০ খ্রীঃ)। ইংলণ্ডের রাজা। তিনি রাজা ক্যানিউটের পুত্র।

হ্যারল্ড, ২য় (Harold II)—(১০২২—১০৬৬ খ্রীঃ)। ইংরেজদিগের রাজা। পিতা গডউইন। তাঁহার ভ্রাতা টসিস ও নর্মাণ্ডির রাজা উইলিয়াম ইংলণ্ড আক্রমণ করেন। তিনি টসিসকে পরাজিত করেন, কিন্তু ১০৬৬ খ্রীষ্টাব্দে হেস্টিংসের যুদ্ধে উইলিয়াম কর্তৃক নিহত হন।

হ্যারিসন, জন (Harrison, John)—(১৬৯৩—১৭৬৬ খ্রীঃ)। ক্রোনোমিটারের আবিষ্কারক। ঘড়ি ও অন্যান্য অনেক যন্ত্রাদির তিনি উন্নতি সাধন করেন।

হ্যালিডে (Halliday, Sir Frederick James)—(১৮০৬—১৯০১ খ্রীঃ)। বাংলার ভূতপূর্ব ছোটলাট। ইংলণ্ডের সারে প্রদেশে জন্ম। ১৮৫৪ খ্রীষ্টাব্দে তিনি বঙ্গের ছোটলাট নিযুক্ত হন। তিনি বাংলা মুদ্রাযন্ত্রের স্বাধীনতার সংকোচ করেন।

হ্যাল্‌হেড (Halhed, Nathanile Brassy)—(১৭৫১—১৮৩০ খ্রীঃ)। বাংলা ভাষা অনুরাগী ইংরেজ পণ্ডিত। তিনি ইস্ট ইণ্ডিয়া কোম্পানির অধীনে কাজ করিবার জন্য প্রথম ভারতে আসেন। তিনি বাংলা ব্যাকরণ ও অন্যান্য অনেকগুলি গ্রন্থ প্রকাশ করেন। তিনি হুগলীতে একটি মুদ্রাযন্ত্র স্থাপন করেন।

বিবিধ জ্ঞাতব্য

অক্টারলোনি মনুমেন্ট (Ochterlony Monument)—কলিকাতায় গড়ের মাঠে অবস্থিত স্তম্ভ বিঃ। নেপালযুদ্ধে স্যার ডেভিড অক্টারলোনির বিজয়জ্ঞাপক স্তম্ভহিসাবে ১৮১৬ খ্রীষ্টাব্দে ইহা নির্মিত হয়। ইহার উচ্চতা ১৬৫ ফুট। বর্তমানে ইহার নাম 'শহীদ মিনার'।

অক্টোপাস (Octopus)—আটটি শুঁড়যুক্ত জলজন্তু বিঃ। ভূমধ্য-সাগরে ইহাদের সংখ্যা অধিক।

অক্সফোর্ড—ইংলণ্ডের একটি প্রসিদ্ধ শহর।

অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়—অষ্টম হেনরীর সময়ে স্থাপিত ইংলণ্ডের সর্বাপেক্ষা পুরাতন বিশ্ববিদ্যালয়।

অক্সিজেন (OXygen)—'অম্লজান'। একপ্রকার বায়বীয় বর্ণহীন, গন্ধহীন এবং স্বাদহীন মৌলিক পদার্থ। জীবগণের ইহা প্রাণবায়ুস্বরূপ। ইহা ছাড়া জ্বলনক্রিয়া হয় না। ইহা বায়ুর শতকরা ২১ ভাগ, পৃথিবীর মৃত্তিকাংশের প্রায় তিন ভাগের এক ভাগ এবং সমগ্র জলভাগের নয়ভাগের আট ভাগ গঠন করিয়াছে।

অংগ—ভারতের অন্তর্গত প্রাচীন দেশ বিঃ (বর্তমান বিহার রাজ্যের ভাগলপুর ও মুঙ্গের জেলা)।

অংগারাম্লজান—ইংরেজীতে ইহাকে কার্বনিক অ্যাসিড বা কার্বন-ডাই-অক্সাইড বলা হয়। ইহা বর্ণহীন ও গন্ধহীন। ইহা ১২ ভাগ কার্বন এবং ৩২ ভাগ অক্সিজেনের সমবায়ে গঠিত।

অজন্তা—মহারাষ্ট্রের অন্তর্গত একটি ক্ষুদ্র গ্রাম। এখানকার গুহামন্দির পৃথিবী-বিখ্যাত। বৌদ্ধযুগে এই গুহা নির্মিত হইয়াছিল। এখানে পর্বতগাত্রে খোদিত করিয়া ২৫টি বিহার ও ৫টি চৈত্য নির্মিত হইয়াছিল।

অটোমান-সাম্রাজ্য—তুরস্কের অধুনালুপ্ত সাম্রাজ্য। তাহার প্রতিষ্ঠাতা ওথমান (বা ওসমান) (Othman—Ottoman)-এর নাম অনুসারে এই নামে অভিহিত।

অটোয়া—উত্তর আমেরিকার কানাডা রাজ্যের রাজধানী। অটোয়া শব্দটি ওটাওয়া (Ottawa)-র প্রচলিত রূপ।

অতলান্তিক মহাসাগর (The Atlantic Ocean)—ইওরোপ ও আমেরিকার মধ্যবর্তী বিরাট মহাসাগর। ইহা প্রায় ৯,০০০ মাইল দীর্ঘ, স্থানবিশেষে ১,৬০০ হইতে ৫,০০০ মাইল পর্যন্ত বিস্তৃত।

অনার্য জাতি—আর্যদিগের আগমনের পূর্বে ভারতে যে-সকল আদিম অধিবাসী বাস করিত, তাহাদিগকে সাধারণভাবে অনার্য বলা হইত। অনার্য জাতিগুলিকে মোটামুটি পাঁচ শ্রেণীতে ভাগ করা যায়; যথা—(১) পুরাতন প্রস্তর-যুগের অধিবাসী, (২) পরবর্তী প্রস্তর-যুগের অধিবাসী (আধুনিক কোল বা মুণ্ডা জাতি সম্ভবতঃ ইহাদের বংশধর), (৩) তিব্বতীয়-ব্রহ্ম জাতি (আধুনিক নাগা, কুকী, ভুটিয়া, লেপ্‌চা প্রঃ জাতি ইহাদের বংশধর), (৪) দ্রাবিড় জাতি (এই জাতি অনেকাংশে সভ্য ছিল। দাক্ষিণাত্যে ইহাদের বংশধরগণ অদ্যাপি বর্তমান। তাহারা তামিল, তেলেগু, কানাড়ী প্রঃ ভাষায় কথা কহিয়া থাকে), (৫) বিলুপ্ত সৈন্ধবজাতি। সিন্ধুধৌত প্রদেশে প্রায় পাঁচ হাজার বৎসরেরও আগে এই অতি সভ্যজাতি বাস করিত। মহেঞ্জোদড়ো ও হরপ্পা-নামক স্থান দুইটি খনন করিয়া ইহাদের সভ্যতার বহু নিদর্শন পাওয়া গিয়াছে।

অনুরাধাপুর—সিংহলের একটি বিখ্যাত ইতিহাসপ্রসিদ্ধ শহর।

অবন্তী—১। প্রাচীন ভারতের একটি প্রসিদ্ধ রাজ্য। ইহার অপর নাম 'মালব'। ইহার রাজধানী 'উজ্জয়িনী'। ২। উজ্জয়িনী নগরীও 'অবন্তী' নামে খ্যাত। ইহার অন্য নাম—বিশালা, উজ্জয়িনী, বিক্রপাদ ও মহাকালপুরী। ৩। নদী বিঃ। কাহারও কাহারও মতে ইহা শিপ্রানদীর অপর নাম।

অমরকোট—সিন্ধু অঞ্চলে (পাকিস্তানে) অবস্থিত সিন্ধু নদের তীরবর্তী একটি নগর। এই স্থানে সম্রাট্ আকবর জন্মগ্রহণ করেন।

অমরাবতী—১। মহারাষ্ট্র রাজ্যের অন্তর্গত একটি জেলা ও শহর। ২। কৃষ্ণানদীর তীরবর্তী নগর বিঃ। নগরটি বর্তমানে ধ্বংসপ্রাপ্ত। আনুমানিক খ্রীষ্টীয় দ্বাদশ শতকে উড়িষ্যারাজ সূর্যদেব উহা নির্মাণ করেন। ৩। (পৌরাণিক) দেবরাজ ইন্দ্রের রাজধানী।

অমৃতসরের সন্ধি—১৮৪৬ খ্রীষ্টাব্দে ইংরেজ এবং শিখদিগের মধ্যে লাহোরে যে সন্ধি হয়, তাহার ফলে ইংরেজগণ কাশ্মীর লাভ করেন। সঙ্গে সঙ্গেই সর্দার গোলাব সিং কাশ্মীরের স্বত্ব ক্রয় করিয়া উক্ত (অমৃতসরের) সন্ধির শর্তানুসারে পুরুষানুক্রমে কাশ্মীরের শাসনক্ষমতা লাভ করেন।

অম্বর—জয়পুরের প্রাচীন নাম। রাজপুতগণ ইহাকে বলেন আমের। ইহা রাজস্থানের অন্তর্গত। মহারাজ মানসিংহের আমল (১৬০০ খ্রীষ্টাব্দ) হইতেই অম্বররাজ্য ভারতের ইতিহাসে খ্যাতিলাভ করে।

অম্লজান—অক্সিজেন (তাহা দ্রঃ)।

অযোধ্যা—উত্তরপ্রদেশের অন্তর্গত একটি প্রাচীন

নগরী। সরযূনদীর তীরে অবস্থিত। প্রাচীনকালে ইহা সূর্যবংশীয় রাজাদিগের রাজধানী ছিল।

অরেঞ্জ ফ্রী স্টেট (Orange Free State)—দক্ষিণ আফ্রিকার ইউনিয়ন-গভর্নমেণ্টের (South Africa Union) অন্তর্ভুক্ত একটি প্রদেশ।

অলকানন্দা—গঙ্গার একটি উপনদী। কেদারনাথ পাহাড়ের নিকটবর্তী স্থান হইতে উদ্ভূত হইয়া ইহা দেবপ্রয়াগের নিকট গঙ্গার সহিত মিলিত হইয়াছে।

অলিম্পিক-ক্রীড়া (Olympic Games)—গ্রীসদেশের প্রাচীন অধিবাসিগণ দেবতা Zeus-এর সম্মান উপলক্ষে প্রতি পঞ্চম বৎসরে একটি ক্রীড়া-প্রতিযোগিতার ব্যবস্থা করিতেন। খ্রীষ্ট-পূর্ব ১৫৪০ অব্দ হইতে ৩৯৪ খ্রীষ্টাব্দ পর্যন্ত ইহা অনুষ্ঠিত হইয়াছিল। সেই প্রাচীন অলিম্পিক-ক্রীড়ার অনুকরণে ১৮৯৬ খ্রীষ্টাব্দে এথেন্সে এই ক্রীড়া-প্রতিযোগিতার পুনেরনুষ্ঠান হয়। এই অলিম্পিক-ক্রীড়ায় পৃথিবীর বিভিন্ন দেশের অধিবাসিগণ যোগদান করিয়া থাকেন। ১৯২৮ খ্রীষ্টাব্দে আমস্টার্ডামে, ১৯৩২ খ্রীষ্টাব্দে লস্এঞ্জেলসে, ১৯৩৬ খ্রীষ্টাব্দে বার্লিনে, ১৯৪৮ খ্রীষ্টাব্দে লণ্ডনে, ১৯৫২ খ্রীষ্টাব্দে হেলসিঙ্কিতে, ১৯৫৬ খ্রীষ্টাব্দে মেলবোর্নে অনুষ্ঠিত অলিম্পিক-ক্রীড়ায় ভারতবর্ষ হকি খেলায় শ্রেষ্ঠ স্থান লাভ করিয়াছিল। আধুনিক অলিম্পিকের প্রবর্তক পিয়ের দ্য কুবার্তা।

অশোকচক্র—অশোকস্তম্ভের চূড়ায় যে ধর্মচক্র ক্ষোদিত আছে তাহা। ইহার প্রতীক ভারতের জাতীয় পতাকার কেন্দ্রস্থলে অঙ্কিত।

অশোকস্তম্ভ—মহারাজ অশোক বুদ্ধের উপদেশাবলী প্রচার করিবার নিমিত্ত নানাস্থানে স্তম্ভ প্রস্তুত করাইয়া উহাতে নানা উপদেশ ক্ষোদিত করাইয়া দিতেন। এই স্তম্ভগুলিই অশোকস্তম্ভ নামে খ্যাত।

অসহযোগ-আন্দোলন (Non-violent Non-co-operation Movement)—ইহার পুরা নাম 'অহিংস অসহযোগ আন্দোলন'। ব্রিটিশ গভর্নমেণ্টের নিকট হইতে ভারতের স্বাধীনতা লাভ করিবার উদ্দেশ্যে নিখিল ভারতীয় রাষ্ট্রীয় সমিতি (All-India Congress Committee) কর্তৃক ১৯২০ খ্রীষ্টাব্দের অধিবেশনে এই প্রস্তাব গৃহীত হয় যে, ব্রিটিশ গভর্নমেণ্টের সহিত সর্বপ্রকার সহযোগিতা বন্ধ করিতে হইবে। ভারতীয়গণ যদি সম্পূর্ণভাবে ভারত গভর্নমেণ্টের সহিত সংস্রব ত্যাগ করেন, তবে উহা সম্পূর্ণ অচল হইবে। এই কার্যে মনে প্রাণে অহিংস হইতে হইবে। কাহারও প্রতি বিন্দুমাত্র হিংসার ভাব পোষণ করিলে এই আন্দোলন সফল হইতে পারিবে না। মহাত্মা গান্ধী এই আন্দোলনের প্রবর্তক।

অস্ট্রিয়া (Austria)—মধ্য-ইওরোপের একটি দেশ। আয়তন ৩২,৩৯৩ বর্গমাইল। ইহার রাজধানী ভিয়েনা।

অস্ট্রেলিয়া (Australia)—এশিয়ার দক্ষিণ দিকে অবস্থিত প্রশান্ত মহাসাগরের মধ্যবর্তী একটি সুবৃহৎ দ্বীপ। ইহার বিশাল আকারের নিমিত্ত অনেকে ইহাকে মহাদেশ বলিয়া থাকেন। আয়তন ২,৭৫,৯২০ বর্গমাইল। রাজধানী ক্যানবেরা।

অস্ট্রেলেশিয়া (Australasia)—শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ 'দক্ষিণ এশিয়া' (Austral=দক্ষিণসম্বন্ধীয়, Asia)। ইহা প্রশান্ত মহাসাগরে অবস্থিত এবং ওশানিয়া বা ওশানিকার অন্তর্গত অস্ট্রেলিয়া, ট্যাস্ম্যানিয়া, নিউজিল্যাণ্ড, নিউগিনি প্রঃ কতিপয় ক্ষুদ্র-বৃহৎ দ্বীপ লইয়া গঠিত।

অস্লো (Oslo)—নরওয়ের রাজধানী। পূর্বনাম ক্রিস্টিয়ানিয়া।

অ্যাঙ্গোরা (Angora)—তুরস্কের রাজধানী। বর্তমানে উহা 'আঙ্কারা' নামে খ্যাত।

অ্যাজোর্স (Azores)—আটলাণ্টিক মহাসাগরস্থ দ্বীপপুঞ্জ। আয়তন প্রায় ৯২০ বর্গমাইল।

অ্যাটম বম্ব (Atom Bomb)—পারমাণবিক বোমা। ১৯৪৫ খ্রীষ্টাব্দে বিজ্ঞানী ফার্মি হ্যাল প্রঃর আবিষ্কৃত তথ্যের উপর ভিত্তি করিয়া আমেরিকার যুক্তরাষ্ট্রের কয়েকজন বিজ্ঞানী এই ভীষণ মারাত্মক বোমা প্রস্তুত করেন। দ্বিতীয় মহাযুদ্ধের সময় জাপানের হিরোসিমা ও নাগাসাকি শহরে দুইটি মাত্র বোমা নিক্ষেপের ফলে ২ লক্ষের উপর লোক নিহত হয়।

অ্যাণ্টার্কটিকা (Antarctica)—দক্ষিণ-মেরু অঞ্চলের একটি মহাদেশ। ইহা একটি উচ্চ মালভূমি। ইহা বারমাস বরফে ঢাকা থাকে।

অ্যাণ্টিমনি (Antimony)—একপ্রকার ধাতু। ইহা দানার আকারে থাকে এবং সহজেই ভাঙ্গিয়া যায়। সীসার সহিত অ্যাণ্টিমনি মিশাইয়া ছাপার হরফ তৈয়ারী হয়।

অ্যাণ্টোয়ার্প (Antwerp)—বেলজিয়ামের একটি বন্দর।

অ্যামোনিয়া (Ammonia)—একটি মিশ্র গ্যাস। ইহাতে তিনভাগ হাইড্রোজেন ও একভাগ নাইট্রোজেন আছে।

অ্যাম্পিয়ার (Ampere)—তড়িৎ-প্রবাহের পরিমাণের ব্যবহারিক একক (unit). ইহার প্রবর্তনকারী আঁদ্রে মেরি অ্যাম্পিয়ারের নামানুসারে ইহার নামকরণ হইয়াছে।

অ্যাম্প্লিফায়ার (Amplifier)—স্বরবিবর্ধক যন্ত্র বিঃ। বেতারে যে বৈদ্যুতিক স্পন্দন চতুর্দিকে বিকীর্ণ হয়, তাহা যখন গ্রাহকযন্ত্রে আঘাত করে, তখন বায়ুমধ্যে শব্দ উৎপন্ন হয়। অ্যাম্প্লিফায়ার সেই শব্দ বিবর্ধন করে।

অ্যাম্ফিথিয়েটার (Amphitheatre)—ডিম্বাকৃতি বা বৃত্তাকার রঙ্গস্থল বিঃ। প্রাচীন ইওরোপের বহু স্থানে, বিশেষতঃ রোমে, খুব প্রচলিত ছিল। একটি উন্মুক্ত স্থানের চতুর্দিক বেষ্টন করিয়া স্তরে স্তরে গ্যালারির আকারে সজ্জিত আসন থাকিত। সেই

সকল আসনে বহুসংখ্যক দর্শক বসিয়া বন্যজন্তুর ক্রীড়া প্রঃ দেখিত। এইরূপ গ্যালারি-ঘেরা স্থানকেই বলা হইত অ্যাম্ফিথিয়েটার। রোমের একটি অ্যাম্ফিথিয়েটারে প্রায় ৯০,০০০ দর্শকের বসিবার স্থান ছিল এবং উহার আয়তন ছিল প্রায় ৫ একর।

অ্যাম্বুলেন্স (Ambulance)—**১**। আহত বা অসুস্থ ব্যক্তিদিগকে বহন করিবার গাড়ি। ২। যুদ্ধক্ষেত্রের ভ্রাম্যমাণ হাসপাতাল। যুদ্ধে আহত সৈনিকগণকে এখানে অস্ত্রোপচারাদি দ্বারা চিকিৎসা করা হইয়া থাকে।

অ্যালবেনিয়া (Albania)—বলকান-উপদ্বীপের অন্তর্গত একটি দেশ। ইহার আয়তন প্রায় ১০,৬২৯ বর্গমাইল। রাজধানী তিরানা।

অ্যাসোয়ান (Assuan, Assovan, or Aswan)—মিশরের একটি শহর। ইহা নীলনদের তীরবর্তী। এখানকার নীলনদের বাঁধ সুপ্রসিদ্ধ।

অ্যাস্প (Asp)—একপ্রকার ছোট সাপ। দক্ষিণ ইওরোপে ইহাদের একশ্রেণী দেখিতে পাওয়া যায়। মিশরের বিখ্যাত রানী ক্লিওপ্যাট্রা একটি অ্যাস্প দ্বারা আপনাকে দংশন করাইয়া জীবন ত্যাগ করেন।

অ্যাসবেস্টস (Asbestos)—অগ্নি-নিরোধক খনিজ পদার্থ বিঃ। ইংলণ্ড, স্কটলণ্ড স্যাভয়, কানাডা ও টাসমেনিয়ায় প্রচুর পরিমাণে ইহা পাওয়া যায়।

আ

আই. এ. এস.—'আই. সি. এস.' দ্রঃ।

আই. এন. এ.—ইণ্ডিয়ান ন্যাশন্যাল আর্মি বা আজাদ হিন্দ্ ফৌজ। ১৯৪৪ খ্রীষ্টাব্দে ভারতীয় সৈনিকদের লইয়া সিংগাপুরে গঠিত বাহিনী। বিপ্লবী রাসবিহারী বসু, মোহন সিং প্রঃর চেষ্টায় বার্লিন হইতে সুভাষচন্দ্রের জাপান গমনের পূর্বেই ইহা গঠিত হইয়াছিল। সুভাষচন্দ্র আসিয়া ইহার নেতৃত্ব গ্রহণ করেন। এই বাহিনী ভারতের মুক্তি সাধনের উদ্দেশ্যে আসামের পথে ভারতে প্রবেশ করিবার চেষ্টা করে। ১৯৪৫ খ্রীষ্টাব্দে জাপানের পতনের পর এই সৈন্যদল ব্রিটিশের নিকট আত্মসমর্পণ করে এবং নেতাজী সুভাষচন্দ্র নিরুদ্দেশ হন। এই দলের বাণী ছিল "দিল্লী চলো" এবং অভিবাদন বাণী "জয় হিন্দ্"। বিচারে এই দলের সব সৈন্য বা কর্মীই মুক্তিলাভ করে (১৯৪৫ খ্রীঃ)।

আই. এফ. এ. (I. F. A.)—আই. এফ্. এ-র পুরো নাম ইণ্ডিয়ান ফুটবল অ্যাসোসিয়েশন (Indian Football Association). এই প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত আই. এফ. এ. শীল্ড প্রতিযোগিতা খুব প্রসিদ্ধ। ১৮৯৩ খ্রীষ্টাব্দে ইহার উদ্বোধন হয়।

আইভরি (Ivory)—সাধারণতঃ হস্তিদন্তকেই 'আইভরি' বলা হয়।

আইরিশ ফ্রী স্টেট (Irish Free State)—'আয়ারল্যাণ্ড' দ্রঃ।

আই. সি. এস. (I. C. S.)—ইংরেজ রাজত্বকালে সরকারী বেসামরিক চাকরির মধ্যে ইহাই সর্বশ্রেষ্ঠ চাকরি ছিল। 'ইণ্ডিয়ান সিভিল সার্ভিস' (Indian Civil Service)-এর ইহা সংক্ষিপ্ত রূপ। বর্তমানে এই নামটির একটু পরিবর্তন করিয়া বলা হয় 'আই. এ. এস.' (I. A. S.). ইহার সম্পূর্ণ রূপ—'ইণ্ডিয়ান অ্যাড্‌মিনিস্ট্রেটিভ্ সার্ভিস' (Indian Administrative Service).

আইসল্যাণ্ড (Iceland)—আটলাণ্টিক মহাসাগরের উত্তরাংশে অবস্থিত একটি চিরতুষারাবৃত দ্বীপ। আয়তন প্রায় ৩৯,৭০৯ বর্গমাইল।

আউল—মহাত্মা আউলচাঁদ বা তৎপ্রবর্তিত বৈষ্ণব-সম্প্রদায়। ইহাদের অপর নাম 'সহজ কর্তাভজা'।

অগস্ট আন্দোলন—ভারতীয় কংগ্রেস স্যার স্টাফোর্ড ক্রীপ্‌স্ কর্তৃক উপস্থাপিত ডোমিনিয়ান স্টেটাস প্রস্তাব প্রত্যাখ্যান করিয়া ১৯৪২ খ্রীষ্টাব্দের ৮ই অগস্ট তারিখে 'ভারত ছাড়' দাবি লইয়া ইংরেজের বিরুদ্ধে আন্দোলন চালাইবার সংকল্প গ্রহণ করে। ইংরেজ সরকার অবিলম্বে নেতৃগণকে কারারুদ্ধ করিয়া গোড়াতেই আন্দোলন বন্ধ করিয়া দিবার চেষ্টা করে। কিন্তু ভারতীয় জনগণ ক্ষিপ্ত হইয়া তুমুল আন্দোলন চালায়। এই আন্দোলনই 'অগস্ট আন্দোলন' বা 'ভারত ছাড় আন্দোলন' নামে খ্যাত। ইংরেজ সরকার কঠোর ভাবে এই আন্দোলন দমন করে। বহুস্থানে গোলাগুলি চলে। কলিকাতা, মেদিনীপুর, বিহার প্রঃ স্থানে এই আন্দোলন অতি প্রবল হয় এবং বহু স্বদেশপ্রাণ ব্যক্তি ইংরেজের গুলিতে নিহত হন।

আগ্রা—উত্তরপ্রদেশের একটি প্রসিদ্ধ শহর। ইহা যমুনা নদীর তীরে অবস্থিত।

আজাদ হিন্দ্ ফৌজ—'আই. এন. এ.' দ্রঃ।

আদ্দিস-আবেবা—পূর্ব-আফ্রিকার অন্তর্গত ইথিওপিয়া-রাজ্যের রাজধানী।

আন্দামান—বঙ্গোপসাগরে অবস্থিত ভারতীয় যুক্তরাষ্ট্রের অন্তর্গত দ্বীপপুঞ্জ। ইহার রাজধানী পোর্ট ব্লেয়ার (Port-Blair). ইংরেজ আমলে ভারতের নির্বাসিত বন্দীদের এইখানে পাঠানো হইত।

আণ্ডিজ পর্বতমালা—দক্ষিণ আমেরিকার পর্বতমালা। ইহা প্রায় ৪,৫০০ মাইল দীর্ঘ এবং প্রায় ২০,০০০ ফুট উচ্চ।

আপেক্ষিক গুরুত্ব—সমায়তন জলের তুলনায় কোনো বস্তুর ওজন যত গুণ তত সংখ্যাকে উক্ত বস্তুর আপেক্ষিক গুরুত্ব বলে। ইংরেজীতে ইহাকে বলে Specific Gravity বা Relative Density.

আফগানিস্তান—পাকিস্তানের উত্তর-পশ্চিমে অবস্থিত একটি পার্বত্য দেশ। আয়তন ২,৫০,০০০ বর্গমাইল। রাজধানী কাবুল।

আফ্রিকা—একটি মহাদেশ। ইহার উত্তরে ভূমধ্যসাগর, পশ্চিমে আটলাণ্টিক মহাসাগর, দক্ষিণে ভারত মহাসাগর, পূর্বে ভারত মহাসাগর, আরব সাগর ও

লোহিত সাগর। ইহার আয়তন প্রায় ১,১৫,০০,০০০ বর্গমাইল।

আফ্রিদী—পাকিস্তানের এক শ্রেণীর দুর্ধর্ষ পার্বত্য অধিবাসী।

আবিসিনিয়া—পূর্ব-আফ্রিকায় অবস্থিত একটি দেশ। ইহার প্রাচীন ও বর্তমান নাম 'ঈথিওপিয়া'; রাজধানী আদ্দিস-আবেবা। ইহার আয়তন প্রায় ৪,০০,০০০ বর্গমাইল। আবিসিনিয়ার অধিবাসী-দিগকে 'হাবসী' বলে।

আবু পাহাড়—আরাবল্লী পর্বতমালায় অবস্থিত। ইহার উপরে একটি হ্রদ এবং জৈনদিগের পাঁচটি মন্দির আছে।

আমাজন (Amazon)—দক্ষিণ আমেরিকার একটি সুবৃহৎ নদী। ইহার দৈর্ঘ্য ৩,৯০০ মাইলেরও অধিক। আন্দিজ পর্বতমালা হইতে বাহির হইয়া ইহা আটলান্টিক মহাসাগরে পড়িয়াছে।

আমুদরিয়া—মধ্য-এশিয়ার একটি নদী। ইহার অপর নাম 'অক্সাস'।

আমেন (Amen)—খ্রীষ্টান ধর্মাবলম্বীরা প্রার্থনার শেষে এই কথাটি ব্যবহার করেন। এই কথাটির অর্থ 'তাহাই হউক'।

আমেরিকা (America)—পশ্চিম গোলার্ধ ও অন্যতম মহাদেশ। ইহার দুইটি ভাগ—উত্তর আমেরিকা ও দক্ষিণ আমেরিকা।

আমস্টারডাম (Amsterdam)—হল্যান্ডের রাজধানী। ইহা ৯৬টি দ্বীপ লইয়া গঠিত।

আয়ারল্যান্ড (Ireland)—গ্রেট ব্রিটেনের পশ্চিমে অবস্থিত একটি দ্বীপ। আয়তন প্রায় ৩২,০০০ বর্গমাইল। ইহার উত্তর ভাগের কিয়দংশ ব্যতীত সমস্তটাই স্বাধীন। এই স্বাধীন অংশের নাম 'আইরিশ ফ্রী স্টেট' (Irish Free State) বা আয়ার (Eire).

আরব—এশিয়ার দক্ষিণ-পশ্চিমাংশে অবস্থিত একটি প্রকাণ্ড উপদ্বীপ ও দেশ। ইহার আয়তন প্রায় ১০,০০,০০০ বর্গমাইল।

আরব সাগর (Arabian Sea)—ভারত মহাসাগরের উত্তরাংশ, আরব ও ভারতবর্ষের মধ্যে অবস্থিত।

আরল সাগর—এশিয়ার অন্তর্গত রুশিয়ার মধ্যবর্তী একটি বৃহৎ লবণ-হ্রদ। ইহার আয়তন প্রায় ২৬,১৬৬ বর্গমাইল।

আর্কটিক-অভিযান—'সুমেরু অভিযান' দ্রঃ।

আর্জেন্টিনা (Argentina)—দক্ষিণ-আমেরিকার একটি দেশ। ইহা একটি রিপাব্লিক বা গণতন্ত্র। ইহার আয়তন প্রায় ১০,৭৯,৯৬৫ বর্গমাইল।

আর্মেনিয়া (Armenia)—পশ্চিম-এশিয়ার একটি ক্ষুদ্র দেশ; রুশ সাধারণতন্ত্রের অন্তর্ভুক্ত। ইহার রাজধানী এরজেরাম (Ergerum) ইহার অধিবাসিগণ খ্রীষ্টান।

আর্য—একটি প্রাচীন জাতি। প্রাচীন গ্রীক, রোমান এবং আধুনিক ইংরেজ, জার্মান, ফরাসী প্রঃ ইওরোপীয় জাতি এবং উচ্চবর্ণের হিন্দু ও পারসীকগণ এই জাতির বংশধর। খ্রীষ্টপূর্ব প্রায় ৩,০০০ বৎসর পূর্বে মধ্য বা পূর্ব ইওরোপের কোনো স্থানে আদিম আর্য জাতির বসতি ছিল বলিয়া অনুমান করা হয়। খ্রীষ্টপূর্ব ২,০০০ বৎসরের কাছাকাছি সময়ে আর্যেরা পৃথিবীর ইতিহাসে দেখা দেয়। ইহাদের একদল যায় ইওরোপের দিকে, আর একদল আসে এশিয়া মাইনর, আসিরিয়া, ব্যাবিলন, ইরান হইয়া ভারতবর্ষে। ভারতীয় আর্যগণই ভারতীয় সভ্যতার ভিত্তি স্থাপন করেন। আর্যগণ দেখিতে সুশ্রী, গৌরবর্ণ ও উন্নত-নাসিক ছিলেন।

আর্যাবর্ত—হিমালয়ের পাদদেশ হইতে আরম্ভ করিয়া বিন্ধ্যপর্বত পর্যন্ত ভূভাগকে আর্যাবর্ত বলে। অতি প্রাচীনকাল হইতেই এই ভূভাগ ভারতীয় সভ্যতার লীলাভূমি।

আলিগড়—উত্তরপ্রদেশের অন্তর্গত একটি বিখ্যাত শহর। এখানে একটি বিশ্ববিদ্যালয় আছে।

আলিপুর—পশ্চিমবঙ্গে ২৪ পরগনা জেলার সদর শহর ও একটি মহকুমা।

আলেকজেন্দ্রিয়া (Alexandria)—মিশরের অন্তর্গত একটি প্রাচীন শহর ও উহার প্রধান বন্দর।

আলতাই (Altai)—এশিয়াটিক রুশিয়ার পূর্বাঞ্চলের একটি পর্বত। ইহার দৈর্ঘ্য প্রায় ২,৫০০ মাইল এবং উচ্চতা প্রায় ১২,৭৯৬ ফুট।

আলপাকা (Alpaca)—দক্ষিণ আমেরিকার এক-শ্রেণীর চতুষ্পদ লোমশ প্রাণী। ইহারা সাধারণতঃ পেরু অঞ্চলে বাস করে।

আল্পস্ (Alps)—ইটালীর উত্তরে অবস্থিত ইওরোপের সর্বোচ্চ পর্বতমালা। ইহার উচ্চতা প্রায় ১৫,৭৮৪ ফুট। ইহা জেনোয়া উপসাগর হইতে ভিয়েনা পর্যন্ত প্রায় ৬০০ মাইল লম্বা এবং টাইরল অঞ্চলে ইহা প্রায় ১৩০ মাইল চওড়া।

আলবেনিয়া (Albania)—অ্যালবেনিয়া (তাহা দ্রঃ)।

আসানসোল—বর্ধমান জেলার প্রসিদ্ধ রেলওয়ে জংশন। কয়লার খনির জন্য বিখ্যাত।

আসাম—ভারতের উত্তর-পূর্বাংশে অবস্থিত রাজ্য। ইহার রাজধানী শিলং।

আসিরিয়া—প্রাগৈতিহাসিক যুগের সমৃদ্ধ সাম্রাজ্য। ইহা পশ্চিম-এশিয়ায় বর্তমান ছিল এবং খ্রীষ্টপূর্ব অষ্টম শতাব্দীর (৭১১ অব্দ) প্রথম ভাগে ধ্বংস-প্রাপ্ত হয়। সম্ভবতঃ ব্যাবিলনিয়া, বাগদাদ মেসোপোটেমিয়া এবং কুর্দিস্তান লইয়া এই সাম্রাজ্য গঠিত হইয়াছিল।

আহমদাবাদ—গুজরাট রাজ্যের রাজধানী।

ই

ইউ. এন. ও. (U. N. O.)—'সম্মিলিত-জাতি-প্রতিষ্ঠান' দ্রঃ।

ইউ-চি—ঐতিহাসিক যাযাবর জাতি বিঃ। ইহারা মধ্য-এশিয়ায় বাস করিত। খ্রীষ্টীয় ১ম শতকে

অপর এক জাতি কর্তৃক বিতাড়িত হইয়া ইহারা আদিম বাসস্থান ত্যাগ করে এবং কাবুল ও ব্যাক্‌ট্রিয়ায় বাস করিতে থাকে। ইহাদের একটি শাখা 'কুশান' নামে খ্যাত।

ইউনাইটেড কিংডম (United Kingdom)—যুক্ত-রাজ্য। ইংলণ্ড, স্কটলণ্ড ও ওয়েল্‌স্ একত্রে এই নামে অভিহিত হয়।

ইউনাইটেড স্টেট্‌স্ (United States)—'যুক্তরাষ্ট্র' দ্রঃ।

ইউনিকর্‌ন্ (Unicorn)—একপ্রকার কাল্পনিক জীব। ইহার মুখ ঘোড়ার মতো, কিন্তু লেজটি সিংহের মতো, আবার মাথায় একটি শিং। ইংলণ্ডের পতাকায় ও অনুরূপ অন্যান্য বস্তুতে একটি সিংহ-মূর্তির সহিত এই মূর্তি অঙ্কিত আছে।

ইউনিয়ন জ্যাক (Union Jack)—ইংলণ্ডের জাতীয় পতাকার নাম।

ইউনিয়ন বোর্ড (Union Board)—সরকারের কর্তৃত্বাধীন গ্রাম্য-সমিতি। গ্রামের স্বাস্থ্য, পানীয় জল, পথঘাট ইঃর তদারক এই সমিতির কার্য।

ইউফ্রেটিজ (Euphrates)—দক্ষিণ-পশ্চিম এশিয়ার বৃহত্তম নদী। ইহার দৈর্ঘ্য প্রায় ১,৭৮০ মাইল। ইহার প্রাচীন নাম 'ফোরাত'। তাইগ্রিস নদীর সহিত মিলিত হইবার পর ইহার নাম হইয়াছে 'শাত-ইল্‌-আরব'।

ইউরেনাস (Uranus)—একটি বৃহৎ গ্রহ। সূর্য হইতে দূরত্ব অনুযায়ী ইহার স্থান গ্রহগণের মধ্যে সপ্তম। ইহার ব্যাস পৃথিবীর প্রায় চতুর্গুণ, এবং ইহার চারিটি উপগ্রহ আছে। স্যার উইলিয়ম হার্শেল ১৭৮১ খ্রীষ্টাব্দে এই গ্রহটি আবিষ্কার করেন।

ইউরেনিয়াম (Uranium)—কালো রঙের ভারী মৌলিক ধাতু বিঃ। ১৭৮৯ খ্রীষ্টাব্দে ইহা আবিষ্কৃত হয়। কর্ন্‌ওয়াল, স্যাক্সনি প্রঃ স্থানে ইহা প্রচুর পরিমাণে পাওয়া যায়। ইউরেনিয়াম লইয়া পরীক্ষার ফলেই বিখ্যাত রেডিয়াম ধাতুর আবিষ্কারের সূত্র-পাত হয়।

ইওরোপ (Europe)—একটি মহাদেশ। ইহার উত্তরে উত্তর-মহাসাগর, দক্ষিণে ভূমধ্যসাগর, পশ্চিমে আটলাণ্টিক মহাসাগর এবং পূর্বে উরাল পর্বত ও উরাল নদী। ইহার আয়তন প্রায় ৩৯,০০,০০০ বর্গমাইল।

ইংলণ্ড (England)—ইওরোপ মহাদেশের পশ্চিম-প্রান্তস্থ গ্রেট্ ব্রিটেন দ্বীপপুঞ্জের দক্ষিণ-পূর্বাংশ। ইহার আয়তন ৫০,৮৭৫ বর্গমাইল। ইহার রাজধানী লণ্ডন।

ইংলিশ চ্যানেল (English Channel)—ইংলণ্ড ও ফ্রান্সের মধ্যবর্তী সাগরাংশ। ইহার দৈর্ঘ্য প্রায় ৩০০ মাইল এবং সর্বাধিক বিস্তার প্রায় ১৫৫ মাইল। বিভিন্ন দেশের কয়েকজন লোক সাঁতার কাটিয়া এই 'চ্যানেল' পার হইয়া কৃতিত্ব দেখান। বাঙালী বীর মিহির সেন ও দুঃসাহসী বাঙালী মেয়ে আরতি সাহার নাম তাঁহাদের মধ্যে উল্লেখযোগ্য।

ইকোয়াডর (Ecuador)—দক্ষিণ আমেরিকার একটি সাধারণতন্ত্র।

ইটালী (Italy)—দক্ষিণ ইওরোপের একটি রাজ্য। ইহার আয়তন প্রায় ১,১৬,২৩৫ বর্গমাইল। রোম ইহার রাজধানী।

ইথাকা (Ithaca)—গ্রীসের অন্তর্গত একটি দ্বীপ। ইহার আয়তন প্রায় ৩৭ বর্গমাইল।

ইথার (Ether)—১। বর্ণহীন, উদ্বায়ী, দাহ্য তরল পদার্থ বিঃ। ইহা সুরাসারের সহিত সাল্‌ফিউরিক অ্যাসিড মিশাইয়া প্রস্তুত হয়। ২। সারা বিশ্ব ব্যাপিয়া বর্তমান আলোক ইঃ চলিবার মাধ্যমরূপে কল্পিত পদার্থ বিঃ। ইহার স্বরূপ আজিও অজ্ঞাত।

ইন্দোর—মধ্যপ্রদেশের একটি বিখ্যাত শহর।

ইন্দ্রপ্রস্থ—আধুনিক দিল্লী শহরের নিকটবর্তী একটি পুরাণখ্যাত স্থান। কথিত আছে, মহারাজ যুধিষ্ঠির এইখানে তাঁহার রাজধানী স্থাপন করিয়াছিলেন। অনেকে অনুমান করেন, পুরাকালে এই স্থান খাণ্ডবারণ্যের মধ্যে অবস্থিত ছিল।

ইফেল টাওয়ার (Eiffel Tower)—এই টাওয়ারটি ১৮৮৭-৮৯ খ্রীষ্টাব্দে প্যারিসে নির্মিত হয়। ইহার উচ্চতা ৯৮৫ ফুট।

ইম্ফল—ভারতের অন্তর্গত মণিপুর রাজ্যের রাজ-ধানী।

ইয়াংসি-কিয়াং—চীনদেশের দীর্ঘতম এবং পৃথিবীর অন্যতম বৃহৎ নদী। ইহার দৈর্ঘ্য প্রায় ৩,৫০০ মাইল। ইহা তিব্বত হইতে বাহির হইয়া প্রশান্ত মহাসাগরে পড়িতেছে।

ইয়াক—তিব্বতীয় ষাঁড় বিঃ। ইহারা প্রায় ২০,০০০ ফুট উচ্চ মালভূমিতে বিচরণ করে।

ইয়াঙ্কী (Yankee)—আমেরিকার 'New England States'-এর নাগরিকদিগকে 'ইয়াঙ্কী' বলা হয়। ইহা হইতে সাধারণভাবে আমেরিকার যুক্তরাষ্ট্রের অধিবাসিমাত্রকেই 'ইয়াঙ্কী' বলা হইয়া থাকে।

ইয়েমেন (Yemen)—দক্ষিণ-পশ্চিম আরবের উপ-কূলে অবস্থিত দেশ। এই দেশের শাসনকর্তার উপাধি 'ইমাম'; রাজধানী 'সানা'। আয়তন ৭৫,০০০ বর্গমাইল।

ইরাক—পশ্চিম এশিয়ার একটি দেশ। প্রাচীনকালে ইহার নাম ছিল মিডিয়া। কিছুকাল পূর্বে ইহার নাম ছিল মেসোপোটেমিয়া। ইহার আয়তন প্রায় ১,১৬,৬০০ বর্গমাইল। ইহার রাজধানী বাগদাদ।

ইরান—পারস্যের প্রাচীন ও আধুনিক নাম। কিন্তু 'ইরানের মালভূমি' (Plateau of Iran) বলিলে কেবল পারস্যদেশকে না বুঝাইয়া পারস্য, আফগানি-স্তান ও বেলুচিস্তান—এই তিনটি দেশকে বুঝায়।

ইরাবতী—১। ব্রহ্মদেশের বৃহত্তম নদী। দৈর্ঘ্য প্রায় ৯০০ মাইল। ২। পাকিস্তানের একটি নদী।

ইলেকট্রন (Electron)—বৈদ্যুতিক পরমাণু। কোনো পদার্থ বিশ্লেষণের সর্বশেষ ফল-স্বরূপ বিদ্যুৎ

প্রাপ্ত হওয়া যায়; কতকগুলি বৈদ্যুতিক পরমাণুর সমবায়ে ঐ বিদ্যুৎ উৎপাদিত। ঐ সকল পরমাণুকে 'ইলেক্ট্রন্' বলে।

ইলোরা—মহারাষ্ট্র রাজ্যের একটি স্থান। ইহা দৌলতাবাদ ও আওরঙ্গাবাদের নিকটবর্তী। ইহার একক্রোশ দূরে কতিপয় বিখ্যাত গুহামন্দির বর্তমান। ঐ সকল গুহামন্দিরে অতি মনোহর দেবমূর্তি সকল ক্ষোদিত আছে।

ইস্পাহান—ইরানের একটি প্রধান নগর। ইহা এই দেশের প্রাচীন রাজধানী ছিল।

ইহুদী—জাতি বিঃ। ইঁহারা পৃথিবীর অন্যতম প্রাচীন সভ্যজাতি। ইঁহাদের আদিবাস ছিল ব্যাবিলন, প্যালেস্টাইন প্রঃ স্থানে। বহুকাল পর্যন্ত ইঁহাদের কোন নির্দিষ্ট বাসস্থান ছিল না। কিন্তু বর্তমানে ইঁহারা 'ইস্রায়েল' নামে একটি জাতিগত রাষ্ট্র গঠন করিয়াছেন। খ্রীষ্টধর্মের প্রবর্তক মহাত্মা যীশুখ্রীষ্ট ইহুদী ছিলেন। ইহা ছাড়া ইহুদীদের মধ্যে যোসেফ, মোজেজ, সলোমন, ডেভিড প্রঃ বিখ্যাত ব্যক্তিগণও জন্মিয়াছিলেন।

ঈ

ঈজিপ্ট (Egypt)—মিশর (তাহা দ্রঃ)।

ঈথিওপিয়া—আবিসিনিয়া (তাহা দ্রঃ)।

ঈরাই হ্রদ (Lake Erie)—উত্তর আমেরিকার একটি সুবৃহৎ হ্রদ। ইহার আয়তন প্রায় ৯,৯৪০ বর্গ-মাইল।

ঈস্ট ইণ্ডিজ (East Indies)—'পূর্ব-ভারতীয় দ্বীপপুঞ্জ' দ্রঃ।

ঈস্ট ইণ্ডিয়া কোম্পানি (East India Company)—এই নামে মোট চারিটি কোম্পানি ছিল—(১) ইংরেজ, (২) ওলন্দাজ, (৩) দিনেমার এবং (৪) ফরাসী। (১)—১৫৯৯ খ্রীষ্টাব্দের শেষভাগে কয়েকজন ইংরেজ বণিক মিলিয়া ইংলণ্ডে এক বণিক্-সমিতি গঠন করেন। ১৬০০ খ্রীষ্টাব্দে এই কোম্পানিকে ইংলণ্ডের রানী এলিজাবেথ পৃথিবীর পূর্বখণ্ডে অর্থাৎ এশিয়াখণ্ডে বাণিজ্য করিবার অধিকার দেন। শুধু 'ঈস্ট ইণ্ডিয়া কোম্পানি' বলিতে এই কোম্পানিই বুঝায় এবং ইহারাই কালক্রমে ভারতবর্ষ জয় করে। ১৮৫৮ খ্রীষ্টাব্দে মহারানী ভিক্টোরিয়া ইহাদের হাত হইতে ভারতবর্ষ শাসনের অধিকার গ্রহণ করেন। (২)—১৬০২ খ্রীষ্টাব্দে ওলন্দাজ কোম্পানি গঠিত হয়। (৩)—১৬১৬ খ্রীষ্টাব্দে দিনেমারদিগের কোম্পানি গঠিত হয়। (৪)—১৬৬৪ খ্রীষ্টাব্দে ফরাসী কোম্পানি গঠিত হয়।

ঈস্টার (Easter)—খ্রীষ্টধর্ম-প্রবর্তক যীশুখ্রীষ্ট ক্রুশ-বিদ্ধ হইয়া প্রাণত্যাগ করিলে পর এইদিনে পুনর্জীবন লাভ করিয়া কবর হইতে উঠিয়া শিষ্য-দিগকে দেখা দিয়াছিলেন। এই দিবসের ঘটনা স্মরণে রাখিবার জন্য খ্রীষ্টানগণ প্রতিবৎসর ঈস্টার উৎসব সম্পন্ন করিয়া থাকেন।

উ

উইণ্ডসর (Windsor)—ইংলণ্ডের বার্কশায়ারের একটি শহর, টেম্স্ নদীর তীরে অবস্থিত।

উক্রেন (Ukraine)—সোভিয়েট রুশিয়ার দক্ষিণ-পশ্চিমাংশে অবস্থিত একটি ভূভাগ। ইহার দক্ষিণে কৃষ্ণসাগর।

উগাণ্ডা—আফ্রিকার অন্তর্গত ভিক্টোরিয়া হ্রদের পশ্চিম-তীরস্থ একটি রাজ্য। আয়তন ৯৩,৯৮১ বর্গমাইল।

উজবেগ—সোভিয়েট রুশিয়ার অন্তর্গত সমরখন্দের নিকটবর্তী স্থানের যাযাবর জাতি বিঃ।

উজ্জয়িনী—অবন্তী (তাহা দ্রঃ)।

উড়িষ্যা—পশ্চিমবঙ্গ ও অন্ধ্রের মধ্যবর্তী একটি রাজ্য। ইহার রাজধানী ভুবনেশ্বর। বর্তমান নাম ওড়িশা।

উড্ডুক্কু মৎস্য (Flying fish)—একজাতীয় সামুদ্রিক মৎস্য। ইহাদের পাখা আছে। ইহারা সময় সময় লাফাইয়া জল ছাড়িয়া উপরে উঠে এবং সেই পাখায় ভর করিয়া কিয়দ্দুর গমন করে বলিয়া ইহাদিগকে 'উড্ডুক্কু' মৎস্য বলে। বিশেষজ্ঞদের মতে, ইহাদের সত্যকার উড়িবার শক্তি নাই।

উতকামণ্ড—তামিলনাড়ু রাজ্যের অন্তর্গত নীলগিরি পর্বতের উপরিস্থ একটি শহর। ইহা তামিলনাড়ুর রাজ্যপালের গ্রীষ্মাবাস।

উত্তমাশা অন্তরীপ—আফ্রিকার দক্ষিণ প্রান্তে অবস্থিত অন্তরীপ। পূর্বে কেবল অন্তরীপটিই ঐ নামে অভিহিত ছিল, কিন্তু বর্তমানে দক্ষিণ আফ্রিকার ইউনিয়ন গভর্নমেণ্টের অধীন দক্ষিণ প্রদেশই এই নামে অভিহিত হয়। ইহার রাজধানী কেপ্ টাউন।

উত্তর কোশল—প্রাচীন প্রসিদ্ধ জনপদ। বর্তমান অযোধ্যার উত্তরাংশই ঐ নামে খ্যাত ছিল।

উত্তরমেরু—'সুমেরু' দ্রঃ।

উদজান (Hydrogen)—একটি বায়বীয় মৌলিক পদার্থ। এই গ্যাসটি সকল গ্যাস অপেক্ষা হালকা। ইহা জলের একটি প্রধান উপাদান। দুই ভাগ উদজান ও একভাগ অম্লজানের (H_2O) রাসায়নিক মিশ্রণে জলের সৃষ্টি হয়।

উদয়গিরি—১। পৌরাণিক পর্বত বিঃ। কথিত আছে, উহা এক যোজন বিস্তৃত ও দশ যোজন উন্নত। সূর্যদেব এই পর্বত হইতে প্রত্যহ উদিত হন। ২। ওড়িশা রাজ্যের অন্তর্গত একটি পর্বত। ইহার 'বাঘগুহা' অতি প্রসিদ্ধ।

উদয়নালা বা **উধুয়ানালা**—সাঁওতাল পরগনার অন্তর্ভুক্ত একটি স্থান।

উদয়পুর—রাজস্থানের অন্তর্গত একটি ইতিহাস-প্রসিদ্ধ স্থান।

উনো (U. N. O.)—ইউনাইটেড নেশন্‌স্‌ অর্গ্যানিজেশন্‌ ('সম্মিলিত জাতি-প্রতিষ্ঠান')।

উপগ্রহ—বড় গ্রহের চতুর্দিকে পরিভ্রমণশীল ছোট গ্রহ। চন্দ্র পৃথিবীর একমাত্র উপগ্রহ।

উরল নদী—উরল পর্বত হইতে বাহির হইয়া কাস্পিয়ান সাগরে পতিত একটি নদী। ইহা প্রায় ১,৫০০ মাইল দীর্ঘ।

উরল পর্বত—এশিয়া ও ইওরোপের সীমায় অবস্থিত একটি পর্বতশ্রেণী। ইহা ২,০৫০ মাইল দীর্ঘ এবং ৫,৪৩০ ফুট উচ্চ।

উরুগুয়ে (Uruguay)—দক্ষিণ আমেরিকায় অবস্থিত ব্রেজিল ও আর্জেন্টিনার মধ্যবর্তী দেশ। ইহা একটি রিপাব্লিক। আয়তন ৭২,১৫৩ বর্গমাইল। রাজধানী মাণ্টিভেডিও।

উরুবিল্ব—গয়ার নিকটবর্তী একটি ইতিহাসপ্রসিদ্ধ স্থান। বুদ্ধদেব এইখানে তপস্যা করিয়াছিলেন।

উলার—কাশ্মীরের একটি দীর্ঘ হ্রদ, রাজ্যের অনেকগুলি খাল ইহার সহিত যুক্ত।

উল্কা—আলোকহীন কঠিন পিণ্ড বিঃ। লৌহ, প্রস্তর প্রঃ দ্বারা ইহা গঠিত। আকাশ-পথে চলিবার সময় ধূমকেতু সূর্যের আকর্ষণে ভাঙ্গিয়া খণ্ড খণ্ড হইয়া যায়। সেই খণ্ডগুলি সূর্যের চারিধারে ঘুরিতে থাকে। ইহাদের নাম উল্কাপিণ্ড। কোনো কোনো উল্কাপিণ্ড ঘুরিতে ঘুরিতে পৃথিবীর এত কাছে আসিয়া পড়ে যে, পৃথিবীর আকর্ষণে ইহা পৃথিবীর উপর পড়িয়া যায়। এই ঘটনাকে বলে উল্কাপাত।

উষ্ণ-প্রস্রবণ—যে প্রস্রবণ বা ফোয়ারা হইতে উষ্ণ জল উত্থিত হয়, তাহাকে উষ্ণ-প্রস্রবণ বলে। মুঙ্গেরের 'সীতাকুণ্ড' একটি বিখ্যাত উষ্ণ-প্রস্রবণ।

ঊ

ঊর্ধ্বপাতন—কর্পূর প্রঃ কতিপয় কঠিন পদার্থকে তাপ দিয়া বাষ্পবীয় পদার্থে পরিণত করা ও পুনরায় শৈত্যপ্রয়োগে কঠিন করা।

ঊর্ধ্ববাহু—যে-সকল শৈব সন্ন্যাসী সর্বদা একবাহু ঊর্ধ্বে তুলিয়া রাখেন তাঁহাদিগকে ঊর্ধ্ববাহু বলে। তাঁহারা ভিক্ষাজীবী এবং তাঁহাদের কোন বাসস্থান নাই। তাঁহাদের কেহ দিগম্বর এবং কেহ বা গৈরিকাম্বর। তাঁহারা মস্তকে জটা ধারণ করেন।

ঋ

ঋষভ—১। পর্বত বিঃ। ইহা কৈলাসের নিকটবর্তী হিমালয়ের একটি শৃঙ্গ। ২। স্বরসপ্তকের দ্বিতীয় স্বর। চলতি নাম রিখব বা রে। ঋষভ বা ষাঁড়ের শব্দ হইতে গৃহীত বলিয়া এই নাম।

ঋষ্যমূক—দক্ষিণ-ভারতের রামায়ণোক্ত পর্বত বিঃ। কাহারও কাহারও মতে নীলগিরি ও পূর্বঘাট পর্বতের মধ্যে ইহা অবস্থিত ছিল; অপর কাহারও মতে আধুনিক পশ্চিমঘাট পর্বতই পুরাণোক্ত ঋষ্যমূক পর্বত।

এ

একচক্রা—১। পৌরাণিক নগর বিঃ। অনেকে মনে করেন, পাটনা জেলার অন্তর্গত আধুনিক আরা নামক স্থানই প্রাচীন একচক্রা। ২। বীরভূম জেলার গ্রাম বিঃ। প্রভু নিত্যানন্দের জন্মস্থান।

একোনাইট (Aconite)—একপ্রকার বিষাক্ত গাছের নির্যাস। ইহা একটি তীব্র বিষ।

এক্স-রে (X-Ray)—জার্মানীর অন্তর্গত হুর্ৎস্‌বুর্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক উইলিয়াম রোণ্টগেন (বাংলায় রঞ্জন) ১৮৯৫ খ্রীষ্টাব্দে একটি আলোক-রশ্মি আবিষ্কার করেন। ঐ আলোক জীবদেহের চর্মমাংস ভেদ করিয়া দেহাভ্যন্তরস্থ অস্থি বা দেহ-মধ্যে প্রবিষ্ট বন্দুকের গুলি কিংবা অন্য কোনো কঠিন পদার্থকে প্রতিভাত করিয়া তোলে। এই বিশেষ ধর্মবিশিষ্ট আলোককেই বলে 'এক্স-রে' বা 'রঞ্জনরশ্মি'।

এক্সিস—১৯৩৯ খ্রীষ্টাব্দে ইংরেজ ও তাহার মিত্রশক্তি-বর্গের সহিত যুদ্ধে লিপ্ত হইয়া জার্মানী, ইটালী ও জাপান পরস্পরের মধ্যে এক ত্রিশক্তি চুক্তি সম্পাদন করিয়া তাহাদের যে-কোনো শক্তির শত্রুকে তিন শক্তির সাধারণ শত্রু বলিয়া গণ্য করিতে অঙ্গীকৃত হইয়াছিল। এক্সিস বলিতে এই চুক্তিবদ্ধ ত্রিশক্তিকেই বুঝাইত।

এজিনকোর্টের যুদ্ধ—ইংলণ্ডের রাজা পঞ্চম হেনরী ফ্রান্সের সিংহাসন দাবি করিয়া ১৪১৫ খ্রীষ্টাব্দে ফ্রান্সের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। এই যুদ্ধে হেনরী জয়লাভ করেন।

এটনা (Etna)—একটি প্রসিদ্ধ আগ্নেয়-পর্বত। সিসিলী (Sicily) দ্বীপের উত্তরপূর্ব সীমায় ইহা অবস্থিত।

এডিনবরা (Edinburgh)—স্কটলণ্ডের রাজধানী।

এডেন (Aden)—আরবের দক্ষিণ-পশ্চিম প্রান্তস্থ একটি বন্দর।

এথেন্স (Athens)—গ্রীসের রাজধানী। ইহা প্রাচীন-কালের একটি সুবিখ্যাত শহর।

এন্‌সাইক্লোপিডিয়া (Encyclopedia)—বিশ্বকোষ গ্রন্থ। জগতের বিভিন্ন জ্ঞাতব্য তথ্যে পূর্ণ গ্রন্থ। ইহার শব্দগুলি সাধারণতঃ বর্ণানুক্রমে সজ্জিত থাকে।

এপ্রিল ফুল (April fool)—বিলাতে ১লা এপ্রিল তারিখে লোক ঠকানোর একটি প্রথা প্রচলিত আছে। ঐ তারিখে একটি মিথ্যা সংবাদ দিয়া কাহাকেও কোথাও পাঠাইয়া দেওয়া হয়। যে-ব্যক্তি ঐ মিথ্যা বুঝিতে না পারিয়া সত্যই তদনুসারে কাজ করে, তাহাকে বলে 'এপ্রিল ফুল'।

এভারেস্ট, মাউন্ট (Mt. Everest)—পৃথিবীর

সর্বোচ্চ শিখর এবং সর্বোচ্চ পর্বত হিমালয়ের শৃঙ্গ। সমুদ্রপৃষ্ঠ হইতে ইহার উচ্চতা প্রায় ২৯,০২৮ ফুট। রাধানাথ শিকদার নামে এক বাঙ্গালী ইহার উচ্চতা পরিমাপ করেন; কিন্তু তিনি যে সার্ভেয়র জেনারেলের অফিসে চাকরি করিতেন, তাহার ভূতপূর্ব সর্বোচ্চ কর্মচারী সার জর্জ এভারেস্টের নাম অনুসারে এই পর্বত-শৃঙ্গের নাম রাখা হয় 'এভারেস্ট'। প্রায় পঞ্চাশ বৎসর ধরিয়া চেষ্টার পর ১৯৫৩ খ্রীষ্টাব্দে শেরপা তেনজিং নোরগে ও হিলারী এভারেস্ট-শৃঙ্গে পদার্পণ করিতে সমর্থ হন। ইহার পর আরও কয়েকবার এভারেস্ট শৃঙ্গে উঠিতে পারা সম্ভব হইয়াছে।

এম. সি. সি. (M. C. C.)—মেরিলেবোন ক্রিকেট ক্লাব (Marylebone Cricket Club)-নামক ইংলণ্ডের একটি বিখ্যাত খেলোয়াড়দলের সংক্ষিপ্ত নাম।

এমু (Emu)—অস্ট্রেলিয়াবাসী একজাতীয় উটপক্ষী। ইহারা আফ্রিকার উটপক্ষী অপেক্ষা সকল বিষয়েই নিকৃষ্ট।

এয়ারোড্রোম (Aerodrome)—বিমানঘাঁটি বা উড়োজাহাজের থাকিবার স্থান। ভারতের বিখ্যাত এয়ারোড্রোম কলিকাতার দমদম ও দিল্লীর পালাম।

এরিত্রিয়া (Eritrea)—লোহিত-সাগরের উপকূলে অবস্থিত পূর্ব-আফ্রিকার একটি ভূভাগ।

এল. বি. ডব্লিউ. (L. B. W.)—ক্রিকেট খেলায় প্রযোজ্য 'Leg before wicket' কথাটির সংক্ষিপ্ত রূপ।

এলাহাবাদ—গঙ্গা ও যমুনা নদীর সংগমস্থানে অবস্থিত উত্তরপ্রদেশের পূর্বতন রাজধানী। ইহার পুরাতন নাম 'আল্লাহ্‌বাদ' এবং হিন্দু নাম 'প্রয়াগ'।

এলবুর্জ (Alburz)—উত্তর ইরানের পর্বতপুঞ্জ। এই পর্বতমালা কাস্পিয়ান সাগরকে বেষ্টন করিয়া আছে।

এশিয়া—পৃথিবীর বৃহত্তম মহাদেশ। ইহার উত্তরে উত্তর মহাসাগর, দক্ষিণে ভারত মহাসাগর, পূর্বে প্রশান্ত মহাসাগর এবং পশ্চিমে লোহিত সাগর, আরব সাগর, উরল পর্বত ও উরল নদী। ইহার আয়তন প্রায় ১,৭৭,০০,০০০ বর্গমাইল; আয়তনে ইহা সমগ্র ইওরোপের প্রায় ৫ গুণ।

এশিয়াটিক সোসাইটি (Asiatic Society)—ভারতের ঐতিহাসিক গবেষণার জন্য প্রতিষ্ঠিত পাঠাগার। ওয়ারেন হেস্টিংস ইহার প্রতিষ্ঠা করিয়া যান। এখানে অসংখ্য মূল্যবান্ ঐতিহাসিক গ্রন্থ ও পাণ্ডুলিপি আছে।

এস্. ও. এস্. (S. O. S.)—সমুদ্রপোত বা উড়োজাহাজ হইতে প্রেরিত বিপদ্‌জ্ঞাপক সংকেত-ধ্বনি। ইহা "Save Our Souls' কথাটির সংক্ষিপ্ত রূপ।

এস্কিমো (Eskimo)—মেরুপ্রদেশবাসী একশ্রেণীর মানবজাতি। ইহারা সাধারণতঃ উত্তরমেরু ও তাহার সন্নিহিত উত্তর-রুশিয়া, উত্তর-কানাডা, ল্যাপল্যাণ্ড প্রঃ স্থানে বাস করে।

এস্টোনিয়া (Estonia)—ফিনল্যাণ্ড উপসাগরের তীরবর্তী সোভিয়েট যুক্তরাষ্ট্রের অন্তর্গত একটি দেশ। ইহার রাজধানী তালিন। আয়তন প্রায় ১৭,৬১০ বর্গমাইল।

ঐ

ঐতিহাসিক যুগ—যে সময় হইতে লিপিবদ্ধ ঘটনা পাওয়া যায়, সেই সময় হইতে ঐতিহাসিক যুগ গণনা করা হয়। অতীত কালের যে-সমস্ত ঘটনা লিপিবদ্ধরূপে পাওয়া যায় না, তাহাদিগকে প্রাগৈতিহাসিক যুগের ঘটনা বলে। খ্রীঃ পূঃ ছয় শত বৎসর হইতে ভারতবর্ষের ঐতিহাসিক যুগ আরম্ভ হইয়াছে।

ও

ওক (Oak)—ইওরোপের বিবাটকায় বৃক্ষ বিঃ। ইহা ভারতের বটবৃক্ষের সহিত তুলনীয়। ব্রিটিশ ওক সর্বাপেক্ষা শ্রেষ্ঠ।

ওকাপি (Okapi)—আফ্রিকার একপ্রকার গলা-লম্বা আশ্চর্য জন্তু। ইহা জিরাফ-জাতীয় ও তৃণ-ভোজী; কিন্তু ইহার অঙ্গ-প্রত্যঙ্গ ও গলা জিরাফের মত বড় নয়।

ওখট্স্ক (Okhotsk)—১। প্রশান্ত মহাসাগরের অন্তর্ভুক্ত একটি উপসাগর। ইহার তিন দিকে সাইবেরিয়া, কাম্‌চাটকা, কুরিল দ্বীপপুঞ্জ, ইয়েসো ও সাখালিয়েন দ্বীপ রহিয়াছে। ২। উক্ত সাগরের তীরবর্তী একটি শহর। উহা সাইবেরিয়ার মধ্যে অবস্থিত।

ওটাওয়া—অটোয়ার ইংরেজী উচ্চারণ; 'অটোয়া' দ্রঃ।

ওনেগা (Onega)—ইওরোপীয় রুশিয়ার একটি হ্রদ; রুশিয়ার উত্তর-পূর্বে অবস্থিত। ওনেগা নদী এই হ্রদ হইতে বহির্গত হইয়া শ্বেত সাগরে (White Sea) পড়িয়াছে।

ওব বা ওবি নদী (The Obe or Obi)—উত্তর-রুশিয়ার একটি নদী। আলতাই পর্বতমালা হইতে বাহির হইয়া ইহা উত্তর মহাসাগরে পড়িয়াছে। ইহার দৈর্ঘ্য প্রায় ২,৬০০ মাইল।

ওম (Ohm)—বৈদ্যুতিক বিজ্ঞানে ব্যবহৃত একক বিশেষের (unit) নাম। জার্মান বৈজ্ঞানিক ওমের নামানুসারে এই এককের নাম 'ওম' হইয়াছে।

ওয়াই. এম. সি. এ. (Y. M. C. A.)—খ্রীষ্টানদিগের একটি সামাজিক মিলনসংঘ। 'Young Men's Christian Association'-এর ইহা সংক্ষিপ্ত রূপ। ইহার প্রতিষ্ঠাতা সার জর্জ উইলিয়ামস্। ইহা ১৮৪৪ খ্রীষ্টাব্দে প্রতিষ্ঠিত হয়।

ওয়াই. ডব্লিউ. সি. এ. (Y. W. C. A.)—পুরুষ-

দিগের জন্য যেমন ওয়াই. এম. সি. এ. ইহাও তেমনি মেয়েদের একটি মিলনসংঘ। 'Young Women's Christian Association'-এর ইহা সংক্ষিপ্ত রূপ।

ওয়াজিরিস্তান—পাকিস্তানের অন্তর্গত একটি পার্বত্য জেলার অংশ বিঃ। টোকি ও গোমাল নদীর মধ্যস্থলে ইহা অবস্থিত।

ওয়াটার্লু (Waterloo)—বেলজিয়ামের অন্তর্গত একটি গ্রাম। ইহা ব্রুশেল্‌স্‌ শহর হইতে ৯ মাইল দক্ষিণ-পশ্চিমে অবস্থিত।

ওয়ার্ধা (Wardha)—মহারাষ্ট্র রাজ্যের অন্তর্গত একটি গ্রাম। এখানে মহাত্মা গান্ধী একটি হরিজন উপনিবেশ স্থাপন করিয়াছিলেন।

ওয়ারস (Warsaw)—পোল্যাণ্ডের রাজধানী। ইহা ভিস্টুলা নদীর তীরে অবস্থিত। ইহার আয়তন ১০,৯০০ বর্গমাইল।

ওয়াল্টেয়ার—অন্ধ্র প্রদেশে সমুদ্রতীরে অবস্থিত স্বাস্থ্যকর স্থান।

ওয়াশিংটন (Washington)—যুক্তরাষ্ট্রের রাজধানী। এখানে যুক্তরাষ্ট্রের পার্লামেন্ট সভা অবস্থিত।

ওয়েল্‌স্‌ (Wales)—গ্রেট ব্রিটেনের দক্ষিণ-পশ্চিমে অবস্থিত প্রদেশ। কার্ডিফ ইহার প্রধান নগর। ইহার আয়তন ৭,৩৮৮ বর্গমাইল।

ওয়েসিস (Oasis)—বিস্তৃত মরুভূমির স্থানে স্থানে জলপূর্ণ প্রস্রবণ, ফলবান্‌ বৃক্ষ এবং বিবিধ লতা-গুল্মে পূর্ণ কুঞ্জবন দেখিতে পাওয়া যায়। ইহাকে 'ওয়েসিস' বা 'মরূদ্যান' বলা হয়।

ওরাং-উটাং (Orang-Outang)—বৃহত্তম মনুষ্যাকৃতি বানর। ইহারা কেবল সুমাত্রা ও বোর্নিওতে বাস করে। ইহাদের হস্ত অতিশয় দীর্ঘ।

ওলন্দাজ (The Dutch)—ইওরোপের হল্যাণ্ড দেশের অধিবাসীদের দেশীয় ভাষায় ওলন্দাজ বলে।

ওশিয়ানিয়া (Oceania)—পৃথিবীর পঞ্চম মহাদেশ। ইহা অস্ট্রেলেশিয়া, ম্যালেশিয়া, পলিনেশিয়া, মেলানেশিয়া এবং মাইক্রোনেশিয়া—এই পাঁচ ভাগে বিভক্ত।

ওসাকা—জাপানের একটি বৃহৎ বন্দর ও প্রধান বাণিজ্যকেন্দ্র; হংশিউ দ্বীপের উপর অবস্থিত।

ওহিও নদী (The Ohio)—আমেরিকার মিসিসিপি নদীর একটি উপনদী। ইহার দৈর্ঘ্য প্রায় ১,২০০ মাইল।

ঔ

ঔরঙ্গাবাদ—মহারাষ্ট্র রাজ্যের অন্তর্গত একটি বড় বাণিজ্যস্থান। এখানে কয়েকটি কাপড়ের কল আছে।

ক

কংগ্রেস (Congress)—১। ভারতের জাতীয় রাজনৈতিক মহাসভা। ২। আমেরিকার যুক্তরাষ্ট্রের জাতীয় সভার নামও Congress.

ককেশিয়া (Caucasia)—কাস্পিয়ান সাগর ও কৃষ্ণসাগরের মধ্যবর্তী ভূ-ভাগ।

কংগো নদী (The Congo)—আফ্রিকার বৃহত্তম নদী। ইহার দৈর্ঘ্য ৩,০০০ মাইল এবং সর্বোচ্চ বিস্তার ১০ মাইল।

কংগো (Congo)—দক্ষিণ আফ্রিকার কংগো নদীর জলাংকে অবস্থিত একটি স্বাধীন রাষ্ট্র। ইহার আয়তন প্রায় ৯,০৫,৪০০ বর্গমাইল।

কচ্ছ—গুজরাট রাজ্যের অন্তর্গত একটি অঞ্চল। ইহার আয়তন প্রায় ৯,৬০০ বর্গমাইল।

কটক—ওড়িশা (উড়িষ্যা) রাজ্যের জেলা ও শহর। শহরটি মহানদীর ব-দ্বীপের উপর অবস্থিত।

কড্‌মাছ (Cod)—বিখ্যাত সামুদ্রিক মৎস্য। ইংলণ্ড এবং নিউফাউণ্ডল্যাণ্ডের নিকটবর্তী সমুদ্রে ইহা প্রচুর পরিমাণে পাওয়া যায়। ইহার যকৃৎ হইতে একপ্রকার বলকারী পানীয় প্রস্তুত হয়।

কন্‌ক্রীট (Concrete)—রাস্তা, ইমারত প্রঃ তৈয়ারির জন্য জমাট বাঁধাইবার মসলা। চুন, বালি, সিমেণ্ট, ইট-পাথরের টুকরা প্রঃ মিশাইয়া ইহা প্রস্তুত হয়।

কনজারভেটিভ (Conservative)—শাসন-পরিষদের রক্ষণশীল সদস্যগণ এই নামে অভিহিত হন। ইঁহারা সাধারণতঃ কোনোরূপ সংস্কার বা পরিবর্তনের বিরোধী এবং প্রাচীন প্রথাসমূহের পক্ষপাতী।

কন্‌ভোকেশন (Convocation)—বিশ্ববিদ্যালয়ে যে বাৎসরিক উপাধি-বিতরণী সভার অনুষ্ঠান হয়, তাহাকে এই নামে অভিহিত করা হয়। বাংলায় ইহাকে 'সমাবর্তন উৎসব' বলে।

কন্‌সাল (Consul)—স্বাধীন দেশের বৈদেশিক বাণিজ্য-দূতগণকে কন্‌সাল বলে।

কন্‌স্টান্টিনোপল (Constantinople)—তুরস্কের পুরাতন রাজধানী। ইহার প্রাচীন নাম বাইজান্টিয়াম এবং আধুনিক অন্য নাম ইস্তাম্বুল।

কপিলবাস্তু—ইতিহাস-প্রসিদ্ধ স্থান। বর্তমান বস্তি জেলার উত্তরে নেপাল তরাই-এ এই নগর অবস্থিত ছিল। এখানে ভগবান্‌ গৌতম বুদ্ধ জন্মগ্রহণ করেন।

কম্পাস (Compass)—ইহাকে বাংলায় দিগ্‌দর্শন-যন্ত্র বলে। ইহা দেখিতে অনেকটা চিত-করা ঘড়ির মত। ইহার কাঁটাটির মুখ সর্বদা উত্তর দিকে থাকে। ইহারই সাহায্যে নাবিকগণ অনন্ত সমুদ্রে দিক্‌ নির্ণয় করিতে পারে।

করমণ্ডল উপকূল—তামিলনাড়ু ও অন্ধ্র প্রদেশের পূর্ব উপকূল।

করাচী—পাকিস্তানের পূর্বতন রাজধানী এবং একটি অতি বৃহৎ ও বিখ্যাত বন্দর।

কর্ণসুবর্ণ—মুর্শিদাবাদের নিকটবর্তী একটি

ইতিহাস-প্রসিদ্ধ স্থান। এখানে রাজা শশাঙ্কের রাজধানী ছিল। ইহার আধুনিক নাম 'কানসোনা'।

কর্নাট—দাক্ষিণাত্যের মহারাষ্ট্র রাজ্যের দক্ষিণাংশ। পূর্বঘাট ও পশ্চিমঘাট পর্বতদ্বয়ের মধ্যবর্তী পার্বত্য অঞ্চল।

কর্পোরেশন (Corporation)—বড় বড় শহরের পৌর-সভাকেই 'কর্পোরেশন' বলে। মাদ্রাজ, বোম্বাই ও কলিকাতার পৌরসভা 'কর্পোরেশন' নামে অভিহিত।

কর্মনাশা নদী—১। বিহার ও কাশীর মধ্যস্থিত নদী বিঃ। ২। বাংলাদেশেও এই নামে একটি শাখা-নদী আছে।

কর্সিকা (Corsica)—ভূমধ্যসাগরস্থ ফরাসী-অধিকারভুক্ত দ্বীপ বিঃ। বিশ্ববিখ্যাত মহাবীর নেপোলিয়নের জন্মস্থান। রাজধানী আ্যাজাসো। আয়তন ৩,৩৬৭ বর্গমাইল।

কলম্বো—সিংহলের রাজধানী ও উহার প্রধান বন্দর। চা-এর বাণিজ্যস্থান।

কলিকাতা—পশ্চিমবঙ্গের রাজধানী ও ভারতের শ্রেষ্ঠ নগর।

কলিঙ্গ—দক্ষিণ-ভারতের একটি ইতিহাসপ্রসিদ্ধ ভূভাগ। ইহা বর্তমান ওড়িশা রাজ্যের অন্তর্ভুক্ত ছিল।

কলোসাস (Colossus)—এই শব্দে বিরাট্ প্রতি-মূর্তিকে বুঝায়, তবে সাধারণতঃ ইহা দ্বারা রোডস্ দ্বীপের 'অ্যাপলোর' পিত্তলমূর্তিকে বুঝাইয়া থাকে। ইহা পৃথিবীর সপ্তাশ্চর্যের মধ্যে পরিগণিত হইত। খ্রীঃ পূঃ ২২৪ অব্দে এক ভূমিকম্পে মূর্তিটি নষ্ট হইয়া যায়।

কলোসিয়াম (Colosseum)—রোমের একটি প্রাচীন অ্যাম্ফিথিয়েটার। ইহার ভগ্নাবশেষ অদ্যাপি বর্তমান আছে। ইহার নির্মাণকার্য আরম্ভ করেন ভেস্পাসিয়ান এবং ৮০ খ্রীষ্টাব্দে ইহা শেষ করেন টাইটাস। ইহার দৈর্ঘ্য ৬০৭ ফুট, প্রস্থ ৫১২ ফুট এবং উচ্চতা ১৫৯ ফুট ছিল।

কাইজার (Kaiser)—ভূতপূর্ব জার্মান সম্রাট্দিগের উপাধি। সম্রাট্ সীজারের (Cæsar) নাম হইতে এই শব্দের উৎপত্তি হইয়াছে। শার্লেমেন দি গ্রেট্ (Charlemagne the Great) প্রথম এই উপাধি গ্রহণ করেন। জার্মানী ও অস্ট্রিয়ার সম্রাট্গণ ১৯১৮ খ্রীষ্টাব্দ পর্যন্ত 'কাইজার' উপাধি ধারণ করিয়াছিলেন। কাইজার উইল্হেল্মের রাজ্য-ত্যাগের পর হইতেই ইহা লোপ পাইয়াছে।

কাইরো (Cairo)—সংযুক্ত আরব সাধারণতন্ত্রের রাজধানী। আফ্রিকার মধ্যে ইহা বৃহত্তম শহর। ইহা নীলনদের তীরে অবস্থিত।

কাঁটালপাড়া—চব্বিশ পরগনা জেলার অন্তর্গত একটি গ্রাম। ইহা সুপ্রসিদ্ধ সাহিত্যিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মস্থান।

কাঁথি—মেদিনীপুর জেলার একটি মহকুমা ও শহর। ইহা ধান ও চাউলের বাণিজ্যস্থান।

কাঞ্চনজঙ্ঘা—হিমালয় পর্বতের একটি বিখ্যাত শৃঙ্গ। ইহা নেপাল রাজ্যের অন্তর্গত। ইহার উচ্চতা প্রায় ২৮,১৭৬ ফুট।

কাঞ্চননগর—বর্ধমান জেলায় অবস্থিত একটি প্রসিদ্ধ স্থান। ছুরি, কাঁচি প্রঃ লৌহজাত শিল্পদ্রব্যের জন্য বিখ্যাত।

কাঠমাণ্ডু—নেপাল রাজ্যের রাজধানী। ইহা বাঘমতী নদীর তীরে অবস্থিত।

কাণ্ব-বংশ—সুঙ্গবংশের শেষ রাজাকে হত্যা করিয়া তাঁহার ব্রাহ্মণ মন্ত্রী বাসুদেব এক নূতন রাজবংশের প্রতিষ্ঠা করেন। এই বংশের নাম 'কাণ্ব-বংশ'।

কাথিয়াবাড়—গুজরাটের অন্তর্গত একটি উপদ্বীপ। ইহার প্রাচীন নাম সুরাষ্ট্র।

কানপুর—উত্তরপ্রদেশের একটি বিখ্যাত শহর।

কানাডা (Canada)—উত্তর আমেরিকার উত্তরাংশে অবস্থিত একটি দেশ। ইহার আয়তন ৩৮,৫১,৮০৯ বর্গমাইল। ইহার রাজধানী অটোয়া।

কানাড়ী—দক্ষিণ-ভারতের একটি ভাষা।

কান্দাহার—আফগানিস্তানের একটি বিখ্যাত শহর।

কান্যকুব্জ—উত্তরপ্রদেশের ফরাক্কাবাদ জেলায় অবস্থিত স্থান বিঃ। 'কনৌজ' নামেও পরিচিত। ইহা আর্য সভ্যতার একটি কেন্দ্র ছিল। ১০১৮ খ্রীষ্টাব্দে সুলতান মামুদ কর্তৃক এই স্থান বিধ্বস্ত হয়।

কাফ্রী—দক্ষিণ আফ্রিকার কৃষ্ণকায় আদিম অধিবাসী।

কাবা শরীফ—মক্কার বিখ্যাত মসজিদের অভ্যন্তর-ভাগ। ভক্ত মুসলমানগণকে ইহা বৎসরে মাত্র তিনবার দেখানো হয়।

কাবুল—আফগানিস্তানের রাজধানী।

কাবেরী নদী—দাক্ষিণাত্যে ব্রহ্মগিরি পর্বত হইতে বাহির হইয়া বঙ্গোপসাগরে পড়িয়াছে। ইহার দৈর্ঘ্য প্রায় ৫৭৪ মাইল।

কামরূপ—ভারতের ৫১ পীঠস্থানের অন্যতম। ইহা আসামে অবস্থিত।

কামারপুকুর—হুগলী জেলার একটি প্রসিদ্ধ স্থান। এখানে শ্রীশ্রীরামকৃষ্ণদেবের জন্ম হয়।

কাম্চাট্কা (Kamschatka)—সাইবেরিয়ার একটি উপদ্বীপ। ওখট্স্ক সাগর ও বেরিং সাগরের মধ্যে অবস্থিত। পেট্রো-প্যাভ্লোভস্ক ইহার রাজধানী।

কাম্বোডিয়া—থাইল্যাণ্ড ও দক্ষিণ ভিয়েতনামের অন্তর্গত একটি রাষ্ট্র। রাজধানী নম-পেন। আয়তন ৭০,০০০ বর্গমাইল।

কারবালা—আরবদেশের একটি ক্ষুদ্র মরুভূমি। ইহা ইউফ্রেটিজ নদীর কূলে অবস্থিত।

কারাকোরম (Karakorum)—হিমালয়ের উত্তর পার্শ্বে তিব্বত দেশে অবস্থিত পর্বত। ইহার উচ্চতা প্রায় ২৬,০০০ ফুট।

কারিকল—ভারতের করমণ্ডল উপকূলে অবস্থিত

একটি স্থান। ১৭৩৯ খ্রীষ্টাব্দে ফরাসীগণ এই স্থান অধিকার করিয়াছিল।

কার্থেজ (Carthage)—আফ্রিকার উত্তর-পূর্ব টিউনিসের রাজধানী। ইহা একটি প্রাচীন নগর। খ্রীঃ পূঃ ১৪৬ অব্দে রোমকেরা এই নগর ধ্বংস করে।

কার্বন (Carbon)—একটি মৌলিক পদার্থ। ইহা হীরক, কয়লা, ঝুল, কৃষ্ণসীস (Graphite), পাথুরিয়া কয়লা প্রঃতে বিশুদ্ধরূপে বর্তমান।

কার্বলিক অ্যাসিড (Carbolic Acid)—কার্বন, হাইড্রোজেন এবং অক্সিজেনের সংমিশ্রণে প্রস্তুত তরল রাসায়নিক পদার্থ বিঃ। কোল-টার (Coal-tar) পরিস্রুত করিলে ইহা পাওয়া যায়। বিশুদ্ধ অবস্থায় ইহাকে স্বচ্ছ ও প্রায় বর্ণহীন দেখায়। ইহার গন্ধ অতিশয় তীব্র। ইহা অতিশয় তীব্র এবং অগ্নির ন্যায় দাহক।

কার্সিয়াং—দার্জিলিং জেলার একটি স্বাস্থ্যকর স্থান। ইহা ডি. এইচ্. রেলওয়ের একটি স্টেশন এবং একটি বাণিজ্যপ্রধান স্থান। এখানে একটি যক্ষ্মা-হাসপাতাল আছে।

কালাহারি (Kalahari)—দক্ষিণ-পশ্চিম আফ্রিকার একটি বিরাট্ মরুভূমি। আয়তন প্রায় ২০,০০০ বর্গমাইল।

কালিকট—মালাবার উপকূলে অবস্থিত একটি বিখ্যাত সামুদ্রিক বন্দর ও শিল্প-প্রধান স্থান।

কালিঞ্জর—বুন্দেলখণ্ডের অন্তর্ভুক্ত একটি ইতিহাস-প্রসিদ্ধ স্থান।

কালিন্দী—বৃন্দাবনস্থ যমুনানদীর অন্য নাম।

কালিফোর্নিয়া (California)—আমেরিকার যুক্ত-রাষ্ট্রের অন্তর্গত ও প্রশান্ত মহাসাগরের তীরবর্তী একটি রাজ্য। ইহার আয়তন ১,৫৮,৬৯৩ বর্গ-মাইল।

কালিম্পং—দার্জিলিং জেলার একটি পার্বত্য স্বাস্থ্যকর স্থান।

কালীঘাট—ভারতের ৫১টি পীঠস্থানের অন্যতম। ইহা কলিকাতার দক্ষিণাংশে অবস্থিত। ইহা হিন্দুদিগের একটি প্রসিদ্ধ তীর্থস্থান।

কাশিমবাজার—মুর্শিদাবাদের একটি প্রসিদ্ধ স্থান। মুসলমান রাজত্বের শেষভাগে ইহা একটি শ্রেষ্ঠ বাণিজ্যস্থান ছিল। ইহা ভাগীরথীর তীরে অবস্থিত।

কাশী—উত্তরপ্রদেশের একটি প্রসিদ্ধ শহর ও হিন্দু-দিগের তীর্থস্থান।

কাশ্মীর—ভারতের উত্তর-পশ্চিম কোণে অবস্থিত ভারতের অন্তর্গত রাজ্য। রাজধানী শ্রীনগর। ইহার পূর্ণ নাম 'জম্মু ও কাশ্মীর'।

কাস্পিয়ান সাগর—এশিয়া ও ইওরোপের মধ্যবর্তী পৃথিবীর বৃহত্তম হ্রদ। ইহার দৈর্ঘ্য ৭০০ মাইল, বিস্তার ২৭০ মাইল।

কিওটো (Kioto)—জাপানের প্রাচীন রাজধানী।

কিণ্ডারগার্টেন (Kindergarten)—শিশুদের শিক্ষা-প্রণালী-বিঃ। এই প্রণালী উনবিংশ শতাব্দীর মধ্যভাগে ফ্রিড্রিক ফ্রোবেল কর্তৃক প্রবর্তিত হয়। ইহাতে শিশুদিগকে পুতুল, ক্রীড়া, সংগীত এবং অন্যান্য শিশুচিত্তাকর্ষক বস্তু ও বিষয়ের সাহায্যে শিক্ষাদান করা হয়।

কিরাতজাতি—প্রাচীন অনার্য জাতির একটি শাখা। ইহাদের অপর নাম 'কিরান্তি'। যজুর্বেদ ও অথর্ব-বেদে ইহাদের উল্লেখ দেখিতে পাওয়া যায়। ইহারা তিব্বতীয় ব্রহ্মজাতির অন্তর্ভুক্ত।

কীর্তিনাশা—রাজা রাজবল্লভের কীর্তি একুশ মন্দির পদ্মার স্রোতে ভাঙিয়া পড়ায় পদ্মার একাংশের এই নাম হইয়াছে। মেঘনার সহিত মিলিত হইবার পূর্ব পর্যন্ত পদ্মার যে অংশ ঢাকা জেলায় অবস্থিত, তাহাকে কীর্তিনাশা বলে।

কুকী—এক শ্রেণীর পার্বত্য জাতি। ইহারা পার্বত্য ত্রিপুরায় বাস করে।

কুতুব মীনার—দিল্লীর বিখ্যাত স্তম্ভ। দাস-বংশের প্রথম সুলতান কুতবউদ্দীন ইরানের উশ-নিবাসী খাজা কুতবউদ্দীন-নামক ফকীরের স্মৃতি রক্ষার্থ একটি মসজিদ ও এই স্তম্ভ নির্মাণ করান। সুলতান কুতবউদ্দীন ইহার নির্মাণ আরম্ভ করিলেও তিনি ইহা শেষ করিয়া যাইতে পারেন নাই। তাঁহার জামাতা ইলতুৎমিস ইহা সমাপ্ত করেন।

কুমারিকা অন্তরীপ (Cape Comorin)—ভারত-বর্ষের দক্ষিণ প্রান্তে অবস্থিত অন্তরীপ।

কুমেরু—ইহার অপর নাম দক্ষিণ মেরু (South Pole)। পৃথিবীর সর্বদক্ষিণ প্রান্তস্থিত ভূভাগ। ইহার পৃষ্ঠদেশ সমুদ্রপৃষ্ঠ হইতে প্রায় ৯,০০০ ফুট উচ্চ। এখানে ছয় মাস রাত্রি ও ছয় মাস দিন। এখানে বৎসরের সকল সময়েই শীত বর্তমান থাকে। সুদীর্ঘ মেরু-রজনীতে এখানে 'মেরু-জ্যোতি' নামে একপ্রকার আলো দেখিতে পাওয়া যায়। এখানে 'পেঙ্গুইন' ও 'স্কুয়াগাল'-নামক পক্ষী এবং 'সীল'-নামক বৃহদাকার জলজন্তু দেখিতে পাওয়া যায়।

কুমেরু-অভিযান—১৯০১ খ্রীষ্টাব্দে কাপ্তেন স্কট কুমেরু আবিষ্কার করিতে যান, কিন্তু বিফলমনো-রথ হন। লেঃ শ্যাকল্টন ১৯০৮ খ্রীষ্টাব্দে যাত্রা করেন এবং ১৯০৯ খ্রীষ্টাব্দে ৯ই জানুয়ারি তারিখে কুমেরুর ১১১ মাইল দূর হইতে ফিরিয়া আসেন। ১৯১০ খ্রীষ্টাব্দে কাপ্তেন স্কট পুনরায় যাত্রা করেন। তাঁহার সঙ্গে ছিলেন ডাঃ উইল্সন, কাপ্তেন ওট্স, বাওয়ার্স ও ইভান্স। ১৯১২ খ্রীষ্টাব্দের ১৮ই জানুয়ারি তাঁহারা দক্ষিণ মেরুতে উপস্থিত হন, কিন্তু ফিরিবার পথে সকলেই মারা যান। কিন্তু নরওয়েবাসী কাপ্তেন আমাণ্ড্সেন ১৯১১ খ্রীষ্টাব্দের ১৪ই ডিসেম্বর তারিখে অর্থাৎ স্কটের প্রায় ১ মাস আগে তথায় পৌঁছিয়াছিলেন। বর্তমানে এভারেস্ট-বিজয়ী স্যার এডমণ্ড হিলারী কুমেরু অভিযান করিয়া বহু তথ্য আবিষ্কার করিয়াছেন।

কুম্ভমেলা—পুণ্যযোগ-বিশেষে সন্ন্যাসি-সম্মেলন বিঃ।

রবিবারযুক্ত পূর্ণিমায় মকররাশিতে সূর্য এবং বৃহস্পতি মিলিত হইলে কুম্ভযোগ হয় এবং তাহাতে প্রয়াগ ও হরিদ্বারে গঙ্গাস্নান পুষ্কর-স্নানতুল্য পুণ্যপ্রদ হয়। দ্বাদশ বৎসর অন্তর উক্ত দুই স্থানে কুম্ভমেলা হয়। প্রয়াগে হয় মাঘ মাসে এবং হরিদ্বারে হয় মহাবিষুব সংক্রান্তিতে। হরিদ্বারে প্রতি বৎসর অর্ধকুম্ভমেলা হয়।

কুরুক্ষেত্র—হরিয়ানা রাজ্যের অন্তর্গত প্রসিদ্ধ তীর্থ-স্থান। এখানে কৌরব ও পাণ্ডবদিগের অষ্টাদশ দিবসব্যাপী যুদ্ধ হইয়াছিল। কোন কোন পণ্ডিত অনুমান করেন যে, ঐ যুদ্ধ খ্রীষ্টপূর্ব ২৪৪৯ অব্দে ঘটিয়াছিল।

কুর্গ—কর্ণাটক রাজ্যের অন্তর্গত একটি অঞ্চল। আয়তন প্রায় ১,৫৮৭ বর্গমাইল।

কুর্দিস্তান (Kurdistan)—ইরান, ইরাক, আর্মেনিয়া ও তুরস্কের অংশ বিঃ-ব্যাপী অঞ্চলের নাম।

কুশান-বংশ—ইউ-চি জাতির একটি শাখা। ইউ-চি জাতি যাযাবর-অভ্যাস ত্যাগ করিয়া গৃহস্থবৃত্তি অবলম্বন করিলে পাঁচটি শাখায় বিভক্ত হয়, তন্মধ্যে এই শাখাই প্রধান। এই বংশের শ্রেষ্ঠ রাজা ছিলেন কনিষ্ক।

কুশীনগর—প্রাচীন নগর বিঃ। এইখানে ভগবান্ গৌতম বুদ্ধ দেহত্যাগ করেন।

কৃষ্ণ সাগর (Black Sea)—ইওরোপের একটি সাগর। দার্দানেলিস প্রণালী ও মর্মর সাগর দ্বারা ইহা ভূমধ্যসাগরের সহিত যুক্ত রহিয়াছে।

কেদারনাথ—তেহ্‌রি-গাড়োয়াল অঞ্চলের একটি পর্বত। এখানকার শিবমন্দির প্রসিদ্ধ।

কেনিয়া (Kenya)—পূর্ব-আফ্রিকায় অবস্থিত একটি স্বাধীন রাষ্ট্র। রাজধানী নাইরোবি। ইহার আয়তন ২,২৪,৯৬০ বর্গমাইল।

কেন্দুবিল্ব—বীরভূম জেলার একটি প্রসিদ্ধ স্থান। 'গীতগোবিন্দ'-রচয়িতা কবি জয়দেব এখানে জন্ম-গ্রহণ করেন।

কেপ টাউন (Cape Town)—দক্ষিণ-আফ্রিকার একটি বিখ্যাত শহর।

কেম্ব্রিজ (Cambridge)—ইংলণ্ডের একটি বিখ্যাত শহর। এখানকার বিশ্ববিদ্যালয় প্রসিদ্ধ।

কেল্ট জাতি (The Celt)—প্রাচীন ব্রিটনদের নাম। ইহা ইন্দো-ইওরোপীয় জাতির একটি শাখা।

কৈলাস—১। হিমালয় পর্বতের অন্যতম শৃঙ্গ। ইহার উচ্চতা প্রায় ২৭,৯০০ ফুট। ইহা ভারতের উত্তর সীমার বাহিরে তিব্বতের মধ্যে মানস সরো-বরের উত্তরে অবস্থিত। ২। পৌরাণিক পর্বত বিঃ। মহাদেবের বাসস্থান বলিয়া কল্পিত।

কোকনদ—অন্ধ্র রাজ্যের অন্তর্গত একটি বন্দর। এইস্থানে ১৯২৩ খ্রীষ্টাব্দে নিখিল ভারত জাতীয় মহাসভার অধিবেশন হয়।

কোকেন (Cocaine)—একপ্রকার মাদক দ্রব্য। ইহা কোকো-নামক শণ-জাতীয় বৃক্ষের নির্যাস। এই বৃক্ষ বলিভিয়া এবং পেরুতে জন্মে।

কোকো (Cocoa or Cacao)—একপ্রকার বৃক্ষ। ইহার বীজ-চূর্ণ দ্বারা চায়ের ন্যায় উত্তেজক পানীয় প্রস্তুত হয়। সিংহল, ওয়েস্ট ইণ্ডিজ, মধ্য-আমেরিকা প্রঃ স্থানে ইহার চাষ হয়।

কোচিন—কেরলের একটি অঞ্চল।

কোনারক—ওড়িশা রাজ্যের একটি বিখ্যাত স্থান। এখানকার সূর্যমন্দির হিন্দু স্থাপত্যশিল্পের একটি উৎকৃষ্ট নিদর্শন।

কোয়েটা—পাকিস্তানের অন্তর্গত বেলুচিস্তানের প্রধান শহর। ১৯৩৫ খ্রীষ্টাব্দে এখানে ভীষণ ভূমিকম্প হয়। ফলে সমগ্র কোয়েটা শহরটি বিধ্বস্ত হয়।

কোরিয়া—পীত সাগর ও জাপান সাগরের মধ্যবর্তী একটি উপদ্বীপ। বর্তমানে ইহা উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়া—এই দুই অংশে বিভক্ত।

কোলজাতি—ভারতীয় অনার্যজাতির একটি শাখা। ইহারা নূতন প্রস্তরযুগের (New Stone Age) লোক।

কোলার—(কর্ণাটকের) পূর্বাংশে অবস্থিত একটি স্থান। এখানকার স্বর্ণখনি প্রসিদ্ধ।

কোশল—কাশীর উত্তর হইতে সমগ্র অযোধ্যা প্রদেশকে পূর্বে কোশল বলা হইত।

কোহিনূর—পৃথিবী-বিখ্যাত হীরকখণ্ড। প্রথমে ইহা মালবের হিন্দুরাজার অধিকারে ছিল। ক্রমে ইহা মোগল বাদশাহ্‌দিগের অধিকারে আসে। ১৭৩৯ খ্রীষ্টাব্দে নাদির শাহ্ মোগল-সম্রাট্ মহম্মদ শাহ্‌কে পরাস্ত করিয়া তাঁহার নিকট হইতে ইহা লইয়া যান। নাদির শাহ্‌ই ইহার নাম রাখেন 'কোহ্-ই-নূর'। অতঃপর ইহা যথাক্রমে নাদিরের পুত্র আহম্মদ শাহ্, শাহ্ শুজা, রণজিৎ সিংহ, দলীপ সিংহ ও লর্ড ডালহৌসির অধিকারে আসে। বর্তমানে ইহা ইংলণ্ডে আছে। ইহার বর্তমান ওজন ১০৩ ক্যারাট।

ক্যামেরা (Camera)—আলোকচিত্র বা ফোটো তুলিবার যন্ত্র।

ক্যারাট গোল্ড—খাদমিশ্রিত সোনা। ২৪ ক্যারাট গোল্ড খাঁটি সোনা। ২২ ক্যারাট গোল্ড গিনি সোনা।

ক্রিপ্টোগ্রাফি (Cryptography)—একপ্রকার গোপ-নীয় লিখন-প্রণালী। যুদ্ধাদির সময় সংবাদাদি প্রেরণকালে শত্রুপক্ষের দুর্বোধ্য এই লিপিসংকেত ব্যবহৃত হয়।

ক্রুজার (Cruiser)—একপ্রকার দ্রুতগামী যুদ্ধ-জাহাজ। বাণিজ্য-জাহাজ রক্ষা করিবার জন্য অথবা শত্রুর আক্রমণ লক্ষ্য করিবার জন্য ইহা ব্যবহৃত হয়।

ক্রুশ (Cross)—মহাত্মা যীশুখ্রীষ্টকে '+' এই-রূপ আকারের কাষ্ঠখণ্ডে বিদ্ধ করিয়া হত্যা করা হয়। সেই হেতু খ্রীষ্টানগণ এই চিহ্নটিকে শ্রদ্ধা করিয়া থাকেন। এইরূপ আকারের পদার্থকে 'ক্রুশ'

বলে। বিভিন্ন আকারের ক্রুশ দেখিতে পাওয়া যায়।

ক্রুসেড (Crusade)—মুসলমানদিগের অধিকার হইতে পবিত্র তীর্থস্থান জেরুজালেম উদ্ধার করিবার জন্য পিটার দি হার্মিট নামে এক ব্যক্তি এক আন্দোলন উপস্থিত করেন এবং ঐ সময় হইতে ১২৭১ খ্রীষ্টাব্দ পর্যন্ত ইওরোপের বিভিন্ন খ্রীষ্টীয়ান রাজা মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন। ঐ সকল যুদ্ধ 'ক্রুসেড' বা ধর্মযুদ্ধ নামে খ্যাত। মোট আটবার ক্রুসেড যাত্রা হইয়াছিল। ইহার ফলে লক্ষ লক্ষ লোকের প্রাণ ও অপরিমিত অর্থ নষ্ট হইয়াছিল। কিন্তু কিছুতেই কিছু হয় নাই। শেষ পর্যন্ত জেরুজালেম মুসলমানদের হাতেই রহিয়া যায়।

ক্রেস্কোগ্রাফ (Crescograph)—সার জগদীশচন্দ্র বসুর উদ্ভাবিত বৈদ্যুতিক যন্ত্র বিঃ। বৃক্ষাদি জীবিত পদার্থে ঔষধাদি প্রয়োগ করিলে তাহারা কিরূপ সাড়া দেয় অর্থাৎ তাহাদের স্নায়ু, শিরা প্রঃ কিরূপ ক্রিয়া করে, তাহার রেখাচিত্র এই যন্ত্র দ্বারা গ্রহণ করা যায়। ইহাতে পাঁচলক্ষ হইতে কোটিগুণ পর্যন্ত বর্ধিতাকারে উদ্ভিদের স্নায়ু প্রঃর স্পন্দন লিপিবদ্ধ হয়।

ক্লোরিন (Chlorine)—বাষ্পাকার মৌলিক পদার্থ। ম্যাঙ্গানিজ ডাই-অক্সাইডের সহিত হাইড্রোক্লোরিক অ্যাসিড মিশাইলে ইহা উৎপন্ন হয়।

ক্লোরোফর্ম (Chloroform)—সংজ্ঞাহারক তরল পদার্থ বিঃ। ইহা বর্ণহীন এবং উদ্বায়ী। ইহা শুঁকিলেই অনুভূতি-শক্তি লোপ পায়। বিখ্যাত জার্মান ডাক্তার জুস্টুস বারোন ফোন লিবিগ (Justus Baron von Liebig) ইহার আবিষ্কার করেন এবং সার জেম্‌স্ ইয়ং (Sir James Young) ইহা চিকিৎসা-কার্যে প্রথম ব্যবহার করেন।

খ

খনার বচন—বঙ্গদেশে প্রচলিত পদ্যাকারে রচিত কতিপয় প্রবাদবচন। 'খনার বচন' যে খনা-নামক কোন ব্যক্তিবিশেষের বচন তাহা মনে হয় না। বিভিন্ন খনার বচনের রচনা-রীতির অসামঞ্জস্য দেখিলেই বুঝিতে পারা যায় যে, উহার মধ্যে অনেক ব্যক্তির রচনা প্রক্ষিপ্ত আছে।

খলিফা—মুসলিম জগতের ধর্মগুরু ও আরবের ভূত-পূর্ব রাজা। হজরত মোহাম্মদের মৃত্যুর পর যে-সকল ব্যক্তি ক্রমে ক্রমে পূর্বোক্ত পদগৌরব লাভ করেন, তাঁহাদের উপাধি ছিল 'খলিফা'। প্রথম খলিফা হন মোহাম্মদের শ্বশুর আবুবকর। বহু-কাল পরে তুরস্কের সুলতান বলপূর্বক খলিফার পদ অধিকার করেন। তদবধি তুরস্কের সুলতান-গণই ঐ পদ অধিকার করিয়া আসিতেছিলেন। অতঃপর মোস্তাফা গাজী কামাল আতাতুর্ক সুল-তানের পদ উঠাইয়া দিলে খলিফার পদও লোপ পায়।

খাইবার গিরিসংকট—পাকিস্তানের উত্তর-পশ্চিমে বর্তমান একটি সংকীর্ণ পার্বত্য পথ। ইহা পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যে অবস্থিত এবং পেশোয়ার ও কাবুলকে সংযুক্ত করিতেছে।

খাণ্ডব—মহাভারতোক্ত ইন্দ্রপ্রস্থ নগরের নিকটবর্তী বন। বর্তমানে ইহা মধ্যপ্রদেশের নিমার জেলার প্রধান নগর।

খাসিয়া-জয়ন্তিয়া পাহাড়—মেঘালয় রাজ্যের একটি জেলা। মেঘালয়ের রাজধানী শিলং এই জেলায় অবস্থিত।

খাসিয়া জাতি—আসামের এক শ্রেণীর পার্বত্য জাতি। ইহাদের রং হলদে, চোখ সরু ও টানা এবং গালের হাড় উঁচু।

খিলজী-বংশ—দিল্লীর শেষ দাস-সুলতান কায়কো-বাদকে হত্যা করিয়া খিলজী-সম্প্রদায় তাহাদের দলপতি জালালুদ্দীন ফিরোজকে দিল্লীর সুলতান করে। জালালুদ্দীনের প্রতিষ্ঠিত বংশকে খিলজী-বংশ বলা হয়।

খিলাফৎ আন্দোলন—১৯১৪-১৮ খ্রীষ্টাব্দের ইও-রোপীয় মহাযুদ্ধে তুরস্ক জার্মানীর পক্ষে যোগ দেয়। যুদ্ধে জার্মানীর পরাজয় হইলে বিজয়ীদল তুরস্কের প্রতি কঠোর শাস্তির বিধান করে। তুরস্কের খলিফা ইংলণ্ডে নির্বাসিত হন। তুরস্কের প্রতি এই অত্যাচারে ক্ষুব্ধ হইয়া ভারতীয় মুসল-মানগণ ১৯২০ খ্রীষ্টাব্দে এক প্রবল আন্দোলন আরম্ভ করেন। পরে ঐ আন্দোলন মহাত্মা গান্ধীর প্রবর্তিত অসহযোগ আন্দোলনের সহিত যুক্ত হয়। কিন্তু ইহার কিছুকাল পরে তুরস্কের শক্তিশালী নেতা মুস্তাফা গাজী কামাল আতাতুর্ক খলিফার পদটি তুলিয়া দিলে ভারতীয় আন্দোলনকারিগণ হতবুদ্ধি হইয়া পড়েন। ক্রমে ক্রমে আন্দোলনও লোপ পায়।

খোন্দ জাতি—ওড়িশার একটি জাতি।

খ্রীষ্টান ধর্ম—মহাত্মা যীশুখ্রীষ্ট কর্তৃক প্রবর্তিত ধর্মমত। New Testament নামক ধর্মগ্রন্থে ইহার বিশদ বিবরণ লিখিত আছে। এই ধর্মে ঈশ্বর এক ও অদ্বিতীয় এবং ক্ষমাই পরম ধর্ম বলা হইয়াছে। সমগ্র পৃথিবীর প্রায় এক চতুর্থাংশ লোক খ্রীষ্টান।

খ্রীষ্টাব্দ—খ্রীষ্টান ধর্মের প্রবর্তক মহাত্মা যীশু-খ্রীষ্টের জন্ম বা জন্মের তিন-চারি বৎসর পর হইতে গণিত বৎসর।

গ

গংগা—ভারতের একটি বিখ্যাত নদী। ইহা তেহ্‌রি-গাড়োয়াল অঞ্চলের গোমুখী-নামক তুষারক্ষেত্র হইতে উৎপন্ন হইয়াছে। এই স্থানের অপর নাম

গঙ্গোত্রী। গঙ্গা পশ্চিমবঙ্গের মধ্য দিয়া বঙ্গোপসাগরে পড়িয়াছে। ইহার দৈর্ঘ্য ১,৫৫৭ মাইল।

গঙ্গোত্রী—তেহ্‌রি-গাড়োয়াল অঞ্চলের হিমবাহ বিঃ। এই স্থলে গঙ্গানদীর উৎপত্তি হইয়াছে।

গজনী—আফগানিস্তানের একটি প্রাচীন শহর। ইহা কাবুল ও কান্দাহারের মধ্যে অবস্থিত ছিল।

গডউইন-অস্টেন (Godwin-Austen)—হিমালয়ের দ্বিতীয় উচ্চতম শৃঙ্গ। ইহার উচ্চতা ২৮,২৫০ ফুট এবং এভারেস্টের ঠিক নিম্নেই অবস্থিত। মতান্তরে ইহা কারাকোরামের শৃঙ্গ, হিমালয়ের নহে।

গন্ডোলা (Gondola)—একপ্রকার নৌকা। ইহা ভেনিসে বিশেষ প্রচলিত। ইহার একটিমাত্র দাঁড়।

গয়া—বিহার রাজ্যের একটি জেলা ও শহর। ইহা হিন্দুদিগের একটি প্রসিদ্ধ তীর্থস্থান।

গরিলা—লাঙ্গুলবিহীন বৃহত্তম বানর। ইহারা দেখিতে কতকটা মানুষের মত। ইহারা আফ্রিকার গভীর অরণ্যে বাস করে। ইহারা অতিশয় বলশালী। ইহারা উচ্চতায় ৬ ফুট পর্যন্ত হইয়া থাকে; পূর্ণবয়স্ক গরিলার বুক ৮০ ইঞ্চি পর্যন্ত বিস্তৃত হইয়া থাকে।

গল (Gaul)—ফ্রান্সের ও তাহার অধিবাসীদের প্রাচীন নাম।

গান্ধার—বর্তমান পেশোয়ার ও তাহার পার্শ্ববর্তী জেলাগুলি লইয়া প্রাচীনকালে এই নামে একটি রাজ্য ছিল। মহাভারতের যুগ হইতে মুসলমান-পূর্ব যুগ পর্যন্ত এই রাজ্য বিশেষ বিখ্যাত ছিল। বৌদ্ধযুগে ইহা শিল্প ও সাহিত্যের একটি বিখ্যাত শিক্ষাকেন্দ্র ছিল।

গারো—গারো পাহাড়ের অধিবাসী পার্বত্য জাতি বিঃ। ইহাদের গায়ের রং কালো, মুখ গোল ও নাক চেপটা।

গিলোটিন (Guillotine)—ফরাসী বিপ্লবের সময় অপরাধীর মৃত্যুদণ্ড দিবার জন্য ব্যবহৃত যন্ত্র-অস্ত্র বিঃ। দুইটি যূপকাষ্ঠের ঊর্ধ্বভাগে নিম্নমুখ শাণিত অস্ত্র থাকিত। উহার সঙ্গে একটি ভারী জিনিসও লাগানো থাকিত। অপরাধীর মস্তকচ্ছেদনের জন্য যূপকাষ্ঠের মধ্যে তাহার স্কন্ধটি স্থাপিত করিয়া উপরের অস্ত্রখানি ছাড়িয়া দিলেই উহা সবেগে নামিয়া আসিয়া তাহার মস্তক ছেদন করিয়া ফেলিত। ১৭৮৯ খ্রীষ্টাব্দে ডাঃ গিলোটিন French National Council-এ ইহার প্রচলনের প্রস্তাব করেন। তাঁহারই নাম হইতে ইহার নাম 'গিলোটিন' হয়।

গীতা—মহর্ষি বেদব্যাস রচিত মহাভারতের ভীষ্মপর্বের অংশ বিঃ; হিন্দুর শ্রেষ্ঠ ধর্মগ্রন্থ বলিয়া পরিগণিত। পূর্ণ নাম শ্রীমদ্ভগবদ্গীতা। ধর্মক্ষেত্র কুরুক্ষেত্রে আত্মীয়নিধন-বিমুখ অর্জুনকে শত্রুনিধনে উৎসাহিত করিবার জন্য ভগবান্ শ্রীকৃষ্ণ যে-সকল অমূল্য উপদেশ দান করিয়াছিলেন, তাহাই গীত নামে আখ্যাত।

গুজরাট—ইহার প্রাচীন নাম গুর্জররাষ্ট্র। ইহা বর্তমানে ভারতের একটি স্বতন্ত্র রাজ্য। আয়তন প্রায় ৭২,২৪৫ বর্গমাইল।

গুপ্তবংশ—ভারতের একটি প্রসিদ্ধ রাজবংশ। এই বংশের রাজারা ৩২০ খ্রীষ্টাব্দ হইতে ৫০০ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করিয়াছিলেন। ইহার প্রতিষ্ঠাতা প্রথম চন্দ্রগুপ্ত।

গুর্খা—নেপালের দক্ষিণ অংশকে 'গোরখা' বলে। প্রথমে কেবল এই স্থানের অধিবাসীকেই 'গোর্খা' বা 'গুর্খা' বলা হইত। এখন নেপালীমাত্রকেই সাধারণ ভাবে 'গুর্খা' বলা হয়।

গুর্জর-প্রতীহার বংশ—গুর্জরগণ সম্ভবতঃ হূনদিগের সহিত ভারতে প্রবেশ করিয়াছিল। ইহাদের নানা শ্রেণীর মধ্যে প্রতীহারগণই বিশেষ উল্লেখযোগ্য।

গোবি (Gobi)—মধ্য-এশিয়ার একটি বিস্তীর্ণ মরুভূমি। ইহা মঙ্গোলিয়া হইতে তুর্কীস্তানের পূর্ব পর্যন্ত বিস্তৃত।

গোয়া—ভারতের পশ্চিম-উপকূলে অবস্থিত একটি ইতিহাস-বিখ্যাত স্থান। ইহা বর্তমানে ভারতীয় যুক্তরাষ্ট্রের অন্তর্গত। ইহার আয়তন ১,৪৬৯ বর্গমাইল।

গোয়ালিয়র—মধ্যপ্রদেশের একটি সুবিস্তৃত অঞ্চল। ব্রিটিশ আমলে ইহা একটি করদ ও মিত্র রাজ্য ছিল। আয়তন ২৫,১০৭ বর্গমাইল।

গোলকুণ্ডা—হায়দরাবাদ শহরের ৫ মাইল পশ্চিমে অবস্থিত একটি প্রাচীন শহর। ইহা এককালে হীরকের খনির জন্য প্রসিদ্ধ ছিল।

গোল গম্বুজ—প্রাচীন বিজাপুরের সুলতান মোহাম্মদ আদিল শাহের সমাধিমন্দির। ইহা স্থাপত্য-সৌন্দর্যের জন্য অতিশয় বিখ্যাত।

গৌড়—মালদহ জেলায় অবস্থিত বঙ্গের প্রাচীন রাজধানী। ইহার অপর নাম লক্ষ্মণাবতী বা লখনৌতি। রাজধানীর নাম হইতে বঙ্গদেশের উত্তর-পশ্চিম অঞ্চল অথবা সমগ্র বঙ্গদেশই এক সময়ে 'গৌড়' নামে অভিহিত হইত।

গৌরীশংকর—মাউণ্ট এভারেস্টের নিকটবর্তী হিমালয়ের একটি শৃঙ্গ। উহার উচ্চতা ২৩,৪৪০ ফুট। মতান্তরে এভারেস্টরই অপর নাম গৌরীশংকর।

গ্যালভানোমিটার (Galvanometer)—বিদ্যুৎ-প্রবাহের গতি এবং শক্তির পরিমাপক বৈদ্যুতিক যন্ত্র বিঃ।

গ্রহ—যে-সকল জ্যোতিষ্ক সর্বদা সূর্যের চতুর্দিকে ঘুরিতেছে, তাহাদিগকে গ্রহ বলে। পৃথিবী, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, ইউরেনাস, নেপচুন ও প্লুটো সৌর-জগতের এই নয়টি গ্রহ প্রধান।

গ্রামোফোন (Gramophone)—স্বরধর ও স্বর-প্রকাশক যন্ত্র বিঃ। কাহারও গান রেকর্ড করিয়া সেই রেকর্ড ইহাতে জুড়িয়া দিলে অবিকল সেই গান ইহা হইতে পুনরায় গীত হয়। সেইজন্য

বাংলায় সাধারণভাবে ইহাকে বলে 'কলের গান'। ই. বের্লিনের (E. Berliner) ইহার উদ্ভাবক।

গ্রীন্‌উইচ (Greenwich)—ইংলণ্ডের অন্তর্গত টেম্‌স্‌ নদীর তীরবর্তী বিখ্যাত শহর। এখানকার মানমন্দির অতি প্রসিদ্ধ। এখানে শূন্য ডিগ্রি (০°) দ্রাঘিমাংশ ধরা হয়।

গ্রীন্‌ল্যান্ড (Greenland)—উত্তর আমেরিকার উত্তর-পূর্বে অবস্থিত বিরাট দ্বীপ। অধিবাসীদের মধ্যে অধিকাংশই এস্কিমো।

গ্রীস (Greece)—ইওরোপের অন্যতম রাজ্য। ইহা বল্কান উপদ্বীপের দক্ষিণে অবস্থিত। আয়তন প্রায় ৫১,১৮২ বর্গমাইল। রাজধানী এথেন্স।

গ্রেট ব্রিটেন (Great Britain)—যুক্তরাজ্য। ইংলণ্ড, ওয়েল্‌স্‌ ও স্কট্‌ল্যাণ্ড একত্রে গ্রেট ব্রিটেন নামে খ্যাত।

গ্র্যান্ড ট্রাঙ্ক রোড (Grand Trunk Road)—মুসলমান নৃপতি শের শাহ্‌ কর্তৃক নির্মিত বিখ্যাত রাজপথ। ইহা পঞ্জাব হইতে আরম্ভ হইয়া পশ্চিমবঙ্গে আসিয়া শেষ হইয়াছে। ইহার অপর নাম 'বাদশাহী সড়ক'। গ্র্যান্ড ট্রাঙ্ক রোড নামটি ইংরেজদের দেওয়া।

ঘ

ঘাট পর্বত—দাক্ষিণাত্যের পূর্বঘাট ও পশ্চিমঘাট পর্বতদ্বয়। পূর্বঘাট দাক্ষিণাত্যের পূর্ব উপকূলে এবং পশ্চিমঘাট উহার পশ্চিম উপকূলে অবস্থিত।

ঘাটাল—পশ্চিমবঙ্গের অন্তর্গত মেদিনীপুর জেলার একটি মহকুমা।

ঘোড়াঘাট—পশ্চিম দিনাজপুরের অন্তর্গত প্রসিদ্ধ স্থান। কথিত আছে, এখানে বিরাট-রাজের রাজধানী ছিল।

চ

চট্টগ্রাম—১। বাংলাদেশের একটি বিভাগ। ইহাতে চট্টগ্রাম, ত্রিপুরা, নোয়াখালি ও পার্বত্য চট্টগ্রাম এই চারিটি জেলা আছে। ২। বাংলাদেশের একটি জেলা। আয়তন ২,৫৭০ বর্গমাইল। ৩। চট্টগ্রাম জেলার সদর।

চন্দ্র—পৃথিবীর উপগ্রহ। ইহার পরিধি প্রায় ৬,৭৯০ মাইল এবং ব্যাস প্রায় ২,১৬০ মাইল। ইহা পৃথিবী হইতে প্রায় ২,৩৮,০০০ মাইল দূরে আছে। ইহা ২৯ দিন ১২ ঘণ্টা ৪৪ মিনিটে পৃথিবীর চারিদিকে একবার ঘুরিয়া আসে।

চব্বিশ পরগনা—পশ্চিমবঙ্গের অন্তর্গত প্রেসিডেন্সী বিভাগের একটি জেলা। ইহার আয়তন ৫,২৫৭ বর্গমাইল।

চম্পারণ-সত্যাগ্রহ—চম্পারণ বিহার রাজ্যের একটি জেলা। চম্পারণের দরিদ্র কৃষকদের উপর নীলকরগণ নিদারুণ অত্যাচার করিত। মহাত্মা গান্ধী ১৯১৯ খ্রীষ্টাব্দে কৃষকদের নেতৃত্ব গ্রহণ করিয়া সত্যাগ্রহ আরম্ভ করেন। কয়েক সপ্তাহ কার্য করিবার পরই তিনি সফলতা লাভ করেন। ভারতে ইহাই প্রথম প্রজা-সত্যাগ্রহ।

চিতোর—রাজস্থানের অন্তর্গত পূর্বেকার মিবার রাজ্যের প্রাচীন রাজধানী।

চিরস্থায়ী বন্দোবস্ত (Permanent Settlement)—লর্ড কর্নওয়ালিস জমিদারদিগের সহিত ব্যবস্থা করেন যে, গভর্নমেণ্টকে নির্দিষ্ট দিবসে নির্দিষ্ট পরিমাণ খাজানা দিয়া জমিদারগণ চিরদিনের জন্য জমি ভোগদখল করিতে পারিবেন। কিন্তু নির্দিষ্ট দিবসে সূর্যাস্তের পূর্বে খাজানা দিতে না পারিলে জমিদারি নিলামে বিক্রয় হইয়া যাইবে। ইহার নাম 'চিরস্থায়ী বন্দোবস্ত'। ইহা ১৭৯৩ খ্রীষ্টাব্দে বঙ্গ ও বিহারে এবং তাহার দুই বৎসর পরে বারাণসী অঞ্চলে প্রবর্তিত হয়। বর্তমানে জমিদারি প্রথার উচ্ছেদ হওয়ায় 'চিরস্থায়ী বন্দোবস্ত' বাতিল হইয়া গিয়াছে।

চিল্কা হ্রদ—ওড়িশার (উড়িষ্যার) একটি হ্রদ। ইহা বঙ্গোপসাগরের একেবারে কূলের নিকট বর্তমান। ইহা প্রায় ৪৪ মাইল দীর্ঘ এবং ২০ মাইল প্রশস্ত।

চীন—এশিয়ার অন্যতম দেশ। পৃথিবীর মধ্যে এই দেশই বৃহত্তম।

চীনের প্রাচীর (The Great Wall of China)—চীন দেশের উত্তর-পশ্চিম সীমান্ত দিয়া এই সুবৃহৎ প্রাচীর বরাবর প্রায় ১,৫০০ মাইল চলিয়া গিয়াছে। শত্রুর আক্রমণ প্রতিরোধ করিবার জন্য খ্রীঃ পূঃ ২১৪ অব্দে ইহার নির্মাণ আরম্ভ হয়।

চেকোশ্লোভাকিয়া (Czechoslovakia)—ইওরোপের একটি রাষ্ট্র। ১৯১৪-১৮ খ্রীষ্টাব্দের মহাযুদ্ধের পরে বোহিমিয়া, মোরাভিয়া, শ্লোভাকিয়া প্রঃ পাঁচটি জনপদ লইয়া এই রাষ্ট্রটি গঠিত হইয়াছে। ইহার আয়তন ১,৪০,০০,০০০ বর্গ কিলোমিটার।

চেদী-বংশ—ইহার অপর নাম হৈহয় বা কলচুরি-বংশ। প্রথম কোক্কল নামে এক ব্যক্তি এই বংশের প্রতিষ্ঠাতা।

চেরাপুঞ্জী—মিজোরামের একটি বিখ্যাত স্থান। এখানে পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা অধিক বৃষ্টি হয় (অবশ্য তিন চারি বৎসর ধরিয়া আসামের মসিনরাম অঞ্চলে বেশী বৃষ্টিপাত হইতেছে)।

ছ

ছায়াপথ—অন্ধকার রাত্রিতে মেঘমুক্ত আকাশে সাদা মেঘের ন্যায় যে চিহ্ন দেখা যায়, তাহাকেই ছায়াপথ বলে। ইংরেজীতে ইহাকে বলে Milky Way. ইহা বহুদূরবর্তী অসংখ্য নক্ষত্রের ঘন-সন্নিবিষ্ট আলোক ভিন্ন আর কিছুই নহে। আকাশে যে দূরপ্রসারী

ছায়াপথ দেখিতে পাওয়া যায়, আমাদের সৌরজগৎ তাহাতে অবস্থিত একটি নগণ্য বিন্দুবৎ। সমগ্র বিশ্বে এইরূপে ছায়াপথের সংখ্যা প্রায় একশ কোটি।

ছিয়াত্তরের মন্বন্তর—১১৭৬ বঙ্গাব্দে বঙ্গদেশে যে ভীষণ দুর্ভিক্ষ হয়, তাহাকেই 'ছিয়াত্তরের মন্বন্তর' বলা হয়। এই দুর্ভিক্ষে বাঙ্গালার প্রায় এক-তৃতীয়াংশ লোক প্রাণ হারাইয়াছিল।

ছোটনাগপুর—বিহার রাজ্যের একটি বিভাগ। পূর্বে ইহা বঙ্গদেশের অন্তর্গত ছিল। আয়তন ২৭,০০০ বর্গমাইল।

জ

জন্ বুল (John Bull)—বৈদেশিকগণ কর্তৃক ইংরেজ পুরুষদিগকে জন্ বুল আখ্যা দেওয়া হইয়া থাকে। আরবুথনোর History of John Bull-নামক পুস্তক হইতেই এই অভিধা গৃহীত হইয়াছে।

জম্মু—ভারতীয় যুক্তরাষ্ট্রের অন্তর্গত কাশ্মীর ও জম্মু রাজ্যের একটি প্রদেশ।

জর্ডন (Jordon)—এশিয়ার সিরিয়া অঞ্চলের একটি নদী; দৈর্ঘ্য মাত্র ১২০ মাইল। সমগ্র খ্রীষ্টান-জগতের নিকট জর্ডনের জল অতি পবিত্র।

জহর ব্রত—রাজপুতনারীদিগের বীরব্রত বিঃ। স্বদেশরক্ষার্থ যুদ্ধলিপ্ত কোন রাজপুত রাজার পরাজয় সম্ভাবনা থাকিলে রাজ্যের সম্ভ্রান্ত রমণীগণ সতীত্বরক্ষার্থে জ্বলন্ত অগ্নিতে আত্মাহুতি দিতেন। তাহারই নাম জহর ব্রত। একসময়ে দশ হাজারেরও অধিক রাজপুতরমণী মুসলমানদের অত্যাচার হইতে আত্মরক্ষার জন্য একযোগে জহরব্রত অবলম্বন করিয়াছিলেন।

জাগুয়ার—দক্ষিণ-আমেরিকার একজাতীয় গেছো বাঘ; ইহার সর্বাঙ্গে চিতাবাঘের মত ফুটকাটা এবং ইহা তাহারই মত হিংস্র বন্য জন্তু।

জাঞ্জিবার—পূর্ব আফ্রিকার তানজানিয়ার অন্তর্গত। রাজধানী জাঞ্জিবার। আয়তন ১,০২০ বর্গমাইল।

জাঠ—ভারতের পশ্চিম অঞ্চলের, প্রধানতঃ পঞ্জাব, রাজস্থান প্রঃ রাজ্যের একটি প্রাচীন জাতি।

জাপান (Japan)—এশিয়ার পূর্বভাগে প্রশান্ত মহাসাগরে অবস্থিত কতকগুলি দ্বীপ লইয়া গঠিত রাজ্য। আয়তন ১,৪২,৭০০ বর্গমাইল। সম্রাটের উপাধি মিকাডো। জাপানীরা প্রধানতঃ বৌদ্ধ-ধর্মাবলম্বী।

জাভা—এশিয়ার দক্ষিণে ভারত মহাসাগরে অবস্থিত মালয় দ্বীপপুঞ্জের অন্তর্গত একটি দ্বীপ।

জার (Czar বা Tsar)—রুশিয়ার সম্রাটগণ 'জার' উপাধিতে অভিহিত হইতেন। প্রথম মহাযুদ্ধের সময় রুশগণ জার বংশের বিলোপ সাধন করিয়া রুশিয়ায় সমাজতন্ত্রের প্রতিষ্ঠা করে।

জার্মান (German)—ইওরোপের জার্মানী-নামক দেশের অধিবাসীদিগকে 'জার্মান' বলে।

জার্মান সিল্ভার (German Silver)—একজাতীয় উজ্জ্বল শ্বেতবর্ণ মিশ্র ধাতু। সাধারণতঃ ইহা দ্বারা বাসনপত্রাদি নির্মিত হইয়া থাকে।

জার্মানী (Germany)—মধ্য-ইওরোপের একটি দেশ। বর্তমানে ইহা দুইটি রাষ্ট্রে বিভক্ত।

জালিয়ানওয়ালাবাগ—পাঞ্জাবের অমৃতসর শহরে একটি উদ্যানের নাম। রাউলাট আইনের প্রতিবাদস্বরূপ ঐ অঞ্চলে সামান্য উত্তেজনা দেখা দিলে ১৯২০ খ্রীষ্টাব্দে ইংরেজগণ কঠোর হস্তে তাহার দমন করে ও ডায়ার-নামক সৈন্যাধ্যক্ষ ঐ স্থানে প্রাচীর-বেষ্টিত মেলার দ্বার রুদ্ধ করিয়া শত শত নর-নারীকে হত্যা করে।

জিজিয়া—মুসলমান যুগে ভারতের মুসলমান শাসন-কর্তারা অ-মুসলমান ব্যক্তিদিগের নিকট হইতে মাথাপিছু নির্দিষ্টহারে একটি কর আদায় করিতেন। ইহাকে 'জিজিয়া' কর বলা হইত। সম্রাট্ আকবর এই ধর্মবিদ্বেষমূলক কর তুলিয়া দেন, কিন্তু আওরঙ্গজেব তাঁহার শাসনসময়ে ১৬৭১ খ্রীষ্টাব্দে ইহার পুনঃপ্রবর্তন করেন।

জিব্রাল্টার (Gibraltar)—১। স্পেনের দক্ষিণাংশে পর্বতোপরি অবস্থিত একটি নগর এবং দুর্গ। ২। বিখ্যাত প্রণালী বিঃ। স্পেনের দক্ষিণ-পশ্চিমাংশে ইহা আটলান্টিক মহাসাগর ও ভূমধ্য-সাগরকে সংযুক্ত করিতেছে। ৭১১ খ্রীষ্টাব্দে বিখ্যাত মুর-সেনাপতি তারিখ এই স্থান অধিকার করিলে তাঁহার নাম অনুসারে ইহার নাম হয় 'জবল্-অল্ তারিখ'। পরে এই নামটি সংক্ষিপ্ত হইয়া জিব্রাল্টার হয়।

জিহোভা (Jehovah)—হিব্রুগ্রন্থে ইহা বিশ্বস্রষ্টা পরমেশ্বরের নামান্তর। ইহুদীগণ এই পবিত্র নামটির প্রতি অতীব শ্রদ্ধা প্রদর্শন করেন।

জুগোশ্লাভিয়া (Yugoslavia)—ইওরোপের একটি রাষ্ট্র। রাজধানী বেলগ্রেড।

জেনেভা (Geneva)—সুইজারল্যান্ডের একটি বিখ্যাত শহর। এই নগরেই জাতিসংঘের অধিবেশন হয়।

জেন্দ-আবেস্তা (Zend-Avesta)—জরথুস্ত্র-রচিত পারসীকদের ধর্মগ্রন্থ। জরথুস্ত্র প্রথমে পারসীক-দের জন্য 'জেন্দ' নামে একখানি গ্রন্থ রচনা করেন, কিন্তু ইহা সাধারণের বোধগম্য না হওয়ায় তিনি 'আবেস্তা' নামে আর একখানি গ্রন্থ রচনা করিয়া উহাতে সহজ ভাবে ও সহজ ভাষায় তাঁহার ধর্মমত ব্যক্ত করেন। পরে উভয় গ্রন্থ একত্রে সংকলিত হইয়া 'জেন্দ্-আবেস্তা' নামে পরিচিত হইয়াছে। জেন্দ্-আবেস্তা পাঁচ খণ্ডে সম্পূর্ণ।

জেপেলিন (Zeppelin)—ইচ্ছামত চালাইবার উপযোগী প্রকাণ্ড উড়ো-জাহাজ (airship). ইহার আকার অনেকটা চুরুটের মত। ইহা সম আয়তনের বাতাস অপেক্ষা হালকা, এবং ইহাতে

চালাইবার যন্ত্র থাকে। জার্মানীর কাউণ্ট জেপেলিন ইহা উদ্ভাবন করায় তাঁহার নাম অনুসারে ইহার এই নাম হইয়াছে।

জেরুজালেম (Jerusalem)—প্রাচীন প্যালেস্টাইনের একটি নগর। সমুদ্রপৃষ্ঠ হইতে ইহা ২,৬৬০ ফুট উচ্চ।

জৈনধর্ম—মহাবীর-প্রচারিত ধর্মমত। এই ধর্ম অনেকাংশে বৌদ্ধধর্মেরই অনুরূপ। অহিংসা এই ধর্মের মূলমন্ত্র।

ঝ

ঝরিয়া—বিহার রাজ্যের একটি শহর। এখানে পাথুরিয়া কয়লার অনেক বড় বড় খনি আছে।

ঝিলাম—১। সিন্ধুনদের পাঁচটি উপনদীর একটি; ইহার অপর নাম বিতস্তা; কাশ্মীর হইতে প্রবাহিত হইয়া চন্দ্রভাগা নদীতে পড়িতেছে। ২। পঞ্জাবের একটি জেলা। এই জেলার সদর ঝিলাম শহর ঝিলাম নদীর তীরে অবস্থিত।

ট

টর্পেডো (Torpedo)—চুরুটের ন্যায় আকৃতিযুক্ত যুদ্ধাস্ত্র বিঃ। সমুদ্রমধ্যে অর্ণবপোতাদি ধ্বংস করিতে ইহার ব্যবহার হয়। ইহাতে 'গান কটন' প্রঃ বিস্ফোরক পদার্থ সংযুক্ত থাকে।

টাইটানিক জাহাজ (*The Titanic*)—ইহা এককালে পৃথিবীর সর্ববৃহৎ অর্ণবপোত ছিল। ইহার উচ্চতা ছিল জলের উপর ১৬৪ ফুট ও দৈর্ঘ্য ছিল ১,০০০ ফুট। ২,২০৬ জন আরোহী লইয়া এই সুবিশাল জাহাজটি ১৯১২ খ্রীষ্টাব্দের ১৩ই এপ্রিল নিশীথকালে বরফস্তূপে আহত হইয়া ইংলণ্ড হইতে নিউ ইয়র্কের পথে আটলান্টিক মহাসাগরে নিমজ্জিত হয়।

টাইফুন (Typhoon)—প্রবল ঝটিকা। শরৎকালে চীন সমুদ্রে এই প্রবল বায়ু-প্রবাহের উৎপত্তি হয়।

টাটানগর—বিহারের একটি প্রসিদ্ধ নগর। ইহার পূর্ব নাম সাকচী। ছোটনাগপুরের অন্তর্গত জামসেদপুর স্টেশনের ধারে এই নগরটি অবস্থিত। এইখানে জামসেদজী টাটার প্রতিষ্ঠিত লৌহকারখানা অবস্থিত। তাঁহারই নাম অনুসারে ইহা টাটানগর নামে প্রসিদ্ধ হইয়াছে।

টেলিগ্রাফ (Telegraph)—সাংকেতিক সংবাদ প্রেরণের যন্ত্র বিঃ। ১৮৩৩ খ্রীষ্টাব্দে Gauss এবং Weber নামে দুই ব্যক্তি সর্বপ্রথম কার্যকর টেলিগ্রাফ যন্ত্রের আবিষ্কার করেন।

টেলিগ্রাম (Telegram)—টেলিগ্রাফ-যন্ত্রে প্রেরিত সংবাদ।

টেলিফোন (Telephone)—একপ্রকার বৈদ্যুতিক স্বরসঞ্চারক যন্ত্র। ইহার দুই দিকে দুইটি যন্ত্র বৈদ্যুতিক তারের সাহায্যে পরস্পর সংলগ্ন থাকে। এই যন্ত্রসাহায্যে ভিন্ন ভিন্ন স্থানে অবস্থিত দুইজনে কথাবার্তা বলিতে পারে। ১৮৭৬ খ্রীষ্টাব্দে আমেরিকার গ্রেহাম বেল (Graham Bell) ইহা আবিষ্কার করেন।

টেলিভিশন (Television)—বেতারে বা টেলিফোনে বৈদ্যুতিক শক্তির সাহায্যে কোন পদার্থের বাস্তব দৃশ্যকে স্থানান্তরে প্রেরণের প্রক্রিয়া বিঃ। ইহাকে দূরেক্ষণযন্ত্র বলে। ১৯২৫ খ্রীষ্টাব্দে জে. এল. বেয়ার্ড ব্রিটেনে এবং সি. এফ. জেঙ্কিন্স্ আমেরিকায় টেলিভিশন যন্ত্র প্রদর্শন করেন। ১৯৩০ খ্রীষ্টাব্দের মার্চ মাসে ইংলণ্ডে সর্বপ্রথম টেলিভিশন টকি প্রদর্শিত হয়।

টেলিস্কোপ (Telescope)—দূরবীক্ষণ যন্ত্র। ইহার দ্বারা বহুদূরের বস্তু অতি সুস্পষ্ট এবং বৃহদাকার দেখা যায়। ১৫৫১ খ্রীষ্টাব্দে Roger Bacon সর্বপ্রথম এই যন্ত্র উদ্ভাবন করেন। দুইখানি উন্নতোদর পরকলা (Convex lens) একটি নলের দুই দিকে সংলগ্ন করিয়া সাধারণ টেলিস্কোপ নির্মিত হইয়া থাকে।

টোকিও (Tokio)—জাপানের রাজধানী। সুমিদা (Sumida) নদীর উভয় তীরে অবস্থিত।

ট্রয় (Troy)—এশিয়া মাইনরের অন্তর্গত একটি প্রাচীন নগর।

ট্রান্স-সাইবেরিয়ান রেলওয়ে (Trans-Siberian Railway)—পৃথিবীর দীর্ঘতম রেলপথ। রিগা (Riga) হইতে ভ্লাডিভস্টক (Vladivostock) পর্যন্ত ইহার দৈর্ঘ্য ৬,০০০ মাইল।

ট্রাফালগার যুদ্ধ—১৮০৫ খ্রীষ্টাব্দে অক্টোবর মাসে ইংরেজ ও ফরাসীদিগের মধ্যে এই যুদ্ধ সংঘটিত হয়। এই জলযুদ্ধে ইংলণ্ডের সেনাপতি অ্যাড্মিরাল নেল্সন কর্তৃক ফরাসী নৌবহর বিধ্বস্ত হয়, কিন্তু নেল্সন নিহত হন।

ট্রাম (Tram)—১৬৫৮ খ্রীষ্টাব্দে নিউ ইয়র্ক শহরে জন ফ্রান্সিস ট্রেন কর্তৃক এই গাড়ি প্রথম উদ্ভাবিত হয়। ১৮৬০ খ্রীষ্টাব্দে ইংলণ্ডের বার্কেন্হেড-নামক স্থানে ইহা প্রথম প্রচলিত হয়। আউটরাম (Outram) নামে এক ব্যক্তির নির্দেশমত ইহার জন্য লৌহপথ নির্মিত হয় বলিয়া তাঁহার নামের অপভ্রংশ 'ট্রাম' শব্দের প্রচলন হয়।

ঠ

ঠগী—ভারতবর্ষের দস্যু-সম্প্রদায় বিঃ। ইহারা ছদ্মবেশে পথিকগণের সহিত মিলিত হইয়া শেষে তাহাদের গলায় ফাঁস পরাইয়া যথাসর্বস্ব লুণ্ঠন করিয়া লইত। ১৮৩৬ খ্রীষ্টাব্দে ইংরেজ গভর্নমেণ্ট ইহাদের দমন করিতে সমর্থ হন। বাংলার ঠগীনেতা ছিলেন রামলোচন।

ড

ডলার (Dollar)—রৌপ্যমুদ্রা বিঃ। ডলার প্রথমে স্পেনে প্রচলিত ছিল। বর্তমানে উহা আমেরিকা, কানাডা এবং নিউফাউণ্ডল্যাণ্ডে মুদ্রারূপে প্রচলিত। আমেরিকার ডলার আমাদের দেশের প্রায় সাড়ে আট টাকার সমান।

ডাইনোসর (Dinosaur)—অধুনালুপ্ত চতুষ্পদ সরীসৃপ বিঃ। Mesozoic যুগে ইহারা পৃথিবীতে বিচরণ করিত। ইহাদের দেহের তুলনায় মস্তক ক্ষুদ্র ছিল। কোন কোন শ্রেণীর ডাইনোসর ২০ ফুট হইতে ১০০ ফুট পর্যন্ত দীর্ঘ হইত।

ডাচ (The Dutch)—হল্যাণ্ডের অধিবাসীরা বর্তমানে 'ডাচ' বা 'ওলন্দাজ' জাতি নামে পরিচিত।

ডানিয়ুব (The Danube)—দক্ষিণ-পূর্ব-ইওরোপের সর্বাপেক্ষা প্রসিদ্ধ নদী। দৈর্ঘ্য ১,৭৫০ মাইল।

ডার্বি (Derby)—ইংলণ্ডের অন্তর্গত ডার্বিশায়ারের একটি শহর। লণ্ডন হইতে ১২৯ মাইল। ডার্বির ঘোড়দৌড় সর্বাপেক্ষা প্রসিদ্ধ রেস্।

ডিক্রী (Decree)—রাজাদেশ বা আইন অনুযায়ী আদেশ। প্রথমে ডিক্রী বলিতে রোমক সম্রাট্‌দিগের সিদ্ধান্ত বুঝাইত। বর্তমানে ডিক্রী বলিতে আদালতের সিদ্ধান্ত বা ফয়সালা বুঝায়।

ডিনামাইট (Dynamite)—প্রচণ্ড শক্তিশালী বিস্ফোরক পদার্থ বিঃ। শতকরা ৭৫ ভাগ নাইট্রোগ্লিসারিন এবং শতকরা ২৫ ভাগ কিজ্‌লগুর মিশ্রণে ইহা প্রস্তুত হয়। ইহা সামরিক প্রয়োজনে এবং পাহাড় প্রঃ চূর্ণ করিবার জন্য বিশেষভাবে ব্যবহৃত হয়। আবিষ্কর্তা আলফ্রেড নোবেল।

ডেজি (Daisy)—একপ্রকার বন্যপুষ্প। ইংলণ্ড প্রঃ দেশের মাঠ ও গো-চারণক্ষেত্রে ইহা সাধারণতঃ জন্মিয়া থাকে।

ডেড্‌সী (The Dead Sea)—মর্মর বা মরু সাগর। পশ্চিম এশিয়ায় অবস্থিত একটি হ্রদ।

ডেন্‌মার্ক (Denmark)—ইওরোপ মহাদেশের একটি দেশ। আয়তন ১৬,৫৭৬ বর্গমাইল। রাজধানী কোপেনহাগেন (Copenhagen).

ডেল্‌ফি (Delphi)—গ্রীসের একটি প্রাচীন শহর, অ্যাপলো (Apollo) দেবের মন্দির ও দৈববাণীর জন্য একসময়ে বিশ্ববিখ্যাত ছিল।

ড্র্যাগন (Dragon)—কাল্পনিক পক্ষধারী রক্তচক্ষু সর্প বিঃ।

ঢ

ঢাকা—১। স্বাধীন রাষ্ট্র বাংলাদেশের একটি বিভাগ। আয়তন ১৪,৮২৯ বর্গমাইল। ২। ঢাকা বিভাগের একটি জেলা। আয়তন ২,৭১৩ বর্গমাইল। ৩। ঢাকা জেলার প্রধান শহর ও বাংলাদেশের রাজধানী।

ঢাকেশ্বরী—কালীমূর্তি বিঃ। ঢাকা শহরে ইঁহার প্রসিদ্ধ মন্দির আছে। ইঁহারই নাম অনুসারে এই শহরের নাম ঢাকা হইয়াছে।

ত

তক্ষশিলা—পঞ্জাবে (বর্তমান পাকিস্তানে) অবস্থিত প্রাচীন নগরী। পাণিনি ও চাণক্য এখানে জন্মগ্রহণ করেন। তক্ষ বা তক্ষক-নামক জাতি এখানে বাস করিত বলিয়া এস্থানের নাম তক্ষশিলা হয়। কাহারও মতে ভরতের পুত্র রাজা তক্ষ হইতে এই নামের উৎপত্তি হইয়াছে। এই নগরী প্রত্নতত্ত্ববিদ্‌গণের বিশেষ প্রিয়। তাঁহারা এখানকার ধ্বংসাবশেষ হইতে অনেক প্রাচীন ইতিহাস সংগ্রহ করিয়াছেন।

তমলুক (তাম্রলিপ্ত)—মেদিনীপুর জেলার অন্তর্গত একটি মহকুমা। পূর্বে ইহা তাম্রলিপ্ত নামে অভিহিত হইত। সে-সময়ে এখানে একটি প্রসিদ্ধ বন্দর ছিল।

তরাইন—দিল্লীর নিকটবর্তী একটি স্থান। এখানে দিল্লীর রাজা পৃথ্বীরাজের সহিত মহম্মদ ঘোরীর দুইবার যুদ্ধ হয়।

তাজমহল—সম্রাট্‌ শাহ্‌জাহানের প্রিয়তমা পত্নী মমতাজমহলের সমাধিসৌধ। ইহা ২২০ ফুট উচ্চ। ইহার নির্মাণ-কার্য ১৬৩২ খ্রীষ্টাব্দে আরম্ভ হয় এবং ১৬৫৩ খ্রীষ্টাব্দে শেষ হয়। ২০,০০০ কারিগর প্রায় ২০ বৎসর ধরিয়া নির্মাণ-কার্যে নিযুক্ত থাকিয়া ইহা শেষ করে।

তাম্রলিপ্ত—'তমলুক' দ্রঃ।

তালিকোটার যুদ্ধ—বিজয়নগরের শেষ বিখ্যাত রাজা সদাশিব রায়ের সহিত দাক্ষিণাত্যের মুসলমান সুলতানদিগের যে যুদ্ধ হয়, তাহাই ইতিহাস-প্রসিদ্ধ তালিকোটার যুদ্ধ। এই যুদ্ধ ১৫৬৫ খ্রীষ্টাব্দে সংঘটিত হয়। এই যুদ্ধের পরে হিন্দু-রাজ্য বিজয়নগর ধ্বংসপ্রাপ্ত হয়।

তিব্বত—মধ্য-এশিয়ার সু-উচ্চ পর্বতময় দেশ। ইহা চীনের অন্তর্গত। ইহাকে 'পৃথিবীর ছাদ' (Roof of the World) বলা হয়। এই মালভূমির সর্বনিম্ন স্থান ১২,০০০ ফুট উচ্চ। ইহার আয়তন ৭০,০০৩ বর্গমাইল। এখানকার অধিবাসীরা বৌদ্ধ।

তুন্দ্রা—রুশিয়ার উত্তরে বৃক্ষাদিশূন্য বিশাল সমতলভূমি। ইহা জলময় ও বরফে সমাচ্ছন্ন। এই তুষারময় ক্ষেত্রে এরূপ শীত যে, মানুষ গ্রীষ্মকাল ব্যতীত এখানে সহজে প্রবেশ করিতে পারে না। এখানকার অধিবাসীদের তুন্দ্রিম বলে।

তুরস্ক—এশিয়া ও ইওরোপের মুসলমান রাজ্য। রাজধানী আঙ্কারা (অ্যাঙ্গোরা)। তুরস্ক কামাল আতাতুর্কের অধিনায়কত্বে বিশেষ উন্নতি লাভ করে।

তুর্কজাতি—তুরস্কের অধিবাসীদিগকে তুর্কজাতি বলা হয়। মধ্য-এশিয়ার তুর্কিস্তানের অধিবাসী-দিগকেও তুর্ক বলা হয়।

তুর্কিস্তান—মধ্য-এশিয়ার একটি স্থান। ইহা পূর্ব বা চীনা তুর্কিস্তান এবং পশ্চিম বা রুশ তুর্কিস্তান—এই দুই ভাগে বিভক্ত।

তুষাররেখা—পাহাড়ের যে উচ্চতার পর হইতে তুষার কখনও গলিয়া পড়ে না, সেই উচ্চতাকে তুষাররেখা বলা হয়।

তেলেগু—অন্ধ্র রাজ্যের ভাষা বিঃ। প্রাচীন দ্রাবিড় জাতির ভাষা হইতে কালক্রমে এই ভাষার উৎপত্তি হইয়াছে। ইহা তামিলনাড়ুর এক-পঞ্চমাংশ লোকের ভাষা।

তোগলক বংশ—খিলজী বংশের পরে দিল্লীর সিংহাসন তোগলক বংশের রাজারা অধিকার করেন। এই বংশের রাজারা সর্বসমেত ১৩২১ খ্রীষ্টাব্দ হইতে ১৪১৪ খ্রীষ্টাব্দ পর্যন্ত দিল্লীতে রাজত্ব করিয়াছিলেন।

ত্রিপিটক—বৌদ্ধ ধর্মগ্রন্থ। গ্রন্থখানি পালি ভাষায় রচিত। বৌদ্ধ-ধর্মাবলম্বীদের জন্য প্রদত্ত যাবতীয় ধর্মোপদেশ এই গ্রন্থে সংকলিত হইয়াছে। গ্রন্থ-খানি সুত্ত (সুত্র), বিনয় এবং অভিধম্ম (অভিধর্ম) —এই তিন খণ্ডে বিভক্ত বলিয়া উহার নাম ত্রিপিটক হইয়াছে।

ত্রিপুরা—ভারতীয় যুক্তরাষ্ট্রের অন্তর্গত একটি রাজ্য। রাজধানী—আগরতলা। ইহার আয়তন ৪,০৩৬ বর্গমাইল। এখানকার লোকসংখ্যা ১১,৪২,০০৫।

ত্রিপোলি (Tripoli)—১। আফ্রিকার উত্তরে অবস্থিত একটি রাজ্য। ইহা এখন লিবিয়া নামেই অভিহিত। ইহার আয়তন প্রায় ৪,০৫,০০০ বর্গ-মাইল। ২। ত্রিপোলির রাজধানী।

থ

থানেশ্বর—প্রাচীন নগরী। ইহা বর্তমান দিল্লীর নিকটবর্তী স্থান। প্রাচীন নাম স্থানীশ্বর।

থার্মোপিলি (Thermopylæ)—এটনা পর্বত ও গ্রীসের উত্তর-পূর্বস্থিত সমুদ্রের মধ্যবর্তী গিরি-সংকট। ৪৮০ খ্রীঃ পূঃ পারসীকদের সহিত স্পার্টানদের এখানে একটি বিখ্যাত যুদ্ধ হয়; তাহাতে লিওনিডাস-নামক বিখ্যাত স্পার্টান বীর মাত্র ৩০০ জন সৈন্য লইয়া পারসীকদের সহিত যুদ্ধ করিয়াছিলেন।

থ্রেস (Thrace)—দক্ষিণ-পূর্ব ইওরোপের একটি প্রদেশ।

দ

দক্ষিণ (দাক্ষিণাত্য)—ভারতের দক্ষিণ অংশকে প্রাচীনকালে 'দক্ষিণ' বা 'দাক্ষিণাত্য' বলা হইত। ইহা একটি উপদ্বীপ। ইহার পূর্বে বঙ্গোপসাগর, দক্ষিণে ভারত মহাসাগর ও পশ্চিমে আরব সাগর। ইহার পশ্চিমে ও পূর্বে যথাক্রমে পশ্চিমঘাট ও পূর্বঘাট নামে দুইটি পর্বতমালা আছে। বিন্ধ্য-পর্বত ইহার উত্তর দিকের সীমানা। বর্তমানকালে বিন্ধ্যপর্বত হইতে কৃষ্ণা ও তুঙ্গভদ্রা নদীর উত্তর পর্যন্ত মালভূমিকে দাক্ষিণাত্য বলা হয়।

দক্ষিণমেরু—কুমেরু (তাহা দ্রঃ)।

দলাইলামা—তিব্বতীয়দের প্রধান পুরোহিত ও রাষ্ট্রনায়ক।

দশসালা বন্দোবস্ত—ইহা চিরস্থায়ী বন্দোবস্তের (Permanent Settlement) পূর্বের একটি বন্দোবস্ত। এই বন্দোবস্ত অনুযায়ী জমিদারগণ দশ বৎসরের জন্য জমির সম্পূর্ণ অধিকারী থাকিতেন এবং সময়মত রাজস্ব দিতে না পারিলে জমিদারি নীলামে বিক্রয় হইয়া যাইত।

দাক্ষিণাত্য—'দক্ষিণ' দ্রঃ।

দার্জিলিং—১। জলপাইগুড়ি বিভাগের একটি জেলা। ২। দার্জিলিং জেলার পার্বত্য শহর ও সদর। ইহা ৬,৫০০ ফুট উচ্চ।

দিনেমার—ডেনমার্কের অধিবাসীদের দিনেমার বলা হইয়া থাকে।

দিল্লী—ভারতীয় যুক্তরাষ্ট্রের রাজধানী। ইহা যমুনার তীরে অবস্থিত। পুরাতন দিল্লী বহুকাল হইতে ভারতের রাজধানী ছিল। ইহার অনতিদূরে নূতন দিল্লী নির্মিত হইয়াছে। এই নূতন দিল্লীর মধ্যে রাষ্ট্রপতিভবন, লোকসভা প্রঃ অবস্থিত।

দিল্লীর দরবার—সম্রাট পঞ্চম জর্জ সিংহাসনে আরোহণের পর ১৯১১ খ্রীষ্টাব্দে ভারতে আসিয়া দিল্লীতে এক দরবার করেন। এই সময় ভারতের রাজধানী কলিকাতা হইতে দিল্লীতে স্থানান্তরিত করিবার জন্য এক ঘোষণা করা হয় এবং বঙ্গব্যব-চ্ছেদ রহিত করা হয়। ভারতের রাজন্যবর্গ ও বহু গণ্যমান্য ব্যক্তি ইহাতে নিমন্ত্রিত হন এবং সভাতে সম্রাট পত্নীসহ সিংহাসনে আরোহণ করেন।

দূরবীক্ষণ যন্ত্র—টেলিস্কোপ (তাহা দ্রঃ)।

দেওয়ান-ই-আম, -খাস—মুসলমান রাজত্বকালে প্রকাশ্য দরবারগৃহকে দেওয়ান-ই-আম এবং নিজস্ব গোপনীয় মন্ত্রণা-সভাকে দেওয়ান-ই-খাস নামে অভিহিত করা হইত। শাহজাহান দিল্লীর লাল-কেল্লা-নামক দুর্গের মধ্যে দেওয়ান-ই-আম ও দেওয়ান-ই-খাস নামে অপূর্ব কারুকার্যে মণ্ডিত দুইটি অট্টালিকা নির্মাণ করেন।

দ্বারকা—গুজরাটের অন্তর্গত হিন্দুদিগের তীর্থ-স্থান। ইহার অপর নাম দ্বারাবতী।

দ্রাবিড় জাতি—ভারতের একটি সুপ্রাচীন জাতি। ইহারা আর্যদের আগমনের পূর্বে বেলুচিস্তানের

পথে ভারতে প্রবেশ করিয়াছিল। বর্তমানে তামিলনাড়ু রাজ্যের অধিকাংশ অধিবাসীকে দ্রাবিড় জাতির বংশধর বলা যাইতে পারে।

দ্রাবিড় দেশ—বর্তমান ভুগোলে দ্রাবিড় দেশের কোন উল্লেখ নাই। নর্মদা ও বিন্ধ্যাগিরির দক্ষিণে যে যে স্থানে তামিল, তেলেগু বা কানাড়ী ভাষা প্রচলিত আছে, সেই সেই স্থানকে দ্রাবিড় দেশের অন্তর্গত করা যায়। সাধারণতঃ দ্রাবিড় দেশ বলিতে তামিলনাড়ুকেই বুঝায়।

দ্রাবিড় ভাষা—তামিল, তেলেগু, মলয়ালম, কানাড়া, তুলু, কোডাও, তোডা, কোটা, কুরুল, মাল্‌টো, গাঁডী, কুই ও ব্রাহুই—এই কয়টিকে দ্রাবিড় ভাষা বলে।

ধ

ধবলগিরি—হিমালয়ের একটি শৃঙ্গ। ইহার উচ্চতা ২৬,৮১০ ফুট। ইহা সর্বদাই তুষারে আচ্ছন্ন থাকে।

ধূমকেতু—গ্রহের মত ইহারা সূর্যের চারিদিকে ঘোরে। ইহারা দেখিতে উজ্জ্বল ঝাঁটার মত। ইহাদের আকার দুইশত হইতে দুই-তিন হাজার মাইল পর্যন্ত হয়। ইহারা বহু বৎসর অন্তর আকাশে দেখা দিয়া থাকে। পণ্ডিতেরা অনুমান করেন যে, ধূমকেতু পাথর ও লোহার কতকগুলি পিণ্ডমাত্র। এই পিণ্ড হইতে যে বাষ্প বাহির হয়, তাহাই ইহার লেজ। বিখ্যাত পণ্ডিত হেলি যে ধূমকেতুটি আবিষ্কার করেন, তাহার নাম হেলির ধূমকেতু। এই ধূমকেতু পঁচাত্তর/ছিয়াত্তর বৎসর অন্তর দেখা যায়।

ধ্রুবনক্ষত্র—ইংরেজীতে ইহাকে পোল স্টার (Pole Star) বা পোলারিস (Polaris) বলে। ইহা আকাশে সর্বদাই স্থির থাকে বলিয়া প্রতীয়মান হয়। ইহা পৃথিবীর উত্তরদিকে অবস্থিত ও সুমেরুর দিকে মুখ করিয়া আছে। দিগ্‌দর্শন-যন্ত্র আবিষ্কারের পূর্বে নাবিকেরা এই তারাটি দেখিয়া দিক্‌ স্থির করিত।

ন

নক্ষত্র—আকাশে কোটি কোটি নক্ষত্র আছে। বিজ্ঞানীরা বলেন, পৃথিবীর সকল সমুদ্রতীরে যত বালি আছে, আকাশে নক্ষত্রের সংখ্যা তাহার চেয়ে কম নয়। নক্ষত্র সকল গ্রহের মত সূর্যের চারিপাশে ঘোরে না। ইহাদের নিজেদের আলো আছে এবং এই আলো কাঁপে। ইহারা আকারে এক একটি সূর্যের মত। কোন কোনটি আবার সূর্যের চেয়েও বড়। নক্ষত্রগুলি এতদূরে অবস্থিত যে, পৃথিবীতে ইহাদের আলো আসিতে বহু বৎসর কাটিয়া যায়। নিকটতম নক্ষত্র হইতে আলোক আসিতে সাড়ে চার বছর লাগে।

নন্দবংশ—ভারতের একটি প্রাচীন রাজবংশ। ইহার প্রতিষ্ঠাতা মহাপদ্ম নন্দ। নন্দবংশ ৪১৩ হইতে ৩১২ খ্রীঃ পূঃ পর্যন্ত রাজত্ব করে।

নন্দাদেবী—হিমালয়ের একটি শৃঙ্গ। ইহা হিমালয়ের পশ্চিম প্রান্তে অবস্থিত। ইহা প্রায় ২৫,৬০০ ফুট উচ্চ। গঙ্গা এখান হইতে নিম্নমুখে পতিত হইয়াছে।

নবদ্বীপ—নদীয়া জেলার একটি নগর। এখানেই শ্রীগৌরাঙ্গদেব জন্মগ্রহণ করেন। সংস্কৃত বিদ্যাচর্চা ও অধ্যাপনার জন্য এস্থান বিশেষ প্রসিদ্ধ। বঙ্গের শেষ হিন্দুরাজা লক্ষ্মণসেন গৌড় হইতে এখানে রাজধানী স্থানান্তরিত করেন।

নবরত্ন—১। মুক্তা, মাণিক্য, বৈদূর্য, গোমেদ, বজ্র, বিদ্রুম, পদ্মরাগ, মরকত, নীলকান্ত—এই নয়টি। ২। ধন্বন্তরি, ক্ষপণক, অমরসিংহ, শঙ্কু, বেতাল-ভট্ট, ঘটকর্পর, কালিদাস, বরাহমিহির, বররুচি—মহারাজ বিক্রমাদিত্যের এই নয় জন সভা-পণ্ডিত।

নরওয়ে—(Norway)—উত্তর-ইওরোপের একটি দেশ এবং স্ক্যান্‌ডিনেভিয়া উপদ্বীপের পশ্চিম প্রান্ত। ইহার আয়তন ১,২৪,৫৫৬ বর্গমাইল। রাজধানী অস্‌লো।

নর্মদা—নদী। ইহা মধ্যপ্রদেশের এক পাহাড়ে উৎপন্ন হইয়াছে এবং কাম্বে উপসাগরে পতিত হইয়াছে।

নাইজিরিয়া (Nigeria)—পশ্চিম আফ্রিকার স্বাধীন রাজ্য। আয়তন ৩,৫৬,৬৬৯ বর্গমাইল। রাজধানী লাগোস।

নাইট্রোজেন (Nitrogen)—একপ্রকার অদাহ্য বায়বীয় পদার্থ। ইহা সকলের জীবনধারণ ও গাছ-পালার খাদ্যের জন্য বিশেষ প্রয়োজনীয়। ইহা স্বাদহীন ও গন্ধহীন।

নাগপুর—মহারাষ্ট্র রাজ্যের একটি বিখ্যাত শহর।

নাগাজাতি—নাগাভূমির পার্বত্য জাতি বিঃ। এই জাতি বিভিন্ন-ভাষাভাষী ও নানা শ্রেণীতে বিভক্ত।

নাঙ্গা পর্বত—হিমালয়ের একাংশ। ইহা পশ্চিম পঞ্জাবের অন্তর্গত এবং কাশ্মীরের উত্তর-পশ্চিম কোণে অবস্থিত। উচ্চতা ২৬ হাজার ৬৬০ ফুট।

নাজি—নাৎসী (তাহা দ্রঃ)।

নাটাল—দক্ষিণ আফ্রিকার গণতন্ত্র। আয়তন ৩৩,৫৭৮ বর্গমাইল। রাজধানী পিটারমারিজবার্গ।

নাৎসী (Nazi)—এই শব্দটি ন্যাশানাল সোসিয়ালিস্ট পার্টির (National Socialist Party) সংক্ষিপ্ত রূপ। ইহার দ্বারা জার্মানীর রাষ্ট্রনেতা হিটলারের দল বা অনুচরবৃন্দকে বুঝায়। নাৎসী-দের রাজনৈতিক মতবাদ মুসোলিনীর ফ্যাসিস্ট মতবাদের অনুরূপ। এই মতবাদের উদ্দেশ্য সমাজ-তন্ত্রবাদ দমন করা।

নান্‌কিন—চীনদেশের একটি শহর। ইয়াং-সিং-কিয়াং নদীর তীরে অবস্থিত।

নায়েগ্রার জলপ্রপাত (Niagara Falls)—এই নামের দুইটি জলপ্রপাত আছে। ঈরাই ও অণ্টারিও হ্রদদ্বয়ের মধ্যে ইহা অবস্থিত। নায়েগ্রা নদী প্রস্তরময় 'গোট' দ্বীপ দ্বারা বিভক্ত হইয়া যুক্তরাষ্ট্রের দিকে একটি ও কানাডার দিকে অপর একটি জলপ্রপাতের সৃষ্টি করিয়াছে। যুক্তরাষ্ট্রের জলপ্রপাতটি ১৬৪ ফুট উচ্চ ও ২০০ গজ প্রশস্ত। দ্বিতীয়টিকে কানাডার নায়েগ্রা জলপ্রপাত বলে। ইহা ৬০০ গজ প্রশস্ত এবং ১৬৭ ফুট উচ্চ। কানাডার জলপ্রপাতটিকে 'হর্স শু' (Horse Shoe) বলা হয়।

নালন্দা—বিহার রাজ্যে অবস্থিত ইতিহাসপ্রসিদ্ধ স্থান। বর্তমানে এই স্থানের নাম বড়গাঁও। প্রাচীনকালে এই স্থানে একটি বিশ্ববিখ্যাত বিশ্ববিদ্যালয় ছিল। চৈনিক পরিব্রাজক হুয়েন-সাং এখানে আসিয়া অধ্যক্ষ শীলভদ্রের নিকট বৌদ্ধশাস্ত্র পাঠ করেন। বহু দূর হইতে এখানে ছাত্রেরা পড়িতে আসিত। ইহা বৌদ্ধ-তীর্থরূপে গণ্য ছিল।

নিউ ইয়র্ক (New York)—১। যুক্তরাষ্ট্রের একটি রাজ্য। ইহার আয়তন ৪৯,৫৭৬ বর্গমাইল। রাজধানী আলবানি (Albany)। ২। এই নামের নগর। পৃথিবীর পশ্চিমার্ধের ইহাই সর্বাপেক্ষা বৃহৎ শহর।

নিউ জিল্যান্ড (New Zealand)—অস্ট্রেলিয়ার নিকটবর্তী প্রশান্ত মহাসাগরে অবস্থিত ব্রিটিশ দ্বীপপুঞ্জ। উত্তরে এবং দক্ষিণে দুইটি দ্বীপ লইয়া ইহা গঠিত। ইহার মোট আয়তন ১,০৩,৪১৭ বর্গমাইলের কিছু বেশী। রাজধানী ওয়েলিংটন।

নিগ্রো (Negro)—আফ্রিকার আদিম জাতি বা সেই জাতির বংশধর। ইহারা অত্যন্ত কালো। সুদান, সেনেগ্যাম্বিয়া প্রঃ স্থানের নিগ্রোরাই প্রকৃত নিগ্রো জাতি। কাফ্রি ও আফ্রিকার অন্যান্য কৃষ্ণকায় অধিবাসীকেও সাধারণতঃ নিগ্রো নামেই অভিহিত করা হইয়া থাকে।

নিজাম—পূর্বেকার হায়দরাবাদ রাজ্যের মুসলমান অধিপতিগণ এই নামে অভিহিত হইতেন। প্রথম নিজাম আসফ জা।

নিপ্পন (Nippon)—জাপানের অপর নাম। ইহার অর্থ সূর্যোদয়ের দেশ। নিপ্পনের চীনা উচ্চারণ জু-পেন। তাহা হইতে জাপান হইয়াছে।

নিয়ন (Neon)—ইহা একপ্রকার গ্যাস। র‍্যামজে (Ramsay) নামে এক ব্যক্তি ইহা আবিষ্কার করেন। সরু কাচের নলের ভিতর দিয়া এই গ্যাস প্রবেশ করাইয়া দিয়া যে আলো উৎপন্ন হয় তাহাকে 'Neon Sign' বলে।

নীলকর আন্দোলন—বাঙ্গালা ও বিহারের বহু স্থানে ইংরেজেরা নীলের চাষ করিত। অত্যাচারী ইংরেজ নীলকরদের সহিত চাষীদের ১৮৫৯ ও ১৮৬০ খ্রীষ্টাব্দে ভীষণ কলহ হয়। সেই কলহ 'নীলকর আন্দোলন' নামে খ্যাত। নদীয়াতে এই কলহ তুমুলে আকার ধারণ করে। ভারতসচিব রায় দেন যে, চাষীরা যদি চাষ করিতে না চায়, তাহা হইলে তাহাদের বিরুদ্ধে কোন অভিযোগ চলিবে না।

নীলগাই—এক শ্রেণীর হরিণ-জাতীয় জন্তু। ইহা ভারতবর্ষে পাওয়া যায়।

নীলনদ (The Nile)—আফ্রিকার সর্বাপেক্ষা দীর্ঘ নদী। ইহা ভিক্টোরিয়া নিয়ানজা হ্রদ হইতে উৎপন্ন হইয়া ভূমধ্যসাগরে পড়িয়াছে। ইহার দৈর্ঘ্য ৪,১৪৫ মাইল।

নীহারিকা (Nebulæ)—বাষ্প বা কুয়াশার মত পদার্থ বিঃ। পণ্ডিতেরা বলেন, সৌরজগতের সৃষ্টির পূর্বে সমগ্র আকাশে এই নীহারিকাই ছিল। একদিন হঠাৎ এই নীহারিকা ঘুরিতে আরম্ভ করে এবং ইহা বিচ্ছিন্ন হইয়া অনন্ত শূন্যে বিকীর্ণ হয়। এই নীহারিকা হইতে গ্রহনক্ষত্রাদির সৃষ্টি হইয়াছে।

নেপচুন (Neptune)—গ্রহ বিঃ। ইহা সূর্য হইতে ২৭৯ কোটি ৪০ লক্ষ মাইল দূরে অবস্থিত। সূর্যের চারিপাশে ঘুরিতে ইহার প্রায় ১৬০ বৎসর লাগে।

নেপাল—ভারতের উত্তরাংশে অবস্থিত হিন্দু রাষ্ট্র। ইহা হিমালয়ের দক্ষিণে অবস্থিত। ইহার আয়তন ৫৪,৩৬২ বর্গমাইল। কাঠমাণ্ডু ইহার রাজধানী।

নেপল্‌স্‌ (Naples)—ইটালীর একটি শহর। ইহা বিসুবিয়স পর্বতের পাদমূলে অবস্থিত। ইহার বিপরীত দিকেই প্রাচীন পম্পেয়ী নগরী অবস্থিত ছিল।

নৈনীতাল—উত্তরপ্রদেশের কুমায়ুন জেলায় অবস্থিত পার্বত্য স্থান। ইহার উচ্চতা ৬,৪০০ ফুট।

নোটার ডেম (Notre Dame)—প্যারিসের বিখ্যাত গির্জা। ইহা ১১৬৩ খ্রীষ্টাব্দে নির্মিত হয়। ইওরোপের 'গথিক' স্থাপত্যশিল্পের ইহা একটি অতি সুন্দর নিদর্শন।

নোবেল প্রাইজ (Nobel Prize)—ডিনামাইটের আবিষ্কর্তা আলফ্রেড নোবেল মরিবার সময়ে উইল করিয়া যান যে, তাঁহার সঞ্চিত অর্থ হইতে পৃথিবীতে (১) রসায়ন-শাস্ত্র, (২) পদার্থ-বিজ্ঞান, (৩) শরীরবিজ্ঞান ও চিকিৎসাশাস্ত্র, (৪) সাহিত্য, (৫) আন্তর্জাতিক শান্তিপ্রচেষ্টা ও (৬) অর্থনীতি —এই কয়টি বিষয়ের এক-একটিতে যাঁহারা বিশেষ কৃতিত্বের পরিচয় দিতে সমর্থ হইবেন, তাঁহাদিগকে প্রতিবৎসর একটি করিয়া পুরস্কার দেওয়া হইবে। এই পুরস্কারকেই 'নোবেল প্রাইজ' বলা হয়।

ন্যাজারেথ (Nazareth)—পূর্বেকার প্যালেস্টাইন দেশের অন্তর্গত একার (Acre)-নামক স্থানের নিকটবর্তী শহর।

প

পঞ্চম বাহিনী (Fifth Column)—স্পেনের গৃহযুদ্ধের সময়ে ১৯৩৬ খ্রীষ্টাব্দের শেষভাগে

বিদ্রোহীদের অন্যতম নেতা জেনারেল মোলা বলেন যে, তাঁহাদের চারিটি বাহিনী মাদ্রিদের দিকে চলিয়াছে, এবং পঞ্চম বাহিনী আছে মাদ্রিদেই—অর্থাৎ বিদ্রোহীদের একদল সমর্থক সেখানে বর্ণচোবার মত আত্মগোপন করিয়া আছে এবং বিদ্রোহী সেনা তথায় উপস্থিত হইলেই তাহারা আসিয়া তাহাদের সহিত মিলিত হইবে। ইহার পর হইতে দেশমধ্যে লুক্কায়িত স্বদেশদ্রোহীদের সম্বন্ধে উক্ত শব্দ ব্যবহার করা হয়।

পঞ্জাব—ভারতের উত্তর-পশ্চিমভাগে অবস্থিত রাজ্য। ইরাবতী, বিতস্তা, শতদ্রু, চন্দ্রভাগা ও বিপাশা সিন্ধুর এই পঞ্চ উপনদী দ্বারা বিধৌত বলিয়া ইহার নাম পঞ্জাব (পঞ্চ = পাঁচ, অপ্ = জল) হইয়াছে। ১৯৪৭ খ্রীষ্টাব্দে ভারত-বিভাগের সঙ্গে সঙ্গে পঞ্জাবের পশ্চিম অংশ পাকিস্তানের অন্তর্গত হইয়াছে। উহার রাজধানী লাহোর। পঞ্জাবের পূর্ব অংশ ভারতীয় যুক্তরাষ্ট্রে রহিয়াছে। উহার রাজধানী চণ্ডীগড়।

পণ্ডিচেরী—ভারতের একটি প্রধান কেন্দ্রশাসিত অঞ্চল।

পদ্মানদী—বঙ্গদেশে আসিয়া গঙ্গা দুই শাখায় বিভক্ত হইয়াছে। এক শাখা মুর্শিদাবাদ জেলার ভিতর দিয়া 'ভাগীরথী' বা 'হুগলী' নামে বঙ্গোপসাগরের দিকে গিয়াছে। অপর শাখা পূর্বদিকে গিয়া যমুনার সহিত মিলিত হইয়াছে। ঐ দ্বিতীয় শাখাটির নাম পদ্মা। এই নদীটি বাংলাদেশের অন্তর্গত।

পম্পেয়াই (Pompeii)—ইটালীর একটি প্রাচীন শহর। ইহা বিসুবিয়াস পর্বতের পাদদেশে অবস্থিত ছিল। ৭৯ খ্রীষ্টাব্দে বিসুবিয়াসের অগ্নু্যৎপাতে এই নগরটি বিধ্বস্ত ও গলিত ধাতুর নীচে সমাহিত হয়। ১৭৪৮ খ্রীষ্টাব্দে এই স্থান খননের ফলে প্রাচীন শহরটি আবিষ্কৃত হইয়াছে।

পরমাণু—কোন মৌলিক পদার্থের সূক্ষ্মতম কণা। ইংরেজীতে ইহাকে বলে অ্যাটম (Atom). পরমাণু স্থূলদৃষ্টির অগোচর। একটি ক্রিকেট খেলার বলকে যদি পৃথিবীর মত বড় করা যায় তবে সেই অনুপাতে একটি পরমাণুকে বড় করা হইলে তাহা সরিষাপ্রমাণ হইবে, এইরূপ পণ্ডিতগণের অনুমান।

পলাশী—নদীয়া জেলার একটি প্রসিদ্ধ স্থান। পূর্বে ইহা মুর্শিদাবাদ জেলার অন্তর্গত ছিল। ১৭৫৭ খ্রীষ্টাব্দে এই স্থানে বাঙ্গালার নবাব সিরাজউদ্দৌলা ইংরেজদের হস্তে পরাজিত হন।

পাইথন (Python)—একজাতীয় বিরাট্কায় নির্বিষ সর্প। ইহাদের কতকগুলি ৩০ ফুট পর্যন্ত লম্বা হয়। ইহারা বন্য ছাগ, হরিণ প্রঃ ভক্ষণ করে।

পাইন বৃক্ষ—উত্তরমেরুর সন্নিহিত ভূভাগে জাত একপ্রকার বৃক্ষ। ইহাদের কাঠ অতি মূল্যবান্। এই বৃক্ষ হইতে তারপিন এবং আলকাতরা পাওয়া যায়।

পাকিস্তান—হায়দরাবাদের ডাঃ লতিফ প্রথম পাকিস্তানের একটি ধারণা সৃষ্টি করেন। ১৯৩০ খ্রীষ্টাব্দে মুসলিম লীগের এলাহাবাদ অধিবেশনে সার মোহম্মদ ইকবাল মুসলমানদের জন্য পঞ্জাব, বেলুচিস্তান, সিন্ধু ও সীমান্ত প্রদেশ ভারত হইতে বিভক্ত করিবার প্রস্তাব করেন। ইংলণ্ডে গোলটেবিল বৈঠকে ১৯৩৩ খ্রীষ্টাব্দে রহমত আলি প্রমুখ কয়েকটি ছাত্র পাকিস্তানের দাবি উপস্থিত করে (P=Punjab. A=Afghan Province. K=Kashmir. I=Indus. Stan=Beluchistan). এই নাম পরে পাকিস্তান আখ্যা লাভ করে। ফলে ১৯৪৭ খ্রীষ্টাব্দের ১৫ই অগস্ট হইতে পশ্চিম পঞ্জাব, সিন্ধু, বেলুচিস্তান, উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ এবং পূর্ববঙ্গ ও আসামের কতকাংশ লইয়া পাকিস্তান-নামক পৃথক্ রাষ্ট্রের পত্তন হয়। পাকিস্তান দুই অংশে বিভক্ত ছিল—পশ্চিম পাকিস্তান ও পূর্ব পাকিস্তান। পূর্ববঙ্গ ও আসামের যে-অংশ লইয়া পূর্ব পাকিস্তানের সৃষ্টি হইয়াছিল তাহা আর পাকিস্তানের অন্তর্ভুক্ত নয়। তাহা বর্তমানে 'বাংলাদেশ' নামে এক স্বাধীন রাষ্ট্র। ইসলামাবাদ পাকিস্তানের রাজধানী।

পাটনা—বিহার রাজ্যের রাজধানী। ইহা গঙ্গার দক্ষিণ তীরে ৯ মাইল ব্যাপিয়া অবস্থিত।

পাটলিপুত্র—প্রাচীন মগধরাজ্যের রাজধানী। ইহাই বর্তমান পাটনা শহর।

পাঠান—আফগান জাতির শাখা বিঃ।

পাঠান রাজবংশ—কুতবউদ্দিন হইতে (১২০৬ খ্রীঃ) আরম্ভ করিয়া ইব্রাহিম লোদী পর্যন্ত (১৫২৬ খ্রীঃ) দিল্লীর সম্রাট্গণ পাঠানরাজ বলিয়া অভিহিত। শেরশাহকেও পাঠানরাজ বলা হয়। দাসরাজবংশ, খিলজীবংশ, তুঘলকবংশ ও লোদীবংশ পাঠান রাজবংশের অন্তর্গত বলিয়া কথিত হয়; কিন্তু প্রকৃতপক্ষে লোদীবংশ এবং সুরবংশই পাঠানবংশ। অপরাপর সকলে তুর্কী।

পানামা খাল (Panama Canal)—পানামা যোজকের মধ্যকার একটি খাল। ইহা প্রশান্ত ও আটলাণ্টিক মহাসাগরদ্বয়কে সংযুক্ত করিতেছে। ইহা ৪০ মাইল দীর্ঘ, ৩০০ হইতে ১,০০০ ফুট চওড়া এবং ৪১ ফুট গভীর।

পানিপথের যুদ্ধ—পানিপথ পঞ্জাবের অন্তর্গত একটি স্থান। এই স্থানে তিনটি প্রসিদ্ধ যুদ্ধ হয়। ১৫২৬ খ্রীষ্টাব্দে পাঠানরাজ ইব্রাহিম লোদী প্রথম মোগলসম্রাট্ বাবরের নিকট পরাজিত হন এবং তাহার ফলে ভারতে মোগল-রাজ্য প্রতিষ্ঠিত হয়। ইহাই পানিপথের প্রথম যুদ্ধ। ১৫৫৬ খ্রীষ্টাব্দে সম্রাট্ আকবর আদিলশাহের সেনাপতি হিমুকে এই স্থানে পরাজিত করেন। ইহা পানিপথের দ্বিতীয় যুদ্ধ। ১৭৬১ খ্রীষ্টাব্দে সমবেত মহারাষ্ট্র শক্তি এই স্থানে আহ্মদ শা আবদালী দুররানী কর্তৃক পরাজিত হয় ও মহারাষ্ট্র-শক্তি চিরদিনের মত বিধ্বস্ত হয়। ইহা পানিপথের তৃতীয় যুদ্ধ।

পামির (Pamir)—মধ্য-এশিয়ায় অবস্থিত পৃথিবীর উচ্চতম মালভূমি। উচ্চতা ১৩,৬০০ ফুট।

পারস্য (Persia)—এশিয়ার একটি রাজ্য। ইহার বর্তমান ও প্রাচীন নাম ইরান। তুরস্ক, বেলুচিস্তান, আফগানিস্তান, ট্রান্স-ককেশিয়া, কাস্পিয়ান সাগর, তুর্কীস্তান, পারস্য উপসাগর ও ওমান উপসাগর ইহার চতুর্দিকে অবস্থিত। রাজধানী তেহেরান।

পারস্য উপসাগর—ভারত-মহাসাগরের অংশ বিঃ। ইহা আরব ও ইরানের অন্তর্বর্তী এবং ৫৫০ মাইল দীর্ঘ।

পার্শী—যে-সকল পারসীক ভারতে আসিয়া পুরুষানুক্রমে বাস করিতেছেন তাঁহারাই পার্শী নামে খ্যাত। মহারাষ্ট্র রাজ্যেই ইহাদের সংখ্যা বেশী। ইঁহারা জরথুস্ট্রের মতাবলম্বী ও অগ্নি-উপাসক।

পালবংশ—বঙ্গের প্রাচীন রাজবংশ। গোপালদেব এই বংশের প্রথম রাজা। গোবিন্দপাল দেব এই বংশের শেষ রাজা।

পালিভাষা—প্রাচীন ভাষা বিঃ। ইহা কয়েকটি প্রাকৃত ভাষার মিশ্রণে উৎপন্ন। বৌদ্ধ ধর্মগ্রন্থ সকল এই ভাষায় লিখিত। এই ভাষা খরোষ্টী লিপিতে লেখা হইত; বর্তমানে সাধারণতঃ রোমান অর্থাৎ ইংরেজী হরফে লিখিত হয়।

পিউমা (Puma)—দক্ষিণ-আমেরিকার বিড়াল-শ্রেণীর মাংসাশী হিংস্র জন্তু বিঃ। ইহাদিগকে 'আমেরিকান লায়ন' বলা হয়।

পিকিং—চীনের একটি প্রাচীন নগর ও রাজধানী।

পিণ্ডারী—ভারতীয় দস্যুসম্প্রদায় বিঃ। উনবিংশ শতাব্দীর প্রথম ভাগে মালব ও নর্মদার উপত্যকায় ইহারা বাস করিত।

পিরামিড (Pyramid)—নীলনদের দক্ষিণ তীরে কাইরো নগরের কয়েক মাইল পূর্বে অবস্থিত স্তূপ বিঃ। পিরামিডগুলি নীচের দিক হইতে ক্রমশঃ উঁচু দিকে সরু হইয়া উঠিয়াছে। খ্রীঃ পূঃ ৩৬৫০ অব্দের পূর্বে এইগুলি তৈয়ারী হইয়াছিল বলিয়া পণ্ডিতগণের ধারণা।

পিসার টাওয়ার (Leaning Tower of Pisa)—ইটালীর পিসা-নামক শহরে এই মন্দির বা টাওয়ারটি অবস্থিত। মন্দিরটি আটতলা। ইহা একদিকে বসিয়া যাওয়ার ফলে হেলিয়া গিয়াছে। এইজন্য ইহাকে হেলানো মন্দির বলে।

পীত জ্বর (Yellow Fever)—একপ্রকার সংক্রামক ও মারাত্মক জ্বর। পশ্চিম আফ্রিকা ও অন্যান্য গ্রীষ্মপ্রধান স্থানে এই জ্বরের বিশেষ প্রকোপ দেখা যায়।

পীত নদী—চীনদেশের একটি নদী। ইহার অপর নাম 'হোয়াং হো'। ইহা ২,৬১০ মাইল দীর্ঘ।

পুনা—১। মহারাষ্ট্র রাজ্যের একটি জেলা। ২। উক্ত জেলার প্রধান নগর।

পুরী—১। ওড়িশার অন্তর্গত একটি জেলা। পুরী জেলার ভুবনেশ্বরের মন্দির ও বিন্দুসরোবর প্রসিদ্ধ। ২। প্রসিদ্ধ হিন্দুতীর্থ। ইহা বঙ্গোপসাগরের তীরবর্তী। এই স্থান অতি স্বাস্থ্যকর। এখানকার জগন্নাথ দেবের মন্দির প্রসিদ্ধ।

পেংগুইন (Penguin)—একপ্রকার পাখি। দক্ষিণ মেরুতে এই পাখি দেখিতে পাওয়া যায়। পর্বতময় সমুদ্রতীরে ইহারা ডিম পাড়িয়া থাকে। ইহারা উড়িতে পারে না, কিন্তু বেশ সাঁতার কাটিতে পারে।

পেনিসিলিন—নিউমোনিয়া, সিফিলিস প্রঃ কয়েকটি ব্যাধির অতি-ফলপ্রদ ঔষধ। ১৯২৮ খ্রীষ্টাব্দে স্যর আলেকজাণ্ডার ফ্লেমিং কর্তৃক ইহা আবিষ্কৃত হয়।

পেপাইরাস (Papyrus)—প্রাচীন মিশরে ব্যবহৃত একপ্রকার গাছ। এই জাতীয় গাছের কাণ্ডকে ফালি ফালি করিয়া কাটিয়া তাহা ভিজাইয়া এবং পালিশ করিয়া তাহাতে নলখাগড়ার কলম দিয়া লেখা হইত। ইহা হইতেই কাগজের ইংরেজী নাম Paper হইয়াছে।

পেরিস্কোপ (Periscope)—একপ্রকার বীক্ষণযন্ত্র। সাবমেরিন জাহাজে চলিবার সময়ে গমনপথ দেখিতে এবং খাতে অবস্থান করিয়া যুদ্ধ করিতে এই যন্ত্র ব্যবহৃত হয়।

পেরু (Peru)—দক্ষিণ-আমেরিকার একটি দেশ। রাজধানী—লিমা।

পেশোয়া—উপাধি বিঃ। ১৭০৮ খ্রীষ্টাব্দে শিবাজীর পৌত্র সাহু সাতারার সিংহাসনে আরোহণ করিয়া কঙ্কন-দেশীয় ব্রাহ্মণ বালাজী বিশ্বনাথকে মন্ত্রী নিযুক্ত করিয়া তাঁহাকে পেশোয়া উপাধি প্রদান করেন। পরে পেশোয়াই রাজা হইয়া বসেন। এই পেশোয়ার পদ বংশানুক্রমিক। ১৮১৮ খ্রীষ্টাব্দে পেশোয়ার পদ উঠিয়া যায়।

পেশোয়ার—বর্তমানে পাকিস্তানভুক্ত উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চলের প্রধান শহর।

পোপ (Pope)—খ্রীষ্টান রোমান ক্যাথলিক সম্প্রদায়ের প্রধান ধর্মগুরু। সেন্ট পিটার ছিলেন প্রথম পোপ। পোপ রোম নগরের ভ্যাটিকান-নামক প্রাসাদে বাস করেন। ১৮৭০ খ্রীষ্টাব্দে ইটালীর সম্রাট পোপকে রাজকীয় ক্ষমতা হইতে অপসারিত করেন।

পোর্তুগাল (Portugal)—দক্ষিণ-পশ্চিম ইওরোপের একটি দেশ। রাজধানী লিস্‌বন।

পোল্যান্ড (Poland)—মধ্য-ইওরোপের একটি রাষ্ট্র। রাজধানী ওয়ারস।

পৌণ্ড্রবর্ধন—বিহারের (মতান্তরে মালদহের) প্রাচীন নাম।

প্যারাগুয়ে (Paraguay)—দক্ষিণ-আমেরিকার রাষ্ট্র বিঃ। রাজধানী—আসিনসিওন।

প্যারিস, পারী (Paris)—ফ্রান্সের রাজধানী।

প্যালেস্টাইন (Palestine)—পশ্চিম এশিয়ার একটি দেশ। ইহা সিরিয়ার দক্ষিণে অবস্থিত। ইহাই প্রাচীন ইহুদীদের দেশ এবং ইহার প্রধান নগর জেরুজালেম।

প্রবাল—একপ্রকার সামুদ্রিক জীব। ইহাদের শরীর

হইতে লাল, পীত বা শ্বেত আঠালো পদার্থ নিঃসৃত হইয়া তাহা জমিয়া কঠিন হয় এবং শরীরের আবরণরূপে পরিণত হয়।

প্রয়াগ—এলাহাবাদের প্রাচীন নাম।

প্রশান্ত মহাসাগর—পৃথিবীর বৃহত্তম মহাসাগর। ইহার পশ্চিমদিকে এশিয়া মহাদেশ এবং পূর্বদিকে আমেরিকা। স্থানে স্থানে ইহা পাঁচ মাইলেরও অধিক গভীর।

প্রাকৃত ভাষা—ভারতের প্রাচীন ভাষা বিঃ।

প্রেরী (Prairie)—উত্তর আমেরিকার বিস্তৃত তৃণ ভূমি।

প্রোটেস্ট্যান্ট (Protestant)—মার্টিন লুথারের মতাবলম্বী।

প্লুটো (Pluto)—একটি গ্রহ। ইহা সূর্য হইতে প্রায় ৩৮১ কোটি মাইল দূরে অবস্থিত।

ফ

ফরাসী বিপ্লব (French Revolution)—সুপ্রসিদ্ধ গণ-আন্দোলন। ১৭৮৯ খ্রীষ্টাব্দে ফ্রান্সদেশে এই আন্দোলন আরম্ভ হয়। এই সময়ে দেশের শাসনকার্যে বিশেষ বিশৃঙ্খলা উপস্থিত হয় এবং দেশের শাসন-ব্যবস্থা বিদ্রোহীদের করায়ত্ত হয়। ১৭৯৩ খ্রীষ্টাব্দে রাজা ষোড়শ লুই ও মেরী অ্যান্টোয়ানেট প্রাণদণ্ডে দণ্ডিত হন। ক্রমে বহু শত বিশিষ্ট লোক প্রাণদণ্ডে দণ্ডিত হন। শেষে ১৭৯৫ খ্রীষ্টাব্দে প্রজাতন্ত্রের অধীনে ডিরেক্টরী শাসন প্রবর্তিত হইলে এই বিদ্রোহের অবসান হয়।

ফিনিসিয়া (Phœnicia)—সিরিয়ার উপকূলে অবস্থিত একটি প্রাচীন শহর।

ফিন্‌ল্যান্ড (Finland)—নরওয়ে ও সুইডেনের সীমান্তসন্নিকটে অবস্থিত সাধারণতন্ত্র।

ফিলিপাইন (Philippine)—প্রশান্ত মহাসাগর ও চীন সমুদ্রের মধ্যে অবস্থিত দ্বীপপুঞ্জ। কুইজন সিটি ইহার রাজধানী।

ফুজি-য়ামা (Fuji-Yama)—আগ্নেয়গিরি বিঃ। ইহা জাপানের রাজধানী টোকিও শহরের ৬০ মাইল দক্ষিণ-পশ্চিমে অবস্থিত।

ফেরো (Pharao)—প্রাচীন মিশরের সম্রাট্‌দিগের উপাধি।

ফোরাত—ইউফ্রেটিস নদীর অন্য নাম।

ফোর্ট উইলিয়াম (Fort William)—কলিকাতার দুর্গ। ১৬৯৬ খ্রীষ্টাব্দে কলিকাতার বাণিজ্য-রক্ষার্থ ইস্ট ইণ্ডিয়া কোম্পানির বণিক্‌গণ ইহা নির্মাণ করিয়া ইংলণ্ডের রাজা তৃতীয় উইলিয়ামের নামে অভিহিত করেন। এই দুর্গটি পূর্বস্থানে আর নাই। এখন যেখানে জেনারেল পোস্ট অফিস আছে, পূর্বে তাহারই সন্নিকটে এই দুর্গটি অবস্থিত ছিল।

ফ্যাসিজ্‌ম্‌ (Fascism)—ইটালীতে পূর্ব-প্রচলিত বিশিষ্ট মতবাদ। ১৯১৮ খ্রীষ্টাব্দে সিনর মুসোলিনি (Seignor Mussolinia) কর্তৃক ইহা প্রচারিত হয়।

ফ্রান্স (France)—পশ্চিম ইওরোপের একটি শক্তিশালী সাধারণ-তন্ত্র। রাজধানী প্যারিস।

ব

বক্সার—কাশীর নিকটে গঙ্গার তীরে অবস্থিত দুর্গ-দ্বারা রক্ষিত একটি নগর।

বংগদেশ—পূর্ব-ভারতের পূর্বতন প্রদেশ বিঃ। ১৯৪৭ খ্রীষ্টাব্দে ইহা দুই ভাগে বিভক্ত হয়।

বংগোপসাগর—ভারত মহাসাগরের একটি অংশ। ইহা পশ্চিমবংগের ঠিক দক্ষিণে অবস্থিত।

বদরিকাশ্রম—হিন্দুদিগের একটি পরম পবিত্র তীর্থ-স্থান। ইহা উত্তর প্রদেশের অন্তর্গত।

বদ্রীনাথ—একটি প্রসিদ্ধ তীর্থস্থান। এখানে বদরী-নারায়ণ দেবের মন্দির আছে। ইহা উত্তরপ্রদেশের গাড়োয়াল জেলার একটি গ্রাম। হিমালয়ের একটি উপত্যকার উপরে এই গ্রামটি অবস্থিত।

বর্গীর হাংগামা—মারাঠা ঘোড়সওয়ারদিগকে বর্গী নামে অভিহিত করা হইত। ইহারা চৌথ বা রাজস্বের এক-চতুর্থাংশ দাবি করিত এবং তাহা না পাইলেই দেশ লুটপাট করিয়া ছারখার করিত। বাংলার নবাব আলিবর্দী খাঁর সময়ে বংগদেশে ইহাদের অত্যাচার যথেষ্ট বাড়িয়া গিয়াছিল।

বল্গা-হরিণ (Reindeer)—এই জাতীয় হরিণের স্ত্রী ও পুরুষ উভয় শ্রেণীরই মাথায় শিং আছে। ল্যাপ-ল্যাণ্ড-নামক বরফাচ্ছন্ন প্রদেশে এই জাতীয় হরিণের বাস।

বল্‌শেভিজ্‌ম্‌ (Bolshevism)—ইহার দ্বারা রুশিয়ার সাম্যবাদীদের সংখ্যাগরিষ্ঠ দলের মত বুঝায়। এই দলের নেতা ছিলেন লেনিন।

বাইবেল (The Bible)—খ্রীষ্টানদের বিখ্যাত ধর্ম-গ্রন্থ। ইহা দুইটি খণ্ডে বিভক্ত; 'ওল্ড টেস্টামেণ্ট' এবং 'নিউ টেস্টামেণ্ট'।

বাইসন (Bison)—রোমন্থনকারী একপ্রকার ষণ্ড-জাতীয় জন্তু।

বাংলাদেশ—পূর্বতন পূর্ববংগ বা পূর্ব পাকিস্তান। ইহা আর পাকিস্তানের অন্তর্ভুক্ত নয়। বর্তমানে স্বাধীন রাষ্ট্র। রাজধানী ঢাকা।

বাগ্‌দাদ—ইরাকের একটি প্রদেশ ও রাজধানী। তাই-গ্রিস নদীর তীরে ইহা অবস্থিত।

বারাণসী—১। ইহাকে কাশীধামও বলা হয়। 'কাশী' দ্রঃ। ২। বারাণসী নামে জেলা। ইহা গঙ্গার উভয় পার্শ্বেই অবস্থিত।

বার্লিন (Berlin)—জার্মানীর পূর্বতন রাজধানী। বর্তমানে বার্লিন দুই অংশে বিভক্ত।

বালি—হাওড়া জেলার একটি শহর।

বাল্টিক সাগর (Baltic Sea)—আটলাণ্টিক মহা-

সাগরের একটি শাখা। ইহা ৯০০ মাইল দীর্ঘ ও ২০০ মাইল প্রশস্ত।

বাহমনিরাজ্য—ভারতের একটি প্রাচীন রাজ্য। এই রাজ্যের প্রতিষ্ঠাতা হাসান গাঙ্গু নামে মহম্মদ তোগলকের এক রাজকর্মচারী। ইহা ১৩৪৭ খ্রীষ্টাব্দে প্রতিষ্ঠিত হয়। ১৩৪৭ হইতে ১৫২৬ খ্রীষ্টাব্দ পর্যন্ত এই রাজ্য অক্ষুন্ন অবস্থায় ছিল।

বিক্রমশিলা—একটি প্রাচীন নগরী। এখানে একটি প্রাচীন বিশ্ববিদ্যালয় ছিল। ইহা বর্তমান ভাগলপুর জেলায় অবস্থিত ছিল।

বিজয়নগর—ইতিহাসে উল্লিখিত একটি সমৃদ্ধ স্থান। ইহা বর্তমান তামিলনাড়ুর অন্তর্গত মাদুরার নিকটে অবস্থিত ছিল।

বিজাপুর—ইতিহাস-বর্ণিত একটি মুসলমান রাজ্য। বাহমনিরাজ্য ধ্বংসপ্রাপ্ত হইলে ইহা স্বাধীন হয়। বোম্বাই-এর ২৫০ মাইল দক্ষিণ-পূর্বে ইহা অবস্থিত ছিল।

বিন্ধ্য—দাক্ষিণাত্য ও উত্তর ভারতের মধ্যে অবস্থিত পর্বতমালা। ইহার সর্বোচ্চ চূড়া ৪,৫০০ ফুট।

বিশ্বভারতী—বোলপুরে শান্তিনিকেতন-নামক স্থানে এই বিশ্ববিদ্যালয় অবস্থিত। ১৯০১ খ্রীষ্টাব্দে রবীন্দ্রনাথ ঠাকুর ইহার প্রতিষ্ঠা করেন। বর্তমানে ইহা পশ্চিমবঙ্গের একটি সরকারী বিশ্ববিদ্যালয়।

বিসুবিয়াস (Visuvius)—দক্ষিণ ইটালীর বিখ্যাত আগ্নেয়গিরি। নেপল্‌স্ উপসাগরের কূলে ইহা অবস্থিত।

বিহার—ভারতের একটি রাজ্য।

বুদ্ধগয়া—গয়ার নিকটবর্তী একটি প্রসিদ্ধ স্থান। এখানে বুদ্ধদেব সিদ্ধিলাভ করেন।

বুধ—একটি গ্রহ। ইহার ইংরেজী নাম মার্কারি (Mercury). সূর্য হইতে এই গ্রহের দূরত্ব প্রায় ৩ কোটি ৫০ লক্ষ মাইল।

বুলগেরিয়া (Bulgaria)—পূর্ব ইওরোপের একটি রাষ্ট্র। রাজধানী সোফিয়া।

বুয়র (Boer)—জাতি বিঃ। দক্ষিণ-আফ্রিকার ওলন্দাজ ঔপনিবেশিকগণকে বুয়র (Boer) বলে।

বৃন্দাবন—উত্তরপ্রদেশের অন্তবর্তী একটি প্রসিদ্ধ স্থান। শ্রীরাধাকৃষ্ণের লীলাভূমি বলিয়া প্রসিদ্ধ।

বৃহস্পতি—গ্রহ বিঃ। ইহাকে ইংরেজীতে জুপিটার (Jupiter) বলা হয়। সূর্য হইতে ইহা ৪৮,৩০,০০,০০০ মাইল দূরবর্তী। পৃথিবী অপেক্ষা ইহা ৩০০ গুণ ভারী ও ১,৩০০ পৃথিবীর সমান।

বেদ—হিন্দুদিগের ধর্মগ্রন্থ। ইহা চারি ভাগে বিভক্ত —ঋক্, সাম, যজুঃ ও অথর্ব। ঋগ্বেদ পৃথিবীর সর্বপ্রাচীন গ্রন্থ। মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদের বিভাগ করিয়া বেদব্যাস নামে প্রসিদ্ধ হন। প্রায় ৬।৭ হাজার বৎসর পূর্বে বেদ রচিত হইয়াছিল।

বেলজিয়াম (Belgium)—ইওরোপের একটি ক্ষুদ্র রাষ্ট্র। ব্রাসেল্‌স্ (Brussels) ইহার রাজধানী।

বেলুচিস্তান—আফগানিস্তানের দক্ষিণে অবস্থিত একটি অঞ্চল।

বোম্বাই—ভারতবর্ষের দক্ষিণ-পশ্চিমাংশে অবস্থিত মহারাষ্ট্র রাজ্যের রাজধানী।

বোরোবুদুর—যবদ্বীপের অন্তর্গত একটি প্রসিদ্ধ মন্দির। ইহার দেওয়ালের গায়ে অনেক ভারতীয় কাহিনী চিত্রিত আছে।

বোলপুর—বীরভূম জেলার অন্তর্গত একটি প্রসিদ্ধ স্থান। বিশ্বভারতী, শান্তিনিকেতন ও শ্রীনিকেতন এই স্থানে অবস্থিত।

ব্যাবিলন—বাগদাদের ৬০ মাইল দক্ষিণে ইউফ্রেটিজ উপত্যকায় অবস্থিত নগর। ইহা প্রাচীন আসিরিয়া সাম্রাজ্যের রাজধানী ছিল।

ব্যাবিলোনিয়া—এশিয়ার ইউফ্রেটিজ নদীর উপত্যকায় অবস্থিত প্রাচীন নগর।

ব্রতচারী—সংঘ বিঃ। গুরুসদয় দত্ত এই সংঘের প্রতিষ্ঠাতা।

ব্রহ্মদেশ (বর্মা)—ভারত ও বাংলাদেশের পূর্বে অবস্থিত একটি দেশ।

ব্রহ্মপুত্র—ভারত ও বাংলাদেশের একটি প্রসিদ্ধ নদ। ইহার দৈর্ঘ্য ১,৮০০ মাইল।

ব্রেজিল (Brazil)—দক্ষিণ আমেরিকার সর্বাপেক্ষা বৃহৎ রাজ্য। রাজধানী—ব্রাসিলিয়া।

ভ

ভাগীরথী—গঙ্গার একটি শাখানদী। জলঙ্গী নদীতে এই নদী পতিত হইয়াছে।

ভার্সাই সন্ধি (Treaty of Versailles)—১৯১৯ খ্রীষ্টাব্দের ২৮শে জুন জার্মানী এবং ইংলণ্ড ও তাহার মিত্র শক্তিবর্গের (Allies) মধ্যে ফ্রান্সের অন্তর্গত ভার্সাই শহরে এই সন্ধি স্বাক্ষরিত হয়। ১৯১৪-১৮ খ্রীষ্টাব্দের ইওরোপীয় মহাযুদ্ধ সমাপ্ত করিবার জন্য এই সন্ধি স্বাক্ষরিত হয়।

ভিক্টোরিয়া জলপ্রপাত (Victoria Falls)—দক্ষিণ আফ্রিকার রোডেশিয়ার অন্তর্গত জাম্বেজী নদীর জলপ্রপাত।

ভিয়েনা (Vienna)—দক্ষিণ অস্ট্রিয়ায় অবস্থিত ডানিয়ুব (Danube) নদীর শাখার তীরবর্তী প্রসিদ্ধ শহর।

ভুটান—পশ্চিমবঙ্গের উত্তরে অবস্থিত স্বাধীন রাজ্য।

ভুবনেশ্বর—ওড়িশার (উড়িষ্যার) রাজধানী।

ভূমধ্যসাগর (Mediterranean Sea)—এই সাগর আফ্রিকা ও ইওরোপকে বিচ্ছিন্ন করিয়াছে।

ম

মক্কা—মুসলমানদিগের শ্রেষ্ঠ তীর্থ ও পশ্চিম আরবের অন্তর্গত হেজাজের রাজধানী।

মগধ—ভারতের একটি ইতিহাস-প্রসিদ্ধ রাজ্য। বর্তমান বিহার অঞ্চলের দক্ষিণাংশ পূর্বকালে মগধ নামে অভিহিত হইত।

মঙ্গলগ্রহ—সৌরমণ্ডলের একটি গ্রহ। ইহার ব্যাস ৩,০৩০ মাইল।

মঙ্গোল জাতি (Mongols)—মধ্য-এশিয়ার জাতি বিঃ। ইতিহাসে ইহারা 'পীতজাতি' নামে খ্যাত।

মথুরা—উত্তরপ্রদেশের একটি নগর; যমুনা নদীর তীরে অবস্থিত।

মদিনা—আরবের একটি নগর। মক্কার ২৪৮ মাইল উত্তর-পশ্চিমে অবস্থিত।

মধ্যপ্রদেশ—ভারতের মধ্যভাগে অবস্থিত রাজ্য বিঃ।

মস্কো (Moscow)—সোভিয়েট রুশিয়ার রাজধানী।

মহাভারতম্—বেদব্যাসরচিত সংস্কৃত মহাকাব্য। কাশীরাম দাস ও আরো অনেকে বাংলা পদ্যে ইহার অনুবাদ করেন।

মহারাষ্ট্র—ভারতের দক্ষিণ-পশ্চিম ভাগে অবস্থিত রাজ্য বিঃ।

মাঞ্চুরিয়া (বা **মাঞ্চুকুয়ো**)—চীন গণতন্ত্রের উত্তর-পূর্বভাগে অবস্থিত একটি প্রদেশ।

মানস সরোবর—তিব্বতদেশের একটি হ্রদ।

মাহেন-জো-দারো—সিন্ধুদেশের একটি স্থান। এখানে খননের ফলে ভূগর্ভ হইতে ইষ্টকনির্মিত গৃহ, স্নানাগার, পয়ঃপ্রণালী, মনুষ্য, পশুপক্ষী প্রভৃতির মূর্তি (অশ্বমূর্তি দৃষ্ট হয় নাই), স্বর্ণময় এবং হীরকাদি-জড়িত অলংকার প্রঃ আবিষ্কৃত হইয়াছে।

মিকাডো (Mikado)—জাপানের বংশ-পরম্পরাগত পুরুষ শাসনকর্তাদিগের উপাধি।

মিশর (Egypt)—আফ্রিকার একটি অঞ্চল। ইহা ঈজিপ্ট নামেই অধিক পরিচিত।

মিসিসিপি (The Mississipi)—উত্তর-আমেরিকার দীর্ঘতম নদী। ইহার দৈর্ঘ্য ২,৫৪৭ মাইল।

মুর্শিদাবাদ—১। পশ্চিমবঙ্গের একটি জেলা। ২। মুর্শিদাবাদ জেলার একটি প্রাচীন নগর। ইহা ভাগীরথীর তীরে অবস্থিত।

মেক্সিকো (Mexico)—উত্তর-আমেরিকার একটি স্বাধীন গণতন্ত্র রাষ্ট্র।

মেদিনীপুর—১। পশ্চিমবঙ্গের একটি জেলা। ২। মেদিনীপুর জেলার সদর।

মেবার—ভারতের একটি প্রাচীন রাজ্য ও রাজপুত গৌরবের লীলাস্থল। ইহার অপর নাম উদয়পুর।

মৌর্যবংশ—চন্দ্রগুপ্তের প্রতিষ্ঠিত রাজবংশ ইতিহাসে 'মৌর্যবংশ' নামে খ্যাত। মৌর্য নামে এক প্রাচীন ক্ষত্রিয় জাতি ছিল। সম্ভবতঃ চন্দ্রগুপ্ত সেই জাতীয় বলিয়া তাঁহার প্রতিষ্ঠিত রাজবংশ মৌর্য-বংশ নামে খ্যাত।

মোহেন-জো-দারো—মাহেন-জো-দারো (তাহা দ্রঃ)।

ম্যামথ (Mammoth)—প্রাচীন যুগের একজাতীয় অতিকায় হস্তী।

য

যদুবংশ—যযাতির জ্যেষ্ঠপুত্র যদু হইতে উৎপন্ন বংশ। এই বংশের লোকদিগকে যাদব বলে। শ্রীকৃষ্ণ এই বংশে জন্মগ্রহণ করেন।

যমুনা—গঙ্গার উপনদী বিঃ। উৎপত্তিস্থান হইতে প্রয়াগ বা এলাহাবাদ পর্যন্ত ইহার দৈর্ঘ্য ৮৬০ মাইল।

যুক্তরাজ্য (United Kingdom of Great Britain and Northern Ireland)—ইংলণ্ড, স্কটলণ্ড, ওয়েলস্ ও আয়ার্লণ্ডের কিয়দংশ লইয়া গঠিত রাজ্য।

যুক্তরাষ্ট্র (United States of America)—উত্তর-আমেরিকার প্রায় মধ্যস্থলে অবস্থিত কয়েকটি রাষ্ট্র লইয়া গঠিত দেশ। ওয়াশিংটন ইহার রাজধানী।

যুগো-শ্লাভিয়া (Yugo-Slavia)—মধ্য-ইওরোপের একটি দেশ। রাজধানী বেলগ্রেড।

র

রাওলাট অ্যাক্ট (Rowlat Act)—গভর্নর জেনারেল লর্ড চেমসফোর্ডের আমলে ভারতে এক দমন-নীতি-মূলক আইন প্রবর্তিত হয়। ইহাকেই রাওলাট আইন বলে।

রাজপুত জাতি—ভারতের সুপ্রসিদ্ধ ক্ষত্রিয় জাতি বিঃ। রাজস্থানের অন্তর্গত মেবার, যোধপুর, জয়পুর প্রঃ কয়েকটি রাজ্যের ক্ষত্রিয় অধিবাসিগণ এই জাতির অন্তর্ভুক্ত।

রামায়ণম্—মহর্ষি বাল্মীকি-প্রণীত সংস্কৃত মহাকাব্য ও হিন্দুর একটি শ্রেষ্ঠ ধর্মগ্রন্থ। বাংলা ভাষায় রচিত কৃত্তিবাসের রামায়ণই বঙ্গদেশে সর্বাধিক প্রচারিত।

রুশিয়া (Russia)—দেশ বিঃ। এই বৃহৎ দেশটি ইওরোপের প্রায় অর্ধাংশ এবং এশিয়ার প্রায় এক-তৃতীয়াংশ পরিমিত স্থান ব্যাপিয়া অবস্থিত। রাজধানী মস্কো।

রেঙ্গুন—১। দক্ষিণ-ব্রহ্ম বা লোয়ার বার্মার অন্তর্গত পেগু বিভাগের একটি জেলা। ২। ব্রহ্মদেশের রাজধানী।

রেড ক্রশ সোসাইটী—(Red Cross Society)—১৮৬৪ খ্রীষ্টাব্দে জেনেভায় সংগঠিত সমিতি বিঃ।

রেডিয়াম (Radium)—অত্যাশ্চর্য ধাতু। ইহা ম্যাডাম কুরী (Madame Curie) কর্তৃক আবিষ্কৃত হয়।

রোম (Rome)—ইটালীর রাজধানী। টাইবার নদী-তীরে অবস্থিত।

রোম্যান ক্যাথলিক (Roman Catholic)—খ্রীষ্টান-দিগের এক সম্প্রদায়। ইটালীর ধর্মগুরু পোপ এই সম্প্রদায়ের শীর্ষস্থানীয় ব্যক্তি।

ল

লণ্ডন (London)—ইংলণ্ডের রাজধানী এই নগরটি পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম শহর।

লাইবেরিয়া (Liberia)—আফ্রিকার একটি রাষ্ট্র। রাজধানী মনরোভিয়া।

লামা (Lama)—তিব্বত দেশের বৌদ্ধমঠের প্রধান পুরোহিতের উপাধি।

লাহ্সা বা **লাসা** (Lhasa)—তিব্বতের রাজধানী।

লিচ্ছবি—উত্তর-ভারতের প্রাচীন বৈশালী রাজ্যের একটি শক্তিশালী জাতি।

লিবিয়া (Libya)—উত্তর-আফ্রিকার একটি রাজ্য। রাজধানী ত্রিপলি।

লীগ অব্ নেশন্স (League of Nations)—'জাতিসংঘ' দ্রঃ।

লোদীবংশ—দিল্লীর একটি পাঠান রাজবংশ। ১৪৫০ খ্রীষ্টাব্দে পাঠান বহ্লুল লোদী সৈয়দ-বংশীয় এক রাজাকে বিতাড়িত করিয়া দিল্লীর সিংহাসন অধিকার করেন।

ল্যাপ্ল্যাণ্ড (Lapland)—ইওরোপের নরওয়ে, সুইডেন ও রুশিয়ার উত্তর অংশকে, বিশেষতঃ বাল্টিক সাগর ও শ্বেত সাগরের মধ্যস্থ সুইডেন দেশের উত্তর-পূর্ব অংশকে ল্যাপ্ল্যাণ্ড বলে।

শ

শক—যাযাবর জাতি। এই জাতি প্রথমে অক্ষু নদীর তীরে বাস করিত। পরে ইউচি জাতির আক্রমণে স্বীয় বাসস্থান পরিত্যাগ করিয়া ভারতবর্ষে প্রবেশ করে।

শকাব্দ—কুষানবংশের রাজা কনিষ্ক কর্তৃক প্রবর্তিত একটি সম্বৎ। কনিষ্ক ৭৮ খ্রীষ্টাব্দে সিংহাসনে আরোহণ করিয়াছিলেন এবং এই ঘটনা চিরস্মরণীয় করিবার জন্য 'শকাব্দ' নামে একটি অব্দ প্রচলিত করেন।

শতদ্রু (Sutlej)—সিন্ধুর একটি উপনদী। মানস সরোবর হইতে ইহার উৎপত্তি।

শান্তিনিকেতন—মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর কর্তৃক প্রতিষ্ঠিত একটি আশ্রম। ইহা বীরভূম জেলার বোলপুর-নামক স্থানে অবস্থিত।

শান্তিপুর—নদীয়া জেলার একটি প্রসিদ্ধ শহর।

শিখ—পঞ্জাবের একটি বিখ্যাত জাতি। ইহারা অত্যন্ত কষ্টসহিষ্ণু ও সমরনিপুণ।

শিখধর্ম—গুরু নানকের প্রবর্তিত ধর্ম।

শিলং—খাসিয়া পাহাড়ের উপর অবস্থিত মেঘালয় এবং আসামের রাজধানী। সমুদ্রপৃষ্ঠ হইতে এই স্থানের উচ্চতা প্রায় ৪,৫০০ ফুট।

শিলিগুড়ি—দার্জিলিং জেলার একটি মহকুমা।

শ্যাম—ইন্দো-চীনের স্বাধীন রাজ্য। ইহা ব্রহ্মদেশের দক্ষিণ-পূর্বে অবস্থিত। বর্তমান নাম থাইল্যাণ্ড। রাজধানী ব্যাঙ্কক।

শ্রাবস্তি—উত্তরপ্রদেশে অবস্থিত গণ্ডা জেলার অন্তর্গত প্রাচীন নগরী। ইহার আধুনিক নাম সাহেত-মাহেত।

শ্রীনগর—ঝিলাম নদীর তীরস্থ একটি শহর. কাশ্মীরের রাজধানী।

শ্রীনিকেতন—বোলপুরের অন্তর্গত রবীন্দ্রনাথ ঠাকুর কর্তৃক প্রতিষ্ঠিত পল্লীর উন্নতিবিষয়ক আশ্রম।

শ্রীহট্ট (Sylhet)—অবিভক্ত আসামের একটি জেলা ও তাহার সদর। ১৯৪৭ খ্রীষ্টাব্দে ইহার কতকাংশ পূর্ব-পাকিস্তানের (বর্তমান বাংলাদেশের) সহিত যুক্ত হইয়াছে।

স

সতীদাহপ্রথা—স্বেচ্ছায় বা অনিচ্ছায় মৃতপতির জ্বলন্ত চিতায় আত্মবিসর্জন 'সতীদাহ' অথবা 'সহমরণ' প্রথা নামে খ্যাত। ১৮২৯ খ্রীষ্টাব্দে ভারতের তদানীন্তন রাজপ্রতিনিধি মহামতি লর্ড বেণ্টিঙ্ক মহাপ্রাণ রামমোহন রায় কর্তৃক উদ্বুদ্ধ হইয়া আইন দ্বারা এই কুপ্রথার উচ্ছেদ করেন।

সপ্তর্ষি মণ্ডল—উত্তরাকাশের একটি নক্ষত্রমণ্ডল। ইহাতে সাতটি প্রধান নক্ষত্র আছে। প্রাচীন ভারতীয়গণ এই সাতটি নক্ষত্রকে প্রাচীন ভারতের সাতজন ঋষির নামে অভিহিত করেন। উক্ত ঋষি-গণের নাম :—অত্রি, ক্রতু, পুলহ, পুলস্ত্য, অঙ্গিরা, বশিষ্ঠ ও মরীচি। ইংরেজীতে ইহাকে 'ভল্লুক মণ্ডল' বা Great Bear বলে। আর একটি ক্ষুদ্র সপ্তর্ষিমণ্ডল আছে; তাহাকে 'লঘু সপ্তর্ষি' বা Little Bear বলে।

সাইপ্রাস (Cyprus)—ভূমধ্যসাগরের একটি বৃহৎ দ্বীপ।

সাইবেরিয়া (Siberia)—উত্তর-এশিয়ার একটি বিস্তৃত রুশীয় রাজ্য।

সাইস্মোগ্রাফ (Seismograph)—বৈজ্ঞানিক যন্ত্র বিঃ। ইহা দ্বারা ভূমিকম্পের বেগাদি অবধারিত হইয়া থাকে।

সাংহাই (Shanghai)—চীনের কিয়াংসু প্রদেশে উসাং নদীর তীরে অবস্থিত একটি সামুদ্রিক বন্দর।

সাঁওতাল পরগনা—বিহার রাজ্যের ছোটনাগপুর বিভাগের একটি অঞ্চল এই নামে অভিহিত। ইহা পশ্চিমবঙ্গের সীমান্তে অবস্থিত।

সাহারা (Sahara)—পৃথিবীর সর্ববৃহৎ মরুভূমি, উত্তর-আফ্রিকায় অবস্থিত। সমগ্র মরুভূমির আয়তন প্রায় ৩৫ লক্ষ বর্গমাইল।

সিংহল (Ceylon)—ভারতের দক্ষিণে অবস্থিত ভারত মহাসাগরের একটি দ্বীপ রাষ্ট্র। বর্তমান নাম শ্রীলঙ্কা। রাজধানী কলম্বো।

সিগফ্রিড লাইন—জার্মানী কর্তৃক জার্মানী ও ফ্রান্সের সীমান্ত বরাবর নির্মিত দুর্গ-শৃঙ্খল।

সিন-ফিন (Sinn-Fein)—১৯২২ খ্রীষ্টাব্দে

আয়ার্ল্যান্ড স্বায়ত্তশাসনাধিকার প্রাপ্ত হইবার পূর্বে সেখানকার গণতান্ত্রিক দল সিন-ফিন নামে অভিহিত হইত।

সিন্ধুঘোটক—বৃহদাকার জলজন্তু বিঃ। ইহারা স্তন্যপায়ী।

সিন্ধুদেশ—পাকিস্তানে অবস্থিত একটি অঞ্চল।

সিন্ধুনদ (Indus)—প্রসিদ্ধ নদ। এই নদের দৈর্ঘ্য ১,৮০০ মাইল।

সিপাহী-বিদ্রোহ (Sepoy Mutiny)—ইংরেজ-শাসনের বিরুদ্ধে ভারতীয় সিপাহীদের বিদ্রোহ। ১৮৫৭ খ্রীষ্টাব্দের জানুয়ারি মাসে কলিকাতার নিকটবর্তী বারাকপুরের ছাউনিতে সর্বপ্রথম বিদ্রোহের সূচনা হয়। ইংরেজগণ বহু কষ্টে এই বিদ্রোহ দমন করেন।

সিয়া—মুসলমান-সম্প্রদায় বিঃ। ইঁহারা হজরত আলিকে প্রথম ইমাম বলিয়া মনে করেন।

সিমলা—হিমাচল প্রদেশের রাজধানী ও একটি পার্বত্য স্বাস্থ্য-নিবাস; সমুদ্রপৃষ্ঠ হইতে ইহার উচ্চতা ৭,০৭৫ ফুট।

সিরিয়া (Syrial)—আরব ও তুরস্কের অন্তর্বর্তী ভূমধ্যসাগরের পূর্বোপকূলবর্তী অঞ্চল। রাজধানী—দামাস্কাস।

সিসিলি (Sicily)—ভূমধ্যসাগরের সর্ববৃহৎ দ্বীপ।

সীল (Seal)—একজাতীয় স্তন্যপায়ী বৃহৎকায় মাংসাশী সামুদ্রিক জীব।

সুইজারল্যান্ড (Switzerland)—মধ্য-ইওরোপের একটি দেশ। রাজধানী বার্ন।

সুইডেন (Sweden)—উত্তর-ইওরোপের স্ক্যান্ডিনেভিয়া উপদ্বীপের অন্তর্গত একটি দেশ। রাজধানী স্টকহল্ম্।

সুন্নী—মুসলমান-সম্প্রদায় বিঃ। ইঁহারা হজরত মোহাম্মদের বাণীকেই চরমশিরোধার্য বলিয়া মনে করেন।

সুমাত্রা (Sumatra)—ইন্দোনেশিয়ার অন্তর্গত একটি দ্বীপ।

সুয়েজ খাল (Suez Canal)—সুয়েজ যোজকের কয়েকটি হ্রদ ও খাল কাটিয়া তৈয়ারী সুবৃহৎ খাল।

সেন্ট হেলেনা (St. Helena)—দক্ষিণ-আটলান্টিক মহাসাগরে ইংরেজাধিকৃত একটি দ্বীপ।

সেতুবন্ধ রামেশ্বর—দক্ষিণ-ভারতে হিন্দুদিগের একটি শ্রেষ্ঠ তীর্থ। ইহা কুমারিকা এবং সিংহল দ্বীপের মধ্যবর্তী প্রণালীমধ্যে পাম্বান্-নামক একটি ক্ষুদ্র দ্বীপে অবস্থিত।

সোভিয়েট (Soviet)—রুশিয়ার রাষ্ট্রপরিষদ্। 'সোভিয়েট' শব্দের মূল অর্থ 'সংঘ' বা 'পরিষদ্'।

সোমনাথের মন্দির—সোমনাথ গুজরাট রাজ্যের অন্তর্গত একটি প্রাচীন শহর। নগর-প্রাচীরের বহির্ভাগে মহাদেবের একটি মন্দির ছিল; বিগ্রহের নাম সোমনাথ। গজনীপতি সুলতান মাহমুদ ১০২৪ খ্রীষ্টাব্দে সোমনাথের মন্দিরে প্রবেশপূর্বক লুণ্ঠন করেন। বর্তমানে জনসাধারণের চেষ্টায় এই মন্দিরটির সংস্কার সাধিত হইয়াছে।

সৌরজগৎ (Solar System)—গ্রহ, উপগ্রহ এবং উল্কাপিণ্ডাদি যে-সকল পদার্থ নিয়ত গগনমার্গে সূর্যকে প্রদক্ষিণ করিতেছে, সূর্যসমেত তৎসমুদয় 'সৌরজগৎ' নামে অভিহিত হয়। এ পর্যন্ত সৌর-জগতে নয়টি গ্রহ আবিষ্কৃত হইয়াছেঃ—(১) বুধ (Mercury), (২) শুক্র (Venus), (৩) পৃথিবী (Earth), (৪) মঙ্গল (Mars), (৫) বৃহস্পতি (Jupiter), (৬) শনি (Saturn), (৭) ইউরেনাস (Uranus), (৮) নেপচুন (Neptune), (৯) প্লুটো (Pluto).

স্কটলন্ড (Scotland)—গ্রেট ব্রিটেনের উত্তরাংশ এই নামে অভিহিত। রাজধানী এডিনবার্গ।

স্পেন (Spain)—দক্ষিণ-পশ্চিম ইওরোপে আইবেরিয়ান উপদ্বীপের অন্তর্গত একটি দেশ। রাজধানী মাদ্রিদ।

স্বস্তিক—একপ্রকার চিহ্ন। বৈদিক যুগে এই চিহ্নের প্রচলন ছিল। আর্যগণই ইহার প্রথম ব্যবহার করেন।

স্যাকারিন (Saccharin)—তীব্র মিষ্ট-স্বাদযুক্ত যৌগিক পদার্থ বিঃ। আলকাতরা হইতে লব্ধ এক-প্রকার পদার্থ হইতে প্রক্রিয়াবিশেষের দ্বারা ইহা প্রস্তুত হয়।

হ

হং কং—চীনের দক্ষিণ-পূর্বে অবস্থিত দ্বীপ বিঃ। ইহার আয়তন ৩৯১ বর্গমাইল।

হনলুলু—হাওয়াই দ্বীপপুঞ্জের রাজধানী।

হরিদ্বার—উত্তরপ্রদেশের সাহারানপুর জেলায় অবস্থিত একটি শহর। ইহা গঙ্গার তীরে অবস্থিত।

হলদিঘাটের যুদ্ধ—আরাবল্লী পর্বতমালার একটি গিরিসংকট গোগুন্ডা বা হলদিঘাট নামে পরিচিত। এখানে ১৫৭৬ খ্রীষ্টাব্দে সম্রাট্ আকবরের প্রেরিত বিপুল মোগল সেনার সহিত মুষ্টিমেয় সৈন্য লইয়া মহারানা প্রতাপসিংহ যে যুদ্ধ করিয়াছিলেন, ইতিহাসে তাহাই হলদিঘাটের যুদ্ধ নামে পরিচিত। এই যুদ্ধে প্রতাপ অসাধারণ সাহস ও বীরত্বের পরিচয় দিলেও শেষ পর্যন্ত পরাস্ত হন এবং পলায়ন করিতে বাধ্য হন।

হলিউড (Hollywood)—কালিফোর্নিয়ার লস এঞ্জেলিসের অন্তর্গত একটি স্থান। ইহা চলচ্চিত্র-উৎপাদনের সর্বশ্রেষ্ঠ কেন্দ্র।

হল্যান্ড (Holland)—জার্মানির উত্তর-পশ্চিমে অবস্থিত রাষ্ট্র। নেদারল্যান্ড্স্ নামে পরিচিত। রাজধানী আমস্টার্ডাম।

হস্তিনাপুর—গঙ্গাতীরে অবস্থিত একটি পৌরাণিক

নগর। ইহা কুরু-রাজ্যের রাজধানী ছিল। বর্তমানে ইহা গঙ্গাগর্ভে।

হাইড্রোজেন (Hydrogen)—'উদজান' দ্রঃ।

হাওড়া—১। বর্ধমান বিভাগের একটি জেলা। ২। হাওড়া জেলার প্রধান শহর। ইহা কলিকাতার অপর পারে অবস্থিত।

হাওয়াই (Howaii)—যুক্তরাষ্ট্রের অধীন প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জ।

হাঙ্গেরী (Hungary)—মধ্য-ইওরোপের একটি সাধারণতন্ত্র। রাজধানী বুডাপেস্ট।

হাজারিবাগ—বিহারের একটি জেলা ও শহর।

হারাকিরি—জাপানীদের মধ্যে প্রচলিত উদরে অস্ত্রাঘাত করিয়া আত্মহত্যা করিবার প্রথা।

হার্কিউলেনিয়াম (Herculaneum)—ইটালীর নেপল্‌স্‌ (Naples) শহরের নিকটবর্তী একটি শহর। এই শহর বিসুবিয়াসের অগ্ন্যুৎপাতে মাটির তলায় চাপা পড়ে।

হার্শেল (Herschel)—ইউরেনাস (Uranus)-নামক গ্রহ স্যর উইলিয়াম হার্শেল কর্তৃক আবিষ্কৃত হয় বলিয়া এই গ্রহের অন্য হার্শেল হইয়াছে।

হিন্দুকুশ—আফগানিস্তানের উত্তরে অবস্থিত পর্বতমালা। ইহাকে পশ্চিম হিমালয়েরই একটি শাখা বলা হয়। ইহার সর্বোচ্চ শৃঙ্গ ২০,০০০ ফুট।

হিমালয়—ভারতবর্ষ ও তিব্বতের মধ্যে অবস্থিত পর্বতমালা। ইহা পৃথিবীর মধ্যে সর্বোচ্চ পর্বত। ইহার সর্বোচ্চ শৃঙ্গ তিনটি—এভারেস্ট, গড্‌উইন্‌ অস্টেন (Godwin Austen) ও কাঞ্চনজঙ্ঘা।

হীনযান—বৌদ্ধধর্মের একটি শাখা। বৌদ্ধধর্মের ইহাই আদিম শাখা।

হুগলী—১। বর্ধমান বিভাগের জেলা; চুঁচুড়া ইহার সদর। এই নামে এই জেলায় একটি শহরও আছে। ২। ভাগীরথী নদীর অপর নাম হুগলী নদী।

হূনজাতি—অতি ভয়ংকর স্বভাববিশিষ্ট মধ্য-এশিয়ার জাতি। খ্রীষ্টীয় পঞ্চম ও ষষ্ঠ শতাব্দীতে ইহারা দলে দলে ভারত, ইরান ও ইওরোপ আক্রমণ করে।

হেক্লা (Hecla)—দক্ষিণ-পশ্চিম আইসল্যান্ডের একটি আগ্নেয়গিরি।

হেগ (The Hague)—দক্ষিণ হল্যান্ডের রাজধানী।

হেজাজ—আরব দেশের একটি প্রদেশ। মক্কা ইহার রাজধানী।

হোলকার—ইন্দোরের রাজাদের 'হোলকার' বলা হইত। ইঁহারা জাতিতে মারাঠা। বাজীরাও-এর একজন কর্মচারী ইন্দোরে হোলকার রাজবংশের প্রতিষ্ঠা করেন।

বাংলা বানানের নিয়ম

[এই নিয়ম কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা বানান-সংস্কার-সমিতি হইতে প্রকাশিত পুস্তিকার তৃতীয় সংস্করণ হইতে গৃহীত হইয়াছে। এই সমিতি ১৯৩৫ খ্রীষ্টাব্দের নভেম্বর মাসে গঠিত হয়; তৃতীয় সংস্করণ ১৯৩৬ খ্রীষ্টাব্দের মে মাসে প্রকাশিত হয়।]

বিগত ১৯৩৫ খ্রীষ্টাব্দের নভেম্বর মাসে কলিকাতা বিশ্ববিদ্যালয় বাংলা বানানের নিয়ম-সংকলনের জন্য একটি সমিতি নিযুক্ত করেন। এই সমিতি বিশিষ্ট লেখক ও অধ্যাপকগণের নিকট একটি প্রশ্নপত্র পাঠাইয়া তাঁহাদের অভিমত সংগ্রহ করেন। প্রায় দুই শত উত্তর পাওয়া যায়। কতকগুলি বিষয়ে প্রায় সকল উত্তরদাতাই একমত হন। কোন কোন স্থলে বহুপ্রচলিত বানান কিঞ্চিৎ বদলাইয়া সরল করিতে কাহারও আপত্তি হয় নাই। আবার কতকগুলি বিষয়ে প্রবল মতভেদ দেখা যায়। বিশ্ববিদ্যালয় কর্তৃক নিযুক্ত সমিতি সমস্ত অভিমত বিচার করিয়া বাংলা বানানের যে নিয়ম গ্রহণযোগ্য মনে করিয়াছেন, তাহা নিম্নে বর্ণিত হইল।

বানান যথাসম্ভব সরল ও উচ্চারণসূচক হওয়া বাঞ্ছনীয়, কিন্তু উচ্চারণ বুঝাইবার জন্য অক্ষর বা চিহ্নের বাহুল্য এবং প্রচলিত রীতির অত্যধিক পরিবর্তন উচিত নয়। অতিরিক্ত অক্ষর বা চিহ্ন চালাইলে লাভ যত হইবে তাহার অপেক্ষা লেখক, পাঠক ও মুদ্রাকরের অসুবিধা অধিক হইবে। ভাষাতত্ত্ব-বিষয়ক গ্রন্থে বা শব্দকোষে উচ্চারণ নির্দেশের জন্য বহু চিহ্নের প্রয়োগ অপরিহার্য, কিন্তু সাধারণ লেখায় তাহা ভারস্বরূপ। প্রচলিত শব্দের উচ্চারণ লোকে অর্থ হইতেই বুঝিয়া লয়। আমাদের ভাষায় বহু শব্দের বানানে ও উচ্চারণে মিল নাই, যথা—গণ, বন, ঘন; জলখাবার, জলযোগ; আষাঢ়, গাঢ়; সহিত, গলিত; অশ্বতর, হ্রস্বতর; একদা, একটা; অচেনা, অদেখা। এইপ্রকার শব্দের বানান-সংস্কার করিতে কেহই চান না, প্রদেশভেদে উচ্চারণের কিঞ্চিৎ ভেদ হইলেও ক্ষতি হয় না। সুপ্রচলিত শব্দের বানান-সংস্কার যদি করিতে হয়, তবে বানানের জটিলতা না বাড়াইয়া সরলতা-সম্পাদনের চেষ্টাই কর্তব্য।

নবাগত বা অল্পপরিচিত বিদেশী শব্দ-সম্বন্ধে বিশেষ বিচার আবশ্যক। এইপ্রকার শব্দের বাংলা বানান এখনও সর্বজনগৃহীতরূপে নির্ধারিত হয় নাই, অতএব সাধারণের যথেচ্ছতার উপর নির্ভর না করিয়া বানানের সরল নিয়ম গঠন করা কর্তব্য।

অসংখ্য সংস্কৃত বা তৎসম শব্দ বাংলা ভাষার অঙ্গীভূত হইয়া আছে এবং প্রয়োজনমত এইরূপ আরও শব্দ গৃহীত হইতে পারে। এই সকল শব্দের বানান সংস্কৃত ব্যাকরণ অভিধানাদির শাসনে সুনির্দিষ্ট হইয়াছে, সেজন্য তাহাতে হস্তক্ষেপ অবিধেয়।

সমস্ত বাংলা শব্দ এককালে নিয়ন্ত্রিত করা সম্ভবপর নয়। নিয়ন্ত্রণ ক্রমে ক্রমে হওয়াই বাঞ্ছনীয়। এই প্রবন্ধে বানানের কয়েকটি মাত্র নিয়ম দেওয়া হইয়াছে। নিয়মগুলি সাধারণভাবে প্রযোজ্য, কিন্তু শব্দবিশেষে ব্যতিক্রম হইবে। কেবল নিয়ম রচনা দ্বারা সমস্ত বাংলা শব্দের বানান নির্দেশ অসম্ভব।

বলা বাহুল্য, পদ্যরচনায় সকল ক্ষেত্রে নিয়ম অনুসারে বানান করা সম্ভবপর নয়।

বানানের নিয়ম যাহাতে বর্তমান বাংলা ভাষার প্রকৃতির অনুকূল হয়, সেই চেষ্টা করা হইয়াছে। *বিশিষ্ট লেখকগণ অধিকাংশ শব্দ যে রীতিতে বানান করেন, তদনুসারে ই ঈ উ ঊ জ য-কার ং ঙ শ ষ স প্রভৃতি প্রয়োগের সাধারণ নিয়ম গঠিত হইয়াছে।* কতকগুলি শব্দের প্রচলিত বানানে ব্যতিক্রম দেখা যায়। সামঞ্জস্যের জন্য এইগুলিকেও যথাসম্ভব সাধারণ নিয়মের অনুযায়ী করা হইয়াছে। পূর্বে কেবল 'খুসী, সয়তান, সহর, পালিস, ক্লাশ' প্রভৃতি বানান দেখা যাইত, কিন্তু আজকাল অনেকে মূল শব্দ-সম্বন্ধে অবহিত হইয়া 'খুশী, শয়তান শহর, পালিশ, ক্লাস' লিখিতেছেন। এই রীতিতে সহজেই 'নকশা, শরবৎ, শরম, শেমিজ, জিনিস সার্শি' প্রভৃতি শব্দের নিয়মানুযায়ী বানান প্রচলিত হইতে পারিবে। অবশ্য কতকগুলি শব্দে ব্যতিক্রম না করিলে চলিবে না, কিন্তু ব্যতিক্রম যত কম হয় ততই ভাল। বিকল্প বাঞ্ছনীয় নয়, তথাপি যেখানে দুই প্রকার বানানের পক্ষেই প্রবল অভিমত পাওয়া গিয়াছে, সেখানে বিকল্পের বিধান করিতে হইয়াছে। পূর্বে 'সঙ্ক্রান্তি সঙ্খ্যা' প্রভৃতি বানান দেখা যাইত, কিন্তু এখন কেবল 'সংক্রান্তি সংখ্যা' চলিতেছে। এই রীতিতে 'ভয়ঙ্কর, সঙ্গম' প্রভৃতি স্থানে 'ভয়ংকর, সংগম' লিখিলে বানান সহজ হইবে। কালক্রমে সরলতর বানানই চলিবে, এই আশায় এই প্রকার শব্দের বিকল্পের বিধান দেওয়া হইয়াছে। এই প্রকার শব্দের সংখ্যা অধিক নয়, সেজন্য যদি কিছুকাল দুই প্রকার বানানই চলে (যেমন এখন 'অহঙ্কার, অহংকার' চলিতেছে), তবে ক্ষতি হইবে না।

নিয়মাবলীর পূর্বসংস্করণে সংস্কৃত বা তদ্ভব শব্দে অন্ত্য বিসর্গ ও হস্-চিহ্ন প্রয়োগের নিয়ম

দেওয়া হইয়াছিল, কিন্তু বর্তমান সংস্করণে তাহা বর্জিত হইয়াছে। বাংলায় বহু শব্দে অন্ত্য বিসর্গ ও হস্-চিহ্ন লোপ পাইয়াছে, যথা,—'যশ, বিপদ'; আরও কতকগুলি শব্দে লোপের উপক্রম দেখা যাইতেছে, যথা—'শ্রেয়, সদ্য, ভগবান, সম্রাট'। এজন্য অনেকে মনে করেন যে, এ সম্বন্ধে ধরাবাঁধা নিয়ম রচনার সময় এখনও আসে নাই।

রেফের পর দ্বিত্ববর্জন এবং অ-সংস্কৃত শব্দে ণ বর্জন, এই দুই প্রস্তাবের বিরুদ্ধে আপত্তি হইয়াছে। এই দুই বিষয়ের আলোচনা কিঞ্চিৎ সবিস্তারে করা হইল।—

বাংলার কয়েকটি বর্ণে রেফের পর দ্বিত্ব প্রচলিত আছে, সকল বর্ণে নাই, যথা—'কর্ম্ম, সর্ব্ব', কিন্তু 'কর্ণ, সর্গ'। হিন্দী, মারাঠী প্রভৃতি ভাষায় দ্বিত্ব হয় না। এই অনাবশ্যক দ্বিত্ব বর্জন করিলে বাংলায় প্রচলিত অসংখ্য শব্দের বানান অপেক্ষাকৃত সরল হইবে। যে দুই শত বিশিষ্ট লেখক ও অধ্যাপক বানান-বিষয়ক প্রশ্নপত্রের উত্তর দিয়াছেন, তাঁহাদের দুই জন ব্যতীত সকলেই দ্বিত্ববর্জনের পক্ষে। কয়েকজন প্রবীণ লেখক বহুকাল হইতে তাঁহাদের লেখায় দ্বিত্ব পরিত্যাগ করিয়াছেন। আজকাল বঙ্গ-দেশে প্রকাশিত অনেক সংস্কৃত পুস্তকে দ্বিত্ব বর্জিত হইয়াছে।

কেহ কেহ বলেন, বাংলা উচ্চারণে রেফাক্রান্ত বর্ণে অতিরিক্ত জোর পড়ে, সেজন্য দ্বিত্ব আবশ্যক; 'সর্ব্ব' ="সর্+ব' নয়, 'সর্+ব্ব'। এই যুক্তি নিতান্ত অসার, কারণ অন্যান্য যুক্তাক্ষরে যে জোর পড়ে, রেফাক্রান্ত বর্ণে তাহার অধিক পড়ে না। 'ভক্তি' ও 'ভর্ত্তি'র উচ্চারণে জোরের তারতম্য নাই; অনুরূপ—'স্বল্প; সর্ব্ব; কল্মষ, কর্ম্মঠ; উদ্বোধ, দুর্ব্বোধ; পল্‌তা, পর্দ্দা'। 'সর্গ, সর্প, সর্ব্ব' শব্দে দ্বিত্ব থাকায় বা না থাকায় জোরের ইতরবিশেষ হয় না; অনুরূপ—'অর্থ, অর্দ্ধ; কর্পূর, কর্ব্বুর; গর্ভ, গর্ব্ব; নির্ঝরণ, নির্জ্জর'। অতএব 'সর্ব, পর্দা অর্ধ, গর্ব প্রভৃতি লিখিলে কিছুমাত্র ক্ষতি হইবে না। আর এক আপত্তি—অনেকে 'কার্য্য' শব্দের উচ্চারণ 'কাইর্জ' তুল্য করিয়া থাকেন; 'কার্য' লিখিলে 'কার্জ' উচ্চারণের আশঙ্কা আছে। 'কাইর্জ' বা 'কার্জ' কোন্ উচ্চারণ ভাল, তাহার বিচার অনাবশ্যক। যাঁহারা 'কাইর্জ' উচ্চারণ করিয়া থাকেন, য-ফলা বাদ দিয়া 'কার্য' লিখিলেও তাঁহারা অভীষ্ট উচ্চারণ করিতে পারিবেন। 'কাল' (সময়) এবং 'কাল' (কল্য) এই দুই শব্দের উচ্চারণ কলিকাতা অঞ্চলে সমান, কিন্তু বাংলা দেশের বহুস্থলে 'কাল' (কল্য) শব্দের উচ্চারণ 'কাইল' তুল্য। যাঁহারা শেষোক্ত উচ্চারণ করেন, তাঁহাদের য-ফলা বা অন্য চিহ্নের প্রয়োজন হয় না, শব্দটি চিনিয়াই তাঁহারা অনায়াসে অভ্যস্ত উচ্চারণ করেন। অতএব, 'কার্য' লিখিলে অভীষ্ট উচ্চারণ আসিবে না, এই আশঙ্কা অমূলক। কেহ কেহ বলেন, যখন রেফের পর দ্বিত্ব করা বা না করা উভয়ই ব্যাকরণসম্মত তখন বিকল্পের ব্যবস্থা রাখাই ভাল। অনেক সংস্কৃত শব্দের দুই প্রকার বানান অভিধানে আছে, যথা—'ধরণী, ধরণি; মহী, মহি; ঊর্ণা, উর্ণা'। কিন্তু বাংলা প্রয়োগে এক প্রকার বানানই দেখা যায়, অন্যটি প্রায় অচল হইয়া আছে। রেফাক্রান্ত বর্ণের দ্বিত্ব বিকল্পে বিহিত হইলে অভ্যস্ত বানানই রহিয়া যাইবে এবং নিয়মরচনা নিষ্ফল হইবে। পক্ষান্তরে কেবল বর্জনের বিধি থাকিলে অসংখ্য শব্দের বানানে সরলতা আসিবে।

তদ্ভব শব্দে অনেকে মূল অনুসারে ণ প্রয়োগ করেন, যথা—'কাণ, সোণা'। কিন্তু সকল শব্দে এই রীতি অনুসৃত হয় না, যথা—'বামুন, গিন্নী'। বাংলা ক্রিয়াপদেও ণত্ব হয় না, যথা—'শোনা, করেন, করুন'। বহু বিশিষ্ট লেখক 'কান, সোনা' প্রভৃতি লিখিয়া থাকেন এবং এই রীতি ক্রমে ক্রমে বিশেষ প্রচলিত হইতেছে। 'কোরাণ, গভর্ণর' প্রভৃতিতে ণত্ব করিবার কোনও হেতু নাই। যাঁহারা বানান-বিষয়ক প্রশ্ন-পত্রের উত্তর দিয়াছেন তাঁহাদের অধিকাংশ ণ বর্জনের পক্ষে। অ-সংস্কৃত শব্দে ণ বর্জন করিলে বানান সরল হইবে। 'বাণী' বানান অনেকেই রাখিতে চান, এজন্য এই শব্দে বিকল্প বিহিত হইয়াছে।

অভ্যস্ত রীতির পরিবর্তনের অল্পাধিক অসুবিধা হইতে পারে, কিন্তু কেবল সেই কারণে নিশ্চেষ্ট থাকিলে কোনও বিষয়েরই সংস্কার সাধ্য হইবে না। কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত পুস্তকাদিতে নিয়মাবলীসম্মত বানান গৃহীত হইলে ক্রমে ক্রমে তাহা সুপ্রচলিত হইবে। কিন্তু সাধারণের অভ্যস্ত হইতে সময় লাগিবে এবং ছাত্রগণও প্রথম প্রথম নিয়ম লঙ্ঘন করিবে। সেজন্য এখন কয়েক বৎসর বানানের নিয়ম-পালন-সম্বন্ধে কোনও প্রকার পীড়ন বাঞ্ছনীয় নয়।

সংস্কৃত বা তৎসম শব্দ

১। রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব

রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হইবে না, যথা—'অর্চনা, মূর্ছা, অর্জুন কর্তা, কার্তিক, বার্তা, কর্দম, মূর্ধা, বার্ধক্য, কর্ম, কার্য, সর্ব'।

সংস্কৃত ব্যাকরণ অনুসারে রেফের পর দ্বিত্ব বিকল্পে সিদ্ধ; না করিলে দোষ হয় না, বরং লেখা ও ছাপা সহজ হয়।

২। সন্ধিতে ঙ্ স্থানে অনুস্বার

যদি ক খ গ ঘ পরে থাকে তবে পদের অন্তস্থিত ম্ স্থানে অনুস্বার অথবা বিকল্পে ঙ্ বিধেয়, যথা—'অহংকার, ভয়ংকর, শুভংকর, সংখ্যা, সংগম, হৃদয়ংগম, সংঘটন' অথবা 'অহঙ্কার, ভয়ঙ্কর' ইত্যাদি।

সংস্কৃত ব্যাকরণের নিয়ম-অনুসারে বর্গীয় বর্ণ পরে থাকিলে পদের অন্তস্থিত ম্ স্থানে অনুস্বার বা পরবর্তী বর্গের পঞ্চম বর্ণ হয়, যথা—'সংজাত, স্বয়ংভূ' অথবা 'সঞ্জাত স্বয়ম্ভূ'। বাংলায় সর্বত্র এই নিয়ম অনুসারে ং দিলে উচ্চারণ বাধিতে পারে,

কিন্তু ক-বর্গের পূর্বে অনুস্বার ব্যবহার করিলে বাধিবে না, বরং বানান সহজ হইবে।

অ-সংস্কৃত অর্থাৎ তদ্ভব, দেশজ ও বিদেশী শব্দ

৩। রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব

রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হইবে না, যথা—'কর্জ, শর্ত, পর্দা, সর্দার, চর্বি, ফর্মা, জার্মানি'।

৪। হস্-চিহ্ন

শব্দের শেষে সাধারণতঃ হস্-চিহ্ন দেওয়া হইবে না, যথা—'ওস্তাদ, কংগ্রেস, চেক, জজ, টন, টি-পট, ট্রাম, ডিশ, তছনছ পকেট, মক্তব, হুক, করিলেন, করিস'। কিন্তু যদি ভুল উচ্চারণের সম্ভাবনা থাকে তবে হস্-চিহ্ন বিধেয়। হ ও যুক্ত ব্যঞ্জনের উচ্চারণ সাধারণতঃ স্বরান্ত, যথা—'দহ, অহরহ, কান্ড, গঞ্জ'। যদি হসন্ত উচ্চারণ অভীষ্ট হয়, তবে হ ও যুক্ত ব্যঞ্জনের পর হস্-চিহ্ন আবশ্যক, যথা—'শাহ্, তখ্ত, জেম্স্, বন্ড্'। কিন্তু সুপ্রচলিত শব্দে না দিলে চলিবে, যথা—'আর্ট, কর্ক, গভর্নমেন্ট, স্পঞ্জ'। মধ্য বর্ণে প্রয়োজন হইলে হস্-চিহ্ন বিধেয়, যথা—'উল্কি, সট্কা'। যদি উপান্ত্য স্বব অত্যন্ত হ্রস্ব হয়, তবে শেষে হস্-চিহ্ন বিধেয়, যথা—'কট্কট্, খপ্, সার্'।

বাংলার কতকগুলি শব্দের শেষে অ-কার উচ্চারিত হয়, যথা—'গলিত, ঘন, দৃঢ়, প্রিয়, করিয়াছ, করিত, ছিল, এস'। কিন্তু অধিকাংশ শব্দের শেষের অ-কার গ্রস্ত অর্থাৎ শেষ অক্ষর হসন্তবৎ, যথা—'অচল, গভীর, পাঠ, করুক, করিস, করিলেন'। এই প্রকার সুপরিচিত শব্দের শেষে অ-ধ্বনি হইবে কি হইবে না, তাহা বুঝাইবার জন্য কেহই চিহ্ন প্রয়োগ করেন না। অধিকাংশ স্থলে অ-সংস্কৃত শব্দে অন্ত্য হস্-চিহ্ন অনাবশ্যক, বাংলাভাষার প্রকৃতি অনুসারেই হসন্ত উচ্চারণ হইবে। অল্প কয়েকটি বিদেশী শব্দের শেষে অ-উচ্চারণ হয়, যথা—'বাই-ল'। কিন্তু প্রভেদ রক্ষার জন্য অপর বহু বহু শব্দে হস্-চিহ্নের ভার চাপান অনাবশ্যক। কেবল ভুল উচ্চারণের সম্ভাবনা থাকিলে হস্-চিহ্ন বিধেয়।

৫। ই ঈ উ ঊ

যদি মূলে সংস্কৃত শব্দে ঈ বা ঊ থাকে তবে তদ্ভব বা তৎসদৃশ শব্দে ঈ বা ঊ অথবা বিকল্পে ই বা উ হইবে, যথা—'কুমীর, পাখী, বাড়ী, শীষ, ঊনিশ, চূন, পূব' অথবা 'কুমির, পাখি, বাড়ি, শিষ, উনিশ, চুন, পুব'। কিন্তু কতকগুলি শব্দে কেবল ঈ, কেবল ই অথবা কেবল উ হইবে, যথা—'নীলা (নীলক), হীরা (হীরক); দিয়াশলাই (দীপশলাকা), খিল (কীল), পানি (পানীয়); চুন (চূর্ণ), তাড়ু (তর্দূ), জুয়া (দ্যূত)'।

স্ত্রীলিঙ্গ এবং জাতি, ব্যক্তি, ভাষা ও বিশেষণ-বাচক শব্দের অন্তে ঈ হইবে, যথা—'কলুনী, বাঘিনী, কাবুলী, কেরানী, ঢাকী; ফরিয়াদী, ইংরেজী, বিলাতী, দাগী, রেশমী'। কিন্তু কতকগুলি শব্দে ই হইবে, যথা—'ঝি, দিদি বিবি; কচি, মিহি, মাঝারি, চলতি'। 'পিসী, মাসী' স্থানে বিকল্পে 'পিসি, মাসি' লেখা চলিবে।

অন্যত্র মনুষ্যেতর জীব, বস্তু, গুণ, ভাব ও কর্ম-বাচক শব্দের দ্বিরাবৃত্ত শব্দের অন্তে, কেবল ই হইবে, যথা—'বেঙাচি, বেঁজি, কাঠি, সুজি, কেরামতি, চুরি, পাগলামি, বাবুগিরি, তাড়াতাড়ি, সরাসরি, সোজাসুজি'।

নবাগত বিদেশী শব্দে ঈ ঊ প্রয়োগ-সম্বন্ধে পরে দ্রষ্টব্য।

৬। জ য

এই সকল শব্দে য না লিখিয়া জ লেখা বিধেয়—'কাজ, জাউ, জাঁতা, জাঁতি, জুঁই, জুত, জো, জোড়, জোড়া, জোত, জোয়াল'।

৭। ণ ন

অসংস্কৃত শব্দে কেবল ন হইবে, যথা—'কান, সোনা, বামুন, কোরান, করোনার'। কিন্তু যুক্তাক্ষর ন্ট, ন্ঠ, ন্ড, ন্ঢ চলিবে, যথা—'ঘুন্টি, লন্ঠন, ঠান্ডা'। 'রানী' স্থানে বিকল্পে 'রাণী' চলিতে পারিবে।

৮। ও-কার ও ঊর্ধ্ব-কমা প্রভৃতি

সুপ্রচলিত শব্দের উচ্চারণ, উৎপত্তি বা অর্থের ভেদ বুঝাইবার জন্য অতিরিক্ত ও-কার, ঊর্ধ্ব-কমা বা অন্য চিহ্ন যোগ যথাসম্ভব বর্জনীয়। যদি অর্থগ্রহণে বাধা হয় তবে কয়েকটি শব্দে অন্ত্য অক্ষরে ও-কার এবং আদ্য বা মধ্য অক্ষরে ঊর্ধ্ব-কমা বিকল্পে দেওয়া যাইতে পারে, যথা—'কাল, কালো; ভাল, ভালো; মত, মতো; পড়ো, প'ড়ো (পড়ুয়া বা পতিত)'।

এই সকল বানান বিধেয়—'এত, কত, যত, তত; তো, হয়তো; কাল (সময়, কল্য), চাল (চাউল, ছাত, গতি), ডাল (দাইল, শাখা)'।

৯। ং ঙ

'বাঙ্গলা বাঙ্গালা, বাঙ্গালী, ভাঙ্গন' প্রভৃতি এবং 'বাংলা, বাঙলা, বাঙালী, ভাঙন' প্রভৃতি উভয়প্রকার বানানই চলিবে। হসন্ত ধ্বনি হইলে বিকল্পে ং বা ঙ বিধেয় যথা—'রং, রঙ; সং, সঙ; বাংলা, বাঙলা'। স্বরাশ্রিত হইলে ঙ বিধেয়, যথা—'রঙের, বাঙালী, ভাঙন'।

ং ও ঙ-র প্রাচীন উচ্চারণ যাহাই হউক, আধুনিক বাংলা উচ্চারণ সমান, সেজন্য অনুস্বার স্থানে বিকল্পে ঙ লিখিলে আপত্তির কারণ নাই। 'রং'-এর অপেক্ষা 'রঙের' লেখা সহজ। 'রংগের' লিখিলে অভীষ্ট উচ্চারণ আসিবে না, কারণ 'রঙ্গ' ও 'রং'এর উচ্চারণ সমান নয়, কিন্তু 'রং' ও 'রঙ' সমান।

১০। শ ষ স

মূলে সংস্কৃত শব্দ-অনুসারে তদ্ভব শব্দে শ, ষ বা স হইবে, যথা—'আঁশ (অংশু), আঁষ (আমিষ),

শাঁস (শস্য), মশা (মশক), পিসী (পিতৃঃস্বসা)'। কিন্তু কতকগুলি শব্দে ব্যতিক্রম হইবে, যথা—'মিন্‌সে' (মনুষ্য), 'সাধ' (শ্রদ্ধা)।

বিদেশী শব্দে মূল উচ্চারণ-অনুসারে s স্থানে স, sh স্থানে শ হইবে, যথা—'আসল, ক্লাস, খাস, জিনিস, পুলিস, পেন্সিল, মসলা, মাসুল, সবুজ, সাদা, সিমেণ্ট, খুশি, চশমা, তক্তাপোশ, পশম, পোশাক, পালিশ, পেনশন, শখ, শৌখিন, শয়তান, শরবৎ, শরম, শহর, শার্ট, শেক্‌স্পিয়র'। কিন্তু কতকগুলি শব্দে ব্যতিক্রম হইবে, যথা—'ইস্তাহার (ইশ্‌তিহার), গোমস্তা (গুমাশ্‌তাহ্‌), ভিস্তি (বিহিশ্‌তী), খ্রীষ্ট (Christ)'।

শ ষ স এই তিন বর্ণের একটি বা দুইটি বর্জন করিলে বাংলা উচ্চারণে বাধা হয় না, বরং বানান সরল হয়। কিন্তু অধিকাংশ তদ্‌ভব শব্দে মূল-অনুসারে শ ষ স প্রয়োগ বহু-প্রচলিত, এবং একই শব্দের বিভিন্ন বানান প্রায় দেখা যায় না। এই রীতির সহসা পরিবর্তন বাঞ্ছনীয় নয়। বহু বিদেশী শব্দের প্রচলিত বাংলা বানানে মূল-অনুসারে শ বা স লেখা হয়, কিন্তু কতকগুলি শব্দে ব্যতিক্রম বা বিভিন্ন বানান দেখা যায়, যথা,—'সরবৎ, শরবৎ; সরম, শরম; শহর, সহর; শয়তান, সয়তান; পুলিস, পুলিশ'। সামঞ্জস্যের জন্য যথাসম্ভব একই নিয়ম গ্রহণীয়।

বিদেশী শব্দের s-ধ্বনির জন্য বাংলায় ছ অক্ষর বর্জনীয়। কিন্তু যেখানে প্রচলিত বাংলা বানানে ছ আছে এবং উচ্চারণেও ছ হয়, সেখানে প্রচলিত বানানই বজায় থাকিবে, যথা—'কেচ্ছা, ছয়লাপ, তছ-নছ, পছন্দ'।

দেশজ বা অজ্ঞাতমূল শব্দের প্রচলিত বানান হইবে, যথা—'করিস, ফরসা (ফরাশ), সরেস (সরেশ), উশখুস (উশখুশ)'।

১১। ক্রিয়াপদ

সাধু ও চলিত প্রয়োগে কৃদন্ত রূপে, 'করান, পাঠান' প্রভৃতি অথবা বিকল্পে 'করানো, পাঠানো' প্রভৃতি বিধেয়।

চলিত ভাষায় ক্রিয়াপদের বিহিত বানানের কয়েকটি উদাহরণ দেওয়া হইল। বিকল্পে ঊর্ধ্বকমা বর্জন করা যাইতে পারে, এবং -লাম বিভক্তি স্থানে -লুম বা -লেম লেখা যাইতে পারে।

হ-ধাতু

হয়, হন, হও, হ'স, হই। হচ্ছে। হয়েছে। হ'ক, হ'ন, হও, হ'। হ'ল, হ'লাম। হ'ত। হচ্ছিল। হয়েছিল। হন (হবো), হবে। হ'য়ো, হ'স। হ'তে, হ'য়ে, হ'লে, হবার, হওয়া।

খা-ধাতু

খায়, খান, খাও, খাস, খাই। খাচ্ছে। খেয়েছে। খাক, খান, খাও, খা। খেলে, খেলাম। খেত। খাচ্ছিল। খেয়েছিল। খাব (খাবো), খাবে। খেয়ো খাস। খেতে, খেয়ে, খেলে, খাবার, খাওয়া।

দি-ধাতু

দেয়, দেন, দাও, দিন, দিই। দিচ্ছে। দিয়েছে। দিক দিন, দাও, দে। দিলে, দিলাম। দিত। দিচ্ছিল। দিয়েছিল। দেব (দেবো), দেবে। দিও, দিস। দিতে, দিয়ে, দিলে, দেবার, দেওয়া।

শু-ধাতু

শোয়, শোন শোও, শুস, শুই। শুচ্ছে। শুয়েছে। শুক, শুন, শোও, শো। শুল, শুলাম। শুত। শুচ্ছিল। শুয়েছিল। শোব (শোবো), শোবে। শুয়ো, শুস। শুতে, শুয়ে, শুলে, শোবার, শোয়া।

কর্‌-ধাতু

করে, করেন, কর, করিস, করি। করছে। করেছে। করুক, করুন, কর, কর্‌। করিলে, ক'রলাম। ক'রত। করছিল। করেছিল। ক'রব (করবো), ক'রবে। ক'রো, করিস। ক'রতে, ক'রে, করলে, করবার, করা।

কাট্‌-ধাতু

কাটে, কাটেন, কাট, কাটিস, কাটি; কাটছে। কেটেছে। কাটুক, কাটুন, কাট, কাট্‌। কাটলে, কাটলাম। কাটত। কাটছিল। কেটেছিল। কাটব (কাটবো), কাটবে। কেটো, কাটিস। কাটতে, কেটে, কাটলে, কাটবার, কাটা।

লিখ্‌-ধাতু

লেখে, লেখেন, লেখ, লিখিস, লিখি। লিখছে। লিখেছে। লিখুক, লিখুন, লেখ, লেখ্‌। লিখলে, লিখলাম। লিখত। লিখছিল। লিখেছিল। লিখব (লিখবো), লিখবে। লিখো, লিখিস। লিখতে, লিখে, লিখলে, লেখবার, লেখা।

উঠ্‌-ধাতু

ওঠে, ওঠেন, ওঠ, উঠিস, উঠি। উঠছে। উঠেছে। উঠুক, উঠুন, ওঠ, ওঠ্‌। উঠল, উঠলাম। উঠত। উঠছিল। উঠেছিল। উঠব (উঠবো), উঠবে। উঠো, উঠিস। উঠতে, উঠে, উঠলে, ওঠবার, ওঠা।

করা-ধাতু

করায়, করান, করাও, করাস, করাই। করাচ্ছে। করিয়েছে। করাক, করান, করাও, করা। করালে, করালাম। করাত; করাচ্ছিল। করিয়েছিল। করাব (করাবো), করাবে। করিও, করাস। করাতে, করিয়ে, করালে, করাবার, করান (করানো)।

১২। কতকগুলি সাধুশব্দের চলিত রূপ

'কুয়া, সুতা, মিছা, উঠান, উনান, পুরান, পিছন, পিতল, ভিতর, উপর' প্রভৃতি কতকগুলি সাধু-শব্দের মৌখিকরূপ কলিকাতা অঞ্চলে অন্যপ্রকার। যে শব্দের মৌখিক বিকৃতি আদ্য অক্ষরে তাহার সাধুরূপই চলিত ভাষায় গ্রহণীয়, যথা—'পিছন, পিতল ভিতর, উপর'। যাহার বিকৃতি মধ্য বা শেষ

অক্ষরে তাহার চলিত রূপ মৌখিক রূপের অনুযায়ী করা বিধেয়, যথা—'কুয়ো, সুতো, মিছে, উঠন, উনন, পুরনো'।

নবাগত ইংরেজী ও অন্যান্য বিদেশী শব্দ

Cut-এর u, cat-এর a, f, v, w, z প্রভৃতির প্রতিবর্ণ বাংলায় নাই। অল্প কয়েকটি নূতন অক্ষর বা চিহ্ন বাংলা লিপিতে প্রবর্তিত করিলে মোটামুটি কাজ চলিতে পারে। বিদেশী শব্দের বাংলা বানান যথাসম্ভব উচ্চারণসূচক হওয়া উচিত, কিন্তু নূতন অক্ষর বা চিহ্নের বাহুল্য বর্জনীয়। এক ভাষার উচ্চারণ অন্য ভাষার লিপিতে যথাযথ প্রকাশ করা অসম্ভব, নবাগত বিদেশী শব্দের শুদ্ধি-রক্ষার জন্য অধিক আয়াসের প্রয়োজন নাই, কাছাকাছি বাংলা রূপ হইলেই লেখার কাজ চলিবে। যে সকল বিদেশী শব্দের বিকৃত উচ্চারণ ও তদনুযায়ী বানান বাংলায় চলিয়া গিয়াছে সে সকল শব্দের প্রচলিত বানানই বজায় থাকিবে, যথা—'কলেজ, টেবিল, বাই-সিকেল, সেকেণ্ড'।

১৩। বিবৃত অ (cut-এর u)

মূল শব্দে যদি বিবৃত অ থাকে তবে বাংলা বানানে আদ্য অক্ষরে আ-কার এবং মধ্য অক্ষরে অ-কার বিধেয়, যথা—ক্লাব (club), বাস্ (bus), বাল্‌ব্ (bulb), সার্ (sir), থার্ড (third), বাজেট (budget), জার্মান (German), কাটলেট (cutlet), সার্কাস (circus), ফোকস (focus), রেডিয়ম (radium), ফস্‌ফরস (phosphorus), হিরো-ডোটস (Herodotus)'।

১৪। বক্র আ (বা বিকৃত এ)। (cat-এর a)

মূল শব্দে বক্র আ থাকিলে বাংলায় আদিতে অ্যা এবং মধ্যে ্যা বিধেয়, যথা—'অ্যাসিড (acid), হ্যাট (hat)'।

এইরূপ বানানে '্যা'-কে য-ফলা+আকার মনে না করিয়া একটি বিশেষ স্বরবর্ণের চিহ্ন জ্ঞান করা যাইতে পারে, যেমন হিন্দীতে এই উদ্দেশ্যে ঐ-কার চলিতেছে (hat= হৈট) নাগরী লিপিতে যেমন অ-অক্ষরে ও-কার যোগ করিয়া ও ऑ হয়, সেইরূপ বাংলায় অ্যা হইতে পারে।

১৫। ঈ উ

মূল শব্দের উচ্চারণে যদি ঈ উ থাকে তবে বাংলা বানানে ঈ উ বিধেয়; যথা—'সীল (seal), ঈস্ট (east), স্পূল (spool)'।

১৬। f v

f ও v-স্থানে যথাক্রমে ফ ভ বিধেয়, যথা—'ফুট (foot), ভোট (vote)'। যদি মূল শব্দ v-এর উচ্চারণ f-এর তুল্য হয়, তবে বাংলা বানানে ফ হইবে, যথা—'ফন (Von)'।

১৭। w

w-স্থানে প্রচলিত রীতি অনুসারে উ বা ও বিধেয়, যথা—'উইলসন (Wilson), উড (wood), ওয়ে (way)'।

১৮। য়

নবাগত বিদেশী শব্দে অনর্থক য় প্রয়োগ বর্জনীয়। 'মেয়র, চেয়ার, রেডিয়ম, সোয়েটর' প্রভৃতি বানান চলিতে পারে, কারণ য় লিখিলেও উচ্চারণ বিকৃত হয় না। কিন্তু উ-কার বা ও-কারের পর অকারণে য়, য়া, য়ো লেখা অনুচিত। 'এডোয়ার্ড, ওয়ার-বণ্ড' না লিখিয়া 'এড্‌ওআর্ড, ওঅর-বণ্ড' লেখা উচিত। 'হার্ডওয়ার' (hardware) বানানে দোষ নাই।

১৯। s, sh

১০ সংখ্যক নিয়ম দ্রষ্টব্য।

২০। st

নবাগত বিদেশী শব্দে st-স্থানে নূতন সংযুক্ত বর্ণ স্ট বিধেয়, যথা—'স্টোভ (stove)'।

২১। z

z-স্থানে য বা জ বিধেয়।

২২। হস্-চিহ্ন

৪ সংখ্যক নিয়ম দ্রষ্টব্য।

বাঙ্গালা ধাতু

[কবিপ্র=কবিপ্রয়োগ। বন্ধনীমধ্যস্থ ধাতু দ্বারা গণনির্দেশ করা হইয়াছে। বাংগালা অধিকাংশ ব্যঞ্জনান্ত ধাতুর উত্তর আ-কার যোগ করিলে, এবং স্বরান্ত ধাতুর উত্তর 'ওয়া' যোগ করিলে প্রেরণার্থ বুঝায়। যেমন,—আঁক্—অঙ্কন করা; আঁকা—অঙ্কন করানো। ছুঁ—স্পর্শ করা; ছোঁয়া—স্পর্শ করানো।]

অর্চ্—অর্চনা করা। কবিপ্র।
অর্জ্—উপার্জন করা। কবিপ্র।
অর্প্—দান করা। কবিপ্র।
অর্শা—প্রাপ্য হওয়া। (লাফা)।
আওড়া—আবৃত্তি করা। (চট্‌কা)।
আঁক্—অঙ্কন করা। (কাট্)।
আঁকা—অঙ্কন করানো। (লাফা)।
আঁক্‌ড়া—জড়াইয়া ধরা। (চট্‌কা)।
আঁচ্—অনুমান করা। (কাট্)।
আঁচা—ভোজনানন্তর মুখ প্রক্ষালন করা। (লাফা)।
আঁচ্‌ড়া—নখাঘাত করা, চিরুনি দ্বারা পরিপাটী করা। (চট্‌কা)।
আঁট্—দৃঢ়ভাবে বন্ধন করা। (কাট্)।
আঁৎকা—হঠাৎ ভয়ে চমকিত হওয়া। (চট্‌কা)।
আগা—অগ্রসর হওয়া। (লাফা)।
আগ্‌লা—আগ্‌লানো। কবিপ্র।
আগ্‌লা—সম্মুখে বসিয়া রক্ষা করা বা পাহারা দেওয়া। (চট্‌কা)।
আছ—থাকা। (কাট্)। [অসম্পূর্ণ ধাতু]।
আছ্‌ড়া—সজোরে মাটিতে বা অন্য কিছুতে নিক্ষেপ করা। (চট্‌কা)।
আট্‌কা—অবরুদ্ধ করা, প্রতিরোধ করা। (চট্‌কা)।
আন্—আনয়ন করা। (কাট্)।
আলোড়্—মথিত করা। কবিপ্র।
আস্—আগমন করা। (কাট্)।
ইচ্ছ্—ইচ্ছা করা। কবিপ্র।
উগ্‌রা—বমি করা। (উল্‌টা)।
উছলা—উথলিয়া ওঠা। কবিপ্র।
উজল্—উজ্জ্বল হওয়া বা করা। কবিপ্র।
উঠ্—জাগরিত বা উদিত হওয়া। (উঠ্)।
উড়্—উড়া। (উঠ্)।
উত্তর্—উপস্থিত হওয়া, পোঁছা; উত্তর দেওয়া। কবিপ্র।
উত্‌রা—নামিয়া আসা; উতরানো। (উল্‌টা)।
উদ্—উদিত হওয়া। কবিপ্র।
উদ্ধার্—উদ্ধার করা। কবিপ্র।
উপচা—ছাপাইয়া পড়া। (উল্‌টা)।
উপজ্—জাত হওয়া। কবিপ্র।
উপ্‌ড়া—উৎপাটন করা। (উল্‌টা)।
উব্—বাষ্প হইয়া উড়িয়া যাওয়া। (উঠ্)।
উর্, **উরু**—আবির্ভূত হওয়া। কবিপ্র।
উলট্—পরিবর্তিত হওয়া। (উঠ্)।
উস্কা—উত্তেজিত করা। (উল্‌টা)।
কন্‌কনা—ব্যথা-যুক্ত হওয়া। (লাফা)।
এড়া—বর্জন করা। (লাফা)।
কচ্‌লা—রগড়ানো। (চট্‌কা)।
কনকনা—ব্যথা যুক্ত হওয়া। (লাফা)।
কপ্‌চা—শেখা কথা বলা। (চট্‌কা)।
কম্—হ্রাস পাওয়া। (কর্)।
কর্—করা। (কর্)।
কশা—চাবুক দিয়া আঘাত করা। (লাফা)।
কষ্, **কস্**—আঁটা, শক্ত করা। (কর্)।
কহ্—বলা। (কহ্)।
কহা—বলানো। (লাফা)।
কাঁচা—কাঁচা অবস্থায় আনা। (লাফা)।
কাঁড়্—ছাঁটা, ভানা। (কাট্)।
কাঁদ্—ক্রন্দন করা। (কাট্)।
কাঁপ—কম্পিত হওয়া। (কাট্)।
কাচ্—কাপড় ধোওয়া। (কাট্)।
কাছা—আসন্ন হওয়া। (লাফা)।
কাট্—কর্তন করা; যাপন করা। (কাট্)।
কাটা—যাপন করা। (লাফা)।
কাড়্—ছিনাইয়া লওয়া। (কাট্)।
কাত্‌রা—যন্ত্রণাপ্রকাশ করা। (চট্‌কা)।
কামড়া—দংশন করা। (চট্‌কা)।
কাশ্—কাশা। (কাট্)।
কিন্—ক্রয় করা। (লিখ্)।
কিলা—মুষ্টিপ্রহার করা। (ফিরা)।
কুচা—কুচি কুচি করিয়া কাটা। (ঘুরা)।
কুট্—টুকরা করা। (উঠ্)।
কুড়্—খনন করা। (উঠ্)।
কুড়া—আহরণ করা। (ঘুরা)।
কুঁদ্, **কুঁদ্**—তর্জন করা; কাটিয়া ও চাঁচিয়া গঠন করা। (উঠ্)।
কুপ্—ক্রুদ্ধ হওয়া। কবিপ্র।
কুর্—আঁচড়াইয়া বাহির করা। (উঠ্)।
কুলা—পর্যাপ্ত হওয়া। (ঘুরা)।
কোঁকড়া—কুঞ্চিত হওয়া; কুঞ্চিত করা। (ছোব্‌লা)।

কোঁচ্‌কা—কোঁকড়ানো; কোঁচকানো। (ছোব্‌লা)।
কোঁচা—কুঞ্চিত করা। (ধোয়া)।
কোঁতা, কোঁথা—কোঁথ দেওয়া। (ধোয়া)।
কোপা, কোবা—কোপ মারা। (ধোয়া)।
ক্ষ, খ—ক্ষয় পাওয়া। (হ)।
ক্ষম্‌—ক্ষমা করা। কবিপ্র।
ক্ষর্‌—ক্ষরিত হওয়া; ক্ষরণ করা। (কর্‌)।
খণ্ড্‌—নষ্ট হওয়া, খণ্ডিত হওয়া; কাটা। (কর্‌)।
খণ্ডা—খণ্ডন করা। (চট্‌কা)।
খতা—হিসাব কবা। (লাফা)।
খরা—দগ্ধপ্রায় হওয়া। (লাফা)।
খস্‌—বিচ্যুত হওয়া; বন্ধনমুক্ত হওয়া। (কর্‌)।
খা—ভোজন কবা। (খা)।
খাওয়া—ভোজন করানো। (চট্‌কা)।
খাট্‌—পরিশ্রম করা। (কাট্‌)।
খাটা—পরিশ্রম করানো। (লাফা)।
খাপ্‌—কমিয়া যাওয়া। (কাট্‌)।
খাব্‌লা—খাবল দেওয়া। (চট্‌কা)।
খামচা—নখাঘাত করা। (চট্‌কা)।
খিঁচ্‌—আক্ষেপযুক্ত হওয়া। (লিখ্‌)।
খুঁজ্‌—অন্বেষণ করা। (উঠ্‌)।
খুঁট্‌—নখ দ্বারা তোলা বা কাটা। (উঠ্‌)।
খুঁড়্‌—খনন করা। (উঠ্‌)।
খুদ্‌—ক্ষোদিত করা। (উঠ্‌)।
খুল্‌—উন্মুক্ত হওয়া; উন্মুক্ত করা। (উঠ্‌)।
খেংরা—ঝাঁটা দ্বারা প্রহার করা। (ফিরা)।
খেদা—তাড়ানো। (লাফা)।
খেপ্‌—ক্ষিপ্ত হওয়া। (কর্‌)।
খেপা—ক্ষিপ্ত করা। (লাফা)।
খেল্‌—খেলা করা। (কর্‌)।
খেলা—খেলা কবানো। (লাফা)।
খোঁচা—খোঁচা দেওয়া। (ধোয়া)।
খোঁড়া—খোঁড়াইয়া চলা। (ধোয়া)।
খোদা—ক্ষোদিত করা। (ধোয়া)।
খোয়া—হারানো। (ধোয়া)।
গড়্‌—গঠন করা; শিক্ষিত করা। (কর্‌)।
গড়া—পাত্র হইতে ঢালা; গড়াইয়া চলা। (লাফা)।
গণ্‌—গণনা করা। (কর্‌)।
গতা—গছানো। (লাফা)।
গরজ্‌—গর্জন করা। কবিপ্র।
গর্জা—গর্জন করা। (চট্‌কা)।
গল্‌—ক্ষরিত হওয়া; দ্রব হওয়া। (কর্‌)।
গলা—দ্রব কবানো। (লাফা)।
গাঁজ্‌—মাতিয়া উঠা। (কাট্‌)।
গাঁজা—মাতানো। (লাফা)।
গাঁথ্‌—গাঁথা। (কাট্‌)।
গাড়্‌—প্রোথিত করা। (কাট্‌)।
গাদ্‌—ঠাসিয়া ভরা। (কাট্‌)।
গাব্‌—গর্ব করা; কলঙ্কিত হওয়া। (কাট্‌)।
গাহ্‌—গান করা। (গাহ্‌)।
গি—যাওয়া। [অসম্পূর্ণ ধাতু]।

গিল্‌—গলাধঃকরণ করা। (লিখ্‌)।
গিলা—গিলানো। (ফিরা)।
গুঁজ্‌—ঢোকানো। (উঠ্‌)।
গুঁতা—গুঁতানো। (ঘুরা)।
গুছা—সাজাইয়া রাখা। (ঘুরা)।
গুজ্‌রা—যাপন করা। (উল্‌টা)।
গুটা—জড়াইয়া লওয়া। (ঘুরা)।
গুড়া, গুঁড়া—চূর্ণ কবা। (ঘুরা)।
গুণ্‌—গণনা করা। (উঠ্‌)।
গুম্‌রা—গোপনে শোক করা। (উল্‌টা)।
গুল্‌—তরল পদার্থে মিশ্রিত করা। (উঠ্‌)।
গুলা—বিশৃঙ্খল করা। (ঘুরা)।
গেঙা—যন্ত্রণাসূচক শব্দ করা। (লাফা)।
গোঙা—গেঙানো; যাপন করা। (ধোয়া)।
গোছা—সুবিন্যস্ত করা। (ধোয়া)।
গ্রাস্‌—গ্রাস করা। কবিগ্র।
ঘট্‌—ঘটা। (কর্‌)।
ঘনা—আসন্ন হওয়া। (লাফা)।
ঘষ্‌—ঘর্ষণ করা। (কাট্‌)।
ঘষ্‌তা, ঘষড়া—রগড়ানো। (চট্‌কা)।
ঘাঁট্‌—আলোড়ন করা। (কাট্‌)।
ঘাঁটা—নাড়ানো, আলোড়ন করা। (লাফা)।
ঘাব্‌ড়া—ভয় পাওয়া। (চট্‌কা)।
ঘাম্‌—ঘর্মাক্ত হওয়া। (কাট্‌)।
ঘামা—(মস্তিষ্ক) চালনা করা; ঘর্মাক্ত করা। (লাফা)।
ঘির্‌—বেষ্টন করা। (লিখ্‌)।
ঘুচ্‌—দূর হওয়া, নষ্ট হওয়া। (উঠ্‌)।
ঘুচা—নাশ করা; মুক্ত করা। (ঘুরা)।
ঘুট্‌—আলোড়ন করা। (উঠ্‌)।
ঘুমা—নিদ্রা যাওয়া। (ঘুরা)।
ঘুর্‌—ঘূর্ণিত হওয়া। (উঠ্‌)।
ঘুরা—পাক দেওয়া; ঘূর্ণিত করা। (ঘুরা)।
ঘুষ্‌—ঘোষণা করা। কবিপ্র।
ঘেঁষ্‌, ঘেঁস্‌—অত্যন্ত নিকটে যাওয়া। (কর্‌)।
ঘোলা—কর্দমাক্ত করা; ঘোলা করা। (ধোয়া)।
ঘোষা—ঘোষিত করা। কবিপ্র। (ধোয়া)।
চট্‌—ক্রুদ্ধ হওয়া। (কাট্‌)।
চটা—ক্রুদ্ধ করা। (লাফা)।
চট্‌কা—নরম জিনিস হাতে পেষণ করা। (চট্‌কা)।
চড়্‌—আরোহণ করা। (কর্‌)।
চড়া—আরোহণ করানো; থাপ্পড় মারা। (লাফা)।
চম্‌কা—হঠাৎ ভয়ে কম্পিত হওয়া। (চট্‌কা)।
চর্‌—বিচরণ করা। (কর্‌)।
চল্‌—গমন করা। (কর্‌)।
চষ্‌—লাঙ্গল দেওয়া। (কর্‌)।
চাঁচ্‌—চাঁচা। (কাট্‌)।
চাক্‌, চাখ্‌—স্বাদ লওয়া। (কাট্‌)।
চাপ্‌—চাপ দেওয়া; গোপন করা। (কাট্‌)।
চাপা—চড়ানো; ভারাপর্ণ করা। (লাফা)।
চাপ্‌ড়া—পুনঃ পুনঃ চাপড় মারা। (চট্‌কা)।
চাব্‌কা—চাবুক দিয়া প্রহার করা। (চট্‌কা)।

চারা—(মাছের খাদ্য) ছড়ানো। (লাফা)।
চাল্—চালুনি দ্বারা ছাঁকা। (কাট্)।
চালা—চালানো। (লাফা)।
চাহ্—দৃষ্টি করা; পাইবার ইচ্ছা করা; প্রার্থনা করা। (গাহ্)।
চিতা—চিৎ হওয়া। (ফিরা)।
চিন্—চিনা, জানা। (লিখ্)।
চিপ্টা—পিষ্ট করা। (বিগ্ড়া)।
চিবা—চর্বণ করা। (ফিরা)।
চিম্টা—চিমটি কাটা। (বিগ্ড়া)।
চির্—চেলা করা, বিদীর্ণ করা। (লিখ্)।
চিল্লা—চেঁচানো। (লাফা)।
চুকা—মিটানো। (ঘুরা)।
চুন্—চয়ন করা। (উঠ্)।
চুপ্সা—চোপসা হওয়া। (উল্টা)।
চুবা—জলে ডোবানো। (ঘুরা)।
চুম্, চুম্ব্—চুম্বন করা। কবিপ্র।
চুল্কা—কণ্ডূয়নযুক্ত হওয়া; কণ্ডূয়ন করা। (উল্টা)।
চুষ্—মুখ দিয়া অকর্ষণ করা। (উঠ্)।
চেঁচা—চিৎকার করা। (লাফা)।
চেত্—জাগা; চেতনাযুক্ত হওয়া। (কর্)।
চেতা—উত্তেজিত করা; জাগানো। (লাফা)।
চেনা—পরিচিত করানো। (লাফা)।
চেপ্টা—চাপ দিয়া বিস্তৃত করা। (চট্কা)।
চেরা—বিদারণ করানো। (লাফা)।
চেলা—কুঠার দ্বারা ফাড়া। (লাফা)।
চোঁয়া—চোয়ানো। (ধোয়া)।
চোটা—শাসানো; কোপানো, কোদলানো। (ধোয়া)।
ছট্কা—বিক্ষিপ্ত হওয়া। (চট্কা)।
ছড়্—ছড়া, ছাল উঠিয়া যাওয়া। (কর্)।
ছল্—ছলনা করা। (কর্)।
ছাঁক্—আবর্জনা দূর করা; চালা। (কাট্)।
ছাঁট্—বাদ দেওয়া; ছাঁটা। (কাট্)।
ছাঁদ্—পত্তন করা; বেষ্টন করা; ফাঁদা। (কাট্)।
ছাড়্—ত্যাগ করা। (কাট্)।
ছাড়া—ত্যাগ করানো; উদ্ধার করা। (লাফা)।
ছান্—দলন করা; মাখা। (কাট্)।
ছাপ্—মুদ্রণ করা। (কাট্)।
ছাপা—মুদ্রিত করানো; গোপন করা। (লাফা)।
ছাহ্—আচ্ছাদন করা; ছাওয়া। (গাহ্)।
ছাহা—ছাওয়ানো। (নাহা)।
ছিঁড়্—ছিন্ন হওয়া বা করা। (লিখ্)।
ছিঁড়া—ছিন্ন করানো। (ফিরা)।
ছিচ্—নিঃসারণ করা; থেঁতলানো। (লিখ্)।
ছিট্—ছড়াইয়া পড়া। (লিখ্)।
ছিটা—ছড়ানো। (লাফা)।
ছিট্কা—ঠিকরাইয়া পড়া। (বিগ্ড়া)।
ছিনা—কাড়িয়া লওয়া। (ফিরা)।
ছুঁ—স্পর্শ করা। (শু)।
ছুঁড়্, ছুড়্—নিক্ষেপ করা। (উঠ্)।
ছুট্—দৌড়ানো। (উঠ্)।
ছুটা—ধাবিত করানো। (ঘুরা)।
ছেঁক্—অল্প তেলে বা ঘিয়ে ভাজা। (কর্)।
ছেঁচ্—পেষণ করা; বাটা, কোটা। (কর্)।
ছোপা, ছোবা—রং করা, ছোপানো। (ধোয়া)।
ছোব্লা—খাবলানো, ছোবল মারা। (ছোব্লা)।
জড়া—বেষ্টন করা। (লাফা)।
জন্ম্—উৎপন্ন হওয়া। (কর্)।
জন্মা—উৎপাদন করা। (চট্কা)।
জপ্—জপ করা। (কর্)।
জম্—সঞ্চিত হওয়া। (কর্)।
জমা—সঞ্চয় করা, জমাট করা। (লাফা)।
জম্কা—শোভিত করা বা হওয়া। (চট্কা)।
জাঁক্—জমকালো হওয়া। (কাট্)।
জাঁকা—জমকালো করা। (লাফা)।
জাঁত্—চাপ দেওয়া। (কাট্)।
জাগ্—ঘুম হইতে উঠা। (কাট্)।
জান্—অবগত হওয়া। (কাট্)।
জাপ্টা—জড়াইয়া ধরা। (চট্কা)।
জার্—জীর্ণ করা; শোধন করা। (কাট্)।
জারা—জারিত করা। (লাফা)।
জিজ্ঞাস্—প্রশ্ন করা। (কর্)।
জিত্—জয়লাভ করা। (লিখ্)।
জিন্—জয় করা। কবিপ্র।
জিয়া—বাঁচানো। (ফিরা)।
জিরা—বিশ্রাম করা। (ফিরা)।
জুক্, জুখ্, জুখ্—মাপা, পরিমাপ করা। (উঠ্)।
জুট্, জুঠ্—মেলা, যোগাড় হওয়া। (উঠ্)।
জুটা, জুঠা—সংগ্রহ করা। (ঘুরা)।
জুড়া—শীতল হওয়া বা করা। (ঘুরা)।
জুড়্—যুক্ত করা। (উঠ্)।
জুতা—জুতা দ্বারা প্রহার করা। (ঘুরা)।
জুব্ড়া—অত্যধিক সিক্ত করা ও হওয়া। (উল্টা)।
জোড়া—যুক্ত করানো। (ধোয়া)।
জ্বল্—দীপ্ত হওয়া; দীপ্ত অবস্থায় দগ্ধ হইতে থাকা। (কর্)।
জ্বাল্—আগুন ধরানো; দীপ্ত করা। (কাট্)।
জ্বালা—জ্বালানো। (লাফা)।
ঝর্—ধারার আকারে পড়া। (কর্)।
ঝরা—ঝরানো। (লাফা)।
ঝল্কা—হঠাৎ তীব্র জ্যোতি প্রকাশ করা। (চট্কা)।
ঝল্সা—তীব্র আলোক দ্বারা দৃষ্টিশক্তি লোপ করা। (চট্কা)।
ঝাঁকা—নাড়া দেওয়া। (লাফা)।
ঝাঁট্—সম্মার্জনীর দ্বারা পরিষ্কার করা। (কাট্)।
ঝাঁটা—সম্মার্জনীর দ্বারা প্রহার করা। (লাফা)।
ঝাড়্—পরিষ্কার করা। (কাট্)।
ঝাড়া—ঝাড়া ক্রিয়া করানো; ঝাড়-ফুঁক করা। (লাফা)।
ঝাল্—জোড়া লাগানো; মেরামত করা; পঙ্কোদ্ধার করা। (কাট্)।
ঝালা—ঝালা ক্রিয়া করানো। (লাফা)।

ঝিমা—নিদ্রাবেশে বা নেশার ঘোরে ঢ‌ুলা। (ফিরা)।
ঝ‌ুক্—নত হওয়া। (উঠ্)।
ঝ‌ুড়—কাটিয়া পরিষ্কার করা। (উঠ্)।
ঝ‌ুল্—লম্বিত হওয়া। (উঠ্)।
ঝ‌ুলা—লম্বিত করা। (ঘ‌ুরা)।
টক্—অম্লাস্বাদযুক্ত হওয়া। (কর্)।
টপ্‌কা—লাফাইয়া অতিক্রম করা। (চট্‌কা)।
টল্—বিচলিত হওয়া, অন্যথা হওয়া। (কর্)।
টলা—বিচলিত করা; স্থানচ্যুত করা। (লাফা)।
টস্‌কা—নষ্ট হওয়া; ভাঙ্গা। (চট্‌কা)।
টহ্‌লা—পায়চারি করা। (চট্‌কা)।
টাক্—প্রতীক্ষায় থাকা; আন্দাজ করা। (কাট্)।
টাঙ্গা, টাঙা—ঝ‌ুলানো, লম্বিত করা। (লাফা)।
টাটা—যন্ত্রণাযুক্ত হওয়া, টন্‌টন্ করা। (লাফা)।
টান্—আকর্ষণ করা; বিস্তৃত করা। (কাট্)।
টিক্—স্থায়ী হওয়া। (লিখ্)।
টিকা—স্থায়ী করা। (ফিরা)।
টুক্—লিখিয়া লওয়া। (উঠ্)।
টুট্—নষ্ট বা ভগ্ন হওয়া। (উঠ্)।
ঠক্—বঞ্চিত হওয়া; প্রতারিত হওয়া। (কর্)।
ঠকা—বঞ্চিত করা; প্রতারিত করা। (লাফা)।
ঠাওরা—স্থির করা, বোঝা। (চট্‌কা)।
ঠার্—ইশারা করা। (কাট্)।
ঠাস্—গাদা করা, ভরিয়া দেওয়া। (কাট্)।
ঠাহরা—বোঝা; স্থির করা। (লাফা)।
ঠিক্‌রা—ছিট্‌কাইয়া পড়া। (বিগ্‌ড়া)।
ঠ‌ুক্—ঘা দেওয়া, মৃদ‌ু আঘাত করা। (উঠ্)।
ঠ‌ুকা—ঠ‌ুকানো। (ঘ‌ুরা)।
ঠ‌ুক্‌রা—চঞ্চ‌ুদ্বারা আঘাত করা। (উল্‌টা)।
ঠেক্—লাগা, বাধা পাওয়া; স্পর্শ করা। (কর্)।
ঠেকা—রোধ করা; স্পর্শ করানো। (লাফা)।
ঠেঙ্গা, ঠেঙা—লাঠি দ্বারা প্রহার করা। (লাফা)।
ঠেল্—ধাক্কা দেওয়া; ধাক্কা দিয়া সরাইয়া দেওয়া। (কর্)।
ঠেস্—ঘেঁষা। (কর্)।
ঠেসা—ভেজানো; ব্যঙ্গোক্তিদ্বারা তিরস্কার করা। (লাফা)।
ডল্—মর্দন করা। (কর্)।
ডলা—মর্দন করানো। (লাফা)।
ডাক্—আহ্বান করা; শব্দ করা। (কাট্)।
ডাকা—ডাকিয়া আনানো। (লাফা)।
ডিঙ্গা, ডিঙা—অতিক্রম করা। (লাফা)।
ডুক্‌রা—উচ্চৈঃস্বরে কাঁদা। (উল্‌টা)।
ডুব্—নিমজ্জিত হওয়া। (উঠ্)।
ডুবা—নিমজ্জিত করা; প্লাবিত করা; মজানো। (ঘ‌ুরা)।
ঢল্—হেলিয়া পড়া। (কর্)।
ঢলা—কেলেঙ্কারি করা; হেলানো। (লাফা)।
ঢাক্—আবৃত করা। (কাট্)।
ঢাল্—প্রবাহিত করা; কলসী প্রভৃতি পাত্র হইতে (তরল বস্তু) গড়ানো। (কাট্)।
ঢালা—ঢালানো, ঢালাই করানো। (লাফা)।
ঢ‌ুঁড়—অনুসন্ধান করা। (উঠ্)।
ঢ‌ুঁসা—গ‌ুঁতানো, শৃঙ্গ বা মস্তক দ্বারা আঘাত করা। (ঘ‌ুরা)।
ঢ‌ুক্—প্রবেশ করা। (উঠ্)।
ঢ‌ুকা—প্রবেশ করানো। (ঘ‌ুরা)।
ঢ‌ুল্—নিদ্রাবেশে টলা। (উঠ্)।
ঢলা—দোলানো। (ঘ‌ুরা)।
তড়্‌পা—অত্যধিক উৎসাহ প্রকাশ করা; আস্ফালন করা। (চট্‌কা)।
তর্—উত্তীর্ণ হওয়া। (কর্)।
তরা—উদ্ধার করা; পার করানো। (লাফা)।
তর্প্—তর্পণ করা; প্রীত করা। কবিপ্র।
তলা—বিশেষভাবে বিবেচনা করা; তলায় পড়িয়া যাওয়া। (লাফা)।
তাকা—চাওয়া। (লাফা)।
তাড়া—দূর করা; বিদায় করা। (লাফা)।
তাত্—উত্তপ্ত হওয়া। (কাট্)।
তাতা—উদ্দীপিত, উত্তপ্ত বা ক্রুদ্ধ করা। (লাফা)।
তাপ্—উত্তপ্ত হওয়া। (কাট্)।
তার্—পরিত্রাণ করা। কবিপ্র। (কাট্)।
তাসা—তাসের গোছাকে ওলটপালট করা। (লাফা)।
তিত্—সিক্ত হওয়া। কবিপ্র। (লিখ্)।
তুড়্—ধমক দেওয়া; জোরে করা বা বলা। (ওঠ্)।
তুল্—উত্তোলন করা। (উঠ্)।
তুষ্—সন্তুষ্ট করা। কবিপ্র। (উঠ্)।
তেজ্—ত্যাগ করা। কবিপ্র। (কর্)।
থম্‌কা—হঠাৎ থামিয়া যাওয়া। (চট্‌কা)।
থাক্—অবস্থান করা। (কাট্)।
থাব্‌ড়া—চড় মারা। (চট্‌কা)।
থাস্—(ময়দা) দলা। (কাট্)।
থিতা—ময়লা নীচে পড়িয়া যাওয়ায় পরিষ্কার হওয়া। (ফিরা)।
থু—রাখা। (শু)।
থুড়্—কুচি করিয়া কাটা। (উঠ্)।
থুব্‌ড়া—নিম্নমুখ হইয়া পড়া। (উল্‌টা)।
থেত্‌লা—পেষণ করা; কোটা। (চট্‌কা)।
থেব্‌ড়া—চেপ্‌টা করা। (চট্‌কা)।
দংশা—দংশন করা। কবিপ্র। (চট্‌কা)।
দগ্ধা—সন্তপ্ত করা; সন্তপ্ত হওয়া। (চট্‌কা)।
দম্—নিরুৎসাহ হওয়া; দমিত হওয়া। (কর্)।
দমা—দমন করা। (লাফা)।
দর্শা—দেখানো। (চট্‌কা)।
দল্—দলন করা। (কর্)।
দলা—দলিত করানো। (লাফা)।
দহ্—দগ্ধ হওয়া। (কহ্)।
দাঁড়া—দণ্ডায়মান হওয়া। (লাফা)।
দাগ্—দাগ দেওয়া। (কাট্)।
দাপা—দাপাদাপি করা। (লাফা)।
দাব্—দাবা। (কাট্)।
দাবা—দমিত করিয়া রাখা। (লাফা)।

দি—প্রদান করা। (দি)।
দু—দোহন করা। (শু)।
দুমড়া—মোচড়ানো। (উল্টা)।
দুল্—দোল খাওয়া। (উঠ্)।
দুলা—দোল দেওয়া। (ঘুরা)।
দুষ্—দোষ দেওয়া। (উঠ্)।
দুহ্—দোহন করা। (উঠ্)।
দেওয়া—প্রদান করানো। (চট্কা)।
দেখ্—দর্শন করা। (কর্)।
দেখা—দর্শন করানো। (লাফা)।
দোয়া—দোহন করানো। (ধোয়া)।
দৌড়্—দৌড়া। (কর্)।
দৌড়া—ধাবন করা বা করানো। (লাফা)।
ধমকা—ধমক দেওয়া। (চট্কা)।
ধর্—ধারণ, গ্রহণ ইঃ করা (শব্দাংশে 'ধরা' দ্রঃ)। (কর্)।
ধরা—ধৃত করানো; অভ্যাস করানো। (লাফা)।
ধস্—ধসিয়া পড়া। (কর্)।
ধস্কা—ভাঙ্গিয়া পড়া; শিথিল হওয়া। (চট্কা)।
ধা—দৌড়ানো। (খা)।
ধাম্সা—হাতে বা পায়ে চট্কানো। (চট্কা)।
ধার্—ঋণী থাকা। (কাট্)।
ধু—ধৌত করা। (শু)।
ধুঁক্—পরিশ্রম বা দুর্বলতা হেতু হাঁপানো। (উঠ্)।
ধুন্—ধনুকের মত যন্ত্র দিয়া তুলা পরিষ্কার করা। (উঠ্)।
ধেড়া—কার্যে অপটুতা দেখানো। (লাফা)।
ধোয়া—ধৌত করানো। (ধোয়া)।
ধ্বন্—শব্দ করা। কবিপ্র। (কর্)।
নড়্—নড়া। (কর্)।
নম্—প্রণাম করা। কবিপ্র।
নরমা—নরম হওয়া। (চট্কা)।
নাচ্—নৃত্য করা। (কাট্)।
নাড়্—বিচলিত করা; নাড়ানো। (কাট্)।
নাব্—অবতীর্ণ হওয়া; নামা। (কাট্)।
নাম্—নামা। (কাট্)।
নার্—না পারা। কবিপ্র। (কাট্)।
নাশ্—বিনাশ করা। কবিপ্র। (কাট্)।
নাহ্—স্নান করা। (গাহ্)।
নি—নেওয়া, লওয়া। (দি)।
নিকা—লেপন করা। (ফিরা)।
নিঙ্ড়া—মোচড়াইয়া জলাদি বাহির করা। (বিগ্ড়া)।
নিঙাড়্—মোচড়াইয়া জলাদি নিঃসারণ করা। কবিপ্র। (কাট্)।
নিড়া—নিড়ানি দ্বারা তুলিয়া ফেলা। (ফিরা)।
নিব্—নির্বাপিত হওয়া। (লিখ্)।
নিরখ্—দেখা। কবিপ্র। (কর্)।
নিহার্, নেহার্—দেখা। কবিপ্র। (কাট্)।
নীরব্—নীরব হওয়া। কবিপ্র। (কর্)।
নু—নত হওয়া। (শু)।
নেংচা, নেংড়া—খোঁড়াইয়া চলা। (চট্কা)।
নেভা—এলানো। (লাফা)।
নেপ্—লেপন করা। (কর্)।
নেপটা—জড়াইয়া থাকা। (চট্কা)।
নোয়া—নত করা। (ধোয়া)।
পচ্—পচিয়া যাওয়া। (কর্)।
পট্—ঘনিষ্ঠ করা; মিল হওয়া। (কর্)।
পটা—রাজি করা; বশে আনা। (লাফা)।
পট্কা—আছাড় দেওয়া; পরাস্ত হওয়া; রোগে পড়া। (চট্কা)।
পড়্—পাঠ করা; শেষ হওয়া; পতিত হওয়া। (কর্)।
পড়া—অধ্যাপন করা। (লাফা)।
পর্—পরিধান করা। (কর্)।
পলা—পলায়ন করা। (লাফা)।
পশ্—প্রবেশ করা। কবিপ্র। (কর্)।
পসার্—প্রসারিত করা। (কবিপ্র)।
পস্তা—আপসোস করা। (চট্কা)।
পা—প্রাপ্ত হওয়া। (খা)।
পাওয়া—প্রাপ্ত করানো। (চট্কা)।
পাক্—পক্ক হওয়া; পরিণত হওয়া। (কাট্)।
পাকা—পক্ক করা; মোচড় দেওয়া। (লাফা)।
পাক্ড়া—ধরা। (চট্কা)।
পাক্লা—প্রক্ষালন করা। (চট্কা)।
পাখাল্—ধৌত করা। কবিপ্র। (কাট্)।
পাছড়া—আছাড় দেওয়া; ঝাড়া। (চট্কা)।
পাঠা—প্রেরণ করা। (লাফা)।
পাড়্—নামানো; পাতিত করা; (ডিম) প্রসব করা; (কথা) উত্থাপন করা। (কাট্)।
পাড়া—পাতিত করানো; (ঘুম) ঘনাইয়া আনা। (লাফা)।
পাতা—অন্যের দ্বারা বিছানো; (সই) সম্বন্ধ স্থাপন করা। (লাফা)।
পার্—সমর্থ হওয়া। (কাট্)।
পারা—পার হওয়া; সমর্থ করা। (লাফা)।
পাল্—পালন করা। (কাট্)।
পালা—পলায়ন করা। (লাফা)।
পাল্টা—উলটানো। (চট্কা)।
পাসর্—বিস্মৃত হওয়া। কবিপ্র। (কর্)।
পিঁজ্—তুলা প্রভৃতির আঁশ টানিয়া পৃথক্ করা। (লিখ্)।
পিছা—পশ্চাদ্গমন করা। (ফিরা)।
পিছ্লা—পিচ্ছিল স্থানে স্খলিত হওয়া। (বিগ্ড়া)।
পিট্—মারা; আঘাত করা। (লিখ্)।
পিয়্—পান করা। কবিপ্র। (লিখ্)।
পুঁছ্—মোছা; গ্রাহ্য করা। (উঠ্)।
পুঁত্—প্রোথিত করা; রোপণ করা। (উঠ্)।
পুছ্—প্রশ্ন করা। কবিপ্র। (উঠ্)।
পুড়্—দগ্ধ হওয়া। (উঠ্)।
পুড়া—দগ্ধ করা। (উঠ্)।
পুর্—পূর্ণ করা; ভিতরে রাখা। (উঠ্)।
পুরা—পূর্ণ করা। (ঘুরা)।
পুষ্—প্রতিপালন করা; মনোমধ্যে রাখা। (উঠ্)।

পূজ্—পূজা করা। কবিপ্র। (উঠ্)।
পূর্—পূর্ণ করা; ভিতরে রাখা বা ঠাসা। (উঠ্)।
পূরা—পূর্ণ করা; ভরতি করা। (ঘুরা)।
পোষা—প্রয়োজনানুরূপ হওয়া; সংকুলান হওয়া। (ধোয়া)।
পোহা—শেষ হওয়া; প্রভাত হওয়া; (রোদ বা আগুন) সেবন করা; (হাংগামা) সহ্য করা। (ধোয়া)।
পোঁছ—উপস্থিত হওয়া, পোঁছা। (কর্)।
পোঁছা—গন্তব্যস্থানে উপস্থিত হওয়া; উপস্থিত হওয়া। (দৌড়া)।
ফর্কা—ফাঁক করা; ফর্ফর্ করিয়া বেড়ানো। (চট্কা)।
ফরমা—ফরমাশ করা। (চট্কা)।
ফল্—ফলবান্ হওয়া। (কর্)।
ফলা—উৎপন্ন করা; ফলানো; বাহাদুরির জন্য দেখানো। (ফিরা)।
ফস্কা—স্খলিত হওয়া, পিছলানো। (চট্কা)।
ফাঁদ্—বিস্তার করা; (মতলব) উদ্ভাবন করা। (কাট্)।
ফাঁপ্—স্ফীত হওয়া; বায়ুপূরিত হওয়া; সমৃদ্ধ হওয়া। (কাট্)।
ফাঁপা—স্ফীত করা। (লাফা)।
ফাঁস্—পণ্ড হওয়া; খুলিয়া বা খসিয়া পড়া। (কাট্)।
ফাঁসা—পণ্ড করা। (লাফা)।
ফাট্—বিদীর্ণ হওয়া। (কাট্)।
ফাড়—বিদীর্ণ করা। (কাট্)।
ফির্—প্রত্যাবর্তন করা। (লিখ্)।
ফিরা—ফেরত দেওয়া; স্খলন হইতে বা কোন কার্য হইতে প্রতিনিবৃত্ত করা। (ফিরা)।
ফুঁক্—ফুৎকার দেওয়া; (সিগারেট প্রভৃতির ধূম) পান করা; অপব্যয় করা। (উঠ্)।
ফুট্—ব্যক্ত হওয়া; (জল) উত্তাপে টগ্বগ্ করা; বিকশিত হওয়া; উন্মুক্ত হওয়া। (উঠ্)।
ফুরা—শেষ হওয়া। (ঘুরা)।
ফুল্—স্ফীত হওয়া; বর্ধিত হওয়া। (উঠ্)।
ফুলা—স্ফীত করা। (ঘুরা)।
ফুস্লা—অন্যায় কার্যে প্রবর্তিত করিবার জন্য গোপনে পরামর্শ দেওয়া বা প্রলোভিত করা। (উল্টা)।
ফেটা—জলযুক্ত ছাতু প্রভৃতিকে নাড়িয়া ফাঁপানো। (লাফা)।
ফেনা—ফেনাযুক্ত করা; অতিরঞ্জিত করা। (লাফা)।
ফোঁপা—গুমরিয়া কাঁদা। (ধোয়া)।
বক্—ভর্ৎসনা করা; বাজে কথা বলিয়া যাওয়া। (কর্)।
বখ্—বখাটে হওয়া। (কর্)।
বখা—বখাটে করা। (লাফা)।
বঞ্চ্—যাপন করা। কবিপ্র। (কর্)।
বট্—হওয়া। (কর্)।
বদ্লা—পরিবর্তন করা; বিনিময় করা। (চট্কা)।
বধ্—হত্যা করা। কবিপ্র। (কর্)।
বন্—মনের মিল হওয়া। (কর্)।
বনা—সদ্ভাব রাখা; মিলন করা। (লাফা)।
বন্দ্—বন্দনা করা। কবিপ্র। (কর্)।
বর্—বরণ করা। কবিপ্র। (কর্)।
বর্ণ্—বর্ণনা করা। কবিপ্র। (কর্)।
বর্তা—বিদ্যমান থাকা। (চট্কা)।
বর্ষা—বর্ষণ করা। (চট্কা)।
বল্—কহা। (কর্)।
বস্—উপবেশন করা; আরম্ভ হওয়া। (কর্)।
বসা—উপবিষ্ট করানো; (পেরেক প্রভৃতি) ঠুকিয়া বিদ্ধ করা। (লাফা)।
বহ্—বহন করা; সহ্য করা। (কহ্)।
বাঁক্—বক্র হওয়া; প্রতিকূল হওয়া। (কাট্)।
বাঁকা—বক্র করা। (লাফা)।
বাঁচ্—প্রাণধারণ করা। (কাট্)।
বাঁচা—জীবিত করা; জীবিত রাখা। (লাফা)।
বাঁট্—পেষণ করা; বণ্টন করা। (কাট্)।
বাঁধ্—রোধ করা; আবদ্ধ করা; বন্ধন করা। (কাট্)।
বাখান্—প্রশংসা করা; বর্ণনা করা। কবিপ্র। (কাট্)।
বাগা—আদায় করা; কৌশলে আয়ত্ত বা বাধ্য করা; (টোঁর) বিন্যাস করা। (লাফা)।
বাছ্—নির্বাচন করা; পৃথক্ করা। (কাট্)।
বাজ—বাদিত হওয়া; পীড়াকর বা কর্কশ হওয়া (প্রাণে বা কানে); ঘড়িতে সময় হওয়া। (কাট্)।
বাজা—ঠুকিয়া পরীক্ষা করা; বাদিত করা। (লাফা)।
বাড়া—বর্ধিত করা; প্রশ্রয় দেওয়া; প্রশংসা করা; সম্মানিত করা। (লাফা)।
বাত্লা—বুঝাইয়া দেওয়া। (চট্কা)।
বাধ্—বদ্ধ হওয়া; আট্কানো। (কাট্)।
বাধা—বাধানো; ঘটানো। (লাফা)।
বানা—রচনা করা; প্রস্তুত করা। (লাফা)।
বাল্সা—শিশুর অসুস্থ হওয়া। (চট্কা)।
বাহির্—বাহির হওয়া। কবিপ্র। (লিখ্)।
বিঁধ্—বিদ্ধ হওয়া। (লিখ্)।
বিঁধা—বিদ্ধ করানো। (ফিরা)।
বিকা—বিক্রীত হওয়া। (ফিরা)।
বিগ্ড়া—বিকৃত হওয়া; খারাপ হওয়া। (বিগ্ড়া)।
বিচার্—বিবেচনা করিয়া দেখা। কবিপ্র। (কাট্)।
বিছা—বিস্তার করা; পাতা। (ফিরা)।
বিনা—বেণী রচনা করা। কবিপ্র। (ফিরা)।
বিয়া—প্রসব করা। (ফিরা)।
বিলা—বিতরণ করা। (ফিরা)।
বিষা—বিষযুক্ত হওয়া। (ফিরা)।
বুজা—ভরাট করা; নিমীলিত করা। (ঘুরা)।
বুজ্, বুজ্—নিমীলন করা, মুদ্রিত করা। (উঠ্)।
বুঝ্—হৃদয়ংগম করা। (উঠ্)।
বুঝা—ব্যাখ্যা করা; জ্ঞাপন করা; সমঝানো। (ঘুরা)।
বুড়া—ডুবানো; বৃদ্ধ হওয়া। (ঘুরা)।
বুন্—বপন করা; বয়ন করা। (উঠ্)।

বুল্—বিচরণ করা। প্রাঃ কবিপ্র। (উঠ্)।
বুলা—মৃদুভাবে হস্তাদি চালনা করা। (ঘুরা)।
বেচ্—বিক্রয় করা। (কর্)।
বেড়্—বেষ্টন করা। (কর্)।
বেড়া—ভ্রমণ করা পাদচারণা করা। (লাফা)।
বেতা—বেত্রাঘাত করা। (লাফা)।
বেরো—বাহির হওয়া। (লাফা)।
বেল্—বেলনা দিয়া রুটি প্রভৃতি প্রসারিত করা। (কর্)।
ভজ্—উপাসনা করা। (কর্)।
ভজা—মন্ত্রণা দ্বারা সম্মত করা; উপাসনায় প্রবর্তিত করা। (লাফা)।
ভড়কা—হঠাৎ ভয়ে চঞ্চল বা কিংকর্তব্যবিমূঢ় হওয়া। (চট্কা)।
ভণ্—স্বনাম উল্লেখ করিয়া কবিতাদির শেষ করিতে করিতে বলা। কবিপ্র। (কর্)।
ভর্—পূর্ণ করা; পূর্ণ হওয়া। (কর্)।
ভাঁড়া—প্রতারণা করা; প্রতারণার উদ্দেশ্যে (নাম) গোপন করা। (লাফা)।
ভাগ্—পলায়ন করা। (কাট্)।
ভাগা—তাড়ানো; ছলনা করা। (লাফা)।
ভাংগ্, ভাঙ্—ভগ্ন করা; ভগ্ন হওয়া; পণ্ড হওয়া। (কাট্)।
ভাংগা, ভাঙা—ভগ্ন করানো; অল্পমূল্যের মুদ্রার সহিত বিনিময় করা; প্রণয় বা একতা নষ্ট করা। (লাফা)।
ভাজ্—ভাজা। (কাট্)।
ভাটা—নিম্নদিকে যাওয়া। (লাফা)।
ভান্—ঢেঁকির দ্বারা ধান প্রভৃতির তুষ ছাড়ানো। (কাট্)।
ভাব্—চিন্তা করা। (কাট্)।
ভাবা—উদ্বিগ্ন করানো। (লাফা)।
ভাবরা—উত্তাপ দেওয়া। (চট্কা)।
ভাসা—ভাসানো। (লাফা)।
ভিজ্—সিক্ত হওয়া। (লিখ্)।
ভিজা—সিক্ত করা। (ফিরা)।
ভিড়্—নিকটবর্তী হওয়া; সংলগ্ন হওয়া। (লিখ্)।
ভিড়া—নিকটবর্তী করা; সংলগ্ন করা। (ফিরা)।
ভুক্—বিদ্ধ হওয়া। (উঠ্)।
ভুগ্—কষ্ট পাওয়া; ভোগা। (উঠ্)।
ভুগা—কষ্ট দেওয়া। (ঘুরা)।
ভুল্—বিস্মৃত হওয়া। (উঠ্)।
ভুলা—বিস্মৃত করা; প্রলোভিত করা; প্রবোধ দান করিয়া শান্ত করা। (ঘুরা)।
ভেংচো—ভেঙচানো। (চট্কা)।
ভেঙা—বিদ্রূপাত্মক মুখভঙ্গী করা। (লাফা)।
ভেজা—বন্ধ করা; লাগানো। (লাফা)।
মচ্কা—দুমড়াইয়া ভগ্নপ্রায় করা বা হওয়া। (চট্কা)।
মজ্—মগ্ন আসক্ত বা নিবিষ্ট হওয়া। (কর্)।
মট্কা—সশব্দে দুমড়ানো। (চট্কা)।
মর্—প্রাণত্যাগ করা। (কর্)।
মল্—মর্দন করা। (কর্)।
মাখ্—লেপন করা; মর্দন বা মিশ্রণ করা। (কাট্)।
মাখা—লেপন করা। (লাফা)।
মাগ্, মাঙ্—প্রার্থনা করা। (কাট্)।
মাজ্—ঘর্ষণ করিয়া পরিষ্কৃত করা। (কাট্)।
মাড়্—মর্দন বা পেষণ করা। (কাট্)।
মাড়া—পদদলিত করা। (লাফা)।
মাত্—মত্ত হওয়া; অত্যধিক উৎসাহের সহিত নিযুক্ত থাকা। (কাট্)।
মান্—মান্য করা; স্বীকার করা; আদেশ প্রভৃতি পালন করা। (কাট্)।
মানা—ভাল দেখানো; শোভন হওয়া; বাজী করানো; মতে আনা। (লাফা)।
মাপ্—পরিমাপ করা। (কাট্)।
মার্—বধ করা; আঘাত করা। (কাট্)।
মিট্—নিষ্পন্ন হওয়া; চুকা। (লিখ্)।
মিটা—চুকানো; শেষ করা। (ফিরা)।
মিয়া—দুর্বল হওয়া। (ফিরা)।
মিল্—একত্র হওয়া; জোটা। (লিখ্)।
মিলা—মিলিত করা; উন্মীলিত [illegible]ানো; অদৃশ্য হইয়া যাওয়া; তুলনা করা; জো[illegible]। (ফিরা)।
মিশ্—মিশ্রিত হওয়া; সংসর্গে থাকা। (লিখ্)।
মিশা—মিশ্রিত করা। (ফিরা)।
মুখা—অগ্রবর্তী বা উন্মুখ হইয়া থাকা। (ঘুরা)।
মুচড়া—পাক দেওয়া। (উল্টা)।
মুছ্—মোছা। (উঠ্)।
মুছা—মোছানো। (ঘুরা)।
মুড়—ভাঁজ করা; জড়ানো; আবৃত করা। (উঠ্)।
মুড়া—মুণ্ডন করা; ছাঁটা। (ঘুরা)।
মুত্—প্রস্রাব করা। (উঠ্)।
মুতা—প্রস্রাব করানো। (ঘুরা)।
মুদ্—নিমীলিত করা। (উঠ্)।
মুষড়া—দমিয়া যাওয়া; শুষ্কবৎ হওয়া। (উল্টা)।
যা—গমন করা। (খা)। [অসম্পূর্ণ ধাতু]।
যাচা—যাচাই করানো। (লাফা)।
যুঝ্—যুদ্ধ করা; লড়া। কবিপ্র। (উঠ্)।
রগড়া—মর্দন করা। (চট্কা)।
রঙ্গা, রঙা—রঞ্জিত করা। (লাফা)।
রচ্—রচনা করা। কবিপ্র। (কর্)।
রট্—প্রচারিত হওয়া। (কর্)।
রটা—প্রচার করা। (লাফা)।
রস্—আর্দ্র হওয়া; ঈষৎ পচা। (কর্)।
রসা—রসযুক্ত করা। (লাফা)।
রহ্—থাকা; অ[illegible]ক্ষা করা। (কহ্)।
রাখ্—রক্ষা করা। (কাট্)।
রাগ্—ক্রুদ্ধ হওয়া। (কাট্)।
রাঙ্গা, রাঙা—রাঙ্গানো, রক্তবর্ণ করা। (লাফা)।
রান্ধ্, রাঁধ্—রন্ধন করা। (কাট্)।
রু—রোপণ করা। (শু)।

রুখ্—ক্রুদ্ধ হওয়া, আক্রমণে উদ্যত হওয়া; থামানো। (উঠ্)।
রুচ্—ভাল লাগা, রুচিকর হওয়া। (উঠ্)।
রুধ্—রোধ করা। (উঠ্)।
রোধ—রোধ করা। (কর্)।
রোপ্—রোপণ করা। (কর্)।
ল—গ্রহণ করা, লওয়া। (হ)।
লওয়া—গ্রহণ করানো। (চট্কা)।
লঙ্ঘ্—অতিক্রম করা। কবিপ্র। (কর্)।
লট্কা—ঝুলানো।। (চট্কা)।
লড়্—যুদ্ধ করা। (কর্)।
লতা—লতার ন্যায় বিস্তৃত হওয়া; লতার ন্যায় শিথিল-দেহ হওয়া। (লাফা)।
লপ্টা—জড়িত হওয়া। (চট্কা)।
লাগ্—সংলগ্ন হওয়া; স্পর্শ করা। (কাট্)।
লাগা—সংলগ্ন বা লিপ্ত করা। (লাফা)।
লাফা—লম্ফপ্রদান করা। (লাফা)।
লিখ্—লিপিবদ্ধ করা। (লিখ্)।
লিখা—অন্যের দ্বারা লিখানো। (ফিরা)।
লুকা—লুক্কায়িত হওয়া; গোপন করা। (ঘুরা)।
লুট্—লুণ্ঠন করা; ভূমিতে গড়াগড়ি দেওয়া (উঠ্)।
লুটা—ভূলুণ্ঠিত করা বা হওয়া। (ঘুরা)।
লেংচা—খোঁড়ার মত চলা। (চট্কা)।
লেপ্—লেপন করা। (কর্)।
লেপ্টা—জড়িত হওয়া। (চট্কা)।
লেলা—(কুক্কুরাদিকে) আক্রমণ করিতে উত্তেজিত করা। (লাফা)।
শানা—তৃপ্ত হওয়া। (লাফা)।
শাপ্—অভিশাপ দেওয়া। কবিপ্র। (কাট্)।
শাসা—শাস্তি দিবার ভয় দেখানো। (লাফা)।
শিউরা—রোমাঞ্চিত হওয়া। (বিগ্ড়া)।
শিখ্—শিক্ষা বা অভ্যাস করানো, শিখানো। (ফিরা)।
শিহর্—রোমাঞ্চিত হওয়া। (কর্)।
শিহরা—রোমাঞ্চিত হওয়া। (লাফা)।
শু—শয়ন করা। (শু)।
শুঁক্, শুঁখ্—ঘ্রাণ লওয়া। (উঠ্)।
শুঁকা—ঘ্রাণ লওয়ানো। (ঘুরা)।
শুকা, শুখা—শুষ্ক করা, শুষ্ক হওয়া; শীর্ণ করা, শীর্ণ হওয়া। (ঘুরা)।
শুধ্—পরিশোধ করা। (উঠ্)।
শুধা—জিজ্ঞাসা করা। কবিপ্র। (ঘুরা)।
শুন্—শ্রবণ করা; মানা। (উঠ্)।
শুনা—শ্রবণ করানো; ভর্ৎসনা করা। (ঘুরা)।
শুষ্—শোষণ করা। (উঠ্)।
শোয়া—শায়িত করা। (ধোয়া)।
সঁপ্—সমর্পণ করা। (কর্)।
সট্কা—পলায়ন করা। (চট্কা)।
সম্জা, সম্ঝা—বুঝানো। (চট্কা)।
সর্—চলা; দূরে যাওয়া; উচ্চারিত হওয়া। (কর্)।
সরা—স্থানান্তরিত করা; চুরি করা। (লাফা)।
সহ্—সহ্য করা; সহ্য হওয়া। (কহ্)।
সহা—সহ্য করানো। (নাহা)।
সাঁট্—আঁটা। (কাট্)।
সাঁত্রা—সাঁতার কাটা। (চট্কা)।
সাঁত্লা—তেলে বা ঘিয়ে অল্প ভাজা। (চট্কা)।
সাজা—সজ্জিত করা। (লাফা)।
সাধ্—অনুনয় করা; ঘটানো; সাধন করা; অভ্যাস করা। (কাট্)।
সাপ্টা—জাপটানো। (চট্কা)।
সাম্লা—সংবরণ করা; সংযত করা; রক্ষা করা; রক্ষা পাওয়া। (চট্কা)।
সার্—সংশোধন করা; বিপদে ফেলা; আরোগ্য লাভ করা। (কাট্)।
সারা—সংশোধন করানো; মেরামত করানো; চিকিৎসা দ্বারা ভাল করা। (লাফা)।
সিজ্, সিঝ্—জলে সিদ্ধ করা। (লিখ্)।
সিজা, সিঝা—সিদ্ধ করা। (ফিরা)।
সিট্কা—(ঘৃণাদি হেতু নাসিকা) কুঞ্চিত করা। (বিগ্ড়া)।
সেঁতা—সিক্তপ্রায় হওয়া। (লাফা)।
সেক্, সেঁক্—তাপ দেওয়া; (রুটি প্রভৃতি) তাপ দ্বারা পক্ব করা। (কর্)।
সেচ্—সেচন করা। (কর্)।
হ—হওয়া; ঘটা; জন্মগ্রহণ করা; অতীত হওয়া। (হ)।
হট্—পিছনে যাওয়া; নিরস্ত হওয়া। (কর্)।
হড়্কা—পিছলানো। (চট্কা)।
হর্—চুরি করা। কবিপ্র। (কর্)।
হাঁক্—ডাকা। (কাট্)।
হাঁকা—তাড়ানো; চালানো। (লাফা)।
হাঁচ্—হাঁচি দেওয়া। (কাট্)।
হাঁট্—পায়ে চলা। (কাট্)।
হাঁট্কা—উলটাইয়া পালটাইয়া তল্লাশ করা। (চট্কা)।
হাঁপা—ঘন ঘন কষ্টের সহিত শ্বাস ফেলা। (লাফা)।
হাগ্—মলত্যাগ করা। (কাট্)।
হাজ্—জলে ভিজিয়া নষ্ট হওয়া। (কাট্)।
হাত্ড়া—হাত দিয়া খোঁজা। (চট্কা)।
হাতা—হস্তগত করা; হাতানো। (লাফা)।
হান্—নিক্ষেপ করা। কবিপ্র। (কাট্)।
হাপ্রা—তরল দ্রব্য সশব্দে ভক্ষণ করা। (চট্কা)।
হার্—পরাজিত হওয়া। (কাট্)।
হারা—পরাজিত করা; খোয়ানো; খুঁজিয়া না পাওয়া। (লাফা)।
হাস্—হাস্য করা। (কাট্)।
হিচ্ড়া—জোর করিয়া ঘষড়াইয়া টানা। (বিগ্ড়া)।
হেদা—ব্যাকুল হওয়া। (লাফা)।
হের্—দেখা। কবিপ্র। (কর্)।
হেল্—ঝোঁকা। (কর্)।

দ্রষ্টব্য—কবিপ্রযুক্ত ধাতুগুলির সাধারণতঃ সব রূপ হয় না। যে-সকল কবিপ্রযুক্ত ধাতুকে কোন গণ-বিশেষের অন্তর্ভুক্ত করা যাইতে পারে, তাহাদের পাশে সেই গণের উল্লেখ করা হইয়াছে।

নয়া ওজন প্রণালী

নয়া ওজনের মূল **একক হইল কিলোগ্রাম।** কিলোগ্রামকে সংক্ষেপে 'কিলো' বলা হয়। ১ কিলোগ্রাম হইল **১ সের ৬ তোলার সমান।**

বাটখারার মাপ

৫০ কিলোগ্রাম	৫০০ গ্রাম	৫০০ মিলিগ্রাম
২০ ,,	২০০ ,,	২০০ ,,
১০ ,,	১০০ ,,	১০০ ,,
৫ ,,	৫০ ,,	৫০ ,,
২ ,,	২০ ,,	২০ ,,
১ ,,	১০ ,,	১০ ,,
	৫ ,,	৫ ,,
	২ ,,	২ ,,
	১ ,,	১ ,,

নূতন ওজনের **এককের অংশ হইল:**

	১০ মিলিগ্রামে	১ সেণ্টিগ্রাম	১০ গ্রামে	১ ডেকাগ্রাম
	১০ সেণ্টিগ্রামে	১ ডেসিগ্রাম	১০ ডেকাগ্রামে	১ হেক্টোগ্রাম
	১০ ডেসিগ্রামে	১ গ্রাম	১০ হেক্টোগ্রামে	১ কিলোগ্রাম
গুণিতক:	১০০ কিলোগ্রামে	১ কুইণ্টাল		

১০ কুইণ্টাল অথবা ১০০০ কিলোগ্রামে ১ মেট্রিক টন।

নয়া পরিমাপ প্রণালী

১০ মিলিমিটারে	১ সেণ্টিমিটার	১০ মিটারে	১ ডেকামিটার
১০ সেণ্টিমিটারে	১ ডেসিমিটার	১০ ডেকামিটারে	১ হেক্টোমিটার
১০ ডেসিমিটারে	১ মিটার	১০ হেক্টোমিটারে	১ কিলোমিটার

১০ কিলোমিটারে ১ মিরিয়ামিটার

[**দ্রষ্টব্য:** ১ কিলোমিটার=০·৬২ মাইল; ১ মাইল=১·৬১ কিলোমিটার; ১ মিটার=১·০৯ গজ; ১ গজ=০·৯১ মিটার; ১ সেণ্টিমিটার=০·৩৯ ইঞ্চি; ১ মিলিমিটার=০·০৪ ইঞ্চি; ১ ইঞ্চি=২৫·৪ মিলিমিটার।]

সর্বভারতীয় নূতন পঞ্জিকা (শকাব্দ)

১৩৬৩ সালের ৮ই চৈত্র (১৯৫৭ খ্রীষ্টাব্দের ২২শে মার্চ) হইতে সারা ভারতে একটি একই রূপ পঞ্জিকা প্রচলিত হইয়াছে। এই পঞ্জিকা অনুযায়ী ১৩৬৩ সালের ৮ই চৈত্রকে (১৮৭৯ শকাব্দের) ১লা চৈত্র ধরিয়া বৎসর গণনা করা হইতেছে [শকাব্দ আনুমানিক ৭৮ খ্রীষ্টাব্দে প্রথম প্রচলিত হয়]। এই পঞ্জিকায় বৎসর চৈত্র মাসে শুরু হইয়া ফাল্গুন মাসে শেষ হয় এবং মাসগুলির দিন-সংখ্যা নির্দিষ্ট থাকে। মাসগুলির দিন-সংখ্যা এইরূপ—

চৈত্র—৩০ দিন (লিপ্ ইয়ারে ৩১ দিন), বৈশাখ—৩১ দিন, জ্যৈষ্ঠ—৩১ দিন, আষাঢ়—৩১ দিন, শ্রাবণ—৩১ দিন, ভাদ্র—৩১ দিন, আশ্বিন—৩০ দিন, কার্তিক—৩০ দিন, অগ্রহায়ণ—৩০ দিন, পৌষ—৩০ দিন, মাঘ—৩০ দিন, ফাল্গুন—৩০ দিন।

প্রুফ-সংশোধন-প্রণালী

নিস্তব্ধ গ্রামের সন্ধ্যা। গরু
গাড়ির শব্দে নির্জন পথ সচকিত হইয়া
উঠিয়াছিল, আবার তাহা স্তব্ধতায় ডুবিয়া
গিয়াছে। উঠানের তেঁতুল গাছটার
পাতা যেন বিনা বাতাসেই কাঁপিতেছে।
দূরে সজিনা গাছটি উঁচু দিয়া
একটা লতা মাটির দিকে ঝুঁকিয়া
আছে। তাতে ফুল নাই, কুঁড়িও নাই।
পাতার সম্পদে ভরা যেন কোনই
দৈন্য নাই। ঘিরে আলো নাই, বাহিরেও
অন্ধকার। পানা-ঢাকা পুকুরের ধারে
কর চার ঝোপে নিঃশব্দ অন্ধকার এক
ফালি চাঁদ সন্ধ্যার আকাশে কোথাও
দেখা গিয়াছিল। বহু দূরের দেবদ
বনের আড়ালে তাহা যেন কোথায়
হারাইয়া গিয়াছে।

(—শ্রাবণ রজনী)

প্রুফ সংশোধনের পর

নিস্তব্ধ গ্রামের সন্ধ্যা। গরুর গাড়ির শব্দে নির্জন পথ সচকিত হইয়া উঠিয়াছিল, আবার তাহা স্তব্ধতায় ডুবিয়া গিয়াছে। উঠানের তেঁতুল গাছটার পাতা যেন বিনা বাতাসেই কাঁপিতেছে। দূরে সজিনা গাছের উপর দিয়া একটা লতা মাটির দিকে ঝুঁকিয়া আছে। তাতে ফুল নাই, কুঁড়িও নাই। পাতার সম্পদে ভরা—যেন কোনই দৈন্য নাই।

ঘরে আলো নাই, বাহিরেও অন্ধকার। পানা-ঢাকা পুকুরের ধারে করমচার ঝোপে নিঃশব্দ অন্ধকার জমাট বাঁধিয়া উঠিতেছে। এক ফালি চাঁদ সন্ধ্যার আকাশে কোথাও দেখা গিয়াছিল। বহু দূরের দেবদারু বনের আড়ালে তাহা যেন কোথায় হারাইয়া গিয়াছে।

(—"শ্রাবণ রজনী")

প্রুফ-সংশোধন-প্রণালীর ব্যাখ্যা

[প্রুফ সংশোধন করিতে হইলে কম্পোজ-করা বিষয়ের যে-স্থানে ভুল আছে, তাহা কাটিয়া বা যে-স্থানে কিছু বসাইতে হইবে, সেখানে চিহ্ন বসাইয়া কম্পোজ-করা বিষয়ের পাশে লিখিয়া নির্দেশ দিতে হয়।]

9—উল্টাইয়া বসান।

d—তুলিয়া দিন (delete).

া—মাঝের আকার বসান।

ে—মাঝের একার বসান।

। —(কাল দাগ) দাবান।

range—লাইন সমান করুন।

st. বা stet—কাটা হরফ ঠিকই থাকিবে।

tr. বা trs.—স্থানান্তরিত করুন বা চালুন।

run on—এক লাইনে সাজান।

w. f.—অন্য ধরনের হরফ হইয়াছে (wrong fount).

ফাঁক দিন।

×—ভাঙ্গা হরফ বদলান।

lead in বা ld. in—দুই লাইনের মধ্যে লেড দিন।

n. p.—নূতন প্যারা আরম্ভ করুন (new paragraph).

⁀ —জুড়িয়া দিন।

see copy—কপি ছাড় পড়িয়াছে। দেখিয়া ঠিক করুন।

d. lead বা d. ld.—লেড তুলিয়া দিন।

=—লাইন ঠিক করুন।

' —ঊর্ধ্ব কমা বসান।

——bold—মোটা অক্ষর দিন।

সরকারী কার্যে ব্যবহার্য পরিভাষা

অ

অনার্দ্র—Anhydrous.
অনুঘটক—Catalyst.
অবতল—Concave.
অবদ্রব—Emulsion.
অবরোহ পত্র—Landing permit.
অবহার—Discount.
অভিকর—Rate.
অভিহিত মূল্য—Face value.
অর্থবিহিতক—Finance Act.
অসিদ্ধ করা—Invalidate.

আ

আণবিক—Molecular.
আন্তঃপারমাণব—Intra-atomic.
আপাত—Apparent.
আম্লিক সন্ধান—Acid fermentation.
আলোড়ক—Stirrer.

ই

ইক্ষুশর্করা—Cane sugar.
ইন্দ্রিয়—Organ.
ইষ্টপত্র—Will.

ঈ

ঈক্ষাধিকারিক—Checking Officer.
ঈক্ষাস্থান—Check station (Forest).
ঈস্ট—Yeast.

উ

উত্তরবর্গ—Upper division.
উত্তল—Convex.
উদ্ভিদকুল—Flora.
উপগলি—Byelane.
উপজাত—By-product.
উপদূত—Vice-consul.
উপধারা—Subsection.
উপনিমিত্ত পরিচর—Contingency Menial.
উপপুর—Suburb.
উপবিধি—By-law.
উপশালা—Lobby.

ঊ

ঊনজন—Minority.
ঊনমূল্য—Below par.
ঊর্মিভঙ্গ—Breaker.

ঋ

ঋজুরেখ—Rectilinear.
ঋজুরেখ গতি—Rectilinear propagation.
ঋণাত্মক—Negative.

এ

একক—Unit.
এককেন্দ্রীয়—Concentric.
একনায়ক রাজতন্ত্র—Autocracy.
একযোগে—*En bloc.*
একাধিকার—Monopoly.
একীকৃত—Consolidated.

ঐ

ঐকাত্ম্য—Identity.
ঐচ্ছিক—Voluntary ; optional.
ঐচ্ছিক পেশী—Voluntary muscle.

ও

ওজোন—Ozone.
ওষ্ঠাকার—Labiate.

ঔ

ঔদক—Hydraulic.
ঔপজীবিক—Occupational.
ঔপনিবেশিক স্বায়ত্ত শাসন—Dominion Status.

ক

কক্ষ—Ward.
কক্ষাধিপাল—Ward master.
কান্তিবিদ্যা—Aesthetics.
কালি—Area.
কেন্দ্রবিমুখ—Centrifugal.
কেন্দ্রাতিগ—Centrifugal.
কেন্দ্রাভিগ—Centripetal.
কৈশিক—Capillary.
কোমলাস্থি—Cartilage.
কোষ-বিপত্র—Treasury bill.
ক্রমপত্র—Programme.

খ

খগোলবিদ্যা—Astronomy.
খটিক—Calcium.
খণ্ডকাল—Part time.
খণ্ডকাল আধিকারিক—Part-time Officer.
খমির—Ferment.

গ

গতীয়—Dynamic.
গর্ভকেশর—Pistil.
গর্ভকোষ—Ovary.
গলনাঙ্ক—Melting point.
গলরসগ্রন্থি—Adenoids.
গলশুণ্ডিকা—Tonsil.
গুটিশালা—Nursery.

ঘ

ঘনক—Cube.
ঘনফল—Volume.
ঘনমান—Volume.
ঘনমূল—Cube-root.
ঘর্ষতড়িৎ—Frictional electricity.
ঘাত—Power.
ঘাতক—Executioner.
ঘাতসহ—Malleable.
ঘোষপত্র—Gazette.
ঘোষিত আধিকারিক—Gazetted Officer.

চ

চক্রচর—Vagrant,
চুনা পাথর—Limestone.
চৌম্বক শক্তি—Magnetic energy.
চ্যুতি—Deviation.

ছ

ছত্রক—Fungus.
ছাঁচকার—Moulder.
ছাঁটাই প্রস্তাব—Cut motion.
ছাড়পত্র—Passport.
ছাত্রনায়ক—Monitor.

জ

জারক শিখা—Oxidizing flame.
জৈব রসায়ন—Organic chemistry.
জ্বলন—Ignition.
জ্বালামুখ—Crater.

ড

ডিম্বক—Oviparous.
ডিম্বজ—Ovule ; ovum.
ডিম্বাণু—Ovum.
ডিম্বাশয়—Ovary.

ত

তড়িচ্চালক—Electromotor.
তনূকরণ—Rarefaction.
তন্তু—Tissue.
তরুণাস্থি—Cartilage.
তান্তব—Ductile.
তরঙ্গবাদ—Undulatory theory.
তির্যক্‌পাতন—Distillation.
তেজস্ক্রিয়—Radioactive.

দ

দর্শনহুণ্ডী—Bill of Exchange on demand.
দহন—Combustion.
দেশ-কাল-সন্ততি—Time-space-continuum.
দ্রাক্ষাশর্করা—Grape-sugar.
দ্রাঘিমান্তর—Longitudinal distance.
দ্রোণী—Trough.

ধ

ধনরাশি—Positive quantity.
ধনাত্মক—Positive.

ন

নরত্বারোপ—Anthropomorphism.
নাব্য—Navigable.
নিদ্রাকারক—Hypnotic.
নির্বচন—Enunciation.

প

পরিধি—Periphery.
পরিপক্কতা—Maturity.
পুঁজী—Capital.
পৌরসংঘ—Municipality.
প্রশমিত—Neutral.
প্রস্তাবক—Mover.

ফ

ফলক—Blade.
ফুৎশিখা—Blow-pipe flame.

ব

বনকর্মী—Forester.
বনপাল—Conservator of Forests.
বনরক্ষক—Forest Ranger.
বনরক্ষী—Forest Guard.
বহুভুজ—Polygon.
বামাবর্তন—Left-hand steering.
বার্ধক—Superannuation.
বিবর্ধক—Amplifier.
বিবাচক—Censor.
বিবাচকপর্ষদ্‌—Board of censors.
বিশ্রব্ধ—Confidential.
বৃতি—Calyx.
বেতনপত্রী—Payslip.
ব্যাপারিক বিবাদ—Trade dispute.

ভ

ভগ্নাংশ—Fraction.
ভর—Mass.
ভান্তঃপ্রদেশ—Inter-stellar space.
ভেষজালয়—Pharmacy.

ম

মধ্যক—Mean.
মনোনীতক—Nominee.
মলনালী—Rectum.
মাত্রা—Dimension.
মাধ্যাকর্ষণ—Gravitation.
মিশ্রকী—Compounder.
মীন—Pisces.
মূলক—Radical.

য

যৌগিক পদার্থ—Compound.

ল

লুব্ধক—Sirius.
লোকাচার—Popular usage.

স

সংপৃক্তি—Saturation.
সমীক্ষা—Scrutiny.
সমূহ—Assemblage.
সর্পিল—Spiral.
সহঘটন—Concurrence.
সহঘটমান, সহগামী—Concurrent.
সহজাত—Innate.
সহভাবী—Concomitant.
সামান্য—Vulgar.
সুষুম্নাকাণ্ড—Spinal cord.
সুস্থিত—Stable.
সূচক—Index.
স্থিতিস্থাপক—Elastic.
স্থূল, আসন্ন—Approximate.
স্থূলতঃ—Approximately.
স্বকীয় বেতন—Personal pay.
স্বাস্থ্যবিধান—Sanitation.

শব্দের সংক্ষিপ্ত রূপ

নিম্নে কয়েকটি সর্বদা প্রচলিত সংক্ষিপ্ত শব্দ ও তাহাদের পূর্ণ রূপ দেওয়া হইল।

অঃ—অধ্যায়।
অপা—অপাদানবাচ্য।
অধি—অধিকরণবাচ্য।
অ—অব্যয়।
অব্যয়ী—অব্যয়ীভাব।
আই এ—ইন্‌টারমিডিয়েট্ অব্ আর্ট্‌স্।
আই এ এস্—ইণ্ডিয়ান অ্যাড্‌মিনিস্ট্রেটিভ্ সার্ভিস।
আই এন এ—ইণ্ডিয়ান ন্যাশন্যাল আর্মি।
আই এফ এ—ইণ্ডিয়ান ফুটবল অ্যাসোসিয়েশন।
আর ডব্লিউ এ সি—রিলিফ ওয়েলফেয়ার এম্বুল্যান্স কোর।
আঃ—আশীর্বাদক; আগত।
ইউ এন ও—ইউনাইটেড নেশন্‌স্ অর্গ্যানিজেশন।
ইউ পি—আপার প্রাইমারী (উচ্চ প্রাথমিক)।
ইং—ইংরেজী।
উঃ—উত্তর।
উনো—ইউ এন ও (তাহা দ্রঃ)।
উপতৎ—উপপদতৎপুরুষ।
এ আর পি—এয়ার্ রেড্ প্রিকশান (বিমান আক্রমণ সতর্কতা)।
এফ আর এ এস—ফেলো (সদস্য) অব্ দি রয়্যাল এসিয়াটিক বা অ্যাস্ট্রোনোমিক্যাল সোসাইটি।
এফ আর জি এস—ফেলো (সদস্য) অব্ দি রয়্যাল জিওগ্র্যাফিক্যাল সোসাইটি।
এম আর এ এস—মেম্বর (সভ্য) অব্ দি রয়্যাল এসিয়াটিক সোসাইটি।
এম ই—মিডল ইংলিশ (মধ্য ইংরেজী)।
এম এ—মাস্টার অব্ আর্ট্‌স্ (বিশ্ববিদ্যালয়ের সাহিত্য-বিভাগের শেষ পরীক্ষার উপাধি)।
এম এল এ—মেম্বর অব্ দি লেজিস্‌লেটিভ অ্যাসেম্‌ব্লি (বিধান সভার সভ্য)।
এম এল সি—মেম্বর অব্ দি লেজিস্‌লেটিভ কাউন্সিল (বিধান পরিষদের সভ্য)।
এম ডি—ডক্টর অব্ মেডিসিন (চিকিৎসাশাস্ত্রে লব্ধ উপাধিবিশেষ)।
এম বি—ব্যাচেলর অব্ মেডিসিন (চিকিৎসাশাস্ত্রে লব্ধ উপাধিবিশেষ)।
এল এম এস—লাইসেন্‌সিয়েট্ অব্ মেডিসিন এণ্ড সার্জারি (চিকিৎসা-শাস্ত্রে লব্ধ উপাধিবিশেষ)।
এল পি—লোয়ার প্রাইমারী (নিম্ন প্রাথমিক)।
এস ডি ও—সাবডিভিসন্যাল অফিসার।
এস ডি পি ও—সাবডিভিসন্যাল পুলিস অফিসার।
ও সি—অফিসার-ইন্-চার্জ।

*—স্বর্গীয়।
কবিপ্র—কবিপ্রয়োগ।
করণ—করণবাচ্য।
কর্তৃ—কর্তৃবাচ্য।
কর্মধা—কর্মধারয়।
কর্ম—কর্মবাচ্য।
কৈঃ—কৈফিয়ত।
কোং—কোম্পানি।
খং—খতিয়ান।
খ্রীঃ—খ্রীষ্টাব্দ।
খ্রীঃ পূঃ—খ্রীষ্ট পূর্বাব্দ।
গং, গঃ—গয়রহ।
গ সা গু—গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক।
গুঃ—গুজরত।
জঃ—জওজে (স্বামী)।
জি পি ও—জেনারেল পোস্ট অফিস।
ডাঃ—ডাক্তার।
ডি এল—ডক্টর অব্ ল (আইনের উপাধিবিশেষ)।
ডি এস্‌সি—ডক্টর অব্ সায়েন্স।
ডি পি আই—ডিরেক্টর অব্ পাবলিক ইনস্ট্রাকশন।
ডি ফিল—ডক্টর অব ফিলজফি।
ডি লিট্—ডক্টর অব্ লিটারেচার (সাহিত্য-গবেষণায় লব্ধ উপাধিবিশেষ)।
ডি সি—ডেপুটি কমিশনার অব্ পুলিস।
তৎ—তৎপুরুষ।
তাং—তারিখ।
ত্রি—ত্রিলিঙ্গ।
দ, দং—দক্ষিণ।
দঃ—দরুন।
দীং—দীগর, প্রভৃতি।
দ্রঃ—দ্রষ্টব্য।
নঞ্‌তৎ—নঞ্‌তৎপুরুষ।
নং—নম্বর।
নাং—নাগাদ।
নাঃ—নামে।
প, পং—পশ্চিম।
পি আর এস—প্রেমচাঁদ রায়চাঁদ স্কলার।
পিং—পিতা।
পি-এইচ ডি—ডক্টর অব্ ফিলজফি।
পি ডব্লিউ ডি—পাবলিক ওয়ার্ক্‌স্ ডিপার্টমেন্ট।
পুং, পুঃ—পুনশ্চ।
পূ, পূঃ—পূর্ব।
পৃঃ—পৃষ্ঠা।
পোঃ—পোস্ট অফিস।
প্রা কপ্র—প্রাচীন কবিপ্রয়োগ।
প্রাদে—প্রাদেশিক।
ফাঃ—ফাজিল (অতিরিক্ত)।
বং, বঃ—বকলম।
বহু—বহুব্রীহি।
বাং—বাংলা।
বাংপ্র—বাংলা প্রয়োগ।
বি এ—ব্যাচেলর অব্ আর্ট্‌স্।
বি এল—ব্যাচেলর অব্ ল।
বি এস্-সি—ব্যাচেলর অব্ সায়েন্স।
বৈদে—বৈদেশিক।
ভাব—ভাববাচ্য।
ভাবে—ভাবার্থে।
ভিঃ পিঃ—ভ্যালু পেয়েবল্ (পোস্ট)।
মঃ—মবলগ।
মধ্যপ—মধ্যপদলোপী কর্মধারয়।
মাঃ—মারফত।
মোং—মোকাম।
ল সা গু—লঘিষ্ঠ সাধারণ গুণিতক।
সর্ব—সর্বনাম।
সাং—সাকিন।
সি পি—কলিকাতা পুলিস।
স্বাঃ—স্বাক্ষর।
হাং সাং—হাল সাকিন।
হিং—হিস্যা।
হিঃ—হিসাব।

—সমাপ্ত—